বাঙ্গালা ভাষার অভিধান

মূল অভিধানে ছাড় শব্দ-কোষ পরিশিষ্ট, প্রত্যেক শব্দের উচ্চারণ, স্বত উচ্চার্য্য প্রণালী, বর্ণ, শব্দ, পঙ্ক্তি, পর্য্যায় [illegible] বিভাগ ও পাঠনির্দ্দেশ, ব্যুৎপত্তি, অর্থ, প্রয়োগ প্রভৃতি নির্দ্দেশ, বাঙ্গালা ও সংস্কৃত নামধাতু ও বাঙ্গালা ধ্বন্যাত্মক (onomatopoetic) শব্দের ধাত্বর্থ, বাঙ্গালা গ্রন্থাদিতে উল্লিখিত প্রসিদ্ধ স্থানের উচ্চারণসহ ভৌগোলিক সংস্থান ও পরিচয় (Indian Gazetteer), বাঙ্গালা ভাষায় প্রচলিত সংস্কৃত, হিন্দী ও বৈদেশিক প্রবচন ও শব্দাদির অভিধান, প্রাচীন ও আধুনিক মুদ্রা, পরিমাণ, সংখ্যা ও পরিমাপবাচক শব্দাভিধান, মেট্রিক্ বা ফরাসী দশমিক পরিমাণ-প্রণালী (Metric system), মুদ্রা বিনিময়ের হার (rate of Exchange), বাঙ্গালা ভাষায় সুপ্রচলিত প্রবাদ বা উল্লেখের সহিত সংসৃষ্ট পৌরাণিক, ঐতিহাসিক ও কাল্পনিক ব্যক্তির নাম, বঙ্গীয় হিন্দু মুসলমান নরনারীর প্রচলিত নাম-সংক্ষেপ ও ডাকনামবোধক শব্দাভিধান এবং বাঙ্গালী মুসলমানদিগের আরবী ও ফারসী নামের বিশুদ্ধ উচ্চারণসঙ্গত বানান ও ব্যুৎপত্তিগত অর্থ, বিবিধ বাঙ্গালা গ্রন্থ-পত্রাদিতে ব্যবহৃত প্রচলিত সংক্ষেপসমূহের (abbreviations) অর্থ, বাঙ্গালা গ্রন্থ পত্রাদিতে ব্যবহৃত চিহ্ন বা সঙ্কেতের অর্থ, প্রুফ-সংশোধন-প্রণালী ও তাহাতে ব্যবহৃত সঙ্কেত, ছেদাদি ও সঙ্কেপ, কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্ত্তৃক অনুমোদিত ও প্রকাশিত "বাংলা বানানের নিয়ম (৩য় সংস্করণ, ১৯৩৭)", প্রতিবর্ণীকরণ (transliteration) প্রণালী ও বিদেশী নামের বিশুদ্ধ উচ্চারণ ও সংক্ষিপ্ততম পরিচয় এবং সংযোজন ও সংশোধন-পত্র-সম্বলিত শব্দাভিধান]

"মেঘনাদবধকাব্যের"র টীকাকার, "চরিত্রগঠন," "ঋদ্ধি," "বঙ্গের বাহিরে বাঙ্গালী," "ছাত্রপাঠ"—১ম, ২য়, ৩য় ও ৪র্থ ভাগ, "শিক্ষা ও সুনীতি," "সাহিত্য-প্রবেশিকা," "প্রাণীদের অন্তরের কথা," "জন্তুদের বন্ধু নন্তুবাবু ও শ্বেতপরির গল্প," "বাঘ ভালুকের গল্প," "ইন্দ্রিয় ধর্ম্ম," "সৃষ্টিতত্ত্বে পুরাণ ও বিজ্ঞান" প্রভৃতি প্রণেতা

শ্রীজ্ঞানেন্দ্রমোহন দাস

সঙ্কলিত ও সম্পাদিত

পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত
দ্বিতীয় সংস্করণ

দ্বিতীয় ভাগ

দি ইণ্ডিয়ান্ পাব্লিশিং হাউস,
২২।১, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

১ম ও ২য় ভাগের একত্রে

DICTIONARY OF THE BENGALI LANGUAGE

(SELF-PRONOUNCING, ETYMOLOGICAL & EXPLANATORY)

WITH

APPENDICES

ন্যায়ান্যায় [ন্যায়+অন্যায়] বি, উচিত্যানৌচিত্য। ২ বিণ, ন্যায্য এবং অন্যায্য।

ন্যায়লঙ্কার [ন্যায়+অলঙ্কার] বি, ন্যায়শাস্ত্রজ্ঞ পণ্ডিতের উপাধিবিঃ ; ন্যায়ভূষণ।

ন্যায়ী [ন্যায়+ঈ (র্তৃ)] বিণ, ন্যায়কারী ; সুবিচারক।

ন্যায়োপের্ত [ন্যায়+উপেত] বিণ, ন্যায়নিষ্ঠ। স্ত্রীং ~া।

ন্যার্য্য [ন্যায়+য। গ্রা০ নেজ্জ, নের্য্য। নিম্ন গ্রা০ 'লেজ্য', লেয্য] বিণ, ন্যায়যুক্ত ; যথার্থ ; উচিত। বি, ~তা, ~ত্ব।

ন্যায্যান্যায্য [ন্যায্য + অন্যায্য] ন্যায়ান্যায় দ্রঃ।

ন্যালনেলে [লালা > লাল-লাল+ ইয়া > লালনেলে >] বিণ, যার অধর হতে শিশুসুলভ লালা স্রাব হয়। ২ লোভী। ৩ [লাল >]সরু মৃণালবৎ লিকলিকে। ন্যালা খেপা-লালাস্রাবী ক্ষিপ্ত ; পাগলা।

ন্যাস [নি-অস্ (ক্ষেপণে) অ (র্ম্ম)] বি, অর্পণ ; সংরক্ষণ ; গচ্ছিতস্বরূপ রক্ষা। ২ নিক্ষেপ। ৩ শ্বাসপূরণ, ধারণ ও রেচনপূর্ব্বক মন্ত্র জপ। ৪ গচ্ছিত দ্রব্য। ৫ ত্যাগ ; বর্জ্জন। ~ধারক [৬তৎ] বিণ, ন্যাসরক্ষক। বি, ~ধারিণ। ~রক্ষক [৬তৎ] বিণ, যে গচ্ছিত ধন বা সম্পত্তি রক্ষা করে trustee. ~সমিতি-trust board

ন্যাসিক [ন্যাস+ইক্] বিণ, যে ন্যাস রক্ষা করে ; গচ্ছিত বস্তু রক্ষাকারী।

ন্যাসী [ন্যাস+ঈ] বিণ, ন্যাসরক্ষাকারী; ন্যাসধারক। ২ [ন্যাসিন্ ১মা, ১ব০] ত্যাগী ; সন্ন্যাসী।

ন্যুব্জ [নি+উব্জ (ঋজু হওয়া)+অ (র্তৃ)] বিণ,গোলবস্তুরপৃষ্ঠযুক্ত ;কুব্জ ; কুঁজো convex "বয়সভারে ন্যুব্জ এক বৃদ্ধা"-প্রবাসী, ১৩৩৩। স্ত্রীং ~া। ~খড়্গ-ধনুকাকার বক্র তরবাল। ~দেহ-যার কোমর [illegible] পৃষ্ঠদণ্ড বক্র হইয়া দেহ সম্মুখে ঝুঁকিয়াছে। ~পৃষ্ঠ-গোল বস্তুর উপরিভাগের ন্যায় পৃষ্ঠযুক্ত ; উন্নতোদর convex.

ন্যূন [নি+ঊন্ (অল্প হওয়া)+অ] বিণ, কম। ২ ক্ষুদ্র। ৩ ঘৃণ্য : নীচ। স্ত্রীং ~া। বি, তা, ~ত্ব। ~কল্পে-কমপক্ষে ; কমসে কম ; অন্ততঃ পক্ষে ; কম করিয়া ধরিলে at the least.

ন্যূনাতিরেক [ন্যূন+অতিরেক] বি, ন্যূনাধিক্য ; অল্পাধিক্য ; কমবেশি।

ন্যূনাধিক [ন্যূন+অধিক] বিণ, কমবেশি ; অল্পাধিক। "আমিষ ন্যূ০ পরিমাণে বর্ত্তমানে আছে"-উত্তরা, ১৩৩৩। বি, ন্যূনাধিক্য। ন্যূ০ পরিমাণে-অ, কমবেশী করিয়া।

প

প-ব্যঞ্জনবর্ণমালার একবিংশ, প বর্গের প্রথম, অল্পপ্রাণ, ঘোষহীন বর্ণ। কণ্ঠ হ'তে উচ্চারিত হয় বলিয়া কণ্ঠ্যবর্ণ। ওষ্ঠাধর উপর ও নিম্নে আকর্ষণ-দ্বারা বিযুক্ত করিলে প ও পবর্গীয় বর্ণগুলি উচ্চারিত হয়। 'ক' স্থলে ৪০০ বৎসর পূর্ব্বে প্রাকৃ০ বাং-য় প্রচালিত ছিল। পেলাইয়া (জয়ানন্দের চৈতন্য মঙ্গল)=ফেলাইয়া (আধু-বাং)। ইহা কবর্গীয় পবর্গীয় এবং শ, ষ, স, হ বর্ণ যোগে বিবিধ পবনক্রিয়ার শব্দ প্রকাশ করে। যথা-কপ্, পক্, শপ্, হপ্। প বর্ণ চবর্গীয় বর্ণযোগে মৃদু ও কোমল, টবর্গীয় বর্ণযোগে কঠিন ও উৎকট এবং তবর্গীয় বর্ণ ও ল যোগে তরল ভাব ব্যঞ্জনা করে। যথা-চপ্ চপ্, পচ্ পচ্, ছপ্ ছপ্, পট্পট্, পটাস্, পড়াৎ, পত্ পত্, থপ্ থপ্, ফুপ্ ফুপ্, ভপ্ ভপ্, পিল্পিল্ ইত্যাদি। ২ [প বর্ণের সতন্ত্র ব্যবহার নাই, ইহা শব্দের শেষে যুক্ত হইয়া "কর্ত্তা" এই অর্থ প্রকাশ করে] বিণ, পানকর্ত্তা ; যে পান করে ; পায়ী। প্র-মধুপ : মদ্যপ : পাদপ। ৩ পালনকর্ত্তা। প্র-গোপ ; হস্তিপ। ৪ অধিকারকর্ত্তা ; অধিকারী। প্র-ভূম্নিপ। ৫ শাসনকর্ত্তা। প্র-ভূপ। ৬ বি, প এই বর্ণ।

পঅ [সং-পয়ঃ=প্রা০বাং প্রাকৃ০] বি, জল। "তামক ঝারিতে * * লইব পঅ পুরিয়া" শূ০ পু০। ২ দুধ।

পঅমানি [সং-প্রমাণ > পঅমাণ >। প্রা০ বাং প্রাকৃ০] বি, প্রমাণ (শূ০ পু০)।

পঁই [পয়ঃ >। প্রাদে০] বি, পয়ঃপ্রণালী ; পগার। ২ খুঁটি। ৩ মই বা কাঠের সিঁড়ির পাখি বা ধাপ।

পঁইকা [প্রাদে০। পূ০ বঙ্গে] বি, ধান্যাদির ওজন পাত্র ; ৮০ তোলার সেরের ১১ সের।

পইছা, পইছা [হিং পৌছা (কবজী) > হিং পৌছী (বলয়বিঃ)] বি, স্ত্রীলোকদিগের করভূষণবিঃ (প্রাচীন সমাজের অলঙ্কার) বাউটী স্থটের অন্তর্গত। ২ পয়সা (চ০ ক০ ভা০)।

পঁইট,-ত [গ্রা০ প্রাদে০। সং-পক্তিত > পইত] বি, ফাঁক ; সূত্রাদি বুননের মধ্যে ফাঁক।

পঁইটে, পঁইঠা, পৈঠা [গ্রা০ পৈটে, পৈটে। হিং পয়রী, পইরা। সং-পক্কার (সোপান-মে০) > পইড়া, পৈঠা] বি, সোপান : ধাপ ; সিঁড়ি। "গঙ্গাজল বেড়ে বাঁধাঘাটের পাথরের পইটে ভিজে যাচ্ছে।"-লীলাবতী। "বিখ্যাত গায়ক অন্ধ শ্রীনিবাস ইহার পৈঠার উপর বসিয়া-"-রবী০।

পঁইঠ্‌ঠ ই [সং-প্রবিশতি > পইসই' ও০-বৌ০ প্রাকৃ০] ক্রি, প্রবেশ করে (দো০ ১২৭)। পইঠ-প্রবিষ্ট (:)। পইঠ ত্তা-প্রবিষ্ট। পইঠা-প্রবিষ্ট। পইঠেল-প্রবেশ করিল।

পরাহক নাহি নিসারই"-চ° ৩১৪।
পইঠো-প্রবিশতি । পইসথ [সং-প্রবিশতি] প্রবেশ করে। পইসন্তে-প্রবেশ করিতেছে। পইস্সই, পইসহি-প্রইসই দ্রঃ।
পইতা, পৈতা [সং-পবিত্রা > পবিতা (সূত্র) >] বি, উপবীত ; যজ্ঞসূত্র ; যজ্ঞোপবীত। ২ উপনয়ন-সংস্কার। প্র-ছেলেটির এখনও পইতা হয় নাই। পি° কাটা-চরকার তূলা হ'তে পইতার সূত্র প্রস্তুত করা বা সুতা কাটা। পি° তোলা-পইতার সুতা কাটা। ~ধারী- যজ্ঞসূত্র-ধারণকারী ; ব্রাহ্মণ ; ক্ষত্রিয় ও বৈশ্য। পি° পরা-গলায় পইতা ধারণ করা। চেনা বামুনের পইতার দরকার নাই-পরিচিত না হইলেও পইতা দেখিলে ব্রাহ্মণ বলিয়া জানিতে পারা যায়, কিন্তু ব্রাহ্মণ বলিয়া যিনি পূর্ব্ব হ'তে পরিচিত তাঁর পইতা বাহিরে না থাকিলেও চলে। এই প্রবচন বঙ্গীয় সমাজেই চলিত কারণ, ব্রাহ্মণ নহেন এবং বঙ্গে শূদ্র বলিয়া গণ্য এমনও অনেক জাতি অন্যত্র যজ্ঞোপবীত ধারণ করেন।
পইতারা [পায়তারা দ্রঃ] বি, প্রস্থান ; পলায়ন ; চম্পট। পি° দেওয়া-পলায়ন করা ; চম্পট দেওয়া। ২ পায়তারা ও পাঁয়তারা দ্রঃ।
পইপই, পঁয়পঁয় [সং-পুনঃ পুনঃ > । পইস দ্রঃ] অ, উপর্য্যুপরি সাবধান। প্র-তোমাকে পই পই ক'রে ব'লে দিলাম তবু শুনিলে না।
পইস [হি° পোইস্, পোইশ্ =পথ ছাড়িয়া দিবার জন্য শকটচালকগণ কর্ত্তৃক পথিকদিগের প্রতি সতর্কবাণী ; হি°-পোঈ। ফা° পর্‌য়া=অশ্বাদির দৌড়চাল, দৌড়। ফা° পোশ > হি° পাইস। হি° পোহা=গৃহপালিত অশ্বগবাদি বৃহৎ জন্তু] অ, গাড়িঘোড়ার মুখ হ'তে সরিয়া যাও ; সাবধান ; ঘোড়া বা ঘোড়াগাড়ি যাইতেছে পথ ছাড় এইরূপ সতর্কবাণী ; দেখ ! সরে যাও ! বচো (হি°) ! "পইস্ পইস্ চেঁচায় সইস বাতাস লাগে সুরে।" -অমৃত বসু।

পইসই, পইসঙ্গ পইস্সই, পইসহিণি, পইসি [সং-প্রবিশতি >। প্র-বিশ্ (প্রবেশে) > প্রবেশা (প্রবেশ করা) > পবেশা > পশা। বৌ° প্রাকৃ° পসা (শূ° পু°)] ক্রি, প্রবেশ করে। "সিঞ্চই পাণী ন পইসই সান্ধি"-চ° পদ° ১৪।৩। পইঠ্ঠই দ্রঃ। পইসঁও-প্রবেশ করি। পইসে-প্রবেশ করে। পইসল-প্রবেশ করিল।
পউখ১ [পৌষ > ষ=খ। গ্রা° বাং পদ্যে] বি, পৌষমাস।
পউখ২ [সং-পক্ষ > প্রাদে°] বি, পশু ; ~পাখালী-পশুপক্ষী (পূ° ব° গী°) পাউ দ্রঃ।
পউটি, পৌটি [গ্রা বি, ধান্যাদির পরিমানবিঃ : ৬৪০ মণ শস্য পরিমাণ। "আর ডিঙ্গা খান তুলে নামে ছোট মুঠী। সেই নায়ে ভরা চাল বায়ান্ন পউটি॥"-কবিক°। [দ্রঃ- ১ পউটি=১৬ বিশে। ১ বিশে-২০ আড়ি বা ৪ সলি। ১ সলি=৫ আড়ি। ১ আড়ি=৮ কাটি বা ৪ দ্রোণ। ১ কাটি=২ দ্রোণ। ১ দ্রোণ=৪ পালি। ১ পালি=৪ রেক। ১ রেক=২ খুঁচি। ১ খুঁচি=১০ ছটাক]।
পএ [গ্রা° বাং। পদ >] বি, পদ। ~র-পদের ; চরণের। "না পিনিবোঁ পএর নূপুর"-শ্রী° কী°। "পএর বাজে নূপুরে"-ঐ।
পওল [ব্রজ°। প্রাপণ >। রূপান্তরে -পায়ল, পাইল] ক্রি, প্রাপ্ত হইল ; পাইল। "ভুলিল চকোর চাঁদ জনু প° মন্দিরে নাচয়ে ফেরি।"-জ্ঞান°।
পংক্তি-পঙ্‌ক্তি দ্রঃ।
পংখী [পক্ষী >। হি° গ্রা° পঞ্ছী] বি, পাখী। প্র-ময়ূরপংখী। "বনের পশু-পংখী" -বঙ্গবাণী, আষাঢ়, ১৩৩৪।
পঁ, পিঁ, পোঁ, প্যাঁ-অনুকার শব্দ।
পঁইছা-পইছা দ্রঃ।
পঁইত্রিশ [পঞ্চত্রিংশৎ >] বিণ, ৩৫ সংখ্যক। ২ বি, ৩৫ এইসংখ্যা।
পঁইরী, পৈঁরী [ওরাও শব্দ] বি, পায়ে পরিবার নিরেট পিতলের অলঙ্কার।

পঁউছা-পঁহুছা দ্রঃ।
পঁউছি [পইছি দ্রঃ। উচ্চারণ ভেদ মাত্র] বি, করভূষণ ; পঁইছি। "আগে সাজে পঁউছি পশ্চাতে বাজুবন্ধ। দিল ঝাঁপা পাট গোপা দেখিতে সুছন্দ॥"-শি°।
পঁচাত্তর [পঞ্চসপ্ততি >। দ্রুত°, কে° পঁচাত্ত] বিণ, ৭৫ সংখ্যা।
পঁচানব্বই [পঞ্চনবতি >] বি, ৯৫ সংখ্যা। ২ বিণ, ৯৫ সংখ্যক।
পঁচাশী [পঞ্চাশীতি >] বিণ, ৮৫ সংখ্যা। নাক পঁচাশী-লক্ষ বা লাখ পঁচাশী, পঁচাশী লক্ষ=তাহা > বাড়াইয়া বলা ; জাঁক।
পঁচিশ [পঞ্চবিংশতি >] বিণ পাঁ অধিক বিশ ; ২৫ সংখ্যা। পঁচিশে-বি, মাসের ২৫ তারিখ।
পঁএর [গ্রা° বাং। প্রবাল >। পঙার দ্রঃ] বি, প্রবাল। "পদ্মিনীর হাতে হাতে পুরট পঞর"-ধর্ম্ম° গীত (সীতারাম)।
পঁয়তারা-পায়তারা দ্রঃ।
পঁয়তাল্লিস [পঞ্চচত্বারিংশৎ >] বিণ, ৪৫ সংখ্যা।
পঁয়ত্রিশ-পঁইত্রিশ (দ্রঃ)।
পঁয়ষট্টি [পঞ্চষষ্টি >। গ্রা° পৈষট্টি] বিণ, ৬৫ সংখ্যা।
পঁহু১, পঁহুঁ১ [পহু দ্রঃ। সং-প্রভু > পভু > পহু > পঁহু] বি, প্রভু ; স্বামী। "তেঁই বলরামের পহুর মন নহে থির"-বলরাম° (সাধনা, ২য় বর্ষ)। "নরোত্তম দাস পঁহু নাগর কান"। "রাধা মোহন পঁহু তুয়া পায়ে নিবেদয়ে" -বৈ° পদাবলী। ২ [বন্ধু > বঁধু > পঁহু] বঁধু। "নেহুক বন্ধু সেহো ছুটি গেল। দুহু কর পহুক গেলাওল ভেল।"-বি° প°। ৩[পুনঃ > পুনু > পহুঁ। এই অর্থে কথার মাত্রা স্বরূপ] অ, পুনঃ ; ফের। "গোবিন্দদাস পহুঁ এই রস গায়" -পদাবলী।
পঁহু২, পঁহুঁ২ [ভনৎ-ভহুঁ-ভহুঁ] ক্রি, ভণে ; বলেন। "গোবিন্দদাস পহুঁ দীপ সারাহ্ন বেলি অবসান ভৈ গেলি।"-পদাবলী।
পঁহুছ [সং-উৎ+অনচু > পঅঁচু > হি° পহুঁচ, অথবা সং-প্রভূত=উদ্গত, উন্নত

ই০ (হিং শ০ সাগর) > প্রাকৃ০পংচ > হিং পংচ >] [বি, উপস্থিতি। ২ নাগাল।

পঁহুছ পাওয়া-ক্রি, নাগাল পাওয়া।

পঁহুছন, পঁহুছন [পৌছন দ্রঃ] বি, উত্তরণ; আগমন; উপস্থিত হওন। ২ প্রাপন; পাওন। ৩ নাগাল পাওন।

পঁহুছা [পঁহুছ+আ (ক্রিয়ায়)। পঁহুছি, পঁহুছ, পঁহুছে; পঁহুছিতে; পঁহুছিয়া (ক্ষে০ পঁহুছে)। দ্রষ্ট০ পঁউছ > পৌছ (দ্রঃ)] ক্রি, উপস্থিত হওয়া; লাগ পাওয়া।

পক্, পঁক্পঁক্ [অনু০] অ, শব্দ।

পকা(শ)স [প্রা০ বাং। সং-প্রকাশ > প্রাকৃ০ রূপ। ব্রজ০] বি, প্রকাশ। ~**া** [পকাস+আ (ক্রিয়ায়)। উ০ পকাসি, পকাস, পকাসে; পকাসিতে; পকাসিয়া (ক্ষে০ পকাসি)] ক্রি, প্রকাশ করা। ২ প্রকাশিত হওয়া; আবির্ভূত হওয়া। "হাম মূঢ়মতি নাঞি ভক্তি স্তুতি পকাসিঅা লেহ পূজা।"-শূ০ পু০।

পকেট [ইং pocket এর লিপ্যন্তর] বি, জামার বগলী বা থলী; জেব। ~**খোলা** [তুল-হিং টেঁট্ বা পয়সা ঢীলা করনা] পকেটে দ্রব্যের মূল্য টাকা পয়সা থাকে। মূল্য দিতে হলে তা হতে বাহির করিতে হয়, সেই ভাব হতে মূল্যদিতে প্রস্তুত বা উদ্যত হওয়া। "যার ফুলের সখ সে একটা গোলাপের দশ টাকা মূল্য দেয়। কিন্তু যার ফুলের সখ নাই কিন্তু ফুল কপিতে লোভ সে ওজন দেখে খুসি হয়ে তবে পকেট খোলে" -উত্তরা, ১৩৩৩। ~**মার**-যে পকেট হ'তে টাকা কড়ি চুরি করে; গাঁট কাটা pick-pocket. ~**মারা**-পকেট হ'তে টাকা কড়ি চুরি করা। ~**স্থ** (-ট্-) [পকেট+স্থ (স্থিত, গত)] বিণ পকেটস্ত; পকেটজাত। "কিছু পকেটস্থ করেছ নাকি?" **পকেটে হাত পঁড়া**-অর্থভাণ্ডারে টান পড়া; স্বার্থে আঘাত পড়া।

পক্কণ [পক্ক (পাক করা হয়) কণ (তণ্ডুল কণা, খুদ) যেখানে, বহু০। পকণ, পক্কণ ও০] বি, চণ্ডাল গৃহ; ব্যাধ গৃহ; শবরালয়।

পক্কাণ [হিং পকবান >? পাক২ (দ্রঃ) > পাকান (পাক দেওয়া) >] বি, পাকান মিঠাইবিঃ; টানা মিঠাই; লাড় বিঃ।

পক্তা [পচ্ (পাক করা)+তৃ (র্তৃ)=পক্তৃ ১মা, ১ব০] বিণ, যে পাক করে; পাচক।

পক্তি [পচ্ (পাক করা)+তি (ভা০)] বি, পাক; রন্ধন। ২ পাকা।

পক্ত্রিম [পচ্+ত্রিমক্ (র্তৃ)] বিণ, পাকা। ২ সিদ্ধ।

পক্ক [গ্রা০ পাকা (দ্রঃ)। পচ্ (পাক করা) +ত (র্তৃ)] বিণ, পরিণত; পাকা। প্র-পক্ক ফল। ২ কৃতরন্ধন; পাক নিষ্পন্ন: সিদ্ধ। ৩ দৃঢ়; মজবুত; শক্ত। ৪ [কেশ পক্ষে] শুভ্র। প্র-পক্ক কেশ। ~ণ-পক্কণ দ্রঃ। ~**মধু**-বি, জ্বালদিয়া গাঢ় করা মধু। ইহা দীর্ঘকাল স্থায়ী হয়। "স্বর্ণ রসের ন্যায় পীতবর্ণ গব্যঘৃত, পক্ক মধু ও শর্করাখণ্ড সহযোগে ঐ পায়স ভোজন করিতে বসিল" -জাতক, ৪র্থ খণ্ড।

পক্কাধান [পক্ক (পক্কের)+আধান (আধার), ৬তৎ] বি, পাকাশয়; উদরের যে স্থলে অন্ন পরিপাক হয়; পাকস্থলী।

পক্কান্ন [পক্ক (যে) অন্ন, ধা] বি, ঘৃত-পক্ক বিবিধ মিষ্টান্ন। ২ বেসমের কাটি ভাজা গুড়ে পাক করিয়া তার লাড়ু বা মোদক। ৩ [লক্ষ০ বিদ্রূপে] প্রগল্ভ ব্যক্তি; বাচাল।

পক্কাশয় [পক্ক (পাকের)+আশয় (আধার), ৬তৎ] বি, পাকস্থলী; ইং stomach এর বৈজ্ঞা০ পরিঃ।

পক্ষ১ [পক্ষ্ (পরিগ্রহে)+অ (র্তৃ)] বি, শুক্ল ও কৃষ্ণ দুই পক্ষ: মাসার্দ্ধ; পঞ্চদশ দিবারাত্রি; প্রতিপদ হতে পূর্ণিমা পর্য্যন্ত পঞ্চদশ তিথি শুক্ল পক্ষ এবং প্রতিপদ হতে অমাবস্যা পর্য্যন্ত কৃষ্ণপক্ষ [চন্দ্র দ্রঃ]। ২ দুই সংখ্যাবোধক। ৩ [কেশাদি শব্দান্তে যুক্ত হ'লে] গুচ্ছ; সমূহ। ৪ পাখীর ডানা; পাখা। ৫ বাণের পাখা; পুচ্ছ। ৬ ভিত্তি। ৭ দর দালান; বারান্দা aisle. ৮ পার্শ্ব গৃহ। ৯ পার্শ্ব। ১০ গণ; সম্প্রদায়; দল। প্র-তিনি কোন পক্ষেই নাই। শত্রুপক্ষ। স্বপক্ষ। বিপক্ষ। ১১ সহায়। ১২ দিক্। ১৩ সৈন্য। ১৪ রাজহস্তী। ১৫ সৌহার্দ্দ। ১৬ উনানের মুখ বা বিবর। ১৭ মত। প্র-আত্মপক্ষ সমর্থন করা। ১৮ প্রশ্ন বা উত্তর। প্র-পূর্ব্ব-পক্ষ। উত্তর পক্ষ। ১৯ বিরোধ। ২০ [ন্যায় দর্শনে] অধিকরণ; অনুমেয় বস্তুর আধার। যথা-ধূম দর্শনে পর্ব্বতে বহ্নির অনুমান করিলে পর্ব্বত ঐ অনুমেয় বস্তুর আধার বা পক্ষ পদ-বাচ্য হইবে। ২১ পরিগ্রহ; বিবাহ; আদান। প্র-প্রথম পক্ষের সংসার। ২২ পত্নী; ভার্য্যা; পরিবার। ২৩ [তর্ক বিজ্ঞা০] বি, ন্যায়ে যার সম্বন্ধে কিছু প্রমাণ করা হয়; নিগমনা-বয়বের উদ্দেশ্য। বিণ, পক্ষীয়; পাক্ষিক। ২৪ দুই বোধক অঙ্ক (তুল-নেত্র)। প্র-একে চন্দ্র দুইয়ে পক্ষ। ~**ক** [পক্ষ+ক (সহায়ার্থে)] বি, সহায়; স্বপক্ষ। ২ পক্ষদ্বার; খিড়কী। ৩ পার্শ্ব। ~**করা** (পক্ষে) বিবাহ করা। "লাহিড়ী মহাশয় যখন তৃতীয় পক্ষ করেন"-আ০ শক্তি। ৩৪, ১৭ সংখ্যা। ~**গ্রহণ**-বি, দুই বিপরীত পক্ষের এক পক্ষকে আশ্রয় করা; পক্ষাবলম্বন। ~**চর** [পক্ষ (১৫ দিন) চর (যে চরে বা গমন করে)] বি, চন্দ্র।

পক্ষ২ [সং-পক্ষ (পাখীর ডানা ও পাখী)। বাং-য় রূপান্তর-পক্ষাল, পক্ষালী, পাখ, পাখী, পাখালী] বি, পক্ষী; পাখী। "উড়ইতে পক্ষ বৃক্ষদল বিচলিত তুয়া আগমন হেন মানে।"-গীত০ (গিরি০)। "রাজার বেটা পক্ষ মারে" -ছড়া। "নানা জাতি পক্ষ গাছে করে কোলাহল"-গী০ (গিরি০)। পাখীর ডানা। ২ অনুচর। ৩ চক্রবাক পক্ষী। ৪ হস্তী। ~**চ্ছেদ** [পক্ষ (ডানার)+ছেদ, ৬তৎ] বি, পক্ষের ছেদন; পক্ষ কর্ত্তন। ~**জ** [পক্ষ (অর্দ্ধ মাস) জন্ (জন্মান)+অ (র্তৃ)=জ,পক্ষে (জন্+মন্)=জন্মন্ ১মা, ১ব০] বি, চন্দ্র। ২ মেঘবিঃ [পূর্ব্বে ইন্দ্র পর্ব্বতের পক্ষ সমুদয় ছেদন করিয়াছিলেন, সেই পক্ষ হইতেই এই মেঘের জন্ম, এজন্য মেঘ পর্ব্বতলগ্ন দেখিলেই পর্ব্বতের পক্ষ বলিয়া বোধ হয়। ইহা তারই রূপক (ভারতকোষ)]। ৩ বিণ, পক্ষে জাত; পক্ষজন্মা। ~**তা**-বি, পক্ষাবলম্বন। ২ সহায়তা। ~**তি** [পক্ষ (পার্শ্ব)+তি (স্থিতিকারী রথী >)] বি, পার্শ্বরক্ষক। "দুঃশাসন শল্য দুই পক্ষতি হইল"-মহা০

(কাণী০)। ~দ্বার [পক্ষের (পার্শ্বের) দ্বার (দরজা), ৬তৎ] বি, পার্শ্বদ্বার : খিড়কী দরজা। ~ধর [পক্ষ (অর্দ্ধমাস) ধর (যে ধারণ করে)] বি, চন্দ্র ; কলাধর। ২ [পক্ষ (ডানা) ধর (যে ধরে)] পাখী। ৩ বিণ, পক্ষধারী। ৪ বি, মিথিলার প্রসিদ্ধ নৈয়ায়িক পণ্ডিত পক্ষধর মিশ্র। ~পাত [পক্ষ (পার্শ্ব, একদিকে) + পাত (পতন), ৭তৎ] বি, এক পক্ষানুরাগ preference (অর্থ শা০ পরিঃ) ; এক চোখোমি। ২ [পক্ষ (পাখা, ডানা) + পাত (পক্ষের পতন)] পালক ঝরিয়া পড়ন। ৩ পক্ষিদিগের জ্বরবিঃ। বিণ, পক্ষপাতী। ~পাতিতা, ত্ব [পক্ষপাত + ইন্ (স্ত্যা০)=পক্ষপাতিন্ + তা, ত্ব(ভা০)] বি, উভয় পক্ষের মধ্যে একপক্ষে অযথা অনুরাগ প্রদর্শন বা সাহায্য করণ ; এক চোখোমি। ২ পক্ষদ্বারা পতন। ~পাতী [পক্ষপাত + ইন্ (স্ত্যা০)=পক্ষপাতিন্ ১মা, ১ব০] বিণ, পক্ষপাতকারী। ২ অনুরাগী ; আসক্ত ; অনুগ্রাহক। ৩ একপক্ষে পতনশীল। ৪ পক্ষদ্বারা গমনশীল। ~পালী-বি, খিড়কি। ~বল [পক্ষ (দিক, দল) + বল (শক্তি, সহায়)] বি, সহায়। "দনুজদলনী দুর্গা দেবী পক্ষবল"-ঘ০। ~বান [পক্ষ + বতু (স্ত্যা০)= ১মা, ১ব০] বিণ, পক্ষবিশিষ্ট। ~সঞ্চালন [পক্ষের সঞ্চালন, ৬তৎ] বি, পাখার চালনা ; পাখা বা ডানা নাড়া ; পাখ্না ঝাড়া দেওন। ~সমর্থন [৬তৎ] বি, এক পক্ষের সহায়তা ; কোন পক্ষীয় মতে মত দান।

পক্ষাঘাত [পক্ষ + আঘাত। গ্রা০ পক্ষঘাত (ঘাত=আঘাত)] বি, বাতব্যাধি রোগ ; যে রোগে অঙ্গ প্রত্যঙ্গাদি অবশ হয়।

পক্ষান্ত [পক্ষের অন্ত (শেষ), ৬তৎ] বি, পূর্ণিমা বা অমাবস্যা। ২ পক্ষশেষ।

পক্ষান্তর [পক্ষ (পক্ষের) + অন্তর (অন্য), ৬তৎ] বি, অন্যপক্ষ। ~করণ [বীজগ০ (ক০ বিশ০ পরিঃ)] transposition. ক্রি-বিণ, পক্ষান্তরে-অপর পক্ষে।

পক্ষাপক্ষ [পক্ষ + অপক্ষ] বি, একবার একপক্ষ আরবার অন্যপক্ষ ; দলাদলি।

পক্ষাবয়ব [পক্ষ + অবয়ব] অবয়ব দ্রঃ।

পক্ষিণী [পক্ষ + ইন্ (স্ত্যা০)=পক্ষিন্ + ঈ (স্ত্রীং)] বি, দুই দিবা ও তন্মধ্যস্থ রাত্রি অর্থাৎ একরাত্রি ও দুইদিন। ২ বিহঙ্গী। ৩ পৌর্ণমাসী ; পূর্ণিমা।

পক্ষিনীড় [পক্ষী(র) নীড়, ৬তৎ] বি, পাখীর বাসা।

পক্ষিরাজ [পক্ষির রাজা, ৬তৎ, রাজা= রাজ] বি, পক্ষীদের মধ্যে শ্রেষ্ঠ ; পাখীর রাজা ; গরুড়। ২ [রূপকথায়] কাল্পনিক পক্ষবিশিষ্ট ঘোটক ; বাজী [ঘোটকের পক্ষ ছিল এই পৌরাণিক বিশ্বাস হ'তে]।

পক্ষিশালা [পক্ষীর শালা (আলয়), ৬তৎ] বি, চিড়িয়াখানা।

পক্ষী [পক্ষ + ইন (স্ত্যা০)=পক্ষিন্ ১মা, ১ব০] বি, বিহঙ্গ ; পাখী। ২ বাণ। স্ত্রীং পক্ষিণী (দ্রঃ)। বিণ, পাক্ষিক, পক্ষীয়।

পক্ষীন্দ্র [পক্ষী(র) ইন্দ্র (শ্রেষ্ঠ), ৬তৎ] বি, গরুড়।

পক্ষীমার [পক্ষী-মার (মারে যে)। তুল-হি০ চিড়িমার] বি, ব্যাধ ; পাখমারা ; চৌদিকে বেড়িয়া আছে যত প০"-মনসার ভাসান।

পক্ষীয়, পক্ষেয় [পক্ষ (দ্রঃ) + ঈয় > পক্ষেয়। বাং-য় বিরল] বিণ, পক্ষ : সম্বন্ধীয় ; পক্ষের ; দিকের। ২ দলের। ৩ [পক্ষী + ইয়] পক্ষী সম্বন্ধীয়।

পক্ষু [সং] বি, পাচক ; পাককারী।

পক্ষোদ্গম [পক্ষ (পক্ষের) + উদ্গম (উদয়), ৬তৎ] বি, পক্ষের উৎপত্তি : পাখীর অঙ্গে পালকের ও ডানার উদয় ; পক্ষোদ্ভেদ।

পক্ষোদ্ভেদ [পক্ষ (পক্ষের + উদ্ভেদ, ৬তৎ] বি, পক্ষোদ্গম।

পক্ষ্ম (-খ্ম) [পক্ষ্ (লওয়া) + মন্ (র্ত্তৃ)= পক্ষ্মন্ ১মা, ১ব০] বি, নেত্রচ্ছদ-লোম ; চক্ষুর পাতার লোম। "সকলের পক্ষ্ম শোভী অক্ষি কিছু বাঁকা"-রামা০ (রাজ০)। ২ লোম। ৩ পাখীর পাখা ; পালখ। ৪ সূক্ষ্মাংশ। ৫ পুষ্পকেশর ; ৬ সূত্রের খাই বা অগ্রাংশ। ~কোপ [সুশ্রুত] বি, যে রোগে চক্ষুর পাতার লোম খরখরিয়া সূচিকামুখবৎ হইয়া নেত্রের ক্লেশোৎপাদন করে, ও যা উৎপাটন করিলে ঐ কষ্ট নিবারণ হয়। এই রোগে নেত্র সামান্য বাতাস উত্তাপ বা আগুনের আভা সহ্য করিতে পারে না। ~মণ্ডল [সুশ্রুত] চক্ষুর রোমরাজির পরিধি বা চক্র circle of the eyelashes.

পখাড়ন-পখালন দ্রঃ।

পখাণ [ব্রজ০। সং-পাষাণ >। ষ=খ] বি, পাষাণ। "হৃদয় পখানে।"-বি০ প০।

পখাল [সং-প্রক্ষালন >] বি, প্রক্ষালন। ২ প্রক্ষালিত বা জলধৌত অন্ন ; পান্তা ভাত। ৩ [পক্ষী দ্রঃ। গ্রা০] পাখী।

পখালন, পখাড়ন [প্রক্ষালন > ভ্রং] বি, প্রক্ষালন ; ধৌতকরণ। "নয়নের বারি পূর্ণ করে ঝারী, দেখ সারি সারি রাখা গিয়েছে। বঁধু সেই বারি দিয়ে চরণ পাখালিয়ে, এস বস আমার হিয়ে পাতা রয়েছে।"-স্বপ্নবিলাস। "গুরু পাদ পখাড়িলে" -গোবিন্দ০ গী০।

পগমিল [ইং pugmillএর লিপ্যন্তর] বি, কাদা পাট করার কল।

পগার১ [পঙ্কাগার > ব্রজ০ পগার, বাং- পগার বা পয়াগার >। তুল-হি০ পগা=ফা০ -পয় (জল) + গার (কাদা)। প্রাদে০ উচ্চারণ ভেদে 'পগাড়'। মৈ০ পগার, পগার। "নয়ন লোরে বহল পগার"-বি০প০। "রুধিরে ভরল কিয়ে সুরঙ্গ পগার।"-ঐ] বি, কর্দ্দমময় পয়োনালা : লম্বা গর্ত্ত ; বাগানের চারিদিকে যে পগার দেওয়া হয়, উহা সাধাঃ ২ হাত বা ২॥ হাত প্রস্থ গভীর খাত। এইরূপ পগার কাটিলে সেই সঙ্গে পার্শ্বে উচ্চ 'আইল'ও হয়। ২ খানা ; ডোবা ; পঙ্কিল ক্ষুদ্র জলাশয়। পগারদিয়ে পোঁ [গ্রা০] পোঁ দ্রঃ। ~পার হওয়া-পলাইয়া সীমার বাহির যাওয়া ; ধৃত হইবার সম্ভাবনা অতিক্রম করিয়া পলায়ন। "বলে আঁচল খুলে এক দাপটে পগার হলো পার।"-হেম০।

পগার২ [সং-প্রাকার > পকার >, ক= গ] বি, আলিবন্ধন ; বেড় ; জাঙ্গাল ; বাঁধ ; সীমান্তের উচ্চ আইল। "ধূলার পগার দিল ধূলার প্রাচীর"-শি০। "পগার খন্দক খানা

উলু কেশে নল বেণা নাহি সাধু করে অব্যাহতি"-কবিক°।

পাঁগ্‌গি [সং-প্রগ্রহ (প্রকৃষ্ট ভাবে গ্রহণ ; দৃঢ়ভাবে ধারণ, বন্ধন > বন্দী, প্রগ্রাহ=অশ্ব বন্ধন রজ্জু) > পগ্‌গহ (তুল-প্রতিগ্রহ > পা° পটিগ্‌গহ) > পগ্‌গ > পাগ, প্রা° বাং হি°-র অনুকরণে পাগ্‌ড়ী] বি, শিরস্ত্রাণ ; পাগ্‌ড়ী : পাগ।

পাঁগার১ [ব্রজ°। সং-পঙ্কাগার > অথবা প্রণালী > পণাল > পণার > পগার] বি, পয়ঃপ্রণালী : পগার। "রুধিরে ভরয়ে ফিরে বহঙ্গ প°।"-বি° প°। "নয়নলোরে বহল প°"-ঐ।

পাঙার২ [ব্রজ°। বৈ° পদ° সা°। মৈ° পণার। সং-প্রবাল > পবাল > পবার > পঙার] বি, প্রবাল। "অধর সুরঙ্গ জনু নীরস পঙার।"-বি° প°। "নাসা তিল ফুল, অধর প° কুল"-পদকল্পতরু। "হেম° মরকতে জনু জড়িত প°।"-জ্ঞান°। ২ পিঙ্গল।

পাঁঙ্ক [পন্‌চ্‌ (বিস্তার করা) + অ (র্তৃ)। চ্‌=ক্‌] বি, কর্দ্দম ; কাদা : পাঁক। ২ চন্দনাদি কাষ্ঠ ঘষণ দ্বারা প্রস্তুত কর্দ্দমবৎ প্রলেপ। "হীরা নীলা মতিবালা কলধৌত কণ্ঠমালা কলেবরে মলয়জ পঙ্ক।"-কবিক°। ৩ পঙ্কবৎ অঙ্কুর বা উৎপত্তি মূল ; জীবের আদি রূপ ; জীববীজ protoplasm প্র-প্রাণপঙ্ক। জীব-পঙ্ক। আদিপঙ্ক। ৪ পাপ ~গাঁড়ক-বি, পাঁকাল মাছ। ~গ্রাহ [পঙ্ক (পাঁক) গ্রাহ (জলজন্তুবিঃ)] বি, হিংস্র জলজন্তুবিঃ ; মকর ~জঁ [পঙ্ক > জ (জাত), ৫তৎ] বি, পদ্ম। "সুচারু নিতম্ব সাজে চরণ-পঙ্কজে রাজে মণিময় কঙ্কণ নূপুর।"-কবিক°। ২ বিণ, পঙ্কজাত ; পঙ্ক হইতে উদ্ভূত ; কর্দ্দমজাত। > স্ত্রীং ~া। ~জঁন্মা-বিণ, পাঁকে যার জন্ম। ~জিনী [পঙ্কজ + ইন্‌ (স্ত্য°)= পঙ্কজিন্‌ + ঈ (স্ত্রীং)] বি, পদ্মিনী ; পদ্মলতা। ২ পুষ্করিণী ; পদ্মাকর [প্রং অ°]। ~ণ-পঙ্কণ দ্রঃ। ~প্রক্ষালন, ন্যায়-বি, "প্রথমে পাত্রে পঙ্ক লেপন করিয়া পরে প্রক্ষালন করা অপেক্ষা পঙ্ক স্পর্শ না করাই উচিত। এইরূপ অনিষ্টজনক কার্য্যের অনুষ্ঠান করিয়া পরে তৎপ্রতিকার অনুষ্ঠান করা অপেক্ষা অনিষ্ট-জনক কার্য্য না করাই উচিত ই° স্থলে এই ন্যায়ের প্রবৃত্তি।"-অবয়ব গ্রন্থে গদাধর টীকা। ~প্রভা-বি, কর্দ্দমের বা পঙ্কের নরকের নাম। ~বাস-বি, কাঁকড়া। ~মণ্ডুক-বি, শামুক। ~রুহ, পঙ্কেরুহ [পঙ্কে (কর্দ্দমে) রুহ (যে জন্মে), ৭তৎ বা অলুক°] বি, পদ্ম। ~শূরণ-বি, পঙ্কজাত ওল। ২শালুক।

পাঁঙ্কা [ব্রজ°। পঙ্ক + অ (স্ত্য°) + আ (স্ত্রীং)] বিণ, পঙ্কিল ; পঙ্কময় ; পাঁকযুক্ত। "গগন সঘন মহী পঙ্কা"-বি° প°।

পাঁঙ্কিল [পঙ্ক + ইল (যুক্তার্থে)] ণি, কর্দ্দমাক্ত ; পঙ্কযুক্ত।

পাঙ্‌ক্তি [পন্‌চ্‌ (বিস্তৃত হওয়া বা রচনা করা) + তি (র্ম্ম)। বাং উচ্চারণে পংক্তি কিন্তু লিখনে পঙ্‌ক্তি অধিক চ° যদিও ঙ=ং] বি, শ্রেণী ; সমূহ ; দল। ২সারি ; পাঁতি row (বীজগ° পরিঃ)। ৩ পঞ্চাক্ষর-পরিমিত চরণবিশিষ্ট সংস্কৃত ছন্দোবিঃ। ইহার-২য় ও ৩য় বর্ণ লঘু। ~দূষক পঙ্‌ক্তির দূষক, ৬তৎ।] বি, যে [পঙ্‌ক্তির দোষ জন্মায় ; যে এক পঙ্‌ক্তিতে বসিয়া ভোজন করিলে পঙ্‌ক্তি সমেত দূষিত হয়। ~পাবন [পঙক্তির পাবন, ৬তৎ। যে পঙক্তি পবিত্র করে] বি, পঙ্‌তি শোভাপ্রদ সর্ব্ববেদজ্ঞ দ্বিজ : পঙ্‌ক্তিশোধক। ২ যাঁরা অতিদূষিত ব্যক্তিকেও সংসর্গ দ্বারা পবিত্র করেন। ৩ যাঁরা সমগ্র বেদ এবং সমস্ত বেদাঙ্গে সমধিক ব্যুৎপন্ন এবং দশপুরুষ পর্য্যন্ত যাঁদের বংশে বেদাধ্যয়নের বিচ্ছেদ হয় নাই এরূপ ব্রাহ্মণ। ~ভোজন [পংক্তিতে ভোজন, ৭তৎ] বি, যে সকল শুদ্ধাচারী ব্রাহ্মণ দূষিত ব্রাহ্মণগণের সহিত এক পঙ্‌ক্তিতে ভোজন করেন না তাঁদের সকলের একগৃহে একত্র বসিয়া ভোজন। ২ সামাজিক ক্রিয়াকর্ম্মে এক পংক্তিতে বসিয়া ভোজন।

পাঙ্খী [সং-পক্ষী > প্রা°। হি°পঙ্খী] বি, পক্ষী। পঙ্খীর দঁল-রূপচাঁদ পক্ষী উপাধিক.জনৈক উৎকলবাসীর গায়কের দল। ইঁহার প্রকৃত নাম রূপচাঁদ দাস মহাপাত্র। ইনি কলিকাতায় থাকিতেন ও একজন প্রসিদ্ধ সঙ্গীত রচয়িতা ছিলেন। ইঁহার গানে পক্ষী বা খগরাজ এই ভণিতা থাকিত। যে গাড়ীতে ইনি গমনাগমন করিতেন তাহারও আকৃতি খাঁচার মত ছিল। ময়ূরপঙ্খী-ময়ূরাকৃতি নৌকাবিঃ। ময়ূর দ্রঃ।

পাঁঙ্গ [জীববিদ্যা পরিঃ। সং-পতঙ্গ > পঙ্গ] বি, পঙ্গনামক পতঙ্গ locust. ~পাল [পঙ্গ দ্রঃ] বি, শস্য নাশকারী পতঙ্গবিশেষের দল ; ঈতিবিঃ। ২ [লক্ষ°। প্রায়ই অবজ্ঞার্থে বা বিরক্তি অর্থে ব্যবহৃত] অসংখ্য লোক।

পাঙ্গত [পঙ্‌ক্তি > পঙকত >] বি, পঙ্‌ক্তি। ২ পঙ্‌তিভোজন। "সকলকে এক পঙ্গতে বসাইয়া দিতে আদেশ করিলেন -প° আরম্ভ হইল॥"

পাঁঙ্গু [সং] বি, খঞ্জ ; খোঁড়া। ২ চলৎ-শক্তি রহিত।

পাঙ্গুল [হি° পঙ্গুল] বি, পঙ্গু ; খঞ্জ। ২ উত্থানশক্তিরহিত। ৩ [সং] শ্বেতবর্ণ অশ্ব।

পাঁচ [সং-পচ্‌ (পাকে, বিনাশোন্মুখী ভাবে) + অ (র্তৃ)] বিণ, পাচক। এই অর্থে বাং-য় অপ্র°। ২ [পচ্‌ + অন (ভা°)] বি, রন্ধন ; পাক করণ। ৩ পচন ; বিকৃতি। প্র-আমে বা আলুতে পচ ধরিয়াছে। ~মান (-চঁ-) বিণ, যে পাক করিতেছে ; রন্ধনরত ; পাককারী।

পাঁচড়া [প্রাদে°] বি, গাড়ীর চাকায় পুঁটের সহিত আরা আঁটিবার খিল।

পাঁচন [পচ্‌ (পাক করা) + অন (ণে)-যদ্দ্বারা পাকক্রিয়া হয়] বি, অগ্নি। ২ পাচক [অপ্র°]। ৩ [অন (ভা°)] পাক ; রন্ধন। "কুলকাঠ, খড় প্রেম যে আধের, পচনে পিরীতিমাত্র।"-চণ্ডি°। ৪ গলন ; বিকৃত হওন ; সড়ন। ~ক্রিয়া-বি, অনেকটা উৎসেচন ক্রিয়ার (দ্রঃ) অনুরূপ ~ঁ বিণ, পচন জনক ও বর্দ্ধক septic.

পাঁচপাঁচ [অনু°] পদ্রঃ। কর্দ্দমে পদক্ষেপ করণ শব্দ। ঘৃণার্থে বা অনাদরে প্যাচ্‌ প্যাচ্‌] অ, জল কাদার উপর দিয়া চলিবার শব্দ। ২ পিচকারী হতে জল নির্গমন শব্দ। ৩ পিক বা ছেপ ফেলিবার শব্দ। বিণ, পঁচপ্যাচে।

পঁচপঁচানি [পচপচ+আন (ক্রি-বিভক্তি)] ক্রি, পচপচ শব্দ করা। ২ পচপচ্ শব্দে কর্দ্দমাক্ত পথের উপর দিয়া গমন করা। বি, **পঁচপঁচানি।**

পঁচা [পচ্ >। পচি, পচ, পচে ; পচিতে ; পচিয়া (কো॰ প'চে)। ণিজন্ত- **পঁচানি**= পচিতে দেওয়া-পচাই, পচাও, পচায় ; পচাইতে (কো॰ পচাতে) ; পচাইয়া (কো॰ পচিয়ে) ই॰] ক্রি, পচ ধরা ; খারাব হইয়া যাওয়া ; নষ্ট হওয়া ; গলিয়া যাওয়া। ২ বিণ, গলিত ; সড়া ; নষ্ট ; বিকৃত ; দুর্গন্ধময়। "ভিতরে পচা কাদার ভড়ভড়ানি"-ঈ॰ গুপ্ত। ৩ মন্দ ; কুৎসিত ; ফেলিয়া দিবার উপযুক্ত ; ব্যবহারের অনুপযুক্ত। "আমার সুন্দর চেহারা অদ্ভুত পোষাক : অবশেষে পচা ঘড়ি"-জাপান। **~কাল**-বি, যে কালে অর্থাৎ ঋতুতে বর্ষার জলে দ্রব্যাদি পচিতে থাকে ; বর্ষাকাল। **~গলা**-বিণ, যা পচিয়া শিথিল বা তরল হইয়া গিয়াছে। **~পাচকুয়া, ~পাচকো**-পচা এবং-পচারই শ্রেণীভুক্ত ; পচা আধ পচা। **~ভাদ্র, ~ভাদ্দর**-ভাদ্রমাস (যে সময় অবিশ্রান্ত বর্ষার জলে গাছ-পালা পচিয়া উঠে)।

পঁচাই, পঁচুই [সং-পচ্ (বিনাশোন্মুখী ভাবে, বিপাকে) > হিং পচবই,-বাই >] বি, চাউল, জওয়াব ই॰ পচাইয়া ও চোলাই করিয়া যে মদ হয় : ধেনোমদ। "গ্রামের শুঁড়িখানা হইতে একপেট পচাই পান করিয়া সে ঘরে ফিরিয়াছে।"-বা॰ বসুমতী, ১৩৩৪। **~খানা**-বি, চোলাই (মদ্যাদি) করিবার স্থান বা কারখানা "মাঝে মাঝে সে মাখনকে কদমহাটির পচাইখানায় ধরিয়া লইয়া যাইত"-বা॰ বসুমতী, ১৩৩৪।

পচাদি [ব্যা॰। পচ্ ধাতু আদি যে সকলের, বহু॰] বি, পচ্-আদি ধাতুগণ।

পচানি [পচা ধোয়া পানি বা পচা পানি > পচানি] বি, পচা জিনিসের রস। ২ পচা দ্রব্য ধোয়া জল।

পঁচাপাচ্কুয়া-পচা দ্রঃ।

পঁচাপাতা-বি, সুগন্ধি পত্রবিঃ ; শুষ্ক হইলেও ইহার সৌরভ নষ্ট হয় না। ২ বিণ, গলিত বৃক্ষপত্র।

পচাল [পাঁচালীর অশ্লীল ভাষা >। বা, পচা (বিকৃত, কুৎসিত)-আল (গালি > গাল > আল)। গ্রা॰] বি, অশ্লীল বাক্য ; অকথ্য এবং অশ্রাব্য কথা। বিণ, **পঁচালিয়া।** **প॰ পাড়া, প॰ গাওয়া**-অশ্লীল উক্তি করা ; অশ্রাব্য ও অকথ্য গালি দেওয়া।

পচ্চিম [সং-পশ্চিম > ভং] বি, পশ্চিম-দিক্। "পূবর ভানু আইলা পশ্চিমর চান।" -শূ॰ পু॰। ২ বিণ, পশ্চিমস্থ। "পচ্চিম দুআরে দানপতি জাঅ।"-শূ॰পু॰। ৩ উত্তর পশ্চিম ভারত।

পচ্চিমা [পশ্চিমা >] বিণ, পশ্চিম দেশীয় ; পশ্চিম দিগস্থ।

পচ্চীকারী [হিং। হিং পচ্চীহোনা (একত্র জড়িত হওয়া ; খচিত হওয়া)] বি, চিত্রোপলশিল্প mosaic. যে কারুকার্য্যে প্রাচীর গাত্র, গৃহতল, ছাদ ই॰ নানা বর্ণের কাচ প্রস্তরাদির খণ্ড দ্বারা নানাবিধ নক্সায় খচিত করা হয়, উপলচিত্র প্রণালী।

পঁচ্য [পচ্ (পাক করা)+য (র্ম্ম)] বিণ, পাকের যোগ্য ; পাকার্হ : যা পাক করা যাইতে পারে।

পঁছন্দ [ফা॰ পসন্দ্] বিণ, মনের মত ; ইচ্ছানুরূপ ; মনোনীত। ২ বি, নির্বাচন। "কৃষ্ণ তোমার পছন্দটা বেশ"-দ্বি॰ রায়।

পঁছর [পশ্চাৎ > হিং পছড় >। পাছ-পছ+র (অনুবৃত্তি অর্থে)] পিছন ; পাছ। পছরে=পাছেপাছে। "পছরে গুড়াইলু কান্দইরে কো কুমারো॥"-গোবিন্দ॰ গী॰।

পঁজ্জ [পদ্+জ (জাত)] বিণ, পদোদ্ভব। ২ [ব্রহ্মপদজ] বি, শূদ্র।

পজ্ঝটিকা [সং] বি, মাত্রাবৃত্ত ছন্দোবিঃ। ইহার প্রতি পদে ১৬ মাত্রা। হ্রস্ববর্ণ হলে একমাত্রা গণনা করিতে হয়, দীর্ঘবর্ণ হলে দুইমাত্রা, ব্যঞ্জনবর্ণ হলে অর্দ্ধমাত্রা এইভাবে ষোড়শ মাত্রাযুক্ত। ইহাতে নবম মাত্রা গুরু থাকা আবশ্যক। যথা "প্রতি পদ যমকিত ষোড়শ মাত্রা নবম গুরুত্ব বিভূষিত, গাত্রা।" শশিশেখর শিব শম্ভু শিবেশ, কমলাকর কমলাহিত বেশ॥"-বাসবদত্তা।

পজ্ঝড় [পজ্জ-র (দানে) > ঝ=ড় > পজ্জ-ঝাড়া > পাজির পা ঝাড়া] বি, পাজির বেটা পাজি ; পাজির পাজি ; চূড়ান্ত পাজি।

পঁঞ্চ [পন্‌চ্ (বিস্তৃত হওয়া)+অন্ (র্ত্তৃ)= পঞ্চন :মা, বহু॰] বিণ, পাঁচ সংখ্যা। ২ পঞ্চতত্ত্ব। "এবার বাজি ভোর হলো শতরঞ্চ প্রধান পঞ্চ আমায় দাগা দিল।"-রা॰ প্র॰। ৩ বিস্তৃত। **পঁ॰ উপাসক**-বি, গাণপত্য, সৌর, শাক্ত, বৈষ্ণব ও শৈব। **~ক** [পঞ্চন্ +ক (ক্রীতার্থে)] বিণ, যা পাঁচজনে ক্রয় করিয়াছে। ২ [ক, সম্বন্ধার্থে] পঞ্চ সম্বন্ধীয় : পাঁচ সংক্রান্ত। ৩ [ক, স্বার্থে] পাঁচ সংখ্যা। ৪ [ক, পরিমাণার্থে] পঞ্চপরিমিত। ৫ [ক, সমূহার্থে] পঞ্চসমূহ ; পাঁচজনের মিলিত পরামর্শ ও নির্দ্ধারণ ; পঞ্চায়েত। "আজি তার পঞ্চক হইল মোর ঘরে"-মহা॰ (কাশী॰)। ৬ [তুল-ইং mite.] পাঁচ-জনের মিলিত চাঁদা। ৭ পাঁচজনের নিকট হইতে গৃহীত অল্প অল্প কর বা খাজনা। **~জমা**-অত্যল্প খাজনা বা কর quit rent. **~কপাল** [পঞ্চন্ (পাঁচ) কপাল (ঘটের অর্দ্ধাংশ)] বি, যজ্ঞবিঃ। **~কর্ম্ম** [পঞ্চন্ (পাঁচ) কর্ম্মন্ (কার্য্য)] বি, বমন, বিরেচন, নস্য, নিরূহ এবং অনুবাসন-বৈদ্যকমতে এই পাঁচ প্রকার শারীরিক ক্রিয়া। **~কর্ম্মেন্দ্রিয়**-বি, বাক, পাণি, পায়ু, পাদ ও উপস্থ ; **~কল্যাণ** [গ্রা॰ পাঁচ্-কল্যাণ। পঞ্চকল্যাণ (শুভ চিহ্নযুক্ত)] শ্বেতবর্ণ পদচতুষ্টয় ও নাসিকাগ্রভাগবিশিষ্ট অশ্ব। এই অশ্ব অতিসুলক্ষণাক্রান্ত বলিয়া উক্ত হইয়াছে। "পদ্মিনীর প্রিয় শ্রীপঞ্চকল্যাণ"-পদ্মিনী উপাখ্যান। **~কষায়** [জম্বু আদি পঞ্চবিধ কষায়, সমাহার দ্বিগু] বি, জম্বু (জাম), শাল্মলি (শিমুল), বাট্যাল (বেড়েলা), বকুল, বদর (কুল) এই পাঁচ বৃক্ষবল্কল রসের নাম পঞ্চকষায়। মতান্তরে-বচ, বাসক, পটোল, প্রিয়ঙ্গু ও নিম্ব এই পঞ্চদ্রব্যের ক্বাথ ; সুশ্রুত মতে-আরগ্বধ, শীরিষ, জম্বু, সর্জ্জ এবং অশ্মন্ত (পলাস) ছাল ; ডল্লন মতে-তিন্দুক, অভয়া, লোধ্র, সমঙ্গ এবং আমলক। **~কোণ** [পঞ্চ (পাঁচ) কোণ যার, বহু॰] বি, পঞ্চকোণ বিশিষ্ট ক্ষেত্রবিঃ

pentagon. ২ তন্ত্রশাস্ত্রোক্ত যন্ত্রবিঃ। ৩ [জ্যো০] লগ্ন হ'তে নবম ও পঞ্চম স্থান। ৪ বিণ, পাঁচকোণা pentagonal. **~কোল** [আয়ু০ পারিঃ। কোল=পিঁপুল] বি, সম-পরিমাণ পিঁপুল, পিঁপুলের মূল, চই, চিতামূল ও শুঁঠ। **~কোষ** [বেদান্ত পারিঃ : পঞ্চন্ (পাঁচ) কোষ (আবরক)] বি, আত্মার পঞ্চবিধ আবরণ ; (১) অন্নবিকারজ স্থূল শরীর বা অন্নময় কোষ, (২) পঞ্চইন্দ্রিয়ের সহিত পঞ্চ প্রাণ বা প্রাণময় কোষ, (৩) মনের আশ্রিত ইন্দ্রিয়গণের সহিত মন বা মনোময় কোষ, (৪) জ্ঞানের আশ্রিত ইন্দ্রিয়গণ ও জ্ঞান বা জ্ঞানময় কোষ, এবং (৫) অবিদ্যার আশ্রিত অহঙ্কারাদি বা আনন্দময় কোষ। **~কোষবিদ্যা**-আত্মার পঞ্চাবরণতত্ত্ব। "অন্নময় আত্মা (দেহ) মধ্যে প্রাণময় আত্মা, প্রাণময় আত্মার মধ্যে মনোময় আত্মা, মনোময় আত্মার মধ্যে বিজ্ঞানময় আত্মা ও বিজ্ঞানময় আত্মার মধ্যে আনন্দময় আত্মা অবস্থিত। আনন্দই যেন শাঁস এবং বিজ্ঞান মন প্রাণ ও দেহ যেন এক একটা খোলা, পরবর্ত্তীকালে আনন্দময় আত্মাকেও একটি কোষ বলিয়া বর্ণনা করা হইয়াছে ;"-ম০ চ০ ঘোষ (প্রবাসী, অগ্র০ ১৩২৯)। **~ক্রোশী** [গ্রা০ পঞ্চকুশী। পঞ্চ (পাঁচ) ক্রোশ পরিমাণ যার, বহু০] বিণ, দীর্ঘ ও প্রস্থে পঞ্চক্রোশ ব্যাপী। ২ বি, বারাণসী ; পঞ্চক্রোশী কাশী। **~ক্লেশ**-পঞ্চবন্ধন দ্রঃ। **~গঙ্গা** [পঞ্চ-গঙ্গা (নদী)] বি, গঙ্গা (ভাগীরথী), গোমতী, কৃষ্ণবেণী, পিনাকিনী, কাবেরী। **~গব্য** [পঞ্চন (পাঁচ) যে গব্য (গো হ'তে প্রাপ্ত), ধা] বি, দধি, দুগ্ধ, ঘৃত, গোময় ও গোমূত্র। **~গব্যঘৃত** [সুশ্রুত] বি, দুগ্ধ, দধি, ঘৃত ও গোমূত্রে গোময় রস সহ ত্রিফলা, চিত্রক, মুস্ত, দুই প্রকার হরিদ্রা, অতিবিষা, বচা, বিড়ঙ্গ, ত্রিকটু, চব্য ও সুরদারু পাক করিলে এই ঘৃত প্রস্তুত হয়। ইহা বিষমজ্বরের ঔষধ। **~গুঁড়ি** [পঞ্চ (পঞ্চবর্ণ) গুঁড়ি (চাউল চূর্ণ)] বি, পঞ্চবর্ণ দ্রঃ ; শ্বেত, কৃষ্ণ, হরিৎ, লোহিত ও পীত এই পঞ্চবর্ণে রঞ্জিত আতপ চাউলের গুঁড়ি। **~গুণ** [পঞ্চ (পাঁচ) যে গুণ, ধা] বি, পঞ্চ ইন্দ্রিয়গ্রাহ্য গুণ ; রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দ।

~গৌড়-বি, (১) সরস্বতী তীরস্থ প্রদেশ। (২) কনৌজ, (৩) উৎকল, (৪) মিথিলা, (৫) খাস গৌড় (বঙ্গদেশ হ'তে আরম্ভ করিয়া ভুবনেশ্বর সীমা পর্য্যন্ত)। **~চামর** [সং] বি, ষোড়শাক্ষর সংস্কৃত ছন্দ। "প্রসীদ লোক-লোচন, ত্বিষাম্পতে বিরোচন, প্রসীদ লোক-মোচন, প্রভো সুধাংশু-শোচন, সুবর্ণবর্ণ-গুঞ্জন, দ্যুতি-ত্রিলোক-রঞ্জন, স্বভাবতঃনিরঞ্জন, স্বপুত্র-ভীতি-ভঞ্জন।"-কর্ণার্জ্জুন কাব্য। **~চূড়ক** [বৌ০ সা০] বি, যার কেশ পাঁচটি চূড়া বা শিখার আকারে সজ্জিত। এই চূড়াবন্ধন দৈন্য বা দাসত্বের চিহ্ন বলিয়া গণ্য হইত। "এক সপ্ত বয়স্ক পঞ্চচূড়ক বালককে তাহার মাতা রাজোদ্যানে পাঠাইয়াছিল।"-জাতক, ৫ম খণ্ড। ২ দণ্ড স্বরূপ মস্তক মুণ্ডন করিয়া পাঁচটি শিখা মাত্র যার রাখা হইত। **~চূড়া** [পঞ্চ [illegible] (শিরোভূষণ) যার, বহু০] বি, অপ্সরোবিঃ। **~জন** [পঞ্চ (পাঁচভূত) > জন্ (জন্মান) + অ (র্ত্তৃ)-যে পঞ্চভূত হতে জন্মে] বিণ, পঞ্চভূত হইতে জাত। ২ প্রাণী ; জীব। ৩ [পঞ্চ (পাঁচ) যে জন (ব্যক্তি), ধা] পাঁচজন ব্যক্তি ; গ্রামের পাঁচজন। ৪ পঞ্চভূত। ৫ হিরণ্যকশিপুর পৌত্র ও সংহ্লাদের পুত্র, অসুরবিঃ। এই অসুর সমুদ্রগর্ভে শঙ্খরূপ ধারণ করিয়া বাস করিত। শ্রীকৃষ্ণ ইহাকে বধ করিয়া ইহার অস্থি দ্বারা পাঞ্চজন্য শঙ্খ নির্ম্মাণ করিয়াছিলেন। **~জনীন** [পঞ্চজন + ঈন] বিণ, পাঁচ জনের ; পাঁচজন সংক্রান্ত। ২ বি, পঞ্চরং প্রদর্শক ; যাত্রাদির সঙ্। **~জ্ঞানেন্দ্রিয়**-বি, নাসা, জিহ্বা, নেত্র, ত্বক্ ও শ্রোত্র। **~তত্ত্ব** [পঞ্চ (পাঁচ) যে তত্ত্ব (ক্ষিত্যাদি), ধা] বি, ক্ষিতি, অপ, তেজঃ, মরুৎ ও ব্যোম এই পঞ্চতত্ত্ব [সাংখ্য মতে]। ২ [তন্ত্রে] মৎস্য, মাংস, মদ্য, মুদ্রা, মৈথুন। ৩ [বৈষ্ণব শা০] গুরুতত্ত্ব, মনস্তত্ত্ব, মন্ত্রতত্ত্ব, দেবতত্ত্ব ও ধ্যানতত্ত্ব। **~তন্ত্র** [তন্ত্র=নীতি] বি, মিত্রভেদ, মিত্রপ্রাপ্তি কাকোলূক্য, লব্ধনষ্ট ও অসম্প্রেক্ষকারিতা এই পঞ্চভাগে বিভক্ত প্রা০ সং নীতি গ্রন্থবিঃ। মহিলারোপ্য নগরের রাজপুত্রদিগের নীতি-শিক্ষার জন্য পণ্ডিত বিষ্ণুশর্ম্মা কর্ত্তৃক ইহা রচিত। পঞ্চতন্ত্রের ন্যায় বহু ভাষায় অনুবাদিত গ্রন্থ জগতে বিরল। খৃঃ ৬ষ্ঠ শতাব্দীতে ইহা সংস্কৃত হতে পারস্য ভাষায়, নবম শতাব্দীতে পারস্য হ'তে আরবীতে ও পরে হিব্রু, গ্রীক্, ল্যাটিন্, সিরীয় ই০ য়ুরোপীয় সকল ভাষায় অনুবাদিত হইয়া পিল্পের গল্প (Pilpay's Fable) নামে প্রচলিত হয়। "বিষ্ণুশর্ম্মা"কে আরবী ভাষায় "বিদ্ পাই" তা হতে য়ুরোপীয় ভাষায় "পিল্পে" করা হয় [*Wilson*]। **~তন্মাত্র** [পঞ্চন্-তন্মাত্র] বি, ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ ব্যোম এবং তাদের গুণ রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দ। **~তপ** [পঞ্চ (পাঁচ) তপ, ধা] বি, গ্রীষ্মের মধ্যাহ্ন-সূর্য্যের তলে চতুর্দ্দিকে অগ্নি জ্বালিয়া তপঃসাধন ; চারিদিকে ৪টী হোমকুণ্ড জালিয়া সূর্য্যের পানে অনিমেষ দৃষ্টি নিবদ্ধ করিয়া যে তপ। "পঞ্চতপ করেন জালিয়া পঞ্চানলে।"-কবিক০। "জ্যৈষ্ঠমাসে এইরূপে পঞ্চতপ করি। অন্নপূর্ণা ধ্যানে যায় দিবস শর্ব্বরী॥"-অ০ ম০। **~তপাঃ** [পঞ্চ (পাঁচ) তপস্ ১মা, ১ব০] বি, ঊর্দ্ধে সূর্য্য ও চতুর্দ্দিকে অগ্নির মধ্যে তপস্যাকারী। **~তা, ~ত্ব** [পঞ্চন্ + তা, ত্ব (ভা০)] বি, পঞ্চভূতে শরীরস্থ পঞ্চভূতের মিশ্রণ ; মরণ ; মৃত্যু। ২ পাঁচের ভাব ; পাঁচ অংশে বিভাগ। "বেদের পঞ্চত্ব দিয়া ভারত পুরাণ। রচিয়াছে আপনি পরম জ্ঞানবান্।"-ভারত০। **~তিক্ত** [পঞ্চ (পাঁচ) তিক্ত (তিক্তরসযুক্ত বস্তু), দ্বিগু] বি, নিম, গুলঞ্চ, বাসক, পল্তা (পটোল পাতা) ও কণ্টকারী। **~তীর্থ** [গ্রা০ পঞ্চতীর্থী। পঞ্চ (পাঁচ) যে তীর্থ (কাশীস্থ পুণ্যস্থান) তার সমাহার + ঈ (স্ত্রীং)] বি, জ্ঞানবাপী, নন্দি-কেশ্বর, তারকেশ্বর, মহাকালেশ্বর ও দণ্ডপাণি এই পাঁচটি শিবাধিষ্ঠিত তীর্থ। ২ বরাহ পু০ মতে] বিশ্রান্ত, শৌকর, নৈমিষ, প্রয়াগ, ও পুষ্কর। ৩ দক্ষিণ সাগরের উপকূলে আগস্ত্য, সৌভদ্র, পৌলোম, কারন্ধম ও ভারদ্বাজ এই পঞ্চ সরোবরবিশিষ্ট তীর্থ। এখানে অপ্সরা বর্গা ও তার ৪ সহচরী-সৌরভেয়ী, সমীচী, বুদ্‌বুদা ও লতা তপস্বীর শাপে কুম্ভীর রূপ ধারণ করিয়া শতবর্ষ ছিল পরে অর্জ্জুন তাদের জল হ'তে তুলিলে মুক্ত হয়। -মহা০ (সিংহ)। **~ত্ব**-বি, পঞ্চতা দ্রঃ। > **~প্রাপ্ত**-বিণ, মৃত। > বি, **~প্রাপ্তি**-দেহের উপাদানভূত

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগগ্র), ˘হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌্য ঞ্চ=ন্চ ঞ্জ=ন্জ হ্ন=হ্ন হ্ন হ্ন হ্ম হ্ন=ন্হ হ্ন হ্ন হ্ন ভ হ্য, জ ফ ব ভ=zfwv ও চ্চা০ দ্রঃ

পঞ্চ তন্মাত্রে মিশ্রণ ; মৃত্যু। ~দঁশ [পঞ্চন্ (পাঁচ) দশন্(দশ)] বিণ, পনর সংখ্যক। ২ ১৫ এই সংখ্যা ; পাঁচ অধিক দশ সংখ্যা। ~দঁশাহিক [পঞ্চ দশন্ (পনর) যে অহঃ (দিন)=পঞ্চদশাহ+ইক (সাধ্যার্থে)] বি, পনরদিন-সাধ্য। ২ পনরদিনব্যাপী। ~দঁশী [পঞ্চদশ+ঈ(স্ত্রীং)] বি, বেদান্ত-প্রতিপাদক প্রসিদ্ধ গ্রন্থ। ২ পূর্ণিমা ও অমাবস্যা [মেং]। ~দেবঁতা-বি, আদিত্য, গণেশ, গৌরী, রুদ্র ও কেশব এই পঞ্চ দেব, মতান্তরে-গণেশ, ভাস্কর,কেশব, রুদ্র ও কৌশিকী। ~দ্রাবঁক [রসসার সংগ্রহে, পারিঃ] বি, গুঞ্জা, টঙ্গন, মধু, ঘৃত ও গুড়। ~দ্রাবিড়-বি, অন্ধ্র, চোল, পাণ্ড্য, কেরল ও কর্ণাট। ~ধা [পঞ্চন্+ধা (প্রকারার্থে)] ক্রি-বিণ, অ, পাঁচ প্রকার। ২ পাঁচবার। ৩ পাঁচদিক। ৪ পাঁচ বিষয়। ~নঁখ [পঞ্চন্ (পাঁচ) নখ যার, বহুং, যাদের চারিপায়ের প্রত্যেক পায়ে পাঁচটী করিয়া নখ থাকে] বি, বিড়াল ব্যাঘ্রাদি শ্বাপদ। (২) কুকুর শৃগালাদি। (৩) হস্তী। ২ বিণ, পঞ্চ নখযুক্ত পাঁচ প্রকার পশু ; শশক, সজারু, গোসাপ, কূর্ম্ম ও গণ্ডার (ইহারা মনু-সংহিতা মতে ভক্ষ্য)। ~নঁদ [পঞ্চ (পাঁচটী) নদ (নদী অর্থে 'নদ' প্রয়োগ। যে প্রবাহ-কালে কলনাদ করে)] বি, শতদ্রু, বিপাশা, ইরাবতী, চন্দ্রভাগা ও বিতস্তা। ২ [পঞ্চনদী + অ=পঞ্চনদ] পাঁচ নদী মিলিত দেশ ; পঞ্জাব। ~নঁদী-বি, কিরণা, ধূতপাপা, সরস্বতী, গঙ্গা, যমুনা। ~নিম্ব [পঞ্চ (পাঁচবিধ) নিম্ব] বি, নিম্বের মূল, ত্বক্, পত্র, পুষ্প ও ফল। ~নী [পঞ্চন্+ঈ] রি, সতরঞ্চ ও পাশা খেলিবার ছক। ~নীরাজঁন [পঞ্চ দ্বারা নীরাজন (আরাত্রিক),৩তৎ] বি,প্রদীপ, পদ্ম, বসন, তাম্র বা তাম্বুল পত্র এই চতুর্ব্বিধ দ্রব্য ও সাষ্টাঙ্গ প্রণিপাত দ্বারা দেবতার নিরাজন। ~পক্ষী [জ্যোং পঞ্চ (পাঁচটী) পক্ষী অভিধেয় গণিত যাতে আছে] বি, অ, ই, উ, এ, ও—এই পঞ্চবর্ণকে, শ্যেন, পেচক, বায়স, কুক্কুট ও ময়ূর কল্পনা করিয়া ঐ পঞ্চ স্বরের সাহায্যে বর্ণ, গ্রহ, নক্ষত্র, বার, তিথি, রাশি, দেবতা ইং প্রাপ্ত হইয়া বিবিধ প্রশ্ন গণনার উপায়-নির্দ্ধারক গ্রন্থ। ~পঁত্র-বি, ছান্দলাগাছ। ~পঁদী [পঞ্চ (পাঁচ) পদ (অধ্যায়) যার, বহুং] বি, ঋগ্‌বিঃ। ২ কুশদ্বীপস্থিত নদীবিঃ। ৩ বিণ, পঞ্চপদ-বিশিষ্ট। ~পঁর্ব্ব [পঞ্চ (পাঁচ) যে পর্ব্বন্ (ধা) =পঞ্চ পর্ব্বন্ ১মা, ১বং] বি, অষ্টমী, চতুর্দ্দশী, অমাবস্যা, পূর্ণিমা ও সংক্রান্তি। ~পঁল্লব [পঞ্চ (পঞ্চ প্রকার) পল্লব, ধা] বি, পুরাণ মতে বৈদিক কর্ম্মে—আম্র, অশ্বত্থ, বট প্লক্ষ (পাকুড় গাছ) ও যজ্ঞডুমুর বৃক্ষের পল্লব। (২) তান্ত্রিক কর্ম্মে—কাঁটাল, আম্র, অশ্বত্থ, বট, ও বকুল গাছের পল্লব। (৩) গন্ধ কর্ম্মে—আম, জাম, কপিত্থ (কয়েত বেল) বীজপুর (টাবানেবু) ও বিল্ব পল্লব। ~পাণ্ডব-বি, যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব এই পঞ্চ পাণ্ডুপুত্র। ~পাত্র [পঞ্চ (পাঁচটী) পাত্র যে শ্রাদ্ধে, বহুং] বি, পঞ্চ পূর্ব্বপুরুষ ; অমাবস্যা বা প্রেত পক্ষে মৃত ব্যক্তির সাম্বৎসরিক সপিণ্ডীকরণে দেব-পক্ষদ্বয় ও পিতৃপক্ষত্রয় এই পঞ্চপাত্র শ্রাদ্ধ। ২ পূজায় ব্যবহারার্থে তাম্রাদি ধাতুনির্ম্মিত পাত্র। ৩ পাঁচটী পাত্র। ~পিতা-বি, জন্মদাতা, ভয়ত্রাতা, শ্বশুর, দীক্ষাদাতা ও অন্নদাতা। ~পিত্ত [বৈদ্যকে] বি, বরাহ, ছাগ, মহিষ, মৎস্য ও ময়ূরের পিত্ত। ~প্রদীপ [পঞ্চ (পাঁচটী) প্রদীপ দেওয়া হয় যাতে, বহুং] বি, পাঁচ প্রদীপবিশিষ্ট আরাত্রিক ধাতুপাত্র ; আরতি করিবার জন্য পঞ্চমুখ প্রদীপ। ~প্রাণ [পঞ্চ (পাঁচ) যে প্রাণ, দ্বিগু] বি,শরীর রক্ষক পঞ্চ বায়ু ; প্রাণ, অপান, সমান, উদান এবং ব্যান নামক বায়ু ; প্রাণবায়ু হৃদয়ে, অপান গুহ্যে, সমান নাভিতে, উদান কণ্ঠে, ব্যান সর্ব্বাঙ্গে ব্যাপ্ত হইয়া আছে। প্রাণে রক্তসঞ্চালন, অপানে আহার্য্য চালন, উদানে বমন, উদ্গার শ্বাস কাশাদি কার্য্য, সমানে পাচন ও ব্যানে সর্ব্বাঙ্গে সামঞ্জস্য রক্ষা হয়। ~প্রেত-বি, পঞ্চভূত ; ভৌতিক জগৎ। ২ আতিবাহিক দেহধারী পাঁচটী আত্মা-পর্য্যুষিত, সূচীমুখ, শীঘ্রক, রোহক, লেখক। ইহারা আদ্যাশক্তির আসন ধারণ করিয়া আছে। "পঞ্চপ্রেত নিরমিত বসিবার মঞ্চ"—অং মং। ~বঁট-বি, অশ্বত্থ, বিল্ব, বট, ধাত্রী, অশোক। ২ পাঁচ কড়া কড়ি। "বেণে বলে দরে বাড়াইলাম পঞ্চবট। আমা সঙ্গে সওদাগর না পাবে কপট॥"—কবিকং। ~বঁক্ত্র [পঞ্চ (পাঁচ) বক্ত্র (মুখ) যার, বহুং] বি, দেহের স্বভাবজ একটী ও অন্য চারিটি যথা সদ্যোজাত, বামদেব, অঘোর ও ঈশান এই পঞ্চমুখ ; পঞ্চানন ; শিব। ২ পঞ্চমুখী রুদ্রাক্ষবীজ। ~বটী [পঞ্চ (পাঁচ) বটের (বৃক্ষের) সমাহার-ঈ (স্ত্রীং), দ্বিগু] বি, অশ্বত্থ, বিল্ব, বট, ধাত্রী (আমলকী) ও অশোক বৃক্ষের বন। ২ পূর্ব্বে অশ্বত্থ, উত্তরে বিল্ব, পশ্চিমে বট, দক্ষিণে ধাত্রী এবং অগ্নিকোণে অশোক স্থাপন করিয়া তন্মধ্যে চারিহাত বেদী প্রতিষ্ঠা করিলে পঞ্চবটী হয়। ৩ দণ্ডকারণ্যের অন্তর্গত জনস্থান নামক মনোরম বনভূমিস্থিত নিবিড় বনবিঃ। গোদাবরী নদীতীরে ইহা অবস্থিত ছিল। এইস্থানে লক্ষ্মণ রাবণের ভগিনী সূর্পনখার নাসিকাচ্ছেদন করিয়াছিলেন। এই স্থান হতেই রাবণ সীতাদেবীকে হরণ করিয়া-ছিলেন। দণ্ডককানন আধুং নাগপুর প্রদেশস্থ প্রায় সমস্ত ভূভাগ এবং পঞ্চবটী আধুং "নাসিক"। "ছিনু ঘোরবনে, নাম পঞ্চবটী, মর্ত্ত্যে সুরবন সম।"—মেঘং। "পং বনে মোরা গোদাবরী তটে ছিনু সুখে।"—ঐ। ~বঁন্ধন [বৌং সাং] বি, লোভ, দোষ (ক্রোধ বা ঘৃণা) মোহ, মান ও ঔদ্ধত্য। ~বঁর্ণ [পঞ্চ (পাঁচ প্রকার) বর্ণ যার, বহুং] বি, পঞ্চগুঁড়ি দ্রঃ। শ্বেত, নীল, পীত, লোহিত ও কৃষ্ণ। ~বঁর্গ [পঞ্চ (পাঁচ)—বর্গ (বর্ণশ্রেণী), দ্বিগু] বি, ব্যঞ্জন বর্ণমালার মধ্যে ক, চ, ট, ত, প এই পাঁচবর্গ। ২ যাগবিঃ। ~বঁল্কল [পঞ্চ (পাঁচ)—বল্কল (বাকল), দ্বিগু] বি, বট, যজ্ঞডুমুর, অশ্বত্থ, প্লক্ষ (পাকুড় গাছ) ও বেতস এই পাঁচ বৃক্ষের ছাল। কেহ বেতসের পরিবর্ত্তে পলাশ কেহ বা পিপুল, কেহ বা শিরীষ বৃক্ষ গণনা করেন। ~বাণ [পঞ্চ (পাঁচটী) বাণ (শর) যার বহুং] বি, মদন। ২ কন্দর্পের সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন ও স্তম্ভননামক পাঁচটী বাণ : অরবিন্দ, অশোক, চূত, নবমল্লিকা ও রক্তোৎপল নামধেয় পুষ্পবাণ। "ফুলময় ধনু নিল ফুল পঞ্চবাণ। মধুকর কোকিল করয়ে কলগান॥"—কবিকং। ~বায়ু-বি, শরীরস্থ

পাঁচ বায়ু প্রাণ, অপান, সমান, উদান, ব্যান ; নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত ও ধনঞ্জয়। ~বিধ কামগুণ-[বৌ॰ সা॰] বি, রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দসম্ভূত ইন্দ্রিয় সুখ। ~বৃত্তি [পঞ্চ (পাঁচ স্থানের বা পাঁচ প্রকার) বৃত্তি (ব্যাপার-প্রাণকার্য্য, শরীরবৃত্তি) যার, বহু॰] বি, পঞ্চপ্রাণ দ্রঃ। ২ পাঁচ প্রকার মনোবৃত্তি। ~বেদ-বি, মহাভারত। "ভারত পঞ্চম বেদ নানা মত পরিচ্ছেদ। বেদ ভাগে বেদান্ত বাখান।"-অ॰ ম॰। ২ [বৌ॰ সা॰, ধর্ম্মশাখা] বি, সাম ঋক্ যজু অথর্ব্ব এই চারি এবং শূন্য-পুরাণ বা ধর্ম্মপূজাবিধান (পঞ্চম বেদ)।"ভাবি-ধর্ম্মপদ,পঢ়ি পঞ্চবেদ"-শূ॰ পু॰ (চা॰ বন্দ্যো॰)। ~ভদ্র [পঞ্চ (পাঁচটী) ভদ্র (শুভ চিহ্ন) যার, বহু॰] বি, যে অশ্বের মুখে, পৃষ্ঠে, হৃদয়ে ও দুই পার্শ্বে(এই পাঁচ স্থানে) শুভলক্ষণসূচক আবর্ত্ত আছে। ২ বি, পাঁচনবিঃ। ~ভুজ [পঞ্চ (পাঁচটী) ভুজ (বাহু) যার, বহু॰] বি, পাঁচটি বাহু বা রেখাবেষ্টিত ক্ষেত্র ; পাঁচ কোণা জমী pentagon. ~ভূত-বি, ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম (অহঙ্কার > বায়ু, বায়ু > অগ্নি, অগ্নি > জল, জল > পৃথিবী। ব্যোম বা আকাশের গুণ শব্দ; মরুৎ বা বায়ুর গুণ শব্দ, স্পর্শ; তেজ বা অগ্নির গুণ শব্দ, স্পর্শ, রূপ ; অপ্ বা জলের গুণ শব্দ, স্পর্শ, রূপ, রস ; ক্ষিতি বা পৃথিবীর গুণ শব্দ স্পর্শ, রূপ, রস, গন্ধ)। ২ পাঁচ ভূত; শিবের পাঁচ অনুচর। "তুমি আদি তুমি অন্ত তুমি মধ্য হও। পঞ্চভূতময় পঞ্চভূতময় নও॥" -অ॰ ম॰। ~ভূতময়, ~ভূতাত্মক-বিণ, পঞ্চভূতে গঠিত। স্ত্রী ~ভূতাত্মিকা। ~ম [পঞ্চন্ +ম (পূরণার্থে), ন্ লোপ] বিণ, পাঁচ সংখ্যার পূরক। ২ বি, সপ্তস্বরের পঞ্চম স্বর ; ইহা নাভি হ'তে উত্থিত হইয়া নাভি, বক্ষঃ, হৃদয়, কণ্ঠ ও মস্তক এই পঞ্চ স্থানে বিচরণ করে বলিয়া পঞ্চম স্বর নামে অভিহিত, এই স্বর কোকিলকণ্ঠে শুনা যায়। মতান্তরে শরীরস্থ পঞ্চ বায়ুর সমবায়ে উচ্চারিত হয় বলিয়া পঞ্চম। "পঞ্চমেতে গায় পিক নাচে অলিগণ-"-কবিক॰। ৩ ছয় রাগের তৃতীয় রাগ। শিবের তৎপুরুষ নামক মুখ হ'তে ইহার উৎপত্তি ; বিভাষা, ভূপালী,কর্ণাটী, বড়হংসিকা, মালবী ও নটমঞ্জরী এই রাগের ছয় সহচরী রাগিণী। ৪ সুন্দর : মনোজ্ঞ ; সুশ্রী। ৫ ['গুজরীপঞ্চম' (দ্রঃ)। গুজরী বা গুঁজরী ও পঞ্চম অর্থাৎ পঞ্চমে গুঞ্জনকারী অর্থে] নারীর চরণে ধারণ-যোগ্য ঘুঙুর গাঁথা খিলান করা রৌপ্যা-লঙ্কারবিঃ। গুঁজরী নামক চরণালঙ্কারের উপর ধারণীয়। ~রাগ, ~স্বর-বি, গীতের ষড়জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত, নিষাদ এই সপ্ত স্বরের মধ্যে পঞ্চম স্থানীয় কোকিলকণ্ঠ তুল্য স্বর। প্রাচীন মতে শ্রী, বসন্ত,পঞ্চম, ভৈরব বা রব, মেঘ,নটনারায়ণ এই ছয় রাগের অন্যতম। ~মকার [পঞ্চ (পাঁচ) মকার (ম বর্ণ আদিতে যে শব্দের), বহু॰] বি, তন্ত্রোক্ত-মদ্য, মাংস, মৎস্য, মুদ্রা, মৈথুন এই পঞ্চ সাধন। আধ্যাত্মিক অর্থে-(১) মদ্য-ব্রহ্মরন্ধ্র স্থিত সহস্রদল কমল-নিঃসৃত সুধাধারা পানে সাধকের মত্ততা জন্মে বলিয়া ব্রহ্মানন্দরূপ মদ্য, (২) মাংস-মা (রসনা) +অংশ-রসনার অংশ বা বাক্যের ভোজন, মৌনাবলম্বনই মাংসভোজন (ইহা দ্বারা সাধকের সিদ্ধি হয়), (৩) মৎস্য-চঞ্চল নিশ্বাস প্রশ্বাস রূপ মৎস্য তাহার ভক্ষণ অর্থাৎ নিশ্বাস প্রশ্বাস রোধরূপ কুম্ভক যোগ দ্বারা সিদ্ধি, (৪) মুদ্রা-আশা, তৃষ্ণা, গ্লানি, ভয়, ঘৃণা, মান, লজ্জা ও ক্রোধ এই আটটি হৃদয়স্থিত মুদ্রাকে জ্ঞানাগ্নি দ্বারা সুসিদ্ধ করিয়া ভক্ষণ করা অর্থাৎ সর্ব্বতোভাবে আয়ত্ত করা বা বশে আনা, (৫) মৈথুন-ব্রহ্মরন্ধ্র স্থিত সহস্রারের বিন্দুরূপ শিবের সহিত কুণ্ডলিনী শক্তির সংমিলন অর্থাৎ জ্ঞানের সহিত ভক্তির সংমিশ্রণ।-পৃথিবীর ইতিহাস, ১ম খণ্ড। মহানির্ব্বাণ তন্ত্রমতে-নির্ব্বিকার নিরঞ্জন ব্রহ্মে যোগ দ্বারা যে প্রমোদ জ্ঞান তাই মদ্য, ব্রহ্মে সর্ব্বকর্ম্মফলের সমর্পণই মাংস, সুখ দুঃখে সমান জ্ঞানরূপ সাত্ত্বিক জ্ঞানই মৎস্য, অসৎ সঙ্গ ত্যাগ ও সৎসঙ্গই মুদ্রা এবং মূলাধারস্থিত কুলকুণ্ডলিনী শক্তির সহিত যোগ দ্বারা ষট্চক্র ভেদ করিয়া শিরঃস্থ সহস্রদল পদ্মকর্ণিকার অন্তর্গত পরম শিবের সংযোগই মৈথুন। ~মহানদী [বৌ॰ সা॰] বি, গঙ্গা, যমুনা, অচিরবতী, সরযূ, মাহী। ~মহাপাতক-বি, ব্রহ্মহত্যা, সুরাপান, ব্রহ্মস্বহরণ, গুরুপত্নী গমন এবং এই সকল পাপে লিপ্ত জনের সহবাস। ~মহাযজ্ঞ-বি, গৃহীদের নিত্য অনুষ্ঠেয়-ব্রহ্মযজ্ঞ (বেদাধ্যয়ণ), পিতৃযজ্ঞ (পিতৃ-তর্পণ), দেবযজ্ঞ (হোম), ভূতযজ্ঞ (ভূতবলি, বৈশ্যদের কর্ম্ম), নৃযজ্ঞ (অতিথিসেবা)। ~মী [প্রা॰ পঞ্চমী। পঞ্চম+ঈ (স্ত্রীং)] বি, তিথিবিঃ ; চতুর্থীর পরবর্ত্তী ও ষষ্ঠীর পূর্ব্ববর্ত্তী তিথি। ২ [সঙ্গীতে] রাগিণীবিঃ। ৩ [তন্ত্রে] বিদ্যাবিঃ। ৪ পাশার ছক। ৫ [ব্যা॰] বিভক্তিবিঃ। ৬ [পু॰] ব্রতবিঃ। শ্রীপঞ্চমীতে আরম্ভ করিয়া ৬ বৎসর ধরিয়া প্রতিমাসে শুক্লা পঞ্চমীতে পালন করণীয় ব্রত। [নাগ পঞ্চমী-হরি শয়নের পরবর্ত্তী কৃষ্ণা পঞ্চমী। এই পঞ্চমীতে মনসা দেবী ও নাগ পূজা হয়। শ্রীপঞ্চমী-মাঘী শুক্লা পঞ্চমী। এই পঞ্চমীতে সরস্বতী পূজা, মস্যাধারাদির পূজা ও লক্ষ্মী পূজা হয়]। ~মুখ [পঞ্চ-মুখ, দ্বিগু] বিণ, পাঁচমুখো ; পাঁচমুখযুক্ত। ২ মুখর ; বাচাল। "কুকথায় পঞ্চমুখ কণ্ঠভরা বিষ"-অ॰ ম॰। ৩ পাঁচটি মুখ ; পঞ্চ তুণ্ড। ৪ পঞ্চানন ; শিব। "আগম, পুরাণ, বেদ, পঞ্চতন্ত্র কথা পঞ্চমুখে পঞ্চমুখ কহেন উমারে।"-মেঘ॰ [দ্রঃ-শিবের পঞ্চমুখ দেবপু॰ মতে-(১) পশ্চিম মুখের নাম সদ্যঃ (শুক্লবর্ণ), (২) উত্তর মুখের নাম বামদেব (পীতবর্ণ), (৩) পূর্ব্ব মুখের নাম তৎপুরুষ (রক্তবর্ণ) (৪) দক্ষিণ মুখের নাম অঘোর (কৃষ্ণবর্ণ) এবং (৫) মধ্যবর্ত্তী ও উপরিস্থিত মুখের নাম ঈশান (সর্ব্ববর্ণ সমন্বিত)] স্ত্রীং ~া, ~ী। ~মূত্র-বি, গরু, মেষ, মহিষ, গর্দ্দভ ও ছাগলের মূত্র। ~মুদ্রা-বি, পঞ্চবিধ অঙ্গুলি ন্যাস ; আবাহনী, স্থাপনী, সন্নি-ধাপনী, সম্বোধনী ও সম্মুখীকরণী। ~মূল [পঞ্চ (পাঁচটী) মূল যাতে, বহু॰] বি, পাঁচনবিঃ ; পাঁচটী মূল বিশেষের সমষ্টি। আয়ু॰ ৯ প্রকার পঞ্চমূল বর্ণিত আছে। যথা-(১) স্বল্প পঞ্চমূল বা পঞ্চমূলী, (২) বৃহৎ পঞ্চমূল, (৩) তৃণ পঞ্চ মূল, (৪) শতাবর্য্যাদি পঞ্চমূল (৫) জীবকাদি পঞ্চমূল, (৬) বলাদি পঞ্চমূল, (৭) গোক্ষুরাদি পঞ্চমূল, (৮) গুড়ূচ্যাদি বা বল্লী পঞ্চমূল এবং (৯) কণ্টক পঞ্চমূল। স্বল্প পঞ্চমূল-শালপানী,

চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর মূল। বৃহৎ পঞ্চমূল-বেল শোণা, গাম্ভারী পারুল ও গণিয়ারি বৃক্ষমূল। তৃণ পঞ্চমূল-কুশ, কাশ শর, ইক্ষু ও দর্ভ (উলুখড়) অথবা কুশ কাশ, শর, ইক্ষু ও শালি ধান্য মূল। শতাবর্যাদি পঞ্চমূল-শতাবরী ভূমিকুষ্মাণ্ড জীবন্তী, ক্ষীর কাকলী ও জীবক বৃক্ষের মূল। জীবকাদি পঞ্চমূল-জীবক, মেদা, মহামেদা, ঋষভক ও জীবন্তী মূল। বলাদি পঞ্চমূল- বেড়েলা, পুনর্নবা এরণ্ড, দুগালী ও মাষাণী মূল। গোক্ষুরাদি পঞ্চমূল-গোক্ষুর, শেয়াকুল, রাখাল শসা, কাল কালশা ও সর্ষপ মূল। গুড়ূচ্যাদি বা বল্লী পঞ্চমূল-গুলঞ্চ, মেষশৃঙ্গী, অনন্তমূল ভূমি কুষ্মাণ্ড ও হরিদ্রা গাছের মূল। কণ্টক পঞ্চমূল-করঞ্জ গোক্ষুর, ঝাঁটী শতমূলী কেলে কড়া এই পাঁচটী গাছের মূল]।~মূলী -(স্ত্রী) পঞ্চমূল দ্রঃ। ~যজ্ঞ-পঞ্চ মহাযজ্ঞ (দ্রঃ)। ~রঙ্গ, ~বং-বি, দাবা খেলার প্রকারবিঃ। ইহাতে রাজা ক্রমশঃ হস্তী পেয়াদা দাবা, অশ্ব ও নৌকা এই পাঁচ বলের পাঁচ কিস্তিতে মাত হয়। ২ পাঁচ রকম আমোদ প্রমোদ : রঙ্ তামাসা। ৩ পাঁচ রকম বর্ণ। >বিণ, ~রঙ্গী-বিচিত্র বর্ণ। ~রত্ন [পঞ্চ (পাঁচ) যে রত্ন (মণি), দ্বিগু] বি, নীলকান্ত, হীরক পদ্মরাগ মুক্তা ও প্রবাল। কেহ কেহ সুবর্ণকেও পঞ্চরত্ন মধ্যে গণনা করেন তাঁদের মতে হীরক স্থানে সুবর্ণ। মতান্তরে-চুনি মুক্তা, প্রবাল রৌপ্য সুবর্ণ "যদি পিতৃ সনে মোর হয় দরশন। দেউল মণ্ডিয়া দিব এ পঞ্চ রতন॥"-কবিক॰। ~রস -বি, আমলকী। ~রাজচিহ্ন-বি খড়্গ, ছত্র উষ্ণীষ, পাদুকা, চামর। "ঐ সময়ে লোকে পুষ্পরথে পঞ্চরাজচিহ্ন স্থাপন পূর্ব্বক উহা চালাইয়া দিল।"-জাতক। ~রাত্র [পঞ্চ(পাঁচ)রাত্র রাত্রি=রাত্র] বি পাঁচ রকম জ্ঞানোপদেশবিষয়ক গ্রন্থ। নারদ পঞ্চরাত্র কাপিল পঞ্চরাত্র, ব্রাহ্ম পঞ্চরাত্র, গৌতম পঞ্চরাত্র বাশিষ্ঠ পঞ্চরাত্র শৈব পঞ্চরাত্র ও কৌমার পঞ্চরাত্র এই সপ্ত গ্রন্থ প্রসিদ্ধ। ২ পঞ্চদিন রাত্রিব্যাপী হরিসং-কীর্ত্তন। ~রূপ-বি সকলণ, কারণার্থবশায়ী, গর্ভোদকশায়ী ক্ষীরাব্ধিশায়ী ও শেষ এই ৫ রূপ। "পঞ্চরূপ ধরি করে কৃষ্ণের সেবন।" -চৈ॰চ॰। ~লক্ষণ-বি, (পুরাণের) সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্তর ও বংশানুচরিত। ~লক্ষণী-পঞ্চলক্ষণযুক্ত নব্য ন্যায় গ্রন্থবিঃ। ~লবণ-বি সৈন্ধব, সৌবর্চ্চল, বিট, উদ্ভিদ্ ও সামুদ্র বৈদ্যোক্ত এই পঞ্চ প্রকার লবণ। ~লোকপাল-বি, বিনায়ক, দুর্গা, বায়ু, আকাশ ও অশ্বিনীকুমারদ্বয় ~লৌহক, ~লৌহ [পঞ্চ (পাঁচ) লৌহ (ধাতু)] বি, সুবর্ণ রজত, তাম্র রঙ্গ ও সীসক। ~শস্য-বি, ধান্য, মাষ, যব, তিল বা শ্বেত সর্ষপ ও মুগ। ~শাখ [পঞ্চ (পাঁচ) শাখা (অঙ্গুলী) যার, বহু॰] বি, কর ; হস্ত। ২ বিণ, পাঁচ শাখাবিশিষ্ট। ~শিখ [পঞ্চ (বিস্তৃত) শিখা (চূড়া বা কেশর) যার, বহু॰] বিণ, পঞ্চশিখা-যুক্ত : পঞ্চচূড। ২ বি, ধর্ম্মের ঔরসে হিংসার গর্ভে জাত মুনিবিঃ। বিণ, ~শিখী। ~শিখীকরণ-পাঁচচুটী করণ। ~শীর্ষ [পঞ্চ (পাঁচ) শীর্ষ (মস্তক) যার, বহু॰] বি, সর্পবিঃ। ২ বিণ, পাঁচমাথাযুক্ত। ~সার-পানক [পঞ্চ (৫ দ্রব্যের সার দ্বারা প্রস্তুত) পানক:] বি, খর্জ্জুরি, গাম্ভারীদল, দ্রাক্ষা, ফলসা ও মৌলফলের রস সহ এলাচী, কর্পূর, গোলমরিচ, চিনি, তেজপত্র, দারুচিনি ও নাগকেশর মিশ্রিত পানীয় বা সরবৎ। ~সুগন্ধিক [পঞ্চ (পাঁচ) সুগন্ধিক সুগন্ধক), দ্বিগু] বি, কর্পূর কক্কোল, লবঙ্গ, গুবাক ও জাতীফল। ~সূনা-গৃহীর গৃহস্থিত উনুন, শিলনোড়া, কাঁটা, ঢেঁকির গড় ও কলসীর তলা এই পঞ্চ বধস্থান যথায় নানা জীবাণু ও কীটাদি প্রাণি হত্যা হয়। এই জন্যই গৃহস্থের পাপক্ষয় জন্য পঞ্চযজ্ঞানুষ্ঠান বিহিত হইয়াছে। ~স্মরণীয়া-বি(ণ) যে পঞ্চ কন্যা নিত্য প্রাতে স্মরণীয়া ; অহল্যা, দ্রৌপদী, কুন্তী, তারা, মন্দোদরী। ~স্বরা [পঞ্চ (পাঁচ) স্বর + আ (যুক্ত)] বিণ, পঞ্চস্বরযুক্ত রাগিণী ; ওড়ব। ২ জ্যোতির্গ্রন্থবিঃ ~স্বরোদয়-বি, আ, ই উ এ ও এই পঞ্চস্বর ঘটিত গণনা-পদ্ধতি নির্ণায়ক গ্রন্থ ; স্বরোদয় (দ্রঃ)।

পঞ্চাইত, পঞ্চায়ৎ, পঞ্চায়েত [হিং পঞ্চ] বি, পঞ্চজনের সমাজ : পঞ্চক। ২ স্বজাতীয় শ্রেণীর বিচার সভা। বি, পঞ্চাইতি-পঞ্চায়েতের বৈঠক ; মিলিত বহু জনের পরামর্শ।

পঞ্চাক্ষর [পঞ্চ (পাঁচটী) + অক্ষর যাতে, বহু॰] বিণ, পাঁচটী অক্ষর সম্বলিত মন্ত্রবিঃ : 'নমঃ শিবায়' এই মন্ত্র।

পঞ্চাগ্নি [পঞ্চ (পাঁচ) + অগ্নি (আগুন), ধা] বি, অন্বাহার্য্য পচন গার্হপত্য, আহবনীয়, সভ্য, আবসথ্য নামক পাঁচ অগ্নি। "উদরে গার্হপত্য, মধ্যদেশে দক্ষিণ, মুখে আহবনীয়, মস্তকে সভ্য ও পর্ব্বানামক অগ্নি অবস্থান করে"-গরুড় পু॰। ২ [পঞ্চ (চতুর্দ্দিকে চারি এবং ঊর্দ্ধে সূর্য্য এই পাঁচ) অগ্নি যার, বহু॰] তপস্বিবিঃ।

পঞ্চাঙ্ক [পঞ্চ + অঙ্ক] বি, পাঁচ অঙ্ক বা বিভাগ (নাটকাদির)। বিণ, পাঁচ অঙ্কবিশিষ্ট।

পঞ্চাঙ্গ [পঞ্চ (পাঁচ) + অঙ্গ (অবয়ব) যার, বহু॰, অথবা পঞ্চ যে অঙ্গ (অবয়ব), ধা] বি, পঞ্চ অবয়ব। ২ রাজ্যের পঞ্চাঙ্গ ; সহায়, সাধনোপায়, দেশ কাল বিভাগ বিপত্তি, প্রতিকার ও সিদ্ধি। ৩ কচ্ছপ (চারি পদ ও শুণ্ড)। ৪ অশ্ব। ৫ [তন্ত্রে] জপ, হোম, তর্পণ, স্নান, ব্রাহ্মণ ভোজন এই পঞ্চাঙ্গ পুরশ্চরণ। ৬ [বৈদ্যকে] বৃক্ষের মূল, ত্বক্, পত্র, পুষ্প ও ফল এই পাঁচ বৃক্ষের পঞ্চাঙ্গ। ৭ [স্মৃ] বাহুদ্বয় জানুদ্বয়, মস্তক, বক্ষঃস্থল ও চক্ষুদ্বারা প্রণতি পঞ্চাঙ্গ প্রণাম। ৮ [জ্যো॰] তিথি, বার, নক্ষত্র, যোগ ও করণের ফলশ্রুতি পঞ্চাঙ্গ গঙ্গাস্নান। ~শুদ্ধি-ন্যাস-বিঃ ; হৃদয় শির, শিখা বাহুমূল, ও নেত্র এই পঞ্চাঙ্গের শুদ্ধি। ~ী-বি, হস্তীর কটিবন্ধনরজ্জু।

পঞ্চাঙ্গুল [পঞ্চ + অঙ্গুল] বি, পাঁচটি আঙুল। ২ বিণ, পাঁচ আঙুল পরিমাণ। ~লি-বি, বৃদ্ধা, তর্জ্জনী, মধ্যমা, অনামিকা ও কনিষ্ঠা।

পঞ্চাতপা [পঞ্চ(পাঁচ) + আতপ(উত্তাপ) + আ] বি যোগীর আসনের একহস্ত পরিমিত দূরে চারিদিকে অগ্নি ও ঊর্দ্ধে সূর্য্য এই পাঁচ আতপযুক্ত স্থানে তপস্যা।

পঞ্চাত্মক [পঞ্চ (ক্ষিতি, অপ, তেজঃ, বায়ু ও আকাশ এই পাঁচ) আত্মা (স্বরূপ)

যার, বহু০। সমাসে ক যোগ] বিণ ক্রিত্যাদি-পঞ্চভূতাত্মক।

পঞ্চানন [পঞ্চ (পাঁচ) + আনন (মুখ) যার, বহু০। গ্রা০ পঞ্চানন্দ] বি শিব : পঞ্চমুখ দ্রঃ। "নারদ বীণার তানে মোহিত যে গুণগানে পঞ্চমুখে গান পঞ্চানন।"—অ০ ম০। ২ [পঞ্চ (বিস্তৃত) + আনন (মুখ) যার, বহু০] সিংহ ; পশুরাজ।

পঞ্চানন্দ১ [পঞ্চ + আনন্দ] বি, পাঁচ > বহুবিধ আনন্দ। ২ ভোগানন্দ, ভজনানন্দ, যোগানন্দ, জ্ঞানানন্দ ও প্রেমানন্দ। ৩ পঞ্চানন দ্রঃ। প০ ঠাকুর। প০ তলা"। ৪ ভাঁড়ামী : রং তামাসা। ৫ [> পেঁচো (গ্রা০)। শিশুর জন্মের পঞ্চম দিনে যে প্রাণান্তক রোগ দেখা দেয় এবং যে রোগ শিশুকে না ধরে এজন্য প্রসূতিকে বা ধাত্রীকে পঞ্চম রাত্রি সাবধানে জাগিয়া থাকিয়া শিশুর পরিচর্য্যা করিবার বিধি আছে। পূর্ব্বে পঞ্চানন ঠাকুরের পার্শ্বে পেঁচো চোরার মূর্ত্তি গৃহে গৃহে পূজিত হইত] সূতিকাগৃহের শত্রু ; পেঁচো প্রেত ; পেঁচো চোয়া (পঞ্চানন মঙ্গল গানে)।

পঞ্চানন্দ২ [ইং punch অনুকরণে] বি, পাঁচ মিশালী উদ্ভট পানীয় দ্রব্যবিঃ : শরাব, শর্করা, জল, নেবুরস, মশলা (জল ও মশলার পরিবর্ত্তে চায়ের জলও চলে) ; পাঁচ প্রকার মদের মিশ্রনজাত পানীয়। ২ প্রহসন-সাহিত্য ; হাস্য-কৌতুকাত্মক সাহিত্য ; কৌতুকচ্ছলে আমোদোদ্দীপনের কৌশলের বিবিধ বিষয়ের আলোচনা—ঠাকুরদাস মুখো০ (সাহিত্য ১৩২৩ আশ্বিন)।

পঞ্চান্ন [পঞ্চপঞ্চাশৎ > হিং পচপন >] বিণ, ৫৫ সংখ্যা।

পঞ্চাপ্সর [সং] বি, দণ্ডকারণ্যস্থ সরোবর-বিঃ। ২ পঞ্চতীর্থ ; দক্ষিণসাগর-সন্নিহিত অগস্ত্যতীর্থ, সৌভদ্রতীর্থ, পৌলোমতীর্থ, কারন্ধমতীর্থ, ও ভরদ্বাজতীর্থ : পঞ্চ অপ্সরা এই স্থানে বাস করিয়াছিলেন বলিয়া এই নাম ; নারীতীর্থ।

পঞ্চামরা [পঞ্চ (পাঁচ) + অমরা (দীর্ঘজীবী), যা] বি, দূর্ব্বা, বিজয়া (সিদ্ধি), বিল্ব, নির্গুণ্ডী ও কালতুলসী।

পঞ্চামৃত [পঞ্চ (পাঁচ) + অমৃত, যা] বি, দধি, দুগ্ধ, ঘৃত, মধু ও চিনি ইং। গর্ভবতীর গর্ভশোধনার্থ পঞ্চম মাসে সেব্য। ~যূষ-বি, কুলথ, শিম্বি ধান্যবিঃ কুত্তিকলায়) মুগ, অরহর, মাষকলায় ও যবটী এই পঞ্চকলায় একত্র পাক করিয়া প্রস্তুত যূষ ~যোগ [বৈদ্যকে] বি, গুড়ূচী, গোক্ষুর, মুশলী (তালমূলী) মুণ্ডিকা (থুলকুড়ী) ও শতাবরী এই পাঁচের মিলন।

পঞ্চাম্নায় [পঞ্চ (পাঁচ) + আম্নায় (বেদ) দ্বিগু] বি, শিবের পঞ্চমুখ হতে নির্গত তন্ত্রশাস্ত্র (পঞ্চমুখ দ্রঃ)।

পঞ্চাম্র [পঞ্চ (পাঁচ) + আম্র দ্বিগু] বি, অশ্বত্থ, নিম্ব, চম্পক, বকুল, নারিকেল এই পাঁচ বৃক্ষ। ২ তেইশটী বৃক্ষ (—অশ্বত্থ ১, পিচুমর্দ্দ ১, চম্পক ২, কেশর ৩, তাল ৭, নারিকেল ৯)।

পঞ্চাম্ল [পঞ্চ + অম্ল] বি, কোল (কুল), দাড়িম, বৃক্ষাম্ল, অম্লবেতস, মাতুলুঙ্গ।

পঞ্চায়েত [হিং পঞ্চ ও০। সং পঞ্চায়তন >, মূলে পঞ্চ দেবমূর্ত্তির সমূহ বা মিলন] বি, পঞ্চ (বিতঃ গ্রামের) বা পাঁচ জনের বৈঠক বা সভা ; বাদী ও প্রতিবাদী এই উভয়পক্ষ দ্বারা মনোনীত মধ্যস্থ বা সালিশ। ~য়িতি-বি, পঞ্চায়তের কর্ম্ম, সিদ্ধান্ত, বিচার ই০। ~য়িতী-বিণ, প০ সম্বন্ধীয়। [প০ শাসনের বিশিষ্ট কর্ম্মচারী—গ্রামের মণ্ডল (শান্তিরক্ষক, বিচারক ও সাধারণ সম্পত্তি-রক্ষক), গ্রামিক (গ্রামের প্রধান কর্ম্মচারী), গোপ (কয়েকটি গ্রামের উপরকার কর্ম্মচারী : গ্রাম হতে রাজস্ব আদায় ও মানুষ ও পশু প্রভৃতির সংখ্যামূলক হিসাব রক্ষা তাঁহার কর্ত্তব্য ছিল), নাগরিক (নগর শাসনকর্ত্তা, নগরের যাবতীয় বিধি ব্যবস্থা যাঁর হস্তে থাকিত)—বৌদ্ধভারত]।

পঞ্চায়ুধ [বৌ০ সা০] বি, তরবারি, শক্তি, ধনুঃ, পরশু ও বর্ম্ম এই পঞ্চাস্ত্র। "পঞ্চায়ুধে সুসজ্জিত হইয়া।"—জাতক।

পঞ্চাল [পঞ্চ্ (বিস্তার করা) + আল (জ্ঞা০)] বি, পঞ্চাল দেশ। ২ বিণ, পঞ্চাল দেশীয় [দ্রঃ—পূর্ব্বে পঞ্চাল দুই ভাগে বিভক্ত ছিল উত্তর পঞ্চাল (গঙ্গার উত্তর তটে সাহাবাদ হতে আরম্ভ করিয়া বেরিলী পর্য্যন্ত) এবং দক্ষিণ পঞ্চাল (গঙ্গার দক্ষিণ তট হতে আরম্ভ করিয়া দক্ষিণে ফরক্কাবাদ, কাম্পকুণ্ড, এটোয়া এবং দক্ষিণ তট হতে পশ্চিম দিকে এটোয়া, পরে যমুনার দক্ষিণ তট হতে পশ্চিমদিকে সিন্ধিয়া ও পূর্ব্বে বুন্দেলখণ্ড প্রদেশ পর্য্যন্ত বিস্তৃত ভূভাগ) দক্ষিণ পঞ্চালে পশ্চিম সীমা চর্ম্মণ্বতী, বর্ত্তমান চম্বল নদী। রাজধানী কাম্পিল্য নগর। উত্তর পঞ্চালের প্রাচীন রাজধানী অহিচ্ছত্র (দ্রোণাচার্য্যের রাজধানী)।

পঞ্চালিক [অর্থ শা০] বি, লৌহকাষ্ঠ-সংযুক্ত কাষ্ঠ ফলক যা গতিরোধার্থ জলপূর্ণ পরিখা মধ্যে রক্ষিত হইত।

পঞ্চালিকা পঞ্চালী১ [সং] বি ধাতু, কাষ্ঠ, বস্ত্রাদির পুতুল : গুড়িয়া। "তোমার সম্মুখে দেখি কাঞ্চন পঞ্চালিকা।" —চৈ০ চ০।

পঞ্চালী২-ল [সং] বি, গীতের প্রণালী-বিঃ ; আধু পাঁচালী।

পঞ্চাশ [পঞ্চাশৎ >] বিণ, অর্দ্ধশত সংখ্যক। ২ ৫০ এই সংখ্যা। ~শৎ [পঞ্চন্ (পাঁচ) দ্বারা গুণিত যে (দশ)] বি, পঞ্চাশ ; ৫০ সংখ্যা। ২ বিণ, ৫০ সংখ্যক। ~শত্তম-বিণ, ৫০ সংখ্যার পূরক। স্ত্রীঃ ~শত্তমী।

পঞ্চাশবার বি, ৫০ দফা ; বহুবার ; অনেকবার।

পঞ্চাশীতি [পঞ্চ (পাঁচ অধিক) + অশীতি (৮০)] বি ৮৫ ; পঁচাশী।

পঞ্চাস্য [পঞ্চ + আস্য] বি, পঞ্চমুখ ; পঞ্চানন। ২ বিণ, পাঁচমুখবিশিষ্ট।

পঞ্চিকা [সং] বি, পাঁচকড়া কড়ি লইয়া জুয়া খেলা ; বাজি রাখিয়া কড়ি খেলা।

পঞ্চী [পঞ্চন্ + ইন্ (স্ত্য)=পঞ্চিন্ ১মা, ১ব০] বিণ, পঞ্চ পরিমাণযুক্ত। ~করণ [পঞ্চন্ (পাঁচ) করণ (করা) মধ্যে ঈ [(চ্বি) আগম] বি, স্থূল সৃষ্টির জন্য পঞ্চভূতের সূক্ষ্ম অংশকে দুইভাগ করিয়া এক ভাগকে চারিভাগে বিভক্ত করিয়া প্রত্যেকের ঐরূপ এক একটি ভাগযুক্ত করাকে পঞ্চীকরণ কহে। ~কৃত [পঞ্চন্ (পাঁচ) কৃত,

> মধ্যে ঈ (চ্বি) আগম] বিণ, যার পঞ্চীকরণ করা হইয়াছে।

পঞ্চেন্দ্রিয় [পঞ্চ + ইন্দ্রিয়। পঞ্চন্ (পাঁচ) যে ইন্দ্রিয়, ধা] বি, চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পাঁচটী জ্ঞানেন্দ্রিয় ; বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই পাঁচটী কর্ম্মেন্দ্রিয়।

পঞ্চোপচার [পঞ্চ + উপচার] বি, পাঁচ প্রকার পূজাদ্রব্য ; গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য।

পঞ্জড়ি, পঞ্জুড়ি-বি, পাশাখেলার দানবিঃ। "মন তুমি খেলাও না পাশা * * * ছকুড়ি পঞ্জড়ি ফেল্লে পরে বাজি তলাড় হবে যাবে, আছে আমার ঘরে ছজন রিপু কর্ব্বে তারা হাসি হাসা"-নবীন চক্রবর্ত্তী।

পঞ্জর [পিন্জ্ (বাস করা) + অর (ধি), যার মধ্যে বাস করে] বি, পিঞ্জর ; খাঁচা। ২ পাঁজরা ribs. ৩ অস্থি পঞ্জর ; হাড়পাঁজরা। ৪ আত্মার বাসা ; শরীর ; দেহ।

পঞ্জা, পাঞ্জা [ফা॰ পঞ্জহ্ >। তুল-সং পঞ্চ] বি, অঙ্গুলি সমেত তল ; করতল। ২ প্রাচীন বাদসাহগণ কোন সনন্দ বা হুকুম নামায় নিজের নাম স্বহস্তে লিখিতেন না। নাম ও উপাধি সমস্তই লেখকেরা লিখিত। উঁহারা কেবল হাতে কালি মাখিয়া পাঁচ আঙ্গুলে ছাপ্ হুকুম নামার উপর দিতেন, উহাই পঞ্জা। "লিখাইয়া পঞ্জা ফরমানের নকল। নানামতে সাবধানে রাখিলা আসল।" -অ॰ ম॰। ৩ তাস খেলায় পাঁচ-ফোঁটা-যুক্ত তাস। ~**ছক্কা**-বিণ, আনচান : বাহির হ'তে উন্মুখ। "প্রাণ করে তার প॰।"-পঞ্চানন্দ, বঙ্গবাসী। প॰ **ধরা**-তাস খেলায় একপক্ষে পাঁচবার জিৎ-সূচক পাঁচ ফোঁটার কাগজ রাখা। **ব্যোমপাঞ্জা**-তাস খেলায় জিৎ নিদর্শক চারখানি কাগজের উপর ছকা ; একত্র ছক্কা ও পাঞ্জার নামান্তরে ব্যোমপাঞ্জা। "আপন দোষে হারাইলি হাতের পাঁচ। ব্যোমপাঞ্জা চেপেছে ঘাড়ে তবু কি তোর নাইরে লাজ।"-বাংগান।।

পঞ্জাই-ছকাই দ্রঃ।

পঞ্জি, পঞ্জিকা, পঞ্জী [সং] বি, তিথি নক্ষত্রাদি কালজ্ঞাপক গ্রন্থ ; পাঁজি : গ্রহস্ফুট ও তিথি নক্ষত্রাদি সূক্ষ্ম গণনা এবং ধর্ম্ম কর্ম্মাদির ব্যবস্থা সম্বলিত হিন্দুর পূজা, উপনয়ন, বিবাহ এবং জন্ম হতে মৃত্যু পর্য্যন্ত প্রত্যেক বিষয়ের নির্ণায়ক ধর্ম্ম-গ্রন্থই পঞ্জিকা। **পঞ্জীকর** [পঞ্জী (পাঁজি) কর (যে করে)] বিণ, পঞ্জিকা প্রণয়নকারী।

পঞ্জুড়ি-পঞ্জড়ি দ্রঃ।

পঞ্জেরী [নৌ॰পরিঃ] বি, নৌকর্ম্মচারীবিঃ। "মাস্তলের উপরে উঠিয়া অন্য জাহাজ বা ডাঙ্গা দেখিলে ঝড়ঝাটি উঠিবার সম্ভাবনা বুঝিলে অথবা কোন বিশেষ দ্রষ্টব্য থাকিলে ইহার কর্ত্তৃপক্ষকে জানাইত।"-মধ্যযুগের বাঙ্গলা।

পট্, পট্১ [অনু॰] অ, স্ফুটন বা মৃদু বিদারণ শব্দ ; ছোট পটকার শব্দ ; মাছের পটপটি ফাটাইবারই শব্দ। ২ ঐরূপ শব্দে পতন। আধিক্যে-পটাস্। অল্পার্থে-পিট্, পুট্। পুনঃ পুনঃ অর্থে-পট্‌পট্, লঘু শব্দে-পুট্‌পুট্। আদরার্থে-পুটুস্। ব্যাপ্তার্থে-পটাপট।

পট২ [পট্ (বেষ্টন করা) + অ,(ণে) যদ্দ্বারা শরীর, স্থান ই॰ বেষ্টন করে] বি, বস্ত্র। "আচ্ছাদিয়া ধৌতপটে জল পুরি নিল ঘটে" -কবিক॰। ২ [তামিল-পডম (ছবি)] ছবি ; চিত্রপট ; ছবির কাগজ, কাপড় ই॰। "বিরলে বসিয়া পটেতে লিখিয়া বিশাখা দেখান আনি।"-চণ্ডি॰। "থাকুন তিনি পটে আঁকা" -দ্বি॰ রায় ৩ পিয়াল বৃক্ষ। ৪ ছাদ ; চাল। ৫ [পতন > পাত > পত > পট, তুল-চিৎ-পাত] বি, (কড়ি ই॰ খেলায়) উপুড়। "চিৎ না পট কি হল?"-টেকচাঁদ। ~**কার** [পট (বস্ত্র) কার (যে করে)] বি, যে পটে ছবি আঁকে ; পটুয়া ; চিত্রকর। ২ বস্ত্রকার ; তন্তুবায়। ~**কুটী**-বি, পটমণ্ডপ ; তাঁবু। ~**পট** [সাদৃশ্যার্থে দ্বিত্ব] বিণ, পটের প্রকৃতি যুক্ত ; পটের মত ; যেন পট বলিয়া মনে হয়। "ছবি-খানি রঙচঙে বটে কিন্তু একটু পটপট।" ~**বাস** [পটের (বস্ত্রের) বাস (গৃহ), ৬তৎ] বি, বস্ত্রগৃহ ; তাঁবু [এই অর্থে 'পটবাস' ও॰] ২ পাটের শাটী ; পট্টবস্ত্র। ৩ পটবাসক ; সুবাসিত চূর্ণবিঃ ; গন্ধচূর্ণ। ৪ পিটালি। ~**বাসক** [পট (বস্ত্র)-বাসক (বাস-সুবাসকারী)] বি, বস্ত্র সুবাসিত করিবার উপযোগী গন্ধচূর্ণ। ২ পটবাস। ~**বেশ্ম** [পট (বস্ত্র) দ্বারা নির্ম্মিত যে বেশ্মন্ (গৃহ), ম॰ প॰ লো॰। মূ॰ বেশ্মন্-২মা, ১ব॰] বি, বস্ত্রগৃহ ; পটবাস ; তাঁবু। ~**ভূমিকা** [চিত্র বিদ্যা পরিঃ। রবী॰ উদ্ভাবিত] বি, আলেখ্য বা চিত্রিত মূর্ত্তির পশ্চাৎভূমি back ground. "ছবিটি * * মনের মধ্যে মূর্ত্তি নিয়েচে তার পিছনে দুলচে ভারতবর্ষের দুর্গতির কালো রঙের প॰।"-রবী॰(রাশিয়ার চিঠি)। ~**মঞ্জরী** [সঙ্গীত শা॰ পরিঃ] বি, রাগিণীবিঃ ; পঞ্চমরাগের, মতান্তরে বসন্ত রাগের, মতান্তরে হিন্দোল রাগের এবং মতভেদে শ্রীরাগের পত্নী। ~**মণ্ডপ** [পটের মণ্ডপ, ৬তৎ, কিম্বা পট নির্ম্মিত যে মণ্ডপ, ধা] বি, বস্ত্রগৃহ ; তাঁবু। ~**ময়**-বি, বস্ত্রগৃহ ; তাঁবু।

পটক [পট্(বেষ্টনে) + অক (র্ত্তৃ), যা বেষ্টন করে] বি, তাঁবু ; শিবির।

পটকন [পৎ (পতনে) >] বি, পরাস্ত হওন। ২ পতন : আছাড়। ৩ কৃশ ও দুর্ব্বল হওন।

পটকা১ [পৎ (পতনে) ধাতু >] বিণ, দুর্ব্বল। ২ যে সহজে রোগে পড়ে। ৩ যাকে সহজে আছাড় দেওয়া যায়। ৪ বি, যে গাভীর দুধ অল্প হইয়া গিয়াছে ; যে গাভী অতি অল্প দুধ দেয়।

পটকা২ [অনু॰] পট্ (অনুকার শব্দে বিদীর্ণ হওয়া) ধাতু >] বি, অগ্নি সংযোগে পট্ শব্দে বিদারণশীল ক্রীড়নক ; কাগজের মোড়ক বা নলিতে বারুদপূর্ণ আতসবাজি। ২ মাছের ফুস্‌ফুস্ ; পটপটি। ৩ রোহিত মৎস্য ; রুই মাছ।

পটকানি [হি॰ পটক্‌না, পট্‌কানা। সং-পত্ >। পটকাই, পটকাও, পটকায় ; পটকাইতে ; পটকাইয়া (কেং গ্রা॰ পটকে)] ক্রি, পাতিত করা ; আছাড় দেওয়া ; আছড়ান। বি, **পটকানি**-আছাড়। **পট্‌কে দেওয়া**-আছাড় দেওয়া।

পটচ্চর [সং] বি, জীর্ণবস্ত্র। ২ চোর।

পটতাল-বি, সঙ্গীতের তালবিঃ।

পটপট-পট্১ দ্রঃ।

পটপটানি [পট্ দ্রঃ। পট পটাই,-টাও, -টায় ই°] ক্রি, পট্পট্ শব্দ করা। ২ [পট-পট্১ দ্রঃ] পটপটি দেখান; বিতঃ ছোঁয়াছুঁই লইয়া অতিরিক্ত বাচবিচার করা।

পটপিটি [পৎ (পতন) পৎ (পতন ভয়ার্থে দ্বিত্ব)+ই (ভা°) >, অথবা পুৎ (নরক)+ পুৎ (তৎস্পর্শে পতন-ভীতি অর্থে দ্বিত্ব)+ই >পুৎপুতি > পৎপতি >। ত=ট] বি, শুচিবাই; অশুদ্ধ; স্পর্শভীতি; অতিরিক্ত বাচবিচার। প্র-কেবল এটা ছোঁব না ওটা খাব না কর, তোমার ত ভারি প° দেখছি।

পটপিটী২ [অনু°] বি, বালকদিগের খেলার বাদ্যযন্ত্রবিঃ। ২ মৎস্যের শরীরাভ্যন্তরস্থ বায়ুকোষ bladder. ৩ কশাঘাত; কোড়া বা রশির আস্ফালন শব্দ। ৪ ঔষধবিঃ। ৫ উচ্চে গাছের মত পাতা, ছোট লতা গাছ, যার ফল (ছেলে খেলায়) কপালে "আঃ পোড়া কপাল" বলিয়া মারিয়া ভাঙ্গে ও পট্ পট্ শব্দ হয়।

পটল [পট্ (ছেদন, বিদারণ অর্থে)+ অল (ণে), যা বিচ্ছেদ বা পৃথক্ করে] বি, পরিচ্ছেদ; অংশ; বিভাগ। "পর্ব্বত বিলম্বিনী জলদ মালার পটলে পটলে"-কা° প্র° ঘোষ। ২ তন্ত্রের পরিচ্ছেদ। "শাস্ত্র দৃষ্টে পূজা করে পটল বিধানে"-চৈ° ভা°। ৩ বেদাংশ। ৪ [পট্ (বেষ্টনে)] পরিচ্ছদ। ৫ বাক্স, পেটরা ই° আধার। ৬ ধান্যাদি পরিমাণ আধার-বিঃ। "বিস্তর ভুখেত পরভু জনমাইল ধান। ভীমক চাই বাঞন পটল তাঁউলর আন॥" -শূ° পু°। ৭ [পট্ (গমনে)] আচ্ছাদন; চাল; চাঁদোয়া; ছাদ। ৮ সমূহ; রাশি। "জলদ পটল বরিগত রসধার"-জ্ঞান°। ৯ [আয়ু°] নেত্রতারা আবরণকারী ঝিল্লি; ছানি layers or coats of the eye ["of the petals 2 are in the eyelid and 4 in the eye proper wherein occurs the dreadful disease known as the তিমির (loss of vision)-shusrut] ১০ পটোল দ্রঃ। ~ী-বি, ছাদ। ~-তোলা [ব্যঙ্গো°] ক্রি, মরা; উঠিয়া যাওয়া; লোপ পাওয়া; নষ্ট হওয়া। "এই ধরণের ১০০ ব্যাঙও যদি আজ পটল তুলে।"-বি° কু° সরকার। ~প্রান্ত [পটল (চাল) প্রান্ত (শেষ), ৬তৎ] বি, ছাদ বা চালের প্রান্তভাগ; ছাইচ। ২ কোন আচ্ছাদনের প্রান্তভাগ।

পটহ [অনু°] বি, রণবাদ্যবিঃ জয়ঢাক; নাগরা। ২ শ্রবণেন্দ্রিয়ের অভ্যন্তরস্থ ঝিল্লি; বাহিরের শব্দ আসিয়া যাতে আঘাত করিলে শব্দজ্ঞান হয় ethe ardrum.

পটা [সং-পুট (মিলনে) >। গ্রা°। পটি, পট, পটে; পটিতে; পটিয়া (পদ্যে-পটি, গ্রা° পটে। ণিজন্ত-পটান)] ক্রি, বনা; মনের মিল হওয়া। প্র-এখন তাদের সঙ্গে বেশ পটে গেছে। ২ রাজী হওয়া; সম্মত হওয়া। প্র-ও দামে কি সহজে পটে। ৩ খাপ খাওয়া।

পটাকা [হি° পড়াকা] বি, পটকা২ দ্রঃ।

পটান [পটা (দ্রঃ) র ণিজন্ত রূপ। পটাই, পটাও, পটায়; পটাইতে; পটাইয়া (ক্ষে° গ্রা° পটিয়ে)] ক্রি, সম্মত করা; প্রবর্ত্তিত করা। ২ অনুকূল করা। ৩ বশীভূত করা।

পটাপট [অনু° পট্ দ্রঃ] বি, ক্রমাগত পট্পট্ শব্দ; কোন পাতলা জিনিসের দ্বারা পিটিবার বা প্রহার করিবার শব্দ।

পটাম্বর [পট (পটের)+অম্বর, ৬তৎ] বি, পট্টবস্ত্র; রেশমী কাপড়।

পটাশ [অনু°। পট্ শব্দের ব্যাপকার্থে ও আধিক্যার্থে। অল্পার্থে পুটুশ্] অ, টোটা পটকা ই°-র বিস্ফোরণ শব্দ; ঐরূপ শব্দে চড় ই° মারার শব্দ।

পটি, পটিকা, পটী [সং-পাটক] বি, কাপড়বিঃ; ফালি। ২ পল্লী; পাড়া parish: quarter. ৩ শ্রেণী: থাক: মেল। ৪ সমব্যবসায়ীদিগের দোকান শ্রেণী। ৫ রোগাক্রান্তস্থানে ঔষধ-যে বস্ত্রখণ্ড ব্যবহার করা হয়। জলপটী-জলসিক্ত বস্ত্রখণ্ড বা কাপড়ের ফালি। কাটা স্থানে বাঁধিবার জন্য ইহা ব্যবহৃত হয়।

পটিদার [হি° পট্টীদার্] বি, গ্রামের অংশবিশেষের অধিকারী।

পটিমা [পটু+ইমন্ (ভা°)=পটিমন্ ১মা, ১ব°] বি, পটুত্ব; নিপুণতা; দক্ষতা।

পটিষ্ঠ [পটু+ইষ্ঠ (অত্যর্থে)] বিণ, অতিশয় পটু।

পটী১ [হি° পট্টী] বি, শ্রেণী। ২ শাখা। ৩ বারেন্দ্র কুলীন ব্রাহ্মণদের মধ্যে সাম্প্রদায়িক শাখা প্রশাখা।

পটী২-পটি দ্রঃ। ~দার২-পটীযুক্ত; পাড় বসান এমন।

পটী/দার১, পট্টী/দার [হি° পট্টী +ফা° দার] বিণ, সম্পত্তির অংশীদার হিস্সাদার। বি, ~দারি-রাজস্ব বা সম্পত্তির অংশভাগী।

পটীয়ান্ [পটু+ঈয়স্ (অতিশয়ার্থে) -পটীয়স ১মা, ১ব°] বিণ, অতিশয় পটু: সুদক্ষ। স্ত্রী° পটীয়সী-সুদক্ষা। অঘটন ঘটন (।) পটীয়সী-অঘটন দ্রঃ।

পটু১ [সং] বিণ, নিপুণ; দক্ষ। "বদ্বীপের কারিকরগণ পাথরের মূর্ত্তি গড়িতে বিশেষ পটু ছিল।"-বঙ্গভাষা ও সাহিত্য। ২ চতুর। ৩ সুস্থ; নীরোগ। ৪ সবল; সমর্থ; শক্ত। [দ্রঃ-সং-উজ্জ্বল, প্রস্ফুটিত, উষ্ণ, তীক্ষ্ণ, ই° অর্থে ব্যবহারআছে]। স্ত্রী° পটু, পট্বী। ~তা-বি, দক্ষতা; নিপুণতা। ~রূপ [আধিক্যার্থে] বিণ, অতি দক্ষ।

পটু২ [সং] বি, পটোল। ২ পটোল শাক: পলতা। ৩ করলা। ৪ পাংশুলবর্ণ। ৫ ছত্রাক; কোঁড়ক।

পটুক [সং] বি, পটোল।

পটুকা [পেটিকা (দ্রঃ) র উচ্চারণ বিকার] বি, কটিবন্ধ; কোমরবন্ধ; পেটি। "শিরে চীরা জামা গায় কটি আঁটি পটুকায় দাশুবাবু সঙ্গে দুইদাস।"-অ° ম°। "পটুকা কোমরবন্দ সরবন্দ শিরে।"-ঘ°।

পটুয়া১ [পট (দ্রঃ)+উয়া। ক্ষে° "পটো"] বিণ, পটকার; চিত্রকর। ২ পত্রচিত্রকারী।

পটুয়া২ [সং > পট্ট > পাট > পট+উয়া > পটুয়া, পটুয়া। গ্রা° পটো] বি, পাটের সূতা বিক্রয় কারী; যারা সিকা ঘুনসী ও রঙ্গীন সূতা নির্ম্মাণ ও বিক্রয় করে।

পটো-বি, পটুয়া দ্রঃ।

পটোল [সং-নামান্তর পটল (দ্রঃ)। তুল-হিং পরবল, মং কহিপড়বল, ও কডু-পড়োল, তেলু কোম্মুপোটল, তামিল-কোম্মু পুড়লৈ] বি, স্বনামে প্রসিদ্ধ বীজগর্ভ কটুতিক্ত মধুর রস, রুচিকর, অগ্নিবর্দ্ধক, লঘু-পাক, ত্রিদোষে হিতকর লতাফলবিঃ। পটল লতা ও পাতাকে পলতা বলে। ইহা তিক্তাস্বাদ ও পিত্তনাশক। পলতার অন্ত প্রাদেং নাম নতি [সং-লতিকা >লতি >নতি]। তার নাল বা ডাঁটা শ্লেষ্মঘ্ন, মূল বিরেচক Trichosanthes dioica Roxburghii. পঁতোলা [গ্রাং। পটল তুলিলে গাছ মরিয়া যায় > লক্ষং] ক্রি, মরা।

পটোলিকা, পটোলী [হিং ঝিঙ্-পোড়লী] বি, এক জাতীয় ঝিঙ্গা; স্বাদু পটোল।

পট্ট [পট্ (গমন করা)+ত (র্ত্তৃ)। "ব্রণ স্যাবরণে পট্টঃ পট্টো ভূনিহিতাক্ষরঃ বীরকক্ষা পট্টঃ পট্টঃ স্যাদপি চাস্নং""-অনেকার্থ ধ্বনি-মঞ্জরী। "পট্টঃ পেষণ পাষাণে ব্রণাদীনাঞ্চ বন্ধনে। চতুষ্পথে চ রাজাদি শাসনান্তর পীঠয়োঃ-মেং] বি, পাট্টা ; রাজকীয় সনন্দ। ২ শিলা বা তাম্রাদি ফলক যাতে অনুশাসনাদি খোদিত হয়। ৩ পাটা ; পুরু তক্তা। ৪ রজকের পাটা ; যে তক্তার উপর কাপড় আছড়াইয়া কাচা হয়। ৫ পিঁড়ি। ৬ পাগ্ড়ি ; ফ্যাটা। ৭ চাদর ; উত্তরীয়। প্র-একপট্ট, দোপট্ট। ৮ পাট ; রেশমাদি। প্র-পট্টবস্ত্র। ৯ পটি ; ফালি। ১০ চাল। ১১ পেষণ বা চূর্ণ করিবার শিলা। ১২ পাট ; গ্রাম ; নগর ; জনপদ। ১৩ চতুষ্পথ ; চৌমাথা। ১৪ সিংহাসন। ১৫ [অর্থশাং] আত্মরক্ষার্থ কবচবিঃ ; হস্ত ব্যতীত শরীরের অন্যান্য অঙ্গাবরক। ১৬ [সিংহাসন > যিনি সিংহাসনের অধিকারী] প্রধান। প্র-পট্ট-মহিষী। ১৭ [পদার্থ বিজ্ঞাং] বি ইং plate এর বৈজ্ঞাং পরিঃ। ~জ, ~জাত-বিণ, পট্ট-জাত। ২ বি, পাটের কাপড় ; রেশমী বস্ত্র ; রেশমনির্ম্মিত : রেশমে গাঁথা। "পৃষ্ঠে দোলে পট্টজাত পুরটের ঝাঁপা।"-ঘং।

পট্টন [পট্ (গমন করা)+তন (ধি)] বি, পত্তন ; নগর। ২ বন্দর।

পট্টনায়ক [পট্ট (প্রধান)-নায়ক] বি, পাটনায়ক ; প্রধান নেতা। ২ সাধারণ সৈন্য ও গ্রামবল সংখ্যসূচক উপাধিবিঃ।

পট্টবস্ত্র [পট্ট (নির্মিত) বস্ত্র, মং পং লোং] রেশমী বস্ত্র ; পাটের কাপড় ; গরদ, তসর ইং "পং অলঙ্কার দিয়া করে ব্যবহার কেহ নাহি করয়ে রন্ধন।"-কবিকং।

পট্টমহিষী [পট্ট (সিংহাসন)-মহিষী (রাণী), সিংহাসনের অধিকারিণী মহিষী] বি, পাটরাণী ; প্রধানা মহিষী।

পট্টশাক [সং] বি, পাট শাক। ২ নালিতা।

পট্টাবাস [পট্টের (বস্ত্রের) আবাস (গৃহ), ৬তৎ] বি, বস্ত্রাগার ; বস্ত্রগৃহ ; তাঁবু।

পট্টাম্বর [পট্ট+অম্বর] বি, পট্টবস্ত্র ; পাটের কাপড় ; রেশমী শাড়ী। "আধ বাঘছাল ভাল বিরাজে আধ পং সুন্দর সাজে"-অং মং।

পট্টার্হা [পট্ট (পট্ট ১৪ দ্রঃ)+অর্হা (যোগ্যা)] বি, পাটরাণী।

পট্টি [হিং পট্টী (পাঠ > উপদেশ > (কু) মন্ত্র দেওয়া)] বি, কুমন্ত্রণা ; ধাপ্পা ; দম্বাজী ; ধোকা। ~দেওয়া-ধাপ্পা দেওয়া ; ধোঁকা দেওয়া। [তুল-হিং ঝাঁসা পট্টী-ধোঁকার টাটি ; ধোঁকা]। ~পড়ানি-পাঠ পড়ান ; কুমন্ত্র দান ; শেখান। ~মারা-ধোঁকা দেওয়া ; প্রতারণা করা ; ধাপ্পা দেওয়া।

পট্টিকা [পট্ট+ক+আ (স্ত্রীং), ই আগম] বি, ছোট পাটা। ২ কাপড়ের ফালি। ৩ আধ হাত লম্বা কাপড়। ৪ রেশমী ফিতা। ৫ পাঠানী লোধ। [এই অর্থে সং-পট্টি-কালোধ্র পট্টিকাখ্য]।

পট্টিকার-বি, পুরাণোক্ত সঙ্কর জাতিবিঃ।

পট্টিশ, পট্টিস [সং] বি, তরবারিবিঃ ; ইহা প্রায় খড়্গাকৃতি, পুরুষ প্রমাণ লম্বা, দুই দিকে ধার, অগ্রভাগ অতি তীক্ষ্ণ এবং মুঠ হস্তত্রাণযুক্ত। "কেহ মারে শেল শাঙ্গী ডাবুষ পট্টিশ টাঙ্গী, পরশু কুঠার তোমর।"-শিং। [চাণক্য প্রণীত অর্থশাস্ত্রে এই অস্ত্র পরশুর মত কিন্তু উভয় দিকেই ত্রিশূলাকৃতি (সমাদ্দার)]।

পট্টী [হিং] বি, ললাট ভূষা। ২ অশ্বের তলপেটি ; ঘোড়ার উদর বা কটিবন্ধন-রজ্জু।

পট্টীশ [পট্টিশ দ্রঃ] বি, পরশুর আকৃতি কিন্তু উভয় দিকেই ত্রিশূলের মত অস্ত্র। "ঘন পাক দেই গোঁফে, ফেলিয়া পং লোকে, আস্ফালয়ে সিংহের শরণি।"-কবিকং।

পট্টু [সং-পট্ট > হিং] বি, পশুলোমাদি জাত বস্ত্রবিঃ ; কাশ্মীর ও গড়বাল ইং স্থানে নির্ম্মিত এক প্রকার গরম কাপড়।

পট্টোলিকা [সং] বি, জমীর পাটা ; পাট্টা দ্রঃ।

পট্বী [পটু দ্রঃ] বি, চতুরা নারী ; দক্ষা।

পঠদ্দশা [পঠ্ (পাঠ করা)+শতৃ (র্ত্তৃ) =পঠৎ+দশা (অবস্থা), ৬ তৎ] বি ছাত্রাবস্থা ; পাঠ্যাবস্থা ; পড়ার কাল।

পঠন [পঠ্ (পড়া)+অন্ (ভাং)] বি, আবৃত্তি ; অধ্যয়ন ; পড়ন ~পাঠনা [পঠন (অধ্যয়ন)-পাঠনা (অধ্যাপন)] বি, অধ্যয়ন ও অধ্যাপনা ; পড়া ও পড়ান। বিণ, পঠনীয় [পঠ্ (পড়া)+অনীয় (র্ম্ম)] পাঠ্য ; পাঠোপযোগী ; পাঠ করিবার উপযুক্ত।

পঠা [পঠ্ (পড়া) >। পঠি, পঠ, পঠে ; পঠিতে ; পঠিয়া ইং] ক্রি, পাঠ করা। নিজন্ত-পঠানি-পাঠ করান ; অধ্যাপনা করা।

পঠিত [পঠ্ (পড়া)+ত (র্ম্ম)] বিণ, যা পাঠ করা হইয়াছে ; অধীত। ২ যার আবৃত্তি করা হইয়াছে ; উচ্চারিত। প্র-এইবার মন্ত্র পং হইবে।

পঠিতব্য [পঠ্+তব্য (র্ম্ম)] বিণ, পাঠযোগ্য। ২ যা পাঠ করিতে হইবে।

পঠ্যমান [পঠ্ (পড়া)+আন (র্ম্ম), য্, ম্ আগম] বিণ, যা পাঠ করা যাইতেছে ; পঠনশীল।

পড়, [পং-পট্ > (পড়া দ্রঃ)। ব্রজং] ক্রি, পড়ে। ~এ [প্রাং বাং] পড়ে ; পতিত হইতেছে : "সবথন খসিআঁ পড়এ।"-শ্রীং কীং। পড়িলাহা-পড়িল। ২ প্রতিফলিত হয়। "নীল মেঘে যেহ্ন পড়এ বিজুলী"-শ্রীং কীং। ৩ উপস্থিত হয় ; উদিত হয়। "চিত্তে মা পড়এ আন"-শ্রীং কীং।

পড়, পট দ্রঃ। ~পড় [অনুং] অ, বিদারণ

শব্দ : বস্ত্রাদি ছেঁড়ার শব্দ। প্র-নতুন কাপড়খানা পড়্‌পড়্ করে ছিঁড়ে ফেলে।

পঁড়তা [পড়া দ্রঃ] বি, খেলার দান যাতে ক্রমাগত জিৎ হয়। ২ উন্নতির মুখ : লাভের মুখ ; জয় বা জিতের সময় : সুযোগ ; সুসময়। ৩ খরচ ; ব্যয় ; মূল্য : খরিদমূল্য সহ বহনাদির মজুরি সমেত মোট খরচা। পঁ০ পঁড়া-মোট ব্যয়ের মূল্য আদায় হওয়া। ২ [লক্ষ০] জিতের দান ; লাভের মুখ : সুদিন ; সৌভাগ্যোদয়। প্র-এখন ওর পড়তা পড়ছে ধূলামুঠা ধরে তো কড়িমুঠা হয়। তুল-"পড়ে পাশা ত জিতে চাষা।" ৩ ফর্দ্দ ; তালিকা। গঁড়পঁড়তা-গড়ে বা গড় হিসাবে যে দাম পড়ে বা লাগে : মোটামুটি ব্যয়। in the average.

পঁড়তি [পট > পড়+তি (ভা০)] বি, পতন : পতনের ভাব বা অবস্থা। ২ অবনতি। ৩ মূল্য হ্রাস ; মন্দা। ~বাজার-মন্দা বাজার। ঝঁড়(র)তি প০ -যা ঝরিয়া পড়িয়া যায় বা নষ্ট হয়। "দাম থেকে ঝ০ প০ বাদ দিতে হইবে।"

পঁড়ন১ [পঠ্ (পড়া) >] বি, অধ্যয়ন ; পঠন দ্রঃ।

পঁড়ন২ [পৎ > পতন >] বি, পতন। ২ আক্রমণ। ৩ পড়তা ; গড়মূল্য ; মোট মূল্য ও অন্যান্য ব্যয়। ~পেকে [পড়ন-পেকে (পক্ক > পাক+ইয়া > পাকিয়া > পেকে)] বি, যে গরুর পাঁজরের একখানি হাড় নীচু।

পঁড় পঁড় [পড়া দ্রঃ। পড় (এখনি পড়িবার মত)+পড় (আসন্ন পতনার্থে দ্বিত্ব)] বিণ, পতনোন্মুখ ; আসন্ন পতন ; পড়ে অ'র কি এমন। "মাথার উপরে বাড়ি পড় পড় তার খোঁজ রাখ কি ?"-রবী০।

পঁড়শ [সং-প্রতিবেশ > প্রাকৃ০ পটি (ডি) বেশ > হিং০ পড়োস] বি, পল্লী।

পড়শী, পঁড়সী [প্রতিবাসী >। হিং০ পড়োসী] বি, প্রতিবাসী। "নাহি পাশ পড়সী সীমন্তে সিন্দুর দিতে সখী।"-কবিক০। "পড়শীর মুখ না আর্শির মুখ"-প্রবচন। পূর্ব্বাপর প০। পরম বন্ধু মোর"-ঘ০।

পঁড়া১ [সং-পট্ > পৎ (গতি অর্থে) >। পড়ি. পড় (পড়েন .পড়িস), পড়ে (পড়েন) : পড়িতে ; পড়িয়া (পদ্যে-পড়ি, গ্রা০ পঁড়ে)] ক্রি পতিত হওয়া। প্র-সে ছাদ হতে লাফাইয়া পড়িল। কাদায় পড়িল। ২ কষ্টে পতিত হওয়া ; ভগ্নদশাগ্রস্ত হওয়া : 'ভাঙ্গাপড়া' : দুরবস্থাপন্ন হওয়া। "তার সময় যখন ভাল ছিল সে বেশ উঠিয়াছিল এখন পড়িয়া গিয়াছে।" ৩ অনাকর্ষিত বা অচর্ষিত থাকা। প্র-জমিটা পড়িয়া আছে। ৪ সমাজচ্যুত হওয়া। ৫ অনাদায় থাকা ; বাকি থাকা ; লোকসান হওয়া। ৬ আবদ্ধ হওয়া প্র-জালে মাছ পড়িয়াছে। ৭ আক্রমণ করা ; শত্রুভাবে পতিত হওয়া। প্র-ডাকাত পড়া। বাগানে হনুমান পড়েচে। ক্ষেতে পঙ্গপাল পড়েচে। ৮ আরম্ভ হওয়া ; লাগা ; উপস্থিত হওয়া। প্র-মাস পড়া ; দিনকাল পড়া ; শীত পড়া ; "পড়ল ফাগুন ত উঠল আগুন-প্রবচন। ৯ আসা ; উদয় হওয়া। "হাসি পায় হাসি পায় হে সেই পায়ে-ধরা-দিন পড়্‌লে মনে।" -গান। "তাহারে পড়েছে মনে বকুল তলে।" -রবী০। ১০ [বসা৩ দ্রঃ] গত্যর্থক ক্রিয়ার সম্পাদন বা সমাপ্তি বোধক (পতনের ভাব মিশ্রিত)। প্র-সে যখন গিয়া পড়িল। সে ঘুমাইয়া পড়িল। শুইয়া পড়া। বসিয়া পড়া। সে দেখিতে দেখিতে আসিয়া পড়িল। ১১ [নিয়োগার্থে] টাকা লাগা ; খরচ হওয়া। প্র-ইহা প্রস্তুত করিতে অনেক টাকা পড়িয়াছে। জাহাজখানি ক্রয় করিতে কত পড়িল। ১২ ধরা ; লাগা। প্র-পোকা পড়া ; মরিচা পড়া। ১৩ হওয়া ; ঘটা : জন্মা। "ভাঙ্গিয়া পড়িতে চূড়া চমৎকার পড়ে।"-ঘ০। টাক পড়া। ১৪ অনগ্রসর হওয়া : পশ্চাতে থাকা ; অনুন্নত হওয়া। এই অর্থে ইহা "থাকা" ধাতুর সহিত যুক্ত হয়। "আগে চল আগে চল ভাই পড়ে থাকা পিছে মরে থাকা মিছে বেঁচে মরে কিবা ফল ভাই।"-রবী০। ১৫ বিবাহিতা হওয়া ; সম্প্রদত্তা হওয়া। প্র-মেয়েটি যে ঘরে পড়েছে, তার খাওয়া পরার দুঃখ থাকবে না কিন্তু যার হাতে পড়েছে তার বিদ্যাসাধ্য বড় নাই। ১৬ পাল্লায় পড়া ; চক্কর খাওয়া ; আহত হওয়া। "পড়িলে ভেড়ার শৃঙ্গে ভাঙ্গে হীরার ধার।" -প্রবচন। ১৭ বি, পড়ন ; পতন। প্র-এমন পড়া পড়েছে যে কিছুদিন আর উঠতে পারবে না। ১৮ উল্লেখ, ইঙ্গিত বা আলোচনার জন্য উপস্থাপিত হওয়া। "পড়ল কথা সভার মাঝে যার কথা তার গায়ে বাজে।"-প্রবচন। ১৯ ক্রি, আক্রান্ত হওয়া। প্র-রোগে পড়া। ২০ গমন পথে উদয় বা দৃষ্ট হওয়া : দৃষ্টিপথে পতিত হওয়া ; দৃষ্টিগোচর হওয়া। প্র-সিমলা যাইবার পথে অনেকগুলি সুড়ঙ্গ পড়ে ছিল। "পথে পড়িল কৃষিক্ষেত্র"-বঙ্গবাণী, ১৩৩৩। ২১ [যশো-খুলনা প্রাদে০] ক্রি, মরা। "বনে মানুষ পড়িয়াছে।" ২২ [খেলায়] দান পড়া : পড়তা পড়া। তুল-"পড়ে পাশা ত জিতে চাষা।"-প্রবচন। প্রা০ বাং-পঁড়িআঁ-পড়িল। পঁড়িলাহা-পড়িলে। পড়িলাহুঁ-পড়িলাম। পঁড়িলি, -লী-পড়িল। পঁড়িলোঁ-পড়িলাম। পড়ু-পতিত হউক পঁড়ে-পতিত হয়। ২ উপস্থিত হয়। পঁড়োঁ-পড়ি ; পতিত হই। পঁড়েছি মোগলের হাতে খানা খেতে হবে সাথে-দুষ্টের চক্রান্তে পতিত হইলে উক্ত হয়। পঁড়ে পাওয়ার চৌদ্দ আনাই লাভ-কুড়াইয়া বা বিনাশ্রমে যা পাওয়া যায় তার বিনিময়ে অল্প মূল্য পাইলেও লাভের মধ্যে গণ্য। আসিন পঁড়া-আহারে বসিবার ঠাঁই হওয়া। কাজল পঁড়া-প্রদীপাদির শীষ পতিত হওয়া। ২ কাজলের মত কাল দাগ হওয়া। প্র-চখের কোলে কাজল পড়েছে। কাল পঁড়া-সময় আগত বা উপস্থিত হওয়া। কালসিটা পঁড়া-আঘাতাদি-জনিত অঙ্গে কাল দাগ হওয়া। কালী পঁড়া-মসীবর্ণ ধারণ করা ; কাল দাগ ধরা। কিল পঁড়া-মুষ্ট্যাঘাত হওয়া। গঁরম পঁড়া-গ্রীষ্ম হওয়া ; গ্রীষ্ম উপস্থিত হওয়া। গঁলে পড়া-ঝরা : বিগলিত হইয়া পতিত হওয়া। "এই যে চোখে অশ্রু পড়ে গলে"-উত্তরা। ঘঁর পঁড়া-ঘর ভাঙ্গিয়া পড়া। চাট পড়া-নেশা জমান ; ঝোঁক

পড়া ; লোভ হওয়া। চাল পড়া-চাউল মন্ত্রপূত করিয়া দেওয়া। ~পড়া [চাউল দ্রঃ] মন্ত্রপূত চাল। ছাই পড়া-পণ্ড হওয়া ; নষ্ট হওয়া। ছাতা পড়া, থো পড়া-ছাতা ধরা। জল পড়া-বৃষ্টি হওয়া। জাল পড়া-মাছ ধরিবার জন্য জলে জাল নিক্ষিপ্ত হওয়া। ২ জালিয়াতির আচরণ পতিত হওয়া। ৩ (চক্ষে) ছানি পড়া। জল পড়া -জল দ্রঃ। জোট পড়া-জটের মত পাকাইয়া যাওয়া। ঝাড়ু বা ঝাঁট পড়া-সম্মার্জনী বা খেংরা দিয়া পরিষ্কৃত হওয়া। টান পড়া-কষা হওয়া ; আকর্ষণ দৃঢ় হওয়া। টোল পড়া-আঘাতাদি জন্য বসিয়া যাওয়া। ডাক পড়া-আহ্বান হওয়া ; প্রয়োজন হওয়া। ঢাকে কাঠি পড়া-চড়কের বাদ্য আরম্ভ হওয়া। তাত পড়া-গরম পড়া। তেল পড়া-(গায়ে বা মাথায়) তৈল মর্দ্দিত হওয়া ; তৈলযুক্ত হওয়া। থো পড়া-ছাতা পড়া দ্রঃ। দাগ পড়া-চিহ্নিত হওয়া ; দাগ ধরা ; আঁচড় লাগা। দাম পড়া-দাম লাগা। দায় পড়া-দায়িত্ব জন্মান। দায় পড়েছে (বিপরীতার্থে ব্যবহার)-দায় পড়ে নাই। দাঁত পড়া-দাঁত খসিয়া যাওয়া। ২ অস্ত্রাদির ধারের সূক্ষ্মাংশ ভাঙ্গিয়া যাওয়া। দেয়াল পড়া-প্রাচীর ভাঙ্গিয়া পড়া। দেরি,-রী পড়া-বিলম্ব হওয়া। ধরা পড়া-ধৃত হওয়া। প্র-চোর ধরা পড়িল। ধার পড়া-ভোতা হওয়া। পাখী পড়া -অর্থ-বোধ না করিয়া কেবল অভ্যাস বা কণ্ঠস্থ বা আবৃত্তি করা। পাত পড়া-অন্ন পরিবেষণের জন্য অন্নপাত্র পাতিত হওয়া। [ভোজন কালে, বিঃ পঙ্‌ক্তিভোজনে, মান পাতা, কলা পাতা, সাল পাতা ইং পাতা অন্নাধার স্বরূপ ব্যবহার প্রথা হ'তে]। পাতা পড়া-গাছের পাতা বোঁটা হ'তে খসিয়া পড়া। ২ ভোজনার্থ অন্নপাত্র স্থাপিত হওয়া। পিঠে পড়া-কিল, চড়, লাঠি ইং-র প্রহার পড়া। তুল-পেটেও পড়েছে পিঠেও পড়েছে। "পেটে খেলে পিঠে সয়।" পুঁজ পড়া-পুঁজনির্গত হওয়া। পেট পড়া-অনাহারে উদর শীর্ণ হওয়া ; পানাহারে উদর পূর্ণ না হওয়ায় নামিয়া যাওয়া। পেটে পড়া-উদর পূর্ত্তি হওয়া ; অন্ন, ঔষধ ইং উদরস্থ হওয়া · খাওয়া। ফুল পড়া-গাছের ফুল ঝরিয়া পড়া। ২ প্রসবের পর গর্ভস্থ পুষ্প পতিত হওয়া। বেলা পড়া-অপরাহ্ণ হওয়া। ভ্রমে পড়া-ভুল করা। মন পড়া-আসক্তি জন্মান। মনে পড়া-স্মরণ হওয়া। রক্ত পড়া-রক্তস্রাব হওয়া। রস পড়া-রস নির্গত হওয়া। রাগ পড়া-ক্রোধের শান্তি হওয়া। রোদ, রৌদ্র পড়া-রৌদ্রের তেজ হ্রাস হওয়া। ২ রৌদ্র মিলাইয়া গিয়া ছায়া পতিত হওয়া। লাল পড়া-লালা নির্গত হওয়া ; লাল ঝরা। হাত পড়া-স্পর্শ হওয়া। ২ কর্ত্তৃত্ব আরম্ভ হওয়া। হাতে পড়া-হস্তগত হওয়া ; আয়ত্ত হওয়া।

পড়া₂ [পঠ্ (পাঠ করা) >। পড়ি, পড় (পড়ন্, পড়িস্), পড়ে ; পড়িতে (ক্ষেং পড়তে) ; পড়িয়া (ক্ষেং পদ্যে-পড়ি, গ্রাং প'ড়ে)। ণিজন্ত-পড়ান] ক্রি, অধ্যয়ন করা ; পাঠ করা। "আর পড়তে দিতে চান্ না।"-উত্তরা, পৌষ, ১৩৩৩। "সঙ্গী দুজন কুজন তারা পড়ি যেমন পড়ায় পড়া"-বাং-গান। মন্ত্র পড়া-মন্ত্র আবৃত্তি করা ; মন্ত্রোচ্চারণ করা।

পড়া₃ [পঠ্ (পাঠে) > পড় + আ (স্বার্থে)] বি, পাঠ ; পঠন ; অধ্যয়ন ; আবৃত্তি। "পড়ি যেমন পড়াও পড়া।"-বাং-গান। পড়া করা-পাঠ প্রস্তুত করা। পড়া দেওয়া-শিক্ষকের নিকট পঠিত বিষয়ের পরীক্ষা দেওয়া। পড়া মুখস্থ করা-পুনঃ পুনঃ আবৃত্তি দ্বারা পাঠ্যস্থল কণ্ঠস্থ করা। পড়া লওয়া-ছাত্রের পাঠ্যস্থল কতটা আয়ত্ত হইয়াছে তার পরীক্ষা লওয়া। ~শুনা-বি, পঠন ও উপদেশ শ্রবণ ; শিক্ষকের নিকট পাঠ গ্রহণ ও অভ্যাস করণ ; লেখাপড়া করা। "রাধারাণীর পড়াশুনা ঘুরিয়া গেল।"-উত্তরা।

পড়া₄-বিণ, অধীত ; পঠিত। প্র-ও সকল পড়া পুস্তক। ২ মন্ত্রপূত। "কাঁথে পরিমাণ আঁকে দিয়া পড়া মাটী।"-ঘং। তেল পড়া-জল পড়া। চাল পড়া ইং। ৩ বি, আনন্দ বাদ্যবিঃ ; পটহ। পড়া (ও) শুনা-পাঠ করা ও গুরূপদেশ শুনা ; বিদ্যাশিক্ষা ; লেখাপড়া। "রাধারাণীর পড়াশুনা ঘুরিয়া গেল।"-উত্তরা।

পড়া₅-বিণ; স্থিত ; পতিত ; পড়িয়া গিয়াছে এমন। প্র-গাছের তলায় পড়া আমগুলা আগে কুড়াও। ২ দূষিত ; দোষস্থ : ভ্রষ্ট। প্র-পড়াঘরে মেয়ে দিয়েছে। ৩ বি: পড়ন ; পতন। প্র-গাছ থেকে এমন পড়া পড়েছে যে হাত আর পা দুই ভেঙ্গেছে।

পড়াং [অনুং। মৃদু অর্থে পিড়িং। মৃদুতর অর্থে পুড়ুং] অ, চাবুক বেত্র রজ্জু ইং দ্বারা প্রহার শব্দ ; চাবুক আস্ফালন শব্দ। ~পড়াং-উপর্য্যুপরি ঐরূপ শব্দ, প্রহার বা আস্ফালন।

পড়ানি [পড়া দ্রঃ। পড়াই, পড়াও (পড়ান, পড়াস্), পড়ায় (পড়ান) ; পড়াইতে : পড়াইয়া (গ্রাং পড়িয়ে)] ক্রি, অধ্যাপনা করা ; শিক্ষা দান করা। "পড়ি যেমন পড়ায় পড়া"-বাং-গান। মন্ত্র পড়ানি-মন্ত্র বলিয়া দিয়া আবৃত্তি করান। পাখী পড়ানি-পাখীকে পড়ান ; ক্রমাগত শিখাইতে শিখাইতে কণ্ঠস্থ করিয়া দেওয়া।

পড়াশ-পটাশ দ্রঃ।

পড়াই [পটহ দ্রঃ। অনুং। পড় শব্দ হ'তে] বি, আনন্দ বাদ্যযন্ত্রবিঃ ; পড়া।

পড়িঘাউ [সং-পরিগ্রহ বা প্রতিগ্রহ (গ্রহণ, পক্ষগ্রহণ, অনুগ্রহ, সাহায্য) > পড়িগাহ > পড়িঘা + উ (অনুজ্ঞার্থক ক্রিয়া বিভক্তি)]। প্রাংবাং-য় সহায় হউক ; পরিত্রাণ করুক ; বাঁচাক। "ভাণ্ড ভাঁগিআঁ তোর খাইবোঁ দহী। পং আসি তোর আইনে কহী॥"-শ্রীং কীং। পড়িঘাএ [পড়িঘা + এ (১ম পুং ক্রিয়া বিভক্তি)] উদ্ধার করে। "দেখোঁ কে বা পড়িঘাএ তোরে"-শ্রীং কীং।

পড়িছা, পরিছা [সং-পরিজ্ঞা > ওড়ি-পড়িজা] বি, সভাসদ ; পাত্রমিত্র। "পড়িছাকে পুছে রাজা কি দেখিছ রায়। পড়িছা কহয়ে দেব জগন্নাথ দেখি॥"-চৈং মং।

২ পরিচারক। ৩ [পরীক্ষা > হিং গ্রাং উচ্চারণবিকারে-পরিচ্ছা > পড়িছা] তত্ত্বাবধায়ক ; জগন্নাথ দেবের মন্দিররক্ষক ছড়িদার। "পূজা পাণ্ডা পাণ্ডপাল পং বেহারা।" -চৈং ভাং। "দৈবে সার্ব্বভৌম তাঁহাকে করে দরশন, পড়িছা মারিতে, তিঁহ কৈল নিবারণ।"-চৈং চং।

পড়িনাতি [সং প্রনপ্তা >]বি. প্রপৌত্র। "কৃষ্ণ বলেন ধ্রুব তুমি ব্রহ্মার পং-" চৈং মং।

পড়িভায় [পরিভাবা দ্রঃ। প্রাং বাং। র=ড়] ক্রি, ভাবিয়া দেখ। "মনে পড়িভায় কাহ্নাঞি আক্ষার বচন।"-শ্রীং কীং।

পড়িয়ান, পড়েন [সং-প্রতিবানি (প্রতিবপন) > পটিবানি > পড়িআনি >] বি, বস্ত্রের আড় দিকের বুনানির সূতা। ২ [সং-পরিমাণ >] বাটখারা।

পড়িয়াল [পট্টী > পটি+বাল >। ট=ড। তুল-হিং পট্টিদার] বি, জমীদারীর শরিক। ২ গ্রামের মণ্ডল। ৩ পদবীবিঃ।

পড়িহাই-পড়িহাস, দ্রঃ।

পড়িহারী [সং-প্রতিহারী > ভ্রং] বি, প্রতিহারী ; অন্তঃপুররক্ষক। "অজ্ঞ পং সব উঠিল মারিতে।"-চৈং ভাং।

পড়িহাস১ [পরিহাস >। র=ড়। প্রাং বাং] বি, পরিহাস। ক্রি, পড়িহাসা-পরিহাস করা।

পড়িহাস২ [সং-প্রতিভাস >] বি, প্রতিভাতন ; প্রকাশ। ক্রি, পড়িহাসা--প্রতিভাত হওয়া। "তাক দেখি উনমত ভৈলোঁ আন নাহি পড়িহাসে।"-শ্রীংকীং।

পড়িহাঅ, পড়িহাই, পড্ডিহাই [সং-প্রতিভাতি >] ক্রি, প্রতিভাত হয় (দোং ১১৩, চং ৪১।১, দোং ১১৪)। পড়িহাহা [স=হ। প্রাংবাং প্রাকৃং] পতিভাত হওয়া। "মোর মনে হেন পড়িহাহে।" -শ্রীং কীং।

পড়ুয়া [হিং পড়উআ] বি, শিষ্য ; ছাত্র। "নানাদেশহৈতে আসে, পড়ুয়া বিদ্যার আশে,"-কবিকং। "সবিনয়ে তুয়ারী কয় শুন শুন মহাশয় বুঝিনু পং তুমি বটা।" -অং মং।

পড়েন [পড়িয়ান দ্রঃ] বি, বাটখারা ; মণ, পাঁচসেরা ; সেরাদি। "বীর দিল অঙ্গুরী বেণিয়া প্রণাম করি জোখে বেণে চড়ায়ে পং।"-কবিকং। বস্ত্রবয়ন কালীন যে সূতা দ্বারা কাপড় বুনা যায়। ~**কাঠা** [প্রাদেং] বি, যে পাত্রে (কাষ্ঠ পাত্রে) দোকানদারেরা দাঁড়ি বাটখারা রাখে।

পড়ো১ [পড়+উয়া > পড়ুয়া, > ক্ষেং পড়ো। পোড়ো দ্রঃ] বিণ, যা পড়িয়া আছে ; যা পড়িয়া পড়িয়া নষ্ট হইতেছে। ~**বাড়ি,~বাড়ী**-জনশূন্য বাড়ী ; যে বাড়ী লোক জনের বাস না থাকায় পড়িয়া পড়িয়া ভগ্ন ও নষ্ট হইতেছে। "শৃগাল-সভা ডাকে উর্দ্ধরবে পড়োবাড়ির শূন্য আঙিনাতে।"-রবীং।

পড়ো২ [পড়ুয়া দ্রঃ। পড় (পাঠ)+উয়া > পড়ুয়া ক্ষেং] বিণ, যে পড়ে ; পাঠক ; ছাত্র। "পাণ্ডেড়ে পড়োর মত অক্ষরের ছাঁদ।"-হেমং।

পড়োল, পরিল, পরোল [সং-পটল >] বি, মেটেঘরের দেওয়াল ও চালের মধ্যস্থ ফাঁক। ২ [সং-পটোলিকা] ধুঁধুল লতা ও ফল ; তরুই luffa ægytiaca.

পড়্যান [পড়িয়ান দ্রঃ। পরিমাণ >] বি, যা পরিমাণ করা হয় : সের, অর্দ্ধসের ইং বাটখারা ; বরিশাল অঞ্চলে "পৌড়ান"। "বীর দিল অঙ্গুরী বেণিয়া প্রণাম করি জোখে বেণে চড়ায়্যা পড়্যানে।"-কবিকং।

পঢ়া১ [সং-পঠ্ >। পঢ়ি, পঢ়, পঢ়ে ("ভাবানুরূপ শ্লোক পঢ়ে রায় রামানন্দ"-চৈং চং) : পঢ়িতে ; পঢ়িয়া। ণিজন্ত-পঢ়ান] ক্রি, পাঠ করা ; পড়া।

পঢ়া২ [পৎ >। পড়া১ দ্রঃ] ক্রি, পতিত হওয়া। "ইছিয়া তোমার যশ তারে দিলু পণ দশ কাণা কড়ি পঢ়িল পণ সাত॥"-কবিকং।

পঢ়ুয়া [হিং পঢ়ুবয়া > পঢ়ৌয়া > পঢ়োয়া। প্রাংবাং] বি, পড়ুয়া ছাত্র। বসিয়া অবন্তিপুরে পং পঢ়ন পঢ়ে"-শ্রীং কীং।

পণ [প্পণ্ (ক্রয় বিক্রয় করা)+অ (র্ম)] বি, যা ক্রয় করা যায় ; ক্রেয় বস্তু। ২ বিক্রয় দ্রব্য। ৩ প্রতিজ্ঞা। "তার পণটাই রইল-পথে বের করলে তবে ছাড়লে।"-রাজা (রবীং)। ৪ বাজি ; সর্ত্ত। "পণে জাতি কেবা চায়, পণে জাতি কেবা চায়, প্রতিজ্ঞায় যেই জিনে সেই লয়ে যায়"- ভারতং। ৫ দ্যূত। ৬ পরিমাণবিঃ ; এক তোলা বা ৮০ রতি তাম্র= ১৬ পণ রৌপ্য=১৬ মাষা স্বর্ণ ; কার্ষাপণ ; কাহন। ৭ ["পণো বরাট মানে" ইং-মেং-কড়ি সংখ্যা দ্বারা গণিত হইত বলিয়া] সংখ্যাবিঃ; কুড়ি গণ্ডা : ৮০ কড়া ; ৮০ টা। ৮ [লক্ষং] রাশি : বহু (এই অর্থে-'পণ পণ'=রাশি রাশি= অসংখ্য) ।"কর্ণধারে কড়ি দিয়া তুষ্ট কর মন। ছাবালের ছবুড়ি তোমার তিন পণ॥"-চৈং ভাং। "উপবাসী বন্দী তথা আছে পণে পণে"-কবিকং। ৯ এক চোথ (অর্থাৎ দশ সের) পরিমাণের চতুর্থাংশ ; ইহার সাংকেতিক চিহ্ন ।০ এইরূপ। ১০ মূল্য। ১১ বিবাহে পাত্র বা পাত্রীর মূল্যস্বরূপ গ্রহণের অর্থ। "বিনা পণে দিব বিয়া !"- এ কোন্ ব্যাভার? কোথা গেল সেই শব্দ দশটা হাজার?"-বিংশ শতাব্দীর বর (দেবেন্দ্র সেন)। ১২ [পণ্ (ব্যবহার করা) +অ (ভাং)] ব্যবহার : আদান প্রদান। **কন্যাপণ**-কন্যা পাত্রস্থ করিবার জন্য বর পক্ষের নিকট হতে কন্যাকর্ত্তার প্রাপ্য শুল্ক ; প্রকৃতপক্ষে কন্যা বিক্রয়ের মূল্য। **ধনুক ভাঙ্গা পণ** [সং-ধনুর্ভঙ্গ পণ] সীতার বিবাহে হরধনু যিনি ভঙ্গ করিতে পারিবেন তিনিই সীতার পাণিগ্রহণ করিতে পারিবেন অন্যথা নহে এইরূপ দৃঢ়প্রতিজ্ঞা যেমন জনক রাজার ছিল, তদ্রূপ উৎকট প্রতিজ্ঞা। **বরপণ**-কন্যা গ্রহণ করিবার জন্য কন্যাপক্ষের নিকট হতে বরকর্ত্তার প্রাপ্য শুল্ক যা প্রকৃতপক্ষে বিবাহে পুত্র বিক্রয়ের মূল্য।

পণকিয়া [গ্রাং পুণকে। সং-পণ (৭ দ্রঃ) > পণক+ইয়া] বি, পণঘটিত গণনা ; ৪ কড়ায় ১ গণ্ডা, ২০ গণ্ডায় ১ পণ, ১৬ পণে ১ কাহন ইং হিসাব সম্বলিত গণনা।

পণন [পণ্+অন (ভাং)] বি, বিনিময় ; বিক্রয়।

পণফর [জ্যোং] বি, লগ্নের দ্বিতীয়, পঞ্চম, অষ্টম ও একাদশ স্থান।

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇহীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঙ্গ=ঙ্গ্য ঞ্চ=ন্চ ঞ্ছ=ন্ছ ক্ষ=ক্ষ হ্ন হ্ম হ্ব হ্ল হ্য জ্ঞ ড় ঢ় য়=z/wv ও চ্চাং দ্রঃ

ˊপণফাজিল, ˊপঁণফাজিলি [পঁণ+ ফা॰ ফাজিল+ই (স্বার্থে)। আদা॰ পরিঃ] বি, বিক্রয়জাত উদ্বৃত্ত অর্থ।

পঁণব ["বাদ্য প্রভেদা ডমরু মড্ডুডিণ্ডিম ঝর্ঝরাঃ। মর্দলঃ পণবোঽন্যে চ"-অমর॰। "পণবঃ পাখোয়াজ ইতি খ্যাত"-অমরার্থচন্দ্রিকা] বি, আনদ্ধযন্ত্রবিঃ; পাখওয়াজ। ২ সংস্কৃত ভাষায় দশাক্ষর ছন্দোবিঃ।

পণবদ্ধ [পণ (দ্বারা) বদ্ধ, ৩তৎ] বিণ, অঙ্গীকৃত।

পঁণবন্ধ [পণ (প্রতিজ্ঞা) দ্বারা বন্ধ (আবদ্ধ), ৩তৎ] বি, কৃতপ্রতিজ্ঞ। ২ সন্ধি treaty.

পঁণবা [সং] বি, ঢক্কার প্রকারভেদ।

পঁণশ, পঁণস [সং-পলস, ফলস, পানস ও॰। ওড়ি॰ পণস] বি, ক্রয় বিক্রয় দ্রব্য। ২ঃ কাঁটাল; কাঁঠাল; রসাল।

পণা-পনা দ্রঃ।

পঁণাঙ্গনা [পণ (মূল্য দ্বারা গৃহীতা) + অঙ্গনা (স্ত্রী), ৩তৎ] বিণ, যে কন্যার পিতা বরপক্ষের নিকট হ'তে পণ বা মূল্য লইয়া কন্যার বিবাহ দেন। ২ বেশ্যা; কুলটা।

পঁণাদি [পণ (মূল্য, ধন) আদি (মূল)] বি, কড়ি; কপর্দ্দ।

পঁণাপঁণ [পণ+আ (পরম্পরার্থে)+পণ] বি, দর দাম করণ; যাচাই; মূল্যনির্দ্ধারণ।

পঁণায় [পণ (ব্যবসায়, বিনিময়)+আয় (লভ্য)] বি, ব্যবসায়ের লভ্য।

পঁণায়িত, পণিত [পণ্ (ব্যবহার করা, ক্রয় বিক্রয় করা)+আয় (স্বার্থে)=পণায়+ত (র্ম্ম), বিকল্পে আয় প্রত্যয়, সুতরাং পক্ষান্তরে পণিত] বিণ, ব্যবহৃত। ২ ক্রীত বা বিক্রীত।

পঁণার-পণ্ডার দ্রঃ।

পণিত [পণ্+ত (র্ম্ম)] বিণ, ক্রীত বা বিক্রীত: কৃত বিনিময়। স্ত্রীং ~া।

পণিতব্য [পণ্+তব্য (র্ম্ম), ই আগম] বিণ, ক্রয় বা বিক্রয়যোগ্য। ২ পণ রাখিবার উপযুক্ত।

পণিতা [পণ্ (বিক্রয় করা)+তৃ (র্তৃ)] বিণ, ক্রেতা বা বিক্রেতা। ২ ক্রীতা বা বিক্রীতা।

পণী [পবন("পবনং কুম্ভকারস্য"-মেঃ) বা "পবনাস্যা কুলালস্ত পাকস্থানে"-ত্রিকাণ্ড॰) >পঅন >পোআন, পন, পণী (প্রা॰ বাং)] বি, পোআন; মৃৎপাত্রাদি দগ্ধ করিবার বৃহৎ চুল্লী। "মোর মন পোড়ে যেহ্ন কুম্ভারের পণী"-শ্রী॰ কী॰।

পণ্ড ["পণ্ডোনপুংসকম্"-অমর॰] বি নপুংসক। ২ বিণ, বিফল; নিষ্ফল। ~শ্রম [পণ্ড যে শ্রম, ধা] বি, বিফল পরিশ্রম; বৃথা আয়াস; বিফলযত্ন।

পণ্ডা [পণ্ড্+অ (র্তৃ)+আ (স্ত্রীং)] বি, তীক্ষ্ণধী। ২ শাস্ত্রজ্ঞান।

পণ্ডিঅ, পণ্ডিআঁ [সং-পণ্ডিত > প্রাকৃ॰। মু॰ ক॰ ও সরোজ বজ্রের দোহা-কোষে 'পণ্ডিঅ'] বি, পণ্ডিত।

পণ্ডিত [পণ্ডা (জ্ঞান)+ইত (স্ত্য॰)] বি, বিদ্বান; শাস্ত্রজ্ঞ। ২ বিবেকদ্বারা সদসৎজ্ঞাতা, ধর্ম্মাত্মা, সত্যবাদী, সত্যপ্রিয়, বিদ্বান্ এবং সর্ব্বহিতকারী ব্যক্তি। ৩ সংস্কৃত ভাষাভিজ্ঞ। ৪ নিপুণ; কুশল; দক্ষ। প্র-রণপণ্ডিত। ৫ যিনি মাত্র সঙ্গীতশাস্ত্র জানেন অথচ নৃত্য ও বাদ্য জানেন না। ৬ [উ॰ ভারতে] ব্রাহ্মণবংশীয় হিন্দু। "ইঁহারা সংস্কৃতজ্ঞ হইতে পারেন, না ও পারেন, লেখাপড়া জানিতে পারেন, নিরক্ষরও হইতে পারেন। সংস্কৃতের বর্ণমাত্রও না জানিয়া ফারসী নবীশ বা ইংরেজী পড়া লোক হইলেও পণ্ডিত হইবে তাহাদের উপাধি"-প্রবাসী, ভাদ্র, ১৩৩৬। [বঙ্গে] "যাঁহারা ইস্কুলে ও টোলে পণ্ডিতী করেন, তাঁহাদিগকে পণ্ডিত বলে এবং সংস্কৃতে বিদ্বান লোকদিগকে পণ্ডিত বলে।"-ঐ ~বর, ~প্রবর [পণ্ডিত-বর, প্রবর (শ্রেষ্ঠ)] বিণ, পণ্ডিত-প্রধান; শ্রেষ্ঠ পণ্ডিত। ~ম্মন্য (-ত॰-) [পণ্ডিতম্+মন্ (মনন করা)+অ (র্তৃ), ম্ আগম] বিণ, পণ্ডিত না হইয়াও যিনি আপনাকে পণ্ডিত বলিয়া মনে করেন। "জিগীষাপরবশ পণ্ডিতম্মন্য ব্যক্তিমাত্রেই বেদের নাম করিয়া বিবিধ কুসংস্কার সমাজে প্রচলিত করিয়াছেন।" ~মানী [পণ্ডিত-মন (মনে করা)+ইন্ (র্তৃ)। মূ॰পণ্ডিতমানিন্ ১মা, ১ব॰] বিণ, পণ্ডিত বলিয়া যে অভিমান করে; পণ্ডিতম্মন্য। ২ মূর্খ; অজ্ঞান। ~মূর্খ [পণ্ডিত অথচ মূর্খ (বিবেক-বুদ্ধিহীন), ধা] বি, যিনি বিদ্বান কিন্তু বুদ্ধিমান নহেন; শাস্ত্রজ্ঞ হইয়াও যিনি অবিবেচকের মত কার্য্য করেন; পণ্ডিত হইয়াও মূর্খের ন্যায় আচরণকারী।

পণ্ডিতাভিমানী [প॰+অভিমানিন্ ১মা, ১ব॰] বিণ, আপনাকে পণ্ডিত বলিয়া যার অভিমান বা অহঙ্কার আছে; নিজ পাণ্ডিত্যের গর্ব্বকারী; 'আমি পণ্ডিত' বলিয়া যে মনে করে বা তার বড়াই করে।

পণ্ডিতায়মান [পণ্ডিত+আয় (আচারার্থে)। মূ॰ পণ্ডিতায় (নামধাতু)+শান (র্তৃ)] বিণ, যে পণ্ডিত ছিল না কিন্তু এখন হইয়াছে বা তদ্বৎ আচরণ করিতেছে।

পণ্ডি/তি-বি, পণ্ডিতের কার্য্য। ~তী -বিণ, পণ্ডিতসম্বন্ধীয়; পণ্ডিতের; পণ্ডিতের প্রকৃতিগত; পণ্ডিতসদৃশ; পণ্ডিতানুযায়ী। ২ সংস্কৃত বহুল। ~তী বাঙ্গালা-বিদ্যাসাগর, তারাশঙ্করপ্রমুখ সংস্কৃতজ্ঞ পণ্ডিতগণ-প্রবর্ত্তিত সংস্কৃত শব্দ-বহুল বাঙ্গালা রচনা।

পণ্য [পণ (ক্রয়বিক্রয় করা)+য (র্ম্ম)] বিণ, বিক্রেয় দ্রব্য commodity. ২ যা ব্যবহার করা যায়; ব্যবহার্য্য। ৩ মূল্য; মাশুল। "কহিলা নাবিক -দেও পণ্য, করি পার। কাতরে সুগত কহিলেন-'পণ্য আমি পাইব কোথায়' দীন হীন ভিক্ষু আমি।"-অমিতাভ। ~জীবী [মূ॰ পণ্যজীবিন্ ১মা, ১ব॰] বিণ, পণ্যের দ্বারা জীবিকা নির্ব্বাহকারী; বণিক্; ব্যবসায়ী; দোকানদার। ~পত্তন-বি, বাণিজ্যপ্রধান নগর; বন্দরযুক্ত নগর port town. "পণ্য-পত্তনে যখন কোনও বাত্যাহত জাহাজ উপস্থিত হইবে, তখন পত্তনাধ্যক্ষ তাহাকে পিতার ন্যায় অনুগ্রহ দেখাইবেন।"-অর্থশা॰ (সমাদ্দার)। ~বিপণী [পণ্যের বিপণী, ৬তৎ] বি, ক্রয় বিক্রয় স্থান; হাট বাজার। ~বীথিকা, ~বীথী [পণ্যের বীথিকা, বীথী (শ্রেণী), ৬তৎ] বি, হাট; বাজার। ২ দোকানশ্রেণী; শ্রেণীবদ্ধ বিক্রয়শালা। ৩ দোকান। ~শালা [পণ্যের (বিক্রয়

দ্রব্যের) শালা (গৃহ), ৬তৎ, যেখানে, বহু০] বিণ, ক্রয়-বিক্রয়স্থান ; বাজার ; হাট ; দোকান।

পণ্যাঙ্গনা [পণ্য + অঙ্গনা। পণে (মূল্যে) গৃহীতা স্ত্রী, ৩তৎ] বি, পণ্যস্ত্রী ; বেশ্যা।

পণ্যাজীব [পণ্য (বিক্রেয় দ্রব্য) + আজীব (জীবিকা) যার, বহু০] বি, সওদাগর ; ব্যবসায়ী।

পণ্যোপচার [পণ্য + উপচার] বি, পণ্যদ্রব্যঘটিত উপকরণ। ২ পণ্যসজ্জা। ~হার [পণ্য + উপহার] বি, পণ্য বা বিক্রেয় দ্রব্যের উপঢৌকন।

পতকা [প্রা০ বাং। সং-পতাকা > ভ্রং] বি, পতাকা ; নিশান। "ত্রিসংখ্য হাটক, বসাই পুরক, প০ দিলেক তুলিয়া।"-শূ০ পু০।

পতগ [পত (পক্ষ) দ্বারা গ (যে গমন করে), ৩তৎ] বিণ, পক্ষদ্বারা গতিশীল। ২ বি, পক্ষী। ৩ [পতঙ্গ > । ব্রজ০] পতঙ্গ ; শলভ। "পিরীতি-পাবকে, পৈঠে প০ কি ভাঁতি"-গোবিন্দ০।

পতঙ্গ [পত (পক্ষ)-গম্ (গমন করা, গম্ ধাতুর ম্ লোপ) + অ (র্ত্তৃ), মধ্যে ম্ আগম] বি, ফড়িং ; প্রজাপতি ; শলভ। "ভূমে হাঁটুপাড়ি দিল বাণ ছাড়ি অনলে প০ হয়ে।" -অ০ ম০। ২ বিহঙ্গ ; পক্ষী। ৩ শর ; বাণ। ৪ পতঙ্গাকৃতি চিহ্ন ; "+" এইরূপ চিহ্ন। ৫ সূর্য্য। "প্রতাপে প০ যেন সেন মহাশয়"- ধ০ ম০। ৬ অগ্নি। ৭ উড়াইবার ঘুড়ী। ~চিহ্ন-পতঙ্গাকৃতি চিহ্ন ; "+" এইরূপ চিহ্ন ; ইহা টীকা টীপ্পনী ই০-তে ব্যবহৃত হয়। ~বৃত্ত [পতঙ্গের ন্যায় বৃত্ত (ব্যবহার) যার, বহু০] বিণ, পতঙ্গ-প্রকৃতি ; পতঙ্গ যেমন আলোক দেখিয়া আগুনে ঝাঁপ দেয় তদ্রূপ বিপদ বা মৃত্যু নিশ্চয় জানিয়াও যে আপাত-মনোরম বস্তুতে আকৃষ্ট হয়। > বি, ~বৃত্তি। ~ম [পত (পক্ষ)-গম্ (গমন করা) + অ (র্ত্তৃ) মধ্যে ম্ আগম] বি, পতঙ্গ দ্রঃ।

পতঙ্গিকা [পতঙ্গ + ক (তুল্যার্থ, আ (স্ত্রীং),,=ই আগম)] বি, মধুমক্ষিকাবিঃ।

পতঞ্চিকা [সং। পৎ (শব্দে) অনচ্ (গমন করে) + পক + আ (স্ত্রীং)] বি, ধনুকের ছিলা।

পতঞ্জলি [পৎ + অঞ্জলি, নিপাতনে। [প্রবাদ আছে-স্বর্গ হতে পাণিনি মুনির অঞ্জলি মধ্যে সর্পাকারে পতিত হওয়ায় ইহার এই নাম]। বি, মুনিবিঃ। পাতঞ্জল দর্শন-প্রণেতা ও পাণিনি-ভাষ্যকর্ত্তা।

পতৎ, পতত্ [পত (অধঃ গমন করা) + অৎ (র্ত্তৃ)] বিণ, যে পড়িতেছে ; পতনশীল। ২ বি, পক্ষী [প্র০ অ০]। **পতৎপ্রকর্ষতা** [অলং শা০] বি, কাব্যালঙ্কারে দোষবিঃ (যে বাক্যে অনুপ্রাসাদির প্রকর্ষতার পতন বা রচনার শিথিলতা ক্রমে প্রকাশ পায় তথায় এই দোষ হইয়া থাকে)।

পতত্র, পতত্ত্র [পতৎ (পক্ষী) + ত্রৈ (রক্ষা করা) + অ (র্ত্তৃ)=ত্র, পক্ষে ৎ লোপ] বি, পক্ষ ; পাখীরডানা।

পতত্রি, -ত্রী [পতত্র (পক্ষ) + ই (যুক্তার্থে)] বি, পক্ষী। ~রাজ [পতত্রির (পক্ষীর) রাজা (প্রধান), ৬তৎ] বি, পক্ষীন্দ্র ; গরুড়।

পতদ্গ্রহ [পতৎ + গ্রহ্ + অন্ (র্ত্তৃ)- পতনশীলকে যে গ্রহণ করে] বি, পিকদান।

পতন১ [পত্ (পতন, নিম্নে গমন করা) + অন (ভা০)] বি, পাত ; অধঃপতন। ২ পতনয়। ৩ স্খলন। ৪ ভ্রংশ। ৫ পাপ। ৬ নাশ ; নিধন ; দেহপাত।

পতন২ [জ্যো০ পরি:] বি, গ্রহের বিক্ষেপ বা ক্ষেপ latitude of a planet.

পতনীয় [পত্ (গমন করা) + অনীয় (র্ম্ম)] বিণ, পতনযোগ্য ; পতনার্হ। ২ [+ অনীয় (ণে), যাদ্বারা পতিত হয়] বি, পাতক ; পাপ।

পতনোন্মুখ [পতন + উন্মুখ] বিণ, যে পড়িয়া যাইবার উপক্রম করিতেছে ; পতনোদ্যত ; যে এখনি পতিত হইবে। "প্রদীপ্ত বহ্নিশিখায় প০ পতঙ্গের ন্যায়"-বঙ্কিম০।

পতপত [অনু০] অ, পতাকা উড়ার শব্দ।

পতর [পত্ (গমন করা) + অর (র্ত্তৃ)] বি, লৌহ পিত্তলাদি ধাতুর পাত। ২ আগাগোড়া পেরেক।

পতর [প্রা০বাং, গ্রা০। সং-প্রত্যয় >] বি, প্রত্যয় ; বিশ্বাস] "আদ্যাশক্তি মোর মনেনা হয় প০। শরযুক্ত বিদ্যা জ্ঞান মেহ বুঝি পায়।"-কবিক০।

পতিরু [পত্ (গমন করা) + অরু (র্ত্তৃ)] বিণ, গমনশীল।

পতা১ [হিং পত্তা। পতাকা (দ্রঃ) ক্ষে০] বি, চিহ্ন।

পতা২ [এই অর্থে পাতা, পাত্তা ও০] ঠিকানা। ২ সন্ধান।

পতাক [পতাকা flag (নাট্য শা০)] বি, অঙ্গাভিনয়বিঃ। বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রসারিত অঙ্গুলি-চতুষ্টয়ের মূল স্পর্শ করিবার মত করিয়া বক্র করণ। নৃত্যারম্ভে, শপথ গ্রহণ কালে, এরূপ ওরূপ কথনে, বারিসিঞ্চনে, দূরস্থ ব্যক্তিকে আহ্বান কালে ও স্পর্শ, মৌন ও আশীর্বাদাদি অভিনয় কালে ব্যবহার্য্য। ~হস্ত-উক্তরূপ করমুদ্রা ধারণ।

পতাকা [পত্(গমন করা) + অক (র্ম্ম) + আ(স্ত্রীং)] বি, ধ্বজপট। ২ নিশান; ধ্বজা। ৩ চিহ্ন। ৪ [নাট্যশা০ পরি:] নাটকের অঙ্গবিঃ; নাটকের মূল বিষয়ান্তর্গত প্রাসঙ্গিক বর্ণনা episode. ৫ [জ্যো০] যন্ত্রবিঃ।

পতাকিক [পতাকা + ইক (যুক্তার্থে)] বিণ, পতাকা সহিত ; ধ্বজযুক্ত।

পতাকিনী [মূ০পতাকিন্] বিণ, পতাকা-ধারিণী। ২ [পতাকাযুক্ত মাস্তুল বা পতাকাবৎ পাল হেতু। মহাভারতে যন্ত্রযুক্ত পোতের উল্লেখ আদি, শান্তি, দ্রোণ ও কর্ণ পর্ব্বে দ্রঃ] বি, বাষ্পপোত ; যন্ত্রযুক্তপোত। ৩ সেনা।

পতাকী [পতাকা + ইন্ (স্ত্যং)=পতাকিন্ ১মা, ১ব০] বিণ, পতাকাধারী ; নিশানধারী [স্ত্রীং ~পতাকিনী]। ২ বি, শুভাশুভ বোধক চক্রবিঃ। ৩ রথ। ৪ সাধারণ সৈন্য ও গ্রামবলসংখ্যসূচক- উপাধিবিঃ। স্ত্রীং পতাকিনী। ~চক্র-বি, জাতকের রিষ্ট্যাদি নিরূপনার্থ জ্যো০ চক্রবিঃ।

পতাপত [অনু০] অ, পতাকা বায়ুভরে উড়িবার শব্দ। ২ পুনঃপুনঃ পতনশীল।

পতি [পা (রক্ষা করা) + অতি (র্ত্তৃ)] বি, রক্ষাকর্ত্তা ; রক্ষক। ২ ভর্ত্তা ; পালক। "স্বামী বনিতার পতি, স্বামী বনিতার গতি, স্বামী বনিতার বিধাতা।"-কবিক০। ৩ প্রভু;

স্বামী। "অনেকের পতি তেঁই পতি মোর বাম"-অ০ ম০। ৪ নেতা ; অধ্যক্ষ ; নায়ক।
~ঘাতিনী [পতি-ঘাতিন্ ঃমা ঃবং=ঘাতী > স্ত্রীং ঘাতিনী] বি, স্বামীহন্ত্রী ; পতিঘ্নী।

পতি/ঘ্ন [পতি-হন্ (বধ করা)+অ (কৃ)। হন্=ঘ্ন্] বিণ, প্রভুহত্যাকারী ; প্রভুহন্তা। > স্ত্রীং. ~ঘ্নী-পতিঘাতিনী ; পতিবধকারিণী।

পতি/আশ, -স [গ্রা০ পিতিআশ। প্রত্যাশা (দ্রঃ) > প্রা০ বাং প্রাকৃ০, ব্রজ০] বি, প্রত্যাশা ; অপেক্ষা। ~আশে,-শেঁ- ক্রি-বিণ, প্রত্যাশায়। "চিরকাল আছো এথা তোর পতিআশে"-শ্রী০ কী০।

পতিংবরা [পতি (স্বামীকে) বৃ (বরণ করা)+অ (কৃ, মধ্যে ম্ আগম)+আ (স্ত্রীং)] বি, যে স্বয়ং পতি নির্ব্বাচন করিয়া লয় ; স্বয়ংবরা।

পতিঙ্গা [সং-পতঙ্গ > ভ্রং] বি, পতঙ্গাকার বর্ত্তিকাশ্রয়। ২ [পত্রিঙ্গা ও০]। পত্রাঙ্গস্বরূপ বৃক্ষের শাখা পল্লবে বেড়ায় বলিয়া] ঐ নামের পক্ষীবিঃ ; বাঁশপাতী পাখী (বং শ০ কোষ)।

পতিত (-তঁ) [পত (গমন করা, পড়া)+ত (কৃ), ই আগম] বিণ, নিম্নগত ; অধোগত। ২ চ্যুত ; স্খলিত। ৩ চলিত। ৪ গলিত। ৫ ভ্রষ্ট। ৬ যে বা যা পড়িয়া আছে ; অবস্থিত ; বিরাজিত। "ও রসে ভোর ওর নাহি পায়ই পতিত কোরে ধরি ভুবন বিয়াপি"-বলরাম০। ৭ উদিত ; আবির্ভূত। প্র-নয়নপথে পতিত। ৮ অকর্ষিত ; অব্যবহৃত (জমি)। ৯ নীতি বা ধর্ম্মপথে পতিত ; স্খলিতচরিত্র ; নষ্টস্বভাব। স্ত্রীং ~া -কুচরিত্রা ; কুলটা ; বেশ্যা। ~জমি [জমি০ পরিঃ] বি, অনাবাদি জমি ; যে জমীতে শস্যাদি উৎপন্ন হয় না সুতরাং খাজনা ও দিতে হয় না। ~পাবন [পতিতের পাবন, ৬তৎ] বিণ, পতিতের উদ্ধারক ; পাপীর ত্রাণকর্ত্তা। > স্ত্রীং ~ী-পতিতো-দ্ধারিণী। ২ গঙ্গা।

পতিতাবাদ [জমি০ পরিঃ] বি, পতিত জমির আবাদ • reclamation of fallow or waste land.

পতিতোৎপন্ন [পতিত (ধর্ম্মভ্রষ্ট হ'তে) + উৎপন্ন (জাত), ৫তৎ] বিণ, পতিতা নারীর গর্ভজাত। স্ত্রীং ~া।

পতিপ্রাণা [পতি (স্বামী) প্রাণ (প্রাণতুল্য) যার, বহং০] বি, স্বামীগতজীবনা ; পতিপরায়ণা ; সাধ্বী ; সতী ; পতিব্রতা।

পতিবত্নী [পতি (স্বামী)+বতু (স্ত্যং০)+ঈ (স্ত্রীং), ন আগম] বিণ, যার স্বামী জীবিত আছে ; সধবা। ২ বি, এরূপ নারী।

পতিব্রতা [পতি (স্বামী) ব্রত যার, বহং০] বিণ, পতিপরায়ণা ; পতিগতপ্রাণা ; সাধ্বী। ২ বি, এরূপ নারী।

পতিয়াই [ব্রজ০। সং-প্রত্যয় >। গ্রা০ বাং-পিত্যয়] বি, প্রত্যয়। "বিরহ পয়োধি পার কিয়ে পায়ব মঝু মনে নাহি প০।" -বি০ প০। ক্রি, পতিয়ানি-প্রত্যয় করা। পতিয়ায়-প্রত্যয় করে।

পাতিয়ান-পাতিয়ান দ্রঃ।

পতিয়াব, পতিযায়ব [ব্রজ০। সং-প্রত্যয় >। পতিয়াই দ্রঃ] ক্রি, প্রত্যয় করিবে ; বিশ্বাস করিবে। "অতয়ে করব কেহ অপযশ গাব। বিদ্যাপতি কহে কো পতিয়াব॥"-বি০ প০। "কি কহব রে সখি কানুক রূপ। কো পতিয়ায়ব স্বপনস্বরূপ॥"-ঐ।

পতীয়ন্তী [পতি+য (কৃ)=পতীয় (পতি > নামধাতু পতীয়তি=পতি কামনা করে) +শতৃ = অৎ, অ লোপ (পানিনী০)= পতীয়ৎ, ন আগম, +অন্তৃ (কলাপ০), অ লোপ=পতীয়ন্ত্ +ঈ (স্ত্রীং)] বিণ, পতিকামা ; পতি-অভিলাষিণী। পুং-পত্নীয়ন্-পত্নীকাম ; পত্নী-অভিলাষী।

পত্তন১ [পত্ (গমন করা)+তন (ধি), যে স্থানে লোকে ক্রয়বিক্রয়ার্থ গমন করে] বি, নগর ; সহর। ২ উপনিবেশ। ৩ ভিত্তিভূমি। ৪ বি, সূত্রপাত ; আরম্ভ। "গ্রাম দীঘি নগর সে করিবে পত্তন"-অ০ ম০। ৫ [সং-প্রত্যয়ন > হিং পতা. বাঃ পত্তন] খোঁজ ; সন্ধান। "পার্ব্বতী প০ পেয়ে প্রশ্ন কৈল তাকে। জিজ্ঞাসতো মাণিক অঙ্গুরী দিলা কাকে॥" -শি০। ৬ লম্বাই ; ঝুল ; প্রাচুর্য্য ; বহর। প্র-কোঁচার প০।

পত্তন২ [জমি০ পরিঃ] বি, জমিদারের নিকট নির্দ্দিষ্টহারে ও মেয়াদে ভূমি-স্বত্ব ; জোত জমা বা প্রজাস্বত্ববিঃ tenure. ~দার-জোত-দার middle class tenure-holder. গ্রহণ করিয়া যারা প্রজার নিকট বিলি করে।

পত্তনাধ্যক্ষ [পত্তন+অধ্যক্ষ, ৬তৎ] বি, পণ্য পত্তনের অধ্যক্ষ Port commissioner [পণ্য দ্রঃ]।

পত্তনি [সং-পত্তন দ্রঃ] বি, নির্দ্ধারিত খাজনা করা ভূসম্পত্তি। ২ যে গ্রাম বা নগর রাজাকে নির্দ্ধারিত কর দিবার নিয়মে বসান হইয়াছে। ~দার, পত্তনীদার [পত্তন দ্রঃ] রাজার বা জমিদারের নিকট হতে যিনি গ্রাম বা নগরাদির বা জমির পত্তনি লইয়াছেন tenure or lease holder ; farmer. দরপত্তনি-পত্তনিদারের অধীনস্থ পত্তনি sub-tenure. দরপত্তনিদার-যিনি দরপত্তনি লইয়াছেন [ফা০ দর্-ভিতর, অন্তর্গত, অধীন] সেপত্তনি [গ্রা০ ছেপত্তনি] দরপত্তনিদারের নিকট হতে গৃহীত পত্তনি। ফা০ সে=তিন=ছে। > সেপত্তনিদার, ছেপত্তনিদার [ফা+উর্দ্দূ] দরপত্তনিদারের নিকট হতে যিনি পত্তনি লইয়াছেন।

পত্তর [পত্র (১৩দ্রঃ) >, গ্রা০] বি, সমূহ ; প্রভৃতি ; ইত্যাদি। প্র-বিছানা পত্তর। খরচপত্তর। আসবাব পত্তর।

পত্তি১ [পদ্ (গমন করা)+তি (কৃ), পদব্রজে যারা গমন করে] বি, পদাতিক সৈন্য। "অশ্বারোহী অশ্বারোহী পত্তি পত্তি যুঝে।"-মহা০ (কাশী০)। ২ সেনাদলবিঃ ; যে সেনাদলে এক হস্তী, এক রথ, তিন অশ্ব ও পাঁচ পদাতিক থাকে। ৩ পঞ্চান্ন (৫৫) জন নরসৈন্য। ৪ বীর। ৫ [ভা০ তি] গমন ; গতি।

পত্তি২, পত্যি [গ্রা০। সং-পথ্য > ভ্রং] বি, পথ্য ; রোগী বা সদ্যোরোগমুক্ত ব্যক্তির হিতজনক আহার্য্য দ্রব্য। "সেটা ত পুষ্যি এঁড়ে, দস্তি ভেড়ে নস্তি কর তারে, উঠে ধানে পত্তি যেন না করিতে পারে।"-ঈ০ গুপ্ত।

পত্তি৩ [প্রতি >। গ্রা০ পতি, পয়তি.

পিতি, পিরতি। কুচবিহার প্রাদে॰ পত্তি] বিণ, প্রতি ; প্রত্যেক। "পত্তিদিনে" (=প্রতিদিন)।

পত্তুস-প্রত্যূষ দ্রঃ।

পত্নী [পতি+ঈ (স্ত্রীং), ন আগম] বি, ভার্য্যা ; জায়া ; সহধর্ম্মিণী। ~প্রিয় [৬তৎ] বিণ, ভার্য্যার ভালবাসার পাত্র। ২ [৭তৎ] ভার্য্যায় অনুরক্ত। ~প্রেম-ভার্য্যার প্রতি ভালবাসা। ~বৎসল [৭তৎ] বিণ, ভার্য্যায় যার অনুরাগ ; পত্নীপ্রিয় ; পত্নীর প্রতি একান্ত অনুরক্ত।

পত্র, পত্র [পত্ (গমন করা)+ত্র (র্ত্তৃ)] বি, বৃক্ষপত্র ; গাছের পাতা। ২ পুস্তকের পৃষ্ঠা। ৩ লিপি ; চিঠি। ৪ আদেশ লিপি। ৫ অঙ্গীকার পত্র। ৬ [+ত্র (ণে)] পক্ষ ; পাখা ; পালক। ৭ স্বর্ণ রৌপ্যাদির পাত। ৮ বাণের পক্ষ। "বায়ু বসে পত্রভাগে শমন শরের আগে করাল ভৈরবী দুই ভুজে।"-কবিক॰। ৯ শরপত্র। ১০ পত্রলতা। ১১ যানাদি ; শকটাদি ; বাহন। ১২ বিবাহের সম্বন্ধ নির্দ্ধারক ব্যবস্থা বা প্রতিজ্ঞাপত্র। ১৩ সমূহ ; ইং ; আদি ; আর আর। প্র- জিনিসপত্র। খরচপত্র। ~ক [সং] বি. পাতা। ২ তেজপাত। ৩ পত্রাবলী রচনা। ৪ [পরিঃ (ত্রিবেদী॰)] বি, ইং potassium এর বৈজ্ঞা॰ পরিঃ। প॰ করা-বিবাহের সম্বন্ধ পাকা করা। ~কীট-বি, পাতার পোকা ; যে কীট সর্ব্বদা পুস্তকের পৃষ্ঠায় থাকে। ~দারক [পত্র (পত্র সদৃশ) দারক (বিদারক)] বি, করাত। ~নবীশ-বি, পত্রব্যবহার বিভাগের ভার-প্রাপ্ত কর্ম্মচারির উপাধি। ~পাঠ-চিঠি পড়িবামাত্র ; সংবাদ পাইয়া তৎক্ষণাৎ বা অবিলম্বে। ~পুট [পত্রের পুট] বি, পত্র দ্বারা রচিত পাত্র ; পাতার ঠোঙ্গা। ২ পিঁপড়ার বাসা। ~পুটা-মেঠ দ্রঃ। ~পুষ্প [পত্র (পাতা) পুষ্প (পুষ্পতুল্য) যার, বহু॰] বি, রক্ততুলসী। স্ত্রীং ~পুষ্পা-তুলসী। ~পুষ্পক [পত্রপুষ্প+ক (জ্ঞা॰)] বি, ভূর্জ্জ-পত্র বৃক্ষ। ~বন্ধ [পত্রের (পাতার) ন্যায় বন্ধ (রচনা) যার, বহু॰] বি, পত্র-পুষ্পাদি রচনা। ২ [পত্র দ্বারা বন্ধ, ৩তৎ] পাতালতার সাজ-সজ্জা। ৩ চিত্রকাব্যবিঃ। ~বল্লী-বি, পত্ররেখা। ~বাহ, ~বাহক [পত্র (পক্ষ) বাহ,-ক (যে বহন করে)] বি, বাণ। ২ বিণ, পত্রবাহক ; লিপিবাহী ; ডাক-হরকরা। ~বিশেষক [পত্র (পত্রাকৃতি) বিশেষক (তিলক), ম॰ প॰ লো॰] বি, অঙ্গে পত্রাঙ্কন ; অলকা তিলকা। ~বেষ্ট [পত্র (পত্রাকৃতি) যে বেষ্ট (বলয়), ম॰ প॰ লো॰] বি, কর্ণালঙ্কারবিঃ ; তাড়। ~ভঙ্গ [৬৪ কলা-বিদ্যায় অন্তর্গত] বি, পত্রবিশেষক দ্রঃ ; শরীর-শোভাবর্দ্ধনার্থ স্তনকপোলাদিতে চন্দন কস্তুরি ইং দ্বারা পত্র পুষ্পাদি রচনা ; অলকা-তিলকা। ~মঞ্জরী [পত্রের মঞ্জরী (অগ্রভাগ), ৬তৎ] বি, পাতার মঞ্জরী ; পাতার অগ্রভাগ। ২ [পত্রের মঞ্জরীর ন্যায় মঞ্জরী যার, বহু॰] বি, পত্রমঞ্জরীর ন্যায় আকৃতি তিলক রচনা। ~রচনা-বি, বিশেষকচ্ছেদ্য নামক কলাবিদ্যার অন্তর্গত ললাট ও কপোলে তিলকরচনা। ~রথ [পত্র (পক্ষ) রথ যার, বহু॰] বি, বাণ। ~রেখা, ~লেখা [পত্র (আকৃতি) রে(লে)খা] বি, স্তন কপোলা-দিতে পত্রাদির চিত্র-রচনা ; পাতাকাটা। ~ল [ভ্রং পাতল] বিণ, পাতলা। ~সূচি-বি, কাঁটা। ২ পুস্তকাদির সূচীপত্র। ~হরিৎ [উদ্ভিদ॰ (সা॰ প॰ প॰)] বি, chlorophylএর বৈজ্ঞা॰ পরিঃ। আদেশ-পত্র-বি, হুকুমনামা। গৌরবপত্র-বি, প্রশংসাপত্র certificate. চরমপত্র-বি, উইল। চিঠিপত্র-চিঠি ও তৎস্থানীয় লেখ। নিয়োগপত্র-কোন কর্ম্ম বা পদে নিযুক্ত-করণ জ্ঞাপকপত্র letter of appointment. মানপত্র-বি, উপাধিদান পত্র ; ডিপ্লোমা।

পত্রাখ্য [পত্র (পাতা)+আখ্যা (নাম) যার, বহু॰] বি, তেজপাত। ২ তালীশপাতা।

পত্রাবলি, ~বলী [পত্র (পত্রের)+আবলি,-লী (শ্রেণী), ৬তৎ] বি. পত্রভঙ্গ ; অলকা-তিলকা ; স্ত্রীদিগের বক্ষঃ কপোল ও করস্থিত চিত্রসমূহ। ২ লিপিসমূহ।

পত্রালী [পত্র+আলী (শ্রেণী)] বি. পত্রশ্রেণী ; পত্রসমূহ ; পত্রাবলী। ২ লিপি-সমূহ ; চিঠিপত্রের সমষ্টি।

পত্রিকা [পত্র+ক (স্বার্থে)-আ (স্ত্রীং), ই আগম] বি, লিপি ; পত্র ; চিঠি। ২ সংবাদ-পত্র ; খবরের কাগজ ; সাময়িক পত্র। জন্মপত্রিকা-জন্ম-লগ্নাদির সহিত মিলাইয়া জাতকের শুভাশুভ-নির্ণায়ক জ্যোতিষিক-গণনাপত্র। মাসিক-পত্রিকা-প্রতি মাসে প্রকাশ্য এবং নানা লেখকের নিকট হ'তে সংগৃহীত বিবিধ বিষয়ক রচনা-সম্বলিত পুস্তক।

পত্রিণী [পত্রিন্+ঈ (স্ত্রীং)] বি. কিশলয় ; পল্লব ; নবপত্র।

পত্রিঙ্গা-পতিঙ্গা দ্রঃ।

পত্রী [পত্র (পক্ষ)+ইন্ (স্ত্য॰)=পত্রিন ১মা, ১ব॰] বি, পক্ষী। ২ শ্যেন। ৩ পু॰ মতে পর্ব্বত পূর্ব্বে পক্ষযুক্ত ছিল] শৈল ; পর্ব্বত। ৪ [পক্ষযুক্ত বলিয়া] বাণ ; শর। ৫ রথ। ৬ [পত্র (পাতা) আছে যার, বহু॰] বৃক্ষ। ৭ তালগাছ। ৮ বিণ, পত্রবিশিষ্ট। ৯ পত্রবহুল। ১০ [পত্র+ঈ (ক্ষুদ্রার্থে)] বি, পত্রিকা ; চিঠি।

পত্রোদগম [পত্র+উদ্গম] বি, নূতন পাতা গজান ; অঙ্কুর হ'তে পাতার উদ্ভেদ।

পত্রোল্লাস [পত্র+উল্লাস (ঔজ্জ্বল্য, হর্ষ, প্রকাশ ইং) হয় যাতে বা যদ্দ্বারা, বহু॰] বি, ফুলের কুঁড়ি ; মুকুল।

পথ [পথ্ (গমন করা)+অ (ণে) যা দ্বারা গমনাগমন করা যায়। প্রাদে॰ মুর্শি॰ ও পূ॰ রাঢ়ে-থা (থাঁ) টা, প॰ রাঢ়ে-গাহন] বি, সরণি ; রাস্তা। ২ রন্ধ্র ; ছিদ্র ; দ্বার। ৩ কৌশল ; উপায়। ~ক [পথ+ক (অভিজ্ঞ বা কুশলার্থে)] বিণ, পথিক। ২ পর্য্যটন-কুশল ; যে পথ চেনে। ~কর (-থ-) বি, রাজা বা জমিদার কর্ত্তৃক পথ নির্ম্মাণের জন্য প্রজার দেয় কর বা শুল্ক। ~কার-বিণ, পথ প্রস্তুতকারক। ~খরচ-পথের ব্যয় ; পাথেয়। ~চলতি-বিণ, যে পথে চলে বা চলিতেছে। "পথচলতি লোকেরা বিভিন্ন জাতের ও বিভিন্ন বর্ণের"-জ্যোতি॰ ঠাকুর। ~চারী-বিণ, পথে বিচরণকারী ; পথিক ; ভ্রমণকারী ; ভ্রাম্যমান্। ~চারী বিদ্যালয়-বি, ভ্রমণ করিতে করিতে ছাত্রদের শিক্ষা দেওয়ার জন্য পথিমধ্যে বৃক্ষাদির তলে, মাঠে বসিয়া শিক্ষার স্থান। "দেহের শিক্ষার সঙ্গে মনের শিক্ষার, দেহের সচলতার সঙ্গে মনের

সচলতার যোগ আছে এই আমার দৃঢ় বিশ্বাস ...এই কারণেই আমি মনে করি পথচারী বিদ্যালয়ই বিদ্যালয়ের আদর্শ।"-রবী°। **~পার্শ্ব**-বি, পথের ধার ; রাস্তার ধার। **~প্রদর্শক** [৬তৎ] বিণ, যে রাস্তা দেখাইয়া দেয়। ২ পরিচালক। ৩ উপায় নির্দ্দেশক। **~প্রান্ত** [৬তৎ] বি, পথের ধার ; রাস্তার শেষ সীমা। **~ভ্রষ্ট** [পথ হতে ভ্রষ্ট, ৫তৎ] বিণ, বিপথগামী ; পথচ্যুত। **~ভ্রান্ত** [পথে ভ্রান্ত, ৭তৎ] বিণ, পথহারা। ২ বিপথগামী। > বি, **~ভ্রান্তি**। **~রোধ** [পথের রোধ (অবরোধ, বাধা), ৬তৎ] বি, পথাবরোধ ; গমন পথে বিঘ্ন বা বাধা ; পথ আগুলান। **~হারা**-বিণ, যে পথ হারাইয়াছে। ২ বিপথগামী। **প° করা**-পথ নির্ম্মাণ করা ; পথ প্রস্তুত করা। ২ উপায় করা। **প° আগলানি**-পথ রোধ করা ; যাইতে না দেওয়া। **প° চলা**-হাঁটা ; পদব্রজে গমন করা। **প° চাওয়া**-কোন ব্যক্তির আগমনের প্রতীক্ষা করা। "সই, হেরি ধারাপথ থাকয়ে যেমত, তৃষিত চাতক জনা। আমি সেই মত হয়ে আছি পথ চেয়ে মানসে করি সেরূপ ভাবনা॥"-বাং-গান (হরুঠাকুর)। **প° চেনা,-জানা**-গন্তব্য পথের পরিচয় করা। "পথ চিনে মন পথ ধর অসার অনিত্যে ছাড় মরুভূমে জলের আশে যেও না পড়বে বিপাকে।"-স্কং°। **প° ছাড়া**-পথ হ'তে সরিয়া যাওয়া। ২ কোন পথ ত্যাগ করা অর্থাৎ সে পথ দিয়া গমনাগমন না করা। ৩ অভ্যাস ত্যাগ করা। ৪ উপায় বর্জ্জন করা। **প° জোড়া**-পথ জুড়িয়া থাকা ; গমনাগমনের পথ না রাখা ; পথ বন্ধ করা। **প° দেওয়া**-পথ হতে সরিয়া দাড়ান যাতে অন্যজন যাইতে পারে ; অপরকে পথ ছাড়িয়া দেওয়া। **প° দেখা**-উপায় উদ্ভাবন করা ; উপায়ান্তর অবলম্বন করা। ২ সরিয়া পড়া ; প্রস্থান করা। "এখন পথ দেখ।" **প° দেখানি**-পথ প্রদর্শন ; করা উপায় বলিয়া দেওয়া। ২ কোন কার্য্যে প্রবৃত্ত করা। ৩ রাস্তা দেখান। **প° ধরা**-গন্তব্য পথ অনুসরণ বা অবলম্বন করা। **প° পাওয়া**-গমনা-গমনের রাস্তার বাধা না পাওয়া। ২ [লক্ষ°] কর্ম্ম বা উদ্দেশ্য সাধনের উপায় অবগত হওয়া। **প° পানে চাওয়া**-যে পথ দিয়া বাঞ্ছিত জন আসিবে বা আসিতে পারে সেই পথের প্রতি দৃষ্টিবদ্ধ করিয়া তাহার আগমন প্রতীক্ষা করা। "পথপানে চেয়ে জীবন গোঁয়ানু"-প্রেমলতা। **প° ফেলা**-ক্রমাগত আসা যাওয়া করা। **প° ভোলা**-বিপথে যাওয়া ; গন্তব্য পথে না গিয়া ভ্রমবশতঃ অন্যপথে যাওয়া। **প° বাহির করা**-যেখানে পথ ছিল না সেখানে পথ প্রস্তুত করা ; অজ্ঞাত পথ আবিষ্কার করা। **প° মাড়ানি**-পথে পদার্পণ করা ; পথে আসা বা যাওয়া। **প° সরা**-যাতায়াতের অভ্যাস রাখা ; পথ বন্ধ না হয় তজ্জন্য পথ ব্যবহার করা। **প° হারানি**-পথ ভোলা ; যে পথে যাইতে হ'বে বা যাওয়া উচিত তা না পাওয়া। **পথে হেগে চোখ রাঙানি** [গ্রা°] দোষ করিয়া সঙ্কুচিত না হইয়া উল্টা রক্তচক্ষু করিয়া শাসান। **পথের কুকুর**-বি, যে কুকুর পথে পথে ঘুরিয়া বেড়ায়, কাহারও পালিত নয় অর্থাৎ আশ্রয়হীন, যাকে সকলেই তাড়াইয়া দেয় বা পথ হ'তে সরাইয়া দেয় পাছে ছুঁইয়া ফেলে বা কামড়ায়। "কেন রে বাপু সরব কেন? আমরা সব পথের কুকুর নাকি?"-রাজা (রবী°)। **পথের পথিক**-যে পথিক পথে পথেই ঘুরে ; নিরাশ্রয় পথিক। **চেনা পথ**-যাতায়াতে অভ্যস্ত বা জানা পথ।

পথান [প্রস্থান > ভ্রঃ। প্রা° বাং] বি, প্রস্থান। "কৈলাস প[থান]"-মাণিক°।

পথিক [পথিন্ (পথ) + কন্ (গত্যর্থে), ন্ লোপ] বিণ, গমনকারী ; পর্য্যটনকারী। ২ বি, পান্থ। **~শালা** [পথিকের (ভ্রমণকারীর) শালা (বাসগৃহ), ৬তৎ] বি, পান্থনিবাস ; পথিকাবাস ; সরাই।

পথিকাবাস [পথিক (পথিকের) + আবাস, ৬তৎ] বি, পান্থশালা।

পথিকার [পথিন (পথ) > পথি-কার (যে প্রস্তুত করে)] বিণ, পথনির্ম্মাতা ; যে পথ প্রস্তুত করে।

পথিবাহক [পথিন্ (পথ) > পথি-বাহক (যে বহন করে)] বি, ভারবাহক ; বেহারা। ২ শাকুনিক ; ব্যাধ।

পথুয়া [গ্রা°। পথ + উয়া] বি, পথিক।

পথেঘাটে [পথে (স্থলপথে) + ঘাটে (জলপথে), একার্থক সহ° দ্বন্দ্ব] অ, সর্ব্বত্র ; যত্রতত্র ; যথা তথা ; যেখানে সেখানে। "সংসারে দেবতা কিছু প° পাওয়া যায়না।" -উত্তরা, পৌষ, ১৩৩৩।

পথ্য-বিণ, উপকারক ; হিতকর। ২ আরোগ্য। ৩ যোগ্য। ৪ বি, রোগীর যোগ্য আহারীয় দ্রব্য। ৫ ঔষধিবিঃ। স্ত্রীঃ **পথ্যা**-হরীতকী। **কুপথ্য**-অহিতকর পথ্য **সুপথ্য**-হিতকর পথ্য।

পথ্যাপথ্য [পথ্য + অপথ্য] বি, রোগীর হিতকর ও অহিতকর খাদ্য পানীয়। ২ বিণ, সুপথ্য ও কুপথ্য।

পদ১ [পদ্ (গমন করা) + অ (ণে)] বি, চরণ ; পা। ২ পদচিহ্ন। ৩ [ব্যা°] বাচক শব্দ : বিভক্তিযুক্ত শব্দ ; প্রকৃতি ও প্রত্যয় সাধিত শব্দ [দ্রঃ-বিভক্তিহীন শব্দ পদ নহে]। ৪ শ্লোকের চরণ। ৫ ঐশ্বর্য্য ; অধিকার ; আধিপত্য। ৬ ব্যবসায়। ৭ স্থান। আশ্রয় ; (প্রায়ই) উচ্চ পদ। প্র-এখন উনি পদ পেয়েছেন আর ওঁকে পায় কে? ৮ উপাধি : পদবী। ৯ লক্ষ্য। ১০ ছল ; কপট। **~ক** (-দ-) [পদ + ক (জ্ঞা°)] বি, অলঙ্কারবিঃ ; হার, চেন ই° অলঙ্কারের মধ্যস্থ দোলক। পুরস্কার বা গৌরব প্রাপ্তি নিদর্শনস্বরূপ ধাতুখণ্ড। ২ মেডেল medal. প্র-স্বর্ণপদক ; রৌপ্যপদক ই°। ৩ বিণ, পদবেত্তা। **~কর্ত্তা, ~কার** [পদ-কর্ত্তা, কার] বি, বেদের মন্ত্র পদ বিভাজক গ্রন্থ-প্রণেতা। ২ বিণ, পদকর্ত্তা ; গীতি-পদ্য-রচয়িতা। > স্ত্রীঃ **~কর্ত্রী, ~ত্রী**। **~ক্ষেপ** [পদ (চরণ) ক্ষেপ (নিক্ষেপ, ক্ষেপণ)] বি, পদার্পণ ; চরণবিন্যাস ; পদবিক্ষেপ ; পা ফেলা। **~গৌরব** [পদের গৌরব, ৬তৎ] বি, পদমর্য্যাদা ; আধিপত্যের

সম্মান। ~গৌরবান্বিত [পদগৌরব দ্বারা অন্বিত, ৩তৎ] বিণ, পদগৌরবমণ্ডিত। >স্ত্রীং ~া। ~চারণ, চালনা [পদ (পদের)-চারণ, চালনা, ৬তৎ] বি, পদ-সঞ্চালন; পায়চারি। ~চারী-বিণ, পদব্রজে গমনকারী। >স্ত্রীং চারিণী। ~চিহ্ন [৬তৎ] বি, চরণ-চিহ্ন; পায়ের দাগ; পদাঙ্ক। ~চ্যুত [পদ হ'তে চ্যুত, ৫তৎ] বিণ, স্বাধিকারভ্রষ্ট; অধিকারচ্যুত; আধিপত্যহীন। > স্ত্রীং ~া। ~ছায়া [পদ+ছায়া (সং-পদচ্ছায়া), ৬তৎ] বি, চরণাশ্রয়। "অজ্ঞান তাহার যায় অনায়াসে জ্ঞান পায় যারে তুমি দেহ পদছায়া।"-অ০ ম০। "দীনে দিতে পদছায়া দুষ্টেরে করিতে দয়া দয়াবান্ নাই তোমা বই।"-শি০। ~ত্যাগ [৬তৎ] বি, কর্মত্যাগ; অধিকারবর্জন। ~দলিত [পদ (দ্বারা) দলিত, ৩তৎ] বিণ, চরণমর্দিত; চরণাহত; পদপিষ্ট। > স্ত্রীং ~া। ~ধূলি [৬তৎ] বি, পদরেণু; পায়ের ধুলা। ~ন্যাস [পদের ন্যাস (অর্পণ), ৬তৎ] বি, পদার্পণ: পা ফেলা। ~পঙ্কজ [পদ (রূপ) পঙ্কজ, রূপক ধা] বি, পাদপদ্ম। ~পল্লব [পদ (রূপ) পল্লব, রূপক ধা] বি, কিশলয় সদৃশ কোমল চরণ। ~পাঠ [পদের পাঠ যাতে, বহু০] বি, বেদের পদ-বিভাজক গ্রন্থবিঃ। ~প্রান্ত [৬তৎ] বি, চরণতল; পদনিম্ন; পায়ের তলা। ২ চরণের অগ্রভাগ। ~প্রার্থী [৬তৎ] বিণ, প্রাধান্যলাভেচ্ছু; অধিকার লাভেচ্ছু। ২ চরণাভিলাষী; চরণপ্রার্থী। > স্ত্রীং ~প্রার্থিনী। ~বি (বী) [পদ (চরণ) দ্বারা বি, (গমন করা) ~ যেথানে, বহু০] বি, রাস্তা; পথ। ২ [পদ+অবি (প) যে রক্ষা করে)] উপনাম। [প [পদ্ধতি >, দ্রং-পদ্ বিং, পদ্দী-প্রা০] ৩নাম; উপাধি। ৪ পদ্ধতি। ~বিক্ষেপ [৬তৎ] বি, পদন্যাস দ্রঃ। ~বিচ্ছেদ [৬তৎ] বি, একপদ হ'তে অন্য পদের বিচ্ছেদ; সংযুক্ত পদের বিয়োগসাধন। ২ পদ ছিন্ন-করণ। ~বিন্যাস-বি, পদক্ষেপ; চরণ-স্থাপন। ~বিন্যাসরীতি-পা রাখিবার ধরণ বা পদ্ধতি। ~ব্রজ [পদদ্বারা ব্রজ (গমন), ৩তৎ] বি, হাঁটিয়া গমন; চলন। ক্রি-বিণ, ~ব্রজে প্র-তিনি পদব্রজে গমন করিলেন। ~ভঞ্জন পদের ভঞ্জন (বিভাগ) করা হইয়াছে যাতে, বহু০] বি, দুরূহ শব্দের ব্যাখ্যা; কঠিন পদ সকলের অর্থনির্ণয়। ২ নিরুক্ত গ্রন্থ। ~ভূষণ-বি, চরণালঙ্কার। ~মদমত্ত [পদ (পদ-মদ দ্বারা) মত্ত, ৩তৎ] বিণ, উচ্চ অধিকার লাভে গর্বিত; আধিপত্যের অহঙ্কারে অহঙ্কৃত। ~মর্য্যাদা [পদ-মর্য্যাদা, ৬তৎ] বি, পদ-গৌরব। ~ভর [পদ+ভর=ভৃ (ভরণে)+অ (র্তৃ)] বি, পদভর; পায়ের চাপ দিয়া সমস্ত শরীরের ভার। ২ [লক্ষ০] নির্ভর। পদভর করে বসা (কাঁধে)-সম্পূর্ণ নির্ভর করা; স্কন্ধে চাপা; নিজের জীবিকার দায়িত্ব ও সকল ব্যয় ভার পরের উপর চাপাইয়া দেওয়া। "সব খুইয়ে আমার কাঁধে পদভর করে বসেছেন।"-ব০ বাণী, ১৩৩৩। ~যুগল-বি, দুটি পা। ~রজ, ~রজঃ [পদ-রজঃ, ৬তৎ] বি, চরণধূলি; পদরেণু; পায়ের ধুলা। ~লেহন [৬তৎ] বি, চরণ-লেহন; পা চাটা। ২ [লক্ষ০] তোষামোদ। ~শব্দ [৬তৎ] বি, পদধ্বনি; পায়ের শব্দ [~শব্দ করা, -পাওয়া, -শোনা, -হওয়া]। ~ষ্ঠীব [পদ-অষ্ঠীব, সমাহার দ্বন্দ্ব] বি, জানু ও চরণদ্বয় একত্র। ~সেবা [৬তৎ] বি, পদ মর্দনাদি। ~স্খলন [৬তৎ] বি, পদচ্যুতি; পা পিছলাইয়া পতন। বিণ, ~পদস্খলিত। > স্ত্রীং ~া। ~স্থ [পদ-স্থ (স্থিতি)] বিণ, পদে বিদ্যমান; অধি-কারে অবস্থিত; পদাধিষ্ঠিত। > স্ত্রীং ~া। পদে থাকা-চরণে সংলগ্ন থাকা। ২ কোন প্রকারে স্বস্থানে থাকা; পদচ্যুত না হওয়া [তুলনার্থে ব্যবহৃত]।

পদ২ [পুং বঙ্গ প্রাদে০] বি, তরকারী বা ব্যঞ্জনের রকম বা পর্য্যায় number of dishes, course. প্র-আজ কটা পদ হ'ল?

পদউধু [প্রা০ বাং] বি, দোয়েল পাখী। "প০ কাক কোকিলের ডাক জানাইল রজনী শেষ।"-চণ্ডি০। ২ [পদ+আয়ুধ= পদায়ুধ >। সা০ প০ প০ ১৩২৩, ৩৭ পৃ। বৈষ্ণব পদলহরী ই০ গ্রন্থের টীকায় "দোয়েল পাখী" আছে বটে, কিন্তু তাতে অর্থসঙ্গতির অভাব দৃষ্ট হইতেছে। অভিধানে "চরণায়ুধ" "নখরায়ুধ" দ্রঃ] কুক্কুট।

পদখিন-প্রদক্ষিণ দ্রঃ।

পদা-পদাতি দ্রঃ।

পদাংশ [পদ+অংশ, ৬তৎ। তামিল-পদম] বি, শব্দাংশ syllable.

পদাঘাত [পদ+আঘাত, ৬তৎ] বি, চরণাঘাত; পদপ্রহার; লাথি।

পদাঙ্ক [পদ+অঙ্ক (চিহ্ন), ৬তৎ] বি, চরণচিহ্ন; পায়ের দাগ। "প০ অঙ্কিত করি সমুদ্র-সৈকতে"-হেম০।

পদাতি, পদাতিক [পদ (চরণ)-অৎ (গমন করা)+ই (র্তৃ), +ক (স্বার্থে)] বিণ, পদব্রজে গমনকারী। ২ বি, পাদচারী সৈনিক; পদাতিক সেনা। ৩ পিয়াদা; সংবাদবাহক। ৪ পাইক। ম০ বাং পদ্যে ছন্দার্থ 'পদা'। "একলক্ষ নৃপতির পদা অগণিত।"-মহা০ (কাশী০)।

পদানি [পদ+আন (ক্রিয়ায়)] ক্রি, প্রশংসা করা। ২ পদসঙ্কেত করা।

পদানত [পদ+আনত] বিণ, চরণে নিপতিত। ২ অধীন। ৩ সম্পূর্ণ বশীভূত।

পদানুবর্ত্তী [পদ+অনুবর্ত্তী] বিণ, পদের অনুসরণকারী। স্ত্রীং পদানু-বর্ত্তিনী-অনুগামিনী।

পদান্বয় [পদ+অন্বয়] বি, অন্বয় সহিত পদনির্বাচন। ২ পদের অন্বয়।

পদাবনত [পদ (পদে)+অবনত, ৭তৎ] বিণ, পদতলে পতিত; পায়ে পড়িয়াছে এমন; অতি বিনত; কৃপাপ্রার্থী। ২ সম্পূর্ণ পরাজিত ও বশ্যতায় স্বীকৃত। স্ত্রীং ~া।

পদাম্বুজ [পদ+অম্বুজ, রূপক ধা] বি, চরণ-রূপ পদ্ম; পাদপদ্ম; পদারবিন্দ; চরণোৎপল। "পদাম্বুজানত সুদীন ভারত গুভঙ্কর" -অ০ম০। "নমি আমি, কবিগুরু, তব পদা-ম্বুজে"-মেঘ০। ~রজঃ-বি, চরণপদ্মের ধূলি।

পদাম্ভোজ [পদ+অম্ভোজ। পদরূপ যে অম্ভোজ (পদ্ম), রূপক ধা] বি, পদাম্বুজ ; পাদপদ্ম।

পদার [পদ+অর (ধূলি), ৬তৎ] বি, চরণরেণু: পদরজঃ ; পায়ের ধূলা। ২ ["পদারঃ পাদ ধূলৌ স্যাৎ পাদালিন্দেঽপি"-মে°] নৌকা। ~**বিন্দ** [পদ (চরণ) রূপ যে অরবিন্দ (পদ্ম), রূপক ধা] বি, চরণপদ্ম ; চরণকমল ; পাদপদ্ম। "শ্যামক পদারবিন্দ ভানুসিংহ বন্দিছে।"-রবী°।

পদার্থ [পদ (শব্দ)+অর্থ (অভিধেয়), ৬তৎ] বি, বৈশেষিক দর্শনে-দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ, সমবায় ও অভাব ; শব্দের প্রতিপাদ্য। ২ দ্রব্য ; বস্তু। ৩ সার ; সত্ত্ব substance. ৪ [বিজ্ঞা°] কঠিন তরল অনিল (body) ই° অবস্থা-দ্যোতক শব্দ। দ্রব্য দ্রঃ। ৫ [পরিঃ] বি, নানার্থ বা একার্থের একাধিক ভেদাত্মক কোন শব্দ আলোচ্য বিষয় সম্পর্কিত গ্রন্থ হতে বাক্যমধ্যে পূর্ব্বাপর সামঞ্জস্য বজায় রাখিয়া একই অর্থ দ্যোতনা করিলে তাহা পদার্থ নামে অভিহিত হয়। "চিকিৎসা গ্রন্থে বেদ ব্যাখ্যা করিব বলিলে আয়ুর্ব্বেদ বুঝাইবে" -সুশ্রুত। জড় দ্রঃ। ~**দর্শন**-বি, পদার্থ সমূহের প্রকৃত তত্ত্ব-নির্ণায়ক শাস্ত্র ; বস্তুবিজ্ঞান natural philosophy. ~**বিজ্ঞান** [পদার্থ সম্বন্ধীয় বিজ্ঞান, ম° প° লো°] বি, প্রাকৃতিক বিজ্ঞান ; পদার্থ সম্বন্ধে বিশেষ জ্ঞানদায়ক শাস্ত্র natural science. ~**বিৎ**-বিণ, প্রাকৃত তত্ত্বজ্ঞ ; বৈজ্ঞানিক ; দার্শনিক। ~**বিদ্যা** [পদার্থ সম্বন্ধীয় বিদ্যা, ৬তৎ] বি, বস্তুবিজ্ঞান; যে বিদ্যা দ্বারা চেতনাচেতন উদ্ভিদাদির উৎপত্তি, গুণ ও কর্ম্মাদি সম্বন্ধে জ্ঞানলাভ করা যায়।

পদার্পণ [পদ+অর্পণ, ৬তৎ] বি, চরণ-বিন্যাস ; পদস্থাপন ; পদক্ষেপণ। ২ প্রবেশ।

পদাশ্রয় [পদ+আশ্রয়, ৬তৎ] বি, চরণাশ্রয় ; পদছায়া। বিণ, **পদাশ্রিত**-চরণাশ্রয়-প্রাপ্ত। ২ অধীন ; অনুগত ; পদানত। > স্ত্রীঃ **পদাশ্রিতা**।

পদাসন [পদ+আসন, ৬তৎ] বি, পাদপীঠ ; পদস্থাপনের স্থান ; চৌকি, পিঁড়া অথবা পা রাখিবার অন্যবিধ আসন।

পদাহত [পদ (দ্বারা)+আহত, ৩তৎ] বিণ, পদ দ্বারা প্রহৃত ; যাকে লাথি মারা হইয়াছে ; পদাঘাতপ্রাপ্ত। স্ত্রীঃ ~া।

পদিক [সং] বি, বিণ, পদাতিক।

পদিনা, পুদিনা [ফা°] বি, একপ্রকার ছোট ছোট পাতার সুগন্ধি শাক ; কাঁচা আম অথবা তেঁতুল, অল্পাধিক পরিমাণে লবণ, মিষ্ট, লঙ্কা ও মৌরীর সহিত বাটিয়া ইহার চাটনি প্রস্তুত হয়।

পদী [প্রাদে°] বি, নৌকার পরিমাণবিঃ।

পদীপ, -ম [প্রদীপ (দ্রঃ) >] বি, প্রদীপ। ২ দীপাধার ; পিলসুজ ; দেরকো।

পদুনা, পুদুনা ["পুদয়না" মতান্তরে পদ্মাননা বা পদ্মিনী > পদুমিনী(া), আদরে প(পু)দুনা] বি, অদুনার সহোদরা এবং স-পত্নী। অদুনা দ্রঃ। অদুনার সহিত রাজা মানিক চন্দ্রের বিবাহে পদুনা যৌতুক স্বরূপে প্রদত্তা হইয়াছিলেন। "উদুনা করিয়া বিভা পুদুনা পাইলাম দান।"-গোবিন্দ গীত। "অদুনাক দিয়া বিবাহ পদুনাক দিল দানে।"-মাণিক°।

পদুম, পদুমা [সং-পদ্মা > প্রাকৃ° পদমা, পদুমা। তুল-পদ্মিনী > পদুমিনী] বি, পদ্মানদী। "পদ্মরাগমণিগণ পদুমার ধারা।"-কবিক°। "পদুম"-মৈ° গী°।

পদুমিনী [সং-পদ্মিনী > ব্রজ°। প্রা° পদ-সাহিত্যে] বি, পদ্মিনী ; শ্রেষ্ঠানায়িকা ; কমলনয়ন, কৃশঅঙ্গ, দীর্ঘকেশ, মৃদুবাক্য এবং পদ্মের ন্যায় সৌরভ ই° লক্ষণাক্রান্তা রমণী। "একে ধনি প° সহজহি ছোটি।"-বি প°।

পদুয়া [গ্রা°। পদ+উয়া] বিণ, পদজ্ঞ ; পদো ; পদসাধক।

পদেপদে [[illegible]ঃ] ক্রি-বিণ, প্রতি পদে; প্রতি বারে ; প্রতি [illegible]ক্ষেপে ; প্রতি কার্য্যে। "আমায় ছ'জনায় [illegible]মিলে পথ দেখায় বলে-প° পথ ভুলি হে।"-রবী°।

পদোদক [পাদ+উদক, ৬তৎ] বি, পাদোদক ; পাধোয়া জল। "প্রেমময়ী পার্ব্বতী পাইয়া প্রাণনাথে। পাখালিয়া পদ প° নিলা মাথে।"-শি°।

পদোন্নতি [পদ+উন্নতি, ৬তৎ] বি, ক্ষমতার বৃদ্ধি ; পদের উৎকর্ষ।

পদ্দী [পদ্ধতি > পদ্ধি > পদ্দী] বি, পদ্ধতি ; প্রথা ; নিয়ম। ২ [পদবী > পদ্বী >] পদবী ; উপাধি।

পদ্ধতি, -তী [পদ্ (পা) +হতি (আঘাত), যাকে পদ দ্বারা আঘাত করা হয়] বি, পথ। "উড়াইতে উঠে পক্ষী আকাশ পদ্ধতি"-ঘ°। "প্রাণ লয়ে পালাতে পদ্ধতি খুঁজে বুলে"-ঐ। ২ [গ্রা° পদ্ধিৎ, পদ্ধিৎ] রীতি; নিয়ম। ৩ প্রণালী। ৪ উপাধি ; পদবী [গ্রা° পদ্দী]। ৫ শ্রেণী ; পঙক্তি। ৬ প্রবাহ। ৭ আচার গ্রন্থ। ৮ রেখা।

পদ্ধিৎ-পদ্ধতি দ্রঃ।

পদ্ম (পদ্দ) [পদ্ (জলে গমন করা)+ম (র্তৃ)]। গ্রা° পদ্দো। ব্রজ° পদুম। প্রাকৃ° পদম। পদমকাঠ=পদ্মকাষ্ঠ] বি, উৎপল ; পঙ্কজ [শ্বেত, রক্ত, নীল বর্ণভেদে পদ্ম নানাপ্রকার হয়]। ২ সর্পবিঃ ; পদ্ম-গোখুরা। ৩ সংখ্যাবিঃ ১০০০০০০০০০০০০০০। ৪ নিধিবিঃ। ৫ রতিবন্ধবিঃ। ৬ ব্যূহবিঃ। ৭ তন্ত্রোক্ত দেহাভ্যন্তরীন্ ষট্‌চক্রবিঃ। প্র-হৃদ্‌পদ্ম, নাভিপদ্ম ই°। ৮ হস্তিশুণ্ড ও হস্তিমস্তকোপরিস্থ চিহ্নবিঃ ; শ্বেত, রক্ত, নীল বর্ণভেদে পদ্ম বিভিন্ন প্রকার। ৯ [সামুদ্রিক°] পদতলে সৌভাগ্যসূচক চিহ্নবিঃ। ১০ কণ্ঠ-ভূষণবিঃ। ১১ [বাস্তুবিদ্যা] স্তম্ভাদির সপ্তমাংশ। ১২ [বাস্তুবিদ্যা] এক মেঝের উপর নির্ম্মিত এক চূড়ার অষ্টহস্ত প্রমাণ গৃহ। ~**আঁখি**-আঁখি দ্রঃ। ~**ক** [পদ্ম + ক (সাদৃশ্যার্থে)] বি, অঙ্গে (বিতঃ হস্তীর অঙ্গে) পদ্মের ন্যায় রক্তবর্ণ চিহ্ন। ২ পদম কাঠ। ৩ কুষ্ঠ। ~**কর** [পদ্ম করে (হস্তে) যার, বহু°] বি, কমলধারী সূর্য্যদেব। ২ পদ্মপুষ্পবৎ কর ; করকমল। ৩ পদ্মবৎ রক্তবর্ণ কিরণ। "ফুল-কুল-সখী উষা যখন খুলিবে পূর্ব্বাশায় হৈমদ্বার পদ্মকর দিয়া" -মেঘ°। ~**কাঁটা** [সং-পদ্মকণ্টক] বি, চর্ম্ম-রোগবিঃ ; ত্বকের উপর মৃণালের কণ্টকবৎ কাঁটা কাঁটা হইয়া উঠে বলিয়া এই নাম lichen papilaris. ~**কাষ্ঠ, -কাঠ**-পদ্ম-গন্ধযুক্ত কাষ্ঠবিঃ। ~**কেশর**-পদ্ম ফুলের সূক্ষ্ম সূত্র-যাতে পরাগ থাকে। ~**কোষ**

[প০-কোষ (কোরক)] বি, কমলকলি। ২ [নাট্য শা০] করপুট উপুড় ও অঙ্গুলিগুলি পৃথক্ করিয়া কাঁকড়ার পায়ের মত বাঁকাইয় ধরিলে পদ্মকোষ সদৃশ দেখায়, ইহা অঙ্গাভিনয়ে কল. পুষ্পকোরক, আম্র, পুষ্পবৃষ্টি, পুষ্পগুচ্ছ, ঘণ্টা, সর্পের গর্ত্ত, ডিম্ব, কুমুদ ই০ বুঝায়। ~গঁন্ধ [৬তৎ] বি, পদ্ম ফুলের সৌরভ। ২ বিণ, যার পদ্মের ন্যায় গন্ধ আর বিণ, ~গন্ধি-পদ্ম ফুলের সৌরভবিশিষ্ট ~গর্ভ১ [৬তৎ] বি, পদ্ম পুষ্পের অভ্যন্ত ২ বি, ব্রহ্মা। ~গঁর্ভ২ [রাস : পরিঃ] বি, শুক্তিকা oyster. ~জঁ [পদ্ম (বিষ্ণুর নাভি কমল) + জ (জাত)] বি, কমলযোনি ; ব্রহ্মা। ~তন্তু [পদ্ম তন্তু (সূত্র), ৬তৎ] বি, পদ্মনাল ; মৃণাল। ~নাথ [৬তৎ] বি. সূর্য্য। ~নাভ [পদ্ম (কমল) নাভ (নাভি) যার, বহু০] বি, বিষ্ণু। ২ [বিষ্ণুর নাভিপদ্মে ব্রহ্মার জন্ম বলিয়া] ব্রহ্মা। "জগন্নাথ মুরহর পদ্মনাভ গদাধর মুকুন্দ মাধব নারায়ণ।"-অ০ ম০। ৩ নাগবিঃ। ৪ ধৃতরাষ্ট্রের শতপুত্রের মধ্যে একজন। ~নাল [৬তৎ] বি, মৃণাল, ~নেত্র [পদ্মের তুল্য নেত্র যার, বহু০] বিণ, কমললোচন : পদ্মতুল্য নয়নবিশিষ্ট। ২ বি, বুদ্ধবিঃ। ~পঁত্র [৬তৎ] বি, কমলদল ; পদ্মপাতা। ~পঁরাগ [৬তৎ] বি, পদ্মের রেণু ; পদ্মরজঃ। ~পঁলাশ [পদ্ম (পদ্মের) পলাশ (পত্র), ৬তৎ] বি, পদ্মপাতা। ~পঁলাশলোঁচন [পদ্মের পলাশ (পত্র, পাপ্‌ড়ি) সদৃশ আয়ত লোচন যার, বহু০] বি, বিষ্ণু ; পদ্মের পাপ্‌ড়ির মত আয়ত নয়নবিশিষ্ট। ~পাণি [পদ্ম (কমল) পাণিতে (হস্তে) যার, [বহু০ বি, পদ্মকর ; সূর্য্য। ২ পদ্মের ন্যায় কোমল হস্ত। ৩ বিষ্ণু। ৪ ব্রহ্মা। ৫ বিণ, যার হস্তে পদ্ম আছে ; পদ্মহস্ত। ~পুরাণ-বি, মহর্ষি বেদব্যাস কৃত মহাপুরাণবিঃ। ~প্রভঁ [পদ্মের তুল্য প্রভা যার, বহু০] বিণ, পদ্মতুল্য প্রভাবিশিষ্ট। ~প্রিয়া [পদ্ম প্রিয় (মনোজ্ঞ) যার, বহু০] বি, মনসাদেবী। ~বঁৎ [পদ্ম + বৎ (সাদৃশ্যে)] বিণ, পদ্মসদৃশ ; কমলতুল্য। ~বঁন্ধ [পদ্মের ন্যায় বন্ধ (রচনা প্রণালী) যার, বহু০] বি, চিত্রকাব্যবিঃ ; শব্দালঙ্কারবিঃ। ২ [রতিমঞ্জরী] রতিবন্ধবিঃ। ~বন্ধু [পদ্মের বন্ধু (মিত্র), ৬তৎ] বি, সূর্য্য। ২ মধুকর। সূর্য্যোদয়ের সঙ্গে সঙ্গে কমল প্রস্ফুটিত হয় এবং প্রফুল্ল নলিনীর সহিত মধু আহরণকারী ভ্রমরের বড় ভাব সুতরাং কবি কল্পনায় সূর্য্য ও মধুকর পদ্মের বন্ধু। ৩ আকন্দগাছ। ~বর্ণ [পদ্ম-বর্ণ] বি, পদ্মফুলের মত বর্ণ। ২ বিণ, পদ্মফুলের বর্ণযুক্ত। ~বাসা [পদ্ম (কমল) বাস (বাসস্থান) যার, বহু০] বি, কমলালয়া ; লক্ষ্মী। ২ কমলাসনা ; সরস্বতী। ~বীজ [ফল বীজ সদৃশ বলিয়া] বি, পদ্মফল। ~ব্যূহ-প্রাচীন ভারতের যুদ্ধ কালীন রচিত পদ্মাকার ব্যূহ বা সৈন্য সমাবেশবিঃ। ২ সমাধিভেদ। ~ভূ [পদ্ম (কমল) ভূ (উৎপত্তি স্থান) যার, বহু০] বি, কমলযোনি ; ব্রহ্মা। ~মুখ [পদ্মের তুল্য মুখ যার, বহু০] বিণ, কমলানন ; কমল সদৃশ মুখ। > স্ত্রীং~ী-দূর্ব্বালতা। ২ বিণ, কমলাননা। ৩ সুন্দরী। ~মুদ্রা [পদ্মাকৃতি বলিয়া] বি, তন্ত্রোক্ত অঙ্গুলি-মুদ্রাবিঃ। ~যোনি [পদ্ম (বিষ্ণুর নাভিপদ্ম) যোনি (উৎপত্তি স্থান) যার, বহু০] বি, কমলযোনি ; প্রজাপতি ; ব্রহ্মা। ~রাগ [পদ্মের ন্যায় রাগ (বর্ণ) যার, বহু০] বি, পদ্মবর্ণ মণি ruby ; পলা। "পদ্মরাগ মরকত হীরা"-মেঘ০। ~রেখা [সামুদ্রিক০। পদ্মাকার যে রেখা, ধা] বি, করতলের রেখাবিঃ ; এই রেখা থাকিলে লোকে বহু ধনশালী হয়। ~লাঞ্ছন [পদ্ম লাঞ্ছন (চিহ্ন) যার, বহু০] বি, কমলযোনি ; ব্রহ্মা। ২ পদ্মাকৃতি রেখা লাঞ্ছন (চিহ্ন) যার, বহু০] নৃপতি। ৩ পদ্মপুষ্পবৎ চিহ্ন। ৪ কমলপাণি ; সূর্য্য। ৫ কুবের। > স্ত্রীং ~লাঞ্ছনা-লক্ষ্মী। ২ সরস্বতী। ৩ মনসাদেবী। ~শ্রী-[illegible] বোধিসত্ত্ববিঃ। ~স্বস্তিক-বি, পদ্মা[illegible]তিযুক্ত স্বস্তিক চিহ্ন। ~হস্ত-পদ্মকর দ্রঃ। ২ প্রাচীন ভারতের দৈর্ঘ্য পরিমাণবিঃ। স্থলপদ্ম-দ্রঃ।

পঁদ্মা [পদ্ম (কমল) + অ (স্ত্য০) + আ (স্ত্রীং)] বি, কমলা। ২ বীণাপাণি ; ভারতী। ৩ জরৎকারুপত্নী মনসাদেবী। ৪ শাখানদীবিঃ। ~কঁর [পদ্ম + আকর (উৎপত্তি স্থান), ৬তৎ] বি, পদ্মপুষ্পবহুল জলাশয় ; যে সরোবরে অনেক পদ্ম জন্মে। ~ক্ষ [পদ্ম + অক্ষ (বীজ), ৬তৎ] বি, পদ্মবীজ। ২ [পদ্মের ন্যায় অক্ষি (চক্ষু) যার, বহু০] বিণ, কমললোচন ; পদ্মআঁখি। ~চঁল-বি, পৌরাণিক পর্ব্বতবিঃ। ~বতী [পদ্মা + বৎ (স্ত্য০) = পদ্মাবৎ-ঈ (স্ত্রীং)] বি, মনসাদেবী ; জরৎকারু ঋষিপত্নী। ২ জয়দেবের পত্নী। ৩ নিত্যানন্দের জননী। ৪ যুধিষ্ঠিরের অন্যতমা মহিষী। ৫ পৌরাণিক নদীবিঃ। ৬ পাটনা নগরের প্রাচীন নাম। ৭ জনৈকা অপ্সরার নাম। ৮ উজ্জয়িনী নগরের প্রাচীন নাম। ~লঁয়া [পদ্ম (কমল) + আলয় (বাসস্থান) যার, বহু০] বি, কমলবাসিনী ; কমলা। "পদ্মালয়া পদ্মমুখী সীতারে পাইয়া। রাখিলেন বুঝি পদ্মবনে লুকাইয়া॥"-কৃত্তি০। ~সঁন [পদ্ম (বৎ) + আসন, ধা] বি, যোগাসনবিঃ ; বাম উরুমূলে দক্ষিণপদ ও দক্ষিণ উরুমূলে বাম পদ স্থাপন করিয়া উপবেশনের নাম পদ্মাসন-বাচস্পত্য। বাম উরুর উপর দক্ষিণপদ ও দক্ষিণ উরুর উপর বামপদ ন্যস্ত করিয়া হস্তদ্বয় পৃষ্ঠে সংলগ্ন করিয়া দক্ষিণহস্ত দ্বারা বাম ও বামহস্ত দ্বারা দক্ষিণ অঙ্গুষ্ঠ ধারণ করত হৃদয়ে চিবুক রক্ষা করিয়া উভয় চক্ষুদ্বারা নাসাগ্র দেখিতে হয়।-গোরক্ষসংহিতা (শ০ ক০ দ্রুম)। ২ [ম০ প০ লো০] কমলনির্ম্মিত আসন ; কমলাসন ; সুখাসন। "* * যেমতি, মাতঃ, বসিলা আসিয়া বাল্মীকির রসনায় (পদ্মাসনে যেন)"-মেঘ০। ৩ রতিবন্ধবিঃ। ৪ [পদ্ম আসন যার, বহু০] বি, পুং, ব্রহ্মা। স্ত্রীং ~সঁনা-লক্ষ্মী। ~সীন [পদ্ম (পদ্মে) + আসীন, ৭তৎ] বি, পদ্মের উপর উপবিষ্ট। > স্ত্রীং ~া।

পঁদ্মিনী [পদ্ম + ইন্ (স্ত্য০) = পদ্মিন্-ঈ (স্ত্রীং)] বি, কমলিনী। ২ চারি জাতীয় স্ত্রীর মধ্যে শ্রেষ্ঠা এবং সুলক্ষণা স্ত্রী। "অবিরত ওই চিন্তা অন্ত নাহি গণি। রত্নের শালে নাশ হইলে প০।"-কবিক০। ৩ [সমূহার্থে-ইন্] পদ্মসমূহ ; পদ্মঝাড়। ~কান্ত, ~পতি, ~বঁল্লভ [৬তৎ] বি, নলিনীপতি ; সূর্য্য।

পঁদ্মেশঁয় [পদ্মে (পঙ্কজে) শয় (যে শয়ন করে) অলুক০, ৭তৎ] বি, বিষ্ণু। ২ ব্রহ্মা।

]যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘হীন যুক্তাক্ষর অকারান্তবৎ. ঙ্গ=ংগ ঙ্গা=গাঁ ঞ্চ=ন্‌চ ঞ্ট=ন্ট ˘হ্ন=হ্ন হ্ন হ্ম হ্ল হ্ন=ন্হ ম্হ ল্হ ভ্‌ ঝা, জ্‌ ক্‌ ব্‌ ভ=zfwv ও চ্চা০ দ্রঃ

পদ্মোদ্ভব [পদ্ম (বিষ্ণুর নাভিপদ্ম হ'তে) +উদ্ভব যার, বহু°] বি, ব্রহ্মা।

পদ্য১ [পদ (চরণ) + য (যুক্তার্থে)] বি, বর্ণ বা মাত্রা দ্বারা পরিমিত ছন্দোবদ্ধ রচনা ; ছন্দোযুক্ত বাক্য ; শ্লোক verse. [দ্রঃ-বিপরীতে-গদ্য (prose), কারণ, সংস্কৃত অলঙ্কার শাস্ত্রমতে ছন্দোহীন রচনাকে "গদ্য" বলে। কিন্তু প্রকৃত পক্ষে গদ্যেরও ছন্দ আছে এবং সে ছন্দ মাত্রা বা বর্ণগত না হইলেও শ্বাস পতনানুযায়ী যতিচিহ্ন এবং শব্দের গুরু বা লঘু উচ্চারণাদি দ্বারা নিয়মিত হয়। গদ্যেরও ছন্দ পতন হইলে শ্রুতিকটু হয়। "হ্রস্ব, দীর্ঘ, উদাত্ত. অনুদাত্ত, স্বরিত, দ্রুত, বিলম্বিত ই° স্বর বৈচিত্র্যের মিলনে যে সুর গাম্ভীর্য্যের বা ঝঙ্কার মাধুর্য্যের সৃষ্টি হয়-তাহাই পদ্যকে গদ্য হইতে স্বাতন্ত্র্য দান করে। আর এই মাধুর্য্যই পদ্যের সর্ব্বপ্রধান ঐশ্বর্য্য-এমন কি প্রাণস্বরূপ। এই ঐশ্বর্য্যের সন্ধান আমরা সুসঙ্গত আবৃত্তি ব্যতীত লাভ করিতে পারি না ; সেজন্য আবৃত্তি, কাব্যের পক্ষে-"বোধাদপি গরীয়সী।" যখন সর্ব্বশাস্ত্র কাব্যেই রচিত ছিল, তখন বোধ হয় সর্ব্বশাস্ত্র সম্বন্ধেই একথা খাটিত।"-কালিদাস রায়।

পদ্য২ [পদ(চরণ > (লক্ষ°)সমাজের নিম্নস্থান অর্থে) + য (ইয়-যোগ্যার্থে)] বিণ, নিম্নপদস্থ ; নিম্নশ্রেণীর। ২ বি, নিম্নশ্রেণীর লোক। "করিয়া আসন গাড়িল নিশান সম্মানে বসান পদ্য, স্বধর্ম্মমণ্ডিত বিধর্ম্ম খণ্ডিত ব্রাহ্মণ পণ্ডিত বৈদ্য।"-ঘ°।

পদ্যা [সং] বি. স্তব ; স্তুতি। ২ পথ ; রাস্তা ; সরণী।

পন [ইং (lb) pound >] বি, প্রায় অর্দ্ধসের ওজন। বিণ. পনী।

পন্‌পন্ [অনু°] বি, অব্যক্ত শব্দ ; মশকের শব্দ। "উমার উম্মায় উপজিল মশাগণ। লাখে লাখে ধেয়ে পাখে ডাকে প°॥"-শি°।

পনরি [সং-পঞ্চদশ > প্রাকৃ° পন্নরহ > হি° পন্‌রহ্, বাং পনর্, গ্রা° পেনেরো] বি, পঞ্চাধিক দশ ; ১৫। ~ই-বি, মাসের প্রথম ১৪ দিনের পরদিন।

পনস [সং] বি. কাঁটাল গাছ। ২ কণ্টকীফল ; কাঁটাল। "কনক প° যেন পুলকিত অঙ্গ।"-চৈ° ভা°। "দধি পিঠা খাইল সবে মধুর পায়স। রসাল পনসকোষ রসালের রস।" -কবিক°। ৩ বানরবিঃ।

পনসিকা [পণস+ইক (সাদৃশ্যার্থে) + আ (ক্ষুদ্রার্থে)] বি,যন্ত্রণাদায়ক পীড়কা যা কর্ণের পশ্চাতে কুমুদের কন্দবৎ দৃষ্ট হয় mumps.

পনা, **পণা** [সং-পণ > হি°পন (অবস্থা, ব্যবহার) >। হি° শ° সাগরে-"নামবাচক বা গুণবাচক পদে যুক্ত করিয়া ভাববাচক পদ সংগঠক প্রত্যয়" >বাং-য়] অ, ভাবার্থবাচক ; আছে এই অর্থ ; বিশিষ্টার্থবোধক। প্র-গুণপণা। ২ ব্যবহার ; আচরণ। প্র-গিন্নীপণা, গিন্নেপোনা. ন্যাকাপণা ই°।

পনাম (পঁ) [সং-প্রণাম > প্রা° বাং, প্রাকৃ° রূপ। গ্রা° পন্নাম. পোনাম, পবনাম, পেন্নাম, পেরনাম ও°] বি, প্রণাম ; নমস্কার : অভিবাদন। "ধর্ম্মর আমিনি পাত্র দূরেত পনাম হএ জম রাজা পড়িল ফাঁপর।" -শূ° পু°।

পনির-পনীর দ্রঃ।

পনী[ইং (lb) pound > পন-ঈ (ওজন বা ভার অর্থে)] বিণ,এক পৌণ্ড ওজনের ; পন পরিমিত ভারবিশিষ্ট। ২ এক রিম অর্থাৎ ২০ দিস্তা কাগজের পন হিসাবে ওজন। প্র-বিশপনী কাগজ (যে কাগজের এক রিম অর্থাৎ ২০ দিস্তার ওজন ২০ পৌণ্ড অর্থাৎ প্রায় দশসের হয়)।

পনীর, **পনির** [ফা°] বি. গোবৎসের অন্ত্রজাত অম্লরসে কাটান দুধের ছানা ; লবণাক্ত শুষ্ক ছানা cheese.

পনে, **পান্নে** [প্রতি > ভং। তুল-নেপালী হি° 'পনি' ; "হামিলৈ পনি দিউনা দাজৈ" (আমার প্রতি বা আমার পরে বা আমার দিকে=আমাকে দাওনা দাদা)। এইরূপ সিন (দ্রঃ), তবেত, তো। যথা-বল্লেসিন, গেলেসিন=বল্লে তো, যায় তবেত] অ, পরে। প্র-দেখলে পনে বুঝি। ২ তরে। ৩ দিকে ; প্রতি।

পন্থ [সং-পথিন্ >, ব্রজ°], বি. পথ ; রাস্তা। "একলি কয়ল পয়ান। পন্থ বিপথ নাহি মান।"-বি° প°। "বড়াগ্নির পন্থ নেহালী"-শ্রী° কী°। ২ কৌশল ; উপায়। ৩ ধর্ম্মসম্প্রদায়। ৪ ধর্ম্মমত। বিণ, পন্থী। প্রা° বাং-পন্থতে=পথে। পন্থিক=পথিক।

পন্থা, **পন্থাঃ** [সং° পথিন্ ১মা, ১ব°] বি, পথ। ২ উপায়। "অর্থকষ্ট দূরীকরণার্থ যে সমস্ত পন্থা আবিষ্কার করিয়াছেন।"-আ শক্তি। ৩ স্বভাব। ৪ মৎলব ; অভিপ্রায়।

অধ্যাত্মালোক পন্থা, আলোক পন্থা, ভূতালোক পন্থা-বি, অপরোক্ষ জ্ঞানমার্গ ; ব্রহ্মসাক্ষাৎকার বাদ mysticism. কল্পপন্থা-প্রাচীন শিল্পীদের পদ্ধতি অনুসারে সসীম বা সান্তের অবিকলরূপে ফুটাইবার পন্থার বিরোধী অসীম বা অনন্তের ও পরমতত্ত্বের আভাস দানার্থ প্রতীক বা লক্ষণার ভিতর দিয়া মানবচিত্তের সুকুমার ভাবগুলি ফুটাইয়া তোলা যায় লক্ষ্যপথ ; রমন্যাস শিল্পমার্গ romanticism. সাহিত্যশিল্পাদির নবধারার মূলতত্ত্ব বা অন্তর্নিহিত ভাবমার্গ। মহাকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ক্ষুধিত পাষানে ভূতালোকপন্থার এবং তাঁর 'রাজা' নাটকে অধ্যাত্মালোক পন্থার দৃষ্টান্ত বিদ্যমান। শ্রেয়ঃ পন্থা-বস্তুর ভাবমূর্ত্তি বা চিহ্নপ্রদর্শনবাদ। ভাবাঙ্গস্ফুরণ পন্থা ; ভাববাদ idealism সাধন পন্থা-বি, সাধনার পথ ; সাধনোপায়। "হরিদাসবাবু সাধন পন্থায় এত ক্লেশ কেন ?"

পন্থী [পন্থাঃ দ্রঃ] বি, পথিক। ২ সম্প্রদায়ভুক্ত ; মতাবলম্বী। প্র-নানকপন্থী।

পন্ন [পদ্ (গমন করা) + ত (র্তৃ)] বিণ, পতিত। ২ মগ্ন sunk.

পন্নগ [পদ্ (গমন করা) + ত (র্তৃ)=পন্ন (পতিত) অথবা পদ (পা) ন (নাই) অথচ গ (যে গমন করে)-যে পতিত থাকিয়া অথবা পদ না থাকিলেও গমন করে] বি, সর্প। ২ ২ [সং-তে সর্পবাচক যাবতীয় শব্দ সীসকার্থে চ°] সীসক plumbum. স্ত্রীঃ পন্নগী-সর্পী। "কে মোহিনী ভালে ভাল শশী। * * * * সুরী কি অসুরী কি পন্নগী কি মানুষী।"-রা° প্র°। ২ মনসাদেবী।

পন্নগকেশর [পন্নগের (সর্পের) ন্যায়

বক্র কেশর যার, বহু০] বি, নাগকেশর পুষ্প ; নাগেশ্বর ফুল।

পন্নগাশন [পন্নগ (সর্প) + অশন(ভোজন দ্রব্য) যার, বহু০] বি, সর্পভুক্ ; গরুড়।

পন্নগারি [পন্নগ (সর্পের) + অরি (ভক্ষক বলিয়া শত্রু), ৬তৎ] বি, গরুড়। ২ ময়ূর। ৩ নকুল ; বেঁজী।

পন্নাম [সং-প্রণাম শব্দের প্রা০ বাং প্রাকৃ০ রূপ ; রূপান্তরে পনাম, পেন্নাম ই০] বি, প্রণাম। "দেব আজ্ঞা লএ প০ করিএ হনু জান লঘুগতি।"-শূ০ পু০।

পবন [পূ (শুদ্ধ করা) + অন (র্ত্তৃ)] বি, বায়ু। ২ [+অন (ভা০)] ধান্যাদির তুষ উৎসারণ : ধানসারা। ৩ শোধন। ৪ কুমারের পোয়ান। ৫ বিণ, পূত ; পবিত্র [বিরল]। ৬ [পু০] বায়ুর অধিষ্ঠাতা দেবতা ও ৪৯ মরুৎপতি উত্তর পশ্চিমস্থ দিক্পাল। পবনের ঔরসে অঞ্জনার গর্ভে হনুমানের ও কুন্তীর গর্ভে ভীমের জন্ম। স্ত্রীং ~ী। ~গতি -বিণ, বায়ুর ন্যায় দ্রুতগতি : অতি শীঘ্র : ঝড়গতি। ~গামী-বিণ, বায়ুবৎ দ্রুত গমনকারী। ~চক্র-বায়ুর গতি-নির্দ্দেশক চক্রযন্ত্র weather cock. ~নন্দন-বি, হনুমান। ২ ভীম। ~পথ-বি, আকাশ। ২ বায়ু-সঞ্চরণ-পথ। ~বাহার-বি, পবনের মত লঘু স্বচ্ছ সূক্ষ্ম সৌন্দর্য্যবিশিষ্ট শাড়ী : কেরেব্বের (scarf) শাড়ী। "বাছা নিছগ (=বাছিয়া বাছিয়া) আনছে শাড়ী পবন বাহার"-পূ০ ব০ গী০। ~বিজয়-শ্বাস ক্রিয়ানুযায়ী শুভাশুভ নির্ণায়ক গ্রন্থ : পবন বিজয় স্বরোদয় গ্রন্থ। ~হিল্লোল-বায়ুর তরঙ্গ ; বাতাসের আন্দোলন।

পবনাল [সং>হিং পুনেরা] বি, ধান্যবিঃ ; দেধান ; জনার।

পবনাশ, ~শন [পবন (বায়ু) + অশ্ (ভোজন করা) + অ, অন (র্ত্তৃ), পবন + অশন (ভোজন) যার, বহু০] বি, সর্প। ২ বিণ, বায়ুভক্ষক।

পবনাশনাশ [পবনাশন (সর্প) + আশ (ভোজন) যার, বহু০] বি, গরুড়। ২ ময়ূর। ৩ বিণ, সর্পভুক্।

পবনেশ্বর [পবন + ঈশ্বর, ৬তৎ] বি, কাশীস্থ শিবলিঙ্গবিঃ।

পবমান [পূ (শুদ্ধ করা) + আন (র্ত্তৃ), ম্ আগম] বি, পবন ; বায়ু। ২ গার্হপত্য অগ্নি। ৩ সামবেদীয় সূক্তবিঃ। ৪ বিণ, পূতকারক ; পবিত্রকারী। স্ত্রীং ~ী।

পবার [ব্রজ০] বি, প্রবাল (দ্রঃ)। "অধর পবারে"-বি০ প০।

পবাল [সং-প্রবাল ... দ্রং। প্রা০ বাং। ব্রজ০ পবার] বি, প্রবাল ; বিদ্রুম। "প০ মুকুতা হীরা"-শ্রী০ কী০।

পবি [পূ০ (শুদ্ধ করা) + ই (র্ত্তৃ)] বি, ইন্দ্রের বজ্র।

পবিত [পূ + ত (র্ম্ম)] বিণ, পবিত্র : পূত। ২ [উপবীত > স্কে০] বি, যজ্ঞসূত্র : পৈতা। ৩ সূত্র। ৪ মরীচ। স্ত্রীং ~া১-শুদ্ধা। ~া২-বিণ, পবিত্রতাজনক ; পবিত্রকারক।

পবিত্র [পূ (পবিত্র করা) + ইত্র (র্ত্তৃ)] বিণ, শুদ্ধ ; পূত ; পরিশুদ্ধ। ২ [+ইত্র (ণ), যার দ্বারা পবিত্র করা হয়] বি, কুশ। "গরুড় পরম প০ অমৃত কুশাসনে রাখিয়াছিলেন এজন্য কুশের নাম প০।"-মহা০। ৩ জল। ৪ যজ্ঞোপবীত। ৫ বেদমন্ত্র। ৬ অর্ঘ্যপাত্র। ৭ ঘৃত। ৮ মধু। ৯ তাম্র। ১০ পুত্রঞ্জীব বৃক্ষ। ১১ তিলগাছ। স্ত্রীং ~া-তুলসী। ২ হরিদ্রা। ৩ নদীবিঃ। ~তা-বি, পরিশুদ্ধি ; বিশুদ্ধতা : নির্ম্মলতা। ~ধান্য-যব barley.

পবিত্রক [পবিত্র + ক (জ্ঞা০)] বি, ক্ষত্রিয় জাতির যজ্ঞোপবীত। ২ অশ্বত্থবৃক্ষ। কুশ। ৪ যজ্ঞডুমুর।

পবিত্রাত্মা [পবিত্র + আত্মা] বি (ণ), পূতাত্মা : শুদ্ধচিত্ত।

পবিত্রারোপণ, -রোহণ [পবিত্র (উপবীত) আরোপণ, আরোহণ (দেবোদ্দেশে দান) করা হয় যাতে, বহু০] বি, শ্রাবণ শুক্লাদ্বাদশী তিথিতে বিষ্ণু আদি দেবতার উদ্দেশে উপবীত দানরূপ উৎসব।

পবিত্রিত [পবিত্র + ইত (জাতার্থে), কিম্বা, পবিত্র + ণিচ্=পবিত্রি + ত (র্ম্ম)] বিণ, সংশোধিত ; পরিষ্কৃত।

পবেস [প্রবেশ > প্রা০ বাং প্রাকৃ০] বি, প্রবেশ। ক্রি, পবেসা-প্রবেশ করা। "পবেসে কামার ঘরে"-শূ০ পু০।

পব্ব-পর্ব্ব দ্রঃ।

পব্বত-পর্ব্বত দ্রঃ।

পমেটম, -টাম [ইং pomatum এর লিপ্যন্তর] বি, কেশ কোমল করিবার জন্য সুগন্ধযুক্ত স্নেহ পদার্থ।

পম্প্ [ইং pump এর লিপ্যন্তর] বি, জলোত্তোলক যন্ত্র : জল আকর্ষক যন্ত্র : দমকল : বোমা। ২ [এই অর্থে পম্প্‌শু,-সু] পম্পজুতা : পাতলা তলার সুদৃশ্য জুতাবিঃ : নৃত্যকারীর ব্যবহারোপযোগী জুতাবিঃ।

পম্পা [রামা০] বি, "ঋষ্যমূক্ পর্ব্বতাংশ দিয়া প্রবাহিত হইয়া গুড়দেশের মধ্য দিয়া তুঙ্গভদ্রায় মিলিতা নদী [ইহার উত্তরাংশ চন্দ্রদুর্গের (Chander doorg) মধ্যস্থলে পাষাণ সরোবর নামে অভিহিত। এই নদীতীরে মতঙ্গ মুনির আশ্রম ছিল। এই নদী স্থির-জলা বলিয়া সরোবর নামে খ্যাত।"-ভারতকোষ। কয়েকটি সরোবর হ'তে এই নদীর উৎপত্তি বলিয়াও ইহা সরোবর নামে প্রসিদ্ধ। "ভারতবর্ষের মধ্যস্থলে বিন্ধ্যাচলের নিকটে গোদাবরীতীরে ভগবান্ অগস্ত্যের আশ্রম ছিল * * * * * ঐ আশ্রমের অনতিদূরে পম্পা নামক সরোবর আছে"-কাদম্বরী।

পয়১ [সং-পদ > হিং পঁও (পোয়া)-পাশার এক চিহ্ন > "পওবারা"। বাং-র -পোয়াবার=সুলক্ষণ, সৌভাগ্য > স্কে০ পয় অথবা ভগ (সৌভাগ্য) > ভঅ > পয়] বি, শুভচিহ্ন ; সুলক্ষণ ; সৌভাগ্য। ২ মঙ্গল। বিণ, পয়া [গ্রা০] পয়মন্ত ; সুলক্ষণযুক্ত : ভাগ্যবান্। "ভুলু আমার পয়া"-গি০।

পয়ঃ, পয়২, পয়স [পা (পান করা) + অস্ (র্ম্ম + জ্ঞা০)=পয়স্, পয়স-যা পান করা যায়] বি, দুগ্ধ। ২ জল। "বাঁধ বাঁধি বিধুমুখী সেঁচে ফেলে পয়"-শি০।

পয়ঃপ্রণালী [পয়ঃ (জল) প্রণালী (নির্গম পথ), ৬তৎ] বি, জলনালী ; জল নির্গমনের পথ ; নর্দামা।

পয়ঃফেন [পয়ঃ (দুগ্ধ) ফেন, ৬তৎ] বি,

দুগ্ধফেন। "রচিল সুখদ শয্যা যেন প°।" -ধ°। ২ জলের ফেনা।

পয়কারী [আদা° পরি:। পা°] বি, যে প্রজা অন্যের জমী ভাগে চাষ করে অর্থাৎ চাষ করিয়া ফসলের ভাগ লয়।

পয়কাস্ত [ফা°। আদা° পরি:] বি, যে প্রজা যে জমী চাষ করে সে জমীতে বাস করে না অর্থাৎ স্বীয় কর্ষিত জমীতে বাস করে না nonresident tenant. পাইকস্তা দ্র:।

পয়গম্বর, পয়গাম্বর [ফা° পয়্গম্বর্। বাং-গ্রা° প্যাগম্বর পেগাম্বর, প'গম্বর] বি, ঈশ্বর-প্রেরিত দূত ; প্রেরিত মহাপুরুষ : সুসমাচার প্রচারক। "তিনি পেগাম্বরের চিত্র নয়নগোচর করিয়া ওমরকে বলেন" -মহাপুরুষ-চরিত, ২য় ভাগ। বিণ, **পয়গম্বরী, পেগাম্বরী, পেগাম্বরীয়।** "শ্রীমোহম্মদ গৌরবর্ণ মধ্যমাকার পুরুষ ছিলেন * * * তাঁহার * * * উভয় স্কন্ধের মধ্যস্থলে গ্রীবার নিম্নে পারাবত অণ্ডাকার একখণ্ড মাংসপিণ্ড ছিল। কথিত আছে, তাহাতে "মোহম্মদ রসুলাল্লা" এই তিনকথা অঙ্কিত ছিল। তাহাকে মোসলমানেরা পেগাম্বরীয় মোহর বলিয়া থাকে।"-মহাপুরুষ-চরিত, ২য় ভাগ

পয়ছা, পইছা-পয়সা দ্র:।

পয়জার [ফা° পয়্জার্] বি, চটীজুতা ; জুতা। "আমিও এখন তোমার মুখে সাত প° মারিয়া স্বর্গে চলিয়া যাইব।"-রাজসিংহ (বঙ্কিম°)।

পয়ড়া,-রা [পয়াড় (দ্র:) > বর্ণবিপর্য্যয়ে পয়ড়া > ড়=র=পয়রা] বিণ, প্রবাহমান'; তরল। **~গুড়**-বি, তরল গুড় ; তাতরসী।

পয়দল, পায়দল [পদ বা পাদ > পয়, পায়+দল। পয় দ্র:] বি, পদাতি সৈন্য infantry regiment. "পয়দল কলবল ভূতলে টলমল সাজল দলবল অটল সোয়ারা।"-অ° ম°। "হস্তি ঘোড়া পয়দল জেন দেখি সিন্ধুজল থাকুক অন্যে কে জোগাব পানি।"-শূ° পু°।

পয়দা [ফা°] বি, জন্ম ; উৎপত্তি; উদ্ভব। "কত কি ইল পয়দা কিছুতেই হয় না ক্ষয়দা।"-রজনী সেন। ২ প্রকাশ ; আবির্ভাব। **~ইস** [ফা° পয়দাইশ্] বি, জন্ম। ২ উৎপন্ন দ্রব্য। ৩ ফসল।

পয়নালা [পয়:প্রণালী >] বি, জলনির্গম পথ'; নর্দ্দামা ; ড্রেন। ক্ষুদ্রার্থ, স্ত্রীং **পয়নালী।**

পয়পয়-পইপই দ্র:।

পয়মন্ত [পয় (দ্র:)+মন্ত] বিণ, পয়া (দ্র:) ; সৌভাগ্যবান্ : লক্ষ্মীবন্ত ; সুলক্ষণাক্রান্ত। ২ শুভদ।

পয়মাইশ (স), পয়মায়েস [ফা° পইমাঈশ] বি, জমীর মাপ ; জরীপ land survey. **প°-ই-বন্দোবস্ত্**=Settlement **প°-ই-কম্পাস**= Trigonometrical or revenue survey

পয়মাল [ফা° পা-মাল, পায়্মাল্] বিণ, নষ্ট ; ধ্বংস ; বরবাদ। > বি, **~ী**।

পয়মাশ(স) [পয়মাইশ দ্র:] বি, ভূম্যাদির মাপ ; জরীপ। বিণ, **~ী**-জরীপ করা। প্র-পয়মাসী জমী।

পয়রা-পয়ড়া দ্র:।

পয়লা [গ্রা°। সং-প্রথম। হিং পহিলা, পহেলা > বাং পইলা] বি, প্রথম দিন। প্র-আজ মাসের পয়লা। ২ [হিং পহিলে] অ, প্রথমে ; অগ্রে।

পয়সা [হিং পৈসা, গ্রা°। চট্টল° পয়ছা, পইছা] বি, তাম্রমুদ্রা ; টাকার ৬৪ অংশের এক অংশ এবং আনার চতুর্থাংশ মূল্যের মুদ্রা। ২ এক পয়সা। প্র-প° দামের জিনিষ। ৩ ধন। প্র-লোকটা বেশ পয়সাওলা। সে বেশ প° করে নিয়েছে। ৪ অর্থ। প্র-গাঁটের প° খরচ করে আনতে হয়েছে। বিণ, **পয়সানে**-পয়সা দামের। প্র-দু পয়সানে পেন্সিল বা চার পয়সানে খাতা। **প° আলা, -ওয়ালা, -ওলা** [হিং বালা] বিণ,ধনী। **প° কড়ি**-বি, ধন ; অর্থ। **প°করা**-অর্থ সঞ্চয় করা। **প° পয়সা**-এক এক পয়সা মূল্যের। **টাকা পয়সা** -অর্থ। ২ [লক্ষ°] ধনদৌলত।

পয়স্তি, পৈয়স্তি [ফা° পয়ুবস্ত্] বি, নদীর জল শুকাইয়া চড়া পড়িলে অথবা বন্যার জল শুকাইয়া নদীর উভয় উপকূলে পলি পড়িলে আবাদের উপযোগী যে জমী হয় ; ভরাট, বিত: নদীভরাটি জমি alluvial land.

পয়স্য [পয়স্+য (বিকারার্থে)] বিণ, দুগ্ধ বিকারজ দধি, ছানা ই° দ্রব্য। ২ বি, বিড়াল। স্ত্রীং **~া**-আমিক্ষা। ২ স্বর্ণক্ষীরিকা। ৩ ক্ষীরকাকোলী। ৪ অর্কপুষ্পিকা। ৫ দুগ্ধমিশ্রিত দধি (ঐতরেয় ব্রাহ্মণ, ত্রিবেদী)।

পয়স্বল [পয়স্+বল (স্ত্য°)] বিণ, জলবিশিষ্ট।

পয়স্বান্ [পয়স+বৎ (স্ত্য° বতু)=পয়স্বৎ ১মা, ১ব বিণ, জলগর্ভ ; জলযুক্ত : জলীয়।

পয়স্বিনী [পয়স্ (জল) + বিন্ (স্ত্য°) + ঈ (স্ত্রীং)] বি, যে গাভীর প্রচুর দুগ্ধ হয় ; দুগ্ধবতী গাভী। ২ নদী। ৩ কাকোলী। ৪ ক্ষীর-কাকোলী। ৫ জীবন্তী।

পয়া-পয়, দ্র:।

পয়াড় [প্রবাহ >, গ্রা°] বি, প্রবাহ : স্রোত। পয়ড়া দ্র:।

পয়াণ,-ন [সং-প্রয়াণ >] বি, গমন : প্রস্থান ; প্রয়াণ। "হেসে হেসে প্রাণ করিলে পয়াণ হানিয়া নয়ানে।"-বাং-গান (নিধুবাবু)। "শ্যাম সুনাগর * * কাঁহা সগি করল প°।"-চণ্ডি°। "করহ প°"-ব°। "উন্নতি কহই সখি করহ প°।"-বি° প°। ২ মহাপ্রস্থান ; পরলোক গমন। ৩ গতি। 'মত্তগজ জিনি মত্ত মন্থর প°।"-চৈ° চ°।

পয়ার [সং-পদ > পয়+আর (স্ত্য°)] বি,, চতুর্দ্দশাক্ষর ছন্দ:।

পয়ে আকার, পয়েকার [পালইয়ে যাওয়া বা 'পালানো' শব্দের আদ্যক্ষর পয়ে আকার 'পা' >] বি, পলায় নকরা বা চম্পট দেওয়ার ইঙ্গিত বা ইসারার ভাষা। প্র-তার আগেই শত্রু পয়ে আকার দিয়েছিল।

পয়োদ [পয়স্ (জল) দ (যে দান করে)] বি, মেঘ। "পর্ব্বত উপরে যেন পয়োদের ধারা।"-শি°। ২ যদুবংশীয় নৃপপুত্র। স্ত্রীং **~া**-কুমারানুচরমাতৃবি:।

পয়োধর [পয়স্ (দুগ্ধ-জল)-ধর (যে ধরে)] বি, স্ত্রীলোকের স্তন। ২ জলধর ; মেঘ।

~ভার-বি, জলভার। ২ স্তনভার। "উরু-নিতম্ব-স্তন-পয়োধর ভারে ভুমিতে ঢলিয়া পড়ি"-শ্রীধর০।

পয়োধি, পয়োনিধি [পয়স্ (জল) ধি, নিধি (যে ধারণ করে), ৬তৎ] বি, জলনিধি ; জলধি ; সমুদ্র। "চর্ব্ব্য চূষ্য লেহ্য পেয় পাতে পাতে অপ্রমেয় পয়োনিধি পর্ব্বত প্রমাণ।"-অ০ ম০। ২ জলধর ; মেঘ। "হয় গজের গরজন সেনার তরজন পয়োধি ভরছন লাজে।"-অ০ ম০।

পয়োনালী-পয়নালা দ্রঃ।

পয়োব্রত [পয়ঃ (দুগ্ধ,-তদ্দ্বারা বিষ্ণুকে স্নান করাইয়া এবং দুগ্ধমাত্র পান করিয়া অনুষ্ঠিত) ব্রত (নিয়ম)] বি, দুগ্ধমাত্র পান রূপ ব্রতবিঃ ; ফাল্গুনমাসীয় শুক্লপক্ষে অনুষ্ঠেয় দ্বাদশাহসাধ্য বিষ্ণু ব্রতবিঃ।

পয়োভার [পয়ঃ (পয়স্-জল, দুধ) + ভার] বি, জলভার। ২ দুগ্ধভার। ৩ পয়োধর। "কমল কলিকাসম তার পয়োভারে-শ্রী০কী০।

পয়োমুক্ [পয়স্ (জল) + মুচ্ (ত্যাগ করা) + ক্বিপ্ (র্ত্তৃ)] বি, মেঘ।

পয়োষ্ণী-বি, ঋক্ষ পর্ব্বত হতে বহির্গত ও বিন্ধ্যাচলের দক্ষিণে প্রবাহিত নদীবিঃ। আধু০ নাম "বেণগঙ্গা"।

পর$_{1}$ [পৃ=পর্ (পূর্ণ করা) + অ (ণে)] বিণ, পরম ; শ্রেষ্ঠ ; প্রধান ; চরম। "তুমি পিতা পরম তোমার পর নাই"-ঘ০। ২ সম্যক্। ৩ অধিক। ৪ [স্থায় দর্শনে] বহুস্থান ব্যাপক ; ব্যাপক-সামান্য। ৫ নিষ্ঠ ; পরায়ণ ; আসক্ত। ৬ কেবল। ৭ মোক্ষ ; মুক্তি ; নির্ব্বাণ। ৮ পরব্রহ্ম ; পরমাত্মা। ৯ ব্রহ্মার আয়ুষ্কাল।

পর$_{2}$ [সং-পর শব্দ ১মা, ১ব০=পরঃ "অভিঘাতিপরারাতি-প্রত্যর্থি-পরিপন্থিনঃ" -অমর০। অনাত্ম * * * * * পরঃ" -ঐ] বিণ, অপর ; অন্য ; ভিন্ন। ২ অনাত্মীয় ; যার সহিত সম্বন্ধ বা ঘনিষ্ঠতা নাই। * * শাস্ত্রে বলে, গুণবান যদি পরজন, গুণহীন স্বজন, তথাপি নির্গুণ স্বজন শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা।"-মেঘ০। ৩ শত্রু ; বৈরী।

পরের ধনে পোদ্দারি-অন্যের অর্থাদি ব্যয় করিবার অধিকার পাইয়া যে স্বহস্তে খরচ করিতে করিতে যে মালিকের মত চাল দেখায় তার আচরণের প্রতি উক্ত হয়। **পরের পুতে বরের বাপ**-উপরি উক্তবৎ। **পরের মাথায় কাঁটাল ভাঙ্গা**-পরকে কষ্ট দিয়া বা ঠকাইয়া নিজের স্বার্থ সাধন করা। **পরের মাথায় হাত বুলানি**-পরের দ্রব্য আত্মসাৎ করা, পরকে ঠকান।

পর$_{3}$ ["দূর...পরাঃ"-অমর০] অ, দূর ; অন্তর। ২ অনন্তর ; অতঃপর ; পরে। ৩ পশ্চাৎ।

পর$_{4}$ [পু০] বি অনুবংশোৎপন্ন অঙ্গের পুত্র। ২ পৃথুসেনের পুত্র। ৩ সময়ের পুত্র।

পর$_{5}$ [ফা০ পর্] বি, পালক। ২ ডানা। বিণ, **পরিন্দা** [ফা০] পালকবিশিষ্ট। ২ বি, পক্ষী।

পর$_{6}$, 'পর [পদ্যে, উপর > ক্ষে০] অ, উপর। ~**পর**-পরস্পর দ্রঃ।

-পর$_{7}$ [সং-প্রহর > পহর > ক্ষে০] বি, প্রহর। প্র-আটপর দিন। "চারিপরে সাত ডিঙ্গা করিয়া নির্ম্মাণ"-কবিক০। **আটপর**-অষ্টপ্রহর। **দুপর** [উচ্চারণ ভেদে দুপুর] দ্বিপ্রহর। **দেড়পর**-দেড়প্রহর। "প্রভাতে নিড়াতে যায় আসে দেড়পরে"-শি০।

পরওয়া-পরোয়া দ্রঃ।

পরওয়ানা, পরোয়ানা [ফা০ পর্‌বানা] বি, অনুমতিপত্র ; হুকুমনামা। ২ [আদাঃ পরিঃ] প্রতিবাদীর নামে আদালত হ'তে জারিকরা হুকুমনামা বা আদেশপত্র a warrant. ৩ ছাড়পত্র a permit; a pass ~**নবীশ**-যে কর্ম্মচারী পরওনা লেখে।

পরওয়ার, পরিয়ার [ফা০ পর্‌বর্] বিণ, পালক। **গরীবপরিয়ার** [ফা০ গরীব্ পর্‌বর্] দরিদ্রপালক।

পরওয়ারিস, পরবরিস [ফা০ পর্‌বরিশ্] বি, পোষণ ; প্রতিপালন। ২ পৃষ্ঠপোষকতা।

পরঃশত [পর (উপর, অধিক) + শত, সু আগম=পরঃ] বিণ, শতাধিক। ২ বি, শতাধিক সংখ্যা।

পরঃশ্ব-পরশ্বঃ দ্রঃ।

পরঃসহস্র [পর শব্দের পর শতের অধিক যে সংখ্যা বসান শব্দ থাকিবে, তাহারই অধিক সংখ্যা বা সংখ্যের বুঝাইবে। "পরঃ শতাদ্যাস্তে যেষাং পরা সংখ্যা শতাধিকাৎ-অমর০] বি, সহস্রাধিক সংখ্যক। এইরূপ 'পরোলক্ষ' ই০।

'পরক-পরখ দ্রঃ।

পরক(কি)লা [ফা০ পর্‌কালা] বি, দর্পণ। ২ কাচখণ্ড। ৩ চাক্তি। ৪ চিকন মাটি। ৫ [পরিঃ (হি০ কো০)] তাল lens.

পরকার [প্রকার > । পদ্যে] বি, প্রকার। "কত পরকারে বুঝায়নু"-বি০ প০। ২ উপায় ; বিহিত। "সজনি! কিয়ে করব প০।" -বি০ প০। "ধরিবারে দুই চোরে চিন্তে প০" -চৈ০ ভা০। ৩ [চ০ ক০ ভা০] প্রমাণ।

পরকাল (-রঁ-) [পর (মৃত্যুর পর) কাল] বি, মৃত্যুর পরবর্ত্তী কাল ; পরলোক। ২ ভবিষ্যত ; উত্তর কাল। (এই অর্থে) **প০ খাওয়া**-ভবিষ্যত উন্নতির পথ নষ্ট করা। ২ মৃত্যুর পর সদ্গতির পথ রোধ করা। **প০ ঝরঝরে করে দেওয়া**-ইহকালে এমনভাবে ফোঁপরা (ঘুণধরা বাঁশের মত অসার শূন্যগর্ভ) করে দেওয়া যাতে পরকালের সম্বল বা পাথেয় না থাকে। ২ বর্ত্তমানে এমনভাবে অকর্ম্মণ্য করিয়া দেওয়া যাতে উত্তর কালে বা ভবিষ্যতে জীবনযাত্রা নির্ব্বাহ করিতে না পারে।

পরকাশ [প্রকাশ দ্রঃ। ব্রজ০] বি, প্রকাশ। "ধরণীর চাঁদ করত প০।"-বি০ প০।

পরকাশা [প্রকাশ > । পদ্যে কোমল-রূপ পরকাশ + আ (ক্রিয়া-বিভক্তি)। পরকাশি, পরকাশ, পরকাশে ; পরকাশিতে ; পরকাশিয়া (ক্ষে০পদ্যে-পরকাশি)] ক্রি, প্রকাশ করা। "কত রস পরকাশি হাসয়ে ঈষৎ হাসি নিরখি নিরখি অবিরাম।"-চণ্ডি০।

পরকিত [সং-প্রকৃত > প্রা০ বাং পদ্যে] বিণ, প্রকৃত। ২ বি, প্রকৃতি। "কিয়ে প০ কির ভাব বুঝায়"-জ্ঞান০।

পরকীয় [পর (অন্য) + ক=পরক + ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, অন্যের ; অপরের ; পর-সম্বন্ধীয় ; অন্যদীয়। স্ত্রীঃ ~া-নায়িকাবিঃ। "স্বীয়া পরকীয়া যার সামান্য বনিতা। অগ্রে এই তিন ভেদ পণ্ডিত বাণতা॥" "অপ্রকাশে যার মতি পর পতি সনে। পরকীয়া তাহারে বলয়ে কবিগণে॥" "অনূঢ়া সেজন যার হয় নাই বিয়া। পিত্রাদি অধীন হেতু সেও পরকীয়া॥"-ভারত°।

পরক্ষেত্র [পরের (অন্যের) ক্ষেত্র (ভূমি, স্ত্রী), ৬তৎ] বি, অন্যের অধিকৃত ভূমি। ২ অপরের ভার্য্যা ; পরস্ত্রী। ৩ অপরের দেহ।

পরখ, পরখাই [পরীক্ষা >] বি, পরীক্ষা। "পার কি না পার কর পরখ তাহার," -কা° প্র° ঘোষ। "তিন দেশী অতিথে আজ করিব পরখাই"-মৈ° গী°। ২ বিবেচনা ; পর্য্যালোচনা। পরখ করা-পরীক্ষা করা।

পরখা [সং-পরীক্ষা > হিং পরখ্না। পরখি, পরখ, পরখে ; পরখিতে ; পরখিয়া (কে° পরখে)] ক্রি, পরীক্ষা করা।

~রখাই চালান [আদা° পাবনা] বি, চালানের প্রতিলিপি duplicate chalan or invoice. ২ যাঁচ করা চালান examined chalan.

পরখানি [হিং পরখানা (পরীক্ষা করান), পরখ্না অর্থাৎ পরীক্ষা করা অর্থে ব্যবহৃত হয়। পরখাই, পরখাও (পরখান, পরখাস) ; পরখায় (পরখেন, পরখান) ; পরখিতে ; পরখিয়া ; (কে° পদ্যে-পরখি, প্রা° পরখে)] ক্রি, পরীক্ষা করা। "বিনি যে পরখি রূপ যে দরখি ভুলিনু পরের বোলে।"-চণ্ডি°।

পরগণা [ফা°] বি, প্রদেশের অংশবিঃ ; চাক্লা ; জেলার অন্তর্গত কয়েকটী মৌজার সমষ্টি। তুল-জেলা ২৪ পরগণা "a district, a province, a tract of country comprising many villages, but of which serveral go to constitute a chakla or zila. The actual extent varies but the distinction is permanent."—*Wilson*. ~ইত-পরগণার তত্ত্বাবধায়ক। ~কর-পরগণা অনুযায়ী ; পরগণার শ্রেণী বিভাগক্রমে।

পরগাছা [পর-গাছা (গাছ+আ-ক্ষুদ্রার্থে)] বি, তরুরুহ ; এক গাছের উপরে যে গাছ জন্মে ; বাঁদরা গাছ ; বন্দাক mistel toe. "সংসার অরণ্যে তুমি বৃক্ষপতি শাল। দীনহীন বৃক্ষরুহা আমি পরগাছা॥"-অশোক°। ২ [শ্লেষে] পোষ্যপুত্র।

পরগ্রন্থি [পর (পশ্চাৎ) গ্রন্থি (গাঁইট)] বি, অঙ্গুলির অস্থিসন্ধি ; অঙ্গুলির পর্ব্ব ; আঙুলের পাব।

পরগ্লানি [পরের গ্লানি, ৬তৎ] বি, পরনিন্দা ; অপরের দোষকীর্ত্তন ; পরকুৎসা।

পরঘরী [পর+ঘর+ঈ (বাসকারী অর্থে)] বিণ, অন্যের ঘরে বাসকারী ; পরগৃহবাসী ; পরাশ্রয়ী। প° পান্তামারী-পরাশ্রয়ী ও জলে ভিজা বাসী ভাত ভোজী ; যার চাল চুলা বা আশ্রয় ও অন্নসংস্থান নাই (গালিতে)।

পরচক্র [পর (শত্রুর) চক্র (চক্রান্ত), ৬তৎ] বি, শত্রুর চক্রান্ত ; শত্রুর কূট-কৌশল।

পরচর [প্রা° বাং। প্রচার (দ্রঃ) >] বি, প্রচার। পরচরে [নামধাতু] ক্রি, প্রচার করে। "আদ্যাপিহো অপযশ তার পরচরে।" -শ্রী° কী°।

পরচর্চ্চা [৬তৎ] বি, পরের বিষয়, সাধাঃ পর দোষের আলোচনা।

পরচার, পরচারি [সং-প্রচার >, প্রা° বাং] বি, প্রচার। "ইথে যদি কোই করয়ে পরচারি।"-বি° প°।

পরচাল, পরচালা [পর (স্বতন্ত্র ও নিম্নতর) চাল] বি, ঘরের চালের নিম্নদেশে দ্বারপিণ্ডের ক্ষুদ্রতর ছাদন বা চালা। ২ চালের ছাঁইচ ; পরছাঁটী।

পরচুর [সং-প্রচুর। পদ্যে কোমলরূপ] বিণ, প্রচুর ; অনেক ; বহুল। ২ ক্রি-বিণ, বিলক্ষণ করিয়া ; উত্তমরূপে। "বদন মোছল পরচুর। মাজি ধয়ল জনু কনক মুকুর॥" -বি° প°। প্রা° বাং-র পরচুর। "আক্ষার দান অতি পরুচুর"-শ্রী° কী°।

পরচুল,-লা [৬তৎ] বি, অন্যের চুল ; উপকেশ ; শণাদি নির্ম্মিত কৃত্রিম কেশ periwig. "পর -ভারত°।

পরচ্ছন্দ [পর (অন্যের) + ছন্দ (অভিপ্রায়), ৬তৎ] বি, পরের অভিলাষ ; অন্যের অভিপ্রায়। ২ বিণ, পরবশ ; পরাধীন।

পরচ্ছন্দানুবর্ত্তী [পরচ্ছন্দের (পরের অভিলাষের) অনুবর্ত্তিন্ ১মা, ১ব°,=অনুবর্ত্তী (অনুগামী)] বিণ, পরাধীন। ২ পরানুকারী ; ধামাধরা।

পরচ্ছিদ্র [পর (অন্যের) + ছিদ্র (দোষ), ৬তৎ] বি, অন্যের দোষ ; পরের ত্রুটি ; পরদোষ।

পরচ্ছিদ্রান্বেষণ [পর + ছিদ্র + অন্বেষণ] বি, অন্যের দোষ সন্ধান ; পরদোষদর্শন। বিণ, পরচ্ছিদ্রান্বেষী।

পরছিতী [গ্রা° হিং পর্‌ছত্তী] বি, পরচালা ; মেটে ঘরের পাটাতনের উপরকার আচ্ছাদন বা চাল। ২ চালের ছাঁইচ।

পরজ-বি, সঙ্গীতের রাগবিঃ। "ছায়ানটের সভায় এসে আদর কেন মালকোষে কর সদা পরজে আপন জ্ঞান ;"-গোবিন্দ ব্রহ্মচারী।

পরজাতি [ত° বি° পরিঃ। ইং genus] বি, "একটী অপরটীর অন্তর্ভূত এইরূপ সম্বন্ধ বিশিষ্ট দুইটী জাতির মধ্যে ব্যাপ্যটীর সহিত তুলনায় ব্যাপকটীকে পরজাতি বলে"-প্র° সিংহ। ব্যাপ্যজাতি= অপরজাতি (দ্রঃ) species.

পরজারী, পর্জারি [ইং perjury-র লিপ্যন্তর। আদা°] বি, আদালত হলপ করিয়া মিথ্যা সাক্ষ্য দান giving of false evidence on oath before the court. ২ মিথ্যা শপথ violation of oath.

পরজিত [পর (শত্রু) কর্ত্তৃক জিত (পরাজিত), ৩তৎ] বিণ, শত্রুকর্ত্তৃক পরাজিত।

পরঞ্জ [সং] বি, ছুরীর ফলা। ২ তৈল নিষ্পেষক যন্ত্র ; ঘানি গাছ।

পরঞ্জয় [পর (অন্য, শত্রু) জি (জয় করা) + অ (র্ত্তৃ)] বি, রিপুঞ্জয় ; অরিন্দম ; শত্রুজয়কারী।

পরটা [বৈদিক। সং-পুরোডাশ > পরোটা, পুরী, রোটী, রুটী। হিং পরাঠা, পরেঠা] বি, ঘৃতে ভাজা স্তরে স্তরে পাট বা ভাঁজ করা রুটি।

`পরণ [গ্রা০। সং-পরিধান >। হিং, ব্রজ০ পহিরণ] বি, পরিধান ; অঙ্গে ধারণ। প্র-পরণের শাড়ী। "তাঁহাদের পরণে একটি সাদা ঘাঘরা"-নরওয়ে ভ্রমণ।

পরণাম [প্রণাম (দ্রঃ) >, পদ্যে। প্রা০ বাং। হিং পর্ণাম্] বি, প্রণাম। "এ সখি তোহে প০।"-বি০ প০।

`পরত [সং-পত্র > পত্তর > পত্তর > হিং পরত, পৎ´ (বর্ণবিপর্য্যয়ে)। তুল-আ০ ফর্দ্] বি, ভাঁজ ; থাক ; পাট plait. ২ স্তর layer.

পরতঃ [সং] অ, পর হইতে। ২ পর দ্বারা। স্বতঃ দ্রঃ।

পরতন্ত্র [পর (অন্যের) তন্ত্র (অধীন), ৬তৎ] বিণ, অস্বাধীন ; পরাধীন ; পরবশ। "দুইজন কহে তুমি ঈশ্বর স্বতন্ত্র ; যে ইচ্ছা সে করিবা নহ প০।"-চৈ০ চ০।

পরত্তয়-প্রত্যয় দ্রঃ।

পরতোল, পরতাল [সং-পরিতোল, > হিং পড়তাল, পরতাল,-পরতোল। এইরূপ ফা০ সি (তিন) > হিং সে > 'পর'এর সহিত অনুপ্রাসার্থে সর=তৃতীয় বার তোল বা তল বা তাল অর্থে 'সরতল বা সরতাল'] বি, তুলা-দণ্ডের এক দিকে তোল করার পর বিপরীত দিকে অর্থাৎ পাল্লা ফিরাইয়া তোল ; পুনরায় তোল ; মাপ ; ওজন। "এক এক বেটা বাবু আছে এমনি কঞ্জুস, বাজারের পরতাল দেয়।" -সধবার একাদশী। ২ পুনরায় পরীক্ষা ; পুনর্ব্বার হিসাব বা খতিয়ান ; যাচাই। "যম তখন খাতা খুলিয়া পরতাল করিয়া দেখিলেন যে, পাপী এ বিষয়ে সত্য কথাই কহিতেছে" -বাঙ্গালী, ১৩২২। "খাজানা মুসমা দেও, তা না হয় তো পরতাল করে করে দেখ।" -টেকচাঁদ। পরতাল জরিপ-ঠিক হইয়াছে কিনা (সন্দেহস্থলে) পরীক্ষা করিবার জন্য পুনরায় জরিপ।

পরতা-পরত্ব দ্রঃ।

পরতাপ [সং-প্রতাপ > প্রা০ বাং পদ্যে] বি, প্রতাপ ; প্রভাব। "নাম পরতাপে যার ঐছন করিল গো অঙ্গের পরশে কিবা হয়।"-চণ্ডি০।

পরতীত [সং-প্রতীত > পদ্যে কোমল-রূপ। প্রা০ বাং] বিণ, প্রতীত ; বিশ্বাসযুক্ত। "হামারি বচনে যদি নহ প০। বুঝিয়া করহ শাস্তি যে হয় উচিত।"-বি০ প০।

পরতেক১ [সং-প্রত্যেক > বাং প্রাকৃ০ রূপ। পদ্যে] বিণ, প্রত্যেক ; এক একটী।

পরতেক২ [সং-প্রত্যক্ষ > বাং প্রাকৃ০ রূপ-পরতক, পরতখ, পরতেক, পরতেখ। প্রা০ বাং] বিণ, প্রত্যক্ষ। "এতকালে ঠাকুর হলেন প০"-ঘ০।

পরতেকি [পরতেক২ (দ্রঃ) + ই (অস-ক্রি-বিভক্তি)] ক্রি, প্রত্যক্ষ করিয়া। "আজ দেখিনু প০।"-জ্ঞান০।

পরতেখ [পরতেক২ দ্রঃ। সং-প্রত্যক্ষ >] বি, প্রত্যক্ষ ; সাক্ষাৎ। "কলিযুগে নারায়ণ মুক্তি প০।"-চৈ০ ভা০।

পরত্র [পর (অন্য) + ত্র (সপ্তমী বিভক্তি স্থানে ত্র)] অ, পরকালে। ~**ভীরু** [পরত্র (পরকালে) ভীরু (ভয়শীল)] বিণ, যার পরকালের ভয় আছে ; ধর্ম্মভীত ; ধার্ম্মিক।

পরত্ব, পরতা [পর + ত্ব, তা (ভা০)] বি, পরভাব। ২ [দর্শনে] বহুদেশ ও কালগত গুণ। ৩ নিষ্ঠা। ৪ অধীনতা। ৫ শ্রেষ্ঠতা।

পরথাই [ব্রজ০। সং-প্রস্তাব >। পরথাব দ্রঃ] বি, প্রস্তাব ; প্রসঙ্গ ; কথানুষ্ঠান। "আন প০ যাই যব পাশে। আন সম্ভাষি আন পরিহাসে।"-জ্ঞান০।

পরথাব [সং-প্রস্তাব >। ব্রজ০ প্রা০ বাং] বি, প্রসঙ্গ ; প্রস্তাব। "নানারঙ্গ প০ কহিয়া বাড়ায় ভাব।"-চৈ০ ম০। "তুয়া প০ কয়ল কছু থোরি"-জ্ঞান০।

পরদল [পর (শত্রু)-দল] বি, শত্রুসমূহ ; শত্রুপক্ষ ; বিপক্ষ চমূ। "ধানুকী ছিপাহি সব আগুসারে ধাএ। প০ আইসে দেখি রাজ্য পলাএ।"-মনসা ম০ (বষ্ঠীবর)।

পরদা, পর্দ্দা [ফা০পর্দা] বি, যবনিকা screen. ২ আবরণ ; আচ্ছাদন। ৩ অন্তঃপুর ; অবরোধ। "কবি হৈল হতভোম্বা হিঁদুর পর্দ্দা ফাঁক।"-হেম০। "এদেশ পর্দ্দার দেশ। * * বাংলাদেশের জীবন এই পর্দ্দার দৌলতে অনেক সৌন্দর্য্য ও মাধুর্য্য হইতে বঞ্চিত হইয়াছে।"-সবুজপত্র, অগ্রহায়ণ, ১৩৩৩। ৪ ব্যবধান ; বেড়া। ৫ গোপন। ৬ সম্ভ্রম ; ইজ্জৎ। ৭ লজ্জা ; ত্রপা। প্র-তার চক্ষের পর্দ্দা থাকিলে কি মুখের উপর ওরূপ বলিতে পারিত? ~**নশিন**, ~**নসীন** [ফা০ পর্দানিশীন] বিণ, যাঁরা পর্দ্দার আড়ালে বাস করেন ; অন্তঃপুরবাসিনী ; অবরোধবাসিনী। "পরদানশিন বিবিরাও মুড়ী শুড়ী দিয়া যাইতে সঙ্কোচ করেন নাই।"-বঙ্কিম০ (রাজসিংহ)।

পরদাজ [ফা০ পর্দাজ্=সম্পাদনকারী] বিণ, নিষ্পাদনকারী ; সম্পাদক। প্র-কার-পরদাজ।

পরদার [পর-দার, ৬তৎ] বি, অন্যের স্ত্রী ; পরপত্নী। ২ [পরদারা গমন অর্থে] পরস্ত্রীগমন। "প০ পাপ বলি বাঁদী রাখে নাই। দুঃখভোগ হেতু হিন্দু করেছে গোঁসাই।"-অ০ ম০। প০ **গমন** [পরদার (পরস্ত্রীকে) গমন (সম্ভোগ), ২তৎ] বি, পরপত্নীর সহিত সংসর্গ। বিণ, ~**গামী**।

পরদারিক [পরদার (পরের স্ত্রী) + ইক (আসক্ত)] বিণ, যে পরদারাতে আসক্ত ; পরস্ত্রীগামী। পারদারিক দ্রঃ।

পরদীপ-প্রদীপ দ্রঃ।

পরদুন [সং পরিঃ] বি, চারিমাত্রার বোল একমাত্রায় পরিণত যে বাদ্য।

পরদেশ [পর-দেশ, ধা। হিং পর্দেস্। ব্রজ০] বি, অন্যদেশ ; ভিন্নদেশ ; বিদেশ ; প্রবাস। "পিয়া পরদেশে হাম সহই না পায়।"-বি০ প০। "প০ যাওব শুনি ভই ক্ষীণা।"-বি০ প০। ~**শী**-বিণ, বি, বিদেশী। > স্ত্রীং **পরদেশিনী**।

পরদ্বেষ [পর (অন্যের) দ্বেষ (হিংসা), ৬তৎ] বি, পরহিংসা। বিণ, ~**ষী** [মুং পর-দ্বেষিন্ ১মা, ১বং-যে দ্বেষ করে] বিণ, পরের হিংসাকারী ; পরদূষক ; খল ; পরদ্বেষ্টা। > স্ত্রীং **পরদ্বেষিনী**।

পরধন [পর (অন্যের) ধন] বি, অন্যের ধন

বা সম্পদ। ~লুব্ধ, -লোভী-বিণ, অন্যের ধনলোলুপ। ~স্পৃহা-বি, অন্যের ধন পাইবার বাসনা; পরধনলিপ্সা।

পরধর্ম্ম [৬তৎ] বি, স্মৃতিশাস্ত্রবিহিত বর্ণাশ্রম ধর্ম্মের অতিরিক্ত ধর্ম্ম; ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্রের প্রত্যেকের নির্দিষ্ট যে ধর্ম্ম তা ব্যতীত অথবা এক বর্ণের পক্ষে অন্য বর্ণের ধর্ম্ম। ২ [যোগধর্ম্মমতে] ইন্দ্রিয়ের ধর্ম্ম; ইন্দ্রিয়াসক্তি [দ্রঃ-"স্বধর্ম্ম=আত্মধর্ম্ম।" যে ধর্ম্ম দ্বারা আপনাকে জানা যায়। "পরধর্ম্ম=রিপু-বা ইন্দ্রিয়ের ধর্ম্ম।" জিতেন্দ্রিয় না হইলে আত্মজ্ঞান হয় না। সুতরাং যাবৎ চিত্ত ইন্দ্রিয়াসক্ত থাকে, তাবৎ স্বধর্ম্ম জানা বা তাতে থাকা যায় না কেবল পরধর্ম্মেই থাকা হয়।-গীতা (আর্য্যমিশন)]। ৩ স্বীয় জন্মগত সংস্কার ও প্রকৃতিবিরুদ্ধ ধর্ম্ম।

পরিন [পরিধান > ক্ষে০। তুল-হিং পহিরণ, পহন] বি, পরিধান।

পরনাম [সং-প্রণাম > প্রাকৃ০ রূপ। তুল-হিং পর্‌নাম্‌। প্রা০ বাং] বি, প্রণাম। "ফিরিআ আইল কূর্ম্ম পরভুর বচনে। প০ করিআ কূর্ম্ম ধরিল চরণে॥"-শূ০ পু০।

পরনারী [পর-নারী (পত্নী), ৬তৎ)] বি, পরস্ত্রী; পরদার।

পরনিন্দা [৬তৎ] বি, পরকুৎসা। "পেটিভরা কুঁজড়ো কথা, প০গ্লানি,"-হেম০।

পরনিষেক [উদ্ভিদ্‌০পারিঃ(সা০প০প০)] বি, সঙ্কর গর্ভাধান cross-impregnation.

পরন্তপ [পরং+তপ। পর (শত্রুকে)-তপ+ণিচ্‌=তাপি (তাপ দেওয়া)+অ (র্ত্তৃ), ম্‌ আগম, যে পরকে তাপ দেয়] বিণ, পর পীড়ক; অরিন্দম; শত্রুতাপন।

পরন্তু [পরং+তু। এই সং শব্দটির ব্যবহার আধু০ বাং-এ অপ্রচলিত হইয়া আসিতেছে। হিং-তে ইহার ভূরি প্রচলন আছে] অ, কিন্তু। ২ অধিকন্তু।

পর/পতি১ [৬তৎ] বি, উপপতি; উপনায়ক। "পরপতি সনে বেঁধেছ পরাণে ইহাই দেবতা কয়।"-চণ্ডি০। স্ত্রীং ~পত্নী -পরস্ত্রী; পরনারী। "পরপত্নী হেরে যেই মাতার সমান"-তারাকুমার০।

পরপতি২ [পর (শ্রেষ্ঠ)+পতি] বি, ভগবান। "তোরা প০ সনে শয়নে স্বপনে সদাই করিবি নেহা।"-চণ্ডি০।

পরপদ [পর (শ্রেষ্ঠ) পদ (স্থান), ধা] বি, উৎকৃষ্ট স্থান। ২ শ্রেষ্ঠপদ; মুক্তি; মোক্ষ।

পরপর [পর-পর] ক্রি-বিণ, পরেপরে; উত্তরোত্তর; উপর্য্যুপরি। ২ ক্রমে ক্রমে। ৩ একের পার্শ্বে অথবা পশ্চাতে অন্য; পরে পরে; আগু পিছু; পাশাপাশি। ৪ অন্তর অন্তর। "দুই চারিদিন পর পরই জ্বর আসিত।"-উত্তরা, পৌষ'৩৩। ৫ পুনঃপুনঃ।

পর/পিণ্ড [পর-পিণ্ড (অন্ন)] বি, পরান্ন। ~পিণ্ডভোজী-বিণ, পরান্নভোজী। ~পিণ্ডাদ, ~পিণ্ডোপজীবী [প০অদ্‌ (ভক্ষণ করা)+অন (র্ত্তৃ), প০+উপজীবিন্‌] বিণ, পরান্নভোজী। ২ [লক্ষ০] পরের গলগ্রহ।

পর/পীড়ক [(পর (অন্যের) পীড়ক]বিণ, অন্যের পীড়াদায়ক। ~পীড়ন-বি,অপরকে ক্লেশদান; পরের উপর অত্যাচার। ~পীড়া [৬তৎ] বি, অন্যের ক্লেশ, দুঃখ, বা মনস্তাপ।

পরপুরুষ [পর (শ্রেষ্ঠ) যে পুরুষ (মনুষ্য), ধা] বি, পরমপুরুষ; শ্রেষ্ঠপুরুষ; প্রধানপুরুষ; পুরুষোত্তম; বিষ্ণু। ২ ভিন্নব্যক্তি; অন্য-পুরুষ [দ্রঃ-পর্দ্দানশীন মহিলারা পরপুরুষের সমক্ষে বাহির হন না, হইলেও অবগুণ্ঠনে মুখমণ্ডল আবৃত রাখেন]। ৩ উপনায়ক; উপপতি। "পরপুরুষের পাশে রই ছেলেপুলের পাকে"-শি০।

পরপুষ্ট [পর (অন্য) দ্বারা পুষ্ট (পালিত), ৩তৎ] বি, কোকিল। ২ বিণ, অন্য কর্ত্তৃক পালিত; পরভৃৎ। স্ত্রীং ~া-বেশ্যা; গণিকা। ২ অন্যকর্ত্তৃক প্রতিপালিতা।

পরপুতগাছ, পরপুতবৃক্ষ [পর (অন্যকে) পুত (শোষণ দ্বারা পুষ্ট) যে গাছ] বি, অন্য গাছের রস শুষিয়া জীবন ধারণকারী গাছ; পরগাছা mistletoe. ২ [লক্ষ০] আকাশবল্লী; পরবৃক্ষাশ্রয়ী। ৩ বি, পর গলগ্রহ parasite.

পরপূর্ব্বা-বিণ, যে পূর্ব্বে অপরের বিবাহিতা বা বাগ্‌দত্তা ছিল; অন্যপূর্ব্বা।

পরপ্রত্যয়নেয়বুদ্ধি [পর-প্রত্যয়নেয় (দ্রঃ) বুদ্ধি যার বহু০] বিণ, পরের মুখে ঝাল খাওয়া বুদ্ধি এরূপ। "মূঢ় যে সেই কেবল পর-প্রত্যয়নেয়বুদ্ধি হয় অর্থাৎ পরের মুখে ঝাল খায়।"-মন্দারমালা।

পরপ্রপৌত্র [পর (পশ্চাদ্গামী) যে প্রপৌত্র ((পৌত্রের পুত্র)। কিম্বা প্রপৌত্রের পর (পশ্চাৎ পুরুষ)] বি, প্রপৌত্রের পুত্র।

পরপ্রেষ্য [পর কর্ত্তৃক প্রেষ্য (প্রেরণ-যোগ্য), ৩তৎ] বি, পরাধীন ব্যক্তি; দাস; ভৃত্য। ২ বিণ, অন্য কর্ত্তৃক প্রেরণ যোগ্য। স্ত্রীং ~া-দাসী। ~ত্ব [পর (পরের) প্রেষ্যত্ব (দাসত্ব), ৬তৎ] বি, দাসত্ব। ২ পরাধীনতা, অস্বাধীনতা।

পরব [সং-পর্ব্বন্‌ > । গ্রা০ পব্ব] বি, পর্ব্ব; উৎসব; ধুমধাম। ২ [প্রাদে০ পূর্ণ্না] ভেট; তত্ত্ব।

পরবত [সং-পর্ব্বত > পদ্যে কোমল-রূপ] বি, পর্ব্বত; শৈল। "নহি ছিল ছিষ্টি আর ন ছিল চলাচল। দেহারা দেউল নহি প০ সকল।"-শূ০ পু০।

পরবন্ধ [সং-প্রবন্ধ >, পদ্যে] বি, প্রবন্ধ; উপায়; কৌশল; বিহিত। "কর নানা প০ লেপহ কুসুমগন্ধ নাহি নেউটিবেক যৌবন।"-কবিক০।

পরবর, পরোয়ার [ফা০ পর্‌বর্‌] বি, প্রতিপালক। "গরীব পরবর।"

পর/বর্ত্তী [পরবর্ত্তিন্‌ (বর্ত্তমান) >] বিণ, পশ্চাৎস্থিত next. স্ত্রীং ~বর্ত্তিনী।

পরবশ [৬তৎ] বিণ, অস্বাধীন।

পর/বস্তি [ফা০ পর্‌বরিশ্‌ >] বি, পালন; প্রতিপালন rearing ২ জীবিকা নির্ব্বাহ। ~বস্ত-বিণ, প্রতিপালিত।

পরবাদ১ [পর (অন্য) কর্ত্তৃক প্রদত্ত যে বাদ (অপবাদ), ৩তৎ] বি, পরদত্তাপবাদ। ২ [পরের অপবাদ, ৬তৎ] পরাপবাদ। ৩ [পর (পশ্চাৎবর্ত্তী) যে বাদ(বাক্য), ধা] উত্তরবাক্য।

পরবাদ২ [সং-প্রবাদ। পদ্যে কোমল-রূপ] বি, প্রবাদ।

পরবাদী [পর-বদ্‌ (বলা)+ইন্‌ (র্ত্তৃ)-পরবাদিন্‌ ১মা, ১ব০)] বিণ, উত্তরবাদী।

পরবাস [সং-প্রবাস > পদ্যে কোমলরূপ] বি, অন্যের গৃহে বাস। ২ প্রবাস। "নারী ছাড়ি ধন আশে, যেই থাকে পরবাসে, তারে বড় কেবা আছে দুখী।"-অং মং। বিণ, ~সী-প্রবাসী। "নিজবাসভূমে পরবাসী হলে।" -গোবিন্দ রায়।

পরবী [পর্ব্ব > পরব+ঈ (সম্বন্ধে)] বিণ, পর্ব্বদিবসীয়। ২ বি, পার্ব্বণী। "ব্রজবাবুর পরিবারস্থ সকলের নিকট হইতে পরবী পাইত এবং মফঃস্বলে গেলে প্রজাদের নিকট হইতে ব্রজবাবু কিছু পাওয়াইয়া দিতেন"-

পরবেশ [ব্রজ°। সং-প্রবেশ > পদ্যে] বি, প্রবেশ। ২ আরম্ভ। "বরিষা পং, পিয়া গেল দূর দেশ।"-বিংপং। ক্রি, পরবেশয়ে, পরবেশে-প্রবেশ করে। পরবেশল-প্রবেশ করিল। "এত কহি দুহুঁজন মন্দিরে পরবেশল দুহুঁজন ভেল একে ঠাম।"-বিংপং।

পরবোধ, পরবুধ [সং-প্রবোধ >। পদ্যে কোমলরূপ। ব্রজ°] বি, প্রবোধ। "না কর না কর সখি মোহে অনুরোধে। কি করিব হাম তাক পরবোধে।"-বিং পং। "পরবুধ না মানে পরাণ কেমনে থাকবাম ঘরে"-মৈং গীং। ক্রি, পরবোধই, পরবোধয়ে-প্রবোধ দেয়; সান্ত্বনা দান করে। "আকুল কত পরবোধই কান।"-বিংপং। পরবোধব-প্রবোধ দিব; সান্ত্বনা দান করিব। "মাধব কত পরবোধব রাধা।"-বিং পং।

পরব্যোম [পর (শ্রেষ্ঠ) ব্যোম (আকাশ -স্বর্গ), ধা] বি, বৈকুণ্ঠ। ২ মহাশূন্য; মহাকাশ।

পরব্রত [পর (শ্রেষ্ঠ) ব্রত যার, বহং] বিণ, শ্রেষ্ঠ ব্রতাবলম্বী। ২ বি, ধৃতরাষ্ট্র।

পরব্রহ্ম [পর-যে ব্রহ্মন্, ধা] বি, পরমপুরুষ; পরমেশ্বর।

পরভাগ [পর (শ্রেষ্ঠ) যে ভাগ, ধা] বি, উৎকৃষ্ট ভাগ; শেষ্ঠাংশ। ২ উৎকর্ষ। ৩ [পর=উত্তর] শেষভাগ; উত্তরভাগ। ৪ [পর= অন্য, ৬তৎ] পরের ভাগ।

পরভাগ্য [পর (অন্য) ভাগ্য] বি, অপরের অদৃষ্ট; অন্যের কপাল।

পরভাগ্যোপজীবী [পর-ভাগ্য+উপ-জীব্ (বাঁচা)+ইন্ (র্তৃ)=পরভাগ্যোপজীবিন্ ১মা, ১বং] বিণ, যে পরের ভাগ্যের উপর নির্ভর করিয়া জীবিকা নির্ব্বাহ করে।

পরভাত [প্রভাত >। ব্রজ°] বি, প্রভাত। "ভেল পরভাত পুছই সবহুঁ" -বিংপং।

'পরভাতা-বি, পরের ভাত। প্র-পরভাতায় থাকা। ২ বিণ,যে পরের ভাত খায়।

পরভাতি, -ভাতী, -ভাতুয়া, -ভেতো [পর-ভাত+ইআ, উআ] বিণ, যে পরের ভাত খায়; পরান্নভোজী।

পরভু, পিরভু-প্রভু দ্রঃ।

পর/ভৃৎ [পর (অন্য) ভৃ(পোষণ করা) + ক্বিপ্ (র্তৃ)-যে অন্যকে অর্থাৎ কোকিলকে পোষণ করে] বি,বায়স: কাক। ২ [পরের (কাকের দ্বারা) ভৃৎ (পোষণ) যার] কোকিল; পিক। ৩ বিণ, পরপোষণকারী। ~ভৃত [পর(অন্য অর্থাৎ কাক কর্ত্তৃক) ভৃত (পালিত), ৩তৎ] বি, কোকিল। ২ বিণ, পরপুষ্ট; অন্যের প্রতিপালিত। > স্ত্রীং ~ভৃতা-বি, কোকিলা। ২ বিণ, পরপুষ্টা; পরান্নে পালিতা। ~ভৃতক, ~ভৃতিক [পর (অন্যের) ভৃতক (দ্রঃ), ভৃতিক] বিণ, অন্যের বেতনভোগী; বৃত্তিভুক্; ভৃত্য। > স্ত্রীং ~া, ~ভৃতিকা।

পরম [পর (উত্তম) মা (পরিমাণ করা) + অ (র্ম্ম), যে সকল হ'তে উত্তম পরিমিত হয়। ব্রজং পরুম। প্রাং বাং-পরু। "সহজ স্বভাবে সো পরু রজ্জই॥" ("স উত্তমপুরুষঃ সহজস্বভাবেন রজ্যতে ক্রীড়তে ইতি যাবৎ"-টীকা বৌংগাং দোং] বিণ,প্রথম, আদিস্থিত প্রণব। ২ চরম। ৩ শ্রেষ্ঠ। ৪ মহৎ; প্রধানতম supreme. ৫ অত্যন্ত। ৬ প্রকৃত। স্ত্রীং ~া। ~আপ্যায়িত-বিণ, অতিশয় তুষ্ট বা পরিতৃপ্ত highly pleased৷ ~কারুণিক -বিণ, যাঁর অধিক করুণাময় আর নাই; পরম দয়ালু। "পরম কারুনিক পরমেশ্বরের * * অনির্ব্বচনীয় মহিমা"-মং কুং দত্ত। ~গতি [পরম (শ্রেষ্ঠ) যে গতি, ধা] বি, উৎকৃষ্ট গতি; কৈবল্য। ২ মুক্তি; মোক্ষ; নির্ব্বাণ। ~-গুরু [পরম (শ্রেষ্ঠ) গুরু, ধা] বি, শ্রেষ্ঠ গুরু; মহা গুরু; গুরুর গুরু। ২ জননী। ৩ [ব্যঙ্গ্যং] সর্ব্বপ্রধান পরামর্শ বা মন্ত্রণাদাতা। ~-জ্যোতি-বি, পরমেশ্বর। "বিশ্ব ভুবন-রঞ্জন, ব্রহ্ম পরমজ্যোতি।"-ক্ষং। ~-তত্ত্ব-বি, পরম সত্তা absolute being. ২ মূল প্রকৃতি; মৌলিক ধর্ম্ম prime character, intrinsic nature. ~পদ [পরম (শ্রেষ্ঠ) পদ (স্থান) ধা] বি, শ্রেষ্ঠ স্থান। ২ মুক্তি; মোক্ষ। ~-পদার্থ [পরম (প্রধান) যে পদার্থ (বস্তু), ধা] বি, শ্রেষ্ঠ বস্তু; পরমেশ্বর।~-পিতা[পরম(সর্ব্বশ্রেষ্ঠ)পিতা] বি, পিতার পিতা; সকলের পিতা; পরমেশ্বর। ~-পুরুষ [পরম (প্রধান) যে পুরুষ, ধা] বি, পরমেশ্বর; পরমব্রহ্মং যিনি কর্ম্ম, ক্লেশ, বিপাক, বাসনা ইং দ্বারা অভিভূত কিম্বা মায়ামুগ্ধ নহেন তিনিই পরম পুরুষ। এই পুরুষ ও প্রকৃতি ইঁহারাই সৃষ্টির আদি এবং নিত্য, অন্য সমস্তই অনিত্য। "গণেশায় নমোনমঃ আদি ব্রহ্ম নিরুপম পরমপুরুষ পরাৎপর।"-অং মং। ~-ব্রহ্ম-বি.পরব্রহ্ম দ্রঃ। ~-মায়া [পরম (শ্রেষ্ঠ) মায়া যার, বহং] বি, মহামায়া; পরমেশ্বরী। "যেমন বামনরূপে ছলিলা বলিরে। তেমনি পরমমায়া যান ধীরে ধীরে।"-ঘং। ~-মুক্তি [পরম (প্রধান) যে মুক্তি, ধা] বি, জীবন্মুক্তব্যক্তির বিদ্যমান দেহ নাশের পর যে পরব্রহ্ম প্রাপ্তি; কৈবল্য; ভোগদ্বারা কর্ম্ম ও বাসনা ক্ষয়। ~লাভ-বি, পরমার্থ প্রাপ্তি। শ্রেষ্ঠ সফলতা; চরম প্রাপ্তি। ~হংস [পরম (প্রধান) হংস (তপস্বী), ধা] বি, মহাযোগী: যিনি সংযত ও শুদ্ধচিত্ত, সমদর্শী, নির্লোভ ও নির্ব্বিকার এবং যিনি পরাৎপর পরমেশ্বরে চিত্ত অর্পণ পূর্ব্বক শুভাশুভ কর্ম্মক্ষয়ার্থ সন্ন্যাস ধর্ম্ম গ্রহণ করেন: যিনি বেদান্তমতে ঈশ্বর সাধনা করিয়া সিদ্ধিলাভ করেন ও সংসারের অসার বস্তু সকল ত্যাগ করিয়া সার ও সত্য বস্তু সর্ব্বদা দেখিতে পান।

পর/মত [৬তৎ] বি, অন্যের অভিমত; অপরের লক্ষ্য বা ধারণা বা অবধারণ, বা অভিপ্রায় বা মানসিক দর্শন। ~মত-সহিষ্ণুতা-বি, অন্যের মত বা সিদ্ধান্ত

শুনিবার ধৈর্য্য। ~মতাবলম্বী [পর-মত +অবলম্বী] বিণ, অন্যের মত অবলম্বনকারী : অপরের সিদ্ধান্ত গ্রহণকারী। যার নিজের মত নাই। বিণ, ~মতসহিষ্ণু।

পরমর্ষি [পরম (শ্রেষ্ঠ) + ঋষি (মুনি), ধা] বি, বেদব্যাসাদি ঋষি।

পরমা [পরম (দ্রঃ) + আ (স্ত্রীং)] বিণ, শ্রেষ্ঠা ; প্রধানা। ~গতি-বি, নির্ব্বাণ মুক্তি ; মোক্ষ ; কৈবল্য। ~ধ্যান [পরম অর্থে পরমা। খৃং ১০-১১ শতব্দী, রমাই পণ্ডিতের ধর্ম্মপূজাপদ্ধতি] বি, শ্রেষ্ঠ তপস্যা (বং সাং পরিচয়)। ~প্রকৃতি-বি, আদ্যাশক্তি ; সত্ত্ব, রজঃ, তমঃ এই ত্রিগুণাত্মিকা সৃষ্টির আদি ভূতা মহামায়া। মূল প্রকৃতি। "অন্নপূর্ণা মহামায়া সংসার যাঁহার মায়া পরাৎপরা পরমাপ্রকৃতি।"-অং মং। ~সুন্দরী [গ্রাং সুন্দুরী] বিণ, সাতিশয় সৌন্দর্য্যশালিনী : পরম রূপলাবণ্যবতী।

পরমাই-পরমায়ু দ্রঃ।

পরমাকৃতি [পরম + আকৃতি, ধা] বি, সুন্দর গঠন। ২ [পরমা আকৃতি যার বহুং] বিণ, সুন্দর পুরুষ। ৩ সুন্দরী।

পরমাণ [ব্রজং। প্রমাণ > ভ্রং] বি, প্রমাণ ; সাক্ষী।

পরমাণে [প্রমাণ >] অ, প্রমাণ সম্বন্ধে। "দান অঙ্কার পরমাণে"-শ্রীং কীং। ২ প্রমাণ। "হের পাঞ্জী পরমাণে।"-শ্রীং কীং। "লছিমা দেবী পরমাণে"-বিং পং। ৩ প্রমাণ সম্মত। "যতকিছু বোলোঁ মোএঁ সব পরমাণে।"-শ্রীং কীং।

পরমাণিক-প্রামাণিক দ্রঃ।

পরমাণু [পরম (অত্যন্ত) + অণু, ধা] বি, সূক্ষ্মতম জড়াংশ ; জড় পদার্থের যে সূক্ষ্মতম অংশকে আর বিভাগ করা যায় না ; [রাসঃ পরিঃ] অণুকণা ; দ্ব্যণুক atom : molecule. ~বাদ-জাগতিক পদার্থসমূহের উৎপত্তি মূলে পরমাণুর পরস্পর রাসায়নিক সংযোগ অর্থাৎ প্রাকৃতিক যোগাকর্ষণ-বলে দুইটী পরমাণু সন্নিহিত হইবামাত্রই তারা আকৃষ্ট ও সংযুক্ত হয় এই মতবাদ। ~সংহতি [পরমাণু-সংহতি (সমূহ), ৬তৎ] বি, পরমাণুসমষ্টি। ২ পরমাণুসমূহের সংমিলনজাত জড়পদার্থ।

পরমাত্মা [পরম যে আত্মন্, ধা] বি, পরমেশ্বর ; পরব্রহ্ম।

পরমাত্মীয় [পরম + আত্মীয়] বিণ, অন্তরঙ্গ ; নিতান্ত আপনার ; অত্যন্ত নিকট-সম্বন্ধীয়। স্ত্রীং ~া।

পরমাদ [সং-প্রমাদ > পদ্যে কোমলার্থে] বি, প্রমাদ। "এত পরমাদে প্রাণ না যায় তবুত আন আর কত কহিব বিশেষ॥"-চণ্ডিং।

পরমাদর [পরম + আদর] বি, অতিশয় আদর ; সমাদর ; অতিশয় যত্ন।

পরমাদ্বৈত [পরম + অদ্বৈত, ধা] বি, পরমেশ্বর ; পরব্রহ্ম।

পরমান [প্রাং বাং। পরমাণ দ্রঃ] বি, প্রমাণ। "অসত্য না বোলোঁ বোলোঁ সত্য পং।"-শ্রীং কীং। ২ পরিমাণ। "বজর কত পং তার যাএঁ পরবত পূরে।"-শ্রীং কীং।

পরমানন্দ [পরম (অতিশয়) + আনন্দ যার, বহুং] বি, পরমাত্মা ; পরমেশ্বর। ২ [পরম যে আনন্দ, ধা] অখণ্ডানন্দ : নিত্যানন্দ। ৩ অতিশয় আনন্দ। "কললে পং নারদের ঢেঁকি"-অং মং।

পরমান্ন [পরম (শ্রেষ্ঠ) + অন্ন, ধা। দৈব ও পৈত্র্য কার্য্যে ব্যবহৃত হওয়ায় এই নাম] বি, পায়সান্ন ; দুগ্ধ ও শর্করা দ্বারা পক্ক অন্ন।

পরমাপ্রকৃতি-পরমা দ্রঃ।

পরমায়ুঃ, পরমায়ু [পরম + আয়ুস্ (জীবন), ধা। গ্রাং পরমাই, পেরমাই, প্রমাই। "সৃষ্টি কীরু পুত্র বাড়ুক পরমাই"-কবিকং] বি, জীবিত কাল ; আয়ুঃ। "পরমায়ু পরম ধন অনর্থ হইল ব্যয়। ন দেবায় ন ধর্ম্মায় গেল অরণ্য-কুসুম প্রায়।"-বাং-গান।

পরমার্থ [পরম + অর্থ (বস্তু, ধন), ধা] বি, শ্রেষ্ঠবস্তু। ২ ধর্ম্ম। ৩ যাথার্থ্য। ৪ ঈপ্সিত ধন। ~চিন্তা-বি, ধর্ম্মচিন্তা। ২ ব্রহ্মধ্যান। ~তত্ত্ব-ব্রহ্মজ্ঞান। ~তত্ত্ববিদ্-ব্রহ্মজ্ঞানী। ~বিদ্ [পরমার্থ-বিদ্ (জানা) + ক্বিপ্ (র্ক্তৃ)] বিণ, যিনি পরমার্থ জানেন। ঈশ্বরতত্ত্বজ্ঞ। ~বিন্দ [পরমার্থ-বিন্দ্ (লাভ করা) + অ (র্ক্তৃ)] বিণ, পরম তত্ত্বজ্ঞ। ২ প্রচুর ধন লাভকারী।

পরমাসুন্দরী-পরমা দ্রঃ।

পরমিট [ইং permitএর লিপ্যন্তর] বি, মাশুল বা শুল্ক আদায় দিয়া মাল সরাইবার ছাড়পত্র।

পরমুখ [পর (অন্যের) মুখ] বি, অপরের মুখ। ২ [লক্ষং] পরের তুষ্টি, অনুগ্রহ, প্রসাদ ; আনুকূল্য : সাহায্য। পং চাওয়া-ক্রি, অন্যের প্রতীক্ষা করা।

পরমুখা/পেক্ষা [পরমুখ + অপেক্ষা, ৬তৎ] বি, পরনির্ভরতা ; অপরের সাহায্য প্রত্যাশা। ~পেক্ষিতা [মূং পরমুখাপেক্ষিন্ + তা (ভাং)] বি, পরের সাহায্য প্রতীক্ষা ; পরনির্ভরশীলতা ; পরের মুখ চাহিয়া থাকার ভাব। ~পেক্ষী [মূং পরমুখপেক্ষিন্ ১মা, ১বং] বিণ, অপরের সাহায্য প্রত্যাশী ; যে পরের মুখ চাহিয়া থাকে। > স্ত্রীং ~পেক্ষিণী।

পরমেশ [পরম যে ঈশ, ধা] বি, পরমেশ্বর ; জগদীশ্বর। ২ শিব। ৩ বিষ্ণু।

পরমেশ্বর [পরম + ঈশ্বর, ধা] বি, জগদীশ্বর ; পরব্রহ্ম। ২ শিব ; মহাদেব। ৩ বিষ্ণু। ৪ সম্রাট্। স্ত্রীং ~ী-পার্ব্বতী ; দুর্গা।

পরমেশ্বরতঃ [সং] অ, ঈশ্বর হইতে : দৈবদ্বারা ; ভগবৎ কৃপাবলে। "তিনি স্বতঃ-পরতঃ পরমেশ্বরতঃ, অনবরত রজনীবাবুর সাহায্য করিয়া আসিয়াছেন।"-হং প্রং শাস্ত্রী, প্রবাসী, ১৩২১।

পরমেষ্ঠী [পরম (শ্রেষ্ঠ স্থানে, স্বর্গের উচ্চস্থানে), স্থা (থাকা) + ইন (র্ক্তৃ) = পরমেষ্ঠিন্ ১মা, ১বং] বি, ব্রহ্মা। ২ শালগ্রাম-মূর্ত্তিবিঃ ; বিষ্ণু। ৩ শিব। ৪ ইষ্টমন্ত্রদাতা গুরু।

পরমোৎসব [পরম (শ্রেষ্ঠ) উৎসব, ৬তৎ] বি, মহামহোৎসব।

পরম্পর, -রা [পর + পর, ম্ আগম, স্ত্রীং আ] বিণ, একের পর অন্য ; পরপর ; অনুক্রম। ২ প্রপৌত্রের পুত্র। ৩ বংশ। ক্রি-বিণ, পরম্পরায়-ক্রমে ক্রমে ; অন্যান্য দ্বারা।

পরম্পরাগত [পরম্পর (দ্বারা) +

আগত] বিণ,পরপর ক্রমে আগত ; যা ধারাবাহিকভাবে পরে পরে আসে।

পরম্পরিত রূপক [অলং শা০] বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ। এক বস্তুর আরোপ হেতু অন্য বস্তুর আরোপ স্থলে এই অলঙ্কার হয়। যথা-"প্রিয়ে! তোমার বদন সুধাকর সন্দর্শনেই আমার চিত্তচকোর চরিতার্থ হইয়াছে।"-শকুন্তলা। এখানে চিত্তে চকোরত্বের আরোপই বদনে চন্দ্রত্ব আরোপের হেতু। "নলিনী দিনমণির বিরহে অলিরূপ অশ্রুজল পরিত্যাগ পূর্ব্বক কমলরূপ নেত্র নিমীলন করিল।"-কাদম্বরী। এখানে অলিতে অশ্রুরূপের আরোপ, ও অশ্রুত্ব সিদ্ধির জন্য কমলে নেত্রের আরোপ।

পরম্পরীণ [পরম্পরা+ঈন (ষ্ণ০)] বিণ, পরম্পরায় আগত ; ক্রমাগত ; ধারাবাহিক।

পরল-পড়োল, পরোল দ্রঃ।

পরলাপ (-রঁ-) প্রলাপ (দ্রঃ)।

পরলোক [পর (অন্য) লোক (জগৎ), ধা] বি, লোকান্তর ; মৃত্যুর পর পুনর্জ্জন্ম না হওয়া পর্য্যন্ত অর্থাৎ মরণ ও পুনর্জ্জন্মের মধ্যবর্ত্তী অবস্থা ; ইহলোকের পর যে লোক ; বর্ত্তমানের পরবর্ত্তী ভোগ্য লোক। ২ ভূর্লোক, ভুবর্লোক, স্বর্লোক, সত্যলোক, তপলোক, মহর্লোক, জনলোক, এই সপ্ত দেবলোক। ৩ পরকাল। "ধন নাহি স্থির রয় দারা আপনার নয় সেই ধর্ম্ম পরলোকে সার।"-অ০ ম০। ৪ মৃত্যু। ~গত-বিণ, মৃত। ~গমন-মৃত্যু। ~প্রাপ্তি-মৃত্যু। ~যাত্রা-মৃত্যু।

পরশ১ [ব্রজ০। স্পর্শ > কোমলরূপ, পদ্যে] বি, স্পর্শ। "নীবিবিন্ধ পরশে চমকি উঠে গৌরী"-বি০প০। ২ [পূর্ব্ব শ্রীহট্ট প্রাদে০, পশ্চিম শ্রীহট্টে 'ছোরা' (দ্রঃ)] বি, অশুচি ; অস্পর্শ্য পদার্থ। "আমাকে ছুঁয়োনা আমি পরশ ছুঁয়েছি।"

পরশ২ [স্পর্শমণি > ক্ষে০ স্পর্শ > পরশ। প্রা০ পরেশ] বি, স্পর্শমণি ; পরেশ পাথর। ২ স্পর্শ। ~পাথর [~মণি ও০। পরশ (সংস্পর্শ) + পাথর, সং-প্রস্তর > পা০ পথর >] বি, স্পর্শমণি ; প্রস্তরবিঃ ; যাকে কোন কিছু স্পর্শ করিলেই স্বর্ণ হইয়া যায়। "আমার ভাণ্ডারে আছে পরশপাথর।" -কবিক০। "ক্ষ্যাপা খুঁজে খুঁজে ফিরে পরশপাথর"-রবী০।

পরশ৩, পারশ [সং-পরিবেষণ। হিং পরস্। ক্রি, পরস্না] বি, পরিবেশন।

পরশ৪ [স্ফুর্ (দীপ্তি) > পসর (দ্রঃ) > (বর্ণবিপর্য্যয়ে) পরস > পরশ] বি, প্রভা। পরশে-প্রভায় (মৈ০ গী০)।

পরশন [পদ্যে] বি. স্পর্শন ; স্পর্শ। "দরশন পরশন হয় অনিবারে।" "যার দরশন সুধা, প০ সুধা স্মৃতি যার সুধামাখা, সারা নিশি শেষে সুখতারা মত সে আজি দিয়েছে দেখা॥"-কাব্যকুসুমাঞ্জলি।

পরশা১,-ষা,-সা১ [হিং পরস্না। সং -পরিবেষণ >। পরি-বিষ্ >। প্রা০ বাং] ক্রি, পরিবেষণ করা ; ভোজনপাত্রে অন্নাদি দান করা। "হাসিয়া পরসে অলবণ রান্ধে তথাপি স্বামীর চিত্ত বান্ধে॥"-কবিক০। "পরশে লহনা নারী, গায়ে দেখি ঘর্ম্ম বারি, পাখা ধরি ব্যজয়ে দুর্ব্বলা।"-ঐ।

পরশা২, পরসা২ [সং-স্পর্শ >। পরশি, পরশ, পরশে ; পরসিতে ; পরশিয়া। ব্রজ০ পরশই=স্পর্শ করে। পরশিবি=স্পর্শ করিবি। পরশয়ে=স্পর্শ করে। পরশিহঁ -স্পর্শ করিও। "পরবোধি পয়োধর পরশিহ। কুঞ্জর জনু সরোরুহ॥"-বি০ প০। স্পর্শ করা। "না জানে পিরীতি যারা নাহি পায় তাপ। পরসে পিরীতি আঁধার ঘরে সাপ॥"-চণ্ডি০।

পরশু১ [পর (শত্রু) শৃ (হিংসা করা)+উ (কু)। পশু ও০] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিঃ। ইহা একটী যষ্টির মস্তকে অর্দ্ধচন্দ্রাকার লৌহফলক, তার আস্ত বিস্তৃত, সম্মুখে চক্চকে মুখ, মুঠ সরু এবং মস্তকে শিখা, বাহু পরিমিত লম্বা, কার্য্য-পাতন ও ছেদন। চাণক্যকৃত অর্থশাস্ত্রে-"সওয়াহস্ত পরিমিত অর্দ্ধচন্দ্রাকার অস্ত্র" (যো০ সমাদ্দারকৃত বঙ্গানুবাদ)। ~ধর [পরশু (কুঠার) ধর (যে ধারণ করে)] বি, পরশুরাম। ২ বিণ, পরশুধারী ; পরশুপাণি। ~রাম [পরশু (কুঠার) ধারী বা যুক্ত যে রাম, ম০ প০ লো০] বি, জামদগ্ন্য ; জমদগ্নির পুত্র : ভার্গব ; দশ অবতারের মধ্যে ষষ্ঠ (ভাগবত)। ~রাম-ক্ষেত্র-দক্ষিণ ভারতের শূর্পাকার কোঙ্কণ প্রদেশ পরশুরামের তপস্যাস্থল বলিয়া এই নামে অভিহিত তীর্থবিঃ।

পরশু২ [পরশ্বঃ >। গ্রা০ পশু ও০। হিং পরসোঁ] বি, গত বা আগামী কল্যের পরদিন। ২ ক্রি-বিণ, কল্যকার পূর্ব্ব বা পরদিনে।

পরশ্রী [৬তৎ] বি, অপরের ধন, সম্পদ, ঐশ্বর্য্য, উন্নতি বা সৌভাগ্য। ~কাতর-বি, পরশ্রী দেখিয়া দুঃখিত বা ঈর্ষাযুক্ত। > স্ত্রীঃ ~া। বি, ~কাতরতা।

পরশ্বঃ, পরশ্ব [গ্রা০ পরশু। মূ০ পরশ্বস্ (ভবিষ্যদর্থে)] অ, আগামী দিনের পরদিন।

পরশ্বধ, পরস্বধ [পর (শত্রু) শ্বন্ ইব (কুক্কুরের ন্যায়) ধ-ধেট্ (পান করা) + অ (র্ত্তৃ), যে কুক্কুরের ন্যায় শত্রুর রক্ত পান করে] বি, পরশু। "প্রক্ষেড়ন ঘন ঘন দ্রুঘন কুঠার। করে বধ পরশ্বধ বিষম প্রহার॥"-কাশী০। "কেহ মারে শেল সাঙ্গী ভাবুষ পট্টিস টাঙ্গি পরশ্বধ কুঠার তোমর।"-শি০।

পরসঙ্গ [ব্রজ০। সং-প্রসঙ্গ >, কোমলার্থে] বি, প্রসঙ্গ। "রস পরসঙ্গে উঠয়ে মধু কাঁপ"-বি০ প০।

পরসন্ন [সং-প্রসন্ন >, পদ্যে কোমলরূপ] বিণ, প্রসন্ন ; প্রফুল্ল। ২ অনুকূল ; অনুগ্রহালু। "শুন শুন মাধব তুহুঁ সুচতুর। কিয়ে বিধি প০ কিয়ে প্রতিকূল॥"-জ্ঞান০।

পরসাদ [সং-প্রসাদ >, পদ্যে কোমলরূপ। হিং পরসাদ] বি, দেবতার প্রসাদ। "সকলে সিদ্ধির শেষ প০ পাও"-অ০ ম০। ২ অনুগ্রহ। "সো সব পূরল পিয়া প০"-বি০ প০।

পরস্ত [গ্রা০। সং-প্রস্থ >, ভং প্রস্তত] বি, প্রস্থ ; থানা ; সেট set

পরস্পর [পর-পর, স্ আগম] বিণ, ইতরেতর ; অন্যোন্য reciprocal. ~ধ্বংসী, -বিধ্বংসী [পরস্পর-ধ্বন্স্+ইন্ (র্ত্তৃ)= ধ্বন্সিন্=বিধ্বন্সিন্ ১মা, ১ব০] বিণ, পরস্পর

পরস্পরকে ধ্বংসকারী ; এক অন্যের সংঘর্ষ দ্বারা বিনাশশীল। ~বিরোধী [পরস্পর-বিরোধিন্ ১মা, ১ব০] বিণ, এক অন্যের প্রতিকূল ; অন্যোন্য বিরোধকারী।

পরস্মৈপদ [পর শব্দ চতুর্থীর ১ বচনে পরস্মৈ (অন্যের নিমিত্ত) পদ (তি, তস্, অন্তি ই০ চিহ্ন) যে বিভক্তির, বহু০] বি, ধাতুর বিভক্তিবিঃ ; ধাতুর উত্তর পরোদ্দেশ্যক বিভক্তি।

পরস্ব [পরের স্ব (ধন), ৬তৎ] বি, পরধন ; পরবিত্ত ; অন্যের সম্পত্তি। ~ত্ব [পর+স্বত্ব] বি, অন্যের স্বামিত্ব বা অধিকার। ~ত্বাপহারী [পর-স্বত্ব+অপহারী বিণ, পরাধিকার হরণকারী। ~হারী-পরস্বাপহারী দ্রঃ।

পরস্বাপহরণ [পরস্ব+অপহরণ, ৬তৎ] বি, পরধনহরণ ; অন্যের ধন চুরি। ~হারী, পরস্বহারী [পরস্ব+অপহারী, হারী, ৬তৎ] বিণ, পরের ধন অপহরণকারী ; পর-বিত্তাপহারক।

পরহার [সং-প্রহার > পদ্য রূপ] বি, প্রহার। "নথ পরহার"-বি০ পু০।

পরহিংসা [৬তৎ] বি, পরদ্বেষ ; অন্যের প্রতি বৈরভাব পোষণ ; অপরের প্রতি ঈর্ষা বা বিদ্বেষ। "প০ নরকে বাস, যুগে যুগে সর্বনাশ।"-প্রবচন। বিণ, পরহিংসক [গ্রা০ পরকে হিংসুক]।

পরহিত [৬তৎ] বি, পরের মঙ্গল ; পরোপকার। ~ব্রত (-ত০) বি, পরোপকাররূপ ব্রত। ২ [পরের হিত ব্রত যার, বহু০] বিণ, পরের মঙ্গলসাধক ; পরোপকারী ; যে পরের হিতসাধনে রত। > স্ত্রীং ~ব্রতা। ~ব্রতী-বিণ, পরের কল্যাণে রত।

পরহিতাকাঙ্ক্ষা [৬তৎ] বি, পরোপকারের ইচ্ছা। বিণ ~ঙ্ক্ষী। > স্ত্রীং ~ঙ্ক্ষিনী।

পরহিতানুষ্ঠান [৬তৎ] বি, পরোপকার ; পরের মঙ্গলসাধন। বিণ, ~তা, ~য়ী। > স্ত্রীং ~ত্রী, ~য়িনী।

পরহিতৈষণা [পরহিত+এষণা (ইচ্ছা), ৬তৎ] বি, পরোপকারেচ্ছা। ~ষী [মূ০ পরহিতৈষিন্ ১মা, ১ব০] বিণ, যে পরের হিতচিন্তা করে ; পরের মঙ্গলাভিলাষী। > স্ত্রীং ~ষিণী।

পরা১ [পৃ (পূরণ করা)+আ (র্তৃ)] অ, উপসর্গবিঃ। ২ আতিশয্য ; প্রাধান্য। ৩ অতিক্রম। ৪ আভিমুখ্য। ৫ অন্য। ৬ অহঙ্কার। ৭ তিরস্কার। ৮ বিক্রম। ৯ বর্ধণ। ১০ বধ। ১১ প্রাতিকূল্য। ১২ প্রাতিলোম্য। ১৩ গমন। ১৪ ব্যতিক্রম। প্র-পরাজয়। ১৫ ভঙ্গ। ১৬ প্রত্যাবৃত্তি। ১৭ অনাদর।

পরা২ [পর (দ্রঃ)+আ (স্ত্রীং)] বিণ, শ্রেষ্ঠা ; প্রধানা ; মুখ্যা। "দুর্গা দুর্গা পরা তুমি দুর্গতিনাশিনী"-কবিক০। ২ ব্রহ্মজ্ঞান-প্রতিপাদিকা ; উপনিষদাত্মিকা। প্র-পরা-বিদ্যা। ৩ [যোগ শা০ পরিঃ] বি, নাভিমূল হতে আদিজাত নাদস্বরূপ বর্ণ ; ব্রহ্মস্বরূপ। ৪ [পরম পুরুষার্থস্বরূপ ব্রহ্মজ্ঞানের হেতু বলিয়া] উপনিষৎ। ৫ মালবের নদীবিঃ ; পার্ব্বতী নদী [ভারতকোষ]।

পরা৩ [সং-পরিধান > পরিহান-পহিরান (বর্ণবিপর্যয়ে)। হি০পহিব্না। বাং-পহিরন, পরন (প্র-পরনের কাপড়) > ক্রিয়ার-পরা। পরি, পর (পরেন, পরিস), পরে (পরেন) ; পরিতে ; পরিয়া (ক্ষে০ পদ্যে পরি, গ্রা০ পরে। ণিজন্ত-পরান] ক্রি, পরিধান করা ; অঙ্গে ধারণ করা। প্র-কাপড় পরা ; পোষাক পরা ; গহনা পরা। "পদ্মাবতী পরাইল পৃষ্ঠে বাঁধি ডুরি। ঝলমল করে মণি মুকুতার ঝুরি।"-শি০। "আয় এয়োগণ করবি বরণ পরে চরণ চাপ।"-হেম০। ২ বিণ, কৃতপরিধান ; পরিহিত। "ত্রিনয়ন লম্বোদর পরা বাঘছাল।"-অ০ ম০।

পরাওল [ব্রজ০। পরা৩ দ্রঃ] ক্রি, পরিধান করাইল ; পরাইল। "যতনে পরাওল কণ্ঠে হামারি"-বিদ্যপ০।

পরাক, পরক [পর২ দ্রঃ। প্রা০ বাং] পরের ; পরার দ্রঃ। "পরাক লাগিআঁ সে হারাইবে নাক কানে"-শ্রী০ কী০। ২ অপরকে। "আপনে না ভুঞ্জ পরাক না কর দানে"-শ্রী০ কী০।

পরাকরণ [পরা (অবহেলা) করণ (করা)] বি, অবজ্ঞাকরণ ; অবহেলন। বিণ, ~কৃত-অবজ্ঞাত। ~কাষ্ঠা [পরা+কাষ্ঠা (সীমা)] বি, চরমসীমা climax. ~ক্ষ [কনিক০] ইং major axisএর বৈজ্ঞা০ পরিঃ।

পরাক্রম [পরা (সর্বতোভাবে) ক্রম্ (গমন করা)+অ (ণে), যদ্দ্বারা গমনাগমন করিতে পারা যায়] বি, শক্তি ; সামর্থ্য। ২ বিক্রম। ৩ পুরুষকার। ~শালী [মূ০ পরাক্রমশালিন ১মা, ১ব০] বি, ক্ষমতাপন্ন ; শক্তিশালী ; বলবান্।

পরাক্রান্ত [পরা-ক্রম্+ত (র্তৃ)] বিণ, শক্তিসম্পন্ন ; পরাক্রমশালী ; বিক্রান্ত।

পরাগ [পরা-গম্ (গমন করা)+অ (র্তৃ)-যে বায়ুর সহিত গমন করে] বি, পুষ্পরজঃ ; ফুলরেণু pollen. ২ ধূলি ; রজঃ ; রেণু। "কণক রুচির অঙ্গে লেগেছে প০"-কবিক০। ৩ গন্ধদ্রব্য চূর্ণ। ৪ চন্দন। ৫ চূর্ণ ; গুঁড়া। ৬ উপরাগ। ৭ প্রতিপত্তি ; খ্যাতি। ~কেশর-বি, যে কেশরে পরাগ জন্মে ; শিরোদেশে রেণুবিশিষ্ট পুষ্পমধ্যস্থ সূক্ষ্ম সূত্র-সমূহ stamen. ~কোষ-পুষ্পরেণুর আধার ; কোষাকৃতি anther.

পরাগত [পরা (পশ্চাৎ)+আ-গম্ (গমন করা)+ত (র্তৃ)] বিণ, পশ্চাদাগত। ২ বিস্তৃত ; পরিব্যাপ্ত। ৩ [পরা (বিপরীতভাবে) গত] প্রত্যাগত।

পরাঙ্মুখ [পরাঙ্ (পশ্চাৎদিকে ফিরান) মুখ (বদন) যার, বহু০] বিণ, ফিরাণ মুখ। ২ প্রতিকূল ; বিমুখ। ৩ নিবৃত্ত ; উদাসীন ; ক্ষান্ত। "কি হবে বিষয় সুখ তাহে পতি প০ তারে বলে সবে কাম অরি।"-কবিক০।

পরাচীন [পরাচ্ (বিমুখ)+ঈন (র্তৃ)। প্র০অ০] বিণ, পরাঙ্মুখ। ২ [সং-প্রাচীন > গ্রা০। মেয়েলি০ পেরাচীন] প্রাচীন।

পরাজয় [পরা (ব্যতিক্রম) জি (জয় করা)+অ (ভা০)] বি, পরাভব ; পরিহার। ২ [পরাজিত অর্থে] বিণ, পরাভূত। "দৈত্যরণে দেবরাজ হয়ে প০। দেবগণ মিলি গেলা ব্রহ্মার আলয়।"-কবিক০।

পরাজাতি [জীব॰ পরিঃ] বি, কুল; গোষ্ঠী; বংশ family.

পরাজিত [পরা-জি+ত (র্ম্ম)] বিণ, পরাস্ত; বিজিত; পরাভূত।

পরাণ [সং-প্রাণ > ভ্রং। বাং পদ্যে, ব্রজ॰। গ্রা॰ পরাণি, পেরাণ, পান] বি, জীবন; প্রাণ। "আকুল করি গেও হামারি প॰"-বি॰ প॰। ২ শক্তি। "তোহ্মার পরাণে বেদ উদ্ধারিলা"-শ্রী॰ কী॰। "আকাশ প্রমাণ লঙ্কার গড় তোহ্মার পরাণে তথা জাই।"-ঐ। ~বঁধু-প্রাণবন্ধু; অন্তরঙ্গ বন্ধু। ~প্রিয় [পদ্যে] প্রাণসম প্রিয়। ~পুতলী, ~পুতুলি, পুত্তলি-হৃদ্‌পিণ্ড; প্রাণ-সর্ব্বস্ব। "এস মা এস মা ও হৃদয়রমা পরাণ-পুতলী গো।"-হ্ম॰। "পরাণ পুত্তলি বিনা পার্থিব যেমন। তোমা বিনা তারে তুমি জানিবে তেমন॥"-শি॰।

পরাণি-পরানি দ্রঃ।

পরাণি, -ণী [প্রাণ দ্রঃ] বি, প্রাণ; জীবন। "বিদেশে বেগ্যার হাতে হারাই প॰।"-ঘ॰। "ধরিবাক না পারোঁ পরাণী।"-শ্রী॰ কী॰।

পরাণে-প্রাণে। ২ [প্রা॰ বাং] প্রাণ। ৩ প্রাণের: প্রাণ রক্ষার জন্য। "পরাণে বড়াই মোর কর প্রতিকার"-শ্রী॰ কী॰। ৪ শক্তিতে।

পরাত [পর্ত্তু॰ prato, ইং plate] বি, বড়থালা: পেলেট।

পরাতুষ্টি [সং] বি, পরম সন্তোষ।

পরাৎ/পর [পরাৎ (পর হতে ও) পর (শ্রেষ্ঠ)] বিণ, শ্রেষ্ঠ হতেও শ্রেষ্ঠ; মহতের মহৎ। ২ বি, পরমেশ্বর। "পরমপুরুষ পরাৎপর।"-অ॰ ম॰। স্ত্রীং ~পরা-পরমেশ্বরী; ভগবতী। "তুমি দেবী পরাৎপরা সুখদাত্রী দুঃখহরা অন্নপূর্ণা অন্নে কর পূর্ণ।"-অ॰ ম॰।

পরাত্মা [পর (শ্রেষ্ঠ) যে আত্মা, (ধা)] বি, পরমেশ্বর; পরমাত্মা।

পরাদান [পর (অন্য উদ্দেশে)+আদান (সম্যক্‌রূপে দান), ৪তৎ] বি, পরোপকারের নিমিত্ত দান; দরিদ্রের উপকারার্থে দান।

পরাধি [পর (অন্যের)+আধি (পীড়া), ৬তৎ] বি, অপরের ব্যাধি। ২ [পর (প্রধান) যে আধি=ব্যাধি, ধা] উৎকট পীড়া।

পরাধিকার [পর (পরের)+অধিকার, ৬তৎ] বি, অন্যের আধিপত্য; পরের দখল। ~চর্চ্চা-বি, অনধিকার চর্চ্চা; পরচর্চ্চা।

পরাধীন [পর+অধীন, ৬তৎ] বিণ, পরতন্ত্র: অন্যের বশীভূত: অস্বাধীন। স্ত্রীং ~া। বি, ~তা, ~ত্ব।

পরানি [পরা৩ (দ্রঃ)+আন (ক্রিয়ায়, নিজন্তে। পরাই, পরাও (পরান, পরাস), পরায় (পরান); পরাইতে; পরাইয়া (ক্ষে॰ গ্রা॰ পরিয়ে)] ক্রি, পরিধান করান: অঙ্গে ধারণ করান; "আমারেও আজি পরাইতে হবে বসন ভূষণ রাজি"-রবী॰। ২ সংলগ্ন করা: ছিদ্রে প্রবেশ করান। প্র-কলমে নিব্‌ পরান। ছুঁচে সূতা পরান।

পরানুভব [পরা (সম্যক্)+অনুভব, ধা] বিণ, বাস্তব; পদার্থাশ্রিত; অনাত্ম; বহির্মুখ objective (মা॰ ও মর্ম্মবাণী, ১৩২৭) [বিপরীত-আত্মানুভব বা স্বানুভব (subjective)]।

পরান্তক [পর (সংসারের)+অন্তক (নাশক), ৬তৎ] বি, প্রলয়কর্ত্তা; মহাদেব।

পরান্ন [পর (অন্যের)+অন্ন, ৬তৎ] বি, পরস্বামিক অন্ন; স্বোপার্জ্জিত অন্ন নহে। ২ অন্যের পক্ব অন্ন [দ্রঃ-স্মৃ॰ গুরু, মাতুল, শ্বশুর, পিতা এবং পুত্রের পক্ব অন্ন পরান্ন নহে বলিয়া উক্ত]। ~জীবী [সূং পরান্নজীবিন ১মা, ১ব॰] বিণ, যে পরের অন্নে জীবন ধারণ করে: পরের অন্নে প্রতিপালিত। ~পুষ্ট [পরের অন্নে পুষ্ট যে, বহু॰] বিণ, পরান্নে যে প্রতিপালিত হয়; পরান্নজীবী। ~ভোজী-বিণ, যে পরের অন্নভোজন করে; অন্যের অন্নভোজনকারী।

পরান্নোপজীবী [সূং পরান্নোপজীবিন্‌ ১মা, ১ব॰] বিণ, পরান্ন যার উপজীবিকা; পরান্নে জীবনধারণকারী; পরপিণ্ডভোজী।

পরাপতিত [পরা (পশ্চাৎ)+আপতিত (যে আগমন করে)] বিণ, প্রত্যাবৃত্ত: প্রত্যাগত। ৩

পরাপর [পরাৎপর >] বিণ, শ্রেষ্ঠতম। "বুড়ার করিহ সেবা প॰ ধর্ম্ম"-কৃত্তি॰। ২ [পর+অপর] অ, শত্রু মিত্র; আত্মপর।

পরাপরা [পর+আ (স্ত্রীং)=পরা (শ্রেষ্ঠ)+অপরা (অশ্রেষ্ঠ, গৌণ)] বিণ, প্রধান অপ্রধান। ~বিদ্যা-ব্রহ্মবিদ্যা ও জাগতিক বিদ্যা; উপনিষৎ এবং বেদ-বেদাঙ্গাদি বিদ্যা; ব্রহ্ম ও মায়িক বিদ্যা। "পরাপরা বিদ্যা মোর গিয়াছে সকল।"

পরাবর্ত্ত [পরা-বৃৎ (বর্ত্তমান থাকা)+অ (ভা॰)] বি, বিনিময়; বদলাবদলি। ২ প্রত্যাবর্ত্তন। ~ব্যবহার-পুনর্ব্বিচারের আবেদন; আপীল appeal.

পরাবর্ত্ত/ন১ [পদার্থবিজ্ঞা॰ পরিঃ] বি, প্রতিফলন reflection ~ক reflector.

পরাবর্ত্তন২ [তঃ বিঃ পরিঃ] বি, নিরপেক্ষানুমানের প্রকার ভেদ। ইহাতে যে বাক্যটি হতে অনুমান করা হয় সেই বাক্যের উদ্দেশ্য ও বিধেয় অনুমিত বাক্যের বিধেয় ও উদ্দেশ্য হওয়া (যথা-সকল মানুষ মর, ∴ কোন কোন মর মানুষ-প্র॰ সিংহ) conversion by limitation.

পরাবর্ত্তমাপক [খনিজ॰ পরিঃ] বি, প্রতিফলনপরিমাপক যন্ত্র reflectometer.

পরাবর্ত্তিত [পরা+বৃৎ+নিচ্‌=বর্ত্তি বিদ্যমান থাকান)+ত (র্ম্ম)] বিণ, যাকে ফেরান গিয়াছে; যাকে প্রত্যাবর্ত্তন করান (হইয়াছে; প্রত্যাবর্ত্তিত।

পরাবহ [পরা (উর্দ্ধে)+বহ্‌ (প্রবাহিত হওয়া)+অ (র্ত্তৃ)] বি, উর্দ্ধে প্রবাহিত সপ্তবায়ুর অন্তর্গত বায়ুবিঃ।

পরাবৃত্ত১ [পরা (পুনরায়)+বৃৎ (বর্ত্তমান থাকা)+ত (র্ত্তৃ)] বিণ, যে ফিরিয়াছে; প্রত্যাবৃত্ত। ২ পরিবর্ত্তিত। ৩ [পর (দূরে) আ+বৃৎ (বর্ত্তমান থাকা)+ত] পলায়িত। বি, **পরাবৃত্তি** [পরা-বৃৎ (বর্ত্তমান থাকা)+তি (ভা॰)] বি, প্রত্যাবর্ত্তন। ২ পরিবর্ত্তন। ৩ পলায়ন।

পরাবৃত্ত২ [নাট্য শা॰, অঙ্গাভিনয়] বি, মস্তকের ব্যজন সঞ্চালনের ন্যায় গতি অর্থাৎ একধার হইতে অন্য ধারে চালনা। প্রণয়, দয়িতের জন্য আকাঙ্ক্ষা, আনন্দ, সন্তোষ,

বিচার, ঘৃণা, লজ্জা, কম্প, কেশমুক্ত করণ ই° স্থলে প্রযোজ্য। অভিন্ন দ্রঃ।

পরাবৃত্ত [সং। ক° বিশ্ব° পরিঃ, বীজগ° ও কনিক° (conics)] বি, হাই-পারবোলা hyperbola. ২ [জ্যা° পরিঃ। সূর্য্যসিদ্ধান্তে]. অতিপরবলয়।

পরাভব [পরা (নিন্দিত) ভূ (হওয়া) + অ (ভা°)] বি, তিরস্কার। ২ পরাজয়; যুদ্ধে হার হওয়া। ৩ বিনাশ। ৪ অতিক্রম। ৫ [ব্রজ°] নির্য্যাতন; অবমাননা। "প্রেমহি কুলবতী প° সহই।"-বি° প°।

পরাভূত [পরা-ভূ+ত (র্ম্ম)] বিণ, অন্যের দ্বারা নিরস্ত; অন্য কর্ত্তৃক পরাজিত; পরাস্ত। ২ নিন্দিত; তিরস্কৃত। ৩ অতিক্রান্ত।

পরামনন [পরা (অতিশয় শ্রেষ্ঠ) মনন (চিন্তন)] বি, প্রগাঢ় চিন্তা। ২ ব্রহ্মবিষয় চিন্তন। ৩ অনুতাপ।

পরামিশ-পরামর্শ দ্রঃ।

পরামর্শ [পরা (বিশেষভাবে) মৃশ্ (বিবেচনা করা) + অ (ভা°)। প্রা°পরামোশ] বি, বিশেষ মন্ত্রণা; বিচার। ২ বিবেচনা। ৩ যুক্তি। ৪ [ন্যায়দর্শনে] ব্যাপ্যের বা ব্যাপ্তিবিশিষ্টের পক্ষধর্ম্মত্ব জ্ঞান।

পরামর্ষ [পরা+মৃষ্ (সহ করা) + অ (ভা°)] বি, সহ্যকরণ; সহন।

পরামাণিক, পরমাণিক [সং- প্রামাণিক > ভ্রং] বি, প্রধান head-man. ২ জাতির প্রধান; নাপিতের সমাজপতি; মূর্ধনিয়া। ৩ নাপিত। ৪ গ্রামের মধ্যে মান্য ব্যক্তি যিনি জমিদারের নিকট সামান্য ভাতা প্রাপ্ত হইয়া মফঃস্বলের কর্ম্মচারিগণকে আদায় ও জমির সীমা আদি নির্ণয়ে সাহায্য করিয়া থাকেন। ৫ জাতীয় উপাধিবিঃ।

পরামৃষ্ট [পরা-মৃশ্ (বিবেচনা করা) + ত (র্ম্ম)] বিণ, সম্যক্ বিবেচিত। ২ সংসৃষ্ট; সম্পর্কিত।

পরায়ণ [পর (একমাত্র) + অয়ন (আসক্তি) যার, বহু°] বিণ, অত্যাসক্ত; অত্যনুরক্ত; একনিষ্ঠ। প্র-ধর্ম্মপরায়ণ; সেবা-পরায়ণ। ২ তৎপর। ৩ [পর (প্রধান) + অয়ন (আশ্রয়), ধা] বি, শ্রেষ্ঠ আশ্রয়; চরম অবলম্বন। "জয় নারায়ণ পরম পরায়ণ শোক মহার্ণব পার তরে।"-বাং°গান। ৪ [পর (সংসার, জগৎ) + অয়ন (আশ্রয়), ৬তৎ] জগদবলম্বন; নারায়ণ; বিষ্ণু।

পরায়তি [পর (অন্যের) + আয়তি (অধিকার) যাতে, বহু°] বিণ, পরাধীন। ২ [পর (অতিশয়) + আয়তি (বিস্তার) যার, বহু°] অতিবিস্তৃতাকারবিশিষ্ট। ৩ [পর+আয়তি, ধা] বি, অতি ব্যাপ্তি; অতিশয় বিস্তার।

পরায়ত্ত [পর (অন্যের) + আয়ত্ত (অধীন), ৬তৎ] বিণ, অন্যের অধিকৃত; পরবশ; পরাধীন। বি. ~ত্তি।

পরার [পরাক দ্রঃ। প্রা° বাং] অ, পরের। "রস নাহি পরার পুরুষে"-শ্রী° কী°।

পরারি [পর+অরি] বি, শত্রুর শত্রু; মিত্র। ২ অন্যের শত্রু। ৩ [পর (শ্রেষ্ঠ)] প্রধান শত্রু; পরম শত্রু। ৪ ["পরুৎপরার্য্যৈষমোহব্দে পূর্ব্বে পূর্ব্বতরে যতি"-অমর°। (পূর্ব্বে বর্ষে পরুৎ। পূর্ব্বতরে গতবর্ষাৎ পূর্ব্ববর্ষে পরারি-টীকা, গুরুনাথ°)] বি, পূর্ব্বতর বৎসরের নাম।

পরার্থ [পর+অর্থ (হেতু), ৬তৎ] বি, অন্যের হেতু; পরের নিমিত্ত; অপরের জন্য। ২ [পর (প্রধান) যে অর্থ (প্রয়োজন, অভিধেয়), ধা] বি, প্রধান প্রয়োজন। ৩ প্রধান অর্থ; মুখ্য অভিধেয়। ৪ [পর (অন্য) অর্থ (উদ্দেশ্য) যার, বহু°] বিণ, অন্য উদ্দেশ্য-বিশিষ্ট। ~বাদ [পারিঃ] altruism.

পরার্দ্ধ [পর (অতিশয়) + অর্দ্ধ= ঋধ্ (বৃদ্ধি হওয়া) + অ (র্ত্তৃ)] বি, শত সহস্র লক্ষ কোটি সংখ্যা; ১,০০,০০,০০,০০,০০,০০,০০,০০০ hundred thousand billions. ২ [লক্ষ°] অত্যধিক সংখ্যা। ৩ [পর (ব্রহ্মার) + অর্দ্ধ (আয়ুর অর্দ্ধাংশ), ৬তৎ] ব্রহ্মার আয়ুর দ্বিতীয়ার্দ্ধ, শেষার্দ্ধ।

পরার্দ্ধ্য [পর (অত্যুত্তম) + অর্দ্ধ + য (যুক্তার্থে)] বিণ, শ্রেষ্ঠতম। ২ বি, স্বর্লোক।

পরাশর [পু°] বি, বেদ সঙ্কলয়িতা ব্যাসদেবের পিতা ধর্ম্মশাস্ত্রপ্রবর্ত্তক ঋষি। "পিতা যাঁর প° শুকদেব, বংশধর জননী যাঁর সত্যবতী।"-অ° ম°। ~ী-বিণ, পরাশরীয়; প° সম্বন্ধীয় বা কৃত বা প° সংহিতা হ'তে উদ্ধৃত। ~সংহিতা-বি, পরাশর মুনিকৃত ধর্ম্মশাস্ত্র বা অনুশাসন।

পরাশ্রয় [পর+আশ্রয়, ৬তৎ] বি, অন্যের আশ্রয়; পরাবলম্বন। ২ [পর (শ্রেষ্ঠ) + আশ্রয়] প্রধান বা উৎকৃষ্ট আশ্রয়। ৩ বিণ, পরাবলম্বী। স্ত্রীং ~া-বি, বৃক্ষের উপরে জাত লতা; পরগাছা। ২ পরাবলম্বিনী। বিণ, ~ী-পরাবলম্বী।

পরাশ্রিত [পর+আশ্রিত, ৬তৎ] বিণ, অন্যের আশ্রয়ে স্থিত; অন্যের শরণাগত। স্ত্রীং ~া।

পরাসু [পর (গত) + অসু (প্রাণ)] বিণ. গতাসু; মৃত। ~তা-বি, মৃত্যু।

পরাস্ত [পরা (নিন্দিত) + অস্ (ক্ষেপে) + ত (র্ম্ম)] বিণ, পরাহত; পরাভূত; পরাজিত। ২ নিন্দিত; তিরস্কৃত [বিরল]। ৩ অতিক্রান্ত।

পরাহ [পর (পশ্চাৎ আগত) + অহন্ (দিন), ধা] বি, পরদিন।

পরাহত [পরা+হত=হন্ (পরাজিত করা) + ত (র্ম্ম)] বিণ, বিজিত; পরাজিত; পরাভূত। ২ আক্রান্ত। ৩ আহত। ৪ তিরস্কৃত।

পরাহ্ণ [পর+অহন্, ৬তৎ] বি, অপরাহ্ণ afternoon. তুল-পূর্ব্বাহ্ণ forenoon.

পরি [পৃ (পূর্ণ করা) + ই (র্ত্তৃ), যে ধাতুর পূর্ব্বে বসিয়া অর্থ পূরণ কারী উপসর্গ] অ, সম্পূর্ণভাবে; সর্ব্বতোভাবে। প্র-পরিচ্ছদ, পরিণত, পরিণয়। ২ চতুর্দ্দিকে। প্র-পরিক্রম। পরিক্ষিপ্ত। ৩ অতিশয়। প্র-পরিম্লান। পরিশ্রান্ত। ৪ ক্রমশ, বারংবার। প্র-পরিচ্ছেদ। ৫ ভাগ। ৬ শেষ। প্র-পরিপাক। ৭ দোষকীর্ত্তন। প্র-পরিপন্থী। পরিভাবণ। পরিবাদ। ৮ প্রসাধন। প্র-পরিকর্ম্ম। ৯ শোক। ১০ পূজা। প্র-পরিচর্য্যা। ১১ চিহ্ন; সঙ্কেত। প্র-পরিভাষা। ১২ সম্যক্। প্র-পরিতাপ, পরিপূর্ণ। ১৩ ব্যাপ্তি। প্র-পরিসর। ১৪ সর্ব্বত্র। প্র-পরিপ্লুত। ১৫ বীপ্সা। ১৬

বর্জ্জন। ১৭ আলিঙ্গন। ১৮ নিরসন। ১৯ গাঢ়। ২০ অভিমুখ। প্র-পরিগ্রাম। ২১ ব্যাধি। ~কঁথা [সং] বি, আখ্যায়িকা। ~কঁর১ [পরি-কৃ (করা)+অ (র্ত্তৃ)] বি, সহচর। "আর যত দেখ সব তাঁর পরিকর।"-চৈ° চ°। "সেই পরিকরগণ সঙ্গে সব ধন্য"-ঐ। ২ পরিবার ; পরিজন। "প্রভুর আজ্ঞায় আগে সর্ব্বপরিকর। জন্ম লভিলেন সবে মানুষ ভিতর॥"-চৈ° ভা°। ৩ পরিচারক ; অনুচর ; ভৃত্য। "প্রসাদ করিয়া তারে দিল পিঞ্জরের তরে যতনে জুখিয়া পরিকর।"-কবিক°। ৪ হস্ত্যাখাদি। ৫ [+অ (র্ম্ম)] উপকরণ। ৬ সমূহ। ৭ কটিবন্ধ। প্র-কোন কাজে বদ্ধপরিকর হওয়া। ৮ গাঢ়। ~কঁর২-বি, কাব্যের আর্থালঙ্কারবিঃ। বিশেষ বিশেষ অভিপ্রায়যুক্ত একাধিক বিশেষণ দ্বারা বর্ণনা স্থলে প° হয়। "অশান্ত অদম্য দুষ্ট পরনারী-হারী স্বার্থপর লজ্জাহীন কানন বিহারী। মারীচ নামেতে এক রাক্ষস পামর, যজ্ঞ নষ্ট করে আসি লয়ে অনুচর।"-রামচরিত। ~কঁর্ত্তা [মূ° পরিকর্ত্তৃ ১মা, ১ব°] বি, জ্যেষ্ঠ অবিবাহিত থাকিতে কনিষ্ঠের বিবাহসংস্কারকারী। ~কঁর্ম্ম [পরি (ভূষণ) কর্ম্ম (কার্য্য), ৬তৎ] বি, প্রসাধন ; কুঙ্কুমাদি অঙ্গরাগ এবং অলঙ্কারাদি দ্বারা অঙ্গসংস্কার। ২ পরিকর ; ভৃত্য। ~কঁর্ম্মা, ~কর্ম্মী [মূ° পরিকর্ম্মন্, পরিকর্ম্মিন্ ১মা, ১ব°] বি, পরিকর ; ভৃত্য ; পরিচারক। ২ প্রসাধক। ~কঁর্ষ [পরি (সম্যক্)-কৃষ্ (কর্ষণ করা)+অ (ভা°)] বি, সম্যক্ আকর্ষণ ; সমাকর্ষণ। ~কঁল্পন [পরি-কৢপ্ (কল্পনা করা)+অন (ভা°)] বি, কল্পনা। ২ রচনা। স্ত্রীং ~কঁল্পনা-বি, নক্শা design. ২ সংকল্প। "সার্ব্বজনীন কেন্দ্রে পরিণত করিবার পরিকল্পনা করিয়াছিলেন।"-দীনেশ° সেন। ~কঁল্পয়িতা-বি, পরিকল্পনাকারী ব্যক্তি designer. স্ত্রীং ~কঁল্পয়িত্রী। ~কল্পিত [পরি-কৢপ (সমর্থ হওয়া ই°)+ত (র্ম্ম)] বিণ, যার পরিকল্পনা করা হইয়াছে designed. ২ স্থিরীকৃত ; নির্দ্ধারিত। ৩ রচিত। ৪ অনুষ্ঠিত। ~কাঙ্ক্ষিত [পরি (নিবৃত্ত) কাঙ্ক্ষা (অভিলাষ)+ইত (যুক্তার্থে)] বি, যার পার্থিব ভোগাভিলাষ নিবৃত্ত হইয়াছে। ২ [পরি (সর্ব্বতোভাবে) কাঙ্ক্ষা+ইত (যুক্তার্থে)] বিণ, সম্পূর্ণ অভিলাষী। ~কাম্য [পরি (সর্ব্বতোভাবে, বিগত) কাম্য] বিণ, সর্ব্বতোভাবে অভিলষণীয় ; সর্ব্বতোবাঞ্ছিত। ২ যার কাম্য আর কিছুই নাই ; নিবৃত্তকাম। ৩ বি, কর্ম্মে উদ্যম। ~কীর্ণ [পরি (সর্ব্বতোভাবে) কীর্ণ (বিক্ষিপ্ত)] বিণ, বিক্ষিপ্ত ; বিস্তৃত। ২ সমর্পিত। ~কীর্ত্তিত [পরি (বিশেষভাবে) কীর্ত্তিত (প্রশংসিত)] বিণ, প্রশংসিত ; গীত ; যার গুণ বিশেষভাবে কীর্ত্তিত হইয়াছে। ২ প্রকাশিত ; ব্যক্ত ; কথিত। ৩ উচ্চারিত। ~কৃশ [পরি (অতিশয়)-কৃশ (ক্ষীণ)] বিণ, অতিক্ষীণ ; পরিক্ষীণ। ~কেন্দ্র [জ্যো° (ক° বিশ্ব° পরিঃ)] বি, মণ্ডলমধ্যবিন্দু circumcentre. ~কেশ [পরি (উপরিভাগ) কেশ-কেশের উপরি, অব্যয়ী°] অ, কেশের উপরিভাগ। ~ক্রম [পরি (চতুর্দ্দিকে) ক্রম্ (গমন করা)+অ(ভা°)] বি, ইতস্ততঃ পাদচারণ। ২ নগর, মন্দিরাদি প্রদক্ষিণীকরণ। প্র-ব্রজ পরিক্রমা। ৩ গমন। ৪ [জ্যো° (ক° বিশ্ব° পরিঃ)] বি, পরিধি circuit. ~ক্রমণ [পরিক্রম দ্রঃ] বি, পরিভ্রমণ। ২ চতুর্দ্দিকে গমন ; প্রদক্ষিণীকরণ। ৩ [বল বিজ্ঞা° (ক° বিশ্ব° পরিঃ)] বি, পরিভ্রমণ ; ভভ্রম (সা° প°প°) revolution. ~ক্রমা [পরিক্রম+আ(স্ত্রীং)] বি, পরিক্রম (দ্রঃ)। ~ক্রয় [পরি (পুনর্ব্বার) ক্রয়] বি, যা বিক্রয় হইয়াছে পুনরায় তাহার ক্রয়। ~ক্রিয়া [পরি (চারিদিকে) ক্রিয়া (খাত-দ্বারা বেষ্টন করা)] বি, চতুর্দ্দিকে পরিখা দ্বারা বেষ্টন। ২ সংস্করণ। ৩ একাহ অর্থাৎ একদিনসাধ্য যাগবিঃ। ~ক্লান্ত [পরি (অত্যধিক) ক্লান্ত] বিণ, পরিশ্রান্ত। স্ত্রীং ~া। বি, ~ক্লান্তি। ~ক্লিষ্ট [পরি (অতিশয়) ক্লিশ্ (ক্লেশ পাওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, অতিশয় ক্লেশপ্রাপ্ত ; অতিক্লিষ্ট। ২ উত্ত্যক্ত। > স্ত্রীং ~া। বি, ~ক্লেশ। ~ক্ষত [পরি (সর্ব্বতোভাবে) ক্ষত (ক্ষয়প্রাপ্ত)] বিণ, ক্ষয়প্রাপ্ত ; বিনাশপ্রাপ্ত ; বিনষ্ট। ২ আহত ; ক্ষত। ~ক্ষয় [পরি (সর্ব্বতোভাবে) ক্ষয় (ধ্বংস)+অ (ভা°)] বি, বিনাশ ; ধ্বংস ; ক্ষয়। ~ক্ষিৎ, ~ক্ষিত [পরীক্ষিৎ দ্র°] বি, অভিমন্যুর পুত্র ; জনমেজয়ের পিতা (কুরুকুল ক্ষয়ের পর জন্মগ্রহণ করিয়াছিলেন বলিয়া কৃষ্ণ ইঁহাকে পরিক্ষিৎ নামে অভিহিত করেন। ~ক্ষিপ্ত [পরি (চতুর্দ্দিকে) ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ত (র্ম্ম)] বিণ, চতুর্দ্দিকে বেষ্টিত ; ঘেরা। ২ বিক্ষিপ্ত। ৩ পরিত্যক্ত। ৪ নিক্ষিপ্ত। ~ক্ষীণ [পরি (অতিশয়) ক্ষীণ (ক্ষয়প্রাপ্ত)] বিণ, অতিশয় ক্ষয়প্রাপ্ত। ২ অতিকৃশ ; অতিক্ষীণ। ৩ অতিশয় দুর্ব্বল। ~ক্ষীয়মান [পরি (অতিশয়) ক্ষীয়মান] বিণ, যার অতিশয় ক্ষয় হইতেছে ; অতি-ক্ষয়শীল। "সে রস শুকাইতে শুকাইতে তার পরিক্ষীয়মান ধারার পথে"-বঙ্গবাণী, ১৩৩৪, আষাঢ়। ~ক্ষেপ [পরি (চতুর্দ্দিক)+ক্ষিপ্+অ (ভা°)] বি, পরিবেষ্টন fence ; railing. ২ বিক্ষেপ। ৩ নিক্ষেপ। বিণ, ~ক্ষেপক। ~খই [ব্রজ°। সং-পরীক্ষা > ভ্রং পরিখ, পরখ (দ্রঃ)। হিং পরখনা > ণিজন্ত-পরখানা] ক্রি, পরীক্ষা করে। "কোই সখী পরিখই শ্বাস"-বি° প°। ~খসি [করসি দ্রঃ। মৈ°] ক্রি, পরীক্ষা করিতেছ। ~খসে [প্রা° বাং। দেখসিয়া দ্রঃ। পরিখ+আসিয়া > আসি > এসে] আসিয়া পরীক্ষা কর। ~খে-পরীক্ষা করে। "কোপছলে পরিখে তোক্ষার মতি কাহে।"-শ্রী° কী°। ~খা [পরি (চতুর্দ্দিকে) খন্ (খনন করা)+অ (র্ম্ম)+আ (স্ত্রীং)] বি, দুর্গ প্রাসাদাদি সুরক্ষিত করিবার জন্য খাত বেষ্টন ; গড়খাই। সাধারণতঃ পরিখা শতহস্ত প্রশস্ত ও দশ হস্ত গভীর, ইহাদ্বারা শত্রু আক্রমণ হতে রক্ষা পাওয়া যায় >] বিণ, পরিখীকৃত [পরিখা-কৃ (করা)+ত (র্ম্ম), মধ্যে-ঈ (চ্বি) অভূততদ্ভাবার্থে] বিণ, পরিখা দ্বারা কৃতবেষ্টন। ~খেদ [পরি-খিদ্ (দুঃখ করা)+অ (ভা°)] বি, পরিত্যাগ ; দুঃখ ; ক্লেশ। ২ পরিশ্রম। ~খ্যাত [পরি-খ্যা (বলা)+ত (র্ম্ম)] বিণ, প্রখ্যাত ; অতি প্রসিদ্ধ ; বিখ্যাত। > স্ত্রীং ~া। ~গণন [পরি-গণ্ (গণনা করা)+অন (ভা°)] বি, বিশেষ ভাবে গণনা করা। ~গণিত [পরি (বিশেষ ভাবে) গণিত

(সংখ্যাত)] বিণ, যা গণনা করা হইয়াছে ; সংখ্যাত। ২ গণনার অন্তর্ভুক্ত। > স্ত্রীং ~া। ~গর্ত্ত [পরি (সম্যক্) + গম্ + ত (র্ম্ম)] বিণ, বিশেষজ্ঞাত ; পরিজ্ঞাত। ২ প্রাপ্ত। > স্ত্রীং ~া। ~গীদির্ত্ত [পরি (বিশেষ)-গদ্ (বলা) + ত (ভাং)] বি, সম্যক্ কীর্ত্তন। ~গমির্ত্ত [পরি-গম্ + ণিচ্=গমি (গমন করান) + ত (র্ম্ম)] বিণ, পরিচালিত (> স্ত্রীং ~া)। ২ অতিবাহিত। ~গীর্ত্ত [পরি (সর্ব্বতোভাবে) গীত] বিণ, সর্ব্বাঙ্গসুন্দর ভাবে গীত। > স্ত্রীং ~া। ~গূঢ় [পরি-গুহ্ (গোপন করা) + ত (র্ম্ম)] বিণ, অতিশয় গুপ্ত : অতি গোপনীয়। ~গৃহীর্ত্ত [পরি-গ্রহ্ + ত (র্ম্ম)] বিণ, যা গ্রহণ করা হইয়াছে ; অঙ্গীকৃত ; স্বীকৃত। > স্ত্রীং ~া। ~গৃহ্য [পরি (সর্ব্বতোভাবে) গ্রহ্ (গ্রহণ করা) + য (র্ম্ম)] বিণ, পরিগ্রহের উপযুক্ত ; গ্রহণযোগ্য। ২ স্বীকার্য্য। স্ত্রীং ~া। ~গ্রহ [পরি-গ্রহ্ (গ্রহণ করা, স্বীকার করা) + অ (ভাং)] বি, স্বীকার ; গ্রহণ। প্র- দার পরিগ্রহ। ২ মিলন ; সংসর্গ। ৩ আয়ত্তীকরণ। ৪ ধারণ ; মূর্ত্তিপরিগ্রহ। ৫ রাহুগ্রস্ত সূর্য্য। ৬ [+অ (র্ম্ম)] পত্নী। ৭ পরিজন। প্র-পরিবার পরিগ্রহ। ৮ শপথ। ৯ অভিসম্পাত। ১০। সৈন্যের পশ্চাদ্ভাগ। ~গ্রাম [পরি (অভিমুখে) গ্রামের, অব্যয়ীং] অ, গ্রামের অভিমুখে ; গ্রামের দিকে [প্রং অং]। ~গ্রাহঁক [পরিগ্রহ (দ্রঃ) + অক (র্ত্তৃ)] বি, পরিগ্রহকারী। > স্ত্রীং ~গ্রাহিকা। ~ঘঁ [পরি (সর্ব্বতোভাবে) হন্ (বধ করা) + অ (ণে)] বি, প্রাচীন কালের যুদ্ধাস্ত্রবিঃ (আকার মুদগরের ন্যায় বর্ত্তুল, পুরুষ-প্রমাণ লম্বা। পরিঘ বলপূর্ব্বক শত্রুর প্রতি নিক্ষেপ করিতে হয়)। ২ অর্গল ; হুড়কা। ৩ [জ্যোং] বিষ্কুম্ভাদি সপ্ত-বিংশতি যোগের মধ্যে যোগবিঃ। ৪ [+অ (ভাং)] ব্যাঘাত ; প্রতিবন্ধ। ৫ [+অ (র্ম্ম)] তোরণ-দ্বার। ~ঘট্টির্ত্ত [পরি-ঘট্টিত (ঘর্ষিত)] বিণ, সংঘট্টিত ; যাকে সম্যক্‌রূপে ঘোঁটা হইয়াছে। ২ বিলোড়িত। ~ঘাত [পরি-হন্ (বধ করে) + ঘঞ্ (ণে)] বি, অর্গল। ২ পরিঘ অস্ত্র। ৩ [+অ(ভাং)] আঘাত। ~ঘার্তন পরি-হন্ (বধ করা) + ণিচ্=ঘাতি + অন (ভাং)] বি, হনন। ২ আঘাত। ৩ [+অন (ণে)] প্রতিবন্ধক ; বিঘ্ন। ৪ পরিঘাত (সকল অর্থে)। ~ঘোষ [পরি (উপরিস্থিত) ঘোষ (শব্দ)] বি, মেঘের ধ্বনি। ২ আরাব। ~চঁয় [পরি-চি + অ (ভাং)। গ্রাং পরচে] বি, আলাপ ; বংশ নামধামাদি জানা। ২ অভিজ্ঞান। ৩ প্রণয় ; ঘনিষ্ঠতা। ~চঁর [পরি (পশ্চাৎ, সর্ব্বতোভাবে) চর্ (গমন করা) + অ (র্ত্তৃ)] বি, সহচর ; অনুচর। ২ পরি-চারক ; ভৃত্য। ৩ শরীর রক্ষক body guard. ৪ সেনানায়কবিঃ। ~চর্য্যা [পরি-চর্ (গমন করা, সেবা করা) + য (ভাং) আ (স্ত্রীং)] বি, সেবা ; শুশ্রূষা। "আর আর গুরুজনে ভক্তিযুত মনে লাগিলেন পরিচর্য্যা করিতে যতনে"-রামাং (রাজ্ঞং) ২ পূজা ; উপাসনা। ~চায়ঁক [পরি + চি + অক (র্ত্তৃ)] বিণ, যে পরিচয় করাইয়া দেয় ; জ্ঞাপক। ২ নিদর্শক ; সূচক। > স্ত্রীং ~চায়িকা। ~চারঁক [পরি-চর্ (গমন করা) + অক (র্ত্তৃ)] বি, সেবক ; ভৃত্য ; দাস। ২ শুশ্রূষাকারী। > স্ত্রীং ~চারিকা-দাসী। ~চারঁণ-বি, সেবা। ~চার্য্য [সং] বি, যজ্ঞীয় অগ্নি। ~চালঁক-বিণ, যে পরিচালনা করে ; যে চালায়। ২ সঞ্চালক conductor. ৩ নায়ক ; অধ্যক্ষ। স্ত্রীং পরিচালিকা। ~চালঁকতা-বি, পরিচালন কার্য্য ; অধ্যক্ষতা। ২ [জড়বিজ্ঞাং] বি, জড়বস্তু সকলের এক পরমাণু হতে অন্য পরমাণুতে তাপ সঞ্চালন করিবার গুণ বা কর্ম্ম ; ইং conductivity র বৈজ্ঞাং পরিঃ। ~চালঁন -বি, সঞ্চালন। ২ সম্পাদন ; নির্ব্বাহ। ৩ [পারিঃ] ইং administrationএর বৈজ্ঞাং পরিঃ। ~চির্ত্ত [পরি-চি + ত (র্ম্ম)] বিণ, আলাপিত ; পরিচয়বিশিষ্ট ; জানিত। ২ অভ্যস্ত। > স্ত্রীং ~া। ~চিন্তন-বি, পরিকল্পনা ; রচনা design. ২ মনন। > বিণ, ~চিন্তির্ত্ত। ~চেয়ঁ [পরি-চি + য (র্ম্ম)] বিণ, পরিচয়ের যোগ্য। > স্ত্রীং ~া। ~চ্ছদ [পরি (সর্ব্বতোভাবে) ছদ্ (আচ্ছাদন করা) + অ (র্ম্ম)] বি, যা দ্বারা শরীর আচ্ছাদন করা যায় ; পোষাক। ২ [+অ (ভাং)] আচ্ছাদন। ৩ [বির্থেং] পরিজন। ৪ আসবাব পত্র। ৫ যান বাহনাদি। ~চ্ছন্দ [পরি + ছদ্ + অ (ণে, অ), ন্ আগম] বি, পরিচ্ছদ ; অঙ্গা-বরণ [প্রংঅং]। ~চ্ছন্ন [পরি + ছদ্ (আচ্ছা-দন করা) + ত (র্ম্ম)] বিণ, যা আচ্ছাদন করা হইয়াছে ; আচ্ছাদিত ; পরিচ্ছদ যুক্ত [প্রং অ] ২ পরিষ্কৃত ; প্রমার্জ্জিত। ৩ সজ্জিত। ~চ্ছিত্তি [পরি + ছিদ্ + তি (ভাং)] বি, ব্যবধান ; অন্তরাল ; আড়াল। ২ অবধারণ। ~চ্ছিন্ন [পরি + ছিদ্ + ত (র্ম্ম)] বিণ, ইয়ত্তা-রূপে পরিমিত। ২ নির্ণীত। ৩ সীমাবদ্ধ ; অবধিযুক্ত। ৪ বিভক্ত। "পরিচ্ছিন্ন নাহি সন্ধ্যা দিবস রজনী"-কবিকং। ~চ্ছেদ [পরি + ছেদ (ছিদ্ + অ, ণে)] বি, অংশ ; ভাগ। "ভারত পঞ্চম বেদ নানা মত পরিচ্ছেদ বেদভাগে বেদান্ত বাখান।"-অং মং। ২ সীমা ; অবধি। ৩ শেষ ; সমাপ্তি ; অবসান। ৪ গ্রন্থের বিষয় বিভাগ chapter. ৫ নিশ্চয় ; নির্ণয়। ৬ [+অ (ভাং)] ইয়ত্তারূপে অবধারণ। ৭ ভেদজ্ঞান। "উন্মত্ত হইয়া সাধু করে মহাখেদ। চেতনাচেতন তার নাহি পরিচ্ছেদ।"-কবিকং। ~চ্ছেদ্য [পরি + ছিদ্ + য (র্ম্ম)] বিণ, ইয়ত্তারূপে নির্ণেয়। ২ বিভাজ্য। ~চ্যুর্ত্ত [পরি-চ্যু (স্খলিত হওয়া) + ত (র্ত্তৃ)] বিণ, বিচ্যুত ; পতিত ; স্খলিত ; ভ্রষ্ট। > স্ত্রীং~া। ~ছা-পড়িছা দ্রঃ। ~জঁন [পরি (সম্পূর্ণরূপে) জন (আত্ম-লোক)] বি, পরিবার ; পোষ্যবর্গ ; আত্মীয় স্বজন। ২ সেবক ; পরিচারক। ~জঁনতা [পরিজন + তা (ভাং)] বি, বশ্যতা। ~জঁয্য [পরি (চতুর্দ্দিকে) জি (জয় করা) + য (শক্য অর্থ)] বিণ, সর্ব্বত্র জয় করিতে সমর্থ। ~জঁম [খনিজ-বিদ্যাং] বি, ইং prismএর বৈজ্ঞাং পরিঃ ; ত্রিপল কাচখণ্ড ; কাচের কলম ; ত্রিপার্শ্ব। ~জ্ঞান [পরি (বিশেষ ভাবে) জ্ঞা (জানা) + অ (ভাং)] বি, সম্যক্‌জ্ঞান ; বিশেষ জ্ঞান। বিণ, ~জ্ঞার্ত্ত। ~জ্ঞাতা-বিণ, যে জানে ; বিশেষজ্ঞ। ~ণঁর্ত্ত [পরি-নম্ (নম্র হওয়া) + ত (র্ত্তৃ)] বিণ, বিশেষ-ভাবে বা সম্পূর্ণ নত ; বিনত। ২ অবস্থান্তর-প্রাপ্ত। ৩ পরিপক্ব। ৪ চরমে উপনীত।

৫ বৃদ্ধ। > স্ত্রীং ~ণঁতা। > বি, ~ণঁতি (-নঁ-) [+ তি (ভা৹)] বিনতি ; অবনতি। ২ অবস্থান্তর-প্রাপ্তি ; বিকার। ৩ বার্দ্ধক্য। ৪ শেষ ; সমাপ্তি। ৫ পরিপাক। ৬ চরমদশা বা অবস্থা ; পরিণাম। ~ণঁদ্ধ [পরি-নহ্ (বন্ধন করা) + ত (র্ম্ম)] বিণ, সম্বদ্ধ। ২ সংযুক্ত; সংমিলিত। ৩ আলিঙ্গিত। ৪ পরিহিত। ~ণঁয় [পরি-নী (পাওয়া) + অ (ভা৹)] বি, বিবাহ ; পাণিগ্রহণ ; দারপরিগ্রহ [> ~বঁন্ধন-বি, বিবাহ-বন্ধন। ~সূত্র-বৈবাহিক সম্বন্ধ। ২ বিবাহের উপলক্ষ] ~ণঁয়ন [পরি-নী + অন (ভা৹)] বি, পরিণয় ; বিবাহ। ~ণাম১ [পরি-নম্ (নত্র হওয়া) + অ (ভা৹)] বি, অবস্থান্তর-প্রাপ্তি। ২ চরম ; শেষ ; আখের। "কি করিবে পরিণামে বুঝিতে না পারি। ভাগ পেতে হয় মোরে আমি তার নারী॥"-অ৹ ম৹। [বিণ, ~ণামী] ৩ পরিণতি ; পরিপক্কতা। ৪ [বৈষ্ণব সা৹] এক দ্রব্যের অন্য দ্রব্যরূপে অবস্থান্তর প্রাপ্তি। ৫ [পরিঃ (H. S. Glossary)] অনুক্রম ; ইং consequence এর বৈজ্ঞা৹ পরিঃ। ৬ [প্রাণি বিদ্যা৹ (যো৹ রায়)] ইং metabolism এর বৈজ্ঞা৹ পরিঃ। [~ণামবাদঁ-বি, পরিণাম তত্ত্ব। "পরি-ণামবাদে ঈশ্বর হয়েন বিকারী।"- চৈ৹ চ৹। ~ণামবিন্দু (জ্যো৹। ক৹ বিশ্ব৹ পরিঃ) বি, ইং limiting point এর বৈজ্ঞা৹ পরিঃ] ~ণাম২-বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ। রূপকের সহিত ইহার প্রভেদ এই যে রূপকে সদৃশ বস্তুর তাদাত্ম্যমাত্রতা অবভাসিত কিন্তু পরিণামালঙ্কারে আরোপ্যমান বস্তু স্বীয় প্রয়োজনকারীতা হেতু আরোপের উদ্দেশ্য-রূপে পরিণত হয়। ইহাও রূপকের ন্যায় 'অধিকারূঢ়বৈশিষ্ট পরিণাম' নামে অভিহিত হয়। যথা-"সখিরে,-এ যৌবনধন দিব উপহার রমণে।"-ব্রজাঙ্গনা। এখানে যৌবনধন উপহারে পরিণত, যৌবনধনরূপ উপহার নহে। ~ণাম৩ [রাসা৹ পরিঃ] বি,সৌর-জগতের বিবর্ত্তন cosmic evolution. ~ণামদর্শিতা [পরিণাম-দর্শিতা (দর্শনের ভাব, দর্শন ক্ষমতা] বি, ভবিষ্যৎ বা শেষ বা চরম দর্শনের ক্ষমতা ; দূরদর্শিতা। ~ণাম/দর্শী [পরিণাম (ভবিষ্যৎ বিষয়) দর্শিন্ (যে দেখে)] বিণ, শেষ বা চরমদর্শী ; ভবিষ্যৎ দর্শনকারী ; পরে কি হ'বে তা ভাবিয়া যে কর্ম্ম করে ; কর্ম্মফল কিরূপ ফলিবে পূর্ব্বে তা বিবেচনা করিয়া যে কর্ম্ম করে [> স্ত্রীং~দর্শিনী]। ~ণায় [পরি(চারিদিকে) -নী (পাওয়া) + অ (ভা৹)। পরীণায়ও৹] বি, পরিণয় ; বিবাহ। ২ পাশা খেলায় ছকের চতুর্দ্দিকে গুটিচালন। ~ণায়ঁক [পরি-নী (পাওয়া) + অক (র্ত্তৃ)] বি, পরিণয়কারী। ২ প্রভু। ৩ অধিনায়ক। ৪ সেনাপতি। ~ণাহঁ [পরি (চতুর্দ্দিকে) নহ্ (বন্ধন করা) + অ (ণে)। পরীণাহ ও৹] বি, ব্যাপ্তি ; বিস্তার। ২ ওসার ; চওড়াই। ৩ বিশালতা। > বিণ, ~ণাহী-বিস্তৃত ; বিপুল। ~ণীত [পরি-নী (পাওয়া, বিবাহ করা) + ত (র্ম্ম)] বিণ, যাকে বিবাহ করা হইয়াছে ; বিবাহিত। > স্ত্রীং ~া। ~ণেতা [পরি-নী (পাওয়া, গ্রহণ করা) + তৃ (র্ত্তৃ)=পরিণেতৃ ১মা, ১ব৹] বি, পরিণয়কারী ; দারপরিগ্রাহক ; পতি। ~ণেয়ঁ [পরি-নী (পাওয়া) + য (র্ম্ম)] বিণ, পরিণয়ের যোগ্য ; বিবাহের উপযুক্ত। > স্ত্রীং ~া। ~তঃ [সং-পরিতস্ >] অ, সম্পূর্ণ-রূপে। ২ চারিদিকে। ~তঁপ্ত [পরি-তপ্ (তাপ দেওয়া) + ত (র্ম্ম)] বিণ; সন্তপ্ত ; উত্তপ্ত। ২ মনস্তাপযুক্ত ; পরিতাপযুক্ত। ৩ পরিতৃপ্ত। > স্ত্রীং ~া। ~তাপ [পরি-তপ্ (তাপ দেওয়া) + অ(ভা৹)] বি, সন্তাপ ; উত্তাপ। ২ [ণে] মনস্তাপ : শোক ; দুঃখ। "কহিও মোর বাপে বিষম পরিতাপে আগুনে ফেলিলা খুল্লনা।"-কবিক৹। ~তুষ্ট [পরি (অতি-শয়)-তুষ্ট (তৃপ্ত)] বিণ, অতিতৃপ্ত ; পরি-তৃপ্ত। ২ আনন্দিত ; সন্তুষ্ট। > স্ত্রীং ~া। ~তুষ্টি-বি, পরিতৃপ্তি ; সন্তোষ। ~তেজ্জঁন [পরি (সম্পূর্ণরূপে)-তেজন (< ত্যজন = ত্যাগকরণ)। পদ৹ সা৹] বি, পরিত্যাগ ; বিসর্জ্জন। > ক্রি, ~তেজা [পরি-ত্যজ্ (ত্যাগে) > । ব্রজ৹, বাং পদ৹ সা৹-তে৷ পরিতেজ্জঁব -পরিত্যাগ৹ করিব, ~তেজ্জঁবি, ~তেজ্জঁলি ই৹-র ভূরি ব্যবহার] ক্রি, পরিত্যাগ করিব ; বিসর্জ্জন করিব। "আজি হুঁকালি পরাণ পরিতেজব কত সহ বিরহক জ্বালা।"-বি৹ প৹। ~তোষ [পরি-তুষ্ (তুষ্ট হওয়া) + অ (ভা৹)] বি, পরিতৃপ্তি। ২ সন্তোষ ; আনন্দ। > ক্রি, ~তোষা-সন্তুষ্ট করা। "শিয়রে সুন্দরী বসি, পরিতোষে তায়।"-ঘ৹। ~ত্তান [সং-পরিত্রাণ > প্রাকৃ৹ রূপ। প্রা৹ বাং] বি, পরিত্রাণ ; উদ্ধার। "মনেত পাইআ মম্ম সভে বোলে রাখ ধম্ম তোমা বিনা কে করে পরিত্তান।"-শূ৹ পু৹। ~ত্যক্ত [পরি-ত্যজ্ (পরিত্যাগ করা) + ত (র্ম্ম)] বিণ, বর্জ্জিত ; ত্যক্ত। ২ যার সঙ্গ ত্যাগ করা হইয়াছে। > স্ত্রীং ~ত্যক্তা। ~ত্যর্জন [পরি-ত্যজ্ (ত্যাগ করা) + অন (ভা৹)] বি, পরিত্যাগ করণ ; বিসর্জ্জন। ২ সংসর্গ বর্জ্জন। > বিণ, ~তৰ্জ্জ্য-বিসর্জ্জনীয়। ~ত্যাগ [পরি (সর্ব্বতোভাবে) ত্যজ্ (ত্যাগ করা) + অ (ভা৹)] বি, বর্জ্জন ; ত্যাগ। ২ সঙ্গ ত্যাগ। > বিণ, ~ত্যাজ্য-যাকে পরিত্যাগ করা যাইতে পারে ; বর্জ্জনীয়। ~ত্রা [সং-পরিত্রাতৃ > বৌ৹ সা৹, পা৹ "পরিত্তা"] বি, যাহা ত্রাণ করে, বিপদ হ'তে যা রক্ষা করে। "পুণ্য ও পরিত্রা তবে হয়েছে নিঃশেষ পরিত্রাণ-পথ এবে ; সুফল তাহার আর কেমনে পাইবে তবে ?-জাতক, ৪র্থ খণ্ড। ~ত্রাণ [পরি (সম্পূর্ণভাবে) ত্রৈ (রক্ষা করা) + অন (ভা৹)] বি, পাপ হতে মুক্তি ; উদ্ধার ; ত্রাণ। ২ সঙ্কট বা বিপদ হতে মুক্তি। ৩ ধ্বংস বা বিনাশ হতে রক্ষা। প্র-দুষ্কৃতদিগের বিনাশ এবং সাধুদিগের পরি-ত্রাণের জন্য ভগবান যুগে যুগে অবতার গ্রহণ করেন। ~ত্রাতা [পরি (সম্পূর্ণরূপে) ত্রৈ (রক্ষা করা) + তৃ (-র্ত্তৃ)=পরিত্রাতৃ ১মা, ১ব৹] বিণ, ত্রাণ-কর্ত্তা ; উদ্ধারক ; জীবন্মুক্তি-দাতা। ২ রক্ষক ; বিনাশ হতে রক্ষাকর্ত্তা। ৩, বিপদ আপদ হতে উদ্ধারকর্ত্তা। ~ত্রাহি [সং-ক্রিয়াপদ। পরি-ত্রৈ (পালন করা) + হি (অনুজ্ঞার্থে লোট ম৹ পু৹ ১ব৹)। সং হতে অবিকল গৃহীত] অ, পরিত্রাণ কর ; বাঁচাও ; রক্ষা কর। "পরিত্রাহি বলিয়া সেনের ধরে পায়"-ঘ৹। "ভবার্ণবে কর্ণধার পার কর কাতরে, সম্বল

ৣ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ঁহীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গ্য ঞ্চ=ন্‌চ ঞ্জ=ষ্ট ুঁ=হ হু হ্ন হ্ম হ্ল=ন্‌হ ম্‌হ ল্‌হ ভ ঝ্য, জ ক বৃ ভূ=zfwv ও চ্চা৹ হ্রঃ

কিছুই নাই পরিত্রাহি ডাকি তাই, দাও শ্রীচরণ ভেলা হেলায় যাই তরে"-কা০ প্র০ ঘোষ [>~ত্রাহি ডাক ছাড়া-প্রাণভয়ে রক্ষা কর রক্ষা কর বলিয়া চীৎকার]। ~দান [পরি (পরিবর্ত্তনরূপে) যে দান] বি, পরিবর্ত্তন ; বিনিময় ; বদল। ~দৃশ্য মান [পরি-দৃশ্যমান (দ্রঃ)] বিণ, যা দেখা যাইতেছে ; চতুর্দ্দিকে দৃশ্যমান। ~দেবন [পরি-দিব্ (প্রলাপ করা)+অন (ভা০)] বি, খেদোক্তি ; বিলাপ। ২ পরিতাপ ; অনুতাপ। > স্ত্রীং পরিদেবনা। বিণ, পরিদেবী-পরিদেবনকারী। ~দোলক [পারিঃ] বি,ঘড়ি ই০-র দোলক pendulum. ~ধান [পরি-ধা (ধারণ করা)+অন (র্ম্ম)-যাকে শরীরে আবরক রূপে ধারণ করে] বি. পরিধান-যোগ্য বস্ত্র; পরিধেয় ধুতি,সাড়ি ই০। ২ [+অন(ভা০)] পরন; অঙ্গে বস্ত্রাদি ধারণ। ৩ আচ্ছাদন। ~ধাপন[পরি-ধাপি(ধারণ করান)+অন (র্ম্ম)] বি, পরিধান করিবার বস্ত্র। ২ [+অন (ভা০)] পরিধান করাইয়া দেওন; কাপড় পরাইয়া দেওন। ~ধায়[সং] পরিধান। ২ পরিচ্ছেদ। ~ধারণ [সং] বি, প্রতিবন্ধক। > স্ত্রীং ~া-পরিগ্রহ; ধরিয়া রাখন। ~ধি [পরি-ধা+ই (র্ম্ম)] বৃত্তের চতুর্দ্দিকস্থ সীমা-রেখা ; বেষ্টনী ; বেড়। ২ [জ্যো০(ক০ বিশ্ব০ পরিঃ) circumference এর বৈজ্ঞা০ পরিঃ। ৩ পরিবেষ্টন। ৪ চন্দ্রমণ্ডল ; সূর্য্যমণ্ডল। ~স্থ [পরিধি(রাজার চতুর্দ্দিকে) স্থ(যে থাকে)]বি,চতুঃপার্শ্বে অবস্থানকারী।২ যারা সর্ব্বদা ঘিরিয়া থাকে; মোসাহেব। ৩ রাজপরিচারক। ৪শরীররক্ষক body-guard. ৫ বিণ,চতুঃপার্শ্বে অবস্থানকারী; মণ্ডলস্থিত। ~ধূপিত [পরি (সর্ব্বতোভাবে)-ধূপিত (ধূপায়িত. তাপিত)] বিণ, ধূপদ্বারা সুগন্ধীকৃত ; ধূপের সুগন্ধে চতুর্দ্দিক্ আমোদিত। ~ধেয় [পরি-ধা+য (র্ম্ম)] অঙ্গে ধারণ করিবার উপযুক্ত ; পরিধান যোগ্য। ~নায়ক-বি, প্রধান নেতা। > স্ত্রীং ~া। "রাহুল ছিল পরিনায়ক।"-জাতক, ১।৯৫। ~নির্বপণ [পরি-নির্-বপ্(উৎসর্গে, দানে)+অন (ভা০)] বি, দান। ~নির্ব্বাণ [বৌ০ সা০] বি, বুদ্ধের দেহত্যাগ।২ শাক্যসিংহের বুদ্ধত্বপ্রাপ্তি। ~নিষ্ঠা [সং] বি, পরিশেষ।~ন্যাস[সং] বি, বিন্যাস।~পক্ক [পরি-পচ্+ত(র্ম্ম)] বিণ, যা সম্পূর্ণভাবে পাকিয়াছে; সুপক্ক।২ সুসিদ্ধ। ৩পরিণত। ৪ বহুদর্শী; যার বুদ্ধি বিবেচনা পরিণতি প্রাপ্ত হইয়াছে। ~পণ [পরি-পণ্ (ব্যবহার করা) +অ (ণে)] বি, মূলধন ; পুঁজি। ~পণিত [পরিপণ+ইত (যুক্তার্থে) কিম্বা, পরি-পণ্ +ত (র্ম্ম)] বিণ, গচ্ছিত/ন্যাসীকৃত। ~পন্থক [পরি (ব্যাধি, বিঘ্ন) পন্থক (পথিমধ্যে জাত)] বিণ, পরিপন্থী (দ্রঃ) ; বিঘ্নকারক। ~পন্থী [পরি (ব্যাধি, বিঘ্ন)+পন্থী (মূ০ পন্থিন্ ১মা, ১ব০, যে পথে গমন করে,পথে জাত, নিপাতনসিদ্ধ), পথের বিঘ্ন=বাধা=শত্রু] বিণ, পথরোধক। ২ প্রতিকূল। ৩ প্রতিপক্ষ ; শত্রু ; বিপক্ষ। ৪ বি, বিঘ্ন ; ব্যাঘাত। > স্ত্রীং~পন্থিনী-শত্রু। "স্ত্রীজাতি, তপস্যার পরিপন্থিনী, ইহা জানিয়াও মহেশ্বর পার্ব্বতীর শুশ্রূষায় আপত্তি না করিয়া তাহাতে অনুমোদন করিলেন,"-কুমার সম্ভব(বসুমতী)। ~পাক [পরীপাকও হয় কিন্তু বিরল। পরি -পচ্ (পাক করা)+অ (ভা০)] বি, পরিণাম। ২ হজম। ~পাটি,-টী₁ [পরি-পট্+ণিচ=পাটি (গমন করা)+ইন্ (ভা০)] বি, পরে পরে বা ক্রমে ক্রমে গমন ; অনুক্রম ; আনুপূর্ব্বিক ধারা। ২ সুশৃঙ্খলা। ৩ নৈপুণ্য ; কারিগরি ; কৌশল। "কার সাধ্য বুঝিতে পারে দেবের পরিপাটী,"-পদ্মা পু০ (বিজয়গুপ্ত)। ৪ বিণ, সুন্দর। সুবিন্যস্ত। বি, পারিপাট্য। ~পাটী₂ [গ০ পরিঃ] বি, পাটীগণিত ; অঙ্কবিদ্যা arithmetic. ~পালন [পরি (সর্ব্বতোভাবে) পালন] বি, প্রতিপালন ; পরিপোষণ। ~পালিত [পরি (সর্ব্বতোভাবে) পালিত (রক্ষিত)] বিণ, পরিপোষিত ; প্রতিপালিত। ~পুষ্ট-পরিপোষণ দ্রঃ। > স্ত্রীং ~া। ~পুষ্প [উদ্ভিদ্‌বিদ্যা০ (সা০ প০ প০)] বি, ইং perianthএর বৈজ্ঞা০ পরিঃ ; পুষ্পপরিধি। ~পূত [পরি-পূ (পবিত্র করা)+ত(র্ত্তৃ)] বিণ, পবিত্র ; বিশুদ্ধ। ২ কুলার বাতাস দিয়া তুষ উড়াইয়া পরিষ্কৃত (ধান্যাদি) ; খোসা-বাছা। ~পূরক [পরি-পূরক (দ্রঃ)] বিণ, পরিপূর্ণকারী। ~পূরণ [পরি-পূর্ণ > পূরণ] বিণ,পরিপূর্ণ। ২ বি, সম্পূর্ণকরণ; পরিপূর্ত্তি। ~পূরয়ে [ব্রজ০] ক্রি, পরিপূর্ণ করে। "বিপুল পুলকে পরিপূরয়ে দেহ" -বি০ প০। ~পূর্ণ [পরি (সম্যক্) পূর্ (পরিপূর্ণ করা)+ত (র্ম্ম)] বিণ, যা পূর্ণ করা হইয়াছে ; সম্পূর্ণ ; ভরপুর। ২ পরিতৃপ্ত। ~পূর্ণতা, ত্ব [পরি (সম্যক্) পূর্ণ+তা (ভা০)] বি, সম্পূর্ণতা। ২ পরিব্যাপ্তি ; আভোগ। ৩ পরিতৃপ্তি। ~পৃচ্ছা [পরি (সম্যক্)+পৃচ্ছা। বৌ০ সা০] বি, প্রশ্ন ; জিজ্ঞাসা।~পোষণ [পরি+পুষ্ (পোষণে, পালনে)+অন (ভা০)] বি, সংরক্ষণ ; পরিপালন। > বিণ, ~পুষ্ট-বৃদ্ধিপ্রাপ্ত। ২ পরিপূর্ণ ; নিটোল। স্ত্রীং ~া। ~পোষিত [পরি (সর্ব্বতোভাবে) পোষিত (দ্রঃ)]প্রতিপালিত।২পরিপুষ্ট। > স্ত্রীং~া। ~প্রেক্ষণ [পরি-প্র+ঈক্ষণ] বি,পরিদর্শন। > স্ত্রীং ~া[অঙ্কন০ পরিঃ] পরিপ্রেক্ষিত দ্রঃ। ~প্রেক্ষিত [পরি-প্র-ঈক্ষ্ (দর্শন করা) +ত (র্ম্ম)] বি, আকৃতি, দূরত্ব, সংস্থান ই০ হেতু যেরূপ আলেখ্যে দেখিতে পাওয়া যায় তদনুরূপ বিন্যাস করণোপযোগী অঙ্কন বিদ্যা; ইং perspective এর বৈজ্ঞা০ পরিঃ। এই অর্থে পরিপ্রেক্ষণা ও০। "পরিপ্রেক্ষণার ভিত্তিতে আনিয়া উহাকে অঙ্কিত করিতে হইবে।" -মোহাম্মদী, অগ্রহায়ণ, ১৩৩৪। ~প্লব, পরিপ্লবন [পরি(সর্ব্বতোভাবে) প্লু (গমন করা)+অ,অন,ক(ভা০)]বি,প্লাবন। ২ উপদ্রব। ৩ [র্ত্তৃ] বিণ, আকুল ; অস্থির। > স্ত্রীং~প্লবা।~প্লুত[পরি-প্লু+ত(র্ম্ম)] বিণ, আপ্লুত ; অভিষিক্ত। ২ প্লাবিত। ৩ আকুল। ৪ কম্পমান। > স্ত্রীং ~া-মদিরা ; মদ্য। ২ সঙ্গমক্রিয়া যোনি। ৩ [সুশ্রুত] গর্ভাশয়ের স্থানবিপর্য্যয় অর্থাৎ "উর্দ্ধাংশের পশ্চাদ্দিকে ও নিম্নদিকে অবনতি ও নিম্নাংশের উর্দ্ধদিকে ও সম্মুখে উন্নতিবিশিষ্ট অবস্থানবিচ্যুতি" retroversion or retroflexion of the uterus. ৪ বিণ, অভিষিক্তা ; পরিপ্লাবিতা। > বি, ~প্লুতি। ~বৎসর [জ্যো০ পরিঃ] বি, যে সময়ের মধ্যে

বৃহস্পতি দ্বাদশ রাশি ভোগ করে (সৌর দ্বাদশ বৎসরে বার্হস্পত্য এক বৎসর হয়)। ২ সংবৎসর। ~বন্দ, ~বন্ধ [প্রবন্ধ > বা, পরি (বিশেষ, বিবিধ)-বন্দ (বন্ধন-বাঁধুনি)] বি, নানাছন্দ ; নানা রকম। "নানা পরিবন্দ করি বেন্ধেছে কবরী।"-ঘ০। "আঁচড়িল কেশ তার নানা পরিবন্ধে। গন্ধ তৈল যুত হয়ে পড়ে তার স্কন্ধে।"-কবিক০।~বর্জ্জন [পরি-বৃজ্ (ত্যাগ করা)+ণিচ্=বর্জি+অন (ভা০)] বি, পরিত্যাগ ; বিসর্জ্জন। > বিণ, ~বর্জ্জিত। > স্ত্রীং ~া। ~বর্ত্ত ["পরীবর্ত্ত" (বিরল)। পরি-বৃৎ (বর্ত্তমান থাকা, পরিবর্ত্তন করা)+অ(ভা০)] বি, পরিবর্ত্তন ; বিনিময় ; বদল। ২ অবস্থান্তর ; সংস্কার। "যে বিধি কুবিধি তুমি জান, পার, তার পরিবর্ত্ত আন।"-কর্ম্মগীতা (যদু০মজুমদার)। ৩ যুগান্ত। ৪ পার্শ্বপরিবর্ত্তন। ৫ [অর্থনীতি] ইং exchange এর বৈজ্ঞা০ পরি: ; বিনিময়। ~বর্ত্তন [পরি-বৃত্ +অন (ভা০)] বি, পরিবর্ত্ত (দ্র:)। ২ অবস্থান্তর ; বদল। ৩ সংস্কার। ~বর্ত্তনশীল, বর্ত্তনীয়-যা বদল হ'তে পারে ; বিনিময় যোগ্য। > স্ত্রীং ~া। ~বর্ত্তিত [পরি-বৃৎ+ণিচ্=বর্ত্তি (বদল করান)+ত (র্ম্ম)] বিণ, যার পরিবর্ত্তন হইয়াছে। ২ অবস্থান্তরিত। ৩ [নাট্যশা০] অর্দ্ধচন্দ্রাকারে বামে ও দক্ষিণে গতি-পরিবর্ত্তনের অভিনয়। ইহা শৃঙ্গারনটনে (arotic dances) কাপোলদেশে চুম্বনকালে ব্যবহার্য্য। > স্ত্রীং ~া। ~বর্ত্তী [পরি-বৃৎ (অবস্থান করা)+ইন্ (র্ত্তৃ)=পরিবর্ত্তিন্ ১মা, ১ব০] বিণ, পরিবর্ত্তনশীল। ২ [পদার্থ বিজ্ঞা০ (H. S. Glossary)] ইং variableএর বৈজ্ঞা০ পরি:। ~বর্দ্ধক [পরি-বৃধ্ (বৃদ্ধি পাওয়া)+ণিচ্=বর্দ্ধি+অক (র্ত্তৃ)] বিণ, পরিবর্দ্ধনকারী ; উৎকর্ষক ; বৃদ্ধিকারক। ২ পালক। ~বর্দ্ধন [পরি-বৃধ্ +ণিচ্= বর্দ্ধি (বৃদ্ধি করান)+অন (ভা০)] বি, পরিবর্দ্ধিত করণ ; সম্বর্দ্ধন। ২ বিস্তারণ ; বাড়ান। ~বর্দ্ধিত [পরি-বৃধ্ +ণিচ্=বর্দ্ধি (বৃদ্ধি পাওয়ান)+ত (র্ম্ম)] বিণ, যা বাড়ান হইয়াছে ; সম্বর্দ্ধিত ; বিস্তারিত। > স্ত্রীং ~া। ~বর্হ [পরি (সম্পূর্ণ) বর্হ (আচ্ছাদন করা)+অ (র্ম্ম)] বি, পরিধেয় ; পোষাক ; পরিচ্ছদ। ~বহ [পরি-বহ্ (বহন করা)+অ (র্ত্তৃ)] বি, বায়ুমণ্ডলস্থ সপ্তবায়ুর অন্তর্গত সুবহ বায়ুর উপরিস্থিত বায়ু। ~বহন [পরি-বহন (দ্র:)] বি, ধারণ ; গ্রহণ ; বহন। "ইহারই স্পর্শ পরিবহন করিয়া বাতাস এমন পুলকদায়ী এমন হৃদয়াভিরাম।"-ভারতী, কার্ত্তিক, ১৩২৯। ~বাদ, পরীবাদ [পরি-বদ্ (বলা)+অ (ভা০)] বি, অপবাদ ; নিন্দা। "একি পরমাদ দেয় পরিবাদ এছার পাড়ার লোকে।"-চণ্ডি০। "কোথা বীর পাইল ধন ঘুষিত সকল জন পরিবাদ ছিল লোক মাঝে।" কবিক০। ২ বীণার অঙ্গবি: (পরিবাদিনী দ্র:)। ~বাদক [পরি-বদ্ (বলা)+অক (র্ত্তৃ)] বিণ, নিন্দাকারী ; নিন্দুক ; অপবাদ-কর্ত্তা। ২ তিরস্কারক। ~বাদিনী [পরিবাদী দ্র:] বি, নিন্দাকারিণী। সপ্ততন্ত্রী বীণা। "কোকিলনাদিনী গী:-পরিবাদিনী স্ত্রী পরিবাদ বিধায়িনী।"-অ০ ম০। ~বাদী [পরি-বদ্ (বলা)+ইন্ (র্ত্তৃ)]=বাদিন্ ১মা, ১ব০] বিণ, নিন্দুক ; অপবাদী। ২ [পরিবাদ (নিন্দা)+ইন্ (স্ত্যা০)=পরিবাদিন্ ১মা, ১ব০] পরিবাদগ্রস্ত। > স্ত্রীং পরিবাদিনী। ~বাপ, পরীবাপ [পরি-বপ্ (মুণ্ডন করা)+অ (ভা০)] বি, আবাপন ; মুণ্ডন। ২ কৃত্রিম ক্ষুদ্র জলাশয়। ৩ বপন। ~বাপন, পরীবাপন [পরীবাপন (বিরল)। পরি-বাপি (মুণ্ডন করান)+অন (ভা০)] বি, আবাপন। ~বাপিত [পরিবাপ (মুণ্ডন)+ইত (যুক্তার্থে)] বিণ, মুণ্ডিত। ২ বপিত। ৩ রোপিত। ~বার [পরীবার (মনুষ্য ভিন্ন অর্থে)-বিরল। পরি-বৃ (বরণ করা)+অ (র্ম্ম)] বি, পরিজন ; পোষ্য ; প্রতিপাল্য। ২ [আধু০ বাং-য়] স্ত্রী ; পত্নী। ৩ খড়্গাধার ; অসিকোষ। ৪ সমূহ ; সকল ; গণ। "এত বলিয়া হাসেন ব্রাহ্মণ পরিবার"-মহা০ বিজয়০ [> ~ভুক্ত-বি,পরিবারস্থ; পরিবারের অন্তর্গত। "মিৎসুই পরিবারভুক্ত লোকেদের হাতেই"-উত্তরা,পৌষ,১৩৩৩। > স্ত্রীং~া]। ~বাহ, পরীবাহ [পরি (সম্যক্‌রূপে) বহ্ (বহন করা)+অ (ভা০)] বি, জলপ্লাবন ; জলোচ্ছ্বাস। ২ [+অ (ণে), যদ্দ্বারা জল প্রবাহিত হয়] জল নির্গমনের পথ ; মোহানা। ৩ [+অ(র্ম্ম), যা বহন করিয়া যাওয়া হয়] রাজোচিত উপঢৌকনের দ্রব্য সম্ভার। ~বাহক [পরি: (H. S. Glossary)] ইং drainage এর বৈজ্ঞা০ পরি:।~বাহন [রাসা০ পরি:] বি, তরল পদার্থের বিশেষ প্রক্রিয়া দ্বারা তাপ সঞ্চালন। ~বিন্ন,-ন্ন-বি, পরিবিত্ত দ্র:।~বিত্ত [স্মৃ০ পরি:। পরি-বিদ্ (জানা)+ত (র্ত্তৃ)। পরিবিন্ন (ন্ন) ও০] বি, কনিষ্ঠের অগ্ন্যাধান ও বিবাহ হলে অনগ্ন্যাধান এবং অবিবাহিত জ্যেষ্ঠ। ~বীক্ষণ [পরি-বি-ঈক্ষ্ (দর্শন করা)+অন (ভা০)] বি, সম্যক্ দর্শন; অভিনিবেশসহকারে দর্শন। ~বীত [পরি-ব্যে+ত (র্ম্ম)] বিণ, পরিবেষ্টিত। ২ সমাবৃত; সমাচ্ছাদিত। ~বৃত [পরি-বৃ (আবরণ করা)+ত (র্ম্ম)] বিণ, পরিবেষ্টিত। ২ সমাবৃত ; সমাচ্ছাদিত। > (বাং-য়) স্ত্রীং ~া ও০। ~বৃতি [পরি-বৃ (আবরণ করা)+তি (ভা০)] বি, বেষ্টন ; পরিধি ; চতুর্দ্দিকের বেড়া। ২ আবরণ। ~বৃত্তি [পরি-বৃত্ (বর্ত্তনে) +তি (ভা০)] বি, পরিবর্ত্তন ; বিনিময় ; বদল। ২ [উদ্ভিদ্ ও জীব-বিজ্ঞা০ পরি:] ক্রমবিকাশের সহায়স্বরূপ বর্ণ আকৃতি অবস্থাদি ও স্বভাবের অদল বদলের প্রাকৃতিক নিয়ম। "ডার্বিন তাঁহার 'ডিসেণ্ট অব ম্যান' পুস্তকে এই পরিবৃত্তির সম্যক্ প্রভাব ব্যক্ত করিয়া-ছেন।" "অতি নিম্ন শ্রেণীর প্রাণী হইতে অতি উর্দ্ধ শ্রেণীর প্রাণী পর্য্যন্ত সকলেরই মধ্যে পরিবৃত্তির প্রভাব বিস্তৃত রহিয়াছে।"-দেশ, ৩০-৬-৩৪। "প০ নিয়মের ফলে * * * সাড়ে তিন হস্ত পরিমিত মানুষ, দুই হস্ত পরিমিত বামণের আকারও ধারণ করে।" -ক্ষিতী০ ঠাকুর (অভিব্যক্তিবাদ)। ~বেত্তা [পরি-বিদ্ +তৃ (র্ত্তৃ)] বি, অবিবাহিত জেষ্ঠ ভ্রাতা বর্ত্তমান থাকিতে বিবাহিত কনিষ্ঠ ভ্রাতা। ~বেদন [পরি-বিদ্+অন (ভা০)] বি, অনূঢ় জ্যেষ্ঠ বর্ত্তমানে কনিষ্ঠের দারপরিগ্রহ। ২ ক্লেশ ; যন্ত্রণা। ৩ বোধ ; জ্ঞান। ৪ লাভ ; প্রাপ্তি। ~বেদনা [পরি-বেদি (জানা) +অন (ভা০)+আ (স্ত্রীং)] বি, বুদ্ধি ; বিবেচনা। ২ অতিশয় বেদনা। ~বেদিনী [পরি

-বিদ্ + ইন্ (কর্ত্তৃ-ণিন্) = পরিবেদিন্ + ঈ (স্ত্রীং)] বি, পরিবেত্তার পত্নী। ~বেশ(ষ) [পরি-বিশ্, বিষ্ (বেষ্টন করা, ব্যাপ্ত করা) + অ (ণে), যা দ্বারা পরিবেষ্টন করা হয়] বি, পরিধি ; বেষ্টন ; মণ্ডল। ২ সূর্য্য ও চন্দ্রমণ্ডল। ৩ প্রভাব। "শব্দগুলি অন্তরে ও চারিপাশে ভাবমণ্ডল ও রস-ব্যঞ্জনার পং লইয়াই যথাস্থানে বসে"-কাং রায়। ৪ পরিবেষণ। ~বেষণ [হিং পরস্না, প্ররোসন্। তুল-পুং বঙ্গে-পারস ; বগুড়া অঞ্চলে-পারোস। পরি-বিষ্ (বর্ধণে) + অন (ভাং)] বি, পরিবেষ্টন। ২ অন্নবণ্টন ; ভোজনকালে অন্ন ব্যঞ্জনাদি প্রয়োজন মত প্রদান। > বিণ, ~বেষক [গ্রাং, স্ত্রীং পরিবেষুনী] যে পরিবেষণ করে। ~বেষ্টক [পরিবেষ্টন দ্রঃ] বিণ, পরিবেষ্টন-কারী। ~বেষ্টন [পরি-বেষ্ট্ + অন (ভাং)] বি, বেষ্টন ; ঘিরণ ; আবেষ্টন। ২ [পরিঃ (ক্ষিতীং ঠাকুর)] বি, প্রতিবেশ ; ইং environment এর বৈজ্ঞাং পরিঃ। ৩ ঘেরাউ। ৪ বেষ্টনী ; বেড়া। ~বেষ্টা-বিণ, পরিবেষক ; বণ্টনকর্ত্তা। ~বেষ্টিত [পরি-বেষ্ট্ (বেষ্টন করা) + ক্ত (র্ম্ম), যাকে চারিদিকে বেষ্টন করিয়া রাখা হইয়াছে] বিণ, বেষ্টিত ; পরিবৃত। ~বোধ [পরি-বুধ্ (বুঝা) + অ (ভাং)] বি, জ্ঞান। ২ প্রবোধ ; সান্ত্বনা। "পার্ব্বতীকে পদ্মাবতী পরিবোধ করে। উদ্ধব বুঝান যেন ব্রজবনিতারে॥"-শিং। "জরাসন্ধ আদি সারা রাজা হয়ে জরা জরা তারা তারে করে পরিবোধ।"-ঐ। ~ব্রজ্যা [পরি-ব্রজ্ (গমন করা) + য (র্ম্ম)] বি, তপস্যা ; সন্ন্যাসধর্ম্ম। ২ পরিব্রাজন। ধর্ম্মার্থে পরিভ্রমণ। ৩ জীবনের শেষ ভাগে যে আশ্রমে মোক্ষার্থ বিচরণ করিতে হয়। হিন্দুর চতুর্ব্বিধ আশ্রমের চতুর্থ আশ্রম। ~ব্রাজ [পরি-ব্রজ্ (গমন করা) + অক (র্ত্তৃ)] বি, পরিব্রাজক। > স্ত্রীং ~া। ~ব্রাজক [পরি -ব্রজ্ (গমন করা) + অক (র্ত্তৃ)] বি, ভ্রমণ-কারী ; পর্য্যটক। ২ ভিক্ষু ; চতুর্থাশ্রমী ; সন্ন্যাসী। "সৌম্য পরিব্রাজকের রূপ গেল ঘুচে। ঘুচিল কাষায় বাস, ফোঁটা গেল মুছে॥" -রামাং (রাজং)। স্ত্রীং > ~ব্রাজিকা

~ব্রাজন [প্রবি-ব্রজ্ (ভ্রমণে) >। পরিব্রজন ওং (বিরল)] বি, পরিভ্রমণ : পর্য্যটন। ~ভব [পরীভবও হয় কিন্তু বিরল। পরি ভূ + অ (ভাং)] বি, পরাভব ; পরাজয়। ২ পরিহার। ৩ তিরস্কার ; অবমাননা। ~ভাব, পরীভাব-বি, পরাভব [প্রং অং]। > বিণ, ~ভাবী-পরাভবকারী। ২ পরি-হারক। ৩ অবমাননাকারী। ~ভাবা [পরিভাব(দ্রঃ) + আ (ক্রিয়ায়)। পরিভাবি, -ভাবে, -ভাবয়ে, (পরিভায়) ; -ভাবিতে ; -ভাবিয়া (ক্ষেং, পদ্যে-পরিভাবি)]। প্রাং বাং। পড়িভাবা দ্রঃ] ক্রি, পরিচিন্তন করা : বিশেষ করিয়া ভাবিয়া দেখা : বিচার করা। "এহা পরিভাব মনে।-"শ্রীং কীং। "মনে পরিভাবি (-বী)"-ঐ। "হেন পরিভাবি রাধা" -ঐ। পরিভাবিল-পরিচিন্তন করিলাম। "এবে আঙ্কে মণে পরিভাবিল"-ঐ। ~ভাষণ [পরি (পরস্পর) ভাষণ(কথা বলা)] বি, বাক্যালাপ ; কথোপকথন। ২ নিন্দাবাদ ; তিরস্কার। ৩ লক্ষণ ; সঙ্কেত ~ভাষা [পরি-ভাষ্ + অ] বি, বিশেষার্থ-বোধক সঙ্কেত : সংজ্ঞাবিঃ ; যে সংজ্ঞার অর্থান্তর নাই। ২ [পরিঃ (H. S. Glossary)] নির্ব্বচন ; ইং definitionএর বৈজ্ঞাং পরিঃ। ৩ পরিষ্কৃত ভাষণ। ~ভাষিত [পরি-ভাষ্ (বলা) + ত (র্ম্ম)] বিণ, পরিভাষা দ্বারা ব্যক্ত বা বিজ্ঞাপিত ; নিরুক্ত defined. ২ কথিত। ~ভুক্ত পরি-ভুজ্ (ভোগ করা) + ত (র্ম্ম)] বিণ, যা ভোগ করা হইয়াছে ; উপভুক্ত। > স্ত্রীং ~া। ~ভূত [পরি-ভূ + ত (র্ম্ম)] বিণ, পরাজিত ; অভিভূত। ২ তিরস্কৃত। > স্ত্রীং~া। ~ভোগ [পরি-ভুজ্ + অ (ভাং)] বি, সম্ভোগ। ~ভ্রম [পরি-ভ্রম্ (ভ্রমণ করা) + অ (ভাং)] বি, পরিভ্রমণ। ২ ভ্রম। ~ভ্রমণ [পরি-ভ্রম্ + অন (ভাং)] বি, পর্য্যটন ; চতুর্দ্দিক ভ্রমণ। ~ভ্রষ্ট [পরি-ভ্রন্স্ + ত (র্ম্ম)=ভ্রষ্ট (পতিত)] বিণ, পতিত। ২ বিচ্যুত। "দুষণের কর হতে পরিভ্রষ্ট হ'য়ে পড়িল পরিঘখান ভূমে উলটিয়ে" -রামাং (রাজং)। ৩ নষ্ট। > স্ত্রীং~া। ~মণ্ডল$_{১}$ [পরি (চতুর্দ্দিকে) মণ্ডল (গোলাকার)] বিণ, পরিধি ; বর্ত্তুল ; গোলাকাব। ~মণ্ডলা-

কার, কৃতি-গোলাকার। ~মণ্ডল$_{২}$ [পরি-মণ্ডল (দ্রঃ)] বি, বিশেষভাবে অলঙ্করণ। ~মণ্ডিত-বিণ, উত্তমরূপে অলঙ্কৃত ; সুভূষিত। ~মর্শ [পরি-মৃশ্ (স্পর্শ করা) + অ (ভাং)] বি, সংস্পর্শ ; সংঘর্ষ। ২ ঘর্ষণ। ~মর্ষ, -মর্ষণ [পরিমৃষ্ (সহ্য করা) + অ, অন (ভাং)] বি, দ্বেষ ; হিংসা ; অসূয়া। > বিণ, পরিমৃষ্ট (দ্রঃ)। ~মল [পরি-মল্ + অ (র্ম্ম)] বি, চন্দন কুঙ্কুম প্রভৃতির মর্দ্দনজাত সুগন্ধ। "কমল কুমুদ দেখি সুখে সাধু মুদে আঁখি কুসুমনিকর পরিমলে।"-কবিকং। ২ সুরভি পুষ্পাদি হতে উত্থিত মনোহর গন্ধ। "ফুটিল মালতি ফুল সৌরভ ছুটিল। পরিমল লোভে অলি আসিয়া জুটিল॥" -মং মোং তং। ৩ সম্ভোগ। ~মাণ [পরি (সম্যক্) মা (পরিমাণে) + অন (ভাং)] বি, মাপ ; দৈর্ঘ্য-প্রস্থ-বেধ। ২ ওজন ; গুরুত্ব। ৩ সংখ্যা। ৪ [পাটীংপরিঃ] মান magnitude. ~মাণফল-বি, ক্ষেত্রফল ; ভূমির চতুঃ-সীমাবস্থিত স্থানের পরিমাণ area. ~মাণাত্মক [রাসাং পরিঃ] বি, পরিমাণ-বিশিষ্ট ; পরিমাণসংক্রান্ত। "প্রাচীন রসা-য়নের দ্বিতীয় ত্রুটী ছিল যে উহা পরিমাণাত্মক (quantitive) শাস্ত্র ছিল না। এই দ্রব্যের সহিত এই দ্রব্য সংযুক্ত হইলে অমুক দ্রব্যের উৎপত্তি হইয়া থাকে, কিন্তু উহার কত পরিমাণ অপরাপর দ্রব্যের কত অংশের সহিত সংযুক্ত হইয়া কত ওজনের দ্রব্য উৎপন্ন হইয়া থাকে তাহা লিখিত হইত না।"-পঞ্চানন নিয়োগী। ~মাত্রা [বঙ্গবিদ্যাং (কং বিশ্বং পরিঃ)] বি, ইং intensityর বৈজ্ঞাং পরিঃ ; আতিশয্য ; তীব্রতা ; তীক্ষ্ণতা ; খরতা। ~মিত [পরি-মা + ত (র্ম্ম)-মা= মি] বিণ, উপযুক্ত পরিমাণযুক্ত। ২ সংযত। ৩ অল্প। "দেখিলে কি শতদল অতি পরিমিত জল চড়ে পাছে লাগে ডিঙ্গাখান।" -কবিকং। ৪ ইং finite এর বৈজ্ঞাং পরিঃ ; সসীম। ~মিতি [পরি-মা + তি (ভাং)] বি, ভূমি পরিমাণ ; ক্ষেত্র-ব্যবহার ; ক্ষেত্রতত্ত্ব mensuration. ~মুক্তসঙ্গ [পরি-মুক্ত (সম্পূর্ণরূপে পরিত্যক্ত) সঙ্গ (বিষয়ভোগ) যৎকর্ত্তৃক, বহুং]

বিণ, বিষয়ভোগবাসনা-শূন্য ; সম্পূর্ণ নিস্পৃহ। ~মৃষ্ট [পরি+মৃষ্ (সহনে)+ত (র্ম্ম)] বিণ, বিশেষভাবে ঘৃষ্ট ; আলিঙ্গিত। ২ পরিমার্জ্জিত। ৩ পরিক্লান্ত। বি, পরিমর্ষ(ণ)। ~মেয় [পরি (সম্যক্)-মা (মাপ করা)+য (র্ম্ম)] বিণ, পরিমাণের যোগ্য। ২ পরিমিত ; সংযত ; যথাপরিমাণ। ৩ [পাটী° পরিঃ] ইং commensurable এর বৈজ্ঞা° পরিঃ। ~মোক্ষ [পরি-মোক্ষ্ (মুক্ত হওয়া)+অ (ভা°)] বি, পরিনির্ব্বাণ ; পরিত্রাণ। ২ মলত্যাগ। ~ম্লান [পরি-ম্লা (মলিন হওয়া)+ত (র্ত্তৃ)=ন] বিণ, অতিশয় ম্লান। ২ বিশুষ্ক। "-* * * কল্পনা পরিম্লান হইয়া গিয়াছে" -আ° শক্তি, মাঘ,১৩৩৩। ~র্যন্ত [সং-পর্য্যন্ত >। পদ° সা°] বি, পর্য্যন্ত ; শেষ ; অবসান। "দিনে দিনে ক্ষীন তনু হিমে কমলিনী জনু না জানি কি ইহ পরিযন্ত।"-বি° প°। ~রক্ষণ [পরি-রক্ষ্ (রক্ষা করা)+অন (ভা°)] বি, সংরক্ষা। > বিণ, ~রক্ষিত। ~রম্ভ ["পরীরম্ভ"-বিরল। পরি-রভ্+অ (ভা°)] বি,আলিঙ্গন।-"মাগয়ে তব পরিরম্ভ প্রেমভরে সুবদনী তনু জনু স্তম্ভ।"-বি° প°। ~রম্ভণ [পরি-রভ্+অন (ভা°)] বি, আলিঙ্গন। "পিয়া পরিরম্ভণে।"-বি° প°। ~রাটক [পরি-রট্ (প্রকাশ করা) + অক (র্ত্তৃ-শীলার্থে)] বিণ, সর্ব্বত্র রটনাকারী। ~রাটী [পরি-রট্+ইন্ (র্ত্তৃ-মৃ° পরিরাটিন্ ১মা, ১ব°)] বিণ, চতুর্দ্দিকে রটনাশীল। ~রিপ্সু,-লিপ্সু [পরি-রভ্,-লভ্+সন্ (ইচ্ছার্থে)+উ (র্ত্তৃ)] বিণ, আলিঙ্গনেচ্ছু। ~লিখিত [জ্যা° পরিঃ] বি, ইং circumscribed এর বৈজ্ঞা° পরিঃ। ~লেখন [পরি-লিখ্+অন (ভা°)] বি, যজ্ঞস্থলের সীমারেখাকরণ। ~শঙ্কনীয়, ~শঙ্ক্য [পরি-শন্ক্ (আশঙ্কা করা)+অনীয় (র্ম্ম),+য] বিণ, বিশঙ্ক্য ; বিশেষ শঙ্কার কারণ ; ভীতিযোগ্য ; ভয়ের বিষয়। ~শিষ্ট [পরি-শিষ্ +ত (র্ম্ম)=শিষ্ট (অবশিষ্ট)] বিণ, অবশিষ্ট ; পরিশেষে যা যুক্ত হয়। ২ গ্রন্থ সমাপ্তির পর সংযুক্ত অংশ appendix. ~শীলন [পরি-শীল + অন (ভা°)] বি, অনুশীলন। ২ আলিঙ্গন। ৩ অবগাহন। > বিণ, ~শীলিত। ~শুদ্ধ [পরি-শুধ্ (শুদ্ধ করা)+ত (র্ম্ম)] বিণ, বিশুদ্ধ ; পবিত্র ; ২ সংশোধিত। ৩ পরিষ্কৃত। ৪ নিশ্চিত [বিরল]। > স্ত্রীং ~া। ~শুষ্ক [পরি-শুষ্ (শুষ্ক হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, বিশুষ্ক ; অতিশয় শুষ্ক ; নীরস। ২ বি, পক্ব মাংসবিঃ। > স্ত্রীং ~া। ~শেষ [পরি-শিষ্+অ (ভা°)] বি, সমাপ্তি ; অবসান ; অবশেষ। ২ উপসংহার। ৩ [র্ত্তৃ-(অ)] বিণ, অবশিষ্ট ; বাকী। ~শোধ [পরি-শুধ্+অ (ভা°)] বি, ঋণ শোধ ; ধার শোধ। ২ সংশোধন ; সংস্কার। ~শোষ [পরি-শুষ্ (শুষ্ক হওয়া)+অ (ভা°)] বি, শুষ্কতা ; নীরসতা। > বিণ, ~শোষ্য। ~শ্রম [পরি-শ্রম্ (শ্রম করা)+অ (ভা°)] বি, শ্রম ; পরিশ্রান্তি ; মেহনত ; অঙ্গচালনজনিত ক্লেশ ; আয়াস। ~শ্রমী [পরিশ্রম +ইন্ (স্ত্য°)=পরিশ্রমিন্ ১মা, ১ব°] বিণ, শ্রমকারী ; যে মেহনত করে ; যে খুব কাজ কর্ম্ম করিতে পারে। ~শ্রান্ত [পরি-শ্রম্+ত (র্ত্তৃ)] বিণ, শারীরিক চেষ্টা জন্য ক্লিষ্ট ; শ্রমযুক্ত ; ক্লান্ত ; অবসন্ন। "হৃদয়-বেদনা বহিয়া প্রভু এসেছি তব দ্বারে * * * * পরিশ্রান্ত জনে প্রভু লয়ে যাও সংসার-সাগর-পারে।"-রবী° > স্ত্রীং~া। বি, ~শ্রান্তি। ~শ্রুতি [পরি-শ্রু (ক্ষরিত হওয়া) +তি(র্ম্ম)] বি, অশ্রুজল [প্র° অ°]। ~শ্লেষ [পরি-শ্লিষ্ (আলিঙ্গন করা)+অ (ভা°)] বি, আলিঙ্গন ; আশ্লেষ। ~ষদ্ [পরি-সদ্ (গমন করা)+ক্বিপ্ (ধি) > ১মা, ১ব° পরিষৎ-যেস্থানে ধর্ম্মবিষয়ক উপদেশ শ্রবণের জন্য বহু লোক গমন করে] বি, একবিংশতির অন্যূন সংখ্যক মীমাংসা ন্যায় এবং বেদবেদাঙ্গকুশল পণ্ডিতগণের সভা বা মণ্ডলী। ২ সভা ; সমাজ ; গোষ্ঠী। ~ষদ [পরি-সদ্ (গমন করা)+অ (র্ত্তৃ)] বি, যাঁরা ধর্ম্মোপদেশ শুনিবার জন্য সভাস্থলে গমন করেন ; সভ্য ; সভাসদ ; সদস্য। ২ অনুচর।° ~ষদ্বল [পরিষদ্+বল্ (যোগ্যার্থে)] বি, যাঁরা সভার যোগ্য ; সভাসদ্। তুল-কৃষীবল। ~ষেক [পরি-সেক (ত্র°):=ষেক] বি, পরিসেচন ; সুসিক্ত করণ ; গা ধোয়া ; অবগাহন। ~ষ্করণ [পরি+কৃ+অন (ভা°)] বি, পরিষ্কার ; শোধন; মার্জ্জন। ~ষ্কার [পরি-কৃ(শুদ্ধ করা) +অ (ভা°), মধ্যে স্ আগম] বি, নির্ম্মলতা ; স্বচ্ছতা ; পরিচ্ছন্নতা। "বৌদ্ধভিক্ষু কেবল ভিক্ষাপাত্র, ত্রিচিবর, কায়বন্ধন, সুচি, আর্সি, ক্ষুর এবং পরিস্রবণ (জল ছাঁকিবার যন্ত্র) এই অষ্ট পরিষ্কার রাখিতে পারেন।"-জাতক। ২ শোভন। ৩ শোধন। ৪ বিণ, নির্ম্মল ; পরিচ্ছন্ন। প্র-স্থানটি বেশ পরিষ্কার। ৫ স্বচ্ছ। প্র-পরিষ্কার জল। ৬ সুন্দর। প্র-পরিষ্কার গঠন। পরিষ্কার মুখ। ৭ স্পষ্ট ; খোলসা ; সাদা। প্র-পরিষ্কার কথা। ৮ উদার ; সরল ; অন্তর বাহির শূন্য ; অকপট। প্র-পরিষ্কার হৃদয় বা মন। ৯ স্বাভাবিক ; বিকারহীন। প্র-পরিষ্কার নাড়ী। ১০ মধুর। প্র-তাহার গানের বেশ পরিষ্কার গলা। ১১ প্রতিবন্ধক হীন ; বাধা বিঘ্ন শূন্য। প্র-রাস্তা পরিষ্কার আছে। ১২ আবর্জ্জনা শূন্য। প্র-কূপ বা পুষ্করিণী পরিষ্কার করা। ১৩ রোগ-যন্ত্রণাহীন ; ব্যাধিমুক্ত ; সুস্থ। প্র-তাহার শরীর বেশ পরিষ্কার হইয়া গিয়াছে। এখনও মাথাটা পরিষ্কার হয় নাই। ১৪ অমলিন ; শুভ্র। প্র-সাবানের জলে কাপড় বেশ পরিষ্কার হয়েছে। ~ষ্কৃত [পরি-কৃ+ত (র্ম্ম)] বিণ, সংস্কৃত ; মার্জ্জিত। ২ নির্ম্মলীকৃত। ৩ শুদ্ধীকৃত। ৪ অলঙ্কৃত ; ভূষিত। ৫ শোভাযুক্ত। বি, ~ষ্কৃতি। ~ষ্বঙ্গ [পরি-স্বনজ্ (আলিঙ্গন করা)+অ (ভা°)] বি, আলিঙ্গন ; আসঙ্গ। ~সংখ্যা১-বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ। "প্রশ্নপূর্ব্বক হউক আর প্রশ্নব্যতিরেকেই হউক কথিত বস্তু তৎসদৃশ বস্তুর ব্যাবর্ত্তক হইলে প° হয়।"-কাব্যদর্পণ। প্রশ্নপূর্ব্বক যথা-"কি হয় দেহের চারু ভূষণ? যশ হয় ভুশা, নহে রতন।"-ঐ। অপ্রশ্নপূর্ব্বক-"মজ সেই নিরঞ্জনে বিষয়েতে মজো না পরহিতে রত থাক, অপকার করো না। বিনয় ভূষণ পর, কণ্ঠে হার পরো না দরিদ্রকে দান কর, ধনিগণে দিও না।"-ঐ। ~সংখ্যা২,~সঙ্খ্যা [পরি-সঙ্খ্যা (গণনা)] বি, সংখ্যা ; গণনা। ২ [স্মৃ°] বিধিবিঃ ; সংখ্যা-

পূর্ব্বক বিধি(বিধি দ্রঃ)। ৩কাব্যালঙ্কারবিঃ। ~সংখ্যান [লোকতথ্য বিদ্যা০ (H. S. Glossary)] বি, গণন ; সংখ্যাকরণ। "পরিসংখ্যানের পরে যে ব্যাপক দৃষ্টি চাই, তাহার অভাব ঘটে।" -যো০ রায় (প্রবাসী, কার্ত্তিক, ১৩২৭)। ২ ইং statistics এর বৈজ্ঞা০ পরিঃ। ~সভ্য [পরি-সভ্য] বি, সভাসদ্। ~সর [পরি-সৃ (গমন করা) +অ (ধি), গমন করা হয় যেখানে] বি, নগর অথবা নদী পর্ব্বতাদির নিকটস্থ স্থান : পর্য্যন্তভূমি। "টাঙ্গায়া তাম্বুঘর বসিলা সদাগর পরিসর নদীর কূলে।"-কবিক০। ২ ব্যাপ্তি ; বিস্তার; দ্রব্যাদির প্রস্থ। ~সরণ [পরি-সৃ+অন (ভা০)] বি,মৃত্যু; মরণ। ২ পরাজয়। পরাভব। ~সরম [সং-পরিশ্রম > প্রা০ বাং প্রাকৃ০ রূপ] বি,পরিশ্রম। ২ বিণ,পরিশ্রান্ত।"পৃথিবী ভরমিআ হুহে পরিসরম হইঞা। অর্দ্ধ অঙ্গের ঘাম পরভু ফেলিল মুছিঞা॥"-শূ০ পু০। ~সর্য্যা [পরি-সৃ (গমন করা) +য (ভা০)-আপ্ স্ত্রীং] বি, চতুর্দ্দিকে গমন। ~সারক [পরি-সৃ (গমন করা) +অক (র্ত্তৃ)] বিণ, সর্ব্বত্র গমনশীল ; চতুর্দ্দিকে গতিশীল। ~সীমা [মূ০ পরি-সীমন্ (সীমা) ১মা, ১ব০] বি, সীমা ; অন্ত ; শেষ। ২ পর্য্যন্ত ; অবধি ; ইয়ত্তা। ~স্তোম, পরিষ্টোম [সং] বি, হাতীর পিঠের বিচিত্র কম্বল ; ঝুল। ~স্থিতি [পরি (চতুর্দ্দিকের) স্থিতি (অবস্থা)] বি,চতুর্দ্দিকের অবস্থা।"নান্‌কিলের পরিস্থিতি ঘণ্টায় ঘণ্টায় অধিকতর গোলমেলে হইয়া উঠিতেছে।"-আ০ পত্রিকা. ১-২-৩২। "অবশ্যম্ভাবী নূতন পরিস্থিতির সম্মুখীন হইবার জন্য * *।"-ঐ, ১৪-২-৪২। ~স্পন্দ [পরি-স্পন্দ্ (গমন করা) +অ (ভা০)] বি, নড়া চড়া ; বিশেষভাবে স্পন্দন। ২ [রাসা০ পরিঃ] সম্ভাব্য কম্পন potential vibration. ~স্পন্দন [পরি-স্পন্দ্ + অন (ভা০)] বি, অতিশয় স্পন্দন ; সম্যক্ কম্পন ; বিকম্পন ; আন্দোলন vibration. ~স্ফুরণ [পরি+স্ফুরণ] বি, পরিস্পন্দন ; উচ্ছ্বসন। ২ ফুস্‌ফুস্ শব্দে ফেনাইয়া উঠা বা বুদ্বুদোদ্গম effervesce. ৩ উত্তেজনা প্রদর্শন। ৪ বিকশন। ~স্রব [জীববিদ্যা০ পরিঃ] বি, ইং placenta র বৈজ্ঞা০ পরিঃ ; ফুল। ~স্রাব [রাসা০ পরিঃ (রবী০)] বি, "ক্ষার জলের সহিত আলোড়িত করিয়া বস্ত্রের দ্বারা ছাঁকিয়া লওয়াকেই 'পরিস্রাব' কহে।"-ডাঃ পি০ সি০ রায়। স্রাবণ [রাসা০ পরিঃ (রবী০)]বি, ইং filtration এর বৈজ্ঞা০ পরিঃ। ~স্রুত [পরি-স্রু+ত(র্ত্তৃ) যা ফোঁটা ফোঁটা করিয়া পতিত হয়] বিণ, নিঃসৃত ; ক্ষরিত; চোয়ান। > স্ত্রীং ~স্রুতা-মদিরা; মদ্য। ~স্রুত-জল [রাসা০ পরিঃ] পাতিত বারি ; পরিস্রাব-জাত বারি distilled water. পরিস্রাব দ্রঃ। ~হর [ব্রজ০] ক্রি, ত্যাগ কর ; ছাড়িয়া দাও। "পরিহর এ সখি তোহে পরণাম।"-বি০ প০। ~হরণ [পরি-হৃ+অন (ভা০)] বি, হানি। ২ ক্ষীণতা [প্র০অ০]। ৩[পরিহার দ্রঃ]পরিত্যাগ;বর্জ্জন। ৪ স্খালন। ~হরণীয় [পরি-হৃ+অনীয়(র্ম্ম)] বিণ, পরিহারযোগ্য ; পরিত্যাগের উপযুক্ত ; পরিহার্য্য ; ত্যাজ্য। ২[পরি-হৃ (হরণ-গ্রহণ)] গ্রহণযোগ্য ; গ্রাহ্য। > স্ত্রীং ~া। বি, ~হরণীয়তা। ~হরমাণ [পরিহার (দ্রঃ) -মান (র্ত্তৃ)] বিণ, পরিহার করিতেছে এমন ; বর্জ্জনশীল। ~হরা [পরিহার দ্রঃ। পরিহরি, -হর, -হরে ; -হরিতে ; পরিহরিয়া (পদ্যে-পরিহরি)] ক্রি, পরিত্যাগ করা ; ছাড়া; ত্যাগ করা। "বদন কমল গন্ধে পরিহরি মকরন্দে কত কত শত ধায় অলি"-কবিক০। ২ পরিহার (দ্রঃ) করিয়া। ~হর্ত্তব্য [পরিহার (দ্রঃ)-তব্য (র্ম্ম)] বিণ, পরিহারের যোগ্য ; পরিহার্য্য। ~হসনীয় [পরিহ-স্+অনীয়] বিণ, পরিহাসের উপযুক্ত পাত্র। ২ উপহাস্য। > স্ত্রীং ~া। "পরম পরিহসনীয়া ভ্রাতৃজায়া ঠাকুরাণী।" -রবী০। ~হসি [ব্রজ০। সং-পরিধান >] ক্রি, পরিধান করে ; অঙ্গে ধারণ করে ; পরে। "অসকতি কর কঙ্কণ নহি পরিহসি হৃদয় হার ভেল ভারে।"-বি০ প০। ~হার$_1$, পরীহার [পরি-হৃ+অ (ভা০)] বি, অবজ্ঞা ; উপেক্ষা ; অনাদর ; অসম্মান। "কত না বুলিবোঁ তারে পরিহার বাণী"-শ্রী০ কী০। ২ মোচন ; ছাড়িয়া দেওয়া ; এড়ান। ৩ পরিত্যাগ : বর্জ্জন ; ত্যাগ। "পরিহার কৈল তোক দেব চক্রপাণী॥"-শ্রী০ কী০। ৪ দোষাপনয়ন ; দোষস্খালন। "সত্যবাক্য কহিবেক করি পরিহার।"-চৈ০ ভা০। ৫ প্রার্থনা। "গুরুর চরণে সাধু করে পরিহার।"-কবিক০। ৬ বিদায়। "পরিহার মাগে ভট্ট ছেড়ে দেরে ভাই।"-ঘ০। ৭ পরাজয় ; পরাভব ; হার। "মান তারে পরিহার সাধি আন আর বার শুমানে কি করে আর ভারত দেখিলে।"-অ০ ম০। "বিনা রণে পরিহার মাগি তাঁর কাছে" -মেঘ০। ৮ সমর্পণ। "বিহি পায়ে করি পরিহার।"-বি০ প০। ~হারক [অর্থশা০ পরিঃ] যে সকল গ্রাম হইতে সৈন্য, রসদাদি সরবরাহ হয় ও করের পরিবর্ত্তে গব্যাগারে উৎপাদিত দ্রব্যাদি প্রদত্ত হয়। ~হারি$_2$ [পরিহার$_1$ ৪ দ্রঃ] ক্রি, দোষা-পনয়ন কর। "এ বার মুখের পেলা কালী, প০ বোলে বনমালী" -শ্রী০ কী০। "নহে মনে প০ আরতী"-ঐ। ~হারি [প্রাদে০] বি, জগন্নাথ দেবের সেবাইত ব্রাহ্মণবিঃ। ~হারে-বি, পরিহার ; ক্ষমা। "চন্দ্রা-বলী মাঙ্গে পরিহারে।"-শ্রী০ কী০। ~হার্য্য [পরি-হৃ + য (র্ম্ম)] বিণ, পরিহর্ত্তব্য ; পরিত্যাজ্য ; পরিহরণীয়। ~হাস, পরী-হাস [পরি-হস্ (হাস্য করা) +অ (ভা০)] বি,কৌতুক ; ঠাট্টা তামাসা। ২ খেলা ; লীলা। "প্রকৃতির একটি বিকট পরিহাস……"-উত্তরা, পৌষ, ১৩৩৩। > ~কেশব-কাশ্মীরে প্রতিষ্ঠিত প্রসিদ্ধ বিষ্ণুমূর্ত্তি। ~হিত [পরি-ধা (ধারণ করা) +ত (র্ম্ম)। ধা=হি] বিণ, যা পরিধান করা হইয়াছে ; পিনদ্ধ। ২ আচ্ছাদিত। > স্ত্রীং ~া। বি, পরিধান। ~হীন [পরি-হা (ত্যাগ করা) +ত (র্ম্ম) হা=হী, ত=ন] বিণ, ক্ষীণ ; পরিক্ষীণ। ২ সম্যক্ বঞ্চিত। ৩ পরিবর্জ্জিত ; ত্যক্ত। > স্ত্রীং ~া। ~হৃত [পরি-হৃ+ত (র্ম্ম)] বিণ, পরিত্যক্ত। ২ বিমুক্ত। > স্ত্রীং ~া।

পরিষ্ট [পর্য্যুসিত > প্রা০ পরীষ্টি$_1$] বিণ, পর্য্যুসিত ; বাসি। "বিকালে ব্যঞ্জন দশ পরিষ্টে টাবার রস ভোজন করেন কলাবতী।"

২ ভিজা ; পান্ত। ~ভাত-জলে ভিজান ভাত ; পান্তভাত।

পরিহাসকেশব-পরিহাস দ্রঃ।

পরী, পরি [ফা॰। তুল-ইং fairy ; সং-অপ্সরা > প্রং অপ্সরী] বি, পক্ষযুক্ত সুশ্রী দেবযোনিবিঃ। ২ পরীর ন্যায় সুশ্রী নারী ; পরমা সুন্দরী স্ত্রী। প্র-মেয়েটি পরী। ~দেশ, ~রাজ্য-কাল্পনিক দেশ বা রাজ্য যথায় পরীরা বাস করে fairy land. ডানা কাটা পরী-পরমা সুন্দরী নারী; যেন কোন পরী ডানা কাটা বলিয়া উড়িয়া যায় না। বিদ্রূপচ্ছলেই অধিক ব্যবহৃত। যে (বিদ্রূপে বিপরীতার্থে) অতি কুরূপা।

পরীক্ষক [পরি (সম্যক্)-ঈক্ষ্ (দর্শন করা) + অক (র্ত্তৃ) যে সম্যক্ প্রকার দর্শন করে] বিণ, পরীক্ষা গ্রহণকারী। ২ দোষ-গুণবিচারক। ৩ বিশ্লেষণকারী। ভাগ্য-পরীক্ষক-ভাগ্যান্বেষী adventurer. রত্নপরীক্ষক-মণিরত্নাদির দোষগুণ ও মূল্য নিরূপণকারী। রাসায়নিক পরীক্ষক-রসায়ন শাস্ত্রের বিশ্লেষণকারী chemical examiner.

পরীক্ষণ [পরি-ঈক্ষ্ (দর্শন করা) + অন (ভা॰)] বি, বিশ্লেষণ ; তর্ক প্রমাণাদি-দ্বারা বস্তুর নির্ণয় ; দোষগুণ অবধারণ। ২ গুণ দোষের বিচার করিয়া দেখা। "এরূপ ব্যাখ্যা দুইটি কারণে সন্তোষ উৎপাদন করে না। প্রথমতঃ, এই ব্যাখ্যা পরীক্ষণ বা পর্য্যবেক্ষণ প্রসূত নহে, এবং পরীক্ষণ বা পর্য্যবেক্ষণ দ্বারা ইহার যাথার্থ্যের পরখও করা যায় না।"-প্রবাসী,১৩১৮, বৈশাখ। ৩ বন্দোবস্তপূর্ব্বক যে অবেক্ষণ তাহার নাম পরীক্ষণ, যে ঘটনা আপনা হইতে ঘটে না তাহা কৌশল-পূর্ব্বক ঘটাইয়া অবেক্ষণের নাম পরীক্ষণ experiment.

পরীক্ষণীয় [পরি-ঈক্ষ্ + অনীয় (র্ম্ম)] বিণ, পরীক্ষার উপযোগী। ২ বিচার্য্য। ৩ অনুসন্ধেয়। স্ত্রীং ~া।

পরীক্ষা [পরি-ঈক্ষ্ (দর্শনে) + অ (ভা॰) + আ (স্ত্রীং)] বি, দোষ গুণের বিচার examination. ২ বিশ্লেষণাদি দ্বারা পদার্থ নির্ণয়। ৩ অনুসন্ধান। ৪ [পাটী॰] ইং test বা proof এর বৈজ্ঞা॰ পরিঃ। ৫ [বলবিদ্যা॰] ইং experimentএর বৈজ্ঞা॰ পরিঃ। ~গার-বি, বৈজ্ঞানিক পরীক্ষাক্ষেত্র laboratory. ~ধীন-বিণ, পরীক্ষার অধীন ; যার পরীক্ষা লওয়া হইতেছে ; বিচারাধীন। ~মন্দির, ~লয়-বি, পরীক্ষার স্থান বা গৃহ। ~র্থী [মূ॰ পরীক্ষার্থিন] বিণ, পরীক্ষাদানেচ্ছু ; যে পরীক্ষা দিতে প্রস্তুত।

পরীক্ষিৎ, -ত, [পরি-ক্ষি (ক্ষয় হওয়া) + ক্বিপ(র্ত্তৃ), ত্ আগম, বা কু(র্ম্ম) মাতৃ-গর্ভে বিনষ্ট হওয়ায় এই নাম। পরিক্ষিৎ ও॰] বি, অর্জ্জুনপুত্র অভিমন্যু ও বিরাট-রাজপুত্রী উত্তরার পুত্র এবং জনমেজয়ের পিতা। পাণ্ডবগণ ইঁহাকে শৈশবেই রাজ্য-ভার দিয়া মহাপ্রস্থান করেন।

পরীক্ষিত, [পরীক্ষা (দ্রঃ) ইত। প্রা॰বাং পরীখত] বিণ, যাকে পরীক্ষা করা হইয়াছে ; যার দোষগুণ বিবেচিত হইয়াছে। স্ত্রীং ~া। বি, পরীক্ষা।

পরীক্ষোত্তীর্ণ [পরীক্ষা + উত্তীর্ণ] বিণ, যে পরীক্ষা দিয়া কৃতকার্য্য হইয়াছে ; যে পাশ করিয়াছে।

পরীণায় [পরি-নী + অ (ভা॰)। পরি-ণায় ও॰] বি, পাশাখেলার গুটিচালন।

পরীণাহ [পরি-নহ্ + অ (ভা॰)। পরিণহ ও॰] বি, বিস্তার ; ব্যাপ্তি ; বিশালত্ব। ২ বিস্তৃত ভূভাগ। "পশুগণ পরিপূরিত প॰ দ্বারা নীল নদের উভয় পার্শ্ব কি অনুপম শোভাসম্পন্ন লক্ষিত হইতে লাগিল।" -টেলিমেকস (রা॰ বন্দ্যো॰)।

পরীত [পরি (চতুর্দ্দিকে)-ই (গমন করা) + ত (র্ম্ম)] বিণ, পরিবৃত ; বেষ্টিত। ২ যুক্ত ; বিশিষ্ট।

পরীষ্টি, [পরি-ইষ্ (ইচ্ছা করা) + তি (ভা॰)] বি, অন্বেষণ ; খোঁজ।

পরীহার [অর্থশা॰ পরিঃ] বি, জাতি-বিঃ, নগর, গ্রাম অথবা বর্ণিত দেশসমূহের প্রতি রাজার যে অনুগ্রহ বা রাজাদেশ প্রচারিত হয়।

পরুয়া [প্রা॰ পোয়ো। সং-পৃ (পূরণে) উস্=পরুঃ (গ্রন্থি) > পরু + আ (ত্ব্য॰)] বি, থলি a purse. ২ মূত্রাশয় the blader

পরুষ [পৃ (পূর্ণ করা) + উষ (র্ত্তৃ)] বিণ, কর্কশ ; রূঢ় ; কঠোর। "হইত পুরুষ বলিত প॰ পিড়ি থায়ে দিত শোধ।" কবিক॰। ২ উদ্ধত ; উগ্র। ৩ নিষ্ঠুর। ৪ বিচিত্র বর্ণ। ৫ [ভা॰ উষ] বি, কঠোরতা ; কাঠিন্য ; কর্কশতা। ৬ বৃক্ষবিঃ xylocarpus granatum. > বি,~তা, ~ত্ব (-ষ্ণ-) -পারুষ্য। ~কণ্ঠ-কর্কশ স্বর। ~কণ্ঠে-ক্রি-বিণ, কর্কশস্বরে। ~-বচন, ~-বাক্য -কঠোর উক্তি ; কর্কশ কথা ; উদ্ধত বচন ; কটুবাক্য। ~ভাষী-বিণ, পরুষ বাক্য বলে এমন ; কর্কশবাক্য প্রয়োগকারী। ২ যে কটু-বাদী। ~স্বর-বি(৭), পরুষকণ্ঠ ; কর্কশকণ্ঠ।

পরুষোক্তি [পরুষ (কর্কশ) + উক্তি (কথা), ধা] বি, কঠোর উক্তি ; নিষ্ঠুর বাক্য। ২ [পরুষ (কর্কশ) উক্তি যার, বহু॰] বিণ, কটুভাষী। ~ক [পরুষ উক্তি + ক (যে করে)] বিণ, কটূক্তিকারী ; পরুষভাষী। ২ পরুষবচনপূর্ণ।

পরে, [সং-পর] অ, অনন্তর ; পশ্চাতে ; শেষে। প্র-সে তার পরে গেছে। সকলের পরে এসেছে। পরে যখন শোনা গেল। ২ অপরে ; অপর ; অন্যলোক ; পর। প্র-পরে একথা শুনিবে কেন? ৩ অন্যত্র ; পরের নিকট ; বাহিরে ; পর হইতে। "এতক আরতী আছে পরে কেন্হে মাগী"-শ্রী॰ কী॰। "মন অভিলাষ যদি মনেতে নিবারিত। * * * * করিতে পরের ধ্যান ওষ্ঠাগত হয় প্রাণ ঘরে পরে অপমান সে সব যন্ত্রণা যেত।"-বাং-গান। ~পরে-একের পর এক ; ক্রমান্বয়ে ; একে একে। ২ বাহিরে বাহিরে। ৩ লোকপরম্পরা ক্রমে।

'পরে, [উপরে >] অ, উপরে, ওপরে। "দুর্ব্বদলের 'পরে"-ভারতী, ১৩১৯। "জানি তুই আমার 'পরে নির্ভর করে বেঁচে-আছিস"-বসুধারা, ১৩৩৫ আশ্বিন।

পরেত [পর (অন্যলোক) + ইত (ই=গমন করা + ত (র্ত্তৃ, গমনকারী), যে ইহলোক ত্যাগ করিয়া অন্যলোকে গমন করে] বিণ,

পরলোকগত ; মৃত। ২ প্রেত ; ভূতযোনি-বিঃ। ~রাট্ [পরেত(মৃত)+রাট্ (রাজ্+ক্বিপ্, র্তৃ)। জ্=ট্, যে মৃতের উপর আধিপত্য করে] বি, যম।

পরেতর [পর (হইতে) ইতর (অন্য)] বিণ, যে পর নয়; আপন।

পরেশ [সং-স্পর্শ > পরেশ > পরেশ] বি, স্পর্শমণি। ২ পরমেশ্বর। ~পাথর-স্পর্শমণি।

পরেশনাথ-বি, পার্শ্বনাথ (দ্রঃ)।

পরেশা/ন, পারেশান [ফা°]বিণ, কষ্টে পতিত ; কিংকর্তব্যবিমূঢ় : নাকাল ; distressed বি, ~নী।

পরোক্ষ [পরঃ (অতীত)+অক্ষ (= অক্ষির=ইন্দ্রিয়ের)। অক্ষি=অক্ষ, অব্যয়ী বিপরীত-'প্রত্যক্ষ'] বিণ, ইন্দ্রিয়াতীত; অপ্রত্যক্ষ ; অসাক্ষাৎ। "গাড়ীতে বসিয়া, পরোক্ষ আর সমক্ষের ভেদ বিচারে মনটা ব্যস্ত রহিল। ভাবিলাম প্রত্যক্ষের মহিমা আর কতক্ষণ।" -নরওয়ে-ভ্রমণ। ~জ্ঞান-বি, ইন্দ্রিয়াতীত জ্ঞান ; অতীন্দ্রিয় জ্ঞান। ২ অপ্রত্যক্ষ জ্ঞান indirect knowledge. ~প্রমাণ-বি,অপ্রত্যক্ষ বিষয় ব্যাপার এবং যুক্তি-প্রমাণ circumstantial evidence. ~ভোগ-বি, প্রকৃত অধিকারীর অনুপস্থিতিতে বা অজ্ঞাতে তাহার সম্পত্তি ভোগ।

পরোখ [সং-পরীক্ষা > হিং পরখ] বি, পরীক্ষা। "যখন কোন বস্তুর বাহ্য চাকচিক্যে আমরা মুগ্ধ হই তখন তাহাকে যেন আমরা প° করিয়া দেখি"-মার্কাস অরিলিয়স।

পরোটা(ঠা)-পরটা দ্রঃ।

পরোঢ়া [পর (অন্য কর্তৃক)+ঊঢ়া (বিবাহিতা), ৩তৎ] বি, পরস্ত্রী। ২ বিণ, অপরের দ্বারা বিবাহিতা ; অন্যের পরিণীতা।

পরোপ/কার [পর+উপকার, ৬তৎ] বি, পরহিত সাধন। ২ অন্যের সহায়তা। ~কারক (-র°-) [পর+উপকারক] বিণ, পরহিতসাধক। ~কারিতা [পর+উপকারিতা] বি, অন্যের হিতানুষ্ঠান ; পরের সহায়তা। ~কারী [পর+উপকারী] বিণ, অন্যের হিতসাধক। > স্ত্রীং ~কারিণী। ~কৃত [পর (দ্বারা)+উপকৃত, ৩তৎ] বিণ, অন্যের নিকট উপকারপ্রাপ্ত ; পরানুগৃহীত। > স্ত্রীং ~া। ~জীবী [পর=উপজীবিন্ ১মা, ১ব°] বিণ, পরান্নে পালিত ; অন্যের অর্থাদি সাহায্যে জীবন ধারণকারী। ২ পরমুখাপেক্ষী। > স্ত্রীং ~জীবিনী। ~জীব্য-বিণ, পরের উপজীব্য ; পরের গলগ্রহ। > স্ত্রীং ~া।

পরোয়া, পরোয়া [ফা° পর্‌বা] বি, ভয় ; ডর। ২ ভাবনা ; চিন্তা। কুচ পরোয়া নেই ["কুচ্ পর্‌বা নহী" এই হিং°র অনুকরণে] কোন ভয় নাই ; মাভৈঃ। বে-পরোয়া,বে-পরোয়াই-বে দ্রঃ।

পরোয়ানা,পরিয়ানা [ফা° পর্‌বানা] বি, আদালতের আজ্ঞাপত্র ; হুকুমনামা permit. ২ লিখিত রাজাজ্ঞা। "রাজার সম্মান ভূষা লিখন পরয়ানা"-ঘ°। "নাগরা নিশান দিল লিখন পরোয়ানা"-ঘ°।

পরোয়ার-পরওয়ার দ্রঃ।

পরোল [সং-দীর্ঘ পটোলিকা] বি, তরুই নামক লতা গাছ ও ফল।

পরোলক্ষ [পরঃ সহস্র দ্রঃ] বি, বিণ, লক্ষাধিক সংখ্যা ; লক্ষাধিক সংখ্যক।

পরোশা [পরসা দ্রঃ। পরিবেশন > প্রা° বাং। হিং পরোসনা] ক্রি, পরিবেষণ করা। "সুবর্ণের বাটিতে দুর্ব্বলা দিল ঘি। হাসিয়া পরোশে রামা বণিকের ঝি॥"-কবিক°।

পরোষ্ণী [সং] বি, আরসুলা।

পর্কটি, -টী [সং] বি, পাকুড়গাছ ও ফল ficus infectoria.

পর্চে, পরচে, পর্চেন [প্রা°। সং-পর্য্যায় > ভ্রং] বি, পর্য্যায় ; পুরুষ পরম্পরাগত সংখ্যা। ২ [সং-পরিচয় > ভ্রং] পরিচয়। প° পাড়া-পর্য্যায়ের আবৃত্তি করা ; বংশাবলীর পরিচয় দেওয়া ; সাত-পুরুষের পরিচয় দেওয়া।

পর্তুগীজ,পর্টুগীজ,পর্ত্তুগীজ [ইং Portuguese এর লিপ্যন্তর] বি, পর্তুগালের লোক ও ভাষা।

পর্জ্জন্য [পৃষ্ (জলসেক করা)+অন্য(র্তৃ), নিপাতনে সিদ্ধ] বি,শব্দকারী জলবর্ষক মেঘ। ২ ইন্দ্র। ~ক [অর্থশা°] বি, অগ্নিনিবারক জলযন্ত্র। ~দেব-বি, ইন্দ্র।

পর্ণ [পর্ণ (হরিৎবর্ণ হওয়া)+অ (র্তৃ)] বি, পত্র ; পাতা। "সেথা ছেয়েছিল তার ঘিরি চারিধার ফোটা ফুল কত বর্ণে ; সে যে পরাজি সবায় রূপের আভায় ছিল গো মুকিত পর্ণে।" -বিং মজুমদার। ২ তাম্বুলপত্র, পান। ৩ পক্ষ ; পালক। ৪ পুষ্পদল : ফুলের পাপড়ী। ৫ পলাশবৃক্ষ। ৬ খত। "অনেক বণিক সময়ে সময়ে পর্ণ দিয়া তার নিকট অষ্টাদশ কোটি সুবর্ণঋণ লইয়াছিল"-জাতক, ১।৪০। ৭ পত্র ; লিপি; চিঠি। ~কার [পর্ণ (পান) কার (যে জন্মায়), যে পানের ব্যবসা করে] বি, বারুইজাতি ; লতাবৈদ্য। ২ পান বিক্রেতা : পান্তি। ~কুটী, কুটীর [পর্ণ(পাতা) দ্বারা নির্মিত যে কুটী-কুটীর(ক্ষুদ্র ঘর),ধা] বি, পত্র-দ্বারা আচ্ছাদিত ক্ষুদ্র গৃহ ; পাতার কুঁড়ে। ~কুটীরবাসী-বিণ,যে পাতার কুড়েতে বাস করে। ২ দরিদ্র।~কৃচ্ছ্র [পর্ণ(পাতা)দ্বারা কৃচ্ছ্র (ব্রতবিঃ), ৩তৎ] বি, পর্ণমাত্র ভোজন করিয়া যে ব্রতানুষ্ঠান করা হয়। ~খণ্ড [৬তৎ] বি, বনস্পতি। ~নর [পর্ণ (পাতা দ্বারা নির্মিত) যে নর (মনুষ্য), ম° প° লো°] বি, পত্র-রচিত মনুষ্যাকৃতি। ২ নরের স্থলাভিষিক্ত পর্ণনির্ম্মিত মূর্তি ; কোন মনুষ্যের মৃত দেহ না পাইলে বন্ধু বান্ধবগণ তার উদ্দেশে পলাশ পত্রদ্বারা তার এক প্রতিকৃতি নির্ম্মাণ করিয়া উহাকেই তার মৃতদেহবৎ দাহ করিয়া অশৌচগ্রহণ এবং অশৌচান্তে শ্রাদ্ধাদির অনুষ্ঠান করেন ; কুশপুত্তল। ~বল্লী [৬তৎ] বি, পলাশী লতা। ~বীটিকা [৬তৎ] বি, পানের খিলি। ~বীথিকা [৬তৎ] বি, পান গাছের সারি ; তাম্বুল লতাশ্রেণী। ~ভোজন [৬তৎ] বি, পাতা ভক্ষণ। ২ [পর্ণ-ভোজন(ভোজ্য) যার,বহু°] ছাগ।~ময় [পর্ণ+ময় (বিকারার্থে, নির্ম্মিতার্থে)] বিণ, পত্রনির্ম্মিত। ২ পাতায় পূর্ণ ~মৃগ [সং] বি, শাখামৃগ ; বানর। ২ বৃক্ষ বিড়াল। ~লতা [৬তৎ] বি, পানগাছ। ~শয্যা [পর্ণ

(পাতা) নির্ম্মিত যে শয্যা (বিছানা), মং পং লোং] বি, পত্র রচিত শয্যা। ~শালা [৬তৎ] বি, পাতার ঘর ; উটজ ; কুঁড়ে।

পর্ণসি [সং] বি, জলটুঙ্গী। ২ শাক।

পর্ণাঙ্গ [উদ্ভিদ্‌-বিদ্যাং (সাং পং পং)] বি,ইং fern এর বৈজ্ঞাং পরিঃ।

পর্ণাদ পর্ণ+অদ্‌ (ভোজন করা)+অ (র্ত্তৃ)] বিণ, ব্রতের জন্য বৃক্ষপত্র মাত্র ভোজনকারী। ২ পর্ণভোজী জীব। ৩ বি, ঋষিবিঃ। ৪ বিদর্ভরাজসভার জনৈক ব্রাহ্মণ। ইনিই দময়ন্তীকে নলের সংবাদ দিয়াছিলেন।

পর্ণাশন [পর্ণ (পত্র)+অশন (ভক্ষ্য) যার, বহুং] বি, মেঘ ; ছাগ। ২ [৬তৎ] পত্রভক্ষণ। ৩ বিণ, পর্ণাদ ; পত্রভোজী ; যাহারা পাতা খায়।

পর্ণাশা [পুং] বি, মহাভারতোক্ত মহানদীবিঃ। পুরাণে বরুণপত্নী বলিয়া উক্ত।

পর্ণাস [সং] বি, তুলসীগাছ।

পর্ণাসি [সং] বি, জলটুঙ্গী।

পর্ণিক [সং-পুণ্ডরীক > ভ্রং। গ্রাং পুঁড়ো] বি, যারা শাকসব্জি উৎপাদন করিয়া জীবিকা নির্ব্বাহ করে। "বারাণসীরাজ ব্রহ্মদত্তের সময় * * * পং কুলে জন্মগ্রহণপূর্ব্বক * * *"-জাতক।

পর্ণী [পর্ণ (পাতা)+ইন্‌ (স্ত্যং)=পর্ণিন্‌ ১মা, ১বং] বি, বৃক্ষ। ২ বিণ, পত্রযুক্ত।

পর্ণোটজ [পর্ণ+উটজ] বি, পর্ণশালা ; পাতার কুঁড়ে।

পর্দ্দন [গ্রাং পাদন, পাদ। পর্দ্দ (অপান বায়ু ত্যাগ করা)+অন(ভাং)] বি, বাতকর্ম্ম।

পর্দ্দা-পরদা দ্রঃ।

পর্পট [পর্প্‌+অট (স্ত্রাং)] বি, ক্ষেতপাপড়া গাছ। ২ ভাজিয়া খাইবার পাঁপর। ~ক (-টঁ-) ক্ষেতপাপড়া oldenlandia herbacea or corymbosa.

পর্পটিকা [রসাং পরিঃ] বি, রসপর্পটী ; রসকজ্জলী æthiops mineral.

পর্ব্ব [পৃ (পূরণ করা)+বন্‌ (র্ত্তৃ)=পর্ব্বন্‌ ১মা, ১বং। প্রাং পব্ব] বি,গ্রন্থি। "দণ্ড দুই দলি শঙ্খ এক গাছি তায়। অনেক যতনে তিন পর্ব্ব করে পার।"-শিং। ২ সন্ধি ; যোড়। ৩ অমাবস্যা ও প্রতিপদের সন্ধি। ৪ পাব। ৫ অঙ্গভঙ্গী jesture. ৬ বিষুব। ৭ উৎসব ; পরব। ৮ সংক্রান্তি প্রভৃতি কালবিঃ। ৯ অধ্যায়। ১০ প্রস্তাব। ১১ সূক্ষ্মকাল ; ক্ষণ। ১২ লক্ষণান্তর। ১৩ অষ্টমী, চতুর্দ্দশী, পূর্ণিমা, অমাবস্যা তিথি এবং রবি সংক্রান্তি এই পঞ্চ পর্ব্ব। "পণ্ডিত হইয়া পর্ব্ব না মানিয়া করিছ রতি বিহার।"-অং মং। ১৪ ব্যাপার। "বিপ্র সর্ব্ব দেখি পর্ব্ব ভোজ্য বস্ত্র সারিছে"-অং মং। "সহরে পড়েছে চর্ব্ব পর্ব্ব আজ ভারি।"-হেমং। ~কারী [পর্ব্ব-কৃ (করা)+ইন্‌ (র্ত্তৃ)=পর্ব্বকারিন্‌ ১মা, ১বং] বিণ, উপার্জ্জনের লোভে পর্ব্বহীন দিবসে পর্ব্বের সৃষ্টিকারী। ~গামী [পর্ব্ব (পঞ্চ পর্ব্ব) গম্‌ (গমন করা)+ইন্‌ (র্ত্তৃ)=পর্ব্বগামিন্‌ ১মা ১ব] বিণ, অষ্টমী চতুর্দ্দশী পূর্ণিমা অমাবস্যা ও সংক্রান্তি এই পঞ্চ নিষিদ্ধ দিনে স্ত্রী-সঙ্গকারী। ~দিন-বি, সৌর মাসের অষ্টমী, চতুর্দ্দশী, অমাবস্যা ও পূর্ণিমা তিথি। ~পার্ব্বণ-পাল-পার্ব্বণ দ্রঃ। ~যোনি [পর্ব্ব-যোনি (উৎপত্তি স্থল) যার, বহুং] বি, যাদের গাঁট রোপন করিলে গাছ হয় (বংশ, ইক্ষু ইং)। ~সন্ধি [পর্ব্বন্‌ > পর্ব্ব (অমাবস্যা ও পূর্ণিমা) সন্ধি (মিলন), ৬তৎ] বি, পঞ্চদশী ও প্রতিপদের সন্ধিক্ষণ বা মিলন কাল।

পর্ব্বণ [পুং] বি, রাক্ষসবিঃ। ~ী-পৌর্ণমাসী।

পর্ব্বত [পর্ব্ব (পূরণ করা)+অত (স্ত্রাং)। প্রাং পব্বত] বিং যারা পৃথিবীর অনেক স্থান পূর্ণ করিয়া আছে ; শৈল ; গিরি ; পাহাড়। ২ গন্ধর্ব্ববিঃ। ৩ দেবর্ষিবিঃ। ৪ মৎস্যবিঃ। পাবদা। ৫ শাকবিঃ। ৬ হিমালয় ; গিরিরাজ। ৭ দশনামী সম্প্রদায়ের সন্ন্যাসীবিঃ। ~কন্দর-বি, শৈলগহ্বর ; গিরিগুহা। ~পতি [পর্ব্বতের-পতি, ৬তৎ] বি, হিমালয় পর্ব্বত। ২ পার্ব্বতীর পিতা হিমালয়। ~বাসী [পর্ব্বত-বস্‌(বাস করা)+ইন্‌(র্ত্তৃ)= পর্ব্বতবাসিন্‌ ১মা, ১বং] বিণ, যে পর্ব্বতে বাস করে ; পাহাড়িয়া ; পার্ব্বত্যজাতি। > স্ত্রীং বাসিনী। ~বিহারী-বিণ, শৈলনিবাসী। ২ শৈলে ভ্রমণকারি। যে পার্ব্বত্য ভূমিতে বিচরণ করে। > স্ত্রীং ~বিহারিণী। ~রাট্‌, ~রাজ [পর্ব্বতের রাট্‌-রাজা (অধিপতি), ৬তৎ। রাজ্‌=রাট্‌, রাজন= রাজ] বি, পর্ব্বতপ্রধান। ২ হিমালয়। ~শিখা-বি, শৈলচূড়া। পর্ব্বতের বা পাহাড়ের আড়ালে থাকা [পর্ব্বত, পাহাড় দ্রঃ। লক্ষং] এমন অভিভাবকের রক্ষণে থাকা যে সংসারের কোন বেগই পোহাইতে হয় না। পর্ব্বতের ঝি-হিমালয়কন্যা ; পার্ব্বতী। "প্রকাশিলা পূর্ণকলা পর্ব্বতের ঝি"-শিং।

পর্ব্বতাকার [পর্ব্বত+আকার] বিণ, পর্ব্বত সদৃশ। ২ অতি দীর্ঘ ; অতি বিস্তৃত ; প্রকাণ্ড ; পাকার।

পর্ব্বতাসন [পর্ব্বত নামক আসন, মং পং লোং] বি, রুদ্রযামলোক্ত তান্ত্রিক সাধনার উপযোগী আসনবিঃ।

পর্ব্বতীয় [পর্ব্বত+ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, পর্ব্বতসম্বন্ধীয় ; পার্ব্বত্য। ২ পর্ব্বতজাত পর্ব্বতোৎপন্ন। ৩ পর্ব্বতবাসী ; পাহাড়িয়া। ৪ পর্ব্বতে প্রচলিত। প্র-পর্ব্বতীয় ভাষা।

পর্ব্বাস্ফোট [পর্ব্বন্‌ > পর্ব্ব + আস্ফোট, ৬তৎ] বি, অঙ্গুলি পর্ব্বের স্ফোটন ; আঙুল মট্‌কানি।

পর্ব্বাহ [পর্ব্বন্‌ > পর্ব্ব (উৎসব)+অহন > অহঃ (দিন), ৬তৎ] বি, পর্ব্বদিন ; উৎসবদিন।

পর্ব্বেশ [পর্ব্বন+ঈশ, ৬তৎ] বি, গ্রহণকালবিশেষের অধিপতিবিঃ।

পর্য্যঙ্ক [পরি+অঙ্ক=অনচ্‌ (গমন করা) + অ (ঘি), যে স্থলে শয়নার্থ গমন করা হয়] বি, পালঙ্ক ; মূল্যবান সুদৃশ্য খট্টা ; বহুমূল্য শয্যাধার। ~বন্ধ [সং] বি, প্রসূতিদিগের বস্ত্রাদি দ্বারা পৃষ্ঠ ও জানুদ্বয় বন্ধন ; ফাঁড়বাঁধা। ২ বীরাসন।

পর্য্যগ্নিকরণ [বৈদিকং] বি, চারিদিকে বেষ্টন করিয়া অগ্নি পরিভ্রমণরূপ বৈদিক ক্রিয়াবিঃ।

পর্য্যটক [পর্য্যটন (দ্রঃ) >। পর্য্যাটক ওং] বি, পর্য্যটনকারী ; ভ্রমণকারী ; পরিব্রাজক।

য় যুক্ত ঞিবৎ (অগ্র=অগ্‌গ্র), হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গঁ ঞ্চ=ন্চ ঞ্জ=ন্জ হ্ন=হ্‌ন হ্ম হ্য হ্ব হ্ল=ন্‌হ হ্ন হ্ল হ্‌ভ হ্য, জ্‌ ক্‌ ব্‌ ভ=zfwv ও চ্চাং দ্রঃ

পর্য্যটন [পরি+অটন=অট্ ৭ গমনে, ভ্রমণে)+অন (ভা০)] বি, ভ্রমণ; পরিভ্রমণ। "একদা সহস্র হস্তি-বলে ধরা ভূমি। সদর্পেতে পর্য্যটন করিতাম আমি॥"-রামা০ (রাজ০)। ~শীল-বিণ, ভ্রমণকারী; পর্য্যাটক। ২ ভ্রমণপ্রিয়।

পর্য্যন্ত [পরি+অন্ত (শেষ)] বি, সীমা। ২ প্রান্ত। ৩ অবসান। ৪ পার্শ্ব। ৫ সমীপ; নিকট। ৬ বিণ, প্রত্যন্ত: শেষ সীমাস্থিত। ৭ ক্রি-বিণ. তক্। ~ভূ [পর্য্যন্ত (সমীপ) যে ভূ (স্থান), ধা] বি, প্রত্যন্ত ভূমি; নদী-শৈলাদির সন্নিকটবর্ত্তী ভূ-ভাগ।

পর্য্যবসান [পরি+অবসান (শেষ)] বি, সমাপ্তি; সমাপন; শেষ; সমাধা।

পর্য্যবসিত [পরি+অবসিত (সমাপ্ত)] বিণ, পরিণত। ২ নিঃশেষিত। ৩ সমাপ্ত। ৪ পর্য্যালোচনায় নির্দ্ধারিত।

পর্য্যবস্থা, পর্য্যবস্থান [পরি+অবস্থা, ন] বি, ব্যাঘাত; প্রতিশোধ; বিরোধ। ২ অবরোধ।

পর্য্যবস্থাতা [পরি+অব+স্থা (থাকা) +তৃ (র্ত্তৃ)=পর্য্যবস্থাতৃ ১মা, ১ব০] বিণ, প্রতিকূল। ২ ব্যাঘাতকারক।

পর্য্যবস্থিত [পরি+অব+স্থা (থাকা) +ত (র্ত্তৃ)] বিণ, সর্ব্বত্র ব্যাপিয়া অবস্থিত। ২ বি, বিষ্ণু।

পর্য্যবেক্ষক [পরি+অব+ঈক্ষক] বিণ, যে পর্য্যবেক্ষণ করে; পরিদর্শক। ২ গ্রহনক্ষত্রাদি-দর্শক; তারা-দর্শক observator.

পর্য্যবেক্ষণ [পরি+অব+ঈক্ষ্ (দর্শন করা)+অন (ভা০)] বি, পরিদর্শন; তত্ত্বাবধান। ২ অভিনিবেশ সহকারে দর্শন; নিরীক্ষণ। ৩ [বলবিদ্যা০। ক০ বিশ্ব০ পরিঃ] বি, ইং observation এর বৈজ্ঞা০ পরিঃ। বিণ, পর্য্যবেক্ষিত।

পর্য্যবেক্ষণিকা [পরি+অব+ঈক্ষণ +কণ্-আ (স্ত্রীং), ই আগম] বি, গ্রহ-নক্ষত্রাদি-নিরীক্ষণাগার; মানমন্দির। observatory.

পর্য্যয় [পরি+অয়্ (গমন করা)+অ (ভা০)] বি, প্রাতিকূল্য; ব্যতিক্রম; ব্যত্যয়; বৈপরীত্য। ২ অবৈধ আচার।

পর্য্যয়ণ [সং] বি, পর্য্যাণ দ্রঃ।

পর্য্যশ্রু [পরি+অশ্রু] বিণ, অশ্রুপূর্ণ; ভূরি অশ্রুময়।

পর্য্যসন [পরি+অস্ (ক্ষেপণ করা)+অন (ভা০)] বি, দূরীকরণ; অপসারণ।

পর্য্যস্ত [পরি+অস্ (ক্ষেপণ করা)+ত] বিণ, বিক্ষিপ্ত। ২ বিস্তারিত; প্রসারিত; ব্যাপ্ত। ৩ অপসারিত; দূরীকৃত। ৪ উদ্বর্ত্তিত overturned. ৫ আহত; আঘাতিত। ৬ নিহত। ৭ পতিত।

পর্য্যস্তিকা [সং] বি, শয্যাধার; খাট।

পর্য্যাকুল [পরি+আকুল] বিণ, অতি কাতর; অতি ব্যাকুল। ২ ব্যতিব্যস্ত।

পর্য্যাটক [পর্য্যটক দ্রঃ] বিণ, বি, পরিভ্রমণকারী; পরিব্রাজক। "যে বৈদেশিক প০ যখন ভারতবর্ষে পরিভ্রমণ করিতে আসিয়াছেন"-ভূদেব০ (সামাজিক প্রবন্ধ)।

পর্য্যাণ [পরি+যা+অন(ণে,জ্ঞা০)] বি, পালান্; পশুপৃষ্ঠে বসিবার আসন; জিন saddle.

পর্য্যাপ্ত [পরি+আপ্+ত (র্ত্তৃ)] বিণ, প্রাপ্ত; লব্ধ। ২ সমর্থ। ৩ সম্পূর্ণ। ৪ যথেষ্ট; প্রচুর। ৫ সমস্ত। ৬ পরিমিত। ৭ সম্পন্ন furnished; endowed. ৮ [ভা০] বি, প্রাচুর্য্য। ৯ শক্তি; সামর্থ্য। ১০ পরিতোষ; তৃপ্তি। ১১ ক্রি-বিণ, সম্পূর্ণ-রূপে। ১২ শক্তিসহকারে। ~বাদী [পর্য্যাপ্ত (পরিমিত)+বাদী (ভাষী)] বিণ, যে পরিমিত কথা কহে; মিতভাষী। "যাহারা পর্য্যাপ্তবাদী বীর * * * ইঙ্গিতজ্ঞ * * * রাজা তাহাদিগকে সতত সকল কার্য্যেই মন্ত্রী করিবেন।"-রত্নমালা।

পর্য্যাপ্তি১ [পরি+আপ্+তি (ভা০)] বি, সম্প্রাপ্তি। ২ প্রাচুর্য্য। ৩ সামর্থ্য। ৪ অবসান। ৫ পরিচ্ছেদ। ৬ পরিমিততা। ৭ পরিতৃপ্তি। ৮ অপসারণ; বারণ; প্রতিকার। ৯ পরিপূর্ণতা। ১০ [ন্যায় দর্শনে] প্রাকৃতিক গুণানুসারে স্বরূপসম্বন্ধবিঃ।

পর্য্যাপ্তি২ [দর্শন০ পরিঃ (হিং কো০)] বি, ইং co-extension এর বৈজ্ঞা০ পরিঃ; সহ-ব্যাপ্তি; সমব্যাপ্তি।

পর্য্যাবৃত্তি [পর্য্যায় দ্রঃ। পদার্থ বিজ্ঞা০ (রবী০)] বি, ইং periodicityর বৈজ্ঞা০ পরিঃ। বিণ, পর্য্যাবৃত্ত, পর্য্যাবর্ত্তক-periodic.

পর্য্যায় [পরি+ই (গমনে)+অ (ভা০)] বি, ক্রম; অনুক্রম; পালা। ২ প্রাচুর্য্য। ৩ প্রকার। ৪ সুযোগ। ৫ পদার্থের গুণ বা ধর্ম্ম। ৬ সম্পর্কবিঃ। ৭ অনুরূপ অর্থবাচক শব্দ; সমনাম synonym. "রজনীপর্য্যায়ে আছে হরিদ্রা আখ্যান। হেন বুঝি রমা মোরে দিল নিশা দান।"-কবিক০। ৮ [অভিধান দ্রঃ]অভিধানের বিষয়ীভূত ও তাহার ভাগবিঃ। "একটি জিনিষের যতগুলি নাম থাকে সেগুলি একত্র করিলে পর্য্যায় * * পর্য্যায়ের সকলের চেয়ে পুরাণ পুঁথির নাম নিঘণ্ট।"-হ০ প্র০ শাস্ত্রী। ৯ [জাতিতত্ত্বে। এই অর্থে গ্রা০ পরচে, পর্চে] পুরুষ পরম্পরাগত সংখ্যা; বংশ ক্রমানুযায়ী সংখ্যা। পুরুষ পরম্পরা, কাহার বংশ কত কাল, প্রাচীন পর্য্যায় দ্বারা জানা যায়, যথা-মনে কর রামলাল বসুর পর্য্যায় ২৬, তা হইলে বুঝিতে হইবে এই বসু বংশের ২৫ পুরুষ বিগত হইয়াছে, ইনি ষড়্‌বিংশ পুরুষের লোক।-বিপ্রদাস মুখো০। ১০ [কাব্যা-লঙ্কারিক পরিঃ] বি, অর্থালঙ্কারবিঃ। এক স্থানে যদি পূর্ব্বকাল ও উত্তরকালক্রমে অনেক বস্তুর বা অনেক স্থানে এক বস্তুর উৎপত্তি বা বিধান (উপাদান) বর্ণনা করা যায়, তাহা পর্য্যায় অলঙ্কার হয়।"-কাব্যদর্পণ। (১) এক-স্থানে অনেকের উৎপত্তি-"যে পুরীতে ভ্রমিয়াছে কামিনীনিচয়, চরণে নূপুর পরি প্রফুল্ল হৃদয়। সিংহ ব্যাঘ্র বায়স শৃগাল আদি কত-জন্তুগণ সে পুরীতে ভ্রমিছে নিয়ত।" -চারু গাথা। (২) এক বস্তুর অনেক স্থানে উৎপত্তি-"চক্ষেতে থাকিয়া ক্ষণ অশ্রুজল, ভাসাইলা পরে কপোলের তল। তথা হ'তে ক্রমে হ'য়ে বিগলিত, পয়োধরে পড়ি হইলা চূর্ণিত। পরে বলি-পথ বাহিয়া বাহিয়া, দাঁড়াইলা নাভি-সরোবরে গিয়া।"-ঐ। ১১ [পরিঃ (হিং কো০)] ইং period এর বৈজ্ঞা০ পরিঃ; নিয়তকাল। ~ক্রমে-ক্রি-বিণ, যথাক্রমে; ক্রমানুযায়ী; পর্য্যায়

অনুসারে; যার পর যা তদনুসারে consecutively by turns. ~শব্দ-বি, এক পর্য্যায়ের অন্তর্গত শব্দ; সমানার্থবোধক কিন্তু ভিন্ন ভিন্ন গুণ প্রকাশক শব্দানুক্রম; সমনাম synonym. ~শয়ন [প° (ক্রমে) শয়ন, ম° প° লো°] বি, পর্য্যায়ক্রমে নিদ্রা।

পর্য্যায়সম [আলং পরিঃ] বি, ছন্দোবিঃ; যে কবিতার প্রথম চরণের সহিত তৃতীয় চরণের এবং দ্বিতীয় চরণের সহিত চতুর্থ চরণের সমতা থাকে তার নাম পর্য্যায়সম alternate rhyme. [দ্রঃ-প্রকার ভেদে এই ছন্দ, বিবিধ নামে অভিহিত যথা-পর্য্যায়, সমবৃত্ত, পর্য্যায় ও শেষ সমবৃত্ত, পর্য্যায় বিষমবৃত্ত। পর্য্যায় বিষমবৃত্তের প্রথম ও তৃতীয় চরণ বিষম, দ্বিতীয় ও চতুর্থ চরণ সম। যথা-"মানস সরসে সখি, ভাসিছে মরাল রে, কমল কাননে। কমলিনী কোন ছলে, থাকিবে ডুবিয়া জলে, বঞ্চিয়া রমণে?"-ব্রজাঙ্গনা]।

পর্য্যায়ান্ন [পর্য্যায় (দ্রঃ)+অন্ন] বি, একের অন্ন অন্যের বলিয়া প্রদত্ত হইলে পর্য্যায়ান্ন বলে (যাজ্ঞবল্ক্য সংহিতা)। [দ্রঃ-বৈশ্যের অন্ন ব্রাহ্মণকে শূদ্রের অন্ন বৈশ্যকে, ক্ষত্রিয়ের অন্ন শূদ্রকে ই° পর্য্যায়ান্ন পদবাচ্য]।

পর্য্যায়িক [পর্য্যায় দ্রঃ। হিং কো°] বি, ই° periodicএর বৈজ্ঞা° পরিঃ; নিয়তকালিক।

পর্য্যায়োক্ত [পর্য্যায়+উক্ত] বিণ, পর্য্যায়ক্রমে উক্ত; পরে পরে উল্লিখিত; আনুপূর্ব্বিক কথিত। ২ [আলং পরিঃ] বি, অর্থালঙ্কারবিঃ; প্রকৃত বক্তব্য বা বর্ণনীয় বিষয়টী স্ফুট রূপে উল্লিখিত না হইয়া বাক্যভঙ্গি দ্বারা প্রতীত হইলে পর্য্যায়োক্ত অলঙ্কার হয়। "লজ্জা যেন আমার হস্ত ধরিয়া তাম্বুল দিতে বারণ করিতেছে। অতএব আমার হইয়া, তুমি রাজকুমারের করে তাম্বুল প্রদান কর। মহাশ্বেতা পরিহাস পূর্ব্বক কহিলেন "আমি তোমার প্রতিনিধি হইতে পারিব না।"-কাদম্বরী। [দ্রঃ-এখানে "প্রতিনিধি হইতে পারিব না" ইহা বাচ্যার্থ হইলেও, বাক্যভঙ্গিদ্বারা ইহা চন্দ্রাপীড়ের সহিত কাদম্বরীর ভাবী গান্ধর্ব্ব বিবাহের প্রতীতি হইতেছে এবং তাহাই এখানে বিবক্ষিত সুতরাং পর্য্যায়োক্ত অলঙ্কার হইল]। বি, পর্য্যায়োক্তি।

পর্য্যালোচন [পরি+আ-লোচি (বিশেষরূপে অভ্যাস করা)+অন (ভা°)] বি, সর্ব্বতোভাবে আলোচনা; পুনঃ পুনঃ অনুশীলন। ২ বিতর্ক। স্ত্রীং ~া। বিণ, পর্য্যালোচিত।

পর্য্যাস [পরি+অস্+অ (ভা°)] বি, ক্রম ভঙ্গ; উল্টনপাল্টন; পরিবর্ত্তন। ২ বিনাশ; বধ। ৩ পতন। ৪ ব্যাপ্তি; বিস্তার। বিণ, পর্য্যাসিত।

পর্য্যাহার [পরি+আ-হৃ (গ্রহণ করা) +অ (ভা°)] বি, একস্থান হতে স্থানান্তরে নয়ন; আহরণ স্থান হ'তে অন্যত্র বহন।

পর্য্যুৎসুক [পরি+উৎসুক] বিণ, উৎকণ্ঠিত; সমাকুল। ২ সমুৎসুক; সাগ্রহ। ৩ অনুরক্ত।

পর্য্যুদস্ত [পরি (সর্ব্বতোভাবে)+উৎ (ঊদ্ধত্য)+অস্ (নিবারণ করা)+ত (র্ম্ম)] বিণ, পরাজিত; পরাভূত। ২ হীনবল। ৩ নিবারিত।

পর্য্যুদাস [পরি (সর্ব্বতোভাবে)+ উৎ + অস্ (হওয়া < নিবারণ করা > নিষেধ করা)-অ (ভাবে ঘঞ্)] বি, নিষেধ; নিবারণ। ২ পরাজয়; পরাভব। ৩ বিণ, নিষিদ্ধ; নিষেধাত্মক। "পর্য্যুদাস নঞ্ দ্বারা মাতৃসপিণ্ড পিতৃ সগোত্রেতরা সবর্ণা প্রশস্তা।"-গঙ্গাধর কবিরাজ। [দ্রঃ-যেখানে বিধির প্রাধান্য আর নিষেধের অপ্রাধান্য সেই স্থলে প° হয় an exception which proves the rule. বিপরীতার্থে প্রসজ্যপ্রতিষেধ (প্রাপ্তের নিষেধ) a prohibitive rule. উপরে উক্ত পর্য্যুদাস নঞ্ ই° উদ্ধারে 'ইতরা' হইল পর্য্যুদাস, কিন্তু 'নেতরা' হইলে হইত প্রসজ্যপ্রতিষেধের দৃষ্টান্ত]।

পর্য্যুপ্তি [পরি (চতুর্দ্দিকে)-বপ্ (বপন করা)+ক্তি (ভা°)] বি, চতুর্দ্দিকে বপন।

পর্য্যুষিত [পরি+বস্ (বাস করা)+ত (র্ম্ম, বস=উস্)] বিণ, একরাত্রি অন্তরিত; বাসি; বহুদিন ও রাত্রি অন্তরিত। "তিরস্কার করি অন্ন দিমু পর্য্যুষিত।"-মহা° (কাশী°)। "পর্য্যুসিত অদনীয় বস্তু ঘৃতাদি স্নেহযুক্ত হইয়া বহুদিন থাকিলেও তাহা ভোজ্য। বহুদিনের প° গোধূমচূর্ণ-পিষ্টক, * * * স্নেহাক্ত না হইলেও (যদি বিস্বাদ না হয়) ভোজ্য।"-যাজ্ঞবল্ক্য সংহিতা।

পর্য্যুষিতান্ন [পর্য্যুষিত (বাসি) অন্ন, ধা] বি, পূর্ব্বদিবসীয় অন্ন; বাসি ভাত।

পর্য্যেষণা [পরি+এষণা] বি, গবেষণা; সবিশেষ অনুসন্ধান।

পর্শ-স্পর্শ দ্রঃ।

পর্শু১, পর্শূ [সং। পরশু১ দ্রঃ] বি, পরশু: কুঠার। ~পাণি [পর্শু১ (কুঠার) পাণিতে যার, বহু°] বি, পরশুরাম। ২ গণেশ। ৩ বিণ, পরশুধারী। ~রাম-বি, পরশুরাম।

পর্শু২-পরশু২ দ্রঃ।

পর্শুকা [পর্শু+ক-আ (স্ত্রীং)] বি, পার্শ্বাস্থি; পঞ্জরাস্থি ribs.

পর্শ্বধ-বি, পরশ্বধ দ্রঃ; পরশু।

পর্ষদ্ [পৃষ্ (প্রীত করা)+অদ্ (ধি)] বি, সমাজ; সভা।"

পর্ষদ্বল [পর্ষদ্+বল (যোগ্যার্থে)] বি, সভার সভ্য; পারিষদ।

পর্স [গ্রা°। সং-প্রসব > ভং] বি, প্রসব। ~করানি-ক্রি, প্রসব করান।

পল১ [ফা° পহলু] বি, দ্রব্যাদির শিরাল পার্শ্ব। প্র-ত্রিপল, চৌপল, অষ্টপল ই°। পল তোলা-দ্রব্যাদির গাত্র কাটিয়া বা খুদিয়া শিরাল পার্শ্ব বাহির করা। বিণ, পলিয়া, পলে-পল বিশিষ্ট।

পল২ [পোয়াল দ্রঃ] বি, বিচালি; শস্যশূন্য তৃণ; খড়।

পল৩ [সং] বি, মাংস। প্র-পলান্ন।

পল৪ [পল্ (গমন করা)+অল (পে, জ্ঞা°)] বি, চারিতোলা পরিমাণ। "একপল দুগ্ধ যদি নরলোকে পায়"-মহা°(কাশী°)। "পাঁচ পল সোনা দিল গড়িবারে চুড়ি।"-কবিক°। ২ সূক্ষ্মকাল; ৬০ বিপল। "ত্রৈলোক্য-দুর্লভ ধন তোমার ওই শ্রীচরণ,

পল ভর নাহি ছাড়ে প্রেমমুগ্ধ যোগিজন"-কা০ প্র০ ঘোষ। "ভারতী না থাকে থির একপল এত করি তাঁর সেবা।"-রবী০।

পলক [ফা০] বি, চক্ষুর পাতা পড়িতে যতটুকু সময়; অতি অল্পকাল; নিমেষ। ~-পাত, ~ ফেলা-চক্ষুর পাতার পতন। "প০ ফেলিতেই তাহার তিরোভাব ঘটে।" -উত্তরা, পৌষ, ১৩৩৩]। ২ অতি সূক্ষ্মকাল। [বিপরীতে -~খোলা-চোখের পাতা তুলিয়া চাওয়া। "পলক খুলিতে যাহার আবির্ভাব হয়" -উত্তরা, পৌষ, ১৩৩৩। ~-রহিত-নির্নিমেষ। ~হীন-নিমেষশূন্য; অপলক।

পলকা, পল্‌কা, পল্কা [পল্কা, পল্কান ও০। পলকা অর্থে-অপলকা শব্দের গ্রা০ ব্যবহার আছে। তুল-ওড়ি০ পল্‌খা; পল (শস্যশূন্য তৃণ, খড় সুতরাং অসার ভাগ হতে অথবা-পল্ (মৃত্যু) >, (২) পলক (ক্ষণ)-আ (বিশেষণে বা পর্যাপ্ত বা ব্যাপ্তি অর্থে) -ক্ষণস্থায়ী; (৩) পৎ (পড়া) =পট্=পড়্=পল্+ক (র্তৃ-যে পড়ে-পতৎ -পতনশীল)+আ (তুচ্ছার্থে) এই অর্থে পট্‌কা, আপট্‌কা ও০। পতনশীল, ক্ষীণ, দুর্ব্বল ই০] বিণ, ক্ষণভঙ্গুর; অদৃঢ়; ভঙ্গপ্রবণ। ২ অসার; জীর্ণ।

পলকে [পল-কে(প্রতি)] অ, প্রতিপলে। "পলকে জীবন বারদিন।" -খনার বচন। ২ পলকপাতে বা অল্পতম সময়ের মধ্যে। প্র-প০ প্রলয়।

পলক্ষার [পল (মাংস) ক্ষার (বা মাংস >ক্ষরিত হয়)] বি, শোনিত; রক্ত।

পলঙ্কষ [পল (মাংস) কষ্ (হিংসা করা) +অ (র্তৃ) যে মাংস ভক্ষণ করে] বি, রাক্ষস। স্ত্রীং ~া-মক্ষিকা। ২ ক্ষুদ্র গোক্ষুর। ৩ কিংশুক। ৪ লাক্ষা। ৫ রাস্না।

পলট [সং-পশ্চাৎ। হি০ পলট। বাং-পালট (দ্রঃ)] বি, বিপরীত; উল্টন্; পালট।

পলটন, পল্টন [ইং battalion >(ব=প। বর্ণবিপর্য্যয়ে)] বি, সৈন্যদল।

পলটি [ব্রজ০। হি০ পলট্‌না। পলটিয়া (ক্ষে০, পদ্যে-পলটি)] ক্রি, পশ্চাৎ ফিরিয়া।

"গেলি কামিনি গজহু গামিনি বিহসি পলটি নিহারি।"-বি০ প০।

পলতা [পটল-লতা দ্রুত উচ্চারণে পল্‌তা] বি, পটোল পাতা ও লতা।

পলব [পল (আমিষ) বা (পাওয়া)+অ (ণে) যদ্দারা মৎস্য ধরিতে পারা যায়] বি, বংশশলাকা-নির্ম্মিত মৎস্য ধারণের যন্ত্রবিঃ; মাছ ধরিবার পলো।

পলল [সং] বি, মাংস। ২ পঙ্ক; পাঁক। ৩ নদী প্রভৃতির পলি। ৪ তিলচূর্ণ ও চিনি দ্বারা প্রস্তুত মিষ্টান্নবিঃ; তিলকুটো। ৫ [পল (মাংস) লা (গ্রহণ করা)+অ (র্তৃ) যে আহারার্থে মাংস গ্রহণ করে] রাক্ষস।

পললাশী [পলল (দ্রঃ)+অশ্ (ভোজন করা)+ণিন্ (র্তৃ)] বিণ, মাংসাশী; মাংসভোজী। "পললাশী বজ্রনখ আশুগতি আসি"-ছুছুন্দরীবধ কাব্য।

পলস্তারা [ইং plasterএর লিপ্যন্তর] বি, লেপনীয় বস্তু। ২ গৃহভিত্তিতে লেপ। ৩ গৃহাদির ভগ্নস্থান চুণ সুরকি ই০ দ্বারা পুনঃ সংস্কার।

পলা [প্রবাল >ভ্রং] বি, রত্নবিঃ; মতান্তরে উপরত্ন। "পলার রসের কাটি হিঙ্গুলের পলাছুটি।"-শি০। ২ প্রবালকীটের অস্থি। ৩ তৈলাদি উঠাইবার লৌহ চমস। ৪ পরিমাণবিঃ। ~কড়া [সং-পটোল। প্রাদে০] বি, পটোল। "আলু কিনে কচু কুমড়া সের মূলে পলাকড়া পাকা আম্র কিনে ঝুড়ি মূলে।"-কবিক০। ~কড়ি [প্রাদে০। পলাকড়া দ্রঃ] বি, পটোল ফল। "চৌরা চৌরা করিয়া ভাজহ পলাকড়ি।"-কবিক০। ~কাঁঠি [পলা (সং-প্রবাল > পলা+ কাঞ্চন >কাঁঠি। (প্রবালের সহিত সোনার দানা জড়িত থাকায় নাম 'প্রবাল কাঞ্চন > >পলাকাঁঠি)] বি, স্বর্ণময় করভূষণবিঃ। ২ সোণালি।

পলাগ্নি [সং] বি, পিত্ত।

পলাঙ্গ [পল (মাংস-প্রধান)+অঙ্গ (অবয়ব) যার, বহু০] বি, জলজন্তুবিঃ; শিশুমার; শুশুক।

পলাণ্ডু [সং] বি, পিঁয়াজ।

পলাতক [সং-পলায়িত >] বিণ, প্রস্থিত; নিরুদ্দিষ্ট; যে পলায়ন করিয়াছে; "আমি নই পলানে খাতক। তব ধন লয়ে হব প০।"-বাং-গান। ২ পলায়িত প্রজা absconder ; run-away. স্ত্রীং ~া।

পলাদ [পল (মাংস)+অদ্ (ভক্ষণে)+অ (র্তৃ)] বিণ, মাংসভোজী।

পলানি [সং-পলায়ন >। গ্রা০পালানি ও। পরা (=পলা)+অয়্ (গমন করা) >। পলাই, পলাও (পলান, পলাস), পলায় (পলান্); পলাইতে; পলাইয়া (ক্ষে০, পদ্যে-পলাই, গ্রা০ পালিয়ে)] ক্রি, পলায়ন করা; অন্যের অলক্ষ্যে অথবা অন্যের আয়ত্ত-বহির্ভূত হইয়া প্রস্থান করা।

পলানিয়া, পলানে [পলাম (পালান দ্রঃ)+ইয়া] বিণ, পলায়, পলাইতেছে বা পলাইয়াছে এমন। "আমি নই পলানে খাতক"-রা০ প্র০।

পলান্ন [পল (মাংস মিশ্রিত)+অন্ন (ভাত), ম০ প০ লো] বি, মৎস্য মাংস অথবা ডিম্ব সহযোগে ঘৃতপক্ক অন্ন; পলাও; পোলাও। "রত্ন হাতা ডানি হাতে সঘৃত প০ তাতে।"-অ০ ম০।

পলায়ন [পরা (=পলা) +অয়্ (গমন করা)+অন (ভা০)। র=ল। ভ্রং পলান (পু০ ব০ গী০)] বি, ভয়প্রযুক্ত প্রস্থান। ~পর -ভয়ে প্রস্থানোদ্যত।

পলায়মান [পরা-অয়্ (গমন করা) +আন (র্তৃ) ম্ আগম] বিণ, পলায়নপর; যে পলাইতেছে। স্ত্রীং ~া।

পলায়ল [ব্রজ০। পলান দ্রঃ] ক্রি, পলায়ন করিল; পলাইল। "তুয়া ডরে ইহ সব দূরহি প০ তুহুঁ পুন কাহে ডরাসি।"-বি০ প০।

পলায়িত [পরা (=পলা)+অয়্ (গমন করা)+ত (র্তৃ), ই আগম, র=ল] বিণ, নিরুদ্দিষ্ট; অলক্ষ্যে প্রস্থিত।

পলাল১ [পল+আল (স্বা০)] বি, শস্য-হীন ধান্য-নাল; পোয়াল খড়; বিচালি।

পলাল২ [প্রবাল (দ্রঃ) >পরআল > পলআল (র=ল) > পলাল] বি, প্রবাল;

বিক্রম রত্ন। "পলাল মুকুতা হীরা পবাল-কাঞ্চন"-শূ° পু°। পলা (কাঠি) দ্রঃ।

পলাশ, [সং] বি, পত্র। ২ ফুলের পাপড়ি। ৩ কিংশুক বৃক্ষ ও পুষ্প butea frondosa. প্রা° বাং-পলাস,। "কি-আলা কেতকী মতি পলাস কাঞ্চন।"-শূ° পু°। ৪ পাতার রঙ ; শ্যামবর্ণ ; হরিদ্বর্ণ। ৫ বিণ, শ্যামবর্ণবিশিষ্ট ; সবুজ। ~পিপুল, পরশপিপুল [বৈদ্যকে] বি, অশ্বত্থ গাছের মত গুণবিশিষ্ট বৃক্ষ-বিঃ ; গয়া-অশ্বত্থ ; অশ্বত্থিকা Thespesia populneoides : The Tulip tree.

পলাশ২ [পল (মাংস) + অশ্ (ভোজন করা) + অ (র্ত্তৃ)] বি, রাক্ষস। ২ প্রেত। ২ বিণ, নিষ্ঠুর ; নির্দ্দয়।

পলাশ৩,-শা [ব্রজ°] বি,পত্র। "প্রেমক অঙ্কুর জাত,আত ভেল না ভেল যুগল পলাশা" -বি° প°। (=প্রেমের অঙ্কুর জন্মিবামাত্র তাপিত হইল যুগল পত্র আর উদ্গত হইল না)।

পলাশক [সং] বি, পলাশ। ২ শটী।

পলাশী [পলাশ + ইন্ (স্ত্য°)=পলাশিন্ ১মা, ১ব°] বি, ক্ষীরীবৃক্ষ। ২ [পল (মাংস)-অশ্ (ভোজন করা) + ইন (র্ত্তৃ)=পলাশিন্ ১মা, ১ব°, যে আম মাংস ভোজন করে] বি, রাক্ষস। স্ত্রীঃ পলাশিনী-রাক্ষসী।

পলাস২ [পালান্, দ্রঃ। প (1) লাশি > পলাইস > প্রা° ক্ষে° পলাস, পালাস ও°] ক্রি, পলায়ন করিস। "তুই তো পলাস আমায় ফেলে।"-রাম বসু। প্র° বাং-প(পা)লাসী-পলাইতেছিস। ২ পলায়ন করিস।"ধাঁআঁ ধাঁআঁ মথুরা পালাসী"-শ্রীকৃ°কী।

পলি [সং-পলল >] বি, বন্যায় আনীত এবং নদীর উভয় তীরে জলপ্রবাহে পতিত মৃত্তিকা। ২ পঙ্ক। ৩ উত্তর বঙ্গের অসভ্য জাতিবিঃ। পলি পড়া-বন্যার জলে আনীত মৃত্তিকা নদীর উপকূলে পতিত হওয়া ; ঘোলা-জলে মিশান কাদা তলায় পড়িয়া যাওয়া।

পলিক্নী [সং] বি, পলিতকেশা বৃদ্ধা। ২ "বালগর্ভিনী বা প্রথম গর্ভবতী গাভী।

পলিটী [পলিক্নী-প্রসূতী > (বাং-য়) পলিতী,-টী] বি, প্রথম প্রসূতা ; প্রথম জাত সন্তানা।

পলিত [সং] বিণ,বৃদ্ধাবস্থাহেতু কেশের শুক্লতাপ্রাপ্ত। "কৃতনরমালা প° জটিলা, অভিনব জলধর-নাদা।" -কবিক°। ২ বি, পক্ব কেশের শুক্লিমা। "হরয়ে প° জরা অকাল-মরণ।"-ঐ। ৩ কর্দ্দম। ৪ [পল্ (গমন করা) + ত (র্ত্তৃ)] বিণ, বৃদ্ধ। ~কেশ -বি, পাকা চুল। ২ বিণ, যার চুল পাকিয়া শুভ্র হইয়াছে ; বৃদ্ধ।

পলিতা [ফা° পলীতাহ্] বি, বস্ত্রখণ্ডের স্থূল সলিতা বা বাতি।

পলিসি [ইং policyর লিপ্যন্তর] বি, নীতি ; কার্য্যসাধনের কৌশল ; স্বার্থসাধক নীতি ; কূট মতলব। ~বাজ [ইং পলিসি + ফা°-বাজ] বিণ, স্বার্থসাধক নীতি অবলম্বন্ কারী ; লাইফ পলিসি [ইং life policyর লিপ্যন্তর] বি, জীবনবীমা।

পলীয় [রসা° পরিঃ] বি, অণ্ডসার protein.

পলু, পোলু [প্রাদে°] বি, তুঁত পোকা ; শুয়াপোকা আকারে ডিম্ব হ'তে নির্গত রেশম কীট।

পলু২ [ইং plough >] বি, দপ্তরীদের বইয়ের পাতাকাটা ছুরীবিঃ।

পলুই-বি, পোলো দ্রঃ।

পলো [সং-পলব >] বি, বংশশলাকা-নির্ম্মিত মৎস্য ধরিবার যন্ত্রবিঃ।

পক্কা, পক্কান-পলকা দ্রঃ।

পল্টন-পলটন দ্রঃ।

পল্যঙ্ক [পরি + অঙ্ক। পর্য্যঙ্ক ও°। র=ল] বি, পালঙ্ক ; খট্টা ; শয্যাধারবিঃ। ২ মঞ্চ।

পল্যয়ন [পরি(র=ল) + অয় (গমন করা, উপবেশন করা) + অন (ধি)] বি. ঘোড়ার জিন ; পর্য্যাণ ; পালান।

পল্ল [পল্ল্ (গমন করা) + অ (ধি)] বি, শস্যসংরক্ষণ-স্থান ; পালুই। ২ ["পল্লস্ত্র গ্রামঃ"-মে°] ক্ষুদ্র গ্রাম।

পল্লব [পৎ,(পতিত হওয়া) + ক্বিপ্ (র্ত্তৃ)= পৎ + লব] বি, নবপত্র ; নূতন পত্র ; কিশলয় ; কচিপাতা ; ডগা twig. ২ কচিপাতাযুক্ত ছোট ডাল ; ফেঁকড়ি। ৩ আভিচারিক মারণ কার্য্যে সাধ্যব্যক্তির নামের অন্তে মন্ত্রযোগ। ~গ্রাহিতা [পল্লব-গ্রাহিতা (গ্রহ্ + ইন্= গ্রাহিন্ + তা-ভা°)] বি, সকল বিষয়ের একটু একটু জানার ভাব ; বিবিধ বিষয়ে অগভীর জ্ঞান ; ভাসা ভাসা জ্ঞান। ~গ্রাহী [পল্লব -গ্রাহী=গ্রহ + ইন্ (র্ত্তৃ)=গ্রাহিন্ ১মা, ১ব°] বিণ, যে পল্লব চয়নের মত নানা বিষয় হ'তে কিছু কিছু জ্ঞান অর্জ্জন করে। তুল-ইং jack-of-all-trades. > স্ত্রীঃ~গ্রাহিণী।

পল্লবাধার [পল্লব (পাতার) + আধার, ৬তৎ] বি, যাতে পল্লব জন্মে ; বৃক্ষের শাখা।

পল্লবিত [পল্লব + ইত (যুক্তার্থে)] বিণ, পল্লবযুক্ত ; পল্লবমণ্ডিত। ২ শাখা প্রশাখা-যোগে বিস্তৃত ; বহুলীকৃত। ৩ অতিরঞ্জিত।

পল্লবী [পল্লব + ইন্ (স্ত্য°)=পল্লবিন্ ১মা, ১ব°] বি, বৃক্ষ।

পল্লি, পল্লী [পল্ল (দ্রঃ) + ই (স্ত্রা°)] লোকের গতি বসতি করিবার স্থান। "পল্লিস্তু গ্রামকে"-হে°, "পল্লী কুটী গ্রামকয়োঃ" -বিশ্ব°। কুটী বা গৃহবহুল স্থান। তুল-গ্রী° oikos (house), সং-ওকস্ (ওক, দ্রঃ) =গৃহ, সদ্ম (কুটী), ল্যা° vicus > dim. vicla > ফ্রে°ville > ইং village] বি, লোকালয় ; বসতিস্থান ; পাড়া। "রচি গাথা শিখাইব পল্লিবালদলে ; করতালি দিয়া তারা গাইবে নাচিয়া,-'পরম অধর্ম্মাচারী রঘুকুল-পতি !'-বীরাঙ্গনা। ~গীত, ~সঙ্গীত-বি, গ্রাম্য প্রেম ও ধর্ম্ম, মিলন, বিরহ দেহ-তত্ত্ব, গুরুতত্ত্বঘটিত ; ভক্তিমিশ্রিত গীত pastoral songs. ~গ্রাম [প° (গ্রামক) + গ্রাম (বসতিস্থান। "গ্রামঃ সংবসথে চ"-হে°), ব্যাপ্ত্যর্থক সহ° স্বয়। (২) প° (গ্রাম, গ্রামক) + গ্রাম (বৃন্দ, মুহ > অঞ্চল quarter. "গ্রামোবৃন্দে শব্দাদিপূর্ব্বক"-হে°, "সভ্বা-তে হপি গ্রামঃ"-হলায়ুধ] বি, ছোট ছোট বা ছোট বড় জনপদবিশিষ্ট অঞ্চল ; ক্ষুদ্র জনপদ। গ্রাম দ্রঃ। ~বাসী-বি, পল্লীতে যে বাস করে ; গ্রামবাসী। ২ পড়সী ; প্রতিবেশী। ~সংঘ-বি, একটি বা কয়েকটি গ্রামের আভ্যন্তরীণ উন্নতি সাধন জন্য গ্রামবাসীদের

দ্বারা সংগঠিত সমিতি। "এই সকল পল্লীসভ্য ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন মিউনিসিপালিটীবিঃ।"-আত্মশক্তি।

পল্বল [পল (মহিষাদির গমন)+বল্ (স্ত্রং)] বি, ক্ষুদ্র জলাশয় ; বিল ; ডোবা। "মর্দ্দিত বরাহ পদে বিশুষ্ক পল্বলে হ্রদে"-চন্দন।

পশ্‌তু, পশ্‌তো [পখ্‌তো ও। প্রাং অফ্‌গানের রাজধানী পশ্ (আধুং কাশগর) শহর নিবাসীর নাম ছিল পশতুন অর্থাৎ শহরবাসী এই পশতুনী ভাষাই পশ্‌তো। ক্রমে প্রাধান্যার্থে সমগ্র অফ্‌গানীদের ভাষার নাম] বি, অফ্‌গনিস্থানের মুসলমান পূর্ব্ব আর্য্য ও সেমেতীয় ভাষার মিশ্রণজাত ভাষা, যে ভাষা কাবুলীরা অধুনা ব্যবহার করে।

পশন₁ [প্রবেশন >] বি, প্রবেশ করণ।

পশন₂ [পরিবেষণ > হিং পরসনা >] বি, পরিবেষণ। ক্রি, পশা। "শালা-বৌ পশেন দারা (=দারা কুটার ভাত) সুবর্ণেরি থালো।"-প্রাং সূর্য্যের গান।

পশব্য [পশু+ব্য (সম্বন্ধে, যোগ্যার্থে)] বিণ, পাশব। পশুযোগ্য ; পশুসুলভ।

পশম [ফাং] বি,ঊর্ণা ; পশুলোম। বিণ, পশমী-পশুলোম-নির্ম্মিত ; পশম-জাত।

পশমিনা [ফাং] বি, পশমী বস্ত্রবিঃ।

পশর-পসর দ্রঃ।

পশরা, পসরা [পণ্য সম্ভার > পনসার > পসার > (বর্ণবিপর্য্যয়ে) পসরা] বি, বিক্রেয় দ্রব্যসম্ভার ; পণ্যসমূহ। ২ [পণশালা > পনসায়া > পশরা, পসরা বা প্রসার > হিং পসারনা (বিস্তার করা), হিং পসর হট্টা=হাট, বাজার] দোকান। "বৈশাখে অনল সম বসন্তের খরা। তরুতল নাহি মোর করিতে পসরা॥" কবিকং। ৩ [পণ্যধরা (ব) > পণ(স)রা (মৃৎপাত্র, ভাণ্ড)] পণ্যাধার ; ভার। "সন্তান-মঙ্গল তরে, জননী তাড়না করে, তাই বহিতেছি সুখে শিরে দুখের পশরা।"-বাংগান।

পশলা [পসলা। তুর্ক-ফাং পশ, পাশী=জল ছড়ান, জল তড়তড়া sprinkling. সং-বর্ষণ] বি, বর্ষণ ; আসার shower. "সন্ধ্যার পরেই এক পশলা ভারি জল হইয়া গিয়া একণে ছিপ্‌ছিপ করিয়া জল হইতেছে।"-শিবনাথ শাস্ত্রী (মেজ বৌ)।

পশা [সং-প্রবেশ > পবেশ > পএশ > পশ,+ আ (ক্রিয়ায়) >। তুল-হিং পৈঠা। পশি, পশ, পশে ; পশিতে ; পশিয়া (ক্ষেং পদ্যে-পশি) ব্যবহার] ক্রি, প্রবেশ করা। "কাণের ভিতর দিয়া মরমে পশিল গো আকুল করিল মোর প্রাণ।"-চণ্ডিং। প্রাং বাং-পঁসা। "পসিলাম"-শূং পুং। পিঁসি, পিঁসিআঁ, পিঁসিএ, পিঁসী-প্রবেশ করিয়া। পিঁসিলঁ, -লা-প্রবেশ করিল। পিঁসিলোঁ-প্রবেশ করিলাম। পিঁসু-প্রবেশ করুক। "ধিক জাউ নারীর জীবন দহেঁ পসু তার পতী। পর পুরুষের নেহাএঁ যাহার বিষ্ণুপুরে স্থিতী॥"-শ্রীং কীং।

পশারী(রি) [প্রাদেং] বি, যারা চিনির কাজ করে ; ইহারা পাটা শেওলায় গুড়ের ঝুড়ি ঢাকিয়া রাখে। ~-দোকান [ফরিদপুর প্রাদেং] বি, বেণেতি দোকান, মসলার দোকান।

পশু [পশ্ (বন্ধন করা) + উ (জ্ঞাং)] বি, চতুষ্পদ জন্তু ; সলাঙ্গুল লোমশ জন্তু। ২ ছাগ। ৩ পশুবুদ্ধি। মূর্খ। ৪ পশু-প্রকৃতি ; জন্তু, ধর্ম্মী। ৫ মায়াবদ্ধ জীব ; অমুক্ত মানব। প্র-পশুপতি মহেশ্বর (পশুরা মহাদেবের কৃপায় মুক্তি পায় বলিয়া তাঁহার নাম পশুপতি। ৬ প্রাণীমাত্র। ৭ দেব। ৮ [তন্ত্রে] যিনি সুরা দর্শনমাত্র সুর্ধা দর্শন করেন, সুরার আঘ্রাণ পাইলে তিনবার প্রাণায়াম করেন, প্রাণান্তেও মাদক স্পর্শ করেন না বা আমিষ ভক্ষণ করেন না তিনিই যথার্থ পশু।-কুলার্ণবে। যে শুদ্ধাচার ব্যক্তি পূজার পুষ্প-পত্র, ফল ও জলাদি স্বয়ং আহরণ করেন, যিনি নিরামিষাশী হইয়া পূজা করেন এবং ঋতুকাল ব্যতীত স্বীয় পত্নীতে উপগত হন না তিনিই পশু।-মহানির্ব্বাণ তন্ত্র-কুব্জিকা তন্ত্র। ~ই [প্রাদেং বীরভূম] বি, গালা প্রস্তুত কার্য্যে ব্যবহৃত এক হতে দেড় হাত লম্বা থলিয়া। ~কল্প [পশু-কল্প (ঈষদূন বা সাদৃশ্যার্থে)] বি, যজ্ঞাঙ্গ পশুর বিধান। ২ বিণ, পশুবৎ। ~ক্রিয়া [৬তৎ] বি, পাশবাচার ; মৈথুন ; রমণ। ~গায়ত্রী-বি, যজ্ঞার্থ পশুকে বধ করিবার পূর্ব্বে তার কর্ণে যে মন্ত্র দান করা হয়। ~চর [পশু-চর (যেখানে বিচরণ করে)] বি, পশু চরিবার স্থান। ~চর্য্যা [পশুর ন্যায় চর্য্যা (আচরণ), ৬তৎ] বি, পশুর ন্যায় ব্যবহার। ~ধর্ম্ম [৬তৎ] বি, পশুপ্রকৃতি-সুলভ ধর্ম্ম ; মৈথুন। ২ [পশুর ন্যায় ধর্ম্ম যার বহং] বিণ, পশুর আচারবিশিষ্ট। ~পতি [৬তৎ] বি, দেবেশ ; শিব। এইমূর্ত্তি শিবের যজমান মূর্ত্তি। "নগরার জলে আসি বলে ধনপতি। এই স্থানে ছয় ডিঙ্গা নিল পং॥" -কবিকং। ~পাল [৬তৎ] বি, পশুরক্ষক ; রাখাল। "পূজা পাণ্ডা পং পড়িছা বেহারা।"-চৈং ভাং। ২ পশুর দল। > ~ক (-লঁ-) [৬তৎ] বিণ, পশু পালনকারী। ২ বি, রাখাল। ~পাশ [৬তৎ] বি, পশুর বন্ধন ; যে রজ্জুর দ্বারা যজ্ঞীয় পশু বন্ধন করা হয়। ~পার্শ্বকি-রতি-বন্ধবিঃ। ~বুদ্ধি [পশু-সুলভ বুদ্ধি, মং পং লোং অথবা পশুর বুদ্ধি, ৬তৎ] বি, যুক্তি বিচারাদিহীন বুদ্ধি। ২ বিণ, মূর্খ ; অজ্ঞ। "পং শিশু আমি কিবা জানি মর্ম্ম। বুঝিতে নারিনু কিবা ধর্ম্ম কি অধর্ম্ম॥" -অং মং। ~ভাব [৬তৎ] বি, তান্ত্রিক আচারবিঃ, পশ্বাচার। পশুভাবে অহিংসা পরম ধর্ম্ম বলিয়া তন্ত্রে উক্ত হইয়াছে। ~যাগ [৬তৎ] বি, পশুনামক যজ্ঞ। ২ পশুদ্বারা যজ্ঞ। ৩ পশু-প্রয়োজক যজ্ঞ। ~রজ্জু [৬তৎ] বি, পশুর বন্ধন নিমিত্ত রজ্জু ; পশু বাঁধিবার দড়ি। ~রাজ [৬তৎ। তৎপুরুষ সমাসে রাজন্ > রাজা=রাজ] বি, পশুশ্রেষ্ঠ ; মৃগেন্দ্র ; সিংহ। ~শালা [৬তৎ] বি, পশুদিগের আলয় ; যেখানে জীবজন্তু ধরিয়া রাখা হয় ; চিড়িয়াখানা zoo.

পশুরি,-রী-পসুরি দ্রঃ।

পশ্চাৎ [সং-ব্যাং সূত্রে 'অপর' স্থলে 'পশ্চ' আদেশ। পশ্চ (পরে) + অস্তাৎ (নিপাতনে)] অ, পরে ; পশ্চাতে ; পিছে। ২ পশ্চিমে।

পশ্চাত্তাপ [পশ্চাৎ(দ্রঃ)+তাপ(দুঃখ), ধা] বি, অনুতাপ ; কার্য্যশেষে খেদ করা ; পস্তান।

পশ্চাদনুসরণ [পশ্চাৎ (দ্রঃ) + অনু-সরণ] বি, পিছনে পিছনে গমন ; অনুগমন। বিণ, পশ্চাদনুসৃত্ত। স্ত্রীং ~া।

পশ্চাদপসৃত [পশ্চাৎ(দ্রঃ) + অপসৃত] বিণ, পশ্চাদ্দিকে পলায়িত। ২ পরে সরাইয়া ফেলা হইয়াছে এমন। স্ত্রীং ~া।

পশ্চাদ্গতি [জ্যো°(কং বিশ্ব° পরিঃ)] বি, ইং regressionএর বৈজ্ঞা° পরিঃ।

পশ্চাদ্গামী [পশ্চাৎ (দ্রঃ)+গামী] বিণ, পিছনে বা পরে গমনকারী। স্ত্রীং পশ্চাদ্গামিনী-পশ্চাদনুসরণকারিনী।

পশ্চার্দ্ধ [অপর=পশ্চ+অর্দ্ধ। 'অপর' স্থানে 'পশ্চ' আদেশ, অপর যে অর্দ্ধ, ধা] বি, পা হতে নাভি পর্য্যন্ত ; অপরার্দ্ধ ; পিছনের দিকের অর্দ্ধ ; শেষার্দ্ধ ; নিম্নার্দ্ধ।

পশ্চিম [পশ্চাৎ+ইম (ভবার্থে), প্রাতঃ সন্ধ্যা উপাসনা সময়ে এই দিক্ পশ্চাৎ থাকে বলিয়া পশ্চিম ; অথবা, পশ্চ (পশ্চাৎ, পরে) +ই (গমন করা)+ম (ধি), সূর্য্যদেব উদিত হইয়া পরে যে দিকে গমন করেন ("ভগবান্ সূর্য্যদেব দিবসের পশ্চাৎ কিরণ সকল এই দিকে বিসর্জ্জন করেন, এই নিমিত্ত ইহা পশ্চিম দিক্ নামে বিখ্যাত"-মহা°)] বি, যে দিকে সূর্য্য অস্ত যায়। ২ পৃষ্ঠদেশ। ৩ অন্ত ; চরম। ৪ বিণ, শেষ। "নির্দ্দিষ্ট অশৌচের প° দিনে গৃহশুদ্ধি এবং বস্ত্র ধৌত করিবে।" -মাহিষ্য কারিকা। ৫ ক্রি-বিণ, পরে ; অনন্তর। ~া-প্রতীচী ; সূর্য্যের অস্তগমন দিক্। ২ গবাদির সান্নি-পাতিক রোগ। ৩ বিণ, পশ্চিমদেশীয় ; পশ্চিমদেশীয়া।

পশ্চিমাকাশ [পশ্চিম(দ্রঃ) + আকাশ] বি, পশ্চিমদিকের আকাশ।

পশ্চিমাঞ্চল [পশ্চিম (দ্রঃ) + অঞ্চল] বি, পশ্চিমস্থ প্রদেশ। ২ পশ্চিমদিক্। ~স্থ -পশ্চিম প্রদেশ বা দিকে অবস্থিত।

পশ্চিমোত্তরা [পশ্চিম (দ্রঃ) ও উত্তর-দিকের যে কোণ, দিক্‌বাচক, বহু°] বি, পশ্চিম ও উত্তরের মধ্যবর্ত্তী দিক্ ; বায়ুকোণ।

পশ্যতোহর [পশ্যতঃ (যে দেখিতেছে তার স্বর্ণ বা রৌপ্য) হর (যে হরণ করে) সাক্ষাতে বসাইয়া রাখিয়া যে স্বর্ণাদি হরণ করে] বি, স্বর্ণকার। "নিবসে পশ্যতোহর পুর মধ্যে যার ঘর নির্ম্মাণ করয়ে আভরণে।"-কবিক°। ২ [স্থলবিশেষে] কর্ম্মকার।

পশ্যন্তি [সং] বি, যোগের অবস্থাবিঃ। "বৈখরীতে নামজপ থামিয়া যাইলে তখন মধ্যমাতে ধ্যান হইবে তার পরেই পশ্যন্তিতে দর্শন, শেষে পরায় স্থিতি।"

পশ্বয়ন [সং] বি, যাগবিঃ।

পশ্বাচার [পশু (সম্প্রদায়বিঃ) + আচার (আচরণ), ৬তৎ] বি, তান্ত্রিক আচারবিঃ। ~ধম [পশু (র) + অধম] বিণ, পশুর অধম ; পশুর চেয়েও নীচ, বা অপকৃষ্ট ; অত্যন্ত নীচ।

পষ্ট [স্পষ্ট > ভ্রং] বিণ, স্পষ্ট (দ্রঃ) ; অকপট ; খোলা। "প° কথায় কষ্ট নেই"-প্রবাদ। প° কথা, -করা, -জবাব, -দেখা, -বলা, -ভাষা, -লেখা, -শোনা, হওয়া। পষ্টাপষ্টি-স্পষ্ট-ভাবে ; অকপটে ; গোপন না করিয়া ; খোলাখুলি।

পসন্দ [ফা° পসন্দ] পছন্দ (দ্রঃ)। ২ [প্রাদে°। পাবনা আদা°] ঠাহর ; স্মরণ ; অনুমান ; আন্দাজ (এই অর্থে পসন্দ অপেক্ষা পছন্দ অধিক চ°)। প্র-দিক্ পছন্দ (স্মরণ)। পসন্দ করিয়া বলা (অনুমান)।

পসন্ন [সং-প্রসন্ন > প্রা° বাং, প্রাকৃ°] বিণ, প্রসন্ন [অপ্র°]।

পসর, পশর [সং-স্ফর্ (দীপ্তি) > স্ফর > স(প)র্ > বর্ণবিপর্য্যয়ে পসর] বি, আলোক। "চন্দের পসরে যেমন ঘর হইল উজলা"-মৈ° গী°। "জোনকির পশর আৎকা আন্ধাইর হইল রে।"-পূ° ব° গী°।

পসরা [পশরা দ্রঃ] বি, পণ্যভার ; বিক্রেয় দ্রব্যসম্ভার ; বিক্রেয় বস্তুর বোঝা। "দাঁড়াও যেয়োনা আর নামাও পসরা ভার মোর হাতে দাও তব ডালি।"-রবী°। ২ পণ্যদ্রব্য। "এই কন্যা রূপে গুণে নামেতে ফুল্লরা। কিনিতে বেচিতে ভাল পারয়ে প°।"-কবিক°। ৩ পণ্যাধার ; যে পাত্রে পণ্য দ্রব্য রক্ষিত হয়। "পসারি গোপের নারী বসিয়াছে সারি সারি রসের প°"-অ° ম° ? "ওলাও প° শঙ্খ দেখিব কেমন।"-শ্রী° কী° (টীকা)। ৪ ক্ষেপ ; খেয়া পার। "তুমি নূতন নেয়ে যমুনায় কত করে নেবে কড়ি প্রতি পসরায়।"-রাম বসু।

পস্‌লা, পসালা [পশলা দ্রঃ] বি, বর্ষণ ; আসার ; বারিপতন। "দক্ষের সেনাবর ছাড়য়ে খর শর্ যেন মেঘে পানী পসালা।"-কবিক°।

পসা-পশা দ্রঃ।

পসার₁ [পণ্যশালা ভ্রং হিং-তে পঁসর, পন্‌সার > পসার, পশার ও°] বি, দোকান। "এমন সময়ে ভাঁড় দত্ত হাটে আইসে। পসারী পসার ঢাকে ভাড়ুর তরাসে।"-কবিক°। ২ [এই অর্থে প্রা° বাং-য় পসারা (দ্রঃ)] পণ্য দ্রব্যের আধার। "দধি দুধে পসার সাজাঞা।"-শ্রী° কী°। "লড়িআঁ সব পশাব খাইবোঁ দধি তাহার।" -ঐ। ৩ পণ্য সম্ভার ; বিক্রয় দ্রব্য সামগ্রী। "হীরা নিদয়ার কাছে মাংসের প° বেচে।"-কবিক°।

পসার₂ [সং-প্রসার, ভ্রং] বি, প্রসার ; বিস্তার। ২ প্রতিপত্তি ; খ্যাতি।

পসার₃ [সং-পাশকসারি (গুটি) > হিং পংসাসার, পন্‌সাসার > প্রা° বাং] বি, পাশা ; দ্যূত। "আগ দুয়ারে সদাগর প° খেলায়"-মাণিক°।

পসারা₁ [সং-প্রসার > হিং পসারণা > ব্রজ°। প্রা° বৈ° সা°। পসারি, পসার, পসারে ; পসারিতে ; পসারিয়া, (ক্ষে° পদ্যে -পসারি)] ক্রি, বিস্তার করা ; প্রসারণ করা ; ছড়াইয়া রাখা। পসারল-প্রসারিত করিল ; বিস্তার করিল। "নব ঘন হেরি পিয়াসে চাতকী চঞ্চু পসারল আশে।"-চণ্ডি°। পসারলি [ব্রজ°। পসারল দ্রঃ] ক্রি, প্রসারিত করিলে ; ব্যাপ্ত করিলে। "অলখিতে দিঠি তব হৃদয়ে পসারলি পুন হেরি সখি করি কোর।" -বি° প°।

পসারা₂ [পসরা দ্রঃ। প্রা° বাং] বি, পণ্য সামগ্রী ; পণ্যভার। "ঘৃত দধি দুধ আওর ঘোল এ সব মোর পসারা।" -শ্রী° কী°।

পসারা₃ [আপোঙব দ্রঃ। তুল-পূ° বঙ্গ

প্রাদে॰ পোহান (পোষানো)। মূলে সং-প্রহার > পহার+আ (ক্রিয়ার)=পহারা (প্রহার করা)। (হিং) স=পসারা। হিং পসারনা (প্রহার করা) > প্রা॰ বাং] ক্রি, প্রহার করা। পঁসঁ(সা)রিলঁহে-ক্রি, প্রহার করিতেছি। ২ প্রহার করিলে। "পসরিলহে মদন পাঁচ বাণে। কে তোর রাখিবে রাখউ পরাণে"-শ্রী॰ কী॰।

`পঁসারি,-রী [হিং পন্‌সারী >] বি, পণ্যসরবরাহকারী; দোকানী; দোকানদার; মিশ্রি, মসলা বিবিধ গাছ গাছড়া, শুষ্কফল ই॰ বিক্রেতা; পণ্যবিক্রয়ী। "পসারি গোপের নারী বসিয়াছে সারি সারি রসের পসরা গীত নাটে।"-অ॰ ম॰। "হিয়ার মালা যৌবনের ডালা পসারী পসারল যেন।"-চণ্ডি॰। স্ত্রীং পঁসারিণী-পণ্যবিক্রয়কারিণী। "ওগো পসারিণী; দেখি আয়, কি রয়েছে তব পসরায়!"-রবী॰।

পঁসারিয়া প্রসারিত করিয়া; পরিব্যাপ্ত বা বিস্তার করিয়া। "নব জলধর বিজুরি-রেহা দ্বন্দ্ব প॰ গেলি।" -বি॰ প॰। পঁসারিল [প্রসার > পসার + ইল (ক্রিয়া-বিভক্তি)] প্রসারিত করিল। ২ প্রবেশ করিল। "পসারিল বীরভদ্র যজ্ঞ নাশিবারে। দক্ষের নিজপুর, ভাঙ্গিয়া করে চূর, কেহ নাহি বারি হতে পারে॥"-কবিক॰।

`পসারী-পসারি দ্রঃ।

পসিদা [ফা॰-পোশিদা। প্রা॰ পুসিদা] অ, পশ্চাৎ; পিছনে। ২ গোপনে; অলক্ষ্যে।

পঁসুরি, পঁসুরী, -শুরি, -শুরী [পঞ্চসেরী > হিং, পন্সেরী > পসেরী, > বাং-য় পসেরী, পসুরী(রি), পশুরি (স্ত্রী॰)] বি, পাঁচসের পরিমাণ; পাঁচ-সেরা। ২ বিণ, ৫ সের ওজনের।

`পঁস্ত [ফা॰ পস্ত (নীচু)] বিণ, নীচু; হীন; পরাজিত।~কঁরা-অধঃপাতিত করা; পরাভূত করা।

`পঁস্তওড়ানি-পোস্তো দ্রঃ।

`পস্তানি [সং-পশ্চাত্তাপ > হিং পছতাব > ক্রি, পছতানা > পস্তাই, পস্তাও, পস্তায়; পস্তাইতে (কে॰ পস্তাতে); পস্তাইয়া (প্রা॰ কে॰ পঁস্তে)] ক্রি, পশ্চাত্তাপ পাওয়া; অনুশোচনা করা; আপশোষ করা। বি, `পঁস্তানি।

পস্তু-পশতো দ্রঃ।

পঁহঁর-প্রহর দ্রঃ।

পঁহঁরি, পঁহুরী [প্রা॰ বাং। প্রহরী > প্রাকৃ॰ রূপ] বি, প্রহরী; শান্ত্রী। "চন্দ্র পহরি।"-শূ॰ পু॰। "দখিন দুআরে হনুমন্ত পহরিক হুঁকার পাড়িল।"-ঐ। "তার রাএ কংসের পহুরী চিআইল"-ঐ। পঁহঁরিয়া [প্রহরী হইয়া > কে॰] অস-ক্রি, প্রহরী হইয়া। "ভারত রহিবে পহরিয়া।"-অ॰ ম॰।

পহিরঁণ [সং-পরিধান > পরিহান-পরিহন=পহিরণ (বিপর্য্যয়ে)। হিং পহিরান] বি, পরিধান। ২ পোষাক। "ধরি অনেক প্রহরণ জরীর প॰ সিফাইগণ রণ মাঝে।"-অ॰ ম॰। "প॰ পুনহি ঝাড়ি নীবিবন্ধ।"-জ্ঞান॰। ক্রি, পঁহিরা [পহিরি, পহির, পহিরে; পহিরিতে; পহিরিয়া ই॰] ক্রি, পরিধান করা। পঁহিয়ারঁ -পহির; পর (গোবিন্দ॰)।

পঁহিলঁ [হিং পহ্‌লা >, ব্রজ॰] বিণ, প্রথম; নবীন। "প॰ বয়স মোর না পূরল সাধে।"-বি॰ প॰।

পঁহিলঁহি [পহিলা + হি (৭মী বিভক্তি চিহ্ন); ব্রজ॰] অ, প্রথমে; প্রথমেই। "পহিলহি অলকা তিলক করি সাজ।" -বি॰ প॰। ২ আগে।

পহিলা, পঁহিলে, পঁহেলা [হিং। পয়লা দ্রঃ] অ, প্রথমে; অগ্রে। "বন্ধুর পিরীতি শেলের ঘা পহিলে সহিল বুকে।"-চণ্ডি॰। ২ [প্রথম >] বিণ, প্রথম।

পহু১, পঁহুঁ১ [ব্রজ॰। পুনঃ > পুহু > পুহু > পহু] অ, পুনঃ; পুনরায়। "মৌনী করবি পহু করইতে বাণী।"-বি॰ প॰।

পহু২, পঁহুঁ২ [ব্রজ॰। সং-প্রভু > পহু] বি, প্রভু। "নরোত্তম দাস পহুঁ নাগর কান। রসিক কলা-গুরু ভুহুঁ সব জান।"-নরোত্তম॰। "কঙ্ক ক যুগইতে পহু ভেল ভোর।"-বি॰ প॰।

পহুঁচ, পঁহুঁছ [সং-প্রকোষ্ঠ > প্রাকৃ॰ পকোচ্ছ > হিং পহুঁচা (মণিবন্ধ) > ক্রি, পহুঁচ্‌না (হাতের কাছে আসা, স্পর্শ করা) > উপনীত হওয়া, লাগাল পাওয়া] বি, উপস্থিতি। ২ লাগাইল। পঁহুঁছ পাওয়া -লাগাইল পাওয়া।

পঁহুঁচা,-ছা [পহুঁচ দ্রঃ। প্রা॰ পৈঁছা, পৈচে] বি, কনুই হ'তে মণিবন্ধ পর্য্যন্ত হস্ত। ২ প্রকোষ্ঠের অলঙ্কারবিঃ; পৈঁচে (জ্ঞানদাসে-"রতন পহুঁচে")।

পঁহুরী-পহরি দ্রঃ।

পঁহ্নব-বি, ম্লেচ্ছজাতিবিঃ।

পঁহ্না [পরিধান > পহিরান (হিং) > হিং পহিরনা > কে॰পহিন্‌না >। পহিরা, পহ্না (পরা দ্রঃ) > প্রা॰ বাং পহ্না ও॰] ক্রি, পরিধান করা।

পঁহ্রা [সং-পরিধান > পহিরণ(> পরণ) > ক্রিয়ায় (প্রা॰ বাং) পহ্রা (হিং পহিরনা) > পরা (আধু॰ বাং)] ক্রি, পরিধান করা; অঙ্গে ধারণ করা। পঁহ্রাইলঁ, -য়িল, -পরাইল। ~পঁহ্রিআঁ, পঁহ্রী-পরিধান করিয়া। পঁহ্রিলঁ-পরিল।-শ্রী॰ কী॰।

পঁহ্লব [ইতি॰] বি, মনুক্ত ম্লেচ্ছজাতিবিঃ। [দ্রঃ-"সগর রাজা যে সমস্ত ক্ষত্রিয় বংশকে যুদ্ধে পরাভব করিয়া নানারূপে চিত্রিত এবং দেব ও অগ্নি উপাসনায় অনধিকারী করেন, তাহাদের মধ্যে একটি বংশের নাম পহ্নব বা পহ্লব। তাহারা শ্মশ্রু মুণ্ডনে নিষেধিত হয়। (বিষ্ণু পু॰ ৪।৩)। পারসীক দেশে যে সমস্ত পুরাতন প্রস্তরময় নর-প্রতিমা দেখিতে পাওয়া যায়, সে সমুদায়ই শ্মশ্রু বিশিষ্ট। অতএব ঐ পহ্লবেরা ইরানি জাতিবিশেষ বোধ হয়"-উ॰ স॰। য়ুরোপীয় পণ্ডিতেরা বলেন 'পার্থিয়া'র ফারসী নাম পহ্লব]। ২ পহ্লবী ভাষা the dialect of the Pehlvis. ~ী-বি, প্রাচীন পারস্য ভাষা। ২ বিণ, প্রাচীন ইরানীয় বা পারসীক।

পা১ [সং-পা=পান করা] বি, পান। ২ রক্ষা। ৩ পালন [স্বতন্ত্র ব্যবহার নাই]। ৪ পাওয়া দ্রঃ।

পা২ [পাদ > ভ্রং। ফা॰ পা। প্রা॰ বাং -পাঅ-পদ; 'পাএ'=পদ; পদ দ্বারা; পদে। 'পাএত'-পদে। 'পাএর'- পদের] বি, ঊরুসন্ধি হতে পদতল পর্য্যন্ত; পদ;

বঁল `বল বলুন বৈলা `ব্যথা অতি এঁ ত `বুদ্ধ ক্ষয়, ে=ে=া=এঁ=a(t), ণ=ন ব=জ স=শ=ষ সশ=S (হ্ব ষ্ব হ্ম ম্র স্ল শৃ...), অনাদ্য ্] অব্যক্ত

চরণ। ২ গুল্‌ফ হতে পদতল পর্য্যন্ত ভাগ। ৩ পদতল। প্র-মাটিতে পায়ের দাগ। পা উঠা-পদাঘাতের জন্য চরণ উত্থিত হওয়া। পা চলা-চরণ গতিশীল হওয়া। ১ লাথি মারিবার জন্য পা ওঠা। পা চালানি-পদ সঞ্চালন করা ; পা নাড়া। ২ পায়ের জোর দিয়া যন্ত্র, চক্রাদি চালান। ৩ লাথি মারা। পা জড়াইয়া পড়া-লজ্জা, ভয় সঙ্কোচাদি কারণে সচ্ছন্দে চলিতে না পারা। পা টেপা-পদ সংবাহন করা। পা তোলা-চলিবার সময় পা উঠান। ২ লাথি মারিবার জন্য পা উঠান। পা ধুতেও আসেনা--ঘৃণা হেতু কোন কারণেই পদার্পণ করিতে চাহে না। "তোমাদের মত লোকের ঘরে পা ধুতেও আসে না।" পা না উঠা,-ওঠা-অগ্রসর হতে বা গমনে সাহস না হওয়া। পা-পা -যে শিশু চলিতে শিখিতেছে তার এক এক পা ফেলিয়া চলার ভাব। "চলি চলি পা পা।" ~পূজা-বি, গুরুজনের চরণ-পূজা : গয়া, প্রয়াগ ইং স্থানে গয়ালী, প্রাগওয়াল ইং হিন্দুযাত্রী কর্ত্তৃক তীর্থ-গুরুর পদপূজন কৃত্য। পা ফেলা-পদক্ষেপ করা ; পা রাখা ; পদার্পণ করা ; মাড়ান। পা বাড়ানি-অগ্রসর হইবার জন্য পদ সঞ্চালন। ২ গমন করা। ৩ আগমন করা। "অন্য হলে এখানে বাড়াবে কেন পা" -ঘং। পা ব্যথা করা-অধিক ভ্রমণ বা রোগের জন্য পায়ে বেদনা হওয়া। পা ভাঙ্গা-পায়ের হাড় ভাঙ্গা। পা ভাঙ্গিয়া দেওয়া-পায়ের হাড ভাঙ্গিয়া খোঁড়া করিয়া দেওয়া। পা ভারী হওয়া -পায়ে রস নামিয়া ভারী হওয়া (তুল-গা ভারী হওয়া)। পায়ে ঠেলা-ঘৃণা বা অবজ্ঞার সহিত ত্যাগ করা ; নির্দ্দয় ভাবে পরিত্যাগ করা। পায়ে তেল দেওয়া-চরণে তৈল মর্দ্দন করা। ২ [লক্ষ°] তোষামোদ করা। পায়ে ধরা-পা আক্রমণ করা। ২ পদদ্বয় বেষ্টন করিয়া পতিত হওয়া ; পদ ধারণ করিয়া মিনতি করা বা কাতরে ভিক্ষা করা। ৩ [লক্ষ°] অত্যন্ত তোষামোদ করা। পায়ে পড়া-চরণে পতিত হওয়া। ২ [লক্ষ°] অতি বিনীতভাবে আত্মসমর্পণ করা ; পদানত হওয়া ; চরণে পতিত হইয়া ক্ষমা প্রার্থনা করা। পায়ে পায়ে-পদে পদে ; প্রতিপদে। ২ অনুপদে ; পশ্চাতে পশ্চাতে ; সঙ্গে সঙ্গে। পায়ে রাখা [লক্ষ°] পদাশ্রয় দেওয়া ; কৃপার ভাগী করা। পায়ে হাত দেওয়া-পদস্পর্শ করা। পায়ের উপর পা দিয়ে থাকা [লক্ষ°] স্বহস্তে কাজকর্ম্ম না করিয়া ও আরামে বসিয়া থাকিয়া ভৃত্য বা অনুগতদিগকে হুকুমে খাটাইবার অধিকার ভোগ করা ; আরামে থাকা ; ঐশ্বর্য্য বিলাস ভোগ করা। "একটি শাড়ী তাঁহাকে দু'দিন পরিতে দেখি নাই। যাকে বলে পায়ের উপর পা দিয়ে থাকা-তিনি সেই ভাবে থাকিতেন।"-প্রবাসী, ১৩৩৩। পায়ের বাঁধন ছেঁড়া ক্রমাগত চলাফেরা করিয়া পায়ের স্নায়ু-বন্ধন যেন ছিন্ন হইয়া যাওয়া ; অধিক চলিয়া শিথিলপদ হওয়া। পায়ের সূতা ছেঁড়া-অতিরিক্ত চলাফেরায় পায়ের স্নায়ু-সূত্র ছিন্ন হওয়া। ২ অতিরিক্ত হাঁটাহাটি করা। ধূলা পায়ে-পা না ধুইয়া। ২ উপস্থিতি মাত্র ; আসিতেই। নিজের পায়ে নিজে কুড়ুল মারা [লক্ষ°] স্বহস্তে আপনার অনিষ্ট করা।

পা$_3$ [সঙ্গীতে। পঞ্চম > ক্ষে° প, পা] বি, স্বরগ্রামের (সা-রি-গা-মা-পা-ধা-নি) পঞ্চম স্বর ; পঞ্চম সুর।

পাঅ [প্রা° বাং] অ, প্রায়। "আগুনির পাঅ"-শূ° পু°।

পাঅল [চ° ক° ভা°, গ=অ] বি, পাগল।

পাআলা [পাখালা > চ° ক° ভা°, খ=অ] প্রক্ষালন করা ; ধোয়া।

পাই$_1$ [সং-পাদ >, হি° পাই। তুল-ত্রিপদ=তেপাই ; চতুষ্পদ=চৌপাই] বি, চতুর্থাংশ। ২ [ইং pie এর লিপ্যন্তর] এক পয়সার তৃতীয়াংশ ; ৩ পাই=১ পয়সা ; ১২ পাই=এক আনা। ৩ হিন্দুস্থানে পয়সার অর্দ্ধাংশ ; আধ পয়সা। ~-পাই-অ, প্রত্যেক পাই ধরিয়া বা হিসাব করিয়া ; বেবাক। প্র-পাই-পাই-হিসাব চুকাইয়া দিয়াছে।

পাই$_2$ [পাওয়া দ্রঃ] ক্রি, পাইয়া। "তরুণী পাই পরিহাস তহি করই"-বি° প°।

পাই$_3$ [পাইট (দ্রঃ) > ক্ষে° বাঁকুড়া প্রাদে°] বি, নির্দ্ধারিত কর্ম্ম ; পাট ; কাজ।

পাইক [পদাতিক >] বি, নগরপাল ; গ্রামরক্ষক। ২ পেয়াদা। ৩ যারা তলোয়ার অথবা লাঠি খেলিতে পারে ; খেলোয়াড় ; লাঠিয়াল ; লেঠেল। "বাগদী নিবসে পুরে, নানা অস্ত্র ধরি করে, দশ বিশ পা° করি সঙ্গে।"-কবিক°। "হান হান হাঁকে, খেলে উড়া পাকে, পাইকে পাইকে যুঝে।"-অ° ম°। ৪ [নৌ°] নৌসেনা। ৫ [নৌ°] খালাসী। "পা° মাঝি যত আছে"-পূ° ব° গী°।

পাইকঁড়-পাকুড় দ্রঃ (মাণিক° গান)।

পাইকস্তা [ফা° জমি° পরিঃ] বি, এক জমিদারের অধীনে বাস করিয়া যে অপর জমিদারের অধীনস্থ গ্রামে চাষ করে বা জমি জমা রাখে তাকে পাইকস্তা রাইয়ত বলে।

পাইকা [ইং Pica র লিপ্যন্তর] বড় আকারের ছাপার অক্ষর বিঃ।

পাই/কার(কের) [ফা°] বি, থোক কিনিয়া খুচরা বিক্রয়কারী। ২ ফেরিওয়ালা। ~কারী$_1$ [অর্থ বিদ্যা°] বি, ইং whole-slae এর বৈজ্ঞা° পরিঃ ; থোক (হি° কো°)। ~কা(কি, কে)রী$_2$-বিণ, পাইকারের প্রাপ্য বা তৎসম্বন্ধীয়।

পাইখ [চ° ক° ভা°] বি, পাখী।

পাইখানা [ফা° পায়্‌খানা, পাখানা] বি, মলত্যাগের স্থান।

পাইট [সং-পাটী (অনুক্রম-কর্ম্মানুক্রম) অথবা পারিপাট্য > প্রা° পাট। প্রাদে° 'পাই (বাঁকুড়া)] বি, গৃহমার্জ্জনাদি নিত্যকর্ম্ম ; গৃহের শৃঙ্খলা ও পারিপাট্য সম্পাদক নিত্যকর্ম্ম ; গৃহকার্য্য। "লহনা খুল্লনা যদি থাকে এক মেলি। পাইট করি মরিব দুজনে দিবে গালি॥"-কবিক°। ২ [প্রাদে° বগুড়া] শ্রমজীবী ; কৃষাণ। ৩ আবাদ ; চাষের উপযোগী করিয়া মাটি প্রস্তুত করণ। প্র-জমির পাট করা। ৪ যারা নৌকার পাইট করে ; নৌকার নিম্নশ্রেণীর মাঝি, যারা নৌকার মার্জ্জনাদি কর্ম্ম করে ইহাদের নাইয়া-পাইট ও বলে। "নাইয়া পাইটের কলকলি ঘন বাজে শিঙ্গা।"

ু যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গ্য ক্ষ=ক্‌খ ক্ষ=ক্‌খ হ্ন=হ্‌ন হ্ম হ্ল হ্ব হ্ন=ন্‌হ ম্‌হ ল্‌হ ড় ঢ়, য় য় য় ঢ়=zfwv ও ছা° দ্রঃ

-কবিকং। ~-করণ-গৃহাদি মার্জ্জন; গৃহস্থালীর নিত্যকর্ম্ম সম্পাদন। ~করণী য়া [গ্রাং পাট করণে। > স্ত্রীং পাট করণী] যে পাইট করে।

পাইড়১ [সং-পাটক=রোধ] বি, নদ্যাদির উচ্চ রোধ বা আলি; পাড়। প্র-নদীর পাড় ধরিয়া উঠা; পাড় ধসিয়া পড়া। ২ কূপাদির ভিতর চতুষ্পার্শ্বস্থ বলয়াকৃতি ধাপ বা বেষ্টনী। প্র-কূপের পাড় ভাঙ্গিয়া পড়া।

পাইড়২ [সং-পট্ট > পাটা, পাড়া] বি, মেটে ঘরের আড়ার সহিত বদ্ধ কাষ্ঠপট্ট।

পাইতক্ত [ফাং পায়্ তখ্‌ৎ] বি, রাজপ্রাসাদ। ২ রাজধানী। ৩ বিণ, স্বাধিকারগত; নিকটস্থ।

পাইতুঁ [পাওয়া দ্রঃ। প্রাং বাং-বৈং সাং] ক্রি, পাইতাম। "দেখিতে পাইতুঁ, শিরোপা করিতুঁ এমতি মন যে করে।"-চণ্ডিং।

পাইন [সং-পৈ (শোষণ করা) >। গ্রাং পান] বি, অপেক্ষাকৃত অল্প উত্তাপে দ্রব হয় এরূপ নিকৃষ্ট ধাতু যদ্দারা অন্য ধাতুদ্রব্য জোড়া যায়: ঝাইল; পান। ~-মরা, পানমরা-স্বর্ণাদির সহিত মিলিত নিকৃষ্ট ধাতু: খাদ। প্র-কোন অলঙ্কার হতে পাইন-মরা বাদ দেওয়া। পান দ্রঃ।

পাইনু [পাওয়া দ্রঃ। তুল-ব্রজং পাইলুঁ (লোঁ)। প্রাং বাং-পাইলাঙ, পাইলাঞ; অনুনাসিক উচ্চারণ হিন্দীর অনুকরণে] ক্রি, পাইলাম। "দারুকেশ্বর তরি পাং মাতুলপুরী গঙ্গাদাস বহুং কৈল হিত।"-কবিকং।

পাইরি, পারি [সং-পর্য্যায় শব্দ >] বি, পালা; কোন কার্য্য করিবার যায় যে নির্দ্দিষ্ট কাল।

পাইল১ [পাল১ দ্রঃ। সং-পতত্র > (উং বিং)। হিং পাল। তুল-ইং sail] বি, কানাত; নৌকা বা জাহাজের গতিনিয়ামক বায়ুধারক বস্ত্রবিঃ। প্র-নৌকার পাইল তুলিয়া দেওয়া। ২ চন্দ্রাতপ; চাঁদোয়া। প্র-ছাদে পাল টাঙ্গান। ৩ [পালা দ্রঃ] সঙ্গীতের দোহার।

পাইল২ [পাওয়া দ্রঃ] ক্রি, প্রাপ্ত হইল। ২ ঘটিল। "পাগল পাত্রের বুদ্ধে পাইল এতদূর।"-ঘং। ৩ আক্রমণ করিল। ৪ [গ্রাং বাং] পাইলাম। ৫ [গ্রাং বাং] বিণ, পাওয়া গিয়াছে এমন; প্রাপ্ত। "পাইল নিধি কেনা বিহড়ায়ি।"-শ্রীং কীং।

পাইলট [ইং pilot এর লিপ্যন্তর] বি, জলনিয়ামক; স্থলনিয়ামক; মরুকান্তার অতিক্রম করিবার সময় পথপ্রদর্শক।

পাইশাল [পশুশালা > ভ্রং] বি, পশুশালা। ২ অশ্বশালা বা হস্তিশালা। "রাণীর ক্রন্দনে নদী উথলে সাগর। পাইশালে কান্দে অশ্ব যতেক কুঞ্জর॥"-গীং গিরিং।

পাউ১ [হিং পাউ-পাউঁ। ব্রজং] ক্রি, প্রাপ্ত হই; পাই। "যদি হাম শ্যাম বঁধু লাগি পাউ তবে সে এ দুখ টুটে।"-চণ্ডিং।

পাউ২ [পশু > ভ্রং] বি, পশু। ~পাখালি-বি, পশুপক্ষী (পূং বং গীং)। পউখ দ্রঃ।

পাউই-বি, শাখাশ্রয়ীবর্গের সালিক সদৃশ পাংশুবর্ণ পক্ষীবিঃ Greyheaded myna.

পাউখ [পক্ষী > প্রাদেং। পাইখ দ্রঃ] বি, পাখী।

পাউড়া [প্রাদেং] বি, খড়ের জালের মত বুননের গোরুর মুখবন্ধনী। শস্য মাড়াইবার সময় কি অন্য সময়ে গোরু যাতে শস্য খাইতে না পারে, তজ্জন্য ব্যবহার করা হয়।

পাউডার [ইং powder এর লিপ্যন্তর] বি, চূর্ণ; চূর্ণ ঔষধ। ২ সুগন্ধি চূর্ণবিঃ। প্র-মুখে পাউডার মাখা।

পাউড়ি১,-ড়ী [সং-পর্ব্ব >। "পাউড়া"ও বলে। পাবড়া দ্রঃ] বি, বাঁশের পর্ব্বের লাঠি; এক হাত লম্বা ভারী কাঠের লাঠি; খেঁটে। "মাথাটা ভাঙ্গিব তোর পাউড়ির বাড়ি"-কবিকং।

পাউড়ি২ [প্রাদেং (বিতঃ) নদীয়া। পাড়ি দ্রঃ] বি, দৌড়; পাড়ি: চম্পট। ২ নদীর পাড়।

পাউণ্ড (-ণ্ড) [ইং pound এর লিপ্যন্তর] বি, প্রায় আধসের ওজন। ২ প্রায় আধসের পরিমিত কাগজের ওজন; পনি। ৩ ইতস্ততঃ ভ্রমণকারী গবাদি পশু আটক রাখিবার স্থান; খোঁয়াড়।

পাউরুটী-পাউরুটী দ্রঃ।

পাউলি [প্রাদেং পাবলা। হিং পৌয়া > পাও + ওয়ালি (পরিমিত বা পরিসরযুক্ত অর্থে) পৌয়ালি বা পাওলি। তুল-মং পায়লী (পাঁচসের পরিমিত); ফাং পিয়ালী (বাটী)] বি, পো-ঘটী; ছোট ঘটী। ২ বড় ঘটী।

পাউশ, পাউস১ [সং-পাংশু > পাউশ > পাউশ > ক্ষেং পাঁশ] বি, পাংশু; আঁতুড় ঘরের পাংশু, শয্যাদি। "পাঁচদিনে পাঁচোটে পাউস বিসর্জ্জন। ছয়দিনে ষাটিয়ারা কৈল জাগরণ।"-কবিকং।

পাউস২ [সং-পয়স্‌ (জল) বা প্রাবৃষ (বর্ষা) > ভ্রং 'পাউস'] বি, বর্ষার নূতন জলে ডিম ছাড়িবার পূর্ব্বে স্ত্রী পুং মৎস্যের মিলন এবং ডিম ছাড়িবার কালে পুং-মৎস্য কর্ত্তৃক অতি বেগে স্ত্রী-মৎস্যের পশ্চাদ্ধাবন। "যেমন নবীন পাউসে মীন মরণ না গণে, (তেমনি) শ্যাম অনুগত চিত ধৈরয না মানে লো দারুণ ননদিনী"-নীলকণ্ঠ মুখোং।

পাও, পাঁও [শ্রীহট্টং প্রাদেং। হিং পাঁও] বি, পদ (কবিকং)।

পাওড় [প্রাদেং গ্রাং] বিণ, খুব চলিতে পারে এমন। প্র-পাং গরু।

পাওন [প্রাপন > পূং বঙ্গ প্রাদেং] বি, প্রাপ্তি; পাওয়া। ~যায়-পাওয়া যায়। "দেখা শোনা করা লাগে; না হইলে কি জমীতে লাভ পাওন যায়?"-পিতাপুত্র।

পাওনা [সং-প্রাপণ > হিং পাওনা] বি, প্রাপ্তি; লাভ; আয়; উপার্জ্জন। ২ আদায়। ৩ লভ্য; প্রাপ্তব্য। ~-থোওনা [থোওনা পাওনা শব্দের সহচর] বি, প্রাপ্তি ইং; পাওয়া থোয়া। ~দার [পাওনা + ফাং দার] বি, যে পায়; যার কিছু প্রাপ্য আছে। ২ [পাটীং পরিঃ] উত্তমর্ণ creditor. দেনা পাওনা-আদান প্রদান; প্রাপ্যের প্রাপ্তি এবং দেয় পরিশোধ। ২ হিসাব নিকাশ।

পাওনিয়া [ত্রিপুরা প্রাদেং আদাং] উত্তমর্ণ; পাওনাদার creditor.

পাওয়া১ [সং-প্র-আপ্‌ (লাভে) >। হিং পানা। পাই, পাও (পান, পাস), পায় (পারেন, ক্ষেং পান); পাইতে (ক্ষেং,

গ্রা° পেতে) ; পাইয়া। পদ্যে-পাই, গ্রা° পেয়ে। পাইলাম-ক্ষে° উচ্চারণ ভেদে-পালাম, পেলাম, পেলুম, পেলেম, পাইলে (ক্ষে° পালে, পেলে)। পাইল (ক্ষে° পেল)। ণিজন্ত-পাওয়ান। প্রা° বাং-পাঅবো-পাইব। 'পাঅাঁ' = পাইয়া। 'পাই' = পাই-তেছি। ২ পাইয়াছি। ৩ পাইবে। 'পাইআঁ, পাইঞা'=পাইয়া। 'পাইএ=পাই:পাইতেছি। ২ পায়। ৩ পাবে। 'পাইলে,-লেঁ'=পাইল। 'পাইলোঁ'=পাইলাম। 'পাইব'=পাইবে। 'পাইবে, -বেঁ'=মিলিবে। 'পাইবোঁ'=প্রাপ্ত হইব। 'পাএ'=পায়। 'পাওঁ'=পাই ; পাইতেছি। 'পালি'=পাইলি। 'পাহ'=পাও "ঘবেঁ না পাহ গোপালে"-শ্রী° কী°] ক্রি, প্রাপ্ত হওয়া ; অর্জ্জন করা ; লাভ করা। ২ হস্তগত করা ; অধিকারে আনা ; বশে আনা। ৩ আক্রমণ করা ; ধরা। প্র-তাকে ভূতে পাইয়াছে। ৪ বোধ হওয়া ; অনুভূত হওয়া। প্র-ব্যথা পাওয়া ; শীত পাওয়া। ৫ উদ্রেক হওয়া। "হাসি পায় হাসি পায় হে সেই পায়ে-ধরা দিন পড়লে মনে"-গান। ৬ বোধ করা ; অনুভব করা। প্র-একাকী সেখানে গিয়া যেন ভয় পাইওনা। ৭ ভোগ করা। "সুখ পেলে চুপ করে থাকি"-স্কা°। ব্রজ° পাওই-পাইতে। পাওতি-পায়। পাওয়ে-পায় ; প্রাপ্ত হয়। "পয়সি প্রয়াগে যুগশত যাপই সো পাওয়ে বহুভাগী।" -বি° প°। পাওলঁ-পাইল। কষ্ট পাওয়া -ক্লেশ ভোগ করা। ২ ক্লেশ বোধ করা। প্র-মনে মনে সে খুবই কষ্ট পাইয়াছে। কান্না পাওয়া-ক্রন্দনের বেগ আসা ; কাঁদিতে ইচ্ছা হওয়া। প্র-দুর্ভিক্ষে লোকের অবস্থা দেখিলে কান্না পায়। ক্ষুধা পাওয়া-ক্ষুধার উদ্রেক হওয়া ; ক্ষুধা বোধ করা। ঘুম পাওয়া-নিদ্রাবেশ হওয়া। চেষ্টা পাওয়া-চেষ্টা করা। টাকা পাওয়া-অর্থলাভ হওয়া। টের পাওয়া-জানতে পারা ; সন্ধান প্রাপ্ত হওয়া getting scent. তৃষ্ণা বা তেষ্টা পাওয়া-জলপানের ইচ্ছা হওয়া। পড়ে পাওয়া-বিনা চেষ্টায় বা হঠাৎ লাভ করা get by chance. প্রকাশ পাওয়া-গোচর হওয়া appear. ভয় পাওয়া-ভীত হওয়া। ভাবিয়া পাওয়া-চিন্তা করা ; স্মরণে আনা। think of. ভূতে পাওয়া-ভূতগ্রস্ত হওয়া। যো পাওয়া-সুযোগ বা সুবিধা লাভ করা getting opportunity. এইরূপ শীত, হাঁচি, হাসি ই° পাওয়া-পাওয়া ৫ দ্রঃ।

পাওয়া২ [পাওয়া১ দ্রঃ] বিণ, প্রাপ্ত। প্র-প'ড়ে পাওয়া। ভূতে পাওয়া।

পাওয়ানি [পাওয়া (দ্রঃ)র ণিজন্ত রূপ। পাওয়াই, পাওয়াও, পাওয়ায় ; পাওয়াইতে ; পাওয়াইয়া ; (ক্ষে° পাইয়ে)] ক্রি, প্রাপ্তি করান ; সাহায্য করা। "সীতা হরি নিল ঘরে ক্রোধ করি তবু তারে অন্তকালে পাওয়াইলে রাম।"-শি°। ২ [পা (পান করা) > ণিজন্তে পাওয়ান=পান করান] ভিজান। প্র-ক্ষেতের মাটি পাওয়ান।

পাওয়াইয়া দেওয়া [গ্রা° পাইয়ে দেয়া] ক্রি, পাইতে সাহায্য করা। "প্রজাদের নিকট হ'তে ব্রজবাবু কিছু পাওয়াইয়া দিতেন"-প্রবাসী, ১৩২২।

পাং [প্রাদে°] বি, বড় চিংড়ি ই° পাঁকের মাছ ধরিবার ঘুর্ণীবিঃ [বাং শ° কোষ]।

পাংক্ত [পংক্তি দ্রঃ] বিণ, সারবন্দী ; শ্রেণীবদ্ধ। পঙ্‌ক্তিবদ্ধ।

পাংক্তেয়-পাঙক্তেয় দ্রঃ।

পাংশন, পাংসন [সং-পনশ (বিনাশ করা)+অন (র্ত্তৃ) নিপাতনে অ=আ, ন=ং] বিণ, যে নাশ করে ; নাশন ; বিনাশকারী। ২ দূষণকারী। কুল-পাংশন-বংশনাশন ; কুলাঙ্গার।

পাংশব [পাঙ্গা দ্রঃ। পাংশু (ধূলি)+অ সাদৃশ্যার্থে] বি, ধূলির মত লবণ ; পাঙ্গা লবণ। ২ [সম্বন্ধার্থে অ] বিণ, ধূলি সম্বন্ধীয় ; পাংশু সম্বন্ধীয়।

পাংশু [সং-পনশ+উ (পে,আ°। পাংসু ও°)] বি, ভস্ম ; পাঁশ ; ছাই। "আশুতোষ উমাপতি যদি দিলা ক'রে। বড়ই সাধিল সকৃৎ পাংশুমুষ্টি খেয়ে।"-শি°। ২ ধূলি; রজঃ। ৩ সঞ্চিত গোময়। ৪ পাঙ্গা লবণ। ৫ পাপ। ৬ বিণ, পাণ্ডুবর্ণ। ~কা-বি, সুগন্ধি বৃক্ষবিঃ। ২ ঋতুমতী স্ত্রী। ~ক্ষার-বি, পাঙ্গা লবণ। ~জ [পাংশু-মৃত্তিকা-খনি-জ (জাত)] বি, সৈন্ধব লবণ rock salt ; fossil salt. ~পিশাচ [বৌ° সা°] বি, আবর্জ্জনা বা মলপূর্ণ স্থানে বাসকারী পিশাচ ; যক্ষ। "তোমার এমনই বিকট আকার যে দেখিলে মনে হয় তুমি কোন পাংশুপিশাচ বা যক্ষ;"-জাতক। ~বর্ণ [পাংশু-বর্ণ] বি, ছাই রঙ্‌ ashy grey. ২ বিণ, ছাই-বর্ণবিশিষ্ট ; পাণ্ডুর ; ফেকাসে dust-coloured ; ash-coloured. [এই অর্থে প্রা° বাং প্রাদে° পাঙস্যা, পাংস্যা -চণ্ডী°(হরিরাম)] > স্ত্রী° ~বর্ণা। ~র-বি, খঞ্জ ; পঙ্গু। ২ ডাঁশ a gad fly. ~রাষ্ট্র -পাংশুপ্রধান দেশ। ২ মহাদেশবিঃ। ~ল [পাংশু+ল (স্ত্য°)] বিণ, ধূসরিত ; ধূলিময়। ২ পাপপূর্ণ ; পাপিষ্ঠ ; দুষ্ট। ৩ বি, কাঁটা করঞ্জ caesalpina bonducella. ৪ শৈব অস্ত্রবিঃ ; দণ্ডাস্ত্র (যার শীর্ষ নরকপালযুক্ত)। ৫ শিব। > স্ত্রী° ~া [পাংশুল দ্রঃ] বিণ, পাংশুযুক্তা ; ধূসরিতা। ২ অসতী। ৩ ঋতুমতী। ৪ বি, পৃথিবী।

পাংর্সন [সং] বিণ, পাংশন দ্রঃ।

পাংসু-বি, পাংশু দ্রঃ।

পাঁইজ [সং-পঙ্ক্তি >। গ্রা° পাঁজ] বি, পেঁজা তুলার বাতি বা নল ; পলিতা ; মোটা শলিতা।

পাঁইজর [হিং-পয় (চরণ)-জেবর্ (ভূষণ)] বি, চরণালঙ্কারবিঃ।

পাঁইট [ই° pint এর লিপ্যন্তর গ্রা° পাঁট] বি, জলীয় দ্রব্যের পরিমাণ ; এক গ্যালনের অষ্টমাংশ ; প্রায় দেড় পোয়া। ~বোতল-যে বোতলে প্রায় দেড় পোয়া জলীয় দ্রব্য ধরে।

পাঁইত, পাঁতি [পঙ্‌ক্তি > পংত্তি > গ্রা° পাঁতি] বি, পঙক্তি ; শ্রেণী ; সারি ২ ছন্দ ; ছাঁদ। ৩ শাস্ত্রীয় ব্যবস্থা।

পাঁইশ [পাংশু >। গ্রা° পাঁশ] বি, ভস্ম ; ছাই।

পাঁউরুটি [পর্তু° pao, ফ্রে° pam > পাঁও, পাঁউ] বি, খমিরাদ্বারা স্ফীত আটার রুটি। "আমি ভাত ছাড়িয়াছি, পাঁউরুটি খাই"-বঙ্কিম° (লোকরহস্য)। "পাঁউরুটি কাটিয়া"-বার্ষিক বসুমতী, ১৩৩৪।

পাঁউশ, পাউশ [সং-পাংশু >। প্রাদে॰ বগুড়া] বি পাংশুবহুল মৃত্তিকা ; পাঁশ মিশ্রিত মাটি ; শুক্‌না ঝুরা মাটি। ~**সার**-গোবর সার।

পাঁক [পঙ্ক >] বি, পঙ্ক ; কর্দ্দম ; পুকুরের তলার বা নর্দ্দমার কাদা। "হাঁটু পাতি বুড়া এঁড়ে বসে গেল পাঁকে, ঠাঁই জানি ঠেঁটা কাক ঠোকরায় তাকে।"-শি॰।

পাঁকই, পাঁকুই [সং-পঙ্ক > পাঁক +ই বা উয়া (জাতার্থে), পঙ্কজ ক্ষত] বি, জল অথবা কর্দ্দম লাগিয়া অঙ্গুলির সন্ধিতে উৎপন্ন ক্ষত ; পঙ্ক-ক্ষত ; হাজা। "ভাদ্র মাসের পাঁকই বড়ই দুরাচার।" "ভাদরে চরায় ছেলি ভিজে সর্ব্ব গা। অঙ্গুলীর সন্ধিতে পাঁকুই হৈল গা।"-কবিকং।

পাঁকাটি-পাকাটি দ্রঃ।

পাঁকাল [সং-পঙ্কাল] বি, মৎস্যবিঃ। এই মৎস্য পঙ্কের মধ্যে থাকে বলিয়া এই নাম। ২ পান্তা ভাত, জলে ভিজা ভাত। "সন্তোলন কবি কাঁজি উদর পূরিয়া ভুঞ্জি প্রাণ পাই পাইলে পাঁ॰।"-কবিকং।

পাঁগাস, পাঙাস [পঙ্গাশ দ্রঃ] বি, মৎস্যবিঃ। "ধরেন পাবদা পুঁঠি পাঁগাস পাঠীন।"-শি॰।

পাঁচ [সং-পঞ্চ >। গ্রাং নারীভাষায় 'নাচ'। প্র-নাচ (=পাঁচ) পাগলের ঘর (=সংসার)] বি, পঞ্চ সংখ্যা ; ৫ এই সংখ্যা। ২ বিণ, পঞ্চসংখ্যক। ৩ বহু ; অনেক ; নানা। "পাঁচজনের পাঁচ কথা কবে সইব কেমনে।"-বি॰ সু॰ গান। **পাঁচই**-দ্রঃ।

পাঁচ চুলা করা (চ্) [পঞ্চ চূড়া >] বি, মাথায় পাঁচটি চুড়া রাখিয়া চুল কাটা। "পাঁচচুলা করে দিল পেঁচ গোটা দশ। মুখ বুক বেয়ে রক্ত পড়ে টস্‌ টস্‌।"-ঘ॰। ~**জন**-৫জন লোক। ২ অনেকে, জন সাধারণ ; দশজন দ্রঃ। ~**টার**-পাঁচজনের ; অনেকের ; বৃহৎ পরিবারের। ~**টার বাড়ী**-যে বাড়ীর পরিবার বৃহৎ এবং যথায় ছেলেপুলে বৌ ঝি লইয়া অনেকে একত্র বাস করে। ~**নর**, ~**নরী**-পাঁচ লহর বা পাঁচহালী হার। ~**পাঁচি**-পাঁচ জনের মধ্যে যেমন প্রচলিত তদ্রূপ ; সাধারণ ; সামান্য ; পাঁচটার মধ্যে একটা। ২ বিশেষত্বহীন ; চলন সই। ~**ফল**-বহেড়া, সুপারি, হরীতকী, আমলা ও জায়ফল। ~**ফুলে সাজি**-পাঁচ রকম ফুল তুলিয়া সাজি পূর্ণ করার ভাব হ'তে নানা উপকরণের সমবায়ে কোন কিছুর সজ্জা বা সংগঠন। ~**মিশাল**, -**মিশালি** [গ্রা॰পাঁচ মিশিলি] পাঁচ রকম দ্রব্যের মিশ্রজাত ; পাঁচ প্রকার বস্তু মিশ্রিত। প্র-পাঁচমিশালী দাইল। ~**সাত, পাঞ্চ-সাত**-অ, সাতপাঁচ ; অগ্রপশ্চাৎ। "তখনে শুনিল রাধা মনে পাঞ্চসাত।"-শ্রী॰ কী॰। **আপনার কথা পাঁচ কাহন**-অন্যের কথা উপেক্ষা করিয়া স্বীয় বক্তব্যকে প্রধান্য দান। ~**হাতি**, -**তী**-পাঁচ হাত প্রমাণ ; পাঁচ হাত লম্বা। ২ পাঁচ হাত মাপের কাপড়। "কবিওলার শাল দোশালা পুরুত পাঁচহাতি।"

পাঁচই, পাঁচুই [পঞ্চমী > হিং পাঁচৱী >। গ্রা॰] বি, পাঁচ তারিখ ; মাসের পঞ্চম দিবস।

পাঁচুট, পাচুট(টি) [পঞ্চ > পাঁচ + রাত্রি > রাতি > আত্তি > আটি=পাঁচাটি > ক্ষেং] বি, শিশু জন্মের পঞ্চম দিনে কৃত্য জাতকর্ম্মবিঃ। "পাঁচ দিনে পাঁচুটি পাউস বিসর্জ্জন"-কবিকং।

পাঁচড়া [সং-পিচ্চট >] বি, চর্ম্ম-রোগবিঃ ; খোস ; কণ্ডুরোগ। **খোস পাঁচড়া**-খোসদ্রঃ।

পাঁচন [সং-পাচন] বি, পাঁচ রকম ঔষধি মূলাদির কাথজাত ঔষধবিঃ।

পাঁচনবাড়ি, -**ড়ী** [পা॰ পাচনযষ্টি। সং-প্রাজন > পাচন (পাচনী দ্রঃ) + বাড়ি (দণ্ড)] বি, পাচনী ; গবাদি পশুতাড়ন দণ্ড।

পাঁচনি,, -**নী** [সং-প্রাজন > । "প্রাজনং তোদনং তোত্রং"-অমর॰] বি, পাঁচনবাড়ি। "চারিদিকে সব শিশু মধ্যে রামকানু৷ কাঁচনি পাঁচনি কার হাতে শিঙ্গা বেণু।"-জ্ঞান॰। "সারথির কেড়ে লয় হাতের পাঁচনী।"-কৃত্তি॰।

পাঁচনি২ [পাঁচা২ দ্রঃ। প্রেরণ > প্রেরনি > পাঠানি > অথবা পাদচারনি (কুচ) > গ্রা॰ বিকারে] বি, প্রেরণ। "নানাদিকে পাঠাইল সৈন্য সেনাপতি। * * * অদ্ভুত রচিত পূর্ব্বদিকের পাঁচনি"-কৃত্তি॰।

পাঁচফোড়ন [পঞ্চ > পাঁচ + ফোড়ন (দ্রঃ)] বি, রন্ধনের মসলাবিঃ ; ব্যঞ্জন সন্তলনের মসলা। ইহাতে মৌরী, মেথি, কালজিরা, জোয়ান ও রাঁধুনী এই পাঁচ প্রকার শস্য থাকে।

পাঁচা১ [আঁচ২ (দ্রঃ) + আ (ভাবা) > পাঁচা (গ্রা॰ বিকারে)] ক্রি, ভাবা ; চিন্তা করা। ২ পাঁচ জনে মিলিয়া গণ্ডগোল করা।

পাঁচা২ [প্রেরণ >] ক্রি, প্রেরণ করা ; পাঠান। "বড় বড় বীর পাঁচে সেইত দক্ষিণে, বালির কুমার পাঁচে মন্ত্রী জাম্ববান্।" -কৃত্তি॰। **পাঁচিলেক**-পাঠাইল। "নল-নীল পাঁচিলেক মুখ্য সেনাপতি।"-কৃত্তি॰।

পাঁচাপাঁচি [পেঁচ শব্দ >] বি, পেঁচ কাটাকাটি। ২ কথা কাটাকাটি ; কথার মার পেঁচ। "এইরূপ দুজনে কথার পাঁচাপাঁচি। কি করি দুজনে মনে করে আঁচাআঁচি॥"-ভারত॰। ৩ যুক্তি।

পাঁচালি, -**লী** [পঞ্চালী(দ্রঃ) >। পঞ্চ (পঞ্চাঙ্গ) > পাঁচ-আড়ি(লড়াই) > আলি, আলী >] বি, (১) গান, (২) সাজ বাজান, (৩) ছড়া কাটান, (৪) গানের লড়াই, (৫) নাচ-এই পঞ্চাঙ্গ সঙ্গীতের লড়াই (ডাঃ দীঃ সেন), [দ্রঃ-"যদিও হাফ্‌-আখ্‌ড়াই ও দাঁড়া-কবির ন্যায় পাঁচালিতেও দুইদলে সঙ্গীত-সংগ্রামই হত, কিন্তু উহাদের ন্যায় ইহাতে প্রকৃত প্রস্তাবে উত্তর প্রত্যুত্তর চলিত না। অর্থাৎ কবিতে যেমন এক দল পূর্ব্বপক্ষরূপে আসরে গান গাইলে অপর দল উত্তরপক্ষরূপে তৎক্ষণাৎ তাহার জবাব বাঁধিয়া গান করেন। পাঁচালিতে তৎ পরিবর্ত্তে পূর্ব্বাভ্যস্ত ছড়া ও গানের লড়াই হইত। যে দল অপেক্ষাকৃত উত্তমরূপে ছড়া কাটাইতে ও গান গাইতে পারিতেন, সেই দলের ভাগ্যেই জয়শ্রী দীপ্তি-মতী হইয়া নিশান লাভ ঘটিত।"-মনো-মোহন গীতাবলী। হাফ আখড়াই দ্রঃ] তান-লয়ে গান করিবার উপযোগী ছন্দোবন্ধ

রচনা। ২ গীতি-কাব্যবিঃ। ৩ গীতাভিনয়-বিঃ। পাঁচালীর দল-পাঁচালীছন্দে গীতাভিনয়কারী সম্প্রদায়। তুল-যাত্রার দল। পুরুষ পাঁচালী-যে পাঁচালীর দলের সকলেই পুরুষ। মেয়ে পাঁচালী-কেবল স্ত্রীলোকদিগের দ্বারা পরিচালিত পাঁচালীর দল।

পাঁচি [পাঁচ (পঞ্চ >)+ই (সম্বন্ধে)] বিণ, পাঁচহাত পরিমিত ; পাঁচহাতি। ২ ছোট ; খাট। ~ধুতি-পাঁচহাতি ধুতি ; অতিশয় খাট পরিধেয় বস্ত্র।

পাঁচিল [সং-প্রাচীর >] বি, প্রাচীর ; দেয়াল ; কাঁথ। পাঁ০ গাঁথা-ইটের উপর ইট রাখিয়া প্রাচীর নির্ম্মাণ করা। পাঁ০ তোলা-ভিত্ থেকে পাঁচিল গাঁথিয়া তোলা। পাঁ০ দেওয়া-পাঁচিল গাঁথিয়া আড়াল দেওয়া বা ঘেরা।

পাঁচিয়া$_1$ [পঞ্চ > পাঁচ + ইয়া (সদৃশার্থে)। গ্রা০ পেঁচে] বিণ, পাঁচের মত ; নিতান্ত সাধারণ গোছ। পাঁচ পাঁচিয়া [গ্রা০ পাঁচ পাঁচি, পাঁচ-পেঁচে] পাঁচ দ্রঃ।

পাঁচিয়া$_2$ [পেঁচান দ্রঃ] অস-ক্রি, পেঁচাইয়া (য়ে) ; অস্ত্রদ্বারা অঙ্গ ক্ষত করিয়া। "শরীর পাঁচিয়া সবে উষধ বসায়। যার গন্ধে মাথা গুঁজি বাসুকি পলায়॥"-অ০ ম০।

পাঁচুন [পাঁচন দ্রঃ। প্রাদে০ উচ্চারণ ভেদ] বি, তোদন দণ্ড ; পাঁচন বাড়ি।

পাঁজ$_1$ [সং-পদাঙ্ক >] বি, পদচিহ্ন ; পদাঙ্ক।

পাঁজ$_2$-পাঁইজ দ্রঃ।

পাঁজপেঁজে [প্যাঁচ (কৌশল) পাঁচিয়া (উদ্ভাবন করিয়া, ভাবিয়া) >। গ্রা০] ক্রি-বিণ, কৌশল করিয়া। "প্রবেশিব পাতাল ধরিব পাঁজপেঁজে।"-মাণিক০।

পাঁজর [সং-পঞ্জর >] বি, পঞ্জর ; পৃষ্ঠ এবং বক্ষোদরের মধ্যবর্ত্তী অর্থাৎ দুই পার্শ্বের অস্থি ; পার্শ্বস্থি। "পাঁজর ঝাঁঝর মোর দাঁড়াই কোথায়"-বি০ চক্রবর্ত্তী। ২ দেহের বন্ধন-স্বরূপ পার্শ্বাস্থিসমূহ ; দেহ-বন্ধন। "হিয়া জর জর খসিল পাঁ০ এমতি করিল বটে"-চণ্ডি০।

পাঁজরা [পঞ্জর >] বি,পঞ্জর; পাঁজর।

পাঁজা$_1$ [ফা০ পজাবা >] বি, দগ্ধ করিবার জন্য ইষ্টকের স্তূপ। "কাষ্ঠ আনি ভার বোঝা কুম্ভার পোড়ায় পাঁজা নানা ইট স্বরয়ে নির্ম্মাণ॥"-কবিক০। ~রী$_1$-পাঁজা পুড়াইয়া ইট প্রস্তুতকারী।

পাঁজা$_2$ [সং-পুঞ্জ > পুঞ্জা >] গুচ্ছ ; আটি ; তৃণপুঞ্জ। ২ গণ্ডা (কবিক০)।

পাঁজা$_3$ [ফা০ পঞ্জহ্] বি, পঞ্চ অঙ্গুলি বিস্তৃত করিলে করতল যেরূপ হয় ; বিস্তৃত করতল। ২ [প্রাদে০] এক করতল ঘাড়ের নীচে ও অপর করতল উরুতের পশ্চাতে দিয়া কাহাকেও শূন্যে ধারণ। "পাঁজা করি চন্দ্র-কেতু ধরিল সত্বর।"-কবিক০। ~কোলা-পাঁজা দ্রঃ ; পাঁজা করিয়া ধরিলেই ধৃতব্যক্তি ধারণকারীর ক্রোড়স্থ হয় ; তা হতে পাঁজা-কোলা। "তাঁহাকে পাঁজাকোলা করিয়া ধরিয়া বাটির ভিতরে লইয়া গেল।"-টেকচাঁদ। ~ছক্কা-তাসের খেলায় ছক্কা পাঞ্জা। ২ পাশা খেলায় পাশার দানবিঃ।"ভবের আসা খেলব পাশা বড়ই আশা মনে ছিল। * * * শেষে কচেবার পেয়ে মাগো পাঁজা ছক্কায় বদ্ধ হলো॥"-রা০ প্র০।

পাঁজা$_4$ [ফা০পঞ্জহ্ >] বি,করতল। ২ পদতল। ৩ [সং-পদাঙ্ক > পাঁজ + আ (স্বা০)] পদচিহ্ন। পাঞ্জালী দ্রঃ। ৪ পদচিহ্ন পরীক্ষা করা। ক্রি, পাঁজিয়া-পদচিহ্ন দেখিয়া।

পাঁজারী$_2$ [প্রাদে০। স্থানভেদে 'নিকারী'] বি, মৎস্য বিক্রেতা অহিন্দু জাতিবিঃ।

পাঁজালি$_1$,পাঁজালা [গ্রা০। পোয়াল জ্বাল > পাজাল] বি, খড়ের নুড়ার আগুন ; খড়ের বিননির মুখে জ্বালান আগুন। "আগুন প্রমাণ সুগন্ধি চন্দন কাষ্ঠ জ্বালহ পাঁজালা।"-কৃত্তি০।

পাঁজালি$_2$ [পাঞ্জালী দ্রঃ] বি, পদচিহ্ন।

পাঁজি, পাঁজী [সং-পঞ্জিকা >] বি, শুভাশুভ দিনগণনা, মাস, তিথি, বার ই০ নির্দ্ধারণার্থ ,জ্যোতিষশাস্ত্রোক্ত সাংকেতিক গ্রন্থ ; পঞ্জিকা। "যমের বাড়ী নাই কোনও পাঁজি।"-রজনী সেন। ২ [সং-পঞ্জী] ব্যাকরণের গ্রন্থবিঃ। ৩ মূলগ্রন্থ। "অল্প-কালে হৈলা পাঁজী টীকাতে প্রবীণ"-চৈ০চ০। ~পুথি-পঞ্জিকা ও শাস্ত্রগ্রন্থ : পুঁথি পত্র। "এই বেশে শিষ্যগণ সঙ্গে ফিরে অনুক্ষণ পাঁজিপুথি বোঝাবোঝা লয়ে।" -অ০ ম০। হাতে পাঁজি মঙ্গলবার-নিকটেই পাঁজি থাকিতে দিন তারিখাদি নির্ণয়ের জন্য ভাবনা বৃথা।

পাঁজুরি [পঞ্জুড়ি দ্রঃ] বি, পাশা খেলার দানবিঃ ; পঞ্জুড়ি। "ভবের আসা খেলব পাশা বড়ই আশা মনে ছিল। মিছে আশা ভাঙ্গা দশা প্রথমে পাঁ০ পলো॥" -রা০ প্র০।

পাঁঞ্জা, পাঞ্জা [সমাজ০। গ্রা০ পাঁজা] বি, জাতীয় উপাধিবিঃ। সাধারণ সৈন্য ও গ্রামবল-সংঘসূচক উপাধিবিঃ।

পাঁট-পাঁইট দ্রঃ।

পাঁঠা, পাঁড়া [চট্ট০। পাঠা$_2$ দ্রঃ। ওড়ি০ পাঠা, বাং প্রাদে০ চট্টল০ পাঁড়া > স্ত্রীং-পাঠী, পাঁড়ী] বি, ছাগ। ২ গালিবিঃ। স্ত্রীং পাঁঠী-ছাগী। ২ বিবাহে যে কন্যার জন্য বরপক্ষীয়ের নিকট হ'তে পণ গৃহীত হয়। > ~বেচা-কন্যাবিক্রয়। ২ কন্যা-বিক্রেতা ; গালিবিঃ। [দ্রঃ-পূর্ব্বে এদেশে পাঁঠী বেচার ন্যায় পাঁঠা বেচা (পুত্রবিক্রয়) ছিল না, সম্প্রতি পুত্রের বিবাহে বরকর্ত্তারা যেরূপ পণ গ্রহণ আরম্ভ করিয়াছেন, তাতে 'পাঁঠা বেচা' শব্দের প্রচলন অবশ্যম্ভাবী] > স্ত্রীং ~বেচুনি-কন্যাবিক্রেত্রী ; গালিবিঃ। দীনবন্ধু মিত্র এই শব্দ ব্যবহার করিয়াছেন।

পাঁড়$_1$ [পাণ্ডা > তুল-হিং০ পাঁড়ে] বিণ, প্রধান ; নেতা ; সর্দ্দার।

পাঁড়$_2$ [পিণ্ড >] বিণ, স্থূল ; মোটা। ২ বীজ রাখিবার উপযুক্ত পরিপক্ক পূর্ণাবয়ব শশা ই০ ফল।

পাঁড়ে [সং-পণ্ডা > হিং০ পাণ্ডে > পাঁড়ে] বি,চতুর্ব্বেদ ও মহাভারত বা পঞ্চমবেদ নামে অভিহিত তাহাতে পারদর্শী। ২ হিন্দু-স্থানে ব্রাহ্মণের জাতীয় পদবীবিঃ।

পাঁতর, পাঁথর [প্রান্তর >] বি, প্রান্তর ; মাঠ (পূ০ ব০ গী০)।

পাঁতার, পাঁথার [সং-পাত্থার >] বি, সাগর ; সমুদ্র। "রক্তের পাঁতারে ভৈরব সাঁতারে গগনে উঠিছে ফেনা"-অ০ ম০। ২ বন্যা। ৩ বহুদূর বিস্তৃত জলময় স্থান।

পাঁতি১ [সং-পংক্তি > প্রাকৃ০ পন্তি > পান্তি > পাংতি > পাঁতি] বি, পংক্তি ; শ্রেণী। "রজত কুসুম ভাতি নব তারকার পাঁতি দেখি যেন প্রেমময় প্রেমেরি নয়ন।"-প্রেম ও ফুল। ২ তালিকা। ৩ শাস্ত্রীয় বচন-পঙ্‌ক্তি ; ব্যবস্থাপত্র। "সেই সময় বিদ্যাভূষণ উপাধিধারী বিক্রমপুরনিবাসী একটি পণ্ডিত তাহাকে গয়াতে পিণ্ড দান করিতে পাঁতি দিলেন।" "ভুলায় তর্কের পাঁতি দন্তপাঁতি তার"-ভারত০। ৪ ছন্দ ; ছাঁদ ; শ্রী ; ধরণ। "সভামাঝে বসিয়া কথার দেখ পাঁতি"-কবিক০। ৫ পত্র ; চিঠি। "লিখন করিয়া পাঁতি আনি সব বন্ধু জ্ঞাতি দেশে দেশে পাঠায় বার্ত্তন।"-কবিক০। "কি মোক্রে পাঁতি লিখি পাঠাওব তোহে কি কহব সম্বাদ।"-বি০ প০। ৬ বংশনির্ম্মিত পাত্র। "শাক বেগুন কচু মুলা এঁটে থোড় কাঁচকলা নানা সজ্জ ভরে আনে পাঁতি।"-কবিক০। ~পাঁতি-পাতিপাতি দ্রঃ।

পাঁতি২ [প্রাদে০ নদীয়া] বি, চাঁদা।

পাঁতিজাল [জাল দ্রঃ] স্রোতহীন জলে কৈ খলিসা ই০ মৎস্য ধরিবার জালবিঃ। ইহা দীর্ঘে ১৫-২৪ হাত, প্রস্থে ৪।৫ হাত। জালের উপর দিকে প্রায় ১ হাত অন্তর সোলার মত ভাসমান টাঙ্গি বাঁধিয়া দিতে হয় যদ্দারা একদিকে জলের উপর ভাসমান থাকে।

পাঁদাড় [পক্ষদ্বার > অথবা এই দ্বারের দিকে আবর্জ্জনা ছাইপাঁশ ই০ ফেলিবার অভ্যাস হেতু-পাংশুদ্বার বা "পাঁচকুড়" > ক্ষে০ পাঁদাড়] বি, গৃহের পার্শ্বস্থিত দ্বার ; পশ্চাৎভাগ ; কানাচ। "পাঁদাড়ে ফুলিচে শ্যাল"-ঈ০ গুপ্ত।

পাঁপ [পর্ব > পাব, পাপড়ি > পাঁব >, ব=প] বি, পাবড়ি ; জিলিপির দাড়া (গাছপালা, জগদানন্দ০)।

পাঁপড়, পাঁপঁর১ [অনু০। সং-পর্পট] বি, মুগ, কলাই বা ছোলা-বাটার সহিত মসলা মিশাইয়া প্রস্তুত পাতলা রুটি। পাঁপরভাজা-ঘৃত বা তৈলে ভর্জ্জিত পাঁপড়ের পাত।

পাঁপঁর২ [ইং pauper এর লিপ্যন্তর। আদা০] বি, নিঃস্ব বা যোত্রহীন ব্যক্তি যার মোকদ্দমা সরকারী ব্যয়ে হয় one allowed to sue in *forma pauperis* ; recipient of poor-law relief.

পাঁয়তারা, পঁয়তারা, পাঁইতারা [সং-পদান্তর > প্রাকৃ০-পয়ান্তর > হিং পাঁ(পা)য়তারা] বি, মল্লযুদ্ধের পূর্ব্বোদ্যোগ-স্বরূপ অঙ্গচেষ্টা ; প্যাঁচ কষাকষি। "হিন্দু সেনাপতিরা বিদেশী রণনায়কগণকে পাঁয়-তারায় চিত করিতে জানিতেন।"-প্রবাসী, পৌষ. ১৩৩২। ~কঁষা(সা) [হিং পৈতরা ভাঁজনা] দ্বন্দ্বযুদ্ধে ঘুরিতে ঘুরিতে পদস্থাপন কৌশল ও বাহু ঘুরান ; পা রাখার মুদ্রা বা ঠাট।

পাঁশ [পাংশু > । পাঁস (শূ০ পু০)] বি, গোময় কাষ্ঠাদি ভস্ম ; ছাই ; ক্ষার। ২ অপদার্থ ; অকিঞ্চিৎকর বস্তু। [তুল-উর্দ্দু খাকসার (পত্রাদিতে,'অকিঞ্চন' অর্থে)] ৩ বিণ পণ্ড ; ব্যর্থ। প্র-তাতে কি হবে? ছাই হবে, পাঁশ হবে। ~কুড় [পাঁশ (< পাংশু) কুড় (< কুল=স্থান), ল=ড়। গ্রা০ পাঁচকুড়] বি. পাঁশ ফেলিবার স্থান ; পাঁদাড়। পাঁশ দেওয়া, পাঁশ ঢাকা দেওয়া-ছাই চাপা দেওয়া। পাঁশ পাড়া-ছাই বাহির করিয়া উনান পরিষ্কার করা। পাঁশ পাড়িয়া কাটা-শুধু কাটা অপেক্ষা ইহাতে অধিক ক্রোধের প্রকাশ। ছাই রাখিয়া তার উপর কোন কিছু বিশেষতঃ কারও গলা কাটা। পরে দ্রঃ। "ভালখাকীর বেটী। আজ আমি পাঁশ পেড়ে কেটে ফেলতুম।"-অনুরূপা দেবী। পাঁশ পেড়ে কাটি যৈন ভূঁয়ে না রক্ত পড়ে-অত্যন্ত ক্রোধ প্রকাশক গালি। ২ রক্তবীজের রক্তবিন্দু ভূমিতে পড়িলে তদনু-রূপ অসুরের উৎপত্তি হয়, তাই এমন ভাবে কাটি যাতে তার বংশই লোপ করে দি, অসুর নিপাত করি। ছাইপাঁশ-অপদার্থ ; ফেলিয়া দিবার বস্তু ; অকিঞ্চিৎকর পদার্থ। ২ যা তা ; আলাত পালাত। ৩ প্রলাপ। "কি ছাইপাঁশ বকিতেছ" ? "মধুমাখা ছাই-পাঁশ সুমধুর তারে"-লীলাবতী (দীনবন্ধু০)।

পাঁশুটিয়া [গ্রা০ পাঁশুটে, পাঁশুড়ে। পাংশুতা > পাঁশুট+ইয়া (যুক্তার্থে) >] বিণ, পাংশুতাযুক্ত ; পাঁশুমিশ্রিত। ২ পাংশুবর্ণবিশিষ্ট ; ছাইবর্ণ ; পাংশুটে ash-coloured.

পাক১ [পচ্ (পাক করা)+অ (ভা০)] অগ্নির উত্তাপে সিদ্ধ করণ ; রন্ধন। "সতীত্বে সাবিত্রী পাকে দ্রৌপদী সুন্দরী"-দ্বি০ রায়। ২ কবিরাজী তৈলাদির জ্বাল ; ফুট। ৩ [রাসা০ পরিঃ] আঁচ ; উত্তাপ heat. ৪ পরিপাক ; হজম। ৫ পরিণতি ; পরিণাম ; ফল। প্র-কর্ম্মের পাক। তুল-বিপাক। ৬ কেশের শুক্লতা। প্র-তাহার চুলে পাক ধরিয়াছে। ~কঁর্ম্ম, ~কার্য্য-বি, রন্ধন ক্রিয়া। পাক ধঁরা১-ক্রি, পরিপক্কতা প্রাপ্ত হওয়া ; পরিণত হওয়া। ২ রঙ ধরা। ৩ কেশ শুভ্র হতে আরম্ভ হওয়া। পাক কঁরা-ক্রি, রন্ধন করা। পাক পাওয়া-ক্রি, পরিপাক বা হজম হওয়া। ২ পরিণত হওয়া। পাক-শাক [পাক + শাক (প্রকার বাহুল্য বা বিবিধার্থে। তুল-পাক টাক), সহচর শব্দদ্বয়] বি, রন্ধনাদি ; সিদ্ধ, ভাজা-পোড়া ই০ ভোজ্যের জোগাড়। প্র-স্বহস্তে পাক শাক করিয়া কোন প্রকারে ক্ষুধা নিবৃত্তি হয়। ~শালা, ~স্থঁলী, স্থান, স্থালী-দ্রঃ।

পাক২ [সং-পচ্ (পরিণামে) >] কারণ ; হেতু ; জন্য ; নিমিত্ত। "যোগিনী হইবে সেই পাকে।"-চণ্ডি০। "তুমি রাধা তুমি সীতা তুমি গঙ্গা কাশী। তেঁই পাকে তোমাকে বিস্তর ভালবাসি।" -শি০। ২ ঘটনাক্রম ; ক্রম। ৩ কৌশলে। "কোন পাকে সে পত্রী আইলা প্রভু স্থানে।"-চৈ০ চ০। ~তঃ-দ্রঃ।

পাক৩ [সং-পরিক্রম > ভ্রং] বি, বেষ্টন ; বেড়। ২ ঘূর্ণন। ৩ চক্র ; পেঁচ। ৪ ঘূর্ণী ; জলভ্রমি। ৫ মোচড়। ৬ কূট ; কৌশল। পা০ কঁরা-পাকান ; পাক দেওয়া। পা০ খাওয়া-পাকিয়েযাওয়া। ২ ঘোরা; ঘূর্ণিত হওয়া। ৩ [লক্ষ০] নাকাল হওয়া। পা০

খোলা-বেষ্টন শিথিল হওয়া; পেঁচ খোলা। পাং দেওয়া-পেঁচ কষা। ২ পাকান; ঘুরান। ৩ মোচড়ান। ৪ নিঙড়ান। ৫ [লক্ষ°] কোন বিষয় জটিল করিয়া তোলা; দুর্ব্বোধ্য করা। ৬ বেগ দেওয়া; ক্লেশ দেওয়া। পাং ধরা-পাক খাওয়া (গ্রঃ)। এ সূতা সহজে এলাইয়া যায়, এতে কিছুতেই পাক ধরে না। পাং নাড়া-ধরিয়া (বিতঃ নড়া ধরিয়া) ঘুরান; ঘুরপাক দেওয়ান। "বাঘের দশন ভাঙ্গি লেজে ধরি দেয় পাকনাড়া।" -কবিক°। পাং পড়া-পাক লাগা; পেঁচ বা জোট পড়া; পাকাইয়া যাওয়া। ~পড়া -গ্রঃ। পাং পাওয়া-পাক ধরা (গ্রঃ)। পাং পেয়ে যাওয়া-পাকাইয়া দড়ীর মত কৃশ হওয়া।~মোড়া-গ্রঃ। পাং লাগা -পেঁচ লাগা; জোট পড়া। ২ ঘুর লাগা। পাকে পড়া-প্যাঁচে বা ষড়যন্ত্রমধ্যে বা কুচক্রে পড়া; বিপদে পতিত হওয়া; সঙ্কটে পড়া। জিলিপীর পাক-জিলিপী নামক কুণ্ডলীকৃত মিষ্টান্নের পেঁচ বা চক্র। ২ তা হতে কুমন্ত্রণা; কুচক্র; দুরভিসন্ধি। প্র-তার পেটে এত জিলিপীর পাক ছিল তা কি প্রকারে বুঝিব।

পাক৪ [প্রা° বাং-পগ্‌গ, পাগ (গ্রঃ), গ=ক। গ্রা°] বি, পাগ; পাগড়ী; উষ্ণীষ।

পাক৫ [ফা° পাক্‌] বিণ, নির্ম্মল; শুদ্ধ; পবিত্র। বিপরীতে-'না-পাক'। "বাম হস্ত নাপাক তসবী জপে তায়। হিন্দুরে নাপাক বলে এত বড় দায়।"-ভারত°।

পাক৬ [সং-পক্ষ > প্রাকৃ° পক্‌খ > পাক,-খ] বি, ডানা। "উল্লুকের বীরপাক খাকিয়া পড়িল।"-শূ° পু°। ২ পালক।

পাকচক্র [পাক (পেঁচ) + চক্র (একার্থক সহ° দ্বন্দ্ব)] বি, কল-কৌশল; পেঁচ। ২ শঠতা; কুমৎলব; কৌশলজাল। "ঠকটা পাং করাইয়া * * * খিটমিট করিবার জন্য * * * লুক্কায়িত ভাবে চতুর্দ্দিকে অবসর অনুসন্ধান করিতেছে।"-গল্পগুচ্ছ (রবী°)। ৩ জলভ্রমি; ঘূর্ণীজল। ৪ জটিলতা; জটিল রহস্য। প্র-সে পাকচক্র ভেদ করা সহজ নয়। ৫ চক্রের ভিতর চক্র। ক্রি-বিণ, পাকচক্রে [গ্রা° পাকে-চক্রে] কূট কৌশলে; ঘটনা পরম্পরার ফেরে; কর্ম্মবিপাক হেতু; ষড়যন্ত্রে।

পাকজ [পাক + জ (জাত)] বিণ, পাকোদ্ভূত; পাকোৎপন্ন; পাক করিয়া প্রাপ্ত। ২ [সূর্য্যপক্ক বা অগ্নিপক্ক অথবা সমুদ্রাদির জল পাক করিয়া যা পাওয়া যায়] বি, পাঙ্গা লবণ; কয়কচ লবণ।

পাকজল [পাক-জল] বি, ঘূর্ণীজল; জলভ্রমি an eddy.

পাকড় [সং-প্রগ্রহ (বন্ধন, বন্দী) পগড়্‌ > হি° পকড়্‌। গ=ক] বি, ধারণ; ধৃত করণ। ২ বন্ধন। ~পাকড়-অ, ধর্‌ ধর্‌; পাকড়া কর। ধর পাকড়-ধর বান্ধা। গ্রঃ-প্রা° বাং-র-পাখড়। "দেউল দেহারা ভাঙ্গে কাড়্যা ফিড়্যা খায় রঙ্গে পাখড় পাখড় বোলে বোল।"-শূ° পু°। ক্রি, পাকড়া [হি° পক্‌ড়না। পাকড় + আ (ক্রিয়ায়)। পাকড়ি, পাকড়, পাকড়ে; পাকড়িতে, পাকড়িয়া (কো° পাকড়ে) নিজন্ত-পাকড়ান] ধরা; ধৃত করা arrest.

পাকড়ন [পাকড়াম গ্রঃ] বি, ধৃত-করণ। ২ ধারণ; গ্রহণ।

পাকড়া১ [পাকড় (গ্রঃ) + (স্বার্থে)] বি, ধৃতকরণ। পাং করা-ধরা; নির্ব্বন্ধাতিসয়ে ধরা; "চন্দ্রচূড় ঠাকুর রাজাকে আর এক-দিন পাকড়া করিয়া বলিলেন, মহারাজ! তীর্থপর্য্যটনে যাইব ইচ্ছা করিয়াছি।"-সীতা-রাম (বঙ্কিম°)। ২ গ্রেপ্তার করা; বন্ধন করা। ~পাকড়ি-ধরাধরি। ধরা-পাকড়া করা-ধরাধরি করা; ধরা বান্ধা।

পাকড়া২,পাখড়া [সং-পক্ষ > পাখ + ড়া (তুচ্ছার্থে), খ=ক গ্রা°] বি, পাখনা; পৃষ্ঠাস্থিফলকদ্বয় shoulder blades. ২ পক্ক কাপাস ও শিমুল ফলের বিদারিত এক এক পাখা বা পার্শ্ব। ৩ পাকা ও ফাটা শিমুল ও কাপাস ফল।

পাকড়াও [হি° পকড়াব্‌। পাকড় গ্রঃ] বি, ধৃত করণ; আয়ত্ত। ২ বন্ধন। "আমি ভাবিলাম এইবার একটা সম্বন্ধ পাতাইয়া আমাকে পাং করিবে।"-যোগেন্দ্র চট্টো-পাধ্যায়, প্রবাসী, ১৩১০।

পাকড়ান [পাকড় (গ্রঃ) + আন (ক্রিয়ায়)] নিজন্তরূপ। হি° পকড়ানা, পকড়বানা। বাং-য় নিজন্ত অনিজন্ত দুই রূপই একার্থে প্রয়োগ। পাকড়াই, পাকড়াও, (পাকড়ান, পাকড়াস), পাকড়ায় (পাকড়ান); পাকড়াইতে: পাকড়াইয়া (কো° পাকড়ে)] ক্রি, ধৃত করা; ধরা। ২ পলাতককে ধরা বা তার গতি রোধ করা।

পাকড়ী১ [পক্ষ (পালক) > পাখড়া (গ্রঃ) কোমলার্থে পাখড়ী পরে পাকড়ী] ফুলের দল; ফুলের পাতা; পাবড়ী। "চাঁপার পাকড়ী দিয়া গড়িল অঙ্গুলী"-অ° ম°। ২ পর্কটী বৃক্ষ; পাকুড় গাছ। "আনিল পাকড়ি ডাল হাঁই আমলাতি।" -কবিক°। ৩ লাল অশ্বত্থ (শ্রী° কী°)।

পাকড়ী২ [হি° পগ্‌ড়ী, গ=ক। পাক গ্রঃ। যা মাথায় পাক দিয়া বাঁধা বা বেষ্টন করিয়া পরা হয় অথবা পকড়্‌ (< প্রগ্রহ= ধারণ, বন্ধন) + ঈ, যা মস্তক বন্ধন করে] বি, শিরোবন্ধনী; মস্তকবেষ্টনী; উষ্ণীষ।

পাকতঃ [পাক + তস্‌] ক্রি-বিণ, পাকে প্রকারে; কার্য্যগতিকে।

পাকতেড়ে [পাক-তার + ইয়া-যে তারের মত পাকাইয়া গিয়াছে] বিণ, কৃশ; যার শরীরের চর্ম্ম মাংসহীন হাড়ের সহিত লগ্ন হইয়া কাঠিতে তার জড়াইবার মত হইয়াছে; অতিকৃশ; শীর্ণ।

পাকতৈল [গ্রা° পাকতেল। পাক (করা) তৈল, ম° প° লো] বি, নানাবিধ ভেষজ সহ পাক করা রোগহর তৈল; 'মধ্যম নারায়ণ,' 'গুড়্‌চ্যাদি', মহামাষ ই° কবিরাজী তৈল।

পাকদার [রেশম-শিল্প পরিঃ] বি, যে ব্যক্তি তোহোবিল ঘুরাইয়া রেশম সূত্রে জড়ায়।

পাকন [পাক >, পাকা গ্রঃ] বি, পাক ধরণ; কেশাদি শুভ্র হওন; ফলে বং ধরণ। ২ ফোটিকাদিতে পুঁজের সঞ্চার হওন। ৩ পরিপক্ক হওন; পরিণত হওন।

পাকনা [পক্ষ > পক্‌খ > পাখ ও পাক্‌ + না (ক্ষুদ্রার্থে)] বি, পক্ষ; পাখা; ডানা। ২ পৃষ্ঠাস্থিফলকদ্বয় shoulder blades. ৩ মাছের পাখা; মাছের সন্তরণ সহায়স্বরূপ

পিঠ, গলার নীচে ও পেটে যে পাখ্নার মত থাকে fins. ৪ আবর্ত্ত; ঘূরনী: ভ্রমি an eddy. ৫ [প্রাদে° রাঢ়ে] চাষীরা বীজ রোপনের সময়, জমিতে জল দিয়া যে কাদা প্রস্তুত করে। জমি পা° করা হইলে চাষ ভাল হয় সুতরাং ভাল ফসল হয়। ৬ জলময় ক্ষেত্রে হল চালনের কালে মাটিতে লাঙ্গলের যে রেখা পাত হয়।

পাকনাড়া [গ্রা° পাক দ্রঃ] বি. হাত ধরিয়া ঘূরপাক; করতলে জড়াইয়া ঘূরান। "ইহা করে সেই কোপে দেই পাকনাড়া। উত্তরীয় বসনে বান্ধিল পিছুমোড়া।"-শি°। "ফেলিয়া মারিল টাঙ্গি বাঘের দশন ভাঙ্গি লেজে ধরি দেয় পা°।"-কবিক°।

পাকপঁড়া [পাক দ্রঃ] বি. তৈলিক; কলু। বিণ, কুটীল; জটিল; পেঁচাও। ২ খল; কুতন্ত্রী।

পাক পাড়া [পথ ফেলা > ? পাড়া= পেটা। তুল-ধম্মল পেটা] ক্রি, পথফেলা; ক্রমাগত আসা যাওয়া করা।

পাকপাত্র [৬তৎ] বি, যে পাত্রে পাক করা হয়; রন্ধন-পাত্র; হাঁড়ি, তিজেল, চাটু ই°।

পাকপুটী [সং] বি, কুম্ভশালা; কুমারের পোয়ান kiln.

পাকম[সং- পক্ষম্ > প্রাকৃ°পাক(খ)ম। গ্রা° প্যাকম] বি, পক্ষীর পুচ্ছ। ২ ময়ূর-পুচ্ছ। পেখম দ্রঃ। "কেমন পাকম ধরি, কেকারব করি কবি ময়ূর ময়ূরী সব নাচিয়া বেড়ায়।"-বি° চক্রবর্ত্তী।

পাকমারা [পক্ষী > পাখী > পাখ + মার + আ (কর্ত্তা)] বি. ব্যাধ।

পাকমোড়া [পাক দ্রঃ] বি. রজ্জুতে পাক দিয়া বন্ধন; দুই হাত মুচড়াইয়া পিঠের দিকে বন্ধন; পাকান দড়ির কুণ্ডলাকার বেষ্টন। ২ কুণ্ডলীকৃত-কবরী। "সে ক্রিরে চূড়'র ঠাম কেবল যেমন কাম নানা ছাঁদে বাঁধে পা°।"-চণ্ডি°। ৩ [পক্ষ > পাক] পিছমোড়া।

পাকযজ্ঞ [পাক (চরু পাক)-যজ্ঞ] বি, হোমাঙ্গ চরুরন্ধনকার্য্য; বৃষোৎসর্গাদি অনুষ্ঠানঘটিত হোমকর্ম্ম।

পাকযন্ত্র [৬তৎ] বি. রন্ধন করিবার বৈজ্ঞানিক চুলা। ২ যে যন্ত্রে বৈজ্ঞানিক উপায়ে ঔষধাদি পাক করা হয়। ৩ জঠরের যে স্থানে ভুক্ত দ্রব্য পরিপাক হয়; পাকস্থলী stomach; digestive organ. ~প্রদাহ-বি, পাকস্থলীতে জ্বালা উৎপাদক রোগবিঃ gastritis.

পাকরঞ্জন [পাক-রন্জ্ (বর্ণান্তরোৎপাদনে, স্বাদুকরণে) + অন (ণে)] বি, তেজপত্র।

পাকরাল [পাক + আল (সাদৃশ্যার্থে), র আগম (প্রাদে° বাগ্ধারায়)] বিণ, পাকিবার মত; পাকল।

পাকল১ [সং] বি. কুড নামক সুগন্ধি ঔষধবিঃ sansurea auriculata. ২ হস্তীর জ্বর রোগ। ৩ অগ্নি। ৪ বিণ, রক্তবর্ণ; লোহিত; অগ্নিবর্ণ। "হীরারে জিজ্ঞাসে চক্ষু করিয়া পা°।"-ভারত°। "কোপেতে লহনা চক্ষু করিল পা°।"-কবিক° "পা° দিঠে চায়।"-ঘ° "অঙ্গদ বলে দেখাস কি পা° করে আঁখি।"-কৃত্তি°।

পাকল২, পাকলি,-লো [পাক১ (দ্রঃ) + ল (বালা, আল)] বিণ যা পক্ব করে। যাতে পাক ধরিয়াছে; পক্ব প্রায়; পাকা পাকা; পাকান।

পাকলা [উচ্চারণ ভেদে "পাক্লো", পাকাল২ দ্রঃ] বিণ, পাক ধরা; প্রায়পাকা; ডাঁসা ripe.

পাক(খ)লানি১ [সং-প্রক্ষালন > পাখালন >। পাখলান দ্রঃ] ক্রি, প্রক্ষালন করা; পাকলে খাওয়া। ২ দন্তাভাবে ভক্ষ্যদ্রব্য চর্ব্বণ করিতে না পারিয়া মাড়ির দ্বারা লালার সহিত প্রক্ষালন করিয়া করিয়া খাওয়াকে পাকলাইয়া পাকলাইয়া (গ্রা° পাক্লে পাক্লে) খাওয়া বলে।

পাকলানি২ [পাকল (দ্রঃ)+আন (ক্রিয়া বিভক্তি)। পাকলাই -লাও,-লায়;- লাইতে (ক্ষে° -লিতে, -লাতে); -লিয়া,- লাইয়া, প্পাকালিয়া (ক্ষে° পদ্যে-°কালি, পাকলাই, গ্রা° পাকলে)] ক্রি, রক্তবর্ণ করা; অগ্নিবর্ণ করা। "চক্ষু পাকলিয়া বলে রোষে।" -মহা° (কাশী°)। "হবুচন্দ্র রাজা কহে পাকালিয়া চোখ।"-রবী°।

পাকশাট, পাকসাট [পক্ষ > পাখ=পাক + ঝাপট > ঝাট > ছাট > সাট অথবা সাপট > সাট] বি, পক্ষ ঝাপট; পাখার ঝাপটা; পক্ষ আস্ফোটন; পক্ষ প্রহার। "শুক পাকসাট দিয়া সারিকারে খেদাইয়া"-ভারত°। ২ পক্ষ সঞ্চালন। "মহাতেজে উঠিল গগনে মহাবল। পাকসাটে উড়ি গেল পর্ব্বত সকল॥"-মহা° (কাশী°)। ৩ ঘূরপাক।

পাকশালা [৬তৎ] বি, পাক করিবার গৃহ; রান্নাঘর।

পাকশাস/ন [পাক (দৈত্যবিঃ) তার শাসন (শাস্তা), ৬তৎ] বি, পাকদমনকারী ইন্দ্র। ~নি [পাকশাসন (ইন্দ্র)+ই (অপত্যার্থে)] বি, পাকশাসনের পুত্র; ইন্দ্রনন্দন; জয়ন্ত।

পাকশুক্লা [সং] বি, খড়ী chalk.

পাকসাঁড়াশী [সাঁড়াশী দ্রঃ] বি, স্বর্ণকারের যন্ত্রবিঃ; যে যন্ত্রদ্বারা স্বর্ণকার স্বর্ণ বা রৌপ্যাদির তারে পাক দেয় a vice; a turn-screw.

পাকসাট-বি, পাকশাট দ্রঃ।

পাকস্থলী [৬তৎ] বি, পরিপাক যন্ত্র; উদরের মধ্যে পরিপাক স্থান।

পাকস্থান [৬তৎ] বি. রন্ধনশালা; রান্নাঘর।

পাকস্থালী [৬তৎ] বি, পাকপাত্র; রন্ধনপাত্র। ২ [বাং-পাকস্থলী অর্থে অপ্র] পাক যন্ত্র; উদরের যে স্থানে ভুক্ত দ্রব্য জীর্ণ হয়; হজমের ঘর।

পাকা১ [পিচ্ ধাতু >। পাকি, পাক (পাকেন, পাকিস), পাকে; পাকিতে (গ্রা° পাকতে); পাকিয়া (গ্রা° পেকে)। ণিজন্ত-পাকান] ক্রি. পক্ব হওয়া; পাক ধরা; পাকিয়া যাওয়া। ২ পরিণত হওয়া। প্র- বুদ্ধি পাকা। ৩ শুভ্র হওয়া। প্র-চুল পাকা। ৪ পুঁজপূর্ণ হওয়া। প্র-ফোড়া পাকা। ৫ বৃদ্ধ হওয়া; প্রবীণ হওয়া। প্র-বয়সে পাকা। ৬ বহুদর্শী হওয়া; ঝানু হওয়া। প্র-লোকটা আজন্মকাল দেখে দেখে পেকে গেছে।

বি, পাক, পাকন, পাকান, পাকা(কু)নি। প্র-পাক (-ন,-নি) ধরা। খুব পাক(কা)নটাই পেকেচে। আমের পাকুনি যখন আরম্ভ হবে ই০।

পাকা, [সং-পক্ব >] বিণ, পরিণত ; পুষ্ট। ২ পরিপক্ব। প্র-পাকা আম। ৩ বাক্‌পটু ; বাচাল। ৪ চতুর ; পরিণামদর্শী। ৫ খাঁটি : যা খোঁটা, অচল বা মেকি নয়। "তোমার কথায় টাকা,লয়ে গেনু জানি পাকা, তামা বলি ফিরে দিল সাটে।"-অ০ ম০। ৬ সারবান ; কর্ম্মণ্য। প্র-পরীক্ষায় বুঝিলাম বেশ পাকা লোক। ৭ মজবুত ; দৃঢ়। ৮ পুড়াইয়া কাঠিনীকৃত ; পোড় দেওয়া। প্র-পাকা ইট ; পাকা ছাদ ; পাকা বাড়ী। ৯ অকপট sound. ১০ পূর্ণ : পূরা ; চূড়ান্ত ; প্র-পাকা বদমাস। ১১ সিদ্ধহস্ত ; সুদক্ষ। প্র-পাকা রাঁধুনী ; পাকা শিল্পী। ১২ স্থায়ী : নির্দ্ধারিত পরিমাণে ; নিরিখ মত। প্র-পাকা ওজন। ১৩ স্থায়ী ; যা লুপ্ত হয় না। প্র-পাকা রঙ্। ১৪ স্থায়ী ; অপরিবর্ত্তনীয় ; যার নড়চড় হয় না। প্র-পাকা কথা। ১৫ সরকারী ৮০ সিক্কায় বা ৮০-র অধিক তোলার সেরের ওজন (বিপরীত কাঁচা অর্থাৎ ৮০-র নিম্ন, সাধাঃ ৬০ তোলার সেরের ওজন)। পাকা আম দাঁড়কাকে খাওয়া-সুখভোগ্য উত্তম সামগ্রী অযোগ্যের ভোগ হওয়ার ক্ষোভসূচক উক্তি। "ময়ূর চকোর শুক চাতকে না পায়। হায় বিধি পাকা আম্র দাঁড়কাকে খায়।" -ভারত০। ~-ইট-পাঁজায় পোড়ান ইট। ~-ওজন [পাকি দ্রঃ। উপরে ১৫ দ্রঃ] নির্দ্ধারিত এবং অপরিবর্ত্তনীয় তৌল ; স্থায়ী নিরিখ। ~-কথা-যে কথার অন্যথা হয় না ; নিশ্চয় বাক্য। ২ সত্য কথা ; খাঁটি কথা। ৩ কাজের কথা। পাকা করা-দৃঢ় করা ; সমর্থন দ্বারা নিশ্চয় করা to confirm. প্র-কথা পাকা করিয়া লওয়া। ২ ইষ্টক প্রস্তরাদিতে নির্ম্মিত করা। প্র-ছাদ পাকা করিয়া লওয়া। ~-কলা পাওয়া-পাকা কলা যেমন উপস্থিত আহারীয় তদ্বৎ ; পাকা কলার মত ভোগ্য বা উপস্থিত অন্নস্বরূপ প্রাপ্ত হওয়া। ~-খাতা-যে খাতায় হিসাবপত্র লেখা হইলে আর বদল করিতে বা কাটাকুটি করিতে হয় না। ~গাঁথনি, গাঁথুনি-চূণ, সুরকি যোগে ইট০-র গাঁথনি ; মাটির গাঁথনি নহে। ~ঘর-ইট পাথরাদিনির্ম্মিত ঘর ; কোঠা ঘর ; মেটে ঘর নয়। ~ঘাট-পুষ্করিণী প্রভৃতির শানবাঁধান ঘাট। ~ঘুঁটি-ঘুঁটি খেলায় ছকের যে ঘুঁটির উপরের ঘর হইতে নামিবার অর্থাৎ কাঁচিয়া বসিবার সম্ভাবনা নাই। ~চুল-বার্দ্ধক্যজনিত পক্বকেশ ; শাদা চুল ; শুভ্র কেশ। ~ছাদ-কোঠা বাড়ীর ইট, পাথর ও কড়ি বরগা ই০-র দ্বারা নির্ম্মিত ছাদ। ~ঝিঁকুট-পাকিয়া শুকাইয়া কঠিন ; ঝিঁকুট দ্রঃ। ২ অকালপক্ব। ~-তাল পড়া [লক্ষ০] পৃষ্ঠে কিল পড়া। ~-দলীল-আদালতগ্রাহ্য সাক্ষ্য পত্র বা প্রমাণ পত্র। ~দানা-পরিপুষ্ট শস্য। ~দালান-ইট পাথরাদি দ্বারা নির্ম্মিত দালান ; শানবাঁধান দালান ; রোয়াক। ~-দেখা-উভয় পক্ষ হ'তে পাত্র ও পাত্রী দেখিয়া বিবাহের সম্বন্ধ পাকা করা ; যে দেখার পর বিবাহের সম্বন্ধ নড়চড় হয় না। পাকা ধানে মই দেওয়া-ক্ষেতে পাকা ধান কাটিয়া ঘরে আনিবার কথা, কিন্তু এমন সময় যদি কেহ তাতে মই দেয় তা হলে ধান নষ্ট হইয়া কৃষকের সকল আশা ভরসা হয়। সেই ভাব হতে যা ভোগের উপযোগী হইয়াছে তা হতে বঞ্চিত করা ; যে উদ্দেশ্য সিদ্ধপ্রায় হইয়াছে তা ব্যর্থ করা ; যে কার্য্য সফলপ্রায় হইয়াছে তা অচিরাৎ পণ্ড করিয়া দেওয়া। ~পনা করা-পাকামি করা : শিশু হইয়া বৃদ্ধের মত আচরণ করা ; জ্যেঠামি করা। পাকা-পাকা [সংখ্যাধিক্যার্থে দ্বিত্ব] বিণ, বহুর মধ্যে পাকিয়াছে এমনগুলি ; যেটি যেটি পাকিয়াছে। প্র-পা০ আমগুলি আলাদা কর। ২ যে যে ব্যক্তি পরিণত বুদ্ধি বা অভিজ্ঞ এমন। প্র-তাদের মধ্যে পাকা পাকা লোক নির্ব্বাচন করে ভর্ত্তি করবে। ~পাকা কথা-প্রবীণোচিত উক্তি। ২ শিশুর মুখে বুড়ার মত কথা। ৩ আঁটুনি বাঁধুনির কথা। ~পোক্ত [একার্থক সহ০ দ্বয়] বিণ, পরিপক্ব ; সর্ব্বতোভাবে পাকা ; স্থায়ী ; কায়েমী। ২ পোক্ত দ্রঃ। ~বয়স-পরিণত বয়স ; বার্দ্ধক্য। ~বাড়ী-ইট পাথরের বাড়ী। ~বুদ্ধি-স্থিরবুদ্ধি ; পরিপক্ব বুদ্ধি : প্রজ্ঞা। ~মাছ-বড় বা বুড়ো মাছ। ~মাটি-কঠিন মাটি ; পোড়ান মাটি ; বিপরীত-কাঁচামাটি। ~মাথা-বৃদ্ধ বা বৃদ্ধার মস্তক। ~মাথায় সিন্দূর পরা-বৃদ্ধাবস্থা পর্য্যন্ত এয়োস্ত্রী থাকা। কারণ, বৃদ্ধাবস্থা পর্য্যন্ত স্বামী জীবিত থাকিলে তবেই বৃদ্ধা সীমন্তে সিন্দূর ধারণ করিতে পারে। ~মাল-উপস্থিত ভোগ্য বস্তু ; ভোগের বা ব্যবহারের জন্য যাহা প্রস্তুত। ২ পুষ্টিকর খাদ্য ; ~রাঁধুনী-দক্ষ সূপকার ; রন্ধনশিল্পে যার হাত পাকিয়াছে : শ্রেষ্ঠ পাচক। ~রান্না-উৎকৃষ্ট রন্ধন ; ঘৃত বা তৈলে পক্ব আহার্য্য-যা সিদ্ধ করা নহে। ~রাস্তা-ইট পাথরাদি দ্বারা বাঁধান পথ metalled road. ~লেখা-এক ছাঁদের অভ্যস্ত হস্তলিপি। ~লোক-দূরদর্শী ব্যক্তি ; চৌকস লোক ; কাজের লোক। ~লোহা-বিশেষ প্রক্রিয়া দ্বারা নির্ম্মিত মজবুত লৌহ ; ইস্পাৎ। ~সোনা-অমিশ্র স্বর্ণ ; যে সোণায় পান দেওয়া হয় নাই ; খাঁটি সোণা (বিপরীতে -মরা সোণা)। ~হাড়-বৃদ্ধের বা বৃদ্ধার শরীর। ~হাত-চির অভ্যস্ত হস্ত ; নিপুণ হস্ত। এঁচোড়ে পাকা-অকালপক্ব। কাঁচা-পাকা-পক্ব অপক্ব বা অপুষ্ট ও পরিণত উভয় মিশ্রিত। ২ ঠাণ্ডা ও গরম। প্র-কাঁচা পাকা জলে স্নান। ৩ কাল-শাদা। প্র-কাঁচাপাকা চুল। চুল পাকা-বৃদ্ধ হওয়া ; বুড়িয়ে যাওয়া। ২ বহুদর্শন লাভ করা। পোঁদ পাকা-অকালপক্ব ; ডেঁপো ; যে শিশু বয়সের অতিরিক্ত বুদ্ধি দেখায় ও সেই রকম কথা বলে। ফোঁড়া পাকা-ফোটকে পুঁজ হওয়া ; ফোড়া অস্ত্রোপচারের উপযোগী হওয়া।

পাকাইয়া [পাকান দ্রঃ] ক্রি, পাকদিয়া ; ঘুরাইয়া। "লক্ষ টাকার ঝারি পা০ফেলিল"-মাণিক০।

পাকাটী [প্রাদে০। পাট-কাটি > ক্ষে০।

উচ্চারণভেদে পাঁকাটি, পেঁকাটি, প্যাঁকাটি] বি, পাটকাটি ; পাটগাছের ডাঁটা। বিণ, পাকাটিয়া, পাকাটে, পেঁকা'ট, পেঁকুটে-পাটকাটির মত সরু ; অতি কৃশ।

পাকাটে [পাক (দ্রঃ) + আটিয়া=আটে (সাদৃশ্যার্থে)] বিণ, পাকানবৎ ; পাকতেড়ে।

পাকানি₁ [পাক₆দ্রঃ। পাকাই, পাকাও (পাকান, পাকাস), পাকায় (পাকান) ; পাকাইতে (কেং পাকাতে) : পাকাইয়া (ক্ষেং পাকায়ে, পাকিয়ে)] ক্রি, পাক দেওয়া ; দুমড়ান ; মোচড়ান ; পেঁচ দেওয়া ; জড়ান ; ঘুরান। "লক্ষ টাকার ঝারি পাকাইয়া ফেলিল"- মাণিক। [পাকাইয়া ফেলিল= করিল]। ২ [লক্ষং] জটিল করিয়া তোলা ; ঘুরাইয়া নিক্ষেপ। ৩ কুমন্ত্রণা করা ; জটলা করিয়া কোন অভিসন্ধি স্থির করা। বি. পাকান₂-নি।

পাকানি₃ [সং-পক্ক > পাক₁ + আন (ক্রিয়ায়)। পাকাই, পাকাও, পাকায়, পাকাইতে ; পাকাইয়া (ক্ষেং পাকিয়ে)] ক্রি, রন্ধন করা।

পাকাপাকি [পাকা + পাকা + ই (পরিণতি অর্থে), নিশ্চয়ার্থে দ্বিত্ব] বিণ, পরস্পর কর্তব্যবিষয় নির্দ্ধারণ ; স্থিরকরণ ; ধার্য্য ; সুনিশ্চিৎ ; দৃঢ় ; নড়চড় হবার সম্ভবনা নাই এমন। ২ স্বীকৃত। পাং করা, পাং করিয়া তোলা-চরম সীমায় আনা। ২ কায়েমী করা।

`পাকামি, `পাকামি [সং-পক্ক > পাকা (দ্রঃ) + আম, আমি (অনুকরণার্থে, তদ্বৎ আচরণার্থে)] বি, বাচালতা ; পাকার মত আচরণ। ইঁড়ে (এচোড়ে) পাক'মি-বি, অকাল পক্কের আচরণ।

পাকাল₁-পাকল দ্রঃ।

পাকাল₂ [পাক (পক্ব) + আলা (সাদৃশ্যে)] বিণ, পক্কপ্রায় ; ডাঁসা।

পাকাল/জমি [পঙ্কাল > পাকাল >] বি, যে জমির ধান্য বন্যা বা বৃষ্টির জলাদিতে নষ্ট হইয়া গিয়াছে ; যা জলে ধুইয়া বা ভাসিয়া গিয়াছে। ~ভাত-পাকাল দ্রঃ।

পাকাল্যা [পরাক্রম > গ্রাং] বি. পরাক্রম ; বিক্রম ; তেজ। "বীরের পাং দেখি, রাজা বড় হৈলা সুখী"-কবিকং। "বীরের পাং দেখি চিন্তিত ঈশ্বরী।"-ঐ।

পাকাশ/য় [পাকের (পরিপাকের) আশয় (স্থান), ৬তৎ] বি, পাকস্থলী। ~য়িক [পাং ইক] বিণ, পাকাশয় সম্বন্ধীয়।

পাকি, পাকী [হিং পক্কী (পকা তৌল। বিপরীত=কাঁচি)] বি, ৮০ তোলা বা ততোধিক ওজন ; পাকা তৌল।

পাকিমালা [পাকি (পক্ককাঠের) মালা (মাল্য)] বি, ধূম তৈল ইং যোগে পাকান অর্থাৎ বহুদিন ব্যবহারোপযোগী দৃঢ় করা কাঠের মালা ; যে মালা সহজে ভগ্ন হয় না ; "গালভরা গুয়াপান পাং গলে।"-অংমং।

পাকিল [প্রাং বাং। পক্ক + ইল (দ্রঃ)] বিণ, পক্ক ; পাকা। "দেখিল পাকিল বেল গাছের উপরে।"-শ্রীং কীং।

পাকী [পক্কিন্ >] বিণ, পাককারী।

পাকু [সং-প (পাকে) + উ (র্তৃ)] বিণ, পাককারী ; পাচক।

পাকুক [পক্ক > পাক + (উক₄)] বিণ, পাককারী ; পাচক।

পাকুড়, পাইকঁড় [সং-পর্কটী] বি, বট অশ্বত্থাদিজাতীয় বৃক্ষবিঃ ; পর্কটী ficus infectoria. "নদীর পাড়ত আছে বট আর পাইকড়"-মাণিকং।

পাকে [পাক দ্রঃ] অ, পাকচক্রে। ২ জন্য ; কারণে ; হেতু ; নিমিত্ত। "এই পাকে সেই কালে করেছিলাম আমি। দেবমায়া দেখে মোকে দোষ দিবে তুমি।"-শিং। "এই পাকে হৈলি তুই ছাগল রাখাল।"-কবিকং। "যত অভিমান থাকে পাসরি পত্নীর পাকে।" -ঘং। ৩ কৃপায়। "প্রাণ পাই তোর পাকে।"-মনসা মং (কেতকাং)। ~-পাকে [পাক₃ দ্রঃ] ক্রি-বিণ, ঘুরিয়া ফিরিয়া। ২ এক একবার এক একটি কৌশল ধরিয়া ; পাকচক্রে। ৩ চক্রে চক্রে ; পেঁচে পেঁচে। ~-প্রকারে [পাকে (কলে, চক্রে) প্রকারে (কৌশলে, উপায়ে)] ক্রি-বিণ, কলে কৌশলে ; পাকচক্রে। "সে-ই পাকেপ্রকারে রমেশকে বুঝাইয়াছিল যে হেমন্ত অতি দুর্দান্ত লোক।"

-স্বর্ণ প্রতিমা (হরিসাধন মুখোং)। ৩ অনিচ্ছা সত্ত্বে ; বাধ্য হইয়া ; কৌশলে পড়িয়া।

পাকোয়ান₁ [সং পক্কান্ন > হিং পক্‌বান] বি, ঘৃতপক্ক খাদ্য (লুচি কচুরী ইং)।

পাকোয়ান₂ [পাক₃ (দ্রঃ) + বান (হিং), পাকযুক্ত] বি, পাকদেওয়া রেশমী সুতায় নির্ম্মিত বস্ত্র (পাক না দেওয়া সুতায় রেশমী বস্ত্র অর্থে খাম)।

পাক্য [পচ্ (পাক) + য (র্ম্ম)] বিণ, পাকোপযোগী। ২ পাংশুলবণ। ৩ যবক্ষার।

পাক্যালা [পাইক + আলা] বি, পাইকগিরি ; পাইকোচিত বাহাদুরি। ২ বীরত্ব ; বিক্রম। "বীরের পাং দেখি চিন্তেন ঈশ্বরী"-কবিকং। "মায়া মৃগ হয়ে দেখি বীরের পাং"-ঐ।

পাক্ষিক₁ [পক্ষিন (পক্ষী)-ইক (সম্বন্ধে)] বিণ, পক্ষী সংক্রান্ত। ২ শাকুনিক ; পাখ-মারা ; চিড়িমার।

পাক্ষিক₂ [পক্ষ (কাল) + ইক (ভবার্থে)] বিণ, পক্ষকাল সম্বন্ধীয় ; যা প্রতিপক্ষে হয়। পাং জ্বর-যে জ্বর এক পক্ষ অন্তর হয়। পাং পত্র-যে সাময়িক পত্র ১৫ দিন বাদে বা প্রতি পক্ষান্তে বাহির হয়।

`পাক্ষিক₃ [পক্ষ (দল) + ইক (সম্বন্ধে)] বিণ, এক পক্ষীয় ; সাম্প্রদায়িক। ২ দল-বিশেষের ; পক্ষপাতী।

পাখ, পাখা [পক্ষ >] বি, পক্ষী। প্র-পাখ মারা। ২ পক্ষ ; ডানা। "পাখিক পাখ, মীনক পানি, জীবক জীবন হাম তুঁহু জানি"-বিং পং। ৩ পালক। প্র-পাখ উঠা। ৪ [হিং পংখা। পক্ষবৎ বলিয়া] তালবৃন্ত ; ব্যজন। পাং উঠা-পাখা দ্রঃ।

পাখঁড় [পকড় দ্রঃ। সং-প্রগ্রহ > হিং পকড়ো >] ধর। "দেউল দেহারা ভাঙ্গে * * পাং পাং বোলে বোল।"-শূং পুং।

পাখড়া [পক্ষ > পাখ + ডা (তুচ্ছার্থে) -পাক(খ)না ও। বর্ণবিপর্য্যয়ে প্রাদেং ব্যবহারে পাড়খা। "যমের বেটা * * পাড়খা ঢলায়"-ময়নাং গান। গ্রাং] বি. পৃষ্ঠাস্থি-ফলকদ্বয় ; পাখনা। ২ পাকড়া ২, ৩ দ্রঃ।

পাখড়ী-পাকড়ী দ্রঃ।

পাখঁণ্ড [সং-পাষণ্ড > হিন্দীর অনুকরণে, হিং-তে পাখণ্ডীও বলে। ষ=খ] বিণ, পাষণ্ড ; দুর্বৃত্ত।

পাখনা [পক্ষ > পাখ + না (ক্ষুদ্রার্থে)] বি, ডানা। ২ পালক। ৩ [পাখড়াও বলে] পৃষ্ঠাস্থিফলকদ্বয়।

পাখনাড়া [পক্ষ > পাক + নাড়া] বি, পাখীর ডানা ঝাড়া ।

পাখঁম-পেখম দ্রঃ।

`পাখরিয়া [পক্ষিরাজ >] বিণ, পক্ষিরাজ। ২ পক্ষিরাজের ন্যায় দ্রুতগামী। "সাজ সাজ বলিয়া পড়িয়া গেল সাড়া। আগুদলে ধায় যত পা° ঘোড়া।"-কবিক°।

পাখলা-পাখালা দ্রঃ।

পাখলান [সং-প্রক্ষালন ... পাখাল + আন (ক্রিয়ায়)। পাখলাই, পাখলাও, পাখলায় ; পাখলাইতে ; পাখলাইয়া (ক্ষে° গ্রা° পাখলে)] বি, ধৌতকরণ ; প্রক্ষালন করা। "প্রেমময়ী পার্ব্বতী পাইয়া প্রাণনাথে। পাখালিয়া পদ পাদোদক নিলা মাথে।" শি°। "পাখালি চরণে মুছিলা বসনে"-শূ°পু°।

পাখলানী [প্রক্ষালন-পানী > পখালন-আনী > ক্ষে°] বি, প্রক্ষালনের জল ; হাত-মুখ ধুইবার জল। "ঢাল ঢাল মুখ-পাখ্লানী"-প্রা° সূয্যের গান।

`পাখসাট [পাখশাট দ্রঃ] বি, পাখার বা ডানার ঝাপট।

`পাখা [পক্ষ > পাখ + আ (স্বার্থে)] বি, পক্ষ ; ডানা। ২ পালক। "এত বলি এক পাখা ঠোঁটে উপাড়িয়া।"-মহা° (কাশী°)। ৩ ব্যজন ; তালবৃন্ত। **পাখা উঠা** ['পাখ উঠা' ও°। পক্ষ > পাখ > পাখা] ক্রি, পক্ষোদ্গম হওয়া ; পালক বাহির হওয়া। ২ [পিপীলিকাদির পালক বাহির হইলে মৃত্যুমুখে পতিত হয়] > মৃত্যুর পূর্ব্বলক্ষণ দেখা দেওয়া ; বিপন্ন হইবার উপক্রম হওয়া। "পিপীলিকার পাখা উঠে মরিবার তরে।"-প্রবচন।

পাখালন [গ্রা°। সং-প্রক্ষালন্ >] বি, ধৌতকরণ।

পাখালা, পাখলা [সং-প্রক্ষালন > পাখাল + আ (ক্রিয়ায়)। হিং পখালনা। হিং-তে-"পায়পখাল=পাদ প্রক্ষালন। পাখালি, পাখাল, পাখালে ; পাখালিতে ; পাখালিয়া (ক্ষে° পদ্যে-পাখালি)] ক্রি, প্রক্ষালন করা ; ধৌত করা। "পা পাখালিয়া বীর জল দিল মুখে। ভোজন করিতে বীর বসিল কৌতুকে।"-কবিক°। **পাখালি**-প্রক্ষালন করিয়া। "পাখালি চরণে মুছিলা বসনে বসিল সুনার খাটে।"-শূ° পু°। **পাখালিল**-ধৌত করিল। "পাখালিল মহাবীর পদ পাণি মুখে। ভোজন করিতে বৈসে মনের কৌতুকে।"-কবিক°। **পাখালে**-ধৌত করে। "চরণ পাখালে তাঁর দুর্ব্বলা কিঙ্করী।"-কবিক°। "পাদপদ্ম প্রভুর পাখালে নৃপমণি।"-ঘ°।

পাখি$_১$,-খী$_১$ [প্রাদে°। পূ° বঙ্গ, বগুড়া ই°] বি, ৩০ কানি পরিমাণ জমি। " উত্তরে সাক্ষী বলে, আমার ১০ পাখী জমি আছে ভাওয়াল রাজের অধীনে।"-আ° পত্রিকা।

পাখি$_২$-খী$_২$ [পক্ষক (দ্রঃ) >] বি, চাকার ধুরায় সংলগ্ন কাষ্ঠদণ্ডাবলী। ২ খড়খড়ী বা ঝিল্‌মিলির এক একখানি কাষ্ঠখণ্ড। ৩ মইয়ের এক একটি ধাপ।

পাখী$_৩$ [পক্ষী > চট্ট° প্রাদে° পাইখ, পাউখ] বি, পক্ষী ; বিহঙ্গম ; বিহগ। **পাখী পঁড়ানি, পাখী পড়ার মঁত পঁড়ানি**-ক্রমাগত উপদেশ দিতে দিতে মুখস্থ করাইয়া দেওয়া। **~-পক্ষী, ~-পাখাল**[তুল-জীব-জন্তু] বি, পক্ষীজাতীয় প্রাণী ; ছোটব ড় ভিন্ন ভিন্ন পাখী। **~মারা**-বি, পাখমারা ; ব্যাধ। **পাখীর প্রাণ**-ক্ষীণপ্রাণ ; ক্ষীণজীবী। **প্রাণপাখী**-পাখীসদৃশ প্রাণ-যা দেহ-পিঞ্জরে থাকে ও মৃত্যুকালে দেহ-পিঞ্জর হ'তে উড়িয়া যায় ; প্রাণবায়ু।

পাখুড়া-পাখুরা দ্রঃ।

পাখুড়ী [পাকড়ী দ্রঃ] বি, নবপল্লব।

পাখুরা,-ড়া [প্রাদে°] বি, সূত্রধরের ব্যবহার্য্য কাঠচাঁচা যন্ত্রবিঃ ; বাইসবিঃ।

পাখোয়াজ, পাখাজু [ফা°পখ্‌বাজ্] বি, মৃদঙ্গের ফারসী নাম। "কেহোঁভাবে বশ হৈঞা, মন্দিরা পাখাজু লইঞা"-ভাগবত (অচ্যুত°)।

পাগ$_১$, পাগড়ী$_১$ [সং-প্রগ্রহ > প্রাকৃ° পগ্‌গহ > হিং পাগ, পাগড়ী] বি, পাগ ; শিরস্ত্রাণ ; উষ্ণীষ ; শিরোবেষ্টন বস্ত্র। "শোভিল অপূর্ব্ব পাগ মস্তক মণ্ডলে।"-কৃত্তি°। "কারো বা মাথায় পাগড়ি লোহিত কারো বা হরিৎ বর্ণ।"-রবী°। "পাগখানি বান্ধে ভাঁড় নাহি ঢাকে কেশ।"-কবিক°। "ফেলিয়া বন্ধুক জামা পাগ তলবার"-ভারত°। ২ তাজ ; টুপী। "মাথায় পাগড়ী টেড়ি টেয়া বান্ধ তায়।"-ঘ°। **পা° আঁটা**-পা° বাঁধা। **~ওয়ালা**-যার মাথায় পাগড়ী বাঁধা আছে ; যে বা যারা পা° ব্যবহার করে। তুল-টুপীওয়ালা। **~বাঁধা**-মাথায় পা° জড়ান।

পাগ$_২$ [মৈমনসিং প্রাদে°] বি, পাতিল ; তিজেল। "যত সব হাঁড়ী পাগ নেহ ই-সকল" -মনসা ম° (বংশী°)।

পাগড়ী$_২$-পাগ$_১$ দ্রঃ।

পাগঁর [পাগল উচ্চারণ ভেদে, প্রা° বাং। ল=র] বি, পাগল ; বাতুল। ২ মত্ত ; মাতাল। "কি দিয়া সুন্দরী মোরে করিল পা°।"-কবিক°। ৩ অতি মুগ্ধ।

পাগল [সং। প্রাদে° চট্টল° পাঅল] বিণ, বাতুল ; মত্ত ; উন্মাদ ; ক্ষ্যাপা। "সাধে কি গো শ্মশানবাসিনী, পাগলে করেছে পা° তাইত ঘরে থাকিনি"-গান (গিরিশ°)। ২ মাতাল। ৩ বিমুগ্ধ। ৪ অবোধ ; বোকা। স্ত্রীং **পাগলী** (বিরল), **পাগ্‌লী** (কথ্যভাষায়), **পাগলিনী** (অশুদ্ধ কিন্তু বাং-সা° ভূরি ব্যবহার) দ্রঃ। **পা° করা**-সহজ জ্ঞান হরণ করা ; ক্ষ্যাপানো। ২ মাতাল করা। ৩ মুগ্ধ করা। **~খানা**-পাগলা গারদ। **~ছাগল** [ছাগল, পাগলের সহচর, শব্দ সাদৃশ্যার্থে] পাগলেরই প্রায় ; পাগলেরই পর্য্যায়ভুক্ত ; ক্ষ্যাপা পাগল। প্র-আহা পাগল ছাগল মানুষ ওকে আর কিছু বলিও না। **~পণা**-পাগলামি। **~পারা**-পাগলের মত ; ক্ষিপ্ত প্রায় ; ক্ষ্যাপার মত। "আঁধারে পাগলপারা ঘুরে বেড়ায় শূন্যময়"-রজনী সেন। **ক্ষ্যাপাপাগল** [একার্থক সহং দ্বন্দ্ব] বি, উন্মত্ত প্রায়। ২ এলোমেলো।

পাগলা [পাগল (দ্রঃ) + আ (অবজ্ঞার্থে)] বি, পাগল ; উন্মাদ। আদরার্থে

আ যোগ] ক্ষ্যাপা ; ছেলেবুদ্ধি ; চঞ্চলমতি। স্ত্রীং পাগ্‌লী। ~গারদ-পাগলখানা ; বাতুলাগার।

পাগলাই [হিং পগ্‌লাই। প্রাং বাং] বি. পাগলের ভাব ; বাতুলের মত ব্যবহার : ক্ষ্যাপার মত আচরণ ; পাগলামি। "পাং না করিহ না ছড়াও ঝুট"-চৈং চং।

পাগলাটে [পাগল + আটিয়া (সাদৃশ্যে), অথবা পাগলত্ব বা পাগলতা + ইয়া (বিশিষ্টার্থে), ত=ট-পাগলাটিয়া > ক্ষেং] বিণ. পাগলের মত ; পাগলের ছিটযুক্ত।

পাগলামি, -মি [তুল-হিং পগলাই। পাগ্‌লা + ম, আমি, মি (ভাবার্থে, আচরণার্থে)] বি. পাগলের ব্যবহার ; পাগলপনা ; ক্ষ্যাপামি।

পাগলী [পাগল (দ্রঃ) বা পাগলা > স্ত্রীং পাগলিনী ওং] বি. উন্মত্তা ; বাহ্যজ্ঞান শূন্যা। ২ [আদরার্থে] ক্ষেপী ; চঞ্চলা। ৩ ইচ্ছাময়ী। "পাগল বাবা পাং আমার মা, আমি তাদের পাগলী মেয়ে আমার মায়ের নাম শ্যামা।"-গিরিশং।

পাগা, পাগাদড়ী [সং-প্রগ্রহ > পাগা + ডোর > দড়ী। শ্রীহট্টং প্রাদেং পাগি] বি. অশ্ব-গবাদি পশুবন্ধন রজ্জু।

পাগি [প্রাদেং শ্রীহট্ট। পাগা দ্রঃ] বি. ধান মাড়া দিবার সময় যে দড়ী দ্বারা গো-সকলকে বাঁধা হয়।

পাও [পাউ দ্রঃ] ক্রি, ১ম পুং, পাই।

পাঙাশ [পাঙ্গাশ দ্রঃ। সং-পাংশু >] ক্যাকাসে বর্ণ। ২ পিঙ্গলবর্ণ। ৩ বি. আড়্‌টেংরা জাতীয়ের ন্যায় শল্কহীন রক্তাভ পাণ্ডুরবর্ণ চেপ্‌টা মৎস্যবিঃ। ৪ বিণ. রক্তহীনতায় পাণ্ডুর ; ফেকাসে। প্র-হাত পা পাঙাশ হয়ে যাওয়া।

পাঙক্ত [পঙ্‌ক্তি + অ(ভবার্থে)] বিণ. পঙ্‌ক্তি সম্বন্ধীয় ; পঙ্‌ক্তিজাত।

পাঙক্তেয় [পঙ্‌ক্তি + এয় (যোগ্যার্থে)] বিণ. এক পঙ্‌ক্তিতে ভোজনযোগ্য।

পাঙ্গা১ [পাংশু >] বি. আকরীয় লবণ ; সৈন্ধব। ২ সাম্ভর লবণ।

পাঙ্গা২ [প্রাং] ক্রি. বুঝা ; চেনা ; জানা। পেঙ্গে যাওয়া-চিনে লওয়া (ধাত, মেজাজ ইং)।

পাঙ্গাশ, পাঙ্গাস [সং-পিশঙ্গ >] বি. নীল-পীত মিশ্র বর্ণ নীলাভ পীত ; পিঙ্গল। ২ [পাঙাশ দ্রঃ] পাংশুবর্ণ ; পাণ্ডুরবর্ণ ; মেটেরঙ্। ৩ [সং-পিঙ্গাশ >] পাঙাশ মাছ। ৪ বিণ. পাঙ্গাশবর্ণ। বিণ. পাঙ্গাশিয়া, পাঙ্গাসে, পাঙাসে, পাঙ্গুসিয়া-প্রাং বাং। "পাঙ্গুসিয়া ভাদ্দমুগী বুনেন খেমরাজ।"-শূং পুং।

পাঙ্গুর [প্রাং বাং। পাদাঙ্গুল >] বি. পায়ের আঙুল।

পাঙ্গুসিয়া-পাঙ্গাশ দ্রঃ।

পাচক [পচ্ (পাক করা) + অচ্ (র্তৃ)-যে পাক করে] বিণ. যে পরিপাক করায় ; জীর্ণকারক ; হজমী। ২ রন্ধনকারী ; সূপকার (স্ত্রীং পাচিকা)। ৩ বি. বহ্নি। ৪ জঠরাগ্নি ; জঠরস্থ পরিপাককারী রসবিঃ।

~**পিত্ত** [ভৈষজ্য শাং] বি. যে পিত্ত পাকাশয়ের মধ্যে থাকিয়া ভক্ষিত দ্রব্য পরিপাক করাইয়া রস, মূত্র ও পুরীষ যথাস্থানে প্রেরণ করিয়া অবশিষ্ট পিত্তের কার্য্যের সহায়তা করে।

পাচড়া-পাঁচড়া দ্রঃ।

পাচতি, -তী [প্রাদেং। প্রাং বাং] বি. ধাত্রী ; ধাই। "সাধুর কিঙ্করী ডাকি আনিল পাচতি। শুভক্ষণে হৈল তার কন্যা রূপবতী॥" -কবিকং।

পাচন১ [পচ্ + ণিচ্ > পাচি (পাক, পরিপাক করান) + অন (র্তৃ), যা জীর্ণ করায়। অথবা পঞ্চন (পাঁচ) >। পাঁচরকম গাছপালার মিশ্রণে প্রস্তুত হয় বলিয়া। তুল-ওড়িং পাঞ্চন] বি. বিবিধ ওষধি লতা মূলাদির কাথ। ২ আমপাচক দ্রব্য ; পরিপাককারী ঔষধ digestive remedy ৩ বিণ. জীর্ণকারক।

~**গ্রন্থি** [শারীর বিদ্যাং পরিঃ] বি. পকাশয় নিম্নস্থ গ্রন্থির আকার ও পরিপাক ক্রিয়াসহায় রস ক্ষরণকারী যন্ত্রবিঃ ; ক্লোম ; অগ্ন্যাশয় pancreas.

পাচন২ [সং-প্রাজন। "প্রাজনং তোদনং তোত্রং"-অমরং। বগুড়া অঞ্চলে 'পাচি' স্থানভেদে 'পাঁচনী' ; প্রাং বাং-পাচন্ বাড়ি, পাঁচনি ; ওড়িং পাঞ্চন] বি. "গরু তাড়াতে পাং হাতে রাখাল গেয়ে যায়।"

পাচনক [পাচন দ্রঃ। স্বর্ণাদি ধাতুর পাক (জীর্ণ) করায় বলিয়া] বি. সোহাগা।

পাচনবাড়ি [সং প্রাজন > পাচন (দ্রঃ)-বাড়ি (লাঠি)] বি. গবাদি তাড়নদণ্ড।

পাচনী [পাচন + ঈপ্] বি. হরীতকী। ২ [পাচন দ্রঃ] পাঁচনবাড়ি ; গবাদি তাড়নদণ্ড। ৩ [লক্ষং] প্রহার। তুল-গো-বেড়ন।

পাচলা [সং-পচ্ (পাক করা) ধাতু >। প্রা-বাং] বি. পাকের দ্রব্য ; রন্ধনদ্রব্য। ২ পূজোপকরণ ; উপচার। প্র-ধূপ দীপ নানাবিধ নৈবেদ্য পাং।"-কবিকং।

পাচার [সং-পার (কর্ম্ম সমাপ্তি) >, বা সাবাড় (দ্রঃ) > শেষ করার ভাব] বি. শেষ ; সাবাড় ; খতম। "পাঁটা হাড়িকাটে ফেলিয়াছি, একবার বাবা পঞ্চানন্দের নাম করিয়া এককোপে পাং কর।"-বঙ্কিমং।

পাচালি১ [পাদচালন > ক্ষেং পাচালি] বি. পাদচালন ; স্বল্প ভ্রমণ।

পাচালি২ [সং-পঞ্চালিকা > পাঁচালি > পাচালি] বি. পঞ্চালি ; পাঁচালি ছন্দে রচিত গীতিপুস্তক। প্র-সত্যনারায়ণের পাং ; শনিঠাকুরের পাং। ২ ছন্দোবিঃ। প্র-পাচালি ছন্দ।

পাচিকা [পচ্ (পাক করা) + অক (র্তৃ) আ (স্ত্রীং), ই আগম] বি. পাককারিণী ; রন্ধনকারিণী। পুং পাচক।

পাচিত [রাসাং পরিঃ] বিণ. অগ্নিপক ; দগ্ধ ; ভর্জ্জিত ; শূল্য roasted.

পাচিল, পাঁচিল [প্রাচীর >] বি. প্রাচীর ; দেওয়াল। "অন্তঃপুরের পুরাতন যে পাচিলগুলো সবই ভাঙ্গলো।"-দ্বিং রায়।

পাচ্চা-পাতশা দ্রঃ।

পাচ্য [পচ্ (পাক করা) + য (র্ম্ম) বিণ. পাকযোগ্য। ২ পরিপাকযোগ্য ; পচনীয়।

পাছ [পশ্চাৎ >] বি. পিছন ; পশ্চাদ্ভাগ। ২ ক্রি-বিণ. পাছু ; পশ্চাৎ ; পরে। প্রাং বাং-পাছুঁ, পাছু-ক্রি-বিণ. পশ্চাতে। পাছে -ছুঁ, -ছে-পশ্চাৎ ; পরে। ২ আশঙ্কায়।-শ্রীং কীং।

পাছড়া, পাছড়ী, পাছুড়া, -ড়ী, পাছোড়া [হিং পিছোঁড়া, পাছুড়ি (স্কন্ধ

হ'তে পৃষ্ঠদেশে ঝুলাইবার বস্ত্র। ত্রিপুরা প্রাদে॰ পাছরা] বি. উত্তরীয় বস্ত্র : উড়ানি : খেশ ; রেশমের চাদর। "পাটের পাছড়া দিল সকল শরীরে।"-কৃত্তি॰। "রাজা গৌড়েশ্বর দিল পাটের পাছড়া॥"-ঐ। "পাটের পাছড়া পৃষ্ঠে ঘন উড়ে বায়। ধড়ার আঁচল লুটি পাএ পড়ি যায়।"-শ্রীকৃষ্ণবিজয়।

পাছড়ানি [আছড়া >] ক্রি. শস্যাদি হ'তে আবর্জ্জনা পৃথক্ করা (কুলার দ্বারা এই কার্য্য হইয়া থাকে)। ২ কায়দা করিয়া ফেলা ; ছাগল বা মহিষ বলি দিবার সময়ে উহার মাথা হাড়িকাঠে আবদ্ধ করিয়া পা ধরিয়া পশ্চাতে টানিয়া ধরা। ৩ [পাছাড়া দ্রঃ। পাছড়াই, পাছড়াও, পাছড়ায় : পাছড়াইতে ; পাছড়াইয়া (ক্ষে॰ পাছড়ায়ে, পাছড়ে)] ক্রি. আছাড় দেওয়া।

পাছড়া-পাছড়ি [আছড়া > পাছড়া + পাছড়া + ই। পরম্পরার্থে দ্বিত্ব] আছড়া আছড়ি। ২ [প্রাদে॰, শ্রীহট্ট॰] জড়াজড়ি।

পাছদুয়ার [পশ্চাৎদ্বার >। ঢাকা প্রাদে॰] খিড়কি ; নাছদুয়ার দ্রঃ।

পাছরা-পাছড়া দ্রঃ।

পাছা১ [সং-পশ্চাৎ > প্রাকৃ॰ পচ্ছা > বাং-য় পাছা। সং-তে স্ফিচ্ শব্দের অর্থও পাছা] বি পশ্চাৎভাগ ; নিতম্বদেশ। ২ [নৌ॰] নৌকার পশ্চাৎভাগ।

পাছা২-বি, পাছাড়ি দ্রঃ।

পাছাড় [পশ্চাৎ >। হিং পছ্‌বাড়্ বা পিছ্‌বাড়্ (পশ্চাৎ) >। হিং পছাড়্‌না (আছাড় দেওয়া)] বি. পশ্চাৎ হ'তে ধরিয়া ভূতলে নিক্ষেপ : পিছন হ'তে কোমর ধরিয়া আছাড়। "ভীম তারে ধরিয়া পাছাড় মারিলেক।"-মহা॰ (বিজয়॰)।

পাছাড়া [পাছাড় (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি)। পাছাড়ি. পাছাড়. পাছাড়ে : পাছাড়িতে : পাছাড়িয়া (ক্ষে॰ পদো-পাছাড়ি. গ্রা॰ পাছ্‌ড়ে) নিজন্ত-পাছড়ানি২ (দ্রঃ)] ক্রি, পাছাড় দেওয়া ; পশ্চাৎ হইতে কোমর ধরিয়া আছাড় দেওয়া। "কে কারে পাছাড়ে কে মানে কাহার বোল॥"-অ॰ ম॰। "পাছাড়িয়া মুচড়িয়া ভাঙ্গে কার ঘাড়। ঘোর শব্দ করি কেহ কহে ছাড় ছাড়॥"-শি॰।

পাছাড়ি১ [সং-পশ্চাদ্বর্ত্তী > হিং পছ্‌বাড়ি - পিছ্‌বাড়ি - পিছাড়ি, বাং-য় পাছাড়ি] বিণ, পশ্চাদ্বর্ত্তী ; পশ্চাতের ; পিছনের ; পেছ্‌লি। "আগাড়ি পাছাড়ি দড়ি ছাড়াইয়া রায়। গা খানি মাজিয়া নিল রাজার সভায়॥"-ধ॰। ২ বি, ঘোড়ার পিছনের পা বাঁধিবার দড়ী।

পাছাড়ি২ [পাছুড়া দ্রঃ] বি, পাটের এক-প্রকার মোটা কাপড় (পূ॰ব॰ গী॰)। পাছড়া, পাছুড়ি দ্রঃ।

পাছানি [পশ্চাৎ > পাছ + আন (বাং-ক্রি-বিভক্তি)। প্রা॰ বাং। পাছাই, পাছাও, পাছায় ; পাছাইতে ; পাছাইয়া। আধু॰বাং -পিছান (দ্রঃ)] ক্রি, পশ্চাৎপদ হওয়া ; পিছু সরা ; পশ্চাদ্‌গামী হওয়া। "পাছাইল পদ্মমুখী পেয়ে মহাভয়। সখী মাঝে শব্দ করি সাপ্ সাপ্ কয়॥"-শি॰। ২ পিছাইয়া পড়া ; অগ্রসর হতে না পারিয়া পশ্চাতে থাকা।

পাছানা [প্রাকৃ॰ 'পচ্চহি আণ'] ক্রি. প্রত্যভিজ্ঞান : চেনা। "এরূপ যৌবন পাছানা জাইবে তুলি চাহ মোর মুখে"-শ্রী॰ কী॰।

পাছাপেড়ে [পাছা (দ্রঃ) + পাড + ইয়া। সধবা স্ত্রীদিগের পরিধেয় বস্ত্রের মধ্যে যে বস্ত্রের দুইটি ধারী বা পাড ব্যতীত অতিরিক্ত একটি পাড় থাকে এবং বস্ত্র পরিধান করিলে যা নিতম্ব বেষ্টন করে। ইহাকে তিনপেড়ে সাড়ীও বলে] বিণ, পাছাবেষ্টনকারী পাড়-বিশিষ্ট ; তিনপেড়ে।

পাছু [পশ্চাৎ >। পিছু পেছু ও॰] ক্রি-বিণ, পিছে ; পশ্চাৎ ; পিছন। "কত দূরে গিয়া মাতা পাছু পানে চায়॥"-কবি বল্লভ। "করিল নির্ম্মাণ নানা অনুষ্ঠান বিরচিল পাছু বাট।"-শূ॰ পু॰। "মধুকরকুল পাছু পাছু ছোটে, বুঝি পরিমল লোভে ধায়"-বঙ্গসুন্দরী। ২ পাছে। "ধীরে ধীরে কও কথা হাড়িপা পাছু শুনে"-গোবিন্দ॰ গীত।

পাছুতে, পিছুতে, পেছুতে-পশ্চাতে ; পরে ; শেষে।

পাছুআন, পাছুয়ান • [পশ্চাৎ > পাছ : পাছু + আন (বান=ওয়ান), তুল -হিং পাছোয়ান। বিপরীত-'আগুয়ান'] বিণ, পশ্চাদ্বর্ত্তী ; পশ্চাতের ; পিছনের। "রথ লয়ে সারথি হইল পাছুআন"-মহা॰ (কাশী॰)।

পাছুড়া১ [পাছড়া দ্রঃ] বি, উত্তরীয়।

পাছুড়া২ [পাছড়ান দ্রঃ] ক্রি, কুলা-দ্বারা চাউলাদি ঝাড়িয়া প্রস্তুত করা।

পাছুড়ি [পাছাড়ি দ্রঃ। প্রাদে॰] বি, ঘোড়ার পেছ্‌লি পা বাঁধিবার দড়ী। "আগুড়ি পাছুড়ি দড়ি ঘুঁড়ীর গলায়॥"-ধ॰। ২ [পাছড়া দ্রঃ] বি, উত্তরীয় বস্ত্র। "ব্যস্ত হয়ে কাল চিতা বিছাল পাছুড়ি। লুঠ করি মোট বান্ধে চিড়া লাড়ু মুড়ি॥"-কবিক॰।

পাছুণ্ডা [প্রাদে॰] বি, ঢেঁকির পিছনের অংশ, যেখানে পা দিয়া চাপিয়া ঢেঁকির মুখ তোলা হয়।

পাছুরী [হিং পিছাড়ী] অ, পশ্চাৎ। "মলুয়া রইলে কাছে পা॰ চলিল"-মৈ॰গী॰।

পাছে [সং-পশ্চাৎ > হিং পাছু =ভয়ে পশ্চাৎপদ হওয়ার ভাব ; কোন কিছুর পরিণাম ভাবিয়া সঙ্কোচের ভাব] অ, ভয় হয় যদি পরে ; আশঙ্কা হয় ; পশ্চাতে যদি। প্র-পাছে তার অনুরোধ রক্ষিত না হয়। পাছে পড়িয়া যায়। "ভাই মোর দায় তোর পাছে চোর ভাগে"-ভারত॰। ২ পশ্চাৎভাগে ; পিছনে।

পাজইন [পাচনী শব্দ বিকারে। শ্রীহট্ট॰ প্রাদে॰] বি. গরু তাড়াইবার কঞ্চি বা দণ্ডবিঃ।

পাজানি১ [সং-পিজি। পজধাতু দীপ্তি অর্থে। কামারশালে ব্যবহৃত পারিভাষিক শব্দ] বি, লোহাগ্র আগুনে তাতাইয়া ধার করা ; শান দেওয়া। ২ [পিজ ধাতু হিংসায়। প্রাদে॰ ব্যবহার, ময়মনসিংহ] গবাদির রোমন্থন।

পাজানি২ [শ্রীহট্ট॰ প্রাদে॰। তুল-হিং পাগুরানা] ক্রি. রোমন্থন করা। "বলদটি শুইয়া পাজাইতেছে"।

পাজামা [ফা॰ পায় জামা। পায়ে পরিবার জামা] বি. কোমর হ'তে গোড়ালি পর্য্যন্ত ঢাকিবার পরিচ্ছদবিঃ ; ইজার।

পাজ, পাজী [সং-পজ্জ (পাদ-জন্ + ড. র্ত্=পাদজ)। অথবা পিজ্ (হিংসায়) >। কিন্তু ফা॰ পাজী (নীচ) > বাং-য় পাজি, কারণ এই শব্দ মুসলমান প্রবেশের পূর্ব্বে বাং-

সাহিত্যে দৃষ্ট হয় না]' বিণ, নীচ ; অধম : পামর। "বোলেম, 'রামা পাজি' এখনি যা"-দ্বিং রায়। "সদা নীচ সঙ্গে থাক তুমি, রাজা বট রীতি পাজি।"-রাম০ প্র০। পাজীর পা-ঝাড়া-পজ্ঝড় দ্রঃ। নিরেট বা বদ্ধ পাজী-বিণ, নীচতা বা দুষ্টামিতে এমন পরিপূর্ণ যে সংশোধনের বা সদুপদেশ ধারণের তিল মাত্র স্থান নাই ; চূড়ান্ত পাজী।

পাঝানি [প্রাদে০শ্রীহট্ট০] ক্রি, পচানো। "জলে ভিজাইয়া পাট পাঝাইতে হয়।"

পাঞ্জোর [ফাং পায়্জেব > হিং পায়্জেব্ > গ্রাংবাং-পাঁইজর, পাঞ্জোর। সং-পাদমঞ্জরী হ'তে আসাও সম্ভব] বি, চরণের অলঙ্কারবিঃ ; নূপুর।

পাঞ্চ [সং-পঞ্চ > প্রাং বাং, পাঞ্চ] বি, পঞ্চ ; পাঁচ। "পাঞ্চ ইন্দি" [=পঞ্চেন্দ্রিয়]- চং ৪৫।১। "পাঞ্চতত্ত্ব"-চং পদ। "এহাত মোর পাঞ্চলাথ দানে।" -শ্রীং কীং। ~জন্য [পঞ্চজন (সমুদ্রস্থিত অসুরবিঃ) + অ (জাতার্থে)] বি, কৃষ্ণের শঙ্খ। হিরণ্যকশিপুর পৌত্র পঞ্চজন অসুর সমুদ্রগর্ভে বাস করিত। শ্রীকৃষ্ণ তাকে বধ করিয়া তার অস্থিতে এই শঙ্খ নির্ম্মাণ করেন। "পাং শঙ্খ বাজে হৃষীকেশ করে"-গীতা ১।১৫ (কুমারনাথ)। ২ বিষ্ণুর শঙ্খ। "গদাচক্র তেয়াগিয়া পাং বাজাইয়া অন্নদা উদ্দেশে পদ্ম দিয়া। অনশনে যোগ ধরি তপস্যা করেন হরি রমা বাণী সংহতি করিয়া।"-অং মং। শঙ্খ দ্রঃ। ~দশ [পঞ্চদশ + অ (সংজাতার্থে)] বিণ, পঞ্চদশ সম্বন্ধীয়। ২ পঞ্চদশী তিথিতে জাত। ৩ বি, অলৌকিক বহ্নি। ~পাদিক [পাঞ্চপাদ + ইক (স্থ্যং)] বিণ, পঞ্চপাদ পরিমিত ; পাঁচফুট লম্বা। ~ভৌতিক [পঞ্চভূত (ক্ষিত্যাদি) + ইক] বিণ, পঞ্চভূত সম্বন্ধীয়। ২ পঞ্চভূতময়। ৩ পঞ্চভূত হইতে উৎপন্ন। ৪ বি, শরীর ; দেহ। >স্ত্রীং ~ী। ~লিকা, পাঞ্চালিকা [সং] বি, কাপড়ের পুতুল : গুড়িয়া। ~বার্ষিক [পঞ্চবর্ষ + ইক (সম্বন্ধার্থে)] বিণ, পঞ্চবর্ষীয়। ২ প্রতি পাঁচ বৎসর অন্তর যা ঘটে বা জন্মে কিম্বা প্রকাশিত হয়। ~শব্দিক [পঞ্চন (পাঁচ) শব্দ (ধ্বনি) + ইক (উৎপন্নার্থে)] বিণ, পঞ্চপ্রকার শব্দ সম্বন্ধীয়। ২ বি, দেবায়তনে বাদনীয় অঙ্গজ (করতলগালবাদ্যাদি), চর্ম্মজ (আনদ্ধ ব্যাদ্য মৃদঙ্গাদি), তন্ত্রজ (বীণাদি), কাংস্যজ (কাংস্যখরতালাদি) এবং ফুৎকৃত (শুষির বাদ্য বংশী ইং) এই পঞ্চবিধ বাদ্যধ্বনি।

পাঞ্চাল [পঞ্চাল (দেশবিঃ) + অ] বিণ, পঞ্চালদেশ সম্বন্ধীয়। ২ পঞ্চাল দেশজ। ৩ বি, পঞ্চালদেশ : যে প্রদেশের দক্ষিণসীমা চর্ম্মণ্বতী নদী এবং যার উত্তরাংশ রোহিলখণ্ড পর্য্যন্ত বিস্তৃত ছিল। ইহার পশ্চিম ও পূর্ব্বাংশ গঙ্গার উভয় কূলে বিস্তৃত ছিল। পৌরাণিক রাজা দ্রুপদের রাজ্য। অহিচ্ছত্রা নগরী উত্তর পঞ্চালে অবস্থিত ছিল। বেরিলী, ফরুখাবাদ অঞ্চল (প্রবাসী, ১৩২৬, পৌষ)।

পাঞ্চালী [পঞ্চাল (রাজা) + অ (অপত্যার্থে) + ঈ (স্ত্রীং)] বি, পাঞ্চাল-রাজকুমারী দ্রৌপদী। "পাং যদিও রজস্বলা, সুতরাং অধোনীবী ও একবস্ত্রা হইয়া রহিয়াছেন, তথাপি রোদন করিতে করিতে শ্বশুরের সম্মুখবর্ত্তিনী হউন।"-মহাং (বর্দ্ধং)। ২ কাষ্ঠাদির পুত্তলি।

পাঞ্চাল্য [পঞ্চাল + য (জাতার্থে বা ভবার্থে)] বিণ, পঞ্চালদেশ সম্বন্ধীয়। ২ পাঞ্চাল দেশীয়। "পাং আরুণি কোথায় গেল।"-বিং সাং।

পাঞ্জর [সং-পঞ্জর > ভ্রং] বি, পঞ্জর ; পাঁজর। ২ শরীর : দেহ। "যত রূপ তত বেশ ভাবিতে পাং শেষ পাপ চিতে নিবারিতে নারি।"-জ্ঞানং।

পাঞ্জা১ [ফাং পঞ্জহ্] বি, করতল।

পাঞ্জা২, **পাঞ্জালী** [ফাং পঞ্জাহ্ (করতল, পদতল) > বাং গ্রাং পাঁজা] বি, পদচিহ্ন দেখিয়া যারা বনে হাতীর সন্ধান করে। "গোঁট ধরি পাং লয়রে হাতীর খবর"-পূং বং গীং।

পাঞ্জী, পাঁজি সং-পঞ্জী >] বি, পঞ্জি (দ্রঃ)। ২ শুল্কপঞ্জী। "হাটের বাটের দান চাহে ভীনে ভীনে। মিছা পাঞ্জী মেলি বোলে লিখন প্রমাণে॥"-শ্রীং কীং।

পাট১ [সং-পট, পট্ট >। "ক্ষৌমমিতি পট্ট বস্ত্রে"-অমরং টীকা] বি, কৌষেয় ; রেশম : রেশম পাট। ২ [সং-পট্টশাক। কৌষেয় অংশুবৎ অংশু আছে বলিয়া কোষ্টা] গাছ পাট : কোষ্টা। ৩ পাট গাছ ; নাড়ীক ; নালিতা corchorus capsularis. "রঙ্গ পাটফুলে কিবা বেণী বিজড়িত"-কাঞ্চী ং। ৪ পাটের মোটা সুতায় নির্ম্মিত থলিয়া ; বস্তা ; বোরা। "লইয়া টাকার পাট চলে বীর গেল হাট পাছে ধায় যতেক কিঙ্কর।"-কবিকং। "পাটে ভরি নিল খই, ঘড়া ভরি ঘৃত দই।"-ঐ। ৫ [এই অর্থে পাটা ওং] কাষ্ঠাদির পট্ট বা তক্তা। ৬ গাছ পাট হতে প্রাপ্ত অংশু : রেশমী কাপড়। "পরিধান পাট"-শ্রীং কীং। ৭ পাট খোপ ; স্তবক ; প্রস্থ। "দুঈ তার ঝারা পাট খোপ দুই পাশে"-শ্রীং কীং। ৮ পীঠ। বিণ, পাটুয়া, পেটো। "পাটুয়া নায়ের ভরা।"-কৃত্তিং। পাট কাটা-পাটের সূতা প্রস্তুত করা। পাট ধঁড়া-পাটের কাপড় ; পট্টবস্ত্র। পাট বোনা-ক্ষেত্রে পাটের বীজ বপন করা। পাটের চাষ-পাট গাছের চাষ। ২ রেশমের চাষ : রেশমকীট পালন করিয়া গুটি উৎপাদন করান এবং তা হ'তে রেশম বাহির করা। পাটের ছালী [প্রাদেং] শস্তের বোরা।

পাট২ [সং-পট্ট > পাটা > পাট। "পট্ট -রাজাদিশাসনান্তর পীঠয়োঃ-মেং। "পট্টঃ স্যাৎ ফলকে নৃপশাসনে"-ত্রিকাণ্ডশেষ] বি, অনুশাসন পট্ট ; পাটা ; কাষ্ঠ, ধাতু বা পাষাণাদিফলক যাতে নৃপাদেশ লিখিত বা খোদিত হয়। "সনদ আমার উরস্ পাটে যেন্নি সনদ তেন্নি টাটে।"-রাং প্রং। ২ তক্তা ; কাষ্ঠফলক ; পাটা। "রজকের পাট কালো কমল তরঙ্গ। দেখাইয়া বলে ঐ কুম্ভীর ভুজঙ্গ।"-দং। "দীঘীর দক্ষিণ ঘাটে দেখিয়া রজক পাটে।"-ঐ। ৩ কাষ্ঠাসন ; পীঁড়ি। "পাট চড়ি রূপবতী, প্রদক্ষিণ করে পতি, চৌদিক বেড়িয়া কোলাহল॥"-কবিকং। ৪ সিংহাসন ; রাজতক্ত। "পাটে রাজা থাকিতে কোটাল লয় লুটে।"-ঘং। "রাজপাটে শুয়ে বাঘা সুখে নিদ্রা যায়।"-ঐ ৫ রাজনগরী ; রাজধানী ; যেস্থানে থাকিয়া রাজা রাজ্য শাসন করেন। "বীরসিংহ তার

পাট পাঠাইয়া দিল ভাট, লিখিয়া এসব সমাচার।"-অ০ ম০। ৬ পীঠস্থান; দেবস্থান: মহাতীর্থ; "দশাশ্বমেধের ঘাট চৌষট্টি যোগিনী পাট নানাস্থানে নানা মহাস্থান।"-অ০ ম০। ৭ গুরুস্থান বা গুরুধাম; বৈষ্ণবদিগের প্রধান পীঠস্থান; পরম পবিত্র স্থান। তুল-মক্কা "শরফ্"। প্র-শ্রীপাট নবদ্বীপ। কুলের পাট দেখিতে যাওয়া। ৮ বিশ্রাম স্থান বা আসন। বিশেষার্থে, অস্তাচল -যথায় সূর্য্যদেব সমস্তদিনের পর কর্ত্তব্য সমাধান করিয়া বিশ্রাম লাভের জন্য অধিষ্ঠান করেন। "সূর্য্যদেব বসিল পাটে"-বাং-গান। "সূর্য্য পাটে যাবে নেমে"-রবী০। ৯ অধিকার; পদ; চাষ-বাস; বাস: আবাদ। প-পাট উঠান। -তোলা। ১০ [পাইট দ্রঃ] গৃহমার্জ্জন, গোময় লেপন, বাসী কাপড় ধৌতকরণ ই০ সংসারের প্রাতঃকালীন নিত্যকর্ম্ম; প্রাতঃসন্ধ্যায় (সাধারণতঃ প্রাতে) পালনীয় নিত্যনৈমিত্তিক গৃহ কর্ম্ম। "লাজ পেয়ে মেয়ে ঘৃত খেয়ে করে পাট। এত বেলা বাসি ঘরে নাহি পড়ে ঝাঁট।"-ঘ০। ১১ কাজকর্ম্ম; দাসীবৃত্তি; চাকরাণী গিরি। "বিধি যদি কপালে লিখেছে দুঃখ ভার। পাট করি পরের পালিব পরিবার॥"-ঘ০। ১২ [নিত্যকর্ম্মের ভাব হতে] অভ্যাস; চাষ; ধারা; পদ্ধতি। প্র-তাদের সে পাটই নাই; বংশের পাট বজায় থাকা। ১৩ ["পট্টঃ পেষণপাষাণে"-মে০] বাট্না বাটিবার শিল; পেষণার্থ শিলাপট্ট। ১৪ সম্প্রসারণ; বিস্তার। ১৫ স্তর; ভাঁজ; থাক; তা। "ষোল পাট দিয়া কৈল জোয়ের ছাউনী"-কবিক০। কাপড়ের পাটে পাটে দাগ ধরিয়াছে। ১৬ দ্বারের একদিকের বাইল; কপাটের পাট। ১৭ চ্যাপ্টা জিনিসের জোড়ার একখানা: যুগ্মের একটি। "একপাট চটি বিছানায়"-দ্বি০ রায়। ১৮ কূপের পাড়; কূপ ভিতর হইতে বাঁধাইবার জন্য দগ্ধ মৃন্ময়চক্র। ১৯ চতুষ্পথ [প্রা০ অ০]। ২০ রাজকীয়: রাজার ব্যবহারের। প্র-পাটহাতী। ~-কঁরণী, ~-কিরুণী-যে নারী বেতন লইয়া ঘর-করণার কাজ করে; দাসী; ঝী। ~কঁরা-গৃহকর্ম্ম করা। ২ পরিষ্কার করা; ধোয়া, মুছা, ঝাড়া ও সাফ করা; পাড়া (দ্রঃ)। ~-কাঠি-পাকাটি। পাট খোলা, -ভাঙ্গা₁-যা ভাঁজে ভাঁজে বা থাকে থাকে সাজান আছে তা বিশৃঙ্খল করা: কাপড়ের ভাঁজ খোলা। ~-ঝাঁট-ঘরের আবর্জ্জনা পরিষ্কার ও অন্যান্য গৃহকর্ম্ম। পাট তোলা-পাট উঠান দ্রঃ। পাট সারা-ক্রি, দৈনিক গৃহকর্ম্ম সমাধা করা। ~সাল [প্রা০ বাং। শালা > সাল] বি, সিংহাসন-শালা, সিংহাসন গৃহ। "বন্ধ্যা আছে পাট-সালে।"-শূ০ পু০। পাটের জাদ-বি, রেশমের থোপ: জাদ দ্রঃ। জোট-পাট কঁরা-যোগাড়যন্ত্র করা; আয়োজন করা; জড় করা। জোট-পাট হঁওয়া-নানাস্থান হ'তে আসিয়া একত্র মিলিত হওয়া।

পাট₃ [সং-পাটক > ক্ষে০ অথবা পল্লী > পট্টি >] বি, পল্লী: পাড়া। "কি জানি তপের ফলে হর পেয়েছি বর। পাট পড়সী নাহি পাসে দেখি দিগম্বর।"-কবিক০। ~পড়শী, -সী-প্রতিবেশী: সন্নিহিত পল্লীবাসী; পাড়াপড়সী।

পাট₄ [সং-পট্ট (প্রধান)]। গ্রা০ পাঁড়] বিণ, প্রধান। ~মিহিল-বি, রাণী মহল। ~রাণী [সিংহাসনের অধিকারী বলিয়া] পট্ট মহিষী; প্রধানা রাণী।

পাট₅ [নাট্য শা০ পরিঃ। ইং part এর লিপ্যন্তর পার্ট্ > ভ্রং পাট] বি, অভিনেতা বা অভিনেত্রীর স্ব স্ব নির্দ্দিষ্ট অভিনেয় পাঠ্যাংশ। "থিয়েটারের পাট লিখতো কিম্বা অন্য কোনও লেখা নকল করতো"-বঙ্গবাণী, ১৩৩৩।

পাটক [সং] বি, নদ্যাদির উপকূল; পাড়। ২ গ্রামার্দ্ধ। ৩ পাশা খেলার দান বা গুটি চালা। ৪ বাদ্যযন্ত্র; বাদ্যধ্বনি।

পাটকেল, পাটি (টী) কাল, পাটিকেল [পোড়া বলিয়া পাটলবর্ণ ইষ্টকখণ্ড - পাটল-ইট-খণ্ড >, মধ্য০ বাং - পাটিখাল, গ্রা০ পাট্খেল] বি, বড় ঢিল; ইটের খণ্ড; পাকা ইট। "সিন্দুর অভাবে পরে পাটকেল গুঁড়ী।"-ঘ০। "পাটীকাল গুঁড়ি" (ইটের গুঁড়া)-মাণিক০। "লক্ষ লক্ষ শিল্পী আশু নির্ম্মিলা মিলিয়া। স্বর্ণ পাটিকেলে মঠ চিতার উপরে।"-মেঘ০। ঢিল মারিলে পাটকেল খাওয়া, মারা -অনুরূপ আচরণ পাওয়া: প্রতিপ্রহার করা বা লাভ করা। ২ যেমন কর্ম্ম তেমন ফল পাওয়া। "ভাবিয়া ঠিক করিল শকট-চালক তাহার সহিত রহস্য করিতেছে, সুতরাং সেও অবিলম্বে ঢিলটির বদলে পাটকেলটি মারিতে ছাড়িলনা।"-প্রবাসী, ১৩৩৩।

পাটচ্চর [সং] বি, পটচ্চর দ্রঃ; চোর।

পাটটি [গ্রা০ 'পেটোটি' < পাট-মাটি] পাটমিশ্রিত কাদার প্রলেপ: প্রতিমা, কাঁচা দেওয়াল ই০ লেপিবার পাটমাখা কাদা।

পাটন [পত্তন >] বি, জনালয়; দেশ; প্রদেশ; নগর। "যাইতে না পারি রাজা সিংহল পা০।"-কবিক০। "আর একজন যাউক গৌড় পা০।" -ঐ। "গৌড় পাটনে হয় পিঙ্গর উৎপত্তি।"-ঐ। ২ কবচ। "কাটিল পা০ কাঁড়ে শরীর বন্ধন।"-কবিক০। ৩ পট্ট: পাটা: পাত। "কর্ণের পা০."-কৃত্তি০। ৪ বাণিজ্য। "আসিয়া রাক্ষস-দেশে করিল পা০। রাক্ষস ভাঁড়িয়া লেই বহুমূল্য ধন॥"-মনসা ম০ (বংশী০), ১৬শ শতাব্দী।

পাটনা-বি,° বিহার প্রদেশের অন্তর্গত বিভাগ ও নগর। ~ই [পাটনা + ই (=আই)] বিণ, পাটনাজাত: পাটনায় প্রস্তুত।

পাটনী, পাটুনী [নৌ-পত্তন > নৌ-পাটন > পাটন + ঈ (অধিকারার্থে)] বি, নৌব্যবসায়ী জাতিবিঃ। ২ খেয়া ঘাটের মাঝি বা মাঝিয়ালী; ঘাটের ঠিকাদার মাঝি। "সেই ঘাটে খেয়া দেয় ঈশ্বরী পাটনী।"-অ০ ম০।

পাটনেত [পাট(উৎকৃষ্ট বস্ত্র। "সুচেলক-পটোহস্ত্রী"-অমর০) নেত (সং-নেত্র >); "স্যাজ্জটাংশুকয়োর্নেত্রং"-অমর০] বি, অতি সূক্ষ্ম রেশমী বস্ত্র; চীনাংশুক।

পাটব [পটু + অ (ভা০)] বি, পটুতা: নিপুণতা; দক্ষতা। ২ আরোগ্য। ৩ স্বাস্থ্য। ৪ [স্বার্থে-অ] বিণ, পটু। স্ত্রিণ, পাটবিক।

পাট-ভাঙ্গা₂ [পাট₂ দ্রঃ] বি, চড়ক পূজার সময় গাজনের সন্ন্যাসীরা লোহাসূচবিদ্ধ

পট্ট বা ছুরী বা বঁটি ইং-র উপর যে ঝাঁপ দেয়; বঁটা ঝাঁপ।

পাটর-খাওয়া [প্রাদে॰] বি, চৈত্র মাসের শেষ উৎসববিঃ।

পাটল [সং] বিণ, পাটকিলা : ফিকা লাল। ২ [সং-পাটলব্রীহি] বি. আউশ ধান্য। ৩ পুন্নাগবৃক্ষ। ৪ সেঁউতি ফুল (মতান্তরে) গোলাপ ফুল। ৫ গোলাপী রঙ্ ("শ্বেতরক্তস্তু পাটলঃ"-অমর॰)। ৬ বিণ, পাটলবর্ণ। স্ত্রীং। ~া₁।

পাটলা₂ [সং] বি পারুলগাছ। ২ পারুল ফুল। ৩ ঝিঙ্গিদানা নামক পিচ্ছিল বীজবিঃ।

পাটলা₃ [সং] বি. দুর্গার নামান্তর : পাটলাদেবী। ~বতী [পাটলা (পাটলবর্ণ) +বতু (স্ত্র্য॰)] বি. দুর্গা। ২ নদীবিঃ।

পাটলি [সং] বি. পারুলগাছ Bignonia suaveolens. ইহা দুই প্রকার-ঘণ্টা পাটলি (যার শ্বেতপুষ্প) ও কাষ্ঠ পাটলি (যার পীত পুষ্প) ২ পারুলফুল।

পাটলিত [পাটল+ইত (যুক্ত)] বিণ, পাটলবর্ণবিশিষ্ট। ২ পাটলবর্ণে রঞ্জিত।

পাটলিপুত্র [কথা সরিৎসাগরের গল্পে আছে আকর্ষিকানগরীর রাজকন্যা "পাটলি" ও চিঞ্চিনী নগরবাসী ভোজিকের দৌহিত্র "পুত্রক" এর নামানুসারে এই নাম হয়। পুত্রক একদা বিন্ধ্যারণ্যে একটি যষ্টি ও পাদুকা প্রাপ্ত হইয়া ও পাদুকা ধারণ করিয়া খেচরত্ব লাভ করেন এবং আকর্ষিকা নগরীতে উত্তীর্ণ হইয়া রাজকন্যা পাটলিকে লইয়া গঙ্গাতটে আসিয়া বিশ্বকর্ম্মার শক্তিবিশিষ্ট সেই যষ্টির প্রভাবে এক নগর নির্ম্মাণ করিয়া তার নাম 'পাটলিপুত্র' রাখেন] বি, প্রাচীন মগধের অর্থাৎ দক্ষিণ বিহারের রাজধানী, আধুনিক পাটনা নগর। ইহা গঙ্গা ও সোণ সঙ্গমে অবস্থিত। ইহার অন্য নাম ছিল 'কুসুমপুর', গ্রীকনাম 'পালিবোথ্রা', ৮ম শতাব্দীর মধ্যভাগে নদীর প্লাবনে জলমগ্ন হইয়া ধ্বংসপ্রাপ্ত হয়।

পাটসাল [পাট (সিংহাসন)+শালা > শাল >]₂ বি বৃক্ষতক্ত। "বস্যা আছে পাটসালে"-শূ॰ পু॰।

পাটা₁ [সং-পট্টক >। হিং পাট্টা। পাডা (চট্ট॰ প্রাদে॰)] বি. ভূমি সম্বন্ধীয় ক্রয়-পত্র : পাট্টা। "বাড়ীর পাটা বেচে পেটে খেলে।" -ঈ॰ গুপ্ত। ২ পট; তক্তা; কাঠাদিফলক। ৩ গাজনের সন্ন্যাসীদিগের উপবীত বা উত্তরীয়। ৪ বিশাল বক্ষ : বুকের বিস্তৃতি। "কবাট বিশাল পাটা গগনে লাগিল ছটা মূলার সমান দন্তগুলা।"-কবিক॰। ৫ [বিশাল বক্ষঃ হতে] সাহস। "এত বা বুকের পাটা কার।"-ঘ॰। "ভূতলে আনিয়ে মাগো করি আমায় লোহা পেটা। আমি তবুও মা বলে ডাকি এম্নি আমার বুকের পাটা।"-রা॰ প্র॰। ৬ পেষণ-শিলা; বাটনা বাটিবার শিল। "কিসের হলুদ বাটা। আঁখির জলে বুক ভিজিল ভেসে গেল পাটা"-গৌরপদ তরঙ্গিনী। ৭ নিয়োগপত্র। ~পুতা [সং-শিলাপট্ট > পাটা+শিলা-পুত্র > পুতা। প্রাদে॰] শিলনোড়া। ~তন [পাটা-পাতন > ক্ষে॰] বি, কাষ্ঠ-বংশাদির মঞ্চ : তক্তার মেজে flooring of planks. প্র-নৌকার পাটাতন। ~বুক [গ্রা॰ পাটা (৫,৬ দ্রঃ)+বুক] বিণ. নির্ভীক; সাহসী। "যেহু চোর পাটাবুক"-শ্রী॰ কী॰। > স্ত্রীং ~বুকী-বিণ, বুকের পাটাযুক্তা : যে নারীর বুক প্রশস্ত। ২ সাহসিনী; নির্ভীকা। "মোরে দেখি পাটাবুকী না করিল ডর। পর পুরুষে রস বরিষে হারিতে নারে ডর॥"-কবিশেখর। "তীন ভুবনে নাহি হেন আছিদরী। হাণে কুলে এখো নাহি পাটাবুকী তিরী॥"-শ্রী॰কী।

পাটা₂ সং-প্রথা >?] বি, ধারা : ধরণ : গা; লক্ষণ; নিশানা। "হেট মাথা হয়ে কথা না দিবার পাটা। জ্বেলেছে অনল দিয়া জনকের খোঁটা॥"-শি॰।

পাটারি [জমী॰ পরিঃ] বি, জমীদারের নিযুক্ত খাজনা আদায়কারী কর্ম্মচারী; পাটোয়ারী bailiff.

পাটালি, -লী [পাটার জমান বলিয়া নাম] বি, নূতন গুড়ের বরফি। প্র-গুড় পাটালি, তাল পাটালি, পাটালী গুড় ইং।

পাটাসেলামী [আদা॰, জমি॰ পরিঃ] বি, পাটা লইবার কালে খাজনা ব্যতীত জমীদারকে এককালীন দেয় টাকা।

পাটি-পাটী₁ দ্রঃ।

পাটিকেল-পাটকেল দ্রঃ।

পাটিত [সং] বিণ, বিদীর্ণ। ২ ভগ্ন।

পাটিসাপ্টা [প্রাদে॰, প॰বঙ্গে; পূ॰বঙ্গে 'পাটিসাব্ড়া'; উত্তর বঙ্গে 'পাটিজড়া'] বি, ক্ষীরের পুর দেওয়া পিষ্টকবিঃ।

পাটী₁, পাটি [সং-পঙ্ক্তি > পাঁতি, পাটী। ত=ট। পাডি (চট্ট॰ প্রাদে॰)] বি, পঙ্ক্তি; শ্রেণী : সারি। "কাটিয়া ফেলিল কার দন্ত দুই পাটী।"-মহা॰ (কাশী॰)। ২ যুগ্মের একটী। প্র-একপাটি জুতা। ৩ পাদুকা; জুতা। "বাবু সেজে পাটির উপর রাখি পাটি।"-ঈ॰ গুপ্ত। পল্লী; পাড়া; পটি। ৪ [সং-পট্ট > গ্রা॰ পেটো >। প্র-পেটো পাড়িয়া চুল বাঁধা] কেশপট্ট। "দুসন্ধ্যা চিরুণী ধরি পাড়ে মোহন পাটি।"-কবিক॰।

পাটী₂ [সং-পাশঃ >] বি, পাশা; পাশক : পক্ষ। "মন তুমি খেলাওনা পাশা। * * * দুর্গা নামে বেঁধে পাটী, চারি পাটীর ঘরে। বসিয়ে ঘুটি সতেরো আঠার দান মেরে ভেঙ্গে দাও যমের বাসা।"-বাং-গান।

পাটী₃ [সং-পাটী, পরিপাটী] বি, অনুক্রম : পাইট : পাট : গৃহকর্ম্মের অনুক্রম; গৃহকর্ম্ম। "কুলে শীলে রূপে গুণে সকলে আথাটি। সারাদিন করি সারা সংসারের পাটি।"-শি॰।

পাটী₄ [পঙ্ক্তি > হি॰ পট্টী] বি. শ্রেণী; সার। ২ [বীজগ॰ পরিঃ] ইং columnএর বৈজ্ঞা॰ পরিঃ। ৩ জাতীয় মেলবন্ধনযুক্ত লোকের পল্লী; সাম্প্রদায়িক পাড়া। "প্রেমের উজান ভাটি চৌদিকে কোঁচের পাটী কোঁচবধূ ভিক্ষা দেয় আনি।"-কবিক॰।

পাটী₅ [পট্টী >। পাতিয়া নামক জলজ ক্ষুদ্র অথচ নল অপেক্ষা স্থূল তৃণের বল্কলে নির্ম্মিত পট্টী জুড়িয়া প্রস্তুত হয় বলিয়া নাম] বি, বসিবার বা শয্যায় পাতিবার জন্য মসৃণ মাদুরবিঃ শীতলপাটী। "মেঝে জুড়ে ফেলে সপ দিয়া ফুল ঝাঁটী। ফেলিল পালঙ্ক পায় পাতাইল পাটী॥"-ঘ॰। "কোণেতে জড়ানো দেখি তপ্তা পোষের পাটি।"-দ্বি॰ রায়।

পাটা৬ [পাট১ দ্রঃ] বি, ধান্যাদি রাখিবার থলী।

পাটীগণিত [গং পরিঃ] বি, অঙ্কবিদ্যা arithmetic.

পাটুনী-পাটনী দ্রঃ।

পাটুয়া১ [পাটব (দ্রঃ) > পাটওয়া > পাটুয়া] বিণ, পটু ; দক্ষ ; কার্য্যোপযুক্ত। ২ তীক্ষ ; ধারাল। "নরমাথা থায় যেন সরসিয়া গুয়া॥ * * হাতী ঘোড়া দাঁতে বিন্ধে যেন পাকা তাল॥ * * দন্তগুলা মেলে যেন পাং কোদাল॥"-কবিকং।

পাটুয়া২ [পাত > পাট+উয়া (বির্থেং)। গ্রাং পেটো স্থলবিশেষে-পাড়া বলে। প্র-পাড়া বা পাড়ন কোদাল, বিপরীত-দাঁড়া কোদাল। পাতন বা পাড়ন বা পাড়া কোদালের বাঁট ছোট ও বাঁট হতে ফলা বেশী-কৌণিক (angular)] বিণ, লৌহপট্টযুক্ত ; চওড়া ফলাযুক্ত। "দন্তগুলা মেলে হেন পাং কোদাল।"-কবিকং। ২ বি, কলাগাছের পেটো ; ছোটা ; কলার বাসনার সুতা বা দড়ী।

পাটুলি [প্রাদেং] বি, মাল বোঝায়ের বড় নৌকা ; বজরা।

পাটেশ্বরী [পাট (সিংহাসন)+ঈশ্বরী, ৬তৎ] বি, পট্টমহিষী ; পাটরাণী।

পাটোয়ার,-রী১ [পটু+য়ার > । যার পটুতা আছে] বি, পটু ; দক্ষ ; নিপুণ। ২ অতিশয় হিসাবী ; কড়া ক্রান্তির পর্য্যন্ত হিসাবকারী। ৩ গ্রাম্য কর সংগ্রাহক কর্ম্মচারী ; গোমস্তা। ৪ যুগী, মালা ইং গ্রন্থনশিল্পকর্ম্মজীবী। বিণ, পাটোয়ারী২-পাটোয়ার সুলভ প্রকৃতিযুক্ত।

পাটোল [প্রাং বাং। সং-পট্ট > পাট (রেশম এই অর্থে তামিল-'পট্টু', উত্তরাখণ্ডী হিং পট্টু-পশুলোমজাত বস্ত্রবিঃ) > পাটলা (শ্রীং কীং-ধৃত পদ্মাং পুং, পুথি)। ব্রজং পটোর (বিং পং), পাট+ওল=ওল (< হিং বালা, নির্ম্মিত বা উপাদানঘটিত এই অর্থে, তুল-থিওর)] বি, রেশমী কাপড়। "অনেক যতনে যোরে দিলে পাটোলে"-শ্রীং কীং। "পিন্ধিয়া আয়ুল পাটোলে"-ঐ। আর না পিন্ধিব বড়ায়ি পাং"-ঐ।

পাট্টা [পাটা দ্রঃ] বি, ভূমি ক্রয় বিক্রয় নিদর্শক আদালতগ্রাহ্য পত্র ; পাটা ; জমীদার প্রদত্ত অধিকারপত্র। "করে লয়ে মসী-পাত্র কাগুপের বেটা। দেখদেবে দিলা লিখে দেবস্তর পাট্টা॥"-শিং। "হাল পিছে এক তঙ্কা না করো কাহার শঙ্কা। পাট্টায় নিশান মোর ধর।"-কবিকং। ২ স্থূল। প্র-গাল পাট্টা। ~গ্রহীতা-পাট্টা-গ্রহণকারী ; ভূমিখণ্ড-ক্রয়কারী ; যে জোত জমা গ্রহণ করে a lessee. ~দাতা-যে জোত জমা বিলি করে a lessor. ~দার [পাট্টা+ফাং দার] বি, পাট্টাগ্রাহক ; যে জমিদারের নিকট হতে জোত জমি জমা লয়। ~সেলামী-পাটা-সেলামী দ্রঃ। পাট্টা লইবার কালে জমিদারকে প্রদত্ত থোক টাকা বা নজর।

পাঠ [পঠ্ (পড়া)+অ (ভাং)] বি, বেদ-পাঠ ; বেদাধ্যয়ন। ২ অধ্যয়ন। ৩ আবৃত্তি ; অভ্যাস। ৪ [-+অ (র্ম্ম)। তামিল-পাডম lesson] পাঠ্য বিষয়। ৫ পড়া ; পঠন reading. ৬ তাৎপর্য্য ; ভাব। ক্রি, পঠা (দ্রঃ)। ~ক (-ঠ-) [পঠ্ (পড়া)+অক (র্ত্তৃ)] বি, যিনি কোন কিছু পাঠ করেন ; অধ্যেতা ; পাঠকর্ত্তা। ২ ছাত্র। ৩ [পঠ্+ণিচ্=পাঠি (পড়ান)+অক (র্ত্তৃ)] যিনি পড়ান ; অধ্যাপক। ৪ কথক ; যিনি পুরাণাদি পাঠ করেন। ৫ ধর্ম্মোপদেশক। ৬ ব্রাহ্মণের উপাধিবিঃ। স্ত্রীং পাঠিকা। ~গৃহ [পাঠের গৃহ, ৬তৎ] বি, পড়িবার ঘর ; অধ্যয়ন গৃহ। ~গোষ্ঠী [পাঠ-গোষ্ঠী (সভা)] বি, সাহিত্যসভা ; সাহিত্যসমিতি ; পণ্ডিত-সভা literary society. ~গ্রহণ-বি, পড়া বলিয়া লওয়া ; শিক্ষকের নিকট উপদেশ গ্রহণ। "মঙ্গল পাঠ গ্রহণ করিয়া ভবিষ্যতে যে কি হইবে..."-উত্তরা, পৌষ, ১৩৩৩। ~নিবিষ্ট [পাঠে নিবিষ্ট, ৭মী তৎ] বিণ, পাঠমগ্ন ; অধ্যয়নরত। ~মঞ্জরী-বি, শারি নামক পক্ষিণী। ~মন্দির [৬তৎ] বি, পাঠশালা ; পাঠগৃহ। ~রত [পাঠে-রত, ৭তৎ] বিণ, পাঠে নিবিষ্ট-চিত্ত ; অধ্যয়নমগ্ন। > বি, ~রতি। ~শালা [৬তৎ। গ্রাং পাঠশাল। গ্রাং বাং-বানানে - পাটসাল। "বস্তা আছে পাটসালে"-শূং পুং। ওড়িং চাটশালি] বি, পাঠাগার ; পাঠগৃহ ; বিদ্যালয় ; বিদ্যামন্দির ; চতুষ্পাঠী। ২ [আধুং] প্রাথমিক বিদ্যালয়।

পাঠন১ [পাটন দ্রঃ। উচ্চারণ ভেদে ট =ঠ] বি, পত্তন। ২ দেশ ; নগর। "বাণিজ্যে চলিল শেষে দক্ষিণ পাং"-ক্ষেমানন্দং।

পাঠন২, পাঠনা [পঠ্+ণিচ্=পাঠি (পড়ান)+অন (ভাং)] বি, পড়ান ; শিক্ষাদান ; অধ্যাপনা। "পাঠশালে পাঠনার রীতি এই ছিল"-শিবনাথ শাস্ত্রী। পঠন-~পাঠন-অধ্যয়ন এবং অধ্যাপনা।

পাঠা১ [বৈদ্যকে] বি, লতাবিঃ ; আকনাদি stephania hernandifolia.

পাঠা২ [সং-পুষ্ট > হিং পট্‌ঠা (যৌবন-প্রাপ্ত) > হিং পাঠা (জোয়ান গো, মহিষ, ছাগ) > । পাঁঠা দ্রঃ] বি, ছাগ। স্ত্রীং পাঠী [হিং পট্ঠী, গ্রাং পঠিয়া] ছাগলী।

পাঠান১ [পশ্‌তো-পুখ্‌তানা > হিং পঠান] বি, লাহোরের উত্তরপশ্চিমদেশীয় মুসলমান জাতিবিঃ ; মুসলমানদিগের প্রধান চারিশ্রেণীর অন্যতম (অবশিষ্ট তিনশ্রেণী-সেখ, সৈয়দ, মোগল)। স্ত্রীং পাঠানী।

পাঠান২ [সং-প্রেরণ > পাঠাবন >] বি, প্রেরণ ; প্রস্থাপন ; রওয়ানা করা।

পাঠানি৩ [প্রেরণ বা প্রস্থাপন > হিং পঠানা। পাঠাই, পাঠাও (পাঠান্, পাঠাস), পাঠায় (পাঠান) ; পাঠাইতে ; পাঠাইয়া (গ্রাং পাঠিয়ে)] ক্রি, প্রেরণ করা। [প্রাং বাং -পাঠাআঁ, পাটাইআঁ-পাঠাইয়া। পাঠাইলোঁ, -য়িলোঁ-পাঠাইলাম। পাঠাএ-পাঠায়। পাঠাওঁ-পাঠাই।-শ্রীং কীং]। ডেকে পাঠানি-কাহার নিকট লোক পাঠাইয়া ডাকা। বলে পাঠানি-কাহার নিকট লোক পাঠাইয়া তার দ্বারা কোন কিছু বলা ; লোক মারফৎ সংবাদ দেওয়া।

পাঠানু/রাগ [পাঠ (পাঠে)+অনুরাগ, ৭তৎ] বি, অধ্যয়নে অনুরাগ ; পাঠাসক্তি ; পাঠে/রতি। বিণ, ~রাগী। স্ত্রীং ~রাগিণী।

পাঠান্তর [পাঠ+অন্তর] বি, অন্য

] যুক্ত বিঃবৎ (অপ্র-অপ্রযুক্ত), ˘হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, অং=সং অং=শাঁ বং=বত ˘=র্য্য ˘=ৎ ৎ= ব ব্য ব্য অং=অং হ্ব হ্ব ও ব্য, ব্য ব্য্য ˘=য়wv ও চ্চাং দ্রঃ

পাঠ ; ভিন্ন বা স্বতন্ত্র পাঠ another version. ২ পার্থক্য ; প্রভেদ। "হাট বাট নাহি পা০।"-মহা০ (কাশী০)। ৩ অন্য আর ; আর একটি। "ব্রহ্মার সভার তুল্য নাহি পা০"-মহা০ (কাশী০)। "ইন্দ্রের অমরাবতী নাহি পা০"-ঐ। ৪ বিবাদ ; দ্বন্দ্ব ; বিরোধ। "শঙ্করের সহিত তোমার পা০। দেবযজ্ঞকর তুমি না মান ঈশ্বর।"-শি০ (রামকৃষ্ণ, ১৭শ শতাব্দী)। "দেবরাজ করে পূজা হেলে মারে বলি রাজা। তাঁর সনে কার পা০।"-কৃত্তি০।

পাঠাভ্যাস [পাঠ+অভ্যাস, ৬তৎ] বি, পাঠ প্রস্তুত করণ ; অধ্যয়ন ; পাঠ আবৃত্তি ও হৃদয়ঙ্গম করিবার চেষ্টা ; বিদ্যানুশীলন।

পাঠায় [পঠান দ্রঃ। প্রা০ বাং] ক্রি, পাঠাও।

পাঠার্থী [মূ০ পাঠার্থিন্ ১মা, ১ব০] বি, ছাত্র ; বিদ্যার্থী। স্ত্রীং পাঠার্থিনী।

পাঠিকা [পুং-পাঠক (দ্রঃ)] বি, পাঠকারিণী। ২ ছাত্রী। ৩ লতাবিঃ ; পাঠা১ (দ্রঃ)। আকনাদী।

পাঠিত [পঠ্ +ণিচ্=পাঠি (পড়ান)+ত (র্ম্ম)] বিণ, পড়ান ; যে বিষয়ে বা যাকে অধ্যাপনা করা হইয়াছে।

পাঠী [পঠ্ +ইন্ (র্ত্তৃ) মূ০ পাঠিন্ ১মা, ১ব০] বিণ, পাঠকারী ; পাঠক। "বঙ্গভাষা পাঠী জনগণ"-ডাঃ সু০চট্টো০। ২ বি, চিতের গাছ।

পাঠী(ঠী)ন [সং] বি, বোয়াল মাছ।

পাঠেচ্ছা [পাঠ (পাঠের)+ইচ্ছা, ৬তৎ] বি, পাঠ করিবার ইচ্ছা। বিণ, ~চ্ছু -পাঠ করিতে ইচ্ছুক ; পাঠাভিলাষী।

পাঠ্য [পঠ্ (পড়া)+য (র্ম্ম)] বিণ, যা পাঠ করা হয় বা করিতে হইবে ; পাঠযোগ্য ; অবশ্য-পঠনীয়। ২ পঠনীয় গ্রন্থ ; পাঠ্যপুস্তক। ~ক্রম-বি, নির্দিষ্ট সময়ের মধ্যে অধ্যয়ন অধ্যাপনার বিষয়সমূহের সূচক syllabus. "সর্ব্বাঙ্গপূর্ণ পাঠ্যক্রমের উদ্দেশ্য হইবে ছাত্রগণকে যাজানা তাহার যতদূর সম্ভব সম্পূর্ণ অধিকার দান।"-প্রবাসী, বৈশাখ, ১৩৪২।

পাঠ্যাবস্থা [পাঠ্য+অবস্থা] বি, পাঠ করিবার অবস্থা ; ছাত্রাবস্থা ; পাঠদশা। ২ পড়িবার বয়স ; শিক্ষাকাল ; বাল্যকাল।

পাড়১ [সং-পাটক (রোধ) > পাট >] বি, তট ; তীর। "চারি পাড়ে বিশ্বকর্ম্মা নির্ম্মায় উদ্যান"-অ০ ম০। ২ আলি বন্ধন। ৩ কূপের ভিতর হ'তে বাঁধিয়া দিবার দগ্ধ মৃত্তিকার চক্র বা বলয়। ৪ কাপড়ের ধারি বা কিনারা ; বস্ত্রের প্রান্তভাগ। প্র-লালপাড় ; পাছাপাড়। বিণ, পাড়িয়া, পেড়ে (কথ্য)। প্র-সরুপেড়ে কাপড় ; কালাপেড়ে ধুতি।

পাড়২ [পত্ (পতনে) > পাতি (পাতনে) > পাত > পাড়, বা পাদ > পাড > পাড়] বি, পাতন ; পাড়ন। প্র- ঢেঁকির পাড় পাড়া। ঢেঁকিতে পাড় দেওয়া-ঢেঁকি পায়ের আঘাতে তোলা ও ফেলা।

পাড়৩ [সং-পালি > পাড়ি > পাইড় > পাড়] বি, মেটে ঘরের আড়ার সহিত সংযুক্ত লম্বা বাঁশ বা কাট।

পাড়ন [পাতন >] বি, পাতন ; পাতিত করণ ; ফেলা। ২ নিম্নভাগ বা তলদেশের আবরণ (তুল-ওড়ন বা উড়ন=উপরের আচ্ছাদন)। "তামার উড়ন তামার পা০ তামা করিলাম সার। তাম্র ধারণ গীত সে রামাই পণ্ডিত গায়।"-শূ০ পু০। ওড়ন পাড়ন [আবরণ > । ওড়ন+ পাতন > পাড়ন] উপর নিম্নে আবরণ ; সম্পূর্ণ আচ্ছাদন। ২ বাহুল্য ; সর্বস্ব।

পাড়া১ [সং-পল্লী > পট্টি > পাটা > পাড়া] বি, পল্লী ; মহল্লা। "গুণবান্ পুরুষ প্রবেশে সেই পাড়া। বাপে পোয়ে গণ্ডগোল স্ত্রী পুরুষে ছাড়া।"-শি০। "সবে বলে ব্যাস তুমি বড় লক্ষ্মীছাড়া। অন্ন উড়ি যায় তুমি যাহ সেই পাড়া।"-অ০ ম০। ~কুঁদুলী [পাড়া -কুঁদুলী (কন্দলী)। গ্রা০] বিণ, যে নারী পাড়ার লোকের সঙ্গে কন্দল করে ; যে নারী গৃহের বাহিরে আসিয়া পাড়ার লোকের সহিত ঝগড়া করে বা পাড়ায় পাড়ায় ঝগড়া করিয়া বেড়ায়। >পুং কুঁদুলে। "চাইতে গেলুম একটা মুটো পাড়াকুঁদুলী মাগী, নাকটা নেড়ে দিলে তেড়ে মরে দূর হ মাগী"-ম্যাক্‌বেথ্ (গিরিশ০)। ~গাঁ [পল্লীগ্রাম > অং] বি, পল্লীগ্রাম ; পল্লীবাস ; নগর বা সহরের বাহিরের জনালয়। "পাড়াগাঁয়ে পড়ি গেল কুন্দলের গুঁড়া। নগরের ভিতরে পড়িয়া গেল হুড়া।"-শি০। বিণ, ~গাঁইয়া, ~গেঁয়ে-পল্লীগ্রামবাসী যে নাগরিক আদবকায়দায় অভ্যস্ত নহে। ২ পল্লীগ্রাম সংক্রান্ত। ~পড়্‌সী [পাড়া (পল্লী)+পড়সী (সং-প্রতিবেশী > পড়িএসী > । হিং পড়োসী) > বহুবচনার্থে শব্দদ্বয়ের সাহচর্য্য] বি, প্রতিবেশিগণ ; পাড়ার লোকজন। "এ পাড়াপড়সী ডাকিনী সদৃশী এ মত না খায় তারে।"-চণ্ডি০। যার বিয়ে তার মনে নাই পাড়াপড়্‌সীর ঘুম নাই-যার দায় বা কর্ম্ম সে নিশ্চিন্ত কিন্তু, যাদের কোনই দায়িত্ব নাই, তারা ভাবনায় নিদ্রা যায় নাই-বাজে-লোকের ভাবনা বা চঞ্চলতা বৃথা এবং অনাবশ্যক। ~বেড়ানি-পাড়ায় পাড়ায় ঘুরিয়া বেড়ান। ~বেড়ানী-যে নারী পাড়ায় পাড়ায় বা পাড়ার লোকের বাড়ী বেড়াইয়া বেড়ায়। পা০ মাত করা-ঝগড়ায় পাড়াশুদ্ধ সকলকে হারাইয়া দেওয়া ; পাড়া জয় করা। পা০ মাথায় করা-অত্যন্ত চীৎকার বা গোলমাল করিয়া পাড়ার লোককে মাতাইয়া তোলা। সম্ভবতঃ "মাতন করা" মুখে মুখে ঘুরিতে ঘুরিতে 'মাতায়' পরে 'মাথায়' হইয়া থাকিবে। তুল-মহরমের সময় মত্ত হইয়া পাড়ায় পাড়ায় মাতম করিয়া বেড়ানকে দুপুরে মাতম বলে-লোকমুখে ইহাই "দুপুরে মাতন" শুনা যায়। শুনলে সাড়া ভি নিলে পাড়া-সামান্য আভাস পাইয়া বা অল্পমাত্র কর্ণগোচর হতে না হতে পাড়ায় রাষ্ট্র করিয়া দেওয়া।

পাড়া২ [সং-পাটিধাতু > পাটা > পাড়া। পাড়ি, পাড় (পাড়েন,পাড়িস), পাড়ে (পাড়েন) ; পাড়িতে ; পাড়িয়া। (কথ্য, পদ্যে-পাড়ি, গ্রা০ পেড়ে)। ণিজন্ত-পাড়ান] ক্রি, পাতা ; পাতিত করা ; উর্দ্ধ হ'তে নিম্নে আনয়ন করা। প্র-জিনিষগুলা ছাদ হতে পাড়িয়া লও। ২ কাটিয়া ফেলা ; ভূতলে নিক্ষেপ করা ; ফেলিয়া দেওয়া। "খট্টার হতে জটায় ধরে পাড়িব এখন যাঞা।"-রামা০ (কবিচন্দ্র)। "ভীম দ্রোণ কাটিয়া পাড়িনু রথ হইতে"-মহা০(কাশী০)। ৩ বৃক্ষ

হতে আহরণ করা ; উচ্চস্থান হতে আহরণ করা। প্র-ডাব পাড়া ; আম পাড়া। ৪ ভূতলে বিস্তৃত করা ; পাতা। প্র-বিছানা পাড়া ; কম্বলখানা ঘরের মেঝেয় পাড়। ৫ কোন ব্যক্তির অঙ্গে বা প্রতি নিক্ষেপ করা ; ত্যাগ করা ; ছাড়া। প্র-গালি পাড়া। ডাক পাড়া। হাঁকার পাড়া। "অপবিত্র তাম্রকে পবিত্র কে কৈল। বিসাই বলিয়া গোসাই হুকার পাড়িল॥"-শূ° পু°।

পাড়া৩ [পরিষ্কার >] বি. পাট করা ; পরিষ্কার করা; মুক্ত করা। প্র-এঁটো পাড়া। হেঁসেল পাড়া। গোয়াল পাড়া।

পাড়ানি [পাড়া দ্রঃ। পাড়াই, পাড়াও (পাড়ান, পাড়াস), পাড়ায় (পাড়ান); পাড়াইতে ; পাড়াইয়া (প্রা° পাড়িয়ে)] ক্রি, অন্যের দ্বারা পাতিত করান। প্র-ছেলে ঘুম পাড়ান। গাছ হতে ফল পাড়ান।

পাড়ানিয়া, পাড়ানি, -নী [পাড়ানিয়া ক্ষে° পাড়ানি। প্রা°] বিণ, যে পাড়ায়। "ঘুম পাড়ানি মাসি পিসি ঘুম দিয়ে যেও।"-ছড়া। পুং পাড়ানে।

পাড়ি১ [পাড়৩ দ্রঃ] বি, পাইড় ; মেটে ঘরের চাল ধরিয়া রাখিবার খুঁটির মাথার কাঠ বা বাঁশ। ২ পাটি ; তক্তা।

পাড়ি২,পাড়ী[সং-পার > পারি >] বি, নদ্যাদির পারে গমন ; এক পার হ'তে অপর পারের বিস্তার বা ব্যাপ্তি। "আজি সে দুইটী বুকে এতই তফাৎ শত বৎসরের পাড়ী দিন রাত্॥"-ফুলরেণু। **পাড়ি জমান, পাড়ি দেওয়া, পাড়ি মারা**-পারে গমন করা। "বণিকের পণ্যতরী যখন * * ঘাটে ঘাটে পাড়ি জমালে তখন থেকে"-রবী°। ২ প্রস্থান করা ; পলায়ন করা।

পাড়ুন [পাতন > পাটন >] বি, মরাইয়ে ধান রাখিবার জন্য কাষ্ঠ ও মাদুর দ্বারা আবৃত করণ।

পাড়ে [পাড়া২ দ্রঃ। সং-পাটিতুম্ > প্রা° বাং পাড়ই,-এ=পাড়িতে] ক্রি-বিণ, পাড়িবার জন্য। "সাজি লএ ফুল পাড়ে জাআসি মালঞ্চে।"-শূ° পু°।

পাড়েবাটে [পাড়ে (পাতিত করে আক্রমণ করে) বাটে (পথে)] ক্রি, পথে দস্যুবৃত্তি করে ; রাহাজানি করে। "কাহাকিঁ লুন এবেঁ পাড়েবাটে"-শ্রী° কী°।

পাণ [পর্ণ > প্রা°। পান দ্রঃ] বি, তাম্বুল। "দাঁতে কেটে লাল ঠোঁট পাণ খেয়ে খেয়ে।"-কুঙ্কুম। **পাণ দেওয়া**-হতে পান দিয়া কোন কিছুর জন্য আদেশ করা। পূর্ব্বে কারও উপর কোন কার্য্যের ভার অর্পণ বা আদেশ দান কালে তার হতে পাণ দিবার প্রথা হতে। "দেবগণ মিলি যুক্তি কৈল সুরপতি। কন্দর্পেরে পাণ দিয়া দিলেন আরতি॥"-কবিক°। ২ নিমন্ত্রণ করা।

~বাটা [পাণের বাটা (পাত্রবিঃ), বাটী অপেক্ষা বড়)] বি, তাম্বুল রাখিবার পাত্রবিঃ ; তাম্বুলকরঙ্ক।

পাণা [সং-পৃশ্নি বা পর্ণী (বারিপর্ণী)। পা° সা° পণক] বি, জলের উপর ভাসমান পর্ণ বা পর্ণবহুল লতা ; জলজশৈবালবিঃ ; পুষ্করিণী দীর্ঘিকা ই°-র জল আবরণকারী পত্রশাকবিঃ ; ইঁদুরকানী, গুড়ি বা ডিমে পানা, ক্ষুদেপানা, টোকা পানা, ঝুমকাপানা ই° ভেদে পাণা বহুপ্রকার।

পাণান [হি° পানিয়ানা] ক্রি, পালান দ্রঃ।

পাণি১ [পণ্ (ব্যবহার করা) + ই (জ্ঞা°)] বি, মণিবন্ধ হ'তে অঙ্গুলি পর্য্যন্ত হস্তাংশ। "সবার ধরিনু পদে পাণি।"-কবিক°। **~গৃহীতি,-তী** [সং] বি, পত্নী। **~গ্রহ** [পাণি-গ্রহ্ (গ্রহণ করা) + অ (ঘি)] বি, পাণিগ্রহণ ; পরিণয়। **~গ্রহণ, ~পীড়ন** [পাণি (হস্ত) গ্রহণ (পীড়ন) করা হয় যে সংস্কার-বিশেষে, বহু°] বি, বিবাহ ; পরিণয়। **~ঘ, ~বাদ** [সং। বাং-য় প্র° অ°] বি, পাণিধ্বনিক (দ্রঃ)। **~তল** [পাণির তল, ৬তৎ] বি, করতল ; হাতের তেলো। **~বন্ধ** [পাণি-বন্ধ্ (বন্ধন করা) + অ-যে সংস্কারে পাণিবন্ধন করা হয়] বি, পরিণয় ; বিবাহ। **~স্বনিক** [পাণি (কর) + স্বন (শব্দ) + ইক] বিণ, বি, করতালি দ্বারা যারা সঙ্গীতে তাল দেয়। "গায়কেরা গান ও পা° করতালি দ্বারা তাল প্রদান করিতে লাগিল"-মহা° (সিংহ)। চক্রপাণি-চক্র দ্রঃ। দণ্ডপাণি -দণ্ড দ্রঃ। **পিণাকপাণি**-পিণাক দ্রঃ। বজ্রপাণি-বজ্র দ্রঃ। বীণাপাণি-দ্রঃ। শূলপাণি-শূল দ্রঃ।

পাণি২ [পণ্য >] বি, পণ্যালয় ; দোকান ; হাট। ২ কুলেখাড়ার গাছ।

পাণি৩ [প্রাকৃ° পাণিঅ। হি° পানী। প্রা° বাং-পাণী ও° (শ্রী° কী°)] বি, জল। **~কাক, পানিকাক**। প্রাদে° পাণি-কাউ। পাণিকোটী-প্রা° পানকৌড়ী। হি° পানি=জল] বি, ডাহুক ; পানকৌড়ী। > স্ত্রীং **~নী**। **~আল** [বৈদ্যকে-পানীয়ামলক] পানি আমলা। **~কে**-জলের নিমিত্ত। **~ফুটি**-স্ফীত জল। ২ জলের ফুট ; জলের বলক। **~শঙ্খ** [পানি= জল, দেবোদ্দেশে জল প্রদানার্থ শঙ্খরূপ আধার] বি, যে ক্ষুদ্র শঙ্খের জল দেবোদ্দেশে প্রদত্ত হয় ; জলশঙ্খ। ২ ["হাতে লইয়া বাজাইবার মত" অর্থে পানি] বাজাইবার শঙ্খ ; শাঁখ। "পাণিশঙ্খ বাজিলে উঠেন সেইক্ষণ। কপাট খুলিলে জগন্নাথ দরশন।"-চৈ°ভা°।

পাণিনি [ইতি°] বি, স্বনামপ্রসিদ্ধ ব্যাকরণকার মুনিবিঃ।

পাণিনীয় [পাণিনি + ঈয়] বিণ, পাণিনিসম্বন্ধীয়। ২ পাণিনি মুনি কথিত ; পাণিনি কর্ত্তৃক আদিষ্ট বা নির্দ্ধারিত। ৩ পাণিনি মুনি-রচিত। ৪ পাণিনি মতসম্মত।

পাণে [পানে দ্রঃ। প্রা° বাং] ক্রি-বি, প্রতি। "মোর পাণে চাহে যত লোক জাএ বাটে।"-শ্রী° কী°।

পাণ্ডব [পাণ্ডু + অ (অপত্যার্থে)] বি, পাণ্ডুরাজার পঞ্চপুত্র ; যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব। **~বর্জ্জিত**-বিণ, পাণ্ডব-দিগের দ্বারা পরিত্যক্ত ; অনার্য্য। **~সখা** [৬তৎ সমাসে ~সখ] বি, পাণ্ডবের সখা-শ্রীকৃষ্ণ। **~বীয়** [পাণ্ডব + ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, পাণ্ডব সম্বন্ধীয়। ২ পাণ্ডব পক্ষীয়। ৩ পাণ্ডব-সদৃশ ; পাণ্ডব-সুলভ। **~বেয়** [পাণ্ডু + এয় (অপত্যার্থে)] বি, পাণ্ডুরাজার পঞ্চপুত্র ; পাণ্ডব।

পাণ্ডর [সং] বি, পাণ্ডুর। ২ বিণ পাণ্ডুবর্ণবিশিষ্ট।

পাণ্ডরা [প্রা° বাং] পাণ্ডু দ্রঃ] বিণ, পাণ্ডুবর্ণযুক্ত।

পাণ্ডা [সং-পণ্ডা (বিদ্যা, শাস্ত্রজ্ঞান) >] বি, তীর্থ ও তীর্থকৃত্যাভিজ্ঞ ; তীর্থগুরু। ২ পথপ্রদর্শক ; নেতা। ৩ সমর্থক। "সতীশ-চন্দ্রের বাংলার মত একেবারে সংস্কৃত ছুট বাংলা আমি লিখ্‌তে পারিলে, যদিচ অসাধু ভাষার পাণ্ডা ব'লে আমি গণ্য।"-প্রমথ চৌধুরী।

পাণ্ডাল-পেণ্ডাল দ্রঃ।

পাণ্ডিত্য [পণ্ডিত দ্রঃ] বি, পণ্ডিতের ভাব ; বিদ্যাবত্তা ; মনীষা।

পাণ্ডু [সং] বিণ, পাংশুবর্ণ ; গৌরবর্ণ ; শুক্লপীতবর্ণ ; শ্বেতবর্ণ। ২ পাণ্ডুরোগ ; নেবা jaundice. ৩ দক্ষিণ ভারতীয় দেশবিঃ। ৪ [পাণ্ডুবর্ণ বলিয়া এই নাম] কুরুবংশীয় নৃপতিবিঃ ; যুধিষ্ঠিরাদি পঞ্চভ্রাতার পিতা। ৫ নদবিঃ। ৬ নাগবিশেষঃ। ৭ শ্বেতহস্তী। ৮ তীর্থবিঃ। ৯ পটোল ফল। ~ক [পাণ্ডু +ক (জ্ঞা॰)] বি, পাণ্ডুবর্ণ। ২ পাণ্ডুরোগ। ৩ পাণ্ডু রাজা। ৪ তীর্থবিঃ। ~কর্ম্ম -বি, পীতবর্ণ ক্ষত চিহ্নে চিহ্নিতকরণ making yellow coloured cicatrices. ~নাগ -বি, পুন্নাগ-নামক সুগন্ধি পুষ্পবিঃ ; রক্ত পুষ্প। ~ফল-বি, পটোল। > স্ত্রীং ~ফলা-কুটী। ~বর্ণ-বিণ, পাংশুবর্ণ ; ফ্যাকাসে। ~রাজ-পাণ্ডুনামক চন্দ্রবংশীয় রাজা। যুধিষ্ঠিরাদি পঞ্চভ্রাতার পিতা। বিচিত্রবীর্য্যের ক্ষেত্রে অম্বালিকার গর্ভে ব্যাসদেবের ঔরসে জন্ম। জ্যেষ্ঠ ধৃতরাষ্ট্র অন্ধ ছিলেন বলিয়া ইনিই হস্তিনাপুর সিংহাসনে অধিরোহণ করেন।

পাণ্ডুর [পণ্ড্‌ +উর(জ্ঞা॰), কিম্বা, পাণ্ডু +র। প্রা॰ বাং, প্রাদে॰ পাণ্ডরা। "অধিক পাণ্ডরা যে বা"-মনসা ম॰ (বংশী॰) ১৬শ শতাব্দী)] বি, পাংশুবর্ণ ; শুভ্রবর্ণ ; পীত শুক্ল মিশ্রবর্ণ। ২ নেবা ; পাণ্ডুরোগ। ৩ ধবল রোগ। ৪ গন্ধতুলসী বা মরুয়া ফুলের গাছ। ৫ বিণ, পাণ্ডুবর্ণবিশিষ্ট। ধূসরবর্ণবিশিষ্ট। ~দ্রুম [পাণ্ডুবর্ণ বলিয়া] বি, কুড়চীগাছ।

পাণ্ডুরঙ্গ [বৈদ্যকে] বি, পাটরাঙ্গা-নামক লতা ফল।

পাণ্ডু/লিপি [সং-পণ্ড্‌ (গতি) > অর্থ-সম্প্রসারণে-চলতি-দানসহী > মোটামুটি rough (-sketch খসড়া)] বি, মুসাবিদা। ২ হাতের লেখা কাগজ বা পুঁথি ; মুদ্রিত পুস্তকাদির আদর্শ ; কাপি manuscript. ~লেখ্য-বি, খসড়া লেখা ; মুসাবিদা ; পাণ্ডুলিপি।

পাণ্ড্য-বি, ভারতের পুরাণপ্রসিদ্ধ দক্ষিণ সীমান্ত চোলদেশের দক্ষিণ-পশ্চিমে অবস্থিত। মলয় পর্ব্বত ও তাম্রপর্ণী নদী ইহার সীমারেখা নির্দ্ধারণ করিতেছে। বর্ত্তমান তিন্নেবেল্লীই প্রাচীন পাণ্ড্য। রামেশ্বর দ্বীপ এই রাজ্যভুক্ত ছিল। কালিদাস পাণ্ড্যদেশের রাজধানীকে নাগ-নগর বলিয়াছেন। সম্ভবতঃ ইহা মাদ্রাজের ১৬০ মাইল দক্ষিণে নেগপটন বা নাগপত্তন। ইহাকে পাণ্ড্য-মণ্ডলও বলে। ইহা আধু॰ মালাবার, কানাড়া ও কোঙ্কনদেশ। ২ পাণ্ড্যদেশের রাজা। ৩ পাণ্ড্যদেশের অধিবাসী। ৪ পাণ্ড্য সম্বন্ধীয়। ৫ পাণ্ড্য-দেশজাত।

পাত১ [পত্‌ (পতিত হওয়া) + অ (ভা॰)] বি, পতন। প্র-রক্তপাত। নক্ষত্রপাত। বৃষ্টিপাত। ২ নিপাত ; বিনাশ ; ক্ষয়। প্র-শত্রুকে পাত করা ; খাটিয়া খাটিয়া দেহ পাত করা। ৩ নিক্ষেপ। প্র-দৃষ্টিপাত। নেত্রপাত। ৪ মৃত্যু ; মহাপ্রস্থান। "সতীর সংবাদ শুনি সমাকুল শূলপাণি রহিলেন হইয়া নীরব। বুঝিয়া সাধ্বীর পাত ভাবিলেন ভূতনাথ কেবল কৈলাস অন্ধকার॥"-শি॰। অনর্থ পাত-বিপদের আপতন। দেহপাত, শরীর পাত-দেহের ক্ষয় ; দেহনাশ ; মৃত্যু। রক্ত পাত-আঘাত জনিত দেহ হতে রক্তপতন। রক্ত পাত করা-কাটা ; কাটাকাটি করা ; খুনোখুনি করা।

পাত২ [সং-পত্র >] বি, পত্র ; পর্ণ ; গাছের পাতা। প্র-কলাপাত। ২ পত্রবৎ পাত্‌লা। প্র-লোহার পাত। ৩ কদলী, মান, শাল, পলাশ ই॰-র পাতায় অন্নগ্রহণ করিবার প্রথা হতে, অন্নের আধার। প্র-নিমন্ত্রিত ব্যক্তিগণের জন্য পাত করা। ৪ তবক foil. ৫ [পাতি দ্রঃ] বি, ক্ষুদ্র। প্র-পাতমৌরি(ড়)। ৬ পাতলা ; কৃশ। প্র-খেটে খেটে দেহ পাত হয়ে গেছে। এই অর্থে বিদ্রূপে- "তালপাতার সেপাই ফুঁয়ে উড়ে যান" (অর্থাৎ যার দেহ পত্রের মত বা এত পাতলা যে ফুঁয়ের ভর সহে না)। পাত উঠা-অন্নরহিত হওয়া। পাত করা-আহার করাইবার জন্য অন্নাধার স্থাপন করা ; আহারের স্থান বা ঠাঁই করা। পাত চাটা-উচ্ছিষ্টভোজী। ২ [লক্ষ॰] অতিশয় খোসা-মুদে। পাত পাড়া-অনিমন্ত্রিত বা স্বতঃ-প্রবৃত্ত হইয়া অন্যের বাড়ী আহারের জন্য পাতা পাতিয়া আহার করা ; হীনভাবে পরের বাড়ী অন্ন গ্রহণ করা।

পাত৩ [জ্যো॰ পরিঃ (হি॰ কো॰)] বি, ইং node এর বৈজ্ঞা॰ পরিঃ ; খ-মণ্ডলের বৃহৎ বৃত্তদ্বয় যে বিন্দুদ্বয়ে পরস্পরকে ছেদন করে তার অন্তর। ২ [বলবিদ্যা॰] ইং lamina র বৈজ্ঞা॰ পরিঃ ; পত্র।

পাতক [পত্‌+ণিচ্‌=পাতি (পতিত করান) + অক (র্ত্তৃ)] বিণ, যে পতন ঘটায় ; পতনকারক। ২ বি, পতনের হেতু ; পাপ। "কেহো কেহো এ শাস্ত্রে প্রবৃত্ত হইবার উৎসাহের ভঙ্গের নিমিত্ত কহেন যে বেদের বিবরণ ভাষাতে কথাতে এবং শুনাতে পাপ আছে এবং শূদ্রের এ ভাষা শুনিলে পা॰ হয়।" -বেদান্ত (রা॰ মো॰ রায়, ১৩১৬)। "পূর্ব্বের পাতকে পরিত্যাগ দিল পতি। তাতে হৈল ত্রিগুণ তোমারে মাইসু লাথি॥"-শি॰। স্ত্রীং ~পাতকিনী। অতিপাতক-বি, মাতা, দুহিতা ও পুত্রবধূ গমন এই ত্রিবিধ গুরুতর পাতক বা পাপ। মহাপাতক-গুরুতর পাপ ; ব্রহ্মহত্যা, ব্রাহ্মণের স্বর্ণ চুরি, সুরাপান, গুরুপত্নী হরণ ও এই পাপীদের সংসর্গ জন্য পঞ্চবিধ পাপ।

পাতকী [পাতক+ইন্‌ (অস্ত্য॰) = পাতকিন্‌ ১মা, ১ব॰] বি, পাতকের ফলভাগী ; পাপী। "দরশনে দাগা দিলে হবে পা॰-রামবসু।

পাতকুয়া১, পাতকোয়া [গ্রা॰ পাত্‌কো। পাত (পৎ >)=পাতাল+কুয়া (কূপ)] বি, পাতালভেদী কূপ ; গভীর কূপ ; ইন্দারা।

পাতখোলা [পত্র > পাত, খর্পর > খোলা। পাতলা খোলা বা খোলার পাত] বি, অল্প পোড়া বা আধপোড়া মাটির পাত।

সোঁদাগন্ধ হেতু ইহা গর্ভিণীর মুখরোচক। "পাঁচ পিঠা প্রচুর পায়েস পা০"-ঘ০।

পাতগালা [পাত-গালা] বি, পত্রবৎ পাতলা গালা।

পাতঝিঁও [সতরঞ্চির অনুকরণে] বি, পাতিয়া শয়ন বা উপবেশন করিবার আসন বা আস্তরণ।

পাতঞ্জল [পতঞ্জলি+অ (কৃতার্থে)] বিণ, পতঞ্জলি মুনিকৃত দর্শন শাস্ত্র; (১) যোগ পাদ (২) সাধন পাদ (৩) বিভূতি পাদ (৪) কৈবল্য পাদ-এই চারিটি বিষয় প্রতিপাদক যোগশাস্ত্র।

পাতড়া, পাৎড়া [পত্র > হিং পত্তল > পতর-পতড় (র=ড়)+আ (তুচ্ছার্থে)। অথবা এঁটো পাতা > পাতড়া] বি, পাতা। ২ পাতের ভুক্তাবশিষ্ট ; উচ্ছিষ্ট পাত ; এঁটো পাতা। "পাতড়া চেটে"-ঈ০ গুপ্ত। ৩ [হিং পত্তল] পাতা সাজাইয়া যে ভক্ষ্যদ্রব্য বিতরণ করা হয়। "কত ব্রাহ্মণ পণ্ডিত লুচিমণ্ডার লোভে * * * আসিয়া পাতড়া মারিবে।"-কমলাকান্তের দপ্তর। ৪ [পাত-তাড়া। ক্ষে০] পাতার তাড়া ; পাততাড়ী। ৫ পুঁথীর পাতা বা পত্র। ৬ ক্রোড় পত্র ; অতিরিক্ত পত্র। ৭ বংশ বা কুল পরিচায়ক পত্র।

পাততাড়ী, পাত্তাড়ী [সং-পত্র > পাত+তাড়ী (তাড়া অপেক্ষা ক্ষুদ্র)] বি, পত্রগুচ্ছ। ২ পাঠশালের পড়ুয়াদিগের লিখিবার তাল পাতার আঁটি। বিণ, ~তেড়িয়া, পাত্তেড়ে - পাঠশালের পড়ুয়া যাদের পাত্তাড়ী আছে ; প্রাথমিক শিক্ষানবীশ। "পাত্তেড়ে পড়োর মত অক্ষরের ছাঁদ,"-হেম০। পা০ গুটানি-পাঠশালার লেখা সমাপ্ত করিয়া তাল পত্রগুলি গুছাইয়া তাড়ী বাঁধা। ২ [লক্ষ০] দ্রব্য সামগ্রী গুছাইয়া বাঁধা ও তোলা। ৩ কাজকর্ম শেষ করিয়া বা যা সঙ্গে যাইবে গুছাইয়া লইয়া প্রস্থান করা। ৪ কর্ম শেষ করা।

পাতন$_1$ [রাসা০পরি:] বি, পরিস্রবণ ; ক্ষরণ ; চুয়ন ; নিঃস্যন্দন distillation. ২ নিপাতন ; নিষ্কাষণ extraction. ৩ চালনা। "ঊর্দ্ধপাতন, অধঃপাতন, তির্য্যক পাতন আয়ুর্ব্বেদে পারদের উক্ত তিন প্রকার পাতনের দ্বারা শোধন।" ~যন্ত্র-যে যন্ত্রে চুয়ান যায়।

পাতন$_2$ [পৎ + ণিচ্=পাতি + অন (ভা০)। ইহারই বিকার পাটন, পাড়ন] বি, পাতকরণ ; বিস্তারণ ; অধঃস্থাপন ; পাড়ন। ২ অধঃক্ষেপণ ; নিক্ষেপ। ৩ বিন্যাস। ৪ বিনাশন ; নিপাতকরণ। ৫ কানের পাটা বা পাতা। ~কাঁড় [কাঁড় দ্র:] বি, যে ধনু বনে পাতিয়া রাখিলে যন্ত্রবলে আপনা-আপনি শিকার বিষাক্ত শরে বিদ্ধ হয়। ~যন্ত্র -বকযন্ত্র still.

পাতনলী [পাত্র > পাত-নল-ঈ] বি, ঘানি গাছের যে স্থান দিয়া তৈল বাহির হয় সেই ছিদ্রের নিম্নে সংলগ্ন টিনের পাতবিঃ।

পাতনা$_1$ [পাত (পাতা)+না (ক্ষুদ্রার্থে, তুচ্ছার্থে)] বি, কুড়া ; কুটা ; তুষ ; খড়কুটি ; ধান্যাদির অসার ভাগ ; চিটা। "ধান্যরাশি মাপি যৈছে পা০ সহিতে। উড়াই পা০ পাছে সংস্কার করিতে।"-চৈ০ চ০। ২ মাটির পাত্রবিঃ ; নাদা ; যে মাটির বড় পাত্রে গোরুকে ঘাস ও খড় খাইতে দেওয়া হয়।

পাতনা$_2$ [পাতনামা > ক্ষে০] বি, মুখপাত ; সূত্রপাত ; আরম্ভ।

পাতনামা [সং-পত্তন > ভ্রং পাত+ফা নামা=লিপি পত্র] বি, গোড়া-পত্তন ; মুখ-পাত ; সূত্রপাত ; আরম্ভ।

পাতয়াল [নৌ০] বি, নৌকার হাইল (মনসা ম০-বংশী০)।

পাতয়ে [প্রা০ বাং। নামধাতু, আধু০ পদে] ক্রি, পাতে।

`পাতর, `পাথর [সং-প্রস্তর > প্রাকৃ০ পথর >] বি, প্রস্তর ; পাষাণ ; শিলা। বিণ, `পাতুরিয়া, `পাথুরিয়া [গ্রা০ `পাতুরে, `পাথুরে] প্রস্তরময় ; প্রস্তর-নির্ম্মিত। ২ প্রস্তরবৎ ; প্রস্তরীভূত। পা০-চাপা কপাল-যে কপাল খোলে না ; যার সৌভাগ্যোদয় হয় না। পাতা$_2$ দ্রঃ।

পাতরা [পত্র > । পাতড়া দ্রঃ] বি, ক্রোড় পত্র।

পাতরাজ [পার্ব্বত্য > পাত+রাজ (রাজসর্প)] বি, পাহাড়িয়া রাজ সাপ।

পাতল$_1$ [পাতর দ্রঃ। হিং পথর বা পথল্ (র=ল) > পদ০সা০ কোমলরূপ পাতল] বি, পাষাণ ; পাথর। প্র-নাহই উঠনু হাম কালিন্দী তীর। অঙ্গহি লাগল পাতল চীর॥" -বি০ প০।

পাতল$_2$ [পত্র > হিং পাতর=পাতল। গ্রা০ পৎলা ; বাং গ্রা০ পাতলা, পাৎলা। পাত+ল (সদৃশ অর্থে)-পাতার মত সূক্ষ্ম] বিণ, পাৎলা ; অঘন। ২ সরু। ৩ কৃশ। ৪ লঘু। "হার পেলাহ পা০ হউ তন"-শ্রী০কী০। স্ত্রীং ~ী [প্রা০ বাং] বিণ, কৃশাঙ্গী। "কোঅলী পাতলী বালী সুন বনমালী"-শ্রী০ কী০।

পাতলা, পাৎলা [পত্র > পাত+লা (সদৃশ অর্থে)-পাতসদৃশ] বিণ, অঘন ; ফাঁক ফাঁক। ২ সূক্ষ্ম ; পুরুর বিপরীত। প্র-পাতলা চুল। ভিড় পাতলা হয়ে যাওয়া। প্র-পাতলা তক্তা। ৩ কৃশ ; শীর্ণ ; ক্ষীণ ; কাহিল। প্র-পাতলা দেহ। ৪ ছিপ ছিপে ; লিকলিকে। প্র-পাতলা বেত। ৫ ফিন্‌ফিনে। প্র-পাতলা কাপড়। ৬ লঘু ; হাল্কা। প্র-পাতলা নেশা। ৭ কম চওড়া ; সরু ; সঙ্কীর্ণ। প্র-পাতলা গলি। ৮ তরল ; দ্রব। প্র-পা০ দুধ। পা০ দৈ। স্ত্রীং পাতলী।

পাতশা, পাতসাহ, পাতসা [ফা০ পাত্‌শাহ্। > বাং গ্রা০ পাচ্চা। প্র-নোংরার পাচ্চা] বি, বাদসাহ ; সম্রাট্ ; রাজাধিরাজ। "তদবধি আলিবর্দ্দি হইলা নবাব। মহাবদজঙ্গ দিলা পাতসা খেতাব॥" -ভারত০। ২ প্রধান।

পাতশাহী, পাতসাহী [পাতশা দ্রঃ] বিণ, বাদশাহী ; পাতশা-সুলভ ; সম্রাটবৎ ; সম্রাটযোগ্য ; রাজকীয়। "পাত-সাহী সরঞ্জাম ভূত দিয়া সব লুঠাইব।" -ভারত০। "পাতশাহী শিরপা"-অ০ ম০।

পাতা$_1$ [পা (রক্ষা করা, পান করা) + তৃ (তৃচ্)=পাতৃ ১মা, ১ব০] বিণ, পালনকর্ত্তা ; রক্ষাকর্ত্তা ; রক্ষক। ২ পানকারী ; পানকর্ত্তা।

পাতা$_2$ [সং-পত্র >] বি, গাছের পাতা ; পত্র ; পর্ণ। "পাতায় পাতায় পড়ে নিশির শিশির"-ম০ মো০ ত০। তালপাতা ; কলাপাতা। ২ প্রপত্র ; পুস্তকের পাতা।

৩ নেত্রপল্লব ; চোখের পাতা। ৪ পুষ্পপল্লব ; পায়ের পাতা ; পায়ের তলা। **পাতা ক॰ ধা** -অন্ন ধারণোপযোগী পাত্র স্থাপন করা। ২ নিমন্ত্রিত ব্যক্তিদিগের পঙ্‌ক্তি ভোজনের নিমিত্ত ভোজ্য পাত্র (সাধাঃ, কলাপাত) আসনের সম্মুখে সাজাইয়া দেওয়া। **পাতা কাটা**-ভোজ্য রাখিবার জন্য বা পরিবেশনের জন্য কদলী মান প্রভৃতির পত্রচ্ছেদন করা। ২ পত্রাকারে পাড়িয়া কেশ বিন্যাস করা। "কপাল পর্য্যন্ত পাতা কেটে বাঁধা খোঁপা" -আ॰ শক্তি। **পাতা কুড়া(ড়ু)নী**-বি, উচ্ছিষ্ট পাতা সংগ্রহ করিয়া যে অন্ন-সংস্থান করে ; অতি দরিদ্রা। **পাতা চাটা**-উচ্ছিষ্ট লেহন করা। ২ নীচ তোষামোদ করা। **পাতা চাপা কপাল**-যে কপাল বা অদৃষ্ট সহজে মুক্ত হয়, পাথর চাপার মত চির রুদ্ধ থাকে না। **পাতা পাড়া**-ভোজ্য ধারণীয় পাত্র পাতিয়া অন্নের অপেক্ষা করা। ২ অন্যের গৃহে ভোজন করা।

পাতা৩ [হিং পত্তা (পতাকা >)] বিণ, পতাকা ; নিশান। ২ চিহ্ন ; নিদর্শন। ৩ সন্ধান।

পাতা৪ [সং-লিপ্ত >] বিণ, লিপ্ত ; পাড়ল ; যা পাতিলে বা রাখিলে জমীর সহিত লাগিয়া থাকে। **-পা** [লিপ্ত পদ >] যে পা পাতিলে বা রাখিলে জমির সহিত লিপ্ত হইয়া থাকে। ইহার বিপরীত "খড়ম পা"। ২ যে পায়ের আঙুল হাঁসের পায়ের মত পাতলা চামড়ায় জোড়া ; লিপ্তপদ webfooted.

পাতা৫ [পৎ >। পাতন দ্রঃ। পাতি, পাত (পাতুন, পাতিস), পাতে (পাতেন) ; পাতিতে ; পাতিয়া (প্রা॰ পেতে)। ণিজন্ত-পাতান। প্রা॰ বাং-**পার্ত্তি**-স্থাপন কর। "আহন্ত রাঘব যেবে দিব্য সভা পাতি" -শুক্কর দেব। ২ বিস্তার করা। **পার্ত্তিএ**-পাতে। **পাতিলোঁ** - পাতিলাম। **পাতি, পাতী**-স্থাপন করিয়া। **পাতে**-স্থাপন করে। **পার্ত্তসি**-স্থাপন করিতেছে। "মিছাই রাখা পাতসি বন্ধ"-শ্রী॰ কী॰। ২ নিবেদিত করা। "পাতসি কাবে"-শ্রী॰ কী॰। ৩ প্রসঙ্গ করিতেছে ; কথা পাড়িতেছে। "পাতসি কথা"-শ্রী॰ কী॰। ৪ বিস্তার করিতেছে। "পাতসি মায়া"-শ্রী॰ কী॰। ৫ সূচনা করিতেছে। "কমণ ঝগড় রাখা পাতসি তেঁ." -শ্রী॰ কী॰] ক্রি, নিম্নে স্থাপন করা। ২ বিস্তারিত করা ; বিছান। "এস এস আমার হিয়া পাতা রয়েছে"-স্বপ্ন-বিলাস। বিছানা পাতা ; মাদুর পাতা। ৩ ঘটা ; বাধা ; লাগা। "যখন পাকিবে খন্দ পাতিবা বিষম দ্বন্দ্ব দরিদ্রের ধানে দিবে নাগা।"-কবিক॰। **আড়ালি পাতা, আড়ি পাতা**-আড়াল থেকে অর্থাৎ লুকাইয়া অন্যের কথা শুনা। **ওত পাতা**-অপেক্ষা করিয়া থাকা ; আক্রমণের জন্য প্রস্তুত হইয়া থাকা। **কাণ পাতা**-কোন কিছু শুনিবার জন্য উৎকর্ণ হইয়া থাকা। ২ শুনা। **চোখ পাতা**-দৃশ্য বস্তুতে দৃষ্টি স্থির রাখা ; দেখা। **ঘাড় পাতা**-সম্মত হওয়া ; রাজী হওয়া। **জাল পাতা**-জাল বিস্তার করিয়া রাখা। **পা পাতা**-পা রাখা ; মাড়ান। **পাত পাতা, পাতা পাতা**-আহারার্থ ভোজ্যধারণীয় পাত্র স্থাপন করা। **পিঠ পাতা**-প্রহার সহ্য করিবার জন্য প্রহারকের অগ্রে পৃষ্ঠ স্থাপন করা। **পিঁড়ে পাতা**-বসিবার বা বসাইবার জন্য কাষ্ঠাসন স্থাপন করা। **বুক পাতা**-কারও সাহায্যার্থ বা কোন কষ্টসাধ্য কার্য্য নির্ব্বাহার্থ সমস্ত সাহস ও শক্তি নিয়োগ করা। **মাথা পাতা**-কোন কিছুর ভার অথবা গুরুজনের আদেশ অবনত মস্তকে গ্রহণ করা। ২ কোন বিষয় বিনীতভাবে শিরোধার্য্য করিয়া লওয়া। **সংসার পাতা**-বিবাহাদি করিয়া সংসার-ধর্ম্ম পালনের জন্য গৃহস্থালীর উপযোগী যাবতীয় আয়োজন করা। **সভা পাতা**-সভা স্থাপন করা। আধু॰ 'সভা করা,' 'সভার অধিবেশন করা'। **হাত পাতা**-গ্রহণের জন্য হস্ত প্রসারণ ও করতল বিস্তার করা। ২ ভিক্ষা করা।

পাতাড় [সং-পত্র > পত্তড় > পাতাড় (তুচ্ছার্থে ড়), বা লতাপত্র > পাতলতা > পাতাল > পাতাড়। ল=ড়] বি, পাতালতা ; পালান (পালান ৫ দ্রঃ)। প্র-শাক পাতাড়।

পাতান১ [স্থাপনা-থাপনা > (বর্ণ বিপর্য্যয়ে) পাতান। পাতাই, পাতাও (পাতান, পাতাস) (পাতায়, পাতাস) ; পাতান ই॰] ক্রি, সম্পর্ক স্থাপনা করা। প্র-ভাগ্নাত পাতান। ২ পাতিতে বাধ্য করা ; অন্যের দ্বারা বিছাইয়া লওয়া। ৩ বিণ, স্থাপিত ; অপ্রকৃত ; কৃত্রিম। প্র-পাতান সম্পর্ক। "পাতানে মাসী" -সধবার একাদশী (দীনবন্ধু॰)। "একটা পাতান রকম পিসী আছে সেইটাকে ডাকিয়া বাড়ীতে বসাইয়া আসিব।"-রাজসিংহ (বঙ্কিম॰)।

পাতান২, পাতাম [প্রাদে॰। পূ॰ বঙ্গে, পাতাম ; স্থান বিশেষে বাতাম : প॰ বঙ্গে, বাতান] বি, নৌকা গঠনে তক্তা জুড়িবার পাতলোহার দুমুখা প্রেক।

পাতামল [পাতা (পায়ের পাতার উপর ধারণীয়) মল] বি, চরণালঙ্কারবিঃ। "পায়ে দিল পাতা মল"-শি॰।

পাতার [পাথার >, গ্রা॰] বি, পাথার দ্রঃ। ২ বিণ, প্লাবিত। ৩ জলে পরিপূর্ণ।

পাতারি [যশো॰ খুলনা, প্রাদে॰] বি, নদীর জল হ'তে প্লাবন নিবারণ জন্য তীর সংলগ্ন ছোট বাঁধ। ঐরূপ বড় এবং উচ্চ বাঁধের নাম ভেড়ী।

পাতাল [পত্‌(পতনে) + আল (ধি)] বি, অধোভুবন ; মর্ত্তের নিম্নস্থ লোক। পৌরাণিক সৃষ্টি প্রকরণে সপ্তপাতাল প্রসিদ্ধ। "ভুবন সৃজন করণ বিধি। সপ্তস্বর্গ কৈল ভুলোক আদি। পাতাল সকল সৃজিল হেলে। অতল বিতল সুতল তলে। তলাতল রসাতল পাতাল এ সপ্ত পাতালে হেটেতে জল। কমঠ উপর করিয়া ভর। ধরণী ধরিল ধরণীধর।"-শি॰। ২ নাগলোক। ৩ নরক। ৪ ভূগর্ভ ; গভীর গর্ত্ত। ৫ [জ্যো॰] লগ্নের চতুর্থ-স্থান। ৬ আমেরিকা। (উ॰ বিদ্যারত্ন)। **পা॰ কত দূরে দেখা**-গভীর জলের তলায় পৌঁছা। ২ [লক্ষ॰] কোন কিছুর চরম বা শেষ কোথায় দেখা। "ডুবেছি না ডুবতে আছি, পাতাল কত দূরে দেখি"-বাং-গান। **পা॰ গঙ্গা**-পৌরাণিক নদী ভোগবতী। **পাতালের দিকে মুখ করে থাকা, মুখ পা॰ পারা**

ক্ঁরা-ক্রোধ বা অভিমানে নির্ব্বাক্, গম্ভীর ও অধোমুখ হ'য়ে থাকা ; ঘাড় না তুলিয়া ধরার দিকে দৃষ্টি নিবদ্ধ করিয়া থাকা। ~পুরী-বি, ভূগর্ভে নির্ম্মিত গুপ্তগৃহ ; তয়খানা। ২ সপ্ত অধোভুবনের অন্যতম। ~ফোঁড়-বি, যে ছত্রক কাষ্ঠাদিতে না জন্মিয়া মাটি ভেদ করিয়া উঠে ; উদ্ভিদ জাতীয় ছাতা।

পাতালিক [বৈজ্ঞা॰ পরিঃ (সা॰ প॰ প॰)] বি, ইং Plutonic এর বৈজ্ঞা॰পরিঃ : অন্তর্ভৌম ; বারুণ।

পাতাসি,-সী₂ [পাতা+সী[(সাদৃশ্যার্থে)] বি, ঘাসের পাতার মত ক্ষুদ্র এক-জাতীয় মৎস্য ; বাঁশপাতা (হিং॰ বাঁশপাত্তি)। ২ [এই অর্থে বাতাসি,-সী ও॰] কৃশা নারী।

পাতি₁ [পত্র >] বি, জলজ তৃণবিঃ ; ঝাঁজি। ২ বংশশলাকা ; চেঁচাড়ী ; বাঁশের সিক বা কাঠি। ৩ পেতে ; বাঁশের ছোট ঝুড়ি ; চুপড়ি। "নানা সাজে ভরিলেন পাতি।"-কবিক॰। ৪ [প্রা॰ বাং] ফুলের সাজি। "কেমন জলঘট গো তুম্বার কেমন ফুলর পাতি।"-শূ॰ পু॰।

পাতি₂ [সং-পত্রী] বি, পত্র ; পর্ণ ; পাতা। ২ [পত্র >] চিঠি ; লেখ্য ; পত্র। "কপটে লিখিয়া পাতি, মজাইলি মোর জাতি যুগে যুগে রাখিলি গঞ্জন।"-কবিক॰। "স্বাক্ষর করিয়া পাতি অবশেষে লেখে ইতি।" -ঐ। ৩ শাস্ত্রীয় ব্যবস্থা।" ব্রাহ্মণের পাতি নিয়ে পরাচিত্তি করিল"-মৈ॰ গী॰। ৪ [হিং॰ পতা ; পাত্তা। পত্র-পতাকা (নিশান) >] নিশানা ; নিদর্শন। ৫ সন্ধান ; সংবাদ ; উদ্দেশ। ৬ [শ্রীহট্ট॰ প্রাদে॰] বি, মাছের আঁইস।

পাতি₃ [সং-পত্র > হিং॰ পত্তা, ক্ষুদ্রার্থে পত্তি > বাং-পাতি, পাতা, পাত (ক্ষুদ্র পত্র, পাত₂ দ্রঃ)। তুল-পট্টি (ক্ষুদ্র ও পাতলা অংশ)। পূ॰ ব॰ প্রাদে॰ পেতি। তুল-ইং petty. > যা কিছু ক্ষুদ্র বা ছোট জাতীয়] বিণ, ক্ষুদ্র ; ছোট ; অশ্রেষ্ঠ, নিম্নশ্রেণীর। ~কাক-ছোট জাতীয় কাক ; (দাঁড়-কাক নহে)। ~নেড়ে-নিম্নশ্রেণীর মুসলমান ; মোগল পাঠানাদি উচ্চশ্রেণীর নহে। ~নেবু, ~লেবু-একজাতীয় ক্ষুদ্রাকৃতি গোল নেবু ; কাগজী, গোঁড়া, বাতাবী ইং॰ জাতীয় নহে। ~ভাঁড়-ছোট মাটির ভাঁড়। ~ময়ূর [পাতি (ক্ষুদ্র) মোর (মৌল < মৌলি)=ময়ূর। 'পাতমোর' ও॰] বি, বিবাহ-কালে কন্যার মাথায় সোনার ছোট মুকুট। পাতি মোড়,-র [ল=র=ড়] ক্ষুদ্র মুকুট ; কাণের সীঁথি মোড়। ~শিয়াল -খেঁকশিয়াল ; ছোট জাতীয় শিয়াল। ~হাঁস-ছোট জাতীয় হাঁস (রাজহাঁস নহে)।

পাতিত [পাতা দ্রঃ। পত নিজন্তে=পাতি +ত (র্ম্ম)] বিণ, যা পাতা হইয়াছে ; ভূন্যস্ত। ২ নিক্ষিপ্ত। ৩ [রাসা॰ পরিঃ] বিণ, ইং distilled এর বৈজ্ঞা॰পরিঃ। বি, পাতন -স্রবন distillation.

পাতিত্য [পতিত+য (ভা॰)] বি, পতিতের ভাব, অবস্থা, ধর্ম্ম ; অধঃপতনাবস্থা।

পাতিপাতি, পাঁতিপাঁতি [সং-পঙ্‌ক্তি > পন্তি > পঁত্তি > পাঁতি, পাতি] অ, পঙ্‌ক্তি পঙ্‌ক্তি ; প্রতি পঙ্‌ক্তি ; তন্ন তন্ন করিয়া (অনুসন্ধান)। "খোঁজে নিতি পাতি পাতি জননী তাহার"-প্রেম ও ফুল।

পাতিব্রত্য [পতিব্রতা+য (ভা॰)] বি, পতিব্রতার ধর্ম্ম ; সতীধর্ম্ম ; সতীত্ব। "নিজ পা॰ বলে জানকী সুন্দরী। সুরক্ষিত হতেছেন দিবস শর্ব্বরী।"-রামা॰ (রাজ॰)।

পাতিয়ান, পঁতিয়ান [প্রত্যয়ন >] বি, প্রত্যয় স্থাপন : বিশ্বাস। ২ আশ্বাস। "দুয়েরে বাল্মিকী মুনি দেন পাতিয়ান"-কৃত্তি॰।

পাতিয়ায় [প্রত্যয় >। পদ॰ সা॰ এবং প্রা॰বাং-য়। রূপান্তর-"পতিয়ায়"] ক্রি, প্রত্যয় করে ; বিশ্বাস করে। "নীচজাতি ব্যাধকে চণ্ডিকা দিল ধন। এমন কথায় পাতিয়ায় কোন জন॥"-কবিক॰।

পাতিয়াঅঁব [বৈ॰ পদ॰ সা॰। রূপান্তরে-পতিয়ায়ব। "প্রত্যয় করিব" > ক্ষে॰] ক্রি, প্রত্যয় করিব ; বিশ্বাস করিব। "কো পাতি-য়ায়ব ইথে॥"-জ্ঞান॰।

পাতি/লা₁ [সং-পাতিলী-মৃৎপাত্রভেদ-মেদিনী॰। হিং॰ পতীলি। ফা॰পতীলী-চওড়ামুখ তিজেল] বি, ছোট হাঁড়িবিঃ ; তিজেল। ~লী-বি, মৃৎপাত্রভেদ ; কাঁদাল-মুখ তিজেল। ২ ফাঁদ ; শিকারীর জাল। ৩ নারী।

পাতিল₂ [অনার্য্য শব্দ] বি, পিণ্ডা : পিঁড়ে ; দাওয়া।

পাতিলা [নৌ॰] বি, বাঙ্গলার নিজস্ব বাণিজ্যতরীবিঃ। "প্রকাণ্ড, তলা চওড়া, প্রায় সমতল পোত * * ; এগুলি খুব দৃঢ়রূপে নির্ম্মিত হয় এবং চারি হ'তে ছয় হাজার মণ মাল ধরে। এই পাতিলা শ্রেণীর নৌকা এখনও আছে, কিন্তু সমুদ্র উপকূলে আর যাইতে হয় না বলিয়া হাজার মণের উপর বোঝাই ধরে না।"-মধ্যযুগে বাঙ্গলা।

পাতিলেবু, পাতিনেবু-পাতি₃ ও নেবু দ্রঃ।

পাতিশিয়াল-বি, পাতি₃ দ্রঃ।

পাতিহাঁস-বি, পাতি₃ দ্রঃ।

পাতী [পত্ (পড়া)+ইন্ (র্তৃ-শীলার্থে) মূ॰ পাতিন্ ১মা, ১ব॰ বাঙ্গলায় স্বতন্ত্র প্রয়োগ নাই। প্রা॰ বাং-য় পাতিয়া > "পেতে"। প্র-অধঃপেতে=অধঃ পাতিয়া] বিণ, পত-নোন্মুখ ; পতনের দিকে অগ্রসর ; পতনশীল। "নীরবিন্দু দূর্ব্বাদলে নিত্য কিরে ঝলমলে, কেনা জানে অম্বুবিম্ব অম্বুমুখে সদ্যঃপাতী।" -মাইকেল। ২ পতিত ; ভুক্ত। প্র-অন্তঃপাতী।

পাতুক [পত্ (পতিত হওয়া)+উক (র্তৃ-শীলার্থে)] বিণ, পতনশীল। ২ বি, ঢালুদেশ ; পর্ব্বতসানু।

পাতে পাতে, পাতেঁ পাতেঁ [পত্রে-পত্রে > পাতায় পাতায় > প্রা॰বাং-য় ˘ যোগ] ক্রি-বিণ, পাতিপাতি করিয়া : পুঙ্খানুপুঙ্খ রূপে। "কৃষ্ণ যবেঁ দেখিবেক গাছ, পাতেঁ পাতেঁ"-শ্রী॰ কী॰।

পাত্তা [পত্র >] বি, সংবাদ ; উদ্দেশ ; খোঁজ। ক্রি, পা॰ পাওয়া, -মেলা। "সেই যে দৌড়মা[illegible], আর তাহার পাত্তাও মেলেনা"-বঙ্গবা[illegible], মাঘ, '৩৪।

পাঁত্তাড়ি [ও[illegible] তাড়িপত্র > তাড়িপাত-শব্দবিপর্য্যা[illegible] পাততাড়ি >

=তাড়িপাতের তাড়া বা তাড়ি (আঁটি)] বি, পাঠশালার পড়ুয়ার তালপাতার আঁটি। ২ পাতার তাড়া ; পত্রগুচ্ছ। ৩ জিনিসপত্রের সমষ্টি। পা৹ গুটানি-পাঠশালা হ'তে বাড়ী ফিরিবার সময় পড়ুয়া কর্তৃক লিখিত তালপাতাগুলি সংগ্রহ করিয়া তাড়া বাঁধিবার ভাব হতে-জিনিসপত্র গুটাইয়া লওয়া। ২ প্রস্থানের উদ্যোগ করা। বিণ,

পাত্তাড়িয়া, পাত্তাড়ে [গ্রা৹ **পাত্তেড়ে**] পাত্তাড়ি ব্যবহারকারী ; তাল পাতায় লিখিয়া লেখাপড়া শিক্ষাকারী। > **পাত্তাড়ে পোঁড়ো** [উচ্চারণ ভেদে 'পাত্তেড়ে পোডো'। হিং পঢ়উয়া, পঢ়ইয়া-বাং-পড়ুয়া, পড়িয়ে (যে পড়ে)] বি, পাঠশালার ছাত্র যারা তাল পাতায় লেখে ও তাল পাতার লেখা পড়ে ; প্রাথমিক শিক্ষাকারী বালক। "পাত্তাড়ে পোড়োর মত অক্ষরের ছাঁদ।"-হেম৹।

পাত্যমান [পত্‌+ণিচ্‌=পাতি+আন (র্ম্ম), য্‌, ম্‌ আগম] বিণ, পতিত করা হইতেছে এরূপ ; যাকে ফেলিয়া দেওয়া হইতেছে।

পাত্যায়া [প্রত্যয় > গ্রাম্য উচ্চারণ ভেদে, পিত্যয়, পেত্যয়, পোত্তয় (মেয়েলি৹)] বি, প্রত্যয় ; বিশ্বাস।

পাত্যারা [সং-প্রত্যয় > ভ্রং পিত্তি-ত্যয়, পেরাত্যয় বর্ণবিপর্যয়ে পাত্যারা] বি, প্রত্যয়। "আদ্যাশক্তি মোর মনে নাহিক পা৹। শরস্তত্ত বিদ্যা জ্ঞান হেন বুদ্ধি পারা॥"-কবিক৹।

পাত্র [পা (পান করা-রক্ষা করা) + ত্র (ষ্ট্রি), বস্তুর আধার। গ্রা৹ পাত্‌র] বি, দ্রব্য রাখিবার আধার ; ভাজন। প্র-ভোজনপাত্র। পানপাত্র। দুগ্ধপাত্র। ২ বিষয়। ৩ মন্ত্রী। "এ বোল শুনিয়া পাত্র হেট কৈল মাথা। পিঞ্জরের তরে কারিগর নাহি হেথা॥"-কবিক৹। ৪ উপযুক্ত ব্যক্তি ; যোগ্যজন। প্র-ভক্তির পাত্র ; স্নেহপাত্র ; কৃপাপাত্র। ৫ নাটকীয় নায়কাদি ; নাটকীয় চরিত্র। ৬ বর ; বিবাহার্থী। ৭ সাধারণ সৈন্য ও গ্রাম-বল-সংযুক্তক উপাধিবিঃ। তুল-মহাপাত্র। ৮ বিণ, উপযুক্ত ; যোগ্য। স্ত্রীং পাত্রী (দ্রঃ)। ~তা [পাত্র+তা (ভা৹)] বি, যোগ্যতা ; উপযুক্ততা। ~পক্ষ [পাত্রের-পক্ষ (দল)] বি, বরপক্ষ। ~ভোজ-বি নববর্ষের প্রথম দিন ; চৈত্র সংক্রান্তির পর অর্থাৎ চড়কের পরদিন্‌ বৈশাখের প্রথম দিন গাজনের সন্ন্যাসীদিগের ভোজমহোৎসব। ~মিত্র-রাজপরিষদ্‌বর্গ ; মন্ত্রিবর্গ ও অন্যান্য সভাসদ্‌। ~সংস্কার [৬তৎ] বি, পাত্রশুদ্ধি। ~সাৎ [পাত্র+সাৎ (ন্যস্ত, অর্পিত অর্থে)] অ, পাত্রগত ; পাত্রস্থ ; সৎপাত্রে দান। "পাত্রসাৎ করিয়া সর্বস্ব আপনার।"-চৈ৹ ভা৹। ~স্থ [পাত্র (পাত্রে) + স্থ (সমীপস্থ, ন্যস্ত)] বিণ, পাত্রগত ; উপযুক্ত পাত্রে ন্যস্ত। ২ বরের হস্তে সমর্পিত ; বরের সমীপস্থ।

পাত্রাপাত্র [পাত্র + অপাত্র] বি, যোগ্য বা অযোগ্য পাত্র। প্র-পা৹ জ্ঞান। পা৹ বিচার। পা৹ না দেখিয়াই দান করা।

পাত্রী [পাত্র + ঈ (স্ত্রীং)] বি, ভাজন ; ক্ষুদ্র পাত্র। ২ আসন্ন বিবাহযোগ্যা বা বিবাহিতা কন্যা।

পাত্রীয় [পাত্র + ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, পাত্র সম্বন্ধীয় ; পাত্রের।

পাথঃ, পাথ [সং-পাথস্‌ >] বি, জল।

পাথর [সং-প্রস্তর > প্রাকৃ৹ পত্থর >] বি, পাষাণ ; শিলা। "রূপা তামাময় আর, পুরী কৈল দুইবার, শেষে পুরী পাথরের এই।" -অ৹ ম৹। ২ প্রস্তর-নির্মিত ভোজনপাত্রবিঃ ; পাথরের থালা ; আবখোরা। "পাথরে আমানী ভরি, দিল সপ্তয়ের নারী, ফুল্লরা করিয়া কোলে কান্দে।"-কবিক৹। ৩ পর্বত। "উমা বসিয়ে শিয়রে, কহিল কাতরে, কত আর দয়া থাকিবে পাথরে।"-বাং-গান। ~কুচী [সং-পাষাণভেদী। হিং পাথরচুর] বি, গুল্মজাতীয় ক্ষুদ্র বৃক্ষবিঃ। coleus aromaticus. ২ প্রস্তরখণ্ড। ৩ যে পাষাণের মত দৃঢ়কায়। ~চাপা কপাল-যে ভাগ্য কখনও প্রসন্ন হয় না ; যে অদৃষ্ট পাথরের ন্যায় কঠিন আবরণ উন্মোচন করিয়া প্রকাশ পায় না ; দুরদৃষ্ট। ~-সু(সো)লেমানী [খনিজ৹ পরিঃ] বি, মনকা পাথর agate. **পাথরে পাঁচ কিল**-পাথরে কিল মারিলে পাথরের কিছুই হয় না। সেইরূপ যার অদৃষ্ট সুপ্রসন্ন তার কপাল ভাঙ্গিতে বা অনিষ্ট করিতে চেষ্টা করা বৃথা, কারণ, তা পাথরের ন্যায় মজবুত। "আমাদের আজকাল পাথরে পাঁচ কিল বাবা। বুঝেছ, যেখানে ছুঁই না চলে আমরা সেখানে বেটে চালাই।" -দামোদর (বিমলা৹)।

ˋপাথরা [প্রস্তর > হিং পথ্‌রা] বি, পাথর। ২ পাথরের থালা ; পাথরের ভোজনপাত্র। "সম্ভ্রমে ফুল্লরা পাতে মাটির পা৹। ব্যঞ্জনের তরে দিল নৌতুন খাপরা॥" -কবিক৹।

ˋপাথরিয়া, ˋপাথরী [গ্রা৹ পাথুরি, পাতুরি] বি, রোগবিঃ ; এই রোগে মূত্রাশয়ে প্রস্তরবৎ পদার্থ জন্মে stone.

ˋপাথার [সং-পাথস্‌ (জল)। তুল-ইং water. সিংহলী-ব্বতুরা] বি, সাগর ; সমুদ্র ; সুগভীর ও সুবিশাল জলরাশি। "তুমি বন্ধু তুমি নাথ নিশিদিন তুমি আমার। তুমি সুখ তুমি শান্তি তুমি হে অমৃত-পাথার॥"-রবী৹। "খলের কথায় পাথারে সাঁতারি উঠিতে নারিনু ভিতে।"-চণ্ডী৹। ২ [লক্ষ৹] বিপদ সিন্ধু ; পাপের সাগর ; শোকের সাগর। "দিবেনা ফেলি বিনাশ ভয় পাথারে।"-রবী৹। "পাপের পাথারে পড়ে পরকাল যায়।"-ম৹।

ˋপাথালি [সং-পদ-উৎতলনে > প্রাকৃ৹ পথল > পাথাল + ই। আথাল দ্রঃ] বি, পদতল উপরদিকে উত্থিত করিয়া ধারণ। ২ [আথালির সহচর শব্দ] পার্শ্বস্থল। ~কোলা [পাথালি-কোল-আ। প্রাদে৹ ভেদে "আড়কোলা" (দ্রঃ)] বিণ, পদতল উপরদিকে করিয়া অর্থাৎ দুই বাহুতে স্কন্ধ ও পদদ্বয় বেষ্টন করিয়া ক্রোড়ে উত্তোলন। "করিয়া পাথালিকোলা তুলিল লক্ষণে।"-কৃত্তি৹। ˋআথালি ˋপাথালি-আথাল পাথাল দ্রঃ।

পাখি, পাখী [সং-পত্র > পাত-পাতি, পেতে। ত-খ। হিং পাত্তি। তুল-বাঁশপাত্তি বাঁশ চাঁচিয়া পাতলা কাটি] বি, বাঁশ বা কঞ্চি চিরিয়া তাতে নির্মিত আধার ; পেতে ; ছোট চুপড়ী। "পসরা চুপড়ি পাখি নিলেন ফুল্লরা।"-কবিক৹।

পাথুরি(রী)য়া১ [পাথর + ইআ, ঈআ > গ্রা°ক্ষে°"পাথরে"] বিণ, পাষাণময়; প্রস্তর-নির্ম্মিত। ২ প্রস্তর সম্বন্ধীয়।

পাথুরি(রী)য়া২ [উত্তরাখণ্ডী হি° পাতর (পতিতা=বেশ্যা) + ইআ, ঈআ(স্বার্থে) -পাতরিয়া,-রীয়া] কাঞ্চনী: গণিকা; বেশ্যা। (পতিতা অহল্যার পাষাণী হওয়ায় বেশ্যা= পাষাণী=পাথুরিয়া=পাতর ?)।

পাথেয় [পথিন্ + এয় (প্রয়োজনার্থে)] বি, পথ চলিতে যার প্রয়োজন হয়; পথের খরচ; পথের সম্বল।

পাথোদ [পাথস্-দ (যে দেয়)] বি, জলদ; মেঘ।

পাদ১ [পদ্ (গমন করা) + অ (ণে) যদ্দারা গমন করে] বি, পদ; চরণ; পা। ২ মূল; শিকড়। ৩ কিরণ; রশ্মি; কর। ৪ শ্লোকের চতুর্থাংশ। ৫ চতুর্থাংশ। ৬ [বীজগ°, জ্যো° পরিঃ] বি, ইং quadrant এর বৈজ্ঞা° পরিঃ। ৭ ধাপ; পৈঠা। [হিন্দু ব্যবহার বা স্মৃ° শা°] কোন মোকদ্দমার চারিটি অবস্থার একটি। ব্যবহারের চারিটি অবস্থা যথা-(১) ভাষাপাদ অর্থাৎ অভিযোগ; নালিশ; (২) উত্তরপাদ অর্থাৎ সওয়াল জবাব; উত্তর প্রত্যুত্তর; বাদ-প্রতিবাদ; (৩) ক্রিয়াপাদ অর্থাৎ সাক্ষ্য; প্রমাণ: এবং (৪) সাধ্যসিদ্ধিপাদ অর্থাৎ বিচার ফল; রায় *Glossary (Wilson)*. বিণ, পাদিক। ~কণ্টক [পাদের (চরণের) কণ্টক (বলয়), ৬তৎ] বি, চরণালঙ্কারবিঃ; নূপুর; বাঁকমল। ~ক্ষেপ-বি, পাদ স্থাপন; পা রাখা। ~কৃচ্ছ্র [সং] বি, একবার অন্নগ্রহণের পর একদিন উপবাস করণরূপ ব্রত। ~গম্য [পদ (দ্বারা) গম্য] বিণ, পায়ে হাঁটিয়া যাইবার উপযোগী; পায়ে হেঁটে যাওয়া যায় এমন। ~গণ্ডির-বি, গোদ। ~গ্রন্থি [পাদের গ্রন্থি, ৬তৎ] বি, গুল্‌ফ; গোড়ালি; পায়ের গাঁট। ~গ্রহণ [পাদের গ্রহণ, ৬তৎ] বি, পাদধারণ; পদবন্দন; চরণস্পর্শ করিয়া অভিবাদন। ~চাপল্য [৬তৎ] বি, চরণের চঞ্চলতা। ২ পাদসঞ্চারণ। ~চার [পাদ (চরণ) চর্ (গমন করা) + অ (ভা°)] বি, পাদচারণ; পরিক্রমণ; পাইচারি। "অনভ্যস্ত পাদচারে এস ধীরে ধীরে।"-আলো ও ছায়া। ২ [জ্যো°] গ্রহাদির আহ্নিক ভোগ। ~চারণা-বি, পায়চারী; পরিক্রমণ। ~চারী [পাদ-চর্ (গমন করা) + ইন (র্ত্তৃ)=পাদচারিন্ ১মা, ১ব°] বিণ, পাদচারণকারী। ২ বি, পদাতিক। ~চ্ছেদ [পাদ + ছেদ] বি, পাঠকালে এক বলিতে যেটুকু সময় লাগে ততটুকুর জন্য বিরাম; কমা: , এই চিহ্ন comma. ~জ-বিণ, পাদোদ্ভূত। ~তল [৬তৎ] বি, পদতল; পায়ের তেলো; চরণতল। ~ত্রাণ [পাদের (চরণের) ত্রাণ (রক্ষা হয় যা হতে)] বি, পদরক্ষণী; পাদুকা; জুতা; খড়ম। ২ মোজা। ~ত্রিভুজ [জ্যা° পরিঃ] বি, ইং Pedal triangle এর বৈজ্ঞা° পরিঃ। ~দেশ-বি, পদ; চরণ। ২ তলদেশ; নিম্নভাগ। ~প (-পঁ-) [পাদ (মূল) দ্বারা প (যে রস পান করে)] বি, বৃক্ষ; গাছ। > স্ত্রীং ~পা-পাদুকা। ~পদ্ম-পদ্মের ন্যায় সুন্দর, কোমল ইং চরণ: চরণ কমল। ~পীঠ [৬তৎ] বি, পদ ধারণের আসন; পা রাখিবার পিঁড়ি বা টুল। ~পূরণ [পাদের (শ্লোকচতুর্থাংশের) পূরণ, ৬ তৎ] বি, বাক্যালঙ্কার; পাদপূরক শব্দ; যথা-চ, বা, তু, হি-ই°। ২ শ্লোকের এক চরণ জিজ্ঞাসা করিলে অপর তিন চরণ সেইভাবে রচনাকে পাদপূরণ বলে। ~প্রক্ষালন [৬তৎ] বি, পদধৌতকরণ। ~প্রহার [পাদ দ্বারা প্রহার, ৩তৎ] বি, চরণাঘাত; পদাঘাত। ~বিক্ষেপ-বি, পা ফেলা। ~মঞ্জীর-চরণালঙ্কারবিঃ; নূপুর। ~মূল [৬তৎ] বি, চরণের নিম্নভাগ; গোড়ালি। ~রজ্জু [পদ বন্ধনের রজ্জু, ম° প° লো°] বি, পদবন্ধন রজ্জু। ২ ছাঁদন দড়ি। ~লেহন-বি, পা চাটা; নীচ তোষামোদ। ~শাখা-বি, পায়ের আঙ্গুল। ~শৈল [পাদ (পাদস্বরূপ) যে শৈল (পাহাড়), ধা] বি, পর্ব্বতের সন্নিহিত ক্ষুদ্র পাহাড়; পর্ব্বত পাদমূলস্থ গণ্ড-শৈল। ~সংস্থান [জ্যো° পরিঃ] বি, ইং quadrature এর বৈজ্ঞা° পরিঃ। ~স্ফোট [পাদের স্ফোট (ফোড়া), ৬তৎ] বি, পদতলে উৎপন্ন স্ফোটক; পায়ের তলার ফোড়া।

পাদ২ [সং-পর্দ্দ (অনুকার শব্দ)] বি, পায়ু-পথ দিয়া নিঃসৃত বায়ু: অপান বায়ু; বাতকর্ম্ম। ক্রি, পাদা-অপান বায়ু নিঃসরণ করা; বাতকর্ম্ম করা। ণিজন্তরূপ-পাদানি-বাতকর্ম্ম করান। ২ [লক্ষ°] যৎপরোনাস্তি মেহনত করাইয়া কাহিল করিয়া ফেলা; হিমসীম খাওয়ান। বিণ, পাদুয়া, গ্রা° পেদো-বাতকর্ম্মকারী। পেদো পোকা-পাদ গন্ধের ন্যায় দুর্গন্ধময় ষট্‌পদী কীটবিঃ। প্রায়ই শশা সীম আদি লতাগাছে থাকে।

পাদক [সং-পাদোদক (পাদ + উদক) > ক্ষে° গ্রা°] বি, পা-ধোয়া জল; চরণামৃত। ~জল-বি, পাদোদক। ২ পদ প্রক্ষালনের জল; পা ধুইবার জল।

পাদবিক [পদবী (পথ) + ইক] বিণ, পথবাহী; পথিক; পান্থ; ভ্রমণকারী।

পাদরি [পর্ত্তু° Padre র লিপ্যন্তর] বি, খ্রীষ্টীয় ধর্ম্মযাজক বা পুরোহিত।

পাদাঙ্গদ [পাদ (চরণের) + অঙ্গদ (সৌন্দর্য্যকারী)] বি, পাদকটক; বাঁকমল; নূপুর।

পাদাতি [পাদ (পাদ দ্বারা) + অৎ (গমন করা) + ই (র্ত্তৃ)-যারা পদব্রজে গমন করে] বি, সামান্য সৈন্য; পদাতিক foot soldiers. ~ক [পাদাতি + ক] বি, পদাতি সৈন্য।

পা-দান, -নী [ফা°। তুল-সং-পাদধান] বি, শকটাদিতে উঠিতে বা তা হতে নামিবার কালে যার উপর পা রাখিতে হয় foot board.

পাদিক [পাদ (চতুর্থাংশ) + ইক] বিণ, চতুরংশিত; চতুর্থ। পাদী-বিণ, চতুর্থাংশ-ভাগী। ২ পাদবিশিষ্ট।

পাদুক [পদ্ + ণিচ্ =পাদি + উক (র্ত্তৃ, শীলার্থে)] বিণ, পদবিহারপটু; গমনদক্ষ। ২ ভূমিষ্ঠ হইবার কালে যে সন্তানের পদদ্বয় অগ্রে বহির্গত হয়।

পাদুকা, পাদু [পদ্ + ণিচ্ =পাদি (গমন করান) + উক, [illegible] (ণে)] বি, খড়ম।

২ জুতা। ~কার, পাদুকৃৎ [পাদুকা (জুতা) কার (যে প্রস্তুত করে)] বি, পাদুকা-নির্ম্মাতা ; চর্ম্মকার।

পাদোদক [পাদ + উদক] বি, পাদক-জল ; চরণামৃত।

পাদোন [পাদ (১ পাদ=চতুর্থাংশ) উন, ৩তৎ] বি, এক পাদ কম ; তিনপোয়া।

পাদ্য [পাদ (চরণ) + য (প্রক্ষালনার্থে)] বি,পাদোদক : পাদ প্রক্ষালনার্থক বারি।

পাদ্রি-পাদরি দ্রঃ।

পান$_{1}$ [পা (পান করা) + অন (ভা০)] বি, জল বা জলীয় পদার্থ গলাধঃকরণ। ২ [বির্থে০] সুরাপান ; মদ্যপান। প্র-লোকটির একটু পান দোষ আছে। ~গোষ্ঠী, ~গোষ্ঠিকা-দ্রঃ। ~দোষ-দ্রঃ। ~পাত্র-পানীয় জলের আধার ; মদ্যপান করিবার গ্লাস ; চষক। ২ পানীয় দ্রব্যাধার। জলপান-পিপাসা নিবারণার্থ বারিপান। ২ লঘু আহার। ৩ মুড়ি মুড়কি। প্র-ছেলেটি কোঁচড়ে করিয়া জলপান খাইতেছে। ৪ অন্নব্যঞ্জন ব্যতীত আহারীয় ; ঘৃতপক্ক আহার্য্য। প্র-জলপানের নিমন্ত্রণ।

পান$_{2}$ [পাণ দ্রঃ। সং-পর্ণ > প্রাকৃ০ পণ্ণ > পাণ > পান] বি,তাম্বুল লতার পত্র। "আর আপনি সেজে বাটা ভরে দিব পানের দোনা।"-বিষবৃক্ষ। "পান বিনা পদ্মিনীর মুখে উড়ে মাছি।"-অ০ ম০। ~কাঁটা-চুল বাঁধিবার পানাকৃতি কাঁটা। পান থেকে চূণ খসা-সামান্য ত্রুটি হওয়া। "অভ্যস্ত সুখস্বাচ্ছন্দ্যের পান থেকে চুণ খসলে মুখ ভার করা। * * *"-আত্মশক্তি। পান দেওয়া-বি, আহ্বান করা : সমাদর করা। পান পাঠানি [পূর্ব্বে নিমন্ত্রণ আমন্ত্রণে পান সুপারি পাঠানর প্রথা ছিল] ক্রি, আমন্ত্রণ করা : নিমন্ত্রণের বাণী প্রেরণ করা। "গুআ পান দিআঁ দূতী পাঠাগ্নিলোঁ তোরে।"-শ্রী০ কী০। ~পাওয়া-নিমন্ত্রিত হওয়া। "তিনি দশের নিকট হইতে নিমন্ত্রণ গ্রহণসূচক পান পাইলেন"। "সকল ব্রাহ্মণ করায় ভোজন সকলে দিলেন পান।"-শ্রী কী০। ~মসলা-পানের সহিত খাইবার মসলা। পান সাজা-পান পাতা চরিয়া বোঁটা কাটিয়া তাতে চূণ খয়ের সুপারী ই০ মসলা দিয়া খাইবার উপযোগী করা। ~পানের দোনা-সাজা-পান রাখিবার কলাপাতাদির মোড়ক বা ঠুলি। পানের বরজ-কুঞ্জের মত করিয়া পাঁকাটি দিয়া আচ্ছাদিত পান গাছের ক্ষেত। পানের খিলি বা ঠিলি করা-পান সাজিয়া মুড়িয়া রাখা। পাকা পান-তাম্বুল লতার পক্বপর্ণ। পাকা পাতা সুস্বাদু হয় ও চর্ব্বণে মচ্ মচ্ শব্দ করে। পান তামাক দেওয়া-পান খাইতে খাইতে তামাকের ধূম্রপান করিতে দেওয়া। ২ [লক্ষ০] আদর আপ্যায়ন করা।

পান$_{3}$ [পাওয়া দ্রঃ। সং-প্রাপণ > বাং-পায়েন > ক্ষে০] ক্রি, প্রাপ্ত হন। "দুই পণে এক পণ আনিয়াছি পান। আমি যেই তেঁই পানু অঙ্কে নাহি পান॥"-অ০ ম০।

পান$_{4}$ [পাইন দ্রঃ] বি, পাইন ; ঝাল। পান দেওয়া, ইস্পাতের পান দেওয়া-ইস্পাত পুড়াইয়া জলে দিলে কড়া হয়, তাকেই পান দেওয়া বলে। পান দিলে ইস্পাত সামান্য ঘায়ে ভাঙ্গিয়া যায়। পান দেওয়া যন্ত্র-পাকা ধার করা অর্থাৎ ধারে ইস্পাত লাগান যন্ত্র পোড়াইয়া জলে দেওয়া (খড়্গ, কাটারী ই০)।

পান$_{5}$ [প্রাদে০] বি, লাঙ্গলের ঈষের নিম্নস্থ খাঁজ।

পান$_{6}$ [সং-মান (পরিমাণ) >] বি, মাত্রা। প্র-এক পান ঔষধ সেবনের পর ই০। ২ দ্রবদ্রব্য গলাধঃকরণ।

পান$_{7}$ [সং-প্রাণ > প্রাকৃ০। প্রা০বাং] বি, প্রাণ।

পানই, পানাই [সং-উপানহ ; হিং০ পনহী] বি, কাষ্ঠপাদুকা ; খড়ম। ২ জুতা। "মোজা পানই আর জিন, নিরময়ে অনুদিন, চামার বসিল এক ভিতে।"-কবিক০।

পানক [সং] বি, পানীয় দ্রব্য ; ঔষধ। ২ ফলাদির সরবৎ। ৩ সুমিষ্ট সুগন্ধ খাদ্য।

পানকপ্পূর [পর্ণ > পান + কর্পূর > কপ্পূর] বি, কর্পূর গন্ধ সপ্ত পত্রযুক্ত ক্ষুপবিঃ clansena heptaphylla.

পানগোষ্ঠী [পানের জন্য-গোষ্ঠী (সভা), ৪তৎ, ক প্রত্যয় যোগে পান-গোষ্ঠিকা] বি, মদ্যপানচক্র ; মদ্য পানের আড্ডা ; মদের দোকান ; তাড়ীখানা। ২ চণ্ডুখানা। ৩ ভৈরবী চক্র।

পানতি-পান্তি দ্রঃ।

পানদোষ [পান$_{1}$ দ্রঃ] বি, মদ্যপান জনিত দোষ ; সুরাপানের কুঅভ্যাস।

পানপত্র [পাওনা > ক্ষে০পান + পত্র। পূ০ বঙ্গে-পাতিপত্র] বি, বিবাহে কন্যা বা বর-পণের হিসাব পত্র ; দেনা পাওনা সম্বন্ধীয় নির্দ্ধারণ পত্র। ২ বরপক্ষ হতে পাকা দেখা।

পানফল [হিং০ পানী + সং ফল >] বি, ত্রিকোণাকার জলজ ফলবিঃ : জলজ লতা-ফলবিঃ। ২ শৃঙ্গাটক।

পানবনিক [পান দ্রব্যের বণিক্ (ব্যবসায়ী)] বি, শৌণ্ডিক ; শুঁড়ি।

পানবসন্ত-পানিবসন্ত দ্রঃ।

পানবিভ্রম-বি, অতিরিক্ত সুরাপান হেতু শিরঃপীড়া, ক্ষুধামান্দ্য, বমন, বক্ষশূল সহ মোহ বা মূর্চ্ছা রোগ : পানাত্যয় দ্রঃ।

পানমরিচ-বি, জলের ধারের শাকবিঃ Polygonum serrulatum.

পানশিঅলী, -শিউলী [পানি (জল) শিঅলী (শেফালী ফুলের বোঁটার বর্ণ সাদৃশ্য হেতু)] বি, জলজ শাকবিঃ ; কালানুসারিকা, তগরপাদিকা বা শিউলি ছোপ।

পানশৌণ্ড [পান (পানে) শৌণ্ড (মত্ত), ৭তৎ] বিণ, পানপটু ; মদ্যপ ; পানরত ; পচুর মদ্যপানাসক্ত।

পানস [পনস (কাঁঠাল) + অ(সম্বন্ধার্থে)] বিণ, কাঁটাল সম্বন্ধীয় ; কাঁটালজাত। ২ কাঁটালের মদ।

পানসরা,-সেরা [হিং০ পন্সেরী >] বি, পাঁচ সেরের তৌল। ২ পাঁচ সের ওজন করিবার তুলাদণ্ড। "পান সেরার মাপিয়া"-পূ০ ব০ গী০।

পানসিয়া, পানসে [হিং০ পনসা=পানীসা (জল সদৃশ)] বিণ, জল জল স্বাদ-যুক্ত ; ফিকা ; অল্পস্বাদ ; স্বাদহীন। ২ [পানী (তদ্বৎ পাতলা রক্ত) সরা >] সহজে রক্ত-নিঃসরণশীল। ~দাঁত-যে দাঁতের গোড়া দিয়া অল্পেই রক্ত নিঃসৃত হয়।

পানসী, পান্সী [তুল-ইং pinnace; ইতা০ pinnassa. চী০ সামপান্] বি, হালকা সরু নৌকা।

ˊপানা১ [সং-প্রপানক, পানক, পানীয় > সম্ভবতঃ পানক > পানঅ > লানা। হি০ পনা >] বি, জলমিশ্রিত চিনি; সরবৎ। "রুধিরের পানা পান করি দানা। নাচে কত কুতূহলে।"-কবিক০। ২ জলের উপরে ভাসমান শৈবালবিঃ। "কলঙ্ক পানায় সদা লাগে গায় ছাঁকিয়া খাইল যদি"-চণ্ডি০। "পানা জল ঘাস গাছে কতকি মাধুরী আছে।"-প্রেম ও ফুল। ৩ শিশুর অণ্ডকোষ।

পানা২ [সং-প্রায় > পারা=পানা। হি০ পন্, পনা (তুল্য আচরণ)। তুল-লড়ক্‌পন্=বালকের তুল্য আচরণ। সদৃশ আচরণ > গ্রা০ বাং-র 'সদৃশ'] অ, সদৃশ; তুল্য; মত; পারা। প্র-চাকা পানা। লম্বা পানা। চাঁদ পানা। ২ প্রায়; কতকটা; অনেকটা। প্র-কাদা পানা। লাল পানা। রোগা পানা। জল পানা।

ˊপানা৩ [ফা০ পনাহ, পহন্=ওসার, অথবা সং পরিনাহ (বিস্তার, হি০ পনহা > বি, ওসার; বিস্তার। প্র-কাপড়ের পানা মাপ করা।

পানা৪ [সং-আপীনা] বি, পালান।

ˊপানাই [শ্রীহট্ট০প্রাদে০] বি, একরূহিষ দিয়া যে স্থলে ভূমি কর্ষণ করা হয় সেই স্থলে লাঙ্গলের ছিদ্রের মধ্যে দুই ডাল বিশিষ্ট যে কাঠ খণ্ডের গুঁড়ি প্রবিষ্ট থাকে।

পানাগারিক [পান+আগার+ইক] বি, শৌণ্ডিক; শুঁড়ি। "রাজার নিকট সংবাদ দিল যে, দুইজন পা০আসিয়াছে।" -জাতক, ৫ম খণ্ড।

পানাজীর্ণ [পান (অতিপান হেতু)+ অজীর্ণ(রোগ), ম০ প০ লো০] বি, অতিশয় সুরাপানের পরিণাম স্বরূপ অজীর্ণ রোগ alchoholic indigestion.

পানাত্যয় [পান+অত্যয় (দোষ, অতিক্রম)] বি, পানদোষ; অতিরিক্ত সুরা-পান abuse of wine.

ˊপানান১ [হি০ পনহানা (সং-প্রাকৃ০ পহ্না ধাতুজ) পনানা, পানিয়ানা=পানি আনান] ক্রি, দুধ দোহনের পূর্ব্বে বাছুর গোস্তনে চুমারিয়া দুগ্ধ পান করত বাঁটে যে দুধ নামায় তা'কে পানান বলে। "বাছুর না পানালে দুধ পেতে কোথা?"-লীলাবতী (দীনবন্ধু০)।

ˊপানান২ [পান৪, পাইন দ্রঃ] ক্রি, লোহার অস্ত্রাদিতে পাইন ধরান; পান দিয়া কর্ত্তরী খড়্গাদির ধার শক্ত করা। ২ অস্ত্রাদির ধার করিবার বা পান দিবার কালে জল দিয়া ভিজান।

পানাস্ [আ০ ফানূস >] বি, ফানস হাউই পানাস ছুটে আসমানের তারা"- মৈ০ গী০।

পানাসক্ত [পান+আসক্ত] বিণ, মদ্য পানানুরক্ত; মদ্যপ। বি, পানাসক্তি।

পানি [হি০ পানি < সং-পানীয়] বি, জল। "যদি দুগ্ধ উতলয়ে নাহি দেয় পানি। পাশা খেল সবে মিলি দিবস রজনী।"-কবিক০। "তরাতুরি আইলা তীর্থ বরানসীর পানি।"-শূ০ পু০। ~আমলা, ~আলা [সং-পানীয়ামলক। হি০ পানি অম্বরা] বি, পানীয়ামলা (দ্রঃ)। ~ফলা-বি, লম্বা পাতা জলজ শাকবিঃ Ottelia alismoides. ~কাক-পানি৩, পানীকাক দ্রঃ। পানিকাউড়ি, পানিকাউ-জলকাক। ~কৌটি-পানীকোটা দ্রঃ। ~ডুবি, ~ডোবি, পানডুবি-বি, প্রসহবর্গের ১ হস্ত পরিমিত দীর্ঘপুচ্ছ, বক্রচঞ্চু, গলদেশে পালাগুচ্ছযুক্ত, জল-চর মৎস্যজীবী পক্ষীবিঃ The harrier. ~ত্রাস, ~ত্রাস-বি, প্রশস্ত তলবিশিষ্ট নৌকাবিঃ। ২ নৌ, জাহাজাদির নিম্নস্থিত মুগুর কাঠ। ~তুয়া, ~ত্রাস-পাশুয়া দ্রঃ। ~তোলা-পানীতোলা দ্রঃ। ~বসন্ত-বি, পানবসন্ত; ক্ষুদ্রবসন্ত; স্বল্প জ্বরসহযোগে জল-বটিনির্গমনকারী সংক্রামক ব্যাধি; জলবসন্ত chicken pox. ~ভসকা, -ভুস্‌কি, -ভেসকা-জল দ্রঃ। ~ভাঙ্গা-প্রসবের পূর্ব্বে জলস্রাব; জলভাঙ্গা (দ্রঃ)। ~ভাত-পান্তা দ্রঃ। ~লাজক, ~লাজুক-বি, লজ্জাবতী লতার গুণবিশিষ্ট লতাবিঃ Neptunia oleracea. ~শঙ্খ [পানিশঙ্খ দ্রঃ] বি, দেবপূজায় ব্যবহৃত ছিদ্রহীন শঙ্খবিঃ; পানশাঁখ। ~শিঅলী-পানশিঅলী দ্রঃ।

পানিঅল [সং-পায়না। পান৪ পাইন দ্রঃ। পানান২ দ্রঃ। প্রা০ বাং] ক্রি, পাইন দিল। "সাত নারিকেল জলে দাখানি পা০।" শূ০ পু০।

পানী১ [হি০ পানি দ্রঃ] বি, জল; পানীয়। "জোয়ারের পানী নারীর যৌবন গেলে না ফিরিবে আর।"-চণ্ডি০। ~আমলক-বি, পানীয়ামলা দ্রঃ। ~কাক-বি, পানকৌড়ি নামক জলচর পক্ষী; জলকাক। ~কৌটী, ~কৌড়ী-বি, পানীকাক নামক জলচর পক্ষিবিঃ; পানকৌড়ি The cormorant. ~চক্র [হি০ পনচক্কী] বি, জলযন্ত্র; পানিকল। ~তোলা [প্রাদে০] বি, গাত্রমার্জ্জনী; গামছা। "অঙ্গে পানীতোলা পীতপট্টের সমান।"-চৈ০ ভা০। ~ফল [সং-পানীয় ফল, জলফল। হি০ পানী (জল) জাত ফল, ম০ প০ লো০] জলজ ক্ষুদ্র ফলবিঃ; শৃঙ্গাটক The water chestnut. "কুল পানীফল কাঁটা যে সকল সলিল বেড়িয়া আছে।"-চণ্ডি০। ~বসন্ত-বি, পানবসন্ত দ্রঃ।

পানীয় [পা (পান করা)+অনীয় (র্ম্ম)] বিণ, পানোপযোগী; পানার্থ; পেয়। ২ বি, জল। ৩ পানযোগ্য দ্রব্যবিঃ; সরবৎ; পানা। ~নকুল [সং] বি, উদ্বিড়াল; জল-মার্জ্জার; ধেড়ে। ~ফল-বি, পানীফল দ্রঃ। ~শালিকা [পানীয়ের (জলের) শালিকা (শালা+ক-আ (স্ত্রীং), ই আগম), ৬তৎ] বি, পানীয় জল রাখিবার গৃহ। ২ জলসত্র।

পানী২ [সং-প্রাণ প্রাকৃ০। প্রা০ বাং। পান৭ দ্রঃ] বি, প্রাণ। "ক্ষুধায় আহার নাহি কণ্ঠাগত পানী।"-শূ০ পু০।

পানীয়ামলা [সং-পানীয়ামলক, প্রাচীনামলক] বি, ক্ষুদ্র ক্ষুপবিঃ; পানি আমলার গাছ flacourtia cataphracta.

পানে [গ্রা০। সং-প্রতি > ?] অ, দিকে; প্রতি; "নন্দকী চঞ্চল চিত্ত চারি পানে চায়।"-ঘ০। "ফিরে ফিরে কেন যোগী মুখের পানে চায়"-গি০ঢ়ি০।

পান্তা [পানি (জল)+তা (স্বা০), মু০ পানিতা পরে ক্ষে০ পান্তা] বিণ, জলে ভিজান বাসি ভাত। "পান্তা আনতে লবণ ফুরায় লবণ আনতে পান্তা"-দ্বি০ রায়। ~ভাত-বি, জল দেওয়া বা জলে ভিজান ভাত; পানিভাত; জলভাত। ~ভাতে ঘি-বৃথা বা নিষ্ফল অর্থে। ~ভাতে টোকো দই-দই দ্রঃ। পান্তাভাতে নুন যোটে না বেগুন পোড়ায় ঘি বা বিষ্ণু তেল-অর্থাৎ যার লবণের যোগাড় নাই এমন নিঃস্ব তার বড় লোক বলিয়া পরিচয় দিবার বা বড়মানুষী চাল দেখাইবার সাধ।

পান্তি [পান+ত্তি (< বৃত্তি?)] বি, পান বিক্রয়কারী হিন্দুর জাতীয় পদবীবিঃ।

পান্তী [প্রা০ পাঁতি > সং-পঙক্তি] বি, পঙ্‌ক্তি; সারি। "কনক চম্পক কুসুম পান্তী"-শ্রী০ কী০।

পান্তুয়া [হিং পানি (চিনির রস-লক্ষণায়)+ফা০ তবা (=তুয়া) তলা (রসের খুলির তলা)-যা রসে ভিজিয়া খুলির তলায় পড়িয়া থাকে] বি, ছানা ও সফেদা দ্বারা প্রস্তুত ও ঘিয়ে ভাজা এবং চিনির রসে ভিজান মিষ্টান্নবিঃ।

পান্থ [পথিন্ (পথ)+অ (কুশলার্থে)] বি, পথপর্য্যটনকারী; পথিক; সর্ব্বদা ভ্রমণকারী। ~নিবাস [পান্থের (পথিকের) নিবাস (বাসস্থান), ৬তৎ] বি, পথিকদিগের বিশ্রাম ভবন; পান্থশালা; চটি; আড্ডা। ~পাদপ-বি, মদাগাস্কার দ্বীপের ও তথা হ'তে আনীত বৃক্ষবিঃ। ইহার পত্র কদলী পত্রের মত পত্রমূলে প্রচুর জল সঞ্চিত থাকে, পথশ্রান্ত ব্যক্তিকে আশ্রয় দান করে Ravenala madagascariensis. পথিকদিগের আশ্রয় দান করে বলিয়া The traveller's tree. ~শালা [৬তৎ] বি, পথিকদিগের বিশ্রামের আলয়; পান্থনিবাস।

পান্না-বি, বহুমূল্য প্রস্তরবিঃ। ইহার নামান্তর গারুত্মৎ, মরকত, অশ্মগর্ভ এবং হরিন্মণি। ২ লোকের নাম। প্র-পান্নালাল। ৩ [সং-পত্র > পাত্ত > হিং পন্না] পত্র।

পানসে, পানসে [হিং পনসা=পানীসা (জলবৎ)] বিণ, জলুয়া; জলবৎল; তরল। ২ ফিকা। ৩ অল্প মিষ্টাস্বাদ; অম্লও নয় মধুরও নয়। "কতকগুলি আম কাঁচামিটে আছে পাকলে পান্‌শে।"-কমলাকান্তের দপ্তর।

`পান্সী-পানসী দ্রঃ।

পাপ [পা (রক্ষা করা)+প (অপা০) যা হ'তে আত্মাকে রক্ষা করিতে হয়] বি, যে কর্ম্ম মানুষকে পাতিত করে; অধর্ম্ম; দুষ্কৃতি। ২ আপদ। ৩ জঞ্জাল। ৪ [পাপ+অ (স্ত্য০)] পাপিষ্ঠ ব্যক্তি; মূর্ত্তিমান্ পাপ; পাপাত্মা। "নন্দী বলে তব নিন্দা করিয়াছে পাপ।"-অ০ ম০। ৫ বিণ, পাপজনক; পাপিষ্ঠ। প্র-পাপ মুখে আর কি করে বলবে। ৬ অত্যন্ত বিরক্তিকর। ~কৃৎ [পাপ (অধর্ম্ম) কৃৎ (যে করে)] বিণ, পাপকর্ম্মী; পাপিষ্ঠ; অধর্ম্মকারী। ~গ্রহ [পাপ (অনিষ্টকারী) যে গ্রহ, ধা। জ্যো০ পরিঃ] বি, শনি, রবি, মঙ্গল, রাহু এবং ক্ষীণচন্দ্র। ~ঘ্ন (-র্প-) [পাপ-হন্ (নাশ করা)+অ (র্ত্তৃ), যে পাপ নাশ করে, হন্=ঘ্ন] বিণ, পাপবিদূরক; পাপনাশক; পাপহারক। ২ বি, তিল। ~তরা [পাপ-তরা (ত্রাতা)] বি, পাপ হ'তে ত্রাণকারিণী; উদ্ধারকর্ত্রী। "এই নদী মহা পাপতরা।"-ম০। ~পঙ্ক [পাপরূপ পঙ্ক (কলুষ, কলঙ্ক ইং অর্থে), রূপক ধা] বি, আত্মার কলঙ্ক বা কলুষজনক পাপ। ~পতি [পাপ (অধর্ম্মকারী) যে পতি (স্বামী), ধা] বি, উপপতি; জার। ~পুণ্য-বি, পাপ ও পুণ্য; পাপ কিম্বা পুণ্য; পাপ হ'তে পুণ্যের প্রভেদ; কি পাপ কি পুণ্য; ধর্ম্মাধর্ম্ম। ~পুরুষ [পাপ (পাপকারী) যে পুরুষ, ধা] বি, মূর্ত্তিমান্ পাপ। ২ [তন্ত্রে] পাপ নামধারী কল্পিত পুরুষ। ইঁহার সর্ব্বাঙ্গ পাপময়, যথা-ব্রহ্মহত্যারূপ পাপে মস্তক, সুবর্ণহরণরূপ পাপে বাহুদ্বয়; সুরাপানরূপ পাপে হৃদয়, গুরুতল্প-গমনরূপ পাপে কটিদেশ, গুরুতল্প সংসর্গরূপ পাপে পদদ্বয় এবং বিবিধ পাতকদ্বারা অন্যান্য প্রত্যঙ্গ সমূহ গঠিত। যাবতীয় উপপাতক এই পুরুষের রোমরাজী। ইনি কজ্জলবর্ণ, অসিচর্ম্ম-ধারী এবং সতত ক্রুদ্ধমূর্ত্তি। ~প্রবণ-বিণ, পাপকার্য্যে যার ঝোঁক; পাপে নিষ্ঠা যার। ~বুদ্ধি, ~মতি-বি, অধর্ম্মবুদ্ধি; দুর্ম্মতি। ~ভাক্, ~ভাগী [পাপ-ভজ্ (সেবা করা), মু০ পাপভাগিন্] বিণ, পাপের ভাগী; পাপের ফলগ্রাহী। ২ পাপী। ~যোগ-বি, বার তিথি যোগবিঃ (রবি মঙ্গলে নন্দা; সোম শুক্রে ভদ্রা, বুধে জয়া, বৃহস্পতিবারে রিক্তা ও শনিবারে পূর্ণা তিথি পাপযোগ বলিয়া উক্ত)। ~স্রোতঃ,-ত-বি, পাপের প্রবাহ। পাপের ধন প্রায়শ্চিত্তে যায় [পাপ দ্রঃ। লক্ষ০] অসদুপায়ে ধন উপার্জ্জন করিতে নাই কারণ তা ভোগ হয় না বা এরূপ ধনের অপব্যয়ই হয়।

পাপড়া-পাবড়া দ্রঃ।

পাপড়ি,-ড়ী-পাবড়ী দ্রঃ।

`পাপর [প্রা০ পাঁপড়, ইং pauper >] বি, নিঃসম্বলের মকদ্দমা; নিঃসম্বল ব্যক্তির পক্ষে গবর্ণমেন্ট যে মকদ্দমা চালান। ~সূত্রে নালিশ, পাপরে নালিশ-বাদী নিঃস্ব বলিয়া গবর্ণমেন্ট কর্ত্তৃক বাদীর পক্ষ হ'তে মকদ্দমা।

পাপা/চরণ-বি, অধর্ম্মের অনুষ্ঠান। ~চারী-বিণ, অধর্ম্মানুষ্ঠানকারী; দুরাচার।

পাপাত্মক [পাপ+আত্মক] বিণ, পাপময়; অধার্ম্মিক; দুরাত্মা।

পাপাত্মা [পাপ (পাপযুক্ত হইয়াছে+আত্মা (আত্মন্) যার, বহু০] বিণ, পাপকারী; অধার্ম্মিক; পাপপুরুষ।

পাপানুষ্ঠান [পাপ+অনুষ্ঠান] বি, অধর্ম্মাচরণ।

পাপান্তঃকরণ [পাপ+অন্তঃকরণ] বিণ, পাপপূর্ণ হৃদয়; পাপাত্মা।

পাপাশয় [পাপ (পাপযুক্ত হইয়াছে) +আশয় (অভিপ্রায়) যার, বহু০] বিণ, অধর্ম্মচিন্তক; পাপচিত্ত; অধার্ম্মিক; পাপাত্মা। স্ত্রীং-~া।

পাপা/সক্ত [পাপ+আসক্ত] বিণ, অধর্ম্মনিষ্ঠ। স্ত্রীং ~া। বি, ~সক্তি।

পাপিআ [প্রা০ বাং। পাপ+ইয়া (যুক্ত)] বিণ, পাপিষ্ঠ। "তোহ্মে অতি পা০ কাহ্নাঞি"-শ্রী০ কী০।

পাপিয়া [অনু০। প্রাকৃ০ পপ্পিঅ > হিং পপীহা। পিউপিউ রব >] বি, চাতক

(দ্রঃ) পাখী a species of cuckoo ; cocyster. চৈত্রে চাতক পক্ষী পিউ পিউ ডাকে।"-চৈ০ ম০। ২ যে পাখী 'চোখ গেল' 'চোখ গেল' বলিয়া ডাকে Hawk cuckoo.

পাপিষ্ঠ [পাপ+ইষ্ঠ (অতিশয় অর্থে)] বিণ, অতিশয় পাপী ; মহাপাপী। স্ত্রীং ~া।

পাপী [পাপ+ইন্ (স্ত্য০)= পাপিন্ ১মা, ১ব০] বিণ, পাপকারী ; অধার্ম্মিক। স্ত্রীং পাপিনী।

পাপীয়সী [মূ০পাপীয়স্। পাপিন্+ঈয়স্ (অতিশয়ার্থে)+ঈ (স্ত্রীং)] বিণ, পাপিষ্ঠা ; অতি পাপিনী ; দুর্ব্বৃত্তা। পুং পাপীয়ান্।

পাপীয়ান্ [পাপ + ঈয়স্ (অতিশয়ার্থে) = পাপীয়স্ ১মা, ১ব০] বিণ, পাপাত্মা ; পাপিষ্ঠ।

পাপোষ [ফা০] বি, যে আস্তরণে পদতল ঘর্ষণ করিয়া ধুলা ঝাড়া হয়।

পাব [পর্ব্ব >] বি, পর্ব্ব : গ্রন্থি ; গাঁইট। ২ দুই গ্রন্থির মধ্যবর্ত্তী অংশ।

পাবঁক ["পাবকোঽনলঃ-"অমর০। পূ (পবিত্র করা, শুদ্ধ করা) + অক (র্ত্তৃ, ণক)] বি, অগ্নি ; অনল। ২ বহ্নিমন্থ। ৩ চিতাবাঘ। ৪ বিশুদ্ধাত্মা ; সদাচরণকারী ব্যক্তি। ৫ [বৈদ্যকে] রক্তচিত্রক। (২) কুসুম্ভ। ৬ বিণ, শোধক ; পবিত্রকারক।

`পাবড়া [সং-পর্ব্ব >। তুল-পত্র > পাতড়া। পাখ্ড়া দ্রঃ] বি, নারিকেল, তাল, খর্জ্জুরাদি বৃক্ষের পত্র : বাইল। ২ [সং-পর্ব্ব > প্রাকৃ০ পব্বং-পাব, 'বৃহৎ পাব' অর্থে পাবড়া ; গ্রা০পাউড়ী] বি, বাঁশ বা বৃক্ষ শাখার পর্ব্ব ; ১ হাত লম্বা মোটা লাঠি ; খেঁটে।

`পাব্ড়ি, -ড়ী [পর্ব্ব >। পাখড়ী ও০। ব=প] বি, ফুলের দল ; পাপড়ী।

পাবদা [সং-পর্ব্বত (মৎস্য) >। ওড়ি০ পব্তা, হিং০ পপ্টা, খুলনা অঞ্চলে পাবা, পাব্তা, ঢাকা অঞ্চলে পায়রা] বি, টেংরা-জাতীয় শল্কহীন পাংশুবর্ণ মৎস্যবিঃ callichrus pabda. "ধরেন পা০পুঁঠী পাঁগাস পাঠীন।"-শি০।

পাবঁন [পূ+ণিচ্=পাবি (শুদ্ধ করান) +অন (র্ত্তৃ)] বিণ, পবিত্র। ২ পবিত্রকারক ; শোধক। "সপ্তম বৎসরে কন্যা বিয়া দিলে হয় ধন্যা তার পুত্র কুলের পা০।"-কবিক০। ৩ উদ্ধারকারী ; ত্রাণকর্ত্তা। প্র-পতিত-পাবন। ৪ [ভা০] পবিত্রীকরণ। ৫ [+ অন (ণে), যা দ্বারা পবিত্র করা হয়] জল। ৬ গোময়। ৭ প্রায়শ্চিত্ত। ৮ রুদ্রাক্ষ। ৯ [র্ত্তৃ, অন] বিষ্ণু। ১০ অগ্নি। ১১ ব্যাসদেব। **কুল পাবঁন**-বি, কুলত্রাতা ; বংশ পবিত্র-কারী ; কুলোজ্জ্বল। **`পঙ্ক্তিপাবঁন**-পঙ্ক্তি দ্রঃ। **পতিত-পাবঁন**-পতিতোদ্ধারক ; পাপীর ত্রাতা।

পাবঁনি [পবন+ই (অপত্যার্থে)] বি, পবনপুত্র হনূমান্। "প্রবল পবন বলে বলীন্দ্র পা০।"-মেঘ০। ২ ভীম।

পাবঁনী [পাবন (দ্রঃ)-ঈপ (স্ত্রীং)] বি, গঙ্গা নদী। ২ গাভী। ৩ [বৈদ্যকে] তুলসী। (২) হরীতকী। ৪ বিণ, উদ্ধারকারিণী ; ত্রাণকর্ত্রী। প্র-পতিতপাবনী গঙ্গা।

পাবুষ [প্রাদে০] বি, কালবাউষ ; নদীমৎস্যবিঃ।

পামঁর [সং] বিণ, পাপাত্মা ; পাপিষ্ঠ ; নরাধম ; নীচ। "যে মুখে পা০ নিন্দিলে শঙ্কর সে মুখ হবে ছাগল।" -অ০ ম০। ২ মূর্খ। স্ত্রীং ~ী১-পাপিষ্ঠা।

পামঁরী২ [প্রাদে০] বি, মূল্যবান্ বস্ত্রবিঃ। "বহু ব্যয় করি কড়ি করিলাম খাট পিঁড়ি সগন্ধাদ নিহালী পা০।"-কবিক০।

পামা, পাম [পৈ (শুষ্ক হওয়া) +মন্ (র্ত্তৃ, পৈ=পা)=পামন্ ১মা, ১ব০] বি, খোস ; পাঁচড়া ; চুলকনা। ২ চর্ম্মরোগবিঃ ; কুষ্ঠের প্রকার ভেদ। ৩ ত্বগ্ ব্রণ।

পাম্বম্, পাম্বানঁম-বি, ভারতবর্ষ ও সিংহলের মধ্যবর্ত্তী কৃত্রিম খাদের নাম।

পায়১ [পাওয়া দ্রঃ] ক্রি, প্রাপ্ত হয়। ২ পাওয়া যায় ; লাগে ; ধরে ; উদ্রেক হয় ; বোধ হয়। প্র-"হাসি পায়। শীত পায়।

পায়২ [পাদ >। পাদে দ্রুত উচ্চারণে পাএ, পায়। পা দ্রঃ] ক্রি-বিণ, পদে ; চরণে। "তুমি যারে রাখ পায় সে সকলি পায়।"-বাং-গান। **~চারী, পাচালী** [পাদচার] > বি, পদবিহার ; পদব্রজে ভ্রমণ ; বেড়ান। **~ঠেলা৭** [পায় (পাদ দ্বারা), ঠেলা] বিণ, যাকে পাদ দ্বারা সরাইয়া দেওয়া বা ত্যাগ করা হইয়াছে। ২ বি, অনাদর ; অবজ্ঞা বা ঘৃণায় দূরে রাখা বা ত্যাগ করা। **~ধঁরা** [পাদ ধারণ >] বিণ, পাদধৃত ; গৃহীতচরণ ; পায়ে ধরিবার। "হাসি পায় হাসি পায় হে সেই পায়ে-ধরা দিন পড়লে মনে।"-গান। ২ ক্রি, পাদ গ্রহণ করা ; পাদস্পর্শ করা। ৩ অতিশয় বিনয় প্রকাশ করা ; পায়ে পড়া : পদানত হওয়া। **~-পঁড়া, পায়ে-পঁড়া**-ক্রি, পদানত হওয়া। ২ বিণ, তোষামোদ-কারী ; খোসামুদিয়া। তুল-গায় বা গায়ে পড়া লোক। **~পায়**-ক্রি-বিণ, পদে পদে ; প্রতি পদে ; প্রত্যেক কার্য্যে ; সর্ব্বদা। "আমি যেতে চাই তব পথ পানে কত বাধা পায় পায় হে॥"-রবী০। "যারে না রাখো পায় বিপদ ঘটাও পায়-পায়।"-বাং-গান।

পায়ঁই [পাওয়া দ্রঃ। ব্রজ০] ক্রি, পাই ; প্রাপ্ত হই। "ও রসে ভোর ওর নাহি পা০ পতিত কোরে ধরি ভুবন বিয়াপি।"-বলরাম০। ২ পায় ; প্রাপ্ত হয়।

পায়কার [ফা০] বি, খুচরা মাল বিক্রেতা ; খুচরা পণ্যের দোকানদার ; পাইকার (দ্রঃ)।

পায়খানা [ফা০ পায়্খানা, পাখানা] বি, মলমূত্র ত্যাগের স্থান ; মলত্যাগের গৃহ।

পায়জামা [ফা০ পাজামা (দ্রঃ)] বি, ইজার।

পায়জেব, পাজেব [ফা০] বি, মঞ্জরী ; নূপুর ; পাইজোর।

পায়দঁল [হিং০ পয়্দল্] বি, পাদচারী সৈন্য ; পদাতিক। ২ পদব্রজে গমনকারী। ৩ ক্রি-বিণ, হাঁটিয়া ; পায় চলিয়া। এইঅর্থে প্রা০ বাং০ প্রাদে০ **পায়াদঁল**-পদব্রজে। "পশ্চিম দ্বারে গেলা লক্ষ্মী পায়াদল" -ধর্ম্মরাজের গীত (গোবিন্দ মুখো০)।

পায়দার [ফা০] বিণ টেঁকসই ; মজবুত।

পায়ঁব [ব্রজ০। পাওঁয়া দ্রঃ] ক্রি, পাইব। "কবহুঁ সো পিয়া যদি আসে বৃন্দাবনে। পরাণ প্যা০ হাম পিয়া দরশনে॥"-বি০ প০।

পায়মাল, পয়মাল [ফা০ পাএ-মাল্] বিণ, পদদলিত ; পাদপিষ্ট। ২ বিনষ্ট।

পায়য়া [পাওয়া দ্রঃ। প্রা°বাং-য়=ইঅ >পায়+আ=পাইয়া] অস-ক্রি, পাইয়া; লাভ করিয়া। "আইজ পতি আছে সুন্দর বধূ পা°॥"-মাণিক° গান।

পায়রা [পারাবত ...] বি, কপোত পক্ষী। "লয়ে শিশুগণ বেণ্যার নন্দন পা° উড়ায়ে যায়।"-কবিক°। পায়রার নানাবিধ নাম আছে, যথা অপরাজিতা, কাল, গলাফুলা, গেরোবাজ, গোলা, চিলে পপণ; (পর পাঁও),জ্যাকবিন,মুখ্‌খী,লক্কা,বোগদাদ, রেশমী, লোটন, সীরাজু ই°। স্ত্রীং **পায়রী** পারাবতী। "পায়রী রাখিয়া-হাতে, উড়াইল পারাবতে।" -কবিক°। **~চাঁদা**-বি, বৃহৎ চাঁদা মৎস্য; অনেকটা গোলাকার, গায়ে পারাবতের ন্যায় চক্রকযুক্ত মৎস্য।

পায়স [পয়স্ (দুগ্ধ)+অ (উৎপন্নার্থে)] বি. দুগ্ধ ও শকরা-পক্ব অন্ন: পরমান্ন। ২ বিণ, পয়ঃ সম্বন্ধীয়। **পায়সান্ন** [পা°+অন্ন] বি, পরমান্ন। (সাধাঃ ভাত, সুজী, চিঁড়া, ছানার পায়স। তা ছাড়া বঁদিয়া, কমলা নেবু, আতা, তাল, লাউ ই°র পায়স।

পায়া১ [ফা° পাইয়া] বি. চরণ; পদ। ২ চৌকির কোণস্থিত লম্বা কাষ্ঠ; যার মাথার উপর বসিবার তক্তা আঁটা থাকে। চৌকির পা। ৩ উচ্চপদ। **পায়া ভারি**-অহঙ্কার; গুমর। -সা° প° প°।

পায়া২ [বৈং সা° পাঞা; পাওয়া দ্রঃ] ক্রি, পাইয়া; প্রাপ্ত হইয়া। "প্রভুর ইঙ্গিত পায়া আদি দেবী মহামায়া সৃজন করিতে দিল মন।" -কবিক°। পাইর্তে=পাইতে (চণ্ডি°)।

পায়িক [সং-পদাতিক ...] বি, পদাতিক সৈন্য; পাইক।

পায়ী [মূ°পায়িন্ ১মা,১ব°। অন্য পদান্তে পানকারী অর্থে যুক্ত হইয়া প্রযুক্ত হয় যথা-দুগ্ধপায়ী, স্তন্যপায়ী, স্নেহপায়ী ই°] বিণ পানকারী।

পায়ু [সং] বি, মলদ্বার; গুহ্যদেশ।

পায়েস [পায়স দ্রঃ। গ্রা° উচ্চারণে] বি, পরমান্ন। "আমরা সদাই মনির-বকুনি খাই, আর তোমরা খাও, গো পায়েস।" -দ্বি° রায়।

পার [পর+অ (সম্বন্ধার্থে)] বি, বিপরীত কূল; নদ্যাদির অপর তট। ২ উদ্ধার; ত্রাণ। ৩ পৃ (পূরণ করা)+অ (র্তৃ)] প্রান্ত। ৪ বিণ, উত্তীর্ণ। "তোক্ষে বড়ায়ি...হআঁ যাবি পার।"-শ্রী° কী°। **~কর** [প্রা° বাং] বিণ, পারকারী। "পারকর মথুরাক ঘাটোআল কহী"-শ্রী° কী°। **পার করা**-পরিত্রাণ করা। ২ নদীর পর পারে লইয়া যাওয়া। ৩ [লক্ষ°] কন্যার বিবাহ দেওয়া। "মেয়ে পার করা।" **~ঘাট**-নদীর পারাপার জন্য যে ঘাটে নৌকা থাকে; খেয়াঘাট।

পারই [ব্রজ°। পারা দ্রঃ] ক্রি, পারে; সমর্থ হয়। "কাঁপয়ে দুরবল দেহ। রহই না পা° কেহ॥"-বি° প°। "হরয় সলিল ভরে হেরই না পা° অনিমেষে রহল ধন্দে।"-চণ্ডি°।

পারক [পৃ (পূর্ণ করা)+অক (র্তৃ)] বিণ, পারগ; নিপুণ; দক্ষ; পটু; সমর্থ। ২ পূর্তিকারক; পূরক [প্র° অ°]। ৩ পালক; পালনকারক [প্র° অ°]। বি, **~তা** (-ক্‌-)= পারগতা (পারগ দ্রঃ)।

পারক্য [পর+ক=পরক+য(হিতার্থে)] বি, পরকীয়তা; পরাধীনত্ব। ২ সামর্থ্য; পারগতা। ৩ বিণ,পরলোকসম্বন্ধীয়। ৪ পর সম্বন্ধীয়; শত্রু সংক্রান্ত।

পারগ [পার (নদ্যাদির পর পার) গ(যে গমন করে)] বিণ, পারগামী। ২ সমর্থ। **~তা**-বি, সামর্থ্য; দক্ষতা। **~পক্ষে**-পারৎপক্ষে দ্রঃ।

পারগত [পার (নদ্যাদির অপর তীর) গত (যে গিয়াছে)] বিণ, যে নদ্যাদির অপর পারে গমন করিয়াছে; পারপ্রাপ্ত। ২ উত্তীর্ণ। ৩ পবিত্র।

পারগ্রামিক [পরগ্রাম + ইক (যোগ্যার্থে)] বিণ, পরগ্রাম সম্বন্ধীয়। ২ বৈরকারী; বৈরী।

পারঘাট-পার দ্রঃ।

পারজায়িক [পরজায়া (অন্য স্ত্রী)+ইক (অনুরক্তার্থে)] বি, পরদার-রত; পারদারিক; পরস্ত্রীগামী। ২ বিণ, পরজায়া-সংক্রান্ত।

পারণ [পার+অন (ভা°)] বি, উপবাসের পর প্রথম ভোজন ;ভোজন দ্বারা উপবাস ভঙ্গ করণ। "নৃত্য গীত বাদ্যে করে নিশি জাগরণ। অপর দিবসে আগে ব্রাহ্মণ ভোজন॥ বিপ্রে পূজি পশ্চাৎ পা° করিয়া। তাহার পুণ্যের কথা শুন মন দিয়া॥"-শি°। ২ [পৃ+ণিচ্=পারি+অন (ভা°)] তৃপ্তি। স্ত্রীং **পারণা**। "পারণা হেতু ভিক্ষা দেহ, কর প্রাণরক্ষা অচিরেতে হবে পুত্রবতী।" -কবিক°।

পারৎ [সং-পারক, পারগ >] বিণ, সমর্থ। **~পক্ষে**, **পারতপক্ষে**, **পারতেপক্ষে**,**পারকপক্ষে**,**পারগপক্ষে**-ক্রি-বিণ, সমর্থপক্ষে; পার্য্যমাণে; সাধ্যমত; যথাসাধ্য; পারিলে। "পারতেপক্ষে কি রাজারা সব পুত্রকে যুদ্ধে পাঠায়"-কর্ম্মবল। "পারগপক্ষে ভূদেববাবু রাশিনাম ও ডাকনাম একই রাখিতেন।"-ভূদেব চরিত, ৩য় খণ্ড, পৃ° ৩৯, পাদটীকা।

পারতন্ত্র্য [পরতন্ত্র+য (ভা°)] বি, পরাধীনতা; পরতন্ত্রতা।

পারত্রিক [পরত্র (পরলোক)+ইক (সম্বন্ধার্থে)] বিণ, পরলোক সম্বন্ধীয়; পারলৌকিক।

পারদ [পার (অন্য তীর) দ (যে পার করিয়া দেয়)] বিণ. যে নদ্যাদির অন্য তীরে পার করিয়া দেয়; পারকারী। ২ [পার (পূর্ণতা) দ (যে দান করে), যে শরীরের পুষ্টি দান করে] বি, পারদ-নামক ধাতু; পারা mercury.

পারদজারণ [রাসা° পরিঃ] বি, পারাশোধন; পারাভস্মকরণ killing of mercury.

পারদর্শী [পার (অপর তীর) দৃশ্ (দর্শন করা)+ইন্ (র্তৃ)=পারদর্শিন্ ১মা, ১ব°] বিণ, দূরদর্শী; বহুদর্শী; পরিণামদর্শী। ২ দক্ষ; সুপটু। ৩ সর্ব্বশাস্ত্রে সুপণ্ডিত; বিবিজ্ঞ; অভিজ্ঞ। বি, **~দর্শিতা**। > স্ত্রীং **~দর্শিনী**।

পারদারিক [পরদার (অন্যস্ত্রী)+ইক (অনুরক্তার্থে)] বি, পরদারাসক্ত; পরস্ত্রীরত; অন্যস্ত্রীগামী।

পারদার্য্য [পরদার+য (ভা°)] বি, পরদারাসক্তি; পরস্ত্রীগমন।

পারদেশ্য [পরদেশ (ভিন্ন দেশ)+য (নিবাসার্থে)] বি, প্রবাসী ; ভিন্নদেশগত।

পারমাণব [পরমাণু+অ (স্বার্থে)] বিণ, পরমাণু সম্বন্ধীয়। **~বার্কর্ষণ** [পারমাণব+আকর্ষণ,অলুক্০] বি, পরমাণুর মধ্যে পরস্পর আকর্ষণ molecular attraction. **~বিক**-বিণ, পারমাণব। পা০ গুরুত্ব-পরমাণুর ভার বা ওজন atomic weight.

পারমার্থিক [পরমার্থ (ধর্ম্ম)+ইক (সম্বন্ধার্থে)] বিণ, ধর্ম্ম সম্বন্ধীয় ; পরমার্থ সংক্রান্ত। ২ পরকালের হিতকর। ৩ পরম মঙ্গলজনক।

পারমিট্ [গ্রা০ পোরমিট < ইং permit] বি, শুল্ক-দেওয়া মাল বিক্রয়ের লাইসেন্স বা বিক্রয়াধিকারের সরকারি অনুমতি।

পারম্পর্য্য [পর-পর=পরম্পর + য (ভা০), ম আগম] বি, পরম্পরাগত ক্রম : পর পর হবার ভাব ; অনুক্রম ; ক্রমাবয়। ২ বংশক্রম : পুরুষানুক্রম। ৩ [অর্থবিদ্যা০] ইং reciprocityর বৈজ্ঞা০ পরিঃ ; ব্যতিহার।

পারম্পর্য্যোপদেশ [পারম্পর্য্য (পরম্পরাগত)+উপদেশ (হিতবাক্য), ধা] বংশানুক্রমাগত উপদেশ ; ঐতিহ্য।

পারলি, -লী-বি, পারুল।

পারলৌকিক [পরলোক + ইক (সম্বন্ধার্থে)] বিণ, পরলোক সম্বন্ধীয় : পরকাল সংক্রান্ত।

পারশ-পরশ দ্রঃ।

পারশনাথ-পার্শ্বনাথ দ্রঃ।

পারশব [পরশু+অ (সম্বন্ধার্থে)] বিণ, পরশু সম্বন্ধীয়। ২ বি, লৌহ-নির্ম্মিত অস্ত্রবিঃ; পরশু ; কুঠার। ৩ যদ্দারা পরশু নির্ম্মিত হয় ; অয়স ; লৌহ। ৪ ব্রাহ্মণ-পিতৃক ও শূদ্রা-মাতৃক জাতিবিঃ ; নিষাদ জাতি।

পারশীক, পারসিক, পারসীক [পারস্য-পারস্য (দেশবিঃ) + ইক (তত্র জাতার্থে)] বি, পারস্যদেশের অধিবাসী ; পারসী। ২ বিণ, পারস্যদেশজাত ঘোটক। ৩ পারস্যদেশীয় ; পারস্যদেশ সম্বন্ধীয়। ৪ পারস্যদেশজাত ; পারস্যদেশোৎপন্ন।

পারশ্বধ [পরশ্বধ (কুঠার)+অ (ক)] বি, পরশু বা কুঠারাস্ত্রধারী যোদ্ধা।

পারসী [পারস্যের ভাষায়-ফারসী, বাং-র-পারসী, পার্সি, পার্শী। ম০ বাং গদ্যে -'পারস্য'। "কতক দিবসেতে সেই বালক আরবী ও পারস্য শাস্ত্রের সমুদায় পুস্তক পড়িয়া"] বি, পারস্যভাষা ; ফারসী। ২ পারস্যদেশীয় লোক। ৩ পারস্যদেশজাত। পা০ মাকড়ী-স্বর্ণালঙ্কারবিঃ : পারসীক নারীদিগের ইয়ারিং বা কর্ণভূষণবিঃ। পা০ মুক্তা-পারস্য উপসাগরের মুক্তা ; বটকী মুক্তা। পা০সাড়ী-পারসীক সাড়ী ; রেশমী বস্ত্রবিঃ ; পারসীদিগের মধ্যে ব্যবহৃত সাড়ী।

পারস্ত্রৈণেয় [পরস্ত্রী+এয় (অপত্যার্থে), ন আগম, পর=পার, স্ত্রী=স্ত্রৈ] বি, পরস্ত্রীতে উৎপন্ন সন্তান ; ক্ষেত্রজ পুত্র। ২ জারজ সন্তান।

পারা১ [সং-পার (শক্তি, কর্ম্মসমাপ্তি)। তুল-"অপারযন্তঃ অশক্ত বস্তুঃ"-গণদর্পণ]। পারি,পার (পারেন, পারিস), পারে (পারেন) ; পারিতে (কে০পারতে) ; পারিয়া (কে০ পেরে) ই০] ক্রি, সমর্থ হওয়া ; ক্ষমতা ধরা। প্র-পারি কি হারি একবার দেখতে হবে। "পার কি না পার কর পরখ তাহার। একবার না পারিলে দেখ শতবার"-কা০ প্র০ ঘোষ। ২ আঁটা ; আয়ত্ত করা ; শক্তি পরীক্ষা বা প্রতিযোগিতায় জয় করা ; শাসন করা। প্র-ও ছেলেকে কেউ পেরে ওঠে না। "তারে না পারিবে"-চণ্ডী০। ৩ কাজ সারা। প্র-লোকটা কাজ হাতে নিলে বটে কতকটা এগিয়েও দিলে কিন্তু ওর দ্বারা হল না, দেখ দেখি তুমি যদি পার। প্রা০ বাং-পারিবোঁ-পারিব। পারী-পারি ; সমর্থ হই। "অযোড় যোড়ন আন্ধে করিবাক পারী"-শ্রী০কী০। পারো(রোঁ)-পারিব।

পারা২ [প্রা০ বাং। পার+আ (হওয়া, করা)] ক্রি, পার হওয়া ; পার করা। পারিলোঁ-পার বা উত্তীর্ণ হইলাম।

পারা৩ [সং-পারদ >] বি,পারদ mercury. "দর্পণের পারাটুকু গিয়াছে মুছিয়া।" -অশোক০।

পারা৪ [হিং পৈর্-পৈরা (পদ) >] বি, পদ ; পদক্ষেপ। "নৌকা হইতে সূর্য্যাই ঠাকুর কূলে দিল পারা।"-সূর্য্যের গান (১৭শ শতাব্দীর বাং)।

পারা৫ [গ্রা০। সং-প্রায় >ভ্রং। পানা২ দ্রঃ] বিণ, সম ; সদৃশ : মত : তুল্য। "অধীর পাগল পারা।"-বাং-গান। "বিরতি আহারে রাঙ্গা বাস পরে যেমন যোগিনী পারা।" -চণ্ডি০। ২ যেন ; বুঝি ; এমন মনে হয়। "অন্যদিন গা তুলে গগনে দেখি তারা। আজি কেন এত বেলা মরে ছিনু পারা॥"-ধ০ ম০। "ইন্দ্রভাবে অমরাতে হানা দিবে পারা॥"-ধ০ ম০ (রামনারায়ণ)।

পারা৬ [ফা০ পারা (খণ্ড)] বি, খণ্ড। ২ [বিশে০] ৩০ খণ্ডে বিভক্ত কোরাণের এক এক খণ্ড বা যুজ। প্র-আমপারা।

পারানি১ [পার+আন (ক্রিয়ায়)] ক্রি, পার করান। ২ পার হওয়া।

পারানি২ [পারা (সমর্থ হওয়া)+ আন (ণিজন্তে)] ক্রি, পারিতে বাধ্য বা সমর্থ করা।

পারানি, পারানী [সং-তরপণ্য। পারান১ +ই,ঈ (তদর্থে দেয় অর্থে)] বি,খেয়া পার হইবার মূল্য ; পারানি কড়ি ; আতর।

পারাপার [পার+অপার] বি, সমুদ্র। ২ নদ্যাদির উভয় তীর ; একূল ওকূল। ৩ এফোঁড় ওফোঁড়। এস্পার কি ওস্পার-দ্রঃ।

পারাবত [সং। 'পারাপত' ও০] বি, কপোত ; পায়রা। ২ ক্ষুদ্রজাতীয় বানরবিঃ ; মর্কট। ৩ গাবগাছ। ৪ পর্ব্বত। স্ত্রীং **~ী**-কপোতী। ২ মর্কটী।

পারাবার [পার+অবার (অকূল)] বি, সিন্ধু ; সাগর। "ভবঘোর পা০ হরি-নাম তরি তার"-ভারত০। "বয়স অশীতি পা০ পারে বাস।"-কবিক০। "হৃদয় ডুবে যায় হরষপারাবারে।"-রবী০। ২ এফোঁড় ওফোঁড়; পারাপার (দ্রঃ)। "কোন অস্ত্র ধরে পা০ করে।"-চণ্ডি০।

পারাবারীণ [পারাবার+ঈন (গমন অর্থে খ)] বিণ, যে পারে গমন করিয়াছে ; পারগামী।

পারায়ণ [পার+অয়ন] বি, সমাপ্তি ; সম্পূর্ণতা। ২ গ্রন্থের নিয়মিত পাঠ দ্বারা

সমাপ্তি। "সদা বেদ পরায়ণ প্রকাশিলা পা°। শিষ্যগণ বৈষ্ণব সংহতি।" -ভারত°। ৩ পুরাণ গ্রন্থ পাঠ। "ইহা শুনে যেই জন কিম্বা করে পা° ভবমুক্ত হয় সেই কৃতী।"-কৃত্তি°।

পারাশর [পরাশর (মুনিবি:)+অ (অপত্যার্থে)] বি, পরাশর মুনির পুত্র : বেদব্যাস। ২ [কৃতার্থে বা উক্ত অর্থে অ] পরাশরোক্ত ধর্মশাস্ত্র ; পরাশর সংহিতা। ৩ বিণ, পরাশর সম্বন্ধীয়।

পারাশরি [পরাশর (মুনি)+ই (অপত্যার্থে)] বি, পরাশরপুত্র ; ব্যাসদেব। ২ পরাশর সম্বন্ধীয়। ~ী-বিণ, পরাশরোক্ত আশ্রমাবলম্বী ; ভিক্ষু।

পারাশর্য্য [পরাশর (মুনি)+য (অপত্যার্থে, কৃতার্থে, সম্বন্ধার্থে-ষ্ণ্য)] বি, পরাশর মুনির পুত্র। ২ বিণ, পরাশর মুনি কৃত। ৩ পরাশর সম্বন্ধীয়।

পারি [পাড়ি দ্রঃ। পূ° বঙ্গে-পারি= পাড়ি] বি.নদী পার হওয়ার পথ: নৌকা পথ। "আমায় দেও মা চরণতরী। * * * সাহস করে আপন জোরে ভবনীরে ধর্লেম পারি।" -কা° প্র° ঘোষ।

পারিকাঙ্ক্ষী [পার + ইন্=পারিন্ (ব্রহ্মজ্ঞান)-কাঙ্ক্ষ্ (আকাঙ্ক্ষা করা)+ইন্= কাঙ্ক্ষিন্ ১মা, ১ব°] বি, পারমার্থিক সুখাভিলাষী তপস্বী ; ব্রহ্মজ্ঞানাকাঙ্ক্ষী।

পারিচ্ছত্রক [বৌ°সা°] বি, পারিজাত পুষ্প ; পালিটামাদার পুষ্প। "আতপ নিবারণার্থ একটী পারিচ্ছত্রক পুষ্প লইয়া আসিতেছিলেন"-জাতক।

পারিজাত [পার + ইন্=পারিন (সমুদ্র), তাতে জাত (যে উৎপন্ন হইয়াছে)] বি, সমুদ্র মন্থনকালে তা হতে উদ্ভূত স্বর্গের পুষ্পবৃক্ষ ; সুরপাদপ। ২ গন্ধদ্রব্যবিঃ। ~ক (-তঁ-) বি, পারিজাত পুষ্পবৃক্ষ ; দেবতরু।

পারিণায্য [পরিণয় (বিবাহ)+ য] বিণ, বিবাহের সময় প্রাপ্ত যৌতুক।

পারিতোষিক [পরি-তুষ্ + অ (ভা°)=পারিতোষ+ইক-যা পরিতুষ্ট হইয়া দান করা হয় অথবা যা দান করিয়া গ্রহীতার পরিতোষ সম্পাদন করা যায়] বি, পুরস্কার ; উপঢৌকন।

পারিন্দ্র [পরের (অন্য পশুর) ইন্দ্র (প্রভু) পর+অ (সম্বন্ধার্থে)=পার, নিপাতনে পার্। পারীন্দ্র দ্রঃ] বি, পশুরাজ ; মৃগেন্দ্র : সিংহ। ২ অজগর সর্প [বিরল]।

পারিপন্থিক [মূ° পরিপন্থিন্+ষ্ণিক্] বিণ, শত্রু সম্বন্ধীয় ; শত্রুভাবাপন্ন। ২ বিঘ্নকারী ; প্রতিকূল। ৩ বি, দস্যু ; তস্কর।

পারিপাট্য [পরিপাটী+য (স্বার্থে)] বি, সুশৃঙ্খলা। ২ পরিচ্ছন্নতা।

পারিপাত্র [পরি (সর্ব্বতোভাবে)+পা (রক্ষা করা)+ত্র (র্তৃ, জ্ঞা°), যে অনেক প্রাণীকে আশ্রয় দিয়া রক্ষা করে] বি, মালব দেশের সীমান্ত পর্ব্বত ; অন্য নাম পারিযাত্র ; বিন্ধ্যের পশ্চিমস্থ পর্ব্বত।

পারিপার্শ্বিক [পরি (সর্ব্বতোভাবে) পার্শ্ব (পাশে)=পরিপার্শ্ব (কর্ত্তার চারিদিকে) + ইক (চরে অর্থে) যারা কর্ত্তার চারিদিকে অবস্থান করে] বি, পারিষদ। ২ [নাট্যশা°] নটীর পার্শ্বচর। ৩ বৃহৎ গ্রহের চতুর্দ্দিকে ভ্রমণশীল ক্ষুদ্রগ্রহ ; উপগ্রহ। ৪ বিণ, পার্শ্বচারী ; পার্শ্ববর্ত্তী ; সহচর। ৫ চতুর্দ্দিগ্‌বর্ত্তী ; বাহিরের surrounding. "পা° অবস্থার পরিবর্ত্তনের সঙ্গে এখন আমাদের সমানে পা ফেলে চলতে হবে"-পি° সি° রায় (প্রবাসী)। পা° অবস্থা-প্রতিবেশ; পরিবেষ্টন surroundings ; environments.

পারিপ্রেক্ষিক [পরিপ্রেক্ষণ দ্রঃ] বিণ, পরিপ্রেক্ষিত দ্রঃ perspective. "ঐ সকল চিত্রে পা° নাই সত্য"-বর্ত্তমান জগৎ,২য় ভাগ।

পারিপ্লব, -প্লাব [পরি-প্লু+অ= পারিপ্লব, পরিপ্লাব+অ (স্বার্থে)] বিণ, বেপমান ; কম্পমান। ২ অস্থির ; কাতর ; আকুল। ৩ বি; পঞ্চম মন্বন্তরে প্রকৃতিবিঃ।

পারিব্রজ্য [পরিব্রাজ (দ্রঃ)+ষ্ণ্য] বি, পরিব্রাজকের ভাব ; পরিব্রজ্যা। "পারিব্রজ্যের নিয়ম পালন করিয়া প্রত্যহ শেষ রাত্রিতে ভরত সুরধুনীতে অবগাহন করিয়া থাকেন।"-রামায়ণী কথা।

পারিভদ্র [পরি (সম্পূর্ণরূপে) ভদ্র (সৌভাগ্য) হয় যা দ্বারা, বহু°=পরিভদ্র+অ (স্বার্থে)] বি, দেবতরু ; পারিজাত পুষ্পবৃক্ষ।

পারিভদ্রক [পারিভদ্র+ক (জ্ঞা°)] বি, নিম্ববৃক্ষ ; নিমগাছ। ২ দেবদারু গাছ।

পারিভাগিক চৈত্য-চৈত্য দ্রঃ।

পারিভাষিক [পরিভাষা (দ্রঃ)+ইক (সম্বন্ধার্থে)] বিণ, পরিভাষা সম্বন্ধীয়। ২ শিল্প, বিজ্ঞান, দর্শনাদি বিশেষ বিশেষ শাস্ত্রের বিশেষার্থ-বাচক।

পারিমাণ্ডল্য [ন্যায় দর্শনের পারিভাষিক শব্দ] বি, কারণতাশূন্য পরমাণু-পরিমাণ। ২ [বিজ্ঞানে] স্থানপরিমাপক অণু। ৩ সূর্য্যরশ্মিস্থ বিন্দু বা অণু।

পারিমুখ্য [পরিমুখ+য (ভা°)] বি, বিদ্যমানতা ; সম্মুখীভাব ; অভিমুখতা। বিণ, পারিমুখিক।

পারিযাত্র [পরি (সর্ব্বতোভাবে) যা (প্রাপ্ত হওয়া)+ত্র (জ্ঞা°), পরিযাত্র+ষ্ণ্য। যে অনেক স্থান ব্যাপ্ত করিয়া রহিয়াছে] বি, সপ্তকুল পর্ব্বতের অন্যতম। [ইহা উত্তর-পূর্ব্বে গাঙ্গেয় দোয়াব সংরক্ষক স্বরূপ এবং হিমালয়ের সমস্ত রেখায় বিস্তৃত শিবালিক পর্ব্বত শ্রেণী]

পারিল [পারা, দ্রঃ। গ্রা° ক্ষে° পারল, পার্ল্যা, পার্ল্যে, পাল্ল, পাল্লে,] ক্রি, পারগ হইল ; সমর্থ হইল।

পারিষদ [পরিষদ্ (সভা)+অ (বিদ্যমানার্থে)] বি, সভ্য ; সভাসদ। ২ বিণ, সভা সম্বন্ধীয়। ৩ পার্শ্বচর ; পার্শ্বচারী ; পারিপার্শ্বিক।

পারিহাস্য [পরিহাস+য (ভা°)] বিণ, পরিহাসজাত। ২ বি, পরিহাসের ভাব।

পারী১ [সং] বি, হস্তীবন্ধনী।

পারী২ [সং] বি, তীর ; পার।

পারী৩ [পারি'র প্রা° বাং রূপ] ক্রি, সমর্থ হই। "আষোড় বোড়ন আজ্ঞে করিবাক পারী।"-শ্রী° কী°।

পারীক্ষিত [পরীক্ষিৎ (রাজা)+অ (অপত্যার্থে)] বি, পরীক্ষিতের পুত্র রাজা জনমেজয়।

পারীণ [পার (নদ্যাদির অপর তীর) + ঈন (গমনকারী অর্থে)] বিণ, পারগামী।

পারীন্দ্র [সং] বি, সিংহ। "বিষম জ্বর-কুঞ্জর পারীন্দ্ররস" (বিষমজ্বররূপ হস্তীনাশক সিংহস্বরূপ আয়ুর্বেদীয় ঔষধ)। ২ অজগর।

পারীশ১-বি, পার্শেমাছ। ~ফল [বৈদ্যকে] বি, পেঁপে।

পারীশ২ [বৈদ্যকে] বি, গয়া-অশ্বথ; পরশ-পিপুল; পলাশ-পিপুল thespesia populnea.

পারুল [সং-পাটলী] বি, ফল ও পুষ্প-বৃক্ষবিঃ। ২ একপ্রকার মৎস্য।

পারুষ্য [পরুষ (কর্কশ) + য (ভা॰)] বি, পরুষতা; কার্কশ্য; কঠোরতা; রূঢ়তা।

পারেশান-পরেশান দ্রঃ।

পার্গত [সং-পারগত > দ্রুত। প্রা॰ বাং] বিণ, পারগ। "তারা সবে অস্ত্রশস্ত্রত পা॰"-মহা॰(বিশারদ, ১৬১২ খৃ॰, বং সা॰প॰)।

পার্গু [নৌ॰] বি, বাঙ্গলার নিজস্ব বাণিজ্যতরণীবিঃ। "হুগলী হইতে পিপ্‌লী, বালেশ্বর ই॰ স্থান পর্য্যন্ত জাহাজ হ'তে মাল উঠা নামা করিবার নিমিত্ত পার্গু ব্যবহৃত হইত। এগুলি অনেক দিন সমুদ্রে রাখিবার উপযুক্ত; পেছনে লঙ্গর ফেলা হয়।"-মধ্যযুগে বাঙ্গলা।

পার্চ্ছাভোগ [পাতশা > পার্চ্ছা + ভোগ, বাদশার ভোগের উপযোগী বলিয়া নাম] বি, উৎকৃষ্ট চাউল; বাদশাভোগ নামক চাউল। তুল-নবাব খাস ই॰। "* * * বুনে পা॰। আজ্ঞারকুলি * * আর গোপাল-ভোগ॥"-শূ॰ পু॰।

পার্টি, পার্টী [ইং party র লিপ্যন্তর] বি, দল; পক্ষ। ২ বিলাতী রুচির অনুযায়ী ভোজ; নিমন্ত্রণ। ৩ বান্ধব সম্মিলন যাতে আমোদ-প্রমোদ সহ ভোজনের আয়োজনও থাকে। পা॰ দেওয়া-ঐরূপ খাওয়ান। পা॰ মারা [গ্রা॰] ক্রি, বিলাতী রুচির নিমন্ত্রণ স্থলে আহার করা ও আমোদে যোগ দেওয়া। পার্টিতে যাওয়া-ঐরূপ নিমন্ত্রণ রক্ষা করা।

পার্থ [পৃথা (কুন্তী) + অ (অপত্যার্থে)] বি, পৃথানন্দন; যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন। কিন্তু অর্জ্জুনই এই নামে প্রসিদ্ধ। ২ গন্ধর্ব্ববিঃ।

পার্থিক্য [পৃথক্ + য (ভা॰)] বি, বিভিন্নতা; পৃথকত্ব।

পার্থব [পৃথু (বিশাল) + অ (ভা॰)] বি, বিশালত্ব; স্থূলত্ব। বিণ, পৃথু (দ্রঃ)।

পার্থিব [পৃথিবী + অ (অধিপতি অর্থে), ঈ লোপ] বি, পৃথিবীর অধিপতি; ভূপতি; নৃপ। ২ [-+অ (সম্বন্ধার্থে)] বিণ, পৃথিবী সম্বন্ধীয়; জাগতিক। ৩ [+অ(জ্ঞা॰)] তগর-পুষ্প। ৪ [জ্যো॰ পরিঃ] বি, ইং terrestrial এর বৈজ্ঞা॰ পরিঃ। ৫ [জীববিদ্যা পরিঃ] অজৈব inorganic ~ী-সীতা। ~শক্তি -বি, রাজশক্তি।

পার্ব্বণ [পর্ব্বন্ (অমাবস্যাদি তিথি) + অ (তত্রকৃত বা দত্ত অর্থে), অমাবস্যাদি পর্ব্ব-দিনে দেব বা পিতৃলোক উদ্দেশ্যে বা কৃত বা দত্ত হয়] বি, অমাবস্যাদি পর্ব্বে কৃত্য শ্রাদ্ধ। "পুণ্যময় সেই দিন প্রীতির পার্ব্বণে।"-কুসুম। ২ উৎসব দিবস। "বিবাহ উৎসব তুই পার্ব্বণের রাজা"-দেবেন্দ্র সেন। ৩ [+অ (সম্বন্ধার্থে)] বিণ, পর্ব্ব সম্বন্ধীয়। ৪ [+অ(জ্ঞা॰)] বি,মৃগবিঃ। পাল-পার্ব্বণ, পালি-পার্ব্বণ [গ্রা॰ পব্ব -পাব্বন। প্রাদে॰ পাল পাব্বন]-পালপার্ব্বণ দ্রঃ।

পার্ব্বণী [গ্রা॰ পাব্বণি] বি, উৎসব দিবসের পারিতোষিক। "পার্ব্বণী পঞ্চক ঘত গুয়া লোণ সানাভাত ধানকাটি কলম কস্থুরে।"-কবিক॰।

পার্ব্বত [পর্ব্বত + অ (সম্বন্ধার্থে)] বিণ, পর্ব্বত সম্বন্ধীয়। ২ [+অ (জ্ঞা॰)] বি, মহানিম; ঘোড়ানিমের গাছ।

পার্ব্বতী [পর্ব্বত (হিমালয়) + অ (অপত্যার্থে) + ঈ (স্ত্রীং)] বি, পর্ব্বতরাজ হিমালয়ের কন্যা উমা; নগনন্দিনী; গিরিজা; দুর্গা। ২ পর্ব্বত হ'তে নিঃসৃতা নদী। ৩ চর্ম্মণ্বতী নদী। ৪ [বৈদ্যকে] পাষাণভেদী। (২) জীবনী। (৩) ধাতকী। (৪) সৌরাষ্ট্র মৃত্তিকা। ~নন্দন [পার্ব্বতীর নন্দন (পুত্র), ৬তৎ] বি, ষড়ানন; কার্ত্তিকেয়। ~য়ী [পর্ব্বত + ঈয় (উৎপন্নার্থে)] বিণ, পর্ব্বতোৎপন্ন; পর্ব্বতজাত। "চড়িবারে দিল তারে পার্ব্বতীয় ঘোড়া"-কবিক॰। ২ পর্ব্বতবাসী; পাহাড়ী। ৩ পর্ব্বত সম্বন্ধীয়; পার্ব্বত্য।

পার্য্যমাণে [সং-পার্য্যমাণ > প্রা॰ পাজ্জিমান। নাপাজ্জিমানে দ্রঃ] ক্রি-বিণ, পারিলে; পারতপক্ষে।

পার্ল, পার্লে, পাল্ল, পাল্লে [পারিল দ্রঃ। প্রা॰] ক্রি, পারিল। ~না-পারিল না। "তার চোখ দুটো জলে ভরে আসছিল কিন্তু সে কিছুই বলতে পার্ল না"-আ॰ শক্তি, ১৩৩৩।

পার্লামেণ্ট, পার্লেমেণ্ট [ইং Parliament এর লিপ্যন্তর] বি, রাজ্যশাসন ও পালন সংক্রান্ত প্রজাবর্গের প্রতিনিধি সভা; আইন সংগঠক মহাসভা।

পার্শব [পর্শু (কুঠার) + অ (প্রহরণার্থে), যে পরশু দ্বারা প্রহার করে] বি, পরশুপাণি; কুঠারাস্ত্রধারী।

পার্শী [পারসীক > ফে॰] বি, পারস্য-বাসী; ভারতের অগ্নি উপাসক। ২ [প্রাদে॰] জাতিবিঃ; ইরাণের পূর্ব্ব অধিবাসী। ৩ [সং-পাশী] যারা রসের জন্য খেজুর ও তালবৃক্ষের মস্তক কাটিয়া থাকে। স্থানভেদে-শিউলী।

পার্শে-বি, মৎস্যবিঃ; পারিশা মাছ।

পার্শেল [ইং parcel এর লিপ্যন্তর] বি, পুলিন্দা। ২ যে পুলিন্দা ডাকযোগে একস্থান হ'তে অন্যস্থানে প্রেরিত হয়।

পার্শ্ব (পার্শ) [স্পৃশ্ (স্পর্শ করা) + ব (জ্ঞা॰)] বি, পাশ; ধার; দক্ষিণ অথবা বাম-দিক্। [এই অর্থে প্রা॰ বাং প্রা॰ দ্রং পারুষ] "সিদ্ধেশ্বর নামে মঢ়ি বসিছি পারুষে" -গোবিন্দ॰ গী॰। ২ নিকট; অদূর। ৩ কক্ষের অধোদেশ। ~গ [পার্শ্ব (নিকটে) গ (যে গমন করে)] বিণ, পার্শ্ববর্ত্তী; অনুচর; পার্শ্বচর। ~চর [পার্শ্ব (নিকটে) চর (যে বিচরণ করে)] বিণ, পার্শ্ববর্ত্তী অনুচর; সন্নি-কটস্থ ভৃত্য। > স্ত্রীং ~চারিণী। ~নাথ [প্রা॰ পারশনাথ, পরেশনাথ] বি, জৈনতীর্থ-বিঃ। ২ হাজারীবাগ জেলার অন্তর্গত সর্ব্বোচ্চ পাহাড়। ৩ জৈনধর্ম্মগুরু ২৪ জন জিনের শেষ জিন। ~পরিবর্ত্তন [৬তৎ] বি, পাশ

ফেরা ; পাশ-মোড়া। ২ [পার্শ্বের পরিবর্তন হয় যে দিনে, বহু০] বিষ্ণুর পার্শ্বপরিবর্তন রূপ উৎসব ; শয়ন একাদশীর পর ভাদ্রমাসের শুক্ল একাদশীর দিন বিষ্ণুর বামপার্শ্ব হ'তে দক্ষিণ পার্শ্বে শয়নকালীন উৎসব। ~বর্ত্তী [পার্শ্ববর্ত্তিন্ শব্দ। বৃৎ=বিদ্যমান থাকা] বিণ, পার্শ্বস্থিত ; পার্শ্বে বিদ্যমান আছে এমন। ২ সমীপে অবস্থিত ; সন্নিকটস্থ। > স্ত্রীং ~বর্ত্তিনী। ~শূল [পার্শ্ব-স্থিত শূল (রোগ, ব্যথা)] বি, কক্ষস্থ শূলবেদনা ; শূলরোগ ভেদ। ~স্থ-বিণ, পার্শ্বদেশে অবস্থিত বা বিদ্যমান।

পার্শ্বাভিমুখ [পার্শ্ব+অভিমুখ। নাট্য-শা০ পরিঃ (অঙ্গাভিনয়ে)] বি, একপার্শ্বে কাহার প্রতি চাহিতে মাথা একদিকে ফেরান। অভিনয় দ্রঃ।

পার্শ্বাস্থি [পার্শ্ব+অস্থি, ৬তৎ] বি, পঞ্জরাস্থি ; পাঁজরা।

পার্ষত [পৃষৎ (দ্রুপদ)+অ (অপত্যার্থে)] বি, দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন। স্ত্রীং পার্ষতী-দ্রৌপদী।

পার্ষদ [পর্ষদ্ (সভা)+অ (বিদ্যমানার্থে), যারা সভাতে থাকে] বি, সভাসদ্ ; পারিষদ ; সভ্য। "যত যত স্থানে সব পা০ জন্মিলা।"-চৈ০ ভা০।

পার্ষ্ণি [পৃষ্+নি (ভা০)] বি, গুল্ফের নিম্নভাগ; গোড়ালি। ২ পৃষ্ঠদেশ ; পশ্চাদ্দেশ। ৩ সৈন্যের পশ্চাদ্ভাগ। ৪ পৃষ্ঠশত্রু। ৫ চণ্ডবতী ; প্রচণ্ডা নারী। ~গ্রাহ-শত্রুর পশ্চাদ্ধাবনকারী। ২ পৃষ্ঠশত্রু।

পাল১ [পল্=পালি (রক্ষা করা)+ণিচ্ (স্বার্থে)+অ (র্ত্তৃ)] বিণ, প্রতিপালক। ২ রক্ষাকারক ; রক্ষক। ৩ বি, কুল ; সমূহ ; দল। "ব্রজকুলবালা রাজপথে আইলা লইয়া ধেনুর পাল।"-চণ্ডি০। "রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে"-ম০ মো০ ত০। ৪ উপাধিবিঃ। ৫ বায়ুভরে নৌকা বেগে চালাইবার জন্য মাস্তুলে বদ্ধ বস্ত্রনির্ম্মিত পর্দাবিঃ। ৬ স্ত্রী পশুদিগের পুং পশু সংসর্গ। পাল ধরান-স্ত্রী পশুকে পুং পশু দ্বারা গর্ভিণী করান। পালের গোদা-বানরীর পালের

বা দলের বানর সর্দার। ২ [বিদ্রূপে] দলপতি।

পাল২-বি, পালো দ্রঃ।

পাল৩ [পাতাল > প্রা০ কে০ ছন্দানুরোধে] বি, পাতাল। 'পালে লাউ সেন গিয়া"-মনসা ম০ (দ্বিজ রসিক০)।

পাল৪ [পালা দ্রঃ। হিং পালা। পালা ; পক্ষ ; পার্শ্ব। ২ আয়ত্ত ; অধিকার ; করায়ত্তি। ৩ ব্যবহার ; পরস্পর বোঝাপড়া ; সংস্রব। "কালি এক বুড়া পড়েছিল মোর পালে। তেমন হইলে তোমা ডুবাইব জলে।" -শি০। ৪ দলে।

পালই, পালুই [সং-পল্ল, পল্লব, পলাল, পল্যল। প্রা০ বাং-পালোএ] বি, ধান্য-তৃণস্তূপ ; খড়ের গাদা। "মুড়াগিরি পর্ব্বত জুড়িআ পালই দিআ।"-শূ০পু০। "পালোএতে আগুন দিআ পলাইল ভীমা" -ঐ। ২ [প্রাদে০] ঢেঁকুর শাক।

পালক১ [পা+ণিচ্=পালি (রক্ষা করা) +অক (র্ত্তৃ), ই লোপ] বিণ, পালনকর্ত্তা ; প্রতিপালক। ২ রক্ষক ; রক্ষাকর্ত্তা। স্ত্রীং পালিকা। ~পুত্র-বি শৈশবাবধি যাকে আত্মজের ন্যায় প্রতিপালন করা হইয়াছে ; পালিত সন্তান।

পালক২, পালখ [পক্ষ >] বি, পাখা ; ডানা। ২ পাখার কেশ ; পত্র।

পালকী [সং-পাল্যঙ্ক >। হিং, ওড়িং পালঙ্কি। ক্ষুদ্রার্থে-ঈ] বি, শিবিকা ; মনুষ্যবাহিত যানবিঃ।

পালঙ১ [সং-পালঙ্কী > হিং পালকী। বাং প্রা০ পালম্] বি, পালঙ্ শাক spinach. চুকা পালঙ্-টকপালঙ্ ; পালঙ্ জাতীয় অম্লশাক। বিট বা বীটপালঙ্-লালবর্ণ শর্করাবহুল মূলযুক্ত পালঙ্ শাক the beet. বীট পালঙের চিনি প্রসিদ্ধ।

পালঙ২, পালং [সং-পালঙ্ক > দ্রঃ। মুর্শি০ প্রাদে০ 'পালুং'] বি, পর্য্যঙ্ক ; সুদৃশ্য ও মূল্যবান্ শয্যাধার। ~পোষ [পালঙ্ (দ্রঃ)। ফা০ পোষ (আবরণ বস্ত্র)। হিং পালংপোষ] বি, পালঙ্কের আবরণ বস্ত্র ; খাট বিছানা। ২ খট্টা ; পালঙ্ক। তুল-তক্তপোষ।

পালঙ্ক, পালঙ্গ [সং] বি, শয্যাধার ; খট্টা ; খাট। "রতন পালঙ্ক পর বৈঠল দুহু জন" -চণ্ডি০। পালঙ্কর্ত-পালঙ্কে (মাণিক০)।

পালট [প্রাকৃ০ পলোট্ট] বি, পাতমোড়া। "রঙ্গের পা০ জিনি চরণের শোভা।" -কবিক০। ২ প্রত্যাবর্তন। ৩ ফের ; মোড়। উল্টা পাল্টা-উল্টাপাল্টা দ্রঃ। নীচে উপর ; বিশৃঙ্খল।

পালটা১-পাল্টা১ দ্রঃ।

পালটা২-পাল্টা২ দ্রঃ। পালটানি-পাল্টান দ্রঃ।

পালটিয়া [পালট দ্রঃ। হিং পলট্না। কে০ পালটি (পদ্যে), প্রা০ পাল্টে] ক্রি, প্রত্যাবর্তন করিয়া ; পিছন করিয়া ; ফিরিয়া। "পদ আধ যায় পিয়া চায় পালটিয়া।"-চণ্ডি০। "পালটি নেহারি"-বি০ প০। পালটি না দেখো আর তাহার মুখ॥"-শ্রী০ কী০। ২ উলটিয়া।

পালধি-বি, হিন্দুর জাতীয় পদবীবিঃ। "ব্রাহ্মণ পালিতে তারে বুদ্ধি দিল বিধি। এই হেতু কুল শ্রেষ্ঠ হইল পালধি॥"-কবিক০।

পালন১ [পা+ণিচ্=পালি (পালনে)+অন (ভা০)] বি, ভরণ-পোষণ ; প্রতিপালন। ২ রক্ষণ ; তত্ত্বাবধান। ৩ [প্রাদে০] ছেলে ঘুমাইবার গান; ছেলেভুলান গান। ~কর্ত্তা -বি, যিনি ভরণ পোষণ করেন; প্রতিপালক। স্ত্রীং ~কর্ত্রী। ~দোলা [রবী০ ঠাকুর কর্ত্তৃক প্রবর্তিত] বি, শৈশবে যে খাট বা দোলায় শিশু পালিত হয় ; যে হিন্দোলায় শিশু শয়ন করিয়া থাকে বা শয়ন করিয়া শিশু সুখে নিদ্রা যায় cradle.

পালন২ [পালান ৪ দ্রঃ] বি, নব-প্রসূতা গাভীর দুগ্ধ ; গাঁজলা দুধ।

পালনী [পালন২ দ্রঃ। সাদৃশ্যে ঈ] বি, বাসী বা পান্তা ভাতের জল ; আমানি।

পালপার্ব্বণ [পর্ব্ব-পার্ব্বণ > । প্রা০ পাল-পাব্বন। সং-পর্ব্বন্ (পুণ্যাহ, উৎসবাদিকাল, উৎসব) > পর্ব > পাব > পাল+ পার্ব্বণ (পর্ব্বদিনের কৃত্য, শ্রাদ্ধ-শান্তি, পূর্ণোৎসবাদি), সহ০ দ্বন্দ্ব] বি, পুণ্যাহ ও উৎসব দিবস ; পার্ব্বণাদি ; শ্রাদ্ধ-শান্তি ও বিবিধ উৎসব। পার্ব্বণ দ্রঃ।

পালয়িতা [পা+ণিচ্+পালি (রক্ষা করা)+তৃ (তৃ)=পালয়িতৃ ১মা, ১ব০] বিণ, প্রতিপালনকর্ত্তা; পালনকারী। ২ রক্ষাকর্ত্তা; রক্ষক।

পাললিক [ভূবিদ্যা০ পরি: (সাং প০ প০)] বি, ইং alluvial এর বৈজ্ঞা০ পরি:।

পালা₁ [সং > পল্লব >] বি, প্রশাখা; পল্লব। ২ জলাশয়ে মাছ রক্ষার জন্য জলের মধ্যে যে কাঁটা গাছের ডাল, বাঁশের ডাল ইং পুঁতিয়া রাখা হয়। পালা দেওয়া-পুষ্করিণী আদি জলাশয়ে মাছ রক্ষার জন্য জলে গাছের ডাল পালা পুঁতিয়া রাখা যাতে কেহ ছিপ বা জাল ফেলিতে না পারে। গাছ পালা-বৃক্ষাদি; শাখা পল্লবাদি সহ বৃক্ষ। ডাল পালা-শাখা প্রশাখা; শাখা পল্লব। ২ ঘরের খুঁটি।

পালা₂ [সং-পর্য্যায় > হিং পারী > পারি > পারা > পালা। র=ল] বি, পর্য্যায়; অনুক্রম; বার turn. "এখন এল অন্য সুরে অন্য গানের পালা।"-রবী০। ২ দেবালয়ের সেবাইতের পর্য্যায় ক্রমে দেবসেবা ও প্রাপ্য গ্রহণের কাল। ৩ সময় নিরূপণ।

পালা₃ [সং পঞ্চালী >] বি পঞ্চালি ছন্দে রচিত দেবতার মাহাত্ম্য কথা বা ধর্ম্ম সঙ্গীত; ছন্দে রচিত ধর্ম্ম সম্বন্ধীয় ইতিবৃত্ত। "দ্বিজ কবিরত্ন গান শ্রীধর্ম্মসঙ্গীত-এত দূরে পালা সাঙ্গ শুন সর্ব্বজন। মুখ ভরি বল হরি পাপ-বিমোচন॥"-ঘ০। "এই সখের যাত্রার দলের জন্য ঠাকুরদাস আরও দু একটি পালা রচনা করিয়াছিলেন।" "হরিবল পালা হইল সায়।"-ভারত০।

পালা₄ [সং-প্রালেয় (হিমম্-অমর০) > হিং পালা] বি, হিম; শিশির; তুষার। ~দার-পালার অধিকারী।

পালা₅ [সং-পালিত >। তুল-হিং পালু] বিণ, পালিত; পোষিত; পোষা।

পালা₆ [পাল্ (পালনে, রক্ষণে)। পালি, পাল, পালুন, পালে; পালিতে (ক্ষে০ পালতে)। পালিয়া (ক্ষে০ পেলে); পালিব; পালিলাম (ক্ষে০ পাললাম, -লুম, -লেম) ই০] ক্রি, প্রতিপালন করা; রক্ষা করা। ২ পোষা। ~পোষা [সহ০ দ্বন্দ্ব] পালন পোষণ ও রক্ষণাবেক্ষণ করা; মানুষ করা; প্রতিপালন করা; (সাধা:) জীবজন্তু পোষা। ২ শোনা; কথামত কাজ করা; আদেশ বা প্রতিশ্রুতি রক্ষা করা। "বচন আজ্ঞার পাল এ"-শ্রী০ কী০। প্রা০ বাং পালহ-পালন কর। পালিলঁ,-লোঁ-পালন করিলাম। পালিবোঁ-পালিব। পালী-পালন করিয়া।

পালা₇ [পালান₁ দ্র:] ক্রি, (তুই) পলায়ন কর। ২ বিণ, পলায়নকারী। প্র-পালা-থড়কী (দ্র:)।

পালা₈ [ল্যা০ pila (স্তম্ভ) > ইং pile >] বি, স্তূপ; ঢের; গাদা। পালা দেওয়া-স্তূপাকার করা; গাদা দেওয়া; পাইল করা piling (Esp. of wood).

পালাই-পালাই-অ, বর্ত্তমান অবস্থা অসহ্য বলিয়া ইচ্ছা হয় যেন পালাইয়া যাই; রোগযন্ত্রণা বা প্রাণের অশান্তি হ'তে জুড়াইবার জন্য কোথায় পলায়ন করি এই আকাঙ্ক্ষা। পা-পাঁ ডাক ছাড়া-উক্ত কারণে আর্ত্তনাদ করা।

পালাঙ্গা [প্রাদে০] বি, মেটে দেওয়ালের উপর খড়ের বা পাতার চাল।

পালাতিক-পলাতক দ্র:।

পালানি₁ [সং-পলায়ন > প্রাকৃ০ পলাণ > প্রা০ পালানো। পালাই, পালাও (পালান্, পালাস). পালায় (পালান); পালাইতে (ক্ষে০ পালাতে); পালাইয়া (ক্ষে০ গ্রা০ পালিয়ে)] ক্রি, প্রস্থান করা; পলায়ন করা; চম্পট দেওয়া। প্রা০ বাং-পালাইআঁ-পলাইয়া। পালাইলেঁ-পলাইলে। পালাউ, -, উ-উক-পলাক; পলায়ন করুক। পালাএ-পলায়। পালাসী [পলান₂ দ্র:]। সং-প্রাকৃ০ পলাঅসি (মৃচ্ছকটিক) > পলাশি > প্রা০ বাং-পালাসি (সী)-পলাইতেছিস। "ধাআঁ ধাআঁ মথুরা পালাসী"-শ্রী০ কী০। পালাহা-পলায়ন করিস। "দান ভাঙ্গিআঁ মোর নিতেই পালাহা"-শ্রী০ কী০।

পালান₂ [সং-পলায়ন] বি, পলায়ন; প্রস্থান। প্র-সে এমন পাং পালাবে যে আর তাকে ধরা যাবে না। বিণ, পালানিয়া, পালানে-যে পলায়; পলাতক; পালাইতে অভ্যস্থ; থড়কা। > স্ত্রীং পালানী-পালাথড়কী (দ্র:)।

পালান₃ [সং-পল্যয়ন ("পর্য্যাণন্তু পল্যয়নং"-হেং) >। তুল-ফা০ পালান] বি, ভারবহনকারী পশুর পৃষ্ঠের গদি; গোরুর পিঠে যে নরম গদি রাখিয়া তার উপর জিনিসপত্র রাখিয়া বহা হয়; পর্য্যাণ। ২ ঘোড়ার পেটী; পালান-বন্ধনী girth. "চারি পায়ে বান্ধিল বাঘর উরুমাল। পাং ভিড়িয়া বান্ধে কেঁদো বাঘ ছাল॥"-কবিক০।

পালান₄ [ওলান (গ্রা০) ও বলে। সং-পালন-"সদ্যঃ প্রসূতায়া গোঃ ক্ষীরম্।"-শং কং দ্রুম। তুল-তামিল-পাল্=তেলুং পালু (দুধ)] বি, গাভীস্তন; মোড়; গাইয়ের বাঁট। "ধবলে পাটলরেখা বর্ণ ধেনুটীর। বৃহৎ পাং কিম্বা প্রকাণ্ড শরীর।"-অশোক০।

পালান₅ [পালা (দ্র:)+ন (বহু বচনে হিং-র অনুকরণে] বি, ক্ষুদ্র ক্ষুদ্র অসার বৃক্ষ। প্র-সে স্থানে গাছ পালান কিছুই নাই। ২ শাক পাত। "পালানের তরকারী ছাড়া অন্য তরকারী তার প্রয়োজন হয় না।"

পালান₆ [প্রাদে০। সং-প্রাঙ্গণ >] কি গৃহ-সংলগ্ন ক্ষুদ্র ভূমিখণ্ড।

পালানিয়া, পালানে-পালান₂ দ্র:।

পালাম [প্রাদে০। পাইলাম >, ক্ষে০। পেলাম ও০] ক্রি, পাইলাম।

পালাহুড়কী [পালা₇ দ্র:] বি, গৃহের অর্গল খুলিয়া পালানিয়া বধূ; হুড়কো বৌ।

পালি₁, পালী [পঙ্ক্তি >] বি, পঙ্ক্তি; শ্রেণী। ২ প্রান্তভাগ; ধার। ৩ খড়্গাদির সূক্ষ্ম ধার। ৪ [পালি (রক্ষা করা) +ই, ঈ] প্রদেশ। ৫ ক্রোড়; উৎসঙ্গ। ৬ কোণ। ৭ ছাত্রবৃত্তি। ৮ শস্য পরিমাণ। "আছিল ভিক্ষার শেষ পালি দুই ধান।"-কবিক০। ৯ [হিং] পরিমাণ পাত্র। ১০ [প্রাদে০] শিশুদের জলপান খাইবার খেজুর তাল ইং পাতার খুব ছোট পাত্র বা থালী। ১১ খোঁয়াড়; খোঁড়। ১২ শ্মশ্রুমতী স্ত্রী। ১৩ কেশকীটবি:। ১৪ [গং

পরিঃ, সাং পং পং] পরিধি ; পরিবেষ্টন circumference.

পালি২ [বিং শেং শাস্ত্রী মহাশয়ের পালি-প্রকাশ মতে-পঙ্‌ক্তি > (শ্রেণী, মূল) > পংতি, পত্তি > পণ্টি > পংলি > পল্লি > পালি। বা পঙ্‌ক্তি > পত্তি > পট্টি > পল্লি > পালি (ত=ট=ল)=বৌদ্ধ-ধর্ম্মশাস্ত্রের অক্ষর-পঙ্‌ক্তি বা বচন-পঙ্‌ক্তি বা মূল শাস্ত্রের ভাষা] বি, বৌং মাগধী ভাষা (প্রাকৃত ভাষার শাখা-বিঃ) ; তন্তিভাষা ; যে ভাষায় বুদ্ধদেব নিজের ধর্ম্ম প্রচার করিয়াছিলেন। পালি-লাট [রাজা অশোকের ধর্ম্মাজ্ঞার ভাষা পালি বলিয়া এই লিপির নাম পালি "Indian Pali", "South Asoka" এবং "লাট"-ভারতী, ১৩১৯] অশোকের শিলালিপি ; স্তম্ভখোদিত শিলালিপি। পালিলিপি গুপ্ত-লিপি অপেক্ষাও প্রাচীনতর। ~গান-বি, দোহারের গেয় পদাংশ ; ধুআ। "বাঁশী বাজায়িল যবেঁ কাহ্নে। কোকিল কৈল পালি গানে।"-শ্রীং কীং।

'**পালিটামান্দার** [সং-পারিভদ্র-The Indian coral tree. মন্দার > গ্রাং পালতে মাদার] বি, পারিভদ্র।

পালিত [পা+ণিচ্=পালি+ত (র্ম্ম)] বিণ, পোষিত ; পোষা। ২ রক্ষিত। ৩ (পালিত্) পদবীবিঃ। স্ত্রীং পালিতা।

পালি-পার্ব্বণ-পালপার্ব্বণ দ্রঃ।

পালিশ, পালিস [ইং polish এর লিপ্যন্তর] বি, উজ্জ্বলতা ; চাক্‌চিক্য ; উপরে ঘর্ষণ বা স্নেহ পদার্থের প্রলেপজাত মসৃণতা ; জেল্লা ; চিক্কনাই ; চমক ; মার্জ্জিত ভাব। "বাবুগিরির পালিশ কোন জায়গাতেই নেই"-রাশিয়ার চিঠি (রবীং)।

পালুই [সং-পল্ল >] বি, মরাই। ২ খড়ের গাদা।

পালুনি [পালন >, গ্রাং] বি, দেবতার প্রীত্যর্থে নিয়মপূর্ব্বক উপবাস জাগরণাদি ; রাত জাগিয়া ব্রত নিয়ম পালন। প্র-রাত পালুনি। দিন পালুনি।

পালুনী [পালনিয়া > ক্ষেং পালুনে > স্ত্রীং পালুনী] বিণ, পালনকারিণী ; পালিকা।

পালে [পাওয়া দ্রঃ। > পালে, পেলে] ক্রি, পাইলে ; পাইয়াছ। "গুরু গুরুজনে ভয় না মানিলে, কোথা কি দেবতা পালে।" -চণ্ডিং।

পালো [সং-পলল (দুধ,তেলুং পলু। তুল -sugar of milk ; পঙ্ক,পলি) বা সং-পল্যল (পবিত্রীকরণে) >] বি, ঔষধবিঃ। ২ ইহা শঠী-নামক একরূপ মূল পদার্থ দ্বারা প্রস্তুত। বালক কিম্বা উদরাময় রোগীর পথ্য। ৩ শুষ্ক ফলের সূক্ষ্ম চূর্ণ।

পালোয়ান [ফাং পহ্‌লবান্] বি, বলবান ; বীর। ২ যে ক্রীড়াস্বরূপ ব্যায়াম করে ; কুস্তিগীর।

পাল্কী-পালকী দ্রঃ। পাল্কী করা-পাল্কী নির্ম্মাণ করা। ২ পাল্কী ভাড়া করা। ৩ পাল্কীতে সওয়ার হওয়া ; পাল্কী চড়া।

পাল্টা১ [পালট দ্রঃ] বি, বিনিময় ; বদল। ২ অ, পুনরায়। ৩ বিণ, বিপরীত ; উল্টা। ~জবাব-প্রত্যুত্তর ; উত্তর গাওয়া।
~নালিশ-বি,বাদীপক্ষের নামে প্রতিবাদী কর্ত্তৃক যে মোকদ্দমা রুজু করে তার নামে উল্টা অভিযোগ করিয়া বিচার প্রার্থনা counter charge.

পাল্টা২ [নিজন্তরূপ পাল্টান দ্রঃ। পাল্টি, পাল্ট (পাল্টুন, পাল্টা), পাল্টে (পাল্টেন) ; পাল্টিতে ; পাল্টিয়া (ক্ষেং পাল্টে) ইং] ক্রি, বদল হওয়া।

পাল্টানি, পালটানি [দেশী প্রাকৃং পলোট্টই (প্রত্যাগচ্ছতি) > হিং পলটনা। পালটাই, পালটাও, পালটায় ; পালটাইতে ; পালটাইয়া] ক্রি, প্রত্যাবর্ত্তন করান। ২ প্রত্যর্পণ করা। ৩ পরিবর্ত্তন করান ; ফিরান ; বদলান। "হুকোর জল পাল্টালে না কি ?" ৪ প্রত্যুত্তর করা ; প্রতিজবাব দেওয়া।

পাল্টী [পালট দ্রঃ] বিণ, বিবাহে যাদের সহিত আদান প্রদান চলিতে পারে ; পরিবর্ত্ত যোগ্য। প্র-পালটী ঘর।

পাল্ল, প্যাল্লে, পাল্লেনা-পাল্ল দ্রঃ।

পাল্লা [সং-পল > বা পালি > হিং পল্লা -কোন যুগ্ম বস্তুর এক অর্দ্ধ বা একদিক] বি, পক্ষ ; পার্শ্ব side. ২ তরাজু বা তৌলযন্ত্রের একদিকের পাত্র। দাঁড়ির সহিত সংযুক্ত যে লোহার চিট্‌কে কড়ার উপর জিনিষ রাখিয়া তৌল করা হয়। দোকানদারের পাল্লা। ২ ব্যবধান ; দূর ; পাড়ি। ৩ একখণ্ড। ৪ [পাল দ্রঃ] আয়ত্ত ; অধিকার। ৫ পরস্পর বোঝা পড়া ; ব্যবহার ; সংস্রব। ৬ তুলনা ; জোখা ; পরীক্ষা ; প্রতিযোগিতা। ৭ কপাটের বাইল। পাং দেওয়া-প্রতিযোগিতা করা ; টক্কর দেওয়া।

পাশ১ [সং-পাশি (বন্ধন করা)+অ (ণে), যদ্দ্বারা বন্ধন করা হয়] বি, বন্ধনী ; রজ্জু ; দড়ি। ২ বন্ধন ; বাঁধন। ৩ সূত্র। ৪ [কেশ শব্দের পর যুক্ত হইলে] গুচ্ছ। প্র-কেশপাশ। ৫ ফাঁদ ; জাল। কেশপাশ -কেশগুচ্ছ ; কেশদাম। "কেতকী-কেশরে কেশপাশ কর সুরভি।" রবীং।

পাশ২ [পাশ১ দ্রঃ] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিঃ। ইহা লম্বায় দশ হাত, গুণরজ্জু, কার্পাস-রজ্জু, মুঞ্জরজ্জু, পশুবিশেষের স্নায়ু বা আকন্দত্বকের সূত্র ও চর্ম্মবিশেষের সূক্ষ্ম ৩০ গাছি তন্তু একত্র উত্তমরূপে পাক দিয়া প্রস্তুত করিতে হয়। ইহা কক্ষপ্রদেশে রক্ষিত হয় ও প্রয়োগের সময় কুণ্ডলাকৃতি করিয়া মস্তকের উপর একবার ঘুরাইয়া প্রক্ষেপ করিতে হয়। ইহা দ্বারা শত্রুকে ইচ্ছানুরূপ বন্ধনপূর্ব্বক সকাশে আকর্ষণ করিয়া পশ্চাৎ কৃপাণ দ্বারা বধ করা হয়।-রত্নমালা। "বরুণ আপন পাশ গলায় বান্ধিয়া ফাঁস, প্রাণ বলিদান দিতে মন।"-অং মং। নাগপাশ-পৌরাণিক সময়ের মন্ত্রসিদ্ধ অস্ত্র, যা নিক্ষেপ করিলে লক্ষিত ব্যক্তির সর্ব্বাঙ্গ সর্পরজ্জু দ্বারা দৃঢ়ভাবে বন্ধন করিত।

পাশ৩ [সং-পার্শ্ব >] বিণ, পার্শ্ব ; নিকট। "কে আছে বুঝিয়া সুঝিয়া বসিবে আমার পিয়ার পাশে।"-চণ্ডিং। ২ পক্ষ। গ্রাং বাং-পাস-পার্শ্ব। পাশক, -র্ত্ত, -পাসে, -শেঁ-পার্শ্বে। পাশে-নিকট হইতে। "হোর আইসে আইহন গোআল। এহা জাণী ঝাঁট ঘুচ আহ্মার পাশে।"-শ্রীং কীং।~কাটানি-ক্রি,পাশে রাখিয়া বা পাশ দিয়া চলিয়া যাওয়া।~দেওয়া-পার্শ্বস্থ স্থান ছাড়িয়া দেওয়া ; সরিয়া দাঁড়ান।~মোড়া-শয়নকালে পার্শ্ব পরিবর্ত্তন ; পাশ ফিরিয়া শয়ন। ~মোড়া দেওয়া [তুল-হিং করবট লেনা] পাশ ফিরিয়া শোয়া।

পাশ৪ [সং-পার্শ্ব (পঞ্জর) >] বি, চড়ক পূজায় পার্শ্বদেশ বিদ্ধ করিবার পক্কশীর্ষ অস্ত্রবিঃ; বাণভেদ।

পাশ৫ [ফা॰-পাশ >। ফা॰-তে ছিটানিয়া বা বিস্তারকারী (বিণ) অর্থে অন্য শব্দের সহিত যুক্ত হইয়া ব্যবহৃত হয়। যথা-গোলাব-পাশ। পাশ পাশ (টুকরা টুকরা, ছিৎরা ভিৎরা)] বি, সুগন্ধি জল ছিটাইবার পাত্রবিঃ। "জলের পেয়ে বাস, উঠিয়া দিল পাশ, উশনা জল দিল মাথে।"-কবিক॰। গোলাব-পাশ-গোলাব জল ছিটাইবার শিশি বা বোতল।

পাশ৬ [ইং pass এর লিপ্যন্তর] বি, সাধারণের প্রবেশনিষিদ্ধ স্থানে প্রবেশের লিখিত আদেশ-পত্র। ২ পরীক্ষার ফল; পরীক্ষার সাফল্য। "পাশ করা নয় বাঙ্গালীদের নাশ করা কেবল। পাশের জ্বালায় পাশ ফেরা দায় এ পাশ ধরায় কে আনলে বল।"-বাং-গান। ৩ মঞ্জুর। "সবৃদ্ধি লবণকর সমেত বজেট পাশ করে দিলেন।" -আ॰ পত্রিকা। পা॰ করা-পরীক্ষায় উত্তীর্ণ হওয়া। ২ অধিকার দান করা।

পাশ৭, পাশক, পাশা [সং-পশ্ (গমনে)] বি, অক্ষ; পাশা।

পাশখালি [যশো॰ খুলনা প্রাদে॰] বি, যে দোখালার (দ্রঃ) একটি খাল ছোট।

পাশপাণি [পাশ (অস্ত্রবিঃ) হইয়াছে পাণিতে যার, বহু॰] বি, জলাধিপ; বরুণ।

পাশব [পশু+অ (সমূহার্থে)] বি, যাবতীয় পশু; পশুসমূহ; পশুকুল; পশু পাল। ২ [অ-সম্বন্ধার্থে] বিণ, পশু সম্বন্ধীয়। ৩ পশুসুলভ; অমানুষিক। ~ক্রিয়া-বি, পশুসুলভ অমানুষিক কার্য্য; স্ত্রীলোকের ধর্ম্ম-নাশ; বলাৎকার। ~বল, ~শক্তি-বি, দৈহিক বল।

পাশভৃৎ [পাশ (অস্ত্রবিঃ)+ভৃ (ধারণ করা)+কিপ্ (র্ত্তৃ)] বি, পাশী; বরুণ। ~বৃত্তি-পশুপ্রকৃতি সুলভ নীচ মনোবৃত্তি: পশুর আচরণ; আহার নিদ্রা মৈথুন, ও কাম ক্রোধাদি ষড়রিপুর সেবামাত্র; হিতাহিত জ্ঞান রহিত আচরণ।

পাশরণ [সং-বিস্মরণ। হি॰ বিসরনা; বাং পদ॰ সা॰] বি, পাসরণ (দ্রঃ); বিস্মরণ। ক্রি, পাশরা [পাসরা দ্রঃ] ক্রি, বিস্মৃত হওয়া। "সাইনষের হাতে গেল প্রাণ কেমনে পাশরি"-মৈ॰গী॰।

পাশলি-পাশুলি দ্রঃ।

পাশা১ [পাশক >] বি, অক্ষ; চৌপাড়। ২ কর্ণাভরণবিঃ।

পাশা [তুর্কী॰] বি, তুরস্কের শাসন-কর্ত্তার উপাধি; তুর্কী সরদার বা উচ্চপদবীস্থ সম্ভ্রান্ত রাজকর্ম্মচারি বা সেনাপতির উপাধি।

পাশাড়ী [পার্শ্ববর্ত্তী >] বিণ, পার্শ্ববর্ত্তী।

পাশাপাশি [পার্শ্বাপার্শ্ব > অং] বিণ, পরস্পর পার্শ্বে অবস্থিত; নিকটস্থ; পরে পরে; কাছাকাছি।

পাশালি [পাশ+আলা] বি, পার্শ্বযুক্ত; প্রশস্ত। "পা॰ কপাল"-মৈ॰ গী॰।

পাশী [পাশ (অস্ত্রবিঃ, রজ্জু)+ইন্(স্ত্যং) =পাশিন্ ১মা, ১বং। বরুণ পাশ-অস্ত্রধারী বলিয়া এই নাম] বি, জলাধিপ; বারীশ; বরুণ। ২ যম [বিরল]। ৩ পাশ অর্থাৎ ফাঁদে ফেলিয়া যারা শিকার করে; ব্যাধ; নিষাদ। ৪ [সং-পাশ > হি॰ পাস+ঈ >। প্রাচীনকালে প্রাণদণ্ড প্রাপ্ত অপরাধীর গলায় ফাঁস লাগাইয়া হত্যা করিত বলিয়া নাম] তাড়ী ই॰ আহরণকারী, শূকরপালক জাতি-বিঃ। ৫ বিণ, পাশঅস্ত্র ধারণকারী। ৬ [প্রাদে॰] বি, লাঙ্গলের মুখে ফলা সংলগ্ন করিবার লৌহনির্ম্মিত বেষ্টনী। "পাঁচমোণে পাশী করি আশীমোণে ফাল। ছুমোণের দু জলোই অর্দ্ধেকে কোদাল।"-শি॰।

পাশুক [পশু (যাগ)+ক (সম্বন্ধে)] বি, যাগ সম্বন্ধীয়, বা নিমিত্ত। "পাশুক বেদির পূর্ব্বপ্রান্তে অবট খনন করিয়া তাহাতে যুপ পুঁতিতে হয়।"-ত্রিবেদী।

পাশুনি [পিশুন >] বি, পিশুনের ভাব; পাপ। "জ্ঞানদাস কহ কাহাই পাশুনি কর দূর।"-জ্ঞান॰।

পাশুপত [পশুপতি (শিব)+অ] বি, শৈব; শিবের উপাসক। ২ বকফুল। ৩ মহাদেবের অমোঘাস্ত্র। ৪ ব্রতবিঃ (নিম্নে দ্রঃ)। ৫ বিণ, পশুপতি সম্বন্ধীয়। ~ব্রত-বি, পশুপতিকে তুষ্ট করিবার জন্য ব্রতবিঃ। এই ব্রতে দ্বাদশীতে একাহারী থাকিয়া, ত্রয়োদশীতে অযাচিত অন্নগ্রহণ, চতুর্দ্দশীর রাত্রিতে আহার ও পঞ্চদশীতে উপবাস করিতে হয়।

পাশুপতাস্ত্র [পাশুপত (শিব সম্বন্ধীয়) অস্ত্র, ধা] বি, পশুপতির অস্ত্র; ত্রিশূল।

পাশুপাল্য [পাশুপাল (পশুর রক্ষক)+য (ভা॰)] বি, পশুপালনবৃত্তি।

পাশুলি,-লী, পাশলি [সং-পাদক: > গ্রা॰ পাশ্‌লা। তুল-"গোদা পায়ে পাশলা"-ছড়া। পাশ-অঙ্গুলি=অঙ্গুলির পাশ (বেষ্টনী) > পদাঙ্গুলির পাশ। গলায় পাশ অর্থে হাঁশুলি। তুল-"পায়ে পরে পাশুলি, গলায় পরে হাঁশুলি"-ছড়া] বি, পদাঙ্গুলির ভূষণবিঃ। "অঙ্গুরী পাশলি কাঁচী * * * পলা হেমহার"-কবিক॰। "রতন পাশুলি দুটি পরে দিব্য তুলা কোটি বাহুবিভূষণ ঝলমলি।"-কবিক॰। "সুবর্ণে রচিত নিজ অঙ্গুলি পাশুলি"-ঐ। "বাউলি বেসর টার কাঁটি পুঁথিহার। মাদুলি মাশুলি শঙ্খ কঙ্কণ সবার।"-ঘ॰। "পাঙ্গুলী পাশুলী"-শি॰। ২ পাঁইজোর(ড়),; পাদালঙ্কারবিঃ।

পাশ্চাত্য [পশ্চাৎ+য] বিণ, পশ্চাৎ সম্বন্ধীয়। ২ পশ্চাৎস্থিত। ৩ পশ্চাৎ আগত। ৪ পশ্চিমস্থ। ৫ পশ্চিমদেশীয়। ৬ পশ্চিম-দেশ হতে আগত। ৭ পশ্চিমদেশজাত। ৮ বি, যবন।

পাষক [সং। গ্রা॰ পাশুলি দ্রঃ] বি, পাশুলি; পদাঙ্গুলির অলঙ্কারবিঃ।

পাষণ্ড [পাপ-সন্ (দান করা)+ড (র্ত্তৃ, নিপাত)] বি, বৌদ্ধধর্ম্মে অবিশ্বাসী; পরে ইহা বৈষ্ণবগণ অন্য ধর্ম্মাবলম্বীদিগের প্রতি প্রয়োগ করিতে থাকেন। হিন্দুস্থানে "পাখণ্ড" নাস্তিক অর্থে এখনও ব্যবহৃত হয়। মনুর মতে বিভিন্ন ধর্ম্মাবলম্বী; অহিন্দু মাত্র। বেদ ও স্মৃতিবর্জ্জিত ধর্ম্মাবলম্বী। রাজা প্রিয়দর্শী বৌদ্ধ ভিন্ন অন্য সম্প্রদায়ের লোককে পাষণ্ড বলিতেন। প্রা॰ পালি-সাহিত্যে ৯৬ প্রকার মতাবলম্বী পাষণ্ডনামে অভিহিত হইয়াছে। ২ বিধর্ম্মী; বেদ-বিরোধী। ৩ ধর্ম্মবহিষ্কৃত। ৪ নাস্তিক। ৫ [হিন্দু শা॰, ধর্ম্মবিদ্বেষার্থে]

বৌদ্ধ সন্ন্যাসী। ৬ সদাচার ভ্রষ্ট। ৭ পাপিষ্ঠ; পামর। ~ী [হিং পাখণ্ডী। পাষণ্ড+ইন্ (স্বার্থে)=পাষণ্ডিন্ ১মা, ১বং] বি, পাষণ্ড (দ্রঃ); দুষ্ট। "হায় হায় কি কহিব বিধাতা পাং।"-অং মং। "পাং বাপের কার্য্য সকলি শুনিল"-পুং বং গীং। > স্ত্রীং পাষণ্ডিনী। ২ [বৌদ্ধশাং, ধর্ম্মবিদ্বেষার্থে] বৌদ্ধধর্ম্মবিরোধী; ম্লেচ্ছ; কাফের। ~দলন-অধর্ম্মাচারী বা নাস্তিক বা বিধর্ম্মীকে দমন বা পীড়ন। ২ [বিঅর্থে] ধর্ম্মভ্রষ্টক বা বিধর্ম্মীকে স্বমতে আনয়ন। ~ক [পাষণ্ড + ক (স্বার্থে)] বিণ, বিধর্ম্মী। ২ পাপিষ্ঠ। ৩ নাস্তিক। ৪ ধর্ম্ম-বহির্ভূত।

ˋপাষা [প্রাদেং। পাশী দ্রঃ] বি, কোদাল, কুড়ুল, খনিত্রাদির মাথা।

পাষাণ [পিষ্ (চূর্ণ করা) + আন (ধি)- পিষ্=পাষ্, যাতে চূর্ণ করা হয়] বি, শিলা; পাথর। ২ [লক্ষং] হৃদয়হীন; নির্দ্দয়; নির্দ্দয়; কঠিন; কঠোর। "না মরে পাং বাপ দিলা হেন বরে।"-অং মং। "পাষাণ চেয়েও পাষাণ প্রাচীর" -কুমুদরঞ্জন মল্লিক। ৩ ওজনের বাটখারা। স্ত্রীং ~ী-ক্ষুদ্র পাষাণ; বাটখারা। ২ বিণ, হৃদয়হীনা; কঠিন-হৃদয়া; নিদয়া। ~গর্দ্দভ-বি, অল্প ক্লেশদায়ক কঠিন স্ফীতি, যা হনু সন্ধিতে (jaw bones) প্রকাশ পায়। ~দারক [পাষাণ (শিলা) দৃ (বিদারণ করা) + অক (র্তৃ, জ্ঞাং)] বি, প্রস্তর ভেদকারী অস্ত্র; টঙ্ক; টাঙি। ~বিদারী-পাষাণভেদী (দ্রঃ)। ~ভাঙা [পাষাণ দ্রঃ। ক্যাং পাসঙ্গ] বি, তুলাদণ্ডের উভয়দিকের পাল্লা সমান করা। ২ প্রস্তর ভঙ্গ করা। ~ভেদী-বিণ, প্রস্তর বিদীর্ণকারী। ২ বি, শিলফোড় (পার্ব্বত্য উদ্ভিদ্)। ৩ পাথরকুচী বা হিমসাগর (যার পাতা শিলাগাত্রে জন্মে) coleus Amboinicus ~হৃদয়-বিণ, কঠিন হৃদয়; নির্দ্দয়; দয়া সহানুভূতি ইং সম্ভাববর্জ্জিত হৃদয়।

পাষাণোলূখল [পাষাণ (নির্ম্মিত) + উলূখল, মং পং লোং] বি, পাথরের উখলি stone mortar.

পাষ্টি [সং-পার্ষ্ণি (জিগীষা) >] বি, পাটী; খেলিবার পাশা। "বাজিয়া খুলনা পাশা লয় আরবার। * * বিঘাত হইয়া পাষ্টি পড়িল দুয়া চারি। পাটার পড়নে বুঝে আপনার হারি।"-কবিকং।

ˋপাসরণ [সং। বি-স্মৃ (স্মরণে) > বিস্মরণ > বিসরণ > পসরণ (ব=প=পা)। হিং বিসরনা, পসরনা। পাশরণ ওং] বি, স্মৃতিনাশ; বিস্মরণ; ভুল। "পাসরিলে পূরব পীরিতি"-কবিকং।

ˋপাসরা [প্রাদেং ভেদে-পাসোরা। পাসরণ দ্রঃ। পাসরি, পাসর, পাসরে; পাসরিতে; পাসরিয়া (ক্ষেং পদ্যে-পাসরি)। প্রাং বাং-কাসরু। "যম কাল কাসরু বঞ্চিবু চিরকাল।"-গোবিন্দ গীং] বি, বিস্মরণ করা: ভুলা। "পাসরিতে করি মনে পাসরা না যায়"-চণ্ডিং। ২ ক্রি, "তোমারে যখন পাই আঁধারে আলোক পাই নিমেষে হৃদয় তাপ সব পাসরি"-স্কং। "সসম্ভ্রমে পাসরে গৌরী পূজার বিধান"-কবিকং। ২ বিণ, যে পাসরণ করায়: যে বিস্মরণ করায়; ভুলানিয়া। "দুঃখ হরা দুখ-পাসরা"-ছড়া।

পাসরাণ [সং-প্রসারণ > ভ্রং। প্রসারণ > সরাণ(> ছড়ান=গ্রাং পা-ছড়ান)] বি, পা-ছড়ান। ২ পদক্ষেপণ; চলন। তুল-গ্রাং পা-বাড়ান।

ˋপাসলি, ˋপাসুলি [প্রাং বাং। পাশুলি দ্রঃ] বি, পাদাভরণবিঃ; পাদাঙ্গুলি-ভূষণ। "পায় দিল পাতামল পাসুলির পাঁতি। মহামণি মুকুতা মণ্ডিত নানা ভাতি।"-শিং। "রতন পাসলি দুটি পরে দিব্য তুলা কোটি বাহু বিভূষণ ঝলমলি।"-কবিকং।

পাসানি [তাস খেলায়। গ্রাং। পাশাই, পাশাও, পাশায় ইং] ক্রি, পাশ দেওয়া; যে রঙ্গের খেলা সে রঙ্গের তাস না থাকিলে অন্য রঙ্গের তাস ফেলিয়া খেলা বজায় রাখা।

পাহন [প্রাং বাং। পাষাণ > প্রাকৃং পাহান > হিং পাহন। মৈং পাখান, পসানে ওং। ষ=খ। "হৃদয় গড়ল হে পখান"-বিং পং। "মানিনী মন তোর গড়ল পসানে" -বিং পং (নং গুপ্ত)] বি, পাষাণ; পাথর। "কা পাল্পী পাহন কে পূজে"-কবীর।

পাহাড [হিং পহাড়] বি, অনতি উচ্চ পর্ব্বত; ক্ষুদ্র ক্ষুদ্র পর্ব্বত। ২ উচ্চ এবং বিস্তৃত মৃৎস্তূপ। ৩ উচ্চ তীরভূমি; পাড়। "পোখরি পাহাড়ে তুলিও ঘর।"-ডাক। ৪ বিণ, সুদীর্ঘ; বিশাল। ~তল, ~তলী -বি, উপত্যকা; পর্ব্বতপাদমূল; তরাই; পর্ব্বতের নিকটস্থ ভূমি; পর্ব্বত পাদমূলে অবস্থিত প্রদেশ।

ˋপাহাড়িয়া, ˋপাহাড়ে [পাহাড়ী দ্রঃ। পাহাড় + ইয়া] বিণ, পার্ব্বতীয়; পার্ব্বত্য: পর্ব্বতজাত। প্র-পাহাড়িয়া পাখী। ২ পাহাড় সম্বন্ধীয়। ৩ [লক্ষং] প্রকাণ্ড; দীর্ঘাকৃতি। ৪ [কদর্থে] ভয়ানক; ভীষণ। প্র-পাহাড়ে বদমাস।

পাহাড়ী [পাহাড় + ঈ] বি, পার্ব্বত্য ভাষা। ২ পার্ব্বত্যজাতি। ৩ বিণ, পার্ব্বত্য; পাহাড় নিবাসী। ৪ [লক্ষং] প্রকাণ্ড; সুদীর্ঘ; বিশালকায়। ৫ বি, রাগিণীবিঃ। ৬ [মৈমনং আদাং] নদীর উচ্চ পাড় river bank. ৭ লম্বা উচু ভূমিখণ্ড।

পাহার [পাহাড় দ্রঃ। ড়=র] বি, পাড়। "নদীর পাং লাগি গমন করিল।"-মাণিকং গান। ২ পাহাড়।

ˋপাহারা [হিং পহরা। সং-প্রহরী > পহরিয়া > পাং] বি, শান্তিরক্ষক। ২ শান্তিরক্ষা। ~ওয়ালা [হিং] বি, শান্তিরক্ষক; প্রজা সাধারণের রক্ষা কার্য্যে সরকারনিযুক্ত প্রহরী constable; sentry. পাং দেওয়া -রাত্রি জাগরণ করিয়া শান্তি রক্ষা করা। কঁড়া পাহারা-রক্ষিকর্ত্তৃক গমনাগমনের পথ এমনভাবে রক্ষা, যাতে তার অজ্ঞাতসারে কেহ প্রবেশ করিতে না পারে।

পাহালওয়ান [হিং। গ্রাং পল্লান (প্রাদেং চট্টলং)] বি, পালোয়ান দ্রঃ।

ˋপাহুড়ি [সং-পর্ব্ব > পাবড়া দ্রঃ। গ্রাং পাউড়ি (দ্রঃ)] বি, একহস্ত পরিমিত মোটা লাঠি। "যদি না খাইবি বাঘি পাহুড়ির বাড়ি।"-কবিকং।

পাহুন, [পাষাণ > পাখান, পাহন (পাহুন হয় না, পাহন দ্রঃ), কিন্তু বঙ্গে লিপিকার ও টীকাকার-প্রমাদবশে পাষাণ অর্থে পাহন স্থলে পাহুন চলিয়া গিয়াছে। পাহন, দ্রঃ] বি, পাষাণ। ২ নিষ্ঠুর; নির্দ্দয়। "পয়খি পেখলু পুরুষ পুরুষোত্তম

"তুঁহু সে পাহুন জাতি।" "পুরুষ পাহুন জাতি"-গোবিন্দ°।

পাহুন₂ [সং-প্রাঘুণ > পাহুন, পাহুনা] বি, বিদেশবাসী ; প্রবাসী। "কান্ত পাহুন কাম দারুণ সঘনে খরশর হস্তিয়া।"-বি° প°। ২ পথিক। ৩ অতিথি। "সায়র পুরুসা মধু ঘরে পাহুন"-বি° প°।

পি₁, পিঁ, পিং, পিঙ্-অনুকার শব্দ।

পি₂ [সং-"প্র" স্থলে প্রাকৃ° নিয়মে আগত, বাং গ্রা° "পি"। যথা-প্রতি স্থলে পিতি ; প্রতিষ্ঠা-পিতিষ্ঠে, প্রা° বাং-পিতিঠা (দ্রঃ) ; প্রত্যাশা-পিত্যেশ ; প্রিয়-পির ; প্রদীপ-পিদিপ। ২ সং-"পৃ" > প্রাকৃতে, পরে প্রা° বাং-গ্রা°-"পি"। যথা, পৃথিবী-পিথিবি। "মাঘমাসে গোঁসাই পিথিবী মঙ্গলিল" -শূ° পু°]। ৩ [পিআ দ্রঃ] ক্রি, পান করি।

পিআ [সং-পা, পী (পানে) > হি° পীনা (পান করা)। পি (পিই), পিঅ (পিও, পিয়ো, পিউন, পিইম, পি) ; পিয়ে; পিইতে (পিতে); পিইয়া (পিয়া, পিয়ে)। ণিজন্ত -পিআন, পিয়ান। তুল-হি° পিলানা। সঙ্গীতে, পদ্যে, পদ সা° প্রচরদ্রূপ। প্রা° বাং গদ্যে বিরল। "শোণিত পিয়া"-প্রবোধ চন্দ্রিকা] ক্রি, পান করা। প্রা° বাং-পিঅ-পান কর। পিআ-পান করিয়া। পিএ, পীএ-পান করে। পিওঁ, পীওঁ (=হি° পীউঁ)-পান করি। পিতেঁ-পান করিত। "ভাণ্ডে পূর্ব্বে পিত বারি"-কবিক°। পিয়ে -পান করে। "এক ফুলে মধু পিয়ে ভ্রমর দম্পতী"-কবিক°। পিল, পিলে-পান করিল। "ধুতুরার ফুলে কত মধু পিলে" -কবিক°। "প্রভু পিল জল"-চৈ° চ°। পিবঁ [পী দ্রঃ] পান করিব। প্রা° বাং-পিবু, পিম, পিমু, পেম। পিয়ঁতি [ব্রজ°] পান করে। "পিয়ত নিরত দুহুঁ পিয়াসী"-রাজকৃষ্ণ রায়। পিয়িলঁ-পান করিল।

পিআল [সং-প্রিয়াল >] বি, পিয়াল দ্রঃ ; পীতসাল। "চন্দন বানাজ তুলি বেলাল সিকড়। তোআল পি°সাইল হুঁহি আকড়।"-শূ° পু°।

পিউপিউ [অনু°] বি, পাপিয়ার ডাক। "ঘুমভারে অলসা বসুন্ধরা দূরে পাপিয়া পি° রবে ডাকিছে সঘনে।"-বাং গান।

পিউলী, পিয়লি [সং-পিঙ্গলী >। গ্রা° বিকারে পিউড়ি (yellow ochre—*Carey*)] বি, লঘু পীত বা পীতাভ পুষ্পবিঃ। "বাঙ্গুলী পিউলী মালতী জাতি কুন্দ কৃষ্ণকেলি দনার পাঁতি।"-ভারত°। "নেহালি পিয়লি দুর্ব্বা, বন-করবীর মূর্ব্বা, অতসী শিউলী পারিজাত।"-কবিক°। ২ গোপিত্ত; গোরোচনা।

পিঁ [অনু°। পি₁ দ্রঃ] অ, বাঁশী বা অন্য বাদ্যযন্ত্রের পঁ, পোঁ, প্যাঁ অপেক্ষা চাপা বা ক্ষীণ শব্দ ; কোন কোন ক্ষুদ্র জীবজন্তুর বিশেষতঃ পাখীর কণ্ঠের স্বর। ~পিঁ-পুনঃ পুনঃ বা ক্রমাগত ঐরূপ শব্দ।

পিঁচুটি [সং-পিচ্চট >] বি, নেত্রমল ; চক্ষুর ক্লেদ। "ঐ মাতৃভাষা দীনা হীনা ক্ষীণা মলিনা পিঁচুটি নয়না।"-লীলাবতী।

পিঁজর [সং-পিঞ্জর] বি, পিঞ্জর ; পিঁজরা। ২ দৃষ্টির সীমাবন্ধন। "নয়নে নয়নে নয়ন পিঁজরে রাখয়ে আপন কাছে।"-চণ্ডি°।

পিঁজরা [পিঞ্জর >] বি, পিঞ্জর ; খাঁচা। "প্রতাপ আদিত্য রায়ে পিঁজরা ভরিয়া। চলে রাজা মানসিংহ জয় ডঙ্কা দিয়া।"-অ° ম°। ~পোল [হি°] বি, পশ্বাদি-রক্ষণ-স্থান ; যে বেষ্টনীর মধ্যে গবাদি পশু আবদ্ধ করিয়া রাখা হয়।

পিঁজা, পেঁজা [মূলে অনু°। সং-পিঞ্জন=যে যন্ত্রে তুলা ধোনা হয়। পিঁজি, পেঁজ, পেঁজে ; পিঁজিতে ; পিঁজিয়া (কো° পিঁজে)। ণিজন্ত-পিঁজান, পেঁজান] ক্রি, তুলা ও তদ্বৎ জমাট বস্তু হতে অংশগুলি টানিয়া পৃথক্ পৃথক্ করা ; পাঁজ করা ; দুই হাতের আঙুল দিয়া ধরিয়া প্রসারিত করা। ২ বিণ, যা পেঁজা হইয়াছে ; পাঁইজ করা হইয়াছে এমন। প্র-পেঁজা তুলা। ৩ বি, বস্ত্রের সুতা সরিয়া মধ্যে মধ্যে ফাঁক ফাঁক হইয়াছে এমন। প্র-পেঁজা কাপড়।

পিঁড়া [প্রা° বাং-গৃহপিণ্ডা, পিণ্ডা (সং-দ্বারপিণ্ডী >)] বি, গৃহদ্বারের সম্মুখস্থ ভিত্তি ; মেটে ঘরের রোয়াক ; দাওয়া। "পিঁড়া বাজে দিয়া পিলা"-কবিক°। ২ [পিড়া ও°। বীরভূম অঞ্চ°] বারান্দা verandah.

পিঁড়ি, পীঁড়ি [সং-পীঠিকা > প্রা° পিড়ে] বি, ক্ষুদ্র কাষ্ঠাসন ; বসিবার চতুষ্কোণ কাষ্ঠখণ্ড বা তক্তা। "উচ্চ পিঁড়া হৈতে বুড়া পড়ি বলে রাম"-শি°। দাঁড়াইয়া পিঁড়ায় হাসেন পশুপতি"-ভারত°। "চিত্রিকাজে চিত্রিগুপ্ত পীঁড়িতে আলপানা"-হেম°।

পিঁড়িলা, পিঁড়েলা [শ্রীহট্ট° প্রাদে°] বি, বাবুই পাখী।

`পিঁড়ে [পিঁড়ি দ্রঃ] বি, কাঠের ১ হাত পরিমাণ তক্তার বিনা পায়ার স্ত্রীলোকের বসিবার আসন, গৃহস্থালীর যে কোন কাজে স্ত্রীলোকেরা ইহাতে বসিয়া কাজ করে। ২ রুটি বেলিবার জন্য অর্থাৎ ময়দা বা আটার গোল পাত করিবার জন্য কাঠের চক্রাকার তক্তা ; চাকী।

পিঁঢ়ি [সং-পীঠ > হি°] বি, পীঠ। ২ বসিবার কাষ্ঠাসন। "বিনু পরিচয় নাহি দেব পিঢ়ি পানী"-বি° প° (ন° গুপ্ত)।

পিঁধন [সং-পিনদ্ধ > পিন্ধা (বাং ক্রি-পদ। হি° পিন্হা, পিন্হানা, পহিন্না) > বাং বিশেষ্য পদ পিন্ধন > (কোমলরূপ পদ-সা°-তে) পিঁধন] বি, পরিধান। ২ পরিধান বস্ত্র। "কালিয়বরণ হিরণ পিঁধন যখন পড়য়ে মনে।"-চণ্ডি°।

পিঁধা [পিঁধন দ্রঃ। পিঁধি, পিঁধ, পিঁধে ; পিঁধিতে ; পিঁধিয়া। ণিজন্ত-পিঁধানি] ক্রি, পিন্ধন করা ; পরিধান করা ; অঙ্গে ধারণ করা। "পিঁধিয়া বিভূতি সাজল মূরতি রুদ্রাক্ষ জপয়ে করে।" -চণ্ডি°।

পিঁপীড়া [সং-পিপীলিকা > প্রা° পিঁপ্ড়ে] বি, প্রসিদ্ধ কীটবিঃ the ant. কাট পিঁপড়ে-কাল বড় শক্ত দাড়াযুক্ত পিঁপড়ে। চর্চ্চা বা চিড়চিড়ে পিঁপড়ে -লালবর্ণ ছোট পিঁপড়ে ; ইহাদের দংশনে দষ্টস্থান ফুলিয়া উঠে ও জ্বালা করে। ডেয়ে পিঁপড়ে [ডাগর > ডেয়ে] কাট পিঁপড়ে অপেক্ষা বড়জাতীয় পিঁপড়ে।

পিঁপুল [পিপ্পলী >। তুল-হি° পীপ্রা মূল] বি, পিপ্পলী মূল। ২ [পিঁপুল গাছ]। ~পাতা [প্রাদে°] বি, কর্ণভূষণবিঃ। ২ পিঁপুল গাছের পাতা।

পিক, [সং] বি, কোকিল। স্ত্রীং পিকী -কোকিলা [প্রং অং]। [দ্রঃ-কালীবর বেদান্তবাগীশ মহাশয় মীমাংসাদর্শনোদ্ধৃত "'পিক-নেম-সত্ত-তামরসাদি' শব্দা ন কচিদার্য্যাণাং প্রসিদ্ধাঃ। ম্লেচ্ছানান্তু কোকিলাদিষু প্রসিদ্ধাঃ।"-ইত্যাদি প্রমাণে বলেন পিক শব্দ আর্য্য ভাষা-প্রসিদ্ধ নহে কিন্তু ম্লেচ্ছ ভাষায় কোকিল অর্থে প্রসিদ্ধ]। ~কণ্ঠ-বি, বিণ, কোকিল কণ্ঠ ; মধুর স্বর। ~বর, ~রাজ [পদ্যে] বি, বিণ, কোকিলশ্রেষ্ঠ। "যেই পিকবর-কল উছলে যমুনা জল" -নবীন০।

পিক, পিচ [পীক, পীচ বানান ও কচিৎ দৃষ্ট হয়। হিং পীক। অনুকার শব্দ > পিচ] বি, চর্ব্বিত পানের রস ; ছেপ। "নয়নে পানের পিক দিল কোন জন"-ভারত০। ২ নিষ্ঠীবন ; থুথু। ক্রি, পিকলানি-পিক ফেলা ; ছেপ ফেলা।

পিকদান,-নী [পিক-ফাং দান, দানী] বি, নিষ্ঠীবন ফেলিবার পাত্র ; ছেপ ফেলিবার আধার। [দ্রঃ-"পিক", "নিষ্ঠীবন", "মুখামৃত" -একার্থক। এই হেতু পিকদানের এক নাম "অমৃতী" (পরিশিঃ (ক) দ্রঃ) অর্থাৎ মুখামৃত ফেলিবার পাত্র]।

পিকনিক্ [ইং picnic এর লিপ্যন্তর] বি, বনভোজন। "নগেন পিং করতে এসেছিল।"-উত্তরা।

পিকলো,-লু [ইং piccoloর লিপ্যন্তর] বি, উচ্চস্বরে বাজাইবার ক্ষুদ্র বাঁশীবিঃ। "কনসার্টের আর সকল যন্ত্রকে অনায়াসে ছাপাইয়া উঠিয়া পিক্লোর আওয়াজ যেমন মানুষের কানে সোজা আসিয়া পৌঁছায়।" -বং বাণী, ১৩৩৩।

পিকেক্ষণ [পিক (কোকিলের)+ ঈক্ষণ (চক্ষুর ন্যায় ঈক্ষণ) যার, বহুং] বিণ, পিকচক্ষুবৎ রক্তবর্ণ চক্ষুযুক্ত। স্ত্রীং ~া- কোকিলের চক্ষুর ন্যায় রক্তনেত্রা স্ত্রী।

পিকেটিং [ইং picketing এর লিপ্যন্তর] বি, কোন বিষয় উপলক্ষে ধর্ম্মঘট হইলে তৎস্বার্থ-সংরক্ষক সংঘ কর্ত্তৃক রক্ষিত লোকদিগের দ্বারা সেই বিষয়ে সাধারণকে যোগদান করিতে না দেওয়া বা অনুরোধ দ্বারা নিবৃত্ত করিবার প্রচেষ্টা বা অনুষ্ঠান। "পিং চলিতে থাকে"-বং বাণী। ~করা-ক্রি, ঐরূপ চেষ্টা বা অনুষ্ঠান করা। পিকেটার-যে পিকেটিং করে। "একজন দর্জ্জী ও তাহার লোকজন পিকেটারদের সঙ্গে দুর্ব্ব্যবহার করে। ফলে বহুসংখ্যক স্বেচ্ছাসেবক সেই দোকানে পিকেটিং চালাইয়া থাকেন।"-নায়ক।

পিঙল [পিঙ্গল > কোমলরূপ] বি, পিঙ্গল বর্ণ; নীলপীত মিশ্রিত বর্ণ। "পিঙল বরণ বসন খানি মুখানি আমার মুছে।"-চণ্ডিং।

পিঙ্ক্ [ইং pink এর লিপ্যন্তর] বি, পাটল বর্ণ-পুষ্পবিঃ dianthus.

পিঙ্গ-বি, পিঙ্গল দ্রঃ। ~া-বিণ, পিঙ্গল বর্ণা। ~সার [রাসাং পরিঃ] বি, হরিতাল। ~স্ফটিক-বি, রত্নবিঃ ; গোমেধ মণি। ~চক্ষুঃ [পিঙ্গ (পিঙ্গলবর্ণ) হইয়াছে চক্ষুঃ যার, বহুং] বি, কুম্ভীর। ~জট [পিঙ্গ (পিঙ্গলবর্ণ) জটা যার, বহুং] বি, শিব।

পিঙ্গল [পিঙ্গ (নীলপীত মিশ্রবর্ণ)+ল-স্বার্থে] বি, পীতবর্ণের আভাযুক্ত গাঢ়নীল। ২ অগ্নি ; অনল। ৩ [জ্যোং ল] নাগবিঃ। ৪ মুনিবিঃ। ৫ একাদশ রুদ্রের অন্যতম। ৬ মঙ্গলগ্রহ। ৭ সূর্য্যের পারিপার্শ্বিক। ৮ নাগবিঃ। ৯ বিষবিঃ। ১০ পিঙ্গলাচার্য্য-নামক ছন্দঃশাস্ত্র-প্রণেতা। ১১ পিঙ্গলাচার্য্য কৃত ছন্দোগ্রন্থ। "আসি পুর গুজরাট নিবাস করয়ে ভাট অবিরত পঢ়য়ে পিঙ্গল।" -কবিকং। ১২ নেউল। ১৩ বিণ, কপিলবর্ণযুক্ত। স্ত্রীং ~া-বামন-নামক দক্ষিণ দিগ্‌গজপত্নী। ২ নাড়ীবিঃ। ৩ শিংশপা-বৃক্ষ। ~লৌহ [রাসাং পরিঃ] বি, পিত্তল।

পিঙ্গলাভ [পিঙ্গল+আভ (আভাযুক্ত)] বিণ, ঈষৎ পিঙ্গল ; পিঙ্গলের আভাযুক্ত।

পিঙ্গলিকা [সং] বি, বলাকা।

পিঙ্গলোত্তররশ্মি [পিঙ্গল+উত্তর (অতীত) রশ্মি] বি, বেগুনেবর্ণাতীত রশ্মি ultra-violet ray. "সৌরকিরণ বিশ্লেষণ করিলে যে মৌলিক বর্ণসপ্তক পরিলক্ষিত হয়, তাহার অন্তর্গত পিঙ্গল বর্ণের অংশীভূত লোকলোচনাতীত রশ্মির বিষয় * * * প্রাচীন নাম পিং"-ডাঃ সুং রায় চৌধুরী। ১১শ বং সাং সম্মিলনী, ১৩৩৬)।

পিঙ্গসার-পিঙ্গ দ্রঃ।

পিঙ্গাক্ষ [পিঙ্গ (পিঙ্গলবর্ণ) অক্ষি (চক্ষু) =অক্ষ যার, বহুং] বিণ, পিঙ্গলবর্ণ চক্ষুবিশিষ্ট। ২ বি, শিব। স্ত্রীং ~ী-কুমারানুচর মাতৃকাবিঃ।

পিঙ্গাশ [সং] বি, পাঙ্গাশ মাছ। স্ত্রীং ~ী-বি, নীলিকা।

পিচ্ [অনুং] অ, নিষ্ঠীবন ত্যাগের শব্দ।

পিচ,-পীচ, দ্রঃ।

পিচ,-পীচ, দ্রঃ।

পিচকারি,-রী [হিং। অনুং। বাংপ্রাং পিচকিরী] বি, জল দূরে নিক্ষেপ করিবার যন্ত্রবিঃ syringe. "নীবিবন্ধে ঝুলিছে পিচকারী।"-কথা। "চুয়া চন্দন ভরি পিচকারী। শ্যামনাগর অঙ্গে দেওত ডারি॥" -জ্ঞানং। পিচকারী দিয়া পূয বা রক্ত ছোটা-স্ফোটকাদি হ'তে পূয বা রক্ত পিচকারীর ধারাবৎ বেগে নির্গত হওয়া।

পিচপা-পিছপা দ্রঃ।

পিচটি, পিচড়া, পিচুটি [সং-পিচ্চট >] বি, পিঁচুটি(দ্রঃ)। ২ খোস; পাঁচড়া(দ্রঃ)।

পিচড়ানি, পিঁচড়ানি [সং > প্রাং উচ্চারণে পেঁচড়ান] ক্রি, পিচুটিযুক্ত হওয়া ; নেত্রে মলের সঞ্চার হওয়া।

পিচণ্ড,-চিণ্ড [সং] বি, ভুঁড়ি; স্থূলোদর। বিণ, পিচণ্ডিল, পিচিণ্ডিল-ভুঁড়ো।

পিচপিচ [অনুং। পুনঃ পুনঃ অর্থে দ্বিত্ব। নিষ্ঠীবন ও পানের রস ফেলিবার শব্দ >] বি, থুথু ফেলিবার শব্দ ; পানের পিক ফেলিবার শব্দ। অনাদরার্থে বা ঘৃণার্থে "প্যাচ্ প্যাচ্।"

পিচবোর্ড [ইং pasteboard > পিস্‌বোর্ড > পিচ্‌বোর্ড] বি, আঠায় জমান মোটা কাগজ ; জমান কাগজের পট।

পিচাশ [সং-পিশিত (মাংস)+অশ্ (ভোজনে)+অ (র্ত্তৃ)=পিশিতাশ > পিশাচ > বর্ণ বিপর্য্যয়ে। প্রাং] বি, পিশাচ ; প্রেত।

পিচুমর্দ্দ [সং] বি, নিম্ব ; নিমগাছ ও তার ফল melia azadirachta

পিচুল [সং] বি, ঝাউগাছ। ২ কার্পাস।

পিচ্চট-বি, পিঁচুটি।

পিচ্ছ [সং] বি, ময়ূর পুচ্ছ। ২ পুচ্ছ। ৩ চূড়া।

'পিচ্ছল [পিচ্ছ্ +অল। পেঁচ্‌ল] বিণ, পিচ্ছিল; পেচল; জল ও কর্দ্দমে পদ-স্খলনোপযোগী মসৃণ।

'পিচ্ছা [পিচ্ছ্ (ভাগ করা)+অ (র্ম্ম) আ (স্ত্রীং)। বরিশালে-'পিঁছা'] বি, শ্রেণী; পঙক্তি। ২ ভাতের মণ্ড। ৩ অশ্বের পায়ের ঘা। ৪ সর্পের লালা। ৫ শিশুবৃক্ষ। ৬ পুগ-বৃক্ষ; সুপারিগাছ। ৭ মোচা। ৮ কোষ।

'পিচ্ছিকা [সং] বি, চামরবিঃ।

'পিচ্ছিল [পিচ্ছা (ভাতের মণ্ড)=পিচ্ছ +ইল (যুক্তার্থে)] বি, মণ্ডযুক্ত ভাত: নেকট ভাত। ২ ঝোল; দাইল। ৩ শ্লেষ্মান্তক বৃক্ষ। ৪ লালাযুক্ত। ৫ অতি মসৃণ। ৬ হড়হড়ে; পিছলা greasy.

পিচ্ছিলা [পিচ্ছিল (দ্রঃ)+আ (স্ত্রীং)। গ্রাং পিছলা, পেছলা, পেঁচ্‌লা] বিণ, হড়হড়ে; অতি মসৃণ। ২ [বৈদ্যকে] বি, কচুগাছ। (২) পুঁইগাছ। (৩) অতসী। (৪) বৃশ্চিকাক্ষুপ। (৫) শিশুগাছ। (৬) শিমুলগাছ।

পিছ [সং-পশ্চাৎ > ভ্রং পাছ, পিছ, পেছ, পাছু, পিছু, পেছু] অ, পশ্চাৎ; পিছন। ~ন (-ছঁ)-দ্রঃ। ~পা-দ্রঃ। ~মোড়া-দুই হস্ত পিঠের দিকে বদ্ধ। প্র-পুলিশ তাকে পিছমোড়া করিয়া বাঁধিয়া লইয়া গেল। ~টান [গ্রাং। পিছু (পশ্চাৎ) টান (আকর্ষণ -মায়ার টান)] বি, পশ্চাদ্দিকে আকর্ষণ। ২ ত্যাগীর বা মরণের পথে অগ্রসর ব্যক্তির সংসার বা স্নেহভাজনের প্রতি মায়ার টান।

'পিছন১ [গ্রাং উচ্চারণ-পিচন, পেচন, পেছন। তুল-সং-পিচ্ছম্=লাঙ্গুলম্; সং-পশ্চাৎ > পচ্ছা > পাছ > পাছন। হিং পিছা] বি, পশ্চাদ্দিক্; পৃষ্ঠভাগ।

'পিছনি২, পিছানি, পেছনি [সং-পশ্চাৎ > পাছ+আন=পাছান-পিছান। পিছাই (গ্রাং পেছুই), পিছাও, পেছোও (পিছুন, পেছুন; পিছোস, পেছোস), পিছোয়, পেছোয়; পিছাইতে; পিছাইয়া (গ্রাং পেছিয়ে)] ক্রি, পশ্চাদ্গমন করা; পশ্চাবর্ত্তী হওয়া; পিছাইয়া পড়া। ২ নিবৃত্ত হওয়া। ৩ অগ্রসর হ'তে সাহস না করা। **পিছাইয়া যাওয়া**-পিছু পড়িয়া থাকা। ২ অন্যের সহিত সমান হতে না পারা।

পিছপা, পিচপা [গ্রাং পেচপা, পিচপা, পেছপা। সং-পশ্চাৎপদ >] ক্রি-বিণ, পশ্চাৎপদ: পশ্চাদ্বর্ত্তী; অনগ্রসর। "কোন বিষয়েই পিচপা হইতেন না"-টেকচাঁদ।

'পিছল, পিছলা [সং-পিচ্ছল >। ব্রজং পিছড, ড়=ল] বিণ, গড়ানিয়া। ২ জল কর্দ্দমাদিতে পদস্খলনোপযোগী মসৃণ। "জলদ বিজলি তারা এ উহার কর ধ'রে। চলেছে পিছল পথে পা যেন পড়ে না সরে॥"-কাব্য-কুসুমাঞ্জলি। ৩ [লক্ষং] অধঃপতনের দিকে সুগম। **পিছল খাওয়া**-পিছল পথে চলিতে গিয়া পা সরিয়া পড়িয়া যাওয়া।

'পিছলানি [পিছল (দ্রঃ)+আন (ক্রিয়া-বিভক্তি)। পিছলাই, পিছলাও, পিছলায়; পিছলাইতে; পিছলাইয়া (ক্ষেং পিছ্‌লে)] ক্রি, পদস্খলিত হইয়া পড়া। ২ গড়াইয়া পড়া। ৩ ফস্কাইয়া যাওয়া। ৪ ফিরা; নিবৃত্ত হওয়া; প্রত্যাবর্ত্তন করা। "রূপ দেখি পা পিছলে আঁখি।"-মনসা মং (কেতকাং)।

পিছা১ [পুচ্ছ বা পিচ্ছ >। গ্রাং] বি, মাছের লেজ বা পুচ্ছ; ল্যাজা।

পিছা২ [সং-পিচ্ছ (দ্রঃ) > পূং বং প্রাদেং] বি, ঝাড়ুন, খড় বা খেজুর পাতায় সম্মার্জ্জনী; কোঁস্তা।

'পিছানি [পিছ+আন (ক্রিয়ায়)। পিছাই, পিছাও, পিছায়; পিছাইতে (ক্ষেং পিছাইতে); পিছাইয়া (ক্ষেং পিছয়ে) ইং] ক্রি, পশ্চাতে গমন করা; পৃষ্ঠের দিকে চলা।

পিছার [পশ্চাৎ > হিং পিছাড়। ব্রজং পিছার] বি, পশ্চাৎ। "ঠাঢ়ি রহল রাই নাহি আগুসারে। হেম মূরতি জনি, নাচল পিছারে॥"-বিং পং।

'পিছিয়া [হিং] বি, পাগুলি। "পায়ের অঙ্গুলির মধ্যে পিছিয়া পরিল।"-ভাগবত (শঙ্কর দাস)।

'পিছিলা [প্রাং বাং। সং-পিচ্ছিল >] বি, বাটিয়া বা পিষিয়া পিচ্ছল করা দ্রব্য। ২ দাইল বাটা; মাংসের কীমা; মাংসের কীমা বাটা। "মাংসের পিং।"-কবিকং।

'পিছু, 'পেছু [সং-পশ্চাৎ অথবা পৃষ্ঠ >। হিং পিছা, পিছু] বি, পশ্চাদ্দিক। ২ ক্রি-বিণ, পিছনে; পশ্চাতে। ৩ পরে। ~**মোড়া** [পিছু দ্রঃ] বিণ, হস্তদ্বয় পৃষ্ঠের উপর রাখিয়া বন্ধন করা; পিঠমোড়া। "ইহা করে সেই কোপে দেই পাক নাড়া। উত্তরীয় বসনে বান্ধিল পিছুমোড়া॥"-শিং।

'পিছে [পিছু দ্রঃ] ক্রি-বিণ, পশ্চাতে; পিছনে। "মদন পলায় পিছে অগ্নি ধায় ত্রিভুবন পরকাশি।"-অং মং।

পিঞ্চট [সং-পিনজ (মিলিত হওয়া)+অট (গে)] বি, পিচ্ছট; নেত্রমল; পিচুটী।

পিঞ্জন [সং-পিন্‌জ্ (স্পর্শ করা)+অন (গে) যদ্দ্বারা তুলা পরিষ্কার করিয়া পেঁজা হয়] বি, যে যন্ত্রে তুলা ধুনা হয়; ধুনুথারা। ২ [+অন (ভাং)] তুলাধোনা।

পিঞ্জর [সং-পিঞ্জ্ (বাস করা)+অর (ধি)] বি, পিঁজরা; খাঁচা। "পিঞ্জরের পাখিমত বেড়ায় ঘুরিয়া"-অংমং। "পিঞ্জরের বিহঙ্গিনী সতত চঞ্চল"-ব্রজাঙ্গনা। ২ দেহ-পিঞ্জর; হাড়পাঁজরা; শরীরের অস্থিপুঞ্জ। ৩ [বৈদ্যকে] স্বর্ণ। (২) হরিতাল। ৪ বিণ, পিঙ্গলবর্ণবিশিষ্ট।

পিঞ্জল [সং] বি, পিঙ্গল। ২ হরিতাল।

পিঞ্জা [সং] বি, তূলা।

পিঞ্জান [সং-পিন্‌জ্ (দীপ্তি পাওয়া)+আন (র্ত্তৃ)] বি, সুবর্ণ। "মঞ্জীর পিং করিয়া যতন শেখর পরায় পায়।"-কবিশেখর।

পিঞ্জিকা [সং-পিঞ্জি (তুলা)+ক (জ্ঞাং) +আ (স্ত্রীং)] বি, পাইজ।

পিঞ্জুল [সং] বি, প্রদীপের সলিতা।

পিঞ্জুষ [সং] বি, কর্ণমল; কাণের খোল।

পিট১ [সং-পিটক] বি, মঞ্জুষা; পেটারি। ২ ছোট ঝুড়ী; চুপড়ী। ৩ ধান্য রাখিবার ডোল। ৪ স্ফোটক; বিষফোড়া।

পিট, [গ্রা০। সং-পৃষ্ঠ > পিট্‌ঠ > পিট, পিঠ] বি, পৃষ্ঠ। ২ পক্ষ। ৩ [পেটা > পিট] তাস খেলার যে পক্ষে জিৎ ও জিতা তাস।

পিট্‌টান-পিট্টান দ্রঃ।

পিটন [সং-পীড়ন। পিটা (দ্রঃ) > হিং পিটন্, পিটাই। বিদ্রূপে-পিটন। তুল-হিং পিট্-থাকে পিটা যায়; পিটুনি খেকো] বি, আঘাতকরণ; প্রহার; তাড়না। **পিটন-চণ্ডী** [বিদ্রূপে] চণ্ড প্রহার; অতিশয় প্রহার।

পিটনা [গ্রা০ পিটনে] বি, যদ্দ্বারা পেটা যায়; ছাত মেঝে ইং পিটিবার কাষ্ঠ-খণ্ডবিঃ; পিটনে।

পিটপিট [অনু০] অ, অনুকার শব্দ। ২ তিরস্কার; খিটখিট। ৩ আঠাল বস্তুব দুই অঙ্গুলির টিপ দ্বারা স্পর্শ বা আঘাত করিবার মৃদু শব্দ। ৪ পুনঃ পুনঃ পলক পাতের শব্দ: ক্রমে পলক পাত অর্থেই ব্যবহৃত। প্র-চোখ পিটপিট করা। তুল-মিটমিট। ৫ [স্পশ >] শুচিবাইজনিত স্পর্শভীতি। ক্রি, পিটপিটা (দ্রঃ)। বিণ, পিটপিটা, পিটপিটিয়া, পিটপিটে (দ্রঃ)। **পিং করা**-স্পর্শভীতিজনিত সকলকে সর্ব্বদা সাবধান করার ছলে খিটখিট করা; স্পর্শহেতু অশুচি দোষ প্রদর্শনচ্ছলে তিরস্কার করা। **পিং করিয়া চাওয়া**-নেত্রপল্লব ঘন ঘন পতনজনিত চক্ষু সম্পূর্ণ উন্মীলিত বা অর্দ্ধ নিমীলিতবৎ অবস্থায় দর্শন করা। প্র-সে পিটপিট করিয়া চাহিয়া আছে। [দ্রঃ-নেত্র সম্পূর্ণ উন্মীলন করিয়া দেখা স্থলে ও অনাদরে "প্যাট প্যাট করিয়া"]।

পিটপিটানি [পিটপিট (দ্রঃ) + আন (ক্রি-বিভক্তি)] ক্রি, পিট পিট শব্দ করা। ২ চক্ষু পিট পিট করা; নেত্রপল্লব ঘন ঘন পতনজনিত অর্দ্ধ উন্মীলিত ভাবে দৃষ্টি করা। ৩ শুচি থাকিবার জন্য সর্ব্বদা সতর্ক করা; এটা ছুঁলে ওটা ছুঁলে এই বলিয়া সর্ব্বদা খিটখিট করা।

পিটপিটিয়া, পিটপিটা, পিটপিটে [পিটপিট (দ্রঃ) + ইয়া] বিণ, যে সর্ব্বদা পিটপিট করে; শুচিবাইগ্রস্ত।

**`পিটলী** [গ্রা০ `পিটুলি। সং-পিষ্ট-তণ্ডুল] বি, জলসহ পিষ্টতণ্ডুল; চালবাটা। ২ [সং-পিণ্ডার] বি, শ্বেতআঠাযুক্ত পিটুলি গোলার মত শ্বেতরসযুক্ত গোলাকার বন্য ফলের বৃক্ষ trewia nudiflora.

`পিটা, [সং-পিষ্টক > পিট্‌ঠক > পিটা, পিঠা। গ্রা০ পিটে] বি, পূপ; পিষ্টক। "এবার বছরকার দিনে রে ভাই জুটলো নাকো পুলি পিটে। যে মাগ্‌গীর বাজার হাজার হাজার মর্চ্ছে লোক কপাল পিটে॥"-ঈং গুপ্ত। ২ বিণ, পেটা দ্রঃ। যাকে পেটা বা আঘাত করা হইয়াছে; পিষ্ট; আহত।

পিটা, [সং-পিট্ (শব্দে, সংঘাতে) > হিং পিটনা > বাং-পিটা, পেটা। পিটি, পিট, পিটে; পিটিতে; পিটিয়া (কং পিটে)] ক্রি, আঘাত করা; প্রহার করা। **~পিটি**-মারামারি; পরস্পর প্রহার।

পিটালী [সং-পিষ্টতণ্ডুল] বি, ঈষৎ জলযুক্ত পেষিত তণ্ডুল; চালবাটা। "পিং হরিদ্রা লয়্যা খুল্লনারে বুলি চায়া করিতে অঙ্গের মলা দূর।"-কবিকং। ২ [সং-পিণ্ডার। র-ল] বৃক্ষবিঃ; পিটলী দ্রঃ।

পিটিশন [ইং petition এর লিপ্যন্তর] বি, আবেদন; দরখাস্ত।

পিটুলী, পিঠুলি [সং-পিষ্টতণ্ডুল > পিটালী দ্রঃ] বি, বন্যফলবৃক্ষবিঃ; ২ পিষ্ট-তণ্ডুল। ৩ পিষ্টতণ্ডুলঘটিত পিষ্টক; চাল-বাটা গোলা; আস্কে। "খোলায় পিটুলি দেন হয়ে অতি শুচি।"-ঈং গুপ্ত।

পিটোনো [পিটন দ্রঃ। হিং পিট্‌বানা, পেটওয়ানা। পেটাধাতুর ণিজন্তরূপ। পিটোই (পিটুই), পিটাও, পিটোয়; পিটোতে; পিটুয়ে] ক্রি, পেটান; অন্যের দ্বারা ঠেঙ্গান; মার খাওয়ান। প্র-গুণ্ডা দিয়ে লোকটাকে খুব পিটিয়ে দিয়েছে। ২ আঘাত করান; দুরমুশ করান। প্র-ছাত পিং। ৩ পিটিয়া পাত করান। প্র-লোহা পিটানো।

পিট্টান, পিট্‌টান [সং-প্রস্থান বা পৃষ্ঠদান > পিট্‌ঠআন >০] বি, প্রস্থান। ২ পলায়ন; চম্পট। "কখন বা পথিকদিগকে ইট পাটকেল মারিয়া পিট্টান দিতেছে।"-টেকচাঁদ। **পিং দেওয়া**-চম্পট দেওয়া; পলায়ন করা।

পিঠ [সং-পৃষ্ঠ >। গ্রা০ বাং পিঠী] বি, পশ্চাৎ। ২ পৃষ্ঠ। "পিঠে রাখি নাগরা ধ্বনি উঠে ডিগি ডিগি।"-ঘং। ৩ দিক্; বিপরীত দিক্। "এই কথারই আর একপিঠ হইতেছে * * "-বিং কুং সরকার। **পিং চুলকান**-প্রহৃত হইবার হেতুস্বরূপ পৃষ্ঠ কণ্ডূতি বা অস্থিরতা।

`পিঠডাঁড়া, -দাঁড়া [সং-পৃষ্ঠদণ্ড >] বি, পৃষ্ঠদণ্ড; মেরুদণ্ড; শির দাঁড়া। "কুজ ভরে পিঠ ডাঁড়া ভূমিতে লুটায়।"-ভারতং।

`পিঠর [পিঠ্ + অর(জ্ঞাং)] বি, পাত্র; হাঁড়ি; পাতিল। ২ পেটারি। ৩ মন্থন দণ্ড। স্ত্রীং পিঠরী।

`পিঠা,, **পিঠে** [সং-পিষ্টক > প্রাকৃং পিট্‌ঠক >। গ্রা০ পিটে, চং কং ভাং পিডা, পিড়ে] বি, পিষ্টক; পূপ। "দুগ্ধ দধি ঘৃত মধু ক্ষীর খণ্ড পিঠা।"-শিং। **~পানা** [পিঠা (পিষ্টক)-পানা, (পানক-চৈং চং)] বি, পিষ্টক-পরমান্নাদি; পায়স-পিটে; খীরপুলি।

পিঠা, [পৃষ্ঠ > পিট্‌ঠ > প্রাং বাং] বি, পৃষ্ঠ। "খেআনেত সুনিল পক্ষ পরভুর বচন। পিঠা পেতে দিল পক্ষ করিতে আসন।"-শূং পুং।

`পিঠাপিঠি, -ঠী [পিঠ (দ্রঃ) + আ (পরস্পরার্থে) + পিঠ + ঈ] ক্রি-বিণ, পৃষ্ঠে পৃষ্ঠে সংলগ্ন; পিঠে পিঠযুক্ত করিয়া। ২ পরে পরে।

`পিঠারি [পিঠা (দ্রঃ) + রি (ব্যবহারার্থে)] বি, পিষ্টকবিক্রেতা। "পিঠা বেচিয়া কেহ বলায় পিঠারি।"-কবিকং।

`পিঠালী [সং-পিষ্টতণ্ডুল >] বি, পিটলী; পিটালী (দ্রঃ)। "অঙ্গেতে পিঠালি দিল সখিরা সকলে।"-কৃত্তিং।

পিঠি [পিঠা (দ্রঃ)। পিঠ + ই (ধি, ৭মী বিভক্তি "তে" স্থলে প্রাং বাং-য়)] ক্রি-বিণ, পৃষ্ঠেতে। "রাখিলেন কূর্ম্মর পিঠি।"-শূং পুং। **পিঠিত**-পিঠে। "বাসায়ার (=বৃষভের) পিঠিত নামিল ভোলা মহেশ্বর"-মাণিকং।

পিঠী [পিঠ দ্রঃ। প্রাং বাং] বি, পৃষ্ঠ। ২ [লক্ষং] বিমুখ হওয়ার ভাব। "যে বোল বুলিলোঁ মণে না ধরিলে উলটিয়া দিলেঁ পিঠী" -শ্রীং কীং।

পিঠেম [পৃষ্ঠ > পিঠ + ম (মুখী) > পিঠেম] বিণ, পৃষ্ঠ বা পশ্চাদ্দিক্ হ'তে প্রবাহিত। ~**বাতাস** [যশোং, খুলনা প্রাদেং] বি, পৃষ্ঠদিক্ হতে প্রবাহিত অনুকূল বায়ু।

পিড়ক (-া) [সং-পিড়কা] বি, ব্রণ; ফুস্কুড়ি। ২ মসূরিকা রোগ।

পিড়-পিড়, পীড়-পীড় [সং-পীড় (পীড়নে, ক্লেশে)] অ, অস্বস্তিকর বা জ্বালাকর অনুভূতি বোধক; কুটকুট। প্র-গা পিং করে। ২ [নি-পীড় (আর্দ্র বস্ত্রাদেনির্জলীকরণম্)] রসমরা; স্ফোটকাদির রস রক্ত শুষ্ক হইবার কালের অনুভূতি বোধক: চুল্কাইবার ভাব। প্র-খোস পিং করে বা পিড়পিড়য়ে উঠেছে। বিণ, পিড়পিড়া; পিড়পিড়ে- উক্তরূপ অনুভূতির উদ্রেককারী। প্র-মরিচের ঝাল পিড়পিড়ে। ক্রি, পিড়-পিড়ানি- পিং করা।

পিড়া১ [সং-পিণ্ডিকা > পিঁড়া >। বাং-পীঠিকা > পীড়িয়া > পিড়া] বসিবার কাষ্ঠাসনবিঃ; পিঁড়া। ২ দ্বারপিণ্ড: মেটে ঘরের দাওয়া বা রক। ৩ বেদী। পিড়াঅ -পিড়াতে।

পিড়া২, পিড়ী[ক্বাং পুশ্‌ৎ-হিং পিঢ়ী] বি, বংশ পরম্পরা; পুরুষ।

পিড়া৩ [পৃষ্ঠ >। প্রাদেং] বি, গৃহচূড়া। "পিড়াঅ শোভা করে সোণার কলস" -শূং পু।

পিড়িং১ [সং-স্পৃক্কা >] বি, সুগন্ধ ও ক্ষুদ্র ক্ষুদ্র ত্রিপত্রযুক্ত মেথীর মত ক্ষুদ্র শাকবিঃ; পিড়িং শাক frigonella corniculata.

পিড়িং২ [অনুং] অ, তার বা তাঁত ইং-র আকর্ষণ বা আঘাতজাত মধুরাস্ফুট ধ্বনি। আধিক্যার্থে - পড়াং, অল্পার্থে - পুড়ুং- ব্যাপকার্থে দ্বিত্ব-পিড়িং পিড়িং।

পিণ্ড [পিণ্ড্ (রাশি করা) + অ (র্ম্ম)] বি, গোলক; গোলাকৃতি বস্তু; নিরেট গোলা; ডেলা। "দিয়া হীরা নীলখণ্ড নিরমিল দোল পিণ্ড কদম্ব কানন সন্নিধানে।"-কবিকং। ২ অন্নের ডেলা; গোল করিয়া পাকান অন্নের গ্রাস। ৩ পিতৃলোক উদ্দেশে প্রদত্ত গোলাকার খাদ্য সামগ্রীর গ্রাস। ৪ শরীর। ৫ মাংস। ৬ গজকুম্ভ। ৭ পুঞ্জ: সমূহ। ৮ সংহত। ৯ সান্দ্র। ১০ [রাসাং পরিঃ] স্থূলখণ্ড lump. ~**খর্জ্জুর** [পিণ্ডাকারে রক্ষিত বলিয়া এই নাম] বি, খর্জ্জুর-ভেদ; পিণ্ডিখেজুর। ~**দ** [পিণ্ড-দ (যে দান করে)] বি, পিণ্ডদানকারী; পিণ্ডদাতা। ২ অন্নদাতা। ~**দান**-পিতৃ-পুরুষের শ্রাদ্ধে মন্ত্রপূত অন্নপিণ্ড অর্পণ। ~**পাত**-পিণ্ডদান। ~**পাদ** [পিণ্ড (পিণ্ডাকৃতি) পাদ=পদ] বি, হস্তী। ~**পুষ্প** [পিণ্ড (দলপুঞ্জ বা বহু দল বলিয়া পিণ্ডাকৃতি) পুষ্প] বি, ঘন-দল পুষ্প। ২ পদ্ম। ৩ তগর পুষ্প। ৪ অশোক পুষ্প। ৫ জবা পুষ্প। ~**প্রতিপিণ্ডকর্ম্ম** [বৌং সাং] বি, বৌদ্ধসঙ্ঘে ভিক্ষালব্ধ অন্নের বিনিময়। ~**ফল**-লাউ। ~**রোগী**-বিণ, চিররোগী a valetudinarian. ২ কুষ্ঠরোগী a leper. ~**লোপ**-পিণ্ড দিবার মত বংশজের অভাব; নির্বংশ।

পিণ্ডতাপত্তি [রাসাং পরিঃ] বি, ইং coagulation এর বৈজ্ঞাং পরিঃ।

পিণ্ডা [অনার্য্য ভাষায়] বি, পিঁড়ে। ২ দ্বারপিণ্ড; দাওয়া।

পিণ্ডাকাঙ্ক্ষী [পিণ্ড + আকাঙ্ক্ষী] বিণ, পিণ্ডপ্রার্থী।

পিণ্ডাকার-বিণ, পিণ্ডবৎ; নিরেট ও গোলাকৃতি।

পিণ্ডায়স [পিণ্ড (সংহত) + অয়স্ (লৌহ)] বি, পিণ্ডিত লৌহ। ২ ইস্পাৎ steel.

পিণ্ডার [সং] বি, পিটলী গাছ ও ফল trewia nudiflora. ২ [বৈদ্যকে] লতা-ফলবিঃ (হিং পিণ্ডারা); শাকবিঃ। ৩ মহিষরক্ষক। ৪ নাগবিঃ। ৫ ক্ষপণক।

পিণ্ডারি,-রী১ [মং পেন্ডারী। মং পিণ্ড (একপ্রকার মদ্য) + আর (=বাল=পীনেবালা + ই, ঈ তৎসম্প্রদায়ভুক্ত, পিণ্ড সুরা-পানকারী] বি, ছত্রপতি শিবাজীর সৈন্যদল-ভুক্ত হিন্দুমুসলমান লুণ্ঠনবৃত্তিধারী সম্প্রদায়; ঐ দলের লোক; মহারাষ্ট্রীয় অশ্বারোহী দস্যু; বর্গী। ২ পরস্বাপহারী।

পিণ্ডারী২ [হিং পিণ্ডারা, পেটারা, পেট ও০] বি, পেটারী portmanteau. ২ [হিং পেট, মং পেন্ট] পাইট; হাট।

পিণ্ডালু [পিণ্ড + আলু। বাং-য় পিণ্ডি আলু ও০। সং-পিণ্ডক। মং পেণ্ডালু] বি, চুবড়ি আলু dioscova globosa.

পিণ্ডি, পিণ্ডী [পিণ্ড (সংহত হওয়া) + ই (খি),যে স্থানে আসিয়া সংহত বা সংমিলিত হয়] বি, চক্রের মধ্যমণ্ডল। ২ হাঁটুর নিম্নে পিণ্ডিত স্থান; পায়ের ডিমা। ৩ গ্রাস; অন্নপিণ্ড। ৪ বেদী; পীঠ। ৫ [চাটাইয়ে মোড়া বৈদেশিক পণ্য, পিণ্ডিত বলিয়া নাম] খর্জ্জুর, পিণ্ডীখেজুর।

পিণ্ডিকা [পিণ্ডি দ্রঃ] বি, চক্রের কেন্দ্রস্থল; রথচক্রের মধ্যমণ্ডল। ২ পায়ের ডিমা। ৩ ক্ষুদ্র অন্নপিণ্ড; অন্নের গ্রাস। ৪ পীঠ; বেদী। "নানারত্ন দিয়া বিশাই রচিল পিং।"-কবিকং।

পিণ্ডিত [পিণ্ড্ (রাশি করা) + ত (র্ম্ম)] বিণ, সংহত। ২ সান্দ্র; ঘন। ৩ রাশীকৃত। ৪ গুণিত।

পিণ্ডী-পিণ্ডি দ্রঃ। ~**শূর** [পিণ্ডী (দেহলী-গৃহ দ্বার-গৃহ) শূর (বীর), ৭তৎ] বি, আপনার গৃহ দ্বারে যে শূর; অন্তরে ভীরু কিন্তু মুখে বীরত্ব প্রকাশকারী; কাপুরুষ। ২ [পিণ্ডী (অন্নপিণ্ড ভোজনে)-শূর (বীর), ৭তৎ] ভোজনবীর; ভোজনপটু; পেটুক।

পিত, পিতঃ [সং-তে পিতৃ শব্দের সম্বোধনে পিতঃ। প্রাং পিতে (মধ্য-বাং-গানে)] অ, হে জনক। ২ হে গুরুদেব। "-হে পিতঃ, কেমনে, কবিতারস-সরসে রাজহংসকুল সহ কেলি করি আমি, তুমি না শিখালে?"-মেঘং।

পিতম [সং-প্রিয়তম > হিং প্রীতম > প্রাং ক্রিং] বি, প্রিয়তম জন; পরম অনুরাগ বা ভালবাসার পাত্র। পরাণ পিতম- প্রাণপ্রিয়। "মেঘলা সাঁঝে পং-পিং এল যে ওই"-কাজরী (শৈলেন্দ্র রায়, প্রবাসী)।

পিতল [সং-পিত্তল > । পিত্তের পীতবর্ণ হতে] বি, তামা ও দস্তা মিশ্রণজাত প্রসিদ্ধ উপধাতু brass. "পিতলক কাটারি কামে নাহি আয়ল উপরহি ঝকমকি সার।" -বি০ প০ (বৈষ্ণব-পদ-লহরী)।

পিতা [পা (পালন করা)+তৃ (র্তৃ)=পিতৃ ১মা, ১ব০] বি, জনক ; বাপ। [দ্রঃ-শাস্ত্রানুসারে পঞ্চ পিতা যথা-(১) জন্মদাতা, (২) অন্নদাতা, (৩) ভয়ত্রাতা, (৪) শ্বশুর, (৫) উপনয়নদাতা(দীক্ষাগুরু),মতান্তরে জ্ঞানদাতা (শিক্ষাগুরু) ও জ্যেষ্ঠ ভ্রাতা লইয়া সপ্ত পিতা। **~পুত্র** [পিতা ও পুত্র] বি, পঞ্চ, মতান্তরে সপ্ত পিতা ও পুত্র এবং পুত্রস্থানীয়। ২ [রামা০] জ্যেষ্ঠ ভ্রাতা, জনক ও অধ্যাপক (পিতা) এবং কনিষ্ঠ ভ্রাতা, সন্তান ও শিষ্য (পুত্র)। **~মহ** [পিতৃ+আমহ (র্তৃ, পিতার পিতা অর্থে)। তুল-পা০ **মহাপিতা**] বি, পিতার পিতা ; ঠাকুরদাদা। ২ সুরজ্যেষ্ঠ ; ব্রহ্মা। "পিতামহ দিলা মোরে অন্নপূর্ণা নাম।"-অ০ ম০। ৩ [মহা০] দক্ষ প্রজাপতি। > স্ত্রীং **~মহী**-পিতার মাতা ; ঠাকুরমা।

পিতি, পিরতি [গ্রা০] প্রতি দ্রঃ। **পিতিপদ, পিরতিপদ**=প্রতিপদ(দ্রঃ)।

পিতিঠা [গ্রা০ বাং। সং-প্রতিষ্ঠা > বাং প্রাকৃ০ রূপ। গ্রা০ পতিষ্টে, পিতিষ্টে] বি, প্রতিষ্ঠা। "পুথবী পি০ কৈল বেদ হুঙ্কারিআ। নানা দিব্য উপহার মঙ্গল রচিআ॥"-শূ০ পু০।

পিতু [গ্রা০ হি০-র অনুকরণে। আদরার্থে উ] বি,পিতা। **পিতুঃষ্বসা**=পিতৃষ্বসা (দ্রঃ)।

পিতৃ-পিতা দ্রঃ। **~-আজ্ঞা** [৬তৎ] বি, পিতার আদেশ। "পিতৃ-শুশ্রূষা ও পিতৃ-আজ্ঞা পালন অপেক্ষা মহান ধর্ম্ম জগতে আর নাই"-রামায়ণতত্ত্ব। **~ক** [পিতৃ+ক (আগতার্থে)] বিণ, পিতা হতে আগত ; পিতৃ-পুরুষের নিকট প্রাপ্ত। ২ [+ক সম্বন্ধে] পিতৃসম্বন্ধীয়। **~কল্প** [পিতৃ+কল্প (তুল্যার্থে)] বিণ, পিতৃসম ; পিতৃসদৃশ ; পিতৃতুল্য। ২ [জ্যো০] বি, পিতৃপুরুষদিগের শ্রাদ্ধ তর্পণাদি ক্রিয়া। **~কানন** [পিতৃ (পিতৃপুরুষগণের) কানন (গৃহ), ৬তৎ] বি, শ্মশান। **~কার্য্য** [পিতৃ (পিতৃপুরুষগণের বা পিতার নিমিত্ত)+কার্য্য(ক্রিয়া),৪তৎ] বি, পিতৃপুরুষগণ উদ্দেশে শ্রাদ্ধ তর্পণাদি কার্য্য। ২ পিতার আদিষ্ট কর্ম্ম বা তাঁর হিতকর কার্য্য। **~কুল** [৬তৎ] বি, পিতার বংশ। **~কৃত্য** [পিতৃ (গণের প্রতি) কৃত্য ৪তৎ] বি, পিতৃশ্রাদ্ধ। ২ পিতৃপুরুষগণের শ্রাদ্ধ তর্পণাদি ক্রিয়া। **~ক্রিয়া** [৪তৎ] বি, পিতৃকার্য্য দ্রঃ। **~গণ** [পিতৃ (পিতৃপুরুষের) গণ, ৬তৎ] বি, অগ্নিষ্বাত্তাদি সপ্ত এবং মরীচি আদি অষ্ট মুনি হতে দেব দানব যক্ষ মানব ই০-র উৎপত্তি হইয়াছে বলিয়া উঁহারা পিতৃগণ ; বিশ্বপাতা, ধাতা, বিশ্ব, বিশ্বভুক্, আরাধ্য, ধর্ম্ম, ধন্য, শুভাসন, ভূমিদ, কল্যাণ, কল্যতর, অনঘ, সুখদ, ধনদ ই০ ৩১ জন পিতৃগণ [দ্রঃ-যাঁহারা মনুষ্য-লোক হতে মৃত্যুর পর পিতৃলোকে গিয়াছেন, তাঁরা মৃত ; যাঁহারা সৃষ্টিকাল হতে পিতৃলোকে আছেন তাঁরা "অমৃত"-সায়ণ]। **~গৃহ** [৬তৎ] বি, জনকভবন ; পিত্রালয় ; বাপের বাড়ী। ২ পিতৃকানন (দ্রঃ) ; শ্মশান। **~ঘাতী, পিতৃঘ্ন**-বিণ, পিতৃহন্তা। **~তর্পণ** [৬তৎ] বি, পিতৃলোকের তৃপ্তির জন্য জলদান। ২ পিতৃপুরুষের তৃপ্তি। **~তিথি** [৬তৎ] বি, পিতৃদিন (ঐদিন পিতৃগণ পঞ্চদশ কলাত্মক চন্দ্রের সুধাপান করেন বলিয়া এই তিথির নাম অমাবস্যা)। **~তীর্থ** [৬তৎ] বি, গয়াধাম। ২ [স্মৃ০] দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যস্থান। **~দান** [পিতৃগণ উদ্দেশে দান, ৪তৎ] বি, বি, মৃত পিতৃগণের উদ্দেশে দান ; শ্রাদ্ধ তর্পণাদি সংক্রান্ত দান। "দশাহ অতীত হইলে ভরত শ্রাদ্ধ করিয়া পরম পবিত্র হইলেন ; এবং দ্বাদশাহে দ্বিতীয় মাসিক ই০ সপিণ্ডী-করণ পর্য্যন্ত সমস্ত অনুষ্ঠান করিয়া পিতার পারলৌকিক ফলাকাঙ্ক্ষায় ব্রাহ্মণকে ধনরত্ন, প্রচুর ভক্ষ্যভোজ্য, ছাগ, বহুসংখ্য গো, দাস, দাসী, বাসভবন ও যান প্রদান করিলেন।"-রামা০ (সা০ প০ প০)। **~দায়** [পিতৃ (পিতার মৃত্যুজনিত শ্রাদ্ধাদি কৃত্যের দায়, ম০ প০ লো০] বি, পিতৃশ্রাদ্ধজনিত সামাজিক পারলৌকিক কর্ত্তব্য সম্পাদনের দায়িত্ব ও ব্যয় সঙ্কট। **~দিন**-বি, পিতৃতিথি (দ্রঃ) ; অমাবস্যা। **~দেব**-বি, পিতারূপ দেবতা। **~দৈবত** [পিতৃ (পিতৃগণ) দেবতা যে নক্ষত্রের, বহু০] বি, মঘানক্ষত্র। **~পক্ষ** [পিতৃগণের প্রিয় পক্ষ, ধা] বি, প্রেতপক্ষ ; কৃষ্ণপক্ষ ; অপর পক্ষ ; আশ্বিনের শুক্লপক্ষের পূর্ব্বে কৃষ্ণপক্ষ। ২ পিতৃকুল। ৩ বিণ, পিতৃকুলজাত। **~পতি** [পিতৃ (পিতৃপুরুষগণের) পতি (অধিপতি), ৬তৎ] বি, যম। **~পিতা** [পিতার পিতা, ৬তৎ] বি, পিতামহ। ২ পিতৃগণের পিতা ; ব্রহ্মা। **~পুরুষ** [পিতৃ-পুরুষ, ধা] বি, পিতৃপক্ষীয় পিতা পিতামহাদি পূর্ব্বপুরুষ। **~পৈতামহ** [পিতৃ-পিতামহ+অ (সম্বন্ধে)] বি, পিতা পিতামহাদি পূর্ব্বপুরুষ সম্বন্ধীয়। ২ পূর্ব্বপুরুষ-গণ পরম্পরাগত। **~প্রতিম**-বিণ, পিতার স্বরূপ। **~প্রসূ** [পিতৃ-প্রসূ, ৬তৎ] বি, পিতৃ-জননী ; পিতামহী। ২ পিতৃলোক বা পিতৃ-গণের প্রেতাত্মার ইতস্ততঃ ভ্রমণ করিবার সময় ; সন্ধ্যা। **~বংশ** [৬তৎ] বি, পিতৃকুল। **~বৎ** [সং] বিণ, পিতার তুল্য। **~বন** [সং] বি, পিতৃকানন (দ্রঃ) ; শ্মশান। **~বন্ধু** [৬তৎ] বি, পিতার বন্ধু। ২ [স্মৃ০] পিতার পিতৃ বা মাতৃকুল সম্বন্ধে যে কোন ভ্রাতা ; পিতার পিসী, মাসী বা মাতুলের পুত্র। **~বান্ধব** [৬তৎ] বি, পিতৃবন্ধু (দ্রঃ)। **~বিয়োগ** [৬তৎ] বি, পিতার মৃত্যু। **~ব্য** [পিতৃ+ব্য (ভ্রাতা অর্থে)] বি, পিতার সহোদর বা জ্ঞাতি ভ্রাতা ; জ্যেঠা, খুড়া [**পিতৃব্যকন্যা**-জ্যেঠতুতা বা খুড়তুতা ভগিনী। **পিতৃব্যপত্নী**-জ্যেঠাই ; খুড়ী। **পিতৃব্যপুত্র**-জ্যেঠতুতা বা খুড়তুতা ভাই]। **~ব্রত** [পিতৃ-ব্রত] বি, শ্রাদ্ধ তর্পণাদি ; পিতৃযজ্ঞ। ২ পিতৃসেবা। **~ভক্ত** [৬তৎ] বিণ, পিতার প্রতি ভক্তিমান ; পিতার অতিশয় বাধ্য ও অনুরক্ত ; পিতৃসেবা-রত। বি, পিতৃভক্তি। **~ভক্তি** [৭তৎ] বি, পিতার প্রতি শ্রদ্ধা ও অনুরক্তি ; পিতার প্রতি সন্তানের কর্ত্তব্যশীলতা। **~মাতৃহীন** [৩তৎ] বিণ, যার জনকজননী জীবিত নাই ; অনাথ orphan. > স্ত্রীং ~া। **~মান্** [পিতৃ (পিতা)+মৎ (স্ত্যা০)=পিতৃমৎ ১মা,

১ব॰] বিণ, যার পিতা জীবিত ; সপিতৃক। >স্ত্রীং ~মতী। ~মেধ [পিতৃহেতু মেধ (যজ্ঞ), ৪তৎ] বি, পিতৃযজ্ঞ ; শ্রাদ্ধ তর্পণাদি। ~যজ্ঞ [পিতৃ (পিতৃলোকের) উদ্দেশে অনুষ্ঠিত যজ্ঞ, ৪তৎ। তুল-"অধ্যাপনং ব্রহ্মযজ্ঞঃ পিতৃযজ্ঞস্তু তর্পণম্। হোমো দৈবো বলির্ভৌতো নৃযজ্ঞোঽতিথি পূজনম্॥"-মনু॰] বি, পিতৃমেধ ; শ্রাদ্ধ তর্পণাদি। ~যান [পিতৃগণের যান (গমন পথ), ৬তৎ] বি, পিতৃগণের চন্দ্রলোকে যাইবার পথ। ~রিষ্টি [ফা॰ জ্যো॰] বি, জাতসন্তানের জন্মলগ্নের ষষ্ঠস্থানে চন্দ্র, সপ্তমে মঙ্গল ও দশমে শনি থাকিলে, রবি শুভগ্রহযুক্ত বা শুভগ্রহকর্তৃক দৃষ্ট না হলে এবং তিনটি পাপগ্রহ গোচরীভূত হলে পিতার মৃত্যুর কারণ হয়। ইহাই পিতৃরিষ্টি। ~লোক [৬তৎ] বি, যে লোকে পিতৃগণ বাস করেন। ২ পিতৃপুরুষ ; পূর্বপুরুষ। ~শুশ্রূষা [৬তৎ] বি, পিতৃসেবা। ~শোক-বি, পিতার মৃত্যুজনিত শোক ; পিতৃবিয়োগদুঃখ। ~শ্রাদ্ধ [৬তৎ] বি, মৃত পিতার উদ্দেশে দান তর্পণাদি। ~ষসা [পিতৃ (পিতার) স্বসৃ (ভগিনী)=পিতৃস্বসৃ ১মা, ১ব॰। ৬তৎ] বি, পিতার ভগিনী ; পিসী [> ~ষসেয়, ~ষস্রেয়, ~স্বসেয় ~স্বস্রেয় [পিতৃ-স্বসৃ-স্বসা + এয় (অপত্যার্থে)] বিণ, পিতার ভগিনীর পুত্র ; পিসতুতো ভাই। ~ষসেয়া, ~ষস্রেয়া, ~স্বসেয়া, ~স্বস্রেয়া [পিতৃষসের দ্রঃ] বি, পিসীর কন্যা ; পিসতুতো ভগিনী। ~ষ্বস্রীয় [পিতৃ-স্বসৃ-ঈয় (অপত্যার্থে)] বি, পিতৃষসা বা পিতার ভগিনীর পুত্র ; পিসতুতো ভাই। > স্ত্রীং ~া-বি, পিসীর কন্যা ; পিসতুতো ভগিনী]। ~সন্নিভ, ~সম -বিণ, পিতার তুল্য ; পিতৃবৎ। "পিতৃসম মানি তোমা।"-মেঘ॰। ~সম্বন্ধীয়, পিতৃসম্পর্কীয় [পিতৃ (পিতার) সম্পর্ক, সম্বন্ধ+ঈয়] বিণ, পিতৃসংক্রান্ত। ২ বি, পিতৃপক্ষীয় জ্ঞাতি। > স্ত্রীং ~সম্বন্ধীয়া, ~সম্পর্কীয়া। ~সেবা [৬তৎ] বি, পিতার প্রীতি ও আরাম বিধানের জন্য সন্তানের কর্তব্য ; পিতৃশুশ্রূষা ; পিতার আদেশ পালন বা আজ্ঞানুবর্তিতা। "পিতৃসেবার ন্যায় সত্য দান মান ও ভূরিদক্ষিণ যজ্ঞও পরলোকে হিতকর হয় না।"-রামায়ণ-তত্ত্ব। ~স্থান-বি, শ্মশান। ২ পিতৃলোক। ৩ পিতৃতুল্য ব্যক্তি। ~স্থানীয় [পিতৃ (পিতার)+স্থান+ঈয়] বিণ, পিতৃতুল্য ; পিতার স্থলাভিষিক্ত ; পিতৃবৎমান্য। ~স্বসা -পিতৃষসা দ্রঃ। ~হন্তা [পিতৃ (পিতার) হন্তা (ঘাতক)=পিতৃহন্তৃ ১মা, ১ব॰] পিতৃঘাতী ; পিতৃহত্যাকারী। > স্ত্রীং ~হন্ত্রী। ~হা [মৃং পিতৃহন্ ১মা, ১ব॰] বিণ, পিতৃঘাতী ; পিতৃহন্তা। ~হূ [মৃং পরিঃ] বি, দক্ষিণ কর্ণ।

পিতে₁ [পি, পিআ দ্রঃ। তুল-পিবইতে (চণ্ডি॰)] অস-ক্রি, পান করিতে। "নয়ন চকোর মোর পিতে করে উতরোল নিমিখে, নিমিখ নাহি হয়।"-চণ্ডি॰।

পিতে₂ [সম্বোধনে। পিতা দ্রঃ। গ্রা॰ সঙ্গীতে] অ, পিতাকে সম্বোধন।

পিত্ত [সং। গ্রা॰ পিত্তি। প্রা॰ বাং প্রাকৃ॰ পীত (দ্রঃ)] বি, শরীরস্থিত ধাতুবিঃ ; ইহা অতি তিক্তাস্বাদ উষ্ণ, দ্রব, নীলাভ পীতবর্ণ অথবা নীল-বর্ণ the gall. "চিত্ত ছাড়িয়া পিত্ত অবধি জ্বলিয়া উঠিল।" [দ্রঃ-"that which metamorphoses the chyle, to a protoplastic substance like sperm in men, & the ovum in women. The Pittam of the ayurveda corresponds to metabolism of western physiology. The circulation of blood is connected with the Pittam." "The term Pittam, by its etymology, signifies the agent of metabolism wrongly applied to bile. Pittam in sanskrit means both bile & metabolism of tissues as the bodily heat which is the product of the latter.—Sushruta. Vol. I. (K. L. Bhishagratna)] ~কোষ-বি, পিত্তথলী ; শরীরের পিত্তসঞ্চয় স্থান ; পিত্তাশয় the gall-bladder. ~ঘ্ন [পিত্ত-হন্ (নষ্ট করা)+অ (র্তৃ), যে পিত্তনাশ করে] বিণ, পিত্তবৃদ্ধিজনিত রোগনাশক ; পিত্তপ্রশমক। ২ বি, ঘৃত। স্ত্রীং ~ঘ্নী-গুড়ূচী। ~জ্বর [পিত্তনিমিত্তক যে জ্বর, ধা] বি, পিত্তের প্রকোপজনিত জ্বর ; পৈত্তিক জ্বর। পি॰ জ্বলিয়া যাওয়া-ক্রোধ উপস্থিত হওয়া ; পিত্ত কুপিত হইলে ক্রোধের মাত্রা বাড়িয়া যাওয়া। ২ ঘৃণা হওয়া। ~নাশক [পিত্তের নাশক, ৬তৎ] বিণ, পিত্তপ্রশমনকারী ; পিত্তঘ্ন। ~পাথরী-বি, প্রস্তর কণা (gravel-stone) আকারে পরিণত পিত্তকোষ (gall-bladder) অথবা পিত্তবাহা নালী (billiary ducts) মধ্যস্থ পিত্তরস gall-stone. ~বিকার [পিত্তের বিকার, ৬তৎ] বি, পিত্ত দূষিত হওয়ার অবস্থা ; পিত্তের দোষ।

পিত্তয়, পিত্যয়, পেত্যয়-প্রত্যয় দ্রঃ।

পিত্তরক্ত-বি, রক্তপিত্তরোগ plethora.

পিত্তল [সং] বি, তাম্র-সীস-মিশ্র ধাতুবিঃ ; পিতল (দ্রঃ)। ২ [পিত্ত+ল (যুক্তার্থে)] বিণ, পিত্তযুক্ত। ~কারক-বিণ, ঈর্ষাবশে কাহারও নিন্দা বা অভিযোগকারী।

পিত্তাতিসার [পিত্ত+অতিসার] বি, পিত্তের প্রকোপজনিত উদরাময় রোগ। রক্তপিত্তাতিসার - রক্তপিত্তজনিত অতিসার রোগ।

পিত্তাবধি [সং-প্রত্যহ > দ্রং পেত্যহ > পিত্য = পিত্ত+অবধি > গ্রা॰ দ্রং] ক্রি-বিণ, প্রত্যহ ; অদ্যাবধি। "পুড়ে মরে পি॰ সে ছুটার সনে"-মাণিক॰।

পিত্তারি [পিত্ত+অরি, ৬তৎ] বি, পিত্তঘ্ন ঔষধ। ২ ক্ষেতপাপড়া। ৩ বিণ, পিত্তনাশক।

পিত্তাশয় [পিত্ত+আশয়, ৬তৎ] বি, পিত্তকোষ small intestine.

পিত্তাশা, পিত্তেশা, পিত্তেশ, পেত্তাশা-প্রত্যাশা দ্রঃ।

পিত্তি [সং-পিত্ত > গ্রা॰। হিং পিৎ] বি, পিত্ত। ঘৃণা, বিরক্তি, অরুচি, ক্রোধ, ঘর্ম, মূর্চ্ছা, জ্বালা, অকারণ বাক্য কথন, পিপাসা অথচ জলে অরুচি, মুখে দুর্গন্ধ (পিত্ত-লক্ষণ)। ২ [ঘৃণা বা হায়া শব্দের সহচর। গ্রা॰ "ঘেন্নাপিত্তি"] অরুচি ; বিরাগ ; বিরক্তি। "তার নাই স্পর্শবোধ ঘৃণা পিত্তি হর্ষ ক্রোধ শূয়রের চেয়ে চর্ম স্থূল অতিশয়।" -চন্দন। ~চটা-পিত্ত বিকারগ্রস্ত হওয়া ; ক্রুদ্ধ হওয়া। পি॰ চোঁয়া-ক্রি, আহারে বিলম্ব হওয়ায় পিত্ত পিত্তাশয় হ'তে

বাহির হইয়া আমাশয়ে গিয়া জীর্ণ হ'তে থাকা। ~চোঁয়া-বিণ, পিত্তাশয় দগ্ধ করার মত ; অত্যন্ত ক্রোধোদ্রেককারী। প্র-পিত্তি চোয়া কথা। পিত্তি জ্বলে যাওয়া-অত্যন্ত বিরক্তি ও ক্রোধের উদ্রেক হওয়া। ~নাশ-বি, পিত্তের প্রশমন। পিং পড়া-ক্রি, সময়ে আহার না পাইয়া পিত্তাশয় হতে পিত্তের আমাশয়ে আসিয়া পতন এবং তজ্জনিত ক্ষুধা নষ্ট হওয়া। ~রক্ষা-পিত্তকে পিত্তাশয়ে রক্ষা করিবার জন্য সময়ে যৎকিঞ্চিৎ আহার। ২ যৎসামান্য আহার। ৩ [লক্ষ°] যৎকিঞ্চিৎ দ্বারা কোন মতে নিয়ম রক্ষা মাত্র। আমপিত্তি-অম্লপিত্ত শব্দের গ্রা° ব্যবহার। ২ আমাশয়ের আম ও পিত্তাশয়ের পিত্ত। আমপিত্তি বার করা-প্রহারের দ্বারা সমস্ত রস বা শক্তি বাহির করিয়া দেওয়া ; অত্যন্ত প্রহার করা। ঘেন্নাপিত্তি-ঘৃণা ও অরুচি। প্রায় একার্থক সহচর শব্দ। লজ্জা ও বিরাগ। হায়াপিত্তি-একার্থক সহচর শব্দ। তুল-লজ্জাসরম।

পিত্ত্যেস-প্রত্যাশা দ্রঃ।

পিত্রালয় [পিতৃ+আলয়] বি, পিতৃগৃহ ; বাপের বাড়ী।

পিত্র্য [পিতৃ+য (সম্বন্ধার্থে)] বিণ, পিতৃসম্বন্ধীয় ; পৈতৃক। ২ পিতা বা পিতৃপুরুষ হতে আগত। ৩ [স্মৃ°] বি, পিতৃতীর্থ ; অঙ্গুষ্ঠ এবং তর্জ্জনী অঙ্গুলিদ্বয়ের মধ্যস্থল ; পিতৃতীর্থ দ্রঃ। ৪ মধু। ৫ জ্যেষ্ঠ পিতৃব্য।

পিথিবি, পিথিমি, পিরথিবি, -মি-পৃথিবী দ্রঃ।

পিদিপ,-ম-প্রদীপ দ্রঃ।

পিধান [অপি-ধা (ধারণে) + অন (ভা°)। "অপিধান-পিধানাচ্ছাদনানি চ"-অমর°] বি, অপিধান ; আবরণ ; আচ্ছাদন। ২ খড়্গকোষ ; খাপ। "ঝনঝনিল অসি পিধানে।"-মেঘ°। ৩ ঢাকনি। ~কঁ(নঁ-) [পিধান-ক (জ্ঞা°)] বি, খাপ ; খড়্গকোষ। ২ [রসা° পরি:] কিঞ্চিদুন্নতমস্তক মুচির ঢাক্‌নি lid of crucible with raised head.

পিন [ইং pin এর লিপ্যন্তর] বি, কাগজ বিঁধিবার ধাতু-নির্ম্মিত সরু ছোট কাঁটা ; আলপিন। প্র-পিন দিয়া আঁটা। ২ কাঠাদি ছিদ্রে পরাইবার কাঠের সরু কাঁটা ; খিল। প্র-পিন মারা। ৩ খিলান করা গহনার খিল আটকাইবার বা জুড়িবার সোনা রূপার কাঁটা, নারীদিগের স্বর্ণময় করভূষণবিঃ। প্র-পিনখাড়ু।

পিনদ্ধ [অপি-নহ্ (বন্ধন করা) + ত (র্ম্ম), যা বন্ধন করা হইয়াছে। অপির অ লোপ] বিণ, বদ্ধ। ২ যা পরিধান করা হইয়াছে ; পিহিত ; পরিহিত।

পিনহ্‌ [সং-পিন্ধন > হিং পিহ্ন (পিন্‌হানা) > ব্রজ°] ক্রি, ম° পু° অনুজ্ঞা, পরিধান কর। "পিং ঝটিত কুসুমহার পিং নীল আঙিয়া।"-রবী°। ২ বন্ধন কর।

পিনাক [পা (রক্ষা করা) + আক (সংজ্ঞা°), পা=পিন্ আগম, যদ্দারা জগৎ রক্ষা করা হয়] বি, শিবের ধনুঃ। "মহাঘোর আভা পিনাকে ত্রিশূলে।"-অ° ম°। ২ শিবের বাদ্যযন্ত্র। কোদণ্ডাকৃতি বাদ্যযন্ত্র ইহা মহাদেব যুদ্ধকালে ধনু এবং আনন্দ সময়ে বাদ্যযন্ত্ররূপে ব্যবহার করিতেন। "বীণ রবাব মুরজ পিনাক, বিবিধ যন্ত্র লেই করায় বিলাস।"-জ্ঞান°। ৩ ত্রিশূল। ৪ [অপ্রসিদ্ধ] ধূলিবৃষ্টি। ~পাণি [পিং পাণিতে যার, বহু°] বি, শিব।

পিনাকিনী-বি, সপ্ততন্ত্রী : সপ্তস্বরা যন্ত্র। "রামা দেয় জয়ধ্বনি সপ্তস্বরা পিং বাজে নানা মঙ্গলবাজন।"-কবিক°।

পিনাকী [পিনাক + ইন্ (স্ত্য°)= পিনাকিন্ ১মা, ১ব°] বি, শিব। ২ একপ্রকার প্রাচীন ততযন্ত্র যার তারে আঘাত করিলে বাদিত হইত।

পিনাফোর [ইং pinafore এর লিপ্যন্তর] বি, শিশুর বহির্ব্বাস ; শিশুর গলা হতে বুক ও পিঠের উপর যে বস্ত্রাবরণ থাকে।

পি(পী)নালকোড, পেন্যাল-কোড [ইং penal code এর লিপ্যন্তর] বি, দণ্ডবিধি।

পিনাস১, পিনেস [সং-পীনস (দ্রঃ)] বি, নাসিকার রোগবিঃ ; নাসিকাক্ষত atrophic rhinitis.

পিনাস২ পিনাক (দ্রঃ) >?] বি, বাদ্যযন্ত্রবিঃ।

পিনেস তুল-ইং pinnace. সাম-পান দ্রঃ] বি, বড় ডাউলিয়া পোতবিঃ। "পিনেসের জোরে বোট কাত হতে লাগিল।"

পিন্ধন [পিন্ধা দ্রঃ] বি, পরিধান। ২ বিণ, পরিহিত ; পিনদ্ধ। "দুঃশাসন হরিলেক পিং বসন" -মহা° (কাশী°)। **পিন্ধা** [সং পিনদ্ধ নহ্ (বন্ধনে) >। পিন্ধি, পিন্ধ (পদ্যে-পিনহ), পিন্ধে (প্রাদে° পেন্ধে-দ্বিজ রসিক): পিন্ধিতে ; পিন্ধিয়া (প্রা° বাং-পিন্ধিআঁ)] ক্রি, পিন্ধন বা পরিধান করা। "দেবযানীর বস্ত্র পিন্ধে হইয়া বিস্মৃতি।"-মহা° (কাশী°)। পিন্ধিলোঁ-পরিধান করিলাম। পিন্ধিবোঁ-পরিধান করিব। "রতন মুদড়ী পিন্ধ হাথে"-শ্রী° কী°। "পিন্ধিবো পত্রের নূপুর"-ঐ। পিজন্ত-পিন্ধান। পিন্ধাওল [ব্রজ°] পরিধান করাইল। "অঙ্গুরী বলয়া ভেল কামে পিন্ধাওল দারুণ তুয়া নব লেহা।"-বি° প°।

পি(পিঁ)পড়া, [সং-পিপীলী] বি, পিপীলিকা। [আম-, কাঠ-, খুদে-, -চচা, ডাইয়া, তেলী ইং নামভেদে পিপড়া কয়েক প্রকার দেখা যায়]।

পিপ্‌লী [হিং পিপল] বি, অশ্বত্থ বৃক্ষ (শ্রী° কী°)।

পিপা [পর্ত্তু° pipa র লিপ্যন্তর] বি, নল ; কাটের মৃদঙ্গাকৃতি বড় চোঙ্গা বা খোল।

পিপা/সা [পা (পান করা) + সন্ (ইচ্ছার্থে) + অ (ভা°) + আ (স্ত্রীং)] বি, পানেচ্ছা ; তৃষ্ণা। ২ আশা ; আকাঙ্ক্ষা। বিণ, ~সাকুল [পিপাসা (দ্বারা) + আকুল, ৩তৎ] বিণ, তৃষ্ণায় ব্যাকুল। > স্ত্রীং ~া। সার্ত্ত [পিপাসা (দ্বারা) আর্ত্ত, ৩তৎ] বিণ, তৃষ্ণায় কাতর। > স্ত্রীং ~সার্ত্তা। ~সিত [পিপাসা + ইত (যুক্তার্থে)] বিণ, তৃষ্ণার্ত্ত পানেচ্ছু। > স্ত্রীং ~া। ~সী-বিণ, তৃষিত। > স্ত্রীং ~সিনী-তৃষ্ণার্ত্তা। ~সু [পা (পান করা) + স (ইচ্ছার্থে-সন্) দ্বিত্ব=পিপাস + উ (র্ত্তৃ)] বিণ, পান করিতে ইচ্ছুক ; পানেচ্ছু ; তৃষ্ণার্ত্ত ; সতৃষ্ণ। ২ লোলুপ ; লাভেচ্ছু।

পিপীড়া, পিপড়ে [সং-পিপীলক > প্রাকৃ° পিপীড়অ > পিপীড়া। গ্রা° পিপড়ে > প্রাদে° উচ্চারণে পিঁপড়ে] বি, পিপীলিকা।

পিপীতক [অপি-পীত+ক (জ্ঞা°)] বি, জনৈক ব্রাহ্মণের নাম। স্ত্রীং ~কী-বৈশাখ মাসীয় শুক্ল দ্বাদশী তিথিকৃত্য ব্রত।

পিপীল [সং] বি, পিপীলিকা।

পিপীলিকা [সং। 'পিপীল' ও°] বি, পিপড়া [৬ প্রকার-স্থূলশীর্ষ, সংবাহিকা, ব্রাহ্মলিকা, কপিলিকা, চিত্রবর্ণা (বিষাক্ত দংশন)]।

পি-পু ফি-শু ["পিঠ পুড়ে ফিরে শু (=শো)" > ক্ষে°। দুই কুঁড়ে শুইয়া আছে এমন সময় ঘরে আগুন লাগে। প্রথম কুঁড়ের পিঠ পুড়িতে থাকিলে দ্বিতীয় কুঁড়েকে সংক্ষেপে জানাইল "পি পু"। অন্যও সেই-রূপই কুঁড়ে। সে বলিল "ফি শু" অর্থাৎ পাশ ফিরিয়া শোও। লক্ষ°] বি, অলসের বেহদ্দ; কুঁড়ের বাদশা।

পিপুল [সং-পিপ্পলিমূল। হিং পীপরা মূল] বি, প্রসিদ্ধ ফলবৃক্ষ ও ফলবিঃ।

পিপ্পল [সং] বি, অশ্বত্থ বৃক্ষ।

পিপ্পলাদ-বি, মহর্ষি দেবদর্শের শিষ্য জনৈক ঋষি। ইনি অথর্ব্বদেবের এক শাখা প্রস্তুত করেন। ঐ শাখার নাম পিপ্পলাদি শাখা (এই অর্থে ক্ষে° পিপ্পলাদ)।

পিপ্পলি,-লী [সং] বি, পিঁপুলগাছ long pepper. পিপ্পলী, গজপিপ্পলী, বন-পিপ্পলী, সিংহপিপ্পলী। ই° ভেদে পিঁপুল বহুবিধ।

পিপ্রু [সং] বি, অড়ুর।

পিবইতে [ব্রজ°। পিতে দ্রঃ] অস-ক্রি, পান করিতে। "তছু মধু মানস মাতল মধুকর পিবইতে করু অনুবন্ধে"-গোবিন্দ°। "রসবতী মালতী পুনঃ পুনঃ দেখি। পিবইতে চাহে মধু জীউ উপেখি।"-বি° প°।

পিবি [ব্রজ°] অস-ক্রি, পান করিতে; পান করিবার জন্য। ~পিবি-পান করিতে করিতে; ক্রমাগত পান করিয়া। "দুহুঁ দুহুঁ অধর সুধারস পিবিপিবি দুহুঁ ফিরে উনমত ভেলি"-জ্ঞান°।

পিয়ঁ [সং-প্রিয় >। পিয়া দ্রঃ] বিণ, অনুরক্ত; প্রিয়; বাঞ্ছিত। ২ ভালবাসার পাত্র; বল্লভ। স্ত্রীং ~পী।

পিয়ন [ইং peon এর লিপ্যন্তর] বি, পেয়াদা। ২ ডাকহরকরা; পত্রবাহক।

পিয়ল [পিউলী দ্রঃ] বিণ, পীতাভ; পীত। "পিয়ল বরণ বসনখানিতে মুখানি আমার মুছে।"-চণ্ডি° (সা° প° প° ১৩২৩, পৃ ৩৮)। [দ্রঃ-পাঠান্তরে "পিঙল" (দ্রঃ)]।

পিয়লি-পিউলী দ্রঃ।

পিয়া, [সং-প্রিয় > পিঅ > পিয়া (হিন্দী অন্ত্য আকারের উচ্চারণানুরূপ)] বি, প্রিয়; বল্লভ; পতি; ভালবাসার পাত্র। "আমার পিয়ার কথা কি কহিব সই"-চণ্ডি°। "আওব করি মোর পিয়া চলি গেলা।"-বি° প°। ২ প্রণয়ী; বঁধু। ৩ বাঞ্ছিত। ৪ অনুরক্ত। স্ত্রীং পিয়ারী। পিয়ার্ক-প্রিয়র; পতির।

পিয়া₂ [পি, পিআ দ্রঃ] অস-ক্রি, পান করিয়া। "পিয়া বিদ্যানাম-সুধা সুন্দরের গেল ক্ষুধা।"-ভারত°।

পিয়াজ, পিঁয়াজ [ফা° পিয়াজ্] বি, তীব্রগন্ধ কন্দবিঃ; পলাণ্ডু onion. ~কলি-পিয়াজের দীর্ঘ নলাকার বৃন্তসহ পুষ্পমঞ্জরী। পিয়াজের রস-পিয়াজ ছেঁচিয়া বা বাটিয়া তা হতে নিষ্কাশিত রস। পিয়াজের বড়া-পিয়াজ মিশ্রিত ডালের ভাজা বড়া।

পি(পিঁ)য়াজী [পিয়াজ+ঈ (বর্ণবিশিষ্ট অর্থে)] বিণ, পিয়াজবর্ণ।

পিয়াদা [ফা° পিয়াদাহ্। তুল-সং-পদাতি। গ্রা° উচ্চারণে, পেয়াদা, প্যায়দা। হিং পয়দল] বি, পদাতি a foot soldier. ২ নিম্নশ্রেণীর রাজানুচর; সংবাদবাহক; দূত; চাপরাসী। ৩ পত্রবাহক; ডাকহরকরা peon.

পিয়ানি [পিআ (দ্রঃ) র ণিজন্তরূপ। পিয়াই, পিয়াও, পিয়ায়; পিয়াইতে; পিয়াইয়া (গ্রা° পিইয়ে)] ক্রি, পান করান।

পিয়ানো, পিয়োনো [ইং piano র লিপ্যন্তর] বি, য়ুরোপীয় বৃহৎ বাদ্যযন্ত্র-বিঃ; অর্গ্যান organ. "পিয়োনো বাজাতে পারি ইংরেজী প্রথায়"-হেম°।

পিয়ার, পিয়ারা, [প্রিয় >] বিণ, প্রিয়; বাঞ্ছিত; প্রণয়ী। ২ বি, প্রিয়পাত্র; ভালবাসার পাত্র। ৩ প্রীতি; প্রেম; আদর। স্ত্রীং পিয়ারী, প্যারী [গ্রা° পেয়ারী] দ্রঃ।

পিয়ারা₂ [গ্রা° পেয়ারা, প্যায়রা। পর্তু° পেরা psydium pyriferlem. অর্ব্বা-চীন সং-পারাবত, পারেবত ফল, পরুষফল ficus carica. দ° ভারতে 'ফেরুফল, পেরুক, উ° ভারতে সাধাঃ অমরুদ,-ত, সং-অমৃতফল, অমৃত ও° (আমেরিকার ফল বলিয়া) > হি° অমৎ, আমরুদ। বিতঃ অযোধ্যার-সফরী আম (ভ্রমণকারী আম, বৈদেশিক ফল বলিয়া)] বি, আমেরিকার স্বনাম প্রসিদ্ধ উদ্যান-তরু ও তার ফলবিঃ; পেয়ারা guava.

পিয়ারি, পেয়ারী [সং-প্রিয়া+রী (হি°)। হি° পিয়ার(ভালবাসা)+আ(পাত্র)= পিয়ারা=পিয়ারিয়া স্ত্রীং পিয়ারী। রাধাকৃষ্ণের আদর্শ ভালবাসার পাত্রী ছিলেন তাই রাধা "পিয়ারী" বা "প্যারী"] বিণ, প্রিয়া; প্রেমিকা। ২ বাঞ্ছিতা। ৩ বি, ভাল-বাসার পাত্রী; প্রণয়িনী। ৪ প্যারী; শ্রীরাধিকা।

পিয়াল [সং-পিয়াল, প্রিয়াল] বি, রাজাদন নামক বৃক্ষ bucanania latifolia. "মেখে পিয়াল ফুলের রেণু"-রবী°। ২ পিয়াল ফল। ~-বীজ-পিয়াল ফলের বীজ; চিরৌঞ্জী (দ্রঃ)। ৩ পোয়াল; খড়; ঘরছাইবার জন্য ব্যবহৃত লম্বা ঘাসবিঃ।

পিয়ালা, পেয়ালা [ফা° পিয়ালাঃ] বি, পানপাত্র cup. "লালসা-বাড়ানো চুনির পিয়ালা"-অবসর। ক্ষুদ্রার্থে- পিয়ালি।

পিয়াস, পিয়াসা [সং-পিপাসা >] বি, তৃষ্ণা; পিপাসা; পানেচ্ছা। "পিয়াস লাগিয়া জলদ সেবিনু বজর পড়িয়া গেল"-চণ্ডি°। "সুধাসিন্ধু ত্যজি কারে পিয়াস।"-বি° প°। "সুখের তিয়াসা রূপের পিয়াসা"-অশোক°। ২ [লক্ষ°] লালসা; তীব্র বাসনা। ৩ আকাঙ্ক্ষা; প্রয়াস; প্রত্যাশা।

পিয়াসাল [সং-পীতসালক >] বি,

বক্ত ক্রমবি: pterocarpus marsupium. ২ জীবক।

পিয়াসী [পিয়াস (দ্রঃ)+ঈ (যুক্তার্থে)] বিণ, পিপাসাযুক্ত : পিপাসিত ; তৃষ্ণার্ত। ২ [লক্ষ°। বা, প্রয়াসী অথবা প্রত্যাশী >] অভিলাষী; লোলুপ।"ওগো প্রাণে মনে আমি যে তাহার পরশ পাবার পি°"–রবী°। "মন যখন সঙ্গিনী পি° ছিল"–প্রবাসী, ১৩৩৩।

পিয়াসু [সং–পিপাসু >] বিণ, পিপাসু ; তৃষ্ণার্ত। ২ আকাঙ্ক্ষাকারী ; অভিলাষী ; প্রত্যাশী। "কি সুখে সংসারে আছ রে সুখপিয়াসু মন। –বাং-গান (কা° প্র° ঘোষ)।

পিয়ে [পিআ দ্রঃ] ক্রি, পান করে। "না খায় আহার না পিয়ে নীর।"–চণ্ডি°।

পির [গ্রা° বাং। বরিশাল প্রাদে°] বি, কান্দী। "থাডো থাডো নাইরকোল গাছটী পির ছাইয়া ফলে।"–গ্রা° সূর্য্যের গান।

পিরভু–প্রভু দ্রঃ।

পিরাণ, পীরাণ, পিরান, পিরাহাণ [ফা°–পৈরাহান > বাং-য়–পহিরণ (অ° ম°), চ° পিরান] বি, কামিজ, ঢিলা জামা। "একমাত্র পীরাণটি খুলি দিব তারে পরায়ে যতনে"–অশোক°।

পিরামিড্ [ইং pyramid এর লিপ্যন্তর] বি, ইষ্টক বা পাষাণ-স্তূপের ত্রিকোণাকার মন্দির। প্র–মিশরের পিরামিডসমূহ জগতের সপ্ত আশ্চর্য্যবস্তুর অন্যতম। "এক এক করি ইষ্টক সকল খসায়ে দেখনা পি° কই?"–নন্দন। ২ [ঘনজ্যা° পরিঃ] শিখরী pyramid.

পিরালি, পিরালী, পীরালী [ফা° পীর + আ° আলী। গ্রা° পিরিলি] বি, যশোহরের মুসলমান রাজা পীরআলীর অন্নস্পর্শজনিত, মতান্তরে অন্নের আঘ্রাণ জন্য দোষাশ্রিত ব্রাহ্মণ-শ্রেণীবিঃ ; °পিরালী ব্রাহ্মণ। "হরেন্দ্র নরেন্দ্র গোষ্ঠী ঠাকুর পিরালি,"–হেম°। [দ্রঃ–"হিবার সাহেব ঠাকুর গোষ্ঠীদের মধ্যে দ্বারকানাথ ঠাকুরের খুড়া হরিমোহন ঠাকুর ও তাহার পুত্র উমানন্দের উল্লেখ করিয়াছেন। * * তাঁহার পূর্ব্বপুরুষদের অন্দরে কোন এক মুসলমান বিজেতা অন্যায় করিয়া ঢুকিয়াছিল বলিয়া তাঁহারা পীরালী হইয়াছিলেন। পীরালী ব্রাহ্মণের পৈতা সেই হইতে নাই। লালমোহন বিদ্যানিধি সম্বন্ধনির্ণয়ে পীরালীদের 'ঠাকুর'ও পৈতার ব্যবস্থা ঘটকদের অনুগ্রহেই হইয়াছিল লিখিত আছে * * * জয়ানন্দের চৈতন্য মঙ্গলে * * আছে–'পিরউল্যা গ্রামেতে বৈসে যতেক যবন। উচ্ছন্ন করিল নবদ্বীপের ব্রাহ্মণ।' ৺দ্বারিকানাথ ঠাকুরের জীবনী লেখক কিশোরীচাঁদ মিত্র ইঁহাদের পূর্ব্বপুরুষ জগন্নাথ ইসবপুরের শূদ্ররাজা শুদ্ধরামের কন্যাকে বিবাহ করিয়াছেলেন বলিয়া 'পীরালী' হইয়াছিলেন বলিয়াছেন। * * * খুলনা জেলায় বাগেরহাট পরগণায় খাঁজাহান আলীর একজন ব্রাহ্মণ শিষ্য মহম্মদ তাহির নাম গ্রহণ করিয়া 'পীরালী' নামক এক নূতন ধর্ম্ম প্রচার করিয়াছিলেন। উহা তাঁহার স্মৃতিস্তম্ভে লেখা আছে। যাহারা ঐ ধর্ম্ম গ্রহণ করিয়াছিল তাহারাই 'পীরালী' হইয়াছিল। এই জন্য ব্রাহ্মণাদি সকল জাতির ভিতর 'পীরালী' ছিল। উহা ক্রমে ক্রমে লোপ পাইতেছে শোনা যায়। * * কোন পীরালী [Foot-note–* * Hara Krishna Raya, a Peer-Ali Brahman, expended more than a lac of rupees in the marriage of his eldest-son, entertaining the Nawab, & most of the Rajas of Bengal—'Ward's Hindu mythology, Vol III, Page 178] এক বড় মানুষ রাজা রাজকৃষ্ণকে নিজের বাড়ীতে আনিবার জন্য অনেক টাকা দিতে চাহিয়াছিলেন কিন্তু কৃতকার্য্য হইতে পারেন নাই।"–কলিকাতার কথা, মধ্যকাণ্ড (মল্লিক°)]।

পিরিচ, –জ [পর্ত্তু° pires >] বি, চিটকা রেকাবি saucer. "চা' প্রস্তুত করিয়া পেয়ালা পিরিচগুলি ধুইয়া" –বার্ষিক বসুমতী, ১৩৩৪। ২ বাটা বসাইবার পাত্রবিঃ ; গভীর রেকাবী।

পিরিত, পিরীত [সং–প্রীতি > "পীরিতি" ; গ্রা° পিরিত। গ্রা°বাং–পীরিত] বি, প্রীতি ; প্রেম ; অনুরাগ। ২ অনুরোধ ; ভালবাসার খাতির। "ব্রহ্মার বচন রাখ আমারূপিরিত। আজ্ঞা কর মুনিগণ যে হয় উচিত।"–মহা° (কাশী°)। ৩ [লঘুভাবে ও সংকীর্ণার্থে] বন্ধুত্ব ; প্রণয় ; সদ্ভাব। "কৃষ্ণ নহে কেহ সঙ্গে করেন পিরীত।"–চৈ° ভা°। ৪ স্বস্তি ; শান্তি ; সোয়াস্তি। "অহর্নিশি তিল এক না পায় পীরিত॥"–ভাগবত (মাধবাচার্য্য)। ৫ [সং–প্রীতি (প্রেম) > গ্রা° "পিরীতি" (প্রণয়) > "পিরীত" (কদর্থে–অবৈধ প্রণয়)] অবৈধ প্রণয় : গুপ্তপ্রণয়। ৬ [প্রীত শব্দের বিকারে] বিণ, প্রীত ; তুষ্ট। ~পি° কঁরা–অবৈধ প্রণয় সংঘটন করা ; পরনারী বা পরপুরুষের সহিত প্রণয় করা। পি° জঁমানি [অশিষ্ট] পিরীত করা দ্রঃ।

পিরীতি, পীরিতি [সং–প্রীতি >] বি, প্রেম ; প্রীতি [এই অর্থে আধু° বাং-য় বিরল]। ২ প্রণয় ; ভালবাসা। "প্রথমে যে প্রীতি ছিল শেষে তাহা না রহিল পিরীতির এ নহে বিধান"–ভারত°। "নলিনি লো এত নয় পিরীতি বিধান"–নব নাটক। ৩ স্নেহ। "কহিছেন প্রজাপতি পিরীতি করিয়া"–অ° ম°।

পিল১, পীল [ফা° পীলহ্=হস্তী। তুল –সং–পীলু=হস্তী] বি, হস্তী। ২ সতরঞ্চ খেলায় গজ। ~খানা–হাতীশাল। ~ড়ি–পীলুড়ী দ্রঃ। ~বান–মাহত ; হস্তিপক। ~পা–হাতীর পা। ২ [পিল্লা > গ্রা° পিলপে। লক্ষ°] স্তম্ভ ; থাম। প্র–এখানে দুটা পিলপা গাঁথা ছিল।

পিল২ [ইং pill এর লিপ্যন্তর] বি, ঔষধের বড়ী।

পিল৩ [পি, পিআ দ্রঃ] ক্রি, পান করিল। "মধ্যখণ্ডে গৌরচন্দ্র রুক্মিণীর বেশে। নাচিলেন স্তন পিল যত সব দাসে॥"–চৈ° ভা°।

পিলড়ি–পীলুড়ি দ্রঃ।

পিলপিল [সং–পিপীলী >] অ, পিপীলীশ্রেণীবৎ ; পিঁপড়ার সার তুল্য একত্র বহু সংখ্যকার্থে। ২ রন্ধ্র পথে তরল পদার্থের বহির্গমনের বেগবোধক। ক্রি-বিণ, পিলপিলাইয়া, পিলপিলিয়ে–পিলপিল করিয়া ; অসংখ্য সারবন্দীভাবে। ২ রন্ধ্র-পথে বেগে নিঃসৃত হইয়া। প্র–পিলপিলিয়ে রক্ত পড়া ; বাহির হওয়া ই°।

পিলপে–পিল১ দ্রঃ।

পিলসুজ-বি, পীলসুজ দ্রঃ।

পিলা, পীলা [গ্রা॰ পিলে, পিলুই। সং-প্লীহা >] বি, প্লীহারোগ।

`পিলু১ [পিল দ্রঃ] বি, হস্তী। ২ [সং-পীল (রোধে, স্তম্ভনে)] কৃমিকীটবিঃ।

`পিলু২, `পিলুক [সং] বি, পীলুগাছ ; আখরোট গাছ।

`পিলু৩ [সঙ্গীত॰ শা॰] বি, স্বনাম-প্রসিদ্ধ রাগিনীবিঃ।

`পিলে১ [প্লীহা >] বি, প্লীহা spleen.

`পিলে২ [বৌ॰ সা॰ পিল্লক। তেলু॰ পিল্লা (শিশু। তুল -মগপিল্লাআড়পিল্লা = ছেলে-মেয়ে) ; হি॰ পিল্লা (কুকুরের বাচ্চা) স্ত্রীং পিল্লী। বাং-য় পুলে, পোলা ও॰] বি, পুত্র ; ছেলে। **ছেলেপিলে,-পুলে,-পেলে** ছেলে দ্রঃ। পূ॰ বঙ্গাদি অঞ্চলে-পোলাপান] বি, ছেলেমেয়ে ; সন্তানাদি children.

পিল্লা [পিলপা দ্রঃ। পিল-পা=হাতীর পা, তদ্বৎ। গ্রা॰ পিল্লে] বি, অনুচ্চ স্তম্ভ বা থাম ; উচ্চ আলি। ~**পি॰ গাঁথা**-সীমা নির্দ্দেশার্থ জমীর প্রান্তে ইষ্টক প্রস্তরাদিদ্বারা অনুচ্চ স্তম্ভ নির্ম্মাণ করা ; ক্ষেত্রের সীমাস্বরূপ ইষ্টকাদিতে উচ্চ আলি নির্ম্মাণ করা।

পিল্ল [সং] বি, বিণ, ক্লিন্ননেত্র (যুক্ত)। স্ত্রীং ~া। ~**কা** [পিল্ল+ক (স্ব্য॰)+আ। পিল্লিকা ও॰] বিণ, ক্লিন্ননেত্র বিশিষ্টা। ২ বি, হস্তিনী।

পিশঙ্গ [সং] বিণ, পিঙ্গল।

পিশাচ [সং। পিশিত (মাংস)+আশ (অশনকারী, ভোজী)=পিশিতাশ > ভ্রং। বাং-য় বর্ণবিপর্য্যয়ে-**পিচাশ**। গ্রা॰ পিচেশ] বি, মাংসাশী দেবযোনিবিঃ; প্রেতযোনিবিঃ ; ভূতবিঃ। "শুবধ করিল করের তালিতে। পিশাচমণ্ডলী নিকটে ধায়।" -ছায়াময়ী (হেম॰)। ২ [লক্ষ॰] নরাধম ; অতিশয় নিষ্ঠুর, অতি কৃপণ, ঘৃণা লজ্জা হীন এবং ঘৃণ্য জীবনযাপনকারী ব্যক্তি। স্ত্রীং **পিশাচী**। "থিয়া তা থিয়া তা থিয়া ভূত নাচে। উলঙ্গী উলঙ্গে পিশাচী পিশাচে॥"-ভারত॰। ~**পদ্ধতি**-পৈশাচিক রীতি নীতি ; অতি কদর্য্য ও হীন আচার ব্যবহার ; বর্ব্বরতা। "নরদেহ ধরি হব রে বর্ব্বর, পিশাচ পদ্ধতি শিখিব যত।"-ছায়াময়ী। **পি॰ প্রকৃতি**-জঘন্য স্বভাব ; অতি নীচস্বভাব। ~**মোচন তীর্থ**-কাশীর প্রসিদ্ধ তীর্থবিঃ। **ব্রহ্ম-পিশাচ**-ব্রহ্মদৈত্য। "বিল্ব বিটপে ব্রহ্ম-পিশাচ, হাসিছে বাজায়ে গালে"-ছায়াময়ী।

পিশিত [সং] বি, মাংস।

পিশিতা/শন [পিশিত (মাংস)+অশন (ভোজ্য) যার, বহু॰] বিণ, মাংসাশী ; আমমাংসভোজী। ২ বি, রাক্ষস। ৩ পিশাচ। ~**শী** [পিশিত (মাংস)+অশ্ (ভোজন করা)+ইন্ (র্তৃ)=পিশিতাশিন্ ১মা, ১ব॰] বিণ, আমমাংসভোজী। ২ বি, রাক্ষস। ৩ পিশাচ।

পিশুন [পিশ্ (চূর্ণ করা, নষ্ট করা)+উন (র্তৃ-জ্ঞা॰), যে পরের সুখ নষ্ট করে] বিণ, হিংস্রক ; খল ; ক্রূর। ২ কঠোর ; নিষ্ঠুর। "যো পুন সহচরি হোয়ে মতিমান্। করয়ে পি॰ বচন অবধান।" -বি॰ প॰। ৩ যে পরস্পরের মধ্যে বিদ্বেষভাব ও ভেদ জন্মায়। ৪ গুপ্তচর। ৫ বায়স।

পিষণ [পেষণ >] বি, পেষণ ; মর্দ্দন ; বাটন।

`পিষা [সং-পিষ্ (পেষণে) >। পিষি, পিষ, পেষ (পিষেন, পেষেন ; পিষিস) ; পিষে, পেষে (পিষেন, পেষেন) ; পিষিতে (ক্ষে॰ পিষ্‌তে) ; পিষিয়া (ক্ষে॰ পিষে)। ণিজন্ত-**পিষাণি, পেষাণ**। পি(পে)ষাই, -ষাও,-ষায় ; পি(পে)ষাইতে ; পি(পে)-ষাইয়া (ক্ষে॰ পিষিয়ে)] ক্রি, পেষণ করা ; শিলাপট্টে রাখিয়া শিলাখণ্ডাদি দ্বারা ঘর্ষণ করা। ২ দলন করা ; মর্দ্দন করা। ৩ চাপ বা ঘন ঘন আঘাত দ্বারা পাত করিয়া ফেলা।

পিষ্ট [পিষ্ (চূর্ণ করা)+ত (র্ম)] বিণ, চূর্ণিত ; কুট্টিত ; মর্দ্দিত। তুল-ইং pressed. ২ পুনঃপুনঃ আঘাতপ্রাপ্ত ; পেটা। ৩ ঘৃষ্ট। ৪ দলিত। ~**ক** [পিষ্ট+ক (জ্ঞা॰) যা চূর্ণ করিয়া, পিটিয়া বা বাটিয়া প্রস্তুত করা হয়] বি, পূপ ; পিঠে। ~**প১**-বি, জগৎ।

পিষ্টপ২ [বিষ্টপ দ্রঃ। ব=প১] বি, ভুবন ; জগৎ। ত্রিপিষ্টপ=ত্রিভুবন; স্বর্গ-মর্ত্ত্য-পাতাল।

পিষ্টা/ত [সং] বি, পিটালি।

পিষ্টিক [পিষ্ট+ক (জ্ঞা॰)] বি, চাল-বাটা ; পিটালি। ২ ['পিষ্টিকা' ও॰। রাসা॰ পরিঃ] রোটিকা paste.

পিষ্টোদক [পিষ্ট (তণ্ডুল চূর্ণ, তন্মিশ্রিত)+উদক (জল)] বি, চালের গুঁড়ী জলে গোলা ; পিটালি গোলা।

পিসতুতা [পিসা (দ্রঃ)+তাত >, পিসতাত, পিসতাতু > পিসতুতা। গ্রা॰ পিসতুতো] বিণ, পিসাত (দ্রঃ) : পিসার ঔরসজাত ও পিসীর গর্ভজ। প্র-পিসতুতা ভাই। এইরূপ মাসতুতা-মাসীর গর্ভজ বা গর্ভজা ; মাসাত।

পিসশ্বশুর [পিসা-শ্বশুর, শ্বশুর-পিসা] বি, পতি বা পত্নীর পিসা।

পিসশ্বাশুড়ী, পিস্‌শাশুড়ী [শ্বাশুড়ী-পিসী, পিসী-শ্বাশুড়ি > ক্ষে॰ পিসশ্বাস, পিসাস, পিসেস, পিসোস] বি, স্বামীর বা স্ত্রীর পিসী। "প্রভাত হ'লে পিস্-শাশুড়ী ঘোমটা মুখে ছেয়ে"-হেম॰।

`পিসা [গ্রা॰ পিসে। সং-পিতৃস্বসৃ > পিসী > বাং-য় পুং পিসা। তুল-ফুফা-ফুফী, মাসা (মেসো)-মাসী] বি, পিতার ভগিনী-পতি। স্ত্রীং পিসী। ~**ত** [পিসাতাত > পিসাআত > পিসাত] বিণ, পিসতুতা (দ্রঃ)। **পিসাত ভগিনী**-পিসীর কন্যা ; পিসতুতা বোন্। **পিসাত ভাই**-পিসতুতা ভাই ; পিসীর পুত্র।

`পিসাস-পিসশ্বাশুড়ী দ্রঃ।

`পিসী [পিতৃস্বসৃ >] বি, পিতার ভগিনী। পুং **পিসা** (দ্রঃ)।

পিসু, পিশু, পিস্‌সু [হি॰ পিস্‌সু] বি, ছারপোকা অপেক্ষা ক্ষুদ্র কীটবিঃ। শীতঃ শৈল প্রদেশে জন্মে ও তিড়িং তিড়িং করিয়া লাফায়। ২ ডাঁশ flea [ব॰শ॰ কোষ]।

`পিসেস, পিসোস-পিসশ্বাশুড়ী দ্রঃ।

পিস্তল [পর্ত্তু॰ pistole এর লিপ্যন্তর। ইতা॰ pistola. ইং pistol] বি, ক্ষুদ্রতম নালিকাস্ত্র ; ক্ষুদ্রতম আগ্নেয়াস্ত্রবিঃ। ~**পি॰ করা,-ছোঁড়া**-পিস্তলে গুলিবারুদ ভরিয়া

তা হতে গুলি নিক্ষেপ করা। পিং মারা-পিস্তলের গুলিদ্বারা আঘাত করা।

পিহিত [অপি-ধা+ত (র্ম্ম)। অপি=পি, ধা=হি] বিণ, আচ্ছাদিত; আবৃত। ২ পিধানে রক্ষিত; কোষগত। ৩ তিরোহিত।

পী১, পীঁ [অনু°] অ, পাখী ই°-র কণ্ঠস্বর। ~পিও, ~পিউ-বি, পাপিয়ার কণ্ঠরব বা ঝঙ্কার।

পী২, পি [সং-পী (পান করা) > হিং পীনা (পান করা)। প্রা° বাং। পি, পিই, পী; পিঅ, পিও, পীঙ: পিএ, পীএ ই°। পিআ (পান করিয়া)। পীল (পান করিল)] ক্রি, পান করা। "কুসুমসমূহ মধু পিআ মধুমত্ত মধুকর নিকরে মধুর ঝঙ্কারে।"-শ্রী° কী°। "মধু পীল হৃষ্ট কাহ্নে"-ঐ।

পীঁজর [পিঞ্জর >। পদ সা°] বি, পিঞ্জর। "নয়নে নয়নে নয়ন পীঁজরে রাখয়ে আপন কাছে।"-চণ্ডি°।

পীঁড়া [সং-পীঠ, প্রা° পিঁড়ে] বি, পীড় দ্রঃ; বসিবার কাষ্ঠপট্ট। "ডানি বামে দুই পীঁড়া অতি মনোহর।"-কবিক°। "দৃঢ় বেগুন আমি যেই দিন রান্ধি। মায়েরে পীঁড়ায় বাড়ি দ্বারে বসে কান্দি।"-ঐ।

পীক [পিক দ্রঃ] বি, ছেপ্, চর্ব্বিত পানের রস।

পীঙ [পিআ দ্রঃ। প্রা° বাং। হিং পীনা ধাতুর উ° পু° রূপ "পীয়ূঁ"-র অনুকরণে। তুল-পাঙ (হিং পাঁউ)=পাই। "লাগালি পাঙ" (১৬শ শতাব্দী, রাধাকৃষ্ণ-রস-কল্পলতা, ব° সা° প°)] ক্রি, পান করি। "পাইলে পীয়া পেট ভরে, পীঙ পীঙ,তবু করে, না পাইলে তৃষ্ণায় মরি যায়।"-চৈ° চ°।

পীচ১,পিচ১ [ইং peach এর লিপ্যন্তর] বি, হরিৎ ও পীত রক্তাভ রোমশ অণ্ডাকার ফল ও ফল তরুবিঃ (হিং আঁড়ু)।

পীচ২,পিচ২ [ইং pitch এর লিপ্যন্তর] বি, আলকাতরা জ্বাল দিয়া গলান। প্র-পিচ ঢালা মেঝে।

পীড়ি [পীড়া দ্রঃ] বি, ক্ষুদ্র পীড়া।

পীঠ১ [সং-পীঠ] বি, বসিবার কাষ্ঠাসন; পীঁড়ি। ২ বেদী। ৩ সতীর মৃতদেহখণ্ড-পতনস্থান; প্রধানতীর্থ স্থান; শাক্তর মঠ। দ্রঃ-দক্ষালয়ে সতী দেহত্যাগ করিলে শিব সতীদেহ স্কন্ধে লইয়া ত্রিভুবন ভ্রমণ করিতে থাকেন। সেই সময় বিষ্ণু চক্রদ্বারা সতীদেহ খণ্ড খণ্ড করিয়া চতুর্দ্দিকে নিক্ষেপ করেন। সেই সকল অংশ পতিত হইয়া ৫১টি মহাপীঠ ও ২৬ উপপীঠ নামে তীর্থে পরিণত হয়। প্রত্যেক পীঠে এক দেবী বা ভৈরবী ও ভৈরবের উদ্ভব হয়; পর পৃষ্ঠায় তার তালিকা প্রদত্ত হইল।

পীঠ২ [সং-পৃষ্ঠ > পিঠ, পীঠ, প্রা° বাং-পিঠী] বি, পৃষ্ঠ; পিঠ দ্রঃ। ২ [পৃষ্ঠ প্রদর্শন > লক্ষ°,পলায়ন] প্রস্থান; চম্পট; পিটান। "চমকি দিল পীঠ"-বি° প°। ~চক্র-গরুর গাড়ী। ~ন্যাস-বি, তন্ত্রোক্ত শ্বাসক্রিয়া সহ মন্ত্রযোগ। ~মর্দ্দ [নাট্যশা°] বি, নায়ক-সহায়বিঃ। কুপিতা-নায়িকা-প্রসাধন ইহাদের কার্য্য। ~সর্পী-বিণ, যে পিঁড়ায় বসিয়া যায়; খোঁড়া। > স্ত্রী° ~সর্পিনী। ~স্থান [পীঠ দ্রঃ] বি, সতী-অঙ্গপতনস্থান। ২ অতি প্রাচীন দেবালয়।

পীঠ৩ [বলবিজ্ঞান পরিঃ] বি, ইং base এর বৈজ্ঞা° পরিঃ।

পীড়কা [সুশ্রুত] বি, সর্ব্বাঙ্গে দুষ্ট-ব্রণাদির উদ্ভব eruptions.

পীড়ন [পীড়্ (ক্লেশ দেওয়া)+অন (ভা°)] বি,অত্যাচার; ক্লেশদান। ২ পেষণ; মর্দ্দন। ৩ উৎসাদন; উচ্ছেদ। ৪ দাতার ক্ষমতাতিরিক্ত বস্তু সংগ্রহকরণ; অত্যধিক আদায়। ৫ [পারিঃ] চাপ; ভার pressure; stress.

পীড়া১ [পীড়্ (ক্লেশ পাওয়া)+অ (ভা°) আ (স্ত্রী°)] বি, ক্লেশ; যন্ত্রণা। ২ পীড়ন। ৩ [নে-অ, যদ্দারা পীড়া জন্মে] রোগ; অসুখ। ~জনক, ~দায়ক-বিণ, ক্লেশকর; রোগোৎপাদক, অসুখকর।

পীড়া২ [পীঁড়া দ্রঃ। সং-পীঠ > পীঠী > পীড়ী (ক্ষুদ্রার্থে ঈ)+আ (বৃহদর্থে > পীড়া)] বি, কাষ্ঠাসন; বসিবার কাষ্ঠপট্ট। "আইলা ভিক্ষা আশে ধর্ম্মকেতুর বাসে নিদয়া দিলেক পীড়াপানী।"-কবিক°। ২ [পিণ্ডা >। প্রাদে° শ্রীহট্ট°] ঘরের ভিতর প্রায়ই কোণে শক্ত মাটি দিয়া প্রস্তুত চতুষ্কোণ তিনটি ঢিবি যার উপর হাঁড়ী চাপাইয়া রন্ধন করিতে হয়। উনুন না খুঁড়িয়া রাঁধিতে হইলেই ইহার প্রয়োজন হয়; ঘরের ভীট।

পীড়াপীড়ি [পীড়ন > পীড়া+আপীড়ন (আধিক্য ও পৌনঃপুনিকতার্থে) >] বি, বারংবার সনির্বন্ধ উপরোধ; নিরন্তর উৎকট অনুরোধ।

পীড়ি [সং-পীঠী >। পীড়া২ দ্রঃ] বি, ক্ষুদ্র কাষ্ঠাসন; পীড়া অপেক্ষা ক্ষুদ্র আসন। "তিন খুরি বিসকর্ম্মা নির্ম্মাইল জে পীড়ি। সোলস আমিনী মেলি এহি চন্দন খুরি॥"-শূ° পু°। ২ [সং-পীঠিকা >] বেদী।

পীড়িত [পীড়া+ইক (যুক্তার্থে) কিম্বা পীড়্ (ক্লেশ পাওয়া)+ত (র্ম্ম)] বিণ, পীড়াগ্রস্ত; রুগ্ন। ২ উৎপীড়িত; উৎসাদিত। ৩ দলিত; মর্দ্দিত; পিষ্ট। ৪ ক্লেশপ্রাপ্ত; ক্লিষ্ট। ৫ ব্যথিত; দুঃখিত।

পীড়িয়া [পীড়া (দ্রঃ)+ইয়া=পীড়াইয়া > পীড়িয়া (ক্ষে°)] ক্রি, পীড়ন করিয়া; ক্লেশ দান করিয়া; ব্যথা দিয়া। "কণ্টকে গড়িল বিধি মৃণাল অধমে। জলে তারে ডুবাইল পীং মরমে॥"-বঙ্কিম°।

পীড্যমান [পীড়্ (ক্লেশ পাওয়া)+আন (র্ম্ম), য্ ম্ আগম] বিণ, যে পীড়িত হইতেছে; ক্লিশ্যমান; তাড্যমান। ২ যার উপর অত্যাচার হইতেছে।

পীত১ [পা (পান করা)+ত (র্ম্ম)। পা= পী] বিণ, যা পান করা হইয়াছে; কৃতপান। ২ [পি, পিআ দ্রঃ] ক্রি, পান করিত। "পূর্ব্বে ভাণ্ডে পীত বারি, এবে ভেল হেমঝারী, বাটী ঘটী সব হেমময়।"-কবিক°।

পীত২ [সং] বি, হরিদ্রাবর্ণ; হলদে রঙ্। ২ বিণ, হরিদ্রাবর্ণবিশিষ্ট; হলুদে। "শ্বেত, রক্ত, নীল, পীত, শুভ্র সারি সারি"-মেঘ°। ~কদলী-চাপা কলা। ~কন্দ-গাজর। ~করবী-বি, হরিদ্রাবর্ণ পুষ্পদ করবী yellow nerium odorum. ~কাষ্ঠ-পীত চন্দন। ~কুষ্মাণ্ড-বিলাতী কুমড়া। ~গন্ধক-হরিদ্রাবর্ণ গন্ধক yellow sulphur ~চম্পক-স্বর্ণচাপা। ২ প্রদীপ। ~তুণ্ড-কারণ্ডব পক্ষী ~তেলা-জ্যোতিষ্মতী

৫১ পীঠ ও ২৬ উপপীঠের তালিকা

কোন কোন উপপীঠ মতান্তরে মহাপীঠ বলিয়া উক্ত হয়। কোন কোন মহাপীঠ মতান্তরে অস্বীকৃত হয়। ফলতঃ এ সম্বন্ধে বিস্তর মতভেদ দৃষ্ট হয়। মঃ—মতান্তরে ; উপ—উপপীঠ।

মহাপীঠ সংখ্যা।	পীঠ।	পীঠস্থান।	অধিষ্ঠাত্রী দেবী বা ভৈরবী।	ভৈরব।
১	ব্রহ্মরন্ধ্র ...	হিঙ্গুলায় (বেলুচিস্থানে) ...	কোট্টরী ...	ভীমলোচন
	কিরীট (উপ) ...	কিরীট (কিরীট কোণায়) (বট নগর গঙ্গাতীরে) ...	ভুবনেশ্বরী (বিমলা) ...	কিরীটী বা সিদ্ধরূপ(মঃ সম্বর্দ্ধ)
	কেশ (উপ)	কেশজালে (বৃন্দাবনে) ...	উমা ...	ভূতেশ
	মুণ্ড (মঃ মহাপীঠের তালিকাভুক্ত)	কালীঘাটে (কাটোয়ার নিকট) ...	জয়দুর্গা ...	অভীরুক
২	মনঃ (মঃ ভ্রূমধ্য) ...	বক্রনাথে ...	পাপহরা (মহিষমর্দ্দিনী) ...	বক্রনাথ
৩	ত্রিনেত্র ...	সকরে (করবীরপুরে) ...	মহিষমর্দ্দিনী ...	ক্রোধীশ
৪	নেত্রাংশ-তারা ...	তারায় ...	তারিণী ...	উন্মত্ত
৫	বামকর্ণ } (মঃ কর্ণদ্বয়)...	করতোয়াতটে (বগুড়া—শেরপুর)...	অপর্ণা } (মঃ জয়-দুর্গা)	বামেশ (মঃ বামন) } (মঃ অভীরুক)
৬	দক্ষিণ কর্ণ }	শ্রীপর্ব্বতে (মঃ কর্ণাটে) ...	সুন্দরী (সুনন্দা) }	সুন্দরানন্দ (মঃ নন্দ) }
	কুণ্ডল (উপ) ...	বারাণসীতে ...	বিশালাক্ষী বা অন্নপূর্ণা ...	কালভৈরব বা বিশ্বেশ্বর
৭	নাসিকা ...	সুগন্ধায় (বরিশাল, শিকারপুর গ্রামে)	সুনন্দা ...	ত্র্যম্বক (মঃ বটুকেশ্বর)
৮	বামগণ্ড ...	গোদাবরীতে ...	বিশ্বমাতৃকা ...	বিশ্বেশ (মঃ দণ্ডপাণি)
	বাম গণ্ডাংশ (উপ) ...	উত্তরায় ...	উত্তরিণী ...	উৎসাদন
৯	দক্ষিণ গণ্ড (উপ) ...	গণ্ডকীতে (নদীতীরে) ...	গণ্ডকী চণ্ডী ...	চক্রপাণি
	দক্ষিণ গণ্ডাংশ ...	নলস্থলে ...	ভ্রমরী ...	বিরূপাক্ষ
১০	উর্দ্ধদন্তপঙ্ক্তি ...	অনলে (মঃ শুচিদেশে) ...	নারায়ণী ...	সংক্রুর (মঃ সংহার)
১১	অধোদন্তপঙ্ক্তি ...	পঞ্চসাগরে ...	বারাহী ...	মহারুদ্র
১২	জিহ্বা ...	জ্বালামুখী (পঞ্জাব জলন্ধরে) ...	অম্বিকা ...	বটুকেশ্বর বা উন্মত্ত
	উচ্ছিষ্ট (উপ) ...	নীলাচলে ...	বিমলা ...	জগন্নাথ
১৩	ওষ্ঠ (মঃ উর্দ্ধ ওষ্ঠ) ...	ভৈরব পর্ব্বতে (অবন্তীদেশে উজ্জয়িনীর নিকট) ...	অবন্তী (মহাদেবী) ...	নম্রকর্ণ (মঃ লম্বকর্ণ)
	ওষ্ঠাংশ (মঃ অধঃ ওষ্ঠ) (উপ)	অট্টহাসে (কলিকাতা হতে ৫৬ ক্রোশ দূরে লাভপুরের নিকট) ...	ফুল্লরা ...	বিশ্বনাথ

মহাপীঠ সংখ্যা।	পীঠ।	পীঠস্থান।	অধিষ্ঠাত্রী দেবী বা ভৈরবী।	ভৈরব।
১৪	অধর (মঃ উদর) …	প্রভাসে (মথুরামণ্ডলে) …	চন্দ্রভাগা …	বক্রতুণ্ড
১৫	চিবুক …	জনস্থানে (মধ্যপ্রদেশে) …	ভ্রামরী …	বিকৃতাক্ষ
১৬	কণ্ঠ …	কাশ্মীরে (অমরনাথে) …	মহামায়া (মঃ ভগবতী) …	ত্রিসন্ধ্য (মঃ ত্রিসন্ধেশ্বর)
	কণ্ঠহার (উপ) …	অযোধ্যায় …	অন্নপূর্ণা …	হরিহর
	হারাংশ (উপ) …	নন্দীপুরে (লুপলাইনে সাঁইথিয়া ষ্টেসনের নিকট) …	নন্দিনী …	নন্দীশ্বর বা নন্দীকেশ্বর
১৭	গ্রীবা …	শ্রীহট্টে …	মহালক্ষ্মী …	সর্ব্বানন্দা
	গ্রীবাংশ (উপ) …	শ্রীশৈলে …	সর্ব্বেশ্বরী …	চর্চ্চিতানন্দ
	শিরানলি (মঃ নলি) (উপ) …	নলহাটীতে …	সাফালিকা (মঃ কালিকা)	যোগীশ
১৮	বামস্কন্ধ …	মিথিলায় (জনকপুর ষ্টেসনের নিকট)	মহাদেবী …	মহোদর
১৯	দক্ষিণ স্কন্ধ …	রত্নাবলীতে …	শিবা বা কুমারী …	শিব বা কুমার
	স্কন্ধাংশ (উপ) …	বৃন্দাবনে …	কুমারী বা কাত্যায়নী …	কুমার
২০	মর্ম্ম …	প্রভাসখণ্ডে …	সিদ্ধেশ্বরী …	সিদ্ধেশ্বর
২১	বাম স্তন …	জালন্ধরে (জ্বালামুখীতে) …	ত্রিপুরমালিনী …	ভীষণ
২২	দক্ষিণ স্তন (মঃ জঘনাস্থি) …	রামগিরিতে (চিত্রকূট পর্ব্বতে) ..	শিবানী …	চণ্ড
২৩	হৃদয় …	বৈদ্যনাথে …	নবদুর্গা বা জয়দুর্গা …	বৈদ্যনাথ
	শিরাংশ (উপ) …	কালীপীঠে …	চণ্ডেশ্বরী …	চণ্ডেশ্বর
	বসা চর্ব্বি (উপ) …	গৌরীশেখরে …	যুগাদ্যা …	ভীম
২৪	পৃষ্ঠ …	বৈবস্বতে (কালিকাশ্রম) …	ত্রিপুটা (মঃ সর্ব্বাণী) …	শমনকর্ম্মা (মঃ নিমিষ)
২৫	বাম বাহু …	বাহুলায় (কাটোয়ার কেতুগ্রামে) …	বাহুলা বা বাহুলী …	ভীরুক
২৬	দক্ষিণ বাহু …	বক্রেশ্বরে …	বক্রেশ্বরী …	বক্রেশ্বর
২৭	বাম কনুই …	উজানিতে (কোগ্রামে) …	মঙ্গলচণ্ডী …	কপিলাম্বর
২৮	দক্ষিণ কনুই …	রণখণ্ডে …	বহুলাক্ষী …	মহাকাল
২৯	বাম হস্ত (মঃ দক্ষিণ হস্তার্দ্ধ) …	মানস সরোবরে (মঃ মানসক্ষেত্র) …	দাক্ষায়ণী …	হর (মঃ অমর)
৩০	দক্ষিণ হস্তার্দ্ধ …	চট্টগ্রামে বা চট্টলে …	ভবানী …	চন্দ্রশেখর
৩১	বাম মণিবন্ধ …	মনিবন্ধে …	গায়ত্রী …	শঙ্কর বা সর্ব্বাণ (মঃ সর্ব্বানন্দ)
৩২	দক্ষিণ মণিবন্ধ …	মণিবেদে …	সাবিত্রী …	স্থাণু
	করাংশ (উপ) …	সতীচলে …	সুনন্দা …	সুনন্দ
৩৩	দ্বিহস্তাঙ্গুলি …	প্রয়াগে …	কমলা বা কল্যাণী (মঃ ললিতা)	বেণীমাধব (মঃ ভব)
	পাণিপদ্ম (উপ) …	যশোরে (টাকির নিকট) …	যশোরেশ্বরী (মঃ যশোরী) …	প্রচণ্ড (মঃ চণ্ড)
	দণ্ডাংশ (উপ) …	সংহরে …	সুরেশী …	সুরেশ
	অস্ত্র (উপ) …	চণ্ডদ্বীপে …	চক্রধারিণী …	শূলপাণি
৩৪	নাভি …	উৎকলে (পুরী) …	বিজয়া (মঃ বিমলা) …	জয় (মঃ জগন্নাথ)
৩৫	জঠর …	হরিদ্বারে …	ভৈরবী …	বক্র
৩৬	কক্ষ …	কোঁকে …	কোঁকেশ্বরী …	কোঁকেশ্বর
	কক্ষাংশ (উপ) …	সর্ব্বশৈলে …	বিশ্বমাতা …	দণ্ডপাণি
৩৭	কঙ্কাল …	কাঞ্চীদেশে (বোলপুর ষ্টেশন হতে ৫ মাইল দূরে কোপাই নদীর তীরে)	বেদগর্ভা …	রুরু
৩৮	বাম নিতম্ব (মঃ দক্ষিণ নিতম্ব)	কালমাধবে (শোণনদে) …	কালী (নর্ম্মদা) …	অসিতাঙ্গ বা অসিতানন্দ (মঃ ভদ্রসেন)

হাপীঠ ংখ্যা।	পীঠ।	পীঠস্থান।	অধিঠাত্রী দেবী বা ভৈরবী।	ভৈরব।
৩৯	দক্ষিণ নিতম্ব	নদর্ম্মায় (কালমাধবে)	শোণাক্ষী	ভদ্রসেন
	নিতম্বাংশ (উপ)	শোণে	ভদ্রা	ভদ্রেশ্বর
৪০	মহামুদ্রা (যোনি)	কামরূপে	কামাখ্যাদেবী বা নীলপার্ব্বতী	রাবানন্দ বা উমানন্দ
৪১	বাম জানু } (মঃ জানুদ্বয়)	মলবে } (মঃ নেপালে)	শুভচণ্ডী } (মঃ মহামায়া)	তাম্র } (মঃ কাপালি)
৪২	দক্ষিণ জানু	স্রোতায়	চণ্ডিকা	সদানন্দ
৪৩	বাম জঙ্ঘা	জয়ন্তিয়ায় (খাসিয়া শৈলের দক্ষিণে জয়ন্তিয়া পরগণায় বাউরভাগ গ্রামে)	জয়ন্তী	ক্রমদীশ্বর
৪৪	দক্ষিণ জঙ্ঘা	নেপালে (মঃ মগধে)	মহামায়া বা নবদুর্গা (মঃ সর্ব্বানন্দকরী)	কপালী (মঃ ব্যোমকেশ)
৪৫	বাম চরণ	তিরোতা (ত্রিস্রোতা)	অমরী (মঃ ভ্রামরী)	অমর (মঃ ঈশ্বর)
৪৬	দক্ষিণ চরণ	ত্রিপুরায়	ত্রিপুরা	নল (মঃ ত্রিপুরেশ)
	চরণাংশ (উপ)	ত্রিস্রোতা (জলপাইগুড়ির শালবাড়ী গ্রামে তীস্তানদীতীরে)	পার্ব্বতী	ভৈরবেশ্বর
	নূপুর (উপ)	লঙ্কায়	ইন্দ্রাক্ষী	রক্ষেশ্বর বা রাক্ষসেশ্বর
৪৭	দক্ষিণ পদাঙ্গুষ্ঠ	ক্ষীরগ্রামে (বর্দ্ধমান ষ্টেশন হতে ২০ মাইল উত্তরে)	যোগাদ্যা	ক্ষীরকণ্ঠ
৪৮	বাম পদাঙ্গুলি }	বিশ্বশেখরে } (মঃ বিরাটে)	বিন্ধ্যবাসিনী } (মঃ অম্বিকা)	পুণ্যভাজন }
৪৯	দক্ষিণ চরণের ৪টি অঙ্গুলি (মঃ পদাঙ্গুলি)	কালীঘাটে	কালিকা	নকুলেশ বা নকুলেশ্বর (মঃ অমৃত)
৫০	বাম গুল্ফ	বিভাসে বা বিভাসকে (তমলুকে)	ভীমরূপা	কপালী (মঃ সর্ব্বানন্দ)
৫১	দক্ষিণ গুল্ফ	কুরুক্ষেত্রে	সম্বরী বা বিমলা (সাবিত্রী)	সম্বর্ত্ত (মঃ স্থাণু)
	চর্ম্মাংশ (উপ)	কটকে	কটকেশ্বরী বা কাত্যায়নী	বামদেব
	লোম (উপ)	পুণ্ড্রে	সর্ব্বাক্ষীণী	সর্ব্ব
	লোমখণ্ড (উপ)	তৈলঙ্গে	চণ্ডনায়িকা	চণ্ডেশ
	ভগ্নাংশ	শ্বেতবন্ধে	জয়া	মহাভীম।

লতা। ~দারু-দেবদারু। ২ স্বর্ণচাঁপার গাছ। ~ধড়া-পীতধটী; হরিদ্রাবর্ণ বস্ত্রখণ্ড; পীতাম্বর। ~পর্ণী-বিছুটী গাছ। ~পুষ্প-চাঁপাফুল। ২ হলদে ফুল। ৩ কর্ণিকার বৃক্ষ। ~বীজা-মেথি। ~ভস্ম-পীতবর্ণ পারদ। ~মুদগ-সোনামুগ। ~মূলক-গাজর। ~মূলী-রেউচিনি। ~শাল, সাল-অসন বা আসন বৃক্ষ; পিয়াসাল Terminalia tomantosa. ~স্ফটিক-পুষ্পরাগ মণি।

পীত৩ [পিত্ত > । প্রা· বাং প্রাকৃ·] বি, পিত্ত। ২ [পিত্তাশয় বা পিত্তনাড়ী ঘৃণা লজ্জাদির উদ্রেককারী বলিয়া] লজ্জা; ঘৃণা: লজ্জা সরম: হায়া পিত্ত। "তোহ্মার দেহত কাহ্নাঞি না বসে কি পীত॥"-শ্রী· কী·।

পীতক [পীত+ক (স্বার্থে)] বি, হরিদ্রা বৃক্ষ। ২ হরিতাল। ৩ পীত চন্দন। ৪ কুঙ্কুম। ৫ কুসুমফুল। ৬ মাক্ষিক। ৭ পিত্তল। ৮ পদ্ম কাষ্ঠ। ৯ [গ· পরিঃ] অব্যক্ত রাশিবিঃ।

পীতবাস [পীত-বাস (বসন) যাঁর, বহু·] বিণ, পীতবর্ণ পরিচ্ছদধারী। ২ বি, পীতাম্বর। ৩ [সং-পীতবাসাঃ (পীতবাস যাঁর, বহু·)] শ্রীকৃষ্ণ। "কাজ কি বাসে, কাজ কি বাসে, কাজ কেবল সেই পীতবাসে"-দাশরথি·।

পীতভস্ম [আয়ু·] বি, পীতবর্ণ পারা ভস্ম।

পীতর, পিতর [সং-পিতরঃ > প্রাকৃ· পিতরা > প্রা· বাং পীতর] বি, পিতৃগণ। "তার পানী না লএ পীতরে॥"-শ্রী· কী·।

পীতরক্ত [পীত অথচ রক্ত, ধা] বি, পুষ্পরাগমণি।

পীতরাগ [পীত যে রাগ (রং), ধা] বি, হরিদ্রাবর্ণ।

পীতল [পীত+ল (স্ত্য·)] বিণ, পীতযুক্ত।

পীতলক [পীতল+ক(জ্ঞা·)] বি, পিত্তল।

পীতসার [পীত (হরিদ্রাবর্ণ) সার (স্থিরাংশ) যার, বহু·] বি, পীতচন্দন কাষ্ঠ; হরিচন্দন। ২ চন্দন। ৩ গোমেদমণি (রাহুর প্রীত্যর্থে এই রত্ন লোকে অঙ্গে ধারণ করিয়া থাকে)।

পীতসাল, -সালক [সং। কাষ্ঠ পীতবর্ণ বলিয়া নাম। 'জীবক', 'বীজসাল' ও·] বি, পীতবর্ণ সালবৃক্ষ; পিয়াসাল pterocarpus marsupium.

পীতাঙ্গ [পীতবর্ণ অঙ্গ যার, বহু·] বিণ, পীতবর্ণ অঙ্গবিশিষ্ট। ২ বি, শ্যোনাকবৃক্ষ; শোঁদালগাছ।

পীতান্দোলন [পীত (পীতবর্ণ জাতি, মোঙ্গোলীয় জাতি)+আন্দোলন] বি, পীত-জাতির নবজাগরণ। "চীনের আন্দোলন বোলশেভিক নহে, ইহা পীতান্দোলন, অর্থাৎ পীতজাতির জাগরণ।"-আত্ম-শক্তি, ১ বর্ষ, ৩৪ সংখ্যা, ১৩৩৩।

পীতাভ্রক [পীত + অভ্রক। রসা· পরিঃ] বি, হরিদ্রাবর্ণ অভ্র yellow mica

পীতাম্বর [পীত (বর্ণ) + অম্বর (বস্ত্র) যাঁর, বহু·] বিণ, কৃষ্ণ; বিষ্ণু; পীতবাস পরিহিত। ২ বি, পীতবাস; হরিদ্রাবর্ণ বস্ত্র। ৩ বিষ্ণু। ৪ কৃষ্ণ। পীতাম্বরী শাটী,-সাটী-সধবার পরিধেয় পীতবর্ণে রঞ্জিত বস্ত্রবিঃ; পীতাম্বরী সাড়ী। "পীতাম্বরী সাটী"-সীতারাম (বঙ্কিম·)।

পীতারুণ [পীত এবং অরুণ, দ্বন্দ্ব] বি, পীত ও লোহিতবর্ণ। ২ বিণ, রক্তপীত; হলদে মিশ্রিত লাল।

পীতু [পা (পালনে)+তুন্ (র্তৃ)] বি, দলপতি। ২ সূর্য্য। ৩ অগ্নি।

পীধন [সং-অপি-নহ্ (বন্ধন করা)। তুল-পিনদ্ধ=পরিহিত] বি, পরিধান। "শ্রীচরণে চঞ্চল মকরকুণ্ডল পী· পীয়লবাস।"-গোবিন্দ·।

পীন [প্যায়্ (বৃদ্ধি পাওয়া)+ত (র্তৃ), প্যায়্=পী, ত=ন] বিণ, পীবর; স্থূল; মোটা। "নীল নেত্র রক্ত ওষ্ঠ চারু চন্দ্রানন। ও পীন উন্নত বক্ষ কতই বিশাল॥"-ফুলরেণু। "দিনে দিনে পয়োধর ভৈগেল পীন।"-বি· প·। ২ প্রসারযুক্ত।

পীনস [সং। 'অপীন' ও·। প্রা· পিনাস, পিনেস] বি, নাসিকার ক্ষত রোগ coryza: nasal catarrh. বিণ, ~ী।

পীনালকোড-পিনালকোড দ্রঃ।

পীনোধ্নী [পীন (স্থূল) ঊধস্ (গোস্তন, পালান) যে গাভীর, বহু·] বি, যে গাভীর স্তন স্থূল ও পরিসরযুক্ত।

পীনোন্নত [পীন+উন্নত] বিণ, স্থূল ও উন্নত। ~পয়োধর-ঐরূপ নারীস্তন।

পীব/র [সং-পৈ (বৃদ্ধি পাওয়া)+বর (র্তৃ), পৈ=পী] বিণ, পীন; স্থূল; মোটা। "গিরিসুত অঙ্গজমু খর্ব্ব পী· তনু এক দন্ত কুঞ্জর বদন।"-কবিক·। স্ত্রীং ~া, ~ী১-স্থূলাঙ্গী। ২ [বৈদ্যকে] বি, অশ্বগন্ধা। ৩ শতাবরী। ~স্তনী-বিণ, পীনস্তনী; ঘনকুচযুগ্মা। ২ বৃহৎ পালানযুক্তা গাভী। ~াংশ [পীবর+অংশ] বি, স্থূলখণ্ড। ২ বিণ, পৃথুস্কন্ধ। ~ী২ [বৈদ্যকে] বি, ওলট-কম্বল। ~োচ্চ-বিণ, স্থূল এবং উচ্চ।

পীয়লু [পিআ দ্রঃ] ক্রি, পান করিলাম। "অমৃত ত্যজি কিয়ে হলাহল পীয়লু সম্পদে বিপদহি ভেলি।"-বি· প·।

পীয়ল [ব্রজ·। সং-পিঙ্গল > 'পিঙল' > পিয়ল > পীয়ল] বি, পিঙ্গল; পীতবর্ণ। ২ পিঙ্গলবর্ণযুক্ত; পীত। "পীধন পী· বাস"-গোবিন্দ·। ২ পান করিল।

পীয়া [হি· পীনা। ব্রজ·, প্রা· বাং পদ· সা·। পী (পানে)+আ (ক্রিয়ায়)। পীই, পীয়, পীও, পীয়ে; পীইতে; পীইয়া (ক্ষে· পীয়ে) ই·] ক্রি, পান করা। পীয়ল=পান করিল।

পীযূষ [পীয্ (তৃপ্ত হওয়া)+ঊষ (ণে), যদ্দারা দেবগণ পর্য্যন্ত তৃপ্ত হইয়াছেন] বি, সুধা; অমৃত। "মধুর পীযূষে মদন সহিতে রাখিলে সে রসময়।"-চণ্ডি·। "বিভু পদ কমল পীযূষরসে মজ রে পিপাসু মন মধুকর"-ক্ষ·। ২ নবপ্রসূতা গাভীর প্রথম ৭ দিনের দুধ; গাঁজলা দুধ।

পীর [ফা· পীর্] বি, মুসলমানদিগের মধ্যে ঈশ্বরজানিত পুরুষ; মহাপুরুষ; পুণ্যাত্মা; মুসলমান সাধু। "পীরের মোকামে দেয় সাঁজ।"-কবিক·। ২ সকলের মান্য; যা ইচ্ছা তাই করিতে পারে এমন ব্যক্তি। প্রেমে পীর নাকি যে, যা মনে করবে তাই হবে? ~পৈগম্বর-মুসলমান সাধু মহাত্মা। পীরের দরগা-পীরের সমাধিস্থান।

পীরের শিন্নি-পীরের স্থানে নিবেদিত দুধ, কলা, চিনি ময়দা মিশ্রিত ভোগ। পাঁচ-পীর-বদর প্রমুখ পঞ্চজন পীর : মুসলমান নাবিকদিগের উপাস্য।

পীরাণ-পীরোত্তর দ্রঃ।

পীরিতি১-পিরীতি দ্রঃ।

পীরিতি২ [প্রীতি >, অর্থ সম্প্রসারণে] বি, সোয়াস্তি ; তৃপ্তি।

পীরোত্তর[পীর + উত্তর (যোগ্য)। অথবা পীর-ত্র (ত্রৈ=পালন করা + অ, র্ত্তৃ)=পীরত্র > ভ্রং পীরোত্তর] বি, কোন মুসলমান কর্ত্তৃক পুণ্য সঞ্চয় মানসে প্রদত্ত পীরের পালন-যোগ্য ভূসম্পত্তি : পীরের উদ্দেশে দত্ত নিষ্কর ভূমি।

পীল [পিল দ্রঃ] বি, হস্তী ; সতরঞ্চ খেলার গজ। "এবার বাজি ভোর হলো ওরে অতঃপরে কোণের ঘরে পীলের কিস্তে মাত হইল।"-রাং প্রং। ~খানা-পিল দ্রঃ। ~ড়ি-পিলু।

পীলসুজ [আং ফতীল (বাতি) + সোজ (ফাং সোখ্তন=জ্বালান), যাতে বাতি জ্বলে। হিং পিলসোৎ > বাং-র পি (পী) লসুজ, পীলসোজ] বি, ধাতুনির্ম্মিত দীপাধার ; সামাদান candlestick. ২ দীপবৃক্ষ : প্রদীপ রাখিবার পিত্তলাদি নির্ম্মিত আধার-দণ্ড ; (তুল-হিং ডিব্‌ট্)।

পীলা, পীলিহা [সং-প্লীহা >] বি, প্লীহা-বৃদ্ধি রোগ। "ফিরে তারা গুজরাটে শোলঙ্গে পীলিহা কাটে ছানি কাটে চক্ষে দিয়া কাঁটা।"-কবিকং।

পীলু [সং] বি, হস্তী ; হাতী। ২ কীট-বিঃ। ৩ পীলুবৃক্ষ salvadora persica.

পীলুড়ি, পিলড়ি [পীলু (গজ) + ডি] বি, দাবাখেলায় পরাজিত রাজাকে লইয়া পীল অর্থাৎ গজের চতুর্দ্দিকে ঘুরান রূপ কৌতুক (স্থানবিশেষে 'পীলের বিবাহ' বলে)।

পীলুপর্ণী [সং] বি, মূর্ব্বা লতা।

পুআ-পুয়া দ্রঃ।

পুআল-পোয়াল দ্রঃ।

পুইষ [সং-পূষ >। গ্রাং পুঁজ] বি, পকব্রণাদির ঘন শুক্লবর্ণ দূষিত রক্ত।

পুইষ [সং-প্রশ্ন > ভ্রং] বি, প্রশ্ন ; জিজ্ঞাসা। "পুং করিয়া আমি উত্তর না পাই।"-মৈং গীং।

পুওর [ইং poor এর লিপ্যন্তর। অধুং লোকসাহিত্যে চং হইতেছে] বিণ, দরিদ্র। "পুওর কেরাণী নাম করবার যোগ্য নয়।"

পুং১ [সং-পুনঃ, পুনশ্চ > ক্ষেং। পত্রাদিশেষে লেখ্য] অ, পুনশ্চ postscript

পুং২ [সং। মূং পুমস্ > পুং] বি, পুরুষ। ২ [ব্যাং] পুংলিঙ্গ শব্দের সংক্ষেপ। ~কেশর [উদ্ভিদ্‌ং পরিঃ] বি, ইং stamen এর বৈজ্ঞাং পরি। ~প্রভব [পুমান্ (পুরুষ) প্রভব (উৎপাদক), ধা] বি, উৎপাদক পুরুষ। পিতার উৎপাদক পুরুষ পিতামহ প্রপিতামহ ইং। মাতার উৎপাদক পুরুষ মাতামহ প্রমাতামহ ইং। ~বৎ [পুমস্ (পুরুষ) + বৎ (তুল্যার্থে)। পুমস্=পুং] অ, পুংসদৃশ ; পুরুষতুল্য ; পুরুষের মত। ২ [ব্যাং] পুংলিঙ্গবৎ। ~বৎস [পুমান্ (পুরুষ) বৎস, ধা] বি, পুংগোবৎস। > স্ত্রীং পুং-বৎসা [পুমান্ বৎস যার, বহুং] পুংবৎসযুক্তা গাভী। ~বৃষ [পুমান্ (পুরুষ) বৃষ (গো অর্থে), ধা] বি, ষাঁড়। ২ গন্ধমূষিক : ছুঁচা [প্রং অং]। ~যোগ-বি, পুরুষসঙ্গ। ~লিঙ্গ [পুংসাং (পুরুষের) লিঙ্গ (চিহ্ন), ৬তৎ] বি, পুরুষ চিহ্ন ; শিশ্ন। ২ [ব্যাং পুং-লিঙ্গ (বাচক)] বি, পুরুষবাচক শব্দ masculine gender. ~শ্চল [পুমস্ (পুরুষ) চল্ (গমন করা, চঞ্চল হওয়া) + অ (র্ত্তৃ) যে পুরুষ রমণী হেতু চঞ্চলচিত্ত হয়] বি, ব্যভিচারী ; পরস্ত্রীগামী। স্ত্রীং পুংশ্চলী [পুমস্ (পুরুষ) চল (চলা-চঞ্চল হওয়া) + অ (র্ত্তৃ)-ঈ (স্ত্রীং), যে স্ত্রী পুরুষের প্রতি গমন করে বা পুরুষ হেতু চঞ্চলচিত্ত হয়। প্রাকৃং ছিন্নালিয়া > হিং ছিনাল, ছিনার্ ; বাং-ছি(ছে)নাল] বি, অসতী ; ব্যভিচারিণী ; কুলটা ; বেশ্যা। ~শ্চিহ্ন [পুংসাং (পুরুষের) চিহ্ন, ৬তৎ] বি, পুংলিঙ্গ ; শিশ্ন। ~সন্তুতি [পুমান্ (পুরুষ) সন্ততি (সন্তান), ধা] বি, পুত্র সন্তান ; পুত্র। ~সবন [পুমস্ (পুরুষ) সূ (প্রসব করা) + অন (ণে) যে সংস্কার দ্বারা পুরুষ-সন্তান প্রসূত হয়] বি, গর্ভের তৃতীয় মাসারম্ভে গর্ভস্থ সন্তানের মঙ্গলোদ্দেশক সংস্কারবিঃ। ২ স্ত্রীগণের কর্ত্তব্য ব্রতবিঃ : ইহা স্বামীর আদেশে অগ্রহায়ণ মাসের শুক্লা প্রতিপদ হতে আরম্ভ করিতে হয়। ~স্কামা [পুংমস্ (পুরুষ) কামা (কামনাকারিণী)] বিণ, পুরুষসঙ্গ অভিলাষিণী ; কামুকী। ২ বি, পুংশ্চলী। ~স্কোকিল [পুমস্ + কোকিল, ধা] বি, কোকিল। ~স্ত্ব [পুমস্ (পুরুষ) + ত্ব (ভাং)] বি, পুরুষত্ব : পুরুষাকৃতি ; পুংভাব ; পুরুষাবস্থা। "মন্থনে মোহিনী হয়ে গোকুলে পুংস্ত্ব পেয়ে মুরলী বাজালে তরু তলে।" -শিং। ২ পুংলিঙ্গতা। ৩ বীর্য্য ; শুক্র।

পুঁই, পুই [সং-পূতিকা, পোতিকা > হিং পোই >] বি, লালাসদৃশ পিচ্ছিল-রস লতাশাক ; পুঁইশাক basella alba. ~মেটুলি-পুঁইলতার বীজ। ২ পুঁই বীজের পকাবস্থার বর্ণ ; গাঢ় রক্তবর্ণ purple. বনপুঁই-লালবর্ণ বা লালাভ সরু ডাঁটাযুক্ত পুঁইলতা।

পুঁইয়া, পুঁয়ে [পুঁই + আ (সাদৃশ্যার্থে)] বিণ, পুঁই গাছের মত লতানিয়া। ২ অঙ্কুরিত দ্বিবীজপত্র। "আম পুঁয়ে"-গাছ-পালা' (জগদানন্দ)। পুঁং পাওয়া-পুঁইয়া সাপের আকার প্রাপ্ত হওয়া ; শিশুরা যে রোগে ক্রমশঃ শুষ্ক ও কৃশ হইয়া যায়, শুকো রোগ। ~সাপ-বনপুঁয়ের ডাঁটারমত সরু লালবর্ণ ও লতানিয়া সর্পবিঃ।

পুঁকি,-কী-পুকি দ্রঃ।

পুঁচন, পুঁছন [পুঁছা, পোঁছা দ্রঃ] বি, মোচন ; মার্জ্জন।

পুঁচকে, পুঁচ্‌কে, ফুঁ(ফু)চকে [পুঁটকে দ্রঃ। পুচ্ছ + ক (ক্ষুদ্রার্থে) + ইয়া=এ] বিণ, ছোট ; বাচ্ কানি।

পুঁছা১ [সং-প্রোঞ্ছন (প্র + উঞ্ছ্ >) > পাং পুঞ্ছ্=পোঁছা। তুল-মৃজ্ (মার্জ্জনে) > মুছা। পুঁছি, পুঁছ, পুঁছে ; পুঁছিতে ; পুঁছিয়া (ক্ষেং পুঁছে)। পিজন্ত-পুঁছানি। পুঁছাই, পুঁছাও, পুঁছায় ; পুঁছাইতে ; পুঁছাইয়া (ক্ষেং পুঁছিয়ে] ক্রি, মার্জ্জন করা ; মোছা ; বস্ত্রাদি ঘর্ষণে শুষ্ক করা ও পরিষ্কার করা। "মুখে ফেলে প্রসাদ মস্তকে পুঁছে

হাত।"-শি°। ২ মুছিয়া ফেলা : বিলোপ করা ; চিহ্নাদি তুলিয়া ফেলা। "আমি দাগ দিয়ে পরেছি আর পুঁছতে কি পারি সাধের ফোঁটা।"-রা° প্র°।

পুঁছা₂ [সং-প্রচ্ছ্ (প্রশ্ন করা) > পা° পুচ্ছ > হি°পুঁছ্না। ব্রজ° পুছা। "সখি, কি পুছসি অনুভব মোয়।"-বি° প°। পুঁছি, পুঁছ, পুঁছে; পুঁছিতে ; পুঁছিয়া (ক্ষে° পুঁছে)। ণিজন্ত-পুঁছানো] ক্রি,জিজ্ঞাসা করা ; প্রশ্ন করা। ২ সংবাদ লওয়া ; তত্ত্ব লওয়া। ৩ গ্রাহ্য করা।

পুঁজ [সং-পূয ~] বি, পকব্রণাদি হতে নির্গত ক্লেদ বা বিকৃত রক্ত ; দূষিত রক্ত।

পুঁজি,-জী [পুঞ্জ >] বি, পুঞ্জীকৃত ধন ; সঞ্চিত ধন। ২ ব্যবসায়ে খাটাইবার ধনরাশি; মূলধন capital. ৩ [লক্ষ°] সঞ্চয়। "পুঁজি অল্প কয়েকটী প্রাচীন পদ।" ৪ পুঞ্জ ; রাশি। "তোমার কোলে ফুলের পুঁজি।"-রবী°। ~পাটা [পুঁ°+পত্র > পাটা] বি, সঞ্চিত ধন ও বিষয়াদি সম্বন্ধীয় কাগজপত্র। ২ ধনসম্পত্তি। "নিয়েছে পুঁজি পাটা ভিটেতে শ্যাকুল কাঁটা।"-ঈ° গুপ্ত।

পুঁটকি,-কী [গ্রা°। পোঁটা দ্রঃ] বি, মলদ্বার ; পায়ু। ২ নাড়ীভুঁড়ী।

পুঁটকিয়া, ~কে [সং-প্রোষ্ঠী > (পুঁচ্কেদ্রঃ)] বিণ,ছোট। প্র-পুঁট্কে ছেলে।

পুঁটলী [হি°পোথ্লা > বাং-পোটলা -ক্ষুদ্রার্থে পুঁটলী] বি, বস্ত্রাদির ছোট গাঁঠরী।

পুঁটি, পুঁঠি [প্রোষ্ঠী >। পূ° বঙ্গে° পুডি] বি, স্বনাম-প্রসিদ্ধ ক্ষুদ্রজাতীয় মৎস্য। "ধরেন পাবদা পুঁঠি পাঁগাস পাঠান।"-শি°। ~মাছের প্রাণ-স্বল্প জলের অল্প প্রাণ মৎস্য। ২ [লক্ষ°] সামান্যশক্তি ও ক্ষুদ্র-প্রাণ ব্যক্তি ; অল্প যোগ্যের লোক। পুঁটি মাছের ফরফরানি - অল্পশিক্ষিত স্বল্পবিত্ত স্বল্পপ্রাণ ব্যক্তির গর্ব্ব প্রকাশ। তুল- "গণ্ডূষমাত্র জলেন সফরী ফরফরায়তে"। সরল পুঁটি-বড় জাতীয় প্রোষ্ঠী। সোণা পুটি -ছোট জাতীয় স্বর্ণবর্ণাভাইব পুঁটিমাছ।

পুঁটিয়া₁, পুঁটে₁, পুঁঠে [পুঁটি (প্রোষ্ঠী)+আ (সাদৃশ্যার্থে)] বিণ, ক্ষুদ্র ; ক্ষুদ্রপ্রাণ ; সংকীর্ণ হৃদয়। তুল-পুঁটিমাছের প্রাণ। ২ অতি কৃপণ। সামান্য যোগ্যের লোক ; নিক'ড়ে। ৩ নীচ ; অধম।

পুঁটিয়া₂, পুঁটে₂ [পুট (আবরণ) +আ] বি, বলয়াদি অলঙ্কারের সংযোগ-প্রান্ত। ২ ঘুন্টি। ৩ চক্রকাষ্ঠ বেষ্টনী ; গরুর গাড়ীর চাকার পরিধির অংশবিঃ। ৪ গোরুবাঁধা দড়ির যে শেষ ধারকে গলাঙ্গের সহিত যুক্ত করা হয়। পুঁটে ঘরা-বি, গোলাকার ক্ষুদ্র ছিদ্র।

পুঁটী [প্রোষ্ঠী >] বি, প্রসিদ্ধ মৎস্য-বিঃ ; প্রোষ্ঠী। ২ ক্ষুদ্র অধঃ-ঘুণ্টী। ৩ (পুঁটি) [পুত্রী >। আদরার্থে-পুঁটু। অনাদরে -পুঁটে, পোঁটা] শিশু বালিকা ; ছোট মেয়ের আদরের নাম ; খুকী।

পুঁঠে-পুঁটিয়া₂ দ্রঃ।

পুঁড়, পুঁড়ো [পৌণ্ড্র >] বি, কৃষি-ব্যবসায়ী জাতিবিঃ।

পুঁড়া [সং-পুট (পাত্র)] বি, ধান্যাদি রাখিবার খড়ের বৃহৎ আধার বা পাত্রবিঃ। "বড় বড় বানরের পুঁড়া পারা পেট।"-অ°। "হাল বলদ দিবে খুড়া দিবে হে বীচের পুঁড়া ভেমে খাইতে ঢেঁকি কুলা দিবে।"-কবিক°।

পুঁড়ি [পুণ্ড্র দ্রঃ। হি° পৌডা। গ্রা°] বি, রসাল স্থূল ইক্ষুবিঃ।

পুঁতি সং[-প্রোত > হি°পোতী] বি, মুক্তার অনুকরণে নির্ম্মিত সচ্ছিদ্র ক্ষুদ্র কাচ-খণ্ড। "গলায় রসের কাটি হিঙ্গুলের পলাগুটী পুঁতি বেড়ে সেজেছে সুন্দর।"-শি°। পুঁতির মালা-সূত্রে গাঁথা পুঁতির কণ্ঠ-ভূষণ ; পুঁতির হার।

পুঁথি [সং-পুস্তী > প্রাকৃ° পোত্থি > হি° পোথী > বাং-ব-প্রাদে° অনুনাসিক উচ্চারণে পুঁথি] বি, পুস্তক ; গ্রন্থ। "রত্ন ভরা খুঙ্গী পুঁথি ঘোড়ার হানায়।"-ভারত°। ২ হস্তলিখিত পুস্তক। ~গর্ত্ত-বিণ, পুস্তকস্থ। পুঁথিগত বিদ্যা-পরহস্তগত ধনের ন্যায় সময়ে যা (কণ্ঠস্থ না থাকিলে, কাজ দেয় না)। ~পত্র-লিখিত পুঁথি এবং পুঁথি লিখিবার তাল ই°-র পত্র। পুঁথি-বাড়ানি-ক্রি, বর্ণনা ফেনাইয়া তোলা বা বৃদ্ধি করা। "আর পুঁথি বাড়াইয়া কাজ নাই।" পাঁজিপুঁথি -পঞ্জিকা ই° পুস্তক।

পুঁয়ে-পুঁইয়া দ্রঃ।

পুকনি [পোকা > পোকান > পুকন= পোকা হওয়া] ক্রি, কৃমি জন্মান। ২ কীটে পূর্ণ হওয়া।

পুকি, পুকী পুঁকি,-কী [গ্রা°। পোকা-ক্ষুদ্রার্থে পুকি, পুকী] বি,ক্ষুদ্র কৃমি ; সূক্ষ্ম কীট। ২ [প্রথমে কেঁচো বা তদ্বৎ পোকার মত জন্মে বলিয়া] গাছের খুব ছোট চারা : তেউড় ; মুকী (সাপের মুখের মত হইয়া গজায় বলিয়া)।

পুকুর, পুখুর [সং-পুষ্করিণী > পুষ্কর > প্রাকৃ° পোকখর্ > প্রা° বাং-পুখরি, পোখর, পুখুর, পোখ্রি (স্ত্রী)। প্রাদে°পুউর, পইর (চ° ক° ভা°)। "পিয়র পোখরি অস্তে যায়।"-খনা°] বি, ক্ষুদ্র জলাশয় : পুষ্করিণী। "সেই শ্যাম সন্ধ্যাবেলা শ্যামল পুকুর।"-কুঙ্কুম। "চানক দিল মাণিক ভাণ্ডার পুখুর আড়ার উপর।"-শূ° পু°। পু° কাটা- মাটি কাটিয়া পুকুর তৈয়ার করা ; পুষ্করিণী খনন করা। পু° কেটে নাওয়া- অত্যধিক বিলম্ব করার ক্ষেত্রে উক্ত হয়। পু° গাবানি-পুকুরের গর্ভ আলোড়িত করিয়া জল ঘোলা করা। পু° ঘাট- পুষ্করিণীর ঘাট। পু° চুরি [পূর্ব্ববিভাগের খনন-কাধ্য সূত্রে পরিমাপ কালে খনন-যোগ্য ভূখণ্ডের মধ্যে বা তৎসংলগ্ন পুষ্করিণী থাকিলে তার অন্তর্ভুক্ত হইয়া ও তার স্বতন্ত্র অস্তিত্ব লোপ পাইয়া খনিত স্থলের সহিত পুকুরটিও সংযুক্ত হইয়া যাওয়ায় এই বাক্যাংশের উৎপত্তি] বি, আধার আধেয় ই°-র নাম গন্ধ, এমন কি, স্থানের চিহ্ন পর্য্যন্ত না রাখিয়া সমস্ত অপহরণ ; আগা গোড়া ফাঁকি ; বেমালুম চুরি। পু° জল-পুষ্করিণীর জল। পু° ঝালানি-পুকুরের তলার ময়লা জল, পাঁক, উদ্ভিদ প্রভৃতি তুলিয়া ফেলিয়া এবং মাটি কাটিয়া নূতন জলে পুকুর পূর্ণ করা। পু° পাড়-পুষ্করিণীর চতুষ্পার্শ্বের উপরিভাগ বা

কিনারা ; পুষ্করিণীর তটভাগ বা ধার। **পুং প্রতিষ্ঠা করা**-পুকুর কাটাইয়া তা শাস্ত্রবিহিত সংস্কার দ্বারা উৎসর্গ করা। **কাঁটা পুকুর**-কণ্টক বেষ্টিত বলিয়া নাম। কণ্টক না থাকিলেও পরে নাম বজায় থাকে। **তাল পুকুর**-যে পুকুরের চারিধারে তালগাছ। তালবৃক্ষহীন হইলেও নাম থাকে। **পঁচা পুং**-পচা জলের পুকুর। **পদ্ম পুং**-পদ্ম ফুলের গাছ আছে ও যাতে পদ্ম ফোটে এমন পুকুর। **পানা পুং**-পানায় আবৃত পুকুর। **পুণ্যি পুং**-পুণ্যি, পুন্নি দ্রঃ। **যম পুং**-যম দ্রঃ। এইরূপ প্রতিষ্ঠাতার নাম তার জাতি, বংশাদির নাম সহযোগে জলাশয়াদি অভিহিত হওয়ার প্রথায়-রামপাল দীঘি, শ্যামপুকুর, নেউগী পুং, বেণে পুং, রায় পুং, ইং।

পুক্কশ, -ষ, -স [পুক্ (কুৎসিত)+কশ, ষ, স (গমন করা)+অ (র্তৃ. জ্ঞাং)] বি, চণ্ডাল ; চাঁড়াল। ২ বিণ, অধম ; নীচ। ৩ [+অ (ধি)] বি, শবরালয়। স্ত্রীং **পুক্কশা, পুক্কশী**-চণ্ডালপত্নী; চণ্ডালী। ২ কালিকা। ৩ নীল Indigo.

পুখুর, পুখিরী [পুকুর (দ্রঃ) ঈ (ক্ষুদ্রার্থে)] বি, ছোট পুকুর ; ডোবা। **পুখিরী কাঁদাএ**-জল কাদায় ; সিক্ত কর্দ্দমে। "পুখুরী কাদায়ে লইব ভুমখানি। আরসা (শুষ্ক) হইলে যেন ছিচয়ে দিব পাণী॥" -শিবের গান (রমাইং, ১০ম-১১শ শতক)।

'পুখিরী 'পিতিঠা [পুষ্করিণী প্রতিষ্ঠা > প্রাং। প্রাং বাং] বি, পুকুর দ্রঃ। "পুখরী পিতিঠা কৈল বেদ হুকারিয়া।"-শূং পুং।

পুখরাজ [হিং। প্রাং পোখরাজ] বি, হরিদ্রাভ উপরত্নবিঃ topaz.

পুঙি [প্রাং। ফুঙ্গি (দ্রঃ) > পুঙ্গি > পুঙি] বি, বৌদ্ধসন্ন্যাসী। **পুঙির পুত** [প্রাং পালি। যার বিবাহ নিষেধ তার পুত্র অর্থাৎ ফুঙ্গির অবৈধ সংসর্গজাত পুত্র] বি, জারজ।

পুঙ্খ [পুমস্-খন্ (গমন করা)+অ (র্তৃ-জ্ঞাং)] বি, বাণের পক্ষযুক্ত স্থান। ২ সমূহ।

পুঙ্খানুপুঙ্খ [পুঙ্খ (বাণমূল, বাণপত্র। পক্ষ > বাণমূলবৎ সূক্ষ্মমূল)+অনুপুঙ্খ (অতি সূক্ষ্ম মূল বা সূক্ষ্মাতিসূক্ষ্ম মূল)। সংস্কৃতে পুঙ্খ শব্দমাত্র আছে তার বাং-র পুঙ্খানুপুঙ্খ। "পুঙ্খঃ স্থান্‌মঙ্গলাচারে শরাঙ্গস্তেনয়োরপি"-নানার্থকাণ্ড ; "পক্ষোবাজঃ পত্রিণা তস্যাস :পুঙ্খঃ" -অভিধানচিন্তামণিঃ। বাঙ্গালা শব্দকোষে -পক্ষানুপক্ষ > এইরূপ অনুমিত হইয়াছে-পক্ষ শব্দে ঙ আগম করিয়া পঙ্ক-পঙ্খ-পরে পুঙ্খ (তুল-পক্ষী > পঙ্খী), পঙ্খী-ময়ূর পঙ্খী, রূপচাঁদ পঙ্খী ; হিং পংখ (পক্ষ), পংখা (পক্ষ= পাখা)। পক্ষ+অনুপক্ষ=প্রতিপক্ষ-সকল দিক বিবেচনার ভাব] বিণ, সূক্ষ্মাতিসূক্ষ্ম ; পাতি পাতি ; তন্ন তন্ন। **~রূপে**-ক্রি-বিণ, অতিসূক্ষ্মভাবে ; পাতি পাতি করিয়া ; সকল দিক্ ভাল করিয়া পরীক্ষা দ্বারা।

পুঙ্গ [পুং-গ (গম্+অ. র্তৃ)] বি, সমূহ।

পুঙ্গব [পুমান্ (পুরুষ)=পুং, গো+অ= গব, ধা (সমাসান্তে)] বি, বৃষ ; ষাঁড়। ২ [অন্য শব্দের পর থাকিলে] শ্রেষ্ঠ। প্র-মুনিপুঙ্গব। **~কেতু** [পুঙ্গব (বৃষ) কেতু (ধ্বজ, বাহন) যার, বহুং] বি, বৃষবাহন ; শিব। ২ বৃষভধ্বজ।

পুঙ্গী-ফুঙ্গি দ্রঃ।

'পুচ্ছ [পুচ্ছ্+অ (র্তৃ)] বি, লাঙ্গুল ; লেজ। ২ পশ্চাদ্ভাগ।

'পুচ্ছকণ্টক [পুচ্ছ (লেজে, পশ্চাদ্ভাগে) কণ্টক (কাঁটা) যার, বহুং] বি, সকণ্টক পুচ্ছযুক্ত জীব ; বৃশ্চিক।

'পুচ্ছটি [পুচ্ছ+টি, টা (জ্ঞাং)। তুল-ছোটিকা (তুড়ি)] ক্রি, আঙুল মট্‌কান ; আঙ্গুল টানিয়া মটমট শব্দ করা। ২ [অল্পার্থে টি, টা] ক্ষুদ্র পুচ্ছ।

'পুচ্ছশুক [সং] বি, তক্ষকজাতীয় সর্পবিঃ (বাচস্পতি)।

পুচ্ছা [সং প্রচ্ছ্ >। পুছা দ্রঃ। বৌ-বাং প্রাকৃং] ক্রি, প্রশ্ন করা ; জিজ্ঞাসা করা। **পুচ্ছমি** [সং-পৃচ্ছামি] পুছি; জিজ্ঞাসা করি। **পুচ্ছ, পুচ্ছতু, পুচ্ছই, পুচ্ছহি** [সং-পৃচ্ছথ] পুছ। **পুচ্ছই** [সং-পৃচ্ছতি] পুছে; জিজ্ঞাসা করে। **পুচ্ছসি** [সং] জিজ্ঞাসা করিতেছ। **পুচ্ছি, পুচ্ছিঅ** [সং-পৃষ্টা] পুছিয়া ; জিজ্ঞাসা করিয়া। "লুই ভণই গুরু পুচ্ছিঅ জান"॥-চং পদং ১।২। "হালো ডোম্বী তো পুছমি সদভাবে।"-চং পদং ১০।৪।

পুচ্ছী [পুচ্ছ (লেজ)+ইন্ (স্ত্যং)= পুচ্ছিন্ ১মা, ১বং] বিণ, লাঙ্গুলযুক্ত ; পুচ্ছবিশিষ্ট ; সপুচ্ছ।

পুছঁন, পুচ্ছন [প্রশ্নার্থক "প্রচ্ছ্" > প্রচ্ছনা >] বি, প্রশ্নকরণ। ২ [পুঁছা দ্রঃ] পোঁছন ; মার্জ্জন।

পুছঁনি [প্রাং বাং। পুছন দ্রঃ] বি, স্ত্রী, প্রশ্নকারিণী ; দাসী। "পুছনি বন্ধ্যা"-ধং মং (সীতারাম)।

পুছঁয়ে [পুচা দ্রঃ] ক্রি, জিজ্ঞাসা করে। "না পুছয়ে বাত।"-বিং পং। **পুছমো**-জিজ্ঞাসা করিব। "পুছমো এ সখী পুছমো তোয়।"-বিং পং।

পুছঁসি [সং-পৃচ্ছসি। ব্রজং] ক্রি, জিজ্ঞাসা করিতেছ। "কি কহসি পুছসি শুন প্রিয়-সজনি।"-বিং পং। বাং পদং সাং-ত্যে, **পুছুসি**। "হের দেখসিয়া ,নয়ান ভরিয়া কি আর পুছুসি আনে।"-বৈং পদং (লোচনং)।

পুছা, পুঁছা [সং-প্রচ্ছ্ > পুচ্ছা (দ্রঃ) > পুছা। হিং পুছ্‌না=জিজ্ঞাসা বা প্রশ্ন করা। ব্রজবুলিতে এবং প্রাং বাং বৈং সাং-ত্যে ভুরি প্রয়োগ। আধু বাং-য় পদ্যেই অধিক চং। পুছি, পুছ, পুছুন, পুছে ; পুছিতে ; পুছিয়া (ক্ষেংপুছে)] ক্রি, জিজ্ঞাসা করা; প্রশ্ন করা। প্রাং বাং-**পুছঁই**-জিজ্ঞাসা করে। "সখীরে পুছই কৈছে সুরত বিহার"-বিং পং। **পুছন্তি**-প্রশ্ন করিলেন। **পুছঁহ**-জিজ্ঞাসা করিতেছ বা কর। **পুছিআঁ,-এঁ**-জিজ্ঞাসা করিয়া। **পুছিউ**-জিজ্ঞাসা করি। **পুছিবোঁ**-প্রশ্ন করিব। **পুছিহঁ**-প্রশ্ন করিও। **পুছো, পুছোঁ**-প্রশ্ন করি।-শ্রীং কীং।

পুছারি, পুছেরি [ব্রজং। হিং পুছ্‌না =প্রশ্ন করা। সং-প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা)] বি, প্রশ্ন। "ঐছন কয়ল পুছেরি"-জ্ঞাং। "তোহে কিয়ে কয়ল পুছারি"-ঐ।

পুঞ্জ [সং] বি, সমূহ ; রাশি ; স্তূপ। **~া**-বি, গণ্ডা ; পাঁজ$_2$ (দ্রঃ)।

পুঞ্জি [সং-পুঞ্জ >। গ্রা০] বি, পুঁজি (দ্রঃ) ; মূলধন। "পুঞ্জি আর প্রবঞ্চনা বাণিজ্যের মূল"।-শি০।

পুঞ্জিত [পুঞ্জ+ইত] বিণ, রাশীকৃত ; পুঞ্জীকৃত। ২ রাশীভূত।

পুঞ্জীভূত [পুঞ্জ+চ্বি (অভূততদ্ভাবে)= পুঞ্জী+ভূ+ত (র্ক্ত)] বিণ, রাশীকৃত।

পুট১ [পুট্ (সংলগ্ন হওয়া)+অ (র্ম), যা আবরণ করা হইয়াছে] বি, আবরণ ; আচ্ছাদন। ২ কৌটা। ৩ খাপ ; কোষ। ৪ ঔষধ পাকের পাত্রবিঃ ; মুচি। ৫ পত্রনির্ম্মিত পাত্র ; ঠুসি ; ঠোঙ্গা। ৬ অঞ্জলি। ৭ যুগ্ম। ৮ ঘোটকের খুর ; অশ্বের পদনখর। ৯ পরস্পর আলিঙ্গন। ১০ মুকুট, শিরোভূষণ। ~গ্রীব [পরস্পর সংযোজিত গ্রীবা হেতু] বি, গাড়ু ; তাম্রকুণ্ড। ~পাক-মৃত্তিকা, গোময়াদির ঠুসিতে ঔষধের পাক। ~পাণি-বি, যুক্তকর ; জোড়হাত ; বদ্ধাঞ্জলি। অক্ষিপুট, অধরপুট, ওষ্ঠপুট, কক্ষপুট, কর-পুট, চঞ্চুপুট, নেত্রপুট, পক্ষপুট, পত্রপুট-স্ব স্ব স্থানে দ্রঃ।

পুট২ [সং-পৃষ্ঠ > হিং পুট্টা > পুট, পুঠ। দর্জ্জির ভাষায়] বি, শিরদাঁড়া হতে স্কন্ধের সন্ধি পর্য্যন্ত স্থান। ~-আস্তীন, ~-হাত, ~হাতা-শিরদাঁড়া হতে মণিবন্ধ পর্য্যন্ত লম্বাই।

পুটক [পুট+ক (স্বার্থে)] বি, পত্রাদি নির্ম্মিত পাত্র ; ঠোঙ্গা।

পুটকিত [পুটক+ইত (যুক্ত)] বিণ, আবৃত ; আচ্ছাদিত। ২ বদ্ধ ; সংহত। "পু০ শিরজট বিঘটিত সুবিকট লটপট কমঠ ভুজঙ্গে।"-ভারত০।

পুটকিনী [পুটক (পদ্ম) + ইন্ (স্ত্য০)=পুটকিন্ ১মা, বহুব০] বি, পদ্মিনী। ২ পদ্মসমূহ।

পুটকুণ্ড [রাসা০ পরিঃ] বি, পুটবদ্ধ ধাতু ই০ অগ্নিতে দগ্ধ করিবার গর্ত্ত roasting pit.

পুটগর্ত্ত [রাসা০ পরিঃ] বি, পুটকুণ্ড roasting pit.

পুটপাক [পুটেতে পাক, ৭তৎ] বি, মৃত্তিকা গোময়াদিনির্ম্মিত পুটে ঔষধপাক। ইহা প্রকারভেদে বিভিন্ন নামে অভিহিত, যথা-মহাপুট-দৈর্ঘ্যপ্রস্থ গভীরতা সকল দিকেই ২ হস্ত পরিমিত চতুষ্কোণ গর্ত্ত করিয়া তন্মধ্যে ১০০০ বিল ঘুঁটিয়া রাখিয়া তদুপরি মুষা বদ্ধ ঔষধ ও তদুপরি ৫০০ খানি বিল ঘুঁটে চাপা দিয়া অগ্নি প্রদান করিলে যখন সমস্ত ঘুঁটে পুড়িয়া ভস্ম হয় তখন ঔষধ বাহির করিয়া লইলে তাহা মহাপুট পাক। গজপুট-দৈর্ঘ্য-প্রস্থ গভীরতা সকল দিকে ৩০ অঙ্গুলী পরিমিত চতুষ্কোণ গর্ত্তে ৫০০ খানি বিল ঘুঁটের উপরে মুষাবদ্ধ ঔষধ রাখিয়া তদুপরি আর ৫০০ বিল ঘুঁটে চাপা দিয়া দগ্ধ করা ঔষধ। বরাহপুট-যে গর্ত্তের সকল দিকেরই পরিসর মুটম হাত সেই গর্ত্তে পুট দিয়া পোড়ান ঔষধ। কপোতপুট-গর্ত্তে ৮খানি বিল ঘুঁটেতে পুট দিয়া দগ্ধ করা ঔষধ। কৌক্কুট-দীর্ঘে-প্রস্থে গভীরতায় ১৬ আঙ্গুল গর্ত্তে পুট দিয়া পোড়ান ঔষধ। গোবরপুট-একটি হাঁড়ির মধ্যে ঔষধ রাখিয়া 'গোবর' দ্বারা পুট দিয়া প্রস্তুত ঔষধ। ইহাতে পারদ ভস্ম হয় (গোষ্ঠে যে গোময় গরুর খুরে খণ্ড খণ্ড হইয়া শুষ্ক হয় তাহাকে গোবর বলে)। ভাণ্ডপুট-তুষপূর্ণ একটি বৃহৎ হাঁড়িতে মুষা স্থাপন করিয়া এবং হাঁড়ি বদ্ধ করিয়া আগুনে পুড়াইয়া প্রস্তুত ঔষধ।

পুটভেদন [সং] বি, পত্তন ; নগর।

পুটলী (-ট-)[সং-পোটলিকা, পোটলী >। হিং পোটলী ; -লী। পুটুলি ও০। পুঁটলি দ্রঃ] বি, বস্ত্রাদির ছোট গাঁঠরী। "সরলা! কি রাখিয়াছ সুন্দর অধরে, ফুলের পুটলী বেঁধে আদরে এমন।"-কুঙ্কুম।

পুটি [প্রাদে০, বগুড়া অঞ্চল] বি, পরিমাণবিঃ ; ১৬ মণ ধান। ২ সংখ্যাবিঃ ; ১০টা গুপারিতে ১গা, ২০ গায় ১ কুড়ি, ১৬ কুড়িতে ১ পুটি।

পুটিং [ইং putty >] বি, খড়ীচূর্ণের সহিত তিসির তৈল ও ধুনা মিশ্রণে যে ঘন আটা প্রস্তুত হয় ; দ্বার, জানালা, আলমারী ই০-তে কাঁচ আঁটিবার দ্রব্য।

পুটিকা [সং] বি, কৌটা। ২ মোড়ক ; পুরিয়া। তুল-হিং পুড়িয়া।

পুটিত [পুট+ইত (যুক্তার্থে)] বি, অঞ্জলি ; দুই করতল যুক্ত করিয়া নির্ম্মিত খোড়ল। ২। বিণ, গ্রথিত। ৩ সংবৃত ; আচ্ছাদিত। ৪ [রাসা০ পরিঃ] অগ্নিতে সিদ্ধ বা পক্ব roasted (সা০ প০ প০)।

পুটী [পুট+ঈ (স্ত্রীং)] বি, কৌপীন। ২ পত্রাদি নির্ম্মিত পাত্র ; ঠোঙ্গা। ৩ পানের দোনা বা ঠিলি।

পুটুলি-বি, পুঁটলি (দ্রঃ)। ২ [প্রাদে০] দেবোদ্দেশে যা মানত করা যায়।

পুটোদক [পুটে (পাত্রমধ্যে) উদক (জল) আছে যার, বহু০] বি, নারিকেল।

পুঠি(ঠী) [প্রোষ্ঠী >। গ্রা০ পুঁটি] বি, পুঁটি মাছ ; শফরী। "পুঠি মৎস্য ভাজা দিল ভাল খোলা কুচি"-শি০।

পুড়ন, পুড়নি [গ্রা০পুড়নি। পুড়া দ্রঃ] বি, জ্বলন ; অগ্নিতে দগ্ধ হওন।

পুড়া১ [সং-পুলা (রাশি) >] বি, হালা ; আটি। "ধান্য ঘর বিস্তর দেখিয়া বুড়া বুড়া। বার বুড়ি বাখারে বাঁধিল একপুড়া॥ পর্ব্বত প্রমাণ পুড়া হাত নাড়া দিয়া। বলে হরে চল ঘরে কর্ণ্ম দেখি গিয়া॥"-শি০।

পুড়া২, পোড়া [পুড়া বা পোড়া ধাতু। পুড়ি, পুড় (পোড়), পুড়ে (পোড়ে), পুড়িতে ; পুড়িয়া (পূ০ ব০ প্রাদে০ পুইর‍্যা। "নিজ আগুনে আমি নিজে পুইর‍্যা মরি"-মৈ০ গী০। চল০ পুড়ে)। ণিজন্ত-পুড়ান, পোড়ান] ক্রি, দগ্ধ হওয়া ; জ্বলা। ২ বিণ, দগ্ধ। প্র-ভাজা পোড়া।

পুড়ান, পোড়ান [পুড়া দ্রঃ। পুড়াই (পোড়াই), পুড়াও (পোড়াও), পুড়ায় (পোড়ায়) ; পুড়াইতে (পোড়াইতে) ; পু(পো)ড়াইয়া (চল০ পুড়িয়ে)] ক্রি, দগ্ধ করা ; জ্বালান। ২ বিণ, কৃষ্ণদগ্ধ ; জ্বালিত।

পুডিং [ইং pudding এর লিপ্যন্তর] বি, মিষ্টান্নবিঃ ; ময়দা, দুধ, ডিম, চিনি ই০-তে প্রস্তুত পিষ্টকবিঃ।

পুণ [সং-পুণ্য > ব্রজ০ পুণ। প্রা০ বাং

পদ০ সা০। "শ্রীউ বলে আজু বড় পুণভাগে"-জ্ঞান০] বি, পুণ্য। > ক্রি-বিণ, পুণে-পুণ্যে; পুণ্যবলে। "কেরি আওলি বহু পুরবক পুণে"-বি০ প০। "দান পুণ"।

পুণঁ, পুণি, পুনী, পুণু-পুন₂ দ্রঃ।

পুণিম-পুনিম দ্রঃ।

পুণী [পু০ বঙ্গ, শ্রীহট্ট০ প্রাদে০] বি, পুষ্করিণী pond.

পুণ্ড [পুণ্ড্+অ (ভা০)] বি, ফোঁটা।

পুণ্ডরীক [সং। তুল-ম০ পাণ্ডরেকমল] বি, শ্বেতপদ্ম a white lotus. ২ অগ্নি-কোণের দিগ্‌গজ। ৩ নাগবিঃ। ৪ ব্যাঘ্র। ৫ কুরুবংশীয় নলের পুত্র। ৬ কুরুক্ষেত্রবাসী ব্রাহ্মণপুত্র। ৭ কমণ্ডলু। ৮ দমনক বৃক্ষ। ৯ শুক্লবর্ণ। ১০ কুষ্ঠ রোগবিঃ। স্ত্রীং ~ী-বশিষ্ঠকন্যা। ২ অপ্সরাবিঃ।

পুণ্ডরীকাক্ষ [পুণ্ডরীক (শ্বেতপদ্ম) সদৃশ অক্ষি (চক্ষু) যার, বহু০-যার চক্ষু শ্বেতপদ্ম দলের মত সুন্দর ও বিস্তৃত] বি, কৃষ্ণ; বিষ্ণু।

পুণ্ডরীয়ক [সং] বি, স্থলপদ্ম।

পুণ্ড্র, পুণ্ড্রক [সং। তুল-হিং০পৌড়া; ম০ পুণ্ডাউস্; বাং গ্রা০ পুড়ি] বি, ইক্ষুভেদ; স্থূল রসালজাতীয় ইক্ষুবিঃ; পুণ্ড্রেক্ষু। ২ তিলক; ফোঁটা। ৩ দানববিঃ। ৪ কৃমি। ৫ ["অতিমুক্ত০ পুণ্ড্রকঃ স্যাদ্বাসন্তী মাধবী-লতা"-অমর০] মাধবীলতা; বাসন্তী। ৬ তিলকবৃক্ষ। ৭ চিত্র। ৮ গৌড় ই০ পূর্ব্ব-দেশ ও তদ্দেশের অধিবাসী।

পুন্ন-পুণ্য দ্রঃ।

পুণ্য [প্রা০ পুণ্যি। পুণ্ (সৎকর্ম্ম করা) +য(র্ম্ম); প্রা০ বাং-পুন্য, পুন, পুন্ন, পুন্নি ("পুন্নি পুকুর")। পুন্ন (বৌ০ বাং প্রাকৃ০, দো০ ১১৬), (ব্রজ০) পুণ, পুন্নি ও০। "পুন্য থল নহি ছিল নহি গঙ্গাজল"-শূ০ পু০] বি, সুকৃত; ধর্ম্ম; বিদ্যাদি শুভগুণের দান এবং সত্য-ভাষণাদি ও সত্যাচারের অনুষ্ঠান যার স্বরূপ; পরোপকার রূপ কর্ম্ম। ২ [+য (র্ম্ম), যাকে পবিত্র করে] বিণ, পুণ্যবান্; পবিত্র। "শুকচিত্তে বহিব স্নেহ, ধন্য হোক রক্তদেহ, পুণ্য হোক সকল গেহ।"-বাং-গান। ৩ পূত। ৪ নির্ম্মল। ৫ সুন্দর। স্ত্রীং ~পুণ্যা, -তুলসী। ~ক [পুণ্য+ক (র্ত্তৃ)] বি, পুণ্যার্থ উপবাসাদি। ২ পুণ্যক ব্রত। ~কর্ত্রতি-বি, একবৎসর ব্যাপী প্রত্যহ অনুষ্ঠেয় ব্রতবিঃ। ইহাতে পুত্রকামা হইয়া নারীগণ কৃষ্ণপূজা করিয়া থাকেন। ~কর্ম্ম [৬তৎ] বি, যে কর্ম্মে পুণ্যসঞ্চার হয়; ধর্ম্মানুষ্ঠান। ~কাল [পুণ্য যে কাল, ধা] বি, পুণ্যকর্ম্ম অনুষ্ঠানের পক্ষে প্রশস্ত সময়।~কর্ম্মা [পুণ্য (পবিত্রতা-জনক) কর্ম্ম (কার্য্য) যার, বহু০। মূ০ পুণ্য-কর্ম্মন্ ১মা, ১ব০] বিণ, পুণ্যকর্ম্মকারক; পুণ্য সঞ্চয়কর অনুষ্ঠানকারী। ~কীর্ত্তন [পুণ্য (পবিত্রকারক) কীর্ত্তন (নামোচ্চারণ) যার, বহু০] বি, বিষ্ণু। ২ বিণ, পুণ্যজনক কীর্ত্তন-কারী। ~কীর্ত্তি [পুণ্য (পবিত্র) কীর্ত্তি যার, বহু০] বিণ, পুণ্যকীর্ত্তিবিশিষ্ট; ধার্ম্মিক; পুণ্যবান। ২ [পুণ্য যে কীর্ত্তি, ধা] বি, পবিত্রকীর্ত্তি; পূতকীর্ত্তি। ৩ বিণ, পুণ্যকর্ম্ম-দ্বারা যিনি যশস্বী হইয়াছেন; যার সুকীর্ত্তির যশ বিস্তার লাভ করিয়াছে। ~কৃৎ [পুণ্য (ধর্ম্ম) কৃৎ (যে করে)] বিণ,পুণ্যানুষ্ঠানকারী; ধর্ম্মাচারী। ~ক্ষয় [৬তৎ] বি, সঞ্চিত পুণ্যের নাশ। ~ক্ষেত্র [পুণ্য (পূত) ক্ষেত্র (ভূমি), ধা] বি, পুণ্যভূমি; আর্য্যাবর্ত্ত; বিন্ধ্য ও হিমালয়ের মধ্যবর্ত্তী স্থান। ২ পবিত্র স্থান; তীর্থ। ~গন্ধ [পুণ্য (মনোহর) গন্ধ যার, বহু০] বি, চাঁপাফুলের গাছ। ২ মনোহর গন্ধ; সুগন্ধ। ~গন্ধি [পুণ্য (মনোহর) গন্ধ (সৌরভ) যার, বহু০। গন্ধ=গন্ধি] বিণ, সুগন্ধযুক্ত। ~জন [পুণ্য (পবিত্র) জন, ধা] বি, ধার্ম্মিক; পূতহৃদয় ব্যক্তি। ২ যক্ষ। ~জনেশ্বর [পুণ্যজন+ঈশ্বর, ৬তৎ] বি, যক্ষপতি কুবের। ২ [পুণি (পবিত্রতা)-অজন (অজকম)] রাক্ষস। ~তরা [পুণ্য-তর (আধিক্যে)+আ (স্ত্রীং)] বিণ, বি, অধিক পুণ্যদ (সূর্য্যসংক্রমণজন্য সংক্রান্তিবিঃ)। ~তোয়-বি, পবিত্র জল। > স্ত্রীং ~তোয়া[পুণ্য (পবিত্র) তোয় (জল) যার, বহু০] বিণ, যার জল পবিত্র; যে নদীর জল পুণ্যজনক। ২ পূতসলিলা। ৩ বি, গঙ্গা। ~থল [পুণ্য (পবিত্র, তীর্থ)+স্থল > থল] বি, পবিত্র স্থান; তীর্থস্থান। "পুণ্য-থল নহি ছিল নহি গঙ্গাজল"- শূ০ পু০। ~দ [পুণ্য-দা+অ (র্ত্তৃ)] বিণ, পুণ্যদান-কারী; পুণ্যজনক। > স্ত্রীং~দা-পুণ্যদাত্রী। "এই যে অষ্টমী পুণ্যদা এ তমী অন্নদার ব্রত তিথি।"-অ০ ম০। ~দর্শন [পুণ্য (পবিত্র) দর্শন যার, বহু০] বিণ, যার দর্শনে পবিত্রতা জন্মে। ২ বি, দেবপ্রতিমাদি। ৩ চাসপক্ষী the blue joy. ~পুঞ্জ-বি, পুণ্যরাশি; বহুপুণ্য। ~ফল [৬তৎ] বি, পুণ্যকর্ম্মের পরিণাম; ধর্ম্মকর্ম্মের পুরস্কার। ~বতী [পুণ্যবৎ+ঈ (স্ত্রীং)। পুং পুণ্যবান্] বি, পুণ্যশীলা; ধার্ম্মিকা। "তোর সমা পুণ্যবতী কেটা"-অ০ ম০।~বন্ত [পুণ্য-বন্ত(শীলার্থে)] বিণ, পুণ্যশীল; ধার্ম্মিক। ~বল [৬তৎ] বি, পুণ্যের জোর; ধর্ম্মানুষ্ঠানে অর্জ্জিত শক্তি। ~বান্ [পুণ্য(ধর্ম্ম)+বৎ(স্ত্য০)=পুণ্যবৎ ১মা, ১ব০] বিণ, পুণ্যশীল; ধার্ম্মিক। ২ সৌভাগ্য-শালী; ভাগ্যবান। > স্ত্রীং~বতী।~ভাক্ [পুণ্যভাজ্ ১মা, ১ব] বিণ, পুণ্যশীল; ধার্ম্মিক। ~ভূ, ভূমি [পুণ্য (পবিত্রতা-জনক) যে ভূমি, ধা] বি, পুণ্যক্ষেত্র; পবিত্র-দেশ; পবিত্রতীর্থ। "পুণ্যভূমি বারাণসী বেষ্টিত বরণা অসি, যাহে গঙ্গা আসিয়া মিলিত।"- অ০ ম০। ২ বিন্ধ্যাচল ও হিমালয়ের মধ্যবর্ত্তী ভারত; আর্য্যাবর্ত্ত; ভারতবর্ষ। ৩ পুত্রপ্রসবিনী; পুত্রসন্তানবতী; পুত্রের জননী। ~ভোগ-বি, সুকৃতির ফল-ভোগ। ~যোগ [ধা] বি, বহু পুণ্য ফলের সম্মিলন। ২ শুভ যোগ; সুযোগ। ৩ পুণ্যকর্ম্মানুষ্ঠানের শুভ লগ্ন। ~রাত্র [পুণ্য (পবিত্র) যে রাত্রি, ধা, রাত্রি-রাত্র] বি, পবিত্র রজনী। ২ ধর্ম্মকর্ম্মানুষ্ঠানপক্ষে প্রশস্ত রাত্রি। ~লব্ধ [পুণ্য দ্বারা লব্ধ, ৩তৎ] বিণ, পুণ্য দ্বারা অর্জ্জিত; ধর্ম্মানুষ্ঠান দ্বারা প্রাপ্ত। ~লোক [পুণ্য (পবিত্র) যে লোক (জগৎ), ধা] বি, যে লোকে পাপ নাই; পবিত্র লোক; স্বর্গ; দেবলোক। ২ [পুণ্য (পবিত্র) লোক (ব্যক্তি)] সাধু লোক; ধার্ম্মিক। ~শীল-বিণ, ধার্ম্মিক। > স্ত্রীং~শীলা। ~শ্লোক [পুণ্য (পবিত্র) শ্লোক (যশঃ) যার, বহু০] বি, জনার্দ্দন; বিষ্ণু। ২ নলরাজা। ৩ যুধিষ্ঠির। ৪ বিণ, পূতচরিত্র। > স্ত্রীং ~শ্লোকা-সীতা। ২ দ্রৌপদী। ~সঞ্চয় [৬তৎ] বি,

বহু ব্রত উপবাস ধর্ম্মানুষ্ঠানাদি জনিত পুণ্যের রাশি। ২ পুণ্য অর্জ্জন।

পুণ্যা২ [সং-পুণ্যাহ > দেশ°] বি, শুভদিনে জমীদার কর্ত্তৃক প্রজাবর্গের নিকট হতে নূতন বৎসরের খাজনা আদায়রূপ উৎসব।

পুণ্যাত্মা [পুণ্য (পবিত্র) + আত্মা যার, বহু°। মূ° পুণ্যাত্মন্ ১মা, ১ব°] বিণ, পূতহৃদয়; ধার্ম্মিক; পুণ্যশীল।

পুণ্যাহ [পুণ্য (পবিত্র) + অহন্ (দিন) = অহ, ধা] বি, পুণ্যদিন; পর্ব্বদিন; পুণ্যকর্ম্মানুষ্ঠানের পক্ষে প্রশস্ত দিবস। "আজি সেই শুভ পবিত্র পু°"-প্রেম ও ফুল। ২ পুণ্যা (দ্রঃ) বৎসরের প্রথম দিন। ~বাচনা-বি, ধর্ম্মকার্য্যারম্ভে নির্ব্বিঘ্নে কার্য্যসমাপনার্থ বৈদিক মন্ত্রপাঠ।

পুণ্যি [সং-পুণ্য > গ্রা°] বি, পুণ্যকর্ম্ম; ধর্ম্মানুষ্ঠান। ~পুকুর-ব্রতবিঃ; পুন্নি দ্রঃ। ২ আদর্শ নারীজীবন লাভের বর প্রার্থনাঘটিত কুমারীদিগের অনুষ্ঠিত ব্রতবিঃ।

পুণ্যোদকা [পুণ্য (পবিত্র) + উদক (জল) + আ(স্ত্রীং), যে নদীর, বহু°] বি, গঙ্গা, যমুনা, গোদাবরী, সরস্বতী, নর্ম্মদা, সিন্ধু ও কাবেরী এই সপ্ত নদী। ২ বিণ, পূতোদকা; পুণ্যতোয়া। ২ পবিত্র জলগর্ভা।

পুণ্যোদয় [পুণ্য (পুণ্যের) + উদয়, ৬তৎ] বি, সৌভাগ্যোদয়: পুণ্যকর্ম্মের ফলস্বরূপ সৌভাগ্য; শুভাদৃষ্ট।

পুৎ, পুত [পুত্র > প্রাকৃ° পুত্ত ("অরে পুত্ত"=হে পুত্র-বৌ° দো°)। গ্রা°। গ্রা°বাং-পুতা, পুতাই, পুতো] বি, পুত্র। "কঠোরী কাতর হয়ে কহিল কৃষ্ণেরে। হা পুতিকে পুতের পরাণ দান দেরে।"-শি°। ~খাকী [প্রাদে° চব্বিশ পরগণা] যে নারীর পুত্র বাঁচে না; ছেলেখাকী; ডাইনী; গালিবিঃ। ~পুত-পুতু পুতু দ্রঃ। ~শোকী [প্রাদে°। পু° বঙ্গে, কলহে প্রযুক্ত] পুত্রশোক প্রাপ্তা স্ত্রী।

পুতবতী [গ্রা°। পুত্রবতী >] বিণ, পুত্রবতী; পুত্রযুক্তা স্ত্রী।

পুতন্তী [গ্রা°। পুত্রবান্ > পুত্রবন্ত > পুতন্ত > স্ত্রীং পুতন্তী। পুতন্তী দ্রঃ] বিণ, পুত্রবতী। "ঐ যুবতী ঐ পুতন্তী উহারি সে বেটা।"-কবিক°।

পুতলি, -লী [পুত্তলি > প্রাকৃ° 'পুত্তলিয়া'] বি, পুত্তলিকা; পুতুল। ২ মূর্ত্তি; প্রতিরূপ; প্রতিকৃতি। ৩ চোখের তারকা; নয়নতারা। ৪ পুত্র; সন্তান। "চেয়ে দেখ ঘাটে শুয়ে সোণার পুতলি"-হেম°। "এই দুঃখে মরি আমি পরাণ পুতলি তুমি কেমনে ছাড়িয়া যাবে মায়।"-শি°।

পুতা [পুৎ দ্রঃ। গ্রা° বাং] পুত্র; বেটা।

পুতি১, পুতী, পুতা১, পুতাইল [শ্রীহট্ট° প্রাদে° পাটা পুতা=শীল নোড়া। সং-শিলাপুত্র >] বি, নোড়া।

পুতি২ [সং-পুত্র > পুত >] বি, পুত্র।

নাতিপুতি [সং-নপ্তৃ > নাতি, পুত্র > পুতি, নাতপুত ও°] বি, পুত্র-পৌত্রাদি।

পুতি৩ [রসা° পরিঃ] বি, ইং putrefaction এর বৈজ্ঞা° পরিঃ।

পুতিক [রসা° পরিঃ] বি, সীসক lead. ২ টিন tin.

পুতিকা [গ্রা° বাং। সং-পতঙ্গ > পতঙ্গিকা > পুতিকা] বি, ক্ষুদ্র মক্ষিকা। "বেহুলা তাড়েন যত নহে নিবারণ। পুতিকা প্রবেশে তাহে মশক-নন্দন।"-কেতকাদাস।

পুতুপুতু [গ্রা°। পুত্র > পুত + পুত = পুত্রবৎ (অনুকরণে বা সাদৃশ্যার্থে দ্বিত্ব) >, পুত্রের প্রতি যেমন মমতা হয় তদ্রূপ] অ, অতিশয় মমতা সহকারে; অতি যত্নে। ~পু° করিয়া রাখা-অতি যত্নে সংরক্ষা করা; অতি সাবধানে ও সযত্নে তুলিয়া রাখা।

পুতুল, পুতুল [সং-পুত্রিকা > প্রাকৃ° পুত্তলিকা। হি° পুতলা, পোতলা; চ° ক° ভা°] বি, মনুষ্য পশু-পক্ষী ই°-র প্রতিমূর্ত্তি; খেলিবার পুত্তলিকা। "হৃদয় কি বেদনা কি সে বোঝে না হায়। সে যে গো সকলি দিয়া পুতুল খেলায়।"-ফুল ও রেণু। ২ চক্ষের তারা; পুত্তলী। ~খেলা-পুতুল লইয়া খেলা। ~গড়া-মৃত্তিকা, কাষ্ঠ প্রস্তরাদিতে পুত্তলিকা নির্ম্মাণ করা। ~নাচ [গ্রা° পুৎলো নাচ] মনুষ্য বা জীবজন্তুর প্রতি মূর্ত্তির অঙ্গভঙ্গী বা নৃত্যাভিনয়; পুতলের নাচ।

পুত্ত [ইতি°] বি, খনামখ্যাত রাজপুত বালক বীর (বীরাঙ্গনা কর্ম্মদেবীর পুত্র)। খৃ° ১৫৬৮ অব্দে ১৬ বৎসর বয়সে আকবর বাদশাহ ও অসংখ্য মোগল সৈন্যসহ একাকী যুদ্ধ করিয়া অসীম বীরত্ব প্রদর্শন করিয়া অমরত্ব লাভ করেন।

পুত্তলক [পুত্তল + ক (জ্ঞা°)] বি, তৃণ পত্রাদি নির্ম্মিত নরাকৃতি; মৃত ব্যক্তির স্থানীয় কুশপুত্তলী; পর্ণনর।

পুত্তলি, -লী [পুত্তলিকা দ্রঃ] বি, পুত্তলিকা; পুতুল। ২ নেত্রতারা। ৩ মূর্ত্তি। "সোনার পুত্তলি ছেলে কোলে তোর দিব ফেলে দেখি ভাল লাগে কি না লাগে।"-কপালকুণ্ডলা।

পুত্তলিকা [সং-পুত্রিকা > প্রাকৃ° পুত্তলিয়া >] বি, পুতুল।

পুত্তিক, পুত্তিকা [সং] বি, মৌমাছি। ২ উইপোকা। "পুত্তিকেরা যেরূপ বল্মীক প্রস্তুত করে, তদ্রূপ ক্রমে ক্রমে ধর্ম্ম সঞ্চয় করিবে।"-হিতোপদেশ। ৩ [পারিঃ] বি, ইং chrysolite এর বৈজ্ঞা° পরিঃ।

পুত্র-পুত্র দ্রঃ।

পুত্রী [পুত্র + ইন্ (স্ত্যা°)=পুত্রিন্ ১মা, ১ব°] বিণ, পুত্রশালী; পুত্রবান্; পুত্রযুক্ত; সপুত্র। ২ [পুত্র + ঈ (স্ত্রীং)] বি, কন্যা। স্ত্রীং পুত্রিণী-পুত্রবতী।

পুত্রেষ্টি [পুত্রায় (পুত্রের জন্য) ইষ্টি (যাগ), ৪তৎ] বি, পুত্রোৎপাদন কামনায় অনুষ্ঠেয় যজ্ঞ।

পুত্র, পুত্র [পু (পবিত্র করা) + ত্র (র্ত্তৃ); পুৎ (নরক) ত্রৈ (ত্রাণ করা) + অ (র্ত্তৃ), যে পিতাকে পবিত্র করে; যে পুৎ নামক নরক হতে পিতাকে উদ্ধার করে] বি, নন্দন; সুত; তনয়। এই পুত্র দ্বাদশ বিধ, যথা-(১) নিজের বিবাহিতা পত্নীর গর্ভে স্বয়ং উৎপাদিত সন্তান; ঔরস পুত্র; (২) ক্ষেত্রজ (পতির অনুমতি ক্রমে অপর পুরুষ কর্ত্তৃক উৎপাদিত); (৩) দত্তক; পোষ্য পুত্র; পিতা মাতার নিকট হ'তে বিপৎকালে দানস্বরূপ প্রাপ্ত পুত্র; দত্তক

পুত্র ; (৪) অন্যের গুণবন্ত পুত্রকে পুত্ররূপে প্রতিপালন করিয়া পুত্র ব্যবহার করিলে সেই পুত্র নিজকৃত বলিয়া কৃত্রিম পুত্র নামে কথিত ; (৫) গূঢ়োৎপন্ন ; ভর্ত্তৃ গৃহে পর পুরুষ সংসর্গে গুপ্তভাবে উৎপন্ন পুত্র ; (৬) অপবিদ্ধ ; পিতা মাতা কর্ত্তৃক পরিত্যক্ত পুত্র যদি কেহ পুত্ররূপে গ্রহণ করে তবে সেই পুত্রই অপবিদ্ধ ; (৭) কানীন ; অবিবাহিতা কন্যার গর্ভজাত পুত্র ; (৮) সহোঢ় ; বিবাহের পূর্ব্বে কন্যার গর্ভ হইলে বিবাহের পর প্রসূত পুত্রকে সহোঢ় বলে ; (৯) পিতা মাতার নিকট হ'তে মূল্য দিয়া পুত্র লইলে ঐ পুত্র ক্রীতক নামে খ্যাত হয় ; (১০) যে নারী পতি কর্ত্তৃক পরিত্যক্তা কিম্বা বিধবা হইয়া দ্বিতীয় পুরুষকে বিবাহ করিয়া পুত্র উৎপাদন করে ঐ পুত্রকে পৌনর্ভব পুত্র বলে ; (১১) স্বয়ং দত্ত ; যে বালক অনাথ কিম্বা পিতা মাতা কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া স্বয়ং অযাচিত ভাবে অন্যকে পুত্ররূপে আত্মসমর্পণ করে ; (১২) পারশব ; ব্রাহ্মণ পিতার ঔরসে শূদ্রা মাতার গর্ভে উৎপন্ন পুত্র (ঐ পুত্রকে কেহ শৌদ্র পুত্র বলিয়া থাকে)। বর্ত্তমানে কেবল ঔরস পুত্র ও দত্তক পুত্রই পিণ্ডদ এবং ধনাধিকারী হইয়া থাকে। ২ শিষ্য। "চার দিগে চাহি জোগী ধ্যান আরম্ভিল। হুঙ্কারে বৃক্ষ সব ভূমেতে ঠেকিল॥ হেটমুণ্ড হইল গাছ লোটে ভূমিতল। ছিণ্ডিয়া পুত্রের হাতে দিল নানা ফল॥" -গোবিন্দ॰ গীত। স্ত্রীং ~ী। ~ক [পুত্র+ক (স্বার্থে)] বি, পুত্র। ২ স্নেহপাত্র। ৩ বৃক্ষবিঃ। ৪ পতঙ্গ ; শলভ। > স্ত্রীং **পুত্রকা, পুত্রিকা**-কন্যা। ২ পুত্তলিকা। ৩ অলক্তক পত্রিকা। ~**কন্যা**-বি, ছেলে-মেয়ে। ~**কলত্র**-বি, পুত্র ও পত্নী। ২ ২ পুত্রের পত্নী ; পুত্রবধূ। ~**ঘাতক**-বিণ, পুত্রহন্তা। > স্ত্রীং **ঘাতিকা**। ~**কাম** [পুত্রের কাম (অভিলাষ) যার, বহু॰] বিণ, পুত্রাভিলাষী। > স্ত্রীং ~**কামা**। ~**ঘ্নি** [সুশ্রুত] বি, গর্ভধারণ কালের মধ্যে অতিরিক্ত ঋতুস্রাব জনিত উপর্য্যুপরি গর্ভপাত হইলে যেরূপ হয় সেই অবস্থাপ্রাপ্ত যোনি। ~**দ**, ~**দাতা**-বিণ, পুত্রদাতা। স্ত্রীং > ~**দা**, **দাত্রী**-বিণ, পুত্র প্রসবিনী। ২ বি, মালব দেশপ্রসিদ্ধ পুত্রদাত্রী নামক সুরভি লতা ; বন্ধ্যাদোষ নিবারক বলিয়া নাম বন্ধ্যাকর্কটী। ~**জীব**, ~**ঞ্জীব** [সং-আয়ুর্ব্বেদ মতে ইহা "গর্ভরক্ষক" বলিয়া এই নাম। হিং পিত্তেইজিয়া, জিয়াপুটজ ; ম॰ জীবন পুংত্র] বি, বকুল পত্রের মত পত্রবিশিষ্ট ক্ষুদ্র পুষ্প ও ফলবান্ বৃহৎ জাতীয় পার্ব্বত্য বৃক্ষবিঃ ; জিয়া পাতার গাছ putranjiva roxburghii.

পুত্রিক [পুত্র+ইক (ষ্ণ্য॰)] বিণ, পুত্রবান্ ; পুত্রযুক্ত। স্ত্রীং ~া।

পুত্রিকা [পুত্রিক দ্রঃ] বি, কন্যা। ২ দত্তাকন্যা। ৩ পুত্তলিকা। ~**পুত্র** [৬ তৎ] বি, পুং কন্যাতে যে পুত্র জন্মিবে সে আমার শ্রাদ্ধাধিকারী হইবে এই ব্যবস্থা করিয়া অপুত্রক, যে কন্যা প্রদান করেন সেই কন্যার পুত্র। "পুত্রিকা গ্রহণান্তে যদি কোন ব্যক্তির পুত্র জন্মে তা হলে পুত্র ও পুত্রিকা-পুত্র উভয়ে সমাংশভাগী হইবে ; যেহেতু স্ত্রী জাতির জ্যেষ্ঠত্ব নাই।"-মনু, ৯অ (রত্নমালা)। ২ দত্তা কন্যারূপ পুত্র। ~**ভর্ত্তা** [পুত্রিকার (কন্যার) ভর্ত্তা (স্বামী), ৬তৎ] বি, জামাতা ; জামাই।

পুত্রীয় [পুত্র+ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, পুত্র সম্বন্ধীয়। স্ত্রীং ~া পুত্রেষ্টি যাগ।

পুত্রে(ত্রে)ষ্টি, পুত্রে(ত্রে)ষ্টিকা [পুত্র (জন্য) ইষ্টি যোগ)] বি, পুত্র কামনায় বা পুত্রলাভার্থ যাগ।

পুথলি [পুত্তলি > উচ্চারণ বিকারে] বি, পুতুল। "কেমন যশোদা মায়ের পরাণ পুথলি ছাড়িয়া দিয়া।" -চণ্ডি॰।

`পুথি,-থী [সং-পুস্তী > প্রাকৃ॰ পোত্থি > হিং পোথী > বাং-য় পুথি (থী) > প্রাদে॰ অনুনাসিক উচ্চারণে-পুঁথি (দ্রঃ)] বি, পুস্তী ; পুস্তক ; গ্রন্থ। ২ হস্তলিখিত বা অমুদ্রিত পুস্তক। ~**শালা**-বি, গ্রন্থাগার। "শ্রীকৃষ্ণ লীলাত্মক কীর্ত্তনের এই অপূর্ব্ব গ্রন্থ ২৫০ বর্ষ পূর্ব্বে বিষ্ণুপুর রাজের পুঁথিশালায় সযত্নে রক্ষিত হইত।"-শ্রী॰ কৃ॰।

`পুদিনা [ফা॰ পোদিনাহ্। সং-পুতনী] বি, সুগন্ধি শাকবিঃ ; পেরুপাতায় গাছ ; পুতনী দ্রঃ।

পুন১ [সং-পুণ্য > পুণ (দ্রঃ), প্রা॰ বাং] বি, পুণ্য। "জাগর পুন ফুলে প্রাতহিঁ ভেটলুঁ"-রসমঞ্জরী (পীতাম্বর)।

পুন২ [সং-পুনর্, পুনঃ। ব্রজ॰ পুনি। প্রা॰ বাং-পুনু (ণু), পুণ, পুণি, পুণী। "অথ নদী গেলে পুণি বহে খর বাএ"-শ্রী॰ কী॰। "এ পুণী কাহাঞিঁ তোর বড়ই খাঁখার"-ঐ] অ, পুনরায় ; দ্বিতীয়বার ; আবার।

পুনঃপুনঃ, পুনঃপুনা [আধিক্যার্থে দ্বিত্ব। ব্রজঃ, প্রা॰ বাং-পুণিপুণি। "পুণি-পুণি চাহে বাঁশী"-শ্রী॰ কী॰] অ, মুহুর্মুহু ; বারংবার ; উপর্য্যুপরি।

পুনকি, পুন্‌কে [সং-প্রোষ্ঠী (পুঁটি-মাছ) > পুট্‌ঠি > পুঁটকি > পুণকি (ক্ষুদ্রার্থে) > ক্ষে॰ পুণকে > পুন্‌কে (পুঁচ্‌কে দ্রঃ)] বিণ, ক্ষুদ্র ; ছোটখাট ; পুঁচ্‌কে। ২ বি, নটিয়াবৎ ক্ষুদ্রপত্র খাদ্যশাকবিঃ। ~**শত্রু**-বি, ক্ষুদ্র শত্রু। প্র-পুন্‌কে হলেও, শত্রুর শেষ রাখতে নাই।

পুনিমতী-পুণ্যবতী দ্রঃ।

পুনিমি,-মী [পূর্ণিমা দ্রঃ] বি, পূর্ণিমা। "পুনমির চন্দ"-শ্রী॰ কী॰। "পুনমির চাঁদ রাধা বদন তোহোর।"-ঐ।

পুনরধিকার [পুনঃ+অধিকার] বি, পুনরায় অধিকার।

পুনরপি [পুনঃ+অপি] ক্রি-বিণ, পুনরায়।

পুনরাগত [পুনঃ (পুনর্ব্বার)+আগত (উপস্থিত)] বিণ, পুনরায় আগত ; প্রত্যাগত ; প্রত্যাবৃত্ত। স্ত্রীং ~া।

পুনরাগমন [পুনঃ + আগমন] বি, প্রত্যাগমন ; প্রত্যাবর্ত্তন।

পুনরাধান [পুনঃ (পুনর্ব্বার)+আধান (বহ্নি স্থাপন)] বি, শ্রৌত ও স্মার্ত্ত অগ্নির পুনঃস্থাপন।

পুনরাবর্ত্তী [পুনঃ+আবর্ত্ত (প্রত্যাগত হওয়া)+ইন্ (ষ্ণ্য॰)=পুনরাবর্ত্তিন্ ১মা, ১ম॰] বিণ, ইহসংসারে বারংবার আগমনকারী।

পুনরাবৃত্তি [পুনঃ+আবৃত্তি] বি, পুনরায় পাঠ ; আবার বলা ; পুনরুক্তি। ২ প্রতিলিপি। ৩ পুনঃ করণ ; অনুবৃত্তি। বিণ, **পুনরাবৃত্ত**।

পুনরায় [সং-পুনর্ব্বার >] অ, দ্বিতীয়বার; পুনর্ব্বার; আবার। ২ পক্ষান্তর।

পুনরুক্ত [পুনঃ+উক্ত] বিণ, পুনরাবৃত্ত; পুনর্ব্বার কথিত বা উল্লিখিত। বি, পুনরুক্তি। ~**জন্মা** [পুনঃ (পুনর্ব্বার) +উক্ত (কথিত) হয় জন্ম যার, বহু= পুনরুক্ত জন্মন্] বি, দ্বিজ; ব্রাহ্মণ (শব্দকল্পদ্রুম)। ~**বদাভাস** [পুনঃ (পুনর্ব্বার) উক্তবৎ (কথিতের ন্যায়) আভাস (আপাতত প্রতীতি) হয় যাতে, বহু° semblance of tautology.] বি, কাব্যের শব্দ ও অর্থালঙ্কারবিঃ। একার্থবাচক একাধিক শব্দের প্রয়োগস্থলে আতিমাত্র পুনরুক্ত দোষ (tautology) বলিয়া মনে হইলে পু° শব্দালঙ্কার হয়, কিন্তু বিশেষ অনুসন্ধান দ্বারা পরে সেই সকলের ভিন্ন ভিন্ন অর্থ প্রতিপন্ন হইলে ইহা পু° অর্থালঙ্কার হয়। "বিরিঞ্চি কমলাসনে বসি পদ্মাসনে জানিতে হরির শক্তি মুদিলা নয়নে।"-সাহিত্য মুক্তাবলী। এখানে কমলাসনে ও পদ্মাসনে একার্থক মনে হইবার পর পদ্মাসনকে বসিবার রীতিভেদ বলিয়া প্রতিপন্ন হওয়ায় শব্দ অর্থ উভয়বিধ অলঙ্কারই হইল। প্রাচীন পণ্ডিতগণ এইরূপই নির্দ্দেশ করিয়াছেন।

পুনরুক্তি [পুনঃ (পুনর্ব্বার)+উক্তি (কথন)] বি, দ্বিরুক্তি; আবার বলা; যা একবার বলা হইয়াছে তা পুনর্ব্বার বলা। ~**বদাভাস** [পুনরুক্তি-বৎ + আভাস] বি, পুনরুক্তবদাভাস-নামক শব্দালঙ্কারবিঃ। "পু° বদাভাসে শব্দালঙ্কার ভেদ।" -চৈ° চ°।

পুনরুজ্জীবিত [পুনঃ+উৎ+জীব (জীবিত থাকা)+ত (র্ত্ত)] বিণ, পুনর্ব্বার সঞ্জীবতা প্রাপ্ত; পুনর্ব্বার চৈতন্য প্রাপ্ত; নবজীবন প্রাপ্ত।

পুনরুত্থান [পুনঃ+উত্থান] বি, পুনরায় উঠা; পুনরুদ্ভব। ২ মৃত্যুর পর কবর হতে উত্থান resurrection. ৩ পুনরায় উন্নতিলাভ। ৪ নবজাগরণ।

পুনরুৎপত্তি [পুনঃ (পুনর্ব্বার)+ উৎপত্তি (জন্ম) যার] বি, একবার যার উৎপত্তি হইয়াছিল তার পুনরুদ্ভব। ২ পুনর্জন্ম। বিণ, পুনরুৎপন্ন।

পুনরুদ্দীপন [পুনঃ+উদ্দীপন] বি, পুনরায় প্রজ্বালন; আবার জ্বালান। ২ নবোৎসাহ; আবার উত্তেজনা। [এই অর্থে-পনা] বিণ, পুনরুদ্দীপিত, পুনরুদ্দীপ্ত।

পুনরুদ্ভব [পুনঃ+উদ্ভব] বি, পুনর্জন্ম; পুনরুৎপত্তি। বিণ, পুনরুদ্ভূত।

পুনরুল্লিখিত [পুনঃ+উল্লিখিত] বিণ, পুনরুক্ত। বি, পুনরুল্লেখ।

পুনর্জন্ম [পুনঃ+জন্ম] বি, মৃত্যুর পর পুনর্ব্বার গৃহীত জন্ম; সংসারে জীবের পুনরাগমন; পুনর্ব্বার দেহধারণ।

পুনর্জীবন-বি, পুনরায় জীবন প্রাপ্তি; নবজীবন; মরিয়া বাঁচা।

পুনর্নব [পুনঃ+নব] বিণ, পুনরায় নূতন। ২ বি, নখ।

পুনর্নবা [সং। কাটিয়া ফেলিলে শীঘ্রই নবীভূত হয় বলিয়া এই নাম। বাং প্রা° পুণ্যা, পুয়ে, স্থলবিশেষে সুপুন্নে। তুল-ওড়ি° পুর্ণি, পুরুণি] বি, শাকবিঃ; পুয়েশাক; সুপুন্নে শাক boerhaavia diffusa; procumbens anderecta. শ্বেত, রক্ত ও নীলবর্ণ পুষ্পভেদে পুনর্নবা তিন প্রকার। ইহা বহুবিধ রোগের শান্তিকারক।

পুনর্ব্বসু [পুনঃ+বসু। পুনঃ (পুনর্ব্বার) +বস্(বাস করা)+উ(ধি), প্রাণিগণ পুনঃপুনঃ যাতে বাস (আশ্রয়) করে] বি, অশ্বিনী ই° ২৭ নক্ষত্রের মধ্যে সপ্তম নক্ষত্র। ২ বিষ্ণু; শিব। ৩ জনৈক রাজা। ৪ কাত্যায়নমুনির নামান্তর। ৫ তিলক; ফোঁটা; টিকা। "সাধুর কপালে যবে দিব পু°। খুল্লনার হবে সাধু নাকবিন্ধা পশু।"-কবিক°।

পুনর্ব্বিচার [পুনঃ+বিচার] বি, আবার বা নূতন করিয়া বিচার।

পুনর্ব্বিবাহ [পুনঃ + বিবাহ। প্রা° পুনর্ব্বিয়া, পুনুবিয়ে] বি, বিবাহিতের বিবাহ। ২ বিধবা বিবাহ।

পুনর্ব্বিয়া [প্রা°। সং-পুনর্ব্বিবাহ >। প্রা° পুনুবিয়ে] বি, স্ত্রীলোকের দ্বিতীয় বিবাহ; গর্ভাধানসংস্কার। "বিধামত পুনর্ব্বিয়া সুন্দর করিল।"-ভারত°।

পুনর্ভব [পুনঃ-ভূ (হওয়া)+অ (র্ত্ত)] বিণ, পুনর্ব্বার উৎপন্ন; পুনর্নবীভূত; পুনর্ব্বার জাত। ২ [+অ(ভা)] পুনর্জন্ম। ৩ নখ।

পুনর্ভবী [পুনঃ+ভূ+ইন্ (র্ত্ত)=পুনর্ভবিন্ ১মা, ১ব°] বি, দেহান্তর আশ্রয়কারী; আত্মা (যা দেহান্তরে পুনঃ বিদ্যমান থাকে)।

পুনর্ভূ [পুনঃ+ভূ (হওয়া) + ক্বিপ (র্ত্ত)] বি, বিধবা হবার পর পুনর্ব্বার বিবাহিতা নারী; অন্যপূর্ব্বা স্ত্রী। "অক্ষতা অথবা ক্ষতা পুনর্ভূ নারীর গর্ভে উৎপন্ন পুত্র পৌনর্ভব"-যাজ্ঞবল্ক্যসংহিতা (বঙ্গবাসী)। ২ [পুনঃ (পুনর্ব্বার)+ভূ (জন্ম) যার, বহু°] বিণ, পুনরুদ্ভূত।

পুনর্মিলন [পুনঃ+মিলন] বি, দ্বিতীয়বার বা একাধিক বারের পর মিলন; মিলনের পর মিলন; পুনরায় সাক্ষাৎ। ২ বিচ্ছেদের বা বিরহের পর মিলন।

পুনর্মূষিক [পুনঃ+মূষিক। "হিতোপদেশের" মূষিকের মত মুনিকর্তৃক বিড়াল, কুকুর, শেষে ব্যাঘ্ররূপে পরিণত হইবার পর স্বীয় আচরণের ফলে পুনরায় মূষিকপ্রাপ্তি হইতে] বিণ, পূর্ব্বাবস্থা প্রাপ্ত; যা ছিল তাই। বি, ~তা, ~ত্ব-পূর্ব্বের হীনদশা।

পুনর্যাত্রা [পুনঃ+যাত্রা (গমন)] বি, প্রত্যাগমন; প্রত্যাবর্ত্তন। ২ পুনর্ব্বার গমন বা ভ্রমণ। ৩ জগন্নাথদেবের পাল্টা রথযাত্রা; উল্টারথ।

পুনশ্চ [পুনঃ+চ] অ, পুনরায়; পুনর্ব্বার; দ্বিতীয়বার; আবার।

পুনি১ [পুনঃ >। প্রা° বাং পদ্যে। পুনু দ্রঃ] ক্রি-বিণ, পুনর্ব্বার; আবার। "রমণীমোহন বিলসিতে মন হইল মরমে পুনি।"-চণ্ডি°। "যাও মরিবে আর না দেখিব পুনি পো।"-কবিক°।

পুনি২-পুনিম দ্রঃ।

পুনিম, পুণিম, পুনি [পূর্ণিমা >। মৈ°] বি, পূর্ণিমা। "পুণিম শশী"-বি° প°। "হইল মরমে পুনি"-চণ্ডি°। "অমার পুনির তি"-ডাক (=অমা প্রতিপদ ও পূর্ণিমা তৃতীয়া)।

পুষু [সং-পুনঃ। ব্রজ° পুণি। ওড়ি° পুণি।

গ্রা০ বাং পদ্যে] ক্রি-বিণ, পুনর্ব্বার ; পুনরায় ; আবার।

পুর্ন্নিমী, পুন্নুমী, পুন্নিমা, পুন্নিমে-পূর্ণিমা দ্রঃ।

পুন্নর্ক [পুং+নরক] বি, পুংনামক নরক, পুত্র না জন্মিলে যথা যাইতে হয়।

পুন্নাগ [পুমস্=পুম্ (পুরুষ)+নাগ (হস্তী), ধা] বি, শ্বেতহস্তী। ২ শ্বেতোৎপল। ৩ [তুল-তামিল-পিন্নয়। তেলু০ পোন্ন চেট্টু। ওড়ি০ পুনা০] নাগকেশরজাতীয় পুষ্পবৃক্ষবিঃ ; পুনা ; রাজচম্পক (হিন্দুস্থানে ইহার নাম সুলতান চম্পা) calophyllum inophyllum ; alexandrian laurel. ৪ পুরুষ প্রধান [প্র০ অ০] ৫ শ্রেষ্ঠ।

পুন্নামা, পুন্নাম নরক [পুং নাম যার, বহু০। মূ০ পুন্নামন্ ১মা, ১ব০] বি, নরকবিঃ ; পুন্নরক।

পুন্নি [গ্রা০। সং-পুণ্য > পুণ দ্রঃ] বি, পুণ্য। ~পু০ করা-পুণ্য অর্জ্জন করা। ২ পুণ্যের কাজ করা। ~পুকুর-পুণ্যকামনায় পুকুর প্রতিষ্ঠা ও পূজারূপ মেয়েলি ব্রতবিঃ। ক্রি-বিণ, **পুন্নে** ['পুণ্যে'র গ্রা০ রূপ] পুণ্যদ্বারা ; পুণ্যবলে। প্র-বাপের পুন্নে রক্ষা পাওয়া। ২ পুণ্যাহ।

পুপ্প, পুপ্‌ফ [সং-পুষ্প > প্রাকৃ০ পুপ্‌প, পুপ্‌ফ] বি, পুষ্প ; ফুল। ~ঝারা [সং-পুষ্পধারা > ভ্রং] ফুলের ঝারা। "উপরেত পুপ্পঝারা"-শূ০ পু০।

পুপ্‌ফুস্, ফুপ্‌ফুস্ [ফুসফুস্ দ্রঃ। হিং০ ফেফ্‌ড়া] বি, ফুসফুস্ ; ফুলকা। ২ বীজকোষ ; (বিতঃ) পদ্মবীজকোষ।

পুব, পূব [পূর্ব্ব > গ্রা০ কথ্য] বি, পূর্ব্বদিক্। বিণ, পূর্ব্বদিক্ সম্বন্ধীয় ; পূর্ব্বদিকের। "পূবদুয়ারী বসে আজল গায়"-বাং-গান। বিণ, **পূবে** [গ্রা০] পূর্ব্বীয় ; পুরবিয়া। প্র-পূবে হাওয়া। ~পচ্চিম [গ্রা০] পূর্ব্ব পশ্চিম।

পুমান্ [পা (রক্ষা করা)+উমস্ (র্তৃ)= পুমস্ ১মা, ১ব০। যে নরধর্ম্ম রক্ষা করে] বি, পুরুষ মানুষ। ২ পুংলিঙ্গ।

পুয়া১ [সং-পোত > । পোয়া২ দ্রঃ] বি, চারা গাছ ; পুকী। ২ ঢেঁকীর পোয়া। "পুয়া হৈল পুরাতন আঁকসলি মড়ে!"-শি০।

পুয়া২ [সং-পূপ > পা০ পূব > পুআ] বি, পূপ ; পিষ্টকবিঃ ; মালপুআ দ্রঃ।

পুয়া৩-পোআ২ দ্রঃ।

পুয়াল-পোয়াল দ্রঃ।

পুর১ [পৃ (পূর্ণ করা)+অ (ধি)। পৃ=পুর। যেখানে নানাবিধ দ্রব্য পূর্ণ থাকে] বি, আলয় ; ভবন ; গৃহ। "গভীর নিশীথে কেন জাগিলি রে মন। জীবন তরঙ্গ রব, গাঢ় নিস্তব্ধিত সব, জাগ্রত জগতপুরে মাত্র একজন॥"-বাং-গান। ২ আত্মাশ্রয় ; শরীর। ৩ নগর ; পুরী ; সহর। ৪ বিণ, পূর্ণ। ৫ প্রচুর। ৬ পাট ; পর্দা ; ভাঁজ। "শুক্ল বস্ত্র দেবী শতপুর করি। আপন নয়নযুগ্ম বান্ধিল সুন্দরী॥"-মহা০ (কাশী০)। ৭ ত্রিপুর নামক অসুর। প্র-পুরঞ্জয় ; পুরজিৎ।

পুর২-পুরা দ্রঃ।

পুর৩-পূর দ্রঃ।

পুরঃসর [পুরস্(অগ্রে)-সৃ(গমন করা)+অ (র্তৃ), যে অগ্রে গমন করে] বিণ, অগ্রগামী ; অগ্রসর ; অগ্রবর্ত্তী। ২ ক্রি-বিণ, পূর্ব্বক ; অগ্রে করিয়া। প্র-প্রণাম পুরঃসর নিবেদন।

পুরকাইৎ, পুরকায়ৎ, পুরকায়স্থ [পুর (নগর)-কর্ত্তা > কত্তা > কাইত, -য়ৎ] বি, নগরপাল। ২ হিন্দুর জাতীয় পদবীবিঃ।

পুরজ্যোতিঃ [পুর (প্রচুর)+জ্যোতিঃ (কিরণ) যার, বহু০] বি, অগ্নি।

পুরঞ্জন [পুর (দেহ)+জন্ (যে জন্মে)+অ (র্তৃ)] বি, আত্মা-পুরুষ। ~ী-বি, বুদ্ধি।

পুরঞ্জয় [পুর (নগর)+জি (জয় করা)+অ (র্তৃ), ঞ্ আগম] বিণ, নগরবিজয়ী ; পুরজয়কারী। ২ শক্র। ৩ [যিনি ত্রিপুর জয় করেন] বি, শিব। ৪ সৃঞ্জয়ের পুত্র। ৫ সূর্য্যবংশীয় রাজা ককুৎস্থের নামান্তর।

পুরঞ্জিৎ [পুর (ত্রিপুর নামক অসুর)+জিৎ (যিনি জয় করিয়াছেন), ঞ্ আগম] বি, ত্রিপুরারি মহাদেব। ২ [পুর (শত্রু নগর)+জিৎ (জয়কারী), ঞ্ আগম] স্বনাম প্রসিদ্ধ চন্দ্রবংশীয় রাজা।

পুরট [সং] বি, সুবর্ণ। "ঘৃত দধি মধু পূর্ণ পুরটের বাটী।"-ঘ০। "কনক কঙ্কণ হার দূর করে অন্ধকার পুরট মুকুট মণিদাম।"-কবিক০।

পুরতঃ [পুর+তস্ (সপ্তম্যর্থে)] অ, সম্মুখে ; অগ্রে [আধু০ বাং অপ্র০]।

পুরদ্বার [৬তৎ] বি, নগরদ্বার। ২ ভদ্রাসনে প্রবেশের প্রধান দ্বার।

পুরনারী [পুর ((স্থিতা) নারী, ম০ প০ লো০ ধা০] বি, পুরমহিলা ; পুরস্ত্রী ; অন্তঃপুরিকা। "পুরনারীদের পরাণ হানিয়া * *" -মানসী।

পুরন্ত [সং-পূর্ণিত >] বিণ, পরিপুষ্ট ; নিটোল। প্র-পুরন্ত মুখ। ২ পূর্ণ ; সম্পূর্ণ। "কোথা পাবে সে পুরন্ত সুখ ইন্দিরার বরপুত্র কুবেরের সখা।"-অশোক০।

পুরন্দর [সং-পুরং (অসুরপুরকে)+দৃ (বিদারণ করা)+অ (র্তৃ)] বি, ইন্দ্র। "অমরাবতীতে শিব পূজে পুরন্দর।"-কবিক০। ২ ত্রিপুরারি মহাদেব ; শিব। "পুরন্দরার্চ্চিত পুরন্দর।"-অ০ ম০। ৩ বিষ্ণু। ৪ [পুর (ভবন) বিদারণ করে বলিয়া] চোর ; সিঁদেল চোর। ৫ [বৌদ্ধমতে-মানবজন্মে পুরিতে পুরিতে দান করিয়াছিলেন বলিয়া] শক্র। ৬ চই ; চবিকা piper chaba. স্ত্রী ~া-গঙ্গা।

পুরন্ধ্রি, -ন্ধ্রী [সং-পুরং(গৃহকে)ধৃ(ধারণ করা)+অ (র্তৃ)+ঈ (স্ত্রীং), গৃহকে যিনি ধারণ করেন। বিজয়চন্দ্র মজুমদার মহাশয়ের মতে-"বৈদিক যুগে পুরং+ধি, যাঁরা পুরের বা গৃহের কার্য্যই আপনাদের মনের মত করিয়া স্বাধীনভাবে চালাইতেন"] বি, গৃহিণী ; ঘরণী। ২ সন্তানবতী ; গৃহস্থিতা স্ত্রী ; কুটুম্বিনী।

পুরপাল [পুর (নগর) পাল (রক্ষক), যে নগর রক্ষা করে] বি, নগররক্ষক ; নগরপাল। ২ [পুর=দেহ+পাল] জীব।

পুরপ্রান্ত [৬তৎ] বি, নগরপ্রান্ত ; নগরের শেষ সীমা। "মহানগরীর পথ হল শেষ পুরপ্রান্তে, সাধু করিলা প্রবেশ স্নানঘে।" -কথা (রবী০)।

পুরবাসী [পুর (নগর) বস্ (বাস করা) + ইন্ (র্ত্তৃ)=পুরবাসিন্ ১মা, ১ব০] বিণ, যে নগরে বাস করে ; নগরবাসী। ২ [পুর=গৃহ, নগর] গৃহবাসী ; গৃহস্থ। "গা তোল পু০, রজনী পোহাইল, দয়াময় নাম কর গান"-স্ক০। স্ত্রীং **পুরবাসিনী**।

পুরবী [সং] বি, রাগিণীবিঃ।

পুরভিদ্ [পুর (ত্রিপুর) ভিদ্ (বিদারক) -যিনি ত্রিপুরাসুরকে বিদারণ করিয়াছেন] বি, ত্রিপুরারি মহাদেব।

পুরমথন [পুর (ত্রিপুর) মথন (মথ=বধ করা + অন (র্ত্তৃ) যিনি ত্রিপুরাসুরকে বধ করিয়াছেন] বি, ত্রিপুরারি মহাদেব। "পুর-মথনের পূজা যাবৎ না করে রাজা ততক্ষণ উদর দাহন।"-কবিক০।

পুরমার্গ [৬তৎ] বি, নগরের পথ।

পুররক্ষ [পুর (নগর) রক্ষ (রক্ষক)] বি, নগরপালক। ২ পাহারাওয়ালা ; চৌকিদার। **~ী**-বি, দ্বারবান্।

পুরলক্ষ্মী [সং] বি, পুরস্ত্রী ; অন্তঃপুরিকা ; গৃহলক্ষ্মী।

পুরশ্চরণ [পুরস্ (বিশেষ ভাবে) + চর্ (আচরণ করা) + অন (ভা০)। প্রা০ পুরচার] বি, অভীষ্ট সিদ্ধির জন্য মন্ত্র জপ, হোম, তর্পণ, অভিষেক ও ব্রাহ্মণ-ভোজন দ্বারা স্বীয় ইষ্ট দেবতার পূজা। "কৈলা পু০ কতেক কত জপ"-অ০ ম০।

পুরস্মুৎ [সূত্রধরের ভাষায়] বি, কাষ্ঠাদিতে রেখা টানিবার সূত্রধরের যন্ত্রবিঃ। ঐরূপ রেখা চিহ্ন দিবার খড়ি দিয়া মাজা সূতা।

পুরস্কার [পুরস্ (অগ্র, প্রধান) কার (করণ), প্রধান করণ] বি, প্রাধান্য দান। ২ সমাদর ; সম্মান। "বণিক্ সমাজে তার করে পু০।"-কবিক০। ৩ উপহার ; পারিতোষিক। ৪ অভ্যর্থনা ; পূজা। "গদাধর পণ্ডিত করিলা নমস্কার। বসাইলা আসনে তাঁরে করি পু০।" -চৈ০ ভা০। "বিচার হইবে কি প্রথমে অবিচার। অহেতু অতিথি এলে নাহি পুরস্কার।"-অ০ ম০। ৫ [প্রা০ বাং] বিণ, পুরস্কৃত। ৬ প্রশংসিত। "জগতে তোমার নাম যেন (=যেমন) পু০। এবার জানিব গতি মহিমা তোমার।"-সারদামঙ্গল (দয়ারাম, ১৭ শতাব্দী)।

পুরস্কৃত [পুরস্-কৃ (করা) + ত (র্ম)] বিণ, যাকে পুরস্কার করা হইয়াছে ; যাকে উপহার বা পারিতোষিক দান করা হইয়াছে ; উপহৃত। ২ সম্মানিত ; সমাদৃত। ৩ অগ্রে কৃত ; সম্মুখে রক্ষিত। ৪ পূজিত।

পুরস্ক্রিয়া [পুরস্ + ক্রিয়া (কার-করণ)] বি, পুরস্কার দান। ২ পূজন।

পুরস্ত্রী [পুরের (নগরের) স্ত্রী (স্ত্রীলোক), ৬তৎ] বি, পুরনারী ; নগরবাসিনী রমণী। ২ অন্তঃপুরবাসিনী নারী। ৩ পতিব্রতা ; কুলনারী।

পুরহর [পুর (ত্রিপুর) + হর (সংহারক)] বি, ত্রিপুরান্তক ; ত্রিপুরারি মহাদেব। "পুরহর নিঠুর ভ্রূকুটি ভীম মুখে। নয়নে নিকলে শিখী ঝলকে ঝলকে।"-কবিক০। "স্মরহর বর বরপিতা পুরহর। পিতামহ সংহর প্রপিতামহ হর।"-অ০ ম০।

পুরা১ [সং] অ, পূর্ব্ব ; পূর্ব্বকালে। ২ অগ্রে ; প্রথমে। ৩ পরে ; পশ্চাৎ। ৪ বি, পুরাণ। ৫ পুরাবৃত্ত। **~কল্প**-বি, পুরাকাল ; প্রাচীন যুগ। ২ অর্থবাদবিশেষ। **~কথা** [৬তৎ] বি, পুরাকালের কথা ; প্রাচীন কাহিনী। ২ পুরাবৃত্ত ; ইতিহাস। **~কৃত** [পুরা (পূর্ব্বকালে) কৃত (যা করা হইয়াছে)] বিণ, পূর্ব্বকৃত ; পূর্ব্বে অনুষ্ঠিত। ২ পূর্ব্ব জন্মকৃত। "পুরাকৃত পাপ যত হয় বিনে কেবা হরে।"-বাং গান। **~গত** [পুরা (পূর্ব্বকালে) আগত] বিণ, পূর্ব্বকাল হ'তে আগত। ২ [পুরা + গত] পূর্ব্বকালীন। **~তত্ত্ব**-বি, পুরাকালের ইতিবৃত্ত ; মধ্যযুগের পূর্ব্বসময়ের ঘটনার বিবরণ। **~বিৎ**-বিণ, ঐরূপ ইতিহাসাভিজ্ঞ। **~দ্রব্যাগার, ~দ্রব্যালয়**-বি, প্রাচীনকালের বিবিধ অদ্ভুত দ্রব্য সংগ্রহাগার meuseum.

পুরা২, পূরা, পুরো [সং-পূর্ণ > পূন্ন > পুন্না-পূরা] বিণ, সম্পূর্ণ। ২ পরিপূর্ণ। **~পুরি, পুরোপুরি** [পূর্ণাপূর্ণি >] ক্রি-বিণ, পরিপূর্ণ ; ছাপাছাপি।

পুরা৩ [পূরা ক্রঃ। পুরি, পুর, পুরে ; পুরিতে : পুরিয়া (কে০ পুরে)। ণিজন্ত-পুরান] ক্রি, পূর্ণ করা ; পুরিয়া দেওয়া। ২ পূর্ণ হওয়া। "কেহ কয় অধিবাস, কেহ শঙ্খে পুর শ্বাস"-বাঙ্গালীর গান। ৩ শ্বাসপূর্ণ করা ; ফুঁ দেওয়া ; ফুঁ দিয়া বাজান। প্রা০ বাং-**পুর্, পুরর্ত্ত, পুরহ্**-পূর্ণ কর। **পুরাআঁ, পুরিআঁ, পুরী**-পূর্ণ করিয়া ; যোজনা করিয়া। **পুরিল**-পূর্ণ করিল। **পুরিবোঁ**-পূর্ণ করিব। **পুরুক**-পূর্ণ হউক। **পুরে**-পূর্ণ হয়। ২ পূর্ণ করে। বিণ, **পুরিণ, পুরিত, পুরীল**-বিণ, পূর্ণ। "হাথ ভরিলোঁ কিবা পুরিণ কলসে।"-শ্রী০ কী০। "কপট পুরিত মতী"-ঐ। "আশেষ কপটে তোর পুরীল মতী। এহি পাপেঁ হৈল তোর নপুংসক পতী।"-ঐ।

পুরাঙ্গনা [পুর + অঙ্গনা] বি, পুরনারী।

পুরাণ [পুরা (পূর্ব্বে, প্রাচীনকালে) + ন (সংঘটিত, জাত অর্থে। সং-পুরাতন > প্রাকৃ০ পুরাণ] বি, অতি প্রাচীনকালের প্রসিদ্ধ ব্যক্তি ও সমাজ ধর্ম্ম ই০ অবলম্বনে রচিত আখ্যায়িকা বা কথা mythology. "সে কথা জনশ্রুতি-মূলক চির-প্রচলিত পুরাতন কথা হইলেও, 'পূর্ব্ববৃত্তকথা' বলিয়া পরিচিত ছিল না। এইখানে পুরাণের এবং ইতিহাসের পার্থক্য"-অ০ কু০ মৈত্রেয়। "বেদের সংহিতা এবং ব্রাহ্মণভাগে অনেক রাজা এবং অপরাপর ব্যক্তিবর্গের নাম ও আখ্যায়িকা দেখিতে পাওয়া যায় ইহাকেই পুরাণ বলে। তদ্ভিন্ন বৈদিক সময়ে স্বতন্ত্র পুরাণ ছিল না।"-ঋগ্বেদ সংহিতার উপক্রমণিকা (রমানাথ সরস্বতী)। কিন্তু সাধারণতঃ "পুরাণ" অর্থে বুঝায় ব্যাসাদি মুনিরচিত শাস্ত্র যা সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্তর ও বংশানুচরিত এই পাঁচটী লক্ষণে বিশেষিত। মূল পুরাণ অষ্টাদশ ভাগে বিভক্ত, যথা-(১) ব্রহ্মপুরাণ, (২) পদ্মপুরাণ, (৩) বিষ্ণুপুরাণ, (৪) শিবপুরাণ, (৫) ভাগবত পুরাণ, (৬) নারদপুরাণ, (৭) মার্কণ্ডেয়পুরাণ, (৮) অগ্নিপুরাণ, (৯) ভবিষ্য পুরাণ, (১০) ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ, (১১) লিঙ্গ-পুরাণ, (১২) বরাহপুরাণ, (১৩) স্কন্দপুরাণ,

(১৪) বামনপুরাণ, (১৫) কূর্ম্মপুরাণ, (১৬) মৎস্যপুরাণ (১৭) গরুড়পুরাণ, (১৮) ব্রহ্মাণ্ডপুরাণ। এই অষ্টাদশ মহাপুরাণ নামে উক্ত। উপপুরাণও বহুসংখ্যক আছে। "ব্যাস নারায়ণ অংশ ঋষিগণ অবতংস যাঁহা হইতে আঠার পুরাণ।"-অ° ম°। ২ সংখ্যা-বিশেষ; ষোল পণ বা ১ কাহন। ৩ [ইতি°] মৌর্য্যবংশের অধিকার কালে ও তৎপূর্ব্বে ভারতীয় প্রাচীন চতুষ্কোণ রজত মুদ্রা। তখন ক্ষুদ্র ও বৃহৎ চতুষ্কোণের তাম্র মুদ্রারও প্রচলন ছিল (রাখাল° বন্দ্যো°, বাঙ্গালার ইতিহাস, ১৩২১)। ৪ বিণ, অনাদি। "কেশবায় নমোনমঃ পুরাণ পুরুষোত্তম চতুর্ভুজ গরুড় বাহন।"-অ° ম°। ৫ [প্রাদে° উচ্চারণে পুরাণো। নূতনের বিপরীত] প্রাচীন; পুরাতন। ~কর্ত্তা,-কার-বিণ, পুরাণ রচয়িতা। ~-পুরুষ [পুরাণ (অনাদি) যে পুরুষ, ধা] বি, অনাদি পুরুষ; পরমাত্মা; পরব্রহ্ম। ২ বিষ্ণু। ৩ প্রাচীন; বৃদ্ধ। ~ প্রসিদ্ধি-বি, পুরাণে প্রসিদ্ধি; পুরাতন প্রখ্যাতি; প্রাচীন-দিগের মধ্যে খ্যাতি। > বিণ,~প্রসিদ্ধ।

পুরাণা [গ্রা°। সং-পুরাতন > হি° পুরাণা] বিণ, পুরাতন; প্রাচীন; সেকেলে। "সেই রবি শশী আছে সেই ফুল ফোটে গাছে পু° সেকেলে সেই অলির গুঞ্জন।"-চন্দন। ~পাপী-পুরাতন পাপী দ্রঃ।

পুরাতন [পুরা+তন (ভবার্থে)] বিণ, পুরাণ; প্রাচীন। ২ অনাদি। "জয় সত্য সনাতন পুরুষ পুরাতন মুক্তিনিকেতন কৃষ্ণ হরে।"-বাংগান। পু° চাল ভাতে বাড়ে-পুরাতন বন্ধুও পুরাতন চাউল অধিক উপকারী হয়। পু° পাপী-বহুদিন পূর্ব্বে বহু পাপ কার্য্য করিয়া এখন যে বৃদ্ধ হইয়াছে; প্রথম জীবনে বহু পাপ করিয়া পরে সাধু জীবন যাপনকারী। ~নী -বিণ, প্রাচীন সম্বন্ধীয়। ২ সনাতনী (দ্রঃ)। ৩ প্রাচীনা।

পুরাদস্তুর [পুরা (পূর্ণ)+ফা° দস্তুর (রীতি)] ক্রি-বিণ, প্রথার সম্পূর্ণ অনুযায়ী ভাবে; বেশ রীতিমত; ঠিকমত; যথাযথ।

পুরাধ্যক্ষ [পুর (নগরের) + অধ্যক্ষ (তত্ত্বাবধায়ক), ৬তৎ] বি, নগরাধ্যক্ষ। ২ অন্তঃপুরের রক্ষক; কঞ্চুকী।

পুরাপুরী [গ্রা° পুরোপুরী। পুরা দ্রঃ] বিণ, পূর্ণ; বাকী না রাখিয়া; সম্পূর্ণ। "গহনা বিক্রয়ে পুরাপুরী ছয় শত টাকা পাইল না।" -স্বর্ণ প্রতিমা (হ° সা° মুখো°)।

পুরাবিৎ [পুরা (প্রাচীন) বিদ্ (জানা)+ ক্বিপ্ (র্ত্তৃ), যে প্রাচীন বিষয় জানে] বি, পুরাতত্ত্বজ্ঞ; প্রত্নতত্ত্ববিৎ; অতীতবেত্তা। ২ প্রাচীন ব্যক্তি; বৃদ্ধ।

পুরাবৃত্ত [পুরা (পূর্ব্বকালে) বৃৎ (বর্ত্তমান থাকা)+ত (র্ত্তৃ),যা পূর্ব্বকালে বর্ত্তমান ছিল; যা পূর্ব্বে ঘটিয়াছিল] বি, পুরাকালের কাহিনী। ২ [পুরা (পুরাণ) বৃত্ত (চরিত্র)] প্রাচীনকালের লোকচরিত্র; ইতিবৃত্ত; প্রাচীন ইতিহাস।

পুরারি [পুর (ত্রিপুরাসুর) + অরি (রিপু), ৬তৎ] বি, ত্রিপুরারি; মহাদেব।

পুরি১-পুরী১ দ্রঃ।

পুরিণ, পুরিত, পুরীল-পুরা২ দ্রঃ।

পুরিয়া [সং-পুটক (পুড়ক); হি°পুড়িয়া] বি, কাগজের মোড়ক। গুঁড়ওঁষধের মোড়ক।

পুরী১ [সং] বি, নগরী। ২ ভবন। ৩ দেহ। ৪ সন্ন্যাসীদিগের উপাধিবি:। ৫ ওড়িষ্যা প্রদেশের সমুদ্রতীরস্থ একটী জেলা; জগন্নাথ-দেবের মন্দির ইহার অন্তর্গত। পুরুষোত্তম তীর্থ; পুরীধাম। বৈকুণ্ঠপুরী, কৈলাস-পুরী, পাতালপুরী-স্ব স্ব স্থানে দ্রঃ।

পুরী২, পুরি২ [পুরিকা দ্রঃ। বৈদিক সং -পুরোডাশ > পরোটা > পুরী, অথবা সং-পৌলি (লী) > পুরি (রী)] বি, যবের বা আটার ঘৃতপক্ক রোটিকা: আটার লুচী। দাল (ডাল) পুরী - দাইলের পুর দেওয়া লুচী; পোলী। ~কা-পুরীকা দ্রঃ।

পুরীষ [সং] বি, বিষ্ঠা; উচ্চার; গূথ।

পুরু১ [সং-পৃ ধাতু (পূর্ণ করা) >। তুল-পুরুহ=প্রচুর; পৃথু=স্থূল অথবা উপরি উপরি ক্ষে° "পুরু"] বিণ, স্থূল; মোটা। প্র-পুরু তক্তা। ২ একের উপর অন্যস্তর; তা বা ভাঁজের সমষ্টি। "যেমা বনে বায় পুরু বিছান বসন।"-ম°।

পুরু২ [পু°] বি, রাজা যযাতির ঔরসে শর্ম্মিষ্ঠার গর্ভে জাত স্বনাম প্রসিদ্ধ রাজা; পাণ্ডবদিগের আদিপুরুষ। ২ দৈত্যবি:। ৩ ইতিহাসপ্রসিদ্ধ রাজা পুরু যিনি একবার এলেকজাণ্ডারের গতিরোধ করিয়া তাঁর সহিত সমরে প্রবৃত্ত হইয়াছিলেন এবং পরে উভয়ে সখ্যতাসূত্রে বদ্ধ হইয়াছিলেন।

পুরুকুৎস [পু°] বি, রাজা মান্ধাতার পুত্র।

পুরুখ [সং-পুরুষ >। গ্রা° হি° ও ব্রজ° ষ=খ] বি, পুরুষ। "সকল পুরুখনারী নহে গুণবন্ত"-বি° প°।

পুরুজিৎ [পু°] বি, মহাভারতোক্ত রাজাবি:; যুধিষ্ঠিরাদির মাতুল।

পুরুৎ, পুরুত [গ্রা°। পুরোহিত > ক্ষে°] বি, পুরোহিত।

পুরুদ্রুহ [পুরু (দৈত্য)+দ্রুহ্ (দ্রোহ করা)+ক্বিপ্ (র্ত্তৃ)] বি, ইন্দ্র। ২ বিণ, অতিশয় দ্রোহী; বহু হিংসাকারী।

পুরুধা [সং] ক্রি-বিণ, বহুধা।

পুরুব, পুরূব [পূর্ব্ব > প্রাকৃ° পুব > প্রা° বাং-র। আধু° ক্ষে° পুব, পুব] বি, বিণ, পূর্ব্ব। "পু° কালত"-শ্রী° কী°। "পুরুব জরমে"-ঐ। "পুরূব জানায়িঞা আস্কে করায়িউ চেতন"-ঐ।

পুরুভুজ [পুরু (প্রচুর)-ভুজ (বাহু বা পদ)। অ° দত্ত কর্ত্তৃক প্রবর্ত্তিত] বি, নিম্ন শ্রেণীর বহুপদ জীববি:, যার প্রত্যেক খণ্ডিত দেহ হতে এক একটী স্বতন্ত্র পুরুভুজ জন্মে the polype; hydra. তুল-রক্তবীজ।

পুরুমিত্র [পু°] বি, মহারথ নামক নৃপবি:। ২ ধৃতরাষ্ট্রের পুত্র।

পুরুরবা-পুরূরবা দ্রঃ।

পুরুষ [পৃ (পূরণ করা)+উষ(র্ত্তৃ)। পৃ = পুর্ (যিনি অঙ্গের অভাব পূরণ করেন)। "পূরুষ" এও হয় কিন্তু অপ্র°] বি, মনুষ্য। ২ পুং জাতীয় জীব; নর। ৩ বিষ্ণু; মহাবিষ্ণু। "কোটী অংশ, কোটী শক্তি, কোটী অবতার; এত লঞা সৃজে পুরুষ সকল সংসার।"-চৈ° চ°। ৪ [পুর্ (শরীর) বস্ (বাস করা) + অ (র্ত্তৃ, ড্ডা°), যে শরীরে বাস করে বা শয়ন করে অথবা যে শরীর পালন করে, নিপাতন]

আত্মা ; দেহী। ৫ সৃষ্টির মূল চৈতন্যময় ঈশ্বর। ৬ [ব্যা°] প্রথম পুরুষ, মধ্যম পুরুষ ও উত্তম পুরুষ person. ৭ মাটি কাটার মাপবিঃ (আধু° গজকাঠির অনুরূপ)। "মাটি খানি কাটি ফেলে একক পুরুষ"-পদ্মাপু°(বিজয়°)। "পুরুষ সাতেক মোর হারালো কাসন্দ"-কবিক°। ৮ বংশ ; কুল। ৯ বংশধরের প্রাদুর্ভাব কাল। প্র-কোন পুরুষে এমন কেহ শোনে নাই। বাপের পুরুষে ই°। ১০ [পুস্ত্ব্র:] পূর্ব্বজ; সন্তান। ১১ [তুল-বাং-মানুষ ; হি° আদমী, মুনসেন্দ্র] ভর্ত্তা ; পতি। ১২ অশ্বের সামনের দুই পা তুলিয়া পিছনের দুই পায়ে ভর দিয়া দাঁড়ান। ~ক (-ষ°) [পুরুষ + ক (সাদৃশ্যার্থে)] বি, সম্মুখের দুই পা তুলিয়া মানুষের মত অশ্বের দাঁড়াইবার ভঙ্গী। ~কার [পুরুষ-কৃ (করা) + অ (ভা°)=কার (কৃতি, যত্ন), ৬তৎ] বি, পুরুষের চেষ্টা বা প্রযত্ন ; পৌরুষ ; কর্ম্মের হেতু : গমন ভোজন ই° সমস্ত কার্য্যই পুরুষকারের ফল। পুরুষকারের ধারাবাহিক স্রোত লইয়াই জীবের জীবন আর কিছুই নহে। "সুবুদ্ধি পুরুষকারে দৈবে কি লজ্যিতে পারে।"-কবিক°। [দ্র:-পুরুষকারের ফল কর্ম্ম। এই কর্ম্মের ফল জীবমাত্রকেই ভোগ করিতে হয়। অদৃষ্ট দ্র:]। ~গ্রহ [পুরুষাকৃতি-গ্রহ] বি, সূর্য্য, মঙ্গল ও বৃহস্পতি। ~ত্ব (-ষ°) [পুরুষ + ত্ব (ভা°)] বি, মনুষ্যত্ব ; পুরুষের ভাব ; পুরুষের ধর্ম্ম। ২ পৌরুষ ; উৎসাহ ; সৎসাহস। ~ধর্ম্ম [৬তৎ] বি, পুরুষত্ব ; পৌরুষ। ~নক্ষত্র-বি, হস্তা ; মূলা, শ্রবণা, পুনর্ব্বসু, মৃগশিরা ও পুষ্যা এই নক্ষত্র পঞ্চক পুরুষ বলিয়া গণ্য। ~পরম্পরা-বি, এক পুরুষের পর অন্য পুরুষ এইরূপ ক্রম ; পুরুষানুক্রম। ~পরম্পরাগত-এক পুরুষের পর অন্য পুরুষ এইরূপ ক্রম অনুযায়ী ; পুরুষানুক্রমিক। পুরুষ পরম্পরায় চলিয়া আসা-পুরুষানুক্রমে বা পূর্ব্বপুরুষ হতে প্রচলিত হওয়া। ~পাগলী [পুরুষ(নিমিত্ত) পাগলী, ৪ তৎ] বি, যে নারী পুরুষের জন্য পাগল ; কুলটা ; কুচরিত্রা। "বুঝানু যতেক তার পাষাণ দরবে। পুরুষপাগিলী তবু মতি দিস পাপে।"-ব°। ~পুঙ্গব [পু° পুঙ্গব (বৃষ)] বিণ, পুরুষপ্রধান ; নরশ্রেষ্ঠ। ~পুণ্ডরীক [পুরুষের-পুণ্ডরীক (শ্রেষ্ঠ), ৬তৎ] বি, উৎকৃষ্ট মনুষ্য ; নরশ্রেষ্ঠ। ২ জৈনদিগের সপ্তম বাসুদেব। ~প্রকৃতি-বি, ঈশ্বর ও মায়া। ২ স্ত্রী-পুরুষ। ৩ পুরুষের স্বভাব। ৪ বিণ, পুরুষস্বভাবযুক্ত। ~ব্যাঘ্র [পুরুষ-ব্যাঘ্র (ব্যাঘ্রের ন্যায় শ্রেষ্ঠ), উপমিত] বি, নরশ্রেষ্ঠ ; পুরুষপ্রধান ; নরশার্দ্দূল। ~রাশি-বি, মেষ ; মিথুন ; সিংহ ; তুলা ; ধনু ও কুম্ভ। ~র্ষভ (-ষ°) [পুরুষ (মধ্যে) ঋষভ (বৃষ, শ্রেষ্ঠার্থে)] বি, পুরুষশ্রেষ্ঠ ; পুরুষপ্রধান। ~সিংহ [পুরুষের মধ্যে সিংহ (সিংহের ন্যায় শ্রেষ্ঠ), উপমিত] বি, নরশ্রেষ্ঠ ; নরসিংহ ; পুরুষপ্রধান। ~সুলভ-বি, পুরুষোচিত। ~সূক্ত [পুরুষের (আদি পুরুষের) সূক্ত (মন্ত্র)] বি, বৈদিক ষোড়শমন্ত্র।

পুরুষাঙ্গ [পুরুষঃ (বাচক) + অঙ্গ] বি, পুংলিঙ্গ ; শিশ্ন।

পুরুষাদ [পুরুষ (মনুষ্য) + অদ (ভক্ষ্য) যার, বহু°] বি, নরখাদক ; রাক্ষস।

পুরুষাদ্য [পুরুষ (পুরুষের) + আদ্য] বি, আদিপুরুষ ; বিষ্ণু। ২ জৈনদিগের অনাদিনাথ নামক জিনবিঃ।

পুরুষানুক্রমে [পুরুষ + অনুক্রমে] ক্রি-বি, পুরুষ বা বংশ পরম্পরায়।

পুরুষার্থ [পুরুষ + অর্থ (প্রয়োজন), ৬তৎ] বি, পুরুষের প্রয়োজনসাধক বর্গ-চতুষ্টয় ; ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ ; সর্ব্বদা আলস্য পরিত্যাগপূর্ব্বক মন, শরীর, বাণী এবং ধন দ্বারা উত্তম ব্যবহার সিদ্ধির জন্য অত্যন্ত উদ্যোগ করার নাম পুরুষার্থ। ২ সুখ। ৩ সংসার। ৪ মুক্তি।

পুরুষালী [পুরুষ + আলা (সাদৃশ্যার্থে), স্ত্রীং আলী] বিণ, ক্রি-বিণ, পুরুষবৎ ; মর্দ্দ ; পুরুষ-পুরুষ। "নারী যথাসম্ভব পু° হইয়া উঠিতেছে, তাহার আর পুরুষের মধ্যে ব্যবধান ঘুচাইয়া দিয়া চলিয়াছে"-আত্মশক্তি, বৈশাখ, ১৩৩৫। ২ বি, মর্দ্দানী ; পুরুষের ধরণ-ধারণ ; পুরুষের অনুকরণ। "নারীর পু° অশোভন।" - প্রবাসী, চৈত্র, ১৩২৫।

পুরুষোচিত [পুরুষ + উচিত] বিণ, পুরুষসুলভ, পুরুষের যোগ্য।

পুরুষোত্তম [পুরুষের মধ্যে উত্তম, ৭তৎ] বি, পুরুষের মধ্যে যিনি শ্রেষ্ঠ ; বিষ্ণু। "কেশবায় নমোনমঃ পুরাণ পুরুষোত্তম চতুর্ভুজ গরুড় বাহন।"-অ° ম°। ২ নীলাচল; জগন্নাথ-ক্ষেত্র। ৩ বিণ, পুরুষপ্রধান ; নরশ্রেষ্ঠ।

পুরুষ্ঠ, পুরুষ্টু [সং-পুরু ও পুষ্ট > ভাবসাদৃশ্য হতে ও উচ্চারণ মিশ্রণে, গ্রা° ক্ষে°] বিণ, পূর্ণাঙ্গ ; পরিপুষ্ট ; পুরিয়া বা ভরিয়া উঠিয়াছে এমন।

পুরুহূত [পুরু (দৈত্যবিশেষ কর্ত্তৃক) হূত (যুদ্ধার্থে আমন্ত্রিত)] বি, ইন্দ্র ; পুরন্দর।

পুরূবসু [পুরু (অনেক) বসু (ধন) আছে যার, বহু°] বিণ, বহুধনশালী ; মহাধনী।

পুরূরবা, পুরুরবা [মূ° পুরূরবস্ ১মা, ১ব°। পুরূ (দেবলোক) রু (শব্দে) + অ (র্ম্ম), যাঁর জ্যানির্ঘোষ বা যশঃ দেবলোকেও বিঘোষিত হয়] বি, মহাকবি কালিদাসের রচিত বিক্রমোর্ব্বশী নাটকের নায়ক চন্দ্রবংশীয় বুধের পুত্র পুরু নামক জনৈক রাজা।

পুরৈত [প্রা° বাং। পুরোহিত (দ্র:) > পুরোইত > পুরইত >] বি, "পু° ঠাকুর করে পূজা করিয়া কামনা"-প্রা°সূর্য্যের গান।

পুরোগ, পুরোগম [পুরস্ (অগ্রে) গম্ (গমন করা) + অ (র্ত্তৃ), যে গমন করে] বিণ, অগ্রগামী। ২ শ্রেষ্ঠ ; প্রধান।

পুরো/গত [পুরো (অগ্রে) গত (যে গিয়াছে)] বিণ, যে অগ্রে গমন করিয়াছে ; অগ্রগত। ২ প্রধান। বি, ~গতি। ~গামী -বিণ, অগ্র গমনকারী ; অগ্রগামী। ২ প্রধান।

পুরোগাবয়ব [অবয়ব দ্র:] নিরপেক্ষানুমানের যে বাক্যটী হতে অনুমান করা হয়।

পুরোচন [পু°] বি, দুর্য্যোধনের যবন মন্ত্রী। যিনি পাণ্ডবগণকে দগ্ধ করিয়া মারিবার উদ্দেশ্যে জতুগৃহ নির্ম্মাণ করিয়া তাতে স্বয়ং দগ্ধ হইয়াছিলেন।

পুরোজন্মা [পুরঃ=পুরো (অগ্রে) + জন্ম (উৎপত্তি) যার, বহু°। মূ° পুরোজন্মন্ ১মা, ১ব°] বি, অগ্রেজাত ; অগ্রজ ; জ্যেষ্ঠ।

পুরোডা/শ [পুরঃ=পুরো (অগ্রে) দাশ্ (দান করা)+আ (জ্ঞা°)। দা=ডা। পরটা দ্রঃ] বি, যবের রুটি। ২ পিষ্টক ; মালপুয়া। ৩ যজ্ঞীয় ঘৃত। ৪ হুত-শেষ। ৫ যজ্ঞে পশুশরীরাবয়ব [দ্রঃ–ইষ্টিকর্ম্মে দেবতাকে যে পিষ্টক হবন করা যায়। চাউলকে চূর্ণ করিয়া মদণ্ডী নামক তাম্রপাত্রে রাখিয়া জলে ভিজাইয়া পিণ্ডের মত করা হয়, পরে আহবণীয় অগ্নিতে উহাকে অর্দ্ধপক্ব করিয়া কূর্ম্মাকৃতি করা হয়, তৎপরে উহা একাদশ কপালে (১১ খানা খোলায়) রক্ষিত হয়, পরে সমিধ্ দর্ভাগ্নিতে পাক করিয়া তার উপর ঘৃত সেক করা হয়। তৎপরে হোমের জন্য ইড়াপাত্রে করিয়া বেদীর উপর রাখা হয়]। ~শ্য [পুরোডাশ+য (জ্ঞা°)] বিণ, পিষ্টকোপযোগী। ২ যজ্ঞে ঘৃতসহ আহুতি দিবার উপযুক্ত।

পুরোধা [পুরস্ (অগ্রে) ধা (ধারণ, স্থাপন করা)+অস্ (র্ম্ম), যাকে অগ্রে স্থাপন করা হয়] বি, ঋত্বিক্ ; পুরোহিত। "পু° আমার কেবা হইবে ব্রাহ্মণ।"–কবিক°। ২ পুরবাসী।

পুরোবর্ত্তী [পুরো (অগ্রে)+বৃৎ (বিদ্যমান থাকা)+ইন্ (র্ত্তৃ)=পুরোবর্ত্তিন্=১মা, ১ব°] বিণ, অগ্রবর্ত্তী ; সম্মুখে স্থিত।

পুরোভাগী [পুরস্ (প্রথমে) ভজ্ (সেবা করা)+ইন্ (র্ত্তৃ), জ=গ=পুরোভাগিন্ ১মা, ১ব°] বিণ, কেবল দোষদর্শী ; গুণত্যাগী দোষগ্রাহী। স্ত্রীং পুরোভাগিনী।

পুরোযায়ী [পূর্ব্ব+অস্ (গতি) > পুরাস্ > পুরঃ (অগ্রতঃ)+যায়ী (গামী)। রবী° ঠাকুর প্রবর্ত্তিত] বিণ, অগ্রগামী pioneer.

পুরোহিত [পুরো (অগ্রে) ধা (ধারণ করা)+ত (র্ম্ম)। ধা=হি, যিনি অগ্রে স্থাপিত হন। প্রা° বাং গ্রা° পুরৈত, আধু° পুরুত] বি, ঋত্বিক্ ; যজনকর্ত্তা। "তব পুরোহিত পাবে মম দরশন। লইবে তোমার দান উত্তম ব্রাহ্মণ"–কবিক°।

\`পুল [ফা°] বি, সেতু ; সাঁকো bridge. ২ বাঁধ embankment (Hunter's Bengal Records).

পুলক [পুল (পুলক)+ক (স্বার্থে)] বি, রোমাঞ্চ ; রোমোদ্গম ; শরীরে লোম খাড়া হইয়া উঠা। ২ আনন্দ ; হর্ষ। "সুরগণ কহে জয় মহেশ পুলকে পূরিল সকল দেশ।"–অ° ম°। ৩ মণিদোষবিঃ। ৪ গন্ধর্ব্ববিঃ। ~কণ্টকিত- বিণ, হর্ষাতিশয্যে রোমাঞ্চিত ; আনন্দ-শিহরিত। > স্ত্রীং ~া। ~নর্ত্তন, ~নৃত্য-বি, আনন্দ-শিহরণ [দ্রঃ–আনন্দের আতিশয্যে অন্তর ছাপাইয়া উঠিলে বাহিরে তার প্রকাশ নৃত্যে। হৃদয়ের আনন্দ উথলনে পেশীর নর্ত্তন, রোমহর্ষণাদি ও আবেগতরঙ্গ এবং বায়ুভরে পত্রপল্লবের আন্দোলন, আনন্দ নৃত্যরূপে কল্পিত]। পু° নাচা–আনন্দের ঢেউ খেলা ; পুলকপূর্ণ হৃদয়ের নৃত্য করিয়া উঠা ; হর্ষশিহরিত হওয়া ; মন্দ মন্দ সমীরণে হিল্লোলিত হওয়া। "পুলক নাচিছে গাছে গাছে"–রবী°। "আজ ভোরের বাতাসের সহিত তাহার অঙ্গে অঙ্গে একি পুলক নাচিয়া বেড়াইতেছে"–রাধা° কু° মুখো° (উত্তরা, ১৩৩৩)।

পুলকি [পুলকিয়া > পদ্যে] অস-ক্রি, পুলকিত হইয়া ; আনন্দিত হইয়া। ২ হর্ষকণ্টকিত হইয়া। "আপনা বুঝাতে নারে পরকে প্রবোধ করে ভয়ে অঙ্গ পু° উঠিল।"–কবিক°।

পুলকিত (-লি-) [পুলক+ইত (যুক্তার্থে)] বিণ, পুলকযুক্ত ; হর্ষকণ্টকিত ; রোমাঞ্চিত। ২ আনন্দিত ; হৃষ্ট। "অপ্সরা নাচিছে কিন্নর গাইছে পু° মহেশ্বর।"–অ° ম°।

পুলকিল [পুলক+ইল (বাং-ক্রিয়া-বিভক্তি)] ক্রি, পুলকিত হইল। ২ রোমাঞ্চিত হইল। "পুলকিল তনুরুহ প্রণয় অঙ্কুরে।"–রঙ্গলাল (কাঞ্চী°)।

পুলকী [পুলক+ইন (স্ত্য°)=পুলকিন্ ১মা, ১ব°] বিণ, হর্ষযুক্ত। ২ রোমাঞ্চযুক্ত। ৩ বি, কদম্ব বৃক্ষ।

পুলকোচ্ছ্বাস [পুলক+উচ্ছ্বাস] বি, অতিশয় আনন্দজনিত অঙ্গে রোমোদ্গম ; হর্ষস্ফীতি।

\`পুলটিস, পুল্টিস [ইং poultice এর লিপ্যন্তর] বি, ক্ষত ও ব্রণাদি পাকাইবার বা পূঁয বাহির করিবার জন্য তিসি, আটা, ভুষি ই°-র প্রলেপ।

পুলস্তি [সং] বি, লম্বিত কেশ। "যে চুলে কোনরকম বিনুনি থাকিত না, এবং স্বাভাবিকভাবেই লম্বিত হইত। অধিকাংশ লোকেই এই পুলস্তি ধারণ করিত মনে হয়।"–বি° মজুমদার।

পুলস্ত্য [পুল (মহৎ) স্ত্যৈ (একত্র করা)+অ (র্ত্তৃ)] বি, সপ্তর্ষির মধ্যে একজন।

পুলহ [পু°] বি, সপ্তর্ষির মধ্যে অন্যতম।

পুলা [প্রাদে°। তুল–হি° পুল্লা] বি, আটি ; গোছা ; তাড়া।

পুলাক [পুল্+অক (জ্ঞা°)] বি, শস্যশূন্য ধান্য ; তুচ্ছ ধান্য ; ধানের চিটা ; আগড়া।

পুলি১ [পোর্ট্ ব্লেয়ার (Portblair) > ভ্রং পুলি] বি, পোর্টব্লেয়ার দ্বীপ। এই দ্বীপে ভারতবর্ষ হতে নির্ব্বাসনদণ্ডে দণ্ডিত অপরাধীকে পাঠান হয়। ~পিনাং, ~পোলাও [পুলি+পোলাও (পিনাং নগর), ভারতীয় নির্ব্বাসনদণ্ডাজ্ঞা-প্রাপ্ত অপরাধীর দণ্ডভোগস্থান] বি, নির্ব্বাসন দণ্ড। "পিলো পিনাংকে লোকে প্রায়ই, পুলি ও পোলাওকে দ্বন্দ্ব সমাস করিলে যেরূপ হয়, তাহাই প্রয়োগ করিয়া থাকে।"–স্বর্ণলতা। ২ দীপান্তর। প্র–তাকে পুলি পোলাও পাঠাইয়াছে।

পুলি২, পুলী [সং–পোলী >] বি, তণ্ডুলচূর্ণ, ক্ষীর, ছানা, তাল, নারিকেলাদি সহযোগে প্রস্তুত পেট মোটা দুইপ্রান্ত সরু গুলিডাণ্ডার গুলির আকারের পিষ্টকবিঃ ; পূপালী। ~পিঠা-বি, পুলি নামক পিষ্টক। ক্ষীরপুলি–ক্ষীর দ্বারা প্রস্তুত পুলির আকারের মিষ্টান্নবিঃ। চন্দ্রপুলি–মিষ্টান্নবিঃ ; ক্ষীর, ছানা, চিনি এবং মেওয়াদি সহযোগে পুলির আকারে প্রস্তুত নারিকেলের পিষ্টক। ভাজাপুলি–ঘৃত বা তৈলে ভর্জ্জিত পুলিপিঠা। সরপুলি–বি, দুধের সরঘটিত পুলির আকৃতির মিষ্টান্নবিঃ।

পুলিন [পুল (বৃহৎ হওয়া)+ইন্ (র্ত্তৃ)] বি, জলাশয়ের তীরভূমি ; তট ; চড়া।

পুলিন্দ [সং] বি, ম্লেচ্ছজাতিবিঃ। "পুলিন্দ কিরাত কোল হাটেতে বাজায় ঢোল।"–কবিক°। ২ পুলিন্দ দেশ। ৩ চোয়াড়। ৪ তদ্দেশ।

পুলিন্দা₁ [সং-পুল (চের) > হিং পুলা, পুলিংদা, পুলন্দা, পুলিন্দা] বি, মোট; পুঁটুলি; গাঁঠরি।

পুলিন্দা₂ [বৌং সাং। "পুলিন্দং সন্ধ্যাভাষয়া নপুংসকং"-চং পদং ১১।৫, টীকা] বি, নপুংসক।

পুলিপোস্তা [প্রাদেং] বি, জল নির্গমের সরু নালী; নয়নজুলি; জুলি।

পুলিস [ইং police এর লিপ্যন্তর] বি, শান্তিরক্ষা, অপরাধী ধৃতকরণ ও অপরাধ নিবারণার্থ নিয়োজিত কর্ম্মচারী বা কর্ম্মবিভাগ। **~ইন্‌স্‌পেক্টর**-পুলিসের উপরিতন কর্ম্মচারীবিঃ; কোতোয়াল; কোটাল police inspector. **~কন্‌ষ্টেবল** [police constable] পুলিসের নিম্ন কর্ম্মচারী; সিপাহী; শান্ত্রী। **~কমিস্‌নর**-রাজধানীস্থ পুলিসের প্রধান কর্ম্মচারী। **~জমাদার**-পুলিস বিভাগীয় দারোগার অব্যবহিত নিম্নস্থ কর্ম্মচারী head constable **~-ডায়েরী** - পুলিসের রোজনামচা; ঘটনার দিনলিপি। **~সুপারিণ্টেণ্ডেণ্ট**-জেলা পুলিসের প্রধান কর্ম্মচারী। **~ষ্টেশন**-কোতওয়ালী থানা police station.

পুলী-পুলি দ্রঃ।

পুলে [পিলে, পোলা দ্রঃ। তেলুং পিল্লা (সন্তান)। তুল-মগপিল্লা, আড়পিল্লা=ছেলে, মেয়ে। তুল-হিং পিল্লা=বাচ্ছা(কুকুর-ছানা)। বাং-হ-পুত্র অর্থে "ছেলে"র সহচর শব্দরূপে গ্রাং ব্যবহারে ছেলেপুলে, ছেলেপেলে] বি, পুত্র; পোলা।

পুলোমজা [পুলোমন্ (একটি দানব) > জ (যে জন্মিয়াছে, উপং) + আ (স্ত্রীং)=জা (জাতা)] বি, ইন্দ্রপত্নী; শচী। "শুনি ইন্দ্র আনন্দে বিহ্বল হয়ে ধায়। * * * * পাখালিয়া পাদপদ্ম পাদোদক লয়॥ পুং সহ পুজে করে জয় জয়।"-শিং। "দুঃখমনা পুং কোলে তার নাহি প্রজা কত তার শুনিব ক্রন্দন।"-কবিকং।

পুলোমা [মুং পুলোমন্ ১মা, ১বং] বি, ইন্দ্রপত্নী শচীদেবীর পিতা; দানববিঃ। ২ ভৃগুমুনির পত্নী ও চ্যবনমুনির জননী। **~রি** [পুলোমা+অরি, ৬তৎ] বি, ইন্দ্র [ইন্দ্রকে অভিশাপ দিয়া যে পাপ সঞ্চয় করিয়াছিলেন, তা হ'তে মুক্তির জন্য ইন্দ্রহস্তে নিহত হন]।

পুল্টিস্-পুলটিস দ্রঃ।

পুষণ [পোষণ দ্রঃ] বি, পালন; পোষণ; ভরণ। বিণ, **পুষিত**। স্ত্রীঃ ~া।

পুষা [পোষা দ্রঃ। পুষি,পুষ (পুষুন্,পোষ), পুষে; পুষিতে; পুষিয়া (ক্বং পুষে); পুষি (পদ্যে)।] ক্রি, পোষণ করা।

পুষুলি-পোষালী দ্রঃ।

পুষ্কর₁ [সং] বি, পদ্মবন। "সূর্য্য যদুকুল পুষ্করে"-গীং গিরিং।

পুষ্কর₂ [পুষ্কর্ (জল) + অ (স্থাং), যে জলে থাকে] বি, পদ্ম। ২ পদ্মকোষ। ৩ [+অ (স্বার্থে)] জল। "অন্ন ত্যজি খান মাতা কপিথ বদর। কতকাল পান কৈল কেবল পুং॥" -কবিকং। ৪ [জল থাকে যাতে] আকাশ। ৫ মেঘবিঃ। "আবর্ত্ত পুষ্কর মেঘ ডাকিতে ডাকিতে"-বৃত্রসংহার। ৬ উত্তর ভারতের প্রসিদ্ধ তীর্থ। ৭ দ্বীপবিঃ। ৮ পর্ব্বতবিঃ। ৯ হস্তীর শুণ্ডাগ্র। ১০ সারসপক্ষী। ১১ সর্পবিঃ। ১২ বাণ। ১৩ খড়্গকোষ। ১৪ নলরাজার ভ্রাতা। ১৫ বরুণের পুত্র। ১৬ রোগবিঃ। **~কর্ণিকা**-বি, স্থলপদ্মিনী। **~মালী** [পুষ্করমালা (পদ্মমালা) + ইন্ (স্থাং)=পুষ্করমালিন্ ১মা, ১বং] বি, কমল-পুষ্পমালাবিশিষ্ট। **~মূল** [হিং পিহোকর-মূলী। বৈদ্যকে] বি, পুষ্কর দেশপ্রসিদ্ধ মূলবিঃ; কাশ্মীর দেশপ্রসিদ্ধ পাতালপদ্মিনী (ঔষধে ইহার অভাবে কুড় প্রযুক্ত হয়) the root of alpotokis auriculata, sansurea lappa.

পুষ্করাক্ষ [পুষ্কর (পদ্মের দলের ন্যায়) + অক্ষি=অক্ষ (চক্ষু) যার, বহং] বি, বিষ্ণু; পুণ্ডরীকাক্ষ; পদ্মনেত্র।

পুষ্করাবর্ত্তক [পুষ্কর (জল) + আবর্ত্তক] বি, জলাবর্ত্তক মেঘনায়কবিঃ।

পুষ্করিণী₂ [পুষ্করী দ্রঃ] বি, কৃত্রিম জলাশয়বিঃ; সরোবর; পুকুর। ২ পদ্মঝাড়।

পুষ্ক/রী [পুষ্কর (হস্তীর শুণ্ডাগ্রস্থিত জল) + ইন্ (স্থাং)=পুষ্করিন্ ১মা, ১বং] বি, হস্তী। স্ত্রীঃ **~রিণী₁**-হস্তিনী।

পুষ্কল [পুষ্ (পোষণ করা) + কল (জ্ঞাং)] বি, প্রচুর: পর্য্যাপ্ত। "শ্যেনপক্ষী যেরূপ অন্য-পক্ষীর মুখভ্রষ্ট আমিষখণ্ড ভূতলসাৎ না হতে হতেই আকাশমার্গে গ্রহণ করিয়া বেগে উড্ডীয়মান হয়, কোন কোন মেধাবী পুরুষ সেইরূপ অন্যের উদাহৃত অর্থ পুং না হতে হতেই আত্মসাৎ করিয়া আপন অভিপ্রেত বিষয়ের প্রস্তাবে প্রবৃত্ত হইলেন।"-মহাং (রাজং)। ২ পরিমাণ-পাত্রবিঃ; পশুরি; ৬৪ মুটো। ৩ [পুং] ভরতের পুত্র।

পুষ্ট [পুষ্ (পোষণ করা) + ত (র্ম্ম), যাকে পোষণ করা হয়] বিণ, প্রতিপালিত; পোষিত। ২ স্থূল। "জোলো দুধে পুষ্ট দেহ তেলে জলে নেয়ে"-হেমং। ৩ পরিপুষ্ট; পরিণত; সুপক্ক। ৪ [+ত(র্ত্তৃ)] স্থূল বুদ্ধিযুক্ত। **~তাড়িত** [পদার্থ বিজ্ঞাং পরিঃ] বি, ধনতাড়িত positive electricity. **অন্ন-পুষ্ট**-অন্নে পালিত। **কাকপুষ্ট**-কাকের দ্বারা পালিত; কোকিল। **পরপুষ্ট**-অন্যের দ্বারা প্রতিপালিত; পরভৃত।

পুষ্টি [পুষ্ (পোষণ করা) + তি (ভাং)] বি, ষোড়শ মাতৃকার অন্যতম। ২ ভরণ; পোষণ; পালন। ৩ বৃদ্ধি। "ইচ্ছিয়া কার্য্য পুষ্টি পূজন করিল ষষ্ঠী চন্দন ধূপ দীপ মালে।" -কবিকং। ৪ স্থূলতা। ৫ চন্দ্রকলাবিঃ। **~কর, ~কারক, ~জনক, ~দায়ক, ~সাধক** [পুষ্টি (পোষণ) কর, জনক ইং (যে করে, জন্মায়, দেয়, সাধন করে)] বিণ, বৃদ্ধিকারক। ২ স্থূলতা সম্পাদক। ৩ স্বাস্থ্য বর্দ্ধক। **~সাধন**-বি, পুষ্টি বা বৃদ্ধি সম্পাদন।

পুষ্টিকা [পুষ্টি+ক (জ্ঞাং) + আ (স্ত্রীং)] বি, ঝিনুক।

পুষ্প [পুষ্প্ (বিকসিত হওয়া) + অ (র্ত্তৃ)। পাং পুপ্ফ। বৈংপদংসাং,ব্রজং ও বৌং প্রাকৃং পুপ্প,পুপ্ফ,পুহপ (বিং পং, শৃং পুং)] বি, ফুল। ২স্ত্রী-রজঃ। ৩[+অ(ভাং)]প্রকাশ; বিকাশ। ৪ নেত্ররোগবিঃ। ৫ পুষ্পক রথ। **~ক**-দ্রঃ। **~করণ্ডক** [পুষ্পের করণ্ডক (সাজি), ৬তৎ] বি, ফুলের সাজি। ২ উজ্জয়িনী নগরস্থ মহাকালের (পুরাকালীন শিবলিঙ্গের) প্রসিদ্ধ

উদ্যান। ~কাসীস [রাসা° পরিঃ] বি, লোহ-কাংস্য ; একপ্রকার হীরাকস। ~কীট [৬তৎ] বি, ভ্রমর। ২ পুষ্প ধ্বংসকারী কীটবিঃ। ~কেতন, কেতু [পুষ্প (ফুল) কেতন বা কেতু (ধ্বজা বা চিহ্ন) যার, বহু°] বি, কুসুমেষু ; কন্দর্প। ২ কালকেতু নামক ব্যাধের পুত্র। ~গণ [পুষ্প গণ (বর্গ), ৬তৎ] বি, পুষ্পবর্গ। বৈদ্যকে-চারিপ্রকার স্থলপদ্ম, চারিপ্রকার কুরুণ্টক, দুইপ্রকার কেতকী, দুইপ্রকার যূথী, সেউতী, গুল্‌দাউদী, নেপালী, গুলাব, দণ্ডিনী, জাতি, রাজবল্লী, চম্পক, নাগচম্পক, বকুল, কদম্ব, কুন্দ, শিবমল্লী, দ্বিকুব্জ, কিঙ্কিরাত, কর্ণিকার, অশোক, বাণ-পুষ্প, তিলক, মুচুকুন্দ, বন্ধুক, জবা, বসুন্ধরী, অগস্তি, দমন, মারু, পারী, বহুবর্ণিকা, পাটলা ও সূর্য্যমুখী। ~গিরি [পু°] বি, বরুণাধিষ্ঠিত মাল্যবান্ পর্ব্বত। ~ঘাতক [পুষ্প ঘাতক (বিনাশকারী) যার, বহু°] বি, বংশ ; বাঁশ (বাঁশের ফুল ফুটিলেই বাঁশ মরিয়া যায় বলিয়া এই নাম)। ~চন্দন-বি, চন্দন স্পৃষ্ট বা লিপ্ত পুষ্প। ~চয়ন [পুষ্পের চয়ন (শাখা হতে বৃন্তচ্যুত করণ), ৬তৎ] বি ফুলতোলা। ~চাপ-বি, ফুলধনু (দ্রঃ)। ~চামর [পুষ্প (ফুল) হইয়াছে চামর (চামরের মত) যার, বহু°] বি, দমনকবৃক্ষ। ~জ [পুষ্প > জ (যে জন্মে)] বি, পুষ্পরস ; মধু। ২ বিণ, পুষ্প-জাত। > স্ত্রীং ~জা। ~জীবী [পুষ্প-জীব্ + ইন্ (র্ত্তৃ, শীলার্থে) = পুষ্পজীবিন্ ১মা, ১ব°] বি, পুষ্পব্যবসায়ী ; মালী। ~দ [পুষ্প (ফুল) দ (যে দান করে)] বি, বৃক্ষ। ২ বিণ, পুষ্পদাতা। > স্ত্রীং ~দা। ~দন্ত [পুষ্পের ন্যায় দন্ত যার, বহু°] বি, বায়ুকোণের হস্তী। ২ মহিম্নঃস্তবরচয়িতা স্বনামপ্রসিদ্ধ গন্ধর্ব্ব। ~দাম [মূ° পুষ্পদামন্ ১মা, ১ব°] বি, ফুলের মালা। ~দ্রব [পুষ্প (ফুল) হতে দ্রব (যা ক্ষরিত হয়)] বি, পুষ্পসার ; মকরন্দ ; ফুলের মধু। ~ধন্বা (-ন্বা) [পুষ্প (ফুল) ধনুঃ (বাণ) যার, বহু° সমাসে ধনুঃ=ধন্বন্=পুষ্পধন্বন্ ১মা, ১ব°] বি, মদন ; ফুলধনু। ~নির্য্যাস [৬তৎ] বি, পুষ্পসার ; মকরন্দ ; পুষ্পরসণ ~পত্র [৬তৎ] বি, ফুলের পাপড়ি। ~পত্রী [পুষ্প-পত্রী (বাণ) যার] বি, কামদেব। ~পল্লব-বি, ফুল ও পাতা। ~পাত্র [পুষ্প রাখিবার বা পুষ্পের পাত্র (আধার)] বি, ফুলদান। ২ পূজার ফুলাধার। ~বৎ [পুষ্প্ (বিকসিত হওয়া) + অ (ভা°)=পুষ্প (বিকাশ) + বৎ (স্ত্য°)] বিণ. পুষ্পযুক্ত। > স্ত্রীং ~বতী-বিণ, রজস্বলা। "কতদিনে সাধুর বনিতা পুষ্পবতী।"-কবিক°। ~বন্ত [সং] বি, সূর্য্য ও চন্দ্র। ~বাটিকা [৬তৎ] বি, ফুলবাগান। ~বাটী [৬তৎ] বি, পুষ্পোদ্যান ; পুষ্পবাটিকা। ~বাণ [পুষ্প (ফুল) বাণ (শর) যার, বহু°] বি, কন্দর্প ; মদন। ২ কুসুমশর ; কন্দর্পের পঞ্চ ফুলশর। ~বিষ [বৈদ্যকে] বি, বেত্র, কাদম্ব, বল্লিজ, করন্ত ও মহাকরন্ত এই পাঁচপ্রকার বিষাক্ত পুষ্প। ~বৃষ্টি [৬তৎ] বি,বৃষ্টির মত ফুল ছড়াইয়া ফেলা ; ফুলের বর্ষণ। ~ভূষণ [৬তৎ] বি, ফুলের ভূষণ ; পুষ্প দ্বারা রচিত অলঙ্কার। > বিণ, পুষ্পভূষিত-পুষ্প দ্বারা অলঙ্কৃত। ~মঞ্জরি [৬তৎ] বি, ফুলের ঝুরী ; পুষ্পমুকুল। ~মাস [পুষ্প প্রধান যে মাস, ম° প° লো°] বি, বসন্তকাল ; মধু-মাস। ২ চৈত্রমাস। ~রজঃ [৬তৎ] বি, পরাগ ; পুষ্পগর্ভস্থ রেণুসমূহ। ~রথ [পা° "ফুস্সরথ"=পুষ্য (=পুষ্প) রথ=পুষ্পময় রথ, ম°প°লো°] বি, প্রমোদের জন্য পুষ্পাদি দ্বারা সজ্জিত রথ। "যিনি রাজপদ পাইবার যোগ্য, তাঁহার নিকটে যাও" বলিয়া পুষ্পরথ ছাড়িয়া দিলেন।"-জাতক, ৫ম খণ্ড। বি, পুষ্পরথ ; কুবেরের রথ। ~রস [৬তৎ] বি, মকরন্দ ; পুষ্পসার ; ফুলের মধু। ~রসোদ্ভব-বি, মধু ; ফুলের মধু। ~রাগ [পুষ্পের (ফুলের) মত রাগ (বর্ণ) যার, বহু°] বি, পীতবর্ণ মণিবিঃ ; পদ্মরাগমণি ; পোখরাজ topaz. ~রেণু [৬তৎ] বি, পুষ্পরজঃ ; পরাগ। ~লিহ [পু° -লিহ (লেহন করা) + ক (র্ত্তৃ)] বি, মৌমাছি। ২ ভ্রমর। ~শকটী [সং] বি, আকাশবাণী। ~শর [পুষ্প (ফুল) শর (বাণ) যার, বহু°] বি, মদন ; কামদেব। "দেখি পুষ্পশরে ক্রোধ হৈল হরে অটল অচল টলে।"-ভারত°। ২ ফুলবাণ ; মদনের পঞ্চবাণ। ~শরাসন [পুষ্প (ফুল) শরাসন (ধনু) যার, বহু°] বি, কামদেব ; কুসুমেষু ; মদন। ২ [পুষ্পের শরাসন, ৬তৎ] ফুলধনু। "ইন্দ্রের আজ্ঞায় রতিপতি ধায় পুষ্প শরাসন হাতে।" -অ° ম°। ~শাক [বৈদ্যকে] বি, লাউ, কুমড়া ই° যে সকল লতার পুষ্পে ব্যঞ্জন প্রস্তুত হয়। ~শূন্য [পুষ্প দ্বারা শূন্য (রহিত), ৩তৎ] বিণ, অপুষ্পক বৃক্ষ ; যে গাছে ফুল ধরে না ; ডুমুর গাছ। ~সত্ব-বি, ফুলের মধু। "গেলাম পুষ্পসত্ব আনিবারে।"-মহা° (বিজয়°)। ~সময় [৬তৎ] বি, বসন্তকাল ; মধুমাস। ~সার [সার ৬তৎ] বি, ফুলের মধু। ২ [সার (নির্য্যাস)] পুষ্পের নির্য্যাস। ৩ [সার (শ্রেষ্ঠার্থে)] তুলসী। ~হীন [পুষ্প দ্বারা হীন, ৩তৎ] বি, ডুমুর বৃক্ষ। ২ বিণ, ফুলশূন্য। স্ত্রীং পুষ্পহীনা-নিবৃত্তরজস্কা নারী। ৩ বন্ধ্যাস্ত্রী।

পুষ্পক ["বাষ্পযোগেতু বৈ যানং চকার বিধিনন্দনঃ। অবিচ্ছেদগতির্যস্তু বায়ুবৎ কামগামিনম্। নানোপকরণৈর্যুক্তং ভাস্বন্তং পুষ্পকং বিদুঃ॥"-শিল্পসংহিতা, ১৮ অঃ। রামা° লঙ্কা° ১২৮ অধ্যায়] বি, বিমানবিঃ ; বিহায়স্ (দ্রঃ) ; কুবেরের রথ। "প্রণাম করিয়া দিল পুষ্পক বিমান। দণ্ডমাত্রে গেলা মাতা ইন্দ্র বিদ্যমান॥"-কবিক°। বায়ুযান, বায়ুপোত air ship. ২ নেত্ররোগবিঃ। ৩ সীসা। ৪ রসাঞ্জন।

পুষ্পাজীব [পুষ্প (ফুল) + আজীব (জীবিকা) যার, বহু°] বি, পুষ্পব্যবসায়ী ; মালাকার ; মালী।

পুষ্পাঞ্জলী [পুষ্প + অঞ্জলি, ৬তৎ] বি, এক আঁজলা ফুল ; অঞ্জলিপূর্ণ পুষ্প।

পুষ্পাবচায়ী [পুষ্পাবচায় + ইন্ (র্ত্তৃ, শীলার্থে) = পুষ্পাবচায়িন্ ১মা, ১ব°] বি, পুষ্পাজীব ; মালী। ২ বিণ, পুষ্পচয়নকারী।

পুষ্পাভরণ [পুষ্প + আভরণ, ৬তৎ] বি, ফুল সাজ ; পুষ্পের গহনা। ২ বিণ, যে ফুলের অলঙ্কারে ভূষিত। > স্ত্রীং ~া-ফুল সাজে সজ্জিতা।

পুষ্পারাম [পুষ্প + আরাম (উদ্যান), ৬তৎ] বি, পুষ্পোদ্যান ; পুষ্পবাটিকা ; ফুলের বাগান। ২ বৃক্ষবল্লি, বৃক্ষসমূহ-চৈ° চ° (মজুমদার)।

পুষ্পায়ুধ [পুষ্প+আয়ুধ (অস্ত্র), ৬তৎ] বি, ফুলধনু (দ্রঃ)।

পুষ্পার্ক [পুষ্প+অর্ক] বি, কেয়া ফুলের আরক; সেঁউতী, গোলাপ, চম্পক, পদ্ম, বাসন্তী, চামেলী, যূথী, বকুল, কদম্বাদি পুষ্প কেতকী পুষ্পে আবৃত করিয়া যে আরক হয়। -বৈদ্যক।

পুষ্পাসব [পুষ্প (ফুলের)+আসব (মদ্য) ৬তৎ] বি, পুষ্পমধু; মকরন্দ।

পুষ্পিকা [সং] বি, অধ্যায় বা গ্রন্থ সমাপন কালে গ্রন্থকারের নামোল্লেখাত্মক বাক্য। ২ ছ্যাৎলা; দন্তাদি মল।

পুষ্পিত [পুষ্প+ইত (যুক্তার্থে)] বিণ, পুষ্পযুক্ত; কুসুমিত। ২ [পুষ্প (বিকসিত হওয়া)+ত (র্ত্তৃ)] বিকশিত; প্রস্ফুটিত। ৩ স্ত্রীং ~া-পুষ্পবতী; ঋতুমতী। "পুষ্পিতা যাবত নয় তাবত পুরুষে ভয় রহে সয়ে তাবত কামনা।"-কবিকং।

পুষ্পেষু [পুষ্প (ফুল)+ইষু (বাণ) যার, বহুং] বি, কুসুমেষু; পুষ্পবাণ; কন্দর্প; কামদেব।

পুষ্পোৎসব [পুষ্প (স্ত্রীরজঃ,তৎ সম্বন্ধে)+উৎসব (আনন্দ), ৬তৎ] বি, স্ত্রীলোকের প্রথম রজোদর্শন হেতু উৎসবানন্দ: স্ত্রী-আচারবিঃ; দ্বিতীয় বিবাহ। ২ কুসুমক্রীড়া।

পুষ্পোদ্গম [পুষ্প+উদ্গম, ৬তৎ] বি, ফুলের উদ্ভব; পুষ্পের বিকাশ।

পুষ্পোদ্যান [পুষ্প+উদ্যান] বি, ফুলের বাগান। ~বিদ্যা-floriculture.

পুষ্য [পুষ্ (পোষণ করা)+য (র্ত্তৃ)] বি, অশ্বিনী প্রভৃতি ২৭শ নক্ষত্রের মধ্যে ৮ম নক্ষত্র; তিষ্য। ২ ["তিষ্য পুষ্যে কলিযুগে"-অমরং] কলিযুগ। ৩ পৌষমাস। স্ত্রীং পুষ্যা-৮ম নক্ষত্র। ~স্নান-পৌষ মাসে চন্দ্র পুষ্যা নক্ষত্রে গমন করিলে যে যোগ হয় তাতে স্নান। ২ পুষ্যনক্ষত্র যোগে সিংহাসনে অভিষেক।

পুষ্যরথ [পুষ্ (বর্দ্ধনে > আনন্দ বর্দ্ধনে)+ক্যপ্ (র্ত্তৃ)+রথ] বি, লীলারথ; আনন্দভ্রমণ বা উৎসবাদি দর্শনার্থ শকট chariot.

পুষ্যি [পোষ্য (দ্রঃ) >] বিণ (বি), পোষ্য; পোষণীয় বা প্রতিপাল্য (জন)। প্র-তার অনেকগুলি পুষ্যি আছে। ~পুত্তুর [বিদ্রূপে-পুষ্যি এঁড়ে। "সেটা তো পুষ্যি এঁড়ে দণ্ডি ভেড়ে নণ্ডি কর তারে"-ঈং গুপ্ত] বি, পোষ্যপুত্র।

পুসিদা [ফাং পোশিদা] বি, গোপন। "মতিলাল একেবারে ভয়ভাঙ্গা হইল-বাপকে পুসিদা করা ক্রমে ক্রমে ঘুচিয়া গেল" -টেকচাঁদ।

পুস্ত১ [পুস্ত্ (বন্ধন করা)+অ (র্ম্ম) যা বন্ধন করিয়া রাখা হয়। প্রাচীনকালে পুস্তক বন্ধন করিয়া রাখা হইত এইজন্য ইহার অন্য নাম গ্রন্থ (তুল-জর্ম্মং band)] বি, গ্রন্থ; পুথি; বহি; পুস্তক। স্ত্রীং পুস্তী-ক্ষুদ্র পুস্তক booklet.

পুস্ত২ [ফাং] বি, পুরুষ; বংশ generation. পুস্ত্-ব-পুস্ত্ [তুল-হিং পীঢ়ী-দর-পীঢ়ী] বি, বংশ বা পুরুষ পরম্পরা।

পুস্তক [পুস্ত (দ্রঃ)+ক (স্বার্থে)] গ্রন্থ; বহি। স্ত্রীং পুস্তিকা-ক্ষুদ্র পুস্তক; চটী booklet; pamphlet. ~স্থ (-র্ক-) বিণ, পুস্তকগত; গ্রন্থবদ্ধ। স্ত্রীং ~া। "এর ভিতর দিয়া অতীতকে দেখিতে হইবে, তবে দেখার মত দেখা, বুঝার মত বুঝা, পাঠের মত পাঠ সম্ভব হইবে। নচেৎ সত্য সত্যই 'পুস্তকস্থা চ যা বিদ্যা' তাহা 'পরহস্তগতং ধনং' হইয়া থাকিবে।"-আত্মশক্তি, ১২-৭-১৩৩৩।

পুস্তকর্ম্ম [পুস্ত (লেপন) কর্ম্মন্=কর্ম্ম (কার্য্য) লেপনরূপ কার্য্য, ধা] বি, লেপন কার্য্য; চিত্রকর্ম্ম। ~া [পুস্ত (শিল্প) কর্ম্ম (কার্য্য) যার, বহুং, মুং পুস্তকর্ম্মন্ ১মা, ১বং] বি, চিত্রকর্ম্মকারী; শিল্পী।

পুস্তকাগার [পুস্তক+আগার (গৃহ), ৬তৎ] বি, গ্রন্থাগার; পুস্তকালয়; লাইব্রেরী।

পুস্তা [ফাং পুষ্ত্] বি, ঠেস; অবলম্বন। ২ পোস্তা; জাঙ্গাল; বাঁধ। ৩ [দপ্তরীদের ভাষায়] বই বাঁধিবার সময়ে বয়ের পিঠে আড়-ভাবে যে মোটা সূতা যুক্ত করা হয় এবং সেলায়ের সূঁতা যাতে বদ্ধ থাকে।

পুস্তান [পুস্তা দ্রঃ] বি, পুস্তা; ঠেস; অবলম্বন। ২ সহায়। "ভক্ত ভুঁয়া ভুভুক ভবানীচন্দ্র ভান। পশ্চিমে পাঠান আদি যাহার পুস্তান।"-ঘং।

পুস্তিকা-পুস্তক দ্রঃ।

পুহঁপ [সং-পুষ্প > পাং প্রাকৃং পুপ্ফ, ব্রজং পুহপ] বি, পুষ্প; ফুল। "ধনি অলপ বয়সী বালা। জনু গাঁথনি পুং মালা।"-বিং পং।

পুহবি-পৃথিবী দ্রঃ।

পুহু-ক্রি-বিণ, পহু দ্রঃ। "বৈঠল পুহু তব ছোড়ি নিশোয়াস্।"-বিং পং।

পূগ [পূ (পবিত্র করা)+গ (গে)] বি, গুবাক্ বৃক্ষ। ২ গুবাক ফল; সুপারী। "কুচযুগ সম পূগ ঢাকিয়া দুকূলে।"-মহাং (কাশীং)। ৩ পুঞ্জ; রাশি; সমূহ। ~কৃত [পূগ (রাশি) কৃত] বিণ, পুঞ্জীকৃত; রাশীকৃত; ~পাত্র [পূগ (গুবাক, গুবাকযুক্ত তাম্বুলের রস, ছেপ) পাত্র] বি, ছেপ ফেলিবার আধার; পিক্দান। ~ফল [পূগের (গুবাক বৃক্ষের) ফল, ৬তৎ] বি, গুবাক; সুপারী।

পূঁজ, পূজ [সং-পূয। তুল-ইং pus] বি, ব্রণ-স্ফোটকাদির দূষিত রস; ক্লেদ।

পূঁজী [পাটাং পরিঃ] বি, ইং lund এর বৈজ্ঞাং পরিঃ।

পূজক [পূজি (পূজা করা)+অক (র্ত্তৃ), যে পূজা করে] বিণ, পূজাকারী; পূজাকারক; উপাসক।

পূজন১ [পূজি (পূজা করা)+অন (ভাং)] বি, অর্চ্চনা; পূজা করা।

পূজন২ [সং-পূজয়তি > পূজেন্ত > পূজেন > প্রাং বাং প্রাদেং বিকারে পূজন। অন্তি > অন্তে > এন্ত > এন] ক্রি, পূজেন; পূজা করেন। "ধূপ দীপে গন্ধ পুষ্পে পূজন অধিকারী"-শূং পুং। ~া [প্রাং বাং] বি, পূজা; পূজন; অর্চ্চনা। "মৃদঙ্গ কাড়া বাজে ফুলের মালা সাজে আনন্দেতে ধর্ম্মের পূজনা।"-শূং পুং।

পূজনীয় [পূজ্+ণিচ্ (স্বার্থ)=পূজি +অনীয় (র্ম্ম)] বিণ, পূজ্য; আরাধ্য; পূজার যোগ্য।

পূজয়িতা [পূজি+তৃ (র্ত্তৃ), ই আগম= পূজয়িতৃ ১মা, ১বং] বিণ, পূজাকারী; পূজক। স্ত্রীং পূজয়িত্রী।

পূজরী-পূজারি দ্রঃ।

পূজা১ [সং-পূজ্-পূজা করা। পূজি, পূজ (পূজেন, পূজিস), পূজে (পূজেন); পূজিতে; পূজিয়া (ক্ষে০ পূজে, পূজি (পদ্যে)] ক্রি, পূজা করা।

পূজা২ [সং-পূজ্=পূজা করা] বি, আরাধনা; অর্চ্চনা; উপাসনা। ২ সংমাননা; সংবর্দ্ধনা। ৩ প্রশংসা; গুণকীর্ত্তন। ~অর্চ্চনা, ~-অর্চ্চা [পূজা+অর্চ্চনা। পূজা+অর্চ্চা=পূজার্চ্চা > গ্রা০ ~চ্ছা, পূজাচ্ছা] বি, একার্থক সহ০ দ্বন্দ্ব; পূজাদি। ~গৃহ-বি, পূজার জন্য নির্দ্দিষ্ট ঘর; ঠাকুর ঘর। ~পার্ব্বন্-পূজা এবং ধর্ম্মসম্বন্ধীয় ও সামাজিক উৎসব। ~বসর [পূজা + অবসর, ৬তৎ] বি, পূজার ছুটী। ~বাড়ী-যে বাড়ীতে উৎসব হয় বা হইতেছে। ~হ্নিক [পূজা +আহ্নিক] বি, পারমার্থিক নিত্যকর্ম্ম; দৈনিক উপাসনা এবং ইষ্টনাম জপাদি।

পূজারদালান-বি, যে দালানে প্রতিমার পূজা বা ঘট স্থাপনা করিয়া পূজা হয়। "অপর পার্শ্বে পূজার দালান"-উত্তরা, পৌষ, ১৩৩৩। পূজার বন্ধ-পূজা উপলক্ষে বিদ্যালয় অপিস, আদালত ই০র কাজকর্ম্ম বন্ধ; পূজার ছুটী। "পূজার বন্ধে কোথাও যাওয়া হইল না।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

পূজারি, পূজারী [পূজা-কারী > ক্ষে০ পূজাআরী > গ্রা০ পূজরি, -রী, পুজুরী, -রী] বি, দেবপূজক ব্রাহ্মণ; দেবল ব্রাহ্মণ; গৃহদেবতার নিত্য পূজাকারী ব্রাহ্মণ; সেবাইত ব্রাহ্মণ।

পূজার্হ [পূজা (পূজার)+অর্হ (যোগ্য), ৬তৎ] বিণ, পূজা পাইবার যোগ্য; পূজ্য। সম্মানিত; সম্মানভাজন।

পূজিত [পূজ্+ণিচ্=পূজি+ত (র্ম্ম), ই আগম, যাকে পূজা করা হইয়াছে] বিণ, অর্চ্চিত; অর্হিত, সংকৃত। ২ সেবিত। ৩ আদরপ্রাপ্ত; সমাদৃত। ৪ প্রশংসিত।

পূজিতব্য [পূজি+তব্য (র্ম্ম), ই আগম, যাকে পূজা করা কর্ত্তব্য] বিণ, পূজার যোগ্য; পূজনীয়; পূজ্য।

পূজিবার্ক [ক২ দ্রঃ] ক্রি-বিণ, পূজিবার নিমিত্ত। "দেবতা দেহারা ন ছিল পু০ দেহ।"-শূ০ পু০।

পূজিল, পূজিলা [পূজ দ্রঃ। বাং পদ্যে] ক্রি, পূজা করিল; অর্চ্চনা করিল। ২ সম্বর্দ্ধনা করিল।

পূজোৎসব [পূজা+উৎসব, ৬তৎ অথবা -পূজা রূপ উৎসব, ধা] বি, পূজা পর্ব্ব।

পূজোপহার [পূজা+উপহার, ৬তৎ] বি, পূজার সময় প্রিয়জনকে আনন্দ, স্নেহ, ভক্তি, প্রীতি ই০র নিদর্শক যে উপহার দেওয়া হয়; পূজা উপলক্ষে উপঢৌকন।

পূজ্য [পূজ্ (পূজায়)+ণিচ্=পূজি+য (র্ম্ম), যাকে পূজা করিতে হয়] বিণ, আরাধ্য; পূজনীয়। ~পাদ [পূজ্য (পূজনীয়) পাদ (চরণ) যাঁর, বহু০] বিণ, যাঁর চরণ পূজার্হ; পূজনীয়; পরম শ্রদ্ধাস্পদ। ~মান [পূজি+ আন (র্ম্ম), য, ম্ আগম] বিণ, যাকে পূজা করা হইতেছে; সেব্যমান।

পূট-বিণ, দ্রাবক; যে পাত্রে স্বর্ণাদিধাতু গলান হয়; মুচি।

পূড় [সং-পুটং >। বৌ০ বাং] বি, পুট। "বাসনা পূড়"-চ০ পদ০ ২০।৩।

পূড়াসুর [প্রাদে০] বি, গ্রাম্যদেবতাবিঃ। "কোন খানে মনসা শীতলা ষষ্ঠীগণ। পূড়াসুর ঘাঁটু মহাকাল পঞ্চানন।"-অ০ ম০।

পূর্ণিম, পূণিমি [সং-পূর্ণিমা শব্দের কোমল রূপ। ব্রজ০] বি, পূর্ণিমা। "পূণমিক ইন্দু নিন্দি মুখ সুন্দর সো ভেল অব শশিরেহা।"-বি০ প০। "অমিয়া বরিখে জনু শরদ পূণিম-শশী"-বি০ প০ (বৈষ্ণবপদলহরী)।

পূর্ত [পূ (পবিত্র করা)+ত (র্ম্ম), যাকে পবিত্র করা হইয়াছে] বিণ, পবিত্র। "উঠে বিন্দু ছটা ধূত ভুবন করয়ে পূত শিরোরুহ তপঃ সত্য জন।"-কবিক০। ২ সত্য। ৩ নির্ম্মল। ৪ [পূয় (দুর্গন্ধযুক্ত হওয়া)+ত (র্ত্তৃ, যুক্তার্থে)] দুর্গন্ধযুক্ত; পূতিগন্ধযুক্ত। স্ত্রীং ~া। ~কারী [পূত (পবিত্র) কারী (যে করে)] বিণ, যে পবিত্রতা জন্মায়; পবিত্রকারী। ~ক্রতু [পূত (পবিত্র) ক্রতু (যজ্ঞ) যার, বহু০] বি, দেবরাজ; ইন্দ্র। স্ত্রী০ ~ক্রতায়ী-ইন্দ্রপত্নী শচী। ~গন্ধ [পূত (পবিত্র) গন্ধ যার, বহু০] বি, বাবুই তুলসী। ~ধান্য [পূত (পবিত্র) যে ধান্য (শস্য), ধা] বি, তিল। ~তৃণ [পূত (পবিত্র) যে তৃণ, ধা] বি, শ্বেতকুশ। ~দ্রু-বি, পলাশ গাছ।

পূতনা (-র্ত্ত০) [পূত + ণিচ্ + পূতি (পবিত্র করান) + অন (র্ত্তৃ) + আ (স্ত্রীং), যে শরীর পবিত্র করায়] বি, হরীতকী। ২ [পু০] বকাসুরের ভগিনী দানবীবিঃ। "জয় গোপ-বালক বৎসপালক পূতনাবকনাশন।"-অ০ ম০। ৩ ['অন্ধপূতনা', 'শিশুপূতনা' ও০] শিশুরোগবিঃ; যে রোগে শিশু শুকাইয়া বা পাকাইয়া যায়; পেঁচো পাওয়া রোগ। ~রি [পূতনা (বকাসুর ভগিনীর)+অরি (শত্রু), ৬তৎ। যিনি বকাসুর-ভগিনীকে বিনাশ করিয়াছেন] বি, পূতনাসূদন; কৃষ্ণ।

পূতনী [বৈদ্যকে] বি, পুদিনা নামক সুগন্ধযুক্ত ক্ষুদ্র পত্রশাকবিঃ metha arvensis; mentha viridis; marshmint.

পূতফল [পূত (পবিত্র) ফল যার, বহু০] বি, পনস; কাঁটাল।

পূতা [পূত+আ (স্ত্রীং)] বি, দূর্ব্বা। ২ বিণ, শুদ্ধা; পবিত্রা।

পূতাত্মা [পূত, (পবিত্র) আত্মা যার, বহু০। মূ০ পূতাত্মন্ ১মা, ১ব০] বিণ, পুণ্যাত্মা; পবিত্রাত্মা।

পূতি [পূ (পবিত্র করা)+তি (ভা০)] বি, পবিত্রতা। ২ [পূয় (দুর্গন্ধ হওয়া)+তি (ভা০), য লোপ] দুর্গন্ধ। ৩ বিণ, পূতিগন্ধযুক্ত; দুর্গন্ধময়। ~ক [পূতি (দুর্গন্ধ)+ক (যুক্তার্থে)] বি, বিষ্ঠা; মল। ২ পূতিকরঞ্জ বৃক্ষ। ৩ পুঁইশাক। ৪ [বৈজ্ঞা০ পরিঃ] ব্রোমাইন নামক উপধাতু। ~করঞ্জ [সং। হিং কট্‌করেঞ্জ; কট্‌করেঞ্জা] বি, নাটাকরঞ্জ গাছ caesalpina bonducella. ~কর্ণ [আয়ু০] বি, গাঢ় পুঁয নিঃসরণকারী কর্ণ রোগবিঃ, কাণে পুঁয হওয়া রোগ purulent otorrhoea. ~কর্ণক [পূতি(দুর্গন্ধ)হয় কর্ণে (কাণে) যা হতে, বহু০, ক যোগ] বি, কর্ণের পীড়াবিঃ; পূতিকর্ণ দ্রঃ। ~কা [পূতি+ক (স্বা০)-আ (স্ত্রীং)] বি, মার্জ্জারী; বিড়ালী [প্র০ অ০]। ২ পূতিকরঞ্জ। ৩ পুঁইশাক। ~কীট [পূতি(দুর্গন্ধযুক্ত) যে কীট (পোকা),

ধা] বি, গন্ধযুক্ত কীট ; গোঁধোপোকা। ~কেশ্বরতীর্থ-বি, তীর্থবিঃ। ~গন্ধ [পূতি (দুষ্ট) যে গন্ধ, ধা] বি, কুৎসিত গন্ধ। "পূতিগন্ধ পাইলে মাছি পরিতোষ পেয়ে।" -শি°। ২ [পূতি (দুষ্ট) গন্ধ যার, বহু°] বিণ, দুর্গন্ধযুক্ত ; কুৎসিত গন্ধবিশিষ্ট। ৩ বি, দুর্গন্ধযুক্ত ধাতুবিঃ ; গন্ধক। ৪ তাপসতরু ; ইঙ্গুদীগাছ। ৫ রঙ্গ। ~গর্ত্ত [তুল- "আলিগল" (পা° সা°)] বি, দুর্গন্ধময় গর্ত্ত ; নরকবিঃ ; পূতিপাদ (দ্রঃ)। "কিংবা পূতিগর্ত্তে পড়ি হাবু ডুবু খায় অভক্ষ্য ভক্ষণ করে পাগলের প্রায়॥"-জাতক, ৫ম খণ্ড। ~নস্য [পূতি (দুর্গন্ধ) নস্য (নাসারন্ধ্র) যা হইতে, বহু°] বি, নাসিকারোগ (যাতে নাসা- রন্ধ্র দুর্গন্ধ হয়) ozoena. ~পাদ [বৌ° সা°] বি, বড় বড় গাছ মরিয়া শুকাইয়া গেলে তাদের মূল পচিয়া যে গর্ত্ত হয়। "সমস্থল ভাবি চলি পড়ে যথা মানুষ বিবরে, গুহায়, নরকমধ্যে, কিংবা পূতিপাদের ভিতরে,"- জাতক, ৪র্থ খণ্ড। ~বক্ত্র [পূতি (দুর্গন্ধময়) বক্ত্র (মুখ) যার, বহু°] বিণ, দুর্গন্ধবিশিষ্ট আনন। ~মাংস [পূতি (দুর্গন্ধ) মাংস] বি, পচা মাংস ; দুর্গন্ধযুক্ত মাংস ; গলিত মাংস। ~বাত-দুর্গন্ধময় বায়ু। ২ বেলগাছ।

পূতীক [সং] বি, নাটাকরঞ্জ।

পূতোদক [পূত (পবিত্র) + উদক (জল)] বি, পবিত্র সলিল।

পুনির্ম-পূর্ণিমা দ্রঃ।

পুন্ন [গ্রা° বাং। শূ° পু°] পূর্ণ দ্রঃ।

পূপ [সং] বি, পিষ্টক। "যদি কিছু পাই পূপ আমে মহুরির সূপ আমসিতে প্রাণ পাই যেন।"-কবিক°। ২ রোটীকা।

পূপলা, পূপালী [সং] বি, পাতলা- রুটী। ২ বি, ঘৃতপকপিষ্টক।

পূপাষ্টকা [পূপ (দ্বারা) + অষ্টকা (শ্রাদ্ধবিঃ)] বি, অগ্রহায়ণ মাসের পূর্ণিমার পর কৃষ্ণাষ্টমী তিথিতে পিষ্টক দ্বারা শ্রাদ্ধ।

পূব [পূর্ব্ব >। গ্রা°] বিণ, পূর্ব্বদিকস্থ। "পূব পাড়া সন্ধ্যাকালে বেড়াইতে যেয়ে।"-কুঙ্কুম।

পূবে [পূর্ব্ব >। গ্রা°] ক্রি-বিণ, পূর্ব্ব- দিকে। "সেই সুরু থেকে সূর্য্যি ঠাকুর উদয় হন পূবে"-রজনী সেন। ২ [পূর্ব্ব > পূব + ইয়া=পূবিয়া > পূবে] বিণ, পূর্ব্বদিকস্থ। প্র- পূবে হাওয়া।

পূয় [পূয় (দুর্গন্ধ হওয়া) + অ (ভা°), যে রক্ত দুর্গন্ধ (বিকৃত) করে] বি, পুঁজ ; স্ফোটকাদির ক্লেদ ; বিকৃত রক্ত। ~রক্ত [পূয় এবং রক্ত, দ্বন্দ্ব] বি, নাসারোগবিঃ ; এই পীড়া হইলে নাসিকা হতে সপুঁজ শোণিত নির্গত হয়। ২ সপুঁজ শোণিত।

পূয়ারি [পূয় (পুঁজের) + অরি (নাশক), ৬তৎ] বি, নিম্ববৃক্ষ ; উহার পত্রে পুঁজ নাশ করে।

পূয়োদ [পূয় (পুঁজ হইয়াছে) + উদক (জল) যেখানে, বহু°, উদক স্থানে উদ] বি, নিরয়বিঃ ; পূয়-পূর্ণ নরক।

পূর [পূর্ (পূর্ণ করা) + অ (ণে)] বি, বারিরাশি। ২ স্রোত ; প্রবাহ। ৩ রাশি ; সমূহ। ৪ ডালপুরী, কচুরী, পুলিপিঠা ই°-র অভ্যন্তরভাগ পূর্ণ করিবার দ্রব্য। "উড়ি চেলে গুঁড়ি কুটি সাজাইল পিঠা। ক্ষীরখণ্ড ছানা ননী পূর দিয়া মিঠা।"-ঘ°। ৫ [+অ(ভা°)] পরিপূরণ। ৬ (-র্-) [গ্রা° পূরো, পূরা দ্রঃ] বিণ, পূর্ণ ; সম্পূর্ণ। প্র-ভরপূর (=পূরা ভরা)। ~পূরি-পূরা১ দ্রঃ।

পূরক [পূরা (পূর্ণ করা) + অক (র্ত্তৃ)] বিণ, যদ্দ্বারা গুণ করা যায় ; গুণক। ২ পূর্ণকারক। ৩ বি, প্রাণায়ামবিঃ ; বাম নাসিকাদ্বারা প্রাণবায়ু অন্তরে গ্রহণ ; বায়ু আকর্ষণপূর্ব্বক উদর পূর্ণ করণ।

পূরকপিণ্ড [স্মৃ°] বি, মরণাশৌচ কালে প্রদত্ত দশপিণ্ড।

পূরণ [পূর্ (পূর্ণ করা) + অন (ভা°)] বি, পূর্ণ হওন। ২ বৃদ্ধি। ৩ [পূরি (পরিপূর্ণ করা) + অন (ভা°)] গুণন multiplication. ৪ পরিপূর্ণ করণ। ৫ [+অন(ণে)] পড়িয়ান। ৬ সেতু। ৭ সমুদ্র। ৮ বিণ, গুণক। ৯ পূর্ণকারক ; পূরক। ১০ [সুশ্রুত] বি, চক্ষুরোগে রুগ্নস্থান পূর্ণ করিয়া ঔষধ ঢালিয়া দেওয়া। ~ণী-শাল্মলীবৃক্ষ।

পূরিত [সং-পূর্ > পূর্ণ, পূর্ণিত >] বিণ, পরিপূর্ণ ; "ঘুরি ঘুরি চন্দন পূ° কৈল খুরি।" -শূ° পু°। ২ পরিপুষ্ট ; নিটোল।

পূরব১ [সং-পূর্ণ > বাং-র পূর (পূরা দ্রঃ) + ব (ব্রজ° প্র° পু° ক্রি-বিভক্তি)=পূরব। তুল বাং-র-পূরিবে] ক্রি, পূর্ণ হইবে। প্র- "কতদিনে মনোরথ পূ° মোর।"-বি° প°।

পূরব২ [সং-পূর্ব্ব শব্দের কোমলরূপ, পদ্যে। ব্রজ°] বিণ, পূর্ব্ব (দ্রঃ)। ~ক- পূর্ব্বের। "হামারি আছল কত পূরবক ভাগি।"-বি° প°। "ফেরি আওলি তুহু পূরবক পুণে।" -ঐ। পূরল-পূর্ণ হইল। "থোরি দরশনে আশা না পূরল।"

পূরবি, -বী-পূরবী দ্রঃ।

পূরয়, পূরয়ে [পূরণ=পূর + য, য়ে (ক্রি- বিভক্তি-প্র° পু°), নামধাতু। পদ্যরূপ] ক্রি, পূর্ণ করে। ২ পূর্ণ হয়। "পুলকে পূরয়ে অঙ্গে।"-চণ্ডি°। "হেরিলে পুলকে পূরয়ে কায় ; উথলে প্রেমবারি রে।"-স্ক°।

পূরয়িতা [পূর্ (পূর্ণ করা) + তৃ (র্ত্তৃ), ই আগম=পূরয়িতৃ ১মা, ১ব°] বিণ, পরিপূর্ণ- কারক ; পূরক।

পূরা১ হি° পূরা। সং-পূর্ণ। গ্রা° পূরো] বিণ, পরিপূর্ণ ; সম্পূর্ণ। ~পূরি-অ, পরিপূর্ণ ; আধারের কানায় কানায় ভরা।

পূরা২, পোরা [সং-পৄ ধাতু (পূর্ণ করা) > পূর্ণ > পূরণ > পূর + আ (ক্রি- বিভক্তি)। পূরি, পূর, পোর (পু(পো) রেন, পুরিস), পূরে, পোরে, পূরিতে ; পূরিয়া (ক্ব° পদ্যে পূরি, গ্রা°পূরে)। ণিজন্ত- পূরান, পোরান] ক্রি, পূর্ণ করা ; ভরা। পরিপূর্ণ করা ; ছাপাছাপি হওয়া। ২ ভিতরে প্রবেশ করান ; ঢুকান। প্র-অন্ন মুখে পূরা। ৩ কোন কিছুর ভিতর প্রবেশ করাইয়া বদ্ধ বা আটক করিয়া রাখা। প্র- তাকে ঘরে পূরিয়া রাখিয়াছে। বিড়ালটাকে থলের ভিতর পুরিয়া লইয়া গিয়াছে। ৪ আশা, আকাঙ্ক্ষা, অভাব, প্রার্থনা ই° পূর্ণ হওয়া ; মিটা। "আশা না পূরিল"-বাং- গান। ৫ সম্পূর্ণ হওয়া। ৬ বায়ুপূর্ণ করা ; শব্দ করা ; বাজান। "মধুর মুরলী, পূরে বনমালী রাধা রাধা বলি গান।"-চণ্ডি°। "পাঞ্চজন্য পূরিলেন আপনি শ্রীহরি"-মহা°

(কাশী০)। ব্রজ০ পূরঁই-পূর্ণ করে। পূরঁব-পূরিবে। ২ পূর্ণ করিব। প্রা০ বাং পূরা৩ দ্রঃ। **পূরাইহঁ** [প্রা০ বাং। আধু০ বাং-পুরাইও] ক্রি পূর্ণ করিও। "জীবন রহিলে পূরাইহ কাম।"

পূরাণি১ [পূরা দ্রঃ। ণিজন্তরূপ। পূরাই, পূরাও (পূরান্, পূরাস), পূরায় (পূরান্); পূরাইতে; পূরাইয়া (গ্রা০ পূরিয়ে)] ক্রি, পূর্ণ করা; ভরান।

পূরাণ২ [পুরাতন >। বৌ০ সা০] বি, পর্য্যুষিত খাদ্য। "আপনি অন্যত্র যান, এ বাড়ীর কর্ত্তা পূরাণ ভক্ষণ করেন।" -জাতক।

পূরিকা [পূর + ইক(জ্ঞা০) + আ (স্ত্রীং), ই আগম] বি, ময়দার ঠোসে মশলাযুক্ত ডাইল বাটা পূরিয়া যে ঘৃতপক্ক আহারীয় প্রস্তুত হয়: ডালপুরী; কচুরী; রাধাবল্লভী লুচী।

পূরিত [পূর্ (পূর্ণ করা) + ত (র্ম্ম), যা পূর্ণ করা হইয়াছে] বিণ, পূর্ণ; পরিপূর্ণ; ভরিত। "সংসার-রাঙ্গা-ফলে ভুলিব না আর; সে যে পূরিত গরলে থাইলে কুফল ফলে।" -বাং-গান। ২ গুণিত।

পূরী [পূরা দ্রঃ] ক্রি-অস, পূর্ণ করিয়া।

পূরু [সং] বি, জহ্নুমুনির পুত্র। ২ শর্ম্মিষ্ঠা গর্ভজ যযাতি রাজার পুত্র। ৩ বৈরাজমনুর পুত্র। ৪ রাক্ষসবিঃ।

পূরুষ [সং। বাং-য় অপ্র০] বি, পুরুষ দ্রঃ।

পূর্ণ [পূর্ (পরিপূর্ণ করা) + ত (র্ম্ম)। ত=ন] বিণ, সম্পূর্ণ; পরিপূর্ণ। ২ সমাপ্ত। ৩ নিখুঁত; সর্ব্বাঙ্গ সম্পন্ন। ৪ অভাবহীন। ৫ সফল; সিদ্ধ। স্ত্রীং ~া। ~ক [বীজগ০ পরিঃ] বি, ইং characteristic (of logarithm) এর বৈজ্ঞা০ পরিঃ। ~ককুদ্ [পূর্ণ ককুদ্ (ঝুঁটি) যার, বহু০] বি, তরুণবয়স্ক বৃষ। ~কল [পূর্ণ (সম্পূর্ণ) কল (কলাযুক্ত)] বিণ, কলাবিশিষ্ট; ষোড়শাংশে পূর্ণিত। ~কাম [পূর্ণ (সকল) কাম (বাসনা) যার, বহু০] বিণ, সিদ্ধ মনোরথ; সকলকাম। "হরি পূজি পূর্ণকাম কমলজ রে"-অ০ম০। "নিরখিয়ে সচেতনে পূর্ণ-কাম হও রে॥"-ঙ্ক০। > স্ত্রীং ~া। ~কুম্ভ [পূর্ণ (পূরিত) যে কুম্ভ (কলস), ধা] বি, বারি-পূর্ণ ঘট; জলপূর্ণ কলস। ~গর্ভা [পূর্ণ-গর্ভ যে স্ত্রীর, বহু০] বিণ, যার গর্ভস্থ সন্তান পূর্ণাঙ্গ প্রাপ্ত হইয়াছে; যার প্রসবকাল সন্নিকট হইয়াছে; পূর্ণ গর্ভবতী। ~চন্দ্র [পূর্ণ যে চন্দ্র, ধা] বি, পূর্ণশশী; পূর্ণিমার পঞ্চদশকলাবিশিষ্ট চন্দ্র। ~চ্ছেদ [পূর্ণ যে ছেদ, ধা] বি, পূর্ণ যতিপাত চিহ্ন; দাঁড়ি; সম্পূর্ণ বাক্যের পর এক দুই তিন চার বলিতে যতটুকু সময় লাগে ততটুকুর জন্য বিরাম বা পূর্ণশ্বাস ফেলিবার নির্দ্দেশক চিহ্ন full-stop. এই চিহ্ন ইং-তে একটি বিন্দু মাত্র, বাং-য়। এই চিহ্ন। ~জ্যা [জ্যা০] বি, চাপকর্ণ (হিং কো০); ইং chord এর বৈজ্ঞা০ পরিঃ। ~তা, ~ত্ব-বি, পুষ্টি; সম্পূরণ; সমাধা। ~পরিবর্ত্তক-বি, জন্মাবধি সম্যক্রূপে যাদের বহুবার দেহের পরিবর্ত্তন ঘটে; পতঙ্গজাতীয় প্রাণী। ~পাত্র [পূর্ণ (সম্পূর্ণ) যে পাত্র, ধা] বি, বস্তুপূর্ণ পাত্র। ২ [স্মৃ০] হোমান্তে ব্রহ্ম-দক্ষিণারূপ দেয় অর্দ্ধমণ পরিমিত তণ্ডুলাদি পূর্ণপাত্র। ৩ বহু ভোক্তার সম্পূর্ণ তৃপ্তি সম্পাদ্য পরিমাণ অন্নাদি (২৫৬ মুষ্টিতে পূর্ণপাত্র হয়। ৪ জলপূর্ণ পাত্র। ৫ পুত্রাদির জন্ম-উৎসব সময়ে পারিতোষিক বস্ত্রাদি। ~পাত্রানুকল্প-ভোজ্য-উক্তরূপ ২৫৬ মুষ্টি পরিমাণ অন্নাদির কম পরিমাণ ভোজ্য। ~বয়স্ক [পূর্ণ-বয়স্ক, বহু০] বিণ, যতদূর বৃদ্ধির সম্ভাবনা তা যে বয়সে সম্পূর্ণতা প্রাপ্ত হয়: পূর্ণাঙ্গ; সোমত্ত। > স্ত্রীং ~া। ~বিকাশ [ধা] বি, চরমবিকাশ; চরম-স্ফুরণ। ~ব্রহ্ম [ধা] বি, অখণ্ড ব্রহ্ম। "প্রভু দয়ার অবতার অতুল গুণ নিধান পূর্ণব্রহ্ম অবিনাশী।"-ঙ্ক০। ~মা [পূর্ণ (সম্পূর্ণ) হয় মা (চন্দ্র) যে তিথিতে, বহু০] বি, পূর্ণিমা-তিথি। ~মাত্রা [ধা] বি, অনংশিত পরিমাণ; সম্পূর্ণ পরিমাণ। ~মাস [পূর্ণ (সম্পূর্ণ) মাস (চান্দ্র মাস) যদ্দারা, বহু০] বি, পূর্ণিমা তিথি। ২ পূর্ণিমা তিথিতে অনুষ্ঠেয় যজ্ঞবিঃ। > স্ত্রীং ~ী-পূর্ণিমা। ~যোগ [অর্থশা০ পরিঃ] বি, বাহুযুদ্ধবিঃ। ~সংখ্যা [পাটী০ পরিঃ] বি, ইং integer এর বৈজ্ঞা০ পরিঃ। ~হোম [পূর্ণ (সম্পূর্ণ) হোম (যজ্ঞ) যদ্দারা, বহু০] বি, পূর্ণাহুতি।

পূর্ণা [পূর্ণ + আ (স্ত্রীং)] বি, পঞ্চমী, দশমী, অমাবস্যা ও পূর্ণিমা তিথি। ২ পরিপূর্ণা।

পূর্ণাংশ [পূর্ণ + অংশ। পাটী০ পরিঃ] বি, ইং aliquot part এর বৈজ্ঞা০ পরিঃ।

পূর্ণানন্দ [পূর্ণ (সম্পূর্ণ) + আনন্দ যাতে বা যার, বহু০] বি, আনন্দময় পরমেশ্বর। ২ পরম প্রীতি; অত্যধিক হর্ষ। ৩ জনৈক তন্ত্রশাস্ত্র সঙ্কলয়িতা পণ্ডিত।

পূর্ণাবতার [পূর্ণ (সম্পূর্ণ) + অবতার, ধা] বি, নৃসিংহ, রাম, শ্রীকৃষ্ণ এই তিনজন পূর্ণাবতার বলিয়া কথিত; মতবিশেষে শ্রীকৃষ্ণই পূর্ণাবতার।

পূর্ণাবয়ব [পূর্ণ + অবয়ব] বি, বয়স ও স্বাস্থ্যের নিয়মে সম্পূর্ণাঙ্গ; সুপুষ্ট অঙ্গপ্রত্যঙ্গ; যতদূর বৃদ্ধি পাইবার ততদূর।

পূর্ণাভিষেক [পূর্ণ + অভিষেক, ধা] বি, তন্ত্রশাস্ত্রোক্ত কৌলিক অভিষেকবিঃ।

পূর্ণায়ত [পূর্ণ + আয়ত] বিণ, যতটা বিস্তৃত হওয়া উচিত বা হইবার ততটা; সম্পূর্ণ বিস্তৃত।

পূর্ণায়ু [পূর্ণ (সম্পূর্ণ) + আয়ুস্ (জীবন-কাল) যার, বহু০] বিণ, শতবর্ষজীবী [প্রাচীন হিন্দুশাস্ত্রে মানবের পরমায়ু সাধাঃ শতবর্ষ পর্য্যন্ত বলিয়া উক্ত হইয়াছে]।

পূর্ণাশা [সং] বি, নদীবিঃ। ২ [পূর্ণা + আশা] সফল মনোরথ; পূর্ণাভিলাষ।

পূর্ণাহুতি [পূর্ণা + আহুতি] বি, পূর্ণ-হোম দ্রঃ।

পূর্ণি [পৃ (পূরণ করা) + তি (ভা০)। পৃ = পূর্। তি=নি] বি, পূর্ত্তি [প্র০ অ০]।

পূর্ণিমা [পূর্ণি (সম্পূর্ণ) হয়-মা (চন্দ্রের পরিমাণ) যাতে, বহু০। গ্রা০ পুন্নমী, পুন্নমী, পুন্নিমা, পুন্নিমে। ব্রজ০ পুনিম। প্রা০ বাং-পুনমি, -মী] বি, পূর্ণিমা তিথি (ইহাতে চন্দ্রের ষোলকলা পূর্ণ হয়) full moon. ~নিশীথ-বি, পূর্ণিমার জ্যোৎস্না-উজ্জ্বল রাত্রি। "বসন্তের পূর্ণিমা নিশীথ"-উত্তরা।

পূর্ণেন্দু [পূর্ণ (সম্পূর্ণ) ইন্দু (চন্দ্র), ধা] বি, পূর্ণশশী; পূর্ণিমার চন্দ্র।

্ যুক্ত বিত্তবৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ঙগ জ্ঞ=গ্‌গঁ্য ঞ্চ=ন্‌চ ঞ্জ=ন্‌জ হ্ন=হ্‌ন হ্ন হ্ল হ্ম হ্ব=ন্‌হ ঽহ ল্‌হ ভ্ ব্য, জ্ ফ্ ব্ ভ্=zfwv ও চ্চা০ দ্রঃ

পূর্ণোপমা [পূর্ণ(সম্পূর্ণ) + উপমা যদ্দ্বারা বহু০] বি, কাব্যালঙ্কারবিঃ ; যে স্থলে উপমান, উপমেয় ও তাদের সাধারণ ধর্ম্ম এবং উপমা-বাচক ন্যায়, প্রায়, যথা, মত, যেন, রূপ ইং শব্দ উল্লিখিত হয় তথায় পূর্ণোপমা অলঙ্কার হয়। "মহিষী গর্ভোচিত কোমল শয্যায় শয়ন করিয়া আছেন, গর্ভে সন্তানের উদয় হওয়াতে মেঘাবৃত শশিমণ্ডলশালিনী রজনীর ন্যায় শোভা পাইতেছেন।"-কাদম্বরী। এখানে মহিষীর সহিত রজনীর, গর্ভের সহিত মেঘের, পুত্রের সহিত চন্দ্রের উপমা "ন্যায়" এই উপমাবাচক শব্দ দ্বারা পূর্ণ হইয়াছে।

পূর্ত্ত [পৃ (পূরণ করা) + ত (র্ম্ম), পৃ = পুর্] বি, জনসাধারণের জন্য বা হিতার্থ পুষ্করিণী, কূপ ইং খনন ও পথ নির্ম্মাণাদি কার্য্য public works. "একটি প্রস্রবণের পূর্ত্ত-কৌশলও অনেকেই স্থির করিতে পারেন নাই।"-উপাসনা, পৃঃ ৪৩, ৬ষ্ঠবর্ষ। ২ কূপ, পুষ্করিণী, দীর্ঘিকা ইং। ৩ পূরণ। ৪ পালন। ৫ [+ ত(র্ম্ম)] বিণ, পূরিত। ৬ আচ্ছন্ন ; আচ্ছাদিত। ~কর্ম্ম [পূর্ত্ত (দ্রঃ)-কর্ম্ম] বি, পূর্ত্ত সম্বন্ধীয় কার্য্য ; সাধারণের হিতার্থে পথ, খাত, কূপাদি নির্ম্মাণের কার্য্য public works. ~বিভাগ- বি, পূর্ত্ত সম্বন্ধীয় কর্ম্মবিভাগ ; যে কার্য্য বিভাগে বা দপ্তরের কর্ম্মচারিগণ দ্বারা জনসাধারণের হিতার্থে খাত কূপ, পুষ্করিণী ইং খনন, পথ, সেতু ইং নির্ম্মাণ করা হয় Public Works Department ; Engineering Department.

পূর্ত্তি [পূর্ (পরিপূর্ণ করা) + তি (ভা০)] বি, পূর্ণ হওয়ার ভাব বা অবস্থা ; পূর্ণতা প্রাপ্তি। ২ পরিপূরণ ; সম্পূরণ। ৩ ভরণ। প্র-উদর পূর্ত্তি। ৪ কোন নির্দ্দিষ্ট বৎসর বয়স পূর্ণ হইলে তদুপলক্ষ্যে আনন্দসূচক অনুষ্ঠান। "কাহারও সত্তর বৎসর পূর্ণ হইলে তদুপলক্ষ্যে তাঁহার সপ্ততি-পূর্ত্তি অনুষ্ঠিত হইতে পারে। যেমন জগদীশচন্দ্র এবং রবীন্দ্রনাথের হইয়াছে।"-প্রবাসী, আশ্বিন, ১৩৩৯।

পূর্ব্ব [সং। সং-পূর্ব্ব > প্রাকৃং পুব্বব > ভ্রঃ পুরুব, পুরব > পুব, পুর। প্রাং পুরুব, পুব্ব] বিণ, প্রাচীন ; পুরাকালীন। ২ আদি ; প্রথম। ৩ জ্যেষ্ঠ। ৪ ইতিবৃত্ত ; অতীত বৃত্তান্ত। ৫ পশ্চাদ্বর্ত্তী। ৬ প্রাচ্যদেশীয়। ৭ বি, পূর্ব্বপুরুষ। ৮ প্রাচী ; পূর্ব্বদিক। ~ক [পূর্ব্ব-ক (ইহার স্বতন্ত্র প্রয়োগ নাই, অন্য পদের সহিত পূর্ব্ব শব্দের বহুব্রীহি সমাসে অন্তে ক যোগ হইয়া পূর্ব্বক পদ হয়, যথা-সম্মানপূর্ব্বক, যত্নপূর্ব্বক ইং)] ক্রি-বিণ, সহিত ; সহকারে। প্র-স্নেহপূর্ব্বক। অনুগ্রহ-পূর্ব্বক। কৃপাপূর্ব্বক। ২ দ্বারা। প্র-বলপূর্ব্বক। ~কথিত-বিণ, প্রথমোক্ত ; পূর্ব্বোক্ত ; প্রথমে যার বিষয় বলা হইয়াছে। ~কায় [পূর্ব্ব-কায় (কায়া-শরীর)] বি, মস্তক হতে নাভি পর্য্যন্ত দেহ ; নাভির উর্দ্ধভাগ ; উত্তমাঙ্গ। ২ পূর্ব্বে যেরূপ দেহ ছিল ; পূর্ব্ব-শরীর। ~কাল বি, অতীত কাল ; গত সময় ; প্রাচীন সময় ; পুরাকাল। ~কালিক [পূর্ব্বকাল + ইক (ষ্ণ০)] বিণ, পূর্ব্বকালীন ; প্রাচীন কালের। ২ পূর্ব্বকাল জাত ; প্রাচীনকালে উৎপন্ন। ৩ পূর্ব্বকাল সাধ্য। ~কালীন-বিণ, পূর্ব্বকালিক দ্রঃ। ~কৃত [পূর্ব্ব (প্রথমে) কৃত (যা করা হইয়াছে)] বিণ, যা প্রথমে করা হইয়াছে ; পূর্ব্বানুষ্ঠিত। ২ পূর্ব্বজন্মে অনুষ্ঠিত। প্র-পূর্ব্বকৃত পাপের ফল ভোগ করা। ~গামী [পূর্ব্বগামিন্ ১মা, ১ব০। বি, পূর্ব্বগামিত্ব] বিণ, অগ্রে গমনকারী ; অগ্রগামী ; অগ্রবর্ত্তী। ২ পূর্ব্ব দিগ্‌গামী। > স্ত্রীং ~গামিনী। ~জ [পূর্ব্ব (প্রথম) জ (যে জন্মে)] বি, যিনি পূর্ব্বে জন্মগ্রহণ করিয়াছেন ; পূর্ব্বপুরুষ ; পিতৃ-পিতামহাদি। ২ অগ্রে যার জন্ম হইয়াছে ; অগ্রজ ; জ্যেষ্ঠ ভ্রাতা। ৩ চন্দ্রলোকস্থ পূর্ব্ব-পুরুষ। ৪ বিণ, পূর্ব্বে আবির্ভূত ; পূর্ব্ববর্ত্তী। স্ত্রীং ~জা-জ্যেষ্ঠা ভগিনী। ~জন্ম [পূর্ব্বে (প্রথমে) জন্ম (উৎপত্তি) যার, বহু০। মূং পূর্ব্বজন্মন্ ১মা, ১ব০] বি, পূর্ব্বজ। ২ গতজন্ম। স্ত্রীং পূর্ব্বজন্মা। ~জন্মলব্ধ [পূর্ব্ব-জন্মে-লব্ধ, ৭তৎ] বিণ, পূর্ব্বজন্মার্জ্জিত। ~জন্মার্জ্জিত [পূর্ব্বজন্মে অর্জ্জিত, ৭তৎ] বিণ, পূর্ব্বজন্মে অনুষ্ঠিত কর্ম্মের ফলস্বরূপ প্রাপ্ত ; পূর্ব্বজন্মলব্ধ। ~জানুকরণ [পূর্ব্বজ + অনুকরণ। জীববিদ্যাং পরিঃ] বি, ইং atavism এর বৈজ্ঞাং প্রতিঃ ; অধিসংক্রান্তি (H. S. Glossary)। ~জিন [পূর্ব্ব (প্রথম) জিন (জৈনগুরু), ধা] বি, পূর্ব্বজাতীয় জৈনধর্ম্ম-প্রবর্ত্তক চতুর্বিংশতি মুনিবিঃ ; মঞ্জুঘোষ। ~জীবন [ধা] বি, অতীতজীবন ; গতজীবন ; পূর্ব্ববর্ত্তী জীবনকাল। ২ পূর্ব্বজন্ম। ~জ্ঞান [ধা] বি, পূর্ব্বাবগতি। ২ পূর্ব্বজন্মার্জ্জিত জ্ঞান। ~তন [পূর্ব্ব (পূর্ব্বকাল) + তন (ভবার্থে)] বিণ, পূর্ব্বকালীন ; পূর্ব্ব-কালের ; আগেকার। ~দক্ষিণ-বি, পূর্ব্ব-দিক্ ও দক্ষিণদিকের মধ্যবর্ত্তী কোণ ; অগ্নিকোণ। ~দক্ষিণা-বি, অগ্নিকোণ। ~দশা [পূর্ব্ব যে দশা, ধা] বি, পূর্ব্বাবস্থা। ~দিক্ [পূর্ব্ব-দিক, ধা] বি, যে দিকে সূর্য্য উদয় হয় ; প্রাচী the East. ~দিক্পতি [পূর্ব্ব-দিশ্ ১মা, ১ব০=পূর্ব্বদিক্ তার (পতি) (প্রভু), ৬তৎ] বি, পূর্ব্বদিগধিপতি ; পূর্ব্বদিক্-পাল ; ইন্দ্র। ~দৃষ্ট [পূর্ব্বে দৃষ্ট, ৭তৎ] বিণ, প্রথম যাকে দেখা হইয়াছে ; অগ্রে লক্ষিত। ~দৃষ্টি [ধা] বি, ভবিষ্যদ্দৃষ্টি। ২ পূর্ব্ব-সাবধান। ~দেব [ধা] বি, দৈত্য ; দানব ; অসুর [দ্রঃ-দিতির পুত্র দৈত্যগণ অদিতিনন্দন দেবতাদিগের জ্যেষ্ঠ বৈমাত্রেয় ভ্রাতা। তাঁরাও দেবতা কিন্তু প্রকৃতি ও আচরণ দ্বারা পরে সুরবিরোধী বা অসুর পদবাচ্য হন, এইজন্য পূর্ব্বদেব। তুল-বাইবেলোক্ত সয়তান (satan পূর্ব্বে দেবতা angel ছিলেন)]। ~দেশ [ধা] বি, পূর্ব্বদিকে অবস্থিত ভূভাগ ; প্রাচ্য-দেশ ; যে দিকে সূর্য্যোদয় হয় সেই দিকে অবস্থিত ভূভাগ। ~দেশীয় [পূর্ব্ব-দেশ + ঈয় (ভব, জাত ইং অর্থে)] বিণ, পূর্ব্বদেশ-জাত ; প্রাচ্যদেশীয়। ২ প্রাচ্য ; পূর্ব্বদেশ-বাসী। > স্ত্রীং ~দেশীয়া। ~দেহ-বি, পূর্ব্বকায় দ্রঃ। ~ধন [পূর্ব্ব (সঞ্চিত) ধন, মং পং লোং] বি, সঞ্চিত ধন ; পূর্ব্বার্জ্জিত ধন। ~নির্দ্ধারণ-বি, পূর্ব্ব হতে নিরূপণ। ~নিপাত [পূর্ব্বে-নিপাত, ব্যাং] বি, সমস্ত পদের প্রথমে ন্যস্ত পদ। ~নিরূপণ, ~নির্ণয়-পূর্ব্বনির্দ্ধারণ দ্রঃ। ~পক্ষ [পূর্ব্ব (প্রথম) পক্ষ, ধা] বি, শুক্লপক্ষ। ২ অভি-যোগ। ৩ প্রশ্নকারী ব্যক্তি। "পূর্ব্বপক্ষ কহে তোমার ভাল ত ব্যাখ্যান।"-চৈং চং। ৪ [তর্কশাস্ত্রে] প্রশ্ন। "পূর্ব্বপক্ষ করে সাধু সভা

বিদ্যমানে। আপনি দনাই ওঝা করে সমাধানে।"-কবিক°। ৫ [দর্শনে] প্রত্যক্ষগোচর আপত্তি বা বিরুদ্ধযুক্তি প্রশ্ন স্থাপন [পূর্ব্বপক্ষের উত্তরের নাম নির্ণয়। এই সম্বন্ধে অন্যের মত উদ্ধৃত ও গ্রাহ্য হইলে তাহা অনুমত। প্রারম্ভেই সম্পাদ্য উপপত্তির উল্লেখ করণের নাম বিধান]। ~পরিচিত-বিণ, পূর্ব্ব হতে জানিত; পুরাতন আলাপী; পূর্ব্বে যার সহিত আলাপ পরিচয় হইয়াছে। ~পরিত্যক্ত-বিণ, পূর্ব্ব বা প্রথম হতে যা বা যাকে পরিত্যাগ করা হইয়াছে।~পর্ব্বত [পূর্ব্ব (পূর্ব্বদিকে স্থিত) পর্ব্বত, ম° প° লো°] বি, উদয় পর্ব্বত; উদয়াচল। ~পিণ্ডানুকৃতি [পূর্ব্ব+পিণ্ড+অনুকৃতি। ই° atavism এর বৈজ্ঞা° পরিঃ] বি, পিতামাতা অপেক্ষা অতি-দূরবর্ত্তী পূর্ব্বপুরুষদিগের সহিত সাদৃশ্য। > ~কৃতিক-ঐরূপ সাদৃশ্য সম্বন্ধীয় atavistic. ২ [ভৈষজ্যশা°] অধিসঞ্চারিক; কয়েক পুরুষ বন্ধ থাকিয়া মৌলিক পীড়ার পুনঃসঞ্চার। ~পুরুষ [ধা] বি, পূর্ব্বগামী বংশপ্রবর্ত্তক; বংশের আদি পুরুষ। বিণ, ~পুরুষীয়। ~প্রচলিত -বিণ, পূর্ব্ব হতে বা অগ্রে যার প্রচলন হইয়াছে; পূর্ব্বে প্রবর্ত্তিত। ~ফল্গুনী-বি, সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত খট্বাকৃতি দুইটী তারা বিশিষ্ট একাদশ নক্ষত্র। ~বঙ্গ-বি, বাঙ্গলা দেশের পূর্ব্বাংশ। ~বৎ [পূর্ব্ব+বৎ (তুল্যার্থে)] অ, পূর্ব্বের ন্যায়; আগেকার মত; পূর্ব্বে যেরূপ ছিল বা হইত। ~বয়ঃ [পূর্ব্ব (প্রথম যে বয়স্, ধা। বয়স্=বয়ঃ)] বি, প্রথম বয়স; বাল্য। ~বর্ণিত-বিণ, প্রথমে কথিত; পূর্ব্বে বিবৃত; পূর্ব্বোল্লিখিত। > স্ত্রীং ~া। ~বর্ত্তী [পূর্ব্ব-বৃৎ (অবস্থান করা)+ইন্ (র্ত্তৃ)=পূর্ব্ববর্ত্তিন্ ১মা, ১ব°> বি, ~বর্ত্তিতা] বিণ, অগ্রসর; পূর্ব্বস্থিত। > স্ত্রীং ~বর্ত্তিনী। ~বাদ [পূর্ব্ব (প্রথম) যে বাদ (কথন), ধা] বি, প্রথম বাক্য। ২ প্রথম নালিশ; প্রথম অভিযোগ। ~বাদী [পূর্ব্ব (প্রথম) বদ্ (বলা)+ইন্ (র্ত্তৃ) = পূর্ব্ববাদিন্ ১মা,১ব°] বি, প্রথম অভিযোগকারী; বাদী। > স্ত্রীং ~বাদিনী। ~বৃত্তকথা-ইতিহাস (ত্রঃ)। ~ভাদ্রপদ,-পদা-বি, সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত পঞ্চদশ নক্ষত্র। ~ভাব [পূর্ব্ব-ভাব] বি, পূর্ব্বের প্রকৃতি; পূর্ব্বাবস্থা। ~ভাবী [ত° বি°] বিণ, কোন ব্যাপারের পূর্ব্বে যাহা ঘটে। ~ভাষ [পূর্ব্ব +ভাষ (ভাষণ)] বি, গোড়ার কথা; মুখবন্ধ foreword. ~মত-বি, পূর্ব্বের বা আগেকার অভিমত বা ধারণা। ~মীমাংসা -বি, জৈমিনি মুনি প্রবর্ত্তিত দর্শনশাস্ত্রবিঃ। ~রঙ্গ [পূর্ব্ব যে রঙ্গ (নাট্যাদি), ধা] বি, নাট্যাভিনয়ের উপক্রম; প্রস্তাবনা। ২ রঙ্গালয়। ৩ শ্রীকৃষ্ণের প্রথম প্রেমানুরাগ। "কীর্ত্তনিয়াগণ সঙ্গে গান করে নানারঙ্গে বাল্য গোষ্ঠ দান বেশ রাস। পূর্ব্বরঙ্গ রসোদ্গার মাথুর বিরহ আর হরিভক্তি যাহাতে প্রকাশ।"-অ° ম°। ~রাগ [পূর্ব্ব (প্রথম) রাগ (অনুরাগ), ধা] বি, প্রথমানুরাগ; নায়ক নায়িকার পরস্পর দর্শন বা শ্রবণাদি দ্বারা প্রথম অনুরাগ courtship. ~রাত্র [পূর্ব্ব (প্রথম) রাত্রি, ধা। রাত্রি=রাত্র] বি, রাত্রির প্রথমভাগ। ~রাত্রি-বি, গত রজনী। ~রাশি [পাটী° (ক° বিশ° পরিঃ)] বি, নিষ্পত্তির প্রথম সংখ্যা antecedent. ~রীতি-বি, প্রাচীন প্রথা; আগের ধারা; বিগত প্রথা। ~রূপ [পূর্ব্ব (প্রথম) যে রূপ (গঠন), ধা] বি, পূর্ব্ব আকৃতি। ২ পূর্ব্বের মত; পূর্ব্বের ন্যায়। ৩ অর্থালঙ্কারবিঃ। ৪ পূর্ব্বলক্ষণ। ~লক্ষণ [পূর্ব্ব (প্রথম) লক্ষণ (চিহ্ন), ধা] বি, ভাবীবিষয়ের প্রথম চিহ্ন; প্রথম সূচনা। ~শৈল [পূর্ব্ব (প্রাচ্য দেশীয় বা দেশস্থ) শৈল (পর্ব্বত), ম° প° লো°] বি, উদয়াচল; উদয়গিরি। ~সংস্কার [পূর্ব্বের সংস্কার, ৬তৎ, অথবা পূর্ব্ব (পূর্ব্বজন্মার্জ্জিত) সংস্কার, ম° প° লো°] বি, পূর্ব্বজন্মের স্মৃতি হেতুক মনোবৃত্তি; পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মজনিত গুণ, প্রবৃত্তি ও ধারণা। ২ পুরাতন ধারণা। ~সাহস [স্মৃ°] বি পারদারিকের রাজদণ্ডবিঃ। ~হেতুসম্পৎ [বৌ° সা°] বি, কার্য্য-কারণ জ্ঞান।

পূর্ব্বা [পূর্ব্ব (ত্রঃ)+আ (স্ত্রীং)] বি, জ্যেষ্ঠা; প্রথমা। ~চরিত [পূর্ব্ব+আচরিত] বিণ, পূর্ব্বকৃত; পূর্ব্বানুষ্ঠিত। ~চল [পূর্ব্ব +অচল] বি, উদয়গিরি। ~দ্রি [পূর্ব্ব (পূর্ব্বদিকে স্থিত) অদ্রি (পর্ব্বত), ম° প° লো°] বি, উদয় পর্ব্বত; উদয়গিরি। ~ধিকার [পূর্ব্ব+অধিকার] বি, পূর্ব্বাবৃত্তি; প্রথমাধিকার। বিণ, ~ধিকারী। ~নুরাগ [পূর্ব্ব+অনুরাগ] বি, প্রেমের প্রথম সঞ্চার; প্রথম ভাববন্ধন। ২ পূর্ব্বের প্রীতি; পূর্ব্ব সোহাগ; পুরাতন প্রণয়। ~পর [পূর্ব্ব+অপর, দ্বন্দ্ব] বিণ, আনুপূর্ব্বিক; আগাগোড়া। ~পরবৃত্ত [জ্যো° (ক° বিশ° পরিঃ] ই° prime vertical এর বৈজ্ঞা° পরিঃ। ~পেক্ষা [পূর্ব্ব+অপেক্ষা] অ, পূর্ব্ব হতে উৎকর্ষাপকর্ষবোধক; আগেকার চেয়ে। ~বধি [পূর্ব্ব+অবধি] পূর্ব্ব হতে; আগে থেকে; প্রথম হতে। ~বস্থা [পূর্ব্ব+অবস্থা] বি, পূর্ব্বদশা; প্রথমাবস্থা; আগেকার দশা। ~ভ্যাস [পূর্ব্ব+অভ্যাস] বি, আগেকার স্বভাব। ২ পূর্ব্ব প্রথা। ~র্দ্ধ [পূর্ব্ব+অর্দ্ধ] বি, বিণ, প্রথম অর্দ্ধ। ২ পূর্ব্বের অর্দ্ধেক। ~র্দ্ধ্য [পূর্ব্বার্দ্ধ+য (জাতার্থে)] বিণ, প্রথমার্দ্ধে উৎপন্ন। ২ পূর্ব্বার্দ্ধ সম্বন্ধীয়। ~শা [পূর্ব্ব (প্রথম)+আশা (দিক্), ধা] বি, পূর্ব্বদিক্; প্রাচী। 'কূল-কুল-সখী-উষা যখন খুলিবে পূর্ব্বাশার হৈমদ্বার পদ্মকর দিয়া।"-মেঘ°। ~ষাঢ়া [পূর্ব্ব (প্রথম)+আষাঢ়া (নক্ষত্র), ধা] বি, সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত বিংশ নক্ষত্র। ~হ্ণ [পূর্ব্ব (প্রথম)+অহন্ (দিন), ধা, অথবা, অহ্নের (দিনের) পূর্ব্ব (পূর্ব্ব ভাগ), ৬তৎ, অহন্=অহ্ন (পরনিপাতে)] বি, দিবসের প্রথম ভাগ; ১০ দণ্ড। ~হ্ণিক [পূর্ব্বাহ্ণ+ইক (সাধনার্থে)] বিণ, পূর্ব্বাহ্ণসাধ্য। ২ পূর্ব্বাহ্ণ সম্বন্ধীয়।

পূর্ব্বোক্ত [পূর্ব্ব (প্রথম)+উক্ত (কথিত), ধা] বিণ, পূর্ব্বকথিত; প্রথমে যে বিষয় বা যার বিষয় বলা হইয়াছে; পূর্ব্বোল্লিখিত।

পূর্ব্বোত্তর [পূর্ব্ব+উত্তর] বি, পূর্ব্ব এবং উত্তর দিকের মধ্যবর্ত্তী; পূর্ব্বোত্তর কোণ।

পূর্ব্বোদ্ধৃত [পূর্ব্ব+উদ্ধৃত] বিণ, পূর্ব্বে উদ্ধৃত; পূর্ব্বসমাহৃত।

পূল[1] [সং] বি, রাশি। ২ পুলি পিঠা। ৩ পাত্রবিঃ।

পুলি, পুলিকা [সং-পোলী, পোলিকা] বি, পুলি পিঠা।

পুষা [পুষ্ (পোষণ করা)+অন (র্তৃ)= পুষন্ ১মা, ১ব০] বি, সূর্য্য। "প্রভাতে প্রসন্ন আশা প্রকাশ পাইলে পুষা"-ম০। ২ পৃথিবী। ~আত্মজ [পুষা+আত্মজ, ৬তৎ] বি, মেঘ। ২ ইন্দ্র।

পৃ-সংস্কৃত প্রাদি শব্দের "প্র" স্থলে গ্রাম্য ব্যবহারে "পৃ"। যথা-'প্রয়োজন' স্থলে 'পৃয়োজন'। "আজ্ঞা কর গোঁসাই কোন পৃয়োজন।"-শূ০ পু০।

পৃকা [সং] বি, পিড়িং শাক।

পৃক্ত [পৃচ্ (সংলগ্ন হওয়া)+ত (র্তৃ)] বিণ, যুক্ত; সংলগ্ন। ২ মিশ্রিত। ৩ সম্পর্কবিশিষ্ট; সম্পৃক্ত। বি, পৃক্তি১।

পৃক্তি২ [জ্ঞা০ (ক০ বিশ্ব০ পরিঃ)] বি, স্পৃষ্টি (দ্রঃ); ইং contact এর বৈজ্ঞা০ পরিঃ।

পৃচ্ছা [প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা)+অ (ভা০) =প্রচ্ছ=পৃচ্ছ+আ (স্ত্রীং)] বি, প্রশ্ন; জিজ্ঞাসা।

পৃতনা [প (পূর্ণ করা)+তন (র্তৃ)+আ (স্ত্রীং)] বি, সৈন্যদল; ১২১৫ পদাতি, ৭২৯ অশ্ব, ২৪৩ হস্তী ও ২৪৩ রথে এক পৃতনা হয়।

পৃথক্ [পৃথ্ (ক্ষেপণ করা)+অক্(র্ম)] অ, অন্য; ভিন্ন; আলাদা। ২ স্বতন্ত্র। ~করণ [দ্রুত উচ্চারণে-পৃথকরণ] বি, স্বতন্ত্রকরণ; বিযুক্তকরণ। >বিণ, ~কৃত। ~ক্ষেত্র [পৃথক(ভিন্ন)ক্ষেত্র (উৎপত্তি স্থান) যার, বহু০] বি, এক-পিতৃক কিন্তু ভিন্ন-মাতৃক সন্তান; এক পিতার ঔরসজাত কিন্তু সহোদর নহে এরূপ সন্তান। ~চার [মনোবিজ্ঞা০ পরিঃ (হি০ কো০)] বি, বিষঙ্গ (গি০ শে০ বসু০); ইং dissociation এর বৈজ্ঞা০ পরিঃ; উত্তাপাদি-দ্বারা বিশ্লেষণ। ~ত্ব, পৃথক্ত্ব (প্রা০) [পৃথক+ত্ব (ভা০)] বি, স্বাতন্ত্র্য; ভিন্নতা; অন্যত্ব। ২ [বৈশেষিক দর্শনে, নব্যন্যায়ে] ভেদবুদ্ধি প্রতিপাদক গুণবিশেষ। ~পিণ্ড [পৃথক্ যে পিণ্ড, ধা] বিণ, যে সপিণ্ড নহে; অসপিণ্ড; মৃতাশৌচ বহন করিতে হয় এরূপ জ্ঞাতি যে নহে। ~পৃথক্ [ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব] অ, স্বতন্ত্র স্বতন্ত্র। ২ ছাড়া ছাড়া; আলাদা আলাদা। ৩ দূরে দূরে। ৪ ভিন্ন ভিন্ন; রকম রকম।

পৃথকী/করণ [পৃথক্+ঈ(চ্বি)+করণ] বি,যা যুক্ত বা মিলিত ছিল তাকে বিযুক্তকরণ। বিণ, পৃথকীকৃত। ~কৃত-বিণ, বিযুক্ত; বিচ্ছিন্ন।

পৃথক্করণ-পৃথক্ দ্রঃ।

পৃথগন্ন [পৃথক্+অন্ন] বিণ, এক বাড়ীতে বা পরিবারের মধ্যে বাস অথচ একান্নবর্ত্তী নহে; যার অন্নপাকের বন্দোবস্ত স্বতন্ত্র।

পৃথগাত্মতা [পৃথক্ (ভিন্ন)+আত্মন্ (স্বভাব) যার, বহু০। মূ০ পৃথগাত্মন+তা (ভা০)] বি, স্বাতন্ত্র্যভাব; ইতরবিশেষ বোধ। ২ বিরক্তি; বিরাগ।

পৃথগাত্মা [পৃথক্+আত্মা, ধা] বিণ, স্বতন্ত্র প্রকৃতিবিশিষ্ট; ভিন্নস্বভাব।

পৃথগ্গুণ [পৃথক্+গুণ, ধা] বি, স্বতন্ত্রগুণ; বিভিন্নগুণ। ২ বিশিষ্টগুণ।

পৃথগ্জন১ [পৃথক্ (ভিন্ন)+জন (লোক), ধা] বি, ইতরজন; নীচব্যক্তি। ২ মূর্খ। ৩ অন্যলোক; স্বতন্ত্র ব্যক্তি।

পৃথগ্জন২ [বৌ০ সা০। পা০ "থাবরানং তসানং"=স্থাবর ও ত্রসঃজঙ্গম, "তৃষ্ণাবশে ত্রস এবং তৃষ্ণাভাবে স্থাবর"-জাতক, ৫ম খণ্ড, পাদটীকা] বি, জঙ্গম; অস্থাবর। "অর্হন্ কি পৃ০, না করি বিচার ধরিত্রী বহেন বুকে ভার সবাকার।"-জাতক, ৫ম খণ্ড।

পৃথগ্বিধ (-গ্বি-) [পৃথক্+বিধা (প্রকার) যার, বহু০] বিণ, অন্যবিধ; বিভিন্ন প্রকার; স্বতন্ত্র প্রকার।

পৃথগ্ভাব [পৃথক্+ভাব, ধা] বি, স্বাতন্ত্র্য। ২ বিশেষত্ব।

পৃথা [প্রথ্ (বিখ্যাত হওয়া)+অ+আ (স্ত্রীং)] বি, যদুবংশীয় বসুদেবের ভ্রাতুষ্পুত্রী; শূরসেনের কন্যা ও পাণ্ডুরাজপত্নী। শূরসেন, স্বীয় পিতৃষসার পুত্র অনপত্য কুন্তিভোজের নিকট প্রতিজ্ঞা করেন যে, তাঁর প্রথম সন্তানকে তাঁকে প্রদান করিবেন। তদনুসারে শৈশবাবস্থা হইতে পৃথা কুন্তিভোজের দ্বারা পালিতা হন ও তদনুসারে কুন্তি নামে খ্যাত হন। ২ ব্রাহ্মণীবিঃ। ~নন্দন, ~পুত্র, ~সুত-কুন্তীপুত্র; যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন।

পৃথিবী [প্রথ্ (বিখ্যাত হওয়া)+ইব (র্তৃ) প্র=পৃ। প্রা০ পিথিবি,-মি, পিরথিবি, -মি। ব্রজ০, প্রা০ বাং-পুহবি] বি,ভূমণ্ডল; অবনী (ক০ বিশ্ব০ পরিঃ, জ্যো০) the earth. ২ ভূমি। ৩ [পৃথু রাজার অধিকৃত রাজ্য বলিয়া] ভারতবর্ষ [দ্রঃ-"পৃথিবী মধ্য রেখা চ নর্ম্মদা পরিকীর্ত্তিতা।" নর্ম্মদা নদী পৃথিবীর মধ্যরেখা বলিয়া উক্ত হইয়াছে কারণ ইহা আর্য্যাবর্ত্ত ও দক্ষিণাপথ দুইভাগে বিভক্ত করিয়াছে। পৌরাণিক ভূগোলে পৃথিবী ত্রিকোণাকৃতি বলিয়াও উক্ত। ইহাও পূর্ব্বে ভারতবর্ষকে পৃথিবী বলিত তাহার প্রমাণ]। ~তল [৬তৎ] বি,ভূতল; ধরাপৃষ্ঠ। ~পতি [৬তৎ] বি, ধরাপতি; ভূপতি; রাজাধিরাজ। ~পাল [৬তৎ] বি, পৃথিবীর পালনকর্ত্তা; ভূপাল; রাজা। ~মণ্ডল [পৃথিবী-মণ্ডল সদৃশ, উপমিত ধা] বি, সমগ্র পৃথিবী; ভূমণ্ডল। ~ময় [পৃথিবী+ময়ট্ (ব্যাপ্ত্যর্থে)] বিণ, সমস্ত পৃথিবীব্যাপী; ধরাব্যাপী; ভুবন-বিস্তারী। ~রুহ-বি, বৃক্ষ।

পৃথু [প্রথ্ (বিখ্যাত হওয়া)+উ (র্তৃ, জ্ঞা০)] বি, বেণরাজার পুত্র; ইঁহার দ্বারা পৃথিবীমণ্ডল প্রথিত হইয়াছিল বলিয়া পৃথু নামে খ্যাত। ২ বিণ, স্থূল; মোটা। ৩ বিশাল; বিস্তৃত। ৪ দীর্ঘ; লম্বা। ~ক [সং] বি, শিশু; শাবক। ২ চিপিটক; চিঁড়ে। ~গ্রীব [পৃথু (স্থূল, দীর্ঘ) গ্রীবা যার, বহু০] বিণ, দীর্ঘ বা স্থূল গ্রীবাযুক্ত। ~নিতম্ব [পৃথু (স্থূল) নিতম্ব (পাছা) যার, বহু০] বিণ, যার নিতম্বদেশ বা পাছা মাংসল বা বিস্তৃত। >স্ত্রীং ~নিতম্বা, ~নিতম্বিনী। ~বক্ত্র [পৃথু (বিস্তৃত) বক্ত্র (বদন) যার, বহু০] বিণ, যার মুখের আয়তন দীর্ঘ বা বিস্তৃত। >স্ত্রীং ~বক্ত্রা -মাতৃকাবিঃ। ~রোমা [পৃথু (দীর্ঘ) রোমন্ (লোম, আঁইষ) যার, বহু০। মূ০ পৃথু-রোমন্ ১মা, ১ব০] বি, দীর্ঘ লোমযুক্ত; লোমশ। ২ মৎস্য। ~ল (-ল-) [পৃথু+ল (স্ত্য০)] বিণ, স্থূল। ২ বিশাল; বিস্তৃত। ৩ ত্রিকোণ (মানবের আদি জন্মভূমি)। স্ত্রীং '~া'। "আমরা পৃথুলা পৃথিবীর বুকে ছড়িয়ে পড়বো"-চা০ বন্দ্যো০ (বা০ বসুমতী, ১৩৩৫)। ~লাক্ষ [পৃথুল (বিস্তৃত)+অক্ষি (চক্ষু) যার,

বহু০, অক্ষি=অক্ষ] বিণ, বিশাল নেত্রযুক্ত। ২ বি, পুরুবংশীয় নৃপতিবিঃ। > স্ত্রীং পৃথুলাক্ষী-বিশালাক্ষী। ~লোচন [পৃথু (বিস্তৃত) লোচন] আয়তলোচন। > স্ত্রীং ~লোচনা-বিশালাক্ষী। ~শ্রবাঃ [পৃথু (লম্বা) শ্রবস্ (কর্ণ) যার, বহু০। মু০ পৃথুশ্রবস্ ১মা, ১ব০] বিণ, দীর্ঘ কর্ণযুক্ত; লম্বকর্ণ। ২ বি, কুমারের অনুচরবিঃ। ৩ শশবিন্দু রাজার পুত্রবিঃ। ~স্কন্ধ [পৃথু (স্থূল) স্কন্ধ (কাঁধ) যার, বহু০] বিণ, স্থূলস্কন্ধ। ২ বি, শূকর।

পৃথূদক [পৃথু (বিস্তীর্ণ) + উদক (জল) যেখানে, বহু০] বি, কপালমোচন তীর্থের নিকটবর্ত্তী তীর্থবিঃ।

পৃথূদর [পৃথু (বৃহৎ) + উদর (পেট) যার, বহু০] বিণ, স্থূলোদর; লম্বোদর। ২ বি, মেষ।

পৃথ্বী (-থ্বি) [প্রথ্ (বিস্তার করা) + বী (র্ত্তৃ), প্রথ=পৃ। গ্রা০ মেয়েলি-পিথি, পিরথি] বি, ধরা; পৃথিবী। "লোকালোক পর্ব্বত পৃথ্বীর প্রান্তভাগে পলাইতে পথ নাই পরিত্রাণ মাগে।"-শি০। ~ধর [পৃথ্বী (ধরণী) ধর (যে ধারণ করে)] বি, পর্ব্বত। ~পতি [৬তৎ] বি, ভূপতি; রাজা। "পৃথ্বীপতি পশ্চাতে পূজেন পাত্র বুঝি।" -শি০। ~রাজ [৬তৎ] বি, ধরাপতি। ২ স্বনামপ্রসিদ্ধ দিল্লীশ্বর। উত্তর ভারতের শেষ স্বাধীন হিন্দুনরপতি। ~রাজ রায়সা,-রাসৌ-কবি চাঁদবর্দাই রচিত দিল্লীশ্বর পৃথ্বীরাজচরিত বর্ণনাত্মক রাজপুত ইতিহাস।

পৃথ্বু-প্রিয় দ্রঃ।

পৃশ্নি [স্পৃশ্ (স্পর্শ করা) + নি (র্ম্ম), যাকে অনায়াসে স্পর্শ করা যায়] বিণ, খর্ব্বশরীর; বামন অপেক্ষা ঈষৎ লম্বকায়। ২ দুর্ব্বল। ৩ সূক্ষ্ম। ৪ বি, কিরণ। ৫ [পৃশ্নিকা ও০] জলের পানা। ৬ পৃথ্বী। ৭ রাজমহিষী। সুতপা (যিনি পরজন্মে দেবকী হইয়াছিলেন)। ~গর্ভ-বিণ, দেবকী গর্ভজাত। ২ বি, কৃষ্ণ। ~পর্ণী [সং] বি, চাকুলিয়া নামক লতা।

পৃষৎ, -ত [সং] বি, তরল বা দ্রব দ্রব্যের বিন্দু বা কণা। ২ মণ্ডলাকার চিহ্ন; ফোঁটা। ৩ মণ্ডলাকার চিহ্নযুক্ত হরিণ। স্ত্রীং পৃষতী -ফোঁটাযুক্ত হরিণী spotted deer.

পৃষৎক [সং] বি, বাণ।

পৃষতাশ্ব, পৃষদশ্ব [পৃষৎ (হরিণ) হইয়াছে অশ্ব (ঘোড়া, বাহক) যার, বহু০] বি, মৃগবাহন; বায়ু। ২ রাজা অনরণ্যের পুত্র।

পৃষোদর [পৃষৎ=পৃষ + উদর] বিণ, মণ্ডলাকার চিহ্নাঙ্কিত উদরবিশিষ্ট।

পৃষোদ্যান [পৃষ্ (সেক-জল সেচন প্রয়োজনার্থে) > পৃষ + উদ্যান, বা পৃষৎ (বিন্দু, বৎ) উদ্যান (বৎ)] বি, ক্ষুদ্র উদ্যান।

পৃষ্ট [প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা) + ত (র্ম্ম)] বিণ, কৃতপ্রশ্ন; জিজ্ঞাসিত। বি, পৃষ্টি [প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা) + তি (ভা০)। প্রচ্ছ=পৃষ্] প্রশ্ন; জিজ্ঞাসা। ২ [+তি (র্ত্তৃ)] বিণ, প্রশ্নকারক।

পৃষ্ঠ১ [বলবিদ্যা০ (ক০ বিশ০ পরিঃ)] বি, ইং surface এর বৈজ্ঞা০ পরিঃ।

পৃষ্ঠ২ [সং] বি, পিঠ; বক্ষঃস্থলের বিপরীত ভাগ। ২ পশ্চাদ্ভাগ। ৩ ক্রোড়ের বিপরীত। ৪ পত্রাদির উল্টা পিঠ অর্থাৎ যে দিক্ ধরা অভিমুখী। ~গোপ [পৃষ্ঠ-গুপ্ (রক্ষা করা) + অ (র্ত্তৃ)] বিণ, পৃষ্ঠরক্ষী। ~গোপ্তা [পৃষ্ঠ-গুপ্ + তৃ (র্ত্তৃ)=গোপ্তৃ ১মা, ১ব০] বিণ, পশ্চাৎ রক্ষক; পৃষ্ঠরক্ষী। ~গ্রন্থি [পৃষ্ঠের (পশ্চাদ্ভাগের) গ্রন্থি (গাঁইট), ৬তৎ] বি, কুঁজ। ~চর [পৃষ্ঠ (পাছে) চর্ (গমন করা) + অ (র্ত্তৃ)] বিণ, পশ্চাৎ অনুসরণকারী; অনুগামী। ২ পশ্চাদ্ভাগে অবস্থানকারী। ~জ [পৃষ্ঠ (পশ্চাৎ) জ (যে জন্মে)] বিণ, পশ্চাৎজাত। ~তঃ [পৃষ্ঠ + তস্] অ, পিঠের দিকে; পেছনে। ২ পৃষ্ঠে; পৃষ্ঠদেশে। ~দান-বি, পলায়ন; পিটান। পৃষ্ঠদান করা-পিছন ফিরিয়া পলায়ন করা। ~দৃষ্টি [পৃষ্ঠ (পিঠ, পশ্চাৎ) + দৃষ্টি যার, বহু০] বিণ, পশ্চাদ্দৃষ্টি। ২ বি, অশ্ব। ৩ ঋক্ষ। ৪ সিংহ। ~দেশ [পৃষ্ঠ (পৃষ্ঠস্থ) দেশ (অংশ), মু০ প০লো০] বি, দেহের পশ্চাদ্ভাগ; স্কন্ধ হতে নিতম্বের উপর পর্য্যন্ত অংশ। ~পোষক-বিণ, যে পৃষ্ঠপোষণ করে; সহায়ক। > বি, ~পোষণ-পশ্চাতে বা অন্তরালে থাকিয়া সহায়তা দান; আনুকূল্য। ~পোষিত-বিণ, যার; পৃষ্ঠপোষণ করা হইয়াছে। ~প্রদর্শন [৬তৎ] বি, পৃষ্ঠদান; পলায়ন। ২ পরাজয়; রণে ভঙ্গ। ~ফল-বি, দৈর্ঘ্য প্রস্থের কালি বা পরিমাণ ফল। ~বংশ [৬তৎ] বি, মেরুদণ্ড; ইং spinal column এর বৈজ্ঞা০ পরিঃ; পৃষ্ঠাস্থি; পিঠের দাঁড়া। বংশী-বিণ, মেরুদণ্ডী vertebrate. ~ব্রণ-বি, পৃষ্ঠদেশে উদ্গত দূষিত স্ফোটক; পৃষ্ঠদেশের দুষ্ট ব্রণ। ~ভঙ্গ-বি, পরাজিত হইয়া প্রস্থান; রণে ভঙ্গ দিয়া পলায়ন; পৃষ্ঠপ্রদর্শন; পিটান। "মহেন্দ্র কণ্টক উৎপাটনের অনেক চেষ্টা করিয়াও কৃতকার্য্য না হইয়া অবশেষে ক্ষত বিক্ষত শরীরে রণে পৃষ্ঠভঙ্গ দিয়াছে।"-করঙ্ক। ~মাংস-বি, পিঠের মাংস। ~মাংসাদ-বিণ, পিঠের মাংসভোজী। ২ [লক্ষ০] কারও পশ্চাতে বা অসাক্ষাতে বা অজ্ঞাতসারে তার নিন্দা বা দোষারোপকারী। ~রক্ষক-বি, বিণ, পৃষ্ঠপোষক। ২ পার্শ্বরক্ষী body guard. ~রক্ষা-বি, পৃষ্ঠরক্ষাকর কর্ম্ম বা কর্ত্তব্য। ~শয় [পৃষ্ঠ + শয়=শী (শয়ন করা) + অ (র্ত্তৃ), যে পৃষ্ঠ দ্বারা শয়ন করে] বিণ, যে পিঠে ভর দিয়া উর্দ্ধমুখ হইয়া শয়ন করে; উত্তানশয়।

পৃষ্ঠা [পৃষ্ঠ (দ্রঃ) + আ] বি, পাতা; গ্রন্থপত্র। ২ পীঠিকা; পিঁড়া। "পৃষ্ঠায় ক্ষণেক দোলে ক্ষণেক লহনা কোলে ক্ষণে কোলে করয়ে দুর্ব্বলা।"-কবিক০।

পৃষ্ঠাচার্য্য [পৃষ্ঠ (রক্ষক, সহায়ক) + আচার্য্য] বি, যে শিক্ষাদানে আচার্য্যের সাহায্য করে; যে ছাত্র অন্য ছাত্রের পার্শ্বে গিয়া শিক্ষা দেয়। সর্দ্দার পড়ো pupil teacher; monitor. "রাজপুত্র ** প্রধানতম ছাত্র বলিয়া গণ্য হইলেন এবং অচিরে শিক্ষাদান-কার্য্যে নৈপুণ্য লাভ করিলেন। তিনি অন্য ছাত্রদের নিকটে যাইতেন না; 'ব্রহ্মদত্তকুমার আমার বন্ধু', ইহা ভাবিয়া তিনি তাঁহারই পৃষ্ঠাচার্য্য হইলেন * * * তিনি অন্য ছাত্রদিগকেও শিক্ষা দিতেন বটে; * * *।" -জাতক, ৫ম খণ্ড।

পৃষ্ঠাস্থিত [পৃষ্ঠ + অস্থি (হাড়) + ইত (ণ্ব্য০)] বিণ, পৃষ্ঠাস্থিযুক্ত; শিরদাঁড়াযুক্ত।

প্রষ্ঠোদয় [পৃষ্ঠ+উদয়] বি, রাশির সংজ্ঞা ; মেষ, বৃষ, কর্কট, ধনু, মকর ও মীন।

প্রষ্ঠোপরি [পৃষ্ঠ+উপরি] ক্রি-বিণ, পিঠের উপর।

প্রষ্ঠ্য [পৃষ্ঠ+য (ভবার্থে, বহনার্থে)] বিণ, পৃষ্ঠে ভারবহনকারী ; ভারবাহী। ২ পৃষ্ঠ-সম্বন্ধীয়। ৩ বি, উষ্ট্র, অশ্ব, গর্দ্দভাদি ভারবাহী পশু। ৪ পৃষ্ঠাস্থিমালা।

প্রষ্ণি-পৃশ্নি দ্রঃ। ~**পর্ণী**-বি, চাকুলে নামক লতা।

পেঁক-পেংক দ্রঃ।

পেঁকাটি-পাকাটি দ্রঃ।

পেঁকো [সং-পঙ্ক > পাঁক+উয়া= পাঁকুয়া > ক্ষে° পেঁকো। ঈষৎ অর্থে বা তুল্যার্থে-পেঁকুটিয়া, পেঁকুটে ও°] বিণ, পঙ্কযুক্ত ; পাঁকপাঁক। "ভিতরে পচা কাদার ভড় ভড়ানি পেঁকো গন্ধ তায়" -ঈ° গুপ্ত।

পেঁচ [হি° পেঁচ] বি, স্ক্রুপ ; পাকান প্রেক screw. ২ ঘূর্ণকল। ৩ তুলা পেঁজা ও সুতাকাটা কল। ৪ পাক ; ঘুরণ। ৫ কূট-কৌশল। ৬ জটিল সমস্যা। ৭ ক্লেশ ; কষ্ট ; বিপদ। "পড়েছি বিষম পেঁচে"-চন্দন। **পেঁ° খেলা**-উড়ন্ত ঘুড়ির সুতা অন্য উড়ন্ত ঘুড়ির সুতার উপর ফেলিয়া পাক দিয়া ঘুড়ি কাটার খেলা।

পেঁচা [সং-পেচক > প্রা° রূপ] বি, পেচক। ২ কুৎসিত। স্ত্রীং পেঁচী-উলূকী। ২ কুৎসিতা। **কালপেঁচা**-কর্কশস্বরে আর্ত্তনাদসূচক ডাক ছাড়ে বলিয়া এই নাম the hawk owl. ২ [লক্ষ°] কদাকার ; অতি কুৎসিত। > স্ত্রীং **কালপেচী**। **কোটরিয়া বা কুটুরে পেঁচা**-প্রাচীরাদির কোটরে বাস করে বলিয়া এই নাম the spotted owl. **লক্ষ্মীপেঁচা**-শ্বেতবর্ণ মুখ অপেক্ষাকৃত দীর্ঘ পেচক। ইহারা ধানের গোলায় বাসা করে বলিয়া এই নাম the barn owl. **হুতুমপেঁচা**-সর্ব্বাপেক্ষা দীর্ঘাকার পাটকিলা বর্ণের এবং অতি গম্ভীর ও ভয়ানক রবকারী পেচক the brown fish owl.

পেঁচাও, পেঁচওয়া, পেঁচোয়া [হি°] বিণ, পেঁচদার ; জটিল ; ঘুরাণ। ২ কুটিল ; অসরল ; কুচক্রী।

পেঁচাকোণা-বিণ, যা সমকোণযুক্ত নহে ; আঁকাবাঁকা।

পেঁচানি [পেঁচ (দ্রঃ)+আন (ক্রি-বিভক্তি)। পেঁচাই, পেঁচাও, পেঁচায় ; পেঁচাইতে ; পেঁচাইয়া (গ্রা° ক্ষে° পেঁচিয়ে)] ক্রি, পেঁচ দেওয়া ; পাকান। ২ পেঁচ দিয়া অল্পে অল্পে কাটা। ৩ কুমন্ত্রণা করা। ৪ বিণ, পেঁচাল।

পেঁচালি [পেঁচ+আলা (হি° বালা)= আল। এই অর্থে পেঁচোয়া ও°] বিণ, পেঁচদার; পেঁচ দেওয়া হইয়াছে এমন। ২ জটিল।

পেঁচো [সং-পিশাচ > ভ্রং পিচাশ, বিকারে, ক্ষে°, পেঁচো] বি, আঁতুড়ে ছেলেদের আক্রমণ করে যে পিশাচ ; আঁতুড়ে শিশুর ধনুষ্টঙ্কার রোগ tetanus. যে ছেলেকে পেঁচোয় পায় তার শরীর শীর্ণ হইয়া যায়, বর্ণ নীল হয় ও শেষে ধনুষ্টঙ্কার হইয়া মারা যায়। ২ [লোকের নামবাচক] পঞ্চানন, পঞ্চানন্দ, পাঁচুগোপাল ই° নামের অনাদরার্থক সংক্ষেপ। আদরার্থে-পঞ্চু, পাঁচু। স্ত্রীং পেঁচী, পাঁচী।

পেঁজ [ফা° পিয়াজ্ >] বি, পলাণ্ডু ; পেঁয়াজ।

পেঁজা-পিঁজা দ্রঃ।

পেঁটপেঁট-প্যাটপ্যাট দ্রঃ।

পেঁটরা-পেটরা দ্রঃ।

পেঁড়া-পেড়া দ্রঃ।

পেঁদ [সং-পিণ্ড > হি° পেড়্, পেঁড়্, পেন্দা (সর্ব্ব নিম্নদেশ, তলদেশ) > পেঁদ। অশ্লীল। গ্রা° উচ্চারণে প্যাদ] বি, যোনি ; পায়ু। ২ যোনিভ্রংশ। ৩ গোগোল। ~**া** [পেঁদ+আ (বৃহদর্থে)] বি, সর্ব্ব নিম্নদেশ ; তলদেশ ; তলা ; ঘটী বাটী ই°-র তলা। ~**ী** [পেঁদ+ঈ (ক্ষুদ্রার্থে)। হি° পেন্দী, পেঁদী] বি, ক্ষুদ্র বস্তুর তলদেশ ; বর্ত্তনাদির তলা।

পেঁদানি [আপ্লোভব দ্রঃ। পেঁদ+আন (ক্রিয়ায়), পেঁদ (গোগোল) বাহির করিয়া দেওয়া। অশিষ্ট] ক্রি, এমন গুরুতর বা সাঙ্ঘাতিক প্রহার করা যাতে পেঁদ বাহির হইয়া পড়ে ; বেদম প্রহার করা। বি, **পেঁদানি**-ঐরূপ প্রহার ; নির্দ্দয় ঠেঙ্গানি।

পেঁনপেঁন [পানি-পানি >] বি, ক্রমাগত অশ্রুপাত। "নাহিক সকাল সাঁঝ নাহি আর কোন কাজ পেঁপোঁ আর পেঁন্পেঁন্ সারাটা দিনই"-চন্দন (গোবিন্দ°)।

পেঁপে [অর্ব্বাচীন সং-পারীশ ফল। হি° পপীতা (জন্মস্থান পেপুয়া দ্বীপ হতে নাম)। মালয় দ্বীপে "পপেয়া" > পর্ত্তু° papaya ; বগুড়ায় "পেঁপ্যা" ; খুলনায় "ফেপো" ; বরিশালে "পোম্বা"] বি, স্বনাম-প্রসিদ্ধ ফলতরু ও ফলবিঃ। ইহা সারক, পাচক ও বহু রোগনাশক। ইহার আঠা প্লীহা ও গুল্মরোগের উপশমকারী এবং মাংস জীর্ণকারী।

পেঁপোঁ-বি, অনুকার শব্দ। ২ টানা-সুরে ক্রন্দন। "নাহিক সকাল সাঁঝ নাহি আর কোন কাজ পেঁপোঁ আর পেঁন্পেঁন্ সারাটা দিনই"-চন্দন। ৩ সানাইয়ের বাঁশীর রব।

পেঁহুটি [বর্দ্ধ° প্রাদে°। শ্রী° কী°, বৃন্দাবন খণ্ডে] বি, বৃক্ষবিঃ।

পেকম-পেখম দ্রঃ।

পেকাম্বর [পাকাম্বর ও°] বি, পয়গম্বর দ্রঃ। "বিষ্ণু হৈলা পে°"-শূ° পু°।

পেকিং [ইং Packing এর লিপ্যন্তর] বি, বস্তা, মোট ই° বাঁধাই বা মাল বাক্সবন্দী করার কাজ।

পেকে [সং-পক্ব > পাকি > পেকে] বি, মইয়ের ধাপ। ২ ঘরামী ও কৃষকদের ব্যবহার্য্য টোকার মত বড়, মাথায় আঁটিয়া রাখিবার তালপাতায় নির্ম্মিত টুপীবিঃ।

পেখন [সং-প্রেক্ষণ >] বি, দর্শন ; সাক্ষাৎ। "সজনি ভাল করি পে° না ভেল।"-বি° প°।

পেখলুঁ [পেখ দ্রঃ। ব্রজ°, পদ্যে] ক্রি, উ° পু° হেরিনু ; দেখিলাম। "থির বিজুরি বদন গৌরী পেখলুঁ ঘাটের কূলে।"-চণ্ডি°। "মাধব পেখলুঁ অপরূপ বালা"-বি° প°।

পেখম [সং-পক্ষম্ > পখম্, পকম্, পেকম, পেখম, পাখম, প্যাকম, প্যাখম। পা° পেক্‌খুন (ময়ূরের পালক)] বি, পক্ষ; পাখা; ময়ূরাদি পক্ষীর পুচ্ছ। ~ধঁরা-বিণ, পুচ্ছবিস্তারকারী; যে পে° ধরিয়াছে। ২ [লক্ষ°] আহ্লাদে ময়ূরের স্থায় সুন্দর সাজে সজ্জিত নৃত্যকারী। "অব্রাহ্মণ দলের সকলেই "যো হুকুম" বলিবে না। তবে পেখম ধরা ভূস্বামীদিগের নিকট হইতে তাঁহারা কিছু 'যোহুকুম' পাইবেন তাহাতে আর সন্দেহ নাই।"-নায়ক, ১লা অগ্র° ১৩২৬। পে° ধঁরা-ক্রি, ময়ূরপুচ্ছ বিস্তার করা।

পেখহ [সং-প্রেক্ষস্ব > প্রাকৃ° পেক্‌খহ। পেখা দ্রঃ] ক্রি, ম° পু°, দেখ; দর্শন কর। "মাধব যাইঞা পে° বালা"-বৈ° পদা°।

পেখা [সং-প্রেক্ষণ > পেখন (প্রা° বাং পদ্যে) >। পেখি, পেখ, পেখে; পেখিতে; পেখিয়া (ক্ষে° পেখে)। ব্রজ° পেখই, পেখ, পেকখহ (< সং-প্রেক্ষা (দ্রঃ)। প্রেক্ষ > পেক্‌খ > পেখ), পেক্‌খু=দেখ। পেখমি= দেখিতেছি। প্রা° বৌ° বাং-পেখু=দেখে। "পেখু সুঅণে অদশ জইসা"-চ° ৪৬।১] ক্রি, দেখা। "সোণার তরুয়া বন্ধু, একবার পেখ। আমার চক্ষু নিয়া তুমি নয়ান ভইর‍্যা দেখ॥" -বঙ্গবাণী, আষাঢ়, '৩৪।

পেগম্বর [আ°, ফা° পয়্‌গম্বর্, পয়গাম্বর। বাং প্রা° প্যাগম্বর, পেকাম্বর (পূ° পু°)] বি, দূত। ২ ঈশ্বরের দূত; প্রেরিত মহাপুরুষ; যিনি ঈশ্বরের বাণী বা আদেশ মনুষ্যলোকে আনয়ন করেন; ধর্মপ্রবর্তক। "কাজী নাহি মানে পেগম্বরের নায়েব।"-অ° ম°। "সোলেমানি মালাধরে জপে পীর পেগম্বরে"-কবিক°।

পেচ [ফা° পেচ্] বি, ঘূর্ণিতপ্রেক; ইস্‌ক্রুপ। ২ তুলাপেঁজা কল। ৩ পাক। ৪ বিপাক। ৫ কূট কৌশল; চাতুরী। ৬ ব্যাঘাত; বিঘ্ন। ৭ সঙ্কট।

পেচক [সং। মূলে অনু°। রব হ'তে নাম] বি, প্রসহবর্গের স্বনামপ্রসিদ্ধ রাত্রিচর পক্ষী; উলূক; পেঁচা the owl. স্ত্রী° ~ী।

পেচ্ছাব-প্রস্রাব দ্রঃ।

পেছন-বি, পিছন দ্রঃ।

পেছপা-পিছপা দ্রঃ।

পেছলী [হি° পিছলা। সং-পশ্চাৎ > পাছ + লা (ভবার্থে) = পাছ্‌লা >। পেছিলা ও°] বিণ, পশ্চাদ্বর্তী; পিছনের। ২ পুরাতন; পূর্বের। "মাংসের পেছিলা বাকী ধারি দেড় বুড়ি"-কবিক°।

পেছু [সং-পশ্চাৎ > পাছু, পিছু ও°] অ, পশ্চাৎ। ২ পশ্চাদ্দিকে। ৩ বিণ, পেছলী; পশ্চাদ্বর্তী। পেছু ডাকা-গমনে বাধা দিয়া পশ্চাৎ হতে আহ্বান করা। পেছু পঁড়া-অনিষ্ট সাধন বা আক্রমণ করিবার জন্য নিত্য চেষ্টা করা। ২ পশ্চাতে থাকা; যাত্রিকদলের পশ্চাদ্বর্তী হওয়া। পেছু পেছু যাওয়া-পশ্চাতে থাকিয়া সঙ্গে গমন করা। পেছু লঁওয়া-অনিষ্ট সাধন উদ্দেশে অলক্ষ্যে অনুসরণ করা। পেছু লাগা-পশ্চাতে থাকিয়া বিরক্ত করা বা উত্ত্যক্ত করিবার জন্য নিযুক্ত থাকা। পেছু হঁটা-পশ্চাতে সরিয়া যাওয়া। পেছু হাঁটা-সম্মুখে চাহিয়া পশ্চাদ্দিকে পা ফেলিয়া গমন করা।

পেছুনো [পাছু লওয়া > পেছু নোয়া > ক্ষে°, বা পিছান (দ্রঃ) >। প্রা°] ক্রি, পশ্চাৎ গমন। ২ কোন বিষয়ে অগ্রসর না হওয়া, ক্ষান্ত বা নিবৃত্ত হওয়া। ৩ কম আগ্রহ প্রকাশ করা।

পেছে [প্রাদে°। বড় পেছে=পাজা। ২৪ পরগণা প্রাদে° খালুই, স্থানভেদে-খারোই] বি, বাঁশনির্মিত, সার মাটি আবর্জনা বহিবার আধার; বেতের ঝুড়িবিঃ। ২ মাছ ধরিয়া রাখিবার ছোট, মাঝারি ঝুড়ি।

পেজ১ [ইং page এর লিপ্যন্তর] বি, বইয়ের পাতা; পৃষ্ঠা; কাগজের পৃষ্ঠা। বিণ, পেজী-পৃষ্ঠাযুক্ত। চারপেজী-যার চার পৃষ্ঠা আছে; যে কাগজ ভাঁজ করিলে পৃষ্ঠা সংখ্যা চার পর্য্যন্ত হয়। এইরূপ 'আটপেজী,' 'বারপেজী,' 'ষোলপেজী,' 'বত্রিশপেজী,' ই°।

পেজ২ [দক্ষিণ ভারতে গৌড়সারস্বত বা সেনবীদিগের, বিশেষতঃ গোয়া অঞ্চলের ভাষায়। পেজ > বিকারে প্যাঁজ। "shenvis like Bengalis freely rub their heads with oil & also like them are fond of, rice gruel, called Pej & fish"—Belgaum Gaztteer] বি, আমানি; কাঁজি; পান্তাভাতের অম্লজল rice gruel. ~পঁয়জার [পেজ + ফা° পয়্‌জার (জুতা)] বি, লাঞ্ছনার একশেষ। পে° পঁয়জার দুই হলি-জুতার প্রহার (অপমান, লাঞ্ছনা) সহ্য করিতে হইল আবার ভাতের পরিবর্তে আমানি খাইতে হইল; পেটও ভরিল না পৃষ্ঠেও সহিতে হইল (তুল-'জাতও গেল পেটও ভরিল না')।

পেজঁমি, পেজোমি,-মি [ফা° পাজি-য়ানা। হি° পাজীপণা। বাং-পাজি + আম= পাজিআম > ক্ষে°] বি, পাজিবৃত্তি; পাজির আচরণ; পাজি দ্রঃ।

পেট [পিট্ (সংহত হওয়া) + অ (ধি), যাতে বস্তু সকল একত্রিত করিয়া রাখা যায়। প্রাকৃ° পট্ট। প্রাদে° পেড (চ° ক° ভা°), পূ° বঙ্গে-প্যাট। "খাইট মন চিড়া খাইয়া প্যাটে বুলায় হাত।"-শিবের গান (বরিশাল)] বি, পেটরা, ঝাঁপি ই°। ২ [দেশী প্রাকৃ° পোট্ট=উদর; মারাঠী-পোট, পোড়] বি, উদর; জঠর। ৩ গর্ভ। পেট আঁটা-কোষ্ঠবদ্ধ হওয়া। পেট উঠা, -ওঠা-পূর্ণ ভোজনে উদর স্ফীত হওয়া। পেট উল্টান -অতি ভোজনে উদর স্ফীত হওয়ায় চিৎ হইয়া থাকা। ২ [লক্ষ°] মরা। পেট কঁনকঁন কঁরা-পেটের ভিতর যন্ত্রণা হওয়া। পে° কঁরা [অশিষ্ট] অভিগমন দ্বারা গর্ভোৎপাদন করা। পে° কঁল-কঁল কঁরা-অজীর্ণ বা অম্লরোগে পেটের ভিতর কল কল্ শব্দ হওয়া। পে° কাটা-উদর বিদীর্ণ করা। ২ কোন কিছুর মধ্যস্থান ছেদন করা। ~-কাপিড়১-বি, অন্নবস্ত্র। "তাতে কি পেট-কাপড় চলে"। ~-কাপিড়২ -বি, কাপড়ের যে অংশ উদরভাগ আবৃত রাখে। "টাকা কয়টি পেট-কাপড়ে বাঁধিয়া আবার কাজে মন দিল"। পে° কামড়ানি -অন্ত্রে দংশনবৎ যন্ত্রণা হওয়া; বাহ্যের বেগ হওয়া। পে° খঁসা-গর্ভপাত হওয়া। পে° খুচানি-কণ্টক বিদ্ধকরণবৎ যন্ত্রণা হওয়া। পে° গঁড় গঁড়-অজীর্ণ রোগে পেটের ভিতর গড় গড় শব্দ। পে° গুড়ু গুড়-

গড় গড় অপেক্ষা মৃদু গম্ভীর শব্দ। পেট চচ্চড় করা-ক্রি, এত পেট ভরিয়া খাওয়া যে পেট ফাটিয়া যাইবার মত হওয়া। পে° চন্ চন্ করা-অত্যন্ত ক্ষুধায় জ্বালা ধরা। পে° চলা-উদরাময় হেতু ক্রমাগত ভেদ হওয়া। পে° চিন্ চিন্-ক্ষুধাদি হেতু অন্ত্রাদিতে অল্প জ্বালা বোধ। পে° চুঁই

যন্ত্রণাদায়ক অনুভূতি। পে° চেরা-উদরে অস্ত্রোপচার করা। পে° জ্বলে যাওয়া, পেটে জ্বালা ধরা-অত্যন্ত ক্ষুধা পাওয়া; ক্ষুধায় যন্ত্রণা ও অস্থিরতা বোধ করা। পে° টাঁই টাঁই করা-ক্রি, এত পেট ভরিয়া খাওয়া যে পেটে টান ধরা। পে° টালা-পরের ব্যয়ে উদর পূরণ করা; যেখানে সেখানে আহার করিয়া বেড়ান। পে° ঠাসা-ক্রি, খুব পেট ভরে খাওয়া। পে° ঠোস করা-পেট ফাঁপিয়া নিটোল হওয়া। পে° ডাকা-পেটে বায়ুর প্রকোপ হেতু শব্দ হওয়া। ~ডাগর-স্থূলোদর; ভুঁড়িয়াল। পে° ঢক-ঢক-খালি পেটের শব্দ। পে° ধরা-ভেদ বন্ধ হওয়া। পে° ধুয়ে বাহির হওয়া-অধিক পরিমাণে ভেদ হওয়ায় পেট পরিষ্কার হওয়া। পে° নামানি-উদরাময় হওয়া। পে° পালা-উদর পোষণ করা। পে° পোরা-গলাধঃকরণ করিয়া উদর পূর্ণ করা। পে° পোষা-পেট পালা দ্রঃ। পে° ফাঁপা-বায়ুতে পূর্ণ হইয়া পেট ফুলিয়া উঠা। পে° ফুট্ ফুট্, পে° ফুট্ ফাট্-বায়ু বা অজীর্ণ রোগে পেটের ভিতর ঐরূপ শব্দ। পে° ফুলা-উদর স্ফীত হওয়া। ২ কথা বলিতে না পাওয়ায় অস্থির হওয়া। পে° ফেলা-গর্ভপাত করা; পেট খসান। পে° বসা-অনাহারে পেট কৃশ হওয়া। পে° বাঁধা-প্রসবের পর বস্ত্র দ্বারা উদর বন্ধন করা। পে° ব্যাগিল-দায় খাওয়া-ক্ষুধার ব্যাকুলতায় যা তা খাইয়া উদর পুরাণ। পে° ভরা-উদর পূর্ণ করা। তৃপ্তিপূর্ব্বক আহার করা। ~ভাতা-উদর পূরণ মাত্র; মাহিনা বাবৎ অর্থাদি নয় কেবল পেট ভরাইবার মত অন্ন; ইং personal subsistence এর পরিঃ; পে° ভালি নয় চাল ভাজা খায়-যাতে রোগ বৃদ্ধি হয় তাই খাওয়া। ২ [লক্ষ°] যাতে অপকার বা বিপদ তাই করা বা তাই করিতে উদ্যত হওয়া। পে° মরা-ক্ষুধা মন্দ হওয়া। ~মোটা-ভোগের নিদর্শক ভুঁড়ি বিশিষ্ট। ২ সঙ্গতি-পন্ন। ~রোগা-উদরাময় রোগাক্রান্ত। ~সওয়া-পেটে সহ্য হয় এমন। ~সর্ব্বস্ব-ঔদরিক; পেটুক। পে° সাড় করা-পেটের ভিতর শব্দ করা। পে° সামলানি, পে° সামলে খাওয়া-এত অধিক না খাওয়া যাতে পেট নামায় বা পেটের অসুখ করে। পে° হওয়া-গর্ভ বা অন্তঃসত্ত্বা হওয়া। পে° হড় হড় গড় গড় করা, পে° হুড় হুড় করা-(অন্নাদি রোগ হেতু) পেটের ভিতর ঐরূপ শব্দ হওয়া। পে° হাসানি-পেট কাটিয়া অন্ত্রাদি বাহির করা। পেটে অন্ন থাকা,-না থাকা-আহার হওয়া না হওয়া; অন্ন জোটা না জোটা; উদর পূর্ণ থাকা না থাকা; জীবন ধারণের উপযোগী অর্থ থাকা না থাকা: ভরা বা খালি পেটে থাকা। "পেটে অন্ন থাকুক আর নাই থাকুক সোণার চেন না ঝুলাইয়া আদালতে গেলে উকীলের মর্য্যাদা থাকিবে কেন"-মা° ও ম° বাণী, জ্যৈষ্ঠ,'৩৩। পেটে আসা-জননীর গর্ভে জন্ম লওয়া। পেটে কালীর আঁচড় থাকা-লেখা পড়া জ্ঞান থাকা। পেটে খিদে মুখে লাজ-ক্ষুধা পাইয়াছে কিন্তু প্রকাশ করিয়া বলিতে লজ্জা। পেটে খেলে পিঠে সয়-অন্নদাতার প্রহার সহ্য হয়। ২ [লক্ষ°] লভ্য হলে লাভ করিবার ক্লেশ সহ্য করিতে পারা যায়। পেটে ঢোকা-উদরে প্রবেশ করা; পীত বা ভক্ষিত হওয়া। পেটে তলানি-ভক্ষিত দ্রব্য ভেদ বা বমনের সঙ্গে বহির্গত না হইয়া উদরে থাকা। পেটে থাকা-পেটে তলান। ২ গর্ভে বিদ্যমান থাকা; ভ্রূণাবস্থায় অবস্থিতি করা। ৩ মনে মনে থাকা "এত সুসংবাদ তোমার পেটে ছিল।"-দীনবন্ধু। পেটে দড়ী দিয়ে, থাকা, পড়ে থাকা-দীর্ঘ অনাহারে পেট দড়ীর মত কৃশ করিয়া অবস্থান করা বা শয়ন করিয়া থাকা। পেটে ধরা-পেটে তাংড়ান। ২ গর্ভে ধারণ করা। পেটে-পেটে-পেটে দ্রঃ। পেটে পোরা-[অবজ্ঞার্থে] ভক্ষণ করা। পেটে বিদ্যা থাকা-বিদ্যা পেটে থাকে এই বিশ্বাস হতে ভুল-ঘটে বুদ্ধি থাকা। পেটে বোমা মারলে কিছু না বাহির হওয়া-পেটে বিদ্যা না থাকা (গণ্ড বা নিরেট মূর্খের প্রতি উক্ত হয়)। পেটে যাওয়া-ভক্ষিত বা পীত হওয়া। পেটে রাখা-প্রকাশ না করা। পেটে সওয়া-হজম হওয়া; ভক্ষিত দ্রব্য উদরে সহ্য হওয়া; অজীর্ণাদি রোগ না হওয়া। পেটের অন্ন থাকা-উদরান্নের সংস্থান থাকা; ঘরে ভাত থাকা। পেটের কথা-মনোগত ভাব; অন্তরের কথা। পেটের ছেলে-গর্ভজাত সন্তান (সম্পর্কীয় নহে)। ২ গর্ভস্থ সন্তান। পেটের জ্বালা-তীব্র ক্ষুধা। পেটের দায়ে-বুভুক্ষার পীড়নে; ক্ষুধার তাড়নায়। পেটের বাছা-পেটের ছেলে। পেটের বাছা বাড়ীর গাছা-এই দুই অশেষ কল্যাণ-কর। পেটের বোঝা-গর্ভস্থ সন্তান রূপ ভার। পেটের ভাত চাল হওয়া-দুর্ভাবনায় ভুক্ত অন্ন পরিপাক না হওয়া। ২ [লক্ষ°] অত্যন্ত দুর্ভাবনা হওয়া। পেটের ভিতর হাত পা সেঁধুনো-অতি ভয়ে বা বিস্ময়ে বা লজ্জায় জড়সড় বা সঙ্কুচিত হওয়া; কিংকর্ত্তব্যবিমূঢ় হওয়া। পেটের রোগ-উদরাময়। উপর পেট-উদরের উর্দ্ধাংশ; নাভির উপরাংশ। কাঁচা পেট-গর্ভের প্রথমাবস্থা। খালি পেট-অনাহারে শূন্য উদর। জালা-পেট-বি, জালার মত পেট। ২ বিণ, স্থূলোদর। তল-পেট-নাভির নিম্নস্থ উদরাংশ। নাদা-পেট, নাদা-পেটা-নাদ বা জালার মত স্ফীত উদর। নেয়ো পেট [লাউয়া >

নোয়া] লাউয়ের আকৃতি উদর। ভঁরা পেট-আহারে পরিপুষ্ট উদর। মিন্দা-পেট, মঁরা-পেট-পেট মরা দ্রঃ; অল্প আহার ধারণক্ষম পেট। রাক্ষুসে পেট-বহুভোজ্য ধারণক্ষম পেট। লাউ পেট, লাউ পানা পেট-ঝোলা পেট। শামুক পেট,-টা-অল্পাহারী। হাঁদা পেট (1)-শ্রমের ব্যাঘাতকারী স্থূলোদর।

পেটক [পেটিকা অপেক্ষা বড়] বি, পেটরা; ঝাঁপি।

পেটপোড়া [পেট (গর্ভ)-পোড়া (দগ্ধকারী ঔষধ)] বি, গর্ভনিবারক ঔষধবিঃ; যে দ্রব্য উদরস্থ করিলে নারীর গর্ভ হয় না। "পেং কে দেবে তারে বন্ধ করতে ছেলে"-অমৃত বসু।

পেটরা, পেটারা [সং-পেটক। সাধাঃ প্যাটরা। হিং পিটারা, পেটারা। ক্ষুদ্রার্থে-পিটারী, পেটারী] বি, বেত্র বংশাদি নির্ম্মিত সিন্দুক; পেড়া; ঝাঁপি। ২ টিনের বড় বাকস্ বা সিন্দুক; তোরঙ্গ।

পেটা১ [পিটা দ্রঃ] ক্রি, আঘাত করা। ২ আঘাত দ্বারা পাত করা। ৩ প্রহার করা। ৪ বিণ, যা পুনঃ পুনঃ আঘাতপ্রাপ্ত হইয়াছে; পিষ্ট; কুট্টিত। ৫ প্রহৃত। পেটা ঘড়ি-কাংস্য নির্ম্মিত চক্রাকার ফলক-যা মুগুরের দ্বারা পিটিয়া বাজাইতে হয়; ঘণ্টা।

পেটা২ [গ্রাং বাং] বি, পরামর্শ। ২ কাতর প্রার্থনা (তুল-গগরি পেটা=উচ্চস্বরে ও একটানা ক্রন্দন)। "কষ্টার পেটা সইবার না পারিয়া"-মাণিকং।

পেটা৩ [মঃ পেটা (অধীন, কোন তালুকের অধীন তালুক)। জমিং পরিঃ] অ, দর; কোর্ফা। ~ও[পেটা+ওয়া=আও] বিণ, অধীন। ২ কোরফা; সিকমি; প্রজাদিগের নিকট হতে জমি লইয়া যারা চাষ করে। ৩ পেটোয়া (দ্রঃ)। পেটাও সরিক-অধীন সরিক sub-partner. ~প্রজা-বি, দর বা কোর্ফা প্রজা sub-tenant.

পেটাই, পেটাও১ [পেটা (দ্রঃ)+ আও, আই (ভাবার্থে)] বি, পিটন; প্রহার; পিটিয়া পাত করান; কুটাই।

পেটাও২-পেটা৩ দ্রঃ।

পেটাঙ্গি [গ্রাং বাং। পেট+অঙ্গ= পেটাঙ্গ+ই(=ইয়া > ক্রং)। মাটিতে পেটের ভরে অঙ্গ ঢালিয়া অর্থে] ক্রি-বিণ, উদরে ভর দিয়া সাষ্টাঙ্গে; ভূমিতে উদর স্পর্শ করিয়া; উপুড় হইয়া; ভূমিষ্ঠ হইয়া। "পেং গায় করে দণ্ডবৎ নমস্কার"-চৈং চং।

পেটানি [পিটা দ্রঃ। পেটা ধাতুর ণিজন্তরূপ] ক্রি, আঘাত করান। ২ প্রহার করান। ৩ কুটান।

পেটারা-বি পেটরা দ্রঃ।

পেটারি১ [ফল পেটিকা সদৃশ বলিয়া নাম] বি, জবাদিবর্গের বন্য ক্ষুপবিঃ Abutilon indicum [বং শং কোষ]।

পেটারি২ পেটারী, পিটারী [হিং < সং-পেটক] বি, পেটরা দ্রঃ।

পেটি, পেটী [পেট+ই, ঈ (বন্ধনী অর্থে)। হিং পেটী] বি, পেটবন্ধনী; কোমর-বন্ধ। ২ [পেট+ই, ঈ ক্ষুদ্রার্থে] মাছের পেট ভাগ। ৩ [ওরাওং] খড়ের পেটিকা। ৪ ঘুড়ী১ দ্রঃ।

পেটিকা+বি, মঞ্জুষা; পেড়া।

পেটুক [পেট-উক (ময়, প্রধান বা সর্ব্বস্ব অর্থে)] বিণ, উদরপরায়ণ; ঔদরিক; উদর-সর্ব্বস্ব।

পেটে১ [সং-পত্র > পাত > পাতি > পাটি >। রূপান্তর পেট, পেটো, পাটি (দ্রঃ)] বি, প্যাটি; পাতা। প্র-পেটে পেড়ে চুল বাঁধা। "কেশে পেটে পেড়ে পরিপাটী"-ধং মং (মাণিকং)।

পেটে২ [পেট দ্রঃ] ক্রি-বিণ, গর্ভে; উদরে। পেটেপেটে-অন্তরে অন্তরে; অপ্রকাশ্যভাবে; গোপনে। পেটে পেটে সম্বন্ধ করা-গর্ভস্থ সন্তানের সহিত বিবাহ সম্বন্ধ স্থির করিয়া রাখা অর্থাৎ উভয়ের স্ত্রী গর্ভিণী, একের পুত্র ও অন্যের কন্যা হইলে উভয়ে বিবাহ দিতে প্রতিজ্ঞাবদ্ধ হওয়া।

পেটেণ্ট [ইং patent এর লিপ্যন্তর] বি, রাজদত্ত অধিকার; বিক্রয়ের একচেটিয়া অধিকার। ২ বিণ, বিক্রয়ের রাজদত্ত অধিকারবিশিষ্ট।

পেটেল [অর্থশাং। হিং] বি, গ্রামের প্রধান বা মণ্ডল। ২ সহায়ক কর্ম্মচারী। ৩ তাঁতের সূতার পাইটকারী।

পেটো১ [পাট + উয়া > পটুয়া > ক্রং] বিণ, শণপাটনির্ম্মিত। ২ পাটের কারবারী।

পেটো২ [পেটে দ্রঃ। পত্র-পাতা-পাটা >] বি, পাতা; পাত। প্র-পেটো পেড়ে চুল বাঁধা। ২ কলা গাছের বাকলা।

পেটোয়া [পেটাও দ্রঃ। জমিং পরিঃ] বিণ, অনুগত; অধীন। পেটোয়া তালুকদার-তালুকের অধীন জমাই জমীর অধীকারী বা ইজারাদার "the tenant of a holding subordinate to a taluk,"—*Glossary.*

পেট্রল [ইং petrol এর লিপ্যন্তর] বি, মোটর এঞ্জিন চালাইবার কেরাসিন-জাতীয় তৈল।

পেড়া [পেড়ি দ্রঃ] বি, বেত্রাদিনির্ম্মিত পেটিকা। ২ ক্ষীরঘটিত মিষ্টান্নবিঃ। "পূরী পুরা খাজা পেড়া সরভাজা রাধিকা করিয়া-ছিল।"-কবিশেখর।

পেড়ি, পেড়ী [সং পেড়া-"পিটকঃ পেটকঃ পেড়া মঞ্জুষা"-অমরং] বি, বংশ বেত্রাদিনির্ম্মিত ঝাঁপী; পেটারা; মঞ্জুষা। "সারিকা কুন্তল পেড়ি পাছু লয়ে যায় চেড়ী কেহ লয় বিউনি দর্পণ।"-কবিকং। "মালিক ভাণ্ডারে আনে ঔষধের পেড়ী।"-ঐ।

পেণ্টুলুন-পেনটুলুন দ্রঃ।

পেণ্ডাল [অ্যাং-ইণ্ডং pandal এর লিপ্যন্তর] বি, সভামণ্ডপ।

পেণ্ডুলাম [ইং pendulum এর লিপ্যন্তর] বি, ঘড়ির দোলক।

পেতনা, পেৎনা [প্রেত > অনাদরে] বি, প্রেত; ভূত। স্ত্রীং পেতনী-পেত্নী দ্রঃ।

পেতল-কাঁসা-বি, পিতল ও কাংস্য ধাতু। ২ পিতল কাঁসার বাসন। "গোবরার বাপ মাছের ব্যবসা ক'রে যেথা থেকে হোক্ দু'খানা গয়না, পাঁচখানা পেতল কাঁসা রেখে গেছে।"-প্রবাং বসুমতী, ১৩৩৪।

পেতানি১ [গ্রাং প্যাতান্যা। সং-

প্রত্যায়ন >। ব্রজ° পতিয়ানা। প্রা° বাং-য় পেতান। পেতাই, পেতাও, পেতায় ইং] ক্রি, বিশ্বাস জন্মান। ২ আশ্বাস দেওয়া; ভরসা দেওয়া; সান্ত্বনা দান করা। "দুই পুত্র দিয়ে রত্নাবতীরে পেতাও"-ধ°।

পেতান২, প্যাতান [প্রা° প্যাতান্। সং-প্রত্যায়ন > ব্রং] বি, প্রত্যয় বাক্য। ২ আশ্বাস দান; ভরসা বাক্য; সান্ত্বনা বাক্য। "না মানে প্রবোধ রামা বৃদ্ধার প্যাতানে"-ধ°।

পেতি, পেতিনী, পেতী [সং-প্রেত শব্দের স্ত্রীলিঙ্গে বাং-য়-প্রেতিনী >। প্রা°] বি, স্ত্রীজাতীয় প্রেতযোনী; পেত্নী; পিশাচী। "ভাগ্যবলে সন্ধ্যাকালে পেতি জ্বালে বাতি। শিশু শশধর ঘর আলো করে রাতি।" -শি°। "ওথায় পেতিনী দানা, খাইছে সখের খানা, একখানা পচা ঠ্যাং নিয়া।" -কাব্য-নির্ণয়। ২ অতি কুৎসিতা নারী; কুরূপা স্ত্রী। ৩ অতিশয় অপরিচ্ছন্না স্ত্রী; ঘৃণাহীনা বা কদাচার-পরায়ণা নারী।

পেতে১ [পাওয়া দ্রঃ] অস-ক্রি, পাইতে।

পেতে২ [পাতা দ্রঃ। পাতিয়া > কে°] অস-ক্রি, পাতিয়া; স্থাপন করিয়া; বিস্তার করিয়া। "এত শুনি কূর্ম্মরাজ পিট পেতে দিলা"-শূ° পু°। "সেফালি দেয় শয্যা পেতে উষারাণীর তরে।"-ভারতী, ১৩১৯।

পেতে৩ [সং-পত্র বা পাত >] বি, বাঁশের ছাল, তাল পাতা, খেজুরের পাতা ইং দ্বারা নির্ম্মিত ছোট পাত্র; ছোট চুবড়ি;

পেতেন [পাটাতন দ্রঃ] বি, সাঙ্গা দ্রঃ।

পেত্নী [পেতি দ্রঃ। প্রেত শব্দের স্ত্রীলিঙ্গে বাং-য়-প্রেতনী > পেতনী > দ্রুত উচ্চারণে পেত্নী। তুল-হিং-ভুত্নী] বি, প্রেতযোনীয়া স্ত্রী; পিশাচী। শেওড়া গাছের পেত্নী [শেওড়া গাছ ঘনপত্র, গাঢ় সবুজ ও ঝোপযুক্ত বলিয়া অন্ধকারাচ্ছন্ন। এবং পেত্নীর আসস্থান বলিয়া উক্ত] অত্যন্ত কুরূপা স্ত্রী।

পেথে [পেতে দ্রঃ] বি, ছোট ঝুড়ি বা বাংশাদি নির্ম্মিত পাত্রবিঃ। "মহামায়া মায়া করি মৎস্য মারে ক্ষেতে। পশুপতি পেথে বয়ে ফেরে সাথে সাথে।"-শি°।

পেদো [পাদা দ্রঃ। পাদুয়া > কে°] বিণ, যে অধিক বাতকর্ম্ম করে। ~পোকা-পাদবৎ দুর্গন্ধময় পোকা। এই পোকা লতা গাছে প্রায় থাকে ও উড়িবার সময় গুবরে পোকার ন্যায় পক্ষশব্দ করে।

পেন [ইং pen এর লিপ্যন্তর] বি, কলম; লেখনী। "পরিচ্ছন্ন ফুল কোঁচা ব্যবসা পেনের খোঁচা।" -কস্তুরী। কুইল-পেন-হাঁস ময়ূরাদির পালকের কলম quill pen. ষ্টীল-পেন, ইষ্টিল পেন-ইস্পাতের মুখ লেখনী steel pen.

পেনা [ইং pin >। পিন-আ (বৃহদর্থে)=পিনা অতি পরিচয়ে পেনা] বি, শলাকা। পেনা মারা-কাঠের ছিদ্রমধ্যে কাটের শলা আঁটিয়া দেওয়া।

পেনেল-প্যানেল দ্রঃ।

পেন্টুলুন, পেন্টুলান, পেন্টেলুন, প্যান্টোলুন [ইং pantaloon এর লিপ্যন্তর] বি, য়ুরোপীয়-দিগের পরিধেয় পা-জামা; ইজারবিঃ। "ইজার চাপ্‌ কানে হায় মোক্ষ নাহি পাওয়া যায় শুধু বিড়ম্বনা ভোগ কোট পেন্টুলান।" -চন্দন।

পেন্নাম [সং-প্রণাম > প্রাকৃ° পরণাম, পন্নাম >] বি, প্রণাম দ্রঃ।

পেন্সন, পেনশ্যন্, পেনর্সন [ইং pension এর লিপ্যন্তর] বি, নির্দ্দিষ্ট পরিমাণ কাল সুনামের সহিত কর্ম্ম করায় এবং রোগ বা বয়োধিক্য বশতঃ কর্ম্ম করিতে অশক্ত হওয়ায় অবশিষ্ট জীবনের জন্য মাসে মাসে প্রাপ্য মাসিক বেতনের নির্দ্দিষ্ট পরিমাণ অংশ। ~-ইয়াফ্‌তা [ইং pension + ফা° য়াফ্‌তা] যার পেন্সন হইয়াছে; যে পেন্সন্ পাইতেছে; পেন্সনপ্রাপ্ত। পে° ন্‌ওয়া-ক্রি, অবশিষ্ট জীবনের জন্য নির্দ্দিষ্ট বৃত্তি পাইয়া কর্ম্ম হতে অবসর গ্রহণ করা। ২ [লক্ষ°] কোনপ্রকার শ্রম হ'তে অবসর গ্রহণ করা। "তিনি ভাবুকতার উন্মাদনা হইতে একপ্রকার পেনশনই লইয়াছেন।" -বি° কু° সরকার।

পেন্সিল [ইং pencil এর লিপ্যন্তর, বি, লেখনীবিঃ; কাঠের খোলে বদ্ধ সীসক অঙ্গার প্রস্তরাদির বর্ত্তি। উট্‌পেন্সিল, উড্‌পেন্সিল [ইং wooden pencil >] কাগজে লিখিবার উপযোগী সীসক বা অঙ্গার-বর্ত্তি। ড্রইং পেন্সিল [ইং drawing pencil এর লিপ্যন্তর] ছবি আঁকিবার পেন্সিল বা কলম; তুলি। স্লেট-পেন্সিল, শেলেট-পেন্সিল [ইং slate pencil এর লিপ্যন্তর] স্লেট পাথরে লিখিবার পেন্সিল [দ্রঃ-ইং-তে চিত্রকরের তুলি অর্থে এই শব্দের ব্যবহার আছে]।

পেপারমেণ্ট [peppermint এর লিপ্যন্তর] বি, পিপারমেণ্ট (দ্রঃ)।

পেবিলি [সং] বি, অঙ্গবিক্ষেপসহনৃত্য।

পেম১ [সং-প্রেম > প্রাকৃ° পেম] বি, প্রেম। "পেম রসে তিলোচন পার্ব্বতীর সাথে।"-শূ° পু°।

পেম২ [পী দ্রঃ। পীবো > পিবম > পিঅম >, পিমু ও°=পিব আমি] ক্রি, পান করিব। "সাপ খাম বিষ পেম চারি যুগে মুই জীম"-মনসা ম° (বিজয়°)।

পেমিল [সং-প্র-মীল্ (নিমেষে, সঙ্কোচে) + ইল=প্রমীলিল > ব্রজ° পেমিল] ক্রি, নিমীলিত হইল। "জনু ইন্দিবর পবনে পে°"-বি° প°।

পেয় [পা (পান করা) + য (র্ম্ম)] বি, যা পান করা যায়; জল, দুগ্ধ ইং পানযোগ্য দ্রব্য। ২ বিণ, পানযোগ্য; পানীয়। ৩ [সুশ্রুত] ভৈষজ্য পানীয় drink.

পেয়া [বৈদ্যক] বি, যবাগূ; ১১ বা ১৫ গুণ জলে চাউল সিদ্ধ করিয়া আছাকা পেয়।

পেয়াজ-পিয়াজ দ্রঃ।

পেয়াদা-পিয়াদা দ্রঃ। ~মসীল-পিয়াদা লাগাইয়া শাসন ও বক্রী খাজনা আদায়।

পেয়ার [সং-প্রিয় > হিং পিয়ার >] বি, আদর। "শুধু লুঠিব একটু মজা, শুধু করিব একটু পেয়ার।"-বি° রায়।

পেয়ারা১ [প্রিয় > পিয়ার (দ্রঃ) > পেয়ার (প্রিয়=প্রিয় পাত্র)] বি, ভালবাসার পাত্র; প্রিয় পাত্র। ২ বিণ, প্রিয়। স্ত্রী° পেয়ারী।

পেয়ারা$_2$ [পিয়ারা দ্রঃ। উচ্চারণ ভেদে-প্যায়্‌রা। সং-পারাবত, পারেবত অমৃত ফল -অমৃত (হিং অমরুৎ, আমরুদ (আমেরিকার ফল বলিয়া এই নাম) আর এক নাম-"সফরী আম" অর্থাৎ ভ্রমণকারী (=বৈদেশিক) আম। পর্ত্তু০ পেরা)] বি, প্রসিদ্ধ উদ্যানতরু ও তাহার ফল guava.

পেয়ালা [ফা০ পিআলা] বি, পাত্রবিঃ; বাটী। "ওগো এক পেয়ালা"-দ্বি০ রায়।

পেয়ুষ [সং] বি, পীযূষ; সুধা। ২ নব প্রসূতা গাভীর প্রথম ৭দিনের দুগ্ধ।

পেয়ে$_1$ [হিং পাহিয়া। গ্রা০। পা+ইয়া >] গাড়ীর (বিতঃ গোরুর) পায়া; গাড়ীর চাকা।

পেয়ে$_2$ [পাওয়া দ্রঃ] অস-ক্রি, পাইয়া। ~ছি-পাইয়াছি। ~গেলি-পাইল। ~গেলি-পাইলি। ~গেলাম-পাইলাম। ~যাওয়া-পাওয়া। পথে পেয়ে-পথিমধ্যে লাভ করিয়া বা দেখা পাইয়া বা গমনকালে কুড়াইয়া পাইয়া। হাতে পেয়ে-হস্তগত করায় বা হওয়ায়; অধিকার মধ্যে পাইয়া।

পের্‌জ-পেরোজ দ্রঃ।

পেরা [পেড়া দ্রঃ। ড়=র] বি, পেড়া। "কুলা ডালা বুনিতে বাঁশের বান্ধে বেতি। ধুচুনি চুপড়ি ঝুড়ি পেরা ছাতা ছাতি।"-ঘ০। ২ বাদ্যবিঃ।

পেরাণ$_1$ [সং-প্রাণ > গ্রা০ পরাণ >] বি, প্রাণ।

পেরাণ$_2$ [পার+আন (ক্রিয়া বিভক্তি) =পরাণ > গ্রা০ পেরাণ (পেরানো)] ক্রি, পার হওয়া, বা করা। "বেগবন্ত ব্রহ্মপুত্র পেরাণ না যায়।"-ঘ০।

পেরু$_1$ [পর্ত্তু perur লিপ্যন্তর] বি, আমেরিকা দেশীয় গৃহপালিত বৃহদাকার কুক্কুট a turkey cock. ~পাতা [প্রাদে০] বি, পুদিনার পাতা ও গাছ।

পেরু$_2$-বি, দক্ষিণ আমেরিকার অন্তর্গত দেশবিঃ। বিণ, পেরুভীয়-পেরুবাসী।

পেরুনি, পেরোনো [পারান (দ্রঃ) গ্রা০ উচ্চারণে। পেরুই, পেরোও, পেরোয়; পেরুতে; পেরিয়ে] ক্রি, পার হওয়া; উত্তীর্ণ হওয়া। "পাঁচ গড় পেরুল তথাপি দেয় তাড়া" -ঘ০। "শ্বশুর মরে গেলেন, তার ছ'মাস পেরুলো না, শাশুড়ী ঠাকুরুণ আটমাসের ছেলে রেখে চলে গেলেন।"-গৃহলক্ষ্মী।

পেরেক [পর্ত্তু০ prago > বাং-র প্রেগ > প্রেক > 'পেরেক'] বি, ক্ষুদ্র লৌহ-কীলক; ধাতুনির্ম্মিত কাঁটা; লোহার কাঁটা। তুল-গজাল (বড় পেরেক)।

পেরেড-প্যারেড দ্রঃ।

পেরেশান [ফা০ পরেশান্‌] বিণ, ক্লান্ত; নাকাল। বি, পেরেশানি।

পেরোজ, -জা [ফা০ পিরোজা] বি, উপরত্নবিঃ। পারস্যদেশীয় নীলাভ হরিদ্বর্ণ খনিজ পদার্থবিঃ the turquoise.

পেল$_1$ [সং। প্রা০ বাং গ্রা০ অশিষ্ট। হিং পেলড়, পেল্লাড় (সং-পেল্‌ >)] বি, অণ্ডকোষ; মুষ্ক। ২ মেঢ্র।

পেলি$_2$ [পাওয়া দ্রঃ] ক্রি, পাইল। পেলে=প্রাপ্ত হইল। ২ প্রাপ্ত হইলে; পাইলে।

পেলন [পেলা$_3$ দ্রঃ] বি, ঠেলন।

পেলব ["পেলবং বিরলং তনু"-অমর০। পেল (মুষ্ক) ব (বৎ-সূক্ষ্মসংবেদন প্রবণ)] বি, সূক্ষ্ম; মেদুর; ললিত; অতি কোমল; সুকুমার delicate; slender. ২ মাধুর্য্যময় graceful. ৩ ক্ষণভঙ্গুর; স্বভাবদুর্ব্বল frail.

পেলা$_1$ [হিং পেলা (অবলম্বন, সাহায্য)] বি, যাত্রা পাঁচালী ই০ স্থলে দর্শক ও শ্রোতা গায়ক বা গায়িকার সঙ্গীতাদিতে প্রীত হইয়া পুরস্কার স্বরূপ যা রুমালে বাঁধিয়া তাহাদিগের প্রতি নিক্ষেপ করে।

পেলা$_2$ (পেলা, প্যালা) [হিং পেলা (অবলম্বন)] বি, অবলম্বন; ঠেকনা; ঠেস। "জোর আড় জোর পেলা জোয়ের কপাট।" -কবিক০।

পেলা$_3$ [প্রাদে০] ক্রি, পলায়ন কর; পালা। "জীয়াইতে থাকে সাধ তথা নিয়া পেলা।"-জ্ঞান০।

পেলা$_4$ [সং-পীড়ন >; বা সং-পেল্‌ (গতি, কম্পন) >। হিং পেলনা (ধাক্কা দেওয়া, চেপে ভিতরে প্রবেশ করান)] ক্রি, ধাক্কা দেওয়া; জোরে ঠেলে দেওয়া। ২ [ফেলা অর্থে পেলা] "হৃদয়ে কাঞ্চুলী রাখা যমুনাত পেলা"-শ্রী০ কী। ৩ উদগীরণ করে; উগারে। "অবহেলে গজ গিলে হেরিয়া অবলা। ক্ষেণে ক্ষেণে ক্ষেণে পেলে অতিশয় চপলা॥"-চণ্ডী০ (ভবাণী)। পেলো-ফেলি; নিক্ষেপ করি। বি, পেলন।

পেলা$_5$ [প্রাকৃ০ পেল্ল (নিক্ষেপে) > পেলা (ফেলা)। পেলি, পেল, পেলে; পেলিতে; পেলিয়া] ক্রি, নিক্ষেপ করা; ফেলা। "চৌরাসি কুণ্ডেত জন্ম পেলে ততখন" -শূ০ পু০।

পেলানি [পেলা$_4$ দ্রঃ। প্রা০ বাং। পেলার ণিজন্তরূপ কিন্তু প্রা০ বাং-য় অণিজন্ত প্রয়োগ। পেলাই, পেলাও, পেলায়, পেলা-ইতে, পেলাইয়া] ক্রি, ঠেলে দেওয়া; ধাক্কা দিয়া ফেলিয়া দেওয়া। "জুগীর নিকটে আনি পেলাইয়া দিল॥"-গোবিন্দ গী০। পেলা-অসি-ফেলিয়া দিতেছিস। ২ অবহেলা বা অবজ্ঞা করিতেছিস। "হেনয়ি দেবকে কেহে পেলাঅসি হাথে।"-শ্রী০ কী০। পেলাআঁ, পেলাইআঁ-ফেলিয়া। পেলাইলেঁ-ফেলিলে। পেলাইব-ফেলিবে। পেলাইবোঁ, পেলায়িবোঁ-ফেলিব। পেলাহ-ফেলে দাও। "হার পেলাহ পাতল হউ তন।"-শ্রী০ কী০। ~পেলি [সংস্কৃতেতর ভাষায়। ধর্ম্মমঙ্গলে (ঘ০) ব্যবহৃত] ঠেলাঠেলি। ২ অবজ্ঞা বা অবহেলা করা।

পেলাম$_1$, পেলেম$_1$ [পাওয়া দ্রঃ। পালাম ও০। কলিকাতা অঞ্চলে 'পেলুম'] ক্রি, পাইলাম।

পেলাম$_2$, পেলেম$_2$-পেলেন দ্রঃ।

পেলাস, প্লাস্‌ [ইং plus এর লিপ্যন্তর] বি, সূত্রধর, স্বর্ণকার প্রভৃতির ব্যবহৃত সাঁড়াসিবিঃ।

পেলিনে [পাওয়া দ্রঃ। "পাইলি না" ক্ষে০ গ্রা০ ব্যবহারে] ক্রি, পাইলি না; প্রাপ্ত হইলি না। "কেন এলিরে ভালবাসিলি ভাল-বাসা পেলিনে। কেন সংসারেতে উঁকি মেরে চলে গেলিনে॥"-রবী০।

পেলে$_1$ [পাওয়া দ্রঃ] অস-ক্রি, পাইলে; যখন পাইবে। "আপন পরশ পেলে"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ২ যদি পায়। ৩ প্রাপ্ত

হইলে। ৪ পাইল। "বিশেষ না পেলে ভেদ আগম পুরাণ বেদ তপে জপে যোগে যোগিগণ।"-ঈশ্ব০।

পেলে২ [সং-পাত্র > ? পেয়ালা > ? প্রাদে০] দুধ দোহাইবার পাত্রবিঃ; ভাঁড়; দুধ রাখিবার পাত্র; কেঁড়ে।

´পেলেগ [ইং plague এর লিপ্যন্তর] বি. গ্রন্থিস্ফীতিসহ বিষমজ্বরবিঃ। "করাল সে কালফণী উগারে গরল। কেমনে বাঁচিব মাগো পেলেগ প্রবল॥"-বাং-গান। ২ মহামারী; মড়ক।

´পেলেট-প্লেটদ্রঃ।

পেলেন১ [ইং plane এর লিপ্যন্তর পেলেম, পেলাম ও০] বিণ, সমতল; চৌরস। ২ মসৃণ; মোলায়েম। ৩ বি, সমতল-ক্ষেত্র। ৪ কাঠাদি মসৃণ করিবার যন্ত্র; রেঁদা; রেঁদার ফলা।

পেলেন২ [পাওয়া দ্রঃ] ক্রি, পাইলেন।

পেল্লয় [প্রলয় > নারীভাষায়। পেরলয়, পোরলয় ও০] বি, প্রলয়।

পেল্লায় [সং-প্রলয় >। প্রলয় কাণ্ড-এই ভাব হতে] বি, প্রকাণ্ড; বিরাট; বিষম; বেজায়। "দেশ হইতে এক পে০ বীর আসিয়া 'যুদ্ধং দেহি' বলিয়া হুঙ্কার ছাড়িয়া দাঁড়াইল।" -বঙ্গবাসী, ১৩৩৩। "সে একটা পে০ সুদখোর মানুষ।"-স্বর্ণপ্রতিমা (হরিসাধন মুখো০)।

পেশ [ফা০ পেশ] বি, সম্মুখ। ২ সম্মুখে স্থাপন; নজর। "আমি জানি বেশ কচ্ছি যাহা পেশ আপনাদের কাছে।"-দ্বি০ রায়।

পেশওয়া(য়ে) [ফা০ পেশ্ ৱা] বি, মহারাষ্ট্র নায়ক। ২ মহারাষ্ট্রীয় প্রধান মন্ত্রী।

পেশওয়াজ [ফা০ পেশবাজ] বি, নর্ত্তকীগণের পরিধেয় পাজামাবিঃ।

পেশকব্‌চ,-জ [ফা০ পেশকব্‌জ্] দুই-দিকে ধারযুক্ত অস্ত্র; যমধার।

পেশকস, -জ [ফা০ পেশ্‌কশ্] বি, নজর; সেলামী; উপঢৌকন; অর্দ্ধচন্দ্রাকৃতি ছোরা ইহা কটিবন্ধে ঝুলান থাকে। ২ কটিবন্ধ।

পেশ্/কার [ফা০] বি, যিনি বিচারকের সম্মুখে আদালতের কাগজপত্র গুছাইয়া স্থাপন করেন ও মোকদ্দমার বন্দোবস্ত করেন। ২ অফিসের কর্ত্তা বা প্রধান কর্ম্মচারীর আদেশ গ্রহণ ও জ্ঞাপন এবং তৎসম্বন্ধীয় কাগজপত্র সংরক্ষণকারী। ৩ জমীদারী সেরেস্তার যে কর্ম্মচারী কাগজপত্র রক্ষা করেন এবং জমীদারের নিকট অনুযোগ আবেদন, আদায় উশুলাদি সম্বন্ধীয় কাগজ পেশ করেন। ~কারি [পেস্কারি দ্রঃ] বি, পেশকারের কর্ম্ম।

পেশগী [ফা০] বি, অগ্রিম দেয় বা দত্ত মুদ্রা; দাদন earnest money.

পেশমান, পেশেমান [ফা০ পেশেমান] বিণ, কাতর; ব্যতিব্যস্ত।

পেশঁল, পেষঁল, পেসঁল [পেশ +ল (স্ত্র০)] বিণ, সুদৃশ্য; মনোহর; সুন্দর। ২ পেলব; কোমল; মৃদু। ৩ চতুর; দক্ষ।

পেশবাজ [পেশোয়াজ ও০। ফা০ পেশ্‌বাজ্] বি, মুসলমান স্ত্রীদিগের পরিধেয় পাজামাবিঃ। "বিবীরে পাইল ভূতে প্রলয় পড়িল। পে০ ইজার ধমকে ছিঁড়া দিল॥"-অ০ ম০। ২ নর্ত্তকীদিগের পরিধেয় পাজামা।

পেশঁস্ [বৈদিক০] বি, কাপড়ের উপর ফুল তোলা বা সূচের বাহারের কাজ করা স্ত্রী-পরিচ্ছদ embroidered cloth. স্ত্রী-লোকেরা যা নাচিবার সময়েই পরিতেন। দেবী উষা যেন উজ্জ্বল বর্ণের 'পেশস্' পরিয়া "নৃত্যন্তী যোষিদিব" শোভা পাইতেছেন এইরূপ বর্ণনা পাওয়া যায়। যে সকল স্ত্রী কাপড়ের উপর এইরূপ সূচীকার্য্য করিত, তাহাদিগকে "পেশঃকারী" বলিত। পূর্ব্ব বঙ্গে 'নটী' (=পতিতা)=পেশাকার (বি০ মজুমদার)।

´পেশা [পেশা ও০। ফা০ পেশা] বি, ব্যবসা; বৃত্তি; জীবনোপায়। "বেশ্যার বেহদ্দ পেশা কথা বেচে খায়"-হেম০। ~কর, ~কার-বি, নটী; বেশ্যা। ~দার-বিণ, ব্যবসাদার; ব্যবসায়ী। ~দারি-বি, ব্যবসায়; বৃত্তি। ২ ব্যবসাদারি; দোকানদারি; পেশাদারের ব্যবহার। ~দারী -বিণ, পেশাদার সংক্রান্ত।

পেশি, পেশী [পিশ্ (অবয়বীভূত হওয়া) + ই (স্ত্র)] বি, শরীরের মাংসপিণ্ড; মাংসপেশি tendon; muscle. ২ বজ্র। ৩ খড়্গাদির কোষ; খাপ। ৪ রাক্ষসীবিঃ। ৫ পিশাচীবিঃ। ৬ অণ্ড; ডিম্ব।

পেশীকোষ-অণ্ডকোষ।

পেশোয়া-পেশওয়া দ্রঃ।

পেশোয়াজ-পেশবাজ দ্রঃ।

পেষণ [পিষ্ (চূর্ণ করা) + অন (ভা০)] বি, খুব জোরে চাপদান। ২ মর্দ্দন; দলন। ৩ চূর্ণন। ৪ পেষণ করিবার পাত্র; খল; শিলাপট্ট।

পেষণি,-ণী [পিষ্ (চূর্ণ করা) + অনি (ণে)] বি, শিলাপট ও পাষাণখণ্ড; শিল-নোড়া। ২ পেষনযন্ত্র; যাঁতা।

পেষল, পেসল-পেশল দ্রঃ।

পেষা [পিষা দ্রঃ। পেষি (পিষি), পেষ (পিষ, পেষেন, পিষেন, পেষিস, পিষিস), পেষে (পিষে, পেষেন, পিষেন); পেষিতে, পিষিতে; পেষিয়া (পিষিয়া, কথ০ পিষে)] ক্রি, পেষণ করা; ঘর্ষণ করা; বাটা।

পেস্কারি [পেশকার দ্রঃ] বি, পেশকারের কর্ম্ম বা বৃত্তি। "শেষে আইন পেশার পেস্কারিতে মানটা গেল যেটে"-হেম০।

পেসগী-পেশগী দ্রঃ।

পেস্তা [ফা০ পিস্তা] বি, কাবুলদেশীয় ফলবিঃ pistachio, গ্রী০ pistakion.

পেস্‌সাব [সং-প্রস্রাব >, গ্রা০ পেচ্ছাব ও০। ফা০ পেশাব, ইং piss, হি০ পেশাব] বি, প্রস্রাব (দ্রঃ)।

´পৈঁচা, পৈঁচে, পৈচি, পৈঁছা, পৈছা [পইছা, পহুঁচা দ্রঃ। হি০ পহুঁচা-কনুইয়ের নীচের অংশ, মণিবন্ধ] বি, পূর্ব্ব-কালের নারীগণের করালঙ্কারবিঃ; মণিবন্ধের অলঙ্কার।

পৈটা [পৈঠা১ দ্রঃ। প্রা০ বাং, বৈ০ সা০। আধু০ বাং-য় পশা] ক্রি, প্রবেশ করা। ২ [চট্টল০ প্রাদে০] গ্রন্থপত্র, হিসাব ই০-তে প্রবিষ্ট করা বা সন্নিবেশিত করা।

পৈঠয়ে [ব্রজ০। পৈঠা দ্রঃ] ক্রি, প্রবেশ করে। "হঠসঞে পৈ০ শ্রবণক মাঝে। তৈখনে বিগলিত তনু মন লাজে।"-বি০ প০।

পৈঠর [পিঠর (স্থালী) + অ (প্রকার্থে)] বিণ, স্থালীপক্ব (মাংসাদি); পিঠর বা স্থালী সম্বন্ধীয়।

পৈঠল [পৈঠা৩ দ্রঃ। ব্রজ°] ক্রি, প্রবিষ্ট হইল; প্রবেশ করিল; পশিল। "কি হেরিলো অপরূপ গোরি। পৈ° হিয়া মাহা মোরি।"-বি° প°। "মরমে পৈ° সেহ।"-জ্ঞান°।

পৈঠা১ [ফা°। জমি° পরিঃ] বি, প্রজার নাম ও দখলী জমীর বিবরণ নম্বরী চিঠার সহিত মিলাইয়া যে কাগজে লিখিত হয়।

পৈঠা২ [গ্রা° পৈঁটে, পৈতাক, পৈতান (দ্রঃ)] সোপান; সিঁড়ির ধাপ।

পৈঠা৩ [সং-প্রবিষ্ট > প্রাকৃ° পইট্‌ঠ > পৈঠ > হিং পৈঠনা (প্রবেশ করা)। ব্রজ°। পৈঠি, পৈঠ, পৈঠে; পৈঠিতে; পৈঠিয়া। ণিজন্ত-পৈঠান। [হিং পৈঠানা। পৈঠাই, পৈঠাও, পৈঠায়] ক্রি, প্রবেশ করা। "দুহুঁক মরমে পৈঠে দুহুঁক সোহাগ।"-জ্ঞান°।

পৈঠানি [পৈঠা৩ দ্রঃ] ক্রি, প্রবেশ করান। ২ [পৈঠক দ্রঃ] অন্তর্ভুক্ত করান; বসান। প্র-হিসাবে পৈঠাইয়াছে।

পৈঠীনসি-বি, স্বনামপ্রসিদ্ধ মুনি।

পৈড় [প্রাদে°] বিণ, পাকা। "পৈড়-আম্র"-চৈ° চ°।

পৈড়া, পঁয়ড়া [সং-প্রবাহ > ব্রং পওয়াঢ় পরে পয়াড়, পৈয়াড়-পৈড়া (বর্ণ বিপর্য্যয়ে)। অথবা পয় (জল) ড়া (য়া=ড়া) জলীয়] বি, স্রোত। ২ বিণ, তরল; ঘোলা। পৈ° বা পঁ° গুড়-রস জ্বাল দেওয়া মাতগুড়। পৈরা দ্রঃ।

পৈতা [উপবীত > পবীত > পইত > গ্রা° পৈতা। পইতা দ্রঃ] বি, যজ্ঞসূত্র; যজ্ঞোপবীত। ~**ধারী**-বিণ, যার উপবীত আছে।

পৈতা পুড়াইয়া ব্রহ্মচারী-নিজের দোষে সব হারাইয়া ভবঘুরে বৃত্তি অবলম্বন।

পৈতান১ [হিং পৈঠান] বি, পৈঠা; সোপান; সিঁড়ি।

পৈতান২, পইতান [প্রত্যয় > প্রা° বাং প্রাকৃ° ক্রি-রূপ-পইতায়, পৈতায়। আধু° গ্রা° বাং বি,-পিত্যয়, পেত্যয়] ক্রি, প্রত্যয় করা। "কে কয় এ গুলা কথা কে আর পইতায়।"-মাণিক° গান।

পৈতামহ [পিতামহ+অ (সম্বন্ধার্থে)] বিণ, পিতামহ সম্বন্ধীয়। ২ পিতামহ হতে আগত।

পৈতৃক [পিতৃ+কণ্‌ (সম্বন্ধার্থে) =পিতৃক। কিন্তু বাং-য় 'পৈতৃক' প্রচররূপ। পৈত্রিক দ্রঃ] বিণ, পিতৃপিতামহাদি সম্বন্ধীয়; পৈত্র্য। ২ পিতৃপিতামহাদি হতে প্রাপ্ত। ~**ভূমি**-বি, পিতৃভূমি; বাস্তুভিটা। ~**রোগ**-বি, পুরুষানুক্রমে আগত ব্যাধি। ~**সম্পত্তি**-বি, পিতৃপিতামহাদি হতে প্রাপ্ত সম্পত্তি; পৈত্রিক বিষয়।

পৈতৃ/ষ্বসেয়,~ষ্বস্রীয়,~ষ্বস্রেয় [পিতৃষ্বসৃ (পিসী)+ঈয়, এয় (অপত্যার্থে)] বি, পিতার ভাগিনেয়; পিসতুত ভাই। স্ত্রীং ~**ষ্বসেয়ী, ~ষ্বস্রীয়া, ~ষ্বস্রীয়ী, ~ষ্বস্রেয়ী** (-শস্‌-) পিতার ভাগিনেয়ী।

পৈত্ত [পিত্ত+অ (সম্বন্ধার্থে)] বিণ, পিত্ত সম্বন্ধীয়; পিত্তজন্য রোগ; পৈত্তিক।

পৈত্তাল [প্রথম ফল > (?)। প্রথম= পৈত্ত। তুল-প্রত্যয় > পৈতায়, প্রবেশ > পৈস ইং, তদ্রূপ প্রথম > পৈত্তম] বি, ফল। "কি দি পৈ° দিম এখন পৈত্তালের জিনিষ নাই। এক মুলের পান সুপারী আনি দেও চাই।"-পূ° ব° গী°।

পৈত্তিক [পিত্ত+ইক (সম্বন্ধার্থে)] বিণ, পিত্ত সংক্রান্ত। ২ বি, পিত্তবৃদ্ধি রোগ।

পৈত্র্য [পিতৃ+অ (ষ্য)] বিণ, পিতৃপিতামহাদি সম্বন্ধীয়। ২ পিতৃপিতামহাদি হতে প্রাপ্ত; পৈতৃক।

পৈত্র, পৈত্র্য [পিতৃ+অ, ষ্য (সম্বন্ধার্থে)] বিণ, পৈত্র্য; পৈতৃক। ২ [স্মৃ°] বি, তর্জ্জনী ও অঙ্গুষ্ঠের মধ্যভাগ। ৩ পিতৃ সম্বন্ধীয়।

পৈত্রাহোরাত্র [পৈত্র (পিতৃ সম্বন্ধীয়) +অহন্‌ (দিন)+রাত্রি=(দিন রাত)] বি, পিতৃলোকের একদিন (মানুষের এক মাস)।

পৈত্রিক [পৈত্র+ষ্ণিক। পিতৃ >। সং ব্যা° মতে 'ঋ'র পর ঠক প্রত্যয়ে ইক না হইয়া 'ক' হয়। সুতরাং ব্যাকরণ দুষ্ট] বিণ, পৈত্র; পৈতৃক।

পৈথান [পৈ (পাদ-পায়) থান (স্থান)। হিং পৈঠান > পৈথান > পৈতান। বিপরীত -"শিথান" (দ্রঃ)] বি, শায়িত ব্যক্তির পাদস্থান অর্থাৎ পায়ের দিক্‌; পদস্থান; পাতলা। "নেতের বালিস দিল সিথানে পৈথানে।"-রামা° (অদ্ভুতাচার্য্য)।

পৈধর [সং-পাদদণ্ড > প্রাকৃ° পায়-দাঁড় > পয়চর > পৈচর >। তুল-হিং পৈঁড়া] বি, ঘোড়াশাল: আস্তাবল। ~**র্তে** (-রঁ-) ঘোড়াশালে। "হাতীশালে হাতী কান্দে পৈধরত কান্দে ঘোড়া।"-মাণিক° গান (খৃ° ১১-১২শ শতাব্দী, ব° সা° প°)।

পৈপৈ [পদে পদে > পয়পয় >। পইস দ্রঃ] ক্রি-বিণ, পুনঃ পুনঃ সতর্কীকরণ; প্রতি-পদে সাবধান।

পৈরা [পৈড়া দ্রঃ] বি, পয়রা গুড়; ঘন তাতরসি treacle. "অন্ন রান্ধে পাকা কলা, আদা লেম্বু পৈরা মূলা"-মনসা° (দ্বিজ বংশীবদন)।

পৈরাগ [প্রয়াগ > গ্রা°] বি, প্রয়াগ; এলাহাবাদ।

পৈল [পেল+অ (অপত্যার্থে)] বি, ঋগ্বেদাভিজ্ঞ মুনিবিঃ।

পৈলব [পীলু+অ (সম্বন্ধার্থে)] বিণ, পীলু সম্বন্ধীয়। ২ [পেলব+অ (ভা°)] বি, কোমলতা।

পৈলা [হিং পহলা বা পহিলা] বিণ, প্রথম: আদ্য। ২ [বাং-য়] বিণ, মাসের প্রথম দিন; মাস পয়লা।

পৈশা [পশা, পৈঠয়ে, পৈসা দ্রঃ] ক্রি, প্রবেশ করা। "ব্রহ্মাণ্ড পৈশে পুরুষ শরীরে।" -চৈ° চ°।

পৈ/শাচ [পিশাচ+অ (সম্বন্ধার্থে)] বি, বলপূর্ব্বক বিবাহ; ছল, বল বা কৌশল অথবা তিন উপায়েই অবলম্বনে কন্যাগ্রহণ। ২ বিণ, পিশাচ সম্বন্ধীয়। ৩ পিশাচ প্রকৃতি-সুলভ। ৪ পিশাচচালিত। স্ত্রীং ~**শাচী**। ~**শাচিক** [পিশাচ+ইক] বিণ, পৈশাচ দ্রঃ। > স্ত্রীং ~**কী**।

পৈশাচপদ্ধতি [পিশাচ + অ = পৈশাচ + পদ্ধতি] বি, পিশাচ প্রচলিত ধারা বা রীতি। "অমানুষী ভাষা-পৈশাচপদ্ধতি নিকটে উহার না যাও কেহ।"-ছায়াময়ী (হেম°)।

পৈশাচবিবাহ [পৈশাচ (দ্রঃ)+ বিবাহ] বি, অষ্টবিধ বিবাহের অন্যতম; নিদ্রায় অভিভূতা, মদ্যপানে বিহ্বলা অথবা উন্মত্তা

কুমারীতে অভিগমন পৈ॰ নামে অভিহিত ; ব্রাহ্ম, দৈব, আর্ষ্য, প্রাজাপত্য, আসুর, গান্ধর্ব্ব, রাক্ষস ও পৈশাচ এই ৮ প্রকার বিবাহের মধ্যে ইহাই সর্ব্বাপেক্ষা অধম।

পৈশাচিকী, পৈশাচী [সং] বি, প্রাকৃত ভাষাবিঃ। সুপ্রসিদ্ধ কথাসরিৎসাগর নামক গ্রন্থ পৈশাচী প্রাকৃতে লিখিত।

পৈশাচী-পৈশাচ দ্রঃ।

পৈশুন্য [পিশুন (খল)+য (ভা॰)] বি, পিশুনের আচরণ। ২ খলতা। ৩ ইং malice এর বৈজ্ঞা॰ পরিঃ (H. S. Glossary)।

পৈষ্টিক [পিষ্ট+ইক (সম্বন্ধার্থে)] বিণ, পিষ্টকসম্বন্ধীয়। ২ বি, পিষ্টকসমূহ। ৩মদ্যবিঃ।

পৈষ্টী [পিষ্ট+অ (সম্বন্ধার্থে) ঈ (স্ত্রীং)] বি, পৈষ্টিক ; ধেনোমদ।

পৈসা [পশা, পৈঠয়ে দ্রঃ। প্রবেশ >। তুল-প্রত্যয় > পৈতায়, প্রবেশয় > পৈশায়] ক্রি, প্রবেশ করা। পৈসঁ-প্রবেশ কর। পৈসঁউ, পৈসু-প্রবেশ করুক। পৈসী -প্রবেশ করিয়া। পৈসায়, পৈসে-প্রবেশ করায়। "বুলী চোর পৈসে ঘরে গিহ্রীক সম্বর করে। হেন ছুঠ বড়ায়ির বাণী।"-শ্রী॰ কী॰ (অর্থাৎ চোরকে ডেকে ঘরে প্রবেশ করায় গৃহস্থকেও সতর্ক করে ই॰)। পৈসোঁ-প্রবেশ করি। "শরণে পৈসউক শক্তিহীন জে রাজার ঝি।" -মহা॰ (শ্রীকর॰)।

পো₁ [সং-পুত্র > প্রাকৃ॰পুত, পুঅ > পোঅ >। তামিল-পৈয়ন্, তেলু॰ পৈয়, ওড়ি॰ পুঅ, প্রাদে॰ বিতঃ শ্রীহট্ট॰ পোয়া, (কৃত্তি॰)] বি, সন্তান ; পুত্র। "সকল বিফল দেখি কোলে নাই পো।"-ঘ॰। "এখন বাপের কোলে বসে আছে পো।"-রামেশ্বর চক্রবর্ত্তী। "চোরের মা যেন পোয়ের লাগিয়া ফুকারি কাঁদিতে নারে।"-চণ্ডি॰। প্রা॰ বাং-পোঅ। "যশোদার পোঅ"-শ্রী॰ কী॰। পোএ,-এঁ। "না ছাড়ে নান্দের পোএ"-শ্রী॰ কী॰। পোহ, পোহো। "এহাত না ভুলে আর নান্দের পোহো"-শ্রী॰ কী॰। প্রাদে॰ পুতাই, পুতি, পোতা [হি॰-র অনুকরণে-"নাতিপোতা"। মূলে স্ত্রীং পুতি। তুল-হি॰ পোতাপোতী=নাতিনাতনী কিন্তু বাং-য় পুং পুতি (পুত্র)। স্ত্রীং পুত্নি বা পুত্নী (পুত্রী)। নাতিপুতি-পুত্রপৌত্র (মূলে-নাতি-নাতিনী, কিন্তু প্রয়োগে=নাতিটাতি, নাতি-নাতকুড়)। তুল-ছেলেপিলে = পোপান] ~-পৌত্র-পুত্র ও পৌত্র। ~-পোয়াতি -পোয়াতি দ্রঃ। ~বাবা, ~-মহাশয় প্রপিতামহ >(দ্রং প॰ বঙ্গে-পো বাবা। দ॰ বঙ্গে পো মহাশয়] বি, পিতার পিতামহ।

পো₂-পোআ₁ দ্রঃ।

পোআ₁ [পাদ >। হি॰ পৌয়া >। সং-পো] বি, এক সেরের এক চতুর্থাংশ ভাগ। ২ ঢেঁকির ছুই পার্শ্বস্থিত হাড়িকাঠের আকৃতি কাঠখণ্ডদ্বয় [বাখরগঞ্জে ইহার নাম কাতলা]।

পোআ₂ [পো, দ্রঃ। প্রাদে॰ বাখরগঞ্জ। গ্রা॰] বি, পুত্র।

পোআতি, পোয়াতি, -তী, পুআতী, পুয়াতী [প্রসূতি >, গ্রা॰] বি, গর্ভিণী ; গর্ভবতী। ২ নব-প্রসূতা স্ত্রী। ৩ প্রসূতি; সন্তানবতী ; পুত্রবতী। "পোয়াতির প্রিয় সখা বালকের অরি।" -হেম॰। পো-পোআতি-পুত্র ও প্রসূতি ; মা ও ছাঁ।

পোআন, পোয়ান [সং-পবন] বি, কুম্ভকারের পাকস্থান ; কুমারের মৃৎপাত্রাদি পোড়াইবার চুল্লী। ~শাল-যেখানে পোয়ান থাকে।

পোআনি, পোওয়ানো [পোহান দ্রঃ। অথবা সং-প্রভাত > (তুল-"প্রভাতিল" -মাইকেল-রচিত মেঘ॰। গ্রা॰ বাং-য়, পোহাইল বা পোআইল > ক্ষে॰ পোয়াল। প্রভাত > পোহাঅ > পোহা > পোআ + আন (ক্রিয়ায়)। পোআই, পোহাই ; পোআও, পোহাও (পোআন্, পোহান্, পোআস্, পোহাস), পোআয়, পোহায় (পোআন, পোহান) ; পোআইতে, পোহাইতে (ক্ষে॰ পোআতে, পোহাতে) ; পোয়াইয়া, পোহাইয়া (ক্ষে॰ পুইয়ে)। এইরূপ পুআন] ক্রি, প্রভাত হওয়া। ২ অতিবাহিত করা। ৩ রৌদ্রের তাপগ্রহণ করা ; অগ্নির তাপগ্রহণ করা।

পোআল [পলাল >] বি, মর্দ্দিত ধানের তৃণ ; খড়।

পোঁ [অনু॰] বি, পবন ক্রিয়া-বোধক শব্দ। ২ সানাইয়ের সকল সুরের সঙ্গেই যে এক অপরিবর্ত্তনীয় টানা সুর বাজে। ৩ অতিবেগে বৃষ্টি আদি সঞ্চালনজাত পবনশব্দ ; এই অর্থে পোঁ পোঁ (রূপান্তরে পাঁই পাঁই)। ৪ অতিবেগে পলায়ন। প্র-পগার দিয়ে পোঁ। পোঁ দৌড় [ভোঁ দৌড় ও॰] অ, বেগে পলায়ন। পোঁ ধরা-সুরে সুর মিলান ; ধুয়া ধরা ; পরের গোড়ে গোড় দেওয়া।

পোঁচ, পোঁছ [সং-মোচন > মোচ(ছ) > বি, লেপন। ২ মার্জ্জনা ; মোছন। ৩ করতলের দৈর্ঘ্য।

পোঁচড়া, পোঁচলা [সং-প্রলেপ। হি॰ পুচড়া ; পুচরা] বি, প্রলেপ। ২ রগড়ানি ; মোছন। ৩ চূণকাম করিবার জন্য বাঁখারি ই॰ দণ্ডের মুখে বাঁধা পাটের গুচ্ছ।

পোঁচন, পোঁছন [সং-প্রোঞ্ছন >] বি, মুক্তকরণ ; পরিষ্কারকরণ। ২ বিলোপ-করণ।

পোঁচা₁ [হি॰ পৌচা] বি, হস্তের নিম্ন-ভাগ ; হাতের কব্জা।

ˋপোঁচা₂ [হি॰ পুঁছনা। ণিজন্তরূপ-ˋপোঁচানো] ক্রি, জিজ্ঞাসাবাদ করা ; সংবাদ রাখা ; তত্ত্ব লওয়া। ২ গ্রাহ্য করা। প্র-কেউ তাকে পোঁচেও না।

ˋপোঁছা₁ [পুঁছাও॰। সং-প্রোঞ্ছন > প্রাকৃ॰পোঁছন > হি॰পোঁছনা। পুঁছি, পোঁছ (পুছেন, পোঁছেন, পুঁছিস), পোঁছে (পোঁছেন); পুঁছিতে ; পুঁছিয়া (ক্ষে॰ গ্রা॰ পুঁছে), জলপাইগুড়ী ই॰ অঞ্চলে প্রাদে॰ বিকারে পোঁচ্ছআ (য়া)। "ধুইআ পোঁচ্ছআ দিহ কোলে।"-ডাক॰ ৮ম-১২শ শতক ব॰ সা॰প॰। ণিজন্ত-পোঁছানি। পোঁছাই, পোঁছাও, পোঁছায় ; পোঁছাইতে ; পোঁছাইয়া (ক্ষে॰ পুঁছিয়ে)] ক্রি, মুছিয়া ফেলা ; মুছা ; রগড়ান ; ঘর্ষণ দ্বারা দাগ বা সংলগ্ন পদার্থ চিহ্ন বিলোপ করা। "ভুঞ্জিয়া কাপড়ে পোঁছে হাত।" -কবিক॰।

•পোঁছা₂ [সং-পুচ্ছ > হি॰পুছ >। তুল-লেজ > লেজা। সাদৃশ্যার্থে আ যোগ। যশো॰ অঞ্চলে প্রচর। প॰ বঙ্গে লেজা মুড়ো=

যশো॰ অঞ্চলে পোঁছা মুড়ো অধিক শিষ্ট বলিয়া বিবেচিত] বি, পুচ্ছ; লেজ (বিত: মৎস্যাদির)।

পোঁছা৩ [সং-প্রশ্ন বা প্রচ্ছ্ > হিং পুছনা > । পুঁছি, পুঁছ, পুঁছে, পুঁছিতে; পুঁছিয়া] ক্রি, প্রশ্ন করা ; জিজ্ঞাসা করা। ২ খোঁজ খবর রাখা ; তত্ত্ব করা। ব্রজ॰ পুছই, পুছত ই॰। "মরণক বেরি হেরি কোই ন পুছত করম ভঙ্গে [ব॰ সা॰ পরিচয়ের পাঠে সঙ্গে] চলি যায়।"-বি॰ প॰।

পোঁটলা [পোটলা দ্রঃ]।~পোঁটলি, ~পুঁটলী [পোটলা দ্রঃ] বি, বোচ্‌কা বুচ্‌কি। ষ্টেশনে গাড়ী আসিলে দোর খোলা পাইয়া থার্ড ক্লাসের যাত্রীরা পোঁটলা পুঁটলি লইয়া পাগলের মত যে ভাবে লোক জনকে দলিত পিষ্ট করিয়া ঝাঁপাইয়া আসিতে থাকে"-পরিণীতা (শ॰ চট্টো॰)।

পোঁটা১ [পিত্ত >] বি, নাড়ী ; অন্ত্র ; আঁত। ২ শ্লেষ্মা ; গাঢ় শিকনি। প্র-নাকের পোঁটা। ৩ মাছের অন্ত্র ; পটপটি পিত্তাদি।

পোঁটা২ [পুত্র > পুতা > পোটা (দ্রঃ) >] বি, শিশু ; খোকা। স্ত্রীং পুঁটী [পুত্রী > । আদরে] শিশু কন্যা ; খুকি।

পোঁতা১ [সং-প্রোথিত > দ্রঃ] বিণ, প্রোথিত ; ভূগর্ভে নিহিত। ২ [প্রোথ্ > । পুঁতি, পোঁত (পোতেন, পুঁতিস), পোঁতে (পোঁতেন) ; পুঁতিতে (গ্রা॰ পুঁত্‌তে) ; পুঁতিয়া (কে॰ পুঁতে)। ণিজন্ত-পোঁতানি] ক্রি, প্রোথিত করা ; ভূগর্ভস্থ করা। "ঘাড় ভেঙ্গে রক্ত খাব পুঁতে যাব পাঁকে।"-শি॰।

পোঁতা২ [পোতা দ্রঃ] বি, যে উচ্চ-ভূমির উপর ঘর তোলা হয় এবং যার পৃষ্ঠ-দেশকে ঘরের মেঝে বলে ; ঘরের মেঝের সমান উচ্চ দালান সমেত মেঝে। "ইন্দ্রনীল পাষাণে রচিত কৈল পোঁতা।"-কবিক॰। ২ ভিটা ; গৃহের পত্তনস্থান plinth.

পোঁদ [সং-পায়ু, কটিপ্রোথ, প্রোথ > । আধু॰ বাং-য় অশিষ্ট, গ্রা॰ উচ্চারণ ভেদে-পোন। পোঙ্গা, পোঙা ও॰] বি, গুহ্যদেশ। ২ পাছা ; নিতম্বের নিম্নভাগ। ৩ [হিং পেঁদি, পেঁদা] তলদেশ ; তলা ; খুরা। প্র-কলসাদির পোঁদ। ঘটির পোঁদ। ৪ পশ্চাদ্ভাগ ; পশ্চাদিক্। প্র-ছুঁচের পোঁদে সুতা পরান। পোঁদ কাত করিয়া পড়া-অতি ক্লান্ত ও নিঃশক্তি হইয়া পড়া। পোঁদ ঘুরাইয়া, বসা-বিপরীত দিকে মুখ করিয়া বসা ; প্রতিকূল ভাবের চিহ্ন ; পোঁদ ঘুরানি-নৃত্য করা। পোঁদ তলতল-অতিশয় ভয় প্রাপ্তির লক্ষণ। পোঁদ তলা-আশ্রয়। পোঁদ পাকা-অকালপক্ব। পোঁদ ফিরানি-বিপরীত দিকে মুখ করা ; প্রতিকূল হওয়া। পোঁদ বসা-কোন স্থানে অবস্থিতি করা। প্র-এক দণ্ডের জন্যও কোথাও তার পোঁদ বসে না। পোঁদাপুঁদি-ঘেঁষাঘেঁষি। পোঁদের গোড়ায়-অতি নিকটে। নৈংটা পোঁদ-উলঙ্গ।

পোঁদা [পোঁদ + আ (বিশেষ্যে॰)। অন্য শব্দের সহিত যুক্ত হইয়া অর্থ দ্যোতনা করে। গ্রা॰] বিণ, পোঁদবিশিষ্ট। স্ত্রীং পুঁদী। কিপ্পী পোঁদা-যার বস্ত্র পরিধানের সঙ্গতি নাই ; যে কৌপীন মাত্র ধারণ করে ; অতিশয় দরিদ্র। ছিনে পোঁদা-কৃশ ও হ্রস্বনিতম্ব-যুক্ত। ডেও পোদা-নিতম্বভাগ যার উন্নত। ধুচুনি পোঁদা-বিস্তৃত ও স্থুল-নিতম্বযুক্ত। ন্যাকা পোঁদা-ন্যাকা (দ্রঃ), বিদ্রূপে পোদা। পাকা পোঁদা-পোঁদ পাকা দ্রঃ। লেঙ্গটী পোঁদা-যে লেঙ্গট মাত্র পরিধান করে ; সঙ্গতিহীন ; নিঃসম্বল ; কৌপীন ধারী।

পোক [পোকা দ্রঃ। ওড়ি॰] বি, কীট ; কৃমি। ২ [লক্ষ॰] পোকার মত অগণ্য, বিশেষত্বহীন ও নগণ্য ; তুচ্ছ। "লোক না পোক"-প্রবাদ। পো॰ পাড়া-ক্রি, পোকা পড়ান। ২ হয়কে নয় করা। "জীয়ন্তে পাড়য়ে পোক"-প॰ ক॰ তরু।

পোকা [সং-পুত্তিকা > ওড়ি॰ পোক] বি, কীট পতঙ্গের সাধারণ নাম insect. প্র-মাটী খুঁড়িতেই পোকাগুলা বাহির হইয়া পড়িল। পোকাটা উড়িয়া চোখে আসিয়া পড়িল। ২ [বিশেষ্যে॰] পালকহীন কীট। ~ধরা-বিণ, যাতে পোকা ধরিয়াছে। ২ কীটদষ্ট। পোকা, ধরা-ক্রি, পোকা পড়া। পো॰ পড়া-কোন দ্রব্য পচিয়া তাতে পোকা ধরা। পো॰ পাড়া-পোকার অবতারণা করা ; পোকা ধরান ; পচান। (জীয়ন্তে) পো॰ পাড়া-জীবন্তকে। 'মরিয়া পোকা ধরিয়াছে' বলা। ২ [লক্ষ॰] হয়কে নয় করা। প্র-জ্যান্ত মাছে পোকা পাড়া। ~বাছুনি করা-কোন দ্রব্যে পোকা ধরিলে যেমন লোক এক একটি করিয়া পোকা বাছিয়া ফেলিতে ধৈর্য্যসহ তন্ন তন্ন করিয়া অন্বেষণ করে, সেইরূপ তন্ন তন্ন করিয়া ও বিচারের সহিত নির্ব্বাচন করা। পোকার মত পড়িয়া থাকা-[লক্ষ॰] নির্ব্বাক নড়নচড়নরহিত হইয়া শয়ন করিয়া থাকা ; শিশুর নিঃশব্দে স্থির-ভাবে শুইয়া থাকা। উই পোকা-শ্বেত পিপীলিকা ; বল্মীককীট। এঁবোপোকা-আমের ভিতরে জন্মে যে কীট। কাঁচ-পোকা-উজ্জ্বল সবুজ রংয়ের পক্ষযুক্ত পতঙ্গ ; এই পোকার দেহ কাটিয়া টিপ করা হয়। কাণের পোকা বাহির করা-এমন চীৎকার বা বিকট শব্দ করা অথবা ক্রমাগত বকর বকর করিয়া কথা কহিতে থাকা যে তাহা কাণের ভিতর প্রবেশ করায় ভিতরে পোকা থাকিলে তাহাও যেন আঘাত পাইয়া বা উত্যক্ত হইয়া বাহির হইয়া পড়ে। কাপুড়ে পোকা-কাপড় কাটা কীট। কুমরে বা কুমিরকে পোকা-ইহারা নানা আকারের মাটির বাসা নির্ম্মাণ করিয়া তার মধ্যে থাকে বলিয়া এই নাম। গাঁধিপোকা-ইহারা দলে দলে ধান্য-ক্ষেত্রে পড়িয়া ধান নষ্ট করে। গুটিপোকা-রেশমকীট। গুবরেপোকা-পচা গোবরে যে সাদা সাদা কীট জন্মে। ঘুর ঘুরিয়া পোকা, ঘূর্ণীপোকা-প্রায়ই ঘুরিতে থাকে বলিয়া এই নাম ; ইহার কামড়ে ক্ষত শীঘ্র শুষ্ক হয় না ; চুলচুলে বা ধুলা পোকা-গ্রন্থকীট ; বই কাগজ নষ্টকারী কীট। চেলোপোকা-চাল গম ই॰ নাশকারী এক প্রকার সরু কাল রংয়ের ক্ষুদ্র কীট। ছারপোকা-স্বনামপ্রসিদ্ধ রক্ত-জীবী গন্ধকীট ; খাট পালঙ্কের ছিদ্র মধ্যে থাকে বলিয়া ইহার হিন্দী নাম খটমল বা

খাটকীড়ুয়া। জলোপোকা-জলে জন্মে ও জলাশয়াদির ধারে থাকে বলিয়া এই নাম। জোনাকি বা জুনী পোকা [সং জ্যোতিরিঙ্গণ] ইহার পশ্চাৎভাগ অন্ধকার রাত্রে ক্ষীণ নক্ষত্রের ন্যায় টিপ্ টিপ্ করিয়া জ্বলে বা ঝিক্‌মিক্ করে বলিয়া এই নাম। ঝিঁঝিঁপোকা-রাত্রে ঝিঁ ঝিঁ শব্দ করে বলিয়া এই নাম। টিপপোকা-কাল রংয়ের কঠিন পক্ষবিশিষ্ট কীটবিঃ [ইহার ডানা কাটিয়া টিপ করা হয় বলিয়া এই নাম। ইহার অন্য নাম কাঁচপোকা ও পাথুরে পোকা]। তৈলাপোকা [সং-তৈল পায়িকা] আরশুলা। পঁদীপোকা, পেদোপোকা-দুর্গন্ধ কীটবিঃ। পাতির-পোকা-কাল রংয়ের পক্ষবিশিষ্ট জলজ কীট। বিয়েরপোকা-কেতাব কীট(দ্রঃ)। ২ [লক্ষ°] যে দিনরাত অধ্যয়ন করে বা বয়ে-মুখে থাকে। বাদলাপোকা-বর্ষাকালে উৎপন্ন ক্ষুদ্র পক্ষযুক্ত কীট। মঁকমঁলপোকা -মখমলের ন্যায় উজ্জ্বল ও মসৃণ-দেহবিশিষ্ট কীট। শুয়াপোকা-শূক কীট; সূক্ষ্ম মুখ কণ্টকবৎ লোমাবৃত-দেহ বহুপদী কীটবিঃ। শ্যামাপোকা-সবুজ বর্ণের অতি ক্ষুদ্র পতঙ্গ; ইহারা ঝাঁকে ঝাঁকে উড়িয়া আলোর উপরে পড়ে। সোনাপোকা-উজ্জ্বল ময়ূর কণ্ঠী রঙ্গের পক্ষযুক্ত কীট। ইহার ডানা কাটিয়া টিপ করা হয়।

পোকান [প্রাদে°। সং-পুত্রক >] বি, পুত্র। পোপান দ্রঃ।

পোক্ত, পোক্তা [ফা°পুখ্‌তহ্ (=ক্তা)] বিণ, দৃঢ়; কঠিন। ২ পাকা; মজবুত। প্র-দেখিয়া শিখিয়া একটু পোক্ত হওয়া। ৩ পরিণত, পরিপক্ক। পাকা-পোক্ত [সহ° দ্বন্দ্ব। পাকা (পরিপক্ক)+ পোক্ত (চতুর, সেয়ানা)। তুল-হিং পুরে পকে। প্রায়ই ব্যক্তি সম্বন্ধে] বিণ, সুদৃঢ়। ২ সুদক্ষ। ৩ সুচতুর; খুব সেয়ানা।

পোখরি [প্রা° বাং] বি, পুষ্করিণী; পুখুর। "নিয়র পোখরি দূরে যায়।"-খনা°।

পোখরাজ-পুখরাজ দ্রঃ। বি, ইং topaz এর খনিজ বিদ্যা° পরিঃ।

পোখানি [পোকান দ্রঃ। প্রা° বাং] বি, পুত্র। "ভালই ছাওয়াল তুমি নন্দের পো°।"-ভাগবত (মালাধর বসু)।

পোগঁণ্ড [সং পৌগণ্ড দ্রঃ] বিণ, বিকলাঙ্গ।

পোগঁল [পদ্মগোলক >। তুল-হিং কমলগাট্টা] বি, পদ্মবীজ; পদ্মের বীজকোষ।

পোঙ, পোঙ্গ [প্রাদে°] বি, কচি অঙ্কুর।

পোঙ্গা, পোঙা [হিং পোঙ্গা-শূন্য-গর্ভ বাঁশ বা নল] বিণ, শূন্যগর্ভ। ২ [হিং] মূর্খ। ৩ বি, শূন্যগর্ভ বাঁশ; ফাঁপা নল। ৪ মলদ্বার; পায়ু; পোঁদ দ্রঃ।

পোছল [পোঁছা দ্রঃ। ব্রজ°] ক্রি, মুছিল। "বদন পো° পরচুরে"-বি° প°।

পোট [পুট্ (যুক্ত হওয়া)+অ (ভা°)] বি, স্পর্শ; যোগ। ২ মনের মিল; মিলন; সদ্ভাব। প্র-তার সঙ্গে পোট হয়ে গেলে আর বাধা দিবে না। পোট করা, -হওয়া-পটান (দ্রঃ)।

পোটগল [সং] বি, মৎস্যবিঃ। ২ কাশ তৃণ। ৩ নল; খাগড়া।

পোটফোলিও [ইং portfolioর লিপ্যন্তর] পুস্তকের আকারে কাগজের আধার, যাতে আবাঁধা ছবি, ছাপা চিঠিপত্র, আবাঁধা কাগজ ই° রাখা হয়; "a case in the form and of the size of a book, intended for the preservation of loose paper, prints, &c."

পোটম্যাণ্টো [ইং portmanteauর লিপ্যন্তর] বি, চামড়ার সিন্দুক বা বাক্স।

পোটলা, পোঁটলা [সং-পোট্টলী >হিং পোট্‌লা] বি, গাঁটরী; কাপড়ের বস্তা বা মোট। ক্ষুদ্রার্থে পোটলী, পুঁটুলী। ~পুটলী, ~পুঁটলী, ~পুঁটুলী-ছোট বড় গাঁটরী; ছোট বড় মোট bags and baggages. "পোটলা পুঁটুলি বাঁধি স্বদেশে দেন চম্পট"-বি° রায়।

পোটলী [পোটলা দ্রঃ। প্রা° পুঁটুলী] বি, পোটলা অপেক্ষা ছোট মোট। "সর্বস্ব পো° ভরা বাকি নিল কোল সরা সূতা নিল নাটাই সহিত।"-কবিক°।

পোটা [সং] বি, স্ত্রীলক্ষণ স্তন এবং পুংলক্ষণ গোঁপ দাড়িযুক্ত লোক; পুরুষের লক্ষণাক্রান্ত স্ত্রীলোক এবং স্ত্রীলোকের লক্ষণ-যুক্ত পুরুষ।

পোটিক [সং] বি, স্ফোটক; বিস্ফোটক; ফোড়া।

পোঠে [প্রাদে° পোতা৪ দ্রঃ] বি, গাড়ীর পিছনের উঁচুস্থান বা ধাপ। ২ [বর্দ্ধ°, মুর্শি° প্রাদে°] মাটির ঢিবি করিয়া যার উপর ভিত্তি করিয়া মরাই বাঁধা যায়।

পোড় [সং-পুট্ (দীপ্তি) বা প্লুষ্, প্রুষ্ (দাহ, ভস্মীকরণ) >] বি, দহন; দগ্ধীভবন। "কুমারের পোনে যেন পোড়ে পোড়ে পোড়"।-ঈ° গুপ্ত। ২ অগ্নিতে শোধন। ৩ অগ্নিপরীক্ষা; পরীক্ষা। ~খেকো-পরীক্ষিত। পো° দেওয়া-পোড়াইয়া লওয়া। পোড়ের ভাত [সাধাঃ পোরের ভাত] কেবল ঘসির আগুনে সিদ্ধ চাউল (রোগীর পথ্য)।

পোড়কাঠ [পতৎকাষ্ঠ > ?। সূত্রধরের ভাষায়] বি, যে কাঠের উপর রাখিয়া ছুতারেরা কাঠের কাজ করে।

পোড়ঁদ [প্রাদে°] বি, পোড়; দহন।

পোড়ঁন [পোড় দ্রঃ] বি, পোড়া; দহন। ২ জ্বলন; দগ্ধীভবন।

পোড়ঁনি, -নী [পোড় দ্রঃ। প্রা° বাং বৈ° পদ°। প° বঙ্গে, প্রা° পুড়্‌নি] বি, দহন; জ্বালা। "হিয়া দগধনি পরাণ পোড়নি কেনবা এমতি কৈল।"-চণ্ডি°। "মনের পোড়নী"-শ্রী° কী°।

পোড়া১ [পোড় দ্রঃ। পুড়ি, পোড় (পুড়েন, পুড়িস), পুড়ে, পোড়ে (পুড়েন, পোড়েন); পুড়িতে (কে° পুড়তে); পুড়িয়া (কে° পুড়ে, পদ্যে-পুড়ি), ণিজন্ত-পোড়ান] ক্রি, দগ্ধ হওয়া; জ্বলা। ২ [লক্ষ°] অনুতপ্ত হওয়া। ৩ শোকে সন্তপ্ত হওয়া। ৪ বাক্য-যন্ত্রণা ভোগ করা। প্রা° বাং-পোড়এ-দগ্ধ হয় বা করে। পোড়াআঁ,-এঁা-দগ্ধ করিয়া। পোড়াইএ-দগ্ধ করি। পোড়েক-পোড়ে; দগ্ধ হয় বা করে। "বিরহে পোড়েক সব গাএ"-শ্রী° কী°।

পোড়া$_{2}$ [সং-প্লুষ্ট (দগ্ধ) >, অথবা পোড়+আ (কৃতার্থে)] বিণ, পুড়িয়াছে এমন; কৃতদহন; দগ্ধ; ভস্মীভূত। প্র-মুখপোড়া। স্ত্রীং পুড়ী। প্র-মুখপুড়ী। ২ দগ্ধভাগ্য; হতভাগ্য। "পোড়া লোক না জানে পিরীতি বোলে কারে"-চণ্ডিং। ~কপাল-দুর্ভাগ্য (কপাল দ্রঃ)। ~কঁপালিয়া, ~কঁপালে-যার অদৃষ্ট অতিশয় মন্দ (কপাল দ্রঃ)। ~ভাগ্য-মন্দ অদৃষ্ট; দুর্ভাগ্য। "ওমা ওমা পোড়া ভাগ্য উকীলের ওঁছা"-হেমং। ~মুখ-যার মুখ পুড়িয়াছে। ২ কালা মুখ; মুখ পোড়া। পোড়ার মুখ-পোড়া অবস্থার মুখ; দগ্ধ মুখ। পোড়ার মুখো-যার মুখ পুড়িয়া গিয়াছে। ২ কালা মুখা (তুল-হিং কালমুআ)। [প্রাং বাং-পোড়া মুঞা, পোড়া মুঞে। পোড়া মুণ্ডে। প্রাদেং পোড়ার মুয়ে। স্ত্রীং পোড়ার মুখী]।

পোড়ান$_{1}$ [পোড়-অ(া)ন (ভাং)] বি, পোড়; পোড়ন; পোড়ানি; দহন; জ্বলন। প্র-এমন পোং পুড়েছে যে সে মুখ আর দেখাতে পারবে না।

পোড়ান$_{2}$ [পোড়া দ্রঃ। পোড়াই, পোড়াও (পোড়ান্, পোড়াস), পোড়ায় (পোড়ান), পোড়াইতে (ক্তং পোড়াতে); পোড়াইয়া (ক্তং পোড়ায়ে, পুড়িয়ে)] ক্রি, দগ্ধ করা; জ্বালান; আগুনে ঝল্সান। ২ ভস্ম করা। ৩ ক্ষার যোগে ক্ষত করা; হাজান। কঁপাল পোড়ান-সর্ব্বনাশ করা। গাল পোড়ান, জিহ্বা পোড়ান-পাণের সহিত অধিক চুণ খাইয়া গাল বা জিহ্বা দগ্ধ করা। পা পোড়ান-পুড়িয়া ফোস্কা হয় এমন উত্তপ্ত বালুকা বা ভূমিতে পা রাখিয়া পায়ের তলা দগ্ধ করা। পিঠ পোড়ান-খর রৌদ্রে খোলা পিঠ পাতিয়া বসিয়া পিঠ পোড়ান। মুখ পোড়ান-মুখে অগ্নি সংযোগ করা। ২ লজ্জা দিয়া মুখ বিবর্ণ করা। ৩ অত্যন্ত গরম দুগ্ধ বা অন্ন খাইবার কালে তাতে মুখ স্পর্শ করাইয়া ওষ্ঠ জিহ্বাদি দগ্ধ করা। হাত পোড়ান-রন্ধনকালে তপ্ত তৈলাদি দগ্ধ কড়াই বা তপ্ত কেন স্পর্শে হাত পোড়ান; স্বহস্তে পাক করা।

পোড়ানিয়া [হিং পোড়ইয়া। পোড়ান (দ্রঃ)+ইয়া। ক্তং পোড়ানে। স্ত্রীং পোড়ানী] বিণ, যে পোড়ায়; দহনকারী। ২ যে জ্বালায়। ৩ ক্লেশদায়ক।

পোড়েন [পড়িয়ান দ্রঃ] বি, বস্ত্রের অনুপ্রস্থগামী সূত্র। টানা পোড়েন-বস্ত্রাদির দৈর্ঘ্য প্রস্থের সূত্র। ২ বস্ত্রাদির বুনানির মত পুনঃ পুনঃ একই কারণে কোন স্থানে যাওয়া আসা।

পোড়ো$_{1}$ [পঠ্ >। হিং পঢ়উয়া] বি, পড়ুয়া; ছাত্র।

পোড়ো$_{2}$ [পট্ (বেষ্টনে) >] বি, অণ্ডাকৃতি গর্ভবেষ্টক চর্ম্ম; ভ্রূণস্থালী placenta.

পোড়ো$_{3}$ [পড়ো দ্রঃ। পত্ > অথবা পড়ি ধাতু (নাশনে) >] বিণ, যা পড়িয়া গিয়াছে; পতিত। ২ যা নষ্ট হইয়া গিয়াছে। ৩ যা অব্যবহৃত অবস্থায় পড়িয়া আছে। পোড়ো বাড়ী-যে বাড়ীতে লোকজনের বাস নাই, শূন্য পড়িয়া আছে; যে বাড়ী পড়িয়া থাকিয়া ভগ্ন ও নষ্ট হইয়া গিয়াছে।

পোণতুয়া [সং-পুণ্যতোয়া > ভ্রং (রঙ্গপুর অঞ্চলের খৃঃ ১৮শ শতকের রাজবংশী কবির লেখায়) পোণতুয়+আ (স্ত্রীং)] বিণ, পূতসলিলা। "এই সীমার মাঝে দেশ পোণতুয়ার থিতি।"-বং সাং পরিচয়।

পোণা [পোনা দ্রঃ] বি, রোহিত কাতলা ইং মাছের বাচ্ছা; চারা মাছ। "পোণা মাছ দলে দলে ভাসে এ নূতন জলে" -চন্দন। ২ রুই, কাতলা, মৃগেলাদি মৎস্য।

পোত$_{1}$ [সং। "পোত শিশৌ"-মেং] বি, শিশু; শাবক। ২ দশমবর্ষীয় হস্তী।

পোত$_{2}$ [সং। মার্কণ্ডেয় পুরাণ, নৈষধকাব্য, দশকুমারচরিত আদিতে প্রয়োগ দৃষ্ট হয়] বি, নৌকা। ২ পালযুক্তজাহাজ। প্র-অর্ণবপোত। ৩ স্থূল বস্ত্র। প্র-পোতাচ্ছাদন। ৪ গৃহস্থান। ~চালক-বি, বিণ, যে পোত চালায়; মাঝি; জাহাজের কাপ্তেন। ~নায়ক [পোতের (নৌকাদি জলযানের) নায়ক (অধ্যক্ষ), ৬তৎ] বি, নৌ-পরিচালক; পোতাধ্যক্ষ; জাহাজাদির কাপ্তেন। ~নিয়ামক-পোতবাহ; মাঝি; দাঁড়ি। ~বণিক্ [পোতে (নৌকাদিতে) বণিক্ (ব্যবসায়ী), ৭তৎ] বি, সাংযাত্রিক (দ্রঃ); যারা নৌকাতে থাকিয়া বাণিজ্য করে; জাহাজে করিয়া সমুদ্রপারে গিয়া যারা জলপথে বাণিজ্য করে; বহির্বাণিজ্যকারী। ~বাহ [পোত (জলযান)+বহ (বহন করা) +অ (র্ত্তৃ)] বি, নৌ-পরিচালক; দাঁড়ি মাঝি; নাবিক।

পোতক [পুত্রক >] বি, পুত্র।

পোতকী [সং। হিং পোই] বি, পোতিকা; পুঁই শাক।

পোতন$_{1}$ [পু (পবিত্র করা)+তন (র্ত্তৃ)] বিণ, পূতন; পবিত্রকারী।

পোতন$_{2}$ [সং-প্রোথ্ >। প্রাং পোঁতোন] বি, প্রোথিত করণ; ভূগর্ভে নিহিত করণ; পুঁতিয়া ফেলন।

পোতনা [সং-পূত+না-পোতন, পবিত্রকরণ, শোধন] বি, যদ্দারা ঘর দ্বার ইং-তে তৈল, রঙ্গ, চুণ ইং লেপন করা যায়।

পোতলা [প্রাদেং। হিং পুতলা] বি, পুতুল (দ্রঃ)। "সোণার পোং।"-পূং বং গীং।

পোতা$_{1}$ [পু (পবিত্র করা)+তৃ (র্ত্তৃ)= পোতৃ ১মা, ১বং] বি, যজ্ঞাদি কার্য্যে নিযুক্ত পুরোহিতবিঃ। তুল-হোতা। ২ বিষ্ণু।

পোতা$_{2}$ [ফোতা দ্রঃ] বি, অণ্ডকোষ।

পোতা$_{3}$ [হিং পোতা। সং-পৌত্র >] বি, পৌত্র; পুত্রের পুত্র। "রাম ওঝার পোতার নাম দামোদর। কুলে ওঝা বাঁড়ুরি পদবী রত্নাকর।"-কবিকং।

পোতা$_{4}$ [পোঁতা দ্রঃ। সং-"পোত গৃহস্থানে চ বাসসি"-মেং] বি, ঘরের মেজে; ভিত। "ইন্দ্র নীল পাষাণে রচিত কৈল পোতা"-কবিকং। ~যামাল-বি, গৃহপ্রাচীর দৃঢ়করণ জন্য নির্ম্মিত গৃহভিত্তিপশ্চাতের গাঁথনি; পোস্তা; গৃহভিত্তি।

পোতাচ্ছাদন [পোত (বস্ত্র)+আচ্ছাদন] বি, বস্ত্রগৃহ; পটবাস; তাঁবু।

পোতাধান [পোত (বস্ত্র)+আধান (গ্রহণ), কাপড়ের ছাঁকনা দিয়া দিয়া ধরিয়া তোলা হয় বলিয়া] বি, চারা পোনার ঝাঁক।

পোতাধ্যক্ষ [পোত+অধ্যক্ষ, ৬তৎ]

ন্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), হীন যুক্তাগ চারাস্তবৎ, ঙ=ংগ ঞ=ঁয় ঞ=ন্চ ঞ=ঁষ্ট ক্ষ=ক্‌ষ্‌ হ্ল হ্ব হ্ন=ন্হ হ্ল হ্ম হ্য ব্য, জ্ব হ্ব হ্ব=zfwv ও চ্চাং দ্রঃ

বি, পোতনায়ক ; নৌ-পরিচালক ; জাহাজের কাপ্তেন।

পোতামাঝি [পোত+আ (সম্বন্ধে) -মাঝি। গ্রা° মাজী] বি, পোতের মাঝি : জাহাজের খালাসী। ২ [জাহাজের খালাসী ইং স্বভাবতঃ দৃঢ়কায় বলিয়া, লক্ষ°] দৃঢ়কায় ব্যক্তি ; বলবান্ লোক। তুল-জাহাজী গোরা। "দশ বিশ পোতামাঝি বীরে লয়ে যায়।" -কবিক°। ৩ কারারক্ষক। "পাত্রের হুকুম হল্য পোতামাজীগণে। * * * লাউসেনে এখনি খালাস কর্য়া দেও। এত শুনি পোতা-মাজী করিল গমন। সেনের ডাড়ুকা কাটি বত্রিশ বন্ধন। কর্ণসেনে পুনশ্চ দিলেক সেই বেড়ী।" -ধ° ম° (নরসিংহ)-১৭৩৭ খৃ° অঃ, ব° সা° পরিচয়।

পোতারোহী [পোত+আরোহী] বিণ, পোতারোহণকারী ; নৌকা-যাত্রী : জাহাজের যাত্রী।

পোতাশ্রয় [পোত+আশ্রয়] বি, নৌকা জাহাজ ইং জলযানের আশ্রয়স্থান ; বন্দর ; নৌকার আড্ডা।

পোত্র [সং] বি, শূকরের মুখের অগ্রভাগ বা থুৎনি। বিণ, পোত্রী১-পোত্রযুক্ত। ২ বি, শূকর (দ্রঃ)।

পোত্রী২ [ইং placentaর বৈজ্ঞা° পরিঃ (সা° প° প°)] বি, জরায়ু ; গর্ভ-পোষনী ; পোড়ো২।

পোথা [সং-পোস্তী > প্রাকৃ° পোৎথী > হি° পোথী > বৃহদর্থে পোথা] বি, বড় পুথি ; পুস্তক। "ভারত অমৃতকথা ব্যাস বিরচিত পোথা অবহেলে যেইজন শুনে।" -মহা° (কাশী°)।

পোদ [প্রাদে°] বি, জল অনাচরণীয় হিন্দুজাতিবিঃ। ~বৃত্তি-বি, পোদজাতির অবলম্বিত বৃত্তি। ২ হীন বৃত্তি ; নীচজাতি-সুলভ জীবিকা। "বল বিলক্ষণ কিন্তু শুন শৈল সুতা। দেবতার পোদবৃত্তি বড়ই লঘুতা।" -শি°।

পোদ্দা/র [ফা°] বি, মুদ্রাপরীক্ষক ; স্বর্ণরৌপ্য রত্নাদির কৃত্রিমতা, মূল্যাদি ইং পরীক্ষাকারী। ২ অর্থবণিক ; মহাজন banker ; money changer. ~রি [পোদ্দার+ই (ব্যবসারার্থে)] বি, পোদ্দার-বৃত্তি ; পোদ্দারের কর্ম ; মহাজনী banker. পরের ধনে পোদ্দারি-অন্যের টাকা মালিকের কাজে খরচ করিবার কালে স্বেচ্ছামত কম বা বেশী খরচ বা দান করা।

পোনির [সং-পঞ্চদশ > পা° পন্নরস > প্রাকৃ° পন্নরহ > হি° পনরহ, বাং-পনির > বিকারে পনেরো] বি, পাঁচ অধিক দশ ; ১৫ এই সংখ্যা। ~ই, পোনিরুই-বি, মাসের পনের তারিখ।

পোনা [সং-পোতাধান >] বি,মাছের -বিতঃ রুই কাতলা মৃগেলের, ছানা ; চারা মাছ। ~মাছ-রুই, কাতলা, মৃগেল, বাটা জাতীয় মৎস্য। পোণা দ্রঃ।

পোপান [গ্রা° বাং। পো (পোলা, পুত্র) পান (আন, বহুবচনে, প্রভৃতি অর্থে) হি°-র অনুকরণে] বি, সন্তানগণ ; ছেলে-পুলে। "যে নারী কাটন নাহি কাটে। রাতি পোহাইলে পোপানকে সাটে।" -ডাক°।

পোম্বা [হি° পোঙ্গা (দ্রঃ) ও বম্বার শব্দ ও অর্থ সাদৃশ্যে গ্রা° নিয়কথ্য-পোম্বা] বি, পোঁদ (দ্রঃ)। পো° চাক করা [পো°+ ফা° চাক (বিদারণ, চির, ফাড়)। প্রাদে°] ক্রি, পোঁদ কাড়া।

পোয়া১ [সং-পাদ > হি° পাব > পৌবা, পোআ > বাং-পোয়া] বি, ঢেঁকী যে কাঠ দণ্ডদ্বয়ের উপর ভর দিয়া থাকে ও উঠানাবা করে। "কন্দলে পরমানন্দ নারদের ঢেঁকী। আঁকশলী পোয়া মোনা গড়ে মেকামেকী॥" -অ° ম°। ২ [এই অর্থে 'পো' ও°] সেরের চতুর্থাংশ। ~বারি-সর্ব্ববিষয়ে প্রতুল। চারি পোয়া-সম্পূর্ণ ; পরিপূর্ণ।

পোয়া২ [সং-প্ররোহ (দ্রঃ) > বা সং-পোত > পুয়া ও°] বি, চারা গাছ ; পুকী।

পোয়া৩ [সং-পূপ > পুআ, পুয়া > পোয়া, মালপুয়ার ক্ষে°] বি, ময়দা গুড় ময়দাদি যোগে প্রস্তুত তেলেভাজা খাদ্য। "পোয়া চই মইল কত রসে চল চলি" -মৈ° গী°।

পোয়াতী, পুয়াতী [পোআতি দ্রঃ। সং-প্রজাবতী >] বি, প্রসূতি ; সন্তানবতী স্ত্রী। "এগিয়ে এস বড় ঠাকরুণ সাত পোয়াতীর মা" -হেম°। "পুতের নামে পো° বর্ত্তায়" -প্রবাদ। ২ গর্ভবতী। পো-পোয়াতী-বি, পুত্র ও প্রসূতি।

পোয়াতে-তারা [প্রভাতিয়া >] বি, শুকতারা। "তোমরা পো° তা° বা শুক তারাকে দেখিয়াছ কি?"-গ্রহ-নক্ষত্র।

পোয়ান১ [সং-পাবন। পোআন দ্রঃ। ক্ষে° "পোন"] বি, কুম্ভকারের ঘটাদি দগ্ধ করিবার স্থান।

পোয়ান২-পোহান দ্রঃ।

পোয়াল [পুআল, পুয়াল, পোআল দ্রঃ] বি, বিচালি ; খড়। "ঢেঁকীশালে শয়ন আমার পোয়ালের খড়।" -কবিক°। ~কুড় -খড়ের স্তূপ। "পো° কুড় সমান হনুমান তোলে চালা।" -কবিক°।

পোরমিট-পারমিট দ্রঃ।

পোরা১ [সং-পূর্ণ] বিণ, পূর্ণ ; যা পূর্ণ করা হইয়াছে।

পোরা২ [পুরা দ্রঃ। পু(পু)রি, পু (পু. পো)র ইং] ক্রি, পুরা ; পূর্ণ করা। ২ ফুঁ দ্বারা পূর্ণ করা ; ফুঁ দিয়া বাজান। "আনন্দিত হৈয়া সবে পোরে সিঙ্গা বেণু।" -চণ্ডি°। ৩ প্রবেশ করান ; ঢুকান।

পোর্টমান্ট, পোর্টমান্টো (-র্ট্-) [ইং portmanteau র লিপ্যন্তর। গ্রা° পোর্ট-ম্যান্ট] বি, তোরঙ্গ ; চামড়ার সিন্দুক। "কালীকান্ত ঘাটে নৌকা লাগাইয়া পদব্রজে যাইতেছিল, সঙ্গে রামা চাকর একটা পোর্ট-ম্যান্টো বহিয়া যাইতেছিল।" -লোকরহস্য (বঙ্কিম°)।

পোল১ [ফা° পুল দ্রঃ] বি, সেতু।

পোল২ [ইং poll এর লিপ্যন্তর] বি, নির্ব্বাচনে ভোট দান বা ভোট গণনা বা ভোট লিপিবদ্ধ করিবার স্থান। পোলিং-উক্ত কার্য্য নির্ব্বাহ বা পরিচালন।

পোলপার্ব্বন-পার্ব্বণ দ্রঃ।

পোলা [প্রাদে° পূ° বঙ্গে। পুত্র > । পিলে ও পুলে দ্রঃ] বি, পুত্র ; ছেলে child boy. ২ সন্তান। "গোয়ালিনী সকল মিলি করে কানাকানি। কি পোলা পাইল আমাদের নন্দরাণী॥" -সাহিত্য, আশ্বিন,

১৩২৭। স্ত্রীং **পুলী** (পূ° ব° প্রাদে°) 'পুরি' (ল=র)। পো° পুরি-পুত্রকন্যা। "পোলা নাই পুরি নাই...শূন্য ত্রিসংসার।"-মৈ° গী°। ~**পাইন** [ক্ষে°পোলাপান। পূ° ব° প্রাদে°] ছোট ছেলেপিলে (পূ° ব° গী°) children. ~**পানা**-বাল্যাবস্থা childhood.

পোলাও [ফা°। তুল-সং-পলান্ন] বি, বাদাম পেস্তাদি সহ ঘৃতপক্ক অন্ন ; মসলা-যোগে মৎস্য, মাংস বা ডিম্ব সহ ঘৃতপক্ক ওদন। **মিঠা পোলাও**-কিসমিস ও চিনি সহ-যোগে ঘৃতপক্ক ওদন।

পোলিং [ইং polling এর লিপ্যন্তর] পোল২ দ্রঃ।

পোলিকা [সং] বি, পাতলারুটি। ২ পিষ্টকবিঃ।

পোলিন্দ [সং] বি, জাহাজের ডেকের অংশবিঃ।

পোলু-পলু দ্রঃ।

পোলো [সং-পলব, পল > ভ্রং] বি, মৎস্য ধরিবার বংশ শলাকা নির্ম্মিত একমুখ সরু অন্যমুখ ফাঁদাল লম্বা ঝুড়ির আকৃতি জাল-বিঃ ; সং-তে নামান্তরে-পঞ্জরাখেট। এই অর্থে পলুই ও°। ২ অশ্বারোহীদিগের কন্দুক ক্রীড়াবিঃ polo. [দ্রঃ-ইহা ভারতীয় আর্য্য-ক্রীড়া (রামা°)]।

পোশাক-পোষাক দ্রঃ।

পোশাকী-পোষাকী দ্রঃ।

পোষ১ [পুষ্ (পালন করা) + অ (ভা°)] বি, পোষণ ; পালন। ২ বর্দ্ধন। ৩ পালন জন্য বশ্যতা। ৪ সঙ্কুলান। ৫ [পোষ্য > ক্ষে°] প্রতিপাল্য জন ; পুষ্যি। **পো° বাড়ানি**-ক্রি, পোষ্য বৃদ্ধি করা। ২ [লক্ষ°] নিষ্কর্ম্মা কর্ত্তৃক সন্তানাদি বৃদ্ধি করিয়া সংসারের ভার বৃদ্ধি করা। **পো° মানা**-পালনের জন্য অন্যের বশ্যতা মান্য বা স্বীকার করা ; বশ হওয়া। **পো° যাওয়া**-পোষাইয়া যাওয়া ; সঙ্কুলান হওয়া। ২ পালন হওয়া।

পোষ২ [পোষাক > ক্ষে°] বি, পোষাক ; পরিচ্ছদ। প্র-খোর-পোষ।

-**পোষ৩** [ফা°] বি, আবারণ ; আচ্ছাদন। প্র-খুঞ্চিপোষ।

পোষ৪-বি, পৌষ দ্রঃ। ~**পার্ব্বণ**-পোষড়া দ্রঃ।

পোষক [পুষ্ (পালন করা) + (অক-র্ত্তৃ), যে পোষণ করে] বিণ, পালক। ২ সমর্থক ; সহায়ক। ৩ পুষ্টিসাধক। স্ত্রীং **পোষিকা, পোষিণী**। ~**তা** (-ষ´ক´-) বি, আনুকূল্য ; সহায়তা ; সাহায্য। ২ সমর্থন।

পোষড়া-বি, পৌষপার্ব্বণ। "প্রবাসী পুরুষ যত পোষড়ার রবে। ছুটি নিয়া ছুটাছুটি বাড়ী এসে সবে॥"-ঈ° গুপ্ত।

পোষণ [পুষ্ (পালন করা) + অন (ভা°)] বি, পালন। ২ বর্দ্ধন। ৩ [বির্থে°, "স্বভক্তেষু ভগবতঃ অনুগ্রহপালনং বা"] ভক্ত-দিগের প্রতি ভগবানের অনুগ্রহ। ৪ [জীব-বিদ্যা° পরিঃ (H. S. Glossary)] বি, ইং nutrition এর বৈজ্ঞা° পরিঃ। ~**ণিকা-গ্রন্থি** [পরিঃ] ইং pituitary bodyর বৈজ্ঞানিক পরিঃ। ~**ণীয়**-বিণ, প্রতিপালন-যোগ্য ; পালনীয়। ২ বর্দ্ধনীয় ; পুষ্টিকর।

পোষা১ [সং-পোষিত >] বিণ, পোষিত ; পালিত। ২ শান্ত ও বাধ্য।

পোষা২ [পুষ্ (পোষণে) >। পোষি, পোষ, পোষে, পোষিতে ; পোষিয়া (ক্ষে°, পদ্যে-পোষি, গ্রা° পুষে)] ক্রি, পোষণ করা ; পালন করা। "নাহি পোষে বাপ মা প্রভাতে না করি তার নাম।"-কবিক°। ২ [গ্রা° বাং] পরিপুষ্ট হওয়া। "অতএব সেই সুখে কৃষ্ণ সুখ পোষে"-চৈ° চ°।

পোষাক [ফা°] বি, পরিচ্ছদ ; বেশ।

পোষাকী [ফা° পোষাক + ঈ (সম্বন্ধে)] বিণ, পোষাক সম্বন্ধীয়। ২ পোষাকের উপযুক্ত ; সভ্য সমাজের রীতি ও রুচি অনুযায়ী সুন্দর ও মূল্যবান পরিচ্ছদাদি -যা পরিধান করিয়া সভা সমিতি নিমন্ত্রণা-দিতে গমন করিতে পারা যায়। ৩ যা সর্ব্বদা ব্যবহার করা হয় না সুতরাং যা প্রায় তুলিয়াই রাখা হয় : তোলা ; আটপৌরের বিপরীত। "কোনটাকে আটপৌরে করিয়া রাখে নাই" -রবী°। ~ **ভাষা**-সাধুভাষা। **খোস্-পোষাকী**-সৌখীন ; সৌখীন পরিচ্ছদধারী।

পোষাণি,-নি [পোষ (দ্রঃ) + আন (ক্রিয়ায়) সকর্ম্মকার্থে ও অকর্ম্মকার্থে। পোষাই, পোষাও, পোষায় ; পোষাইতে ; পোষাইয়া (ক্ষে° পুষিয়ে)] ক্রি, সংকুলান হওয়া বা করা ; আঁটা বা আঁটান। ২ প্রতি-পালন করান।

পোষাণি,-নি [পোষ (পোষণ >। তুল-খোরপোষ) + আনি (বৃত্তি অর্থে)] বি, পোষণব্যয় ; পুষিবার বা পালনের খরচ। ২ গবাদি পশুর দুগ্ধের বিনিময়ে প্রতিপালনের ভার অন্যের প্রতি অর্পণ।

পোষায় [প্রাদে°। পোহায় >] ক্রি, পোহায়। "রাত্র পোষায় তখন ডাকে পাইখ পহুলে"-পূ° ব° গী°।

পোষিণী [পোষক দ্রঃ] বি, পালন-কারিণী ; ভরণপোষণ কর্ত্রী। "তর্পণের জল লহ দুর্ব্বলা পোষিণী। তব হস্তে সমর্পণ করিলু জননী॥"-কবিক°।

পোষিত [পুষ্ (পালনে) + ত (র্ম্ম)] বি, পালিত। ২ পুষ্ট।

পোষ্ট [ইং post এর লিপ্যন্তর] বি, চিঠি, পুস্তক, কাগজের পুলিন্দা ই° একস্থান হতে অন্য স্থানে প্রেরণসাধন ; পত্রবাহক ; ডাক। ~**অফিস, -আফিস, পোষ্টাপিস** [ইং Post office এর লিপ্যন্তর] বি, পত্রাদি প্রেরণের ও প্রাপ্তির স্থান ; ডাকঘর post office. ~**কার্ড** [গ্রা° পোষ্টোকাট] বি, ডাকঘরের চিহ্নাঙ্কিত পত্র লিখিবার নির্দ্দিষ্ট ওজন ও আকারের কাগজখণ্ড postcard. ~**মার্কা**-বি, ডাকের মোহর postmark. ~**মাষ্টার**-বি, ডাকঘরের প্রধান কর্ম্মচারী postmaster. **বুকপোষ্ট**-বি, ডাকে পাঠাইবার জন্য দুমুখখোলা পুস্তকের বা পত্রিকাদির পুলিন্দা। **বেয়ারিংপোষ্ট**-বিনা মাশুল বা ডাক-টিকিট ব্যতীত যা ডাকে পাঠান হয় এবং প্রাপ্য মাশুল আদায়ের পর ডাকখানার লোক দ্বারা উদ্দিষ্ট ব্যক্তির হস্তে অর্পিত হয় bearing-post. **ভি, পি, পোষ্ট** [value payable post এর ক্ষে° V. P. P.র লিপ্যন্তর] ভি, পি, দ্রঃ।

পোষ্ট-গ্র্যা(গ্রা)জুয়েট [ইং Post-Graduate এর লিপ্যন্তর] বি, য়ুরোপীয়

শিক্ষা-পদ্ধতিসঙ্গত বিশ্ববিদ্যালয়ের উপাধি-লাভোত্তর।

পোষ্টা [পুষ্ (পালন করা)+তৃ (র্তৃ) =পোষ্টৃ ১মা, ১ব০] বিণ, পরিপোষক; পোষণকর্ত্তা; প্রতিপালক। "প্রভু বলে কৃষ্ণ পোষ্টা করিবে পোষণ।"–চৈ০ ভা০।

পোষ্টাই [সং-পুষ্ট+ঈ > হিং পুষ্টঈ] বি, সজল দুগ্ধে পাক করা সুজি; রোগীর পথ্যবিঃ; পুষ্টিকর খাদ্য; পুষ্টিজনক ঔষধ।

পোষ্টাপিস,-ফিস–পোষ্ট দ্রঃ।

পোষ্টৃবর [পোষ্টা দ্রঃ। ম০বাং। পোষ্টৃ + বর (শ্রেষ্ঠ) > গ্রা০অশুদ্ধ পোষ্টা-বর] বিণ, প্রতিপালক; আশ্রয়দাতা; পোষণকর্ত্তা [পূর্ব্বে বৈবাহিকগণের মধ্যে পত্র বিনিময় কালে শিরোনামার পাঠ। অধু০ বিরল]।

পোষ্য [পুষ্ (পালন করা)+য (র্ম্ম) –যাকে পালন করা হয়। গ্রা০ পুষ্যি] বিণ, পোষণীয়; প্রতিপাল্য; পোষণযোগ্য। "পারে নাহি পোষিতে পোষ্যের হৈল তার পরি-ত্যাগ করিয়া মানিল পরিহার।"–শি০। পিতা, মাতা, গুরু, পত্নী, অপত্য, আশ্রিত, অভ্যাগত, অতিথি এবং অগ্নি এই নয় জন গৃহস্থের পোষ্য। "তস্ত পোষ্য রামেশ্বর তদাশ্রয়ে করি ঘর বিরচিল গণেশবন্দন।"–শি০। ২ [যাকে পোষণ করা হয়] বি, পুত্র; ভৃত্য। ~পুত্র [পোষ্য (পালিত) যে পুত্র, ধা। গ্রা০ পুষ্যিপুত্তুর। হিং০গ্রা০ পুসপুত] বি, নিজ ঔরসজাত পুত্রাভাবে পিণ্ড ও বিষয় রক্ষার জন্ত অপুত্রক ব্যক্তি কর্ত্তৃক গৃহীত অন্তের দত্ত পুত্র; দত্তকপুত্র। ~বর্গ [পোষ্যের বর্গ, ৬তৎ] বি, যে সকল লোক পরের অন্নে পালিত হয়; সংসারে প্রতি-পালিত নরনারী।

পোস্ত১ [ফা০ পোস্ত্] বি, খসতিল গাছ; আফিম গাছ। ২ খসফল; আফিম-গাছের ফল; ঢেঁড়ী। ৩ খসবীজ; পোস্ত-দানা; আফিম ফলের বীজ (ইহা দেখিতে শ্বেতবর্ণ, আকৃতি ঘুণে কাটা কাঠের গুঁড়ার মত) poppy seed. ~ঢেঁড়ী–আফিম গাছের ফল; পোস্তদানার ফল। ~দানা –ঢেঁড়ীর বীজ।

পোস্ত২, পোস্তা, পস্ত, পস্তো [ফা০ পুশ্ তা (জলরোধ, বাঁধ, গৃহ ভিত্তির শক্ত বাঁধন > দেহের বাঁধন)। ফা০ পুশ্ তি-বান a tie beam, back piece for strengthening] বি, দৃঢ় বন্ধন; দেহের বাঁধন। "মেরে পোস্তা উড়িয়ে দিয়েছে"–দ্বি০ রায় (বিরহ)।

পোস্তা [ফা০পুশ্ তাহ্] বি, ইট পাথরাদিতে গাঁথা প্রাচীরাদির ঠেকনা; ঠেস; ভগ্নপ্রাচীর প্রভৃতি রক্ষার জন্ত যা গাঁথিয়া দেওয়া যায়। ২ পাকা সরু রোয়াকের মত বাঁধ। ৩ গঞ্জ; বিক্রয়স্থান। ৪ ঘাট quary.

পোহানি১, পোআ(য়া)নি, পুআ(য়া)নি [সং–প্রভ=প্র (গতি, অতিক্রম অর্থে)+ভ (া) (দীপ্তি, প্রকাশ) > প্রাকৃ০ পোহ > পোঅ > হিং০ পো (তুল–পো ফটনা =ভোর হওয়া), পোহ > বাং-য় পুং পুঅ, পোঅ। হিং০ পোহনা (ছেদ বা ভেদ করা, অর্থাৎ রাত্রির অন্ধকার ভেদ করিয়া বা অতি-ক্রমকরিয়া আলোকের প্রকাশ করা বা হওয়া, ভোর হওয়া) > বাং-য় ণিজন্তরূপ–পোহান, পোআ(য়া)ন, পুআ(য়া)ন। পোহা (আ, য়া) ই, পোহা (আ, য়া) ও, পোহা (আ, য়া) য়; পোহা (আ, য়া) ইতে (কে০ পোয়াতে); পোহা (আ, য়া) ইয়া (কে০ পোয়ায়ে, গ্রা০ পুইয়ে) ই০। অণিজন্তে–পুই, পুঅ (পোও, পুইস, পোওস), পোয়; পুইতে; পুইয়া (গ্রা০ পুইয়ে)। ণিজন্ত অণিজন্ত দুইরূপই একার্থক। যথা–রোদ পু(পো)আইতেছে=পু (পো) হাইতেছে=পু (পো) আ (হা) চ্ছে। পুইব= পোয়াইব] ক্রি, প্রভাত হওয়া। "গা তোল পুরবাসী রজনী পোহাইল, দয়াময় নাম কর গান।"–স্ক০। "রাতি পোহাইল"–ম০মো০ত০। "রাত পোহাল ফর্সা হল, ফুটল কত ফুল।" ২ অতিক্রম করা; অতিবাহন করা; কাটান; যাপন করা; গোঁয়ান (গমান)। প্র–মাস পোহানণ বছর পোহান। শীত পোহান। "আজু রজনী হম ভাগে পোহায়নু"–বি০প০।

পোহানি২ [পোআ(য়া)নি ও০। সং–পুষ্ (পোষণে, পুষ্টিদানে, সেবনে, উপভোগে) > পোষ > পোহ +আন (ক্রিয়ায়) > পোহান। পোহা (য়া, আ) ই, পোহা (য়া, আ) ও ই০] ক্রি, সেবন করা; ভোগ করা; সহ্য করা; গ্রহণ করা। প্র–রোদ পোহান। আগুন পোহান। কষ্ট পোহান।

পোহাবারি [পোহা (পোয়া দ্রঃ). বার (১২)=১+১২] বি, পাশাখেলার দানবিঃ। এই দান পড়িলে দুটি ঘুঁটি এক সঙ্গে ১২ ঘর এবং দুটির মধ্যে একটি আর এক ঘর বা অন্য ঘুঁটি এক ঘর যাইতে পারে। ইহাতে যে দান পড়ে তা অপেক্ষা অনেক বেশী ঘর ঘুঁটি চালা যায় ও জিতের সুযোগ হয়। এইজন্য এইরূপ সুবিধা হওয়াকে পোহা-বার বলে। ২ [লক্ষ০] কপালজোর বা জোর-কপাল; ভাগ্যসুপ্রসন্ন; সৌভাগ্যোদয়।

পোঁহুচা–পহুঁচা দ্রঃ।

পৌংশ্চলেয় [পুংশ্চলী (অসতী)+ ঢেয় (অপত্যার্থে)] বিণ, পুংশ্চলীর পুত্র; বেশ্যাপুত্র; অসতীতনয়।

পৌংসবন [পুংসবন+অ (স্বার্থে)] বি, পুংসবন সংস্কার।

পৌঁচ, পৌঁছ [হিং০ পহুঁচ] বি, লাগাইল; লাগ। প্র–ছুটিয়া তার পৌঁছ পাওয়া গেল না।

পৌঁচা, পৌঁছা [হিং০ পহুঁচনা। পৌঁচি (ছি), পৌঁচ (ছ), পৌঁচে (ছে); পৌঁচি (ছি) তে; পৌঁচি (ছি) য়া (কে০ পৌঁচে (ছে)]। ক্রি, উপস্থিত হওয়া। ২ লাগাইল পাওয়া।

পৌঁছন১ [পঁহুচন দ্রঃ] বি, উপস্থিত। ২ লাগ প্রাপ্তি।

পৌঁছন২ [পহুঁচ দ্রঃ। পৌঁছি, পৌঁছ, পৌঁছে; পৌঁছিতে; পৌঁছিয়া (কে০ পৌঁছে)। ণিজন্ত–পৌঁছান] ক্রি, উপস্থিত হওয়া। ২ লাগ পাওয়া; লাগাইল পাওয়া। প্র–তার হাত অতদূর পৌঁছে না।

পৌঁছানি [পৌঁছন২ দ্রঃ। পৌঁছাই,-ছাও,-ছায়;-ছিতে;-ছিয়া (কে০–ছে)] ক্রি, উপস্থাপিত করণ; উপস্থিত করান; সঙ্গে করিয়া যথাস্থানে রাখিয়া আসা। পৌঁছাইয়া দেওয়া, পৌঁছে

দেওয়া-সঙ্গে করিয়া গন্তব্যস্থানে লইয়া যাওয়া। গন্তব্যস্থানে কাহারও সঙ্গে যাওয়া; ঠিকানায় রাখিয়া আসা।

পোগণ্ড ["পৌগণ্ডং পঞ্চমাব্দান্তং কৌমারং দশমাবধি"-ভাগবত। "পূর্ব্বে ব্রজে কৃষ্ণের ত্রিবিধ বয়োধর্ম্ম; কৌমার, পৌগণ্ড, আর কৈশোর অতি মর্ম্ম।"-চৈ০ চ০। অপোগণ্ড=পোগণ্ড+অ (ভা০)। অপ=পো] বি, পোগণ্ড দশা। যার ৫ হতে ১৫ (মতান্তরে, ৫ হতে ১০) বৎসর বয়ঃক্রম; দশবর্ষীয় বালক। ২ বিকলাঙ্গ। ৩ [মিথিলার ভাষায় পৌ (মৈ০ হি০ পয়, পঅ, পে, পৈ, পৌ অব্যয়রূপে, প্রাপ্ত হওয়া অর্থে)+গণ্ড (অশ্বভূষণ)] অশ্বভূষণ। "দিনকর কিরণ ভেল পৌ০"-বি০ প০ (ব০ সা০ পরিচয়ে-পয়গণ্ড আছে) [দ্রঃ-"দিনকর ই০" অর্থাৎ বসন্ত। "রাজা সৈন্যসামন্ত লইয়া যুদ্ধ সজ্জায় আসিয়াছিলেন। কিন্তু শীত বিনা যুদ্ধেই পলাইল। বসন্ত রাজা আসন গ্রহণ করিলেন। অশ্বারোহণে তাঁর আগমন, দিনকর কিরণ অশ্বভূষণ।"-ন০ গুপ্ত]।

পোছআ(য়া) [পুঁছিয়া > (প্রাগ্জ্যোতিষপুর প্রাদে০ বিকারে)] অস-ক্রি, প্রশ্ন করিয়া; জিজ্ঞাসা করিয়া।

পোট, পোট [প্রীতি >] বি, সদ্ভাব; মেল; ভাব। "ফেরিওলাদের সঙ্গে আমার বড় পোট ছিল"-অক্ষয় সরকার।

পোটি, পৌটী [সং-পূর্ত্তি ('পূর্ণফসল'-খনা) > । বর্দ্ধ০, প্রাদে০। পউটি দ্রঃ] বি, ১৬ বিশ; ১৮ মণ; ৬০ মণ শস্য পরিমাণ। ২ [১৬ আনা >] পরিপূরণ; সম্পূর্ত্তি। বিণ, পরিপূর্ণ।

পোটেক [এক পউটা, পৌটী (দ্রঃ)] বি, চাউলের পরিমাণ; ১৮ মণ। ২ [পোয়াটাক-টেক (পরিমাণার্থে)] এক পোয়া। "পোটেক চালের অন্ন করে গ্রাস।"-কবিক০।

পৌণ্ড্র [পুণ্ড্র+অ (সম্বন্ধার্থে)] বি, পুণ্ড্র দেশ ও তদ্দেশের অধিবাসী। ২ [হি০ পৌণ্ডা > পৌঁড়া] পৌণ্ড্র ইক্ষু; পুঁড়ি আক্। ৩ ভীমের রণশঙ্খ (দ্রঃ)। ~ক [পৌণ্ড্র+ক (জ্ঞা০)] বি, করূষ দেশের রাজা। ইনি বাসুদেব নামে আপনাকে প্রসিদ্ধ করেন এবং বাসুদেব শ্রীকৃষ্ণের হস্তে নিহত হন। "পৌণ্ড্রক বাসুদেব"-মহা০। ২ পুঁড়োজাতি। ৩ [পৌণ্ড্র দ্রঃ] পুঁড়ি আক। ~বর্দ্ধন-বি, বর্ত্তমান পাবনা বলিয়া অনুমিত।

পৌণ্ড্রিক [সং] বি, গোত্রপ্রবর্ত্তক ঋষিবিঃ। ২ পুণ্ড্রদেশ। ৩ [হি০ পৌড়া] ইক্ষুবিঃ।

পৌত্তলিক [পুত্তল+ইক (ষ্ণিক)] বিণ, পুতুলপূজক; দেবদেবীর মূর্ত্তি গঠন করিয়া পূজাকারী। ~তা (-র্ক-) [এই শব্দ রাজা রামমোহন রায় কর্ত্তৃক উদ্ভাবিত] বি, সাকার উপাসনা।

পৌত্র [পুত্র+অ (অপত্যার্থে)] বি, পুত্রের পুত্র; নাতি। স্ত্রীং পৌত্রী-পুত্রের কন্যা; নাত্নী।

পৌনঃপুনিক [পুনঃপুনঃ + ইক (ভা০)] বিণ, যা পুনঃ পুনঃ উৎপন্ন হয়; বারংবার সংঘটন বা আগমনকারী; পুনরাবর্ত্তক। ২ দশমিক ভগ্নাংশের অঙ্কবিঃ। ~তা (-র্ক-) -বি, পুনরাবর্ত্তনের ভাব; বারংবার সংঘটন।

পৌনঃপুন্য [পুনঃপুনঃ+য, অনুষ্ঠান বা সংঘটনার্থে ষিত্] বি, পৌনঃপুনিকতা; বারংবারাবর্ত্তন।

পৌনরুক্ত [পুনরুক্ত+অ (ভা০)] বি, পুনরুক্তি; পুনঃকথন। ২ পুনরুক্তি সম্বন্ধ। বিণ, পৌনরুক্তিক।

পৌনর্ভব [পুনর্ভূ+অ (অপত্যার্থে)] বি, পুনর্ভূ পুত্র; বিধবার পুনর্বিবাহিত স্বামীর ঔরসজাত পুত্র; দ্বাদশবিধ পুত্রের অন্যতম। স্ত্রীং ~া-বাগ্দত্তা, মনোদত্তা প্রভৃতি কন্যা।

পৌনে [সং-পাদোন > পাওন >] বিণ, একপাদ বা সিকি কম।

পৌর [পুর+অ (ভবার্থে)] বিণ, পুরবাসী; নাগরিক civic. ২ পুর সম্বন্ধীয়। ৩ পুরস্থিত। প্র-পৌর জন। ৪ রামকর্পূর। পৌ০ অধিকার-নাগরিক অধিকার civic rights, "তাহাদের ব্যক্তিগত স্বাধীনতা ও পৌর অধিকার ক্ষুণ্ণ হইলেই বা কি,"-আ০ বা০ পত্রিকা, ১৯২৫। ~ক [সং] বি, অন্তঃপুরসংলগ্ন উদ্যান। ~কার্য্য [পৌর (পুরবাসীদিগের প্রতি কার্য্য (কর্ত্তব্য)] বি, পুরবাসিগণের প্রতি কর্ত্তব্যানুষ্ঠান; পুরবাসীদিগের রক্ষা, পালন ও সেবা। "পিতার আদেশ মতে রাম বিধিমতে, পৌরকার্য্য আলোচনা লাগিলা করিতে।"-রামা০ (রাজ০)। ~জন [পৌর (পুরস্থ) জন (নরনারী)] বি, পুরবাসী। ২ ইং citizen এর রাজনৈতিক পরিঃ; রাজনৈতিক অধিকারপ্রাপ্ত নাগরিক; নাগরিক। "ওগো পৌরজন কর অবধান"-কথা (রবী০)। ~জনাধিকার-বি, ইং citizenship এর পরিঃ; নৈগমিকতা (সা০ প০ প০)। ~স্ত্রী -দ্রঃ। ~পিতা (পিতৃ) গণ- City fathers; municipal ward commissioners. ~সভা- Municipal Corporation; Municipal Board.

পৌরন্দর [পুরন্দর+অ (সম্বন্ধার্থে)] বিণ, পুরন্দর সম্বন্ধীয়; ঐন্দ্র। ২ বি, জ্যেষ্ঠা নক্ষত্র।

পৌরব [পুরু+অ (অপত্যার্থে)] বিণ, পুরুবংশে উৎপন্ন; পুরুবংশীয়; কুরু পাণ্ডবগণ যে কুলে জন্মগ্রহণ করিয়াছিলেন সেই কুলজাত। "পৌরব সরসে নলিনী!" -বীরাঙ্গনা০। [দ্রঃ-বেদে ও মহাভারতে চন্দ্রবংশীয় প্রথম রাজারা পৌরব এবং ইঁহারা উত্তরাবর্ত্তী গঙ্গা ও যমুনার মধ্যবর্ত্তী প্রদেশে রাজত্ব করিতেন বলিয়া উক্ত। এলেকজান্দারের প্রতিদ্বন্দ্বী পুরুরাজ (porus) এই বংশীয় বলিয়া কথিত-Mc. Crindle's Ptolemy]। ২ বি, জনৈক প্রাচীন হিন্দু রাজা যিনি ৩ লক্ষ শ্বেতাশ্ব দান ও অশ্বমেধ যজ্ঞানুষ্ঠান করিয়া স্বর্গে গমন করেন। ৩ দেশবিঃ। স্ত্রীং ~বী-বি, বসুদেবের এক পত্নী; ইঁহার প্রকৃত নাম রোহিণী; কিন্তু পাছে বলরামজননী রোহিণীকে বুঝায় এজন্য ইনি পৌরবী নামে প্রসিদ্ধা হন। ২ দেশ ও মল্লার যোগে উৎপন্ন মিশ্র রাগিণী। ~বীয় [পৌরব +ঈয় (হিতার্থে)] বিণ, পৌরব সংক্রান্ত। ২ পুরুবংশীয়। পৌরব সম্বন্ধীয়।

পৌরশ্চরণিক [পুরশ্চরণ + ইক (ভবার্থে)] বিণ, পুরশ্চরণজনিত; পুরশ্চরণজাত। ২ বি, পুরশ্চরণ-প্রতিপাদক গ্রন্থের ব্যাখ্যান পুস্তক।

পৌরস্ত্য [সং-পুরস্ (পুর দ্রঃ)+ত্যন্] বিণ, পূর্ব্ববর্ত্তী ; পূর্ব্বদিকস্থ। ২ পূর্ব্বদেশীয়। ৩ প্রথম।

পৌরস্ত্রী [পৌর দ্রঃ] বি, পুরনারী ; পুরাঙ্গনা।

পৌরাঙ্গনা [পৌর+অঙ্গনা] বি, পুরনারী ; অন্তঃপুরবাসিনী।

পৌরাণ [পুরাণ+অ (সম্বন্ধার্থে)] বিণ, পুরাণ সম্বন্ধীয় ; পৌরাণিক।

পৌরাণিক [পুরাণ+ইক (জ্ঞাতার্থে)] বিণ, পুরাতন ; প্রাচীন পুরাণের যুগ সম্বন্ধীয়। ২ বিণ, পুরাণ সম্বন্ধীয়। ৩ পুরাণবিৎ ; পুরাণতত্ত্বজ্ঞ। স্ত্রীং ~ী।

পৌরাধিকার [পৌর (দ্রঃ) + অধিকার] বি, নাগরিকের উপযোগী ক্ষমতা civic rights ; rights of a citizen.

পৌরুষ [পুরুষ+অ (ভাং কিম্বা কর্ম্মার্থে)] বি, পুরুষের স্বকীয় কর্ম্ম বা ধর্ম্ম ; পুরুষত্ব। ২ ["যৎ স্বয়ং কর্ম্মণঃ কিঞ্চিৎ ফলমাপ্নোতি পুরুষঃ। প্রত্যক্ষমেতল্লোকেষু তৎ পৌরুষমিতি স্মৃতম্"] পুরুষের স্বকীয় চেষ্টা ; পুরুষকার। ৩ সাহস। ৪ তেজঃ ; বীর্য্য ; পুরুষত্ব semen virile. ৫ উদ্যম ; উদ্যোগ ; ৬ পরাক্রম। ৭ পুরুষ-প্রমাণ দৈর্ঘ্য ; পুরুষ ঊর্দ্ধবাহু হলে পদতল হতে করাঙ্গুলির শীর্ষ পর্য্যন্ত পরিমাণ দৈর্ঘ্য। ৮ গৌরব ; মাহাত্ম্য ; গরিমা। "আপনা নিন্দিয়া তার বাড়াল পৌরুষ"-ম০। ৯ বিণ, পুরুষ সংক্রান্ত। ১০ পুরুষ-প্রমাণ ; পুরুষের দৈর্ঘ্য পরিমিত। ~ী বিণ, পুরুষ-প্রমাণ দীর্ঘ। ~চরিত্র-বি, পুরুষোচিত প্রকৃতি। ~তা, ~ত্ব [পৌরুষ +তা, ত্ব (ভাং)] বি, পৌরুষের ভাব। ২ সাহসিকতা। ৩ বীর্য্যবত্তা ~পার্চক-বি, তেজস্বিতা ; পুরুষত্বের তেজ ; বীর্য্যানল।

পৌরুষেয় [পুরুষ+এয় (কৃতার্থে)] বিণ, পুরুষ কর্ত্তৃক অনুষ্ঠিত বা আচরিত। ২ মনুষ্যকৃত। প্র-বেদ পৌরুষের বা অপৌরুষের তার বিচার। ৩ পুরুষপ্রকৃতিগত। ৪ পুরুষ সম্বন্ধীয়। ৫ মানুষিক। ৬ বি, পুরুষ সমূহ।

পৌরেয় [পুর+এয় (সম্বন্ধার্থে) বিণ, পুর সম্বন্ধীয় ; ২ নাগরিক ; পুরবাসী। স্ত্রীং ~ী-পুরবাসিনী।

পৌরো/ভাগ্য [পুরোভাগ+য (ভাং)] বি, গুণভাগ ত্যাগ করিয়া দোষভাগ মাত্র দর্শন ; দোষৈক দর্শন। ~ভাগী-বিণ, দোষৈকদৃক্।

পৌরোহিত্য [পুরোহিত+য (ভাং বা কর্ম্মার্থে)] বি, পুরোহিতের কর্ম্ম ; পুরোহিতবৃত্তি ; যাজন ক্রিয়া।

পৌর্ণমাস [পৌর্ণমাসী (পূর্ণিমা)+অ (ভবার্থে)] বি, পূর্ণিমায় কৃত্য যাগবিঃ। ~ী [পূর্ণমাস+অ (সম্বন্ধার্থে)+ঈ (স্ত্রীং), পূর্ণিমা দ্রঃ] বি, যে তিথিতে চন্দ্রের ১৬ কলা পূর্ণ হয় ; পূর্ণিমা তিথি : এই তিথিতে মুখ্য চান্দ্রমাস পূর্ণ হয় বলিয়াই ইহার নাম পূর্ণিমা। ২ বৃন্দাবনের অধিষ্ঠাত্রী দেবী। "যোগমায়া পৌং সাক্ষাতে আসিয়া। লইল হরের শিঙ্গা আপনি মাগিয়া।"-চণ্ডিং।

পৌর্ব্ব [পূর্ব্ব+য (ভবার্থে)] বিণ, পূর্ব্বগত ; পূর্ব্বজাত। ২ পূর্ব্বিক ; পূর্ব্বকাল সম্বন্ধীয় ; বিগত। ৩ পূর্ব্বদেশ সম্বন্ধীয় ; প্রাচ্য। স্ত্রীং ~ী। ~দেহিক [পূর্ব্বদেহ+ইক (সম্বন্ধে)] বিণ, পূর্ব্বদেহ সম্বন্ধীয়। ২ পূর্ব্বজন্মগত। ~পদিক [পূর্ব্বপদ+ইক (সম্বন্ধে)] বিণ, পূর্ব্বপদ সম্বন্ধীয় ; পূর্ব্বপদ ঘটিত। ২ [ব্যাং] সমস্ত পদ বা সমাসযুক্ত পদের পূর্ব্বপদ।

পৌর্ব্বাপর্য্য [পূর্ব্ব+অপর (পর)+য (ভবার্থে)] বি, পূর্ব্ব ও পর সম্বন্ধ ; পূর্ব্বত্ব ও অপরত্ব ; আনুপূর্ব্বিকতা। ২ অনুক্রম। ৩ কার্য্যকারণ ; যুক্তি। ৪ হেতু ; কারণ। ৫ উৎপত্তি ; পরিণাম ; ফল।

পৌর্ব্বার্দ্ধ্য [পূর্ব্ব+অর্দ্ধ+য(ভবার্থে)] বিণ, পূর্ব্বার্দ্ধ সম্বন্ধীয়। ২ পূর্ব্বার্দ্ধ জাত।

পৌর্ব্বার্দ্ধিক [পূর্ব্ব + অর্দ্ধ + ইক (ভবার্থে)] বিণ, পূর্ব্বার্দ্ধ সংক্রান্ত। ২ পূর্ব্বার্দ্ধ ঘটিত ; পৌর্ব্বার্দ্ধ।

পৌর্ব্বাহ্ণিক [পূর্ব্ব+অহ্ন (দিবার ৩ ভাগের ১ম ভাগ)+ইক (সম্বন্ধার্থে)] বিণ, পূর্ব্বাহ্ন সম্বন্ধীয় ; দ্বিপ্রহরের পূর্ব্বকালীন ; প্রাতঃকালের। স্ত্রীং ~ী।

পৌর্ব্বিক [পূর্ব্ব+ইক (ভাং, সম্বন্ধে বা ভবার্থে)] বিণ, পূর্ব্বস্থ। ২ পূর্ব্বজাত ; পূর্ব্বোৎপন্ন। ৩ পূর্ব্বকালীন। ৪ প্রাথমিক। স্ত্রীং ~ী।

পৌলস্তী [পৌলস্ত+ঈ (স্ত্রীং)] বি, পুলস্ত্য কন্যা-শূর্পণখা ; কুম্ভীনসী (রাবণের ভগিনী)।

পৌলস্ত্য [পুলস্ত+অ (অপত্যার্থে, ষ্ণ্য)] বি, পুলস্ত্য মুনির পুত্র ; কুবের ; রাবণ ; কুম্ভকর্ণ ; বিভীষণ। স্ত্রীং ~ী।

পৌলি, -লী [সং-পোলী] বি, অল্প ভর্জ্জিত যব সর্ষপাদি। ২ পিষ্টকবিঃ ; দালপুরী।

পৌলোমী [পুলোমন্+অ(অপত্যার্থে) +ঈ (স্ত্রীং)। বাং-র বিকারে-পোলমী ও০] বি, বিপ্রচিত্তির পুত্র, পুলোমা দৈত্যের কন্যা, ইন্দ্রপত্নী শচী।

পৌষ [পৌষী (পুষ্যানক্ষত্রযুক্ত পূর্ণিমা) +অ (যুক্তার্থে)। হিং পুস। পুষ্যানক্ষত্রযুক্ত পূর্ণিমা এই মাসে থাকে বলিয়া ইহার নাম পৌষ হইয়াছে] বি, পৌষমাস ; বৎসরের প্রথম মাস বৈশাখ হতে গণনা করিলে, নবম মাস ; এই মাস য়ুরোপীয় বৎসরের (Julian year) ডিসেম্বর মাসের শেষার্দ্ধ হতে জানুয়ারীর প্রথমার্দ্ধ পর্য্যন্ত কাল। স্ত্রীং ~ী-বি, পৌষ পূর্ণিমা। ২ বিণ, পুষ্যানক্ষত্রযুক্তা ; পৌষ সম্বন্ধীয়া। ~পার্ব্বণ-বি, পৌষ-সংক্রান্তিতে অনুষ্ঠেয় 'পিঠাপার্ব্বণ'।

পৌষালী [পৌষ (দ্রঃ)+আলী (হিং বালা-বালী)। গ্রাং পুষুলী, পুষুলি] বি(ণ), পৌষমাসে যা জন্মে বা প্রস্তুত হয় ; পৌষের।

পৌষ্টিক [পুষ্টি+ক (সাধন বা বর্দ্ধন অর্থে)] বিণ, পুষ্টিকর ; পুষ্টিসাধক। ২ পুষ্টিসাধন ক্রিয়া। ৩ বি, ক্ষৌরকালে ব্যবহার্য্য গাত্রাবরকবিঃ (শং কং দ্রম) ; কাবাই।

পৌষ্প [পুষ্প+অ (নির্ম্মিতার্থে)] বিণ, পুষ্পময় ; পুষ্পরচিত। ২ [সম্বন্ধার্থে-অ] পুষ্পসম্বন্ধীয়। স্ত্রীং ~ী-বি, পাটলিপুত্র নগরের নামান্তর ; পুষ্পনগর ; পুষ্পপুর (কথা সরিৎসাগরে)।

প্যাঁক, পেঁক [অনুং। প্যাট অপেক্ষা কোমল শব্দে] অ, হংসরব। ২ কোমল অঙ্গে সূচী, কণ্টকাদি দ্বারা বিদ্ধকরণ শব্দ। প্যাক

করে বিঁধে যাওয়া। **প্যাঁক-প্যাঁক**-বারংবার হংসধ্বনি বা বিদ্ধকরণ বোধক।

প্যাঁকাটি-পাকাটি দ্রঃ।

প্যাঁচ [হিং পেঁচ] বি, পেঁচ দ্রঃ। ২ বিপাক। ৩ প্রতিবন্ধক। ৪ পাক। ৫ সূতার পাক দিয়া সূতা কাটার খেলা। ঘুড়ী দ্রঃ।

প্যাঁট [প্যাঁক দ্রঃ] অ, কঠিন চর্ম্মাদি পৃষ্ঠে বিদ্ধকরণের ভাব ও শব্দ।

প্যাঁট্‌রা [পেটিকা >] বি, পেটরা (দ্রঃ); ধনরত্ন, অলঙ্কার, বসন, বিলাস দ্রব্যাদি রক্ষণার্থ ধাতু, কাষ্ঠ, চর্ম্মাদি নির্ম্মিত পেটিকা।

প্যাঁদ, পেঁদ [অশ্লীল] বি, যোনিভ্রংশ fluor albus. বিণ, **পেঁদী** (দ্রঃ)।

প্যাকবন্দী-বিণ, বাক্স বা অন্য আধারে ভরিয়া বন্ধ করা বা মোড়া। "কম্বলে প্যাক-বন্দী হইয়া নিদ্রার আরাধনা করিতে লাগিলাম।"-দীনেন্দ্র রায় (মহিমময়ী)।

প্যাকিং-পেকিং দ্রঃ।

প্যাডেল [ইং paddle এর লিপ্যন্তর] বি, হাত বা পা দিয়া চাকা ঘুরাইয়া চালাই-বার হাতল বা পাদান। "রমানাথ সাইকেলের প্যাডেলে পাটি যেমন দিয়াছে।"-বার্ষিক বসুমতী, ১৩৩৪।

প্যাতান [সং-প্রত্যায়ন >] বি, পেতান দ্রঃ।

প্যান-প্যান [অনু॰। প্যাঁ প্যাঁ (ক্রন্দন শব্দ) সহ পানিপানি (অশ্রু) র ভাব >] বি, নাকে কান্না; নাকি সুরে বিলাপ করিতে করিতে অশ্রুমোচন। ক্রি, **প্যান-প্যানানো**-প্যা॰ প্যা॰ করা। > বি, **প্যান-প্যানানি**। >বিণ, **প্যান-প্যানিয়া, -পেনে**।

প্যানেল[1] [ইং panel এর লিপ্যন্তর] বি, কপাটের মধ্যে অপেক্ষাকৃত পুরু ফ্রেমে বসান তক্তা। ২ স্ত্রীলোকের পরিচ্ছদের অঙ্গীভূত বিচিত্রবর্ণ ও প্রকারের বস্ত্রখণ্ড। ৩ বৃহদাকার ফটো বা আলোকচিত্র।

প্যানেল[2] [ইং panel এর লিপ্যন্তর] বি, নির্ব্বাচিত কতিপয় সদস্য লইয়া গঠিত বিশিষ্ট সমিতি। "১২ জন সদস্য লইয়া একটি প্যা॰ গঠন করা হইয়াছে। যদি কোনও বিরোধ উপস্থিত হয়; তাহা হইলে এই প্যা॰ বিরোধ মীমাংসায় হস্তক্ষেপ করিবেন।" -আ॰ পত্রিকা, ২৫-৪-৫৫। ২ [আদাঃ পরিঃ] জুরীদিগের নামের ফর্দ।

প্যাণ্ট [ইং pantaloon > কেং pant এর লিপ্যন্তর] বি, য়ুরোপীয়দিগের পরিধেয় পাজামাবিঃ।

প্যামফ্লেট [ইং pamphlet এর লিপ্যন্তর] বি, চটি; পুস্তিকা a printed work consisting of but one or a few sheets, not exceeding in size five sheets octavo and either stitched together or in a paper cover.

প্যায়দা [পিয়াদা, পেয়াদা দ্রঃ] বি, চাপরাশী; পত্রাদিবাহক peon. "এক আসামী ছয়টা প্যায়দা বল মা কিসে সামাই করি॥"-রা॰ প্র॰।

প্যারী [পেয়ারা দ্রঃ। প্রিয় > হিং পিয়ারা, পিয়া+রী বা প্যারা+ঈ (স্ত্রীং)= প্যারী] বি, প্রিয়া। "যদি দেখিবে তোমার প্যারী।"-চণ্ডি॰। ২ আদরিণী। "রাজার নন্দিনী প্যারী যা করে তা শোভা পায়।" -প্রবচন। ৩ কৃষ্ণপ্রিয়া; শ্রীরাধিকা।

প্যালা [প্রাদে॰, হাতী খেদার ভাষায়] বি, হাতী ধরিবার বেড়ের খুঁটি হাতীর ধাক্কা লাগিয়া উল্টাইয়া না যায় তজ্জন্য বেড়ের বাহিরে সরু কাঠের আড়ার সঙ্গে বাঁধা মোটা মোটা কাঠের ঠেস বা টেক।

প্যাসেঞ্জার [ইং passenger এর লিপ্যন্তর] বি, যাত্রী। প্র-রেলের প্যাসেঞ্জার, ষ্টীমারের প্যাসেঞ্জার।

প্র [প্রথ্ (বিখ্যাত হওয়া)+অ (ভা॰), থ্ লোপ] উপ, অ, খ্যাতি। ২ প্রকর্ষ; উৎকর্ষ। ৩ আধিক্য। ৪ সর্ব্বতোভাব। ৫ আরম্ভ। ৬ উদ্ভব; উৎপত্তি। ৭ প্রথমের ভাব; প্রাথম্য। ৮ আচরণ; ব্যবহার। ৯ গতি।

প্রকট [প্র+কট্ (গমন করা)+অ (র্তৃ)] বিণ, ব্যক্ত; প্রকাশিত; প্রকাশ্য। "অবতীর্ণ হঞা করেন প্রকট বিহার"-চৈ॰ চ॰। ২ স্পষ্ট। ৩ শ্রেষ্ঠ। "বরমিহ গঙ্গাতীরে শরট করট। ন পুনঃ গঙ্গার দূরে ভূপতি প্রকট।"-অ॰ ম॰।

প্রকটন [প্র+কট্ (গমন করা)+অন (ভা॰)] বি, প্রকাশন; ব্যক্তীকরণ।

প্রকটিত [প্র+কট্ (গমন করা, প্রকাশ করা)+ত (র্ম্ম)] বিণ, ব্যক্ত; প্রকাশিত। ২ বিস্তারিত; প্রসারিত। ৩ স্পষ্ট।

প্রকটীকৃত [প্রকট (প্রকাশ)-কৃত (যা করা হইয়াছে), মধ্যে চি (ঈ) আগম] বিণ, প্রকাশিত; ব্যক্তীকৃত। ২ বিস্তারিত।

প্রকম্প [প্র (অধিক) কম্প্ (কাঁপা)+অ (ভা॰)] বি, বেপথু; অতিশয় কম্প। ২ [+অ (র্ত্তৃ, জ্ঞা॰)] বিণ, কম্পনকারক। ৩ বি, কম্পমান। ৪ বায়ু। ৫ নরকবিঃ। ৬ স্থিতিস্থাপক পদার্থ। ৭ রাবণের একজন সেনানী। ~ন [প্র (প্রকৃষ্টরূপে)+কম্প্ (কাঁপা)+অন (ভা॰)] বি, বিশেষভাবে কম্পন। বিণ, **প্রকম্পিত** [প্রকম্প+ইত] বিণ, অতি-কম্পিত। অতিশয় কম্পান্বিত। ২ [নাট্য শা॰] বি, অঙ্গাভিনয়বিঃ; ঘন ঘন মস্তক সঞ্চালন সম্মুখ ও উভয় পার্শ্বে (অদ্ভুত রস-প্রবন্ধ, গান), মৌমাছি ই॰ স্থলে। অভিনয় দ্রঃ। মতান্তরে পায়রার মত সামনে ও পিছন দিকে মাথা,নাড়া। 'তুমি ও আমি' এই বলিতে, গণনা করিতে, দোলনে, বিতঃ দেশীয় নটন (folk dances) স্থলে।

প্রকর [প্র-কৃ (বিক্ষেপ করা)+অ (র্ম্ম)] বি, পুষ্পাদির স্তবক। ২ রাশি; সমূহ। ৩ সহায়তা; সাহায্য। ৪ অধিকার। ৫ চত্বরভূমি; উঠান। ৬ বিণ, কর্ম্মঠ; কার্য্য-দক্ষ। স্ত্রীং ~ী[1]।

প্রকরী[2]-বি, নাটকের অঙ্গবিঃ।

প্রকর/ণ [প্র-কৃ (করা)+অন (ভা॰)] বি, কার্য্য। ২ ঘটনা। ৩ প্রভেদ; প্রকার। ৪ প্রসঙ্গ। ৫ প্রস্তাব। ৬ নাটকের ভেদ; প্রেমবিষয়ক সামাজিক গল্প [প্রকরণ শুদ্ধ ও ও সঙ্কীর্ণ ভেদে দুই প্রকার। শুদ্ধ প্রকরণে, নায়ক উচ্চ শ্রেণীর নহে, নায়িকা বেশ্যা। সঙ্কীর্ণ প্রকরণে, নায়িকা ভদ্রবংশে পালিতা বা সহচরী; নায়ক মন্ত্রী, ব্রাহ্মণ বা বণিক্। মৃচ্ছকটিক, মালতীমাধব ই॰ গ্রন্থ প্রকরণ লক্ষণযুক্ত। "কবি কল্পিত লৌকিক বৃত্তান্ত লইয়াই প্র॰ রচিত হয়। প্রকরণের নায়ক

বিপ্র, অমাত্য বা বণিক্।"—জ্যোতি০ ঠাকুর। ক্ষুদ্রার্থে, "প্রকরণিকা" "প্রকরণী"]। ৭ গ্রন্থের পরিচ্ছেদ ; অধ্যায়। ৮ [প্রা০ বাং। রামেশ্বরী সত্যনারায়ণের পালায়] কাণ্ড ; ব্যাপার ; কারখানা। ৯ উপায় ; কৌশল। "ব্যূহ ভেদিবারে তুমি জান প্রকরণ"—মহা০ (কাশী০)। ১০ [জীববিদ্যা০ পরিঃ] ইং variation এর বৈজ্ঞা০ পরিঃ। ~ণিকা—বি, প্রকরণের লক্ষণাক্রান্ত নাটিকাবিঃ ; ক্ষুদ্র প্রকরণ ; অষ্টাদশ উপরূপকের অন্যতম। ~ণী—বি, ক্ষুদ্র প্রকরণ ; প্রকরণের লক্ষণযুক্ত নাটিকা।

প্রকর্ষ [প্র (অধিক)—কৃষ্ (আকর্ষণ করা)+অ (ভা০)] বি, উন্নতি ; উৎকর্ষ ; বৃদ্ধি। ২ শ্রেষ্ঠতা।

প্রকর্ষণ [প্র (সম্যক্) কর্ষণ] বি, বিশেষভাবে কর্ষণ। ২ আকর্ষণ। ৩ উৎকর্ষ ; প্রাধান্য। বিণ, **প্রকর্ষিত**।

প্রকল্প [প্র—কল্প (কল্পনা)] বি, মত ; অনুমতি। ২ [তর্ক০ শা০] উপপত্তি theory. ৩ অভ্যুপগম-সিদ্ধান্ত hypothesis. "নীহারিকা-প্রকল্প (nebular hypothesis) সুপ্রসিদ্ধ জ্যোতিষী • লা প্লাস্‌কেই এই প্রকল্পের উদ্ভাবয়িতা বলা যাইতে পারে। এই মতানুসারে * *"—প্রবাসী, শ্রাবণ, ১৩৩৪। বিণ, ~ল্পিত [প্র—কল্প (কল্পনা)+ইত] অনুভাবিত। ২ সঙ্কল্পিত। ৩ উদ্ভাবিত।

প্রকাণ্ড [প্র (প্রকৃষ্ট) কাণ্ড (গুঁড়ি)। "মূলাদিশাখাবধির্ভাগঃ প্রকাণ্ডঃ"] বি, বৃক্ষকাণ্ড; গাছের গুঁড়ি ; মূলাদি হতে শাখা পর্য্যন্ত ভাগ। ২ বিণ, বৃহৎ ; বিস্তৃত ; প্রশস্ত। "প্র০ চারিটি দ্বার চারিদিকে আছে তার আছে তায় বত্র শর পাষাণ সকল" —রাম০ (রাজ০)।

প্রকাম [প্র (অধিক) কম্ (ইচ্ছা করা) +অ (র্ম্ম)] অ, যথেষ্ট। ২ প্রচুর ; পর্য্যাপ্ত।

প্রকার [প্র—কৃ (করা)+অ (ভা০)। গ্রা০ —পরকার, পেরকার, পোরকার, পোকার] বি, প্রভেদ। "তুমি যদি করিতে চাহ যাদের প্রকার। ইঙ্গিতে করিয়া দিবা যাদের সুসার।"—কবিক০। ২ রীতি ; রকম ; ধারা। ৩ সাদৃশ্য। ৪ জাতি। ৫ কৌশল। "বশিষ্ঠের শত পুত্র প্রকারে মরিল।" —মহা০ (কাশী০)। ৬ [দর্শন০ পরিঃ (H. S. Glossary)] ইং form এর বৈজ্ঞা০ পরিঃ।

প্রকারাত্মক [পরিঃ (হি০ কো০)] বিণ, ইং modal এর বৈজ্ঞা০ পরিঃ।

প্রকারান্তর [প্রকার হতে অন্তর (ভিন্ন), •তৎ] বি, বিভিন্ন ধারা ; অন্য প্রকার। ক্রি-বিণ, **প্রকারান্তরে**—অন্য উপায়ে ; ভিন্ন রকমে।

প্রকাশ [প্র (অধিক) কাশ্ (দীপ্তি পাওয়া)+অ (ভা০)। ব্রজ০ পরকাশ। হি০ পরগাস। প্রা০ বাং—প্রকাশা, গ্রা০ পেরকাশ] বি, আলোক। ২ শোভা। ৩ বিকাশ। ৪ বিস্তার ; প্রচার ; বিজ্ঞাপন। প্র—প্রকাশ এই, যে। ৫ প্রকটন। ৬ প্রস্ফুটন। ৭ বিণ, প্রসিদ্ধ ; খ্যাত। ৮ ব্যক্ত। ৯ জাহির। ১০ উদয়। ক্রি, ~া—প্র০ করা। "ভানু প্রকাশিল"—কৃ০। ~ক (-শ-) [প্র—কাশ্ +অক (র্ত্তৃ)] বিণ, যে প্রকাশ করে ; ব্যক্তকারী। ২ পুস্তকাদি মুদ্রিত করিয়া প্রচারকারী ; প্রকাশকর্ত্তা publisher. ~চেতনা—বি, বাহ্য চেতনা ; বহিরনুভূতি ; বাহ্য জ্ঞান। "আমাদের প্রত্যেকের প্রকাশচেতনার অন্তরালে"—মা০ ও ম০ বাণী, ১৩৩৩ ভাদ্র। ~ন (-শ-) [প্র—কাশ্ +অন (ভা০)] বি, প্রকাশ ; ব্যক্তকরণ expression. ~নীয় (-শ-) [প্র—কাশ্ +অনীয়] বিণ, প্রকাশযোগ্য ; প্রকাশ্য। ২ প্রচারযোগ্য। ~মান [প্র—কাশ্ + আন ; (র্ত্তৃ) ম আগম] বিণ, দীপ্তিমান ; উজ্জ্বল। ২ স্পষ্ট।

প্রকাশাত্মা [প্রকাশ (ব্যক্ত)+আত্মা যার, বহু০। মূ০ প্রকাশাত্মন্ ১মা, ১ব০] বি, ঈশ্বর। ২ যিনি স্বয়ংদীপ্ত ; দিবাকর। ৩ বিণ, ব্যক্ত স্বভাব।

প্রকাশিত [প্র—কাশ্ +ত (র্ম্ম)] বিণ, উদ্ভাসিত ; দীপ্ত। ২ বিকসিত ; প্রস্ফুটিত। ৩ ব্যক্ত ; অভিব্যক্ত। ৪ জ্ঞানগম্য ; প্রকট। "তুমি প্র০ হলে মোহ-আঁধার যায় চলে ; তখন হৃদয়-গগন-মণ্ডলে হয় দিব্যজ্ঞানচন্দ্রোদয়" —কৃ০। ৫ শোভিত। ৬ প্রচারিত। ৭ আবিষ্কৃত। স্ত্রীং ~া।

প্রকাশিতব্য [প্র—কাশ্ +তব্য (র্ম্ম), মধ্যে ই আগম] বিণ, প্রকাশযোগ্য ; প্রকাশনীয় ; প্রকাশ্য।

প্রকাশিনী [প্রকাশ+ইন্+ঈ (স্ত্রীং)] বিণ, প্রকাশকারিণী ; বিকাশিনী। পুং **প্রকাশী**।

প্রকাশ্য [প্র—কাশ্ +য (র্ম্ম)] বিণ, প্রকাশ করিবার যোগ্য ; প্রচার যোগ্য। ২ সর্ব্বসাধারণের জন্য উন্মুক্ত। প্র—প্রকাশ্য দরবার। প্রকাশ্য স্থান। ৩ যা গোপনীয় নহে। ৪ ক্রি-বিণ, সর্ব্বসমক্ষে (বিরল)। স্ত্রীং ~া। ক্রি-বিণ, **প্রকাশ্যে**—সর্ব্বসমক্ষে ; গোপন না করিয়া ; প্রকাশ করিয়া। প্র—কথাটা প্রকাশ্যেই বল না। ক্রমশঃ **প্রকাশ্য**—অ, যা ক্রমে ক্রমে বা অংশে অংশে প্রকাশ করিবার মত।

প্রকীর্ণ [প্র—কৄ (বিক্ষেপ করা)+ত (র্ম্ম)] বিণ, বিকীর্ণ ; বিস্তৃত ; বিক্ষিপ্ত ; ছড়ান। ২ অসম্বদ্ধ। ৩ প্রচারিত। ৪ প্রকাশিত। ৫ উন্মার্গ ; উচ্ছৃঙ্খল। ~া।

প্রকীর্ণক [সং] বি, অশ্ব। ২ চামর। ৩ গ্রন্থাংশ; পুস্তকের পরিচ্ছেদ। ৪ বিস্তার।

প্রকীর্ত্তি [প্র—কীর্ত্তি (কীর্ত্তন)] বি, প্রকাশ ; অভিব্যক্তি। ২ প্রসিদ্ধি ; যশঃ ; খ্যাতি। ৩ প্রচার। বিণ, ~র্ত্তিত [প্র—কৄৎ (কীর্ত্তন করা)+ত (র্ম্ম), কৄৎ=কীর্ৎ] বিণ, বর্ণিত ; পরিকীর্ত্তিত ; প্রচারিত ; কথিত। ২ প্রখ্যাত ; প্রসিদ্ধ।

প্রকুপিত [প্র (অধিক)—কুপ্ (রাগ করা)+ত (র্ত্তৃ)] বিণ, অতিশয় রাগান্বিত ; অতি ক্রুদ্ধ। স্ত্রীং ~া।

প্রকৃত [প্র—কৃ (করা)+ত (র্ম্ম)] বিণ, যথার্থ ; ন্যায়তঃ ; বাস্তবিক ; সত্য। প্র—প্র০ কথা। প্র০ ঘটনা। ~তা, ~ত্ব [প্রকৃত+তা, ত্ব (ভা০)] বি, প্রকৃত অবস্থা। ২ সত্যতা ; বাস্তবতা ; সত্যতা।

প্রকৃতার্থ [প্রকৃত+অর্থ] বি, সত্যার্থ। ২ বিণ, যথার্থ। ~বাদিনী—সত্যার্থপ্রকাশিকা।

প্রকৃতি [প্র—কৃ (করা)+তি (যে)। গ্রা০ বাং—পরকিত। গ্রা০, নারীকথ্য—পিরকিরতি, পিরকিত্তি] বি, যদ্দ্বারা বিশ্বব্রহ্মাণ্ডের যাবতীয়

বল ব'ল বলুন মেলা ব্যথা অতি এ তি কুক্ষ অম, ে = য় য়া=এ =a(t), ণ=ন ব=জ স=শ=ষ সণ=ধ (ষ ত হ ন ম স শ...), অনাদ্য, অব্যক্ত

পদার্থ সৃষ্ট হইয়াছে; জগতের নির্ম্মিতির মূল; চৈতন্যময় পুরুষের বিপরীত অজ্ঞানময় জড়। ২ [বৈদিক] যে যজ্ঞের সকল অনুষ্ঠান প্রত্যক্ষ শ্রুতি দ্বারা উপদিষ্ট হয়। ৩ [দর্শনে] সত্ত্ব, রজঃ, তমঃ এই ত্রিগুণাত্মক জগতের আদি-কারণ; নিরাকার, নির্ব্বিকার চৈতন্যস্বরূপ ও জ্ঞানময় পুরুষের সাকার ও জড়রূপে প্রকাশ-মান গুণত্রয়। "নিরাকার ব্রহ্ম তিন রূপেতে সাকার। সত্ত্ব রজ তমোগুণ প্র° তাঁহার॥" ৪ যাবতীয় সৃষ্টপদার্থ; নিসর্গ; স্বভাব। ৫ আদিকারণ। ৬ আদ্যা; প্রধানা। ৭ শক্তি। "চিন্তিতে এমন কাজ, এক চিত্তে দেবরাজ, তনু হৈতে নির্গত প্র°"-কবিক°। ৮ অজ্ঞান। ৯ মায়া। ১০ ক্ষিত্যাদি পঞ্চভূত। ১১ পঞ্চভূতাত্মক দেহ। ১২ পরমাত্মা; বিশ্বাত্মা। ১৩ আত্মা; জীবাত্মা। ১৪ অবিদ্যা। "যজ্ঞক্ষয় হেতু দেবী আপনি প্রকৃতি"-কবিক°। ১৫ দেবী। ১৬ জননী। ১৭ দুর্গা, গঙ্গা, বেদমাতা, সাবিত্রী, রাধিকা, ষষ্ঠী, মনসা প্রভৃতি; বৈষ্ণবতন্ত্রে রাধিকা "প্রধানা প্রকৃতি" বলিয়া উক্ত হইয়াছেন। ১৮ নারী। ১৯ যোনি। ২০ শিশ্ন। ২১ সপ্তবিধ রাজ্যাঙ্গ যথা-(১) স্বামী (২) মন্ত্রী (৩) সহায় (৪) সম্পত্তি (৫) দেশ (৬) দুর্গ ও (৭) সৈন্য। ২২ প্রজা। "ধরম বিপ্লবকারী আর স্বেচ্ছাচারী ভাবি মোরে প্রকৃতিরা, অনুকৃতি তা'রি করিবে, কারণ, যাহা রাজার আচার সেইরূপ হয়ে থাকে সকল প্রজার।"-রামা° (রাজ°)। ২৩ পুরোহিত, প্রতিনিধি, প্রধান, সচিব, মন্ত্রী, প্রাড়্‌বিবাক, পণ্ডিত, সুমন্ত্রক, অমাত্য ও দূত এই দশ প্রকৃতি। ২৪ অমাত্য। ২৫ স্বভাব চরিত্র; মতিগতি। "কে তুমি কাছে বসে থাক সর্ব্বদা আমার; স্বভাব প্র° রীতি, মিষ্ট অতি, কি নাম বল তোমার?" -ক্ষ°। ২৬ [অলং শা°] সং ছন্দোবিঃ; একাদশাক্ষরাবৃত্তি। ২৭ [ব্যা°] ধাতু বা শব্দমূল। ২৮ [গ°] গুণক coefficient. ২৯ [পরিঃ(গি°বস্থ)] মেজাজ; ইং temperament এর বৈজ্ঞা° পরিঃ। ~গত [প্রকৃতি-গত (নিহিত)] বিণ, স্বভাবসিদ্ধ; স্বভাবসুলভ। ~জ [প্রকৃতি-জ (জাত)] বিণ, প্রাকৃতিক; স্বভাবজাত। ~জন্য-স্বভাবজ। ~জাত [প্রকৃতি হতে জাত (উৎপন্ন), ৫তৎ] বিণ, স্বভাবজাত; প্রাকৃতিক; নিসর্গ সম্বন্ধীয়; স্বাভাবিক; প্রকৃতিগত। ~দত্ত-বিণ, স্বাভাবিক; প্রকৃতিগত। ~পূজক-বিণ, জড়মূর্ত্তির পূজাকারী। ~পূজা [প্রকৃতির পূজা বা প্রকৃতিকে পূজা, ৬তৎ বা ২তৎ] বি, জড়পূজা। ২ লিঙ্গপূজা phallism. ~পুঞ্জ [প্রকৃতি (প্রাণী) পুঞ্জ (সমূহ)] বি, প্রজাসমূহ; প্রাণিসমূহ। ~বৎ [প্রকৃতি+বৎ (তুল্যার্থে)] অ, প্রকৃতির মত; স্বভাবতুল্য। ~বাদ [প্রকৃতি-বাদ (তত্ত্ব, দর্শন)] বি, প্রকৃতিতত্ত্ব; প্রাকৃতদর্শন naturalism. ২ ধাতুবাদ; শব্দের মূলনির্ণয় বা প্রকৃতার্থবিচার। ~বাদী [পুং প্রকৃতিবাদিন্] বিণ, প্রকৃতিবাদ অবলম্বী; প্রকৃতিতত্ত্বজ্ঞ; প্রকৃত দর্শনে বিশ্বাসকারী। ~বিজ্ঞান-বি, প্রকৃতিতত্ত্ব; পদার্থবিদ্যা natural philosophy; physics. ~বিজ্ঞানবিৎ-বি, পদার্থতত্ত্বজ্ঞ; পদার্থ-বিদ্যায় পারদর্শী; জড়বৈজ্ঞানিক physicist. ~বিজ্ঞানবেত্তা-বি, জড়বৈজ্ঞানিক; প্রকৃতি বিজ্ঞানবিশারদ; পদার্থবিজ্ঞানবিৎ physicist. > স্ত্রীং ~বিজ্ঞানবেত্রী। ~বিরুদ্ধ [৬তৎ] বিণ, স্বভাবের বিপরীত; স্বভাবের প্রতিকূল। ~মণ্ডল [৬তৎ] বি, রাজ্যের অঙ্গ অর্থাৎ স্বামী, মন্ত্রী, সুহৃদ, ধন, দেশ, দুর্গ, সৈন্য এবং প্রজাপুঞ্জ। ~রঞ্জক [৬তৎ] বিণ, প্রজারঞ্জক; প্রজাবৎসল; প্রজার প্রীতিবর্দ্ধন; প্রজাসাধারণকে সন্তুষ্ট রাখিয়া রাজ্যশাসনকারী। > বি, ~রঞ্জন। ~সিদ্ধ [প্রকৃতি দ্বারা সিদ্ধ, ৩তৎ] বিণ, স্বভাবসিদ্ধ; স্বাভাবিক। ~স্থ [প্রকৃতি-স্থা (থাকা)+অ (র্ত্তৃ)] বিণ, স্বাভাবিক অবস্থা-প্রাপ্ত; স্বীয় ভাবাপন্ন। ২ স্বাভাবিক; প্রাকৃতিক। ৩ [দর্শন° পরিঃ (গি° বস্থ)] ইং normal এর বৈজ্ঞা° পরিঃ। স্ত্রীং ~া।

প্রকৃতোত্তর [প্রকৃত+উত্তর] বি, সদুত্তর; যথার্থ উত্তর; ঠিক জবাব।

প্রকৃষ্ট [প্র-কৃষ্+ত (র্ম্ম)] বিণ, শ্রেষ্ঠ; উৎকৃষ্ট; উত্তম। ২ প্রশস্ত। প্রশংসনীয়। স্ত্রীং ~া। ~তা, ~ত্ব [প্রকৃষ্ট+তা, ত্ব (ভা°)] বি, শ্রেষ্ঠত্ব; ঐকৃষ্টতা; প্রশস্ততা।

প্রক্‌ৢপ্ত [প্র-কৢপ্ (প্রস্তুত করা)+ত (র্ম্ম), কৢ=ক্ল] বিণ, উদ্ভূত; সম্ভূত; জাত। ২ গ্রথিত; রচিত; কৃত।

প্রকেত [প্র-কিত্+ণিচ্=কেতি (জানান)+অ (র্ত্তৃ), ই লোপ] বিণ, বিশেষ-রূপে জ্ঞাপক। ২ বি, প্রকৃষ্ট সুখসাধন।

প্রকোপ [প্র-কুপ্ (রাগ করা)+অ (ভা°)] বি, অতি ক্রোধ; কোপাধিক্য। ২ বেগাধিক্য। প্র-জ্বরের প্রকোপ। ৩ কাঠিন্য; কঠোরতা; উৎকটতা। প্র-শীতের প্র°। জ্বরের প্র°। ~ন, -ণ (-র্ণ-) [প্র-কুপ্+ণিচ্=কোপি+অন (ভা°)] বি, উত্তেজন। ২ বর্দ্ধন। ৩ অগ্নি ইং উদ্দান।

প্রকোপিত [প্রকোপ+ইত (যুক্তার্থে)] বিণ, ক্রুদ্ধ; রাগান্বিত।

প্রকোষ্ঠ [প্র-কুষ্ (সংলগ্ন হওয়া)+ঠ (জা°)] বি, কনুয়ের নিম্ন হতে মণিবন্ধ পর্য্যন্ত। ২ [প্রাণিবিদ্যা°] ইং forearm এর বৈজ্ঞা° পরিঃ; অরত্নি (প্রকৃতি°)। ৩ কক্ষ; গৃহ। ৪ দ্বারের অংশবিঃ। ৫ বহির্দ্বারের পার্শ্বস্থিত গৃহ। ৬ আগার; মহল।

প্রক্রম [প্র (অধিক-প্রথম) ক্রম্ (গমন করা)+অ (ভা°)] বি, গমন; পরিক্রম। ২ পরিভ্রমণ; পরিক্রমণ। ৩ অতিক্রম। ৪ প্রথমারম্ভ; উপক্রম; সূচনা। ৫ অবকাশ; অবসর।

প্রক্রান্ত [প্র-ক্রম্+ত (র্ম্ম)] বিণ, অপসারিত; দূরীকৃত। ২ তিরোহিত; গত। ৩ কৃত-আরম্ভ। আরব্ধ। স্ত্রীং ~া।

প্রক্রিয়া [প্র-কৃ (করা)+য (ভা°)+আ (স্ত্রীং)] বি, কার্য্যপ্রণালী। ২ গ্রন্থ-পরিচ্ছেদ; প্রকরণ। ৩ অনুষ্ঠান। ৪ [পাটী° (ক° বিশ° পরিঃ)] বি, পদ্ধতি process.

প্রক্বণ, প্রক্বণ, প্রক্বাণ [প্র (প্রধান) ক্বণ্ (শব্দ করা)+অ (অল, ঘঞ্-ভা°)] বি, ধ্বনি; শব্দ। ২ বীণাযন্ত্রের বাদ্যধ্বনি।

প্রক্লামেস(শ)ন [ইং proclamation এর লিপ্যন্তর] বি, পলাতক আসামীর সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞাপন।

প্রক্লিন্ন [প্র (আধিক্য)+ক্লিদ্ (আর্দ্র

হওয়া) + ত (র্ত্তৃ)] বিণ,আর্দ্র ; সিক্ত ; ভিজা। ২ প্রচুর স্নেহযুক্ত। ৩ পরিতুষ্ট ; সন্তুষ্ট।

প্রক্ষালন [প্র (সম্পূর্ণরূপে) ক্ষালি(ধৌত করা) + অন (ভা॰)। বাং প্রাকৃ॰ পখালন, পখাড়ন] বি, পরিষ্কারকরণ ; ধৌতকরণ।

প্রক্ষালিত [প্র-ক্ষালি + ত (র্ম্ম)] বিণ, পরিষ্কৃত ; ধৌত ; ধোয়া।

প্রক্ষিপ্ত [প্র-ক্ষিপ্ (ক্ষেপণ করা) + ত (র্ম্ম)] বিণ, যা ক্ষেপণ করা হইয়াছে ; নিক্ষিপ্ত। ২ অন্তর্নিহিত। ৩ রচিত ; বিন্যস্ত। ৪ [ব্যা॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] বি, ইং projected এর বৈজ্ঞা॰ পরিঃ।

প্রক্ষেপ [প্র-ক্ষিপ্ + অ (ভা॰)] বি, নিক্ষেপ ; বিক্ষেপ। ২ রচনা ; বিন্যাস। ৩ [সঙ্গীতে] তন্তযন্ত্রে কোন সুর আলাপ করিবার কালে সেই সুরের নিম্ন পর্দ্দায় এক বা একাধিক সুর ব্যবধানের অঙ্গুলি ঘর্ষণ বা সঞ্চালন প্রক্রিয়াবিঃ। ৪ [ব্যা॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] বি, ইং projection এর বৈজ্ঞা॰ পরিঃ। এই অর্থে প্রক্ষেপণ ও॰ (গি॰ বসু)। ~ক (-প॰) [প্রক্ষেপ দ্রঃ] বিণ, যে প্রক্ষেপ করে ; নিক্ষেপকারী। ~ণ (-প॰) [প্র-ক্ষিপ্ + অন (ভা॰)] বি, নিক্ষেপকরণ। ~ণীয় (-প॰) [প্র-ক্ষিপ্ + অনীয়] বিণ, প্রক্ষেপের যোগ্য ; নিক্ষিপ্ত হইবার উপযুক্ত ; ফেলিবার যোগ্য।

প্রক্ষেপাক্ষ [ব্যা॰(ক॰বিশ্ব॰পরিঃ)]বি, ইং axis of projection এর বৈজ্ঞা॰ পরিঃ।

প্রক্ষ্বেড়ন [প্র (সর্ব্বতোভাবে) ক্ষ্বিড়্ (মুক্ত করা) + অন (ণে)] বি, লৌহময় বাণ ; নারাচ অস্ত্র। "প্রক্ষ্বেড়ন ঘন ঘন, ক্রমন কুঠার। করে বধ, পরশ্বধ বিষম প্রহার।" -কাঞ্চী॰ (রঙ্গলাল)।

প্রখর [প্র (অধিক)-খর (তীক্ষ্ণ), যা] বিণ, তীব্র ; তীক্ষ্ণ ; তেজাল। ২ অতিশয় উষ্ণ। ৩ [প্র-খন্ (খনন করা) + রক্ (র্ম্ম)] বি, অশ্বতর। স্ত্রীং ~া-বিণ, উগ্রা। ২ বি, যে নায়িকা দন্তবাক্য প্রয়োগ করে, এবং যার কথা কেহ খণ্ডন করিতে পারে না। ~তা, ~ত্ব (-ত্ব॰) [প্রখর + তা, ত্ব (ভা॰)] বি, তীক্ষ্ণতা ; তীব্রতা। ২ উষ্ণতা।

প্রখ্যা [প্র-খ্যা (বলা) + অ (ভা॰) আ (স্ত্রীং)] বি, খ্যাতি ; যশ। ২ নাম ; সংজ্ঞা।

প্রখ্যাত [প্র-খ্যা (বলা) + ত(র্ম্ম)] বিণ, প্রসিদ্ধ ; বিখ্যাত ; প্রকৃষ্ট ; খ্যাতিযুক্ত ; খ্যাতাপন্ন। > স্ত্রীং ~া। ~নামা-বিণ, স্বনামপ্রসিদ্ধ। ~বপ্তৃক-বিণ, বিখ্যাত-পিতৃক ; স্ববংশজ।

প্রখ্যাপন [প্র-খ্যাপন (দ্রঃ)] বি, সুপ্রচার ; প্রতিষ্ঠা ; বিস্তৃত ঘোষণা। ~পক -বিণ, বিঘোষক ; সুপ্রচারক। স্ত্রীং ~পিকা। ~পিত-বিণ, সম্যক্ প্রচারিত ; সুপ্রতিষ্ঠিত।

প্রগণ্ড [সং] বি, কনুই হতে স্কন্ধ পর্য্যন্ত বাহুর অংশ।

প্রগণ্ডী [সং] বি, সৈন্যসমাবেশ স্থান ; শিবির। ২ বহিঃপ্রাচীর। ৩ দুর্গভিত্তি।

প্রগত [প্র-গম্ (গমন করা) + ত (র্ত্তৃ)] বিণ, প্রস্থিত। ২ মৃত ; পরলোকগত। ৩ বিযুক্ত। ~জানু [প্রগত (বিযুক্ত, পৃথগভূত) জানু (হাঁটু) যার, বহু॰] বিণ, বক্রপাদযুক্ত ; খোঁড়া ; খঞ্জ।

প্রগতি১, প্রগমন [প্র-গতি, গমন] বি, অগ্রসরণ ; সম্প্রসারণ ; উন্নতি ; বিস্তার ; ক্রমোন্নতি progress. "বিভিন্ন দেশে সমবায় ধর্ম্ম কিরূপ গতি প্র॰ লাভ করিয়াছে তাহার ইতিহাস"-সম্মিলনী, ১৩৩৪, ভাদ্র।

প্রগতি২ [বীজগ॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] বি, ইং progression এর বৈজ্ঞা॰ পরিঃ।

প্রগন্ধ [প্র (প্রকৃষ্ট) হইয়াছে গন্ধ যার, বহু॰] বিণ, প্রকৃষ্টগন্ধযুক্ত।

প্রগমন [প্র-গম্ (গমন করা) + অন (ভা॰)] বি, প্রস্থান ; দূরে গমন।

প্রগল্ভ [প্র (অধিক) গল্ভ্ (অহঙ্কার করা) + অ (র্ত্তৃ)] বিণ, অহঙ্কারী ; দাম্ভিক। ২ উদ্ধত। ৩ লজ্জাহীন ; নির্লজ্জ। ৪ ধৃষ্ট। ৫ নির্ভীক ; সাহসী। ৬ অবিনীত। ৭ [বাং-য় চ॰] বাক্চতুর। ৮ অকুণ্ঠিত। ৯ বি, গর্ব্ব। স্ত্রীং ~া-যে নায়িকার পূর্ণযৌবন, মদান্ধতা, বিপরীত রতিতে বাসনা, রসাভাব, কান্ত প্রতি আক্রমণকারিতা এই সকল বিদ্যমান থাকে। ২লজ্জাহীনা। ~তা, ~ত্ব [প্র-গল্ভ + তা, ত্ব (ভা॰)] বি, অহঙ্কার ; দম্ভ। ২ ঔদ্ধত্য ; অবিনয়। ৩ নির্ভীকতা ; সাহস। ৪ নির্লজ্জতা। ৫ ধৃষ্টতা। ~যৌবনা -বিণ, ধৃষ্টা বা লজ্জাহীনা যুবতী।

প্রগাঢ় [প্র (অত্যর্থে) গাঢ়] বিণ, গভীর। ২ অতিশয় ; অত্যন্ত ; অত্যধিক। ৩ কঠিন ; দৃঢ়। ৪ নিবিড়। ~তম-বহু মধ্যে চরমার্থে। ~তর-উভয়ের তুলনায় আধিক্যার্থে বা উৎকর্ষার্থে।

প্রগাতা [প্র-গৈ (গান করা) + তৃ (র্ত্তৃ) =প্রগাতৃ ১মা, ১ব॰] বিণ, সঙ্গীতাভিজ্ঞ ; সঙ্গীতনিপুণ।

প্রগুণ [প্র (প্রকৃষ্ট) গুণ যার, বহু॰] বিণ, প্রকৃষ্টগুণসম্পন্ন। ২ সুনিপুণ ; সুদক্ষ। ৩ অনুকূল ; সদয়। ৪ সরল।

প্রগ্রহ [প্র-গ্রহ্ (গ্রহণ করা) + অ (ণে)] বি, রজ্জু ; রশি ; দড়ী। ২ অশ্ববন্ধন রজ্জু ; লাগাম। ৩ বন্ধন ; রুদ্ধকরণ ; বাঁধন। ৪ রশ্মি ; কিরণ। ৫ বাহু ; হস্ত। ৬ [+অ(র্ম্ম)] বন্দী ; কয়েদী। ৭ গ্রহণ।

প্রগ্রাহ [প্র-গ্রহ্ (গ্রহণ করা) + অ (ণে)] বি, প্রগ্রহ দ্রঃ।

প্রগ্রীব [প্র (প্রশস্তার্থে) গ্রীব (গ্রীবাযুক্ত) বিণ, প্রশস্ত গ্রীবাবিশিষ্ট। ২ বি, বৃক্ষাগ্র ;

প্রঘণ, -ঘান [সং] বি, প্রকোষ্ঠ ; বহির্দ্বার। ২ কক্ষ ; গৃহ। ৩ গাড়ীবারান্দা। ৪ গৃহ-সম্মুখস্থ প্রাঙ্গণ ; অলিন্দ। ৫ লৌহময় মুদ্গর।

প্রঘস [প্র-অদ্ (ভক্ষণ করা) + অ (ভা॰), অদ্=ঘস্] বি, প্রকৃষ্ট ভোজন ; ভুরি ভোজন। ২ [+অ (র্ত্তৃ)] রাক্ষস। ৩ দানব ; দৈত্য ; অসুর। স্ত্রীং ~া-কুমারানুচর মাতৃকাবিঃ।

প্রঘাত [প্র (প্রচণ্ড বেগে) ঘাত(আঘাত) করা হয় যাতে, বহু॰] বি, রণ ; সংগ্রাম।

প্রঘূর্ণ-বি, বিলক্ষণ ঘূর্ণন। বিণ, প্রঘূর্ণিত-বিঘূর্ণিত।

প্রঘোষক [প্র (অধিক) ঘোষ্ (শব্দ) + ক (স্বার্থে)] বি, যে ঘোষণা করে ; যদ্দ্বারা ঘোষিত হয় ; শব্দ ; ধ্বনি। ২ [প্র-ঘোষক (দ্রঃ)] বিণ, বিশেষভাবে ঘোষণাকারী।

প্রচক্র [সং] বি. গমনশীল সৈন্যদল ; প্রস্থিত সৈন্য।

প্রচণ্ড [প্র (অধিক) চণ্ড (উগ্র), ধা] বিণ. প্রখর। ২ অসহনীয় ; দুঃসহ ; অসহ্য। ৩ দুর্দ্দমনীয় ; দুর্দ্ধর্ষ। ৪ প্রবল ; প্রতাপান্বিত ; প্রতাপশালী। ৫ অতিরুষ্ট ; অত্যন্ত কোপযুক্ত। ৬ অত্যুগ্র ; অতিশয় তাপযুক্ত। ৭ ভীষণ ; ভীতিপ্রদ। স্ত্রীং~া-বি. ভগবতীর সখী উগ্রচণ্ডা। ২ শ্বেতদুর্ব্বা। ~তা,~ত্ব [প্রচণ্ড+তা,ত্ব (ভা॰)] বি.প্রচণ্ডত্ব ; প্রখরতা। ২ ভীষণতা। ৩ উগ্রতা। ৪ উষ্ণতা। ~ধন্বা [প্রচণ্ড-ধন্বন শব্দ] বিণ. মহাবীর ; মহাধনুর্দ্ধারী। ~মূর্ত্তি [প্রচণ্ড (উগ্র) মূর্ত্তি যার বহু॰] বিণ.উগ্রমূর্ত্তি ; ভীষণাবয়ব ; ভয়ঙ্কর আকৃতি। ২ বি. বরুণবৃক্ষ।

প্রচয় [প্র-চি (চয়ন করা) + অ (র্ম্ম)] বি. চয়ন ; সংগ্রহ। ২ রাশি ; স্তূপ ; পুঞ্জ। ৩ জমাট। ৪ উপচয় ; বৃদ্ধি।

প্রচর [প্র-চর্ (গমন করা) + অ (ধি) যেখানে বিচরণ করা হয়] বি. পথ ; বর্ত্ম ; রাস্তা। ২ [ভা॰] গতি ; চলন। ৩ প্রসিদ্ধি ; বহুল ব্যবহার। ৪ বিস্তার ; ব্যাপ্তি। ~দ্রূপ [প্রচরৎ + রূপ] বিণ.যার ভূরি প্রচলন আছে ; বহুব্যবহৃত ; প্রচারিত ; প্রচলিত।

প্রচল [প্র-চল্ (গমন করা) + অ (র্তৃ)] বিণ. প্রচলিত ; প্রচারিত। ২ চঞ্চল।

প্রচলন [প্র-চল (গমন করা) + অন (ভা॰)] বি. প্রবর্ত্তন ; প্রচার।

প্রচলায়িত [নামধাতু চলায় + ত (র্ম্ম)] বিণ. বিলক্ষণ চালিত ; যা খুব চালান বা ঘুরাণ হইয়াছে ; বিঘূর্ণিত।

প্রচলিত [প্র-চল (গমন করা) + ত (র্ম্ম)] বিণ. প্রবর্ত্তিত ; যা চলিয়া গিয়াছে ; যার চলন হইয়াছে।

প্রচার [প্র-চর্ (গমন করা) + অ(ভা॰)। প্রা॰ বাং প্রাকৃ॰ পয়চর, পয়চার, প্রা॰পেয়চার, পোচার, পেচার] বি. গমন ; চলন। ২ প্রচলন। ৩ বিস্তার ; প্রসার। ৪ প্রকাশ। ৫ ঘোষণা। ৬ প্রসিদ্ধি। ৭ অবতার। "সেই দুই কহে কলিতে সাক্ষাৎ অবতার। তুমি কহ কলিতে নাহি বিষ্ণুর প্র॰।"-চৈ॰ চ॰।

প্রচারক [প্র-চর্ + অক (র্তৃ)] বিণ. যে প্রচার করে ; যে বিস্তার করে ; যে প্রকাশ করে ; প্রকাশক।

প্রচারণ [প্র-চর্ + ণিচ্=চারি + অন (ভা॰)] বি. প্রকাশকরণ ; বিস্তারকরণ। ২ চলন।

প্রচারা [প্রচার (ক্রঃ) + আ (ক্রি-বিভক্তি), পদ্যে। প্রচারি, প্রচার, প্রচারে ; প্রচারিতে ; প্রচারিয়া (ক্ষে॰ প্রচারি)] ক্রি. প্রচার করা ; রটান ; ঘোষণা করা। "পূরব অরুণ জ্যোতি মহিমা প্রচারে বিহগ বৃন্দ গায় তাঁহারি।"-স্কা॰। ২ গ্রন্থাদি প্রকাশ করা। "প্রচারে যেমতে কাব্য শুনয়ে যেমন ভব্য করি চিন্তা হয় মোর ক্লেশ।"-কবিক॰।

প্রচারিত [প্র-চর্ + ণিচ=চারি + ত (র্ম্ম)] বিণ. যা প্রচার করা হইয়াছে ; প্রকাশিত।

প্রচাল [প্র-চল্ (গমন করা) + অ (ভা॰)] বি.বীণার চাঁচা ; বীণাযন্ত্রের কাঠাম।

প্রচালিত [প্র-চল্ + ণিচ্=চালি (গমন করান) + ত (র্ম্ম)] বিণ.যার প্রচলন হইয়াছে ; যা চালান হইয়াছে।

প্রচিত [প্র-চি(চয়ন করা) + ত(র্ম্ম)] বি. যা চয়ন করা হইয়াছে ; চয়িত ; সংগৃহীত।

প্রচীয়মান [প্র-চি (চয়ন করা) + আন (র্ম্ম)] বিণ.উপচীয়মান ; বর্দ্ধমান ; বৃদ্ধিশীল।

প্রচুর [প্র-চুর্ (চুরি করা > বৃদ্ধি পাওয়া) + অ (র্তৃ)] বিণ. বহুল ; প্রভূত ; পর্য্যাপ্ত ; অধিক।

প্রচেতাঃ [প্র (উৎকৃষ্ট হইয়াছে) চেতস্ (মনঃ) যার, বহু॰। মূ॰ প্রচেতস্ ১মা, ১ ব॰] বি, বারীশ ; বরুণ। ২ মুনিবিঃ। ৩ বিণ. আহ্লাদিত ; প্রকৃষ্টচিত্ত ; হৃষ্টমনা ; সুখী।

প্রচেতিত [প্র-চিত্ (জানা) + ত (র্ম্ম)] বিণ. অবগত ; পরিজ্ঞাত।

প্রচেয় [প্র-চি (চয়ন করা) + য (র্ম্ম)] বিণ. চয়নযোগ্য ; চয়নীয়। ২ গ্রাহ্য ; গ্রহণযোগ্য। ৩ বর্দ্ধনীয়।

প্রচেষ্টা [প্র-চেষ্টা] বি. প্রযত্ন ; উদ্যম ; প্রয়াস ; নিরত চেষ্টা ; অধ্যবসায় assiduity ; perseverance.

প্রচোদিত [প্র-চোদিত (প্রেরিত)] বিণ. বিশেষভাবে প্রেরিত। ২ প্রণোদিত।

প্রচ্যুত [প্র-চ্যু (স্খলিত হওয়া) + ত (র্ম্ম)] বিণ. পরিভ্রষ্ট ; পতিত। "তাঁহাদের ধর্ম্ম হইতে প্রচ্যুত করিয়া * *।"

প্রচ্ছদ [প্র-ছদ্ + ণিচ=ছাদি (আবরণ করা) + অ (ণে)] বি. আবরণের বস্ত্র ; আচ্ছাদন। ২ আস্তরণ বস্ত্র। ৩ [+ অ (ভা॰)] আচ্ছাদন। ~পট [প্রচ্ছদ (আচ্ছাদন) যে পট (বস্ত্র), ধা] বি. আবরণ বস্ত্র ; আচ্ছাদন। ২ চাদর কম্বলাদি আস্তরণ বস্ত্র।

প্রচ্ছনা [প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা) + অন (ভা॰) + আ (স্ত্রীং)] বি. প্রশ্ন জিজ্ঞাসা। ২ আমন্ত্রণা।

প্রচ্ছন্ন [প্র-ছদ্ + ণিচ্=ছাদি (আবরণ করা) + ত (র্ম্ম), যাকে আবরণ করা হইয়াছে] বিণ. আচ্ছন্ন ; আবৃত ; গুপ্ত ; ঢাকা। ২ বি. গুপ্তদ্বার। ~চারী [প্রচ্ছন্ন (প্রচ্ছন্ন বা গুপ্তভাবে) + চারী (বিচরণকারী)] বিণ. যে গুপ্তভাবে বিচরণ করে ; গুপ্তচর। ২ অলক্ষিত ; অদৃশ্য। "তুই রে প্রচ্ছন্নচারী শত্রু ভয়ানক" -রামা॰ (রাজ॰)।

প্রচ্ছাদন [প্র-ছদ্ + ণিচ্=ছাদি (আবরণ করা) + অন (ভা॰)] বি. উত্তরীয় ; উড়ানি। ২ [+ অন (ণে)] আবরণ বস্ত্র ; আচ্ছাদন। ৩ আস্তরণ বস্ত্র।

প্রচ্ছাদিত [প্র-ছদ্ + ণিচ্=ছাদি + ত (র্ম্ম)] বিণ. আবৃত ; আচ্ছাদিত ; ঢাকা।

প্রচ্ছায় [প্র (প্রকৃষ্ট) ছায়া, ধা] বি. প্রকৃষ্ট ছায়া।

প্রচ্ছায়া [জ্যো॰ (ক॰বিশ্ব॰ পরিঃ)] বি. ইং umbraর বৈজ্ঞা॰ পরিঃ।

প্রছন্ন [সং-প্রসন্ন > অং, স=ছ। প্রা॰ বাং] বিণ. প্রসন্ন। "যেবে প্রছন্ন তোতে হইল কুমার।"-গোবিন্দ গী॰ (খৃ॰১১-১২ শতক)।

প্রজ [প্র-জন্ (জন্মান) + অ (র্তৃ), যে জায়াতে প্রবেশ করিয়া পুনরায় সন্তানের রূপ ধরিয়া জন্মে] বি. স্বামী ; পতি। তুল-"পুত্র প্রসবিনী ভার্য্যাকে সাক্ষাৎ মাতার ন্যায় জ্ঞান করিবে।"-মহা॰ (শান্তি॰)।

প্রজঙ্ঘ [প্র (প্রকৃষ্ট) জঙ্ঘা যার, বহু০] বি, রাক্ষসবিঃ।

প্রজন [প্র-জন+ণিচ্=জনি (উৎপন্ন করান)+অ (ভা০)] বি, পশুদিগের প্রথম গর্ভ গ্রহণ সময়। ২ গবাদির গর্ভগ্রহণ করান।

অতিপ্রজনন [পারিঃ অর্থে (সং হতে রবী০ কর্ত্তৃক নির্ব্বাচিত)] বি, জনসংখ্যার অতিবৃদ্ধি over-population.

প্রজনন [প্র-জন্ (জন্মান)+অন (ধি)] বি, যোনি। ২ [+অন (ভা০)] জন্ম। ৩ [পরিঃ (H.S. Glossary)] বি, ইং reproduction এর বৈজ্ঞা০ পরিঃ।

প্রজনিকা [প্র-জনি (জন্মান)+ক (র্ত্তৃ)+আ (স্ত্রীং)] বি, জননী; মাতা।

প্রজনিষ্ণু [প্র-জন্+ইষ্ণু (র্ত্তৃ, শীলার্থে)] বিণ, জননশীল (জীব)।

প্রজল্প, প্রজল্পন [প্র-জল্প্ (বলা) +অ, অন (ভা০)] বি, কথোপকথন: বাক্যালাপ।

প্রজা [প্র-জন্ (উৎপন্ন হওয়া)+অ (র্ত্তৃ) +আ (স্ত্রীং, ন লোপ)। গ্রা০ পেরজা] বি, অধিকারস্থ লোক। ২ অপত্য; সন্তান; পুত্র। "বৈবস্বতাদি মনু মানব জাতির আদিপুরুষ। তাঁহাদের প্রজা অর্থাৎ সন্তান ব্রাহ্মণাদি মনুষ্য।" "দুঃখমনা পুলোমজা কোলে তার নাহি প্রজা কত তার শুনিব ক্রন্দন।"-কবিক০। ৩ রাজার শাসনাধীন অধিবাসিবর্গ বা জনসাধারণ। ৪ জমীদারকে খাজনা দিয়া যারা তার জমীতে বাস করে। ৫ জন; নরনারী। ৬ প্রাণিমাত্র। ~ই [প্রজা-ই (ইয়া র স্ক০)] বিণ, প্রজা সম্বন্ধীয়। প্র-প্রজাই স্বত্ব। ২ [প্রজা-ই (ভা০)] বি, প্রজাত্ব; প্রজার ভাব। ~গিরি -বি, প্রজাই; প্রজাসুলভ আচরণ। ~বিলি -দ্রঃ। ~বৃদ্ধি-দ্রঃ। **কটকিনা প্রজা** -বিশেষ নিয়মে বদ্ধ প্রজা। **কোর্ফা প্রজা** [সং-ক্রোড় = অধীন+প্রজা] বি, প্রজার নিকট প্রজাই সর্ত্তে বদ্ধ প্রজা; দরপ্রজা। **খুদকস্তা প্রজা**-জমিদারের গ্রামে বাস করিয়া সেই জমি ভোগকারী। **দেউলিয়া প্রজা** [দেউল (দেবালয়)+ইয়া] দেব-প্রতিমার পরিচারক বা দেবল ব্যতীত যারা ঠাকুরের পূজা করায়, এমন প্রজা। **নাতেয়ান প্রজা** [ফা০ নাতওয়ান] খাজনা দিতে অপারগ প্রজা। **পাইকস্তা প্রজা** [পাহি > পাই] বি, জমিদারের বসতি জমি হতে ভিন্ন গ্রামবাসী প্রজা। **পেটাও প্রজা**-সিকমিপ্রজা। **স্থিতিবান প্রজা**-কায়েমী প্রজা।

প্রজাগর [প্র-জাগৃ (জাগিয়া থাকা)+অ (ভা০)] বিণ, জাগরণশীল; জাগরূক; সজাগ। ২ বি, জাগরণ। ৩ [+অ (র্ত্তৃ)] বিষ্ণু।

প্রজাত [প্র-জাত (উৎপন্ন)] বিণ, উদ্ভূত; উৎপন্ন; জাত।

প্রজাতন্ত্র-বি, প্রজাবর্গের সমানাধিকারবাদ; প্রজাদিগের পরামর্শানুসারে অথবা বিভিন্ন প্রজাবর্গের প্রতিনিধিদিগের ঐকমত্যানুসারে রাজ্যশাসন democracy. ২ বিণ, প্রজাদিগের দ্বারা রাজ্যশাসন সম্বন্ধীয়। প্র-প্র০ রাজ্যশাসন প্রণালী। ~রাজ্য-যে রাজ্যশাসন বা রাজ্যপরিচালন ব্যাপার প্রজাবর্গের হস্তে ন্যস্ত a commonwealth.

প্রজাতা [প্র-জন্+ত (র্ত্তৃ)=প্রজাত+আ (স্ত্রীং)] বি, জাতাপত্যা; প্রসূতা।

প্রজাতি [প্র-জন্+তি (ভা০)] বি, পৌত্রের জন্ম। ২ উপজাতি।

প্রজাত্ব [প্রজা+ত্ব (ভা০)] বি, প্রজার ভাব। ২ প্রজার অধিকার বা স্বত্ব। প্রজাই দ্রঃ।

প্রজাদ [প্রজা (সন্তান)+দ (প্রদায়ক)] বিণ, অপত্যদাতা; সন্তানপ্রদ। স্ত্রীং ~া-গর্ভদাত্রীবৃক্ষ।

প্রজাদান [সং। প্রজারা করস্বরূপ রাজাকে যা দান করে এই অর্থে] বি, রজত; রৌপ্য; রূপা।

প্রজানাথ [৬তৎ] বি, নরপতি; রাজা। ২ ব্রহ্মা।

প্রজান্তক [প্রজার-অন্তক (বিনাশক), ৬তৎ] বি, কাল; শমন; যম।

প্রজাপ [প্রজা (অধীন লোক)-পা (রক্ষা করা)+অ (র্ত্তৃ), আ লোপ, যে রক্ষা করে] বি, প্রজাপালক; প্রজারক্ষক; রাজা।

প্রজাপতি১ [৬তৎ] বি, স্রষ্টা; ব্রহ্মা। "প্রজাপতি রূপভেদে উচ্চারিয়া চারিবেদে উর্দ্ধপতি উর্দ্ধমুখে জপে।"-অ০ম০। ২ ব্রহ্মার দশজন মানসপুত্র (মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, দক্ষ, বশিষ্ঠ, ভৃগু ও নারদ)। ৩ বিষ্ণু। ৪ বিশ্বকর্ম্মা। ৫ অগ্নি। ৬ সূর্য্য। ৭ রাজা। ৮ জনক; পিতা। ৯ জামাতা। **প্রজাপতির নির্ব্বন্ধ** [প্রজাপতি (ব্রহ্মা-বিধি) নির্ব্বন্ধ (বিধান)] বি, বিধির বিধান; প্রজাপতির বিধি।

প্রজাপতি২ [প্রজা (প্র-জন্+অ (র্ত্তৃ)+আ (যে পুনরায় জন্মে)+পতি (পুনরায় জন্মিয়াই যে পক্ষ দ্বারা গমন করে-শশিভূষণ তত্ত্বনিধি)] বি, ষট্‌পদী, বিচিত্রবর্ণ-পক্ষ, পুষ্পপরাগবৎ রেণুময় অঙ্গ, রেফ বা গোঁফযুক্ত পতঙ্গ butterfly; moth. ~পাল [৬তৎ] বি, প্রজাপালক; রাজা। ২ প্রজাসমূহ; প্রজার দল।

প্রজাপাল/ক [৬তৎ] বি, প্রজারক্ষক, রাজা; প্রজাপতি। ~ন [৬তৎ] বি, প্রজাবর্গের রক্ষা। ২ সন্তানপালন।

প্রজাপীড়ক [৬তৎ] বিণ, প্রজার পীড়নকারী; প্রজার উপর অত্যাচারকারী a tyrant.

প্রজাবতী [প্রজা (সন্তান)+বৎ (স্ত্য০) =প্রজাবৎ+ঈ (স্ত্রীং)] বিণ, সন্তানশালিনী; সন্তানবতী। "এই বৃদ্ধ পিতা প্রতি, প্রজাবতী প্রতি কর দয়া"-অমিতাভ। ২ পোয়াতী; গর্ভবতী। ৩ [পা০] স্ত্রী; সন্তানবতী স্ত্রী। ৪ বি, জ্যেষ্ঠ ভ্রাতৃজায়া; বড় ভাজ।

প্রজাবিলি [জমী০ পরিঃ] বি, প্রজার ভোগের জন্য তার সহিত নির্দ্দিষ্ট খাজনা সর্ত্তে জমীদার কর্ত্তৃক জমীর বন্দোবস্ত।

প্রজাবৃদ্ধি [৬তৎ] বি, লোকজনের সংখ্যাবৃদ্ধি। ২ সন্তানবৃদ্ধি; বংশবৃদ্ধি।

প্রজায়িনী [প্র (সম্মুখে) জন্ (উৎপন্ন হওয়া)+ইন্ (র্ত্তৃ)=প্রজায়িন্+ঈ (স্ত্রীং)] বি, প্রসূতি; জননী; মাতা।

প্রজারঞ্জ/ক [৬তৎ] বি. প্রজার মনোরঞ্জনকারী; প্রজার সুখ, শান্তি ও আনন্দবিধায়ক। ~ন [৬তৎ] বি, রাজ্যের প্রজা সাধারণের সুখ শান্তি ও আনন্দ বিধান; প্রজার মনোরঞ্জন।

প্রজাসৃক্ [সং। মূং প্রজাসৃজ্] বি, জীবস্রষ্টা ; ব্রহ্মা। ২ জনক।

প্রজাহিত [৬তৎ] বি, প্রজার কল্যাণ; প্রজাবর্গের উপকার। ২ [প্রজা-হিত (হিতকারী)] বিণ, প্রজার কল্যাণসাধক ; প্রজার মঙ্গলকামী। ৩ [প্রজার হিত (উপকার) হয় যদ্দারা, বহুং] বি, জল।

প্রজুষ্ট [প্র-জুষ্ (সেবা করা)+ত (র্ত্তৃ)] বিণ, অতিশয় অনুরক্ত ; অত্যন্ত আসক্ত।

প্রজেশ, প্রজেশ্বর [প্রজা+ঈশ, ঈশ্বর, ৬তৎ] বি, নরপতি ; রাজা।

প্রজ্ঞ [প্র-জ্ঞা (জানা)+অ (র্ত্তৃ), আ লোপ] বিণ, জ্ঞানবান্ ; পণ্ডিত ; বিচক্ষণ। ~প্তি [প্র-জ্ঞা + ণিচ্=জ্ঞাপি (জানান) +তি (ভা০)] বি, সম্যক্ জ্ঞাতকরণ।

প্রজ্ঞা [প্র (জ্ঞা০)-জ্ঞা (জানা)+অ (ভা০)। "জ্ঞান-নেত্রের সম্মুখে সাক্ষাৎ প্রত্যক্ষবৎ অপরোক্ষ তত্ত্বের উপলব্ধি"-দ্বিং ঠাকুর] বি, ধীশক্তি ; জ্ঞান ; বুদ্ধি ; "সম্মুখবর্ত্তী জ্ঞাতব্য বিষয়কে আশপাশের সমস্ত ডাল পালা হইতে বিবিক্ত করিয়া উপলব্ধ জ্ঞান" ; "ফলজ্ঞান wisdom" "নানা বিজ্ঞান-প্রবাহিণীর সাগরসঙ্গম হইতে সার মন্থন করিয়া মনুষ্যের পরম পুরুষার্থ এবং জগতের চরম উদ্দেশ্য বিষয়ে যথাসম্ভব তত্ত্ব নির্দ্ধারণ করা প্রজ্ঞার কার্য্য।"-দ্বিংঠাকুর। ২ [দর্শন০ পরিঃ (দ্বিং কোং)] ইং reason এর বৈজ্ঞাং পরিঃ ; হেতু (গিং বসু)। ৩ মন্ত্রণা। ৪ সঙ্কেত। ৫ [+অ(র্ত্তৃ)] বাগ্দেবী; সরস্বতী। ~চক্ষু [প্রজ্ঞা (জ্ঞান) চক্ষু যার, বহুং] বি, ধৃতরাষ্ট্র। ২ বিণ, জ্ঞাননেত্রবিশিষ্ট। ~ত [প্র-জ্ঞা-ত (র্ম্ম)] বিণ, বিশেষভাবে জ্ঞাত বিদিত। ২ প্রখ্যাত। ~ন [প্র-জ্ঞা+অন (ভা০)] বি, বিশেষ জ্ঞান ; বুদ্ধি। ২ [+অন (শে)] জ্ঞানের হেতু। ৩ চিহ্ন। ৪ সঙ্কেত। ৫ বিণ, জ্ঞানবান্ ; পণ্ডিত ~পক-ইং publicity officer এর পরিঃ ~পন-ইং communique এর পরিঃ ~পরাধ [পারিঃ (চরক)] বি, মিথ্যাজ্ঞান পারমিতা-বি, বৌদ্ধদেবীবিঃ। ~বান্ [প্রজ্ঞা (বুদ্ধি)+বৎ (অ্যং)=প্রজ্ঞাবৎ ১মা, ১বং] জ্ঞানবান ; বুদ্ধিমান ; জ্ঞানী।

প্রজ্ঞী [প্রজ্ঞা (জ্ঞান)+ইন্ (অ্যং)= প্রজ্ঞিন্ ১মা, ১বং] বিণ, জ্ঞানবান্ ; বুদ্ধিমান্ ; পণ্ডিত।

প্রজ্বলন [প্র-জ্বল(দীপ্তি পাওয়া)+অন্ (ভা০)] বি, অতিশয় দহন। ২ প্রদীপন। বিণ, প্রজ্বলনীয়-প্রদীপন বা সন্দীপন যোগ্য।

প্রজ্বলিত [প্র (অধিক) জ্বল্ (দীপ্তি পাওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, দীপ্তিবিশিষ্ট ;

প্রজ্বালন [প্র-জ্বালি+অন (ভা০)] বি, প্রদীপন ; প্রদীপ্তকরণ। বিণ, প্রজ্বালিত [প্র (অধিক) জ্বল্ + ণিচ্=জ্বালি (জ্বালান) +ত (র্ম্ম)] প্রদীপিত ; আলোকিত ; দীপ্ত।

প্রডীন [প্র (প্রথম) ডী (উড়ন)+ত (ভা০), ত=ন] বি, পক্ষিগণের তির্য্যগ্ গমন।

প্রণত [প্র-নম্ (নমস্কার করা)+ত (র্ত্তৃ)] বিণ, যে নমস্কার করিয়াছে ; কৃতপ্রণাম। ২ নম্র। ৩ সম্যক্ নত। "প্রণতে উন্নত কর, উন্নতে প্রং। কার সাধ্য এই বিধি করে অন্য মত।"-কাঞ্চীং (রঙ্গলাল)। ৪ বক্র।

প্রণতি [প্র-নম্+তি (ভা০)। প্রাংবাং-পর্ণতি, প্রণুতি। "শ্রীধর্ম্ম-চরণারবিন্দে করিআ পনতি"-শূং পুং। "তীর্থ চূড়ামণি গঙ্গা করন্তি প্রনুতি"-ঐ] বি, প্রণাম ; নমস্কার। "আনন্দসাগরে সবে মগন হইয়া। প্রণতি করিয়া কন বিনতি করিয়া॥"-অং মং। ২ বিনয়। ৩ নম্রতা।

প্রণপ্তু [সং। প্র-নপ্তৃ(দ্রঃ)]বি,প্রপৌত্র।

প্রণব [প্র-নু (স্তব করা)+অ (শে), যা উচ্চারণ করিয়া স্তব করা হয়] বি, ওঁ কার ; ঈশ্বর ; ওম্ দ্রঃ। "ঈশ্বর স্বরূপ প্রং বিশ্বধাম"-চৈং চং। ২ বিষ্ণু। ৩ বেদের মূল। "প্র সে মহাবাক্য বেদের নিদান।"-চৈং চং।

প্রণবাত্মক [প্রণব+আত্মক] বিণ, যাতে (যে মন্ত্রে) প্রণব আছে ; ওঙ্কারাত্মক।

প্রণমা [পদ্যে। গদ্যে "প্রণাম করা"। প্র নম্ ধাতু >। প্রণমি, প্রণমে, প্রণমে ; প্রণমিতে ; প্রণমিয়া (কেং প্রণমি)] ক্রি, প্রণাম করা ; নমস্কার করা। "অখিল ব্রহ্মাণ্ডপতি প্রণমি চরণে তব প্রেম ভক্তি তরে শরণ লাগি।"-স্কং। •

প্রণয় [প্র-নী (প্রাপ্ত হওয়া)+অ(ভা০)] বি, প্রীতি ; প্রেম ; ভালবাসা। ২ ঘনিষ্ঠতা ; অনুরাগ ; বন্ধুত্ব ; সৌহার্দ্দ্য। ৩ শ্রদ্ধা। ~-আলাপ, প্রণয়ালাপ-বি, প্রণয়ঘটিত আলাপ ; প্রেম সম্ভাষণ। ২ স্ত্রী-পুরুষ বা নায়ক-নায়িকার প্রেমালাপ বা পরস্পরের প্রতি অনুরাগাত্মক কথোপকথন। ~কোপ -বি, অন্তরে ভালবাসা বাহিরে কোপ ; অভিমান। ~গর্ভ [প্রণয় গর্ভে আছে যার, বহুং] বিণ, যার মধ্যে প্রণয় আছে ; প্রেমাত্মক। ~গাথা [৬ তৎ] বি, প্রেম সঙ্গীত। ~গীত, ~সঙ্গীত [৬ তৎ] বি, প্রেমগান ; প্রণয়গাথা। ~ঘটিত [৩তৎ] বিণ, প্রণয়াত্মক ; প্রেম সম্বন্ধীয়। ~পত্র [প্রণয়-পত্র, মং পং লোং] বি, অনুরাগব্যঞ্জক পত্র ; নায়ক-নায়িকার প্রেমলিপি। ~পত্রিকা-প্রণয়পত্র দ্রঃ। ~পাত্র [৬তৎ] বি, প্রণয়ভাজন ; যাকে প্রেম করা যায় ; যাকে ভাল বাসা যায় বা যাইতে পারে। ~পীড়িত-বিণ, প্রেমার্ত্ত love-sick. ~বন্ধন [৬তৎ] বি, প্রেমের বাঁধন ; পরস্পরের প্রতি সুদৃঢ় অনুরাগ। ~ভঙ্গ [৬ তৎ] বি, প্রণয়ের বিচ্ছেদ ; পূর্ব্ব প্রেম বা প্রীতির বিলোপ। ~ভাজন -বি, প্রণয়ের পাত্র ; ভালবাসার পাত্র ; প্রীতিভাজন। ~মগ্ন, ~মুগ্ধ-বিণ, প্রেমমোহিত ; প্রেমসাগরে নিমজ্জিত। ~শীল [প্রণয় শীল যার, বহুং] বিণ, প্রণয়ী ; অনুরাগী। ২ স্নেহময়। ~শালী [মূং প্রণয়-শালিন্ ১মা, ১বং] বিণ, প্রণয়বান ; প্রণয়ী। ~সঙ্গীত [মং পং লোং] বি, প্রণয়গীত দ্রঃ। ~সঞ্চার [৬ তৎ] বি, প্রেমের উদ্রেক ; অনুরাগের উদ্ভব। ~সম্ভাষণ [প্রণয় (ব্যঞ্জক বা গর্ভ) সম্ভাষণ, মং পং লোং] বি, প্রেমালাপ। ২ নায়ক-নায়িকার পরস্পর অনুরাগব্যঞ্জক সম্বোধন।

প্রণয়ন [প্র-নী (প্রাপ্ত হওয়া)+অন (ভা০)] বি, রচনা ; প্রস্তুতকরণ ; নির্ম্মাণ। ২ [+অন (শে)] যে মন্ত্রাদি দ্বারা অগ্নি প্রজ্বলিত করা হয়; অগ্নি সন্দিপন মন্ত্র।

প্রণয়াকর্ষণ [প্রণয়+আকর্ষণ, ৬তৎ] বি, ভালবাসার টান।

[illegible]

প্র॑ণয়া/কাঙ্ক্ষা [প্রণয়+আকাঙ্ক্ষা, ৬ তৎ] বি, প্রণয়ভাজনকে ভালবাসিবার বা প্রেম করিবার আগ্রহ। ২ প্রেমপাত্রের প্রীতি বা ভালবাসা পাইবার আশা। বিণ, ~কাঙ্ক্ষী > স্ত্রীং ~কাঙ্ক্ষিণী।

প্র॑ণয়াদর [প্রণয়+আদর, দ্বন্দ্ব] বি, প্রণয় ও আদর; ভালবাসা ও যত্ন; স্নেহপ্রীতি। "তাঁহারি প্রণয়াদরে বাড়িবে গরিমা নব। বিনা সে চরণরজঃ ভবে কি বিভব তব।"-শ্রীমতী অনুজাসুন্দরী।

প্র॑ণয়ানল [প্রণয় (রূপ) + অনল, রূপক ধা] বি, যে প্রণয়ে জ্বালা আছে; অতি তীব্র প্রণয়। এ কেমন রীতি বল, জ্বালায়ে প্রং করিলে না হে শীতল, বধিলে জীবন॥"-বাং-গান (কালীং ঘোষ)।

প্র॑ণয়ানু/রাগ [প্রণয় + অনুরাগ ৬ তৎ] বি, প্রেমপ্রিয়তা; প্রেমাকর্ষণ; প্রেমানুরক্তি; প্রণয়াসক্তি। বিণ, প্র॑ণয়ানু-রাগী। > স্ত্রীং ~রাগিণী।

প্র॑ণয়াভিমান [প্রণয় (জনিত) + অভিমান, মং পং লোং] বি, প্রণয়ব্যাপার হতে জাত অভিমান।

প্র॑ণয়ালাপ [প্রণয় (পূর্ণ) + আলাপ, মং পং লোং] বি, প্রেমালাপ; অনুরাগের কথোপকথন; প্রণয়প্রমাদ।

প্র॑ণয়াসক্ত [প্রণয়+(দ্বারা) আসক্ত, ৩তৎ] বিণ, প্রেমানুরক্ত; প্রণয়ানুরক্ত। স্ত্রীং ~া। বি, প্র॑ণয়াসক্তি।

প্র॑ণয়াস্পদ [প্রণয়+আস্পদ (পাত্র), ৬তৎ] বি, প্রণয়ভাজন; প্রেমভাজন।

প্র॑ণয়াহ্বান [প্রণয় (পূর্ণ) + আহ্বান, মং পং লোং] বি, প্রেমসম্বোধন; প্রণয়সম্ভাষণ।

প্র॑ণয়ী [প্রণয়+ইন্(ত্যং)=প্রণয়িন্ ১মা, ১বং] বি, প্রীতিপাত্র; প্রণয়াস্পদ; অনুরক্ত পতি অথবা নায়ক। ২ বিণ, অনুরক্ত; অনুরাগবিশিষ্ট; প্রণয়শালী; প্রণয়াসক্ত; প্রেমিক। স্ত্রীং প্র॑ণয়িনী-বিণ, প্রণয়-কারিণী; অনুরাগিণী; প্রণয়বতী; প্রেমিকা।

প্র॑ণস [প্র (প্রগত) নাসা (নাসিকা) যার, বহুং। নাসা=নস] বিণ, যার নাসিকা রোগাদিতে নষ্ট হইয়াছে; নাসাহীন।

প্র॑ণাদ [প্র (অধিক) নাদ (শব্দ)] বি, উচ্চ আনন্দধ্বনি; হর্ষ-কোলাহল। ২ কর্ণের রোগ; এই রোগে কাণের মধ্যে নানারূপ শব্দ অনুভূত হয়।

প্র॑ণাম [প্র-নম্ (নমস্কার করা)+অ (ভাং)। গ্রাং পণাম, পন্নাম, পেন্নাম] বি, সম্পূর্ণ নত হইয়া শ্রদ্ধা ও ভক্তি প্রকাশ: ভক্তি-ভরে নমস্কার; জ্যেষ্ঠ, শ্রেষ্ঠ ও পূজ্যের সম্মুখে মস্তক বা দেহ নত করিয়া যুক্তকর হইয়া অথবা চরণ স্পর্শ করিয়া অভিবাদন [প্রণাম-কায়িক, বাচনিক ও মানসিক এই তিন প্রকার; (২) ত্র্যঙ্গ, পঞ্চাঙ্গ, অষ্টাঙ্গ এই তিন প্রকার]। ২ নমস্কার দ্রঃ। "প্রং করিতে মাথা দিল যে গোঁসাই। সংসারে যে কিছু মূর্ত্তি তাঁহা ছাড়া নাই।"-অং মং। "প্রং করলো তাঁর সেই ত দেবতা তব।" -রামলাল বন্দ্যোং। ত্র্যঙ্গ প্র॑ণাম-মস্তকে অঞ্জলি স্থাপনপূর্ব্বক প্রণাম। দণ্ডবৎ প্র॑ণাম-যষ্টি বা দণ্ডাকারে ভূমিতে পতিত হইয়া প্রণাম। পঞ্চাঙ্গ প্র॑ণাম-মস্তক, বাহুদ্বয়, জানু-দ্বয়, নেত্রদ্বয় ও বাক্য সংযোগে যে নমস্কার। [বৌং সাং] কপাল, কটিদেশ, কনুই, জানু ও পা, এই পঞ্চ অঙ্গ দ্বারা মৃত্তিকা স্পর্শ করিয়া প্রণাম (জাতক, ৪র্থ খণ্ড, পাদটীকা)। সাষ্টাঙ্গ প্র॑ণাম-অষ্টাঙ্গ প্রণাম; মস্তক, নেত্রদ্বয়, করদ্বয়, বক্ষঃস্থল, জানুদ্বয়, চরণদ্বয় এবং বাক্য ও মন সংযোগে যে নমস্কার; কপাল, দুইহাত, বুক, দুই-জানু ও দুই পা দ্বারা মাটি স্পর্শ করিয়া প্রণাম (জাতক, ৪র্থ খণ্ড)] প্র॑ং খাটা-অতি কঠোর রূপে ধর্ম্ম ঠাকুরকে প্রণামবিঃ করা। "পুলকে প্রণাম খাটে গদ্য বাদ্য গীত নাটে যজ্ঞে জাগিল যামিনী।"-ঘং। ২ দূর হতে অষ্টাঙ্গ প্রণাম করিতে করিতে উদ্দিষ্ট দেবতার সন্নিহিত হওয়া।

প্র॑ণামী [প্রণাম+ঈ(তৎস্থলে বা কালে দেয় অর্থে)] বি, ঠাকুর প্রণাম কালে যা দেয়। প্র॑ং দেওয়া-প্রণাম করিবার সময় প্রতিমার সম্মুখে অর্থাদি মূল্যবান বস্তু রাখিয়া দেওয়া। প্র-পূজায় নিমন্ত্রণ রক্ষা করিতে আসিয়া তারা প্রত্যেকেই এক এক টাকা প্রং দিয়াছিল।

প্র॑ণাল [প্র-নল্ (বন্ধন করা) + অ(ণে)। পণার, পণ্ডার, পগার দ্রঃ] বি, জল বহির্গমনের রাস্তা; প্রণালী।

প্র॑ণালী [প্র-নল্ (বন্ধন করা)+অ (ণে)+ঈ (স্ত্রীং)] বি, পয়ঃনির্গমন পথ; জলনালী। ২ অপ্রশস্ত জলভাগ যা দুই বৃহৎ জলভাগকে পরস্পর সংযুক্ত করে; জলসঙ্কট strait (ভূগোল পরিঃ)। ৩ নিয়ম; ধারা; রীতি। "ভারতবর্ষ দ্বিতীয় প্রণালী অবলম্বন করিয়া"-রবীং। ৪ সারি; শ্রেণী। ~বদ্ধ -বিণ, নিয়মে যা বাঁধা হইয়াছে; নিয়মানুগত; ধারাবদ্ধ। ~বদ্ধ ন্যায়াবয়ব [তর্কং পরিঃ] বি, তর্কবিজ্ঞানের সাবয়ব বাক্য; যে যুক্তিতে ব্যাপ্তি, ব্যাপ্য পূর্ব্ববাক্য এবং নিগমন এই তিনটি অবয়ব থাকে syllogism. ২ [ন্যায় শাং "পঞ্চাবয়বোপেতং বাক্যং"] যাতে প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয় ও নিগমন এই পঞ্চ অবয়ব থাকে।

প্র॑ণাশ [প্র-নশ্ (নষ্ট হওয়া)+অ (ভাং)] বি, বিনাশ; মরণ; মৃত্যু। ২ নষ্ট; ধ্বংস। ৩ পলায়ন। বিণ, প্রনষ্ট।

প্র॑ণিধান [প্র-নি-ধা (ধারণ করা, মনোযোগ করা)+অন (ভাং)] বি, চিত্তের একাগ্রতা; অভিনিবেশ। ২ অভিনিবেশের সহিত অভিমত বিষয়ের চিন্তা; ধ্যান। ৩ যোগ: সমাধি। ৪ প্রযত্ন; প্রয়াস; যত্ন।

প্র॑ণিধি [প্র-নি-ধা (ধারণ করা)+ই (র্ক্তৃ), যে গুপ্ত তত্ত্ব ধারণ বা গ্রহণ করে] বি, রাজদূত; চর। ২ অনুচর। ৩ [ভাং] প্রার্থনা। ৪ একাগ্রচিত্ততা; মনোনিবেশ। ৫ তৎপরতা; অবধান। ৬ বৃহদ্রথের পুত্র।

প্র॑ণিপাত [প্র-নি-পত্ (পতিত হওয়া) +অ (ভাং)] বি, প্রণাম। "কায ভাল নয় কিন্তু লাজ খেয়ে কই। বৃদ্ধ দেহ জগন্নাথ প্রং হই॥"-শিং। বিণ, প্র॑ণিপতিত-কৃতপ্রণাম।

প্র॑ণিহিত [প্র-নি-ধা +ত (র্ম্ম), ধা=হি] বিণ, প্রাপ্ত। ২ সমাহিত; সমাধিস্থ। ৩ অর্পিত; প্রদত্ত। ৪ নির্দ্ধারিত; স্থিরীকৃত। ৫ বিস্তৃত; প্রসারিত।

প্র॑ণীত [প্র-নী (পাওয়া)+ত (র্ম্ম)] বিণ, কৃত; রচিত। ২ নির্ম্মিত; গঠিত। ৩ বি,

মন্ত্রসংস্কৃত যজ্ঞীয় অগ্নি। স্ত্রীং ~া-বি, যজ্ঞের অগ্নি। ২ বিণ, কথিতা। ৩ প্রেরিতা।

প্র/ণুর্ত [প্র-নু (স্তুতি করা)+ত (র্ম্ম), যাকে স্তব করা হইয়াছে] বিণ, প্রশংসিত ; কীর্ত্তিত ; কৃতস্তুতি। স্ত্রীং ~া।

প্র/ণেতা [প্র-নী (পাওয়া)+তৃ (র্ত্তৃ)= প্রণেতৃ ১মা, ১বং] বিণ, নির্ম্মাণকারী ; নির্ম্মাতা। ২ রচয়িতা; যে বচনা করিয়াছে।

প্র/ণেয় [প্র-নী (পাওয়া)+য (র্ম্ম), যাকে বশ্যরূপে পাওয়া যায়] বিণ, অধীন ; বশীভূত ; বশ্য। স্ত্রীং ~া।

প্র/ণোদির্ত [প্র-নুদ্+ণিচ্=নোদি (প্রেরণ করা)+ত (র্ম্ম)] বিণ, প্রেরিত। ২ প্রবর্ত্তিত ; নিয়োজিত। স্ত্রীং ~া। বি, **প্র/ণোর্দন**-প্রবর্ত্তন ; প্রেরণ ; নিয়োজন ; প্রোৎসাহন।

প্র/তিতি,-তী [প্র-তন্ (বিস্তৃত হওয়া) +তি (ভাং)] বি, বিস্তৃতি ; ব্যাপ্তি। ২ বিস্তীর্ণ লতা ; প্রাতানিনী।

প্র/র্তন [সং] বিণ, পুরাতন ; প্রাচীন।

প্র/তিনু [প্র-তন্ (বিস্তারে)+উ (র্ত্তৃ)] বিণ, পাতলা ; মিহি ; সূক্ষ্ম ; সরু।

প্র/র্তপ্ত [প্র-তপ্ (তপ্ত করা)+ত (র্ম্ম)] বিণ, উত্তাপবিশিষ্ট ; উষ্ণ ; উত্তপ্ত।

প্র/র্তর্ক [প্র-তর্ক্ (তর্ক করা)+অ (ভাং)] বি, সন্দেহ ; সংশয়। ~ণ [দর্শনং পরিঃ] বি, ইং anticipation এর বৈজ্ঞাং পরিঃ ; অগ্রজ্ঞান (আর্থিক উন্নতি, ১৩৩৬)।

প্র তা/ন [প্র+তন্ (বিস্তৃত হওয়া)+অ (ভাং)] বি, বিস্তৃতি ; ব্যাপ্তি। ২ [র্ম্ম] লতার তন্তু ; আঁস ; শুঁয়া। ৩ [জ্যোং (কং বিশ্বং পরিঃ)] বি, ইং elongation এর বৈজ্ঞাং পরিঃ। ~**নিনী** [মূং প্রতানিন্+ঈ (স্ত্রীং)] বি, বহু শাখায় বিস্তৃত দীর্ঘ লতা।

প্র/তাপ [প্র-তপ্ (তপ্ত করা)+অ (ভাং)] বি, তেজ ; প্রভাব ; প্রভুশক্তি। "ইঁহার পিতা পুত্রকে মোগল সম্রাটের প্রং সচক্ষে প্রত্যক্ষ করাইবার নিমিত্ত দিল্লী ও আগ্রা প্রেরণ করেন।" ২ উত্তাপ ; উষ্ণতা। ৩ রৌদ্র। ৪ মনস্তাপ ; দুঃখ ; সন্তাপ। ~**র্তপন** [প্রতাপে তপন সদৃশ, ৭তৎ] বি, সূর্য্যসম তেজোপুঞ্জ ও পরাক্রান্ত পুরুষ ; প্রতাপাদিত্য। "প্রতাপতপনে কীর্ত্তিপত্র প্রকাশিয়া"-অং মং। ~**ন** (-পঁ-) [প্র-তপ্ +ণিচ্=তাপি (তপ্ত করান)+অন (র্ত্তৃ)] বিণ, উত্তাপজনক ; সন্তাপজনক। ২ [+অ(ভাং)] বি, পীড়ন। ৩ [+অ(ধি)] যেখানে পাপী-দিগকে উৎপীড়ন করে ; কুম্ভীপাক নামক নরক। "প্রতাপনে পড়ি দুঃখ পায় সে, কভু বা ভুঞ্জে যন্ত্রণা ভীষণ" -জাতক, ৫ম খণ্ড। ~**বান**-বিণ, শক্তিশালী ; প্রতাপান্বিত ; প্রভাববিশিষ্ট। ~**শালী** [মূং প্রতাপশালিন্ ১মা, ১বং] বিণ, প্রভাববিশিষ্ট ; শক্তিশালী। "তখন প্রতাপশালী লঙ্কেশ রাবণ"-রামাং (রাজং)। >স্ত্রীং ~**শালিনী**।

প্র/তাপাদিত্য [প্রতাপে আদিত্য সদৃশ, ৭তৎ] বি, প্রতাপ তপন। ২ [ইতিং] স্বনামখ্যাত বীর বাঙ্গালী রাজা (বাদশাহ আকবরের সমসাময়িক। প্রতাপের রাজধানী যশোহর যাহা বর্ত্তমান সুন্দরবনে পরিণত)।

প্র/তাপান্বির্ত [প্রতাপ+অন্বিত(যুক্ত)] বিণ, প্রভাবশালী ; পরাক্রান্ত।

প্র/তাপী [প্রতাপ+ইন্ (স্ত্যং)=প্রতাপিন্ ১মা, ১বং] বিণ, ক্ষমতাশালী ; প্রতাপান্বিত ; পরাক্রমী। ২ তেজস্বী। ৩ সন্তাপী। ৪ সমুজ্জ্বল। স্ত্রীং **প্র/তাপিনী**-তেজস্বিনী।

প্র/তারক [প্র-তৃ+অক (র্ত্তৃ)] বি, প্রবঞ্চক ; শঠ ; ধূর্ত্ত।

প্র/তারণ [প্র-তৃ+অন (ভাং)] বি, বঞ্চনা ; ছলনা। ~**শীল**-বিণ, যে প্রতারণা করে ; বঞ্চনাকারী। >স্ত্রীং ~**শীলা**। বি, ~**শীলতা**।

প্র/তারণা [সং] বি, প্রবঞ্চনা ; ছলনা ; শঠতা। **ত্রিবিধ প্র/তারণা** [বৌং সাং] (১) নিজের নির্লোভতা দেখাইয়া অন্যের নিকট অধিক উপহার পাইবার অভিপ্রায়ে চীবরাদি প্রত্যয় গ্রহণ করিতে অনিচ্ছা প্রদর্শন। (২) কৌশলে কথা বলা যাতে নিজের গুণ প্রকাশ পায়। (৩) চালচলন দ্বারা অন্যের তাক লাগান। "প্রব্রজ্যা গ্রহণ করিয়াও ভিক্ষুজন-ব্যবহার্য্য চতুর্ব্বিধ দ্রব্যের (চীবর, পিণ্ডপাত, শয্যা, ভৈষজ্য) জন্য ত্রিবিধ প্রতারণায় আসক্ত ছিল।"-জাতক, ৪র্থ খণ্ড। ~**মূলক**-বিণ, যার মূলে প্রতারণা আছে ; শঠতাপূর্ণ, প্রবঞ্চনাগর্ভ ; ছলযুক্ত।

প্র/তারণাত্মক [প্রতারণা+আত্মক] বিণ, শঠতাপূর্ণ ; কপটতাময় ; প্রবঞ্চনাময়।

প্র/তারণার্থক [প্রতারণা+অর্থ (বস্তু, প্রয়োজন ইং) যার, বহুং, সমাসে ক যোগ] অ, প্রবঞ্চনাচ্ছলে ; শঠতাব্যপদেশে।

প্র/তারির্ত [প্র-তৃ+ণিচ্=তারি+ত (র্ম্ম)। প্রতারণা দ্রঃ] বিণ, প্রবঞ্চিত ; যে ধূর্ত্তের শঠতায় বঞ্চিত হইয়াছে।

প্র/তি [সং। প্রাং পিতি, পিরতি] উপ, অ, প্রশস্তি ; বিস্তার। ২ পুনঃপুনঃ। প্র-প্রতিগত। ৩ পরিবর্ত্ত; বদল। প্র-প্রতিহিংসা; প্রতিদান; প্রতিনিধি। ৪ পরস্পর। প্র-প্রতি-ঘাতন। ৫ সমীপ। প্র-প্রতিবাসী; প্রতিকণ্ঠ। ৬ বিপরীত ; প্রতিকূল। প্র-প্রতিক্রিয়া ; প্রতিবিধান। ৭ অনুরূপ। প্র-প্রতিরূপ। ৮ প্রত্যেক ; এক একটি নির্দ্দিষ্ট। প্র-প্রতি পদ। প্রতি সংখ্যা। ৯ প্রত্যেকে ; প্রত্যেকটিতে ; প্রতি সংখ্যা হিসাবে,-করা per. (তুল-শতকরা)। "তঙ্কা প্রতি তিন গণ্ডা" -শুভঙ্কর। ১০ উদ্দেশ ; লক্ষ। প্র-তাঁর প্রতি ব্যঙ্গোক্তি করিল। ১১ উপরি। প্র-তৎপ্রতি শর নিক্ষেপ করিলেন। তার প্রতি কৃপাবর্ষণ। ১২ আভিমুখ্য। প্র-প্রতিমুখ। তার প্রতি দৃষ্টিনিক্ষেপ। ১৩ চিহ্ন ; লক্ষণ। ১৪ ব্যাপ্তি ; বীপ্সা। প্র-প্রতিদিন। ১৫ পশ্চাৎ। প্র-প্রতীচী। ১৬ বিরোধ। প্র-প্রতিপক্ষ ; প্রতিকার ; প্রতিকূল। ১৭ সমান। প্র-প্রতিযোগিতা। ১৮ ভাগ ; অংশ। ১৯ ক্ষুদ্র ; অল্পমাত্র। প্র-প্রতিকূপ ; প্রতিজিহ্বা। ২০ সাদৃশ্য। প্র-প্রতিম ; প্রতিমূর্ত্তি। ২১ নিন্দা। প্র-প্রতিক্ষিপ্ত। ২২ স্বীকার। প্র-প্রতিগ্রহণ। ২৩ অনুলিপি copy. ~**আশা**। [আধুংবাংর অপ্রং। "প্রত্যাশা" পদ্যে] বি, প্রত্যাশা ; ভরসা। "দুঃখিনী ফুল্লরা আছে বড় প্রতিআশা"-কবিকং। ~**ক** [সং] বিণ, ষোল পণে ক্রীত। ~**কণ্ঠ** [কণ্ঠের-প্রতি, অব্যয়ীং] অ, কণ্ঠ সন্নিকটে ; গলার কাছে। ~**করণীয়** [প্রতিকার দ্রঃ]

বিণ, প্রতিকার্য্য ; প্রতিবিধেয়। ২ প্রতিবিধান-যোগ্য। ৩ বি, প্রতিক্রিয়া। ~কর্ত্তা [প্রতি-কৃ (করা)+তৃ (র্ত্তৃ)=প্রতিকর্ত্তৃ ১মা, ১ব০] বিণ,অনিষ্টকারীর অনিষ্টকারক ; প্রতি-বিধায়ক। ~কর্ম্ম [প্রতি (বিপরীত) + কর্ম্ম] বি, প্রতিক্রিয়া reaction. ২ প্রতিবিধান ; প্রতিকার। ৩। প্রতি (শরীর) + কর্ম্ম] অঙ্গ-বিভূষণ ; দেহের প্রসাধন। ~কর্ষ [প্রতি-কর্ষ (কর্ষণ)] বি, আকর্ষণ। ~কল্পন [দর্শন০ পরিঃ (পি০ বসু)] বি, ইং substitution এর বৈজ্ঞা০ পরিঃ। ~কশ [প্রতিকশ্ (গমন করা)+অ (র্ত্তৃ)] বিণ, সহায় : অগ্রবর্ত্তী। ২ দূত ; সংবাদ বহনকারী। ৩ বি, কশাঘাত প্রাপ্ত অশ্ব। ~কায় [প্রতি (পুনর্ব্বার, সদৃশ) কায় (শরীর, মূর্ত্তি)] বি, কায়ার প্রতিরূপ দেহ ; প্রতিমূর্ত্তি। ২ [প্রতি (বিরুদ্ধ, প্রতিকূল) কায়] বৈরী : অরি ; শত্রু। ~কার, প্রতীকার [প্রতি, প্রতী (বিরুদ্ধ)-কৃ (করা) + অ (ভা০)] বি, প্রতি-কূলতাচরণ ; শত্রুতাচরণ ; বৈরনির্য্যাতন। ২ প্রতিহিংসা। ৩ প্রতিবিধান ; প্রতিফল ; প্রতিশোধ। ৪ উপায়। "আমার বচনে মাতা কর প্রতিকার। শিয়রে কলিঙ্গরায় বড় দুরাচার।"-কবিক০। ৫ চিকিৎসা। ৬ প্রতিষেধ। ~কার্য্য, প্রতীকার্য্য [প্রতি -কৃ+য (র্ম্ম)] বিণ, প্রতিকারের উপযুক্ত ; প্রতিবিধেয়। ~কাশ, প্রতীকাশ [প্রতি-কাশ (দীপ্ত)] বিণ, প্রোজ্জ্বল ; প্রদীপ্ত। ২ [অন্ত শব্দের পরে যুক্ত হইলে] অনুরূপ ; তুল্য ; সদৃশ। ~কুঞ্চিত [প্রতি-কুঞ্চ্ (বক্র হওয়া) + ত (র্ম্ম)] বিণ, প্রকুঞ্চিত ; বক্রীকৃত ; বাঁকান। ২ বক্র। ~কূপ [প্রতি(ক্ষুদ্র, সদৃশ)কূপ] বি, ক্ষুদ্র কূপ। ২ পরিখা। ~কূল [প্রতি (বিরুদ্ধ) কূল (তীর, পক্ষ)] বিণ, বিপরীত কূল ; পরপার [বিরল]। ২ অননুকূল বা বিরুদ্ধ পক্ষ ; শত্রু। ৩ বিরোধী ; শত্রু-ভাবাপন্ন ; বিরুদ্ধ। ৪ অপ্রসন্ন ; বাম। "শুন শুন মেঘগণ কর ঝড় বরিষণ কলিঙ্গে হইয়া প্রতিকূল।" -কবিক০। ~কূলতা (-ত্ব-) [প্রতিকূল (বিরুদ্ধ)+তা (ভা০)] বি, বিরুদ্ধতা ; বিপক্ষতা। ~কূলাচরণ [প্রতিকূল +আচরণ] বি, বিপক্ষতা ; বিপরীত ব্যবহার ; শত্রুতা। ~কৃত [প্রতি-কৃ (করা) +ত (র্ম্ম)] বিণ, কৃতপ্রতিবিধান ; পরিশোধিত ; প্রতিদত্ত। বি, প্রতিকার। ~কৃতি [প্রতি (পুনর্ব্বার) কৃ (করা) + তি (ণে), যদ্দ্বারা স্বরূপ নিরূপণ করা যায়। কিম্বা প্রতি (সদৃশ) কৃতি (করা) যা বাস্তবের সদৃশ করা হয়] বি, প্রতিমূর্ত্তি ; প্রতিচ্ছবি ; প্রতিচিত্র। ২ প্রতি-বিম্ব। ৩ প্রতিনিধি। ৪ প্রতিবিধান। ৫ [+তি(ভা০)] সাদৃশ্য। ~কৃষ্ট [প্রতি (বিরুদ্ধ) কৃষ্ট (কর্ষিত)] বিণ, হীন ; নিকৃষ্ট। ~ক্রিয়া -বি, বিপরীত ক্রিয়া। ২ প্রতিকার ; প্রতি-বিধান। ৩ [পরিঃ (H. S. Glossary, ক০ বিশ্ব০ পরিঃ)] বি, ইং reaction এর বৈজ্ঞা০ পরিঃ ; প্রত্যাঘাত। > ~ক্রিয়াত্মক [পরিঃ (পি০ বসু)] বিণ, ইং reflex এর বৈজ্ঞা০ পরিঃ। ~ক্ষণ [প্রতি (বীপ্সার্থে) ক্ষণ, অব্যয়ী০] ক্রি-বিণ, প্রতিক্ষণে ; প্রতি-মুহূর্ত্তে। ~ক্ষিপ্ত-বিণ, নিবারিত। ২ ভর্ৎসিত ; তিরস্কৃত। ৩ প্রেরিত। ~ক্ষেপ [প্রতি-ক্ষিপ্ (ক্ষেপণ করা) +অ (ভা০)] বিণ, বি, পশ্চাতে নিক্ষেপ ; ত্যাগ। ২ ভর্ৎসনা ; তিরস্কার। ৩ নৈরাশ্য। ~খ্যাতি [প্রতি-খ্যা (বলা) + তি (ভা০)] বি, প্রসিদ্ধি ; প্রখ্যাতি ; যশ। বিণ, ~খ্যাত। > স্ত্রীং ~খ্যাতা। ~গত-বিণ, প্রত্যাগত ; প্রত্যাবৃত্ত। ~গমন-বি, প্রত্যাগমন ; ফিরিয়া যাওয়া। ~গর্জ্জন-বি, গর্জ্জনের প্রতিধ্বনি। > বিণ, প্রতিগর্জ্জিত। ~গিরি [প্রতি (প্রত্যেক) গিরি (পর্ব্বত), অব্যয়ী০] বি, প্রত্যেকপর্ব্বত। ২ [প্রতি (সদৃশ)] বিণ, গিরি-সদৃশ ; পাহাড়ের মত। ~গীত [বৌ০ সা০] পালটা গান। "কেহ কি রাজার গীতের প্রতি-গীত গান করিয়া থাকে ?"-জাতক, ৪র্থ খণ্ড। ~গৃহীত [প্রতি (বিশেষভাবে) গ্রহ্ (গ্রহণ করা) +ত (র্ম্ম), যা বিশেষভাবে গ্রহণ করা হইয়াছে] বিণ, স্বকীয় বলিয়া গৃহীত ; অঙ্গীকৃত। > স্ত্রীং ~া। ~গ্রহ [প্রতি(সম্যক্‌রূপে)গ্রহ্ (গ্রহণ করা) + অ (ল-ভা০)] বি, দানগ্রহণ। "রামের প্রদত্ত পূজা পরে মুনিবর। প্রতিগ্রহ করি তবে ফিরিলা সত্বর।"-রামা০ (রাজ০)। ২ স্বীকার ; অঙ্গীকার। ৩ প্রতিকূল গ্রহ। ৪ প্রত্যভিযোগ ; নালিশের বিরুদ্ধে নালিশ। ৫ অনুগ্রহ। ৬ সৈন্যপালন। ৭ দানীয় বস্তু ; যা দান করা হইয়াছে। ৮ [+অ (র্ত্তৃ), যে সম্যক্‌রূপে মুখমল গ্রহণ করে] বি, পিক্‌দান। ~গ্রহদান-বি, পূর্ণিমায় জ্যোৎস্নাদান, গ্রহণে দান, তীর্থে দান, শ্রাদ্ধে দান ই০ প্রতি-গ্রহ দান ; ইহার পাত্র সুব্রাহ্মণ। ~গ্রহণ [প্রতি (সম্যক্)-গ্রহ্ (গ্রহণ করা) + অন (ভা০)] বি, দানগ্রহণ। ~গ্রহণীয়-বিণ, গ্রহণযোগ্য। ২ স্বীকার্য্য। ~গ্রাহ [প্রতি-গ্রহ্ (গ্রহণ করা) + অ (ঘঞ্-ভা০)] বি, প্রতিগ্রহ দ্রঃ। ~গ্রাহিত [প্রতি+ গ্রহ্ + ণিচ্ = গ্রাহি (গ্রহণ করান) + ত (র্ম্ম)] বিণ, যা গ্রহণ করান হইয়াছে ; যা অন্যকে পাওয়াইয়া দেওয়া হইয়াছে। ২ স্বীকৃত। ~ঘ [প্রতি (বিরুদ্ধে) ঘ (হন্ ধাতু, র্ত্তৃ, ড প্রত্যয়জ), যে হানি করে, বাধা জন্মায়] বি, প্রতিবন্ধক ; বিঘ্ন ; ব্যাঘাত ; বাধা। ২ রাগ ; ক্রোধ। "দেখিলা রাক্ষসবল বাহিরিছে দলে অসংখ্য প্রতিঘঅন্ধ, চতুস্কন্ধরূপী॥"-মেঘ০। বিণ, প্রতিকূল ; প্রতিপক্ষ। ~ঘাত, প্রতীঘাত [প্রতি (পশ্চাৎ) ঘাত (হন্ ধাতু, ঘঞ্ ভা০), আঘাত] বি, প্রত্যাঘাত ; আঘাতকারীর প্রতি আঘাতিত বস্তুর পাল্টা আঘাত। ২ ব্যাঘাত ; বিঘ্ন। ৩ বিরোধ ; শত্রুতা। ৪ নিক্ষেপ। ~ঘাতন [প্রতি (বিশেষরূপে) হন্ (বধ করা) + অন (ভা০)] বি, হত্যা ; প্রাণসংহার। ২ অন্তরায় ; প্রতি-বন্ধক ; বিঘ্ন। ~ঘাতী-বিণ, প্রতিঘাত-কারী। প্রাণসংহারী। > স্ত্রীং ~ঘাতিনী। ~চক্ষু [প্রতি (সদৃশ) চক্ষু] বি, চশমা। ~চ্ছন্দ-বি, অভিপ্রায়ানুরূপ ; ইচ্ছাধীন। ২ প্রতিরোধ ; অনুরোধ। ৩ প্রতিমূর্ত্তি ; প্রতিরূপ। ~চ্ছন্ন [প্রতি (সম্যক্) ছদ্ (আবরণ করা) + ণিচ্=ছাদি + ত (র্ম্ম)] বিণ, আবৃত ; আচ্ছন্ন। ২ প্রতিভূ ; প্রতিনিধি। ~চ্ছায়া [প্রতি (সদৃশ) ছায়া] বি, প্রতি-বিম্ব। ২ প্রতিকৃতি ; চিত্র। ৩ অনুরূপ ; প্রতিরূপ ; সাদৃশ্য। ~চ্ছেদ [প্রতি-ছিদ্ (ছেদন করা) + অ (ভা০)] বি, অন্তরায় ;

বিম্ব। ~জঙ্ঘা [প্রতি (অগ্র) জঙ্ঘা] বি, জঙ্ঘার অগ্রভাগ। ~জন্য [প্রতি-জন্য (যুদ্ধ) যার, বহু০] বি, শত্রুপক্ষ। ~জাগর [প্রতি -জাগর (জাগৃ+অ (ভা০)] বি, সাবধানতা; সতর্কতা। ২ মনোযোগ; অভিনিবেশ। ৩ প্রত্যবেক্ষণ। ~জিহ্বা [প্রতি (ক্ষুদ্র, বা সদৃশ) জিহ্বা] বি, অলিজিহ্বা; আল্‌জিভ। ~জীবন [প্রতি (পুনঃ)-জীবন] বি, পুনরুজ্জীবন। ~জ্ঞা [প্রতি-জ্ঞা (জানা)] বি, কোন অনুষ্ঠানের বা উদ্দেশ্যসাধনের দৃঢ় সঙ্কল্প; অঙ্গীকার। ২ স্বীকার; প্রতিশ্রুতি; বাগ্‌দান। ৩ শপথ; দিব্য। ৪ [গ০ পরিঃ] গণিতের প্রতিপাদ্য; সম্পাদ্য বিষয় proposition. ৫ [ক০ বিশ০ পরিঃ] জ্যামিতির উপপাদ্য; যে প্রস্তাব সপ্রমাণ করিতে হইবে theorem. ৬ [তর্ক বিজ্ঞানের পরিঃ] বাক্য proposition. [দ্রঃ-অন্বয়ী প্রতিজ্ঞা -affirmative proposition. অব্যাপক প্রতিজ্ঞা -particular proposition. নিরপেক্ষ প্রতিজ্ঞা- categorical proposition. বিপরীত প্রতিজ্ঞা -contrary proposition. বিরুদ্ধ প্রতিজ্ঞা-contradictory proposition. বিশ্লেষক প্রতিজ্ঞা-analytical proposition. বৈকল্পিক প্রতিজ্ঞা-disjunctive proposition. ব্যতিরেকী প্রতিজ্ঞা- negative proposition. ব্যাপক প্রতিজ্ঞা- universal proposition. সংশ্লেষক প্রতিজ্ঞা-synthetical proposition. সঙ্কল্পন প্রতিজ্ঞা-conditional proposition. সান্তর প্রতিজ্ঞা- hypothetical proposition-সা০ প০ প০ ১৩২০, (বনমালী বেদান্ততীর্থ)]। ~জ্ঞাত [প্রতি-জ্ঞা+ত (র্ম)] বিণ, অবধারিত; কর্ত্তব্যরূপে নিরূপিত; অঙ্গীকৃত; স্বীকৃত। ২ প্রস্তাবিত। স্ত্রীং ~া। ~জ্ঞাতব্য [প্রতি-জ্ঞা+তব্য (র্ম)] বিণ, স্বীকার্য্য; প্রতিজ্ঞার উপযুক্ত। ~জ্ঞান [প্রতি-জ্ঞা+অন (ভা০)] বি, সম্মতি; স্বীকার। ২ প্রতিজ্ঞা। ~জ্ঞান্তর [প্রতিজ্ঞা (দ্রঃ)+অন্তর] বি, পূর্ব্ব প্রতিজ্ঞা পূর্ণ না হওয়ায় পুনঃ প্রতিজ্ঞা। ~জ্ঞাপত্র [প্রতিজ্ঞাসূচক পত্র, ম০ প০ লো০] বি, অঙ্গীকার লিপি। ২ ঘোষণাপত্র। ~জ্ঞাবদ্ধ [প্রতিজ্ঞা দ্বারা বদ্ধ, ৩তৎ] বিণ, সত্যবদ্ধ; অঙ্গীকারে বদ্ধ। বি, ~জ্ঞাবন্ধন-অঙ্গীকার। ~জ্ঞাবিবাহিত-বিণ, বাগ্‌দত্ত; পরিণয়ে স্বীকৃত। > স্ত্রীং ~া-বাগ্‌দত্তা। ~জ্ঞাবিরোধ [ন্যায়দর্শনে] বি, আধার আধেয়ের বিরোধ। ২ [নাট্যালঙ্কারে] বিগ্রহস্থানবিঃ। ~জ্ঞাভঙ্গ-বি, অঙ্গীকারানুযায়ী কর্ম্ম না করণ; সত্যের অপালন; সত্যলঙ্ঘন। >~কারী-বিণ, যে প্রতিজ্ঞালঙ্ঘন করে; সত্যউল্লঙ্ঘনকারী। > স্ত্রীং ~কারিণী। ~জ্ঞেয় [প্রতি (অগ্রে) + জ্ঞেয়-যা জানিবার বিষয়] বিণ, অঙ্গীকার যোগ্য; অঙ্গীকার্য্য; প্রতিজ্ঞাবিষয়। ~জ্যোতি [প্রতি-জ্যোতি, প্রাদি০] বি, জ্যোতির প্রতিফলন reflection. "দিবাকর কর পড়ি তব কলেবরে, প্রতিজ্যোতি হয়ে আসে পৃথিবী ভিতরে।" -দীনবন্ধু০। ~তন্ত্র [প্রতি (বিরোধী)-তন্ত্র (মত, শাস্ত্র)] বি, প্রতিকূলশাস্ত্র; বিরোধীমত। বিণ, ~তন্ত্রী-বিরুদ্ধমতাবলম্বী। ~তাল [সঙ্গীত শা০] বি, সঙ্গীতের তালবিঃ। ~তালী [প্রতি-তাল(তালা)+ঈ (জ্ঞা০)-বদ্ধ তালায় প্রতিক্রিয়া সাধক যন্ত্র] বি, চাবিকাটি; তালা খুলিবার যন্ত্র। ~ত্তর [প্রা০ বাং। সং-প্রত্যুত্তর > ভ্রং] বি, প্রত্যুত্তর। "কোন দেব পূজিব আগে কহ প্রতিত্তর।"-শূ০ পু০। ~দত্ত [প্রতি (পাল্টা) দত্ত] বিণ, প্রত্যর্পিত; ফেরৎ দেওয়া হইয়াছে এমন। > স্ত্রীং ~া। ~দান [প্রতি (পাল্টা) দান (দেওয়া)] ক্রি-বিণ, গৃহীত দ্রব্যের প্রত্যর্পণ; গচ্ছিত বস্তুর সংন্যাস। ২ বিনিময়; পরিবর্ত্তন; বদল। ~দারণ [প্রতি (পরস্পর) দারণ (বিদারণ)] বি, যুদ্ধ; রণ; সংগ্রাম। ~দিন [প্রতি (প্রত্যেক) দিন (দিবস), অব্যয়ী০] ক্রি-বিণ, প্রত্যেক দিন; দিনদিন; প্রাত্যহিক; দৈনন্দিন। ~দিবা [প্রতি (প্রত্যেক) দিবা (দিবস), অব্যয়ী০] ক্রি-বিণ, প্রত্যহ; প্রতিদিন। ২ [সং-প্রতিদিবন্ >] বি, দীপ্তিশীল সূর্য্য। ~দিশ [প্রতি-দিশ্ (দিক্), অব্যয়ী০] ক্রি-বিণ, প্রত্যেক দিক্; দিকে দিকে। ~দেয় [প্রতি (পুনর্ব্বার) দেয় (দানযোগ্য)] বিণ, প্রত্যর্পণের যোগ্য। ২ প্রত্যানয়ন করা। ৩ পুনঃপ্রদান করা। ~দ্বন্দ্ব [প্রতি-দ্বন্দ্ব (যুদ্ধ)] বি, বিপক্ষে সংগ্রাম; বিরোধ। ~দ্বন্দ্বিতা [প্রতিদ্বন্দ্ব+ইন্=প্রতিদ্বন্দ্বিন্ +তা (ভা০)] বি, শত্রুতা; প্রতিপক্ষতা; বিপক্ষতা। ২ প্রতিযোগিতা; সমকক্ষতা। ~দ্বন্দ্বী [প্রতি (বিরুদ্ধে) দ্বন্দ্বী (বিবাদকারী)। প্রতিদ্বন্দ্বিন্ ১মা ১ব০] বিণ, বিপক্ষ; প্রতিপক্ষ; শত্রু। ২ সমকক্ষ; সদৃশ। ৩ বিরুদ্ধবাদী। > স্ত্রীং ~দ্বন্দ্বিনী-বিরোধিনী। ~ধান [প্রতি-ধা (ধারণ করা)+অন(ভা০)] বি, নিবারণ; নিরাকরণ। ~ধ্বনি [প্রতি (পুনর্ব্বার) ধ্বনি (শব্দ)] বি, প্রতিশব্দ; কৃত শব্দের পুনঃ শব্দ echo. ~ধ্বনিত-বিণ, প্রতিশব্দিত resounded. ~নন্দন [প্রতি (অতিশয়) নন্দ্ (আনন্দ করা) + অন (ভা০)] বি, অভিনন্দন; সন্তোষের সহিত প্রশংসা; আশীর্ব্বচনাদি দ্বারা হর্ষ প্রকাশ। ~নপ্তা [প্রতি (পশ্চাৎ) নপ্তৃ ১মা, ১ব০, নপ্তা (পৌত্র)] বি, প্রপৌত্র। স্ত্রীং ~নপ্ত্রী। ~নব [প্রতি-নব (নূতন), প্রাদি০] বিণ, নূতন; অভিনব; নব্য। ~নাদ [প্রতি (পশ্চাৎ) নাদ (শব্দ)] বি, প্রতিশব্দ; অনুধ্বনি; প্রতিধ্বনি। ~নিধি [প্রতি (পরিবর্ত্ত ভাব) নিধি (যে ধারণ করে), যে অন্যের পরিবর্ত্তে সমস্ত কার্য্যভার ধারণ বা গ্রহণ করে] বি, প্রতিভূ; একের পরিবর্ত্তে অন্য; বদলী। ২ জামিন। ৩ অনুকল্প; প্রতিকৃতি; তুল্যরূপ। ৪ গোমস্তা; মোক্তার; ইং agent এর পরিঃ(H. S. Glossary)। ৫ইং proxyর পরিঃ (H. S. Glossary)। প্র০-সভা-বি, বিভিন্ন সম্প্রদায়ের প্রতিনিধি বা মুখপাত্র বা প্রধান ব্যক্তিগণের মণ্ডলী। ~নিনাদ [প্রতি (পশ্চাৎ) নিনাদ (শব্দ)] বি, পুনঃশব্দ; প্রতিরব; প্রতিধ্বনি। ~নির্বর্ত্তন [প্রতি (পশ্চাৎ) নি-বৃত্ (থাকা) +অন (ভা০)] ক্রি, প্রত্যাবর্ত্তন। ২ প্রতিনিবারণ। বিণ ~নির্বর্ত্তিত-ফিরিতে বাধ্য করা হইয়াছে এমন; প্রতিনিবারিত।

~নিবৃত্তি [প্রতি (পুনর্ব্বার) নিবৃত্তি (ফিরিয়া আসা)] বিণ. প্রত্যাগমন। ২ ক্ষান্তি; প্রতিনিবারণ। ~নিবৃত্ত-বিণ. নিরস্ত। ২ প্রত্যাগত। ~নিয়ত-ক্রি-বিণ. অহরহঃ; প্রতিমুহূর্ত্ত; অনুক্ষণ। "প্রায় দশ বৎসর পর্য্যন্ত প্রতিজ্ঞা পথের পথিক হইয়া প্রতিনিয়তই উৎসাহ রথের চালনা করিতেছি" -ঈ॰ গুপ্ত। ~নিয়ম [প্রতি (প্রত্যেক) নিয়ম (রীতি)] বি. প্রত্যেক বিষয়ের রীতি বা পদ্ধতি। ~নিশ [প্রতি (প্রত্যেক) নিশা (রাত্রি), অব্যয়ী॰। নিশা=নিশ] ক্রি-বিণ. প্রতি যামিনীতে; প্রতি রজনীতে; প্রত্যেক রাত্রিতে। ~প, প্রতীপ [প্রতি (বিশেষভাবে) প (যে পালন করে)] বি. চন্দ্রবংশীয় রাজা; ভীষ্মদেবের পিতামহ। ২ বিপরীত; বিরুদ্ধ। "প্রতীপ গমন"। ~পক্ষ [প্রতি (বিরুদ্ধ) যে পক্ষ (বল, সহায়), ধা] বি. শত্রুদল; বিরুদ্ধপক্ষ; বিপক্ষ। ২ প্রতিবাদী; বিবাদী; আসামী। ৩ প্রতিকূল; বাম। ৪ তুল্যতা; সাদৃশ্য। ~পণ [পারিঃ (রবী॰)] বিনিময় (H. S. Glossary); ইং barter এর বৈজ্ঞা॰ পরিঃ। ~পৎ, -দ১ [প্রতি-পদ্ (গমন করা, পাওয়া) + ক্বিপ্ (ম্রি), যে দিনে চন্দ্র ক্ষয় বা উদয় পায়] বি. চন্দ্রের প্রথম কলার বৃদ্ধি বা ক্ষয়কারক তিথি; পূর্ণিমা বা অমাবস্যার পরদিনের তিথি; শুক্ল বা কৃষ্ণপক্ষের প্রথম তিথি। ~পত্তি [প্রতি-পদ্ (গমন করা, পাওয়া) + তি (ভা॰)] বি. সম্মান; গৌরব; সুখ্যাতি; সুযশ। ২ পদপ্রাপ্তি। ৩ অভিমান। ৪ নিশ্চয় জ্ঞান; কর্ত্তব্যবুদ্ধি। ৫ ইচ্ছা; অভিলাষ। ৬ অঙ্গীকার; প্রতিশ্রুতি। ৭ অভিযোগ। ৮ প্রমাণ; সাক্ষ্য। ৯ প্রগল্ভতা। ১০ অনুমতি; আজ্ঞা। ১১ ব্যবস্থা; রীতি; নিয়ম। ১২ দান। ১৩ উপায়; সাধন। ~পত্তিমান-বিণ. সম্মানযুক্ত; যশস্বী; গৌরবান্বিত; প্রতিপত্তিশালী। > স্ত্রীং ~পত্তিমতী। ~পত্তিরক্ষা-বি. প্রতিষ্ঠা বা মর্য্যাদা রক্ষা; মান সম্ভ্রম বজায় রাখা। ~পত্তিশালী-বিণ. সম্মানিত; গৌরবান্বিত; সম্ভ্রমশালী। > স্ত্রীং ~পত্তিশালিনী। ~পদ২ [প্রতি (প্রত্যেক)-পদ (চরণ), অব্যয়ী॰] ক্রি-বিণ. পদে পদে; প্রত্যেক পদক্ষেপে। ২ প্রতি স্থানে; নানাস্থানে। ~পদে [প্রতি-পদে (পদক্ষেপে, বিষয়ে, বারে ইং অর্থে)] ক্রি-বিণ. প্রত্যেক বিষয়ে; প্রত্যেক কার্য্যে বা পদক্ষেপে; পদে পদে। ~পন্ন [প্রতি-পদ্ + ত (র্ম)] বিণ. প্রমাণসিদ্ধ; যুক্তি ও তর্ক দ্বারা সমর্থিত; প্রমাণিত; মীমাংসিত। ২ অবধারিত; স্থিরীকৃত। ৩ বিদিত; জ্ঞাত। ৪ সম্মানিত; গৌরবযুক্ত। ৫ অনুমত; অনুজ্ঞাত। ৬ অঙ্গীকৃত; প্রতিজ্ঞাত। ৭ অভিযুক্ত। ৮ গৃহীত। ৯ প্রাপ্ত। ~পাদক [প্রতি-পদ্ + ণিচ্ = পাদি + অক] বিণ. নিষ্পাদক; নির্ব্বাহকারক। ২ নির্ণায়ক; মীমাংসক। ৩ প্রতিপত্তিজনক। > স্ত্রীং ~পাদিকা। ~পাদন [প্রতি-পদ্ + ণিচ্ = পাদি (গমন করান) + অন (ভা॰)] বি. সম্পাদন; নির্ব্বাহ। ২ জ্ঞাপন; বিদিতকরণ। ৩ দান। ৪ নির্দ্ধারণ; স্থিরীকরণ। ৫ উৎপাদন। ৬ পতিপত্তি। ~পাদনীয়-বিণ. প্রতিপাদ্য; প্রতিপাদনযোগ্য; প্রতিপাদিতব্য। ~পাদিত [প্রতি-পদ্ + ণিচ্ = পাদি + ত (র্ম)] বিণ. অবধারিত; স্থিরীকৃত। ২ নির্ব্বাহিত; সম্পাদিত। ৩ বিজ্ঞাপিত। ৪ প্রদত্ত। ~পাদ্য [প্রতি-পাদি + য (র্ম)] বিণ. বর্ণনীয় বিষয়। ২ প্রতিপাদনযোগ্য। ৩ সম্পাদ্য। ৪ জ্ঞাতব্য; বোধ্য। ৫ অভিধেয়। ~পালক [প্রতি-পালি (রক্ষা করা) + অক (র্ত্তৃ)] বিণ. যে প্রতিপালন করে; যে রক্ষণ এবং পোষণ করে। > স্ত্রীং ~পালিকা। ~পালন [প্রতি-পালি + অন (ভা॰)] বি. রক্ষণ; পোষণ। বিণ. প্রতিপালনীয়। ~পালিত [প্রতি-পালি (রক্ষা করা) + ত (র্ম)] বিণ. যাকে প্রতিপালন করা হয়; যার ভরণ পোষণ ও রক্ষণাবেক্ষণের ভার লওয়া হয়। > স্ত্রীং ~া। ~পাল্য [প্রতি-পালি (পালন করা) + য (র্ম)] বিণ. পোষ্য; প্রতিপালনীয়; রক্ষণীয়। > স্ত্রীং ~া। ~পুরুষ [প্রতি (সদৃশ) পুরুষ (মনুষ্য)] বি. যে অন্যের স্থানে কার্য্য করে; প্রতিনিধি। ~পূজন [প্রতি (অনুকরণে) পূজন] বি. কাহাকে পূজা করিতে দেখিয়া তদনুকরণ। •~পোষক [প্রতি-পুষ্ (পোষা) + অক (র্ত্তৃ)] বিণ. সহায়তাকারক; সাহায্যকারী। ২ যে প্রতিপালন করে; প্রতিপালক। ~প্রদান [প্রতি-প্র-দা (দান করা) + অন (ভা॰)] বি. প্রত্যর্পণ; প্রতিদান। ~প্রয়াণ [প্রতি (পশ্চাৎ)-প্রয়াণ] বি. প্রত্যাবৃত্তি; ফিরিয়া যাওয়া। ~প্রসব [প্রতি-প্র-সূ (উৎপাদনে) + অ (ভা॰)] বি. নব বিধান দ্বারা নিষিদ্ধ বিধির পুনঃ প্রবর্ত্তন; নিষিদ্ধের পুনর্ব্বিধি। ~প্রস্থাতা [প্রতি + প্রস্থাতৃ ১মা, ১ব॰] বি. সোমযাগীয় ঋত্বিক্‌বিঃ। ~প্রস্থান [প্রতি (প্রতিকূল) প্রস্থান] বি. বিপক্ষের আশ্রয়; শত্রুর আশ্রয়। ~প্রহার-বি. প্রতিঘাত। ২ পাল্টা প্রহার। ~প্রিয়-বি. প্রত্যুপকার; উপকারের প্রতিদান। ~ফল-বি. প্রতিশোধ। ২ উপকারীর উপকার; প্রত্যুপকার। ৩ প্রতিচ্ছায়া; প্রতিবিম্ব। ~ফলন [প্রতি-ফল্ (নিষ্পন্ন হওয়া) + অন (ভা॰)] বি. প্রতিবিম্বপাত; পরাবর্ত্তন; অধিক্ষেপ reflection. ২ মূর্চ্ছন। বিণ. ~ফলিত। ~ফলমান-কোণমাপক [খনিজ॰পরিঃ] বি. খনিশিল্প ও স্ফাটিক তত্ত্ববিদের ব্যবহার্য্য কোণপরিমাপক যন্ত্রবিঃ reflecting goniometer. ~ফুল্লক [প্রতি-ফুল্ল (বিকসিত হওয়া) + অক (র্ত্তৃ)] বিণ. প্রস্ফুটিত; বিকসিত। ~বচন [প্রতি (পশ্চাৎ) বচন (বাক্য)] বি. প্রতিবাক্য; প্রত্যুত্তর। ২ প্রতিধ্বনি। ৩ প্রতিকূল উক্তি। ৪ তুল্য অর্থবিশিষ্ট বাক্য; সমান অর্থযুক্ত কথা। ~বধক [প্রতি-বধ্ (হনন করা) + অক (র্ত্তৃ)] বি. বিনাশকারী। ২ বিরোধী; বিদ্বেষী। ~বদ্ধ [প্রতি (বিরুদ্ধ) বদ্ধ (বাঁধা)] বিণ. প্রতিবিদ্ধ; নিবারিত। ২ ব্যাহত। ~বধ্য [প্রতি-বধ্ (বিনাশ করা) + য (র্ম)] বিণ. প্রতিবন্ধনীয়। ~বন্ধ [প্রতি (বিরুদ্ধ) বন্ধ্ (বন্ধন করা) + অ (ভা॰)] বি. অন্তরায়; বিঘ্ন; বাধা। ২ [পরিঃ] ইং resistance এর বৈজ্ঞা॰পরিঃ। ~বন্ধক [প্রতি (বিরুদ্ধ) বন্ধ্ (বন্ধন করা) + অক (র্ত্তৃ)] বিণ. ব্যাঘাতকারক; বিঘ্নজনক; প্রতিরোধক। ২ বি. শাখা। ~বন্ধা-

বিণ, প্রতিবন্ধকারী। স্ত্রীং ~বন্ধ্রী। ~বন্ধি [প্রতি (বিরুদ্ধ) বন্ধ্ (বন্ধন করা) + ই (ভাং)] বি,অন্তরায়; বিঘ্ন। ২ [+ই(ণে)] অনিষ্টান্তর প্রসঙ্গক বাক্য। ~বন্ধী [প্রতিবন্ধ+ইন (স্ত্যং)=প্রতিবন্ধিন্ ১মা, ১বং] বিণ,ব্যাঘাত-যুক্ত ; বাধাবিশিষ্ট। ২ [প্রতি-বন্ধ্ + ণিচ্= বন্ধি+ইন (র্ত্তৃ)=প্রতিবন্ধিন্ ১মা, ১বং] বিণ, প্রতিবন্ধক। ~বর্ত্তন [পরিঃ, H. S. Glossary] ইং obversion এর বৈজ্ঞাং পরিঃ ; ব্যাবর্ত্তন দ্রঃ। ~বল [প্রতি (তুল্য) বল (সামর্থ্য) যার, বহুং] বিণ, সমান বলী ; তুল্যবলশালী। ২ শক্তি ; সামর্থ্য। ৩ বি, শত্রুসেনা। ~বস্তূপমা-বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ parallel simile. উপমান উপমেয় ভাব ও যথা যেমন আদি শব্দ না থাকিলেও দুইটি পদার্থের পরস্পর সাদৃশ্য স্পষ্ট প্রতীয়মান হইলে এবং সাধারণ ধর্ম্ম বস্তুতঃ একরূপ হইয়াও পৃথক্ পৃথক্ পদদ্বারা কথিত হইলে এই অলঙ্কার হয় ; যথা-ধন্য বলি দময়ন্তি! তব গুণ গণ। যে গুণে নলের মন করিলে হরণ॥ কৌমুদী জলধিজল করে আকর্ষণ। তাহে কি বিচিত্র আর বলহ এখন॥"-এখানে দময়ন্তী ও কৌমুদীর সাদৃশ্য স্পষ্ট প্রতীয়মান এবং হরণ ও আকর্ষণ বস্তুতঃ অভিন্ন নহে কিন্তু পুনরুক্তি ভয়ে পৃথক্ পৃথক্ শব্দে নির্দ্দিষ্ট মাত্র। ~বাক্য [প্রতি(পশ্চাৎ, সদৃশ ইং) বাক্য] বি, প্রত্যুত্তর ; প্রতিবচন। ২ সদৃশার্থক বচন। ৩ বিরুদ্ধ বচন ; প্রতিকূল উক্তি। ৪ প্রতিধ্বনি ; প্রতিশব্দ। ৫ প্রতিবাদের কথা। "সহসা কোন প্রতিবাদবাক্য খুঁজিয়া পাইলেন না।"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ~বাত [প্রতি (বিরুদ্ধ) বাত (বায়ু)] অ, বায়ুর প্রতিকূলে। ~বাদ, প্রতীবাদ [প্রতি (বিরুদ্ধ) বদ্(বলা) + অ (ভাং)] বি, আপত্তি ; বিতর্ক। ২ বিরুদ্ধবাদ; প্রতিকূল বচন। ~বাদী [প্রতি (বিরুদ্ধ) বদ্ (বলা) + ইন্ (র্ত্তৃ)=প্রতিবাদিন্ ১মা, ১বং] বিণ, বিরুদ্ধবাদী ; প্রতিপক্ষ ; আসামী। ২ প্রত্যর্থী। > স্ত্রীং ~বাদিনী-প্রত্যর্থিনী। ~বার্ত্তা-বি, পাল্টা সংবাদ ; বার্ত্তার বিনিময়ে গৃহীত বার্ত্তা। ~বাসর [প্রতি (প্রত্যেক) বাসর (দিন)] বি, প্রত্যহ ; প্রতি-দিবস। ~বাসী [প্রতি (নিকটে) বস্ (বাস করা) + ইন্ (র্ত্তৃ)=প্রতিবাসিন্ ১মা, ১বং] বিণ,সমীপস্থ গৃহস্থ ; প্রতিবেশী ; পড়সী। > স্ত্রীং ~বাসিনী। ~বিধান [প্রতি (পশ্চাৎ)-বি-ধা (ধারণ করা) + অন (ভাং)] বি, প্রতিকার। ২ উপায়। ৩ উপশম। ৪ প্রতিশোধ। ~বিধিৎসা [প্রতি-বি-ধা (ধারণ করা) + স (ইচ্ছার্থে)=প্রতিবিধিৎস (প্রতিবিধান করিবার ইচ্ছা) + অ(ভাং) + আ (স্ত্রীং)] বি, প্রতিকারের অভিলাষ ; প্রতি-বিধানেচ্ছা। "দেখি মূর্ত্তি প্রতিবিধিৎসার।" -প্রেম ও ফুল। ~বিধিৎসিতে [প্রতি-বিধিৎসা দ্রঃ। কবি মাইকেল মধুসূদন কর্ত্তৃক উদ্ভাবিত] ক্রি, প্রতিবিধান করিতে ; প্রতিহিংসা চরিতার্থ করিতে ; প্রতিকার করিতে ; প্রতিশোধ লইতে। "তবে যে বাঁচিছি এখনও, সে কেবল প্রতিবিধিৎসিতে মৃত্যু তার।"-মেঘং। ~বিন্ধ্য-বি, যুধিষ্ঠিরের ঔরসজাত দ্রৌপদী তনয়। ~বিম্ব [প্রতি (তুল্য) বিম্ব (মূর্ত্তি)] বি, তুল্যমূর্ত্তি ; সমান আকৃতি ; সদৃশ দেহ। ২ প্রতিচ্ছায়া। ৩ বি, দর্পণ ; আয়না। ~বিম্বন [প্রতি (সমান) বিম্ব (শোভিত হওয়া) + অন (র্ত্তৃ-জ্ঞাং)] বি, প্রতিফলন। ২ [ভাং অন] দর্পণাদি স্বচ্ছপদার্থে তুল্যরূপ আকৃতি পতন। ~বিম্ববাদ [বেদান্তে] জীবের ঈশ্বর-প্রতি-বিম্বতা স্থাপনার্থক প্রস্থবিঃ। ~বিম্বিত [প্রতিবিম্ব + ইত (যুক্তার্থে)] বিণ, প্রতিফলিত; যার প্রতিবিম্ব পড়িয়াছে। ২ প্রতিচ্ছায়া-বিশিষ্ট। ~বিহিত [প্রতি-বি-ধা + ত (র্ম্ম)-ধা=হি] বিণ, প্রতিবিধানীকৃত ; ব্যবস্থিত। ২ শোভিত ; সজ্জিত। ~বেদক [সং। পাং পটিবেদক] বি, রাজ্যের সমুদয় সংবাদ ও গুপ্ততথ্য সংগ্রহকারী এবং রাজ-সমীপে গোপনে নিবেদনকারী। ~বেদন [সং, পাং] বি, রাজ্যের অভাব অভিযোগ রাজসমীপে নিবেদন বা জানান। ২ [রবীং কর্ত্তৃক কাদম্বরী হ'তে নির্ব্বাচিত] বিবৃতি ; সমাচার ; বার্ত্তা ; বিবরণী report. "বাংলা ও আসামের অনগ্রসরশ্রেণী সকলের উন্নতি বিধায়িনী সভার ১৪শ বার্ষিক প্রতিবেদন পাইয়াছি। এই প্রতিবেদনে ১৯২৩-২৪ সালের কার্য্য-বিবরণ ও আয় ব্যয়ের হিসাব দেওয়া হইয়াছে"-প্রবাসী, কার্ত্তিক, ১৩৩২। বিণ, ~বেদক-সংঘটিত কার্য্য বা ঘটনার সংবাদ-দাতা reporter. ~বেদিত-প্রদত্ত বিবরণী reported. ~বেশ, প্রতীবেশ [প্রতি (সম্মুখে) বিশ্ (প্রবেশ করা) অ (ধি)] বি, নিকটবর্ত্তী বাসস্থান ; প্রতিবাসিগৃহ। ২ পরিবেষ্টন environment. ~প্রভাব [theory of environment এর অনুবাদ] বি, চতুষ্পার্শ্বস্থ সমসাময়িক ব্যাপারাত্মক শক্তিবাদ : বেষ্টনী-শক্তি ; পারিপার্শ্বিক অবস্থার মহিমা ; চারিপার্শ্বের শক্তিপুঞ্জ ; প্রভাবমণ্ডল। "তখন ইউরোপ প্রতিবেশ প্রভাব এবং অবস্থার আনুগত্য এই দুইটা সিদ্ধান্ত ধরিয়া আন্দোলন আরম্ভ করিয়া ছিল"-ভারতী। ~বেশবাসী [প্রতিবেশ (নিকটবর্ত্তীস্থান) তাতে বাসী (যে বাস করে)] বিণ, নিকটস্থ গৃহস্থ ; প্রতিবেশী। ~বেশী [প্রতিবেশ (নিকটবর্ত্তীস্থান) + ইন্ (স্ত্যং)= প্রতিবেশিন্ ১মা, ১বং] বিণ, নিকটবর্ত্তী গৃহস্থ ; প্রতিবাসী। > স্ত্রীং ~বেশিনী। ~বোধ [প্রতি-বুধ্ (জানা) + অ (ভাং)] বি, বিশিষ্ট জ্ঞান। ২ জাগরণ। ৩ স্ফুটন ; বিকশন। ~বোধিত [প্রতি-বোধি (বুঝান) + ত (র্ম্ম)] বিণ, যাকে বুঝান হইয়াছে ; বোধিত। ২ জাগরিত। ৩ স্ফুটিত; বিকসিত। ~ব্যূহ [প্রতি (সমানাকৃতি) যে ব্যূহ (সেনানিবেশ), ধা] বি, একাকৃতি সৈন্যব্যূহ ; তুল্যরূপ সৈন্য-স্থাপন প্রণালী। ~ভট [প্রতি (বিরুদ্ধ) ভট (যোদ্ধা)] বি, প্রতিপক্ষের যোদ্ধা ; শত্রুসৈন্য। ২ তুল্য ; অনুরূপ। ~ভয় [প্রতি (শত্রু) ভয়] বি, শত্রুভয়। ২ বিণ, ভীষণ। ~মান$_1$ [প্রতি-মা (তুল্য করা) + অন (র্ম্ম)] বি, প্রতিমূর্ত্তি ; ছবি। ২ হস্তীর দুই দন্তের মধ্যস্থান। ৩ [+অন (ণে)] প্রতিচ্ছায়া। ~মান$_2$ [পরিঃ] ইং weight এর বৈজ্ঞাং পরিঃ। ~মাননা [সং] বি, সম্মান ; পূজা; সম্বর্দ্ধনা। ~মায়া-বি, স্মৃতিশক্তির পরিচয় প্রদানার্থ পঠিত শ্লোকাবলি। ~মার্গক [প্রতি-মার্গ (পথ) যার, বহুং] বি, শূন্যে স্থিত

]] যুক্ত বিবৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন [illegible] অকারান্তবৎ, [illegible] [illegible] zfw [illegible] চাং দ্রঃ

রাজা হরিশ্চন্দ্রের পুরি। ~মুক্ত [প্রতি-মুচ্ (মোচন করা)+ত (র্ম)] বিণ, বন্ধনহীন ; বন্ধনমুক্ত। ২ পরিত্যক্ত। ~মুখ, [প্রতি (অভি) মুখ] বিণ, সম্মুখ ; অভিমুখ। ~মুখ~2~ [বলবিদ্যা° (ক° বিশ° পরিঃ)] বি, ইং representation এর বৈজ্ঞা° পরিঃ। ~মুখাগত [প্রতিমুখ+আগত] বিণ, অভিমুখীন ; সম্মুখাগত। ~মুহূর্ত্ত-বি, প্রত্যেক ক্ষণ each second, মুহূর্ত্তে-ক্রি-বিণ, ক্ষণে ক্ষণে ; প্রতিক্ষণে। ~মূর্ত্তি [প্রতি (সমান) মূর্ত্তি (আকৃতি)] বি, তুল্যাকৃতি ; প্রতিকৃতি ; ছবি। ~মোক্ষ [সং] বি, মোক্ষপ্রাপ্তি। ~মোচন [প্রতি-মুচ্ (ত্যাগ করা)+অন (ভা°)] বি, বন্ধনমোচন; বিমোচন। ২ পরিধান। ৩ নির্য্যাতন। ~যত্ন [প্রতি-যত্ন (চেষ্টা)] বি, লাভের ইচ্ছা ; লিপ্সা। ২ সম্যক্ যত্ন। ৩ প্রতিগ্রহ। ৪ রচনা। ৫ প্রতিশোধ। ৬ বিণ, যত্নশীল। ~যাত [প্রতি (পশ্চাৎ) যা (গমন করা)+ত (র্ত্তৃ)-যে ফিরিয়া আসিয়াছে] বিণ, প্রত্যাবৃত্ত ; প্রতিনিবৃত্ত। ~যাতনা [প্রতি (সমান) যত্+ণিচ্=যাতি (যন্ত্রণা দেওয়া)+অন (ভা°) আপ্ (স্ত্রীং)] বি, সমান যন্ত্রণা ; তুল্যরূপ যাতনা। ২ প্রতিমূর্ত্তি ; ছবি। ~যান-বি, প্রতিগমন। ~যুদ্ধ-বি, যুদ্ধে প্রতি-আক্রমণ। ~যুদ্ধকারী-বিণ, পাল্টা আক্রমণকারী। > স্ত্রীং ~কারিণী। ~যোগ [প্রতি-যুজ্ (যোগ করা)+অ (ভা°)] বি, শত্রুতা ; প্রতিপক্ষতা ; বিরোধ। ২ [জ্যো° (ক° বিশ° পরিঃ)] বি, ইং opposition এর বৈজ্ঞা° পরিঃ। ~যোগিতা-বি, সমকক্ষতা। ২ প্রতিকূলতা। ~যোগিহীন-বিণ, যার প্রতিযোগী নাই ; সমকক্ষশূন্য; প্রতিযোগিবিরহিত। ২ অজাতশত্রু। ৩ অদ্বিতীয়। ~যোগী~1~ [জ্যা° (ক° বিশ° পরিঃ)] বিণ, অনুবন্ধী conjugate. ~যোগী~2~ [প্রতি-যুজ্+ইন্ (র্ত্তৃ, শীলার্থে)=প্রতিযোগিন্ ১মা, ১ব°] বি, তুল্য; সদৃশ। ২ তুল্যবল; সমকক্ষ। ৩ বিরোধী প্রতিদ্বন্দ্বী। ৪ বিরুদ্ধপক্ষ ; প্রতিপক্ষ। ৫ প্রতিকূল। ৬ [ন্যায় দর্শনে] যার অভাব আছে সেই প্রতিযোগী। > স্ত্রীং ~যোগিনী। ~যোজন [দর্শন° পরিঃ, গি° বসু] বি, adaptation এর বৈজ্ঞা° পরিঃ ; অনুকূলন (H.S. Glossary)। > ~া [দর্শন° পরিঃ (H. S. Glossary] accommodation. ~যোজয়িতব্য-বিণ, যোজনীয় ; যা যুক্ত করিতে হইবে। ~যোধ, ~যোদ্ধা [প্রতি (বিরুদ্ধ) যুধ্ (যুদ্ধ করা)+অ (র্ত্তৃ), যুং যোদ্ধ্ ১মা, ১ব°] বি, যে বিরুদ্ধে যুদ্ধ করে ; সমকক্ষ যোদ্ধা। ~রক্ষণ-বি, সম্যক্ রক্ষণ। ~রথ [প্রতি (প্রতিকূলে) রথ যার, বহু°] বি, প্রতিকূল যোদ্ধা ; বিপক্ষ যোদ্ধা। ~রব [প্রতি (পশ্চাৎ) রব (শব্দ)] বি, প্রতিশব্দ ; পশ্চাৎ ধ্বনি; প্রতিধ্বনি। ~রুদ্ধ [প্রতি-রুধ্ (অবরোধ করা)+ত (র্ম), যাকে অবরোধ করা হইয়াছে] বিণ, বন্দীকৃত ; অবরুদ্ধ। ২ নিবারিত ; নিষেধিত। ~রূপ [প্রতি (তুল্য) রূপ (আকৃতি)] বি, তুল্যতা ; সাদৃশ্য। ২ প্রতিকৃতি ; প্রতিমূর্ত্তি। ৩ প্রতিচ্ছায়া। ৪ বিণ, সদৃশ। ৫ দানববিঃ। ৬ [পরিঃ] ইং counterpart এর বৈজ্ঞা° পরিঃ। ৭ ইং image এর পরিঃ (গি° বসু) ; প্রতিমা (দ্রঃ)। ~রূপক [প্রতিরূপ+ক (জ্ঞা°)] বি, প্রতিমূর্ত্তি ; প্রতিবিম্ব। ২ প্রতিনিধি। ~রোধ [প্রতি-রুধ্ (আবরণ করা)+অ (ভা°)] বি, ব্যাঘাত ; প্রতিবন্ধক ; বিঘ্ন। ২ নিবারণ ; নিষেধ। ৩ প্রতিকূলতা ; বিপক্ষতা। ৪ অবরোধ ; আটক। ৫ নিন্দা ; ভর্ৎসনা। ~রোধক [প্রতি-রুধ্ (রোধ করা)+অক (র্ত্তৃ)] বিণ, প্রতিরোধকারী ; প্রতিবন্ধক। ২ ব্যাঘাতক ; বিঘ্নকারী। ৩ নিবারক ; নিষেধকারী। ~রোধিত-বিণ, কৃত প্রতিরোধ ; নিবারিত ; নিষিদ্ধ ; ব্যাহত। ~রোধী [প্রতি-রুধ্+ইন (র্ত্তৃ)=প্রতিরোধিন্ ১মা, ১ব°] বিণ, প্রতিরোধকারী। > স্ত্রীং রোধিনী। ~লম্ভ [প্রতি-লভ্+অ (ভা°), লভ্=লম্ভ] বি, লাভ। ~লেখ [অর্থশা° পরিঃ] বি, পত্র পাঠ এবং বিবেচনান্তে রাজাদেশে যে উত্তর প্রেরিত হয়। ~লোম [প্রতি (বিপরীত) লোমন্ (গাত্ররোম)। লোমন=লোম] বিণ, প্রতিকূল ; বাম ; বিরোধী। ২ উল্টা ; ব্যুৎক্রম। ~লোমজ [প্রতিলোম-জ (জাত)] বিণ, প্রতিলোম সম্বন্ধ হতে উৎপন্ন। ২ নীচ বর্ণের ঔরসে উচ্চবর্ণের নারীর গর্ভজাত। ~লোম-পরিণাম [জীববিদ্যা° পরিঃ (যো°রায়)] বি, ইং Katabolism এর বৈজ্ঞা° পরিঃ। ~লোম বিবাহ-উচ্চ বর্ণের নারীর সহিত নিম্ন বর্ণের পুরুষের পরিণয় ; যথাক্রম বিবাহ। বিপরীত-অনুলোম বিবাহ। ~শঙ্কনীয় [প্রতি (সর্ব্বদা বা পুনঃপুনঃ)-শঙ্ক্+অনীয়] বিণ, সর্ব্বদা ভয় পাইবার মত ; সদা সন্দেহার্হ। ~শঙ্কা-বি, নিয়ত ভয়। ২ নিয়ত সন্দেহ। ~শব্দ [প্রতি (পশ্চাৎ) শব্দ (ধ্বনি)] বি, পশ্চাৎ শব্দ ; প্রতিধ্বনি : শব্দের অনুকার শব্দ। ২ অনন্যার্থবাচক শব্দান্তর (পর্য্যায় শব্দ দ্রঃ) ; অনুরূপ শব্দ ; পরিবর্ত্ত বা শব্দের প্রতিনিধি ; তুল্যার্থক শব্দ। [দ্রঃ-পর্য্যায় শব্দ ও প্রতিশব্দ এক নহে। এক পর্য্যায়ের এক এক শব্দ এক একটি গুণ প্রকাশক] ~শয় [প্রতি-শী (শয়ন করা)+অ (ভা°)] বি, দেবতার প্রত্যাদেশ কামনায় হত্যা দেওয়ার ব্যাপার ; ধন্না। ~শয়ন [প্রতি-শী (শয়ন করা)+অন (ভা°)] বি, দেবতার প্রত্যাদেশ কামনায় স্নানাহার পরিত্যাগ করিয়া দেব সম্মুখে শয়ন বা ধন্না দেওন। ~শয়িত [প্রতি-শী (শয়ন করা) +ত (র্ত্তৃ)] বিণ, বিপৎ প্রতিকারের জন্য দেবতার সম্মুখে যে ধন্না দেয় ; প্রতিশয়নকারী। ~শাসন-বি, অনুচরদিগকে ডাকিয়া স্ব স্ব কর্ম্মে নিয়োগ বা আদেশ দান। ~শোধ-বি, প্রতিহিংসা। ২ প্রতিবিধান; প্রতিকার। ~শ্যায় [আয়ু° পরিঃ (সা° প° প°)] বি, নাসিকা মুখাদিতে জলস্রাব catarrh. ~শ্রব [প্রতি-শ্রু (শ্রবণ করা, স্বীকার করা)+অ (ভা°)] বি, প্রতিশ্রুতি : অঙ্গীকার। ~শ্রয় [সং] বি, আশ্রম। ২ আশ্রয়। ৩ যজ্ঞশালা। ~শ্রুত [প্রতি-শ্রু (স্বীকার করা)+ত (র্ম)] বিণ, যা স্বীকার করা হইয়াছে ; স্বীকৃত ; অঙ্গীকৃত। ~শ্রুতি [প্রতি-শ্রু (স্বীকার করা)+তি (ভা°)] বি, প্রতিজ্ঞা ; বাগ্দান ; অঙ্গীকার। ২ প্রতিশব্দ ; প্রতিধ্বনি [বিরল]। ~ষিদ্ধ [প্রতি-সিধ্ (নিষেধ করা)+ত (র্ম)] বিণ, যাকে নিষেধ করা হইয়াছে ;

নিষিদ্ধ ; নিবারিত। ~ষেধ [প্রতি-সিধ্ (নিষেধ করা)+অ (ভা০)] বি, নিষেধ ; নিবারণ। [অর্থ শা০] এরূপ করিও না এই রাজানুজ্ঞা। ২ ত্যাগ ; বর্জ্জন। ৩ কাব্যালঙ্কারবিঃ। ৪ [সুশ্রুত] চিকিৎসা treatment ; therapeutics. ~ষেধক [প্রতি+সিধ্+ণক (র্ত্তৃ)] বি, বিষনাশক ঔষধ। ২ বিণ, নিবারক ; নিষেধকারী। ৩ বর্জ্জনকারী। ~ষেদ্ধা [প্রতি-সিধ্ (নিষেধ করা)+তৃ (র্ত্তৃ)=প্রতিষেদ্ধৃ ১মা, ১ব০] বিণ, নিবারক ; নিষেধকারী। ~ষ্টম্ভ [প্রতি-স্তন্ভ্ (রোধ করা)+অ (ভা০)] বি, অন্তরায় ; ব্যাঘাত ; প্রতিবন্ধ ; বাধা। ~সংক্রম, ~সঙ্ক্রম [প্রতি (পশ্চাৎ) সং-ক্রম্ (গমন করা)+অ (র্ত্তৃ)] বি, যে পশ্চাৎ পশ্চাৎ গমন করে ; প্রতিচ্ছায়া। ২ [ভা০] সঞ্চার। ৩ বিণ, প্রতিচ্ছায়াসম্পন্ন। ~সংবিধান [প্রতি-সং-বি-ধা (ধারণ করা)+অন (ভা০)] বি, প্রতিকার ; প্রতি-বিধান। ~সংহার [প্রতি-সং-হৃ (নিবারণ করা)+অ (ভা০)] বি, সংবরণ। "ব্রহ্মদণ্ড কর প্রতিসংহার এখন"-রামা০ (রাজ০)। ২ প্রত্যাকর্ষণ। ~সংহৃত [প্রতি-সং-হৃ+ত (র্ম্ম)] বিণ, প্রত্যাহৃত ; সঙ্কুচিত ; প্রত্যাকৃষ্ট ; নিবারিত। ~সন্ধান [প্রতি-সং-ধা+অন (ভা০)] বি, অন্বেষণ : অনুসন্ধান। ২ অনুচিন্তন। ৩ স্তুতিপাঠ। ~সন্ধি-চিত্রণ-বি, "অধিকারশীল বা অক্ষয় বর্ণময় সোণার গহণায় নানা বর্ণের মণি মাণিক্যের জড়োয়া কাজের ন্যায় কৃত্রিম উপায়ে কাচ, মিনা বা কাচময় ইষ্টক বা টালির (vitrified bricks or tiles) ব্যবহারে শিল্পীর পরিকল্পনা দীর্ঘকাল স্থায়ী হইতে ও সমুজ্জ্বল ভাবে তাহা রচনার শোভা বৃদ্ধি করিতে পারে এমন বিচিত্র বর্ণময় কঠিন দ্রব্যখণ্ড সংযোজন করিয়া চিত্র বা আলেখ্য রচনার নাম প্র০।"-প্রবাসী, কার্ত্তিক, ১৩৩৪। "দৃঢ় স্থূল রেখাপাত, অল্প সংখ্যক বর্ণ ব্যবহার, বর্ণ হইতে ভিন্ন বর্ণ মধ্যে সুস্পষ্ট সীমা নির্দ্দেশ, যতদূর সম্ভব মৌলিক বা সহজ বর্ণ প্রয়োগ প্রতিরূপ সকলে সাংকেতিক আকারের ব্যবহার, ইহাই প্রতিসন্ধি চিত্রের পরিকল্পনার উৎকৃষ্ট আদর্শ। এই শিল্পের সর্ব্বাপেক্ষা প্রচলিত ও স্থূল নিদর্শন দুই বা অধিক বর্ণের প্রস্তর ফলক নির্ম্মিত দাবাবড়ের ছকের আকারে নির্ম্মিত গৃহতল"-ঐ। ~সব্য [প্রতি (সম্যক্) সব্য (বাম)] বি, বিপরীত ; প্রতিকূল। ~সমাধান [প্রতি-সং-আ-ধা+অন (ভা০)] বি, প্রতিবিধান। ~সমাধেয় [প্রতি-সং-আ-ধা+য (র্ম্ম)] বিণ, প্রতিবিধানযোগ্য ; প্রতিবিধেয়। ~সম্বিদা [বৌ০ সা০] বি, কর্ত্তব্যাকর্ত্তব্য, ঔচিত্যানৌচিত্য ই০ বিশ্লেষ করিবার ক্ষমতা। ~সর্গ [প্রতি (পশ্চাৎ) সৃজ্ (সৃষ্টি করা)+অ (ভা০)] বি, ব্রহ্মার সৃষ্টির পর দক্ষ, মরীচি প্রভৃতি প্রজাপতিগণের সৃষ্টি। ~সর [প্রতি-সৃ (গমন করা)+অ (র্ম্ম)] বি, মন্ত্রবিঃ। ২ সৈন্যপৃষ্ঠ। ৩ প্রাতঃকাল। ৪ হস্তসূত্র। ৫ বিণ, ভৃত্য ; কিঙ্কর ; নিযোজ্য। ৬ [ভা০ অ] ক্ষত আরোগ্য করা ; ঘা শুকান। ~সরণ -প্রতিসারণ দ্রঃ। ~সরণাঙ্ক [জ্যো০ (ক০ বিশ্ব০ পরিঃ)] বি, ইং coefficient of refraction এর বৈজ্ঞা০ পরিঃ। ~সর্য্যা-বি, একাদশ রুদ্রের অন্যতম। ~সান্ধানিক [প্রতিসন্ধান (স্তুতিপাঠ) + ইক (র্ত্তৃ-কৃতার্থে)] বি, যে স্তুতিপাঠ করে ; স্তুতি-পাঠক। ~সাম্য [জ্যা০ (ক০ বিশ্ব০ পরিঃ)] বি, ইং cemetry র বৈজ্ঞা০ পরিঃ। ~সারণ, সরণ [প্রতি-সৃ+ণিচ্=সারি (গমন করান)+অন (র্ত্তৃ)] বিণ, নিষ্কাশক ; অপসারক। ২ [+অন (ভা০)] বি, বহিষ্করণ ; অপসারণ ; দূরীকরণ। ৩ সুশ্রুতকথিত অগ্নিকার্য্যবিঃ। ৪ ভৈষজ্য চূর্ণ (medicinal powder) দিয়া রগড়ান rubbing. ~সারিত [প্রতি-সৃ+ণিচ্=সারি (গমন করান)+ত (র্ম্ম)] বিণ, অপসারিত ; দূরীকৃত। ২ প্রবর্ত্তিত। ৩ পরিচালিত। ৪ পরিশোধিত ; মার্জ্জিত। ~সারী [প্রতি-সৃ+ণিচ্=সারি (গমন করা)+ইন্ (র্ত্তৃ)= প্রতিসারিন ১মা, ১ব০] বিণ, প্রতিকূলগামী ; বিরুদ্ধাচারী। ~সীরা ["প্রতিসীরাজ (ব)-বনিকা তাস্তিরস্করিণী চ সা"-অমর০] বি, যবনিকা ; পর্দ্দা। ~সৃষ্ট [প্রতি-সৃজ (বিসর্জ্জনে)+ত (র্ম্ম)] বিণ, নিক্ষিপ্ত ; বিসৃষ্ট। ২ প্রত্যাখ্যাত। ~সূর্য্য, প্রতিসূর্য্যক [প্রতি-সূর্য্য, +ক প্রত্যয়ে=প্রতিসূর্য্যক] বি, দ্বিতীয় সূর্য্যের মত অন্তরীক্ষ হতে উৎপন্ন উৎপাতবিঃ। ২ সূর্য্যমণ্ডল। ~স্খলিত বিণ, প্রতিহত ; নিরস্ত। ~স্রোত [স্রোত-প্রতি, অব্যয়ী০] অ, স্রোতের দিকে ; স্রোতের অভিমুখে। ২ বি, পরনারী ; পরস্ত্রী। ~স্পন্দন-বি, পরিস্পন্দন ; ধড়্ ধড়্ করণ। ~স্পর্দ্ধা-বি, প্রতিযোগিতা ; প্রতিদ্বন্দ্বিতা। > বিণ, ~স্পর্দ্ধী- ঈর্ষাপরায়ণ ; প্রতিস্পর্দ্ধা-কারী। ২ বি, প্রতিযোগী ; প্রতিদ্বন্দ্বী। ৩ বিদ্রোহী। > স্ত্রীং ~স্পর্দ্ধিনী। ~স্বর-বি, প্রতিধ্বনি ; প্রতিরব। ~স্মৃতি -বি, স্মৃতিশাস্ত্রবিঃ। ~স্রোতঃ, -স্রোত [প্রতি (প্রতিকূল) স্রোতস্ (স্রোত)] বি, প্রতিকূলবাহী স্রোত ; বিপরীত বা উল্টা স্রোত। ~হত [প্রতি-হন্ (বধ করা, আঘাত করা)+ত (র্ম্ম)] বিণ, আহত ; আঘাতপ্রাপ্ত। ২ প্রতিঘাত প্রাপ্ত ; বাধা প্রাপ্ত ; ব্যাহত। ৩ প্রতিস্খলিত। ৪ রুদ্ধ ; প্রতিরুদ্ধ। ৫ নিরস্ত ; নিবৃত্ত। ~হতি [প্রতি-হন্+তি (ভা০)] বি, প্রতিঘাত। ২ প্রতিবন্ধ ; বাধা। ৩ ক্রোধ ; রোষ। ৪ প্রতিক্ষেপ ; নিরাশ। ~হনন-বি, হনন-কারীকে বধ করণ ; হননের প্রতিশোধস্বরূপ হত্যাকারীকে হনন। ~হন্তা [হন্+তৃ (র্ত্তৃ)=প্রতিহন্তৃ ১মা, ১ব০] বিণ, বিনাশকর্ত্তা ; নাশক ; প্রতিহননকারী। ২ নিবারণকারী ; বাধাপ্রদানকারী ; ব্যাঘাতকারী। ৩ ঋত্বিকবিঃ। ~হর্ত্তা [প্রতি-হৃ (হরণ করা) +তৃ (র্ত্তৃ)=প্রতিহর্ত্তৃ ১মা, ১ব০] বিণ, প্রতিহন্তা দ্রঃ। ~হস্ত [প্রতি-হস্ত, ক যোগে=প্রতি-হস্তক] বি, প্রতিনিধি ; বদলী ; প্রতিভূ। ~হস্তী [প্রতিহস্ত+ইন্ (স্ত্য০)=প্রতিহস্তিন্ ১মা, ১ব০]। বি, প্রতিনিধি। ২ খাজনা সংগ্রাহক ; গোমস্তা। ~হার, প্রতীহার [প্রতি-হৃ (হরণ করা)+অ (ধি)] বি, দ্বার ; কটক ; গেট। ২ দ্বারবান্ ; দ্বাররক্ষক ; দৌবারিক। ৩ [র্ত্তৃ] বাজিকর। ৪ [ভা০] পরিত্যাগ ; পরিহার। ৫ মায়া ; ছল ; কপটতা। ~হারক [প্রতি-হৃ+ণক (র্ত্তৃ)]

বি, ঐন্দ্রজালিক ; বাজিকর। ২ ছলনাকারী; প্রতারক। ~হার্ণ [প্রতি-হারি (গ্রহণ করান)+অন (ধি)] বি, প্রবেশদ্বার ; ফটক। ২ দ্বারে প্রবেশের অনুমতি। ~হারী, প্রতীহারী [প্রতি-হৃ+ইন্ (র্ত্তৃ)=হারিন ১মা, ১ব০, কিম্বা প্রতিহার+ইন্ (ত্ত্য০)] বি, দ্বারবান্ ; দ্বাররক্ষক। > স্ত্রীং ~হারিণী। ~হার্য্য [প্রতি-হৃ+ণিচ্=হারি+য (র্ম্ম)] বিণ, পরিহরণীয় ; পরিত্যাজ্য। ~হাস, প্রতীহাস [প্রতি (পশ্চাৎ)-হস্ (হাস্য করা)+অ (র্ম্ম)] বি, উপহাসকারীর প্রতি হাস্য। ২ করবী গাছ। ~হিংসা [প্রতি (পশ্চাৎ) হিংসা] বি, বৈরনির্যাতন ; শত্রুতা-উদ্ধার। বিণ, প্রতিহিংসিত।

প্রতিভা [প্রতি-ভা (দীপ্তি পাওয়া) +অ (ভা০)] বি, অসাধারণ তীক্ষ্ণধী। ২ অসামান্য বুদ্ধিপ্রভাব ; প্রত্যুৎপন্নমতি ; নব নব উন্মেষশালিনী বুদ্ধি ; উপস্থিত বুদ্ধি ; নূতন উন্মেষশালিনী প্রজ্ঞা। "বুদ্ধির নূতন নূতন যে উন্মেষ তাহার নাম প্রতিভা"-পুরুষ পরীক্ষা। ৩ নিত্য নব নব উল্লেখ। "প্রতিভায় বাক্য তোমার দেবতা সন্তোষে। ভালমতে বিচারিলে জানি গুণ দোষে॥"-চৈ০ চ০। ৪ সাদৃশ্য ; তুল্য। ৫ দীপ্তি ; ঔজ্জ্বল্য। ~ত (-ভ-) [সং] বিণ, প্রতিফলিত। ২ প্রদীপ্ত। ৩ প্রকাশিত। ৪ উদিত ; প্রাদুর্ভূত। ৫ প্রতীত। ~ন্বিত [প্রতিভা (দ্বারা) অন্বিত (যুক্ত), ৩তৎ] বিণ, অসামান্য তীক্ষ্ণবুদ্ধিবিশিষ্ট। ২ দীপ্তিশালী ; প্রভা-বিশিষ্ট। ~বান্ [প্রতিভা+বৎ (ত্ত্য০=) প্রতিভাবৎ ১মা, ১ব০] বিণ, প্রতিভান্বিত। ~শালী [সং-প্রতিভাশালিন্ ১মা, ১ব০] বিণ, তীক্ষ্ণধীসম্পন্ন ; প্রতিভাযুক্ত। > স্ত্রীং ~শালিনী। ~সম্পন্ন [প্রতিভাদ্বারা সম্পন্ন, ৩তৎ] বিণ, প্রতিভাশালী ; প্রতি-ভান্বিত।

প্রতিভান [সং] বি, প্রজ্ঞা ; বুদ্ধি।

প্রতিভাস [প্রতি-ভাস্ (দীপ্তি পাওয়া)+অ (ভা০)] বি, প্রকাশ ; বিকাশ। ২ [র্ত্তৃ-অ] বিণ, প্রতিভাতকারী ; প্রকাশকর্ত্তা। বিণ, প্রতিভাসিত -শোভা এবং প্রভাযুক্ত ; শোভিত ; প্রভাবিশিষ্ট।

প্রতিভূ [প্রতি-ভূ (হওয়া) +কিপ্ (র্ত্তৃ)] বি, প্রতিনিধি। ২ জামিন।

প্রতিম [প্রতি-মা (তুল্য করা)+অ (র্ম্ম) যাকে তুল্য করা হয়। ইহা অন্ত্য শব্দের পরে থাকে] বিণ, সদৃশ ; তুল্য। প্র-সোদরপ্রতিম।

প্রতিমা [প্রতি-মা (তুল্য করা, পরিমাণ করা)+অ (র্ম্ম)। প্রা০ পিরতিমে, পিত্তিমে, পতিমা, পোতিমা] বি, প্রতিমূর্ত্তি ; প্রতি-কৃতি। "মণিবেদীপরে চিন্তামণির প্রতিমা -অ০ ম০। ২ [+অ(র্ত্তৃ)] দেবমূর্ত্তি। "প্রতিমা প্রভাবে যত ঋষিগণ। ভূতলে পড়িলা সবে হয়ে অচেতন॥-অ০ম০"। ৩ [+অ(ভা০)] সাদৃশ্য। ৪ [+অ (ণে)] প্রতিবিম্ব। ৫ [দর্শন০ পরিঃ (সি০ বসু০)] ইং image এর বৈজ্ঞা০ পরিঃ ; প্রতিরূপ। ~গৃহ -বি, যে গৃহে প্রাচীন দ্রব্য-সম্ভার রক্ষিত হয় ; পুরাদ্রব্যালয় museum. "সমিতির প্রতিমাগৃহটী ইতিমধ্যেই কোন কোন বিষয়ে বিশেষতঃ প্রাচীন পুথি, যুগ-বিশেষের ভাস্কর্য্য ও প্রাচীন লিপি সম্পদে সমৃদ্ধিমান হইয়াছে।-বাঙ্গালী (২১ অগ্রহায়ণ, ১৩২২)। ~তত্ত্ব [প্রতিমা+তত্ত্ব] বি, মূর্ত্তি-বিজ্ঞান iconology. ~পূজক-বিণ, যে প্র০ পূজা করে ; পৌত্তলিক। ~পূজা-বি, দেব দেবীর মূর্ত্তি গঠন বা অঙ্কিত করিয়া পূজা। ~বিসর্জ্জন বি, পূজাশেষে দেবমূর্ত্তি নদীজলে প্রক্ষেপণ।

প্রতিষ্ঠ [প্রতি-স্থা (থাকা)+অ (র্ত্তৃ)] বিণ, প্রখ্যাত ; গৌরবান্বিত ; প্রতিষ্ঠাযুক্ত। ২ বি, জৈনবিঃ। ~মান [প্রতি-স্থা+আন (র্ত্তৃ), স্থা=ষ্ঠা, ম্ আগম] বিণ, গৌরবান্বিত ; প্রতিষ্ঠাযুক্ত ; সম্মানিত।

প্রতিষ্ঠা [প্রতি-স্থা (থাকা)+অ (ভা০)+আ (স্ত্রীং)] বি, প্রশংসা ; সুকীর্ত্তি ; গৌরব ; পদমর্য্যাদা ; সম্মান। "নিষাদ! প্রতিষ্ঠা তুই না পাবি কখন।"-রামা০ (রাজ০)। ২ ব্রতাদির উদ্যাপন। ৩ কূপ ; মঠ ; পুষ্করিণী ই০ দেব ব্রাহ্মণাদির উদ্দেশে উৎসর্গ। ৪ সংস্থাপন। ৫ সংস্কারবিঃ। ৬ অবস্থান ; স্থিতি। ~তা [মূ০ প্রতিষ্ঠাতৃ ১মা, ১ব০] বি, প্রতিষ্ঠাকারী ; যে প্রতিষ্ঠা করে। ২ সংস্থাপক। > স্ত্রীং ~ত্রী। ~ধিকার [প্র০+অধিকার। পরিঃ (রবী০)] বি, ব্যবসায়ে পসার good will এর বৈজ্ঞা০ পরিঃ ; গ্রাহক সম্বন্ধ (H.S. Glossary)। ~ন্বিত [প্রতিষ্ঠা দ্বারা অন্বিত, ৩তৎ] বিণ, প্রতিষ্ঠাবান ; লব্ধপ্রতিষ্ঠ ; প্রখ্যাত ; লব্ধ-গৌরব। ~পন [প্রতি-স্থাপন] বি, সংস্থাপন ; প্রতিষ্ঠাচরণ। ২ উৎসর্গ। ~পয়িতা-বি, প্রতিষ্ঠাতা ; উৎসর্গকারী। ~পিত [প্রতি-স্থা+ণিচ্=স্থাপি (স্থাপন করা)+ত (র্ম্ম), যা স্থাপন করা হইয়াছে] বিণ, অবস্থাপিত। ২ উৎসর্গীকৃত ; উৎসৃষ্ট। ~বান্ [প্রতিষ্ঠা-বৎ (ত্ত্য০)=প্রতিষ্ঠাবৎ ১মা, ১ব০] বিণ, প্রতিষ্ঠান্বিত ; যশস্বী ; প্রখ্যাত। > স্ত্রীং ~বতী। ~ভাজন [প্রতিষ্ঠার ভাজন (পাত্র)] বি, প্রতিষ্ঠার উপযুক্ত পাত্র ; সম্মানাস্পদ। ~শালী [প্রতিষ্ঠাশালিন্ শব্দ] বিণ, সম্মানিত ; প্রতিষ্ঠা-যুক্ত ; গৌরবান্বিত। > স্ত্রীং ~শালিনী। ~শী [প্রতিষ্ঠা+আশ (আশা)+ঈ, প্রতিষ্ঠার আশা যার] বিণ, যশলিপ্সু ; সম্মানাভিলাষী।

প্রতিষ্ঠান [প্রতি-স্থা+অন (ধি)। প্রা০ বৌ০ বাং, প্রাকৃ০ পইঠান। অপ্রতিষ্ঠান= অপৈঠান (চ০ পদ০ ৩৪।৩)] বি, নগরবিঃ ; ইহা গোদাবরীতীরে অবস্থিত ; আধুনিক নাম পৈথান। (২) এলাহাবাদের গঙ্গার পরপার-বর্ত্তী প্রাচীন নগরী। সূর্য্যবংশীয় রাজা পুরুরবার রাজধানী। হরিবংশ মতে, ইহা গঙ্গার উত্তর তীরে প্রয়াগ জেলার মধ্যে অবস্থিত ছিল, কালিদাসে, গঙ্গা যমুনার সঙ্গম স্থলে অবস্থিত। আধু০ নাম ঝুঁসী। (৩) এলাহাবাদের প্রাচীন নাম (রামা০)। ২ প্রসিদ্ধি। ৩ ব্রত উদ্যাপন সম্বন্ধে কর্ত্তব্য।

প্রতিষ্ঠিত [প্রতিষ্ঠা+ইত (যুক্তার্থে) বা প্রতি-স্থা (থাকা)+ত (র্ত্তৃ), ই আগম। স্থা=ষ্ঠা] বিণ, প্রতিষ্ঠাযুক্ত ; প্রশংসিত ; বিখ্যাত। ২ গৌরবান্বিত ; সম্মানিত। ৩ সংস্কৃত। ৪ অবস্থিত। ৫ স্থাপিত। স্ত্রীং ~া।

প্রতীক [প্রতি-ইক্ (গমন করা)+অ] বিণ, বিরুদ্ধ ; প্রতিকূল ; বিপরীত। ২ বি,

প্রত্যঙ্গ ; রূপ ; অবয়ব। ৩ চিহ্ন ; নিদর্শন। ৪ [পারিঃ] ইং symbol এর বৈজ্ঞাং পরিঃ। ~তা (-কং) [পারিঃ] symbolism.

প্রতীকার, প্রতীকার্য্য-প্রতিকার, প্রতিকার্য্য দ্রঃ।

প্রতীকাশ-বি, প্রতিকাশ দ্রঃ। ২ সাদৃশ্য ; উপমা।

প্রতীক্ষণ [প্রতি-ঈক্ষ (দর্শন করা) + অন (ভাং)] বি, অবলোকন। ২ অপেক্ষা। ৩ পরিপোষণ ; প্রতিপালন। ৪ পূজা।

প্রতীক্ষা [প্রতি-ঈক্ষ্ + অ (ভাং) + আ (স্ত্রীং)] বি, অপেক্ষা। ২ পরিপোষণ ; পালন। > বিণ, প্রতীক্ষিত।

প্রতীক্ষ্য [প্রতি-ঈক্ষ + য (র্ম)] বিণ, অপেক্ষার যোগ্য ; অপেক্ষণীয়। ২ পূজনীয় ; পূজার্হ ; আরাধ্য। ~মাণ-বিণ, যাকে দেখা যাইতেছে ; প্রত্যক্ষ। > স্ত্রীং ~মাণা -পরিদৃশ্যমানা।

প্রতীঘাত-প্রতিঘাত দ্রঃ।

প্রতীচী [প্রতি (পশ্চাৎ) + অন্‌চ (গমন করা) + ক্বিপ (খি)=প্রত্যচ্ + ঈ (স্ত্রীং), যেদিকে সূর্য্য অস্তগমন করে] বি, পশ্চিমদিক্। বিণ, ~ন [প্রতীচী (পশ্চিমদিক্) + ঈন (ভাং)] পশ্চিমদিকস্থ। ২ পশ্চিমদেশীয় ; পশ্চিমদেশজাত ; পশ্চিম দেশোৎপন্ন।

প্রতীচ্য [প্রতীচী (দ্রঃ) + য্য (ভাং)] বিণ, পশ্চিম দেশস্থ। ২ প্রাচ্য (দ্রঃ) দেশের পশ্চিমস্থ।

প্রতীত [প্রতি-ই (গমনে, বোধে) + ত (র্ম)]। প্রাং পরতীত] বিণ, জ্ঞাত ; অবগত। ২ হর্ষযুক্ত ; প্রীত ; হৃষ্ট ; আনন্দিত। ৩ প্রসিদ্ধ ; প্রখ্যাত। ৪ সম্মানিত ; মানপ্রাপ্ত। ৫ অনুভূত। ৬ প্রতীয়মান ; প্রত্যক্ষগোচর apparent. ৭ [+ত (র্তৃ)] জ্ঞানবান। ৮ কৃতবিশ্বাস ; কৃতপ্রত্যয়। "যার তুমি ধর চুলে সেই এসে মোরে বলে নহিলে নহিতাম পরতীত।"-চণ্ডিং।

প্রতীতি [প্রতি-ই + তি (ভাং)] বি, জ্ঞান ; বোধ। ২ প্রসিদ্ধি ; খ্যাতি ; যশ। ৩ সম্মান ; সমাদর। ৪ বিশ্বাস। ৫ আনন্দ ; হর্ষ ; আহ্লাদ। ৬ প্রীতি।

প্রতীপ, [সং] বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ Reversed simile. প্রসিদ্ধ উপমানকে উপমেয়রূপে নির্দ্দেশ বা সেই প্রসিদ্ধ উপমানের নিষ্ফলত্ব বা বৈকল্য বর্ণনা স্থলে এই অলঙ্কার হয়। যথা-"কে বলে শারদ শশী সে মুখের তুলা পদনখে পড়ে তার আছে কতগুলা।"-বিং সুং। কাব্যদর্পণে-

"নয়ন সদৃশ ছিল কুবলয় দল
মোর ভাগ্যে ডুবাইলা বরিষার জল।
গমনের অনুকারী ছিল হংসগণ
মানস সরসে তারা করিলা গমন।"

প্রতীপ, [সং] বি, চন্দ্রবংশীয় নৃপবিঃ ; মহারাজ শান্তনুর পিতা। ২ বিণ, প্রতিকূল ; বিপরীত ; বিরুদ্ধ। ৩ বিমুখ ; পরাঙ্মুখ।

প্রতীপ, [জ্যাং (কং বিশং পরিঃ)] বিণ, ইং vertically opposite এর বৈজ্ঞাং পরিঃ। ~কোণ-বি, বিপরীত কোন opposite angle. ~গতি [জ্যোং (কংবিশং পরিঃ)] বি, ইং retrograde motion এর বৈজ্ঞাং পরিঃ ; বক্রগতি (সূর্য্যসিদ্ধান্ত)। ~গামী [মূং প্রতীপ-গামিন্] বিণ, বিপরীত দিগ্‌গামী প্রতিকূলগামী।

প্রতীপদর্শী [প্রতীপ (বিপরীত) দর্শী (যে দেখে)] বিণ, বিপরীতদর্শী। স্ত্রীং প্রতীপদর্শিনী-বিপরীতদর্শিনী। ২ বামা ; নারী ; রমণী।

প্রতীবাদ-প্রতিবাদ দ্রঃ।

প্রতীবাপ [প্রতি-বপ্ + অ (ভাং)] বি, দ্রবস্বর্ণের সহিত অন্য দ্রব্যের মিশ্রণ। ২ নিক্ষেপ ; ন্যাস। ৩ দৌরাত্ম্য ; উপদ্রব।

প্রতীবেশ-প্রতিবেশ দ্রঃ।

প্রতীমান [প্রতি-মা (পরিমাণ করা) + অন (ভাং), ই=ঈ] বি, পরিমাণ। ২ হস্তীর মস্তকের অংশবিঃ।

প্রতীয়মান [প্রতি-ই + আন (র্ম), য ম আগম] বিণ, জ্ঞেয় ; বোধগম্য ; যা বোধ হইতেছে ; আপাতদৃষ্ট। ~তঃ-ক্রি-বিণ, আপাতদৃষ্টিতে ; প্রত্যক্ষত ; দৃশ্যতঃ।

প্রতীয়মানোৎপ্রেক্ষা-বি, অলঙ্কারবিঃ ; যে উৎপ্রেক্ষায় যেন, বুঝি শব্দের উল্লেখ থাকে না তাহাকে প্রতীয়মানোৎপ্রেক্ষা বলে। "অপরূপ পেখনু রামা কনকলতা অবলম্বনে উয়ল হরিণীহীন হিমধামা।"-বিং পং [দ্রঃ-যে উৎপ্রেক্ষায় যেন বুঝি ইং শব্দ উক্ত থাকে তাহা বাচ্যোৎপ্রেক্ষা। "চঞ্চললোচনে বঙ্ক-নেহারনী, অঞ্জন শোভন তায়, জনু ইন্দীবর পবনে ঠেলল, অলিভরে উলটায়।"-বিং পং]।

প্রতীর [প্র-তীর] বি, কূল ; তট ; তীর।

প্রতীষ্ট [প্রতি-ইষ্ (ইচ্ছায়, স্বীকারে) + ত (র্ম)] বিণ, গৃহীত ; স্বীকৃত।

প্রতীহার-প্রতিহার দ্রঃ।

প্রতুল [সং। প্র-তুল্ (পরিমাণে, পূরণে) >] বি, প্রাচুর্য্য। ২ মঙ্গল। ৩ বাহুল্য ; বৃদ্ধি। ৪ সৌভাগ্য। ৫ বিণ, বিষম ; ভয়ানক। ৬ প্রচুর ; বিলক্ষণ।

প্রতোদ [প্র-তুদ্ (পীড়ন করা) + অ (ণে)] বি, অশ্বাদিতাড়ন দণ্ড ; কশা ; চাবুক। "উৎকৃষ্ট বর্ণের সহিত হীনবর্ণার বিবাহ স্থলে, ক্ষত্রিয়া শর গ্রহণ করিবে, বৈশ্যা প্রতোদ গ্রহণ করিবে।"-যাজ্ঞবল্ক্য সংহিতা।

প্রতোলী [প্র-তুল্ (পরিমাণ করা, গমন করা) + অ (খি) ঈ (স্ত্রীং)] বি, পথ ; বর্ত্ম ; বড় রাস্তা। ২ অভ্যন্তর পথ।

প্রত্ন [সং] বিণ, প্রাচীন ; পুরাতন। ~জীববিদ্যা [জীববিদ্যাং পরিঃ] ইং palæontology র বৈজ্ঞাং পরিঃ। ~তত্ত্ব [প্রত্ন-তত্ত্ব] বি, প্রাচীন ইতিহাস ; পুরাতত্ত্ব Archæology. ~তত্ত্বজ্ঞ [প্রত্ন-তত্ত্ব-জ্ঞ (জ্ঞাতা)] বি, প্রাচীন ইতিহাসবেত্তা ; পুরাতত্ত্ববিৎ। ~তত্ত্ববিৎ [প্রত্ন-তত্ত্ব (গূঢ়ার্থ) বিদ্ (যে জানে)] বি, পুরাতত্ত্ববিৎ ; প্রাচীন ইতিহাসবেত্তা ; পুরাতত্ত্বজ্ঞ। ~তত্ত্ববেত্তা -বি, পুরাতত্ত্ববিৎ। > স্ত্রীং ~তত্ত্ববেত্রী।

প্রত্নৌকঃ [প্রত্ন (পুরাতন) + ওকস্ (তুল -house. গ্রীং okos স্থান) >] বি, পুরাতন স্থান। "আমরা এই পুস্তকে সেই মহান্ প্রং পিতৃলোক বা মানবের আদি জন্মভূমির কথাই বিবৃত করিব।"-পণ্ডিত উং বিদ্যারত্ন।

প্রত্যক্ [মূং প্রত্যচ্। প্রতি-অন্‌চ্ (গমন করা) + ক্বিপ্ (র্তৃ)] অ, পশ্চিমদিক।

২ পশ্চাৎ। ৩ অন্তর্নিহিত ; অন্তরস্থ। ৪ অব্যক্ত ; মগ্ন inner ; sub. প্র-প্রত্যক্ চৈতন্ম (subconsciousness)। ৫ পশ্চাদ্বর্ত্তী। ৬ [দর্শন॰ পরিঃ (H. S. Glossary)] বিণ, আত্মগত ; ইং subjective এর বৈজ্ঞা॰পরিঃ।

প্র্ত্যক্ষ [প্রতি-অক্ষি (চক্ষুঃ), অব্যয়ী॰ কিম্বা প্রতি-অক্ষ (ইন্দ্রিয়)] বিণ, ইন্দ্রিয়-গ্রাহ্য ; দৃশ্য ; সাক্ষাৎ। প্র-প্রত্যক্ষ দেবতা। ২ বি, ইন্দ্রিয়জন্যজ্ঞান। ৩ [ন্যায় শা॰ পরিঃ। প্রত্যক্ষীকরণ ও॰] বি, সংবিজ্ঞান ; উপলব্ধি perception [আভ্যন্তরিক বা মানসিক প্র॰ =internal perception ; বাহ্য প্রত্যক্ষ= external perception (Logic). "আমাদের ত্রিবিধ বোধশক্তির নাম ইন্দ্রিয় প্র॰, সংজ্ঞা প্র॰ ও অতীন্দ্রিয় প্র॰। (১) ইন্দ্রিয় প্র॰ যথা, চাক্ষুস প্র॰—জ্ঞাতব্য পদার্থের সহিত চক্ষুরিন্দ্রিয়ের সংযোগে লব্ধ জ্ঞান। শ্রাবণ প্র॰ —গৃহের ভিতর থাকিয়া মেঘ গর্জ্জন, পশুপক্ষী ই॰-র রব শুনিয়া সেই সেই শব্দোৎপাদকের স্বরূপ জ্ঞান। এইরূপ ঘ্রাণজ ত্বাচ ও মানস প্র॰। জড়জগতে ইন্দ্রিয়ই জ্ঞানের সোপান। (২) সংজ্ঞা-প্র॰ মনোজগতের সাহায্যে লাভ হয়। (৩) অতীন্দ্রিয় প্র॰ দ্বারা তত্ত্বজগতের জ্ঞান জন্মে। এতদ্বারা আমরা চরম সত্যের সদ্যজ্ঞান লাভ করি। তত্ত্ব প্র॰—মনো-বিজ্ঞানের বিষয়াধীন নহে।-বিবিধ প্রবন্ধ (বঙ্কিম॰)] ~**কারী**-বিণ, স্বয়ংদ্রষ্টা। > স্ত্রীং ~**কারিণী**। ~**গোচর**-বিণ, দৃষ্টিগোচর ; নেত্রপথবর্ত্তী ; চক্ষুর্গ্রাহ্য। ~**তঃ** [প্র-তস্] ক্রি-বিণ, স্পষ্ট ভাবে ; চক্ষুর্গ্রাহ্যরূপে ; দৃশ্যতঃ। ~**দর্শন** [প্রত্যক্ষ (সাক্ষাৎ) দর্শন] বি, সাক্ষাৎদর্শন। ২ বিণ, সাক্ষাৎদর্শী ; সাক্ষী ; স্বয়ংদ্রষ্টা। ~**দর্শী**-বিণ, সাক্ষাৎদর্শী ; স্বয়ংদ্রষ্টা। > স্ত্রীং ~**দর্শিনী**। ~**প্রমান**-বি, চাক্ষুস সাক্ষী ; দৃষ্টির বিষয়ীভূত প্রমাণ ; গোচর-প্রমাণ। ~**ফল**-বিণ, সাক্ষাৎপরিমাণ। ~**বাদ**-বি, সমক্ষে বলা। ২ জড়বাদ ; প্রকৃতিতত্ত্ব ; দেহাত্মবাদ positivism. ~**বাদী** [প্রত্যক্ষ (সাক্ষাৎ) বাদী (যে বলে) যারা প্রত্যক্ষ ভিন্ন অন্য প্রমাণ স্বীকার করে না] বি, জড়বাদী positivist. ২ বৌদ্ধ। > স্ত্রীং ~**বাদিনী**। ~**ভূর্ত**-বিণ, যা প্রত্যক্ষগোচর হইয়াছে ; ইন্দ্রিয়গোচরীভূত। ~**ভোগ**-বি, সাক্ষাৎ ভোগ ; হাতে হাতে ফল প্রাপ্তি। ~**রূপ** [প্রত্যক্ষ রূপ যার, বহু॰] বি, সাক্ষাৎস্বরূপ। "প্রভাসে অধর দেবী চন্দ্রভাগা তাহে। বক্রতুণ্ড ভৈরব প্রত্যক্ষরূপ যাহে।"-অ॰ ম॰। ~**লাভ**-বি, সাক্ষাৎ লাভ। ২ হাতে হাতে ফল প্রাপ্তি। ~**সিদ্ধ** [প্র॰ (সাক্ষাৎ জ্ঞান) দ্বারা বা প্রত্যক্ষে (গোচরে) সিদ্ধ, ৩তৎ বা ৭তৎ] বিণ, সাক্ষাৎপ্রমাণ।

প্র্ত্যক্ষর [প্রতি+অক্ষর] ক্রি-বিণ, অক্ষরে অক্ষরে ; প্রতিবর্ণে।

প্র্ত্যক্ষী [প্রত্যক্ষ+ইন্ (স্ত্য॰)= প্রত্যক্ষিন্ ১মা, ১ব॰] বিণ, সাক্ষাৎদর্শী ; স্বয়ংদ্রষ্টা ; সাক্ষী। ~**করণ** [দর্শন॰ পরিঃ (হি॰ কো॰)। প্রত্যক্ষ দ্রঃ] ইং perception এর বৈজ্ঞা॰ পরি। ~**কৃর্ত** [প্রত্যক্ষ (সাক্ষাৎ) কৃত (করা হইয়াছে), মধ্যে ঈ (চ্বি) আগম] বিণ, যা সাক্ষাৎ করা হইয়াছে। ~**ভূর্ত** [প্রত্যক্ষ+চ্বি=প্রত্যক্ষী+ভূ+ত (র্ক্ত)] বিণ, গোচরীভূত ; পূর্ব্বে যা প্রত্যক্ষ ছিল না এক্ষণে প্রত্যক্ষ হইয়াছে। > স্ত্রীং ~া।

প্র্ত্যগাত্মা [প্রত্যক্ (জীব)+আত্মা (স্বরূপ) যার, বহু॰] বি, পরমেশ্বর ; ব্রহ্মচৈতন্য।

প্র্ত্যগ্র [প্রতি+অগ্র (প্রথম)] বিণ, নবীন ; নূতন। ২ বি, রাজা বৃহদ্রথের পুত্র।

প্র্ত্যঙ্গ [প্রতি+অঙ্গ] বি, অঙ্গের অঙ্গ ; ক্ষুদ্র ক্ষুদ্র অঙ্গ ; অঙ্গাবয়ব। "কে রণতরঙ্গে উলাঙ্গী ভীমাভঙ্গিনী। * * * প্রত্যঙ্গে রুধির ধারা নরশিরহারিণী।"-বাং-গান।

প্র্ত্যঙ্গাভির্নয়-অভিনয় দ্রঃ।

প্র্ত্যঙ্মুখ [প্রত্যক্ (পশ্চিমে)+ মুখ যার, বহু॰] বিণ, পশ্চিমাভিমুখ। স্ত্রীং ~ী।

প্র্ত্যনীক [প্রতি (বিরুদ্ধ)+অনীক (সেনা)] বি, আততায়ী ; শত্রুসৈন্য। ২ কাব্যের অলঙ্কারবিঃ। ৩ অন্তরায় ; ব্যাঘাত।

প্র্ত্যনুমান [প্রতি (বিরুদ্ধ)+অনু-মান] বি, কোন অনুমানের বিরুদ্ধ বা বিপরীত অনুমান ; প্রতিকূল অনুমান।

প্র্ত্যন্ত [প্রতি+অন্ত] বি, প্রান্তবর্ত্তী ; শেষ সীমাবস্থ। ২ সমীপবর্ত্তী ; সীমা সন্নিহিত। "রাজ্যের এক প্র॰ গ্রামের সন্নিকটস্থ অরণ্যে বাস"-জাতক, ১।৩৬। ৩ বি, ম্লেচ্ছদেশ। ~**পর্ব্বত**-বি, বৃহৎ পর্ব্বত সমীপস্থ ক্ষুদ্র শৈল ; উপশৈল।

প্র্ত্যবর্মর্শ, প্র্ত্যবর্মর্ষ [প্রতি+অব+মৃশ্, মৃষ্ (ক্ষমা করা)+অ (ভা॰)] বি, অন্বেষণ। ২ সন্ধান।

প্র্ত্যব/সান [প্রতি+অব্-সো+অন(ভা॰)] বি, ভক্ষণ ; আহার। বিণ, ~**সির্ত** [প্রতি+অব-সো+ত (র্ম্ম)] বিণ, ভক্ষিত।

প্র্ত্যবস্কন্দ,-ন্দন [প্রতি+অব-স্কন্দ্ (আক্রমণে, অবরোধে)+অ, অন (ভা॰)] বি, বাদীর কথিত দোষ খণ্ডনের জন্য প্রতিবাদীর যুক্তিবিঃ ; প্রতিবাদীর বিশেষ হেতুবাদ বা জবাব।

প্র্ত্যবস্থা/তা [প্রতি-অব-স্থা+তৃ (র্কৃ)=প্রত্যবস্থাতৃ ১মা, ১ব] বিণ, অবরোধ-কারী। ২ আততায়ী ; প্রতিপক্ষ ; শত্রু। স্ত্রীং ~ত্রী।

প্র্ত্যবস্থান [প্রতি+অব+স্থা+অন (ভা॰)] বি, শত্রুতা ; বিপক্ষতা, বিরোধ ; প্রতিকূলাচরণ। ২ পূর্ব্বস্থানে প্রত্যাবর্ত্তন।

প্র্ত্যবহার [প্রতি + অব-হৃ + অ (ভা॰)] বি, সংহরণ। ২ সংগ্রামে প্রবৃত্ত যোদ্ধাকে যুদ্ধে ক্ষান্ত করণ।

প্র্ত্যবায় [প্রতি+অব+ই (গমন করা) +অ (অপা), যা হতে প্রতি নিবৃত্ত হওয়া উচিত] বি, পাপ। "পসরা করিতে বাপা নাহি প্র॰।"-কবিক॰। ২ বিরুদ্ধাচরণ। বিপক্ষতা। ৩ অপকার ; ক্ষতি। ৪ নৈরাশ্য। বিণ, ~ী-প্রত্যবায়কারী।

প্র্ত্যবে/ক্ষণ [প্রতি+অব+ঈক্ষ্ (দেখা)+অন (ভা॰)] বি, অন্বেষণ ; অনু-সন্ধান ; খোঁজ। ২ সতর্কতা। ৩ বিচার ; বিবেচনা। ~**ক্ষা** [প্রতি+অব+ঈক্ষ্ (দেখা) +অ (ভা॰)+আ (স্ত্রীং)] বি, পর্য্যবেক্ষণ। ২ তত্ত্বানু- সন্ধান। ৩ সতর্কতা। ৪ বিচার। ~**ক্ষ্য** [প্রতি+অব+ঈক্ষ্ (দেখা) +য (র্ম্ম)] বিণ, অন্বেষ্য ; অনুসন্ধেয়। ২ বিচারণীয় ; বিচার্য্য। ৩ প্রত্যবেক্ষণযোগ্য।

প্রত্যভি/জ্ঞা [প্রতি+অভি-জ্ঞা (জানা)+অ(ভা০)] বি, পুনর্জ্ঞান ; এই সেই এইরূপ অনুভূতি ; ভ্রান্তি দূর হইলে পুণরায় যে জ্ঞানের উদয় হয়। ২ রজ্জুতে সর্পভ্রম হইবার পর ঐ ভ্রান্তি দূর হইলেই উহা পুণরায় রজ্জু বলিয়া বোধ। ৩ ইং recognition এর বৈজ্ঞা০ পরিঃ (পি০ বসু)। ~জ্ঞাত [প্রতি+অভিজ্ঞাত] বিণ, পরিজ্ঞাত। ~জ্ঞান [প্রতি+অভিজ্ঞান] বি, প্রতিনিদর্শন।

প্রত্যভিবা/দ [প্রতি (পশ্চাৎ)+অভিবাদ (প্রণাম)] বি, পশ্চাৎ প্রণাম। ২ পূজ্য ব্যক্তিকে প্রণাম করিলে তৎকৃত আশীর্বাদ। ~দন [প্রতি+অভিবাদন] বি, প্রতি নমস্কার। "গুরুর পিতাকে নমস্কার করিলাম। তিনি প্রত্যভিবাদন করিয়া * * *"- প্রবাসী, ১৩৩৩।

প্রত্যভি/যুক্ত [প্রতি+অভিযুক্ত] বিণ, অভিযোগকারীর নামে নালিশ counter-charged. ~যোগ [প্রতি (পশ্চাৎ)+অভিযোগ] বি, অভিযোগকারীর প্রতি অভিযোগ counter-charge ; counter suit.

প্রত্যয়১ [প্রতি+ই (জানা)+অ (ভা০)। প্রা০ পিত্তয়, পিত্যয়, পেত্তয়, পেত্যয়, পোত্তয়, পরতয়, পেরতয়] বি, নিঃসন্দিগ্ধতা ; নিশ্চয়তা। ২ প্রতীতি ; বিশ্বাস। ৩ রীতি ; আচার ; পদ্ধতি। ৪ প্রখ্যাতি ; যশ ; প্রসিদ্ধি। ৫ কারণ ; হেতু। ৬ অধীন। ৭ শপথ। ৮ জ্ঞান। ৯ [ব্যা০] শব্দ বা ধাতুর উত্তর জায়মান বিভক্তি ; ধাতু ও প্রাতিপদিকের উত্তর যা বিহিত হয়। স্ত্রী-প্রত্যয়-স্ত্রীলিঙ্গে 'টাপ্, ঙীপ্ ই০ যে সকল প্রত্যয় বিহিত হয়। ১০ [ত০ বি০] কোন বিষয় বা পদার্থের কথা মনে করিলে, তার যে ভাব, আভাস বা ছায়া আমাদের মনে উদিত হয় idea. ১১ [দর্শন০ পরিঃ] ইং concept এর বৈজ্ঞা০ পরিঃ ; ইং notion এর বৈজ্ঞা০ পরিঃ (H. S. Glossary)। ১২ [বৌ০ সা০, পা০-পচ্চয়] ভিক্ষুদিগের ব্যবহার্য্য চতুর্বিধ দ্রব্য যথা-চীবর (বস্ত্র), পিণ্ডপাত (ভোজ্য), সেনাসনা (শয্যা) ও ভেসজ্জ (ভৈষজ্য)। "তাহাদের জন্য পর্ণশালা প্রস্তুত করিয়া দিল এবং তাহাদের প্রত্যেকেই চতুর্বিধ প্রত্যয় দিয়া অর্চ্চনা করিল।"-জাতক। ~জনক-বিণ, বিশ্বাসজনক ; প্রতীতিজনক। ~ভাজন [৬তৎ] বিণ, বিশ্বাসের পাত্র ; বিশ্বস্ত। ~যোগ্য [৬তৎ] বিণ, বিশ্বসনীয়।

প্রত্যয়২ [প্রা০ বাং। নামধাতু] ক্রি, প্র০ পু০, প্রত্যয় করে ; বিশ্বাস করে। "যত লোক হাসে মুখে আরোপি বসন। শ্রীমন্তের বোলে না প্র০ কোন জন।"-কবিক০।

প্রত্যয়ন-বি, প্রত্যয় করণ। বিণ, প্রত্যয়নেয়-প্রত্যয়যোগ্য ; পরের কথায় বিশ্বাসশীল।

প্রত্যয়াতীত [প্রত্যয়+অতীত, ৬তৎ] বিণ, অনিশ্চিত ; অবিশ্বাস্য।

প্রত্যয়ান্বিত [প্রত্যয় (দ্বারা)+অন্বিত (যুক্ত), ৩তৎ] বিণ, বিশ্বস্ত ; বিশ্বাসযুক্ত।

প্রত্যয়ার্হ [প্রত্যয়+অর্হ (যোগ্য) : ৬তৎ] বিণ, বিশ্বাসের যোগ্য।

প্রত্যয়িত [প্রত্যয়+ইত (যুক্তার্থে)] বিণ, বিশ্বাসভাজন ; বিশ্বস্ত।

প্রত্যয়ী [প্রত্যয়+ইন্(স্ত্য০)=প্রত্যয়িন্ ১মা, ১ব০] বিণ, যে বিশ্বাস করে ; প্রত্যয়কারী।

প্রত্যরি [প্রতি+অরি] বি, প্রতিপক্ষ ; শত্রু। ২ জন্ম নক্ষত্র হতে পঞ্চম, চতুর্দশ এবং ত্রয়োবিংশতি নক্ষত্র।

প্রত্যর্থী [প্রতি (বিরুদ্ধ)+অর্থ (প্রয়োজন)+ইন্ (স্ত্য০)=প্রত্যর্থিন্ ১মা, ১ব০] বি, প্রতিকূল। ২ প্রতিবাদী। ৩ আততায়ী ; বিপক্ষ ; অরি।

প্রত্যর্পণ [প্রতি (পশ্চাৎ)+অর্পণ (দান)] বি, প্রতিদান ; ফেরৎ।

প্রত্যর্পিত [প্রতি (পশ্চাৎ)+অর্পিত (দত্ত)] বিণ, প্রতিদত্ত ; যা প্রত্যর্পণ করা হইয়াছে।

প্রত্যহ [প্রতি (প্রত্যেক)+অহন্ (দিন)+অ, অব্যয়ী০। প্রা০ পিত্তহ, পেত্তোহো, পেত্যহ] অ, প্রত্যেক দিন ; প্রতি দিবস। ২ প্রাতঃকাল [অপ্র০]।

প্রত্যাখ্যাত [প্রতি+আ+খ্যা (কথনে)+ত (র্ম্ম)] বিণ, যাকে প্রত্যাখ্যান করা হইয়াছে ; নিরাকৃত। ২ তুচ্ছ অবজ্ঞাত। ৩ অস্বীকৃত। ৪ পরিত্যক্ত।

প্রত্যাখ্যান [প্রতি+আ-খ্যা (কথনে)+অন (ভা০)] বি, দূরীকরণ। ২ পরিত্যাগ। ৩ অস্বীকার। "প্র০ কৈল যদি বশিষ্ঠ তাপস"- রামা০ (রাজ০)। ৪ তাচ্ছল্য উপেক্ষা। "তোমার কামনা আমি কৈনু প্র০"-রামা০ (রাজ০)। ৫ [অর্থ-শা০] "না, দিব না" এই বাক্য।

প্রত্যাখ্যেয়-বি, প্রত্যাখ্যানের উপযুক্ত। ২ যাকে প্রত্যাখ্যান করিতে হইবে।

প্রত্যা/গত [প্রতি (পুনরায়)+আগত] বিণ, প্রত্যাবৃত্ত ; প্রতিনিবৃত্ত। স্ত্রীং ~গতা। ~গতি [প্রতি+আ-গম্+তি (ভা০)] বি, প্রত্যাবর্ত্তন। ~গম [প্রতি+আ-গম্+অ (ভা০)] বি, প্রত্যাবর্ত্তন।

প্রত্যাঘাত [প্রতি+আঘাত] বি, আহত দ্বারা আঘাত।

প্রত্যাদিষ্ট [প্রতি+আ-দিশ্ (বলা)+ত (র্ম্ম)] বিণ, দেবাদেশপ্রাপ্ত ; দেবতার আদিষ্ট। স্ত্রীং ~া।

প্রত্যা/দেশ [প্রতি+আ-দিশ্+অ (ভা০)] বি, দেবতার আদেশ ; দৈববাণী। ২ অন্তরায় ; প্রতিবন্ধ। ~দেষ্টা [প্রতি+আদিশ্+তৃ (র্তৃ)=প্রত্যাদেষ্টৃ ১মা, ১ব০] বিণ, প্রত্যাদেশকারী। > স্ত্রীং ~দেষ্ট্রী।

প্রত্যাধান [প্রতি+আ-ধা+অন (র্ম্ম)] বি, মস্তক।

প্রত্যাধ্মান [প্রতি+আধ্মান] বি, বাতব্যাধিবিঃ।

প্রত্যা/নয়ন [প্রতি (পুনরায়)+আ-নী (লওয়া)+অন (ভা০)] বি, পুনরানয়ন ; পুনরুদ্ধার। ~নীত [প্রতি+আনীত] বিণ, পুনরানীত ; যা পুনরানয়ন করা হইয়াছে।

প্রত্যাপত্তি [প্রতি+আ-পদ্ (গমন করা)+তি (ভা০)] বি, প্রত্যাসত্তি। ২ বৈরাগ্য।

প্রত্যা/বর্ত্তন [প্রতি+আ-বৃত্+ণিচ্=বর্ত্তি(অবস্থান করান)+অন (ভা০)] বি, প্রত্যাগতি ; প্রতিনিবৃত্তি। ~বৃত্ত [প্রতি+আ-বৃত্+ত (র্তৃ)] বিণ, পুনরাগত ; প্রতিনিবৃত্ত ; প্রত্যাগত। > স্ত্রীং ~া। ~বৃত্তি

[জ্যো০] বি, ইং regression এর বৈজ্ঞা০ পরিভাষা।

প্র্ত্যায়্/ক [প্রতি+ই+ণিচ্=আয়ি+অক (র্ত্তৃ)] বিণ, প্রত্যয়কারী। ২ জ্ঞাপক। ~ন [- +অন (ভা০)] বি, বিশ্বাস উৎপাদন। ২ উদ্বোধন।

প্র্ত্যারম্ভ [প্রতি+আরম্ভ] বি, পুনরারম্ভ।

প্র্ত্যালীঢ় [প্রতি+আ-লিহ্+ত (ভা০)] বি, শর সন্ধানকালে বামপদ প্রসারিত ও দক্ষিণপদ সঙ্কুচিত করিয়া উপবেশন। ২ [- +ত(র্ম্ম)] বিণ, ভক্ষিত ; ভুক্ত। ৩ আস্বাদিত। ~পদা-ঐ-রূপে পা মুড়িয়া উপবিষ্টা।

প্র্ত্যাশা [প্রতি+আশা। পিত্তাশা, পিত্তাশ, পিত্তেশ, পিত্তেশা, পত্তোশা, পিত্তোশ, পেত্তাশা। প্রা০ বাং পতিআশ, পিতিআশ,-স] বি, আশা ; প্রতীক্ষা। ২ ভরসা। ৩ আকাঙ্ক্ষা। ৪ [দর্শন০ পরিঃ (গি০ বসু)] ইং expectation এর বৈজ্ঞা০ পরিঃ। ~পন্ন-বিণ, ভরসাযুক্ত ; আশান্বিত। ২ আকাঙ্ক্ষাযুক্ত।

প্র্ত্যাশী [প্রত্যাশা+ইন্ (ষ্য০)= প্রত্যাশিন্ ১মা, ১ব০। প্রা০ পিত্যিশি, পিত্তেশী] বিণ, প্রত্যাশাকারী। ২ প্রতীক্ষাকারী। স্ত্রীং প্র্ত্যাশিনী-আকাঙ্ক্ষিণী।

প্র্ত্যাশে, প্রত্যাশায় [প্রা০ পিত্তেশে, পিত্তোশে। প্রত্যাশা (প্রঃ)+এ (তে)] ক্রি-বিণ, ভরসায় ; আশায়। "দুখিনী ফুলরা আছে আমার প্রত্যাশে।"-কবিক০।

প্র্ত্যাশ্বা/স [প্রতি+আশ্বাস] বি, পুনরুজ্জীবন ; নবীভবন। ২ পুনঃপ্রত্যাশা। ~সন [প্রতি+আ-শ্বস্+অন (ভা০)] বি, সান্ত্বনার জন্য আশ্বাস দান।

প্র্ত্যাসঙ্কলিত [প্রতি+আ-সং-কল (গণনা করা)+ত (র্ম্ম)] বিণ, যা গণনা করা হইয়াছে ; পরিসংখ্যাত। ২ সংযুক্ত। ৩ নির্দ্ধারিত ; নির্ণীত।

প্র্ত্যাসত্তি [প্রতি+ -আ-সদ্+তি (ভা০)] বি, প্রত্যক্ষীভূত সম্বন্ধ মাত্র (ন্যায় দর্শন মতে)। ২ নৈকট্য।

প্র্ত্যাসন্ন [প্রতি+আসন্ন (আ+সদ্)+ত (র্ত্তৃ), দ্, ত=ন্ন] বিণ, সন্নিহিত ; নিকটবর্ত্তী ; সমীপবর্ত্তী। "যজ্ঞের সময় যদি হৈল প্র০।"-মহা০ (শ্রীকর০)।

প্র্ত্যাসর [প্রতি+আসর] বি, সৈন্যব্যূহ।

প্র্ত্যাহত [প্রতি+আহত] বিণ, ব্যাহত। ২ সঙ্কুচিত।

প্র্ত্যাহর/ণ [প্রতি+আহরণ] বি, পুনর্গ্রহণ। ~ণীয় [প্রতি+আহরণীয়] বিণ, পুনর্গ্রহণযোগ্য।

প্র্ত্যা/হার[1] [প্রতি+আ-হৃ+অ (ভা০)] বি, পুনর্গ্রহণ ; প্রত্যাকর্ষণ ; উঠাইয়া লওয়া withdrawal. "পদাঘাতে করিয়াছে প্রেম প্র০।"-ফুলরেণু। "আমরা যাহা লিখিয়াছিলাম তাহার প্র০ করিলাম"-আ০ শক্তি। ২ চিত্তবৃত্তি নিরোধ করিয়া এক বিষয়ে বিনিবেশ। ৩ সংক্ষেপ। বিণ, ~হার্য্য-প্রত্যাহারযোগ্য ; যা প্র০ করিতে হইবে। ~হৃত [প্রতি+আহৃত] বিণ, পুনরাকৃষ্ট : পুনরানীত।

প্র্ত্যাহার[2] [দর্শন০ পরিঃ (গি০ বসু)] বি, বিয়োজন abstraction.

প্র্ত্যুক্ত [প্রতি (পুনর্ব্বার)+উক্ত (কথিত)] বিণ, প্রতিভাষিত। বি, প্র্ত্যুক্তি-প্রত্যুত্তর।

প্রত্যুজ্জীবন [প্রতি + উৎ-জীব্ (জীবিত থাকা)+অন (ভা০)] বি, পুনর্জ্জীবন ; নবজীবন।

প্রত্যুত [সং] অ, বরং ; বস্তুত। ২ উক্ত বচনের বিপরীতার্থক অব্যয়।

প্র্ত্যুৎ/ক্রম [প্রতি + উৎক্রম। উৎক্রেমণ ও০] বি, রণোদ্যম ; যুদ্ধোদ্যোগ। ২ প্রধান প্রয়োজনের অনুকূল অপ্রধান কর্ম্মানুষ্ঠান। ~ক্রান্তি [প্রতি+উৎক্রান্তি] বি, যুদ্ধোদ্যোগ।

প্র্ত্যুত্তর [প্রতি (পুনর্ব্বার)+উত্তর] বি, উত্তরের উত্তর।

প্র্ত্যুত্থান [প্রতি+উত্থান] বি, মান্য ব্যক্তির অভিবাদনার্থ উঠিয়া দাঁড়ান ;

প্র্ত্যুৎপন্ন [প্রতি(পুনর্ব্বার)+উৎপন্ন (উৎ-পদ্+ত-র্ত্তৃ), দ্, ত=ন্ন] বিণ, প্রত্যুদ্ভূত ; পুনরুৎপন্ন। ২ উপস্থিত। ৩ সত্বর। ~মতি [প্রতি+উৎপন্ন (তৎকালে উপস্থিত) হয় মতি (বুদ্ধি) যার, বহু০] বিণ, উপস্থিত বুদ্ধিবিশিষ্ট। ২ সূক্ষ্মবুদ্ধিবিশিষ্ট। ৩ অসাধারণ প্রতিভাবান্। ~মতিত্ব [প্রত্যুৎপন্নমতি+ত্ব (ভা০)] বি, উপস্থিত বুদ্ধি।

প্র্ত্যুদাহরণ [প্রতি+উদাহরণ] বি, উদাহরণের বিরুদ্ধ দৃষ্টান্ত।

প্র্ত্যুদ্গত [প্রতি+উদ্গত] বিণ, যাকে উর্দ্ধদিকে গমন করান হইয়াছে। ২ অভ্যর্থনার সহিত বিদায়প্রাপ্ত। "পৌরবর্গ, পুরবাসি বিপ্রগণ হতে প্রত্যুদ্গত হইলেন সুখে বিধিমতে"-রামা০ (রাজ০)।

প্র্ত্যুদ্/গম [প্রতি+উদ্গম] বি, আগমনকারীকে অভ্যর্থনা করিয়া আনিবার জন্য গমন। ~গমন [প্রতি+উদ্গমন] বি, আগমনকারী মান্যবান্ ব্যক্তিকে অভ্যর্থনা করিয়া আনিবার জন্য গমন। ২ মান্য ব্যক্তির বিদায়কালে তাঁর সম্মানার্থে কিছুদূর তাঁর সহিত গমন। ~গমনীয় [প্রতি+উৎ +গমনীয়] বিণ, প্রত্যুদ্গামনের উপযুক্ত ; সমুপস্থানযোগ্য।

প্র্ত্যুদ্ঘাত [প্রতি+উদ্ঘাত(আরম্ভ, উপায়, উদ্যোগ)] বি, প্রক্রম ; প্রত্যুপক্রম। ২ [প্রতি=বিরোধ] বিরুদ্ধ বা বিপরীত উদ্যোগ।

প্র্ত্যুদ্ধরণ [প্রতি+উৎ+হরণ] বি, পুনরুদ্ধারণ।

প্র্ত্যুদ্ধার [প্রতি+উৎ+হার] বি, পুনঃসংস্কার ; পুনরুদ্ধার।

প্র্ত্যুদ্ধৃত [প্রতি+উদ্ধৃত] বিণ, যা পুনরায় উদ্ধার করা হইয়াছে ; পুনরুদ্ধৃত।

প্র্ত্যুন্নমন [প্রতি+উৎ+নমন] বি, বিপরীতদিকে অবনমন।

প্র্ত্যুপকর্ত্তা [প্রতি+উপকর্ত্তা] বিণ, প্রত্যুপকারী ; যে উপকারী ব্যক্তির উপকার করে। স্ত্রীং প্র্ত্যুপকর্ত্রী।

প্র্ত্যুপ/কার [প্রতি+উপ-কার] বি, উপকারকের উপকার সাধন। ~কারী

[প্রতি+উপকারী] বিণ, যে উপকারীর উপকার করে ; প্রত্যুপকারক । > স্ত্রীং ~কারিণী। ~কৃত [প্রতি+উপকৃত] বিণ, প্রত্যুপকারপ্রাপ্ত ।

প্র ত্যুপ/দিষ্ট [প্রতি+উপদিষ্ট] বিণ, কৃতসাবধান। ২ দত্তোপদেশ। ~দেশ [প্রতি+উপদেশ] বিণ, উপদেশানুযায়ী উপদেশ দান ; নির্দ্দিষ্ট বিধানানুযায়ী শিক্ষাদান। ~দেশক [প্রতি+উপদেশক] বিণ, প্রত্যুপদেশকারী ; প্রত্যুপদেষ্টা। > স্ত্রীং ~দেশিকা। ~দেষ্টা [প্রতি+উপদেষ্টা] বিণ, প্রত্যুপদেশদাতা। ~বেশন [প্রতি +উপবেশন] বি, কোন বিষয় প্রাপ্তির কামনায় স্থিরভাবে উপবেশন। "প্রিয়ানুজ! প্রত্যুপবেশন করিলে হে কিসের কারণ?" -রামা°(রাজ°)। ~হার [প্রতি+উপহার] বি, যোগ্য উপহার; অনুরূপ উপঢৌকন।

প্র ত্যুপ্ত [প্রতি+বপ্ (বুনান) +ত্ (র্ম্ম)] বিণ, রোপিত ; উপ্ত। ২ গ্রথিত।

প্র ত্যুষ, প্র ত্যূষ [প্রতি+উষ্, উষ (উষস্, উষস্)। প্রা° বাং-পত্তুস। "পত্তুস বিহানে"-শূ° পু°] বি, অহর্মুখ ; প্রভাত।

প্র ত্যূহ [প্রতি+উহ্ (তর্ক করা)+অ (র্ম্ম)] বি, বিরুদ্ধ তর্ক। ২ অন্তরায় ; বিঘ্ন ; প্রতিবন্ধক।

প্র ত্যেক [প্রতি (বীপ্সা) +এক, অব্যয়ী°] ক্রি-বিণ, এক এক করিয়া সমুদয়। ~বোধি [বৌ° সা°] বি, সর্ব্বজ্ঞ বুদ্ধত্ব লাভের উপযোগী জ্ঞান। ২ যে জ্ঞান দ্বারা লোক সর্ব্বজ্ঞ হয়। "প্রত্যেক বুদ্ধ উত্তর করিলেন, হে সাধো! * * আমি প্রত্যেক বোধিলাভ করিয়াছি।"-জাতক, ৪র্থ খণ্ড।

প্র ত্যেতা [মূ° প্রত্যেতৃ, ১মা, ১ব°] বিণ, প্রত্যয়কারী ; বিশ্বাসী।

প্র থন [প্রথ্ (খ্যাপনে)+অন (ভা°)] বি, খ্যাপন ; প্রকাশন। ২ খ্যাত করণ।

প্র থম [প্রথ্(প্রখ্যানে)+অম (র্ত্তৃ)]। প্রা° বাং-"পঢম", "পঢ়ম"। "সিদ্ধিবধূ মই পঢ়মে (প্রথমে) পড়িঅউ" (পড়িয়াছিলাম)-বৌ° গা° ও দো°। গ্রা° ভ্রং-পেথম, পেরথম, পোথম, পোরথম] বিণ, আদি। ২ শ্রেষ্ঠ ; মুখ্য ; প্রধান। ~জ (-র্ম°) [প্রথম (অগ্রে) জ (যে উৎপন্ন)] বিণ,প্রথমোৎপন্ন ; অগ্রে জাত। ২ জ্যেষ্ঠ ; অগ্রজ। ~তঃ (-র্ম°) [প্রথম+তস্ (ষ্যা°)] অ, প্রধানতঃ। ২ অগ্রে ; প্রথমে। ~সাহস [প্রথম-সাহস। স্মৃ° পরিঃ] বি, কঠিন শাস্তি। "দিবার জন্য অঙ্গীকৃত বস্তু না দিলে, রাজা তাহা দেওয়াইয়া প্রথম সাহস দণ্ড করিবেন।"-বিষ্ণুসংহিতা (বঙ্গবাসী)। ~সূত্র-বি, উপক্রম ; মূলসূত্র।

প্র থমাঙ্গুলি [প্রথম+অঙ্গুলি] বি, বৃদ্ধাঙ্গুষ্ঠ।

প্র থমাশ্রম [প্রথম+আশ্রম] বি, শাস্ত্রোক্ত চতুর্ব্বিধ আশ্রমের মধ্যে প্রথম ব্রহ্মচর্য্যাশ্রম।

প্র থা [প্রথ্ (বিস্তৃত হওয়া)+অ (ভা°)+ আ (স্ত্রীং)] বি, বিস্তার। ২ নিয়ম ; রীতি ; পদ্ধতি। ~নুসারে [প্রথা+অনুসারে] ক্রি-বিণ, রীতিমত ; নিয়মানুসারে। ~মত [৬ তৎ] ক্রি-বিণ, নিয়মানুক্রমে ; দস্তুরমত ; পদ্ধতি অনুযায়ী।

প্র থিত [প্রথ্ (বিস্তৃত হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, বিস্তৃত। প্র-প্রথিত যশাঃ। ২ প্রখ্যাত ; প্রসিদ্ধ। "বেণপুত্র পৃথু ভারতের অধীশ্বর হইলে তাহার নাম হইতে ভারতবর্ষই পৃথী বা পৃথিবী নামে প্র° হয়।"-উ° বিদ্যারত্ন। ৩ বি, বিষ্ণু। ৪ স্বারোচিষ মনুর পুত্র। ~নামা [প্র° নাম যার, বহু°] বিণ, প্রখ্যাতনামা ; যশস্বী ; সুপ্রসিদ্ধ। ~যশাঃ [প্র° যশঃ যার, বহু°] বিণ, প্রখ্যাত ; কীর্ত্তিমান।

প্র থিমা [পৃথু (বৃহৎ)+ইমন্ (ভা°)= প্রথিমন্ ১মা, ১ব°] বি, বিস্তার। ২ স্থূলত্ব।

প্র থিষ্ঠ [পৃথু (বৃহৎ)+ইষ্ঠ (অতিশয়ার্থে), উ-লোপ] বিণ, অতিশয় বৃহৎ ; প্রকাণ্ড। ২ অতিস্থূল।

প্র থীয়ান [পৃথু (বৃহৎ)+ঈয়স্ (অতিশয়ার্থে)=প্রথীয়স্ ১মা, ১ব°] বিণ, অতিশয় স্থূল। ২ অত্যন্ত বড়।

প্র দ [প্র-দা (দান করা)+অ (র্ত্তৃ)] বিণ, যে দান করে ; দাতা। স্ত্রীং ~া১।

প্র দক্ষিণ [প্র (পরি-চতুর্দ্দিকার্থে) দক্ষিণ, (দক্ষিণ হতে পরিক্রম), অব্যয়ী°] বাং প্রাকৃ° পদখিন। "সাত সত পদখিন করত রাজা রাণী।"-শূ° পু°] বি, দেবতা বা পূজ্য ব্যক্তির দক্ষিণদিক্ হতে চতুর্দ্দিকে ভ্রমণ ; দেববিগ্রহাদি আপন দক্ষিণ ভাগে রাখিয়া পরিবেষ্টন ; পরিক্রমণ। ২ উপাসনা ; বন্দনা। ~া [প্রদক্ষিণ (দ্রঃ)+আ (স্বার্থে)] বি, পরিক্রমা। "মন্দিরের চতুর্দ্দিক প্রদক্ষিণা আছে।"-ভারত ভ্রমণ।

প্র দত্ত [প্র-দা (দান করা)+ত (র্ম্ম)] বিণ, যা দান করা হইয়াছে ; অর্পিত।

প্র দমিত [প্র+দমিত] বিণ, শাসিত ; নিগৃহীত ; প্রশমিত ; নিবারিত ; পিষ্ট। "দেশাত্মবোধকে প্র° করিবার জন্য" -আত্মশক্তি।

প্র দর [প্র-দৃ (বিদারণ করা)+অ(ভা°)] বি, স্ত্রীরোগবিঃ।

প্র দর্শ/ক [প্র-দৃশ্ (দর্শন করা)+অক (র্ত্তৃ)] বিণ, প্রদর্শনকারী। ২ [প্র-দৃশ্ +ণিচ =প্রদর্শি+অক] যে প্রদর্শন করায় ; যে দেখায়। প্র-পথপ্রদর্শক। স্ত্রীং প্র দর্শিকা। ~ন১ [প্র-দৃশ্ +অন (ভা°)] বি, বিশেষভাবে দর্শন ; পর্য্যবেক্ষণ। ২ [প্র-দৃশ্ +ণিচ্= দর্শি+অন (ভা°)] দর্শন করান ; দেখান ; উল্লেখ করা। ~নী-বি, বহুস্থানের বিবিধ বিচিত্র দ্রব্যসামগ্রী যথায় সাধারণের দর্শনার্থ রক্ষিত হয় ; মেলা exhibition.

প্র দর্শন২[বলবিদ্যা° (ক° বিশ° পরিঃ)] বি, ইং representation এর বৈজ্ঞা° পরিঃ।

প্র দর্শিত[প্র+দৃশ্ (ণিজন্ত)+ত (র্ম্ম)] বিণ, যা দেখান হইয়াছে ; কৃতপ্রদর্শন। ২ সম্মুখে উপস্থাপিত। ৩ উল্লিখিত ; দৃষ্টান্তস্বরূপ সন্নিবেশিত।

প্র দা২ [প্রদ+আ (বিশে°)] বি, বিশেষ দান। ২ [প্রদ দ্রঃ] বিণ, দাত্রী ; প্রদায়িনী। ~তা-বিণ, প্রদানকারী ; অর্পণকারী। > স্ত্রীং প্র দাত্রী। ~ন[প্র (প্রকৃষ্ট) দান] বি, সম্প্রদান ; সমর্পণ। ২ বিতরণ। ~য়ক-বিণ, প্রদানকারী ; প্রদাতা। > স্ত্রীং ~য়িকা। ~য়ী [প্র (সম্যক্)-দা (দান করা)+ইন্ (র্ত্তৃ)=প্রদায়িন্ ১মা, ১ব°] বিণ, সম্প্রদানকারী ; প্রদানকর্ত্তা ; অর্পণকারী। > স্ত্রীং ~য়িনী।

প্রদিক্ [প্র-দিশ্ (ভেদ করা)+কিপ্ (র্তৃ), যে দুই দিকের ভেদ করে] বি, দক্ষিণ পশ্চিম বা উত্তর পূর্ব কোণ ; বিদিক্।

প্রদিগ্ধ [প্র-দিহ্ (লেপন করা)+ত (র্ম)] বিণ, লিপ্ত। ২ মিশ্রিত। ~মাংস- উপযুক্ত মসলাসহ ঘৃত এবং দধিতে সিদ্ধ মাংসের ব্যঞ্জনবিঃ।

প্রদিষ্ট [প্র-দিশ্ (নির্দেশ করা)+ত (র্ম)] বিণ, নির্দ্ধারিত ; নিরূপিত। ২ প্রদত্ত।

প্রদী/প [প্র-দীপ্ (দীপ্তি পাওয়া)+অ (র্তৃ)। গ্রা° পদীপ, পিদিপ(ব), পদীম (চ° ক° ভা°), পিদিম, পিদ্দিম, পিদীপ, পিরদিপ, পরদীপ, পারদিপ, পোরদিম] "মহীগন্ধ আদি পাসান জগলাদি, দধি পদীপ সুচারু চামরে।" শূ° পু°] বি, দীপ। ২ দীপ্তি ; প্রভা ; আলোক। ৩ বিণ, প্রধান ; শ্রেষ্ঠ। ৪ প্রকাশক। "সপ্তদ্বীপ মাঝে ধন্য ধন্য জম্বুদ্বীপ। তাহাতে ভারতবর্ষ ধর্ম্মের প্রদীপ।" -অ° ম°। প্র° উস্‌কান। প্র° জ্বালা। প্র° দেওয়া। প্র° নিবান। প্র° সাজান-প্রদীপে তেল, সলিতা দিয়া জ্বালাইবার জন্য প্রস্তুত করা। ~পক-বিণ, আলোকপ্রদ ; দীপ্তিজনক ; উদ্ভাসক। ২ উদ্দীপক। ৩ প্রকাশক। ~পন [প্র-দীপ্+অন (ভা°)] বি, দীপ্তকরণ ; উজ্জ্বলকরণ। ২ প্রকাশকরণ। ৩ অগ্নির ন্যায় উজ্জ্বলবর্ণ স্থাবর বিষবিঃ।

প্রদীপালোক [প্রদীপ+আলোক] বি, প্রদীপের আলোক।

প্রদীপ্ত [প্র-দীপ্+ত (র্তৃ)] বিণ, প্রভাময় ; আলোকবিশিষ্ট। ২ প্রকাশিত। বি, প্রদীপ্তি-ঔজ্জ্বল্য ; দ্যুতি ; আলোক। ২ শোভা ; শ্রী। ৩ প্রকাশ।

প্রদুষ্য [প্র (প্রকৃষ্টরূপে) দুষ্য] বিণ, বিশেষ নিন্দনীয়।

প্রদৃপ্ত [প্র (অতিশয়ার্থে)+দৃপ্ত] বিণ, দৃপ্ত ; গর্ব্বিত ; অহঙ্কৃত। স্ত্রীঃ ~া।

প্রদেয় [প্র-দা (দান করা)+য (র্ম)] বিণ, বিতরণযোগ্য। স্ত্রীঃ ~া।

প্রদেশ১ [প্র-দিশ্+অ (ধি)] বি, দেশের এক অংশ ; জিলা। ২ একাংশ ; একদেশ। ৩ বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্রভাগ হতে তর্জ্জনীর অগ্রভাগ পর্য্যন্ত পরিমাণ ; প্রাদেশ। ৪ স্থান।

প্রদেশ২ [আয়ু° পরিঃ] বি, দৃষ্টান্তানুসরণ ; পূর্ব ঘটনা বা ফল দেখিয়া বর্ত্তমান নির্দ্ধারণ ; ইনি দেবদত্তের শল্য উদ্ধার করিয়াছেন, সুতরাং যজ্ঞদত্তের শল্যও ইনি উদ্ধার করিতে পারিবেন এইরূপ সিদ্ধান্ত বা নির্দ্দেশ।-সুশ্রুত।

প্রদেশন [প্র-দিশ্+অন (ভা°)] বি, দান। ২ [+অন (র্ম)] উপঢৌকন ; ভেট ; উপহার। ৩ [+অন (নে)] উপায়। ৪ আজ্ঞা।

প্রদেশনী, প্রদেশিনী [প্র-দিশ্ +অন (নে)+ঈ (স্ত্রী°)] বি, তর্জ্জনী অঙ্গুলি। "তখন শক্র সেই শিশুর বদনে স্বীয় প্রদেশিনী প্রবেশিত করিয়া কহিলেন"-মহা° (বর্দ্ধ°)।

প্রদেষ্টা [প্রা° ভারতের অর্থ-শা° পরিঃ] বি, গোপ ও স্থানিকের কার্য্য পর্য্যবেক্ষক রাজকর্ম্মচারী ; সমাহর্ত্তার নিম্নস্থ বিভাগীয় কর্ম্মচারী।

প্রদেহ [প্র-দিহ্ (লেপন করা)+অ (ভা°)] বি, মলম ; প্রলেপ medicated plaster.

প্রদোষ [প্র (আরম্ভ হয়) দোষা (রাত্রি) যে সময়ে, বহু°] বি, সায়ংকাল ; সন্ধ্যা ; রজনীমুখ। ~ক (-ষ-) [প্র°+ক (ভবার্থে)] বিণ, প্রদোষকালজাত। ~কাল-বি, সায়ংকাল ; প্রদোষ। "প্রভাতে প্রদোষকালে, পাখীকুল দলে দলে, কল কল স্বরচ্ছলে করে যার উপাসনা।"-স্ক°। ~তমঃ-প্রদোষের অন্ধকার।

প্রদোষাকাশ [প্রদোষ+আকাশ] বি, প্রদোষকালীন আকাশ ; সন্ধ্যাগগন।

প্রদ্যুতিত [প্র-দ্যুৎ (দীপ্তি পাওয়া)+ত (র্ম)] বিণ, আলোকিত ; উদ্ভাসিত ; আভাময়। ২ প্রকাশিত।

প্রদ্যুম্ন [প্র (প্রবল) দ্যুম্ন (শক্তি) যার, বহু°] বি, রুক্মিণীতনয় ; কন্দর্প।

প্রদ্যো/ত [প্র (প্রধান) দ্যুত্ (দীপ্তি)+অ (ভা°)] বি, দীপ্তি ; ঔজ্জ্বল্য। ২ আভা ; ক ; কিরণ। ~তন [প্র-দ্যুত্ (দীপ্তি পাওয়া)+অন (র্তৃ)] বিণ, দ্যোতনশীল। ২ সূর্য্য। ৩ [ভা°] বি, দীপ্তি। ~তিত [প্র-দ্যুত্+ণিচ্ = দ্যোতি+ত (র্ম)] বিণ, প্রদ্যুতিত (দ্রঃ)।

প্রদ্রুত [প্র-দ্রু (গমন করা)+ত (র্তৃ)] বিণ, প্রস্থিত। ২ ধাবিত। বি, প্রদ্রব, প্রদ্রাব-স্থানান্তরে গমন। ২ প্রশস্ত গমন ; প্রকৃষ্টগতি। ৩ ধাবন ; দ্রুতগমন। ৪ পলায়ন ; প্রস্থান।

প্র/দ্বেষ-বিণ, [প্র-দ্বেষ] বি, বিদ্বেষ ; ঈর্ষা।~দ্বেষী-বিণ,হিংসাকারী ; দ্বেষকারী। ~দ্বেষ্টা-বিণ, ঈর্ষাপরবশ ; হিংসাকারী। ২ হেয়জ্ঞানকারী। > স্ত্রীঃ ~দ্বেষ্ট্রী।

প্রধর্ষণা [প্র-ধর্ষণ+আ (স্বার্থে)] বি, আক্রমণ ; ধর্ষণ।

প্রধান [প্র-ধা (ধারণ করা)+অন (র্তৃ)] বি, সাকার জগতের আদি বীজ ; পরমেশ্বর ; পরমাত্মা। ২ ত্রিগুণস্বরূপা প্রকৃতি। ৩ মন্ত্রী ; অমাত্য। ৪ অধিনায়ক ; পরিচালক ; মণ্ডল ; নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ। ৫ সেনানায়ক ; সৈন্যাধ্যক্ষ। ৬ বুদ্ধি ; জ্ঞান। ৭ যুদ্ধ ; রণ। ৮ বিণ, শ্রেষ্ঠ। ৯ [দর্শন° পরিঃ (H. S. Glossary)] মৌলিক ; ইং fundamental এর বৈজ্ঞা° পরিঃ। ~তঃ (-নং-) [প্রধানতস্] ক্রি-বিণ, সর্ব্বোপরি ; বিশেষতঃ। ~তম-বিণ, সর্ব্বপ্রধান ; শ্রেষ্ঠতম। ~তা (-নং-) বিণ, শ্রেষ্ঠত্ব ; প্রাধান্য। ~ধাতু [প্রধান (শ্রেষ্ঠ) যে ধাতু, যা] বি, শুক্র ; বীর্য্য।

প্রধানাঙ্গ [প্রধান+অঙ্গ] বি, উত্তমাঙ্গ ; মস্তক। ২ রাজতন্ত্রের প্রধান পুরুষ। ৩ শ্রেষ্ঠ অবয়ব। ৪ প্রধান উপকরণ।

প্রধি [প্র (প্রকৃষ্ট)-ধা (ধারণ করা)+ই (ধি)] বি, নেমি ; রথচক্রের প্রান্ত।

প্রধী [প্র (প্রধান) ধী (বুদ্ধি) যার, বহু°] বিণ, প্রখর বুদ্ধিমান্ ; তীক্ষ্ণধীমান। ২ [ধা] তীক্ষ্ণবুদ্ধি।

প্রধূপিত [প্র-ধূপ্ (সন্তপ্ত করা)+ত (র্ম)] বিণ, যাকে সন্তপ্ত করা হইয়াছে ; সন্তাপপ্রাপ্ত। ২ [র্তৃ] উজ্জ্বল ; প্রদীপ্ত। স্ত্রীঃ ~া-ক্লেশযুক্তা ; ক্লিষ্টা ; সন্তাপিতা। ২ বি, সূর্য্যের গতিপথ।

প্রধূমিত [প্র (প্রবল) ধূম (ধোঁয়া) + ইত (যুক্তার্থে)] বিণ, ধূমায়িত ; জ্বলনোন্মুখ।

প্রধৃষ্ট [সং] বিণ, উদ্ধত ; দাম্ভিক ; অহঙ্কৃত। স্ত্রীং ~া।

প্রধৃষ্য [প্র-ধৃষ্ (ধর্ষণ করা) + য (র্ম্ম)] বিণ, ধর্ষণযোগ্য ; পরাজেয়। স্ত্রীং ~া।

প্রধ্মাত[প্র-ধ্মা (শব্দ করা, অগ্নি সংযোগ করা) + ত (র্ম্ম)] বিণ, ধ্বনিত ; মুখরিত ; শব্দায়মান। ২ বায়ুপূরিত ; যাতে ফুঁ দেওয়া হইয়াছে। ৩ বায়ুপূরণ জন্য শব্দায়মান ; যা ফুঁ দিয়া বাজান হইয়াছে। ৪ আলোকিত ; প্রজ্বালিত।

প্রধ্মাপিত [প্র-ধ্মা + ণিচ্ =ধ্মাপি (শব্দ করান) + ত (র্ম্ম)] বিণ, শব্দিত ; মুখরিত ; বাদিত।

প্রধ্বংস [প্র (প্রকৃষ্টরূপে)-ধ্বংস] বি, প্রনষ্ট দ্রঃ। ~ী-বিণ, উচ্ছেদকারী ; বিনাশজনক ; বিলোপকারী। > স্ত্রীং প্রধ্বংসিনী।

প্রনর্ত্তিত[প্র-নর্ত্তিত (দ্রঃ)] বিণ, যাকে নাচান হইয়াছে।

প্রনষ্ট [প্র-নশ্ (নষ্ট হওয়া) + ত (র্তৃ)] বিণ, বিনষ্ট ; ধ্বংসপ্রাপ্ত। ২ মৃত।

প্রপঞ্চ [প্র-পনচ্ (বিস্তৃত হওয়া) + অ] বি, বিস্তার। "আশু যা ঘটিবে, এ প্রপঞ্চরূপে দেব দেখালে তোমারে।"-মেঘ০। ২ রচনার বাগ্‌বাহুল্য। ৩ সমূহ। ৪ মায়া। "না পারি বুঝিতে কিছু ; চঞ্চল হইনু এ প্র০ দেখি, সখে বঞ্চোনা আমারে।"-মেঘ০। ৫ সংসার। ৬ ভ্রম ; ভুল। "কত মুখ কত জন বেতাল ভৈরবগণ ভাঙ্গ খেয়ে ভোজনে প্র০।"-অ০ ম০। ৭ বঞ্চনা ; প্রবঞ্চনা ; ছল। "দেখিয়া পাত্রের মুণ্ডে পড়িল বাজর। প্র০ করিয়া কহে রাজার গোচর॥"-ধ০ ম০, নরসিংহ (ব০ সা০ প০)। ৮ অসত্য ; মিথ্যা। "তোমারে না ভুলাইব প্র০ বচনে।"-মহা০ (কাশী০)। ~ন-বি, বিস্তারণ। ২ বিভ্রান্তি। ~ময়-বি, ভ্রমপূর্ণ ; মায়াময়। ২ শঠতাপূর্ণ ; প্রতারণাময়।

প্রপঞ্চিত [প্রপঞ্চ (বিস্তার) + ইত (যুক্তার্থে)] বিণ, বিস্তারযুক্ত ; বিস্তীর্ণ। ২ ভ্রান্তিমান ; ভ্রমসঙ্কুল।

প্রপতন [প্র-পত্ (পতিত হওয়া) + অন (ভা০)] বি, বিশেষভাবে পতন ; অধোগমন। ২ বিনাশ ; নিধন ; মরণ।

প্রপথ [সং] বিণ, শ্লথ ; শিথিল ; ঢিলা।

প্রপদ [প্র (অগ্র)-পদ] বি, পদের অগ্রভাগ ; পদপ্রান্ত। বিণ, প্রপদীন-পদপ্রান্তিক ; পদাগ্র সম্বন্ধীয়।

প্রপন্ন [প্র-পদ্ + ত (র্ম্ম). দ্-ত=ন্ন] বিণ, শরণাপন্ন ; আশ্রয়প্রার্থী ; শরণাগত। ২ যা পাওয়া গিয়াছে ; লব্ধ ; প্রাপ্ত।

প্রপবণ [সং] বি, শোধন ; শুচিকরণ ; পরিষ্করণ।

প্রপর্ণ [সং] বি, পতিত বৃক্ষপত্র।

প্রপা, প্রপান [প্র-পা (পান করা) + অ, অন (অপা০), যা হতে জলপান করা হয়] বি, পানীয়শালা ; যথায় পানীয় বিতরিত হয় ; পথপার্শ্বস্থ জলসত্র। "নদী, পথ, পানাগার, সভা, প্রপা আর"-জাতক, ৫ম খণ্ড।

প্রপাঠক [সং] বি, বেদের অংশবিঃ।

প্রপাত [প্র-পত্ (পতিত হওয়া) + অ] বি, পর্ব্বতের উচ্চস্থান ; ভৃগুদেশ। ২ পর্ব্বতের ভৃগুদেশ হতে নির্ঝরের পতন ; জলপ্রপাত fall ; waterfall.

প্রপানক [প্র-পানক (দ্রঃ)] বি, চিনি, মরিচ, কর্পূরাদি মিশ্রিত সিদ্ধ কাঁচা আমের পানা বা সরবৎ।

প্রপায়ী [প্র-পা (পান করা) + ইন্ (র্তৃ), য আগম=প্রপায়িন্ ১মা, ১ব০] বিণ, রক্ষক ; রক্ষাকারী। ২ পানকারী।

প্রপিতামহ [প্র (প্রধান) যে পিতামহ, ধা] বি, প্রজাপতি ; লোকপিতামহ ব্রহ্মা। ২ পিতামহের পিতা। স্ত্রীং ~ী-পিতামহের জননী।

প্রপূরণ [প্র-পূরণ] বি, সম্পূরণ। বিণ, প্রপূরিত [প্র-পূর্ (পূর্ণ হওয়া) + ত (র্ম্ম)] বিণ, পূর্ণিত ; পরিপূর্ণ।

প্রপৌত্র [প্র (পশ্চাৎ) পুত্র + অ (অপত্যার্থে)] বি, পৌত্রের পুত্র ; পুত্রের পৌত্র। > স্ত্রীং ~ী-পুত্রের পৌত্রী।

প্রফুল্ল [প্র-ফুল্ল (প্রস্ফুটিত হওয়া) + ত (র্তৃ)] বিণ, বিকসিত ; উৎফুল্ল ; ফুটন্ত। "পরিমল প্রচুর প্রফুল্ল পদ্মমালা।"-ঘ০। ২ প্রসন্ন। ৩ হাস্যময় ; সহাস্য। ~কর-বি, হর্ষজনক ; আনন্দপ্রদ। ~চিত্ত-বিণ, প্রসন্নচিত্ত ; উৎফুল্লহৃদয়। ~চিত্তে-ক্রি-বিণ, আনন্দে ; হৃষ্টমনে। ~তা-বি, হৃষ্টতা ; প্রসন্নতা। ~বদন-বিণ, প্রসন্নমুখ ; সহাস্য আনন।

প্রফুল্লান্তঃকরণ [প্রফুল্ল + অন্তঃকরণ] বিণ, হৃষ্টচিত্ত ; প্রফুল্লহৃদয়।

প্রফুল্লিত [প্র-ফুল্ল (ণিজন্ত) + ত (র্ম্ম)] বিণ, হৃষ্ট ; আনন্দিত।

প্রফেসর[ইং Professor এর লিপ্যন্তর] বি, উচ্চবিদ্যালয়ের উপাধ্যায় ; কলেজের অধ্যাপক।

প্রবংশ [জাতিবিজ্ঞা০ পরিঃ] বি ; গণ ; জাতি race. ~রক্ষা [নৃকুলবিদ্যা পরিঃ] ইং race preservation এর বৈজ্ঞা০ পরিঃ।

প্রবক্তা [প্র-বক্তা] বিণ, বেদাদিশাস্ত্র ব্যাখ্যাতা ; শাস্ত্রকথক। ২ বাক্‌পটু ; বাগ্মী ; সুবক্তা। স্ত্রীং প্রবক্ত্রী।

প্রবচন [প্র-বচ্ + অন (র্ম্ম)] বি, জনশ্রুতি ; প্রবাদ। ২ [প্রকৃষ্ট বচন যে শাস্ত্রে, বহু০] বি, বেদাদিশাস্ত্র। ২ ব্রহ্মযজ্ঞ। বিণ, প্রবচনীয়।

প্রবঞ্চক [প্র-বনচ্ + ণিচ্ =বঞ্চি (বঞ্চনা করা) + অক (র্তৃ)] বি, বঞ্চক ; ধূর্ত্ত ; শঠ।

প্রবঞ্চন [প্র (বিশেষরূপে) বঞ্চন (প্রতারণ)] বি, ছলন ; প্রতারণ। ~া-প্রতারণা। বিণ, প্রবঞ্চিত-প্রতারিত।

প্রবণ ["প্রবণং ক্রমনিম্নোর্ব্ব্যাং * * চতুষ্পথে"-অমর০] বিণ, নম্র ; বিনীত। ২ আসক্ত ; রত। ৩ নত। ৪ ক্রম-নিম্ন। ৫ অভিমুখ। ৬ উন্মুখ। ৭ অনুকূল। ৮ ত্বরিত। ৯ দক্ষ ; নিপুণ। ১০ সমর্থ। "সহস্র সবিতা সম অশেষ আপদ তম পাপরাশি নাশিতে প্র০"-ঘ০। ১১ মধ্যাহ্ন হতে সায়ংকাল পর্য্যন্ত সূর্য্যের পথ। ~তা (-নঁ-) বি, ঝোঁক। ২ অনুকূলতা। " * * * বান্ধবের কার্য্য সাধনেতে। প্রবণতা থাকাই মিত্রতা এ বিশ্বেতে।"-রামা০

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇহীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=ন্‌চ ... হ্ম=ম্হ হ্ন=ন্হ হ্‌ ড়ঢ় বা, ...=zfwv ... চা০ ...

(রাজ°)। ৩ [পরিঃ] ইং propensityর বৈজ্ঞা° পরিঃ। ২ ইং tendency র পরিঃ।

প্রবন্ধ [প্র-বন্ধ্ (বন্ধন করা)+অ (র্ম্ম-অল্)। প্রা° পরবন্ধ (কবিক°), পেরবন্ধ, পোরবন্ধ (অশিক্ষিতানারী-কথা)] বি, সন্দর্ভ ; রচনা। ২ পরস্পর অন্বয়যুক্ত বাক্যাবলী। ৩ প্রকৃষ্ট বন্ধন। ৪ কৌশল ; উপায়। "এসব কাজের আগ্নে জানিএ প্র°"-শ্রী° কী°। "যতেক প্র° করে নিশা-চরগণে। ব্রহ্মাবরে নিদ্রা যায় কিছু নাহি জানে॥"-কৃত্তি°। ৫ যোগাযোগ। ৬ আরম্ভ। "আজ্ঞা মালা পাঞা মোর হইল আনন্দ। তাঁহাই গ্রন্থের তবে করিল প্র°॥" -চৈ° চ°। ~া [মৃ° প্রবন্ধ্] বিণ, প্রবন্ধলেখক ; প্রবন্ধ কর্ত্তা। > স্ত্রীং প্রবন্ধ্রী। ~কার-বিণ, প্রবন্ধরচয়িতা ; সন্দর্ভলেখক।

প্রবয়ণ [সং] বি, পাঁচনবাড়ি।

প্রবয়াঃ [প্র (গত) বয়স (জীবিতকাল) যার, বহু°] বি, প্রবৃদ্ধ ; প্রবীন ; স্থবির।

প্রবর [প্র-বৃ (বরণ করা)+অ (র্ত্তৃ)] বি, গোত্র প্রবর্তনকারী। ২ গোত্রের ব্যাবর্ত্তক বা ভেদবোধক মুনিগণ ; আর্ষেয় ; (ঋষির অপত্য বা সন্তান >) সন্ততি। ৩ গোত্র প্রবর্ত্তক মুনি। "কিবা গোত্র কয় বা প্র° বর কহ"-অ° ম°। ৪ অগুরু চন্দন। ৫ ইন্দ্রের সহচরবিঃ। "ইন্দ্রের বচনে অনুমতি দিলা হর। অঞ্জলি করিয়া পাণ লইল প্র°।" -কবিক°। ৬ অত্যুৎকৃষ্টতা ; উজ্জ্বল ; আভা ; শুভ্রতা। "নির্ম্মল কাঞ্চন জিনি চরণের আভা। রত্নের প্র° জিনি পালকের শোভা॥"-কবিক°। ৭ সকলের বরণীয় বলিয়া শিব। ৮ [প্রবার ও°] কৌপীনের উপর পরিধেয় বসন ; বহির্বাস। ৯ [প্র (উত্তম) বর (শ্রেষ্ঠ)] বিণ, অত্যুত্তম।

প্রবর্ত্ত [প্রবৃত্ত ঃং] বিণ, প্রবৃত্ত ; ।। "পরে পাত্র যজ্ঞের দ্রব্য সকল আয়োজন করিতে প্র° হইলেন"-কৃষ্ণচন্দ্র। ~ক [প্র-বৃৎ (থাকা)+ণিচ্=বর্ত্তি+অক (র্ত্তৃ)] বিণ, প্রবর্তনকারী ; প্রবৃত্তিকারক। ২ প্রণেতা। ৩ প্রদর্শক।

প্রবর্ত্তন [প্র-বৃৎ + ণিচ্=বর্ত্তি + অন (ভা°)] বি, প্রবর্ত্তনা ; নিয়োজন। ২ [প্র-বৃৎ+অন (ভা°)] আরম্ভ ; উপক্রম ; সূত্রপাত। স্ত্রীং ~া-প্রেরণা। ২ উত্তেজনা। ~শীল-বিণ, প্রবর্ত্তক।

প্রবর্ত্তমান [প্র-বৃৎ+আন (র্ত্তৃ)] বিণ, প্রবর্ত্তনশীল ; যে কোন কর্ম্মে প্রবৃত্ত হইতেছে।

প্রবর্ত্তয়িতা [প্র-বৃৎ+ণিচ্=প্রবর্ত্তি+তৃ (র্ত্তৃ)= প্রবর্ত্তয়িতৃ ১মা, ১ব°] বিণ, যে কোন কার্য্যের সূত্রপাত করে ; কার্য্যারম্ভক ; প্রবর্ত্তনকারী।

প্রবর্ত্তিত [প্র-বৃৎ+ণিচ্=প্রবর্ত্তি+ত(র্ম্ম)] বিণ, আরব্ধ। ২ উৎপাদিত। ৩ উত্তেজিত। ৪ প্রত্যাবর্ত্তিত ; বদল করা। ৫ নিয়োজিত।

প্রবর্ত্তী [মৃ° প্রবর্ত্তিন্ ১মা, ১ব°] বিণ, প্রবৃত্ত ; নিযুক্ত। স্ত্রীং প্রবর্ত্তিনী।

প্রবর্দ্ধন [প্র-বৃধ্ (বৃদ্ধি পাওয়া)+অন (ভা°)] বি, সম্বর্দ্ধন। বিণ, প্রবর্দ্ধক-প্রবর্দ্ধনকারী ; সম্বর্দ্ধক।

প্রবল [প্র (প্রচুর) বল (সামর্থ্য) যার, বহু°] বিণ, বিশিষ্ট বলশালী ; অতি বলবান্। স্ত্রীং ~া [বৈদ্যকে] বি, প্রসারিণী ; গন্ধভাদাল। বিণ, অতি বলবতী। ~তা (-র্ল-) বি, বলবত্তা : শক্তিমত্তা। ~পরাক্রম-বিণ, শক্তিশালী ; প্রভূত বিক্রমশালী ; প্রবল বিক্রম। ~পরাক্রান্ত -বিণ, মহা ক্ষমতাশালী ; বিপুল বিক্রান্ত। ~প্রতাপ-বি, বিপুল বিক্রম। ~প্রতাপান্বিত-বিণ, প্রভূত শক্তি-শালী ; অত্যন্ত প্রভাবান্বিত। ~বিক্রম-বি বিপুল শক্তি ; প্রবল প্রতাপ।

প্রবলানুরা/গ [প্রবল+অনুরাগ] বি, অতি প্রীতি ; সাতিশয় আনুরক্তি। ~গী [প্রবল-অনুরাগিন্ শব্দ] বিণ, অত্যন্ত অনুরক্ত ; অতিশয় আসক্ত। স্ত্রীং ~গিণী। বি, ~গিতা-অত্যাসক্তি।

প্রবহ [প্র-বহ্ (বহন করা)+অ (ভা°)] বি, স্রোতঃ ; প্রবাহ। ২ সপ্তবায়ুর অন্তর্গত বায়ুবিঃ। ৩ গৃহ নগরাদি হতে বহির্গমন। ~মান-বিণ, প্রবাহিত হইতেছে এমন। ২ আবহমান ; নিরন্তর। "প্রবহমান কাল যে তোমার কর্ণে সন্ধ্যার করুণ পূরবীতে মরণের গান গাহিয়া গেল"-আত্মশক্তি, ২৯।১০।২৬।

প্রবহণ [প্র-বহ্+অন (ণে)] বি, জলযান। ২ [দশ কুমার চরিতে পোত অর্থে ব্যবহৃত] প্রাচীন ভারতের জাহাজ ; পোত, মহানৌকা। ৩ আচ্ছাদনযুক্ত গাড়ী, পাল্কী প্রভৃতি। ৪ [+অন (ভা°)] স্রোত ; প্রবাহ। ~শীল-বিণ, যা প্রবাহিত হইতেছে।

প্রবর্হ [প্র-বৃহ (বৃদ্ধি পাওয়া)+অ (ভা°)] বিণ, প্রবীণ। ২ প্রধান।

প্রবহ্লিকা [প্র-বল্হ্ (বলা)=প্রবহ্ল +ক+আ (স্ত্রীং)] বি, প্রহেলিকা।

প্রবাক্ [প্র-বচ্ (বলা)+ক্বিপ্ (র্ত্তৃ)] বিণ, যার উত্তমরূপ বক্তৃতাশক্তি আছে ; বাগ্মী orator.

প্রবাচক [প্র-বচ্ (বলা)+অক (র্ত্তৃ)] বিণ, উৎকৃষ্ট বক্তা ; সুবক্তা।

প্রবাচ্য [প্র-বচ্+(র্ম্ম)] য বিণ, সম্যক্ বক্তব্য ; বিশেষ কথনীয়।

প্রবাত [প্র-বাত (বায়ু) যেখানে, বহু°] বিণ, বিশুদ্ধ বায়ু। ২ প্রবল বায়ু।

প্রবাদ [প্র (বিশেষ)-বদ্ (বলা)+অ (ভা°)] বি, পরম্পরাগত বাক্য ; জনরব ; লোককথা ; জনশ্রুতি। ৩ নিন্দা ; কুৎসা ; অপবাদ। ~বচন, ~বাক্য-বি, জন-শ্রুতি ; পরম্পরাগত বাক্য ; প্রবাদ বচন।

প্রবারণ [প্র-বৃ (বরণ করা)+অন (ভা°)] বি, অভীষ্টদান, কাম্যদান। ২ নিবারণ ; মানা ; নিষেধ।

প্রবাল [প্র-বল্ (দান করা-রক্তআভা দান করা)+অ (র্ত্তৃ, জ্ঞা°), রূপান্তরে-পঙার (বি° প°, গোবিন্দ দাস পদকল্পতরু, পবার (বি° প°) পোআর (চণ্ডীদাস), পলাল (শূ° পু°) বি, বিদ্রুম ; সমুদ্রজাত রক্তবর্ণ রত্ন ; মতান্তরে,উপরত্নবিঃ ; পলা coral. ২ নবীন পল্লব ; কিসলয় ; অঙ্কুর। ৩ [প্র-বল্ (সম্বরণে, ধারণে)+অ] বীণাদণ্ড। ~কাঞ্চন [প্রবাল ও কাঞ্চন] বি, স্বর্ণ গুটিকার সহিত গ্রথিত প্রবালের কয়ালঙ্কার ; প্রাচীনা নারীদিগের করভূষণবিঃ ; পলাকাঠি (ক্রঃ)। "পলাল মুকুতা হীরা পবাল কাঞ্চন।"-শূ° পু°। ~কীট-বি, সামুদ্রিক কীটবিঃ (ইহার অস্থি রত্ন, মতান্তরে উপরত্ন বলিয়া গণ্য হয়)।

~দ্বীপ-বি, প্রবালকীটের দেহাবশেষ ক্রমশঃ জমাট বাঁধিয়া যা দ্বীপে পরিণত হয় ; পলাদ্বীপ coral island. ~ফল [প্রবালের মত রক্ত-বর্ণ ফল যার, বহু°] বি, রক্তচন্দন।

প্রবাস [প্র-বস্(বাস করা)+অ (ভা°)] বি, ভিন্ন দেশে অবস্থান। ২ [+অ (ধি°)] বিদেশ ; ভিন্নদেশ।

প্রবাসন [প্র-বস্+ণিচ্=বাসি (বাস করান)+অন (ভা°)] বি, নির্ব্বাসন। ২ ভিন্ন দেশে প্রেরণ ; বিদেশে বাস করান। ৩ হত্যা ; বধ।

প্রবাসিত [প্র-বস্+ণিচ্=প্রবাসি+ত (র্ম্ম)] বিণ নির্ব্বাসিত। ২ দেশান্তরে প্রেরিত। ২ মৃত : হত।

প্রবাসী [প্রবাস+ইন্ (স্ত্য°), বা, প্র (দেশান্তর)+বস্ (বাস করা)+ইন্(র্ত্তৃ)= প্রবাসিন্ ১মা, ১ব°। গ্রা° পেরবাসী, পেবাসী, পোবাসী, প্রা° বাং-পিব্যাসী। "কেয়াবনে কত দেখি পিব্যাসীর থানা॥"-ধর্ম্মরাজের গীত (সীতারাম)] বিণ, বিদেশবাসী। "প্রবাসী কুমার কোথা এস বলি ডাকে"-ম°। স্ত্রীং-প্রবাসিনী।

প্রবাহ [প্র-বহ্ (বহন করা)+অ (ভা°)] বি, স্রোতঃ। ২ অবিচ্ছেদ গতি। ৩ বিস্তার। ~ক [প্র-বহ্ (বহন করা) +অক (র্ত্তৃ)] বিণ, বিশেষরূপে বহনকারী। ~-সংঘর্ষ-বি, স্রোতের সম্মিলন। "প্রবাহ-সংঘর্ষ নাদ দুইটী নদীর স্পষ্টরূপে শ্রুতিমূলে আসে ধীর ধীর।"-রামা° (রাজ°)।

প্রবাহিকা [প্র-বহ্+ণিচ্=প্রবাহি+অক+আ (স্ত্রীং)] বিণ, উদরাময় ; গ্রহণী।

প্রবাহিত [প্রবাহ+ইত (যুক্ত)] বিণ, স্রোতঃবিশিষ্ট ; প্রবাহযুক্ত। স্ত্রীং ~া।

প্রবাহী [প্রবাহ+ইন্(স্ত্য°)=প্রবাহিন্ ১মা, ১ব°] বিণ, প্রবাহযুক্ত ; স্রোতবিশিষ্ট। স্ত্রীং প্রবাহিনী,-ণী-স্রোতস্বিনী; নদী।

প্রবাহু-বি, কনুয়ের নিম্নভাগ।

প্রবিতত [প্র-বি-তন্ (বিস্তার করা) +ত (র্ম্ম), ন্ লোপ] বিণ, অতি বিস্তৃত।

প্রবিদারণ [প্র-বি-দৃ+ণিচ্=দারি (বিদারণ করা)+অন (ধি), যেখানে বিদীর্ণ করা হয়] বি, যুদ্ধ ; সংগ্রাম ; রণস্থল। ২ [ভা°] বিশেষরূপে বিদারণ। ৩ বিস্তার। ৪ প্রস্ফুটিত করণ। ৫ [র্ত্তৃ] বিণ, অতি বিদারণকারক।

প্রবিলুপ্ত [প্র-বি-লুপ্ (লুপ্ত হওয়া)+ত (র্ম্ম)] বিণ, অদৃশ্য ; বিলীন।

প্রবিশ্লেষ [প্র+বিশ্লেষ (দ্রঃ)] বি, সম্যক্ বিচ্ছেদ বা বিয়োগ।

প্রবিষ্ট [প্র-বিশ্ (প্রবেশ করা)+ত (র্ত্তৃ)] বিণ, যে প্রবেশ করিয়াছে ; যে ভিতরে গিয়াছে। ২ অভিনিবিষ্ট। ৩ অন্তর্গত। স্ত্রীং ~া।

প্রবীণ [বীণা+ণিচ্=বীণি (বীণা বাজান)+অ (র্ত্তৃ)] বিণ, দক্ষ ; নিপুণ। ২ বহুদর্শী। ৩ বিচক্ষণ ; বিজ্ঞ। ৪ বিশেষজ্ঞ। ৫ প্রাচীন। ৬ আনন্দিত। স্ত্রীং ~া। বি, প্রবীণতা, প্রবীণত্ব, প্রাবীণ্য-বিজ্ঞতা ; বহুদর্শিতা। ২ বিশেষজ্ঞতা ; দক্ষতা। "লাঠি তরবার তীর চালনায় সে কালের বাঙ্গালীরা বিশেষ প্রবীণতা লাভ করিয়াছিলেন"-আ°পত্রিকা,১৪, পৌষ '৩৫।

প্রবীর [প্র (বিশেষ) বীর,ধা] বি, সাহসী বীর ; শ্রেষ্ঠ যোদ্ধা। ২ নীলধ্বজরাজপুত্র (ইঁহার মাতার নাম জনা)। ২ বিণ, শ্রেষ্ঠ ; প্রধান।

প্রবুদ্ধ [প্র-বুধ্ (জ্ঞান হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, জ্ঞানবান্ ; জ্ঞানী। ২ উদ্বুদ্ধ ; জাগ্রত।

প্রবৃত্ত [প্র-বৃৎ (থাকা)+ত (র্ত্তৃ)] বিণ, নিযুক্ত ; রত। ২ যা আরম্ভ করা হইয়াছে ; আরব্ধ। ৩ উৎপন্ন। ৪ প্রচলিত। ৫ প্রবৃত্তিবিশিষ্ট।

প্রবৃত্তি[প্র-বৃৎ+তি (ভা°)] বি, ইচ্ছা। ২ প্রবণতা ; ঝোঁক। ৩ গতি। ৪ উৎপত্তি। ৫ ব্যাপার। ৬ প্রবাহ। ~জ্ঞ [প্র°+জ্ঞ (যে জানে)] বি বার্ত্তাবহ ; সংবাদবাহক ; দূত। ~মার্গ [৬তৎ] বি সংসারের পথ।

প্রবৃদ্ধ [প্র-বৃধ্ (বর্দ্ধিত হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, অতিশয় বৃদ্ধিশীল। ২ প্রাচীনতম ; অতি বৃদ্ধ। ৩ বিস্তৃত। ~কোণ [জ্যা° (ক° বিশ° পরিঃ)] বি, ইং reflex-angle এর বৈজ্ঞা° পরিঃ।

প্রবেট [আদা°। ইং probate এর লিপ্যন্তর] বি, আদালতের মঞ্জুর-করা উইলের নকল।

প্রবেণি,-ণী [প্র-বেণী (দ্রঃ)] বি, চুলের বিনন। ২ করী পৃষ্ঠের আস্তরণ।

প্রবেশ [প্র-বিশ্ (প্রবেশ করা)+অ (ভা°)] বি, অভ্যন্তরে নিবেশ; মধ্যে যাওয়া। ২ [+অ (ণে)] যদ্দারা প্রবেশ করা যায় ; পথ। ~দ্বার-বি, প্রবেশ লাভ করিবার দরজা বা পথ। ~দ্বারপথ-প্রবেশদ্বারে যাইবার পথ ; প্রবেশ পথ।

প্রবেশক [প্র-বিশ্+অক (র্ত্তৃ)] বিণ, প্রবেশকারী ; অভ্যন্তরগামী। স্ত্রীং প্রবেশিকা১-প্রবেশকারিণী।

প্রবেশন [প্র-বিশ্+অন (ণে)] বি, প্রধান দ্বার ; সিংহদ্বার।

প্রবেশাধিকার [প্রবেশ+অধিকার, ৬তৎ] বি, ভিতরে যাইবার স্বত্ব।

প্রবেশানুমতি [প্রবেশ+অনুমতি, ৬তৎ] বি, প্রবেশের আজ্ঞা ; ভিতরে যাইবার আদেশ।

প্রবেশিকা২ [প্রবেশক দ্রঃ। প্র-বিশ্+ণিচ্=প্রবেশি (ভিতরে যাওয়ান) +ক+আ]। বি, যা দর্শন করাইয়া প্রবেশ করা যায় ; যা কোন কিছুর ভিতরে প্রবেশাধিকার দেয়। ২ প্রথম। ৩ বি, টিকিট ticket. বিণ, প্রাবেশিক (দ্রঃ)। ~পরীক্ষা [ইং entrance এর অনুবাদ] যে পরীক্ষায় উত্তীর্ণ হইলে, উচ্চবিদ্যা শিক্ষার দ্বারে প্রবেশ করিবার পথ উন্মুক্ত হয় Entrance (অধু° Matriculation) examination.

প্রবেশিত [প্র-বিশ্+ণিচ্=প্রবেশি (মধ্যে যাওয়ান)+ত (র্ম্ম)] বিণ, যাকে প্রবেশ করান হইয়াছে।

প্রবেশ্য, [প্র-বিশ্ (প্রবেশ করা)+য (র্ম্ম)] বিণ, প্রবেশযোগ্য। ২ [পারিঃ] বি, ইং permeable এর বৈজ্ঞা° পরিঃ।

প্রবেষ্টা [প্র-বিশ্ (প্রবেশ করা)+তৃ (র্ত্তৃ)। তৃ=ট্=প্রবেষ্টৃ ১মা, ১ব°] বি, প্রবেশ-কর্ত্তা ; যে প্রবেশ করিয়াছে। "নগিরমধ্যে মনুষ্যই বা কে আছে, দেখই বা কি মূর্ত্তি,

প্র০ তাহার কিছুই দেখিতে পাইলেন না।" -দুর্গেশনন্দিনী।

প্রবোধ [প্র-বুধ্ (বোধ করা)+অ (ভা০)] বি, সান্ত্বনা। "রণ করি কারে বল করিলে প্র০।"-মহা০ (কাশী০)। ২ জ্ঞান। ৩ বিকাশ। ~ন (-ধঁ-) [প্র-বুধ্+ণিচ্=বোধি (বোধ করান)+অন (ভা০)] বি, জ্ঞাপন। ২ সান্ত্বনা দান। ৩ উত্তেজনা। ৪ জাগ্রতকরণ। ~নী, প্রবোধিনী-বি, উত্থান একাদশী; কার্ত্তিকী শুক্লপক্ষীয় একাদশী। ~বাড়ি [প্রবোধ উৎপাদক বাড়ি (যষ্টি), ম০ প০ লো০] বি, চাবুক। "হাতেতে প্রবোধ-বাড়ি"-মহা০ (কাশী০)।

প্রবোধা [প্রবোধ > +আ (ক্রিয়ার)। বাং নামধাতু। প্রবোধি, প্রবোধ, প্রবোধে : প্রবোধিতে; প্রবোধিয়া (ক্ষে০ পদ্যে)] ক্রি, প্রবোধ দান করা। প্রবোধিছি-প্রবোধ দিয়াছি। "ও পদ দর্শন ফলে প্রবোধিছি মন।" -ম০। প্রবোধিল-প্রবোধ দিল। "কুম্ভকর্ণে প্রবোধিল রামবাণে সেই মৈল দশানন করে বহু রণ।"-কবিক০।

প্রবোধি/ত [প্র-বুধ্+ণিচ্ (স্বার্থে) =প্রবোধি (জাগান)+ত (র্ম)] বিণ, জাগরিত। "জাগিয়া কি হেতু রাজা এখনো শুইয়া, প্রবোধিত হইয়াও কিসের কারণ।"-রামা০ (রাজ০)। ২ যাকে সান্ত্বনা দেওয়া হইয়াছে। ৩ উত্তেজিত। ৪ বিকসিত। স্ত্রীং ~া। ~নী-প্রবোধত্রঃ।

প্রব্যক্ত [প্র-বি-অন্জ্ (প্রকাশিত হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, পরিস্ফুট; সুস্পষ্ট।

প্রব্রজিত [প্র-ব্রজ্ (সর্ব্বতোভাবে গমন করা)+ত (র্ত্তৃ)] বিণ, সন্ন্যাসধর্ম্মাবলম্বী; বৌদ্ধভিক্ষু। স্ত্রীং প্রব্রজিতা-তাপসী;

প্রব্রজ্যা [প্র-ব্রজ্ (গমনে)+য (ভা০)+আ] বি, সন্ন্যাস। "প্রব্রজ্যা লইয়া এবে আছি তুষ্টমতি।"-রামা০ (রাজ০)। "অতঃপর স্ত্রীপুরুষে মহাদান করিলেন এবং নিষ্ক্রমণ-পূর্ব্বক কোন রমণীয় ভূভাগে আশ্রম নির্ম্মাণ করিয়া প্র০ লইলেন। সেখানে তাঁহারা উঞ্ছবৃত্তি দ্বারা বন্য ফল আহরণ করিতেন এবং তাহাই খাইয়া দশ বৎসর বাস করিলেন।" -জাতক, ৫ম খণ্ড। ২ প্রবাস; দেশান্তরে বাস। ~বসিত [প্রব্রজ্যা (হতে)+অবসিত (নিবৃত্ত), ৫ তৎ] বিণ, সন্ন্যাসধর্ম্ম হতে বিচ্যুত।

প্রব্রাজ [প্র-ব্রজ্ (গমন করা)+অ (ধি)] বি, অত্যন্ত নিম্ন দেশ। ২ [ভা০] সন্ন্যাস।

প্রব্রাজন [প্র (সম্মুখে)-ব্রজ্+ণিচ্=ব্রাজি (গমন করান)+অন (ভা০)] বি, নির্ব্বাসন।

প্রব্রাজিত [প্র-ব্রজ্+ণিচ্=প্রব্রাজি (গমন করান)+ত (র্ম)] বিণ, নির্ব্বাসিত; বনবাসী। "অকারণ প্র০ শ্রীরাম লক্ষ্মণে, নাশিয়া বিজয় লক্ষ্মী অর্পিব রাজনে।" -রামা০ (রাজ০)।

প্রভঞ্জন [প্র-ভন্জ্ (ভগ্ন করা)+অন (র্ত্তৃ, জ্ঞা০)] বি, যে বৃক্ষাদি ভগ্ন করে; ঝড়। ২ বায়ু। "মন্দ মন্দ প্রভঞ্জনে পড়য়ে কুসুম বনে পাতিলেন অঞ্চল খুল্লনা।"-কবিক০। ৩ বিণ, ভঞ্জনকারী।

প্রভব [প্র-ভূ (হওয়া)+অ (ভা০)] বি, বিক্রম; প্রভাব। ২ নিমিত্ত; কারণ। ৩ জন্ম; উৎপত্তি: ইং origin এর বৈজ্ঞা০ পরিঃ (H. S. Glossary)। ৪ [উৎপত্তি হয় যা হতে, অপা০] উৎপত্তি স্থান। ৫ বিণ, উৎপাদনকারী। ~ন্ (-বঁ-) [মূ০ প্রভবৎ] বিণ, প্রভু; স্বামী। ২ সমর্থ; শক্ত। > স্ত্রীং প্রভবতী।

প্রভবিষ্ণু [প্র-ভূ (হওয়া)+ইষ্ণু (র্ত্তৃ, শীলার্থে)] বিণ, শক্তিশালী; প্রভাবশীল। বি, ~তা-প্রভাবশালিতা।

প্রভা [প্র (অধিক) ভা (দীপ্তি পাওয়া)+অ (ভা০)] বি, ঔজ্জ্বল; কিরণ; দীপ্তি: তেজঃ। ২ প্রকাশ। ~কর [প্রভা+কর (যে করে)] বি, দিবাকর; সূর্য্য। ২ চন্দ্র। ৩ অগ্নি। ৪ সাগর। ৫ অর্ক বৃক্ষ। ৬ বিণ, দীপ্তিমান; উজ্জ্বল। ~কীট [প্র-ভা (দীপ্তিযুক্ত) কীট (পোকা)] বি, জ্যোতিরিঙ্গণ; জোনাকিপোকা। ~প্রভু [প্রভার (দীপ্তির) প্রভু (অধিপতি), ৬ তৎ] বি, দিবাকর; প্রভাকর। ~বান্ [প্রভা (দীপ্তি)+বৎ (স্ত্য০)=প্রভাবৎ ১মা, ১ব০] বিণ, প্রভা-বিশিষ্ট; দীপ্তিশালী। > স্ত্রীং ~বতী [প্রভা (দীপ্তি)+বৎ (স্ত্য০)+ঈ (স্ত্রীং)] বি, কুমারের অনুচর মাতৃকাবিঃ। ২ ত্রয়োদশ অক্ষর ছন্দোবিঃ। ৩ গণদেবতার বীণা। ৪ বিণ, প্রভা আছে যার; আভাময়ী। ~ময়-বিণ, আভাযুক্ত; জ্যোতির্ম্ময়; দীপ্তিশালী। > স্ত্রীং ~ময়ী।

প্রভাত [প্র-ভা (দীপ্তি পাওয়া)+ত (ধি)] বি, দিবারম্ভকাল; প্রত্যূষ; প্রাতঃকাল। ২ [রাত্রিশেষের ভাব হতে] শেষ; অবসান। "আমার কার্য্য করিব বরিষা প্রভাতে" -কৃত্তি০। ~চারণ, ~ফেরী [গুর্জ্জ০ শব্দ] বি, প্রভাতে মঙ্গল গীত, বা জাতীয় উদ্বোধন সঙ্গীত বা স্বদেশী গান গাহিয়া যারা লোকদের ঘুম ভাঙ্গায় (এই অর্থে শান্তিনিকেতন আশ্রমে রবী০ প্রবর্ত্তিত): বৈতালিক। "এক-দিন প্রাতে অগণিত 'প্রভাতফেরীর' অর্থাৎ বৈতালিকের দল তাঁহার বাসার সম্মুখ দিয়া গান করিতে করিতে গেল"-প্রবাসী, আষাঢ়, ১৩৩৮। ~চারণ দল, ~ফেরী সংঘ-বি, দেশভক্ত সংঘ যার সভ্যগণ দল বাঁধিয়া প্রত্যহ প্রাতে নীতি, ধর্ম্ম, সামাজিকতা, জাতীয়তা প্রভৃতির উদ্বোধক সঙ্গীত সমস্বরে গাহিতে গাহিতে গ্রাম পল্লী নগরাদি প্রদক্ষিণ করে। "প্রভাতচারণ দলের সভ্যগণ", "প্রভাতফেরী অনুষ্ঠিত হইতেছে, ইহাতে জনসাধারণের মধ্যে বিশেষ উৎসাহের সঞ্চার হইয়াছে।"-ব০বাণী "একদল প্রভাতফেরী ভোর বেলা সহরের প্রধান প্রধান রাস্তাসমূহ দিয়া কীর্ত্তন করিয়া ভ্রমণ করিতেছেন"-ব০বাণী০। ~তপন [৬ তৎ] বি, প্রাতঃসূর্য্য; প্রভাত রবি। ~বায়ু [৬ তৎ] বি, প্রাতঃসমীরণ। ~রাগ [৬তৎ] বি, অরুণের আভা: রক্তিমবর্ণ।

প্রভাতি, -তী [প্রভাত+ই (সম্বন্ধে)] বি, প্রভাতকালে গেয় সঙ্গীত। "প্রভাতি গাইছে বিপিনে পাখী, প্রভাত প্রমোদে ঢালিয়া প্রাণ।"-কা০ প্র০ ঘোষ। ২ বিণ, প্রভাত-কালীন। "প্রভাতী আরতি তাঁর কর মনো-মন্দিরে।"-কা০ প্র০ ঘোষ।

প্রভাব [প্র-ভূ+অ (ণে)] বি, প্রভুশক্তি;

ধনাদিজনিত তেজঃ। ২ প্রতাপ। ৩ উদ্ভব; উৎপত্তি। ৪ [+অ(ভা॰)] মহিমা। ৫ শক্তি; সামর্থ্য। "সত্ত্ব রজঃ প্রভার ক্ষণেক বিনা নয়। তমের প্রভাব দেখ চিরকাল রয়।"-অ॰ ম॰। ৬ সূর্য্যপত্নী প্রভার গর্ভজাত পুত্র। ৭ স্বারোচিষ মনুর পুত্র। ৮ অষ্টবসুর অন্যতম। ৯ বহুস্থানে এককালীন একরূপ প্রকটতা (চৈ॰ চ॰)। ~র্জ-(-বঁ-) [প্রভাব+জ (যে জন্মে)] বি, প্রভুত্ব; আধিপত্য; প্রভুশক্তি। ~মণ্ডল-বি, শক্তিপুঞ্জ। ২ চতুষ্পার্শ্বস্থ বা পরিপার্শ্বিক প্রভাব surrounding influence.

প্রভাষ [প্র (প্রকৃষ্টরূপে) ভাষ্ (কথা বলা)+অ (ভা॰)] বি, প্রকৃষ্টরূপে কথন।

প্রভাস [প্র-ভাস্ (দীপ্তি পাওয়া)+অ (র্ত্তৃ, জ্ঞা॰)] বি, ভারতবর্ষের পশ্চিমস্থিত তীর্থবিঃ। চন্দ্র যক্ষ্মারোগে আক্রান্ত হইয়া এই তীর্থে স্নান করিয়া পূর্ব্ব মত প্রভাশালী হন বলিয়া এই তীর্থের নাম প্রভাস। ইহার অপর নাম সোম তীর্থ (মহা॰)। ২ জৈনদিগের অধিপতি। ৩ কুমারের অনুচর। ৪ বসুবিঃ। ৫ অষ্টম মন্বন্তরের দেবগণ। ৬ বিণ, প্রখর দীপ্তিশালী।

প্রভিন্ন [প্র-ভিদ্+ত (র্ত্তৃ)] বিণ, প্রকাশিত; প্রস্ফুটিত। ২ বিশেষ ভেদযুক্ত। ৩ মদস্রাবী। ৪ বি, মত্তমাতঙ্গ।

প্রভু [প্র-ভূ (হওয়া)+উ (র্ত্তৃ)। গ্রা॰ পরভু, পিরভু, পেরভু] বি, বিষ্ণু। ২ রাজা। ৩ স্বামী। ৪ অষ্টম মন্বন্তরের দেবগণ। ৫ শব্দ। ৬ পারদ। ৭ [নানার্থরত্নমালাধৃত শব্দকল্পে] বিণ, শক্ত; সমর্থ। ৮ নিগ্রহ ও অনুগ্রহক্ষম। ৯ প্রধান; শ্রেষ্ঠ। ~তা-বি, প্রভুর ভাব; প্রভুত্ব। ~দ্রোহ [৬তৎ] প্রভুর বিরুদ্ধাচরণ; প্রভুর বিরুদ্ধে উত্থান। > বিণ, ~দ্রোহী-প্রভুর বিরুদ্ধে উত্থানকারী। > বি, দ্রোহিতা-প্রভুর শত্রুতাচরণ; প্রভুহিংসা। ~পত্নী-বি, প্রভুভার্য্যা; কর্ত্রী; মনিবের স্ত্রী। ~পরায়ণ -প্রভুভক্ত; প্রভুর প্রতি অনুরক্ত। ~ভক্ত [প্রভুর (স্বামীর) ভক্ত (অনুরক্ত), ৬তৎ] বিণ, প্রভুর অনুরক্ত; স্বামি-সেবক। ~ভক্তি-বি, প্রভুর প্রতি শ্রদ্ধা ও অনুরাগ। ~শক্তি [প্রভুর শক্তি, ৬তৎ] বি, আধিপত্য। ২ প্রতাপ; প্রভাব। ৩ কর্ত্তৃত্ব। ~হন্তা -বিণ, প্রভুহত্যাকারী; স্বামীঘাতক। > স্ত্রীং ~হন্ত্রী।

প্রভুত্ব [প্রভু+ত্ব (ভা॰)] বিং প্রধানত্ব। ২ প্রভুত্ব; স্বামিত্ব; কর্ত্তৃত্ব; আধিপত্য। ৩ প্রভাব। ৪ সামর্থ্য। ~কারী-বিণ, যে প্রভুশক্তির ব্যবহার করে। > স্ত্রীং~কারিণী। ~প্রয়াসী-বিণ, কর্ত্তৃত্বাভিলাষী। > স্ত্রীং ~প্রয়াসিনী। ~সূচক-বিণ, কর্ত্তৃত্বব্যঞ্জক; কর্ত্তৃত্ববোধক।

প্রভূত [প্র-ভূ (হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, অত্যন্ত; অসামান্য। ২ বহল; প্রচুর। ৩ উচ্চ; উন্নত। ৪ যে জন্মিয়াছে; উৎপন্ন। বি, ~া।

প্রভৃতি [প্র-ভৃ (পোষণ করা)+তি (ভা॰)] বিণ, আদি; ইত্যাদি (এই অর্থে অন্য শব্দের পর যুক্ত হয়)। ২ অ, অবধি। "অতএব অদ্য প্রভৃতি আমার মাতা দাস্য হইতে মুক্ত হউন।"-মহা॰ (সিংহ)।

প্রভেদ [প্র-ভিদ্+অ (ভা॰)] বি, বৈলক্ষণ্য; পার্থক্য; বিভিন্নতা; বিশেষ। ২ বিধ; প্রকার; রকম। ৩ প্রকাশ। ~ক (-দ॑-) [প্র-ভিদ্+অক (র্ত্তৃ)] বিণ, ভেদকারক; ভিন্নতাকারী; পার্থক্যসাধক। ~নী (-দ॑-) [প্র-ভিদ্ (বিদারণ করা)+অন (লে)+ঈ (স্ত্রীং)] বি, ভেদকারিণী। ২ বিঁধিবার অস্ত্র; প্রভেদিকা।

প্রভ্রংশ [প্র-ভ্রন্শ্ (পতিত হওয়া)+অ (ভা॰)] বি, পতন; চ্যুতি। ২ ক্ষয়; নাশ।

প্রভ্রষ্ট [প্র-ভ্রন্স্ (পতিত হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, পতিত। ২ ধ্বংসপ্রাপ্ত; বিনষ্ট।

প্রম (-ম॑-) [প্রেম > ভ্রং। বাং-গানে] প্রেম দ্রঃ।

প্রমগ্ন [প্র (সম্পূর্ণ) মগ্ন] বিণ, নিমজ্জিত; নিমগ্ন।

প্রমতি [প্র-মন্ (জ্ঞান)+তি (জ্ঞা॰)] বিণ, সুবুদ্ধিমান; উত্তম বুদ্ধিবিশিষ্ট। ২ চ্যবন মুনির পুত্র এবং রুরু মুনির পিতা। ৩ কশ্যপ বংশীয় জনৈক মুনিঃ

প্রমত্ত [প্র-মদ্+ত (র্ত্তৃ)] বিণ, উন্মত্ত। ২ অসাবধান; অনবহিত। "সিংহ, ব্যাঘ্র, দ্বীপী, বৃক আদি হিংস্রগণ প্রমত্ত পাইলে মোরে করিবে হনন।"-জাতক ৫ম খণ্ড। ৩ অতিমত্ত; অত্যাসক্ত। ৪ তরুণবয়স্ক; যুবা। "তবে বাছা অন্যত্র কাজের চেষ্টা দেখ গিয়া, যাও আমি প্রমত্ত লোক রাখি না।"-ইন্দিরা (বঙ্কিম॰)। ~তা, ~ত্ব [প্রমত্ত+তা, ত্ব (ভা॰)] বি, উন্মত্ততা। ২ অসাবধানতা। ৩ মদমত্ততা; সুরাপানস্পৃহা রোগ। "পাশে প্রমত্তত্ব হাসে ঢুলু ঢুলু ঢুলু আঁখি।"-মেঘ॰।

প্রমথ [প্র-মন্থ্ (শাসন করা, মন্থন করা) +অ (র্ত্তৃ), যারা দুষ্ট শাসন করে] বি, বহুরূপধারী; নৃত্যগীতাদি নিপুণ শিবানুচর। "চলিল দেবরায় প্র॰ পিছে ধায় দেউটি ধরে দানাগণ।"-কবিক॰। ২ [+অ(ভা॰)] বিলোড়ন; প্রমথন। ~া-বি, হরীতকী। ~ন (-থ॑-) [প্র-মন্থ্ (মন্থন করা)+অন (ভা॰)] বি, বধ; বিনাশ; হত্যা; হনন। ২ মর্দ্দন। ৩ আলোড়ন। ৪ উৎপাটন; উন্মূলন। ৫ পরিভব।

প্রমথাধিপ [প্রমথ+অধিপ (প্রভু), ৬তৎ] বি, প্রমথেশ্বর; মহাদেব।

প্রমথিত [প্র-মন্থ্ (শাসন করা)+ত [(র্ম্ম)] বিণ, ক্লিষ্ট; ক্লেশপ্রাপ্ত। ২ মর্দ্দিত; বিধ্বস্ত; বিদলিত। "কিন্তু আমি আপনার প্রিয় কার্য্য নিমিত্ত উহাদিগকে প্র॰ করিয়া অর্জ্জুনের পদবীতে গমন করিব।"-মহা॰ (বর্দ্ধ॰)। ৩ আলোড়িত। ৪ বি, জলশূন্য ঘোল; নির্জ্জল ঘোল।

প্রমথেশ [প্রমথ+ঈশ, ৬তৎ] বি, ভূতনাথ; মহাদেব। "ভব সর্ব্ব ব্যোমকেশ বিশ্বনাথ প্র॰ দেব দেব ভীম গঙ্গাধর।"-অ॰ ম॰।

প্রমদ [প্র-মদ্ (মত্ত হওয়া)+অ (র্ত্তৃ)] বিণ, উন্মত্ত; প্রমত্ত। ২ বি, দানববিঃ। ৩ ধুতুরা ফল। ৪ আমোদ; হর্ষ। স্ত্রীং ~া১। ~কানন [প্রমদের (আনন্দের) কানন (বন) ৬তৎ] বি, আনন্দ কানন; প্রমদ উদ্যান। ২ রাজান্তঃপুর সংলগ্ন উদ্যান।

প্রমদা২ [প্র (উৎকৃষ্ট) মদ (রূপ সৌভাগ্য

জন্য গর্ব্ব) যে স্ত্রীর, বহু০] বি, মনোহারিণী নারী। ২ চতুর্দ্দশাক্ষর ছন্দোবিঃ। ~কানন [প্রমদাগণের কানন (বিহারভূমি), ৬তৎ] বি, রাজান্তঃপুরস্থিত উপবন ; রমণীগণের বিহার-যোগ্য উদ্যান। ~জন-বি, স্ত্রীলোক।

প্রমদ্বর [প্র-মদ্ (মত্তীভাব) + বর (র্ত্তৃ)] বিণ, প্রমাদী ; প্রমত্ত। স্ত্রীং ~া।

প্রমনাঃ [প্র (আনন্দিত) হইয়াছে মনস্ (মনঃ) যার, বহু০। মৃং প্রমনস্ ১মা, ১ব০] বিণ, সন্তুষ্টমনা ; হৃষ্টচিত্ত।

প্রমদ্বরা [পু০] বি, গন্ধর্ব্বরাজ বিশ্বাবসুর ঔরসে মেনকা অপ্সরার গর্ভে জাত কন্যা ; স্থূলকেশ মুনি ইহাকে প্রতিপালন করিয়া প্রমতি মুনির পুত্র রুরুকে সম্প্রদান করেন।

প্রমা [প্র-মা (পরিমাণ করা) + অ (ণ) + আ (স্ত্রীং), যদ্দারা সুস্বরূপে পরিমাণ করা যায়। ন্যায়দর্শন পরিঃ] বি, যথার্থ জ্ঞান ; নিশ্চয়-বোধ ; ভ্রম ভিন্ন জ্ঞান ; সত্য জ্ঞান। "যথার্থ জ্ঞানই দর্শনের উদ্দেশ্য। এই যথার্থ জ্ঞানকে প্রমাজ্ঞান বা প্রমাপ্রতীতি বলে।" -বিবিধ প্রবন্ধ (বঙ্কিম০)।

প্রমাই [পরমায়ু > অং। গ্রা০ পরমাই, পে(পো)রমাই ও০] বি, জীবিতকাল ; পরমায়ু ; জীবন।

প্রমাণ [প্র-মা (পরিমাণ করা) + অন (ণ)] বি, সাক্ষী ; সমর্থক ; সত্য বিশ্বাসোৎপাদক নিদর্শন proof ; authority. "কালকেতু বলে ধর্ম্ম তুমি সে প্র০"-কবিক০। ২ [ন্যায় দর্শনে] প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ এই চারিপ্রকার প্রমাণ। ৩ [বেদান্ত মতে] অর্থাপত্তি এবং অনুপলব্ধি [দ্রঃ-ভিন্ন ভিন্ন দর্শনে ভিন্ন ভিন্ন প্রমাণ যথা-চার্ব্বাকে-'কেবল প্রত্যক্ষ প্রমাণ'। বৌদ্ধ ও বৈশেষিকে -'প্রত্যক্ষ অনুমান'। সাংখ্য ও পাতঞ্জলে -'প্রত্যক্ষ, অনুমান ও আগম'। রামানুজ, পূর্ণপ্রজ্ঞ-'প্রত্যক্ষ, অনুমান ও আগম']। ৪ পূর্ণপরিমাণ ; পূর্ণবয়স্ক ব্যক্তির উপযোগী লম্বা চওড়া। প্র-প্র০ শাড়ী, ধুতি, চাদর ই০। ৫ যথার্থ-জ্ঞান ; নিশ্চয়-বোধ। ৬ জ্ঞানসাধন ইন্দ্রিয়। ৭ শাস্ত্র। ৮ লেখা। ৯ [+অন (র্ত্তৃ)] প্রমাণকর্ত্তা ; প্রমাতা। ১০ নিশ্চয়। ১১ পরিমাণের হেতু ; নিশ্চয়ের কারণ। ১২ বিণ, প্রমাণানুরূপ ; পরিমাণ মত। ১৩ [ভা০] বিশ্বাস ; প্রত্যয়। "হিন্দুরে সুন্নত দিয়া কর মুসলমান। কাণে ছেঁদা মুদে যদি তবে সে প্র০।"-কবিক০। ১৪ নিশ্চয়। ১৫ শ্রেষ্ঠ ; প্রধান। ১৬ সীমা। "মোর কিছু দোষ নাহি হইবে প্র০। জানু ভূমে পাতি বীর ছেড়ে দিল বাণ।"-কবিক০। ১৭ মাপকাঠি standard. "যদি কোন হিন্দু তাঁহার রচনা মুসলমানের পাঠ্য করিতে চান, তাঁহাকে পাঠক বিবেচনা করিয়া লিখিতে হইবে। সেইরূপ মুসলমানের রচনা হিন্দুকে পড়িতে বলিলে হিন্দুর প্রমাণে লিখিতে হইবে।" -যো০ চ০ রায় বিদ্যানিধি, প্রবাসী, ১৩৩১। ১৮ বিশ্বাস্য পুস্তক, বলবৎ বাক্য বা উক্তি ; প্রামাণিক গ্রন্থকর্ত্তা ; অভ্রান্ত প্রামাণিক ব্যক্তি authority. "ইংরেজী ভাষায় ইংরেজই প্র০। অবশ্য যে সে ইংরেজ নয়। যিনি নিজের ভাষা উত্তমরূপ জানেন, তিনিই প্র০।" ১৯ [পাটী০ ক০ বিশ০ পরিঃ)] ইং test এর বৈজ্ঞা০ পরিঃ ; পরীক্ষা। ২০ [জ্যো০] ইং proof এর বৈজ্ঞা০ পরিঃ। ২১ [বলবিদ্যা০] ইং experiment এর বৈজ্ঞা০ পরিঃ। বিণ, প্রামাণিক। ~তঃ (-ণ্ঁ-) [মৃ০ প্রমাণতস্] অ, প্রমাণানুযায়ী। ~পঞ্জী-বি, প্রমাণস্বরূপ অনুসৃত, অবলম্বিত বা সম্বন্ধযুক্ত পুস্তকাদির তালিকা bibliography. "যে সমুদয় গ্রন্থ ও প্রবন্ধ পাঠ করিলে বৈদিক তত্ত্ব অবগত হওয়া যায়, এই পুস্তকের প্রমাণপঞ্জীতে সে সমুদয়ের নাম দেওয়া হইয়াছে।"-প্রবাসী, ১৩৩০। ~পত্র [প্রমাণ সম্বলিত পত্র, ম০ প০ লো০] বি, যে পত্র কোন বিষয়ের সত্যতা নির্দ্ধারণে সহায়তা করে ; দলীল। ২ রসীদ। ~পুরুষ [সু০ পরিঃ] বি, সালিস ; মধ্যস্থ। ~সই [সং-প্রমাণ + হি০ সহী] বিণ, পূর্ণ পরিমাণ ; দীর্ঘপ্রস্থে পূর্ণ পরিমাণ অনুযায়ী। প্র-প্রমাণসই কাপড়। ~সাপেক্ষ -বিণ, যা প্রমাণ দ্বারা সিদ্ধ হয় ; যা প্রমাণের অপেক্ষা রাখে। ~সিদ্ধ-বিণ, প্রমাণের দ্বারা যা প্রতিষ্ঠিত।

প্রমাণাভাব [প্রমাণ + অভাব, ৬তৎ] বি, প্রমাণরাহিত্য।

প্রমাণিকা-বি, সংস্কৃত ছন্দোবিঃ ; ইহা গুরু-লঘু-ক্রমে অষ্টাক্ষরে গ্রথিত হয়। ইহার ১ম, ৩য়, ৫ম, ৭ম, ৮ম বর্ণ লঘু এবং ২য়, ৪র্থ, ৬ষ্ঠ বর্ণ গুরু। "নিশুম্ভ শুম্ভ ঘাতিনি, প্রচণ্ড চণ্ড তাপিনি, প্রশান্ত দান্ত পালিনি, প্রসীদ মুণ্ডমালিনী।"-রঙ্গলাল বন্দ্যো০। ২ [প্রমাণ + ক (ণ) + আ (স্ত্রীং)] বিণ, প্রমাণযোগ্যা।

প্রমাণিত [প্রমাণ + ইত (যুক্ত)] বিণ, প্রমাণবিশিষ্ট ; প্রমাণসিদ্ধ। ২ মীমাংসিত।

প্রমাণী/কৃত [প্রমাণ-কৃত, মধ্যে ঈ (অভূত তদ্ভাবার্থে-চ্বি)] বিণ, যা প্রমাণ করা হইয়াছে। > বি, ~করণ-সাক্ষ্য, নিদর্শন, যুক্তি ই০ দ্বারা প্রতিষ্ঠা বা সত্যতা নির্দ্ধারণ। ~কৃত [জ্যা০ (ক০বিশ০ পরিঃ)] বিণ, ইং proved এর বৈজ্ঞা০ পরিঃ।

প্রমাতা [প্র-মা (পরিমাণ করা) + তৃ (র্ত্তৃ)=প্রমাতৃ ১মা, ১ব০] বি, প্রমাণকারী। ২ [সাংখ্যদর্শনে। প্রমা দ্রঃ] শুদ্ধচিত্তবৃত্তি ; বিশুদ্ধ জ্ঞান। ৩ [বেদান্ত মতে] প্রতিফলিত মনোবৃত্তি। ৪ [অর্থ শা০। নির্দ্ধারিত ওজনাপেক্ষা কম হইলে 'প্রমাণহীন' বলে] তৌল, পরিমাণ, পরিমাপ ই০ নির্দ্ধারক ও নিয়ামক এবং তৎসম্বন্ধীয় অপরাধের দণ্ড-বিধায়ক প্রধান রাজপুরুষ।

প্রমাতা/মহ [প্র(অগ্রগামী)মাতামহ] বি, মাতামহের পিতা। > স্ত্রীং ~মহী-মাতামহের মাতা।

প্রমাথ [প্র-মথ্ (মন্থন করা, বধ করা) + অ (ভা০)] বি, হত্যা ; হনন। ২ মথন ; বিলোড়ন। ৩ নিপীড়ন। ৪ মর্দ্দন। ৫ কুমারের অনুচর। ৬ প্রমথগণ ; শিবানুচর। ৭ ধৃতরাষ্ট্রতনয়। ~ী [প্র-মন্থ্ (বধ করা) + ইন্ (র্ত্তৃ)=প্রমাথিন্=১মা, ১ব০] বিণ, মর্দ্দনকারী ; দলনকারী। "ত্বলাক্ষ পট্টিশ আর প্র০ পরশু লইয়া রামের দিকে যেয়ে আসে আশু" -রামা০ (রাজ০)। ২ দুঃখপ্রদ ; ক্লেশদায়ক। ৩ ধ্বংসকারী। ৪ পীড়নকর্ত্তা। ৫ প্রমথনকারী। ৬ বি, রাক্ষসবিঃ। > স্ত্রীং প্রমাথিনী-অপ্সরাবিঃ।

প্রমাদ [প্র-মদ্ (অনবধান, মত্ত হওয়া) + অ (ভা০)] বি, অসাবধানতা ; অনবধানত্ব। ২ [বৈষ্ণব সা০] অমনোযোগিতা। ৩ বিপদ ;

যদ্বা অনিষ্ট। ৪ ভ্রান্তি ; ভুল ; বিস্মৃতি। ৫ মানসিক দৌর্ব্বল্য ; আন্তরিক দুর্ব্বলতা। ~কৃত [প্রমাদ দ্বারা কৃত, ৩তৎ] বিণ, অনবধান হেতু অনুষ্ঠিত ; ভ্রান্তিবশতঃ অনুষ্ঠিত। ~ঘ্রাত [প্র০+ঘ্রাত (যার ঘ্রাণ পাওয়া গিয়াছে)] বিণ, প্রমাদগন্ধী ; ভ্রম-স্পৃষ্ট ~ঘ্রাত-দুষ্ট-বিণ, প্রমাদগন্ধ-দুষ্ট ; ভ্রান্তি-স্পর্শ-দূষিত। "প্রমাদ-ঘ্রাত-দুষ্ট ভাষ্য।" ~বান্ [প্রমাদ (অসাবধানতা)+বৎ (স্ত্য০) =প্রমাদবৎ ১মা, ১ব০] বিণ, অনবধানযুক্ত ; অসতর্ক ; প্রমাদবিশিষ্ট। ~যুক্ত [প্রমাদ (দ্বারা) যুক্ত, ৩তৎ] বিণ, প্রমাদী ; ভ্রান্তি-বিশিষ্ট। ~শূন্য [প্রমাদ (দ্বারা) শূন্য, ৩তৎ] বিণ, অভ্রান্ত ; নির্ভুল ; ভ্রমশূন্য। ২ সাবধান। ~হীন [প্রমাদ (দ্বারা) হীন, ৩তৎ] বিণ, অভ্রান্ত ; অপ্রমত্ত। ২ সতর্ক।

প্রমাদিকা [প্র-মদ্ (অসাবধান হওয়া) +অক (র্ত্তৃ)+আ (স্ত্রীং), ই আগম] বি, দোষযুক্তা কন্যা ; দূষিত কন্যা ; প্রমাদিনী ; অনবধানবতী।

প্রমাদী [প্রমাদ+ইন্ (স্ত্য০)=প্রমাদিন্ ১মা, ১ব০] বিণ, প্রমাদবিশিষ্ট ; ভ্রমযুক্ত ; ভ্রান্তিময়। স্ত্রীং প্রমাদিনী।

প্রমায়ু [পরমায়ু > ভ্রং। প্রা০ পেরমাই, প্রমাই (ভ্রঃ)] বি, পরমায়ু। "গণকে গণিয়া কহিল তাঁরে। তোর হাতে খাইলে প্রমায়ু বাড়ে।"-কবিশেখর।

প্রমায়ুক [প্র-মী (বিনাশ করা)+উক (র্ত্তৃ)] বিণ, বিনাশশালী ; মরণশীল।

প্রমারা, প্রেমারা [পর্ত্তু০ primeiro >] বি, তাসের জুয়া খেলাবিঃ ; বাজি রাখিয়া তাস খেলাবিঃ।

প্রমিত [প্র-মা (পরিমাণ করা)+ ত(র্ম্ম)] বিণ, পরিমিত ; পরিমাণ দ্বারা জ্ঞাত। ২ [রাসা০ পরিঃ] ইং normal (of solution) এর বৈজ্ঞা০পরিঃ (H,S, Glossary)। ৩ প্রথম নির্দ্ধারিত ; পূর্ব্বাবধারিত। ৪ নিশ্চিত ; যথার্থ জ্ঞানের বিষয়ীভূত। ৫ জ্ঞাত ; বিদিত। বি, প্রমিতি-প্রমাণ ; সত্যজ্ঞান ; প্রমা।

প্রমিতাক্ষরা [প্রমিত (বিশেষরূপে) +অক্ষরা-অর্থযুক্ত হইয়াছে অক্ষর যাতে, বহু০] বি, মুহূর্ত্তচিন্তামণি নামক টীকা। ২ দ্বাদশ অক্ষর ছন্দোবিঃ।

প্রমীত [প্র-মী (বধ করা)+ত (র্ত্তৃ), যে ব্যাধ দ্বারা বধ্য হইয়াছে] বিণ, বিনষ্ট ; মৃত ; নির্জীব ; নিহত। ২ যজ্ঞের নিমিত্ত নিহত ; যজ্ঞার্থে হত।

প্রমীলন [প্র-মীল্ (চক্ষু মুদ্রিত করা) +অন (ভা০)] বি, চক্ষু নিমীলন ; নেত্র মুদ্রিতকরণ ; চোখ বোজা।

প্রমীলা [প্র-মীল্ (সঙ্কোচ, মুদ্রণে)+অ (ণে), যদ্দ্বারা চক্ষু মুদ্রিত হয়] বি, তন্দ্রা ; নিদ্রাবেশ। ২ [+অ(ভা০)] নিমীলন ; মুদ্রণ ; চোখ বুজন। ৩ [মেঘনাদবধ কাব্যে] ইন্দ্রজিৎ পত্নী ; রাক্ষসরাজ রাবণের পুত্রবধূ।

প্রমীলিত [প্র-মীল্ (সঙ্কোচে)+ত (র্ম্ম)] বিণ, মুদ্রিত ; নিমীলিত।

প্রমুখ [প্র-মুখ (শ্রেষ্ঠ)] বিণ, শ্রেষ্ঠ ; প্রধান। ২ প্রথম ; আদি। ৩ ইত্যাদি ; প্রভৃতি। ৪ আরম্ভ।

প্রমুখাৎ [প্র-মুখ+আৎ (সং ৫মী বিভক্তি চিহ্ন)] অ, মুখ হতে ; জবানি।

প্রমুদিত [প্র-মুদ্ (হৃষ্ট হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, আনন্দিত ; আহ্লাদিত ; প্রহৃষ্ট ; আমোদিত। ২ প্রস্ফুটিত ; বিকসিত ; প্রফুল্ল। ~বদনা [প্রমুদিত (প্রফুল্ল) বদন (মুখ) যার, বহু০] বিণ, প্রফুল্লমুখী। ২ দ্বাদশাক্ষর ছন্দোবিঃ।

প্রমূর্ত্ত [প্র (প্রকৃষ্টভাবে) মূর্ত্ত] বিণ, মূর্ত্ত ; অভিব্যক্ত ; সুস্পষ্ট ; সুপ্রকট। "বসন্তকে প্রমূর্ত্ত করিয়া নয়ন সম্মুখে আনিয়া দেয়।"- বঙ্গবাণী, ১৩৩৩।

প্রমৃগ [প্র (প্রচুর) মৃগ যেখানে, অব্যয়ী০] বি, মৃগবহুল বন।

প্রমৃত [প্র (প্রকৃষ্টরূপে, প্রচুর পরিমাণে) মৃত (প্রাণিহিংসিত) হয় যে ক্রিয়াতে, বহু০] বি, ভূমি কর্ষণ। ২ কর্ষকরূপ জীবিকা (ভূমি-কর্ষণে অনেক প্রাণির বধ হয় বলিয়া ইহাকে মনু প্রমৃত ক্রিয়া বলিয়াছেন)।

প্রমৃষ্ট [প্র-মৃজ্ (পরিষ্কার করা)+ত (র্ম্ম)] বিণ, মার্জ্জিত। ২ নিরস্ত।

প্রমেয় [প্র-মা (পরিমাণ করা)+যে (র্ম্ম)] বিণ, পরিমাণযোগ্য। ২ পরিমেয়। ৩ অবধার্য। ৪ জ্ঞেয়। ৫ [ন্যায় দর্শনে] শুদ্ধ চৈতন্য ; যথার্থ জ্ঞানের বিষয়। ৬ [বেদান্ত মতে] আত্মা এবং জ্ঞানসাধন ইন্দ্রিয়াদি।

প্রমেহ [প্র-মিহ্ (সেক করা)+অ (র্ম্ম)] বি, প্রস্রাবের পীড়া ; বহুমূত্র রোগ। বিণ, ~ী-প্রমেহ রোগাক্রান্ত।

প্রমোচন [প্র-মুচ্ (মোচন করা)+ অন (ভা০)] বি, উন্মোচন ; মুক্তকরণ। ২ মুক্তশৃঙ্খলকরণ ; বাঁধন দূর করণ।

প্রমোদ [প্র-মুদ্ (হৃষ্ট হওয়া)+অ (ভা০)] বি, আনন্দ ; হর্ষ ; আমোদ ; আহ্লাদ। ~কানন, ~উদ্যান, ~বন-বি, বিলাস-উদ্যান ; আনন্দকানন ; উপবন। "প্রমোদউদ্যানে কাঁদে দানবনন্দিনী প্রমীলা, পতিবিরহে কাতরা যুবতী।" -মেঘ০। ~বাজার-বি, কারনিভ্যাল carnival. ~ভবন-বি, আনন্দ-ভবন ; বিলাসগৃহ। ~ভূমি-বি, ক্রীড়াভূমি ; রঙ্গভূমি। ~মত্ত [প্রমোদে মত্ত, ৭মী তৎ] বিণ, আনন্দ-বিহ্বল। ~মদিরা [প্রমোদ রূপ মদিরা, ধা] বি, যে আনন্দ মত্ততা আনয়ন করে।

প্রমোদন [প্র-মুদ্+ণিচ্ =প্রমোদি (হর্ষযুক্ত করান)+অন (র্ত্তৃ)] বিণ, প্রীতিকর ; আনন্দদায়ক। ২ বি, বিষ্ণু। ৩ [+অন (ভা০)] আনন্দ সম্পাদন ; আমোদ দান।

প্রমোদা [তন্ত্র০] বি, মহামায়ার ৬৪ যোগিনী। "বামা সমরে বরদা অসুর-দরদা নিকটে প্র০ প্রমাদ গণি"- রা০ প্র০।

প্রমোদাগার [প্রমোদ+আগার] বি, প্রমোদের জন্য নির্দ্দিষ্ট ভবন ; কেলিগৃহ।

প্রমোদিত [প্র-মুদ্+ণিচ্ =মোদি+ত (র্ম্ম)] বিণ, হর্ষিত ; প্রীত ; আমোদিত।

প্রমোদী [প্রমোদ+ইন্ (স্ত্য০)= প্রমোদিন্ ১মা, ১ব০] বিণ, আনন্দজনক ; হর্ষবর্দ্ধক ; আমোদকারী। স্ত্রীং প্রমোদিনী-আমোদিনী। ২ ঝিঙ্গিনী বৃক্ষ।

প্রমোহ [প্র (প্রকৃষ্ট) মোহ] বি, সংমোহ।

প্রমোহন [প্র-মুহ্ (মুগ্ধ হওয়া) + অন (ণে)] বি, মোহজনক অস্ত্রবিঃ; সংমোহন। ২ [+অন (র্ত্তৃ)] বিণ, মোহজনক।

প্রম্লোচা [পুং] বি, অপ্সরাবিঃ; মহর্ষি কণ্বের পুত্র কণ্ডু মুনি কঠোর তপস্যায় রত হইলে, ইন্দ্র কর্তৃক প্রেরিত এই অপ্সরার রূপে মুগ্ধ হইয়া তিনি মন্দর পর্বতে বহুকাল প্রম্লোচার সহিত যাপন করেন এবং চৈতন্যোদয় হইলে তিনি প্রম্লোচাকে ত্যাগ করিয়া পুনরায় তপস্যায় রত হন।

প্রযত [প্র-যম্ (বিরত হওয়া) + ত (র্ত্তৃ)] বিণ, সংযত; কৃতসংযম। ২ বিষয়বিরত। ৩ শুচি; শুদ্ধ; পবিত্র।

প্রযতাত্মা [প্রযত (দ্রঃ) আত্মা যার, বহুং] বিণ, সংযতাত্মা; শুদ্ধচিত্ত।

প্রযত্ন [প্র (অনেক) যত্ন (চেষ্টা)] বি, প্রচুর চেষ্টা; প্রকৃষ্ট যত্ন। ২ [ন্যায়দর্শনে] প্রবৃত্তি, নিবৃত্তি এবং জীবনকারণ। ৩ প্রয়াস; যত্ন। ৪ অধ্যবসায়; অবলম্বিত কর্মসাধনে অবিচলিত উৎসাহ। "প্রং সেচনী ধরি বিবেক বৈরাগ্য বারি প্রাণপণে প্রতিক্ষণে করয়ে সিঞ্চন॥"-বাং-গান (রামমোহন)।

প্রযস্ত [প্র-যস্ (যত্ন করা) + ত (র্ম্ম)] বিণ, শুদ্ধীকৃত; সুসংস্কৃত।

প্রয়াগ১ [প্র (সম্যক্) যজ্ (দেব পূজা করা) + অ (ধি), যেখানে সম্যক্রূপে দেব পূজা হইয়াছে] বি,, গঙ্গা যমুনা ও সরস্বতী নদীর সঙ্গমস্থল; এলাহাবাদ। ২ [প্র (প্রকৃষ্ট) যে যাগ, ধা] যজ্ঞ।

প্রয়াণ [প্র-যা (গমন করা) + অন (ভা০)। ভ্রং পয়াণ,-না] বি, যুদ্ধযাত্রা। ২ গমন; প্রস্থান। "না জানি চলেন কত তিন দিবসের পথ চারিদণ্ডে করিল প্রং।"-কবিক০। ~কাল [প্রয়াণের কাল, ৬তৎ] বি, মহাপ্রস্থানের কাল। মহাপ্রয়াণ-মহাপ্রস্থান; মহাযাত্রা; মৃত্যু।

প্রয়াত [প্র-যা (গমন করা) + ত (র্ত্তৃ)] বিণ, যে গিয়াছে; প্রস্থিত; গত।

প্রয়াম [প্র-যম্ (নিবৃত্ত করা) + অ (ভা০)] বি, সংযম। ২ দৈর্ঘ্য। ৩ দুষ্প্রাপ্যতা।

প্রয়াস [প্র-যস্ (যত্ন করা) + অ (ভা০)] বি, যত্ন। ২ অভিলাষ; ইচ্ছা। ৩ শ্রম; ক্লেশ; আয়াস। ~ী-বিণ, অভিলাষী; প্রত্যাশী; আকাঙ্ক্ষী। স্ত্রীং~প্রয়াসিনী।

প্রযুক্ত [প্র-যুজ্ (যোগ করা) + ত (র্ম্ম)] বিণ, নিযুক্ত। ২ অনুষ্ঠিত। ৩ উৎপন্ন। ৪ উল্লিখিত। উদাহৃত। ৫ প্রেরিত। ৬ অর্পিত। ৭ উচ্চারিত। ৮ রচিত; গ্রথিত।

প্রযুক্তি [প্র-যুজ্ (যোগ করা) + তি (ভা০)] বি, প্রকৃষ্ট যুক্তি। ২ প্রয়োজন। ৩ প্রয়োগ।

প্রযুজ্যমান [প্র-যুজ্ (যোগ করা) + আন (র্ম্ম), য আগম] বিণ, যা প্রয়োগ করা হইতেছে।

প্রযুঞ্জান [প্র-যুজ্ (যোগ করা) + আন (র্ত্তৃ)] বিণ, প্রয়োগকারী।

প্রযুত [প্র-যু (যুক্ত করা) + ত (ভা০)] বি, নিযুত; দশলক্ষ। ২ [+ত(র্ম্ম)] বিণ, সংযুক্ত।

প্রযুদ্ধ [প্র (প্রকৃষ্ট) যুদ্ধ] বি, মহাযুদ্ধ; ঘোর রণ।

প্রযোক্তা [প্র-যুজ্ (যোগ করা) + তৃ (র্ত্তৃ)=প্রযোক্তৃ, ১মা, ১ব০] বিণ, অনুষ্ঠানকারী। ২ নিয়োগকারী; প্রয়োগকর্তা; প্রবর্তক। ৩ উত্তমর্ণ; ঋণদাতা।

প্রয়োগ১ [বলবিদ্যা০ (ক০বিশ০পরিঃ)] বি, ইং application এর বৈজ্ঞা০ পরিঃ।

প্রয়োগ২ [প্র-যুজ্ (যোগ করা) + অ (ভা০), জ=গ] বি, নিয়োগ; নিয়োজন। ২ সম্প্রদান। ৩ দৃষ্টান্ত; উদাহরণ। ৪ নিদর্শন। ৫ অনুষ্ঠান; আরম্ভ। ৬ উল্লেখ। বিণ, ~ী। ~তঃ (-র্গ) [প্রয়োগতস্ শব্দ] ক্রি-বিণ, প্রয়োগানুসারে; প্রয়োগসম্মত। ~দোষ [৬তৎ] বি, অযথা প্রয়োগ; অপপ্রয়োগ; যে প্রয়োগের সার্থকতা নাই। ~যোগ্য [৬তৎ] বি, উল্লেখনীয়। ২ উদাহরণীয়; দৃষ্টান্তের উপযুক্ত। ৩ নিদর্শনযোগ্য। > স্ত্রীং~া। ~শালা [পরিঃ (H. S. Glossary)] বি, ইং laboratoryর বৈজ্ঞা০ পরিঃ।

প্রয়োজক [প্র-যুজ্ (যোগ করা) + অক (র্ত্তৃ)] বিণ, যে সকল বিষয় যোজনা বা সংঘটন করে; কর্তা; অনুষ্ঠানকারী। ২ প্রেরক; ক্রিয়ার প্রবর্তক। ৩ কার্য্যকারী।

প্রয়োজন [প্র-যুজ্ + অন (ভা০)] বি, আবশ্যক; দরকার। ২ কার্য্য। ৩ প্রয়োগকরণ। ৪ কারণ; হেতু। ৫ ফল।

প্রয়োজনাতিরিক্ত [প্রয়োজন + অতিরিক্ত, ৬তৎ] বিণ, আবশ্যকের অপেক্ষা বেশী; প্রয়োজনাতীত।

প্রয়োজনানুরূপ [প্রয়োজন + অনুরূপ, ৬তৎ] বিণ, আবশ্যকানুযায়ী; দরকার মত।

প্রয়োজনীয় [প্র-যুজ্ + অনীয় (র্ম্ম)] বিণ, আবশ্যকীয়; দরকারী; ২ কর্মের উপযুক্ত।

প্রযোজ্য [প্র-যুজ্(যোগ করা) + য(র্ম্ম)] বিণ, প্রয়োগযোগ্য practical. বিপরীত-অপ্রযোজ্য unpractical. ২ বি, মূলধন।

প্ররুজ [প্র-রুজ্ (রোগযুক্ত হওয়া) + অ (র্ত্তৃ)] বিণ, উৎকটপীড়াকারক। ২ বি, রাক্ষসবিঃ।

প্ররূঢ় [প্র-রুহ্ (উৎপন্ন হওয়া) + ত (র্ত্তৃ)] বিণ, সম্ভূত; উৎপন্ন; জাত। ২ [ধি, যেখানে প্রাণী উৎপন্ন হয়] বি, জঠর। ৩ অঙ্কুরিত; বদ্ধমূল। ৪ প্রবৃদ্ধ। ৫ প্রসিদ্ধ।

প্ররোচক [প্র-রুচ্ + ণিচ্=রোচি + অক (র্ত্তৃ)] বিণ, প্রবর্তনাকারী; উৎসাহদাতা। স্ত্রীং প্ররোচিকা।

প্ররোচন,-না [প্র-রুচ্ + ণিচ্=রোচি (দীপ্তি পাওয়ান, রুচি করান) + অন (ভা০), + আ (স্ত্রীং)] বি, উত্তেজন; উত্তেজনা; প্রেরণা। ২ প্রস্তাবনার অঙ্গবিঃ।

প্ররোচিত [প্ররোচন দ্রঃ] বিণ, উৎসাহিত; উত্তেজিত। স্ত্রীং ~া।

প্ররোহ [প্র-রুহ্ (উৎপন্ন হওয়া) + অ (র্ত্তৃ), যে জন্মিয়াছে] বি, অঙ্কুর। ২ বৃক্ষাদির ঝুরি; লতাঙ্কুর। "অতি অভিরাম দেহের গঠন বসন্ত আগমে প্ররোহের মত।"-জাতক, ২য় ভাগ। ৩ চারা গাছ; পুকী; তেউড়। ৪ [+অ (ভা০)] উৎপত্তি; মূল। ৫ আরোহণ।

প্ররোহিত [প্র-রুহ্ + ণিচ্=রোহি (উৎপাদন)+ত (র্ম্ম)] বিণ, অঙ্কুরিত। ২ উৎপাদিত।

প্ররোহী [প্ররোহ দ্রঃ] বিণ, শাখা-প্রসারী ; প্রতানী। স্ত্রীং প্ররোহিণী।

প্রলপন [প্র-লপ্ (কথা বলা)+অন (ভা॰)] বি, নিরর্থক বাক্য প্রয়োগ ; প্রলাপভাষণ।

প্রলপিত [প্র-লপ্+ত (র্ম্ম)] বিণ, জল্পিত। ২ ভাষিত ; কথিত। ৩ [+ত (ভা॰)] বি, জল্পন ; প্রলপন।

প্রলম্ব [প্র-লম্ব্ (লম্বিত হওয়া)+অ (র্তৃ)] বি, বৃক্ষশাখা। ২ বৃক্ষের ঝুরি। ৩ লতার শুঁয়া। ৪ উদ্ভিদের অঙ্কুর। ৫ হারবিঃ। ৬ পয়োধর। ৭ মেঘ। ৮ দৈত্যবিঃ। ~ঘ্ন [প্রলম্ব (অসুর) ঘ্ন (যে বধ করিয়াছে), হন্ (বধ করা)+অ (র্তৃ)] বি, প্রলম্ব দৈত্যের বিনাশকারী কৃষ্ণাগ্রজ বলরাম।

প্রলম্ব/ন [পদার্থ বিজ্ঞা॰ পরিঃ (সা॰প॰প॰)] বি,ইং projection এর বৈজ্ঞা॰ পরিঃ। ~ভিদ্ [প্রলম্ব (অসুর) ভিদ্ (যে বধ করিয়াছে) ভিদ্ (বিদারণ করা)+ ক্বিপ্ (র্তৃ)] বি, প্রলম্বদৈত্যবিনাশী হলায়ুধ।

প্রলম্বিত [প্রলম্ব+ইত (যুক্তার্থে)] বিণ, লম্বমান ; ঝুলান হইয়াছে এমন।

প্রলম্ভ [প্র-লভ্(লাভ করা)+অ (ভা॰)] বি, বিশেষরূপ লাভ। ২ প্রবঞ্চনা ; ছলনা।

প্রলয় [প্র-লী (লীন হওয়া, মিলিয়া যাওয়া)+অ (ভা॰)। গ্রা॰ পেল(া)য়] বি, পৃথিবী জলে, জল অগ্নিতে, অগ্নি বায়ুতে, বায়ু আকাশে,আকাশ প্রকৃতিতে এবং প্রকৃতি সূক্ষ্মরূপে ব্রহ্মে লীন হওয়া ; কার্য্য জগৎ কারণরূপে পরিণত হওয়া ; সৃষ্টিনাশ ; কল্পের অবসান ; ব্রহ্মাণ্ডের লয়। ইহা নিত্য, প্রাকৃত, নৈমিত্তিক এবং আত্যন্তিক এই চারি নামে খ্যাত। "স্বরগ পাতাল ভূমি বিশ্বের জনক তুমি সৃষ্টি স্থিতি প্রলয়ের মূল।"-অ॰ ম॰। ২ ক্ষয়। ৩ ধ্বংস। ৪ মোহ। ৫ [ভক্তি শা॰] মূর্চ্ছা। "কীর্ত্তন করিতে প্রভুর সর্ব্ব ভাবোদয় ; স্তম্ভ, কম্প, পুলকাশ্রু, গদ্‌গদ প্র॰।"-চৈ॰ চ॰। ৬ সুখ দুঃখ বশতঃ চেষ্টা ও জ্ঞানশূন্য হওয়া (ভূতলে পতনাদি তাহার লক্ষণ)। ~কাণ্ড, ~ক্রীড়া, ~লীলা [সং] বি, ধ্বংস-ব্যাপার। ~ঙ্কর (-য়ঙ্-) [প্রলয়ং-কর (যে করে)] বিণ, প্রলয়কারী ; বিধ্বংসী। স্ত্রীং ~ী, -সংহারিণী। ~পবন [প্রলয়কালীন পবন, ম॰ প॰ লো॰] বি, কল্পান্তকালীন বায়ুর ন্যায় ভীষণ ঝটিকা। ~পয়োধি-বি, কল্পান্ত-কালীন সমুদ্র ; প্রলয়সিন্ধু। ~মেঘ [প্রলয়-কালীন মেঘ, ম॰ প॰ লো॰] বি, সৃষ্টিলোপ-কালের ভীষণ মেঘের মত ভয়ঙ্কর মেঘ। ~লক্ষণ-বি,ধ্বংসের নিদর্শন ;প্রলয় চিহ্ন। পলকে প্রলয়-বি, মুহূর্ত্তের মধ্যে মহা-কাণ্ড বা অনত্যপাত।

প্রলয়ান্ধকার [প্রলয়+অন্ধকার, ৬তৎ] বি, কল্পান্তকালীন অন্ধকার ; ভীষণ আঁধার।

প্রলয়াবশেষ [প্রলয়+অবশেষ, ৬তৎ] বি, সৃষ্টির ধ্বংসাবশেষ।

প্রলাপ [প্র-লপ্ (বলা)+অ (ভা॰)। গ্রা॰ পরলাপ (চ॰ ক॰ ভা॰), পেরলাপ ও॰] বি, নিরর্থক বাক্য-কথন ; অনর্থক বাক্য ; উন্মত্তের ন্যায় অর্থহীন উক্তি। "এই মতে মহাপ্রভু কৃষ্ণ প্রেমাবেশে, উন্মাদ প্র॰ করে রাত্রি দিবসে।"-চৈ॰ চ॰। ২ রোগের উপসর্গ। ৩ বিলাপ। ৪ [শ্রীহট্ট॰ আদা॰। আলাপ অর্থে] সংলাপ ; কথোপকথন conversation. >বিণ, ~ী > স্ত্রীং প্রলাপিনী।

প্রলীন [প্র-লী (লীন হওয়া)+ত (র্তৃ)] বিণ, প্রলয়গত ; লয়প্রাপ্ত। ২ মূর্চ্ছিত। ৩ নিশ্চেষ্ট। স্ত্রীং ~া। বি, ~তা (-নঁ-)।

প্রলুব্ধ [প্র-লুভ্ (লোভ করা)+ত(র্তৃ)] বিণ, লোভমুগ্ধ ; অতি লোভী ; লোলুপ। স্ত্রীং ~া।

প্রলেপ [প্র-লিপ্ (লেপন করা)+অ (ভা॰)] বি, মার্জ্জন। ২ বিলেপন। ৩ [+অ (ণে)] লেপনদ্রব্য। ~ক (-পঁ-) [প্র-লিপ্ + অক (র্তৃ)] যে লেপন করে ; প্রলেপকর্ত্তা। ~ন (-পঁ-)-বি, বিলেপন।

প্রলোকিত [নাট্য শা॰ পরিঃ] বি, প্রত্যঙ্গাভিনয়ে উভয় পার্শ্বে দেখিবার প্রয়োজনে নেত্রপাত।

প্রলোভ [প্র-লুভ্ (লোভ করা)+অ (ভা॰)] বি, অতি লোভ। ২ লাভের অভিলাষ। ~ন (-ভঁ-) [প্র-লুভ্+ণিচ্= লোভি (লোভ জন্মান)+অন (ভা॰)] বি, অতিশয় লোভ উৎপাদন। ২ [লোভি+অন (র্তৃ), যে লোভ জন্মায়] বিণ, লোভজনক ; যে লোভ উৎপাদন করে ; কামিনীকাঞ্চনাদি। "পাপ প্রলোভন হতে রাখ হে দূরে।"-স্ক॰। ৩ ইং temptation এর পরিঃ। বিণ, প্রলোভিত-যাকে খুব লোভ দেখান হইয়াছে ; প্রলুব্ধ ; লোভে অতিশয় আকৃষ্ট।

প্রলোলুপ, -লুভ [প্র-লোলুপ, যঙ্ লুগন্ত লুপ্ (বার বার লোভ করা)+অ (র্তৃ)। লুপ=লুভ। "সমৌ লোলুপ লোলুভৌ"-অমর॰] বিণ, অতিশয় লোভী।

প্রলোলুভ-প্রলোলুপ দ্রঃ।

প্রশংস/ন [প্র-শন্স্ (স্তব করা)+অন (ভা॰)] বি,প্রশংসাবাদ ; গুণানুবাদ ; ধন্যবাদ। ২ স্তুতি। ~নীয় [প্র-শন্স্+অনীয় (র্ম্ম)] বিণ, প্রশংসার যোগ্য ; প্রশংসিতব্য। ২ ধন্যবাদার্হ।

প্রশংসন্তি [প্রশংসা > প্রা॰ বাং ক্রিয়ার 'অন্তি' সম্মানে] ক্রি, প্রশংসা করেন। "যার বাহুবল প্রশংসন্তি দেবগণ।"-মহা॰ (শ্রীকর॰)।

প্রশংসা [প্র-শন্স্+অ (ভা॰)+আ (স্ত্রীং)] বি, স্তুতি। ২ গুণকীর্ত্তন। ৩ [অর্থ শা॰] নিজ পরিবার, শরীর বা কর্ম্মের সুখ্যাতি। ~বাদ-বি, গুণানুকীর্ত্তন ; স্তুতি-বাদ। ~ভাজন [প্রশংসার ভাজন, ৬তৎ] বিণ, প্রশংসার পাত্র। ২ সুখ্যাতিভাজন।

প্রশংসিত [প্র-শন্স্ (স্তুতি করা)+ত (র্ম্ম)] বিণ, যাকে প্রশংসা করা হইয়াছে। ২ স্তুত। স্ত্রীং ~া।

প্রশম [প্র-শম্ (শান্ত হওয়া)+অ (ভা॰)] বি, নির্ব্বাণ। ২ বৈরাগ্য। ৩ অবসাদ। ৪ শান্তি। ~া [পু॰] বি, অপ্সরাবিঃ। ~ন (-মঁ-) [প্র-শম্ (শান্ত হওয়া)+অন (ভা॰)] বি, শান্তি। ২ অনুরঞ্জন। ৩ নিবৃত্তিকরণ ; নিবারণ। ৪ হত্যা ; হনন। বিণ,প্রশমিত [প্র-শম্+

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇহীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible] ও ছা॰ দ্রঃ

ণিচ্+শমি (শান্ত হওয়ান)+ত (র্ম্ম)] বিণ, শমতাপ্রাপ্ত। ২ নিবৃত্ত; নিবারিত। ৩ প্রশান্ত।

প্রশস্ত [প্র-শনস্ (স্তুতি করা)+ত (র্ম্ম)] বিণ, প্রশংসিত; প্রশংসনীয়। ২ নিপুণ; দক্ষ। "প্র° গায়ক গুণী সব দুইজন।"-রামা° (রাজ°)। ৩ বিস্তৃত; প্রসারযুক্ত; চওড়া। প্র-প্র° স্থান। ৪ যা সংকীর্ণ নয়; উদার। প্র-প্রশস্তমনাঃ।

প্রশস্তাদ্রি [প্রশস্ত+অদ্রি (শৈল), ধা] বি, মধ্যদেশস্থ পর্ব্বতবিঃ।

প্রশস্তি [প্র-শনস্+তি (ভা°)] বি, প্রশংসা। ২ পংক্তি। ~বন্দনা-বি, দুর্গা-প্রতিমা বিসর্জ্জনের পর পুরোহিত শান্তি-কুম্ভোদকদ্বারা যজমানদিগকে অভিষেক-পূর্ব্বক মহী, গন্ধ, শিলা, ধান্য ইং° স্পর্শ করাইয়া যে স্বস্তি বাক্য বলেন, উহাকেই প্রশস্তি বন্দনা বা শান্তি আশীর্ব্বাদ বলে।

প্রশস্য [সং। প্র-শনস্ (স্তুতি, প্রশংসা) >] বিণ, অতিশয় প্রশস্ত; অতিশয় প্রশংসনীয়।

প্রশাখা [প্র (ক্ষুদ্র) শাখা] বি, গৌণ শাখা; বৃহৎ শাখা হতে নির্গত ক্ষুদ্র শাখা।

প্রশান্ত [প্র-শম্+ত (র্ত্ত)] বিণ, অবিচলিত। ৩ শমতাপ্রাপ্ত; শান্তিযুক্ত। ৩ নিবৃত্ত। ৪ অব্যাকুল। ৫ ধীর; গম্ভীর। ৬ সুস্থির। ~চিত্ত [প্রশান্ত-চিত্ত যার, বহু°] বিণ, অবিচলিত-চিত্ত; নিশ্চল-হৃদয়। ২ শান্তচেতাঃ। ৩ [প্রশান্ত যে চিত্ত, ধা] বি, যে হৃদয়ে শান্তি বিরাজিত। ~চেষ্ট [প্রশান্ত হইয়াছে চেষ্টা যার, বহু°] বিণ, নিশ্চেষ্ট। ২ বাহ্য ব্যাপার-বর্জ্জিত। ৩ স্থির; অবিচল। ~বদন [প্রশান্ত যে বদন, ধা] বি, শান্তিময় বদন; অচঞ্চল শান্তিপূর্ণ মুখ। ২ [প্রশান্ত বদন যার, বহু°] বিণ, যার মুখমণ্ডল প্রশান্ত-ভাব ধারণ করিয়াছে। ~মূর্ত্তি [প্রশান্ত-মূর্ত্তি যার, বহু°] বিণ, সৌম্যমূর্ত্তি। ২ [প্রশান্ত যে মূর্ত্তি, ধা] বি, যে মূর্ত্তি শান্তভাব ধারণ করিয়াছে। ~স্বর [প্রশান্ত স্বর যার, বহু°] বিণ, স্থিরকণ্ঠ; যার কণ্ঠস্বর গম্ভীর। ২ [প্রশান্ত যে স্বর, ধা] বি, গম্ভীর স্বর। > ক্রি-বিণ, ~স্বরে। ~হৃদয় [প্রশান্ত হৃদয় যার, বহু°] বিণ, শান্তচিত্ত; শান্তিময় অন্তঃকরণবিশিষ্ট; স্থিরমনা। ২ [প্রশান্ত যে হৃদয়, ধা] অব্যাকুল হৃদয়; শান্তিপূর্ণ চিত্ত। > ক্রি-বিণ, ~হৃদয়ে।

প্রশাসন [প্র (প্রকৃষ্ট) শাসন] বি, রাজবিধি; আইন। ২ বিধানে। "অক্ষয় ব্রহ্মের প্রশাসনে নানাপ্রকার জগদ্ব্যাপার নির্ব্বাহ হইতেছে।"-১৯শ বঙ্গীয় সাহিত্য সম্মিলন, ১৩৩৬। ৩ কড়া শাসন।

প্রশাসিতা, প্রশাস্তা [প্র-শাস্ (শাসন করা)+তৃ (র্ত্তৃ), ই আগম; প্রশাসিতৃ, প্রশাস্তৃ ১মা, ১ব°] বিণ, শাসনকর্ত্তা। স্ত্রীং প্রশাসিত্রী, প্রশাস্ত্রী-শাসনকর্ত্রী।

প্রশিষ্য [প্র (ক্রমনিয়ার্থে)-শিষ্য] বি, শিষ্যানুশিষ্য। স্ত্রীং ~া।

প্রশ্ন [প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা)+ন (ভা°)] বি, জিজ্ঞাসা। ২ অভিযোগ। ৩ উপ-নিষদ্‌বিঃ। ৪ [পাটী° (ক° বিশ্ব° পরিঃ)] বি, ইং problem বা question এর বৈজ্ঞা° পরিঃ। ~কর্ত্তা [প্রশ্ন-কর্তা (যে করে)] বি, প্রশ্নকারী; জিজ্ঞাসক। ২ পরীক্ষক examiner. ~দূতী-বি, প্রহেলিকা। ~পত্র [৬তৎ] বি, প্রশ্নের কাগজ; পরীক্ষার কাগজ examination-paper. ~বিবাক [প্রশ্ন+বি-বচ্ (বলা)+অ (র্ত্তৃ)] বি, প্রশ্নোত্তর-দায়ক জ্যোতির্ব্বিদবিঃ। ~মালা [পাটী° (ক° বিশ্ব° পরিঃ)] বি, ইং exercise এর বৈজ্ঞা° পরিঃ। ~সমাধান [৬তৎ] বি, প্রশ্নের নিশ্চিত উত্তর; সিদ্ধান্ত।

প্রশ্নোত্তর [প্রশ্ন (ও)+উত্তর, ৬তৎ] বি, প্রশ্ন ও তার উত্তর; সওয়াল জবাব।

প্রশ্রয় [প্র-শ্রি (সেবা করা)+অ (ভা°)] বি, আদর; যত্ন; স্নেহ। ২ আস্কারা; নাই; আবদার indulgence. ৩ স্নেহযুক্ত সম্মান। ৪ [সং সাহিত্যে] বিনয়।

প্রশ্রিত [প্র-শ্রি (সেবা করা)+ত (র্ত্তৃ)] বিণ, স্নেহপ্রাপ্ত; আদৃত।

প্রশ্লথ [প্র-শ্লথ্ (মুক্ত হওয়া)+অ (র্ত্তৃ)] বিণ, বিচ্ছিন্ন; বিশ্লিষ্ট। ২ শিথিল; লোল; আলগা।

প্রশ্বাস [প্র-শ্বস্ (নিশ্বাস প্রশ্বাস লওয়া)+অ (ভা°)] বি, নাসিকাগত বায়ুর নির্গম।

প্রষ্টব্য [প্রচ্ছ্ (প্রশ্ন করা)+তব্য (র্ম্ম)] বিণ, জিজ্ঞাস্য।

প্রষ্টা [প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা)+তৃ (র্ত্তৃ) =প্রষ্টৃ ১মা, ১ব°] বিণ, জিজ্ঞাসক; প্রশ্নকর্ত্তা; প্রশ্নকারক। ২ জিজ্ঞাসু।

প্রসক্ত [প্র (বিশেষভাবে)-সঞ্জ্ (সঙ্গ করা, আসক্ত হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, আসক্ত। ২ অবিরত; সতত। ৩ সংলগ্ন। ৪ স্বচ্ছ; নির্ম্মল। ~চিত্ত-বিণ, অনুরক্তচিত্ত; আসক্তহৃদয়। ২ নির্ম্মলান্তঃকরণ; বিমলহৃদয়।

প্রসক্তি [প্র-সনজ (আসক্ত হওয়া)+ +তি (ভা°)] বি, প্রণয়; আনুরক্তি; আসক্তি। ২ প্রবৃত্তি। ৩ স্বচ্ছতা; নির্ম্মলতা। ৪ প্রসন্নতা। ৫ উৎসাহ। ৬ আপত্তি। ৭ ব্যাপ্তি। ৮ প্রসঙ্গ।

প্রসংখ্যান [প্র-সং-খ্যা (বলা)+অন (ভা°)] বি, সম্যক্‌জ্ঞান; প্রকৃষ্ট বুদ্ধি। ২ ধ্যান; আত্মানুসন্ধান।

প্রসঙ্গ [প্র-সনজ্ (আসক্ত হওয়া)+অ (ভা°)] বি, প্রস্তাব। "প্রসঙ্গ করিতে তথা আইলা মারুতি। হাতে পাণ দিয়া চণ্ডী দিলেন আরতি॥"-কবিক°। ২ ব্যাপ্তি। ৩ প্রসক্তি; অত্যানুরাগ। ৪ সঙ্গতি। ৫ আপত্তি। ৬ সম্পর্ক; সম্বন্ধ; বিষয়। "উহার কারণ ও উৎপত্তি প্রসঙ্গক্রমে কয়েকটি কথা বলিব"-সা° প° প°, ১৩৩২। ৭ কথা; আখ্যান; চরিত্র; চরিতকথা। "রামায়ণ প্রসঙ্গ।" "রাম কথা" (তুল-হিং রামকহানী)। "কহিছে ভারতচন্দ্র রায় গুণাকর। হরিহোড় প্র° শুনহ ইতঃপর॥"-অ° ম°। ৮ উল্লেখ; উত্থাপন। "শ্রীরামের অসিদ্ধ কার্য্যের বিবরণ। প্র° করিয়া কহে বিশ্বাস তখন॥"-রামা° (রাজ°)। ~কোষ [তুল-আ° কুত্ ব্-ই-হুবালে। প্রসঙ্গিকা, প্রাসঙ্গিকী ও°] বি, কোন শব্দ সম্বন্ধে কোন কিছু জানিবার জন্ত ও তৎসম্বন্ধীয় প্রশ্নের সমাধান-সহায়স্বরূপ কি কি তথ্য সংগৃহীত আছে তা পড়িয়া দেখিবার জন্ত রচিত বা

অকারাদিক্রমে সঙ্কলিত পুস্তক; কোন বিষয়বস্তু বা বাক্য সম্বন্ধে বিশেষ জ্ঞাতব্য তথ্য বা তার সমর্থক উক্তি বা কোন ঘটনার উল্লেখ বা সংকেতাদি সম্বলিত অভিধান; নির্দেশ পুস্তক; উল্লেখ পুস্তক Book of Reference [ভারতকোষ (রাজ০ রায়) এই শ্রেণীর পুস্তক]। ~ক্র মে-ক্রি-বিণ, কোন বিষয়ের উল্লেখক্রমে; সঙ্গতিক্রমে; কথায় বা বিষয়ের সম্বন্ধ বা সূত্র ধরিয়া। "কৌটিল্যের সামাজিক আদর্শ সম্বন্ধে কিছু বলিব ও প্রসঙ্গক্রমে সেকাল ও একালের পার্থক্য ও তাহার মূলীভূত কারণ লইয়া * * -সা০ প০ প০, ১৩৩২।~তঃ-অ, প্রসঙ্গক্রমে।

প্রসঙ্গান্তর [প্রসঙ্গ + অন্তর (অন্য)] বি, ভিন্ন প্রস্তাব; অন্য বিষয়ের উল্লেখ। "দুর্গা প্রসঙ্গান্তরে গিয়া সুখী হইলেন।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

প্রসঙ্গিকা-প্রসঙ্গ দ্রঃ।

প্রসজ্জন [প্র-সনজ্ (আসক্ত হওয়া) + অন(ভা০)] বি, অবকাশ দান; অবসর প্রদান। ২ প্রস্তাবকরণ; প্রসঙ্গকরণ: উল্লেখন।

প্রসত্তি [প্র-সদ্ (তুষ্ট হওয়া) + তি (ভা০)] বি, প্রসন্নতা; প্রসন্ন ভাব।

প্রসন্ন [প্র-সদ্ (তুষ্ট হওয়া) + ত (র্ত্তৃ)। গ্রা০ ভ্রং-পসন্ন,পোসন্নো, পেসোন্নো, প্রচ্ছন্ন। "যেবে প্রচ্ছন্ন তোতে হইল কুমার"-গোবিন্দ০ গী০] বিণ, প্রফুল্ল; হৃষ্ট। প্র-প্রসন্ন বদন; প্রসন্ন চিত্ত। ২ অনুকূল। প্র-প্রসন্ন দৃষ্টি। ৩ তৃপ্ত; সন্তুষ্ট। ৪ নির্মল; স্বচ্ছ। প্র-প্রসন্ন সলিল। ৫ উজ্জ্বল। "তোমারি মধুর রূপে ভরেছে ভুবন * * * * তরুণ অরুণ নবীন ভাতি, পূর্ণিমা, প্রসন্ন রাতি, রূপরাশি বিকসিত তনু কুসুম বন।"-রবী০। স্ত্রীং ~া-দ্রঃ। ~চিত্ত [প্রসন্ন হইয়াছে চিত্ত যার, বহু০] বিণ, নির্মলান্তঃকরণ। ২ হৃষ্টচিত্ত; প্রফুল্লমনা। > স্ত্রীং ~া। ~তা [প্রসন্ন + তা (ভা০)] বি, প্রফুল্লতা। ২ সন্তোষ; হর্ষ; আনন্দ। ৩ নির্মলতা; স্বচ্ছতা। ৪ প্রসাদ; অনুগ্রহ। ৫ ঔজ্জ্বল্য। ~সলিল [প্রসন্ন (নির্মল) সলিল যার, বহু০] বিণ, নির্মল জলপূর্ণ। ২ [প্রসন্ন যে সলিল, ধা] বি, স্বচ্ছ বারি; নির্মল জল। স্ত্রীং ~া।

প্রসন্না [প্রসন্ন (দ্রঃ) + আ (স্ত্রীং)] বিণ, প্রসাদগুণযুক্তা। ২ অনুকূলা। ৩ হৃষ্টা। ৪ বি, মদিরা। ~ত্মা [প্রসন্ন + আত্মা যার, বহু০। মূ০প্রসন্নাত্মন্ ১মা,১ব০] বিণ,নির্মলান্তঃকরণ; প্রসন্নচিত্ত; বিমলহৃদয়। ২ বি, বিষ্ণু।

প্রসব [প্র-সূ (প্রসব করা) + অ (ভা০)। প্রা০ পস] বি,সন্তান উৎপাদন। ২ গর্ভমোচন। ৩ জন্ম; উৎপত্তি। ৪ [+অ(র্ম্ম)] সন্তান। ৫ ফল। ৬ পুষ্প। ৭ নিমিত্ত; হেতু। প্র০ করা -উৎপন্ন করা। ২ গর্ভ হতে সন্তান ত্যাগ করা। ~করানি-সন্তান ভূমিষ্ঠ হতে সাহায্য করা; খালাস করান ~কাল-সন্তান প্রসবের সময়; গর্ভ-মোচন কাল। ~বন্ধন [প্রসব (পুষ্প) তার বন্ধন (বৃন্ত), ৬তৎ] বি, পুষ্পের বৃন্ত; ফুলের বোঁটা। ~বেদনা, ব্যথা-প্রসবকালে প্রসূতির গর্ভযন্ত্রণা। ~সহায়া [৬তৎ] বি, প্রসব কার্য্যের সহায়তাকারিণী; ধাত্রী a midwife. ~স্থলী[প্রসবের (উৎপত্তির)স্থলী (আশ্রয়), ৬তৎ] বি, উৎপত্তিস্থান। ২ গর্ভধারিণী; জননী। প্র০ হওয়া-প্রসূত হওয়া; খালাস হওয়া। "গাভীটি প্রসব হইয়াছে" -বাঙ্গলা রচনা (সা০ প০ প০)।

প্রসবিতা [প্র-সূ (উৎপাদন করা,প্রসব করা) + তৃ (র্ত্তৃ)=প্রসবিতৃ ১মা, ১ব০] বিণ, উৎপন্নকারী; জনয়িতা; প্রসবকর্ত্তা। স্ত্রীং

প্রসবিত্রী-জনয়িত্রী। ২ মাতা; জননী।

প্রসবী [প্র-সূ + ইন্ (র্ত্তৃ)=প্রসবিন্ ১মা, ১ব০] বিণ, উৎপাদয়িতা। স্ত্রীং

প্রসবিনী-প্রসবকারিণী।

প্রসব্য [প্র-সব্য (বাম)] বিণ, প্রতিকূল; বিরুদ্ধ; বিপরীত। ২ [প্র-সূ + য (র্ম্ম)] প্রসবযোগ্য; প্রসবনীয়।

প্রসভ ["প্রসভস্তু বলাৎকারো হঠঃ"-অমর০] অ, বলাৎকার। ২ সহসা; হঠাৎ। ~হরণ-বি, বলে গ্রহণ; লুণ্ঠন।

প্রসয়ন [প্র-সি (বন্ধন করা) + অন (গে)] বি, বন্ধনের উপকরণ-তন্তু। ২ জাল।

প্রসর [প্র-সৃ (গমন করা) + অ (ভা০)] বি, গমন; চলন। ২ বেগ। ৩ বিস্তার; ব্যাপ্তি। ৪ কার্য্যপ্রবৃত্তি? ৫ উৎপত্তি। ৬ [+অ (র্ম্ম)] সমূহ। ৭ যুদ্ধ। ৮ প্রণয়; স্নেহ। ৯ নারাচ নামক অস্ত্র। ১০ [+অ (র্ত্তৃ)] বিণ, গমনশীল।

প্রসরণ [প্র-সৃ (গমন করা) + অন (ভা০)] বি, ইতস্ততঃ গমন। ২ অরি-সেনাগণের চতুর্দ্দিক বেষ্টন। ৩ ব্যাপ্তি; বিস্তৃতি। ৪ উৎপত্তি। স্ত্রীং ~ী।

প্রসর্পণ [প্র-সৃপ্ (গমন করা) + অন (ভা০)] বি, ইতস্ততঃ গমন; চলন। ২ বিস্তার। ৩ প্রসরণ। ৪ সন্তরণ। বিণ, প্রসর্পিত-প্রসারিত। "শুধু বর্ত্তমান কালটুকুর মধ্যেই ফল ফলায় না, ভবিষ্যৎ পর্য্যন্ত সেই ফলকে প্রসর্পিত করে।"-প্রবাসী, ১৩২৫।

প্রসহ [প্র-সহ্ (সহ্য করা) + অ (র্ত্তৃ)] বি, কাক, শকুনি, শ্যেন, পেচক, চিল, চাষ, ভাস, কুরর ই০ শিকারী পাখী।

প্রসহন [প্র-সহ্ (সহ্য করা) + অন (ভা০)] বি, সহিষ্ণুতা; ক্ষমা। ২ পরাভব; পরাজয়। ৩ অনাদর; অবহেলা। ৪ আলিঙ্গন। ৫ সিংহাদি শিকারী পশু।

প্রসহ্য [সং] অ, সহসা; হঠাৎ। ২ বল-পূর্ব্বক। ~চৌর [প্রসহ্য (বলাৎকার) চৌর (চোর), যারা বলপূর্ব্বক অপহরণ করে] বি, লুণ্ঠক; দস্যু; ডাকাত। ~হরণ-বি, দস্যুতা; বলপূর্ব্বক অপহরণ; ডাকাইতি।

প্রসাদ [প্র-সদ্ (হৃষ্ট হওয়া) + অ (ভা০)। প্রাদে০ পসাদ। গ্রা০ পেসাদ। চট্ট০ প্রাদে০ (দেবতার) পরসাদ। হি০ পরসাদ] বি, দেব-নিবেদিত বস্তু অথবা গুরুজনের ভুক্তাবশিষ্ট। "দেবের দুর্লভ মহা-প্রসাদ পাইয়া আনন্দেতে যায় সাধু তরণী বহিয়া।"-সত্যনারায়ণ কথা। ২ অনুগ্রহ। "যোগ্যাপতি কৃষ্ণ তোমার করুন প্র০"-চৈ০ ভা০। "রাজা দিয়াছেন পান তোমারে প্র০" -কবিক০। ৩ প্রসন্নতা। ৪ সৌম্যতা। ৫ নির্মলতা। ৬ প্রসক্তি। ৭ স্বাস্থ্য। ৮ কাব্যের গুণবিঃ; রচনায় যে গুণ থাকিলে শ্রবণ মাত্রেই অর্থবোধ হয়। "না হবে প্রসাদ-গুণ না হবে রসাল"-অ০ ম০। ~পত্র [অর্থ শা০] বি, রাজা ব্যক্তিবিশেষের বীরত্বে বা

অন্য কোন গুণে তুষ্ট হইয়া যে দান করিয়া তার প্রমাণ-স্বরূপ যে লিখিত পত্র দেন। ~প্রার্থনা-বি, অনুগ্রহ-ভিক্ষা। ২ ভুক্তাবশেষ ভিক্ষা। ~প্রার্থী-বিণ, অনুগ্রহাভিলাষী ; প্রসন্নতালাভেচ্ছু। ২ ভোজনাবশেষ প্রার্থী। ~ভোজী-বিণ, ভুক্তাবশেষ ভোজনকারী। ২ অনুগৃহীত।

প্রসাদন [প্র-সদ্+ণিচ্=সাদি (গমন করান)+অন (ভা॰)] বি, তুষ্টিসাধন ; প্রসন্নতা সম্পাদন propitiation. ২ অন্ন। স্ত্রীং ~া-পরিচর্য্যা।

প্রসাদাৎ [সং > অবিকল গৃহীত] অ, অনুগ্রহে ; কৃপায়। "যাহা হিতাহিত বোধ হইয়াছে তাহা বদন্নগঞ্জের বরদা বাবুর প্রসাদাৎ"-টেকচাঁদ। চরণ-প্রসাদাৎ-অ, অনুগ্রহে ; শ্রীচরণাশীর্ব্বাদে।

প্রসাদি, -দী [প্রা॰ পেসাদী] বিণ, দেবতার নিকট ভোগ দেওয়া ; দেবতার উৎসৃষ্ট ২ গুরুজন কর্ত্তৃক ভুক্ত, সেবিত। বা ভুক্তিত। ২ [ব্যঙ্গে] উপভুক্ত ; এঁটো।

প্রসাধক [প্র-সাধ্ (সিদ্ধি করা)+অক (র্ত্তৃ)] বি, সম্পাদক ; নির্ব্বাহক। ২ প্রসাধনকারী। ৩ গাত্রসম্বাহক ভৃত্য। স্ত্রীং প্রসাধিকা-প্রসাধনকর্ত্রী ; যে বেশভূষা করিয়া দেয় ; অলঙ্কর্ত্রী।

প্রসাধন [প্র-সাধ্+অন (ভা॰)] বি, অলঙ্করণ ; ভাবন ; সাজন। ২ পরিষ্করণ। ৩ সম্পাদন। ৪ সজ্জাদ্রব্য। ৫ কেশ পরিষ্করণ ; চুল আঁচড়ান ; সুগন্ধি দ্রব্য দ্বারা কেশ সুগন্ধীকরণ। ৬ [সুশ্রুত। অক্ষিরোগে] বি, স্নেহন (দ্রঃ) ; স্নেহন প্রণালীতে অঞ্জন প্রয়োগ। [সম॰ ফ্যাসান ও ভাবন দ্রঃ। "সৌন্দর্য্য বাড়াইবার জন্য প্রসাধন। শুদ্ধ ভাষায় ভাবনকে প্রসাধন বলে"-বাঙ্গালী, ১৩২৩। ব্রজ॰পসাহন। "সহজহি আনন অছল অমূল। অলকে তিলকে সসধর (শশধর) তুল। কা লাগি অইসন পসাহন (প্রসাধন) দেল। জে ছল (ছিল) রূপ সেহও দুর গেল।" -বি॰প॰। > ক্রি, পসাহী (প্রসাধী) প্রসাধন করিয়া বা করিতে। "সহজহি সুন্দরি বড়ি রাহী। কি করবি অধিক পসাহী (প্রসাধন করিয়া)। উজর নয়ন নলিনা। কাজরে ন কর মলিনা॥"-বি॰ প॰]। ~নী-বি, চিরুণি ; কাঁকুই। "দুর্ব্বলা মার্জ্জনা করে লয়ে প্রসাধনী।"-কবিক॰।

প্রসাধিত [প্র-সাধ্+ত (র্ম্ম)] বিণ, সম্পাদিত। ২ পরিষ্কৃত। ৩ সজ্জিত ; অলঙ্কৃত। স্ত্রীং ~া।

প্রসার [প্র-সৃ (গমনে)+অ (ভা॰)] বি, বিস্তার। ২ ব্যবসায়-বিস্তার ; পসার। ~ণ (-র্-) [প্র-সৃ+ণিচ্=সারি+অন (ভা॰)] বি, বিসারণ ; বিস্তৃতকরণ ; বিস্তৃতি।

প্রসারিত [প্র-সৃ+ণিচ্=সারি+ত (র্ম্ম)] বিণ, সম্পাদিত। ২ বিস্তৃত ; ব্যাপ্ত।

প্রসারী [প্র-সৃ (গমন করা)+ইন্ (র্ত্তৃ)=প্রসারিন্ ১মা, ১ব॰] বিণ, প্রসরণশীল ; ব্যাপক। স্ত্রীং প্রসারিণী-বিণ, প্রসারণশীলা। ২ বি, গন্ধভাদালিয়া লতা ; গাঁদাল।

প্রসিত [প্র (সম্পূর্ণ বা বিশিষ্টভাবে) সিত (শুভ্র)] বিণ, সুশুভ্র। ২ ব্যাপৃত ; নিযুক্ত। ৩ প্রসক্ত। স্ত্রীং ~া।

প্রসিতি [প্র-সি (বন্ধনে)+তি (ণে)] বি, রজ্জু শৃঙ্খলাদি।

প্রসিদ্ধ [প্র-সিধ্ (খ্যাত হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, প্রখ্যাত ; খ্যাতিযুক্ত। ২ উন্নত। ৩ অলঙ্কৃত ; ভূষিত। স্ত্রীং ~া।

প্রসিদ্ধি [প্র-সিধ্+তি (ভা॰] বি, প্রতিপত্তি ; প্রখ্যাতি। ~লাভ-বি, খ্যাতি অর্জ্জন ; যশ ; প্রাপ্তি।

প্রসীদ [সং ক্রি-পদ। প্র-সদ্ (প্রসন্ন হওয়া)+হি (লোট্, ম॰ পু॰ ১ব॰), প্রা॰ ও মধ্য বাং-য়] ক্রি, প্রসন্ন হও ; তুষ্ট হও। "কৌষিকি কালিকে চণ্ডিকে অম্বিকে প্রসীদ নগনন্দিনী।"-অ॰ ম॰। "প্র॰ মুণ্ডমালিনি। শশাঙ্ক খণ্ডভালিনি"-শূ॰ পু॰।

প্রসুপ্ত [প্র-স্বপ্ (নিদ্রা যাওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, নিদ্রামগ্ন ; তন্দ্রাযুক্ত ; নিদ্রিত।

প্রসূ [প্র-সূ (প্রসব করা) + ক্বিপ্ (র্ত্তৃ)] বি, জননী ; প্রসূতি। "ধন্য বলে মানি হেন বীরপ্রসূনের প্রসূ ভাগ্যবতী।"-মেঘ॰। ২ কদলী বৃক্ষ ; কলাগাছ। ৩ লতা। ~ত [প্র-সূ+ত (র্ম্ম)] বিণ, উৎপন্ন ; সঞ্জাত। > স্ত্রীং ~া। ~তি [প্র-সূ+তি (র্ত্তৃ)] বি, জননী। ২ দক্ষপত্নী। "কোলেতে লইয়া সতী প্রসূতি পুলকবতী কৈল চণ্ডী মায়ের প্রণতি।"-কবিক॰। "বিধির মানস সুত দক্ষ মুনি তপ যুত প্রসূতি তাহার ধর্ম্মজায়া।"-অ॰ ম॰। ৩ গর্ভ। ৪ উৎপত্তি ; কারণ। ~তিকা-বি, নব প্রসূতা ; জাতাপত্যা। ~ন [প্র-সূ+ত (র্ম্ম)] বি, কুসুম ; পুষ্প। ২ ফল। ৩ মুকুল। ৪ বিণ, জাত ; উৎপন্ন।

প্রসৃত [প্র-সৃ (গমন করা)+ত (র্ত্তৃ)] বিণ, নিঃসৃত ; নির্গত। ২ প্রবৃদ্ধ। ৩ ব্যাপ্ত। ৪ বিস্তারযুক্ত ; প্রশস্ত। ৫ বিনীত। "প্র॰ বাক্যে কেবল এই বলিবে, মহাশয় সকলই জানিতেছেন" -কামন্দকীয় নীতি (রত্নমালা)। ৬ বি, অর্দ্ধাঞ্জলি ; করকোষ। ৭ দুইপল পরিমাণ। স্ত্রীং প্রসৃতা-জঙ্ঘা।

প্রসৃতি [প্র-সৃ+তি (র্ম্ম)] বি, অঞ্জলির অর্দ্ধ ; করকোষ। "প্রাড্ বিবাক দুর্গা প্রভৃতি উগ্রদেবতা পূজা করিয়া এই সকল দেবতার স্নানীয় জল লইয়া মন্ত্রপূত করিবে। অনন্তর তাহা হইতে তিন প্র॰ জল অভিযুক্তকে পান করাইবে।"-যাজ্ঞবল্ক্য-সংহিতা (বঙ্গবাসী)। [দ্রঃ-নিকুঞ্জ(কোঁকড়ান) করতলের নাম প্রসৃতি, দুই প্রসৃতিতে এক অঞ্জলি হয়। "পাণির্নিকুঞ্জঃ প্রসৃতিস্তৌযুতাবঞ্জলিঃ পুমান্"-অমর॰]। ২ ১৬ তোলা।

প্রসেক [প্র-সিচ্ (সেচন করা)+অ (ভা॰)] বি, সেচন ; নিষেক। ২ বর্ষণ।

প্রসেদিকা [প্র (অত্যুত্তম) সদ্ (গমন করা)+অক (র্ত্তৃ)+আ (স্ত্রীং), ই আগম] বি, ক্ষুদ্র উদ্যান।

প্রসেন [পু॰] বি, রাজা সত্রাজিতের ভ্রাতা ; যযাতির জ্যেষ্ঠপুত্র যদুর বংশধর। "মণি হেতু যুঝে যেন কেশরী প্রসেনে। মাংস হেতু যুদ্ধ যেন সৈতানে সৈতানে॥"-কবিক॰।

প্রসেবক [সং] বি, বীণাদণ্ডের প্রান্তস্থিত বক্রকাষ্ঠ।

প্রস্কন্ন [প্র-স্কন্দ+ত (র্ত্তৃ)] বিণ, পতিত। ২ গত। ৩ নিঃসৃত ; বিগলিত। ৪ শুষ্ক।

প্রস্ত [পত্র > পৎ (পরত দ্রঃ) >। তুল-ফ্রা॰ পুশ্ তি (আবরণ, বিতঃ পুস্তকের), সং-পুস্ত্ (লেপনে)] বি, পুর ; পাত ; লেপ ;

ভাঁজ ; তা ; পুরু। ২ প্রতি ; খণ্ড। এই অর্থে প্রস্থ ও° চ°। ৩ [সং-প্রতি >। হি° প্রতি] বি, কাপি ; নকল ; প্রতিলেখ copy.

প্রস্তর [প্র-স্তৃ (আচ্ছাদনে) + অ (র্তৃ) । তুল-মাল্‌তো-'পট্‌ড়ঙ্গ' (প্রস্তরং) I. M. L] বি, পাষাণ ; পাথর। ২ মণি। ৩[বৈদিক] বেদির উপর উত্তরমুখী দুই গাছি কুশের উপর পূর্ব্বমুখী করিয়া যে কুশমুষ্টি রাখা হয়। ~খণ্ড [৬তৎ] বি, পাষাণখণ্ড ; পাথরের টুকরা। ~তত্ত্ব [ম° প° লো°] বি, প্রস্তরযুগের সৃষ্টিতত্ত্ব ; পদার্থের প্রস্তরীভবন, প্রস্তরের উৎপত্তি, পরিণতি ই° সম্বন্ধীয় বিজ্ঞান। ~তত্ত্বজ্ঞ-বিণ, প্রস্তরতত্ত্ববিৎ। ~তত্ত্ববেত্তা-বিণ, প্রস্তরতত্ত্বজ্ঞ। ~তত্ত্ব-সংক্রান্ত-বিণ, প্রস্তরতত্ত্বঘটিত ; প্রস্তরতত্ত্ব সম্বন্ধীয়। ~নির্ম্মিত [প্রস্তর(দ্বারা)নির্ম্মিত, ৩তৎ] বিণ, পাষাণরচিত ; পাথরে প্রস্তুত। ~ফলক-বি, শ্লেট। ~বেদিকা-বি, পাথরের বেদী। ~ময়, ~রচিত-বিণ, পাষাণময় ; প্রস্তরনির্ম্মিত। > স্ত্রী° ~ময়ী। ~মূর্ত্তি-বি, পাষাণে নির্ম্মিত প্রতিমা ; প্রস্তরগঠিত আকৃতি statue. ~যুগ [ভূতত্ত্ব পরিঃ] ই° stone age এর বৈজ্ঞা° পরিঃ। ~রাশি-বি, পাষাণস্তূপ।

প্রস্তরী/করণ [পরে দ্রঃ] বি, প্রস্তরে পরিণতকরণ। ~করণীয়-বিণ, পাষাণে পরিণত করণের যোগ্য। ~কৃত [প্র° + চি (অভূততদ্ভাবে) + কৃত) বিণ, প্রস্তরে পরিণত। ~ভবন-বি, প্রস্তরে পরিণত হওন petrification. বিণ, প্রস্তরীভবনীয়। ~ভূত [প্র + চি + ভূত] বিণ, প্রস্তরে পরিণত petrified.

প্রস্তা/ব [প্র-স্তু (স্তব করা) + অ (ভা°)] বি, প্রসঙ্গ। ২ উল্লেখ। ৩ কথারম্ভ। ৪ প্রকরণ। ৫ সুযোগ। ৬ অবসর। ৭ বেদাঙ্গবিঃ। ~বনা [প্র-স্তু + ণিচ্ =স্তাবি (কথারম্ভ করান) + অন (ভা°)] বি, অভিনয়ের প্রারম্ভিক প্রসঙ্গ। ২ উপক্রম ; আরম্ভ। ~বিকা [ই° prospectus শব্দের অর্থ ও উচ্চারণগত অনুকরণে] বি, কোন অনুষ্ঠানের পূর্ব্বাভাসপত্র ; অনুষ্ঠানপত্র। "প্রস্তাবিকাতে সভার দুটী প্রধান উদ্দেশ্য এইরূপে বর্ণিত আছে।"-নব্য-রসায়নীবিদ্যা। ~বিত [প্রস্তাব + ইত (কৃতার্থে)] বিণ, কথিত ; উল্লিখিত।

প্রস্তার [প্র-স্তৃ (আস্তরণ করা, বিস্তার করা) + অ (ঘে)] বি, ছন্দোগ্রন্থের প্রক্রিয়াবিঃ। ২ তৃণপত্রাদি নির্ম্মিত শয্যা। ৩ ঘাস বন। ৪ [+ অ (ভা°)] ব্যাপ্তি ; বিস্তৃতি। ৫ [পরিঃ (রবী°)] ই° permutation এর বৈজ্ঞা° পরিঃ ; পরিবর্ত্তন।

প্রস্তুত১ [সং] বিণ, উপস্থিত ; বিদ্যমান। ২ উল্লিখিত। ৩ তৈয়ার ; সজ্জিত। "মুনি কহে দ্রুত, সকলি প্রস্তুত, বর হয়ে কবে যাবা।"-অ° ম°। ৪ উন্মুখ ; উদ্যুক্ত ; তৎপর। ৫ সপ্রতিভ। ৬ প্রশংসিত। ৭ প্রকৃষ্ট স্তুতিযুক্ত। ৮ প্রত্যুৎপন্ন। ৯ সুদক্ষ। ১০ প্রাসঙ্গিক। বি, ~তা, প্রস্তুতি।

প্রস্তুত২ [কাব্যালঙ্কারে] বিণ,বর্ণনীয় ; উপস্থিত [দ্রঃ-যা বর্ণনার বিষয় নহে তা 'অপ্রস্তুত']।

প্রস্তৃত [প্র-স্তৃ (আচ্ছাদন করা) + ত (র্ম)] বিণ, প্রসারিত।

প্রস্থ [প্র-স্থা (থাকা) + অ (ধি)] বি, বিস্তার breadth (ক°বিশ°পরিঃ, পাটী°) ; পরিসর। ২ শৈলোপরিস্থ সমতল ভূমি ; সানুদেশ। ৩ পরিণামবিঃ ; আঢ়কের চতুর্থাংশ। ৪ দফা। প্রস্ত (দ্রঃ)। ~দেশ -বি, সানুদেশ। "সে গিরির প্রস্থদেশে 'সিংহ' নামধারী, এক রূপ পক্ষী আছে বলবান ভারী।"-রামা° (রাজ°)।

প্রস্থা/ন [প্র-স্থা (থাকা) + অন (ভা°)] বি, প্রয়াণ ; যাত্রা। ২ যুদ্ধযাত্রা। বিণ, প্রস্থিত। ~নোদ্যত [প্রস্থান + উদ্যত] বিণ, প্রস্থাপিত ; গমনোদ্যত। ~নোদ্যোগ [প্রস্থান + উদ্যোগ] বিণ, গমনোদ্যোগ ; যাইবার জন্য তৎপরতা। ২ গমনের জন্য আয়োজন। ~নোন্মুখ [প্রস্থান + উন্মুখ] বিণ, গমনে প্রবৃত্ত ; গমনোদ্যত।

প্রস্থাপিত [প্র-স্থা + ণিচ্ =স্থাপি (প্রস্থান করান) + ত (র্ম)] বিণ, নিযুক্ত। ২ প্রেরিত। বি, প্রস্থাপন-নিয়োজন ; প্রেরণ। ২ উপস্থাপন।

প্রস্থায়ী [প্র-স্থা (থাকা) + ইন্ (ভবিষ্যদর্থে)=প্রস্থায়িন্ ১মা ১ব°] বিণ, প্রয়াণোন্মুখ ; গমনোদ্যত।

প্রস্থিত [প্র-স্থা + ত (র্তৃ)] বিণ, কৃতপ্রস্থান ; গত।

প্রস্নুষা [সং। প্র-স্নুষা (পুত্রবধূ)] বি, নপ্তৃ বধূ ; নাতবৌ ; পৌত্রবধূ।

প্রস্নেয় [প্র-স্না (স্নান করা) + য (অর্হার্থে)] বিণ, স্নানের উপযোগী।

প্রস্ফুট [প্র-স্ফুট্ (বিকসিত হওয়া) + অ (র্তৃ)] বিণ, প্রফুল্ল ; প্রস্ফুটিত। ২ প্রকাশিত। ক্রি, প্রস্ফুটা [প্রস্ফুটি, প্রস্ফুট, প্রস্ফুটে ; প্রস্ফুটিতে ; প্রস্ফুটিয়া ই°] ফুটিয়া বা বিকসিত হইয়া উঠা ; প্রকাশ পাওয়া। ২ বিকাশ সাধন করা। "উঠেছিল প্রস্ফুটিয়া অদৃষ্টের লৌহ জাল বুনে"-বঙ্গবাণী, ১৩৩৪। ৩ ফুটাইয়া তোলা। > বি, প্রস্ফুটন-বি, বিকশন ; ফুটন।

প্রস্ফুটিত [প্র-স্ফুট্ (বিকসিত হওয়া) + ত (র্তৃ)] বিণ, বিকশিত ; ফুটন্ত। স্ত্রী° ~া।

প্রস্ফুরক [রাসা° পরিঃ] বি, দীপক পদার্থবিঃ ; অম্লজানবাষ্পযোগে জ্বলনশীল পদার্থবিঃ phosphorus. ~ীয়-বিণ, প্রস্ফুরক সম্বন্ধীয় ; প্রস্ফুরকঘটিত। ~জাত -বিণ, প্রস্ফুরক হতে উৎপন্ন ; স্নায়বিক উপাদানবিঃ সংক্রান্ত phosphoric

প্রস্ফুরণ [প্র-স্ফুর্ (কম্পনে) + অন (ভা°)] বি, ঈষৎস্পন্দন। > বিণ, প্রস্ফুরিত-স্ফুরজ্জ্যোতিবিশিষ্ট। ২ ঈষৎকম্পিত ; বিস্ফুরিত। ~শীলতা-বি, কম্পনশীলতা। > বিণ, প্রস্ফুরণশীল।

প্রস্ফুরিতাধর [প্রস্ফুরিত + অধর] বিণ, কম্পিত অধর। স্ত্রী° ~া।

প্রস্ফোটন [প্র-স্ফুট্ + অন (ভা°)। প্রস্ফুটন দ্রঃ] বি, বিদীর্ণ হওন ; বিদারণ। ২ বিকাশন। ৩ পক্ক হওন ; পাকন।

প্রস্রব [প্র-স্রু (ক্ষরিত হওয়া) + অ (ভা°)] বি, ক্ষরণ ; গলন।

প্রস্রবণ [প্র-স্রু (ক্ষরিত হওয়া)+অন (র্ত্তৃ, জ্ঞা০)] বি, জলপ্রবাহ ; নির্ঝর। ২ উৎস। ৩ [+অন (অপা)] যা হতে ক্ষরিত হয় ; মাল্যবান পর্ব্বত।

প্রস্রাব [প্র-স্রু (ক্ষরিত হওয়া)+অ (র্ম্ম)। গ্রা০ পেচ্ছাব, পেসসাব। তুল- ফা০ পেশাব, হিং০ পেসাব, ইং piss] বি, মূত্র ; মূত।

প্রস্রুত [প্র-স্রু (ক্ষরিত হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, নিঃসৃত ; বিগলিত।

প্রস্বান [প্র (প্রকৃষ্ট) স্বান (রব)] বি, উচ্চধ্বনি ; উচ্চরব।

প্রস্বাপ [প্র (প্রকৃষ্ট) স্বাপ (নিদ্রা)] বি, নিদ্রাজনক অস্ত্র। ২ গাঢ় নিদ্রা।

প্রস্বাপন [প্র (প্রকৃষ্ট) স্বপ্ (নিদ্রিত হওয়া)+ণিচ্=স্বাপি+অন (ভা০)] বি, নিদ্রাকর্ষক অস্ত্রবিঃ। ২ গাঢ় নিদ্রা। "গভীর নিশীথ এবে মহা প্রস্বাপনে নিমজ্জিতা মায়াপুরী।"-অমিতাভ।

প্রস্বেদ [প্র (অধিক) স্বেদ (ঘর্ম্ম)] বি, প্রচুর ঘর্ম্ম ; অত্যন্ত ঘাম।

প্রহত [প্র-হন্ (বধ করা)+ত (র্ত্তৃ)] বিণ, আঘাতপ্রাপ্ত ; আহত। ২ বিস্তৃত। ৩ ধ্বনিত ; মুখরিত। ৪ গুণিত। ৫ নিকটস্থ। ৬ পরাজিত। ৭ বিতাড়িত।

প্রহর [সং। গ্রা০ পহর্। ঘড়ি দ্রঃ] বি, দিবারাত্রের আট ভাগের এক ভাগ; যাম। ২ ঘণ্টা hour. "রাত আড়াই পহর হয়ে গেল।" -রাজা (রবী০)। প্র০ গণা, -গুণা [তুল- কড়িকাট গণা] ক্রি, কর্ম্মহীন অবস্থায় বা আলস্যে দীর্ঘকাল কাটান ; ধৈর্য্যের সহিত শারীরিক ও মানসিক কষ্টে বা উৎসাহ, উদ্বেগ, ইত্যাদিতে দীর্ঘসময় অতিবাহিত করা। "অন্ধকার কক্ষে মুমূর্ষু পুত্রকে ক্রোড়ে লইয়া মাতা প্রহর গুণিতেছেন।"-রাধা০ মুখো০ (উত্তরা, ১৩৩১)।

প্রহরণ [প্র (প্রকৃষ্ট ভাবে) হৃ (নাশ করা)+অন (ণে)] বি, অস্ত্র। "পাশাঙ্কুশ ঘণ্টা খেটক শরাসন। বাম পাঁচ করে শোভে পাঁচ প্র০॥"-কবিক০। "ধরি 'অনেক প্র০ জরীর পহিরণ সিকাইগণ রণমাঝে।"-অ০ ম০। ২ [+অন (ভা০)] প্রহার। ৩ [+অন (ধি)] যুদ্ধ। ৪ ডুলি ; পাল্কী ; ঢাকা গাড়ী।

প্রহরার্দ্ধ [প্রহর+অর্দ্ধ] বি, অর্দ্ধ- প্রহর।

প্রহরী১ [প্রহর+ইন্ (স্ত্য০)=প্রহরিন্ ১মা, ১ব০। বাং-র প্রহরা ও০] বি, চৌকীদার। স্ত্রীং প্রহরিণী।

প্রহরী২ [পারিঃ (গি০ বস্থ)] বি, ইং censor এর পরিঃ ; সংবাদ ; সাময়িক পত্র ও গ্রন্থাদিতে ধর্ম্ম বা রাজনৈতিক আপত্তিকর কোন কিছু প্রকাশিত না হয় তা পরীক্ষা ও রোধ করিবার ক্ষমতাপ্রাপ্ত রাজকর্ম্মচারী।

প্রহর্ত্তা [প্র (প্রকৃষ্টভাবে) হৃ (হনন করা, নাশ করা)+তৃ (র্ত্তৃ)=প্রহর্ত্তৃ ১মা, ১ব০] বিণ, যোদ্ধা ; আঘাতকারী ; প্রহারকর্ত্তা।

প্রহর্ষণ [প্র-হৃষ্ (হৃষ্ট হওয়া)+অন (র্ত্তৃ)] বিণ, আনন্দপ্রদ ; আহ্লাদজনক ; হর্ষদায়ক। ২ বি, বুধগ্রহ। ~ী [প্র-হৃষ্ (হৃষ্টা হওয়া)+অন (ণে) ঈ+(স্ত্রীং)] বি, ত্রয়োদশ অক্ষর ছন্দোবিঃ।

প্রহসন [প্র (অধিক) হস্ (হাস্য করা) +অন (ভা০)] বি, অতিহাস্য। ২ [+অন (ধি)] হাস্যরসপ্রধান নাট্যগ্রন্থবিঃ। ৩ পরিহাস ; ব্যঙ্গোক্তি।

প্রহস্ত [রামা০] বি, রাক্ষসরাজ রাবণের সেনাপতি। ২ [প্র (প্রসারিত) হস্ত (পাণি= তল)] চপেটাঘাত।

প্রহার [প্র (প্রকৃষ্ট) হৃ (নাশনে, আঘাত করণে)+অ (ভা০)] বি, মার। ২ আঘাত। "একই প্রহারে কাক তাহাক ভাঙ্গীল"-শ্রী০ কী০। ৩ নিগ্রহ। ৪ শাস্তি ; যন্ত্রণা। "আপনি ত জান স্ত্রীলোকের ব্যবহার। সতিনী লইলে পতি বড়ই প্র০॥" -অ০ ম। ৫ [+অ (ধি)] যুদ্ধ।

প্রহারী [প্রহার (দ্রঃ)+ইন্ (স্ত্য০)= প্রহারিন্ ১মা, ১ব০] বিণ, প্রহারকারী। ২ বি, রাক্ষসবিঃ।

প্রহাস [প্র-হস্ (হাস্য করা) +অ (র্ত্তৃ, জ্ঞা০)] বি, নট। ২ উচ্চহাসি। ৩ সোমতীর্থ। ৪ নাগবিঃ। ৫ সমুজ্জ্বল। ~ী [প্রহাস+ইন্ (স্ত্য০)=প্রহাসিন্ ১মা, ১ব০] বি, যে ব্যক্তি অত্যন্ত হাসে বা অপরকে হাসায় ; বিদূষক ; ভাঁড়।

প্রহিত [প্র-ধা (ধারণ করা, ক্ষেপণ করা)+ত (র্ম্ম)] বিণ, প্রযুক্ত। ২ নিরস্ত ; নিবৃত্ত। ৩ বিক্ষিপ্ত ; প্রক্ষিপ্ত। ৪ নিযুক্ত। ৫ প্রদত্ত। ৬ প্রেরিত।

প্রহীণ [প্র-হা (ত্যাগে)+ত (র্ম্ম)] বিণ, বিহীন ; বিচ্যুত। ২ ত্যক্ত।

প্রহৃত [প্র-হৃ (হরণ করা, আঘাত করা)+ত (ভা০)] বি, আঘাত ; প্রহার। ২ [+ত (র্ম্ম)] বিণ, আহত ; আঘাতিত। ৩ নিগৃহীত।

প্রহৃষ্ট [প্র-হৃষ্+ত (র্ত্তৃ)] বিণ, অত্যন্ত হর্ষযুক্ত ; অতিশয় আনন্দিত।

প্রহেলিকা [প্র-হিল্ (ভাবকরণে, অভিপ্রায় সূচনে)+অ (ণে)=প্রহেল+কণ্ +আ (স্ত্রীং)] বি, যে রচনায় বাহ্যার্থের আবরণে স্বরূপার্থ গূঢ়ভাবে অবস্থিতি করে ; দুর্ব্বিজ্ঞেয়ার্থ প্রশ্ন ; হেঁয়ালী। "প্র০ কহে শুক রাজার সমাজে। নৃপতির আদেশে পণ্ডিতগণ বুঝে॥"-কবিক০।

প্রহ্লাদ [প্র-হ্লাদ্ (আনন্দিত হওয়া) +অ (র্ত্তৃ)। গ্রা০ পেল্লাদ। অবজ্ঞায়, বিদ্রূপে -পেল্লাদে] বি, হর্ষ ; আহ্লাদ। ২ দানবরাজ হিরণ্যকশিপুর পুত্র। ৩ নাগবিঃ। ৪ আনন্দ; আহ্লাদ। ৫ [বিদ্রূপার্থে-পেল্লাদে] যে সং- সারের ঝঞ্ঝাটের ধার ধারে না কেবল আমোদ আহ্লাদ লইয়াই থাকে ; আহ্লাদে। ২ যে বিষ্ণুভক্ত প্রহ্লাদের বিপরীত আদর্শ, প্রায়ই 'কলির প্রহ্লাদ' ; ভক্তবিটেল ; অধার্ম্মিক্।

প্রহ্লাদন [প্র-হ্লাদ্+ণিচ্=হ্লাদি +অন (ভা০)] বি, আনন্দজনন ; আহ্লাদ- করণ। ২ [+অন (র্ত্তৃ)] বিণ, হর্ষপ্রদ।

প্রাইজ [ইং prize এর লিপ্যন্তর] বি, পুরস্কার ; উপহার। ২ পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদিগের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ বা সর্ব্বোচ্চস্থানীয়- দিগকে দেয় বা দত্ত উপহার। ৩ প্রাইজ বিতরণোৎসব।

প্রাইমারি [ইং primary র লিপ্যন্তর] বিণ, প্রাথমিক। ২ প্রাথমিক শিক্ষার উপযোগী পাঠ্য।

প্রাংশু[প্র(প্রকৃষ্ট)+অংশু(কিরণ) যার, বহুং] বি, বৈবস্বত মনুর পুত্র। ২ বিণ, উন্নত; উঁচু। ~লভ্য-বিণ, উচ্চস্থান হতে লভ্য; দীর্ঘকায় ব্যক্তির প্রাপ্য; মহৎ ব্যক্তির সুলভ্য। "এই প্রাংশুলভ্য ফলের লোভেই আমি উদ্বাহু বামনের বৃত্তি আশ্রয় করিয়াছিলাম।"-ত্রিবেদী।

প্রাক্ [প্র+অন্চ (গমনে)+কিপ্-প্রাচ্ >১মা ১বং 'প্রাগ্' ও°। বিপরীত-অর্ব্বাক্=পশ্চাৎ, পূর্ব্ব] অ, সম্মুখে; অগ্রে। ২ প্রথমে। ৩ পূর্ব্ব; পূর্ব্বের। "তাঁহাদের মতে প্রাক্-রবীন্দ্র-শরৎ বঙ্গ-সাহিত্য"-উদয়ন। [প্রাক্-রবীন্দ্র-শরৎ = রবীন্দ্র-শরৎ-পূর্ব্ব]। ৩ পূর্ব্বদেশ।

প্রাকরণিক [প্রকরণ+ইক(সম্বন্ধে)] বিণ, প্রকরণ সম্বন্ধীয়।

প্রাকাম্য [প্রকাম ("কামং প্রকামং পর্য্যাপ্তং, নিকামেষ্টং যথেপ্সিতম্"-অমর°) +য (ভা°)] বি, যথেচ্ছাচারিত্ব; স্বচ্ছন্দানুবর্ত্তিতা; ষট্ স্বচ্ছন্দপ্রবৃত্তির অন্যতম। ২ যোগের অষ্টবিধ ঐশ্বর্য্যের অন্যতম; ইচ্ছামত বস্তুলাভ।

প্রাকার [প্র-আ-কৄ (বিক্ষেপ করা, বেষ্টন করা)+অ (ণে), উপসর্গের অ স্থানে আ, যদ্দারা বেষ্টন করা হয়] বি, প্রাচীর; দেওয়াল; কাঁথ; বেড়া।

প্রাকাশ [বৈদিক] বি, বৈদিক যুগের দর্পণ; আর্শি।

প্রাকৃত[প্রা° পরাকৃত। প্র (প্রকৃষ্টরূপে) +অকৃত=যা কৃত নহে] বিণ, প্রকৃতিতে জাত বা প্রকৃতি হতে জাত; স্বাভাবিক; নৈসর্গিক। ২ স্বভাবসিদ্ধ; প্রকৃতি সম্বন্ধীয়। ৩ প্রজা-সম্বন্ধীয়। ৪ সামান্য; সাধারণ। ৫ অশিষ্ট; নীচ। ৬ বি, ভাষাবি:; যে ভাষা স্বভাব বা প্রকৃতি হতে যেরূপ জাত হইয়াছে, অথবা, যে ভাষা যেরূপ আকারে প্রথম অবস্থায় ছিল ঠিক সেইরূপই আছে; সাধারণ প্রাকৃত লোকেরা যে ভাষা ব্যবহার করিত; অসংস্কৃত ভাষা; পালি ভাষা; মাগধী ভাষা। ৭ কথোপকথনের ভাষা; চলিত ভাষা। ৮ [দ্রঃ অপভাষা] বাঙ্গালা ভাষা। ইহাকে দেশী ভাষাও বলিত (ভাষা দ্রঃ। বঙ্গ ভাষা ও সাহিত্য গ্রন্থে বিশেষভাবে আলোচিত)। "ইহা বলি গীতার পড়িল এক শ্লোক। প্রাকৃত প্রবন্ধে কহি শুন সর্ব্বলোক।"-চৈ° ম°, মধ্য-খণ্ড (লোচন°)। "তাহা অনুসারে লিখি প্রাকৃত কথনে।"-কৃষ্ণকর্ণামৃত। "প্রাকৃত লিখিয়া বুঝি এই মোর সাধ।"-গোবিন্দ-লীলামৃতের বঙ্গানুবাদ (যদুনন্দন)। "পরাকৃত পদবন্ধে রাজেন্দ্র দাসে কহে।"-সপ্তরকৃত মহা°। "সপ্তদশ পর্ব্ব কথা সংস্কৃত ছন্দ। মূর্খ বুঝাবার কৈল পরাকৃত ছন্দ।"-অশ্বমেধ পর্ব্ব (রামচন্দ্র খান)। ~জন-বি, ইতর সাধারণ the vulgar. ~জ্বর [সং] বি, ঋতুভেদে বাতশ্লেষ্মাদি প্রধান জ্বর। ~তত্ত্ব-বি, যে শাস্ত্রে সৃষ্ট পদার্থ সম্বন্ধীয় জ্ঞান জন্মে natural philosophy. ~তত্ত্বদর্শন-জাগতিক পদার্থ দর্শনে যে পরমাত্মজ্ঞান জন্মে natural theology. ~তন্ত্র-বি, প্রজাতন্ত্র democracy. ~প্রলয়-বি, ব্রহ্মাণ্ডপতির লয় নিবন্ধন ব্রহ্মাণ্ডের যাবতীয় সৃষ্ট পদার্থের লয়; সৃষ্টিনাশ। ~ভূগোল-বি, ভূমণ্ডলস্থ জল স্থল পর্ব্বতাদির অবস্থান, শীত বাতাদির হ্রাস, বৃদ্ধি, পরিণতি এবং নানা দেশোৎপন্ন পদার্থের বৃত্তান্ত যাতে জানিতে পারা যায় physical geography. ~সমাজ-বি, ইংলণ্ডীয় রাজসভাসম্বন্ধীয় সাধারণ প্রজাদিগের সমাজ House of Commons.

প্রাকৃতিক [প্রকৃতি+ইক (সম্বন্ধার্থে)] বিণ, প্রকৃতি সংক্রান্ত; স্বাভাবিক natural. ২ [বলবিদ্যা° (ক° বিশ° পরিঃ)] বি, ইং physical এর বৈজ্ঞা° পরিঃ। ~ইতিবৃত্ত-যে শাস্ত্রদ্বারা সৃষ্ট পদার্থের স্বরূপ ও অবস্থার বিষয় বিশেষ জ্ঞাত হওয়া যায়। ~দর্শন-বি, পদার্থবিদ্যা natural philosophy. ~বিজ্ঞান-বি, জড়পদার্থ সম্বন্ধীয় তত্ত্বশাস্ত্র natural science.

প্রাক্কাল [প্রাক্(পূর্ব্ব)কাল] বি, পূর্ব্ববর্ত্তী সময়; প্রারম্ভ কাল। ক্রি-বিণ, প্রাক্কালে-পূর্ব্বে। "সন্ধ্যার প্রাক্কালে মনোরমা হেমচন্দ্রের গৃহে প্রবেশ করিল।"-মৃণালিনী।

প্রাক্কালিক [প্রক্কাল (দ্রঃ)+ইক] বিণ, পূর্ব্বকালোৎপন্ন; পূর্ব্বকালজাত। ২ পূর্ব্বতন; আদিম। স্ত্রীং ~ী-পূর্ব্বতনী।

প্রাক্কালীন [প্রাক্+কাল+ঈন (সম্বন্ধে)] বিণ, পূর্ব্বতন; প্রাচীন; পূর্ব্ব-কালীন।

প্রাক্তন [প্রাক্ (পূর্ব্ব)+তন (ভা°)] বিণ, পূর্ব্বকালীন [দ্রঃ-পূর্ব্ব পূর্ব্ব জন্মে যে পুরুষকার হইয়াছিল তার ফলভোগ হতে হতে যা অবশিষ্ট ছিল, এজন্মে তাই প্রাক্তন। প্রাক্তনকে দৈব বা অদৃষ্ট বলে। প্রাক্তন-পুরুষকার বর্ত্তমান-পুরুষকার দ্বারা জয় করা যায়। সৎশিক্ষা ও আত্মার উন্নতি দ্বারা ইহা সাধন করা যায়। এই সাধনাকেই তপস্যা বলে]। ২ পুরাতন। প্র-আশ্রমের প্রা° ছাত্র। ৩ পূর্ব্বজন্মোৎপন্ন; জন্মান্তরীণ; পূর্ব্বজন্মার্জ্জিত। "আছিল প্রাক্তনে পুণ্য তাহার কারণ। কৌশল্যারে দেখা দেন প্রভু নারায়ণ।"-কৃত্তি°। ৪ অদৃষ্ট। "প্রাক্তনে কর্ম্মের কাল সহকারী হয়।"-রামা° (রাজ°)। "প্রাক্তনের গতি হায় কার সাধ্য রোধে।"-মেঘ°। ~কর্ম্ম [প্রাক্তনের (পূর্ব্ব জন্মের) কর্ম্মন্ (কার্য্য), ৬তৎ] বি, পূর্ব্ব জন্মার্জ্জিত পাপ পুণ্য। "প্রাক্তনকর্ম্মের বশে চলে লোকচয়"-রামা° (রাজ°)। ২ দৈব। ৩ ভাগ্য। ~ফল-বি, অদৃষ্টের ফল; পূর্ব্ব-জন্মের কর্ম্মফল।

প্রাখর্য্য [প্রখর+য (ভা°)] বি, তীক্ষ্ণতা; প্রখরতা। "তাহার দীপ্ত প্রতিভা বুদ্ধির প্রাখর্য্যে..."-উত্তরা, পৌষ, ১৩৩৩।

প্রাগ্-প্রাক্ দ্রঃ।

প্রাগভাব [প্রাক্ (পূর্ব্বে) অভাব] বি, একান্তভাব। ২ বস্তু উৎপাদনের পূর্ব্ববর্ত্তী অসদ্ভাব; কোন বস্তু উৎপন্ন হইবার পূর্ব্বে তার অনস্তিত্ব। [দ্রঃ-কৃত্রিম বস্তু উৎপন্ন হইবার অব্যবহিত পূর্ব্বকালে তার যে অভাব থাকে তার নাম প্রাগভাব যেমন কুলালচক্রে ঘটের প্রাগভাব থাকে]।

প্রাগল্ভ্য [প্রগল্ভ+য (ভা°)] বি, ধৃষ্টতা। ২ ঔদ্ধত্য; প্রগল্ভতা। ৩ তেজস্বিতা।

প্রাগুক্ত [প্রাক্ (পূর্ব্বে) উক্ত (কথিত)] বিণ, পূর্ব্বকথিত; পূর্ব্বে উল্লিখিত; পূর্ব্বোক্ত।

প্রাগুদীচী [প্রাক্ (পূর্ব্বদিক্) উদীচী (উত্তরদিক্)] বি, ঈশান কোণ।

প্রাগৈতিহাসিক [প্রাক্ (পূর্ব্ব) ইতিহাস+ইক। এই শব্দ ইং prehistoric শব্দের অর্থও উচ্চারণ অনুকরণে পরিভাষিত] বিণ. ইতিহাস পূর্ব্ব যুগ সম্বন্ধীয় ; ঐতিহাসিক কালের পূর্ব্ববর্ত্তী। "যেখানে ভূতত্ত্ব শেষ হইয়াছে, মানবের ইতিহাস ও প্রত্নতত্ত্ব সেইখানে আরম্ভ হইয়াছে। এই যুগসন্ধিস্থলের কতকগুলি আলোচ্য বিষয় আছে, যাহা ভূতত্ত্ববিদ্ ও প্রত্নতত্ত্ববিদ্ উভয়েরই বিষয়ীভূত ইহার নাম প্রা° প্রত্নতত্ত্ব (pre-historic archaeology)"-ভারতবর্ষ, ১৩২১।

প্রাগ্জ্যোতিষ [সং] বি. কামরূপ ; কামাখ্যা। ২ তদ্দেশীয় লোক। ~পুর-বি. আসামের অন্তর্গত কামরূপ : জলপাইগুড়ী হ'তে ব্রহ্মসীমান্ত পর্য্যন্ত প্রদেশ।

প্রাগ্দৃষ্ট [প্রাক্+অদৃষ্ট] বি.পূর্ব্বজন্মের সুকৃতির ফল ; পূর্ব্ব ভাগ্য। ২ [প্রাক্ (পূর্ব্বে) অদৃষ্ট (অনবলোকিত)] বিণ. ইতিপূর্ব্বে যে দৃষ্টিপথে পতিত হয় নাই। "প্রাগদৃষ্ট অচ্যুত পুরুষ পেয়ে সঙ্গ"-শি°।

প্রাগ্র্য [প্র (প্রথম) অগ্র+য (ভা°)] বিণ. শ্রেষ্ঠ ; প্রধান ; অগ্র। ~সর-বিশেষ-রূপে অগ্রসর (উত্তরা, রবী°)। ~হর-বিণ. প্রধান।

প্রাগ্বংশ [প্রাক্ (পূর্ব্ব)-বংশ (কুল)] বি. পূর্ব্ববংশ। ২ যজ্ঞশালার সম্মুখস্থ গৃহ। ৩ যজ্ঞাগারের কাষ্ঠবিঃ।

প্রাঘুণ, প্রাঘুণিক [সং] বি. অভ্যাগত ; অতিথি।

প্রাঙ্ [প্র-অনচ্ (গমন করা)+(কিপ-স্থ)] বিণ. প্রাচী ; পূর্ব্বদিক্। ২ প্রাচীন ; পূর্ব্বকালীন ; পূর্ব্বতন। ৩ প্রাচীনকাল ; পূর্ব্বসময়। ~ন্যায়-পূর্ব্ব বিচারিত বিষয়ের পুনর্ব্বিচার। ~ন্যায়োত্তর-বি. যে অপরাধের জন্য বিচার হইবে ইতিপূর্ব্বে তার নিষ্পত্তি হইয়া গিয়াছে এতদর্থে প্রতিবাদীর আপত্তি।

প্রাঙ্গণ [প্র-অনগ্ (গমন করা)+অন (ধি)] বি. অঙ্গন ; উঠান। ২ গৃহভূমি।

প্রাঙ্মুখ [প্রাক্ (পূর্ব্বদিকে) মুখ যার, বহু°] বিণ. পূর্ব্বমুখ। স্ত্রীঃ~ী।

প্রাচী [প্রান্চ্=প্রাচ্+ঈ (স্ত্রীঃ)] বি. পূর্ব্বদিক্। ২ পৃথিবীর পূর্ব্বাঞ্চল, ভূ-মধ্য-সাগর ও প্রশান্ত মহাসাগরের মধ্যবর্ত্তী ভূ-ভাগ the East. নিকট-প্রাচী= the near East. দূর প্রাচী=the far East). "পূর্ব্বদিকে প্রশান্ত মহাসাগর,-অপর দিকে ভূ-মধ্যসাগর, এই দুইটি সুবিখ্যাত 'তোয়-নিধির' অন্তর্বেদিরূপে যে বিস্তীর্ণ ভূ-ভাগ দেখিতে পাওয়া যায়, তাহা ইউরোপীয় সভ্য-সমাজে "প্রাচী" নামে উল্লিখিত হইয়া আসিতেছে। এই প্রাচী নিকট এবং দূর নামক দুই ভাগে বিভক্ত,-যাহা নিকট, তাহার সহিত ভূ-মধ্যসাগর-তীরের গ্রীস্ মিশর প্রভৃতি দেশের, এবং বহু সংখ্যক দ্বীপপুঞ্জের সম্বন্ধ এত নিকটে যে, তাহাদিগকেও কেহ কেহ 'প্রাচী' সংজ্ঞা দান করিয়া থাকেন। যাহা 'দূর প্রাচী' নামে উল্লিখিত, তাহার মধ্যেও বহু সংখ্যক দ্বীপ সন্নিবিষ্ট।"-অ° কু° মৈত্রেয় (মা° ও ম° বাণী, ফাল্গুন, ১৩৩৪)।

প্রাচীন [প্রাচ্ (পূর্ব্ব)+ঈন (ভবার্থে)] বিণ. প্রাচ্য ; পূর্ব্বদেশীয়। ২ পূর্ব্বকালীন ; পুরাতন। ৩ প্রাচীন ; বৃদ্ধ। স্ত্রীঃ~া-বৃদ্ধা। বি. ~তা, ~ত্ব।

প্রাচীনাবীত [প্রাচীন (পূর্ব্ব)+আবীত (লম্বিত)] বি.শ্রাদ্ধাদি কার্য্যে বামহস্ত বাহির করিয়া দক্ষিণ স্কন্ধে অর্পিত যজ্ঞোপবীত। বিণ. ~ী [মু° প্রাচীনাবীতিন্] পিতৃ-কার্য্যেবা পিতৃতর্পণে উত্তরীয়কে দক্ষিণ স্কন্ধে স্থাপনকারী (উপবীতী ও নিবীতি দ্রঃ)।

প্রাচীপতি [প্রাচী (পূর্ব্বদিক্) পতি (প্রভু), ৬তৎ] বি. পূর্ব্বদিক্পতি ; ইন্দ্র।

প্রাচীর [সং, গ্রা° পাচীল] বি.প্রাকার ; ভিত্তি ; দেওয়াল। ২ ইষ্টকাদি রচিত বেষ্টনী। ~চিত্রণ-প্রাচীরগাত্রে চিত্রাঙ্কণ wall-painting.

প্রাচীরাঙ্কণ [প্রা°+অঙ্কণ] বি. প্রাচীরগাত্রে অঙ্কণবিদ্যা বা অঙ্কিত চিত্র।

প্রাচুর্য্য [প্রচুর+য (ভা°)] বি. আধিক্য।

প্রাচেতস [প্রচেতস্ (বরুণ)+অ (অপত্যার্থে)] বি. বরুণতনয়। ২ বাল্মীকি।

প্রাচ্য [উদীচ্য দ্রঃ] বি. শরাবতী নদীর দক্ষিণপূর্ব্বভাগে অবস্থিত দেশ ; ইহার নামান্তর প্রাগ্দেশ। ২ পাঞ্চাল, বিদেহ, অঙ্গ, বঙ্গ, ও মগধের অধিবাসী। ৩ য়ুরোপের পূর্ব্বদিকস্থ ভূমণ্ডল। রাশিয়া, সাইবিরিয়া, আর্ম্মিনিয়া বাদে অবশিষ্ট এসিয়া অর্থাৎ ভারত, বহির্ভারত (ব্রহ্ম, শ্যাম, যব-বলী দ্বীপাদি) জাপান, কোরিয়া, চীন, মঙ্গোলিয়া, পারস্য, তুরস্ক, আরব ই°। ইহাদের পশ্চিম-দিগ্বর্ত্তী মহাদেশ-প্রধানতঃ য়ুরোপখণ্ড "প্রতীচ্য" বা "পাশ্চাত্য" নামে অভিহিত হয় এবং য়ুরোপীয় প্রভাবে গঠিত ও য়ুরোপীয় জাতিদ্বারা অধিকৃত আমেরিকা ও অষ্ট্রেলিয়াও ইহার অন্তর্ভুক্ত। "প্রাচ্য ও পাশ্চাত্য সভ্যতার আদর্শ"-রবী°। "তিনি যে যুগে বঙ্গ-দেশে জন্ম গ্রহণ করিয়াছিলেন সে যুগে প্রাচ্যের প্রভাবের মধ্যে প্রতীচ্যের নব্যাভ্যুদয়ের যুগ।"-ভারতী, ৩৬শ বর্ষ। ৪ [প্রাচ্ (পূর্ব্ব)+য (ভাবে°)] বিণ. পূর্ব্বদেশীয়। ৫ পূর্ব্ব-দিকস্থ। ~দেশ-বি. পূর্ব্বদেশ। বিণ. ~দেশীয়। ~দেশবাসী-বি. পূর্ব্ব-দেশবাসী। >স্ত্রীঃ ~দেশবাসিনী। ~বিদ্যা-বি. প্রাচ্য ভাষাসমূহ ; পূর্ব্বদেশীয় অর্থাৎ এশিয়ার বিদ্যা, সংস্কৃত, পালি, পারস্য, আরবিক ই° ভাষামূলক বিদ্যা ; প্রাচীন হিন্দু (ভারত ও বহির্ভারতীয়) মুসলমান ও চীন সভ্যতা ; ভারত, চীন ই° প্রাচ্যদেশীয় ইতিহাস ও প্রত্নতত্ত্ব, বৌদ্ধধর্ম্ম, কংফুসীয় ধর্ম্ম, জাপানী-ধর্ম্ম, ভারতের বৈদিক ও পৌরাণিক হিন্দুধর্ম্ম, মুসলমানধর্ম্ম ই° সম্বন্ধীয় জ্ঞান। ~ভাষা-বি. প্রাচীনভাষা। ২ প্রাচ্য (দ্রঃ) দেশীয় ভাষা, সংস্কৃত, প্রাকৃত, আধু° ভারতীয় ভাষা-সমূহ ; চীন, জাপানী, তিব্বতী, মঙ্গোলীয় ; আরবী, ফারসী, তুর্কী, মালয়, বর্ম্মী, শ্যামী, সিংহলী, কাম্বোজীয় ই°। ~ভাষাবিৎ, ~ভাষী [প্রাচ্যভাষা+বিদ্] বিণ. প্রাচ্য-দেশীয় ভাষাভিজ্ঞ। ২ বি. প্রাচ্যভাষাভিজ্ঞ পণ্ডিত an orientalist.

প্রাচ্যামি [প্রাচ্য+আমি। তুল-আর্য্যামি] বি. যা কিছু প্রাচ্য তার প্রতি অন্ধ অনুরাগ বা গোঁড়ামি। "রসের সমালোচনায়ও এই বিষাক্ত প্রাচ্যামির জয় জয়কার চলিতেছে।"-প্রবাসী, আষাঢ়, ১৩৩১।

প্রাজ্ঁক [প্র-অজ্+ণিচ্=আজি (গমন করান)+অক (র্ত্তৃ)] বি, সারথি। ২ বিণ, নিয়ন্তা ; চালক।

প্রাজ্ঁন, প্রা° দঁণ্ড [প্র-অজ্+ণিচ্=প্রাজি+অন (ণে)] বি, অশ্ব ই° পশু চালন-দণ্ড ; পাঁচনবাড়ী।

প্রাজাপত্য [প্রজাপতি+য(সম্বন্ধার্থে)] বি, অষ্টবিধ বিবাহের মধ্যে এক প্রকার। ২ প্রজাপতি-প্রেরিত। "শুনিয়া রাজার বাক্য প্রা° নর পুনরায় ভূপতিরে বলে অনন্তর।" -রামা° (রাজ°)। ২ প্রয়াণ। ৩ দ্বাদশ দিবসীয় ব্রতবিঃ। ৪ রোহিণীনক্ষত্র। ৫ বিণ, প্রজাপতি সংক্রান্ত ; প্রজাপতি সম্বন্ধীয়। স্ত্রীং ~া-প্রব্রজ্যা আশ্রম গ্রহণ করিবার পূর্ব্বে সর্ব্বস্ব দানরূপ যজ্ঞবিধি।

প্রাজিতা [প্র-অজ্ + ণিচ্=প্রাজি (গমন করা)+তৃ (র্ত্তৃ)=প্রাজিতৃ ১মা, ১ব°] বি, সারথি। ২ বিণ, চালক।

প্রাজ্ঞ [প্র (সম্যক্)-জ্ঞা (জানা)+অ (র্ত্তৃ)=প্রজ্ঞ (জ্ঞানী)+অ (স্বার্থে)=প্রাজ্ঞ ; অথবা প্রজ্ঞা (তীক্ষ্ণ বুদ্ধি)+অ (স্ত্য°)] বিণ, পণ্ডিত ; বিজ্ঞ। ২ কারণশরীরে উপস্থিত চৈতন্য। সুষুপ্তি অবস্থায় ইহার সত্তা অনুভূত হয়, অন্যান্য জ্ঞান সম্বন্ধে সম্পূর্ণরূপে অজ্ঞ, কেবল সুখানুভব করিতে সমর্থ। ৩ দক্ষ ; নিপুণ। স্ত্রীং ~া, ~ী-বুদ্ধিমতী। ২ পণ্ডিতা। ~তা-বি, বিচক্ষণতা ; জ্ঞানবত্তা ; তীক্ষ্ণবুদ্ধিমত্তা ; পাণ্ডিত্য। ~পুরুষ-বি, চর spy. "পরে আমি অন্বার কার্য্য সকল অবগত হইবার নিমিত্ত প্রাজ্ঞপুরুষদিগকে আদেশ করিলাম।"-মহা° (সিংহ)। ~মান-বি, প্রবীণ ; বিজ্ঞ ; জ্ঞানী। ২ পণ্ডিত ; প্রজ্ঞাবান্। > স্ত্রীং ~ী।

প্রাজ্য [প্র-অনজ্ (গমন করা, প্রবৃদ্ধ হওয়া)+য (র্ত্তৃ)] বিণ, বহুল ; প্রচুর ; প্রভূত। ২ বি, উত্তম ঘৃত।

প্রাঞ্চ [প্র+অন্চ্ (গমন করা)+কিপ্ (র্ত্তৃ)] বিণ, প্রাচীন।

প্রাঞ্জল [প্র+অনজ্ (গমন করা)+অল(র্ত্ম)] বিণ, সরল ; সহজে যা বোধগম্য হয়। ২ সুখসেব্য। ৩ নির্ম্মল। ৪ আভাযুক্ত ; ।। ~তা (-র্ন-)-বি, সরলতা।

প্রাঞ্জলি [প্র(প্রকৃষ্টরূপে কৃত)+অঞ্জলি (করদ্বয়ের যোজনা)] বিণ, বদ্ধাঞ্জলি।

প্রাড়্বিবাক, প্রাড়্বিবেক [সং। "দ্রষ্টরি ব্যবহারাণাং প্রাড়্বিবাকাংক্ষদর্শকৌ"-অমর°। প্রাট্+বিবাক। "বিবাদানুগতং পৃষ্ট্বা পূর্ব্ববাক্যং প্রযত্নতঃ। বিচারয়তি যেনাসৌ প্রাড়্বিবাকস্ততঃ স্মৃতঃ] বি, ন্যায়াধীশ ; বিচারাসনে রাজার প্রতিনিধি (হিন্দু রাজত্বকালে বিচার-সহায়ক তিন জন মন্ত্রীর মধ্যে শ্রেষ্ঠ ব্যক্তিই এই আসনের ভার পাইতেন) ; প্রধান বিচারপতি। "সভামধ্যে অর্থী ও প্রত্যর্থীর সম্মুখে সাক্ষীদিগকে উপস্থিত করাইয়া প্রাড়্বিবাক প্রিয়বচনে তাহাদিগকে কহিবেন,-তোমরা বাদী প্রতিবাদীর বিষয়ে যাহা জান, তাহা সত্য করিয়া বল।"-মনু°।

প্রাণ১ [প্র+অন্ (বাঁচা)+অ (ণে), যদ্দ্বারা বাঁচে। 'বায়ু' অর্থে প্রাণ শব্দ গিরিধর কৃত গীতগোবিন্দে ব্যবহৃত হইয়াছে। "পাঠাইলা সেনাপতি প্রাণের সমান" (গী° গিরি°, টীকা (৬), ১ম সর্গ)] বি, বায়ু ; হাওয়া ; বাতাস। ২ প্রাণ, অপান, সমান, উদান এবং ব্যান নামক দেহস্থ পঞ্চ বায়ু। ৩ জীবন। ৪ ব্রহ্মা। ৫ সামর্থ্য ; বল। ৬ হৃদ্গত ইচ্ছা ; মন। "আর ত ব্রজে যাব না ভাই যেতে প্রাণ নাহি চায়।"-বাং-গান। ৭ (বৈদিক) শ্রোত্রাদি ইন্দ্রিয়ের সাধারণ নাম। ৮ [নাট্য শা°] নর্ত্তকীর নৃত্য সহায়। ইহা দুই প্রকার-(১) বহিঃপ্রাণ-মৃদঙ্গ, করতাল, বীণা, ঐকতান (chorus), গুঞ্জন, বংশী, ঘুঙুর ও কলাবিৎ গায়ক। (২) অন্তঃপ্রাণ-তরস্বিতা, গাম্ভীর্য্য, অঙ্গসৌষ্ঠব, অগ্রপশ্চাৎ চলন ও ঘূর্ণনক্ষমতা, চকিতদৃষ্টি বা অপাঙ্গ-বিক্ষেপ, নিরুদ্বেগ, বুদ্ধিমত্তা, ভরসা, বাক্পটুতা এবং গীত। ~ক (-র্ণ-)-বি, বৃক্ষবিঃ। ২ প্রাণী। ৩ বস্ত্র। ~কঁর [প্রাণ (বল) কর (যে করে)] বিণ, জীবনদায়ক ; প্রাণপ্রদ। ২ শক্তিজনক ; বলকর। ~কর্ম্ম-বি, জীবন সংক্রান্ত কর্ম্ম ; জীবনব্যাপার-সম্বন্ধীয় কার্য্য। ২ প্রাণায়াম ; যোগাঙ্গবিঃ। ~কান্ত [প্রাণের কান্ত, ৬তৎ] বি, স্বামী ; পতি। ২ ভক্তহৃদয়স্বামী ; ভক্তজীবনস্বামী ; পরমেশ্বর। "কবে বসিব একান্তে প্রাণকান্ত তোমায় নিয়ে আমি। মধুর নাম গানে ভক্তজনগণ সনে, নিত্যপদ পেয়ে প্রভু, কৃতার্থ হইব আমি॥"-স্ক°। > স্ত্রীং ~কান্তা। ~কৃষ্ণ-বি, প্রাণস্বরূপ কৃষ্ণ ; পরম আদরের ধন ; জীবন ধন। ~গঁত [প্রাণের গত=গতি (উপায়), ৬তৎ] বি, আন্তরিক ; হৃদ্গত। প্র-প্রাণগত অভিলাষ। ২ জীবনধারণোপায় ; জীবনের অবলম্বন। ~গিতি, গিতিক [প্রাণের-গতি, ৬তৎ] বিণ, জীবন সম্বন্ধে। ~গ্রাহঁক, ~গ্রাহী [প্রাণের গ্রাহক, গ্রাহী, ৬তৎ] বিণ, প্রাণহন্তা ; জীবননাশকারী। > স্ত্রীং ~গ্রাহিকা। ~ঘাতঁক, -ঘাতা [প্রাণ-ঘাতক, ৬তৎ] বিণ, প্রাণহন্তা। > স্ত্রীং ~ঘাতিকা, ঘাতিনী। ~ঘাতঁন-বি, প্রাণহত্যা। ~ঘ্ন [প্রাণ-হন্ (বধ করা)+অ(ণে)] বিণ, প্রাণঘাতক। > স্ত্রীং ~া। ~ঘ্ন্য-বিণ, হননীয়। ~চ্ছিদ্ [প্রাণ-ছিদ্(ছেদন করা)+কিপ্(র্ত্তৃ)] বিণ, জীবননাশক ; প্রাণঘ্ন। ~তুল্য [প্রাণ-তুল্য (সদৃশ)] বিণ, প্রাণসম ; প্রাণপ্রিয় ; জীবনের মত প্রিয়। > স্ত্রীং ~তুল্যা। ~ত্যাগ [প্রাণের ত্যাগ, ৬তৎ] বি, জীবন বিসর্জ্জন। ~দঁ (-র্ন-) [প্রাণ (জীবন) দ (যে দান করে)], বি, শোণিত ; রক্ত। ২ জল ; পানীয়। ৩ বিণ, প্রাণপ্রদ ; বলকর। ৪ প্রাণদানকারী ; জীবনদাতা। > স্ত্রীং ~দা-হরীতকী। ২ বিণ, প্রাণদাত্রী ; জীবনদায়িনী। ~দঁণ্ড [প্রাণের দণ্ড, ৬তৎ কিম্বা প্রাণনাশরূপ দণ্ড, ম° প° লো, ধা] বি, মৃত্যুদণ্ড ; শাস্তিস্বরূপ জীবননাশ। ~দঁণ্ডাজ্ঞা [প্রাণদণ্ডের আজ্ঞা, ৬তৎ] বি, মৃত্যুদণ্ডের আদেশ ; বধাদেশ। ~দাতা [প্রাণ-দাতা, ৬তৎ] বিণ, জীবনরক্ষাকারী ; জীবনদাতা। > স্ত্রীং ~দাত্রী। ~দান [প্রাণের দান, ৬তৎ] বি, জীবনরক্ষা ; জীবনপ্রদান। ~ধঁন [প্রাণের ধন, ৬তৎ] বিণ, জীবনসর্ব্বস্ব ; প্রাণের ধনস্বরূপ ; জীবনধন। "প্রাণধন বিদ্যালাভ ব্যাপারের তরে। খেয়াব তনুর তরী প্রবাস-সাগরে॥"-ভারত°। ~ন (-র্ন-) [প্র-অন্ (জীবিত থাকা)+অন (ভা°)] বি, জীবনধারণ ; প্রাণাতিবাহন। [অনুপ্রাণঁন, অনুপ্রেরঁণা-প্রত্যাদেশ inspiration]। ~নাথ [প্রাণের-নাথ

(প্রভু), ৬তৎ] বি, প্রভু ; জীবনস্বামী ; প্রাণপতি। "কোথা গেলে প্রাণনাথ অভাগী কাঁদে কাননে। ফুরাল কি জীবলীলা কঠোর কালশাসনে।"-বাং-গান। ২ প্রাণের নিয়ন্তা ; ভক্তপ্রাণপতি ; পরমেশ্বর। "ব্রহ্মজন বলে জাগো এবে সকলে, সযতনে কর তাঁর নাম গান। হৃদাসন পাতিয়ে, প্রাণনাথে বসাইয়ে, প্রাণভরে প্রেমসুধা কর পান।"-স্কং। ~নাশ-জীবহত্যা ; বধ ; হত্যা। ~নিগ্রহ [প্রাণের-নিগ্রহ (সংযম, দমন), ৬তৎ] বি, প্রাণায়াম। ~পঙ্ক-প্রাণাঙ্কুর দ্রঃ। ~পণ [প্রাণকে পণ, ২তৎ। গ্রা০ প্রাণপোন। মেয়েলি-পানপোন] বি, প্রাণ পর্য্যন্ত পণ করিয়া কার্য্য সম্পন্ন করিবার সঙ্কল্প ; অনুষ্ঠিত কর্ম্ম সম্পাদনের নিমিত্ত জীবন পণ করা। ক্রি-বিণ, ~পণে-প্রাণকে পণ করিয়া ; 'মন্ত্রের সাধন কিম্বা শরীর পতন' এইরূপ সঙ্কল্প করিয়া। ~পণ যত্নে-প্রাণপণে ; সমস্ত শক্তি নিয়োগ করিয়া। ~পতি 'প্রাণের পতি, ৬তৎ] বি, প্রাণাপেক্ষা প্রিয় পতি। "তুমি দেখাইলে পথ যায় চক্রবাকী যথা প্রাণপতি!"-ব্রজাঙ্গনা০। ২ ভক্তজীবনস্বামী ; ভক্তপ্রাণপতি ;' পরমেশ্বর। >স্ত্রীং ~পত্নী। "প্রাণপত্নী-করে ধরি নরলীলা পরিহরি, পশিলে মধুসূদন অমর জীবন"-নবীন০। ~পাত [প্রাণকে-পাত, ২তৎ ; অথবা প্রাণের পাত (পতন), ৬তৎ] বি, জীবনত্যাগ প্রাণপতন। ~প্রতিম [প্রাণের প্রতিম (তুল্য), ৬তৎ] বিণ, জীবনতুল্য ; প্রাণসম ; প্রাণসদৃশ। >স্ত্রীং প্রতিমা। ~প্রতিষ্ঠা [প্রাণের প্রতিষ্ঠা, ৬তৎ] বি, প্রতিমূর্ত্তিকে জীবন বা শ্বাস দান। "এই নিমিত্তে পশুর প্রতিমূর্ত্তির প্রাণ প্রতিষ্ঠা করিবার ক্ষমতা তাহাদিগকে দত্ত হইল।"-খ্রীঃ-ধর্ম্ম পুস্তক। ~প্রদ-বিণ, জীবনদায়ক। ২ বলকর ; শক্তিপ্রদ। স্ত্রীং ~প্রদা-জীবনদায়িনী। ~প্রাণ [প্রাণের প্রাণ, ৬তৎ] বি, জীবনের জীবন ; প্রাণের নিয়ামক ; মাহাপ্রাণ ; প্রাণের পরিচালক শক্তি। ২ অতিপ্রিয় ; প্রিয়তম ; প্রাণাপেক্ষা প্রিয়। "ভকত প্রাণপ্রাণ, ভকত ধনমান, যিরি পদ কমলে, ভকত দলে দলে, করে সদা গুণগান।"-স্কং। "প্রভু হৃদিরঞ্জন মনোমোহনকারী। ভগবজ্জন প্রাণ-প্রাণ হৃদয়বিহারী।"-ঐ। ~প্রিয়-বিণ, জীবনাধিক ; প্রাণসম প্রিয় ; প্রীতিভাজন। ২ বি, স্বামী ; পতি। >স্ত্রীং ~প্রিয়া। ~বঁধু [৬তৎ। পদ্যে-পরাণ-বঁধু। বৈ০ পদ০ সা০, বাং গানে-'পরান-বঁধুয়া'] বি, জীবন সখা ; প্রাণের বন্ধু ; প্রণয়ী ; প্রিয়তম। ~বধ [প্রাণকে বা প্রাণের বধ, ২য়া, বা ৬তৎ] বি, হত্যা ; প্রাণহনন ; জীবননাশ। ~বল্লভ-বিণ, প্রাণপ্রিয়। ২ বি, প্রাণনাথ ; প্রাণপতি। ~বান্-বিণ, যার প্রাণ আছে ; জীবন্ত ; সহৃদয়। "প্রাণবান মানুষের পক্ষে এই রকম জঙ্গম শিক্ষাপ্রণালীই সম্পূর্ণ ফল দায়ক। ক্লাসে বদ্ধ স্থাবর শিক্ষাপ্রণালীতে তার দেহে মন আত্মীয় বিচ্ছেদ ঘটিয়ে দেয়"-রবী০(শান্তিনিকেতন, শ্রাবণ, ১৩৩২)। ~বায়ু [প্রাণ যে বায়ু, যা, অথবা প্রাণনামক বায়ু, ম০ প০ লো০] বি, শরীরস্থ প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান এই পঞ্চবায়ুর অন্যতম প্রাণ নামক বায়ু। ~বিনাশ [৬তৎ] বি, জীবননাশ ; মৃত্যু ; প্রাণবিয়োগ। >বিণ, ~বিনাশক, ~বিনাশী। >স্ত্রীং ~বিনাশিকা, বিনাশিনী। ~বিয়োগ [৬তৎ] বি, প্রাণাত্যয় ; মৃত্যু ; মরণ। ~বিসর্জ্জন [৬তৎ] বি, প্রাণত্যাগ ; জীবনব্যয়। ~ভৃৎ [প্রাণ-ভৃ (ধারণ করা)+ক্বিপ্ (র্তৃ)] বি, প্রাণধারী ; জীব। ২ সর্ব্বজীবের প্রাণধারী বিষ্ণু। ~ময় [প্রাণ-ময় (স্ব্য০)] বিণ, জীবন্ত ; প্রাণবিশিষ্ট। ২ হৃদয়বান্ ; উদার ; প্রেমিক। >স্ত্রীং ~ময়ী। ~ময়কোষ-বি, পঞ্চ প্রাণ ও পঞ্চ কর্ম্মেন্দ্রিয়রূপ আধার ; জীবনময়কোষ ; আত্মার অন্নময়াদি সপ্তকোষের অন্যতম আবরণ। ~যম [প্রাণ (নিশ্বাস-প্রশ্বাস) যম্ (রোধ করা)+অ (ণে)] বি, প্রাণসংযম দ্রঃ। ~যাত্রা [৬তৎ] বি, জীবনোপায় ; জীবিকানির্ব্বাহ। ~রমণ [প্রাণের রমণ (রঞ্জন, স্বামী), ৬তৎ] বি, প্রাণারাম ; হৃদয়রঞ্জন। "প্রাণরমণ হৃদিভূষণ হৃদয়রতন স্বামী"-স্কং। ~শূন্য [প্রাণ দ্বারা শূন্য, ৩তৎ] বিণ, প্রাণহীন ; জীবনশূন্য। ২ মৃত। > স্ত্রীং ~া। ~সংযম [৬তৎ] বি, আত্মসংযম ; প্রাণবায়ুর নিরোধ ; প্রাণায়াম। ~সংশয় [৬তৎ] বিণ, জীবনসঙ্কট। ~সংহার [৬তৎ] বি, জীবনবিনাশ ; প্রাণহত্যা। > বিণ, ~সংহারক, ~সংহারী। >স্ত্রীং ~সংহারিকা, ~সংহারিণী। ~সখা [৬তৎ, সখি=সখা] বি, প্রাণের বন্ধু ; প্রাণসম প্রিয়বন্ধু। ২ ভক্তপ্রাণবন্ধু ; পরমেশ্বর। "অমৃত নিলয় তুমি প্রেমের আধার ; তব পদে প্রাণসখা নমি শতবার।"-স্কং। "প্রাণসখা হে আমার হৃদয় মাঝে দাও হে দরশন"-স্কং। ~সঙ্কট [প্রাণের সঙ্কট যাতে, বহু০] বিণ, জীবনসংশয় ; যাতে জীবন বিপন্ন হয়। ~সঞ্চার [৬তৎ] বি, জীবনের আবির্ভাব ; জীবনীশক্তির সঞ্চার। ~সদ্ম [প্রাণ (তার) সদ্ম (গৃহ)] বি, দেহ। ~সম,-সমান [প্রাণের (জীবনের) সম, সমান (তুল্য)] বি, জীবনতুল্য ; প্রিয়তম। "প্রাণসম প্রেয়সী অধোবদনে বসি, কেঁদে ধরাতল নয়ন-জলে ভাসাবে" -রাজা রা০ মো০ রায়। স্ত্রীং ~সমা-পত্নী। ~স্নিগ্ধকর [প্রাণ-স্নিগ্ধ (শীতল) কর (যে করে)] বিণ, প্রাণ শীতলকারী ; প্রাণারাম ; যে প্রাণ ঠাণ্ডা করে ; জীবনের শান্তিদায়ক। ~স্পর্শ-বি, প্রাণ ছোঁয়া ; প্রাণে সাড়া দেওয়া ; হৃদয়ের কোমল স্থানে লঘুতম আঘাত করা ; ভাবান্তর ; সহানুভূতি করুণা প্রভৃতি অনুভূতির উদ্রেক। "রাধারাণীর প্রাণস্পর্শ করে না"-উত্তরা, পৌষ, '৩৩। ~হন্তা, ~হর, ~হারক, ~হারী [৬তৎ] বিণ, প্রাণ হননকারী ; প্রাণঘাতক ; প্রাণবিনাশক। >স্ত্রীং ~হন্ত্রী, ~হরা, ~হারিকা, ~হারিণী। ~হিংসা [৬তৎ] বি, হত্যা ; প্রাণহনন ; বিনাশন। ~হীন [প্রাণ (দ্বারা) হীন, ৩তৎ] বিণ, জীবনশূন্য ; মৃত। ২ নির্দ্দয় ; নির্ম্মম ; নিষ্ঠুর। ৩ অনুদার ; সংকীর্ণচেতা। >স্ত্রীং ~হীনা। ~হীনতা-বি, জীবনশূন্যতা। প্রাণ ছাড়া-প্রাণ পরিত্যাগ করা। ~ছাড়া-বিণ, প্রাণহীন। প্রাণ জাগা-চেতনা পাওয়া ; উদ্বুদ্ধ হওয়া। "কেন জাগে-না জাগে-না অবশ পরাণ।" -স্কং। প্রাণ টানা-মন আকর্ষিত হওয়া ;

আগ্রহ অম্লান। "প্রেমে যার প্রাণ টানে না ছলনা তার প্রেম কামনা।"-গিরিশ ঘোষ। প্রাণ থাকা-জীবন থাকা; জীবিত থাকা। ২ শ্বাস থাকা; মৃত্যু না হওয়া। প্রাণ দেওয়া-স্বেচ্ছায় মৃত্যুকে আলিঙ্গন করা; এক জনের পরিবর্ত্তে অন্যের প্রাণ বিসর্জ্জন করা; আত্ম প্রাণ বলি দেওয়া; রাজাদেশ বা বিশেষ কোন কারণে বাধ্য হইয়া জীবন নষ্ট হতে দেওয়া। ২ আত্মসমর্পণ করা: প্রিয়জনের প্রীতিতে নিমগ্ন হওয়া। প্রাণ ধঁরা-বাঁচিয়া থাকা। ২ ভরসা করা; সাহসে ভর করা। প্রাণ পিড়িয়া থাকা-অনন্যচিন্তা; কাহারও জন্য উদ্‌গ্রীব বা মনটা তৎপশ্চাতে নিযুক্ত হওয়া; কোন কিছুর অপেক্ষায় জীবন রাখা বা বাঁচিয়া থাকা। "রাণী বলে মহাভাগ্য এ পুত্র পরম শ্লাঘ্য তবু মোর প্রাণ পড়ে তায়।"-ঘ০। প্রাণ বাঁচা-জীবন রক্ষা হওয়া। ২ উদ্বেগ বা উৎকণ্ঠা দূর হওয়া। প্রাণ বাঁচানি-জীবন রক্ষা করা। ~মাতানি-বিণ, প্রাণোন্মাদকর; মনোমুগ্ধকর। প্রাণ মাতানি-ক্রি, হৃদয়কে মত্ত করা। প্রাণ মানা-ক্রি, প্রবোধ মানা; প্রাণ শান্ত হওয়া; মন তৃপ্ত হওয়া। প্রাণ যাওয়া-মৃত্যুমুখে পতিত হওয়া; মরণ হওয়া। প্রাণ লঁওয়া-প্রাণ নাশ করা; হত্যা করা: বধ করা। প্রাণে জাগা-হৃদয়ে অবস্থান করা; অন্তরে বিরাজিত থাকা। প্র-দিবারাত্রি সে কথা প্রাণে জাগিতেছে। প্রাণে সঁয়া [হ=য়] প্রাণে সহ্য হওয়া। "এটুকু আর প্রাণে সহিল না"। "সয় বলে কি এতই প্রাণে সয়।"-গিরিশ ঘোষ। অল্প প্রাণ-লঘূচ্চার্য্য; যা উচ্চারণ করিবার কালে হাওয়া অল্প বাহির হয়। যথা,-ক, চ, ট, ত, প, গ, জ, ড, দ, ব। ২ ক্ষুদ্রপ্রাণ; লঘুচেতা। মহাপ্রাণ-যা উচ্চারণ করিতে অধিক জোর লাগে অর্থাৎ হাওয়া জোরে বাহির হয়। যথা,-খ, ছ, ঠ, থ, ফ, ঘ, ঝ, ঢ, ধ, ভ। ২ উদারচেতা।

প্রাণ$_2$ [জ্যো০ পরিঃ। কাল গণনায়] বি মানব জ্ঞানের বিষয়ীভূত খণ্ডকালের মূর্ত্ত ভাগের আদি বিভাগের নাম; ৪ সেকেণ্ড [জ্যোতিষে মূর্ত্তকালেই ব্যবহৃত হয়। ত্রুটি কাল দ্রঃ]।

প্রাণাঙ্কুর [প্রাণ+অঙ্কুর। বৈজ্ঞা০ পরিঃ] বি, জীবের আদিরূপ; জীবদেহের উৎপত্তি মূল; আদিপঙ্ক; জীববীজ; আদিম দ্রব্যোপাদান; প্রাণপঙ্ক protoplasm.

প্রাণাত্যয় [প্রাণ+অত্যয় (নাশ), ৬তৎ] বি, জীবনবিনাশ; হত্যা। ২ মৃত্যু। ৩ [প্রাণের-অত্যয় (বিনাশ) হয় যে কালে, বহু০] বি, মৃত্যুকাল; প্রাণবিনাশ কাল।

প্রাণাধিক [প্রাণ (হতে)+অধিক, ৫তৎ] বিণ, জীবনাধিক; প্রাণাপেক্ষা প্রিয়তম। স্ত্রীং ~া।

প্রাণাধিনাথ [প্রাণ+অধিনাথ(প্রভু), ৬তৎ] বি, প্রভু; পতি।

প্রাণান্ত [প্রাণ+অন্ত, ৬তৎ] বি, প্রাণাবসান; মরণ। "প্রা০ করিতে তব, সীতার জনম, তারি তরে উপস্থিত সঙ্কট বিষম" -রামা০ (রাজ০)। ~কঁর [প্রাণ+অন্ত-কর (যে করে)] বিণ, হত্যাজনক; মৃত্যুদায়ক; জীবননাশক। ২ [লক্ষ০] অতি কঠোর; অসহনীয়। প্র-প্রাণান্তকর যন্ত্রণা ভোগ করা। ৩ বি, যম। ~পঁণ-বি, প্রাণপণ; জীবন-পণ; প্রাণপাত করিয়াও উদ্দেশ্য সিদ্ধির সঙ্কল্প। ~পরিচ্ছেদ [প্রাণের অন্ত= প্রাণান্ত, তার পরিচ্ছেদ (সীমা, নিশ্চয়), ৬তৎ] বি, মৃত্যুসীমা; এত দূর যে মৃত্যু পর্য্যন্ত; নিশ্চয় মৃত্যু; জীবনান্ত পর্য্যন্ত। ২ কষ্ট বা পরিশ্রমের একশেষ; অসীম কষ্ট বা দুঃখভোগ। প্র-কয়দিন ক্রমাগত হাঁটাহাঁটি করিতে করিতে তার প্রাণান্ত-পরিচ্ছেদ হ'ল তথাপি কোন ফল হ'ল না।

প্রাণান্তিক [প্রাণ+অন্ত+ইক] বিণ, জীবন নাশকারী।

প্রাণাপান [প্রাণ+অপান, দ্বন্দ্ব] বি, প্রাণবায়ু এবং অপানবায়ু। ২ অশ্বিনী-কুমারদ্বয়।

প্রাণায়াম [প্রাণ+আ+যম্ (সংযত করা)+অ (ণে)] বি, প্রাণবায়ুর সংযম; প্রাণ-কার্য্য; যোগাঙ্গবিঃ; প্রাণ ও অপান বায়ুর পরস্পর সংযোগকে প্রাণায়াম কহে; প্রাণ-সংযম। "প্রাণোপান সমাযোগঃ প্রাণায়াম ইতীরিতঃ।"-মনু০, ১৪।২। দেহমধ্যে প্রাণবায়ুকে নিরোধ করার নাম প্রাণায়াম দেহাভ্যন্তরে নির্ম্মল বায়ুর প্রবেশ (পূরক) নিরোধ (কুম্ভক) ও নিঃসারণ (রেচক) প্রক্রিয়া। দক্ষিণ নাসাপুট বৃদ্ধাঙ্গুষ্ঠ দ্বারা রুদ্ধ ও বাম নাসাপুট দ্বারা বায়ু আকর্ষণ করিয়া পরে অনামা ও কনিষ্ঠা দ্বারা বাম নাসা অবরোধ এবং দক্ষিণ নাসাস্থিত বৃদ্ধাঙ্গুষ্ঠ মুক্ত করিয়া দক্ষিণ নাসাপুট দ্বারা বায়ু ত্যাগ এইরূপ পূরক কুম্ভক ও রেচকের নাম প্রাণায়াম।

প্রাণারাম [প্রাণ+আরাম (সুখ), ৬তৎ] বিণ, প্রাণস্নিগ্ধকর; প্রাণে শান্তিদায়ক; প্রাণরমণ। ২ বি, যিনি প্রাণের শান্তি ও সুখস্বরূপ। "ভজ প্রাণারামে * * * পতিত-পাবনে, পাবে পরিত্রাণ।"-ক্ষ০।

প্রাণিঘাতঁক [প্রাণী (প্রাণীর) ঘাতক, ৬তৎ] বিণ, জীবহত্যাকারী। ২ বি, ব্যাধ। ৩ কসাই। ~ঘাতঁন [৬তৎ] বি, জীবহত্যা। ~জঁগঁৎ [প্রাণিবিশিষ্ট জগৎ, ম০ প০ লো০] বি, জীবজগৎ; প্রাণি-রাজ্য; জড় হতে পৃথক্ প্রাণময় সৃষ্টি animated nature.

প্রাণিতঁ [প্রাণ+ইত (সঞ্চারিত)] বিণ, জীবিত প্রাণবিশিষ্ট; প্রাণসঞ্চারিত।

প্রাণি/তঁত্ত্ব [প্রাণিগণের তত্ত্ব (বিজ্ঞান) হয় যদ্দারা] বি, জীবজন্তুর শ্রেণীবিভাগ; আকৃতি, প্রকৃতি, ই০ সম্বন্ধীয় বিজ্ঞান: বি, জীববিদ্যা zoology. ~তঁত্ত্বজ্ঞ, ~তঁত্ত্ব-বিদ্-বিণ, জীববিদ্যাবেত্তা; প্রাণিবিদ্যা-বিশারদ। ~তঁত্ত্ববিৎ পঁণ্ডিত-যিনি জীব বিদ্যায় জ্ঞান লাভ করিয়াছেন zoologist. ~দ্যূত [প্রাণী দ্বারা দ্যূত (ক্রীড়া), ৩তৎ] পণ করিয়া কুক্কুট মেষাদির লড়াই; পশুপক্ষীর যুদ্ধ দ্বারা জুয়াখেলা। ~পীড়ঁন-বি, জীবগণের প্রতি অত্যাচার; নিষ্ঠুরতা; প্রাণিহিংসা cruelty to animals. বিণ, ~পীড়ঁক। ~পীড়ঁন-নিবারিণী আইন-জীব জন্তুকে প্রহার, অতিরিক্ত ভার বহন করাইয়া পীড়ন বা অন্যরূপ যন্ত্রণা-দানকারীর দণ্ডবিধি সম্বন্ধীয় রাজাজ্ঞা। ~বিত্থা [প্রাণিসম্বন্ধীয় বিদ্যা] বি, জীব-বিদ্যা; প্রাণিতত্ত্ব zoology. ~বিত্থাবিৎ-জীবতত্ত্বজ্ঞ। ~বৃত্তান্ত-বি, জীবজন্তুর

ইতিহাস Natural history. ~মণ্ডল [৬তৎ] বি জীবসমূহ; জীবমণ্ডলী। ~হিংসা [৬তৎ] বি, প্রাণিবিদ্বেষ; জীবহিংসা।

প্রাণী [প্রাণ+ইন্(স্ত্য°)=প্রাণিন্ ১মা, ১ব°] বিণ, জীবিত; প্রাণবিশিষ্ট। ২ জীব জন্তু। "এই ছিল বিশ্ব নিস্তব্ধ নীরব নিষ্প্রাণগত প্রাণী বিহঙ্গ মানব, জীব-কোলাহল, আহা ঐ শোন উঠিল পুন ভুবনে।"-স্ক°। ৩ [এই অর্থে প্রা° পরাণি,-ণী] প্রাণ; জীবন। "ওই ওই শুন কিবা বাজে তান, কেমনে করিছে প্রাণী।"-চণ্ডি°। "যদি বন্দিশালে মোর বাহিরায় প্রাণী"-কবিক°। ৪ জন; লোক; ব্যক্তি। "দুটি প্রাণীতে একটি বৃহৎ ফ্ল্যাট ভাড়া লইয়াছিলাম।" "আমাদের বাড়ীর তিনটী প্রাণীমাত্র ঘরে বসিয়া তাঁহার সম্বন্ধে জল্পনা কল্পনা করিতাম।"-প্রবাসী, ১৩৩৩।

প্রাণে-প্রাণে [প্রাণে (প্রাণধারণ করিয়া) প্রাণে (মাত্র, সীমা অর্থে দ্বিত্ব) প্রাণ ধারণ করিয়া] ক্রি-বিণ, প্রাণমাত্র রক্ষা করিয়া; কোন প্রকারে প্রাণ লইয়া। প্র-প্রাণে প্রাণে বেঁচে আছি। ২ [প্রাণের সহিত প্রাণের মিলন অর্থে দ্বিত্ব] মনের মিলে; হৃদয়মিলনে। ৩ [বীপ্সার্থে দ্বিত্ব] প্রতি-প্রাণে। "তোদের প্রাণে প্রাণে শক্তি জেগে উঠুক, দূরে যাক সব পাপ বাসনা"-স্ক°।

প্রাণেশ [প্রাণ+ঈশ, ৬তৎ] বি, ভর্ত্তা; প্রভু; প্রাণেশ্বর। ২ পরমেশ্বর; ভক্তের ভগবান। "প্রাণ খুলে সবে মিলে ডাকরে তাঁরে, আসিবেন প্রাণেশ প্রাণের মাঝারে।" -স্ক°। স্ত্রীং ~া-পত্নী।

প্রাণেশ্বর [প্রাণ+ঈশ্বর, ৬তৎ] বিণ, জীবিতেশ্বর; প্রাণাধিক। ২ বি, স্বামী; ভর্ত্তা। স্ত্রীং ~শ্বরী-বিণ, প্রাণাধিকা; প্রিয়তমা; আরাধ্যা। বি, পত্নী।

প্রাণোৎসর্গ [প্রাণ+উৎসর্গ, ৬তৎ] বি, প্রাণদান।

প্রাত-প্রাতঃ দ্রঃ।

প্রাতঃ, প্রাত [সং-প্রাতর্। প্র(প্রথম, আরম্ভ, অৎ (গমনে)+অর্। বাং-র প্রাতে ৩°] অ, প্রভাত। "প্রাতঃসমীর, জাগয়ে হৃদয় স্মরয়ে ভবতারণে"-স্ক°। প্রাতে-প্রভাত বেলায়; সকালে। এই অর্থে প্রা°বাং-র প্রাতেক [হিং 'কো'র অনুকরণে 'ক'। দিনকো = দিনে, রাতকো = রাত্রিতে] প্রভাতে।" "প্রাতেক উঠিয়া"-মাণিক°। ~কাল [প্রাতর্-কাল] বি, প্রভাত; দিবসারম্ভ। ~কৃত্য, ~ক্রিয়া [প্রাতর্ =প্রাতঃ কৃত্য, ক্রিয়া (কার্য্য)] বি, প্রাতঃক্রিয়া; প্রাতঃকালের করণীয় কর্ম্ম; গৃহকর্ম্ম, পূজা অর্চনাদি। মলমূত্রত্যাগ, দন্তধাবন, স্নান ও প্রাতঃসন্ধ্যা এই চতুর্বিধ কর্ম্ম। ~প্রণাম, ~নমস্কার-বি,প্রাতঃকালীন কর্ত্তব্য প্রণাম; গুরুজনকে প্রাতঃকালীন অভিবাদন; সমানে সমানে বা অন্যে নমস্কার। 'এই যে প্রাতঃপ্রণাম', আমিও চোখে চোখে প্রাতঃ- নমস্কার জানাইতাম।" -প্রবাসী, ১৩৩৩। দ্রঃ-প্রাতঃকাল-যখন সকলেরই চিত্ত স্বভাবতঃ বিশুদ্ধ থাকে, সেই সময় প্রণাম আশীর্ব্বাদ এমন কি অভিসম্পাতেরও জন্য প্রশস্ত। এইজন্য "প্রাতঃপ্রণাম","প্রাতর্জ্জয়স্ত", প্রাতঃবাক্যে, এমন কি "রাত্রের প্রাতঃবাক্যে" ইং-র প্রচলন। দিনের মধ্যে যখনই সাক্ষাৎ হউক না কেন, প্রথম সাক্ষাতে ইংরেজীতেও good morning অর্থাৎ সুপ্রভাত বলিয়া অভিবাদনের প্রথা প্রচলিত আছে। ~সন্ধ্যা [প্রাতর্-সন্ধ্যা (সন্ধ্যোপাসনা)] বি, প্রাতঃকালীন সন্ধ্যোপাসনা। ২ প্রভাত; প্রত্যূষ। ~সমীর, সমীরণ [প্রাতর্-সমীর, সমীরণ (বায়ু), ৬তৎ] বি, প্রভাত বায়ু; প্রাতঃকালীন বাতাস। "বহিছে ধীর প্রাতঃসমীর লয়ে নাথের বারতা মধুর"-স্ক°। ~সূর্য্য [প্রাতর্ +সূর্য্য, ৬তৎ] বি, বালসূর্য্য; অরুণ; প্রভাতকালীন সূর্য্য; নবোদিত সূর্য্য। ~স্নান [প্রাতর্ (প্রাতে) স্নান, ৭তৎ] বি, অরুণোদয় কালে স্নান। ~স্নায়ী-বিণ, প্রাতে স্নানকারী। স্মরণীয় [প্রাতর্ (প্রাতে) + স্মরণীয় ৭তৎ] বিণ, দিনমুখে স্মরণযোগ্য; প্রভাতে নিদ্রাভঙ্গের পর দৈনিক জীবন ব্যাপারে প্রবৃত্ত হইবার পূর্ব্বে যাঁকে লোকে স্মরণ করে বা যাঁর নাম স্মরণ করা কর্ত্তব্য অথবা যিনি স্মরণের যোগ্য। ২ জনহিতকারী বলিয়া যিনি খ্যাত; যশস্বী; সর্বজনমান্য ও সকলের ভক্তিভাজন। > স্ত্রীং ~া।

প্রাতর্ [প্রাতঃ দ্রঃ] অ, প্রত্যূষ; প্রভাত; দিনমুখ।

প্রাতরাশ [প্রাতর্+অশ্ (ভোজন করা)+অ (ভা°)। সাময়াস দ্রঃ] বি, প্রাতর্ভোজন; প্রভাতকালীন ভোজন: ছোট হাজরি (দ্রঃ) breakfast. বিণ, প্রাতরাশিত-যার প্রাতরাশ হইয়াছে; কৃতপ্রাতর্ভোজন। স্ত্রীং ~া।

প্রাতরাহ্নিক [প্রাতর্+আহ্নিক] বি, প্রাতঃসন্ধ্যা; প্রাতঃকালীন সন্ধ্যাবন্দনা: ত্রিসন্ধ্যার মধ্যে প্রথম সন্ধ্যাকৃত্য।

প্রাতর্গেয় [প্রাতর্ (প্রভাতে)+গেয় (গৈ=গান করা+য, র্ম্ম)] বিণ, প্রভাতে গীত হইবার উপযুক্ত। ২ বি, স্তুতিপাঠকারী।

প্রাতর্বাক্য [প্রাতর্+বাক্য] বি, দিবসারম্ভের প্রথম কথা। ২ [প্রাদে° ব্যবহারে। প্রাতঃকালীন আশীর্ব্বাদ ফলে এই বিশ্বাস >] প্রাতের আশীর্ব্বাদ বা অভিশাপ বাক্য। রাত্রের প্রাতর্বাক্যে, রাত্রের প্রাতঃ বাক্যে [রাত্রের আশীর্ব্বাদ ফলে না এই বিশ্বাস হতে] রাত্রি প্রভাতে গ্রাহ্য বাক্য বা আশীর্বচনে অর্থাৎ রাত্রে আশীর্ব্বাদ করিলেও রাত্রি প্রভাতের উদ্দেশে উক্ত বুঝিতে হইবে (প্রাতঃপ্রণাম দ্রঃ)। প্র-রাত্রের প্রাতর্বাক্যে দীর্ঘজীবী হও।

প্রাতর্ভোজন [প্রাতর্+ভোজন] বি, প্রাতঃকালীন আহার; প্রাতরাশ breakfast. বিণ, প্রাতর্ভোক্তা [প্রাতর্+ভোক্তৃ=ভুজ্ (ভোজন করা)+তৃ (তৃ)=ভোক্তৃ ১মা, ১ব°] বিণ, প্রাতঃকালে ভোজনকারী। ২ বি, কাক।

প্রাতিকামী [প্র-অতি-কামিন্ ১মা, ১ব°] বি, দুর্য্যোধনের দূতবিঃ।

প্রাতিকূলিক [প্রতিকূল + ইক (স্বার্থে)] বিণ, প্রতিকূলবর্ত্তী।

প্রাতিকূল্য [প্রতিকূল+য (ভা°)] বি, প্রতিকূলাচার; বিরুদ্ধাচরণ।

প্রাতিপক্ষ [প্রতি (বিপরীত)+পক্ষ +অ (স্বার্থে)] বিণ, বিপরীত পক্ষাবলম্বী। ২ প্রতিকূল; বিরোধী। ৩ বি, শত্রু; প্রতিদ্বন্দ্বী; বিপক্ষ।

প্রাতিপথিক [প্রতিপথ + ইক (গমনার্থে)] বিণ, বিপরীত পথগামী ; প্রতিকূলগামী।

প্রাতিপদ [প্রতিপদ্ + অ (জাতার্থে)] বিণ, প্রতিপদ তিথিতে জাত।

প্রাতিপদিক [প্রতিপদ (দ্রঃ) + ইক (জাত বা সম্বন্ধার্থে)] বিণ, প্রতিপদসংক্রান্ত। ২ প্রতিপদে ঘটিত বা জাত। ৩ [ব্যা॰] বিভক্তিহীন বিশেষ্য বা বিশেষণবাচক পদ। ৪ ধাতুর উত্তর প্রত্যয় যোগে নিষ্পন্ন শব্দ। ধাতু বা প্রাতিপদিকে বিশেষ বিশেষ অর্থে যা যুক্ত হয় তা প্রত্যয়। প্রাতিপদিকের উত্তর যে প্রত্যয় হয় তা তদ্ধিত প্রত্যয়। ৫ নাম বা অভিধা ; লিঙ্গ।

প্রাতিফলিক, প্রাতিবিম্বিক [প্রতিফল, প্রতিবিম্ব + ইক (জাতার্থে)] বিণ, প্রতিবিম্বক ; প্রতিচ্ছায়ারূপে পরিণত reflecting.

প্রাতিবেশ্য [প্রতিবেশ + য (স্থিত অর্থে)] বিণ, প্রতিবেশবাসী ; সমীপবাসী। ২ [সম্বন্ধে বণ্] প্রতিবেশ সম্বন্ধীয়।

প্রাতিভ [প্রতিভা + অ (ষ্যা॰)] বিণ, প্রতিভাবিশিষ্ট; তীক্ষ্ণবুদ্ধিশালী ; প্রতিভাবান্। ২ [দর্শন পরিঃ] যোগসাধনার অন্তরায় বা বিঘ্নকর উপসর্গবিঃ।

প্রাতিভাব্য [প্রতিভূ (জামিন) + য (ভা॰)] বি, জামিন। ২ যা প্রতিভূস্বরূপ গচ্ছিত করিতে হইবে বা রক্ষণীয়।

প্রাতিলোম্য [প্রতিলোম + য (ভা॰)] বি, বিপর্য্যয় ; বিরুদ্ধতা। ২ প্রতিলোম সংযোগ।

প্রাতিশাখ্য [বৈদিক] বি, শৌনকাদি ঋষি রচিত ঋগাদি বেদের শাখাসম্বন্ধীয় ব্যাকরণ।

প্রাতিহার [প্রতিহার (দ্রঃ) + অ (স্বার্থে)] বি, প্রতিহারের বৃত্তি ; দৌবারিকের কার্য্য। ২ যাদুকর। ~ক, প্রাতিহারিক (-স্ত্রী॰) [প্রতিহার + ক, ইক (স্বার্থে)] বি, যাদুকর ; ঐন্দ্রজালিক ; বাজিকর।

প্রাতিহার্য্য [পা॰ "পাটিহারিয়ং"] বি, অলৌকিক কার্য্য। ~পক্ষ [বৌ॰ সা॰] বর্ষার তিনমাস (এই সময় নিয়ত অষ্টাঙ্গশীল পালন করিতে হয়)। ২ বর্ষাবসানের অব্যবহিত পরবর্ত্তী মাস (উক্ত ব্রত পালনীয়)। ৩ উক্ত মাসের ১৫ দিন (ব্রত পালনীয়)। "প্রতিহার্য্য-পক্ষে আমি অষ্টশীল পালি সযতনে ;" — জাতক, ৪র্থ খণ্ড।

প্রাতীপ [প্রতাপ + অ (অপত্যার্থে)] বি, রাজা প্রতীপের পুত্র ; শান্তনু।

প্রাতীপিক [প্রতীপ + ইক (যুক্তার্থে)] বিণ, বিরুদ্ধাচারী।

প্রাত্যয়িক [প্রত্যয় + ইক (যুক্তার্থে)] বিণ, প্রত্যয়যুক্ত ; প্রত্যয়ী ; বিশ্বাসী। ২ জামিন ; প্রতিভূ।

প্রাত্যহিক [প্রত্যহ + ইক (সম্বন্ধে -ভাবে॰)] বিণ, দৈনিক ; প্রতিদিবসীয়। স্ত্রীং ~ী।

প্রাথমকল্পিক [প্রথমকল্প + ইক] বি, বেদশিক্ষার্থী ; বেদপাঠারম্ভকারী ছাত্র। ২ বিণ, প্রথমকল্প সম্বন্ধীয়। ৩ প্রথমকল্পে

প্রাথমিক [প্রথম + ইক (ভাবে॰ বা সম্বন্ধার্থে)] বিণ, প্রথমকৃত ; আদ্য ; প্রথমকালীন। ২ প্রারম্ভিক ; আরম্ভকালীন ; প্রথমারম্ভ কালোপযোগী ; প্রথম সময়ের। ৩ প্রথম বেদাধ্যায়ী। বি, ~তা (-স্ত্রী॰)।

প্রাথম্য [প্রথম + য (ভা॰)] বি, প্রাধান্য ; মুখ্যত্ব ; শ্রেষ্ঠত্ব। ২ প্রথমতা ; প্রধানতা।

প্রাদি [প্র আদি যাদের, বহু॰] বি, প্র, পরা ই॰ বিংশতিটা উপসর্গ। ~সমাস—প্র, পরাদি উপসর্গযোগে নিষ্পন্ন সমাস।

প্রাদুর্ভাব [প্রাদুস্=প্রাদুঃ + ভূ (হওয়া) + অ(ভা॰)] বি, আবির্ভাব; উদ্ভব। ২ প্রথম প্রকাশ। ৩ প্রাবল্য। বিণ, **প্রাদুর্ভূত** [প্রাদুস্ + ভূ + ত (র্তৃ)] বিণ, প্রকটীভূত ; প্রকাশিত ; আবির্ভূত ; জাত। > স্ত্রীং ~া।

প্রাদেশ [প্র-দিশ্ (বলা) + অ (ভা॰)] বি, বৃদ্ধাঙ্গুলি হতে তর্জ্জনীর বিস্তার পরিমাণ। ২ [প্রদেশ + অ (স্বার্থে)] দেশ।

প্রাদেশি/ক [প্রদেশ + ইক (ভবার্থে, সম্বন্ধার্থে)] বিণ, প্রদেশজাত ; প্রদেশোৎপন্ন। ২ প্রদেশ সম্বন্ধীয়। ৩ প্রদেশগত। ~কতা [প্রাদেশিক দ্রঃ] বি, কথিত ভাষায় প্রদেশভেদজাত বিকার ; কথিত ভাষা একদেশীয় হইয়াও সেই দেশের ভিন্ন ভিন্ন প্রদেশে বা একজাতীয় হইয়াও সেই জাতির বিভিন্ন সমাজে কথনভঙ্গী বা উচ্চারণাদি ভেদে তারতম্যগত এবং ভাষান্তরের সংস্রবহেতু বিকারপ্রাপ্ত হইলে, সেই বিকার বা তারতম্যকে প্রাদেশিকতা (provincialism) বলে। বঙ্গভাষায় প্রাদেশিকতার বহু নিদর্শন আছে, তন্মধ্যে ৪টী প্রাদেশিক বোলি বা বুলিই প্রধান। যথা—উত্তর প্রাদেশিক, যা পশ্চিমদিকে বিহারী ও মৈথিল এবং পূর্ব্বদিকে অসমীয় ভাষার মিশ্রণে বিকৃত ; দক্ষিণ পূর্ব্ব প্রাদেশিক, যা আরাকানি সংস্রবে চট্টলে এবং দক্ষিণ পশ্চিমে মেদিনীপুর অঞ্চলে ওড়িয়া সংস্রবে বিকারপ্রাপ্ত ; পূর্ব্ব প্রাদেশিক, যার অপর নাম 'বাঙ্গাল' এবং যার কেন্দ্রস্থল 'ঢাকা' ; এবং দক্ষিণ প্রাদেশিক, যা বহুলাংশে রাজধানী কলিকাতা ও তদঞ্চলে কথিত ভাষার অনুরূপ। সাহিত্যের ভাষায় উপর এই প্রাদেশিক ভাষার প্রভাব অধিক। এই প্রদেশবাসী লেখকের সংখ্যাও সমধিক। বঙ্গের অন্যান্য প্রদেশবাসী লেখকগণ ইহার অধিক অনুসরণ করেন। ইহা ব্যতীত শ্রীহট্টিয়া, রাঢ়ী (যা দক্ষিণ বিহারী সংস্রবে বিকারপ্রাপ্ত) প্রভৃতি আরও কয়েকটা প্রাদেশিক বোলি আছে, বাঙ্গালা শব্দকোষ প্রণেতা শ্রীযুক্ত যোগেশচন্দ্র বিদ্যানিধি মহাশয় ইহাকেই "ভাখা" নামে অভিহিত করিয়াছেন।

প্রাদোষিক [প্রদোষ + ইক (ভবার্থে ষ্ণিক)] বিণ, প্রদোষকালোৎপন্ন ; প্রদোষজাত ; সায়ংকালীন।

প্রাধা [পু॰] বি, দক্ষতনয়া, কশ্যপপত্নী এবং অপ্সরাদের জননী।

প্রাধান্য [প্রধান + য (ভা॰)] বি, প্রধানতা ; শ্রেষ্ঠতা। ২ প্রভুত্ব। ৩ প্রাবল্য।

প্রাধ্যয়ন [প্র (সম্যক্) + অধ্যয়ন, প্রাদি॰] বি, সম্যক্ বা বিশেষভাবে অধ্যয়ন। ২ বেদপাঠ।

প্রান্ত [প্র + অন্ত(শেষ)] বি, শেষসীমা ; অন্তভাগ। ~পাল—নগররক্ষক। ২ [অর্থ

শা০। পা০ অংভে মহামত্তা] সীমান্ত প্রদেশ-শাসক ; অন্তপাল। ~বর্ত্তী [মূ০ প্রান্তবর্ত্তিন্ ১মা, ১ব০] বিণ, শেষ সীমাস্থিত ; প্রান্তভাগে অবস্থিত। ~ভিত্তি [৬তৎ] বি, পার্শ্ব-প্রাচীর। "প্রান্তভিত্তি পরিবৃত হ'ল থরে থরে।" "সেই সব প্রান্ত-ভিত্তি ধূলি ধূসরিত।" -রামা০ (রাজ০)। ~শূন্য-বি, ছায়া-বিহীন পথ। ~স্থ,-স্থিত [প্রান্ত-স্থ, স্থিত, ৭তৎ] বিণ, শেষ সীমাস্থিত : প্রান্তবর্ত্তী।

প্রান্তর [প্র (প্রকৃষ্ট) অন্তর (ব্যবধান) যেখানে বহু০] বি, ছায়া জলাদিশূন্য প্রদেশ : মাঠ। "ভ্রমিলা প্রান্তরে কি দোষিব তোরে আমি পতি অভাজন।"-কবিক০। ২ অতি দূর অরণ্য ; বন ; জঙ্গল। ৩ কোটর।

প্রার্পণ [প্র-আপ্ (পাওয়া)+অন (ভা০)] বি, প্রাপ্তি। ২ পাওয়ান। বিণ, প্রার্পক-যে পায়। ২ [অর্থ শা০ পরি:] ইং payeeর বৈজ্ঞা০ পরি: (প্রকৃতি০)।

প্রার্পণিক [প্র-আপণিক (ব্যবসায়ী)] বিণ, বণিক্। ২ দোকানী।

প্রার্পণীয় [প্রাপণ (ভ্র:)+ঈয় (যোগ্য)] বিণ, প্রাপ্তিযোগ্য ; লভ্য।

প্রাপিত [প্র-আপ্ + ণিচ্ = প্রাপি (পাওয়ান)+ত (র্ম্ম)] বিণ, যা পাওয়ান হইয়াছে ; প্রাপ্তি করান।

প্রাপ্ত [প্র-আপ্ (পাওয়া)+ত (র্ম্ম)] বিণ, লব্ধ ; অধিগত। ২ গৃহীত। ~কল্যাণ [প্রাপ্ত (লব্ধ) কল্যাণ (মঙ্গল, সৌভাগ্য) যৎকর্ত্তৃক, বহু০] বিণ, লক্ষ্মীমন্ত ; ভাগ্যবান্। ~কাল [প্রাপ্ত (আগত) কাল (মৃত্যুসময়) যার, বহু০] বিণ, যার মরণকাল উপস্থিত হইয়াছে : আসন্নমৃত্যু। ২ প্রাপ্তাবকাশ। > স্ত্রী: ~া। ~ধন-উত্তরাধিকার সূত্রে লব্ধ সম্পত্তি। "তাহার প্রাপ্তধন অপেক্ষা অধিক।"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ২ লব্ধধন। ~পঞ্চত্ব [প্রাপ্ত (উপস্থিত, আগত) পঞ্চত্ব (মৃত্যু) যার, বহু০] বিণ, মৃত। ~বয়স্ক, ~বয়া: [প্রাপ্ত (আগত, উপস্থিত) বয়স (পূর্ণ বয়স, সাবালকত্ব) যার, বয়া: (বয়স্ক) যে, বহু০ বিণ, পূর্ণবয়স্ক ; সাবালক। ~বয়স-বিণ, সাবালক হইবার বয়স। ২ বিণ, পূর্ণবয়স্ক। ~বুদ্ধি [প্রাপ্ত (আগত, উপস্থিত) বুদ্ধি যার, বহু০] বিণ, জ্ঞানী ; বুদ্ধিমান। ২ শিক্ষিত। ~ব্য (-প্তৃ-) [প্র+আপ্ (প্রাপ্তি+তব্য (র্ম্ম)] বিণ, প্রাপ্তিযোগ্য ; প্রাপ্য ; লব্ধব্য। ২ গন্তব্য : গম্য। ~ব্যবহার [প্রাপ্ত ব্যবহার যৎকর্ত্তৃক, বহু০] বিণ, প্রাপ্তবয়স্ক ; সাবালক। ~ভার পাপ্ত-ভার যৎকর্ত্তৃক, বহু০] বি, ভার-বহনক্ষম বা ভার-সহিষ্ণু উষ্ট্র গর্দ্দভাদি। ২ বিণ, ভারগ্রস্ত। ~যৌবন [প্রাপ্ত (আগত, উপস্থিত) যৌবন যার, বহু০] বিণ, পূর্ণবয়স্ক ; সোমত্ত। > স্ত্রী: ~যৌবনা। ~রূপ [প্রাপ্ত রূপ (আকৃতি) যৎকর্ত্তৃক, বহু০] বিণ, রমণীয় ; সুন্দর ; রম্য। ২ পণ্ডিত। > স্ত্রী: ~রূপা।

প্রাপ্তাপরাধ [প্রাপ্ত+অপরাধ (ত্রুটি, দোষ)] বিণ, যাকে অপরাধ বা দোষ স্পর্শ করিয়াছে ; অপরাধগ্রস্ত ; যে দোষের ভাগী হইয়াছে। স্ত্রী: ~া।

প্রাপ্তি [প্র-আপ্ (পাওয়া) + তি (ভা০)] বি, প্রাপণ। ২ আয় ; উপার্জ্জন। "লোকের যখন শ্রীবৃদ্ধি হয়, তখন নানা প্রকারেই প্রাপ্তি হইয়া থাকে।"-টেকচাঁদ। ৩ লভ্য ; লাভ। "এ ব্যবসায়ে বেশ প্রাপ্তি আছে।" ৪ উন্নতি ; বৃদ্ধি। ৫ উপস্থিতি। ৬ যোগের অষ্ট ঐশ্বর্য্যের অন্যতম ; যথেচ্ছ গমনের শক্তি। ৭ কামপত্নীবি:। ৮ কংশপত্নীবি:। ~যোগ্য [৬তৎ] বিণ, প্রাপ্তব্য। ~স্থান [৬তৎ] বি, যে স্থানে পাওয়া যায় ; পাইবার ঠিকানা।

প্রাপ্ত্যাশা [প্রাপ্তি+আশা, ৬তৎ] বি, লাভের ইচ্ছা।

প্রাপ্য [প্রা-আপ্+য (র্ম্ম)] বিণ, লভ্য ; প্রাপণীয় ; প্রাপ্তব্য। ২ গমনযোগ্য ; গম্য ; গন্তব্য। ৩ [ব্যা০] কর্ম্মবি:। ~ব্য -বিণ, প্রাপ্য হওয়ার মত ; যা পাওয়া যাইবে। বিপরীত-অপ্রাপ্যব্য-যা পাওয়া যাইবে না।

প্রাবর [প্র-আ-বৃ (আবরণ করা)+অ (ণে)] বি, প্রাকার ; প্রাচীর ; বেড়া।

প্রাবরণ [প্রা-আ-বৃ (আবরণ করা) +অন (ণে)] বি, প্রকৃষ্ট আবরণ। ২ উত্তরীয় বস্ত্র ; আবরণ বস্ত্র ; উড়ানি। ৩ বহির্ব্বাস। "লোকে যখন তাহাকে নিবাসন ও প্রাবরণ দিতে চাহিল, তখনও সে ঐ দুই দ্রব্য গ্রহণ করিতে ইচ্ছা করিল না।"-জাতক, ৫ম খণ্ড।

প্রাবল্য [প্রবল+য (ভা০)] বি, প্রভাব ; শক্তি। ২ উৎকটতা ; প্রবলতা।

প্রাবার [প্র-আ-বৃ+অ (ণে)] বি, প্রাবরণ।

প্রাবাসিক [প্রবাস+ইক (ষ্ণিক)] বিণ, প্রবাস সম্বন্ধীয়। ২ প্রবাসের উপযোগী।

প্রাবীণ্য [প্রবীণ+য (ভা০)] বি, প্রবীণতা ; নৈপুণ্য ; পটুতা। "সুরেন্দ্রনাথের বিদ্যাবুদ্ধি পাণ্ডিত্য প্রা০ প্রচুর ছিল।"-ম০ মজুমদার (বৈশ্য পত্রিকা, শ্রাবণ, ১৩৩২)।

প্রাবৃট [প্র-আ-বৃষ্ (বর্ষণ হওয়া) +ক্বিপ্ (ধি), যে কালে বৃষ্টি হয়] বি, বর্ষাকাল। "প্রাবৃট্ সময়ে গরজে ঘন ঘোর।"-জ্ঞান০। "প্রা০ প্রবৃত্ত হৈল ইন্দ্র আইল সেজে"-শি০।

প্রাবৃড়ত্যয় [প্রাবৃট্ (বর্ষা)+অত্যয় (অপগম) হয় যে সময়ে, বহু০] বি, শরৎকাল।

প্রাবৃত [প্র-আ-বৃ (আবরণ করা)+ত (র্ম্ম)] বিণ, যা আবরণ করা হইয়াছে ; আচ্ছাদিত ; বেষ্টিত। বি, প্রাবৃতি [প্র-আ-বৃ (আবরণ করা)+তি (ণে)] আবেষ্টন ; বেড়া। ২ [ভা০] আচ্ছাদন।

প্রাবৃষ্, ~ষা [প্র-আ-বৃষ্ (বর্ষণ হওয়া)+ক্বিপ্ (ধি),+আ (ধি), যে সময়ে বৃষ্টি হয়] বি, বর্ষাকাল। বিণ, প্রাবৃষ্য-বর্ষাকালীন।

প্রাবৃষিক [প্রাবৃষ্ (বর্ষা)+ইক (ভবার্থে ষ্ণিক), কিম্বা প্রাবৃষি (বর্ষাকালে) কৈ (রব করা)+অ (র্ত্তৃ), যারা বর্ষাকালে উচ্চ শব্দ করে] বি, শিখী ; ময়ূর। ২ বিণ, বর্ষাকালীন।

প্রাবৃষিজ [প্রাবৃষি (বর্ষাকালে) জ (যে জন্মে)] বি, কদম ফুলের গাছ। ২ বিণ, বর্ষাকালীন ; বর্ষা ঋতুতে জাত।

প্রাবৃষ্য [প্রাবৃষ্ (বর্ষাকাল) + য (ভবার্থে)] বি, বৈদূর্য্য মণি। ২ বিণ, প্রাবৃষিক ; বর্ষাকালীন।

প্রাবেশন [সং] বি, কারুভবন ; শিল্পশালা।

প্রাবেশিক [প্রবেশিকা (দ্রঃ) > । ইং Entrance শব্দের বঙ্গানুবাদ] বিণ, বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করিবার অধিকার প্রদায়ী। ~**পরীক্ষা**-স্কুলের শেষ (school-final) ও কলেজে প্রবেশ করিবার অধিকার বা যোগ্যতা সম্পাদক পরীক্ষা Entrance Examination (অধুনা Matriculation Exam.)। "সেই সময় বিশ্ববিদ্যালয়ের প্রা॰ ও অন্য কয়টি পরীক্ষায় বাঙ্গালী শিক্ষার্থীর পক্ষে বাঙ্গালা ভাষা অবশ্য পাঠ্য বিষয়ের তালিকাভুক্ত হয়"-প্রবাসী, আশ্বিন, ১৩৩৯।

প্রাভঞ্জন [সং] বি, স্বাতি নক্ষত্র।

প্রাভব [সং] বি, প্রাধান্য। ২ প্রভুত্ব।

প্রাভাকর [প্রভাকর + অ (সম্বন্ধে)] বিণ, প্রভাকর সম্বন্ধীয়। ২ মীমাংসকমতজ্ঞ।

প্রাভাতিক [প্রভাত + ইক (সম্বন্ধার্থে ষ্ণিক)] বিণ, প্রভাতসংক্রান্ত। ২ প্রাতঃকালীন।

প্রামাণিক [প্রমাণ + ইক (ষ্ণিক)] বিণ, বিশ্বাস্য। ২ পুরা ; পাকা। "প্রামাণিক যোজন গভীর বহে জল। ইহে উপজয়ে ভাই কেমনে কমল॥" -কবিক॰। ৩ প্রমাণসিদ্ধ proved ; authoritative. "তাদৃশ অমুক্ত লোকের অনুষ্ঠিত যে কর্ম্ম, লোকে তাহা প্রামাণিক মনে করে না" -মহা॰ (বর্দ্ধ॰)। ৪ অধ্যক্ষ। ৫ প্রধান। ৬ বিজ্ঞ। ৭ বি, মর্য্যাদার্হ। ৮ শাস্ত্রজ্ঞ। ৯ [+ ইক(র্ত্তৃ)] প্রমাণকর্ত্তা। ১০ পরিচ্ছেদক। ১১ সমাজ ব্যবস্থাপক। ১২ [গ্রা॰ পরমাণিক, পরামাণিক] নাপিত। ~**তা** (-র্ক-)-বি, প্রমাণসিদ্ধতা ; বিশ্বাসযোগ্যতা authority ; trustworthiness.

প্রামাণ্য [প্রমাণ-ষ্ণ্য] বি, প্রমাণত্ব, বিণ, প্রামাণিক ; প্রমাণসিদ্ধ ; বিশ্বাসযোগ্য। "তাহার মতকে প্রামাণ্য বলিয়া গ্রহণ করা হইত"-বিচিত্র, চৈত্র, ১৩৩৪।

প্রামাদিক [প্রমাদ + ইক] বিণ, প্রমাদজনিত। ২ প্রমাদ সম্বন্ধীয়।

প্রায় [সং] অ, বাহুল্যবোধক ; আধিক্যার্থক। ২ ঘন ঘন। ৩ মধ্যে মধ্যে। ৪ সচরাচর ; সাধারণতঃ generally. ৫ অল্পতাবোধক ; সামান্য ; ঈষৎ। ৬ বি, উপবাস ; মৃত্যু ইচ্ছা করিয়া অনশন। ৭ মৃত্যু। ৮ পাপ। ৯ বিণ, তুল্য ; সম ; সদৃশ ; মত (এই অর্থে অন্য শব্দের পর প্রযুক্ত হয়)। প্র-নির্ব্বাপিত প্রায়।

প্রায়ণ [বৈদিক] বি, যজ্ঞারম্ভ।

প্রায়শঃ [এই সং শব্দ বাং-য় অবিকল গৃহীত। আধু॰ বাং-য় বিরল] অ, সদাসর্ব্বদা : সচরাচর very frequently. ২ বাহুল্যরূপে। ৩ অধিকাংশ।

প্রায়শ্চি/ত্ত, প্রায়শ্চি/ত্তি [সং-প্রায়ঃ(পাপ) + চিত্তং(তাহার বিশোধন)। "প্রায়ঃ পাপং সমুদ্দিষ্টং চিত্তং তস্য বিশোধনা" (পাপের বিশুদ্ধি)। "প্রায়ো নাম তপঃ প্রোক্তং চিত্তং নিশ্চয় উচ্যতে। তপোনিশ্চয়-সংযুক্তং প্রায়শ্চিত্তমিতি স্মৃতম্"-অঙ্গিরাঃ। গ্রা॰ পরাচিত্তি (মৈ॰ গী॰), ২৪ পরগণা অঞ্চলে-প্রাশ্চিত্তি, পেরাচিত্তির] বি, চিত্তের বিশুদ্ধতা। ২ পাপক্ষয়-সাধন কর্ম্ম। "প্রায়শ্চিত্ত ভয় সেখানে কি হয় যেখানে তোমার জল।"-অ॰ ম॰। ~**ত্তার্হ** [প্রায়শ্চিত্ত + অর্হ] বিণ, প্রায়শ্চিত্তোপযোগী। ~**ত্তী**-বিণ, প্রায়শ্চিত্তার্হ ব্যক্তি। ~**ত্তবিধি, -বিধান**-পাপক্ষয় নিমিত্ত কৃচ্ছ্রসাধন বিধি। ২ তদ্বিষয়ক শাস্ত্র গ্রন্থ।

প্রায়াণিক [প্রয়াণ (যাত্রা) + ইক (সম্বন্ধে)] বিণ, যাত্রাকালে মাঙ্গলিক শঙ্খ চামরাদি।

প্রায়িক [প্রায় + ইক] বিণ, যা বাহুল্যভাবে হইয়া থাকে। ২ আন্দাজ approximate.

প্রায়োগিক [প্রয়োগ + ইক] বিণ, প্রয়োগযোগ্য।

প্রায়োজ্য [প্র-যুজ + ণিচ্=যোজি(যোগ করান) + য (র্ম্ম)] বিণ, প্রয়োজনযোগ্য ; প্রয়োজনার্হ।

প্রায়োদ্বীপ [প্রায়স্(বহুল পরিমাণে)= প্রায়ঃ + দ্বীপ (জলবেষ্টিত ভূমি)] বি, প্রায় চতুর্দ্দিকে জলবেষ্টিত ভূমি ; উপদ্বীপ।

প্রায়োপবিষ্ট [প্রায় (মরণের জন্য অনশন) + উপবিষ্ট (আসীন)] বিণ, অনশনে মৃত্যুর জন্য আসীন ; ইচ্ছাপূর্ব্বক অনশনে মরণার্থ কৃতোপবেশন।

প্রায়োপবেশ, প্রায়োপবেশন [প্রায় (ইচ্ছাপূর্ব্বক অনশন-মৃত্যু) + উপবেশ (অবস্থান), ৪তৎ] বি, ইচ্ছাপূর্ব্বক অনশনে মরণার্থ অবস্থিতি ; সন্ন্যাসগ্রহণপূর্ব্বক অনাহারে মৃত্যুর অপেক্ষায় উপবেশন। "কপিসৈন্যদের পরে প্রা॰"-রামা॰ (রাজ॰)।

প্রায়োপবেশিকা [প্রায় + উপবেশিকা] বি, প্রায়োবেশন।

প্রায়োপেত [প্রায় (প্রায়োপবেশ দ্বারা) + উপেত (যুক্ত), ৩তৎ] বিণ, মৃত্যুর নিমিত্ত অনশনে উপবিষ্ট।

প্রারব্ধ [প্র (প্রকৃষ্টরূপে) + আরব্ধ। গ্রা॰ প্রালব্ধ] বিণ, আরম্ভিত। ২ পূর্ব্ব জন্মের কারণভূত অদৃষ্ট। ২ বি, প্রাক্তন ; অদৃষ্ট।

প্রারম্ভ [প্র (প্রকৃষ্টরূপে) + আরম্ভ] বি, কর্ম্ম। ২ সূত্রপাত ; প্রথমোদ্যোগ ; আরম্ভ। বিণ, প্রারম্ভিক। ~**সূচক**-বি, আরম্ভজ্ঞাপক ; আরম্ভিক।

প্রারম্ভিক [প্রারম্ভ + ইক (ষ্ণিক, ইদমর্থে)] বিণ, উদ্যোগিক : সূত্রপাত সম্বন্ধীয়। ২ [বলবিদ্যা॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং initial এর বৈজ্ঞা॰ পরিঃ (তুল-initial velocity)।

প্রার্থ/ন, প্রার্থ/না [প্র + অর্থ + ণিচ্=অর্থি + অন (ভা॰), + আ] বি, নিবেদন; আবেদন। ২ যাচ্‌ঞা। ৩ [অর্থ-শা॰] "দিন" এই বাক্য (পত্যাখ্যান দ্রঃ)। ৪ অবরোধ। ৫ আক্রমণ। ৬ বিদ্বেষ। ৭ অভিযান। ৮ গর্ভাঙ্কবিঃ। ~**ক**-বিণ, প্রার্থনাকারী : যাচক ; প্রার্থী। ~**নীয়** [প্র + অর্থি (অর্থ + ণিচ্) + অনীয় (র্ম্ম)] বিণ, প্রার্থয়িতব্য ; যাচিতব্য। ~**য়িতব্য** [- + তব্য (র্ম্ম)] বিণ, প্রার্থনার যোগ্য। > স্ত্রীঃ ~া। ~**য়িতা** [- + তৃ (র্ত্তৃ) = প্রার্থয়িতৃ ১মা, ১ব॰] বিণ, প্রার্থক ; যাচক।

প্রার্থিত [প্র-অর্থ্ + ণিচ্=প্রার্থি + ত (র্ম্ম)] বিণ, অভীপ্সিত ; অভিলষিত। ২ যাচিত ; যাঁ যাচ্‌ঞা করা হইয়াছে ; বাঞ্ছিত। ৩ যার নিকট প্রার্থনা করা হইয়াছে। ৪

অভিঘাত। ৫ আক্রান্ত। ৬ নিহত। ~বান্ [সং প্রার্থিতবৎ ১মা, ১ব॰] বিণ, প্রার্থনাকারী; প্রার্থয়িতা। > স্ত্রীং ~বতী।

প্রার্থী [সং প্রার্থিন্ ১মা, ১ব॰] বি, আবেদক; নিবেদক। ২ যাচক। স্ত্রীং প্রার্থিনী।

প্রার্দ্ধ [সং-প্রারব্ধ > দ্রং, প্রা॰ কথা ভাবায়] বি, প্রারব্ধ দ্রঃ।

প্রালম্ব, প্রালম্বক, প্রালম্বিকা [সং] বি, সরল লম্বমান কণ্ঠহার।

প্রালেয় [সং] বি, তুষার; হিম।

প্রাশ, প্রাশন [প্র-অশ্ (ভোজন করা) + অ, অন (ভা॰)] বি, আহার; অশন; ভোজন। ২ আহার্য্য। "অপার সন্তোষে তুমি বিলাইয়া দিতে অন্নপ্রাশ।"-ঋষি দ্বিজেন্দ্র (করুণা নিধান বন্দ্যো॰)। ৩ সেব্য।

প্রাশস্ত্য [প্রশস্ত+য (ভা॰)] বি, উৎকৃষ্টতা। ২ প্রশস্ততা। ৩ বিস্তৃতি।

প্রাশিত [প্র-অশ্ (ভোজন করা) + ত (র্ম্ম)] বিণ, যা ভোজন করা হইয়াছে; ভুক্ত; ভক্ষিত; গ্রস্ত। ২ [ভা॰] বি, ভক্ষণ। ৩ পিতৃযজ্ঞ; তর্পণ।

প্রাশ্নিক [প্রশ্ন+ইক (যে করে)] বিণ, যে প্রশ্ন করে; প্রশ্নকর্ত্তা; প্রশ্নকারী। ২ পরীক্ষক। ৩ প্রশ্ন শ্রবণ করিয়া যে মীমাংসা করে; প্রশ্নমীমাংসক। ৪ বি, সভ্য।

প্রাস [প্র-অস্ (ক্ষেপণ করা) + অ (র্ম্ম)] বি, ক্ষেপকাস্ত্রবিঃ। প্রাসের আকৃতি-সাত হাত লম্বা বংশাদি দণ্ড, তার মস্তকে লোহার তীক্ষ্ণ ফলা, মূলে সূক্ষ্ম ও তীক্ষ্ণ লৌহশলাকা, ফলকের নীচে ও মূলে রেশম স্তবকে সুশোভিত, ইহার চারি প্রকার ব্যবহারের নিয়ম-আকর্ষণ, বিকর্ষণ, ধূনন অর্থাৎ ইতস্ততঃ পরিচালন ও পশ্চাৎ বিদ্ধকরণ। "প্রাস, শরাসন করিয়া ধারণ প্রহরীর কার্য্য করে"-রামা॰ (রাজ॰)। চাণক্য প্রণীত অর্থশাস্ত্রের (সমাদার মহাশয়কৃত) বঙ্গানুবাদে "২৪ অঙ্গুলি পরিমিত এবং দুইটী হাতলবিশিষ্ট অস্ত্র" লিখিত হইয়াছে।

প্রাসক [প্রাস+ক (সংজ্ঞার্থে)] বি, প্রাস নামক অস্ত্র; কুন্ত (দ্রঃ)। চাণক্য প্রণীত অর্থশাস্ত্রের বঙ্গানুবাদে (সমাদার॰) আছে- "কুন্ত (৫, ৬ কি ৭ হাত দীর্ঘ কাষ্ঠ-খণ্ড)"। ২ অক্ষ; পাশক; পাশা।

প্রাসঙ্গ [প্র-আ-সনজ্ (আসক্ত হওয়া) + অ (র্ম্ম)] বি, জোয়াল।

প্রাসঙ্গিক [প্রসঙ্গ+ইক] বিণ, প্রসঙ্গ-ক্রমে উপস্থিত; প্রসঙ্গোত্থিত। ২ সম্পর্কীয়; সম্বন্ধীয়। স্ত্রীং প্রাসঙ্গিকী-সম্পর্কীয়া। ২ প্রসঙ্গিকা; প্রসঙ্গ পুস্তক book of reference.

প্রাসাদ [প্র-আ-সদ্ (গমন করা) + অ (ঘি), বিশ্রামার্থ গমন করা হয় যেখানে] বি, রাজভবন; রাজ অট্টালিকা। ২ সুবৃহৎ ইষ্টকালয়। ৩ ইষ্টকনির্ম্মিত দেবগৃহ; ইষ্টকরচিত দেবালয়। ~কুক্কুট-প্রাসাদের (অট্টালিকায়) কুক্কুট (কুঁকড়া)] বি, পায়রা। ~শিখর [৬তৎ] বি, মন্দিরাদির চূড়া; হর্ম্ম্যাদির অগ্রভাগ।

প্রাসিক [প্রাস(কুন্ত) + ইক(গ্রহণার্থে)] বিণ, প্রাস অস্ত্র সম্বন্ধীয়। ২ কুন্তাস্ত্রধারী।

প্রাস্থানিক [প্রস্থান+ইক] বিণ, বিদায়কালোচিত; প্রস্থানকালোচিত।

প্রাহরিক [প্রহর+ইক (সম্বন্ধার্থে)] বিণ, প্রহরসংক্রান্ত।

প্রাহসনিক [প্রহসন+ইক] বিণ, প্রহসন সম্বন্ধীয়। ২ হাস্যরসিক। ৩ বি, বিদূষক; প্রহসনের অভিনেতা।

প্রাহ্ণ [প্র (পূর্ব্ব)-অহন্ (দিন)। অহন্= অহ্ণ] বি, পূর্ব্বাহ্ণ; প্রভাত; প্রাতঃসময়। "তাহা লইয়া অদ্য প্রাহ্ণে রাজাকে শ্রবণ করাইয়াছেন এবং মাধবাচার্য্যের অনেক নিন্দা করিয়াছেন।"-মৃণালিনী।

প্রিজম [ফ্রা॰ (কং বিশ্ব॰ পরিঃ)] বি, ইং prism এর বৈজ্ঞা॰ পরিঃ; ত্রিপার্শ (হিং কো॰); তেশিয়া কাচ (বড় য়া॰)।

প্রিণ্টার [ইং printer এর লিপ্যন্তর] বি, মুদ্রাকর।

প্রিন্সিপাল [ইং principal এর লিপ্যন্তর] বি, উচ্চ বিদ্যালয়ের অধ্যক্ষ কলেজের অধ্যক্ষ।

প্রিভিকাউন্সিল [ইং privy council এর লিপ্যন্তর] বি, ব্রিটিশ গবর্ণমেন্টের উচ্চতম আদালত; রাজা বা রাণীর খাস মন্ত্রীসভা।

প্রিয় [প্রী (তুষ্ট হওয়া) + অ (র্ত্তৃ)। প্রী= প্রিয়। প্রাকৃ॰ পিঅ। প্রা॰ বাং-পুয়। "পুয় বনমালী"-শ্রী॰ কী॰] বি, স্বামী; পতি। "কর্পূর তাম্বুল গুয়া খপুর পুরিল সই প্রিয় বিনা কার মুখে দিব।"-নরোত্তম॰। ২ বিণ, প্রীতিভাজন; প্রিয়পাত্র। ৩ প্রীতিজনক। ৪ রম্য। স্ত্রীং ~া-দ্রঃ। "দুর্দ্দশা ঘটিবে তায় তেঁই প্রিয় করি"-ঘ॰। ~ক [প্রিয়+ক (জ্ঞা॰)] বি, মধুকর; ভ্রমর। ২ চিত্রমৃগ; উচ্চ মসৃণ কোমল চিত্রিত রোমাচ্ছন্ন মৃগ। ৩ কদম্ববৃক্ষ। ৪ প্রিয়ঙ্গু বৃক্ষ। ৫ কুঙ্কুম। ~প্রিং করা-ভালবাসা। "দুর্দ্দশা ঘটিবে তায় তেঁই প্রিয় করি।"-ঘ॰। ~কার, ~কারক, ~কারী [প্রিয়-কার, ইং (যে করে)] বিণ, হিতকারী; অনুকূল। ~কারিণী-'প্রিয়-কারী'র স্ত্রীলিঙ্গরূপ। ~কৃৎ [প্রিয়-কৃ(করা) + কিপ্-র্ত্তৃ(তৃ আগম)] বি, বিষ্ণু। ~চিকীর্ষা [প্রিয়-চিকীর্ষা (দ্রঃ)] বি হিতেচ্ছা; মঙ্গল-কামনা। ~চিকীর্ষু [প্রিয়-চিকীর্ষু (চিকীর্ষা-কারী)] বিণ, হিতৈষী; শুভাকাঙ্ক্ষী, হিতাভি-লাষী। ~জন [প্রিয়-যে জন, ধা)] বি, আত্মীয়। ২ সুহৃৎ; প্রিয়পাত্র। ~তম [প্রিয়+তম (অতিশয়ার্থে)] বিণ, অতিশয় প্রিয়; অত্যন্ত প্রণয়ভাজন। > স্ত্রীং ~তমা। ~তর [প্রিয়-তর (দুইটির মধ্যে তুলনায়)] বিণ, অধিক প্রিয়। স্ত্রীং ~তরা। ~তা, ~ত্ব [প্রিয়+তা -ত্ব (ভা॰)] বি, স্নেহ; প্রীতি; ভালবাসা; প্রেম; প্রণয়। ~তোষণ-বিণ, প্রিয়জনের সন্তোষ-জনক। ~দর্শন [প্রিয় (মনোজ্ঞ) দর্শন যার, বহু॰] বিণ, সুদৃশ্য; মনোজ্ঞদর্শন; সুন্দর। ২ বি, শুকপক্ষী। ~দর্শী [প্রিয়+দর্শী] বিণ, প্রিয় দর্শনকারী; যে সকলকে প্রীতির চক্ষে দেখে। ২ দর্শনকারীর প্রিয়; প্রিয়দর্শন; সুন্দর। ৩ [পা॰ পিয়দসী] সম্রাট অশোকের জনপ্রিয় নাম। ~পাত্র [প্রিয়-পাত্র, ধা] বিণ, স্নেহাস্পদ; প্রীতিভাজন। ~বচন [প্রিয়-বচন, ধা] বি, মিষ্টকথা; মধুরবাক্য; হিতভাষণ। ~বয়স্য [প্রিয়-বয়স্য, ধা] বি, প্রিয়সুহৃদ; প্রীতিভাজন বন্ধু। ~বাদী

[প্রিয়-বদ্ (বলা)+ইন্ (র্ত্তৃ, শীলার্থে)= প্রিয়বাদিন্ ১মা, ১ব॰] বিণ, হিতভাষী ; মিষ্টভাষী। ~বিয়োগ [৬তৎ] বি, প্রীতি-পাত্রের মৃত্যু ; প্রিয়জনের বিচ্ছেদ। ২ প্রীতিকর দ্রব্যের নাশ। ~বিয়োগবিধুর [প্রিয়ের বিয়োগ দ্বারা বিধুর, ৬তৎ পরে ৩য়া তৎ] বিণ, প্রিয়জনের বিচ্ছেদে কাতর। প্রীতিপাত্রের মৃত্যুতে ব্যথিত। > স্ত্রীং ~া। ~বিয়োগবিধুরতা [প্রিয়বিয়োগবিধুর (দ্রঃ)+তা (ভা॰)] বি, প্রিয়বিচ্ছেদজনিত ক্লেশ ; প্রীতিপাত্রের বিয়োগহেতু বৈকল্য। ~বিরহ [৬তৎ] বি, প্রীতিপাত্রের বিচ্ছেদ ; স্নেহাস্পদের মৃত্যু। বিণ, ~বিরহিত-প্রিয়জন হতে বিচ্ছিন্ন ; প্রিয়বিয়োগবিধুর। "সকলেই তাহাকে স্মরণ করাইয়া দেয় যে সে প্রিয়বিরহিত।"-উত্তরা, পৌষ, ১৩৩৩। > স্ত্রীং ~বিরহিতা। ~বিরহী-বিণ, প্রিয়-বিয়োগী। > স্ত্রীং ~বিরহিনী। ~ব্রত [প্রিয় ব্রত যার, বহু॰] বি, স্বায়ম্ভুব মনুর প্রথম পুত্র। ~ভাষণ [প্রিয় (মনোজ্ঞ) ভাষণ (বাক্য) যার, বহু॰] বিণ, মধুরভাষী। ২ [প্রিয়-যে ভাষণ (বাক্য), ধা] বি, প্রিয় কথা। ~ভাষী [প্রিয়ভাষিন্ শব্দ] বিণ, মিষ্টভাষী ; হিতবাদী ; প্রিয়বাদী। > স্ত্রীং ~ভাষিণী। ~মধু [প্রিয় মধু (মদ্য) যার, বহু॰] বি, কৃষ্ণাগ্রজ ; বলরাম। ~মাধব [প্রিয় যে মাধব, ধা] বিষ্ণু। ২ মাধবের প্রিয় ; বিষ্ণুর অভিলাষিত। ৩ মাধব যার প্রিয় এমন ব্যক্তি। এই অর্থে লোকের নাম। ~সখা, সখ [প্রিয়-যে সখি (বন্ধু), ধা)+অ ; সখি=সখ। বাং-র ~সখা'র ব্যবহার। পণ্ডিতী বাং-র ~'সখ'] বি, প্রিয়সুহৃদ ; পরম বন্ধু। ২ [বৈদ্যকে] খদির বৃক্ষ ; খয়ের গাছ। > স্ত্রীং সখী-প্রিয়সহচরী। ~সত্য [প্রিয়-সত্য, ধা] বি, প্রীতিপ্রদ সত্য ; মনোহর সত্য। ~সমাগম [৬তৎ] বি, প্রিয়জনের সহিত সংমিলন ; স্নেহাস্পদের সহিত মিলন ; প্রিয়-সংযোগ। ২ প্রণয়ী প্রণয়িনী বা নায়ক নায়িকার পরস্পর সাক্ষাৎ। ~সম্বন্ধ [প্রিয়-সম্বন্ধ, ধা] বি প্রীতিকর সম্পর্ক। ~সালক [সং। প্রা॰ পিয়াসাল] বি, পিয়াল গাছ।

প্রিয়ঙ্কর [প্রিয়-কৃ (করা)+অ (র্ত্তৃ)] বিণ, যে প্রিয়কার্য্য করে ; হিতকারী। > স্ত্রীং ~ঙ্করী-প্রিয়কারিনী। ২ [বৈদ্যকে] অশ্বগন্ধা ; শ্বেতকণ্টকারী।

প্রিয়ঙ্গু [সং] বি, সুগন্ধিলতাবিঃ ; গন্ধপ্রিয়ঙ্গু aglaia Roxburghiana· ২ ['প্রি॰ ধান্য' ও॰] কামিনীধান।

প্রিয়ম্বদ, প্রিয়ংবদ [প্রিয়ম্-বদ্ (বলা)+অ (র্ত্তৃ)] বিণ, যে প্রিয় বাক্য বলে ; প্রিয়ভাষক। "প্রিয়ম্বদ সখা"-হেম॰। ২ গন্ধর্ববিঃ। > স্ত্রীং ~া-প্রিয়বাদিনী ; মধুর-ভাষিণী। ২ কণ্বমুনির পালিতা কন্যা শকুন্তলার সখী। ৩ দ্বাদশাক্ষর ছন্দোবিঃ।

প্রিয়া [প্রিয় (প্রীতিভাজন)+আ (স্ত্রীং)] বি, পত্নী ; সহধর্ম্মিণী। ২ প্রণয়িনী ; প্রীতিপাত্রী।

প্রিয়াল [সং] বি, পিয়াল বৃক্ষ। স্ত্রীং ~া-দ্রাক্ষা।

প্রীণ [প্রী (প্রীত হওয়া)-ত (র্ত্তৃ)। ত=ন (নিপাতন সিদ্ধ)] বিণ, প্রীত ; সন্তুষ্ট। ২ প্রাচীন ; পুরাতন।

প্রীণন [প্রী+ণিচ্=প্রীণি+অন (ভা॰)] বি, তর্পন ; প্রীতকরণ ; তৃপ্তিজনন ; সন্তোষ সম্পাদন। বিণ, প্রীণিত-তর্পিত ; পরিতোষিত।

প্রীত [প্রী (তুষ্ট হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, তৃপ্ত ; তুষ্ট ; আনন্দিত ; আহ্লাদিত। ২ [প্রীতি > ব্রং প্রা॰ বাং-র-প্রীত। > প্রা॰ পিরীত, পীরিত] বি, প্রেম ; প্রীতি ; অনুরাগ ; "চকোরের প্রীত চাঁদের সহিত শশীও তেমতি তারে তোষে সুধাদানে।"-বাং-গান। "যে যে নারী সনে কৃষ্ণের কভু নাহি প্রীত"-গী॰ গিরি॰। "আমিত দুঃখিনী কুলকলঙ্কিনী হইনু করিয়া প্রীত।"-চণ্ডি॰। ৩ সদ্ভাব।

প্রীতি [প্রী (তুষ্ট হওয়া)+তি (ভা॰)। প্রা॰ পীরিতি, পিরিতি] বি, তৃপ্তি। ২ হর্ষ ; আনন্দ। ৩ অনুরাগ ; প্রেম। ৪ যোগবিঃ। ৫ কন্দর্পের অন্যতমা পত্নী। পঞ্চবিধা প্রীতি-ক্ষুদ্রকা (তুচ্ছ বিষয় জাত), ক্ষণিকা (ক্ষণস্থায়ী), অবক্রান্তিকা (আকস্মিক), উদ্বেগ (অতি বলবতী যাহার প্রভাবে লোক আত্ম সংবরণ করিতে না পারিয়া নৃত্য করিতে থাকে), স্ফুরণ (যে প্রীতির রস সর্ব্ব শরীরে সঞ্চারিত হইয়া দেহ যেন অবশ করিয়া দেয়)। "তাহার সর্ব্বশরীর পঞ্চবিধ প্রীতিরসে পরিপ্লুত হইল ;"-জাতক, ৫ম খণ্ড। ~উপহার [৬তৎ] বি, সানুরাগ দান ; প্রণয়যুক্ত উপঢৌকন। ~কর [প্রীতি-কর (যে করে)] বিণ, তৃপ্তিজনক ; আনন্দপ্রদ। ~দ [প্রীতি-দ (দান করা)+অ (র্ত্তৃ)] বি, মস্করাবাজ ; বিদূষক ; ভাঁড়। ২ বিণ, প্রীতিপ্রদ ; তৃপ্তি-দায়ক। ~দত্ত [প্রীতি দ্বারা দত্ত, ৩তৎ] বি, প্রীতিপূর্ব্বক দত্ত বস্তু ; প্রীতিদান। ~দান [৬তৎ] বি, ভালবাসার নিদর্শনস্বরূপ দান বা উপহার। "তখন জানকী অনসূয়ার প্রীতিদান লয়ে সহাস মুখে"-রামা॰(রাজ॰)। ~দায়ক [৬তৎ] বিণ, তৃপ্তিজনক ; হর্ষপ্রদ। > স্ত্রীং ~দায়িকা। ~নিলয় [৬তৎ] বি, প্রীতি-ধাম। ২ প্রীতির আধার। ~পরায়ণ [প্রীতি হইয়াছে পর (শ্রেষ্ঠ) অয়ন যার, বহু॰] বিণ, হৃষ্ট ; আনন্দময় ; অত্যন্ত প্রীতিযুক্ত। > স্ত্রীং ~পরায়ণা। ~পাত্র [৬তৎ] বি, প্রণয়াস্পদ ; প্রীতিভাজন। ২ আনন্দের সামগ্রী। ~পূর্ণ [প্রীতি দ্বারা পূর্ণ, ৩তৎ] বিণ, হর্ষপরিপূর্ণ ; আনন্দময় ; প্রেমপূর্ণ। ২ অনুগ্রহশীল। ~পূর্ব্বক [প্রীতি শব্দের উত্তর 'পূর্ব্বক' প্রত্যয়] ক্রি-বিণ, প্রণয়পূর্ব্বক ; তৃপ্তির সহিত ; আহ্লাদপূর্ব্বক। ~প্রফুল্ল [প্রীতি-প্রফুল্ল, ৩তৎ] বিণ, হর্ষোৎফুল্ল ; অনুরাগ-হেতু উৎফুল্ল ; সুখী। ~বর্দ্ধন [৬তৎ] বি, বিষ্ণু। ২ হর্ষবৃদ্ধি ; প্রীতিবর্দ্ধন। ৩ তৃপ্তিদায়ক ; সন্তোষবর্দ্ধক। ~ভাজন [৬তৎ] বি, অনুরাগের পাত্র ; প্রণয়াস্পদ ; স্নেহাস্পদ। ~ভোজ [প্রীতি (সম্বর্দ্ধক) ভোজ, ম॰ প॰ লো॰] বি, আনন্দভোজন ; উদ্যানাদিতে প্রীতিপূর্ব্বক ভোজন ; চড়ুই-ভাতি। ~ভোজ্য-বিণ, আনন্দ-ভোজে ভক্ষণীয়। ~মান [প্রীতি+মৎ (ব্যা॰)] বিণ, প্রীতিশালী ; প্রীতিযুক্ত ; সন্তুষ্ট ; প্রফুল্ল। > স্ত্রীং ~মতী। ~সম্ভাষণ [৬তৎ] বি, প্রণয়জ্ঞাপক সম্ভাষণ ; প্রীতিসূচক কথোপ-কথন। ~সূচক [প্রীতি-সূচক] বিণ,

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible]

আনন্দজনক ; তৃপ্তিপ্রদ। ২ সম্মানজনক। ৩ প্রণয়জ্ঞাপক।

প্রীভিকাউন্সিল, -কৌন্সিল্ [ইং privy council এর লিপ্যন্তর] বি, বিলাতের যে সভায় মোকর্দ্দমার শেষ নিষ্পত্তি হয় ; খাস দরবার।

প্রীয়মাণ [প্রী (তুষ্ট হওয়া) + আন (র্ম্ম), ম আগম] বিণ, সন্তুষ্ট।

প্রুষ্ট [প্রুষ্ (দগ্ধ করা) + ত (র্ম্ম), যা দগ্ধ করা হইয়াছে] বিণ, দগ্ধ ; ঝলসান।

প্রেক [পর্ত্তু॰ prego] বি, লোহকীলক।

প্রেক্ষ/ক [প্র-ঈক্ষ্ (দেখা) + অক (র্ত্তৃ)] বিণ, পরিদর্শক ; পর্য্যবেক্ষক। স্ত্রীং প্রেক্ষিকা। ~ণ [প্র-ঈক্ষ (দর্শন করা) + অন (ভা॰)] বি, দর্শন ; দৃষ্টি। ২ [+অন (ণে)] চক্ষু ; নয়ন। ~ণা-বি, পরিদর্শন। ~ণিক [প্রেক্ষণ+ইক] বিণ, পরিদর্শক ; পর্য্যবেক্ষক। ~ণিকা [পরিঃ(রবী॰)] বি, প্রদর্শনী exhibition. ~ণীয় [প্র-ঈক্ষ্ + অনীয় (র্ম্ম)] বিণ, পর্য্যবেক্ষণীয় ; সম্যক্ দর্শনীয়।

প্রেক্ষা [প্র-ঈক্ষ্ (দেখা + অ (ভা॰)] বি, দর্শন ; দৃষ্টি। ২ পর্য্যালোচনা। ৩ নৃত্য দর্শন। ৪ তীক্ষবুদ্ধি ; প্রজ্ঞা। ~গার [প্রেক্ষা + আগার] বি, নৃপতিগণের মন্ত্রণাভবন। ২ মানমন্দির observatory. ~গৃহ [প্রেক্ষা (দর্শন)-গৃহ] বি, অভিনয় নৃত্যাদি দর্শনার্থ দর্শকগণের বসিবার স্তরে স্তরে সজ্জিত আসনবিশিষ্ট গৃহ ; নাচঘর ; রঙ্গালয় gallery. ২ দর্শনাগার ; মানমন্দির observatory. ~বান্ [প্রেক্ষ+বৎ (অ্য॰)=প্রেক্ষাবৎ ১মা, ১ব॰] বিণ, বুদ্ধিবিশিষ্ট ; বিজ্ঞ ; জ্ঞানী। ২ বিমৃশ্যকারী ; বিবেচক।

প্রেক্ষিত [প্র-ঈক্ষ্ + ত (র্ম্ম)] বিণ, অবলোকিত ; দৃষ্ট।

প্রেঙ্খন [প্র-ইন্খ (গমন করা) + অন (ভা॰)] বি, চলন। ২ দোলন।

প্রেঙ্খা [প্র-ইন্খ্ (গমন করা) + অ (ণে)আ (স্ত্রীং)] বি, দোলা। ২ [+অ (ভা॰)] কম্পন ; আন্দোলন। ৩ অশ্বগতিবিঃ। ৪ পর্য্যটন ; পরিভ্রমণ। ৫ গতি। ৬ চলন।

প্রেঙ্খিত [প্র-ইন্খ্ (গমন করা) + ত (র্ম্ম)] বিণ, কম্পিত ; আন্দোলিত। ২ চালিত।

প্রেত [প্র-ই (গমন করা) + ত (র্ত্তৃ)] বি, যথানিয়মে ঊর্দ্ধদেহিক সম্পন্ন না হইলে মৃত ব্যক্তির আত্মা প্রেত নামে কথিত হয়। ২ পিশাচ ; শিবানুচর। "ডাকিনী যোগিনীগণ প্রেত ভূত অগণন সঙ্গে রঙ্গে নাচিয়া বেড়ায়।" -অ॰ ম॰। ৩ নরকস্থ ব্যক্তি। ৪ বিণ, মৃত ; স্বর্গীয়। "জীবন্ত কবি ও প্রেত কবি উভয় দলকেই"-কা॰ রায়, সম্মিলনী, ১৩৩৭। স্ত্রীং ~া-মৃতা। ২ বৈতরণী নদী। ~কর্ম্ম, ~কার্য্য, ~কৃত্য, ~ক্রিয়া [প্রেত নিমিত্ত কর্ম্ম, ৪তৎ] বি, অন্ত্যেষ্টিক্রিয়া : মৃত ব্যক্তির দাহ সপিণ্ডীকরণাদি ঊর্দ্ধদেহিক ক্রিয়া। ~গৃহ [৬তৎ] বি, শবদাহস্থান ; শ্মশান ; শব প্রোথিত করণের স্থান ; গোরস্থান। ~তর্পণ-বি, মৃতের তৃপ্তির নিমিত্ত জলদান। ~দেহ [৬তৎ] বি, মৃতদেহ। ২ মৃত্যুর পর জীবের সূক্ষ্মদেহ : প্রেত শরীর। ~নদী [৬তৎ] বি, বৈতরণী নদী। ~পক্ষ [৬তৎ] বি, গৌণ চান্দ্র আশ্বিন মাসের কৃষ্ণপক্ষ ; এই পক্ষের প্রতিদিন পিতৃগণের তর্পণ এবং পার্ব্বণ তিথিতে শ্রাদ্ধ কর্ত্তব্য বলিয়া উহার নাম প্রেতপক্ষ। ~পটহ-বি, মৃত্যুকালে বাদনীয় বাদ্যবিঃ। ~পতি [৬তৎ] বি, প্রেতরাজ ; যম। ~পিণ্ড [প্রেত উদ্দিষ্ট পিণ্ড, ম॰ প॰ লো॰] বি, মরণাবধি সপিণ্ডীকরণ পর্য্যন্ত মৃতের উদ্দেশে যে পিণ্ড দান করা হয়। ~পুর [৬তৎ] বি, যমালয়। > স্ত্রীং ~পুরী। ~বৎ-বিণ, প্রেতসদৃশ ; পিশাচতুল্য। ~বন [৬তৎ] বি, শ্মশান। ~বাহিত [প্রেত (পিশাচ) দ্বারা বাহিত (প্রাপিত, চালিত)] বিণ, ভূতাবিষ্ট ; ভূতে পাওয়া। ২ প্রেতচালিত। ~ভোগ্য [৬তৎ] বিণ, ভূত প্রেত পিশাচাদির উপভোগ্য ; পিশাচসেব্য। "এই দিব্য স্থল এ দ্রব্য সকল অন্নদা পূজার যোগ্য। না পূজি তাঁহারে যুবতী-বিহারে কেন কর প্রেতভোগ্য।"-অ॰ ম॰। ~মূর্ত্তি [প্রেত (সদৃশ) মূর্ত্তি, ম॰ প॰ লো॰, অথবা প্রেতের মূর্ত্তি, ৬তৎ] বি, পিশাচাকৃতি ; প্রেতের ন্যায় বীভৎস মূর্ত্তি ; পিশাচের ন্যায় আকার। ~যোনি-বি, দেবজাতিবিঃ ; পিশাচ ; ভূত ; প্রেতজন্ম বা কুল। ~রাজ [৬তৎ] বি, প্রেতপতি ; শমন। ~লোক [৬তৎ] বি, মৃত্যুর পর জীবগণের অবস্থিতি স্থান ; শমনালয় ; যমপুরী। ~শীলা [৬তৎ] বি, প্রেতগণের পিণ্ডদানের জন্য গয়াতীর্থে স্থিত প্রস্তরবিঃ। ~শৌচ [প্রেত-শৌচ (সংস্কার), ৬তৎ] বি, মৃতসৎকার। ~শ্রাদ্ধ [৬তৎ] বি, প্রেততর্পণ ; মৃতের উদ্দেশে কৃতশ্রাদ্ধ। ~হার, ~হারক [৬তৎ] বি, শববাহক।

প্রেতাত্মা [প্রেত+আত্মা, ৬তৎ] বি, মৃতের আত্মা। ২ প্রেত।

প্রেতাশৌচ [প্রেত+অশৌচ] বি, শব- বাহন জন্য অশৌচ (দ্রঃ)।

প্রেতিণী [প্রেতা (দ্রঃ) অর্থে বাং প্রা॰ প্রেত্নী] বি, প্রেতবৎ আকৃতিবিশিষ্টা স্ত্রী। ২ নারীর প্রেতাত্মা।

প্রেত্যভাব [সং] বি, মরণানন্তর পুনর্জ্জন্মের পূর্ব্বাবস্থা।

প্রেপ্সু [প্র+আপ্ (পাওয়া)+সন্ > প্রেপ্স্ +উ (র্ত্তৃ)] বিণ, পাইতে ইচ্ছুক।

প্রেম [প্রিয়+ইমন্ (ভা॰)=প্রেমন্ ১মা, ১ব॰। প্রা॰ ব্রং পেম। বাং-গানে-প্রেম্] বি, প্রণয় ; অনুরাগ ; প্রীতি। "ভাবে অঙ্গ চল চল প্রেমে আঁখি ছল ছল বলে সখি! চল চল যেন চঞ্চল হরিণী।"-বাং-গান। ২ [ধর্ম্ম শা॰] বিরাট হইয়া ভগবান অবধি ঢাকিয়া রাখার অবস্থা ; ঈশ্বরেরই এক অনির্ব্বচনীয় শুদ্ধরূপ ; ঈশ্বরের নামান্তর ; পরমধর্ম্ম ; মোক্ষ প্রাপ্তির সাধন। "জননীর স্নেহ সুহৃদের প্রীতি শতধারে প্রেম, মধুর মাধুরী, ডুবায় অমৃত সরসে।" -রবী॰। ৩ স্নেহ ; ভালবাসা। ৪ সৌজন্য। ৫ পরিহাস। প্রেমে পড়া-ক্রি, কোন ব্যক্তির প্রণয়ে, বা ভালবাসার মোহে পতিত হওয়া ; প্রণয়ে বদ্ধ হওয়া। "যে প্রেমের রাজ্যে উপনীত হয়নি, চলতি কথায় যাকে বলে, প্রেমে যে পড়েনি, সে প্রেমের কবিতা লিখতে পারে না।"-আত্মশক্তি, ১৩৩১। ~তরঙ্গ [৬তৎ] বি, তরঙ্গতুল্য প্রবাহিত প্রণয়। "শাশুড়ী শশুর অন্ধ দেখে বধূর প্রেমতরঙ্গ ছুঁহে বুঝি, হল

হরষিত।" "প্রেমতরঙ্গে রঙ্গ নানা কখন হাসায় কখন কাঁদায়।"-গিং ঘোষ। ~ধারা [প্রেম (জনিত) ধারা, মং পংলোং] বি, প্রেমে বিগলিত অশ্রুধারা ; প্রেমাশ্রু। ~পূর্ণ, ~ময়-বিণ, প্রণয়ে পরিপূর্ণ ; প্রেমে ভরা। ~বন্ধ [৬তৎ] বি, প্রণয়গ্রন্থি ; প্রেমবন্ধন ; প্রণয়মিলন। "প্রেমবন্ধ মুখে মুখে আলিঙ্গন বুকে বুকে যামিনী হৈল অবসান।"-কবিকং। ~বারি-বি, প্রেমাশ্রু। ~বিরহিত, ~বিহীন-বিণ, প্রেমরহিত(দ্রঃ)। ~ভক্তি [প্রেম (মিশ্রিত) ভক্তি, মং পংলোং] বি, বিষ্ণু বা কৃষ্ণের প্রতি প্রীতিযুক্ত ভক্তি ; বৈষ্ণবী ভক্তি। ~মদ, ~মধু [প্রেম (রূপ) মধু, রূপক ধা] বি, প্রেমরূপ মদিরা। "কালে পিও প্রেম-মধু"-ব্রজাঙ্গনাং। "ঊর্দ্ধভুজে ঊর্দ্ধপদে কেহ নাচে প্রেমপদে কেহ বলে হরি হরি বোল।" -অং মং। ~মাধুরী-বি, প্রেমের মাধুর্য্য বা সৌন্দর্য্য। ~মুগ্ধ [প্রেম(দ্বারা) মুগ্ধ,৩তৎ] বিণ, প্রেমে মোহিত ; প্রীতি, প্রণয় বা ভাল-বাসায় মোহপ্রাপ্ত। ~সাগর-বি, প্রেমের সমুদ্র : অগাধ অসীম প্রেম। "প্রেমসাগরে উঠল তুফান" -গিং ঘোষ। ~রহিত, ~শূন্য, ~হীন-বিণ, যার প্রণয়াভাব হইয়াছে ; নিপ্প্রেম। > স্ত্রীং ~া।

প্রেমানন্দ [প্রেম+আনন্দ, ৬তৎ] বি, প্রেমের আনন্দ।

প্রেমানল [প্রেম রূপ অনল, রূপক ধা] বি, যে প্রেমের দাহিকাশক্তি আছে ; অতি তীব্র প্রেম ; প্রেমাগ্নি ; প্রণয়ানল (দ্রঃ)।

প্রেমানুরঞ্জন, প্রেমার্চ্চন-কোর্ট-শিপ দ্রঃ।

প্রেমানুরাগ [প্রেম (ঘটিত)+অনু-রাগ, মং পং লোং] বি, প্রণয়াসক্তি।

প্রেমাবতার [প্রেম+অবতার, ৬তৎ] বি, প্রেমের অবতার ; যিনি ব্যক্তিনির্ব্বিশেষে ও জীবনির্ব্বিশেষে প্রেম বিতরণ করেন। ২ শ্রীচৈতন্যদেব।

প্রেমারা-প্রমারা দ্রঃ।

প্রেমালাপ [প্রেম(পূর্ণ,গর্ভ)+আলাপ, মং পং লোং] বি, প্রণয়ালাপ ; প্রেমঘটিত কথোপকথন।

প্রেমালিঙ্গন [প্রেম (বশতঃ)+ আলিঙ্গন, মং পং লোং] বি,স্নেহবশতঃ আলিঙ্গন। ২ নায়ক নায়িকার প্রণয়ঘটিত আলিঙ্গনবিঃ। "প্রেম আলিঙ্গন হতে আঁখির মিলন ভাল"-নিধুবাবু।

প্রেমাশ্রু [প্রেম (প্রেমের, বা জনিত)+ অশ্রু, ৬তৎ, বা মং পং লোং] বি, প্রেম-ধারা (দ্রঃ)।

প্রেমাসক্ত [প্রেম (প্রেমে)+আসক্ত, ৭তৎ] বিণ, প্রণয়ানুরক্ত ; পেমানুরক্ত। বি, প্রেমাসক্তি।

প্রেমিক [মূং প্রেমন্+ই (স্ত্যং)+ক (স্বার্থে)] বি, প্রেমকারী; প্রণয়ী ; প্রেমময়। স্ত্রীং ~া।

প্রেমী [প্রেমন্+ইন্ (স্ত্যং)=প্রেমিন্ ১মা, ১বং] বিণ, অনুরক্ত ; প্রণয়ী।

প্রেয় [সং-প্রেয়স্] বিণ, প্রিয়।

প্রেয়ান্ [প্রিয়+ঈয়স্ (অতিশয়ার্থে-ঈয়সু)=প্রেয়স্ ১মা, ১বং] বিণ, প্রিয়তর ; অতিশয় প্রিয়। স্ত্রীং প্রেয়সী-প্রিয়তমা ; ভালবাসার প্রাত্রীর প্রতি প্রণয়সম্ভাষণ।

প্রেরক [প্র-ঈর্ (গমন করা)+ণিচ্= প্রেরি+অক (র্ত্তৃ)] বিণ, প্রয়োজক।

প্রেরণ [প্র-ঈর্ (প্রেরণ করা)+ণিচ্= প্রেরি+অন (ভাং)] বি, প্রয়োগ করা ; নিয়োগ। ২ আজ্ঞাকরণ ; আদেশকরণ। ৩ পাঠান।

প্রেরণা [প্রেরণ (দ্রঃ)+আ] বি, প্রত্যাদেশ ; ভাবাবেশ। "ভক্তিগদগদ হৃদয়ের অপূর্ব্ব প্রেরণায় অবশ হইয়া পূর্ণ উহাতে বলিয়া উঠিয়াছিল, আপনি ভগবান্-সাক্ষাৎ ঈশ্বর।" ২ আবেগ ; প্রবৃত্তি impulse. "আরও কেহ কেহ আন্তরিক প্রেরণায় পূর্ব্বের মত ঐ প্রশ্নের ঐরূপ উত্তর দিয়াছে।" শ্রীশ্রীরামকৃষ্ণলীলাপ্রসঙ্গ, উদ্বোধন, ১৩২৩। "প্রেরণার অভাবের দরুণ ব্যক্তির ও জাতির ইচ্ছাশক্তি ক্রমশঃ ক্ষীণ ও নিস্তেজ হইয়া পড়িতেছে।"-আং শক্তি, ২৩।১২।২৭।

প্রেরয়িতা [মূংপ্রেরয়িতৃ]বিণ,প্রেরক। স্ত্রীং প্রেরয়িত্রী।

প্রেরিত [প্র-ঈর্+ণিচ্=প্রেরি+ত (র্ম্ম)] বিণ, যাকে পাঠান হইয়াছে ; প্রেষিত। ২ নিয়োজিত। ৩ আদিষ্ট। ৪ ঈশ্বর যাঁকে স্বীয় দূতস্বরূপ প্রেরণ করিয়াছেন ; পয়গম্বর apostle ; God's messenger.

প্রেষক [প্র-ইষ্ (প্রেরণ করা)-ণিচ্+ অক (র্ত্তৃ)] বিণ, প্রেরক। স্ত্রীং প্রেষিকা।

প্রেষণ,-ণা [প্র-ইষ্ (প্রবর্ত্তনে)+ণিচ্ =প্রেষি+অন (ভাং), +আ] বি, প্রেরণ। ২ [বৈদিক] মন্ত্রদ্বারা কর্ম্মানুষ্ঠানে প্রেরণ বা অনুজ্ঞা। ৩ প্রেরণা। ৪ নিয়োগ।

প্রেষণী [প্রাং বাং] বি, দাসী। ২ দূতী।

প্রেষণীয় [প্রেষণ দ্রঃ]বিণ,প্রেষ্য; কোন কার্য্যে প্রেরণযোগ্য। স্ত্রীং ~া।

প্রেষিণী [সং-প্রেষ্যা অর্থে। প্রাং বাং (কাশীং মহাং)] বি, আজ্ঞাধীনা দাসী ; প্রেষ্যা।

প্রেষিত [প্র-ইষ+ণিচ্=প্রেষি+ত (র্ম্ম)] বিণ, যাকে প্রেরণ করা হইয়াছে ; প্রেরিত। ২ অনুগত ; আশ্রিত। "দেখ যত দুরবস্থা আমাদের নয়। প্রেং জনের হৈলে প্রধানের হয়।"-শিং। ৩ নিয়োজিত। ৪ আদিষ্ট। স্ত্রীং ~া। ~বান [মূং প্রেষিতবৎ] বিণ, যাকে প্রেরণ করা যাইতেছে। > স্ত্রীং ~বতী।

প্রেষ্ঠ [প্রিয়+ইষ্ঠ (আধিক্যার্থে)] বিণ, অতিশয় প্রিয় ; প্রিয়তম। স্ত্রীং ~া।

প্রেষ্য [প্র-ঈষ্+য (র্ম্ম)] বিণ, যাকে কোন কর্ম্মে প্রেরণ করা হয় : যাকে কর্ম্ম করিতে আদেশ করা হয় ; ভৃত্য ; দাস। ২ [বৌংসাং] পত্র বা সংবাদবাহক ; আরিন্দা। "দাস, ভৃত্য, প্রেষ্য আদি"-জাতক,৪র্থ খণ্ড। স্ত্রীং প্রেষ্যা।

প্রেস্ [ইং press ("machines used in pressing blank sheets of paper or type or plates to which ink has been applied in such a manner that a reverse copy of the face of the type or plate is printed") এর লিপ্যন্তর] বি, মুদ্রাযন্ত্র ; যে যন্ত্রে পুস্তকাদি ছাপা হয়। ২ মুদ্রাযন্ত্রালয় ; ছাপাখানা। ৩ চাপ।

প্রেসকৃপ্সন, প্রেসক্রিপ্সন [ইং prescription এর লিপ্যন্তর] বি, চিকিৎসকপ্রদত্ত রোগের ব্যবস্থাপত্র ;

রোগীর সেব্য ঔষধের নাম ও মাত্রাদি নির্দেশক পত্র।

প্রেসিডেন্ট [ইং president এর লিপ্যন্তর] বি, সভাপতি।

প্রৈতিশক্তি [বৈজ্ঞা° পরি:] বি, কার্য্যকরী শক্তি বা বিভব ; অন্তর্নিগূঢ় গত্যুৎপাদক শক্তি Kinetic energy. "এই জড়ের যখন বিপ্রকীর্ণ অবস্থা হয় তখন আবার প্রৈতিশক্তির আবির্ভাব হয়।"

প্রৈষ-নিগদ দ্র: । ~মন্ত্র [বৈদিক] বি, প্রেষণার্থ অনুজ্ঞামন্ত্র।

প্রোক্ত [প্র (প্রকৃষ্টরূপে) + উক্ত (বচ্ = বলা) + ত (র্ম্ম) বচ্ = উক্)] বিণ, বিশেষরূপে উক্ত ; সম্যক্ কথিত। ২ [-+ তি (ভা°)] বি, কথন ; বলা। ৩ [পাণিনি মতে] ব্রাহ্মণ, কল্পসূত্রাদি শাস্ত্র বা সাক্ষাৎ ঈশ্বরপ্রণীত নহে বলিয়া উক্ত হইয়াছে [দ্র:-মুনি পাণিনি বৈদিক শাস্ত্রকে দৃষ্ট ও প্রোক্ত এই দুইভাগে বিভক্ত করিয়াছেন। সামবেদাদি শাস্ত্র তাঁর মতে সাক্ষাৎ ঈশ্বরপ্রণীত বলিয়া দৃষ্ট নামে অভিহিত]।

প্রোক্ষণ [প্র-উক্ষ্ (সেচন করা) + অন (ভা°)] বি; জল সেচন। ২ যজ্ঞীয় পশুবন্ধন। ৩ যজ্ঞে পশুবলি।

প্রোক্ষিত [প্র-উক্ষ্ (সেচন করা) + ত (র্ম্ম)] বিণ, জলসিক্তিত ; অভিষিক্ত। ২ যজ্ঞীয়মন্ত্রদ্বারা সংস্কৃত। ৩ যাকে যজ্ঞীয় মন্ত্রে সংস্কৃত করিয়া যজ্ঞস্থলে বলি দেওয়া হইয়াছে ; যজ্ঞে নিহত। প্র-প্রোক্ষিতমাংস ভক্ষণ শাস্ত্রে নিষিদ্ধ নহে।

প্রোগ্রাম [ইং programme এর লিপ্যন্তর] বি, কর্ম্মক্রম। "বিজ্ঞেরা প্রো° তৈরি করিতেছেন, প্ল্যান আঁকিতেছেন, ছক্ কাটিতেছেন।"-আ° শক্তি, ১৬।১২।২৭।

প্রোচ্চ [প্র(প্রকৃষ্ট, অতি) + উচ্চ] বিণ, অত্যুচ্চ। "দীনেরে উঠায়ে প্রোচ্চ পর্ব্বত উপরে। পাথারে ভাসাও এবে বাঁধি দুই করে।"-রঙ্গলাল (কাঞ্চী°)।

প্রোজ্ঝিত [প্র-উজ্ঝ্ (ত্যাগ করা) + ত (র্ম্ম)] বিণ, পরিবর্জ্জিত ; ত্যক্ত। স্ত্রী° ~া। বি, প্রোজ্ঝন।

প্রোঞ্ছন [প্র-উঞ্ছ্ (মার্জ্জনে) + অন (ভা°)] বি, সম্মার্জ্জন।

প্রোত [প্র-বে (সেলাই করা)=উ=প্রো +ত (র্ম্ম)] বিণ, গ্রথিত ; গুম্ফিত। ২ অনুস্যূত ; অন্তর্বিদ্ধ। ৩ জড়িত ; খচিত। ৪ প্রোথিত।

প্রোৎফুল্ল [প্র-উৎ-ফুল্ (বিকসিত হওয়া) + অ(র্ত্তৃ)] বিণ, অতিশয় হৃষ্ট ; উৎফুল্ল। ২ প্রস্ফুটিত। ৩ বিকসিত। স্ত্রী° ~া।

প্রোৎসাদন [প্র + উৎসাদন(দ্র:)] বি, বিলোপ। ২ মন্ত্রণা ; চক্র ; কৌশল। বিণ, প্রোৎসাদিত > স্ত্রী° ~া।

প্রোৎসারণ [প্র + উৎসারণ (দ্র:)] বি, বহিষ্করণ : বিদূরণ। ২ পরিবর্জ্জন: পরিত্যাগ। বিণ, প্রোৎসারিত। > স্ত্রী° ~া।

প্রোৎসা/হ [প্র + উৎসাহ] বি, অতিশয় প্রযত্ন। ২ উত্তেজনা। ৩ অধ্যবসায় ; উদ্যম। ~হক [প্র + উৎসাহক] বিণ, প্রোৎসাহদাতা ; উত্তেজক। ২ প্রবর্ত্তক। ~সাহন [প্র-উৎসাহন] বি, প্রোৎসাহদান; উত্তেজন; প্রবর্ত্তন। ~হিত [প্র-উৎ-সহ + ণিচ্ = সাহি + ত (র্ম্ম)] বিণ, যাকে কোন কার্য্যে উৎসাহ বা সাহস দেওয়া হইয়াছে ; উত্তেজিত। ২ যাকে প্রবৃত্তি দান করা হইয়াছে ; প্রবর্ত্তিত। ৩ [প্রোৎসাহ + ইত (যুক্তার্থে)] বিণ, উৎসাহযুক্ত। > স্ত্রী° ~হিতা।

প্রোথ [সং] বি, শূকরের নাসাগ্র। ২ অশ্বের নাসিকাগ্রভাগ। ৩ কটিদেশ ; কোমর। ৪ পাছা ; কটিপ্রোথ। ৫ শাড়ীর নীচের পরিধেয় বস্ত্র। ৬ গর্ভস্থ সন্তান ; ভ্রূণ। ৭ ভূমিতে গর্ত ; গাড়া। ৮ (-থঁ) বিণ, প্রসিদ্ধ ; প্রথিত।

প্রোথিত [প্রোথ্ (গমন করা) + ত (র্ম্ম)] বিণ, যা পোঁতা হইয়াছে ; ভূমিগর্ভে নিহিত ; নিখাত। ২ নিমগ্ন ; আছন্ন। প্রো° করা-পোঁতা।

প্রোদ্ঘুষ্ট [প্র + উৎ-ঘুষ্ট (ঘোষিত)] বিণ, বিঘোষিত ; শব্দিত ; নিনাদিত। বি, প্রোদ্ঘোষণ।

প্রোদ্ভিন্ন [প্র + উদ্ভিন্ন] বিণ, বিদারিত করিয়া উদগত ; সমুদ্ভূত। স্ত্রী° ~া।

প্রোদ্যত [প্র + উদ্যত] বিণ, সমুদ্যত ; উদ্যুক্ত ; সর্ব্বতোভাবে প্রস্তুত। ২ অধ্যবসায়-সম্পন্ন। ৩ উত্তোলিত। স্ত্রী° ~া।

প্রোন্নত [প্র + উন্নত] বিণ, বহু উর্দ্ধে উন্নীত। ২ অত্যুচ্চ। ৩ সর্ব্বতোভাবে উৎকর্ষতা প্রাপ্ত ; শারীরিক, মানসিক ও আধ্যাত্মিক বিষয়ে সমুন্নত। স্ত্রী° ~া।

প্রোফেসর,-সার [ইং Professor এর লিপ্যন্তর] বি, য়ুরোপীয় প্রথানুগত বিশ্ববিদ্যালয়ের ইংরেজী ভাষায় বিদ্যাশিক্ষাদাতা ; কলেজের শিক্ষক ; অধ্যাপক (সং-তে অধ্যাপনাকারী অর্থ° এই অর্থে চ°)। ~ী -বি, প্রোফেসরের কর্ম্ম ; অধ্যাপনা।

প্রোবেট [ইং probate এর লিপ্যন্তর] বি, আদালত হতে প্রদত্ত উইল বা ইচ্ছা পত্রের নকল ; উইলের প্রমাণীকৃত নকল। "উইলের সঙ্গেই জীবনমোহন কডিসিলেরও প্রোবেট লইয়াছিলেন"-পিতাপুত্র।

প্রোষিত [প্র-বস্(বাস করা) + ত(র্ত্তৃ)। বস্=উস্, ই আগম, প্র + উস্=প্রোষ্] বিণ, প্রবাসস্থ ; বিদেশস্থিত ; প্রবাসী। ২ অবগত। ৩ নিবৃত্ত। স্ত্রী° ~া। ~পত্নীক [প্রোষিত (বিদেশস্থ) পত্নী যার, বহু°, ক আগম] বিণ, যার স্ত্রী প্রবাস-বাসিনী হইয়াছে ; যার স্ত্রী বিদেশে বাস করিতেছে। ~ভর্ত্তৃকা [প্রোষিত (বিদেশস্থিত) হইয়াছে ভর্ত্তা(স্বামী) যার, বহু°] বি, পতি প্রবাসী বলিয়া যে স্ত্রী কাতরা। "পরবাসে পতি যার মলিনা বিরহে। প্রোষিতভর্ত্তৃকা তারে কবিগণ কহে।"-রসমঞ্জরী। "প্রোষিতভর্ত্তৃকা হৈতে বুঝি সাধ যায়। নহে কেন মিছা দোষ দেখাহ আমায়।" -অ° ম°। ~ভার্য্য [প্রোষিত (বিদেশস্থিত) ভার্য্যা যার, বহু°] বিণ, প্রোষিতপত্নীক দ্র:।

প্রোষ্ঠপদ [প্রোষ্ঠ (গো) পদ (পা)-গরুর পায়ের ন্যায় পা যার, বহু°=প্রোষ্ঠপদ (ভাদ্রপদ নক্ষত্রদ্বয়) + অ (তৎযুক্ত পূর্ণিমা অর্থে)] বি,ভাদ্রমাস। ~া-পূর্ব্ব ও উত্তরভাদ্রপদ নক্ষত্র। ~ী-ভাদ্রমাসের পূর্ণিমা

প্রোষ্ঠী [সং] বি, শফরী ; পুঁটিমাছ।

প্রোসিডিংস্ [আদা°। ইং proceedings এর লিপ্যন্তর] বি, আদালতের কার্য্যাবলী ও তদ্বিবরণী।

প্রৌঢ় [প্র-বহ্ (বহন করা)+ত (র্ত্তৃ)। বহ=উঢ়, প্র+উঢ়=প্রৌঢ়] বিণ, বার্দ্ধক্যের পূর্ব্বাবস্থাপন্ন। ২ প্রবীণ ; বিজ্ঞ। ৩ প্রচুর। ৪ যথানিয়মে পরিণীত। ৫ প্রগল্‌ভ। ৬ নিপুণ ; দক্ষ। ৭ পরিপুষ্ট। ৮ অধিক সংবর্দ্ধিত। "পৌঢ় করি বিষ্ণুভক্তি বাধানে সবারা"-চৈ০ ভা০। স্ত্রীং ~া-৫৫ বৎসর বয়স্কা নারী। ~তা, ~ত্ব-বি, প্রৌঢ়ত্ব ; প্রৌঢ়াবস্থা ; প্রৌঢ়ের ভাব। ~বয়স্ক-বিণ, প্রৌঢ়দশা-প্রাপ্ত। > স্ত্রীং ~বয়স্কা। ~সুলভ-বিণ, প্রৌঢ় বয়সে যা স্বাভাবিক ; প্রৌঢ়োচিত।

প্রৌঢ়ি [সং] বি, উদ্যম। ২ উৎসাহ। ৩ সামর্থ্য। ৪ অধ্যবসায়। ৫ ঔৎসুক্য। ৬ তীক্ষ্ণবুদ্ধি ; প্রতিভা।

প্রৌষ্ঠপদ [সং] বি, ভাদ্রমাস। স্ত্রীং ~ী-ভাদ্রমাসের পূর্ণিমা।

প্রৌষ্ঠিক [প্র (উত্তম)+ওষ্ঠ+ইক] বিণ, উৎকৃষ্ট ওষ্ঠযুক্ত।

প্র্যাকটিস্ [ইং practice এর লিপ্যন্তর] বি, অভ্যাস। ২ চিকিৎসা, ওকালতি ইং ব্যবসায় পরিচালন। "আপনি এম-এ, বি-এল পাশ করেছেন, ঢাকাতে প্র্যাকটিস্ করেন লিখেছেন ;"-মা০ ও ম০ বাণী, ১৩৩৩, জ্যৈষ্ঠ।

প্লক্ষ [সং] বি, সপ্তদ্বীপা পৃথিবীর একটী দ্বীপ। ২ পাকুড় গাছ। ৩ অশথ গাছ। ~জাতা-বি, সরস্বতী নদী। ~তীর্থ-বি, তীর্থবিঃ। ~দ্বীপ-বি, সপ্তদ্বীপের অন্যতম। ~প্রস্রবণ-বি, সরস্বতী নদীর উৎপত্তিস্থান।

প্লব [প্লু (লম্ফদিয়া গমন করা)+অ (ভা০)] বি, লম্ফন। ২ [+অ (র্ত্তৃ)] যে লম্ফ দিয়া চলে ; বেঙ্গ ; ভেক। ৩ বানর। ৪ হংসাদি জলচর পক্ষী। ৫ সন্তরণ। ৬ [+অ (ণে), যদ্দ্বারা প্লাবন করা (পরপারে যাওয়া) যায়] ভেলা। ৭ [+অ (ধি)] ক্রমনীচ ভূমি। "উচ্চ নীচ চলিয়া সমান কৈল সব। উত্তরাংশ উন্নত দক্ষিণ দিকে প্লব।"-শিঃ। ৮ চণ্ডাল। ৯ প্লক্ষবৃক্ষ। ১০ গন্ধতৃণবিঃ। ১১ মাছ ধরা পলো। ১২ ধ্বনি ; শব্দ। ~ক [প্লব+ক (জ্ঞা০)] বিণ, প্লুতগতিশীল। ২ নর্ত্তক। ~গ-প্লবঙ্গ দ্রঃ। ~গতি-বি, প্লুতগতি ; ভেক শশকাদি জীব। ~ঙ্গ,-ঙ্গম [প্লব (লম্ফ) গম্ (গমন করা)+অ (র্ত্তৃ), যে লম্ফ দিয়া গমন করে] বি, অরুণ ; সূর্য্যের সারথি। ২ বানর। "প্লবঙ্গ বদলে মাতঙ্গ পাব। পায়রা বদলে গুয়া।" -কবিক০। ৩ মৃগ। ৪ ভেক ; বেঙ্গ। ৫ বিণ, প্লবগতি। ~চর [প্লব (সন্তরণ) চর (যে চরে)] বি, হংসাদি জলচর পক্ষী। ~ন [প্লু (লম্ফ দিয়া যাওয়া)+অন (ভা০)] বি, লম্ফন। ২ সন্তরণ। ৩ গমন। ৪ প্লাবন। ~মান [প্লু (লম্ফ দিয়া যাওয়া)+আন (র্ত্তৃ, ম আগম)] বিণ, ভাসমান ; নিমজ্জমান। ২ সন্তরণশীল।

প্লাটিনক [খণিজ০ পরিঃ (ত্রিবেদী০)] ইং platinum এর বৈজ্ঞা০ পরিঃ।

প্লাবক [প্লাবন (দ্রঃ)+অক (র্ত্তৃ)] বিণ, প্লাবনকারী।

প্লাবন [প্লু (লম্ফ দিয়া যাওয়া)+ণিচ্=প্লাবি+অন (ভা০)] বি, বন্যা ; জলে পূর্ণ হওয়া। ২ তরল দ্রব্যের স্ফীতি। ৩ অভিষেক। ~পীড়ন [প্লাবন (জনিত) পীড়ন, ম০ প০ লো০] বি, বন্যাজনিত উৎপীড়ন ; অত্যধিক জলবৃদ্ধিরূপ উপদ্রব। "বরিষার কালে সখি, প্লাবন-পীড়নে কাতর প্রবাহ, ঢালে, তীর অতিক্রমি, বারিরাশি দুই পাশে ;"-মেঘ০। ~পীড়িত [প্লাবন দ্বারা পীড়িত, ৩তৎ] বিণ, যা বন্যায় ভাসিয়া গিয়াছে : বন্যাদ্বারা উপদ্রুত।

প্লাবিত [প্লু (লম্ফ দিয়া যাওয়া)+ণিচ্=প্লাবি+ত (র্ম্ম)] বিণ, পরিপ্লুত ; জলমগ্ন ; জল দ্বারা ব্যাপ্ত। স্ত্রীং ~া।

প্লাবিনী-নৌ দ্রঃ।

প্লাব্য [প্লাবন দ্রঃ] বিণ, প্লাবনযোগ্য। ২ লম্ফনযোগ্য।

প্লাস, পেলাস [ইং pliers >] বি, তার বাঁকাইবার চওড়া কিরকিরা মুখ সাঁড়াশীবিঃ।

প্লিহা, প্লীহা [প্লীহ্ (বৃদ্ধি পাওয়া)+অন্ (র্ত্তৃ)=প্লীহন্ ১মা, ১ব০, যে উদর মধ্যে বৃদ্ধি পায়] বি, উদরস্থ ব্যাধিবিঃ spleen. ~রি [প্লি(প্লী)হা+অরি] বি, প্লীহারোগ-হর ঔষধবিঃ। ২ [বৈদ্যক] অশথ বৃক্ষ।

প্লী [আদা০। ইং plea র লিপ্যন্তর] বি, অভিযুক্তের পক্ষে আত্মসমর্থক জবাব।

প্লীট [ইং pleat এর লিপ্যন্তর] বি, কাটা পোষাকের কাপড়ের উপর বসাইবার জন্য সেই কাপড়ের তিন ভাঁজ করা পটী।

প্লীডা/র [ইং pleader এর লিপ্যন্তর] বি, ব্যবহারাজীব ; উকীল ; বিশ্ববিদ্যালয়ের পরীক্ষোত্তীর্ণ ইংরেজী-অভিজ্ঞ ব্যবহারাজীব। ~রি, ~রী [প্লীডার+ই, ঈ (ব্যবসায়ার্থে)] বি, ওকালতি pleadership.

প্লুত [প্লু (লাফাইয়া যাওয়া)+ত (ভা০)] ত্রিমাত্রস্বর বা কাল ; বি, লম্ফ ; লাফ। ২ প্লুতনামক স্বরসংজ্ঞা ; ইহা দূর হতে আহ্বানে, গানে ও রোদনকালে প্রশস্ত। ৩ অশ্বের গতিবিঃ। ৪ ভেকের গতি। ~গতি [প্লুত গতি যার, বহ০] বি, খরগোস ভেক প্রভৃতি জন্তু ; যারা লম্ফ দিয়া চলে। ২ [প্লুত যে গতি, ধা] লম্ফ দিয়া গমন।

প্লুষ্ট [প্লুষ্ (দাহ করা)+ত (র্ম্ম)] বিণ, যাকে অগ্নিতে দগ্ধ করা বা ঝলসান হয়। ২ [র্ত্তৃ] প্রষ্ট ; দগ্ধ।

প্লেগ [ইং plague এর লিপ্যন্তর] বি, জীবাণুবিঃ ঘটিত প্রবল জ্বর ; লসিকা-গ্রন্থি সমূহের (lymphatic glands) প্রদাহিক স্ফীতি ও রক্তস্রাবযুক্ত ব্যাধিবিঃ।

প্লেট [ইং plate এর লিপ্যন্তর] বি, য়ুরোপীয়দিগের ব্যবহৃত বাসন ; খ্রীষ্টানদিগের ব্যবহৃত চীনা মাটির বা কাচের থালা বা রেকাবী ; ডিস্। "পাউরুটী কাটিয়া 'স্লাইস'-গুলি মাখন মাখাইয়া ষ্টোভে টোষ্ট করিয়া গরম গরম প্রত্যেকের প্লেটে দিল।"-বা০ বসুমতী, ১৩৩৪। ২ ধাতুফলক। ৩ আবরণ ; আচ্ছাদন। ৪ ধাতুর পাত ; এনগ্রেভ করা বা ফটো ছাপ তোলা কাচ বা ধাতুর পাত ও মুদ্রিত চিত্র। ৫ পেলেট (প্লীট দ্রঃ)।

প্লেন [গ্রা০ পেলেন্। ইং plane এর লিপ্যন্তর] বি, মসৃণ। ২ সমতল ; চৌরস। ৩ শাদা ; চিত্রবিচিত্র বা কাজ-করা নহে। ৪ রঙ্গীন নহে।

প্লোরীণ [খনিজবিদ্যা০ পরিঃ] বি, ইং fluerine এর বৈজ্ঞা০ পরিঃ।

প্ল্যাকার্ড [ইং placard এর লিপ্যন্তর] বি, বড় বড় অক্ষরে ছাপা বিজ্ঞাপন। "আপনার লোক প্ল্যা° ছিঁড়ে যথেষ্ট ক্ষতি করবার চেষ্টা করেছে।"

প্ল্যাটফর্ম্ [ইং platform এর লিপ্যন্তর] বি, দাঁড়াইবার মঞ্চ; রোয়াক; পাটাতন।

প্ল্যান [ইং plan এর লিপ্যন্তর] বি, নক্সা। প্র-বাড়ীর প্ল্যান তৈয়ার করা। ২ পরিকল্পনা।

প্ল্যানচেট্ [ইং planchette এর লিপ্যন্তর] বি, ত্রিকোণ যন্ত্রবিঃ যা স্পর্শ করিলে স্বতঃই অক্ষরাদি লিখিত হয়।

প্ল্যাস্টার [গ্রা° পলস্টার, পলস্তারা, প্যালেস্তারা। ইং plaster এর লিপ্যন্তর] বি, প্রলেপ। দেয়ালে লাগাইবার চূণবালি। ২ পটী; মলম।

ফ

ফ-ব্যঞ্জন বর্ণমালার দ্বাবিংশতি, মহাপ্রাণ, অঘোষবান্ বর্ণ। মিলিত ওষ্ঠদ্বয় প্রশ্বাসের জোরে ফাঁক হইলে ফ উচ্চারিত হয় বলিয়া ইহা ওষ্ঠ্যবর্ণ। কিন্তু ফারসী ও ইংরেজী নবীশের মুখে অধু° ইহার উচ্চারণ সাধাঃ দন্ত্যোষ্ঠ; কারণ, অধরে সংলগ্ন দন্তের উপর-পঙ্‌ক্তি পৃথক্ করিয়া প্রশ্বাস বহির্গত হইলে ইহা ইং "f" অথবা ফা° "ফে" বর্ণের ন্যায় উচ্চারিত হয়। ফসল শব্দের বিশুদ্ধ বাং উচ্চারণ ফশল্ (phashal) কিন্তু, ইং শিক্ষিতের মুখে অধিকাংশ স্থলেই ফ়শল্ (fashal) এইরূপ শুনাইবে। শব্দটী আরবী। উক্ত প্রকারে ফেনিল এই সংস্কৃত শব্দ ফেনিল (phenil) এবং ফ়েনিল (fenil) উভয় প্রকারে উচ্চারিত হয়। পূ° বঙ্গে, বিতঃ নোয়াখালি ই° অঞ্চলে ফ স্থলে 'হ' যথা ফের স্থলে 'হের', ফিরি=হিরি। "হিরি কৈবি কথা" (পূ° ব° গী°)=ফের যদি বলিস্ ই°। ফ সাধারণতঃ বিবিধ পবনক্রিয়া ও বায়ুর শব্দ সূচিত করে। ফট্‌ফট্, ফর্‌ফর্, ফিক্‌ফিক্, ফস্‌ফস্, ফোঁস্‌ফোঁস্ ই°। ২ [স্ফায় (প্রবল হওয়া)+অ (র্তৃ)] বি, ঝঞ্ঝাবাত; ঝটিকা। ৩ যজ্ঞসাধনবিঃ। ৪ মুখ-মারুত; ফুৎকার। ৫ [ফক্ (বিকল হওয়া)+অ (ভা°)] রূঢ়-বাক্য; রুক্ষ বচন; কটূক্তি। ৬ বৃথা-বাক্য; নিষ্ফল-বচন। ৭ স্ফীতি।

ফইজৎ, ফৈজত [আ° ফজীহৎ > গ্রা° ফজেৎ] বি, কলঙ্ক; অপযশ। ২ পাপ। ৩ ঝগড়া; বিবাদ।

ফংফং [অনু°। ফঙ্গবানি দ্রঃ] বি, ফংফং এইরূপ শব্দ। ২ বিণ, লঘু ও শূন্যগর্ভ।

ফংফিঙে, ফংফিংয়ে [ফংফং+ইআ ফংফঙিয়া >] বিণ, ফঙ্গবানি; হাল্‌কা। ২ দেখিলে যা ভারী বলিয়া মনে হয় অথচ ভারী নয় এমন জিনিস। ৩ ফংফং শব্দকারী।

ফক্ [ফক্ (ফাঁকি দেওয়া) >] অ, ফস্ (দ্রঃ)। ফক্ করে-ক্রি-বিণ, ফস্ করে; হঠাৎ। ২ ফাঁকি দিয়ে, বা অদর্শনের ফাঁক পেয়ে। লঘু গতি অর্থে ফুক্ (দ্রঃ)।

ফকৎ [ফা°। মু° বাং পত্রাদিতে চ°] বি, হিন্দী পত্রাদিতে লেখকের বক্তব্যশেষসূচক বাক্য। তুল-সং অলমিতি, বাং-ইতি।

ফকফক [অনু°] বি, কথা কহিতে ফোগ্‌লার মাড়ির ফাঁক বা বিরল দন্তের ফাঁক দিয়া হাওয়া বাহির হইবার শব্দ।

ফকার-বি, ফ এই বর্ণ।

ফকির, ফকীর [আ° ফক্‌র্ (অভাবযুক্ত হওয়া) > আ° ফ়কীর] বি, মুসলমান সন্ন্যাসী; ভিক্ষুক; ভিক্ষাজীবী। "পট্টাম্বর ত্যজি রাজা পরিয়া কৌপীন। ফকির করিল বিধি দশা হৈল হীন।"-ম°। ২ বিণ, ধনহীন; দরিদ্র; নির্ধন; গরীব। স্ত্রীং ফকিরণী, ফকীরণী। ~ফোক্‌রা-সাধু সন্ন্যাসী। ২ ভিখারী-নাগারী। ফকীরা মালা, ফক্‌রেমালা-মুসলমান ফকিরদিগের কণ্ঠ বাহু ই° অঙ্গে ধারণযোগ্য কাচখণ্ডের মাল্য।

ফকিরি,-রী, ফকীরি [ফকীর+ই, ঈ (বৃত্তি অর্থে)] বি, ভিক্ষুকবৃত্তি।

ফক্কড়, ফক্কর [আ° ফ়িক্‌রাবাজ্। আ° ফ়িক্‌রহ্ (ধড়ীবাজ; শঠ; ধূর্ত্ত) > হিং ফক্কড়্] বি, প্রবঞ্চক; শঠ। ২ যে নিধন ব্যক্তি কেবল ধড়ীবাজী দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। ৩ যে ফক্কুড়ি অর্থাৎ তামাসা কৌতুক করে; বিদূষক; কৌতুকী। ৪ বিণ, অন্তঃসারশূন্য; অতি বাচাল; প্রগল্‌ভ।

ফক্কা, ফোক্কা [ফাঁক >] বিণ, শূন্য; ফাঁকা; মিথ্যা। "এ ভব মাঝে সবই ফক্কা"-দ্বি° রায়। টক্কাফক্কা, টোক্কা-ফোক্কা-ছেলেদের খেলাবিঃ; টক্কা অর্থাৎ স্থিতি-থিকা (হাতে কিছু আছে) অথবা ফক্কা-ফাঁকা (হাতে কিছু নাই)।

ফক্কিকা [ফক্ (ফাঁকি দেওয়া)+ইক (ণে) আ (স্ত্রীং)] বি, ফাঁকি; কূটতর্ক; কূটপ্রশ্ন। ২ তত্ত্বনির্দ্ধারণার্থ পূর্ব্বপক্ষ।

ফক্কিকার [ফক > ফক্কি,কৃতি > কার] বিণ, ফাঁকি; শূন্য। "ভবের খেলা ফ°।"-গান।

ফক্কুড়ি, ফুক্কুড়ি [ফক্কড় দ্রঃ+ই (ভাব, ব্যবহার), ফক্কড়ের ন্যায় আচরণ] বি, বাচলতা; ইয়ারকি; লঘুভাবের হাস্য-পরিহাস। "বাঙ্গলায় ফুক্কুড়ি যেমন গোপাল ভাঁড়ের নামে চলে, হিন্দীর ফু° যেমন অকবর ও বীরবলের নামে চলে, সংস্কৃতের ফু° ও কালিদাসের নামে চলে।"-হ° প্র° শাস্ত্রী।

ফক্কুড়ে [ফক্কড়+ইআ=ফক্কড়িয়া > ফে°] বিণ, ফক্কুড়িপ্রিয়।

ফঙ্গবানি, ফঙ্গবেনে [গ্রা°। সং-ভঙ্গপ্রবণ > ভ্রং] বিণ, ঠুন্‌কো; যা সহজে

ভাঙ্গিয়া যায়। ২ হালকা ; ফংফঙে ; যা দেখিলে ভারী বলিয়া মনে হয় অথচ ভারী নয় এমন।

ফচ্ [অনু°] অ, কর্দমাদিতে বা কদলী তরু সদৃশ কোমল বস্তুতে ধাতু কাষ্ঠাদি শলাকা বিদ্ধকরণ শব্দ। ফচ্ করে-ক্রি-বিণ, ঐরূপ শব্দে।

ফচকেমি, ফচ্কামি, ফচ্কুমি, ফচ-কিমি, ফিচকেমি, ফিচকুমি-বি, ফচকিয়ার আচরণ ; অকালপক্কতা ; ডেঁপোমি।

ফচকিয়া, ফচকে [বাচাল > ফিচাল > ফিকারে-ফিচকে, ফচ্কে] বি, চটুল ; ফিচেল। "ফচকে ছুঁড়ি ফুলের কুঁড়ি।" -জামাই বারিক্।

ফচফচ, ফেচফেচ [অনু°] বি, ক্রমাগত বিরক্তিকর বকুনি।

ফচাং [অনু°] অ, ফচ্ (দ্রঃ) অপেক্ষা ব্যাপক ও শব্দের আধিক্যবোধক। ফচাং করে-ফচ্ করে দ্রঃ। অবজ্ঞায়-ফ্যাচাং।

ফজর, ফজির [আ° ফজ্‌র্] বি, প্রত্যূষ। "ফজর সময়ে উঠি"- কবিক°। "কাল ফজরেই নৌকা ছেড়ে দেব"।

ফজলী, ফজলি-আম [আ° ফজ্‌ল্ (বড় ও শ্রেষ্ঠ)-ই° আম, বা, আ° ফস্‌ল্ (দুর=দেরীতে, বোম্বাই ল্যাংড়াদির পরে পাকে বলিয়া?)-ই-আম, বা আ° ফস্‌লী= সময়ের=অধিক সময় লয় বলিয়া] বি, স্বনাম-প্রসিদ্ধ বৃহৎজাতীয় সুস্বাদু আম্র।

ফজেৎ-ফইজৎ দ্রঃ।

ফট্ [অনু°] বি, অনুকার শব্দ ; আগুণে কাঠ ফাটিবার শব্দ। ২ পাপ বিঘ্ন ই° নাশক মন্ত্রাংশবিঃ। ৩ যোগবিঃ।

ফট [সং-স্ফটা] বি, সর্পের ফণা। "বুক উঁচা নাগফট চিরণ দাঁত যার।"-মনসা°।

নাগফট [সং] নাগফণার ন্যায় নাসিকা।

ফটক [হি° ফাটক] বি, বহির্দ্বার। ২ কারাগার ; গারদ। "ফটকে আর আটক রব না"-তাজ্জবব্যাপার।

ফটকা [হি° ফাট (ফাঁক) >] বিণ দূর। ২ ছটকা ; ছিটা ছিটা ; ছড়কা ; ফোঁটা ফোঁটা ; চিত্রিত। ৩ বৃথাভ্রষ্ট। ৪ বড় বড় ফুটকিদার। ~ফটকা-বিণ, বিরল ; দূরে দূরে ; মাঝে মাঝে দুই একটা মাত্র। ~খেলা, -বাজী-বি, তুলা, পাট, ই°র বিক্রেয় মূল্যের হ্রাসবৃদ্ধিঘটিত জুয়াবিঃ। ২ ঝুকিদার ব্যবসায় বা তাহাতে টাকা ফেলা speculation.

ফটকি১ [রা° ত্রিবেদী উদ্ভাবিত] বি, ফটকারী alum.

ফটকি২ -বি, কৌতুক ; ঠাট্টা। ~নাটকি [ফষ্টিনষ্টি দ্রঃ] বি, ঠাট্টা তামাসা ; লঘু হাস্য-কৌতুক ; হাসি তামসা ; চুটকি আমোদ। "হয় তো ছেলেদের সঙ্গে ফটকি নাটকি করে"-টেকচাঁদ।

ফটকিরি, -রী-ফটকারী দ্রঃ।

ফটফট, ফটাফট [অনু°। ফট+ আ (উপর্য্যুপরি বা ব্যাপ্তি অর্থে)+ফট] বি, স্ফোটন শব্দ ; ফুটিবার বা ফাটিবার শব্দ।

ফটফটিয়া, ফটফটে [অনু°] বিণ, ফটফট শব্দকারী। ২ স্পষ্ট।

ফটা [সং] বি, ফণা। ২ দম্ভ। ৩ প্রতারণা।

ফটিক [স্ফটিক > দ্রং] বিণ, স্বচ্ছ প্রস্তরবিঃ। ২ নির্ম্মল ; স্বচ্ছ। ~চাঁদ [স্ফটিক (নির্ম্মল) চাঁদ (চন্দ্র)] বি, অকলঙ্ক চন্দ্র। ২ [লক্ষ°] সৌখিন শুভ্রবেশধারী বালক বা যুবক ; ফুটফুটে বাবু ; ফুলবাবু। ~জল [সং-স্ফটিক > তদ্ভব স্বচ্ছ] বি, স্বচ্ছ জল। ২ "ফটিক জল" রবকারী পক্ষী ; চাতক। ~র (-ক°-) [প্রা° বাং] স্ফটিকের। "ফটিকর থান জাটি করিল রোপন।"-শূ° পু° [থান < থাম < স্তম্ভ < স্তম্ভ। জাটি < যষ্টি=জাঠা বা লাট্ঠা বৎ অর্থাৎ স্ফটিকস্তম্ভ]।

ফটিকারী, ফিটকিরি, ফিট-কিরি, -রী, ফটকি [বৈদ্যক°। হি° ফিট্করী] বি, এল্যুমিনিয়ম ও পটাসিয়ামাত্মক গন্ধদ্রাবকের লবণবিঃ ; ফুলিকা alum.

ফটো/গ্রাফ, ফোটো/গ্রাফ [ইং photograph] বি, আলোকচিত্র। ~গ্রাফার [ইং photographer এর লিপ্যন্তর] বি, আলোকচিত্রকর। ~গ্রাফি [ইং photographyর লিপ্যন্তর] বি, আলোকচিত্রকর্ম; ঐ চিত্র উঠাইবার বিদ্যা।

ফড় [সং-ফটা >। হি° ফওড়া] বি, গরুড় গাড়ীর পার্শ্বে বাঁধা বাঁশ বা কটাকার লম্বা কাঠ। ২ কুপন খেলার ছপণ গুটি।

ফড়কি, -কী [শ্রীহট্ট° প্রাদে°। ডেম দ্রঃ। তুল-প° বঙ্গে ফেঁকড়ি] বি, ছোট ডাল ; ক্ষুদ্র শাখা ; পল্লব।

ফড়নিবীস [ফা° > মহারাষ্ট্রী ভাষায় ফর্দনবীস (writer of statements)] বি, রাজস্ব সচিবের উপাধি ; রাজ্যের আয় ব্যয় সংক্রান্ত হিসাব বিভাগীয় প্রধান কর্ম্মচারির উপাধি Marhatta title for the finance minister. এই উপাধি বংশগত।

ফড়ফড় [স্ফট্ (ভেদে) >] বি, বেধনাস্ত্র দ্বারা ফুড়িবার বা কাপড় চিরিবার শব্দ। ২ [অনু°] বাক্স্ফূর্ত্তি-বাচক শব্দ।

ফড়া [আ° ফর্‌দ্ (শাখা, উপাঙ্গ) >। তুল-আ° ফর্দ্ (one of a pair, fragment)] বি, হস্ত পদাদি প্রত্যঙ্গ। ২ পদ ; পা। "অঙ্গ ছিড়িল, তুরঙ্গ পড়িল। হাতেতে রহিল ফড়া।"-কবিক°। ফড়া ছেঁড়া-হাত পা ছেঁড়া।

ফড়াই, ফড়ুই [ফা° ফতুহী > অথবা ফড়া (দ্রঃ) মাত্র ঢাকে বলিয়া] বি, হাতকাটা ধড়-ঢাকা জামা ; ফতুই।

ফড়িঙ্ [পতঙ্গ > দ্রং পটিঙ্ > ফড়িঙ্] বি, পতঙ্গ।

ফড়িঙ্গা [ফড়িঙ্ দ্রঃ] বি, ঝিল্লিকা ; ঝিঁ ঝিঁ পোকা। ২ পতঙ্গ।

ফড়িয়া, ফড়ে [প্রাদে°। হি° ফড়িয়া] বি, কৃষকগণের নিকট হতে অল্প দরে ক্রয় করিয়া অপেক্ষাকৃত বেশী দরে যারা ফল মূলাদি বিক্রয় করে। ২ ফেরিওয়ালা ; বাড়ী বাড়ী যারা দ্রব্যাদি ফেরি করিয়া বেচে।

ফণ [ফণ্ (গমন করা)+অ (ভূ)] বি, বিস্তৃত সর্পশির। স্ত্রীং ~া [রঙ্গপুর প্রাদে° ফ্যাণা। "ফ্যাণা ধরি উঠে যেমন রাগি গোমা সাপে।"-রাজবংশী কবি রতিরাম (বং সা° প°)] বি, সাপের চক্র। ~কর, ফণাকর [ফণ (সর্পের)ফণা+কর, যে করে]

বি, ভুজঙ্গ ; ফণাধর ; সর্প। ~ধর (-র্ণ-) ফণাধর দ্রঃ। ~ধর-ধর [ফণধর (সর্প) ধর (যে ধারণ করে), বহু০] বি, সর্পধারী মহাদেব ; ফণিভূষণ। ~বান, ফণাবান [ফণ (ফণা) + বৎ স্ত্যা০=ফণবৎ-ফণাবৎ ১মা, ১ব০] বি, ফণাধর ; ভুজঙ্গ। ~ভৃৎ, ফণাভৃৎ [ফণ, ফণা-ভৃৎ (ধারক)] বি, ফণাধর ; সর্প। ~মণি [৬তৎ] বি, সর্পের মস্তকস্থ মণি। "ফণিরাজ ফণমণি কঙ্কণের কণকণি নানা অলঙ্কার ঝলমল।"—অ০ ম০।

ফণাধর [ফণা ধরে যে, বহু০] বি, ফণাধারী সর্প। ২ বিণ, ফণাধারণকারী।

ফণি/খেল-বি, ভারুই পাখী। ~চক্র [ফণি (সদৃশ) চক্র (কুণ্ডলী)] বি, বিবাহাদি কর্ম্মে শুভাশুভজ্ঞাপক সপ্তবিংশতি নক্ষত্র-ঘটিত সর্পাকার ত্রিনাড়ীচক্র। ~জা [ফণি- (সর্প) জা = জ (যে জন্মে) + আ (স্ত্রীং)] বি, ফণি মনসার গাছ। ~তল্পগ [ফণিতল্প (ফণিরূপ শয্যা) গম্ (গমন করা) + অ (র্তৃ)] বি, যিনি ফণি শয্যায় শয়ান আছেন ; বিষ্ণু। ~প্রিয় [৬তৎ] বি, বায়ু। ~ভুক্ [ফণি + ভুজ্ (ভোজন করা) + কিপ্ (র্তৃ)] বি, সর্পভক্ষক ; গরুড়। ~ভূষণ [ফণী (সর্প) রূপ যে অলঙ্কার, যা] বি, সর্পরূপ হস্তালঙ্কার ; সর্পবলয়। "এক হাতে শোভে ফণি০ এক হাতে শোভে মণিকঙ্কণ।" —অ০ ম০। ২ [ফণী ভূষণ যার, বহু০] বি, মহাদেব। ~মণ্ডল [ফণী রূপ যে মণ্ডল (কুণ্ডল), যা] বি, সর্পাকৃতি কুণ্ডল ; সর্পরূপ কর্ণভূষণ। "এক কাণে শোভে ফণিমণ্ডল এক কাণে শোভে মণিকুণ্ডল"—অ০ ম০। ২ [৬তৎ] সর্পের কুণ্ডলী। ~রাজ [৬তৎ] বি, সর্প-রাজ ; অনন্ত। "ফণিরাজ ফণমণি কঙ্কণের কণকণি নানা অলঙ্কার ঝলমল।"—অ০ ম০।

ফণী [ফণা-ইন্ (স্ত্য০) =ফণিন্ ১মা, ১ব০] বি, সর্প। "ফণীবালা ফণীহার ফণীময় অলঙ্কার শিরে ফণী ফণী উপবীত।"—অ০ ম০। স্ত্রীং ফণিনী-সর্পী। ~ন্দ্র [৬তৎ] বি, নাগরাজ ; বাসুকি ; অনন্ত। ~শ্বর [৬তৎ] বি, নাগরাজ ; বাসুকি।

ফণ্ড১ [সং] বি, জঠর ; উদর। [বাং-র ব্যবহার নাই কিন্তু ইহার গ্রাম্যরূপ "ফাঁড়" বাং-কথ্য ভাষায় প্রচরদ্রূপ]।

ফণ্ড২ [ইং fund এর লিপ্যন্তর] বি, তহবিল ; কোষ। ২ পুঁজি।

ফণ্ণ [সং-ফণ শব্দ, ছন্দঃ হেতু ফণ্ণ] বি, ফণা ; সর্পের বিস্তৃত মস্তক। "ফণাফণ ফণাফণ্ ফণীফণ্ণ গাজে।"—অ০ ম০।

ফৎনা-কাতনা দ্রঃ।

ফতা-ফতে দ্রঃ।

ফতুই, ফিতুয়া১ [আ০ ফ্তুহী] বি, হাতকাটা ছোট জামা।

ফতুয়া২ [আ০ ফ্‌ৎবা। ফতোয়া দ্রঃ] বি, কাজীর রায়।

ফতুর [আ০ফতুর (অসামর্থ্য, দৈন্য) > হিং ফ(ফু)তুর (হানি, উপদ্রব) > অর্থ সম্প্রসারণে বাং-র বিণ০ অর্থে নির্ধন] বিণ, দুর্ব্বল ; নিঃস্ব ; রিক্তহস্ত ; দরিদ্র ; নির্ধন। 'ফতুরো' [সম্ভবতঃ গ্রা০ হিং ফতুরোআ (তুচ্ছার্থে) >, অথবা 'ফতুর ও' > বাং-য় ক্ষে০] "কুবেরের করে ধন, সব করেছ সমর্পণ, থাকতে বিষয় বিড়ম্বন, হয়ে বসেছ ফতুরো।"—গান, গোবিন্দ অধিকারী।

ফতে [আ০ ফ্তহ্] বি, জয়। "রামজীর কুদরতে মহিম হইল ফতে কেবল তোমারি কেরামতে।"—অ০ ম০। "তোমরা বাক্য-বাণে শুধু ফতে কর্ত্তে চাও লড়াই তা সে হবে কেন?"—দ্বিং রায়।

ফতো [আ০ ফ্তহ্=পরানুগ্রহ ; দানলব্ধ আয়] বিণ, পরপুষ্ট ; অন্যের অনুগ্রহে বা অর্থে পুষ্ট। ~নবাব [ফতো (দ্রঃ) নবাব] বিণ, যে নিজে নিঃস্ব কেবল পরের ধনে নবাবী করে। ২ [বিদ্রূপোক্তি] বি, নবাবী চাল অবলম্বনকারী নির্ধন ব্যক্তি ; অন্তরে ফতুর বাহিরে নবাবের নকলকারী ব্যক্তি। বি, ~নবাবী। ~বাবু [ফতো (দ্রঃ) বাবু (বিলাসী সম্ভ্রান্ত)] বিণ, যার নিজের কিছু নাই, কেবল পরের দৌলতে বাবুগিরি করে। ২ বাহিরে বাবুগিরি করা চাই অথচ ভিতর ফোঁপরা ; নিঃসম্বল হইয়াও যে বাহিরে বাবুয়ানা দেখায়।

ফতোয়া [আ০ ফৎবা] বি, মুসলমান বিচারকের লিখিত ব্যবস্থা ; মুসলমান ব্যবহার শাস্ত্রানুযায়ী বিচারকের রায়। "লক্ষৌয়ে বসিয়া সহস্রাধিক মুসলমান মৌলবী ও মৌলানা ফতোয়া জারি করিলেন যে এক শুক্রবারে খেলাফতের রক্ষায় জন্য উপাসনা করিতে হইবে।"—বাঙ্গালী, ১৩২৬। ~বাজ [ফা০ বাজ (দক্ষ)] বিণ, ফতোয়া দিতে পটু। "স্বার্থপর মূর্খ পীর, মোল্লা ও ফতোয়াবাজ কোন্দলপ্রিয় লোকদিগকে দমন"—আ০ শক্তি, ১৩৩৩, পৌষ (মিং মো০ সেরাজুল হক্)।

ফন১, ফম১ [ইং fun >] বি, ফন্দী ; মতলব। ২ ফাঁদ। ৩ চতুরতা ; চালাকি।

ফন২ [ইং fund এর লিপ্যন্তর] ফণ্ড। "ন্যাসনেল্ ফনের ব্যাপারটি নয় কি চলাচলি?"—হেম০।

ফনফন [অনু০] বি, ফণার আঘাত কালীন সর্পের ফণ ফণ শব্দ। ২ সাপের ফণার আকারে আন্দোলন ও বায়ু ভরে শব্দ করণ। ৩ প্রস্রাবের শব্দ।

ফনোগ্রাফ, ফোনোগ্রাফ [ইং phonograph] বি, সঙ্গীতযন্ত্র; গানের কল।

ফন্দ, ফিন্দি, ফিন্দী [আ০ ফ্ন্ (কূট কৌশল)। ফা০ ফন্দ্ (ফাঁদ, জাল, চাতুরী)] বি, কৌশল। "ফেরে হাটে বাটে ঘাটে মাটে নানা ঠাটে ফন্দি নানা।"—ঈ০ গুপ্ত। ২ [সং-প্রবন্ধ] যোগাযোগ ; বিধান। "বুঝিতে নারিনু বিধির ফন্দ, করিনু ভালরে হইল মন্দ।"—অ০ ম০। ~বাজ [ফা০ ফন্দ্ + ফা০ বাজ্] বিণ, মৎলবী ; কৌশলী।

ফপল-ফোঁপল দ্রঃ।

ফফিড়দালাল [হিং ফক্কড় (জাল, ছল) + দালাল (আ০ দলিল=বাদানুবাদ বা প্রমাণ বিচার)। উচ্চারণ ভেদে-ফপল (ফোঁপল দ্রঃ), ফোবল, ফোবোল, ফোঁপো(বো)ল,] বি, যে ক্রয়-বিক্রয় স্থলে মধ্যস্থ হইয়া বিচার-বিতর্ক করে, সে দালাল এবং উপরপড়া হইয়া যে তা করে, সে ফক্কড়দালাল ; ফাঁপা, ফোঁপরা=শূন্যমধ্যতা। ফফিড়দালালি [গ্রা০ ফপল-, ফোঁপোল-, ফোবোল-, ফোবলদালালি] বি, ফক্কড়দালালের কর্ম্ম।

ফম২ [আ০ ফহ্ম্ (বুদ্ধি), অথবা ফন্

(ফন্দী, কৌশল, চাতুর্য্য)] বি, বুদ্ধি। ২ কৌশল ; ফন্দী ; উপায়।

ফয়তা [আ॰ ফাতিহা] বি, মৃতের আত্মার জন্য প্রার্থনা এবং পীরের দরগায় অর্থাদি দান ও পূজা। ২ [আ॰ ফৎবা] মুসলমান বিচারকের লিখিত শাস্ত্রানুমোদিত রায় ; কাজীর বিচার ফল। ফঁ॰ দেওয়া [উর্দ্দূ॰ ফৎবা দেনা। এই অর্থে গ্রা॰'ফ॰ মারা'] মুসলমান ধর্ম্মশাস্ত্রানুযায়ী বিধান দেওয়া ; শাস্ত্রানুমোদিত বিচার করিয়া রায় বা সিদ্ধান্ত প্রকাশ করা to give a verdict.

ফয়দা, ফায়দা [আ॰ ফায়দা] বি, ফল ; লাভ। "কত কি হ'ল পয়দা, কিছুতেই হয় না ফয়দা।"-রজনী সেন। ২ উপকার ; হিত ; মঙ্গল। "এমনি করেছি কায়দা পলাইলে নাইকো ফয়দা হামেশ রুজু ভক্তি প্যায়দা দু নয়ন দ্বারবান দিয়েছে।"-বাং-গান। ৩ আবশ্যক ; প্রয়োজন।

ফয়লা, ফায়লা-আমলা দ্রঃ।

ফয়সল [আ॰ ফয়সল (কৃতনিষ্পত্তি)] বিণ, যে মকদ্দমায় বিচারপতি রায় দিয়াছেন।

ফয়সলা, ফয়সালা [আ॰ ফয়সলাহ্] বি, রায় ; বিচার-ফল ; মোকদ্দমার নিষ্পত্তি-পত্র judgment.

ফরই [সং-স্ফুরতি >, বৌ॰ বাং প্রাকৃ॰] ক্রি, স্ফুরে ; স্ফূর্ত্তি পায়। ফরন্ত, ফরিঅ, ফিরিয়া-স্ফূর্ত্তি পায় (বৌ॰ গান ও দোহা)।

ফরক [আ॰ ফর্ক্] বি, বিভিন্নতা ; প্রভেদ ; তফাৎ। ২ বিণ, দূর। ৩ বিভিন্ন ; স্বতন্ত্র ; আলাদা। ক্রি, ফরকা [ফরকি, ফরক, ফরকে ; ফর্কিতে ; ফরকিয়া (কে॰ ফরকে)। ণিজন্ত ফরকান] ঠিকরন ; হঠাৎ ঘৃণা ক্রোধাদি ভয়ে পৃথক হওয়া।

ফরকানি [ফরক (দ্রঃ)+আন (ক্রি বিভক্তি)। ফরকাই, ফরকাও, ফর্কায় ; ফরকাইতে ; ফরকাইয়া (গ্রা॰ ফোর্কে)] ক্রি, ঠিকরিয়া বাহির হওয়া ; ক্রোধাদির বশে বেগে বাহির হইয়া যাওয়া। ২ আস্ফালন করা। "বাধা দিল বীরাঙ্গ বিস্তার করি মুখ, ফলা ফরকিয়া সেন হইল সম্মুখ।"-ধ॰। > বি, ফরকন, ফরকানি।

ফরকাল [ফরক (দ্রঃ)-আল (হিং বালা)] বিণ, বিস্তৃত ; বিস্তৃতমুখ ; কাঁদাল।

ফরজ [আ॰ ফর্জ্] বি, অনুমান। ২ ঈশ্বরের আদেশ।

ফরফর [অনু॰] বি, কাগজ, কাপড়ের ফালি ইং লম্বা পাতলা বস্তু হাওয়ায় উড়িবার শব্দ। "কত নিশান ফর ফর" ॰ ম॰। ২ [সং-ফর্ফর। তুল-ফা॰ ফর্ফর্ (ত্বরিত)] অতি চঞ্চল ভাব ; পুঁটির মত ছোট মাছের অল্প জলে লাফালাফি। [দ্রঃ-লঘু অর্থে ফুর্ফুর্, জোরে-ফর্ফর, ক্রমাগত অর্থে ফর্র্ ফর্র্, তুচ্ছার্থে-ফ্যার্ ফ্যার্] বি, ফরফরানি-চাঞ্চল্য। ২ কর্ত্তৃত্বাভিমান। ৩ প্রগল্ভতা। ৪ নিশানাদি উড়িবার শব্দ।

ফরফরিক, -রীক [অনু॰। তুল-গ্রা॰ ফড়াং করে চড় মারা, চপেট=চড় ইতি ভাষা-অমর॰ টীকা] বি, চপেটাঘাত ; চড়। স্ত্রীং ~া-পাদুকা (কল্পদ্রুম॰)।

ফরফরে [ফরফর+ইআ >] বিণ, ফরফরকারী। ২ [তুচ্ছার্থে-ফ্যারফেরে] অতিশয় পাতলা ; জালবৎ।

ফরম-ফারম২ দ্রঃ।

ফরমা [মুদ্রণশিল্পে। ইং frome এর লিপ্যন্তর] বি নির্দিষ্ট পৃষ্ঠা সংখ্যাপিত কাগজ-খণ্ডে মুদ্রণ জন্য চেসে (chase) বদ্ধ সজ্জিত অক্ষর পংক্তি।

ফরমাইশ, ফরমাস, ফর্ম্মাস, ফরমায়েস [ফা॰ ফর্মায়শ্। উচ্চারণ বিকারে-ফরমাজ, ফরমাইজ্] বি, চাহিদা (পণ্যদ্রব্য সরবরাহ করিবার জন্য)। ২ হুকুম ; আজ্ঞা ; আদেশ। "এ ওরে ফর্ম্মাস করে"-ঈ॰ গুপ্ত।

ফরমান১ [ফা॰ ফর্মান্] বি, বাদশাহী হুকুম ; রাজাজ্ঞা। ২ হুকুমনামা ; সনন্দপত্র ; আজ্ঞাপত্র। "শিষ্টাচার মত আগে দিলা সমাচার, পাঠাইয়া ফ॰ বেড়ী তলবার।" -অ॰ ম॰। ~বরদার [ফা॰ ফরমান(ম্)া -বরদার] বি, অনুগত ভৃত্য ; আজ্ঞানুবর্ত্তী দাস। ২ প্রজা। ৩ আজ্ঞাপালনকারী ; প্রভুভক্ত। ~বরদারী [ফা॰] বি, আদেশপালন ; রাজসেবা।

ফরমানি২ [ফা॰ ফর্মান্ >, ফা॰ উ॰ ফর্মানা (হুকুম করা)। ফরমাই, ফরমাও, (ফরমাহ) ফরমায় ; ফরমাইতে (কে॰ ফরমাতে) ; ফরমাইয়া (কে॰ ফরমায়ে) ইং] ক্রি, হুকুম দেওয়া ; আজ্ঞা করা। "স্বদেশে রাজাই পায় দেয়া দিয়া ঘরে যায়, ফরমান ফরমাহ তায়।"-অ॰ ম॰।

ফরমানি [ফরমান (দ্রঃ)+ই] বি, হুকুম ; বাদশাহী হুকুম। "বাহ বাহ বলি ডাকেন ফরমানি"-কবিক॰।

ফরমানী [ফরমান (দ্রঃ)+ঈ (র্তৃ)] বি, যিনি হুকুম দেন ; আজ্ঞাকারী। "ফরমানী মহারাজ মনসবদার, সাহেব মহবৎ আর কান গোই তার।"-অ॰ ম॰।

ফরমাবরদার,-রী-ফরমান দ্রঃ।

ফরসা, ফর্সা [সং-স্ফর্ (প্রকাশ ; দীপ্তি অর্থে) > স্ফার >। গ্রা॰ ফরছা] বিণ, নির্মল ; উজ্জ্বল। "রং ফরসা, গড়নটাও নেহাত মন্দ নয়।" "রং ফিট্‌ফিটে ফর্সা।"-দ্বি॰ রায়। ২ আলোকময় ; অন্ধকারশূন্য। "রাত পোহাল ফরসা হল ফুটলো কত ফুল।"-দীনবন্ধু। ৩ অবসান ; শেষ ; নিকাশ ; সাবাড়। প্র-এক কোপে তাকে ফরসা করে দিয়েছে। ৪ স্পষ্ট। প্র-ফরসা করিয়া বলিলেই ত হয়। ৫ শূন্য। "ভবিষ্যৎ একেবারে ফরসা হয়ে গেল আর কি।" ৬ মেঘমুক্ত। "বর্ষাকালে ফর্সা আকাশ ভরসা কিসে আর।"-ঈ॰ গুপ্ত।

ফরসি, ফরসী [আ॰ ফর্শী] বি, চাপ্টা তলা হুঁকা।

ফরাকৎ [আ॰ ফরাগৎ] বি, উন্মুক্ত ও বিস্তৃত স্থান ; খোলা বা ফাঁকা জায়গা। ২ অবসর ; অবকাশ ; ছুটী। ৩ পৃথকত্ব ; স্বতন্ত্রতা। [দ্রঃ-বাং-য় বিশেষণও হয়। প্র-ফরাকৎ করে দেওয়া ; ফরাকৎ স্থান। কাজ থেকে ফরাকৎ হওয়া]।

ফরাস১, ফরাশ [আ॰ ফর্শ্=বিছানা] বি, যে ভৃত্য ঘর দ্বার আসবাবপত্র ঝাড়িয়া ঝুড়িয়া পরিষ্কার করে, বিছানাদি বিছায়, গৃহে বাতি জ্বালে, বাতি-দান ইং পরিষ্কার করে ; যারা আসর বা বৈঠক সুসজ্জিত করে রাখে। ২ কার্পেট ; মেঝের পাতিবার আসন। "ফরাসে ও সতরঞ্চে এক কোমর

বাটি।"-দ্বি॰ রায়। "ফরাস পাতি করিব ধলা বন্ধ।"-রবী॰।

ফরাস২ [ফ্রে॰ France ফ্রাঁস >। তুল -বঙ্গ (বঙ্গবাসী অর্থে)] বি, ফরাসী ; ফ্রান্স দেশের অধিবাসী। "ইঙ্গরেজ ওলন্দাজ ফিরিঙ্গি ফরাস।"-অ॰ ম॰। **~সী, ফরাসীস** [ইং French, পর্তু॰ Francez (ফ্রান্সীস বা ফ্রাঁসীস) > ফরাস] বি, ফ্রান্সদেশের লোক। ২ তদ্দেশীয় ভাষা। ৩ তদ্দেশজাত। **~ডাঙ্গা**-ফরাসীদিগের স্থান ; ফরাসীদিগের অধিকৃত কলিকাতার অদূরবর্ত্তী গঙ্গাতীরবর্ত্তী নগর।

ফরি, ফরী [ফলক >] বি, ঢাল। "কাড়িয়া লইল তার খড়্গ আর ফরী"-কৃত্তিবাস।

ফরিকার, ফরিকাল, ফরিকালি [আ॰ ফরীক্ (সেনাদল)+আল্, আলি (স্বার্থে)] বি, সেনাসমূহ ; চমূ ; সৈন্যদল ; বাহিনী। "অপর টাঙ্গন টাটু ঢালি ফরিকার"-ঘ॰। "বায়বাঁশ তবকী ফরিকাল ধানুকী আগু দলে কনক নিশানী।"-কবিক॰। "ধানুকী বন্দুকী ঢালী রায়বেঁশে ফরিকালি রাহুত মাহুত সমুদায়।"-ঘ॰।

ফরিয়া/দ [ফা॰ ফরীয়াদ্। গ্রা॰ ফৈরদ, ফৈরাদ, ফৈরেদ, ফৈরোদ। "দাদ ফৈরোদ"] বি, আদালতে অভিযোগ ; মামলা। ২ দোহাই দেওয়া ; সাহায্য ভিক্ষা। **দাদ ফরিয়াদ** [সহ॰ দ্বন্দ্ব] বি, নালিশ মকদ্দমা ; দোহাই ধর্ম্ম ই॰ বলিয়া বিচার প্রার্থনা। **~দি, -দী** [ফা॰। গ্রা॰ ফৈরাদী] বি, আদালতে অভিযোগকারী ; বাদী।

ফর্দ্দ [ফা॰ ফর্দ্=এক] বি, তালিকা ; ফিরিস্তি (দ্রঃ) inventory ; list. "ডাক শুনিয়া কালিপদ বাহিরে আসিল। প্রশ্ন শুনিয়া সে মুখে মুখে সাংসারিক কাজের বিরাট ফর্দ্দ দাখিল করিয়া কহিল, সে ভিতরে ছিল, জানেও না বাবু কখন চলিয়া গেছেন।" শরৎ চট্টো॰ (দত্তা)। ২ কাগজের টুকরা। ৩ ফালি ; প্রস্থ। প্র-এক ফর্দ্দ কাপড়। ৪ বিণ, তরসা ; ফাঁক ; স্বতন্ত্র।

ফর্দ্দা [ফর্দ্দ (দ্রঃ)+আ (যুক্তার্থে)। বরিশালে-ফরদা] বি, উন্মুক্ত। ২ বিস্তৃত। ৩ পরিষ্কৃত। ~ফাঁই-ফাঁই দ্রঃ।

ফর্ফর [সং] ফরফর দ্রঃ।

ফর্ম্ম (-র্ম্) [ইং form এর লিপ্যন্তর] বি, ফরম, ফারম (২) দ্রঃ। "রায় বাহাদুর তখন টেলিগ্রামের ফর্ম্ম লইয়া ঢাকার কোন প্রবীণ উকীলকে এই মর্ম্মে একটা জবাবী তার করিলেন।-মা॰ ও ম॰ বাণী, ১৩৩৩, জ্যৈষ্ঠ। ২ স্কুলের শ্রেণী (class).

ফর্ম্মা [ইং forme এর লিপ্যন্তর] বি, মুদ্রাযন্ত্রে সাজান অক্ষর পঙ্ক্তি ; ফরমা (দ্রঃ)।

ফল [সং] বি, উদ্ভিজ্জাত শস্য। ২ রন্ধন না করিয়াও পক্ব বা অপক্ব অবস্থায় যে ফল খাওয়া যায় (আম, কাঁঠাল, তাল, বেল, ডাব, জাম ই॰)। ৩ ত্রিফলা। ৪ সন্তান। ৫ বাণের অগ্র-লৌহ ; ফলা। ৬ খড়্গাদির ধার। ৭ ফাল। ৮ ফলক। ৯ ঢাল। ১০ গণিতের নিষ্কাশিত অঙ্ক। ১১ সিদ্ধান্ত। ১২ নিষ্পত্তি। প্র-মোকদ্দমায় ফল। ১৩ পরিণাম। প্র-পরীক্ষার ফল। ১৪ আবশ্যক ; প্রয়োজন। ১৫ কার্য্যসিদ্ধি। ১৬ উত্তর। ১৭ ধন ; সম্পত্তি। ১৮ সুখ দুঃখাদি। ১৯ স্বর্গাদি সুখ। ২০ শাস্তি ; দণ্ড। "পাপে হএ নরকের ফল"**"তাহার উচিত ফল দিলেক মদন"**"যে ফল করিবে মোর কব অবিচারে"-শ্রী কী॰। ২১ [পাটী॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং result এর বৈজ্ঞা॰ পরিঃ ; (বলবিদ্যা॰ পরিঃ) লব্ধি resultant. [দ্রঃ-ক্ষেত্রফল-কালি area. গুণফল-product. ঘনফল-আয়তন volume. ঘন-মান-ঘনফল। ২ cube. বর্গফল-square. ভাগফল quotient. যোগ-ফল-sum]। **~ওয়ালা** [সং-ফল + হিং বালা। গ্রা॰ ফলওলা, স্ত্রীং ফলউলী] বি, ফল বিক্রেতা। > স্ত্রীং ফলওয়ালী। **~কক্ষ** [সং] বি, বক্ষবিঃ। **~কণ্টক** [ফলেতে কণ্টক যার, বহু॰] বি, পনসবৃক্ষ ; কাঁটালগাছ। **~কথা** [ফল (পরিণাম) কথা] বিণ, শেষ কথা ; মোট কথা ; কোন বিষয়ের নিষ্পত্তিকর বাক্য। **~কর** [ফল-কর (শুল্ক)] বি, ফলবৃক্ষের নির্দ্ধারিত কর। **~কাম** [ফল-কম্+ণিচ্=কামি+অ (র্তৃ-অ)] বিণ, কর্ম্মফলের কামনা-প্রত্যাশী ; সকামকর্ম্মী। **~কেশর** [সং] বি, নারিকেল গাছ। **~গ্রাহী** [মূ॰ ফলগ্রাহিন্ ১মা, ১ব॰] বিণ, যে ফল গ্রহণ করে ; ফল-গ্রাহক ; ফল গ্রহণকারী। ২ বি, তরু ; বৃক্ষ। **~প্রাপ্তি** [৬তৎ] বি, ঈপ্সিত ফললাভ ; কাম্য বস্তুর প্রাপ্তি। **~বন্ধ্য** [ফল (ফল বিষয়ে) বন্ধ্য, ৭তৎ] বি, ফলহীন তরু। **~বান্** [মূ॰ ফলবৎ ১মা, ১ব॰] বিণ, ফলশালী ; ফলবন্ত ; ফলযুক্ত। > স্ত্রীং **~বতী**-ফলযুক্তা। ২ সন্তানবতী নারী। **~ভাগী** [মূ॰ ফল-ভাগিন্] বি, ফলের অংশী ; পরিণামভাগী। > স্ত্রীং **~ভাগিনী**। **~ভুক** [মূ॰ ফল-ভুজ্] বিণ, ফল ভোজনকারী ; ফলাশী। **~ভূমি** [৬তৎ] বি, কর্ম্মফল ভোগের স্থান। ২ ভারতবর্ষ। **~ভোগ** [৬তৎ] বি, কর্ম্মফলজনিত সুখ দুঃখাদির অনুভূতি। **~ভোগী** [মূ॰ ফলভোগিন্ ১মা, ১ব॰] বিণ, সুখ দুঃখাদি ভোগকারী। **~মুখ** [৬তৎ] বি, ফলারম্ভ ; ফলোদয়। **~শালী** [মূ॰ ফল-শালিন্ ১মা, ১ব॰] বিণ, ফলবান্ ; ফলযুক্ত ; সফল। > স্ত্রীং **ফলশালিনী**-ফলবতী। **~শ্রুতি** [৬তৎ] বি, কর্ম্মের ফল শ্রবণ। **~শ্রেষ্ঠ** [ফলের মধ্যে শ্রেষ্ঠ, ৭তৎ] বি, আম্র। ২ আম্রবৃক্ষ ; আমগাছ। **~সম্ভব** [ফল হতে সম্ভব, ৫তৎ] বিণ, ফলোৎপন্ন ; ফল হতে জাত। **~সাধন** [৬তৎ] বি, ফল-সিদ্ধি ; চরিতার্থতা। **~সিদ্ধি** [৬তৎ] বি, বাঞ্ছিত সুখলাভ ; চরিতার্থতা। **~হানি** [৬তৎ] বি, ফলক্ষয়। **~হারী** [ফল-হৃ (হরণ করা)+ইন্ (র্তৃ)=ফলহারিন্ ১মা, ১ব॰] বিণ, ফল আহরণকারী। ২ দেবীবিঃ ; জ্যৈষ্ঠ মাসীয় অমাবস্যায় লক্ষ ফল দিয়া ইঁহার পূজা করিতে হয়। **~হীন** [ফল (দ্বারা) হীন, ৩তৎ] বিণ, ফলশূন্য। ২ বৃথা ; নিষ্ফল। **~গছানিব্রতি**-বৈশাখ মাসব্যাপী ৪ বৎসর সাধ্য ব্রত। প্রথম বৎসরে গুপারী, পৈতা ও পয়সা ব্রাহ্মণকে দান করিতে হয়। দ্বিতীয় বৎসরে ফল স্থানে কদলী, তৃতীয় বৎসরে আম্র, চতুর্থ বৎসরে ডাব দান করিতে হয়। **ফল দেওয়া**-কার্য্যকর

হওয়া ; ইষ্টসিদ্ধি হওয়া। ২ বৃক্ষ কর্ত্তৃক ফল দান করা ; বৃক্ষে ফল ধরা। ফল দেখা-নারীর প্রথম রজঃদর্শন বা ঋতু হওয়া। ফল ধরা-বৃক্ষ ফলবান্ হওয়া। ২ কার্য্য সিদ্ধির সূত্রপাত হওয়া। ৩ লক্ষণের ফল ধরা (ব্র:)। ফল নাবা-ফলোদ্গম হওয়া ; বৃক্ষে ফল ধরা। ফল ভাঙ্গা-গাজনের সন্ন্যাসী কর্ত্তৃক নীলের উপবাসের দিন বৃক্ষ হতে ফল পাড়া। ফল সংক্রান্তি ব্রতি-বৈশাখ মাসের সংক্রান্তিতে আরম্ভ করিয়া প্রতি সংক্রান্তিতে কদলী, আম্র, নারিকেলাদি দ্বাদশ প্রকার ফল, যজ্ঞোপবীত, বস্ত্র ও পাত্র-সহ ব্রাহ্মণকে দান-করা-রূপ ব্রত।

ফ̆লুই, ফলুই [সং-ফলকী] বি, মৎস্যবি:।

ফ̆লক [সং] বি, ললাটস্থ অস্থি। "ললাট-ফলক"-চণ্ডি০। ২ তাম্র, কাষ্ঠ ই০ দ্বারা নির্ম্মিত পট্ট। ৩ পাটা ; ধোপার পাটা। ৪ ঢাল। "নিষঙ্গের সঙ্গে পৃষ্ঠে দুলিল ফলক" -মেঘ০। ৫ অস্ত্রের সূক্ষ্মাগ্রভাগ ; ফলা। ৬ নাগকেশর। ~পাণি [ফলক পাণিতে (হস্তেতে) যার, বহু০] বি, ঢালী ; ফলকী।

ফ̆লঙ্গ [হিং ফলঙ্গ্] বি, উল্লম্ফন ; লম্ফ ; ফাল। "ফলা ঝাড়ি ফলঙ্গ মারিতে যায় ফেটে।" -ঘ০। "ফলঙ্গে লঙ্ঘিতে পারে ত্রিশ হাত খানা"-ঐ।

ফ̆লতঃ [সং-ফলতস্] ক্রি-বিণ, বস্তুতঃ ; অর্থাৎ ; সংক্ষেপতঃ ; বাস্তবিক।

ফ̆ল/ত্রয় [ফল-ত্রয়] বি, মরিচ, শুঁঠ ও পিঁপুল এই তিনটি ফল ; ত্রিফলা (হরীতকী, বিভীতকী, আমলকী)। ~দ [ফল-দা (দান করা) +অ (র্তৃ), যে দান করে] বি, তরু ; বৃক্ষ ; গাছ। ২ বিণ, যে ফল দান করে ; ফলদায়ক। > স্ত্রীং ~া। ~দাতা [মূ০ ফলদাতৃ] বিণ, ফলদায়ী ; ফলপ্রদানকারী। >স্ত্রীং ~দাত্রী-ফল-দায়িনী। ~দর্শী [মূ০ ফলদর্শিন্ ১মা, ১ব০] বিণ, পরিণামদর্শী ; দূরদর্শী। বি, ফল-দর্শিতা।

ফ̆লন [ফল-অন+ভা০] বি, ফল জন্মান ; প্রসবন। ২ উদ্ভব ; উৎপত্তি।

ফ̆লনা [আ০ ফলাঁ=অমুক] বি, ব্যক্তি। ২ অমুক। ৩ [গ্রা০ অশ্লীল অর্থে] স্ত্রী বা পুং চিহ্ন। ~তুষ্‌কো,-তুস্কো [ফা০+হিং তুষকো > তোর অমুক তমুক ই০] অ, অমুক-তমুক ; যা মুখে আসিল তাই ; যথেচ্ছ গালি ; যে সকল অশিষ্ট গালি উচ্চারণ করা যায় না তার ইঙ্গিতসূচক সহচর শব্দদ্বয়। "ফলনা তুষকো করে গাল দিলে।"

ফ̆লনিবৃত্তি [সং] বি, পরিণাম।

ফ̆লনিষ্পত্তি [সং] বি, বাঞ্ছিত নিষ্পত্তি ; ঈপ্সিত সিদ্ধান্ত।

ফ̆লন্ত [ফল+ন্ত (প্রত্যয়-বিদ্যমানার্থে) যা ফলিতেছে। তুল-ঘুমন্ত, জাগন্ত ই০] বিণ, ফলবন্ত ; ফলশালী। ~পাকান্ত,-ন্তা [ফল+পাক (পক্বতা) অন্ত (শেষ, মৃত্যু), + আ] বি, ওষধি ; ফল পাকিলে যে উদ্ভিদের মৃত্যু হয়। ~প্রদ [ফল-প্রদ (যে দান করে), উপ০] বিণ, ফলদায়ক ; ফলদাতা।

ফ̆লশি,-শী [প্রাদে০ (আম্র) ফল+শি (শুষ্ক >)] বি, শুষ্কাম্র ; আমশি।

ফ̆লসা [সং-পরূষক। ফা০ ফাল্‌সা] বি, কৃষ্ণলোহিতবর্ণ অম্লমধুররস ক্ষুদ্র গোল ফল বি: grewia asiatica.

ফ̆লা১ [ফলক >] বি, ফলক। ২ অস্ত্রাদির সূক্ষ্ম মুখ ; তীরের মাথা। ৩ ঢাল। "ফলা ফরকাইয়া সেন হইল সম্মুখ।"-ঘ০। ৪ যুক্তবর্ণ ; যুক্তবর্ণের পূর্ব্ব (রেফ ´) বা পরবর্ণ (্য, ্ন, ্ম, ্ব, ্র)। যথা-রফলা, মফলা, লফলা ই০। "অল্পদিনে দশ ফলা অক্ষর শিখিল।"-চৈ০ চ০।

ফ̆লা২-বিণ, ফলিত ; ফলে এমন ; ফলন্ত। দোফলা গাছ।

ফ̆লা৩-বি, ফলন।

ফ̆লা৪ [ফল+আ (ক্রিয়ায়)। ফলি, ফল, ফলে ; ফলিতে (ক্ষে০ফলতে) ; ফ'লিয়া (ক্ষে০ ফ'লে) ণিজন্ত-ফলান ই০] ক্রি, উৎপন্ন হয় ; জন্মে।

ফ̆লাও, ফালাও [হিং ফয়্‌লাব্, ফয়্‌লাবা (প্রাচুর্য্য, বিস্তার)। এই বিশেষ্য পদ বাং-য়-বিণ-অর্থে প্রয়োগ] বিণ, প্রশস্ত ; বিস্তীর্ণ extensive. "সে অনেক দিনের চাকর, টাকা কড়ি সম্বন্ধে বিজয়ার মনের ভাব এবং আচরণের বহু দৃষ্টান্ত সে চোখে দেখিয়াছে। সে তাহার সেই জ্ঞান-টুকু আরও একটু ফলাও করিয়া, একটু হাসিয়া একটু তাচ্ছল্যের ভাবে বলিল, ইঃ ভারি ত দাম! মাঠানের কাছে দু'চারশ' টাকা নাকি আবার টাকা"-শরৎ চট্টো০ (দত্তা)। ২ প্রচুর abundant.

ফ̆লাগম [ফল+আগম, ৬তৎ] বি, ফলোৎপাদনকাল।

ফ̆লান [হিং ফলানা। ফলাই, ফলাও, ফলায় ; ফলাইতে ; ফলাইয়া (ক্ষে০ ফলিয়ে)] ক্রি, প্রকাশ করা ; প্রদর্শন করা। প্র-বিদ্যা ফলান। ২ ফুটান। ৩ রঞ্জিত করা। "ফলাইয়া নবরাগ আঁকি আমি ছবি।" অশোক০। ৪ উৎপাদন করা। "তুমি আম গাছে কখন তেঁতুল ফলাইতে পার কি?" -যোগেশ্বরী।

ফ̆লানা [আ০ ফলাঁ] বিণ, অমুক। ফঁ০ ফলানা-অমুক অমুক।

ফ̆লান্বেষণ [ফল + অন্বেষণ] বি, ফলানুসন্ধান।

ফ̆লান্বেষী [ফল + অন্বেষী] বিণ, সিদ্ধি-প্রত্যাশী ; ফলাকাঙ্ক্ষী ; পরিণাম অনুসন্ধান-কারী। স্ত্রীং ফলান্বেষিণী।

ফ̆লাপেক্ষা [ফল + অপেক্ষা] বি, ফলাশা ; ফলাকাঙ্ক্ষা ; পরিণাম প্রত্যাশা ; সিদ্ধির প্রত্যাশা।

ফ̆লাফল [ফল+অফল] বি, হিতাহিত কর্ম্মের শুভাশুভ পরিণাম।

ফ̆লার, ফলাহার [ফল+আহার >ক্ষে০ ফলার] বি, ফলাহার (ব্র:) ; অন্ন ব্যতীত অন্যান্য আহারীয় ভক্ষণ। ২ ফল মিষ্টান্নাদি সহযোগে দধি ও চিপিটক ভক্ষণ। "পাবে না সে দইয়ের এবং চিড়ার এবং কলার মনোহরার ও সন্দেশের মধুর ফলার।"-দ্বিজ০ রায়। "ঘিয়ে ভাজা তপ্ত লুচি, দু চারি আদার কুচি, কচুরি তাহাতে খান দুই। ছকা আর শাক ভাজা, মতিচুর বোঁদে খাজা, ফলারের যোগাড় বড়ই।" "* * খুরি পুরি ক্ষীর তায়, চাহিলে অধিক পায়, কাতারি কাটিয়ে শুকো দই।

অনন্তর বাম হাতে দক্ষিণা পাণের সাথে, উত্তম ফলার তাকে কহি।"—জন্মভূমি, ১৩০০, মাঘ। বিণ. ফলারে [ফলারিয়া > ফেং] ফলার পটু বা প্রিয়। প্র—ফলারে বামুন।

ফলারি [মানভূম, হুগলী ইং আদা০] বি, ফল গাছের বাগান orchard.

ফলাশন [ফল (হইয়াছে) অশন, (ভক্ষণীয়) যার, বং০] বি. শুকপক্ষী; টিয়াপাখী। ২ বিণ, ফলাহারী।

ফলাস্বাদন [ফল+আস্বাদন] বি, ফলাহার; ফলভোগ।

ফলাহার—ফলার দ্রঃ। বিণ. ফলাহারী [প্রা০ ফলারিয়া, ফলারে] ফলার প্রিয়।

ফলি, ফলুই [সং-ফলি >] বি, ক্ষুদ্র ক্ষুদ্র আঁইসযুক্ত ও চিথলের মত পাতলা, কিন্তু তদপেক্ষা ক্ষুদ্র মৎস্যবিঃ।

ফলিত [সং] বিণ, ফলযুক্ত; সফল; ফল নির্দেশক। ফলিত জ্যোতিষ—বি, গ্রহ নক্ষত্রাদির গতি দ্বারা শুভাশুভ অদৃষ্ট গণনা-শাস্ত্র astrology.

ফলিতার্থ [ফলিত+অর্থ] বি, মূলাধার। ২ সারাংশ; প্রধান অংশ। ৩ নিষ্কর্ষ।

ফলিনী [ফল+ইন্(ষ্ণ্য০)=ফলিন্+ঈ (স্ত্রীং), ১মা, ১ব০] বিণ, ফলযুক্তা; ফলবতী। ২ [আয়ু০] অপুষ্টাঙ্গী কিশোরীকে পূর্ণবয়স্কের দ্বারা ধর্ষণজনিত যোনিরোগ।

ফলী [সং] বি, প্রিয়ঙ্গুলতা। ২ ফলুইমাছ [ময়মনসিংহ অঞ্চলে]। ৩ [ফল্+ইন্(ষ্ণ্য০)= ফলিন্ ১মা, ১ব০] বিণ, ফলিত; ফলবান্।

ফলে [ফল+তস্(তঃ > তে > এ)] অ, ফলতঃ; ফলস্বরূপ; পরিণামে; শেষে।

ফলোৎপত্তি [ফল+উৎপত্তি, ৬তৎ] বি, ফলোদয়। ২ মঙ্গল; হিত। ৩ সুখ।

ফলোৎপাদক [ফল+উৎপাদক] বিণ, ফলকর; ফলদায়ক। ২ লাভজনক। ৩ সুখকর।

ফলোৎপাদন [ফল+উৎপাদন] বি, ফলোপধান; ফলজনন।

ফলোদয় [ফল+উদয়] বি, লাভ। ২ সুখ; আনন্দ। ৩ উপকার; হিত। ৪ ফলোৎপত্তি।

ফলোন্মুখ [ফল+উন্মুখ] বিণ, ফলদানে উদ্যত।

ফলোপধায়ক [ফল-উপ-ধা (ধারণ করা)+অক (ণ্বু)] বিণ, ফলদায়ক; ফলজনক। ~তা (-র্ক-)-বি, ফলদায়কতা। ~ধায়ী [মূ০ ফলোপধায়িন্ ১মা, ১ব০] বিণ, ফলদায়ক। < স্ত্রীং ~ধায়িনী। ~পলব্ধি [ফল+উপলব্ধি] বি. ফলবোধ; ফলানুভূতি; ফলপ্রাপ্তি।

ফল্গু [সং] বি, গয়ার মধ্য দিয়া প্রবাহিতা অন্তঃসলিলা নদী। ২ বসন্তকাল। ৩ আবীর; ফাগু; ফাগ। ৪ নিষ্ফল বচন; অসার বাক্য। ৫ বিণ, সুন্দর; মনোরম। ৬ তুচ্ছ। ৭ [লক্ষ০] যা অন্তরে প্রবাহিত এবং বাহিরে যার প্রকাশ নাই। "যাহা চুপি চুপি অতি সঙ্গোপনে লোকসমাজে প্রচারিত হয় সেই ভাব বা কর্ম্ম পদ্ধতির গতিকে পুরাতন সাহিত্যে ফল্গু বলা হয়।"—বাঙ্গালী, ১৮ই কার্ত্তিক, ১৩২৬।

ফল্গূৎসব [ফল্গুদ্বারা উৎসব, ৩তৎ কিম্বা ফল্গু (ফাল্গুন মাসে) যে উৎসব, ৭তৎ] বি, দোলযাত্রা; হোলী; হোলাকা

ফল্গুদা [সং] বি, ফল্গুনদী।

ফল্গুন [সং] বি, অর্জ্জুন। ২ ফাল্গুন মাস।

ফল্গুনী—বি, নক্ষত্রবিঃ।

ফল্লকী [সং] বি, ফলুইমাছ।

ফষ্টি [পরিহাস > প্রা০ পটিহাস্তি, পরিহাস্তি > পড়িহাস্তি। হাস্তি > ফস্তি (হাসিঠাট্টা) > ফষ্টি] বি, হাসিঠাট্টা, হাস্যপরিহাস; ফক্কুড়ি; রহস্য jest; joke. ~নষ্টি, -নাষ্টি [সহ০ দ্বন্দ্ব। ফষ্টির সহিত জড়িত ঐ শ্রেণীর অনির্দ্দিষ্ট অর্থের ব্যাপ্তি এবং অনুপ্রাসার্থে ন(া)ষ্টি বা নাট > নাট্টি > নাষ্টি (রঙ্গ, নাট তামাসা)। তুল—খুঁটিনাটি —শব্দতত্ত্ব (রবী০), এইরূপ ফটকি-নাটকি (নাটক > নাটকি=লঘু ও ক্ষুদ্র ক্ষুদ্র রঙ্গ তামাসা, নাটকির সহিত অনুপ্রাসার্থে, ফষ্টি > ফটকি)] বি, হাস্য-কৌতুক; হাসি মস্করা; ঠাট্টা-তামাসা; লঘু ও অসার হাস্য পরিহাস। ২ কৌতুকজনক কথা।

ফস্ [অনু০] বিণ, আলগা; ঢিলা। ২ শীঘ্র। ৩ হঠাৎ। প্র—ফস্ করে মুখ থেকে কথাটা বেরিয়ে গেছে।

ফসকথা [আ০ ফাহ্শ্ (অশিষ্ট, অযথা) +কথা (বাক্য)] বি, যে কথা বলিবার নয় এমন কথা; অযথাবাক্য।

ফসকা, ফস্কা [আ০ ফস্খ্ (আলগা, বিযুক্ত)] বিণ, শ্লথ; আলগা; শিথিল। ফসকে যাওয়া—স্খলিত হওয়া; ফাঁস খুলিয়া যাওয়া। ২ হস্তচ্যুত হওয়া। ৩ ধরিতে গিয়া হাতে না আসা।

ফসফরস, ফসফোরাস [ইং phosphorus এর লিপ্যন্তর] বি, সহজ দাহ্য, অন্ধকারে আলোক বিকিরণশীল মৌলিক পদার্থবিঃ; প্রস্ফুরক।

ফসল১ [আ০ ফস্ল] বি, উৎপন্ন শস্যাদি crops. ২ শস্য সংগ্রহের সময়। ৩ [লক্ষ০] উৎপাদন; আবিষ্কার; ফল; লব্ধজ্ঞান, সত্য ইং। "সায়েন্সের শেষ ফসল যাতে তারা পায়"—রাশিয়ার চিঠি (রবী০)।

ফসল২ [আ০ ফলস্। ক্ষুদ্র তাম্রমুদ্রা (half a farthing) > বর্ণ বিপর্য্যয়ে] বি, অল্পদর; অকিঞ্চিৎকর মূল্য। ২ [লক্ষ০] কেনা বেচায় লোকসান। "আসলে কিনিয়া মাল ফসলে বিকায়"—পূ০ বংগী০ [দ্রঃ—আ০ আস্ল্ > আসল=মূল্য > চড়া দর]।

ফসলী [ফসল১ (দ্রঃ)+ঈ (সম্বন্ধে)] বি, বৎসরের উৎপন্ন শস্য harvest. ২ ফসলের উৎপন্ন হইবার কাল হইতে গণনা করা বৎসর। ~সন—আকবর বাদসাহ প্রবর্ত্তিত বৎসর। এই সন ১৪৭৮ শক হতে আরম্ভ হয়। সন দ্রঃ। এক ফ০—এক বছরের বা সালের। এইরূপ দো ফ০।

ফসাদ—ফেসাদ দ্রঃ।

ফস্কা—ফসকা দ্রঃ।

ফস্কান [আ০ ফস্খ্ (ফেঁসে যাওয়া) > ফস্ক+আন (ক্রিয়ায়)। ফস্কাই, ফস্কাও, ফস্কায়; ফস্কাইতে; ফস্কাইয়া (ফেং ফস্কিয়া, প্রা০ ফস্কে)] ক্রি, ফস্কিয়া যাওয়া; ফাঁস খুলিয়া যাওয়া; বন্ধন শিথিল হওয়া। "আঁকড়ে ধরিস যা কিছু তা ফস্কে যায়।"

-রজনী সেন। ২ সুযোগ গত হওয়া ; ফাঁক পড়া। "ফস্কে গেল আস্কে খাওয়া"-ঈং গুপ্ত। ৩ হস্তচ্যুত হওয়া ; হাতে আসিয়া চলিয়া যাওয়া। ৪ বাতিল হওয়া।

ফস্ত১ [আ০ ফস্দ্ (রক্তমোক্ষণ) ; তুল-অস্ত্রচিকিৎসকার্থে আরবীতে ফস্সাদ্] বি, রক্তমোচন। **ফস্ত খুলে দেওয়া**-[ফস্দ্ খুল্না] অস্ত্রোপচার দ্বারা রক্ত মোক্ষণ করা ; রক্ত বাহির করিয়া দিবার জন্য শিরা কাটিয়া দেওয়া।

ফস্থ২ [আ০ ফস্খ্ (undoing) > বিকারে। বাখরগঞ্জ, ২৪পরগণা আদা০] বিণ, নাকচ ; রদ ; অসিদ্ধ ; বাতিল। **বিবাহ ফস্থ**-বিবাহ অসিদ্ধ marriage null & void.

ফস্‌ফস্ [অনু০। লঘু অর্থে ফিস ফিস ; লঘুত্ব অর্থে ফুসফুস। অনাদরে-ফ্যাসফ্যাস] বিণ, আল্‌গা হওয়ার ভাব ; ঢিলা। ২ শীঘ্র শীঘ্র ; তাড়াতাড়ি। তুল-টপ্ টপ্। প্র-হাতের কাজ ফস্ ফস্ করে সেরে ফেল। ফস ফস করে বলে যাওয়া। ফস ফস করে সেলাই করে ফেলা। ক্রি, **ফসফসানি** [ফসফস + আন (ক্রি-বিভক্তি)। প্রা০ পূ০ ফস-ফসায়। অস-ক্রি-ফসফসাইয়া (গ্রা০ ফসফসিয়ে)] ক্রি, ফস ফস শব্দ করা। ২ ফস ফস করিয়া খুলিয়া যাওয়া। প্র-সেরোগুলা ফসফসিয়ে খুলে গেল। ক্রমাগত ঐ অর্থে-**ফসাফস**।

ফাইফরমাস [ফা০ ফর্মাইশ্ > ফরমাস এবং তার সহচর শব্দস্বরূপ ফার > ক্ষে০ ফাই] বি, খুচরা কাজের আদেশ ; ছোট খাট কাজকর্ম। ফা০ **খাটা**-খুচরা কাজ সম্পাদন করা ; ছোট খাট হুকুম তামিল করা।

ফাইন [ইং fine এর লিপ্যন্তর] বি, জরিমানা। "তদ্দরুণ তাহাকে ফাইন করা হয়"-আ০ শক্তি।

ফাইল [ইং file এর লিপ্যন্তর] বি, তালিকা। ২ শৃঙ্খলার সহিত রক্ষিত কাগজ পত্রের তাড়া ; নথির গোছা। ৩ কাগজ পত্রাদি বাঁধিয়া রাখিবার শিক। ৪ উখাযন্ত্র।

ফাউ-ফাও দ্রঃ।

ফাউড়(া), ফাবড(া) [পাবড়া দ্রঃ। পর্ব্ব >। প্রা০ বাং] বি, ছোট লাঠি ; গেঁটে ; দাণ্ডা। "লইয়া ফাউড় ডেলা যার সঙ্গে করে খেলা তার হয় জীবনে সংশয়।" -কবিক০।

ফাউন্টেন-পেন [ইং fountain-pen এর লিপ্যন্তর] বি, বহুক্ষণ বা বহুদিন ব্যবহারোপযোগী মস্যাধার ও চিরস্থায়ী মোচযুক্ত লেখনী ; উৎস লেখনী ; ঝরণা কলম।

ফাও [সং-স্ফায় (বৃদ্ধি) > হি০ ফাব্। চ০ ক০ ভা০ ফাগু] বিণ, পরিমাণের কিছু অধিক ; কোন জিনিষ পত্র ওজন করিয়া শেষে যে অল্প পরিমাণ কিছু গ্রাহকের আধারে হাতে করিয়া সেই জিনিষ দেওয়া হয় ; ফাউ। ২ সামান্য কিছু ; তুচ্ছ।

ফাওড়া [হি০ ফওড়া] বি, লম্বা বাঁটযুক্ত কোদালি a spade.

ফাঁই [ফাঁক (দ্রঃ) >] বি, শূন্য ; ফাঁক। ২উধাও। **প(র্)র্দ্দাফাঁই** [পর্দ্দা=ফর্দ্দা (প্রশস্ত) ফাঁই (ফাঁক)] খুব ফাঁকা। ২ এত অধিক ছিন্ন হওয়া যে আবরণের উপযোগী না থাকা। প্র-কাপড়খানা ছিঁড়ে ফর্দ্দাফাঁই হয়ে গেছে। **ফুড়ুক ফাঁই**-ফুড়ুক দ্রঃ।

ফাঁইফাঁই [অনু০। ফাঁসফাঁস শব্দ >] অ, বস্ত্রাদি ফালি ফালি করিয়া চিরিবার শব্দ।

ফাঁইফুঁই-অনু০। ২ নলের ছিদ্রাদি দিয়া বাষ্প বহির্গমন শব্দ।

ফাঁক [সং-ভঙ্গ বা ভাগ > ভং। হি০ ফাঁক] বি, অন্তর ; ব্যবধান ; তফাৎ। প্র-দুটার মধ্যে এখনো অনেকটা ফাঁক রয়েছে। ২ শূন্য। প্র-বুনন সব সমানই হয়েছে কিন্তু এই খানটা একটু ফাঁক পড়েছে। ৩ ছিদ্র। প্র-সে দেয়ালের ফাঁক দিয়া দেখিতেছিল। ৪ বিদার ; ফাট ; ভাগ ; পৃথক। প্র-ডালপালা-গুলা দুই হাত দিয়া ফাঁক করিয়া ভিতরে প্রবেশ করিল। ৫ অবসর ; অবকাশ। "কাজের একটু ফাঁক হইলেই"-ভারতবর্ষ, (রবী০)। প্র-পড়া থেকে একটু ফাঁক পেলেই সে খেল্‌তে ছুটবে। ৬ উন্মুক্ত স্থান ; অনাবৃত স্থান ; খোলা জায়গা। প্র-হিমের সময় ফাঁকে অতক্ষণ ব'সে থেক না। ৭ নির্জ্জন স্থান। প্র-একটু ফাঁক পেয়ে সেইখানে দুইজনে গিয়া বসিল। ৮ সুযোগ ; বাগ ; সুবিধা। প্র-তাহার উপর যেরূপ আক্রোশ একবার ফাঁকে পাইলে সে শোধনা তুলিয়া ছাড়িবে না। ৯ বহির্দ্দেশ ; যে স্থানে সহযোগীর সহিত সংশ্রব নাই ; সংসৃষ্ট ব্যক্তিদিগের নিকট হতে দূর ও তাদের অলক্ষিত স্থান। "থাকে সে বেড়ার ফাঁকে চুপি চাপে চেয়ে"-কুঙ্কুম। ১০ দোষ ; ত্রুটি। প্র-তাহার একটু ফাঁক পেয়েছে কি আর অমনি দণ্ডের ব্যবস্থা করে বসে আছে। ১১ লঙ্ঘন ; বিচ্ছেদ। প্র-একদিনও ফাঁক যায় না। ১২ [সং-ফক্কিকা] ফাঁকি। প্র-ফাঁকে পড়া। **ফাঁক করা**-বিদারণ করা। ২ খোলা। ৩ উড়াইয়া দেওয়া ; শূন্য বা খালি করা। ৪ ছিন্ন করা। **ফাঁক দেওয়া**-লঙ্ঘন দেওয়া। **ফাঁক ধরা**-দোষ ধরা ; ত্রুটি গ্রহণ করা। **ফাঁক পড়া**-শূন্য বা খালি হওয়া ; অপূর্ণ থাকা। ২ তফাৎ পড়া ; ব্যবধান হওয়া। **ফাঁক পাওয়া**-অবসর পাওয়া। ২ সুযোগ পাওয়া। ৩ নির্জ্জন বা শূন্য পাওয়া ; খালি পাওয়া। **ফাঁক ফাঁক**-অ, দূরে দূরে। ২ পৃথক্ পৃথক্ ; ছাড়া ছাড়া। ৩ শূন্যপ্রায় ; খালি খালি। **ফাঁক বাহির করা**-ত্রুটি প্রদর্শন করা। **ফাঁক যাওয়া**-বিচ্ছেদ হওয়া ; লঙ্ঘন পড়া। **ফাঁকে পড়া**-প্রবঞ্চিত হওয়া ; প্রাপ্য বিষয়ে বা অংশে বঞ্চিত হওয়া। **ফাঁকে পাওয়া**-বাহিরে দেখিতে পাওয়া ; নির্জ্জনে আয়ত্ত করা। **ফাঁকে ফাঁকে**-বাহিরে বাহিরে। ২ ছোঁয়া বা ধরা না দিয়া। প্র-অমন ফাঁকে ফাঁকে বেড়ালে কি কাজ হয়, সকলে একজোট হয়ে কোমর বেঁধে লেগে যেতে হয়। **দোফাঁক**-দুই ভাগ। **দোফাঁক করা**-দুই ভাগে বিভক্ত বা বিদারিত করা।

ফাঁকড়া-ফেঁকড়া দ্রঃ।

ফাঁকতাল [ফাঁক-তাল (< স্থল)] বি, লোকচক্ষুর অগোচর ; অন্যের অলক্ষ্যে। "গোলেমালে ফাঁকতালে পালিয়েছি কেমন।"-বাল্মীকিপ্রতিভা। ২ [ফাঁক-তাল (বাদ্যের)] বাদ্যের তালবিঃ।

] যুক্ত বিষবৎ (অগ্র=অগ্‌গ্র), হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ=ংগ ঞ=ঞ্‌ ...=zfwv ও চ্ছা০ দ্রঃ

ফাঁকা [ফাঁক দ্রঃ+আ (ব্যা°)] বিণ, উন্মুক্ত; অনাবৃত; খোলা। প্র-অমন ফাঁকা জায়গায় বসে আছ কেন? ২ শূন্য; খালি। প্র-ফাঁকা বাড়ী। ৩ নির্জন; জনশূন্য। প্র-লোকাভাবে বাড়ীটা ফাঁকা পড়ে আছে। ৪ মিথ্যা; অসার; বাজে। প্র-ফাঁকা কথা; ফাঁকা আওয়াজ। ৫ নিয়মিত আয়ের বাহিরে; বাড়্তি; হঠাৎ উপরি পাওনা। "সে বছরে ফাঁকা পেনু কিছু টাকা করিয়া দালালগিরি"-রবী°। ফাঁকা আওয়াজ-বন্দুকে গুলি না দিয়া ছুঁড়িলে যেমন বন্দুক ছোঁড়ার আওয়াজ হয় মাত্র কাজ হয় না সেইরূপ ফাঁকা অর্থাৎ বাজে কথার হাঁক ডাক খুব কিন্তু কাজে কিছুই দেখা যায় না। ~-ফাঁকা-অ, খালি খালি; যেন কে নাই, কি নাই এইরূপ একটা অভাববোধক। ~-ফাঁকা ঠেকা-শূন্য বোধ হওয়া; কিছুর বা কাহারও অভাব অনুভব করা। ~ফাঁকা কথা-বৃথা বাক্য; যে কথার উপর নির্ভর করা চলে না; ভাসা ভাসা কথা। ফাঁকায় ফাঁকায়-প্রতি ছিদ্রে। ২ অন্যের অলক্ষ্যে; ফাঁকতালে। ৩ কোন ভার বা দায়ের বাহিরে। ৪ কোন কর্ম্মের মধ্যে নয়।

ফাঁকার [প্রা° বাং, খনার বচনে] বি, শ্বেত তিল।

ফাঁকি [সং-ফক্কিকা > । হেত্বাভাস দ্রঃ] বি, প্রতারণা; বঞ্চনা; চাতুরী; ছলনা। ২ বি, ফক্কিকা; কূটতর্ক; "যে যুক্তিদ্বারা প্রতিদ্বন্দ্বীকে ফাঁকি দিতে পারা যায়, কিন্তু যাহা শুদ্ধ যুক্তি নয়" (তঃ বিজ্ঞান-সিংহ)। প্র-ন্যায়ের ফাঁকি। "এখানে রাজা সেই একটা ফাঁকিচাল আনবে।"-রাজা (রবী°)। ৩ তত্ত্ব নির্দ্ধারণার্থ পূর্ব্বপক্ষ। ৪ সূক্ষ্মচূর্ণ; গুঁড়া। ৫ ভোগা; ধোঁকা। ৬ ক্ষতি; লোকসান। ~জুঁখি, ~ফুঁকি-প্রবঞ্চনা; মিথ্যা আচরণ। ~বাজ-বিণ, ফাঁকি দিতে পটু। বি, ~বাজী-ফাঁকি দিবার কাজ; ফাঁকি দাতার ধর্ম্ম বা বৃত্তি। ২ ঠকান; প্রবঞ্চনা; ছলনা। "তাহা একটা জুলুম এবং ফাঁকিবাজী ভিন্ন আর কিছুই নহে"-আ° শক্তি। ফাঁকিতে পড়া-লোকসান দেওয়া; ক্ষতি সহ্য করা।

ফাঁট [সং-স্ফাট দ্রঃ] বি, ক্বাথ। ২ আলোড়িত বা ফেনাইত দাইলবাটা। ক্রি, ফাঁটান [প্রা° ফেঁটান] ফেনান।

ফাঁড় [সং-কণ্ড (দ্রঃ) > দ্রং] বি, উদর। ২ পাত্রাদির মধ্য-বেষ্টন। "গলা তলা ফাঁড় আদি বতেক মাপিবে"-শুভঙ্করী। ৩ প্রস্থ। ~বাঁধা-গর্ভপাতের সম্ভাবনাস্থলে গর্ভিণীর পৃষ্ঠ হতে উদর ও জানুদ্বয় বস্ত্রদ্বারা বন্ধন। ~কোদাল [প্রা°] বি, সগর্ভ বিনাশ। ফাঁড়-কোদালে যাওয়া-সগর্ভ নাশ হওয়া; গালিবিঃ।

ফাঁড়া [সং-পীড় (বধে) > পীড়া (বধ, প্রাণসঙ্কট, মৃত্যু) > বিকারে ফাঁড়া] বি, রিষ্টি; জ্যোতিষ গণনানুসারে মৃত্যুযোগ। ২ অমঙ্গল। ফাঁ° উৎরান-মৃত্যুযোগ বা প্রাণসঙ্কটকাল অতিক্রান্ত হওয়া; বিপদ কাটিয়া যাওয়া। প্র-তার ফাঁড়া উৎরে গেল। একটা ফাঁড়া কেটে গেল। ফাঁড়া কাটা, -যাওয়া-সঙ্কটকাল কাটা; রক্ষা হওয়া। ফাঁ°কাটানি-বিপদমুক্ত হওয়া। ২ অভিচার কর্ম্মাদি দ্বারা গ্রহদোষাদি খণ্ডন করা।

ফাঁড়ি, ফাঁড়ী [ইং pound (enclosure) > ফাঁড়ি (গবাদি আটকের স্থান > অর্থ সম্প্রসারণে চৌকী)। অথবা ঘাটি > ফাঁটি > ফাঁড়ি] বি, ঘাটি; চৌকী; প্রহরীদের কর্ম্মস্থান। ~দার-বি, চৌকীদার। ~দারি-বি, চৌকদারি; গ্রাম্য প্রহরীর কার্য্য।

ফাঁদ [হি° ফন্দা > ফাঁদ। ফন্দী দ্রঃ] বি, পক্ষী ইঃ ধরিবার যন্ত্র বিঃ; ফাঁস; পাশ। ২ ছল। "বাতাসে পাতিয়া ফাঁদ ধরে দিতে পারি চাঁদ কামের কামিনী আনি ছলে।"-ভারত°। ফাঁদে পা দেওয়া-চক্রান্ত না বুঝিয়া শিকার যেমন জালে পড়ে তেমনি বিপদমধ্যে গিয়া পড়া। "না বুঝে পা দিনু ফাঁদে"-মেঘ°। ঘুঘু দেখেছ ফাঁদ দেখ নাই-ঘুঘু দ্রঃ।

ফাঁদনী [প্রবন্ধ > বন্ধ > বাঁধন > ফাঁদন] বি, উদ্যোগ। ২ আড়ম্বর।

ফাঁদা [সং-স্পন্দন > ফাঁদন+আ > হি° ফাঁদনা > ফে°। ফাঁদি, ফাঁদ, ফাঁদে; ফাঁদিতে; ফাঁদিয়া (ফে° গ্রা° ফেঁদে)] ক্রি, লম্ফপ্রদান করা; লাফান। "পার হল ত্বরিত কুরঙ্গ চলে ফেন্দে"-ম°। ২ পত্তন করা; আরম্ভ করা; সূচনা করা। "কেউ বা ব্যবসায় ফাঁদতে যাচ্চে"-উত্তরা, ১৩৩৪, কার্ত্তিক। ৩ বিস্তার করা; বিক্ষিপ্ত করা। ~ল [ফাঁদ(দ্রঃ)+আল (বালা)] বিণ, বিস্তৃত মুখযুক্ত; চৌড়ামুখ।

ফাঁদি [ফাঁদ+ই (যুক্তার্থে)] বিণ, বিস্তারযুক্ত; বিস্তৃত; ফাঁদাল। ~কথা-

ফাঁপ [ফাঁপা দ্রঃ] বি, স্ফীতি। ফাঁ° ধরা-স্ফীতভাব ধারণ করা; ফুলিয়া ওঠা।

ফাঁপর [ফাঁফর দ্রঃ] বি, বিপদ; দায়; বিপাক। "ধর্ম্মরাজ পলাইতে মহিষ উপরে। ঠেকিয়া বীরের হাতে পড়িল ফাঁপরে॥" -কবিক°। ২ হতবুদ্ধি; কিংকর্ত্তব্যবিমূঢ়ের ভাব। "ধাকা দিয়ে গরবিনী গর্ গরিয়ে যায়। ফাঁপরে পড়িয়ে কবি ফ্যাল্ ফ্যাল্ চায়॥" -হেম°। ৩ শূন্যতা। "তাহার বুকের ফাঁপর সে মিটাইবে কি দিয়া?"

ফাঁপা [সং-স্ফায় (বৃদ্ধি) > । ফাঁপি, ফাঁপ, ফাঁপে; ফাপিতে; ফাঁপিয়া (ফে° ফেঁপে)। ণিজন্ত-ফাঁপান] ক্রি, স্ফীত হওয়া; ফাঁপিয়া বা ফুলিয়া উঠা। ২ বৃদ্ধি পাওয়া। ৩ অবস্থার উন্নতি হওয়া; উন্নত দশা প্রাপ্ত হওয়া। প্র-লোকটি ব্যবসাতে ফেঁপে উঠেছে। ৪ বিণ, স্ফীত; ফোলা। ৫ শূন্যমধ্য; ফোঁপরা; নিরেট নয়। > বি, ফাঁপন-ফাঁপিয়া উঠন; ফাঁপ ধরণ; স্ফীত হওন। ফাঁপা ঢেঁকির শব্দ বড়-ভিতরে যার কিছু নাই তার বাহিরের শব্দ কিছু বেশী রকম। তুল-ইং empty vessel sounds much. ফাঁপিয়া উঠা, ফেঁপে ওঠা-সমৃদ্ধিশালি হওয়া। প্র-লোকটা দুদিনে ফেঁপে উঠেছে। পেট ফাঁপা-উদর স্ফীত হওয়া; উদর বায়ুতে বা অন্য রোগে ফুলিয়া উঠা। ২ কোন অপ্রকাশ্য কথা প্রকাশ করিবার অহেতুকী আগ্রহ; কোন কিছুর জন্য অস্বাভাবিক আগ্রহ বা অস্থিরতা।

ফাঁপানি১ [ফাঁপা দ্রঃ। ফাঁপাই, ফাঁপাও (ফোঁপান,ফাঁপাস), ফাঁপায় (ফাঁপান); ফাঁপাইতে (কে° ফাঁপাতে); ফাঁপাইয়া (কে° ফাপইয়ে) ই°] ক্রি, ফুলান; বায়ুপূর্ণ করা। ২ ফেনাইয়া বাড়ান।

ফাঁপান২ [ফোঁপান দ্রঃ] বি, সর্পের গর্জ্জন; সাপের ফোঁস্ ফোঁসানি। "ফণীর ফা° শুনে মরেছিনু ডরে"-শি°।

ফাঁফর [হিং ফেফরী (স্তম্ভিত)] বি, হতবুদ্ধি; কিংকর্ত্তব্যবিমূঢ়। "নিতে চাহে ফুল্লরা হাতের ধনুঃ শর। ছাড়াইতে নারে বামা হইল ফাঁফর"-কবিক°। "বুঝিতে না পারে আনা গোনা করে ফাঁফরে পড়িয়া মরে।"-চণ্ডি°। "পলাইতে না পেয়ে ফাঁফর হৈল হর। কহিতে লাগিলা কম্পমান কলেবর।"-অ° ম°।

ফাঁশ১, ফাঁস১ [সং-পাশ (রজ্জু-বন্ধন) >] বি, রজ্জু; দড়ী। "কার হাতে কেরয়াল কারু হাতে ফাঁস।"-কবিক°। ২ বন্ধন। "ভব ফাঁস কাটিয়া যাইবে বিষ্ণুধাম।"-গৌরীমঙ্গল। ৩ ফাঁদ; জাল। ৪ সূত্র বা রজ্জুর গ্রন্থি; আল্‌গা গেরো।

ফাঁশ২, ফাঁস২, ফাশ [ফা° ফাশ] বি, গুপ্ত বিষয়ের প্রকাশ। ২ বিণ, শিথিল; আল্‌গা। ৩ প্রকাশিত; ব্যক্ত out; disclosed. [দ্রঃ-বিশেষণে ফাঁস স্থলে বাং-য় বেফাঁস শব্দের প্রয়োগ আছে। তুল-অমন্দ, নিখালিস]। **ফাঁস করা**-পণ্ড করা; ব্যর্থ করা। ২ অসাবধানে গোপনীয় কথা প্রকাশ করিয়া ফেলা।

ফাঁশি, ফাঁসি, ফাঁসী [হি°। ফাঁশ১ দ্রঃ] বি, ফাঁশ; উদ্বন্ধন। ২ বন্ধন। ৩ বন্ধন রজ্জু। "আমি পরের ঘরে কিনবনা তোর ভূষণ বলে গলার ফাঁসি।"-রবী°। ৪ গলায় দড়ি। "কোটাল ছেড়ে দেয়ে মোরে নিয়ে যা তুই চোরে দিগে ফাঁসি।" -বাং-গান। **~কাঠ**-যে কাঠে বাঁধা দড়ীর ফাঁশ মৃত্যু দণ্ডে দণ্ডিতের গলায় পরান হয়।

ফাঁসা১ [সং-স্ফাট্ (ভেদে, বিদারণে) ধাতু > ফাঁট-ফাঁস + আ (বাং-ক্রি-বিভক্তি)। ফাঁসি, ফাঁস, ফাঁসে; ফাঁসিতে; ফাঁসিয়া (কে° গ্রা° ফেঁসে)। ণিজন্ত-ফাঁসান] ক্রি, অত্যধিক স্ফীতিজনিত বিদীর্ণ হওয়া বা ফাটা; ভগ্ন হওয়া; যোড় খুলিয়া যাওয়া। প্র-হাঁড়ি কলসী ই° ফাঁসিয়া যাওয়া। ২ কথা, প্রতিশ্রুতি বা অনুরোধ রক্ষিত না হওয়া বা না টিকা। "মঙ্গলাচরণ হইতে না হইতে একেবারে তাহার কথা ফেঁসে গেল।" -টেকচাঁদ।

ফাঁসা২ [ফা° ফাশ্=প্রকাশিত] গুপ্ত-কথা ব্যক্ত করা reveal; divulge. প্র-তার সকল কথা ফাঁস করে দিয়েছে। **ফা° দেওয়া, -লাগানি**-গলায় রজ্জু বাঁধিয়া মৃত্যুদণ্ডে দণ্ডিত অপরাধির প্রাণান্ত করা।

ফাঁসা৩ [সং-পাশ > হি° ফাঁস্‌না=পাশবদ্ধ হওয়া] ফাঁদে পড়া। ২ কোন জটিল বা ক্লেশকর ব্যাপারে জড়িত হওয়া; বিপদ-জালে বদ্ধ হওয়া।

ফাঁসানি [ফাঁসা (দ্রঃ)র ণিজন্তরূপ। ফাঁসাই, ফাঁসাও, ফাঁসায়; ফাঁসাইতে; ফাঁসাইয়া (কে° গ্রা° ফেঁসে)] ক্রি, জড়িত করা; বদ্ধ করা। ২ বিপদগ্রস্ত করা; বিপদে ফেলা।

ফাঁসুড়, ফাঁসুড়িয়া, ফাঁসুড়ে [ফাঁস + ওয়াড়-উড়, ওয়াড়িয়া, -উড়িয়া-উড়ে] বি, যে গলায় ফাঁস দিয়া বধ করে; নরঘাতী দস্যু; থগী বা ঠগী। "শিমলিয়া বালিঘাটা ফাঁসুড়ের ভয়। দ্রুতগতি যায় সাধু তিলেক না রয়।"-কবিক°।

ফাকতা [আ° ফাখ্‌তা] বি, ঘুঘু। ২ পারাবত; পায়রা। **ফা° উড়ানি**-পায়রা উড়াইয়া বেড়ান; ভাবনা চিন্তা শূন্য হইয়া মনের আনন্দে থাকা; সুখে স্বচ্ছন্দে দিন কাটান।

ফাকা [ফাঁক (দ্রঃ) + আ (স্বার্থে)] বি, ফাঁক। ২ প্রসার। ৩ চূর্ণ। ৪ উপবাস। ৫ বিণ, মুক্ত; খোলা। ৬ শূন্য। ৭ অসার।

ফাকি, -কী [সং-ফক্কিকা] বি, ফক্কিকা; কূট-প্রশ্ন; ফাঁকি। ২ [ন্যায়°] পূর্ব্বপক্ষ (চৈ° ভা°)। ৩ প্রতারণা। ৪ সূক্ষ্ম চূর্ণ; মিহি গুঁড়া।

ফাক্কা [সং-ফক্কিকা > হি°] বি, ফেকো (দ্রঃ); ফেকা। "কাকা উড়ে, ভাঙ্গ বিনে ফেকা হয়েছি।"-শি°।

ফাগ, ফাউগ, ফাগু [সং-ফল্গু > দেশীপ্রাকৃত ফগ্‌গু (বসন্তোৎসব) > হি° ফাগু, ফগুয়া-বাং-ফাউগ > কে° ফাগ] বি, মধূৎসবে ব্যবহৃত রক্তবর্ণ চূর্ণবিঃ; আবীর; ফাগ। "ফাগুবিন্দু দেখিয়া সিন্দূর বিন্দু কহ।"-চণ্ডি°। "কানু ফাগু দেয়ল সুন্দরী অঙ্গে"-জ্ঞান°। "শঙ্খ বদলে দিব সুবর্ণের চুড়ি। সিন্দূর বদলে দিব ফাউগের গুঁড়ি॥"-পদ্মাপু° (বিজয়°)। [দ্রঃ-পূর্ব্বে বসন্তোৎসব বা ফল্গুৎসব চৈত্র ও বৈশাখে হইত এইজন্য উহার নাম ছিল মধূৎসব, মাধবোৎসব। পূর্ব্বকালে বঙ্গের কোন কোন স্থানের বাল-বিধবাগণ শঙ্খস্থানে সোণার চুড়ি এবং সিন্দূরস্থানে ফাউগের গুঁড়ি ব্যবহার করিতেন]।

ফাগুন, ফাল্গুনিক [সং-ফাল্গুন >] বি, ফাল্গুন মাস; বৎসরের একাদশমাস। "ওমা ফাগুনে তোর আমের বনে"-রবী°।

ফাজলামি [আ° ফাজিল্ + আমি (ভা°)] বি, বাচালতা; প্রগল্‌ভতা; ডেঁপোমি।

ফাজিল [আ° (বিদ্বান্)। বাঙ্গলা ভাষায় কদর্থে প্রয়োগ] বিণ, বাচাল; অসার। ২ আধিক্য; উদ্বৃত্ত। ৩ অবশিষ্ট। ৪ অতিরিক্ত। বি, **ফাজিলি, ফাজিলামি**। **~চালাক**-বিণ, অতি বুদ্ধিধর।

ফাট [সং-স্ফট্ >] বি, ফাঁক; চিড়। প্র-দেওয়ালে ফাট ধরেচে।

ফাটক [হি° ফাটক্ (বৃহৎ দ্বার)] বি, কটক। ২ হাজত; কারাগার; বন্দীশালা; জেল। "তিনি জামিন না দেওয়ায় তাঁহাকে ফাটকে রাখা হইয়াছে"। "ফাটকে আটক যত বাজে দায় ধরা"-অ° ম°। "একজন মোক্তারকে এই আইনে ছয়মাস ফা° দিয়াছিল, তাহাকে ষোলদিন জেলে থাকিতে হল।"-নীলদর্পণ। ২ সদর দরজা; গেট। "ফাটকে আটক রবনা"-বাং-গান। **~বন্দী**-কারাবদ্ধ।

ফাটকি১-বি, ফট্‌কিরি।

ফাটকি২ [সং-স্ফটিকারি > ,গ্রা°] বি, ফষ্টি; তামাসা; কৌতুক। **~নাটকি১**-ফটকি নাটকি দ্রঃ।

ফাটকি১ [হিং ফুটকর] বিণ. ক্ষুদ্র : কুঁচাকাচা। ২ [পূং বঙ্গ] মিথ্যা ; অলীক। ~নাটকি২ [হিং ফুটকর > ফাটকি +নাটকি (ফাটকির সহচর)] অকিঞ্চিৎকর, দ্রব্যাদি ; অল্পমূল্যের ছোটখাট জিনিসপত্র : কুঁচাকাচা জিনিস Knick-knack. ২ [লক্ষং] তুচ্ছ বিষয়।

ফাটন [ফাটা দ্রঃ] বি. বিদারণ।

ফাটল [ফাট (দ্রঃ)+ল (স্বার্থে)। প্রাং ফাটাল] বি. ছিদ্র ; ইটের গাঁথনির বা জমির মধ্যস্থ ফাঁক ; চিড় fissures প্র-জমির ফাটালে ধান পড়িয়াছে।

ফাটা [স্ফুট দ্রঃ। অকর্মক ক্রিয়া। ফাটি, ফাট, ফাটে ; ফাটিতে ; ফাটিয়া (কোং ফেটে)। ণিজন্ত-ফাটান] ক্রি, বিদীর্ণ হওয়া। "মরমে লুকান কত দুখ ঢাকিয়া রয়েছি ম্লানমুখ। কাঁদিবার নাই অবসর কথা নাই শুধু ফাটে বুক॥"-বাংগান (রবীং)। "হায়রে কইতে দুখের কথা প্রাণ কেঁদে উঠে। বুক ফাটে তো মুখ ফুটেনা কি আছে ললাটে॥"-বাংগান। "ফুটি হেন মাটি ফাটে"-অং মং। ২ চিরিয়া যাওয়া। ৩ বিণ. স্ফুটিত ; যা ফাটিয়া গিয়াছে। ৪ চিড়-খাওয়া।

ফাটানি [ফাটা (দ্রঃ) ধাতুর ণিজন্তরূপ। ফাটাই, ফাটাও (ফাটান, ফাটাস), ফাটায় (ফাটান)] ক্রি, বিদারণ করা ; চেরা ; ফাড়া। ২ চিড় খাওয়ান।

ফাটাফাটি [ফাট+আ (পরম্পরার্থে) +ফাট+ই (ভাবে বা অবস্থা অর্থে)] বিণ, পরস্পর দ্বন্দ্বে উভয় পক্ষের আঘাতে এককালে বিদীর্ণ হওয়া ও বিদারণ করা ; ভাঙ্গাভাঙ্গি। ২ কাড়াকাড়ি। ৩ [লক্ষং] সঙ্কট ; শক্তাশক্তি।

ফাড়১ [সংস্ফাত > মৈমনং প্রাদেং] বি, চওড়াই breadth.

ফাড়২-ফাল২ দ্রঃ।

ফাড়া [প্রাদেং। ফাটা দ্রঃ। ট=ড়] ক্রি, ছিঁড়িয়া ফেলা ; চিরিয়া ফেলা। "রাবণের পৃষ্ঠমাংস থাকে থাকে ফাড়ে"-কৃত্তিং। "চালের ফাড়িয়া খড় জ্বালিল আঁতুড়ী। গো-মুণ্ড দুয়ারে আনি পূজে ষষ্ঠী বুড়ি॥"-কবিকং।

ফাড়িঅ [বৌ বাং প্রাকৃং] ক্রি-বিণ, ফাড়িয়া (চং ৪।৩)।

ফাণি [প্রাদেং। ফেণি দ্রঃ] বি. ফেণি বাতাসা। ২ গুড়। ৩ দধিমিশ্রিত ছাতু।

ফাণিত [ফণ্+ণিচ্=ফাণি (গমন করান)+ত (ক্ত)] বি, গাঢ় ইক্ষুগুড়। ২ ফেণা বাতাসা।

ফাণ্ট [ফণ্ (অনায়াসোৎপত্তিঃ)+ত (ক্ত), নিপাতনে। "অনায়াসকৃতং ফাণ্টং"-অমরং] বি, ঔষধাদি জ্বালিবার দ্রব্য ; পাঁচন। ২ কাথ ; ফাঁট। ৩ বিণ, ফেনাইয়া যা উৎপন্ন করা হয়। ৪ অনায়াসে প্রস্তুত হয় এমন।

ফাৎ [অনুং। অল্পার্থে ফুৎ] অ, ফুৎকার শব্দ। "তারপর ফাৎ করিয়া মুখ হইতে আগুন বাহির করিয়া রাজপুত্রকে ভস্ম করিয়া ফেলিল"-তেপান্তরের মাঠ।

ফাতনা, ফাতা [পত্র > পাতা > ফাতা বা পতাকা >] বি. ছিপের সুতায় বাঁধা সোলা ; ফাৎনা। ২ "ঘন পড়ে ঝঞ্ঝনা। ভাসিল ফাৎনা। ভেসে গেল কালিদহ জলে।"-ক্ষেমানন্দ।

ফাতরা [ময়মনসিংহ প্রাদেং। পত্র >] বি, কলাগাছের পাতার সহিত শুষ্ক খোলা। ২ বিণ, অসার।

ফান-ফান্দ দ্রঃ।

ফানিস, ফানুশ, -ষ [আং ফানূস্] বি, লণ্ঠন ; সেজ। ২ আলোকাবরণ ; দীপাবরণ। "গোলাপী ফানসে সোনালি ঝালর"-অবসর। "ফানুশে জ্বালরে আলোকের ধূম"-অশোকং। আমরা যখন উড়িয়েছিলুম ফানুষ"-রবীং।

ফানা [আং ফনা (lost in the contemplation of (esp.) God & insensible to all else)] বিণ, লয়প্রাপ্ত ; আত্মহারা ; তন্ময় ; পাগল। "তোমার রূপ দেখ্যা কাজি হইয়াছে ফানা"-মৈং গীং।

ফান্দ [ফাঁদ দ্রঃ (চট্টং প্রাদেং ফান)। "ফান কাছি যেমন তেমন রসি গাছ দড়। সেই ফাঁদে পড়িয়া বন্দা (বন্দী, বাঁধা) কিবা ছোট বড়।"-পূং বং গীং] বি, ফের ; বিপাক ; ফাঁদ। "দেখায়্যা বদন চান্দে। তারে ফেলিলা বিষম ফান্দে॥"

ফাবড়া [পর্ব > পাব > ফাব+ড়া (বৃহদর্থে)] বি, পাবড়া (দ্রঃ)। আড় ফাবড়া [বক্রতা হেতু আড়] তাল নারিকেলাদি বৃক্ষের শাখা। প্র-আড় ফাবড়া মারা। > ক্রি, ফাবড়ানি-ফাবড়া ছুঁড়িয়া মারা। ফেবড়ে দেওয়া-ফাবড়া দ্বারা প্রহার করা।

ফায়দা-ফয়দা দ্রঃ।

ফায়লা-আমলা দ্রঃ।

ফায়ার, ফায়ের [ইং fire এর লিপ্যন্তর। হিং ফায়ের] বি, পিস্তল, বন্দুক বা কামান দাগা। ফাং করা-গুলি মারা ; বন্দুক ছোড়া।

ফার১ [সংস্ফুট > ফাট্ > ফাড় > ফার (র=ল) > ফাল্ (ফালা দ্রঃ), প্রাং বাং] বি, বিদারণ। ২ ফালা। "জগদল পাথর বিন্দিয়া কৈল ফার। ডুফার হইল শিলা কালীর উপার॥"-ঘ। "তিমির বরণ শশি গৃহে প্রবেশিল আসি তিমিরে তিমির কৈল ফার॥"-কীর্ত্তনানন্দ।

ফার২ [ফোড় দ্রঃ] বি, রন্ধ্র ; ছিদ্র ; গর্ত্ত। "একশরে বিঁধে যদি করে দিস ফার।"-ঘং। "বুকে পিঠে ফুটে শাল পিঠে হল ফার।" ক্রি, ফারা [শ্রীহট্টং প্রাদেং] কাটা ; বিদারণ করা ; চেরা ; ফাড়া (দ্রঃ)। প্র-সে গাছ ফারিতে গিয়াছে।

ফারক [আং ফারিগ্, ফারগ্ (খোলসা)] বিণ, নিষ্কৃতিপ্রাপ্ত ; খোলসা ; ঋণমুক্ত। "বাড়ীর রাজস্ব দিয়া করঙ্গে ফারক হয়্যা ছাড় গুজরাটের বাসনা।"-ঘং। ২ মুক্ত। "ফারক করিয়া দেহ ব্যাধের নন্দনে। ফল বেচি ফল খাই কিবা ফল ধনে॥" -কবিকং।

ফারফরমাস-ফাই ফরমাস দ্রঃ।

ফারফোর [ইং perforated >] বিণ, ছিদ্রময় ; ঝাঁঝরা। ২ অনন্ত বালা ইং অলঙ্কারের সছিদ্র গড়ন। প্র-ফাং করা বালা। ফারফোরের তাগা বা রুলি।

ফারখত, -খতি [আং ফারিগ্ খতি] বি, ছাড়-পত্র ; ত্যাগ-পত্র। ২ মুসলমান-দিগের বিবাহিতা স্ত্রীকে ত্যাগ করিবার পত্র। "তাঁরই মতে তাঁর স্বামীর সঙ্গে

ফারখত করে দেওয়া হচ্ছে।" ৩ রসীদ receipt.

ফারশা [সং-পরশু > ভ্রং। হি॰ফরসা] বি, চওড়ামুখ রণকুঠার।

ফারশী,-সী [আ॰ফারসী] বি, পারসিক ভাষা; ফার্সী the Persian language. "তুরকী আরবী পড়ে ফারসী মিশালে।"-অং॰ ম॰। ২ বৈদেশিক ভাষা a foreign language. **ফারসী খোঁয়া, ফারসী দাঁ**-পারসিক ভাষাভিজ্ঞ।

ফার্ম [ইং form এর লিপ্যন্তর] বি, বিদ্যালয়ের শ্রেণী। ২ নির্দ্ধারিত নিয়মানুগত বিবরণপত্র; লেখ্য আদর্শ। ৩ [ইং firm] ব্যবসায়ী সঙ্ঘ; কোম্পানী।

ফারাক [আ॰ ফ়র্ক় > গ্রা॰ ফারাক্] বি, দূর; তফাৎ। ২ প্রভেদ। "আমাতে উহাতে জমীন আসমান ফারাক"-কৃষ্ণকান্তের উইল।

ফারা-ফারা [মগের ভাষায়, ঈশ্বর ঈশ্বর >। তুল-খোদা খোদা, নোয়াখালী অঞ্চলে চ॰] অ, ঈশ্বরের নাম স্মরণ করিয়া অগ্রসর বা কার্য্যে প্রবৃত্ত হইবার কালীন উল্লাসসূচক শব্দ; হর-হর। "ফা॰ বোলি মগে দীঘিত কোব ধরিল।"-পূ॰ ব॰ গী॰।

ফাল১ [ফল্ (বিদীর্ণ করা)+অ (ণে) যদ্দ্বারা ভূমি বিদারণ করা হয়] বি, লাঙ্গলের ফলা। "পাঁচ মোনে পাশী করি আশী মোনে ফাল"-শি॰। ২ ফলকাগ্র; ফলা। ৩ [ফাল (লাঙ্গল)+অ (স্ত্য॰), যার ফাল আছে] বি, শিব। ৪ বলরাম। ৫ কৃষাণ। **ফা॰পিড়া**-জমিতে হলচালনা। ভূমিকর্ষণ। **ফা॰পাঁজান** [কামারশালের ভাষায়] ক্রি, কামার বাড়ী হতে ফালে ধার দেওয়া।

ফাল২ [বৌ॰ বাং প্রাকৃ॰। সং-ফল্ (বিদীর্ণ করা) >] ক্রি, ফাড়; খণ্ডন কর (চ॰ ৪।৪)।

ফাল৩ [সং-লম্ফ > লাফ > (বর্ণ বিপর্য্যয়ে) ফাল। তুল-হি॰ ও শ্রীহট্ট॰ প্রাদে॰ ফলঙ্] বি, লম্ফ; লাফ। "রথ হইতে ফাল দিয়া চক্র লইয়া হাতে, ভীষ্মকে মারিতে যায় দেব জগন্নাথে "-মহা॰ (কাশী॰)। ফা॰ দেওয়া,-মারা [গ্রা॰] ক্রি, আস্ফালন করা। ২ প্রসারণ করা। "উঠিলা সত্বরে নারায়ণ। বাহু ফাল করিঞা তখন॥" -শ্রী॰ কী॰।

ফালতু, ফাল্‌তো [হি॰ ফাল্‌তু >] বিণ, অতিরিক্ত; বেশী; খুব। প্র-ফা॰ খরচ। ২ অনাবশ্যক; অপ্রয়োজনীয়; বাজে; বৃথা। প্র-ফা॰ কথা। ফা॰ কাজে সময় নষ্ট করা কেন।

ফালা, ফাল্লা [সং-ফল্ (ভেদে) > ফাল (অস॰ ফাল) + আ (দীর্ঘার্থে)। ক্ষুদ্রার্থে, ফালি; চিরিয়া ফালি বা ফালা করণ অর্থে অস॰ ফালন ও॰] বি, দীর্ঘচ্ছেদ; চির; লম্বাদিকে চেরা কাপড়ের খণ্ড। ২ চৌড়াভাবে কর্ত্তিত। **~দেওয়া**-ছেদ দেওয়া; চির দেওয়া। "কাপড়ডায় ফালা দিলে কেমন করে"-নীলদর্পণ। **~ফালা** [ফালি ফালি অপেক্ষা বৃহৎ অর্থে] চিরিয়া দুই বা অধিক ফালা; লম্বাচওড়া ফালি। প্র-অত সরু সরু করে না কুটে বেশ ফালা ফালা করে কেটে দাও।

ফালাও-ফলাও দ্রঃ।

ফালি [ফালা দ্রঃ] বি, লম্বাদিকে চেরা কাপড়। ২ পাতলা লম্বা খণ্ড।

ফাল্গুন ["হিমালয়পৃষ্ঠে দিবাভাগে উত্তরফল্গুনী ও পূর্ব্বফল্গুনী নক্ষত্রের সন্ধিকালে জন্ম বলিয়া ফাল্গুন এই নাম"-মহা॰ (বর্দ্ধ॰)] বি, অর্জ্জুন (এই অর্থে **ফাল্গুনি** ও॰)। "আপনি আমাদিগের সমক্ষে সর্ব্বদাই ফাল্গুনের গুণকীর্ত্তন করত বৃথা শ্লাঘা করিয়া থাকেন; কিন্তু অর্জ্জুন আমার ও দুর্য্যোধনের ষোড়শাংশের একাংশেরও তুল্য হইবে না" -মহা॰ (বর্দ্ধ॰)। ২ বসন্ত ঋতুর প্রথম মাস; ফাল্গুন মাস। ৩ উত্তর ও পূর্ব্বফল্গুনী নক্ষত্র। স্ত্রীং **ফাল্গুনী**-বাসন্তী পূর্ণিমা। ২ পূর্ব্ব ও উত্তরফল্গুনী নক্ষত্র।

ফাশ-ফাঁশ দ্রঃ।

ফাশি-ফাঁশি দ্রঃ।

ফাষ্ট১, ফাস্‌ট্ [ইং fast এর লিপ্যন্তর] বিণ, দ্রুত; অগ্রগামী। "ঘড়ি ঠিক চলছে এক মিনিটও স্লো কি ফাষ্ট যায় না।"

ফাষ্ট২ [ইং first এর লিপ্যন্তর] বিণ, প্রথম; সর্বোচ্চ; সর্ব্বাগ্র। প্র-সে পরীক্ষায় ফাষ্ট হয়েছে। **~ক্লাস** [first class > গ্রা॰ ফাশ্ কেলাস] বি, প্রথম শ্রেণী; প্রারম্ভিক শ্রেণী। ২ বিদ্যালয়ের সর্বোচ্চ বা ব্যবস্থান্তরে সর্ব্বনিম্ন অর্থাৎ প্রাথমিক শ্রেণী। ২ প্রথম নম্বরের; শ্রেষ্ঠ; সর্ব্বাঙ্গ সুন্দর। প্র-ফা॰ ক্লাস জিনিষ।

ফাসরু [পাসরা (দ্রঃ) > ফাসরা। ফাসরিউ > ফাসরু] অস-ক্রি, পাসরিয়া; এড়াইয়া। "যম কাল ফা॰ বঞ্চিবু চিরকাল।"

ফি, ফী [আ॰ ফ়ী (প্রতি)] বিণ, প্রত্যেক। প্র-তুমি ফি হপ্তায় আসিবে। "নৌকা ফি সন ডুবিছে ভীষণ, রেলে কলিষণ হয়।"-দ্বি॰ রায়। **ফি-রোজ**-প্রতিদিন। **~সাল**-প্রতিবৎসর। **~সাদী**-শতকরা; প্রতি শতকে per cent.

ফিক্১ [সং-ধিক্, হি॰ ফিট্ (ছিঃ fie)। প্রা॰ বাং] বি, ধিক্কার। "ফিক্ দেও ফিক্ দেও জ্ঞাতি সকল"-মাণিক॰ গান।

ফিক্২ [ফক্ ও ফুক্ দ্রঃ। স্ফুট্ (বিকশনে) > ফুক্। লঘু অর্থে ফুক্, লঘু ও মৃদু অর্থে ফিক্। সং-ফক্ক্ (মন্দগতি), তার ভাব হতে] অ, হঠাৎ (দন্ত) বিকাশপূর্ব্বক মৃদুভাবে (হাস্য)। "ফিক্ করিয়া হাসিয়া ওঠে"-উত্তরা। **~-ফিক্**-বি, পুনঃপুনঃ লঘু বা মৃদু (হাস্য)।

ফিক [সং-পক্ষ (পার্শ্ব) >] বি, হঠাৎ পার্শ্ববেদনা; স্নায়ুর আক্ষেপ। ২ ঠেকনা: ঠেকো। **~ব্যথা**-পার্শ্বদেশে হঠাৎ স্নায়ুর আক্ষেপজনিত শ্বাস-কষ্টকর বেদনা। **ফিক ধরা**-ফিকব্যথা অনুভূত হওয়া। ২ পূর্ব্বকালের সহমরণের প্রথানুসারে স্বামীর মৃতদেহের সহিত স্ত্রীকে দাহ করিবার সময় বাঁশ দিয়া আগুনের মধ্যে চাপিয়া ধরা।

ফিকা [সং-অপক্ব > প্রা॰ অপিক্ক > পিকী > হি॰ ফীকা] বিণ, তরল; লঘু; হালকা; অসার; অকিঞ্চিৎকর। "রাজা বলে এ কথা আমার লাগে ফিকা।"-ধ॰। ৩ বিবর্ণ। ৪ পানসে; বিস্বাদ।

ফিকির [আ॰ ফ়িক্‌র্=চিন্তা, খেয়াল] বি, কল্পনা; চিন্তা। ২ ছলনা। "ফেরের ফিকিরে ফেরে ফাঁকি ফুঁকি লেগে।"

-অং মং। ৩ উপায় ; কৌশল। "দত্ত বাড়ী বই আর টাকা কোথায়? তা দত্ত বাড়ীর টাকা নেবার ফিং এই-"-বিষবৃক্ষ। "চাড় পড়িলে ফিকির বেরোয়"-টেকচাঁদ। ফিকিরে ফকির-উপার্জ্জনের ফন্দি আঁটিয়া যে ফকির সাজে ; কৃত্রিম ফকির ; ভণ্ড সন্ন্যাসী।

ফিকে-ফিকা দ্রঃ।

ফিগ্রু, ফিক্রু [পর্ত্তুং figura > ফিগুর > ফিগ্রু > ফিক্রু (মুখমূর্ত্তি অঙ্কিত তাস)] বি, প্রেমারা খেলার শব্দবিঃ। "ফিক্রু-দানে এক তাড়াতে কল্লে বাজী মাৎ"-হেমং।

ফিঙে [সং-ফিঙ্গা (ফিঙ্গক দ্রঃ) > ফিঙা > গ্রাং ফিঙে] বি, ফিঙ্গক দ্রঃ The black drongo.

ফিঙ্গক, ফিঙ্গা [সং-ভৃঙ্গ > ভিঙ্গা > ফিঙ্গা। মূলে অনুং। ফিচিং ফিচিং ডাক হ'তে] বি, ফিঙ্গাপাখী। "ফিরছে ফিঙে দুলিতে ফিতে, বোল ধরেছে বুলবুলিতে। গুঞ্জনে আর কূজন গীতে হর্ষে ভুবন হয় বোলা।"-সত্যেন্দ্র দত্ত (ভোরাই)।

ফিঙ্গা-ফিঙ্গক দ্রঃ।

ফিচেল, ফিচাল, ফিচেল [অসং-মিছলিয়া. ফুচুং,ফুচুরি (যে বাচাল, লঘুচিত্ত; মিথ্যাচারী। তুল-ফাং ফাসিক, আং ফাজির= লম্পট)] বিণ, প্রবঞ্চক ; শঠ। ২ চতুর। ৩ অভদ্রভাবে বাচাল।

ফিচ্‌কেমি-ফচকম দ্রঃ।

ফিট১ [ইং fit এর লিপ্যন্তর] বিণ, প্রস্তুত ; তইয়ার। ২ উপযুক্ত ; যোগ্য। ৩ লগ্ন ; প্রক্ষিপ্ত। প্র-পায়াটা খাটের সঙ্গে ফিট করে দাও। ফিট হওয়া-প্রস্তুত হওয়া। ২ যোগ্য হওয়া।

ফিট২ [ইং fit এর লিপ্যন্তর] বি, মূর্চ্ছা। ফিট হওয়া-মূর্চ্ছা হওয়া।

ফিট৩ [সং-স্ফুট] বি, উজ্জ্বল। ২ পরিচ্ছন্ন ; পরিষ্কার।~ফাট-বিণ, সুসজ্জিত; পরিষ্কার ; পরিচ্ছন্ন। "ঘরবাড়ী ফিটফাট দেখিলাম।"

ফিটঅ [বৌং বাং প্রাকৃং। সং-স্ফুট (ভেদন) >] ক্রি, কাটিয়া যায় ; ফাটে (চং ২১।৬)। ফিটিলি-ফাটিল ; ফাটিয়া গেল (চং ৫০।৭)।

ফিটকিরি-ফটকিরী দ্রঃ।

ফিটন [ফেটিন দ্রঃ] বি, হাল্কা খোলা চার চাকার ঘোড়ার গাড়ি। "ইংরাজেরই মত ফিটনে চড়িছে।"-দ্বিং রায়।

ফিট্‌ফিটে [ফিট দ্রঃ। ফিটফিটিয়া > ক্ষেং] বিণ, স্ফুটতর ; উজ্জ্বলতর। "রং ফিট্‌-ফিটে ফরসা"-দ্বিং রায়।

ফিতা, ফিতে [পোর্ত্তুং fita] বি, স্বতন্ত্র বোনা পাড় ; কাপড়ে বসাইবার লেশ। ২ বিভিন্ন রঙের সূতায় বোনা পাড়ের আকারে বেণীবন্ধন রজ্জু। "ফিতেতে এলো-চুলে বাঁধিয়ে শিরে"-অবসর।

ফিত্তি-ফিরতি দ্রঃ। ফিরেফিত্তি-ফিরে দ্রঃ।

ফিন [fine >] বিণ, সূক্ষ্ম ; হাল্কা ; পাতলা। বিণ, সূক্ষ্মাতিসূক্ষ্ম ; অতিশয় সরু ; অত্যন্ত মিহি। "কেহবা আদরে কিনে ঢাকার সে ফিং অতি সরু চিকণ বসন।"-চন্দন।

ফিনকি [স্ফুলিঙ্গ >] বি, স্ফুলিঙ্গ ; অগ্নিকণা। "ফিনকি ছুটে ভারত জুড়ে আগুন গেল লেগে"-হেমং।

ফিনাইল [ইং pheny] এর লিপ্যন্তর] বি, বেঞ্জীন, ফেনল আদিতে প্রাপ্য মূল পদার্থবিঃ ; দুর্গন্ধনাশক তরল পদার্থবিঃ।

ফিনফিনে-ফিন দ্রঃ।

ফিনিক [স্ফুলিঙ্গ >। ফিন্‌কি দ্রঃ] বি, স্ফুলিঙ্গের ন্যায় বেগে দ্রব দ্রব্যের নির্গমন। প্র-ফিনিক দিয়া রক্ত বাহির হওয়া। ~ফোটা-উদ্ভাসিত হওয়া ; আলোকিত হওয়া। প্র-জ্যোৎস্নায় ফিনিক ফোটা।

ফিরকি [হিং। ফিরা দ্রঃ] বি, জানালা বন্ধ করিবার ছোট কাঠের খিল, যা কীলকের চতুর্দ্দিকে ঘুরিতে ফিরিতে পারে।

ফিরঙ্গ [অর্ব্বাচীন সং-ফেরঙ্গ] বি, ফিরিঙ্গি (দ্রঃ) দিগের দ্বারা আনীত উপদংশ ব্যাধি syphillis. ~রুটি-বি, পাঁউরুটি ; পর্ত্তুগীজদিগের দ্বারা প্রস্তুত এবং য়ুরোপীয়দের ব্যবহৃত রুটি। ~রোগ-বি, উপদংশ। ~রোটী-বি, পাঁউরুটি loaf.

ফিরঙ্গী-ফিরিঙ্গি দ্রঃ।

ফিরণ [ফের দ্রঃ] বি, প্রত্যাগমন। ২ ঘূর্ণ ; ঘোরা।

ফিরণিয়া [গ্রাং ফিরুনে] বিণ, যে ফেরে বা ঘুরে বেড়ায় ; ভ্রমণকারী।

ফিরৎ,-ত-ফেরৎ দ্রঃ।

ফিরতি, ফিরতী [ফেরৎ দ্রঃ। ফিরৎ+ঈ (ভাং)। গ্রাং 'ফিত্তি'। ফিরে ফিরতি [সহং দ্বয়] পুনরায় (আরম্ভ) ; ফের। বি, প্রতিমুখ ; ফেরত।

ফিরা১ [হিং ফির্‌না। গ্রাং ফেরা। ফিরি, ফির, ফের (ফি(ফে)রেন, ফিরিস), ফিরে, ফেরে (ফিরেন, ফেরেন) ; ফিরিতে ; ফিরিয়া (ক্ষেং ফিরে)। ণিজন্ত-ফিরান, ফেরান] ক্রি, প্রত্যাবর্ত্তন করা ; পাল্টা আসা বা যাওয়া। "শুধু আজকে ফিরা নয়, জীবন ভরিয়া যেতেছি ফিরে"-গান। "যখন সে চায় ফিরে আসিতে না পারি ফিরে"-গান(কালীমির্জ্জা)। ২ মত পরিবর্ত্তন করা। প্র-সে যা বলেছে তা করবেই, তাকে এখন ফিরান দায়। ৩ অবস্থার পরিবর্ত্তন হওয়া। "ভাল কপাল তোর ফিরেছে।"-বাং-গান। ৪ ভ্রমণ করা। "শূন্য হাতে ফিরি হে দ্বারে দ্বারে"-গান। ৫ একদিক হতে অন্যদিকে মুখ করা ; যে পিছন ফিরিয়া আছে তার ঘুরিয়া সম্মুখভাগ বা মুখ দেখান। "যখন সে চায় ফিরে আসিতে না পারি ফিরে"।-কালীমির্জ্জা। ৬ [শ্রীহট্টং প্রাদেং] গাভী ঋতুমতী হলে কৃষকদের ভাষায় 'গাই ফিরিয়াছে', অথবা 'গাভী দিন করিয়াছে' বলে। ~ফিরি-ফেরা-ফেরি দ্রঃ। ফিরে চাওয়া-পাল্টে দেখা। ২ অনুকূল দৃষ্টি করা ; সদয় হইয়া, মুখ ফিরাইয়া বা মুখ তুলিয়া চাওয়া। "তুমি যদি না চাও ফিরে, তবে যাব সেই যমুনাতীরে, ভাঙ্গবো বাঁশী তেজবো প্রাণ এই বেলা তোর ভাঙ্গুক মান।"-বঙ্কিমং। ফিরে দেওয়া-প্রত্যর্পণ করা। "নিয়ে নাহি দেয় ফিরে মন যে হরিয়ে নিলে"-কালীমির্জ্জা। কপাল ফেরা-দুরদৃষ্ট হতে শুভাদৃষ্ট হওয়া ; সৌভাগ্যোদয় হওয়া।

ফিরা২ [হিং ফির্] অ, পুনরায় ; আবার।

"ফিরে অন্ন রাখে উমা দেখে গিরিরাণী" -শিং। ~ফিরতি [সং॰ অন্ন]পুনর্ব্বার; পুনরায়। প্র-ফিরে ফিরতি খেলা করা। ~বার-পুনর্ব্বার; পরবর্ত্তী কাল।

ফিরাই, ফেরাই [তাস খেলায়] বি, যে বর্ণ রংয়ের তাস দিয়া পিট লইতে পারা যায়, এক তুরূপ ভিন্ন বা অপর পক্ষের লইবার শক্তি নাই। "মন্ তুই কি সাহসে আজও বসে খেলিস তাস নাই হতাস সর্ব্বনাশ। * * * নাইকো ফিরাই বিষয় ফেরায় পড়িলি হলি নৈরাশ।"-বাং-গান।

ফিরান-ফেরান দ্রঃ।

ফিরিঙ্গি, -ঙ্গী [Feringi, Firingi, Feringee or Feringhee শব্দ ফরাসী France হ'তে। আরব ও পারসিকদিগের সহিত প্যালেষ্টাইন লইয়া ধর্ম্মযুদ্ধের (crusade) সময় সমস্ত য়ুরোপের খৃষ্টানগণ ফ্রাঙ্ক নামে অভিহিত হইতেন। ঐ সময়ে সকলের বোধগম্য যে এক নূতন ভাষার সৃষ্টি হয়, তাহার নাম হয় Lingua Franca বা ফ্রাঙ্ক-ভাষা। পারসীক ও আরবীয়েরা উহা ফেরঙ্ এইরূপ উচ্চারণ করিত। উহারই অপভ্রংশ ফিরিঙ্গি। পাশ্চাত্য দেশ অর্থে ফিরঙ্গ দেশ, তদ্দেশবাসী ফিরিঙ্গি (পুং), স্ত্রীং ফিরিঙ্গিণী। শব্দকল্পদ্রুমে ও বাচস্পত্যে ৪৫৫৫ পৃং, ফিরঙ্গ শব্দ দ্রঃ। Webster ও Arundale's Slang Dictionary মতে হিন্দুরা য়ুরোপবাসীদের ফিরিঙ্গি বলে। Chambers প্রভৃতির অভিধানে ইংরেজ-দিগকেই ফিরিঙ্গি বলে (a Hindu name for an Englishman); Oxford Dictionary মতে (E. Ind. term for) European; now used chiefly of the Indian-born Portuguese. মূলে ফ্রাঙ্ক হইতেই ফিরিঙ্গি। আইন-ই-আকবরি ও অন্নদামঙ্গলে ফিরিঙ্গি বলিতে পর্ত্তুগীজদিগকেই বুঝায়। এক্ষণে য়ুরোপীয়দিগের সংস্রবে উৎপন্ন বর্ণ-শঙ্করকে ফিরিঙ্গি বলে "The mixed descendants of Europeans"—Indo-Aryans, Vol II. P. 203. Note. পলায়িত বা দলচ্যুত পর্ত্তুগীজ ও অন্যজাতীয় য়ুরোপীয়-গণ এদেশে ফিরিঙ্গি নামে পরিচিত হইত। "Franguis I mean these fugitive Portugals and other straggling Christians that had put themselves in the service of the king of Aracan" -Bernier's Travels. ইং Indo-Portuguese. কবিকঙ্কণে 'ফিরিঙ্গী'ও আছে] বি, পর্ত্তুগীজ ও ভারতীয়ের মিশ্রণ-জাত জাতি। য়ুরেসিয়ান। ২ খৃষ্টধর্ম্মী; খৃষ্টান। "অপাঙ্গে করুণা কর ওগো মাতঃ মাতঙ্গি। ভজন সাধন জানি না মা। জেতে আমি ফিরিঙ্গী॥"-বাং-গান (আন্টুনি সাহেব)। [দ্রঃ-ফিং শব্দ অধুং হীনার্থক (তুল-ছোকরা) হইলেও পূর্ব্বে ইহা সম্মানার্থক ছিল। তখন উহা সাহেব এই অর্থে ব্যবহৃত হইত যথা-"সকল মঙ্গলালয় শ্রী গাষ্পার কোরর্ণের (Gasper Gornet) ফিরিঙ্গী সুচরিতেষু।"-প্রবর্ত্তক, ফাল্গুন, ১৩২৮]। ~-খোঁপা-য়ুরোপীয় প্রথানুসারে কেশ-রচনা বা কবরী।

ফিরিস্তা [ফাং ফেহ্‌রিস্ত্] বি, ফর্দ্দ list. ২ সূচীপত্র।

ফিরিস্তি [ফিরিস্তা (দ্রঃ) + ই (স্বার্থে)। ফেহরস্ত (পাবনা আদাং), ফেরস্ত ওং] বি, নির্ঘণ্ট; সূচীপত্র। ২ তালিকা।

ফিরে [হিং ফির্] অ, ফের; পুনরায়। ~ফিরতি-পুনরারম্ভ; নূতন করিয়া।

ফিরোজা [ফাং ফীরোজা] বি, মণিবিঃ; নীলাভ হরিদ্বর্ণ মণি। ২ বর্ণবিঃ।

ফিল [ফাং ফীল্। সং-পীলু (হাতী)] বি, হাতী। ২ দাবা খেলার গজ। ~খানা [ফাং ফীলখানা] বি, হস্তিশালা। ~বান-বি, মাহুত; হস্তীচালক।

ফিল্ডমার্শাল [ইং Field marshal এর লিপ্যন্তর] বি, ইংলণ্ডের সেনাবিভাগের সর্ব্বোচ্চ কর্ম্মচারী।

ফিল্ম [ইং Film এর লিপ্যন্তর। গ্রাং ফিলিম] বি, ছায়াচিত্র। "বর্ত্তমানযুগে ফিল্ম বা ছায়াচিত্রের প্রভাব কত বেশী"-আত্মশক্তি।

ফিল্লি-মারা [ফুটবল খেলার ভাষায়। গ্রাং] ক্রি, ফেলিয়া দেওয়া (ইহা খেলিবার সময় প্রতিদ্বন্দ্বীকে ফেলিয়া দিবার এক ফিকির। যারা ফুটবল খেলে তারা ইহাতে বিশেষ যোরস্ত)।

ফিসফিস [অনুং] বি, মৃদুস্বর; চুপে চুপে কথা কহিবার শব্দ। ফিস ফিসানি -কানে কানে মৃদুস্বরে কথা বলা; কোন গোপনীয় কথা চুপে চুপে বলা।

ফিসির ফিসির [অনুং] অ, ক্রমাগত ফিস ফিস শব্দ। ২ চুপে চুপে কথা কহার শব্দ; কর্ণকথা।

ফী১ [ফি দ্রঃ] বিণ, প্রত্যেক।

ফী২ [ইং fee'র লিপ্যন্তর] বি, পারিশ্রমিক। 'ফী' অর্থাৎ পারিশ্রমিক কে সরবরাহ করিবেন।"-বসুমতী, ১৩১৮, ২৭ মাঘ। ২ চিকিৎসকের দর্শনী বা দক্ষিণা। ৩ আদালতের প্রাপ্য। ৪ মাশুল। ৫ স্কুলের মাহিনা।

ফু [অনুং] বি, ফুঁক; ফুৎকার।

ফুই [ফুঁইফুঁই দ্রঃ] বি, বিন্দু বিন্দু বারিপাত; ফিনফিনে বৃষ্টি। "সর্ব্বত্র মহাবৃষ্টি এইখানেতে ফুই।"-প্রবচন।

ফুঁ, ফুঁক [ফুৎকার >] বি, ফুৎকার। "শাঁখেতে পাড়িতে ফুঁক চূড়ান্ত নিপুণ।"-হেমং। "সতী সতী বলিয়া শিঙ্গায় দিল ফুঁক" -শিং। "রামপ্রসাদ বলে বারবার অসারে জন্মিবে সার। মনরে ওরে শিঙ্গে ফুঁকি শিঙ্গে পাবি ডাক কেনে মাঁরে।"-বাং-গান। ২ লঘুতম চাপ বা আঘাত। প্র-ফুঁএর ভর সয় না। "ফুঁটুকু সয় না"-পুং বং গীং। ফুঁ দেওয়া, ফুঁ পাড়া-কোন কিছুর উপর বা অঙ্গে ফুৎকার প্রয়োগ করা। ফুঁ লাগা-ফুঁয়ের আঘাত বা স্পর্শ হওয়া। ফুঁ লাগানি -ফুঁ দেওয়া। ফুঁয়ে উড়ানি-সহজে বা অল্পতম আয়াসে উড়ান। ২ ঐরূপে হারাইয়া দেওয়া। এক ফুঁয়ে-অবলীলাক্রমে। এক ফুঁয়ে উড়াইয়া দেওয়া-অনায়াসে বিপক্ষের কৌশল বা চেষ্টা ব্যর্থ করা। ঝাড়ফুঁক করা [ফুকসিন দ্রঃ] ভূতাদির আবেশ অথবা বাতাদিজনিত বেদনায় মন্ত্র উচ্চারণ করিতে করিতে রোগীর গাত্রে ধূলি ঝাড়ার অনুকরণে হস্তচালনা ও ফুৎকার প্রদান করা।

ফুঁইফুঁই [অনুং] বি, অত্যল্প বারি-বর্ষণের মৃদু শব্দ।

ফুঁকা, ফুকা-ফুক, ফুকা দ্রঃ।

ফুঁচকে-ফুচকে দ্রঃ।

ফুঁড়া-ফোড়া দ্রঃ।

ফুঁপানি [ফাঁপা দ্রঃ। শ্বাসপ্রশ্বাসের বেগ রুদ্ধপ্রায় হলে বক্ষ স্ফীত হওয়া। ফোঁপান ও°] ক্রি, ফোঁপাইয়া ফোঁপাইয়া ক্রন্দন করা। "ফুপায়ে ফুঁপায়ে কাঁদয়ে রাধা"-চণ্ডি°। বি, ফুঁপানি।

ফুঁপি, ফুপি, -ফি [সং-পুষ্প+ই (সাদৃশ্যার্থে) > প্রা°] বি, বস্ত্রপ্রান্ত; খুঁট; পল্লবাগ্র। ২ [হি° ফুলগী]।

ফুঁসা, ফোঁসা [অনু°। ফুঁসি, ফুঁস (ফোঁস), ফুঁসে (ফোঁসে); ফুঁসিতে; ফুঁসিয়া (ক্ষে° ফুঁসি) ই°] ক্রি, ফোঁস ফোঁস শব্দ করা; রাগে সর্পের মত গজরানো; ক্রোধ ও বিরক্তি প্রকাশক শ্বাস ত্যাগ করা। "সঙ্গে সঙ্গে দুর্জ্জয় রাগের সঞ্চার হইল। এবং তাহা প্রকাশের অবসর খুঁজিয়া সর্পের মতই আপন বিবরে বসিয়া ফুঁসিতে লাগিলেন।"-বঙ্গবাণী, ১৩৩৪।

ফুক [হি° ফুঁক (ফুঁ)] বি, ফুৎকার; ফুঁ। ২ [সং-ফক্ক (মন্দগতি-লঘুগতি)] একবার ফুৎকার দিতে যে সময় লাগে; ত্বরিত লঘুগতি।

ফুক করিয়া-ফুৎকার শব্দ করিয়া। ২ চকিতের মধ্যে; ফুড়ুক করিয়া; লঘুগতিতে। প্র-ফুক করিয়া উড়িয়া যাওয়া।

ফুকন১ [ফুক দ্রঃ] বি, ফুৎকার করণ।

ফুকন২ [অস° ভাষায়] বি, প্রাচীন আসামীয় রাজপ্রতিনিধিরূপে শাসনকার্য্য নির্ব্বাহকদের উপাধি। বরুফুকন, বর-ফুকন-বি, শাসনকর্ত্তার উপাধি। ~নল-বি, সেকরারা যে নলে ফুঁ দিয়া আগুন জ্বালে। ~নি [হি° ফুক (দ্রঃ)+নি(পে), যদ্দারা ফুক দেওয়া যায়] বি, বায়ুকোষ; ফুসফুস; পট্‌কা bladder. "একটী কাচের কূপীতে সোরা রাখিয়া বালুকা-যন্ত্রের উপর প্রচণ্ড উত্তাপ দেওয়া হইতেছে, অম্লজানবায়ু নির্গত হইয়া ফুকনির (bladder) মধ্যে প্রবেশ করিতেছে এবং উহা ক্রমশঃ স্ফীত হইতেছে।"-নব্য রসায়নী বিদ্যা। ~ফুক [অনু°। ফিকফিক অপেক্ষা লঘু শব্দ] বি, লঘু হাস্যশব্দ। ২ ক্রি-বিণ, লঘু পদবিন্যাসে ঘন ঘন আসা-যাওয়ার ভাব। ~ফুকে [ফাঁক দ্রঃ] বি, কোন গোপনীয় কথা অপরের নিকট হতে শুনিয়া তা প্রকাশ করিবার জন্য যে ব্যক্তি আগ্রহ প্রকাশ করে বা সুযোগ খোঁজে।

ফুকর১, ফোকর [সং-ভূকঃ ("ভূকঃ কালে ছিদ্রে"-হে°) > ভুকর > ফুকর, ::র] বি, গর্ত্ত; ছিদ্রপথ; রন্ধ্র।

ফুকর২-ফুকার দ্রঃ।

ফুকরই [ফুকারা দ্রঃ। ব্রজ°] ক্রি, উচ্চৈঃস্বরে ডাকে; দূর হতে আহ্বান করে। "সব জন তেজিয়া আগুসরি ফুকরই আড় বদন ওঁহি ফেরি।"-বি° প°।

ফুকরানো [প্রা° ফুক্‌রোনো। হি° পুকারনা, পুক্‌রানা] ক্রি, উচ্চৈঃস্বরে ডাকা। ২ ফুকরিয়া কাঁদা; ফুঁপাইয়া ফুঁপাইয়া কাঁদা।

ফুকরি [ফুকারিয়া > ক্ষে°। পদ° সা°। ফুকারা দ্রঃ] অস-ক্রি, উচ্চৈঃস্বরে ডাকিয়া। ২ ডুকরিয়া। "রাই রাই করি ফুকরি ফুকরি পড়ই ভূমির তলে।"-চণ্ডি°।

ফুকসিন [ফুক দ্রঃ। সাঁওতালী ভাষায় ফু°=ডাইন] বি, মন্ত্রৌষধি বলে রোগ আরাম করার সাঁওতালী প্রথা [দ্রঃ-পুত্রের রোগে অকালমৃত্যু হইলে, ইহারা পিতামাতাকেই সন্দেহ করে; ইহাদের বিশ্বাস বৃদ্ধ পিতামাতা 'ফুকসিন' হইয়া তাহাদের ছেলে খাইতেছেন। এই বিশ্বাসে অনেকে বাপ মাকে নিষ্ঠুরভাবে হত্যা করিয়া ফেলে।"-প্রবাসী, ৪র্থ ভাগ, ৭ম সংখ্যা।

ফুকা, ফুঁকা [ফুক (দ্রঃ) + আ (ক্রিয়ায়)। ফুকি, ফুক, ফুকে; ফুকিতে (ক্ষে° ফুকতে); ফুকিয়া (ক্ষে° ফুকে) ই°] ক্রি, ফুৎকার করা; ফুঁ দেওয়া। ২ বাঁশিতে ফুঁ দিয়ে বাজান। ৩ ফুঁ দিয়ে তৈয়ার করা। ৪ ধূমপান করা। ৫ অপব্যয় করা। প্র-"টাকা ফুঁকে দেওয়া। বাপের মৃত্যুর পর তার কুপুত্র বিষয় হাতে পেয়ে দুদিনে সব ফুঁকে দিলে।" ৬ বিণ, ফু-দেওয়া এমন; যা ফুঁয়ের জোরে তৈয়ার করা হইয়াছে। প্র-ফুকা শিশি। চুরুট, তামাক, বিড়ী, সিগারেট ফুঁকা-ঐ সকলের ধূমপান করা। শিঙা ফুকা-বয়া।

ফুকার১ [হি° পুকার] বি, চীৎকার। ২ আহ্বান; ডাক। ৩ উচ্চৈঃস্বরে রোদন।

ফুকার২, ফুকির-ফোকর দ্রঃ।

ফুকারা [হি° ফুকার্‌না। বাং-পদ্যে। ফুকারি, ফুকার, ফুকারে (ফুকরয়ে); ফুকারিতে; ফুকারিয়া (ক্ষে° পদ্যে, ফুকারি)] ক্রি, উচ্চৈঃস্বরে ডাকা। "ফুলমালা গাঁথি ঝুলায়ে হাতে। কে নিবে, কে নিবে ফুকারে পথে॥"-চণ্ডি°। "দহি লে দহি লে ফুকারে আহীরী।"২ চীৎকার করা; চেঁচাইয়া বলা। "হুসার হুসার পিঠে মাহুত ফুকারে।"-ম°।

ফুকারিয়া কাঁদা-উচ্চৈঃস্বরে রোদন করা; ডুকরিয়া কাঁদা। "জর জর নর নারী হেরি গোরাচাঁদে। পশু পাখী প্রেম দেখি ফুকারিয়া কাঁদে॥"-শি°।

ফুকুরফুকুর [প্রাদে° মালদহ। ফুক ফুক দ্রঃ; ক্রমাগত অর্থের যোগ] বি, মৃদুহাস্য; মন্দ মন্দ হাসি; ফিক্ ফিক্ করিয়া হাসি।

ফুকো [ফুক(দ্রঃ)+আ-ফুঁ দিয়া ফাঁপান] বিণ, ফাঁপা; স্ফীত। ২ ফুঁ দিয়া দোহন-করা (দুধ)। ফুকো দেওয়া-দুগ্ধবতী গাভীর প্রসবদ্বারে নল বসাইয়া তাহাতে ক্রমাগত ফুঁ দিতে দিতে অধিক পরিমাণে দুগ্ধ সঞ্চয় করা। ~শিশি-কাচ গলাইয়া তাতে ফুঁ দিয়া ফাঁপান শিশি।

ফুকুড়ি, ফুক্‌কুড়ি-ফক্কুড়ি দ্রঃ।

ফুগইতে [ব্রজ°] ক্রি, খুলিতে। "কঞ্চুক ফু° পহু ভেল ভোর। জাগল মনমথ বান্ধলু চোর॥"-বি° প°।

ফুঙ্গি,-ঙ্গী [বর্ম্মী° ফুঙ্গী। চট্টলাদির উচ্চারণে পুঙ্গি, পুঙ্গী > প্রা° পুঙি। তুল-"পুঙির পুত"-অর্থাৎ সন্ন্যাসীর পুত্র=জারজ এই গালি] বি, বৌদ্ধ সন্ন্যাসী।

ফুচ্‌কে-পুচ্‌কে দ্রঃ।

ফুট১ [ইং foot এর লিপ্যন্তর] বি, পরিমাণ-বিঃ; গজের এক তৃতীয়াংশ; ১২ ইঞ্চি।

ফুট২ [ফুটা দ্রঃ। সং-স্ফুট (বিকসিত হওয়া) +অ (র্ম্ম), নিপাতনে স লোপ] বিণ, বিকসিত; প্রস্ফুটিত। "আধ ফুট হাসি"-জ্যোতি° টাকুর। ২ সর্পের ফণা। ৩ বিদীর্ণ; ছিদ্রযুক্ত। ৪ [প্রা° বাং] বিন্দু; ফোঁটা। "এমা এক ফুট পানী"-শ্রী° কী°।

ফুট৩ [সং-স্ফুট। ফুটা দ্রঃ] বি, ছিদ্র ; রন্ধ্র। ২ ভেদ-ভাব ; বিবাদ। প্র-উহাদের আপোসের মধ্যে ফুট হইয়াছে। ৩ অগ্নির উত্তাপে তরল দ্রব্য সিদ্ধ হইবার কালে যে বুদ্বুদ্ হয়। প্র-এখন সরিষা ফুট ধরিয়াছে আরও একটু জ্বাল পেলে টগবগ করিয়া ফুটিবে। ৪ বিদার ; ফাট। ~**বালু** [রঙ্গপুর প্রাদে॰] বি, ঝুরা বা ফস্‌কা বা আলগা বালুকা ; চোরা বালি loose sand.

ফুটকলাই, -ড়াই [ফুট দ্রঃ] বি, একজাতীয় মটর যা ভাজিবার কালে ফুটিয়া ফাটিয়া যায়। **আহ্লাদে ফুটকড়াই**-তপ্ত বালিতে কড়াই চড়বড় করিয়া ফুটার ন্যায় আনন্দের উত্তেজনায় অত্যধিক বাক্‌স্ফূর্তি।

ফুটকী [স্ফুট+কী (সাদৃশ্যে) ক্ষুদ্র ফুটন্ত জলের বিম্ববৎ] বি, বিন্দু ; ক্ষুদ্র ফোঁটা ; ক্ষুদ্র শূন্য চিহ্ন। **ফুটকীফুটকী**-বিন্দু বিন্দু। (বড় বড় বিন্দু অর্থে ফটকা ফটকা (দ্রঃ)।

ফুটন [স্ফুট্ (বিকসিত হওয়া)+অন (ভা॰)] বি, প্রস্ফুটিত হওন। ২ প্রকাশকরণ। ৩ বিদ্ধকরণ। ৪ উন্মুক্ত করা ; খুলিয়া দেওয়া।

ফুটন্ত [স্ফুট্ > ফুট (দ্রঃ)+অন্ত] বিণ, বিকসিত ; প্রফুল্ল। "ফু॰ ফুলের প্রস্ফুটিত ; মাঝে দেখি মায়ের হাসি"-স্ক॰। "সোণালি আঙুলগুলি ফুটন্ত চাঁপার কলি"-অমৃত বসু।

ফুটপাথ [ইং foot path এর লিপ্যন্তর] বি, হাঁটিয়া যাইবার পথ। "রাজপথে সারি সারি অসংখ্য চলেছে গাড়ী অজস্র পথিক অই ফুটপাথে যায়।"-চন্দন।

ফুটফুট১ [শ্রীহট্ট॰ প্রাদে॰। ফুটফুট করিয়া ফুটে বলিয়া] বি, জলের বুদ্বুদ। ২ মাছের ফুসফুস।

ফুটফুট২**, ফুটফাট** [অনু॰] বি, ফুটিবার শব্দ। ২ বারুদাদি দ্বারা বিদারণ শব্দ। ৩ অজীর্ণ হেতু পেটের ভিতরের শব্দ। প্র-পেট ফুটফাট করা।

ফুটফুটিয়া, ফুটফুটে [সং-স্ফুট্২ > ফুটফুট (সাদৃশ্যে দ্বিত্ব)+ইয়া] বিণ, স্ফুটতর ; অত্যুজ্জ্বল। ২ উজ্জ্বল বর্ণবিশিষ্ট। ৩ শ্রীবিশিষ্ট ; সুশ্রী। ৪ প্রফুল্ল ; হাস্যময়। "বারো কি তেরো বছরের ফুটফুটে মেয়ে" -উত্তরা, পৌষ, ১৩৩৩।

ফুটবল [ইং foot ball এর লিপ্যন্তর] বি, পদাঘাত দ্বারা খেলিবার বায়ুপূর্ণ রবারের গোলক। ~**খেলা**-উক্ত গোলক সাহায্যে দুই বিপক্ষ দলের হার জিতের খেলাবিঃ।

ফুটয় [ব্রজ॰] ক্রি, ফোটে। "কোন রঙ্গে রসালে ফুটয় পারিজাত।"-জ্ঞান॰।

ফুটল [ব্রজ॰] ক্রি, ফুটিল ; বিদ্ধ হইল। "পথ নিরখিতে চিত উচাটন ফুটল মাধবীলতা"-বি॰ প॰।

ফুটা১**, ফুটো** [সং-স্ফুট > ফুট৩ দ্রঃ] বিণ, সচ্ছিদ্র ; রন্ধ্রযুক্ত। ২ বিদ্ধ। "কে জানে কখন বঙ্গ-কুলকামিনী-প্রেরিত কুসুম-শর আসিয়া এই ছেঁড়া তাম্বু ফুটা করিয়া আমার হৃদয়ে আঘাত করিবে।"-লোকরহস্য (বঙ্কিম॰)।

ফুটা২**, ফোটা** [সং-স্ফুট্ (বিকশনে, ভেদনে) ধাতু >। ফুটি, ফুট (ফোট), ফুটে (ফোটে) ; ফুটিতে ; ফুটিয়া (পদ্যে-ফুটি, প্রা॰ ফুটে)। ণিজন্ত-ফুটান, ফোটান] ক্রি, বিকশিত হওয়া ; প্রস্ফুটিত হওয়া। "ফুটিল মালতী ফুল সৌরভ ছুটিল"-ম॰ মো॰ ত॰। ২ দেখা দেওয়া ; প্রকাশ পাওয়া। "সরমের মেঘে ঢাকা বিধুমুখখানি মেঘ টুটে জ্যোৎস্না ফুটে উঠিবে কি লো।"-গান (জ্যোতি ঠাকুর)। "আধ ফুট অধরে হাসি ফুটিবে কি লো"-ঐ। ৩ ব্যক্ত করা ; প্রকাশ করা ; স্পষ্ট করিয়া বলা। "কি বলি ফুটে, দম ফাটে মরি প্রাণ যায়"-গোপাল উড়ে। "তরাসে তখন ফুটে কহেন কপূর"-ব॰। ৪ খোলা। প্র-পাখীর ছানাগুলির এখনও চোখ ফোটে নাই। ৫ [প্রা॰ বাং-য় এই অর্থে পূ॰ বঙ্গে-ফুইড়্যা। "দুইটা চক্ষু ফুইড়্যা রইছে পঙ্কখানি মুখ।"-শিবের গান (বরিশাল), ব॰ সা॰ প॰] বাহির হওয়া ; নির্গত হওয়া। প্র-কথা ফোটা। ৬ সিদ্ধ হইবার কালে ফুট ধরা ; গরম হইবার কালে টগ্‌বগ করিয়া শব্দ করা। প্র-ভাত ফোটা। খই ফোটা। ৭ বিদ্ধ হওয়া। "কণ্টকেরি বনে গেলে কাঁটা ফোটে পায়"-গোপাল উড়ে। ৮ অভিব্যক্ত হওয়া। প্র-ভাব ফুটিয়া উঠা। ৯ ছিদ্র হওয়া ; রন্ধ্র হওয়া ; ছেঁদা হওয়া। প্র-জল না দিয়া আগুনে চড়াইতে হাঁড়ির তলা ফুটিয়া গেল (সাধাঃ-ফুটা হইয়া গেল)। ১০ চুয়াইয়া বাহির হওয়া ooze out. রক্ত ফুটিয়া বাহির হওয়া। ১১ শব্দ করা বা হওয়া। প্র-তার তুড়ি ফোটে না। ১২ বিণ, প্রস্ফুটিত ; ফুল্ল ; বিকশিত। "সেথা ছেয়েছিল তার ঘিরি চারি ধার ফোটা ফুল কত বর্ণে ;"-বি॰ মজুমদার। ১৩ [প্রা॰ বাং] বিদীর্ণ হওয়া ; ফাটা। **ফুট, ফুটিআঁ**-ফাটিয়া ; বিদীর্ণ হইয়া। "চিন্তিতে চিন্তিতে মোর ফুট জারিবে বুক॥" -শ্রী॰ কী॰। "বজরে পড়িল বুক না জাএ ফুটিআঁ"-ঐ। **ফুটি**-বিদীর্ণ করিয়া। **ফুটে-**ফাটিয়া ; বিদীর্ণ হইয়া। ২ ফাটে ; বিদীর্ণ হয় (শ্রী॰ কী॰)। **ফুট্রই**-ভাঙ্গিয়া যায় (চ॰ ৪৬।৫)। বি, ফুটানি, ফোটানি। **কথা ফোটা**-শিশুদিগের অর্থযুক্ত কথা বলিবার শক্তি হওয়া ; শিশুর মুখে প্রথম অর্থযুক্ত কথা বাহির হওয়া। ২ মুখ দিয়া কথা বাহির হওয়া। প্র-এতক্ষণ নির্ব্বাক ছিল সাহস পাইতে তবে কথা ফুটিল। **কাঁটা ফু(ফো)টা**-কণ্টক বিদ্ধ হওয়া। **চোখ ফু(ফো)টা**-তির্য্যক্ প্রাণী-দিগের মধ্যে জন্মকালে ছানাদের চোখ বোজা থাকে কিছুদিন পরে চোখের পাতা খুলিয়া চোখ বাহির হয় ; তাকে চোখ ফোটা বলে। ২ চালাক চতুর হওয়া ; নিজের স্বার্থ দেখিতে পাওয়া। প্র-এতদিন সে প্রতারিত হতে-ছিল এখন তার চোখ ফুটিয়াছে ; এখন সমস্ত সম্পত্তি সে নিজের হস্তে লইয়াছে। **জ্যোৎস্না ফু(ফো)টা**-চন্দ্রালোক উদ্ভাসিত হওয়া। **তারা ফু(ফো)টা**-একটু অন্ধকার হইয়া আসিলে আকাশে একটি একটি করিয়া নক্ষত্র দৃষ্টিগোচর হওয়া (মনে হওয়া যেন এক একটি ফুল প্রস্ফুটিত হইতেছে) : তারা দেখা দেওয়া। **দাঁত ফু(ফো)টা**-কামড়াইবার কালে দাঁত বসিয়া যাওয়া। ২ [লক্ষ॰] কোন বিষয়ের ভিতরে প্রবেশ লাভ করা ; দখল দেওয়া ; হস্তক্ষেপ করা। প্র-ওখানে

দাঁত ফোটাবার যো নাই। ফিনিক ফু(ফো)টা-চন্দ্রকিরণ গাছ পালার উপর পতিত হওয়ায় যেন শুভ্রোজ্জ্বল স্ফুলিঙ্গ চতুর্দ্দিকে পুষ্পবৎ ফুটিয়া থাকা। ফুল ফু(ফো)টা-পুষ্প বিকসিত হওয়া। বিয়ের ফুল ফু(ফো)টা [গ্রা৹] বিবাহের উপযুক্ত কাল উপস্থিত হওয়া। ভাত ফু(ফো)টা-ভাতে পরিণত হইবার জন্য চাল সিদ্ধ হওয়া; ভাত সিদ্ধ হইবার কালে টগ্‌বগ্ করিয়া শব্দ হতে থাকা। মুখ ফু(ফো)টা-বাক্‌শক্তি হওয়া; বাক্যস্ফুটন। ২ কথা কহিবার, উত্তর প্রত্যুত্তর করিবার সাহস হওয়া। মুখে খৈ ফু(ফো)টা-খৈ যেমন তড়বড় করিয়া ফুটে সেইরূপ মুখে কথা বাহির হওয়া। "এখন যে দেখি তোর মুখে খৈ ফুটছে।"-লীলাবতী। রক্ত ফুটিয়া বাহির হওয়া-ফুটা₂ দ্রঃ। হাসি ফু(ফো)টা [নীরব হাস্যের ভাব] বদনমণ্ডল হাস্যময় হইয়া ওঠা; অধরে, কপোলে, নয়নে হাসির ছটা প্রকাশ পাওয়া।

ফুটানি [ফুটা দ্রঃ] বি, কোপ প্রকাশ; মর্ম্মভেদী বাক্য-প্রয়োগ; কামড়। ২ জাঁক; লম্বাই-চওড়াই। 'দাঁতফুটানি-কোন বিষয়ে প্রবেশলাভ; হস্তক্ষেপ।

ফুটানি, ফোটানি [ফুটা₂ দ্রঃ। ফুটাই, ফুটাও (ফুটান, ফুটা), ফুটায় (ফুটান) ফুটাইতে (কে৹ ফুটাতে); ফুটাইয়া (কে৹ ফুটইয়ে)। এইরূপ ফোটাই ই৹] ণিজন্ত ক্রি, ফুটিতে বাধ্য করা; ফুটিয়ে তোলা; প্রস্ফুটিত করা। ২ ফলানো (রং)। ৩ বিদ্ধ করা (কাঁটা, দাঁত ই৹)। ৪ উৎকর্ষ সাধন করা। ৫ সিদ্ধ করা। ৬ রন্ধ্র করা; ছেঁদা করা।

ফুটানীরাম [প্রাদে৹ মালদহ। বিদ্রূপে] বি, যে অতিশয় গর্ব্ব করে। ২ অতিশয় মুখর। ৩ সকল বিষয়ে বাহাদুরীকারী।

ফুটাফাটা [ফুট (ছিদ্র) আ (যুক্তার্থে) + ফাট (চির) + আ (যুক্তার্থে)] বিণ, ফাটা এবং ছিদ্রযুক্ত।

ফুটি [কাঁকুড় পাকিলে ফাটিয়া ফুটি হয়] বি, পাকা কাঁকুড়। "ফুটি হেন যাটি ফাটে"-অ৹ ম৹। ফুটি ফাটা-ফুটির মত বিদীর্ণ হওয়া। আহ্লাদে ফুটি ফাটা-পাকা কাঁকুড় যেমন ফাটিয়া চৌচির হয়, হর্ষজনিত চাঞ্চল্যে মানুষের হৃদয়ের দ্বার তেমনি শতধা উন্মুক্ত হয়। হর্ষাধিক্যের উপমা।

ফুটিয়া পড়া-ক্রি, প্রস্ফুটিত হওয়া। ২প্রকাশ পাওয়া; প্রসিদ্ধি লাভ করা। "চরিত্রের মধুরতায় ফুটিয়া পড়িতেছিল।" -উত্তরা, পৌষ, ১৩৩৩।

ফুটিল [সং-স্ফুটিত >। ত=ল। গ্রা৹ বাং] বিণ, প্রস্ফুটিত; ফোটা।

ফুটোন্মুখ [স্ফুটোন্মুখ > ভং। বিণ, যা প্রস্ফুটিত হইবার মত হইয়া গিয়াছে; ফোটো-ফোটো। "তরঙ্গিত সরোবরে উঠিছে, পড়িছে, ফুটোন্মুখ গন্ধ তামরস।"-প্রভাস।

ফুড় [অনু৹] অ, ভুড় অপেক্ষা লঘু ও ফড় অপেক্ষা মৃদু শব্দ। ~ফুড়-ফুরফুর অপেক্ষা গুরু শব্দ। ২ পক্ষ সঞ্চালন শব্দ।

ফুড়া, ফোড়া [সং-স্ফুট (ভেদনে) > ফুড় + আ (ক্রিয়ায়)। ফুড়ি, ফুড়, ফুড়ে; ফুড়িতে; ফুড়িয়া (গ্রা৹ ফুড়ে। পূ৹ বঙ্গ প্রাদে৹ ফুইড়্যা] ক্রি, বিদ্ধ করা; বিদীর্ণ করা; ভেদ করা। ২ ধুনন। প্র-তুলা ফোড়া।

ফুড়ুং [অনু৹] অ, ফড়াং অপেক্ষা লঘু শব্দ; হঠাৎ বেগে পাখীর বায়ুভেদ করিয়া উড়িবার শব্দ। তার বা তাঁতে মৃদু টঙ্কার শব্দে পুড়ুং > লঘু শব্দ, 'ফুড়ুং'।

'ফুড়ুক, 'ফুড়ুৎ [অনু৹। চকিতের মধ্যে উড়িবার কালে পাখীর ডানার শব্দ >। ফুড় (অনুকার শব্দে) + উক, উৎ (গতি অর্থে অৎ ধাতুর বিকার)] অ, ত্বরিত লঘু গতিতে উড়িয়া যাইবার শব্দ। প্র-পাখী ফুড়ুক করিয়া উড়িয়া গেল। ২ অনুকার শব্দ। বৃদ্ধ আপনার দাওয়ায় বসিয়া ফুড়ুক ফুড়ুক করিয়া ডাবা হুঁকায় তামাক টানিতে লাগিল। ফুড়ুক্ ফাঁই [ফুড়ুক (উড়নে) ফাঁই (শূন্যার্থে)। ফাঁক > ফাঁই] উড়িয়া উধাও হওয়ার ভাব।

ফুৎ [অনু৹] অ, ফুৎকার শব্দ।

ফুৎকার₁ [ফুৎ (সিদ্ধ করণ) কৃ (করা) + অ (র্ত্তৃ), যে করে] বি, অগ্নি।

ফুৎকার₂ [ফুৎ-কার] বি, বেগে নির্গত মুখমারুত; ফুঁ। ২ ফুস্‌ফুস্ শব্দ। ৩ অনায়াস; অবলীলাক্রমে। "ফুৎকারে করিয়া বৃষ্টি পুনঃ কর বিশ্ব সৃষ্টি"-অ৹ ম৹। বিণ, ফুৎকৃত। তরঙ্গফুৎকার-বি, স্রোতের উচ্ছ্বাস।

ফুৎকৃতি [ফুৎ-কৃতি] বি, ফুৎকার; ফুঁ।

ফুতি [নৌ৹। মুর্শি৹ প্রাদে৹] বি, যে চারিখণ্ড দড়ি কড়ার সহিত দাঁড়কে যুক্ত করে।

ফুনকি [স্ফুলিঙ্গ >] বি, স্ফুলিঙ্গ (দ্রঃ)।

'ফুপা, 'ফুপু-ফুফু দ্রঃ।

ফুপি-ফুঁপি দ্রঃ।

ফুকানি, ফুঁফানি-ফোঁপান দ্রঃ।

ফুফাত [ফুফ্ দ্রঃ] বিণ, পিসতুতা; পিসা বা পিসী সম্বন্ধে। প্র-ফু৹ ভগ্নী।

'ফুফু [হি৹ফুফু, ফুফি। গ্রা৹ ফুপু,-পি] বি, পিসী। মুসলমানী বাং-য় চলিত। "এঁদে দেয় ফুফু নানী কলুই ডেলের পানি"-ঈ৹ গুপ্ত। পুং ফুফা, ফুপা।

ফুয়ল [সং-স্ফুর্ বা স্ফুল্ >। ব্রজ৹] বিণ, স্খলিত। "ফু৹ বসন হিয়া ভুজে রহু সাঠি। বাহিরে রতন আঁচরে দেই গাঁঠি"-বি৹ প৹। ২ আলুলায়িত [অপ্র৹]। "ফুয়ল কবরী উরহি লোটায়ত"-জ্ঞান৹। "ফুয়ল কবরী বাঢ়য়ে অনুপাম"-বি৹ প৹।

ফুরকনা [সং-স্ফোটক > ফোড়ক > ফুরক + না (ক্ষুদ্রার্থে) > ফুরকনা > অতি ক্ষুদ্রার্থে ফুরকুনি। হি৹ ফুন্সী] বি, ফুসকুড়ি।

ফুরণ, ফুরাণ [হি৹ ফুরাণ। সং-পূর্ণ -পূরণ, পূ=ফু] বি, কর্ম্মনির্দ্ধারণ; চুক্তি। ২ কর্ম্মপূর্ণতা বা সমাপ্তির বেতন বা দ্রব্য পরিমাণ বা সংখ্যানুসারে মূল্য নির্দ্ধারণ। "জনে জনে বলদের করিল ফুরাণ"-কবিক৹।

ফুরৎ [স্ফূর্ত্তি >। অসি ও লাঠিখেলার ভাষায়] বি, ক্ষিপ্রকারিতা; স্ফূর্ত্তি [দ্রঃ-চক্ষুর ক্ষিপ্রকারিতার নাম তুরৎ (হি৹ তুরন্ত); শরীর ও হস্তপদের ক্ষিপ্রকারিতার নাম জুড়ৎ (অর্থাৎ জড়ত্বের অভাব-পুলিন৹ (প্রবাসী)]।

ফুরনি [পূর্ণ > পূরণ > ফুরন+আ (ক্রি-বিভক্তি) = ফুরনা > ফুরান (বর্ণ বিপর্য্যয়ে)। ফুরাই, ফুরাও (ফুরান, ফুরাস), ফুরায় (ফুরান) ; ফুরাইতে ; ফুরাইয়া (প্রা°, কে° ফুরিয়ে)] ক্রি, ফুরাইয়া যাওয়া ; শেষ হওয়া ; অবশিষ্ট না থাকা ; সমাপ্ত হওয়া।

ফুরফুর [অনু°-আদরার্থে > আধিক্যার্থে 'ফরফর' > অবজ্ঞার্থে 'ফ্যারফ্যার', ব্যাপ্তার্থে ও আদরার্থে 'ফুরর-ফুরর' > আধিক্যার্থে 'ফরর-ফরর', অবজ্ঞার্থক আধিক্যার্থে 'ফ্যারর ফ্যারর'। তুল-ইং ফ্রু ফ্রু 'frou-frou-rustling as of dress'] অ, অনুকার শব্দে। ২ উড়িবার চেষ্টায় স্বল্প পালকযুক্ত ডানার সঞ্চালনজনিত লঘু শব্দ। "উড়তে পারে না ফু° করে"। ৩ সূক্ষ্মবস্ত্র, কেশ ই° মন্দ মন্দ বায়ু দ্বারা লঘু সঞ্চালনের ভাব। ক্রি, **ফুরফুরানি** -ফু° শব্দ করা। ২ ঐরূপ শব্দে উড়িতে থাকা। ৩ উড়িবার চেষ্টা করা। ৪ [লক্ষ°] অধিকবয়স্কের নিকট অল্পবয়স্কের বাচালতা বা জিতিবার চেষ্টা করা ; কাহাকেও উঁচাইয়া যাইবার ব্যর্থ চেষ্টা করা।

ফুরয়ে [সং-স্ফুর্ > । প্রা°বাং পদাবলী] ক্রি, ফুরায় ; শেষ হয়। ২ ব্যক্ত হয়। "গদ গদ শবদে না ফুরয়ে বাণী"-কবিশেখর।

ফুরসৎ [আ° ফুরসৎ] বি, অবসর ; অবকাশ। "মরবার ফু° নেই"-পরিণীতা (শ° চট্টো°)। ফু° নাই-সময় বা অবকাশ নাই (অনেক কাজের জন্য)। বিণ, **ফুরসতী** -অবকাশবিশিষ্ট।

ফুরসি [আ°, ফা° ফর্শি] বি, গুড়গুড়ি ; করসী ; তলা চওড়া হুঁকাবিঃ। "ফু° মেজে গুড়ুক সেজে কর্ত্তা ফুড়ুক টানে।"-অমৃত বসু।

ফুরা [স্ফুর্ (স্ফূর্ত্তি, প্রকাশ, দীপ্তি ই°) > । পদ্যে চ°] ক্রি, স্ফূর্ত্তি পাওয়া। ২ প্রকাশ পাওয়া। ৩ দীপ্তি পাওয়া। ৪ উদিত হওয়া। ফুরিল-স্ফুরিত হইল। ফুরে-স্ফুরিত হয়। ২ উদিত হয়।

ফুরানি [পূরান > । ফুরন দ্রঃ। ফুরাই, ফুরাও, ফুরায় ; ফুরাইতে ; ফুরাইয়া (কে° প্রা° ফুরিয়ে)। সকর্ম্মক ও অকর্ম্মক] ক্রি, পূর্ণ করা ; শেষ করা ; শেষ হওয়া ; ফুরাইয়া যাওয়া ; ব্যয় করিয়া ফেলা ; ব্যয়িত হওয়া। "কট্ কট্ কেটে কোটি কোটি দেয় ভঙ্গ। ফুরাবার নয় কিন্তু ফুলালেক অঙ্গ।"-শি°। "দিন ফুরান"। ২ চুকান (বেতনাদি) ; নির্দ্ধারণ করা। "ফুরাঞা না দেহ তোক্ষে" -শ্রী° কী°।

ফুর্ণা [স্ফুরণ > । প্রা° বাং] বি, ফুটানি। "তথাপি মামুদা বেটা মুখে মারে ফুর্ণা।"-ধ°।

ফুর্ত্তি-স্ফূর্ত্তি দ্রঃ।

ফুল, [সং-ফুল্ল (প্রস্ফুটিত) >] বি, পুষ্প ; প্রসূন ; কুসুম। ২ অতিশয় লঘু দ্রব্য ; যা কিছু ফুলের মত হালকা। ৩ স্বাভাবিক পুষ্পের আকারে গঠিত স্বর্ণালঙ্কার বা উল, রেশমাদিতে বোনা পুষ্পাকৃতি। উপকরণ ভেদে-সোনার, জরির, ন্যাকড়ার, কাগজের ফুল ই°। ৪ তাম্র, রঙ্গ ও সামান্য রৌপ্য ধাতুর মিশ্রণজাত রৌপ্যসদৃশ উজ্জ্বল ধাতু। প্র-ফুল কাঁসা। ৫ ন (চতুর্থ) এবং ছোটর মধ্যবর্ত্তী ; কচি (কি° পিসী ই°), রাঙা (মা° দাদা), ফুল, নতুন ই°-র অন্যতম। প্র-ফুল-ঠাকুরমা। ~ওয়ারী [হি° ফুলবারী] বি, ফুলবাগান। ২ ফুলগাছের কেয়ারী। ~ওয়ালা [ফুল-ওয়ালা(বালা)] বি, পুষ্প-বিক্রেতা। স্ত্রীং **ফুলওয়ালী**। ~কপি [কপি গাছের ফুল (পুষ্প)] বি, পত্র-বেষ্টিত পুষ্পবৎ বৈদেশিক সবজী cauliflower. ~কা -ফুল্ক দ্রঃ। ~কাটা বিণ, কৃত্রিমপুষ্পচিত্রিত। ~কাড়ান-সন্তানাদি কামনায় দেব-দেবীর মস্তকে ফুল রাখিয়া শুভাশুভ নির্ণয় করা। ~কারি,-রী [হি°] বি, কাগজ বা কাপড়ের উপর ফুলতোলার কাজ। ২ ফুলকাটা কাপড় বা কাগজ। ~কি,-কী-ফুল্কি দ্রঃ। ২ ফুল্কী দ্রঃ। ৩ [তাঁতবুনার ভাষায়। দপ্তি প্রয়োগ দ্রঃ] বি, উদ্বৃত্ত সূতা। "এমনি তুমি তাঁতের তাঁতী ** ফুলকী বা'ছে (=বাছিয়া) পাতি পাতি।"-গ্রা° গীত। ~কোঁচা [ফুল (পুষ্পসদৃশ) কোঁচা (কোঁচকান)] বিণ, চুনট করা ; ফুলের মত করিয়া কোঁচান। "পরিচ্ছদ ফুলকোঁচা।"-কস্তুরী। ~খড়ি [শ্বেতবর্ণার্থে ফুল] বি, চা খড়ি chalk. ~খেলা-বি, ফুল-কেলি ; ফুল লইয়া ক্রীড়া, ফুল গাঁথা, পরান, ছুড়িয়া মারা ই°। ~গুণা [প্রাদে°] বি, উৎকলীয় নাসাভূষণ ; বেসর। "নাসিকায় ফুলগুণা কর্ণে মল্লিকলি ভালে চিতা, যেন ফুল কমলেতে অলি"-কাঞ্চী°। ~চড়ানি-প্রসন্নতা লাভার্থে দেবতার মস্তকে ফুল স্থাপন। ~ছড়ী-ফুলময় সরু যষ্টি। স্বাভাবিক পুষ্পিত গাছের অনুকরণে রচিত শিল্পের ফুল গাছ। ~ঝুরী [হি° ফুলঝাড়ী] বি, ফুলদানী। ২ অগ্নিময় ফুলরাশির ফোয়ারাসদৃশ আতশ বাজি। ~টুকি, ~টুকী [ফুল-টুকী (চঞ্চুর লঘু আঘাত করে বা চঞ্চু দিয়া মধু চুষিয়া খায় বলিয়া)] বি, ফুলের মধুপায়ী অষ্ট্রেলিয়া দ্বীপজাত ক্ষুদ্র পক্ষীবিঃ। ইহারা হামিংবার্ডের মত ফুলের কোরকের মধ্যে চঞ্চু প্রবেশ করাইয়া মধু চুষিয়া খায় এবং ফুলে ফুলে মধু আহরণ করিয়া বেড়ায় honeysucker. "কাঁদ ভাঙ্গা ফুলটুকি ফুলে মধু খায়।"-ধ° (মাণিক°)। ~তৈল [ফুলেল দ্রঃ] বি, ফুলের সুগন্ধযুক্ত তৈল। "সুগন্ধি গন্ধ চুআ ফুল-তৈল লইআ"-শূ° পু°। ~তোলা-বি, ক্রি, পুষ্প চয়ন করা। ২ ক্রি, বস্ত্রাদিতে ফুলকারি করা ; সূচীকর্ম্মদ্বারা কাপড়ে ফুল বসান। ৩ বিণ, ঐরূপ সূচীকর্ম্মবিশিষ্ট। ~দানী [ফা° ফুলদান] বি, পুষ্পাধার ; ফুল সাজাইয়া রাখিবার পাত্র। "সমাদরে বুকে তারে লইলাম টানি। সেই সে ফুলের তোড়া আমি ফুলদানী।" ~দার [ফুল+ফা° দার] বিণ, পুষ্পযুক্ত ; সপুষ্প। ২ পুষ্পচিত্রযুক্ত। ~দেওয়া-পূজার্থে দেবতার চরণে ফুল অর্পণ করা। ~দোল-বৈশাখী পূর্ণিমায় অনুষ্ঠিত শ্রীকৃষ্ণের পুষ্পদোল মহোৎসব। ~ধনু [ফুল (পুষ্পময়) ধনু যার, বহু°] বি, পুষ্পধন্বা ; মদন ; কন্দর্প। "করে লয়ে একপদ্ম লইলেন প্রাণ। এই ছলে ফুলধনু হানে ফুলবাণ।"-অ° ম°। ২ পুষ্পনির্ম্মিত ধনু ; কুসুম ধনু। ~ধরা-গাছে ফুল উদ্গত হওয়া। ~পড়া-ফুল৩ দ্রঃ। ২ প্রসবের পর গর্ভপুষ্প placenta) পতিত হওয়া। ~পাড়া -গাছের ফুল বোঁটা হতে ছিঁড়িয়া লওয়া। ~পুকুরিয়া, ~পুকুরে [ফুলের পুকুর কাটা > ফুলপুকরিয়া > প্রা° ফুল-

পুকরিয়া >] বিণ, চতুষ্কোণ কেয়ারী করিয়া ফুলতোলা ; বস্ত্রাদির চারিকোণে ফুল-তোলা। "ফুলপুকুরে জুতা পায়"—টেকচাঁদ। **~ফুলিয়া, ~ফুলা, ~ফুলে** [ফুল+ফুল (সাদৃশ্যার্থে দ্বিত্ব)+ইয়া] বিণ, পুষ্পবৎ ফুল। ২ লঘু, কোমল ও স্ফীত। ৩ পরিচ্ছন্ন। ৪ জমকাল। ৫ ফাঁপা ; এলো ; অসংবদ্ধ। **ফুল ফোটা**—ফুল প্রস্ফুটিত হওয়া। **~বড়ি** [ফুলের মত লঘু বলিয়া] বি, খুব ফেনান বাটা কলায়ের ডালের রৌদ্রশুষ্ক ক্ষুদ্র বটিকাবিঃ। **~বাগান** [৬তৎ] বি, কুসুমোদ্যান ; মালঞ্চ। **~বাড়ী** [ফুল (পুষ্প) বাড়ী (বাটিকা)] বি, পুষ্পবাটিকা ; ফুলবাগান। **~বাণ** [ফুল (পুষ্পময়) যে বাণ (শর), ধা] বি, কন্দর্পের পুষ্পশর ; কুসুমশর। "এই ছলে ফুলধনু হানে ফুলবাণ।"—অ০ ম০। ২ মদন। **~বাতাস**—বি, ফুলের সুগন্ধযুক্ত বায়ু। **~বাতাসা**—বি, ক্ষুদ্র লঘু বাতাসা ; বাতাসা দ্রঃ। **~বাবু** [ফুল (বৎ সুসজ্জিত) বাবু] বিণ, সৌখীনবাবু beau. **~মালা**—বি, ফুলের মালা। **~শয্যা**—ফুল (পুষ্পময়) শয্যা (বিছানা), ধা] বি, কুসুম-শয়ন ; পুষ্পরচিত সুখ শয্যা। ২ নব-দম্পতির পুষ্পশয্যায় শয়নরূপ বৈবাহিক সংস্কারবিঃ। **~শর** [ফুলবাণ দ্রঃ] বি, মদন। **ফুলের ঘায়ে মূর্চ্ছা যাওয়া**—অল্প কারণে অধৈর্য্য হওয়া।

ফুল₂ [ফুল (শ্বেত পুষ্প) সদৃশ বলিয়া] বি, শ্বেত রোগ ; ধবল রোগ।

ফুল₃ [ফুল (পুষ্প) দ্রঃ] বি, জরায়ুর ফুল ; গর্ভপুষ্প placenta. "মানুষে যে যমজ সন্তান জন্মাইয়া থাকে তাহাতে কখনও কখনও একটি পুত্র ও অপরটি কন্যা জন্মিতে দেখা যায়। * * মাতার জরায়ুর মধ্যে দুইটি পৃথক্ পৃথক্ ফুল অবলম্বন করিয়া জীব দুইটি বর্দ্ধিত হইতে থাকে।"—প্রবাসী, ১৩২০। **ফুল পড়া**—বিশেষ কোন শুভাশুভ নির্ণয়ের জন্য যে ফুল দেব-দেবীর মস্তকে স্থাপন করা হয় তা দেবমস্তক হতে আশীর্ব্বাদ বা প্রসন্নতার নিদর্শনস্বরূপ ভূমে বা আরাধনাকারীর হস্তে পতিত হওয়া। না পড়িলেই বিশেষ ভয় ও হতাশার কারণ। ২ সন্তান প্রসূত হইবার পরক্ষণে গর্ভপুষ্প গর্ভচ্যুত হওয়া।

ফুল₄ [ইং full এর লিপ্যন্তর] বিণ, সম্পূর্ণ। ২ বৃহৎ ; ছোট বা অসম্পূর্ণ নয়। প্র—ফুল মোজা।

ফুল₅ [ইং fool এর লিপ্যন্তর] বি, নির্ব্বোধ। ২ বিদূষক ; ভাঁড়।

ফুলরি, ফুলুরি [হি০ ফুলৌরী] বি, তৈল বা ঘৃতে ভাজা দাইলের ফুলো বড়াবিঃ।

ফুলল [ফুল >, পদ্যে কোমলরূপ] বিণ, পুষ্পময় ; পুষ্পিত। "বৌ বৌ বৌ খেলি মোরা ফুলল সন্ধ্যাবেলা"—কস্তুরী (গোবিন্দ)। ২ [ফুলেল দ্রঃ] পুষ্পগন্ধী। প্র—ফু০ তেল।

ফুলস্ক্যাপ [Foolscap এর লিপ্যন্তর] বি, দীর্ঘে ১৬॥″+প্রস্থে ১৩॥″ মাপের কাগজ [দ্রঃ—এই কাগজের জলছাপে পূর্ব্বে একটি ভাঁড়ের (fool's) টুপী ও ঘণ্টা দেওয়া থাকিত বলিয়া এই নাম]।

ফুলা₁ [হি০ ফুল্না। সং—স্ফায় >। ফুলি, ফুল (ফুলেন, ফুলিস), ফুলে (ফুলেন); ফুলিতে ; ফুলিয়া (গ্রা০ কে০ ফুলে)। ণিজন্ত—ফুলান] ক্রি, স্ফীত হওয়া। "ফুলিয়া ফুলিয়া ফেনিল সলিল গরজি উঠিছে দারুণ রোষে"—রবী০। ২ মোটা হওয়া। ৩ গর্ব্বিত হওয়া ; অহঙ্কারে বাড়িয়া উঠা। ৪ শোথাদি রোগে ফুলিয়া উঠা ; আঘাতজনিত ফুলা ; ফাঁপা। প্র—হাত পা ফোলা। গলা ফুলা। চোখ মুখ ফুলা। ৫ উন্নতি করা ; ঐশ্বর্য্য সম্পদে বৃদ্ধি পাওয়া ; ব্যবসায়ে ফাঁপিয়া উঠা অর্থাৎ অতিরিক্ত লাভবান্ হওয়া। ৬ উৎফুল্ল হওয়া। ৭ প্রস্ফুটিত হওয়া। ৮ প্রসন্ন হওয়া। প্র—কপাল ফুলা। ৯ বিণ, স্ফীত ; ফুলো দ্রঃ। **ফুলিয়া উঠা**—উন্নতি করা। ২ গর্ব্বিত হওয়া। ৩ মোটা হওয়া। **ফুলিয়া পড়া**—শোথাদি রোগে স্ফীত-দেহ হওয়া। **কপাল ফুলা**—অদৃষ্ট সুপ্রসন্ন হওয়া ; সৌভাগ্য প্রকাশিত হওয়া। **পেট ফুলা**—অজীর্ণাদি রোগে বায়ুতে উদর স্ফীত হওয়া ; পেট ফাঁপা।

ফুলা₂ [ফুল (পুষ্প) + আ (ধরা বা হওয়া অর্থে)। প্রা০ বাং] ক্রি, ফুল ধরা। **ফুলিলা**—ফুল হইল (চ০ ৪১।৪)। **ফুল্লিঅ**—ফুল ধরিয়াছিল (দো০ ১১৯)।

ফুলানি [ফুলা₁ দ্রঃ। ফুলাই, ফুলাও, ফুলায় ; ফুলাইতে, ফুলাইয়া (কে০ গ্রা০ ফুলিয়ে)] ক্রি, ফাঁপান। ২ ফুটান। ৩ মশকাদির দংশনের বিষে অঙ্গ স্ফীত করা। "ক্ষুরে নাহি বুদ্ধি বাপু ফুলালেক গা।"—শি০। **গা ফুলান**—ক্রোধাদিতে অঙ্গ স্ফীত করা ; দেহ শ্বাসে পূর্ণ ও রোমরাজী বা পালক খাড়া করা।

ফুলি [যশো০ খুলনা প্রাদে০] বি, আলোক।

ফুলিস্কেপ—ফুলস্ক্যাপ দ্রঃ।

ফুলুট [ইং flute এর লিপ্যন্তর] বি, বংশীবিঃ ; মুরলী।

ফুলুরি [হি০ ফুলৌরী, ফুলারি। সং—ফুল্ল (স্ফীত) > ফোলা (বড়ী, বটক) >] বি, তেলেভাজা বেসনের গোলাকার বড়া।

ফুলেল [হি০ ফুল+তেল > কে০ ফুলেল (Rev, J.D. Bate's Dic. Hindi Lang., হি০ শ০ সা০, বাং শ০ কোষ), গ্রা০ হি০ ফুলায়ল (হি০ শ০ সা০), বাং গ্রা০ ফুলল, ফুলেল] বি, ফুটন্ত ফুলের সহিত তিল মিশ্রিত করিয়া শুকাইয়া সেই সুগন্ধি তিল হতে নিষ্কাশিত তৈল ; পুষ্পসার মিশ্রিত তৈল। ২ বিণ, ফুলে-ভরা ; পুষ্পময় ; পুষ্পগন্ধে আমোদিত। "পল্লবিত ফু০ ফাল্গুনে"—বঙ্গবাণী, ১৩৩৪। **~তেল** ['ফুলল তেল' ও০। ফুল (মিশ্রণদ্বারা গৃহীত-গন্ধ তিল হতে নিষ্কাশিত) তেল > কে০ ফুল+বালা০ তেল > ফুলেল তেল (প্রা০ বাং-য়—ফুলতেল (শূ০ পু০)] বি, পুষ্পসারঘটিত তৈল ; পুষ্পমিশ্রিত তিল শুকাইয়া তা হ'তে নিষ্কাশিত সুগন্ধি তৈল।

ফুল্ক, ফুল্কা [হি০ ফুক্কা। বাং-য় 'ফুলকা' ও০] বি, মৎস্যাদির শ্বাসনালী ; মাছের দেহের যে লালবর্ণ চিরুণীর মত অংশ কান্‌কুয়ায় ঢাকা থাকে। ২ মোরগচঞ্চুর নীচে পরদার মত যে চর্ম্মখণ্ড ঝুলিতে থাকে। ৩ অগ্নির উত্তাপে সম্পূর্ণরূপে স্ফীত রুটি বা লুচির পাতলা পরদা।

ফুল্কি [সং—স্ফুলিঙ্গ >] বি, অগ্নিস্ফুলিঙ্গ। প্র—আগুনের ফুল্কি।

ফুঙ্কী [হি০ ফুকি] বি, তেল বা ঘীয়ে

ভাঙ্গা খুব ফিনফিনে পাতলা ছোট ফুলা কচুরীবিঃ।

ফুল্ল [ফুল্ (বিকসিত হওয়া)+অ (র্ত্ত)] বি, প্রসূন; কুসুম; পুষ্প। ২ বিণ, প্রফুল্ল; বিকসিত; ফুটন্ত। ~দাম [সং-ফুল্লদামন্ >] বি, ১৯ অক্ষর ছন্দোবিঃ। ২ ফুলের মালা। ~রা-বি, কবিকঙ্কণ চণ্ডী বর্ণিত কালকেতু ব্যাধের পত্নী ও শ্রীমন্ত সওদাগরের জননী। ~লোচন [ফুল্ললোচন যার (বহু০)] বি, মৃগবিঃ। ২ প্রফুল্লনয়ন।

ফুল্লাধর [ফুল্ল+অধর] বিণ, প্রফুল্লবদন; হাস্য-মুখ। স্ত্রীং ~া-স্মিতাননা।

ফুল্লারবিন্দ [ফুল্ল+অরবিন্দ] বিণ, প্রফুল্ল কমল; প্রস্ফুটিত পদ্ম।

ফুল্লিকা [সা০ প০ প০] বি, ফটিকারী।

ফুল্লেন্দীবর [ফুল্ল+ইন্দীবর] বিণ, প্রফুল্ল নীলপদ্ম।

ফুল্লেন্দু [ফুল্ল+ইন্দু] বি, পূর্ণচন্দ্র।

ˋফুস্কড়ি, ˋফুস্কুড়ি, ˋফুসকুড়ি [সং-স্ফোটক > স্ফোটক+ই (ক্ষুদ্রার্থে)-স্ফোটকি, ট=ড়, বর্ণ বিপর্য্যয়ে ফোস্‌কড়ি >] বি, ব্রণ; বিষফোড়া; ফুরকণা।

ফুস [হিং ফুস্ (ঘাস)] বি, তৃণবিঃ। ২ অকিঞ্চিৎকর; তুচ্ছ।

ফুসফাস [অনু০। ফুসফুস শব্দ >] বি, অতি মৃদুশব্দে কথোপকথন; কানেকথা।

ফুসফুস [সং-পুপ্‌ফুস, ফুপ্‌ফুস। হিং ফেফড়া] বি, শ্বাসনালী; ফুলকা। ২ ফুসফুস শব্দ। ~প্রদাহ-নিউমোনিয়া রোগ pneumonia.

ফুসমন্তর [ফুসলান দ্রঃ] বি, ফুসলাইবার মন্ত্র। ২ [ফু (দ্রঃ) >] যে মন্ত্রে ফুঁ দিতে হয়; যে মন্ত্র নিমেষে বলা হয়। ক্রি-বিণ, ফুসমন্তরে, ফুসমন্তরের চোটে-এক নিমেষে; অবিলম্বে।

ˋফুসলানি [অনু০। ফুসফুস করিয়া কর্ণকথা হ'তে কেং ফুসানি ও০। ফুসলাই,-লাও, -লায়; -লাইতে; -লাইয়া (কেং, গ্রা০ ফুস্‌লে)। হিং ফুস্‌লানা] ক্রি, গোপনে কর্ণ-কথায় কাহাকেও পরামর্শ দান; নিজের স্বার্থসিদ্ধির জন্য কাহাকেও কুপরামর্শ দিয়া নীতিবিগর্হিত কর্ম্মে প্রবৃত্ত করা।

ফুসানি-ফুসলান দ্রঃ।

ফুস্‌রফুস্‌র [অনু০। ফুসফুস (দ্রঃ) অপেক্ষা লঘু শব্দে ফুস্+র্+ফুস্+র (ক্রমাগত অর্থে)] অ, ক্রমাগত কান-কথা; অনবরত কানে কানে অর্থাৎ গোপনে পরামর্শ দেওয়ার ভাব।

ফুস্কি [অনু০] বি, অনুকার শব্দ। ২ নিম্নস্বরে ফুসফুসে কথা। ৩ নিঃশব্দে বায়ু-নিঃসরণ।

ফুহারা [আ০ ফাওবারা] বি, ঝরণা; ফোয়ারা fountain. "উঠে ছুটে বাণ যেন ফুহারার ধারা।"-রঙ্গলাল (কাঞ্চী০)।

ফে [অনু০। সং-ফেরঃ, ফেরব (শৃগাল) > ফের > ফেউ > ফে। ফেঃ ফেঃ ডাক হ'তে] বি, শৃগাল। "ফে রবে ভুবন চমৎকার।" ~ফে-ফ্যা ফ্যা দ্রঃ।

ফেউ [সং-ফের > গ্রা০] বি, শৃগাল। ২ ফে বা ফেউ রবকারী ক্ষিপ্ত শৃগাল। ৩ পশ্চাতে বিরক্তিকর প্রশ্ন বা প্রার্থনা করা; ঘেঙ্গা; ফেচাং। ফেউতোলা-ফেউরব তোলা। ফেউ ফেউ করা-ফেউরবে চীৎকার করা। ২ অনর্থক বক বক করা; বক বক করিয়া ক্রমাগত বিরক্ত করা। ~লাগা-কোন বিষয়ের জন্য বিরক্তিকর ভাবে পশ্চাৎ অনুসরণ করা।

ফেউস্ [ফেঁশো (দ্রঃ) > ফেঁস্যা > শ্রীহট্ট০ প্রাদে০] বি, অল্পমাত্রায় টানিয়া লওয়া গাছের ছাল বা সূত্রগুচ্ছ।

ˇফেঁক/ড়া [ফাঁকড়া ও০। সং-কর্করীক >। অস০-ফেরকেটা। তুল-ইং fork, forked, সং-প্রশাখা] বি, গাছের ডাল; শাখা। ২ আনুসঙ্গিক; ফ্যাসাদ; ঝঞ্ঝাট। ৩ বিঘ্ন; বাধা। ~ড়ি [ফেঁক্‌ড়া+ই(ক্ষুদ্রার্থে)। তুল-আ০ ফরূআ (শাখা), ফরূঈ (শাখা)] বি, পালা; মূল শাখা হতে নির্গত ক্ষুদ্র শাখা; প্রশাখা।

ˇফেঁকাসিয়া, ˇফেঁ(ফ্যাঁ)কাসে, ফ্যাকাশে, -সে [হিং ফীকা+সা (প্রায়)] বিণ, পাণ্ডুবর্ণ; রক্তহীন। ২ সাদাটে রং; হালকা রং "রঙটা বাপু বড় ফ্যাকাসে।"-বিষবৃক্ষ।

ফেঁতি,-তী [পাতি > বিকারে] বি, ছোট; নগণ্য। প্র-ফেঁতি কুকুর।

ফেঁশো [অংশু > ফাঁসু > ফাঁসুআ >] বি, শূক; শুঁয়া; সূত্র; আঁইস।

ˇফেঁসাদ-ফেসাদ দ্রঃ।

ফেঁসে যাওয়া [ফাঁসা দ্রঃ] ক্রি, বদ্ধ হওয়া; জড়িত হওয়া; লিপ্ত হওয়া। ২ ফাটিয়া যাওয়া।

ফেকা, ফেকো [হিং ফাকা, ফাঁকী। সং-ফল্গু > ফগ্‌গু, ফাগ > ফাক >] বি, উপবাস হেতু অথবা একবারও না থামিয়া ক্রমাগত কথা কহিতে কহিতে সময়ে সময়ে কণ্ঠনালী শুষ্ক হওয়ায় ধূলির মত যে শুষ্ক থুথু মুখ হতে বাহির হয়। ফেকো পাড়া-মুখ হতে ফেকো বাহির হয় এমনভাবে ক্রমাগত কথা বলা। ~পাড়ানিয়া, ~পাড়ানে-ঐরূপ কথা কহা যার অভ্যাস।

ˇফেচˇফেচ, ফ্যাচফ্যাচ [অনু০। উচ্চারণ ভেদে ফেত-ফেত। গ্রা০] বি, হাঁচির শব্দ। ২ বিরক্তিকর অযথা বাক্য। ৩ অকারণ ভর্ৎসনা।

ফেচকুন্দা [অনু০। ফিচিং ফিচিং ডাক হ'তে। শ্রীহট্ট০ প্রাদে০] বি, ফিঙ্গে পাখী।

ˇফেচা, ˇফেচাং [পশ্চাৎ >] বি, লেজ। ২ নেতুড়; লেজুর।

ফেটা$_1$ [সং-স্ফুট্ (বিকসনে) >। উৎকলে চ০] ক্রি, উন্মুক্ত করা; খোলা। "পুনরপি দ্বার ফেটি দেউল প্রবেশিল"-চৈ০চ০।

ˇফেটা$_2$ [ক্ষুদ্রার্থে ফেটি। ফ্যাটা দ্রঃ। সং-ফটা (ফনা) >] বি, কাপড়ের ফালি; চওড়া পটি। ২ লম্বা ফালির কুণ্ডলিত ফটাকৃতি পাগড়ী।

ˇফেটানি, ˇফেঁটানি, ফ্যাটানি [সং-কাণ্ট > কাঁট > ফেঁট+আন (ক্রি-বিভক্তি)] ক্রি, ফেনান; আন্দোলন দ্বারা স্ফীত বা বর্দ্ধিত করা।

ফেটি-ফেটা ও ফেটী দ্রঃ।

ফেটিং, ফেটিন [ইং phaeton এর লিপ্যন্তর] বি, ঘোড়ায় টানা চার চাকার খোলা গাড়ী; বি, ফিটেন গাড়ী। "ফেটিং চোড়ে ঘুরছে মোড়ে"-অমৃত বসু।

ফেটী,-টি [ফ্যাটা দ্রঃ] বি, ছোট পাগড়ী ; ফ্যাটা অপেক্ষা ছোট। ২ ত্রিকোণাকার ফাঁদাল জালবিঃ। খুচান জাল দ্রঃ। ~**জাল** [জাল দ্রঃ] বি, জালবিঃ ; ফাঁদাল জাল।

ফেণ-ফেন দ্রঃ।

ফেণি, ফেণী$_1$ [সং-ফেণী। 'ফেনি' ও॰] বি, চিনিদ্বারা নির্ম্মিত খাদ্যবিঃ ; ইহার আকৃতি বড় বাতাসা অপেক্ষা অনেক বড় ; ফেণী বাতাসা। "চিনি ফেনী কলা মাখন রসালা রেউরী-কদম্ব তিলা।"-কবিশেখর। "দধি খায় ফেণী তথি করি মটমটি।"-কবিক॰।

ফেণী$_2$ [সং-ফণা >] বি, কলার ছড়া।

ফেন [স্ফায় (বৃদ্ধি পাওয়া) +ন (র্ত্তৃ), নিপাতনে। ফেণ ও॰] বি, দ্রব দ্রব্যের ফেনা ; বুদ্বুদ ; গাঁজ। ২ মাড়। প্র-ভাতের ফেন গালা। **ফেন দিয়ে ভাত খায় গল্পে মারে দই-কাজে** ফেন খায় কিন্তু অবস্থা গোপন করিয়া মান রাখিবার জন্য মিথ্যা করিয়া বলে দধি খায়। তুল-ভাজে ঝিঙে ভ বলে পটোল। **ফেনে ফেনে** [মিশ্রণার্থে দ্বিত্ব] অ, ভাতের ফেন না গালিয়া ; ফেন সহ।

ফেনক$_1$ [সং] বি, ফেন ; ফেনা। ২ ফেন উৎপাদক ; সাবান। ৩ পেখম। "ফে॰ ধরিয়া নাচে ময়ূর ময়ূরী"-কবিক॰।

ফেনক$_2$ [ফেন+ক(স্বা॰), ফেনাইয়া প্রস্তুত করিতে হয় বলিয়া এই নাম] বি, এক প্রকার পিষ্টক।

ফেনকা [সং] বি, আটা ; কাই।

ফেনদুগ্ধা [সং] বি, ফেনী ; দুধের ফেনী বা.ফেনা।

ফেনপ [ফেন-পা (পান করা) +অ-(র্ত্তৃ)] বিণ, ফেনপায়ী; দুগ্ধের ফেন পানকারী। ২ ফেনদ্বারা জীবন ধারণকারী মুনিবিঃ।

ফেনল [ফেন+লা(দানে, গ্রহণে) +অ (র্ত্তৃ)] বিণ, ফেনিল। ২ [ইং phenol এর লিপ্যন্তর] কার্ব্বলিক এসিড।

ফেনা [প্রা॰। ফেন >] বি, ফেন। প্র-দুধের, সমুদ্রের, সাবানের ই॰ ফেনা। **মুখে ফেনা বাটা**-অনবরত বকিতে বকিতে মুখগহ্বর ফেনবৎ লালাপূর্ণ হওয়া ; মুখ দিয়া ফেনা উঠা।

ফেনাগ্র [ফেন+অগ্র] বি, বিম্ব ; বুদ্বুদ।

ফেনান [ফেন+আন (ক্রি-বিভক্তি)] ক্রি, ফেটান ; আবর্ত্তন দ্বারা ফেনা তোলা। ২ [লক্ষ॰] ফাঁপাইয়া তোলা ; পল্লবিত করা (লেখা) ; কথা বাড়ান।

ফেনায়মান [ফেন-ক্যঙ্=ফেনায় (নামধাতু) +আন(র্ত্তৃ)] বিণ,ফেনান হইয়াছে বা হইতেছে এমন ; সবুদ্বুদ ; ফেনিল।

ফেনি-ফেণি দ্রঃ।

ফেনিকা [ফেনক (দ্রঃ) >ক্ষুদ্রার্থে-ফেনিকা] বি, মিষ্টান্নবিঃ ; খাজা।

ফেনির্অল-ফিনাইল দ্রঃ।

ফেনিল [ফেন+ইল (স্ত্যা॰)] বিণ, সফেন ; ফেনবিশিষ্ট ; সবুদ্বুদ। "ফেনিল সিন্ধু।" ২ ফেনায়িত।

ফে-ফে-ফ্যা ফ্যা দ্রঃ।

ফেফাতুড়া, ফেফাতুড়ি, ফেফাতুরা [ফাঁফর দ্রঃ] বিণ, পাগল ; হতভম্ভ ; হতবুদ্ধি। "ফেফাতুড়া হইয়া ফুল্লরা পাছে মরে"-কবিক॰। ২ শোক। "ফাঁফর করিল মোরে মশান ভিতরে। ফেফাতুড়ি পাইয়া ফুল্লরা মৈল ঘরে॥"-কবিক॰।

ফেফেরি [প্রা॰ বাং] বি, ধান্যবিঃ। "জেঠ ধান বুনেন গোসাঞি ছিছরা আমলো। আলাচিত ফেফেরি দেখিতে জেবা কালো॥"-শূ॰ পু॰।

ফেবরুয়ারী [ইং Februaryর লিপ্যন্তর] বি, ইংরেজী বৎসরের দ্বিতীয় মাস (মাঘ-ফাল্গুনের মাঝামাঝি)।

ফের$_1$ [হি॰ ফের] বি, ব্যাঘাত ; বিঘ্ন। "পাঁচ গণ্ডা গুয়া দিব গুড় তিন সের। ইহা দিলে আর কিছু না করিব ফের।"-কবিক॰। ২ পুনরায় ; আবার। "ফের একি আলো এল।"-সারদামঙ্গল। ৩ বেড় ; বেষ্টন। ৪ সঙ্কট ; বিপদ। "কান্দি কহে কোটালেরে বাণিয়ারে ফেলে ফেরে কড়ী লয় দুহাতে গণিয়া।"-অ॰ ম॰। ৫ গণ্ডগোল। "ইহা দিলে আর কিছু না করিও ফের।"-কবিক॰। ৬ রহস্য। "এ ফের বুঝিবে কেবা। তারে গুঝে বুঝে যেবা॥"-অ॰ ম॰। ৭ দায় ; বিভ্রাট। "প্রাণসখি, পোড়েছ যে দেখি বিষম ফেরে হৃদয়মণ্ডলে কারে স্থান দিলে, পুরুষো পাষাণো, চেননা ওরে।"-বাং-গান। ৮ জন্য ; পশ্চাৎ ; খাতির। "খৃষ্টে আর কৃষ্ণে কিছু প্রভেদ নাইরে ভাই। শুধু নামের ফেরে মানুষ ফেরে, এও কোথা শুনি নাই॥"-বাং-গান (আন্টুনি সাহেব)। ৯ বদল। ১০ [পূ॰ ব॰ প্রাদে॰ উচ্চারণে ফ্যার] বাটখারা চাপাইয়া জিনিষ ওজন করিবার জন্য 'পুটুনে' হাত-দাঁড়ি ধরিলে প্রায়ই একটা পাল্লা আর একটা অপেক্ষা উঁচু হইয়া থাকে। যদি ঐ উচ্চ পাল্লায় ওজন করিয়া গ্রাহককে জিনিষ দেওয়া হয়, তবে গ্রাহক ঠকিয়া যায়। ঐরূপ উঁচু পাল্লায় কম ওজনের সম্ভাবনা স্থলে ফের বলে। ~**ঘোর**-বি, ছল ; ঘোরপ্যাঁচ্। ২ উল্টা পাল্টা। ~**ফার**-বি, অদল বদল; উল্টা পাল্টা ; ছল ; কৌশল। "অষ্টমীরে পর্ব্ব কয়ে অন্নদার নাম লয়ে আরম্ভিলা কত ফেরফার।" -অ॰ ম॰। ২ ধোঁকা। ৩ লাঞ্ছনা। "ভয় করি কি জানি কে দিবে ফেরফার।"~**বদল** -ফেরফার ; অদল বদল। **ফের ভাঙ্গা**-ক্রি,ধাড়া করিয়া একটা পাল্লাকে আর একটা পাল্লার সহিত সমান করিয়া ওজন করা। **অদৃষ্টের ফের** [ফের=মন্দের দিকে ফেরা বা পাল্টান] বি, ভাগ্য বিপর্য্যয়। **ওজনের ফের**-বি, পাল্লা বদল। **কথার ফের**-বি, বাক্যকৌশল ; বাক্‌পটুতা। **কপালের ফের**-বি, অদৃষ্টের ছলনা ; অদৃষ্টের রহস্য। **গ্রহের ফের** [অদৃষ্টের ফের দ্রঃ] বি, অনুকূল গ্রহের প্রতিকূল ভাব ধারণ ; গ্রহের কোপ বা কুপিত দৃষ্টি ; গ্রহচক্র ; গেরো। **হের ফের**-বি, অদল বদল ; ফেরঘোর।

ফের,$_2$ **ফেরু** [সং। অনু॰, ফেউ ফেউ বা ফেঃ ফেঃ রব হতে] বি, ফেউ ; ক্ষিপ্ত শৃগাল। "ডাকিতেছে ফেরুপাল, ফেউ ফেউ রবে। শবগন্ধে সমাগত সারমের সবে॥" কাঞ্চী॰ (রঙ্গলাল)।

ফেরৎ [হি॰ ফিরতা] বি, প্রত্যর্পণ। ২ প্রত্যাবর্ত্তন। ৩ বিণ, ফিরিতেছে এমন ; পাল্টা ; প্রত্যাবর্ত্তিত।

ফেরতা-বিণ, প্রত্যাগত। "আমরা বিলাত ফেরতা ক ভাই।"-দ্বি॰ রায়। প্র-বাজারের বা অপিসের ফেরতা। ২ ফেরত; পাল্টা। ৩ এক পাল্লার উপর আর এক ঘের বা পাল্টা; দোপাল্লা। প্র-ফেরতা দিয়া কাপড় পরা। ফে॰ ডাক-যে ডাক জবাবী লইয়া ফিরে return post. তাল ফেরতা [সঙ্গীতে] এক তাল হইতে অন্য তাল বাজান এবং পুনরায় পূর্ব্ব তাল ধরা। রাগ ফেরতা-ঐরূপ রাগ সম্বন্ধে। হাত ফেরতা-বিণ, হস্তান্তরিত। ২ বি, হাত বদল।

ফেরফার-ফের দ্রঃ।

ফ্যাঁরফ্যাঁর [ফরফর দ্রঃ। অনু॰। 'ফরফর' > অনাদরে ফ্যাঁরফ্যাঁর বা ফ্যারফ্যার] অ, অতি সূক্ষ্ম বা জালবৎ; যা সামান্য হাওয়ায় ফর্‌ফর্ শব্দে উড়ে। বিণ, ফের-ফেরিয়া, ফ্যাঁরফেরে-বিণ, জালবৎ; জাল-জাল। "ফেরফেরে কাপড়"। ফ্যাঁ॰ করা-ঐরূপ শব্দ করা; ঐ শব্দে উড়া। ২ অধন টানা-পড়েন দিয়া বোনা বস্ত্র বা জালি কাপড়বৎ প্রতীয়মান হওয়া।

ফেরব [সং। অনু॰। ফে ফে এই অনুকার শব্দ হতে] বি, শৃগাল (যে ফে ফে এই রব করে)। "রুধির মাংসের লোভে চারিদিকে শিবা শোভে "ফে" রবে ভুবন চমৎকার।" -ভারত॰।

ফেরা₁ [ফের দ্রঃ] বি, ফের; ফাঁদ; বিপদ। "মন্ তুই কি সাহসে আজও বসে খেলিস তাস * * * নাইকো ফিরাই বিষম ফেরায় পড়িলি হলি নৈরাশ।"-বাং॰গান।

ফেরা₂ [হি॰ ফের্‌না। সং-পুনর্ (পুনঃ) > ফির + আ (আগমনার্থে)। ফিরি, ফের (ফেরেন, ফিরিস্), ফিরে; ফেরে (ফিরেন, ফেরেন); ফিরিতে; ফিরিয়া (ফে॰ গ্রা॰ ফিরে)। ণিজন্ত-ফেরানি] ক্রি, প্রত্যাবর্ত্তন করা; ফিরিয়া যাওয়া বা আসা; পাল্টা যাওয়া। "শুনেছে তোমার নাম অনাথ আতুর জন। এসেছে তোমার দ্বারে শূন্য ফেরে না যেন।"-রবী॰।

ফেরানি [ফেরা দ্রঃ। ফেরাই, ফেরাও (ফেরান, ফেরাস), ফেরায় (ফেরান); ফেরাইতে; ফেরাইয়া (ফে॰ ফেরারে, গ্রা॰ ফিরিয়ে)] ক্রি, প্রত্যাবর্ত্তন করিতে বাধ্য করা; পাল্টা যাইতে বাধ্য করা। ২ প্রত্যর্পণ করা; কোন কিছু ফেরৎ দেওয়া। ৩ উল্টান। ৪ বিনিময় করা; বদলাবদলি করা exchange. ৫ পরিবর্ত্তন করা; বদলান change. ৬ ঘুরান। ৭ বুলান; লেপন করা। কলি ফেরানি-চূণকাম করা।

ফেরাফেরি, ফিরাফিরি [ফিরা-ফেরা (দ্রঃ) + ফেরি (উপর্য্যুপরির ভাব)] বি, অদল বদল; একটার বদলে অন্যটার আদান প্রদান। ২ পুনঃপুনঃ প্রত্যর্পণ বা প্রত্যাবর্ত্তন। ৩ বারংবার প্রত্যাহার বা পরিবর্ত্তন। প্র-কথার ফেরাফেরি ভাল নয়। ফে॰ করা-পুনঃপুনঃ ফিরাইয়া দেওয়া।

ফেরার [আ॰ফেরার] বিণ, পলাতক। ২ লুকায়িত। ~রী [আ॰] বিণ, পলাতক। "কিন্তু আমিত ফেরারী আসামী।"-সীতারাম (বঙ্কিম॰)। ফেরারী জমি-যে জমির প্রজা পলায়ন করিয়াছে।

ফেরি₁ [হি॰ ফির >, বাং-ফিরিয়া। ব্রজ॰ ফেরি] ক্রি-বিণ, পুনরায়। "ঐছে ফেরি রসনা পাওব আর"-বি॰ প॰। ২ ফিরিয়া। "আড় বদন ওঁহি ফেরি"-বি॰ প॰।

ফেরি₂ [হি॰] বি, বাড়ী বাড়ী ঘুরিয়া বিক্রয় করা। ২ কীর্ত্তন, যাত্রাদিতে গায়কাদিকে দত্ত পুরস্কার; পেলা। ~ওয়ালা [পালিভাষায় ফেরিওয়ালার কাজের নাম "কচ্ছপুটবাণিজো"] যে ফেরি করিয়া বেড়ায়।

ফেরু [ফে (অনু॰)-রু (রব করা)] বি, শৃগাল।

ফেরুয়া-ফেরো দ্রঃ।

ফেরেব [ফা॰ ফ্রেব্। তুল-ইং fraud] বি, চাতুরী; প্রবঞ্চনা; জাল। ২ বিণ, ধূর্ত্ত; ঠগ। ~বী [ফা॰] বি, ঠগামি; জালসাজি। ২ [বাং-র] বি, ফরেব অর্থে। ~বাজ [ফা॰ ফরেব্‌বাজ্] বিণ, প্রবঞ্চক; জালিয়াৎ; ঠগ। ~বাজি,-জী [ফা॰ ফ্রেব্‌বাজী] বি, জালিয়াতি; ফেরেবী; শাঠ্য।

ফেরো [হি॰কারুআ (দারুপাত্রবিঃ) > ফেরুয়া > ফে॰। বাং-র অর্থসম্প্রসারণে] বি, পেট মোটা অনুচ্চ কাঁসার ঘটী।

ফ্যাল₁ [ফেল্ (ত্যাগ করা) + অ (কর্ম-অল্), যা পরিত্যাগ করা হয়] বি, পরিত্যক্ত দ্রব্য। ২ উচ্ছিষ্ট।

ফেল₂ [ইং fail এর লিপ্যন্তর] বিণ, পরীক্ষায় অনুত্তীর্ণ। "পরীক্ষায় ফেল হবি করিলে কামাই"-কস্তুরী। ২ দেউলিয়া। প্র-ব্যাঙ্ক ফেল হওয়া। ৩ অকৃতকার্য্য; নিস্ফল। "বারো বছর আগে আমরা বাংলা দেশে যেটা গড়তে গিয়ে ফেল হয়ে গেলেম, আজ সমস্ত ভারতবর্ষ জুড়ে তারি আয়োজন চলছে।"-প্রবাসী, ১৩২৫।

ফেলজামিন [আ॰ফিঅ্‌ল(আচরণ) ই-জামিন্। আদা॰] বি, সচ্চরিত্রতার জন্য জামিন security for good behaviour.

ফেলজামীন [আ॰ ফেএ্‌ল জামিনী। আদা॰] বি, সচ্চরিত্র থাকিবার বা সদাচার লঙ্ঘন না করিবার অঙ্গীকারস্বরূপ জমানত security for good behaviour .

ফ্যালন [ফেলা দ্রঃ] বি, ক্ষেপণ। ২ বর্জ্জন; ত্যাগ করণ।

ফ্যালনা [সং-ফেল(উচ্ছিষ্ট) + না(র্থ) যা ফেলিয়া দিবার মত] বিণ, অকিঞ্চিৎকর; তুচ্ছ; ফেলিয়া দিবার যোগ্য। "আমার মেয়ে কি এমন ফেলনা যে তাকে যমের মুখে পাঠাবে?"-অনুরূপা দেবী।

ফ্যালফ্যাল [ক্যালক্যাল দ্রঃ] বিণ, ফেলিয়া দিবার উপযুক্ত; যা কোথায় ফেলি কোথায় ফেলি করিয়া বিব্রত হইয়া পড়িতে হয়। ২ [গ্রা॰ বিকারে ভেল ভেল] শূন্য; অর্থহীন। "ফেল ফেল চাহনি"। ৩ ক্রি-বিণ, অর্থহীনভাবে।

ফেলল [ব্রজ॰। ফেলা দ্রঃ] ক্রি, ফেলিল। "ওঁহি পুন মোতিহার টুটি ফে॰"-বি॰ প॰।

ফ্যালসানী [আ॰ফিঅ্‌ল-ই-শানিআ (ব্যভিচার)] বি, ব্যভিচার adultery. ২ [আদা॰ পরিঃ] গর্ভস্রাব; অবৈধ সংসর্গজাত গর্ভপাত।

ফ্যালা₁ [সং-ক্ষেপ্ > ক্ষেপনা > হি॰ ফেকনা > ফেকা >। ফেলি, ফ্যাল (ফেলেন, ফেলিস), ফ্যালে (ফ্যালেন);

] যুক্ত বিসর্গবৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible] =zfwv ও চ্চা॰ দ্রঃ

ফেলিতে ; ফেলিয়া (কে॰, গ্রা॰ ফেলে)। ণিজন্ত-ফেলানি। ফেলাই, ফেলাও, ফেলায় ; ফেলাইতে ; ফেলাইয়া (কে॰, গ্রা॰ ফেলিয়ে)] ক্রি, বর্জ্জন করা ; ত্যাগ করা ; নিক্ষেপ করা ; ফেলিয়া দেওয়া। "তারে ফেলিলা বিষম ফাঁদে"-খি॰ প॰। ২ [কার্য্য সমাপ্তিবোধক] চুকা ; নিষ্পন্ন করা। প্র-করে ফেলা, বলে ফেলা, দেখে ফেলা ই॰। ৩ নিয়োগ করা; খাটান invest. প্র-কারবারে অনেক টাকা ফেলেছে। ৪ ছাড়া leave. "তাকে একলা ফেলে এসো না"। ৫ নিঃসরণ করা ; ত্যাগ করা। প্র-সে দীর্ঘনিঃশ্বাস ফেলিল। নিঃশ্বাস ফেলবার সময় নাই। ৬ রাখা (প্রবেশার্থক বা অধিকারগত হওয়া অর্থে)। "সে যৌবনে পা ফেলেছে।" ৭ বসা$_3$ দ্রঃ। **ফেল কড়ি মাখ তেল**-টাকা দাও জিনিস লও, অথবা শ্রম কর পারিশ্রমিক লও। **ফেলাছড়া**-বি, চতুর্দ্দিকে ছড়ান ; ইতস্ততঃ বিক্ষেপ। ২ অপব্যয়। **ফেলা না যাওয়া**-কোন কার্য্যের অনুপযুক্ত না হওয়া ; কার্য্যোপযোগী হওয়া। **ফেলাফেলি**-অনাবশ্যক বা প্রয়োজনের অতিরিক্ত ভাগ ইতস্ততঃ বিক্ষেপ ও নষ্ট করা।

ফেলা$_2$ [ফেল (দ্রঃ) + আ(যোগ্যার্থে)] বিণ, ফেলিবার উপযুক্ত। ২ নিক্ষিপ্ত ; যা ফেলিয়া দেওয়া হইয়াছে। প্র-ব্যবসায়ে ফেলা টাকা। ৩ উচ্ছিষ্ট। প্র- ফেলা হাঁড়ী।

ফেলানেল-ফ্লানেল দ্রঃ।

ফেলুক [ফেল (ফেলা দ্রঃ) উক(অনুজ্ঞা প্র॰ পু॰প্রত্যয়)] ক্রি, ফেলিয়া দিক। "বসিবার বাঘছালে জাঁতা দিউক ত্যেয়া। পাষকে ফেলুক প্রেত চিতাঙ্গার বয়া॥"-শি॰।

ফেশন-ফেসন দ্রঃ।"তাহাদের সমাজের রীতি অনুসারে বা ফেশন অনুসারে"-বং॰ বাণী, ১৩৩৩।

ফেসাদ [আ॰ ফ়সাদ্ (কলহ)। গ্রা॰ ফাঁসাদ, ফাসাদ]। বি, বিবাদ ; ঝগড়া ; কলহ। ২ ঝঞ্ঝাট। বিণ, **ফেসাদী**-ফেসাদ-ঘটিত। ২ ফেসাদকারী।

ফেসাদিয়া, ফেসাদে [আ॰ ফ়সাদী] বিণ, বিবাদপ্রিয় ; ঝগড়াটে। ২ বিপজ্জনক ; ঝঞ্ঝাটিয়া।

ফেসান, ফের্সন, ফেশান-ফ্যাসান দ্রঃ।

ফেস্তা [ল্যা॰ festa (annual village festival) >] বি, মেলা a fair.

ফেঁজত,-ত [আ॰ ফ়জীহৎ (তিরস্কার, গালি, কলহ। ২৪ পরগণা প্রাদে॰ ফৈজৎ, ফজিয়ত] বি, কলঙ্ক ; অপযশ। ২ অপমান। ৩ নিন্দা ; দুর্নাম। ৪ ভৎর্সনা ; তিরস্কার। ৫ লজ্জা। ৬ বিবাদ ; ঝগড়া। ৭ পাপ। ৮ [শ্রীহট্ট॰ প্রাদে॰] গালি।

ফের্দ, ফেরাদ-ফরিয়াদ দ্রঃ।

ফোঁকা-ফুঁকা দ্রঃ।

ফোঁটা [স্ফোটন (বিদারণ)-উল্কী পরাইবার ভাব হতে] বি, তিলক ; টিপ। "ফোঁটা দিয়ে বিন্ধে রেজা ঝাড়িতে শিখায় নেজা চামের টোপর দেয় শিরে।"-কবিক॰। ২ [সং-স্ফাটক ("জলবিন্দৌ ইতি কেচিৎ" -শব্দকল্প॰) >] বিন্দু পরিমিত তরল পদার্থ। প্র-জলের ফোঁটা। ৩ ক্ষুদ্রতাবোধক। প্র- এক ফোঁটা মেয়ে। ৪ অল্পতাবোধক। প্র-এক ফোঁটা জিনিস। ফোঁ॰ **ফেলা**-বিন্দু বিন্দু করিয়া জল বা অন্য তরল দ্রব্য নিক্ষেপ করা।

ফোঁড়-ফোড় দ্রঃ।

ফোঁড়া, ফোড়া [ফোঁড় (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি)। ফুঁড়ি, ফোঁড় (ফোঁড়েন, ফুড়িস), ফোঁড়ে (ফোঁড়েন) ; ফুঁড়িতে ; ফুঁড়িয়া (কে॰ ফুঁড়ে)। ণিজন্ত-**ফোঁড়ানি**। ফোঁড়াই, ফোঁড়াও, ফোঁড়ায় ; ফোঁড়াইতে ; ফোঁড়াইয়া (কে॰, গ্রা॰ ফোঁ (ফুঁ) ড়িয়ে)। সকল রূপান্তরিত পদেই বিকল্পে চন্দ্রবিন্দুহীন হয়] ক্রি, বিদ্ধ করা ; ছিদ্র করা ; ভেদ করা। "ভোগবতী ফুঁড়ি জল, প্রবাহিত অনর্গল যথা গৌরী কুণ্ড প্রস্রবণ।"-কাশী॰। "কাণ ফোঁড়ে টিকী রাখে এই মাত্র দায়"-অ॰ ম॰। **এফোঁড়-ও-ফোঁড়**-উভয়দিক ভেদ।

ফোঁৎ [অনু॰] অ, হাঁচি বা নাক ঝাড়িবার শব্দ।

ফোঁপরা [হিং॰ ফোকল, ফোঁপর। ফাঁপ (দ্রঃ) > ফোঁপ + রা(স্ত্যা॰)] বিণ, ফাঁপা ; শূন্যগর্ভ।

ফোঁপল, ফঁপিল, ফোপল [অস॰ ফোঁপালি (সচ্ছিদ্র porous)। হিং॰ ফোঁফী (রন্ধ্রযুক্ত) > ফোঁপল (নবাঙ্কুর)] বি, শুষ্ক নারিকেলের মধ্যে উৎপন্ন বৃক্ষের বীজ ; তাল নারিকেলাদির নবাঙ্কুর। ২ জলপদ্মের অভ্যন্তরে স্থিত ফলের শাঁস। **ফোঁপল দালাল**-ফফড় দ্রঃ।

ফোঁপানি, ফোঁফানি [অনু॰। ফোঁস, ফাঁপান দ্রঃ। ফাঁপান (স্ফায়্-বৃদ্ধি অর্থে, তার ভাব হতে)। ফোঁপাই, ফোঁপাও, ফোঁপায় ; ফোঁপাইতে ; ফোঁপাইয়া (গ্রা॰, কে॰ ফুঁপিয়ে)] ক্রি, ফুসফুস স্ফীত করিয়া ফোঁস্ ফোঁস্ শব্দ করা ; ফণার শব্দ করা। "তায় বেড়িয়া ফোঁফায় ফণী দেখে আসে জ্বর লো" -অ॰ ম॰। ২ রাগে ফোঁস ফোঁস করা ; গর্জ্জন করা। "রাগেতে ফোঁপায়"-হেম॰। ৩ রুদ্ধ-শ্বাসে ফোঁপাইয়া ফোঁপাইয়া কাঁদা ; গুমরিয়া গুমরিয়া ক্রন্দন করা।

ফোঁস [প্রশ্বাসের শব্দানুকরণ] বি, রুদ্ধ ক্রোধ, নৈরাশ্য বা বিষাদজনিত বেগে নিশ্বাস পতনের শব্দ। ২ সাপের গর্জ্জন। ৩ ফণা ; চক্র। ৪ সর্প ; ফণাধর। **ফোঁস করা**-ফোঁস শব্দ করা। ২ প্রতিবাদ করা। ৩ ফোঁস শব্দ করিয়া আক্রমণ করিতে আসা। ৪ ফণা উদ্যত করিয়া দংশন করিতে আসা। **~চক্র**-দংশনোদ্যত ফণা। **~ডঙ্কা, ডঙ্কা ফোঁস**-ডঙ্কা দ্রঃ। **ফোঁস ধরা**-ফণা বা চক্র ধারণ করা ; দংশনোদ্যত হওয়া। "বুড়ার কোমরবন্ধ ফণী ফোঁস ধরে"-অ॰ ম॰। **~ফোঁস** [পুনঃ পুনঃ অর্থে দ্বিত্ব]। ব্যঙ্গ্যার্থে-**ফোঁসর ফোঁস্**] বি, সর্পের গর্জ্জন শব্দ। "দংশিয়া ফণীর মত শেষে ফোঁস্ ফোঁস্"-কস্তুরী। ২ ক্রোধে গর্জ্জন। **ফোঁস ফোঁস করা**-ফোঁস ফোঁস শব্দ করা। ২ তর্জ্জন গর্জ্জন করা। ৩ সর্ব্বদা অব্যক্ত অসন্তোষ প্রকাশ বা ক্রোধে গর্জ্জন করা। প্র-সে প্রকাশ্যে ঝগড়া করিতে না পারিয়া ফোঁস ফোঁস করিতে লাগিল। **হোঁস্ ফোঁস্ করা**-সর্দ্দির জন্য শ্বাস প্রশ্বাসে কষ্ট ভোগ করা ; শ্লেষ্মাজন্য শ্বাস প্রশ্বাসে বাধা পাইয়া হাঁপাইয়া উঠিবার মত হওয়া। **~ফোঁসানি** [ফোঁস ফোঁস

(দ্রঃ) + আন (ক্রি-বিভক্তি)] ক্রি, ফোঁস ফোঁস শব্দ করা। ২ ক্রোধে গর্জ্জন করা। > বি, ফোঁস ফোঁসানি।

ফোঁসা [ফোঁস (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি)। ফুঁসি, ফোঁস, ফোঁসে। বর্ত্তমান কাল, প্রঃ পুং, ফুঁসিছে] ক্রি, ফোঁস ফোঁস করা; গর্জ্জন করা। "শিরে ফুঁসিছে নাগিনী"।

ফোঁসানি [ফোঁস (দ্রঃ) + আন (ক্রি-বিভক্তি)। প্রঃপুংফোঁসায়। অস-ক্রি-ফুঁসিয়ে] ক্রি, ফোঁস্ ফোঁস্ শব্দ করা।

ফোকর [হিং। ফুকর দ্রঃ] বি, গর্ত্ত; ছিদ্র; রন্ধ্র।

ফোকলা, ফোগলা [হিং ফোক্লা (ফোক=ফাঁক, শূন্য)] বিণ, যার দাঁত উঠে নাই; অদন্ত; দাঁত পড়িয়া গিয়াছে এমন; দন্তহীন। ২ বি, ঐরূপ ব্যক্তি। প্র-ফোগলার আবার দাঁত উঠেছে।

ফোটা$_{১}$, ফোটানি-ফুটা দ্রঃ।

ফোটা$_{২}$ [ফোঁটা দ্রঃ] বি, বিন্দু; গোলাকার তিলক। "তোম্বার যৌবন রাখে পাণির ফোটা।"-শ্রীং কীং।

ফোটো, ফোটোগ্রাফ-ফটোগ্রাফ দ্রঃ।

ফোড়$_{১}$, ফোঁড় [সং-স্ফুট্ > ফোটন (বিদারণ) >, উচ্চারণ ভেদে 'ফোর'] বি, ছিদ্র; বিঁধ; রন্ধ্র। "তুমি তার কোথায় লাগো যাদুমণি। *** মনেতে করেছ আসা বাঘের ঘরে ঘোগের বাসা, আস্‌কে খেয়েছ যাদু ফোড় ত গণনি॥"-বাং-গান। ফোড় গাঁণা-আন্কে দ্রঃ। ~ফাড়-অস্ত্রোপচারাদি দ্বারা চারিদিক চেরা ফোড়া অর্থাৎ বিদারণ ও বেধন। এ-ফোড়্-ও-ফোড় -মধ্যস্থল বিদীর্ণ করিয়া পারাপার ছিদ্র। প্র-পৃষ্ঠদেশ বিঁধিয়া এ-ফোড়-ও-ফোড় হইল। ভুঁইফোড় [ভূমি > ভুঁই + ফোড় (যে ফোড়ে)] বিণ, যে ভূমি ফোড়ে; যা ভূমি ফুড়িয়া বা ভেদ করিয়া উঠে। ২ [লক্ষং] বি, হঠাৎ বাবু; যে বুনিয়াদী ঘরের নয়; বেবুনিয়াদ।

ফোড়$_{২}$ [ফোড়$_{১}$, ফোড়া$_{১}$ দ্রঃ] বি, নিড়ানি। ২ খুরসী।

ফোড়ন, ফোড়ং [স্ফোরণ(স্ফূর্ত্তি) সঞ্চার, দীপ্তি হতে। যা ব্যঞ্জনে সঞ্চারিত হইয়া স্বাদ বৃদ্ধি করে ও ভোজকের স্ফূর্ত্তি জন্মায়] বি, সম্বরা দ্রব্য; সন্তলনকালে ঘৃত বা তৈলের উপর যে সকল মসলা দিয়া ব্যঞ্জন সুবাসিত করা হয়; লঙ্কা, তেজপাতা, জিরা, লবঙ্গ, এলাচ, দালচিনি, সরিষা, মেথি, মৌরি, কালজিরা, রাঁধুনি ইং ফোড়নের মসলা। "সুভাষিণী দেখাইয়া দিতে আসিয়াছিল, আমি ইচ্ছা করিয়া সেই সময়ে লঙ্কা ফোড়ন দিলাম।"-বঙ্কিমং (ইন্দিরা)। ফোড়ন দেওয়া-ব্যঞ্জনে ফোড়ন দিয়া সন্তলন করা। ২ কথার উপর মধ্যে মধ্যে উদ্দীপক বা ক্রোধ উত্তেজক কথা বলা। ভুল-বুক্‌নি দেওয়া।

ফোড়া$_{১}$, ফোঁড়া [হিং ফোড়্না। ফোঁড়া দ্রঃ। ফুড়ি, ফুড়ঁ, ফোড়ঁ (ফোড়েন, ফুড়িস), ফোড়ে (ফোড়েন): ফুড়িতে; ফুড়িয়া (ক্ষেং ফুড়ে) ইং] ক্রি, ভেদ করা; বিদীর্ণ করা।

ফোড়া$_{২}$ [সং-স্ফোটক >] বি, ব্রণ-বিশেষ। বয়ঁস ফোড়া-বয়স দ্রঃ। বিষ ফোড়া-বিস্ফোটক। লোম ফোড়া-লোম দ্রঃ।

ফোতো [ফতো দ্রঃ] বিণ, অসার; অন্তসার শূন্য। "বাঁচিনে ক দেখিয়া তাদের ফোতো জাঁক।"-ঈং গুপ্ত। ফোতো নবাবী-ফতো দ্রঃ। ফোতো বাবুর গাল গল্প সার-ফতোর অর্থাৎ যার ভিতরে দারুণ অর্থাভাব অথচ বাহিরে বাবুগিরি দেখান আছে তার মুখে অনেক বড় বড় কথা কিন্তু কাজে কিছুই নয়।

ফোন [ইং telephone > ক্ষেং phone এর লিপ্যন্তর] বি, টেলিফোন (দ্রঃ)। ফোন কঁরা, ফোনে বঁলা-ক্রি, টেলিফোনে কথা বলা বা কথার আদান প্রদান করা। "পাগলা গারদের অধ্যক্ষকে টেলিফোনে কথা বলতে গিয়ে *** অপারেটরকে ফোনে বল্লেন ** ।"-সম্মিলনী, ২৯-৫-১৩১৯।

ফোপরা [ফোঁপরা দ্রঃ] বিণ, ছিদ্রযুক্ত; ঝাঁঝরা। ২ [হিং ফোঁপর] বি, ফুসফুস। ৩ [ফোঁপল দ্রঃ। ল=র + আ (স্বার্থে)] আঁটির ভিতরের কোমল শস্য; নারিকেলের ফোপল।

ফোপল, ফোফল [হিং ফোঁপর, ফোঁপল (অঙ্কুর) >। গ্রাং ফোবোল] বি, নারিকেল তাল প্রভৃতির আঁটির ভিতরের শাঁস; নারিকেলাদির বীজাঙ্কুর। ২ বিণ, অন্তসারশূন্য; শূন্যগর্ভ; ফোঁপরা ~দালাল -ফক্কড় দ্রঃ। > ~ী-বি, উপরপড়া হয়ে মধ্যস্থ হওয়া। প্র-আর ফোপল দালালী করতে হবে না, যাও তোমায় কেউ ডাকেনি।

ফোমেণ্ট [ইং foment (স্বেদ দেওয়া) এর লিপ্যন্তর] বি, গরম জলের সেক fomentation.

ফোয়ারা [আং ফাউয়ারা] বি, প্রস্রবণ; উৎস fountain. "ছন্দময় নৃত্য, শোভায় ফোয়ারা।"-অশোকং।

ফোর [ফোড় (দ্রঃ) >] বি, রন্ধ্র; বিঁধ। > ক্রি, ফোরা-ফোর বা ফোড় দেওয়া; বিঁধা; ছেদা। ২ ফাড়া; চেরা।

ফোরজারী [ইং forgeryর লিপ্যন্তর] বি, জাল।

ফোরম্যান [ইং foreman এর লিপ্যন্তর] বি, মুদ্রাযন্ত্রালয়ের যন্ত্রপরিচালন ও মুদ্রণাদি-সম্বন্ধীয় প্রত্যেক খুটি-নাটির তত্ত্বাবধায়ক কর্ম্মচারী; "The manager and director of the mechanical details of a printing office which is not under the constant supervision of its owner"—*American Encyclopædia of Printing.*

ফোলন [ফুলা দ্রঃ] বি, ফুলন; স্ফীত হওন।

ফোলা-ফুলা দ্রঃ।

ফোলানি [ফুলান দ্রঃ] ক্রি, স্ফীত করা; ফাঁপান। ২ রাগানো provocate.

ফোস্কা [সং-স্ফোটক] বি, জলভরা স্ফোটক। ২ অগ্নিদাহজন্য জলপূর্ণ স্ফোটক blister. "গায়ে ত আমার তাতে ফোস্কা পড়ে না।"

ফৌজ [আং ফৌজ্] বি, জনসমূহ। ২ সৈন্য; সৈন্যদল।

ফৌজদার [আং ফৌজদার্] বি, ম্যাজিষ্ট্রেট। ২ পুলিশ কর্ম্মচারিবিঃ। ৩ সৈন্যাধ্যক্ষ।

ফৌজদারি [আং ফৌজ্‌দার + ই

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ঁহীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ন=ংগ ঙ=ঙ্গা ঞ=ন্চ ঞ=ই ঁ হ্ন=হ্ ন্ ল্ল ল্ল হ্ম=হ্ম্ হৃ হৃ মহ ড় ঢ়া, ব্ ব্ ব্ জ্=zfwv ও চাং দ্রঃ

(কর্ম্মার্থে)] বি, ফৌজদারের কর্ম্ম ; ম্যাজিষ্ট্রেটের কার্য্য।

ফৌজদারী [আ॰ ফৌজ্‌দারী] বিণ, ম্যাজিষ্ট্রেট সম্বন্ধীয়। ২ শাসনসংক্রান্ত। ~অদালত-ম্যাজিষ্ট্রেটের বিচারালয়। ~-মোকর্দ্দমা-মারপিটের মামলা। ফৌ॰ সুপুর্দ-ম্যাজিষ্ট্রেটের বিচারাধীন।

ফৌজী [আ॰, ফা॰ ফৌজী] বিণ, ফৌজ সম্বন্ধীয় ; সামরিক ; জঙ্গী military.

ফৌৎ, ফৌত [ফা॰ ফৌত] বি, মৃত্যু। ২ উইলপত্র না করিয়া মৃত্যু। ৩ [অর্থ সম্প্রসারণে, ফতুর > ?] দেওয়ালা ; দেউলে। "যথেষ্ট অর্থ ব্যয় করিয়া ফৌত হইয়া পড়েন"-বঙ্গীয় পতিত জাতি। ~ফেরার-মৃত ও পলাতক।

ফৌতি [আ॰, ফা॰ ফৌতী] বিণ, মৃত সম্বন্ধীয় ; মৃতের। ~মাল-মৃত ব্যক্তির দ্রব্যাদি।

ফ্যাঁকড়া-ফেঁকড়া দ্রঃ।

ফ্যাঁকাশে-ফেঁকাশে দ্রঃ।

ফ্যাচাঙ্‌, ফ্যাচাং [ফেচাং দ্রঃ। আ॰ ফিৎনা=আপদ] বি, ঝগড়া। ২ লেজুড়। ৩ লেটা ; বিঘ্ন ; বিশৃঙ্খলা। প্র-তাহার পশ্চাতে একটা না একটা ফ্যাচাং লেগেই আছে।

ফ্যাটা [সং-পট্ট > হি॰ পট্টি (পাগড়ী), প্রশস্ত ও বৃহদর্থে পাট্টা। ফটা (ফণার) আকারে কুণ্ডলিত পট্টের গ্রন্থি দেওয়া হয় বলিয়া ফ্যাটা] "কেহ বলে আমার কর্ত্তাটী সে মুৎসুদ্দি ফ্যাটা বেঁধে যান পালি এই বিদ্যা বুদ্ধি।"-হেম॰। ২ চওড়া; চেপ্টা। প্র-ফ্যাটা নাক (গ্রা॰ পাটানাক ও॰)।

ফ্যা-ফ্যা [অনু॰] বি, ফৈ ফৈ করণ ; বৃথা বাক্য ব্যয়। ২ [ফেয়া ফেরি হতে] নিষ্ফল হাঁটাহাঁটি।

ফ্যাদা, ফৈদা [অশ্লীল, ফেনা, বা সফেদা >] বি, বীর্য্য ; যোনি-ক্লেদ।

ফ্যানসা [ফেন-সা (সদৃশ বা সহ)] বিণ, ফেনযুক্ত ; ফেন গালা হয় নাই এমন। "উড়ছে ধোঁয়া ফ্যানসা ভাতে।"-কুহু ও কেকা। ২ অ, ফেন-ফেন ; ফেনা-ফেনা।

ফ্যাফাতুড়া-ফেকাতুড়া দ্রঃ।

ফ্যার-ফের দ্রঃ।

ফ্যার ফ্যার-ফের ফের দ্রঃ।

ফ্যারফেরিয়া, ফ্যারফেরে [ফ্যার+ফ্যার+ইয়া। ফেরফের (দ্রঃ) > অনাদরে] বিণ, হাওয়ায় ফর ফর শব্দে উড়ে এমন পাতলা বা সূক্ষ্ম; জালবৎ; জ্যাল্‌জেলে।

ফ্যারা [অনু॰। হি॰ ফরাটা (ফর ফর বা কড়কড়ে আওয়াজ, ফুৎকার a puff)] বি, ফুৎকার ; মুখ হতে হঠাৎ বায়ু নিঃসরণ। ফ্যারা মারা-ফুৎকার দ্বারা বায়ু নিঃসৃত করা ; ফ্যার্‌ ফ্যার্‌ শব্দে ফুৎকার দেওয়া। "মাগো, যে দাড়ী, কথা কয় যেন বোকা ছাগলে ফ্যারা মারে।"-নীলদর্পণ।

ফ্যালনা-ফেলনা দ্রঃ।

ফ্যাল-ফ্যাল [ফেল ফেল দ্রঃ] বিণ, দৃষ্টির ভঙ্গীবিঃ ; শূন্যদৃষ্টি। "এক দৃষ্টে ফ্যাল ফ্যাল চায়।"-অশোক॰। "ফাঁপরে পড়িয়া কবি ফ্যাল ফ্যাল চায়।"-হেম॰।

ফ্যাশান, ফ্যাসান [ইং fashion এর লিপ্যন্তর] বি, পসন্দমত চাল ; রেওয়াজ ; প্রচলন ; প্রথা ; রীতি ; ধারা। "যে কালে যে পোষাকের ফ্যাশান্ যাত্রাওলারা তাহারই অনুকরণ করিয়া থাকে।"-ভারতী, বৈশাখ, ১৩২১। ২ রকম ; ধরণ। ৩ ডৌল। ৪ সৌখিনতা। [সম॰ 'ফ্যাসন' ও 'ভাবন' প্রায় এক অর্থদ্যোতক "প্রভেদ এইটুকু যে ফ্যাশন বহুরূপী ভাবনের বড় একটা রূপ বৈচিত্র্য নাই। * * ভাবন অর্থে অঙ্গরাগ ও নিজের সাজ গোজ, ফ্যাশন বলিতে কাপড় চোপড়, কেশ ও কেশ বিন্যাস, ধরণ ধারণ সকলি বুঝায়। ভাবন স্ত্রীলোকে করে, ফ্যাশন স্ত্রী পুরুষ উভয়ের মধ্যে প্রচলিত। ভাবন কৈশোর ও যৌবনে সর্ব্বদা পরিবর্ত্তন হয় না।"-বাঙ্গালী, ১৯-৯-১৩২৩]। ভাবন দ্রঃ।

ফ্যাসাদ, ফ্যাঁসাদ [ফেসাদ দ্রঃ] বি, বিপজ্জাল ; লেঠা ; হাঙ্গামা। "পাছে মুক্তির কাছে এই খবর নিজে দিতে গেলে কোনো ফ্যাসাদে জড়াইয়া পড়ে সেই ভয়ে" -ভারতী।

ফ্রক [ইং frock এর লিপ্যন্তর] বি, ঘাগরা। "ফ্রকে অঙ্গ মুড়ি দিয়া।" -অশোক॰।

ফ্রাঞ্চিস্‌, ফ্রাঞ্চাইস [ইং franchise এর লিপ্যন্তর] বি, ভোটাধিকার ; রাজদত্ত বিশিষ্টাধিকার ; নির্ব্বাচনাধিকার ; নাগরিকত্ব।

ফ্রি [ইং free] বিণ, মুক্ত, স্বাধীন। ২ অবৈতনিক।

ফ্রেম [ইং frame এর লিপ্যন্তর। গ্রা॰ ফেরেম] বি, কোন কিছুর (বিতঃ) ছবি, দর্পণ ই॰-র চারিধারের বেষ্টনী ; কাঠামো। প্র-ছবিখানা ফ্রেম দিয়ে বাঁধাতে হবে।

ফ্লানেল [ইং flannel এর লিপ্যন্তর। গ্রা॰ ফেলানেল] বি, জমান পশমের কোমল শীতবস্ত্রবিঃ।

ফ্ল্যাট [ইং flat এর লিপ্যন্তর] বি, তল ; প্রাসাদতল ; কক্ষশ্রেণী ; তলা; কোঠা। "দুটি প্রাণীতে একটি বৃহৎ ফ্ল্যাট ভাড়া লইয়াছিলেন"-প্রবাসী, ১৩১৩। "কখনো বা উপরের বা নীচের ফ্ল্যাটে বেড়াইতে বাহির হইতেন।"-ঐ। ২ [নৌ॰] চ্যাপ্টা তলার নৌকা। প্র-একখানা ফ্ল্যাট ভাড়া করে বেড়াতে গেলেন। ৩ চড়া। ৪ জাহাজ হতে মাল নামাইবার বা জাহাজে উঠিবার জন্য প্রস্তুত মঞ্চ বা ঘাট jetty. ৫ [রঙ্গালয়ের ভাষায়] রঙ্গমঞ্চের পার্শ্ব হতে ঠেলিয়া দিবার, নিম্ন হতে উঠাইবার বা উপর হতে নামাইবার জন্য সমতল দৃশ্যপট। ৬ [ব্যঙ্গার্থে। সাধাঃ কথ্য] বিণ, হাত পা ছড়াইয়া শায়িত। ৭ সাফ ; স্পষ্ট ; ডাহা। প্র-একেবারে ফ্ল্যাট মিথ্যা কথাটা বলে ফেলে। ৮ ক্রি-বিণ, অজ চালিয়া ; নিরুদ্যম বা হতাশ ভাবে। প্র-সে জুয়ায় সব টাকা হেরে বাড়ী এসে এখন ফ্ল্যাট হয়ে পড়েছে।

ব

ব̃১ ["ল"র পর "ব্"দ্রঃ] বি, ব্যঞ্জনবর্ণমালার ত্রয়োবিংশ, প বর্গের তৃতীয়, অল্পপ্রাণ এবং ঘোষবান্ বর্ণ ; মিলিত ওষ্ঠদ্বয় পৃথক্ করিয়া উচ্চারণ করিতে হয় বলিয়া ইহাকে ওষ্ঠ্যবর্ণ বলে ; এবং প বর্গের অন্তর্গত বলিয়া ইহার অন্য নাম বর্গীয় ব [দ্রঃ—সং ব্যা০ মতে পদের কিম্বা পাদের আদিতে যে ব থাকে, সন্ধির নিয়মে উ স্থলে যে ব হয়, যে ব স্থলে উকার হয় এবং প্রত্যয়ের যে ব, তা দন্ত এবং ওষ্ঠ সাহায্যে উচ্চারিত, প বর্গের অন্তে অবস্থিত এবং অন্তস্থ ব (v. w) বলিয়া অভিহিত হয়। সং অভিধানে ঐ দুই বকারাদি শব্দকে পৃথক্ করা হয়। কিন্তু বাং-র এ দুয়ের মধ্যে উচ্চারণে কোন প্রভেদই নাই। সুতরাং ঐ উভয় বকারাদি সং-মূলক শব্দ ও বর্গীয় 'ব' (b) এর ন্যায় উচ্চারিত দেশী ও বৈদেশিক বকারাদি শব্দ একত্র সন্নিবিষ্ট হইল]। সং ব্যা০ মতে ম্ স্থলে ং এবং ং এর পর বর্গীয় ব থাকিলে ং স্থলে ম্ ব-তে যুক্ত হইয়া ম্ব হয়, অন্তস্থ ব্ থাকিলে হয় না। কিন্তু বাং-র উভয় স্থলেই ম্ব হয়। বশম্+বদ=বশংবদ, সম্+বরণ=সংবরণ, —+বৎসর=সংবৎসর, —+বর্ত্ত =সংবর্ত্ত, —+বর্দ্ধন,-না=সম্বর্দ্ধন,-না, —+বাদ =সংবাদ, —+বিৎ,-বিদ্=সংবিৎ,-বিদ্, স্বয়ম্ +বর (-রা)=স্বয়ম্বর (-রা)। কিন্তু, সম্+বন্ধ =সম্বন্ধ, —+বন্ধ=সম্বন্ধ, —+বুদ্ধ=সম্বুদ্ধ, —+বুদ্ধি=সম্বুদ্ধি, —+বোধন=সম্বোধন। বাং-র—বশংবদ, বশম্বদ ; সংবৎসর, সম্বৎসর ; সংবরণ, সম্বরণ ; সংবর্দ্ধন (-না), সম্বর্দ্ধনা ; সংবাদ, সম্বাদ ; সংবিৎ, সম্বিৎ ; স্বয়ংবর (-রা), সয়ম্বর (-রা)। প্রা০ বাং-র প স্থলে ব। অবর =অপর। "অবরে অণে (স০ ব০ দোহা০)"= অপরে জানে।

ব̃২ [বল্ (শব্দে)+অ (র্ত্তৃ)] অ, বদ্ধ বায়ুর বহির্গমনজনিত বিবিধ শব্দ ও পবন ক্রিয়ার দ্যোতনা করে, যথা—বক্ বক্, বুগ্ বুগ, বড়্ বড়্, বিড়্ বিড়্, বজ্ বজ্, বন্ বন্, বোঁ বোঁ, বম্ ই০। ২ [বা (গমনে), যে সর্ব্বদা গমন করে, বহে বা চলে] বি, বায়ু। ২ যোনি। ৩ সিন্ধু। ৪ তাঁতের যে অংশ পা দিয়া চাপিয়া টানার সূতার উপর দিয়া মাকু চালাইতে হয় তাতে বাঁধা যে রজ্জু। ৫ বন্ধন। ৬ বখেয়া সেলাই stitch. ৭ [বপ্ (বপনে)] বপন। ৮ [বহ্ (বহনে)] বহন ; বআ দ্রঃ। ৯ সহন।

ব̃৩ [ফা০ ব, আ০ বা] অ, উপসর্গবিঃ ; সহিত ; দ্বারা। প্র—বমাল। বকায়দা। বতৰির। ২ অনুযায়ী ; মত। প্র—ব-তারিখ ; বমুজিব ; বদস্তুর। ৩ যেন ; ঠিক।

ব̃অন১ [সং—বদন >। বয়ন দ্রঃ] বি, বদন ; মুখ। "নির্ম্মল কমলবঅনে"—শ্রী০ কী০।

ব̃অন২ [প্রা০ বাং] বি, বয়ন।

ব̃আ১, ব̃য়া [পদমধ্যস্থ ও অন্ত্য 'অ' আধু০ বাং-র "য়" হয় বলিয়া বয়া। বহা দ্রঃ। সং—বহ্ (বহনে, প্রাপনে, বায়োর্গতি অর্থে) >। বঁই, বও (ব'ন, বয়েন, বস, বইস), বয় (বয়েন) ; বঁইতে ; বঁইয়া (ক্ষে০ বয়ে)। ণিজন্ত -ব̃আনি (বঁয়ানি দ্রঃ)] ক্রি, বহা ; বহন করা। প্র—দুর্ব্বল জন্তু, আর কত বোঝা বইবে। ২ প্রবাহিত হওয়া। "শীতল বাতাস বয় জুড়ায় শরীর"—পদ্যপাঠ। "চৌদিকে তার খোলা বাতাস বইছে নিরন্তর।"—ভারতী, ১৩১৯। ৩ [বহন করার ভাব >] চালিত হওয়া ; ভার বাহিত হওয়া ; গতিশীল হওয়া। প্র—এ শরীর আর বয় না। ৪ ইচ্ছা হওয়া ; মন লাগা। প্র—কোন বিষয়ে তার আর গা বয় না। ৫ [প্রবাহের ভাব হতে] অধোগামী হওয়া ; কুচরিত্র হওয়া ; উৎসন্ন যাওয়া। প্র—কুসঙ্গে মিশে লোকটা বয়ে গেল। ৬ অতিবাহিত হওয়া ; উত্তীর্ণ হওয়া ; কাটা। প্র—সময় ত সব বয়ে গেল এখন গিয়ে আর কি হবে। দিন বয়ে যাওয়া। ৭ চালান ; টানা। প্র—দাঁড় বআ। ৮ বিণ, যে অধঃপতনের মুখে বহিয়া গিয়াছে ; নষ্টচরিত্র ; বআটে। প্র—সে দুনিয়ার বয়া ছেলে।

ব̃আ২ [বসা > প্রাকৃ০ বআ] ক্রি, বসা। বঁইতে—বসিতে। "মণে মণে চাউল হৈলে পুজায় বইতে পারি।"—প্রা০ সূর্য্যের গান। বঁয়—বসে। "খাইতে বয়"—প্রা০ সূর্য্যের গান (ব০ সা০ পরিচয়)।

ব̃আটিয়া, ব̃আটে [বআ দ্রঃ] বিণ, অধঃপাতে গিয়াছে ; নষ্টচরিত্র ; নেশাখোর এবং ইন্দ্রিয়পরতন্ত্র।

ব̃ই১ [আ০ বহী (ধর্ম্মপুস্তক, কোরাণ, ঈশ্বরের বাণী the book, the holy Bible] বি, পুস্তক। ২ হিসাবের খাতা। বঁই ধঁরানি—নূতন পাঠ্য নির্দ্ধারণ করা ; কোন পুস্তক পড়াইতে আরম্ভ করা। বঁই পঁড়া—গ্রন্থ পাঠ করা ; অধ্যয়ন করা। বঁই পঁড়ানি—গ্রন্থ পাঠ করিতে শিক্ষা দেওয়া ; অধ্যাপনা করা। বঁই বাঁধা—ছাপা কাগজগুলি পৃষ্ঠানুসারে মিলাইয়া পুস্তকাকারে সেলাই করা ; কাগজ, কাপড় ও চর্ম্মদ্বারা গ্রন্থের মলাট আবৃত করা। বঁই বাহির কঁরা—পুস্তক ছাপিয়া বা ছাপাইয়া প্রকাশ করা। বঁই বাহির হঁওয়া—নূতন বহি ছাপিয়া বাজারে বিক্রীত হইতে থাকা ; ছাপাখানা হতে বাহির হইয়া সাধারণে প্রচারিত হওয়া। বঁই লেখা—গ্রন্থ রচনা করা।

ব̃ই২ [সং—বহনার্থক বহ্ ধাতু >। বহা দ্রঃ] বিণ, বাহিত। ২ ব্যাপ্ত ; বিস্তৃত ; রাষ্ট্র। "তোমার কলঙ্ক বাপা হবে দেশ বই"—ধ০। ৩ বি, চালান। প্র—সে সমস্ত জিনিস বই করেছে। ৪ বহন করি ; বহি। "কেবল ভূতের বোঝা বই"—বাং-গান। ~কঁরা—বহন করা। ২ চালান করা।

ব̃ই৩ [চ০ ক০ জ্ঞা০। বআ২ দ্রঃ] ক্রি, বসি।

ব̃ই৪, বৈ [সং—ব্যতীত। হিং বিনা, বাং-র বিনা (দ্রঃ)] অ, ব্যতীত ; অতিবাহিত হ'লে ; বাদে। "চৌদ্দ যুগ বই পরভু তুলিলেন হাই।"—শূ০ পু০। ২ ভিন্ন ; ছাড়া। "অ্যাত

]যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্গ্র), ̃ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ=ংগ ঞ=ন্যঁ ক্ষ=ক্‌খ হ্ম=হ্ম্ হ্ন=হ্ন হ্ল হ্ল ব=ব্‌হ হ্ব হ্য হ্‌ ব্য, র ঢ় য় ড়=fwv ও চা০ দ্রঃ

বড় একটা অপরিমেয় বিশাল ব্যাপারকে "এই বই না" বলিয়া যদি অশ্রদ্ধা করিয়া উড়াইয়া দাও তবে কী যে তোমার কাছে শ্রদ্ধার পাত্র তাহা বুঝিতে পারা কঠিন। তথাপি সিংহ পশু বই আর কিছুই নয়।"-দ্বি॰ ঠাকুর (শান্তিনিকেতন, ১৩৩২, ভাদ্র)। "কৃপা কর কৃপাময়ী কেহ নাই তোমা বই।"-রা॰ প্র॰। "দেখিছি কি না দেখিছি একদিন বই" -কুসুম। ২ [প্রা॰ বাং-র বক্রি] পরে ; বাদে ; অতীত হইলে। "তোমা সনে নিবন্ধ করিনু দুই দণ্ড। ইহা বই বেড়িও পুরী হইয়া প্রচণ্ড।"-কবিক॰। বই কি [তা ব্যতীত আর কি > কেং॰] ক্রি-বিণ, নিঃসন্দেহে : নিশ্চয়। প্র-যাব বই কি। বলিব বই কি। ২ [কাকুক্তি। প্রশ্নে। বিপরীতার্থে] বলিব বই কি? (=নিশ্চয়ই বলিব না)। বই তি নয়, বই নয় [অবিশেষ। এমন কিছু একটা নহের ভাব] মাত্র ; কেবল। প্র-এই বই ত নয়? আমি বলি কি! তা-বই কি [কেং॰ বৈকি] তা ছাড়া আর কি, অর্থাৎ, তদ্ব্যতীত আর কিছুই নয় ; তাইত। ২ [সন্দেহে] বোধ হয় তাহা নহে।

বইঠা-বৈঠা (দ্রঃ)।

বইতে [বহিতে দ্রঃ] অস-ক্রি, বহন করিতে ; বহিতে।

বইন [সং-ভগিনী > ভ্রং ভইন > বইন অথবা হিং॰ বহিন্ হতে। সং-ভগিনী > হিং॰ ভইনী। প্রা॰ সূর্য্যের গানে-বুইন। বাং-র প্রা॰ উচ্চারণ ভেদে 'বুন', 'বুনি', 'বোন' ও॰] বি, ভগিনী। ~ঝী-বোনঝী ; বোনের মেয়ে। ~পো-ভগিনীর পুত্র ; বোনপো। দ্রঃ-পুরুষেরা ভগিনীর পুত্রকে ভাগিনেয় (প্রা॰ ভাগ্নে) ও ভগিনীর কন্যাকে ভাগিনেয়ী (প্রা॰ ভাগ্নী) বলে, স্ত্রীলোকে ভগিনী পুত্রকে বোনপো ও ভগিনী কন্যাকে বোন-ঝি বলে।

বইয়াম-বয়েম দ্রঃ।

বইসা [বসা দ্রঃ। বইসি, বইস, বইসে, বইসিতে, বইসিয়া ই॰] ক্রি, বসা। ২ বাস করা। বইসে-বাস করে (বৈ॰ গী॰)।

বউ [সং-বধূ > প্রাকৃ॰ বহু > হিং॰ বহু > বাং-র বহু, বউ, বৌ] বি, পুত্রবধূ ; বৌ ; স্নুষা। প্র-ওটা তার বড় বউ। ২ পত্নী ; ভার্য্যা। ৩ কনে ; নববধূ। প্র-বৌ বেটা ঘরে তোলা। ৪ কুলনারী। ৫ [সং-বধূটী] নববধূর ন্যায় লজ্জাশীলা ও ভীরু। এই অর্থে 'বউটা' শব্দের ভূরি প্রচলন। প্র-ওদের গিন্নী এত ছেলেপুলের মা হল এখনও তবু যেন বউ (অথবা বউটা)। ৬ ভ্রাতৃজায়া বা ভাইয়কে সম্বোধন। বউ-ঝী, বউ বেটী-বধূ ও কন্যা। বউ-মানুষ-কুলবধূ ; গৃহস্থ ঘরের স্ত্রী। ২ বালিকা বধূ। কলা বউ-কলা দ্রঃ। কুলের বউ-কুলবধূ ; বৌ-মানুষ। "কাদের কুলের বউ"-গান

বউআ, বউও [গ্রা॰। বউ+উআ] বিণ, বধূর বশ ; পত্নীপরায়ণ henpecked.

বউ কথা কও-বি, কোকিলজাতীয় পাখী। ইহারা এক ফুট লম্বা হয়। ইহাদের দেহের উপরিভাগ গাঢ় ছাইবর্ণবিশিষ্ট। গলা ও বুক ধূসর, পেট শ্বেতবর্ণ এবং পুচ্ছাগ্রভাগ একটা কাল ডোরা যুক্ত। শীতের সময় ইহাদের দেখা যায় না। ইহারা বৌ কথা কও এইরূপ রব করে বলিয়া এই নামে অভিহিত। "নিশান্তে কোকিল সহ ডাকে বউ কথা কও" -রঙ্গমতী।

বউকাঁটকী [সং-বধূকণ্টকী >। গ্রা॰] বিণ, বধূর কণ্টকস্বরূপ। ২ বি, বধূর কণ্টকস্বরূপ যে শাশুড়ী : যে শাশুড়ী পুত্রবধূকে বাক্যবাণে জর্জ্জরিত করে এবং নানা প্রকারে কষ্ট দেয়।

বউগঁড়া [বউ+গড়া (গোটা)। ময়মনসিং প্রাদে॰] বি, নববধূ স্বামিগৃহে আসিলে অনুষ্ঠেয় স্ত্রীআচারবিঃ। "ব॰ লইল মায় পিড়িতে বসিয়া"-মৈ॰ গী॰।

বউড়ী [সং-বধূটী > বহুড়ী > তুল-ঝিউড়ী] বি, বালিকা বধূ ; যুবতী বধূ।

বউনি$_1$,-নী$_1$ [সং-বহন >] বি, বহন। ২ বহন করার মজুরি।

বউনি$_2$, বউনী$_2$ [বায়না দ্রঃ। হিং॰ বয়ানা (=অগাউ-অগ্রিম মূল্য) > ; বা (প্রথম) বিকিকিনি > কেং॰ বউনি ; বা "বর্দ্ধনী (বৃদ্ধিকারক) > বউনী"-বাং শ॰ কোষ] বি, পণ্যের প্রথম বিকিকিনির শুভসূচনাস্বরূপ সর্ব্বাগ্রে লব্ধ নগদ মূল্য ; প্রথম বিক্রয়-লব্ধ মূল্য। ~করা-দৈনিক বিক্রয়ের আরম্ভে প্রথম বিক্রীত পণ্যের মূল্য গ্রহণ করা ; নগদ মূল্যে বিক্রয়ের সূত্রপাত করা।

বউভাত [সামাজিক] বি, নূতন বউয়ের হাতের অন্নগ্রহণরূপ সংস্কার ; পাকস্পর্শ। ইহার পর হতে ভিন্ন গোত্রজা কন্যা সগোত্রা হইল বলিয়া শ্বশুরকুলে স্বীকৃত হয়।

বউরী-বহুরি দ্রঃ।

বউল,-উল [সং-মুকুল > প্রাকৃ॰ মউল > বউল] বি, মুকুল ; মঞ্জরী। ২ বকুল। থোঁপাত উপর তোর বউল মাল দেখি" -শ্রী॰ কী॰।

বউলি, -লী [সং-বকুল > প্রাকৃ॰] বি, বকুল ফুল। ২ কর্ণভূষণবিঃ ; মুক্তাজড়িত মাকড়ী। "বরণে উজ্জ্বলি কনক বউলি শোভিছে তোর কুণ্ডলে।"-কবিক॰। "কাণে পরে কুণ্ডল কঙ্ক কাটা কড়ি। বউলি বেশর নামে বেশ হইল বড়ি।"-ঘ॰।

বঁএস [প্রা॰ বাং। য়=এ] বি, বয়স : বয়ক্রম। "বএস ৪ চাইর বৎসর ও তস্য ভগ্নীর বএস ৪ চাইর মাস"-প্রাচীন দলীল। "বিথর তোর বএসে"-শ্রী॰ কী॰। বঁএঁসে, বঁএসেঁ-বয়সে। "বএসেঁ জ্যেষ্ঠ কুলেহোঁ শ্রেষ্ঠ কিসে পরিহর কাহ্নে।"-শ্রী॰ কী॰।

বঁওয়া-বআ দ্রঃ।

বঁওয়াটিয়া, বঁওয়াটে-বআটিয়া দ্রঃ।

বংশ$_1$ [সং-বংশ। "সন্ততির্গোত্রজনন-কুলান্যভিজনান্বয়ৌ। বংশোঽন্ববায়ঃ সন্তানো"-অমর॰] বি, সন্তান-সন্ততি। ২ কুল ; গোষ্ঠী। ৩ গোত্র। ৪ পুরুষপরম্পরা। [বংশ > বাং-র নামধাতু 'বংশানি'। > বংশাইয়া= বংশে জন্মিয়া ; বংশে আসিয়া। "বংশাইয়া সতী কন্যা হইল অবতার"-মৈ॰ গী॰]। ~ক্ষয় [৬তৎ] বি, বংশের বিলোপ ; বংশনাশ। ~গৌরব [৬তৎ] বি, কুলগর্ব্ব ; সৎকীর্ত্তির দ্বারা কুলের মুখ উজ্জ্বলকারী। ~চরিত্র [৬তৎ] বি, কুলে জাত নরনারীর জীবনী। ২ কুলের ইতিহাস। ৩ কুল-ক্রমাগত প্রকৃতি বা আচরণ। ~জ [বংশে (সৎকুলে) জ (জাত)] বি, কুলোদ্ভব ; শুদ্ধ বংশে উৎপন্ন।

২ অনন্তর বংশ। ৩ বিশুদ্ধ বংশজাত কিন্তু কুলীন নহে; মৌলিক। স্ত্রীং ~া। ~ধর [বংশ-ধর (যে ধরে)] বি, যে বংশ রক্ষা করে; বংশবর্দ্ধক; বংশীয় সন্তান। ~নাশ [বংশের নাশ, ৬তৎ] বি, বংশের ধ্বংস; বংশক্ষয়। ~পরম্পরা [৬তৎ] বি, বংশানুক্রম। ~বর্দ্ধন [বংশের বর্দ্ধন, ৬তৎ] বি, বংশের বৃদ্ধি। ২ বংশের উন্নতি। ৩ বংশবর্দ্ধনকারী। ~বৃদ্ধি [৬তৎ] বি, বংশের উন্নতি। ২ সন্তানসন্ততির সংখ্যাবৃদ্ধি; বংশের বিস্তার। ~মর্য্যাদা [৬তৎ] বি, কুলের প্রাপ্য সম্মান। ২ আভিজাত্য। ~লোপ [৬তৎ] নিঃসন্তান; বংশধরদিগের মৃত্যুতে বংশের বিলোপ; বংশক্ষয়। ~লোপ করা-বংশের সকল সন্তানকে হত্যা করা; নির্ব্বংশ করা। ~লোপ হওয়া-নিঃসন্তান বা নির্ব্বংশ হওয়া। ~স্থ [বংশে-স্থ (স্থিত), ৭তৎ] বিণ, কুলে অবস্থিত। ২ বংশে আছে এমন। ~স্থিতি [৬তৎ] বিণ, বংশের স্থায়িত্ব; বংশরক্ষা। ~হীন [বংশের দ্বারা হীন, ৩তৎ] বিণ, যার বংশ লোপ পাইয়াছে; নির্ব্বংশ।

বংশ২ [সং] বি, বাঁশ Bamboo. ~ক [সং] বি, সামসাড়া নামক ইক্ষু Saccharum officinarum. ২ বাঁশ-পাতা নামক মাছ। ~কর্পূর-বি, বংশলোচন। ~তণ্ডুল, ~ধান্য-বি, বাঁশের চাউল। ~নালিকা-বি, বাঁশের বাঁশী। ~পত্র [বংশের পত্র, ৬তৎ] বি, বাঁশের পাতা; বাঁশপাতা। ~পত্রক [বংশ-পত্র +ক (সাদৃশ্যে)] বি, বাঁশের পাতার মত পাতলা মাছবিঃ; বাঁশপাতা মাছ। ২ শ্বেত ইক্ষুবিঃ। ৩ নল; খাগড়া। ~পত্রী [বৈদ্যকে] বি, বাঁশপাতা ঘাস। ~রোচনা [বংশলোচন দ্রঃ] বি, বংশপর্ব্বস্থিত নীলাভ শ্বেত ঔষধবিঃ। ~লোচন [সং-বংশরোচনা (দ্রঃ)। বাং-র বংশলোচন শব্দেরই ব্যবহার অধিক] বি, বংশক্ষীরী; বংশশর্করা manna of the bamboo. ~শর্করা [সং] বি, বংশলোচন। ~শলাকা [বংশের শলাকা, ৬তৎ] বি, বাখারি; চেঁচাড়ী।

বংশ/দেশ [পা০ সা০] বি, বৎস দেশের নামান্তর। ~রাজ-বৎস দেশের রাজা; রাজা উদয়ন। "বংশরাজ উদয়নের সম্বন্ধে * * *"-জাতক, ৪র্থ খণ্ড।

বংশস্থ বিল [সং] বি, সংস্কৃত ছন্দোবিঃ।

বংশাগ্র [বংশ+অগ্র, ৬তৎ] বি, বাঁশের আগা বা ডগা।

বংশাঙ্কুর [বংশ+অঙ্কুর, ৬তৎ] বি, বাঁশের কোঁড়া।

বংশানুক্রম [বংশ+অনুক্রম, ৬তৎ] বি, বংশধারা; বংশপরম্পরা; পুরুষপরম্পরা। ২ কৌলিক গুণ, লক্ষণ বা স্বভাব; কৌলিকতা; কুলসংক্রমণ heridity. বিণ, বংশানুক্রমিক-পুরুষপরম্পরাগত; অনুবৃত্ত heriditary. ক্রি-বিণ, বংশানুক্রমে।

বংশানুচরিত, -চরিত্র [বংশ+অনুচরিত(ত্র), ৬তৎ] বি, বংশপরম্পরার ইতিবৃত্ত; পুরুষানুক্রমিক জীবনচরিত্র।

বংশাবতংস [বংশ+অবতংস (ভূষণ), ৬তৎ] বি, কুলের অলঙ্কারস্বরূপ; কুলচূড়ামণি।

বংশাবলী [বংশ+আবলী, ৬তৎ] বি, পুরুষপরম্পরার তালিকা; কুলজী।

বংশিক [বংশ+ইক (স্বার্থে)] বিণ, বংশজ।

বংশিকা [বংশিক+আ (স্ত্রীং)] বি, (বাঁশের) বাঁশী।

বংশী [সং-বংশনালিকায় নির্ম্মিত হয় বলিয়া এই নাম। "পরস্পরের ব্যবধান ও প্রত্যেকের পরিমাণ অর্দ্ধাঙ্গুল, এইরূপ অষ্ট স্বরচ্ছিদ্রসমন্বিত, স্বরচ্ছিদ্র হতে দেড়-অঙ্গুলি অন্তর অঙ্গুলিপরিমিত মুখরন্ধ্র বিশিষ্ট এবং যথাক্রমে অঙ্গুলিচতুষ্টয় ও অঙ্গুলিত্রয়-পরিমিত শিরোভাগ ও নিম্নদেশযুক্ত শুষির যন্ত্র"-শ্রী০কী০, ভাষাটীকা] বি, বাঁশী; মুরলী; বেণু; বাঁশরী। "সখি হে, বংশী দংশিল মোর কাণে।"-চণ্ডী০। ~ধর-বি, শ্রীকৃষ্ণ। ~বট-বি, বৃন্দাবনের যমুনাতটে যে বটবৃক্ষ-মূলে শ্রীকৃষ্ণ বংশী বাজাইতেন; বৈষ্ণব তীর্থবিঃ। "এ বড় ভরসা মনে লৈয়া কেন বৃন্দাবনে বংশীবট যেন দেখি সুখে।"-নরোত্তম। ~ধ্বনি-বি, বাঁশীর শব্দ; বংশীরব। ~বদন, বয়ান [বংশী (বাঁশী) বয়ানে (মুখে) যার, বহু০] বি, বংশীবাদক শ্রীকৃষ্ণ। "ঐ দেখ আসছে আয়ান বংশীবয়ান! বনমাঝে। বিপদে যায় হে জীবন মধুসূদন তোমায় ভ'জে।"-বাং-গান ~বাদন-বি, বাঁশী বাজান। ~য়-বি, বংশ সম্বন্ধীয়।

বংশীয় [বংশ+ঈয়] বিণ, বংশোদ্ভব; বংশের; বংশজ; বংশ সম্বন্ধীয়। স্ত্রীং ~া।

বংশ্য [বংশ+য] বিণ, বংশীয়।

বঃ [অনু০] অ, বাঃ দ্রঃ। ২ বকলম (দ্রঃ) এর সংক্ষেপে।

বঁইচ, বঁইচি [সং-বিকঙ্কত (দ্রঃ)। প্রা০ উচ্চারণ-ক্ষে০ "বোঁচ"] বি, গ্রাম্য ও বন্য কণ্টকাকীর্ণ শাখ ক্ষুদ্রবৃক্ষ ও ক্ষুপবিঃ। ইহার ফল ক্ষুদ্র গোল ও বীজগর্ভ। অপক্ব অবস্থায় লোহিতবর্ণ, পক্ব অবস্থায় কৃষ্ণবর্ণ।

বঁটানি [নামধাতু। বঁটি+আন >] বঁটি দিয়া কাটা; বঁটির আঘাত করা। "ইচ্ছা করে এই দণ্ডে বটি ধরি করে বঁটাইয়া দিই যত পাষাণ্ড ইংরাজে।"-ইন্দ্র০ বন্দ্যো (ভারত উদ্ধার)।

বঁটি, বঁটী, বোঠি [মুণ্ডা০ বঁটি > হিং বৈঠী (ব্যাঠি)। চওড়া বাঁট থাকায় বসাইয়া রাখা বা পাতা যায় বলিয়া এই নাম। ওরাওঁ-বৈঠি] বি, তরকারী মাছ প্রভৃতি কুটিবার বা কাটিবার কর্ত্তরীবিঃ। "আপনি ধরিল রাজা হীরাধার বঁটা। হেম থালে যত মাংস রাখে কাটিকুটি।"-ধ০ ম০। ~কাটা -বিণ, বঁটিতে কাটা বা কোটা হইয়াছে এমন।

বঁটিকল [রেশমশিল্প পরিঃ] বি, রেশম-সূত্র, তোহোবিলে জড়াইবার পূর্ব্বে যে দুইটি যন্ত্রের মধ্য দিয়া যায়, তার প্রথম যন্ত্রের নাম। ইহা একটি কাঠের বাঁটের অগ্রে সংলগ্ন দুই-ভাগে বিভক্ত লৌহদণ্ডযুক্ত যন্ত্র যার অগ্রভাগে দুইটি ছিদ্রযুক্ত কাচখণ্ড থাকে ও যার মধ্য দিয়া রেশমসূত্র প্রবেশ করে।

বঁটে [প্রাদে০, নদীয়া অঞ্চলে, পূ০ বঙ্গে-বইঠা। সং-বহিত্র > হিং বৈঠা] বি, কেরাল; কাঠের হাতায় আকৃতি নৌকা-চালন দণ্ড বা ধরিয়া জল কাটিতে কাটিতে নৌকা চালান হয়।

বঁড়শা-বর্শা দ্রঃ।

বঁড়শী-বড়শী দ্রঃ।

বঁদিয়া, বঁদে [সং-বিন্দু > হিং বুন্দ্-বুঁদ+ইয়া (সাদৃশ্যার্থে), ঝাঁঝরীর ছিদ্র দিয়া পতিত দাইল বাটার বিন্দু হতে এই নাম] বি, চিনির রসে পাক করা দাইল বাটার দানা ভাজা ; বঁদিয়া নামক মিষ্টান্ন।

বঁধু [সং-বন্ধু >] বি, নায়িকার বন্ধু ; প্রণয়ী ; প্রিয়তম ; বল্লভ ; নাগর। "বঁধু কি আর বলিব আমি। মরণে জীবনে, জনমে জনমে প্রাণনাথ হৈও তুমি।"-চণ্ডি°। "বঁধু তোমায় করব রাজা তরুতলে"-রবী°। বন্ধু ; সখা।

বঁধুয়া [বঁধু (দ্রঃ)+আ (আদরার্থে) সঙ্গীতে, পদ্যে] বি, বঁধু ; বল্লভ ; বন্ধু ; নাগর। "বঁধুয়া অসময়ে কেনহে প্রকাশ" -রবী°। "বহুদিন পরে বঁধুয়া এলে।"-চণ্ডি°।

বঁম-বম দ্রঃ।

বঁক [সং। বক্ এই শব্দকারী বলিয়া বা (বক্রগ্রীবা বক্রগতি ও বক্রপ্রকৃতি বলিয়া) বক্র >বক হওয়া সম্ভব। প্রাদে° চট্টল° 'বকা, বগ। মূ°-কথ্য, বোগা] বি, স্বনামপ্রসিদ্ধ মৎস্যখাদক জলচর ও স্থলচর পক্ষিবিঃ। ২ মহাভারতোক্ত একচক্রা গ্রামবাসী রাক্ষসবিঃ (ভীমহস্তে নিহত)। বাঙ্গালার বগড়ীর (পূর্ব্বনাম বক-ডিহি > বকডী) বকরাক্ষস। বগড়ী বক রাক্ষসের দেশ বলিয়া অনুমিত হয়। ৩ বালকৃষ্ণকে গ্রাস করিবার জন্য কংস-প্রেরিত পক্ষীরূপী দৈত্য। স্ত্রীং ~বকী। ~জিৎ-বিণ, বকজয়ী। ২ বি, ভীম। ~নিসূদন-বি, শ্রীকৃষ্ণ [এই বক কংসানুচর দৈত্যবিঃ। পক্ষীরূপে বালকৃষ্ণকে গ্রাস করিতে উদ্যত হইলে শ্রীকৃষ্ণ তার দুটি চঞ্চু ধরিয়া চিরিয়া ফেলিয়া নিহত করেন]। ২ ভীম। ৩ [বক্রপুষ্প দ্রঃ] বকফুল। ~ধার্ম্মিক [বকবৎ ধার্ম্মিক, ম° প° লো°] বিণ, ভণ্ড ; প্রবঞ্চক। ~ধ্যান [বক (বৎ মৎস্য শিকারার্থ কপট ধ্যান), ম°প° লো°] বি, কপটধ্যান। "ঘোড়া দেখি তার পাশে, কোপে নৃপদূত ভাষে, বকধ্যানে আছে ঘোড়াচোর।"-কবিক°। ~বৃত্তি [বক বৃত্তি (জীবিকা) যার, বহু°, যে বকের ন্যায় কপট সাধুতা ও শান্তশিষ্ট ভাব ধারণ করিয়া জীবিকা নির্ব্বাহ করে] বিণ, বঞ্চক : শঠ ; বকধার্ম্মিক ; ভণ্ড। ২ বি, কপটবৃত্তি ; শঠতা। ~ব্রতী [বক-ব্রত +ইন্ (স্ত্য°)] বিণ, অনৃতসেবী ; বঞ্চনাজীবী। ২ ভণ্ডতপস্বী।

বঁককড়ি [প্রাদে°] বি, ধান্যবিঃ। "ধান মাঝে ধান বুনেন ব°।"-শূ° পু°।

বঁকন[1] [বকা দ্রঃ] বি, বৃথা ভাষণ ; জল্পন। ২ তিরস্কার।

বঁকন[2] [বকনা দ্রঃ] বি, বকনা। ~বাছুর-বৎসতরী।

বঁকনা, বঁক্না [প্রাদে° উচ্চারণে- বোক্না। সং-বষ্কয়ণী >। যে নৈ বাছুর এখনও গর্ভিণী হয় নাই সে বৎসতরী, যে গর্ভিণী বা গর্ভিণী হইবার উপযুক্ত বয়স্কা সে বষ্কয়ণী বা বকনা] বি, অল্পবয়স্কা গাভী ; যে বাছুরের এখনও গর্ভ হয় নাই বা বাছুর হয় নাই ; নৈ বাছুর। "এসে ছিল বকনা গরু পর গোয়ালে জাব্ না খেতে।"-বিষবৃক্ষ (বঙ্কিম°)। ~সালী [গ্রা° বাং] বি, গোয়াল ঘর ; গোগৃহ।

বঁকনি-বকুনি দ্রঃ।

বঁকপঞ্চক [সং] বি, কার্ত্তিক শুক্লপক্ষের একাদশী হতে পূর্ণিমা পর্য্যন্ত পাঁচ তিথি।

বঁকবঁক [অনু°। বকন দ্রঃ] বি, গাড়ু ঘড়া ই°-তে জল ভরিবার শব্দ। ২ অর্থহীন বাক্য-প্রয়োগ ; ক্রমাগত বকুনি। আধিক্যার্থে "বঁকর বঁকর"। বঁক বঁক কঁরা-বেশী বাজে কথা বলা ; বড় বড় করিয়া ক্রমাগত বিরক্তিকর কথা কওয়া।

বঁকবঁকম-বকম[1] দ্রঃ।

বঁকবঁকানি [বকবক+আন(ক্রি-বিভক্তি)। বকবকাই, -কাও (-কান,-কাস), -কায় (-কান) ; -কাইতে ; (-কাইয়া গ্রা° বঁক-বঁকিয়ে)] ক্রি, বকবক করা। বি, বঁক-বঁকানি।

বঁকভাণ্ড [রাসা° পরিঃ] বি, ভাণ্ড দ্রঃ flask.

বঁকম[1], বঁকবকম, বঁকবঁকম, বঁকবঁকমকম (-কুম) [অনু°] বি, পায়রার ডাকের শব্দ। "খোপে বসে পায়রা যেন করচি শুধু বকবকম"-রবী°।

বঁকম[2], বঁকমকাঠ [সং-পত্রাঙ্গ > পট্টরঙ্গ। হিং বক্কম] বি, বৃক্ষবিঃ ; ইহার কাঠে লাল রঙ্ হয় Cæsalpinia Sappan.

বঁকর [আ° বক্‌র্। বকরা দ্রঃ] বি, ছাগল। ~ঈদ-বকরীদ দ্রঃ।

বঁকরা[1] [আ° বক্‌র্=গরু, তা হতে গবাদি, পরে-ছাগ। হিং বক্‌রা। সং-বর্কর (পশুশাবক)] বি, ছাগ। "বকরী বকরা মরে কুকড়ী কুকড়া।"-অ° ম°। স্ত্রীং বকরী।

বঁকরা[2] [বখরা দ্রঃ] বি, অংশ ; ভাগ।

বঁকরী [বর্করী > হিং বকরী] বি, ছাগী ; অজা। "বকরী বকরা মরে-ই°"-অ° ম°। "বকরী জবাই যথা, মোল্লারে দেহ মাথা দান পায় কড়ি ছয় বুড়ি।"-কবিক°।

বঁকরীদ [বকরাঈদ ও°। আ° বক্‌র্ (গো) +ঈদ (উৎসব)। তুল-গোমেধ] বি, মুসলমানের পর্ব্ব। অন্য নাম-ঈদ-উজ্-জুহা বা ঈদ-ই-কুর্বান। হজরৎ অব্রাহম কর্ত্তৃক পুত্র বলির স্মারক জিল্‌হিজ্জা মাসের ১০ম দিনে পালনীয় উৎসব।

বঁকলম [আ° বকলম্] বি, যে ব্যক্তি লিখিতে পারে না তার নাম অন্য কেহ স্বাক্ষর করিলে উহাকে বকলম বলে (ক্ষে° "বঃ")।

বঁকলস [গ্রা° বঁগলস। ইং buckles] বি, ধাতুনির্ম্মিত বেষ্টনীবিঃ ; বন্ধনাঙ্গুরী ; কোমরবন্ধ।

বঁকশী, বঁকসী [বক্সী দ্রঃ] বি, নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ। ২ বখশী দ্রঃ।

বঁকশীশ, বঁকসীস-বখশীশ দ্রঃ।

বঁকা[1] [সং-বুক্ (কথনে)। হিং বক্‌না। প্রাকৃ° বুক্কই (গজ্‌গজ্ করা, বড় বড় করা)। বকি, বক (বকেন, বকিস), বকে (বকেন) ; বকিতে (ক্ষে° ব'কতে) ; বকিয়া (ক্ষে° ব'কে)। ণিজন্ত-বকান] ক্রি, বকবক করা ; বৃথা বাক্য ব্যয় করা। "রাঁধুনীকে ব'কে এবং গিন্নীর উপর রেগে ; দিলেম পাড়ি শয়নের শ্রীবৈকুণ্ঠেতে বেগে।"-দ্বি° রায়। "ব'কো না

চুপ কর।"-পিতাপুত্র। ২ ভৎর্সনা করা; তর্জ্জন করা; তিরস্কার করা। ৩ [প্রাদে°] গালাগালি করা। ৪ বিতর্ক করা; বৃথা আলোচনা বা বিতণ্ডায় বিরক্ত করা।

বকা২ [বকুয়া (যে বকে) >। বধা ও°] বিণ, বাচাল। ২ অকালপক; ডেঁপো। ৩ বওয়া; ভ্রষ্টচরিত্র।

বকা৩ [বক (দ্রঃ) + আ (অবজ্ঞার্থে)] বি, বক পক্ষী। ২ বিণ, বক সম্বন্ধীয়; বকের স্থায়। ৩ [লক্ষ°] কপট। প্র-বকা ধার্ম্মিক।

বকাট, বকাটে-বখাট দ্রঃ।

বকাণ্ড প্রত্যাশা স্থায় [বকের বৃষাণ্ড প্রত্যাশা (রূপ) স্থায়] বি, বৃথা আশা।

বকানি [বকা ধাতুর ণিজন্তরূপ। বকাই, বকাও (বকান, বকাস), বকায় (বকান); বকাইতে (কে° বকাতে); বকাইয়া (কে° বকিয়ে)] ক্রি, কথা কহান বা কহিতে বাধ্য করিয়া বিরক্ত করা। ২ প্রতিবাদ দ্বারা বিরক্তিজনক তর্ক বৃদ্ধি করা। প্র-থাম, আর মিছে বকিও না। "যে বস্তু নিয়ে আর পাঁচজন বকে ও মাথা বকায়"-আত্মশক্তি, ১২।১৯।২৮।

বকারি [বক + অরি] বি, বক-শত্রু। ২ শ্রীকৃষ্ণ। ৩ ভীম।

বকাবকি [বকা (এক পক্ষে) + বকি (অন্য পক্ষে বকা)] বি, বাদ প্রতিবাদ; বিতণ্ডা; বাক্ কলহ। ২ গালাগালি। "বকাবকি সুরু হয়েছে।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

বকাল-বি, বক্কাল দ্রঃ। ২ বল্কল। ৩ [তা হতে] ওষধিমূল লতাদি। ৪ বেণে মসলা। "কেহ লুণ বেচে কেহ বেচয়ে বকাল।" -কবিক°।

বকালী [হি°] বি, আত্তার; ওষধি গাছগাছড়া বিক্রেতা a druggist.

বকী-বি, বকস্ত্রী।

বকুনি, বকুনী [প্রাকৃ° বুক্কই (গজ-গজানি-হে°)। কুকুরের ডাক ডাকা, বুক্ বুক্ করা] বি, ভৎর্সনা; তর্জ্জন; তাড়না; তিরস্কার। "মেদিনী কাটিয়া যায় বকুনির চোটে।"-ঈ° গুপ্ত। ২ [বাক্ কথন > বকন। হি°বক্‌বক্ >] অনর্থক বাক্যব্যয় বা কথন; ক্রমাগত বকবক করণ। প্র-এত বেলা হইল তথাপি তাহার ব° থামিল না।

বকুল [সং] বি, চিরশ্যামল (evergreen) বৃক্ষ সমূহের অন্যতম স্বনামপ্রসিদ্ধ ঘনপত্র পুষ্পবৃক্ষ। পুষ্প ক্ষুদ্র, শ্বেতবর্ণ ও তীব্রগন্ধ।

বকে [বকা১ > বকিয়া >] ক্রি-বিণ, তিরস্কার করিয়া। ~**ধমকে** [প্রায় একার্থক সহ° দ্বয়] ক্রি-বিণ, ধমক ধামক দিয়া; ভৎর্সনা ও তাড়না করিয়া। "মন্দাকে বকে ধমকে গায়ের ঝাল মিটইয়েছিলেম।"

বকেয়া [আ° বকীয়া > হি°বকায়া >] বি, অবশিষ্ট; বাকী; বক্রী। "বকেয়া বিস্তর বাকী বেবাক না পাই। চাহিতে উচিত কর উঠে দিল থাই॥"-ঘ°। ~**খাজনা**-গত বা পূর্ব্ব পূর্ব্ব বৎসরের যে সকল খাজনা বাকী পড়িয়া আসিয়াছে। ~-**বাকী**-গত বা অতীত বৎসরের বাকী।

বক্কাল [আ° বক্‌কাল (মুদি, বেণে grocer) > হি°, বাং-বক্কাল। বেণে-বক্কাল [হি°বনিয়াবক্কাল। অনাদরে] বেণে-বান্‌তি; বণিক্‌শ্রেণী। তুল-মুদি-মাল্লা] বি, বেনিয়া; বেণে। ২ বণিকদ্রব্যবি:; বেণে মসলা। "সখাল বক্কাল কত মিছরী মিশাইয়া"-ঘ°।

বক্ত [আ° বক্‌ৎ] বি, সময়। ২ সুযোগ। ৩ অদৃষ্ট; সৌভাগ্য। "মারা গেল কত শত আমীর উমরা। কেবল তক্তের বক্তে বাঁচিলা তোমরা॥"-অ° ম°। **কমবক্ত, কমবক্তা** -অল্পভাগ্য; মন্দভাগ্য। "কমবক্ত ওক্ত গেল তক্ত যাবে কাঁক"-হেম°। > স্ত্রীং **কমবক্তী**।

বক্তব্য [বচ্ (বলা) + তব্য (র্ম্ম)] বিণ, বাচ্য; কথ্য; কথনীয়; বলিবার যোগ্য। ২ আলোচ্য; উল্লেখনীয়; যার প্রস্তাব করিতে হইবে। ৩ [+তব্য (ভা°)] বি, কথা; প্রস্তাব।

বক্তা [বচ্ (বলা) তৃ (র্তৃ)] বিণ, বাক্‌পটু। ২ বক্তৃতাকারী; যিনি বলেন; উক্তিকারী।

বক্তৃতা [বক্তৃ + তা (ভা°)] বি, বাক্‌পটুতা। ২ কথকতা; উপদেশ। ৩ পাঠ

বক্ত্র [বচ্ + ত্রন্ (পে), যদ্দ্বারা কথা বলা যায়] বি, মুখ। ~**জ** [বক্ত্র (মুখ-ব্রহ্মার মুখ হ'তে) + জ (জাত), ৬তৎ] বিণ, মুখজাত; মুখ হতে উৎপন্ন। ২ বি, ব্রাহ্মণ। ~**পট্ট** [বক্ত্র (মুখ) পট্ট (বস্ত্র)] বি, অশ্বাদির মুখবদ্ধ তৃণাদিপূর্ণ থলিয়া; তোবড়া। ~**শোধী**-বিণ, মুখশুদ্ধিকারক। ২ বি, তাম্বূল; হরিতকী ই°।

বক্ত্রাসব [বক্ত্র + আসব] বি, থুথু।

বক্র [বন্‌ক্ (কুটিল হওয়া) + রক্ (র্তৃ)] বিণ, অনৃজু; বাঁকা। ২ কুটিল; কুচক্রী; শঠ। ৩ বি, বাঁক; মোড়। ৪ [জ্যা° (ক° বিশ্ব° পরি:)] ইং curved এর বৈজ্ঞা° পরি:। ~**কীট**-বি, পাকস্থলীতে বাসকারী সূত্রবৎ ও মস্তকে হুকের স্থায় বক্র দুই পাটি দন্তবিশিষ্ট ক্ষুদ্র কীটবি:। এই কীট দন্তদ্বারা পাকস্থলী কামড়াইয়া শোণিত শোষণ করিয়া বর্দ্ধিত হয় hookworm, ~**গ্রীব** [বক্র (বাঁকা) গ্রীবা যার, বহু°] বিণ, যার গলা বাঁকা। ২ বি, উষ্ট্র। ~**চঞ্চু** [বক্র (বাঁকা) চঞ্চু (ঠোঁট) যার, বহু°] বি, শুকপক্ষী। ২ বিণ, বাঁকা ঠোঁটযুক্ত। ~**ণ** [বন্‌ক্ (কুটিল হওয়া) + অন (ভা°)] বি, বক্রীকরণ; মোড়ন। ~**তুণ্ড** [বক্র (বাঁকা) তুণ্ড (মুখ) যার, বহু°] বি, শুকপক্ষী। ২ বাঁকামুখো। ~**দংষ্ট্র** [বক্র (বাঁকা) দংষ্ট্রা (দাঁত) যার, বহু°] বি, শূকর। ২ বিণ, বাঁকা দাঁতযুক্ত। ~**নাসিক** [বক্র (বাঁকা) নাসিকা যার, বহু°] বি, পেচক। ২ বিণ, বাঁকা নাকযুক্ত। ~**পুচ্ছ** [লেজ স্বভাবতঃ বক্র বলিয়া] বি, কুকুর। ~**পুষ্প** [বক্র-পুষ্প যাতে, বহু°] বি, বক বৃক্ষ; পলাশ বৃক্ষ। ২ [বক্র যে পুষ্প, ধা] বি, বকফুল। ~**বক্ত্র**-বিণ, বাঁকা মুখ। ২ বি, শূকর। ~**সংঘাত** [বলবিদ্যা° (ক° বিশ্ব° পরি:)] বি, তির্য্যক্ সংঘাত; ইং oblique impact এর বৈজ্ঞা° পরি:।

বক্রা-বকনা দ্রঃ।

বক্রাঙ্গ [বক্র + অঙ্গ (শরীর) যার, বহু°] বিণ, বক্র দেহবিশিষ্ট। ২ বি, হংস।

বক্রিম,-মা [বক্র + ইমন্ (ভা°)] বি, বক্রতা; কুটিলতা। ২ বক্রভাব; শঠতা। ৩ বিণ, কুটিল; বঙ্কিম। ৪ শঠ। স্ত্রীং ~া।

বক্রী১ [বক্র + ইন্ (ত্যা°)] বিণ, বক্রতাযুক্ত;

বাঁকা। ২ বাম ; প্রতিকূল। "বিধি মোরে বক্রী হইল করিবেক অন্ত।"-মহা০(শ্রীকরণ০)।

বক্রী$_2$ [উচ্চারণ সাদৃশ্যে সংস্কৃত শব্দবৎ। আদালত ও বাং গ্রন্থের ভাষায় প্রচলিত। মূল শব্দ আ০ "বাকী" >] বিণ, অবশিষ্ট ; বাকী ; হিসাবের শেষ ; বিয়োগ-ফল।

বক্রোক্তি [বক্র+উক্তি, ধা] বি, দ্ব্যর্থ উক্তি ; শ্লেষবাক্য ; ব্যঙ্গোক্তি। ২ কাব্যের শব্দালঙ্কারবিঃ equivoque. বক্তা যে অর্থ উদ্দেশ করিয়া যে শব্দ প্রয়োগ করে, শ্রোতা সে অর্থ গ্রহণ না করিয়া অন্যার্থ করিলে ব০ হয়। ইহা শ্লেষ ও কাকুভেদে দ্বিবিধ। (১) শ্লেষ বক্রোক্তি যথা-"দ্বিজরাজ হয়ে কেন বারুণী সেবন। রবির ভয়েতে শশী করে পলায়ন॥ বলি এত সুরাসক্ত কেন মহাশয়। সুর না সেবিলে তার কিসে মুক্তি হয়।"-কাব্যনির্ণয়। এখানে দ্বিজরাজ=চন্দ্র ও ব্রাহ্মণ, বারুণী=মদ্য ও পশ্চিমদিক্, বলি=বলিরাজা ও কহি, সুরাসক্ত=মদ্যে আসক্ত (সুরা+আসক্ত) ও দেবতানুরক্ত (সুর+আসক্ত)। (২) কাকু বা স্বরভঙ্গী (Tone of voice) দ্বারা বক্রোক্তি যথা-"অহে দূতি এ বসন্তে আসিবে না কান্ত? অয়ে অবোধ মেয়ে ক্ষণেক হয়ো শান্ত॥ তুয়া বিনা যার একদিন যায় না। সে এ সুখের বসন্তে আসিবেক না?" দ্রঃ-"এখানে দূতীর কাকুদ্বারা কান্ত আসিবে এইরূপ অন্যার্থ বুঝাইতেছে"-কাব্যনির্ণয়। "ভবাদৃশ বুদ্ধিমান ব্যক্তিরাই উপদেশের যথার্থ পাত্র। মূর্খকে উপদেশ দিলে কোন ফল দর্শে না। দিবাকরের কিরণ স্ফটিকমণির ন্যায় মৃৎপিণ্ডে প্রতিফলিত হইতে পারে?"-কাদম্বরী। দ্রঃ-এখানে 'পারে না' ইহাই লক্ষ্য।

বক্রোষ্ঠিকা [বক্র+ওষ্ঠ+ইক+আ (স্ত্রী০)] বি, অধরপ্রান্তের হাসি ; ঈষৎ হাস্য ; স্মিত smile.

বক্ষঃ [বক্ষ্ (সংহত হওয়া)+অস্ (র্তৃ)] বি, দুই কক্ষ ও উদরের মধ্যস্থল ; বুক ; হৃদয়। ~পীড়া-নিদানোক্ত যক্ষ্মারোগ। ~স্থল-বক্ষপট্ট ; বুকের পাটা ; দেহের যে অংশ বক্ষ ; বুক। ~স্পন্দন-বুকের কম্পন ; বুক দুরু দুরু, বুক ধক্ ধক্, ধুক ধুক, ধড় ধড় ই০ করা।

বক্ষপঞ্জর [বক্ষ (স্থ) পঞ্জর, ম০ প০ লো০] বি, বুকের হাড়। "রঘুবীরের দীর্ঘশ্বাস কি আমার বক্ষপঞ্জরে গিয়া আঘাত করিল?"-বা০ বসুমতী, ১৩৩৪।

বক্ষোজ [বক্ষস্-জন্+অ (র্তৃ), বক্ষঃ হতে যে জন্মে, ৫তৎ] বি, উরজ ; পয়োধর ; স্তন।

বক্ষোরুহ [বক্ষস্+রুহ্ (আরোহণ করা অথবা জন্মান), বক্ষে যে উৎপন্ন হয়, ৭তৎ] বি, স্তন ; পয়োধর।

বক্ষ্যমাণ [বচ্ (বলা)+আন (র্ম্ম-স্যমান)] বিণ, বক্তব্য ; বলা যাইতেছে এমন ; আলোচ্য।

বক্সী-বখশী দ্রঃ।

বখ্ৎ [আ০, ফা০-ব্‌খ্‌ৎ=ভাগ্য বাং-বক্ত। "কমবক্ত ওক্ত গেল"-হেম০] বি, ভাগ্য ; অদৃষ্ট। বিপরীত-বেবখৎ।

বখরা [ফা০বখ্‌রঃ (অংশ)। গ্রা০ বক্‌রা] বি, অংশ ; বিভাগ। ২ পৃথক পৃথক ভাগে বণ্টন। ~দার-অংশীদার। >~ী-বি, অংশীদারী ; অংশবিভাজন ; অংশে ভোগস্বত্ব ; সরিকানা। ~করা-বিভাগ করা ; অংশ অংশ করিয়া বণ্টন করা।

বখশী, বকসী [ফা০ বখ্‌শী (বেতনভোগী রাজকর্ম্মচারী)] বি, মুসলমান রাজসরকারের দপ্তরের প্রধান কর্ম্মচারী ; মুনসীর উপর ও নাজিরের নিম্নে তাঁর পদ। "বখশী জিজ্ঞাসে আমি বখ্‌শী রাজার-* *"-ভারত০। ২ সেনাধ্যক্ষ। ৩ বেতনবণ্টক pay master ৪ খাজনা টেক্স আদায়কারী কর্ম্মচারী collector of rents.

বখশীশ, বকশিশ, -শিস, বখ্‌শীষ, বকসিস [গ্রা০ বখ্‌কিশ্। ফা০ বখ্‌শীশ্ (দান)] বি, অনুগৃহীতকে দান ; পুরস্কার ; উপহার ; পারিতোষিক। "বকসিস করেন পুন চড়নের ঘোড়া"-ম০।

বখা [বকা ও বহা দ্রঃ] বিণ, যে অধঃপতনের মুখে ভাসিয়া গিয়াছে। ২ নষ্ট ; ভ্রষ্টচরিত্র ; নীতিহীন। ৩ প্রগল্‌ভ ; ধৃষ্ট। ৪ জ্যাঠা। ~টে [বখা-টে (দৃঢ়তা বা দক্ষতা-সূচক)] বিণ, বখামিতে যে দৃঢ় বা দক্ষ হইয়াছে ; নষ্টামিতে পাকা ; কুচরিত্র। ~টিয়া, ~টে [বখাট+ইয়া] বিণ, বখামিতে পূর্ণ। ~মি-বখার ভাব ; প্রগল্‌ভতা ; ধৃষ্টতা ; জেঠামি। ~নো [বখা (দ্রঃ)+আন (ক্রিয়ায়)। বখাই, বখাও, বখায় ; বখাইতে ; বখাইয়া (গ্রা০ ক্ষে০ বখিয়ে)] ক্রি, কুপরামর্শ কুদৃষ্টান্ত ও মন্দ বিষয়ে উৎসাহ দিয়া বখা করা বা বখাইয়া দেওয়া।

বখাইয়া দেওয়া-কাহার স্বভাব চরিত্র মন্দ করিয়া দেওয়া ; কুপথে লইয়া যাওয়া।

বখাড়-বখেড়া দ্রঃ।

বখিয়া-বখেয়া (দ্রঃ)।

বখিল, বখীল [আ০ বখীল্ (কৃপণ)] বিণ, কৃপণ ; ব্যয়কুণ্ঠ। "দাতার চেয়ে বখিল ভাল স্পষ্ট জবাব দেয়"-প্রবচন। "উহু মরি ছাড় ছাড় বুকে পিঠে লাগলো খিল। হয় ছাড়, নয় মার ওরে দাতার চেয়ে ভাল বখিল॥"-বাং-গান। ২ অভাবগ্রস্ত ; শূন্য ; রিক্ত। "বখিল না হয় তার, অখিল ভরিয়া যায়"-ঈ০ গুপ্ত। বি, বখিলি-কৃপণতা।

বখুনা-বি, বোগনো দ্রঃ।

বখেড়া, বখাড়া [হি০। সং-বিঘাত বা ব্যাঘাত >?] বি, প্রতিবন্ধক ; বিঘ্ন ; বাধা ; ঝাগড়া। ২ ঝঞ্ঝাট ; গোলযোগ। ৩ বিবাদ।

বখেয়া [ফা০ বখিয়া] বি, সেলাইবিঃ।

বগ [গ্রা০। বক দ্রঃ। ক=গ] বি, বক পক্ষী। বগ দেখান-হাত তুলিয়া করতল সর্পফণার মত করিয়া অর্থাৎ বকের গ্রীবার অনুকরণ করিয়া দেখান (ইহা ব্যঙ্গ বিদ্রূপের চিহ্ন) ; যাকে বগ দেখান হয় তাকে ফাঁকি দেওয়া বা তাহার চেষ্টা ব্যর্থ করিয়া জয় লাভের ইঙ্গিত।

বগচর [বর্গ > বগ্গ > বগ+চর। বকচর ও০] বি, পুকুরতলির জলসন্নিহিত বর্গাকার চারিদিকের পাড়।

বগচুল [ব০ সা০ পরিচয়ে ডা০ দী০ সেন মতে 'বুলবুল' পাখী] বি, পক্ষীবিঃ। "ব০ পাখী হইয়া থাক রাজ্যের ভিতর। * * ব০ রূপ হইয়ে স্বর্গত উড়ে গেল॥"-মাণিক০ গান।

বগল [ফা০বগল্ > হি০বগল] বি, বাহুমূল। ২ [গ্রা০ বাং] পার্শ্ব ; নিকট ; সমীপ। "খুঁটার বগলে বসাইয়া গেল ঘৃতের হাঁড়ী"-মাণিক০ গান। ~দাবা-বাহুমূলে চাপা ; কাঁখে

চাপিয়া ধরা। প্র-তাকে বগলদাবা করিয়া লইয়া গেল। ২ বগলের মধ্যে লুকাইয়া রাখা। ৺বঁ॰ বাজানি-পার্শ্বদেশে বাহুর আঘাত করিয়া আনন্দ প্রকাশ করা। ২ বগলে করতল রাখিয়া বাহুর আঘাত দ্বারা শব্দ করা। ৩ বগল বাজাইয়া জয়োল্লাস প্রকাশ করা।

বগলস-বকলস দ্রঃ।

বগলা [সং] বি, দশমহাবিদ্যান্তর্গত দেবীবিঃ। "জীব নিস্তারে সতী ঐ হের চিন্তাবতী দারিদ্র্যদলনী রূপ বগলার শরীরে।" -দশমহাবিদ্যা (হেম॰)।

বগলি [ফা॰ বগ্‌লী। তুল-ইং bag] বি, বটুয়া; থলী।

বগা [বগ+আ (বর্ণ বা আকার সাদৃশ্যে)] বিণ, শ্বেতবর্ণ। ২ বকাকৃতি; বকের মতন। প্র-বগা ঠোঁট। ৩ [বগ+আ (তুচ্ছার্থে)] বি, বকপক্ষী। ৪[বক > বগ+আ (বহুবচনার্থে)] বকসমূহ। "শুক্‌না বিলে বগা চরে"-ডাকের বচন। ~'থ' [প্রাদে॰ পূ॰ বঙ্গে] বকের গলার মত বক্র থ বর্ণ।

বগী১ [ইং buggy র লিপ্যন্তর] বি, ঘোড়ায় টানা চারি চাকার হাল্কা গাড়ী।"এরা আপন হাতে হাঁকিয়ে বগী গড়ের মাঠে হাওয়া খাবে।"-ঈ॰ গুপ্ত। ২ [ইং boggie র লিপ্যন্তর] বিবর্ত্তন-কীলকের (pivot) উপর স্থাপিত একাধিক বা একজোড়া চাকার রেলগাড়ীবিঃ।

বগী২ [বক্র > বগ্গ > বা, বগ > (বক-বৎ বক্র গ্রীবাযুক্তার্থে) বগী] বিণ, বকসদৃশ বক্রগ্রীবী। ২ বি, বকের গলার মত বাঁকা-ভাবে কাণা উঁচু কাঁসার থালা; বগীথালা।

বগুনা-বোগনো দ্রঃ।

বগ্গ [সং-বর্গ] বি, বর্গ; শ্রেণী। ২ বাগ; বল্গার শাসন; শাসন। বিণ, বগ্গা, বাং-র অন্য শব্দের যোগে ব্যবহৃত হয়, যথা-আড়-বগ্গা-বক্রমার্গী। ২ টেরচা; টেড়া। ৩ একগুঁয়ে; একরোকা; আড়বুঝা। এঁক-বগ্গা-একবর্গ বা মার্গাবলম্বী; একরোখা।

বঙ্ক [সং-বন্‌ক্ (গমন করা)+অ (র্ত্তৃ)] বিণ, বক্র; বাঁকা। ২ [প্রা॰ বাং পদ্যে] কুটিল; আড়। "দারুণ বঙ্ক বিলোকন থোর" -বি॰ প॰। "চঞ্চল লোচনে বঙ্ক নেহারনী, অঞ্জন শোভন তায়"-বৈ॰ পদাবলী। ৩ বি, বাঁকমল। "অঙ্গদ বলয় শঙ্খ ভুবন মোহন বঙ্ক মণিময় মুকুট মণ্ডন।"-কবিক॰। ৪ নদীর বাঁক; টেক। ~া১-বি, ঘোড়ার জিন; পালান।

বঙ্কা২ [সং। বঙ্কিম শব্দের অতি পরিচয়ার্থক বা তুচ্ছার্থক ক্ষে॰ (তুল-ওহে বঙ্কিম! আদরে, বঙ্কু, অনাদরে-ওরে বঙ্কা!)] মানুষের নাম। ২ বিণ, বাঁকা; বক্র। "চুম্বন ঘেরি ঘেরি করয়ে মুখ বঙ্কা"-বি॰ প॰।

বঙ্কিম [সং-বক্রিম > বা বঙ্ক হ'তে গঠিত বাং শব্দ] বিণ, বক্র; বাঁকা। ২ [ত্রিবক্রিম হতে] শ্রীকৃষ্ণের নামান্তর। ~বিহারী

বঙ্কু [সং-বন্‌ক্ >। বৈদিক সাহিত্যে বঙ্কু অর্থে, কুটিল] বিণ, বঙ্ক (দ্রঃ); বাঁকা। ২ বঙ্কিম এই নামের অতি পরিচয় বা আদরার্থক ক্ষে॰। অনাদরে বঙ্কা। বেঁটে বঙ্কু- [সহ॰ দ্বয়, ব্যঙ্গ্যার্থে] খর্ব্ব ও বক্র দেহ।

বঙ্ক্য [বন্‌ক্+য (র্ম্ম)] বিণ, বক্র।

বঙ্খুর, বাঙ্খুর [বঙ্কু >] বিণ, বক্রদেহ; বক্রাঙ্গ। "বামন বঙ্খুর পতি কৈতে লাজ পায়।"-ভারত॰।

বঙ্গ১ [সং] বি, সীসক। ২ রঙ্গ; রাং। ~ভস্ম-বঙ্গনামক ধাতুভস্ম। এই আয়ুর্ব্বেদীয় ঔষধ অনুপানভেদে বিবিধ রোগের শান্তি করে।

বঙ্গ২-বি, বাঙ্গলা দেশ the province of Bengal. এখন যাহা পূর্ব্ববঙ্গ বলিয়া উক্ত হয় পূর্ব্বে তাহাই বঙ্গ নামে অভিহিত ছিল। পশ্চিম বঙ্গকে তখন গৌড় ও রাঢ় বলিত। সং-তে পূর্ব্ব ও মধ্য বঙ্গই বঙ্গ নামে প্রখ্যাত ছিল। তাঞ্জোরে ১১শ শতাব্দীতে উৎকীর্ণ প্রশস্তিতে "বঙ্গলম্" শব্দ পাওয়া যায়। বঙ্গলম্ হতে অা॰ ও ফা॰-তে 'বাঙ্গালা' হইয়াছে। সংস্কৃত গ্রন্থে "বঙ্গ" শব্দ আছে। আবুল ফজ্‌ল্ লিখিয়া গিয়াছেন, "বঙ্গ পূর্ব্বে আল বা পাড় দিয়া ঘেরা ছিল বলিয়া বঙ্গাল এই নাম হইয়াছে"। মতান্তরে এই প্রদেশের আদিম নিবাসী কোল সাঁওতাল প্রভৃতির উপাস্য দেবতা 'বঙ্গা' ও দেবী 'বঙ্গী' হতে ইহার বঙ্গ নাম হইয়াছে। সমতট (পূর্ব্ববঙ্গ) এবং গৌড় (উত্তরবঙ্গ) এবং সাগরকূলবর্ত্তী স্থানসমূহ। ত্রিপুরা এবং গারো পর্ব্বতমালা ইহার অন্তর্গত। ২ বঙ্গদেশবাসী। ৩ বঙ্গীয় সৈন্য। "নবলক্ষ বঙ্গ তোর তেরশত হাতী"-গোবিন্দ॰ গীত। ~জ [বঙ্গ-জন্ (জন্মান)+অ (র্ত্তৃ), যে বঙ্গদেশে জন্মে, উপ॰] বিণ, বঙ্গদেশজাত; বঙ্গদেশোৎপন্ন। ২ কায়স্থ জাতির শ্রেণী বিভাগবিঃ। প্র-বঙ্গজ কায়স্থ।

বঙ্গন, বাঙ্গন, বাঙ্গ্যন (কবিক॰) [হি॰ বৈঁগন্; বন্‌গ্ +অন (ণে)] বি, বেগুন; বার্ত্তাকু।

বঙ্গারি-বি, হরিতাল।

বঙ্গাল [প্রা॰বৌ॰ বাং। বাঙ্গাল দ্রঃ] বি, বাঙ্গালা। বঙ্গালে=বাঙ্গালায়; বঙ্গে।

বঙ্গালী [বঙ্গ, বাঙ্গলা, বাঙ্গালি দ্রঃ] বি, সহস্র বর্ষের পুরাতন বাং গ্রন্থেও বঙ্গবাসীকে বঙ্গালী (সং-বঙ্গা) বলিত। "আজি ভুসু বঙ্গালী ভইলী"-বৌদ্ধগান ও দোহা। ভুসু= ভুসুক নামক প্রাচীন বাঙ্গালী বৌদ্ধাচার্য্য ও প্রসিদ্ধ বৌদ্ধগ্রন্থলেখক।

বচ [সং-বচা] বি, প্রসিদ্ধ কন্দবিঃ the sweet flag. বচাদি বর্গ-বচা, মুতা, দেবদারু, শুঁঠ ও আতইচ।

বচঃ [মু॰ বচস্ >] বি, বাক্য।

বচক্রু [সং] বিণ, বাচাল। ২ বহুভাষী।

বচন [বচ্ (বলা)+অন (ভা॰)] বি, কথন। ২ [+অন (র্ম্ম)] বাক্য। ৩ [+অন (ণে)] সংস্কৃত ব্যাকরণের একত্বাদি বিভক্তি number. ~গ্রাহী [বচন+গ্রাহী (গ্রহ্ + ইন্, র্ত্তৃ)] বি, যে কথায় বাধ্য। ~বদ্ধ [বচন দ্বারা বদ্ধ, ৩তৎ] বিণ, প্রতিশ্রুত। ২ প্রতিজ্ঞাবদ্ধ। ~বাগীশ-কাজে নয়, কথার ধোকড়; 'বাক্য-নবাব'।

বচনীয় [বচ্ (বলা)+অনীয় (র্ম্ম)] বিণ, বাচ্য। ২ নিন্দনীয়। ~তা [বচনীয়+তা (ভা॰)] বি, অপবাদ। ২ কথনীয়তা।

বচসা [সং-বচস্ ১মা, ১ব॰] বি, বিতণ্ডা; বাক্যব্যয়; বকাবকি; বাগ্‌যুদ্ধ; বাক্ কলহ; উত্তর প্রত্যুত্তর। "বীরেন্দ্রসিংহ পিতার আদেশ কদাচিৎ প্রতিপালন করিতেন,

এজন্য পিতা পুত্রে সর্বদা ব° হইত"-দুর্গেশনন্দিনী।

বচসাংপতি [সং-বচসাং=বাক্যসমূহের +পতি (বিভক্তি লোপ না হওয়ায় অলুক্ সমাস ও ৬তৎ)] বি, বৃহস্পতি।

বচা১ [সং] বি, ভেষজ মূলবিঃ; বচ; আকরকোরা acorus calamus.

বচা২ [বচ্ (বলা)+অ (র্ম্ম)+আ (স্ত্রীং)] বি, বাক্য। ~বচ-বি, বচসা; বাদানুবাদ; তর্কবিতর্ক। "শুনিয়া বলেন পার্থ বিনয় বচন। হীন সহ বচাবচ নাহি প্রয়োজন॥"-মহা° (কাশী°)।

বচুড়ি [শ্রীহট্ট° প্রাদে°] বি, "মাখন গলাইয়া ঘৃত প্রস্তুত করিলে পাত্রের নীচে কালো ছাইএর মত যে তলানী পড়ে।" -চ° কু° ভট্ট।

বচ্ছর-বছর দ্রঃ।

বচ্ছির [সং-বৎসর > প্রাকৃ° বচ্ছর, > বছর] বি, বৎসর। ~বচ্ছির-অ, প্রতিবৎসর।

বজনিশ, বজনিস [আ°, ফা° বজিন্স্] বিণ, যথাযথ; হুবহু; অবিকল। "সাচ্চা ঝুটা যায় না বোঝা হায়রে'কি বজ্ নিশ নকল।" -রজনী সেন।

বজবজ১ [বজরা দ্রঃ। প্রাদে°] বি, বোঝা বহিবার নৌকা; ভড়।

বজবজ২ [হিং বজবজা=পচনশীল। বীজ (বীজাণু) > ঘৃণা ও অনাদরার্থে-ব্যাজব্যাজ, অল্পার্থে বিজবিজ। অল্পতমার্থে-বুজবুজ] অ, পুঁযাদি পূর্ণ; পচিয়া বীজাণুসঙ্কুল। ২ [অনু°] পচনশীল স্থান বা বস্তুর দূষিত গ্যাসগর্ভ বিম্ব স্ফোটন শব্দ; ভটভট্। ক্রি, বজবজানি। বি, বজবজানি। বিণ, বজবিজিয়া, বজবজে-বজবজকারী।

বজর [সং-বজ্র > প্রাকৃ° বজ্জর, পদ্যে কোমলরূপ বজর (বৈ°পদ°)] বি, বজ্র; বাজ। "পিয়াস লাগিয়া জলদ সেবিনু বজর পড়িয়া গেল॥"-চণ্ডি°।

বজরা১ [ইং barge > Anglo Ind. 'budgerow' > বাজরা (দ্রঃ) >] বি, বৃহৎ ভারবাহী নৌকাবিঃ; ভড়; বঙ্গের নিজস্ব বাণিজ্যতরী। মাল বোঝাই করিয়া এই সকল নৌকা চলে এবং মাল উঠা নামা করিবার নিমিত্ত ব্যবহৃত হয়। "রাজা বাদশাহ ও জমিদার ওমরাহের ভ্রমণের নিমিত্ত ও ছোট বড় বজরা থাকিত।"

বজরা২-বাজরা২ দ্রঃ।

বজা১ [ফা° বজা] বিণ, ঠিক। ২ [ফা° বজা আনা] হাসিল করা। "দেখা কৈল হজরতে বজা আনে খেদমতে গোলামের এ বড় ইনাম।"-অ° ম°।

বজা২ [চট্টল° প্রাদে°] বি, ডিম্ব।

বজাজ [আ° বজ্জাজ্] বি, বস্ত্র ব্যবসায়ী; কাপুড়ে।

বজায় [ফা° বজায়ে (পরিবর্তে)] অ, পরিবর্তে; জায়গায় in place of. ২ [আ° জায়্জ্ > ফা° ব-জায়্জ্] অ, ঠিক; বলবৎ; কায়েম। প্র-তার কেবল নিজের কথা বজায় রাখাই লক্ষ্য।

বজেট [ইং budget, ফ্রে° bougettee, dim. of bouge (leather bag =থলি, যাতে ক'রে ফ্রান্সের রাজস্বসচিব হিসাব নিকাশের কাগজপত্র নিয়েএসে রাজ্যের আয় ব্যয় রাজ সভায় দাখিল করিতেন ও বুঝাতেন) > ইং budget এর লিপ্যন্তর] বি,বার্ষিক আয়ব্যয় বিবরণী; আগামী বর্ষের আনুমানিক আয়ব্যয়ের হিসাবের তালিকা।"কোথা থেকে টাকা এল কোথায় গেল এই সকল কথা থাকে বলে বজেট থেকে রাজ্যের অর্থনীতি, শাসন-নীতি, সমরনীতি, বাণিজ্যনীতি ই° সব নীতিই জানতে পারা যায়।"-বঙ্গবাণী, ১৩৩৩। ২ [লক্ষ°] হ্রাসবৃদ্ধি; ক্ষতিলাভ; শুভাশুভ; সুখ দুঃখের হিসাব। "বলহে ভবিষ্য ভাগ্যে বজেট আমার।"-কুসুম।

বজ্জর [বজ্র > প্রাকৃ° বজ্জর। মেয়েলি-বজ্জ। বজর দ্রঃ] বি, বজ্র; বাজ। "ব° পড় ক চতুর্মুখের মাথায়।"-ভারত°। "তা দেখি পাত্রের মুণ্ডে পড়িল ব°।"-ঐ°।

বজ্জা/ত [ফা° বদ্জাৎ] বি, নীচ-কুলোৎপন্ন। ২ দুষ্ট; দুর্বৃত্ত; নীচ। "যেমন বজ্জাত ঠ্যাটা তার কাছে জব্দ ব্যাটা"-ঈ° গুপ্ত। ~তি [ফা° বদ্জাতি] বি, অশিষ্টাচারণ; দুষ্টামি; দুর্বৃত্তপনা; পেজোমি। ২ নীচতা।

বজ্র [বজ্ (গমন করা)+র (র্ত্তৃ, জ্ঞা°)। পদ্যে, প্রাকৃ° বজ্জ। বৈ° পদ° সা° 'বজর'] বি, অশনি; বাজ thunder bolt. ২ [বৈদিক] খড়্গাকার অস্ত্র (সায়ণ)। উহার মুষ্টিদেশ সরু, পরে মোটা। ইন্দ্র বিবিধ বজ্রদ্বারা বৃত্রকে ও অসুরদিগকে হত্যা করিয়াছিলেন। বজ্র অষ্টকোণ, শত্রুর ও দেবকর্ত্তার বধের জন্য সেই বজ্র প্রহার করা হয়; ইন্দ্রের প্রধান অস্ত্র; বজ্রাস্ত্র [বজ্রের নাম-কুলিশ, ভিদুর, পবি, শতকোটি; স্বরু, হ্লাদিনী, শম্ব, দম্ভোলি, অশনি। -অমর°। যজুর্বেদে বজ্রের নাম,-"বজ্র, স্বধিতি, শতঘ্নী, কুলিশ, অশনি, পবি ও শর্য্য।" -কৃষ্ণযজুঃ। বেদে (ঋক্, ৩।৮৫, সূ° ৮) ইন্দ্রের বজ্র লৌহ-ময় বলিয়া উক্ত হইয়াছে। আধুনিক কামান বা তোপের অনুরূপ কার্য্যকারী বৈদিক যুগের মারণাস্ত্র। তুল-বেদের "কর্ণকাবতী" (কৃষ্ণ-যজুঃ)। বৈশম্পায়নোক্ত ধনুর্ব্বেদের "শতঘ্নী"; মনুর কর্ণী (মনু°৯০।৭অ); ল্যা° canna, ফ্রে° canon, ইং cannon. কর্ণী=নল্লি=gun, এবং সং-বৃহন্নালিক (শুক্রনীতি ৪অ)-এই সকল ইন্দ্রাস্ত্র বজ্রেরই নামান্তর (কর্ণী, শতঘ্নী, বৃহন্নালিক দ্রষ্টব্য-উপাসনা ৬ষ্ঠবর্ষ, উ° বিদ্যারত্ন)]। ৩ অষ্ট প্রকার অস্ত্র; অষ্টবজ্র (বিষ্ণুর চক্র, শিবের ত্রিশূল, বরুণের পাশ, ব্রহ্মার অক্ষ, যমের দণ্ড, ইন্দ্রের কুলিশ, কার্ত্তিকেয়ের শক্তি, কালীর খড়্গ)। ৪ দারুণ আঘাত; অবর্ণনীয় মর্ম্মপীড়া; হৃদয়ভেদী শোক। "তবু বৎস, যে হৃদয় মুগ্ধ মোহমদে, কোমল সে ফুল সম, এ বজ্র আঘাতে কত যে কাতর সে, তা জানেন সে জন, অন্তর্যামী যিনি: আমি কহিতে অক্ষম।"-মেঘ°। ৫ তীব্র তিরস্কার; মর্ম্মভেদী বাক্য বা কটূক্তি। ৬ হীরক। ৭ [সামুদ্রিকে] বজ্রাকৃতি চিহ্ন; ×এই চিহ্ন। ৮ শিশু। ৯ ছাত্র। ১০ অভ্র। ১১ অলাবু; লাউ [প্র° অ°]। ১২ [জ্যো°] বজ্রযোগ; বিষ্কুম্ভাদি ২৭ যোগের মধ্যে যোগ-বিশেষ। ১৩ কৃষ্ণের প্রপৌত্র, অনিরুদ্ধের পুত্র; যদুবংশ ধ্বংস হলে কৃষ্ণের আদেশে পাণ্ডবগণ ইঁহাকে যাদবদিগের রাজা করেন। ১৪ কুশ। ১৫ বিণ, অতি কঠিন।

১৬ বজ্রাকৃতি। ১৭ হৃদয়ভেদী ; হৃদয়-বিদারক। ১৮ অসহ্য। প্রাং বাং-বঁজ্জ। "করিয়া কৌতুকে কুড়ে বজ্জ নখে"-শূং পুং। স্ত্রীং বজ্রা। [দ্রঃ-"আলেকজাণ্ডারের সমসাময়িক থেমিষ্টিয়াস্ লিখিয়াছেন- 'বজ্র ও বিদ্যুতের সাহায্যে ব্রাহ্মণগণ দূর হইতে যুদ্ধ করিতেন। আলেকজান্দারের যুদ্ধবর্ণন প্রসঙ্গে ফিলাষ্ট্রেটস্ বলিয়া গিয়াছেন, বৈদেশিকগণ ভারতীয় সৈন্যগণকে আক্রমণ করিতে অগ্রসর হইলে তাঁহারা বজ্র ও অগ্নিময় ঘূর্ণিবায়ুর সাহায্যে আক্রমণকারীকে বিধ্বস্ত করিয়াছিলেন।'"-গৃহস্থ ১৩২০, আশ্বিন]। ~ক-বি, বজ্রক্ষার। ~কণ্টক [বজ্রবৎ কঠিন কণ্টক যার, বহুং] বি, কোকিলাক্ষবৃক্ষ ; কুলেখাড়া। ~কেতু [বজ্র কেতু (ধ্বজা) যার, বহুং] বি, নরকরাজ। ~গম্ভীর [বজ্র (বৎ) গম্ভীর, মং পং লোং] বি, বজ্রের মত গম্ভীর। ~গুণন [বীজ গং (কং বিশ্বং পরিঃ)] বি, ইং crossmultiplication এর বৈজ্ঞাং পরিঃ। ~চর্ম্মা [বজ্র (সদৃশ কঠিন) চর্ম্মন্ (চামড়া) যার, বহুং] বি, গণ্ডার। ~চিহ্ন-×এইরূপ চিহ্ন। ~জিৎ [যে বজ্রকে জয় করিয়াছে, উপং] বিণ, বজ্রজয়ী। ২ বি, গরুড়। ~জ্বালা [বজ্রের (জ্বালার ন্যায়) জ্বালা (শিখা) যার, বহুং] বি, বজ্রাগ্নি। ~দন্ত [বজ্রের ন্যায় দন্ত যার, বহুং] বিণ, বজ্রের ন্যায় কঠিন দন্তবিশিষ্ট। ২ বি, শূকর। ৩ হস্তী। ৪ মূষিক। ৫ নিম্নপৃষ্ঠ শ্বেতবর্ণ লোমশপত্র পার্ব্বত্য শাকবিঃ। ইহার পাতায় সহজে দন্তস্ফুট হয় না বলিয়া এই নাম। ~ধর [যে বজ্র ধারণ করে, উপং। প্রাং বৌং বাং-য় এই অর্থে 'বাজির', 'বাজিল'] বিণ, বজ্রধারী। ২ বি, বজ্রী ; ইন্দ্র। ~ধ্বনি, ~নাদ-বি, বাজ পড়ার শব্দ। ২ বিণ, গুরুগম্ভীর শব্দ। ~নখ [বজ্র (তুল্য) নখ, মং পং লোং] বি, তীক্ষ্ণনখ। "বজ্রনখ দিয়া শিব জোনি ছেদ কৈল।"-শূং পুং। ২ [প্রাকৃং বজ্জ] বিণ, বজ্রতুল্য নখবিশিষ্ট। "করিআ কৌতুকে কুড়ে বজ্জ নখে"-শূং পুং। ~নির্ঘোষ [৬তৎ] বি, বজ্রধ্বনি। ~নিষ্পেষ [৬তৎ] বি, বজ্রধ্বনি ; অশনিশব্দ। ~পাণি [যার পাণিতে (হস্তে) বজ্র আছে, বহুং] বিণ, বজ্রধারণকারী। ২ বি, ইন্দ্র। ~পাত-বি, বজ্রের পতন ; বাজপড়া। ~বারক [৬তৎ] বি, বজ্রপাত প্রতিষেধক ; যাঁরা বজ্রপাত নিবারণ করেন। ২ বি, জৈমিনি, সুমন্ত্র, বৈশম্পায়ন, পুলস্ত্য, পুলহ এবং জিষ্ণু এই ৬ জন মহাতপার নাম স্মরণে বজ্রাঘাত নিবারণ হয়। ~বারাহী-বি, মায়াদেবী। ২ বৌদ্ধদিগের উপাস্য দেবতাবিঃ। ~লেপ [আয়ুং। বজ্র (সদৃশ দৃঢ়) লেপ, মং পং লোং] বি, পায়দারি জ্বাল দিবার সময় ব্যবহৃত আধার পরিবেষ্টক দুর্ভেদ্য প্রলেপবিঃ। ~শলাকা [বজ্র (নিবারক) শলাকা, মং পং লোং] বি, বজ্রপতন নিবারণ জন্য প্রোথিত গৃহপার্শ্বস্থ লৌহশলাকা বা শিক। ~সার [৬তৎ] বি, বজ্রের সার ভাগ ; অতি কঠিন বস্তু।

বজ্রা [বজ্র দ্রঃ] বি, দুর্গা। ২ মনসাগাছ। ৩ গুড়ূচী ; গুলঞ্চলতা।

বজ্রাগ্নি [বজ্র+অগ্নি] বি, বিদ্যুৎ।

বজ্রাঘাত [বজ্র+আঘাত, ৬তৎ] বি, অশনিসম্পাত ; বজ্রপতন ; বাজ পড়া ; ঠাটা পড়া। "আরেরে মলয়বাত তোরে হোক বজ্রাঘাত মরে যারে ভ্রমরা কোকিলা।" -অং মং।

বজ্রাঙ্গ [বজ্র+অঙ্গ (শরীর) যার, বহুং] বিণ, অতিশয় দৃঢ় দেহবিশিষ্ট ; কঠিনাঙ্গ। ২ [শব্দকল্পং] বি, সর্প।

বজ্রাভ [বজ্র (বৎ)+আভা (জ্যোতিঃ) যাদের, বহুং] বি, দুগ্ধপ্রস্তর। ২ বিণ, হীরকের মত আভাবিশিষ্ট। ৩ বিদ্যুৎপ্রভ।

বজ্রাসন [বজ্র (নামক)+আসন, মং পং লোং] বি, যোগের আসনবিঃ।

বজ্রাস্ত্র [বজ্র (নামক)+অস্ত্র, মং পং লোং] বি, তাড়িতাস্ত্র ; বৈদ্যুতিক অস্ত্র ; কামান বন্দুকাদি আগ্নেয়াস্ত্র [বজ্র দ্রঃ]। "জিষ্ণু এইরূপে পিতার ভবনে পুজিত হইয়া মহাস্ত্র সকল উপসংহারের সহিত শিক্ষা করত বাস করিতে লাগিলেন। তিনি ইন্দ্রপ্রিয় দুঃসহ বজ্রাস্ত্র এবং মেঘ ও ময়ূর লক্ষণাক্রান্ত মহাশব্দোৎপাদক অশনি সকল ইন্দ্রের হস্ত হইতে প্রাপ্ত হইলেন।"-মহাং (বর্দ্ধং)।

বজ্রাহত [বজ্র (দ্বারা) আহত, ৩তৎ] বিণ, বাজের আঘাতপ্রাপ্ত ; বাজ পড়ায় মৃত।

বজ্রী [বজ্র+ইন্ (ষ্যং)=বজ্রিন্ ১মা, ১বং। এই অর্থে প্রাং বৌং বাং-য় -বাজির (দোং ১৩২ পৃং), বাজিল। "নাচন্তি বাজিল গান্তি দেবী।"-চং পদং ১৭।৫] বি, ইন্দ্র। ২ যার বজ্র আছে ; বজ্রবিশিষ্ট।

বঞ্চি [বইৰ দ্রঃ] অ, অতীত হইলে ; কালবিলম্বে ; বাদে। "কাল বঞ্চি পরশু হইব অধিবাসে।"-ভাগবত (নরহরিং), বং সাং পং।

বঞ্চক [বন্চ্+ণিচ্=বঞ্চি (বঞ্চন করা)+অক (র্তৃ)] বি, শৃগাল। ২ বিণ, যে বঞ্চনা করে ; প্রতারক।

বঞ্চন [বঞ্চি (প্রতারণা)+অন (ভাং)] বি, প্রবঞ্চনা ; প্রতারণা। ২ [বন্চ্ (গমনে)] যাপন ; অতিবাহন ; ক্ষেপণ। "তান সঙ্গে বহুদিন করিল বং।"-মহাং (শ্রীকরং)।

বঞ্চনা [বঞ্চি (প্রতারণা করা)+অন (ভাং)+আ (স্ত্রীং)] বি, প্রতারণা ; শঠতা।

বঞ্চহ [বঞ্চা দ্রঃ] ক্রি, মং পুং, বঞ্চনা কর ; ব্যর্থ কর। "কিসেরে বঞ্চহ রাধা প্রথম যৌবনে" -শ্রীং কীং। ২ ভোগ কর। "বং দিবানিশি"।

বঞ্চা [বন্চ্ (গমন করা) ধাতু >। বঞ্চি, বঞ্চ, প্রাং বাং-বঞ্চহ (বঞ্চেস, বঞ্চিস), বঞ্চে (বঞ্চেন) ; বঞ্চিতে ; বঞ্চিয়া (ক্ষেং পদ্যে-বঞ্চি, গ্রাং বঞ্চে)] ক্রি, বঞ্চনা করা। ২ অতিবাহন করা ; ক্ষেপণ করা ; কাটান ; যাপন করা। "সখে বঞ্চিল না জানি কোথা কারো সহিতে।"-বাং-গান। "কালি বঞ্চি পরশু হইব অধিবাসি।"-ভাগবতং (নরহরিং)। ৩ ভোগ করা। ৪ বাস করা। "রাধা সঙ্গে বাস, আমারে নৈরাশ, আমি বঞ্চি একাকিনী।"-চণ্ডীং। [ব্রজং] বঞ্চল-বঞ্চিল ; যাপন করিল। "সো নিশি বঞ্চল"-বিং পং। বঞ্চব-বঞ্চিব ; কাটাইব। "কৈছনে বঞ্চব ইহ দিন রজনী"-বিং পং। বঞ্চলি [প্রাং বাং] বঞ্চিলে ; কাটাইলে। "যামিনী বঞ্চলি আনহি সাথ"-বিং পং। বঞ্চিলোঁ-যাপন বা বঞ্চনা করিলাম। বঞ্চিমো-যাপন বা বঞ্চনা করিব ; বঞ্চিব। বঞ্চে-বঞ্চনা করে ; কালাতিপাত করে (শ্রীং কীং)।

বঞ্চিত [বঞ্চা দ্রঃ। বন্চ্+ত (র্ম্ম)] বিণ, যাকে বঞ্চনা করা যায় ; যে প্রতারিত

হইয়াছে। ২ [বন্চ্ (বিসর্জ্জনে, ত্যাগে)] বিহীন ; বিরহিত। "ব৹ বিহগকুল মধুর কূজনে। অথবা লাগেনা ভাল আমার শ্রবণে।" -যদুগোপাল৹। স্ত্রীং ~া।

বঞ্চুক [বন্চ্ + উক (র্ত্তৃ), যে বঞ্চনা করে] বিণ, প্রতারক ; বঞ্চনাকারী।

বঞ্চ্য [বন্চ্ (গমন করা-বঞ্চনা করা) + য (র্ম্ম)] বিণ, যাকে বঞ্চনা করা যায়। ২ বঞ্চনার যোগ্য।

বঞ্চ্যা [প্রাদে৹] বি, যেথোপাক।

বঁঞ্জারা [সং-বণিজ্ (বাণিজ্য ব্যবসায়ী) >। হিং বঞ্জারা (বেণেমসলা শস্য প্রভৃতির ব্যাপারী)। হিং-ভে, স্ত্রীং বঁঞ্জারী] বি, বাণিজ্যদ্রব্যভারবাহী পশু ও স্ত্রীপুত্র পরিবার সহ যে বণিক্‌দল নানাস্থানে তাঁবু ফেলিয়া ভ্রমণ করিয়া বেড়ায় ; বেপারীর দল ; সার্থবাহ। "বিদেশী ব৹ বলদ ভরিয়া"-কাশী-খণ্ড (রাজা জয়নারায়ণ ঘোষাল)।

বঞ্জুল [বন্চ্ + উল (খি, জ্ঞা৹), চ=জ] বি, অশোক বৃক্ষ। "চাহিয়া বঞ্জুলবনে কি জানি পড়িবে মনে, বসি কুঞ্জতৃণাসনে শ্যামল কূলে।" -রবী৹। ২ বেত। ৩ পক্ষিবিঃ। স্ত্রীং ~া-বি, দুগ্ধবতী গাভী। ২ বিণ, কুটিলা।

বট$_{১}$ [বট্ (বেষ্টন করা) + অ (র্ত্তৃ), যে অধিক ভূভাগ আচ্ছাদন করে। হিং বর, বর্‌গদ্] বি, বটগাছ the banyan tree. ২ কপর্দ্দক ; কড়ি। "সঙ্গে এক বট নাহি যাটী দান দিতে"-চৈ৹ চ৹। "বটের ভিখারী হও, বহুমূল্য নিতে চাও।" -চণ্ডি৹। "বেণে বলে দর নাহি বাড়ে এক বট।"-কবিক৹। ৩ মূল্য ; দাম। "ঔষধ খেয়ে, ভাল যে হয়ে বট দিও তবে পাছে।"-চণ্ডি৹। ৪ বড়া ; পিষ্টকবিঃ [বটক দ্রঃ]। ৫ বর্ত্তুলাকার বস্তু ; বড় বড় গুটিকা ; বটী বা বড়ী অপেক্ষা বড় pillules.

বট$_{২}$ [সং-বৃৎ (বর্ত্তনে, বিদ্যমানতায়) > বর্ত্ততে > (হিং বাটে > আটে) > বটে। বটি, বট, বটে] ক্রি, হও ; আছ। "কে বট কামিনী মোরে দেহ পরিচয়।"-দুর্গা পঞ্চরাত্র। বঁটে-হয়। বঁটিস-হইস। "এক নাগরী বলে হেইগো শোন গো মরম সই, মরম জানিস্ রসিক বটিস্ তেঁই না তোরে কই।"-চৈ৹ পদাবলী (লোচন৹)। "অনুমানে বুঝলাম রসের রসিক বটিস তোরা।"-ঐ।

বট$_{৩}$ [সং-বাটঃ, বটু। প্রা৹ বৌ৹ বাং প্রাকৃ৹ বটি (দো৹ ১২৫)] বি, মূর্খ ; মূঢ় (চ৹ পদ৹ ২৯।২)।

বটক [সং] বি, পিষ্টকবিঃ ; বড়া। ২ মাষকলাই ই৹-র ডাউল পিষিয়া তৎসহ মসলা-যোগে প্রস্তুত ব্যঞ্জনের বড়ী। ৩ ১ তোলা ; ৮ মাষা পরিমাণ।

বটকিরি, বঁঠখিরি [বৈঠক + ই, ঈ, প্রা৹ ভেদে আরি, ইরি] বিণ, বৈঠকী (দ্রঃ)। ২ [এই অর্থে-বটকেরা, -খেরা। যা বৈঠক-খানায়, ইয়ার বখশির মজলিসে হইয়া থাকে] ঠাট্টা তামাসা ; বিদ্রূপ ; রসপ্রসঙ্গ। প্র-ব৹ আলাপ।

বটকেরা, বঁটখেরা [বটকিরি দ্রঃ] বি, বৈঠকী রঙ্গতামাসা। ঠাট্টা-বঁটখেরা [সহ৹ দ্বয়] বি, ঠাট্টা-তামাসা ; ফষ্টিনষ্টি।

বটপত্রী-বি, বড় পাথরকুচির গাছ।

বটপ্রয়াগ [প্রয়াগস্থ বট] বি, গঙ্গা-যমুনার সঙ্গমস্থলে যে দুর্গ আছে তন্মধ্যে প্রসিদ্ধ অক্ষয়বট।

বটবাসী [মু৹ বটবাসিন] বিণ, বটবৃক্ষবাসকারী। ২ বি, যক্ষবিঃ। স্ত্রীং ~বাসিনী।

বটব্যাল [বড়াল দ্রঃ] বি, ব্রাহ্মণের জাতীয় পদবীবিঃ।

বটি [সং] বি, আলজিভ।

বটিকা [সং] বি, গুটিকা ; গুলি ; বড়ী।

বটিস-বট$_{২}$ দ্রঃ।

বটী [সং] বি, বড়ী ; গুটিকা।

বঁ-টীপ [প্রাদে৹] বি, বখেয়া সেলাই।

বটু [বট্ (উক্তি করা) + উ (র্ত্তৃ) জ্ঞা৹ বাক্‌পটু] বি, ব্রাহ্মণকুমার। "বিষ্ণু হয়ে বটু বাক্‌পটু বিলক্ষণ। সম্বোধিয়া হাস্যভাসে কৈল সম্ভাষণ।"-শি৹। ২ বালক ; ব্রহ্মচারী। "হইয়া বামন বটু ছয় অংশে বেদপটু ধরি দণ্ড মেখলা অজিনে।"-কবিক৹। ৩ "চন্দ্রনাথ তীর্থক্ষেত্রে ব্যাসকুণ্ডের উত্তর পশ্চিম কোণে অবস্থিত বিরাট বটবৃক্ষ ; ইহা একপ্রকার আরণ্য বট। কেহ কেহ ইহাকে অক্ষয়বট বা ব্যাসবট বলেন। ইহার বেড় ২০ হাত।" -বিষ্ণুপ্রিয়া ও আনন্দ বাজার পত্রিকা, ১৩১৮। ~ক [জ্ঞা৹] বি, ব্রাহ্মণকুমার ; বটুর সকল অর্থে।

বটুয়া [হিং, ওড়িং বটুয়া, বাটা সূতা নির্ম্মিত বলিয়া। সং-বট=শণসূত্র] বি, কাপড়ের ছোট বগলী বা থলী (ওড়িয়ারা বটুয়াতে পান ও পানের মসলা রাখে)।

বটূকরণ [বটু (ব্রহ্মচারী ছাত্র)-করণ, অবটুকে বটু করণ অর্থে (চ্বি)। বটু=টূ, চ্বি লোপ] বি, উপনয়নসংস্কার ; যজ্ঞোপবীত দান ; ব্রহ্মচারী করণ।

বটে [বট$_{২}$ দ্রঃ, অথবা সং অস্ (বিদ্য-মানতায়) > হিং আয় (হয়), প্রা৹ আটে (তুল-ওড়িং অটে) >, বা সং বৃৎ (বিদ্য-মানতায়) > বর্ত্তে > হিং বাটে >] ক্রি, হয় ; প্রায়ই সত্য হয়। "পণ্ডিত বলেন সার এই যুক্তি বটে॥"-ঘ৹। "বুঝিব কেমন দাতা সেই বীর বটে॥"-কবিচন্দ্র। "বাটে হাটে ঘাটে কাহ্নাঞির দান বটে।"-শ্রী৹ কী৹। "যা রটে তা বটে।"-প্রবচন। ২ অ, হাঁ ; তাহাই। ৩ সত্য ; ঠিক ; যথার্থ : প্রকৃত। "ধাওয়াধাই যাই দেখি কি বটে কারণ।" -রামা৹ (জগৎরাম)। ৪ সত্য কিনা তৎ-সম্বন্ধে প্রশ্ন ; সন্দেহ ; তাই না কি। "বটে, এ তোমারই কীর্ত্তি?" ৫ ভয় দেখান ; শাসান। প্র-বটেরে এত বড় স্পর্দ্ধা ই৹। ৬ বিস্ময়ে। বঁটে বঁটে-আচ্ছা-আচ্ছা ; হাঁ-হাঁ ; ঠিক ঠিক yes yes. "বটে বটে, কা'র সঙ্গে দেখা করতে হবে বল্লে ?"

বটেক [বট (কড়ি) + এক] বি, এক বট ; এক কড়া কড়ি ; একটুও। ২ কড়ি জ্ঞান। তুল-care (not) a fig or straw. বঁটেক না কঁরা-কড়ামাত্র জ্ঞান না করা ; তুচ্ছজ্ঞান করা। "নীরস দরপণ দূরে পরিহরি। "কি ছার কমলের ফুল বটেক না করি।"-বলরাম।

বটের [সং-বৃত > প্রাকৃ৹ বট্টা > হিং]

বি, তিতিরজাতীয় কিন্তু অপেক্ষাকৃত ক্ষুদ্র কর্দ্দকবর্গের পক্ষিবিঃ।

বাঠিয়া₁ [প্রা॰ বোটে, ব'ঠে] বি, বৈঠা।

বাঠিয়া₂ [বৈঠা দ্র॰। বৈঠিয়া >] ক্রি-অস, বসিয়া। "থাক থাক অতিথ ছেছড়া বাঠিয়া"-মাণিক॰ গান।

বড়₁ [সং॰ বড্র >। প্রা॰ বড্ড। বগড়ী-'বড্ডা'; পুং॰ রাঢ়-বিকা; প॰ রাঢ়-বিক্যা। আধু॰ উচ্চারণ বিকারে-বড়ো। প্রা॰ বাং-য় বোড়। "ধান দেখিআ পরভুর মনে বোড় ইচ্ছা।"-শূ॰ পু॰] বিণ, বৃহৎ (আকার সম্বন্ধে)। প্র-বড় বাড়ী। ২ দীর্ঘ; লম্বা; ঢেঙ্গা; মাথায় উচ্চ। ৩ অধিক; খুব; বেশী (পরিমাণ অর্থে, আধিক্য intensity অর্থে)। প্র-বড় লেগেছে। বড়ই দুঃখিত। "আমায় বড় দেয় দাগা"-গি॰ ঘোষ। ৪ অতিরিক্ত; অতিশয়; অত্যধিক। প্র-সে বড় বাড় বেড়েছে। ৫ [সং-বৃদ্ধ > বুড্ঢ > বুড় >] বয়সে বড; বয়োধিক। প্র-বড় দাদা। "সভাজন শুন জামতার গুণ বয়সে বাপের বড়।"-অ॰ ম॰। ৬ সম্মানে বড়; উচ্চ পদস্থ; শ্রেষ্ঠ। "বড় লোকের দৃষ্টান্তে বিলাসবাসনা চরিতার্থ করিবার প্রবৃত্তি ছোট লোকেরও অভ্যাসে পরিণত হয়।"-বাঁশরী, ২৫ ফাল্গুন '৩০। প্র-বড় মা, বড় বাবু, বড় সাহেব ই॰। "বারেকের তরে ভুলাও, জননী, কে বড় কে ছোট কে দীন কে ধনী কেবা আগে কেবা পিছে"-রবী॰। ৭ মহৎ; প্রশস্ত; উদার। প্র-তাঁর, প্রাণ, মন বা হৃদয় খুব বড়। ৮ সামান্যভাবে বা তুচ্ছার্থে বা নির্ব্বিশেষে কেহ কিছু বলিলে সেই উক্তিতে গুরুত্ব বা বিশেষত্ব নির্দ্দেশক অব্যয়; বা লঘুভাবে উক্ত হয় তার গুরুত্ব প্রদর্শন। প্র-বড় ফেলনা নয়; বড় হাসির কথা নয়; ই॰। ৯ [ব্যঙ্গার্থে] তুচ্ছার্থক; সামান্য ভাবজ্ঞাপক। "বড় নাকি গাঁ তার আবার মাঝের পাড়া"। "বড়ত বিয়ে তার দুপায়ে আলতা।"-প্রবচন। ১০ [ব্যঙ্গার্থে] বিপরীতার্থক; নঞর্থক। প্র-রোগের সময় বড় দেখ্‌লে তার এখন দেখবে (অর্থাৎ রোগের সময় দেখেন নাই)। ১১ প্রশ্নাবিরক্তক্ষেত্রে, বিতর্কে, বিস্ময়ে, প্রশ্নে (প্রায়ই 'যে বড়')। প্র-তুমি যে বড় এসেছ? ১২ ধনী। "বড়র পিরীতি বালির বাঁধ ক্ষণে হাতে দড়ি ক্ষণেকে চাঁদ"-অ॰ ম॰। প্র-মেয়েটি বেশ বড় মানুষের বাড়ী পড়েছে। ~তা, -ত্ব-বি, বৃহত্ত্ব। "তাই জড়তা কাটিয়ে নিজের ভিতর থেকে বড়ত্বর দিকে অগ্রসর হচ্ছে।"-সরলাদেবী (উত্তরা,১৩৩৩)। ~-এ কটা-অধিক; বেশী। প্র-বড় একটা যাওয়া আসা নাই। ~কথা-লম্বা লম্বা কথা; অতিশয়োক্তি; বড়াই। প্র-বড় লোকের বড় কথা। বড় করা-উন্নত করা; বাড়ান। ২ উপকার করা, সেবা করা এই স্থলে বড় অর্থে "ভারি ত" অর্থাৎ কিছুই নয়। ~কাণ্ড, ~কারখানা-সমারোহ। ~গলা-উচ্চরব। ২ গর্ব্ব। ~চাল-ধনীর মত চাল চলন। ~চিংড়ি-গলদা, মোচা, বাগদা ই॰ বৃহৎজাতীয় চিংড়ি মাছ (কুঁচো, বাদা, ধানবুনে ই॰ জাতীয় নহে)। ~ছেলে-জ্যেষ্ঠপুত্র। ~-ছোট-ক্ষুদ্র-বৃহৎ। ২ উচ্চ-নিম্ন; উচ্চ-নীচ; বড়লোক-ছোটলোক; ধনী-নির্ধন; ধনী-দরিদ্র; আমীর-গরীব। "গরীব চাষীর উপর যে সব কর ধার্য্য আছে * * * * তুলিয়া দেওয়া যায় এবং * * কেবল বড় লোকদের উপর ট্যাক্স ধার্য্য করা * * ব্যবস্থা চালান যায়। কিন্তু তাহা হইলেও ধনী লোকেরা যে বিলাসের জীবন যাপন করে তাতে বাধা জন্মাইবার উপায় নাই। তাদের আদর্শের অনুকরণে ছোট লোকেরাও বিলাসের বশবর্ত্তী হইয়া পড়ে। বড় লোকের দৃষ্টান্তে বিলাসবাসনা চরিতার্থ করিবার প্রবৃত্তি ছোট লোকেরও অভ্যাসে পরিণত হয়। * * বিলাসের প্রবৃত্তিও সেইরূপ সমাজের উচ্চস্তর হইতে নিম্নস্তরে গড়াইয়া পড়ে, আর * * * নিম্ন শ্রেণীর লোকেরা স্বাধীনতার বিনিময়েও পরের গোলামী করিতে ইচ্ছুক হয়।"-বাঁশরী (এ যুগের দাসত্ব)। ~জোর-খুব বেশী করিয়া; অনুমানের শেষ সীমা; গণনায় যে সংখ্যা বা পরিমাণের ঊর্দ্ধে আর যায় না। প্র-পাঁচশত লোক ত হবেই না বড় জোর তিন-শত। ~ঠাকুর [প্রা॰ বট্‌ঠাকুর] স্বামীর জ্যেষ্ঠ ভ্রাতা; ভাশুর। ২ [ত্রিপুর রাজ্যে] রাজার অব্যবহিত নিম্নপদস্থ রাজপুরুষ; যুবরাজ। ৩ সম্মানিত বয়োবৃদ্ধ ব্যক্তি। ~দরের-উচ্চ স্তরের। "খুব বড় দরের নেতা সর্ব্বত্রই দুর্লভ"-বঙ্গবাসী, ১৩৩৩। ~দি', ~দিদি (-ড়্-) বি, জ্যেষ্ঠা ভগিনী। > (অনুকরণে) ছোড়্‌দি'=ছোট দিদি; কনিষ্ঠা ভগিনী। ~দিন-ইংরেজী বৎসরের ২৫ শে ডিসেম্বর; যিশুখ্রীষ্টের জন্মদিন Christmas day. ~বড়-বহুবচনার্থে দ্বিত্ব। ~বাপ-প্রপিতামহ। ২ [মানভূম অঞ্চলে, হিং-র অনুকরণে] জ্যেষ্ঠতাত। ~বার-বড্ডবার দ্র॰। ~মা-প্রপিতামহী; ঝি-মা। ~মানুষ, ~লোক [বড় ও বড়লোক দ্র॰] মহাশয় বা মহৎব্যক্তি [বিরল]। ২ [প্রচলিতার্থে] ধনী। "যে যথার্থ বড়লোক হয় -বড়মানুষ নয়-সে উপাধির দিকে ফিরিয়াও তাকায় না"-বাঙ্গালী, ১৩২৩। ~মানুষী-ক্রি, অমিতব্যয়; জাঁকজমক; ধুমধাম; ধনীর চালে চলা। ২ বিণ, মধ্যবিত্ত অবস্থা অপেক্ষা অধিক ব্যয়সাধ্য। ~মুখ-সপ্রতিভ ভাব; আহ্লাদ। ২ বড়াই; আস্ফালন। প্র-বড় মুখ করে নিয়ে এসেছিল, দেখে শুনে এখন সরে পড়েছে। ~রাণী-প্রধানা মহিষী; পাটরাণী। ~লাট-ভারতবর্ষের সর্ব্বপ্রধান রাজপুরুষ; রাজপ্রতিনিধি viceroy. ~হওয়া-বয়োবৃদ্ধ হওয়া। ২ বৃদ্ধি পাওয়া। ৩ সমুন্নত হওয়া।

বড়₂ [প্রাদে॰] বি, ধানের মরাইয়ের চতুর্দ্দিকে জড়াইবার খড়ের একপ্রকার মোটা দড়ি। প্র-বড় জড়াইয়া রাখা। "কাপড় উদাস করে যেন মরায়ের বড়।"-কবিক॰। ২ বটগাছ। ৩ বিণ, উচ্চ। "তোতা পিঞ্জরেতে নাই ইহাই দৃষ্ট হইবামাত্র বড় শব্দ করিয়া ইত্যাদি ভূমিতে ক্ষেপন" -তোতা ইতিহাস। বড় জড়াইয়া, জড় বড়াইয়া বৈড়ান [বড় জড়ান ক্রমে জড় বড়ানতে পরিণত] বস্ত্রের প্রাচুর্য্য-হেতু ক্রমাগত বেড় দিয়া পরিধান করায় বড় জড়ানর মত হাত পা অনেকটা বদ্ধ হওয়ায় স্বচ্ছন্দে চলা-ফেরা করিতে না পারিয়া জড়াইয়া বেড়ান। বড় নামা-বটগাছের ঝুরি নামা। ২ অঙ্গের মাংস স্থূলত্বহেতু

ঝুলিয়া পড়া। বঁড়ুই [সং-বদরী > পূং বঙ্গ প্রা০ বড়ই, হিং বইর] বি, কুল।

বঁড়ঙ্গ, বঁড়িয়ি, বঁড়িয়ী [প্রা০ বাং] বিণ, অতি ; অতিশয়। "আপনা ছাওআল, বুঝি বড়ঙ্গ কাঙ্গাঞি।"-শ্রী০ কী০। "তাহাকে করিব আক্ষে বড়রি যতনে।"-শ্রী০ কী০।

বঁড় এঁকটা-বি, বেশী কিছু ; বড় রকম। "পরে আসিয়া আর গাড়ী ঘোড়ার বড় একটা হাঙ্গামা দেখিলাম না।"-নরওয়ে ভ্রমণ, '৩৪।

— বঁড়বঁড় [বট্ (উক্তি করা) বা-(অব্যক্ত ধ্বনি করা) + বড়্ (ক্রমাগত ঐরূপ করা)] বি, বৃথা কথন ; অনর্থক বচন। বঁড়বঁড়ানি -বি, প্রলাপ ; অর্থহীন বাক্য ; বকুনি। বঁড়বঁড়িয়া-বিণ, বৃথা বাক্যব্যয়কারী ; প্রলাপী। ২ বাক্যবাগীশ ; গপ্পে।

— বঁড়বঁড়াং [দাবা খেলায়] বি, ছটা বড়ে অনবরত কিস্তি দিয়া রাজাকে মাত করা। ২ দাবা বা সতরঞ্চ খেলার কিস্তি, মাত, পিলুড়ী, অশ্বচক্র, পঞ্চরং, নবরং ই০।

— বড়বঁড়ানি [বড়বড় + আন (ক্রিয়ার)। হিং বর্রানা। বড়বড়াই, বড়বড়াও, বড়বড়ায় ; বড়বড়াইতে ; বড়বড়াইয়া (প্রা০ বড়বড়িয়ে)] ক্রি, অস্পষ্ট স্বরে বড় বড় করিয়া বকা। ২ বাতুলের মত অর্থহীন বাক্য বলিতে থাকা। ৩ বিরক্তি প্রকাশক তর্জ্জন করা। বি, বঁড়বঁড়ানি-বড়বড় করিয়া কথা। "সারাদিন তোমার মার উপদেশ, রাত্তিরে তোমার 'বড়বড়ানি'"-অনুরূপা দেবী।

— বঁড় বা [সং] বি, অশ্বমুখী সমুদ্রগর্ভস্থা দেবীবিঃ। ২ অশ্বিনী নক্ষত্র। ৩ স্বর্বৈদ্য অশ্বিনীকুমারদ্বয়ের মাতা। ৪ দাসী ; দূতী ; কুট্নী। ৫ ঘোটকী। [মেঘনাদবধ কাব্যে কবি মধুসূদন, নায়িকা প্রমীলার অশ্বিনীর বড়বা নাম কল্পনা করিয়াছেন। "চড়িলা সুন্দরী বড়বা নামেতে বামী-বাড়বাগ্নি শিখা!" -৩য় সর্গ ১৩৪]।

— বঁড়বাগ্নি, বঁড়বানঁল [বড়বা যে অগ্নি, বা] বি, সমুদ্রস্থ বহ্নি। ["কোন সময়ে মহর্ষি ঊর্ব্ব অযোনিজ পুত্র কামনায় নিজ বক্ষ হইতে যে জ্বালাময় পুরুষ উৎপাদন করিয়াছিলেন তিনিই দক্ষিণ সাগরে অবস্থান করিয়া বড়বা নামে খ্যাত হন।"-ভারতকোষ। মতান্তরে, a being consisting of flame with horse's head, fabled to have sprung from the thighs of Aswa and to have been received by the Ocean"—*Wilson*. ২ সমুদ্রস্থ ঘোটকীর মুখজাত অগ্নি [বড়বা দ্রঃ]।

— ব ড়বামুখ [বড়বা=ঘোটকী-মুখ] বি, বড়বানল (বড়বাগ্নি দ্রঃ)।

— বঁড় বাস্তুর্ত-বি, অশ্বিনীকুমারদ্বয়-নাসত্য ও দস্র।

— বঁড় ভি [বল্ (আবৃত করা) + অভ (ণে) + ই (স্ত্রা০)। ল=ড়] বি, ছাদের উপরে রচিত তৃণ বা খড়ের ঘর ; চন্দ্রশালা।

— বঁড় মিঞা [যশো০, খুলনা প্রাদে০] বি, বাঘ। ২ [মু০ ভাষায়] বয়োবৃদ্ধ ব্যক্তি ; সম্মানের সম্বোধন।

— বঁড় লোক [বড় দ্রঃ] বি, যাঁর হৃদয় মন উন্নত ; মহাজন ; মহাপ্রাণ। ২ [প্রচলিতার্থে] ধনী ব্যক্তি।

— বঁড় লোকিত্ব [বড়লোক + ত্ব (ভা০)] বি, বড়লোকের ধর্ম্ম বা অবস্থা। "কোনমতে একটা যে-কোন-প্রকারের বড়লোকত্বের সুদূর গন্ধটুকু পাইলেই-"-চারিত্র পূজা।

— বঁড়শা-বর্শা দ্রঃ।

— বঁড়শী, বঁড়শী-বি লোহার বক্র কাঁটা, যা মাছের মুখে টোপ খাইবার সময় গাঁথিয়া বা বিদ্ধ হইয়া যায়। "জলের সফরী আহার করিতে বড়শী লাগিল মুখে।" -চণ্ডি০। বৃহদর্থে-বঁড়শা-বর্শা দ্রঃ।

— বঁড়শীযন্ত্র-বি, বঁড়শীর আকৃতি বেধনাস্ত্রবিঃ। "জানয়ে অনেক তন্ত্র এড়য়ে বড়শীযন্ত্র বিনা অপরাধে পশু মারে।"-কবিক০।

— বঁড় হাজরি [Anglo Indian. ভারতীয় সাহেব সমাজের ভাষা]. বি, দিবসের প্রধান ভোজন ; অপরাহ্ণ ভোজন dinner.

— বঁড়া$_1$ [হিং বড়া=পিষ্টক] বি, পিষ্টকবিঃ। "মাছের ডিমের বড়া ঘৃতে দেয় ডাক"-ভারত০ [দ্রঃ-ডালের বড়া, কলার বড়া, মাংসের বড়া, মাছের বড়া ই০ নানা প্রকারের বড়া হয়]।

— বঁড়া$_2$ [শ্রীহট্ট০ প্রাদে০] বি, অষ্টি ; আঁটি। আমের বড়া=আমের আঁটি।

— বঁড়া$_3$ [বড় > হিং বড়া। প্রা০ বাং] বি, মান্যব্যক্তি ; গুরুজন ; সম্ভ্রান্ত ব্যক্তি। "বড়ার বহুআরী আক্ষে বড়ার সতাএ।"-শ্রী০ কী০।

— বঁড়াই$_1$ [সং-বৃদ্ধি >। পা০বড্ডকী] বি, বৃদ্ধি। ২ প্রাধান্য : শ্রেষ্ঠত্ব। ৩ উচ্চ প্রশংসা ; মহিমা ; গৌরব। "জ্ঞান কর্ম্ম নিন্দি কহে ভক্তির বড়াই"-চৈ০ চ০। ৪ গর্ব্ব ; জাঁক। "ছাড় গঙ্গা আপন বড়াই" - কবিক০। "ঝি-সোহাগী মাগী করে ঝিয়ের বড়াই। চাঁদের গায়ে মলিন আছে বাছার গায়ে নাই॥"-শি০। ৫ বড় আয়ী ; বড়াইবুড়ী দ্রঃ।

— বঁড়াই$_2$ [বড় + আয়ী (মাতা)। বরাই দ্রঃ] বি, বৃন্দাবনের বৃদ্ধা রমণী, ইনিই যোগমায়া, রাধাকৃষ্ণ মিলনের কারণ। "বড়াই সকল জান তবে না বলিলে কেন এবে পার করহ আপনি"-ভাগবত০ (জীবন চক্রবর্ত্তী)। "আপনার মাথা খেয়ে, ঘরের বাহির হয়ে, আইলাম বড়ায়ের সাথে।"-জ্ঞান০।

— বঁড়াইবুড়ী [বড় + আয়ীবুড়ী] বি, বৃদ্ধা মাতামহী। ২ বৃন্দাবনের বৃদ্ধানারী, ইনি রাধাকৃষ্ণের মিলন ঘটান। ইনিই যোগমায়া। ২ অতি বৃদ্ধানারী। "হাতে পায়ে কাঁপে বুড়ী কোথায় বড়াই বুড়ী প্রবোধ বচন নাহি শুনে।"-কবিক০। ৩ বালিকা বৃদ্ধার ন্যায় পাকা পাকা কথা বলিলে অথবা কাপড় চোপড়ে ধরণ ধারণে বৃদ্ধার অনুকরণ করিলে ব্যঙ্গচ্ছলে তাকে বড়াইবুড়ী বলে।

— বঁড়ায়ি$_1$ [হিং বড়াহী >] বিণ, বড়াই$_1$ দ্রঃ ; অত্যন্ত। "আবুধা নাগরি গোআলী বড়ায়ি চৌহালিনী"-শ্রী০ কী০।

— বঁড়ায়ি$_2$ [বড় + আয়ী] বি, মাতামহী। "চাহিলেন বুঢ়ীঅ মাই। তার পিসী রাধার বড়ায়ি।"-শ্রী০ কী০।

— বঁড়াল-বি, বারেন্দ্রশ্রেণী ব্রাহ্মণের ও সুবর্ণ বণিকের পদবীবিঃ।

— বঁড়াস [নৌ০] বি, নৌকা দৃঢ় করিয়া গঠনের জন্য ব্যবহৃত কাষ্ঠখণ্ড বা বড় চতুষ্কোণ মাথামোটা প্রেক দিয়া আঁটা হয়।

— বঁডি [ইং bodice >] বি, স্ত্রীলোকের পুরা বা আধা হাতের কোমর পর্য্যন্ত লম্বা আঁটা জামা।

বড়ি১ [বড় (দ্রঃ) > হিং বড়ী > ব্রজং, প্রাং পদং সাং] বিণ, বড় ; অতিশয় ; অত্যন্ত। "এ বড়ি সাহস তোর"-বিং পং। "সই বড়ি পরমাদ হইল।"-জ্ঞানং। "তবহু তাহার, পরশ না ভেল এ বড়ি মরম ধন্দ॥"-চণ্ডিং। ২ [হিং বড়িয়া >] উচ্চশ্রেণীর ; উত্তম ; উৎকৃষ্ট। "সহজে সুন্দরী তায় বেশ করে বড়ি"-ঘং।

বড়ি২, বড়ী১ [হিং। সং-বটী > (বড়া শব্দের ক্ষুদ্রত্ববাচক)] বি, পিষ্ট দাউল ও মসলা সংযোগে প্রস্তুত ছোট বড় বটিকাকার খাদ্যবিঃ। "সুন্দরীগণ বড়ি নামে যে সুস্বাদু ভোজ্য প্রস্তুত করিয়া থাকে।"-বঙ্কিমং (লোকরহস্য)।

বড়িআ [সং-বাটিকা > (প্রাংবৌং বাং প্রাকৃং) বাড়িআ] বি, বাটিকা।

বড়িয়া-বড়ে দ্রঃ।

বড়িশ, -শা, -শী [সং। > বাংয় বর্ণ-বিপর্য্যয়ে "বড়শী"] বি, মৎস্যবেধনী যন্ত্রবিঃ ; বড়শী দ্রঃ।

বড়ী [হিং বড়হী > বড়ঈ >] বিণ, বড় ; অতিশয়। "আজলী রাধা তোঁ আবালী বড়ী"-শ্রীং কীং।

বড়ু, বড়ূ [সং-বটু] বি, বটু ; ব্রাহ্মণ-কুমার। 'বড়ু চণ্ডীদাস কয় না হইল পরিচয় রসের নাগর বড় কালা।"-চণ্ডিং। ২ মর্য্যাদা-জ্ঞাপক উপাধিভেদ। "বড়ু চণ্ডীদাস"। ৩ পূজারী বা দেবল ব্রাহ্মণ। ৪ পরিচারক (তুল-ইং boy.)। ৫ কুমার। বরু দ্রঃ।

বড়ুয়া১ [সং-বড় > হিং বড়া, বড়েরা, বড়েইলা, বঢ়িয়া ইং > বড়োআ > বড়ুয়া (বড়র)] বিণ,বড় মানুষ ; বড় ঘর। ২ প্রধান ; ধনী। "একে কুলনারী, কুল আছে বৈরী, তাহে বড়ুয়ার বধূ।"-চণ্ডিং। ২ [অসং বরুয়া] বি, জাতীয় পদবীবিঃ।

বড়ুয়া২ [সং-বটু > বড়ু+আ (অতি পরিচয়ার্থে)]বি, বড়ু। ২ ছাত্র। ৩ কুমার ছেলে ; ছোকরা। "কালিকার বং জগা ঐছে গর্ব্ব হৈল।"-চৈং চং।

বড়ে [সং-বটিকা >] বি, "দাবাবড়ে" বা সতরঞ্চ খেলার উপকরণ ; সৈন্যাখ্য ঘুঁটি। বড়ে টেপা-দাবা খেলা ; বড়ে বা ঘুঁটি চালা। "তাহার পর কেহ বা বড়ে টেপেন কেহ বা তাস পেটেন"-টেকচাঁদ। ২ আগু পিছু ভাবিয়া বা আটঘাট বাঁধিয়া ধীরে ধীরে অগ্রসর হওয়া ; চাল চালা বা কৌশল প্রয়োগ করা। "বিষ্ণুপুরে মিন্সের দেখ বড়ে টেপার গুণ"-হেমং।

বড্ড [সং-বড্র >] বিণ, বড় ; বৃহৎ। ২ অত্যন্ত ; অতিশয়। "আমারও বড্ড ভয় হচ্ছে।"-উত্তরা। "পা ফাঁক করে সিগারেট খেতে বড্ডই ভালবাসি"-দ্বিং রায়। "একটি বিষয়ের বড্ড অভাব দেখিতেছি"-দ্বিং ঠাং।

বড্ডই-র্ত [ব্যঙ্গোক্তি] অ, ভারি ত ; বড় নয় ; অতি অকিঞ্চিৎকর অর্থের দ্যোতনাত্মক অব্যয়। ~বার, বড়(ড়ো) বার [পাপগ্রহ বলিয়া অশুভ আশঙ্কায় গ্রহের সন্তোষ বিধানার্থ শুভসূচক বা সুষ্টু ভাষার আশ্রয় গ্রহণ। গ্রীং Euphemism এর দৃষ্টান্ত (J. R. A. S. 1917)। তুল-দুর্য্যোধন অর্থে সুযোধন। স্তোত্রে-রবিসূনুং মহাগ্রহং শনিগ্রহ] বি, শনিবার।

বণিক্ [পণ্ (বিক্রয় করা)+ইক্ (র্ত্তৃ), প=ব=বণিজ্ ১মা, ১বং] বি, ক্রয়বিক্রয়কারী ; বেণিয়া। ২ করণবিঃ। স্ত্রীং বণিকিনী-বণিকপত্নী। "নাগর আপনি হৈলা বণিকিনী কৌতুক করিয়া মনে।"-চণ্ডিং। ~পথ-বি, বিপণি ; হাট ; বাজার ; বণিজ পথ (দ্রঃ)।

বণিগ্বন্ধু [বণিজ্ (বাণিজ্য ব্যবসায়ী) +বন্ধু (মিত্র), ৬তৎ] বি, নীলের গাছ।

বণিগ্বহ[বণিজ্ (বাণিজ্য ব্যবসায়ী) বহ্ (বহন করা)+অ (র্ত্তৃ) যে বণিকদিগকে বহন করে, উপং] বি, উষ্ট্র ; উট।

বণিগ্বৃত্তি [বণিক্+বৃত্তি (ব্যবসায়), ৬তৎ] বি, বাণিজ্য ; ব্যবসায়।

বণিগ্ভাব [বণিজ্ (বণিকের) ভাব (কর্ম্ম), ৬তৎ] বি, বণিগ্বৃত্তি ; বাণিজ্য।

বণিজ [বণিজ্+অ (স্বার্থে)] বি, করণবিঃ। ২ বণিক্। ~পথ [৬তৎ] বি, দোকান ; বাজার ; হাট ; ক্রয়বিক্রয় স্থান।

বণিজ্য-বাণিজ্য দ্রঃ।

বণ্ট [বনট্ (ভাগ করা, বাঁটা)+অ (ভাং)] বি, অংশ। ২ ক্রি, বণ্টন কর। ~ক [বন্ট্ +অক (র্ত্তৃ), যে বণ্টন করে] বিণ, বণ্টন-কারী ; বিভাজক। ~ন [বন্ট্ (বিভাগ করা)+অন (ভাং), সূক্ষ্ম সূক্ষ্ম বিভাগ করত পেষণ] বি, অংশীকরণ ; বিভজন। ২ পেষণ। ৩ বিভাগ।

বণ্ঠ [সং] বি, বেঁটে ; খর্ব্ব। ২ বিণ, অবিবাহিত। ~র-বি, বাঁশের কোঁড়া। ২ পশুবন্ধন রজ্জু। ৩ পয়োধর।

বণ্ড, বণ্ডা [সং-বণ্ড (ছিন্নত্বক্)] বি, শিশ্ন। ২ লাঙ্গুলহীন ; বেঁড়ে।

-বৎ [সং] অ, তুল্যার্থক অব্যয় ; সদৃশ : ন্যায়। ইহা অন্য শব্দের পর যুক্ত হয়। প্র-যথাবৎ ; বালকবৎ।

বর্তক[হিংবর্ত্তক্ > বত্তক >] বি,হংসী।

বর্তর, বতোর [কৃষিভাষায়] বি, সময়বিঃ ; যোগ্যকাল ; সুযোগ। "জমিতে চাষ দিবার বতর হইয়াছে।" ২ ক্ষেত্রে 'যো' দিবার মত অবস্থা। "বৃষ্টির পর দুই চারিদিনের রৌদ্রে ক্ষেত্র যখন ঈষৎ শুষ্ক, তখনই তা হল চালনের উপযোগী থাকে। ইহাকেই পশ্চিম- বঙ্গে বলে 'বতর' এবং পূর্ব্ববঙ্গে বলে 'যো'।" -বার্ষিক বসুমতী, ১৩৩১। "এবারও বতর যদি উত্তীর্ণ হইয়া যায়"-ঐ। ৩ [জঙ্গিপুর অঞ্চলে] শস্যের বীজ বপনের সময়।

বতানি [হিং বতানা >] ক্রি, বলা। "গুরু যাহা বতাইবে"-গোবিন্দং গীত (১১-১২শ শতাব্দী)।

বতারিখ [ফাং ব-তারীখ্] ক্রি-বিণ, তারিখ অনুযায়ী।

বর্ত্ত [সং-ব্রত > প্রাকৃং বত্ত > বাং প্রাং বত্তো, ব্রোতো ; বেরতো (মেয়েলিং),প্রাদেং জঙ্গিপুরাদি অঞ্চলে-বৎ] বি, বিশুদ্ধ কর্ম্ম। ২ ব্রত [বত্ত (বর্ত্ত) বলিলে ভিক্ষুদিগের কর্ত্তব্য বুঝায় চতুর্দ্দশ মহাবত্ত, যথা-আগন্তুক বত্ত (অতিথি সৎকার), ভোজন শালাবত্ত) পানিবত্ত। "বত্ত সম্পন্নো"]।

বর্ত্তমান [সং-বর্ত্তমান > পাং বত্তমাণ। বাং প্রাং] বি, বর্ত্তমান।

বর্ত্তানি [বর্ত্তা দ্রঃ। প্রাং। বত্তাই, বত্তাও (বত্তান, বত্তাস), বত্তার (বত্তান্) ; বত্তাইতে ;

বত্তাইয়া (কেং বত্তো, বত্তে, বোত্তে)] ক্রি, জুড়ান ; প্রাণ পাওয়া ; বাঁচা।

বত্রিশ [সং-দ্বাত্রিংশৎ >। প্রা॰ বত্তিস, বত্তিস] বিণ, ৩২ সংখ্যক। ২ বি, ৩২ এই সংখ্যা ; দুই অধিক ত্রিশ। ~শা, বত্রিশে -বি, বত্রিশের সংখ্যাপূরক। ২ বত্রিশ সংখ্যক ঘরের পূরক ; ৩১ তারিখের পরের দিন।

বৎস [বদ্ (স্নেহ-সম্ভাষণ, বলা) + স (র্ম্ম), যাকে স্নেহপূর্ব্বক বলা যায়। প্রা॰ বাচ্ছা। প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰ বর্থ (দো॰ ১০১)] বি, বাছা। ২ বাছুর। "ধেনুবৎস এক স্থানে বৃষ খুরে ক্ষিতি টানে দক্ষিণেতে ব্রাহ্মণ অনল।"-অ॰ ম॰। স্ত্রীং ~া। ~-কামা [বৎস-কামা (কামনাকারী)] বিণ, সন্তানাভিলাষিণী। ~তন্ত্রী [বৎসের তন্ত্রী (রজ্জু), ৬তৎ] বি, বাছুর-বাঁধা দড়ি। ~তর [বৎস+তর (ক্ষুদ্রার্থে), বৎসতরের মধ্যে যে ছোট] বি, ছোট বাছুর। স্ত্রীং ~তরী। ~দন্ত [বৎস (বৎসের) দন্ত (দাঁত) সদৃশ দন্ত যার, বহু॰] বি, অস্ত্রবিঃ। ~নাভ [বৎস +নভ্ (বধে)+অ (র্ত্তৃ)] বি, কাঠবিষ ; মিঠাবিষ aconitum ferox ; Indian aconite ~পত্তন-বি, বৎসরাজ প্রতিষ্ঠিত নগরী। ~পাল [যে বৎসের পালন (রক্ষণ) করে, উপ॰] বি, কৃষ্ণ। ২ গোপাল।

বৎসর [সং। প্রাকৃ॰ বচ্ছর। বাং প্রা॰ বচ্ছর, বছর। বস্ (বাস করা)+সর (ধি)] বি, নক্ষত্রমানে এক বৎসর ; বার মাস বা ৩৬৫ দিনরাত্রির কাল-পরিমাণ [দ্রঃ-পূর্ব্বে ভারতবর্ষে সমগ্র বৎসর তিনভাগে বিভক্ত হইত। ফাল্গুন, চৈত্র, বৈশাখ, জ্যৈষ্ঠ-গ্রীষ্ম। আষাঢ়, শ্রাবণ, ভাদ্র ও আশ্বিন-বর্ষা। কার্ত্তিক, মার্গশীর্ষ, পৌষ (তিষ্য) এবং মাঘ-হেমন্ত ঋতু বলিয়া পরিগণিত হইত। তুল-ইং spring (বসন্ত), summer (গ্রীষ্ম), autumn (বর্ষা, শরৎ) winter (হেমন্ত, শীত)। ব্রাহ্মণগণ চাতুর্ম্মাস্যের প্রারম্ভে বা অন্তে যাগযজ্ঞাদি ক্রিয়ার অনুষ্ঠান করিতেন। হিন্দু সন্ন্যাসী, বৌদ্ধ ভিক্ষু ও জৈন যতিগণ বর্ষার চারি মাস আশ্রমে থাকিতেন]। ~থানেক-এক বৎসর পরিমিত কাল। "আজ বৎসরখানেক যাবৎ দুর্গা রোগ-শয্যায় শায়িতা।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

বৎসল [বৎস+ল (ত্ত্য॰), অথবা বৎস (স্নেহ) লা (দেওয়া)+অ (র্ত্তৃ), যে স্নেহ দান করে] বিণ, স্নেহযুক্ত ; অনুরাগযুক্ত। "সেসব জীবেরে কৃষ্ণ বৎসল হইয়া।"-চৈ॰ ভা॰। "মহাকায় মহাদন্ত যাহার নাহিক অন্ত সেবক বৎসল ভগবান।"-কবিক॰। স্ত্রীং ~া। "পাদপদ্মে দেহ স্থান সেবকবৎসলা।" -কবিক॰। বি, ~তা [বৎসল+তা (ভা॰)] বি, স্নেহ ; অনুরাগ।

বৎসা [বৎস দ্রঃ] বি, বাছা। ২ বকনা বাছুর।

বৎসাদন [বৎস+অদন যার, বহু॰] বি, নেকড়ে বাঘ।

বৎসাদনী [বৈদ্যকে] বি, গুড়ূচী ; গুলঞ্চ লতা।

বথু [বস্তু > বাথ্ >] বি, বস্তু।

বদ, বদ১ [ফা॰ বদ্ (মন্দ, কু)] বি, মন্দ ; খারাপ। প্র-বদনাম। বদ হাওয়া। বদগন্ধ।

বদ২ [বদ্ (বলা)+অ] বিণ, যে বলে। ২ ক্রি, উ॰ পু॰, বল ; কহ। ~ইস্তিজাম [ফা॰ বদইস্তিজাম্] বি, বেবন্দোবস্ত। ~খৎ [ফা॰ বদ্+খৎ (লিপি)] বিণ, যার হস্তাক্ষর ভাল নয়। ২ বেয়াড়া ; দুষ্ট। প্র-এমন বদখৎ ছেলে কোথাও দেখি নাই। ~খেয়াল [ফা॰] বি, কুঅভিপ্রায় ; কুমৎলব ; কুভাব ; অসদুদ্দেশ্য। "অন্য সব বদখেয়াল ও ক্রমে ক্রমে ছাড়বে।"-ভারতী। ~খোব [ফা॰ বদ্+খু (স্বভাব)। প্রাদে॰ মালদহ] বিণ, যার স্বভাব ভাল নহে। ~গন্ধ [পা॰ বদ্+সং-গন্ধ] বি, দুর্গন্ধ। ~চলন [ফা॰ বদ্+হিং চলন্=চাল] বি, কুচাল ; মন্দস্বভাব। ২ বিণ, কদাচারী। ৩ কুচরিত্র ; নষ্টস্বভাব। ~জবান [ফা॰ বদ্+জবান্] বি, অশিষ্ট কথা ; গালি। ২ বিণ, অশিষ্টবাদী ; অভদ্রভাষাভাষী। ~ঢঙ্গা [প্রাদে॰ মালদহ। ফা॰ বদ্+হিং ঢঙ্+আ (যুক্তার্থে)] বিণ, বদচলন ; যার ধরণধারণ ভাল নয় ; বেয়াড়া। ~নসীব [ফা॰] বি, মন্দভাগ্য। ২ বিণ, যার ভাগ্য মন্দ ; হতভাগ্য ; দুর্ভাগ্য। ~নাম [ফা॰ বদ্+সং-নাম] বি, অপযশ ; দুর্নাম। "করিলাম বদকাম বদনাম শেষে"-ভারত॰। ২ নিন্দা। বিণ, নিন্দিত। ৩ যার দুর্নাম ঘটিয়াছে। > বি, বদনামী। ~নিয়ত [ফা॰ বদ্নীয়ৎ] বি, কুপ্রবৃত্তি। ২ বদস্বভাব ; বদচলন। ৩ যার উদ্দেশ্য ভাল নয়। ~বখ্ত [ফা॰ বদ্বখ্ৎ] বিণ, দুর্ভাগ্য। বি, বদবখ্তি-দুঃসময়। ২ ভাগ্যহীনতা। ~বু, বদবো [ফা॰ বদবু। বাং প্রাদে॰ ; উ॰ বঙ্গে] বি, দুর্গন্ধ। ~মাইশ, বদমায়েস -বদমাশ দ্রঃ। ~মাশ, -মাস, -মাইশ, -স [ফা॰ বদ্মাশ্] বিণ, দুষ্ট ; দুর্বৃত্ত। ২ নষ্টচরিত্র ; ইন্দ্রিয়সেবী। বি, বদমাশী, বদমাসী, বদমাইশী, -সী-দুষ্টামি ; নীচতা। ২ চরিত্রহীনতা ; কুক্রিয়াসক্তি। ৩ কুকার্য্য ; ইন্দ্রিয়সেবা। ~মেজাজ [ফা॰ বদ্মিজাজ্] বিণ, যার মেজাজ খারাব ; উগ্র-প্রকৃতি ; রগচটা। বি, বদমেজাজি। ~রক্ত [বদ (খারাব) রক্ত] বি, দূষিত রক্ত। ~রঙ্গ, বদরং [ফা॰] বি, বেরং ; তাসের খেলায় যে রঙ্গের খেলা হইতেছে তা ছাড়া অন্য রঙ্গের তাস। ২ ফিকে রং। ৩ অশোভন বর্ণ। ~রাগী [ফা॰ বদ্+রাগী (দ্রঃ)] বিণ, যে হঠাৎ ক্রুদ্ধ হয় ; উগ্রপ্রকৃতি ; বদমেজাজ ; কোপনস্বভাব। ~রাহ [ফা॰ বদ্রাহ্] বি, কুপথগামী ; পাপী। ~হজম [ফা॰ বদ্+হজ্‌ম্ (পরিপাক)] বি, অজীর্ণতা ; অপরিপাক। > বিণ, বদ-হজমী। ~হাওয়া [ফা॰ বদ্-হাওআ] বি, অনিষ্টকর বাতাস ; অহিতকর বায়ু। ~হাল [ফা॰] বি, দুরবস্থা ; দারিদ্র্য। ২ সঙ্কট অবস্থা।

বদতি [সং। বদ্ (বলা) >। প্রা॰ বাং] ক্রি, বলে। ২ বলিল বা বলিলেন। "উত্তর ব॰ শুনিয়ক (শুনিও) মহাশএ।"-মহা॰ (বিশারদ), ব॰ সা॰ প॰।

বদন [বদ্ (বলা)+অন (পে), যদ্দারা বলে] বি, মুখ। "বল বদনভরে রে, বল দয়াল ব্রজনাম।"-স্ক॰। "বদন ভোরে হরি হরি বল"-মতিলাল রায়। "বদনে রদন লড়ে"-ভারত॰। ২ মুখমণ্ডল ; আনন। "বিদীর্ণ

হয়েছে অঙ্গ, মলিন বদন"-চারুগাথা। "মনে কি পড়েছে সখি কৃষ্ণের বদন? তা নয়বরষা-শোভা হেরে মুগ্ধ মন।" ৩ কথন। ৪ [সমাস যুক্ত হইলে] বিণ, মুখযুক্ত; বদন-বিশিষ্ট। প্র-তুরঙ্গবদন; বিরসবদন। স্ত্রীং **বঁদনা, বঁদনী**। "স্তনভারে মন্থরগামিনী, সুবদনা মালবিকা তরল-নয়নী"। "তুমি ইন্দুবদনী, কুরঙ্গনয়নী, কনকবরণী তারা।" -রামবসু। **~ইন্দু**-চন্দ্রমুখ; প্রফুল্লমুখ। "নিরখি, নিরখি বদনইন্দু। পুলকে উথলে প্রেমসিন্ধু"-রা০ প্র০। **~কঁমল**-বি, মুখপদ্ম। **~চঁন্দ্র**-চন্দ্রসদৃশ বদন; মুখচন্দ্র। **~ভঁরে** [গ্রা০ ভোরে] ক্রি-বিণ, সুস্পষ্ট ও মুক্তস্বরে। ২ মুখ পূর্ণ করিয়া। **~মঁণ্ডল**-বি, মুখমণ্ডল; ললাট হতে চিবুক এবং এক কর্ণ হতে অন্য কর্ণ পর্য্যন্ত ভাগ। "বদনমণ্ডল চাঁদ নিরমল ঈষৎ গোঁপের রেখা" -ভারত০।

বঁদনখাস [প্রাদে০] বি, নয়নসুখ অপেক্ষা সূক্ষ্মবস্ত্র।

বঁদনা [সং-বর্দ্ধনী (ঘটী-মে০) > হিং বধ্‌না। বাং-য়, বদ্‌না] বি, জলপাত্র; নলযুক্ত ঘটী। "রেখ বদনা কমোড্‌ কোশাকুশী আদি সরঞ্জাম"-রজনী সেন। [দ্রঃ-এই জলপাত্র মুসলমানেরা ব্যবহার করে, হিন্দুদিগের গাড়ু আর মুসলমানের বদনা। জাতীয় বিদ্বেষজাত পার্থক্য অদ্যাপি এ উভয় জলপাত্রে পরিস্ফুট রহিয়াছে]।

বঁদনামৃত [বদন (মুখের) + অমৃত(সুধা), ৬তৎ] বি, অধরমধু; মুখামৃত। ২ থুথু।

বঁদনারঁবিন্দ [বদন + অরবিন্দ] বি, বদনকমল; মুখপদ্ম।

বঁদনাসঁব [বদন (বদনের) + আসব (মধু), ৬তৎ] বি, মুখামৃত; অধরসুধা।

বঁদমান [বদ্ + আন (র্ত্তৃ, শান)] বিণ, যে বলিতেছে; কহিতেছে এমন।

বঁদর১, বঁদরিকা, বঁদরী [সং। প্রাকৃ০ বঅর, বঅরী, বৈর (হিং)। বর্ণ বিপর্য্যয়ে "বউর" (প্রাদে০ পূ০ বঙ্গে)] বি, কুলফল। "কাঠ আম্র এক ভার, একত্র শুধিব যার, মিষ্ট কিছু আনিহ বদর।"-কবিক০। **~ফঁলী** [বদরের মত ফল যার, বহু০] বি, ভূমিবদরী লতা। **~বঁল্লী** [সং] বি, ভূমিবদরী লতা।

বঁদর২ [আ০ বদ্‌র্‌ (পূর্ণচন্দ্র)। মুসলমানগণ যাবতীয় ক্রিয়াকর্ম্ম উৎসব পর্ব্বাদিতে চন্দ্রকে দিক্‌দর্শক বা নিয়ামক বলিয়া মনে করে, মুসলমান মাঝিগণ সেইজন্য চন্দ্রের নাম করিয়া জলপথে যাত্রা করে এবং বিপদের আশঙ্কা হইলে "বদর বদর" বলিয়া চন্দ্রেরই নাম লয়। মতান্তরে বদর নামক পীর। মাঝিরা এই পীরের নাম করে] বি, জলপথের বিপদ-নিবারক পীরের নাম। ২ ঈশ্বর; ইষ্টদেব। "শাক্তে তোমায় বলে শক্তি * * * * শিল্পী বলে বিশ্বকর্ম্মা, বদর নায়ের মাঝি।"-দেওয়ান রামদুলাল (বাং-গান)।

বঁদরা১ [ব্রজ০] বি, বাদল; বর্ষা।

বদরা২ [বৈদ্যকে] বি, এলাপর্ণী; কাঁটা আমরুল।

বঁদরিকা-বদর১ দ্রঃ।

বঁদরিকাশ্রম-বি, হিমালয়ক্রোড়স্থ গাড়বাল প্রদেশের অলকানন্দা নদী তীরবর্ত্তী স্বনামপ্রসিদ্ধ তীর্থ।

বঁদরী-বদর২ দ্রঃ।

বঁদরীপঁত্র [সং] বি, কুলগাছের পাতা। ২ নখী নামক গন্ধদ্রব্য।

বঁদরীফঁলা [সং] বি, নীল শেফালিকা।

বঁদরীশৈলঁ-বি, বদরী নামক পর্ব্বতশৃঙ্গ, আধুনিক নাম বদ্রীনাথ।

বঁদল [আ০ বদল্] বি, বিনিময়; পরিবর্ত্ত; একের স্থলে অন্য। "একমুঠা অন্ন তরে ফিরিয়াছি ঘরে ঘরে, পাই নাই ক্ষুদ কণা ক্ষুধা পিপাসায়। বদলে পেয়েছি খালি, গলা-ধাক্কা গালাগালি।"-চন্দন। "বসন ভূষণ হৈয়াছে বদল, তখন উঠিয়া দেখি।"-চণ্ডি০।

বঁদলা [আ০ বদ্‌লা] বি, প্রতিশোধ। **ব০ লঁওয়া**-শোধ তোলা; প্রতিদান করা; প্রতিশোধ গ্রহণ করা। **~বদলি**-বি, ফেরা-ফেরি; হেরফের; পরিবর্ত্তন; অদলবদল।

বঁদলানি [আ০বদ্‌লানা। বদলাই, বদ্‌লাও (বদ্‌লান, বদ্‌লাস), বদলায় (বদলান); বদলাইতে; বদলাইয়া (স্কে০, পদ্যে-বদলি, গ্রা০ বঁদলে)। প্রা০ বাং-বঁদালিনি (হিং বদলানা)। "দুহে বদালিল মালা"-ধর্ম্মপূজা-পদ্ধতি (রমাই পণ্ডিত)] ক্রি, একের পরিবর্ত্তে অন্য দান বা গ্রহণ করা; পরিবর্ত্তন করা। "বদলিয়া মাল পুনহি মুঝে দেল"-বি০ প০। ২ বিনিময় করা।

বঁদলি [আ০ বদ্‌লাই] বি, পরিবর্ত্তন। ২ বিনিময়। ৩ বিণ, একস্থান হতে অন্যস্থানে আদিষ্ট; স্থানান্তরিত। ক্রি, **বি০ কঁরা**-এক পদ বা স্থান হতে অন্যত্র প্রতিষ্ঠিত করা বা প্রেরণ করা।

বঁদস্ত [ফা০ ব-দস্ত্‌ (হস্ত)] ক্রি-বিণ, হস্ত দ্বারা। ২ হাতে হাতে।

বঁদা [হিং০বদ্‌না] ক্রি, বাজী রাখা to bet. "শুনিয়া স্বামীর পদে রাজার রমণী বদে।" -রজনী সেন।

বঁদান্য [বদ্ + আন্য (র্ত্তৃ), যে মধুর সম্ভাষণ করে] বিণ, মধুরভাষী। ২ দানশীল; দাতা। ৩ উদার। বি, **~তা**।

বঁদাবঁদ [সং-বদ্ (বলা) বদ্ (বলা) পরস্পরার্থে আ আগম। হিং-বদাবদি= প্রতিযোগিতা, প্রতিপক্ষতা] বি, বাক্‌কলহ; বচসা। "বদাবদে যুদ্ধের উদ্যম উপস্থিত"-শি০। ২ তর্কবিতর্ক; শাস্ত্রবিচার। "সার্ব্বভৌম বন্দ্যো সর্ব্ব শাস্ত্রে বিশারদ। প্রভুর সহিত যার হৈল ব০॥"-চৈ০ চ০।

বঁদাম-বাদাম দ্রঃ।

বঁদাল [সং] বি, বোয়ালমাছ।

বদী [হিং০বদী, বিপরীত-সুদী] বি কৃষ্ণপক্ষ।

বঁদ্ধ [বধ্‌ (বন্ধনে) + ত (র্ম্ম), যাকে বাঁধে] বিণ, যাকে বন্ধন করা হইয়াছে; গ্রথিত; বাঁধা। ২ সংযত; নিয়মিত। ৩ একত্র; সংমিলিত। ৪ অবরুদ্ধ। **~দৃষ্টি** [বদ্ধ হইয়াছে দৃষ্টি যার, বহু০] বিণ, স্থিরলক্ষ্য; ন্যস্তদৃষ্টি; একস্থানে বা পাত্রে নিবদ্ধ অনিমেষ দৃষ্টি। "অনুচিত হইতেছে বুঝিতে পারিয়াও শচীকান্ত বদ্ধদৃষ্টি ফিরাইতে পারিল না"-ভারতী, ৩৬শ বর্ষ। **~পঁরিকঁর** [বদ্ধ হইয়াছে পরিকর (কটিবন্ধ) যার, বহু০] বিণ, যার কটিবন্ধ আবদ্ধ আছে; দৃঢ়ীকৃত কটিবন্ধ; যে কোমর বাঁধিয়াছে। ২ [তা হতে] দৃঢ়প্রতিজ্ঞ; কৃতনিশ্চয়; প্রস্তুত। **~পাজী** [বদ্ধ (জমাট, নিরেট)-পাজী (দ্রঃ)] বি, নিরেট দুষ্ট; অতি নীচ; সর্ব্বতোভাবে বা পুরা বদমাস। **~বঁখা, ~বঁখাটে**-

নিরেট বদমাস ; সংস্কারের অতীত কুপথ-গামী। ~বৈর-বি, পূর্ব শত্রুতা ; চির বিরোধ। ~মুষ্টি [বদ্ধ (বাঁধা) আছে মুষ্টি (মুঠ) যার, বহু০] বিণ, দৃঢ়মুষ্টি ; যে মুষ্টি বদ্ধ করিয়াছে। ২ কৃপণ ; ব্যয়কুণ্ঠ। ৩ যে তরবারির মুঠ বাঁধান। ~মূল [বদ্ধ হইয়াছে মূল যার, বহু০] বিণ, দৃঢ়মূল ; যার শিকড় বহু বিস্তৃত ও অনুৎপাটনীয় হইয়াছে। ~রব [বৌ০ সা০] বি, বদ্ধাবস্থায় জীবজন্তুরা যে রব করে। "শুকরাজ ও শুকগণ সহ * * * নিজে পাশবদ্ধ হইয়াছেন ইহা বুঝিয়া তিনি ভাবিলেন, আমি বদ্ধ হইয়াছি ইহা যদি বদ্ধরব দ্বারা ব্যক্ত করি"-জাতক, ৪র্থ খণ্ড। ~রাব-বি, যে রব করিলে কেহ পাশবদ্ধ হইয়াছে বুঝায়। "অনন্তর যখন হংসেরা যত ইচ্ছা ভোজন করিয়া কেলি আরম্ভ করিল, তখন তিনি মহাশব্দে বদ্ধরাব করিলেন।"-জাতক, ৫ম খণ্ড। ~লক্ষ্য-বি, স্থিরদৃষ্টি। ~শিখ [বদ্ধ (সংযত) হইয়াছে শিখা (চূড়া বা টিকী) যার বা যৎ কর্তৃক, বহু০] বি, শিশু। ২ যে ব্রাহ্মণ শিখা বন্ধন করিয়াছে।

বদ্ধাঞ্জলি [বদ্ধ+অঞ্জলি যৎকর্তৃক, বহু০] বিণ, যে হাত যোড় করিয়াছে ; কৃতাঞ্জলি।

বদ্ধ [বৈদিক] বি, বৃন্দ ; শতকোটি। "ভারত * * একশত সাত বদ্ধসংখ্যক স্বর্ণ দান করিয়াছিলেন"-রামা০।

বদ্বীপ [মাত্রাশূন্য ব আকৃতিবিশিষ্ট দ্বীপ] বি, যে জলবেষ্টিত ভূভাগ "ব" অক্ষরের ন্যায় ত্রিকোণ।

বধ [বধ্ (=হন্=হিংসা বা নাশ করা)+অ (ভা০)] ক্রি, হিংসা। ২ হত্যা। "সারীর খাইয়া মাথা, দেহ মোরে দুঃখ ব্যথা, তোমারে লাগিবে মোর বধ।"-কবিক০। ৩ বন্ধন। ৪ [বধা দ্রঃ] ক্রি, বধ কর ; হনন কর।

বধঁও [প্রা০বাং নামধাতু] ক্রি, বধ করি। "যবেঁ আম করোঁ তাক বধওঁ বাক্ষণ॥"-শ্রী০ কী০।

বধক [বধ+অক (র্তৃ), যে বধ করে] বিণ, হত্যাকারী।

বধয়ে [পদ্যে। বধা দ্রঃ] ক্রি, বধ করে। "বদনে বসন দিয়া বধয়ে পরাণ।"-বি০ প০।

বধস্থলী [সং] বি, বধ্যভূমি ; বধস্থান ; মশান।

বধা [বধ্ (বধ করা) > সং। বধি, বধ, বধে ; বধিতে ; বধিয়া (কে০ বধে) ই০] ক্রি, বধ করা ; হত্যা করা। প্রা০ বাং-বধয়ে= বধ করে।

বধাজ্ঞা [বধ (করিবার) + আজ্ঞা] বি, হত্যা করিবার অনুমতি ; প্রাণদণ্ডাদেশ।

বধার্থ [বধ+অর্থ] অ, বধের জন্য।

বধার্হ [বধ (বিনাশ)+অর্হ (যোগ্য), ৬তৎ] বিণ, বধযোগ্য ; বিনাশের উপযুক্ত।

বধি/র [বধ্ (বন্ধন করা)+ইর্ (র্তৃ, জ্ঞা০)] বিণ, শ্রবণশক্তি বিহীন ; যারা কাণে শুনিতে পায় না ; কালা। ২ [এই অর্থে প্রায় অন্য পদের সহিত যুক্ত হইয়া অর্থ দ্যোতনা করে] যে শুনে না ; যে গ্রাহ্য করে না। প্র-বিনয়বধির। ~রতা-বি, শ্রবণশক্তিহীনতা। ~র্য্য [সুশ্রুত] বি, বধিরতা deafness.

বধী [বধ+ইন্ (কারী অর্থে)] বিণ, বধকারী ; হত্যাকারী ; ঘাতক।

বধূ [সং-বহ্ (পাওয়া) উ (র্ম), যাকে বহন করা যায়। "স্ত্রী যোষিদবলা যোষা নারী সীমন্তিনী বধূ। প্রতীপদর্শিনী বামা বনিতা মহিলা তথা॥"-অমর০। ক্ষুদ্রার্থে-বধূটী] বি, বনিতা ; মহিলা। ২ বউ ; নববিবাহিতা স্ত্রী। ৩ স্নুষা ; পুত্রবধূ। ৪ কুলস্ত্রী ; কুলবালা। ৫ [বৈদ্যকে] অনন্তমূল। (২) শটী। (৩) পিড়িংশাক। ~জন [বধূ-জন (সমূহার্থে)] বি, অঙ্গনাগণ ; নারীসমূহ। "গোপ-বধূজন বিকশিত যৌবন। পুলকিত যমুনা, মুকুলিত উপবন॥"-বদ্রী০। ২ [বধূ-জন (লোক), ধা। প্রা০ মেয়েলোক] স্ত্রীলোক। ~টী [বধূ+টী (ক্ষুদ্রার্থে)] বি, অল্পবয়স্কা বধূ ; বালিকাবধূ। ~ৎসব [বধূ+উৎসব, ৬তৎ] বি, বধূর প্রথম রজোদর্শনঘটিত উৎসব ; পুষ্পোৎসব। ২ [প্রাদে০] বৌভাত। ~মাতা [বধূ-মাতা (সম্ভ্রমে মাতৃ ও স্নেহে কন্যাস্থানীয়া বলিয়া)] বি, শিষ্টসমাজে পুত্রবধূ ও ভ্রাতৃবধূর প্রতি সম্বোধন ; বউমা। ~সর, ~সরা-বি, মহাভারতোক্ত পবিত্রসলিলা নদীবিঃ। কথিত আছে, একদা ভৃগুমুনি স্নানার্থে গমন করিলে পুলোমা নামক এক রাক্ষস ভৃগুপত্নী গর্ভবতী পুলোমাকে হরণ করিয়া লইয়া যায়। সেই সময় ভৃগুবধূ রোদন করিতে থাকেন। তাঁহার নয়নজলে এই নদীর উৎপত্তি হয়। গর্ভস্থ শিশু মাতাকে রক্ষা করিবার জন্য ভূমিষ্ঠ হইয়া স্বীয়তেজে পুলোমা রাক্ষসকে ভস্মীভূত করেন।

বধোদ্যত [বধ+উদ্যত] বিণ, যে বধ করিবার জন্য উদ্যত হইয়াছে ; হত্যা করিতে প্রস্তুত। স্ত্রীং ~া।

বধোপায় [বধ+উপায়, ৬তৎ] বি, হনন-কৌশল। ২ বধসাধন।

বধ্য [বধ্ (হিংসা করা, বিনাশ করা) +য (র্ম), যাকে বধ করে] বিণ, বধের যোগ্য ; বিনাশ্য। ২ [বৈদিক] ক্রুদ্ধ প্রভুকর্তৃক তাড়না। "সে শূদ্র তুল্য হইয়া অপরের অনুজ্ঞায় বধ্য হইবে।" ~পাল [বধ্য (বধ-যোগ্য) পাল (পা+ণিচ্=পালি+অ, র্তৃ)] বি, যারা বধ্যদিগকে রক্ষা করে ; কারাগার-রক্ষক। ~ভূমি [বধ্য (বধযোগ্য) যে ভূমি (স্থান), ধা] বি, বধস্থান ; যে স্থানে প্রাণদণ্ড করা হয় ; মশান।

বন, -বন্ধ দ্রঃ।

বন, [বন্ (বিস্তারে)+অ (র্তৃ), যে বিস্তৃত হয়। চট্ট০ প্রাদে০ 'বন্ধু'] বি, অরণ্য ; কানন। ২ [অন্য শব্দের সহিত সমাসযুক্ত হইলে] বিণ, আরণ্য ; বন্য। প্র-বনমানুষ। বনমল্লিকা। বনশূরণ। বনপুষ্প। ৩ জল। প্র-বন্যা ; বান (জলসমূহ)। ৪ সমূহ ; সকল। "যিনি কার্ত্ত-বীর্য্যার্জ্জুনের ভুজবন ছেদন করিয়াছিলেন"। ৫ এক সম্প্রদায় সন্ন্যাসীর উপাধি, দশনামী সম্প্রদায়ের অন্তর্গত। ~কদলী [৬তৎ] বি, কাঠকলা। ~কন্দ [৬তৎ] বি, বুনোওল। ~কর [৬তৎ] বি, বনবিভাগের প্রাপ্য রাজস্ব। ~কার্পাসী [৬তৎ] বি, বন-কাপাস। ~কুক্কুট [৬তৎ] বি, আরণ্য-কুক্কুট ; বনমুরগী। ~কোলী [৬তৎ] বি, বনকুল। ~গহন [গহন (নিবিড়) বন, ধা। শব্দ বিপর্য্যয়ে] বি, গহনবন ; নিবিড় বন। ~গো [৬তৎ] বি, বন্য গরু। ~গোচর [বনে

গোচর (প্রত্যক্ষ) হয় যে, উপ°] বি, বনচারী মনুষ্য ; বুনো। ~চঁম্পক-বন্য চাঁপা ফুল ; অরণ্যচম্পক। ~চন্দ্রিকা [বনের চন্দ্রিকা (চন্দ্রমল্লিকা ফুল), ৬তৎ] বি, বনমল্লিকা। ২ বনে প্রতিফলিত জ্যোৎস্না।~চঁর [বন+চর+অ (র্তৃ, টক্), যে বনে চরে, উপ°] বিণ, অরণ্যচারী। ২ব্যাধ। ৩ রাক্ষস। ৪ হিংস্র জন্তু। ~চঁাড়াল [সং-চণ্ডালিকা] বি, চণ্ডালবল্লকী নামক ত্রিপর্ণ ক্ষুপবিঃ (পল্লীগ্রামে সুলভ)। ~চারী [বনচারিন্ ১মা, ১ব°] বি, বনে বিচরণকারী ; বনচর। ~জঁ [বন (অরণ্য, জল) জ (জন্=জন্মান+অ, র্তৃ), যে বনে জন্মে, উপ] বিণ, অরণ্যজাত ; বনজাত। ২ জলজ। স্ত্রীং ~জা। ~জঁঙ্গল [সহ° দ্বন্দ্ব। বন ও জঙ্গল] বি, ক্ষুদ্র বৃহৎ বৃক্ষ এবং লতা গুল্মাদি পরিবৃত স্থান ; নিবিড় অরণ্য এবং বৃক্ষবিরল ও ক্ষুপ বা ঝোপপূর্ণ স্থান। ~জাম-বি, জামের মত বন্য ফলবিঃ ; ভুঁইজাম। ~জ্ঞ -বিণ, যে বনের কোথায় কি আছে, তার পথ ঘাট কোথায়, কোন্ অংশ কিরূপ, কোন্ বন্য জীব-জন্তু কোথায় থাকে ই° জানে। "এই দেবি, সমবেত হের ব্যাধগণ * * *, বনজ্ঞ, মৃগজ্ঞ এরা * * * *"-জাতক, ৫ম খণ্ড। ~তিক্ত-বি, হরীতকী। ~দীপ -বি,বনচম্পক। ~দেব-বনদেবতা দ্রঃ। > স্ত্রীং~দেবী।~দেবঁতা [৬তৎ] বি, বনের অধিষ্ঠাত্রী দেবতা। ~ধেনু [৬তৎ] বি, বনগো। ~নিবাসী [বন-নিবাসিন্ ১মা, ১ব°] বিণ, বনে বাসকারী ; বনবাসী। > স্ত্রীং~নিবাসিনী-বনবাসিনী। "বননিবাসিনী দাসী নমে রাজপদে"-বীরাঙ্গনা। ~পঁথ-বি, বনের ভিতরের পথ ; বনসঙ্কুল পথ ; বন্য পথ। ~প্রিয়ঁ [বন প্রিয় (অভিলষিত) যার, বহু°] বি, কোকিল। "তিলফুল জিনি নাসা, বনপ্রিয় জিনি ভাষা, ভুরু যুগ চাপ সহোদর।"-কবিক°। ২ বিণ, যে বনে থাকিতে ভালবাসে। ~ফঁল-বি, বনের ফল।~ফুল-বি, আরণ্য প্রসূন ; বন্য কুসুম। ~বঁরা [সং-বন্যবরাহ] বি, বন্যবরাহ ; বুনো শূয়ার। "ভয়ে ধরে বনবরা, ভল্লু, হরিণ"-ধ°। ~বাদড়া [বন-বাদড়া (বাঁদরা গাছ)] বি, বনের অকেজো গাছপালা। ~বাঁদড়া গাছ-বি, পরগাছা ; নানাপ্রকার বনফুলের ও পাতাবাহারের গাছ orchid. ~বাদাড় [বন ও বাদাড় (বাদা দ্রঃ। ক্ষুপসঙ্কুল জলাভূমি)] বি, অরণ্য ও জলাভূমি ; বনজঙ্গল। ~বাস-বি, অরণ্যে বাস। ~বাসী [বন-বস্ (বাস করা)+ইন্ (র্তৃ), উপ°] বিণ, বনে বাসকারী ; অরণ্যবাসী। স্ত্রীং ~বাসিনী। ~বিড়াল, -বিরাল [বনের বিড়াল, ৬তৎ] বি, আরণ্য বিড়াল। "এই বিড়াল বনে গেলে বনবিড়াল হয়"-প্রবচন। ~বিহারী -বিণ, বনে বিচরণকারী। ২ বৃন্দাবনবিহারী শ্রীকৃষ্ণ। ~ভোজ, ~ভোজঁন [বনে ভোজন] বি, বন্ধুজনে মিলিত হইয়া বনভ্রমণে গিয়া তথায় রন্ধনাদি করত প্রীতিভোজ। "কোথা বনভোজন কোথাহ যন্ত্র চুরি। কদম্বের ডালে কৃষ্ণ তলে গোপনারী।"-শি°। "তখন শিলং হতে একদল বনভোজ করিয়া ফিরিতেছিল।"-বঙ্গবাণী,১৩৩৩।~মক্ষিকা -বি, বুনোমাছি। ~মল্লিকা-বি, অতি সুগন্ধ লতাপুষ্পবিঃ ; কাঠমল্লিকা। এই জাতীয় লতা অরণ্যে জন্মিয়া বৃহৎ বৃক্ষকে আশ্রয় করে। ইহার ফুল ফুটিলে সমস্ত বন আমোদিত হয়। গাছে উঠে বলিয়া কাঠমল্লিকা নাম। ~মানুষ [বন (বন্য) মানুষ নরাকৃতি বলিয়া] বি, বানরদের মধ্যে যাদের আকৃতি মানুষের মত ; নরাকৃতি বানর। ইহারা দুই পায়ে দাঁড়াইয়া অনেকটা সোজা হইয়া চলিতে পারে। ইহাদের লেজ নাই ও গালের ভিতর খাদ্য রাখিবার থলি নাই। ইহারা গরিলা, শিম্পাঞ্জি, ওরাং-আউটাং ও গিবন (উল্লুক) এই চারি শ্রেণীতে বিভক্ত। ~মালা (-নঁ-) [বনপুষ্পরচিত মালা, ম° প° লো° ধা] বি, বনফুলে গাঁথা মালা ; আরণ্য পুষ্পের মাল্য। "বাসি হ'লো বনমালা, দেখ ওলো প্রাণ সই। ধূসর গগনে শশী কালশশী এলো কই॥"-গি° ঘোষ। "আজানুলম্বিনী মালা সর্ব্বর্ত্তু কুসুমোজ্জ্বলা। মধ্যে স্থূলকদম্বাঢ্যা বনমালেতি কীর্ত্তিতা॥" -শ°ক°দ্রুম-ধৃত শব্দমালা। সর্ব্বঋতুতে প্রস্ফুটিত হয় এমন বহু-প্রকার ফুলে গ্রথিত আজানুলম্বিত পুষ্পমাল্য। ~মালী (-নঁ-) [বনমালা+ইন্ (স্ত্য°)= বনমালিন্,১মা,১ব°]বি,'বনমালা'ধারণকারী। ২ বি, শ্রীকৃষ্ণ। "মধুর মুরলী পুরে বনমালী রাধা রাধা বলি গান।"-চণ্ডি°। ২ বিণ, বনমালাধারী। স্ত্রীং ~মালিনী। ~য়ারী (নঁ) [ব্রজ°। বনমালী-বনমারী, ম=অ=য়, ল=র] বিণ, বনমালী ; বনবিহারী। "চাতুর মরদন তুই বনয়ারী"-বি° প°। ~রাজ (নঁ) [বনের (রাজা), ৬তৎ-অরণ্যের অধিনায়ক] বি, সিংহ। ~রাজি,-জী (-নঁ-)-বি, বনানী ; বনশ্রেণী। ২ বনশোভা। ~লক্ষ্মী (-নঁ-) [বনের লক্ষ্মী (শোভা ও সম্পত্তি), ৬তৎ] বি, কদলী। ~শূরঁণ-বি, বুনো ওল। ~শোভঁন (-নঁ-) [বন (জল) শোভন (মনোজ্ঞ,ভূষণ), ৬তৎ, জলের সৌন্দর্য্যবর্দ্ধক] বি, পদ্মাদি পুষ্প। > স্ত্রীং~শোভনা। ~শোভিনী (-নঁ-) [বন (কানন)-শোভিনী। শুভ্ + ণিচ্=শোভি (দীপ্তি পাওয়া) + ইন্ (র্তৃ)+ঈ (স্ত্রীং)। বন-শোভন অর্থে পদ্ম, কিন্তু কবিবর মাইকেল মধুসূদন কাননশোভা "কুসুম" অর্থে স্ত্রীলিঙ্গে 'বনশোভিনী' শব্দ প্রয়োগ করিয়াছেন] বি, কুসুম ; পুষ্প। যথা-"কেনে লো হরিলি ভূষণ লতার-বনশোভিনী? অলি বঁধু তার ; কে আছে রাধার-হতভাগিনী ?"-ব্রজাঙ্গনা। ২ বিণ, বনের শোভাবর্দ্ধনকারিণী ; বনের ভূষণ-স্বরূপিণী। "আভরণহীন দেহ, হিমানীতে যথা কুসুম রতনহীন বনসুশোভিনী লতা!"-মেঘ°। পুং ~শোভী। ~শ্বা (-নঁ-) [বন (অরণ্য) শ্বন্ (কুকুর), ৬তৎ] বি, বন্য-কুকুর। ~স্থ (-নঁ-) [বন-স্থা (থাকা)+অ র্তৃ] বিণ, বনে স্থিত। ২ বনজাত। ৩ বানপ্রস্থধর্ম্মাবলম্বী। "বনস্থ বলিতে নাহি লয় চিতে কৈলাস নামেতে ঘর।"-অ° ম°। ~স্পতি [বনঃ+পতি (রক্ষক), বনের পতি, ৬তৎ। "অপুষ্পাঃ ফলবন্তো যে তে বনস্পতয় স্মৃতাঃ"-মনু°] বি, যে বৃক্ষের ফুল না হইয়াই ফল জন্মে, যথা কাঁটাল, যজ্ঞডুম্বুর ই° ; পুষ্পহীন ফলদ বৃক্ষ ; মহাদ্রুম ; পাদপ।

বঁনদা, বন্দ [বন্ধন > গ্রা°] বি, বন্ধন। "মানস মনোহর ধরিয়া দ্বিজবর গ্রন্থি বনদা করে।"-মাণিক° গান।

বঁনপ্‌শা, বঁনফ্‌শা [ফ° বনক্‌শা]

বি, স্বনামখ্যাত কাশ্মীরজ ক্ষুদ্র শাকবিঃ। wild violet. বনফ্‌শার সমবৎ ঔষধার্থে ব্যবহৃত হয়।

বন্‌বন্১ [অনু॰] অ, শূন্যে লাঠী জোরে ঘুরাইবার কালে বায়ুর সহিত সংঘর্ষে যে শব্দ হয়। ২ অতি দ্রুত। "সমুদ্রের উপর দিয়া বন্‌ বন্ করিয়া মহাবেগে ঝড় বহিতেছে।"-মহিমময় (দী॰ রায়)।

বন্‌বন্২ [ইং bonbon এর লিপ্যন্তর] বি, মিষ্টখাদ্য; চিনির লাড়ু sweetmeat ২ চিনির সহিত মিশ্রিত কৃমির ঔষধবিঃ।

বনবিবি [যশো॰খুলনা মুসলমানী কথ্য॰] বি, বনদেবতা [দ্র:-"বনবিবির জহুরা নামা" নামক পুস্তকে বর্ণিত হইয়াছে]।

বনা [সং-বন (সক্তি, সেবা) > হিং বন্‌না। বনি, বন, বনে; বনিতে; বনিয়া। ণিজন্ত-বনান] ক্রি, মিল হওয়া; মনের ঐক্য হওয়া; সদ্ভাবে অতিবাহিত হওয়া। "যাহাতে যাহাতে বনে"-চণ্ডি॰। প্র-তার সহিত একদণ্ডও বনে না। ২ সাজা। ৩ হওয়া; ঘটা; নিষ্পাদিত হওয়া; গঠিত হওয়া। "কর্ম্ম কর যে ভাবেই বনে"-কর্ম্মগীতা। ৪ কোন কিছুতে পরিবর্ত্তিত হওয়া; পরিণত হওয়া। প্র-ভেড়া বনা।

বনাত [হিং বান্‌ (বস্ত্র) > ব(বা)নাৎ] বি, পশুলোমজাত শীতবস্ত্রবিঃ broad-cloth.

বনানি১ [হিং বনানা। বনা দ্রঃ। বনাই, বনাও, বনায়; বনাইতে; বনাইয়া (কেং বনিয়ে)] ক্রি, প্রস্তুত করা; গঠন করা; নির্ম্মাণ করা। "আরশীতে বনাইয়া জীউ দেয় যারে। ভাব দেখি সে কি তারে তরাবারে পারে।"-ভারত॰। ২ রচনা করা। "দ্বিজ ভারত কবিবর বনায় ওহি পর"-অ॰ ম॰। "বেণী বনাই চাঁচর কেশে।"-বি॰ প॰। ৩ অঙ্গে ধারণ করা; সজ্জা করা। "বন্ধুর সংকেতে আমি এ বেশ বনানু গো, সকল বিফল ভেল মোর।"-নরোত্তম॰। [ব্রজ॰] বনাব-রচিব; বনাইব। "বেণী বনাব হাম আপন অঙ্গমে"-বি॰ প॰। বনায়র্ত-বিন্যাস করে; সাজাইয়া দেয়। "সহচরী মেলি বনায়ত বেশ"-বি॰ প॰। বনায়ল-রচনা করিল; সাজাইল। "বেণী বনায়ল চাঁচর কেশে"-বি॰ প॰।

বনানি২ [বনা (দ্রঃ)+আন (ক্রিয়ার)। বনাই, বনাও ইং বনান্১-বৎ] ক্রি, মিল করান; সদ্ভাব করান। বনাইয়া থাকা -মিলিয়া মিশিয়া থাকা; সদ্ভাবে বাস করা; সবদিকে সামঞ্জস্য করিয়া মনের মিলে বাস করা।

বনানী ['অরণ্যানী'র অনুকরণে] বি, সুবিস্তৃত অরণ্য; অরণ্যানী। "শত শ্যাম রসোচ্ছ্বাসে উর্দ্ধশ্বাসে ছুটেছে বনানী"-শান্তিনিকেতন, ১৩৩২ ভাদ্র।

বনান্ত [বন+অন্ত (শেষ), ৬তৎ] বি, অরণ্যপ্রান্ত। ২ বনভূমি।

বনাবনি [বনা (মিল)+অবনা (অমিল) +ই > অবনাবনি] বনাবন্তি (দ্রঃ)। ২ বি, সদ্ভাব বা অসদ্ভাব।

বনাবন্তি [সং-বন (সক্তি, সেবা) > হিং বনাব্ > বনা+হিং বন্‌তি। 'বনিবন্তা', 'বনিবনাত'ও॰] বনিবনাও; পরস্পর সদ্ভাব।

বনাম [ফা॰ বনাম্] অ, নামে in the name of. ২ ঠিকানায়।

বনায়ু-বি, পারস্য দেশের নামান্তর।

বনায়ুজ [বনায়ু-জ (জাত)] বিণ, বনায়ু-দেশোৎপন্ন। ২ পারসীক। ৩ বি, পারস্য দেশজাত অশ্ব।

বনারস [বারাণসী > বর্ণ বিপর্য্যয়ে] বি, কাশী। বিণ, বনারসী-বারাণসীজাত।

বনারিষ্টা [বন+অরিষ্টা, ৬তৎ] বি. বনহলুদ।

বনালিকা [সং] বি, হাতীশুঁড়োর গাছ। ২ বনশ্রেণী।

বনাশ্রম [বন (স্থ)+আশ্রম, ধা] বি, অরণ্য নিবাস; কাননাবাস।

বনাশ্রয় [বন (অরণ্য)+আশ্রয় (বাসস্থান), ধা] বি,বনরূপ আশ্রয়। ২ [বন আশ্রয় যাদের, বহু॰] বিণ, যারা বনে বাস করে; বনবাসী; বনাশ্রয়ী। ৩ বি, দাঁড়কাক।

বনাশ্রিত [বন + আশ্রিত] বিণ, বনাশ্রয়ী; অরণ্য আশ্রয়কারী; তাপস; বনবাসী। স্ত্রীং ~া

বনি [হিং] বিণ, ভূষিত; পরিহিত; সজ্জিত। "আওরে কুসুমে বনি রাই রমণীমণি। অরুণ বসন বনি বরণ কিরণমণি।"-গোবিন্দ॰। ২ ক্রি-বিণ, সাজ করিয়া; পরিধান করিয়া; ভূষিত হইয়া। ৩ ক্রি-বিণ, প্রস্তুত হইয়া।

বনিত [বন্ (যাচ্‌ঞা করা)+ত (র্ম্ম)], যা প্রার্থনা করা যায়] বিণ, যাচিত; প্রার্থিত; অভ্যর্থিত। ২ সেবিত। স্ত্রীং ~া।

বনিতা [বনিত (দ্রঃ)+আ (স্ত্রীং)] বি, পত্নী; ভার্য্যা। ২ ["বামা বনিতা মহিলা"-অমর॰] নারী; স্ত্রী। ৩ প্রিয়া।

বনিবনাও [হিং] বি, পরস্পর মনের মিল; সদ্ভাব; বনাবন্তি (দ্রঃ)।

বনিবনাত [হিং বনিবন্তা > গ্রা॰] বি, বনিবনাও দ্রঃ। "কাহারও সহিত তাহার বনিবনাত হয় নাই"-ব॰ বাণী, ১৩৩৩।

বনিবন্তা-বনাবন্তি দ্রঃ।

বনিয়াদ [ফা॰ বনিয়াদ্। গ্রা॰ বনেদ] বি, ভিত্তি; ভিত। ২ মূল; গোড়া।

বনিয়াদী [ফা॰। গ্রা॰ বনেদী] বিণ, বনিয়াদযুক্ত; যার বনেদ আছে। ২ বহুকাল প্রতিষ্ঠিত; পুরাতন। ৩ তা হতে সুপ্রতিষ্ঠিত ও সম্ভ্রান্ত।

বনী১ [সং] বি, বন; অরণ্য; বনস্থলী।

বনী২ [ভগিনী > বহিনী > কেং] বি, ভগিনী (মনসা ম॰, কেতকা॰)।

বনুই [হিং বহিনুই >] বি, ভগ্নীপতি; বোনাই।

বনুয়া [বন+উয়া। গ্রা॰ বুনো] বিণ,বন্য; আরণ্য।

বনেচর [বনে-চর (যে চরে), যে বনে বিচরণ করে, অলুক॰। 'বনচর' ও॰] বি, কিরাত। ২ বিণ, বনবাসী; অরণ্যচারী।

বনেটি, -টী [বহ্নিযষ্টি >] বি, উৎসবাদিতে ঘুরাইবার মানুষ প্রমাণ বা আরও লম্বা ও দুই প্রান্তে মশাল-জ্বালা লাঠী।

বনেদ [ফা॰ বনিয়াদ] বি, ভিত্তি। ২ মূল; গোড়া। ৩ উৎপত্তি। "যে না জানে বনেদ তোর"-ম॰। বি॰ খোঁড়া-গৃহাদির ভিত্তি স্থাপনার্থ মাটিতে গর্ত্ত করা। বি॰ গাড়া -ভূগর্ভে প্রাচীরাদির ভিত্তিমূল প্রোথিত করা। বি॰ তোলা-ভিত-গর্ত্ত হ'তে প্রাচীরাদির মূল গাঁথিয়া তোলা।

বনেদি [ফা॰ বুনিয়াদি, ক্ষে॰] বিণ, বহুদিনের প্রতিষ্ঠিত ও সম্ভ্রান্ত। "ব॰ বাবুর বাড়ী টোটা বাতি জলে"-হেম॰।

বনোয়ারি [বনমালী > ব্রজ॰ বনবারী, ঠেঁট হি॰ বনবারী > বাং দ্রঃ বেনোয়ারী ও॰] বি, কৃষ্ণ।

-বন্ত [সং-বৎ > বহুব॰ রূপে। বাং-য় অবিকল গৃহীত, কিন্তু একবচনে ব্যবহৃত হয়] বি, যুক্ত বা বিশিষ্টার্থক প্রত্যয়বিঃ। প্র-লক্ষ্মীবন্ত (দ্রঃ); জ্ঞানবন্ত।

বন্তি, , **বিনতি** [হি॰ বন্‌তি] বি, মনের মিল; সদ্ভাব। ব॑নাব॑ন্তি, ব॑নিব॑ন্তা, ব॑নিব॑নাও, ব॑নিব॑নাত দ্রঃ।

বন্দ, [ফা॰ বন্দ্] বি, দৈর্ঘ্য প্রস্থের সমষ্টি পরিমাণ। "পঁচিশের বন্দ যেন ঘর একখান" -কৃত্তি॰। "জিনিতে প্রজার মায়া জমি দিবে মাপিয়া বন্দে বন্দে যেন প্রজা লয়।"-কবিক॰। ২ খণ্ড; থোক। ৩ বন্ধ দ্রঃ।

বন্দ, [সং-বন্দ্ (স্তুতি, বন্দনা করা) >। ব্রজ॰ বন্দহু ("বন্দহু নন্দকিশোরা"-বি॰ প॰) > প্রা॰ বাং বন্দহ, আধু॰ বাং-বন্দ। বন্দা দ্রঃ] ক্রি, বন্দনা কর। ~**ক** [বন্দ্ (প্রণাম করা বা স্তব করা) + অক (র্তৃ) যে স্তব পাঠ করে] বিণ, স্তুতি-পাঠক; স্তবগায়ক; বন্দনাকারী। > স্ত্রীং **বন্দিকা** -বন্দনকারিণী; স্তুতিপাঠিকা। ~**ন** [বন্দ্ (বন্দনা করা) + অন (ভা॰)] বি, স্তুতি; স্তব; প্রণাম; অভিবাদন। ২ [বির্থে॰] হোম-ভস্ম তিলক। ৩ [+অন(র্ম্ম)) বন্দ্য; বন্দনীয়। "জয় গোপবল্লভ ভক্তবৎসল দেব দুর্লভ বন্দন"-অ॰ ম॰। ~**নমালা**, ~**নমালিকা** [বন্দনের হেতুভূত মালা বা মালিকা, ৪তৎ] বি, বিবাহাদি উৎসব সময়ে বহির্দ্বারে দোদুল্যমান মঙ্গলসূচক মালা। ~**না** [বন্দ্ + অন (ভা॰) + আ (স্ত্রীং)] বি, স্তব। ~**নীয়** [বন্দ্ + অনীয় (র্ম্ম)] বিণ, বন্দনার যোগ্য; পূজ্য; নমস্য। ২ পীত ভৃঙ্গরাজ। স্ত্রীং ~**নীয়া**-বন্দনযোগ্যা। ২ গোরোচনা। ~**মাতা** [বন্দো > বন্দ, বন্দো (দ্রঃ) "বন্দো মাতা সুরধুনী, পুরাণে মহিমা শুনি" ই॰ গানের আদ্য পদ] বি, বঙ্গীয় পাঠশালার ছাত্রদের মহাবারুণী উপলক্ষে গুরুমহাশয়ের পরিচালনায় মিছিল করিয়া গঙ্গাস্নান যাত্রা-কালে সমস্বরে গেয় গঙ্গাপূজার গান।

বন্দর [ফা॰] বি, সমুদ্র বা নদীর তীরে বাণিজ্য করিবার স্থান।

বন্দা, [বন্দ্ + অ (র্তৃ) + আ (স্ত্রীং), যে স্ত্রী বন্দনা করে] বি, বন্দনাকারিণী স্ত্রী। ২ পরগাছা; যা বৃহৎ বৃক্ষের উপর জন্মে।

বন্দা, , **বান্দা** [ফা॰] বি, অধীন। ২ গোলাম; ক্রীতদাস। "বন্দেগী করিবে বন্দা জমীন ঠুকিয়া"-অ॰ ম॰। স্ত্রীং **বান্দী** [গ্রা॰ বাঁদী (অধিক চ॰)]।

বন্দা, [বন্দ্ ধাতু > বন্দনা দ্রঃ। বন্দি, বন্দ (বন্দেন, বন্দিস), বন্দে (বন্দেন্); বন্দিতে; বন্দিয়া। পিজন্ত-বন্দান] ক্রি, বন্দনা করা। "বন্দি ও চরণারবিন্দ, মন্দমতি আমি!"-মেঘ॰।

বন্দাক, **বন্দাকা** [বন্দা + ক (স্বার্থে)= বন্দাক (পুং) + আ(স্ত্রীং)=বন্দাকা বা বন্দিকা] বিণ, যে বন্দনা করে। ২ বি, পরগাছা।

বন্দারু [বন্দ্ + আরু (র্তৃ), যে বন্দনা করে] বিণ, বন্দনশীল। ২ বি, স্তুতিগানকারী; স্তাবক।

বন্দি [বন্দ্ (বন্দনা করা) + ই (র্তৃ), যে বন্দনা করে, যে আবদ্ধ থাকিয়া বন্দনা করে, যে কারারুদ্ধাবস্থায় স্তব করে] বিণ, কয়েদী। ২ [+ই (র্ম্ম)] বি, যাকে আবদ্ধ করা হয়; কারাবদ্ধ। ৩ মই; সিঁড়ী। ৪ [+ই (ভা॰)] বন্দনা। ৫ [বন্দা দ্রঃ] ক্রি, উ॰পু॰, বন্দনা করি। স্ত্রীং **বন্দিনী**। ~**গ্রাহ** [সং] বি, সিঁদেল চোর। ~**ঘর** [৬তৎ] বি, কারাগার: কয়েদিগণের থাকিবার স্থান; কয়েদখানা; জেলখানা। "যত আইসে সদাগর রাখ তারে বন্দিঘর লুঠ করি লহ যত ধন।"-কবিক॰। ~**চোর** [বন্দীভূত চোর, ম॰ প॰ লো॰] বি, কারাবদ্ধ চোর; বন্দীকৃত তস্কর। ~**পাঠ** [বন্দির পাঠ (পাঠ্য), ৬তৎ] বি, স্তবগ্রন্থ; স্তুতিবিষয়ক পুস্তক। ২ স্তুতিগান; স্তবপাঠ।

বন্দিসা [আদা॰। তুল-হি॰ বন্ধবাস land embanked all around] বি, চতুঃ-সীমা বন্ধন; পরিবেষ্টনী; বেড়া enclosure; boundary.

বন্দী [বন্দিন্ ১মা, ১ব॰] বি, কয়েদী। ২ চারণ; ভাট। ৩ বিণ, বন্দনাকারী; স্তুতি-পাঠকারী। ৪ অবরুদ্ধ। স্ত্রীং **বন্দিনী**। ~**কার** [বন্দী-কার (যে করে)] বি, যে অতর্কিতভাবে ধনীর ধনাদি বন্ধন করিয়া লইয়া যায়; সিঁদেল চোর; বন্দিগ্রাহ। ২ বিণ, যে সহসা আক্রমণ করিয়া বন্দী করে। ~**শালা**-বি, কারাগার; জেলখানা।

বন্দুক [তুর্কী॰ বন্দুক্। তুল-সং-বিন্দুক। "বিন্দুকং গোলক যুগং"-ধনুর্বেদসংহিতা। ইহার অর্থ-নালিকাস্ত্রস্থ গোলবিন্দুক বা তিলবিন্দু বা মাছি। বন্ধ্ (বধ করা) + উক (ণে), ন্ধ=ন্দ, যদ্দারা প্রাণিবধ করা যায়] বি, প্রাণহারক অস্ত্রবিঃ; নালিকাস্ত্রবিঃ; ক্ষুদ্র-নালিক [দ্রঃ-কৃষ্ণ-যজুর্বেদে ইহার অনুরূপ অস্ত্রের নাম কর্ণী; কর্ণকাবতী]।

বন্দে [সং। "বন্দেমাতরম্" > ক্ষে॰] ক্রি, বন্দনা করি। অধুনা পরস্পর অভিবাদ-নার্থে এই শব্দের ব্যবহার হইতেছে; নমস্কার।

বন্দেগী,-**গি**, **বন্দগি** [ফা॰ বন্দ্‌গী (বন্দা বা গোলামের কর্ম্ম)] বি, সেলাম; প্রণাম। "বন্দেগী করিবে বান্দা জমীন ঠুকিয়া"-অ॰ ম॰।

বন্দেজ [ফা॰ বন্দিশ্ শব্দের উচ্চারণ-বিকার] বি, বাঁধুনি। ২ বন্দোবস্ত; ব্যবস্থা; বিলি। ৩ শৃঙ্খলা।

বন্দেবন্দে [বন্দ দ্রঃ] ক্রি-বিণ, প্রতিবন্দে; খণ্ডে খণ্ডে। "জিনিতে প্রজার মায়া জমি দিবে মাপিয়া বন্দে বন্দে প্রজা যেন লয়।" -কবিক॰।

বন্দেমাতরম্ [(দেশ) মাতাকে বন্দনা করি] বি, "বন্দেমাতরম্। সুজলাং সুফলাং মলয়জ শীতলাং মাতরং। বন্দেমাতরম্" ই॰ গানের ধ্রুবকা। বঙ্গজননীর প্রতি সন্তানের ভক্তি উচ্ছ্বসিত বন্দনা। এই দেশাত্মবোধোৎ-পাদক গানটি সাহিত্যগুরু বঙ্কিমচন্দ্র চট্টো-পাধ্যায় কর্তৃক রচিত ও তাঁহার আনন্দমঠ উপন্যাসে সন্নিবেশিত। প্রথমে ইহা বঙ্গের পরে সমগ্র ভারতের জাতীয় সঙ্গীত ও ভারত সন্তানের দেশাত্মবোধক মহামন্ত্ররূপে পরিণত। "বন্দেমাতরম্ মন্ত্রের ঋষি বঙ্কিম"। "বন্দেমাতরম্ মন্ত্রে ভারতকে বাঙ্গালীই

দীক্ষিত করিয়াছে"—আ॰ শক্তি, ৩৪, ১৭ সংখ্যা।

বন্দেশ [ফা॰ বন্দিশ্ >] বি, ব্যবস্থা; বন্দেজ (দ্রঃ)।

বন্দো [বন্দ্য দ্রঃ। হিং বন্দৌ, বন্দ্। সং—বন্দে। ব্রজ॰, প্রা॰ বাং—বন্দো, বিকারে 'বন্দ' ও॰। "বন্দ মাতা"] ক্রি, বন্দনা করি; বন্দি। "এ হরি বন্দো তুয়া পদ নায়"—বি॰ প॰। "বন্দো মাতা সুরধুনী পুরাণে মহিমা শুনি পতিতপাবনী পুরাতনী।"—গঙ্গার বন্দনা।

বন্দোবস্ত, বন্দবস্ত [ফা॰ বন্দ্-ও-বস্ত্] বি, বিলিব্যবস্থা; বন্দেজ। ২ শৃঙ্খলা। **বন্দোবস্ত মিহাল, বন্দোবস্তী মহাল**—যে মহাল বা জেলা বন্দোবস্ত আইনের আমলে আনা হইয়াছে। **চিরস্থায়ী বন্দোবস্ত**—অপরিবর্তনীয় খাজনার হার যা বঙ্গে লর্ড কর্ণওয়ালিস বিধিবদ্ধ করিয়া যান permanent settlement. **দশশালা বন্দোবস্ত**—বাঙ্গলা দেশে জমীর যে বন্দোবস্ত লর্ড কর্ণওয়ালিস দশ বৎসরের জন্য বিধিবদ্ধ করিয়া যান এবং পরে যা চিরস্থায়ী বন্দোবস্তে পরিণত হয়।

বন্দ্য [বন্দ্ +য (র্ম)॰ যাকে বন্দনা করা হয়] বিণ, বন্দনীয়; স্তবযোগ্য। ২ বি, বন্দ্যোপাধ্যায় শব্দের সং॰ক্ষে॰। স্ত্রীং **বন্দ্যা**—বন্দনীয়া। ২ গোরোচনা।

বন্দ্যবংশ [বন্দ্য (দ্রঃ) বংশ (কুল)] বি, বন্দ্যোপাধ্যায়ের কুল। "বন্দ্যবংশে জন্ম স্বামী, বাপেরা ঘোষাল। সাত সতা গৃহে বাস বিষম জঞ্জাল।"—কবিক॰। "গোত্রের প্রধান পিতা মুখ্যবংশ জাত। পরম কুলীন স্বামী বন্দ্যবংশ খ্যাত।"—অ॰ ম॰।

বন্দ্যো [গ্রা॰] বি, বন্দ্যোপাধ্যায় শব্দের সং॰ক্ষে॰। প্র—"কৃষ্ণ বন্দ্যো"। বন্দ্য দ্রঃ।

বন্দ্যোপাধ্যায় [বন্দ্য+উপাধ্যায়] বি, রাঢ়ীশ্রেণীর কুলীন ব্রাহ্মণের বংশগত উপাধিবিঃ। [গ্রা॰বাঁড়ুয্যে,বাঁড়ুয্যে,বাঁড়ুয্যা (জ্যা), বাঁড়রী। ইং ধরণে ব্যানার্জ্জী, বানার্জ্জী,বনার্জ্জী Bannerji. Bonnerji.]

বন্ধ [বন্ধ্ (বন্ধন করা)+অ (র্ম)] বি, যা গচ্ছিত রাখা যায়; গচ্ছিত দ্রব্য। ২ [+অ (ণে),যদ্দারা বন্ধন করা যায়] বন্ধন সামগ্রী। ৩ [+অ (ভা॰)] বন্ধন; বাঁধন। "থাকিয়া রাজার আগে বন্ধ কর দূরে। স্থিত কর আরবার গুজরাট পুরে।"—কবিক॰। "দৃঢ় করি বান্ধবি নীবিক বন্ধ"—বি॰ প॰। ৪ গ্রন্থি। ৫ সূত্রে; পাক। "তোমার কর্ম্মের বন্ধ পরে করাইল জন্ম দুঃখ পাইলে এ এক বৎসরে।" —কবিক॰। ৬ বৃন্ত। ৭ রোধ। ৮ গ্রন্থন; রচনা। "রচিয়া ত্রিপদী ছন্দ পাঁচালী করিয়া বন্ধ বিরচিল শ্রীকবিকঙ্কণে।"—কবিক॰। ৯ রতিবন্ধন। ১০ [এই অর্থে হিং গ্রা॰ কথ্য বন্ >পু॰ বঙ্গ প্রাদে॰ 'বন' "বন হয় দুয়ার"—পূ॰ব॰ গী॰] বিণ, রুদ্ধ; বন্ধ; প্র—দ্বার বন্ধ কর। ১১ স্থগিত; রহিত। প্র—তার আসা যাওয়া বন্ধ হইয়া গেল। ১২ কর্ম্মশূন্য। প্র—কাছারী এখন বন্ধ আছে। ১৩ আবদ্ধ; চলাচল বা প্রবাহ রহিত। প্র—শ্বাস বন্ধ; নর্দমার জল বন্ধ হইয়াছে। ১৪ স্রাবরহিত। প্র—রক্ত বন্ধ করা। ১৫ জীব মায়া বা প্রকৃতি বা কর্ম্মদ্বারা বেষ্টিত এই অবস্থা। জীব দ্রঃ। ১৬ প্রকার; বিধান। "চিরকাল ছিল যত মনোরম বন্ধে।" —শ্রী॰ কী॰।

বন্ধক [বন্ধ +অক (র্ম)॰ যাকে বন্দীর মত রাখা হয়] বি, ঋণ নিমিত্ত ন্যস্ত দ্রব্য; গচ্ছিত বস্তু। ২ [+অক (ভা॰)] কোন দ্রব্য গচ্ছিত রাখিয়া ঋণ গ্রহণ। **~গ্রহীতা**—বিণ, যে দ্রব্যাদি বন্ধক বা বাঁধা রাখে। **~দাতা**—বিণ, যে বাঁধা দেয়।

বন্ধকী [বন্ধ+ক+ঈ (স্ত্রীং)] বি, যে পরপুরুষের মন বন্ধন করে অথবা যে পরপুরুষের নিকট বদ্ধ থাকে; বেশ্যা; কুলটা। ২ যে দ্রব্য ঋণ গ্রহণ কালে উত্তমর্ণের নিকট ন্যস্ত হয়। ৩ বন্ধ্যা স্ত্রী। **~তন্ত্র** [বন্ধ-তন্ত্র (সেনা), ধা] বি, ব্যূহরচনা কৌশলবিঃ; বন্ধের আকারে সজ্জিত চতুরঙ্গ সেনা।

বন্ধন [বন্ধ্ (বন্ধন করা)+অন (ভা॰)। প্রা॰ বৌ॰ বাং—বন্ধণ (দো॰ ৯৯), বান্ধণ (চ॰ পদ॰ ৯১)] বি, অবরোধ; বাঁধন; আটক। ২ সংযমন। ৩ [+অন (ণে)] যদ্দারা বাঁধা যায়। ৪ বৃন্ত। ৫ বাণের পুঙ্খ। ৬ বন্ধন সাধন রজ্জু। ৭ [আয়ু॰, অস্ত্র চিকিৎসায়] বি, পতন বা আঘাতাদিজনিত ক্ষত স্থানের অথবা অস্ত্র চিকিৎসার পর বস্ত্রাদির দ্বারা অঙ্গ বিশেষের বন্ধন। সুশ্রুত মতে ১৪ প্রকার বন্ধন প্রণালী উল্লিখিত হইয়াছে, যথা—(১) স্বস্তিক বন্ধন। (২) গোফণা বন্ধন। (৩) পঞ্চাঙ্গী বন্ধন। (৪) কোশ। (৫) দাম। (৬) অনুবেল্লিত। (৭) মুত্তোলী। (৮) মণ্ডল। (৯) স্থগিকা। (১০) যমক। (১১) খট্টা। (১২) চীন। (১৩) বিবন্ধ। (১৪) বিতান।—ভারতী, ১৩২০, বৈশাখ (শ্রীপঞ্চানন নিয়োগী)। ৮ রচনা; গ্রন্থন; বাঁধুনি। ৯ ঠাম; ঢঙ; ভঙ্গী; ধরণ। "শ্রীবাস অঙ্গনে বিনোদ বন্ধনে নাচত গৌরাঙ্গ রায়"—পদ॰ ক॰ তরু (সা॰ প॰ প॰)। ১০ আলিঙ্গন। **~ক্রিয়া** [সুশ্রুত] বি, অস্ত্রচিকিৎসা দ্রঃ bandage. **~দশা**—বি, আবদ্ধ অবস্থা; আটক; কয়েদ। **~বেশ্ম** [বন্ধনের বেশ্ম (গৃহ), ৬তৎ] বি, যে গৃহে বন্ধন করিয়া রাখা হয়; কারাগৃহ; বন্ধনশালা। **~রজ্জু** [৬তৎ] বি,বাঁধিবার দড়ী। **~শালা** [৬তৎ] বি,কারাগার; জেলখানা। **~সাধন** [বন্ধনের সাধন (উপায়), ৬তৎ] বি, বন্ধনোপায়; যদ্দারা বন্ধন করা যায়। **~স্তম্ভ** [৬তৎ] বি, হস্তিবন্ধনের খুঁটি; আলান। **~হীন**—বিণ, বন্ধনশূন্য; মুক্ত; স্বাধীন।

বন্ধনাগার [বন্ধন+আগার, ৬তৎ] বি, বন্দিশালা; জেলখানা; কারাগার।

বন্ধনালয় [বন্ধন+আলয় (গৃহ), ৬তৎ] বি, কারাগার; ফাটক; জেলখানা।

বন্ধনী [বন্ধ্+অন (ণে)+ঈ (স্ত্রীং)। প্রা॰ বাঁধুনি] বি, যদ্দারা বন্ধন করা যায়; বন্ধন সাধন রজ্জু; শৃঙ্খলাদি। ২ চিহ্নবিঃ; {} ব্রাকেট; ব্রেস []; প্যারান্থিসিস ()। ৩ অস্ত্রোপচারে শিরা, স্নায়ু প্রভৃতি বন্ধন করিবার সূত্র ligature.

বন্ধা [বন্ধ্ (বন্ধনে) >। প্রা॰ বৌ॰ বাং] ক্রি, বন্ধন করা। বন্ধাবয়ে=বাঁধে। বন্ধিকিউ =বন্ধ করিয়া। "বিণু বন্ধে বন্ধিকিউ অপ্প"—দো॰ ১১৯। বন্ধী—বাঁধিয়া।

বন্ধান১ [প্রাদে॰] বি, বন্ধ। ২ [দেহ বন্ধন >] আকার; চেহারা। "উঠিয়া বসিল বুড়া পাইয়া সন্ধান, বল শুনি বাগদিনি কেমন বন্ধান।"—শি॰। ৩ বেতন। ৪ বন্দোবস্ত, ব্যবস্থা arrangement.

বন্ধান২ [অনুবন্ধ >, প্রা॰ বাং] অ,

সদৃশ ; মত। "মোর বী বেহুলা ছিল তোমার ব০"-মনসা ম০ (কেতকা০)।

বন্ধান৩ [বন্ধন (দ্রঃ) >] বি, বন্ধন। ২ রতিবন্ধ। "বন্ধে বন্ধে বিবিধ ব০"-অ০ ম০।

বন্ধী [বন্ধ্ (বন্ধন করা)+ইন্ (র্ত্ত)] বিণ, যাকে বন্ধন করা হইতেছে ; বন্ধনবিশিষ্ট। ২ [ব্রজ০] বাঁধা ; আবদ্ধ। "হেরইতে মন-সিজে মন রহ বন্ধী"-বি০ প০।

বন্ধু [বন্ধ্ (বন্ধন করা)+উ (র্ত্ত, জ্ঞা০), যে স্নেহ দ্বারা মন বন্ধন করে। প্রা০ বঁধু ; বঁধু। পু০ বঙ্গ প্রাদে০ বন্ধ। "বৈদেশে পাঠাইয়া বন্দে থাকিব কেমনে।"-পু০ ব০ গী০] বি, মিত্র ; সখা ; সুহৃদ ; স্বজন ; প্রিয়। "বন্ধুরে লইয়া কোরে রজনী গোঙাব সই সাধে নিরমিনু আশাঘর।"-পদাবলী০(নরোত্তম০)। "তুমি নাথ তুমি বন্ধু নিশিদিন তুমি আমার" -ক্ষ০। ২ জ্ঞাতি। ৩ আত্মীয়জন। ৪ বান্ধুলি পুষ্প। "সুরঙ্গ অরুণ বন্ধু অধর আনন ইন্দু নীলকণ্ঠ শিরোপরি জটা।"-কবিক০। [সম০-"অত্যাগসহনো বন্ধুঃ, সদৈবানুমতঃ সুহৃৎ। একক্রিয়ং ভবেন্মিত্রং, সমপ্রাণঃ সখামতঃ॥" দুইজনের মধ্যে অন্যের ত্যাগ যাঁর অসহনীয় তিনি বন্ধু, সর্ব্বদা এক অন্যের অনুমত জন সুহৃৎ, এককর্ম্মী (colleague) মিত্র, অন্যের সহিত একপ্রাণ বা এক অন্যের সহিত অভিন্নহৃদয় সখা বলিয়া উক্ত]। স্ত্রীং বন্ধুনী। "যাতে ইংরেজ বন্ধু ও বন্ধুনীদের মুখে * * *"-শেষের কবিতা (রবী০)। ~জন [বন্ধু-জন (লোক অর্থে, (২) সমূহার্থে)] বি, বন্ধু ; সুহৃদ্। ২ বন্ধুগণ। ~তা [বন্ধু+তা (ভা০)] বি, বন্ধুত্ব ; মিত্রতা ; সৌহার্দ্য। > ~তাসূত্রে-মিত্রতা নিবন্ধন। ~ত্ব [বন্ধু+ত্ব (ভা০)] বি, বন্ধুতা দ্রঃ। ~দত্ত-বিণ, বন্ধুর দেওয়া। ~প [বন্ধু (মিত্র) প=পা (রক্ষা করা)+অ (র্ত্ত)] বিণ,যে বন্ধুকে রক্ষা করে ; মিত্র পরিত্রাণকারী ; বন্ধুরক্ষক। ~বান্ধব-বি, মিত্রবর্গ ; জ্ঞাতি-বন্ধু ; আত্মীয় স্বজন। ~বিচ্ছেদ [৬তৎ] বি, মিত্রবিয়োগ ; বন্ধুত্বের বিরতি ; সদ্ভাব-রাহিত্য। ~য়া [পদ্মা০ সা০। হি০ ও ব্রজবুলির অনুকরণে] বি, বন্ধু। "এত সাধের বন্ধুয়া আমার দেখিলে না চায় ফিরিয়া" -চণ্ডি০। ~লিপি পুস্তক-বি, যে পুস্তকে বন্ধুদের স্বাক্ষর বা লেখ সংগৃহীত হয়। "তাহার বন্ধুলিপি পুস্তকে আলভাট্টার বহু তীর্থযাত্রীর স্বাক্ষরের পাশে যখন আমিও কয়েক ছত্র লিখিয়া দিতেছিলাম"-প্রবাসী, শ্রাবণ, ১৩৩৩।

বন্ধুক [সং। ইহার অপর নাম ওষ্ঠপুষ্প ; কবিগণ কর্ত্তৃক ওষ্ঠের সহিত উপমিত হয় বলিয়া] বি, বন্ধুক নামক রক্তবর্ণ পুষ্পবৃক্ষ ; বাঁধুলিফুলের গাছ। ২ বি, বন্ধুকপুষ্প ; বাঁধুলি ফুল। "অঙ্গের বন্ধুকছটা আজানু লম্বিত জটা শশিকলা মুকুট মুণ্ডন।"-কবিক০। ~বন্ধু [বন্ধুক পুষ্প হইয়াছে বন্ধু যার, বহু০ অথবা বন্ধুকের বন্ধু। মধ্যাহ্নে প্রস্ফুটিত হয় বলিয়া] বি, সূর্য্য। "অধর বন্ধুকবন্ধু বদন শারদ ইন্দু খঞ্জন-গঞ্জন বিলোচন।"-কবিক০।

বন্ধুজীব, বন্ধুজীবক [সং] বি, বন্ধুকবৃক্ষ। ২ বাঁধুলি ফুল।

বন্ধুর [সং] বিণ, মনোজ্ঞ ; সুন্দর। ২ অমসৃণ ; উন্নতানত ; উচুনীচু। ৩ বধির। স্ত্রীং ~া-কুলটা ; বেশ্যা। ~তা (-র্ঁ-) [বন্ধুর+তা (ভা০)] বি, অসমানতা ; কার্কশ্য। ২ বধিরতা।

বন্ধুল [সং] বিণ, বন্ধুর ; কর্কশ। ২ কোমল। ৩ অসতীপুত্র। স্ত্রীং ~া।

বন্ধূক [সং] বি, বাঁধুলি ফুল ; বন্ধুক দ্রঃ। "অঙ্গের বন্ধূক ছটা, আজানুলম্বিত জটা, (পাঠান্তরে 'বন্ধুক'ই০)।"-কবিক০। ~পুষ্প -বি, বাঁধুলি ফুল pentaptera tomentosa.

বন্ধূলি [সং] বি, বাঁধুলিপুষ্পবৃক্ষ ও ফল।

বন্ধো১ [বন্ধু শব্দের সম্বোধনে] বি, হে বন্ধু।

বন্ধো২ [প্রা০ বাং,বাঁধোঁ(ধুঁ)]ক্রি, বাঁধি।

বন্ধ্য [বন্ধ্ (বন্ধন করা)+য (র্ম্ম)] বিণ, বন্ধনযোগ্য ; বন্ধনার্হ ; যাকে বন্ধন করে। ২ ফলহীন ; নিষ্ফল (বৃক্ষ) ; নিঃসন্তান (ব্যক্তি)। স্ত্রীং ~া-যে স্ত্রীর সন্তান হয় না ; বাঁঝা। ২ যোনিরোগবিঃ। ৩ বালা নামক গন্ধদ্রব্য। বি, ~তা, ~ত্ব।

বন্ন [প্রা০ বাং প্রা০। সং-বর্ণ শব্দের প্রাকৃ০ রূপ] বি, বর্ণ ; অক্ষর। ২ রঙ ; বর্ণ। "নহি রেক নহি রূপ নহি ছিল বন্ন চিন্। রবি সসী নহি ছিল নহি রাতি দিন॥"-শূ০ পু০।

বন্য [বন+য (ভবার্থে), যারা বনে জন্মে] বিণ, বনজাত ; অরণ্যোৎপন্ন। ২ বন সম্বন্ধীয় ; বন সম্পর্কীয়। ৩ বি, বুনো ওল। ~পুষ্প-বি, বনফুল। ~বরাহ-বি, বুনো শুয়ার ; বনবরা।

বন্যা [বন (জল, অরণ্য)+য (সমূহার্থে)] বি, অরণ্যানী ; বনানী ; বনসমূহ। ২ বান ; জলপ্লাবন।

বপন [বপ্ (বীজ রোপণ, গর্ভাধান, নিষেক, ছেদন, মুণ্ডনাদি অর্থে)+অন (ভা০)] বি, বীজ রোপণ ; বীজ বুনন। "আমি বৃথায় স্বপন করেছি বপন আকাশে তাই আকাশ-কুসুম করেছি চয়ন হতাশে"-রবী০। ২ গর্ভাধান ; নিষেকক্রিয়া। ৩ মুণ্ডন ; ক্ষৌর-কর্ম্ম। ৪ বয়ন। ~ী-বি, ক্ষুর। ২ নাপু।

বপা [বপ্ (বীজ বোনা)+আ (ক্রি-বিভক্তি)। বপি, বপ, বপে ; বপিতে : বপিয়া (ক্ষে০, পদ্যে-বপি, প্রা০ বঁপে) ণিজন্ত-বঁপানি] ক্রি, বপন করা ; বীজ বোনা। ২ ছেদন করা। ৩ নিষেক করা। ৪ বয়ন করা। ৫ বি, রন্ধ্র ; ছিদ্র। ৬ [বৈদিক] উদরের উপর শ্বেতবর্ণ মেদ।

বপু [সং-বপুঃ (বপুস্ শব্দে ১মা, ১ব০)। বপ্=বিস্তার করা+উস্ (র্ত্ত), যে দিন দিন বৃদ্ধি পায়] বি, প্রশস্ত আকৃতি ; দেহ ; শরীর।

বপুষ্টমা [বপুস্+তম (প্রশস্তার্থে)+আ (স্ত্রীং)। ত=ট] বি, জনমেজয়ভার্য্যা। ২ পদ্মচারিণী লতা। ৩ যে স্ত্রী সর্ব্বাঙ্গশোভনা।

বপুষ্মান্ [বপুস্+মৎ (প্রশস্তার্থে) ১মা, ১ব০, যার ভাল শরীর আছে] বিণ, সুন্দর স্থূলকায় ; প্রশস্তশরীরী। ২ বি, শাল্মলী দ্বীপের রাজা।

বপ্তা [বপ্তৃ ১মা, ১ব০] বিণ, বপন বা রোপণকারী। ২ বি, জনক ; বাপ। ৩ কবি ; কাব্যরচয়িতা। ৪ কৃষক। ৫ ক্ষৌরী। ৬ বয়নকারী। স্ত্রীং বপ্ত্রী।

বপ্র [বপ্+র (খি), যাতে বপন করে] বি, ক্ষেত্র ; জমী। ২ তীর ; তট। ৩ সানু। ৪ [বপ+র (ণে), যদ্দারা বাড়ী বা নগর ঘেরা যায়] বি, প্রাচীর। ৫ দুর্গ কিম্বা নগরের

ʼ যুক্ত বিষবৎ (অপ্র=অপৃপ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible] ও জ্ঞা০ দ্রঃ

পরিখা করিয়া যে মৃত্তিকা স্তূপ করা হয়; কাঁচা মাটির মোটা বাঁধ rampart. ৬ ক্ষেত্রের আলি; কেদার। ৭ [~+র, র্তৃ] বাপ; জনক। ~া-বি, মঞ্জিষ্ঠা। ~কেলি [বপ্র (ক্ষেত্রে) কেলি, ৭তৎ] বি, বপ্রক্রীড়া (দ্রঃ)। "বপ্রকেলি কুতূহলে মত্ত করিগণ"-বি॰ চক্রবর্ত্তী। ~ক্রিয়া [বপ্র (ক্ষেত্রে) ক্রিয়া (দন্ত শৃঙ্গাদি দ্বারা বিদারণ), ৭তৎ] বি, হৃষ্ট পশুগণের দন্ত কিম্বা শৃঙ্গাদি দ্বারা ভূমি খননরূপ ক্রিয়া; উৎখাতকেলি। ~ক্রীড়া [বপ্র (সানু বা ক্ষেত্রে) ক্রীড়া, ৭তৎ] বি, প্রান্তরে অথবা পর্ব্বতের সানুদেশে বিহার; বপ্রক্রিয়া (দ্রঃ); উৎখাতকেলি। ~মঙ্গল [বৌ॰সা॰-ত্যে প্রাচীনকালের উৎসববিঃ যাতে রাজারাও হলচালন করিয়া ক্ষেত্রে বীজ বপন করিতেন। "ভো গৌতম, আজ আমার বপ্রমঙ্গলের দিন। যখন এই শস্য পাকিবার পর গৃহে লইয়া যাইব, তখন আমি বুদ্ধ প্রমুখ সঙ্ঘকে মহাদান করিব।"-জাতক, ৪র্থ খণ্ড।

বব [সং] বি, জ্যোতিষ শাস্ত্রীয় করণ; একাদশ করণান্তর্গত করণবিঃ।

ববেক [বহিবে (বহা দ্রঃ)+ক যোগ (ম॰ বাং-য়)] ক্রি, বহিঁবে; বহন করিবে। "ব॰ কেমনে বল বলাইর লাঙ্গল।"-শি॰

বর্ব্বর [বর্ব্বর > ভ্রং] বিণ, বর্ব্বর। ২ মূর্খ। ৩ অংলা।

বর্ব্বলিয়া, বর্ব্বলে [হি॰বর্বোলা (ক্রমে বব্বোলা), যে বেশী কথা কয়, তা হতে যে মিথ্যা কথা বলে; অথবা ভুলাবা (ঠগ; জালসাজ) হতে] বিণ, মিথ্যাসাক্ষ্য দাতা; অসত্যবাদী। ২ বি, জালসাক্ষী। ৩ মিথ্যা সাক্ষ্যদান যার ব্যবসায়।

বভ্রবী [ভৃ (পালন করা)+উ (র্তৃ), নিপাতনে বিভ্র=বভ্রু (শিব)+ঈ (স্ত্রীং)] বি, শিবপত্নী; দুর্গা।

বভ্রি [সং] বি, বজ্র।

বভ্রু [ভৃ+উ (র্তৃ), নিপাতনে] বি, শিব। ২ বিষ্ণু। ৩ বভ্রু নামক মুনি। ৪ বহ্নি। ৫ বি, বভ্রুদেশ। ৬ ভাগবতোক্ত যদুবংশীয় বীরবিঃ। ৭ বিণ, যে পালন করে; পালক। ৮ বৃহৎ; বিশাল। ৯ [বৌ॰সা॰] বি, বিড়াল (জাতক)। ~বাহন-বি, চিত্রাঙ্গদা গর্ভজাত অর্জ্জুন তনয়, ইনিই মণিপুরের রাজা ছিলেন।

বম্ [অনু॰] বি, অনুকার শব্দ। ২ তোপধ্বনি। ৩ গালবাদ্য। ৪ ডমরুধ্বনি। প্র-আগড়বম্। ৫ [ব্যোম > শব্দের ভ্রং] শিব। প্র-বম্ ভোলা; বম্‌বম্ ভোলা; বম্ কেদার। ~ভোলা [ব্যোম বা বম্ শব্দ বা গালবাদ্যকারী ভোলানাথ] বি, শিব; মহাদেব; ব্যোমকেশ।

বম১ [ইং beam >] বি, গাড়ীর দীর্ঘ কাষ্ঠদণ্ড; যুগন্ধর।

বম২, বঁম-বি, ব্রহ্ম (দ্রঃ)। বঁমচুলি [প্রা॰ বাং] বি, ব্রহ্মচুল; টিকি। "সকল চুল কমাইও রাইখ বঁমচুলি।"-মাণিক॰ গান।

বমই [বময়ে দ্রঃ। ব্রজ॰] ক্রি, বমন করে। "বিম্ব অধরে মধুর হাসি। বমই কতহি অমিয়ারাশি॥"-বলরাম।

বমন [বম্ (বমি করা)+অন (ভা॰)] বি, উদ্গিরণ: নেকার। ২ বমনের পীড়া। ৩ বমনকারক ঔষধ emetics. > ক্রি, বমা (দ্রঃ)।

বমনীয় [বম্+অনীয় (র্ম্ম)] বিণ, বমন-যোগ্য। ~া-বি, মাছি।

বমা [প্রা॰ বাং। বমন > নামধাতু] ক্রি, বমন করা। বঁম=বমন কর। বমই=বমন করে। বমে=বমন করে। বমিতে=বমন করিতে। বমিয়া=বমন করিয়া। পদ্যে-বমেয়ে=(বমে) বমন করে।

বমাল [ফা॰ ব্‌-মাল]। বাং-য়, বামাল ও॰] ক্রি-বিণ, মালসহ; চোরাই মালের সহিত। "বমাল ধরা প'ড়ে গেছি, এখন যা করহে হরি"-রজনী সেন। ২ বি, চোরাই মাল; অপহৃত দ্রব্য।

বমি [বম্ (বমনে)+ই (ভা॰)] বি, বমন। ২ [বম্ (আহুতি দেওয়া)+ই (খি), যাতে আহুতি দেয়] বহ্নি [প্র॰ অ॰]। বমি করা-বমন করা; ভুক্তদ্রব্য উদ্গিরণ করিয়া ফেলা। ~বমি-অ, বমনেচ্ছাব্যঞ্জক। গা বমিবমি করা-ক্রমাগত বমনের উদ্রেক বা বেগ হওয়া; বমনের পূর্ব্বে শরীর অস্থির হওয়া; বমনেচ্ছা হওয়া।

বমিত [বম্+ত (র্ম্ম), ই, আগম। যা বমন করা হয়] বিণ, বান্ত; উদ্গীর্ণ।

বম্বাই [ম॰ মুম্বই] বি, ভারতের পশ্চিমস্থ সমুদ্র তীরবর্ত্তী প্রদেশবিঃ ও তৎপ্রদেশস্থ রাজধানী Bombay Presidency.

বম্বু [ইং bambooর লিপ্যন্তর] বি, বাঁশ। ২ [প্রাদে॰ মালদহ] বিণ, মোটা; মোটা-সোটা: এই অর্থে "বম্বূ" ও হয়।

বম্বেটিয়া, বম্বেটে [ইং bombardier এর লিপ্যন্তর] বি, যারা জাহাজাদি হতে তোপ দাগিয়া নগরাদি ধ্বংস করে। ২ [ত হতে] জলদস্যু।

বম্ভ [ব্রহ্মা > ভ্রং। প্রা॰ বাং প্রাকৃ॰] বি, ব্রহ্মা। "জঅ জঅ ধম্ম হুঙ্কারিয়া বম্ভ রাখিলেন কূর্ম্মর পিঠি।"-শূ॰ পু॰। ~গেআন-ব্রহ্মজ্ঞান (শূ॰ পু॰)। ~তেল-ব্রহ্মতালু। "বম্ভতেল ভেদ করিএ বম্ভা বাহিরিল"-শূ॰ পু॰। বম্ভেত [ত=তে=কে] ব্রহ্মার; ব্রহ্মাকে। "প্রদখিন করি বলে হরি হরি বম্ভেত করিল আলিঙ্গন।"-শূ॰ পু॰। বম্ভর-ব্রহ্মার।

বয়১ [আ॰ বয়্] বি, বিক্রয়। প্র-বয়নামা।

বয়২ [ফা॰ বু, বো, বোয়্] বি, গন্ধ (সাধাঃ দুর্গন্ধ); বাস। "নিশাচর বলে জলে কেন ছাড়ে বয়"-বৃহৎ সারাবলি। খোসবয় [ফা॰ খুশবু] সুগন্ধ।

বয়৩ [ইং boy এর লিপ্যন্তর] বি, ছোকরা (দ্রঃ); বালক ভৃত্য; ভৃত্য। "হোটেলের বয় ** আবুসৈয়দকে নির্দ্দয়ভাবে ঘুষি চড় মারে। অন্যান্য বয় তথায় গিয়া * * আবুকে ছাড়াইয়া আনে।"-আ॰ পত্রিকা, ৬-৭-৩৪।

বয়ঃ [বয়্ (গমন করা)+অস্ (র্তৃ)] বি, গমনশীল পক্ষী। ২ যে অলক্ষিতভাবে গমন করে; জীবনকাল; আয়ুঃ। ৩ ["বয়ঃ কৈশোরকং ধ্যেয়ং"-চৈ॰ চ॰] কৈশোর; যৌবন। ~ক্রম [বয়ঃ (বয়সের) ক্রম, ৬তৎ] বি, বয়স; আয়ুষ্কাল। ~প্রাপ্ত-বিণ, প্রাপ্তবয়স্ক; যার উপযুক্ত বয়স হইয়াছে: সাবালক। ~সন্ধি [বয়ঃ (বয়সের) সন্ধি (সন্ধিকাল), ৬তৎ] বি, বাল্য ও যৌবনের সংযোগকাল; যৌবনারম্ভ। ~স্থ, বয়স্থ [বয়স্+স্থ, বয়সে যে থাকে, উপ॰] বিণ,

মধ্যবয়স্ক ; যুবা। ২ প্রাপ্তবয়স্ক ; সোমত্ত। স্ত্রীং ~স্থা-যুবতী। ২ আমলকী। ৩ বয়ড়া। ৪ হরীতকী। ৫ গুড়ূচী। ৬ সোমবল্লরী। ৭ কাকোলী। ৮ আমরুলশাকবিঃ।

বয়ড়া-বহেড়া দ্রঃ।

বয়ন$_1$ [সং-বদন > প্রাকৃ০ বঅণ > বাং পদ্যে বয়ন, বয়ান] বি, বদন ; মুখ। ~চন্দ্র-চন্দ্রবদন। স্ত্রীং ~া, ~ী।

বয়ন$_2$ [সং-বয়্ >, অথবা বপন > বঅন > বয়ন > হিং বিন্‌না, বুন্‌না > বাং-র -বুনা, বোনা > বি, বিনন, বুনন, বোনন] বি, ক্ষেত্রে বীজ বপন ; বীজ বুনন বা প্রক্ষেপণ। ২ সূত্র-বিন্যাস দ্বারা বস্ত্রাদি নির্ম্মাণ ; সূতা বুনন ; বস্ত্রনির্ম্মাণ।

বয়না$_1$ [আ০ বয়্‌আনা] বায়না (দ্রঃ) ; অগ্রিম মূল্য earnest money.

বয়না$_2$ [বদনা। বয়ন দ্রঃ] বিণ, বদনী ; মুখী। **শশিবয়না**-শশিবদনা ; চন্দ্রমুখী। "ফিরে মঝু দিঠি পরলি শশিবয়না। নিমিখ নিবারি রহল দুই নয়না॥"-বি০ প০।

বয়নামা [আ০ বয়্‌+ফা০ নামা] বি, বিক্রয়ের কবালা ; নিদর্শকপত্র a deed of sale ; a sale certificate.

বয়নী [সং-বদনা > বয়না, বয়নী] বিণ, মুখী ; বদনী।

বয়ল [বলীবর্দ্দ দ্রঃ] বি, ষণ্ড ; বলদ bullock. ~গাড়ী-বলদটানা গাড়ী ; গোশকট।

বয়লার [ইং boiler এর লিপ্যন্তর] বি, বাষ্পীয় যন্ত্রের বাষ্পাধার ; জল গরম বা সিদ্ধ করিবার পাত্র। প্র-বয়লারে ভাল করে ষ্টীম হ'লে তবে ইঞ্জিন চলবে।

বয়স [সং-বয়ঃ-বয়স্। প্রা০ বয়েস। প্রা০ বাং-বএস। চ০ ক০ভা০ বস] বি, বয়ঃক্রম ; আয়ুষ্কাল। "বয়সেতে বৃদ্ধ নয় বৃদ্ধ হয় জ্ঞানে" -সদ্ভাবশতক। ~কালে-অধিক বয়সে ; সাবালক হলে ; বাল্য ও কৈশোর উত্তীর্ণ হলে পর। ~ফোড়া-যৌবনারম্ভে বা উঠ্‌তি বয়সে মুখমণ্ডলে যে ব্রণ বা ফুস্কুড়ি দেখা দেয়। বঁ০ হওয়া-অধিক বয়স হওয়া। **বয়সের গাছ পাথর নাই**-যার সম্বন্ধে সাময়িক বৃক্ষ বা প্রস্তরেরও অস্তিত্ব লোপ পাইয়াছে এত অধিক বয়স্ক ; এত প্রাচীন-কালের লোক যে তার বয়সের হিসাব নাই।

বয়সা [বয়স (দ্রঃ)+আ (অনাদরে)] বি, বয়স। ২ বয়ঃসন্ধিকালে কণ্ঠস্বরবিকার। বঁ০ **ধরা**-বয়ঃসন্ধি জন্য কণ্ঠস্বরের পরিবর্ত্তন হওয়া ; বয়স্কালের লক্ষণ দেওয়া।

বয়সী [বয়স+ঈ (বির্থে০)। প্রা০ বইসী] বিণ, বয়স্ক ; বয়স্কা। "অন্বেষণচন্দ্র, ভদ্র-কুলোদ্ভব তরুণ বয়সী।"-টেকচাঁদ। **আধা-বয়সী** [অর্দ্ধ > আধা] আধবুড়া ; প্রৌঢ় ; ৪০ হতে ৫০ বৎসর পর্য্যন্ত ; আধবুড়ী।

বয়স্ক [সং-বয়স্ক >] বি, বয়োবিশিষ্ট ; বয়সী। ২ বয়স্থ ; প্রাপ্তবয় ; যে বাল্য ও কৈশোর অতিক্রম করিয়াছে। স্ত্রীং ~া।

বয়স্থ [বয়স্‌-স্থা (থাকা)+অ (র্তৃ), স্ লোপ] বিণ, বয়ঃস্থ দ্রঃ।

বয়স্য [বয়স্‌+য (তুল্যার্থে), যে তুল্য বয়সের] বি, তুল্যবয়স্ক। ২ সহচর ; সখা ; সমবয়স্ক বন্ধু। স্ত্রীং ~া-তুল্যবয়স্কা। ২ সখী। ৩ সঙ্গিনী ; সহচরী।

বয়া$_1$ [ল্যা০ boia, ইং buoy] বি, নদ্যাদির উপকূলের নিকট পোতাদি নঙ্গর করিবার স্থাননির্দেশক ভাসমান পিপা বা কাষ্ঠখণ্ড।

বয়া$_2$ [সং-বট > বঅ > বয়+আ] বি, বটের ঝুরি।

বয়া$_3$ [বওয়া দ্রঃ] বিণ, বওয়াটে ; বখা।

বয়া$_4$ [বহা, বহা দ্রঃ। বহ্ (বহনে) >। বঁই, বও, বয় ; বইতে ; বইয়া (কে০ বঁয়ে)। ণিজন্ত -বয়ান$_1$] ক্রি, বহন করা। প্র-বোঝা বয়া। ২ প্রবাহিত হওয়া। "সুখের জলধি স্রোত নিরবধি বয় গো"-গান। "নইলে কি বয় মলয়বাতাস, কোকিল গায় কুহু স্বরে।"-গিং ঘোষ। ৩ অতিবাহন করা ; চলা। "সে রাজ্যে এখনও কেহো পথ নাহি বয়" -চৈ০ ভা০। ৪ সহ্য করা ; সহা। ৫ শরীরের ক্রিয়া চলা। প্র-শরীর আর বয় না। **বয়ে যাওয়া**-ক্ষতি বৃদ্ধি না হওয়া। "তুমি যদি আমায় ভাল না বাস বয়ে গেল"-দ্বি০ রায়। ২ প্রবাহিত হওয়া। ৩ গড়াইয়া যাওয়া। ৪ অতিবাহিত হওয়া ; অতিক্রান্ত হওয়া ; কাটিয়া যাওয়া। "চাহিতে চিন্তিতে চারি মাস বয়ে গেল।"-শি০।

বয়া$_5$ [বহা, বআ > ; কুপথে বা নীচ-পথে, অধোদিকে প্রবাহিত হওয়ার ভাব হতে] ক্রি, অধঃপাতে যাওয়া ; কুপথগামী হওয়া। "সে আর বয়েও যেতে পারবে না" -পিতাপুত্র।

বয়া$_6$ [চ০ ক০ ভা০। বসা দ্রঃ। বসা > বআ > বয়া। বই=বসি। বইসা দ্রঃ] ক্রি, উপবেশন করা ; বসা।

বয়াটিয়া, বয়াটে [বখাট দ্রঃ। প্রাদে০ বাহত্তুয়া, বাহত্রা] বি, চরিত্রহীন। ২ অকর্ম্মণ্য। ৩ ধৃষ্ট। ~ছেলে-যে ছেলে কুপথে গিয়াছে।

বয়ান$_1$ [বয়া (দ্রঃ)র ণিজন্তরূপ। বয়াই, বয়াও, বয়ায় ; বয়াইতে ; বয়াইয়া (কে০ প্রা০ বয়ায়ে, বইয়ে)] ক্রি, কুপথগামী করা ; অধঃপাতে লইয়া যাওয়া ; কুচরিত্র করা। ২ বহন করান।

বয়ান$_2$ [বয়ন দ্রঃ। পদ্যে] বি, বদন ; মুখ ; আনন। "হসিত বয়ানে, চাহে মেঘপানে কি কহে দুহাত তুলি"-চণ্ডি০। "ছল ছল নয়ন বয়ানে নাহি রা"-ঘ০। "তত হি বয়ান সুছন্দ"-বি০ প০। "ধীরে বয়ান তুলিয়া নয়ন খুলিয়া হাসিতে সুখের হাস।"-রবী০। ২ বাগ্‌যন্ত্র ; মুখ। "বয়ানে না বলে কালা" -চণ্ডি০। স্ত্রীং ~ী$_1$-মুখী।

বয়ান$_3$ [সং-বর্ণন > প্রাকৃ০ বন্নণ] বি, বর্ণনা। ২ বিবরণ। ~ী$_2$-বিণ, বিবরণী ; বিবৃতি।

বয়াম-বয়েম দ্রঃ।

বয়ার$_1$ [প্রাদে০] বি, মহিষ। "কতগুলো পয়ারে বয়ার জুটে মাতৃভাষাকে দলে মারচেন"-লীলাবতী। ২ শূকর। "গণ্ডার কিসের মধ্যে হাতী কোন্ ছার। স্তূপবৎ দেখি যেন বনের বয়ার॥"-রায়মঙ্গল (কৃষ্ণদাস)। ৩ বিণ, অতিশয় বয়াটে ; সংশোধনের অতীত। ৪ যার সহিত আঁটিয়া উঠা যায় না ; দুর্দান্ত।

বয়ার$_2$ [হিং বেয়ার] বি, বাতাস ; বায়ু।

] বুক বিধবৎ (অগ্র=অগৃর), হীন বুক

বঁয়েৎ, বঁয়েত,-দ [আ॰ বয়েৎ] বি, শ্লোক ; পদ্য ; কবিতাংশ couplet ; verse. "আবার হঠাৎ কখনো পার্সি বয়েৎ আওড়াইতে থাকে" ; "হাত নেড়ে সুর করিয়া মসনবির বয়েত পড়িতেছেন" -টেকচাঁদ।

বঁয়েন, বঁয়েম, বঁয়াম, বইয়াম, বাইন, বৈয়াম [পর্ত্তু॰ বয়াও >] বি, মৃৎপাত্রবিঃ ; তৈল ঘৃতাদি রাখিবার চিনামাটির পাত্রবিঃ। "চিনির সিরাপে চিনের ডিবা বা কাঁচের বৈয়াম ভরিয়া রাখা যায়" বঙ্গবাণী, ৭ মাঘ, '৩৬।

বঁয়েল [সং-বলীবর্দ্দ > বইল > হি॰ বয়্‌ল >] বি, বলদ।

বঁয়েস [বয়স দ্রঃ। প্রা॰। প্রা॰ বাং-বএস] বি, বয়স। "গিরিশগৃহিণী গৌরী গোপবধূ বেশ। কষিত কাঞ্চন কান্তি প্রথম বয়েস।" -রা॰ প্র॰।

বঁয়োঽধিক [বয়ঃ+অধিক] বিণ, বয়সে অধিক ; বয়োজ্যেষ্ঠ।

বঁয়োগুণ [বয়ঃ+গুণ] বি, বয়সসুলভ গুণ বা ধর্ম্ম। ~**জীর্ণ**-বিণ, বহু বর্ষের জলবায়ুতে জীর্ণ বা গলিত ; বয়সে ক্ষয়প্রাপ্ত। "বয়োজীর্ণ পুরাতন খর্জ্জুর বৃক্ষও"-পূ॰ব॰ গী॰।

বঁয়োজ্যেষ্ঠ [বয়ঃ+জ্যেষ্ঠ] বিণ, বয়সে বড় ; অগ্রজন্মা।

বঁয়োঽতীত [বয়ঃ+অতীত, যার বয়স অতিবাহিত হইয়াছে, ২তৎ] বিণ, বৃদ্ধ ; প্রাচীন ; বুড়ো।

বঁয়োদোষ [বয়ঃ+দোষ] বি, বয়সের প্রকৃতিগত দোষ।

বঁয়োধর্ম্ম [বয়ঃ+ধর্ম্ম] বি, যে বয়সের যে গুণ ; বয়সের উচিত ধর্ম্ম।

বঁয়োবৃদ্ধ [বয়ঃ+বৃদ্ধ] বিণ, বয়সে বড় ; বুড়া। স্ত্রীং ~া। **বঁয়োবৃদ্ধি** [বয়ঃ +বৃদ্ধি] বি, বয়সের বৃদ্ধি বা বাড় বা আধিক্য।

বঁর১ [প্রা॰ বৌ॰ বাং] বরং দ্রঃ (চ॰ ৩৯।৫)।

বঁর২ [বৃ (বরণ করা, আচ্ছাদন বা বাচ্ঞা করা) +অ (ভা॰)] বি, প্রার্থনা ; আশীর্ব্বাদ। ২ [বৃ+অ (র্ম্ম), যাকে বরণ করা যায় বা প্রার্থনা করা যায়] বি, জামাতা। ৩ মহাদেব ; সমস্ত জগৎ আবরণ করিয়া রহিয়াছেন বলিয়া শিব বর নামে খ্যাত। ৪ দেবতার নিকট প্রার্থিত বিষয়। "কৃপা করি যদি মোরে দিলে বর দান। আমার পিতারে নাথ করহ প্রণাম।"-কবিক॰। ৫ স্বামী ; পতি। "কহ গো রূপবতি দেহ হেমদ্যুতি রুচির মাণিক দশনা। তৈল নাহি ঘরে ইচ্ছিলে হেন বরে হইবে বিভূতিভূষণা।" -কবিক॰। ৬ মুদ্রাবিঃ ; দক্ষিণ করতল নিম্নদিকে প্রসারিত করিলে এই মুদ্রা হয়, ইহা দেবতার ও ব্রাহ্মণের হস্তে প্রসিদ্ধ। "বরাভয় কর ত্রিনয়নধর মাথায় মাণিকবর।" -অ॰ ম॰। ৭ বিণ, অভীষ্ট ; ঈপ্সিত ; প্রার্থিত। ৮ [এই অর্থে বৌ॰ বাং-বরুব (দো॰ ১০১)] শ্রেষ্ঠ। প্র-নরবর। ৯ সুন্দর। "বিদ্যাপতি কহ শুন বর কান"-বি॰ প॰। "কুঞ্জশোভা বরগুঞ্জ মালা দোলে গলে" -ব্রজাঙ্গনা। ১০ [র=ল। বর৪ দ্রঃ] নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ। ~**কনে**-বিবাহার্থী ও বিবাহার্থিনী। ~**বধূ**-বরকনে। **তেজবঁর**-যে তৃতীয় পক্ষের বর। বিণ, **তেজবরিয়া, তেজবরে,-বেরে।** **দোজবঁর**-দ্বিতীয় পক্ষের বর। বিণ, **দোজবরিয়া, দোজবরে, -বেরে।** **নিতবঁর** [মিত্র > মিত > নিত+বর] মিত্র-বর বা বর-মিত্র ; মিতবর ; বরের মিত্র বা মিতা ; বরসহচর। **শাঁপে বঁর হঁওয়া**-বা সাধারণে অভিশাপ বলিয়া বিবেচিত তাই অবস্থাবিশেষে আশীর্ব্বাদ বা প্রার্থিত দান-স্বরূপ হওয়া। **বঁরের ঘঁরের পিসী কনের ঘঁরের মাসী**-উভয়পক্ষের নিকট আত্মীয়া, সুতরাং দুই দিকেই যাঁর টান আছে এবং উভয় পক্ষের স্বার্থ ও সম্মান বজায় রাখা যাঁর কর্ত্তব্য।

বঁর৩ [প্রাদে॰ বর্ষ > গ্রা॰] বি, বর্ষ।

বঁর৪ [বরা দ্রঃ] ক্রি, ম॰ পু॰ অনুজ্ঞা, বরণ কর। "অতএব ধনি ! তব যোগ্যজনে বর লো ! বর লো ! কহিছে মদনে।"-বাসবদত্তা।

বঁরই [সং-বদরী > হি॰ বইর > বরই, উ॰ পূ॰ ব॰ প্রাদে॰ বড়ই, বরই] বি, কুলফল।

বঁরওক্ত, বঁরবক্ত [ফা॰ বর্‌বক্‌ৎ] ক্রি-বিণ, যথাকালে ; সময়ে ; সময়মত।

বঁরং [সং-বরম্। প্রা॰ বৌ॰ বাং-বর১] অ, দুইয়ের মধ্যে তুলনায় অপেক্ষাকৃত (ভাল)।

বঁরক [বৃ+অক (র্ত্তৃ)] বিণ, যে বরণ করে ; বরণকারী ; মনোনয়নকারী elector. ২ যদ্দারা আচ্ছাদন করে ; আচ্ছাদন বস্ত্র। ৩ বনমুদ্গ। ৪ ধান্যবিঃ ; চীনা। ~**সমূহ**-ইং electorates এর পরিঃ।

বঁরকঁৎ [আ॰ বরকৎ] বি, প্রাচুর্য্য। ২ উন্নতি ; বৃদ্ধি ; শ্রীবৃদ্ধি। ৩ সৌভাগ্য।

বঁরকঁন্দাজ (-কো-) [আ॰ বর্ক (বিদ্যুৎ -বজ্র) + আন্দাজ্ (ক্ষেপক), বজ্রনিক্ষেপক] বি, বন্দুকধারী। ২ বন্দুকধারী সিপাহী বা পাইক। "গোলা ধম ধম গোলী ঝমঝম গম গম তোপ আবাজে। ঝন্ ঝন্ ঝননন ঠন্ ঠন্ ঠননন বরিখত বরকন্দাজে।"-ভারত॰। ৩ রক্ষী ; শান্ত্রী।

বঁরকায়া [বর (সুন্দর) কায় (শরীর) যার, বহু॰। সং-কায় স্থলে বাং-র-কায়া] বি, বরবপু ; সুপুরুষ। ২ [বরকায়+আ (স্ত্রীং)] সুন্দরী।

বঁরক্রেতু [বর (শ্রেষ্ঠ) + ক্রতু (যজ্ঞ) যার, বহু॰] বি, ইন্দ্র।

বঁরখস্তি, বিরিখস্তি [সং-বর্ষন্তি > হি॰-র উচ্চারণানুকরণে, ব্রজবুলিতে, ষ=খ] ক্রি, বর্ষণ করিতেছে। > বি, **বঁরখস্তিয়া**-বর্ষণ ; ধারাপতন ; বর্ষা। "ভুবন ভরি বরখন্তিয়া" -বি॰ প॰। **বঁরখঁত**-বর্ষণ করিতেছে। "শশধর বরখত আগি।" -বি॰ প॰।

বঁরখাস্ত [ফা॰ বর্‌খাস্‌ৎ] বিণ, কর্ম্মচ্যুত। **বঁ॰ কঁরা**-কর্ম্ম হতে পৃথক্ করা ; ছাড়াইয়া দেওয়া। **বঁ॰ হঁওয়া**-কর্ম্মচ্যুত হওয়া।

বঁরখিলাফ, বঁরখেলাপ [ফা॰ বর্‌খিলাফ্] বিণ, অন্যথা। ২ অন্যথা। ৩ প্রতিকূল ; বিপরীত। ৪ পরস্পর-বিরোধী ; বিসংবাদী। **কানুন বঁ॰**-আইনবিরুদ্ধ against law ; unlawful.

বঁরগা১ [পর্ত্তু॰ verga > হি॰ বর্‌গা]

বি, কড়িকাষ্ঠ অপেক্ষা হ্রস্ব ও পাতলা কাষ্ঠ-খণ্ড rafter. বঁ॰ গণা [কক্ষতলে শয়ন করিয়া ছাদের দিকে চাহিয়া বরগা গণনার ভাব হ'তে ব্যঙ্গ্যার্থে] ক্রি, জেগে থাকা। "এদ্দিন কোন্ আবাগী আমার বরগা গণার বন্দোবস্ত করে দিল।"—অমৃত॰ বসু।

বঁরগা—বর্গা দ্রঃ।

বঁরগাদার, বঁর্গাদার—বি, যে অন্যের জমি ভাগে চাষ করে বা আবাদ করে; বর্গাজোতদার। "আমার জমিখানা দেখেছ? আবাদ করেছে? না অমনি ফেলে রেখেছে বরগাদার?"—পিতাপুত্র। "বরগাদার আবাদ করলেই কি? দেখাশোনা করা লাগে"—ঐ।

বঁরগুণ [বরের গুণ, ৬তৎ। অ॰ ম॰, শিবায়ণ প্রভৃতি গ্রন্থে হরগৌরী বিবাহে, শিব ও বরানুগমনকারী শিবানুচরদিগের আচরণ ইহার লক্ষ্যস্থল। বরগুণের উল্লেখ করিয়া নারীগণ বলিতেছেন—"আই আই ** এই কি গৌরীর বর লো। বিয়ের বেলা এয়োর মাঝে হইল দিগম্বর লো॥ উমার কেশ চামর ছটা। তামার শলা বুড়ার জটা॥ উমার মুখ চাঁদের চূড়া। বুড়ার দাড়ী শণের নুড়া॥" ই॰। বরগুণের পরিচয় পাইয়া বিবাহের ঘটক নারদকে মেনকা ক্রোধে অধীরা হইয়া বলিতেছেন—"ওরে বুড়া আঁটকুড়া নারদা অল্পেয়ে। হেন বর কেমনে আনিলি চক্ষু খেয়ে॥"] বি, হরগৌরী বিবাহে বর স্বরূপ হরের অদ্ভুত ও বিসদৃশ গুণ; মন্দগুণ; দোষ। ২ [ব্যঙ্গ্যে] দুরন্ত ছেলেদের উপদ্রব ও অশান্তপণা। অরগুণ নাই বঁরগুণ আছে [হরগুণ > অরগুণ (দুঃখ হরণের গুণ, প্রত্যাহরণ, প্রতিবিধান করিবার মত গুণ। সমুদ্র মন্থনোত্থিত কালকূট বিষ কণ্ঠে ধারণ করিয়া ত্রিলোক রক্ষার পৌরাণিক কাহিনী ইহার লক্ষ্যস্থল। এরূপ কল্যাণ ও শান্তিকর গুণ নাই কিন্তু পরিণাম না ভাবিয়া বৃত্র, ভস্মাসুরাদির ন্যায় যাকে তাকে বর দান করিবার গুণ অর্থাৎ অমঙ্গল, অত্যাচার, অনিষ্টপাত সংঘটনকারী গুণ আছে] শিবগুণ নাই অশিবগুণ আছে; ভাল করিবার ক্ষমতা নাই মন্দ করিবার ক্ষমতা আছে; দুরন্ত বালকদের অশান্তপণা, উপদ্রব, আবদার ই॰ স্থলে বর্ষীয়সীদের ব্যঙ্গোক্তি।

বঁরঙ্গ [ফা॰ বরঙ্গ্] বি, ঘণ্টা। "দুন্দুভি বাজনা বাজাএ ঘনে ঘনা বরঙ্গ ভোর ঘির-কালি।"—শূ॰ পু॰।

বঁরচন্দন [বর (উৎকৃষ্ট) চন্দন (গন্ধকাষ্ঠ), ধা] বি, দেবদারু। ২ অগুরু।

বঁরচা, বঁরছা, বঁর্ছা [সাঁওতালী 'বরছি'] বি, বর্শা (দ্রঃ)।

বঁরজ১ [আ॰ বুর্জ্ (দুর্গ) তার মত সুরক্ষিত বলিয়া] বি, পানের ক্ষেত্র; যে ক্ষেত্রে পান গাছ জন্মে। "বারুই নিবসে দূরে, ব॰ নির্ম্মাণ করে, মহাবীরে নিত্য দেই পান"—কবিক॰। ২ পানব্যবসায়ী; বারুই। "বরজেরা বোরজে নিছিয়া ফেলে পাণ"—কবিক॰।

বঁরজ২ [আ॰ বুর্জ্] বি, বুরুজ tower.

বঁরজ৩ [ব্রজ >। প্রা॰-বাং পদ্যে] ব্রজ। "আর তাহে অনুরত বরজ সমাজ"—বি॰ প॰। ~ধনী, ~নারী—ব্রজাঙ্গনা; ব্রজনারী। "গিয়া বৃন্দাবনে বসিলা যতনে রমিতে বরজ ধনী।"—চণ্ডি॰।

বঁরঞ্চ [সং—বরম্+চ] অ, অপেক্ষাকৃত ভাল; বরং; তবু ভাল; ঈষৎ প্রিয়। "ব॰ শমনে লয় তা সহে গায়। সতিনী লইলে স্বামী সহা নাহি যায়॥"—অ॰ ম॰।

বঁরট, বঁরটা [সং। হি॰বর্রা] বি, বোলতা। ২ রাজহংসী। "জিত-বরটা গজ-গমনা"—বাসবদত্তা। ৩ কুসুম্ভবীজ। স্ত্রীং বঁরটী।

বঁরড়া [সং—বিভীতকী > হি॰বহেড়া > প্রা॰ বাং (গোবিন্দ গী॰)] বি, বহেড়া Belerica myrobalan.

বঁরণ১ [বৃ (সেবা করা, আরতি করা) + অন (ভা॰)] বি, নিয়োগ। ২ দেবপূজাদি-কালে পুরোহিতাদির অভ্যর্থনা ব্যাপার। ৩ [বৃ (আবরণ করা) + অন (ণে), যদ্দ্বারা আচ্ছাদন করা যায়] বিণ, কাপড়; বরণ-বস্ত্র। ৪ [+অন (র্ত্ত)] বরুণ বৃক্ষ। ৫ প্রাচীর। ৬ প্রার্থনা। "দেবী পরিতুষ্টা হইয়া ব্রাহ্মণকে বলিলেন, হে বিপ্রবর! তোমার মন্ত্রানুষ্ঠান ও ভক্তির দ্বারা প্রসন্ন হইয়াছি বর বরণ কর"—দ্বাত্রিংশৎ পুত্তলিকা। নির্ব্বাচন; মনোনয়ন election. ~ডালা—বরণ করিবার পাত্র।

বঁরণ২ [সং—বর্ণ > পদ্যে] বি, বর্ণ। "ব॰ কালিমা ছাঁদে, বৃষ্টিচ্ছলে মেঘ কাঁদে তড়িৎ লুটায় পায় ধড়ার আঁচলে"—ভারত॰। কাল-বঁরণ—কৃষ্ণবর্ণ। ২ শ্রীকৃষ্ণ।

বঁরণসী [বরণা (দ্রঃ) + অ] বি, বারাণসী।

বঁরণা [বরুণা ও॰] বি, কাশীর উত্তরস্থিতা নদী (কাশীখণ্ড)।

বঁরণীয় [বৃ + অনীয় (র্ম্ম), যাকে বরণ করে] বিণ, বরণের যোগ্য; প্রার্থনীয়। ২ পূজনীয়। ৩ নিয়োজ্য। স্ত্রীং ~া।

বঁরণ্ড [সং] বি, বারাণ্ডা। ২ ব্রণ; ফোড়া। ~া—বি, সারিকা। ~ক—বি, বর্ত্তুল; গোল। ২ পরস্পর তাড্যমান হস্তিদ্বয়ের মধ্যস্থিত ভিত্তি; দেওয়াল। ৩ বিণ, বিশাল; বড়।

বঁরণ্ডালা [৬তৎ] বি, বরণের ডালা; বরণ করিবার উপকরণ-পাত্র; পূর্ণপাত্র।

বঁরণ্ডালু [সং] বি, ভেরেণ্ডা গাছ।

বঁরত [সং—ব্রত > প্রা॰ বাং পদ্যে। তুল —হি॰ বরত্। আধু॰ গ্রা॰ বাং—বঁর্ত্ত মেয়েলি —বেরতো] বি, ব্রত। "বার বরত নহি ছিল রিসি জে তপসী। তীথ থল নহি ছিল গঙ্গা বরানসী॥"—শূ॰ পু॰।

বঁরতরফ [ফা॰ বর্তরফ্] বিণ, বরখাস্ত; কর্ম্মচ্যুত; পদচ্যুত। "তিন চারিটে আবকারীর ডেপুটী কালেক্টর ব॰ হবে"—লীলাবতী। ~ী—বি, পদচ্যুতি।

বঁরত্রা [সং] বি, হস্তীর কক্ষরজ্জু।

বঁরদ [বর—দা (দান করা) + অ (র্ত্তৃ), যে বর দান করে, উপ॰] বিণ, বরদাতা; যে অভিলষিত বস্তু দান করে; অভীষ্টদ। স্ত্রীং ~া [বরদ (দ্রঃ) + আ (স্ত্রীং)] বিণ, বরদায়িনী; অভীষ্টদাত্রী। ২ বি, দুর্গা। ৩ সরস্বতী। ৪ অশ্বগন্ধা। সম্বোধনে—বঁরদে। "হে বরদে! তব বরে চোর রত্নাকর কাব্য-রত্নাকর কবি।"—মেঘ॰। বঁরদা চতুর্থী—মাঘী শুক্লা চতুর্থী তিথি।

বঁরদলৈ, বঁরদলৈ—বি, আসামের অহমজাতীয় শিক্ষকদের উপাধি। ইহারা গৌহাটি ও সম্ভ্রান্ত অহমদিগের সন্তানদের শিক্ষকতা করিতেন।

বঁরদার [ফা॰ বর্দার্] বি, বাহক। প্র-আসা-বরদার।

বঁরদাস্ত [ফা॰ বর্দাস্ত্] বি, সহিষ্ণুতা ; সবুর ; ধৈর্য্য। ২ সহ্য। প্র-সে কাহারও কথা বরদাস্ত করিতে পারে না।

বঁরদৃপ্ত [বর (দ্বারা) দৃপ্ত, ৩তৎ] বিণ, বর লাভ করিয়া গর্ব্বোদ্ধত।

বঁরনাহঁ [বর (সুন্দর) নাহ (নাথ)। প্রা॰ বাং পদ্যে। ব্রজ॰] বি, সুন্দর নাগর। কত কত অনুনয় করু ব॰। ও ধনী যামিনী পালটি না চাহ।"-বি॰ প॰।

বঁরন্তী [বর (পাণিগ্রাহী) অন্ত (-বৃ=চিন্ত) +ঈ (স্ত্রীং)] বিণ, বিয়েপাগলী ; বরাকাঙ্ক্ষিণী। ২ অতিবরন্তী যে বালিকা বিবাহের পূর্ব্বে স্বামীর প্রতি কর্ত্তব্য সম্বন্ধে সুশিক্ষিতা হইয়াছে। ৩ বরের প্রতি কর্ত্তব্য জ্ঞানশীলা। "অতি বরন্তী না পায় বর, অতিবরন্তী না পায় বর"-প্রবচন।

বঁরপুত্র [বর (জাত) পুত্র, ম॰ প॰ লো॰] বি, দেবতার বরে জাত পুত্র। ২ দেবতার অনুগৃহীত ব্যক্তি ; দেবতার স্বীয় পুত্রসম রক্ষিত ও অনুগৃহীত জন।

বঁরপ্রদ [যে বর (অভিলষিত) প্রদান করে, উপ॰] বিণ, অভীষ্টদাতা। স্ত্রীং ~া-বি, অগস্ত্যভার্য্যা ; লোপামুদ্রা। ২ বিণ, বরপ্রদায়িনী।

বঁরফ [ফা॰বর্ফ্] বি, তুষার ; হিমানী। ২ ঠাণ্ডায় জমাটবাঁধা জল। > বহুব॰ বঁরফান্-তুষাররাশি। কুলফি বঁরফ-কুল্‌ফি দ্রঃ।

বঁরফট্টাই, বারফট্টাই [বহ্বা-স্ফোট >] বি, বড়াই ; আপনার বৃথা গর্ব্ব বা গুমর দেখান।

বঁরফি [হিং বর্‌ফী] বি, ক্ষীরঘটিত চতুষ্কোণাকৃতি মিষ্টান্নবিঃ।

বঁরবটী [সং। ব্রীহিভেদঃ (মে॰)] বি, শিম্বীজাতীয় কলাইবিঃ ; ইহার শুঁটী লম্বা লম্বা, কাঁচা শুঁটী ব্যঞ্জনে ব্যবহৃত হয়, পাকা শুঁটী হতে কলাই লওয়া হয়।

বঁরবর্ণিনী [বরের (স্বামীর) বর্ণিনী (স্তবকারিণী), ৬তৎ] বি, উত্তমা স্ত্রী। ২ [বর (উৎকৃষ্ট)+বর্ণ+ইন্ (স্ত্য॰)=বরবর্ণিন +ঈ (স্ত্রীং), যে স্ত্রীর উত্তম রং আছে] বি, গৌরবর্ণা ; শ্যামা। ৩ গৌরী। ৪ লক্ষ্মী। ৫ সরস্বতী। ৬ লাক্ষা। ৭ গোরোচনা। ৮ হরিদ্রা।

বঁরবাদ [ফা॰ বর্‌বাদ্] বিণ, নষ্ট ; উৎসন্ন।

বঁরম্ [সং। বাং-য় বরং। বরঞ্চ দ্রঃ] অ, অপেক্ষাকৃত ভাল ; ঈষৎ প্রিয়।

বঁরমাল্য [বর (উদ্দিষ্ট) মাল্য] বি, বিবাহের পূর্ব্বে (পাকা দেখার কালে) স্থিরী কৃত ভাবী বরের অর্থাৎ জামাতার গলে দিবার মালা। ২ শ্রেষ্ঠ মাল্য।

বঁরযাত্র, বঁরযাত্রী [বরের সহিত যাত্রা (গমন) যাদের, বহু॰। প্রা॰ "বর্-যাত্তোর, বরযাত্তির"] বিণ, বরানুগমনকারী ; বরসহচর। "কন্যাযাত্র বরযাত্র স্বতু হয়জন" -ভারত॰।

বঁরয়িতা [বৃ+ণিচ্=বরি+তৃ (র্ত্তৃ)= বরয়িতৃ ১মা, ১ব॰=বরয়িতা, যে বরণ করে] বিণ, বরণকর্ত্তা। ২ প্রতিনিধিনির্ব্বাচক। ৩ বি, পতি। স্ত্রীং বঁরয়িত্রী-স্বয়ংবরা পত্নী।

বঁররুচি [বর (শ্রেষ্ঠ) রুচি (দীপ্তি, স্পৃহা) যার, বহু॰] বিণ, উৎকৃষ্ট স্পৃহাযুক্ত। ২ উজ্জ্বল দীপ্তিশালী। ২ বিক্রমাদিত্যের নবরত্ন সভার অন্যতম রত্ন।

বঁরল১ [বর+লা (দান করা)+অ (র্ত্তৃ), যে বর দেয়] বিণ, বরদ।

বঁরল২ [হিং বরলা] বি, রাজহংসী। ~া [সং-বরল, বরট (-া)। হিং বর্রে] বি, বোলতা।

বঁরলব্ধ [বর (দ্বারা বা স্বরূপ) লব্ধ, ৩তৎ, সুপ্সুপ্] বিণ, বরস্বরূপ প্রাপ্ত ; বর-প্রাপ্ত। > বি, বঁরলাভ।

বঁরষা১ [বর্ষা দ্রঃ] বি, বৃষ্টি। "তখন ব॰ ঝর ঝর ঝরে কহিল কবির স্ত্রী"-রবী॰।

বঁরষা২ [বৃষ্ > পদ্যে। বরষি, বরষ, বরষে ; বরষিতে ; বরষিয়া (কে॰ বরষি) ই॰] ক্রি, বর্ষণ করা ; বৃষ্টি পড়া। ২ ঝরা। ণিজন্ত বঁরষানি [বর্‌সাই, বরসাও, বরসায় ; বর-সাইতে (কে॰ বরসাতে) ; বরসাইয়া (কে॰ বরসায়ে) ই॰] ক্রি, বর্ষণ করান ; বৃষ্টিপাত করান।

বঁরা১ [সং-বরাহ > কে॰] বি, বরাহ। "ধরণী লোটায়ে কান্দে মহা আর্ত্ত বরা।"-কবিক॰। বাইশ বলদা তের ছাগলা, তার অর্দ্ধ বরা পাগলা।"-খনা॰। ২ গুড়ূচী। ৩ ব্রাহ্মী। ৪ হরিদ্রা। ৫ বিড়ঙ্গ। ৬ [বর (দ্রঃ)+আ (স্ত্রী)] বিণ, শ্রেষ্ঠা।

বঁরা২ [বৃ (বরণ করা) >। বরি, বঁরঁ, বরে ; বরিতে ; বরিয়া (কে॰, পদ্যে-বরি, প্রা॰ বঁরে)] ক্রি, বরণ করা ; আরতি করা। ২ পতিত্বে বরণ করা ; বিবাহ করা। "কহিল -আমায় বর ! দিব ভিক্ষা প্রাণ।"-প্রভাস (নবীন॰)।

বঁরা৩ [প্রা॰ বাং। বৃষ্-বর্ষ > বর] ক্রি, বর্ষণ করা। "যদি বরে আগনে, রাজা যান মাগনে। যদি বরে মাঘের শেষ, ধন্য রাজার পুণ্য দেশ।"-খনা॰। ২ [অসমীয়া। হাজারিকা দ্রঃ] প্রতি কুড়িজন সৈনিকের অধিনায়ক।

বঁরাই [বড়=বর+আয়ী=আই (মাতা)] বি, বড় মা। "এই লিখন দিস তোর বরাইর বরাবর।"-মাণিক॰গান।

বঁরাক [সং] বিণ, ক্ষুদ্র ; নীচ ; জঘন্য। "কোন বা বরাক এই দেবকীকুমার।"-মহা॰ (কাশী॰)। ২ শোচনীয়। ৩ দীন। ৪ ভিক্ষু। ৫ নিরপরাধ। ৬ তাম্বূলবিক্রয়ী। "পসরা ছুঁইতে করহ সাধ বরাকের দানী সোনার সাধ।"-জ্ঞান॰। ৭ বি, শিব।

বঁরাখুরিয়া, বঁরাখুরে [প্রা॰ উচ্চারণে বরাক্‌খুরে। বরাহ > বরা+খুর+ ইয়া (যুক্তার্থে)] বিণ, বরাহের খুরের ন্যায় খুরবিশিষ্ট। ২ কুলক্ষণাক্রান্ত ; অলক্ষণিয়া। স্ত্রীং বঁরাখুরী। "হতভাগা লক্ষ্মীছাড়া উনপাঁজুরে বরাখুরে ছোঁড়ারা জুটিতে আরম্ভ করিল।"-টেকচাঁদ।

বঁরাঙ্গ [বর (উত্তম)+অঙ্গ (শরীর) যার, বহু॰] বিণ, উত্তম অঙ্গবিশিষ্ট। ২ [বর (শ্রেষ্ঠ) অঙ্গ (শরীর), ধা] বি, মস্তক। ৩ মুখ। ৪ উপস্থ। ৫ বি, কামদেব। ৬ বিষ্ণু। ৭ শ্রেষ্ঠাবয়ব ; সুন্দর দেহ। "* * * কেমনে হরিল ও ব॰ অলকার বুঝিতে না পারি ?" -মেঘ॰। স্ত্রীং বঁরাঙ্গী।

বরাঙ্গনা [বর(উত্তম)+অঙ্গনা(স্ত্রী),ধা] বি, বরবর্ণিনী; উত্তমা স্ত্রী। ২ সাধ্বী; পতিব্রতা।

বরাট [বর (অল্প)+অট (গমন করে), যে সামান্ত বা অল্প যায় অর্থাৎ যার দৌড় বড় বেশী নয়] বি, অকিঞ্চিৎকর; ক্ষুদ্র; ছার। "কোন বা বরাট আমি হই অনুমতি।"-মহা॰ (কাশী॰)। ২ জাতীয় উপাধিবিঃ।

বরাটক [বরাট+ক (স্বার্থে)] বিণ, ক্ষুদ্র; অকিঞ্চিৎকর; তুচ্ছ। ২ কপর্দ্দক; কড়ি। স্ত্রীং, বরাটিকা।

বরাটিয়া [বরাট (দ্রঃ)-ইয়া] বিণ, অকিঞ্চিৎকর; তুচ্ছ। "ব॰ চেঙ্গা মুখা আমার ভক্ষণ।"-কবিক॰।

বরাটী$_1$ [সং] বি, কড়ি। ২ দড়ী।

বরাটী$_2$, **বরাড়ী** [সং] বি, রাগিণীবিঃ; বসন্তরাগের ছয় রাগিণীর অন্যতম।

বরাণসী [বরণা ও অসী-এ দুটি নদী আছে যেখানে, বহু॰। প্রা॰ বাং-র ণ স্থলে ন] বি, বারাণসী; কাশী। "গঙ্গা বরানসী"-শূ॰ পু॰।

বরাৎ, বরাত$_1$ [আ॰ বরাত্‌ (কার্য্য-ভার, নিয়োগ commission, assignment, চিঠি, চেক cheque)] বি, কাজের ভার। প্র-সে কাজটা করিবার জন্ম তাকে বরাত দিয়া আসিয়াছি। ২ অপরকে স্বত্ব প্রদান-পত্র। ৩ প্রতিনিধি। ৪ শস্ত ও ঘাসের আয় সম্বন্ধীয় বিবরণ পুস্তক। ৫ অনুরোধ; প্রয়োজন। প্র-এদিকে তার একটা বরাত ছিল। কোন বরাত না থাকলে আর সে এসেছে? কাজের বরাত। ৬ অদৃষ্ট; কপাল। প্র-হতভাগ্য এমন বরাত নিয়েও পৃথিবীতে এসেছিল যে একদিনের জন্তও সুখী হইল না। তার বরাতে নেই সে পাইবে কেন? "শম্ভুবাবুর বরাৎ নিয়ে অন্ন দুটি জুটবে।" ৭ চিঠি। ৮ হুণ্ডী। ৯ গজের হাত; মাপের হাত। "হানি হাত করাতে বরাতে সমতুল। ইন্ধন অভেদ যোড় যুড়িল যতনে।"-ঘ॰। ~গুণে-ক্রি-বিণ, যেমন অদৃষ্ট তেমনি; কপালের জোরে; ভাগ্যবলে। "তবুও বরাতগুণে চাকরিটি আমার ভাগ্যেই জুটিয়া গেল"-প্রা॰ ও মর্ম্মবাণী, ১৩৩৩, ভাদ্র।

বরাত$_2$ [সং-বরযাত্রা > হি॰ বারাত >] বি, বিবাহের মিছিল; বরযাত্রীর দল।

বরাত$_3$ [বরাবর অর্থে ভুলে?] বি, সম্মুখ; নিকট। "বিনোদরে ধইর‍্যা নেয় কাজীর বরাতে"-মৈ॰ গী॰।

বরাতি, -তী$_1$ [হি॰ বরাতী] বি, বরযাত্রী। "জুড়িয়া ক্রোশেক বাট, চলে বরাতীর ঠাট চমকিত ইছানি নগর"-কবিক॰। "বরাতি পুঞ্জে পুঞ্জে সাধুর ঘরে ভুঞ্জে চৌদিকে তম্বুর-বাজনা।"-ঐ। প্রা॰ বাং-য়-বৈরাতী ও॰। "পঞ্চবৈরাতী তখনি আনিল ডাক দিয়া। উলু উলু শব্দ করিবার লাগিল।"-মাণিক॰ গান। ২ কর্ত্তাভজা সম্প্রদায়ী শিষ্য।

বরাতী$_2$ [বরাৎ দ্রঃ] বি, যার বরাত আছে; নির্দ্ধারিত। ২ সংবাদবাহক; দূত। ৩ বিণ, প্রয়োজনীয়।

বরাদন [সং] বি, রাজাদনী; ক্ষীরিকা; খিণী। ২ পিয়াল। ৩ কিংশুক।

বরাদ্দ [ফা॰ বর্‌আওর্দ্‌ (budget) >] বি, সংস্থান; অর্থসাহায্য নির্দ্ধারণ। "যে ভগবান ইহকালে আমাদের জন্ত কেবল ঝাঁটা আর লাথির ব্যবস্থা করেছেন, তিনি যে পরকালে আমাদের জন্ত মিঠাই মোণ্ডার বরাদ্দ করে দেবেন, একথা সংস্কৃত অক্ষরে ছাপা পুঁথিতে দেখলেও যে বিশ্বাস করতে সাহস হয় না।"-নারায়ণ, কার্ত্তিক, ১৩২৭। "যার যথামত পায় ব॰ রাজা আজি দাতা-কর্ণ।"-রবী॰।

বরানুগমন [বর+অনুগমন] বি, বরের বিবাহযাত্রায় অনুগমন; বরযাত্রীরূপে বরের পশ্চাৎ পশ্চাৎ গমন। **বরানুগামী**-বি, বিণ, বরযাত্রী।

বরাবর [ফা॰ বরাবর্‌] বিণ, তুল্য; সদৃশ; সমান। "ভালে সুধাকর গলে বিষধর সুধা বিষে ব॰।"-অ॰ ম॰। ২ অ, সর্ব্বদা; সর্ব্বক্ষণ। প্র-সে বরাবর তার কাছেই ছিল। ৩ সমস্ত পথ। প্র-সে বরাবর তার সঙ্গে গেল। ৪ সোজা; ঋজুভাবে বহুদূর পর্য্যন্ত বিস্তৃত। প্র-পথটা এখান থেকে ব॰ চলে গেছে। ৫ সম্মুখে; সমীপে। "শিব ব॰ স্তব কৈল।"-কবিক॰।

বরাবরি [বরাবর (দ্রঃ)+ই(=এ)] অ, সন্নিধানে; সমীপে। প্র-নারদ কহিল আসি দৈত্য ব॰"-মহা॰ (কাশী॰)। ২ সমক্ষে; সম্মুখে; আগে। "যেমন দেখিলুঁ পুরী, কহি তুয়া ব॰ হেন বুঝি অমর নগর"-কবিক॰।

বরাবরেষু [বরাবর দ্রঃ। শ্রেষ্ঠ ব্যক্তিকে শিরোনামায় সম্বোধনে এই সংস্কৃত ৭মী বিভক্তিযুক্ত শব্দের ব্যবহার আছে] ক্রি-বিণ, সমীপে।

বরাভয় [বর (নিম্ন প্রসারিত দক্ষিণ-করতল)+অভয় (উর্দ্ধীকৃত প্রসারিত বাম হস্ত)] বি, বরমুদ্রা ও অভয়মুদ্রা। ২ অভীষ্ট ও অভয়। **~করা, ~করী**-বিণ, অভীষ্ট ও অভয়দাত্রী। ২ বি, কালী; বরদাত্রী ও অভয়ঙ্করী ভগবতী। **~দাতা**-অভীষ্ট এবং অভয় দানকর্ত্তা। > স্ত্রীং **~দাত্রী**।

বরাভরণ [বর+আভরণ, ৬তৎ] বি, বিবাহে বরের যৌতুকস্বরূপ প্রাপ্য আভরণ।

বরামদ [ফা॰ বর্‌-আমদ্‌] বি, বাহির হওন। **মাল বরামদ করা**-চোরাই দ্রব্য থানাতল্লাসীর দ্বারা বাহির করা।

বরারোহ [বর (উত্তম)+আরোহ (আরোহণ) যার, বহু॰] বিণ, যে উত্তম যানে আরোহণ করে; শ্রেষ্ঠ যানারোহী। স্ত্রীং ~া [বরারোহ (দ্রঃ)+আ (স্ত্রীং)] বিণ, শ্রেষ্ঠ যানবাহিকা। ২ [বর (সুন্দর)+আরোহ (কটিদেশ, শ্রোণিতট) যে স্ত্রীর, বহু॰] বি, সুশ্রোণী; পরমা সুন্দরী স্ত্রী; বরাঙ্গী।

বরালিকা [বর (উৎকৃষ্ট) আলিকা (সখী) যে স্ত্রীর, বহু॰] বিণ, যে স্ত্রীর উত্তমা সঙ্গিনী। ২ বি, দুর্গা। ৩ [বর (উৎকৃষ্ট) আলিকা (সখী), ধা] বি, প্রধানা সখী।

বরাশি, বরাসি [বর (উত্তম)+অশ্‌ (ব্যাপন করা, আবরণ করা)+ই (ণে), যদ্দ্বারা উত্তমরূপে আবরণ করা যায়] বি, মোটা কাপড়।

বরাসন [বর (শ্রেষ্ঠ)+আসন (বসিবার স্থান বা আধারবিঃ), ধা] বি, শ্রেষ্ঠ আসন। ২ সম্মানিত পদ। ৩ [বর (জামাতার) আসন (বসিবার আধারবিঃ), ৬তৎ] বি, বিবাহ সময় বর বসিবার আসন। ৪ [বর(বরণ করিবার জন্ত)+অসন (যাকে ক্ষেপণ করা হয়)] জবাফুল।

বরাহ [বর (বরাসুর)+আহ (ঘাতক)। তুল-ইং boar] বি, বরনামক অসুরবিনাশক বিষ্ণুর অবতার ; দশ অবতারের অন্যতম। ২ [বর (শ্রেষ্ঠ)+আহ (আঘাতক) যে দন্ত দ্বারা ভূমি খনন করে] শূকর ; বরা। বিণ্ড বরাহ, বনবরা-বি, বন্যশূকর (গৃহপালিত নহে)।

বরি-বরা₂ দ্রঃ।

বরিখ [সং-বর্ষ > বরিষ। হিং ও ব্রজ০ বরিখ (ষ=খ)] বি, বর্ষ ; বৎসর। "দণ্ডে প্রহরে দিনে মাসেক বরিখে।"-জ্ঞান০।

বরিখা₁ [সং-বৃষ্ (বর্ষণ করা)=ব্রজ০বরিষ= বরিখ] ক্রি, বর্ষণ করা। বরিখত্তি-বর্ষণ করিতেছে। "ঝন্ ঝন্ ঝননন ঠন্ ঠন্ ঠনন বরিখত বরকল্লাজে।"-অ০ ম০। বরিখণিয়া-বর্ষণ করে। "তুহু দিঠি মেহ সঘনে বরিখণিয়া।"-বলরাম০। বরিখন্তিয়া-বর্ষণ করে [ব০ ভা০ ও সা০]। "ঝাঞ্চা ঘন গরজন্তি সন্ততি ভুবন ভরি বরিখন্তিয়া।"-বি০ প০। বরিখব-বর্ষণ করিবে। "চন্দন তরুসব সৌরভ ছোড়ব শশধর বরিখব আগি।"-বি০ প০। বরিখয়ে, বরিখে-বর্ষে; বর্ষণ করে।

বরিখা₂ [হিং বর্খা > প্রা০ বাং পদ্যে। ষ=খ] বি, বর্ষা ; বারিবর্ষণ ; বৃষ্টি।

বরিয়াতি [বরযাত্রী > অং। প্রা০ বাং] বি, বরযাত্রী ; বরাতি। "ব০ পুঞ্জে পুঞ্জে, সাধুর মন্দিরে চৌদিকে ডম্বুর বাজনা।" -কবিক০। "কেহ বিভা করুক আমরা ব০"-মহা০ (কাশী০)।

বরিশাল [পাল্কীবেহারাদের ভাষায়। বরিশি=বরিশা (কাঁটা)+আল] বি, কাঁটা গাছ ; কাঁটা বন (ব০ শ০ কোষ)।

বরিষ, বরিষা [সং-বরিষম্ (শব্দরত্নাকলী)] বি, বর্ষ ; বৎসর। "বরিষ বরিষ করি সময় গোঙায়লু"-বি০ প০। ২ [বৃ (বর্ষণ করা)+ইষ (ধি), যে সময় জল বর্ষণ হয়। তুল-হিং বারিষ] বি, বর্ষাকাল। ৩ বৃষ্ (বর্ষণ করা) >] ক্রি, বর্ষণ কর। "বরিষ ধারা মাঝে শান্তির বারি। শুষ্ক হৃদয় ল'য়ে আছে দাঁড়াইয়ে ঊর্দ্ধ মুখে নরনারী।"-রবী০।

বরিষণ [সং-বর্ষণ > বরিখন দ্রঃ] বি, বৃষ্টিপতন। ২ বর্ষণ ; বর্ষার ধারার ন্যায় পতন। প্র-বাণ বরিষণ। ক্রি, বরিষয়ে, বরিষে-বর্ষণ করে।

বরিষা [বর্ষা > । বরিখা, 'বরিহা' ও০। ষা=খা=হা] বি, বর্ষা। ২ ক্রি, বর্ষণ করা।

বরিষ্ঠ [উরু (প্রধান)+ইষ্ঠ (অধিকার্থে) উরু=বর। বহুর মধ্যে যিনি শ্রেষ্ঠ] বিণ, প্রধানতম ; শ্রেষ্ঠ। স্ত্রীং ~া। ~আদালত -বি, হাইকোর্ট High Court.

বরিসন্তি [বরিষ+অন্তি (সং ক্রি-বিভক্তি)। প্রা০ বাং] ক্রি, বর্ষণ করে। "দুই মেঘে মেঘে একত্র ব০।"-মহা০ (বিজয়০)।

বরিহা₁ [বরিষা দ্রঃ। ষা=হা] বি, বর্ষা।

বরিহা₂ [বর্হ > ব্রজ০, প্রা০ বাং] বি, ময়ূরপুচ্ছ। "কুসুমিত চিকুর বলিত বর ব০ চাঁদ বিরাজিত ভালে।"-জ্ঞান০।

বরিহা₃ [বরিষ্ঠ > বরিহা > প্রা০ হিং বঢ়িয়া] বিণ, শ্রেষ্ঠ। "বরিহা মাল পুনহি মোহি দেল"-বি০ প০।

বরী [বর+ঈ (স্ত্রীং)] বি, সূর্য্যপত্নী। ২ শতাবরী।

বরীবর্দ্দ-বলীবর্দ্দ দ্রঃ।

বরীয়ান্ [উরু (প্রধান)+ঈয়সু (অধিকার্থে), বহুর মধ্যে যিনি শ্রেষ্ঠ] বিণ, বরিষ্ঠ ; সর্ব্বপ্রধান। ২ সকলের বরণীয়। ৩ অতি যুবা। ৪ বি, বিষ্কুম্ভাদি যোগের মধ্যে অষ্টাদশ যোগ। স্ত্রীং বরীয়সী।

বরু-বরুয়া দ্রঃ।

বরুট, বরুড় [সং] বি, ম্লেচ্ছজাতিবিঃ।

বরুণ [বৃ (বেষ্টন করা)+উন (র্ত্তৃ), যিনি পৃথিবীকে বেষ্টন করিয়া আছেন] বি, জলাধিপতি ; পশ্চিমদিগধীশ্বর। ২ সমুদ্র। ৩ জল। ৪ [বৃ+উন (র্ম্ম), যে বেষ্টিত হয়] বি, দ্বীপবিঃ। ৫ তিক্ত শাকতরুবিঃ। ~বাণ-বি, বারিবর্ষণকারী ক্ষেপক অস্ত্রবিঃ ; যে বাণ নিক্ষিপ্ত হইলে চতুর্দ্দিক মেঘাচ্ছন্ন হইয়া প্রবলবেগে প্রচুর বারি পতিত হয়। "বরুণ এড়িয়া বাণ তখনে সংহারে।"-মহা০ (শ্রীকর০)।

বরুণাত্মজা [বরুণ (সমুদ্রের)+আত্মজা (কন্যা), ৬তৎ] বি, বারুণী।

বরুণানী [সং] বি, বরুণের পত্নী [দ্রঃ-কবি মাইকেল মধু০ মেঘ০ কাব্যে বরুণপত্নী বরুণানী স্থলে বারুণী ব্যবহার করিয়া গিয়াছেন। বারুণী দ্রঃ]।

বরুত্র [বৃ (আবরণ করা)+উত্র (ণ) যদ্দ্বারা আবরণ করে] বি, উত্তরীয় বস্ত্র ; উড়ানী।

বরুয়া [বরু ও০। বর (শ্রেষ্ঠ, প্রধান)+উ, উআ > বরুআ (য়া) > বড়ুয়া, বড়ুয়া (দ্রঃ)] বি, বড়ুয়া (সকল অর্থে)। প্র-বেজ বরুয়া। ২ অসমীয়া উপাধি। এই উপাধিকগণ রাজ্যের প্রধান বিচারক ছিলেন। বঙ্গদেশের চৌধুরী, সরকার, মজুমদার ই০-বৎ। "বুঢ়া গোঁহাই" ও "বর গোঁহাই" পদদ্বয়ের নিম্নস্থ পদবী।

বরূথ [বৃ (আবরণ করা)+উথ (র্ম্ম,জ্ঞা০)] বি, রথের মধ্যে গুপ্তস্থানবিঃ। ২ [+উথ (ণ)] বি, চর্ম্ম ; বর্ম্ম ; তনুত্রাণ ; সাঁজোয়া।

বরূথী [বরূথ (রথের গুপ্তস্থান)+ইন (ত্ত্য০)=বরূথিন্ ১মা, ১ব০] বি, রথ। > স্ত্রীং বরূথিনী-সেনা। ২ রথযুক্ত।

বরেণ্য [বৃ+এন্য (র্ম্ম), যাঁকে বরণ করা যায়] বিণ, বরণীয় ; মান্য। ২ শ্রেষ্ঠ ; উৎকৃষ্ট। ৩ অভীষ্ট ; প্রার্থনীয়। ৪ বি, কুঙ্কুম।

বরেন্দ্র₁, বরেন্দ্রভূমি-বি, প্রাচীন গৌড় ; বঙ্গদেশের প্রাচীন বিভাগ। ইহা মহানন্দা নদীর পূর্ব্ব তীর হ'তে করতোয়ার পশ্চিম তীর পর্য্যন্ত বিস্তৃত ; পুণ্ড্র ; গৌড়-দেশের রাজধানী।

বরেন্দ্র₂ [বর (শ্রেষ্ঠ)+ইন্দ্র(রাজা), ধা। শ্রেষ্ঠ রাজা] বি, ইন্দ্র। ২ প্রধান রাজা। ৩ [বরের (শ্রেষ্ঠের) ইন্দ্র (প্রধান), ৬তৎ] বি, রাজাধিরাজ ; সম্রাট্।

বরোন্মুখ [বর (বর দানের জন্য)+উৎ (উন্নত) + মুখ হইয়াছে যার, বহু০] বিণ, বরদানে উদ্যত। "বরোন্মুখ হইলেন শ্রীগৌর সুন্দর"-চৈ০ ভা০।

বর্কর [বৃক্ (গ্রহণ করা)+অর (র্ম্ম), যাকে (ছেদনার্থ) গ্রহণ করা হয়] বি, মেষ-শাবক ; ছাগল-ছানা। ২ ক্রীড়া ; পরিহাস ; কৌতুক। স্ত্রীং ~ী।

বর্গ [বৃজ্ (বর্জ্জনে, বৃতি অর্থে, বেষ্টনে)+

অ (ভা০)] বি, বর্জন ; ত্যাগ। ২ শ্রেণী ; দল। ৩ বর্ণমালা। প্র–কবর্গ, চবর্গ ই০। ৪ স্বজাতীয় সমূহ ; গণ। প্র–মনুষ্যাদি বর্গ ; দণ্ডচারী বর্গ ই০। ৫ ছন্দ ; ছাঁদ; প্রকার। ৬ গ্রন্থ পরিচ্ছেদ। ৭ খণ্ড। ৮ মার্গ ; পথ ; বাগ দ্রঃ। ৯ শাসন। ১০ [পাটী০] সমানাঙ্কদ্বয়ের পূরণ ; square এর বৈজ্ঞা০ পরিঃ। ১১ মিল; সদ্ভাব। প্র–তাহার সহিত আমার বর্গ নাই। ~ক্ষেত্র [জ্যা০ (ক০ বিশ০ পরিঃ)] বি, ইং square এর বৈজ্ঞা০ পরিঃ ; যে ভূমির দৈর্ঘ্য ও প্রস্থ পরস্পর সমান। ~মূল [পাটী০ (ক০ বিশ০ পরিঃ)] বি, সমানাঙ্কদ্বয়ের পূরণ ; ইং square root এর বৈজ্ঞা০ পরিঃ।

বর্গা [জমি০ পরিঃ। বঁরগা ও০] বি, ভাগে কর্ষণোপযোগী জমি ও তার বন্দোবস্ত an agreement by which a cultivator enjoyes to pay the landlord half the produce the latter providing half the seed & paying the whole revenue. ~ইত, ~দার–বরগাদার দ্রঃ। "লালুদের জমিগুলি জমিরই বর্গা চষিত। তাহাদের অংশের ফসলে না কুলাইলে সে নিজ হইতেই কিছু ধান কিছু চৈতালি দিয়া তাহাদের বৎসর চালাইয়া লইত। আগে সে শুধু নিজের জমি চষিত, এখন বর্গা জমিও চষে।"

বর্গি, বর্গী [বর্গ (শ্রেণী) + ইন্ (স্ত্য০) যার বর্গ আছে] বি, শিবাজির উত্তরাধিকারী। ইহারা দল বাঁধিয়া আক্রমণ করিত বলিয়া বর্গী নামে অভিহিত ; মহারাষ্ট্রীয় অশ্বারোহী সৈন্যদলবিঃ। "আছিল বর্গির রাজা গড় সেতারায়। আমার ভকত বড় বয়ে কহ তায়।"–অ০ ম০। ~রাজ [বর্গির রাজা, ৬তৎ] বি, মহারাষ্ট্র রাজা। ২ শিবাজী। "স্বপ্ন দেখি বর্গিরাজ হইল ক্রোধিত।" –অ০ ম০। বর্গির হাঙ্গামা–১৮শ শতকের মধ্যভাগে বঙ্গের নবাব আলীবর্দ্দী খাঁর সময়। মহারাষ্ট্র সৈন্যদল কর্ত্তৃক পুনঃপুনঃ বঙ্গ আক্রমণ ও লুঠতরাজ।

বর্গীয় [বর্গ + ঈয় (স্থিত বা সম্বন্ধার্থে), যে বর্গের মধ্যে, আদিতে বা অন্তে থাকে] বিণ, বর্গ সম্বন্ধীয়। ২ বর্গস্থ ; বর্গের অন্তর্গত। প্র–ক-বর্গীয় বর্ণ। স্ত্রীং ~া। বর্গীয় জ– চবর্গের অন্তর্গত তৃতীয় বর্ণ ; জ। বর্গীয় ব –পবর্গের অন্তর্গত তৃতীয় বর্ণ।

বর্গোত্তম [বর্গ (বর্গের) + উত্তম (উৎকৃষ্ট), ৬তৎ] বি, মেষাদি রাশির নবাংশবিঃ। ২ বর্গের মধ্যে শ্রেষ্ঠ। স্ত্রীং ~া।

বর্গ্য [বর্গ + য (স্থিত অর্থে বা সম্বন্ধার্থে)] বিণ, বর্গ সম্বন্ধীয়। ২ বর্গান্তর্গত ; বর্গস্থ।

বর্চ্চঃ [বর্চ্চস্ (বর্চ্চ্ =দীপ্ত হওয়া) + অস্ (র্তৃ), যে দীপ্ত হয়] বিণ, তেজঃ। ২ কান্তি। ৩ রূপ। ৪ শুক্র। ৫ মল। ~কুটীর– বি, পায়খানা (বৌদ্ধ সা০-ত্যে)। "অন্য কোথাও স্থানের সুবিধা না দেখিয়া তিনি বর্চ্চঃকুটীরেই রহিলেন"–জাতক।

বর্চ্চস্বী [বর্চ্চস্ + বিন্ (স্ত্য০)=বর্চ্চস্বিন্, যার বর্চ্চস্ (তেজঃ) আছে] বিণ, তেজস্বী ; ওজস্বী। ২ বি, সূর্য্য ; চন্দ্র।

বর্চ্চা, বর্চ্ছা [সাঁওতালী–বর্‌ছি > হিং বর্ছা, বর্ছি। প্রা০ বাং-র–বঁড়শা] বি, বেধনাস্ত্রবিঃ ; বল্লম; ক্যাঁচা। "বন্যদিগের হস্তী নাই, অশ্ব নাই, বন্দুক নাই, বর্চ্চা নাই, কেবল খড়্গ ও তীর লইয়া অকুতোভয়ে শার্দ্দূলের প্রতি ধাবমান হইল।"–টেকচাঁদ।

বর্জ্জন [বৃজ্ (বর্জ্জন করা) + অন(ভা০)] বি, ত্যাগ। > ক্রি, বর্জ্জা [বর্জ্জি, বর্জ্জ, বর্জ্জে ; বর্জ্জিতে ; বর্জ্জিয়া (পদ্যে, কে০ বর্জ্জি)। প্রা০ বাং প্রাকৃ০ বজ্জা। বজ্জই– বর্জ্জন করে (দো০ ১০২)। বজ্জিঅ–বর্জ্জিত]

বর্জ্জনীয় [বৃজ্ + অনীয় (র্ম), যাকে বর্জ্জন করা যায়] বিণ, বর্জ্জনের যোগ্য ; ত্যাজ্য। স্ত্রীং ~া।

বর্জ্জাইস [ইং Bourgeois এর লিপ্যন্তর] বি, ছাপার ক্ষুদ্র হরপ ; বাঙ্গালায় সাধারণতঃ ক্ষুদ্রতম ছাঁচের হরফ [বর্জ্জাইস অপেক্ষা ক্ষুদ্র টাইপ বা হরপের নাম 'ব্রিভিয়ার' বা এই অভিধানে ব্যবহৃত হইয়াছে]। প্র–বই-খানা আগাগোড়া বর্জ্জাইসে ছাপা।

বর্জ্জিত [বৃজ্ + ত(র্ম), যে পরিত্যক্ত হয়। প্রা০ বৌ০ বাং প্রাকৃ০ বজ্জিঅ (দো০ ১০২)] বিণ, ত্যক্ত। ২ নির্ব্বাসিত। ৩ বিনষ্ট। স্ত্রীং ~া।

বর্ণ [বর্ণ্ (বাক্যের বিস্তার করা, স্তব করা, যথাস্থানে নিয়োগ করা, বিলেপন করা, বলা ই০) + অ (র্ম)। প্রাকৃ০ বন্ন] বি, যা ব্রাহ্মণ ক্ষত্রিয়াদিরূপে বিবৃত হইয়াছে ; ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, ও শূদ্র ; জাতি caste. (গুণ এবং কর্ম্মের যোগে যা গ্রহণ করা যায় তাকে বর্ণ বলে)। ২ [+ (ণে), যদ্দারা স্তব করা যায়। বা "বর্ণয়তি বিস্তারয়তীত্যর্থঃ"– কণ্ঠ তালু মূর্দ্ধাদি হতে যা বিবৃত হয়। কণ্ঠ সংযোগাদি জন্য শব্দ। ইহার বোধক চিহ্ন বা সঙ্কেতের নাম "অক্ষর" কিন্তু বাং-য় অক্ষরার্থে বর্ণ শব্দের ব্যবহার আছে] আকারাদি অক্ষর [দ্রঃ–উদান বায়ু কণ্ঠনালী হতে নিঃসৃত হইয়া শ্রবণেন্দ্রিয়ের গ্রাহ্য শব্দের উৎপাদন করে ; ঐ শব্দের অস্ফুট অবস্থার নাম 'ধ্বনি', স্ফুট অবস্থার নাম 'বর্ণ'। বর্ণের যে সাঙ্কেতিক চিহ্ন দর্শনেন্দ্রিয়ের বিষয়, তা বর্ণ নহে, তা 'লিপি'। একই বর্ণের বিভিন্ন ভাষায় বিভিন্ন লিপি প্রচলিত আছে।–ইন্দ্র০ বন্দ্যো০]। ৩ [অক্ষর > অক্ষরসমষ্টি] বাক্য। "বর্ণনে যার বর্ণ হারে, তার সাজে কি স্বর্ণ-হারে, যেরূপ হেরিয়ে হরে, মুনি জনার মন।"–দাশরথি রায়। ৪ [বর্ণ্ (চিত্র করা) + অ (ণে)] রং ; শ্বেত, পীত, হরিতাদি। পদ্যে 'বরণ' ও হয়। [দ্রঃ–অগ্নিপুরাণে দ্বাদশ আদিত্যের বর্ণপ্রসঙ্গে যে সকল বর্ণের উল্লেখ আছে, তা হতে সূর্য্যের সপ্তরশ্মির রক্ত (লোহিত red), কপিল (orange), পীত (yellow), হরিৎ (green), নীল (blue), মহানীল (dark blue) ও ধূম্র (violet) এই ৭টি বর্ণ বলা যাইতে পারে। তন্ত্রে ও পুরাণে আরও বহুবিধ বর্ণের উল্লেখ আছে, যথা–সিত (শ্বেত white), কৃষ্ণ (dark), ঈষদ্রক্ত (অরুণ reddish), পাণ্ডুর বা পাণ্ডু (yellowish), ধূসর (grey), শুক্লাক্ত বা কপিশ (dark green), পাটল (pink), পিঙ্গল বা কপিল (brown, orange). নীললোহিত (dark red, purple, red and blue) ও কৃমিজ রঙ্ (carmine, crimson, deep red, গাঢ় লাল) ই০। এই সকল বর্ণের অল্পাধিক মিশ্রণ-জাত অসংখ্য বর্ণের উৎপত্তি হতে পারে। ৫ গায়ের রঙ। প্র–শ্যামবর্ণ বা গৌরবর্ণ ; উজ্জ্বল শ্যামবর্ণ। পদ্যে 'বরণ' ও হয়। ৬ হস্তীর পৃষ্ঠস্থিত চিত্রিত কম্বলাদি। ৭ [বর্ণা দ্রঃ] ক্রি, বর্ণনা কর। ~চোরা–বিণ,

যার স্বাভাবিক বর্ণ প্রকাশ পায় না। ২ বিকৃত বর্ণ। "কলা অসি বসন ভূষণ সব লুট। বর্ণ-চোরা করে, চোরে ধরে আন কাট"-ধ০। ~চোরা আম-যে আম পাকিলেও কাঁচার বর্ণের ন্যায় সবুজই থাকে। ~জ্ঞান-বি, বর্ণ পরিচয়। ~জ্ঞানশূন্য, ~জ্ঞান-হীন-নিরক্ষর; মূর্খ। ~জ্যেষ্ঠ [বর্ণ (জাতি) দ্বারা জ্যেষ্ঠ, ৩তৎ ; বর্ণের (ব্রাহ্মণাদির) জ্যেষ্ঠ, ৬তৎ] বিণ, বর্ণশ্রেষ্ঠ। ২ ব্রাহ্মণ। > স্ত্রীং ~া। ~তুলি, ~তূলি, ~তুলী [বর্ণ (অক্ষরের) তুলি, তূলি, তুলী, ৬তৎ] বি, চিত্র করিবার তুলি। ২ কলম। ~তূলিকা [বর্ণ (অক্ষর) তূলিকা (চিত্র করিবার যন্ত্রবিঃ), ৬তৎ] বি, লেখনী ; কলম। ~দাত্রী-বি, হরিদ্রা। ~দাসী [বৌ॰ সা॰] বি, গণিকা। "এক বর্ণদাসীকে সর্ব্বালঙ্কারে বিভূষিত করিয়া তাহার গৃহে লইয়া গেলেন।"-জাতক। ~দারু [বর্ণ (বর্ণের) দারু (কাষ্ঠ), ৬তৎ] বি, যে সকল কাষ্ঠে রঙ্গ প্রস্তুত করা হয়। ~দূত [বর্ণ (বর্ণময়) দূত, খা] বি, লিপি ; পত্রিকা ; চিঠি। ~দ্বিজ [বর্ণ (বর্ণে=জাতিতে জন্ম) দ্বারা (গুণে নহে) দ্বিজ] বি, বর্ণব্রাহ্মণ ; ব্রাহ্মণের ক্রিয়াকর্ম্ম লক্ষণাদিহীন কেবল ব্রাহ্মণ কুলে জন্ম হেতু ব্রাহ্মণ। "গুজরাট একপাশে গ্রহ বিপ্রগণ বৈসে, বর্ণদ্বিজগণ মঠপতি" - কবিক॰। ~ধর্ম্ম [বর্ণের (ব্রাহ্মণাদি জাতির) ধর্ম্ম (কর্ত্তব্যকর্ম্ম), ৬তৎ] বি, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রজাতির কর্ত্তব্যকর্ম্ম। ~পাত্র [বর্ণ (রং) পাত্র (আধার), ৬তৎ] বি, রঙ্গ রাখিবার আধার ; বর্ণাধার। ~মাতা-বি, লেখনী। ~মাতৃকা-বি, সরস্বতী। ~বিশ্লেষণ-বি, রঙের পৃথক্ করণ। ২ [ব্যা॰] শব্দ বা পদমধ্যস্থ অক্ষরগুলিকে পৃথক্ পৃথক্ প্রদর্শন। ~ব্রাহ্মণ-ব্রাহ্মণ, বৈদ্য, কায়স্থ, নবশায়কে-তর জাতির যাজক ব্রাহ্মণ ; বর্ণযাজী ব্রাহ্মণ। ~মাপক-বি, বর্ণ পরিমাণ নির্ণায়কযন্ত্র colourimeter. ~মালা [বর্ণ(অক্ষর) মালা (শ্রেণী), ৬তৎ] বি, অকারাদি স্বর এবং ক হতে হ পর্য্যন্ত ব্যঞ্জন বর্ণশ্রেণী ; আলিফালি। ২ জাতিমালা। ~যাজী-বর্ণব্রাহ্মণ দ্রঃ। ~রেখা [বর্ণ (রং) রেখা (লেখা), ৬তৎ, যদ্দ্বারা রেখা পাত হয়] বি, কঠিনী ; খড়ী। ~সঙ্কর [বর্ণ (ব্রাহ্মণাদির) সঙ্কর (মিশ্রণ), ৬তৎ] বি, ব্রাহ্মণাদির অনুলোম বা প্রতি-লোমজাত সন্তান ; মিশ্রজাতি ; দুই ভিন্ন বর্ণের স্ত্রীপুরুষের সংমিলনে যে বর্ণের উৎপত্তি হয়। ~সঙ্করত্ব [বর্ণসঙ্কর + ত্ব (ভা॰)] বি, বর্ণসঙ্করের ভাব ; অনুলোম বা বিলোমঘটিত ব্যাপার। ~হীন-বিণ, যার বর্ণ নাই।

বর্ণক [বর্ণ্ (বর্ণনা করা) + অক (কর্ত্তৃ) যে বর্ণনা করে] বি, স্তুতিপাঠক ; গুণ-কীর্ত্তনকারী। ২ [বর্ণ (রং) + ক (স্বার্থে)] বি, লেপন দ্রব্য ; চন্দনাদি। ৩ [বর্ণ + অক (ণে), যদ্দ্বারা বর্ণনা বা রং করা যায়। এই অর্থে গ্রা॰ 'বনক'] বিণ, হরিতাল ; হলদে মাটি yellow ochre. ৪ তুলী। ৫ অক্ষর। ৬ গ্রন্থ। ৭ বেশবিন্যাস।

বর্ণন [বর্ণ্ (স্তব করা) + অন (ভা॰)] বি, গুণকথন। ২ স্তুতিপাঠ। ৩ চিত্তবিনোদন। ৪ বিবৃত করণ। ~া-ব্যাখ্যা। ২ গুণকথন। ৩ বিবরণ।

বর্ণনাকুশল [বর্ণনাতে কুশল, ৭তৎ] বিণ, যে বর্ণনা করিতে পটু বা দক্ষ।

বর্ণনাতীত [বর্ণনা (র) + অতীত] বিণ, অবর্ণনীয়।

বর্ণনাপত্র [বর্ণন দ্রঃ] বি, বিবরণী statement. আবেদন বা অনুযোগ পত্র representation.

বর্ণনীয় [বর্ণ্ + অনীয় (র্ম্ম), যাকে বর্ণনা করা যায়] বিণ, বর্ণনযোগ্য। ২ বিবৃত ব্যাখ্যার উপযুক্ত।

বর্ণা [সং-বর্ণ্ (বর্ণনায়) >। বর্ণি, বর্ণ, বর্ণে ; বর্ণিতে ; বর্ণিয়া ই॰] ক্রি, বর্ণন করা। বর্ণান দ্রঃ।

বর্ণাট [বর্ণ (অকারাদি অক্ষর দ্বারা রচিত গীতবিঃ) + অট (গায়ক), ৬তৎ] বি, গায়ক। ২[বর্ণ (রং), আট (সংযোজক), উপ॰। যে বর্ণ বিন্যাস করে] বিণ, চিত্রকর।

বর্ণাত্মকতা [বর্ণ (জাতি) + আত্মকতা] বি, জাত্যানুরাগ ; জাতীয়তা। "ইউরোপীয়-দিগের জাতি সংঘটনে কতকটা বর্ণাত্মকতা সংসাধিত হইবে সন্দেহ নাই। ভারতীয় ভাব ইহার উপাদান"-ভূদেব॰।

বর্ণানি [বর্ণ ধাতুজ। বর্ণাই, বর্ণাও, বর্ণায় ; বর্ণাইতে ; বর্ণাইয়া (কে॰ বর্ণিয়ে)] ক্রি, বর্ণনা করা ; বিবরণ করা। "চৌত্রিশ অক্ষরে বর্ণাইয়া কৈলা স্তব"-অ॰ ম॰।

বর্ণানুক্রম [বর্ণ(বর্ণের) + অনুক্রম ৬তৎ] বি, অক্ষর পরম্পরা। বিণ, বর্ণানুক্রমিক।

বর্ণানুভাবকতা [বর্ণ (শুক্ল পীতাদি) + অনুভাবকতা (বোধজনকতা), ৬তৎ] বি, শুক্লাদি বর্ণের জ্ঞান ; বর্ণানুভূতি।

বর্ণান্ধ [বর্ণ (বিষয়ে) + অন্ধ] বিণ, রং-কাণা colour blind. ~তা-বি, রং চিনিতে না পারা colour blindness. [এক শ্রেণীর বর্ণান্ধতা যাতে কোনই রং দেখিতে পাওয়া যায় না total colourblindness এই রং-কানারা সমস্ত রংই ভিন্ন ভিন্ন ক্রমের পাঁশুটে বর্ণ দেখে]।

বর্ণাশ্রম [বর্ণ (ব্রাহ্মণাদি ৪ বর্ণের) + আশ্রম] বি, চতুর্ব্বর্ণের শাস্ত্রবিহিত কর্ম্ম। ~ধর্ম্ম-বি, ব্রাহ্মণাদি চারি বর্ণের ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বাণপ্রস্থ ও সন্ন্যাস বা ভৈক্ষ এই চার আশ্রমবিহিত ধর্ম্ম বা কর্ত্তব্য।

বর্ণি [বর্ণ্ + ই (কর্ত্তৃ)] বিণ, যে রং করে বা লিখে। ২ উত্তমবর্ণযুক্ত। ৩ বি, সুবর্ণ। ৪ ক্রি, বর্ণনা করি।

বর্ণিক [বর্ণ (অকারাদি) + ইক (র্ত্ত), যে লিখে] বি, চিত্রকর। ২ লেখক। স্ত্রীং বর্ণিকা-বি, কঠিনী ; খড়ী।

বর্ণিত [বর্ণ + ত (র্ম্ম), যা বর্ণনা করে বা বলে] বিণ, ব্যাখ্যাত। ২ প্রশংসিত ; স্তুত। ৩ বিবৃত। ৪ রঞ্জিত।

বর্ণিনী [সং] বি, নারী। প্র-বরবর্ণিনী। ২ হরিদ্রা।

বর্ণিলিঙ্গী [বর্ণি (ব্রহ্মচারী) লিঙ্গ (চিহ্ন) + ঈ (ধারী অর্থে)] বি, ভণ্ড সাধু বা সন্ন্যাসী।

বর্ণী [বর্ণ (শুক্লাদি) + ইন্ (স্ত্য॰)=বর্ণিন্, যার বর্ণ আছে] বি, চিত্রকর। ২ ব্রহ্মচারী। ৩ লেখক।

বর্ণ্য [বর্ণ্ + য (র্ম্ম), যা বর্ণনা করে] বিণ, বর্ণনযোগ্য ; বর্ণনীয়।

বর্ত্তক বৃৎ (বর্ত্তমান থাকা)+অক (র্ত্তৃ)] বিণ, যে বর্ত্তমান থাকে বা আছে। ২ ভারুই পক্ষী।

বর্ত্তন [বৃৎ (স্থিত্যাদি অর্থে)+অন (ভা॰)] বি, বৃত্তি ; জীবিকা। ২ [বৃৎ+অন (থি), যাতে অবস্থিত থাকে] বিণ, পথ ; চলিবার রাস্তা। ৩ [বৃৎ+অন (র্ত্তৃ), যে বিদ্যমান থাকে] বিণ, স্থিতিশীল। ৪ বৃত্তিযুক্ত। ৫ [বৃৎ+ণিচ্=বর্ত্তি+অন (ভা॰)] বি, স্থাপন। ৬ পেষণ ; বাটন। ~নী-পথ ; বর্ত্ম। ২ বাটা ; পিষ্টদ্রব্য। "চুয়া যে চন্দন আমলকী বর্ত্তন যতন করিয়া আনে।" -চণ্ডি॰। [দ্রঃ-বৈদিক সাহিত্যে বর্ত্তনী অর্থে -"চক্র"]।

বর্ত্তমান [বৃৎ+আন (র্ত্তৃ), ম আগম। যে বিদ্যমান থাকে] বি, অপরিসমাপ্ত ক্রিয়ার কাল ; বর্ত্তমান কাল ; ভুত ও ভবিষ্যতের মধ্যবর্ত্তী কাল। ২ বিণ, বিদ্যমান ; উপস্থিত। ৩ জীবিত। প্র-এখনও তাঁহার পিতামহ বর্ত্তমান।

বর্ত্তা, বর্ত্তানি [বৃৎ-ধাতুজ। বর্ত্তি, বর্ত্তাই, বর্ত্ত, বর্ত্তাও (বর্ত্তেন, বর্ত্তান ; বর্ত্তিস, বর্ত্তাস), বর্ত্তে, বর্ত্তায় (বর্ত্তেন, বর্ত্তান) ; বর্ত্তিতে, বর্ত্তাইতে ; বর্ত্তিয়া, বর্ত্তাইয়া (ক্ষে॰বর্ত্তে)। প্রা॰বর্ত্তান (দ্রঃ)। প্রা॰বৌ॰ বাং প্রাকৃ॰বর্ত্তা, বট্টা। বট্টই, বর্ত্তই (সং-বর্ত্ততে)। বাং-য় সাধাঃ ণিজন্ত, অণিজন্ত দুইয়েরই একার্থে ব্যবহার] ক্রি, বিদ্যমান থাকা। "আমি চিরকাল বর্ত্তি"-কবিক॰। ২ প্রাণ পাওয়া ; বাঁচা ; জুড়ান। "সম্প্রতি চাষের শস্ত সব লও তুমি। বাদিনী বলে তবে বর্ত্তালাম [=বর্ত্তাইলাম বা বর্ত্তিলাম] আমি॥"-শি॰। ৩ ভোগ করা। ৪ অর্শান ; অংশান। প্র-সে সমস্ত সম্পত্তিই তাকে বর্ত্তিয়াছে। ৫ [ণিজন্ত অর্থে বাং-য় বিরল] থাকান ; বাঁচান ; ভোগ করান।

বর্ত্তি১ [বৃৎ (ণিচ্)+তি (ণে), যদ্দারা বর্ত্তন (উদ্দীপন) হয়] বি, প্রদীপ। ২ প্রদীপের দশা ; শলিতা। ৩ বাতি। ৪ পক্ষীবিঃ। ৫ তুলি। ৬ বার্ণিস্। ৭ [সুশ্রুত] বি, চক্ষুরোগে অভ্যঞ্জনশলাকা। ৮ বৃত্তাকার প্রান্ত ; গামলা প্রভৃতির কানা বা ধার। "সুবর্ণপার্শ্ব বড়্‌দন্ত হ্রদকে পরিবেষ্টন করিয়া পাত্রমুখবর্ত্তির ন্যায় অবস্থিত রহিয়াছে।" -জাতক, ৫ম খণ্ড। ৯ [সুশ্রুত] বি, রোধনী ; ছিপি plug ; lint.

বর্ত্তি২ [বৈদিক অর্থ গৃহ। বর্ত্তান (দ্রঃ) মূলার্থে, গৃহে থাকার ভাব ? বর্ত্তি, বর্ত্ত, বর্ত্তে ; বর্ত্তিতে ; বর্ত্তিয়া (ক্ষে॰ পদ্যে-বর্ত্তে) ই॰] ক্রি, বর্ত্তমান আছি। ২ বাঁচি। "গদাধর ভাবে আমি বর্ত্তি পলাইলে।"-চৈ॰ ভা॰।

বর্ত্তিক [বর্ত্তি (প্রদীপের শলিতা)+ক (স্বার্থে)] বি, বাতি। ২ পক্ষীবিঃ। ~া-বি, বাতি।

বর্ত্তিত [বৃৎ-ত (র্ম্ম)] বিণ, সম্পাদিত।

বর্ত্তিতব্য [বৃৎ+তব্য (ভা॰)] বি, অবস্থিতির যোগ্য। ২ [বৃৎ+তব্য (র্ম্ম)-যাকে অবস্থান করান যায়] বিণ, স্থাতব্য ; স্থিতিশীল।

বর্ত্তিষ্ণু [বৃৎ (বর্ত্তমান থাকা)+ইষ্ণু (র্ত্তৃ), যে বর্ত্তমান থাকে] বিণ, স্থিতিশীল।

বর্ত্তিষ্যমান [বর্ত্তিষ্য (ভবিষ্য) মান্ ; বৃৎ (থাকা)+স্যমান (র্ত্তৃ)-উত্তরকালে যা হইবে এমন] বিণ, ভবিষ্যমান ; ভাবী। বি, ভবিষ্যৎকাল।

বর্ত্তী [বর্ত্তিন্-বৃৎ+ইন্ (র্ত্তৃ)=যে বর্ত্তমান থাকে] বিণ, স্থিতিশালী।

বর্ত্তুক [বর্ত্তা দ্রঃ] ক্রি, বাঁচুক ; সুখী হউক। "চিন্তিলাম চন্দ্রচূড় চাষ বড় ধন। চাষ চষ বারেক ব॰ পরিজন॥"-কবিক॰।

বর্ত্তুল [সং-বৃৎ (বর্ত্তনে, বিদ্যমানতায়)+উল (র্ত্তৃ)] বি, গোলাকার বস্তু। ২ বাটুলা কলাই। ৩ [যন্ত্রজ্যা॰ (ক॰ বিশ॰ পরিঃ)] বি, গোলক ; ই॰ sphere এর বৈজ্ঞা॰ পরিঃ। ৪ বিণ, গোল। ~া-টেকোর বাটুল। ২ গজপিপ্পলী।

বর্ত্ম [সং। মূ॰ বর্ত্মন্] বি, পথ ; রাস্তা। ২ আচার ; ব্যবহার। ৩ [বৃৎ (আচ্ছাদন করা)+মন্ (ণে, জ্ঞা॰), যদ্দারা আচ্ছাদন করে] বি, চক্ষুর পাতা। ~নি-বি, পথ।

বর্দ্ধ [বৃধ্ (ছেদন করা, বৃদ্ধি পাওয়া)+অ (ভা॰)] বি, ছেদন ; পূরণ (বৃদ্ধি)। ২ বামনহাটির গাছ। ৩ বি, সীসা।

বর্দ্ধক [বৃধ্+অক (র্ত্তৃ), যে বৃদ্ধিপ্রাপ্ত হয়] বিণ, যে বৃদ্ধি করে ; বর্দ্ধক ; পূরক। ২ [বৃধ্+অক (র্ত্তৃ), যে ছেদন করে] বিণ, ছেদক। স্ত্রীং ~বর্দ্ধিকা।

বর্দ্ধকি, -কী [সং] বি, সূত্রধর ; ছুতার। স্ত্রীং বর্দ্ধকিনী।

বর্দ্ধন [বৃধ্ (ছেদন করা, বৃদ্ধি পাওয়া)+অন (ভা॰)] বি, ছেদন ; বাড়ান ; বৃদ্ধি করণ। ২ [+অন (ণে), যদ্দারা ছেদন করা যায়] বিণ, বৃদ্ধিকারক। ~নী-ছোট জলপাত্র ; ঘটি। ২ শোধনী ; সম্মার্জ্জনী ; খেঙরা।

বর্দ্ধমান [বৃধ্ (বৃদ্ধি পাওয়া)+আন (র্ত্তৃ), ম আগম] বিণ, যে বৃদ্ধি পায় ; বৃদ্ধিশীল। ২ বি, বর্ত্তমান পশ্চিম বঙ্গে একটী বিভাগ ও নগরবিঃ। ৩ এরণ্ডবৃক্ষ। ৪ জিনবিঃ ; জৈনদিগের চতুর্ব্বিংশতিতম ও শেষ তীর্থঙ্কর। ইহার অন্য নাম মহাবীর স্বামী।

বর্দ্ধমানক [বর্দ্ধমান+ক (জ্ঞা॰)] বিণ, বৃদ্ধিশীল। ২ বি, ভেরেণ্ডাগাছ।

বর্দ্ধিত [বৃধ্ (বৃদ্ধি পাওয়া)+ণিচ্=বর্দ্ধি (বৃদ্ধি পাওয়ান)+ত (র্ম্ম), যাকে বাড়ান যায়] বিণ, বৃদ্ধিপ্রাপ্ত করান ; বাড়ান। ২ পরিপোষিত। ৩ [বর্দ্ধ্ (ছেদনে)] বিণ, ছিন্ন ; নিঃশেষিত।

বর্দ্ধিষ্ণু [বৃধ্+ইষ্ণু (র্ত্তৃ)] বিণ, যে বাড়ে ; বৃদ্ধিশীল।

বর্ফান [ফা॰ বর্ফান্] বি, হিমানী ; বরফরাশি। ২ তুষারভূমি ; হিমালয়।

বর্ফি-বি, বরফি দ্রঃ।

বর্ব [সং] বি, প্রাচীন ভারতের সুবর্ণমুদ্রাবিঃ। "রাজা যুবরাজকে মাসিক পাঁচ হাজার বর্ব, প্রধান সেনাপতিকে মাসিক চারি হাজার বর্ব * * * বেতন দিবেন।" -রত্নমালা।

বর্বট [বর্ব্ (গমন করা)+অট (জ্ঞা॰)] বিণ, দ্রুতগমনশীল। ২ [শীঘ্র বৃদ্ধি পায় বলিয়া] বি, কলাইবিঃ ; বর্বটী কলাই। ~টী (-র্ব-) কলাইবিঃ। ২ বারাঙ্গনা ; বেশ্যা।

বর্বণা [বর্ব্ (গমন করা)+অন (র্ত্তৃ-জ্ঞা॰)+আ (স্ত্রীং)] বি, নীলবর্ণ মক্ষিকা।

বর্বর, বর্ব্বর [সং-বর্বরঃ। "বর্বরঃ

]রুক বিবৎ (অগ্রঅগগ্র), হীন রুক্তাকর। রাজবৎ, ক=ংগ জ=গাঁ ক=ন্‌চ ক=ই [illegible] fwv ও জ্ঞা॰ দ্রঃ

পামরে কেশে চক্রলে নীবৃদন্তরে। কম্পিকায়াং পুমান্ শাকভেদ পুষ্পভিদোঃ স্ত্রিয়াম্"-মে°। বি, কৃষ্ণতুলসী ; কাল বাবুইতুলসী। ২ জনপদবিঃ ; আফ্রিকার অন্তর্গত বার্বারী দেশ। ৩ বাব্‌রি কাটা চুল ; কোঁকড়া চুলের গুচ্ছ। ৪ কম্পিকা বৃক্ষ ; বামনহাটী ; ভার্গী। ৫ বিণ, পামর ; নীচ। "বর্ব্বর! কে চাহে তোরে, তুই ক্ষুদ্রজীবী? নাহি মারি অস্ত্র মোরা তোর সম জনে ইচ্ছায়। শৃগাল সহ সিংহী কি বিবাদে?"-মেঘ°। ৬ নির্ব্বোধ ; মূর্খ। "সম্পদ সঞ্চয় করি সদ্ ব্যয় না করে। বড় সেই বর্ব্বর বঞ্চিত বলি তারে।" ৭ [গ্রী° barbaros = বর্ব্বরঃ=one unintelligible in his talk; not intelligible to Greeks; a foreigner.—*Webster.* সং-বর্ (অব্যক্ত বা অস্পষ্ট শব্দ করা)+বর্ (বারংবার ঐরূপ অর্থে দ্বিত্ব), যে বর্‌বর্, বড়্ বড়্ বা বিড় বিড় করে, যার ভাষা বোধগম্য হয় না] অস্পষ্ট বা দুর্ব্বোধ্যভাষী ; বৈদেশিক ; বৈদেশিক বলিয়া দেশীয় রীতি, নীতি, ধর্ম্মপদ্ধতি ও শিষ্টাচার বিষয়ে অজ্ঞ সুতরাং অশিষ্ট ; অসভ্য। "বর্ব্বর বেদ্যের বুড়া বেটী দিব তায়॥ আইবড় বাছা মোর বেঁচে থাকু ঘরে। মোর বিভার দায় নাই আচাভুয়া বরে॥"-শি°। ~তা (-র্‌-) [বর্ব্বর+তা (ভা°)] বি, নীচতা। "হেন সহবাসে হে পিতৃব্য, বর্ব্বরতা কেন না শিখিবে? গতি যার নীচসহ নীচ সে দুর্ম্মতি"-মেঘ°। ২ অশিষ্টতা ; অভদ্রতা ; অসভ্যতা।

বর্ব্বরা,-রী [সং] বি, বাবুইতুলসী।

বর্ব্বরীক [বর্ব্বর দ্রঃ] বি, বাবরি-কাটা চুল। ২ বামনহাটী।

বর্ব্বাদ-বরবাদ দ্রঃ।

বর্ব্বূর [সং] বি, বাবলা গাছ ; বাবুল। ২ জল।

বর্ম্ম [বৃ (আবরণ করা)+মন্ (ণে)। তুল-ল্যা° arma ; ইং armour] বি, যদ্দ্বারা গাত্র আবরণ করা যায় ; কবচ ; তনুত্রাণ ; সাঁজোয়া। "চর্ম্ম বর্ম্ম অসি"-মেঘ°। ২ ক্ষত্রিয়ের উপাধি। ~হঁর-বিণ, সাঁজোয়া পরিহিত ; কবচধারী।

বর্ম্মা-বি, বহির্ভারতের অন্তর্গত দেশবিঃ ; ব্রহ্মদেশ Burma. ২ বর্ম্মা চুরুট।

বর্ম্মিত [বর্ম্মন্ (আবরণবিঃ)+ইত (ত্ব্যা°), যার বর্ম্ম আছে] বিণ, বর্ম্মাবৃত ; বর্ম্মপরিহিত ; কবচধারী।

বর্ম্মী১ [বর্ম্মন্+ইন্ (ত্ব্যা°), যার বর্ম্ম আছে] বিণ, বর্ম্মধারী ; কবচী।

বর্ম্মী২ [বর্ম্মা (দ্রঃ)+ঈ (তদ্ধার্থে, সম্বন্ধে)] বিণ, ব্রহ্মের অধিবাসী। ২ বর্ম্মায় প্রস্তুত। ৩ বর্ম্মদেশ সম্বন্ধীয় Burmese.

বর্য্য [বৃ (প্রার্থনা করা)+য (র্ম্ম, ভা°), যাঁকে প্রার্থনা করা যায়] বিণ, শ্রেষ্ঠ ; প্রধান। "তার অধিষ্ঠাত্রী শক্তি, সর্ব্বশক্তিবর্য্য" -চৈ° চ°। ২ [বর (শ্রেষ্ঠ)+য (পূজার্থে) যাঁকে পূজা বা প্রশংসা করে] বিণ, পূজ্য ; বরণীয়। ৩ বি, কন্দর্প ; কামদেব। স্ত্রীং বর্য্যা-পতিম্বরা কন্যা।

বর্‌য়াতী [বরযাত্রী > বরিয়াতী > বর্‌য়াতী] বি, বরযাত্রী। "যতেক বর্‌য়াতীগণ হরিষ অন্তর।"-মনসা ম° (কেতকা°)।

বর্শা, বর্ছা [সং-ব্রশ্চন ("ব্রশ্চনঃ পত্র পরশু"-অমর°) >, বা বড়িশ ("বড়িশং মৎস্য বেধনং"-অমর°)+আ (বৃহদর্থে) > বড়িশা > বড়শা, বঁড়শা > ক্ষে° বর্শা। গ্রা° বরচা, বরছা, বর্ছা। তুল-হিং বর্ছা] বি, বেধনযোগ্য সূক্ষ্মমুখ লৌহফলকযুক্ত দীর্ঘ দণ্ড ; ভালা ; বল্লম spear.

বর্ষ [বৃষ্ (বর্ষণ করা)+অ (ভা°)] ক্রি, বি, বৃষ্টি। ২ [-+অ (র্ত্তৃ), যে বর্ষণ করে] বি, মেঘ°। ৩ [-+অ (ধি), যেখানে বৃষ্টি হয়] বি, জম্বুদ্বীপ ; ভারতবর্ষ। ৪ বৎসর। ~বর্ষ-প্রতি বৎসর। ~কাল [বর্ষ (বৎসর পরিমাণ) কাল] বি, এক বৎসর। প্র-বর্ষ-কাল পরে তার সহিত আবার দেখা হইল। ~কেতু [সং] বি, রক্তপুনর্নবা। ২ বর্ষপর্ব্বত। ~কোষ-বি, দৈবজ্ঞ ; বর্ষফল গণনাকারী ; গণক। ~জ [বর্ষ (বৃষ্টি ই°) জ (জাত)] বিণ, বর্ষোৎপন্ন ; বৃষ্টি হতে উৎপন্ন। ২ মেঘজ। ৩ জম্বুদ্বীপোৎপন্ন। ৪ জম্বুদ্বীপে জাত। ~ধর [বর্ষ (বর্ষণ, পতন) ধর (ধারক), ৬তৎ, যে জলধারা ধারণ করে] বি, মেঘ। ২ [বর্ষ (রেতঃ-পাত) ধর (যে ধারণ করে), যার রেতঃপাত হয় না] বি, নপুংসক। ~পঞ্চক [বর্ষ-পঞ্চ-ক (স্বার্থে)] বি, পঞ্চ বৎসর ; (১) সংবৎসর (২) পরিবৎসর (৩) ইদাবৎসর (৪) উদাবৎসর (৫) অনুবৎসর। ~পর্ব্বত [বর্ষ(জম্বুদ্বীপাদি) তত্রস্থ পর্ব্বত, ৬তৎ] বি, হিমবান্, হেমকূট, নিষধ, মেরু, চৈত্র, কর্ণী, ও শৃঙ্গী এই সাতটী পর্ব্বত। ~প্রিয় [বর্ষ (বৃষ্টি) প্রিয়] বি, চাতক পাখী। ~বর [বর্ষ (বর্ষণের) বর (বার-আবরক, নিবারক), ৬তৎ] বি, বর্ষধর ; নপুংসক। ~বৃদ্ধি [৬তৎ] বি, বৎসর বৃদ্ধি। ২ বয়োবৃদ্ধি। ৩ বর্ষাধিক্য ; বৃষ্টির আধিক্য। ৪ জন্মতিথি। ৫ জন্মতিথিকৃত্য aniversary ~মাণ [বৃষ্+আন (র্ত্তৃ)] বিণ, যে বর্ষণ করিতেছে। বর্ষণশীল। ~মান [বর্ষ+মান (পরিমাণ-যন্ত্র)] বি, বৃষ্টিপাতএর পরিমাণ নির্ণায়ক যন্ত্র rain gauge.

বর্ষণ [বৃষ্ (বর্ষণে)+অন (ভা°)] বি, বৃষ্টিপাত ; ধারাপতন। ২ বৃষ্টি। ৩ [লক্ষ°] বৃষ্টির ন্যায় অজস্র ধারায় পতন। ~বিধৌত -বিণ, বৃষ্টিজলে ধোয়া এমন।

বর্ষণোন্মুখ [বর্ষণ+উন্মুখ] বিণ, বৃষ্টি পতনোদ্যত।

বর্ষা১, বরষা [বৃষ্+অ (ধি)+আ (স্ত্রীং), যে কালে বৃষ্টি হয়] বি, বৎসরের দ্বিতীয় ঋতু; প্রাবৃট্‌কাল; আষাঢ় ও শ্রাবণ, মতান্তরে, শ্রাবণ ও ভাদ্র মাস। ২ [+অ(ভা°)] বৃষ্টি। ~কাল-বি, প্রাবৃট্ সময় ; যে ঋতুতে বৃষ্টিপাত হয় ; বর্ষাপ্রধান ঋতু।

বর্ষা২ [বৃষ্ >। বর্ষি, বর্ষ, বর্ষে ; বর্ষিতে ; বর্ষিয়া (ক্ষে° পদো-বর্ষি, গ্রা° বর্ষে)] ক্রি, বর্ষণ করা। ২ শূলের ন্যায় অস্ত্র। ণিজন্ত-বর্ষানি [বর্ষাই, বর্ষাও, বর্ষায় ; বর্ষাইতে (ক্ষে° বর্ষাতে) ; বর্ষাইয়া (ক্ষে° বর্ষায়ে, বর্ষে) ই°] ক্রি, বর্ষণ করান। [বর্ষা অর্থে ও°] বর্ষণ করা to rain.

বর্ষাংশ [বর্ষের (বৎসরের) অংশ (ভাগ), ৬তৎ] বি, বৎসরাংশ ; দিন ; মাস ; ঋতু ; অয়ন।

বর্ষাঙ্গ [বর্ষ (বৎসরের)+অঙ্গ (অবয়ব), ৬তৎ] বি, বর্ষাংশ।

বর্ষাঙ্গী [সং] বি, রক্তপুনর্নবা।

বর্ষাঘোষ [বর্ষা (বৃষ্টির কালে) ঘোষ

বল বল বলুন বেলা বাধা অতি এই ভ যুক্ত কর, ে=ো =্যা=এ =æ(t), ণ=ন ষ=জ স=শ=ষ সণ=S (স্ত স্থ স্ম স্র স্ রু শৃ...), অনাদ্য [illegible] অব্যক্ত

(শব্দ) হয় যার, বহু°, অর্থাৎ যে বর্ষাকালে শব্দ করে] বি, মেঘ। ২ ভেক ; মণ্ডূক ; বেঙ্।

বর্ষাণি [বর্ষা (র) পানি] বি, বৃষ্টিধারা ; ধারাপাত ; বর্ষণ।

বর্ষাতি,-তী [হিং] বি, ছাতা। ২ বর্ষার জল হ'তে আত্মরক্ষার্থ আবরণবিঃ water-proof. ৩ বিণ, বর্ষায় ব্যবহার্য্য ; বর্ষাকালের প্রয়োজনসাধক।

বর্ষাপোকা [বাদলাপোকা দ্রঃ] বি, বর্ষাকালে দৃষ্ট লালবর্ণ কীটবিঃ ; ইন্দ্রগোপ কীট scarlet mite.

বর্ষাত্যয় [বর্ষ (বৃষ্টির কাল) + অত্যয় (অভাব), ৬তৎ] বি, বৃষ্টির অবসান। ২ [বর্ষার (জলধারার) অত্যয় (অভাব) হয় যে কালে, বহু°] বি, শরৎকাল।

বর্ষাধৌত, ~প্লাবিত-বিণ, বৃষ্টিজলে প্রক্ষালিত ; বৃষ্টিজলে মগ্ন বা ব্যাপ্ত।

বর্ষাবসান [বর্ষা (বৃষ্টির) + অবসান (অন্ত) হয় যে কালে, বহু°] বি, শরৎকাল। ২ [৬তৎ] বৃষ্টির অপগম।

বর্ষাবাদল [সহ° দ্বয়। বর্ষা (বৃষ্টি) বাদল (মেঘ)] বি, বৃষ্টি-বাদল ; মেঘ ও বৃষ্টি।

বর্ষাভূ [বর্ষা-ভূ (হওয়া) + ক্বিপ্ (র্ত্তৃ), উপ°, যে বর্ষাকালে জন্মে] বিণ, বর্ষাকাল-জাত। ২ বি, ভেক ; ব্যাঙ্। ৩ পুনর্নবা। ৪ কেঁচো। ৫ ইন্দ্রগোপ কীট।

বর্ষামদ [বর্ষা (বৃষ্টির কাল) মদ (আমোদ) যার, বহু°] বি, ময়ূর। ২ ভেক।

বর্ষাম্লান [বর্ষা (জন্য বা বর্ষায়) ম্লান, ৩তৎ] বি, বৃষ্টিহেতু মলিন ; মেঘলা বা বাদলায় আচ্ছন্ন বা বিষণ্ণ বা নিষ্প্রভ বা অপ্রসন্ন।

বর্ষার্চ্চিঃ [সং] বি, মঙ্গলগ্রহ।

বর্ষিক [বর্ষ বা বর্ষা + ইক (ইদমর্থে)] বিণ, যা বা যে বর্ষাকালে জন্মে। ২ বর্ষ সম্বন্ধীয়। ৩ বর্ষা সম্বন্ধীয়।

বর্ষিত [বর্ষি + ত (র্ম্ম)] বিণ, কৃতবর্ষণ ; অজস্র পতিত।

বর্ষিষ্ঠ [বৃদ্ধ + ইষ্ঠ (অতিশয়ার্থে)। বৃদ্ধ স্থানে বর্ষ] বিণ, অতিশয় বৃদ্ধ ; অনেকের জ্যেষ্ঠ। স্ত্রীং ~া।

বর্ষী১ [মুং বর্ষিন্] বিণ, বর্ষণশীল। স্ত্রীং বর্ষিণী।

বর্ষী২ [বর্ষ (বৎসর) + ঈ] বিণ, বৎসরের ; বছরের ; বর্ষবয়সী।

বর্ষীয়ান্ [বৃদ্ধ-ঈয়সু (অতিশয়ার্থে) বৃদ্ধ স্থানে বর্ষ=বর্ষীয়স্ ১মা, ১ব° বর্ষীয়ান্] বিণ, অতিশয় বৃদ্ধ ; অধিক বয়স্ক ; বয়োজ্যেষ্ঠ। স্ত্রীং বর্ষীয়সী-বয়োবৃদ্ধা। ২ অতিবৃদ্ধা।

বর্ষুক [বর্ষ (বর্ষণ) + উক] বিণ, বর্ষণ-কারী ; বর্ষণশীল। স্ত্রীং ~া।

বর্ষোপল [বর্ষ (বৃষ্টি) + উপল (শিলা), ৬তৎ] বি, মেঘজাত শিলা ; করকা।

বর্ষ্ম [বৃষ্ + মন্ (র্ত্তৃ)] বি, শরীর। ২ সুন্দরাকৃতি। ৩ পরিমাণ। ৪ উচ্চতা। ৫ পাষাণ।

বর্হ [বৃহ্ (বৃদ্ধি পাওয়া বা দীপ্তি পাওয়া) + অ (ভা°)] বি, বৃদ্ধি পাওয়া ; দীপ্তি পাওয়া। ২ [বৃহ্ + অ (র্ম্ম), যে বর্দ্ধিত হয় বা দীপ্ত হয়] বি, ময়ূরপুচ্ছ। ৩ গ্রন্থিপর্ণ বৃক্ষ। ৪ বি, পত্র। ৫ সহচর ; সঙ্গী। স্ত্রীং ~া-বি, ময়ূরপুচ্ছ। ~ণ [বৃহ্ + অন (ভা°)] বি, বর্দ্ধন। ২ বি, পত্র ; পর্ণ ; পাতা।

বর্হি [বৃহ্ + ই (র্ত্তৃ) যে বৃদ্ধি প্রাপ্ত বা দীপ্ত হয়] বি, অগ্নি ; বহ্নি।

বর্হিঃ [বৃহ্ (বৃদ্ধি পাওয়া) + ইস্ (র্ত্তৃ)-বর্হিস্=বর্হিঃ] বি, অগ্নি। ২ যজ্ঞ।

বর্হিণ [বর্হ + ইন্ (স্ত্য°)] বি, যার বর্হ আছে ; ময়ূর।

বর্হিপত্র [বর্হী (ময়ূর) পত্র (পাখা), ৬তৎ] বি, ময়ূরপুচ্ছ।

বর্হিবাহন [বর্হী (ময়ূর) বাহন (যান) যার, বহু°] বি, কার্ত্তিকেয়।

বর্হিমুখ, বর্হির্ম্মুখ [বর্হি, বর্হিঃ (অগ্নি) + মুখ (বদন বা শিখা), ৬তৎ] বি, অগ্নির মুখ। ২ [বর্হি (অগ্নি) মুখে যার, বহু°, কিম্বা বর্হি (অগ্নি) হইয়াছে মুখস্বরূপ যাহাদের, বহু°] বি, দেবতা।

বর্হিষদ্ [বর্হিস্ (কুশ বা অগ্নিতে) + অদ্ (ভক্ষণ করা) + ক্বিপ্ (র্ত্তৃ), কুশময় ব্রাহ্মণে কিম্বা অগ্নিতে আহুতি দিলে যাঁরা ভক্ষণ করেন] বি, পিতৃগণবিঃ।

বর্হী [বর্হ (শিখা) + ইন্ (স্ত্য° বর্হিন্)-যার বর্হ আছে] বি, ময়ূর ; শিখী। ২ বিণ, বর্হধারী ; ময়ূরপুচ্ছবিশিষ্ট।

বল১ [বল্ (বেষ্টন করা বা প্রাণ ধারণ করা) + অ (ভা°)] বি, শক্তি ; সামর্থ্য। ২ সার। ৩ [বল্ + অ (ণে), যদ্দারা বেষ্টন বা প্রাণ ধারণ করা যায়] শুক্র। ৪ রক্ত। ৫ শরীর। ৬ সৈন্য। "আপনার বলে তুমি থাক সাবহিতে" -কবিক°। ৭ দাবা খেলায় বড়ে ও রাজা ছাড়া অন্যান্য ঘুঁটি। ৮ [অ + (র্ত্তৃ)] বলরাম। "বল হাতে প্রলম্ব বধিলা" -অ° ম°। ৯ অনন্ত। ১০ দৈত্যবিঃ। ১১ [বলবিদ্যা° (ক° বিশ° পরিঃ)] ইং force এর বৈজ্ঞা° পরিঃ ; যদ্দারা বেগ উৎপাদন করে। ১২ জোর ; জবর। ১৩ প্রবল সহায়। ~া [রামা°] বি, অস্ত্র-বিদ্যাবিঃ। বিশ্বামিত্র কর্ত্তৃক রাম এই বিদ্যায় শিক্ষিত হইয়াছিলেন। বল করা-জোর করা ; বল প্রকাশ করা। "বল করি চিত চোরায়ল মোরি।" -বি° প°। ~বিদ্যা-ইং mechanics এর বৈজ্ঞা° পরিঃ। ~সামান্তরিক [বলবিদ্যা° (ক° বিশ° পরিঃ)] ইং parallelogram of forces এর বৈজ্ঞা° পরিঃ।

বল২ [ইং ball] বি, গোলক ; গেঁদ। বল করা-বল দেওয়া দ্রঃ। বল ছোঁড়া-বল নিক্ষেপ করা। ব° দেওয়া-বল খেলায় ব্যাটের প্রতি বল ছুঁড়িয়া দেওয়া। ব° মারা-বলে ব্যাটের আঘাত করা। ফুট-বল খেলা-রবারের ফাঁপা বলে পায়ের আঘাত দিয়া দুইদলে হার জিতের খেলা। ব্যাট-বল খেলা-ব্যাট দ্রঃ।

বল৩, বলনাচ [ইং ball এর লিপ্যন্তর] বি, য়ুরোপীয় পদ্ধতির নাচের মজলিস।

বল৪ [সং-বর (শ্রেষ্ঠ) >। র=ল। বর১ দ্রঃ] বি, গ্রাম ও নগরের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ।

বলক [হিং বলক্না (ফোঁপান)] বি, স্ফীতি ; দুগ্ধাদি জ্বাল দিবার সময় দুধের উথলন। ~া, বলকা-বিণ, বলকযুক্ত ; ঐরূপ গরম করা।

বলক্ষ [সং] বি, শ্বেতবর্ণ ; শুক্লবর্ণ। ২ বিণ, ধবল ; শ্বেত ; সাদা। "বলক্ষবরণ কেশ

বেশ শেষবরী। হাতে নড়ী কাঁখে ঝুড়ি বসে ব্রহ্মময়ী।"-বং। ~পক্ষ-শুক্লপক্ষ। "পূজহ বং পক্ষে চতুর্থী অকরা।"-ঐ।

বলগিণ্ডি-বি, গুণ্ডিচামন্দির ও জগন্নাথ মন্দিরের প্রায় মধ্যপথে এই স্থান, একদিকে বহু ব্রাহ্মণের বাস অন্যদিকে জগন্নাথবল্লভ নামক পুষ্প কানন [এই স্থানে জগন্নাথদেবের মাসীর আলয়। মাসীর নিকট খুদের পিষ্টক না খাইয়া তিনি গুণ্ডিচা মন্দিরে যান না]।

বলগর্ব্ব [বলের গর্ব্ব, ৬তৎ] বি, শক্তির অহঙ্কার।

বলজ [বল (শক্তি) জ (জন্=জন্মান+অ, র্ত্তৃ)] বি, ধান্যরাশি। ২ শস্য। ৩ যুদ্ধ। ৪ বিণ, বল হতে জাত।

বলাজুরি [বল+জোর+ই। আদাং ভাষায়] বি, জবরদস্তি; জোরজার force. ~ং করিয়া-জোর করিয়া by force.

বলদ১ [বল-দ (দা-দান করা)+অ (র্ত্তৃ)] বিণ, যে বল দান করে; শক্তিদাতা। স্ত্রীং ~া-শক্তিদাত্রী।

বলদ২ [সং-বলীবর্দ্দ >প্রাকৃং বলদ্দক (মুং কং) > বলদ। হিং বয়্‌ল্] বি, বলীবর্দ্দ; ষাঁড়; বৃষ; দামড়া; যানবাহক গরু; বোঝা-বাহক গরু; কলুর ঘানীটানা গরু; লাঙ্গল-টানা গরু; মুষ্কহীন বৃষ (সাধাঃ হেলে বা হালিয়া গরু)। অবজ্ঞার্থে বলদ অর্থে বলদা। "বাইশ বলদা তের ছাগলা"-খনাং। কলুর বলদ-যে বলদ ঘানি টানে। ২ [লক্ষং] যে কোন একটা কিছুতে বদ্ধ হইয়া তার চতুর্দ্দিকে ঘুরিতে থাকে; যার স্বাধীন চিন্তা ও মুক্ত গতি নাই। চিনির বলদ-যে চিনির বস্তা বহন করে কিন্তু চিনির স্বাদ পায় না। ২ [লক্ষং] যে টাকা বহন করে বা উপার্জ্জন করে কিন্তু স্বয়ং খরচ করিতে বা ভোগ করিতে পায় না; যে গ্রন্থ পাঠ করে কিন্তু তার মর্ম্ম হৃদয়ঙ্গম করিতে পারে না।

বলদিয়া, বলদে [বলদ+ইয়া] বি, যে বলদের পৃষ্ঠে তণ্ডুলাদি বোঝা চাপাইয়া গৃহে গৃহে বা হাটে বিক্রয় করে; ভারবাহী-বলদপালক।

বলদেব [বল (বলবান্‌) দেব (দেবতা), যা)] বি, কৃষ্ণের জ্যেষ্ঠ ভাই; বলরাম। ২ বায়ু; পবন।

বলদৃপ্ত [বল (হেতু বা দ্বারা) দৃপ্ত, ৩তৎ] বিণ, ক্ষমতা-গর্ব্বিত।

বলন১ [সং-বল্‌ (জীবনে) >] বি, স্থূলতা; পুষ্টি। "মূলাকে জিনিয়া মোটা দন্তের বং।"-ধং মং (মাণিকং)।

বলন২ [বল্‌ (নিরূপণে, বেষ্টনে, রূপ ইং অর্থে)] বি, গোলাই; বলয়ের আকৃতি। ২ গঠন। "সিংহের মাজার সম মাজার বং।" -ভারতং। "তার তনুদেহের নিটোল বলনটি কোথাও একটু টসকায়নি"-চাং বন্দ্যোং।

বলন৩ [বলা দ্রঃ] বি, কথন; ভাষণ।

বলনি-বলনী দ্রঃ।

বলনিসূদন [বল (দৈত্যবিঃ)-নিসূদন (নি-সূদ্‌=বধ করা+অন, র্ত্তৃ), যিনি বল নামক দৈত্য বধ করিয়াছেন] বি, ইন্দ্র।

বলনী, -নি [বলন দ্রঃ। সং-বল্‌ (নিরূপণে) >] বি, গঠন। ২ বলয়াকৃতি; গোলাই। "ভুরুর বলনী কামধনু জিনি ইন্দ্র ধনুকের আভা।"-চণ্ডিং।

বলপ্রসূ [বল (বলরাম) প্রসূ (মাতা), ৬তৎ] বি, বলরামের মাতা; রোহিণী।

বলপূর্ব্বক [বল-পূর্ব্বক] ক্রি-বিণ, বল দ্বারা; জোর করিয়া; বলসহকারে।

বলবৎ [বল+বৎ (স্ত্যং)] বিণ, বলবিশিষ্ট; শক্তিশালী। ২ কার্য্যকরী। ৩ অ, বাহাল in force. ৪ অত্যন্ত; অতিশয়।

বলবত্তা [বলবৎ+তা (ভাং), বল থাকার ভাব] বি, শক্তিবিশিষ্টতা; শক্তিমত্তা।

বলবন্ত [বল+বৎ (স্ত্যং), যার বল আছে। সং ১মা, বহুবং, বলবন্তঃ। বাং-র সম্ভ্রমার্থে প্রয়োগ] বিণ, বলশালী; বলযুক্ত। "বারিবাহ বায়ু বং যত ছিল। শিবকে সকল সমর্পণ করি দিল।"-শিং।

বলবর্দ্ধন [বলের বর্দ্ধন (বৃদ্ধি), ৬তৎ] বি, শক্তিবৃদ্ধি। ২ বিণ, শক্তিবর্দ্ধক।

বলবান্‌ [বল+বৎ (স্ত্যং)=বলবৎ ১মা, ১বং, যার বল আছে] বিণ, বলশালী; শক্তিমান; বলবিশিষ্ট। ২ প্রবল। স্ত্রীং বলবতী -বলশালিনী।

বলবিনাশন [বল (দৈত্য)-বি-নশ্‌+ণিচ্‌=বিনাশি (বিনাশ করা)+অন (র্ত্তৃ, ই-লোপ)] বিণ, বলাসুরবিনাশক। ২ বি, ইন্দ্র।

বলবিন্যাস [বল (সৈন্যের) বিন্যাস (স্থাপন), ৬তৎ] বি, সেনাগণকে শ্রেণীবদ্ধ করা; ব্যূহরচনা করা। ২ শক্তিন্যাস; শক্তিনিয়োগ।

বলভদ্র [বল (বলশালী)-ভদ্র (শ্রেষ্ঠ) বলশালীর মধ্যে শ্রেষ্ঠ, ৬তৎ; অথবা বল দ্বারা শ্রেষ্ঠ, ৩তৎ] বি, বলরাম। ২ অনন্ত। ৩ বলবান্‌ ব্যক্তি।

বলভি, -ভী [সং] বি, গৃহচূড়া। ২ ছাদের উপরের গৃহ; চীলে কুঠরী। ৩ ছাদ। "তোমার গলভিতলে শতলক্ষ দীপের দেয়াল" -শান্তিনিকেতন, ভাদ্র, ১৩৩২। ৪ তোরণ। ৫ প্রাচীন সৌরাষ্ট্রের অন্তর্গত নগরীবিঃ।

বলভিদ্‌ [বল (দৈত্য) ভিদ্‌ (বিদারণ করা)+ক্বিপ্‌ (র্ত্তৃ) যিনি বল নামক দৈত্য ভেদন করিয়াছেন] বি, ইন্দ্র।

বল/য় [বল্‌ (বেষ্টন করা)+অয় (ণে), যদ্দ্বারা বেষ্টন করা যায়] বি, বালা; করভূষণ; কঙ্কণ। ~য়া [প্রাং বাং] বিণ, বলয়াকৃতি। "কটিতে বলয়া হার"-চৈং মং। ~য়িত [বলয়+ইত (যুক্তার্থে)] বিণ, বলয়যুক্ত। ২ বলয়াকৃতি; গোল। ৩ বেষ্টিত। "বকুল রঞ্জিত বল্লী বলয়িত"-গোবিন্দং।

বলরাম [বল (শক্তি) রম্‌ (লীলা করা) +অ (র্ত্তৃ), যিনি বলপূর্ব্বক দন্তবক্রাদি দুষ্টজন শাসনরূপ লীলা করিয়াছেন] বি, প্রভূত বলশালী রাম; কৃষ্ণের জ্যেষ্ঠ ভ্রাতা; রেবতীরমণ।

বলরিপু [বল (দৈত্য) রিপু (শত্রু), ৬তৎ] বি, ইন্দ্র।

বল/শালী [বল (শক্তি) শাল্‌ (শীঘ্র গমন করা)+ইন্‌ (র্ত্তৃ), যে বল হেতু শীঘ্র গমন করে, কিম্বা বল-শাল (শ্লাঘা করা)+ইন্‌ (র্ত্তৃ), যে বলের শ্লাঘা করে] বি, বলবান্‌; বলবিশিষ্ট; বলিষ্ঠ। স্ত্রীং ~শালিনী।

বলশেভিক, বোলসেভিক [রুষ ভাষায় শব্দ। ইং Bolshevik এর লিপ্যন্তর। প্রতিশব্দ majority. তুল-মেনশেভিক

minority] বি, গণতন্ত্রশাসন সমর্থক সম্প্রদায়। ২ রাষ্ট্রনৈতিক পরিবর্ত্তনবাদী revolutionary ; সমানাধিকারবাদী। "জনৈক রুস লেখক স্বদেশে ব° প্রভুত্বের অত্যাচার পর্য্যালোচনা করিয়া বলিয়াছেন" -বঙ্গবাণী, ১৩৩৩। ৩ প্রাচীনের উচ্ছেদ-কারী ; (ব্যঙ্গ্যার্থে) কালাপাহাড়। "প্রকৃতি বা রুচি অনুসারে হয় ব° সাজিয়া, না হয় প্রাচীনতার প্রিয় সাজিয়া সমাজকে ভাঙ্গিবে বা রক্ষা করিবে।"-বঙ্গবাণী, ১৩৩৪।

বলসেবিত্ব, বোলসেবিত্ব-বি, রাশিয়ার সমানাধিকার বাদিতা bolshevism, "রুশিয়ায় বলসেবিত্বরূপী সমানাধিকার বাদে প্রতিষ্ঠিত হবার পর"-আ° শক্তি, '৩৪। "অভিব্যক্তির ক্রমে যথোচিত পরিণতি লাভ করলেই একে বলা যাবে বলসেবিত্ব ওটা রুশীয় ব্যুৎপত্তির কথা বলে' যদি তিনি ওকে বলবেন কম্যুনিজম্ (Communism) বা সমানাধিকার তন্ত্রতা।"-আ° শক্তি।

বলসূদন [বল (দৈত্য)-সূদ্ (বধ করা) + অন (র্ত্তৃ), যিনি বল নামক দৈত্য বধ করিয়াছেন] বি, ইন্দ্র।

বলস্থিতি [বল (সৈন্য) দিগের স্থিতি (অবস্থান) যেখানে, বহু°] বি, সেনানিবাস ; শিবির ; ছাউনি। ২ সৈন্যসমাবেশ।

বলহা [বল (দৈত্য) হন্ (বধ করা) + ক্বিপ্ (র্ত্তৃ), যিনি বল নামক দৈত্য বধ করিয়াছেন] বি, ইন্দ্র। ২ [বল (শক্তি) + হা, যে শক্তি বিনাশ করে] বি, শ্লেষ্মা। তুল-আ° বল্‌গম্।

বলহীন [বল দ্বারা হীন, ৩তৎ] বিণ, নিঃশক্তি ; বলরহিত ; দুর্ব্বল।

বলা১ [বৈদ্যকে] বি, বেড়েলা Sida cordifolia.

বলা২ [সং-বদ্ > প্রাকৃ° বোল ; হিং° বোল্‌না। বলি, বল (বলেন, বলিস), বলে (বলেন) ; বলিতে (কে° বলতে) ; বলিয়া (কে° পদ্যে-বলি, গ্রা° ব'লে)। ণিজন্ত-বলান] ক্রি, কহা। ২ উপদেশ করা। প্র-তাকে বলিও যেন ওরূপ কাজ আর না করে। ৩ জানান ; সংবাদ দেওয়া। প্র-তাকে না বলিলে সে জানিবে কিরূপে? ৪ অনুমতি লওয়া। প্র-কর্ত্তাদের বলিয়া সে বাড়ী গিয়াছে। ৫ প্রকাশ করা ; ব্যক্ত করা। প্র-কথাটা বলই না তাতে দোষ কি? কথাটা বলা ভাল। ৬ যুক্তি স্বীকার করা। প্র-যদি বল, ত তারই একাজ করা উচিত ছিল। ৭ উল্লেখ করা ; নাম করা। প্র-কার কথাই বা বলি, সকলেই সমান। ৮ বিবৃত করা ; বর্ণন করা। প্র-তখন তিনি আত্মকাহিনী বলিতে আরম্ভ করিলেন ; গল্প বলা। ৯ শুনান। প্র-একটা গান বল শুনি। ১০ কিম্বা ; অথবা। প্র-ধন বল জন বল সম্পদ বল কিছুই সঙ্গে যাইবে না। ১১ নির্দ্দেশ করা ; স্থির করা। "কবে আপনি জয়েন করতে পারেন? * *। যবে বলেন।"-মা° ও মা° বাণী, ১৩৩৩, জ্যৈষ্ঠ। "আপনি কি করবেন? এ দু'দিন কি কলকাতাতেই অপেক্ষা করবেন?" পরেশ বলিল, 'আপনি যা বলেন।'-ঐ। ১২ হুকুম করা ; আদেশ দেওয়া ; অনুমতি দেওয়া। "বলত আমি নিজেই যাই।" ১৩ (বাক্য) প্রয়োগ করা ; উক্তি করা। প্র-এ কথা তাঁর মত লোককে বলা ভাল হয় নাই। ১৪ তিরস্কার করা ; নিন্দা করা ; লজ্জা দেওয়া ; গালি দেওয়া। প্র-ও আমায় কেন বলবে? আর বোল না, ঢের হয়েছে। ১৫ অনুরোধ করা। প্র-আমার হয়ে ওঁকে তুমি একটু বল না। আমার অনুরোধে কল হবে না। ১৬ বিণ, যা পূর্ব্বে বলা বা বলিয়া রাখা হইয়াছে ; কথিত। প্র-বলা কথা। **বলি কি** [বিস্ময় প্রকাশে, সন্দেহে, প্রশ্নে] যে কথা বলা হইতেছে তা অসম্ভব বলিয়া সন্দেহ হয় ; তাই না-কি? সত্য নাকি? **বলি না১**-বলিতে অনুরোধ অর্থে [অধিক অনুরোধে-**বলিই না**। বিরক্তি অর্থে-**আহা! বলিই না**। বিরক্তি ও ক্রোধে অধীর অর্থে-**আহা! বলিই না ছাই** (অর্থাৎ বক্তব্য অবক্তব্য ছাই পাঁশ যেমন কথাই হউক বলিয়া ফেল)। অনুরোধের কোমলতা অর্থে-**বলি-তি? বলি দেখি?**] **বলি না২, বোল না, আর বোলো না** [সাধু বাং-বলিও না। সাধাঃ মারীকথ্য] যথেষ্ট বলা হইয়াছে, আর (=অধিক) বলিও না ; মাত্রা অতিক্রম করিতেছে এইবার ক্ষান্ত হও ; ক্ষমা কর ; ঢের হয়েছে ; ব্যাস্ enough! ২ অনুযোগ বা ক্ষোভজনক বিষয়ের উল্লেখের বা প্রশ্নের উত্তরে সেই কথার সমর্থক নৈরাশ্য বা আক্ষেপাদিসূচক উক্তি। প্র-ও'দের ব্যবহারটা দেখলে ত? আর বোলো না ভাই। **বলা কহা**-উপদেশ দেওয়া ; শিখান পড়ান। ২ আলোচনা করা। **বলা-বলি**-পরস্পর কথা বলা ; উক্তি প্রত্যুক্তি ; কথোপকথন। "শুয়ে শুয়ে যে সব কথা বলাবলি করছিলেন, তাই থেকেই আমি বুঝতে পেরেছি"-মা° ও ম° বাণী, ১৩৩৩, জ্যৈষ্ঠ। **বলিতে কি**-সত্য বলিতে হইলে to tell the truth. **লোকে বলে**-কথায় আছে ; প্রবাদ আছে ; লোকোক্তি এই যে they say.

বলা৩ [প্রাদে° মৈমনসিং] বিণ, উর্ব্বর।

বলাই [বলরাম > অতি পরিচয়ার্থে কে°] বি, বলরাম। "শুনিয়া ললিতা হাসি কহে কথা, ব° সাজিল পরে।"-চণ্ডি°। "কাঁহা মেয়া নন্দ পিতা কাঁহা ব° ভাই"-গিরিশ°। **কানাই বলাই**-কৃষ্ণ বলরাম। "কানাই ব° দুটী ভাই"-বাং গান।

বলাক [বল (শক্তি) + অক্ (বক্র গমন করা) + অ (র্ত্তৃ), যে বল প্রকাশ করিয়া উর্দ্ধে বক্র গমন করে] বি, ক্ষুদ্র জাতীয় বকপক্ষী। স্ত্রীং ~া-স্ত্রী জাতীয় বক পক্ষী ; বকী। ২ কামুকা নারী।

বলাট [বল (শক্তি) অট্ (গমন করা) + অ (র্ত্তৃ)] বিণ, যে বলপূর্ব্বক গমন করে। ২ বি, গোযোনি। ৩ মুগ কলাই।

বলাৎ [সং] অ, বলপূর্ব্বক, জবরদস্তি ; জোর করিয়া। ২ হঠাৎ। ৩ দৈবাৎ। **~কার** [বলাৎ (বল দ্বারা) কৃ (করা) + অ (ভা°)] বি, বল প্রকাশ ; জোর করণ। ২ দণ্ডদান ; জুলুম ; জবরদস্তি। "ইষ্টদেবপ্রায় মোরে সেবে যুধিষ্ঠির। কোন দোষ দিয়া তারে করিব বাহির। পিতৃ পিতামহ যার তুষিল সন্তারে ; কোন শক্য আমি বলাৎকার করি তারে।"-মহা° (কাশী°)। ৩ বলে বা জোর করিয়া অভিগমন rape.

বলাত্মক [বল + আত্মক] বিণ, শক্তিগর্ভ ; বলবান্। স্ত্রীং বলাত্মিকা।

বলাধান [বল (বলের) + আধান] বি, শক্তিসঞ্চার।

বলাধিক্য [বল (বলের) আধিক্য] বি, শক্তির আতিশয্য।

বলাধীন [বল (বলের) + অধীন] বিণ, শক্তির বশ। ২ বলবান্; বলিষ্ঠ।

বলাধ্যক্ষ [বল (বলের) + অধ্যক্ষ] বি, সেনাপতি।

বলানি$_1$ [বলা (দ্রঃ) ধাতুর ণিজন্তরূপ। বলাই, বলাও (বলান, বলাস), বলায় (বলান); বলাইতে; বলাইয়া (কো॰ বলিয়ে)] ক্রি, অন্যের দ্বারা বলা; বলিতে বাধ্য করা।

বলান$_2$ [বলন দ্রঃ। বলা দ্রঃ] বি, বচন; কথন; বক্তব্য; ভাষণ; উক্তি। ২ কড়াকথা। প্র-খুব বলানটাই বলেচে। প্র-এমন বলান বলবো।

বলানিয়া [বলান ও॰ < সং-বলবান্। বলান + ইয়া] বিণ, তেজাল; উর্ব্বর (জমি)।

বলানুজ [বল (বলরামের) + অনুজ] বি, বলরামের কনিষ্ঠ; শ্রীকৃষ্ণ।

বলান্বিত [বল (দ্বারা) + অন্বিত, ৩তৎ] বিণ, বলবিশিষ্ট; শক্তিযুক্ত; সমর্থ। ২ সৈন্যপরিবৃত।

বলাবল [বল + অবল] বি, বল ও বলের অভাব। ২ বলের প্রকৃত অবস্থা; শক্তি-সামর্থ্যের যথার্থ পরিমাণ। প্র-স্বীয় ব॰ বিশেষ বুঝিয়া তবে তার সহিত প্রতিযোগিতা করা ভাল।

বলাবলি-বলা$_1$ দ্রঃ।

বলাবলেপ [বল (শক্তির) + অবলেপ (অহঙ্কার)] বি, আমি বলবান এইরূপ আত্ম-শক্তির অহঙ্কার।

বলারাতি [বল (বলদৈত্যের) + অরাতি (শত্রু), যিনি বল নামক দৈত্য সংহার করেন] বি, ইন্দ্র।

বলাশ [বল (শক্তি) + অশ্ (ভোজন করা, ক্ষয় করা) + অ (র্ত্তৃ), যে বল ক্ষয় করে। আ॰ বল্‌গম্] বি, শ্লেষ্মারোগ। ২ ক্ষয়রোগ।

বলাসান, বেলসাম [আ॰] বি, গুগ্‌গুল্ বৃক্ষবৎ বৃক্ষবিশেষের গন্ধরস balsam.

বলাহক [সং] বি, মেঘ। ২ পর্ব্বত। ৩ দৈত্যবিঃ। ৪ নাগবিঃ। ৫ মুস্তক। "ব্যর্থ নাহি গেল বীজ বারাইল ঘন। লহ লহ করে পত্র বলাহক যেন॥"-শি॰।

বলাহকাস্ত্র [অর্থশা॰। বলাহক (দৈত্য-বিঃ, নাগবিঃ) + অস্ত্র] বি, আত্মরক্ষার্থ হস্তীর আক্রমণ প্রতিহত করিবার অপ্রতিহত নামক যন্ত্রবিশেষের ন্যায়, কিন্তু ধাতুপত্র নির্ম্মিত দেহাবরক যন্ত্রবিঃ।

বলি$_1$ [বল্ (দান করা, বধ করা) + ই (র্ত্তৃ)] বি, দৈত্য বিরোচনের পুত্র। ২ + ই (ণে), যদ্দ্বারা পূজা করিতে হয়; পূজার উপকরণ। ৩ রাজকর। ৪ [স্মৃ॰] ছেদনযোগ্য পূজার উপকরণ পশু। ইহা দশ প্রকার যথা- (১) মৃগ, (২) ছাগ, (৩) মেষ, (৪) মহিষ, (৫) শূকর, (৬) শল্লকী, (৭) শশক, (৮) গোধা, (৯) কূর্ম্ম, (১০) গণ্ডার।

বলি$_2$**, বলী**$_1$ [সং] বি, উদরাদি অঙ্গের দোদুল্যমান মাংস। ২ জরা-শিথিল চর্ম্ম; চর্ম্মতরঙ্গ রেখা। "বলি-অঙ্কিত শিথিল চর্ম্ম" -রবী॰। ৩ শরীরস্থ রেখা। ৪ ভঙ্গী। ৫ ত্রিবলী।

বলি$_3$ [প্রা॰বাং। হিং বালি] বি, মাকড়িবিঃ; নিম্নকর্ণের অলঙ্কার। "উপর কর্ণে চাকি পরে লম্বা কর্ণে বলি।"-মনসা ম॰ (জগজ্জীবন)।

বলিক, বলীক ["বলীক নীধ্রে পটল-প্রান্তে"-অমর॰] বি, চালের প্রান্তভাগ; ছাঁইচ।

বলিত [বলি (গলিত চর্ম্ম ই॰) + ইত (যুক্ত)] বিণ, বলিযুক্ত; ললাট উদরাদির কুঞ্চিত মাংসযুক্ত। "তিলক বলিতে ললিত ভালে। মুগ্ধ ভ্রমরা অলকজালে॥"-চণ্ডি॰। ২ লোল।

বলিদান [বলি (পূজোপকরণ) দান (ত্যাগ), বলির দান (কর্ম্মে ৬ষ্ঠী)] বি, দেবতার উদ্দেশে পশুঘাতন। ২ পূজার উপকরণ দান।

বলিধ্বংসী [বলি (অসুর) ধ্বন্‌স্ (বিনাশ করা) + ইণ্ (র্ত্তৃ)] বি, বিষ্ণু, বামনাবতারে বলিদৈত্য বিনাশকারী বিষ্ণু।

বলিন [বলি (বিলোল চর্ম্ম) + ইন্ (স্ত্য॰)] বিণ, ত্রিবলীযুক্ত। ২ শিথিল চর্ম্মবিঃ।

বলিনন্দন [বলির নন্দন (পুত্র)] বি, বাণাসুর; বাণ নামক দৈত্য (বলির আরও তিন পুত্রের উল্লেখ আছে কিন্তু বাণই সর্ব্ব জ্যেষ্ঠ বলিয়া এই অর্থে)।

বলিন্দম [বলি-দম্ (দমন করা) + অ-র্ত্তৃ, ম্-আগম, ম্=ন্, যে বলিকে দমন করে, উপ॰] বি, বলিসূদন; বিষ্ণু।

বলিপুষ্ট [বলি (পূজার উপকরণ) দ্বারা পুষ্ট (পালিত), ৩তৎ] বি, কাক; বায়স।

বলিভ [বলি (শিথিল চর্ম্ম) + ভ (স্ত্য॰)] বিণ, লোলচর্ম্ম। ২ বলিযুক্ত।

বলিভুক্ [বলি (উপকরণ) + ভুক্ (ভুজ্ =ভোজন করা + ক্বিপ্, র্ত্তৃ), যে বলি ভোজন করে, উপ॰] বি, কাক; বায়স [দ্রঃ-চটক অর্থও হয় কিন্তু অপ্রসিদ্ধ]।

বলিমন্ত [বলবৎ > বলবন্ত > প্রা॰] বিণ, বলবান্; বলবতী। "স্ত্রী হইল ব॰ পুরুষ মরা মরা।"-পূ॰ব॰ গী॰।

বলিমান্ [বলি (ত্রিবলি রেখা বা শিথিল চর্ম্ম) + মৎ (স্ত্য॰)] বিণ, ত্রিবলিবিশিষ্ট; শিথিল চর্ম্মযুক্ত; বলিন।

বলিমুখ, বলী [বলি (কুঞ্চিত বা রেখাঙ্কিত মাংসযুক্ত) মুখ] বি, বানর।

বলিয়া$_1$ [বল + ইয়া (যুক্তার্থে)। প্রা॰ ব'লে] বিণ, বলযুক্ত; বলশালী। ২ বৃদ্ধিযুক্ত; বর্দ্ধিত। প্র-আস্কারা পাইতে পাইতে তার বুক বলিয়া গিয়াছে।

বলিয়া$_2$ [বলা দ্রঃ। কো॰ বলে'] অস-ক্রি, কহিয়া। প্র-ব॰ দেওয়া, -নেওয়া, -ফেলা, -বসা, -যাওয়া ই॰। **বলিয়া কহিয়া**-অনু-রোধ করিয়া; বুঝাইয়া। বলে দ্রঃ। ২ অ, বলে$_2$ দ্রঃ।

বলির [বলি (ভঙ্গী) + র (স্ত্য॰)] বিণ, টেরা; বক্রাক্ষ।

বলিশ [সং] বি, মাছধরা বঁড়শী।

বলিষ্ঠ [বলবৎ + ইষ্ঠ (অতিশয়ার্থে)-অ ও বতের লোপ] বিণ, অতিশয় বলবান্। ২ [ইংরেজী strong শব্দের ভাবানুবাদ] শক্ত; সমর্থ; কার্য্যক্ষম। "তাঁহার সেই বিপত্তিতে অকম্পিত ব॰ দক্ষিণ হস্ত ও সেই হস্তের মঙ্গল আশিষ স্পর্শ আমরা যেন নিয়ত নম্র-ভাবে অনুভব করি"-চারিত্র-পূজা।-কায়,

~দেহ্‌-বিণ, দৃঢ়কায় ; যার শরীরে বিলক্ষণ শক্তি আছে ; বলশালী।

বলিসদন [৬তৎ] বি, বলিরাজার আবাস। ২ পাতাল ; রসাতল।

বলিসদ্ম [বলি (বলির) সদ্ম (আবাস)] বি, বলিরাজার নিকেতন। ২ রসাতল।

বলিহা [বলি (দৈত্য) হন্ (বধ করা) + ক্বিপ্ (র্ক্ত)] বি, বিষ্ণু।

বলিহারি [হি° বলিহারী। বলি (মানি, স্বীকার করি) হারি (হার, পরাজয় মানি অর্থাৎ হার মানি অথবা বলি (বলিতে) হারি (অসমর্থ হই, হার মানি)] অ, এত উৎকৃষ্ট যে তার বর্ণনা করিতে পারি না ; কহিতে হার মানি। তুল-"বর্ণহারে বর্ণিবারে" -গানে। "বিদ্যাপতি কৌতুক বলিহারি" -বি° প°। "ব° তোমারি চরিত মনোহর, গায় সকল জগতবাসী"-স্ক°। বি° যাওয়া -বর্ণনায় হারিয়া যাওয়া। "ধন্য হে মুখুয্যে ভায়া ব° যাই"-হেম°।

বলী, -বলি, দ্রঃ।

বলী, [বল + ইন্ (স্ত্য°), যার বল আছে] বি, কৃষ্ণাগ্রজ ; বলরাম। ২ মহিষ, বৃষভ, উষ্ট্র ও শূকর ই°। ৩ বিণ, বলশালী। "সবে এক একে সব, একের বলে সবাই বলী" -বাং গান। ৪ মল্ল ; পালোয়ান। ~খেলা [প্রাদে°] বি, চট্টগ্রামের মল্লক্রীড়া। "এখানকার খেলার নিয়ম এই যে ৮।১০ জোড়া বলী বা পালোয়ান একসঙ্গে কুস্তী আরম্ভ করে। মল্লগণের মধ্যে একজন অন্যজনকে 'চিৎ-পট্‌কন' দিতে পারিলেই তাহার জিত হইল। কোন বলী কাহাকেও হারাইতে পারিলে ই°"-প্রবাসী, আষাঢ়, ১৩২২।

বলীক [বল্ (আবরণে) + ঈক (র্ক্ত)] বি, নীধ্র ; ঘরের চালের ছাঁইচ।

বলীন [পারি: শব্দ] বি, শতপদী কীট ; কেন্নো a centepede.

বলীবর্দ্দ [বল (শক্তি)-বৃধ্ (বৃদ্ধি পাওয়া) + (র্ক্ত), ঈ-আগম, ধ=দ নিপাতনে। হি° বয়ল > বাং-র-বয়ল, বয়েল, বএল] বি, বৃষভ ; বণ্ড ; বলদ ; ষাঁড়।

বলীন্দ্র [বলী (মধ্যে) + ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭তৎ] বিণ, অত্যন্ত বলশালী।

বলীয়ান্ [বলবৎ + ঈয়স্ (অতিশয়ার্থে) অ ও বৎ লোপ=বলীয়স্ ১মা, ১ব°, যার অনেক বল আছে] বি, উষ্ট্র, মহিষ ই° বলশালী জন্তু [বিরল]। ২ বিণ, অতি বলিষ্ঠ। "য়ুরোপ বাহুবলে বলীয়ান্, বহু-কৌশলে গরীয়ান্, নবোৎসাহে তেজীয়ান্।"-সনাতনী।

বলুন [বলা দ্রঃ] ক্রি (ম° পু° সম্মানে), বর্ণন করুন। > বি, বলুনি-বচন ; উক্তি ; বলা। প্র-তাকে এমন বলুনি বলেছে যে সে তা আর ভুলতে পারবে না।

বলে, ব'লে [বলিয়া > প্রা°, কে°। বলা দ্রঃ] অস-ক্রি, উক্তি করিয়া ; কহিয়া ; কহে। প্র-এই কথা বলে তিনি চলে গেলেন। কি বলতে হবে বলে যাও। বলে কহে-অনুরোধ করিয়া ; ভাল করিয়া বুঝাইয়া ; উপদেশ দিয়া ; পরামর্শ দান করিয়া। ২ মনে করিয়া ; জ্ঞানে। "রোগেতে কাতর অতি শোকেতে ব্যাকুলমতি অথচ "আমার" বলে মনে মনে ভান।"-বাং গান।

বলে, বোলে [বলিয়া > বল্যে > কে° বলে, ব'লে, বলে' বোলে] অ, ক্রিয়ার আসন্নতাবোধক অঙ্গপূরক। প্র-একটু অপেক্ষা কর, সে এল বলে। হ'ল বলে, গেল বলে ই° (এখনি হইবে, -যাইবে ই° অর্থে)। ২ [ব্যঙ্গ্যে] বিপরীতার্থক। নিশ্চয়বোধক। প্র-বলেছে তো আসবে। এল বলে, তার ত কথা?(=সে আর এসেছে অর্থাৎ আসবে না)। ৩ কিন্তু। প্র-এখন যেন একবার পাঠালে, আর তা-বলে পাঠাচ্ছে না। ৪ হেতু ; জন্য ; কারণে। প্র-অসুখ বলে সে যেতে পারলে না। "ছোট ছেলে অন্ধকারটাকে সত্য পদার্থ বলে গ্রহণ করে বলেই তাকে ভূতের ভয় দিয়ে ভরিয়ে তোলে।"-রবী° (ভারতী, ১৩২০)। ৫ সূত্রে ; অছিলায় ; কারণ দর্শাইয়া ; বুঝিয়া ; রাখিয়া ; বিচারে ; (কোন) লজ্জায় ; (কোন) মুখে। প্র-এত কাণ্ডের পর কি বলে আর ওখানে যাবে? ৬ সম্বন্ধ ভাবিয়া বা স্মরণ করিয়া ; সম্পর্কে। "আমি আপনি এসেছি জননী বোলে"-রামবসু। প্র-বোন বলে কোন্ খবরটাই নিয়েছিলে? ৭ নাম ধরিয়া ; নাম করিয়া বা উচ্চারণ করিয়া। "ডাক রে মন কালী বলে"-রা° প্র°। "যাত্রা করেছিল শ্রীদুর্গা বলে"-ঐ। ৮ ব্যক্তিত্ব হিসাবে ; এক-মাত্র স্থলে ; অনন্য বা বিরল দৃষ্টান্তস্বরূপ। "আমা ব'লে নয় গো আই, এমন পণ অনেকে করে।"-গোপাল উড়ে। ৯ সংবাদ দিয়া ; জানাইয়া। প্র-বলে গেল। ১০ প্রতি-শ্রুতি দিয়া। "আসি ব'লে গেল চলে আর তো ফিরে এলো না"-গান। ১১ কথায় ; প্ররোচনায়। ১২ [ক্রিয়াযোগে নঞর্থক। সন্দেহ, শঙ্কাদিসূচক বা বাচক] পাছে ঘটে ; যাতে না ঘটে ; সম্ভব যাতে না হয় ; হ'তে না পারে তদর্থে। প্র-লোকজন ওদিক দিয়ে যাওয়া আসা করবে বলে পথটা বন্ধ করে দেওয়া হয়েছে। দেখবে বোলে [এখানে 'যাতে যাওয়া আসা করতে না পায় বা না পারে', 'যাতে দেখতে না পায়' এই অর্থে]। ১৩ [সম্ভবাত্মক হাঁ বাচক] যাতে ঘটে বা সম্ভব হয় ; যাতে হতে পারে। প্র-লোকজন যাওয়া আসা করবে বলে পথটা খুলে দেওয়া হয়েছে। দেখবে বোলে [এখানে 'যাতে যাওয়া আসা করতে পারে', 'যাতে দেখতে পায় বা পারে' এই অর্থে]। তা বলে, তাই বলে-অ, তজ্জন্য ; সেই কারণে।

বলে, [বল + ইআঁ > বলিয়া, (দ্রঃ) > কে°] বিণ, বলবান ; বলীয়ান ; সাহসী। বি° যাওয়া, বুক বলে যাওয়া-সাহস বলে বলীয়ান হওয়া ; সাহস বাড়া ; বুক বাড়া। প্র-উপর্য্যুপরি অত্যাচার করেও সাজা না পেলে লোকটার বুক বলে যাবে। পাপ ক'রে ক'রে তার বুক এমন বলে গেছে যে, যে-কোন পাপ কাজে হাত দিতে আর সে ভয় করে না।

বলে, [বলা দ্রঃ] ক্রি, কহে। ২ অ, লোকে বলে ; কথায় আছে ; প্রবাদ আছে। প্র-বলে, আপনি পায় না শঙ্করাকে ডাকে। ৩ স্মরণে। এই অর্থে প্রায়ই 'কি বলে'। প্র-ওই যে কি বলে।

বলো [বলা দ্রঃ। প্রা° বাং বলোঁ। তুল -হি° বলু] ক্রি, উ° পু°, বলি। "তোক বলো গোদা-যম * *।"-মাণিক° গান।

বল্ক [বল (আবরণ করা) + ক (পে, ক্ত°), যদ্দারা আবরণ করা যায়] বি, বৃক্ষত্বক্ ; গাছের বাকল।

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ...

বল্কল [বল্+কল (ণে), যদ্দ্বারা আবরণ করা যায়] বি, গাছের বাকল ; বৃক্ষের ছাল। ২ দারুচিনি।

বল্কা, বল্‌কা [বলক দ্রঃ] বিণ, বলক উঠার হয়েছে এমন ; বলকযুক্ত। "ওরা খায় ক্ষীর নবনী আমি বল্‌কা দুধ"-রজনী সেন। ক্রি, বল্কানি [বলক (দ্রঃ)+আন (ক্রিয়ায়)। সং-উজ্জ্বলন > পা০ উজ্জালন > হিং উবলনা >] অগ্নির উত্তাপে দুগ্ধাদির স্ফীত হওয়া ; বলক উঠা।

বল্‌গ [বল্‌গ (গমন করা)+অ (ভা০)] বি, প্লুতগতি ; বক্রগমন। ২ বহু ভাষণ।

বল্‌গন [বল্‌গ্+অন (বি, ণে, ভা০) যাতে বা যদ্দ্বারা বল্‌গান (বক্র গমন বা বক্র ভাষণ বা বহু ভোজন) করা যায়] বি, ভূরি ভোজন। ২ বহু কথন ; অতিরিক্ত উক্তি। ৩ প্লবগতি ; বক্রগতি।

বল্‌গমান [বল্‌গ্+আন (র্তৃ), যে বক্রভাবে যাইতেছে] বিণ, প্লুতগতিবিশিষ্ট ; লম্ফ দিয়া গমনকারী।

বল্‌গা [বল্‌গ্ (দৌড়িয়া যাওয়া বা লম্ফ দেওয়া)+অ (ভা০)] বি, অশ্বাদির মুখরজ্জু ; লাগাম। ২ আস্ফালন সহকারে নৃত্য। "পাষণ্ডে পাষণ্ডে মেলি বল্‌গিয়াই মরে।" -চৈ০ ভা০। ~হরিণ [বল্‌গা (মুখরজ্জুবিশিষ্ট যে) হরিণ, ম০ প০ লো০] বি, পৃথিবীর উত্তর প্রান্তস্থিত দেশজাত একপ্রকার মৃগ ; তদ্দেশবাসীরা এই হরিণের মুখে লাগাম দিয়া বরফের উপর দিয়া চক্রহীন গাড়ী চালায়।

বল্‌গিত [বল্‌গ্+ত (ভা০)] বি, প্লুতগমন ; লম্ফন। ২ বহু কথন ; জল্পন।

বল্‌গু [বল্‌গ্+উ (র্তৃ, ভা০)] বি, ছাগল। ২ বিণ, মনোহর ; মনোজ্ঞ ; সুশ্রী।

বল্গুলা [বৈদ্যকে] বি, বুচকিদানা ; সোমরাজ psoratea corylifolia. ২ চামচিকা।

বল্‌গুলিকা [সং] বি, আরশুলা।

বল্মিক, বল্মীক [বল্ (আচ্ছাদন করা বা বড় হওয়া)+ইক, ঈক (র্তৃ, ভা০), ই, ম, আগম, যে আচ্ছাদন করে বা বড় হয়] বি, বাল্মীকি মুনি। ২ বল্মিক-কীটনির্ম্মিত মৃত্তিকাস্তূপ ; উইঢিপি। ৩ শোথ। ৪ গলগণ্ড। ৫ শ্লীপদ ; গোদ। ৬ গ্রন্থি, যা পদতলে, করতলে, অস্থিসন্ধিতে, গ্রীবা ইত্যাদিতে বল্মিকের আকারে দেখা দেয় এবং বৃদ্ধি পায়।

বল্মিকি, বল্মীকি-বি, বল্মিক দ্রঃ।

বল্মীকূট-বি, ঢিপি ; বল্মিক।

বল্য [বল (শক্তি)+য (হিতার্থে)] বিণ, বল বিষয়ে হিতকারক ; বলকারক ; শক্তিবিষয়ক। ২ বি, শুক্র ; বীর্য্য।

বল্ল [বল্ল্ (আচ্ছাদন করা বা সঞ্চালন করা)+অ] বি, পরিমাণবিঃ ; তিন কুঁচ পরিমাণ। ২ শস্যাদি পাছড়ান। ৩ [-+অ (র্তৃ)] আহারীয় ; ভক্ষ্যদ্রব্য।

বল্লকী [সং] বি, বীণা ; বাদ্যযন্ত্রবিঃ। "দশনে বিজুরী খেলে গজেন্দ্র গমনে চলে, বলে বাণী ব০ যেমন"-শি০। ২ শল্লকী গাছ।

বল্লব-বি, ভীম। ২ গোপ। ৩ পাচক। স্ত্রীং ~ী-গোপী।

বল্লভ [সং। ব্রজ০ বালভু। বল্ল্ (আচ্ছাদনে)+অভ (র্তৃ), যে আচ্ছাদন অর্থাৎ সংরক্ষণ করে] বি, পতি ; প্রণয়ী ; দয়িত ; ভর্ত্তা ; নায়ক ; প্রিয়। "সেই জন প্রাণ হৈতে বল্লভ আমার।"-চৈ০ ভা০। ২ উত্তম অশ্ব। স্ত্রীং ~া-প্রিয়া ; দয়িতা ; কান্তা। "অজিতবল্লভা দেখি ব্রহ্মার জননী। তোমার চরণ বন্দি জোড় করি পাণি॥"-কবিক০। ৩ [অর্থ শা০] রাজ-সভাসদ্ ; অমাত্য ; রাজ-পার্ষদ courtier. "রাজা * * বণিক্‌দিগের যাতায়াতের জন্য শুধু যে কেবল ব০, কারিকর, দস্যু, সীমান্তরক্ষকদিগের হস্ত হতে রক্ষা করিবেন তাহা নয়"-অ০ শা০ (সমাদ্দার০)। ~পালক [বল্লভ (অশ্ব) পালক (রক্ষক), ৬তৎ] বিণ, অশ্বরক্ষক। ~স্বামী-খ্রী০ ১৬শ শতাব্দীর স্বনামখ্যাত বৈষ্ণব সংস্কারক।

বল্লম [সং-ভল্ল > হিং] বি, বেধনাস্ত্রবিঃ ; বেঁচা ; ভল্ল।

বল্লর [বল্ল্+অর (ণে), যদ্দ্বারা আবরণ করা যায়] বি, মঞ্জরী। ২ কুঞ্জ। ৩ বন। ৪ কৃষ্ণাগুরু।

বল্লরি, বল্লরী [বল্ল্ (আচ্ছাদন করা)+অরি (র্তৃ)] বি, মঞ্জরী ; বোল। ২ চিত্রামূল। ৩ লতা ; ব্রততী। "বাহুমৃণাল পাশ, বল্লরী জিনি ডমরু সিংহ জিনি মাঝ।"-বি০ প০।

বল্লা [বরলা (দ্রঃ)র দ্রুত উচ্চারণে। প্রাকৃ০ বল্লা। প্রাদে০ খুল্‌না] বি, বোল্‌তা।

বল্লালী [বল্লাল (রাজা বল্লাল সেন)+ইন্ (সম্বন্ধার্থে)] বি, বঙ্গদেশের রাজা বল্লাল সেন-প্রবর্ত্তিত কৌলীন্য প্রথা। "কি বুঝিবি কত জ্বালা ব০ অনলে"-মানকুমারী। "ভাল ফল্‌লো ফল বল্লালীতে", "ব০ তুই যারে বাংলা ছেড়ে"-রাসবিহারী মুখো০। ২ বিণ, বল্লালকৃত ; বল্লাল সম্বন্ধীয়।

বল্লি, বল্লী [বল্ল্+ই (র্তৃ), যে বেষ্টন করে] বি, পৃথিবী। ২ লতা ; ব্রততী। ৩ গুড়ূচ্যাদি।

বল্লুকা [বল্ল্ (সঞ্চালনে, প্রবাহে) > প্রা০ বাং] বি, প্রবাহিনী ; নদী। ২ তন্নামক নদী। "বল্লুকা সৃজন কৈল গণ্ডীরেখা দিয়া", "সিরজিল বল্লুকা নদী বল্লুকার জল।"-শূ০পু০।

বল্লুর, বল্লূর [বল্ল্+উর (র্ম, ভা০)] বি, অচষিত ভূমি ; পতিত ভূমি। ২ তৃণক্ষেত্র ; তৃণময় ভূমি। ৩ কুঞ্জবন। ৪ জনহীন স্থান ; অরণ্য ; বনক্ষেত্র। ৫ মুকুল ; মঞ্জরী। ৬ শূকরের মাংস। ~া-বিণ, উষর ; লবণাক্ত ভূমি। ২ গহন।

বল্ল্যা [বল্ল্+য (র্ম, ভা০)] বি, ধাত্রী বৃক্ষ ; আমলকী গাছ।

বল্বজ [বল্ (বেষ্টন করা)+কিপ-র্তৃ=বল্+বজ্ (গমন করা)+অ (র্তৃ)] বি, উলুখড়।

বশ১ [বশ্ (ইচ্ছা, কান্তি ; স্বাধিকার অর্থাৎ স্বকীয় প্রভুত্ব)+অ (ভা০)] বি, কর্ত্তৃত্ব। ২ স্বাধীনতা। ৩ কামনা ; অভিলাষ ; ইচ্ছা। ৪ গণিকালয়। ৫ বিণ, আয়ত্ত ; অধীন। ৬ অনুকূল। ৭ মন্ত্রাদিদ্বারা মুগ্ধ ; বশীকৃত। স্ত্রীং ~া-বন্ধ্যানারী ; বন্ধ্যাগাভী ; হস্তিনী নারী। বশ করা-বশীভূত করা ; মন্ত্রাদি দ্বারা মুগ্ধ করিয়া রাখা। ~কা (-শ-) [বশ্ (যে বশ্যতা স্বীকার করে)+ক+আ (স্ত্রীং)] বি, বশতাপন্না ; বশীভূতা। ~ক্রিয়া [বশ (বশীকরণ) ক্রিয়া (কার্য্য), ৬তৎ] বি, বশীকরণ ; বাধ্যকরণ। ~গ [বশ (আয়ত্ত) গ (গম্=গমন করা+অ, র্তৃ), যে বশে থাকে,

উপ॰] বিণ, অধীন ; আয়ত্ত ; বশীভূত। > স্ত্রীং ~া। ~তঃ [বশ+(পঞ্চমী স্থানে) তস্] অ, অধীনতাপ্রযুক্ত ; বশ্যতা হেতু ; বশবর্ত্তিতা জন্য ; এই শব্দ প্রায়ই অন্য শব্দের পরে ব্যবহৃত হয়। যথা–কার্য্যবশতঃ, ইচ্ছাবশতঃ, ভাগ্যবশতঃ। ~তা [বশ+তা (ভা॰)] বি, অধীনতা। > ~তাপন্ন [বশতা(কে) আপন্ন (প্রাপ্ত)] বিণ, বশবর্ত্তী। ~বর্ত্তী [মূ॰ বশবর্ত্তিন্ ১মা, ১ব॰] বি, যে বশে থাকে ; বশীভূত ; অধীন ; বশ। > স্ত্রীং ~বর্ত্তিনী।

বশ২ [প্রা॰ বাং 'বস'] বিণ, বশীভূত। "তোর বস ভৈল বনমালী"–শ্রী॰ কী॰।

বশংবদ [সং। বশম্বদ ও॰ (অশুদ্ধ কিন্তু প্রা॰ বাং-র চ॰)] বিণ, অনুগত ; বশবর্ত্তী। ২ প্রিয়বাদী ; মিষ্টভাষী।

বশা১ [বসা১ (দ্রঃ)] বি, চর্ব্বি।

বশা২ [বশ+আ (স্ত্রীং)] বিণ, বশীভূতা। ২ বি, পত্নী। ৩ কন্যা। ৪ শ্যালিকা। ৫ ননদ। ৬ হস্তিনী। ৭ বন্ধ্যাগাভী।

বশানি [বশ (দ্রঃ)+আন (করা অর্থে)। বশাই, বশাও, বশায় ; বশাইতে ; বশাইয়া] ক্রি, বশ করা। "জোরে বশাইতে চাও রমণীর মন।"–পু॰ ব॰ গী॰।

বশানুগ [বশ+অনুগ] বিণ, বশবর্ত্তী। স্ত্রীং ~া–বশবর্ত্তিনী।

বশিতা [বশ+তা (ভা॰)] বি, বশ করিবার শক্তি। ২ শিবের অষ্ট ঐশ্বর্য্যের অন্যতম ; বশিত্ব দ্রঃ।

বশিত্ব [বশিন্+ত্ব (ভা॰)] বি, বশিকরণ শক্তি। ২ বাধ্যতা। ৩ আত্মসংযম। ৪ শিবের অষ্ট ঐশ্বর্য্যের অন্যতম ; আপন ইচ্ছার পরিচালনা-শক্তি। ৫ যোগের অষ্ট সিদ্ধির অন্যতম ; যাকে ইচ্ছা বশ করিবার শক্তি।

বশিনী [সং] বি, বশীভূতা। ২ বি, পরগাছা parasite. ৩ শমীবৃক্ষ।

বশিষ্ঠ, বসিষ্ঠ [প্রা॰ বশিষ্ট। বশিন্ (যে বশ করে)+ইষ্ঠ (অতিশয়ার্থে), অন্য অপেক্ষা যাঁর বশীকরণে ক্ষমতা অধিক] বি, ব্রহ্মার মানসপুত্র ; ঋগ্বেদের বহু সূক্ত রচয়িতা মুনিবিঃ ; ইনি ইক্ষ্বাকু বংশীয়দিগের কুলগুরু।

বশী [বশ (স্বাধীনতা)+ইন্ (ত্ব্য॰), যার বশ (স্বাধীনতা) আছে] বিণ, যার ইন্দ্রিয়গণ অধীনে আছে ; জিতেন্দ্রিয়। ২ বশকারী। ~করণ [বশ (আয়ত্ত) করণ (করা)+ঈ (চ্বি-অভূততদ্ভাবার্থে), যে কার্য্য দ্বারা লোককে অধীনে রাখা যায়] বি, অভিচার ক্রিয়াবিঃ। ২ [–+অন(ণে), যদ্দারা বশীভূত করা যায়] বশ্যতাজনক মন্ত্রৌষধি। ~কৃত [বশ (আয়ত্ত) কৃত (স্থিতি)+ঈ (চ্বি-অভূততদ্ভাবার্থে), যা বশ ছিল না তাকে বশ করা হইয়াছে] বিণ, অধীনীকৃত ; যাকে আয়ত্ত করা হইয়াছে ; যাকে বশে আনয়ন করা গিয়াছে। স্ত্রীং ~া। ~ভূত [বশ (আয়ত্ত) ভূত (যে হইয়াছে)+ঈ(চ্বি-অভূততদ্ভাবার্থে), যে বশ্যতা স্বীকার করিয়াছে] বিণ, আজ্ঞাধীন ; বশবর্ত্তী ; বশতাপন্ন। স্ত্রীং ~া।

বশেখ, বোশেখ [সং-বৈশাখ > গ্রা॰ 'বোশেক' ও॰] বি, বৈশাখ মাস। বিণ, ~ী, বশিকী (খী)–বৈশাখী। প্র–বশিকী বাচ্ছা (পাখীর)।

বশ্য [বশ্+য (র্ম্ম), যাকে বশীভূত করা যায়] বিণ, বশযোগ্য ; যে সহজে বশ হয়। ২ [বশ্+য (জাতার্থে), যে অধীনে আসে] বিণ, বশবর্ত্তী ; পোষ্য। স্ত্রীং ~া।

বশ্যকা [বশ্য+ক+আ (স্ত্রীং)] বি, আজ্ঞাধীনা ললনা ; বশ্যা।

বশ্যতা [বশ্য+তা (ভা॰), অধীনতার ভাব] বি, বশবর্ত্তিতা ; অধীনতা।

বশ্যা [বশ+য (র্ম্ম)+আ (স্ত্রীং), যে স্ত্রী বশ্যতা স্বীকার করে] বিণ, বশতাপন্না। ২ আজ্ঞাধীনা। ৩ বি, বশীভূতা স্ত্রী।

বষট্ [বহ্ (বহন করা)+অষট্ (ণে, জ্ঞা॰), যা বহন (দেবত পূজায় উপকরণ দানস্বরূপ) করা যায়] বি, ত্যাগার্থক মন্ত্র ; দেবতার উদ্দেশে আহুতিদানমন্ত্র। ~কার [বৈদিক। বষট্ (ত্যাগার্থক মন্ত্র) কার (করণ)] বি, দেবোদ্দেশে অগ্নিতে আহুতি প্রদান ; হোম। [দ্রঃ–বৌষ্ট এই বলিয়া বষটকার হয়। "বৌ (আদিত্য) ষট্ (ছয়,–ঋতু) এতদ্বারা আদিত্যকে ঋতুসমূহে নিহিত করা হয় ও ঋতুসমূহেই প্রতিষ্ঠিত করা হয়।" ইহা ত্রিবিধ–(১) বজ্র (যে বষটকার হোতা উচ্চৈস্বরে ও বলের সহিত উচ্চারণ করেন) ; (২) ধামচ্ছৎ (যা সমান স্বরে উচ্চারিত হয়, ইহা যজ্ঞস্থান রক্ষাকারক) ; (৩) রিক্ত (মৃদুস্বরে উচ্চারিত বৌষট)]। ~কৃত [বষট্ (ত্যাগার্থক মন্ত্র) দ্বারা কৃত (হুত)] বিণ, বষট্ এই মন্ত্র দ্বারা হুত।

বস্, বাস্, ব্যস্, ব্যাস [ফা॰ বস্ > হিং বাস্] অ, যথেষ্ট ; বিলক্ষণ ; প্রচুর ; খুব ; ঢের হয়েছে। ২ থাক ; আর না ; এই পর্য্যন্ত ; ফুরিয়ে গেল। "কয়জন বাঙ্গালী বা ভারতবাসী এই বিষয়ে আলোচনা করছে? রামচন্দ্র মল্লিক আর হরিহর পোদ্দার, হরিহর পোদ্দার আর রামচন্দ্র মল্লিক, ইসমাইল আর আবদুল, আবদুল আর ইসমাইল। ব্যাস্। এই পর্য্যন্ত।" –বি॰ কু॰ সরকার।

বসই [ব্রজ॰। প্রা॰ বাং] ক্রি, বসে ; উপবেশন করে। "হরি বড় গরবী গোপী মাঝে বসই। ঐছে করবি যৈছে বৈরী না হাসই।"–বি॰ প॰।

বসৎ [বস্ (বাস করা)+অৎ (র্ত্তৃ)] বিণ, যে বাস করে ; অবস্থানকারী।

বসত [বসতি > গ্রা॰] বি, বাস। ~কার–বাসকারী resident. ~বাটী–বি, আবাস বাটী ; বাসবাড়ী।

বসতি, -তী [বস্+অতি (থি), যেখানে বাস করে] বি, বাসস্থান ; নিবাস। ২ [বস্+অতি (ভা॰)] বি, বাস ; বাসকরণ। "নিরয়ে বসতি হবে পাপে দিলে মন।"–দিনবন্ধু॰। ৩ জনপদ ; বস্তী।

বসন [বস্ (আচ্ছাদন করা)+অন (ণে)] বি, বাস ; বস্ত্র। ~া, ~ী–বিণ, বসনাবৃতা ; বাসা। "আঁচল ঝলে আকাশ-তলে রৌদ্র-বসনী"–রবী॰। ~প্রান্ত–বি, বস্ত্রাঞ্চল। ~ভূষণ–বি, কাপড় ও গহনা ; বস্ত্রালঙ্কার। অশন বসন–খোরাক পোষাক ; খোর পোষ ; খাওয়া পরা ; আহারীয় সামগ্রী ও পরিধেয় বস্ত্র।

বসনাঞ্চল [বসন+অঞ্চল] বি, বস্ত্রপ্রান্ত।

বসন্ত১ [বস্ (বাসে)+অন্ত (প্রা॰ বাং বিভক্তি, মাঝে, শ্রী॰ কী॰, শূ॰ পু॰ দ্রঃ)। বস–বাস

] যুক্ত বিবৎ (অগ্র=অগ্‌গ্র), হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ঙ্গে জ্ঞ=গ্যাঁ ঞ্চ=ন্চ ক্ষ=ক্‌খ হ্ম=হ্ম হ্ন হ্ল হ্ব, হ্ব=হ্‌হ্ ঋ বৃ লহ ড্‌ হ্য, জ্‌ বৃ ষ ঙ=zfwv ও চ্চা॰ দ্রঃ

করিতেছ (চ০ পদ০ ৩৯।৪)। বসই-বাস করে। বসউ-বাস কর। বসিঅউ-বাস কর] ক্রি, বাস করে। "দেহহি বুদ্ধ ব০ ণ জাণই"-দো০ ১০৭ পৃ০।

বসন্ত২ [বস্+অন্ত (থি), যে ঋতুতে লোক সুখে অবস্থিতি করে] বি, ফাল্গুন ও চৈত্রমাস ব্যাপী ঋতু (মতান্তরে চৈত্র ও বৈশাখ মাস; অন্যমতে মাঘের শেষার্দ্ধ হতে চৈত্রের প্রথমার্দ্ধ পর্য্যন্ত) spring ২ [বস্+অন্ত(র্ত্ত)] মসূরিকা রোগ। ৩ বিদূষকের উপাধি। ~ক-বি, হাস্যরসোৎপাদক রঙ্গরচনা ও রঙ্গচিত্র সম্বলিত মাসিক পত্র। ১৮৭৪ অব্দে প্রকাশিত হইয়া মাত্র ২ বৎসর চলিয়াছিল। সম্পাদক ৺প্রাণনাথ দত্ত ও চিত্রশিল্পী গিরীন্দ্র-কুমার দত্ত। উভয়েই হাটখোলার দত্তবংশীয়। ~গুড়গুড়ী-বি, কুড্‌র্‌ কুট্‌র্‌ ই০ রবকারী পক্ষীবি:; স্থানভেদে 'গয়লাবুড়ী', অন্যত্র 'বসন্তবউড়ী'। আংশিক পীত ও হরিৎ বর্ণ ও ছোট বড় ভেদে নানা নামে অভিহিত হইলেও এক জাতীয় পাখীর বিভিন্ন শাখা বলিয়া মনে হয়, তন্মধ্যে 'বেণে-বউ' পাখী 'খোকা হোক, খুকী হোক' এইরূপ শব্দ করে, খোকা হোক্ স্থলে পোকা হোক ও শুনায়। ~ঘোষ,-ষী [বসন্ত (বসন্ত ঋতুর) ঘোষ, ঘোষিন্ (যে ঘোষণা করে), ৬তৎ] বি, যে বসন্তাগম ঘোষণা করে; কোকিল। ~তিলক-বি, সংস্কৃত ছন্দোবি:; যে চতুর্দ্দশ অক্ষর ছন্দে, ৩, ৫, ৬, ৭, ৯, ১০ ও ১২ বর্ণ হ্রস্ব, অবশিষ্ট বর্ণ দীর্ঘ থাকে। ২ পুষ্পবি:। ৩ বন্ধ্যারোগের আয়ুর্ব্বেদীয় ঔষধবি:। ~দূত [বসন্ত(বসন্ত ঋতুর) দূত (সংবাদবাহী), ৬তৎ] বি, কোকিল। ২ আম্রবৃক্ষ। > স্ত্রীং ~দূতী-কোকিলা। ২ পাটলীবৃক্ষ। ২ মাধবীলতা। ~পঞ্চমী-বি, মাঘী শুক্লা পঞ্চমী তিথি; শ্রীপঞ্চমী (এই তিথিতে সরস্বতী পূজা হয়)। ~বায়ু-বি, বসন্তকালের বাতাস; মলয় বাতাস। ~সখ [বসন্ত(ঋতুবি:) সখা (বন্ধু) যার, বহু০] বি, মদন। ২ কোকিল।

বসন্তি [প্রা০ বাং। বসা দ্র:। সম্মানার্থে বহু বচনের ক্রিয়া বিভক্তি 'অন্তি'] ক্রি, বাস করেন; বিরাজ করেন; বসেন। "স্বর নারায়ণ যথা ব০ ভূমণ্ডলে।"-মহা০ (বিজয়০)।

বসন্তী [বসন্ত (কাল)+ইন্(ত্য০)= বসন্তিন্ ১মা, ১ব০] বিণ, বসন্তকাল-সঙ্গী; কোকিল। ২ [হিং বসন্তীয়া। বসন্ত+ঈ(স্ত্রীং)] বি, বসন্তীনাম্নী স্ত্রী। ৩ [প্রা০ বাশুন্তি, বোশুন্তি] বি, ফিকা হরিদ্রাবর্ণ। চূণ ও হলুদ গুলিয়া তাতে রঞ্জিত করিবার পর তেঁতুলের জলে ফেলিলেই এই রঙ হয়।

বসন্তোৎসব [বসন্ত+উৎসব] বি, প্রাচীন ভারতের বহু প্রচলিত মদনোৎসব, অধু০ ভারতের কোন কোন স্থানে আজিও অনুষ্ঠিত। ইহাতে কন্দর্পদেবের পূজা হইয়া থাকে। ২ ফল্‌গূৎসব (হিং ফাগুয়া)।

বসবাস১ [বসতি > বস, আবাস > বাস] বি, বাস; স্থায়িভাবে বাস।

বসবাস২ [প্রা০ বাং] বি, ডাইল চূর্ণ; বেসম। "চিতলের কোল ভাজে ব০ মাখি।" -মনসা ম০ (বংশীবদন)।

বসয় [বসা দ্র:। প্রা০বাং] ক্রি, বাস করে। "চতু:ষষ্টি কলা ব০ গুণের নিধি" -মহা০ (শ্রীকর০)।

বসা১,-শা [বস্(আচ্ছাদনে)+অ (ণে) +আ (স্ত্রীং), যদ্দারা (শরীর) আবৃত হয়] বি, মজ্জা; মেদ; চর্ব্বি। "শিবা পুচ্ছে বসা ভুঞ্জে গিধিনীর সঙ্গে। ঝাঁকে ঝাঁকে দ্রোণ কাক পিয়ে রক্ত রঙ্গে।"-কাক্কী০। "আমি যে দেখেছি খুঁজে প্রতি রেণু তার, চুল, নখ, বসা, মাংস, অস্থির অঙ্গার।"-ফুলরেণু। [দ্র:-বসা =lard; muscle fat. মেদ=fat. মজ্জা= marrow]

বসা২ বৈসা [হিং বস্‌না (বাস করা); সং-উপ-বিশ্ > উপবিশা (উপবেশন করা) > প্রাকৃ০ উবুইসা > বসা, বৈসা। বাং-র, উ০ পু০ বইসি, বৈসি, বসি; ম০পু০ বইস, বৈস, বস (বৈসেন, বসেন, বৈসিস, বসিস); প্র০পু০ বৈসে, বসে (বসেন); অস-ক্রি, বৈসিতে, বসিতে; বৈসিয়া, বসিয়া (ক্ষে০পদ্যে-বৈসি, বসি। প্রা০ বাং-বসী। গ্রা০ ক্ষে০ ব'সে)। ণিজন্ত-বসান, বৈসান] ক্রি, উপবেশন করা; পা মুড়িয়া নিতম্বে ভর দিয়া আসনাদিতে দেহ রক্ষা করা। "বসিল অনেক মিঞা আপন তরফ লৈয়া।"-কবিক০। ২ অপেক্ষা করা। প্র-একটু বইস আমি এখনি আসিতেছি। ৩ লগ্ন হওয়া; খাপ খাওয়া। প্র-পেঁচ ঢিলা হওয়ায় জোড়ের মুখে বসে না। ৪ সমান বা সমতল ভাবে থাকা। প্র-টেবিলের এক-দিকের পায়া মেঝের উপর ঠিক বসে না। ৫ তলায় পড়া; থিতান। প্র-তেলের কাইট বসা। ৬ জমাট বাঁধা; জমিয়া যাওয়া। প্র-দৈ এখনও ভাল বসে নাই। ৭ জল প্রবেশ করা। প্র-অত ভেজা ভাল নয় গায়ে জল বসিয়া সর্দ্দি হইবে। ৮ নাবাল হওয়া; নিম্ন হওয়া; নাবিয়া যাওয়া। প্র-এবারের বৃষ্টিতে ছাদ বসিয়া গিয়াছে। ৯ স্বর বদ্ধপ্রায় হওয়া। প্র-দৈ খাইয়া তাহার গলা বসিয়া গিয়াছে। ১০ ঢুকিয়া যাওয়া; কোটরগত হওয়া। প্র-অত্যন্ত পরিশ্রমে তাহার চক্ষু দুটি বসিয়া গিয়াছে। ১১ প্রোথিত হওয়া। প্র-হাতীর পা পাঁকের ভিতর বসিয়া গিয়াছে। ১২ বাস স্থাপন করা। প্র-সে জমীতে এখনো প্রজা বসে নাই। ১৩ স্থাপিত হওয়া; প্রতিষ্ঠিত হওয়া। প্র-এখানে কল বসিয়াছে। তাদের গ্রামে একটি বাজার বসিয়াছে। ১৪ আরম্ভ হওয়া। প্র-সভা এখনও বসে নাই। যাত্রা বসিয়া গিয়াছে। ১৫ যোগাযোগ হওয়া; সংঘটিত হওয়া; লাগা। প্র-এখানে প্রতি মঙ্গলবারে হাট বসে। ১৬ কোন বিষয়ে, বস্তুতে বা স্থানে স্থির থাকা; সংলগ্ন হওয়া; লাগা। প্র-কোন মতেই সেখানে তার মন বসিতেছে না। ১৭ ভর্ত্তি হওয়া; প্রতিষ্ঠিত হওয়া। প্র-সে বেশ ভাল চাকরিতে বসিয়াছে। ১৮ অবস্থান করা [এই অর্থে প্রা০ বাং-র-বসএ=অবস্থিতি করে। বসসি=অবস্থিতি কর বা করিতেছ। বসই =বাস কর]। ১৯ চুপসিয়া যাওয়া। ২০ [প্রা০ বাং] নিরূপিত হওয়া; ধার্য্য হওয়া। "কথাহো নাহি গুনী দেতে বসে দান।"-শ্রী০ কী০। ২১ [প্রা০ বাং] রত হওয়া; নিযুক্ত হওয়া। "ঘৃত দধি দুধে বসে মহাদানী"-শ্রী০ কী০। ২২ কার্য্য সমাপ্তিবোধক ক্রিয়াঙ্গ। প্র-করে বসা। ধরে বসা। চেপে বসা। দেখে বসা। রেখে বসা। মেরে বসা। বলে বসা। কেঁদে বসা ই০। ২৩ বিণ, যা বসিয়া গিয়াছে; জমাট। ২৪ উপবিষ্ট। ২৫ উপ-বেশন। প্র-শালগ্রামের শোয়া বসা। বসিয়া

খাওয়া, বিসে বিস্রে খাওয়া-ক্রি, কাজকর্ম্ম না করিয়া পুঁজি ভাঙ্গিয়া খাওয়া বা পরায়ে উদর পূর্ত্তি করা। "ব'সে খাওয়া আমাদের দেশের আদর্শ"-স্তার পিং সিংয়ার। বিসিয়া থাকা-অপেক্ষা করা। ২ কর্ম্মশূন্ত থাকা ; নিকর্মা থাকা। বিসিয়া পড়া-হতাশ হওয়া। ২ ক্লান্ত হইয়া ভূতলে দেহভার ন্যস্ত করা ; অবসাদগ্রস্ত হওয়া। বিসিয়া বিসিয়া [বসা$_{2}$ দ্রঃ। গ্রাং ব'সে ব'সে] ক্রি-বিণ, বহুক্ষণ উপবেশন করিয়া। ২ অনেকক্ষণ অপেক্ষা করিয়া। বিসিয়া যাওয়া-হতাশ হওয়া ; নিরুৎসাহ হওয়া to be disappointed. উবু হইয়া বঁসা-দুই পদতলে মাত্র ভূমি স্পর্শ করিয়া উঁচু হইয়া বসা। একটু বঁসা-ক্ষণকাল অপেক্ষা করা। প্র-একটু বসুন wait a bit. কোপ বঁসা, চোপ বঁসা, ঘা বঁসা-অস্ত্রের আঘাত আহত স্থানে প্রবেশ করা। গঁলায় দৈ বঁসা [বিদ্রূপোক্তি] অতি শৈশব বা দুগ্ধপোষ্য অবস্থার নিদর্শক ; অর্ব্বাচীনতার লক্ষণ। চাপিয়া বঁসা-দৃঢ়ভাবে উপবেশন করা ; শরীরের সমস্ত ভার ন্যস্ত করিয়া উপবেশন করা ; এমন ভাবে বসা যে তথা হতে আর সরিতে না হয়। চোখ মুখ বঁসা-মুখমণ্ডল শুষ্ক হওয়া বা চুপসিয়া যাওয়া। টাকা বঁসা-টাকার ক্ষতি হওয়া ; টাকা নষ্ট হওয়া। থাবড়িয়া বসা-নিতম্বে ভর দিয়া পা মুড়িয়া ও থাবা পাতিয়া বসা। দাঁত বঁসা-আল্‌গা দাঁত শক্ত বা দৃঢ় হওয়া। ২ কামড় ধরা। ৩ দন্তস্ফুট হওয়া। ৪ [লক্ষ্ং] বোধগম্য হওয়া। ৫ অধিকারগত হওয়া। ৬ প্রভাব বিস্তার করিতে পারা। দাগ বঁসা-চিহ্নাঙ্কিত হওয়া। বাবু হইয়া বঁসা-নিতম্বে ভর দিয়া দুই পা মুড়িয়া অর্থাৎ দক্ষিণ পদতল বাম উরুর নিয়ে এবং বাম পদতল দক্ষিণ উরুর নিয়ে রাখিয়া বসা। মাথায় হাত দিয়া বঁসা [লক্ষ্ং] হতাশ হইয়া পড়া। যেতে বঁসা-হাতছাড়া হইবার উপক্রম হওয়া ; ধ্বংসমুখে যাওয়ার মত হওয়া ; নষ্টপ্রায় হওয়া। প্র-তার বিষয়াশয় ত এখন যেতে বসেছে। ২ মৃতপ্রায় হওয়া ; মুমূর্ষু অবস্থা প্রাপ্ত হওয়া। প্র-বাপ ত তার যেতে বসেছে।

বসা$_{3}$ [বসা$_{2}$ দ্রঃ। তুল-হিং বসা, দিয়া, মারা, ডালা ইং। চল্ 'বসা' বা চল্ 'দিয়া'=চলা গয়া। কহ 'দিয়া'=কহা। ইং। তুল-বাং ফেলা, পড়া ইং। বলে ফেলা=বলা। উঠে পড়া=উঠা] ক্রি, অসমাপিকা ক্রিয়ার আশয় বা অর্থ সমাপ্তিবোধক অঙ্গ ; মূল ক্রিয়ার সমাপ্তিদ্যোতক অঙ্গ পূরক পদ। ধরে বসা= ধরা ; করে বসা=করা। এইরূপ গম্ ধাতুজ গেল, গেছে ইং। এসে গেল=এল। এসে গেছে= এসেছে, ইং।

বসা$_{4}$-বিণ, বসা$_{2}$ দ্রঃ।

বঁসাকিবি-বি, হাফ আখড়াই।

বসাছে [বসা$_{4}$ (দ্রঃ)+আছে বা বসিয়া +আছে > বস্যাছে > ক্ষেং। তুল-দেখসে ইং] ক্রি, বসিয়াছে। "জমরাজ বসাছে ধবল সিংহাসনে।"-শূং পুং।

বঁসাঢ্য [বসা (চর্ব্বি) দ্বারা আঢ্য (বর্দ্ধিত) যে] বি, শুশুক।

বঁসানি [বসা (দ্রঃ) ধাতুর ণিজন্তরূপ। বসাই, বসাও (বসান্, বসাস), বসে (বসেন্); বসাইতে ; বসাইয়া (গ্রাং বসিয়ে)] ক্রি, উপবেশন করান। ২ বাস করান। প্র-প্রজা বসান। ৩ প্রতিষ্ঠা করা ; স্থাপন করা। "নগর বসায় বীর বনের ভিতরে"-কবিকং। ৪ আঘাত লাগান ; কশান। প্র-ছেলেটার পিঠে ঘা কতক বসিয়ে দাও ত। ৫ জমান ; জমাট বাঁধান। প্র-দৈ এখনও বসাতে পারে নি। ৬ চাপান। প্র-উনানে হাঁড়ি বসিয়ে দাও। ৭ খচিত করা ; জড়িত করা। প্র-আংটিতে পাথরখানা বসাইয়া দাও। ৮ প্রবেশ করান। প্র-গায়ে জল বসান। ৯ প্রোথিত করা। প্র-খুঁটী এই নরম জায়গায় ভাল করে বসিয়ে দাও। ১০ বি, উপবেশন করানরূপ কর্ম্ম। প্র-তাকে এখানে বসানটা ভাল হয় নাই। ১১ বিণ, মূল বস্তু আনিয়া স্থাপিত (কোন বস্তুর মধ্যে অভিন্নতা-বোধক)। প্র-তাকে দেখিলেই মনে হয় তার বাপের মুখ যেন বসান।

বসায়ঁল [ব্রজং। গ্রাং বাং। বসা দ্রঃ] ক্রি, বসাইল। ২ জড়িত করিল ; খচিত করিল। "সিন্দুর সমীপ বসায়ল মোতি" -বিং পং।

বিসিনা [রেশমশিল্প পরিঃ] বি, পোলু পুষিয়া কোআ উৎপাদনকারী।

বিসি(শি)র [সং] বি, সামুদ্রিক লবণ।

বিসিল [বস+ইত > ইল] বিণ, কৃতবাস; অধিবাসী। "বং জনে"-শ্রীং কীং।

বিসিষ্ঠ-বশিষ্ঠ দ্রঃ। ২ দেবগণের উৎকৃষ্ট বাসস্থান (ঐতরেয় ব্রাহ্মণ, ত্রিবেদী)।

বসু [বস্+উ (র্তৃ)] বি, গণদেবতাবিঃ ; অষ্টবসু (ভব, ধ্রুব, সোম, বিষ্ণু, অনিল, অনল, প্রত্যূষ, প্রভব)। ২ [অষ্টবসু >] আট সংখ্যা। "বসু পণ কয়্যা কড়ি লব জনে জনে।" -ভাগবত (জীবন চক্রবর্ত্তী), বঙ্গ-সাহিত্য-পরিচয়। ৩ ধন। "বসু হেতু বসুন্ধরা তাহারে বন্দয়"-অং মং। "কাননে বধিয়া পশু, উপায় করিতে বসু, ফুল্লরা বেচিত মাংস হাটে।"-কবিকং। ৪ ধনাধিপতি ; কুবের। ৫ অগ্নি। ৬ সূর্য্য। ৭ ধনিষ্ঠা নক্ষত্র। ৮ কিরণ ; রশ্মি। "বসুহীন হইল রবি করি বিতরণ।" -মং মোং তং। ৯ বন্ধা। ১০ রাজা। ১১ চেদিরাজ। ১২ স্বর্ণ। ১৩ লবণ। ১৪ জল। ১৫ কালবসু মৎস্য। ১৬ [সমাজং] কায়স্থের জাতীয় পদবীবিঃ। ১৭ বিণ, শুষ্ক। ~আ [সং-বসুধা > প্রাং বাং প্রাকৃং বসুআ] বি, বসুধা ; বসুমতী। "বসুআ আপনি করিল গমন"-শূং পুং। ২ [বাসুকী বং সাং পরিচয়, ১ম খণ্ড, ১৮ পৃষ্ঠা]। ~ক [বসু (দ্রঃ) + ক (তুল্যার্থে)] বি, শাকম্বরী লবণ। ২ [সমাজং] জাতীয় উপাধিবিঃ ; বসাক। ~কীট [বসু (ধন) কীট (পোকা), ৬তৎ] বি, ধনযাচক ; অর্থী ; ভিক্ষুক। ২ কৃপণ। ~দঁ [বসু (ধন) দ (দাতা), যে ধন দান করে, উপং] বিণ, ধনদাতা। ২ বি, কুবের। স্ত্রীং ~া-পৃথিবী। ২ ধনদাত্রী। ~দেব [বসু (ধনরত্ন) দেব (যে ক্রীড়া করে অর্থাৎ খেলে), যে ধন দ্বারা খেলা করে] বিণ, ধনী। ২ [বসু (রত্ন) দেব (কান্তি), বসুর স্তায় কান্তি যার, বহং] উজ্জ্বল কান্তিবিশিষ্ট। ৩ বি, কৃষ্ণের পিতা। ৪ [বসু (ধন) দেব, যে দেব ধনের অধিপতি] ধনদেব ; কুবের। দেবঁতা [বসু (ধনাদির) দেবতা (ব্যবহারক, অধ্যক্ষ),

৬তৎ] বি, কুবের। ২ [বসু দেবতা(অধিষ্ঠাতা) যার, বহু০] বি, ধনিষ্ঠা নক্ষত্র। ~ধা [বসু (ধনাদি) ধা (যে ধারণ করে), উপ০] বি, ধরণী ; পৃথিবী। "বাজিল তুমুল যুদ্ধ গগনে, সুন্দরি; কাঁপিল বসুধা ; দেশ পুরিল আরবে।" -মেঘ০। ২ বিণ, ধনধারিণী। ~ধারা [বসু (ধনাদির) ধারা (প্রবাহ), ৬তৎ] বি, আভ্যুদয়িক শ্রাদ্ধের পূর্ব্বে গৃহের ভিত্তিতে সিন্দূর চিহ্ন দিয়া সাত বা পাঁচবার ঘৃতধারা দেওয়া হয় উহাকেই বসুধারা বলে। "ঘৃত দিয়া সাত ভারা কাঁথে দিল বসুধারা, কৈল নান্দী-মুখের বিধান।"-কবিক০। ~পণ [বসু=৮+পণ] বি, আটপণ। "বসুপণ কর্য়া কড়ি লব জনে জনে।" -ভাগবত (জীবন চক্রবর্ত্তী, ১৮ শতক)। ~ভৃৎ [বসুধা (পৃথিবী) ভৃৎ (যে ধারণ করে, পোষণ করে), উপ০] বি, পর্ব্বত। ২ রাজা। ~মতী [বসু (ধনাদি) + মৎ (স্ত্য০) + ঈ (স্ত্রীং), যাতে ধন আছে। প্রা০ বাং প্রাকৃ০ বসুমাই] বিণ, ধনশালিনী। ২ বি, পৃথিবী ; বসুন্ধরা। ~মাই [বসুমতী (দ্রঃ) > ভ্রং। প্রা০ বাং] বি, বসুমতী। "ভরমিতে ভরমিতে দুহে চলে ঠাঞি ঠাঞি। বেগেত বাঢ়িআ চলে দেবী ব০।" -শূ০ পু। ~মান্ [বসু (ধন) + মৎ(স্ত্য০)=বসুমৎ ১মা, ১ব০] বি, নৃপবি:। ২ রাজা। ৩ বিণ, যার ধন আছে ; ধনশালী। ~ষেণ, বসুসেন [ধন দানে প্রসিদ্ধ ছিলেন বলিয়া] বি, অঙ্গরাজ দাতাকর্ণ। ~স্থলী [বসু (ধনাদি) স্থলী (স্থান), ৬তৎ] বি, ধনাগার। ২ কুবেরভবন। ৩ কুবেরনগরী ; অলকা।

বসুধা/ধর [বসুধা (পৃথিবী) ধর (যে ধারণ করে), উপ০] বিণ, যে পৃথিবী ধারণ করে। ২ [বসুধা (পৃথিবীর) ধর (ধারণকর্ত্তা), ৬তৎ] পর্ব্বত ; ভূধর। ৩ অনন্ত-দেব। ~ধিপ [বসুধা (পৃথিবী) + অধিপ (রাজা), ৬তৎ] বি, রাজা ; পৃথিবীপতি।

বসুন্ধর [বসু (ধনাদি) ধর, যে ধারণ করে, উপ০] বি, কুবেরের অনুচর। "কুবেরের অনুচর নাম তার ব০"-অ০ ম০।

বসুন্ধরা [বসু + ধৃ (ধারণ করা) + অ (র্ত্তৃ) + আ (স্ত্রীং), 'ম' আগম] বিণ, ধনধারিণী ; ধনশালিনী। ২ বি, ধরা ; বসুধা ; পৃথিবী। "সেই হিন্দুজাতি, সেই বসুন্ধরা, জ্ঞান বুদ্ধি জ্যোতিঃ তেমতি প্রখরা।"-হেম০। ৩ বসুন্ধরপত্নী। "কুবেরের অনুচর নাম তার বসুন্ধর বসুন্ধরা নামে তার জায়া।"-অ০ ম০।

বসুয়া [প্রা০ বাং] বি, বাসুকি (শূ০ পু০)।

বসে [বসা দ্রঃ] ক্রি, অবস্থিতি করে। ২ ধার্য্য বা নিরূপিত হয় ; নিযুক্ত হয়। প্র-কাজে বসে। ৩ বাস করে। "মন্মথ বসে রাধা-মাধবের মনে"-শ্রী০ কী০। ৪ উপবেশন করে।

বস্তব্য [বস্ (বাস করা) + তব্য (র্ম্ম)] বিণ, বাসোপযোগী।

বস্তর-বস্ত্র দ্রঃ।

বস্তা [ফা০] বি, গাঁটরী ; পুঁটুলী। ২ দড়িনির্ম্মিত জিনিষ রাখিবার বড় থলী ; বোরা। প্র-চালের বস্তা। ৩ গাঁটরী বাঁধিবার বস্ত্রবি:। ~নি, ~নী-ছোট বস্তা। ~পচা [বস্তা-পচা] বিণ, বহুদিন বস্তায় বদ্ধ থাকিয়া যা পচিয়া গিয়াছে। ~বন্দী [বস্তা-বন্দী] বিণ, বস্তার ভিতর বদ্ধ করা হইয়াছে এমন।

বস্তি, বস্তী১ [বস্ (আচ্ছাদন করা) + তি (ধি), আচ্ছাদন করে যাতে] বি, পেটের অধোভাগ ; তলপেট। ২ [বস্ + তি (ণে), যদ্দারা আচ্ছাদন করা যায়] বি, বস্ত্রের দশী। ৩ বস্ত্র। ৪ [বসতি >। বস্ (বাস করা) + তি (ভা০)] বি, বসত ; বাস। ৫ [+ তি (ধি), যথায় বাস করা যায়] পল্লী ; গ্রাম ; নগর ; লোকালয় ; জনপদ। ৬ [জমী০ পরি:] মৌজার অন্তর্গত বসতি ; ছপ্পর। ৭ [প্রাদে০] নগরপ্রান্তস্থ দরিদ্র ও নিম্নশ্রেণীর বাসস্থান। ~মল [বস্তি (মূত্রাশয়ের) মল (প্রস্রাব ই০), ৬তৎ] বি, প্রস্রাব ; মূত্র। ~কর্ম্ম, -ক্রিয়া [আয়ু০ পরি:] বি, গুহে মলনাড়ীর মধ্যে পিচকারী দেওয়া ; ডুস দেওয়া application of enema. [জল ও শুষ্কবস্তি। জলবস্তি জলে ও শুষ্কবস্তি তটে করিতে হয়। নাভি পরিমাণ জলে উৎকটাসনে উপবেশন করিয়া আকুঞ্চন প্রসারণপূর্ব্বক জলবস্তি করিতে হয়]। ~যন্ত্র-বি, কাচের পিচকারী সদৃশ যন্ত্র। ~শোধন -বি, ঔষধমিশ্রিত জলে পিচকারী দিয়া মলমূত্র নালী পরিষ্কার করণ। ২ কোষ্ঠ পরিষ্কারক ঔষধ ; বিরেচক purgative remedy.

[বস্তি দ্রঃ। বস্ত + ঈ (স্ত্রীং) বা, বস্ত + ইন্ (স্ত০) = বস্তিন্ ১মা, ১ব০] বি, তলপেট। ২ মূত্রাশয় bladder.

বস্তু১ [বস্ (থাকা) + তু (র্ত্তৃ), যা থাকে] বি, পদার্থ ; দ্রব্য ; সামগ্রী। ২ সত্য। ৩ সার (বিপরীত-অবস্তু=অসার ; অপদার্থ)। ৪ [পদার্থ বিজ্ঞা০] জড়ত্ব mass ["দ্রঃ-জড়ের জড়ত্ব ইহাই mass. mass অর্থে জড়ত্ব শব্দের প্রয়োগে ত্রিবেদী মহাশয়ের আপত্তি নাই, কিন্তু তিনি বলেন উহার নাম বস্তু। এই দ্রব্যটার বস্তু কত ? অর্থ ইহার mass কত ? এই দ্রব্যে অনেকটা বস্তু আছে ; ইহা অত্যন্ত massive. বস্তু শব্দ mass এর বদলে চলিতে পারে।" দ্রব্য ও ভার দ্রঃ]। ৫ [বলবিদ্যা০ (ক০বিশ্ব০পরি:)] ইং bodyর বৈজ্ঞা০পরি:। ৬ জড় matter. ৭ [বলবিদ্যা০] ইং subs tance এর বৈজ্ঞা০ পরি:। "সর্ব্বাস্তি-বাদীগণ বস্তু ও মন উভয়কেই সত্য বলিয়া মানিয়াছেন"-বিচিত্রা, চৈত্র, '৩৪। ~গত্যা -ক্রি-বিণ, বস্তুতঃ ; বাস্তবিক ; প্রকৃত-পক্ষে। "বস্তুগত্যা কিন্তু তাহা নহে" -রাজেন্দ্র বিদ্যাভূষণ (ভারতবর্ষ, '৩৬)। ~চিত্র-বি, ভাবদ্যোতক চিত্র ; চিত্রলিপি pictograph. ~তত্ত্ব [বস্তু (র) তত্ত্ব] বি, পদার্থবিজ্ঞান। ২ [দর্শনে] ঈশ্বরই সার বস্তু এই জ্ঞান। "তমঃ নাশ করি করে বস্তুতত্ত্ব জ্ঞান।"-চৈ০ চ০। ~তত্ত্বজ্ঞ-বিণ, বস্তুর স্বরূপজ্ঞান যার আছে ; পদার্থতত্ত্ববিৎ। ~তন্ত্র-বিণ, বাস্তব ; বাস্তবতা বাচক real. ২ [দর্শন শা০] সৎস্বরূপ। ৩ [আইন] স্থাবর। ~তন্ত্রবাদ, ~তন্ত্রতা, ~তান্ত্রিকতা, স্বাতন্ত্র্যবাদ-বি, বহির্জগতের বস্তুসমূহ বিষয়ে মানুষ অব্যবহিত ও অপরোক্ষ জ্ঞান লাভ করে এই মতবাদ ; অস্তিত্ববাদ realism. ২ [কলা শা০] নাটক নভেলাদি বা চিত্রকলাদিতে বাস্তব জীবনের যথাযথ বর্ণন বা চিত্রণ-নিষ্ঠা realism ; naturalism ; materialism. "বাহিরটুকু, আকারকে, চোখে যাহা দেখা যায়, ইন্দ্রিয় দিয়া যাহা স্পর্শ করা যায় তাহাকে একান্ত সত্য বলিয়া ধরা, তাহারই আলেখ্যটুকু রচনা করা। সাহিত্যে ইহারই নাম দেওয়া

হইয়াছে realism বা বস্তুতান্ত্রিকতা।" -প্রবাসী, ১৩২৬।

বস্তু₂ [বৌ° সা°] বি, প্রতিপাদ্য বিষয়। "সেখানে তিনি প্রভাবতীর জন্ত একখানি তালবৃন্ত প্রস্তুত করিলেন এবং তাহাতে একটা শ্বেতচ্ছত্র অঙ্কিত করিয়া আপান ভূমিকে বস্তুরূপে কল্পনা করিয়া সেখানে অন্যান্য ছবির সহিত প্রভাবতীর দণ্ডায়মানা মূর্ত্তি নির্ম্মাণ করিলেন।"-জাতক, ৫ম খণ্ড।

বস্তুক [সং] বি, বাস্তুক ; বেতো শাক।

বস্তুতঃ [সং-বস্তুতস্ শব্দ] অ, ফলতঃ ; যথার্থতঃ ; বাস্তবিক ; প্রকৃতপক্ষে।

বস্ত্য [বস্+ত্য (ধি, জ্ঞা°), যাতে বাস করে] বি, বাসস্থান ; গৃহ ; আবাস।

বস্ত্র [বৈদিক সাহিত্যে বস্ত্র অর্থে আচ্ছাদক। বস্(আচ্ছাদন করা)+ত্র (ণে), আচ্ছাদন করে যদ্দারা। গ্রা° "বস্তর"] বি, আচ্ছাদন ; বসন ; কাপড়। ২ পরিচ্ছদ। বিণ, বাস্ত্র (দ্রঃ)। ~কুট্টিম [বস্ত্র দ্বারা (রচিত) কুট্টিম, ম° প° লো°] বি, কানাত ; পটবাস ; তাম্বু। ~গৃহ [বস্ত্র (কাপড়ের) গৃহ (ঘর), ৬তৎ] বি, পটগৃহ ; তাঁবু। ~গ্রন্থি [৬তৎ] বি, কটিবস্ত্রের বন্ধন ; নীবী। ~পুত্রিকা [বস্ত্রনির্ম্মিত পুত্রিকা (পুতুল), ম° প° লো°] বি, কাপড়ের পুতুল ; গুড়িয়া। ~বিলাস-বি, উত্তম বস্ত্র পরিধান করিয়া গর্ব্ব প্রকাশ ; পোষাক পরিচ্ছদ বিষয়ে সৌখীনতা। ~বেশ, বেশ্ম-বি, বস্ত্রগৃহ ; তাঁবু ; ~ভূষণ [বস্ত্র এবং ভূষণ, দ্বন্দ্ব] বি, বস্ত্রালঙ্কার। ~মণ্ডিত [বস্ত্র (দ্বারা) মণ্ডিত, ৩ তৎ] বিণ, বস্ত্রাবৃত ; কাপড়ে মোড়া। ~হরণ-বি, বস্ত্র অপহরণ। ২ কাপড় কাড়িয়া লওয়া। ৩ নগ্ন করণ।

বস্ত্রাঞ্চল [বস্ত্র+অঞ্চল] বি, কাপড়ের আঁচল ; বসনপ্রান্ত।

বস্ত্রাবরণ [বস্ত্র+আবরণ] বি, বস্ত্রের আচ্ছাদন।

বস্থা₁ [অবস্থা >] বি, অবস্থা ; দশা।

~া₂ [ফা° বস্তা > গ্রা° উচ্চারণ বিকারে] বস্তা ; গাটরী।

বহ [বহ্ (বহন করা)+অ (র্ত্তৃ)] বিণ, যে বহন করে ; বাহক (এই অর্থে অন্য শব্দসহ যুক্ত হয়)। ২ [বহ্-অ (ণে বা ধি), যদ্দারা বহিয়া লইয়া যায়] বি, বাহন ; যান। ৩ বৃষস্কন্ধ। ৪ পথ ; রাস্তা। ~া₁-নদী।

বহই [ব্রজ°। বহা দ্রঃ] ক্রি, বহন করে। ২ বহিয়া। "বহই দিবস সব যাব"-বি° প°।

বহত [ব্রজ°। বহা দ্রঃ] ক্রি, বহে। ২ বহিতেছে। "আজি মলয়ানিল মৃদু মৃদু বহত নিরমল চাঁদ প্রকাশ।"-চণ্ডি°।

বহতা [হি° বহ্‌তা] বিণ, যা বহিয়া যাইতেছে ; প্রবহমাণ। প্র-বহতা জল। ২ চল্‌তি ; বর্ত্তমান current. প্র-ব° খাজনা।

বহতু [সং] বি, পথিক। ২ বৃষ।

বহন [বহ্+অন (ভা°)] বি, ভার লইয়া গমন। ২ অঙ্গে ধারণ ; মস্তকে, হস্তে, স্কন্ধে গ্রহণ। ৩ সহন। ৪ [বহ্+অন (ণে)। যদ্দারা বহন করা যায়] বি, যান ; বাহন।

বহনীয় [বহ্+অনীয় (র্ম্ম), যাকে বহন করা যায়] বিণ, বহনযোগ্য ; বাহ্য।

বহব [সং বহুশব্দের বহুবচনের রূপ। হি° বহুত, বহুতা। প্রা° বাং, ম° বাং পত্র লিখনে] বিণ, বহুল ; বহু বহু। "প্রণামা বহব নিবেদনঞ্চ বিশেষ।"

বহমান [বহ্+আন (র্ত্তৃ), ম আগম] বিণ, যে প্রবাহিত হইতেছে। ২ যে বহন করিতেছে।

বহয়ে [বহা দ্রঃ। পদ্যে] ক্রি, বহে ; প্রবাহিত হয়। "নয়নের জলে দেখ বহয়ে হিল্লোল"-বি° প°।

বহর [আ° বহ্‌র্ (উপসাগর, সমুদ্র ; (২) অর্ণবপোত, জাহাজ)] বি, পোত ; জাহাজ ; নৌশ্রেণী fleet (of boats) ; navy. "নাবিকেরা দিঙ্‌নিরূপণ করিতে না পারিয়া বহর হইতে দূরে পড়িয়াছিল।"-কপালকুণ্ডলা। ২ জলাশয়ের গভীরতা ; সমুদ্রের গভীরতা। ৩ [লক্ষ°] প্রস্থ ; ওসার। প্র-কাপড়খানার বহর খুব। "মাথায় ছোট বহরে বড় বাঙ্গালী সন্তান"-রবী°। ৪ বিকাশ ; পারিপাট্য। "রূপের বহর দেখে ই°।"

বহরমপুর পাঠানো [প্রাদে°। বহরমপুরে পাগলা গারদ থাকা হেতু] ক্রি, পাগলা গারদে দেওয়া। (তুল-হরিংবাড়ী দেওয়া বা পাঠানো। গোল্লায় যাওয়া ই°)।

বহল [বহ্ (বহন করা) অল (র্ত্তৃ, সমূহার্থে)] বিণ, কঠোর ; দৃঢ় ; কঠিন। ২ বহুল ; বিপুল ; অনেক। ৩ বি, জলযান ; নৌকা। স্ত্রীং ~া-ভেলা। ৪ [ব্রজ°] ক্রি, বহিয়া গেল ; অতিবাহিত হইল। "অরুণ পূরব দিশ বহল সগর নিশ গগন মগন ভেল চন্দা।" -বি° প°। ~গন্ধ [বহল (অতিশয়) গন্ধ (ঘ্রাণ) যাতে, বহু°] বিণ, অতি সুগন্ধযুক্ত।

বহলপ [ফা° ব+হলপ (দ্রঃ)। আদা°] অ, হলপ (দ্রঃ) করিয়া on oath.

বহা₁ [বহ₁ দ্রঃ] বি, নদী।

বহা₂ [সং-বহ্ (বহন করা) >। বহি, বহ (বহেন্, বহিস), বহে (বহেন) ; বহিতে ; বহিয়া (ক্ষে°, পদ্যে বহি), গ্রা° বহে। ণিজন্ত-বহান] ক্রি, বহন করা। প্র-মাথায় ভার বহা। ২ সহ্য করা ; পোয়ান। [প্রা° বাং-বহএ -বহন করে। বহসি-বহন করিস বা করিতেছিস। বহাঅ-বহন করাইও। বহাএ-বহন করায় ; চালায়। বহায়-বহন করাও। "ভার বহায় কি কারণে দেবরাজ"-শ্রী° কী°। বহায়িআঁ-বহন করাইয়া। বহায়িলোঁ-বহন করাইলাম। বহিবেঁ-বহন করিবে। বহিল, বহিলা -বহন করিলাম। বহিবোঁ-বহন করিব। বহী-বহন করি। বহোঁ-বহন করিব]।

বহা₃ [হি° বহ্‌না >] ক্রি, প্রবাহিত হওয়া। "বহিছে তটিনী।" ২ চলা ; থাকা ; বাহিত হওয়া। প্র-শরীর আর বহে না।

বহা₄ [বওআ (দ্রঃ) > বহা₁ > প্রবাহিত হওয়া বা বহিয়া যাওয়া > কুপথে যাওয়া > পাপসাগরে ভাসিয়া যাওয়ার ভাব] বিণ, যে কুপথে গমন করিয়াছে ; যে পাপসাগরে ভাসিয়া গিয়াছে, বওয়াটে ; বখা। ২ ক্রি, বহিয়া যাওয়া, ব'য়ে যাওয়া। ~টিয়া-বিণ, কুসঙ্গাসক্ত ; ভ্রষ্টচরিত্র ; বওয়াটে।

বহা₅ [বহ্ (বহন)+অ (র্ত্তৃ), যে বহন করে। গ্রা° বওয়া] বিণ, বহনকারী ; বাহী। ২ বি, বাহক। "পাটী ঢুলিচা বহা চলে শতে শতে।"-মনসা ম° (বন্ডীবর)।

[যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ... ও চা° দ্রঃ]

বহানি [বহাই, বহাও, বহায় ; বহাইতে (কে° বহাতে) ; বহাইয়া (কে° বহিয়ে, গ্রা° বইয়ে) ই°] ক্রি, বহন করান।

বহাল১ [আ°, ফা° বহাল্। বাহাল দ্রঃ] বিণ, স্থায়ী। ২ কার্য্যে নিযুক্ত। ৩ কর্ম্মে পুনঃ প্রতিষ্ঠা বা পুনর্ন্নিয়োগ। ৪ সুস্থ।

বহালি২ [বহাইল > কে°। বহা দ্রঃ] ক্রি, প্রবাহিত করিল। ২ বহন করাইল।

বহালি [ম° বাং। বহাল ও একটিন্ (acting) দ্রঃ] বিণ, স্থায়ী। "থানার দারোগা বিদায় লইলে ঐ দারোগাগিরি কর্ম্ম একটিন্ করেন, তৎপরে এ জেলার ফৌজদারী আদালতের ব° নাজির হন।"

বহি১ [বই দ্রঃ। হি° বহী] বি, পুস্তক ; গ্রন্থ। ২ খাতা। ~খাতা- হিসাবের খাতা ; হিসাব-কিতাব।

বহি২ [বই দ্রঃ। সং-ব্যতীত] অ, ব্যতীত ; ব্যতিরেকে। "দোষ বহি গুণ কারো না করে কথন।"-চৈ° ভা°। ২ বাদে ; পরে। "দিন দুই চারি বহি মিলাব মুরারি"-বি° প°। "বৎসরেক বহি হইল ঝগড়া"-কবিক°। ৩ অন্তরে। "যোজনে যোজনে বহি পড়ে এক পা।"-কবিক°।

বহি৩ [বহিয়া > কে°। বহা দ্রঃ] অস-ক্রি, বহন করিয়া ; বহিয়া। ২ প্রবাহিত হইয়া ; বহমান হইয়া। "নয়নক লোরে বহি যাওত ধরণী"-বি° প°।

বহি৪ [হি° বহী] স, ওই ; উহা।

বহিঃ [সং বহিস্ শব্দ] অ, বাহ্য প্রদেশ ; বহির্দ্দেশ ; বাহির। ২ সীমার শেষ। ~কেন্দ্র [জ্যা° (ক° বিশ° পরিঃ)] বি, ইং excentre এর বৈজ্ঞা° পরিঃ। ~কোণ-বি, ইং exterior angle এর বৈজ্ঞা° পরিঃ। ~প্রকোষ্ঠ-বি, বাহিরের ঘর ; বারবাড়ীর ঘর। ~সংসার-বি, বহির্জগৎ। ~স্থ [বহিস্ (বাহির) স্থা (থাকা) + অ (র্তৃ), যে বাহিরে স্থিত, উপ°] বিণ, যে বাহিরে থাকে ; বাহিরে অবস্থিত। ২ নীচ ; অধম। ৩ বারবান্। ৪ [জ্যা° (ক° বিশ° পরিঃ)] ইং external এর বৈজ্ঞা° পরিঃ।

বহিত্র [বহ্ (বহন করা) + ইত্র (ণে), যদ্দারা বহন করা যায়] বি, নৌকা বাহিবার দাঁড় ; পোত্র। ২ [-+ইত্র (র্ম্ম), যাকে বহন করে] বি, জলযান ; নৌকা।

বহিন, বহিনী [সং-ভগিনী > প্রাকৃ° ভইনী > বহিনি (মাগধী প্রাকৃত)। প্রা° বাং -'ভইন' ("কি কারণে কৈলা ভইন অশক্য কথন"-পদ্মাপু°, নারায়ণ দেব)। আধু° বাং কথ্য-ভগ্নী। হি° বহিন্। চ° বাং গ্রা°- বোন্, বুন্] বি, ভগিনী ; সহোদরা ; সহোদরা- স্থানীয়া নারী। প্র-অল্প দিনে দুটি বেটা দিয়াছে গোঁসাই। বহিনবিহীন পুত্র কার্ত্তিক গণাই।-শি°। ২ স্নেহসম্ভাষণ ; দিদি ; সখী ইং জ্ঞাপক। বহিন-ঝি-বোনঝি ; ভগ্নীর কন্যা। বহিন-পো-বোনপো ; ভগ্নীর পুত্র। "বেণু রায়ের নাতি দুটি রঙ্গা দিদির পো। গ্রামের সম্বন্ধে মোর হয় বহিনপো।"-ঘ°।

বহিরঙ্গ [বহিস্ (বাহিরে অর্থাৎ সম্বন্ধ বা স্নেহের বাহিরে) + অঙ্গ যার, বহু°] বিণ, বাহ্য অঙ্গ। ২ অনাত্মীয় ; পর। ৩ [ব্যা°] প্রত্যয় সম্বন্ধীয় ব্যাপার।

বহিরাগমন [বহিঃ + আগমন] বি, বাহিরে আসা। ২ প্রকাশ পাওয়া। ৩ বাহির হওয়া ; উদ্‌গমন।

বহিরাবরণ [বহিঃ + আবরণ] বি, বাহিরের আচ্ছাদন ; ওড়না ; ঢাকনা। ২ খোলস।

বহিরায়ণ [বহিঃ + আ (=অ) য়ন (গমন)] বি, অন্তরায়ণ (দ্রঃ)। বিণ, বহিরায়িত।

বহিরিন্দ্রিয় [বহিস্ (বাহিরে স্থিত) ইন্দ্রিয় (চক্ষুরাদি), ম° প° লো°] বি, চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ এই পঞ্চেন্দ্রিয়।

বহির্গত [বহিঃ + গত] বিণ, নির্গত। ২ উদ্‌গত। বি, বহির্গতি-"মহাশক্তিরও অন্তর্গতি ও বহির্গতি অভিব্যক্তি লাভ করে।" -উত্তরা, পৌষ, ১৩৩৩।

বহির্গমন [বহিঃ + গমন] বি, বাহিরে যাওয়া ; বাহির হওয়া।

বহিগ্রহ [জ্যা°] ইং superior planet এর বৈজ্ঞা° পরিঃ।

বহির্জগৎ [বহিঃ + জগৎ] বি, প্রকাশ- মান্ জগৎ ; জড়জগৎ ; প্রপঞ্চ ; বাহ্যজগৎ। [বিপরীত-অন্তর্জগৎ দ্রঃ]।

বহির্জনিষ্ণু [জীববিজ্ঞা° পরিঃ] বিণ, বাহিরে ফলপ্রসূ exogenous. বিপরীত- অন্তর্জনিষ্ণু (ভিতর হ'তে ফলোৎপাদক) endogenous.

বহির্দ্বার [বহিঃ + দ্বার] বি, বাহিরের দ্বার ; সদর দরজা।

বহির্দ্বিখণ্ডক [জ্যা° (ক° বিশ° পরিঃ)] ইং external bisector এর বৈজ্ঞা° পরিঃ।

বহির্দ্দেশ [বহিঃ + দেশ] বি, বাহিরের দিক্ ; বহির্ভাগ ; বারদিক্।

বহির্বাটী [বহিঃ + বাটী] বি, বারবাড়ী ; সদর বাড়ী ; বৈঠকখানা [তুল-অন্তঃপুর]।

বহির্ব্বাণিজ্য [বহিস্=বহিঃ (ভিন্ন দেশে) + বাণিজ্য (ক্রয়-বিক্রয়), ৭তৎ] বি, দেশান্তরে ক্রয় বিক্রয় ; বিদেশের সহিত বাণিজ্য।

বহির্ব্বাস [বহিস্ (বাহিরের) + বাস (কাপড়), ৬তৎ] বি, বৈষ্ণবদিগের কৌপীনের উপরে পরিধেয় বস্ত্র। "কটিতটে ডোর ধরি তাহাতে কপীন পরি বহির্ব্বাসে করি আচ্ছাদন।"-অ° ম°। ২ উত্তরীয় বস্ত্র। ৩ [বহিস্ + বাস (আবাস)] বাহিরে অবস্থিতি।

বহির্বৃত্ত [জ্যা° (ক° বিশ° পরিঃ)] ইং excircle এর বৈজ্ঞা° পরিঃ।

বহির্ভাগ [বহিঃ + ভাগ] বি, বাহির ; বহির্দ্দেশ।

বহির্ভূত [বহিস্ (বাহিরে) + ভূত (স্থিত), ৭তৎ] বিণ, বহির্গত। ২ বর্জ্জিত। ৩ বহিষ্কৃত। ৪ অতীত ; বাহিরে স্থিত। প্র-সীমানার বহির্ভূত। স্ত্রীং ~া।

বহির্মুখ [বহিস্ (বাহিরে) + মুখ (বদন) যার (বহু°)] বিণ, যার মুখ বাহিরের দিকে রহিয়াছে। ২ বিমুখ ; পরাঙ্মুখ। স্ত্রীং ~া। "বহির্মুখা শক্তির টানে জীব ক্রমাগত নিষ্ফলতার দিকে ছুটিতে থাকে..."-উত্তরা, পৌষ, ১৩৩৩। বিণ, বহির্মুখী।

বহির্লিখিত [জ্যা° (ক° বিশ° পরিঃ)] বিণ, ইং escribed এর বৈজ্ঞা° পরিঃ।

বহিশ্চর [বহিস্ (বাহিরে) + চর (যে গমন করে)] বি, যে গ্রামের বাহিরে বিচরণ করে।

বহিষ্করণ [বহিস্ (বাহির) কৃ (করা) + অন (ভা°)] বি, বিদূরণ। ২ বর্জ্জন। ৩ আবিষ্কার।

বহিষ্ক্রান্ত [বহিঃ + ক্রান্ত] বিণ, বহির্গত; নিষ্ক্রান্ত। ২ বিতাড়িত।

বহিষ্কৃত [বহিস্ (বাহির) কৃ (করা) + ত (র্ম), যাকে বাহির করিয়া দেওয়া হইয়াছে] বিণ, দূরীকৃত; স্থানান্তরীকৃত।

বহিস্থ [বহিঃ + স্থ (স্থিত)] বিণ, যে বা যা বাহিরে আছে; বাহিরের। স্ত্রীং ~া।

বহী [ব্যতীত >। কে° বই, বৈ। প্রা° বাং] অ, বই, ব্যতীত। "হাটে দান দেহ এ বাটে বহী"—শ্রী° কী°।

বহু, [বন্হ্ (বৃদ্ধি পাওয়া) + উ (র্তৃ), ন্ লোপ, যে বৃদ্ধি প্রাপ্ত হয়] বিণ, অধিক; অনেক; প্রচুর; বহুল। ~কাল [বহু (অনেক) কাল (ক্ষণ, সময়)] বি, বহুক্ষণ; বিলম্ব। ২ বহুদিন; অনেকদিন; বহুযুগ। বিণ, ~কালীন। ~কালাবধি [বহুকাল + অবধি] ক্রি-বিণ, অনেকদিন হইতে; বহুদিন ধরিয়া। ~কালাশ্রিত [বহুকাল + আশ্রিত] বিণ, যে অনেকদিন ধরিয়া আশ্রয়প্রাপ্ত; বহুকালের শরণাগত। > স্ত্রীং ~ কালাশ্রিতা। ~কালিয়া, ~কেলে [বহুকাল + ইয়া (যুক্তার্থে)] বিণ, অনেক দিনের; পুরাতন; সুপ্রাচীন ~ক্ষম [বহু (অনেক) ক্ষম্ (সহ্য করা) + অ (র্তৃ), কিম্বা বহু ক্ষমা আছে যার, বহু°] বিণ যে বহু ক্লেশাদি সহ্য করিতে পারে; ক্ষমাশীল সহিষ্ণু। স্ত্রীং~া। ~গ্রন্থি [ধা] বিণ, অনেক গাঁইটযুক্ত; গাঁটগাঁট। ~জ্ঞ [বহু (অনেক) জ্ঞ (জ্ঞা=জানা + অ + র্তৃ), উপ°, যে বহু বিষয় জানে] বিণ, বহুবিষয়বিদ্; বহুদর্শী স্ত্রীং~া। ~ত [সং—প্রভূত > পা° পহুত > হি° বহুত] বিণ, প্রভূত; অনেক; বিস্তর বহু। "বহুত মিনতি করি তোয়"—বি° প° "এমন হিন্দুর ভূত দেখেছি বহুত"—ভারত° "অনেক ফুল তুলিলে আর বহুত ফল খাইলে।"—শ্রী° কী°। ~তঃ [বহুতস্ শব্দ] অ, বহু বিধানে; অনেক প্রকারে। ~তন্ত্রি, তন্ত্রী, ~তন্ত্রীক [বহুতন্ত্রিন্ > বহুতন্ত্রী + ক (স্বার্থে)। বহু—তন্ত্র আছে যাতে, বহু°] বিণ, বহুতন্ত্রযুক্ত; অনেক তারবিশিষ্ট। ~তর [সং—বহু + তর (আধিক্যার্থে) অর্থাৎ বহু বহু। কিন্তু আধু° বাং অর্থ, হি° বহুত + ফা° তরহ্ (প্রকার) > হি° বহুতরহ্] বিণ, বিবিধ; বহুপ্রকার; বহুবিধ। ২ অনেক; বহুত; বিস্তর। 'বিস্তর সামগ্রী দিলা কহিতে বিস্তর। দাস দাসী দিলা সঙ্গে সৈন্য বহুতর॥"—অ° ম°। > স্ত্রীং ~া। ~তলক [ঘন জ্যা°(ক° বিশ্ব° পরিঃ)] বি, ইং polyhedron এর বৈজ্ঞা° পরিঃ। ~তা [বহু + তা (ভা°)] বি, বাহুল্য। ২ আধিক্য। ~তৃণ [তৃণ + বহু (তুল্যার্থে বহু প্রত্যয়ের পূর্ব্ব নিপাত)] বিণ, তৃণতুল্য; তৃণসদৃশ; তৃণবৎ। ২ [বহু (অনেক) তৃণ যেখানে, বহু°] বি, যেখানে অনেক তৃণ আছে; ভূমি; ময়দান। ~ত্র [বহু (অনেক) + ত্র (সপ্তমী স্থানে)] অ, অনেক স্থানে; বহুস্থলে। ~ত্ব [বহু + ত্ব (ভা°)] বি, অনেকত্ব। ~দ [বহু + দ (দাতা)] বিণ, দাতা; বদান্য। ~দক্ষিণ [বহু (ভূরি) দক্ষিণ (দাতা)] বিণ, বদান্য; অত্যুদার। স্ত্রীং ~া। ~দর্শন [বহু (অনেক) দর্শন আছে বা হইয়াছে যার, বহু°] বিণ, বহুদর্শী। ২ বি, বহুদর্শিতা। ~দর্শিতা [বহুদর্শী + তা (ভা°)] বি, বহুদর্শন; বহুজ্ঞতা। ~দর্শী [বহু (অনেক) দৃশ্ (দর্শন করা) + ইন্ (র্তৃ)=বহুদর্শিন্ ১মা, ১ব°। যার বহুদর্শন হইয়াছে] বিণ, যে অনেক দেখিয়া শুনিয়া বিজ্ঞ হইয়াছে; বহুজ্ঞ; অনেকদর্শী; দূরদর্শী। > স্ত্রীং ~দর্শিনী। ~দুগ্ধ [বহু (অনেক) দুগ্ধ (সারাংশ) যার, বহু°] বি, গম; গোধুম। > স্ত্রীং ~দুগ্ধা [বহু (অনেক) দুগ্ধ হয় যার (যে গাভীর), বহু°] বি, বহু দুগ্ধবতী গাভী। ~দুগ্ধিকা [বহু + দুগ্ধ + ক + আ (স্ত্রীং), ই আগম] বি, মহীবৃক্ষ; মনসা গাছ। ~দূর-বিণ, অনেক দূরবর্ত্তী; বহুদীর্ঘ। ২ [এই অর্থে বহুদূরে ও°] ক্রি-বিণ, অনেকটা স্থান ব্যবধানে। ~দূরবর্ত্তী [বহু ১মা, ১ব°] বিণ, অনেক দূরে স্থিত; বহুদূরস্থ। > স্ত্রীং ~দূরবর্ত্তিনী। বি, ~দূরবর্ত্তিতা। ~দূরস্থ [বহু-দূর-স্থ] বিণ, বহুদূরবর্ত্তী। > ~দূরস্থা। ~দৃষ্ট -বিণ, যে অনেক দেখিয়াছে; বহুদর্শী। > স্ত্রীং~া। ~দেশদর্শী [বহু-দেশদর্শিন্ শব্দ] বিণ, যে অনেক দেশ ভ্রমণ করিয়া তথাকার রীতি নীতি জ্ঞান ধর্ম্মাদি সম্বন্ধে অভিজ্ঞ হইয়াছে। > স্ত্রীং ~দেশদর্শিনী। বি, ~দেশদর্শিতা। ~দোষ [বহু (অনেক) দোষ (ত্রুটি)] বি, অনেক ত্রুটি; বহুভ্রম। ২ বিণ, যার অনেক দোষ আছে। ~ধন [বহু ধন আছে যার, বহু°] বিণ, প্রভূত ধনশালী; মহাধনী। ~ধা [বহু (অনেক) + ধা (প্রকারার্থে)] অ, অনেক প্রকার। ২ বহু বার। ৩ বিণ, বহুবিষয়ব্যাপী। ~ধার [বহু ধার (ধারা) আছে যার, বহু°] বিণ, বহুধারাবিশিষ্ট। ২ বহুমুখ। ~নাদ [বহু (অনেক) নাদ (ধ্বনি) যার] বি, শঙ্খ; শাঁক। ২ বিণ, বহুশব্দবিশিষ্ট। ~পত্নীক [বহু পত্নী যার, বহু°] বিণ, যে ব্যক্তির অনেক পত্নী আছে; যে বহু বিবাহ করিয়াছে। ~পত্র [বহু (অনেক) পত্র (পাতা) যার, বহু°] বি, পলাণ্ডু। ২ বিণ, অনেক পত্রযুক্ত, বহুপত্রবিশিষ্ট। > স্ত্রীং ~ত্রা। ~ী (-পী-) [বহু-পত্রিন্ ১মা, ১ব°] বিণ, বহুপত্রযুক্ত। ২ বি, আলুই। ~পদ [বীজ গ° (ক° বিশ্ব° পরিঃ)] বিণ, Polynomial এর বৈজ্ঞা° পরিঃ। ~পর্ণ [বহু পর্ণ (পত্র) যার, বহু°] বিণ, বহুপত্রযুক্ত। ২ বি, বহুপত্রী দ্রঃ। ~পর্ণিকা [বহু + পর্ণিকা (পত্রিকা)] বিণ, বহুপর্ণী দ্রঃ। ~পর্ণী [বহু পর্ণ (দ্রঃ) + ঈ (স্ত্রীং)] যার এক একটা বৃন্তে বহু (সাতটা) পত্র থাকে; সপ্তচ্ছদ বৃক্ষ; ছাতিম গাছ। ২ আখুপর্ণী। ~পুত্র [বহু (অনেক) পুত্র যার, বহু°] বিণ, যে পিতা বহু পুত্রবান্; অনেকপুত্র। > স্ত্রীং ~ী-বহুসন্তানবতী। ~পুষ্প [বহু (অনেক) পুষ্প হয় যার, বহু°] বিণ, যে বৃক্ষের অনেক পুষ্প হয়। ২ বি, নিম গাছ। > স্ত্রীং ~া। ~পুষ্পিকা-বি, ধাতকী

পুষ্পের বৃক্ষ ; ধাইফুলের গাছ। ~প্রজ, প্রজঃ [বহু (অনেক) প্রজা (সন্তান) যার, বহু° ; বহু° সমাসে প্রজা=প্রজস্, সূ=ঃ] বিণ, বহুসন্তানবিশিষ্ট। ২ শূকর। ~প্রদ [বহু (অনেক) প্র-দা (দান করা) + অ (র্তৃ)] বিণ, যে, অনেক দান করে ; অতিশয় দাতা ; বদান্য। > স্ত্রীং ~া। ~প্রবাহ [বহু-প্রবাহ আছে যার, বহু°] বিণ, যার প্রবাহ বহুদিকে বিস্তৃত হইয়াছে ; বহুধার। ২ বি, অজস্রধারা। > ~ী - বহুপ্রবাহযুক্ত। ~প্রসবিনী [বহু-প্র-সূ-ণিন্ (র্তৃ) + ঈ (স্ত্রীং)] বিণ, যে অনেক সন্তান প্রসব করিয়াছে ; বহুসন্তানবতী। ~প্রসূ [বহু (অনেক)-প্র-সূ (প্রসব করা) + কিপ্ (র্তৃ)=প্রসূ (যে অনেক প্রসব করে)] বি, যে স্ত্রী অনেক সন্তান প্রসব করিয়াছে। ২ বিণ, বহু-প্রসবিনী। ~ফল [বহু (অনেক) ফল যার, বহু°] বি, বৈচী ; বিকঙ্কত বৃক্ষ। ২ কদম্ব বৃক্ষ। ৩ বিণ, বহুফলবিশিষ্ট। > স্ত্রীং ~া [বহু-ফল-আ (বিশিষ্টার্থে)] বিণ, বহু-ফলবিশিষ্টা। ২ বি, আমলকী বৃক্ষ solenium indicum ; emblic myrobalan. ~ফলক [গ° পরিঃ] ইং polyhedron এর বৈজ্ঞা° পরিঃ। ~ফলী [মু° বহুফলিন্] বিণ, বহুফল-বিশিষ্ট। ২ বি, আমলকী বৃক্ষ ; বহু কলা। ~বচন [বহু (অনেকের) বচন (কথন) হয় যা হতে, বহু° ; যে বহুত্বরূপ অর্থ প্রকাশ করিয়া বলে] বি, ব্যাকরণে যদ্দারা বস্তুর অনেকত্ব বুঝায় ; দুইয়ের অধিক সংখ্যাবাচকতা plural number. [বাং-র বহুব° রূপ-আদি, আদ্দিক ('স্বামাদিক'-নরোত্তম বিলাস), এ (লোকে বলে), এরা (বালকেরা), কুল (অলিকুল), গণ, গুলা, গুলিন, গুলো গোর (আমাগোর, তানাগোর)। তুল-গা (সাঁওতাল পরগণার-ইগা=এরা, এগুলা, মানভূমে-ইহা-গা=এইসব, হাৎগা=হাতগুলা- O.D.B.L.) দিক ; দিগ (লোকদিকঘারা, লোকদিগে, তাদিগে), দিগে, দিগের, দের, রা, সকল, সব, সবা, সবে, সভ, সভা, সভে, সব্ব, সব্বে (আমাসভা=আমরা 'আম্বে সব্বে'=আমরা সব), সমস্ত, সমূহ (বৃক্ষ সমূহ) ই°। তুল-মানে (ওড়ি°), লোক, ঘোর, বিলাক, হন্ত (অসমীয়া)] ~বল [বহু (অনেক) বল (শক্তি) যার, বহু°] বিণ, মহাবলী ; অতিশয় বলবান্ ; বহুশক্তিশালী। ২ বি, সিংহ। ~বল্লভ [বহু (নায়িকার) বল্লভ (প্রিয় ; স্বামী)-শ্রীকৃষ্ণ (জয়দেবে, বিদ্যাপতিতে)] বি, বহু নায়িকার বল্লভ ; শ্রীকৃষ্ণ। "হসি বহু বল্লভ আলিঙ্গন দেল ধৈরজ লাজ রসাতল গেল।"- বি° প°। ~বার১-অনেকবার ; অনেক সময়। ~বার২ [সং] বি, বহুবার দ্রঃ ; লাসোড়া নামক ফলবৃক্ষবিঃ cordia myxa. ২ চালতা বৃক্ষ। ~বিৎ [বহু-বিদ্=বিৎ] বিণ, যে অনেক বিষয় জানে ; বহুজ্ঞ। ~বিধ [বহু (অনেক) বিধা (প্রকার) যার, বহু°] বিণ, নানাপ্রকার ; বিবিধ। ~বিবাহ-বি, একাধিক পরিণয়। ২ [সাধাঃ পুরুষপক্ষে] বহু পত্নীকরণ। ~বিবাহকারী [বহু-বিবাহ-কারিন্ ১মা, ১ব°] বিণ, যে ব্যক্তি অনেক বালিকার পাণিগ্রহণ করে ; বহুপত্নীক। ~বিস্তীর্ণ [বহু-বিস্তীর্ণ] বিণ, বহুদূর পর্য্যন্ত প্রসারিত ; সুবিস্তৃত। ২ বিশাল। > স্ত্রীং ~া। ~বীজ [বহু (অনেক) বীজ (আঁটি) যে ফলের, বহু°] বি, আতা ফল। ২ ধুতুরা ফল। ৩ দাড়িম্ব। ৪ বিণ, অনেক বীজ-যুক্ত। ~বেত্তা - বিণ, যে বহু বিষয় বিদিত আছে ; বহুজ্ঞ। ~ব্রীহি [বহু (অনেক) ব্রীহি (শস্য) যার, বহু°] বিণ, বহু শস্যবিশিষ্ট। ২ [ব্যা°] বি, সমাসবিঃ ; যে সমাসে দুই বা বহু পদ দ্বারা সমাস হইয়া সমাস-ঘটিত পদকে না বুঝাইয়া অন্য কোন পদার্থকে বুঝায়। ~ভাগ, ভাগী, ~ভাগ্য [বহু-ভাগ, ভাগ্য (সৌভাগ্য) যার, বহু°, মু° বহু-ভাগিন্ ১মা, ১ব°] বিণ, অতিশয় সৌভাগ্য-শালী ; সৌভাগ্যবান। > স্ত্রীং ~ভাগা, ~ভাগ্যা, ~ভাগিনী। ~ভাষী [বহু (অনেক) ভাষ্ (বলা) + ইন্ (র্তৃ)=বহু-ভাষিন্ ১মা, ১ব°] বিণ, যে অনেক কথা বলে ; বাচাল। ২ অনেক ভাষাবিদ্ ; বহু-ভাষাভিজ্ঞ। > স্ত্রীং ~ভাষিণী। বি, ~ভাষিতা। ~ভুজ [ব্যা° (ক° বিশ° পরিঃ)] বি, ইং polygon এর বৈজ্ঞা° পরিঃ। ~মঞ্জরী [বহু (অনেক) মঞ্জরী (মুকুল) হয় যার, বহু°] বিণ, গাছে অনেক মুকুল হয় এমন। ২ বি, তুলসী। ~মত [বহু (অনেক) + মত (মন্=বোধ করা + ত, র্তৃ)] বিণ, সমাদৃত। ২ বহুজ্ঞানশালী। ~মল [বহু (অনেক) মল (ময়লা) যার, বহু°] বিণ, অনেক মলযুক্ত। ২ বি, সীসক। ~মান, -মান্য [বহু (অনেক) মান, মান্য (সম্মান) যার, বহু°] বিণ, যার প্রচুর সম্মান আছে ; সম্মানিত ; বহুমানার্হ ; বহুমানাস্পদ। ২ বি, সমাদর ; সম্মান। ~মানাস্পদ [বহু-মান + আস্পদ] বিণ, যার বিপুল মান্য ; অতিশয় সম্মানিত ; সমাদরের পাত্র। ~মার্গ [বহু (অনেক) -মার্গ (পথ) হইয়াছে যার, বহু°] বিণ, অনেক পথবিশিষ্ট। ২ [বহু (বহুবিধ) মার্গ (পথ), ধা] বি, নানা পন্থা। ৩ অঙ্গন ; চত্বর ; উঠান। > বিণ, ~মার্গী-নানা পথাবলম্বী। ~মুখ [বহু মুখ আছে যার, বহু°] বিণ, যার অনেক মুখ ; বহুমুখী [স্ত্রীং ~া, ~ী]। ২ [অর্থ শা°] বি, চর্ম্মাবৃত তীরন্দাজদিগের দ্বারা চতুর্দ্দিকে তীর নিক্ষেপ জন্য নির্ম্মিত দুর্গ বা নগর প্রাচীরোপরিস্থ গুমটী। ~মূত্র [আয়ুঃ] বি, যে রোগে পুনঃ পুনঃ অথবা বহুবার মূত্রত্যাগ হয় এবং তৎসঙ্গে জীবনী শক্তির হ্রাস হতে থাকে ; মেহ রোগবিঃ (বহুমূত্র দুই প্রকার। মূত্রের সহিত চিনি থাকিলে তাহা মধুমেহ, না থাকিলে মূত্রমেহ) diabetes. ~মূর্ত্তি [বহু-মূর্ত্তি (স্বরূপ) যার, বহু°] বিণ, বহুরূপ ; অনেক মূর্ত্তি বা রূপবিশিষ্ট। ২ বি, শিব। ৩ বিষ্ণু। ~মূর্দ্ধা [বহু (অনেক) মূর্দ্ধা (মস্তক) যার, বহু°] বিণ, বহুমস্তকযুক্ত ; বহুশিরস্ক। ২ বি, বিষ্ণু। ~মূল, -মূলক [বহু (অনেক) মূল যার, বহু° + ক (স্বার্থে)] বিণ, অনেক মূলবিশিষ্ট। ২ বি, এক প্রকার ঘাস। ৩ বটবৃক্ষ। ৪ নাগবিঃ। > স্ত্রীং ~া-শতাবরী ; শতমূলী। ~মূল্য [বহু (অনেক) মূল্য (দাম) যার, বহু°] বিণ, মহার্ঘ ; আক্রা ; দামী। ২ যা অত্যন্ত মূল্যবান্ ও সার্থক valuable. প্র-বহুমূল্য জীবন। ~য়ার, ~য়ারি [সং-বহুবার] বি, বহুবার ; বৃক্ষ ; লাসোড়া গাছ cordia myxa. ২ [বহুরি দ্রঃ]

বধূটী। ~রত্ন [বহু (অনেক) রত্ন আছে যার, বহু°] বিণ, বহুরত্নশালী ; অতিশয় ধনবান্। > স্ত্রীং ~া। ~রন্ধ্র [বহু (অনেক) রন্ধ্র (ছিদ্র) আছে যার, বহু°] বি, অনেক ছিদ্রযুক্ত ; ঝাঁঝরা। ~রাশিক [গ° পরি:] বি, পাটীগণিতের দুইটি বা ততোধিক ত্রৈরাশিকঘটিত অঙ্ক double rule of three.

~রি, -রী [সং-বধূটী > বহুড়ী, বহুরী, বহুরি। প্রা° বাং-বউরী, বৌয়ারী (কৃত্তি°)] বি, বধূটী ; বালিকাবধূ। "কুলের বহুরি আমি কুলের নন্দিনী। আপনার ভাল মন্দ আপনি সে জানি"-কবিক°। "যোগেশ্বর ফেরি বহুরিক পাণি ধরি কুশল করব বনদেব।" -বি° প°। "বহুরী বেরি বেরি কাহে পাড়ি"-ঐ। ~রূপ [বহু (অনেক) রূপ(মূর্ত্তি) যার, বহু°] বিণ, যে নানারূপ ধারণ করে ; বহু বেশধারী। "আগে হইতে বহুরূপ জানে যুবরাজ। নাটুয়ার মত সঙ্গে আছে কত সাজ।" -ভারত°। ২ [বহু (বহুপ্রকার) রূপ, ধা] বি, নানাবিধ স্বরূপ। ৩ শিব। ৪ বিষ্ণু। ৫ কৃকলাস। ~রূপা [দেহের বর্ণের বহু পরিবর্ত্তন করে বলিয়া এই নাম] বি,সরট; কৃকলাস chameleon. ~রূপী [মু° বহুরূপিন্] বিণ, বহুরূপ দ্রঃ। ~রেখ,-রেখা [বহু রেখ,রেখা আছে যার, বহু°] বিণ, অনেক রেখাবিশিষ্ট। ~রোমা [বহু (অনেক) রোমন্ (লোম) আছে যার, বহু°, মু° বহুরোমন্ ১মা, ১ব°] বিণ, বহুলোমযুক্ত। ২ বি, মেষ ; ভেড়া। ~ল [বন্‌হ (বৃদ্ধি পাওয়া)+উল (র্ক্তৃ), ন্ লোপ। প্রা° বৌ° সা° বহুল (চ° পদ° ২৬।৪)] বিণ, অনেক ; অধিক। ২ [বহু-লা (দান করা)+অ (র্ক্তৃ)] বিণ, যে বহু দান করে ; বহুদ [বিরল]। ৩ কৃষ্ণপক্ষ। ৪ বউল; বকুল। "বহুল মহুল সেআলী" -শ্রী° কী°। স্ত্রীং ~া-গাভী। ২ তামসী রাত্রি। ~গন্ধা -বি, এলাচি। ~চ্ছদ [বহুল+ছদ (পত্র)] বিণ, বহুপত্রবিশিষ্ট ; অনেক পর্ণ। ~তা (-ত্ব) [বহুল+তা (ভা°)] বি, বাহুল্য। ~শঃ [বহু+শস্ (বারার্থে) = বহুশস্, স্=ঃ] বিণ,বহুবার।~শত্রু [বহু (অনেক) শত্রু যার, বহু°] বিণ, যার অনেক শত্রু আছে এমন ; অনেক রিপুবিশিষ্ট। ~শাখ [বহু-শাখ (শাখাবিশিষ্ট)] বি, যার অনেক শাখা আছে এমন ; বহুশাখাবিশিষ্ট। ২ বি, বহুশাখাযুক্ত বৃক্ষ। ~শাস্ত্রজ্ঞ [বহু-শাস্ত্র-জ্ঞ] বি, যে অনেক শাস্ত্র জানে। > স্ত্রীং ~া। ~শিখ [বহু-শিখ (শিখা আছে যার, বহু°)] বিণ, বহুশিখাযুক্ত ; অনেক চূড়াবিশিষ্ট। ~শিখা [বহু-শিখা আছে যার, বহু°] বিণ, অনেক শিখাযুক্ত। ২ বি, অগ্নি। ~শ্রুত [বহু (বহুবার) শ্রুত (বেদাদি শ্রবণ) হইয়াছে যৎ কর্ত্তৃক, বহু°] বিণ, অনেক শ্রুতিশাস্ত্রবেত্তা। ২ সুপণ্ডিত ; সুশিক্ষিত। ~শ্রেয়ান্ [বহু-শ্রেয়ান্ (শ্রেয়স্)] বিণ, অনেক গুণশালী ; বহুধর্ম্মাত্মক। ২ সুপ্রশস্ত। ৩ বহুগুণে শ্রেষ্ঠ। > স্ত্রীং ~শ্রেয়সী। ~সন্ততি [বহু (অনেক) সন্ততি (সন্তান) যার, বহু°] বিণ, যার অনেক পুত্রকন্যা আছে। ২ বি, বেউড় বাঁশ। ~সার [বহু (অনেক) হইয়াছে সার (সারভাগ) স্থিরাংশ যার, বহু°] বি, খদিরবৃক্ষ। ২ বিণ, যাতে অনেক সারাংশ আছে। ~স্ত্রীক [বহু-স্ত্রী-যার, বহু°, সমাসান্তে ক আগম] বিণ, যার অনেক পত্নী আছে ; বহুপত্নীক। ~স্রবা [বহু (অনেক) স্রব (ক্ষীরক্ষরণ) হয় যার, বহু°] বি, শল্লকীবৃক্ষ ; শলই ; কুন্দুরুকী। ~স্বন [বহু (অনেক) স্বন (শব্দ) যার, বহু°] বিণ, অনেক শব্দযুক্ত ; নিনাদিত। ~স্বামিক [বহু (অনেক) হইয়াছে স্বামী (অধিকারী) যার, বহু°] বিণ, অনেকের স্বামিত্ব বা অধিকারবিশিষ্ট ; যে ভূমিতে অনেক ভূস্বামীর অধিকার থাকে।

বহু₂ [সং-বধূ > হিং বহু ; > বাং-বহু, বউ] বি, বধূ ; বউ। "গোআলের বহু ঝি লইআঁ জাইব আহ্মে"-শ্রী° কী°। "শুন লো সুন্দরী, তুমি সে বড়ুয়ার বহু"-চণ্ডি°। ~আরী, ~ড়ী [ঝিয়ারী দ্রঃ। বধূটী >] বি, বালিকা বা যুবতী বধূ ; বহুড়ী। ~ক [প্রা° বাং] বধূকে।

বহু₃ [বহা দ্রঃ। বহ্ ধাতুজ, হিং, ব্রজ° বহ +উ-বহু। বাং-র-বহুক। তুল-হিং বহু=বাং-র -বহুক] ক্রি,বহে।২ বহুক; প্রবাহিত হউক। "মলয় পবন বহু মন্দা"-বি° প°।

বহুড়ী [সং-বধূটী > প্রা° বাং] বি, বালিকাবধূ। "পাখা নাহি তবু ঢেঁকী উড়িয়া বেড়ায়। কোণের বহুড়ী লয়ে কন্দলে জড়ায়।"-অ° ম°। "ধূলায় লোটায়ে কান্দে শাশুড়ী বহুড়ী"-ম°।

বহুনি,-নী-বউনি দ্রঃ।

বহুলা [বহুল (দ্রঃ)+আ (স্ত্রীং)] বি, কৃষ্ণপক্ষ। ২ কৃত্তিকা নক্ষত্র। ৩ নদীবিঃ। ৪ তমসাচ্ছন্ন রজনী।

বহুলাশ্ব [বহুল (অনেক) হইয়াছে অশ্ব (ঘোটক) যার, বহু°] বিণ, অনেকাশ্ববিশিষ্ট। ২ বি, জনকবংশীয় রাজাবিঃ।

বহুলীকরণ [বহুল-ঈ (অভূততদ্ভাবার্থে চ্বি)=বহুলীকরণ] বি, যা বহু ছিল না তাহাকে অনেক সংখ্যক করণ ; গুণন। ২ পাটায় আছড়াইয়া ধান্যমঞ্জরী হতে ধান্যাদি রাশীকরণ।

বহুলীকৃত [বহুল (অনেক) কৃত+চ্বি, ঈ-আগম] বিণ, বিস্তারিত। ২ পাটায় আছড়াইয়া ধান্যমঞ্জরী হতে ধান্যাদি রাশীকরণ।

বহূ [সং-বধূ > হিং বহূ] বি, বহু (দ্রঃ) ; পুত্রবধূ ; বউ। ২ পত্নী ; স্ত্রী।

বহূদক [বহু+উদক (উন্দ+ণক; র্ক্তৃ)] বিণ, প্রচুর জলবিশিষ্ট।

বহেড়া [সং-বিভীতকী > বিভীতক > প্রাকৃ° বহেড়অ > হিং বহেড়া, বহেরা > বাং-র ক্ষে° বয়ড়া] বি, বয়ড়া belerica myrobalan.

বহ্নি [বৈদিক সাহিত্যে বহ্নি অর্থে 'বাহক'। বহ্ (বহন করা)+নি (র্ক্তৃ, জ্ঞা°), যিনি হবনীয় বহন করেন] বি, অগ্নি ; হব্যবাহ। ২ ভল্লাতক। ৩ নিম্বুক। ৪ চিত্রক। ৫ [তন্ত্র°] রেফ ; রবর্ণ। ~কাষ্ঠ [বহ্নি (প্রজ্বালনার্থ) কাষ্ঠ, ৬তৎ] বি, জ্বালানিকাষ্ঠ। ২ অগ্ন্যুৎপাদক কাষ্ঠ ; গণিকারিকা বৃক্ষের কাষ্ঠ। ~গর্ভ [বহ্নি (অগ্নি) গর্ভে (অভ্যন্তরে) যার, বহু°] বি, যার পরস্পর ঘর্ষণে বহ্নি বাহির হয় ; বংশ ; বাঁশ। ২ [বাড়বাগ্নি থাকায় জন্য] সমুদ্র। > স্ত্রীং ~গর্ভা-বিণ, যার গর্ভে বহ্নি

আছে। ২ বি, শমীবৃক্ষ ; শাঁই গাছ। ~জ্বালা [বহ্নি (আগুনের) জ্বালা (শিখা)] বি, অগ্নিশিখা। ২ [বহ্নির জ্বালার (ন্যায়) জ্বালা যার, বহু০] বি, ধাতকী বৃক্ষ। ~বিবিক্ষু [বহ্নি (তে) বিবিক্ষু (প্রবেশেচ্ছু)] বিণ, অগ্নির মধ্যে প্রবেশ করিতে ইচ্ছুক ; অগ্নি প্রবেশাভিলাষী। "বহ্নি বিবিক্ষু পতঙ্গের ন্যায় তাহাতে ঝম্প প্রদান করিতেছে।"-বাঙ্গালী, ১৩২২। ~বীজ [বহ্নি (অগ্নির) বীজ (মন্ত্র)] বি, বহ্নির বীজমন্ত্র। ~মন্থ [বহ্নি (অগ্নি) মন্থ (মন্থন করা), উপ০] বিণ, যে অগ্নিকে মন্থন করে : মন্থন দ্বারা অগ্নি উৎপাদক। ২ বি, গণিকারিকা বৃক্ষ। ইহার কাষ্ঠ মন্থন করিলে অগ্নি উৎপন্ন হয় বলিয়া এই নাম। ~মিত্র [বহ্নি (র) মিত্র] বি, বায়ু। ~মুখ [বহ্নি হইয়াছে মুখ যাদের, বহু০] বি, দেবতা ; ইহারা বহ্নিরূপ মুখ দ্বারাই হব্য গ্রহণ করেন।~রাশি-বি, ব্যাপক অগ্নি ; অগ্নিরাশি। ~রেতাঃ [বহ্নিরেতস্ > বহ্নিতে (নিক্ষিপ্ত) রেতস্ (শুক্র) যার, বহু০] বি, শিব। ~শিখ [বহ্নির শিখার ন্যায় শিখা যার, বহু০] বি, কুসুম্ভপুষ্প ; কুঙ্কুম। ২ বিণ, অগ্নিশিখাযুক্ত। ~সংস্কার [বহ্নি (দ্বারা) সংস্কার, ৩তৎ] বি, অগ্নিদাহ। ২ শবদাহ। ~সখ [বহ্নি (অগ্নির) সখা (মিত্র)] বি, বায়ু। [দ্রঃ-অগ্নির এক নাম বায়ুসখ]।

বহ্ম-ব্রহ্ম দ্রঃ।

বহ্মণ [বৌ০ বাং প্রাকৃ০] বি, ব্রাহ্মণ। "ণ উ সুদ্দ ণ ব০।"-দো০, ৯৯ পৃ০। সুদ্দ=শূদ্র।

বহ্বপত্য [বহু+অপত্য] বিণ, যার অনেক সন্তান ; বহুপুত্রবান্। ২ শূকর। বি, ৩ মূষিক।

বহ্বর্থ [বহু+অর্থ] বিণ, যার অনেক অর্থ হয় ; নানার্থক।

বহ্বাড়ম্বর [বহু+আড়ম্বর (ঘটা)] বি, বাহিরে খুব ধূমধাম ; অতিশয় জাঁকজমক।

বহ্বায়তী [বহু+আয়ত+ঈ (স্ত্রী০, ইদমর্থে)] বিণ, বিশালা ; বিপুলা। "বিবিধ মহার্ঘ রত্নদিকরে পরিপূর্ণ এই ব০ বসুন্ধরায় অভিজ্ঞতা ব্যতিরেকে কেহই শ্রেয়োলাভ করিতে পারে না।"-মহা০ (প্র০ রায়)।

বহ্বায়াস [বহু+আয়াস] বি, বহু কষ্ট ; বহু শ্রম ; বহু চেষ্টা। ~সাধ্য [বহু+আয়াস =বহ্বায়াস দ্বারা সাধ্য (৩তৎ)] বিণ, অনেক কষ্টে সম্পাদ্য। "যদি বহ্বায়াসসাধ্য এই কাব্যদর্পণ সভ্য সমাজে অরুচিকর না হয়" -জয়গোপাল গোস্বামী।

বহ্বারম্ভ [বহু+আরম্ভ] বি, মহা আড়ম্বর ; যার আরম্ভে বাহুল্য আছে।

বহ্বাশ [বহু+আশ] বিণ, বহু আশাযুক্ত ; যার অনেক আশা। ~া-বি, অনেক আশা ; বহু আকাঙ্ক্ষা। ~ী [বহু (অনেক-অশ্ (ভোজন করা)+ইন্ (র্তৃ)=বহ্বাশিন্ ১মা, ১ব০] বিণ, বহুভোজনশীল ; বারম্বার আহারেচ্ছু। ২ বহু আকাঙ্ক্ষাযুক্ত। > স্ত্রীং বহ্বাশিনী। ৩ বি, ধৃতরাষ্ট্রের পুত্রবিঃ।

বহ্বাস্ফোট [বহু+আস্ফোট] বি, বহু আস্ফালন। ২ বড়াই।

বহ্বৃক্ [বহু (অনেক)+ঋক্ (মন্ত্র) যাতে, বহু০] বিণ, বহুমন্ত্রযুক্ত ; বহুমন্ত্রমুখরিত।

বহ্বৃচ [বহু (অনেক)+ঋচ্ (বেদমন্ত্র)+অ (অধীতার্থে)] বি, বহু বেদশাখার পারদর্শী ; বহু বেদজ্ঞ। স্ত্রীং বহ্বৃচী-ঋগ্বেদবেত্তার পত্নী।

বহ্য [বহ্ (বহন করা)+য (ণে), যদ্দারা বহন করে] বি, শকট ; যান ; বাহন ; গাড়ি। ২ বিণ, বহনযোগ্য ; বহনীয়।

বা১ [বা (গমন করা)+(ক্বিপ্, ভা০)] অ, সন্দেহ ; বিতর্ক ; হয়ত। প্র-সেই বা এসব কাণ্ড করে বসেছে! "দেখিআঁ বা কি বুলিব ঘরের গোআল।"-শ্রী০ কী০। "আগু গেলী গোআলিনী সে বা লই জাএ"-ঐ। ২ নিশ্চয়। ৩ সমুচ্চয়। ৪ উপমা। প্র-এই বা মন্দ কিসে হল, ওই বা ভাল কিসে হল? "পুরুবে গুনীএ বা রামরাজ্য সে ভৈল কংসের দেশে।" -শ্রী০ কী০। ৫ নানার্থ। ৬ পাদ পূরণার্থক শব্দ। ৭ সম্ভাবনা। প্র-তাহাই বা ঘটে। ৮ কিম্বা ; অথবা ; না হয় ; পরিবর্ত্ত or ; whether. [আর যোগে-whether or no. প্র-সে গেলেই বা কি, আর থাকিলেই বা কি]। ৯ বিয়োগবিবাচক। "মারিবোঁ কংস আসুর তোর দাপ করোঁ চুর দেখোঁ কে বা পড়ি থাএ তোরে"-শ্রী০ কী০। ১০ প্রশংসার্থে। প্র-বা বেশ! বা রে! ১১ নিন্দা বা তিরস্কারার্থে। প্র-বা রে ছেলে, ওকে মারলি কেন? বা, তোমাকে না যেতে বল্লুম? এখনও দাঁড়িয়ে?

বা২ [বা (গন্ধ লইয়া যাওয়া)+ক্বিপ্ (র্তৃ, ভা০), যে পুষ্পের গন্ধ লইয়া যায়। প্রা০ ব্যবহারে ও পদ্যে] বি, বাত ; বায়ু ; বাতাস। "আলসহি পূরল সকলহি গা। বসন সেই ঘন ঘন কর বা।"-বি০ প০। "কেহ কেহ চামরে করিছে মন্দ বা।"-ঘ০। "করে বসনের বা" -চণ্ডি০। ২ [বাতাস >] স্পর্শ। "পাইয়া সন্ধান হব সাবধান, না লব তাহার বা।"-চণ্ডি০।

বা৩ [ফা০] অ, সহিত। আদালতের কাগজপত্র ব্যতীত বাং-র বিরল। প্র-বা খোদা। বা কায়দা।

বাঅ [সং-বাত। বায় দ্রঃ] বি, বাতাস ; বায়ু (শ্রী০ কী০)। "চারিদিকে পড়এ লইত চামরর বাঅ"-শূ০ পু০।

বাঅন১ [বঙ্গন > বাং প্রাকৃ০। হিং বৈংগন] বি, বেগুন। "বিত্তর ছুঃখত পরভু জনমাইল ধান। ভীমক চাই বাঅন পটল তাউলর আন।"-শূ০ পু০।

বাঅন২ [বামন > বাং প্রাকৃ০] বিণ, বামন ; বেঁটে।

বাঅন৩ [বায়ান্ন > প্রা০ বাং] বি, বিণ, ৫২ সংখ্যা বা সংখ্যক।

বাঅন৪ [বাদন >, প্রা০ বাং প্রাকৃ০] বি, বাদন ; বাজান ; বাদ্য করা।

বাআ১ [বাহা দ্রঃ। বাই, বাও, বায় ; বাইতে ; বাইয়া (কে০ বেয়ে)। ণিজন্ত-বাআন] ক্রি, বাহা ; বাহিয়া যাওয়া। "সুনায় জাঙ্গালে পথ বায়"-শূ০ পু০।

বাআ২ [সং-বাদন > বাঅন+আ (ক্রিয়ায়)=বাঅনা > বাআ (প্রা০ বাং-র-বাআঁ)। বাই, বাও, বায় (প্রা০ বাং-বাঅ) ; বাইতে ; বাইয়া (কে০ বেয়ে)। প্রা০ বাং-বাইআঁ, বাআঁ=বাদন করিয়া ; বাজাইয়া। "সুন্দর সে গীত গাঁথা বাআঁ করতালী।" -শ্রী০ কী০] ক্রি, বাদন করা ; বাজান। "ধুলি বেড়াএকা নাম লইয়া ফিরিয়া বংশী বাইয়া"-কবিশেখর।

বাআ৩ [সং-বৃথা > প্রাকৃ০ বেথ০ > বেঅঅ > বেআ >] বিণ, ব্যর্থ ; বৃথা ; বাওয়া (দ্রঃ)। প্র-বা০ডিম।

বাআ৪ [সং-বাসা > চ০ ক০ ভা০-বাআ] বি, পাখীর বাসা।

বাআজি [চ০ ক০ ভা০] বি, বাবাজি।

বাআম-বাহার দ্রঃ।

বাই১ [বায়ু >] বি, বায়ুরোগ ; উন্মাদ ; বায়ুজনিত পীড়া। "রাধা কিদিয়া করায়িলি বাই"-শ্রী০ কী০। ২ বাতিক ; প্রবল ঝোঁক ; উৎকট সখ। প্র-তার তাস খেলার বাই আছে। "প্রতিদিন আসি বিমুখে যাই। নিবৃত্তি না হয় এ আসা-বাই।"-বাং গান।

বাই২ [মূলে সং-বিধ্ (বেধনে, ছিদ্রীকরণে) >। শ্রীহট্ট০প্রাদে০] বি, বিঁধ ; ছিদ্র ; রন্ধ্র। ২ নাকের বাই ; নাসারন্ধ্র।

বাই৩, বাঈ [সং-গৃহপত্নী > জৈন প্রাকৃ০ "গাহা বইনী"। তুর্কী০ বাজী (বড় ভগ্নী)] বি, মহিলা ; সম্ভ্রান্তা স্ত্রী ; বিবি lady. রাজপুতানা, মহারাষ্ট্র, গুর্জ্জর ই০ দেশে এতদর্থে ব্যবহৃত হয়। প্র-'অহল্যাবাই', 'রমাবাই'। ২ [সং-বা (গমন করা)+ই (স্ত্রী, সৌন্দর্য্যার্থে), যার গতি বা পদক্ষেপ সুন্দর, অর্থাৎ নর্ত্তকী] নর্ত্তকী ; নৃত্যগীত-ব্যবসায়ী রমণী [পূর্ব্বে সম্ভ্রান্তা মহিলারা নৃত্যগীতাদিতে সুশিক্ষিতা হইতেন ক্রমে ইহা নর্ত্তকীদিগের ব্যবসায়ে পরিণত হয় এবং বাই গৃহপত্নীকে (গাহা বইনি) না বুঝাইয়া নর্ত্তকী বুঝাইতে থাকে]।

বাই৪ [বাহু >। 'বাউ' দ্রঃ] চুড়ি, শাঁখা ই০ হস্তালঙ্কারের গুচ্ছ বা গাছ ; এক হস্তের চুড়ির মেল ; চুড়ির সাট ; যোড়। প্র-বাই মিলাইয়া চুড়ি পরা। "দরিতে দেখিলু দার্চ্য দিব দুই বাই"-শি০।

বাই৫ [সং-বাহু >] বি, তাল, নারিকেল, খর্জ্জুরাদি বৃক্ষের সবৃন্ত পত্র ; বাইল। বাই মারা-বুকের ও পায়ের জোরে তাল নারিকেলাদি গাছে চড়া।

বাই৬ [চ০ ক০ ভা০] বিণ, বাসি।

বাইআঁ [কে০ বাআঁ। বাআ১ দ্রঃ। প্রা০ বাং] অস-ক্রি, বাদন করিয়া।

বাইওয়ালী [বাই (বাইনাচ অর্থাৎ বাইজীর নাচ) ওয়ালী (হি০ বালা > স্ত্রীং বালী, কারিণী এই অর্থে)। তুল-হি০নাচ্‌নেবালী] বি, নৃত্যকারিণী ; নর্ত্তকী।

বাইক [ইং bike এর লিপ্যন্তর] বি, বাইসিকল দ্রঃ।

বাইচ১, -ছ [সং-প্রতিযোগিতা > পাইজ > বাইচ বা বাজী > বাইজ > বাইচ। প্রা০বাং-য় 'বাচি' শু০] বি, প্রতিযোগিতা (বিশেঃ নৌকার)। ~খেলা-নৌকা বাহিয়া আগে যাওয়ার প্রতিযোগিতা বা হার জিতের খেলা।

বাইচ২, বাচ, বাছ [নির্ব্বাচন > দ্রং] বি, নির্ব্বাচন। ২ নির্ব্বাচনের পর অবশিষ্ট। প্র-বাচ (ছ) পড়া।

বাইচ৩, বাচা-বি, বাচা মাছ।

বাইচালি [পূ০ বঙ্গ প্রাদে০] বি, ক্রীড়াবিঃ ; কৌতুকবিঃ। "পিছে পিছে শ্যাম প্রিয়ার বা০ খেলায়।"-পূ০ ব০ গী০।

বাইজ [বাদ্য > বাদ্দ > বাজ্জ >। প্রা০ বাং] বি, বাদ্য। "বা০ বাজনার পাটত লইয়া গেল।"-মাণিক০ গান।

বাইজী [বাই (দ্রঃ)-জী (মান্যা অর্থে, মহাশয়া)] বি, ভদ্র মহিলার সম্মানসূচক সম্বোধন। ২ [বাই (নর্ত্তকী) জী (সম্মানার্থে)] বি, উচ্চশ্রেণীর নর্ত্তকী।

বাইড়া [সং-বলীবর্দ্দ > প্রা০ হি০-তে-বার্দ্দো >] বি, ষাঁড় ; এঁড়ে। "বা০ মইলে গোয়াইল খালি।"-সা০ প০ প০।

বাইতি [সং-বাদিত্রী >] বি, বাদ্যযন্ত্র নির্ম্মাণকারী জাতিবিঃ ; বাদ্যকর। "বাইতি নিবসে পুরে, নানাজাতি বাদ্য করে, পুরে ভ্রমে মজুরী বিকিনী।"-কবিক০।

বাইদ [প্রাদে০] বি, বাদা ; নাবাল জমি low land.

বাইন১ [বায়না দ্রঃ। ম০ বাং। প্রা০ বাং-য়-বান্ (হি০)] বি, অভ্যাস। ২ বায়না ; আবদার। "বত্তিজাল বাল্যাবধি অবধি আদর পাইয়া সর্ব্বদাই বা০ করিত" -টেকচাঁদ।

বাইন২ [শ্রীহট্ট০প্রাদে০। বপন >] বি, বপন ; কর্ষিত ভূমিতে অঙ্কুরিত ধান্য বীজ ছিটাইয়া দেওয়া। "গাই কিয়াণী জালা বাইন চৌদ্দপুরুষে গাইল খাইন। অর্থাৎ গাভী দোহন করিলে ও কর্ষিত ভূমিতে ধান্য বীজ ছড়াইলে পাপ হয়। শ্রীহট্টে প্রচলিত প্রবাদবাক্য।"-চ০ কু০ ভট্ট০।

বাইন৩ [ভিয়ান >] বি, রস জ্বাল দেবার স্থান। "জঙ্গল কাটিয়া ফেলিয়া আসিত, শুকাইলেই তাহা আঁটি বাঁধিয়া বাইনে লইয়া আসিত।"-দী০ রায়। "গাছে টিলি বেঁধে দিস্ * * * বিকেলে টিলি বাঁধবি, ভোরবেলা টিলিগুলো খুলে এনে আমার 'বাইনে' রেখে যাবি।"-বা০ বসুমতী, ১৩৩৪। ২ ভিয়ান ; জ্বাল দিয়া প্রস্তুতকরণ। "গুড়ের বাইন করব মনে করেছি"-দী০ রায়।

বাইন৪ [চাষের ভাষায়। ধান্য দ্রঃ] বি, ধানের রোগবিঃ যাতে ধান্য সিটা হইয়া যায় ; ধানের শুষ্ক বা নীরস হওয়া রোগ। ২ ধান্যকীটবিঃ ; যে কৃমি ধানের কচি অংশের রস টানিয়া খায় ও ধান চিটা করিয়া ফেলে।

বাইন৫ [সং-বর্মি > বাম > বইম > বাইন] বি, পাঁকাল জাতীয় কিন্তু পাঁকাল অপেক্ষা বৃহৎ পঙ্কচর সর্পাকৃতি মৎস্য ; বান্ বা বাম মাছ।

বাইন৬ [বাদন > বাঅন পরে বাইন] বি, বাদনকারী ; বায়েন ; ঢোল খোলাদি-বাদক।

বাইন৭ [নৌ০। ডিঙ্গা দ্রঃ। বন্ধন > বাধন > বাঅন > বাইন > কে০ বান১] বি, লোহার পাতের বাঁধন ; নৌকার তক্তায় তক্তায় যোড়ের মুখ ও মুখের পত্তর। "দৃঢ় করি গড়ে ডিঙ্গা, বাইনে বাইনে রাং ঝালা, লোণা পানী ছুঁইতে না পারে।"-কবিক০।

বাইন৮, বান২ [সং-বন্যা >] বি, বন্যা ; জলপ্লাবন। বাইনচাল-বান দ্রঃ।

বাইন৯-বি, বায়েন দ্রঃ।

বাইনাচ [বাই, বাঈ দ্রঃ] বি, বাইজীর নাচ ; নৃত্যকলাকুশলা পেশাদার নর্ত্তকীর ভাবভঙ্গীসহ নৃত্য।

বাইবেল [ইং Bible এর লিপ্যন্তর]

বি, খৃষ্টধর্ম্ম প্রতিপাদক গ্রন্থ ; ধর্ম্মপুস্তক। "আমি দেখি ঈশ্বরের নিজ হস্তে লিখা। জীবন্ত ও বা॰ খৃষ্টীয় বালিকা।"-ফুলরেণু।

বাইর [কে॰ "বার" (দ্রঃ)] বি, বাহির ; বহির্দেশ। "একদিনের তরে তার বাইরে পা ফেলেনি" -রাজা (রবী॰)। বাইরে-অ, বাহিরে। ২ [প্রাদে॰ শিষ্ট ভাষায়] মলমূত্র ত্যাগার্থ। প্র-বাইরে যাওয়ার কালে ই॰। ৩ বিণ, বহির্দ্দেশস্থ। বাইরে-কার -বাহিরের।

বাইল$_1$ [সং-পালি (অসিপত্র, তৎ-সদৃশার্থে) > পাইল > বাইল] বি, তাল নারিকেলাদির সবৃন্তপত্র। ২ কপাটের এক-দিকের বাহু ; পাল্লা।

বাইল$_2$ [প্রাদে॰] বি, বৃক্ষবিঃ। "বাইলের বেড়ার তলে ঘুগিনী পলাইয়াছিল" -পূ॰ ব॰ গী॰।

বাইশ$_1$ [সং-দ্বাবিংশ >] বিণ, দুই অধিক বিংশতি সংখ্যক। ২ বি, দুই অধিক বিশ সংখ্যা ; ২২।

বাইশ$_2$,-স [সং-বাসী, বাশী >] বি, ছুতরের অস্ত্রবিঃ ; বাস। ২ [ইং vice এর লিপ্যন্তর। বাইস দ্রঃ] পাঁকসাঁড়াসী।

বাইশকোপ [ইং bioscope এর লিপ্যন্তর] বি, জীবন্তবৎ চিত্রাভিনয় ; চলচ্চিত্র।

বাইশা$_1$ [প্রাদে॰। পূ॰ বঙ্গ, প॰ বঙ্গ-বাইশে। বাইশ+ইয়া] বিণ, বাইশ সংখ্যার পূরক। ২ বি, মাসের প্রথম ২১ দিনের পরবর্ত্তী দিবস।

বাইশা$_2$ [প্রাদে॰ বাঈশ+আ] বি, বাইশ দাঁড়ের নৌকা। ২ নৌকা। "কাণ্ডারীএ বৈয়ে কাণ্ডার বা॰ দিল ছাড়ি"-পূ॰ ব॰ গী॰।

বাইশী [বাইশ+ঈ। প্রাদে॰ মালদহ অঞ্চলে] বি, বাইশজন সভ্যের সভা বা মজলীস। গ্রামের নির্দ্দিষ্ট জাতীর নির্দ্দিষ্ট অপরাধীর জন্য সর্ববাদিসম্মত বিচারালয়। "বাইশীতে কয়েকজন বিভিন্ন গ্রামের মোড়ল এবং প্রতি গ্রামের প্রধান প্রধান ব্যক্তিগণ মিলিত হইয়া বিচার কার্য্য সমাধা করিয়া থাকেন।" "বাইশী মজলিস নাকি বাইশ পল্লীর বাইশজন মোড়লের উপস্থিতি আবশ্যক।"-গৃহস্থ, ১৩২০। [দ্রঃ-এইরূপ ছত্রিশজন লইয়া যে বিচার সভা তাহার নাম ছত্রীশী মজলিস। পঞ্চায়েৎ ক্ষুদ্র, বাইশী মধ্যম এবং ছত্রিশী বৃহৎ বিচার বৈঠক]।

বাইস [ইং vice এর লিপ্যন্তর] বাইশ$_2$ দ্রঃ। ~মান, ~ম্যান [বাইস (মেজ বা বেঞ্চে আঁটা পাকসাড়াশী-যন্ত্র) + man > মান, ম্যান (মিস্ত্রী)] যে বাইস যন্ত্রে কাজ করে। ~মানি, ম্যানি-বি, বাইসম্যানের কাজ।

বাইসিকল্‌, বাইসাইকেল [ইং bicycle এর লিপ্যন্তর > কে॰ বাইক] বি, দুই চাকার গাড়ী ; দ্বিচক্রযান।

বাঈ-বাই দ্রঃ।

বাউ$_1$ [বাহু >। গ্রা॰] বি, বাহু। ২ বাহুর অলঙ্কার ; বাউটী। "পুঁইচে কি এত ভারিরে প্রাণ পুঁইচে কি এত ভারি, মনের মত হলি পরে বাউ পরাতি পারি।" -নীলদর্পণ।

বাউ$_2$ [বায়ু >। প্রা॰ বাং] বি, বায়ু। "মন্দ মন্দ সুগন্ধি শীতল বাউ বহে।" -গী॰ গিরি॰। ~বেগ-বায়ুর বেগ। "আরোহিআ বাউবেগ রথ।" - মহা॰ (শ্রীকর॰)।

বাউ$_3$ [প্রাদে॰ নোয়াখালি অঞ্চল] বি, বাবা ; বাপ। ২ [চ॰ ক॰ ভা॰] বাবু।

বাউই [পূ॰ বঙ্গ প্রাদে॰। বাবুই >] বি, বাবুই পাখী। ~টিয়া-বাবুই টিয়া পাখী। "ডালেতে বাউই টিয়া বাসা না কইরাছে।" -পূ॰ ব॰ গী॰।

বাউটা, বাওটা [সং-বাতায়ু (মৃগ) > বাটাউ > (বর্ণ বিপর্য্যয়ে) বাউটা, বাওটা] বি, বায়ুর ন্যায় বেগগামী হরিণ ; বাতমৃগ ; বাওটা হরিণ। "ঢোলকান খেঁকি খেঁকশেয়ালি ঘোড়ারু। বায়শিঙ্গা বাওটাদি কস্তুরী তুলারু।"-অ॰ ম॰।

বাউটি,-টী, বাহুটী [সং-বাহুত্রাণ (কবচ) > ভ্রং বাহুটী (অর্থ সম্প্রসারণে-করভূষণ) > প্রা॰ বাউটি, বাউড়ী। প্রা॰ বাং =কায়টী, বাজুতি ও॰ (শ্রী॰ কী॰)। প্রা॰ বাং এবং ওড়ি॰ বাহুটী] বি, বাহুভূষণ। ২ বলয়াকৃতি খিলান। "এমন প্রাচীর দিল হৈল চারিপাট। বাউটি পাথর তায় দিল মনকাট।"-কবিক॰। "কনক বাহুটী করে"-মনসা ম॰ (বংশী॰)।

বাউড়ী,-ড়ী [বাউটি দ্রঃ] বি, প্রাচীন-কালের বাহুভূষণবিঃ ; নিম্নদেশে কব্‌জিতে পরিধানের অলঙ্কার।

বাউণ্ডলা, বাউণ্ডুলে [সং-বাত > বাউ। বাতগুল্ম (বাতুল) + ইয়া (সাদৃশ্যার্থে) > বাতগুল্মিয়া > ভ্রং বাতগুলিয়া > প্রা॰ উচ্চারণবিকারে বাউণ্ডুলিয়া ই॰] বিণ, পাগলের মত। ২ ভবঘুরে। "ছেলের শোকে মাগী বাউণ্ডুলে হয়ে বেড়াচ্ছে।" স্ত্রীং বাউণ্ডুলী।

বাউতি [যুবতি > ভ্রং] বি, যুবতী। "ভবানী করিলা ভর কানড়া উপরে। বলবতী বা॰ রায়ের ধরে করে।"-ঘ॰।

বাউনি [সং-বন্ধনী >] বি, পৌষ সংক্রান্তির পূর্ব্বরাত্রে বিচালীর রজ্জু দ্বারা গৃহদ্রব্যে বন্ধনী দিবার পর্ব্ব। "উনুনে ছাউনি করি বা॰ বাঁধিয়া।"-ঈ॰ গুপ্ত।

বাউনিয়া, বাউনে [সং-বামন >] বিণ, বামন ; খর্ব্ব ; বেঁটে। ২ বি, বামন ; বেঁটে মানুষ।

বাউর, বাউরা [সং-বায়ুঃ > ভ্রং "বাউঃ" > বাউর + আ (অসন্ত্রমার্থে) > হিং বাউরা, অথবা বাতুল > বাউল > বাউর (ল=র) + আ] বি, বাতুল ; পাগ্‌লা। "তোহারি বিরহ বেদনে বাউর সুন্দর মাধব মোর"-বি॰ প॰। ২ বৈষ্ণব সম্প্রদায়ের বাউল শাখা। ৩ বাউল সম্প্রদায়ভুক্ত সাধক।

বাউরি,-রী$_1$ [বাতুলী=বাউলী > বাউরী। ল=র। হিং বাউরী। বাউর (দ্রঃ) + ঈ (স্ত্রীং)। বাউলী দ্রঃ] বি, বায়ুরোগগ্রস্তা নারী ; পাগলী ; উন্মাদিনী। "ছুটিয়া চলিছে যেন বাউরির পারা।"-সখীসেনা (ব॰ সা॰ প॰)। "করি আগে বাউরী, নাচায় জগত নারী।"-চৈ॰ চ॰। "সোনার নাতিনী এমন যে কেনি, হইলা বাউরী পারা।"-চণ্ডি॰। "বয়স তরুণী বাউরী"-ঐ।

ঁঅ ঁঅঁ অনুস্বর বৈলা ঁবাখা অতি এ ঁড ঁযুক্তবর্ণ, ৈ ঁ ঁ ল্যা=এ =এ(t), ণ=ন ব=জ স=শ=ষ সশ=S (ঙ্গ...), অবাদ্য ঁ অব্যক্ত

বাউরী২-বি, নিম্নশ্রেণীর হিন্দু জাতিবিঃ। "গমনের শুভ বেলা বাউরী যোগায় দোলা তথি বীর কৈল আরোহণ।" -কবিক॰।

বাউল১ [হি॰ বাউলা, বাওলা, বাওল, বাওলী, অস॰ বাউল (পাগল, অসমিয়া রামা॰, আদি॰)। সং-বাতুল >, মতান্তরে বাউর (দ্রঃ) > । র=ল।"বাউল সম্প্রদায়ভুক্ত কোন কোন প্রবীণ বিশিষ্ট ব্যক্তি বলেন, সম্প্রদায়ের প্রকৃত প্রাচীন নাম "বায়ুর"। বায়ুর > বাউল শব্দের উৎপত্তি। "ভক্ত যখন বায়ুর মত ভগবানে মিশিয়া যাইতে পারে তখনই তিনি প্রকৃত বায়ুর বা বাউল নামে অভিহিত হবার উপযুক্ত। বায়ু যেমন নিজের অস্তিত্ব হারাইয়া, সকল স্থানে সর্ব্বাবস্থায় যাবতীয় পদার্থের সহিত মিলিয়া মিশিয়া রহিয়াছে, লোকে যখন আপনার অস্তিত্ব ভুলিয়া আত্মহারা হইয়া তেমনই ভাবে ভগবানে বিলীন হইতে পারে, তখনই সে প্রকৃত বাউল পদবাচ্য হইবে।"-গৃহস্থ, ১৩২০] বি, বৈষ্ণব-ধর্ম্ম-সম্প্রদায়বিঃ। ২ গৌরাঙ্গভক্ত। ৩ বাউল সাম্প্রদায়িক ভিখারী। "কে চায় শুনিতে বল বাউলের গান।"-অশোক॰। ৪ বায়ুগ্রস্ত। "প্রেম চল চল যেমন বা॰, বনের হরিণী পারা।" -চণ্ডি॰। ৫ পাগল ; উন্মত্ত ; ক্ষিপ্ত। "বাহু পসারিয়া, বা॰ হইয়া তখন সে দিকে ধায়।"-জ্ঞান॰। "কন্যা দেখি দ্বিজ কিবা হইল অজ্ঞান, বা॰ হইল কিম্বা করি অনুমান।"-মহা॰ (কাশী॰)। ৬ কৃষ্ণপ্রেমে পাগল ; প্রেমোন্মত্ত। "দশেন্দ্রিয় শিষ্য করি মহা বাউল নাম ধরি।" "আমি ত বা॰ এক কহিতে আন কহি, কৃষ্ণের তরঙ্গে আমি সদা বাই বহি।"-চৈ॰ চ॰। ৭ ব্যাকুল। "শুন মাতা ধর্ম্মমতি বাউল হইনু অতি যেথানে সুবুদ্ধি হবে প্রাণী।"-চণ্ডি॰।

বাউল২ [সং-বার্ত্তা > তুল-হি॰ বাউরা > বাং প্রা॰ বেওরা] বি, বার্ত্তা ; সংবাদ ; সন্দেশ। "লিখন করিয়া পাঁতি, আমি সব বন্ধু জাতি, দেশে দেশে পাঠায় বা॰।" -কবিক॰।

বাউলি১ [বাতুল > বাউল+ই] বি, বাতুলাবাস। "আনহি বসতি আনহি গোয়ালি। হেন বসতের কি বা॰।"-ডাক (="একস্থানে বাস করিবার ঘর এবং অন্যস্থানে গোয়াল, ইহা পাগলের বাস করিবার উপযুক্ত। অর্থাৎ নিজের ঘরের নিকট গৃহস্থ গোয়াল বসিবে।"-ব॰ সা॰ পরিচয় টীকা (ডাঃ দী॰ সেন)।

বাউলি২-বাউলী দ্রঃ।

বাউলিনী [বাউল দ্রঃ। প্রা॰ বাং] বি, পাগলী ; উন্মাদিনী। "মুক্ত-কেশে বাউলিনী গমন মাধুরি।"-মহা॰ (সরল কবি)।

বাউলী১ [বাউল+ইয়া=বাউলিয়া অথবা ঈ (সম্বন্ধার্থে) ; ময়মনসিংহে "বাউলিয়া" অর্থে গৃহশূন্য। বাউল সম্প্রদায়ের লোক সকলেই গৃহত্যাগী, গৃহী কেহই নহেন] বিণ, বাউল সাম্প্রদায়িক। "গোরক্ষনাথক বিদ্যাধীর সিংহ আজ্ঞা, মল্লিকা নাথক্ষযোগ বা॰ প্রতিজ্ঞা।"-শূন্যসংহিতা (উৎকলীয় পুঁথি)। ২ পাগল ; বাতুল। ৩ পাগলী।

বাউলী২ [সং-বলয় > ? প্রাদে॰ পূ॰ বঙ্গ] বি, রন্ধনের হাঁড়ী ধরিবার বেড়ী।

বাএ১ [সং-বাদয়ে >। প্রা॰ বাং] ক্রি, বাদিত করে।

বাএ২ [প্রা॰ বাং-বা (বায়ু) এ=তে] ক্রি-বিণ, বায়ুতে।

বাএন [সং-বাদন > বাঅন-বাঅনিআ (বাদ্যকর, বাজিয়ে)=বাঅনে > বাএন] বিণ, বাজিয়ে ; বাদ্যকর। "সন্ন্যাসী গতি জাইতি গাএন বা॰ ছুআরি"-শূ॰ পু॰।

বাও১ [ল্যা॰ boubon, ইং bubo, পর্ত্ত॰ bubao] বি, উপদংশঘটিত দূষিত গ্রন্থিস্ফীতি রোগ ; বাগী।

বাও২ [সং-বায় বা বাত > প্রা॰ বাং-ব, বাঅ (শূ॰ পু॰) বায়, বাউ, বাও] বি, বাতাস। "চাপে দুই চরণ চামরে করে বাও"-ব॰। ~বাতাস-ভূত প্রেত বা উপদেবতার বায়বীয় দেহের স্পর্শ ; উপরি হাওয়া।

বাও৩-বাওয়া দ্রঃ।

বাওর্ত১ [ব্রজ॰। বাও২ দ্রঃ। হি॰ বাবৃত =বায়ু, হাওয়া করে] ক্রি, বাতাস করে।

বাওর্ত২ [হি॰ বজাবৃত] ক্রি, বাজায় ; বাদ্য করে। "নাচত গাওত কোই কোই বা॰ বিলসিতে বিলসিত বেশ।"-জ্ঞান॰।

বাওন১ [ব্রাহ্মণ > দ্রং বাহ্মণ, বামন, বামুন, বাভন, বাওন, অবজ্ঞায় বাম্না ; স্ত্রীং বাম্নী] বি, ব্রহ্মণ। "ওপার দুইটা বাওনের কন্যা মেল্যা দিছে কেশ"-প্রা॰ সূর্য্যের গান (ব॰ সা॰ পরিচয়)। "বাওনেরা খাইল লইল বস্ত্র কড়ি দাম পাইল"-পূ॰ ব॰ গী॰।

বাওন২ [বামন >, বাওনিয়া দ্রঃ] বি, খর্ব্বাকৃতি ব্যক্তি। ২ বিণ, খর্ব্ব।

বাওয়া১ [বহ্ ধাতুজ। বাই, বাও, বায় ; বাইতে ; বাইয়া (কে॰ বেয়ে)। পিজন্ত-বাওয়ান] ক্রি, বাহা ; নৌকা চালান ; জল ঠেলিয়া লইয়া যাওয়া। "কোন দিকেরে বাইব তরী, অকূল কালো নীরে ?"-রবী॰।

বাওয়া২ [সং-বাদন-বাদনা > হি॰ বজাব] বাদ্য করা ; বাজান। ২ [বাত বা বায়ু > বাও+আন (ক্রিয়ায়)] বাতাস করা।

বাওয়া৩ [গাব১ (দ্রঃ) >] বি, আনদ্ধ যন্ত্রের খদিরাদির নির্য্যাস জমান গোলাকার অংশ যার উপর চাটি মারিয়া বাজাইতে হয় ; গাব। "কর্ত্তালের দড়ি ছিঁড়িয়া গেলে পরাইয়া দিই খোলের বাওয়া শুকাইয়া গেলে ন্যাকড়া ভিজাইয়া দিই।"-সদগুরুর লীলা, ৪৪৯।

বাওয়া৪ [(বায়ু-দোষ > দূষিত বায়ু) > বাও+আ=বাওয়া (রুগ্ন, বায়ুদূষিত), অথবা সং-ব্যর্থ > বথ > বাও+আ। হি॰ বাদী] বিণ, ব্যর্থ ; নিষ্ফল। বা॰ ডিম-যে ডিম তা দিলেও ফুটে না।

বাওয়ার্ত্তির-বাহাত্তর দ্রঃ।

বাওয়ানি১ [বাওয়া২ (দ্রঃ) + আন (ক্রিয়ায়), পিজন্তরূপ] ক্রি, বাজান। ২ বাতাস করা। ৩ বাতাস দিয়া শস্যের ধূলা উড়ান। এই অর্থে "বাওলান"ও বলে।

বাওয়ানি২ [সং-বহ্ >, হি॰ বহানা > বাহান > বাআন >] ক্রি, বাহান ; ভাসান। "একে একে চৌদ্দ ডিঙ্গা বাওয়াইয়া দিল"-মনসা ম॰ (বিজয়॰)।

বাওয়ায়-বাহায় দ্রঃ।

বাওয়ালি [প্রাদে॰] বি, ছোট টেংরা মাছ ; বাওয়ালি টেংরা।

ৱাওয়ালী [বনওয়ালী < যশো° খুলনা প্রাদে°] বি, বনভ্রমণকারী মন্ত্রবিৎ ফকির।

ৱাওয়াস১ [আবাস >] আবাস; বাসা। "বা° ভাঙ্গিয়া তাম পলায়েনু রড়ে।"–চৈ° ভা°।

ৱাওয়াস২ [প্রাদে°। বীজ > হি° বিজা। বিজাশূন্য >] বি, বীজশূন্য শুষ্ক অলাবু।

ৱাওরা [সং–বাতুল > হি° বউলা,–রা, বাওলা,–রা] বি, বিণ, পাগল, পাগলা; ক্যাপা (মৈ° গী°)।

ৱাওল [বাউল দ্রঃ] বি, বাউল। ২ পাগল।

ৱাওলানি [প্রাদে°] ক্রি, বাতাস দেওয়া; বাওয়াম দ্রঃ।

ৱাওলি, –লী [বাপি,–পী > হি° বাবুলি,–ড়ি >। রাজপুতানায় প্রচর] বি, জলযন্ত্র (persian wheel) ও সিঁড়িবিশিষ্ট বৃহৎ কূপ।

ৱাংলা [বাঙ্গালা শব্দের ব্যবহারিক উচ্চারণের অনুরূপ বানান, বাংগলা ও°] বি, বাঙ্গালা দেশ। ২ বাঙ্গালা ভাষা। ৩ দুই-চালা ঘর; বাংলা ঘরী bungalow.

ৱাংশ [বংশ+অ (সম্বন্ধে)] বিণ, বংশ সম্বন্ধীয়। ২ বি, বংশলোচন।

ৱাংশিক [বংশ+ইক (স্বা)] বিণ, যে বাঁশী বাজায়; বংশীবাদক।

ৱাংগুয়া–বি, কলাগাছের পেটো; কলাগাছের খোল।

ৱাঃ১ [ফা° বাঃ (ভাল)] অ, ভাল; বেশ; উত্তম; সাবাশ।

ৱাঃ২ [মহাজনী°] বি, বায়বরদায়ী (দ্রঃ)র সংক্ষেপ।

ৱাঃ৩, বঃ [হি°] বিস্ময়সূচক অব্যয়। ২ প্রতিবাদার্থক অব্যয়। প্র–বাঃ তাও কি কখন হয়। ৩ প্রশংসার্থে। প্র–বাঃ বেশ হয়েছে। ৪ উপহাসার্থে; শ্লেষার্থে। প্র–বাঃ উত্তম কথাই বলে। "বাঃ ইয়ার"–দীনবন্ধু°।

ৱাঁ [বাম >] বিণ, বাম; সব্য। "প্রেমদা বাঁ হাতে টানে, সারদা ধরেছে ডানে" –কস্তুরী। ২ বাঁদিকে অবস্থিত। বাঁ দিক্ –বামদিক্; দক্ষিণের বিপরীত দিক্। এইরূপ বাঁ-চোখ, বাঁ-পাশ, বাঁ-পা ই°। বাঁ হাত–বাম হস্ত।

ৱাঁঅন [চ° ক° ভা°] বাওন দ্রঃ।

ৱাঁইয়া [প্রাদে° মালদহ। বাম+ইয়া। হি° বাঁয় হাত্তা] বিণ, যে বাম হস্তে কার্য্য করে; নেটা। ২ বাঁয়া; বাঁদিকে রাখিয়া তবলার সঙ্গে বাঁ হাতে বাজাইবার আনদ্ধ যন্ত্রবিঃ।

ৱাঁউ–বাঁও দ্রঃ।

ৱাঁউড়ি–বাউড়ী দ্রঃ।

ৱাঁও১ [সং–ব্যাম >] বি, দুই হস্ত উভয় পার্শ্বে প্রসারিত করিলে এক হস্তের মধ্যমাঙ্গুলের অগ্র হতে অন্য হস্তের মধ্যমাঙ্গুলের অগ্র পর্য্যন্ত দীর্ঘ পরিমাণ; সাড়ে তিন হাত দীর্ঘতা বা গভীরতা। প্র–বিশ বাঁও জল।

ৱাঁও২ [সং–বাম >] বিণ, বাম; দক্ষিণের বিপরীত। "ডানধারে ফুলের সাজি বাঁওধারে রচনা।"–প্রা° সূর্য্যের গান (বং সা° পরিচয়)।

ৱাঁওড় [বাঁক মোড় >] বি, নদীর মুখ যেখানে বাঁকিয়া স্রোত বন্ধ হয়; নদীর বাঁক। ২ নিম্নভূমিতে সঞ্চিতজল।

ৱাঁক১ [সং–বঙ্ক > বা বিহঙ্গিকা বিহঙ্গের পৃষ্ঠদণ্ডের বঙ্কিম আকৃতি হতে] বি, বক্রতা। ২ ভার বহিবার দণ্ড। ৩ বাঁকান বাদ্যযন্ত্র; তুরীবিঃ। "হান হান হাঁকা, শত শত বাঁকা, বাঁক কটার বিরাজে।"–অ° ম°।

ৱাঁক২ [নৌ°] বি, নৌকাগঠন কার্য্যে ব্যবহৃত কাষ্ঠখণ্ড যদ্দারা তলার কাঠ মজবুত করা হয়; বড়াসবিঃ; নৌকাগর্ভের তলদেশের তক্তায় যে সকল কাষ্ঠখণ্ড প্রেক দিয়া জোড়া হয়। ২ নদীর মুখ যেখানে বাঁকিয়া গিয়াছে।

ৱাঁকই [প্রাদে°। প্রা° বাং] বি, ধান্যভেদ। "খুদ্দ ছুছুরাজ বুনেন ভজনা বাঁকই।"–শূ° পু°।

ৱাঁকচুর [প্রাদে°] বি, ধান্যভেদ। "বাঁকচুর পুআল-বিড়ি গেঁড়ি গোপাল"–শূ° পু°।

ৱাঁকড়া [সং–বক্র >] বি, বক্রভাব।

ৱাঁকন–বাকা১ দ্রঃ।

ৱাঁকনল–বি, স্বর্ণকার যে বক্রমুখ সরু নলে ফুঁ দিয়া আগুনে স্বর্ণাদি গলায়।

ৱাঁকমল [বাঁক (বঙ্ক >) মল (চরণালঙ্কারবিঃ)] বি, পাক দেওয়া মল। চৈ° চ°-তে "মলবঙ্ক"।

ৱাঁকসাল [প্রাদে°] বি, ধান্যভেদ। "হরি মহীপাল বাঁকসাল বুনে মঙ্গলন" –শূ° পু°।

ৱাঁকুই [প্রাদে°] বি, ধান্যভেদ। "জলার ধান বাঁকুই বুনে লোটাইআ জাআ।"–শূ° পু°।

ৱাঁকা১ [সং–বঙ্ক >। প্রা° বৈঁকা] বিণ, বঙ্কিম; বক্র; তির্য্যক্; অনৃজু; যা সোজা নয়। "বাঁকা পথ ছেড়ে দিয়ে সোজা পথে যাওহে চলে"–বাংগান। ২ অসমান; উঁচুনীচু; আবুড়াথাবুড়া। "নাচ্‌তে জানে না বলে উঠান বাঁকা"–প্রবচন। ৩ অসরল; কুটিল। প্র–লোকটার মন ভারি বাঁকা। বাঁকা লোক। ৪ প্রতিকূল। "ভাত নাই ভবনে কর্ত্তার ভাগ্য বাঁকা।"–শি°। ৫ [শ্রীকৃষ্ণের বঙ্কিমত্ব সৌন্দর্য্যের হেতুভূত বলিয়া] বিণ, উৎকৃষ্ট; সুন্দর। ৬ [শ্রীকৃষ্ণের উরু কটি ও গ্রীবাদেশ ঈষৎ বক্রভাব ধারণ করায় "বাঁকা ত্রিভঙ্গ" (তিন-বাঁকাও°–প্রা° গানে), "বাঁকা রায়," "বঙ্করাজ", "বঙ্কবিহারী," "বঙ্কিমবিহারী," "বাঁকা শ্যাম" ই° নামের উৎপত্তি] বি, শ্রীকৃষ্ণ। "মুরলী সরল হয়ে, বাঁকার মুখেতে রয়ে, শিখিয়াছে বাঁকার স্বভাব।"–চণ্ডি°। ৭ বক্রবস্তু; যা কিছু বা যে কেহ বাঁকা। "বাঁকার কোলে সোজা" –অ° ঠাকুর, বঙ্গবাণী, অগ্র°, ১৩৩৩। ৮ বাঁক; বক্রতা; বক্রভাব। প্র–বাঁকটা যে কোথায় তা খুঁজে পেলাম না। বাঁকা টেনে সোজা করে দাও। সমস্তদিনে আর ওর বাঁক ফেরাতে পারে না? তবে তুমি বাঁকা নিয়েই থাক। ৯ রাহু। "লগ্নে আকা, লগ্নে বাঁকা"–খনা°। (আকা=অর্ক=রবি)।

বাঁকা করা–ফিরান; ফিরাইয়া লওয়া। "লাজে মুখ বাঁকা করে হাত ঠারে হাসে" –শি°। **~চোরা**–বক্র এবং অদৃশ্য। **~চোরা-পথ**–বাঁকা পথ ও চোরা পথ; অনেক অলি-গলি বা গলি ঘুঁজির পথ।

~-ত্রিভঙ্গ-ত্রিবঙ্কিম-দেহ, শ্রীকৃষ্ণ। "বাঁকা-ত্রিভঙ্গ বিহনে শ্রীহীনে রাই"-বাং গান। ~-নয়ন-শ্রীকৃষ্ণ। ২ ভঙ্গিযুক্ত চক্ষু; আড়-নয়ন। ~-পথ-বক্র পথ। ২ অসত্য পথ; জটিল ও অসরল পন্থা। ~বাঁকা-যা ক্রমাগত উত্তর দিকে বাঁকিয়া গিয়াছে। ২ প্রায় বাঁকা। ~রায়-বঙ্করাজ; শ্রীকৃষ্ণ। ২ ধর্মঠাকুরের মূর্ত্তিভেদ। এই অর্থে "বাঁকুড়া-রায়"ও প্রচলিত। ~সোজা-কতক বাঁকা কতক সোজা। ২ সরলতা ও কুটিলতায় মিশ্রিত। ~সিঁথি, সিঁতে-কপালের বামপার্শ্ব হতে বাঁকাভাবে চুল ফেরান বা কাটা সীমন্ত। কপালের মধ্য হতে সোজা-ভাবে চিরুণী চালিত করিয়া চুলকে মাথার দুইদিকে ফিরাইলে "সোজা সিঁথী" হয়। আঁকাবাঁকা-অনেক স্থানে বাঁকা; সর্প-গতিবৎ বক্র। আঁকা দ্রঃ।

বাঁকা₂ [বাঁক(দ্রঃ)+আ (ক্রি-বিভক্তি)। বাঁকি, বাঁক (বাঁকুন, বাঁক্), বাঁকে (বাঁকেন্); বাঁকিতে; বাঁকিয়া (কেং বেঁকে)। ণিজন্ত-বাঁকান] ক্রি, বক্র হওয়া। বাঁকিয়া বসা, বেঁকে বসা-বক্রভাবে উপবেশন; হেলিয়া বসা। ২ অসম্মত হওয়া। ৩ প্রতিকূল ভাব ধারণ করা। বি, বাঁকন-বক্রভাব ধারণ; বক্র হওন। ২ [লক্ষং] মত পরিবর্ত্তন। ৩ শত্রুভাব ধারণ; প্রতিকূল পক্ষাবলম্বন।

বাঁকান [বাঁকা (দ্রঃ)+আন (ক্রিয়া-বিভক্তি)। বাঁকাই, বাঁকাও, বাঁকায়; বাঁকাইতে; বাঁকাইয়া (কেং বাঁকিয়ে)] ক্রি, বক্র করা; ফেরান; ঘুরান। ২ অসন্তোষ, বিরক্তি আদি প্রকাশার্থ বিকৃত করা। প্র-মুখ বাঁকান। ৩ কাত করা। প্র-ঘাড় বাঁকান।

বাঁকী-বাঁকমল (দ্রঃ)।

বাঁকুড়া [সং-বঙ্কুর > বাঁকুর > বাঁকুরা > বাঁকুড়া] বিণ, বাঁকা। প্র-বাঁকুড়া রায়। বাঁকা দ্রঃ। ২ বাঙ্গালার অন্তর্গত জেলা ও নগরবিঃ। "বাঁকুড়া দর্পণ।" "ঠকায়ে বাঁকুড়া-বাসী কৈল ঠাকুরালী"-হেমং। বিণ, বাঁকড়ী [বাঁকুড়াই > প্রাং] বাঁকুড়াজাত। ২ বাঁকুড়া সম্বন্ধীয়।

বাঁকুয়া [প্রাং পদ্যং সাং] বিণ, বাঁকা; বক্র। "বাঁকুয়া পাঁচনি হাতে রঞ্জিয়া রাখাল সাথে বাহির হৈল রোহিণী নন্দন।"-জ্ঞানং।

বাঁখারি [বাকল > বাকল > বাখর + আরি (স্বার্থে বা ক্ষুদ্রার্থে) > বাখারি, প্রাদেং উচ্চারণে ৺ যোগ। বংশত্বকযুক্ত বংশসার। তুল-সং-ত্বক্‌সার=বাঁশ] বি, বাঁশের চটাযুক্ত সারভাগ; বাঁশের চটা। ২ [প্রাং ব্যাকারি] বি, বাঁশ চিরিয়া তার ফালি; বংশশলাকা।

বাঁগোড়, বাওড়, বাঁওড় [প্রাদেং] বি, গরুর গাড়ীর ফড়ের উপরিস্থ সরু বাঁশ।

বাঁচন [বাঁচা দ্রঃ] বি, জীবনধারণ; প্রাণধারণ। ২ স্বস্তিলাভ; শান্তিলাভ; মুক্তি-লাভ। ৩ রক্ষার্থ উদ্ধার। বাঁচিন-কাঠি মঁরিণ-কাঠি-গল্পের "সোনার কাঠি রূপার কাঠি" অর্থাৎ সোনার কাঠি যা অঙ্গে স্পর্শ করাইলে দেহে প্রাণ সঞ্চার হয়, মৃত ব্যক্তি বাঁচিয়া উঠে এবং রূপার কাঠি যা অঙ্গে স্পর্শ করাইলে দেহ প্রাণশূন্য হয়। ২ [তা হতে] যার কথায় বা পরামর্শে লোক মরে বাঁচে। বাঁচিন-মঁরিণ, মঁরণ-বাঁচিন-জীবন ও মৃত্যু।

বাঁচা [সং-বঞ্চ্ (গতি অর্থে) ধাতুজ। বঞ্চা দ্রঃ। বাঁচি, বাঁচ (বাঁচেন, বাঁচিস), বাঁচে (বাঁচেন্); বাঁচিতে; বাঁচিয়া (কেং পদ্যে-বাঁচি, প্রাং বেঁচে)। ণিজন্ত-বাঁচান] ক্রি, জীবিত থাকা; প্রাণধারণ করা। "বাঁচিব কোন উপায়ে"-বিং পং। ২ রক্ষা পাওয়া। ৩ শান্তি পাওয়া; স্বস্তিলাভ করা। ৪ নিষ্কৃতি পাওয়া; রেহাই পাওয়া। "প্রণাম করে চলে যা তুইও বাঁচ আমিও বাঁচি"-ভারতী, ৩৬শ বর্ষ। বাঁচিয়া বর্ত্তিয়া [প্রাং বেঁচে-বর্ত্তে] ক্রি-বিণ, দীর্ঘজীবী হইয়া ও সংসার বা সমাজে বিদ্যমান থাকিয়া। ২ [> (আশীর্ব্বাদার্থে)] বাঁচিয়া; চিরজীবী হইয়া। প্র-বেঁচেবর্ত্তে থাক। মরা-বাঁচা, বাঁচা-মরা-প্রাণ-ধারণ ও প্রাণত্যাগ।

বাঁচান [বাঁচা (দ্রঃ) ধাতুর ণিজন্তরূপ। বাঁচাই, বাঁচাও (বাঁচান্, বাঁচাস), বাঁচায় (বাঁচান্); বাঁচাইতে; বাঁচাইয়া (কেং বাঁচিয়ে)] ক্রি, জীবন দান করা; জীয়ান। ২ রক্ষা করা। প্র-সকল দিক বাঁচিয়ে কাজ করিতে হয়। ৩ শান্ত করা; সান্ত্বনা দেওয়া। ৪ রেহাই দেওয়া; ছাড় দেওয়া। ৫ দোষ ঢাকিয়া লওয়া; খুঁত ঢাকিয়া লওয়া; গোপন করা। "মুক্তির গায়ের কাপড় সেলাই করিয়া, তালি দিয়া নানারকমে ঘুরাইয়া ফিরাইয়া ছেঁড়া বাঁচাইয়া কোন রকমে লজ্জা নিবারণ হইতেছিল, শেষে তাও আর চলে না।"-ভারতী।

বাঁচোয়া [বাঁচা দ্রঃ। হিং বচাব্ > বাংর-বাচাও > বর্ণবিপর্য্যয়ে, প্রাং বাচোয়া, প্রাদেং উচ্চারণে ৺ যোগ] বি, বাঁচন; প্রাণ-রক্ষা। ২ [অর্থসম্প্রসারণে] রক্ষা।

বাঁঝ, বাঁঝা [সং-বন্ধ্যা > বাঁঝা, বাঁজা। স্ত্রীলিঙ্গান্ত শব্দ, কিন্তু বা-র পুং, স্ত্রীং উভয় অর্থেই ব্যবহৃত। ব্রজং বাঁঝ। বাং প্রাং বাঁজা, শ্রীহট্টং প্রাদেং বাঞ্ঝুয়া] বিণ, বন্ধ্য; বন্ধ্যা; ফলহীন; বাঁঝা। স্ত্রীং ~ী [প্রাং বাঁজি] বি, বন্ধ্যা নারী। "সকল ব্যঞ্জনে বাঁঝী নাহি দেয় লোণ।"-কবিকং। "হ্যাদে বলি বাঁজি তুই মোরে না গাঁটা।"-ঐ।

বাঁট [সং-বণ্ট (দাত্রমুষ্টি) >। তুল-ইং butt] বি, খড়গাদির মুষ্টি; অস্ত্রাদির হাতল; "বাঁট দিয়া কোদালে জোয়ালি দিয়া সলি। পুরস্কার পেয়ে চলে লয়ে পদধূলি।"-শিং। ২ গবাদি পশুস্তনের বোঁটা। ৩ [অশ্লীল] মেঢ্র; শিশ্ন। ৪ [বাড়ি দ্রঃ] বাড়ি₂; ঠেঙ্গা।

বাঁটওয়ারা [সং -বণ্টন > হিং বটবারা(ব্বারা) > কেং বাঁটরা] বি, বিভাগ; বণ্টন। ২ অংশ।

বাঁটন [সং-বণ্টন >] বি, বিভাগ করণ; বিতরণ।

বাঁটরা-বাটওয়ারা দ্রঃ।

বাঁটলই, বাঁট্‌লুই-বাটলই দ্রঃ।

বাঁটা₁ [সং-বণ্ট্ (বিভজনে) >। বাঁটি, বাঁট (বাঁটেন, বাঁটিস), বাঁটে (বাঁটেন); বাঁটিতে; বাঁটিয়া (কেং বেঁটে)। ণিজন্ত-বাঁটান] ক্রি, বণ্টন করা; বিভাগ করা। "ব্যঞ্জন বাঁটিছি মা চুঁইছি হাঁড়ী"-চণ্ডিং।

বাঁটা₂ [বাটা₂ দ্রঃ] ক্রি, শিলাপট্টে রাখিয়া নোড়া দ্বারা পেষণ করা।

বাঁটানি [বাটা (দ্রঃ) ধাতুর ণিজন্তরূপ। বাঁটাই, বাঁটাও (বাঁটান, বাঁটাস), বাঁটায় (বাঁটান); বাঁটাইতে; বাঁটাইয়া (কেং বাঁটিয়ে)] ক্রি, বণ্টন করান; অন্য দ্বারা ভাগ করান। ব্রজ বুলিতে বাঁটা অর্থে বাঁটান প্রয়োগ আছে। **বাঁটাইনু, বাঁটায়নু**-বণ্টন করিলাম। "যতনে যতেক ধন পাপে বাঁটাইনু"-বিং পং।

বাঁটাবাঁটি [পরস্পর বণ্টন করিয়া দিবার ভাব] বি, ভাগাভাগি। "কোথাও মেলানি তার করে বাঁটাবাঁটি।"-শিং।

বাঁটিয়া-বাটা₄ দ্রঃ।

বাঁটুল [সং-বর্ত্তুল > প্রাকৃ বত্তুল] বি, অস্ত্রবিঃ। ২ গুলি। "কপোত পাখীরে চকিতে বাঁটুল বাজিলে যেমন হয়।"-চণ্ডিং। **আঁটুল বাঁটুল**-ছেলেদের খেলাবিঃ। "আঁটুল বাঁটুল খেলে পসারিয়া পা।"-শিং।

বাঁটোয়ারা [বাটওয়ারা দ্রঃ] বি, অংশ; বিভাগ।

বাঁড়রী, বাঁড়ুরি,-রী [বন্দ্যঘটী >] বি, বন্দ্যোপাধ্যায়গণ ভক্ত হইলে বাঁড়ুরি আখ্যাপ্রাপ্ত হন। "ভূপতির ভাগিনী জামাই গুণধাম। বাঁড়ুরি গোকুল, কৃপারাম, দয়ারাম।"-অং মং।

বাঁড়া [সং-ষণ্ড >, অশ্লীল] বি, মেঢ্র।

বাঁড়ুজ্যে, বাঁড়ুয্যা [বন্দ্যজ >] বি, বন্দ্যোপাধ্যায়। "গণক বাঁড়ুয্যা অনুকূল বাচস্পতি।"-অং মং। ২ বিণ, বন্দ্যোপাধ্যায় বংশজাত।

বাঁদর (-দ্দ-) [সং-বানর >, গ্রাং] বি, কপি; মর্কট; শাখামৃগ। ২ মূর্খ; বর্ব্বর। ৩ দুর্ব্বুদ্ধি। স্ত্রীং-**নী**। বিণ, **বাঁদরিয়া, বাঁদুরে। বাঁদুরে-বুদ্ধি**-মন্দবুদ্ধি; কুবুদ্ধি; দুর্ব্বুদ্ধি। **বাঁদরমুখা,-মুখো**-যার বানরের ন্যায় মুখ; কুৎসিত মুখবিশিষ্ট; গালিবিঃ। > স্ত্রীং-**নী**।

বাঁদরামি,-রামি [বাঁদর+ইয়া+ম,মি (ভাব,আচরণ ইং অর্থে)] বি,বাঁদরীর আচরণ; বানরপ্রকৃতিসুলভ ব্যবহার; বাঁদুরে কাণ্ড।

বাঁদিপোতা [হিং বান্দিপোতা >] বি, নানারঙের (বিতঃ লাল-কাল) ডোরাকাটা সুতার চৌখুপী পাতলা কাপড়। ইহাতে লেপের খোল তৈয়ার হয়।

বাঁদী [ফাং বান্দী (দাসী), পুং বান্দা] বি, দাসী। ২ কৃতদাসী। ৩ রক্ষিতা। "পরদার পাপ বলি বাঁদী রাখে নাই"-ভারতং।

বাঁধ [সং-বন্ধ >] বি, আলিবন্ধন; জলপ্রবাহ বন্ধ করিবার আলি; রোধ। ২ সেতু। "বড়র পিরীতি বালির বাঁধ। ক্ষণে হাতে দড়ি ক্ষণেক চাঁদ।"-ভারতং।

বাঁধন [বন্ধন >] বি, বন্ধন। "ওদের বাঁং যত শক্ত হবে, মোদের বাঁধন তত টুটবে"-রবীং। "দুঃখ দেখে মায়াবিনী বাঁং দিল খুলে।"-হেমং। ২ আটক; অবরোধ।

বাঁধনি, বাঁধুনি [সং-বন্ধনী >] বি, বন্ধন; গ্রন্থি।

বাঁধয়ে [বাঁধা দ্রঃ। পদ্যে] ক্রি, বন্ধন করে; বাঁধে। ২ দৃঢ় করে। "বাঁধয়ে চিত"-বিং পং।

বাঁধা₁ [সং-বন্ধ >] বি, বন্ধন। ২ আটক। ৩ ঋণের সময় যা ঋণদাতার নিকট আটক রাখা হয়। "সবে মাত্র দুই গাছ খাড়ু ছিল হাতে। তাহাও দিয়াছি বাঁধা মেয়েটির ভাতে।"-ঈং গুপ্ত। "দ্রব্য দিয়ে বাঁধা সব তোমাদের কাছে"-রঙ্গলাল। ৪ প্রতিবন্ধক; বিঘ্ন; বাধা। ৫ বিণ, বদ্ধ। "যাহার প্রণয় পাশে বাঁধা তব মন"-বাং গান। ৬ রক্ষিত; পালিত। ৭ স্থায়ী। ৮ বশ; অধীন; বশীভূত। ~-**আলো**-বাঁধা-রোসনাই দ্রঃ। ~**ঔষধ**-বি, যে ঔষধ ধরাবাঁধা নিয়মে সেবন করিতে হয়। ~**খরিদ্দার**-যে ক্রেতা অন্য দোকানে খরিদ করে না। ~**গৎ, বাঁধি-গৎ**-বি, যে রাগরাগিণীতে গান গাওয়া হবে তার নির্দিষ্ট সুর ভাঁজিবার গতি বা ধারা। ২ [লক্ষং] অপরিবর্ত্তনীয় বা নির্দিষ্ট পদ্ধতি বা গতি। "এই সকল বাঁধিগতের বাহিরে আর কিছুই তারা ভাবিতে পারে না।"-আং শক্তি। ~**গরু**-যে গরুকে চরিয়া খাইতে ছাড়িয়া না দিয়া গৃহে বাঁধিয়া রাখিয়া পালন করা হয়। ~**ঘাট**-জলাশয়ে নামিবার পাকা বা শানবাঁধান সোপানযুক্ত ঘাট। ~**ধরা, ধরাবাঁধা**-ধরা দ্রঃ; নিয়মবদ্ধ; সংযত। ~**মাহিনা**-নির্দিষ্ট হারে ও নির্দ্ধারিত সময়ে প্রাপ্য বেতন। ~**রোশনাই**-রোশনাই দ্রঃ। ~**শরীর**-সুপুষ্ট সবল ও নীরোগ দেহ। ~**সালসা**-যে সালসা নামক ঔষধ সেবন করিলে পথ্য, স্নানাদি সম্বন্ধে নির্দিষ্ট সময়ে ও নিয়মে বদ্ধ থাকিতে হয়। ~**হুঁকা**-রৌপ্যাদি ধাতুতে বাঁধান কলিহুঁকা।

বাঁধা₂ [সং-বন্ধ (বন্ধনে) >। বাঁধি, বাঁধ(বাঁধেন, বাঁধিস), বাঁধে(বাঁধেন); বাঁধিতে; বাঁধিয়া (কেং বেঁধে)। ণিজন্ত-বাঁধান] ক্রি, বন্ধন করা; শৃঙ্খলাদি দ্বারা আবদ্ধ করা। ২ গ্রন্থি দেওয়া। ৩ আটক করা; রোধ করা। ৪ সংযত করা; নিয়মিত করা। ৫ ছন্দোবদ্ধ করা; সুরবদ্ধ করা; রচনা করা। প্র-গান বাঁধা। **বাঁধাছাঁদা**-ক্রি, বদ্ধ ও বেষ্টিত। ২ গুছাইয়া বাঁধা। "দেখা যায় পেঁচ পেঁচ বাঁধা ছাঁদা গিরা।"-ফুলরেণু। ৩ ছাঁদা বাঁধা। **বাধা দেওয়া** [লক্ষং] ক্রি, বন্ধক রাখা pawn. **কোমর বাঁধা**-ক্রি, পূর্ব্ব হইতে প্রস্তুত হওয়া। **খোঁপা,চুল,মাথা বাঁধা**-ক্রি,কেশ সংস্কার করা; বেণী বা কবরী বন্ধন করা। **গাছ বাঁধা**-ক্রি,গাছে টিলি বাঁধা। "সংক্রান্তির দিন হইতে তাহারা খেজুর গাছ বাঁধিতে আরম্ভ করিল"-বাং বসুমতী, '৩৪। "আশ্বিন মাসের মধ্যে সব গাছ বাঁধিতে না পারিলে দু পয়সা লাভের আশা নাই।"-দীং রায়। **ঘর বাঁধা**-ক্রি, চাল, বেড়া ইং বাঁধিয়া মাটির দেয়াল ও খোলার বা খোড়ো চালের ঘর তৈয়ার করা। **জোট বাঁধা**-ক্রি, জটলা করা; দলবদ্ধ হওয়া। **বই বাঁধা**-ক্রি, গ্রন্থপত্র পৃষ্ঠার পর পৃষ্ঠা যথাক্রমে সাজাইয়া কাগজ, কাপড় বা চামড়ার আবরণ দিয়া সেলাই করা। **বুক বাঁধা**-ক্রি,সাহসান্বিত হওয়া। **হাত পা বাঁধা**-ক্রি, অসহায়ভাবে আবদ্ধ,হাত নাড়িবার বা চলিবার শক্তিহীনভাবে আবদ্ধ। **হাতবাঁধা**-ক্রি,বিবাহের সময় বরবধূর হস্ত এক মাল্যে বন্ধন করা।

বাঁধাই [বাঁধা (দ্রঃ)+ই (কর্ম্ম অর্থে)] বি, বাঁধার কর্ম্ম। ২ বাঁধিবার পারিশ্রমিক।

বাঁধানি [বাঁধা ধাতুর পিজন্তরূপ। বাঁধাই, বাঁধাও, বাঁধায়; বাঁধাইতে; বাঁধাইয়া (কে॰ বাঁধিয়ে)] ক্রি, বন্ধন করান। ২ বিণ, যা বাঁধাইয়া লওয়া হইয়াছে। ৩ পাকা বা মজবুত করাইয়া লওয়া। প্র-ঘাট-বাঁধান। বাঁধান ঘাট। শান-বাঁধান।

বাঁধাবাঁধি [বাঁধা+বাঁধি (বন্ধন)] বি, পরস্পর বন্ধন। ২ ধরা বাঁধা; নিয়ম; সংযম। ৩ শৃঙ্খলা।

বাঁধাল [বাঁধ (বন্ধন)+আল (আলি)] বি, আলিবন্ধন; জাঙ্গাল; সেতু।

বাঁধুনি,-নী [সং-বন্ধনী >] বি, বন্ধন; গ্রন্থি। ২ আঁটসাঁট। ৩ শৃঙ্খলা। "মরি সে গালির কি বাঁধুনি"-দ্বি॰ রায়। "কথার বাঁধুনী কাঁদুনীর পালা চোখে নাহি কারো নীর। আবেদন আর নিবেদনের থালা বহে বহে নত শির।"-রবী॰।

বাঁধুলি [সং-বন্ধুলী >। সৌন্দর্য্য দর্শকের চিত্ত আকর্ষণ করে বা বন্ধন করে বলিয়া এই নাম] বি, রক্তবর্ণ পুষ্পবৃক্ষ ও পুষ্পবিশেষ; বন্ধূক ফুল। ইহা কবিগণ কর্তৃক সুন্দরীগণের অধরের সহিত উপমিত হয়। "অরুণ বরণ দশন বাস। বাঁ॰ ফুলের গরব নাশ।"-চণ্ডি॰।

বাঁয় [বাম=বাঁঅ। পরে অ=য়। প্রা॰ বাং] বি, বাম। ২ ক্রি-বিণ, বামে; বামদিকে। "হাসা হইতে কাঁদা ভাল যদি কাঁদে বাঁয়।" -খনা॰।

বাঁয়া [সং-বামা (বামদিকে রাখিয়া বাজাইতে হয় বলিয়া)] বি, বামহস্তে বাজাইবার আনদ্ধ বাদ্যযন্ত্রবিঃ।

বাঁশ [সং-বংশ >] বি, বংশ; বেণু। ২ ধনু। "যৌতুকের বাঁশে দিল মুক্তার চড়া" -কবিক॰। ৩ গুঁতা; হুড়া। **বাঁশ করা** -বাঁশ চালান; ডাণ্ডা করা দ্রঃ। **বাঁশ-কাটা**-ধান্যবিঃ (প্রা॰ বাং-র, বাঁশকাট-শূ॰ পু॰ দ্রঃ)। **বাঁশ ডলা, -দলা (বুকে)** -বুকে বাঁশ দিয়া দলন করা; ২ [লক্ষ্য॰] অতিশয় পীড়ন করা; অতিশয় যন্ত্রণা দিয়া শাসন করা। **বাঁশ দেওয়া (পোঁদে)** [গ্রা॰ অশ্লী॰] গুহ্যদেশে বংশদণ্ড প্রয়োগ করা। ২ [লক্ষ্য॰] অতিশয় কষ্ট দেওয়া; প্রাণান্ত করা; অস্থির করা; উত্যক্ত করা। **~পাতা**-বাঁশগাছের পাতা। ২ বাঁশপাতার মত আকৃতিবিশিষ্ট, পাতলা ছোট মাছবিঃ। **~বন**-বাঁশগাছের বন (যে বনে বা বাগানে বাঁশ জন্মে তথায় আর কোন গাছ জন্মিতে পারে না)। **~বনে ডোম কানা** [ডোম বাঁশের কাজ করিলেও অসংখ্য বাঁশের মধ্যে ভাল বাঁশ দেখিতে পায় না, তা হতে] দিশেহারা। **~বাগান**-বাঁশগাছের উদ্যান। **~বাজি**-বাঁশ পুঁতিয়া তার উপর নানাপ্রকার কসরৎ বা ক্রীড়া প্রদর্শন।

বাঁশগাড়ি,-ড়ী [বাঁশ-গাড়ি (গাড়ন, পোঁতন)] বি, আদালতের আদেশে কোন জমী দখল করিবার জন্ত তাতে যে বাঁশ পোঁতা হয়। "সেলামী বাঁশগাড়ী, নানা বাবে যত কড়ি, না লইব গুজরাট বাসে।"-কবিক॰। ২ যে জমী সরকারী নীলামে বিক্রয় হইবে তাতে নীলামের ইস্তাহার বা বিজ্ঞাপনস্বরূপ বাঁশ পোঁতা।

বাঁশড়া,-রা [বংশ > বাঁশ+ড়া, রা (বহু অর্থে)] বি, বাঁশবন।

বাঁশরি,-রী [হি॰ বাঁশুরী। বাঁশে নির্ম্মিত বলিয়া] বি, বংশী; মুরলী; বেণু। "বাঁশরী বাজাতে চাহি বাঁশরী বাজিল কই"-রবী॰।

বাঁশি, বাঁশী [সং-বংশী। বাঁশে নির্ম্মিত হয় বলিয়া] বি, বংশ নির্ম্মিত শুষির যন্ত্রবিঃ; মুরলী; বেণু।

বাঁসমতী, বাসমতী [বাস (সুবাস) ...(যুক্তার্থে)] বি, সুবাসযুক্ত প্রসিদ্ধ ধান্তবিঃ ও সেই ধানের চাউল। "বুঝি আজান লক্ষ্মী বুলেন বাঁ॰।"-শূ॰ পু॰।

বাঁসর, বাঁশর [প্রা॰ বাং। বাঁস (বংশ)+র (সম্বন্ধে)] বি, বাঁশের। "বাঁসর আকুড়সি হাথে বাঁসর ফুল সাজি। ফুল জে তুলিবাক গেলা ধর্ম্মর মালঞ্চবাড়ী।"-শূ॰ পু॰।

বাঁসরি [হি॰, ব্রজ॰ বাঁসরী] বি, বাঁশরি দ্রঃ।

বাঁহুক [বাহী >] বি, বাঁক; ভারযষ্টি।

বাঁংঘী [সং-বিহঙ্গিকা। ওরাওঁ-বাংখী] বি, কাঁধে রাখিয়া দুইদিকে সিকা ঝুলাইয়া জিনিষ লইয়া যাইবার চেরা বাঁশের বাঁক।

বাক্ [বচ্ (বলা)+(ক্বিপ্, র্ম্ম), যা বলা যায়] বি, বাক্য; শব্দ। "অবাক্ মুখে বাক্ সরে না কথা কব কি।"-বাং গান। ২ বিদ্যা। ৩ [-+ ক্বিপ্ (কৃ,ভা॰) বিনি বলেন] বি, সরস্বতী। ৪ [-+ক্বিপ্ (ণে), যদ্দ্বারা বলা যায়] বি, বাগিন্দ্রিয়। **~আড়ম্বর**-বাগাড়ম্বর দ্রঃ। **~কলহ** [বাক্ (বাক্য দ্বারা কলহ), ৩তৎ] বি, বাগ্‌যুদ্ধ; তর্কবিতর্ক। ২ ঝগড়া; গালাগালি। **~ছল** [বাক (বাক্য) ছল (চাতুরী), ৬তৎ] বি, বাক্যের চাতুর্য্য; বাক্যব্যাজ। ২ কপটবাক্য। **~চাতুরি,~চাতুর্য্য**-বি, কথায় কৌশল; বাক্‌পটুতা। ২ কপটবাক্য। **~দণ্ড** [বাক (বাক্য)+দণ্ড] বি, তিরস্কার; মনুক্ত প্রথম দণ্ড। ধনদণ্ড দ্রঃ। **~দত্ত, বাগ্‌দত্ত** [বাক্+দত্ত। প্রা॰ বাক্যিদত্ত] বি, যে পাত্রে কন্যা অর্পণ করিবার জন্ত পূর্ব্বে হতে কথা দেওয়া আছে। স্ত্রীং বাগ্‌দত্তা (দ্রঃ)। **~দান**-বাগ্‌দান দ্রঃ। **~নিষ্ঠ**-বাঙ্‌নিষ্ঠ দ্রঃ। **~পটু** [বাক্যেতে পটু (চতুর), ৭তৎ] বিণ, বাক্যকুশল; বাক্য প্রয়োগে চতুর; বাগ্মী। বি,~তা। **~পতি** [বাক্ (বাক্যের) পতি (প্রভু), ৬তৎ] বি, বাক্য-বিশারদ। ২ বাগ্মী। ৩ বৃহস্পতি। **~রাজ**-বি, মহারাজ যশোবর্ম্মার বিজয়কাহিনী সম্বলিত গৌড়বহো (গৌড়বধ) নামক প্রাকৃত ভাষায় রচিত কাব্যের প্রণেতা। **~পারুষ্য** [বাক্ (বাক্যের) পারুষ্য (কার্কশ্য), ৬তৎ] বি, রূঢ়বচন-প্রয়োগশীলতা; কথায় কার্কশ্য; অপ্রিয়বাদিতা; বচন-প্রয়োগকটুতা। ২ কুৎসিত বাক্য। ৩ [অর্থ শা॰] অবজ্ঞাসূচক বাক্য, অপবাদ ও ভর্ৎসনা দ্বারা মানহানি defamation. **~প্রণালী** [বাক্ (বাক্যের) প্রণালী (রীতি), ৬তৎ] বি, বাক্য প্রয়োগের নিয়ম; কথা বলার রীতি। **~প্রপঞ্চ**-বি, বাগাড়ম্বর; বাক্যবিস্তার; বাগ্‌জাল। **~বিতণ্ডা** বি, তর্কবিতর্ক; কথা কাটাকাটি। **~রোধ**-বি, বাক্‌শক্তিহীনতা; কথা বা স্বর বন্ধ হওয়া; কথা বন্ধ হওয়া।

~শক্তি-বি, কথা কহিবার ক্ষমতা। ~সিদ্ধ-বিণ, অব্যর্থ বাক্; যা বলা যায় তাই সত্য হয়। > বি, ~সিদ্ধি। ~সর্ব্বস্ব-বিণ, কথাই যার সব; কাজে কিছুই নয় কেবল বাক্যবাগীশ; যে কেবল প্রতিশ্রুতি দান করে কাজে কিছু করে না। ~সূত্র [বাক্ (বাক্য) সূত্র (সূচনা), ৬তৎ] বি, কথার সূত্রপাত; বাক্যারম্ভ। ২ [বাক্ (বাক্য=স্বর উৎপাদক) সূত্র, ম° প° লো°] বি, স্বরোৎপাদক চর্ম্মসূত্র বা তাঁত। ~স্ফূর্ত্তি-অনর্গল বক্তৃতাশক্তি; বাক্যের জড়তাহীনতা; বাক্‌পটুতা।

বাক১ [বচ্(বলা)+অ (র্ম্ম), যা বলা যায়] বি, উক্তি; বাক্য; বচন।

বাক২ [বক (পক্ষীবি:)+অ (ষ্ণ, ইদমর্থে)] বিণ, বক সম্বন্ধীয়। ২ বি, বকসমূহ।

বাকঁড় [সং-বরাক (হস্তী) শব্দের বর্ণ-বিপর্য্যয়ে বাকর, র=ড়] বি, হস্তী; হাতী। ২ [লক্ষ°] হাতীর ন্যায় বহুভোজী জীব বা রাক্ষস; উদরপিশাচ। প্র-পেটে বা° জন্মেছে না কি যে পঞ্চাশ বার খেয়েও খেতে ইচ্ছা হচ্চে। ভুল-পেটে হাস্তী ঢোকা। ৩ প্লীহা। প্র-তার পেটে বা° হয়েছে। ৪ [প্রাদে° বাখরগঞ্জের বালাম চাউল বঙ্গের রাজধানীর প্রধান খাদ্য ছিল। এখনও এই চাউলের চাহিদা কম নহে। বাখরগঞ্জের যাবতীয় উৎপন্ন চাউল অর্থে বাখরগঞ্জ > বাকড়গঞ্জ (লক্ষ°, বিদ্রূপার্থে অন্নহান) অর্থে উদর] পেট; উদর। ৫ গর্ভ। ৬ বাকড়া দ্রঃ।

বাকড়া [সং-বল্কল > বাকল > বাকড় + আ (তুচ্ছার্থে)। বাকলা দ্রঃ] বি, আম্রাদি ফলের কঠিন বীজাবরক। ২ [প্রাদে° জেদে, গ্রা° বাগ্‌লো] তাল নারিকেলাদি বৃক্ষের শাখা বা পাতা।

বাকঁর [চাকর শব্দের সহচর] বি, নফর। প্র-চাকর বাকর।

বাকঁল,-লা [সং-বল্কল > প্রাকৃ° বক্কল > বাকল + আ (তুচ্ছার্থে)] বি, বৃক্ষত্বক; গাছের ছাল। ২ কলাদির আবরণ বা পুরু খোলা; বাকলা। ~-বঁসন-তাপস ও তাপসীদিগের পরিধেয় বল্কলের বস্ত্র। ২ বিণ, বল্কল বস্ত্র পরিধানকারী; তাপস। > স্ত্রীং ~া-বল্কলবাসা; তপস্বিনী।

বাকঁস-বাসক দ্রঃ।

বাকি,-কী [আ° বাকী >। বক্রী দ্রঃ] বিণ, অবশিষ্ট। "বকেয়া বিত্তর বাকি বেবাক না পাই। চাহিতে উচিত কর উঠে দিল যাই।"-ঘ°। ২ বি, [পাটী°(ক° বিশ° পরি:)] ইং remainder এর বৈজ্ঞা° পরি:; হিসাবের শেষ; বিয়োগফল। ৩ অবশেষ; অন্ত; শেষ; চরম। "মনে ভেবে দেখ দেখি দুঃখের বা কি আছে বাকি?"-বাং গান। "তুমি রাই হতে কি বড় ভাব হরি। বাকী কি শ্যাম অপমানে সাধিলে চরণে ধরি।"-বাং গান। ~অংশ [পাটী° (ক° বিশ° পরি:)] বি, ইং call money র বৈজ্ঞা° পরি:; কল। বাকী কাটা-হিসাবে দেনা পাওনার তকরাদ মিটান; হিসাব চুকাইয়া অতিরিক্ত দেখান; বিয়োগফল বাহির করা। ~খাজনা-বি, যে খাজনা নির্দ্দিষ্ট সময়ে দাখিল না হয়। ~জায়-বি, প্রজার নিকট হইতে সংগৃহীত বাকী খাজনা। ~দার [আ° বাকী + ফা° দার্] বি, যে প্রজার দেয় খাজনা বাকী পড়ে defaulter. ~পড়া-যথা সময়ে খাজনা দাখিল করিতে না পারা। ~বঁকেয়া, বঁকেয়াবাকী-বি, বিণ, গত ও পূর্ব্ব পূর্ব্ব সালের দেয় বা প্রাপ্য সুদ বা খাজনার বাকী। ~য়াত [আদা° ভাষায়] বি, মুলতুবী বা বিচারাধীন মামলাসমূহ pending cases. ২ বক্রী; অবশিষ্ট বা অসম্পূর্ণ বিষয়াদি arrears. বিলাতবাকী-বিলাত, দ্রঃ।

বাকুচী [সং-বাগুচী। হি°বুকচী। ম° বাউচী। হাউটনে, বাগুজী] বি, সোমরাজ; হাকুচ serratula anthelmintica.

বাকুড়ি [সং-বাটিকা > প্রা° বাং-র বর্ণবিপর্য্যয়ে 'বাকাটি' > বাকুটি (ড়ি), আধু° বাং-র-বাড়ী (দ্রঃ)] বি, বাড়ী; ঘর; গৃহ। "দশ মাসে থায় বালা দিয়া হামাগুড়ি। ধরিতে ধরিতে যায় বা° বা°।"-কবিক°। "চাষী বিনা চাষের মহিমা কেবা জানে। লঙ্কার বাণিজ্য বাসি বাকুড়ির কোণে।"-শি°।

বাকুল [বাকুড়ি দ্রঃ] বি, মেটে বাড়ী। "তাহার বাকুলের বহির্ভাগের পথ হতে ডাকিল, "মাধব ঘরে রইছিস্?"-ক্ষী° প্র° বিদ্যাবিনোদ। "তাহার নিজের বাকুলের মধ্যে একদিকে ছিল অটলের ঘর আগুলিয়া তাহার পিসী, অপরদিকে ছিল একমাত্র সে।"-বা° বসুমতী, ১৩৩৪।

বাকোবাক্য [সং] বি, প্রশ্নোত্তররূপ বেদবাক্য (যাজ্ঞবল্ক সংহিতা)।

বাক্য১ [তঃ বিঃ। ইং proposition] বি, "যে শব্দঘটিত চিহ্নদ্বারা অবগতি প্রকাশ করা হয়", "দুইটি পদার্থ কিম্বা প্রত্যয়ের সম্বন্ধ প্রকাশক শব্দসমূহ।"-প্র° সিংহ। অন্বয়ি বাক্য-যে বাক্যের উদ্দেশ্যের সম্বন্ধে বিধেয়ের অন্বয় affirmative করা হয়, affirmative proposition. বিশ্লেষক বাক্য-যে বাক্যের বিধেয় পদদ্বারা কেবল উদ্দেশ্যের অর্থমাত্র ব্যাখ্যা করা হয়। সংশ্লেষক বাক্য-যে বাক্যের বিধেয় পদদ্বারা উদ্দেশ্য সম্বন্ধে নূতন কিছু বলা হয়। ব্যতিরেকি বাক্য-যে বাক্যে উদ্দেশ্য সম্বন্ধে বিধেয়ের নিষেধ করা হয় negative proposition. ব্যাপক-বাক্য-যে বাক্যের উদ্দেশ্য পদদ্বারা তৎপ্রতিপাদ্য প্রত্যেক ব্যক্তি লক্ষিত হয় universal proposition. অব্যাপক-বাক্য-যে বাক্যের উদ্দেশ্য পদদ্বারা তৎপ্রতিপাদ্য প্রত্যেক ব্যক্তি লক্ষিত হয় না particular proposition. ব্যাপকান্বয়িবাক্য-universal affirmative. অব্যাপকান্বয়ি-particular affirmative. অব্যাপক ব্যতিরেকি-particular negative. সমগুণী বাক্য-দুইটা অন্বয়ি কিম্বা দুইটা ব্যতিরেকি বাক্য পরস্পর সমগুণী। বিষমগুণী বাক্য-একটা অন্বয়ী এবং একটা ব্যতিরেকি-বাক্য পরস্পর বিষমগুণী। সমপরিমাণ বাক্য-দুইটা ব্যাপক কিম্বা দুইটা অব্যাপক বাক্য পরস্পর সমপরিমাণ-বাক্য proposition of same quantity. বিষম-পরিমাণ বাক্য-একটা ব্যাপক ও একটা অব্যাপক বাক্য পরস্পরের বিষম-পরিমাণ বাক্য proposition of different or indifferent quantity.

বাক্য২ [বচ্ (বলা)+য (র্ম) যা বলা যায়] বি, উচ্চার্য্যমাণ পদ; অর্থযুক্ত পদ; বচন; কথা। ২ [ব্যা০] যদ্দারা পদার্থান্বয়, সম্বন্ধ, জ্ঞান ও বক্তার অভিপ্রায় ব্যক্ত হয়; কারকান্বিত ক্রিয়াপদ। ~**কদম্বক** [সং] বি, বাক্যসমূহ। ~**দান**-কথা দেওয়া; অঙ্গীকার; প্রতিশ্রুতি। ~**দেওয়া**-প্রতিশ্রুতি দান করা; প্রতিজ্ঞা করা। ~**নবাব**-বাক্যবাগীশ; কথার ধোকড়। "একবার ওগো বাক্য-নবাব চল দেখি কথা শুনে"-রবী০। ~**পরম্পরা**-বি, ক্রমাগত কথার পর কথা। ~**বাগীশ**-যে কেবল কথা বলে কাজে কিছু করে না; কথার ধোকড়। ~**বিশারদ**-বিণ, বাগ্মী। ~**বাণ**-নিষ্ঠুর বাক্য; শেলসম কঠোর বচন; হৃদয়ভেদী বাক্য। ~**ব্যয়** [বাক্যের ব্যয় (খরচ)] বি, বেশীকথা বলা; অতিরিক্ত বা বৃথা বাক্য। ~**স্খলন**-বি, বাক্যবিচ্যুতি; অর্দ্ধোচ্চারণ; অনুদ্দিষ্ট বাক্য কথন। ~**স্থ** [বাক্য (কথা) +স্থ (স্থা=থাকা+অ, র্ত্তৃ), যে বাক্যে থাকে অর্থাৎ কথা রক্ষা করে (উপ০)] বিণ, বাক্যে স্থিত; প্রতিশ্রুতিতে অটল। ২ যে অন্যের বাক্যানুসরণ করে; কথার বশীভূত। ~**স্ফূর্ত্তি** [৬তৎ] বি, কথা ফুটা; অনর্গল কথা বাহির হওয়া।

বাক্যাড়ম্বর [বাক্য (বাক্যের)+ আড়ম্বর, ৬তৎ] বি, বাগাড়ম্বর; বাগ্‌জাল; কথার ছটা বা ঘটা; বাগ্‌বাহুল্য; বাক্‌কৌশল।

বাক্যালাপ [বাক্য (দ্বারা)+আলাপ, ৩তৎ] বি, কথাবার্ত্তা; কথোপকথন। ২ সদ্ভাব এবং সদ্ভাবজনিত কথাবার্ত্তা। "রাধারাণী স্বামীর সহিত বা০ মাত্রই করিত না।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

বাক্স, বাক্‌স [ইং box > । গ্রা০ বাস্‌কো] বি, মূল্যবান্ দ্রব্যাদি রাখিয়া বন্ধ করিবার মত ধাতু, কাষ্ঠ, প্রস্তরাদি নির্ম্মিত চতুষ্কোণ আধার; মঞ্জুষা; ছোট সিন্দুক। প্র-কাটের বাক্স; পিতলের বাক্স; বেতের বাক্স; লোহার বাক্স। ~**বন্দী** [বাক্সে-বন্দী] বিণ, যা বাক্সে বন্ধ করা হইয়াছে; বাক্সজাত; বাক্সে রক্ষিত। **ক্যাশ বাক্স**-নগদ টাকা কড়ি রাখিবার বাক্স cash box. **গহনার বাক্স**-যে বাক্সে অলঙ্কার রাখা হয়। **রঙের বাক্স**-চিত্রকরের বাক্স; চিত্রকরণোপযোগী রঙ্গাদি রাখিবার বাক্স। **হাতবাক্স**-নিত্য ব্যবহার্য্য দ্রব্য রাখিবার ও সদাসর্ব্বদা ব্যবহার করিবার মত ছোট বাক্স।

বাক্‌সনা [সং-বঙ্গসেন > বাক্‌সন+ আ (অতি পরিচয়ে)। প০ বঙ্গে 'বাসকনা'] বি, অগস্তি পুষ্প; শ্বেত ও রক্তবর্ণের বকজাতীয় পুষ্প; বকফুল। "মাথার লেঙ্গুড় তুলি, বাঘা আইসে মুখ মেলি, বাক্‌সনা ফুল ছুটা দাড়া।" -কবিক০।

বাখড়, বাখড়া [বল্কল > বাক্‌লা >, কঠিনার্থে ড়] বি, তাল নারিকেল আদি বৃক্ষের শাখা। ২ [পক্ষ > পাখনা > কঠিনার্থে ড়] পাকিলে যে সকল ফল বা তার কঠিন ত্বক কাটিয়া দুভাগ হইয়া পাখার মত হয় তার এক এক পক্ষ।

বাখর১ [সং-বল্কল >] বি, বাকল। ২ [প্রাদে০] ধেনোমদ প্রস্তুত করিবার খামির বা কিণ্ব ferment; leaven. [ব০ শ০ কোষ]।

বাখর২ [প্রাদে০] বি, তুচ্ছ বস্তুবিঃ। "বা০ লইতে বন্ধু ছাড় গোরচনা।" -পূ০ ব০ গী০।

বাখান [ব্যাখ্যান > পদ্যে-বাখানি] বি, ব্যাখ্যান; অর্থবিবৃতি। "বেদভাগে বেদান্ত বাখান"-অ০ ম০। ২ প্রশংসা; গুণানুবাদ। "নানা তন্ত্র করয়ে বা০।" -কবিক০। "ভুবন করেগো তার কতই বা০" -অশোক০। ৩ বিস্তারিত বর্ণনা [এই অর্থে ও ব্যঙ্গে, গ্রা০ ব্যাখ্যানা]। ৪ [অর্থসম্প্রসারণে] অপ্রীতিকর বর্ণনা; বিস্তারিপ (দ্রঃ)। কেন, চ'লে গেল ভাবি, আমি ত এক দিনের জন্যও তাকে একটা বাখানও পর্য্যন্ত করিনি" -কী০ প্র০ বিদ্যাবিনোদ (বা০ বসুমতী, ১৩০৪)।

বাখানা [ব্যাখ্যান > বাখান+আ (ক্রিয়ায়)। নামধাতু। উ০ পু০ বাখানি, প্র০ পু০ বাখানে। অস-ক্রি-বাখানিতে; বাখানিয়া (পদ্যে-বাখানি)] ক্রি, ব্যাখ্যা করা। ২ প্রশংসা করা; গুণানুবাদ করা। "চারিবেদে তোমারে বাখানি।"-কবিক০। "যত বন্ধু আইসে তারা কন্যাকে বাখানে॥" -ঐ। "বাখানি সাহস তোর শূরচূড়ামণি!" -মেঘ০। ৩ বর্ণনা করা; বিবৃত করা। ৪ বৃদ্ধিপ্রাপ্ত হওয়া। "অনুরাগ বাখানিতে তিলে তিলে নৌতুন হোয়"-বি০ প০। ৫ বড় করা; বাড়ান। "পরস্পর সকলে কহেন বাখানিয়া"-অ০ ম০।

বাখানি [বাখান দ্রঃ। গ্রা০ বাং] বি, গুণানুবাদ; প্রশংসা। ২ বিণ, বিস্তৃত; বৃদ্ধিপ্রাপ্ত। "কলার মান্দাস গেল হইয়া বাখানি।"-ক্ষেমা০।

বাখার [বর্দ্ধ০ মুর্শি০ প্রাদে০] বি, মরাই; ধান বাঁধিয়া জমা করিবার আধার (পূ০ বঙ্গে -পোঠে)।

বাখারী-বাখারি দ্রঃ। "তালের কাঁড়ি লাগে গুআর বা০ ছিটন তখির উপর।" -শূ০ পু০। ~**চূণ** [বল্কল > বাকল (বর্ম্ম, খোলা) >] বি, শামুক, ঝিনুক, গুগুলি ই০ দৃঢ়বর্ম্মীর খোলা পোড়াইয়া প্রস্তুত চূণ।

বাগ১ [সং-ব্যাঘ্র > গ্রা০] বি, ব্যাঘ্র; বাঘ। স্ত্রীং বাগিনী। ~**া** [সাদৃশ্যার্থে আ] বিণ, বাঘের মত; বাগাটে; তেজাল।

বাগ২ [সং-বর্গ > প্রাকৃ০ বগ্গ >] বি, বর্গ। ২ পথ। ৩ দিক্। "যে বাগে পড়য়ে জল সেই বাগে ছাতা। ধরিয়া সুবুদ্ধি লোক রক্ষা করে মাথা॥"-ঘ০। ৪ পশ্চাৎদিক; পিছন। "এক ধরিল আগে এক ধরিল বাগে। পাটের ডুরি ধার দিল পরমেসরের আগে॥" -শূ০ পু০। ৫ মুখ। "চক চক করি ঢেঁকি উঠাইল বাগ। দোকাটি বাজায়ে চলে বলে লাগ লাগ॥"-শি০। ৬ কৌশল; ব্যবস্থা; গোছ। প্র-বেশ বাগ করে কাজ করা। ৭ [যশো০ খুলনা প্রাদে০, গোছা দ্রঃ] বি, নৌকার ভিতর তলদেশে এড়োভাবে লাগান ছোট ছোট কাঠ। **বাগ করা**-আয়ত্ত করা। ২ কৌশল করা। ৩ সুবিধা করা; ফিকির করা; গোছ করা। **বাগে বাগে**-দিকে দিকে; চতুর্দ্দিকে; সর্ব্বত্র। "ডাক কৃষ্ণ অনুরাগে ফিরছে শমন বাগে বাগে" -বাং গান। **ভাগবাগ**-লক্ষ্য এবং কৌশল।

বাগ, [ফা॰ বাগ্] বি, উদ্যান। ~**বাগিচা**-বি, ক্ষুদ্র বৃহৎ উদ্যান ; ছোট বড় বাগান। "তাঁহার সুদৃশ্য অট্টালিকা বাগ বাগিচা, তালুক ও অন্যান্য ঐশ্বর্য্য সম্পত্তি হওয়াতে"-টেকচাঁদ।

বাগঁড়, বাগড়া [সং-ব্যাঘাত >] বি, বিঘ্ন ; রোধ ; প্রতিবন্ধক ; আটক বা আয়ত্তি চেষ্টা। "এড়হ বাগড় কাহাঞিঁ জাইতেঁ দেহ ঘর।"-শ্রী॰ কী॰।

বাগধারা [বাক্-ধারা (প্রণালী)] বি, কথা বলিবার বিশেষ প্রণালী ; ভাষাভঙ্গী ; idiom. "পূর্ব্ববঙ্গ ও পশ্চিম বঙ্গে যে দুইটি বিভিন্ন বাগ্‌ধারা (idiom) আছে, তন্মধ্যে একটীকে ছাড়িয়া দিয়া অপরটীকে সর্ব্বত্র প্রচলিত করা।"-চন্দ্রনাথ বসু।

বাগডাসা [ব্যাঘ্র-রাশ (রাশি-সিংহ-রাশীর অনুকরণে) + ইয়া (বিশিষ্টার্থে), র=ড (প্রাদে॰)] বিণ, রাসভারি।

বাগডোর [সং-বল্গা > হিং বাগা > বাগ (লাগাম) + ডোর (দড়ী)] বি, ঘোড়ার লাগাম ; রাশ। ২ বৃষ, মহিষাদির নাক-ফোঁড়া দড়ী। "বৃকোদর বৃষের বিচিত্র সাজকারি। শিবের সাক্ষাতে দিল বাগডোর ধরি।"-শি॰।

বাগদি,-দী, বাগ্দী [বকদ্বীপ (বঙ্গের মেদিনীপুরস্থ পরগণাবিঃ) > বকডী > উচ্চারণ বিকারে, বাগদী, বাগ্দী, এবং বগড়ী হইয়াছে। ইহা বকরাক্ষসের রাজ্য এবং বাগদী জাতির আদি বাসস্থান বলিয়া উক্ত। এই জাতির এক শাখা ওড়িশায় বাগুটি নামে অভিহিত। যেমন তাম্রলিপ্তির অনন্তর বংশ তামিল জাতিতে পরিণত বলিয়া অনুমিত হয়] বি, নিম্ন শ্রেণীর হিন্দু জাতিবিঃ। "তোর বাপ বাগ্‌দি হয়েছে হাড়ি যোকে। তার ঠাঁই খেয়ো নাই ছুঁয়ো নাই তাকে।"-শি॰। "বাসরে বিকল করি বাগ্‌দির বালা"-ঐ। স্ত্রীং **বাগ্দিনী**-বাগ্দী জাতীয়া স্ত্রী। ২ কিরাতিনী। "হর বলে হে সই এগুলা কেন লব। বাগ্দিনী বলে সন্না তোমায় আমায় খাব।"-শি॰।

বাগ্‌দেবী-বাগ্দেবী দ্রঃ।

বাগ্‌বিতণ্ডা-কাক্, বাগ্বিতণ্ডা দ্রঃ।

বাগ্‌বিদগ্ধ-বাগ্বিদগ্ধ দ্রঃ।

বাগভেরেণ্ডা, - ভ্যারেণ্ডা, বাঘভেরেণ্ডা [সং-ব্যাঘ্রপুচ্ছ > বাঘ, বাগ + এরণ্ড > (বাঘএর সহিত অনুপ্রাসার্থে) ভেরেণ্ড > গ্রা॰ ভেরেণ্ডা। বাগভেরেণ্ডা > (বর্ণবিপর্য্যয়ে) গাবভেরেণ্ডা]।

বাগলো [প্রাদে॰ ভেদে বাকড়া] বি, তাল খেজুর বা নারিকেল গাছের পাতা। "প্রতিমাসে এক একটি করিয়া বাগ্‌লো বাহির হয়।"-গাছপালা।

বাগাটিয়া, বাগাটে-বাঘাটিয়া দ্রঃ।

বাগাড় [প্রাদে॰। বাঘা-আড়] বি, অতি বৃহৎজাতীয় আড় মাছ। ইহারা ওজনে প্রায় একমণ দেড় মণ হইয়া থাকে।

বাগাড়ম্বর [বাক্ + আড়ম্বর। বাক্যের আড়ম্বর] বি, বাগ্‌জাল ; বাক্‌কৌশল ; বাক্যের ঘটা।

বাগাৎ [আ॰ বাগ্ শব্দের বহুবচনে] বি, উদ্যানসমূহ ; উদ্যানাদি ; বাগবাগিচা। ২ [আদা॰ পরিঃ] উদ্যানভূমি ; যে জমী উদ্যানে পরিণত করা হয়।

বাগাতি, -তী [আ॰ বাগাৎ + ই (হিং॰)] বি, উদ্যানজাত ফলাদির আদায়। ২ উদ্যানের উপর যে কর বসান হয় ; ফলকর।

বাগান, [আ॰ বাগ্ এবং সং-উদ্যান এই দুইয়ের মিশ্রণে বাগান শব্দের উৎপত্তি ; অথবা আ॰ বাগাৎ (উদ্যানসমূহ) শব্দের উচ্চারণ বিকারে। ত=ন] বি, উদ্যান ; উপবন ; যে ক্ষেত্রে ফল ও পুষ্প বৃক্ষের চাষ হয়। ~**বাগিচা**, ~**টাগান**-বি, উদ্যানও উদ্যানেরই মত ক্ষেত্রাদি ; বাগান পুকুর ; মালঞ্চ ; বাগান-বাড়ী ই॰। বাগবাগিচা দ্রঃ। ~**বাড়ী**-বি, উদ্যানবাটিকা ; বাগান মধ্যস্থ বা বাগান সংলগ্ন বাড়ী। ~**বিলাস** [বা॰ শ॰ কোষ। Bougainvillaeaর লিপ্যন্তর। ১৮শ শতাব্দীর মাঝামাঝি, ফরাসী নাবিক বুগেনভিল (Bougainville) এর নাম হ'তে] বি, কৃষ্ণকলি আদি বর্গের মার্কিণ দেশজ বৃহৎ কণ্টকী পাতাবাহার গাছবিঃ। **ফুলবাগান**-বি, পুষ্পোদ্যান।

বাগান, **বাগানো** [বাগ (দ্রঃ) + আন (ক্রি-বিভক্তি)। বাগাই, বাগাও, বাগায়; বাগাইতে ; বাগাইয়া (কে॰ বাগিয়ে)] ক্রি, আয়ত্ত করা ; বশীভূত করা। ২ বিলি করা ; বন্দোবস্ত করা ; শৃঙ্খলা সম্পাদন করা। ৩ মোড় ফেরান ; ঘুরান। ৪-ফেরাম ; আঁচড়ান। "আদপাকা চুলেতে তেড়ি বুরুষে বাগানো"-হেম॰।

বাগারু [বাগাড়ম্বর > গ্রা॰ বাগাড়ু > বাগারু, যার কথার স্থিরতা নাই] বিণ, বাগাড়ম্বরকারী ; যে জন বাক্য দিয়া নিরাশ করে ; কথার খোকড়।

বাগা/ল [গ্রা॰। বাগ (ব্যাঘ্র) + আল-আইল-(বাঁধ), যে গো এবং বাঘের মধ্যে বাঁধ-স্বরূপ হইয়া বাঘের মুখ থেকে গোরুকে বাঁচায়] বি, গোরক্ষক ; রাখাল। ~**লি** [বাগাল + ই (বৃত্তি অর্থে)] বি, বাগালবৃত্তি ; রাখালি।

বাগি, বাগী, বাঘী [সং-বঙ্ক্ষণ (কুঁচকী)] বি, উরুসন্ধি বা কুচকীতে উৎপন্ন উপদংশাদিজনিত দূষিত স্ফোটক ; বাও (দ্রঃ) bubo.

বাগিচা, বাগীচা [ফা॰ বাগীচা (বাগ অপেক্ষা ছোট)] বি, ক্ষুদ্র উদ্যান ; ফুল ও ফলের বৃক্ষ সমম্বিত ছোট বাগান। "বাগীচা কি বনে বৃক্ষাদি সকল।"-বাং গান।

বাগিন্দ্রিয় [বাক্ + ইন্দ্রিয়] বি, বাক্‌যন্ত্র ; মুখ।

বাগীশ [বাচ্ (বাক্য) + ঈশ (ঈশ্বর), ৬তৎ] বি, বাক্যবিশারদ ; বাগ্মী। ২ বাকপতি ; বাচস্পতি। ৩ বৃহস্পতি। ৪ ব্রহ্মা। ৫ মঞ্জুঘোষ। স্ত্রীং ~া-বাগ্‌দেবী ; বাণীশ্বরী।

বাগীশ্বর [বাচ্ (বাক্য) + ঈশ্বর (অধিপতি), ৬তৎ] বি, বাগীশ দ্রঃ। স্ত্রীং ~ী-বাক্যের অধীশ্বরী ; সরস্বতী। সম্বোধনে-**বাগীশ্বরি**। "উর দেব সরস্বতী ; শুবে কর অনুমতি বাগীশ্বরি ! বাক্যবিনোদিনি !"-অ॰ ম॰।

বাগুড়া [বল্কল > প্রাদে॰ উচ্চারণ বিকারে বাক্‌লা > বাকড়া-বাকুড়া > বাগুড়া। ক্ষুদ্রার্থে, **বাগুড়ি**। "ঝড়ে যেন ভাঙ্গি পড়ে কলার বাগুড়ি"-কৃত্তি॰] বি, কলা-গাছের সবুজ পত্র ; বাইল। "কলার বাগুড়া" -কবিক॰। ২ গুপারি গাছের বাইল, বাহবা

ডাল। [দ্রঃ-কলাগাছের বাইল বা শুকাইয়া ক্রমে বকলে পরিণত হয় তা বাস্‌না]।

বাগুরা [বা (সূত্র বিস্তার করা)+উর (বি, জাº), 'গ' আগম+আ (স্ত্রীং), যাতে সূত্রের বিস্তার করা হয়] বি, মৃগবন্ধনের জাল; ফাঁদ। "তনয়ে বাগুরাজাল সমর্পিয়া বহুকাল সুখে ভুঞ্জে কিরাতনন্দন।"-কবিকº।"নিঠুর ব্যাধের মত বিস্তারি বাগুরা শত মোহিয়ে মধুর রবে বিপাকে ফেলিলে।"-বাং গান। ২ অস্ত্রবিঃ।

বাগুরিক [বাগুরা+ইক, যে বাগুরা দ্বারা জীবনযাত্রা নির্ব্বাহ করে] বি, পশু-বন্ধনজাল-প্রসারক ; জালিক ; ব্যাধ।

বাগুল। [প্রাদেº। বাগুড়া দ্রঃ। ড়=ল] বি, কলাগাছের কিম্বা সুপারি গাছের বাইল, বাহু বা ডাল। "লাঙ্গুল তোলয়ে সিংহ মাথার উপর। কলার বাগুলা যেন কম্পিত কেশর॥" -কবিকº।

বাগ্‌জাল [বাক্‌ (বাক্যের)+জাল (বিস্তার), ৬তৎ] বি, বাগাড়ম্বর।

বাগ্‌ডম্বর [বাক্‌-ডম্বর (আড়ম্বর)] বি, বাগাড়ম্বর ; বাগজাল ; বাগ্‌বিস্তার।

বাগ্দণ্ড [বাক্‌ (রূঢ় বাক্য দ্বারা)+দণ্ড, ৩তৎ] বি, তিরস্কার।

বাগ্দত্তা [বাক্‌ (বাক্যদ্বারা)+দত্তা, ৩তৎ] বি, বিবাহের পূর্ব্বে যে কন্যাকে কোন পাত্রে সম্প্রদান করা হইবে বলিয়া কন্যাকর্ত্তা কর্ত্তৃক প্রতিশ্রুতি দান করা হয়। পুং বাগ্দত্ত।

বাগ্দরিদ্র [বাক্‌ (বাক্য বিষয়ে) দরিদ্র, ৭তৎ] বিণ, পরিমিতভাষী ; অল্পভাষক। ২ যে বাক্যসম্পদে হীন ; যার উপযুক্ত বাক্য যোগায় না ; বাক্য বলিতে অক্ষম।

বাগ্দান [বাক্‌ (বাক্যের) দান (দেওয়া)] বি, কন্যার বিবাহের পূর্ব্বে তাকে নির্দ্দিষ্ট পাত্রে সম্প্রদান করিবার প্রতিশ্রুতি।

বাগ্দুষ্ট [বাক্‌ (বাক্যদ্বারা)+দুষ্ট (খারাপ), ৩তৎ] বিণ, দূষিত বাক্য প্রয়োগ হেতু বিকৃত ; অনুচিত বা নিন্দিত বাক্যে দূষিত। ২ [বাক্‌ (বচন-আপ্তবাক্য বা ঋষিবাক্য) তদ্দ্বারা দুষ্ট (নিন্দিত), ৩তৎ] শাস্ত্রীয় বাক্য-নিন্দিত ; প্রত্যবায়জনক।

বাগ্দেবী [বাক্‌ (বাক্য)+দেবী (দেবতা), ৬তৎ] বি, বাক্যের অধিষ্ঠাত্রী দেবী ; বাগীশ্বরী ; সরস্বতী।

বাগ্দেবতা [বাক্‌ (বাক্য)+দেবতা, ৬তৎ] বি, সরস্বতী।

বাগ্বাদিনী [বাগ্বাদিন্‌+ঈ (স্ত্রীং)] বি, বাগ্দেবী ; সরস্বতী। "বাº করে বীণা, মূর্ত্তি বিহসিতাস্য"-ভারতী, ৩৬বর্ষ।

বাগ্‌বিতণ্ডা [বাক্‌+বিতণ্ডা] বি, কলহ। ২ তর্কাতর্কি।

বাগ্‌বিদগ্ধ [বাক্‌+বিদগ্ধ] বিণ, বাক্‌পটু ; বাক্য ব্যবহারে সুপণ্ডিত ; বাক্‌-কুশল। স্ত্রীং ~া।

বাগ্বৈদগ্ধ, বাগ্বৈদগ্ধী, বাগ্বৈদগ্ধ্য (-গ্‌বৈদ-) [বাক্‌ (বাক্য)+বৈদগ্ধ ইº (চতুরতা), ৬তৎ] বি, বাক্‌কৌশল ; বাক্‌-চাতুর্য্য ; বাক্যপ্রয়োগ বিষয়ে পাণ্ডিত্য।

বাগ্মী (-গ্‌মি) [বাগ্মিন্‌ >। বাক্‌ (বাক্য)+মিন্‌ (স্ত্যº), যে পরিমিত সার বাক্য বলিবার কৌশল জানে। বিণ, বক্তৃতাকুশল ; সুবক্তা orator. ২ বাক্‌চতুর ; বাকপটু। ৩ বি, বৃহস্পতি। বি, বাগ্মিতা।

বাগ্‌যত [বাক্‌ দ্বারা যত (সংযত, মৌনী), ৩তৎ] বিণ, মৌনব্রতী ; মৌনী।

বাগ্‌যুদ্ধ [বাক্‌+যুদ্ধ] বি, কথার লড়াই ; কলহ ; কথা কাটাকাটি।

বাগ্‌রোধ [বাক্‌+রোধ] বি, বাক্‌-শক্তির লোপ ; কথা বলিবার শক্তি রুদ্ধ হওয়া।

বাঘ [ব্যাঘ্র > প্রাº বাঘ, বাগ, বাগ্গ] বি, ব্যাঘ্র। ২ সাধারণ সৈন্য ও গ্রামবল সংঘ-সূচক উপাধিবিঃ। স্ত্রীং, বাঘী, বাঘিনী। "সেই বনে ছিল এক রূপী নামে বাঘী।"-ঘº। "মূঢ় যে ঘাঁটায় সখে হেন বাঘিনীরে।"-মেঘº।

~আঁচড়া-বাঘের গায়ের পাটকিলা চামড়ার উপর লম্বা লম্বা কাল আঁচড়ের মত দাগযুক্ত। ২ বাঘের নখের আঁচড়ের দাগযুক্ত ; বাঘে আঁচড়ান। ৩ আঁকোড় গাছ।

~ছড়ি [বাঘ-ছড়ি > চর্ম্ম > চম্‌ড়ি > ছড়ি] বি, ব্যাঘ্রচর্ম্ম ; বাঘের ছাল। "বসন না মিলে পরিধান বাঘছড়ি"-মহাº (কাশীº)।

~ছাল, -ছালা [৬তৎ] বি, ব্যাঘ্রের চর্ম্ম ; বাঘের চামড়া। "বিভূতি ভূষিত অঙ্গ পরি বাঘছালা।"-অº মº। ~জাল [বাঘ (ধরিবার) জাল] বি, যে জালে বাঘ ধরা যায়। "বাঘজালে বেন্ধে আন শার্দ্দুল দুর্জ্জনে।"-ঘº। ~থাবা [৬তৎ] বি, বাঘের থাবা বা পাঞ্জা। ২ বিস্তৃত করতল। ~নখ[1] -বি, বাঘের নখ। ২ [ইতিº] ছত্রপতি শিবাজীর ব্যবহৃত লৌহনির্ম্মিত তীক্ষ্ণধার ব্যাঘ্র-নখর সদৃশ করত্রাণরূপ অস্ত্র। ৩ বাঘের নখ-জড়িত স্বর্ণালঙ্কার, পদক বা ধুক্‌ধুকি। ~নখ[2], -নখী-বি, বড়নখী (নখী দ্রঃ) ; স্বনামখ্যাত গন্ধদ্রব্য। ~বন্দী [বাঘ বন্দী হয় যাতে, বহু] বি, বাঘজাল। ২ ছক কাটিয়া তা'তে ঘুঁটির খেলাবিঃ। ~ভেরেণ্ডা-বাগ-ভেরেণ্ডা দ্রঃ। ~হাথা [বাঘ-হাথ (থাবা) +আ (সাদৃশ্যে)] বি, হাত বাঁধিবার বাঘ-থাবার আকৃতি চর্ম্মবন্ধনী। তুল-হাতকড়ি। "হাথে বাঘহাথা দিল গলায় জিঞ্জির।" -কবিকº। ২ বাঘের থাবার আকৃতি অস্ত্র-বিশেষ ; ব্যাঘ্রনখযুক্ত স্বর্ণালঙ্কার। বাঘে ছুঁলে আঠার, ঘা-বাঘের দাঁতে ও নখে এমন বিষ আছে যে একবার অঙ্গ স্পর্শ করিলে নানা স্থানে ক্ষত হয়। ২ [লক্ষº] যে বিষয়ে একবার লিপ্ত হইলে নানা বিপদে বা ঝঞ্ঝাটে পড়িতে হয়। বাঘের আড়ি-বাঘের ন্যায় বলবান শত্রুর আক্রোশ বা বৈরতা অতি ভয়ানক ; না-ছোড়-বান্দা শত্রুর শত্রুতা। বাঘের ঘরে ঘোগের বাসা -ঘোগ দ্রঃ। বাঘের মাসী-বিড়াল। ২ নির্ভীক। বাঘের মাসী হওয়া [সকলের ভীতিস্বরূপ বাঘ যার বহিন-পো তার ভয় নাই] ভয়শূন্য হওয়া ; নির্ভীক হওয়া ; কাহাকেও কেয়ার না করা। "বাপের বাড়ী এসে বাঘের মাসী হয়েছেন।" "স্ত্রীবাগী যেখানে যায় বাঘের মাসী হয় (অর্থাৎ বিপদের ভয় রাখে না) দুটো পয়সার পান আনতে গেছে সেই পথ।"

বাঘা [বাঘ+আ (বৃহদর্থে, গ্রাº প্রয়োগে)] বি, বাঘ। ২ বিণ, বড় ; বৃহৎ। ~হামা-দুই করতল ও দুই পদতলের উপর ভর করিয়া

] যুক্ত বিসর্গবৎ (অশ্র=অশ্‌র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible]

চলন; বড় হাবাগুড়ি। প্র-ছেলেটা বাঘা-হামা দিয়ে যাচ্ছে। ~টিয়া, বাঘাটে [বাঘা-ট (অবজ্ঞার্থে) + ইয়া (যুক্তার্থে), বাঘুয়া ও°] বিণ, বাঘবৎ; তেজাল। প্র-যেমন আদাড়ে কচু তেমনি বাঘাটে তেঁতুল।

বাঘাড় [মালদহ প্রাদে°। বাঘ পশু মারিয়া খাইতে খাইতে যেখানে হাড় জমা হইয়া গিয়াছে] বি, যে স্থানে মৃত পশু ফেলা হয়; ভাগাড়।

বাঘাম্বর [বাঘের ছালের অম্বর (বস্ত্র); ৬তৎ] বি, ব্যাঘ্রচর্ম্মের বসন। "কেলি বা° হয়ে দিগম্বর কাহার ধেয়ানে আছ নিমগন।" -বাং গান॥

বাঘুয়া-বেগো দ্রঃ।

বাঙরি [বাউরী > প্রাদে° উচ্চারণে বাঔরি > বাঙরি। প্রা° বাং] বি, পাগলী।

বাঙলা-বাঙ্গালা দ্রঃ।

বাঙাল [বাঙ্গাল দ্রঃ] বি, বঙ্গদেশ। "সোনার বাঙাল করে কাঙ্গাল, ইয়ং বাঙাল যত জনা।"-ঈ° গুপ্ত। ২ পূর্ব্ববঙ্গবাসী। ৩ বিণ, একগুঁয়ে।

বাঙালি [বাঙ্গালী দ্রঃ] বি, বঙ্গবাসী। ২ বঙ্গদেশের অধিবাসী। "তাঁহার প্রতি বা° মাত্রেরই ভক্তি অকৃত্রিম।"-চারিত্রপূজা।

বাঙ্খুর [সং-বঙ্কুর >, মূলার্থ কুঞ্চিত, তা হতে খর্ব্ব] বিণ, খর্ব্বাকৃতি; বামন। বেঁটে বাঙ্খুর-বাঙ্খুরের মূলার্থ বক্র বা কুঞ্চিত বলিয়াই খর্ব্বাকৃতি বুঝাইতে বেঁটে এই সহচর শব্দের যোগ। স্ত্রীং ~া, ~ী।

বাঙ্গলা, [বাঙ্গালা দেশে উদ্ভাবিত ও প্রচলিত বলিয়া এই নাম, তা হতে ইং bungalow] বি, চারিচালার ঘর।

বাঙ্গাল [বঙ্গ (পূর্ব্ববঙ্গ) + আল(হিং-বালা > বাল), বঙ্গদেশওয়ালা। দ্রঃ-পশ্চিমবঙ্গ পূর্ব্বে গৌড় নামে অভিহিত ছিল। গৌড়বঙ্গ বলিতে আধুনিক সমগ্র বঙ্গদেশ অর্থাৎ পশ্চিম ও পূর্ব্ববঙ্গ বুঝাইত] বি, করতোয়া ও গঙ্গার পূর্ব্বাংশস্থ বঙ্গবাসী; গৌড়ীয় যুগে বঙ্গ নামে অভিহিত প্রদেশের অধিবাসী; পূর্ব্ববঙ্গবাসী। অধুনা ভাগীরথীর পূর্ব্ববর্ত্তী চট্টগ্রাম হতে আরাকানের বিভাগরেখা পর্য্যন্ত ভূভাগের অধিবাসী। "আর বাঙ্গাল কান্দে শোকে শিরে দিয়ে হাত। হলদী গুড়া হারাইল হকুতার পাত॥" "এইরূপে শোকে কান্দে যতেক বাঙ্গাল। জনমের মত সবে হইনু কাঙ্গাল॥"-কবিক°। ২ [প্রাদেশিক প্রতিযোগিতা জনিত ঈর্ষার বশে প্রথমে ব্যঙ্গচ্ছলে এবং ক্রমে তাচ্ছিল্যমিশ্রিত বিদ্রূপার্থে ব্যবহৃত। বাঙ্গাল শব্দের অপব্যবহার চৈতন্য দেবেরও পূর্ব্ব হতে প্রচলিত ছিল। "শ্রীহট্ট জিলার পূর্ব্বাঞ্চলে ও কাছাড়ে নিম্নশ্রেণীর মুসলমানদিগকে বাঙ্গাল বলিয়া ঠাট্টা করা হয়। সহরে লোকের নিকট পাড়াগেঁয়ে লোকমাত্রেই বাঙ্গাল। দক্ষিণ শ্রীহট্টের সাতগাঁ অঞ্চলে চা-বাগানের কুলীরা নিকটবর্ত্তী বস্তীর বাঙ্গালীদিগকে (হিন্দু মুসলমান নির্ব্বিশেষে) বাঙ্গাল বলিয়া থাকে। এখানে বাঙ্গালী শব্দের সংক্ষেপে বাঙ্গাল শব্দের ব্যবহার হইয়া থাকে।"-চ° কু° ভট্ট। প্রা° বৌ° বাং-র বঙ্গদেশ ও দেশবাসী অর্থে-বঁঙ্গাল গঙ্গার পশ্চিম তীরবর্ত্তী অধিবাসিগণ পূর্ব্বতীরস্থকে এমন কি উত্তর পূর্ব্ব বঙ্গের লোককেও বাঙ্গাল বলিয়া থাকেন। আবার নদীয়ার লোক শ্রীহট্টের বা যশোহরের, যশোহরের লোক ঢাকার, ঢাকার লোক শ্রীহট্টিয়া বা চট্টগ্রামীকে বাঙ্গাল বলিয়া থাকেন। এইরূপে বাঙ্গাল শব্দের কদর্থ প্রচলিত হইয়া গেলে পূর্ব্ব বঙ্গবাসীরাও পশ্চিম বঙ্গের লোকদিগের প্রতি "পশ্চিমা বাঙ্গাল" এই বিদ্রূপোক্তি করিতে থাকেন] আনাড়ী; অজ্ঞ। ৩ একগুঁয়ে। বিণ, বাঙ্গালিয়া, বাঙ্গালে (গ্রা°)।

বাঙ্গালা, বাঙ্গলা, [গ্রা°, দ্রুত উচ্চারণে-বাংলা, বাংগলা, বাঙ্‌লা। আইন-ই-আকবরীতে আছে-"নাম-ই-আস্‌লি বাংলা বঙ্গ" অর্থাৎ বাঙ্গালার আসল নাম বঙ্গ। আবুল ফজলের মতে বঙ্গ পূর্ব্বে আল বা আড়াল দিয়া ঘেড়া ছিল বলিয়া বাঙ্গাল এই নাম। মতান্তরে বঙ্গ + আলয়="বঙ্গালয়।" > দ্রং বাঙ্গালা। তাঞ্জোরে ১১ শতাব্দীতে উৎকীর্ণ প্রশস্তিতে আছে "বঙ্গলম্," তাহা হইতে বাঙ্গালা। পূর্ব্বে এই সমগ্র প্রদেশ করতোয়া ও গঙ্গার দ্বারা বিভক্ত হইয়া পশ্চিমাংশ গৌড় এবং পূর্ব্বাংশ বঙ্গ নামে অভিহিত ছিল। মোগল শাসনকালে মিলিত "গৌড়বঙ্গ" বাঙ্গালা নাম প্রাপ্ত হয়] বি, বঙ্গদেশ; বঙ্গভাষাভাষীদিগের বাসভূমি; যতদূর বঙ্গভাষা কথিত হয় অধুনা সেই সমস্ত স্থান বাঙ্গালার অন্তর্ভুক্ত। পরিঃ দ্রঃ। "কহ মানসিংহ রায় গিয়াছিলা বাঙ্গালায় কেমন দেখিলা সেই দেশ।"-ভারত°। ২ বঙ্গদেশবাসীদিগের মাতৃভাষা; বঙ্গভাষা।

বাঙ্গালি, -লী [বাঙ্গাল (বাঙ্গালা অর্থে) + ই, ঈ (অধিবাসী অর্থে)। তুল-পঞ্জাব হতে পঞ্জাবী; নেপাল হতে নেপালী, বিহার হতে বিহারী ই°। "বাঙ্গাল" বলিলে যেরূপ পূর্ব্ববঙ্গবাসীকেই বুঝায়, তদ্রূপ "বাঙ্গালী" বলিলে কিন্তু পশ্চিমবঙ্গবাসীকেই বুঝায় না। বাঙ্গালী বলিলে সমগ্র বঙ্গদেশের মধ্যে যে কোন অধিবাসী, জন্ম ও সংস্কারগত সম্বন্ধে বাঙ্গালা দেশ যার স্বদেশ এবং বাঙ্গালা ভাষা যার মাতৃভাষা এরূপ ব্যক্তিকে বুঝায়। বঙ্গের অধিবাসীর "বাঙ্গালী" নাম মুসলমান রাজত্ব কালে প্রচলিত হয়। সেন বংশীয় রাজাদিগের আমলে তৎপূর্ব্বে রাঢ়ীয়, বারেন্দ্র প্রভৃতি ও গৌড়ীয় নামে অভিহিত হইত। বঙ্গালী দ্রঃ] বি, বঙ্গদেশবাসী; বাঙ্গালাদেশের অধিবাসী। "বাঙ্গালিরা কত ভাল পশ্চিমার ঘরে। পান পানী খানা পিনা আয়েব না করে॥"-অ° ম°। ২ রাগিণীবিঃ। "বাঙ্গালী রাগিণী যদিও বা মাঝে মাঝে গীত হ'তে শোনা যায়" -সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা, ফাল্গুন, '৩৪। স্ত্রীং বাঙ্গালিনী। ~ভাষা-বি, বাঙ্গালীর মাতৃভাষা; বাঙ্গালাভাষা; বঙ্গভাষা। "বিদ্যাহারাবলী নামে এক নূতন পুস্তক বাঙ্গালিভাষায় করিয়া মোং শ্রীরামপুরে ছাপা করিতেছেন"-সমাচার দর্পণ, ১২ই জুন ১৮১৯।

বাঙ্গি, বাঙ্গী, [বগুড়া প্রাদে°। শ্রীহট্টে-বাঙি, বাঙ্গি] বি, ফুটী। "খরমুজা কাঁকড়ী বাঙ্গী আবৃত কাঁকড়ী"-শ্রী° কী°।

বাঙ্গী, [ওয়াও-বাংখী > ব সং-বিহঙ্গিকা-"ভারযষ্টিঃ। বাঁক ইতি ভাষা"-শব্দকল্পে] বি, ভার বাহকদিগের স্কন্ধে যে ভারযষ্টি থাকে; বাঁক। ২ ভার। ~দার [বাঙ্গী (দ্রঃ) + দার (ফা°)] বিণ, ভারবাহক; ভারি। ২ বি, ভারবাহী ভৃত্য। > বি,

~ভারী-ভারবহনের কর্ম। ২ ভারবাহকের মজুরি।

বাঙ্নিষ্ঠ [বাক্+নিষ্ঠা] বি, বাক্যে যার নিষ্ঠা আছে; যে কথা দিয়া তার অন্যথা করে না; কথায় যার নড়চড় হয় না; সত্যপ্রতিজ্ঞ। বি, বাঙ্‌নিষ্ঠা।

বাঙ্নিষ্পত্তি [বাক্+নিষ্পত্তি] বি, কথা বলা; বাক্য ব্যয়; মুখ ফোটা; উক্তি; মতামত। "শিখণ্ডিবাহনের জন্ম সম্বন্ধে আমার বা॰ নাই"-কমলে কামিনী (দীনবন্ধু॰)। বা॰ করা-উক্তি করা; কথা কহা। বা॰ না করা-কথা না বলা; উচ্চবাচ্য না করা; মৌন থাকা। "সে বিষয়ে বা॰ না করাই ভাল"-প্রবাসী, ১২৩৭।

বাগ্মতী (বাংমতি) বি, হিমালয় হতে উদ্ভূতা নদীবিঃ।

বাঙ্মন [বাক্+মন] বি, বাক্য এবং মন। "তুমি ব্রহ্ম পরজ্যোতি, বাঙ্‌মনোনিগূঢ় অতি, স্থূল সূক্ষ্ম চরাচর সব।"-শি॰।

বাঙ্ময় [বাক্ (বাক্য)+ময় (পূর্ণার্থে)] বিণ, বাক্যাবলী দ্বারা প্রস্তুত; শব্দাত্মক। ২ ২ বি, অলঙ্কার শাস্ত্র। স্ত্রীং ~ী (-য়ী)-বিণ, শব্দাত্মিকা। ২ বি, সরস্বতী।

বাঙ্মাত্র [বাক্+মাত্র] বিণ, কেবল বাক্যমাত্র; কথার কথা; অসার। "এ সব বাঙ্মাত্র-প্রমাণ কোথায়"-টেকচাঁদ।

বাঙ্মুখ [বাক্ (বাক্য)+মুখ (আরম্ভ, উপক্রম),৬তৎ] বি, বাক্যারম্ভ; অবতরণিকা; মুখবন্ধ।

বাচ$_1$ [বাইচ দ্রঃ] বি, নৌকার অগ্রগমনে প্রতিযোগিতার ক্রীড়া; বাচখেলা।

বাচ$_2$ [সং-নির্বাচন >,গ্রা॰। বাছ দ্রঃ] বি, নির্বাচন। ২ নির্বাচন করিয়া লইবার পর যা অবশিষ্ট পড়িয়া থাকে। প্র-লোকে ভাল ভাল আমগুলি বাছিয়া লওয়ায় এখন সব বাচ পড়িয়া গিয়াছে।

বাচক [বচ্ (বলা)+অক (র্তৃ), যে বলে] বিণ, কথক; পুরাণপাঠক। ২ বোধক; দ্যোতক; অর্থপ্রকাশক।

বাচকানি [বাচ্চা (দ্রঃ), গ্রা॰ উচ্চারণ বিকারে বাচ্‌কা (হি॰-র অনুকরণে, তুচ্ছার্থে)+নি (তুচ্ছার্থে)] বি, নিতান্ত শিশু। প্র-ও একটা বাচকানি বই ত নয়, ওকে এত দূর আনিলে কেন? ২ [বাচ্চাকানি (বস্ত্রখণ্ড)। প্রাদে॰ বাচকান, বিচুকনা] বি, ছোট গামছা। ৩ ছোট ছেলের কাপড়।

বাচড়া [বৎস > হি॰ বাচ্চা > তুচ্ছার্থে ড়া যোগে-বাচড়া (হি॰ বচেড়া)। তুল-বাচ্‌কানি] বি, অশ্বশাবক; ঘোড়ার বাচ্চা। ২ [প্রাদে॰] পতিত জমি।

বাচন [বচ্ ধাতু ণিজন্ত রূপ-বাচি (বলা)+অন (ভা॰)] বি, বলন; কথন। ২ বলান। ৩ জানান।

বাচনক [বাচন (দ্রঃ)+ক (স্বার্থে)] বি, প্রহেলিকা।

বাচনা [বচ্ (ণিজন্ত)=বাচি+অন (ভা॰)+আ] বি, পঠন। ২ ব্যাখ্যান।

বাচনিক [বচন+ইক (ইদমর্থে)] বিণ, কথাপ্রমাণ; মৌখিক।

বাচবিচার [বাচ (নির্বাচন) ও বিচার] বি, ন্যায় এবং অন্যায়ের মধ্যে নির্বাচন। ২ বিচারদ্বারা নির্বাচন এবং কর্তব্যাকর্তব্য বা ধর্মাধর্ম বিচার। ক্রি, বা॰ করা।

বাচস্পতি [বাচঃ (বাক্যের)+পতি (প্রভু)] বি, বৃহস্পতি। ২ বাক্যশাস্ত্রবিশারদ পণ্ডিত। ৩ বিণ, বাক্‌পটু।

বাচস্পত্য [বাচস্পতি+য (ভা॰)] বি, বক্তার বৃত্তি; বাগ্মিতা; বাক্‌পটুত্ব। ২ পণ্ডিত তারানাথ তর্কবাচস্পতি প্রণীত প্রসিদ্ধ সংস্কৃত অভিধান।

বাচা$_1$ [বাচ্ (বাক্য)+আ (স্ত্রীং)] বি, বাক্য। "রামাক্রির বাচা সিদ্ধ।"-শূ॰ পু॰।

বাচা$_2$ [সং-বাচ। বৈদ্যকে-বাচা] বি, পাব্‌দাজাতীয় আঁইষহীন গোঁফযুক্ত মৎস্যবিঃ; ধাঁইজাতীয় ক্ষুদ্রমৎস্য। "ইচা বাচা চাঁদা চেলা বাতাসী বোয়াল।"-বাল্যশিক্ষা।

বাচা$_3$ [সং-বৎস > (।)প্রা॰ হি॰ বাচ্চা > বাচা। আধু॰ বাং-য় বিরলপ্রয়োগ] বি, বৎস। "ওরে বাচা তোরে মহাতুষ্ট হইলাম আমি।"-শি॰।

বাচা$_4$ [বাচ(দ্রঃ)+আ (ক্রিয়ায়), গ্রা॰। বাচি, বাচ (বাঁচেন, বাঁচিস), বাচে (বাচেন); বাচিতে; বাচিয়া (কে॰ বেছে)। ণিজন্ত-বাচান] ক্রি, নির্বাচন করা।

বাচাই [বাচা (নির্বাচন করা)+ই (ভাব বা কর্ম অর্থে)] বি, নির্বাচন। ২ বিণ, নির্বাচিত। বা॰ করা-নির্বাচন করিয়া পৃথক্ করা। ২ বিণ, বা নির্বাচন করা হইয়াছে; নির্বাচিত; বাচা।

বাচাট-বাচাল দ্রঃ।

বাচান [বাচ+আন (ক্রি-বিভক্তি)। বাচাই, বাচাও (বাঁচান, বাঁচাস), বাচায়; বাচাইতে; বাচাইয়া (গ্রা॰, কে॰ বাচায়ে, বাচিয়ে)] ক্রি, বলান; বলাইয়া লওয়া। প্র-কথাটা তাহার মুখ দিয়া একবার বাচাইয়া লও। ২ স্পষ্ট করা; পরিস্ফুট করা। "বিবরণ বাচায়ে বলিল বারে বারে।"-ঘ॰। ৩ [পূ॰ বঙ্গের উচ্চারণে] বাঁচান; জীবন দান করা।

বাচাল, বাচাট [বাচ্(বাক্য)+আল, আট (আধিক্যার্থে)] বিণ, প্রলাপী; বহুভাষী। ২ যে অনর্থক অনেক কথা বলে; প্রগল্ভ।

বাচিক [বাচ্+ইক (নিষ্পাদনার্থে)] বিণ, বাচনিক; বচননিষ্পাদ্য; বচনসাধ্য। ২ প্রমুখ। ~পত্র-সংবাদপত্র। ২ চিঠি। ~হারক-দূত।

বাচ্চা, বাচ্ছা [সং-বৎস > প্রাকৃ॰ বচ্ছ > হি॰বাচ্চা,-চ্ছা] বি,বৎস। ২ শিশু। ৩ [লক্ষ॰] বিণ, অজ্ঞ। বাচ্চা(চ্ছা) কাচ্চা (চ্ছা), ছোট ছোট ছেলে পুলে; কচি কচি ছেলে মেয়ে। এই অর্থে ছাঁ বাচ্ছা ও॰। ২ [পশ্বাদি পক্ষে] ছানা পোনা।

বাচ্য [বচ্ (বলা)+য (র্ম)] বিণ, যা বলিবার যোগ্য; যা বলিতে হইবে; কথ্য। ২ অভিধেয়। ৩ [ব্যা-] কর্তৃ, (২) কর্ম, (৩) করণ, (৪) সম্প্রদান, (৫) অধিকরণ, (৬) অপাদান, (৭) ভাব ও (৮) কর্ম-কর্তৃ এই আটপ্রকার বাচ্য। বি, ~তা। ~মান [বচ্ (ণিচ্-বাচি-বলা)+আন (র্ম)] বিণ, বক্ষ্যমাণ; কথ্যমান। ২ প্রকাশমান। ৩ নিন্দনীয়।

বাচ্যোৎপ্রেক্ষা [বাচ্য+উৎপ্রেক্ষা] উৎপ্রেক্ষা দ্রঃ।

বাছ [নির্বাচন > বাচন > বাচ >

বাছ] বি, নির্বাচন; বাছাই। ২ বিণ, নির্বাচিত; বাছা। ~পড়া-নির্বাচনের পর যা অবশিষ্ট থাকে। প্র-ঝুড়ী হতে বাছা বাছা আমগুলি বিক্রয় হইয়া গিয়াছে। এখন বাছ পড়িয়া গিয়াছে। বাছপড়া জিনিষ লইয়া আর কি হইবে? ২ বাইচ দ্রঃ।

বাছন [সং-নির্বাচন >] বি, নির্বাচন; পৃথক্করণ; বাছাই। ২ পসন্দ; মনোনয়ন। ~দার [বাছন+ফা॰ দার্] বিণ, যে বাছাই করে; নির্বাচক। বি, বাছনদারী।

বাছনি১ [সং-বৎস > বাছা + নি (ক্ষুদ্রার্থে, আদরার্থে), আ লোপ। গ্রা॰ বাছুনি] বি, বৎস; বাছা। "হাসিয়া কহেন দেবী শুনয়ে বা॰।"-অ॰ ম॰। "মরি মরি বা॰ কানাই"-পদাবলী।

বাছনি২ [সং-নির্বাচন > বাছন-বাছ + নি (কৃত্তার্থে)। গ্রা॰ বাছুনি, বাচুনি। প্র-পোকাবাছুনি] বি, নির্বাচন; পৃথক্করণ। "এত বলি দিব্য অস্ত্র করিল বা॰" -মহা॰ (কাশী॰)।

বাছা১ [সং-বৎস > প্রাকৃ॰ বচ্ছ > বাছা, হি॰ বচ্চা, বচা] বি, বৎস; শিশু। "লোকে হবে জানাজানি আমা লয়ে টানাটানি মজাইবে পরের বাছার।"-অ॰ ম॰। ২ স্নেহপাত্র; আদরের সম্বোধন। "মারে বাছা জল খেলে হবে তোর মহাপাপ"-অশোক॰। ৩ গোবৎস; বাছুর। "নিতি নিতি বাছা রাখে গিয়া বৃন্দাবনে।"-চণ্ডি॰। ৪ অপরিচিত বা অল্পপরিচিত পুত্রকন্যাস্থানীয় নরনারী বিশেষতঃ মাতৃ বা কন্যাস্থানীয়া স্ত্রীলোকের প্রতি, সেবক সেবিকার প্রতি সম্বোধন। "দেখ বাছা! তোমার বড় টেঁকটেঁকে কথা উঠতে বসতে অত ধনের মাড়া দিলে আমি সইবো কিসের জন্যে।" "ওরে বাছা গৃহে তব রতনের রাজি" -মাইকেল মধু॰। বাছার বাছা-নাতি; নাতিনী।

বাছা২ [বাছ (দ্রঃ) + আ (ক্রিয়ার)। বাছি, বাছ (বাছেন, বাছিস), বাছে (বাছেন); বাছিতে; বাছিয়া (কে॰ বেছে)। ণিজন্ত-বাছান] ক্রি, নির্বাচন করা। ২ পৃথক্ করা। ৩ পরিষ্কার করা। ৪ বিণ, নির্বাচিত।

বাছা-বাছা-নির্বাচিত; সার সার; সর্বোৎকৃষ্ট। ~ধন-প্রিয় বৎস; অতিপ্রিয় সম্বোধন। বাছের বাছ-নির্বাচিতের মধ্যে যা সর্বোৎকৃষ্ট।

বাছাই [বাছা + ই (কর্ম অর্থে)] বি, নির্বাচন। বা॰ করা-অনেকের মধ্য হতে পৃথক্ করিয়া লওয়া। "সঞ্চয় নিতান্ত অধিক হইয়া উঠিতে থাকিলে, বাছাই করা দুঃসাধ্য হয়।"-চারিত্রপূজা (রবী॰)।

বাছান [বাছা ধাতুর ণিজন্তরূপ। বাছাই, বাছাও, বাছায়; বাছাইতে; বাছাইয়া (কে॰ বাছিয়ে)] ক্রি, নির্বাচন করান; পৃথক্ করান।

বাছুনি১ [বাছনি১ দ্রঃ। প্রাদে॰ উচ্চারণ ভেদে বাচুনি] বি, বৎস; বাছা। "কাহার বাছুনিরে নিছুনি লয়ে মরি"-ভারত॰।

বাছুনি২ [বাছনি২ দ্রঃ] বি, বাছাই; নির্বাচন।

বাছুর [সং-বৎসতর >, বা বৎস (দ্রঃ) > বচ্ছ + রু (তুচ্ছার্থে, হি॰ 'ড়্'=বছড়্। বছেড়া, বছড়া। অথবা রূপ >)=বৎসরূপ > বচ্ছরু=বাছার (তুল-ঘোড়ার, তুলার) > বাছুর। তুল-বৈদিক সং-'বশা' (প্রসব করে নাই এমন বাছুর অপেক্ষা বড় বৎসতরী)] বি, গোবৎস। "বাছুর হারায়ে বনে ব্যগ্র যেন গাই"-ম॰। স্ত্রী॰~রী [সং-বৎসতরী > কে॰] বি, গোরুর স্ত্রী-বৎস। "শ্রীদাম সুদাম সঙ্গে বাছুরী চরাব।"-বলরাম।

বাছেবাছ, বাছের বাছ [বাছের মধ্যে বাছ] বি, নির্বাচিতের মধ্যে যা উৎকৃষ্ট; বাছা বাছা। "জীয়ন্ত মানুষ তারা গিলে বাছে বাছ। কৃষাণ যেমন ধরে উজানের মাছ।" -কবিক॰।

বাজ১ [বজ্ (গমনে)] বি, বেগ। ২ পক্ষ; ডানা; পাখা। ৩ বাণের পাখা। ৪ শব্দ। ৫ ঘৃত। ৬ বাজনা; বাদ্য। "নানা বাজ উতরোল বাজএ মৃত বেলা।" -শূ॰ পু॰। ৭ বাজপাখী; শিকারী পাখীবিঃ hawk. "পাদ নখ হৃদয়ে বধিছে বধসে খগগণ যেমন বাজে।"-অ॰ ম॰। ৮ [বজ্র >] অশনি; বজ্র। "না বুঝিয়া করে কাজ, তার বুকে পড়ে বাজ"-চণ্ডি॰।

বাজ২ [ফা॰ বাজ্] বিণ, পরিপক্ক, অভ্যস্ত বা পটু অর্থক প্রত্যয়। প্র-মকদ্দমাবাজ; মামলাবাজ; কলমবাজ্। ২ কারী অর্থক প্রত্যয়। প্র-জালিয়াবাজ; ধোঁকাবাজ।

বাজখাঁই [বাজখাঁ (তন্নামক ব্যক্তি) + ই (ইয়া)। গ্রা॰ বাজখেঁয়ে] বি, অতি কর্কশ ও শ্রুতিকটু। প্র-বাজখেঁয়ে গলায় গান ধরেছে।

বাজন [সং-বাদন >, দ=জ] বি, বাদ্যবাদন; বাদ্যধ্বনি। ২ বাদিত হওন। ৩ বিণ, বাজিবার উপযোগী; যা বাজে; বাদ্যকারী; ঝাঁঝর। "বাজন নূপুর পায়" -গোবিন্দ॰। "যদি মোরে ছাড় প্রভু আমি না ছাড়িব। বাজন নূপুর হয়ে চরণে বাজিব।" -কৃত্তি॰। ~দার-বি, বাদ্যকর; বাদক।

বাজনা [হি॰] বি, বাদ্য। ২ বাদ্যধ্বনি।

বাজপেয় [বৈদিক। বাজ (ঘৃত, যা দেবতা কর্তৃক পেয়) যাতে, বহু॰] বি, যজ্ঞবিঃ; সোমযজ্ঞ। ~য়ী [বাজপেয়িন্ (বাজপেয় + ইন্, স্ত্য॰), ১মা, ১ব॰] বি, যার বাজপেয় যাগ করা আছে অর্থাৎ বাজপেয় যাগের কর্তা। ২ যজুর্বেদ-শাখাধ্যেতা। ৩ যাজ্ঞিক ব্রাহ্মণের উপাধিবিঃ।

বাজবহরী, বাজবৈরী [বোধ হয় সাধারণ বাজপক্ষীর বৈরী বলিয়া এই নাম। গ্রা॰ বাজবৌরী] বি, শ্যেনবর্গের পক্ষিবিঃ। সাধারণ বাজ অপেক্ষা দীর্ঘ ও বলবান। ২ হস্তা। ৩ মহাবিষ্ণু।

বাজরা১ [বোঝ + রা] বি, ভারবাহী নৌকাবিঃ; বজরা। ২ বোঝা বহিবার পাত্র; ঝোড়া; ঝাঁকা; বোঝা লইবার চওড়া ঝোড়া। "দাস বেশ পান ফুলে সাজায়ে পসরা। সহকারী সঙ্গে বসে ভিতর বাজরা।"-ম॰।

বাজরা২ [সং-বর্জরী > হি॰ বাজরা (গ্রা॰ বার্‌রা, 'বাজড়া' ও॰)] বি, ধান্যজাতীয় কৃষিজাত শস্যবিঃ; বজরা। প্র-হিন্দুস্থানের দরিদ্র লোকেরা প্রায়ই জনারি বা জওয়ার এবং বাজরার রুটী করিয়া আহার করে।

বাজসনেয় -বি, যজুর্বেদীয়; যজুর্বেদ সম্বন্ধীয়। ~সনেয়ী [বাজসনেয়িন্ শব্দ] বি, যজুর্বেদের অংশ বিশেষের অধ্যেতা।

বাজা$_1$ [বাদ্য > বাজ্জ >] বি, বাদ্য ; বাজনা। ~ওয়ালা-বি, বাদ্যকর। ~দার [বাজা (বাদ্য)+ফা॰ দার] বি, বাদ্যকর।

বাজা$_2$ [সং-বাদ্য > বাজ্জ > বাজ > সং নামধাতু-বাজয়তি (বাদ্যং করোতি) > বাজ (বাদনে)। হিং বজ্‌না। বাজি, বাজ, বাজে ; বাজিতে (কথ্য বাজতে) ; বাজিয়া (কথ্য বেজে) ; ণিজন্ত-বাজান। প্রা॰ বৌ॰ বাং -বাজঅ, বাজই, বাজএ=বাজে (চ॰ পদ, ১১।১, ১৭।২, ৩১।২)] ক্রি, বাদিত হওয়া ; ধ্বনিত হওয়া। "জননীর দ্বারে আজি ওই শুন গো শঙ্খ বাজে!"-রবী॰। ২ প্রহর বাদ্য করা। প্র-ঘড়িতে কত বাজিল। বাজ্জত [ব্রজ॰] বাজিতেছে ; বাজে। "বাজত ত্রিগি ত্রিগি ধোত্রিম ত্রিমিয়া"-বি॰ প॰।

বাজা$_3$ [প্রা॰ বাং। সং প্রতিঘাত, পীড়নার্থক বাধ্‌ (পরিঃ, সং ধাতুমালা দ্রঃ) >। ধ=ঝ=জ] ক্রি, বাধিয়া যাওয়া ; বাধা পাওয়া। "ধয়েল্যা বারাইতে তার চালে বাজে দন্ত।" -শিবের গান (বঙ্গসাহিত্য-পরিচয়, ১৬০)। ২ যুদ্ধাদি বাধা ; সংঘর্ষ হওয়া। "বাণ পুত্র সহিত বাজিল তার রণ"-শি॰। "পরস্পর প্রয়োগণে বাজিল কন্দল"-ভারত॰। ৩ উপস্থিত হওয়া। "যাত্রা আসি বাজিল 'ওড়ন ষষ্ঠী' নামা"-চৈ॰ ভা॰। ৪ আঘাত করা ; বিদ্ধ হওয়া ; বেঁধা। "মরমী জনার মরমে বাজে।"-প॰ কল্পতরু। "বক্ষে বেজেছে বিদ্যুৎ বাণ স্বপ্নের জাল ছেদিয়া"-রবী॰। ৫ অসঙ্গত বোধ হওয়া ; কর্কশ বা অপ্রীতিকর বোধ হওয়া। প্র-কবিতার ছন্দঃপতন বা সংগীতের স্বর-বিপর্য্যয় হলেই কাণে বাজে।

বাজানি [বাদন > বাজন+আন (ণিজন্ত ক্রিয়ার) > বাজনান > বাজান (বাদন করান), বা বাজা$_1$ (বাদ্য করা)+আন (ণিজন্তে) > বাজান (বাদ্য করান)। হিং বজানা। বজাই, বাজাও, (বাজান্‌, বাজাস), বাজায় (বাজান্‌) ; বাজাইতে ; বাজাইয়া (কথ্য বাজায়ে, বাজিয়ে] ক্রি, বাদ্য করা। "চিরদিন তোমার আকাশ তোমার বাতাস আমার প্রাণে বাজায় বাঁশী।"-রবী॰। "বাজাও শঙ্খ হলুরব কর বধূরা"-ঐ। ২ শব্দ করা। প্র-গাল বাজান। ৩ সুসম্পন্ন করা ; পূর্ণ করা ; সম্পাদন করা ; হাসিল করা। ৪ জিজ্ঞাসা করা। "কিন্তু নিবেদন এক এখন বাজাই" -ধ॰। কাজ বাজানি-কার্য্য হাসিল করা ; কাজ গুছান ; কৃতকার্য্য হওয়া। প্র-সে আপনার কাজটি ঠিক বাজাইয়া আসিয়াছে। "হাট বাজারের বেলা হলো কাজ বাজার কে নাইকো মালী"-গোপাল উড়ে। গাল বাজানি-শিবপূজান্তে বম বম শব্দ করিয়া তর্জ্জনী ভিন্ন অঙ্গুলি চতুষ্টয়ের আঘাতে কপোলদ্বয়ে বাদ্য করা। ঢাক বাজানি-প্রচার করা ; গুপ্ত বিষয় সাধারণে প্রকাশ করিয়া দেওয়া।

বাজাপ্ত, বাজাপ্তা-বাজেআপ্ত দ্রঃ।

বাজার [ফা॰ বাজার্‌] বি, ক্রয়-বিক্রয় স্থান ; হাট ; পণ্যবীথিকা market. ২ বাজারে খরিদকরা জিনিষপত্র বিতঃ তরিতরকারি মৎস্যাদি। প্র-বাজারটা পৌঁছে দিয়েই চ'লে এস। ৩ [বাজারু (দ্রঃ)] বিণ, সাধারণ ও সস্তার ; সুলভ ; অনায়াস লভ্য। "বাজার সংস্করণের রামায়ণ"। "* * * বাজার সংস্করণে দুই একটি ছত্রে মাত্র ভাষার মিল আছে।" বা॰ কঁরা-বাজারে গিয়া দ্রব্যাদি ক্রয় করণ। "পূর্ব্বমত বাজার করিয়া আনি দিল"-ভারত॰। ~খঁরচ-বাজার করিবার জন্য ব্যয়। ~গঁরম-বাজারের বিক্রেয় দ্রব্যাদির মূল্য বৃদ্ধি ও কাটতি অধিক ; চাহিদা ; বৃদ্ধি হওয়া। বা॰ চঁড়া-জিনিসপত্রের মূল্য বৃদ্ধি। ~দঁর-বাজারে যে মূল্যে দ্রব্যাদি বিক্রয় করা হয় বা ক্রয় করিতে পাওয়া যায় ; বাজার ভাও। বা॰ নঁরঁম-বাজারের জিনিসপত্রের মূল্য হ্রাস ও বিক্রয় অল্প। বা॰ বঁসা-হাট বসা ; এক স্থানে বিবিধ পণ্যের দোকান সাজান ; নানা দ্রব্যের দোকানদারগণের এক স্থানে বিক্রয়ার্থ উপবেশন করা। বা॰ ভাও-বাজারের ভাব ; জিনিসপত্রের মূল্যের অবস্থা। প্র-যে রকম বাজার ভাও পড়েছে, তাতে লোকের সংসার চলা ভার। ২ [প্রাদে॰] ওলাউঠা রোগ। ~মন্দা-বাজারের বিক্রেয় দ্রব্যাদির মূল্য হ্রাস। বাজারিক, বাজারিয়া, বাজারে [ফা॰ বাজারী] বিণ, বাজার সংক্রান্ত। ২ যে বাজারে বাজারে ঘোরে। ৩ যে বাজার করে। ৪ বাজারের নিতান্ত সাধারণ ও সুলভ ; হেটো ; নিকৃষ্ট ; খেলো।

বাজারু [ফা॰ বাজারী > হিং বাজারু] বিণ, নিকৃষ্ট উপকরণে প্রস্তুত অল্পদামী খেলো জিনিস যা বাজারে সুলভে সচরাচর প্রাপ্য।

বাজি$_1$, -জী$_1$ [ফা॰ বাজী (খেলা, লীলা, পণ রাখিয়া খেলা)] বি, ইন্দ্রজাল। ২ খেলা ; কৌতুক ; ক্রীড়া। ৩ লীলা ; জীবলীলা ; ভবের খেলা। "এবার বাজী ভোর হইল।" -রা॰ প্র। ৪ আতসবাজি fire works. প্র-চরকীবাজি, তারাবাজি, ছুঁচোবাজি, মানুষবাজি ই॰। ৫ পণ stake, bet, প্র-বাজী রেখে খেলা। ~কঁর, -কার, -গঁর [বাজি (দ্রঃ)+কর ই॰ (যে করে)] বি, ঐন্দ্রজালিক ; যারা নানাপ্রকার হস্তলাঘব, ভেল্কী ই॰ দেখায়। ২ যারা পুতুলনাচ দেখায়। ~ভোর [বাজী (লীলা) ভোর (অবসান)] লীলাশেষ ; ভবলীলার অবসান। ২ কালাত্যয়। ~মাৎ, বাজীমাৎ [বাজি (খেলা) মাৎ (জয়)] বি, খেলায় জিৎ ; জয়লাভ। "কিস্তি" দানে, এক তাড়াতে, করে বাজিমাৎ।"-হেম॰।

বাজি$_2$ [প্রা॰ বাং। সং-ব্যাজ >] অ, জন্য ; লাগিয়া ; তরে। "অস্ত্রগৃহে অস্ত্র বাজি হারাইবে প্রাণ।"-মহা॰ (কাশী॰)।

বাজিয়ে [বাদ্য > বাজা + ইয়া (শীলার্থে, হিং উয়া) > বাজাইয়া > কথ্য। ব্যাজ্যো-বেজিয়ে] বিণ, যে বাদ্যকর ; বাদ্য-নিপুণ।

বাজী$_2$ [বজ্‌ (গতি অর্থে)+অ (ভা॰)=বাজ (গমন) যার আছে, এই অর্থে ইন্‌=বাজিন্‌ ১মা, ১ব॰] বি, যে পৃষ্ঠে করিয়া অন্যকে গমন করায় ; তুরগ ; অশ্ব ; ঘোড়া। "পদাতি বারণ বাজী রথ সিংহাসন"-কবিক॰। ২ বাণ। ৩ গ্রহ। ৪ পক্ষী। ৫ ভেল্কী। "এ সব পরীক্ষা বাজী ইথে কেহ নহে রাজি সবার ধরিনু পদে পাণি।"-কবিক॰। ~কঁরণ [বাজিন্‌ (অশ্ব)-করণ-মধ্যে ঈ (চি্‌, অভূততদ্ভাবার্থে)] বি, রতিশক্তিবর্দ্ধক ঔষধ ও

[illegible]

প্রক্রিয়াদি aphrodisiac. ~বৈদ্য, বাজি-বৈদ্য-বি, অশ্বচিকিৎসক।

বাজী₃ [ফা॰ বাজী (ধোঁকা, পরাজয়)। উ॰-বাজী দেনা (হারানো, ঠকান, ধোঁকা দেওয়া, প্রবঞ্চনা করা) > বাংলা-বাজী দেওয়া] বাধা; ধোঁকা; ফাঁকি। "ছিছি মন ভ্রমরা দিলি বাজী। কালীপাদপদ্মসুধা ত্যজে বিষয় বিষে হলি রাজি।"-বাং গান। "শয়তানে বাজী দিল না পেয়ে কোরাণ।" -অ॰ ম॰। ~কন্যা-বি, শোলার স্ত্রীমূর্তি।

বাজীমাৎ-বাজি₁ দ্রঃ।

বাজু [সং-বাহু অথবা ভুজ > বাজু শব্দের ব্যুৎপত্তি [শ্রীহট্টে 'বাজুটা'। অসম্ভব না হইলেও ইহা মুসলমান যুগে ব্যবহারে আসিয়াছে, সুতরাং ইহা ফা॰ বাজু (বাহু, পক্ষ) শব্দের রূপান্তর] বি, বাহুভূষণ; বাহুতে ধারণযোগ্য স্বর্ণাভরণবিঃ। ২ বায়, খট্টাদির দক্ষিণ ও বাম প্রান্ত ভাগের কাষ্ঠখণ্ড; "কুন্দনন্দিনী খাটের বাজুতে মাথা রাখিয়া ভূতলে বসিয়াছিল"-বিষবৃক্ষ। ৩ [প্রা॰ বাং] বাহু। "পাখী দুইটা বাজুত পড়িল"-মাণিক॰ গান। ৪ পক্ষ; ডানা। ৫ [পূ॰ ব॰ ও শ্রীহট্ট॰ প্রাদে॰] কিনারা। ~বন্দ, -বন্ধ বি, বাহুবন্ধনী; বাহুভূষণ; তাগাজাতীয় গহনা; বাজু; অঙ্গদ। "নানা ছন্দ বা॰ হেম ঝাঁপাঝুরি। পরিয়া পাইল শোভা পরম সুন্দরী।"-শি॰।

বাজে [আ॰ বাজ্] বিণ, অকেজো। ২ অপদার্থ। ৩ অনাবশ্যক। ৪ অপরাপর; অপ্রধান। "খোয়াল করিল যত বাজে বীরগণে"-ম॰। বাজে আদায়-নির্দিষ্ট আদায় ব্যতীত অন্যান্য বিষয় অর্থ সংগ্রহ। বাজে কথা-অপ্রয়োজনীয় কথা; অদরকারী কথা। ২ খেলো কথা; যে বাক্যের কোন মূল্য নাই। ৩ মিথ্যা কথা; কল্পিত কথা। বাজে খরচ-অনাবশ্যক ব্যয়; যে খরচ না হইলেও চলে। ২ সামান্য কথা; সামান্য বিষয়ে খরচ। বাজে জিনিস-অকেজো জিনিষ; অপ্রয়োজনীয় দ্রব্য। বাজে জমা-অনির্দিষ্ট এবং সামান্য বিষয়ে লাভ ও লোকসান; নিজ জমার অতিরিক্ত আয়। বাজে জমি-যে জমি হতে আয় হয় না। ২ নিষ্কর জমি। বাজে দফা [আ॰ বাজি (কোন কোন) দফ (বার)] কখন কখন; কোন বার। বাজে-মহল-বাজেআপ্ত মহল। "বাজেমহল হৈল ভিক্ষা সঘনে বাজয়ে শিঙ্গা, রণ ভেরী দুন্দুভি বাজনা" -কবিক॰। বাজে মার্কা-খেলো বা নিরেস জিনিস; আসল কারিকরের হাতের নহে; নকল দ্রব্য; ভ্যাজাল। বাজে লোক-যে সকল লোক লইয়া কাজ তাহাদের অতিরিক্ত; বাহিরের লোকজন যাদের সহিত কোন সংস্রব নাই। "তুমিই বা কেন বাজে লোকের সঙ্গে কথা কও?" -বঙ্কিম॰ (গদ্যপদ্য)।

বাজেআপ্ত, বাজেয়াপ্ত [ফা॰ বাজ্ (ফের, পুনরায়)+ইয়াফ্‌ৎ (প্রাপ্ত, মিলিত), যার ছিল, পুনরায় তার হস্তগত হওয়া। এ অর্থে আর ইহা ব্যবহৃত হয় না] বি, রাজার অধিকারভুক্ত; অধিকৃত। প্র-তার জমী জমাত সমস্তই বাজেয়াপ্ত হইয়াছে। বাং গ্রা॰ উচ্চারণে বাজে আফত। "যে সম্পত্তি বাজে আফত করা হইয়াছিল" -ব॰ বাণী।

বাজ্জ [বাদ্য (দ্রঃ) > প্রা॰ বাং] বি, বাদ্য; বাজা; বাজনা। "সংখ ঘণ্টা বাজ্জ বাজএ।"-পূ॰ পু॰।

বাজ্জংশ [প্রা॰। সং-বায়ু (বায়ু রোগ) +অংশ=বায়ুংশ। যু=জ্জ] বি, বাতিক; মুদ্রাদোষ। ২ [বর্জ্য > বাজ্জ+অংশ] বিণ, বর্জনীয় অংশ। ৩ যা বাদ দেওয়া যেতে পারে; (যে দোষ) ধর্তব্যের মধ্যে নয়; যার ছাড় দেওয়া চলে। প্র-বাশি ওটা তার আছে কিন্তু সেটা তো একটা বাজ্জংশ।

বাজ্জে [সং-বাহ্য (দ্রঃ) > বাজ্জ, বোজ্জু (প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰) >] বি, মল; বিষ্ঠা; ঝাড়া (হি॰)। বা॰ করা-অস্থানে মল ত্যাগ করা। ২ [লক্ষ॰] নোংরা বা খারাপ কাজ করা; অপারগতা, অজ্ঞতার ফলে কার্যে অমার্জনীয় ভুল-ভ্রান্তি করিয়া বসা। বা॰ করিয়া ফেলা-অযোগ্যতা হেতু কার্যে অগ্রসর হতে ভয় পাওয়া এবং তাতে হাত না দেওয়া। বা॰ করানি-জোলাপ বা অন্য সারক ঔষধ প্রয়োগ বা যন্ত্র সাহায্যে উদরের মল বাহির করান। বা॰ করে দেওয়া [লক্ষ॰] কিছুই না দেওয়া; বঞ্চিত করা; নিরাশ করা। বা॰ পাওয়া-মল-ত্যাগের বেগ অনুভূত হওয়া। বা॰ যাওয়া -মলত্যাগার্থ (গৃহের) বাহিরে যাওয়া। বা॰ হওয়া-দাস্ত হওয়া; মলভাণ্ড শূন্য হওয়া; কোষ্ঠ সাফ হওয়া।

বাঞ্চোৎ [হি॰ >] বিণ, অশ্লীল গালিবিঃ; বহিন বা ভগিনী গমনকারী।

বাঞ্ছন [বান্‌ছ্ (বাঞ্ছা করা)+অন (ভা॰)] বি, বাসনা; ইচ্ছা। ২ বিণ, ঈপ্সিত।

বাঞ্ছনীয় [বান্‌ছ্+অনীয় (র্ম), যাতে অভিলাষ জন্মে] বিণ, অভিলষিত; ঈপ্সিত। ২ বাসনার যোগ্য; প্রার্থনীয়।

বাঞ্ছা [বান্‌ছ+অ (ভা॰)+আ (স্ত্রীং)] বি, অভিলাষ; লিপ্সা; ইচ্ছা। ~কল্পতরু [বাঞ্ছা (পূর্ণকারী) কল্পতরু, ম॰ প॰ লো॰] বি, অভীষ্টদাতা বৃক্ষ; বাসনা পূর্ণকারী কল্প-বৃক্ষ। ২ [বাঞ্ছাকল্পতরু স্বরূপ অর্থে] বিষ্ণু; কৃষ্ণ। "বাঞ্ছাকল্পতরু তুমি, এই বাঞ্ছা করি আমি, চিত্তগামী হয়ে কর ধন্য এ জীবন।" -বাং গান। ৩ অভীষ্টদাতা ইষ্টদেবতা।

বাঞ্ছিত [বান্‌ছ্ (ইচ্ছা করা)+ত (র্ম)] বিণ, ঈপ্সিত; অভীপ্সিত; অভিলষিত। "বা॰ পরাণ পেলে প্রাণটুকু দিব ঢেলে মেগে লব মনুষ্যত্ব শ্রেষ্ঠ উপাদান।"-কাব্য-কুসুমাঞ্জলি।

বাঞ্জুয়া-বাঁঝা দ্রঃ।

বাট₁ [সং-বর্ত্মন্ > প্রাকৃ॰ বট্টা >] বি, পথ; রাস্তা। "বিঝিমি বিথারিত বাট।" -বি॰ প॰। "সারাদিন পাখি ডাকা ছায়ায় ঢাকা তোমার পল্লী বাটে। তোমার ধানে ভরা আঙিনাতে জীবনের দিন কাটে।" -সোণার বাংলা (রবী॰)। "বাট আগুলিয়া বাটে বুড়ি বৈসে হলে"-ম॰। "নিজিবেকে গেল সাধু যোজনেক বাট"-কবিক॰। প্রা॰ বৌ॰ বাং-র বাট অর্থে বাটা। "বাম দাহিণ যো বাটা"-চ॰ পদ॰ ১৫।৫। ~দান, ~পাড়-দ্রঃ।

বাট₂ [বাটক, বটিকা, বাটী >] বি, বাড়ী; আবৃত স্থান; বারান্দা। ২ গৃহ;

মন্দির। "পাষাণে রচিত কৈল চারিখান ঘাট। নানাবর্ণ পাষাণে রচিত নাহ্মঘাট।" -কবিক°। ৩ [ফরিদপুর প্রাদে°] এক কিত্তা জমি ; ভূমিখণ্ড plot of land.

বাটকে, বাটকেমাছ [প্রাদে°] বি, বাটামাছ।

বাটখাড়া-বাটখারা দ্রঃ।

বাটখারা,-খাড়া [হিং° বট্খারা] বি, দ্রব্যাদি ওজন করিবার জন্ত নির্দ্দিষ্ট পরিমাণ প্রস্তর বা ধাতুনির্ম্মিত সের, আধসের, পোয়া, ছটাক, কাচ্চা ই° ভার। "ধরি সদা হাতে দাঁড়ি বাটখারা।"-বাং গান।

বাটদান [প্রা° বাং। বাট (পথ) দান (কর)] বি, পথকর road cess. "বাটদান হাটদান লইলোঁ রাজ ঘরে। তে কারণে আইলোঁ মোএঁ যমুনার তীরে।"-শ্রী° কী°।

বাটন [বাটা দ্রঃ] বি, পেষণ।

বাটনা,-ট্‌না [সং-বর্ত্তনী(পেষণ) >] বি, পিষিত মসলা ; বেশবার। "কড়া পড়ল হাতে বাট্‌না বেটে"-দ্বি° রায়।

বাট/পাড় [হিং° বাটপারনা (মার্গমে লুট মারনা)। বাট (পথে)+পাড় (যে পড়ে, আক্রমণকারী)] বি, দস্যু ; রাজপথে যারা লুটপাট করে। "কি জানি বিচারে জিনে না জানি কি হয়। যে বুঝি চোরের ধন বাটপাড়ে লয়।"-ভারত°। "দানছলেঁ বাটপাড় সর্ব্বথল" -শ্রী° কী°। ২ ঠগ ; প্রবঞ্চক। ~পাড়ি [বাটপাড়+ই (বৃত্তি অর্থে)] বি, দস্যুবৃত্তি ; লুণ্ঠন ; ডাকাতি। "আমি জানি তোমাকে তুমিহ মোকে জান। বিদায় করিয়া বাটে বাটপাড়ি কেন।"-শি°।

বাটলা [প্রাদে°। গ্রা°] বি, কলাই-জাতীয় শস্যবিঃ ; বাটুলা দ্রঃ। "মুগ বা° আর চসিহ ইখু চাস। তবে হবেক গোঁসাই পঞ্চামর্তর আস।"-শূ° পু°।

বাটলো, বাঁটলো, বাঁটলোই, বাঁটলুই [বর্ত্তুল >। হিং° বটুলোই] বি, বর্ত্তুলাকার ঘটীবিঃ। হিন্দুস্থানে ধাতুনির্ম্মিত, সাধাঃ পিত্তলের রন্ধনপাত্ররূপেও ব্যবহৃত হয় (মণিপুরীদের কাংস্য নির্ম্মিত)।

বাটা$_1$ [প্রাদে°] বি, রুক্তজাত পোনা-জাতীয় ক্ষুদ্র মৎস্যবিঃ cirrhina reba. কুরচি বাটা-যে বাটার আঁইষ অতি ক্ষুদ্র। খড়কে বাটা-বাটার মধ্যে সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র ও সরুজাতীয় বাটা। ভাঙ্গন বাটা [গ্রা° ভাঙোন বাটা] বাটার মধ্যে সর্ব্বাপেক্ষা বড়জাতীয় বাটা, অনেকটা খয়রুলার মত আকার। রায়-চারিবাটা-আকারে খড়কে বাটার মত, কেবল পেট ও পিঠে লাল ডোরা টানা।

বাটা$_2$ [হিং° বাট্টা] বি, শুল্ক ; লভ্য। ২ [পাটী° (ক° বিশ্ব° পরিঃ)] দরের তারতম্য হেতু যা ধরাট দিতে হয় ; discount এর বৈজ্ঞা° পরিঃ। আসল বাটা-প্রকৃত বাটা true discount.

বাটা$_3$ [বাটী দ্রঃ। বাটী অপেক্ষা বড়] বি, তাম্বুল রাখিবার পাত্র ; তাম্বুলাধার। "বাটা ভরী কর্পূর তাম্বুলে"-শ্রী° কী°। ২ পানের বাটা। "আমি আপনি সেজে বাটা ভরে দিব পাণের দোনা"-বিষবৃক্ষ। [শ্রীহট্ট° প্রাদে°] কাঠের থালা ; বারকোশ।

বাটা$_4$ [সং-ব্রত > বত্ত > বট্ট > বাটা] বি, জামাতৃপূজারূপ ব্রতবিঃ। ষষ্ঠী বাটা-জামাইষষ্ঠী উপলক্ষে শ্বশ্রূ জামাতাকে আশীর্ব্বাদ সহ যে বস্ত্র, ফল, মিষ্টান্নাদি প্রেরণ করেন বা দেন।

বাটা$_5$, বাঁটা [সং-বন্টি, বণ্ট্ (বিভাগ করা) > হিং° বাট্‌না। > বাং-য়, বাটা, বাঁটা। বাটি, বাট (বাটেন, বাটিস), বাটে (বাটেন) ; বাটিতে (কো° বাটতে) ; বাটিয়া (কো° বেটে)। ণিজন্ত-বাটানি] ক্রি, ভাগ করা। "চারিদিকে সবে বাঁটিয়া ছুনিয়া আপন অংশ নিতেছে গুনিয়া"-সোনার তরী।

বাটা$_6$, বাঁটা [সং-বৃৎ ধাতুজ > বর্ত্তন > বট্টন > বাটা। বাটি, বাট, বাটে ; বাটিতে (কো° বাটতে) ; বাটিয়া (কো° বেটে) ই°] বি, পেষণ করা ; শিলাপট্টে পেষণ করা। "হইবি গিন্নি, ব্যঞ্জন বাটিবি ছুঁইবি হাঁড়ী"-চণ্ডি°।

বাটা$_7$-বাট$_1$ দ্রঃ।

বাটালি,-লী [হিং° বটালী। সূত্রধরের ভাষায়] বি, সিকি দুত হ'তে আড়াই ইঞ্চি পর্য্যন্ত চওড়া ফলার কাষ্ঠচ্ছেদক অস্ত্রবিঃ। এঁক-কোণে-বাটালি [গ্রা° এক-কোনে বা°] একদিকে কোণ আছে এমন বাটালি। কোর-বাটালি-কাঠ কাটিয়া গোল ছিদ্র করিবার যন্ত্র। গেবে বাটালি -কাঠে বড় গর্ত্ত করিবার বাটালি যন্ত্র। ছিলা-বাটালি-এক পিট চাল গোলাল ও এক পিট চৌরশ বাটালি।

বাটি-বি, বাটী দ্রঃ।

বাটিআ, বেটে [সং-বৃটী (রজ্জু) >] বি, রজ্জুভেদ। "যেখানে গুঁচী না জাএ। তথা বাটিআ বহাএ।"-শ্রী° কী°।

বাটিকা [বাটী+ক (অল্পার্থে)+আ। ঈ=ই। প্রা° বৌ° বাং-য়-বড়িআ < বাড়িআ < বাটিকা] বি, ক্ষুদ্র বাটি ; ছোট বাড়ি।

বাটী$_1$,-টি [হিং° বট্‌রী] বি, কটোরা ; পেয়ালা cup. "সাজাও পুষ্পের থালা চন্দনের বাটী"-অশোক°। জামবাটী-জাম দ্রঃ। পাথরবাটী-প্রস্তরনির্ম্মিত কটোরা। বাটী চালা-মন্ত্রপূত করিয়া বাটীকে গতিশক্তি দেওয়া।

বাটী$_2$ [সং] বি, গৃহ ; নিকেতন ; বাড়ী।

বাটুল, বাঁটুল [সং-বর্ত্তুল >] বি, বর্ত্তুল ; গোলক ; মৃৎপিণ্ড। ২ লোহা বা সীসা ই° ধাতুর পিণ্ড বা বাঁটুল থাড়া বা বাঁটুল নিক্ষেপের ধনুকের দ্বারা শত্রুর প্রতি প্রেরণ করিতে হয়। "বিহঙ্গ বাটুলে বিন্ধে, লতায় জড়িয়া বান্ধে, কান্ধে ভার বীর আইসে ঘরে।"-কবিক°।

বাটুলা [বাটলা দ্রঃ] বি, কলাইজাতীয় শস্যবিঃ। "মাষ মসুরী তণ্ডুল মধুরী, বরবটী বা° চিনা।"-কবিক°।

বাটোআড় [বাট (পথ)+বার। র=ড়] বি, পথরক্ষক। "এবেঁ বাটে বাটোআড় হৈলা কাহাঞিঁ"-শ্রী° কী°। ২ পথদস্যু ; বাটপাড়। "এবেঁ সে জানিলোঁ কাহ্নে বাটোআড় তোহ্মে কংশ আশারিআঁ তোরা কাটাইব আহ্মে।"-শ্রী° কী°। বি, বাটো-আড়ী-দস্যুবৃত্তি ; বাটপাড়ী।

বাটোয়া [বাটা (দ্রঃ) ইয়া-ঈয়া >

ওয়া। তুল-বাঁচোয়া (দ্রঃ)] বি, বাটোয়ারা ; বণ্টন ; বিভাগ ; বিতরণ।

বাটোয়ারা [হিং বটুয়ারা] বি, বণ্টন ; বিতরণ। **ভাগবাটোয়ারা** [ভাগ-বাটোয়ারা (সহং দ্বন্দ্ব)] অংশবিভাগ ও বণ্টন। ভাগ দ্রঃ।

বাট্টা-বাটা$_{২}$ দ্রঃ।

বাট্যাল, বাট্যালক, বাট্যালী [সং] বি, বেড়েলা ; বলা sida cordifolia.

বাড়$_{১}$ [সং-বৃদ্ধি >] বি, বৃদ্ধি। "কালকেতু, বড়বাড়, নিত্য কোঁড়ে ডোবা গাড়, পড়িলে উঠিতে নাহি পারি।" -কবিক°। "ধাবাড়ে পাথীর বাড়, জোড়ে চৌপণ্ডিয়া কাঁড়, বাঁশে বান্ধে হাঁড়িয়া চামর।" -ঐ। ২ কিনারা ; ধার ; প্রান্ত। ৩ নৌকার ডালী ; নৌকার বেষ্টন। "বসিলা মায়ের বাড়ে নামাইয়া পদ"-অং মং। ৪ বিস্তার। ~তি, ~**বাড়ন্তি**-সর্ব্বপ্রকারে শ্রীসম্পন্নতা ; সুখসম্পদে বৃদ্ধি ; সমুন্নতি। ~**হওয়া**-বি, বৃদ্ধি হওয়া ; চালচলনের সীমা অতিক্রান্ত হওয়া। "সাঁওতালের বাড় হয়েছে খুব"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

বাড়$_{২}$ [ইং bar] বি, দেহাস্থির ভগ্নস্থানে সরু তক্তার বন্ধনী। প্র-পড়িয়া হাত ভাঙ্গিয়া যাওয়ায় ডাক্তার তার হাতে বাড় বাঁধিয়া দিয়াছেন।

বাড়ই, বাড়ুই [সং-বর্দ্ধকি > প্রাকৃং বড্ঢই > হিং বঢ়ই > বাড়ই ইং (প্রাদেং চট্টগ্রাম ও ঢাকা)] বি, সূত্রধর।

বাড়তি [বাড় (বৃদ্ধি) + তি (ভাং)] বি, বৃদ্ধি ; অতিরেক ; আধিক্য। "আমাদের বাঁ-দিকে কম্‌তি থাকিলেও ডানদিকে বাং থাকিতে পারে।" -চারিত্রপূজা। **কমতি বাড়তি, ঘাটতি বাড়তি**-ন্যূনাধিক্য; কমিবেশি।

বাড়ন$_{১}$ [সং-বর্দ্ধন >] বি, বৃদ্ধি ; বাড়। ২ অপ্রীতিকর বা অহিতকর বিষয়ে সত্যের সীমাতিক্রমণ।

বাড়ন$_{২}$, বাড়নি [সং-বর্দ্ধনী > হিং বঢ়নী >] বি, সম্মার্জ্জনী ; ঝাড়ু ; ঝাঁটা।

বাড়ন্ত [সং-বর্দ্ধন (বর্দ্ধ=ছেদন করা)) > হিং বাঢ়ন্ত্। বাড় (বৃদ্ধি) + অন্ত (পাইতেছে এমন অর্থে)] বি, যে বৃদ্ধি পাইতেছে ; বৃদ্ধিশীল। "আসিয়াছে পূর্ণিমার বাড়ন্ত জোয়ার" -ফুলরেণু। ২ [বাড় (সীমা) + অন্ত (শেষ)] শেষ ; সমাপ্ত। প্র-চাল বাড়ন্ত [দ্রঃ-চাউল হিন্দু সংসারে লক্ষ্মী বলিয়া বিবেচিত সুতরাং চাউল ফুরাইয়াছে ইহা বলা সংস্কারবিরুদ্ধ। এইজন্য শেষ বা সমাপ্ত অর্থে "বাড়ন্ত" শব্দের প্রয়োগ। ইহা ইং euphemism এর অনুরূপ]। ৩ ছড়াল ; ছিয়াল। প্র-বাড়ন্ত গড়ন।

বাড়ব [বড়বা (সমুদ্রাশ্ব) + অ (স্ত্যং)] বি, সমুদ্রগর্ভস্থ অগ্নি। ২ [বড়বা (ঘোটকী) + অ, সমূহার্থে] বি, বড়বাসমূহ। ৩ বিণ, বড়বা সম্বন্ধীয়। ~া, **বাড়বাগ্নি, বাড়বানল** [বাড়ব (দ্রঃ) + আ (স্বার্থে), বাড়ব (সম্বন্ধীয়) + অগ্নি, + অনল, ধা] বি, সমুদ্রগর্ভস্থ অগ্নি। "বিষম বাড়বা অনল মাঝারে আমারে ডারিয়া দিল"-চণ্ডিং।

বাড়বেয় [বড়বা + এয় (সম্বন্ধার্থে)] বিণ, বড়বা সম্বন্ধীয়। ২ বি, বাড়বাগ্নি। ৩ [বাড়বা (অশ্বিনীকুমারের মাতা) + এয় (অপত্যার্থে)] বি, অশ্বিনীকুমারদ্বয়।

বাড়ব্য [বাড়ব(ব্রাহ্মণ) + য(সমূহার্থে)] বি, ব্রাহ্মণসমূহ। ২ [বড়বা + য (সম্বন্ধে ব্য)] বিণ, বাড়বা সম্বন্ধীয়।

বাড়া$_{১}$ [বাড় দ্রঃ] বিণ, বর্দ্ধিত; অধিক। "জনক হইতে স্নেহ জননীর বাড়া।"-ভারতং। "রুগ্ন ভগ্ন গৃহ-ছাড়া, তারে জননীর বাড়া, কত যত্ন"-অশোকং। ২ অতিরিক্ত। ৩ অপ্রীতিকর বা অহিতকর বিষয়ে ন্যায়ের বা সহ্যের সীমা অতিক্রম করা।

বাড়া$_{২}$ [বাটা দ্রঃ। ট=ড়। বাড়ি, বাড়, বাড়ে ইং] ক্রি, অন্নপাত্র হতে বাহির করিয়া ভোজনপাত্রে রাখিয়া খাইতে দেওয়া। "আমী গো চিন্তে পায় গোটা দুই অন্ন বাড়" -ছড়া। প্র-ভাত বাড়া।

বাড়া$_{৩}$ [বাড়া$_{২}$ দ্রঃ] বিণ, কৃত-পরিবেশন। **বাড়া ভাতে ছাই** [ভাত দ্রঃ] প্রস্তুত অন্ন গ্রহণ কালে নষ্ট হওয়া। ২ [লক্ষং] কার্য্য সুসম্পন্ন করিয়া ফল প্রাপ্তির মুখে বিঘ্ন বা প্রতিবন্ধক। "বাড়া ভাতে ছাই তব বাড়া ভাতে ছাই, পড়েছ নীলের হাতে আর রক্ষা নাই।"-নীলদর্পণ।

বাড়া$_{৪}$ [বাড় (দ্রঃ) + আ (ক্রিয়ায়)। বাড়ি, বাড় (বাড়েন, বাড়িস), বাড়ে(বাড়েন্); বাড়িতে ; বাড়িয়া (পদ্যে-বাড়ি > ক্ষেং বেড়ে)। ণিজন্ত-বাড়ান] ক্রি, বৃদ্ধি পাওয়া। ২ অগ্রসর হওয়া ; অগ্রবর্ত্তী হওয়া।

বাড়ান$_{১}$ [বাড়া ধাতুর ণিজন্তরূপ। বাড়াই, বাড়াও (বাড়ান্, বাড়াস), বাড়ায় (বাড়ান্) ; বাড়াইতে ; বাড়াইয়া (ক্ষেং বাড়িয়ে)] ক্রি, বৃদ্ধি করা। ২ দীর্ঘ করা ; লম্বা করা। প্র-গলা বাড়ান। ৩ সম্বর্দ্ধনা করা ; মান্য দেওয়া। প্র-মান বাড়ান। ৪ মাথায় তোলা ; প্রশ্রয় দেওয়া। ৫ বিস্তৃত করা। "হাত বাড়াইল চাঁদে"-চণ্ডিং। ৬ [বর্দ্ধনং ছেদনে"-অমরং] কাটা ; কলম বা পেন্‌সিল বাড়ান। ৭ অগ্রসর করা ; আগান। ৮ উপদ্রব, অত্যাচার ইং-তে সীমা অতিক্রম করা। **নোলা বাড়ান**-আহারের লোভ বৃদ্ধি করা। **পা বাড়ান**-চলিবার সময় পায়ে অগ্রগতি দান করা : বা পা উঠান ; চলিতে উদ্যত হওয়া ; প্রস্থানোদ্যত হওয়া। **পেট বাড়ান**-অতিরিক্ত আহারে এবং পরিশ্রমাভাবে উদর বড় হতে দেওয়া। **পোষ বাড়ান**-নিজে অলস থাকিয়া সর্ব্বদা হুকুম করিয়া পোষ্যদের দ্বারা কাজ করান। **হাত বাড়ান**-ধরিতে যাওয়া ; হস্ত প্রসারিত করা।

বাড়ান$_{২}$ [বাড়ি$_{২}$ (লাঠি) + আন (ক্রিয়ায়) > বাড়িয়ান > বাড়ান (ক্ষেং)। তুল-লাঠি > লাঠিয়ান > লাঠান] ক্রি, বাড়ি দ্বারা আঘাত করা ; বাড়ি মারা ; লাঠান। "ভাঙ্গিব বাড়িয়া মাথা"-চণ্ডিং। "বাড়িয়া ভাঙ্গিল দন্ত"-কবিকং।

বাড়াবাড়ি [বাড়া-বাড়া (আধিক্যার্থে দ্বিত্ব) + ই (ভাং)] বি, অত্যধিক বাড় ; অতি বৃদ্ধি। প্র-তার অত বাড়াবাড়ি ভাল নয়। ২ বিণ, অত্যধিক ; অতিরিক্ত। "একে তোমার কোনাড়ী ডুব দিও না বাং"-ঈং গুপ্ত। ৩ অসহনশীলতা ; অধৈর্য্যপ্রকাশ ; লাফালাফি। "ইহা লইয়া এখানে বাড়াবাড়ির দরকার নাই।"

বাড়ি১ [সং-বৃদ্ধি >। বাড় দ্রঃ] বি, বৃদ্ধি; সুদ। "ধন্দে নাহি নিব বাড়ি, র'য়ে ব'সে দিও কড়ি ডিহিদার না করিব মেশে।" -কবিক°। ২ ঋণ। "কাত্যায়নী বলে কান্ত কিছু নাই কেন। কুবেরের বাটী বীজ বাড়ী করি আন।"-শি°। **বাড়ি দেওয়া**-বৃদ্ধির সহিত পরিশোধার্থ ধান্য অগ্রিম বা ঋণ দেওয়া।

বাড়ি২ [সং-বেষ্ট (বাঁশ) > প্রাকৃ° বেট্ট > বাট্টি (বাঁট দ্রঃ) অথবা বিড্‌ (আক্রোশে) >] বি, যষ্টি; বাঁশের লাঠি; ঠেঙ্গা। "চারিদিকে চাহে মিশ্র হাতে বাড়ি লৈয়া।" -চৈ° ভা°। "মোর অঙ্গে মারে কেহ দোহাতিয়া বাড়ি"-কবিক°। ২ তাড়ন দণ্ড। প্র-পাঁচন বাড়ি। (গো-বেড়েন দ্রঃ)। ৩ চাবুক। "এক পদে কড়িয়ালি আর পদে বাড়ি।"-মহা° (কাশী°)। ৪ বাঁশের কাঠিতে প্রস্তুত ঝুড়ি।

-বাড়ি৩, বাড়িতে [করণ কারকের বিভক্তিস্বরূপ। সং-দ্বারা > ভ্রং। গ্রা° ব্যবহারে চলিত। তে যোগ অতিরিক্ত] অ, দ্বারা; সাহায্যে। প্র-তাকে লাঠির বাড়ি খুব বা-কতক বসাইয়া দিয়াছে। "বালক যেমন ঠেঙার বাড়িতে, পাকা আমগুলো রহে গো পাড়িতে।"-রবী°।

বাড়ি৪, বাড়ী [সং-বাটিকা > বাটিআ > প্রাকৃ° বাড়িয়া (মৃ° ক°) > বাড়ি, বাড়ী > প্রাদে° উচ্চারণে বারি (দ্রঃ)। বৌ° বাং-বাড়্‌হী। বি° প° পরিষৎ সংস্করণে-'বারি' (ফুলবারি), ঐ কাব্যবিশারদ সংস্করণে 'ধারি' ("ফুলধারি"), প্রা° কাব্যসংগ্রহে (অ° সরকার) 'থেরি' ("ফুলথেরি")। হি°-র অনুকরণে আধু° বাং-ফুলওয়ারি,-রী, বলা হয়। বারি =বাড়ী। তুল-বিহঙ্গ বাড়ী (মানভূম অঞ্চলে)। "যাঁহা করন ফুলধারি"-বি° প°। প্রা° বৌ° বাং সা°-বাড্‌হী (চ°পদ° ১০।১)] বি, উদ্যান; বাগান। ২ [মানভূম প্রাদে°] বাস্তু সংলগ্ন বেষ্টিত স্থান। বাটী > প্রাকৃ° বাড়ী > বি, গৃহ; বসতি; বাসস্থান। "কুবেরের বাড়ী বীজ বাড়ি করি আন।"-শি°। "ঐ দেখা যায় বাড়ী আমার চৌদিকে মালঞ্চ বেড়া।" -বি° সু°। "দেখে দুঃখের বাড়াবাড়ী, ফিরি বাড়ী বাড়ী মাথায় পড়ে বাড়ি কুটুম্ব এলে।" -ঈ° গুপ্ত। **~ওয়ালা**-বাড়ীর অধিকারী বা মালিক। > স্ত্রীং **~ওয়ালী** (গ্রা° বাড়ী-উলী), যে স্ত্রী বাড়ী ভাড়ায় খাটায়। ২ বেশ্যাবাড়ীর অধিকারিণী। **~ঘঁর, ঘঁর বাড়ী**-আশ্রয়; বাসগৃহ এবং তৎসংলগ্ন যাবতীয় স্থাবর সম্পত্তি; গৃহ ও গৃহসমষ্টি। **~শুদ্ধ**-বাড়ীর যাবতীয়; বাড়ীর আবাল বৃদ্ধ বণিতা নির্বিশেষে। "বাড়ীশুদ্ধ সকলের ভাবনার অন্ত রহিল না।"-উত্তরা, পৌষ, ১৩৩৩। **কাঁচাবাড়ী, মেটে বাড়ী**-মাটির বা বেড়ায় মাটি ধরান দেয়াল ও খোড়ো বা খোলার চালের বাড়ী। **কাছারী বাড়ী**-অপিস কোঠা; আদালত; আমলা-দের কর্ম্মস্থান। **কোঠা বাড়ী, পাকা বাড়ী**-ইট পাথরাদির বাড়ী; অট্টালিকা। **গোয়াল বাড়ী**-বাড়ীর যে প্রদেশে গরু থাকে। **গোলাবাড়ী, চাষ বাড়ী**-যেখানে কৃষিজাত দ্রব্য সঞ্চয় করা হয়। **জঁাগ বাড়ী, নিমন্ত্রণ বাড়ী**-বি, যে বাড়ীতে যজ্ঞ, পার্ব্ব উৎসবাদিতে নিমন্ত্রিত-দের ভোজনের ব্যবস্থা হয়। **বার (বাহির) বাড়ী, সঁদর বাড়ী**-বি, বাড়ীর যে অংশে স্ত্রীলোকদিগের অবস্থিতি ও গমনাগমন নাই। অন্তঃপুরের বাহিরের অংশ। **ভাড়া বাড়ী** -বি, যে বাড়ী বাসের জন্য নির্দ্দিষ্ট মূল্য মালিককে দিয়া বাস করা যায়। **যমের বাড়ী**-বি, যমালয়; প্রেতলোক। **রান্না বাড়ী**-বি, বাড়ীর যে অংশে রন্ধনাগার থাকে। **শ্বশুর বাড়ী**-বি, পত্নীর বাপের বাড়ী। ২ আদর যত্নের স্থান। ৩ [বিদ্রূপে, বিপরীতার্থে] কষ্টের স্থান; জেল ই°।

বাড়িয়া [বাড়ি২ + আ (নামধাতু) প্রত্যয়)] ক্রি, বাড়ি মারিয়া; আঘাত করিয়া। "বাড়িয়া ভাঙ্গিল দন্ত"-কবিক°।

বাড়ুন [বাড়ন২ দ্রঃ। হি° বঢ়নী >] বি, নারিকেল কাঠি, বিশেষ ডাঁটাসহ খেজুর পাতার খেংরা; গৃহদ্বারাদি পরিষ্কার করিবার ঝাড়ু। "তবে বাড়ুনটা আস্তে হল।"-দ্বি° রায়।

বাঢ় [সং-বৃদ্ধি > হি° বাঢ়। প্রা° বাং। আধু° বাং-বাড়] বি, বৃদ্ধি। বাড়। ২ ["অত্যর্থে বাঢ়ং * * নিতান্তোৎকর্ষ নির্ভরা" -হেম°] উৎকর্ষ। ৩ ["গাঢ় বাঢ় দৃঢ়ানি চ"- -অমর°] বিণ, দৃঢ়; গাঢ়।

বাঢ়ম্‌ [সং > বাং-র অবিকল গৃহীত] অ, অতিশয়; বেজায়; বিলক্ষণ; সাবাশ! "আমরা বলি বাঢ়ম্‌; * * সেকালে সামান্য অপমানে 'সাবাস আটাশ' হইয়াছিল, আর একালে এই পরাজয়েও সাবাস এক হয় না।" -বঙ্গবাণী, ১৫-৩-৪১।

বাঢ়া [বাড়া দ্রঃ। প্রা° বাং] ক্রি, বৃদ্ধি পাওয়া। "তার দরশনে বাঢ়িল দ্বিগুণে পরশে ঘুচব জালা।"-চণ্ডি°। ব্রজ° **বাঢ়ই**-বাড়ে। ২ বাড়াইয়া। "বাঢ়ই দারুণ প্রেম বধহ যুবতী"-বি° প°। **বাঢ়ত**-বাড়ে। "বৈছন বাঢ়ত মৃণালক সূত।"-বি° প°। **বাঢ়য়ে** -বাড়ে। "দিনে দিনে বাঢ়য়ে"-বি° প°। **বাঢ়ল**-বাড়িল। "তব কুচ বাঢ়ল শ্রীফল জোর।"-বি° প°। **বাঢ়াই**-বাড়াইয়া। "কানুক প্রেম বাঢ়াই।"-ঐ। **বাঢ়ায়ল** -বাড়াইল। "অবহি মদন বাঢ়ায়ল দীঠ।" -বি° প°। **বাঢ়ায়লি**-বাড়াইলে। "হামারি গৌরব তুহুঁ বাঢ়ায়লি অব টুটায়ব কে।"-চণ্ডি°। **বাঢ়ায়া**-বাড়াইয়া। "কপট পীরীতি আরতি বাঢ়ায়া, মরণ অধিক কাজে" -চণ্ডি°। **বাঢ়ায়িঞা**-বর্দ্ধিত করিয়া। **বাঢ়ায়িল, -লোঁ**-বর্দ্ধিত করিলাম। **বাঢ়াসি** -বাড়াইতেছ। **বাঢ়ি**-বাড়ে। "চান্দ কলা সম দিনে দিনে বাঢ়ি।"-বি° প°। **বাঢ়িলাহোঁ**-বর্দ্ধিত হইলাম। **বাঢ়ে**-বর্দ্ধিত হয়। পিজন্ত-**বাঢ়ানি১**-বাড়িতে দেওয়া। বি, **বাঢ়ানি২**।

বাঢ়ুন [বাড়ুন দ্রঃ। হি° বঢ়নী] বি, ঝাঁটা; খেংরা।

বাণ১ [বণ্‌ (শব্দ করা, গমন করা) + অ (র্তৃ, আ°), যে বণ্‌ বণ্‌ শব্দ করিয়া শত্রু প্রতি গমন করে] বি, শর; তীর; ইষু। "দেয়াড় চিয়াড় বাণ করবাল খরশান ভূষণ্ডী টাঙ্গস চক্রবাণ।"-কবিক°। ২ বাণ রাজা। ৩ বাণ নামক কবি। ৪ অগ্নি। ৫ পোড়; আগুনের আঁচ। প্র-শতবাণ, লাখবাণ ই°। যদি বাছা দেহ দান, তবে দিব মলবাণ,

[illegible] যুক্ত বিবৎ (অগ্র=অগ্গ্র), হীন যুক্তাক্ষর অকারান্তবৎ [illegible]

বাহাদে জুখিয়া কাচা সোণা।"-ব০। ৬ [+অ(ভা০)] শব্দ; ধ্বনি। ৭ বন্যা; জলবৃদ্ধি। ৮ পাঁচ সংখ্যা; ৫। ৯ মারণ মন্ত্র; মন্ত্রপূত শর; অভিচার মন্ত্র। ১০ বঁড়সীর আকার পঞ্চশীর্ষ ইং অস্ত্র যাতে চড়কপূজায় জিহ্বা ফোঁড়া হয়। ১১ [নাট্য শা০] নৃত্যাভিনয়ে বৃদ্ধাঙ্গুষ্ঠকে তার পরবর্ত্তী অঙ্গুলীত্রয় স্পর্শ করিলে ও কনিষ্ঠাঙ্গুলী বিস্তৃত করিয়া দিলে ইহার বোধক হয়।~গঁঙ্গা [বাণ (শর) দ্বারা প্রকটিতা গঙ্গা, ৩তৎ] বি, পুরাকালে রাবণ বাণ দ্বারা সোমেশ্বর পর্ব্বত বিদীর্ণ করিয়া জলধারা প্রবাহিত করাইয়াছিলেন, সেই বাণ দ্বারা প্রবাহিতা জলধারা বাণগঙ্গা নামে বিখ্যাত। ~দঁণ্ড [সং] বি, বস্ত্র বয়নের যন্ত্রবিঃ; বেমা। ~ধি [বাণ (শর) ধা (ধারণ করা)+ই (কৃ), যে বাণ ধারণ করে, অর্থাৎ, যাতে বাণ রাখা হয়] বি, তূণীর; তূণ; বাণাধার।~পুর [বাণ (রাজার) পুর (পুরী)] বি, বাণ রাজার রাজধানী; শোণিতপুর। ~বার [বাণ (অস্ত্রবিঃ) বার (বারক), ৬তৎ] বি, বর্ম্ম; কঞ্চুক; সাঁজোয়া। ~ভঁট্ট-বি, প্রসিদ্ধ সংস্কৃত গদ্য কাব্য কাদম্বরী প্রণেতা মহাকবি ~মুদ্রা [তন্ত্র শা০] বি, অঙ্গুলি ন্যাসবিঃ। এই মুদ্রা রিপুনাশিনী। ~লিঙ্গ [বাণ (বাণরাজ প্রতিষ্ঠিত) যে লিঙ্গ (শিব লিঙ্গ), ম০ প০ লো০] বি, শিবলিঙ্গবিঃ। ~সুতা -বি, দৈত্যরাজ বাণের কন্যা উষা।

বাণ₂, বান[বর্ণ > প্রা০বৌ০বাং প্রাকৃ০] বি, বর্ণ (চ০ পদ০ ২১।৪, ২৯।৩)। ২ কান্তি।

বাণা₁ [তামিল-বানা (ধ্বজা)] বি, ধ্বজা; পতাকা; নিশান। "উড়ে সর্পবাণা"-অ০ম০। "অর্জ্জুনের সেনা, শ্বেত পীত বাণা, বিবিধ বাজনা বাজে।"-মহা০ (কাশী০)। ২ [সং-বণ্ড >] বালকের শিশ্ন।

বাণা₂ [সং] নীলঝিণ্টী বৃক্ষ ও পুষ্প।

বাণাম্ [সাঁওতালী। বীণা দ্রঃ] বি, একতারা।

বাণারি [বাণ+অরি] বি, শ্রীকৃষ্ণ।

বাণাশ্রয় [বাণ (শর)+আশ্রয়, ৬তৎ] বি, শরাধার। ২ ধনুক; শরাসন।

বাণাসন [বাণ+আসন, ৬তৎ] বিণ, শরাসন; কোদণ্ড।

বাণি [সং] বি, বস্ত্রবয়নের বেতন। ২ বাণদণ্ড। ৩ গহনা গড়াইবার মজুরি।

বাণিজ [বণিজ্+অ (স্বার্থে), ব=বা] বি, ক্রয়-বিক্রয়কারী; বণিক্; সওদাগর। বিণ, বাণিজিক।

বাণিজার [সং-বাণিজ্যকার > কে০। ম০ বাং] বি, বণিক্। "সর্ব্বধন হরি তবে মারে বণিজারে।"-কৃষ্ণপ্রেম তরঙ্গিনী।

বাণিজ্য [বণিজ্(বণিক্)+য (ভা০)। বণিজ্য ও০] বি, বণিকের কার্য্য; বণিগ্‌বৃত্তি; ক্রয়-বিক্রয়। "বৃদ্ধকাল আপনার নাহি জানি রোজগার চাসবাস বাণিজ্য ব্যাপার।"-অ০ ম০। ~কঁরণ-বি, ব্যবসায় করা; বণিগ্‌বৃত্তি অবলম্বন করা। ~পোত-বি, সাগরগামী সওদাগরী জাহাজ। ~বায়ু-যে বায়ু বণিকদিগের পণ্যতরীর অনুকূলে প্রবাহিত হয়; ঈশান ও অগ্নিকোণ হতে বহমান বায়ু trade winds. ~বিবঁরণী [ইং trade report এর অনুবাদে] বি, আমদানী-রপ্তানী ক্রয়-বিক্রয় ও আয়-ব্যয়ের হিসাব-নিকাসের বিবৃতি। ~শালা-বি, সওদাগরি অপিস; পণ্য ক্রয়-বিক্রয় স্থান; দোকানঘর; বাণিজ্যালয়।

বাণিজ্যা/গার, ~লঁয় [বাণিজ্য (ক্রয়বিক্রয়ের) + আগার, আলয়] বি, বাণিজ্যগৃহ, ক্রয়বিক্রয়ালয়; সওদাগরী কুঠী।

বাণিয়া, বাণ্যা [হি০ বনিয়া। ম০ বাং] বি, বণিক। স্ত্রীং বাণ্যানী।

বাণী₁ [বণ (শব্দ করা)+ই (র্ন্ন) +ঈ (স্ত্রীং), যা বলা যায়] বি, কথা; বাক্য। ২ সংবাদ; বার্ত্তা। ৩ [বণ্+ই (কৃ), +ঈ(স্ত্রীং), যে বলে] বি, বাগ্দেবী; সরস্বতী। "তুমি রমা তুমি বাণী যোগনিদ্রা নারায়ণী জ্ঞানবিদ্যা অনাদি বাসনা।"-কবিক০। "বাণী বিদ্যা-দায়িনী"-রবী০। ~বঁই-বি, বিদ্বান; পণ্ডিত। মুখের বাণী-মুখের কথা; মৌখিক আদেশ বা অঙ্গীকার।

বাণী₂ [আধু০ বাং সা০। ইং message এর ভাবানুবাদ] বি, মহাপুরুষ, কবি, মনীষী আদির আবিষ্কৃত সত্যের বা অনুভূতির অভিব্যক্তি; মানসদৃষ্টির অভিব্যক্তি; বক্তব্য; মূল প্রেরণা। "দেশের লোকের পক্ষ হতে যাহা বাণী বা message -কবির পক্ষ হইতে তাহা কবিজীবনের মূল প্রেরণা।"-কা০ রায়। ইং literary composition এর পরিঃ। বিশ্ববাণী [বিশ্ব (সর্ব্ব all) +বাণী] বি, ইং miscellany র পরিঃ। ২ বিশ্ববার্ত্তা।

বাণীকার [প্রাদে০] বি, যে ব্যক্তি অবৈধ কার্য্যে উৎসাহ বা সাহায্য দান করে।

বাণ্ডিল [ইং bundle এর লিপ্যন্তর] বি, পুলিন্দা; বস্তা।

বাণ্ডী [হি০] বি, ফতুয়া waistcoat.

বাণ্ডুল [ইং bundle এর অনুকরণে] বি, গুলি। বাণ্ডুলের সুতা-সাধারণ কাপড় সেলাই করিতে যে সুতা ব্যবহার হয়।

বাত₁ [সং-বার্ত্তা > হি০ বাত] বি, প্রশ্ন; বার্ত্তা; কথা; উক্তি; বাক্য; বচন। "পুছন্ত কুশল বাত"-মহা০ (শ্রীকর০)। "লাজে সখীগণে না পুছয়ে বাত"-বি০ প০। "শুনিতে তাহারি বাত, পুলকে ভরয়ে গাত"-চণ্ডি০।

বাত₂ [বা (গতি)+ত (কৃ)। তুল-ফা০-বাদ (বাতাস)] বি, পবন; বায়ু; বাতাস। ২ [সং-বাত] রোগবিঃ; "সন্ধির চতুষ্পার্শ্বস্থ সূত্রীয় ও শ্লৈহিক ঝিল্লির প্রদাহ ও তৎসংযুক্ত বিশেষ দৈহিক বিকার; আক্রান্ত অঙ্গ সঞ্চালনে বেদনা ও স্ফীতি সহবর্ত্তী, সন্ধি ও উহার অস্থি, পেশী, বন্ধনী, স্নায়ু আদি সম্বন্ধী সৌত্রিক বিশেষ স্থায়ী প্রদাহসংযুক্ত দৈহিক পীড়াকে বাত বলে।"-ডাক্তার কর। "বাতে বাঁকা সর্ব্ব অঙ্গ পিঠে কুঁজ তার।" -অ০ ম০। ৩ বাত্যা (শ্রী০ কী)। ~কঁর্ম্ম [বাত (বায়ুর) কর্ম্ম (ক্রিয়া)] বি, অপান বায়ুর নিঃসরণ; পর্দ্দন। ~কী [সং বাতকিন্] বি, বাতরোগে আক্রান্ত; বাত-রোগী। ~কুম্ভ-বি, গজকুম্ভের নিম্নদেশ। ~কেতু-বি, পাংশু; ধূলি। ~কেলী [অলঙ্কার শা০] বি, শৃঙ্গার রসাত্মক আলাপ। ২ নায়ক কৃত নখক্ষতাদি। ~কৌঅর-বায়ুপুত্র হনুমান (শ্রী০ কী০)। ~গামী [বাতগামিন্-যে বাতে (বায়ুতে) গমন করে, উপ০] বি, মৃগ। ২ পক্ষী। ৩ ঘুড়ী। ~গুল্ম -বি, বাত দ্বারা সঞ্জাত গুল্মরোগ; বায়ুরোগ; বাইরোগ। ~বার্ত্তক [বৌ০ সা০] বি,

কর্ণিকার ; সোণালিবৃক্ষ। "ভদ্রে! ঐ যে বাতঘাতক বৃক্ষ দেখিতেছ, উহার আর একটি নাম উদ্দাল।"-জাতক। ~ঘ্ন (-ত্ঘ্ন-) [বাত-ঘ্ন (হন্-বধ করা)+অ (র্ত্তৃ)] বি, বাতরোগ নাশক। ~ঘ্নী (-ত্ঘ্নী-) [বাতকে যে বিনাশ করে, উপ০] বি, অশ্বগন্ধা। ২ শালপর্ণী। ~তুল [বাত (দ্বারা আকাশে নীত) তুল (তুলা), ম০ প০ লো০] বি, আকাশ বুড়ীর সূতা ; শূন্যমার্গে বায়ুতাড়িত সূত্রখণ্ড। ~ধ্বজ [বাত দ্বারা চালিত ধ্বজ (ধ্বজা-পতাকা) স্বরূপ যার, বহু০] বি, মেঘ। ~পট্ট -বি, পাইল ; পাল। "উহার মাস্তুল তিনটী ইন্দ্রনীল=মণিময়, তৎসংলগ্ন রজ্জুগুলি সুবর্ণময়, বাতপটগুলি রজতময় এবং অরিত্রগুলিও সুবর্ণময়। মণিমেখলা ঐ নৌকা সপ্তরত্নে পূর্ণ করিলেন,"-জাতক। ~প্রমী-বি, বাত-মৃগ (দ্রঃ)। ~বিক্ষুব্ধ-বিণ, বায়ু দ্বারা আন্দোলিত। ~মণ্ডলী [বাত-মণ্ডলী (সমূহ -আবর্ত্ত), ৬তৎ] বি, বাতাবর্ত্ত ; ঘূর্ণীবাতাস। ~মৃগ [সং-বাত (বায়ু) গতি যে মৃগ, ম০ প০ লো০] বি, অতি দ্রুতগামী ক্ষুদ্রজাতীয় মৃগ ; বাওটা হরিণ। ~যন্ত্র-বি, বায়ুচালিত যন্ত্র। ~রক্ত [বাত দ্বারা দূষিত রক্ত] বি, দূষিত বাতরক্তঘটিত রোগবিঃ। ~রক্তঘ্ন [বাত-রক্ত-ঘ্ন] বিণ, বাতরক্তরোগ নাশক। ২ বি, কুকুরশোঁকা গাছ ; কুকসিমা। ~রোগী [বাতরোগিন্ শব্দ। বাতরোগ+ইন্ (স্ত্য০) -যার বাতরোগ আছে] বিণ, বাতরোগগ্রস্ত ; যে বাতরোগে ভুগিতেছে। ~সহ [বাত (বায়ু, বাতরোগ) সহ (যে সহ্য করিতে পারে), উপ০] বিণ, যে বা বা বায়ুর ভর সহিতে পারে। ২ বায়ুরোগী।

বাতল [বাত (বায়ু) লা (দান করা)+অ (র্ত্তৃ), যে বায়ু দান করে অর্থাৎ যা খাইলে বায়ু বৃদ্ধি হয়, উপ০] বিণ, বায়ুবর্দ্ধক ; বায়ু-কারক। ২ বি, চণক ; ছোলা।

বাতলানি, বাৎলানি [হি০ বাৎলানা। বাতলাই, বাতলাও, বাতলায় ; বাতলাইতে ; বাতলাইয়া (কে০ বাতলে)] ক্রি, বলা। ২ উপদেশ দেওয়া ; উপায় বলিয়া দেওয়া।

বাতা$_1$ [শ্রীহট্ট০ প্রাদে০] বি, "গরুর পায়ে ও মুখে ক্ষত হইয়া পোকা হয় ও গরু ঘাস খায় না। ঐরূপ ক্ষতে মাছিতে ডিম পাড়ে। তাহা চুণের গোছ বলিয়া মনে হয়। কৃষকদের ভাষায় "চাটা" অর্থাৎ মাছির ডিম।" -চ০ কু০ ভট্ট০।

বাতা$_2$ [বংশপট্ট > পাটা > বাতা। সরু অর্থে বাতি (দ্রঃ)] বি, খোড়ো বা খোলার চালের চালু মুখ যে বাঁখারীর দ্বারা বাঁধা হয়। "ওরে রান্না ঘরের রকে উঠ্‌তে ডানদিকে চালের বাতায় গোঁজা আছে।" -নীলদর্পণ। ২ বেড়া।

বাতাদ [সং। বৈদিক] বি, বনবাদাম।

বাতান্দোলিত [বাত (দ্বারা) আন্দোলিত, ৩তৎ] বিণ, বায়ুবিক্ষুব্ধ ; বায়ু-তাড়িত।

বাতাপি [বাত(বায়ু)+আপি(যে প্রাপ্ত হয়), বায়ুর ন্যায় বেগে যে লোককে আক্রমণ করিতে ধাবিত হয়] বি, রাক্ষসবিঃ।

বাতাবর্ত্ত [বাত (বায়ুর)+আবর্ত্ত] বি, ঘূর্ণীবায়ু।

বাতাবি,-বী [যবদ্বীপের রাজধানী 'বাতাবিয়া'জাত বলিয়া নাম। Capt. Shaddock ১৮শ খ্রী০ ইহা প০ভারতীয় দ্বীপ-পুঞ্জে প্রথম প্রবর্ত্তিত করেন বলিয়া আর এক নাম Shadock] বি, বড়জাতীয় নেবুবিঃ pomela citrus decumana.

বাতায়ন [বাত (বায়ু) +অয়ন (গমনা-গমন পথ), ৬তৎ] বি, গবাক্ষ ; জানালা।

বাতাহত [বাত (দ্বারা) আহত, ৩তৎ] বিণ, বায়ু দ্বারা আহত ; ঝড়ের আঘাতপ্রাপ্ত।

বাতারি [বাত(বায়ু)+অরি(শত্রু)যার, বহু০] বি, বাতঘ্ন। ২ কদলী বৃক্ষ। ৩ ভেরেণ্ডা গাছ। ৪ [বাতের অরি] বিড়ঙ্গ।

বাতালী [বাত (বায়ু)+আলী (শ্রেণী), ৬তৎ] বি, বাতাবর্ত্ত ; বাত্যা।

বাতাশ্ব [বাত (বায়ু)+অশ্ব] বি, বায়ুগতি অশ্ব। তুল-"ঝড়গতি ঘোড়া"-মেঘ০। তুল-বাতমৃগ।

বাতাস [সং-বাতঃ, হি০ বতাস্] বি, বায়ু ; হাওয়া। "জয়া পাও চলে কানে কান, জোর বাতাসে উঠেছে তুফান"-রবী০। [দ্রঃ -সাধাঃ যাকে বাতাস বলা যায় তাহা অম্লজান (oxygen) ও যবক্ষারজান (nitrogen) এই দুয়ের মিশ্রণজাত বায়বীয় পদার্থ]। ২ সংস্রব ; সংসর্গ। "দুখী লোক আমার বাতাসে নাহি থাকে"-অ০ ম০। বা০ চলা -বায়ু প্রবাহিত হওয়া। বা০ করা-অন্যকে ব্যজন করা। বা০ খাওয়া-নিজে পাখার সঞ্চালনে বায়ু সেবন করা। ২ বায়ু সেবন করা। বা০ দেওয়া-আগুন জ্বলিয়া উঠিবার বা গরম দ্রব্য শীতল করিবার জন্য পাখায় হাওয়া করা। ২ [লক্ষ০] উত্তেজনা দান করা। তুল-ইং to fan.

বাতাসা [ফাঁ০ বাতাশা। তুল-বিম্ব, বুদ্বুদ] বি, পাককরা চিনি বা গুড়ে ফেনাইয়া প্রস্তুত মিষ্টান্ন। গুড়ে বাতাসা-গুড় হতে যে বাতাসা হয়। ফেণী বাতাসা-চিনির রস জ্বাল দিয়া প্রস্তুত খুব বড় বাতাসা।

বাতি$_1$,-তী [সং-বর্ত্তিঃ,বর্ত্তিকা >] বি, বর্ত্তি ; দীপ ; দীপদশা। "যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি"-সদ্ভাবশতক। ২ [বাতির মত গোল ও সরু বলিয়া] সরু শাল কাঠ। ৩ সূর্য্য। ৪ চন্দ্র। ৫ আলোক। "খুল্লনার রূপ দেখি ভাবে রম্ভাবতী। আমার খুল্লনা কন্যা আঁধারের বাতি॥"-ক০বিক০। ~দান-দীপাধার ; যে আধারে মোমবাতি বসান থাকে। বংশে বাতি দেওয়া -স্বর্গগত পিতৃপুরুষের মঙ্গলোদ্দেশে কার্ত্তিক মাসের পিতৃপক্ষে আকাশপ্রদীপ দান করা। "একজন না থাকিবে বংশে দিতে বাতি॥" -কৃত্তি০। মোমবাতি-মোমনির্ম্মিত দীপ। [দ্রঃ-চর্বীর বাতিকেও সাধাঃ সাদৃশ্য হেতু মোমবাতি বলে]। সাঁঝের বাতি -সন্ধ্যাদীপ। সাঁঝ দ্রঃ। স্বর্গে বাতি-পিতৃলোকের উদ্দেশে প্রদত্ত আকাশপ্রদীপ।

বাতি$_2$ [সং] বি, বায়ু।

বাতি$_3$ [প্রা০ বাং। পত্তী > পাত্তি >] বিণ, ক্ষুদ্র, সামান্য।

বাতি$_4$ [বাতা$_2$ দ্রঃ] বি, সরু বাখারী।

বাতি$_5$ [সং-প্রবাহিত > বাহিত > বাতি] বি, যা বাহিত হইতেছে ; বহতা ; স্রোতের। "কাদম ধান বুনেন পরতু জেনা বাতি জলে হয়।"-শূ০ পু০।

বাতিক [বাত+ইক (প্রকোপনার্থে)]

বি, বায়ুর প্রকোপজাত রোগবিঃ ; বাই ; পাগলামি। "বাতাসের বাতিকের খেলা"-ঈ॰ গুপ্ত। "কামাখ্যাবাবু মনে মনে ভাবিলেন, ইহা একটি বাতিক" -বঙ্কিম॰ (রাধারাণী)। "তেমি জোটে গোঁড়া জোটের বাতিকে।"

বাতিস্ম (-ভ্-) [বাপ্তিস্মা দ্রঃ। ইং baptize >বাপ্তিজ, বাপ্তাইজ > বিণ, বাপ্তাইজিত (baptized. O. D. B. L.) >] বি, বাপ্তিস্মা। ২ বিণ, জলসংস্কার দ্বারা খ্রীষ্টধর্ম্মে দীক্ষিত। "* * শ্রীগাছপার কোরর্থের ফিরিঙ্গী গুর্চরিডেস্ লিখিতং শ্রীআত্মারাম বাগদী কস্য ছোকরা বিক্রয় .পত্রমিদং কার্য্যঞ্চাগে আমার বেটা নাম শ্রীস্তাবা বাগদী ছোকরা বএশ আট বৎসর বর্ণ কালা ইহার কিম্মত মাশ্বরাজী ৭৲ সাত তঙ্কা পাইয়া আমি সেৎছা পূর্ব্বক তোমার স্থানে বিক্রয় করিলাম তুমী ইহারে বা॰ ক্রিস্তাঙ করিয়া খোরাক পোষাক দিয়া আপন খেদ মতে রাখহ এই ছোকরার দান বিক্রয়ের সত্বাধিকার তোমার আমার সহিত এবং আমার ওয়ারীসের সহিত এই ছোকরার কোন এলাকা নাই এই করারে ছোকরা বিক্রয় করিলাম ইতি সন ১১৪২ এগারো সত ব্যালিস শাল তারিখ ১৭ সতরএী সাল। -দাসখত।

বাতিল [আ॰ বাতীল্] বিণ, গ্রহণের অযোগ্য ; পরিত্যক্ত ; বর্জ্জনীয়। ২ অসার ; মিথ্যা। "তোমার সত্তা ভিন্ন সকল বা॰ হয়" -রজনী সেন। বা॰ করা-অগ্রাহ্য করা ; নামঞ্জুর করা।

বাতুয়া, বেতুয়া-বথুয়া দ্রঃ।

বাতুল [বাত (বায়ু)+উল, যার বাত আছে] বিণ, উন্মত্ত ; ক্ষিপ্ত। ২ বি, পাগল ; বায়ুগ্রস্ত ব্যক্তি। "সতী ঝি আমার বিদ্যুৎ আকার বাতুলের হৈল জায়া।"-অ॰ ম॰। ৩ যাকে বায়ু আদি পঞ্চভূতে আশ্রয় করিয়াছে। ৪ বাতমণ্ডল ; বাত্যা। ~তা (-লী) বি, পাগলামি।

বাতুলি$_1$ [সং] বি, বাদুড়।

বাতুলি$_2$ [বাতিল (দ্রঃ) >প্রাদে॰] বিণ, যার ব্যবহার নাই ; অব্যবহৃত ; অচল disused. প্র-বা॰ পথ বা রাস্তা।

বাতূল-বাতুল দ্রঃ।

বাতোন্মূলিত [বাত (দ্বারা) + উন্মূলিত, ৩তৎ] বিণ, বায়ুবলে উৎপাটিত ; যা ঝড়ের বেগে শিকড় শুদ্ধ উপড়াইয়া গিয়াছে।

বাত্তি [রেশমশিল্প পরিঃ] বি, চোক্‌রি রাখিবার চাটাই বা দর্মার চারিপাশে বাঁধা বাঁখারী। ২ বাঁখারী।

বাত্যা [বাত+য (সমূহার্থে)+আ (স্ত্রীং)] বি, বায়ুসমূহ ; বাতাবর্ত্ত ; ঘূর্ণীবাতাস। ~কুল [বাত্যা (দ্বারা) আকুল, ৩তৎ] বিণ, ঝড়ে আকুল। ~পীড়িত [বাত্যা (দ্বারা) পীড়িত, ৩তৎ] বিণ, বায়ুতাড়িত ; ঝড়ে ক্লিষ্ট।

বাৎসল্য [বৎসল+য (ভা॰)। প্রা॰ বাচ্ছল্য] বি, বৎসলতা ; স্নেহ। ২ [কাব্যা-লঙ্কারে] বৎসল রস। [দ্রঃ-সন্তানের প্রতি জনক জননীর যে স্বাভাবিক স্নেহ তার নাম বাৎসল্য বা বৎসল রস। স্নেহ এই রসের স্থায়িভাব। সন্তান আলম্বন বিভাব। তার উদ্যম, গুণাবলীর বিকাশ, শৌর্য্যবীর্য্যাদি উদ্দীপন বিভাব। তাকে আদর ; তার অঙ্গস্পর্শ, চুম্বন, আলিঙ্গনাদি অনুভাব এবং তার দর্শনে হর্ষ,গর্ব্বানুভূতি ই॰ সঞ্চারী ভাব]।

বাৎস্য, বাৎস্যায়ন [বৎস (মুনিবিঃ) +ষ্য, ফায়ন (অপত্যার্থে)] বি, বৎসমুনির পুত্র। স্ত্রীং ~ী।

বাথান [বাসস্থান >ভ্রং, বাস্থান > বাথান > অর্থসম্প্রসারণে (তুল-স্থান > থান, অশ্ব যে স্থানে বাঁধা থাকে), গৃহপালিত গবাদির বাসস্থান ; গবালয়] বি, গোশালা ; গো-গৃহ। "পঞ্চব গোপ বসে পুরে, কাছে তার বিকি করে বন ভাগে বসার বাথানে।"-কবিক॰। ২ গোচারণের মাঠ ; গোষ্ঠ। ৩ গর্ভধারণাবস্থা ; আর্ত্তব। বিণ, বাথানিয়া-আর্ত্তবা গাভী ; পাল লইবার মত গাভী। "ষাঁড় চাহি বুলে যেন বাথানিয়া গাই।"-কবিক॰।

বাথুয়া, বেথো [সং-বাস্তুক > বাথুব >। প্রা॰বেতো(শাক)] বি,বেথোশাক chenopodium album.

বাদ$_1$ [বদ্ (বলা)+অ (ভা॰)] বি, কথন। ২ বাদ্য। ৩ যথার্থ পরিমিত বাক্য-দ্বারা পরস্পর বিচারের নাম বাদ ; বিতর্ক। ৪ [পরি ও অপ উপসর্গ কিম্বা লোক ই॰ শব্দের পর বাদ শব্দে নিন্দা অর্থ বুঝায়] পরিবাদ ; অপবাদ ; লোকবাদ। "কুলচুরি বাদ আজ্ঞে সহিতে না পারী"-শ্রীঁ॰ কী॰। "লোকবাদ খণ্ডিবারে বনবাস দিল তারে আদেশিয়া সুমিত্রানন্দনে।"-কবিক॰। "নানা বাদ দেয় তার বেটা।"-কবিক॰। ৫ প্রতিবাদ ; বাদানুবাদ। "সই কি আর কথার বাদে"-পদ॰ সা॰। ৬ মনোমালিন্য ; বিবাদ ; ঝগড়া ; শত্রুতা ; বিরোধ। "মনুষ্য কি বাদে কভু পারে তার সনে।"-চৈ॰ ভা॰। বাদ করা-বি,শত্রুতা করা; বিরোধ করা। ~প্রতিবাদ-বি,তর্কবিতর্ক ; কথা কাটা-কাটি ; উত্তর-প্রত্যুত্তর ; সওয়ালজবাব। ২ বাক্‌যুদ্ধ। ~বিতণ্ডা-বি, প্রতিবাদ দ্রঃ। ~সাধা [সাধন >] ক্রি, বৈরসাধন করা ; শত্রুতা করা।

বাদ$_2$ [সং-বাদ > হি॰বাদি (কজুল,ব্যর্থ) >] বি, ছাড়। প্র-বাঁশটার আগার দিকে খানিকটা বাদ দিয়া কাট। কাপড়ের অনেকটা বাদ পড়েছে। ২ ছাঁট। ৩ নারকেল ছোবড়ার দড়ী। ৪ [হি॰ বাদ] অ, পশ্চাৎ ; পরে ; অন্তর। প্র-কতক্ষণ বাদ এসে পৌছিল। ৫ বাকী। প্র-কোন কিছুর বাদ রাখা ভাল নয়। ~সাধ ['বাদ' এর সহ॰ শব্দ সাধ] বি, ছাড় ; ছাড়-ছুড়।

বাদ$_3$ [সং-বাধ >] বি, বাধা ; বিঘ্ন ; প্রতিবন্ধক। প্র-বাদ সাধা।

বাদক [বদ্ (বলা) বা বদ্+ণিচ্=বাদি (বাজান)+অক (র্ক্তৃ), যে বলে] বিণ, বক্তা। ২ বি, বাদ্যকর।

বাদন [বদ্+ণিচ্=বাদি (বাজান)+ অন-(ভা॰)] বি, বাদ্যকরণ ; বাজন। ২ বদ্ +ণিচ্=বাদি+অন (র্ক্ম), যা বাজায়] বাদ্য ; বাদ্যযন্ত্র।

বাদবাকী [আ॰ বাদ+আ॰ বাকী (অবশিষ্ট)] বিণ, বাদ দিবার পর যা অবশিষ্ট ; যা কিছু ছাড় পড়িয়াছে ও যা অবশিষ্ট আছে।

বাদর [বাদল দ্রঃ] বি, বাদল ; বর্ষা। "এ ভরা বাদর মাহ ভাদর, শূন্য মন্দির

মোর।"-বি॰ প॰। "এ জন্মা বা॰ দিনে কে বাঁচিবে শ্যাম বিনে"-রবী॰। ২ মেঘ।

বাদরায়ণ/ণ [বাদর (তীর্থস্থান)+অয়ন (আশ্রয়) যার, বহু॰] বি, বেদব্যাস; কৃষ্ণ-দ্বৈপায়ন। ~**ণি** [বাদরায়ণ (ব্যাস)+ই (অপত্যার্থে)] বি, বাদরায়ণের পুত্র; শুকদেব।

বার্দরিক [বদর (কুল ফল)+ইক, গ্রহণার্থে]। বিণ, কুল সম্বন্ধীয়। ২ বদর ফল বিক্রয়ী।

বার্দল১ [বাত দ্বারা দল (দলন অথবা দলন হয় যে সময়ে), নিপাতন-সিদ্ধ। সং-বার্দ্দল > হি॰ বাদল] বি, মেঘ। ২ বর্ষা; বর্ষণ। "ঠেকিছিনু বড় দায় সাত রোজ দারুণ বাদলে।"-অ॰ ম॰। "মেঘ ছুটে গেল, নাইগো বা॰, আয় গো আয়।" -চয়নিকা। ~**মহল**-মেঘমন্দির; রাজপুতানা প্রদেশে রাজ অট্টালিকার নাম, কারণ ঐ সকল প্রাসাদ উচ্চ উচ্চ পর্ব্বতশিখরোপরি নির্ম্মিত উদয়-পুরের প্রাসাদ দুই সহস্র পাদ উচ্চ শৈলোপরি নির্ম্মিত। ঐ সকল মন্দির চূড়ায় সর্ব্বদাই মেঘাবির্ভাব হয়। ভারতবর্ষে এইরূপ শৈল-শিরে রাজগৃহ নির্ম্মাণরীতি মনুর মতসম্মত ও অতি পুরাতন। **বর্ষাবার্দল, বৃষ্টিবার্দল** -মেঘ ও বৃষ্টি।

বার্দল২ [বৃষ্টিবিন্দুবৎ বলিয়া?] বি, জরির সূতা জড়ান সোনার মটরাকৃতি গুটিকা। "ছাওনীমণ্ডপে সভা বান্ধএ বা॰মালা"-শূ॰পু॰।

বাদলা১ [হি॰ শব্দসাগর, পাতলা >] বি, সোনা বা রূপার পাতলা তার; কাম-দানীর তার (এই তার ১ তোলায় প্রায় ৫০০ গজ হয়); জরির সূতা। প্র-বাদলার কাজ করা কাপড়।

বাদলা২ [বাদল (দ্রঃ)+আ (যুক্তার্থে)] বিণ, মেঘযুক্ত; মেঘলা। প্র-বাদলা করা। বাদলা করে রাখা। আজ কদিন ধরে বাদলা করে রেখেছে। ~**পোকা** [বাদল+ইয়া (সম্বন্ধে) > কে॰ বাদুলে > বাদলা:] বি, যে পোকা বর্ষার সময় উড়িতে দেখা যায়। ~**হাওয়া** -মেঘলা বাতাস; বৃষ্টিসিক্ত বাতাস।

বাদসা, বাদসাহ [ফা॰ বাদশাহ্, পাদশাহ্] বি, রাজচক্রবর্ত্তী; রাজাধিরাজ; সম্রাট। ২ [লক্ষ॰] অতিশয় ভোগবিলাসী। ৩ অতিশয় উদারচেতা; বদান্য। **বাদশাই, বাদসাহী** [ফা॰ বাদসাহী] বি, সাম্রাজ্য শাসন; বাদসাগিরি। ২ সম্রাটের ঐশ্বর্য্য ও সম্পদ। ৩ বিণ, রাজকীয়। ~**জাদা** [ফা॰ বাদশাহ্+জাদা] বি, সম্রাটপুত্র; যুবরাজ। ~**জাদী** [ফা॰] বি, সম্রাটপুত্রী।

বাদা১ [যশো॰ খুলনা প্রাদে॰] বি, জঙ্গল। আ॰বাদীয়া (জঙ্গল; অকর্ষিত বিজনভূমি)] বি, জলাভূমি; বহুবিস্তীর্ণ অকর্ষিত নিম্নভূমি। ২ [বাঁকুড়া প্রাদে॰] ক্ষেত্র। ~**ড়** [বাদা (দ্রঃ) +ড় (ক্ষুদ্রার্থে)] বি, জঙ্গল। **বনবাদাড়** -বন জঙ্গল।

বাদা২-বাধা৩ দ্রঃ।

বাদানুবাদ [বাদ (বিতর্ক)+অনুবাদ (প্রত্যুত্তর)] বি, বাদবিতণ্ডা; উত্তর প্রত্যুত্তর; তর্কবিতর্ক।

বাদাম১ [সং-বাতাম্র >] বি, নেত্রো-পম ফল; বাতাদ দ্রঃ। ২ [প্রাদে॰ জঙ্গিপুর অঞ্চলে] ছোলা। (২) ফল। ~**তক্তি** [গ্রা॰] বাদাম ফলক। ২ পিষ্টকবিঃ। ৩ [প্রাদে॰ (অশ্লীল॰)] যোনি। **কাগজীবাদাম**-কাবুলী বাদাম। **হিজলীবাদাম**-কঠিন আবরণ ত্রিপল মোটা বাদাম। **পাতবাদাম** -দেশী বাদাম ইহাই নেত্রোপম; ইহারই নাম বাতাদ।

বাদাম২ [ফা॰ বাদ্ (বাতাস)+ফা॰ বান (রক্ষক)। তুল-দর্‌বান=দ্বাররক্ষক] নৌকার পাল। "এবার বাজিভোর হলো *** দু'খানভরী নিমক ভরি, বা॰ তুলি না চলিল।"-বাং গান। ~**মী** [বাদাম (কাগজী-বাদাম)+ঈ (সাদৃশ্যার্থে)] বিণ, কাবুলী বাদামের ন্যায় বর্ণবিশিষ্ট; পাটকিলা। ২ বাদামের আকৃতিবিশিষ্ট।

বাদার্থ [বাদ (বাক্য)+অর্থ] বি, যে শাস্ত্রে বাক্যের অর্থসঙ্গতিযুক্ত পদযোজনার নিয়ম শিক্ষা দেয় syntax. ব্যাকরণ দ্রঃ।

বাদাল, বোদাল [সং] বি, রোয়ালমাছ।

বাদি১ [সং] বি, বিদগ্ধ; পণ্ডিত।

বাদি২ [বাত দ্রঃ] বিণ, বায়ুবৃদ্ধিকর।

বাদিআ(য়া), বেদে [সং-বিষবৈদ্য > বৈদ্য > বাইদিআ > বেদিয়া, বাদিয়া, বাদুয়া > কে॰ বেদে। তুল-তেলুগু-বেদুরু (বাঁশ) > বেদুরু যাদের সম্বল অর্থাৎ যারা বাঁশের ঝুড়ী, চাঙ্গারি, ডালা, আসনাদি নির্ম্মাণপটু ও বাঁশই যাদের জীবিকার প্রধান সহায়। তুল-আ॰বাদু, বেদুইন (যাযাবর দস্যু)] বি, যাযাবর বা স্থায়ী গৃহহীন জাতিবিঃ; সাপুড়ে; জাঙ্গুলিক; বেদে; বাজিকর জাতি। "বাদিয়ার বেশ ধরি বেড়ায় সে বাড়ী বাড়ী"-চণ্ডি॰। "গৌরীর কপালে ছিল বাদিয়ার পো। কপালে তিলক দিতে সাপে মারে ছোঁ।"-কবিক॰। প্র-সে কি ঘরবাসী হয়েছে? সে যেখানে সেখানে বেদের টোল ফেলে বেড়াচ্ছে। স্ত্রীং~**নী**। ~**বৃত্তি** [গ্রা॰ **বেদে-বিত্তি**] বি, বাদিয়ার স্বভাব, কর্ম্ম, আচরণ, জীবিকা বা ব্যবসায়; বেদের মত গৃহহীন হয়ে ঘুরে ঘুরে বেড়ান। "তোমার এই বেদে-বিত্তির অসুখ আমি জানি"-আত্মশক্তি, ১৭-৮-২৮। **বেদের টোল**-বাদিয়াদের প্রকৃতিসুলভ অস্থায়ী বাসোপ-যোগী তাঁবু বা বস্ত্রাবাস।

বাদিত [বদ্ (ণিচ্)=বাদি+ত (র্ম্ম) যাকে বলায় অর্থাৎ শব্দ করায়] বিণ, শব্দিত; ধ্বনিত; বাদন বিষয়ীকৃত।

বাদিত্র [বদ্ (ণিচ্)=বাদি (বাজান)+ইত্র (র্ম্ম), যাকে বাজায়] বি, বাদ্যযন্ত্র; বাজনা।

বাদী [সং বাদিন্ শব্দ] বিণ, বক্তা। ২ বিপক্ষ; প্রতিপক্ষ; প্রতিকূল; বাধাদাতা। ৩ বিচারালয়ে প্রথম বিচারপ্রার্থী। ৪ [সঙ্গীত] বি, রাগরাগিণীর প্রধান সুর।

বাদীয় [ব্যা॰ (ক॰ বিষ॰ পরিঃ)] বিণ, তত্ত্বীয়; ইং theoretical এর বৈজ্ঞা॰ পরিঃ।

বাদুড় [সং-বাতুলি। ত=দ, ল=ড়] বি, চামচিকার ন্যায় চামড়ার পাখাযুক্ত স্তন্যপান-কারী প্রাণীবিঃ bat. ইহারা ফল খায় এবং সমস্তদিন গাছের ডাল ধরিয়া অধোমুখে ঝুলিতে থাকে। সন্ধ্যার পর হতে ইহারা আহার অন্বেষণ করিয়া উড়িয়া বেড়ায়।

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্রঅগ্র), [illegible]

ইহাদের মুখ শৃগালের মুখের মত বলিয়া ইংরাজিতে বাদুড়ের নাম the flying fox অর্থাৎ ওড়ন শেয়াল।

বাদুয়া [সং-বৈদ্য > বাদিয়া >] বি, সর্পবৈদ্য ; বিষবৈদ্য ; বেদে। "সাপের বাদুয়া হইয়া।" -মনসা ম০ (রামবিনোদ)।

বাদে১ [বাবদ দ্রঃ। প্রা০ বাং-র-বাবুদে, বাবদে] অ, জন্য ; নিমিত্ত। "কার বাদে জল নিয়া যাও বারি ভরিয়া।"-মাণিক০ গান।

বাদে২ [সং-ব্যতীত > হিং বাদকো] অ, ব্যতীত। প্র-এ সকল কথা বাদে আর কোন কথা হয় নাই। ২ পরে। প্র-কিছুদিন বাদে। ৩ বিলম্বে। প্র-এত বাদে এলে কি আর থাকে, এখন সব ফুরাইয়া গিয়াছে। ৪ [বাবদ > ক্ষে০ ? প্রা০ বাং-র] জন্য। "কার বাদে জল নিয়া যাও বারি ভরিয়া"-মাণিক০ গান। আজ বাদে কাল-শীঘ্র ; অনতিবিলম্বে।

বাদ্য [বদ্(ণিচ্)=বাদি (বাজান) + য (র্ম্ম) যাকে বাজায়] বি, বাদিত্র ; বাজনা ; বাদনযন্ত্র। "শ্রুত হয় কোন স্থানে, বাজে বাদ্য একতানে, আনদ্ধ, সুষির, তত, ঘন।"-রঙ্গলাল (কাঞ্চী০)। ২ বাদনীয় ; বাদনযোগ্য। ~কর-বি, বাদক ; বাজনদার। ~ভাণ্ড [বাদ্য (বাজনার) ভাণ্ড (পাত্র)] বি, বাদ্যযন্ত্র (সাধারণতঃ আনদ্ধ যন্ত্র)।

বাদ্যাতঙ্ক [বাদ্য (হইতে) + আতঙ্ক, ৫তৎ] বি, বাদ্যধ্বনিতে ভয়।

বাদ্যোদ্যম [বাদ্য+উদ্যম, ৬তৎ] বি, বাজাইবার উদ্যোগ বা উপক্রম।

বাধ [বধ্ (বধ করা, বন্ধন করা, হিংসা করা) + অ (ভা০)] বি, বাধা ; প্রতিবন্ধ ; ব্যাঘাত। ২ বাঁধ ; রোধ। ৩ [ন্যায় দর্শনে] অনুমিত পদার্থের অভাববিশিষ্ট আধার ; সাধ্যাভাববৎ পক্ষ। ৪ বিণ, বাধাপ্রাপ্ত ; আটক। "অবশ্য তাহার জাতি বাধ." -কবিক০।

বাধক [বাধ্ (বাধা জন্মান) + অক (র্ত্তৃ)-যে বাধা জন্মায়] বিণ, বাধাজনক ; বিঘ্নকারী। ২ বি, প্রতিবন্ধক ; বিঘ্ন। "সেন বলে সাধকে বাধক নাই বটে"-ধ০ ম০। ৩ সন্তান জননে বাধা প্রদায়ক স্ত্রীরোগবিঃ ; বন্ধ্যত্বরোগ dysmenorrhoea.

বাধন-বি, প্রতিবন্ধকতা।

বাধবাধ [বাধ (বদ্ধ) + বাধ (বদ্ধ)-সাদৃশ্যার্থে দ্বিত্ব] ক্রি-বিণ, যেন বদ্ধ। ২ সসঙ্কোচ। ৩ আড়ষ্ট ; টানটান ; কষা ; আঁটআঁট। ৪ খাপ না খাওয়ার ভাব। ৫ সরলভাবে বাহির না হওয়ার ভাব। আটকে আটকে যাওয়া বা রুদ্ধ হওয়ার ভাব। প্র-কথাটা বলতে কেমন বা০ ঠেকছে।

বাধা১ [বাধ্ (বাধা দেওয়া) + অ + আ (স্ত্রীং)] বি, প্রতিবন্ধক ; বিঘ্ন ; নিষেধসঙ্কেত। "পড়িল গোঁসাই বাধা মস্তক উপর"-কবিক০। ২ [বলবিদ্যা০ (ক০ বিশ০ পরিঃ)] ইং resistance এর বৈজ্ঞা০ পরিঃ। ৩ উপদ্রব ; উৎপীড়ন। ৪ বেদনা ; ব্যথা ; যাতনা। "বাড়ন্ত বিরহক বাধা।"-বি০ প০। ~জনক -বিণ, বাধাদানকারী ; বিঘ্নকর। ~বন্ধ [বাধা ও বন্ধ (বন্ধন, রোধ)] বি, কোনরূপ প্রতিবন্ধকতা ; বাধাবিঘ্ন ; রোক টোক। "নাহি কোনো ধর্ম্মাধর্ম্ম, নাহি কোনো প্রথা,নাহি কোনো বাধাবন্ধ-নাহি চিন্তাজ্বর" -সোণার তরী (রবী০)। ~বিঘ্ন [সহ০ দ্বন্দ্ব] বি, নানা প্রতিবন্ধকতা ; ব্যাঘাত।

বাধা২ [বাধ্ (প্রতিবন্ধে) >। বাধি, বাধ, বাধে ; বাধিতে ; বাধিয়া (ক্ষে০ বেধে)। ণিজন্ত-বাধান] ক্রি, প্রতিবন্ধক হওয়া ; বিঘ্ন ঘটান। "তোর ভক্ত তোর ভক্তি যে যে জনে বাধে।"-চৈ০ ভা০। ২ বাধা দেওয়া ; নিবারণ করা। প্র-লজ্জায় বাধে ; ভয়ে বাধে। ৩ আটকান। প্র-নৌকা চড়ায় বেধেছে। ৪ ঘটা। প্র-যুদ্ধ বাধা।

বাধা৩ [সং-বদ্ধ্র >। বাদাও০] বি, পাদুকা ; চর্ম্ম-পাদুকা। "নৈলে কেন নন্দের বাধা বহি আমি মস্তকে"-গান।

বাধানি [বন্ধ্ (বন্ধনে) ধাতু >। বাধাই, বাধাও (বাধান, বাধাস), বাধায় (বাধান) ; বাধাইতে ; বাধাইয়া (ক্ষে০ বাধিয়ে)] ক্রি, (মূল অর্থ) বন্ধন করিয়া দেওয়া। ২ জড়িত করা ; জিড়ান ; আটকান। প্র-মামলা বাধান। ঝগড়া বাধান। যুদ্ধ বাধান। ২ লাগান ; বিদ্ধ করান। প্র-হাওয়া এসে চাদরখানা কাঁটায় বাধিয়ে দিলে। ৩ সংঘটন করা ; মিলান ; জুটান। প্র-বিবাহের সম্বন্ধ বাধান।

বাধিত [বধ্ (বন্ধন করা, হিংসা করা) + ণিচ্=বাধি+ত (র্ম্ম)] বিণ, বাধা-প্রাপ্ত ; ব্যথিত ; পীড়িত। ২ নিবারিত ; ব্যাহত। ৩ বশীভূত ; বাধ্য obliged.

বাধির্য্য [বধির+য (ক, ভা০)] বি, বধিরতা deafness.

বাধ্য [বাধ্ (বাধা দেওয়া) + য (র্ম্ম)] বিণ, বাধার উপযুক্ত ; নিবারণযোগ্য। ২ বশীভূত ; অনুগত। ৩ উদ্দেশ্য বিষয়। "স্বয়ং ভগবানের কৃষ্ণ হৈল বাধ্য।"-চৈ০ চ০। ~তা [বাধ্য + তা(ভা০)] বি, বশ্যতা। ২ আনুগত্য। ~মূলক-বিণ, বাধ্যতা যার মূলীভূত কারণ ; বাধ্যতাজনিত। ~বাধকতা-বি, বাধ্য ও বাধ্যক, বাধিত ও বাধিতকারীর মধ্যে যে সম্বন্ধ ; এক অপরের নিকট বাধ্য থাকার ভাব ; উপকারী ও উপকৃতের মধ্যে যে সম্বন্ধ। "সমাজ হইতেও আমি একরূপ নির্ব্বাসিত সমাজের কাহারও সহিত যে আমার বাধ্যবাধকতা আছে তাহাও মনে হইল না।"-দীনেন্দ্র রায় (মহিমময়ী)।

-বান্ [সং প্রত্যয়বিঃ] বিণ, শালী ; বিশিষ্ট। প্র-ধনবান, গুণবান। স্ত্রীং বতী।

-বান১ [ফা০ বান্] প্রত্যয় ; রক্ষক keeper. প্র-ফিলবান। দরবান।

বান২ [বাণ দ্রঃ] বি, বর্ণ ; কান্তি। "গোবিন্দদাস কহ আপন পরশ দেহ হেম ধরউ নিজ বান"-পদকল্পতরু (সা০ প০ প০)।

বান৩ ["বানং কটে সীবনকর্ম্মণি"-বিশ০] বি, লতান গাছের মাচা। ২ [নৌ০] নৌকার দুইখানি তক্তা আড়ভাবে পরস্পর যুড়িবার জন্য যে খাঁজ কাটা হয়।

বান৪, বান্নি [সং-বহ্নি > বান্নি > বান] বি, অগ্নিদাহ ; পোড়। প্র-দশবান্নি (দশবার বহ্নিতে দগ্ধ করা)। এইরূপ শতবান, লাখবান (দ্রঃ) ইং।

বান৫ [বন্ (শব্দ করা, গমন করা) + অ (ভা০), অথবা বন্যা। > তুল-তেলু০ বানা (বৃষ্টি)] বি, নদীর জলবৃদ্ধি ; বন্যা। "কুড়ে ঠাট ডুবিল তাবুতে এল বান।"-অ০ ম০। "কপালে কঙ্কণ হানে অধীর রুধির বানে কি

হৈল কি হৈল ঘন বলে।"–ঐ। "গঙ্গাজলে কূপ জলে বএ আম বান।"–শূ° পু°। ~**ডাকা**-বন্যার জলকল্লোল ; জোয়ারের জলের শব্দ। **বানের জলে ভেসে আসা**-বিনামূল্যে বিনা প্রার্থনায় আসা ; অযাচিত-ভাবে আসা। ২ বন্যার স্রোতে ভাসিয়া আসা। **বানের জলে ভেসে যাওয়া**-বয়ে যাওয়া ; রক্ষক বা আশ্রয়া-ভাবে বিনাশের পথে যাওয়া।

বানক [সং। "বানং কটে সীবন-কর্ম্মণি"- বিশ্ব°। "বান তৃণাসন"-মে°] বি, পলুপোকা পালনের জন্য চাটাইয়ের মত আধারবিঃ ; কতকগুলি চাঁচ বোনা থাইএর সমষ্টি [দ্রঃ-বানকের সহিত কর্ম্মচারিবর্গের সংযুক্ত স্থানের নাম 'রশম কুঠী']।

বানগী [হিং বয়ানা >] বি, পণ্যের সামান্য অংশ যা গ্রাহককে দেখিবার জন্য নমুনাস্বরূপ দেওয়া যায়।

বানচাল-বি, নৌকার তলা ফুটা হওয়া। "পড়িয়ে ভব সাগরে ডুবে মা তনুর তরী, তরী হল বানচাল বল কি করি।"–বাং গান।

বানপুটি-কুচলি [বন্ধন > বাঁধন > বান+পুটি (পুট=পৃষ্ঠদণ্ড)+ই (সাদৃশ্যে)+ কুচলি (কুটি > কুচি=খড়কুটা > কুচলি (বিচালির অনুকরণে)] বি, খড়ের দড়ী বা বিননী করা বিচালি।

বানপ্রস্থ [বান (বনসমূহ) প্রস্থ (যে প্রস্থান করে), উপ°] বি, হিন্দুর আশ্রমাচার-ধর্ম্মের তৃতীয় আশ্রম। ২ তৃতীয় আশ্রমী।

বানর [বন (অরণ্য) রম্ (ক্রীড়া করা) +অ (র্তৃ)+অ (জ্ঞা°), যে বনে ক্রীড়া করে, উপ° ; কিম্বা বা (তুল্য) নর, যে নরের সদৃশ অথবা, বা (কুৎসিত) নর। প্রা° বাঁদর, পূ° বঙ্গে-বান্দর] বি, মর্কট ; বাঁদর ; কপি। **বানরের গলায় মুক্তার হার**-সীতা হনুমানকে পুরস্কার স্বরূপ যে মুক্তার মালা দিয়াছিলেন হনুমান তা খণ্ড খণ্ড করিয়া-ছিল। তা হতে অযোগ্য পাত্রে উৎকৃষ্ট বস্তুর আরোপ ; যে যার মর্ম্ম বুঝে না তাকে সেই বস্তু দান। **বানরের ভূষণ**-মর্য্যাদা-বোধ হীনের নিকট মর্য্যাদার বা সমাদরের বস্তু ; বানরের গলায় মুক্তার হার দ্রঃ।

বানরিয়া, বানুরে [বানর + ইয়া (সাদৃশ্যার্থে)। গ্রা° বানুরে] বিণ, বানরবৎ। ২ বানর-প্রকৃতি-সুলভ। **বানুরে বুদ্ধি**-কুবুদ্ধি ; দুর্ব্বুদ্ধি।

বানরেন্দ্র [বানর (বাঁদরের)+ইন্দ্র (প্রভু)] বি, বালী। ২ সুগ্রীব। ৩ হনুমান্। ৪ [বানর (বাঁদরের)+ইন্দ্র (শ্রেষ্ঠ)] বিণ, কপিশ্রেষ্ঠ।

বানস্পত্য [বনস্পতি(পুষ্প ব্যতিরেকে ফলোৎপাদক বৃক্ষ)+য (সমূহার্থে)] বি, ফল-হীন মহাদ্রুম ; বট অশ্বথ ইং বৃক্ষ।

বানা[1] [বণ্ড >] বি, মেঢ্র ; শিশ্ন।

বানা[2] [সং-বান, বাণি (ব্যূতি বা স্যূতিকর্ম্ম) >। সানা দ্রঃ] বয়নকার্য্য ; স্যূতিকর্ম্ম। ২ তাঁত বুনার কার্য্যে ব্যবহৃত সরু খিল।

বানান[1] [হিং বনানা। বানাই, বানাও (বানান্, বানাস), বানায় (বানান) ; বানাইতে ; বানাইয়া (কে° বানিয়ে)] ক্রি, তৈয়ার করা ; প্রস্তুত করা। ২ গঠন করা ; গড়া। "পাছে ভুলি, এই আশঙ্কায় নিজেকে উত্তেজিত রাখিবার জন্য কল বানাইবার চেয়ে ভোলাই ভাল"–চারিত্রপূজা। ৩ কোটা। প্র-তরকারী বানান।

বানান[2] [সং-বর্ণন > প্রাকৃ° বন্ন (বর্ণ) > বন্নান > বানান] বি, যে সকল বর্ণ-যোগে পদ গঠিত হয় তাদের পৃথক্ পৃথক্ বর্ণন। **বা° করা**-পদমধ্যস্থ বর্ণগুলি পৃথক্ পৃথক্ বর্ণন করা ; বর্ণবিন্যাস বিবৃত করা।

বানায়ুজ [সং। "বানায়ুজাঃ পারসীকাঃ কম্বোজা বাহ্লিকা হয়াঃ।"–অমর°] বি, ভারতের উত্তর পশ্চিমস্থ বনায়ু দেশজাত অশ্ব।

বানি, -নী [বাণি দ্রঃ। হিং বানাই (বানানর অর্থাৎ নির্ম্মাণের পারিশ্রমিক)। পূ° ব° প্রাদে° 'বাণ্ডা'] বি, পারিশ্রমিক। ২ অলঙ্কারাদি গড়নের মূল্য। "লক্ষমুদ্রা দিল সাধু পিঞ্জরের বাণী।"–কবিক°। ৩ মূল্য ; দাম। "হীরা মণি যথায় পাইবার ভাল বাণ্ডা দিয়া।"–মৈ°গী°। ৪ [ধনবিজ্ঞানে] ইং seniorage এর বৈজ্ঞা° পরিঃ।

বানীর [সং। "বেতসে বানীর বঞ্জুলাঃ"–অমর°] বি, বেতসলতা ; বঞ্জুল ; বেতগাছ।

বানীরক [সং] বি, শরগাছ। ২ মুঞ্জ-তৃণ ; মুঞ্জঘাস।

বানু [ফা°] বি, সম্ভ্রান্তা মহিলা। ২ বিণ, অভিজাতা ; মহোচ্চবংশীয়া (মুসলমান মহিলা)।

বান্ত [বম্ (বমন করা)+ত (র্ম্ম)] বিণ, যা উদ্গিরণ করা হইয়াছে ; উদ্গীর্ণ।

বান্তাদ [বান্ত+অদ (ভোজন করা)-যে বান্তদ্রব্য ভোজন করে] বি, কুকুর ; কুক্কুটাদি জন্তু।

বান্তি [বম্+তি (ভা°)। প্রাদে° পূ° বঙ্গ-বাইত] বি, উদ্গার ; বমন ; বমি। "চেয়ে চন্দ্রচূড় চূণে লূণে দিল ঘসে। রক্তবান্তি করে মৈল সব গেল খসে।"–শি°। বিণ, বান্ত। ~**দা** [বান্তি (দ্রঃ)+দা (দায়ক)] বিণ, বমনকারক। ২ বি, কটুকীবৃক্ষ।

বান্দর-বানর দ্রঃ।

বান্দা [ফা° বন্দাহ্ (গোলাম)] বি, ক্রীতদাস ; গোলাম slave. ২ ভৃত্য ; চাকর servant. ৩ অনুগতজন ; বশীভূতজন। ৪ দীনজন ; গরীব বেচারা। ~**পরবর, -পরওয়ার**-দীনশরণ ; দরিদ্রপালক।

বান্দী [ফা°] বি, ক্রীতদাসী। ২ চাক-রাণী ; দাসী ; সেবিকা ; বাঁদী।

বান্ধকিনেয় [বন্ধকী + ঢেয় (অপত্যার্থে)] বি, বন্ধকী-পুত্র ; বেশ্যাপুত্র।

বান্ধব [বন্ধু (মিত্র)+অ (স্বার্থে)। অ= আ, উ=অব] বি, সুহৃদ ; মিত্র ; বন্ধু। ২ স্বজন ; আত্মীয়। "চৌদিকে বান্ধব মেলা, গলায় তুলসী মালা গঙ্গাজলে করিল শয়ন।"–কবিক°। "উৎসাহভাসিত বদনমণ্ডল পঙ্কজ বান্ধবকুলে।"–হেম°। ৩ জ্ঞাতি ভ্রাতা। ৪ [ব্রজ°। বান্ধা দ্রঃ] ক্রি, বাঁধিব। ~**বী** [বান্ধব (দ্রঃ)+ঈ (স্ত্রীং)] বি, স্ত্রীবন্ধু ; সখী। ২ আত্মীয়া। ৩ বন্ধুপত্নী।

বান্ধা [বন্ধ্ (বন্ধন করা) >। বান্ধি, বান্ধ, বান্ধে ; বান্ধিতে ; বান্ধিয়া (কে°, পদ্যে-বান্ধি, গ্রা° বেন্ধে। ণিজন্ত-বান্ধান] ক্রি, বন্ধন করা ; বাঁধা। ব্রজ° বান্ধবি-

বন্ধন করিবি। "দৃঢ় করি বাঙ্কবি শীঘ্রিক বন্ধ"-বি॰ প॰। বাঙ্কয়ে-বাঁধে। "কবহু বাঙ্কয়ে কচ কবহু উঘারি"-বি॰ প॰। বাঙ্কল-বাঁধিল। "চকিত চকোর জোর বিধি বাঙ্কল" -বি॰প॰। বাঙ্কলু, -লুঁ-বাঁধিলাম। "জাগল মনসিজ বাঙ্কলু চোর"-বি॰ প॰।

বাঙ্কিস [হিং॰ বন্দিশ্ (বন্ধনী)] বি, শিরোবন্ধন ; পাগড়ী। "চটের বাঙ্কিস"-মনসা ম॰ (বংশী॰)।

বাঙ্কুলী [সং-বন্ধুলী] বি, বাঁধুলী ফুল ; বন্ধুজীবক। ইহা বেলা দ্বিপ্রহরে ফুটে ও বৈকালে শুকায় বলিয়া হিং॰-তে "দুপহরিয়া" বলে। ইহা সাদা কাল, পীত ও লালবর্ণ ভেদে চার প্রকার। লাল বাঁধুলীর সহিত সুন্দরীর অধরের তুলনা কবি-প্রসিদ্ধি। "পরিধান পীতাম্বর অধর বান্ধুলীবর মুখ-সুধাকরে সুধা-হাস।"-অ॰ ম॰।

বাগ্নি-বান৪ দ্রঃ।

বাগ্মী-গিন্নী দ্রঃ।

বাপ্ [বাপরে দ্রঃ] অ, বিস্ময়, ভয়, যন্ত্রণা, মনস্তাপ ই॰ সূচক অব্যয়।

বাপ১ [বপ্ (বপনে, গর্ভাধানে, মুণ্ডনে) +আ (ভা॰)] বি, ক্ষেত্রে বীজ প্রক্ষেপণ ; বপন। ২ নিষেক ; গর্ভাধান। ৩ মুণ্ডন। ৪ [বপ্ +অ (ধি), যাতে বপন করা যায়] কালের ক্ষেত্র।

বাপ২ [সং-বপ্র (যে বীজ নিষেক বা বপন করে) > । বাপা দ্রঃ] বি, বাবা ; পিতা ; জনক। "হৈল বাপ দরশন দেখি ভাই দুই জন দোঁহে কৈল চরণ বন্দন।"-কবিক॰। ২ বৎস ; বাছা। "এখন এস দেখি। ভাই সকল, দাদা সকল, বাপ সকল, আমরা সকলে কায়-মনোবাক্যে ঐ চারিটি যজ্ঞানুষ্ঠানের চেষ্টা করি।"-সনাতনী। ~চৌদ্দ (চোদ্দো) পুরুষ তোলা-পিতা হতে পিতামহ প্রপিতামহাদি চতুর্দ্দশ পুরুষের উল্লেখ করিয়া গালি দেওয়া। ~ঠাকুরদাদা-বি, বাপ ও বাপের বাপ ; পিতৃপুরুষ। প্র-বাপ ঠাকুর-দাদা ভুলে কথা কওয়া। বাপ তোলা -বিদ্রূপ, ঘৃণা, নিন্দাচ্ছলে বাপের নামোল্লেখ করা ; গালিবিঃ। [দ্রঃ-রাম যদি শ্যামের বাড়ী যায়, আর শ্যামের বয়স্ক হরি কলহ করিয়া রামকে বলে তুই বাড়ী থেকে দূর হয়ে যা, তখন রাম যদি হরিকে বলে 'তোর কি বাবার বাড়ী যে তুই বল্লেই যাব?' তা হলে হরির বাপ তোলা হয়]। ~দাদা-বি, বাপ ; ঠাকুরদাদা ; পূর্ব্বপুরুষ। ~দাদার আমিলে, বাপ পিতো-মোর আমিলে-পিতা পিতামহাদির সময়ে ; পূর্ব্বকালে। প্র-বাপদাদার আমলে কখন দেখা যায়নি। ~ধন-অ, পুত্র বা পুত্র-স্থানীয়ের প্রতি স্নেহসূচক বা আদরার্থক সম্বোধন। "তাতো কর্ব্বেই বাপধন"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ~পিতামহ [প্রা॰ বাপ পিতোমো] বি, বাপ ঠাকুরদাদা দ্রঃ। ~পো-বি, পিতাপুত্র। বাপ বলা-ক্রি, খোসামোদ করা। ~বাপ, বাপরে বাপ্-অ, আর্ত্তনাদসূচক উক্তি। ~বাপ করা-প্রহৃত হয়ে যন্ত্রণায় আর্ত্তনাদ করা বা করুণা আকর্ষণ জন্য বাবা বলিয়া সম্বোধন করা। ~বেটা-বাপপো দ্রঃ। ~মা-বি, রক্ষক ; পালনকারী। বাপের জন্মে, বাপের কালে, বাপের বয়সে-বাপের জীবনে ; নিজের জীবনে ত নহেই এমন কি তারও পূর্ব্বে। "ওমা এমন ঘরভাঙ্গা বেহায়া মেয়ে বাপের কালেও ত দেখিনি গো এই কথা বলিতে বলিতে গিন্নি একেবারে ক্ষিপ্রপদে কর্ত্তার নিকট উপস্থিত হইলেন।"-কলিকাল (শৈলেশ মজুমদার)। বাপের ঠাকুর-পরমগুরু যে পিতা, তাঁহার পিতা, সুতরাং পরমশ্রদ্ধাস্পদ। ২ অতিশয় যত্ন ও আদরের পাত্র। "কারে দিলে ধন জন মা! হস্তী অশ্ব-রথচয়, ওগো তারা কি তোর বাপের ঠাকুর আমি কি তোর কেহ নয়"-বাং গান। বাপের বিয়ে দেখান-গালিবিঃ ; জননীর মৃত্যু কামনা। ২ জন্মের রহস্য উদ্-ঘাটন করিবার ভয় দেখান। বাপের সাধ্য-নিজের ক্ষমতায় নহে বলিয়াই বাপের সামর্থ্যের উল্লেখ। আপনি বাঁচলে বাপের নাম [পূর্ব্বকালে কাহারও নাম জিজ্ঞাসা করিলে নিজ নামের সঙ্গে পিতৃ-পিতামহাদির নাম বলিবার প্রথা হতে] নিজে বেঁচে থাকলে তবে বাপের বংশ রক্ষা ও পিতৃপুরুষের উদ্দেশ্যে ক্রিয়াকর্ম্ম ও নামোল্লেখ এবং বংশপরিচয়ের সম্ভাবনা। তা হতে আত্মরক্ষাই প্রধান। কার বাপের সাধ্য-কাহারও বাপের সাধ্য বা ক্ষমতায়ত্ত নহে।

বাপক [বপ্ +অক (র্ত্তৃ), যে বপন করে] বিণ, বপনকারী ; বপনকর্ত্তা।

বাপকালি, বাবাকালে, বাবা-কেলে [বাপ, বাবা (পিতার)+কালিয়া, কেলে (কালীন, সময়ের), পিতার কালের বা আমলের। প্রাদে॰ বাপতি। তুল-প্রাকৃ॰ বপ্পকেলকে (প্রাকৃ॰ শব্দ বিভক্তি॰কেল(র) ক > কের > এর > র=বপ্পার)। "তুহ বপ্প-কেলকে" ই॰ (=তোর বাবাকেলে ই॰)-মৃ॰ ক॰, (প্রবাসী)] বিণ, পিতার সময়ের ; বাপের আমলের ; পৈতৃক ; পূর্ব্ব-পুরুষের কাল হতে আগত বা প্রাপ্ত। ২ [ব্যঙ্গ্যার্থে] গালিবিঃ (বাপতোলা দ্রঃ)। "কালুর মনের কথা জানিল তখন। নিশ্চয় পলাইব তোর বাপকালি ধন॥" -কবিক॰।

বাপদণ্ড [বাপ (বয়ন) দণ্ড (যষ্টি), ৬তৎ] বি, যে দণ্ডদ্বারা বস্ত্র বয়ন করে ; বেমা।

বাপন [বপ্ +ণিচ্ =বাপি (রোপণ করান বা মুণ্ডন করান)+অন (ভা॰)] বি, অন্যদ্বারা ক্ষেত্রে বীজবপন করান।

বাপরে, বাপরে বাপ্ [হিং॰ বাপ্পারে বাপ্পা] অ, বিস্ময়, ভয়, দুঃখ আদিসূচক অব্যয়। "বাপ্‌রে বাপ্ কি চেহারা ভলণ্টিয়ারগণ, দাঁড়িয়ে গেছে সাঙ্গিন্ হাতে-কাঁপছে কলা বন।"-হেম॰। ২ ক্লেশ বা যন্ত্রণার আর্ত্তনাদসূচক অব্যয়।

বাপা [সং-বপ্তা > । হিং॰বাপ্পা > , প্রা॰ বৌ॰ বাং-র-বপা। "সরহ ভণই বপা উজুকট ভাইলা।"-চ॰ পদ॰ ৩২।৫। বাবা দ্রঃ] বি, বাবা ; পিতা ; জনক। "মায়ের যেমন বাপার তেমন, তেমতি বরঞ্জপুরে॥"-চণ্ডি॰। ২ [সং-বৎস >] স্নেহপাত্র ; আদরের সম্বোধন। "জগতে ভুবন ভুলিয়া হয় ক্ষেপা। তাঁরে পথ দিয়া তুমি ভুলাইবে বাপা॥"-শি॰। ~ঠাকুর [বাপা (পিতা) ঠাকুর (দেব)

সম্বন্ধার্থে] বি, পিতৃদেব ; পিতাঠাকুর। ২ ব্রাহ্মণের প্রতি সম্ভ্রমসূচক সম্বোধন। "স্ত্রীলোক জিজ্ঞাসা করিলেন, বাপাঠাকুর, দাঁড়াইয়া আছ কেন?"–রবী° (চারিত্র-পূজা)। ৩ শিবের বিগ্রহবিঃ ; পঞ্চানন। প্র–বাপা-ঠাকুরের তলায় তারা আজ রাঁধিয়া খাইবে।

বাপাতি, বাপিতি, বাপুতি [বাপ +ত (< তস্=তঃ >ত) > বাপত=বাপ হতে, বাপের। "মাঝ বাপত বড় গুরুজন নাহী"–শ্রী° কী°। প্রাদে° ভেদে ত > তি, তে (=হইতে)। "রাজাতে বিদায় মঙ্গে"–কৃত্তি°। (তুল–গ্রা° হি° সে=তে (হতে)–বাপ হতে] বিণ, বাপ হতে প্রাপ্ত ; বাপদাদা হতে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত ; বাপদত্ত ; পৈতৃক; পূর্ব্বপুরুষের ; বাবাকেলে (গ্রা°)।

বাপান্ত, বাপান্তি [বাপ (বাপের)+ অন্ত (শেষ, হদ্দ, চরম গতি=নিন্দিত গতি, দুর্গতি), বাপের নরকের ব্যবস্থা] বি, গালিবিঃ ; কাহাকে 'শুখেকোর বেটা' বলিলে (ক্ষে° শুওরের বেটা, গোরের বেটা) তার বাপান্ত করা হয়। "উঠিতে বসিতে করি বাপান্ত"–রবী°। "দিব্য প্রাতঃস্নান করিয়া ফোঁটা কাটিয়া * * * পূজা, হোম, তর্পণাদির অনুষ্ঠান করিলাম, কিন্তু তাহার পর সমস্ত দিন কেবল মিথ্যাচার * * * ভণ্ডামি, লোকের বাপান্ত, * * *–এইরূপ নিয়ম করিয়া যদি লোকের পতন না হয়, তাহা হইলে শাস্ত্র মিথ্যা * * * সকলই মিথ্যা।"–সনাতনী।

বাপি,–পী [বপ্+ই(ণি), যাতে পদ্মাদি বপন করা যায়] বি, জলাশয় ; দীর্ঘিকা; দীঘী।

বাপিত [বাপ+ইত (ব্যা°), যার বাপ (বপন) আছে] বিণ, রোপিত ; কৃতবপন। ২ মুণ্ডিত।

বাপু [সং–বপ্তা >। বাপ দ্রঃ। প্রা° বৌ° বাং প্রাকৃ°। বাপু (বেচারা)] বি, স্নেহসূচক সম্বোধন। ২ সন্তানের প্রতি স্নেহসূচক সম্বোধন ; বৎস ; বাছা। ৩ বেচারা। [দ্রঃ –এই অর্থে, ব্রজ° বাপুর। "ভমর বাপুর বিরহে আকুল ভুঅ দরশন লাগি।"–বি° প°। প্রা° বৌ° বাং-র বাপুড়া (চ° পদ ২০।৩)]। ৪ [হি° বাপ >] বাপ ; বাবা ; পিতা। "পদ্মা বলে তুমি বাপু সংসারের সার। ধির অপমান বাপু না দেখ একবার॥"–পদ্মাপু°। "বেহুলা বলেন বাপু শুন নিবেদন।" ৫ গুরু এবং গুরুতুল্য ব্যক্তির প্রতি সম্বোধন। "শিষ্য সব বলে বাপু এ কোন বিধান"–পদ্মাপু°। (বিজয়°)। ~ড়া, **বাপুড়া** [বাপু (দ্রঃ) >বাপুর+আ (অনুকম্পার্থে), র=ড়। প্রা° বাং] বিণ, হতভাগ্য ; কৃপাপাত্র ; বেচারা ; বেচারী। "সেব [স এব=সৈব] বাপুড়া"–চ° পদ ২০।৩। এই অর্থে প্রা° বৌ° বাং-র আদরার্থে ~ড়ী। "তহিঁ চড়ি নাচঅ ডোম্বী বাপুড়ী॥"–চ° পদ° ১০।৪। ~তি–বি, বাপাত (দ্রঃ)। "কোথাকার কে কোথা হইতে আসিয়া তাহাদেরই বাপুতি সম্পত্তি দখল করিল।"–বা° বসুমতী, ১৩৩৪।

বাপেন পানী [প্রা° বাং] বি, শৌচের জল। "বেঞ্চা যাবেন খেতখানা তুলিয়া ধরবেন ঝারি। চক্ষু মজিয়া যোগাইবেন বেঞ্চার বাপেন পানী॥"–মাণিক°।

বাপ্তিস্মা (–স্‌মা) [গ্রী° baptismos >ইং baptism > আ° > হি° বপতিস্মা >বাংর–বাপ্তিস্মা, ব্যাপ্তিস্মা। পর্ত্তুগীজ আমলে দলিলাদিতে–বাতিজর (দ্রঃ) ও°] বি, জলসংস্কার দ্বারা খ্রীষ্টধর্ম্মে দীক্ষা।

বাফতা [ফা° বাফ্‌তা। ফা° বাফ্‌ৎ= বয়ন। বাফ্=বয়নকারী। তুল–জরীবাফ্, যে জরী বোনে ; কিনারী বাফ্=যে লেস বা ফিতে বোনে] বি, রেশম ও কার্পাসের সূতায় বোনা কাপড়বিঃ ; সূতামিশ্রিত রেশমি বস্ত্রবিঃ।

বাফোই [পূ° বঙ্গ প্রাদে°। বাপ্= বাফ্। "বাপরে" "বাপ্‌রে বাপ্" > বাফোই বাফোই] অ, ভয়ব্যঞ্জক শব্দ। ২ আর্ত্তনাদ ; বিলাপ। "কান্দেরে বাঙ্গাল ভাই বাফোই বাফোই। কুক্ষণে আসিয়া প্রাণ বিদেশে হারাই॥"–কবিক°।

বাব১ [আ° বাব্ (অধ্যায়)] বি, গ্রন্থের বিভাগ ; পরিচ্ছেদ ; অধ্যায়।

বাব২ [আ° বাবৎ] বি, বিষয় ; বিশেষ হিসাব ; রাজস্ব ; কর। "সেলামী কি বাঁশ-গাড়ী নানা বাবে যত কড়ি না লইব গুজরাট বাসে।"–কবিক°। ২ সূত্র ; ছুতা ; অছিলা ; মিথ্যাহেতু ; ওজর। প্র–তার কিছুই হয় নাই। খালি একটা বাব করে বসে রইল। ৩ হেতু ; কারণ ; জন্য। ৪ উপলক্ষ। ৫ অতিরিক্ত আদায়। "গরিবের ভাগ্যে যদি শস্ত হয় তাজা। বাব করে সকলি বেচিয়ে লয় রাজা॥"–শি°। **বাব করা**–ওজর অছিলা করা।

বাবই, বাবুই [বয়নপটু বলিয়া এই নাম। হি° বায়া। বাং গ্রা° বয়া] বি, বয়নপটু ক্ষুদ্রজাতীয় পক্ষিবিঃ ; দেখিতে অনেকটা চটকের মত। তন্তুবায় যেমন টানা পড়েন দিয়া কাপড় বোনে বাবুই তেমনি লম্বা ঘাস, তাল বা খেজুর পাতা চিরিয়া তাতে টানা পড়েন দিয়া বাসা নির্ম্মাণ করে। ইহারা দলবদ্ধ হইয়া থাকিতে ভালবাসে the weaver bird. **ঘর থাকিতে বাবুই ভেজা**–বাবুই পাখীর বাসা সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট, তাতে বৃষ্টির সময় জল প্রবেশ করিতে পারে না কিন্তু বাবুই পাখী মূর্খতাবশতঃ বৃষ্টির সময় ঘর ছাড়িয়া বাহিরে ভিজিতে থাকে। ২ [লক্ষ°] অবিমৃষ্যকারিতা ; মূর্খতা। ~**তুলসী** [সং –বাবয়] বি, বনতুলসী ; সুগন্ধি তুলসী ; উগ্রগন্ধ তুলসীবৃক্ষ।

বাবৎ, বাবত, বাবদ, বাবুদ [আ° বাবৎ=বিষয়, হিসাব। বাব দ্রঃ] বি, বিষয়। ২ কারণ ; হেতু ; দরুণ। ৩ হিসাব। ৪ অছিলা ; ওজর।

বাবদূক [বদ্ (যঙ্‌লুগন্ত)=বাবদ্ (অতিশয় বলা)+উক (কৃ, স্বভাবার্থে), অধিক কথা বলাই যার স্বভাব] বিণ, বাচাল ; বাক্য-বাগীশ।

বাবরি,–রী [বর্ব্বর (বক্রকেশ–শব্দার্থ চিন্তামণি) >। ফা° বব্‌র=সিংহ, তার কেশের তুল্য তরঙ্গায়িত] বি, কুঞ্চিত কেশ ; ঝোঁকড়া চুল ; কেশতরঙ্গ। ~**কাটা**–বিণ, কুঞ্চিত ; তরঙ্গায়িত।

বাবর্চ্চি, বাবুর্চ্চি, বাবুর্চী [তুর্কী° বব্‌র্চী] বি, মুসলমান পাচক। ~**খানা**–মুসলমান পাচকের রন্ধনাগার। "মামুর হইল মোর বাবুর্চিখানা"–অ° ম° [দ্রঃ–খুষ্টানদণ

কর্ত্তৃক মুসলমান পাচক নিযুক্ত হয় বলিয়া খৃষ্টানদিগের পাকশালাও বাবর্চিখানা]।

বাবলা [সং-বর্ব্বুর > বাবুল (র=ল) +আ (তুচ্ছার্থে)] বি, কণ্টকীবৃক্ষবিঃ acacia arabica. এই বৃক্ষের আঠায় উৎকৃষ্ট গঁদ হয়। "বাবলা গাছে হাত লেগে আঙুল গেল ছিঁড়ে"-কৃষ্ণকান্তের উইল।

বাবা [তুর্কী॰ বাবা (পিতা) >। আ॰ আব্বা। হিং বাপ, বাপ্পা। ইং papa. চট্ট॰ প্রাদে॰ মু॰ বাং-বাআ। প্রা॰ বাং 'বাপ্পেল' (গোবিন্দ॰ গীত)] বি, জনক ; পিতা। ২ পিতামহ। ৩ [আদরার্থে হিং-র অনুকরণে] অ, বাৎসল্যভাবে সম্বোধন ; বৎস। "কহেন শঙ্কর বিলম্ব না কর আজি চল মোর বাবা।" -অ॰ ম॰। ৪ [হিং বাবা। তুল-ইং Revd. father] বৈষ্ণব সাধুসন্ন্যাসীর সম্মানসূচক সম্বোধন। 'বাবা মাধোদাস'।'বাবা নানক'। ৫ বৃদ্ধ ব্যক্তি। ৬ বিদ্রূপ, বিরক্তি ইং সূচক সম্বোধন। প্র-বাওনা বাবা, আর কথা বাড়াও কেন। ৭ শিব ; বিশ্বনাথ ; তারকনাথ [এই অর্থে বাবার চুল-মানসিক করিয়া যে চুল রাখা হয়। "বাবা তারকনাথের ষোল আনা পুজা দিয়া তারকেশ্বর ক্ষেত্রে মাথা মুড়াইয়া চুল ফেলিবার মানত করিয়া রাখা চুল।" ৮ [সাধাঃ ও, গো, রে, আরে, ওরে ইং শব্দের যোগে] বিস্ময়, ভয়, বিরক্তি, আর্ত্তনাদ ইং সূচক অব্যয়। "বাবা, ১৫ হাজার টাকার বিষয়ের আয়। একটা ছেলে তার মালিক।"-পরিত্রাণ (বঙ্গবাসী, কার্ত্তিক, ১৩৩৪)। বাবাকেলে-বাপকালি দ্রঃ। বাবাগো-অ, ভয়, শোক, যন্ত্রণাদি-ব্যঞ্জক ; অনুনয়ব্যঞ্জক। বাবারে, বাপরে-অ, ভয়, বিস্ময়, শোক, যন্ত্রণাদি-ব্যঞ্জক। বাবারে বাবা, বাপরে বাপ-অ, আর্ত্তনাদ [ইং bobbery—*Cal. Yule. Hobson Jobson.*]

বাবাজি (জী) [চট্ট॰ প্রাদে॰ 'বাআজি'। হিং বাবাজী, বাবাজীউ। দ্রুত উচ্চারণে "বাবাজু"। বাবা (দ্রঃ)+জী (সম্মানার্থে)] বি, সাধু সন্ন্যাসীর উপাধি ; বৈষ্ণব সাধু এই অর্থবোধক পদ। প্র-কৃষ্ণদাস বাবাজী ; মাধবদাস বাবাজী। ২ [বাবা, বাপা (দ্রঃ)+জী (আদরার্থে)] বি, বাপধন ; স্নেহপাত্রকে আদরসূচক সম্বোধন। "যখন দণ্ডপাণি লবে টানি কি করিবে ও বাবাজি"-গান।

বাবাজীবন [ম॰ বাং, চিঠিপত্রের ভাষায়। হিং বাবাজী, বাবাজীউ, প্রা॰ বাং-র চলিত ছিল। মুসলমান আমলে তার স্থলে "বাবাজীবন" চলিত হয়। ইহা ফা॰ চিঠিপত্রাদিতে ব্যবহৃত "আব্বা জান" হতে মুসলমানী বাং-র গৃহীত "বাবাজান" শব্দের অনুকরণে মধ্য বাং-র প্রচলিত হয়। এখনও চিঠিপত্রাদিতে প্রাচীনদিগের দ্বারা ব্যবহৃত হতে দেখা যায়] বি, বাবাজি দ্রঃ।

বাবাতা [সং] বি, ক্ষত্রিয় রাজাদের বৈশ্যাস্ত্রী [শূদ্রা স্ত্রীর নাম 'পরিবৃক্তি']।

বাবী [বাবা দ্রঃ। তুল-ইং baby] বি, স্নেহপাত্রী ; কন্যা।

বাবু [চট্ট॰ প্রাদে॰ বাউ। সং-বপ্তা > বপ্পা > বাপা > বাপু > বাবু। বাপু (বাং ও হিং-তে-পিতা, সন্তান, মান্য, সম্ভ্রান্ত অর্থে) ও বাবা (ফা॰ বাবা-পিতা, বৃদ্ধ, মান্য, সম্ভ্রান্ত) শব্দের মিশ্রণে উৎপন্ন। ফা॰ বাবু (ঈশ্বরপ্রিয়, ভগবদনুগৃহীত, প্রকৃত জ্ঞানী, যার সদ্‌গুণের সুবাস বা যশের বিস্তার আছে)। বা (সহিত) বু (গন্ধ > সৌগন্ধ) যশসৌরভযুক্ত। মুসলমান যুগের পূর্ব্বে বাং-র 'বাপু' শব্দেরই ব্যবহার ছিল "শুন বাপু চাষার বেটা" -খনা॰। মুসলমান যুগে 'বাবা' হতে উর্দ্দুতে বাবু শব্দের প্রচলন হয়। স্ত্রীং বিবি (দ্রঃ)। হিং শ॰ সাগরে আছে-"রাজার নিয়ে রাজবন্ধুবান্ধব বা রাজকুলদের প্রতি প্রযোজ্য শব্দ।" মুসলমান রাজত্বের সময় 'বাবু' শব্দ উপাধিরূপে দেওয়া হইত। যেমন আজকালকার "রায় সাহেব প্রভৃতি।" বাবু উপাধি মূলে সম্ভ্রান্ততা ও আভিজাত্যের পরিচায়ক ছিল, ক্রমে ইহার অর্থসম্প্রসারণ ও অর্থবিকার ঘটিয়াছে। তুল-ইং Sire (father পিতা) > Sir (সম্মানার্থে)] বি, পিতা, গুরু আদি পিতৃস্থানীয় মান্যজনের প্রতি সম্বোধন বাক্য। "পদ্মা বলে বাবু তুমি সংসারের সার। ফিরি অপমান বাবু না দেখ একবার।"-পদ্মাপু॰ (বিজয়॰)। ২ বাপু ; বৎস ; বাছা। ৩ প্রভু ; মনিব ; কর্ত্তা। "আমাদের কপালে মোচা চিংড়ি বাবুরা খাবেন কালিয়া"-অমৃত বসু। "তোমাদের বাবু হলেন বড় লোক তাঁর সঙ্গে কার কথা"। ৪ গৃহকর্ত্তা ; গৃহস্বামী। প্র-ও বাড়ীর বাবুদের বলা হয়েছে? ৫ ভদ্রলোক ; ভদ্রঘরের বয়স্ক পুরুষ। প্র-সেদিন এক বাবু বলে গেলেন। প্র-বাবুদেরও বলা হয়েছে মেয়েদেরও বলা হয়েছে। ৬ সেরেস্তাদার ; আমলা ; মসীজীবী ; কেরাণী clerk. ৭ ভদ্রলোকের উপাধিবিঃ। ৮ শ্রীযুক্ত ; মহাশয়। ইহা ইং-মিস্‌টার (Mr) শব্দের তুল্য। "১৮২৬ সালে রামতনু বাবু যখন বিদ্যারম্ভ করিলেন"-শিবনাথ শাস্ত্রী। [দ্রঃ-a gentleman used as a term of respectful address like 'sir' and nearly equivalent to 'esquire'. It is sometimes used ironically.—*Haughton*]। ৯ ইংরেজী শিক্ষিত ; সহরে নব্যসম্প্রদায় (প্রায়ই ব্যঙ্গার্থে)। "কেহ কিনে উপন্যাস, কেহ কিনে নবন্যাস, নূতন শিক্ষিত বাবু সব।" -চন্দন। [দ্রঃ-"অষ্টাদশ শতাব্দীর শেষভাগে সহরের সম্পন্ন মধ্যবিত্ত ভদ্র গৃহস্থদিগের গৃহে 'বাবু' নামে এক শ্রেণীর মানুষ দেখা দিয়াছিল। তাহারা পারসী ও স্বল্প ইংরাজী শিক্ষার প্রভাবে প্রাচীন ধর্ম্মে আস্থাবিহীন হইয়া ভোগসুখেই দিন কাটাইত। ইহাদের বহিরাকৃতি * * মুখে, ভ্রূপার্শ্বে ও নেত্রকোণে নৈশ অত্যাচারের চিহ্নস্বরূপ কালিমারেখা, শিরে তরঙ্গায়িত বাউরি চুল, দাঁতে মিশি, পরিধানে ফিনফিনে কালাপেড়ে ধুতি। অঙ্গে উৎকৃষ্ট মস্‌লিন বা কেম্‌ব্রিকের বেনিয়ান, গলদেশে উত্তমরূপ চুনট্ করা উড়ানী, ও পায়ে পুরু বগ্‌লস সমন্বিত চিনের বাড়ীর জুতা * *" -শিবনাথ শাস্ত্রী]। ১০ আয়েসী ; খোষপোসাকী ; শ্রমবিমুখ ; অলস। প্র-লোকটা বাবু হয়ে পড়েছে। ১১ কলিকাতাদি অঞ্চলে অনেক গৃহে ছেলেরা পিতাকে এবং স্ত্রী স্বামীর উদ্দেশ্যে বাবু বলিয়া থাকে। ১২ বাঙ্গালী ভদ্রলোক। অধুনা শিক্ষা প্রচারের সঙ্গে ভারতবর্ষের অন্যান্য প্রদেশেও শিক্ষিত ভদ্রলোক এবং মসীজীবী অর্থে বাবু শব্দের ব্যবহার হইতেছে। ১৩ [বিদ্রূপে বা তুচ্ছার্থে। তুল-মশাই (প্র-বা মো মশাই)। তুল-ইং Sir (সম্ভ্রমে) > Sirrah (অসম্ভ্রমে, তুচ্ছার্থে, বিদ্রূপে)] অ, বিরক্তি, ঘৃণা, ইং

হৃদে সম্বোধনে। "আরে বাবু থাম্। যা আরে বাবু।" ১৪ লোকটা। "বাবুর ঘরে ছুচোর কেত্তন, বাইরে কোঁচার পত্তন।" ~আনা-বাবুয়ানা দ্রঃ। ~কঁর [ছোট-নাগপুর অঞ্চলে] বি, প্রণামী; সেলামী। ~গিরি [বাবু (দ্রঃ)+গিরি (ফা॰)] বি, বড়মানুষী; ধনীদিগের চালচলন। ২ সুখা-সক্তি; বিলাসিতা। ~সাহিত্য [ব্যঙ্গ্যার্থে] বি, য়ুরোপীয় ভাবের অনুকরণজাত সাহিত্য। "ইহার ভাবভঙ্গী আদর্শ সমস্ত বিলাতী। বিলাতী সভ্যতার ধ্বংসের সহিত এই বাবু সাহিত্য নষ্ট হইয়া যাইবে।"-মা॰ ও ম॰ বাণী, ১৩৩৩। ~জী [সম্মানার্থে জী] বাবুমহাশয়; বাবু-সাহেব। স্ত্রীং, মু॰ কথ্য-বিবিজী, হিন্দু-কথ্য-মায়ীজী (ক্ষে॰মাজী)। বঁড় বাবু-গৃহের বড়কর্ত্তা; দপ্তরের প্রধান দেশীয় কর্ম্মচারী। ছোট বাবু-গৃহের ছোটকর্ত্তা। এইরূপ মেজবাবু, সেজবাবু ইং।

বাবুই [সং-বর্ব্বরী > বাবই (দ্রঃ)] বি, বাবই পাখী; বয়া। ২ বনতুলসী; বাবই-তুলসীর গাছ। "রামপ্রসাদ বলে বাবুই গাছে আম্র কি কখন ফলে।"-গান। ৩ মুঞ্জজাতীয় ঘাস, যাতে দড়ী হয়।

বাবুট [সং-বহিত্র >] বি, নৌকা।

বাবুদ [গ্রা॰। বাবৎ দ্রঃ] অ, হিসাবমত; দরুণ।

বাবুয়ানা, বাবুআনা, বাবুয়ানি [বাবু-আনা, আনি (শীলার্থে)] বি, বাবুগিরি; সৌখীনতা; বিলাসিতা। ২ নবাবী; ধনীর চাল। "হোক চাইনে বাবুয়ানা, গরিবানা খানা, ধরি প্রাণ শুধু চেলে ডেলে"-ঈ॰ গুপ্ত।

বাবুর্চ্চি-বাবর্চ্চি দ্রঃ।

বাভ্রবী [সং] বি, দুর্গা।

বাম [সং] বি, অপসব্যদিক্; বামভাগ। "দেখব রাধা শ্যামের বামে"-গিরিশ॰। ২ বামদেব; মহাদেব। ৩ কামদেব। ৪ বিণ, বিপরীত। ৫ বক্র। ৬ বিমুখ; প্রতিকূল। "তুমি সত্য গুণধাম, কিরূপে হইলা বাম, মোরে দৈব ইহাতে নিদান।"-কবিক॰। "অনেকের পতি তেঁই পতি মোর বাম" -অ॰ ম॰। ৭ বামদিকে স্থিত। "গোদাবরী তীরে পড়ে বাম গণ্ডখানি।"-অ॰ ম॰। ৮ রুচির; মনোহর; সুন্দর। ৯ অধম। স্ত্রীং ~া-লক্ষ্মী। ~দেব [বাম (সুন্দর)-দেব, ধা] বি, মহাদেব; ত্রিলোচন; শিব। ২ মুনিবিঃ। ~পঁথী-বিণ, প্রতিকূলাচারিণী; স্বামীর মতের সহিত যে স্ত্রীর মিল নাই। 'বামপথী হয়ে তুমি কর কার পূজা।" -কবিক॰। ~লোচনা-দ্রঃ।

বামিণ [ব্রাহ্মণ > ভ্রং গ্রা॰। বামুন দ্রঃ] বি, ব্রাহ্মণ; বিপ্র। বামন দ্রঃ। বামি(মু)ণ গেল ঘঁর ত লাঙ্গল তুলে ধর-যার কাজ সে প্রস্থান করিলে বেতনভোগী ব্যক্তিরা কাজে ফাঁকি দেয়। বামিণের গরু-যে গরু অল্প খায়, নাদে বেশী, দুধ দেয় কলসী কলসী। ২ [লক্ষ॰] যার প্রতি অল্প ব্যয় হইবে কিন্তু যে অধিক কাজ দিবে।

বামন১ [বম্+ণিচ্=বামি (বিরুদ্ধ বলা) +অন (র্ত্তৃ, জ্ঞা॰), যে অন্যান্য প্রাণী হতে বিরুদ্ধ (খর্ব্ব) আকৃতিবিশিষ্ট] বি, বিষ্ণুর ৫ম অবতার। "জয় দৈবকীসুত মাধবাচ্যুত শঙ্করস্তুত বা॰।"-অ॰ ম॰। ২ [গ্রা॰ বাউনে] বিণ, হ্রস্ব; ক্ষুদ্র; খর্ব্ব। "বা॰ হইয়া হাত বাড়ায়েছি চাঁদে।"-শি॰।

বামি/ন২ [সং-ব্রাহ্মণ। বামণ দ্রঃ। অবজ্ঞার্থে বাম্‌না। "বুড়া বাম্‌না বোকা বর"-দীনবন্ধু॰] বি, ব্রাহ্মণ। "বুড়া বামনের বুক বিদারিয়া যায়।"-শি॰। স্ত্রীং ~নী (-ম-)। ~নাই-ব্রাহ্মণত্ব; ব্রাহ্মণত্বের গর্ব্ব।

বামনহাটি, বামুনহাটী [সং-ব্রাহ্মণ যষ্টি] বি, ভার্গী; বাতারি clerodendron ciphonanthus.

বামলোচনা [বাম (সুন্দর) লোচন (চক্ষু) যার (যে স্ত্রীর), বহ॰] বি, সুনয়না। ২ সুন্দরী নারী। ৩ স্ত্রীজাতি।

বামা [বাম (দক্ষিণেতর অঙ্গ)+আ (স্ত্রীং), প্রধানার্থে, যাদের বাম অঙ্গ প্রশস্ত] বি, নারী; ললনা। ২ দুর্গা। ৩ লক্ষ্মী। ৪ বিণ, বিমুখা; প্রতিকূলা। "চাঁদ বদনী তুঁহু বামা। কাহে তেজি অতি বামা।"-গোবিন্দ॰। ৫ অধম; নীচ। "হায় তিরী বামা জাতী রাখে সে"-শ্রী॰ কী॰। ৬ [অলঙ্কার শা॰] যে নায়িকা মান গ্রহণার্থ সর্ব্বদা উৎসুকা, কিন্তু তার মান শিথিল হলে' ক্রুদ্ধা হয়, আর যে নায়িকা নায়কের অবশীভূতা।

বামাক্ষ, বামাক্ষি [বাম+অক্ষি, ধা] বি, বাঁ চোক; বাম চক্ষুঃ। ২ [বাম অক্ষি যার, বহ॰] বিণ, বামচক্ষুবিশিষ্ট। ৩ সুনয়ন; চারুনেত্র। স্ত্রীং বামাক্ষী [বাম (সুন্দর)+অক্ষ (=অক্ষি+ঈ (স্ত্রীং) যার (যে স্ত্রীর), বহ॰] বিণ, সুনয়না; মৃগনেত্রা; চারুনেত্রা।

বামাঙ্গ [বাম+অঙ্গ] বি, বামদিকের দেহ। স্ত্রীং ~ী-সুন্দর অঙ্গবিশিষ্টা; সুন্দরী।

বামাচার [বাম+আচার (ধর্ম্মাচরণ)। তন্ত্রমতে বাম (শ্রেষ্ঠ) যে আচার। মতান্তরে-বাম (বেদবিরুদ্ধ)+আচার] বি, তন্ত্রোক্ত আচারবিঃ। বিণ, ~ী-তন্ত্রোক্ত বামাচার অবলম্বনকারী সাধক; বামমার্গী।

বামাবর্ত্ত [বাম (দিকে)+আবর্ত্ত (চক্র-গতি) যার, বহ॰] বিণ, বামদিকে আবর্ত্তযুক্ত।

বামাল [ফা॰ ব-মাল্] বি, অপহৃত দ্রব্য; যে দ্রব্য সম্বন্ধে অভিযোগ করা হয়। প্র-তারা এতক্ষণে বা॰ সরাইয়া ফেলিয়াছে।

বামাস্বর [বামার (স্ত্রীর) স্বর (কণ্ঠ), ৬তৎ] বি, কামিনীর কণ্ঠধ্বনি; স্ত্রীলোকের গলার শব্দ; নারীকণ্ঠ। "ত্বরায় আনিল নৌকা বামাস্বর শুনি"-অ॰ ম॰।

বামিকা-বি, চণ্ডিকা।

বামী-বি, অশ্বিনী; ঘোটকী। "বড়বা নামেতে বামী-মেঘ॰। ২ [বাং-র প্র॰ অ॰] শৃগালী; গর্দ্দভী; হস্তিনী।

বামুন [সং-ব্রাহ্মণ > প্রাকৃ॰ > বম্ভণ > হি॰ বাম্হন্ > বাং-র-বামন, বামুন (অসম্ভ্রমার্থে উকার যোগ)। হি॰-তে নিন্দিত ব্রাহ্মণকে 'বাভন' বলে। প্রা॰ বাং-র-ব্রাহ্মণ অর্থে "বাম্ভন" শব্দের প্রয়োগ আছে (বঙ্গভাষা ও সাহিত্য)] বি, ব্রাহ্মণ। "যদি অনাথ বামুন হাত পেতে চায়, ঘুসি ধরে ওঠেন তবে"-ঈ॰ গুপ্ত। "বামুন পণ্ডিত আইল দেখ নিরঞ্জন।" -শূ॰ পু॰। বামুন ঠাকুর [ব্রাহ্মণ দেবতা] ব্রাহ্মণ। ২ পুরোহিত। ৩ পাচক ব্রাহ্মণ। এই অর্থে কেবল "ঠাকুর"ও

বলে। "দুইজন মাত্র থাকিতেন—স্বামী আর স্ত্রী। চাকর বামুন ছিল বাড়্তির ভাগ।"—প্রবাসী, ১৩৩৩। "হাঁ করিয়া আকাশের দিকে চাহিয়া থাকেন, চাকর বামুনের মর্জির উপর নির্ভর করিতে হয়।"—প্রবাসী, ১৩৩৩। "চাকর ছিল, বামুন ছিল"—ঐ। স্ত্রীং ~ঠাকরুণ-ব্রাহ্মণী ঠাকুরাণী। ~দাদা-ব্রাহ্মণ দাদা; ভিন্ন তিন বর্ণের গ্রামসম্পর্কে দাদা।~-দিদি-ব্রাহ্মণী দিদি; অন্তবর্ণত্রয়ের গ্রামসম্পর্কে দিদি। ~-মা-অপর বর্ণত্রয়ের গ্রামসম্পর্কে মা। ~শুদ্দুর-ব্রাহ্মণ ও শূদ্র; অনেক তফাৎ। ২ জাতিবিচার। ৩ সকল বর্ণ; সর্ব্বসাধারণ।

বামেতর [বাম (হ'তে)+ইতর (অন্ত, পৃথক্), ৫তৎ] বিণ, দক্ষিণ। "বামেতর আঁখি মোর নাচিছে সতত; কাঁদিয়া উঠিছে প্রাণ!"—মেঘ°।

বামোরু [বাম (সুন্দর)+উরু যার (যে স্ত্রীর),বহু°] বি,সুগোল সুন্দর উরুশালিনী স্ত্রী।

বাম্ভন [প্রা° বাং। সং-ব্রাহ্মণ > প্রাকৃ° বম্ভন > বাম্ভন] বি, ব্রাহ্মণ। "বাম্ভন পণ্ডিত আইল দেব নিরঞ্জন।"—শূ° পু°।

বায়১ [সং-বায়ু >] বি, বায়ু; বাতাস; পবন। "ধীরি ধীরি বয় মৃদুল বায়।"—রাজ° রায়। ২ [বা (বাতাস)+য় (৭মী বিভক্তি)] ক্রি-বিণ, বাতাসে; বায়ুতে। "গা ঢেলে দাও মধুর মলয়বায়।"—গান। বা° করা-বাতাস করা। "বায় করে সত্যভামা রূপে গুণে অনুপমা পরিচর্য্যা করএ রুক্মিণী।"—মহা° (শ্রীকর°)।

বায়২ [বাদ্য > বাজায় > কে° বায়] ক্রি,বাজায়। "ঈষৎ হাসিয়া মোহন বাঁশী মধুর মধুর বায়।"—গোবিন্দ°। "কোন পাইক শিঙ্গা বায় রাঙ্গা ধূলি মাথে গায়"—কবিক°। "কেহ নাচে কেহ গায় কেহ বায় যন্ত্র"—শি°। "নটগণে মৃদঙ্গ সানাঞি বংশী বায়"—চৈ° ভা°। ২ বাজে। "মৃদঙ্গ মন্দিরা বায় কেহ নাচে কেহ গায় শুনে ধীর হরি হরি ধ্বনি।"—কবিক°।

বায়৩ [বে (বোনা-বয়ন করা)+অ (ভা°)] বি, বয়ন। ২ ক্রি, বয়ন করে।

বায়ক [সং-বাদক >] বিণ, বাদ্যকর; বাদক। ২ [বাপক >] বপন কারক। ৩ বয়ন কারক।

বায়তি-বাইতি, দ্রঃ।

বায়দণ্ড [বায় (বয়ন)+দণ্ড (যষ্টি), ৬তৎ] বি, বেমা; বপনদণ্ড।

বায়ন১ [বয়্+ণিচ্=বায়ি (সেবা করা) +অন (ভা°)] বি, পূজন; সেবন। ২ পিষ্টকবিঃ।

বায়ন২ [বাদন >] বাদন। ২ বাদ্যকর; বাজিয়ে; বাদক। "গায়নে বায়নে মাগো মাগি এই বর।"—অ° ম°।

বায়না১ [ফা° বহানা] বি, ওজর; অছিলা।

বায়না২ [আ° বয়্+ফা° আনা] বি, দাদন; অগ্রিম মূল্য earnest money. "দেখ কেউ কারো পানে চায়না, যত কম নিতে পার বায়না"—রজনী সেন। ~পত্র-বয়নামা; দ্রব্য ক্রয় বা বিক্রয় করিবার পূর্ব্বে যে ক্রয় বা বিক্রয়পত্র লেখা হয়; বিক্রয়নামা।

বায়নাক্কা [সং-বর্ণনাক্রম-বয়ান-ক্রম >] বি, আমূল বৃত্তান্ত; বিস্তারিত বিবরণ। ২ খুঁটিনাটি। "কত বায়নাক্কাই আছে বাবু, আর পারিনে।"

বায়ব [বায়ু+অ (সম্বন্ধে, স্বার্থে)] বিণ, বায়ু সম্বন্ধীয়; বায়ুর atmospheric. ~প্রতিসরণ [জ্যো° (কে° বিশ্ব° বি, পরিঃ)] ইং atmospheric refraction এর বৈজ্ঞা° পরিঃ।

বায়ব/বী [বায়ু+অ ('এই' বা 'ইহার' অর্থে)+ঈ (স্ত্রীং)] বিণ, বায়ু সম্বন্ধীয়। ২ বি, বায়ুকোণ। ~বীয় [বায়ু+ঈয় (সম্বন্ধার্থে অর্থাৎ বায়ুর যাহা)] বিণ, বায়ব্য; বায়ু সম্বন্ধীয়। ২ বায়ুতে পরিণত। ~ব্য [বায়ু+য (সম্বন্ধার্থে)] বিণ বায়ু সম্বন্ধীয়। ২ বায়ুতে পরিণত; বায়বীয় gaseous. ৩ বায়ু-দৈবত। ৪ বায়ুকোণ। ~ব্যমূল-বি, শূন্যে বিস্তৃত শিকড়; বটবৃক্ষাদির ঝুরি aerial root. ~ব্যাস্ত্র [বায়ব্য+অস্ত্র] বি, বায়ু-অস্ত্র airgun. "আচার্য্য ইন্দ্রাস্ত্র, বায়ব্যাস্ত্র, আগ্নেয়াস্ত্র প্রভৃতি যত উৎকৃষ্ট উৎকৃষ্ট অস্ত্র সকল শিক্ষিত করেন, সকলই শিষ্যের করাল-সায়ক-কবলে অবিলম্বেই সংহার প্রাপ্ত হয়।"—মহা° (বর্দ্ধ°)।

বায়স [সং] বি, কাক। ২ শ্রীবাস। ৩ অগুরু বৃক্ষ। স্ত্রীং ~সী-কাকী। ২ কাকতুণ্ডী। ৩ মহাজ্যোতিষ্মতী লতা। ৪ কাকমাচী।

বায়সারাতি, বায়সারি [বায়স (তার)+অরাতি,অরি (শত্রু), ৬তৎ] বি, পেচক; পেঁচা।

বায়ি(য়ো)স্কোপ্ [ইং bioscope এর লিপ্যন্তর] বি, চলচ্চিত্র; সিনেমা।

বায়া [আ° বায়ে। আদা° পরিঃ] বি, যে স্বত্ব বিক্রয় করে। ২ প্রকাশ্য নিলামে যার স্বত্ব বিক্রয় হয়।

বায়াত্তর-বাহাত্তর দ্রঃ।

বায়ান্ন-বাহান্ন দ্রঃ।

বায়ু [বা (গমন করা)+উ (র্ত্তৃ), সর্ব্বদা যে গমন করে] বি, পবন; সমীরণ। ২ দেহস্থ পঞ্চ বায়ু-প্রাণ, অপান, সমান, উদান, ব্যান। ৩ বাই; কুপিত বায়ু; বাতিক। "বায়ুতে পাকিয়া চুল হৈল শণনুড়ী"—ভারত°। ৪ [আয়ু°] ধাত bodily force; vital force [দ্রঃ—"wrongly applied to air." "Now confounded with atmospheric air"...& "loosely applied to signify gas or air"—Shusrut, Vol.I., P. XIII. ~কোণ [বায়ু (নামক) কোণ] বি, উত্তর পশ্চিমদিগের মধ্যস্থান। ~কোষ [বায়ু (বাতাসের) কোষ (আশ্রয়), ৬তৎ] বি, শরীরমধ্যস্থ বায়ু থাকিবার স্থান; প্রাণাদি বায়ুর আধার। ~গ্রস্ত [বায়ু (দ্বারা) গ্রস্ত, ৩তৎ। গ্রা° বাইগেরস্ত] বিণ, বায়ু-রোগাক্রান্ত। ~নিষ্কাষণযন্ত্র-বি, যে যন্ত্র সাহায্যে কোন আধারের অভ্যন্তর হতে বায়ু নিঃসারিত করা যায়; বায়ুশূন্য করিবার যন্ত্র air-pump. ~পরিবর্ত্তন [বায়ু (জল বায়ু)র পরিবর্ত্তন, ৬তৎ] বি, হাওয়া বদল (স্বাস্থ্যলাভার্থ)। ~প্রবাহ [বায়ু (র) প্রবাহ, ৬তৎ] বি, বায়ুর বেগ। ~বাহ [বায়ু-বাহ (বাহক) যার, বহু°] বি, মেঘ। ২ ধূম। ৩ বাষ্প। ~বাহিনী [বায়ু-বহ্+ণিচ্= বাহি (বহন করান)+ইন+ঈ (স্ত্রীং)] বি,

বায়ুবাহিকা শিরা। ~ভক্ষ [বায়ু (বাতাস) ভক্ষ্ (খাওয়া)+অ (র্তৃ)] বিণ, বায়ু ভক্ষণ-কারী। ২ বি, পবনাশন ; সর্প। ~ভুক্ [বায়ু-ভুক্ (ভুজ্+কিপ্ (র্তৃ)] বিণ, পবনাশী। ২ বি, সর্প। ~মণ্ডল-বি, বাতাবরণ ; আবহাওয়া atmosphere. ~মানযন্ত্র [বায়ুমান (বাতাসের পরিমাণ) যন্ত্র, ৬তৎ] বি, বায়ুর পরিমাণজ্ঞাপক যন্ত্র barometer. ~রোগ [বায়ু (কুপিত হইয়া উৎপন্ন) রোগ, ম° প° লো°] বি, উন্মাদ রোগ। ~সখা [বায়ু (বাতাস) সখা (বন্ধু), ৬তৎ] বি, অগ্নি। ~সেবন-বি, অঙ্গে বাতাস লাগান ; হাওয়া খাওয়া। ~স্তর [বায়ু(র) স্তর, ৬তৎ] বি, বায়ুমণ্ডলের উপর্য্যুপরি সংস্থিতি বা স্তবক। ~স্নান [ইং air bath এর ভাবানুবাদ] বি, শরীরে প্রচুর পরিমাণে হাওয়া লাগিতে দেওয়া ; বায়ুমণ্ডলের মধ্যে অবস্থান করিয়া বায়ুসেবন। "জেনেভা হ্রদের তীরে বালক-বালিকারা জলস্নান, বায়ুস্নান ও আলোকস্নান করিয়া থাকে।"-আ° শক্তি, ১৩৩৪।

বায়ে [গ্রা°। বাদয়ে > বাঅয়ে > । বার₂ দ্রঃ] ক্রি, বাজে। ২ বাজায়।

বায়েন [বায়ন দ্রঃ] বি, বাজনদার ; বাদ্যকর ; প্রধান ঢুলী। "ঢাক ভরে মরিল বা° হরিহর"-ঘ°। ২ [বায়₂ দ্রঃ] ক্রি, সম্মানার্থে বাজান। "নাচে গায় নানাযন্ত্র বা° উল্লাসে।"-নরোত্তম বিলাস (ব° সা° প°)।

বায়েল [বাবলা > প্রা° বাং গ্রা°] বি, বাবলা (গোবিন্দ গীত)।

বার₁ [সং। ণিজন্ত-বারি (বারণ করা, আবরণ করা)+কিপ্ (র্তৃ)] বি, বারণ ; নিবারণ। ২ আবরণ। ৩ জল। ৪ বিণ, নিবার্য্য। ৫ নিষিদ্ধ। প্র-বারবেলা (দ্রঃ)।

বার₂ [সং-বাহির (দ্রঃ) > বাইর > কে° বার] বি, বাহিরের দিক্ ; বহির্দ্দেশ। প্র-ইহার ভিতর বার কিছুই বুঝা যায় না। ২ বিণ, বাহির ; প্রকাশ্য। প্র-তাকে বার দিক্ দিয়া লইয়া যাও ; বার বাড়ীর উঠানে পড়িয়াছিল। ৩ অতীত। প্র-সে এখন কাজের বার হয়ে পড়েছে। ৪ সাক্ষাৎ ; দর্শন ; ভেট। "গজরাজ পাত্র ভাল, কিন্তু বড় মেজাগে প্রায় তাঁহার বার পাওয়া যায় না।" -বঙ্কিম° (কমলাকান্তের দপ্তর)। ৫ দেখা করবার বা দেখা দেবার অবসর। "ক দিন ডেকে পাঠাচ্চি তা তোর আর বার হয় না" -নীলদর্পণ। ৬ [ফা° দর্‌বার (a hall of audience) শব্দের কে°] বি, দরবার ; সভা ; সভাধিবেশন ; সভাধিষ্ঠান। বার করা₁-বি, বহিষ্কার। ২ ক্রি, বহিষ্কার করা ; কোন কিছুর প্রভাব হতে জোর করিয়া বা পীড়ন করিয়া মুক্ত করা ; ছাড়ান বা তাড়ান (দোষ, অপরাধ, অন্যায়, ভূত, ন্যাকাম, দুষ্টামি, নষ্টামি, পাগলামি ই°)। ~করা₂-ভিতর হতে বাহির করা। ২ গুপ্তস্থান হতে বাহির করা। ৩ অনাবৃত করা ; প্রকাশ্য স্থানে সকলের দর্শনীয় করা। ৪ প্রকাশ করা ; ব্যক্ত করা। ৫ অন্বেষণ দ্বারা আবিষ্কার করা। ৬ কুলের বাহির করা elope. ~দরিয়া-দ্রঃ। ~দুয়ারী-দ্রঃ। ~দেওয়া-দরবার করা : প্রকাশ্য সভায় পাত্রমিত্র সভাসদ লইয়া অধিষ্ঠান করা এবং সকলকে দর্শন দেওয়া। "বার দিয়া বসিয়াছে কলিঙ্গ ভূপাল। ডানি দিগে পুরোহিত বিজয় ঘোষাল॥"-কবিক°। "বার দিলা প্রভাতে করিয়া রাজ-ঘটা। বিপ্রগণ সম্মুখে সাক্ষাত সূর্য্য ছটা॥"-ঘ°। "রত্ন সিংহাসনে বার দিল জগপতি॥"-শূ° পু°। ~ফট্‌কা-বার মুখো। ~ফট্টাই [বরফট্টাই দ্রঃ] বাহিরের অর্থাৎ মৌখিক বড়াই, কাজে কিছু নয় ; বৃথা আস্ফালন। ~বাগে-বহির্দ্দিকে। ২ গৃহের বাহিরে। ৩ [লক°] পরস্ত্রীর প্রতি বা পরপুরুষের প্রতি। "তোমার মন হল বার বাগে। গেল জন্মটা ঐ পোড়া রোগে।" -বাং গান। ~মুখ-বহির্ম্মুখ ; বাহ্য ; বিপরীতে -অন্তর্ম্মুখ। ~মুখো [গ্রা°] যে পুরুষ পত্নী থাকিতে পরস্ত্রীরসিক বা বেশ্যানুরক্ত হইয়া ঘরে থাকে না বা বাহিরে যায়। দুইয়ের বার-দুই সীমারই অতীত ; দুই উদ্দেশ্যেরই অনুকূল।

বার₃ [সং-বাসর > হিং° বার] বি, দিন (সোম, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি ও রবি এই সাত দিন)। প্র-এখানে হাট কোন্ বারে বসে জান? ২ ব্রত ; নির্দ্দিষ্ট দিবসীয় নিয়মপালন। ৩ পালা ; পর্য্যায়। ৪ গুণ। ৫ দফা ; ক্ষেপ। প্র-এবার হল না অন্যবারে যাতে সফল হয় তাহার চেষ্টা করিবে। ৬ সময় ; বেলা। ~করা-রবি, সোম অথবা মঙ্গলবারে অনুষ্ঠেয় উপবাসাদি নিয়ম পালন করা। ~দিগর-দ্রঃ। বা° পাড়া [প্রা° বাং, গ্রা°] ক্রি, বৃথা সময় নষ্ট করা। "ইকুলা খাঞা কাছে বার পাড়িবে" (=কানাই বংসের পরিবর্ত্তে ডাঁটা=শিটা চুষিয়া বৃথা সময় নষ্ট করিবে)-শ্রী° কী°। ~বার তিনবার - উপর্য্যুপরি তিন বার। ~ব্রতি [প্রা° বাং প্রাকৃ° বারবরত। গ্রা° বারবেরতো, বারবত্তো] বি, নির্দ্দিষ্ট দিবসের আচরণীয় উপবাসাদি নিয়মপালন এবং তিথ্যাদি নির্দ্ধারিত ব্রতাচরণ। বারে বারে-ক্রি-বিণ, প্রতিবার। "বারে বারে যত দুখ দিয়াছ দিতেছ তারা, দুখ নয় সে দয়া তোমার জেনেছি মা ভবদারা।"-বাং গান।

বার₄ [ইং bar (a tribunal) the pleader in a court as distinguished from the judges] বি, বিচারালয়। ২ ব্যবহারাজীবের সম্প্রদায় বা সমাজ ; কোন আদালতের উকীল সমষ্টি। ~লাইব্রেরী -আদালতের সংসৃষ্ট ব্যবহারাজীবদিগের ব্যবহার্য্য গ্রন্থাগার bar-library.

বার₅ [ফা° বার্ (ভার)] বি, ভার ; বোঝা। প্র-বারবরদার।

বার₆ [হিং° বারহ্। সং-দ্বাদশ > প্রাকৃ° বারহ। গ্রা° বারো] বি, দ্বাদশ এই সংখ্যা। ২ বিণ, দুই অধিক দশ সংখ্যক। ~ইয়ারি -বারোয়ারী দ্রঃ। ~দুয়ারী, বারদ্বারী -বিণ, দ্বাদশ দ্বারবিশিষ্ট। [তুল-হিং° চৌবারা, চৌয়ারী (দ্রঃ)] ২ [দ্বাদশ বা বহুবার >] যে বহুলোকের দ্বারস্থ হয় ; বহুদ্বারে ভিক্ষাকারী (তুল-নয় দুয়ারী, শতেক দুয়ারী)। "বার দুয়ারী শতেক খোয়ারী"-প্রবাদ। ~মাস -দ্রঃ। ~মাস ত্রিশদিন-দ্রঃ। বার মাসে তের পার্ব্বণ-পার্ব্বণের আর বিরাম নাই ; পার্ব্বণাধিক্যবোধক ; পার্ব্বণ লাগিয়াই আছে। ~সঁতেরী-নানান্ খুঁটি-নাটি; এটা সেটা করিয়া বহুবিধ। বার হাত কাঁকুড়ের তের হাত বীচি [ব্যঙ্গার্থে] অতিরিক্ত দীর্ঘ ; সীমাতিরিক্ত

]যুক্ত বিবৎ (অগ্র-অগ্র), ˇহীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible] ও ফা° দ্রঃ

বিষয় বা বস্তুর সংখ্যা বা পরিমাণ। বারির মধ্যে তের [ব্যঙ্গার্থে] অস্বাভাবিক বা সীমাতিরিক্ত বা অসঙ্গতভাবে বহু ; অবকাশ হীন ; সর্বক্ষণ ; সমস্ত ছাপাইয়াও। "ত্বারণ কবি ত থাকেন বারো মাসের মধ্যে তেরো মাস বিলাতে।"—শরৎ চট্টো°।

বার, [সং। "নিবহাবসরৌ বারৌ" —অমর°] বি, সমূহ ; বহু। প্র—বার জনে বলচে তাই বল্‌ছি ; বারভূতে খাচ্চে। এই অর্থে "বার" স্থলে "চৌদ্দ" শব্দেরও ব্যবহার আছে।

বারিই, [বার৬ (দ্বাদশ) + ই। গ্রা° বারুই] বি, মাসের প্রথম এগার দিনের পরবর্ত্তী দিন। প্র—আজ মাসের বারই। তাকে ও-মাসের বারই আসিতে বল।

বারিই২—বারুই দ্রঃ।

বারংবার [সং] বি, পুনঃপুনঃ ; বারবার ; উপর্য্যুপরি।

বারক [বারি (বারণ করা) + অক (র্ত্তৃ) যে বারণ করে] বিণ, নিবারক ; নিষেধক। ২ বি, অশ্ববিঃ।

বারকিস [বারকোশ দ্রঃ] বি, কাষ্ঠ নির্ম্মিত থালের মত পাত্রবিঃ।

বারকী [সং] বি, বারুজীবী ; বারুই। ২ উৎকৃষ্ট ঘোটক।

বারকোল [বৃহৎ কূর্ম্ম > অং বড়াকোর > বারকোর, র=ল] বি, বড় জাতীয় কচ্ছপ।

বারকোশ,—স [ফা° বার (ভার-দ্রব্য-সম্ভার) + ফা° কশ্‌তী (বৃক্ষত্বক bark, পাত্র tray), দ্রব্যসম্ভার রাখিবার দারু পাত্র] বি, কাষ্ঠনির্ম্মিত কানা উঁচু বড় থালা।

বারঙ্গ—বি, খড়্‌গাদির মুঠ বা বাঁট।

বারটা [বার্‌ (জল) অট্‌ (গমনে) + অ (থি)] বি, রাজহংসী।

বারণ১ [বারি + অন (ভা°)] বি, নিষেধ ; নিবারণ। ২ নিবৃত্তি ; শান্তি ; অপসারণ ; দূর। প্র—নিজ বার্ত্তা দিয়া দুঃখ করিবে বারণ। ~ণীয় [বৃ + ণিচ্‌=বারি + অনীয় (র্ম্ম)] বিণ, বাধা দিবার উপযুক্ত। ২ নিবার্য্য। ৩ নিষেধযোগ্য।

বারণ২ [সং] বি, হস্তী। "পদাতি বারণ বাজী রথ সিংহাসন।"—কবিক°। ২ [বৃ + ণিচ্‌=বারি + অন (ণে) যদ্দ্বারা (অস্ত্রাদি) বারণ করা যায়] বর্ম্ম ; সাঁজোয়া। ৩ [যদ্দ্বারা হস্তীর উচ্চ খলগতি নিবারণ করা যায়] অঙ্কুশ। ~বল্লভা [বারণ (হস্তী) বল্লভা (প্রিয়া)] বি, কদলী ; কলা গাছ।

বারণসী—বারাণসী দ্রঃ।

বারণাবত [মহা°] বি, গঙ্গা যমুনা সঙ্গমস্থ প্রসিদ্ধ প্রাচীন নগরী ; বর্ত্তমান প্রয়াগ বা এলাহাবাদ। এই স্থানে পাণ্ডবগণকে দগ্ধ করিবার ষড়যন্ত্র করিয়া দুর্য্যোধননিযুক্ত পুরোচন নামক যবনকর্তৃক জতুগৃহ নির্ম্মিত হইয়াছিল। "অম্বিকাসুত রাজা ধৃতরাষ্ট্র * * কহিলেন, পুত্রগণ! এই সমস্ত পুরুষেরা আমার নিকট পুনঃপুনঃ বলিয়া থাকে যে, এই ভূমণ্ডলের মধ্যে বা° নগর অতিশয় রমণীয় ;"—মহা° (বর্দ্ধ°)।

বারতা [সং—বার্ত্তা > , পদ্যে] বি, বার্ত্তা ; সংবাদ। "নিশার স্বপন সম তোর এ বা° রে দূত"—মেঘ°।

বারদরিয়া [বার (বাহির) + ফা° দরিয়া (নদী, সাগর)] বি, বহিঃসমুদ্র ; মহাসাগর ; নদীর মোহনা যথায় সাগরে মিলিত হইয়াছে ; অকুল পাথার (বঙ্কিম°)।

বারদিগর [সং—বার + ফা° দিগর্‌ (অন্য)] বি, অন্য বার ; দ্বিতীয় বার ; পুনর্ব্বার।

বারদুয়ারী [বার (দ্বাদশ) দুয়ার (দ্বার) ঈ (যুক্তার্থে)] বিণ, দ্বাদশ দ্বারবিশিষ্ট। ২ বি, বহুদ্বারবিশিষ্ট দরবার বা সভাগৃহ।

বারনারী [(তন্ত্রে) বার (বেশ্যা) নারী, বা (২) বার (অনেকের) নারী, ৬তৎ] বি, বারবধূ ; বেশ্যা ; বারবিলাসিনী।

বারপাড়া—বার৩ দ্রঃ।

বারফট্টাই—বরফট্টাই দ্রঃ।

বারব [ব্রজ°। বারা দ্রঃ] ক্রি, নিবারণ করিব ; আটকাইব। "করে কর বারব" —বি° প°।

বারবধূ [বার (বহু) বধূ=বহুজনের বধূ, ৬তৎ] বি বারাঙ্গনা ; বেশ্যা। "লম্পট পুরুষ আশে বারবধূজন বৈসে, একভিতে তার অধিষ্ঠান।"—কবিক°।

বারবর/দার [ফা° বার্‌বর্‌দার্‌] বি, ভারবাহী ; বোঝাবাহক ; মুটে। ~দারি [বারবরদার + ই (বৃত্তি অর্থে)] বি, মুটেগিরি ভারবাহকের বেতন বা খরচা ; দ্রব্যসম্ভার সরবরাহের পাথেয়। "যদি সরকার হইতে মেষদিগের বারবরদারি বরাদ্দ হয়, তাহা হইলে তাহাদিগের কোন দেশেই যাইবার আর আপত্তি থাকে না।"—বঙ্কিম° (লোকরহস্য)। ২ [মহাজনী হিসাবপত্রে] মুটে ভাড়া বা মজুর খরচ। খাতাপত্রে সংক্ষেপে "বাঃ", "বাঃ খরচ" এইরূপ লিখিত হয়। ~দারী—বিণ, বারবরদার সংক্রান্ত।

বারবাণ [বার (বারিত হয়) বাণ (শর) যদ্দ্বারা, বহু°] বি, বাণবারক ; সাঁজোয়া ; কবচ ; পদপর্য্যন্ত বিস্তৃত বর্ম্ম। "পরিহিত বীরধটী সারসনে বদ্ধকটি, বারবাণে আবৃত শরীর।"—রঙ্গলাল (কাঞ্চী°)।

বারবার [সং বারংবার >] ক্রি-বিণ, প্রতিবার। ২ উপর্য্যুপরি ; ক্রমাগত। ৩ বহুবার।

বারবিলাসিনী [বার (দ্বাদশ—একাধিকের বা বহুর) বিলাসিনী] বি, বেশ্যা ; বারাঙ্গনা।

বারবেলা [বার (নিষিদ্ধ) বেলা (সময়), ধা] বি, সর্ব্বকর্ম্ম করণে নিষিদ্ধ কাল ; প্রত্যেক দিবসের মধ্যে শুভকার্য্য করণে নিবারিত সময়। দিবাভাগকে আট ভাগ করিলে উহার প্রত্যেক ভাগকে যামার্দ্ধ কহে। প্রত্যেক দিবসেই দুই যামার্দ্ধ সময় বারবেলা এবং কালবেলা বলিয়া কথিত আছে যথা—রবিবারে চতুর্থ ও পঞ্চম, সোমবারে সপ্তম ও দ্বিতীয়, মঙ্গলবারে ষষ্ঠ ও দ্বিতীয়, বুধবারে পঞ্চম ও তৃতীয়, বৃহস্পতিবারে সপ্তম ও অষ্টম, শুক্রবারে তৃতীয় ও চতুর্থী, শনিবারে প্রথম, ষষ্ঠ ও অষ্টম বেলা। কিন্তু প্রত্যেক বারের মধ্যে উক্ত দুই যামার্দ্ধের প্রথমটী বারবেলা দ্বিতীয়টী কালবেলা। যথা—রবিবারে ৪র্থ বারবেলা ৫ম বেলা কালবেলা ইং, কেবল শনিবারে প্রথম ও অষ্টম কালবেলা ৬ষ্ঠ বারবেলা।

বারব্রতি—বার৩ দ্রঃ।

বারভুঁইয়া, বারভুঞা, বারভুঁয়া [বার (দ্বাদশ) ভুঁইয়া, ভুঞা, ভুঁয়া

(ভূমিয়া-ভূম্যধিকারী)] বি, দ্বাদশ ভৌমিক ; বঙ্গদেশের বার জন রাজোপাধিক ভূম্যধিকারী। "বারভুঁঞা বাঘে বার কথা নাহি নড়ে। হেন কর্ণসেন রায় ত্রি-বক্রিম পড়ে।"-ধ°।

বারমিতি, বার্মিতি, ব্রহ্মাতি [বৌ° বাং। ১২+মতি] বি, বারদিন ধরিয়া বার মত বা প্রকার ফুলে ও বারটি উপকরণে ধর্ম-পূজার পদ্ধতিবিঃ (শূ° পু°, চা° ব° সং)। বারমতি করিলাম সঙ্গে চল্লিশ দিবসে"-ধ° ম° (সীতারাম)। "বারদিনে সমাপ্ত হইবেক বারমতি। বিলম্ব করহ যদি হবেক দুর্গতি॥"-মাণিক°।

বারমাস [১২ মাসে এক বৎসর গণনা হ'তে] অ, সম্বৎসর ধরিয়া ; চিরদিন; নিত্য। বা° তিরিশ দিন-নিত্য ; অবকাশহীন-ভাবে ; প্রতিদিন।

বারমাসি [প্রা° বাং] বি, বারমাস্যা ; বারমাস বর্ণন। "অথ বারমাসি" -শূ° পু°।

বারমাস্যা [বার-মাস+ইয়া] বিণ, দ্বাদশ মাসিক। ২ বি, নায়িকার বারমাসের সুখ দুঃখ বর্ণনা ; নায়িকার বর্ষব্যাপী বিরহ ব্যাথাসূচক কবিতা। ৩ বর্ষের প্রতি মাসের বর্ণনা।

বারমুখী, -মুখ্যা [বার (বেশ্যা)+মুখ (প্রধান)+ঈ, স্ত্রীং মুখ্যা (প্রধানা)] বি, প্রধানা বেশ্যা ; গণিকাশ্রেষ্ঠা।

বারমেসে [প্রা°। বার-মাস-ইয়া > প্রা°] বিণ, বারমাস, যা ঘটিয়া থাকে ; নিত্য যা হয়। "অবলার আঁখি ভরা বা° ঘুম" -গোবিন্দ° (কুহুম)।

বারয়িতা [মূ°, বারয়িতৃ] বিণ, নিবারক ; বারণকারী ; নিষেধক।

বারযোষিৎ [বার (বেশ্যা)+যোষিৎ (নারী)] বি, বারাঙ্গনা ; বেশ্যা।

বাররসদ [জমী° পরিঃ] বি, মৌরুষী খাজনা পূর্ববর্তীর পূর্ব্ব জমার অন্তর্ভুক্ত হইলে তাকে বাররসদ বলে।

বারল [ব্রজ°] বারা দ্রঃ।

বারলা [সং] বি, রাজহংসী। ২ [হিং বর্লা] বোলতা।

বারশিঙা [বার-শিঙ (শৃঙ্গ)+আ] বিণ, বারটি শিংযুক্ত। ২ বি, যে জাতীয় হরিণের শৃঙ্গদ্বয়ে দ্বাদশ শাখা বাহির হয়।

বারস্ত্রী [বার (বেশ্যা) স্ত্রী] বি, বারনারী।

বারই₁ [হিং] বিণ, বার ; দ্বাদশ।

বারই₂ [বারা দ্রঃ। ম° বাং পদ্যে] ক্রি, নিবারণ কর ; সংযত কর।

বারা [বৃ+ণিচ্=বারি (বারণ করা) >] বারি, বার, বারে ; বারিতে ; বারিয়া (কে°, পদ্যে-বারি প্রা° বেরে। প্রা° বাং-বারিআঁ =নিবারণ করিয়া ; এড়াইয়া)। ণিজন্ত -বারান] ক্রি, নিবারণ করা। "দিনকর দিনফলে শীত না বারল হম জীয়ব কথি লাগি।"-বি° প°। ২ নিষেধ করা। "দরশন পরশনহুর আলি বারে"-বি° প°। ৩ বাধা দেওয়া ; কাটা ; নিরস্ত করা। "ব্রহ্মাস্ত্রে ব্রহ্মাস্ত্র বারে"-শি°। ৪ তারা; বস্তুর স্বাভাবিক গুণ বা শক্তি হরণ করা ; মন্ত্র- শক্তি গুণে বিপরীত ফল উৎপাদন করা। "কহেন মাধবচন্দ্র, এ সব কপট বন্ধ, বারিলে অনল হয় জল।"-কবিক°। ৫ [প্রাদে°] ঢেঁকিতে চাল কোটার কর্ম্ম। "ঢেঁকি স্বর্গে গেলেও বারা বানে"-সা° প° প° [দ্রঃ-বারা বানে = ভাচা ভানে। পূ° বঙ্গে-ভ=ব]।

বারাং, বারাঙ্গ [সং] বি, তরবারি, ছুরী, ছোরা প্রভৃতির যে অংশ কাঠের মুঠ বা কাঠের ভিতর প্রবিষ্ট থাকে।

বারাঙ্গনা [বার (সাধারণ জন)+অঙ্গনা (স্ত্রীং), ৬তৎ] বি, বারনারী ; বারবিলাসিনী।

বারাণ [প্রা° বাং প্রাদে°] বি, বাহিরে যাইবার সওয়ারী। "বাজিয়া বাজির সাজ বারাণ যোগায়"-ধ°।

বারাণসী [বারঁণসী, বরঁণসী ও°। বরণা (বরণা ও°)+অসী এই নদীদ্বয়, মতান্তরে বরণা ও নাশী নাম্নী নদীদ্বয়ের মধ্যবর্ত্তী ক্ষেত্র বলিয়া এই নাম (জাবালো-পনিষদ) মতান্তরে সর্ব্বপাপ বারণ করে বলিয়া 'বরণা' এবং সর্ব্বপাপ নাশ করে বলিয়া নাশী। নাশী-নসী পরে অসি হইয়াছে। মতান্তরে, বার (বারিত হয়) অনস্ (জন্ম) যে পুরী হতে, বহু°, যেখানে মৃত্যু হইলে পুনর্জন্ম নিবারিত হয়] বি, কাশী। শিবপুরী, রুদ্রাবাস, তীর্থরাজ, অবিমুক্তধাম, আনন্দ-কানন ই° এই প্রাচীন প্রসিদ্ধ নগরীর নামান্তর। "পুণ্যভূমি বা°, বেষ্টিত বরণা অসি বাহে গঙ্গা আসিয়া মিলিত। আনন্দকানন নাম কেবল কৈবল্যধাম শিবের ত্রিশূলোপরি স্থিত।"-ভারত°। বিণ, বারাণসেয়-বারাণসী সম্বন্ধীয়। ২ বারাণসীজাত।

বারাণ্ডা [প্রা°, ত্রং 'বারুণ্ডা'। হিং-র অনু করণে বারান্দা। সং - বরণ্ড, বারপিণ্ড ; পর্ত্তু° varanda, স্পে° baranda, ম্যালে° buranda] বি, অলিন্দ ; বারান্দা দ্রঃ।

বারানি [বার (বাহির) + আন (ক্রিয়ার) । হিং বহিরানা। বারাই, বারাও, বারায়; বারাইতে; বারাইয়া (কে° বারিয়ে)] ক্রি, বাহির হওয়া। "বমন করিল তবু না বারাইল কল"-শি°। "বারাইয়া দিলা গঙ্গা জটা তার হৈতে"-কবিক°। ২ যাত্রা করা ; বাহির হইয়া যাওয়া; প্রস্থান করা। "বারাইলে নববধূ গিরিজা নিকটে"-শি°। [দ্রঃ-বারাইল (বাহির হইল) স্থলে প্রা° বাং-র "বারাল্য" এই প্রাদে° ব্যবহার দৃষ্ট হয়। "বারল্য সুন্দরী রামা জয় জয় দিয়া।"-কবিক°।

বারান্তর [বার (সময়)+অন্তর (অন্য), ৬তৎ] বি, সময়ান্তর ; অন্য সময়।

বারান্দা [বারাণ্ডা দ্রঃ। ফা° বারাম্‌দা (বর্‌=উপর) + আমাদা (আমাদন্‌=আসা)। মুর্শি, বগড়ী প্রাদে° পিঁড়া। পূ° ও প° রাঢ়ে 'ওসারা'] বি, অলিন্দ ; বহির্দালান ; প্রবেশ পথে আচ্ছাদিত স্থানবিশেষ porch.

বারাষে, বারাসিয়া, বারাসে [বারমাসি, বারমাস্যা (দ্রঃ) > কে°] বিণ, বারমাস সম্বন্ধীয় ; দ্বাদশমাসিক। ২ বি, দ্বাদশমাসিক ঋতুবর্ণনাত্মক কবিতা ; বারমাস্যা নামক পল্লীগাথা ; গ্রাম্যগীতি কবিতা, বিতঃ, যাতে বিরহিণীর বার মাসের বিরহ (=বিচ্ছেদ=বেদনা) বর্ণিত থাকে।

বারাহ [বরাহ (শূকর)+অ (সম্বন্ধে অ)] বিণ, বরাহ সম্বন্ধীয়। ২ বি, মহাপিণ্ডীতক নামক বৃক্ষ। স্ত্রীং-ী-বি, বরাহরূপিণী শক্তি। "বারাহী খেটক ধরা, আইলা দেবী চক্রচূড়া, করালাস্যা মুষলধারিণী।"-কবিক°।

বারাহীকন্দ [সং] বি, চুপড়ী আলু ; শূয়ার আলু।

বারি১ [বৃ+ণিচ্=বারি (আবরণ করা) +ই (র্তৃ, জা॰), যৎকর্তৃক পৃথিবী আবৃত আছে] বি, জল ; সলিল ; পয়। "বারিদ কারণ বহ্নল পবন কুলিশ মিলন শেষে"–চণ্ডি॰। "দ্বিগুণ করেছি স্বগুণে কিসে এ বারি নিবারি ভেবে দাশরথির অনিবারি বারি নয়নে।"–বাং গান। ২ [+ই (ধি), যাতে জল রাখা হয়] জলপাত্র; ঘট; কলসী। "পূজিল হেমবারি জোড়া।"–কবিক॰।

বারি২ [বার্ (বদ্ধ করা) +ই(ণে), যদ্দারা বারণ (বন্ধন) করা হয়] হস্তিবন্ধন রজ্জু। ২ [ধি-ই] যে স্থানে হস্তিবন্ধন করা হয়। ৩ [(ই (র্ম্ম) । প্রা॰ বাং] যাকে আবদ্ধ করা হয় ; বন্দী ; কয়েদী। "লীলা কমলে ভ্রমরা কিয়ে বারি।"–বি॰ প॰।

বারি৩ [বাহির > বাইর >] বি, বাহির। "হরিষ বিষাদে রাণী শুনে হ'ল বারি"–ধ॰। "অন্তঃপুর হৈতে কন্যা বারি হইল তথা।"–শি॰। ~**গঁড়**-বি, পরিখা-বেষ্টিত দুর্গ বা রাজবাড়ী (কবিক॰)। ~**চর** [বারি (জলে) চর (যে বিচরণ করে), উপ॰] বিণ, জলে যে সকল প্রাণী বিচরণ করিয়া থাকে। ২ বি, জলচর জীব। ~**জঁ** (-জ) [বারি (জল) +জ (জাত)] বিণ, জলজাত। ২ বি, পদ্ম। ৩ শঙ্খ। ৪ শম্বুক। ~**তস্কর**-বি, জলদস্যু। ~**দ** [বারি-দ (যে দান করে, উপ॰] বিণ, জলদানকারী। ২ জলদ ; মেঘ। ~**ধি** [বারি-ধি ধা=ধারণ করা+ই (র্তৃ), যে জল ধারণ করে, উপ॰] বি, জলনিধি; সমুদ্র। ~**নাথ** [৬তৎ] বি, সমুদ্র। ~**নিধি** [বারি(র)নিধি(আশ্রয়),৬তৎ] বি, জলনিধি; জলধি ; সমুদ্র। ~**পর্ণী** [বারির পর্ণী(পত্রী)] বি, জলের পাণা। ~**পাত্র**-বি, জলাধার ; জলপাত্র। ~**প্রবাহ** [৬তৎ] বি,জলপ্রবাহ। ২ জলপ্রপাত ; নির্ঝর। ~**বাহ** [বারি (জলকে) বাহ (যে বহন করে), উপ॰] বি, জলধর ; মেঘ। ~**বাহন** [৬তৎ] বি, মেঘ। ~**মুক্** [মু॰ বারিমুচ্ (যে বারি মোচন করে)] বি, মেঘ। ~**মূলী** [বারি+মূল+ঈ (স্ত্রীং)। বারি মূল যার, বহ॰] বি, কুম্ভিকা ; পাণা। ~**রাশি** [৬তৎ] বি, জলরাশি ; জলসমষ্টি। ২ [বারির রাশি যেখানে, বহু॰] বি, সমুদ্র। ~**বিহঙ্গ**-বি, জলচর পক্ষী।

বারিত [বৃ+ণিচ=বারি+ত (র্ম্ম), যাকে নিবারণ করা যায়] বিণ,প্রতিসিদ্ধ ; নিবারিত।

বারিশ [বারি (জল) +শী (শয়নে) +অ (র্তৃ)] বি, নারায়ণ।

বারিষা [বর্ষা >, প্রা॰ বাং] বি, বর্ষা।

বারী [সং] বি, বারি দ্রঃ ; কলসী।

বারীক [ফা॰ বারীক] বিণ, সূক্ষ্ম। ২ সুন্দর। ৩ বি, নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ।

বারীন্দ্র [বারি (জল) +ইন্দ্র (অধিপতি), ৬তৎ] বি, সমুদ্র।

বারীশ [বারি+ঈশ (নাথ), ৬তৎ] বি, সমুদ্র।

বারুই [সং-বারুজীবী >] বি, পাণ-ব্যবসায়ী ; তাম্বূল-বিক্রয়ী। ২ হিন্দুজাতিবিঃ।

বারুণ [বরুণ (দেবতাবিঃ) +অ (সম্বন্ধে ক)] বিণ, বরুণ সম্বন্ধীয়। ২ সমুদ্র বারি হতে উৎপন্ন। ৩ বি, বরুণাধিকৃত দিক্ ; পশ্চিমদিক্। ৪ বি, জল। ৫ শতভিষা-নক্ষত্র। ৬ [প্রাদে॰ রাজসাহী অঞ্চলে। হিং বঢ়নী >] সম্মার্জ্জনী ; ঝাঁটা। ~**কর্ম্ম**-খাতখনন ; দীর্ঘিকাদি খনন ; জলাশয় প্রতিষ্ঠা।

বারুণা [প্রা॰ বাং। বারুণ দ্রঃ] বি, ঝাঁটা ; খেংরা। "প্রাতেক উঠিয়া মারিবে তোমাক বারুণার বাড়ি।"–মাণিক॰ গান।

বারুণি [বরুণ+ই (অপত্যার্থে), আ আগম] বি, অগস্ত্যমুনি। ২ মদ্য ; সুরা। "তিনি সুবর্ণ রৌপ্যের বিনিময়ে তীক্ষ্ণ বারুণি বিক্রয় করিতেন।"–জাতক ১।৪৭।

বারুণী১ [বরুণ+অ (ক, অপত্যার্থে, জাতার্থে)=বারুণ+ঈ(স্ত্রীং)] বি, বরুণাত্মজা ; সুরা দেবী [দ্রঃ–কোন কোন আধুনিক অভিধানকারের মতে বারুণী অর্থে বরুণপত্নী। মহাভারত অনুবাদক প্রতাপচন্দ্র রায় 'বরুণের স্ত্রী' অর্থে প্রয়োগ করিয়াছেন। "দিব্যবসন ও দিব্যাভরণ ভূষিত হইয়া বরুণ নিজ সহধর্ম্মিণী বারুণী দেবীর সহিত একাসনে উক্ত সভামণ্ডপে সমাসীন হন।"–মহা॰ (সভা॰)। কিন্তু অমর, মেদিনী, হেমচন্দ্র, অনেকার্থধ্বনিমঞ্জরী ই॰ সং অভিধানে এ অর্থ নাই। পুরাণ মতে বারুণী বরুণকন্যা এবং সুরার অধিষ্ঠাত্রী দেবী। সমুদ্রমন্থনকালে পূর্ব্বদিকে অবস্থিত অপ্সরো-গণের বিহার স্থান ক্ষীরোদ সমুদ্র হতে চন্দ্র, সুধা, স্বধা, ধন্বন্তরি, অপ্সরা, উচ্চৈঃশ্রবা, কৌস্তুভ এবং লক্ষ্মীর সহিত বরুণকন্যা বারুণীও উত্থিত হইয়াছিলেন। মাইকেল মধুসূদন দত্ত তাঁহার মেঘনাদ বধ কাব্যে বরুণপত্নী বরুণানী (দ্রঃ) স্থলে বারুণী শব্দ ব্যবহার করিয়া নিম্ন-লিখিত কৈফিয়ৎ দিয়াছিলেন,–"the name is বরুণানী but I have turned out one syllable. To my ears this word is not half so musical as বারুণী, and I don't know why I should bother my-self about Sanskrit rules." বোধ হয় 'বারুণী বল্লভ' অর্থে বরুণ বলিয়া বারুণী অর্থে বরুণপত্নী এই অর্থ করা হইয়াছে কিন্তু এখানে বারুণী অর্থে(বরুণ অধিপতি বলিয়া) শতভিষা-নক্ষত্র। বারুণী-বল্লভ দ্রঃ]। ২ [জ্যো॰] ইং uranus এর বৈজ্ঞা॰ পরিঃ। ৩ সুরা ; মদিরা। "শরীর লোহিতবর্ণ, স্খলিত গমন * * * * কেবল বারুণী বহু সেবনের ফলে"–ম॰মো॰ত॰। "এই সংবাদে কলিকাতাবাসী ইংরেজের আনন্দের পরিসীমা রহিল না। মুহুর্মুহু তোপ-ধ্বনি হইতে লাগিল বারুণীর স্রোত বহিল।"–বাঙ্গালা ইতিহাস (কালীপ্রসন্ন বন্দ্যো॰)। ৪ শতভিষানক্ষত্র। ৫ দূর্ব্বা। ৬ পশ্চিম দিক্। ৭ বিণ, বরুণের। "দিব্যা বারুণী সভা, অগাধ জলপুঞ্জোপরি ভাসমানা রহিয়াছে।"–মহা॰ (প্র॰ রায়)।

বারুণী২ [প্রাদে॰] বি, বারুইএর স্ত্রী। "শুন শুন বারুণী বাই তোমার ঠাঁই"–পূ॰ব॰ গী॰। "ভারল বরে (ঘন বয়জে) বারুণী বাই উপস্থিত হইল"–ঐ। ~**বল্লভ** [বারুণী (শত-ভিষানক্ষত্র) বল্লভ (প্রিয়), ৬তৎ] বি, বরুণ দেব। ~**যোগ**-চৈত্রমাসের কৃষ্ণা ত্রয়োদশীতে শতভিষানক্ষত্র হলে এই যোগ হয়। **মহা-বারুণী**-শনিবারের বারুণী। **মহামহা-বারুণী**-মহাবারুণীতে ঘটিত শুভযোগ অর্থাৎ ২৭ যোগের মধ্যে ২৩শ যোগ।

বারুণ্ড [সং] বি, নৌকার জলসেচন পাত্র ২ নেত্র বা কর্ণমল। ৩ সর্পরাজ।

বারুণ্ডা-বারাণ্ডা দ্রঃ।

বারুদ [ফাং বারুত্‌, বারুদ] বি, কামান বন্দুকাদি হতে গুলি গোলা নিক্ষেপক চূর্ণবিঃ; অগ্নিচূর্ণ (দ্রঃ); বিস্ফোরক gun powder. [দ্রঃ-ভারতবর্ষে আর্য্যজাতি কর্ত্তৃক বারুদ বহু প্রাচীনকাল হতে ব্যবহৃত হইতেছে। বজ্র, নালিকাস্ত্র দ্রঃ। "gun powder has been known in China and Hindusthan far beyond all periods of investigation."—Halhead's code of Gentoo Laws.] ~**খানা**, ~**ঘর**-যে গৃহে বারুদ রক্ষিত হয়।

বারেক [বার (দ্রঃ)+এক। মং বাং পদ্যে ও গদ্যে এবং আধুং পদ্যে প্রচর] বি, একবার। "বাং ফিরাও আঁখি"-বাং গান।

বারেন্দ্র [বরেন্দ্র (দেশবিঃ)+অ (জাতার্থে)] বি, বরেন্দ্রভূমির অধিবাসী। ২ বারেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণ। ৩ গৌড়ের রাজধানীর নিকটবর্ত্তী রাজসাহী বিভাগের একটী প্রদেশ। রাজসাহী জেলার অন্তর্গত ভূমি। স্ত্রীং ~**নী**-বারেন্দ্র ব্রাহ্মণ স্ত্রী।

বারো [বার দ্রঃ। প্রাদেং উচ্চারণ ভেদে] বিণ দ্বাদশ সংখ্যা; ১২।

বারোমেতঁর [ইং barometer এর লিপ্যন্তর] বি, বায়ুমান যন্ত্র।

বারোয়াঁ, বারোঁয়া-বি, রাগিণীবিঃ।

বারোয়ারী, বারইয়ারি, বারওয়ারি, বারয়ারি, বারোয়ারি [সং-বার (দ্বাদশ=বহু=জনসাধারণ)+ফাং য়ারী (সম্বন্ধসূচক প্রত্যয়), বারজন ইয়ার (বন্ধু) মিলিয়া যে পূজা বা উৎসবের অনুষ্ঠান হয়] বি, মহামারী সময়ে দেবতার প্রীত্যর্থে অথবা কেবল আমোদের নিমিত্ত গ্রাম বা পল্লীর জনসাধারণের মিলিত অর্থ ও চেষ্টায় যে উৎসব হয়। প্র-বারোয়ারী পূজা। ~**তলা**-বারোয়ারী পূজা বা উৎসব স্থল।

বার্ণিক$_1$ [বর্ণ (রং বা অক্ষর)+ইক (ব্যবহার অর্থে), যে অকারাদি বর্ণ বা নীল পীতাদি রং যথাস্থানে প্রয়োজিত করে] বি, লেখক। ২ চিত্রকর।

বার্ণিক$_2$ [বর্ণ-ইক (কুশলার্থে)] বিণ, বর্ণ সংক্রান্ত; বর্ণঘটিত। ২ বি, আক্ষরিক; লেখক। ৩ চিত্রকর।

বার্ণিস্, -**শ** [ইং varnish এর লিপ্যন্তর। তুল-সং-বর্ণিক] বি, কাষ্ঠাদিতে রং লাগাইয়া উজ্জ্বল ও মসৃণ করিবার প্রলেপবিঃ। "যেন জ্যোতির্ম্ময় এক জলীয় আলোকে রজত বার্ণিস্ মাখা অমৃত শীতল।"-ফুলরেণু।

বার্ত্তন$_1$ [হিং বর্ত্তন] বি, বাসন, তৈজসপাত্র। "জনে জনে প্রত্যেকে পাইলেন সব। বৃত্তি বার্ত্তন দেখি করিল গৌরব॥"-কবিকং।

বার্ত্তন$_2$ [বার্ত্তায়ন (দ্রঃ) >] বি, বার্ত্তায়ন; দূত। "দেশে দেশে পাঠায় বার্ত্তন"-কবিকং।

বার্ত্তা [সং] বি, বিবরণ; বৃত্তান্ত। ২ কথা; বাক্য। প্র-তাহার সহিত বার্ত্তালাপ কিছুই নাই। ৩ বৃত্তি; জীবিকা। ৪ কৃষি-বাণিজ্যাদি-বিষয়ক শাস্ত্র। "এবং আন্বীক্ষিকী, দণ্ডনীতি, বার্ত্তা ও ত্রয়ী এই সকল শাস্ত্রে বিশেষরূপে শিক্ষিত ব্যক্তি রাজ্যে অভিষিক্ত হইবেন।" -যাজ্ঞবল্ক্যসংহিতা (বঙ্গবাসী)। ৫ সংবাদ; খবর; তত্ত্ব। "অনেকের নিকট তাঁহার তত্ত্ব জিজ্ঞাসা করিয়াছি কিন্তু কেহই কিছু বার্ত্তা বলিতে পারে না।"-টেকচাঁদ। ~**নীতি**-বি, বার্ত্তাশাস্ত্র দ্রঃ। ~**বহঁ** [বার্ত্তা (সংবাদ) বহ্‌ (বহন করা)+অ (কর্ত্তৃ), যে সংবাদ বহন করে] বি, দূত; সন্দেশহর; চর। ২ বিণ, সংবাদদাতা। ~**য়ন** [বার্ত্তা (সংবাদ) অয়ন (স্থান, বা আশ্রয়), ৬তৎ। ক্ষেং বার্ত্তন] বি, সংবাদবাহক; দূত। ২ চর spy. ৩ বার্ত্তাশাস্ত্র; কৃষি-বাণিজ্যাদি শাস্ত্র। ~**শাস্ত্র**-বি, অর্থনীতি; ধনবিজ্ঞান: অর্থবিদ্যা Economics.

বার্ত্তাক, বার্ত্তাকী, বার্ত্তাকু [সং] বি, বেগুন।

বার্ত্তিক [বার্ত্তা+ইক (ব্যবসায় অর্থে), যে বার্ত্তা (সংবাদ) লইয়া যাতায়াত করে] বিণ, বার্ত্তা সম্বন্ধীয়। ২ ইং newspaperman এর পরিঃ। ৩ বৃত্তি সম্বন্ধীয়। ৪ ব্যাখ্যা গ্রন্থ; টীকা। "তাঁহারা অদ্বৈতবাদের চিরপ্রচলিত ব্যাখ্যা পরিত্যাগ করিয়া পাশ্চাত্য ভাবপুষ্ট একখানি নূতন বাং প্রণয়ন করিতে চেষ্টা করিতেছেন।" -উত্তরা, মাঘ, '৩৬। ৫ দূত।

বার্ত্তুলিক [বর্ত্তুল (দ্রঃ)+ইক] বিণ, বর্ত্তুল সম্বন্ধীয়। ২ বর্ত্তুলের। "বাং ত্রিভুজের দুইটি বাহুর সমষ্টি * *"-জ্যামিতি।

বার্ত্মন [বর্ত্মন্‌ (পথ)+অ (ক)] বি, পথবাহক; পথগমন নিপুণ; বার্ত্তাবহ; দূত। "পুরোহিত কথা শুনি ধনপতি মনে গণি দেশে দেশে পাঠায় বার্ত্মন।"-কবিকং।

বার্দ্ধকী [সং। যৌং সাং] বি, স্থপতি। "একজন বাং লইয়া * * * একটী প্রাসাদ নির্ম্মাণ কর"-জাতক, ৪র্থ খণ্ড। "বিশ্বকর্ম্মা বার্দ্ধকীর বেশে বার্দ্ধকীদিগের নিকট উপস্থিত হইয়া * * *"-জাতক।

বার্দ্ধক্য [বার্দ্ধক+য (ভাং)] বি, বৃদ্ধত্ব; বৃদ্ধাবস্থা; বৃদ্ধকাল।

বার্দ্ধুষি, বার্দ্ধুষিক [সং] বি, কুসীদজীবী; সুদখোর।

বার্দ্ধুষ্য [বার্দ্ধুষি+ষ্য (ভাং)] বি, কুসীদ ব্যবসায় বা জীবিকা।

বার্দ্ধ্রীণস [বাধ্রী (বিদ্ধ) ণস (নাসা যার), বহুং] বি, নাকফোড়া পশু। ২ বিণ, যার নাক ফোড়া হইয়াছে।

বার্ব্বট [সং] বিং জলযান; নৌকা।

বার্য্য [বৃ+ণিচ্‌=বারি (বারণ করা)+য (র্ম্ম)] বিণ, নিবারণযোগ্য। ২ নিষেধযোগ্য। ~**মাণ** [বার্য্য (দ্রঃ)+আন (র্ম্ম)] বি, যা নিবারণ করা হইতেছে। ২ যা নিষেধ করা যাইতেছে।

বার্য্যুদ্ভব [বারি (হতে)+উদ্ভব] বিণ, জলজ। ২ বি, অম্ভোরুহ; পদ্ম।

বার্য্যায় [বাহির হয় > বাহিরায় > বার্য্যায়] ক্রি, বাহির হয়। ২ [প্রাদেং] শ্রবণ করে। "সখীর ধরিয়া কর রুক্মিণী বাং।" -ভাগবত (কবিচন্দ্র, বং সাং পং)।

বার্লি [ইং barley র লিপ্যন্তর] বি, যব। ২ যবের পালো।

বার্ষক [সং] বি, সূর্য্যাধিকৃত ধরার দশভাগান্তর্গত ভাগবিঃ।

বার্ষভানবী [বৃষভানু+অ(অপত্যার্থে)+ঈ (স্ত্রীং)] বি, বৃষভানু রাজার কন্যা রাধিকা; বৃষভানুনন্দিনী।

বার্ষিক$_1$ [বর্ষ, বর্ষা+ইক (হওয়া, দেওয়া

ই° অর্থে)। গ্রা° 'বার্ষিয়া', > কে° 'বার্ষে'] বিণ, বর্ষ সংক্রান্ত ; বাৎসরিক। ২ বর্ষ নির্দ্ধারিত ; যা প্রতিবৎসরের জন্ম নির্দ্দিষ্ট। ৩ প্রতিবর্ষে দেয় বা প্রাপ্য। ৪ বর্ষাকালীন। ৫ প্রতি বৎসর বর্ষাকালে দেয় বা প্রাপ্য। ৬ বি, বাৎসরিক বেতন বা কর ; বার্ষিক বৃত্তি annuity. প্র-তার বার্ষিক এবার হতে তুলিয়া দিল বা বন্ধ করিল। ৭ বর্ষে বর্ষে অনুষ্ঠিত উৎসব পূজাদি। ~ী-বিণ, বৎসরকাল-ব্যাপী ; প্রতিবৎসর বা জন্মে, অনুষ্ঠিত হয় বা দেওয়া বা পাওয়া যায়। ২ প্রতিবর্ষ নির্দ্ধারিত। ৩ বি, বৎসরান্তের বেতন, দান, উপহার ই°। ৪ বৎসরান্তে অনুষ্ঠিত উৎসবাদি। ~গতি [জ্যো° (কং বিশ° পরিঃ)] বি, ইং annual motion এর বৈজ্ঞা° পরিঃ। বি, ~লম্বন [জ্যো°] ইং annual parallax এর বৈজ্ঞা° পরিঃ।

বার্ষুক [বৃষ্ (বর্ষণ করা) + উক (র্ত্তৃ)] বিণ, বর্ষণশীল।

বার্ষ্ণেয় [বৃষ্ণি (বংশবিঃ) + এয় (অপত্যার্থে)] বিণ, বৃষ্ণিবংশজাত : যদুবংশী। ২ বি, বৃষ্ণিবংশীয় সন্তান। স্ত্রীং ~ী।

বার্হদ্রথ, বার্হদ্রথি [বৃহদ্রথ + অ, ই (অপত্যার্থে)] বি, বৃহদ্রথের পুত্র : জরাসন্ধ।

বার্হস্পত [বৃহস্পতি (দেবগুরু) + অ ('ইহার এই' অর্থে)] বিণ, বৃহস্পতি সম্বন্ধীয়। ২ বি, জৈব বৎসর (তুল-সৌর দ্বাদশ বৎসরে বৃহস্পতির এক বৎসর হয়)।

বার্হস্পত্য [বৃহস্পতি (দেবগুরু) + য ; বৃ-বার্] বি, বৃহস্পতিসংহিতা ; বৃহস্পতিকথিত মত ; বৃহস্পতিপ্রণীত নীতিশাস্ত্র। ২ চার্ব্বাক মুনি। ৩ বিণ, বৃহস্পতি সম্বন্ধীয়।

বাল১ [সং। বল্ (প্রাণধারণ করা) + অ (জ্ঞা°)] বি, বালক ; শিশু। স্ত্রীং ~া। ~কাণ্ড রামায়ণ-বি, রামায়ণের আদি-কাণ্ড। ২ পাঁচ বৎসরের হস্তিশাবক। ~ক্রীড়ন-বি, শিশুদিগের খেলা ; ছেলে-খেলা। ~ক্রীড়নক-বি, খেলনা। ২[কড়ি খেলার] কড়ি। ~গোপাল-বি, বালক বা শিশু-গোপাল ; শিশুকৃষ্ণ ; শ্রীকৃষ্ণের মূর্ত্তিভেদ ; ~বাচ্ছা [হিং-বালবাচ্চা] বি, ছেলেপুলে। ~ভোগ-বি, বাল্যভোগ ; বাল-গোপালের প্রাতঃকালে প্রদত্ত ভোগ। ২ [উপহাসে] প্রাতরাশ।

বাল২ [বল্(বেষ্টনে) + অ(ণে)। গ্রা° বাং। হিং বাল, বার] বি, কেশ ; চুল। "ব্যাঘ্র যেন দেখি ধায় ছাগলের পাল। পালায় সকল রাজা নহি বান্ধে বাল॥" -মহা° (কাশী°)। ২ [কদর্থে। গ্রা°] অন্তর্লোম ; জননেন্দ্রিয়ের পারিপার্শ্বিক রোম। ~কাম [বাল (বালক) কাম (যে কামনা করে), উপ°] বিণ, যে সন্তান কামনা করে ; পুত্রার্থী। ~কৃমি-বি, কেশকীট ; উকুণ। ~খিল্য [বালখিল + য(জ্ঞা°)] বি, বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রমাণ মহাতপা ঋষিবিঃ ; ইঁহাদের সংখ্যা ৬০ হাজার বলিয়া পুরাণে নির্দ্দিষ্ট হইয়াছে। ~গর্ভিণী [গর্ভিণী (গর্ভবতী) যে বালা (কন্যা) পদবিপর্য্যয়ে-বালা গর্ভিণী, ধা] বি, প্রথম গর্ভবতী। ~গ্রহ [বাল (শিশু) গ্রহ (যে গ্রহণ করে), উপ°। যে বালকদিগকে অকালে ইহলোক হতে গ্রহণ করে] বি, শিশুরোগ-বিঃ। ~চর্য্য [বাল (শিশু) চর্য্য (আচরণীয়) শিশুর আচরণীয়] বি, শিশুচরিত্র। ২ [শিশুর ন্যায় চরিত্র যার, বহু°] কুমার ; কার্ত্তিকেয়। ~চর্য্যা [বাল-চর্য্য + আ] বি, শিশুর প্রতি কর্ত্তব্য ; শিশু পালন। ~চাপল্য [বাল (বালকসুলভ) চাপল্য] বি, শিশুসুলভ চঞ্চলতা। ~তৃণ [সং] বি, শষ্প ; কচিঘাস। ~ধন [বাল (বালক-নাবালক) তার ধন (সম্পত্তি), ৬তৎ] বি, নাবালকের বিষয় বা সম্পত্তি। ~বাহ্য [বাল (শিশু) দ্বারা বাহ্য (বহন করিয়া লওয়ার যোগ্য), ৩তৎ] বিণ, শিশুদ্বারা বহনীয় ; বালকবাহ্য। ২ লঘু। ~বিধবা [বাল (বাল্যে) বিধবা, ৭তৎ] বি, বালিকা-বয়সে পতিহীনা। ~বৈধব্য-বি, অল্প বয়সে বিধবাবস্থা। ~ব্রত [সং] বি, মঞ্জুঘোষ নামক জৈনধর্ম্ম প্রচারক। ২ বিণ, বালকাচরিত ব্রত যার। ~ভোজ্য [বাল (শিশুর) ভোজ্য (খাদ্য)] বিণ, শিশু-দিগের উপযুক্ত ভক্ষ্য। ২ বি, শিশুপথ্য। ~মূষিক [বাল (ক্ষুদ্র) যে মূষিক (ইন্দুর), ধা] বি, ক্ষুদ্র মূষিক ; নেংটিয়া ইন্দুর। ~রাজ [বাল-রাজ (রাজা)] বি, বালক-রাজা ; শিশুরাজা। ২ বালকের রাজা ; বালকশ্রেষ্ঠ। ৩ বৈদূর্য্যমণি। ~রোগ [৬তৎ] বি, বালকের পীড়া ; শিশুর ব্যাধি। ~শশী [বাল (নব) শশী] বি, অমাবস্যার পর শুক্লপক্ষীয় দ্বিতীয়ার চন্দ্র। ~সুলভ [বাল (বালক) সুলভ] বিণ, বালকে যা স্বভাবতঃ দৃষ্ট হয় ; বালকোচিত। ~সূর্য্য [বাল (নূতন) যে সূর্য্য, ধা)] বি, বালার্ক ; নবোদিত সূর্য্য ; প্রাতঃকালীন সূর্য্য ; অরুণ। ২ বৈদূর্য্যমণি।

বাল৩ [হিং বালা > বাল >] বি, নিবাসী, বিশিষ্ট ই° বোধক তদ্ধিত প্রত্যয়বিঃ।

বালক১ [বল (প্রাণধারণ, সংবরণ, বেষ্টন, সঙ্কলন ই°) + অক (র্ত্তৃ, জ্ঞা°), যে পিতা-মাতার প্রাণের (আত্মার) তৃপ্তিদায়ক, কিম্বা শিশুসুলভ স্নেহ বশতঃ যে পিতামাতাকে জড়াইয়া ধরে] বি, শিশু। ২ [বল্ (বৃদ্ধি পাওয়া ই°) + অক (র্ত্তৃ, জ্ঞা°), যে দেহ, মন ও বুদ্ধি ই°-তে নিয়তই বৃদ্ধি পাইতে থাকে] বালককাল (১৬ বৎসর বয়স পর্য্যন্ত)। ৩ [বল্ (বেষ্টন করা) + অক র্ত্তৃ (জ্ঞা°), যে বেষ্টন করে] বি, বলয় ; অঙ্গুরীয়ক। ৪ বিণ, অর্ব্বাচীন ; অবোধ ; অজ্ঞ। "অর্জ্জুন বালক তুমি"-নবীন° (কুরুক্ষেত্র)।

বালক২ [আ° বালিগ্ (বয়প্রাপ্ত হওয়া)] বিণ, প্রাপ্তবয়স্ক। প্র-নাবালক ; সাবালক। ~তা (-ক°) [বালক প্রঃ-তা (ভা°)] বি, বালকের ভাব বা অবস্থা। ২ অর্ব্বাচীনতা ; ছেলেমানুষী। "কেবল তুমিই অতিশয় বালকতাপ্রযুক্ত রোষে বিদীর্ণ হইতেছ, যেহেতু বালক হইয়াও সভামধ্যে বৃদ্ধ সমুচিত সম্ভাষণ করিতেছে।"-মহা° (বর্দ্ধ°)।

বালকোচিত [বালক + উচিত] বিণ, বালকসুলভ ; বালকের যোগ্য।

বালতি১,-তী [সং-বালপুত্রিকা > বালপুতিয়া >] বিণ, অনেকগুলি কাচ্চা বাচ্চার মা। ২ [>] বি, হা-পোষা ; দরিদ্রা ; দুঃখিনী। "হা পুত্রীর পুত্র মোর বালতির ভাড়া। অন্ধক জনার নড়ি দরিদ্রের কড়া।" -কবিক°। রাঁড়ীবালতি [গ্রা°] বি, অনাথা দুঃখিনী ; বিধবা ও দরিদ্রা নারী।

বালতি২, বাল্‌তি [পর্তু° balde

>হি॰ বালটী] বি, কাষ্ঠ বা ধাতুনির্মিত প্রশস্তমুখ ও সরু খুরার জলপাত্র ; টব।

বালদো-বাল্দো দ্রঃ।

বালধি [বাল (কেশ) ধি (ধারী)] বি, চামর। ২ কেশযুক্ত পুচ্ছ।

বালব [সং] বি, জ্যোতিষশাস্ত্রসম্মত একাদশ করণের অন্যতম।

বালব্যজন [বাল (কেশ) নির্মিত ব্যজন, সং পং লো॰] বি, চামর।

বালম [ইং volume এর লিপ্যন্তর] বি, একাধিক খণ্ডে সম্পূর্ণ গ্রন্থের এক এক খণ্ড।

বালসা,-শা [সং-বালিশ, (দ্রঃ) >, বা বাল+সার (উদরাময়)] বি, শিশুর জ্বর ; শিশুর উদরাময় ; বালরোগ। "বালসা বাতিক প্রবৃত্তি পৈত্তিক ঘুচাই তার যতনে।" -দাশরথি॰। >ক্রি, বালসানি [বালসাই, বালসাও, বালসায় ; বালসাইতে ; বালসাইয়া (কে॰ বালসে)] শিশুর রুগ্ন হওয়া।

বালা [বালশব্দের স্ত্রীলিঙ্গে] বি, বালিকা ; অল্পবয়স্কা কন্যা। "বালা হয়ে জ্বালা সয়, কেমনে বাঁচিয়া রয়, কার মনে নাহি হয় দয়া একটুক গো, দয়া একটুক -ঈ॰ গুপ্ত। ২ নারী ; রমণী ; ললনা ; অঙ্গনা। "আর কি যতনে, কুসুম রতনে, ব্রজের বালা?"-ব্রজাঙ্গনা॰। ৩ ষোড়শ বর্ষ পর্য্যন্ত বয়স্কা স্ত্রী। ৪ কোমলাঙ্গী নবযুবতী ; তরুণী। ৫ পূর্ণযুবতী [সং সাহিত্যে পূর্ণযৌবন-শ্রীশালিনী অর্থে বালা শব্দের ভূরি প্রয়োগ আছে। স্বয়ম্বর সভাস্থিতা পূর্ণযৌবনা ইন্দুমতী 'বালা' বলিয়া একাধিকবার উল্লিখিতা হইয়াছেন।-রঘু-৬ষ্ঠ, ৭ম, সর্গ। বঙ্গভাষাতেও এই অর্থে বহুল ব্যবহার আছে]। ৬ সুন্দরী ; ধনী (দ্রঃ)। "কবির চিত্ত উঠে উল্লাসি' অতি সত্বর সমুখে আসি' কহে কৌতুকে মৃদু মৃদু হাসি'-দেখ কি এনেছি বালা! * * * তোমার কণ্ঠে দেবার মতন রাজ কণ্ঠের মালা!"-রবী॰ (পুরস্কার)। ৭ দুহিতা ; কন্যা। ৮ [প্রা॰ বাং, পুং] পুত্র ; বালক ; শিশু। "দক্ষিণে দরবার বৈসে বালা লক্ষ্মীন্দর।"-মনসা॰ গান। "গঙ্গা আনিবারে বালা করিল গমন"-কবিক॰। "রোষযুক্ত পুরন্দর দেখি বালা নীলাম্বর অঞ্জলি করিয়া নিল পাণ।"-ঐ। "মন্দোদরে বালা বাড়ে তোমা বধিবারে।"-শ্রী॰ কী॰। ৯ [বলয় শব্দজ] বি, বলয় ; করভূষণ। "তোমার দুহাতে পিত্তলের বালা যদি পরাই সোহাগে" -অশোক॰। "বীর বালা দুইভুজে বীর কালকেতু যুঝে পশ্চিম দুয়ারে দিল থানা।" -কবিক॰। ১০ অনন্তের স্থলে ধারণীয় মোটা অলঙ্কারবিঃ ; সাঁওতালিদের উপরহাতের ভূষণ। ১১ নারিকেল বৃক্ষ। ১২ সুগন্ধ দ্রব্য-বিঃ ; সুগন্ধবালা pavionia odorata. ১৩ [বরিশাল প্রাদে॰] শিবের গাজন উৎসবে যারা (প্রধানতঃ নবঃশূদ্রগণ) বেতের ছড়ি লইয়া নৃত্য করে ও গান গায়। "সন-সন্ন্যাসী লইয়া বালা চলেন শিবের বাস। শিব শিব বলিয়া বালা ডাকে ঘন ঘনে।"-শিবের গাজন (বং সাং পং)। ~যোগী-বালযোগী ; বাল-ব্রহ্মচারী ; যুবা সন্ন্যাসী। ~স্ত্রী-বি, নব-যৌবনা পত্নী।

বালাই [আ॰ বলা (আপদ, বিপদ)] বি, বিপদ ; আপদ। প্র-বা॰ আর কি ; এ বা॰ আর কোথা ছিল। ২ অশুভ ; অমঙ্গল ; পাপ। "আহা মরে যাই লইয়া বা॰ কুলে দিয়ে ছাই, ভজি উহারে"-ভারত॰। "যাউক তোমার সব বা॰ লইয়া"-চৈ॰ ভা॰। ৩ বিঘ্ন ; ব্যাঘাত ; বিপত্তি। "হর লয়ে নরলীলা করিবারে চাই। তাহে হয় শিব নিন্দা এ বড় বা॰।"-অ॰ ম॰। বা॰ লিয়ে মরা-কাহার আপদ বিপদ অমঙ্গলাদি লইয়া মরা এবং তাকে মুক্ত ও সুখী করা। আপদ-বালাই-আপদ বিপদ ; ঘোরতর বিঘ্ন বিপত্তি। ২ অত্যন্ত ক্লেশদায়ক ও অশান্তিকর বিষয় বা ব্যক্তি। আলাই বালাই-আপদ বিপদ (প্রা॰)। রোগ বালাই-আধিব্যাধি ; রোগশোক। ২ রোগ এবং অমঙ্গল।

বালাখানা [ফা॰ বালাখানা (পাকা বাড়ীর উপরের কোটা)] বি, অট্টালিকা ; একতলার উপরের প্রকোষ্ঠাবলী।

বালাঞ্চি, বালামচি [ফা॰ছুমচীর অনু-করণে] বি, গোরুর বা ঘোড়ার লেজের চুল।

বালাপোষ [পা॰ বালা (উপর)+পোষ (পোষাক, পরিধান) উপরের পরিধান] বি, হাল্কা তুলা ভরা গাত্রবস্ত্র ; শীতবস্ত্রবিঃ।

বালাভোলা [বাল+আ (সাদৃশ্যার্থে) অথবা বমভোলা (শিব) >হি॰, প্রা॰ বাং] বিণ, এলোমেলো। ২ আউলিয়া। ৩ ভালমানুষ ; অচতুর। ৪ বৃদ্ধ। "ঘরে একেশ্বরী হবে স্বামী বালা ভোলা। ননদী সতিনী নাই বচনের জ্বালা।"-বং।

বালাম১ [প্রাদে॰মূলে ফা॰বলন্দ (উঁচু) >?] বি, বাখরগঞ্জ অঞ্চলের ভারবাহী বড় ও উচ্চ নৌকার নাম বালাম। ২ বালাম চাউল-বাহী নৌকা। চাউলবাহী নৌকাবিঃ।

বালাম২ [বালাম নৌকা হতে নাম] বি, প্রসিদ্ধ সরু চাউলবিঃ ; হৈমন্তিক ধান্য ও তা হতে প্রস্তুত চাউল। বাখরগঞ্জ এই চাউলের জন্য বিখ্যাত। বালাম নৌকায় রপ্তানি হয় বলিয়া চাউলের এই নাম [দ্রঃ -চট্টগ্রামী কথায় 'বালাম' ও বৈলাম দুই প্রকার ধান্যের নাম আছে]।

বালি১, বালী [রামা॰] বি, কিষ্কিন্ধ্যার রাজা ; ব্রহ্মার পৌত্র, ঋক্ষরাজার পুত্র, রামচন্দ্রের মিত্র এবং সুগ্রীবের জ্যেষ্ঠভ্রাতা।

বালি২ [সং। প্রা॰ বৌ॰ বাং-বালু, বালুআ। চট্ট॰ প্রাদে॰ 'বালু'] বি, বালুকা। ~চর-বালুচর দ্রঃ। বালি ধরানি-ইষ্টকাদির প্রাচীরে চুণমিশ্রিত বালির প্রলেপ দেওয়া। বালির বাঁধ-যা ক্ষণস্থায়ী। "বড়র পিরীতি বালির বাঁধ। ক্ষণে হাতে দড়ি ক্ষণেকে চাঁদ।"-অ॰ ম॰। গুড়ে বালি-গুড় দ্রঃ। চোখের বালি-চোখ দ্রঃ।

বালি৩-বি, ধান্যবিঃ। "আম পবন গজা বালি বুনেন পাথরা"-শূ॰ পু॰।

বালি৪ [সং-বালিকা। ব্রজ॰। প্রা॰ বাং বৌ॰ ও বৈ॰ সা॰। প্রা॰ বৌ॰ সা॰ বালী ও॰] বি, বালিকা। "বালি বিলাসিনী আকুল কালে"-বি॰ প॰।

বালিকা [সং] বি, শিশুকন্যা। ২ কুমারী ; বালা দ্রঃ। ৩ অনভিজ্ঞা। ~বয়স -কন্যাবস্থা ; নারীর শৈশব। "নবীন নয়ন মম কুটিলতাবিন্দু প্রবেশিতে নারে যার বা॰ বয়সে কিশোর কণ্টকে কবে ধরতার বাসা?"

-দীনবন্ধু। ~সুলভ [বালিকাতে যা সুলভ, ৭তৎ] বিণ, বালিকার যোগ্য।

বালিঘট [বালি দ্বারা পূর্ণ যে ঘট, মং পং লো০] বি, বালিপূর্ণ কলস বা ঘট। "আসিয়া তোমার নীরে, বালিঘট করি ঘরে, সেই ঘথ তোমারে ত লাগে।"-কবিক০।

বালিচর-বালুচর দ্রঃ।

বালিয়া [বালি+ইয়া (যুক্তার্থে)] বিণ, বালুকাপূর্ণ; সিকতাময়। ২ মৎস্যবিঃ; বেলে দ্রঃ।

বালিয়াড়ি [বালিয়া-আলি (বাঁধ,ঘাট) >] বি, নদ্যাদির উচ্চ বালিয়ামাটির পাড়। ২ সমুদ্রের বালুকাময় উচ্চ তীরভূমি।

বালিয়াৎ [যশো০ খুলনা প্রাদে০] বি, শিকার প্রদর্শনকারী অগ্রগামী অনুচর।

বালিশ১ [সং] বিণ, শিশু। ২ অজ্ঞ; মূর্খ; নির্বোধ।

বালিশ২-বি, উপাধান; মস্তকাধার। "পিরীতি পালঙ্কে শয়ন করিব পিরীতি বালিশ মাথে। পিরীতি বালিশে আলিস করিব রহিব পিরীতি সাথে॥"-চণ্ডি০।

বালিশানি, বালসানি [বালসা (দ্রঃ) +আন (ক্রিয়ায়)। বালিসাই, বালিসাও, বালিসায়; বালিসাইতে; বালিসাইয়া (কে০ বালিসায়ে)] ক্রি, শিশুর রোগ-গ্রস্ত হওয়া। প্র-খোকা আজ তিন দিন বালসেছে।

বালীশ [সং] বি, মূত্রকৃচ্ছ্র রোগ।

বালু [সং-বালুকা > হিং] বি, সিকতা; বালি। ২ এলবালু নামক গন্ধদ্রব্য।

বালুকা [সং] বি, বালি। ~ময়-বিণ, বালিভরা; সিকতাময়।

বালুচর, বালিচর [বালু(র) চর] বি, নদীতে বালি পড়িয়া যে দলদল ভাগ চড়ার মত সৃষ্টি করে যাতে পা পড়িলে পা বসিয়া গিয়া বিপন্ন হইতে হয়; চোরাবালি।

বালুচ্ছেদ,-ছেদ [বলি > বালু+ছেদ (ছেদন)-বলির জন্ত ছেদন] বি,বলি। "খণ্ডলা পাঁঠা দেন বালুছেদ করিয়া।"-মাণিক০গাম।

বালুন [ফরিদপুর প্রাদে০] বি, বালি খোলায় মুড়ি ভাজিবার ছিদ্রযুক্ত হাঁড়ী।

বালুশাই [খুর্মা দ্রঃ] বি, গজার পাক মিষ্টান্নবিঃ।

বালেন্দু১ [জ্যো০ (কং বিশ০ পরিঃ)] বি, ইং crescent এর বৈজ্ঞা০ পরিঃ।

বালেন্দু২ [বাল+ইন্দু] বি, শুক্লপক্ষীয় প্রতিপদের চন্দ্র। ২ [লক্ষ০] অতি দুর্লভ বস্তু (তুল-"ঈদকে চাঁদ")। "গোপীর বা০ হরী আক্ষে বিরহিণী নারী তোক্ষা বিনি বঞ্চিতে না পারী॥"-শ্রী০ কী০।

বালেয় [বালি, বালী, বাল, বালা +এয় অপত্যার্থে বা 'ইহার এই' অর্থে] বিণ, বালির পুত্র; অঙ্গদ। ২ পিতার বাল্যাবস্থায় জাত সন্তান। ৩ বালিকার গর্ভসম্ভূত সন্তান; কানীন পুত্র। ৪ বালকোচিত। ৫ বালক-সংক্রান্ত। ৬ কমনীয়; মৃদুল। ৭ বি, গর্দ্দভ।

বাল্কল [বল্কল (বৃক্ষত্বক্)+অ (প্রস্তুত অর্থে)] বিণ, বল্কলজাত। ২ বি, মদ্য। ৩ বি, দৈত্যবিঃ।

বাল্‌তি,-তী-বালতি দ্রঃ।

বাল্‌দো [বাইল দ্রঃ। গ্রা০। 'বেল্‌দো'ও] বি, তাল,নারিকেল, খর্জ্জুরাদি বৃক্ষের শাখা।

বাল্মিক, বাল্মীক [সং] বি, বল্মীক দ্রঃ।

বাল্মীকি [বল্মিকি, বাল্মিক, বাল্মীক, 'বাল্মিকি' ও। বল্মীক+ই (সম্ভূত অর্থে)] বি, রামায়ণ-রচয়িতা স্বনামপ্রসিদ্ধ মুনি; আদি কবি। রাম বনবাসকালে চিত্রকূট পর্ব্বতে এবং রামের রাজত্বকালে অযোধ্যার দক্ষিণে তমসা নদীর তীরে ইঁহার আশ্রম ছিল। উইলসন্ সাহেবের মতে কানপুরের নিকট বিঠুর ষ্টেসনের সন্নিহিতস্থানে বাল্মীকির তপোবন ছিল। রামায়ণ উত্তরাকাণ্ডে বাল্মীকির আত্মপরিচয় আছে,-"রামেরে কহেন মুনি, 'হের রঘুপতি!' প্রচেতার বংশে মোর হয়েছে জনম, প্রচেতা হইতে আমি গণনে দশম। জন্মাবধি কায়মনোবচনে কখন করি নাই আমি রাম! পাপ আচরণ।" -রামা০ (রাজ০ রায়)।

বাল্য [বাল (বালক)+য (ভা০)] বি, বালকের অবস্থা; শৈশব; ১৬ বর্ষ পর্য্যন্ত বয়ঃক্রম। ~কাল-বাল্যাবস্থা; শৈশব। ~চাপল্য-বালকোচিত চঞ্চলতা। ~প্রণয়,-প্রেম-বি,শৈশবের ভালবাসা, প্রীতি বা বন্ধুত্ব। ~বন্ধু-ছেলেবেলার বন্ধু; যে শৈশবকাল হতে অদ্যাবধি বন্ধুভাবাপন্ন। ~বিবাহ-বি, অল্প বয়সে বিবাহ child marriage. ~ভোগ-বালভোগ দ্রঃ। ~সহচর, -সঙ্গী-বি, বাল্যকালের বন্ধু যে শৈশব-কালে একসঙ্গে খেলাধূলা করিয়াছে। ~সুহৃৎ-বি, বাল্যবন্ধু।

বাশ [সং-বাশি। ওড়ি০ বারসি। হিং বাস। বাইশ দ্রঃ] বি, সূত্রধরের যন্ত্রবিঃ; কাট কাটিবার ও চাঁচিবার যন্ত্র। ইহা নানা-প্রকারের হয়; সূত্রধরের কুঠারাস্ত্র।

বাশল [সং] বিণ, "যে ব্যক্তি অজ্ঞ হইয়াও আত্মাভিমানের বশীভূত হইয়া আপনাকে বড় বলিয়া প্রতিপন্ন করিয়াও অন্যের মহত্ত্ব খর্ব্ব করিতে চায়, তাহাকে বা০ বলিয়া জান।"-দৈনিক, ১৩২৩।

বাশিষ্ঠ, বাসিষ্ঠ [বশিষ্ঠ (মুনিবিঃ) +অ (প্রণীতার্থে)] বি,বশিষ্ঠপ্রণীত যোগশাস্ত্র। ২ [+অ (অপত্যার্থে)] বি, বশিষ্ঠের পুত্র। ৩ বিণ, বশিষ্ঠ সম্বন্ধীয়। ৪ বশিষ্ঠগোত্রীয়। স্ত্রীং ~ী-গোমতী নদী।

বাশুলী, বাসুলি [বিশালাক্ষী > ভ্রং] বি, চণ্ডীর মূর্ত্তিভেদ। কবি চণ্ডীদাসের জন্মস্থান নান্নুর গ্রামের অধিষ্ঠাত্রী দেবী বিশা-লাক্ষী। "কহে চণ্ডীদাসে, বাশুলী আদেশে" -চণ্ডি০। কবি ঘনরাম ভগবতী চণ্ডীর নামান্তরে বাসুলি শব্দ প্রয়োগ করিয়াছেন। "অভয়া আশীষে বাঘা উভ উভ লোকে॥ * * * বাঘা বলে বাসুলি বাড়ায়ে দিল ভেট"-ঘ০।

বাষট্টি [দ্বাষষ্টি > ভ্রং] বি, বিণ, ৬২ সংখ্যা; ৬২ সংখ্যক।

বাষ্কল [বাষ্ক (অস্ত্রবিঃ) লা (গ্রহণ করা) +অ (র্তৃ, ভা০), যে বাষ্ক গ্রহণ করে] বি, যোদ্ধা; যুদ্ধবীর। ২ দানববিঃ।

বাসর্কনা-বাকঁসনা দ্রঃ।

বাষ্প১, বাস্প১ [বা (গমন করা)+প (পবনার্থে), মধ্যে স্ আগম, বা বায়ুতে গমন করে। > ভ্রং 'ভাপ'] বি জল উত্তপ্ত হইয়া যে সূক্ষ্ম আকারে পরিণত হয়; তরল পদার্থের বায়বীয় অবস্থা। ২ উষ্মা। ৩ অশ্রু;

নেত্রবারি। বিণ, বাষ্পীয়। ~পোত, যন্ত্র, যান, রথ, শকট-বাষ্পীয় দ্রঃ। ~মান যন্ত্র [বাষ্প (বায়ু) মান (পরিমাণ করা) যন্ত্র] বি, যে যন্ত্র দ্বারা বায়ুর পরিমাণ করে।

বাষ্প২, বাস্প২ [বাষ্প দ্রঃ। লক্ষ°] আভাস; ইঙ্গিত; বিন্দুবিসর্গ। "আমি এ-কথার বাষ্পও জানি না।" ২ লেশ; নামগন্ধ। "তাহাতে লজ্জা নাই, সরম নাই, শ্রী নাই, সৌন্দর্য্য নাই, রসবোধের বাষ্প নাই" -শরৎ চট্টো° (বঙ্গবাণী-আশ্বিন, ১৩৩৪)।

বাষ্পাকুল [বাষ্প (দ্বারা) + আকুল, ৩তৎ] বিণ, বাষ্পে আচ্ছন্ন। ২ অশ্রুকাতর।

বাষ্পায়ন [রাসা° পরিঃ] বি, তরল পদার্থের বায়বীয় অবস্থায় পরিণত হওন; বাষ্পীভবন।

বাষ্পীয় [বাষ্প + ঈয় (সম্বন্ধে)] বিণ, বাষ্প সম্বন্ধীয়। ২ বাষ্পময়। ৩ বাষ্পবলে চালিত। ~পোত-বি, যে জলযান বাষ্প দ্বারা চালিত হয়; কলের জাহাজ; ষ্টীমার। ~যন্ত্র-বি, বাষ্পশক্তি দ্বারা চালিত যন্ত্র; ষ্টীম ইঞ্জিন Steam Engine. ~যান, ~রথ, ~শকট-বি, বাষ্পযন্ত্রশক্তিতে চালিত গমন-সাধন; ষ্টীমার; কলের জাহাজ। ২ রেলগাড়ী।

বাস্-বস্ দ্রঃ।

বাস১ [বস্ (বাস করা) + অ (ধি), যথায় বাস করে] বি, বসতি স্থান; আবাস; বাসা। ২ আগার; গৃহ। "সে থাকে যার হৃদয়বাসে, সে কি বাসে বাস করে?"-গান। ৩ অবস্থান; স্থিতি। প্র-তিনি কাল এই স্থানে বাস করিয়া গিয়াছেন। ৪ আশ্রয়। "ভ্রমর বিকল গাহি পাওয়ে বাস"-বি° প°। ~করা-অবস্থান করা; স্থিতি করা। ২ ঘর করা দ্রঃ; থাকিয়া সংসারযাত্রা নির্ব্বাহ করা; বসবাস করা। ~তোলা-বাসা উঠান; স্থিতি না করা। ~বাঁধা-স্থায়ী হওয়া; ঘরে স্থায়ী হওয়া; টিকিয়া যাওয়া। ~যোগ্য [বাসের যোগ্য] বাস করিবার উপযোগী।

বাস২ [বস্ (আচ্ছাদনে) + অ (ণে), যদ্দ্বারা আচ্ছাদন করা যায়] বি, বস্ত্র। "সাত মাসে নব বাস দিল ধর্ম্মকেতু"-কবিক°। "কাজ কি বাসে কাজ কি বাসে কাজ কেবল সেই পীতবাসে"-গান। জলবাস [জল (মুছিবার) বাস (বস্ত্র), ম°প°লো°] বি, গামছা। "সূক্ষ্ম জলবাসে দুহু কেশ সম্মার্জ্জিল। সূক্ষ্ম শুক্লবস্ত্র সবে পরিধান কৈল।"-গোবিন্দ লীলামৃত (যদুনন্দন, ১৬শ শতাব্দী) ব° সা° প°)।

বাস৩ [সং-বাস, বাসন] বি, চন্দন। ২ সুগন্ধ। "এই বাতাসে ফুলের বাসে মুখখানি কার পড়ে মনে।"-রবী°। "নিভৃত ঘরে ধূপের বাস"-সোনার তরী। ৩ গন্ধ; আভাস। ৪ সন্ধান। "ধনের পাইয়া বাস আসিতে বীরের পাশ"-কবিক°। ~যোগ [বাস (সুগন্ধের) যোগ (মিশ্রণ)] বি, সুগন্ধি চূর্ণ।

বাস৪ [ইং bus এর লিপ্যন্তর] বি, মোটরচালিত গাড়ীবিঃ। "বাস বনাম ট্রাম" "যাহারা বাসে আসিবেন তাহাদের নিকট হইতে গাড়ীভাড়া লওয়া হইবে"-প্রবাসী, ১৩৩৩, শ্রাবণ।

বাস৫ [বাসা৩ দ্রঃ] ক্রি, বোধ কর, ভালবাস ই° সকল অর্থে।

বাসক [সং] বি, বাসক গাছ; বাকস দ্রঃ। ২ [বাস + ক (র্ক্ত)] বিণ, সুগন্ধকারক। স্ত্রীং ~া।

বাসকর্ণী [বাস (গৃহ) কর্ণ (কোণ, গৃহের কর্ণের ন্যায়, উপমিত) + ঈ (স্ত্রীং)] বি, যজ্ঞাগার।

বাসকসজ্জা [বাসক (বসতি স্থানে) সজ্জা (বেশ ভূষা বা বস্ত্রাদি দ্বারা সাজসজ্জা) যে স্ত্রীর, অথবা বাসের (বাসস্থানের) সজ্জা (নানাবিধ সুগন্ধি দ্রব্যাদি দ্বারা সাজান) হয় যে স্ত্রী কর্ত্তৃক, বহু°] বি, পতি আগমন প্রত্যাশায় যে নারী আপন শরীর এবং বাসর গৃহ সাজাইয়া রাখে।

বাসগৃহ [বাস জন্য গৃহ বা বাসের গৃহ (ঘর), ৪তৎ বা ৬তৎ] বি বাস করিবার ঘর; ভদ্রাসন।

বাসঘর-বাসর দ্রঃ।

বাসতে [বাস + ত (ধি)। প্রা° বাং] ক্রি-বিণ, বাসে; গৃহে। "আমি কার লক্ষ্যে রবরে নবীন বাসতে।"-মাণিক° গান।

বাসতেয় [বসতি (বাসস্থান) + এয়] বিণ, বসতির উপযোগী। ২ রাত্রিবাসোপযোগী। স্ত্রীং ~ী-রাত্রি; যামিনী।

বাসন১ [সং। হিং বর্ত্তন] বি, আধার; পাত্র। ২ তৈজসপাত্র। ৩ ভোজনপাত্র; জলপাত্র। ~কোশন-ধাতুপাত্রাদি; ছোট বড় তৈজসপাত্রাদি। ~মাজা-উচ্ছিষ্ট বা চুলিদগ্ধ ই° বাসন পরিষ্কার করা। "জানকী বাসন মাজিতে মাজিতে"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

বাসন২ [বাস্ (সুবাসিত করণ) + অন (ণে)] বি, যদ্দ্বারা সুবাসিত করা হয়; সুগন্ধী করণ; ধূপন।

বাসন৩ [বস্ + ণিচ্ = বাসি (বাস করা) + অন (ধি)] বি, বাসস্থান।

বাসন৪ [বাসি (আচ্ছাদন করা) + অন (ণে)] বি, বাস; বস্ত্র।

বাসনা১ ["প্রত্যাশাজ্ঞানয়োঃস্ত্রিয়াম্" -মে°। "বাসনা-ভাবনা-সংস্কারোঽনুভূতাদ্যবিস্মৃতিঃ"-হে°] বি, প্রত্যাশা। ২ জ্ঞান [বিরল]। ৩ অভিলাষ; বাঞ্ছা। "যাও চলি, মহাবলি, যথা বনমালী রাধিকা-বাসনা"-ব্রজাঙ্গনা°। ৪ সংস্কারবিঃ। ৫ যুক্তি। ৬ কল্পনা। ৭ অনুরাগ। "নারীর পতির প্রতি বাসনা যেমন। পতির নারীর প্রতি মন কি তেমন।"-অ° ম°। ৮ দুর্গা।

বাসনা২ [সং-বস্ (আচ্ছাদনে) >] বি, কদলী প্রভৃতির শুষ্ক পত্রাবরণ; কলাগাছের শুকনা পাতা ও বাকলা। প্র-কলার বাসনা।

বাসনা৩ [বাসন২ দ্রঃ] বি, সুবাস; সুগন্ধ। "ওআর বা° বায় ময়নার ছুএ কোপ লাগিয়া।"-ময়না° গান।

বাসনাকুল [বাসনা (দ্বারা) + আকুল, ৩তৎ] বিণ, বাসনায় ব্যাকুল।

বাসন্ত [বসন্ত (ঋতুবিঃ) + অ (ভাবার্থে বা 'ইহার এই' অর্থে), 'আ' আগম] বিণ, বসন্ত ঋতু সংক্রান্ত। ২ বি, মলয়বায়ু। ৩ কোকিল। ৪ মদনবৃক্ষ।

বাসন্তি [বসন্ত (দ্রঃ) + ই (কালার্থে)] বিণ, বসন্ত-কালীন।

বাসন্তিক [বসন্ত+ইক (ক্রীড়ার্থে), যাহা বসন্তে বিকশিত হয়] বিণ, বসন্ত সময়োৎপন্ন। ২ বসন্তকালীন। ৩ বসন্ত সম্বন্ধীয়। ৪ বি, বিদূষক; ভাঁড়। ৫ নট।

বাসন্তী [বসন্ত (ঋতু ভেদ)+অ (ভবার্থে বা 'ইহার এই' অর্থে), ঈ (স্ত্রীং)] বি, মাধবীলতা; নবমল্লিকা। ২ দুর্গা। ৩ কিংবা কমলা লেবুর রঙ। ৪ বিণ, বসন্তকালীন। ৫ কিংবা কমলা লেবুর রঙ্গে রঞ্জিত; কিংবা হরিদ্রাবর্ণবিশিষ্ট; বাসন্তী রঙ্গে ছোবান। প্র-বাং কাপড়। বাং ওড়না। বসন্তী দ্রঃ। ~পূজা [বাসন্তী (বসন্তকালের দেবী) পূজা (অর্চনা), ৬তৎ] বি, বসন্তকালীন দুর্গাপূজা (ইহাই শাস্ত্রোক্ত যথাকালের এবং শারদীয় পূজা অকালের দুর্গাপূজা)।

বাসব [সং] বি, দেবরাজ; ইন্দ্র। ২ ধনিষ্ঠা নক্ষত্র। স্ত্রীং ~ী-ব্যাসের জননী; সত্যবতী। ২ ইন্দ্রাণী। ~দত্তা [বাসবদত্তা (কাব্যবিশেষের নায়িকা) সংশ্লিষ্ট কথা বলিয়া এই নাম] বি, কবি সুবন্ধু কর্ত্তৃক রচিত সংস্কৃত গদ্যকাব্যবিঃ। ২ পণ্ডিত মদনমোহন তর্কালঙ্কার কর্ত্তৃক মূল বাসবদত্তার বৃত্তান্ত অবলম্বনে বাঙ্গালা পয়ারাদি বিবিধ ছন্দে রচিত কাব্যগ্রন্থ।

বাসভবন [বাস (নিমিত্ত) ভবন, ৬তৎ] বি, আলয়; আবাস বাটী; থাকিবার বাড়ী; ভদ্রাসন।

বাসমতী-বাঁসমতী দ্রঃ।

বাসয়ে১ [বাসা৩ (দ্রঃ) >, নামধাতু] ক্রি, ইচ্ছা করে; বাসনা করে।

বাসয়ে২ [বাস৩ >, নামধাতু। বাস (সুগন্ধ)+এ (ক্রিয়ায়)] ক্রি, বাস ছাড়ে; সুবাস বিকিরণ করে; সুবাসিত করে। "বাসয়ে শ্রীখণ্ড হেম রত্ন দণ্ড চামর ঢুলায় মাতলি।"-কবিক।

বাসযোগ-বাস৪ দ্রঃ।

বাসর [বস্ (ণিচ্)=বাসি (বাস করান) +অর (আং)] বি, দিবস; দিন; বার। প্র-হরিবাসর। "ঘট সংস্থাপন করি, মহামায়া মহেশ্বরী, ছিতি কর এ অষ্ট বাং।"-কবিক। ২ বিবাহ রাত্রির শয়ন-গৃহ। "বাসর ঘরে ঘুমুর কবি চখের মাথা খেয়ে।"-হেম। ৩ শয়নের গৃহ। "কলেবরে কাদাগুলা ধুয়ে আসি আমি। ততক্ষণ বাং নির্ম্মাণ কর তুমি।" -শিং। ৪ আলয়; গৃহ; ঘর। "সাগর বাসরে তব তাঁর সহ গতি।"-ব্রজাঙ্গনা। "ক্ষণেকে চলিয়া গেল কন্যার বাসর।"-রামা (দ্বিজ ভবানী)। ৫ [প্রা বাং] স্বামীগৃহ। "বাসরে যাইবে আজি খুল্লনা কল্যানী।" -চণ্ডী (মাধবাচার্য্য)। ৬ সভা। ~ঘর, বাসরঘর-বি, যে গৃহে বরবধূ সর্ব্বপ্রথম একত্র শয়ন করে। বাং জাগা-ক্রি, বিবাহের রাত্রে বরবধূকে লইয়া রমণীগণ কর্ত্তৃক আনন্দোৎসবে রাত্রি জাগরণ করা। ~জাগানি-বি, বাসরে রাত্রি জাগরণের জন্য বর বা বরপক্ষীয়ের নিকট হতে প্রাপ্য অর্থ। ~শয্যা-বি, বিবাহ-রজনীতে বরকন্যার শয়নোপযোগী শয্যা; বিবাহ রজনীতে নব বরবধূর গৃহসজ্জা। ২ [অলঙ্কার] নায়কের সহিত মিলনাকাঙ্ক্ষী নায়িকার বেশভূষা বা শৃঙ্গারবেশ। ~সজ্জা -বাসক সজ্জা।

বাসসজ্জা [বাসর সজ্জা দ্রঃ] বি, নায়িকা-বিঃ; যে নারী স্বামীর আগমন প্রত্যাশায় আপনার অঙ্গ ও বাসর গৃহ সজ্জিত করিয়া স্বামীর অপেক্ষা করে। "ভাবি দেখ বাং নিত্য নিত্য হও"-অং মং।

বাসসন্নিধান [বাস (বস্ত্র) সন্নিধান (নির্ম্মাণ), ৬তৎ] বি, বস্ত্র নির্ম্মাণ। ২ [বাস (বসতি স্থান) সন্নিধান, ৬তৎ] আবাস নির্ম্মাণ; গৃহ প্রতিষ্ঠা।

বাসা১ [বাস+আ (ক্ষুদ্রার্থে, তুচ্ছার্থে)] বি, বাসস্থান; আবাস; গৃহ। "গোধিকা লইয়া গেলা বীর নিজ বাসা।"-কবিক। ২ অস্থায়ী ভাড়াটিয়া বাসস্থান। প্র-এটা তাঁদের বাসা বাড়ী। ৩ [এই অর্থে চট্টং প্রাদেং 'বাআ'] পাখীর বাসস্থান; নীড়। ৪ মানবেতর জীবজন্তুর বাসস্থান। "বাঘের ঘরে ঘোঘের বাসা।" প্র-সাপের বাসা। ৫ বাস; স্থিতি।

বাসা২ [সং-বাসক দ্রঃ] বি, বাসক গাছ। ~রিষ্ট [বাসা (বাসক)+অরিষ্ট (মদ্য)] বি, বাসকের সমবেত কবিরাজী অরিষ্টবিঃ; যাস কাশাদির ঔষধ।

বাসা৩ [সং-বশ্ (ইচ্ছা করা; স্পৃহা করা) >। বাশা হওয়া উচিত ছিল কিন্তু ব্যবহারে "বাসা"। বাসি, বাস (বাসেন, বাসিস), বাসে (বাসেন, পদ্যে-বাসয়ে); বাসিতে; বাসিয়া (কেং পদ্যে-বাসি, প্রাং বেসে)। ণিজন্ত-বাসান] ক্রি, বাসনা করা; ইচ্ছা করা; অভিলাষ করা; চাহা; বাঞ্ছা করা (এই অর্থে প্রাং কথ্য ভাষায় কোন কোন স্থানে চলিত আছে)। "যুবতী বুড়ায় নাহি বাসে।"-কবিক। ২ মনে করা; ভাবা। "স্থায় নাহি বাসি"-চৈং চং। "সে শ্যাম নাগর গুণের সাগর কেমনে বাসিবে পর"-চণ্ডিং। ৩ অনুভব করা; বোধ করা। ৪ প্রাপ্ত হওয়া; পাওয়া। "কে সাজাল হেন সাজে হেরি বাসি দুখ"-চণ্ডিং। "কহিতে বাসি যে ভয়"-ঐ। "বারে বারে বিবরে বলিতে লাজ বাসি"-মং। ৫ পছন্দ করা। ৬ [ভালবাসা > কেং] ভালবাসা। "আমারে যখন ভাল সে না বাসে, পায়ে ধরিলেও বাসিবে না সে"-রবী। "আমি নিশিদিন তোমায় ভালবাসি, তুমি অবসর মত বাসিয়ো।"-ঐ। "তথাপি রাধারে পরাণ অধিক বাসে" -চণ্ডিং। প্রাং বাং-বাসোঁ-বাসি; মনে করি; বিবেচনা করি। "চূর্ণ হৈল হেন বাসোঁ নিমাই কলেবর।"-চৈং চং। বাসসি-পছন্দ করিতেছ। বাসিঅ-বাসিয়া; মনে করিয়া। "মহাসুহ বাসিঅ"-দোং ১১০ পৃঃ। আপন বাসা-ক্রি, আপনার ভাবা; আত্মীয় মনে করা। পর বাসা-ক্রি, পর ভাবা; অনাত্মীয় মনে করা।

বাসায়া [সং-বৃষভ >, বাসুয়া দ্রঃ। প্রাং বাং] বি, বৃষভ; ষাঁড়। "বাসায়ার পিঠত নামিল ভোলা মহেশ্বর।"-মাণিক গান।

বাসি১, বাসী [সং-পর্য্যুসিত >। হিং বাসী। চট্টং প্রাদেং উচ্চারণে বাই] বিণ, পর্য্যুসিত; যা টাটকা নহে; বা অদ্যকার নহে; পূর্ব্ব রাত্রির; দিবসাধিক পুরাতন। "সুন্দরা বলেন বাসি মাংস না বিকায়।" -কবিক। "অন্ন ব্যঞ্জনের রাশি কে রাখিবে করে বাসি খেতে হবে খাও খাও খাও।" -ভারত। ২ শুষ্ক; মলিন। ৩ রাত্রিতে ব্যবহৃত ফুল। "শ্রীমতীর কুন্তলের বাসি ফুলের

[illegible] যুক্ত অক্ষর, ব্যা=এ্যা=æ(t), [illegible]=S ([illegible]...), [illegible]

বোঁটা"-হেম°। ~-কাপ়ড় -ক্রি, রাত্রি-বাসের কাপড়। ২ ধোপ দেওয়া কাপড়। এই অর্থে "বাসিকরা কাপড়"ই অধিক প্রচলিত। ~-ঘর-প্রভাতে যে ঘরের পাট করা হয় নাই। ~-জল-যে জল গৃহে পূর্ব্ব হতে তুলিয়া রাখা হইয়াছে; সমস্ত রাত্রি যে জল মুক্ত স্থানে রাখা ছিল। ~-দুগ্ধ-সদ্যঃ দোহন করা নহে; পূর্ব্বাহ্নের সঞ্চিত দুগ্ধ।~-ফুল-বহুক্ষণ বা একদিন পূর্ব্বের তোলা ফুল। ২ রাত্রিতে ব্যবহৃত ফুল। ~-বিবাহ [গ্রা° বাস বিয়ে] বি, বিবাহের পর দিনে বিবাহ অনুষ্ঠানের অবশিষ্ট উৎসব পালন।~-ভাত পর্য্যুসিত অন্ন; কড়কড়ি ভাত। ~-মড়া-মৃত্যুর পর শবদেহ সৎকার করিতে বিলম্ব করিলে তাহা বাসি হয়। "বাসি মড়া হইয়া আছেন মহারাজ"-কৃত্তি°।~-মুখ-প্রভাতে ঘুম ভাঙ্গিবার পর যতক্ষণ মুখে জল না দেওয়া অর্থাৎ মুখ প্রক্ষালন ও জলযোগ না করা হয়, ততক্ষণ বাসি মুখ থাকে।~-মুখে জল দেওয়া-পূর্ব্ব রাত্রি উপবাসের পর মুখ প্রক্ষালন ও জলযোগ করা। "উহাদের পরিবারেরা এখনো বাসি মুখে জল দেয় নাই" -নীলদর্পন। "তোমার সামনে তাকে শুধিয়ে তবে আমি বাসি-মুখে জল দেব।"-বং, বাণী, ১৩৩৩। ~-হাত-সকড়ি হাত; এঁটো হাত।

বাসি২ [বাস (সুগন্ধ)+ই (যুক্তার্থে) অথবা বাসিত (সুবাসিত) >] বিণ, বস্ত্রাদি সুগন্ধীকৃত। ২ [বস্ত্র ধৌত করিয়া সুবাসিত করার প্রথা রহিত হইয়া অধুনা কেবল ধৌতকরণ প্রথাই প্রচলিত হওয়ায় সঙ্কুচিত অর্থে প্রযুক্ত হইতেছে] ধৌত; ধোপ দেওয়া; ধোলাই করা। প্র-ধোপা আসিলে কাপড়গুলা বাসি করিতে দিও। বা° করা -ক্রি, ধোপ দেওয়া; ধোলাই করা। ~করা -বিণ, ধৌত। প্র-বাসি-করা কাপড়।

বাসি৩ [বাইশ দ্রঃ] বি, সূত্রধরের কাষ্ঠচ্ছেদক প্রশস্ত-ফলক কুঠারাস্ত্র axe. "দৃষ্টি অবলম্ব, নাহি তব দন্ড, কুড়ারী বাসি পাড়ন।"-কবিক°।

বাসিত১ [বাস (বসন)+ইত (যুক্ত)] বিণ, বসন পরিহিত; বস্ত্রাবৃত। স্ত্রীং ~া।

বাসিত২ [বাস্ (শব্দে)+ক্ত (ভা°)। তুল-নেপালী হি° 'কুখরা বাসেও'=কুঁকড়ো ডাকে] বি, রব; পাখীর ডাক বা শব্দ।

বাসিত৩ [বাস (গন্ধ)+ইত (স্ত্য°), যার বাস (গন্ধ) আছে] বিণ, সুবাসিত; সুগন্ধযুক্ত।

বাসিত৪ [নির্ব্বাসিত > কেং°। প্রা° বাং] নির্ব্বাসিত; বর্জ্জিত। "সে কেনে বা° হৈল বন।"-রামা° (ঘনশ্যাম)।

বাসিন্দা [ফা° বাসিন্দা (বাসকারী)] বিণ, যে বাস করে; নিবাসী। ২ বি, অধিবাসী। "বাসাড়ে বা° বেওরা বেশ্যা করে সোর"-হেম°।

বাসী [সং-বস্ (বাস করা)+ইন্ (র্ত্তৃ)= বাসিন্ ১মা, ১ব°। স্বতন্ত্র প্রয়োগ নাই] বিণ, যে বাস করে; নিবাসী। প্র-নগরবাসী, স্বর্গবাসী ই°। স্ত্রীং বাসিনী। প্র-শতদল-বাসিনী।

বাসু/কি [সং] বি, সর্পরাজ। ~কেয় [বা°+এয় (অপত্যার্থে)] বি, বাসুকি পুত্র।

বাসুদেব [বসুদেব+অ (অপত্যার্থে)-বসুদেবের পুত্র অথবা বাসু (সর্ব্ব নিবাস, বিশ্ব-ব্রহ্মাণ্ড লোমকূপে যাঁর এই অর্থে), তাদৃশ যে দেব অর্থাৎ যিনি বিশ্বের আশ্রয়] বি, বিষ্ণু; শ্রীকৃষ্ণ। "শ্রীনিবাস দামোদর জগদীশ যজ্ঞেশ্বর বাসুদেব শ্রীবৎস-লাঞ্ছন।"-অ° ম°।

বাসুয়া [বৃষভ > বাসায়া, বাসুয়া। প্রা° বাং গ্রা°] বি, বৃষ। "বাসুয়া বাহনে শিব তাঁর চরণে প্রণাম"-শিবের গাজন (ব° সা° পরিচয়)।

বাসুলি,-লী [সং-বিশালাক্ষী] বি, বাশুলি (দ্রঃ); চণ্ডী। "বাসুলি বাতাস করে বিনোদ ব্যজনে।"-শি°।

বাসোপযোগী [বাস+উপযোগী, ৬তৎ] বিণ, বাস করিবার উপযুক্ত বা যোগ্য।

বাস্তব [বস্তু (পদার্থ)+অ ('ইহার এই' অর্থে), যা বস্তু (পদার্থ) সম্বন্ধে ঠিক বলা যায়] বিণ, যথার্থ; প্রকৃত। ২ [বীজগ° (কং° বিশ্ব° পরিঃ)] ইং real এর বৈজ্ঞা° পরিঃ। ~তথ্য-facts & figures, ~তা-বি, যাথার্থ।

বাস্তবিক [বস্তু+ইক (সংসৃষ্ট অর্থে), যা বস্তু সম্বন্ধে নিশ্চয় হয়] বিণ, নিশ্চিত; যথার্থ; সত্যভূত; প্রকৃত। ২ অ, যথার্থতঃ; সত্য সত্য। > বি, বাস্তবিকতা।

বাস্তব্য [বস্+ণিচ্=বাসি+তব্য (র্ম্ম)] বিণ, বাসযোগ্য। ২ [বস্+তব্য (র্ত্তৃ)] বাসকারী; প্রতিবাসী।

বাস্তু [বস্ (বাস করা)+তু (ধি) যেস্থানে বসতি করে] বি, বসতি; বাটী; বাসস্থান। ২ পুরুষানুক্রমে যেস্থানে বাস করা হয়; ভিটা। ৩ [বিদ্রূপে, বাস্তুঘুঘু অর্থে] বহুকাল যে কোন স্থানে বা সমাজ বা পরিবারে আশ্রয় করিয়া থাকে; বার বার পরীক্ষায় অনুত্তীর্ণ হওয়ায় বা নিম্নতম শ্রেণী হইতে অধ্যয়ন করিতে করিতে যে কোন স্কুলে বহুদিন থাকিয়া পুরাতন ছাত্রমধ্যে গণ্য হইয়াছে। "কথন বা সমশ্রেণীর কয়েকটী 'বাস্তু' ছেলের সহিত মিলিয়া স্কুল হইতে বহির্গত হইয়া মাঠে বসিয়া তাস খেলিত।" -অপূর্ব্ব বাসর। ৪ বাস্তুক দ্রঃ। ~ঘুঘু-বি, যে ঘুঘু কোন ভিটায় বাস বাঁধিয়া থাকে ও তথায় চরিয়া বেড়ায়। ~দেব, -দেবতা-বি, গৃহদেবতা; কুল দেবতা। ~পুরুষ-বি, বাস্তুর অধিষ্ঠাত্রী দেবতা; শ্রাদ্ধের প্রারম্ভে পূজনীয় বাস্তুদেবতা। ~ভিটা-বি, পূর্ব্বপুরুষাধিকৃত বাসভূমি। ~যাগ-বি, বাস্তুশোধন উদ্দেশ্যে অনুষ্ঠিত যজ্ঞ। ~সাপ-বি, যে সাপ কোন ভিটায় বাস করিতে করিতে পুরাতন হইয়া যায় এবং যাদের ভিটায় থাকে তাদের কোন অনিষ্ট করে না।

বাস্তুক, বাস্তূক [বাস্তু+ক (স্বার্থে বা ভবার্থে), যা বাস্তুভূমিতে জন্মে] বি, বেথো শাক। "ঘৃতে নালিতার শাক, তৈলে বাস্তুক পাক, অন্তে বড়ি কেলিল ভাজিয়া।" -কবিক°।

বাস্তোষ্পতি [বাস্তোঃ (বাস্তুর)+ পতি, ৬তৎ] বি, ইন্দ্র।

বাস্ত্র [বস্ত্র+অ] বিণ, বস্ত্র সম্বন্ধীয়। ২ কাপড়ের। ৩ বসনাবৃত। স্ত্রীং বাস্ত্রী-বসন সম্বন্ধীয়া বা বস্ত্রনির্ম্মিতা বা বসনাবৃতা। ২ বি, বস্ত্রাবৃত রথ।

বাস্প-বাষ্প দ্রঃ।

বাহ [বহ্ (বহন করা)+অ (র্ত্তৃ), যে বহন করে] বিণ, বহনকারী ; বাহক। প্র-বারিবাহ ; ভারবাহ। ২ বি, ভারী ; মুটে। ৩ [-+অ (ণে), যদ্দারা বহন করা যায়], বি, বাহ। ৪ স্কন্ধ। ৫ বৃষ। ৬ মহিষ। ৭ অশ্ব। সম্বন্ধকারকে-বাহের=বাহের। "হায় মোর ছিপ্তি নির্লে বাহের করন।" -শ্রী° কী°।

বাহক [বহ+অক (র্ত্তৃ), যে বহন করে] বিণ, বহনকারী। ২ রথচালক ; সারথি। "কেউ বা বলে বাহবা বাহক"।

বাহড়, বাহঁর [প্রা°বাং "বাওড়ী"ও বলে। বাওড়া দ্রঃ] বি, প্রত্যাবর্ত্তন। ২ ক্রি, ম° পু°, অনুজ্ঞায়, প্রত্যাবর্ত্তন কর ; প্রতিনিবৃত্ত হও ; ফের ; ফিরিয়া আইস। "বাহড় বাহড় তাহে বলে জলধরী।"-দুর্লভ ম° (গোবিন্দ গান)। "বাহর বাহর দিদি চল ঘরে যাই"-ক্ষেমানন্দ-কেতকা°। ক্রি, বাহঁড়া [বাহড়ি, বাহড়, বাহড়ে ; বাহড়িতে ; বাহড়িয়া (ক্ষে° পদ্যে-বাহড়ি, গ্রা° বাহড়ে] ফিরিয়া আসা বা যাওয়া।

বাহঁত্তরা, বাহঁত্রা-বয়াটিয়া দ্রঃ।

বাহন [বহ্-ণিচ্=বাহি (বহন করান) +অন (ণে), যদ্দারা একস্থান হতে স্থানান্তরে বহন করা যায়] বিণ, বাহনকারী ; বাহক। ২ ভারবাহী জীবজন্তু ; অশ্ব, উষ্ট্র, বৃষ, মহিষাদি। ৩ দেবতার বাহন, যথা-শিবের বাহন বৃষ, দুর্গার সিংহ, কার্ত্তিকের ময়ূর, গণেশের মূষিক, লক্ষ্মীর পেচক, সরস্বতীর হংস, নারায়ণের গরুড়, অগ্নির ছাগ, গঙ্গার মকর, শীতলার গর্দ্দভ, ষষ্ঠীর বিড়াল, নারদের ঢেঁকী, ইন্দ্রের মেঘ ঐরাবত ই°। "শুনি সুখে মুনি তাকে করিলেন কোলে। বা° পেয়েছি তোমা তপস্যার বলে॥"-শি°। ৪ [বিদ্রূপে] নেতা leader. ৫ মধ্যম medium. "ভাষাকে শিক্ষা ও পরীক্ষার বাহনরূপে গ্রহণ করা হউক।"-উত্তরা, মাঘ, ১৩৩৪। "বিশ্ববিদ্যালয়ের শিক্ষার বাহন হওয়া ভিন্ন আমাদের মাতৃভাষা" * * -প্রবাসী, ১৩০০। ~কোষ্ঠা [অর্থশা°] মন্দুরা ; আস্তাবল stable.

বাহনা [ফা° বাহানা (আবদার)] বি, সনির্ব্বন্ধ অনুরোধ ; অন্যায় অনুরোধ ; আবদার। "আহারাদির সময় প্রত্যহ নিত্য বাহনা করিতে আরম্ভ করিলেন আমি খাইব না আমার জ্বর হইয়াছে"-কৃষ্ণকান্তের উইল। ২ ওজর ; আপত্তি ; বাহানা (দ্রঃ)।

বাহবা [সং,ফা°-বাঃ বাঃ > বাং-বাহ্ > ক্ষে° বাহবা, বাহা ও°। তুল-পর্ত্তু°, স্পে° bravo] অ, বিস্ময়সূচক অব্যয়। ২ উৎসাহদানসূচক অব্যয়। ৩ প্রশংসাসূচক অব্যয়। "বা° যে জন চায় বসে থাক চৌমাথায়,"-রবী°।

বাহা$_1$ [বাঃ দ্রঃ] অ, বেশ ; বাহবা।

বাহা$_2$ [বহ্ > বহা ধাতুর ণিজন্তরূপ। বাহি, বাহ, বাহে ; বাহিতে ; বাহিয়া (গ্রা° বাইয়া > ক্ষে° বে য়ে) ই°] ক্রি, বাহন করা ; অবগাহনে চালিত বা প্রবাহিত হওয়া। প্র-গণ্ড বাহিয়া অশ্রু ঝরিতে লাগিল। বৌ° বাং সা°-বাহঁ, বাহঁতু=বাহিয়া যাও। বাহঅ-বাহিতেছে। বাহিঅ- বাহিত করিয়া ; লওয়াইয়া। বাহিয়ঁ-বহন করে। বাহী-বহিতেছে। -বৌ°গা° ও দো°] বিণ, বাহিনী; বাহিকা। প্র-জলবাহা।

বাহা$_3$ [বাদ্য > বাজা > বাহা] ক্রি, বাজান ; বাদ্য করা। "মহাশঙ্খ বাহে কর্ণপুত্র ধনুর্দ্ধর।"-মহা° (শ্রীকর°)।

বাহাত্তর [সং-দ্বা-সপ্ততি (প্রাকৃ° দুত্তইড়, দুত্তরি)] বি, দুই অধিক সত্তর সংখ্যা ; ৭২। ২ বিণ, ৭২ সংখ্যক। বিণ, বাহাত্তরিয়া, বাহাত্তুরে [বাহাত্তর +ইয়া] বাহাত্তর বৎসর বয়স্ক। ২ অতি বৃদ্ধ। প্র-এক বাহাত্তুরে বুড়োকে ধরে কন্যা সম্প্রদান করেছে। বাহাত্তুরে ধরা-বাহাত্তর বৎসর বয়স হওয়ায় বুদ্ধিবৃত্তির হ্রাস হওয়া (তুল-চল্লিশে চোখে চালশে ধরা)।

বাহাদুর [ফা° বহাদর্] বিণ, বীর। ২ নির্ভীক ; সাহসী। "যদি পারে তবে তারে বলি বাহাদুর"-ঈ° গুপ্ত। ৩ সুদক্ষ ; কার্য্যক্ষম। ৪ সৎকর্ম্মের পুরস্কারস্বরূপ রাজদত্ত সম্মান। প্র-রায় বাহাদুর ; রাজা বাহাদুর (রায় দ্রঃ)।

বাহাদুরি [বাহাদুর (দ্রঃ)+ই (কর্ম্মার্থে, স্ত্রা°)] বি, বীরত্ব। ২ সাহসের কর্ম্ম। ৩ নৈপুণ্য ; কর্ম্মদক্ষতা। "চিত্রকাজে চিত্রগুপ্ত পীড়িতে আলপনা, হদ্দ বাহাদুরি-'ছিরি'-বিচিত্র কারখানা।"-হেম°।

বাহাদুরীকাঠ,-কাষ্ঠ [বাহাদুরী (বৃহত্তর >) কাঠ (কাষ্ঠ)] বি, বড় বড় গাছের কাঠের স্থূল ও প্রকাণ্ড গুঁড়ি ; শাল, সেগুন ই° গাছের বৃহৎ কাণ্ড timber. বাহাদুরী-কাষ্ঠের আবাদ-aboriculture.

বাহানা [ফা° বাহানা] বি, কারণ। ২ অছিলা ; ওজর ; আপত্তি। ৩ ভাণ। ৪ আবদার ; বায়না (দ্রঃ)। ৫ ছল। ~বাজ-বিণ, ছলী ; ওজর অছিলাদিতে দক্ষ। ২ চালাকি করিতে পটু। > বি, ~বাজি।

বাহান্ন [সং-দ্বিপঞ্চাশৎ > পা° দ্বিপঞ্ঞাসা > প্রাকৃ° বিবণ্ণা > হিং° বাবন (উচ্চারণে বাওয়ন্) > বাং-য় বাআন্ন পরে বাহান্ন] বি, দুই অধিক পঞ্চাশ সংখ্যা ; ৫২। ২ বিণ, ৫২ সংখ্যক। যাঁহা বাহান্ন তাঁহা তিপ্পান্ন-উনিশ বিশ ; যৎসামান্য তফাৎ গণনার মধ্যেই আসে না, সুতরাং ৫২ ও ৫৩ তে কোন ইতর বিশেষ নাই। তুল-বোঝার উপর শাকের আটি।

বাহাবাহিবি [বাহ+বাহ + ই। পরস্পরার্থে দ্বিত্ব] বি, পরস্পর বাহুতে বাহুতে যুদ্ধ ; হাতাহাতি।

বাহাবাহা [শীঘ্রার্থে দ্বিত্ব। বাহ বাহ >] ক্রি, বাহ বাহ ; শীঘ্র শীঘ্র বাহিত কর ; নৌকা দ্রুত চালাও। "বা° করি তবে রাধিকা ফুকারে"-শ্রী° কী°।

বাহার$_1$ [ফা° বহার্] বি, নয়ন মন রঞ্জনকারী সৌন্দর্য্য। "অনন্ত জোনাকী দেখে অনন্ত বা°"-কস্তুরী। ২ রাগবিঃ। ৩ বসন্তকাল। ৪ মজা। ~দেওয়া-যাতে সুন্দর দেখায় এমন সজ্জা করা। গুলবাহার -কাপড়ে ফুল তোলা। গুলবাহার ঢাকাই-ফুল তোলা ঢাকাই কাপড়। পাতা-বাহার-পুষ্পহীন কেবল পাতার সুদৃশ্য এমন গাছ।

বাহার$_2$ [সং-প্রবাহ >। হিং° বহাব। রঙ্গ° প্রাদে°] বি, প্রবাহ।

বাহারিয়া [বাহার+ইয়া > গ্রা°,কে° বাহারে] বিণ, শোভাজনক ; সুন্দর।

বাহাল [ফা° বহাল্]বিণ, স্থায়ী; বজায়; পূর্ব্ববৎ অবস্থিত reinstated. প্র-কর্ত্তারা তাকে পুনরায় কর্ম্মে বাহাল করিয়াছেন। ২ অপরিবর্ত্তনীয়। ৩ বলবৎ in force. বি, ~ী। প্র-বাহালীতে রাখিয়া ই° keeping in force.

বাহিক [বাহ (বহনীয়)+ইক (ব্যবহার অর্থে), যা বহন করিয়া বা স্বকীয় স্কন্ধে আরোহণ করাইয়া ব্যবহার করে] বি, বহন-যোগ্য বাদ্যযন্ত্র ; ঢাক। ২ যাতে আরোহণ করিয়া গমন করে ; গো-যান ই°। ৩ বিণ, ভারবাহী।

বাহিত [বহ্ + ণিচ্=বাহি (বহন করান, বা পাওয়ান)+ত (র্ম্ম), বহন করিয়া লওয়া যায় বা এক স্থান হতে স্থানান্তরে নীত হয় এমন] বিণ, স্থানান্তর-প্রাপিত ; নীত।

বাহিত্থ [সং] বি, গজকুম্ভের নিম্নভাগ।

বাহিনী [বাহ (শাস্ত্রোক্ত সৈন্য সামন্তের আবশ্যক বস্তু)+ইন্(স্ত্য°), যার বাহ(যুদ্ধাদির উপকরণ ই°) আছে] বি, সেনাদল ; যে সেনাদলে ৮১ হস্তী, ৮১ শকট, ২৪৩ অশ্ব এবং ৪০৫ পদাতি এতাবৎ সংখ্যক যুদ্ধসজ্জা। "কমণ্ডলু জল দিয়া জীয়ায় বাহিনী।"-কবিক°।"প্রতাপের পদাতিক সৈন্যগণ ঢালি-সৈন্য নামে অভিহিত হইত * * * পদাতিক অশ্বারোহী এবং তোপখানা এই ত্রিতয় সংযোগে উত্তম বা° প্রস্তুত হইয়া থাকে।"-আ° পত্রিকা, ১ পৌষ, ১৩৩৫। ২ [বাহ (প্রবাহ বা তরঙ্গ)+ইন্ (স্ত্য°), +ঈ (স্ত্রীং)] বি, প্রবাহিণী ; নদী। ~পতি [৬তৎ] বি, সেনাপতি।

বাহিয়া [বাহা দ্রঃ] ক্রি-অস, বাহন করিয়া ; অবলম্বনে বা উপর দিয়া প্রবাহিত হইয়া। "গণ্ড দুটি বাহিয়া ক্ষীণ অশ্রুধারা গড়াইয়া পড়িতেছে।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

বাহির [সং-বহিস্ >। প্রা° বাইর > কে° বার, বের] বি, বহির্দ্দেশ। ২ ক্রি-বিণ, বহির্গত। এই অর্থে গ্রা° বারি, বের। "বের হয়ে দেখ কত্তারূপে রামপ্রসাদের বাঁধছে বেড়া।"-গান। চট্ট° প্রাদে°, বাহার।

বাহিরান [গ্রা° বেরুন বাহির+আন (ক্রিয়ায়)। বাহিরাই, বাহিরাও, বাহিরায় ; বাহিরিতে ; বাহিরিয়া (গ্রা° বেরিয়ে)] ক্রি, বহির্গত হওয়া ; বাহিরে আসা বা যাওয়া। "পর্ব্বতগৃহ ছাড়ি বাহিরায় নদী যবে সিন্ধুর উদ্দেশে"-মেঘ°। "নাহি বাহিরায় শেল" -চণ্ডি°। বাহিরিল-বাহির হইল। "যথা * * বহ্নি জ্বলিলে * * বাহিরায় বেগে শিখাপুঞ্জ, বাহিরিল * * রাক্ষস।"-মেঘ°।

বাহিরে যাওয়া [প্রাদে° বাহ্যে দ্রঃ] ক্রি, মলমূত্র ত্যাগার্থ বাটীর বা গৃহের বাহিরে যাওয়া ; বাহ্যে যাওয়া ; (গৃহের বাহিরে) প্রস্রাব করিতে যাওয়া। ২ বহির্গত হওয়া। ৩ গৃহের বাহির হওয়া। ৪ বেড়াইতে যাওয়া। ৫ দেশান্তরে বেড়াইতে বা প্রবাসে যাওয়া। ৬ অধিকার বা আয়ত্ত বা শাসন অতিক্রম করা।

বাহী [বহ্ (বহন করা)+ইন্ (র্ত্তৃ)= বাহিন্, যে বহন করে] বিণ, বহনকারী ; বাহক। প্র-ভারবাহী।

বাহীক [বহ্+ঈক (র্ত্তৃ)] বিণ, বহন-কারী ; বাহী ; বাহক। ২ ভারী। ৩ যান ; বাহন ; গাড়ী। ৪ পঞ্চাবস্থ কুরুজাঙ্গল প্রদেশের পার্শ্ববর্ত্তী স্থানবিঃ। ৫ জাতিবিঃ।

বাহু [বহ্ (বহন করা)+উ (র্ত্তৃ), আ আগম, যে বহন করে। গ্রা° বাউ, বাহা] বি, ভুজ ; স্কন্ধপ্রান্ত হতে হস্তাঙ্গুলিশীর্ষ পর্য্যন্ত প্রত্যঙ্গ। ২ [বলবিদ্যা° (ক° বিশ্ব° পরিঃ)] বি, ই° arm (of a couple) এর বৈজ্ঞা° পরিঃ। ৩ [জ্যা° (ক° বিশ্ব° পরিঃ)] বি, ই° arm ; side এর বৈজ্ঞা° পরিঃ। ~ক [সং] বি, ঋতুপর্ণ রাজার সারথিবেশধারী রাজা নল। ~গর্ব্ব-বি, বাহুবলের অহঙ্কার। > বিণ, গর্ব্বী-বাহুদর্পী (দ্রঃ)। ~জ [বাহু (ভুজ) জ-জন্ (হওয়া) + অ (র্ত্তৃ) যে বাহু হতে জন্মে, উপ°] বি, বাহুজাত। ২ ক্ষত্রিয়। ~ত্রাণ, বাহুত্র [বাহু (ভুজ) ত্রাণ (ত্রৈ রক্ষা করা) + অন, অ (ণ), যদ্দ্বারা বাহু রক্ষা হয়] বি, যোদ্ধা-গণের বাহুরক্ষার্থ লৌহ নির্ম্মিত আবরণ ; কবচ। ~দর্পিত-দৃপ্ত দ্রঃ। ~দর্শী বিণ, বাহুবলের দর্পকারী। ~দা [বাহু (ভুজ)+দা (দানকরা)+অ(র্ত্তৃ)+আ (স্ত্রীং)। কিম্বদন্তী আছে যে লিখিত-নামধেয় জনৈক মুনি ছিন্ন-বাহু হওয়ায় প্রাণত্যাগ বাসনায় হিমালয় নিঃসৃত একটী নদীতে অবতরণ করেন কিন্তু ঐ নদীজলস্পর্শে তাঁর ছিন্নবাহু পূর্ব্ববৎ হওয়ায় ঐ নদীর নাম বাহুদা হইয়াছে] বি, হিমালয়-নিঃসৃতা নদীবিঃ ; সৈতবাহিনী। ~দৃপ্ত-বিণ, শারীরিক ক্ষমতাগর্ব্বিত। ~বন্ধ [সং] বি বাজুবন্ধ।~বল [৬তৎ] বি,ভুজবল। ২ শারীরিক শক্তি ; ক্ষমতা। ৩ ক্ষাত্রশক্তি। ৪ সাধারণ সৈন্য ও গ্রামবল সংখ্যসূচক উপাধিবিঃ। ~বলীন্দ্র [বাহুবলী (মধ্যে) ইন্দ্র (প্রধান)] বি, বাহুবলে ইন্দ্রের সমকক্ষ ; ময়না রাজবংশের উপাধিবিঃ। ~ভূষণ, -ভূষা [৬তৎ] বি, বাহুর অলঙ্কার ; কেয়ূর বলয়াদি। ~মূল [৬তৎ] বি, কক্ষ ; বগল। ~যুগল-বি, বাহুদ্বয় ; দুইবাহু। ~যুদ্ধ [বাহু দ্বারা যুদ্ধ, ৩তৎ] বি, পরস্পর বাহুতে বাহুতে যুদ্ধ ; মল্লযুদ্ধ ; কুস্তী। ~শালী [বাহু (ভুজ দ্বারা) শালী (শোভিত বা যুক্ত), উপ°] বিণ, যে বাহুবলের শ্লাঘা করে। ২ ভুজ-বিশিষ্ট। [দ্রঃ-অর্দ্ধবাহু [অর্থ শা°] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিঃ ; যুগলস্তম্ভ বা এরূপ ভাবে নির্ম্মিত ও স্থাপিত হইত যে শত্রু দলনের জন্য ইচ্ছামত ভূমিসাৎ করা যাইতে পারিত। ঊর্দ্ধবাহু [অর্থ শা°] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিঃ; "উচ্চে স্থিত বৃহৎ স্তম্ভ যা আবশ্যকমত শত্রুর গতিরোধার্থ নিক্ষিপ্ত হইতে পারিত"]।

বাহুটী-বাউটি দ্রঃ।

বাহুড়া সং-প্রঘূর্ণন > প্রাকৃ° পহোলন > হি° পহুরণা,বহোরনা (ফিরে আসা) >। বাহুড়ি,বাহুড়, বাহুড়ে ; বাহুড়িতে ; বাহুড়িয়া (কে°বাহুড়ে,পদ্যে-বাহুড়ি)। ণিজন্ত-বাহুড়ান (দ্রঃ)] ক্রি, প্রত্যাবর্ত্তন করা ; ফেরা। "বহু-দিন হৈল পুনঃ বাহুড়ি না আল"-মহা° (কাশী°)। "হৃষ্ট হৈয়া বাহুড়িল দরিদ্র ব্রাহ্মণ" -ঐ। "দেশে বাহুড়িয়া যেন না যায় ভারত।" -কৃত্তি°। "পথ বাহুড়িয়া মুনি দেখিবারে পায়"-শূ° পু°। বিণ, প্রত্যাবৃত্ত ; ফেরত। (ভুল-ওড়ি° বা° রথ)।

বাহুড়ানি [বাহুড়া (দ্রঃ) > ণিজন্তে। প্রা॰ বাং। বাহুড়াই, বাহুড়াও, বাহুড়ায়; বাহুড়াইতে; বাহুড়াইয়া (কে॰ বাহুড়ায়ে)] ক্রি, প্রত্যাবর্ত্তন করান ; নিবৃত্ত করা; ফিরান। "ধাইয়া ধাইয়া কেহ ধেনু বাহুড়ায়।" -জ্ঞান॰। ব্রজ॰ **বাহুড়াব** - ফিরাইবে। "বাতুল মদন বাহুড়াব কোই"-বি॰ প॰।

বাহুল [বহুল (অনেক) + অ (ভা॰)] বি, বহুলত্ব। ২ [বহুলা (কৃত্তিকা নক্ষত্রযুক্তা পূর্ণিমা) + অ (তদ্‌যুক্তার্থে)] বি, কৃত্তিকা নক্ষত্রাশ্রিত পূর্ণিমাযুক্ত মাস ; কার্ত্তিক মাস।

বাহুলেয় [বহুলা (চন্দ্রপত্নী কৃত্তিকা) + এয় (অপত্যার্থে) কৃত্তিকা পালিত বলিয়াই কার্ত্তিকেয়] বি, ষড়ানন ; দেব-সেনাপতি।

বাহুল্য [বহুল (অনেক) + য (ভা॰)] বি, আধিক্য ; আতিশয্য।

বাহে$_1$-ক্রি, প্রবাহিত হয় ; নৌকাদি চালায় ; জল কাটিয়া যায়।

বাহে$_2$ [উ॰ বঙ্গ প্রাদে॰] বি, উত্তর বঙ্গের মুসলমানী কথায় সম্মানসূচক সম্বোধন ; মহাশয়।

বাহে$_3$ [বাহু + তে (=এ) > বাহুএ > কে॰বাহে] অ, বাহুতে ; বাহুদ্বারা। "আকাশ ধরিতে চাও বাহে "-চৈ॰ ম॰ (লোচন॰)।

বাহ্ম (বাম্‌হ্) [সং-ব্রহ্ম। বৌ॰সা॰, সন্ধা॰ ভাষায়, হর, হরি দ্রঃ] বি, ধিঙ্গানাড়ী। "কাটই হরিহর বাহ্ম ভয়া"-চ॰পদ, ৪৭।৪।

বাহ্য$_1$ [বহ্ (বহনে) + য (র্ম্ম), যা বহন করে] বিণ, বহনযোগ্য ; বহনীয়। স্ত্রীং ~া। ২ [বহ্ + য (ঘ্যণ্, ণে)] বি,যান ; বাহন। **~মান**[বহ্ + ণিচ্ =বাহি (বহন করান বা পাওয়ান) + আন (র্ম্ম), যা বহন করাইয়া লইতেছে] বিণ, প্রাপ্যমাণ ; নীয়মান। ২ যাকে বহন করিতেছে।

বাহ্য$_2$ [বহিস্ (বাহির) + য (হওয়া অর্থে), আ আগম, ই ও স্ লোপ, যা অভ্যন্তর বা গৃহাদির বাহিরে স্থিত] বিণ, বহিঃস্থ ; বাহিরের। "এহো বাহ্য আগে কহ আর"- চৈ॰চ॰। ২ বাহির; বহির্দ্দেশ। "মনেতে বুঝিয়া দেখ, বাহ্যেতে উদয় দেখ যামিনীর কান্ত।" -বাং গান। **~কৃত্য** [বাসগৃহ বা বাড়ীর বাহিরে গিয়া সম্পাদ্য যে কৃত্য > । প্রা॰ বাহে] বি, মলত্যাগ কার্য্য ; বাহ্যক্রিয়া (চৈ॰ চ॰)। **বাহ্যে যাওয়া**- বাহিরে যাওয়া (দ্রঃ) ; মলত্যাগ করিতে যাওয়া [পূর্ব্বের মত এখনও বহুস্থানে মলত্যাগের জন্য বাড়ীর বাহির যাইতে হয় বলিয়া। তুল-'গাছে যাওয়া' (বঙ্গের নানাস্থানে বৃক্ষশাখায় বসিয়া মলত্যাগ করার প্রথা হতে)]। **~জগৎ**-বি, বহির্জ্জগৎ ; জড়জগৎ। **~জ্ঞান**-জড়জ্ঞান ; শব্দ স্পর্শাদি বিষয়ক জ্ঞান ; ইন্দ্রিয় জ্ঞান। ২ সাংসারিক জ্ঞান। **~দৃষ্টি**-জড়দৃষ্টি ; চর্ম্মচক্ষুতে দেখা।

বাহ্যিক [বাহ্য > দ্রঃ] বিণ, বাহিরের।

বাহ্যে [প্রা॰ বাহ্য (কৃত্য) দ্রঃ] বি, মলত্যাগ। **বা॰ করা**- মলত্যাগ করা। ২ [লক্ষ॰, প্রা॰] যা ত্যাগ বা বর্জ্জন করার যোগ্য তাই করা ; অপরিষ্কার বা ময়লা বা নোংরা কাজ করা ; ভালরূপ করিতে না পারিয়া এমন কাজ করা যার সমস্তই বাদ দিয়া বা রদ করিতে হয় ; অত্যন্ত অসুন্দর কাজ। প্র-কাজ করেচে না বাহ্যে করে রেখেছে-এখন তা মেরামত করতেই কদিন যায় দেখ। ৩ পশ্চাৎপদ হওয়া ; অপারগ হওয়া। ৪ ভয়ে অভিভূত হওয়া।

বাহ্যেন্দ্রিয় [বাহ্য (বাহিরে স্থিত) ইন্দ্রিয় (চক্ষুঃ কর্ণ ই॰),ধা] বি, চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্, এই পঞ্চ বাহ্যেন্দ্রিয়, আবার কেহ বলেন বাক্, পাণি, পাদ, উপস্থ ইহারাও বাহ্যেন্দ্রিয়।

বাহ্লিক, বাহ্লীক [বল্‌হ্ (দীপ্তি পাওয়া) + ইক, ঈক (স্বার্থে)] বি, তাতার-দেশের অন্তর্গত দেশবিঃ। ২ প্রাচীন পঞ্জাবের অন্তর্গত ব্যাকট্রিয়া বা বালখ নিবাসী কয়েকটি জাতির সাধারণ নাম (মহাভারতে উক্ত যে তারা সিন্ধু ও পঞ্চনদ বিধৌত দেশে বাস করিত না, পবিত্র ভারতের বাহিরে ছিল। ঐ দেশ উৎকৃষ্ট অশ্ব ও হিঙ্গুর জন্য বিখ্যাত ছিল); বর্ত্তমান Balkh. ৩ বাহ্লিক দেশজাত অশ্ব। ৪ বাহ্লিক নামক গন্ধর্ব্ব। ৫ বি, কুঙ্কুম। ৬ হিঙ্গু।

বি$_1$ [সং-বে (বিস্তারে) + ই (র্ত্ত)] বি, আকাশ। প্র-বিহঙ্গম ; বিহঙ্গ। ২ বর্গ। ৩ পক্ষী। প্র-বিটঙ্ক।

বি$_2$ [সং উপসর্গ। ক্বা॰ বে, সং উপসর্গ বিপরীত ভাব মিশ্রণে, বিকল্পে বি ও বে। তুল -বিগোছ, বেগোছ, বিজাতি বেজাতি, বিঢপ, বেঢপ, বিজোড় বেজোড়] অ, সম্যক্ ; বিশেষ। প্র-বিখ্যাত ; বিজ্ঞান ; বিশুদ্ধি ; বিবৃদ্ধি। ২ বিপরীত ; বিরুদ্ধ। প্র-বিপক্ষ ; বিকর্ষণ ; বিবাদ। ৩ বিহীন ; বিরহিত ; শূন্য। প্র-বিকর্ণ ; বিহস্ত। ৪ বিকৃত। প্র-বিবর্ণ। ৫ নিষেধ ; না। প্র-বিস্মৃতি ; বিষম ; বিশোক। ৬ বহু ; নানা। প্র-বিবিধ। ৭ প্রভেদ। প্র-বিশেষিত। ৮ পরস্পর। প্র-বিবাহ। ৯ বিগত। প্র-বিতৃষ্ণা। ১০ ভিন্ন। প্র-বিজাতীয়।

বি$_3$, বী [সং-অপি > হিং ভী > প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰] অ, অপি ; ও ; এবং ; আরও; উভয়। "কাআ তরুবর পঞ্চ বি ডাল"- চ॰পদ ১।১। "কো বী ন দেখি"-চ॰পদ ১৬।৪।

বিঅ [সং-ইব > বর্ণবিপর্য্যয়ে বিঅ। বৌ॰ বাং প্রাকৃ॰] অ, তদ্বৎ ; সদৃশ। "জই গঙ্গা বিঅ"-দো॰ ৮৭ পৃ॰। দো॰ ৮২ পৃ॰।

বিঅনি-বিয়ান দ্রঃ।

বিঅনী-বিউনি দ্রঃ।

বিআ$_1$ [বীজ > বিঅ >] বি, বীজ।

বিআ$_2$ [সং-বিবাহ > হিং বিআহা, ব্যাহ > বাংয়-বিভা > বিআ বিয়া > কে॰ বে] বি, বিবাহ।

বিআনি [বিয়ান দ্রঃ। হিং বিআনা (বাচ্চা দেওয়া, সন্তান প্রসব করা)] ক্রি, সন্তানপ্রসব করা। বি, **বিআন**।

বিউগল, -গেল [ইং bugle এর লিপ্যন্তর] বি, রণশিঙ্গা ; তুরী ; ভেরী। **বিউগেল দেওয়া**-তূর্য্যধ্বনি করা ; রণশিঙ্গা বাজান। ২ বংশীধ্বনি করিয়া সঙ্কেত করা।

বিউনি, -নী [সং-বীজন > বীজনী > বিঅনী >] বি, তালবৃন্ত ; হাতপাখা। "গোসাঞি দিলেন তবে বিউনির বাত। ক্ষত ছিল ছার পাঁচ উড়িঝাত জাত।"-শূ॰ পু॰।

বিউনির্ল [নামধাতু, পদ্যে। বিউনি (বীজন) + ল=ইল(বাং ১ম পু॰, বর্ত্তমানের ক্রি-বিভক্তি)] ক্রি, ব্যজন করিল ; বাতাস করিল।

"কেহ বা আনিল সুশীতল বারিপাত্রে, বিউনিল কেহ"-মেঘ০।

বিউনী,-নি [সং-বেণী, বেণি >] বি, বেণী ; কেশরচনা। ২ বিণ, কৃতবেণী ; বেণীবদ্ধ ; বিননী-করা। "বিউনী কেশের অন্ত শোভয়ে মদন কুন্ত কবরীতে শোভিছে কেশর।"-কবিক০।

বিউলি,-লী [বিয়লি (দ্রঃ) >। বা, সং-ব্রীহি > বিরি (মাষকলাই) + হিং ধুলি (ধুলি, ছুই) = ধোয়া বা খোসা তোলা মাসকলাই] বি, খোসা ছাড়ান বা মাজা মাষকলাই। "ঘর দুই চারি দেখে মুগের বিউলি।" বিউলির ডাল-ধোয়া মাষকলাইয়ের ডাল।

বিএ,বি,এ [ইং "Bachelor of arts' এর সাঙ্কেতিক আদ্যক্ষর B. A. র লিপ্যন্তর] বি, বিশ্ববিদ্যালয়ের উচ্চ পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার নিদর্শক উপাধি। "বৃথা ও পাশ্চত্য দীক্ষা প্রসবে যে বি, এ, এম্, এ, বিশ্ববিদ্যালয়।"-গোবিন্দদাস (চন্দন)। ২ বিএ পরীক্ষায় উত্তীর্ণ ; বিএ পাশ করা। "যাহাকে প্রকৃত শিক্ষা বলে "বিএ" দিগের মধ্যে অল্প লোকেরই আপনার ন্যায় সেটী আছে।" -সংসার।

বিওন-বিয়ান দ্রঃ।

বিওলা [violet এর লিপ্যন্তর। শ্রীরামপুর কলেজের অধ্যাপক জন ম্যাক্ কর্ত্তৃক বাঙ্গালা গ্রন্থে প্রথম ব্যবহৃত] বি,নীল-লোহিত বর্ণ। ২ বিণ, ধূমল।

বিংশ [বিংশতি (কুড়ি) + অ (পূরণার্থে)] বিণ, বিংশতি সংখ্যার পূরক। প্র-বিংশ শতাব্দী। ~ক [বিংশ + ক (স্বার্থে)] বিণ, বিংশতি সংখ্যক। ২ বি, বিংশতি সংখ্যা। ~তি [দ্বি-দশন্] বি, কুড়ি ; বিশ সংখ্যা ; ২০। ২ বিণ, ২০ সংখ্যক। ~তিতম [বিংশতি (কুড়ি) + তম (পূরণার্থে) ১ হতে ১৯ গণনার পর যে স্থানে কুড়ি সংখ্যা পূর্ণ হয়] বিণ, বিংশতি সংখ্যার পূরক। > স্ত্রীং ~তমী।

বিঃ-বি, বিসর্জ্জিত দ্রঃ। ২ বিশেষ এই শব্দের সংক্ষেপ।

বিঁড়া [গ্রা০ বিড়ে। সং-বেষ্টন > বেড়ন > বেড় > ক্ষুদ্রার্থে বেড়ি > বর্ণবিপর্য্যয়ে বিড়ে প্রাদে০ উচ্চারণে বিড়ে > বিঁড়া] বি, পাকাইয়া চক্রাকার করা খড় ইং (কলসাদি গড়াইয়া পড়িয়া না যায় তজ্জন্য বিড়ার উপর বসাইয়া রাখা হয়)। প্র-মাথার উপর বিঁড়া রাখিয়া তার উপর দুধের কেঁড়ে চাপাইয়া গোয়ালিনী দুধ বিক্রয়ে চলিল। ২ ধান গাছের আটি।

বিঁড়ি, বিড়ি [সং-বীটি (তাম্বূলবল্লী) >] বি, পানের খিলি। ২ দেশী চুরুট।

বিঁদ [সং বিধ্ ধাতুজ-বিঁধা দ্রঃ। অথবা বিন্দু > বিন্দ্ > বিঁদ। গ্রা০] বি, বিন্দু সদৃশ ছিদ্র ; বিঁধ (দ্রঃ)। ~কি [বিঁদ (দ্রঃ) কি (ক্ষুদ্রার্থে)। হি বন্দ্কী] বি,ক্ষুদ্র বিন্দু ; ফুটকি। ~কি-বিঁদকি-ক্রি-বিণ, অতি ক্ষুদ্র ক্ষুদ্র বিন্দুতে ; ছোট ফোঁটা ফোঁটা।

বিঁধ [বিঁধা দ্রঃ] বি, ছিদ্র ; ছেঁদা।

বিঁধন [সং-বেধন >] বি, ছিদ্র করণ। ২ ফোঁড়ন। ৩ ফুটন। ৪ (-ধঁনি) ক্রি বিঁধানি(দ্রঃ) ; ফুটাইয়া দেওয়া। ৫ ফোঁড়া

বিঁধা, বেঁধা [বিধ্ (ছিদ্র করণ) > বিঁধ + আ (ক্রি-বিভক্তি)। বিঁধি, বিঁধ, বেঁধ (বিঁধেন, বেঁধেন, বিঁধিস), বিঁধে (বেঁধে, বিঁধেন, বেঁধেন) ; বিঁধিতে ; বিঁধিয়া (কে০ পদ্যে-বিঁধি, গ্রা০ বিঁধে)। ণিজন্ত-বিঁধান] ক্রি, বিঁধ করা ; ছিদ্র করা। ২ কণ্টকাদির সূক্ষ্মমুখ প্রবিষ্ট করা ; বিদ্ধ করা। ৩ ফোঁড়া ; ফোঁড় দেওয়া। ৪ বিদ্ধ হওয়া ; ফুটিয়া যাওয়া।

বিঁধানি [বিঁধা (দ্রঃ) ধাতুর ণিজন্তরূপ। বিঁধাই, বিঁধাও (বিঁধান, বিঁধা), বিঁধায় (বিঁধান্) ; বিঁধাইতে ; বিঁধাইয়া (কে০ বিঁধিয়ে)] ক্রি, বিদ্ধ করান ; ছিদ্র করান।

বিক [সং-বর্গ > বগ্গ > বাগ (দ্রঃ), বিগ, বেগ > বিক। প্রাদে০] বি, বর্গ ; মার্গ ; পথ। ২ দিক্। প্র-বিকে (গ) বিকে ছড়াইয়ে দিলে। কোন বিগে দেখিয়ে দাও ত ?

বিকঙ্কত, বৈকঙ্কত [সং। গ্রা০ বেঙ্চ, বেঙচ (মাণিক০ধ০ম০), বৈঁউচ (রাঢ়ে ভেঁউচ), বৈঁচে, বৈঁচি, ২৪ পরগণাঞ্চলে বোঁচ] বি, বঁইচ নামক গোল ক্ষুদ্রফলবান কণ্টকী বৃক্ষ ; বোঁচ ফলের গাছ। ২ বঁইচি ফল। "বনে বনে ভ্রমি তুলি বি০ সেয়াকুলি আম জাম দিল শর শর।" -কবিক০।

বিকচ [বি (বিগত) কচ (বন্ধন) যার, বহু০] বিণ, বিকসিত ; বিকাশপ্রাপ্ত ; প্রফুল্ল। 'বি০ কমলে যেন কুতূহলে ভ্রমর পাঁতির দেখা।"-অ০ ম০।"বি০ নলিনে যমুনা পুলিনে বহুত পিয়াসীরে"-বঙ্কিম০। ২ [বি,(বিগত বা নাই) কচ (চুল) যার, বহু০] বিণ, কেশশূন্য। ৩ বি, কেশগ্রহ। স্ত্রীং ~া।

বিকচোন্মুখ [বিকচ + উন্মুখ] বিণ, যা আশু প্রস্ফুটিতে হইবে ; বিকাশোদ্যত।

বিকচ্ছ [বি (নাই) কচ্ছ (কাছা) যার, বহু০] বিণ, কচ্ছহীন ; যার কাছা নাই।

বিকট [বি (বিপুল) কট (আচ্ছাদন, গতি, অবস্থা, আকৃতি)যার, বহু০] বিণ, অতি বৃহৎ ; বিশাল। "বি০ কটক কাটি, জিনি ভুজবলে রঘুশ্রেষ্ঠ ;-এ প্রতিজ্ঞা বীরাঙ্গনা, মম।"-মেঘ০। ২ [বিকৃত (দ্রঃ) >] বিকরাল ; অতি ভয়ানক ; ভীষণ ; ভয়ঙ্কর। ৩ বৃহৎ দন্তবিশিষ্ট ; দন্তুর। ৪ বিকৃত। স্ত্রীং ~া-বজ্রবারাহী।

বিকটাকার [বিকট + আকার] বি,

বিকত্থন [বি (প্রথাবিরুদ্ধ বা বিপরীত) কথ্ (শ্লাঘা করা) + অন (ভা০)] বি, আত্মপ্রশংসা ; আত্মশ্লাঘা। ২ [বি-কথ্ + অন (কৃ), যে আত্মশ্লাঘা করে] বিণ, আত্মশ্লাঘাকারী। স্ত্রীং ~া।

বিকনি, বিকানি, বিকুনি [বি + ক্রীণন (ক্রী ধাতুজ)। বিকাই (বিকুই), বিকাও (বিকোও), বিকায় (বিকোয়) ; বিকাইতে ; বিকাইয়া (কে০ বিকিয়ে)] ক্রি, বিক্রীত হওয়া। ২ প্রচলিত হওয়া ; আদৃত হওয়া। প্র-নামে বিকান। ৩ আত্মসমর্পণ করা। প্রা০ বাং-র-বিকিণিতেঁ-বিক্রয় করিতে। বিকিণিবোঁ-বিক্রয় করিব। বিকণে-বিক্রয় করে। বিকা, বিকে-বিক্রয়ের নিমিত্ত ; বিক্রয়ার্থ। "মাঝে রাধিকা জাএ বিকা"-শ্রী০ কী০। বিকাএ-বিক্রীত হয়।

J যুক্ত বিকল্পে (অগ্র=অগ্গ্র), ঁ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible] ও চা০ দ্রঃ

বিকম্পিত [বি (বিশিষ্টরূপে) কম্প (কাঁপা)+ত (র্তৃ), যে বিশিষ্টরূপে কাঁপে] বিণ, অতিশয় কম্পিত; বেপমান। ২ অতিশয় বিচলিত।

বিকরাল [বি (বিশিষ্টরূপে) যে করাল (ভয়ানক), ধা] বিণ, অতি ভীষণ; ভয়ঙ্কর; ভয়ানক। স্ত্রীং ~া।

বিকরুণ [বি (নাই) করুণা যার, বহুং] বিণ, করুণারহিত; নিষ্করুণ; নিষ্ঠুর; নির্দ্দয়। "শুনহে বিং কান"-জ্ঞানং।

বিকর্ণ [বি (বিগত, নাই) কর্ণ (কান) যার, বহুং] বিণ, কর্ণবিরহিত; শ্রবণেন্দ্রিয়হীন। ২ [বি (বিশেষভাবে) কর্ণ (শুনা)+অ (র্তৃ, জ্ঞাং)] বি, দুর্য্যোধনের সহোদরবিঃ।

বিকর্ণিক [বি (বিগত, নাই) কর্ণিকা (কেশর) যার, বহুং] বিণ, কেশরবিহীন পুষ্প। ২ বি, সরস্বতী নদীর উপকূলবর্ত্তী দেশবিঃ।

বিকর্ত্তন [বি (বহুধা) কর্ত্তন (কৃৎ=ছেদন করা+অন, র্ম্ম), যাকে খণ্ড খণ্ড করিয়া কর্ত্তন করা হইয়াছে। পুরাণে আছে যে বিশ্বকর্ম্মা সূর্য্যের তেজোহ্রাস মানসে খণ্ড খণ্ড করিয়া ছেদন করিলে পর সূর্য্যপত্নী সংজ্ঞা তাঁর তেজ সহ্য করিতে সমর্থা হন] বি, মার্ত্তণ্ড; সূর্য্য। "রতিপতি নর্ত্তন, বিরস বিং শুভ ঋতুরাজ সমাজে"-মং মোং তং। ২ বিণ, কর্ত্তনকারী; ছেদক।

বিকর্ম্ম [বি (বিরুদ্ধ) কর্ম্ম] বি, বিরুদ্ধকর্ম্ম; বিপরীত কর্ম্ম। "কোন্ বলে কর তুমি এমত বিং"-চৈং চং। ~কৃৎ [বি (বিরুদ্ধ, নিষিদ্ধ) কর্ম্ম+কৃৎ(কারী), উপং] বিণ, শাস্ত্র বা আচার-বিরুদ্ধ কর্ম্মকারী। ~স্থ-বিণ, বিকর্ম্মে রত; অবৈধ কর্ম্মকারী।

বিকর্ষ [বি (বিশিষ্টরূপে) কৃষ্ (আকর্ষণ করা)+অ (র্ম্ম), যাকে বিশিষ্টরূপে আকর্ষণ করে] বি, বাণ; তীর।

বিকর্ষণ [বি (বিপরীত) কর্ষণ (আকর্ষণ)] বি, বিপরীত দিকে টান; আকর্ষণের বিপরীত; নিজের প্রতিকূলে টান। ২ [বি (বিশেষ) কর্ষণ (টানা)] আকর্ষণ। ৩ [বলবিদ্যাং (কং বিশ্বং পরিঃ)] ইং repulsion এর বৈজ্ঞাং পরিঃ।

বিকল [বি (বিগত) কল (কলা) যার, বহুং] বিণ, কলাহীন। ২ অসম্পূর্ণ; হ্রাস-প্রাপ্ত ৩ অবশ; অসমর্থ। ৪ মাতোয়ারা; আত্মবিস্মৃত। ৫ শ্রীহীন। ৬ অনৈসর্গিক। ৭ ব্যাকুল; অস্থির। "গুজরাটে গেলা তবে বুলান মণ্ডল। পশ্চাতে চলিল প্রজা হইয়া বিং॥"-কবিকং। "বিং ভ্রমর সম ত্রিভুবন আওল"-রবীং। ৮ অভিভূত; বিহ্বল। "দুঃখে নিত্যানন্দের বিং হইল প্রাণ॥" -চৈং ভাং। স্ত্রীং ~া১-বিগতরজস্কা; রজোরহিতা। ২ শ্রীহীনা। ৩ কলাহীনা। ~চিত্ত-বিণ, কাতর হৃদয়; বিহ্বলচিত্ত; ব্যাকুলা আত্মা।

বিকলা২ [জ্যাং (কং বিশ্বং পরিঃ)] বি, সেকেণ্ড; ইং second এর বৈজ্ঞাং পরিঃ।

বিকলাঙ্গ [বিকল (গমনশক্তি শূন্য বা বিকৃত)+অঙ্গ (শরীর বা অবয়ব) যার, বহুং] বিণ, অঙ্গের বিকলতাপ্রাপ্ত; হীন অঙ্গ; কানা, খঞ্জ, কুব্জ ইং অঙ্গবিকারপ্রাপ্ত। স্ত্রীং ~ী।

বিকলি [ব্রজং প্রাং বাং। বিকুলি দ্রঃ] বি, বিকলতা; বিহ্বলতা; ব্যাকুলতা।

বিকলেন্দ্রিয় [বিকল (অবশ)+ইন্দ্রিয় (চক্ষুরাদি) যার, বহুং] বিণ, অবশেন্দ্রিয়, কানা, কুব্জ, খঞ্জ ইং অঙ্গবিকারপ্রাপ্ত। ২ [বিকল (অবশ) যে ইন্দ্রিয়, ধা] বি, স্বাভাবিক শক্তিহীন ইন্দ্রিয়।

বিকল্প [বি (বিপরীত, বিভিন্ন, অন্য) কল্প (কল্পনা, বিধান), ধা। বৌং বাং প্রাকৃং বিঅপ্প (প্র)] বি, পরিবর্ত্ত কল্পনা। ২ বিপরীত কল্পনা। ৩ নানাপ্রকার কল্পনা। ৪ ভ্রম। ৫ সন্দেহ। ৬ [ব্যাং] দ্বৈধরূপ; বিভাষা option. ৭ কাব্যের অর্থা-লঙ্কারবিঃ। প্রকৃত বিরুদ্ধ পদার্থদ্বয়ের তুল্য-বর্ণ কল্পনা দ্বারা এক ক্রিয়াদির সহিত সম্বন্ধ প্রদর্শন স্থলে বিং হয়।-কাব্যদর্পণ। "অদ্য আসিয়াছে কৌরব বীর। ধনু নত্র কর অথবা শির। প্রাণ ছাড় কিম্বা ছাড়হ মান, অন্যথা তোদের না দেখি ত্রাণ।"-মিং কং। [দ্রঃ-এখানে ধনু ও শির নম্রকরণ দ্বারা বিগ্রহ ও সন্ধি এই দুই বিরুদ্ধ বিষয় ও তুল্যবল এককালে সমুপস্থাপিত]।

বিকল্পক [দর্শনে] বি, বিশেষ্যের জ্ঞান [দ্রঃ-সবিকল্পক (দ্রঃ)-ইন্দ্রিয়জন্য। (২)[ন্যায়] বিশেষণবিশিষ্ট বিশেষ্যের জ্ঞান। নির্ব্বি-কল্পক (দ্রঃ)-ইন্দ্রিয়াতীত; পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের অতীত। "অর্থের সবিকল্পক জ্ঞান আর পদের নির্ব্বিকল্পক জ্ঞান বুদ্ধি"]।

বিকল্পিত [বিকল্প+ইত (ত্যং), যার বিকল্প আছে] বিণ, বিকল্পবিশিষ্ট। ২ বিপরীত ভাবে কল্পিত। ৩ বিভাবিত। ৪ সন্দিগ্ধ।

বিকশন [বিকাশন শব্দের অপব্যবহার। পদ্যে] বি, বিকাশ।

বিকশল [ব্রজং। পরং সাং] ক্রি, বিকশিত হইল। "বিং অঙ্গ না যাওত ধরণে"-বিং পং।

বিকশা [বি-কশ্ (প্রকাশ পাওয়া) >। বিকশি, বিকশ, বিকশে; বিকশিতে; বিকশিয়া (কেং, পদ্যে-বিকশি)] ক্রি, বিকাশ পাওয়া; প্রকাশ পাওয়া।

বিকশিত [বি (বিশেষভাবে) কশ্ (প্রকাশ)+ত (র্ম্ম)] বিণ, বিকাশপ্রাপ্ত; উদ্ভিন্ন। গোপ বধূজন বিং যৌবন।"-রবীং। ২ প্রস্ফুটিত; ফুল্ল। ৩ ব্যক্ত।

বিকষিত [বি-কষ্ (প্রকাশ)+ত (র্ম্ম)] বিণ, বিকশিত দ্রঃ। ২ [বি (বিশেষভাবে) কষিত (কষ্=পরীক্ষা করা)] সুপরীক্ষিত।

বিকসা-বিকশা দ্রঃ।

বিকসিত [বি-কস্ (প্রকাশে)+ত (র্ম্ম)] বিণ, বিকাসপ্রাপ্ত। ২ প্রস্ফুটিত। "বিং তামরসে, অলি আসি উড়ি বসে, ভেকভাগ্যে কেবল চীৎকার।"-পদ্মিনী উপাখ্যান।

বিকা-বিকন দ্রঃ।

বিকান [সং-বিক্রয় > বিকি (প্রাং বাং) -আন (ক্রি-বিভক্তি)। হিং বিকানা। বিকাই, বিকাও, বিকায়, বিকাইতে; বিকাইয়া (কেং বিকিয়ে)] ক্রি, পণ্যস্বরূপ বিক্রীত হওয়া। ২ [অলং] আত্মসমর্পণ করা; (এই অর্থে) বিক্রীত হওয়া; স্বেচ্ছায় অনুরাগ-বশে সম্পূর্ণ অধীন হওয়া বা বশ্যতা স্বীকার করা। "পশুপতি পাইনু পতি তপস্যার ফলে। বিনামূলে বিকায়েছি ঐ পাদতলে।"-শিং।

"দেখিব সে শ্যামরায় বিকাইব রাঙ্গা পায় ভারত ভাবিয়া তায় ভাবে চলচল।" -ভারত°। ২ প্রচলিত হওয়া ; সাধারণের গ্রাহ্য হওয়া ; আদৃত হওয়া। নামে বিকানি-প্রকৃতপক্ষে মূল্যহীন বা অপদার্থ হইলেও নাম বা উপাধির বলে প্রচলিত বা আদৃত হওয়া।

বিকার [প্রা° বিগার। বি (বিপরীত) কৃ (করা)+অ (ভা°)। বৌ° বাং প্রাকৃ°-বিআর] বি, স্বভাবের বৈলক্ষণ্য ; প্রকৃতির বিপরীত। প্র-বুদ্ধিবিকার। ২ অন্যথাভাব। ৩ ব্যাধি ; রোগ। প্র-মস্তিষ্কবিকার। ৪ যাতনা [কবি বিদ্যাপতি এই অর্থে ব্যবহার করিয়াছেন]। ৫ জ্বরের প্রাবল্য হেতু মস্তিষ্কের বিকৃতি ও প্রলাপ অবস্থা ; সান্নিপাতিক জ্বর। ৬ ঘোর ; অন্ধকার। "না থাকে এবে সে ইন্দ্রিয় চালনা। সে মোহ-বিকার, মায়ার ছলনা॥"-ছায়াময়ী (হেম°)। ৭ [জ্যো° (হি° কোষ)] ইং variation এর বৈজ্ঞা° পরি:। ~ী-বিণ, বিকৃতস্বভাব। ২ বিকারজনক। ৩ পরিবর্ত্তনশীল। ~গ্রস্ত-বিকারাচ্ছন্ন। ২ বিকৃত।

বিকার্য্য [বি (বিপরীত) কৃ (করা)+য (র্ম্ম), যাকে বিকৃত করে] বিণ, বিকারযোগ্য।

বিকাল [বি (বিপরীত বা নিষিদ্ধ) যে কাল (দৈব কার্য্যাদির অসময়), যা। যে সময়ে দেবপূজা করে না। চ° ক° ভা° বিআল] বি, অপরাহ্ন ; বেলাবসান। "বসন্তে বি° বেলা বকুলের বনে।"-কুঙ্কুম।

বিকাশ,-স [বি (বিশেষভাবে) কাশ্, -স্ (দীপ্তি পাওয়া)+অ(ভা°)] বি, প্রকাশ। প্র-বুদ্ধির বি°। ২ বিস্তার। প্র-নেত্রবিকাশ। ৩ মুক্ত ; অনাবৃত ; প্রদর্শন। প্র-দন্তবিকাশ।

বিকাশন,-সন [বিকাশ (দ্র:)+অন (ভা°)] বি, বিকশিত হওন ; প্রস্ফুটন। ২ ব্যাপ্তি ; বিস্তার।

বিকাশা,-সা [বিকাশ (দ্র:)+আ (ক্রি-বিভক্তি)। বিকাশি, বিকাশ, বিকাশে ; বিকাশিতে ; বিকাশিয়া (কে° পদ্যে-বিকাশি)] ক্রি, প্রকাশ করা ; ব্যক্ত করা। ২ ফুটন। ৩ বিস্তার করা। ৪ প্রদর্শন করা ; মুক্ত করা। "মুখে কটকট শব্দ বিকট খেলিছে ভৈরবদলে, দন্ত বিকাশি খিলিখিলি হাসি অস্থিভূষণ গলে।"-ছায়াময়ী (হেম°)। ৫ প্রস্ফুটিত হওয়া। "অলি বার বার ফিরে আসে তবে ত ফুল বিকাশে।"-বাং গান।

বিকাশী,-সী [বিকাশিন্ ১মা, ১ব°] বিণ, প্রকাশমান ; বিকাশশীল ; প্রকাশকারী। ২ প্রফুল্ল ; হর্ষযুক্ত। ৩ বিস্তারকারী। ৪ [বৈদ্যকে] যা সর্ব্বাঙ্গে ব্যাপ্ত হয় ; ব্যাপক। "বি° গুণজন্ত সমুদয় শরীরে বিস্তৃত হয়।" স্ত্রীং বিকাশিনী,-সিনী।

বিকাশোন্মুখ [বিকাশ+উন্মুখ] বিণ, প্রকাশ পাইতে উদ্যত। "অথবা বি° হইয়াছে"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

বিকি(কী) [বিক্রয় > বিক্কিয় > বিকিরি > বিকি। প্রা° বাং] বি, বিক্রয়। "রসাল বচনে করে বিকি।"-জ্ঞান°। "পল্লব গোপ বৈসে পুরে, কান্ধে তায় বিকি করে, বৃষ ভাগে বসায় বাথানে।"-কবিক°।"যদি বিকি ভাল হয় তবে তাহাদিগের দুই বেলা দুই মুঠা আহার চলিতে পারে।"-টেকচাঁদ। "বিকি জাইএ যমুনার পার"-শ্রী° কী°। "বিকী তৈল সকল পসার"-ঐ। ~কিনি [বিক্রয় > বিকি, পা° কিনন > কিনি] বি, ক্রয়-বিক্রয় ; কেনা-বেচা। "থাক তব বিকি কিনি, ওগো শ্রান্ত পসারিণী"-রবী°। "বড়িমাই, ভাল বিকি কিনি শিখাইলি।"-জ্ঞান°।

বিকিরণ [বি (বিশিষ্টরূপে, বিবিধ প্রকারে)-কৄ (বিক্ষেপণ করা)+অন (ভা°)] বি, বিক্ষেপ করণ ; বিস্তার করণ। ২ [রাসা° পরি:] তাপ নির্গমন ক্রিয়া। ৩ [বি (বিগত, নাই) কিরণ (অংশু, (প্রভা) যার, বহু°] বিণ, কিরণহীন।

বিকীর্ণ [বি (বিশিষ্টভাবে, বিবিধ প্রকারে) কৄ (ক্ষেপণে)+ত (র্ম্ম), যাকে ইতস্তত: বিক্ষিপ্ত করা হইয়াছে। বাং পদ্যে "বিকীরণ" ও°] বিণ, বিক্ষিপ্ত। স্ত্রীং ~া।

বিকীর্য্যমান [বি-কৄ (বিক্ষেপে)+আন (র্ম্ম), য ম আগম। কৄ=কীর] বিণ, যা চতুর্দ্দিকে বিক্ষিপ্ত করা হইতেছে ; ২ যা বিস্তৃত হইয়া আছে। স্ত্রীং ~া।

বিকুক্ষি [পু°] বি, রাজা ইক্ষ্বাকুর পুত্র। ২ [বি (বিশীর্ণ) হইয়াছে কুক্ষি যার, বহু°] বিণ, শুষ্ক-কুক্ষি ; যার কুক্ষিদেশ ক্ষীণ হইয়াছে ; কৃশোদর।

বিকুণ্ঠ [বি (বিগত) কুণ্ঠা যার] বিণ, কুণ্ঠারহিত। ২ [বি-কুণ্ঠা যা হ'তে] বি, বৈকুণ্ঠ।

বিকুণ্ঠিত [বি-কুন্ঠ্ (গমনের প্রতিঘাত, বা বিকল হওয়া)+ত (র্ম্ম), যে চলিত বস্তুকে বাধা দেওয়া যায় বা বিকল করা যায়] বিণ, বিকলীকৃত। ২ ভোতা blunt.

বিকুলি [ব্যাকুলি দ্র:। বিকুল+ই (ভা°) >, গ্রা°] বি, ব্যাকুলের ভাব ; ব্যাকুলতা ; ব্যাকুলভাবের প্রকাশ। "ক্ষুধায় কান্দিছে শিশু করিয়া বি°।" আকুলি বিকুলি [সহ° দ্বন্দ্ব] অতিশয় ব্যাকুলতা।

বিকৃত [বি (বিবিধ, অসুন্দর) কৃ (করা) +ত (র্ম্ম)] বিণ, রূপান্তরিত ; অবস্থান্তরিত। ২ বিকারগত ; বিরূপতাপ্রাপ্ত। প্র-মুখ বিকৃত করা ; বর্ণ বিকৃত হওয়া। ৩ বিকলতা-প্রাপ্ত। প্র-ঘড়ির যন্ত্র বিকৃত হইয়াছে। ৪ পীড়িত ; ব্যাধিগ্রস্ত। প্র-বিকৃত মস্তিষ্ক। ৫ বিকট ; ভীষণ। প্র-বিকৃত আকার। ৬ অস্বাভাবিক। প্র-বিকৃত স্বরে চীৎকার ; বিকৃত কণ্ঠ। স্ত্রীং ~া। ~কণ্ঠ-বিণ, পরিবর্ত্তিত স্বর। ২ কর্কশ স্বর। ক্রি-বিণ, ~কণ্ঠে। ~মস্তিষ্ক-বিকারগ্রস্ত ব্যক্তি ; পাগল। ~রুচি-বিকারপ্রাপ্ত বা পরিবর্ত্তিত রুচি। ২ কুরুচি।

বিকৃতাবস্থ [বিকৃত+অবস্থা যার] বি, সাধারণ অবস্থা হতে ভিন্ন অবস্থাপন্ন ; দুরবস্থ। স্ত্রীং ~া।

বিকৃতি১ [বি (বিপরীত) কৃ (করা)+তি (ভা°)] বি, বিকার ; অবস্থান্তর ; রূপান্তর ; প্রকৃতির বিপরীত দশা। ২ ব্যাধি। ৩ বৈগুণ্য ; বৈপরীত্য। ৪ বিণ, বিকট ; ভীষণ। "আইল বিস্তর সেনা বি° আকৃতি"-অ° ম°।

বিকৃতি২ [বৈদিক] বি, যে যজ্ঞের বিশেষ বিশেষ অনুষ্ঠান প্রত্যক্ষ শ্রুতিদ্বারা উপদিষ্ট হয়।

বিকৃষ্ট [বি (বিশেষভাবে) কৃষ্ট (আকৃষ্ট)] বিণ, সম্যক্ আকৃষ্ট। ২ [বি (বিপরীত দিকে)

] যুক্ত দ্বিস্বরৎ (অগ্রঃঅগ্র). [illegible]

কৃষ্ট (আকৃষ্ট)] বিপ্রকৃষ্ট। ৩ সমাহৃত; উদ্ধৃত।

বিকো [হিং বিকনে > প্রাং বাংলা] ক্রি-বিণ, বিক্রয়ার্থ; বেচিতে। "বিকো যাও মথুরার হাট"–শ্রীং কীং।

বিকোশ [নাট্য শাং] বি, উপাঙ্গাভিনয়বিঃ। নয়নপল্লবদ্বয় উন্মীলিত করিয়া পলকহীন তারকার সঞ্চালন (উল্লাস বা আনন্দ স্থলে)।

বিকোষ [বি (বিগত; বিরহিত) কোষ (আবরণ) যার, বহুং] বিণ, আবরণশূন্য। ২ কোষমুক্ত; নিষ্কাশিত।

বিকিরি, বিক্রী [সং-বিক্রীত > পাং বিকিরি] বিণ, বিক্রীত। প্র-আমগুলা বিক্রী হয়ে গেছে। ২ বি, বিক্রয়। প্র-বাজারে আজকাল এসব জিনিসের বিকিরি বড় নাই।

বিক্রম১ [বি-ক্রম্ (গমন করা, আক্রমণ করা ইং) + অ (ভাং)] বি, শারীরিক শক্তি; বল; সামর্থ্য। ২ শৌর্য্য বীর্য্য; বীরত্ব। ৩ আক্রমণ। ৪ পাদচারণ; পরিক্রমণ। ৫ পক্ষীর গতিবিঃ। বিং প্রদান [অর্থ শাং (কৌটিল্য)] বি, চরম লিপি বা প্রস্তাব ultimatum. "মিত্র ও অমিত্র রাজাদিগের সহিত যে সকল সন্ধি, বিক্রম-প্রদান এই সকল বিষয়ই নির্দিষ্ট পুস্তকে লিপিবদ্ধ করিয়া রাখিতে হইবে।"–অর্থ শাং (সমাদ্দার)।

বিক্রম২ [বিক্রমাদিত্য > কেং] বি, রাজা বিক্রমাদিত্য। ২ বিণ, রাজা বিক্রমাদিত্য-প্রবর্ত্তিত। প্র-বিক্রমসম্বৎ। ~শালী -বিণ, বিক্রান্ত; পরাক্রান্ত।

বিক্রমপুর ['বিক্রম' = আমোদার্থক বিকারে 'বিক্রম্'। তুল-নিশ্চিন্দিপুর] বিক্রয়স্থান। বিক্রমপুর পাঠান-বিক্রয় করা।

বিক্রমাদিত্য [বিক্রমে (পরাক্রমে) যে আদিত্যের (সূর্য্যের) ন্যায়, উপমিত] বি, উজ্জয়িনীর স্বনামপ্রসিদ্ধ রাজা ও সংবৎ নামক বর্ষগণনার প্রবর্ত্তক। ২ বাঙ্গালী রাজা স্বনামখ্যাত প্রতাপাদিত্য রায়ের পিতা।

বিক্রমী [বিক্রমিন্ শব্দ। বি (বিশিষ্টরূপে) ক্রম্ (আক্রমণ) + ইন্ (কৃ)=বিক্রমিন্ ১মা, ১বং–যে তীব্রভাবে আক্রমণ করে] বিণ, পরাক্রমী; মহাবল; ক্ষমতাশালী। ২ বীর। ৩ বি, সিংহ।

বিক্রয় [বি-ক্রী (দ্রব্য বিনিময় করা) + অ (ভাং)] বি, বস্তু বিনিময়; অর্থের বিনিময়ে বস্তুদান। ~কারী [বিক্রয়কারিন্ ১মা, ১বং] বিণ, যে দ্রব্যাদি বেচিয়া অর্থলাভ করে; বিক্রেতা। ~লব্ধ [বিক্রয় দ্বারা লব্ধ, ৩তৎ] বিণ, দ্রব্য বিনিময়ে প্রাপ্ত; কোন বস্তু বেচিয়া যে অর্থাদি পাওয়া গিয়াছে। ~সাধ্য-বিণ, যার বিনিময় হওয়া সম্ভব; বিক্রেয়।

বিক্রয়িক [বিক্রয় + ইক (জ্ঞাং) যে বিক্রয় করে] বিণ, বিক্রয়কারী; বিক্রেতা।

বিক্রয়ী [মুং বিক্রয়িন্ ১মা, ১বং] বিণ, দ্রব্য বিক্রয়কারী; বিক্রেতা।

বিক্রান্ত [বি (বিশিষ্টরূপে, বা বিবিধপ্রকারে) ক্রম্ (যুদ্ধাদি করা) + ত (কৃ), যে বিশিষ্টরূপে বা বিভিন্নপ্রকারে যুদ্ধাদি করে] বিণ, বিক্রমী; পরাক্রমশালী; মহাবল। ২ বীর। ৩ বি, সিংহ। ৪ [বি-ক্রম + ত (ভাং)] বিক্রম; বল। স্ত্রীং ~া।

বিক্রান্তি [বি-ক্রম্ + তি (ভাং)] বি, পরাক্রম; শক্তি; ক্ষমতা। ২ [বি-ক্রম্ (গতি) + তি (জ্ঞাং)] অশ্বগতি।

বিক্রি-বিক্রী দ্রঃ।

বিক্রিয়া [বি (বিকৃত) ক্রিয়া] বি, বিকৃতি; রূপান্তরপ্রাপ্তি।

বিক্রী-বিকিরি দ্রঃ।

বিক্রীড়িত [বি (বিবিধ প্রকার) ক্রীড়্ (খেলা) + ত (ভাং)] বি, বিবিধ ক্রীড়া।

বিক্রীত [বি-ক্রী (দ্রব্য বিনিময় করা) + ত (র্ম), যা বিক্রয় করা হইয়াছে] বিণ, যা বেচা হইয়াছে; যা অর্থের সহিত বিনিময় করা হইয়াছে।

বিক্রুষ্ট [বি (বিশিষ্টরূপে) ক্রুশ্ (আক্রোশে, ক্রন্দনে, আহ্বানে) + ত (কৃ)] বিণ, আক্রোশকারী। ২ রোদনকারী। ৩ কৃতাহ্বান।

বিক্রেতা [বি-ক্রী + তৃ (ন্, কৃ)=বিক্রেতৃ ১মা, ১বং। পাং বিকেতা। বি-ক্রী (ক্রয় করা) + তৃ (কৃ), ১মা, ১বং] বিণ, বিক্রয়কারী; যে দ্রব্যাদি অর্থের জন্য বিনিময় করে। স্ত্রীং বিক্রেত্রী।

বিক্রেয় [বি-ক্রী + য (র্ম), যা বিক্রয় করা যায়] বিণ, বিক্রয়যোগ্য; বিক্রয়সাধ্য; বিক্রয়ার্থ আনীত; পণ্য।

বিক্লৃত [বি-কৃ=ক্লৃ + ত] বিণ, বিকারপ্রাপ্ত। "ঠাণ্ডায় অথবা গরমে বিং হয় না।"–জগৎ কথা (রাং ত্রিবেদী)।

বিক্লব [বি (অতিশয়) ক্লব্ (বিহ্বল হওয়া) + অ (ভাং)] বি, ভয়বিহ্বলতা। ২ ব্যাকুলতা। ৩ জড়তা। ৪ ঔদাসীন্য। ৫ ভ্রান্তি। ৬ [+ অ (কৃ), যে বিহ্বল হয়] বিণ, বিহ্বল। ৭ ব্যাকুল। ৮ ভীত। ৯ উদাসীন। ১০ কর্ত্তব্যাবধারণে অক্ষম।

বিক্লিত্তি [বি-ক্লিদ্ (আর্দ্রীভাবে) + তি (ভাং)] বি, দ্রবীভাব। বিণ, বিক্লিত্ত= বিক্লিন্ন।

বিক্লিন্ন [বি-ক্লিদ্ (আর্দ্র হওয়া) + ত (কৃ), দ্ ত=ন্ন] বিণ, আর্দ্র; দ্রবীকৃত। ২ জীর্ণ।

বিক্ষত [বি (বিশিষ্টরূপে) ক্ষণ্ (বিদারণ করা) + ত (র্ম), ণ্ লোপ] বিণ, বিশেষভাবে আঘাতপ্রাপ্ত; আহত। ২ বিদারিত। ৩ খণ্ডিত; বিখণ্ডিত। "পিশাচ কুষ্মাণ্ড ব্রহ্মরাক্ষস সকল। বিং বিষ্ণুর বাণে হইল বিকল॥" -শিং। ৪ ক্ষয়প্রাপ্ত।

বিক্ষিপ্ত [বি (বিশিষ্টরূপে) ক্ষিপ্ (নিক্ষেপ করা) + ত (র্ম)] বিণ, যা ক্ষেপণ করা হইয়াছে; ইতস্ততঃ বিস্তৃত; বিকীর্ণ। ২ [ক্ষিপ্ (প্রেরণ করা অর্থাৎ ইতস্ততঃ নিয়োজিত করা) + ত] বি, ইতস্ততঃ চালিত হওয়া; সঞ্চালিত। ৩ ক্ষিপ্ত; বিকৃত। প্র-বিক্ষিপ্ত চিত্ত। বি, বিক্ষিপ্তি-বিক্ষেপ।

বিক্ষীর [বি (বিনির্গত হয়) ক্ষীর (দুগ্ধ) যা হ'তে, বহুং] বি, আকন্দবৃক্ষ।

বিক্ষুব্ধ [বি + ক্ষুভ্ (ক্ষোভে) + ত (কৃ)] বিণ, বিক্ষোভপ্রাপ্ত; বিচলিত; বিশেষ দুঃখিত।

বিক্ষেপ [বি-ক্ষিপ্ (ক্ষেপণ করা, ত্যাগ করা, প্রেরণ করা ইং) + অ] বি, বিকিরণ; ইতস্ততঃ ক্ষেপণ। ২ ব্যাপ্তি; বিস্তার। ৩ ত্যাগ। ৪ প্রেরণ; নিক্ষেপ। ৫ আস্ফালন; হস্তপদ বিক্ষেপ। "অক্ষমের হস্তপদ বিক্ষেপ মাত্র" –বঙ্গবাণী, ১৩৩৩।

৬ [জ্যো০ (ক০ বিষ০ পরিঃ)] ক্রান্তিলম্ব ; ইং celestial latitude এর বৈজ্ঞা০ পরিঃ। ৭ [সেতার বাদ্যে] কোন একটা সুরে আঘাত করিয়া সেই সুর হতে এক দুই বা তার অধিক সুর ব্যবধানে বাম হস্তের অঙ্গুলীর ঘর্ষণযোগে উর্দ্ধগতিতে অপর সুরে গমন। ইহার বিপরীতভাবে অধোগতির নাম প্রক্ষেপ (যন্ত্রক্ষেত্রদীপিকা)। ~গতি-কোন বস্তু নিক্ষিপ্ত হওয়ায় তার যে গতি হয়। ~শক্তি-পদার্থের স্থানান্তরিত হইবার শক্তি। ২ মিথ্যাকে সত্য জ্ঞান করিবার যে শক্তি ; মায়া।

বিক্ষোভ [বি (বিবিধপ্রকারে, বা বিশিষ্টরূপে) ক্ষুভ্ (চঞ্চল হওয়া, বা উদ্বিগ্ন হওয়া, বা ব্যথিত হওয়া) + অ (ভা০)] বি, চাঞ্চল্য ; কম্প ; সংঘট্ট। ২ দুঃখ ; ক্ষোভ। ৩ ভয়। ৪ উদ্ভ্রান্ত ; উৎকণ্ঠা। ৫ চিত্তবিভ্রম।

বিখ [সং-বিষ >। হি০ উচ্চারণে, ষ=খ। ব্রজ০, প্রা০ বাং] বি, বিষ। "বিখে পুরাইয়া উপরে দুধক পুর"-বি০ প০। বিখতরু-বিষবৃক্ষ। "চন্দন তরু বলি বিখতরু ভেল।"-জ্ঞান০।

বিখাউজ, বিখাজ [সং-খর্জ্জু >। হি০ খুজলি। বাং প্রাদে০] বি, চর্ম্মরোগ-বিশেষ ; হাজা।

বিখ্যাত [বি (বিশিষ্ট ব্যাপ্তি অর্থে) খ্যা (খ্যাপন, প্রশংসাপূর্ব্বক বলা) + ত (র্ম্ম)] বিণ, যার খ্যাতি বিস্তারলাভ করিয়াছে ; প্রসিদ্ধ। স্ত্রীং ~া।

বিখ্যাতি [বিখ্যাত দ্রঃ। বি-খ্যা + তি (ভা০)] বি, প্রশংসা ; প্রসিদ্ধি। ২ কীর্ত্তি ; যশ। বিণ, বিখ্যাত।

বিখ্যাপন [বি (বিশেষ) খ্যাপন] বি, বিঘোষণ ; প্রশংসা, যশ, গুণ আদি কীর্ত্তন ; বিজ্ঞাপন ; প্রচার করণ।

বিগ-বিক দ্রঃ।

বিগড় [বিকার >। প্রাদে০ বিগুড়] বি, বিকার ; বিঘটন। ক্রি, বিগড়া [বিগড়ি, বিগড়ঁ, বিগড়ে ; বিগড়িতে (কে০ বিগড়তে, বিগড়্‌তে) ; বিগড়িয়া (কে০ বিগড়ে) ই০] বিকৃত করা বা হওয়া। ণিজন্ত-বিগড়ান।

বিগড়ন [হি০ বিগাড়। বিগড়ান দ্রঃ] বি, বিকৃতি। ২ অধঃপতন। ৩ (বিগ্‌ড়োনো) ক্রি, খারাপ হওয়া।

বিগড়ানি [বিগড় দ্রঃ। গ্রা০ বেগড়ানো। হি০ বিগাড়না, বিগড়ানা। বিগড়াই, বিগড়াও, বিগড়ায় ; বিগড়াইতে ; বিগড়াইয়া (কে০ বিগড়ে)] ক্রি, বিকৃত হওয়া। ২ নষ্ট হওয়া ; খারাপ হওয়া। ৩ কুচরিত্র হওয়া। ৪ প্রতিকূল ভাব ধারণ করা ; সম্প্রীতি না রাখা। ৫ বিকৃত হতে সাহায্য বা বাধ্য করা ; খারাব করা ; কুপথে লইয়া যাওয়া ; কুচরিত্র করা ; নষ্ট করা। বিগড়িয়া বা বিগড়াইয়া দেওয়া-উপরে বি০৫ দ্রঃ। বিগড়াইয়া যাওয়া-বিকৃত হওয়া ; খারাব হওয়া। ২ কুপথে যাওয়া ; কুচরিত্র হওয়া ; নষ্ট হওয়া ; নষ্টস্বভাব হওয়া।

বিগণন [বি (বিশিষ্টরূপে) গণ্ + ণিচ্ = গণি (সংখ্যা করা) + অন (ভা০)] বি, সংখ্যা করণ। ২ [বি (নাই) গণনা (ঋণাদির সুদ গণনা যাতে), বহু০] বি, ঋণমোচন। ৩ [বি (প্রতিকূল) গণনা] অবজ্ঞা। স্ত্রীং ~া। বি, বিগণিত।

বিগত [বি (বিশিষ্টরূপে ই০) গম্ (গমন করা) ত(র্ত্তৃ), যে গিয়াছে] বিণ, গত ; প্রস্থিত। ২ অতীত। ৩ মৃত। ৪ বি, বিহঙ্গমগতিবিঃ। ~দৃষ্টি-বিণ, অন্ধ। ~প্রাণ-বিণ, গতায়ু ; মৃত। ~শ্রী-বিণ, শ্রীহীন ; নষ্ট-সৌন্দর্য্য। ~স্পৃহ,-হা-বিণ, স্পৃহাহীন ; বাসনারহিত ; বীতরাগ।

বিগতার্ত্তবা [বিগত (নাই) + আর্ত্তব (ঋতু) যে স্ত্রীর, বহু০] বি, যে নারীর ঋতু নিবৃত্ত হইয়াছে ; নিবৃত্তরজস্কা নারী।

বিগতি, বিগতিক [গ্রা০ বেগতিক। বি (বিপরীত, প্রতিকূলে) গতি + ক (স্বার্থে) > বিকারে "বিগুতি"] বি, মন্দ বা প্রতিকূল গতি ; সঙ্কট ; প্রাণসঙ্কট ; বিপদ।

বিগম [বি (বিপরীত বা বিশিষ্টরূপে ই০) গম্ (গমন করা) + অ (ভা০)] বি, প্রস্থিতি। ২ অপগম। ৩ বিনাশ।

বিগর-বেগর দ্রঃ।

বিগর্হণ [বি (বিশিষ্টরূপে ই০) গর্হ্ (নিন্দা করা) + অন (ভা০)] বি, কুৎসা ; অপবাদ ; নিন্দা ; ভর্ৎসনা ; তিরস্কার ; কলঙ্ক। স্ত্রীং ~া।

বিগর্হিত [বি-গর্হ্ + ত (র্ম্ম), যাকে নিন্দা করা যায়] বিণ, অসাধু ; অনুচিত। ২ নিন্দিত। ৩ দূষিত। ৪ নিষিদ্ধ। ৫ [বি-গর্হ্ + ত (ভা০)] বি, নিন্দা ; অপবাদ।

বিগলা [বি + গল্ (ক্ষরণে) >। বিগলি, বিগল, বিগলে ; বিগলিতে ; বিগলিয়া (কে০ পদ্যে-বিগলি) ই০। ণিজন্ত-বিগলান (বিগলিত করা)] ক্রি, গলা ; ক্ষরিত হওয়া ; বিগলিত হওয়া ; গলিয়া যাওয়া। ২ [লক্ষ০] মুগ্ধ হওয়া।

বিগলিত [বি (বিশিষ্টরূপে) গল্ (ক্ষরিত হওয়া) + ত (র্ত্তৃ), যে গলিয়া পড়ে] বিণ, ক্ষরিত ; গলিত। ২ পতিত ; স্খলিত ; ভ্রষ্ট। ৩ মুক্ত ; আলুলায়িত। "কাজ কি আমার কাশী। যাঁর কৃত কাশী তচ্চরণসি বিগলিতকেশী।"-রা০ প্র০। বি, বিগলন।

বিগাড় [হি০] বিণ, খারাপ। "সহর বি০ হলে বাড়িবে বালাই"-ঘ০।

বিগাঢ় [বিশিষ্টরূপে গাহ্ (বিলোড়ন করা, অবগাহন করা) + ত (র্ত্তৃ), যে অবগাহন বা বিলোড়ন করে] বিণ, স্নাত ; মগ্ন। ২ অতিশয় ; গাঢ় ; ঘন।

বিগান [বি (বিপরীত) গান] বি, নিন্দা। "কেহ নাহি গঞ্জয়ে কেহ নাহি করয়ে বি০" -প০ ক০ তরু (সা০ প০ প০)। বিণ, বিগীত।

বিগার-বিকার দ্রঃ।

বিগাহ [বি-গাহ্ + অ (ভা০)] বি, স্নান ; অবগাহন। ~মান [বি-গাহ্ + আন (র্ত্তৃ)] বিণ, অবগাহন করিতেছে এমন। ২ যে বিলোড়ন করিতেছে এমন।

বিগীত [বি (বিপরীত) গৈ (শব্দ করা, গান করা) + ত (র্ম্ম), যাকে নিন্দা করা যায়] বিণ, নিন্দিত। "সুন্দর শরীর বৈছে ভূষণ-ভূষিত। এক শ্বেতকুষ্ঠে বৈছে করয়ে বি০" -চৈ০ চ০। ২ বিগর্হিত। স্ত্রীং ~া।

বিগুণ [বি (বিগত, নাই) গুণ (উৎকর্ষ) যার, বহু০] বিণ, গুণহীন। ২ বিকৃত। ৩ বিপরীত ; প্রতিকূল। "হায়রে বিধাতা নিদারুণ কোন দোষে হইলি বিগুণ"-অ০ ম০।

৪ বি, বৈপরীত্য ; ফের। "জলধি শুকায় হায় কপালের বিগুণে"-মানকুমারী।

বিগুতানি [বিগতি (দ্রঃ) > বিগুতি+আন (ক্রিয়ার) >। গ্রা॰ বাং নামধাতু] ক্রি, বিপদ ঘটান ; প্রতিকূলগতি প্রাপ্ত করান ; প্রাণ সঙ্কটে ফেলা। ২ নিপীড়িত করা ; বিমর্দ্দিত করা। "কাঙ্গুলী ভাঙ্গিআঁ তন বিগুতিল"-শ্রী॰ কী॰। ৩ আলোড়ন করা। "হংসে যেহ্ন সরোবর বিগুতিল"-শ্রী॰ কী॰।

বিগুতি-বিগতি দ্রঃ।

বিগূঢ় [বি (বিশিষ্টরূপে) গুহ্ (গোপন করা)+ত (র্ম্ম), যা গোপন করা হইয়াছে] বিণ, গুপ্ত। ২ বিগর্হিত।

বিগোচ, বিগোছ [গ্রা॰ বেগোচ। বে দ্রঃ। বি (বিগত, নাই) গোচ (গুচ্ছ, বা গোছা) যার, বহু॰] বিণ, বিশৃঙ্খল ; এলোমেলো ; ছড়ান। ২ বেবন্দোবস্ত।

বিগ্ন [বিজ্ (উদ্বেগে)+ত (র্ত্তৃ)] বিণ, উদ্বিগ্ন ; উৎকণ্ঠিত [প্র॰ অ॰]।

বিগ্রহ [বি (বিশিষ্টরূপে বা বিভিন্নপ্রকারে ই॰) গ্রহ্ (গ্রহণ করা, উপাদান, স্বীকার, ধারণ, প্রাপ্তি, অবলম্বন)+অ(ভা॰)] বপু ; দেহ ; শরীর। "হেনকালে তথায় আইলা হরিদাস। শুদ্ধ বিষ্ণুভক্তি যার বিগ্রহে প্রকাশ॥"-চৈ॰ ভা॰। ২ দেব প্রতিমূর্ত্তি। ৩ [ব্যা॰] যদ্দ্বারা বা যা হ'তে সমাসবদ্ধ পদের সবিশেষ অর্থগ্রহ হয় ; ব্যাসবাক্য। ৪ সংগ্রাম ; যুদ্ধ। ৫ বিবাদ। ~**প্রতিষ্ঠা**-শাস্ত্রীয় অনুষ্ঠান দ্বারা দেবমূর্ত্তি স্থাপন। ~**বাক্য**-সমাসার্থপ্রকাশক বাক্য ; ব্যাসবাক্য। ~**সেবা**-বি, দেবমূর্ত্তির নিত্য নিয়মিত পূজন, ভোগ রাগাদি সম্পাদন ও মন্দিরাদি পরিষ্কার করণ ই॰।

বিগ্রাম [বি (=বে=অন্ত) গ্রাম] বি, গ্রামান্তর। ২ অজানা গ্রাম। ভুল-বিদেশ।

বিঘট্টন [বি (বিপরীত, বিভিন্ন) ঘটন (ঘটনা। ঘট্-যোজনা করা+অন (ভা॰)] বি, বিরুদ্ধ ঘটন ; অঘটন। ২ বিশ্লেষণ ; অসংযোগ। ৩ অনিষ্ট। "পূর্ব্বজন্মে কার কি করেছি বি॰।"-কৃত্তি॰। ৪ বিরোধ। ৫ ব্যাঘাত।

বিঘটিকা [বি-ঘট্ (চেষ্টা করা)+অক (র্ত্তৃ)+আ (স্ত্রীং)=বিঘটকা, ই আগম-যে সময়ের বিভাগজ্ঞান জন্মায়] বি, ঘটিকাযন্ত্র। ২ পল।

বিঘটিত [বি-ঘট্ (ণিচ্)=ঘাটি+ত (র্ম্ম) -যাকে সবিশেষ বিশ্লেষিত করা যায়] বিণ, বিশ্লেষিত। ২ বিনির্ম্মিত। ৩ বিকসিত। ৪ বিরুদ্ধ ; বিপরীত। "অনুমানিএ বি॰ বিহি নিরমাণ॥"-বি॰ প॰।

বিঘট্টন [বি (বিপরীত, বিশিষ্ট) ঘট্ট্ (চলা)+অন (ভা॰)] বি, আঘাত ; সংঘট্ট। ২ আলোড়ন। ৩ দৃঢ়সংযোগ ; সংঘটন। ৪ বিশ্লেষণ।

বিঘট্টিত [বি-ঘট্ট্+ত (র্ম্ম), যাকে সঞ্চালিত করা যায়] বিণ, বিলোড়িত। ২ বিশ্লেষিত। ৩ মথিত ; সংঘট্টিত। ৪ সঞ্চালিত।

বিঘৎ, বিঘত [সং-বিতস্তি >] বি, অর্দ্ধহস্ত পরিমাণ ; হস্তের বৃদ্ধাঙ্গুলির শীর্ষ হতে কনিষ্ঠাঙ্গুলির শীর্ষ পর্য্যন্ত বিস্তার।

বিঘা [বর্গ >। গ্রা॰ বিগে] বি, ভূমির পরিমাণবিঃ (রশি দ্রঃ); ১ রশি লম্বা ও ১ রশি চওড়া জমি ; এইরূপ ২ ১/২ বিঘায় এক একর (কৃষ্ণনগর প্রাদে॰) ; ২০ কুড়ি কাঠায় বা ৬৪০০ বর্গহাতে এক বিঘা। ~**কালী**-বিঘা পরিমাণ ক্ষেত্রফল ; ভূমির দৈর্ঘ্য ও প্রস্থ লইয়া বিঘাকরণ।

বিঘাত [বি (বিশেষ প্রকারে ই॰) হন্ (হিংসা করা ই॰)+অ (ভা॰)] বি, বিনাশ। ২ আঘাত। ৩ ব্যাঘাত ; প্রতিবন্ধ ; বিঘ্ন ; বাধা। ৪ [বি (বিশেষভাবে) ঘাত (বাং-ঘা+সং-ত+র্ম্ম)] বিণ, আহত ; প্রহৃত ; ঘাতপ্রাপ্ত। "বি॰ হইয়া পাষ্ট পড়িল দুয়া চারি।"-কবিক॰। ~**ী** [বিঘাতিন্ শব্দ ১মা, ১ব॰। বি-হন্+ইন্ (র্ত্তৃ), যে নানারূপ হিংসা করে বা বাধা জন্মায়] বিণ, ব্যাঘাতক ; বিঘ্নকারী ; বাধাদায়ক। ২ বধকর্ত্তা ; ঘাতক ; বিনাশকারী। ৩ [বিঘাত+ইন্ (ত্য॰), যার নানারূপ বাধা আছে] বিণ, ব্যাহত ; প্রতিবন্ধকীভূত ; বাধা-প্রাপ্ত। ৩ বিধ্বস্ত। ৪ বিনষ্ট। ~**ক** (-তৃ॰) [বি (বিশেষপ্রকারে ই॰) হন্ (হিংসা করা ই॰)+অক (র্ত্তৃ) যে হিংসাদি করে] বিণ, বিনাশকারী ; সংহর্ত্তা। ২ আঘাতকারী।

বিঘিনি [বিঘ্ন >। ব্রজ॰। আধু॰ গ্রা॰ বাং-বিঘ্‌নি] বি, বিঘ্ন ; প্রতিবন্ধক। "বি॰ বিথারিত বাট"-বি॰ প॰। "বি॰ বিথারিত উপজয়ে শঙ্কা।"-ঐ।

বিঘোর, বেঘোর [বি (বিষম) ঘোর (সঙ্কট)] বি, অসহায় অবস্থা ; নিরুপায় ; ভয়ানক সঙ্কট। "লোকটা বেঘোরে পড়ে মারা গেল।"

বিঘোষণ [বি (বিশিষ্টরূপে) ঘুষ্ (শব্দ করা বা ঘোষণা করা)+অন (ভা॰)] বি, প্রচার ; ঘোষণা ; সর্ব্বত্র রটনা। বিণ, **বিঘোষিত**-বিশেষভাবে যার ঘোষণা করা হইয়াছে ; বিজ্ঞাপিত ; প্রখ্যাপিত।

বিঘ্ন [বি (বিশেষ ভাবে ই॰)-হন্+অ (র্ত্তৃ), যে কার্য্যের নাশ করে বা প্রতিবন্ধক হয়, কিম্বা (ণে-অ), যদ্দ্বারা কার্য্যের ব্যাঘাত হয়। ব্রজ॰ বিঘিনি] বি, প্রতিবন্ধ ; বাধা ; প্রত্যবায় ; ব্যাঘাত। ~**কারক**, ~**কারী**-বিণ, যে ব্যাঘাত উৎপাদন করে ; বাধাজনক ; প্রতিবন্ধক। ~**নায়ক**, ~**বিনায়ক** [বিঘ্ন (কার্য্যসিদ্ধির প্রতিবন্ধক) নায়ক (ঈশ্বর, নিয়ন্তা), বিঘ্ন দূর করিবার বিধানকর্ত্তা] বি, গণপতি ; গণেশ। ~**নাশক**, ~**নাশন** [বিঘ্ন (কার্য্যে প্রতিবন্ধক) নাশন (নাশক)] বি, সিদ্ধিদাতা গণেশ। ~**ময়**-বিণ, প্রতিবন্ধকসঙ্কুল ; বাধাপূর্ণ। ~**রাজ** [বিঘ্ন (কার্য্যসিদ্ধির প্রতিবন্ধক)+রাজ (রাজা, কর্ত্তা), বিঘ্ন নাশ করণে যিনি সর্ব্বশ্রেষ্ঠ] বি, বিঘ্ননায়ক ; গণেশ। "এই পুত্র তোমার ভুবনে বিঘ্নরাজ। ইঁহাকে পূজিবে যত দেবের সমাজ॥"-কবিক॰। "কৃপাবলোকন কর বিঘ্নরাজ বিঘ্ন হর ইথে পার তবে সে পাইব॥"-ভারত॰। ~**হর**, ~**হারী** [বিঘ্ন (কার্য্যসিদ্ধির ব্যাঘাত) হর, হারী (হরণকারী), উপ॰] বিণ, যিনি বিঘ্ন হরণ করেন ; বিঘ্নবিনাশক। ২ সিদ্ধিদাতা গণেশ।

বিঘ্নি [গ্রা॰ বিঘ্নে ও॰। বিঘ্ন ও ঘৃণা এই দুই শব্দের ভাব ও উচ্চারণ সাদৃশ্যজাত ঘৃণা=

বিঘৃণ] বি, ঘৃণা। ~ত্ত [বিঘ্ন (বাধা)+ইত (যুক্)), যার বিঘ্ন আছে] বিণ, বিঘ্নপ্রাপ্ত; প্রতিহত; ব্যাহত। ~ধরা-ঘৃণা বোধ হওয়া।

বিঘ্নেশ [বিঘ্ন (কার্য্যসিদ্ধির প্রতিবন্ধক)+ঈশ (প্রভু)] বি, বিঘ্নরাজ; গণেশ।

বিচ [বিচি দ্রঃ] বি, বীজ।

বিচক্ষণ [বি (বিশিষ্টরূপে) চক্ষ্ (স্পষ্ট করিয়া বলা)+অন (কৃ), যে বিবেচনাপূর্ব্বক স্পষ্ট করিয়া বলে] বি, বিদ্বান্; পণ্ডিত; জ্ঞানী; বক্তা; কার্য্যদক্ষ; কর্ম্মকুশল; অভিজ্ঞ। প্রা০ বাং প্রাকৃ০ বিচখন। ("রচন সুবন্ন অতি বিচখন থাকিল পচ্ছিম ঘাটে।"-শূ০পু০)।

বিচক্ষুঃ [বি (বিগত, নাই) চক্ষুঃ (নেত্র) যার, বহু০] বিণ, চক্ষুহীন। ২ বিচলিত; বিমনা; বিষণ্ণ। ৩ উদ্বেগযুক্ত। ৪ বিপর্য্যস্ত।

বিচঞ্চল [বি (বিশিষ্টরূপে) চঞ্চল (অস্থির), প্রাদি সমাস] বিণ, অতি অস্থির; অতি ব্যাকুল। "কিম্বা সরোবর নীরে মোহন মুকুর বি০ শশধর কলেবর, যবে পূর্ণিমার সন্ধ্যাকালে তাপসের কুল কূল হ'তে লয় বারি কমণ্ডলু ভরি।"-দীনবন্ধু০।

বিচনী [প্রা০ বাং। বিচনিয়া >, গ্রা০ বেচুনী] বিণ, বিক্রয়কারিণী। "খণ্ড বিচনীর কিবা পাঅ তুলী নৈলো গাএ।"-শ্রী০ কী০। পুং-বিচনে, গ্রা০ বেচুনে।

বিচয়, বিচয়ন [বি (বিশিষ্টরূপে) চয়, চয়ন (দ্রঃ)] বি, সংগ্রহ করণ; একত্র করণ। ২ অন্বেষণ; খোঁজন।

বিচরণ [বি+চরণ (ভ্রমণ, চলন)] বি, ইতস্ততঃ ভ্রমণ; বিহার; পাদচারণ; বেড়ান। ~ক্ষেত্র, ~ভূমি, ~স্থান-বি, পাদচারণভূমি; বেড়াইবার স্থান। ক্রি, বি০ করা-চলা; ভ্রমণ করা; বেড়ানো; পাদচারণা করা। ২ কোন বিষয় অবলম্বন করিয়া বা পথ ধরিয়া জীবন যাপন করা। প্র-ধর্ম্মপথে বিচরণ করা।

বিচরা [সং-বি-চর্ >। বিচরি, বিচর, বিচরে; বিচরিতে; বিচরিয়া (কে০ পদ্যে-বিচরি)] ক্রি, বিচরণ করা; বেড়ান; ভ্রমণ করা; চলিয়া বেড়ান।

বিচরাম-বিশ্রাম দ্রঃ।

বিচর্চ্চিকা [বি (অসহন, নিগ্রহ, বিষম ই০)-চর্চ্চ্ (অনুলেপনে)+অক (কৃ), যে বিষমভাবে অনুলেপিত হয়] বি, খোস পাঁচড়া ঘামাচি ই০চর্ম্মরোগবিঃ; কুষ্ঠের প্রকার ভেদ।

বিচল [বি (নানাপ্রকারে ই০)-চল্ (গমন করা)+অ (কৃ) যে গমন করে অর্থাৎ যে স্থির থাকে না] বিণ, চঞ্চল; অস্থির। ২ অন্যথা। ৩ বিচ্যুতি। চলবিচল-নড়চড়। প্র-কথার চলবিচল হবে না।

বিচলন [বি-চল+অন (ভা০)] বি, আন্দোলন; চাঞ্চল্য। ২ ভ্রংশ; স্খলন; পতন।

বিচলিত [বি-চল্+ত (কৃ), যে গমনাগমন করে অর্থাৎ স্থির থাকে না] বিণ, চলিত; কম্পিত; স্খলিত; চ্যুত; পতিত। ২ [বি (বিগত)+চল্ (গমনে)+ইত (যুক্ত)] অচল; নিশ্চল (অপ্র০)। "প্রাণ ছাড়্যা গেছে রাজার কায়া বিচলিত।"-গী০, গিরি০।

বিচা [প্রা০ বাং। হিং০ বিচ্‌না। বেচা দ্রঃ। বিক্রয় > বিকা > বিচা, বেচা (দ্রঃ)। বিচি, বিচ, বিচে; বিচিতে; বিচিয়া ই০] ক্রি, বিক্রয় করা; বেচা। "উঠ দধি বিচ নিঅা মথুরার হাটে।"-শ্রী০ কী০। বিচি, বিচিআঁ-বিক্রয় করিয়া। বিচিএ-বেচি; বিক্রয় করিতে পারি। বিচিতে-বিক্রয় করিতে। বিচিবেঁ-বিক্রয় করিবে। বিচী-বিক্রয় করিয়া। বিচে-বিক্রয় করে। "চোর গাই গাব্বি চুষা-ধান। যে বিচে সেই সিয়ান। ইহা বিচিতে না পুছিব আন।"-ডাক। কিনা বিচা-ক্রয় বিক্রয়।

বিচার [বি (বিশিষ্টরূপে ই০)-চর্ (গমন করা বা নির্ণয় করা ই০)+অ (ভা০)] বি, যথার্থ নিরূপণ; তত্ত্বনির্ণয়। ২ মীমাংসা; নিষ্পত্তি। ৩ বিবেচনা। ৪ [প্রা০ বাং। হিং০ বিচার্‌না (খোঁজ করা) >] অনুসন্ধান; খোঁজ। "বিচার করিতে সৈন্ত যায় ততক্ষণ।"-রামা০ (দ্বিজ ভবানী)। ~আচার-আচার বিচার (দ্রঃ)। ~কর্ত্তা-যে বিচার করে। ~কার্য্য-বি, অনুকূল প্রতিকূল বিষয়ের আলোচনা দ্বারা মীমাংসা বা ন্যায় প্রতিষ্ঠাকর্ম; তত্ত্বনির্দ্ধারণ; ন্যায়াধীশের কার্য্য; বিচার নিষ্পত্তি বা রায় দেওয়া। ~ক্ষম-বিচারদক্ষ; সুবিবেচক; সুবিচারে পারদর্শী। ~পতি-বি, বিচারক; জজ judge. ~ফল-বি, নিষ্পত্তি; রায় judgment. ~মল্ল [বিচার (তর্ক)-মল্ল] বি, তর্কযোদ্ধা; দিগ্‌বিজয়ী পণ্ডিত; প্রচণ্ড তার্কিক। ~শীল-বিণ, চিন্তাশীল ও বিবেকবান্; প্রাজ্ঞ; বিজ্ঞ; সূক্ষ্মবুদ্ধি ও ন্যায়পরায়ণ। ~শূন্য-বি, ন্যায়বিচার. বিহীন। ২ অবিবেচক। ~স্থান-ধর্ম্মাধিকরণ; আদালত court.

বিচারক [বি-চর্+অক (কৃ) যে বিচার (মীমাংসা) করে] বি, বিচারকর্ত্তা; বিচারপতি; মীমাংসক; নিষ্পত্তিকারক।

বিচারণ [বি-চর্ (ণিচ্) চারি=(গমন করান বা নির্ণয় করণ) + অন (ভা০) +আ (স্ত্রীং)] বি, বিচার; বিতর্ক; মীমাংসা।

বিচারণা [বিচারণ (দ্রঃ)+আ (স্ত্রীং)] বি, বিচার; বিবেচনা। ২ ধারণা। ৩ আলোচনা। ৪ মীমাংসা শাস্ত্র। ৫ মীমাংসা। "কিন্তু রবিবাবুর প্রবন্ধের অন্তরালোচনা ও রস বি০ অন্ততঃ প্রত্যাশা করা যায়"-সম্মিলনী।

বিচারণীয় [বি-চর্+ণিচ্=চারি (নির্ণয় করা)+অনীয় (র্ম্ম), যার নির্ণয় করা উচিত] বিণ, বিচারযোগ্য; বিচার্য্য। ২ বিবেচ্য; আলোচ্য। ৩ ধার্য্য।

বিচারিনু [ব্রজ০ বিচারলুঁ (উ০পু০), প্রা০ বাং-র, লুঁ=নু (পদ০সা০), ম০ পু০ বিচারিল, প্র০ পু০ বিচারল; বিচারি। "পানি পিয়ে কিয়ে জাতি বিচারি"-বি০ প০] ক্রি, উ০পু০। বিচার করিলাম। "অনেক লঘু গুরু কিছু না বি০"-বি০ প০।

বিচারা, [সং-বিচার+আ (বাং-ক্রি-বিভক্তি)। বিচারি, বিচার, বিচারে; বিচারিতে; বিচারিয়া (কে০,পদ্যে-বিচারি)] ক্রি, বিচার করা। ২ বিবেচনা করা; ভাবা। ৩ যুক্তি করা। ৪ [প্রা০ বাং। হিং০ বিচার্‌না (খোঁজ করা)] অনুসন্ধান করা; খোঁজ করা। "বন বিচারিয়া কিছুনা দেখিলেক মূরতি।"-মনসা ম০ (নরায়ণ দেব)।

বিচারা২ [সং-বি-কৃ (বিক্ষেপে) > অথবা হি° বিথারনা-বিছরানা >] ক্রি, আচড়ান। "বহুর ঝারিয়া খালি বিচারিল কেশ।"-মনসা ম° (জগজ্জীবন ঘোষাল)।

বিচারাজ্ঞা [বিচার + আজ্ঞা] বি, বিচার বা বিবেচনা করিবার আদেশ।

বিচারাধীন [বিচার + অধীন] বিণ, যে বিষয়ের বা যে অপরাধের বা যে গুণের বা যার বিচার হইতেছে sub judice.

বিচারালয় [বিচার + আলয়] বি, ধর্মাধিকরণ ; বিচারস্থান ; আদালত court.

বিচারিত [বি-চর্(ণিচ্)=চারি + ত(র্ম্ম), যার মীমাংসা করা গিয়াছে] বিণ, তর্ক দ্বারা নির্ণীত; মীমাংসিত। ২ সঙ্কল্পিত; অবধারিত।

বিচারী [বিচারিন্ শব্দ। বি (বিশিষ্টরূপে ই°)-চর্ + ইন্ (র্ত্তৃ), যে বিচার (মীমাংসা) করে] বিণ, বিচারকর্ত্তা; কর্ত্তব্য নির্দ্দেশকারী; মীমাংসক। ২ [বিচার (ব্যবস্থা) + ইন্ (স্ত°) -যার বিচার অর্থাৎ ব্যবস্থা আছে] বিণ, কর্ত্তব্য নির্দ্ধারণকর্ত্তা।

বিচার্য্য [বি (বিশিষ্টরূপে ই°)-চর্ + য (র্ম্ম), যা অর্থাৎ যে বিষয় নির্ণয় করা হয়] বিণ, বিচার করিবার যোগ্য ; বিবেচ্য। ২ আলোচ্য।

বিচাল১ [হি° বিচ (মধ্য) + আল (বালা)] বিণ, মধ্যস্থ ; অন্তর্বর্ত্তী।

বিচাল২ [বিচ (বীজ) + আল (বালা)] বিণ, বীজযুক্ত। ২ বীজপূর্ণ ; বিচে।

বিচাল৩ [বি=বে (বিরুদ্ধ) চাল] বি, বেচাল ; বিরুদ্ধরীতি।

বিচালি, বিচিলি, বিচুলি, -লী [সং-বি (বিগত, পৃথক্কৃত) তণ্ডুল (দ্রঃ) > চাউল + ই, ঈ (স্বার্থে) > বিচাউলি (লী) > বিচালি, বিচুলি, -লী। অর্থাৎ-ধান (চাউল-যুক্তধান্য, আগড়া নহে) ঝাড়িয়া লওয়া শুকনা গাছ। হি° বিচালী] বি, ধান্যের শুষ্ক গাছ; খড়। "খোল বিচিলি ঘাস"-ঈ° গুপ্ত। ২ দড়ী বা বিঁড়া পাকাইবার খড়।

বিচালিত [বিচলিত (দ্রঃ) > , ণিজন্তরূপ] বিণ, সঞ্চালিত ; আন্দোলিত ; বিলোড়িত। ২ স্থানান্তরিত।

বিচি১ [সং-ব্যজন > বিজন + ইয়া (ক্রিয়ায়) > বিজনিয়া > বিজিয়া > কে° বিজি > । জ=চ] ক্রি (অস)। ব্যজন করিয়া। "তাদের বিণিঞং রাধাক বিচি কাহ্ন।" নির্ম্মল যমুনাজল করাইল পান"-শ্রী° কী°।

বিচি২ [বীজ > বীচ, > বিচ > বিচি] বি, বীজ ; আঁঠি ; ফলাদির অভ্যন্তরস্থ কঠিন অংশ যা হতে পুনরায় সেই বৃক্ষের উৎপত্তি হয়। "আগুনে কাঁঠালের বিচির সম্বন্ধ"-সা° প° প°। ২ অণ্ডকোষ। ~বিচি-শক্ত শক্ত ; বিচির মত কঠিন। ২ বীজময় ; বিজাল।

বিচিকিচ্চি, -চ্ছি [সং-বিচিকিৎস্য > ; প্রা°] বিণ, চিকিৎসা বা শোধনের অতীত। ২ অত্যন্ত কদাকার ; কিম্ভূত-কিমাকার।

বিচিকিৎসা [সং-বি-চিকিৎসা (দ্রঃ) >] প্রাকৃ° বিচিকিচ্ছা] বি, সন্দেহ।

বিচিত১ [বি (বিশেষভাবে) চি (চয়ন করা) + ত (র্ম্ম), যা চয়ন করা গিয়াছে] বিণ, বিশেষভাবে সংগৃহীত ; সমাবিষ্ট। ২ অন্বেষিত।

বিচিত২ [সং-বিচিত্র > । প্রা° বাং, পদ° সা°, কোমলার্থে ত্র=ত] বিণ, বিচিত্র। "বিচিত ঠাম"-জ্ঞান°।

বিচিত্র [বি (নানাভাবে ই°) চিত্র (চিত্রীকরণ বা আলেখ্যকরণ বা অদ্ভুতদর্শন ই°) + অ (র্ম্ম)] বি, নানাবর্ণ। ২ [কাব্যে] অর্থালঙ্কারবিঃ। ৩ [বি-চিত্র + অ (ভা°)] বিণ, নানাবর্ণ-রঞ্জিত। ৪ আশ্চর্য্য। ৫ মনোজ্ঞ। ৬ বিস্ময়কর। স্ত্রীং ~া। ~ক [বিচিত্র + ক (স্বার্থে)] বি, বিবিধ চিত্র আছে যাতে; ভূর্জ্জবৃক্ষ। ~তা-বি, বিচিত্রের ভাব ; বৈচিত্র্য। ~দেহ [বিচিত্র (চিত্রিত) দেহ (শরীর) যার, বহু°] বিণ, নানাবর্ণ-রঞ্জিত মূর্ত্তি। ২ বি, মেঘ। ~বর্ণ-বি, নানা রঙ্গ। ২ বিণ, নানা রঙ্গে রঞ্জিত। ~বীর্য্য [বিচিত্র (অদ্ভুত) বীর্য্য (বীরত্ব) যার, বহু°] বি, শান্তনু রাজার পুত্র। ২ বিণ, অদ্ভুত পরাক্রমশালী।

বিচিত্রাঙ্গ [বিচিত্র (চিত্রিত) + অঙ্গ (শরীর) যার, বহু°] বিণ, যার অঙ্গ চিত্রিত ; চিত্রিতাঙ্গ। ২ মনোজ্ঞদেহ। ৩ বি, ময়ূর। ৪ ব্যাঘ্র ; চিতাবাঘ।

বিচিত্রিত [বিচিত্র + ইত (ত্য°), যাতে নানারূপ রং আছে] বিণ, নানা চিত্রযুক্ত। ২ নানাবর্ণবিশিষ্ট।

বিচিন্তিত [বি (বিশেষভাবে) চিন্তিত] বিণ, যার সম্যক্‌রূপ চিন্তা করা হইয়াছে ; যাকে বা যে বিষয়ে খুব ভাবা গিয়াছে ; সুচিন্তিত ; অনুধ্যাত।

বিচিন্ত্যমান [বি (বিশিষ্টরূপে ই°) চিন্ত্ + ই (ণিচ্)=চিন্তি (ভাবনা করা) + আন (র্ম্ম), যে বিষয় ভাবনা করা যাইতেছে] বিণ, চিন্তার বিষয় হইয়াছে এমন। ২ বিবেচনাধীন।

বিচ্যুত [বি (বিশিষ্টরূপে ই°)-চ্যু (গমন করা, পতিত হওয়া, ক্ষরিত হওয়া ই°) + ত (র্ত্তৃ), যে সম্পূর্ণরূপে পতিত হইয়াছে] বিণ, স্খলিত ; পতিত ; ভ্রষ্ট। ২ পৃথক্কৃত। ৩ ক্ষরিত। বি, বিচ্যুতি [বি-চ্যু + তি (ভা°)] পতন ; ক্ষরণ।

বিচূর্ণ [বি (বিশেষভাবে) চূর্ণ] বিণ, বিশেষভাবে চূর্ণ ; মিহি করিয়া গুঁড়ান। বি, বিচূর্ণন।

বিচূর্ণিত [বি (বিশেষভাবে) + চূর্ণিত] বিণ, যা গুঁড়া করা হইয়াছে ; পিষ্ট ; বিচূর্ণ।

বিচেতন [বি (বিগত, নাই) চেতনা (জ্ঞান) যার, বহু°] বিণ, চৈতন্যহীন ; সংজ্ঞাশূন্য ; অচেতন। ২ অবিবেকী। ৩ [বি (বিশিষ্ট) যে চেতন (জ্ঞানী), যা] সচেতন ; সজাগ। ৪ বি, বিশিষ্টজ্ঞান।

বিচেতাঃ [বিচেতস্ শব্দ। বি (বিপরীত) চেতস্ (মনঃ) যার, বহু°] বিণ, উদ্বিগ্নচিত্ত ; উন্মনস্ক। ২ অসুখী। ৩ অজ্ঞ।

বিচেয় [বি (বিশেষরূপে ই°)-চি (অন্বেষণ করা) + য (র্ম্ম), যা অন্বেষণ করা উচিত] বিণ, অন্বেষণযোগ্য ; অন্বেষণীয়। ২ সংগ্রহার্হ।

বিচেষ্ট [বি (বিগত), চেষ্টা যার, বহু°] বিণ, নিশ্চেষ্ট ; চেষ্টারহিত। অকর্ম্ম ; অলস।

বিচেষ্টিত [বি (বিশিষ্টরূপে ই°) চেষ্ট (চেষ্টা করা) + ত (ভা°)] বি, বিশেষ চেষ্টা ;

ব্যাপার। ২ [বি (বিগত, নাই) চেষ্টিত (চেষ্টা) যার, বহু°] বিণ, চেষ্টাবিহীন।

বিচ্ছায় [বি (অভাব) ছায়া (আলোকের অভাব), অব্যয়ী°] বি, ছায়ার অভাব। ২ [বি (বিগত, নাই) ছায়া (কান্তি বা প্রতি-বিম্ব) যার বা যাতে, বহু°] বিণ, ছায়াহীন।

বিচ্ছিত্তি [বি (বিশিষ্টরূপে ই°)+ছিদ্ (ছেদন করা)+তি (ভা°)] বি, বিচ্ছেদ। ২ বিনাশ। ৩ বৈচিত্র্য। ৪ [+তি (অা°)] বি, স্ত্রী-কণ্ঠহার। ৫ স্ত্রী-জনশোভন কেশ রচনা, অঙ্গরাগাদি।

বিচ্ছিন্ন [বি-ছিদ্+ত (র্ম), যা বিভাগ করা হইয়াছে] বিণ, বিভিন্ন ; বিভক্ত ; বিযুক্ত। ২ বিনষ্ট। স্ত্রীং ~া।

বিচ্ছিরি, বিচ্ছিরী [সং-বিশ্রী > গ্রা° উচ্চারণে] বিণ, শ্রীহীন ; কুৎসিত।

বিচ্ছু, বিচ্ছু [বৃশ্চিক >। হি° বিচ্ছু। বিছা দ্রঃ] বি, বৃশ্চিক। ২ [বৃশ্চিকের চাঞ্চল্য সাদৃশ্যে] বিণ, অতি চঞ্চল ; চিলবিলে ; তিরবিরে। ৩ [বৃশ্চিকের দংশন স্বভাব হতে, লক্ষ°] দুষ্ট ; হিংস্রক ; দংশনতৎপর।

বিচ্ছুরিত [বি (বিশিষ্টরূপে ই°) ছুর্ (ছেদন করা বা রঞ্জিত করা)+ত (র্ম), যার রাগ সম্পাদন করা হইয়াছে] বিণ, অনু-রঞ্জিত ; অনুলিপ্ত। ২ বিকীর্ণ। "কক্ষহ বাতির ঝাড়ের আলোকরশ্মি গাছের ফাঁক দিয়া পথে দুই চারি টুকরা বি° হইয়া পড়িয়াছিল, আমার মনে হইল সে যেন প্রলয় দাহেরই বহ্নিশিখা।"-ভারতী, ১৩২০।

বিচ্ছেদ [বি (বিশিষ্টরূপে ই°) ছিদ্ (ছেদন করা)+অ (ভা°)] বি, বিয়োগ ; বিরহ ; বিভাগ। ২ পার্থক্য ; বিভেদ। ৩ [বি-ছিদ্+অ (অা°)] বি, খণ্ড ; বিরাম। > বিণ, বিচ্ছেদিত-বিভক্ত ; পৃথককৃত ; বিচ্ছিন্ন ; কৃতবিচ্ছেদ। ~কাতর [বি° দ্বারা ব্যাকুল, ৩তৎ] বিণ, বিরহ হেতু দুঃখিত ; বিচ্ছেদ ব্যাকুল ; বিয়োগবিধুর। ~বেদন, বেদনা-বি, বিয়োগব্যথা ; বিরহযন্ত্রণা। "ক্রমশঃ এই বিচ্ছেদবেদনা গভীর হইতে গভীরতর আকার ধারণ করে,..."-উত্তরা, পৌষ, ১৩৩৩। ~শূন্য-বিণ, অবিচ্ছিন্ন।

বিছড়কা, বিছতাড়ক-বীজ-তারক দ্রঃ।

বিছর [হি° বিসরনা >। ব্রজ°। স=ছ। সং-বিস্মরণ] বিণ, বিগতস্মৃতি ; বিস্মৃত। ~যাওয়া [হি°বিসর্যানা] বিস্মৃত হওয়া ; ভুলিয়া যাওয়া। "যত বিছরিয়ে তত বিছর না যাই"-বি° প°।

বিছরা-বিসরা দ্রঃ।

বিছরাম-বিশ্রাম দ্রঃ।

বিছা [বৃশ্চিক > প্রাকৃ°বিচ্ছি, বিচ্ছু > গ্রা° বিচে] বি, বৃশ্চিক। "রজনী বাড়িছে যে পোড়া পুড়িছে কিছার বিছার জ্বালা"-ভারত°। ২ বৃশ্চিক রাশি। "কাত্তিক গেলে অঘান মাস বিছারাসি।"-শূ°পু°। ৩ [গ্রা° "বিচে-হার" (বৃশ্চিকের সাদৃশ্য হতে)] বিছার আকৃতি হার। ৪ কটিভূষণবিঃ। ~হার-বি, বৃশ্চিক আকৃতি গলার গয়নাবিঃ ; বিছার মত হার। কাঁকড়া বিছা [হি° বিচ্ছু] কাঁকড়ার দাড়ার ন্যায় হুলবিশিষ্ট অষ্টপদী বিছা ; ইহাদের দংশনে তীব্র বিষক্রিয়া প্রকাশ পায় scorpion. গোবরিয়া বিছা [হি° গোজর] বহুপদী বিষহীন কৃষ্ণবর্ণ সরু ও ছোট-জাতীয় বিছা। গোবরগাদা, ওঁচলামাটি ও পুরাতন ইটের স্তূপাদিতে জন্মে। তেঁতুলে বিছা-পাকা তেঁতুলের বিচির সারিবৎ ও তদ্বর্ণবিশিষ্ট বড়জাতীয় বহুপদী বিছা। ইহাদেরও হুলে বিষ থাকে। সরস্বতী বিছা-বিষহীন সরু ছোট শাদা বিছা। কেহ কেহ গোবরিয়া বিছাকেই সরস্বতী বিছা বলে। সেরে (রো) বিছা [সার (গোবর)+ইয়া, উয়া >] গোবরিয়া বিছা।

বিছাড়-বি, ভূমে গড়াগড়ি ; লুণ্ঠন। সাধাঃ আছাড় এর সহচর শব্দ 'আছাড় বিছাড়' (পতন ও লুণ্ঠন)। আছাড় দ্রঃ।

বিছাতি[1], -তী, বিছাটী [সং-বৃশ্চিকালী >। গ্রা° বিছুটী। বৃশ্চিকের ন্যায় বিষ-দংশন >] বি, দংশকণ্টকবৎ শুঁয়ায় আবৃত কোমল বৃন্ত ও পত্র ক্ষুদ্র বন্য-গাছ ; ইহা অঙ্গে স্পৃষ্ট হইলে জ্বালা ও কণ্ডূয়ন উৎপাদন করে। ঘোড়া বিছাতি-বড় বড় লোমশ পাতা ও রক্তাভ ডাঁটা বিছুটী গাছ। জল বিছাতি-জলে সিক্ত বিছাতি। জলবিছাতি দ্বারা প্রহার করিলে বিষক্রিয়া অধিক প্রকাশ পায় ও প্রহৃতের যন্ত্রণা বৃদ্ধি করে। লতা বিছাতি-অপেক্ষাকৃত ছোট পাতা ও দীর্ঘ শুঁয়াযুক্ত শাদা ডাঁটা বন্য লতাবিঃ ; লতাবিছাতি ঘোড়াবিছাতি অপেক্ষা বিষাক্ত।

বিছাতি[2] [সং-বিস্তৃতি > হি°বিছোতি, বিছাতি] বি, বিস্তার ; বিস্তৃতি। ২ ক্ষেত্রে বীজ ছড়ান ; বপন। "বৈশাখে বিছাতি কৈল সুলক্ষণ দিনে।"-শি°।

বিছানি [হি° বিছানা (দ্রঃ)। বিছাই, বিছাও (বিছান, বিছাস), বিছায় (বিছান) ; বিছাইতে ; বিছাইয়া (ক্ষে° বিছিয়ে)] ক্রি, বিস্তার করা ; ছড়ান ; পাতা। "বিছাইয়া মৃগছাল বসিলা আপনি।"-ভারত°। ২ শয্যা বিস্তার করা। বি, বিছান-বিস্তার।

বিছানা [সং-বিস্তারণা। হি° বিস্তরা, বিছৌনা। ব্রজ° ওছাবন্ (বি° প°)] বি, শয্যা। "সকালে বি° হইতে উঠি। ছাদে যোয়া যাব দোঁহে ছুটি।"-অশোক°। "তলে তৃণ লতাপাতা সবুজ বি° পাতা ছোট ছোট কুঞ্জবন হেথায় হোথায়।" -সারদা°। বি° করা-শয্যা রচনা করা। বি° তোলা-শয্যা উঠান ; বিছানা গুটাইয়া রাখা। বি° পাড়া বা পাতা-শয্যা বিস্তার করা ; শয্যা রচনা করা। বিছানায় পড়ে থাকা-রোগশয্যায় বদ্ধ হয়ে থাকা ; অসুস্থ হওয়া। "তারপর পাঁচ দিন যদি বিছানায় প'ড়ে থাকি, তখন তোদের মুখেই বা দেব কি, নিজেই বা কি খাব?"-বা° বসুমতী, ১৩৩৪। ২ অধিক বেলা পর্য্যন্ত শুইয়া থাকা।

বিছার [সং-বিচার > ব্রজ°। চ=ছ] বি, বিচার। > ক্রি, বিছারা [ব্রজ°। বিছার (দ্রঃ)+আ (ক্রি-বিভক্তি)। বিছারি, বিছার, বিছারে; বিছারিতে ; বিছারিয়া (ক্ষে° পদ্যে-বিছারি)] ক্রি, বিচার করা। "হেরলে কেমন সুখ না বুঝ বিছারি"-বি° প°। ২ অন্বেষণ করা।

বিছিয়া [বিছা দ্রঃ। হি°] বি, হিন্দু-স্থানের নারীদিগের চরণালঙ্কারবিঃ। যা

[illegible]

পাদাঙ্গুলের আমট অলঙ্কারের সহিত বিছার মত জড়িত থাকে। "পাদাঙ্গুলে আমট বি° করে শোভা"-কাশীবর্ণনা (জয়নারায়ণ ঘোষাল)।

বিছুটি, বিছুটী-বিছাতি দ্রঃ।

বিছুরণ [সং-বিস্মরণ > ব্রজ°, প্রা° বাং পদ° সা°] বি, বিস্মরণ। "বর বামা সো কিয়ে বি° ধায়"-বি° প°।

বিছুরা, বিছুরাণ [প্রা° বাং। সং-বিস্মরণ > বিসরা > বিছরা, বিছুরা। হি° বিসর্‌না। বিছুরই (বিস্মৃত হই), বিছুরাও, বিছুরায় ; বিছুরিতে, বিছুরাইতে ; বিছুরিয়া (ক্ষে°বিছুরি, বিছুরাই ব্রজ°)] ক্রি, বিগতস্মৃতি হওয়া ; বিস্মরণ করা ; ভোলা। "অবধি রহল বিছুরাই"-বি° প°। ২ ত্যাগ করা ; পরিহার করা। "মহানন্দ রতি বিছুরিনু পতি কলঙ্ক সবাই কয়।"-চণ্ডি°। **বিছুরল, -রিল**-বিস্মৃত হইল। "দিবস লিখি লিখি নখর খোয়ায়লু বিছুরল গোকুল নাম।" -বি° প°। **বিছুরিনু**-বিস্মৃত হইলাম। **বিছুরলি**-বিস্মৃত হইলে ; ভুলিলে বা ভুলিলি। "তুঁহু বিছুরলি"-বি° প°। **বিছুরি**-বিস্মৃত হতে ; ভুলিতে। "যে কিছু কহল তাহা কি বিছুরি পায়"-বি° প°।

বিছোহ [প্রা° বাং। বি-সহ (সাথ) > বি-ছহ > ছোহ] বি, বিচ্ছেদ।

বিজক$_1$-বীজক দ্রঃ।

বিজক$_2$ [বীজক ও°। বীজবৎ ক্ষুদ্র বা সংক্ষেপ বলিয়া] বি, হিসাবের স্মারকলিপি ; কড়চা।

বিজকুড়ি [সং-বীজাকৃতি >। তুল-ডিম্বাকৃতি > ডিমকুড়ি] বি, বটাদির বীজের ন্যায় ক্ষুদ্রবর্ণ। ২ ক্ষুদ্র বুদ্‌বুদ ; বিন্দু। ৩ বিচর্চ্চিকা। ৪ [বিক্রপে] বিণ, বীজের ন্যায় ক্ষুদ্র। —**বিজকুড়ি**-বিন্দু বিন্দু। ২ ক্ষুদ্র ক্ষুদ্র বীজবৎ।

বিজন [বি (বিগত, নাই) জন (লোক) যে স্থানে, বহু°] বিণ, নির্জ্জন ; জনশূন্য ; বিরল। —**বিপিন**-নির্জ্জন কানন; জনশূন্য অরণ্য।

বিজনন [বি (বিশিষ্টরূপে ই°) জন্‌ (জন্মান) + অন (ভা°)] ক্রি-বি, জন্ম ; উদ্ভব ; উৎপত্তি।

বিজন্মা [প্রা° বেজন্মা। বিজন্মন্‌ ১মা, ১ব°। বি (বিরুদ্ধ ই°) জন্মন্‌ (উৎপত্তি) যার, বহু°] বিণ, বিজাত ; জারজ। "সেন বলে তবে কি বিজন্মা গৌড়পতি?"-ধ°।

বিজবিজ, বীজবীজ [বীজ >, আধিক্য ও সাদৃশ্যার্থে দ্বিত্ব] অ, বীজবহুল ফলের বীজবৎ অসংখ্য। [গিজগিজ-গুঞ্জনাত্মক, বিজবিজ-প্রাণ স্পন্দনাত্মক] অসংখ্য কৃমি কীটাদির একস্থানে জড় হওয়া ও নড়ার ভাব। "পোকা তাহে মুড়ি প্রায়, বিজবিজ করে তায়, আগে তাই খাইছে বাছিয়া"-কাব্যনির্ণয়। বিণ, **বিজবিজে**।

বিজয় [বি (বিশিষ্টরূপে)-জি (জয় করা) +অ (ভা°)] বি, জয় ; জিৎ ; প্রতিপক্ষকে পরাভব দান। "তোমার বি° আসি হৈল এ দেশেতে।"-চৈ°ভা°। ২ অর্জ্জুন। ৩ শ্রেষ্ঠত্ব ; প্রাধান্য। বাড়ে প্রেম ভক্তির বি°।" -চৈ° ভা°। ৪ [প্রা° বাং। অধু°অপ্র°। হি° ভাগ্‌না=ভজ্‌না (কুমায়ুন ও গাঢ়বাল প্রদেশে) প্রস্থান বা গমন করা] গমন ; প্রস্থান ; প্রয়াণ। "ধীরে ধীরে করহ বি°"-গী° গিরি°। "ধ্যানে গঙ্গাতীরে দেখী করিলা বি°।" -চৈ° ভা°। "পড়াইতে গৌরচন্দ্র করেন বি°।"-ঐ। ৫ মৃত্যু ; মহাপ্রস্থান। ৬ আগমন। "কেহ কহে এই যে সন্ন্যাসী মহাশয়। কোথা হৈতে অকস্মাৎ করিলা বি°।"-মথুরা-মাহাত্ম্য। স্ত্রীং ~া-দুর্গার সখী। ২ সিদ্ধি ; ভাঙ। "সত্য নারায়ণ করিলা লীলা নদীতীরে দিব্য সন্ন্যাসী হৈলা। গৈরিকের বস্ত্র কটিতে আঁটা প্রয়াগের ঝুলি কপালে ফোঁটা। শিরে জটাভার কুণ্ডল কাণে ঢুলুঢুলু আঁখি বিজয়া পানে।" -সত্যনারায়ণ-কথা (বসুমতী)। ~**কেতন**-বি, জয়পতাকা ; জয়ধ্বজা। ~**গর্ব্ব**-বি, জয়লাভ হেতু দম্ভ ; জয়দর্প। ~**দৃপ্ত**-বিণ, জয়লাভ হেতু গর্ব্বিত। ~**ভৈরবা**-ভাদ্র কৃষ্ণপক্ষীয় অষ্টমীর মহানিশায় রোহিণীচন্দ্র-যোগ-কাল-স্ত্রী° কী°। ~**মর্দ্দল** [বিজয় (শত্রু পক্ষকে পরাভূত করা) মর্দ্দল (মাদল, ঢাক, যা শত্রুকে পরাভূত করিয়া বাজান হয়)] বি, জয়ঢাক। ~**লক্ষ্মী** [বিজয় রূপা লক্ষ্মী, রূপক ধা] বি, জয়শ্রী।

বিজয়া-বিজয় দ্রঃ। ~**দশমী**, ~**দিশুমি** [বিজয়া-দশমী] বি, আশ্বিনের শুক্লা দশমী তিথি ; ঐ দিন দেবী প্রতিমা বিসর্জ্জিত হয়। ঐ দিন যুদ্ধাদি কার্য্যে যাত্রা করিলে বিজয় লাভ হয় বলিয়া নাম। ~**ধূম** [বিজয়া (সিদ্ধি) ধূম (ধুঁয়া), ৬তৎ] বি, গাঁজা। ~**বহ** [বিজয়+আবহ, উপ°] বিণ, বিজয়সূচক ; বিজয়জনক। ~**সপ্তমি(ী)** [বিজয়া (যার বিজয়া এই সংজ্ঞা) যে সপ্তমী (তিথিবিঃ), ধা] বি, শুক্লপক্ষের যে সপ্তমী তিথিতে রবিবার হয়।

বিজয়ী [বিজয়িন্‌, বিজয়-ইন্‌ (স্ত্য°)-যার বিজয় আছে] বিণ, জয়ী ; জয়প্রাপ্ত ; জয়যুক্ত। স্ত্রীং **বিজয়িনী**।

বিজয়োৎসব [বিজয়+উৎসব] বি, শত্রু জয় উপলক্ষে উৎসব। ২ বিজয়া পর্ব্ব।

বিজয়োন্মত্ত [বিজয় (দ্বারা) উন্মত্ত] বিণ, জয়লাভ হেতু আনন্দে ক্ষিপ্তপ্রায় ; জয়োল্লসিত।

বিজর [বি (বিগত) জরা (বার্দ্ধক্য-জীর্ণতা), বহু°] বিণ, জরারহিত।

বিজলি, -লী [সং-বিদ্যুৎ > প্রাকৃ° বিজ্জুলী >] বি, তড়িৎ ; সৌদামিনী ; চঞ্চলা ; চপলা ; বিদ্যুৎ। "মালতি মালায় বি° খেলায় ভ্রমর ভ্রমরে লোভে।"-অ° ম°।

বিজল্প [বি-জল্প্‌ (স্পষ্টরূপে বলা) + অ (ভা°)] বি, বাক্যবিঃ। ২ প্রলাপ।

বিজাত [বি-জন্‌+ত (ক্ত), যে বিরুদ্ধ-রূপে (অপর কর্ত্তৃক) উৎপন্ন হইয়াছে] বিণ, জারজ ; বিরুদ্ধজন্মা ; বিজন্মা।

বিজাতি [বি (ভিন্ন, সংস্কারবিরুদ্ধ) জাতি। যে দ্রঃ] বি, সংস্কারবিরুদ্ধ জাতি। ২ অপর জাতি ; ভিন্ন জাতি। **জাতি-বিজাতি**-শিষ্টাবিরুদ্ধ ও অশ্লীল গালিগালাজ।

বিজাতীয় [বিজাত বা বিজাতি+ঈয় (ইহা বিজাতির এই অর্থে)] বিণ, ভিন্ন জাতি

[illegible]

সম্বন্ধীয়। ২ বিভিন্ন ধর্মসংক্রান্ত। ৩ বিষম ; যা সমজাতীয় বা এক পর্য্যায়ভুক্ত নহে ; বিপরীত লক্ষণাক্রান্ত। "রাগমার্গে ভক্ত ভক্তি করে যে প্রকারে ; তাহা শিখাইব লীলা আচরণ দ্বারে। এই তিন তৃষ্ণা মোর নহিল পূরণ ; বি° ভাবে নহে তাহা আস্বাদন। রাধিকার প্রেম দেহ অঙ্গীকার বিনে ; সেই তিন সুখ কভু নহে আস্বাদনে" -চৈ° চ°। ~তা-বি, বৈজাত্য।

বিজামাতা [ঋগ্বেদে। বি (নিকৃষ্ট) জামাতা] বি, যে পণ দিয়া বিবাহ করে।

বিজিগীষা [বি (বিশিষ্টরূপে ই°) জি (জয় করা)+স (ন্ ইচ্ছার্থে)+অ (ভা°)+আ (স্ত্রীং)] বি, বিজয়েচ্ছা ; জয়লাভের বাসনা। ২ ব্যবহার।

বিজিগীষু [বি-জি+স (ন্ ইচ্ছার্থে) +উ (র্তৃ), যে জয় করিতে ইচ্ছা করে। পিজন্তে-বিজিগ্রাহয়িষু (জয়লাভ করাইতে ইচ্ছুক)] বিণ, জয়াভিলাষী ; জয়লাভেচ্ছু। "মানসিংহ পর বৎসর উৎকল বিজিগীষু হইয়া তদভিমুখে যাত্রা করিলেন।"-দুর্গেশনন্দিনী।

বিজিগ্রাহয়িষু [বি-গ্রহ+ণিচ্=গ্রাহি +সন্=বিজিগ্রাহয়িষ্ +উ (র্তৃ)। বিজিগীষু দ্রঃ] বিণ, বিজয়লাভ করাইতে ইচ্ছুক ; জেতাইতে ইচ্ছুক।

বিজিঘৃক্ষু [বি+গ্রহ্ (সনন্ত)+উ(র্তৃ)] বিণ, বিগ্রহ করিতে ইচ্ছুক ; যুদ্ধাভিলাষী।

বিজিত [বি (বিশিষ্টরূপে ই°) জি+ত (র্ম্ম), যাকে পরাভূত করা হইয়াছে] বিণ, পরাভূত ; পরাজিত। স্ত্রীং ~া।

বিজিল [বিজয় করিল > কে°] ক্রি, জয় করিল। "বলিল ময়না বি° বিপক্ষের ঠাট।" -ধর্ম্মরাজের গীত (নরসিংহ)।

বিজিহীর্ষা [বি-হৃ (সনন্ত)+অ (ভা°)+আ (স্ত্রীং)] বি, বিহারেচ্ছা। বিণ, ~র্ষু-বিহারেচ্ছু।

বিজিহ্ম [বি (বিশেষভাবে) যে জিহ্ম (কুটিল বা বাঁকা), যা] বিণ, অসরল ; কুটিল। ২ অপ্রসন্ন।

বিজুত-বেজুত দ্রঃ।

বিজুবন [বিজন বন > প্রা° বিজ বন > বিজুবন] বি, বিজন বন ; নিবিড় অরণ্য। "ঘোর বাক্যে দিয়া বন কাটাইনু বি° বসাইল নগর গুজরাটে।"-কবিক°।

বিজুরি,-রী [বিজলি দ্রঃ। ল=র] বি, বিজলি ; বিদ্যুৎ। "মেঘের বিজুরি চমকি চলিয়া গেল।"-চণ্ডি°। "দশনবিজুরী খেলে, গজেন্দ্র গমনে চলে"-শি°। বিজুরি রেহা -বিজলীর রেখা। "নবজলধর বিজুরি রেহা দ্বন্দ্ব পসারিয়া গেলি।"-বি° প°।

বিজুলি,-লী [বিজলি দ্রঃ। প্রা° উচ্চারণবিকারে, জ=জু] বি, বিদ্যুৎ। "শ্রবণে কুণ্ডল দোলে, কপালে বিজুলী খেলে, তনু রুচি খণ্ডে অন্ধকার।"-কবিক°।

বিজৃম্ভ/ণ [বি (বিশেষভাবে) জৃম্ভ্ (হাইতোলা)+অন (ভা°)] বি, হাইতোলা ; জৃম্ভণ। ২ বিকাশ ; বিস্তার। ৩ ইচ্ছা। ৪ অঙ্গমার্জ্জন। ~মাণ [বি-জৃম্ভ্+আন (র্তৃ), যে প্রকাশ পাইতেছে বা হাই তুলিতেছে] বিণ, বিকাশশালী ; প্রকাশমান। ২ যে হাই তুলিতেছে।

বিজৃম্ভিত [বি-জৃম্ভ্+ত (র্তৃ), যে প্রকাশিত হইয়াছে] বিণ, বিকসিত। ২ [+ত (র্ম্ম)] বিস্তারিত। ৩ [+ত (ভা°)] বি, বিজৃম্ভণ।

বিজেতা [বিজেতৃ শব্দ। বি-জি+তৃ (র্তৃ), যে জয় করে] বিণ, জয়ী ; জয়কারী ; বিজয়ী। ২ স্ত্রীং বিজেত্রী।

বিজেয় [বি-জি+য (র্ম্ম), যাকে জয় (পরাভূত) করা যায়] বিণ, জয় করিবার যোগ্য। ২ জয়সাধ্য।

বিজোড় [বি (বিরহিত) জোড়। প্রা° বেজোড়] বিণ, অযুগ্ম ; জোড়হীন। বি° অঙ্ক-বি, যে অঙ্ক ২ দ্বারা ভাগ করা যায় না (যথা ৩, ৫, ৭, ই°)।

বিজ্জ, বিজ্জা-বিদ্যা দ্রঃ।

বিজ্ঞ [বি (বিশিষ্টরূপে ই°)+জ্ঞা (জানা) +অ (র্তৃ), যে বিশিষ্টরূপে জানে] বিণ, বিশেষজ্ঞ ; জ্ঞানী ; পণ্ডিত ; বিচক্ষণ। স্ত্রীং ~া। বি, ~তা।

বিজ্ঞপ্তি, বিজ্ঞাপ্তি [বি (বিশিষ্ট-প্রকারে ই°) জ্ঞা+ণিচ্=জ্ঞপি, জ্ঞাপি (জানান)+তি (ভা°)] বি, নিবেদন ; বৃত্তান্তকথন ; বিশেষ বিবরণ ; জ্ঞাপন notice.

বিজ্ঞাত [বি (বিশিষ্টরূপে ই°) জ্ঞা (জানা)+ত (র্ম্ম), যে বিষয় জানা গিয়াছে] বিণ, অবগত ; পরিজ্ঞাত ; বিদিত। ২ সুপ্রসিদ্ধ।

বিজ্ঞান [বি (বিশেষ-"সমগ্র সত্যের আশপাশ দিয়া পরিস্ফুট জ্যোতি, রসায়ন প্রভৃতি নানা প্রকার শাখা প্রশাখা সম্বন্ধীয় বৈশেষিক জ্ঞান, তাই তাহার আদিতে বি"-দ্বি° ঠাকুর) জ্ঞান (জ্ঞা+অন ; ভা°)-"বিশেষ বিশেষ শাখায় পরিসমাপ্ত বিশিষ্টরূপ জ্ঞান"-দ্বি° ঠাকুর] বি, পরীক্ষণ ও পর্য্যবেক্ষণ-মূলক বিশেষ জ্ঞান ; তত্ত্ব ; পদার্থের স্বরূপ জ্ঞানপ্রদ শাস্ত্র science ; "সমগ্র জ্ঞান-বৃক্ষের শাখা প্রশাখা (গণিত, জ্যোতিষ, রসায়ন ই°) ;" "আপেক্ষিক (relative) তত্ত্বজ্ঞান"।-দ্বি° ঠাকুর। জড়বিজ্ঞান-পদার্থ বিজ্ঞান। "বহির্জ্জগৎ এবং অন্তর্জ্জগৎ -দৃশ্য জগৎ এবং অদৃশ্য জগৎ যে একই সুনিয়মে পরিচালিত হইতেছে, তাহা বুঝিবার জন্যই জড়বিজ্ঞান শিক্ষার প্রয়োজন।"-ডাঃ সরকার। জ্ঞানবিজ্ঞান-দর্শন ও বিজ্ঞান ; মনস্তত্ত্ব ও পদার্থতত্ত্ব ; সাধারণ জ্ঞান ও বিশেষ জ্ঞান। পদার্থ-বিজ্ঞান-জড় পদার্থ সম্বন্ধীয় তত্ত্ববিদ্যা। মনোবিজ্ঞান-দর্শন শাস্ত্র philosophy. ~কলেজ-বি, বিজ্ঞান শিক্ষার উচ্চ বিদ্যালয় Science College. ~পাদ [বিজ্ঞান-পদ্+ণিচ্= পাদি+অ (র্তৃ), যিনি বিজ্ঞান প্রতিপাদন করিয়াছেন] বি, বেদব্যাস। ~বিৎ [বিজ্ঞান+বিদ্ (যে জানে)] বিণ, বিজ্ঞান-শাস্ত্রজ্ঞ ; বৈজ্ঞানিক। ২ বি, বৈজ্ঞানিক পণ্ডিত। ~বিদ্যা-বি, বিজ্ঞানশাস্ত্র। ~বিদ্যালয়-বি, বিজ্ঞান শিক্ষাগার। ~বিশারদ [বিজ্ঞানে বিশারদ, ৭মী তৎ] বিণ, বিজ্ঞানশাস্ত্রে পারদর্শী। ~বেত্তা [বিজ্ঞান+বেত্তা (যে জানে)] বিণ, বিজ্ঞান-শাস্ত্রে লব্ধজ্ঞান। ২ বি, বৈজ্ঞানিক পণ্ডিত। ~ভিক্ষু-বি, একজন প্রাচীন বৈদান্তিক পণ্ডিত। ~ময় [বিজ্ঞান-ময় (পূর্ণ অর্থে)]

[illegible]

বিণ, বিজ্ঞানবিশিষ্ট ; বিজ্ঞান স্বরূপ।২ বিজ্ঞান বিশারদ ; তত্ত্বজ্ঞ ; দার্শনিক।> । স্ত্রীং ~নী। ~ময়কোষ [বিজ্ঞান+ময় (স্বরূপার্থে) যে কোষ, খা] বি, পঞ্চ জ্ঞানেন্দ্রিয় সহ বুদ্ধি। ~মাতৃক [বিজ্ঞান (মায়া) মাতা (জননী) যার, বহুং] বি, মায়াদেবীসুত ; বুদ্ধদেব। ~শাস্ত্র-বি, শাস্ত্র দ্বারা যে কোন বিষয়ের বিশেষ জ্ঞান হয় ; তত্ত্ববিদ্যা।

বিজ্ঞানা/গার [বিজ্ঞান+আগার, ৬তৎ] বি, বিজ্ঞান শিক্ষাগার। ২ বৈজ্ঞানিক পরীক্ষাগার। ~চার্য্য [বিজ্ঞান+আচার্য্য, ৬তৎ] বি, বিজ্ঞানাধ্যাপক ; বৈজ্ঞানিক পণ্ডিত। ~ধ্যাপক [বিজ্ঞান+অধ্যাপক, ৬তৎ] বি, উচ্চ বিদ্যালয়ের বিজ্ঞান শ্রেণীর আচার্য্য ; বিজ্ঞানাচার্য্য।

বিজ্ঞানিক-বৈজ্ঞানিক দ্রঃ।

বিজ্ঞাপন [বি (বিশিষ্টরূপে ইং) জ্ঞা +ণিচ্=জ্ঞাপি (জানান)+অন (ভাং)] বি, বিশেষ বা বিবৃতভাবে জ্ঞাপন বা জানান ; কোন বিষয়ের সংবাদ প্রচার করণ ; সাধারণের অবগতির জন্য সংবাদ বা সাময়িক পত্রাদিতে প্রকাশিত বিবরণ ; ইস্তাহার advertisement. ২ সংবাদ। ৩ প্রচার। স্ত্রীং ~না। বিং করা-প্রচার করা। বিং দেওয়া-সংবাদাদি কাগজ পত্রে মুদ্রিত করিয়া সর্ব্বসাধারণের মধ্যে প্রচার করা।

বিজ্ঞা/পনী [বি-জ্ঞা+ণিচ্=জ্ঞাপি+অন (ণে), যদ্দারা (কোন বিষয়) জানান যায়+ঈ (স্ত্রীং)] বি, বিজ্ঞাপনপত্রী ; জ্ঞাপনলিপিকা। ~পনী ডিক্রী [আদাং] বি, ঘোষণাত্মক নিষ্পত্তি বা রায়দান পত্র declaratory decree, ~পনীয় [বি+জ্ঞাপি+অনীয়] বিণ, বিজ্ঞাপন করিবার যোগ্য। ২ যা বিজ্ঞাপনের দ্বারা সাধারণে প্রচার করিতে হইবে। ~পিত [বি (বিশিষ্টরূপে) জ্ঞা+ণিচ্=জ্ঞাপি (জানান)+ত(র্ম্ম), যাহা জানান হইয়াছে] বিণ, নিবেদিত। ~প্তি-বি, বিজ্ঞপ্তি দ্রঃ।

বিজ্ঞেয় [বি-জ্ঞা (জানা)+য (র্ম্ম), যা জানা যায় বা জানা উচিত] বিণ, জানিবার যোগ্য ; বিশেষভাবে জ্ঞাতব্য।

বিজ্বর [বি (বিগত) জ্বর] বিণ, জ্বরহীন ; বিগত জ্বর। প্র-বিজ্বর নাড়ী।

বিঞ্জোলী [সং] বি, শ্রেণী ; সারি ; পঙ্‌ক্তি। শব্দবিঞ্জোলী-শব্দাবলী। শব্দসংজ্ঞা বিঞ্জোলী-অমরাদি কোষের আদর্শে বিষয় পর্য্যায়ক্রমে বাঙ্গালা ও সংস্কৃত শব্দসংগ্রহ গ্রন্থবিঃ।

বিট [বিট্ (আক্রোশ করা)+অ (র্ত্তৃ)] বি, লম্পট ; কামুক। ২ কপট। ৩ কামশাস্ত্রবেত্তা। ৪ পর্ব্বতবিঃ। ৫ লবণবিঃ। ৬ নারঙ্গবৃক্ষ। ৭ মূষিক। ৮ বিষ্ঠা। ~খদির [বিট্ (বিষ্ঠা) খদির (খয়েরের গাছ)] বি, গুয়েবাবলা গাছ। ~চর [বিট্ (বিষ্ঠাতে) চর (যে চরে অর্থাৎ গমনাগমন করে), ৭তৎ] বি, শূকর। ২ গোবরের পোকা ৩ বিষ্ঠা কৃমি। ~নুন-বি, বিটলবণ।

বিটকাল [বিট্ (কৃষ্ণ লবণবৎ) কাল। বা বিকরাল > বিকটাল > বিটকাল। গ্রাং বিটকেল] বিণ, অতি ভীষণ ; ভয়ানক। "বিং বদন দেখি ধড়ে প্রাণ উড়ে। কড়মড়ি দশন আসন করে ঘোড়ে॥"-যং। ২ বিকট ; অতি উগ্র। "প্রাণ ছটফট করে বিং গন্ধে।" -কবিকং। ৩ কুৎসিত ; কদর্য্য ; অস্বাভাবিকরূপে অশোভন। "শয়ন কুৎসিত বীরের ভোজন বিং।"-কবিকং।

বিটঙ্ক [বি (বিশিষ্টরূপে)-টনক্ (বন্ধন করা)+অ (ধি), যাতে পক্ষী বদ্ধ হয়] বি, পক্ষী ধরিবার ফাঁদ। ২ [বি (পক্ষী) টঙ্ক (বসিবার স্থান বা রাত্রিতে থাকিবার স্থান)] বি, কপোতের বাসস্থান ; কপোতপালিকা ; অথবা বাঁশের মাথায় বাঁধা মাচা।

বিটপ [বিট (লম্পট, পক্ষী ইং) পা (রক্ষা করা)+অ (র্ত্তৃ), যে লম্পট বা পক্ষীদিগকে রক্ষা করে] বি, বৃক্ষশাখা ; গাছের ডাল। ২ বি, যে লম্পটকে আশ্রয় দেয় ; বিটপালক ; অতিশয় লম্পট [বিরল]। ৩ সখী। "তার সব বিং আশিয়াঁ। তার মাঝে রাধাক দেখিয়াঁ।"-শ্রীং কীং।

বিটপালম [পালক দ্রঃ] বি, কন্দমূল ; পালং শাক the beat.

বিটপী [বিটপিন্, বিটপ (শাখা)+ইন (ত্যং), যার শাখা আছে] বি, বৃক্ষ ; পাদপ ; শাখী ; তরু।

বিটমাক্ষিক-বি, উপধাতুবিঃ।

বিটল, বিটলা, বিটলে [বিট্ (বঞ্চনা করা)+অল-যে বঞ্চনা করিয়া থাকে] বি, প্রতারক ; ধূর্ত্ত ; দুষ্ট ; ভণ্ড। "কেন শাপ দিলি অরে বিটলা বামন।"-অং মং। "দস্যু বিটল বড় নাহি পুনঃ ভয়"-কেতকাং। "অপর নাবড় বেটা বিশেষ বিটল"-যং। "দূতগণে দেবে বলে কোন ভেড়ের ভেড়ে। দুই বন্দী বিদেশী বিটলে দিল ছেড়ে॥"-ঐ।

বিটী [বেটা দ্রঃ] বি, বেটী ; কন্যা।

বিটোল [গ্রাং উচ্চারণ বিকার। বিটল দ্রঃ] বি, দুষ্ট ; বেয়াড়া। "ছেলে দেয় জ্যাঠামিটে, দেখ্‌লে দেই কড়া মিঠে, পড়েছে কড়া পিঠে, তথাপি বেজায় বিটোল"-রজনী সেন।

বিট্‌পতি [বিশ্ > বিট্ (কন্যা, বৈশ্য) পতি, ৬তৎ] বি, কন্যার পতি ; জামাতা। ২ প্রধান বাণিজ্যব্যবসায়ী।

বিট্‌লবণ-বি, কাল নুণ।

বিট্‌সারিকা [বিট্ (বিষ্ঠা) সারিকা (পক্ষিণীবিঃ), ৬তৎ] বি, গুয়ে সালিক।

বিড় [সং] বি, বিটলবণ।

বিড়ঙ্গ [বিট্ বা বিড় (মূর্খ বা রোগাদি)+অন্‌গ্ (গমন করা বা বোধ জন্মান)+অ (ভাং)] বিণ, বিজ্ঞ ; অভিজ্ঞ। ২ বি, ঔষধবিঃ ; আয়ুর্ব্বেদোক্ত বৃক্ষবিঃ। "বিং বদলে লবঙ্গ পাব শুণ্ঠের বদলে টঙ্ক।"-কবিকং।

বিড়বিড় [অনুং। লঘু শব্দে বিড়্‌বিড়্ ; ক্রমাগত অর্থে বিড়ির্ বিড়ির্ ; আধিক্যে বঁড়্ বঁড়্ ; বিরক্তিজনক স্থলে ব্যাড়্ ব্যাড়্ ; দীর্ঘকালব্যাপী বিরক্তিকর বকুনি স্থলে ব্যাড়র্ ব্যাড়র্] বি, অস্পষ্ট বাক্য ; আপনার মনে অস্পষ্ট বকুনি। ২ অর্দ্ধোচ্চারিত বা স্বল্পোচ্চারিত মন্ত্রাদির আবৃত্তি। ৩ ঘৃণা এবং অস্বস্তিবাচক অনুভূতি। "আমি এখানে আর অধিকক্ষণ দাঁড়াতে পারি না। আমার গা বিড়বিড় করছে।"-বাং বসুমতী, ১৩৩৪।

বিড়বিড়ানি [বিড়বিড় + আন (ক্রি-

[illegible] =a(t), [illegible] =S ([illegible] শৃ...), অন্যান্য [illegible] অব্যক্ত

বিভক্তি) অনাদরে ব্যাড়ব্যাড়ানি] ক্রি, বিড়বিড় করা। বি, বিড়বিড়ানি। ঘৃণা বা বিরক্তি অর্থে 'ব্যাড়ব্যাড়ানি'।

বিড়ম্ব [বি (বিশিষ্টরূপে ইং)+ডম্ব্ (প্রেরণ করা, ক্লেশ দেওয়া ইং)+অ (ভাং)] বি, ক্লেশ; প্রতারণা; যন্ত্রণা। ২ বঞ্চনা; প্রতারণা। "যে জন সেবক মোর সে জন বিপক্ষ তোর যুগে যুগে বিড়ম্ব আমারে।"-কবিকং। ~ন [-+অন (ভাং)] বি, বঞ্চনা; প্রতারণা। ২ ক্লেশ; যন্ত্রণা। "বাপ ঘরে যদি চল তবে না হইবে ভাল, অবশ্য হইবে বিড়ম্বন।"-কবিকং। ৩ সদৃশীকরণ। > ~া [বিড়ম্বন (দ্রঃ)+আ (স্ত্রীং)] বি, বঞ্চনা; চাতুরী। "কয়হ আমারে ইন্দ্র কপট অর্চ্চনা। কপট ভকতি কর কর বিড়ম্বনা।" -কবিকং। ২ দুঃখ-ভোগ; কষ্ট; যন্ত্রণা। "গোপা দিন ত যায় না বয়ে, কাঁদছি বসে শমন ভয়ে, চাইলে না মা এ সময়ে, কপালে কি বিড়ম্বনা।"-বাং গান।

বিড়ম্বিত [বি (বিশিষ্টরূপে ইং) ডম্ব্+ত (র্ম), যাকে যন্ত্রণা দেওয়া বা প্রতারণা করা হইয়াছে] বিণ, প্রতারিত; বঞ্চিত। ২ দুঃখিত; ক্লিষ্ট। ৩ সদৃশীকৃত; অনুকৃত।

বিড়ম্বিল [বিড়ম্ব+ইল (ক্রি-বিভক্তি)] ক্রি, প্রতারণা করিল। "তারে বিং বিধি না মানে জানার বুদ্ধি সমরে পড়িল রামশরে।" -কবিকং।

বিড়া$_1$ [বিটিকা > বিড়ক, বিড়া] বি, তাম্বূল; পানের খিলি। "আচমন দিয়া দিল বিড়ার সকর।"-চৈং চং। "লইয়া গুবাক পান বৈসে তাম্বূলী জন মহাবীরে নিত্য দের বীড়া।"-কবিকং। "মিঠা পান মিঠা গুয়া চুণ পাথরিয়া। রাখে ছুটা বিড়া বান্ধি খিলি সাজাইয়া।"-ভারতং। ২ [প্রাদেং চট্টগ্রাম] ২০ গণ্ডা পানে এক বিড়া। বরিশালে ১ পয়সায় পানকেই ১ বিড়া বলে। ৩ যার উপরে রাখিয়া ভার বহন করে; মুটেরা মাথার উপরে বিড়া রাখিয়া তদুপরি মোট রাখে। ৪ হাঁড়ী বসাইবার তৃণনির্ম্মিত বেড়।

বিড়া$_2$-বীড়া দ্রঃ।

বিড়াল [বিট্ বা বিড়্ (ধূর্ত্ত ইন্দুর বা যে সকল ইন্দুর বৃত্তিকাদি ভেদ করিয়া চলিতে পারে)+অল্ (নিবারণ করা)+অ (র্তৃ,ভাং)] বি, যে ইন্দুর নিবারণ করে; মার্জ্জার; আখুভুক্। ২ নেত্রপিণ্ড। স্ত্রীং ~ী। ~পদ -বি, দুই তোলা পরিমাণ। ২ বিড়ালের পা। ~শাবক-বি, মার্জ্জার শিশু; বেরাল ছানা। ~হাঁচি-বি, মুক্তাবর্ষী গাছ। ~তপস্বী [এক বিড়াল গ্রামে আহারাভাবে বৃক্ষ কোটরে পক্ষিশাবক-মাংসার্থী হইয়া উপস্থিত হয় ঐ কোটরে পক্ষিশাবক রক্ষক গৃধ্রকে দেখিয়া বিপদে পড়িল এবং বলিল আমি নিরামিষাশী নিত্য গঙ্গাস্নায়ী চান্দ্রায়ণ ব্রতাবলম্বী বিড়াল তপস্বী, আপনার নিকট কিছু ধর্ম্মোপদেশ পাইতে আসিয়াছি। পুনঃ পুনঃ এইরূপ বলায় গৃধ্রের তাই বিশ্বাস হইল সুতরাং বিড়াল নির্ব্বিঘ্নে তথায় থাকিয়া গোপনে পক্ষিশাবক খাইতে থাকিল যখন দেখিল পক্ষিগণ শাবকের অনুসন্ধান করিতেছে তখন বিড়াল মানে মানে তথা হতে পলায়ন করিল-হিতোপদেশের এই কথা হতে লক্ষণায়] বি, কপট সাধু; ভণ্ড তপস্বী। "বাপ অসৎ কর্ম্মে রত হইয়া নীতি উপদেশ দিলে, ছেলে তাহাকে বিড়াল তপস্বী জ্ঞান করিয়া উপহাস করিবে"-টেকচাঁদ।

বিড়ালের আড়াই পা-বিড়াল আড়াই পা যাইতে না যাইতেই তাড়না ভুলিয়া গিয়া আবার ফিরিয়া আইসে। ২ [লক্ষং] ক্ষণকাল পরেই যে মান অভিমান ক্রোধ প্রতিজ্ঞা ইং বিস্মৃত হয়।

বিড়ালের ভাগ্যে শিকা ছেঁড়া-ভাগ্যক্রমে বিনা চেষ্টাতেই বাঞ্ছিত সুযোগ ঘটা। "তবী দাসী এমন সুযোগটা ছাড়ে ত ভবিই নয়, বিড়ালের ভাগ্যে কিছু সব দিন শিকা ছিঁড়ে না।"-ভারতী, ১৩২০।

বিড়ি, বিঁড়ি, বিড়ী [সং-বীটী >] বি, চুরুট; তামাক চূর্ণ শালপাতে মুড়িয়া সরু বাতি করা।

বিডীন [বি (বিশিষ্টরূপে ইং) ডীঙ্ (উড়া)+ত (ভাং)] বি, পক্ষীর গতিবিঃ।

বিড়োজা, বিড়ৌজা [মুং বিড়ৌ-জস্। বিড় (মহৎ) ওজস্ (বল, যুদ্ধের অস্ত্র) যার, বহং] বি, দেবরাজ; বজ্রী; ইন্দ্র।

বিড়্‌বরাহ [বিট্ (বিষ্ঠা) বরাহ (শূকর)] বি, গ্রাম্যশূকর; গ্রামপ্রান্তে পালিত শূকর।

বিড়ো [বর্দ্ধং, মুর্শিং প্রাদেং] বি, বিঘা-প্রতি কয়েক আঁটি করিয়া ধান যা আগোল-দারগণ তাদের পারিশ্রমিকস্বরূপ পায়। প্র-বিং পাওয়া।

বিঢ়প-বেঢপ দ্রঃ।

বিণাসই-বিনাশ দ্রঃ।

বিণি, বিণী-বিনা দ্রঃ।

বিণিঞ [ব্যজনী > বিঅনি >। বর্ণ-বিপর্য্যয়ে] ব্যজনী; তালপাতার পাখা। "তালের বিং"-শ্রীং কীং।

বিতং [বিস্তারিতং শব্দের কং] বি, বিস্তারিত বিবরণ। বিতং করা,-দেওয়া-বিশেষ বিবরণ দিয়া specify. প্র-বিতং করিয়া বলা। "কেন সে কথা বিতং দিয়া বলা হইল না?"-উমেশ বিদ্যারত্ন।

বিতংস [সং] বি, অলঙ্কারবিঃ। ২ বীতংস (দ্রঃ)।

বিতণ্ডা [বি (বিশেষভাবে ইং) তন্ড্ (তাড়না করা বা আঘাত করা)+অ (ভাং)+আ (স্ত্রীং)] বি, বিতর্ক। পরমত খণ্ডনের জন্য বৃথা বাক্যাড়ম্বর; বৃথা বাদানুবাদ; মিথ্যা বিবাদ।

বিতত [বি (বিশিষ্টরূপে ইং) তন্ (বিস্তার করা)+ত (কর্ম্ম), যা বিস্তৃত করা হইয়াছে] বিণ, বিস্তৃত; ব্যাপ্ত; প্রসারিত। "কথা বর্ত্তা বেশ বাস বিধান বিতত"-সোনার তরী। ২ বীণা প্রভৃতি বাদ্য।

বিততি [বি (বিশিষ্টরূপে ইং):তন্+তি (ভাং)] বি, প্রসার; বিস্তৃতি। ২ সারি; শ্রেণী। ৩ সমূহ।

বিতথ [বি (বিগত, নাই) তথ্য (সত্য) যা হতে, বহং; য লোপ। প্রাং বৌং খাং প্রাকৃং বিতথ] বিণ, অসত্য; মিথ্যা; অলীক। ২ বৃথা; অনর্থক; বিফল। ৩ প্রবঞ্চনা; ছল।

বিতথ্য [বি (বিগত, নাই)-তথ্য (তথ্য-সত্য)=অনর্থ] বি, অনর্থপাত; বিপদ; দুরবস্থা। "আজি বড় তব পর পড়িল

বি°।"—ভাগবত (নরহরি°)। "এ মোর বি° সে বনদেবতা শুনি চমকএ চিতে।"—জ্ঞান°।২ বিণ, বিপন্ন। "কর্ম্মদোষে বিয়া দিয়া বড় হইব বি°।"—ধর্ম্মরাজের গীত (রামচন্দ্র বাড়ুয্যা), ব° সা° প°।

বিতথ্য [বিতথ (মিথ্যা)+য (স্বার্থে)। প্রা° বৌ° বাং প্রাকৃ° বিতথ (দো° ৯৫)] বিণ, অলীক ; মিথ্যা।

বিতদ্রু-বি, পাঞ্জাবের নদীবিঃ।

বিতনু [বি (বিশীর্ণ, বিরল)+তনু (শরীর)] বিণ, ক্ষীণ ; রোগা। ২ কমনীয় ; সুন্দর।

বিতন্বৎ [বি-তন্ (বিস্তারে)+অৎ] বিণ, প্রসারক ; বিস্তারক।

বিতর্পণ [বি (বিশেষ) তপন (তৃপ্তিকর)। বিতোর্পন ও°। "পিতৃকার্য্য করিয়া জয়ত বিতোপন।"—রাম° (মাধব°)] বিণ, সুন্দর ; মনোহর। "রতন করম অতি বি° পল্লীল জগতমাঝে"—শ্রী° কী°। ২ প্রা° বৌ° বাং-র-বিতর্পণ] বিস্তৃত। "মেলা কোঠা ঘর মাপ অতি বি°।"—গোবিন্দ° গীত (ব° সা° প°)। স্ত্রীং—নী, বিতোর্পনী [ফরিদপুর অঞ্চলে প্রা° রূপ বিৎপত্তা (চতুরা)—শ্রী° কী°, ভাষা টীকা (বিদগ্ধ)] সুন্দরী ; রমণীয়া। "অতি বিতপনী রাধা"—শ্রী° কী°। "রূপেগুণে বিতোপনী"—রামা° (মাধব°)।

বিতরণ [বি (বিশিষ্টরূপে ই°) তৃ (পার হওয়া বা দান করা)+অন (ভা°)] বি, দান ; সমর্পণ ; বিলান ; বন্টন। বিণ, বিতরিত।

বিতরা [বি-তৃ (বিতরণ করা) >। বিতরি, বিতর, বিতরে ; বিতরিতে ; বিতরিয়া (কো°, পদ্যে-বিতরি)] ক্রি, বিতরণ করা ; দান করা ; বিলান। "বিতর বিতর প্রেম পাষাণ হৃদয়ে জয় জয় হোক্ তোমারি।"—রূ°।

বিতর্ক [বি (বিশিষ্টরূপে ই°) তর্ক্ (তর্ক করা, শঙ্কা করা)+অ (ভা°)] বি, পরস্পর আলোচনা ; বিচার। ২ বিতণ্ডা ; বাদানুবাদ। ৩ সংশয় ; সন্দেহ। ৪ অনুমান। বিণ, বিতর্কিত—বিতর্কযুক্ত ; বিকল্পিত ; বিচিন্তিত। ২ কৃতসন্দেহ ; সন্দিগ্ধ।

বিতর্কিত২ [নাট্য শা°] বি, উপাজাভিনয়ে নেত্রপল্লব পৃথক্কৃত, বিবৃত ; নয়নতারা স্থির, শঙ্কাযুক্তবৎ ; উহ (consideration) স্থলে প্রযোজ্য। ~ণ, ণা—বি, বিতর্ককরণ।

বিতর্কিকা [বিতর্ক + ইক + আ (ক্ষুদ্রার্থে, সাময়িক পত্রে এইরূপ শব্দে অধুং প্রচলিত হইতেছে, তুল-সংবাদিকা)] বি, নানা বিষয়ে আলোচনা প্রসঙ্গে ক্ষুদ্র ক্ষুদ্র তর্কাতর্কি ; সংবাদ ও সাময়িক পত্রে ক্ষুদ্র আলোচনা বা তর্কবিতর্ক বা উত্তর প্রত্যুত্তর বিষয়ক স্তম্ভ বা বিভাগ বা পরিচ্ছেদ। বাঙ্গালীর পোষাক নিয়ে "বিতর্কিকাতে অনেক আলোচনা হয়ে গেছে।" "জ্যৈষ্ঠ মাসের বিচিত্রায় বিতর্কিকায় * * *।"—বিচিত্রা, আষাঢ়, ১৩৪১।

বিতর্দ্দি [সং] বি, মঞ্চ ; বেদী।

বিতল [বি (বিশিষ্টরূপে ই°) তল্ (প্রতিষ্ঠিত হওয়া বা নিম্ন হওয়া)+অ (র্ক্ত)] বি, সপ্ত পাতালের অন্তর্গত দ্বিতীয় পাতাল। "পাতাল সকল সৃজিল হেলে। অতল-বিতল-সুতল-তলে।"—শি°।

বিতস্তা-বি, পাঞ্জাবের নদীবিঃ।

বিতস্তি [সং। হি° বিত্তা] বি, অর্দ্ধহস্ত ; বিঘৎ ; যার অঙ্গুলি পরিমাণ।

বিতান [বি (বিশিষ্টরূপে ই°) তন্ (বিস্তার করা)+অ (র্ম্ম), যাকে বিস্তৃত করা যায়] বি, মণ্ডপ। প্র-লতাবিতান। ২ বস্ত্রগৃহ ; তাঁবু ; পটমণ্ডপ। ৩ চন্দ্রাতপ ; চাঁদোয়া। ৪ যজ্ঞ। ৫ সমূহ। ৬ [-+অ(ভা°)] বিস্তার। ৭ অবসর ; অবকাশ। ৮ ছন্দোবিঃ। ৯ বিণ, সামান্য ; তুচ্ছ। ১০ মন্দ। ১১ শূন্য। ১২ জড়। ~ক (-ন°) [বিতান (স্বঃ)-ক (ক্ষুদ্রার্থে)] বি, বস্ত্রগৃহ ; পটমণ্ডপ। ~মূলক-বি, খস্ খস্ নামক সুগন্ধি তৃণ।

বিতানীকৃত [বিতান+চ্বি (অভূততদ্ভাবার্থে)+কৃত] বিণ, বিস্তৃত ; প্রসারিত। ২ আচ্ছাদিত।

বিতায়মান [বি (বিশিষ্টরূপে ই°) তন্ (বিস্তার করা)+আন (র্ম্ম), যাকে বিস্তৃত করা হয়] বি, চন্দ্রাতপ ; চাঁদোয়া। ২ বিণ, বিস্তৃত।

বিতারিখ [ফা° ব-তারীখ্] বি, ইতি তারিখ ; তারিখ সহিত। "বিতারিখ বৈশাখ বিগ্রহ যার লেখা"—ম°। ২ তারিখ অনুযায়ী।

বিতী-বেতী দ্রঃ।

বিতিকিচ্ছি [প্রাকৃ° বিটিকিচ্চা] বিণ, বিশ্রী ; কুৎসিত ; কিম্ভূতকিমাকার।

বিতীর্ণ [বি (বিশিষ্টরূপে ই°) তৃ (দান করা, ব্যাপন করা ই°)+ত (র্ম্ম) যা দান করা গিয়াছে বা ব্যাপন করা গিয়াছে বা হইয়াছে] বিণ, ব্যাপ্ত ; আচ্ছাদিত। ২ উত্তীর্ণ ; অতিক্রান্ত। ৩ অর্পিত ; প্রদত্ত।

বিতুষ্ট [বি-তুষ্টি যার, বহু°] বিণ, অপ্রীত ; অসন্তুষ্ট। বি, বিতুষ্টি।

বিতৃষ্ণ [বি (নাই) তৃষ্ণা (পানেচ্ছা, স্পৃহা) যার, বহু°] বিণ, তৃষ্ণা-রহিত। ২ নিস্পৃহ ; কামনা রহিত। ৩ উদাসীন। বি, ~তা।

বিতৃষ্ণা [বি (বিরুদ্ধ) তৃষ্ণা (ইচ্ছা), প্রাদি] বি, অনিচ্ছা ; অরুচি। ২ বিগত তৃষ্ণা ; পিপাসার শান্তি।

বিতে [প্রা° বাং। সং-বিধ > বিধায় > কো° বিধে > বিদে > বিতে] ক্রি, বিণ, ব্যপদেশে ; ছলে ; ব্যাজে। "কোণ বিতে তোর মহাদান।"—শ্রী° কী°।

বিত্ত [বিদ্ (লাভ করা)+ত (র্ম্ম), যদ্দারা (ধর্ম্মাদি) সুখলাভ হয়] বি, বিভব ; ধনসম্পত্তি। ২ [বিদ্ (সত্তা)+ত (র্ক্ত)] বিণ, ভূত ; অতীত ; যা হইয়া গিয়াছে। ৩ লব্ধ। ৪ বিখ্যাত। ~দ [বিত্ত (ধন) দ (যে দান করে)] বি, দানকর্ত্তা ; দাতা। ~বান্ [বিত্তবৎ শব্দ] বিণ, সম্পত্তিশালী ; ধনী। ~মাত্রা [বিত্ত (ধনাদি) মাত্রা (পরিমাণ বা ভাগ), ৬তৎ] বি, ধন সম্পত্তির পরিমাণ। ~শাঠ্য [বিত্ত (ধনাদি) শাঠ্য (শঠতা, কুণ্ঠতা), ৬তৎ] বি, ব্যয়কুণ্ঠতা ; কার্পণ্য। ~হীন [বিত্তদ্বারা হীন, ৩তৎ] বিণ, ধনহীন ; নিঃস্ব। ২ অতি কৃপণ।

বিত্তা [বিত্ত+আ। প্রা° বাং] বি, বুদ্ধিজোগী। "ব্রাহ্মণ বৈষ্ণব বিত্তা সুখী প্রজাগণ।"—মহা° (ঘনরাম°)।

বিত্তি১ [বিদ্ (লাভ, জান, বিচার ইং) +তি (ভাং)] বি, লাভ। ২ জ্ঞান। ৩ বিচার। ৪ খ্যাতি। ৫ সম্ভাবনা। ৬ ঘূর্ণী জাল (মাছ ধরিবার)।

বিত্তি২ [সং-বৃত্তি > গ্রাং] বি, বৃত্তি; কার্য্য; কর্ম্ম। প্র-দাসীবিত্তি, ঝীবিত্তি, বাঁদীবিত্তি। ২ পেশা। প্র-বেশ্যাবিত্তি, দস্যুবিত্তি। ৩ স্বভাবের প্রকাশ; আচরণ। প্র-দুষ্টুমিবিত্তি, বেদেবিত্তি, ছুতুরেবিত্তি। ~**বেসাইত** [গ্রাং। বিত্তি (কর্ম্ম) বেসাইত (ব্যবসায়)] বি, কাজকর্ম্ম; ব্যবসায়-কর্ম্ম। ২ ধনসম্পত্তি। "ধন মান বিত্তি বেসাইত কিছু না রহিল"-পূং বং গীং।

বিত্তেশ [বিত্ত (ধনাদি) + ঈশ (প্রভু), ৬তৎ] বি, যক্ষরাজ; কুবের। ২ কুবেরের অনুচর; যক্ষ। ৩ ধনেশ্বর; ধনপতি; ধনী।

বিত্রপ [বি (বিগত)-ত্রপা (লজ্জা) যার, বহুং] বিণ, লজ্জাশূন্য; নির্লজ্জ; বে-সরম।

বিত্রস্ত [বি (বিশিষ্টরূপে ইং) ত্রস্ (উদ্‌বিগ্ন হওয়া) + ত (র্ত্তৃ)] বিণ, অতি ত্রাসিত; ত্রাসযুক্ত।

বিত্রাস [বি-ত্রস্ + অ (ভাং)] বি, সন্ত্রাস; বিশেষ ভয়; নিরতিশয় শঙ্কা। ২ [বি (বিগত) হইয়াছে ত্রাস (ভয়) যার, বহুং] বিণ, যার ভয় দূর হইয়াছে।

বিথর [প্রাং বাং। বিত্তর >] বি, বিস্তর। "বিথর কালে বিথর গুনী হেন বিপরীত বাণী" -শ্রীং কীং।

বিথা, **বেথা**-বৃথা দ্রঃ।

বিথান [বি-স্থান >] বিণ, স্থানচ্যুত; স্থানভ্রষ্ট। "খেলা ধূলা ছুটাছুটি দুজনে সতত কথাবার্ত্তা বসবাস বিং বিতত।"-রবীং।

বিথার [সং-বিস্তার > প্রাকৃং বিথার >] বি, বিস্তার। "সেই অনুপাম বৃন্দাবন লীলা মঙ্গল করুণ বিং।"-গীং গিরিং। "ব্যোম উপরে মহা ব্যোম বিং"-অবসর সরোজিনী। ২ বিণ, বিস্তৃত; ছড়ান; আলুলায়িত। "কেশ বেশ যদি বিং হইল তাহা বা কহিব কত?"-চণ্ডিং। ৩ পরিব্যাপ্ত; পূর্ণ। "কোকিলকুল-কল রবহি বিং"-বিং পং।

বিথারা [বিস্তার > বিথার (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি)। বিথারি, বিথার, বিথারে; বিথারিতে; বিথারিয়া (কেং পদ্যে-বিথারি)] ক্রি, বিস্তার করা; ছড়ান; ব্যাপা; পরিব্যাপ্ত করা। "দুহাত বিথারি"-রবীং। ২ এলান। "কবহুঁ বান্ধয়ে কচ কবহুঁ বিথারি"-বিং পং। ব্রজং **বিথারল**-বিস্তারিত করিল; ছড়াইল। "মালতী মালা বিথারল মোতি"-বিং পং।

বিথারিত [সং-বিস্তৃত। বিথার দ্রঃ] বিণ, ব্যাপ্ত; বিস্তৃত। ২ পূর্ণ; সঙ্কুল। "বিথিনি বিং বাট"-বিং পং।

বিদ্, **বিদ** [বিদ্ (জানা) + অ (র্ত্তৃ), যে নানা বিষয় জানে। অন্য শব্দে যুক্ত হইয়া ব্যবহৃত হয়। তুল-বেদবিদ্] বি, বুধগ্রহ। ২ পণ্ডিত; জ্ঞানবান্; বুদ্ধিমান।

বিদংশ [বি (বিশিষ্টরূপে ইং) দন্‌শ্ (দংশন করা) + অ (ভাং)] বি, দংশন। ২ [বি-দন্‌শ্ + অ (র্ম্ম), যাকে ভালরূপে দংশন অর্থাৎ চর্ব্বণ করা যায়] সুস্বাদু বস্তু; চাট।

বিদকুটিয়া, **বিদকুটে**, **বিদকুট্টি**, **বিদখুট্টি**, **বিদঘুটে** [সং-কূটবিদ্ পদ-বিপর্য্যয়ে বিদকূট (কূটবেত্তা) + ইয়া (অতিরিক্ত যোগ) অথবা কূট (কুটিল) বিধ, বিধা (ধারা, ধাঁচা) >] বিণ, বিশ্রী; কদর্য্য; বিতিকিচ্ছি; ব্যাদড়া; কুচুটে; কদাকার। "তা নইলে আর কে এমন বিদখুট্টি নোঙরা কাণ্ড করবে।" -মেজবৌ (আং শক্তি)। ২ কুটিল; জটিল। "মূর্খ শাস্ত্র অতি বিদঘুটে"-রজনী সেন।

বিদগধ [বিদগ্ধ >। পদ্যে কোমলরূপ] বিণ, পণ্ডিত; বিদ্বান; রসজ্ঞ। "কত বিং জন রসে অনুমগন"-বিং পং। ২ চতুর। "বিং সদাগর করে অনুমান।"-কবিকং।

বিদগ্ধ [বি (বিশেষভাবে, ইং) দহ্ (দাহ করা) + ত (র্ত্তৃ), যে অধ্যয়ন, অনুশীলনাদি নানা প্রকারে স্বীয় অজ্ঞানতা বা মনের সন্দেহ বিকারাদি দগ্ধ করিয়াছে] বিণ, পণ্ডিত; মর্ম্মজ্ঞ। "বিং বহুধাপতি অতি বিচক্ষণ। শক্র সম সভা শোভা করে সুধীগণ।" -শিং। ২ কুশল; নিপুণ; পটু। ৩ চতুর। ৪ রসিক; রসজ্ঞ। "প্রভু কহে তোমা সবায় দিল এই বর তোমা সবার ভর্ত্তা হবে পরম সুন্দর। পণ্ডিত বিং যুবা, ধনধান্যবান।" -চৈং চং। স্ত্রীং ~**া**-কুর্দ্দকুশলা; চতুরা। ২ বি, রসিকা নারী। "দেখি ক্রিয়া বিদগ্ধার বাগানে সুন্দর রায় পায়ে ধরি ভাজিল কন্দল।"-অং মং। বি, ~**তা**। ~**সভা**-বি, পণ্ডিতসভা; বিদ্বান মণ্ডলী। ২ রসিক সমাজ।

বিদগ্ধাজীর্ণ [নিদানোক্ত আয়ুং পরিঃ। বিদগ্ধ-অজীর্ণ] বি, অজীর্ণ রোগবিঃ; অম্লরোগ acid dyspepsia.

বিদঘুটে-বিদকুটিয়া দ্রঃ।

বিদথ [বিদ্ (জানা) + অথ (অথচ্, জ্ঞাং)] বি, সন্ন্যাসী; তপস্বী। ২ পণ্ডিত; জ্ঞানী।

বিদর [বি (বিশিষ্টরূপে ইং) দৃ (বিদারণ করা) + অ (ভাং)] বি, বিদীর্ণ করণ; বিদারণ। ২ [বি-দর (ভয়)] অতিশয় ভয়; অতি ত্রাস। ৩ বিকাসন; প্রস্ফুটন। ৪ কণী-মনসার গাছ। ক্রি, **বিদরা** [বিং + আ (ক্রিয়ায়)। বিদরি, বিদর, বিদরে; বিদরিতে; বিদরিয়া (কেং, পদ্যে-বিদরি) ইং। প্রাং বাং পদ্যে] বিদীর্ণ করা; বিদীর্ণ হওয়া।

বিদরী [হিং] বি, ধাতুর উপর নানাবিধ লতা পাতা কাটা রূপার পাত বসানর কাজ।

বিদর্ভ [বিদর্ (দেশবিঃ) ভ (অভ্যন্তরে) যার, বহুং] বি, বেরার প্রদেশ (বিদর্ দেশ ইহার অন্তর্গত থাকায় এই নাম)। ২ [বি (নাই) দর্ভ (কুশ) যে স্থানে, বহুং] মুনি বিশেষের অভিসম্পাতগ্রস্ত প্রদেশ; পুরাণে উক্ত হইয়াছে অনেক ঋষিকুমারের কুশাঘাতে এই স্থানে অকাল মৃত্যু হওয়ায় ঋষি এদেশে আর দর্ভ জন্মিবে না বলিয়া শাপ দেন, তদবধি ইহার নাম বিদর্ভ। স্ত্রীং ~**া**-বড় নাগপুর। ~**জা** [বিদর্ভ (বিদর্ভ দেশাধিপতি, ভীম) জা -জন্ (জন্মান) + অ (র্ত্তৃ), যে বিদর্ভ (রাজা) হতে জন্মিয়াছে, উপং, + আ (স্ত্রীং)] বি, ভীমরাজ-তনয়া দময়ন্তী। ২ ভীষ্মকরাজদুহিতা রুক্মিণী। ৩ অগস্ত্য ঋষির পত্নী লোপামুদ্রা। ~**বিন্যাস** [তন্ত্রে] বি, আভিচারিক ষট্‌-কর্ম্মান্তর্গত বশীকরণ কার্য্যে প্রশস্ত। মন্ত্র বর্ণ-দ্বয়ের মধ্যে সাধ্য ব্যক্তির নামাক্ষর লিখন।

বিদল [বি (বিশিষ্টরূপে ইং) দল্ (বিদারণ করা, বা খণ্ডন করা) + অ (র্ম্ম), যা বিদারণ

করা যায়] বি, বিধাকৃত কলায় প্রভৃতি ডাল; কলায়। ২ বি (নাই) দল (পত্র) যার, বহু॰] বিণ, দলহীন; পত্রশূন্য; বিকশিত। ৩ বিপক্ষ; প্রতিপক্ষ।

বিদলন [বি-দল্ (দলন করা)+অন, ভা॰] বি, বিমর্দন; বিদলিত করণ; পেষণ।

বিদলিত [বি-দল্+ত (র্ম), যা বিদারণ করা হইয়াছে বা যা ছিন্ন ভিন্ন করা গিয়াছে] বিণ, চূর্ণীকৃত; বিমর্দিত। ২ বিদারিত; খণ্ডিত। ৩ নিষ্পীড়িত। ৪ প্রস্ফুটিত।

বিদলী/করণ [বি-দল্+চ্বি=বিদলী-করণ] বি, মর্দন; নিষ্পীড়ন। ২ খণ্ডন; বিদারণ। ৩ পৃথক্ করণ। বিণ, ~কৃত।

বিদশা [বি (বিপরীত) দশা] বি, দুর্দশা।

বিদা১ [বিদ্ (জানা)+অ (ভা॰) +আ (স্ত্রীং)] বোধশক্তি; বুদ্ধি; জ্ঞান।

বিদা২ [গ্রা॰ বিদে, বিধ্(বিদ্ধ করা) >] বি, মইয়ের মত আকারবিশিষ্ট লৌহকণ্টক-যুক্ত কৃষিযন্ত্রবিঃ; বিধা harrow (লাঙ্গলের সহিত টানিয়া ইহাদ্বারা মাটি ভাঙ্গিতে হয়)। ~কাটি [বিদার আকৃতি কাটি] বি, চিরুণী। "দন্ত পাটি বিদাকাটি জিহ্বা লহ লহ।"-মহা॰ (কাশী॰)।

বিদাই-বিদায় ১ দ্রঃ।

বিদায় [বি (বিশিষ্টরূপে ই॰) +দা(ত্যাগ করা)+অ (র্ম), 'য' আগম। স্থানান্তরে যাইবার জন্য যে আদেশ দেওয়া হয়। তুল-আ॰ বিদাআ(adieu)] বি, দান। প্র-পুরুত বিদায়। ব্রাহ্মণ পণ্ডিত বিদায়। ২ [এই অর্থে বিদাই] পুরস্কার। প্র-ভারী বিদায়। পাকী বেহারা বিদায় ই॰। ৩ গমনের অনুমতি। "এই চূড়া নে এই ধড়া নে জন্মের মত বিদায় দে ভাই"-বাং গান। ৪ বিসর্জন। "বিদায় করেছ যারে নয়ন জলে। এখন ফিরাবে তারে কিসের ছলে"-রবী॰। বি॰ করা-দান বা দক্ষিণা দিয়া প্রস্থান করিতে দেওয়া। ২ ছুটী দেওয়া। ৩ ছাড়াইয়া দেওয়া। ৪ তাড়াইয়া দেওয়া। ~কাল [বিদায়ের কাল] বি, গমনকাল; যাত্রার নিরূপিত ক্ষণ; বিদায় লইবার সময়। ২ কর্মচ্যুতি অথবা পেন্সন্ আসিবার সময়; ছুটির সময়। বিণ, ~কালীন-যাত্রাকাল সম্বন্ধীয়; গমন সময়ের। ~গ্রহণ-বি, গমনের অনুমতি লওয়া। বি॰ চাওয়া,-মাগা-প্রস্থানের অনুমতি প্রার্থনা করা; ছুটী প্রার্থনা করা। ~দৃশ্য-বি, বিদায়কালীন দৃশ্য। বি॰ দেওয়া-প্রস্থানের অনুমতি দান করা; ছুটী দেওয়া। বি॰ পাওয়া-ছুটী পাওয়া। ২ বিবাহ ব্রতাতি উপলক্ষে দান পাওয়া; দক্ষিণা পাওয়া। ~ভোজ-বি, কারও স্থান ত্যাগ উপলক্ষে তাহার সহিত সুহৃদ্বর্গের প্রীতি-ভোজ। বি॰ লওয়া-ছুটী লওয়া; স্থান-ত্যাগে অনুমতি গ্রহণ করা। ~সঙ্গীত-বি, বিদায়কালীন গীত। ~সম্ভাষণ-বি, সমাশ্রিত, সমাদৃত বা শ্রদ্ধা, প্রীতি বা স্নেহ-ভাজন ব্যক্তির স্থান ত্যাগ উপলক্ষে সভাদি-স্থলে সম্বোধন বা সম্বর্দ্ধনা। ~সূচক-বিণ, বিদায়জ্ঞাপক। বি॰ হওয়া-প্রস্থান করা। ২ বিতাড়িত হওয়া। কাঙ্গালী বিদায়-উৎসবাদিতে অনাহূত দরিদ্রদিগকে অন্ন বস্ত্র অর্থাদি দান।

বিদায়ী [বিদায়+ঈ। গ্রা॰ বিদেয়] বি, বিদায় বা যাত্রাকালীন উপহার সামগ্রী। প্র-বি॰ দেওয়া। বি॰ নিয়ে যাওয়া।

বিদার [বি (বিশিষ্টরূপে ই॰)দৃ (বিদারণ করা)+অ (ভা॰)] বি, বিদীর্ণ; বিদারণ। "যাহার বদন বিরস কখন দেখি যদি প্রাণ হয় লো বি॰।"-বাং গান। ২ [বিদার করা হয় যেথানে (থি)] যুদ্ধ; রণ। ৩ জলপ্রবাহ; জলোচ্ছ্বাস।

বিদারক [বি-দৃ+অক(র্তৃ), যে বিদারণ করে] বিণ, বিদীর্ণকারী; বিদারণকর্তা; ভেদকারক। ২ [বিদার+ক (আ॰)] বি, যাকে বিদীর্ণ করা যায়; শুষ্ক পুষ্করিণী ই॰-র মধ্যস্থ কূপ। ৩ জলস্থিত বৃক্ষ পর্ব্বতাদি। ৪ অসংস্কৃত কার; বজ্রকার।

বিদারণ [বি-দৃ+ণিচ্=দারি (বিদারণ করণ)+অন (ভা॰)] বি, ভেদন; বিদ্ধকরণ। ২ খণ্ডন। ৩ [বি-দৃ+ণিচ্=দারি+অন (থি) যে স্থানে বিদীর্ণ হয় অর্থাৎ ক্ষতবিক্ষত হয়] যুদ্ধ; সংগ্রাম। ৪ [ণে (অন), যদ্দ্বারা বিদীর্ণ হয়] বাণ; শর। ৫ হনন। ~রেখা-বি, কাষ্ঠাদি কাড়িবার বা চিরিবার পূর্ব্বে অঙ্কিত বা টানা চিহ্ন বা দাগ; বিভাগ রেখা।

বিদারা [বিদার (দ্রঃ)+আ (ক্রিয়া-বিভক্তি)। বিদারি, বিদারঁ, বিদারে; বিদারিতে; বিদারিয়া (ক্ষে॰পদ্যে-বিদারি)] ক্রি, বিদারণ করা; চেরা; কাড়া। "চাহিতে তা পানে পশিল পরাণে বুক বিদারিয়া মরি।"-চণ্ডি॰। "কেশরী যমু গজকুম্ভ বিদারে"-বি॰ প॰।

বিদারিকা [আয়ু॰] বি, বিদ্রধিকা(দ্রঃ)।

বিদারিত [বি-দৃ+ণিচ্=দারি+ত (র্ম), যাকে বিদারণ করান হইয়াছে] বিণ, বিদীর্ণ; ভেদিত।

বিদারী [নিদানোক্ত আয়ু॰ পরি:] বি, গলনালীর শ্লৈষ্মিক প্রদাহ phlegmonous pharyngitis. ২ [বৈদ্যক] ভূমিকুষ্মাণ্ড Ipomæa digitata.

বিদারু [বি (বিবিধ প্রকারে ই॰) দৃ+উ (র্তৃ), যে বিদারণ (ক্ষতবিক্ষত) করে] বি, কৃকলাশ; কাঁকলাস।

বিদিক্ [বিদিশ্ শব্দ। বি (বিভিন্ন) যে দিশ্ (দিক্), যা] বি, দুইদিকের মধ্যস্থান; ঈশান, বায়ু, নৈর্ঋত ও অগ্নিকোণ। দিক্-বিদিক্, দিগ্বিদিক্-অনুকূল ও প্রতি-কূল দিক্; অগ্রপশ্চাৎ; সুদিক কুদিক; সম্মুখ ও বিপরীত দিক্। "তোর কি দিগ্-বিদিক্ জ্ঞান নাই, আমি কি একটা দিক্"-মৃণালিনী। ২ দিক ও কোণ।

বিদিত [বিদ্ (জানা)+ত (র্ম), যা জানা গিয়াছে] বিণ, পরিজ্ঞাত; অবগত। "তোমারে জানাব কত আছ যে বি॰। বিবেচনা করিয়া সর্ব্বদা হিতাহিত।"-রামা॰ (কৃত্তি॰)। ২ [র্তৃ] যে জানে; জ্ঞাতা। ৩ প্রার্থিত; লব্ধ। ৪ বিশ্রুত; খ্যাত। "তব হে জনম অতি বিপুলে। ভুবন বি॰ অজের কুলে।"-অ॰ ম॰। ৫ [ভা॰] বি, বোধ; জ্ঞান। ৬ লাভ।

বিদিশ [সং] বি, বিদিক; ঈশান, বায়ু, নৈর্ঋতাদি চারি কোণ; দিকের মধ্যস্থান। "নাহি দিশবিদিশ নাহিক যয়াতল।"-মহা॰ (শ্রীকর॰)। ২ বিপরীত দিক্।

বিদিশা [বিদিশ-বি (বিশেষরূপে) দিশ্ (দান করা) + অ (ধি, ভা°) + আ (স্ত্রীং), বিশেষ বিধানে দান করা হয় যে দেশে, বহু°] বি, মালব দেশান্তর্গত নগরীবিঃ ; প্রাচীন রাজধানী ; দশার্ণ (দ্রঃ)।

বিদীর্ণ [বি-দৃ (বিদারণ করা) + ত (র্ম্ম), যা ক্ষত হইয়াছে বা বিস্তৃত হইয়াছে] বিণ, বিদারিত। ২ ভগ্ন ; ছিন্ন ; ছেঁড়া। ৩ ভিন্ন ; খণ্ডিত। ৪ বিনাশিত ; হত। ৫ বিস্তীর্ণ।

বিদুর [মহা°] বি, কুরুরাজ ধৃতরাষ্ট্রের কনিষ্ঠ বৈমাত্রেয় ভ্রাতা। ২ [বিদ্ + উর (র্ত্তৃ, শীলার্থে), যার জানাই স্বভাব] বিণ, জ্ঞানী ; পণ্ডিত ; বেত্তা ; জ্ঞাতা। ৩ নগর। **বিদুরের খুদ**–শ্রীকৃষ্ণ একদিন হস্তিনাপুরে আসিয়া অধর্ম্মপরায়ণ কুরুরাজ দুর্য্যোধনের প্রদত্ত রাজ-ভোগ গ্রহণ না করিয়া শ্রদ্ধান্বিতচিত্ত ধার্ম্মিক-প্রবর বিদুরের প্রদত্ত যে খুদ পরিতৃপ্তির সহিত আহার করেন। ২ [লক্ষ°] অশ্রদ্ধাপ্রদত্ত রাজভোগ অপেক্ষা প্রীতিদত্ত নিকৃষ্ট ভোজ্যের শ্রেষ্ঠতা ও উপাদেয়তা ; ভক্তিভরে ও বিনয় সহকারে যা দান করা যায়।

বিদুল [সং] বি, বেতগাছ ; জলবেতস।

বিদুলা [পু°] বি, প্রাচীনকালের যশস্বিনী বীরাঙ্গনাবিঃ ; সৌবীর রাজমহিষী।

বিদুষী [বিদ্বস্ + ঈ (স্ত্রীং) । (ব=দ্বু, স্=ষ)] বি, পণ্ডিতা ; বিদ্যাবতী ; উচ্চশিক্ষিতা।

বিদুষ্মতী (-ষ্ ম্-) [বিদ্বস্ + মতু (স্ত্য°) + ঈ (স্ত্রীং)] বিণ, পণ্ডিতজনপূর্ণা।

বিদূর১ [বি (বিশিষ্টরূপে বা অতিশয়) যে দূর (অনেক অন্তরে স্থিত), ধা] বিণ, সুদূর ; বহুদূরস্থ ; অতি দূরবর্ত্তী। "তোর আমার সম্বন্ধ বিদূর"। ২ বি, পর্ব্বতবিঃ। ৩ দেশবিঃ। ৪ দূর সম্পর্ক। ৫ দূর দেশ। ৬ অনেক তফাৎ। "চরণ কোমল পথ বিদূর"–বি° প°। ৭ বৈদূর্য্যমণি। ~**কঁ** (-রঁ-) [প্রা° বাং। বিদূরে গু°] ক্রি-বিণ, দূর দেশে ; বহু দূরে। "নিবেক রাবক বিদূরক নিশাচর"–রামা° (মাধব°)। ~**গ** (-রঁ-) [বিদূর-গ, গম্ (গমন করা) + অ (র্ত্তৃ), যে অধিক দূরে যায়, উপ°] বিণ, যে দূরে গমন করে ; সুদূরগামী। ~**জ** (-রঁ-) [বিদূর-জ=জন্ (জন্মান) + অ (র্ত্তৃ), যে বিদূরদেশে জন্মে, উপ°] বি, বৈদূর্য্যমণি। ২ বিণ, দূরদেশজাত ; দূরদেশোৎপন্ন।

বিদূর২ [বিদূরভূমিজাত বলিয়া নাম] বি, বৈদূর্য্যমণি ; কৃষ্ণপীত রত্ন (প্রবাল জাতীয়) ; কেতুগ্রহবল্লভ।

বিদূরাদ্রি [বিদূর + অদ্রি (পর্ব্বত)] বি, বিদূর পর্ব্বত।

বিদূরিত-বিণ, বিতাড়িত ; দূরীভূত ; দূরীকৃত।

বিদূরে [বিদূর দ্রঃ] ক্রি-বিণ, দূরে। "আমার সকল দোষ খণ্ডহ বিদূরে" –শ্রী° কী°।

বিদূষক [বি (বিবিধ প্রকারে ই°) দুষ্ (বিকৃতি জন্মান) + ণিচ্=দূষি + অক (র্ত্তৃ-ভা°)] বি, কৌতুকী ; ভাঁড়। ২ [নাট্যে] নায়কের মনোরঞ্জনকারী হাস্যরসপ্রিয় সহায়ক। ৩ [বি-দুষ্ + ই (ণিচ্=দূষি + অক, র্ত্তৃ), যে নিন্দা করে] বিণ, কুৎসা-কারী ; নিন্দক। ৪ নিন্দাজনক ; কুৎসাত্মক।

বিদূষণ [বি-দুষ্ + ই (ণিচ্)=দূষি + অন (ভা°)] বি, কুৎসা ; নিন্দা ; অপবাদ।

বিদে-বি, বিদা (দ্রঃ)।

বিদেশ [বি (বিপরীত অর্থাৎ নিজের দেশ ভিন্ন) যে দেশ (বসতি স্থান), ধা] বি, দেশান্তর ; প্রবাস। ~**গত**-বিণ, প্রবাসগত ; দেশান্তরস্থিত। ~**গামী**-বি, প্রবাসগামী ; ভিন্নদেশে গমনকারী। ~**জ** (-শ্-) [বিদেশ -জ (জাত)] বিণ, দেশান্তরে উৎপন্ন ; ভিন্ন-দেশজাত। ~**বাস**-বি, দেশান্তরে অব-স্থিতি ; প্রবাসবাস। ~**বাসী**-বিণ, ভিন্নদেশবাসী ; দেশান্তরের অধিবাসী। "আমি স্বদেশবাসী আমায় দেখে লজ্জা হতে পারে, বিদেশবাসী রাজার ছেলে লজ্জা কিসো তারে" –হেম°। ~**যাত্রা**-বি, প্রবাসে গমন ; দেশান্তরে গমন। ~**স্থ** (-শ্-) বিণ, দেশান্তরে অবস্থানকারী ; প্রবাসস্থিত ; ভিন্নদেশস্থ।

বিদেশাগত [বিদেশ (হতে) + আগত, ৫তৎ] বি, যে বিদেশ হতে আসিয়াছে বা ফিরিয়াছে।

বিদেশী [যু° বিদেশিন্ ১মা, ১ব°] বিণ, যে বিদেশে বাস করে ; ভিন্নদেশস্থ ; পরদেশী foreigner. "কেন বাঁধিলি প্রেম-ডোরে বি° নাগরে"–বাং গান। স্ত্রীং **বিদেশিনী**–প্রবাসিনী ; ভিন্নদেশবাসিনী। "মানের দায়ে তুই মানিনী তাই সেজেছি বিদেশিনী"–বাং গান। "আমি চিনি গো চিনি তোমারে ওগো বিদেশিনি তুমি থাক সিন্ধু পারে ওগো বিদেশিনী"–রবী°। ~**য়** [বিদেশ + ঈয় ('ইহার এই' এই অর্থে) যা বিদেশে হয়] বিণ, বৈদেশিক ; ভিন্নদেশবাসী। ২ বিদেশ সম্বন্ধীয়। ৩ বিদেশজাত।

বিদেহ [বি (বিশিষ্টরূপে ই°) দিহ্ (উপচয় বা বৃদ্ধি) + অ (ধি), যেখানে শস্যাদির উপচয় বা বৃদ্ধি হয়। মতান্তরে, শতপথ ব্রাহ্মণে উল্লিখিত "বিদেঘমাঠবের" নামে রাজ্যের নাম বিদেহ হইয়াছে"] বি, বিহারদেশ ; মিথিলা। ২ রাজা নিমি, ইনি বশিষ্ঠের শাপে দেহহীন হন বলিয়া এই নাম হয় ; জনক বংশের আদি পুরুষ। ৩ [বি (নাই) দেহ (শরীর যার, বহু°)] বিণ, দেহবিহীন ; নিরবয়ব। স্ত্রীং ~া-বিণ, দেহহীনা। ২ বি, মিথিলা।

বিদ্ধ [ব্যধ্ (তাড়না করা বা বধ করা) + ত ; র্ম্ম (ব্য=বি-ত=ধ), যাকে মারা যায় বা বিন্ধা যায়] বিণ, ছিদ্রিত ; বিদীর্ণ ; বেঁধা। ২ নিক্ষিপ্ত। ৩ উৎকীর্ণ। ৪ আহত। ৫ প্রেরিত। ৬ বক্র। ~**ব্রণ** [নিদানোক্ত আয়ু° পরিঃ] বি, অস্ত্রক্ষত punctured wound.

বিদ্যমান [বিদ্ (থাকা) + আন (শান, র্ত্তৃ), যে আছে] বিণ, বর্ত্তমান ; উপস্থিত। ২ নিকটে ; সমীপে। "বিশ্বকর্ম্মে ভগবতী করিলা ধেয়ান। স্মৃতিমাত্র বিশ্বকর্ম্মা আইল বিদ্যমান।"–কবিক°। প্রা° বাং প্রাকৃ° বাবানে **বিদ্দমান**। "তেঠরা হইআ জাঅ ভেকর সঙ্গীত গাঅ উড়িল দেব বিদ্দমানে।"–শূ° পু°। ~**তা** (-নঁ-)-বি, উপস্থিতি ; বর্ত্তমানতা। ২ সামীপ্য ; সান্নিধ্য। ~**বলি**-উপস্থিত আহারের দ্রব্য। "বিদ্যমান বলি দুয়া সেকেজে মানায। তারে ছেড়ে তোমারে বধিব অবিলায।"–ধ°।

বিদ্যা [বিদ্ (জানা)+য (ণে, ভা॰)+আ (স্ত্রীং)। প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰ "বিজ্জ", "বিজ্জা" ('মূল বিজ্জ'-দো॰১২৪ ই॰) অবিদ্যা =অবেজ্জ (বৌদ্ধগান ও দোহা)। তুল-মৈ॰ বিজ্জাবই (বিদ্যাপতি)। প্রাকৃতে-দ্য=জ্জ। তুল -অদ্য=অজ্জ (আজ)] বি, যদ্দারা ব্রহ্ম হতে ব্রহ্মাণ্ড পর্য্যন্ত যাবতীয় পদার্থের সত্য বিজ্ঞান লাভ হইয়া যথাযোগ্য উপকার প্রাপ্ত হওয়া যায় তাহাই বিদ্যা ; যদ্দারা অক্ষর পুরুষকে জানা যায় (বিপরীত-অবিদ্যা)। ২ তত্ত্বজ্ঞান। ৩ দেহাত্ম-বোধ; আত্মজ্ঞান। ৪ অধ্যয়নাদি-জনিত জ্ঞান। ৫ বেদ, বেদাঙ্গ, ন্যায়, মীমাংসা, দর্শন পুরাণাদি, ধনুর্ব্বেদ, আয়ুর্ব্বেদাদি, গান্ধর্ব্ব, নীতি ও অর্থশাস্ত্রাদি। ৬ দুর্গা। ৭ সরস্বতী।~**কর** [বিদ্যা+আকর, ৬তৎ] বি, জ্ঞানী ; পণ্ডিত; শিক্ষিত। > স্ত্রীং ~**করী**। ~**গম** [বিদ্যা (র)+আগম] বি, জ্ঞানোন্মেষ ; বোধাগম। ~**গুরু**-বি, অধ্যাপক। ~**চুঞ্চু** [বিদ্যা (জ্ঞান)+চুঞ্চু (প্রসিদ্ধার্থে)] বি, সুপণ্ডিত; সুবিখ্যাত জ্ঞানী। ২ বিণ, বিদ্যা দ্বারা প্রসিদ্ধ। ~**দাতা**-বি, জ্ঞানদাতা; শিক্ষক ; গুরু। > স্ত্রীং~**দাত্রী**। ~**দান**-বি, শিক্ষাদান ; জ্ঞানদান ; অধ্যাপনা।~**দায়ী**-বিদ্যাদানকারী ; জ্ঞান ও শিক্ষাপ্রদ। > স্ত্রীং~**দায়িনী**।~**দিগ্‌গজ**-বিণ, বিদ্যা:বিষয়ে দিক্‌হস্তীর মত বড় বা শ্রেষ্ঠ ; মহাবিদ্বান্। ২ [ব্যঙ্গ্যে] মহামূর্খ। ~**দেবী** [বিদ্যা (জ্ঞান) দেবী (ঈশ্বরী), ৬তৎ] বি, জ্ঞানদায়িনী সরস্বতী। ~**ধন** [বিদ্যা রূপ যে ধন, রূপক ধা] বি, জ্ঞানধন ; বিদ্যারূপ সম্পত্তি। ২ [বিদ্যা দ্বারা লব্ধধন, ম॰ প॰ লো॰] বিদ্যা-উপার্জ্জিত ধন। ৩ [বিদ্যা হইয়াছে ধন যার, বহু॰] বিদ্বান্। ~**ধর** [বিদ্যা (ইন্দ্রজালাদি জ্ঞান) ধৃ (ধারণ করা)+অ (র্ত্তৃ, ভা॰), উপ॰। "বিদ্যাধরোঽপ্সরো যক্ষরক্ষোগন্ধর্ব্ব কিন্নরাঃ। পিশাচো গুহ্যকঃ সিদ্ধো ভূতোঽমী দেবযোনয়ঃ॥"-অমর॰] বি, দেবযোনি জাতিবিঃ; স্বর্গীয় গায়ক। "কৈলাস ভূধর অতি মনোহর কোটি শশী পরকাশ। যক্ষ বিদ্যাধর গন্ধর্ব্ব কিন্নর অপ্সরাগণের বাস॥"-অ॰ম॰। ২ [পালি সাহিত্যে] মায়াবী। "যোয়া বিদ্যা শিখিলাকি বিদ্যাধরগণ মন্ত্রৌষধি বলে হ'তে পারে অদর্শন।" -জাতক, ৪র্থ খণ্ড। স্ত্রীং ~**ধরী**-বিদ্যাধর রমণী। "দেখলে সে বিদ্যারে কত বিদ্যাধরী লজ্জায় মরে"-গোপাল উড়ে। ~**নগর**-হস্‌পেট হতে হাম্পি (প্রাচীন বিদ্যানগর) ; বিজয়নগর। ~**নিধি** [৬তৎ] বি, জ্ঞানরূপ সমুদ্র; বিদ্যাসাগর। ২ সং পণ্ডিত বা বিদ্বান ব্যক্তির উপাধিবিঃ। ~**নুরাগ** [বিদ্যা(র) +অনুরাগ, ৭তৎ] বি, বিদ্যার প্রতি আসক্তি। > বিণ, ~**নুরাগী**। > স্ত্রীং ~**নুরাগিণী**।~**পীঠ**-বি, বিদ্যালোচনার প্রধান স্থান ; বিদ্যার অধিষ্ঠান-ভূমি ; বিদ্যাপ্রতিষ্ঠান ; বিদ্যানুশীলনের বা অধ্যয়ন ও অধ্যাপনার বিষয়ে তীর্থস্বরূপ। ~**বংশ**-বি, নির্দ্দিষ্ট মত বা সংস্কার বা বিশ্বাসগত সম্প্রদায় ; গুরুকুল ; বিশেষ তন্ত্র, পদ্ধতি বা ব্যবস্থা school. "কোন একটা বিশেষ school বা বিদ্যাবংশে নূতন তত্ত্ব বড় উদ্ভাবিত হয় না"-বি॰ মজুমদার, প্রবাসী, ১৩২২। "প্রকৃতি-পুরুষ-ঘটিত তত্ত্বটা যে চীনদেশে অতি প্রাচীন এবং এ দেশে উহা সর্ব্বাদৌ কপিলের মতে লক্ষ্য করা যায়, এবং ঐ বিদ্যাবংশের মত * *"-ঐ। ~**বত্তা**-বি, পাণ্ডিত্য ; মনীষা। ~**বল** [৬তৎ] বি, বিদ্যার শক্তি ; জ্ঞানবল।~**বান্** [বিদ্যাবৎ শব্দ। বিদ্যা+ বৎ (স্ত্য॰), যার বিদ্যা আছে] বিণ, পণ্ডিত ; জ্ঞানবান্ ; বিদ্বান্ ; সুশিক্ষিত। > স্ত্রীং ~**বতী**। ~**বিনোদ** [বিদ্যায় বিনোদ যাঁর] বি, বিদ্বান্ ব্যক্তির উপাধিবিঃ। ~**বিশারদ** [বিদ্যায় (যিনি) বিশারদ, ৭তৎ। বিশাল (ল=র)+দ (দা+অ, র্ত্তৃ)] বি, পণ্ডিত ব্যক্তির উপাধিবিঃ। ২ সুশিক্ষিত ; সুপণ্ডিত ; বিশিষ্টজ্ঞানী। > স্ত্রীং ~া। ~**বিশিষ্ট**-বিণ, বিদ্বান্ ; যার বিদ্যা আছে। ~**বিস্তার**-বি, শিক্ষাপ্রচার ; জ্ঞানবিস্তার। ~**বিহীন**-বিণ, অশিক্ষিত ; বিদ্যাশূন্য ; মূর্খ। ~**ব্যবসায়ী**-বি, বিদ্যা বিনিময়কারী ; বিদ্যাবণিক্। "সুন্দর বলেন ভাই আমি বিদ্যাব্যবসায়ী দাক্ষিণাত্য কাঞ্চিপুর ধাম।" -অ॰ ম॰। ২ বেতনভোগী অধ্যাপক। ~**ভূষণ** [বিদ্যা ভূষণ যাঁর, বহু॰] বি, সংস্কৃতজ্ঞ পণ্ডিতের পাণ্ডিত্য পরিচায়ক উপাধিবিঃ। ~**ভ্যাস** [বিদ্যা+অভ্যাস] বি, বিদ্যানুশীলন ; বিদ্যাচর্চ্চা ; বিদ্যাশিক্ষা। ~**মন্দির** [৬তৎ] বি, বাণীমন্দির ; বিদ্যালয় ; শিক্ষাগার ; স্কুল ; কলেজ ; ~**ম্বুধি** [বিদ্যা (র) +অম্বুধি] বিদ্যাসাগর দ্রঃ। ~**রত্ন**-বি, বিদ্যার পরিচায়ক উপাধিবিঃ। ~**রম্ভ** [বিদ্যা+আরম্ভ, ৬তৎ] বি, শিক্ষারম্ভ ; বিদ্যার্জ্জনের উপক্রম ; হাতেখড়ি। ~**রম্ভকাল**-বিদ্যাশিক্ষা আরম্ভ করিবার উপযুক্ত সময়। [জ্যোতিষ মতে-পঞ্চমবর্ষ শিক্ষারম্ভের সময় ; বৃহস্পতিবার বিদ্যারম্ভের জন্য প্রশস্ত, শুক্র ও রবিবার মধ্যম শনি মঙ্গলবারে বিদ্যারম্ভে অল্পায়ু, এবং সোম ও বুধবারে বিদ্যাশিক্ষা আরম্ভ করিলে মূর্খ হয়]। ~**র্জ্জন** [বিদ্যা + অর্জ্জন] বি, বিদ্যাশিক্ষা ; বিদ্যালাভ। ~**র্ণব** [বিদ্যা + অর্ণব] বি, বিদ্যানিধি ; বিদ্যারূপ সমুদ্র। ২ সংস্কৃত বিদ্যার পাণ্ডিত্য পরিচায়ক উপাধিবিঃ।~**র্থী** [বিদ্যার্থিন্ শব্দ। বিদ্যা (শাস্ত্রাদির জ্ঞান)+ অর্থিন্ (যে প্রার্থনা করে), উপ॰] বিণ, শিক্ষাপ্রার্থী ; বিদ্যাশিক্ষাভিলাষী ; শিষ্য ; ছাত্র। > স্ত্রীং ~**র্থিনী**। ~**লঙ্কার** [বিদ্যা+ অলঙ্কার। বিদ্যাই অলঙ্কার যাঁর] বি, সং-তে পাণ্ডিত্য পরিচায়ক উপাধিবিঃ।~**লয়**-দ্রঃ। ~**লাপ** [বিদ্যা (র)+আলাপ, ৬তৎ] বি, বিদ্যাসম্বন্ধীয় আলোচনা। "বিদ্যালাপ বিদ্যালাভ তপ।"-অ॰ ম॰। ~**লাভ**-বি, বিদ্যার্জ্জন; জ্ঞানার্জ্জন। "বিদ্যালাভের চেষ্টা যেন ব্যগ্র ধৈর্য্যে নিত্য জেগে থাকে" -উত্তরা, পৌষ, ১৩৩৩। ~**শিক্ষা**-বি, বিদ্যানুশীলন ; বিদ্যাচর্চ্চা ; বিদ্যাভ্যাস। ~**শ্রম** [বিদ্যা+আশ্রম, যে আশ্রমে থাকিয়া বিদ্যার্থীরা শিক্ষা পায়] বি, বিদ্যার্থীরা বাস করিতে পারে এবং শিক্ষালাভ করিতে পারে এরূপ ছাত্রনিবাসযুক্ত বিদ্যালয় Boarding school. "আশ্রমের কার্য্যের জন্য সেখানে একটি নৈশ বিদ্যালয় ও একটি পাঠাগার স্থাপিত হইয়াছে * * কর্ম্মী ও বিদ্যার্থীরা

ত্যাগ ও সেবা অবলম্বনে আত্মনির্ভরশীল হইয়া দেশের কাজ করিতে শিখে বিদ্যাশ্রম সেই দিকেই বিশেষ লক্ষ্য করিয়া আসিতেছে।" -বাং কথা। ~শূন্য, ~হীন [বিদ্যা (দ্বারা) শূন্য, হীন, ৩তৎ] বিণ, মূর্খ। ~শূন্য ভট্টাচার্য্য [ব্যঙ্গোক্তি] নামে বা ভট্টাচার্য্য সন্তান বলিয়া ভট্টাচার্য্য (ব্রঃ), কিন্তু যাঁর বিদ্যা নাই। তুল-না পড়ে পণ্ডিত ; ভূমিশূন্য রাজা। ~সাগর-বি, বিদ্যার সাগর। ২ মহা-পণ্ডিতের উপাধিবিঃ। ৩ বঙ্গের স্বনাম-প্রসিদ্ধ স্বদেশ ও জনহিতৈষী, সমাজ ও শিক্ষা সংস্কারক পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। ~সাধ্য [প্রা০ "বিদ্দেসাদ্দি"। বিদ্যা দ্বারা সাধ্য, ৩তৎ] বি, শিক্ষা। ২ [সহচর শব্দ] পাণ্ডিত্য ও সামর্থ্য। ৩ মানসিক ও শারীরিক শক্তি। ৪ বিণ, বিদ্যা দ্বারা সাধ্য। ~স্নাতক [বিদ্যা (আরাধিত ব্রহ্মচর্য্যলব্ধ জ্ঞান), তদ্দারা স্নাতক (স্না-স্নান করা, পবিত্র হওয়া)+ত (র্ত্তৃ)+ক (স্বার্থে)] বি, যে আরাধিত ব্রহ্মচর্য্যলব্ধ বিদ্যা দ্বারা পূত হইয়াছে ; যে ব্রহ্মচর্য্য সমাপন করিয়া গৃহাশ্রমে প্রবেশ করিয়াছে। বিদ্যায় বৃহস্পতি-বিদ্যা বিষয়ে দেবগুরুর ন্যায় বিশারদ। আঠার বিদ্যা-ঋক্, সাম, যজুঃ, অথর্ব্ব-এই ৪ বেদ, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ, জ্যোতিষ-এই ৬ বেদাঙ্গ। আয়ু, ধন, ও গন্ধর্ব্ব বেদ-এই ৩ উপবেদ। মীমাংসা ও ন্যায় এই ২ দর্শন, ধর্ম্ম, অর্থ, পুরাণ এই ৩ শাস্ত্র। দেবজন বিদ্যা [বৃহদারণ্যকে বিদ্যা শব্দের শাঙ্করভাষ্য] বি, সূক্ষ্মশিল্প ; কলাবিদ্যা fine arts.

বিদ্যালয় [বিদ্যা (শাস্ত্রজ্ঞান বা শিক্ষা)+আলয় (স্থান), ৬তৎ] বি, শিক্ষা-গার। ২ চতুষ্পাঠী, টোল, কলেজ, স্কুল, মাদ্রাসা ই০ ; বিদ্যাশিক্ষার স্থান। অবৈতনিক বিদ্যালয়-যে বিদ্যালয়ে ছাত্র বা ছাত্রীগণ বেতন না দিয়া শিক্ষালাভ করিতে পারে free school. আদর্শ বিদ্যালয়-মডেল স্কুল model school. ইংরেজী বিদ্যালয়-যে বিদ্যালয়ে ইংরেজী ভাষাই প্রধান শিক্ষণীয় বিষয়। উচ্চ প্রাথমিক বিদ্যালয়-প্রথম শিক্ষার্থী-দিগের অগ্রবর্ত্তী শ্রেণীর শিক্ষাগার upper primary school. ছাত্রবৃত্তি বিদ্যালয় -যে বিদ্যালয়ে সামান্য ইংরেজী এবং সমস্তই ছাত্রের মাতৃভাষায় শিক্ষা দেওয়া হয়। ছাত্রাবাস-বিদ্যালয়-যে বিদ্যালয়ে ছাত্রগণের বাসা করিয়া থাকিবার ও আহারাদি করিবার ব্যবস্থা আছে boarding. জাতীয় বিদ্যালয়-যে বিদ্যালয় দেশীয় ছাত্রগণের শিক্ষার নিমিত্ত দেশবাসীদিগের দ্বারা পরি-চালিত ; এবং যথায় জাতীয় সংস্কারের অনুকূল শিক্ষা দ্বারা ছাত্রগণের দেশাত্মবোধ জন্মে national school. দৈনিক বিদ্যালয়-যে বিদ্যালয়ে নির্দ্দিষ্ট সময়ের জন্য ছাত্র বা ছাত্রীরা প্রত্যহ গমনাগমন করে day school. নিম্ন প্রাথমিক বিদ্যালয়-উচ্চ-প্রাথমিক বিদ্যালয়ের নিম্নশ্রেণীর বিদ্যালয় ; প্রথম পাঠার্থীর শিক্ষোপযোগী বিদ্যালয় lower primary school. নৈশ বিদ্যালয়-যে বিদ্যালয়ে ছাত্রগণকে রাত্রিকালে শিক্ষা দেওয়া হয় night school. প্রাথমিক বিদ্যালয়-যে বিদ্যালয়ে প্রারম্ভিক শিক্ষা দেওয়া হয় primary school. বঙ্গ বিদ্যালয়-যে বিদ্যালয়ে বাঙ্গালা ভাষা শিক্ষা এবং বাঙ্গালা ভাষার সাহায্যে শিক্ষা দেওয়া হয় Bengalee school. বালিকা বিদ্যালয়-যে বিদ্যালয়ে কেবল মেয়েরা শিক্ষা পায়। বিশ্ব-বিদ্যালয়-বিশ্বের জ্ঞান বিজ্ঞানের উচ্চ শিক্ষা ও পরীক্ষাস্থান university. মধ্য ইংরেজী বিদ্যালয়-মধ্যম শ্রেণীর ইংরেজী শিক্ষা স্থান middle English school. মধ্য বাঙ্গালা বিদ্যালয়-মধ্যম শ্রেণীর বঙ্গবিদ্যালয় middle Bengalee school. শিক্ষক বিদ্যালয়-যে বিদ্যালয়ে শিক্ষকতার প্রণালী শিক্ষা দেওয়া হয় ; এবং উপযুক্ত শিক্ষক প্রস্তুত করা হয় teacher's training school. শিশু বিদ্যালয়-শিশুদিগের শিক্ষোপযোগী পাঠশালা children school. ~সমিতি-বি, বিদ্যা-লয়ের কার্য্য পরিচালক ও ব্যবস্থাপক সভা school committee. সাহায্য-কৃত বিদ্যালয়-গবর্ণমেণ্টের বা স্থানীয় বোর্ড প্রভৃতির অর্থ-সাহায্যে পরিচালিত বিদ্যালয় aided school.

বিদ্যুজ্জিহ্ব [বিদ্যুৎ (বর্ণ) জিহ্বা যার, বহু০] বি, লঙ্কাপতি রাবণের ভগিনীপতি দানববিঃ। ২ বিণ, বিদ্যুতাকৃতি জিহ্বা যার।

বিদ্যুৎ [বি (ক্ষণস্থায়ী) দ্যুৎ (দীপ্তি) যার, বহু০] বি, ক্ষণপ্রভা ; চপলা। ২ [বি (বিশিষ্টরূপে) দ্যুৎ (দীপ্তি পাওয়া) + ক্বিপ্ (র্ত্তৃ), যে অতিশয় দীপ্তি পায়] বি, সৌদামিনী ; তড়িৎ ; মেঘজ্যোতিঃ। ৩ কান্তি। ৪ [বি (বিগত হইয়াছে, নাই) দ্যুৎ (দীপ্তি) যার, বহু০] বিণ, নিষ্প্রভ ; দ্যুতি-বিহীন ; আভাহীন। বিণ, বৈদ্যুতিক। ~কেশ [সং] বি, রাক্ষসবিঃ। ২ বিণ, বিদ্যুতের ন্যায় কেশবিশিষ্ট। ~দ্বীপ [গৃহস্থ -১৩২০ আশ্বিন সংখ্যায় ব্যবহৃত] বি, তাড়িতালোক electric light. ~পাত-বি, বিদ্যুতের পতন ; বিজলীপাত ; বজ্রপতন। ~প্রভ-বিণ, বিদ্যুতের ন্যায় প্রভাবিশিষ্ট ; চিকুরোজ্জ্বল। স্ত্রীং ~প্রভা। ~স্পন্দন [বিদ্যুতের স্পন্দন (কম্পন, বিকাশ)] বি, তাড়িতবিকাশ ; বিদ্যুৎস্ফুরণ। ~স্ফুলিঙ্গ -বি, তাড়িতকণা ; বিদ্যুতের ফিন্‌কি।

বিদ্যুতালোক [বিদ্যুৎ + আলোক] বি, বিদ্যুতের জ্যোতিঃ ; তাড়িতালোক ; বিদ্যুৎপ্রভা।

বিদ্যুত্বান্ (-ৎবা-) [বিদ্যুৎ + বৎ (স্ত্যং০) =বিদ্যুত্বৎ, যার বা যাতে বিদ্যুৎ আছে] বি, মেঘ ; সৌদামিনী। ২ বিণ, বিদ্যুৎশালী ; বিদ্যুদ্বিশিষ্ট। স্ত্রীং বিদ্যুত্বতী (-ৎ -)।

বিদ্যুদ্গর্ভ [বিদ্যুৎ + গর্ভ] বিণ, বিদ্যুৎ-পূর্ণ ; তড়িন্ময়।

বিদ্যুদ্দাম [বিদ্যুৎ + দাম (মালা)] বি, তড়িৎ ; বিজলী ; বিদ্যুন্মালা। ~বর্ষী-বিণ, বিদ্যুতের ধারা বর্ষণকারী। ২ [লক্ষ০] তড়িদ্বৎ সমুজ্জ্বল আলোকধারা বর্ষণকারী। > স্ত্রীং ~বর্ষিণী।

বিদ্যুদ্দীপ্ত [বিদ্যুৎ+দীপ্ত] বিণ, তাড়িতালোকে উদ্ভাসিত; বিদ্যুতালোকিত। ২ বিদ্যুতের ন্যায় তীক্ষ্ণ জ্যোতির্বিশিষ্ট। বি, বিদ্যুদ্দীপ্তি।

বিদ্যুদ্বিকাশ [বিদ্যুৎ+বিকাশ] বি, তাড়িতের প্রকাশ ; বিজলীস্ফুরণ।

বিদ্যুদ্বিজ্ঞান [বিদ্যুৎ+বিজ্ঞান] বি, তাড়িতবিজ্ঞান।

বিদ্যুদ্বেগ [বিদ্যুৎ+বেগ] বি, বিজলীর ন্যায় দ্রুতগতি ; তড়িদ্গতি।

বিদ্যুদ্ব্যজন (-দ্ব-) [গৃহস্থ পত্রিকা, ১৩২০ আশ্বিন সংখ্যায় ব্যবহৃত] বি, তাড়িত-চালিত ব্যজনী ; বৈদ্যুতিক পাখা electric fan.

বিদ্যুন্মালা [বিদ্যুৎরূপ যে মালা, ধা] বি, বিদ্যুৎসমূহ। ২ দীর্ঘবর্ণযুক্ত অষ্টাক্ষর ছন্দোবিঃ।

বিদ্যুন্মালী [বিদ্যুন্মালিন্ শব্দ। বিদ্যুন্মালা+ইন্ (অ্যা॰), যে বিদ্যুৎশ্রেণীর ন্যায় আচরণ করে] বি, রাক্ষসবিঃ। ২ বিণ, বিদ্যুৎবৎ জ্যোতির্ময় মাল্যধারী।

বিদ্যুল্লতা [বিদ্যুৎ (তড়িৎ)+লতা (লেখা), ৬তৎ] বি, সৌদামিনী ; মেঘ-জ্যোতিঃ ; তড়িৎ।

বিদ্যোত [বি (বিশেষভাবে ই॰) দ্যুৎ (দীপ্তি পাওয়া)+অ(ঘঞ্, ভা॰)] বি, দীপ্তি; প্রভা ; কান্তি ; দ্যুতি। বিণ, ~মান্-দীপ্ত ; দ্যুতিমান্।

বিদ্যোৎ/সাহী [বিদ্যা+উৎসাহী] বিণ, বিদ্যার উন্নতি বিষয়ে উৎসাহদাতা। স্ত্রীং ~সাহিনী।

বিদ্যোদ্বোধন সভা [বিদ্যা+উদ্বোধন -সভা] বি, কন্‌ভোকেশন দ্রঃ।

বিদ্যোপার্জ্জন [বিদ্যা + উপার্জ্জন, বি, ৬তৎ] বিদ্যালাভ ; শিক্ষালাভ।

বিদ্রধি [রুগ্ন বা আক্রান্তস্থানের মাংস বা চর্ম্ম বিদারণ করে বলিয়া নাম] বি, দেহাভ্যন্তরজাত স্ফোটক বা দুষ্টব্রণ internal abscess. ~কা-বি, বর্তুলাকৃতি কঠিন পরিপুষ্ট অলাবু সদৃশ দুষ্টব্রণ carbuncle.

বিদ্রব [বি (বিশিষ্টরূপে) দ্রু (গমন করা বা পলায়ন করা)+অ (ভা॰)] বি, পলায়ন। ২ দ্রবীভাব ; ক্ষরণ, গলন ; ৩ বুদ্ধি। ৪ ভয়। ৫ নিন্দা। ৬ পরিহাস ; বিদ্রূপ।

বিদ্রাবণ [সুশ্রুত] বিণ, স্রাবপ্রবর্ত্তক ; নিঃসারক inducing discharge.

বিদ্রাবিত [বি-দ্রু+ই (ণিচ্)=দ্রাবি (দ্রব করান, বিমুখ করান)+ত (র্ম্ম), যাকে দ্রব করা হইয়াছে বা পিছনে ধাইয়া যাকে তাড়না করা হইয়াছে] বিণ, দ্রবীকৃত। ২ বিতাড়িত ; তাড়নার্থ পশ্চাদ্ধাবিত।

বিদ্রুত [বি (বিশিষ্টরূপে) দ্রু (গমন করা বা পলায়ন করা)+ত (র্তৃ), যে ভীত বা চকিত হইয়া বেগে দৌড়ায়] পলায়িত ; ভয়াদি নিমিত্ত প্রস্থিত। "যখন তুমিই সেই জরাসন্ধের ভয়ে বি॰ হইয়াছ," -মহা॰ সভা॰ ১৫ অ (প্র॰ রায়)। ২ ত্রাসিত। ৩ দ্রবীভূত।

বিদ্রুম [বি (বিশিষ্ট ই॰) দ্রু (গমন, প্রাপ্তি, দ্রবীভাব ই॰)+ম (অ্যা॰), যা দ্রব অর্থাৎ জল বা জলযুক্ত স্থান ভেদ করিয়া জন্মে] বি, রক্তপ্রবাল ; পলা। "অধর বিদ্রুম-দ্যুতি তাম্বুল রাগ তথি, নাসায় মাণিক মনোহর।" -কবিক॰। ২ [বি (বিপরীত) দ্রু (গলিয়া যাওয়া বা ম্লান হওয়া)+ম (অ্যা॰), যে সূর্য্য-তেজে মলিন হয়] নবপল্লব ; কিশলয়।

বিদ্রূপ [সং-বিদ্রূপ (নিন্দা)] বি, পরি-হাস ; ব্যঙ্গ ; তামাসা ; ঠাট্টা। ~প্রিয় [বিদ্রূপ প্রিয় যার, বহু॰] বিণ, ব্যঙ্গপ্রিয় ; পরিহাসপ্রিয়।

বিদ্রূপাত্মক [বিদ্রূপ+আত্মক] বিণ, ব্যঙ্গাত্মক ; পরিহাসাত্মক ; বিদ্রূপপূর্ণ। স্ত্রীং বিদ্রূপাত্মিকা।

বিদ্রোহ [বি (বিশিষ্টরূপে ই॰) দ্রুহ্ (হিংসা করা)+অ (ভা॰)] বি, বিদ্বেষ ; হিংসা ; অনিষ্টাচরণ। বিণ, বিদ্রোহী [বি॰+ণিন্(র্তৃ)] বিরুদ্ধ ; প্রতিকূল ; হিংসা পরায়ণ ; বিদ্বেষযুক্ত। "কিন্তু তাহাতে তার বিদ্রোহী হৃদয় শান্ত হইল না।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

বিদ্রোহাচরণ [বিদ্রোহ+আচরণ] বি, অনিষ্টাচরণ ; বিরুদ্ধাচরণ। ২ রাজদ্রোহিতা রাজশাসন অমান্যকরণ।

বিদ্বজ্জন [বিদ্বৎ+জন] বি, মনীষী ; পণ্ডিত ; বিদ্বান্। ~মণ্ডলী-পণ্ডিতমণ্ডলী।

বিদ্বৎকল্প [বিদ্বস্ (জ্ঞানী)+কল্প (অল্প ন্যূন অর্থে), যে বিদ্বান অপেক্ষা কিছু ন্যূন] বিণ, পণ্ডিতসদৃশ ; পণ্ডিততুল্য।

বিদ্বৎকুল [বিদ্বস্+কুল (বহু অর্থে)] বি, বিদ্বদ্গণ ; পণ্ডিতসমাজ। ~তিলক [পণ্ডিতকুলের তিলক (প্রধান)] বিণ, পণ্ডিতাগ্রগণ্য ; পণ্ডিতশ্রেষ্ঠ।

বিদ্বত্তম [বিদ্বস্+তম (বহুর মধ্যে একের নির্দ্ধারণার্থে)] বিণ, সর্ব্বশ্রেষ্ঠ পণ্ডিত : অদ্বিতীয় বিদ্বান। স্ত্রীং ~া।

বিদ্বত্তর [বিদ্বস্+তর (দুয়ের মধ্যে একের নির্দ্ধারণার্থে)] বিণ, উভয়ের মধ্যে অধিক বিদ্বান। স্ত্রীং ~া।

বিদ্বদ্গণ, বিদ্বদ্গোষ্ঠী [বিদ্বস্+ গণ, গোষ্ঠী] বি, পণ্ডিতকুল ; বিদ্বৎসমাজ।

বিদ্বদ্দেশীয় [বিদ্বস্+দেশীয় (অল্প বা সাদৃশ্যার্থে)] বিণ, অল্পজ্ঞ। ২ বিদ্বৎকল্প।

বিদ্বান [বিদ্ (জানা)+বস্ (র্তৃ, শতৃ স্থানে ক্বসু)=বিদ্বস্ ১মা, ১ব॰। যে শাস্ত্র জানে] বিণ, জ্ঞানী; বিদ্যাবান্ ; শাস্ত্রদর্শী ; পণ্ডিত।

বিদ্বিষ [বি (বিশিষ্টরূপে ই॰) দ্বিষ্ (দ্বেষ করা)+অ (র্তৃ)-যে বিদ্বেষ করে] বি, বৈরী ; দ্বেষ্টা ; শত্রু।

বিদ্বিষ্ট [বি (বিশিষ্টরূপে ই॰) দ্বিষ্ (দ্বেষ করা)+ত (র্ম্ম), যাকে বিদ্বেষ করা যায়] বিণ, শত্রু ; বিদ্বেষভাজন।

বিদ্বেষ [বি (বিশিষ্টরূপে ই॰) দ্বিষ্ +অ (ভা॰)] বি, ঈর্ষা ; শত্রুতা, বৈরিতা। ~ী [বি-দ্বিষ্ +ইন্ (র্তৃ)=বিদ্বেষিন্, যে বিদ্বেষ করে] বিণ, শত্রু ; ঈর্ষাকারী ; দ্বেষকারী ; অনিষ্টকারী। ~কষায়িত [বিদ্বেষ দ্বারা কষায়িত (রঞ্জিত, আরক্ত), ৩তৎ] বিণ, শত্রুভাবাপন্ন ; হিংসাদুষ্ট। ~ণ (-ষ্ট-) [বি-দ্বিষ্ +অন (ভা॰)] বি, বিদ্বেষ ; ঈর্ষা। ২ ষট্‌কর্ম্মান্তর্গত অভিচার ক্রিয়াবিঃ। ~পরায়ণ-বিণ, ঈর্ষাযুক্ত। ~ভাজন-বিণ, হিংসার পাত্র। ~বুদ্ধি-বি, হিংসা-বৃত্তি ; ঈর্ষার ভাব।

বিদ্বেষানল [বিদ্বেষ (রূপ) + অনল, ধা] বি, ঈর্ষানল ; হিংসার অগ্নি।

বিদ্বেষ্টা• [মূ° বিদ্বেষ্টৃ ১মা, ১ব°] বিণ, ঈর্ষাকারী ; শত্রুতাচরণকারী; হিংসাকারী। স্ত্রীং বিদ্বেষ্ট্রী।

বিধ [বি (বিবিধ প্রকার ই°) ধা (ধারণ করা) + অ (র্তৃ, ভা°), যে এক বা বহু বস্তুর সংখ্যা ধারণ করে] বিণ, প্রকার। প্র–বহুবিধ। ত্রিবিধ। ২ ধারা। ৩ নিয়ম। ৪ রীতি। ৫ [বিধ্ (বিদ্ধ করা বা বিধান করা ই°) + অ (র্ম)] যা বিদ্ধ করা বা বিধান করা যায় ; বিধা (দ্রঃ)।

বিধন১ [সং–বিধ্ (ছিদ্রীকরণে), ব্যধ্ (বেধনে) >] বি, বিদ্ধ করণ।

বিধনি২ [বিধ্ (বিদ্ধকরণে) > । বিধি, বিধ, বিধে ; বিধিতে ; বিধিয়া ই°] ক্রি, বিদ্ধ করা ; বেঁধা ; ফোঁড়া।

বিধবা [বি (নাই) ধব (স্বামী) যে স্ত্রীর, বহু°। তুল–গ্রী° vidua] বি, পতিহীনা ; মৃতভর্তৃকা ; রাঁড় ; বেওয়া। ২ [বি (নাই) ধব (বস্ত্র) যার (অর্থাৎ যে স্ত্রীর), বহু°] বিণ, বিবসনা ; বিবস্ত্রা [বিরল]। ~বিবাহ–বি, মৃতভর্তৃকা নারীর পুনরুদ্বাহ।

বিধা [বিধ্ (ধারণ করা, বিদ্ধ করা, বিধান করা ই°) + অ (ভা°) + আ (স্ত্রীং)] বি, বিধি ; বিধান ; নিয়ম। ২ প্রকার। ৩ সাদৃশ্য। ৪ গজগ্রাস।

বিধাতা [বিধাতৃ শব্দ। বি (বিশিষ্টরূপে ই°) ধা (ধারণ করা) + তৃ (র্তৃ), যিনি সকল ধারণ করেন। সম্বোধনে বিধাতঃ] বি, ব্রহ্মা ; বিধি। ২ দক্ষ প্রভৃতি প্রজাপতি। ৩ বিণ, বিধানকর্তা। "স্বামী বনিতার বি°।" –কবিক°। স্ত্রীং বিধাত্রী।

বিধাতৃ–বি, লোকপিতামহ ব্রহ্মা ; প্রজাপতি। ২ সৃষ্টিকর্তা। ৩ বিণ, বিধানকারী ; নিয়মপ্রবর্তক।

বিধান [বি (বিশিষ্টরূপে ই°)–ধা + অন (ভা°)] বি, শাস্ত্রবিহিত নিয়ম। ২ বিধি ; ব্যবস্থা। "প্রণাম করিতে রাজা না দিল বি°।"–কবিক°। ৩ [বি–ধা + অন (পে), যদ্দ্বারা উপায় (অর্জন) করা যায়] বি, উপায়। ৪ নিয়ম। ৫ [র্তৃ (অন) যিনি বিধান করেন] বিধায়ক। "ব্রহ্মা পুরোহিত হৈলা বাক্যের বি°"–কবিক°। ৬ যোগাযোগ। ৭ [বি–ধা + অন (র্ম), যা বিধান করা যায়] হস্তীর গ্রাস। ৮ সংস্থান। ৯ [সুপ্রযুক্ত] প্রতিপাদ্য বিষয় বা যা পরে প্রতিপাদন করা হইবে আলোচনার প্রারম্ভেই তার উল্লেখ। ১০ [শারীর বিদ্যা° পরিঃ] শরীর যন্ত্রের নির্মাণ বা গঠন structure. ~জ্ঞ (-র্ন-) [বিধান–জ্ঞ, জ্ঞা (জানা) + অ (র্তৃ)–যে বিধান ব্যবস্থা (শাস্ত্র নিয়মাদি) জানে] বিণ, বিধিজ্ঞ ; নিয়মাভিজ্ঞ ; বিধানবেত্তা। ~তন্ত্র –জীবদেহ গঠনের উপযোগী সূএবং উপাদানসমূহ tissue. ~বিৎ–বিণ, শাস্ত্রব্যবস্থাপক ; বিধিনিয়মজ্ঞ। ~শাস্ত্র [বিধান (ব্যবস্থা) শাস্ত্র (অনুশাসন), ৬তৎ] বি, ব্যবস্থাশাস্ত্র ; আইন। ২ নীতিশাস্ত্র।

বিধায় [বিধান দ্রঃ। ম°বাং। অধু° বিরল] অ, বিধানানুসার ; হেতু ; জন্য। প্র–এতদ্বি°। না থাকা বি°। "নিমচাঁদ * * * এখন উদরে স্থান সকীর্ণ বি° * * * মদ ছেড়ে দিলেন।"–সধবার একাদশী।

বিধায়ক [বি–ধা + অক (র্তৃ), যে বিধান (ব্যবস্থা) করে] বিণ, নিয়ামক ; ব্যবস্থাকারী ; ব্যবস্থাপক। ২ সংঘটনকারী।

বিধায়না [মনোবিজ্ঞানে] বি, গবেষণার প্রকার ভেদ। ইহাতে সর্ব্বাগ্রে প্রত্যক্ষীভূত ঘটনাপুঞ্জে সম্পূর্ণ নির্ভর করিয়া তাহাদিগকে কতকগুলি বিধিতে (law) শৃঙ্খলাবদ্ধ করা হইয়া থাকে। ক্রমশঃ এই বিধিসমূহের সাহায্যে পুনরায় নূতন নূতন বিধি উৎপন্ন হয়। যথা–কতকগুলি স্বতঃসিদ্ধ (axiom) ও স্বীকার্য্য (postulate) লইয়া জ্যামিতি শাস্ত্রের আরম্ভ। * * ক্রমশঃ নূতন নূতন বিধি সৃষ্টি করিয়া আসিতেছে বলিয়া ইহা বিধায়না নামে অভিহিত হইল। * * * * * বিধায়ক গবেষণা সংস্কার আশ্রিত জ্ঞানে সামঞ্জস্য বিধান করিয়া বিবিধ বিধি আবিষ্কার করে। তাহাই পরম্পরাক্রমে প্রতিষ্ঠিত হইয়া বিজ্ঞানশাস্ত্রে পরিণত হয়। উন্মোচনা (দ্রঃ)। –বঙ্গবাণী, ভাদ্র, ১৩৩৩।

বিধায়ী [বিধায়িন্ শব্দ। বি–ধা + ইন্ (র্তৃ) ; যে বিধান করে] বিণ, বিধানকর্তা ; ব্যবস্থাপক ; নিয়ামক। স্ত্রীং বিধায়িনী।

বিধি [বি (বিশিষ্টরূপে) ধা + ই (র্তৃ)'। প্রা° বাং প্রাকৃ° বিদি (শূ° পু°)] বি, প্রজাপতি ; ব্রহ্মা। "বিধি বিষ্ণু শিব শিবা ত্রিভুবন রাত্রি দিবা সৃষ্টি পুনঃ করহ সংহার।" –অ° ম°। ২ বিধাতা। "বিধি মোরে হৈল বাম, না গণিনু পরিণাম বনবাসী হইনু একেলা।"–কবিক°। ৩ [বি–ধা + ই (পে, র্ম), যদ্দ্বারা বিধান (ব্যবস্থা) করা যায় ও যাকে বিহিত করা যায়] বিধানশাস্ত্র; নীতিশাস্ত্র। ৪ সূত্র। ৫ ব্যাপার। ৬ আচার। ৭ নিয়ম। ৮ ব্যবস্থা ; বিধান। "হায় রে দারুণ বিধি কি বিধি তোমার হে," –বাং গান। ৯ অনুষ্ঠান। ১০ ক্রম। ১১ [প্রা° বাং। বিধ অর্থে। হিং°-র অনুকরণে] প্রকার। ১২ ক্রি-বিণ, বিধিমত ; যথাবিধি। "কানন কাটিয়া বিধি বাজারে রতন বেদী পূজ ধর্ম্ম পূর্ণ হবে যশ।"–ধ°। ~জ্ঞ [বিধি–জ্ঞ, জ্ঞা (জানা) + অ (র্তৃ)] বিণ, যে বিধিব্যবস্থা বা শাস্ত্রনিয়মাদি জানে ; বিধান শাস্ত্রজ্ঞ। ২ নিয়মাভিজ্ঞ। ৩ ব্যবস্থাবেত্তা। ৪ বিধানোপদেশক ; বিধিদেশক। ~দর্শী [বিধিদর্শিন্–বিধি (শাস্ত্র, ব্যবস্থা ই°) দর্শী (যে দেখে), উপ°] বিধানদ্রষ্টা ; বিষয়জ্ঞ ; বিধিজ্ঞ ; নিয়মাভিজ্ঞ। > স্ত্রীং ~দর্শিনী। ~দেশক ~নির্দ্দেশক [বিধি (ব্যবস্থা ই°) দেশক, নির্দ্দেশক (যে দেখাইয়া দেয়)] বি, ব্যবস্থাপক ; নিয়মসংস্থাপক। ২ বিধানোপদেশক ; সদস্য। ~পূর্ব্বক [বিধি (ব্যবস্থা) পূর্ব্বে (আগে) যার, বহু°] বিণ, বিধানানুসারে ; নিয়মপূর্ব্বক ; নিয়মানুযায়ী। ~বৎ [বিধি + বৎ (তুল্যার্থে), বিধির সমান] অ, শাস্ত্রানুসারে। ২ যথানিয়ম। ~বদ্ধ [বিধি দ্বারা বদ্ধ (যুক্ত), ৩তৎ] বিণ, শাস্ত্রদ্বারা নিয়মিত ; ব্যবস্থাপিত ; নিয়মবদ্ধ। ~বিড়ম্বনা [৬তৎ] বি, ভাগ্যের প্রতারণা ; অদৃষ্টের বঞ্চনা। ২ বিধাতার ছলনা ; বিধির চাতুরী। > বিণ, ~বিড়ম্বিত। ~বিদ্ [বিধি (অনুশাসন, ব্যবস্থা ই°) বিদ্ (যে জানে), উপ°] বিণ,

শাস্ত্রজ্ঞ। ২ বিধানবেত্তা। ৩ ব্যবহারশাস্ত্রজ্ঞ। ~বিহিত [বিধি দ্বারা বিহিত, ৩তৎ] বি, নিয়মানুষ্ঠিত; যথারীতি; যথাশাস্ত্র। ২ অদৃষ্টদত্ত; বিধিনির্দ্দিষ্ট। ~বেত্তা [৬তৎ] বিণ, বিধানজ্ঞ; নিয়মজ্ঞ; ব্যবস্থাবিৎ। ~বোধিত [বিধি দ্বারা বোধিত (প্রতিপাদিত),৩তৎ] বিণ, শাস্ত্রসম্মত; বিধানোক্ত; শাস্ত্রসঙ্গত; শাস্ত্রানুমোদিত; বিধিসম্মত। "করিলা সকল কার্য্য যে বিধিবোধিত।"-চৈ০ ভা০। ~মত, ~মতে-ক্রি-বিণ, বিধান বা শাস্ত্র অনুসারে। ২ রীতিমত; সমূহ উদ্যোগসহকারে; সকল 'উপায় অবলম্বনে; কোন চেষ্টা বাকী না রাখিয়া। ~লিপি [৬তৎ] বি, ভাগ্য; অদৃষ্ট; নিয়তি। ~শাস্ত্র [বিধি (ব্যবস্থা) শাস্ত্র (অনুশাসন), ৬তৎ] বি, ধর্ম্মব্যবস্থাশাস্ত্র; স্মৃতিশাস্ত্র। ২ ব্যবহারশাস্ত্র; আইন। ~সঙ্গত-বিণ, বিধানমত; বিধি অনুযায়ী; নিয়মানুসারে; শাস্ত্রসম্মত। ~হীন-বিণ, শৃঙ্খলাবিহীন; রীতিবর্জ্জিত। ২ অনিয়ন্ত্রিত। ৩ অশাস্ত্রীয়।

এবিধি [এবম্বিধ দ্রঃ। প্রা০ বাং, বিধ অর্থে বিধি। 'এবং বিধ' > ক্ষে০] অ, এই প্রকার; এই প্রকারে। "এবিধি অনেক পক্ষী"-গোবিন্দচন্দ্র।

বিধিৎসা [সং] বি, চিকীর্ষা; বিধানেচ্ছা। বিণ, বিধিৎসু-চিকীর্ষু।

বিধু [বি (বিশিষ্টরূপে ই০) ধে (পান করা) + উ, ণ্ড(জ্ঞা০), যাকে (অমৃতের আকর বলিয়া) পান করে] বি, চন্দ্র। ২ ব্রহ্মা। ৩ বিষ্ণু। ৪ বায়ু। ৫ কর্পূর। ৬ জল। ৭ [বিধ্ বা ব্যধ্ + উ (র্ত্তৃ) যে তাড়না করে] রাহু ও কেতু। ৮ রাক্ষস। ৯ বাণ। ~ক্ষয় বি, চন্দ্রের হ্রাস। ~বদন বি, চন্দ্র সদৃশ আনন; বিধুমুখ। > স্ত্রীং ~া, ~ী-চন্দ্রাননী। ২ সুন্দরী। ~মুখ-বি, চন্দ্রানন; চাঁদমুখ। ২ বিণ, চন্দ্রতুল্য মনোহর মুখবিশিষ্ট। > স্ত্রীং ~ী-চন্দ্রমুখী। ২ সুন্দরী।

বিধুত, বিধূত [বি (বিশিষ্ট ই০) ধু, ধূ (কালিত হওয়া বা কম্পিত হওয়া) + ত (র্ত্তৃ) যে কালিত বা কম্পিত হয়] বিণ, কম্পিত [এই অর্থে ব্যাধুত, ব্যাধূত ও০]। ২ কালিত; নিক্ষাশিত; অপসারিত। ৩ ত্যক্ত; বিসর্জ্জিত। ৪ [নাট্য শা০। অঙ্গাভিনয়ে] সহসা মস্তকের সঞ্চালন। শীত, তাপ, ভয় ও সুরাপানের প্রারম্ভাদিস্থলে। অভিনয় দ্রঃ।

বিধুনন, বিধূনন [বি-ধু, ধূ (কম্পনে) + অন (ভা০), নিপাতন সিদ্ধ] বি, প্রকম্পন; কাঁপনি। ২ ত্যাগ; বিসর্জ্জন। ৩ নিক্ষাশন। বিণ, বিধুনিত, বিধূনিত [বি-ধু ধূ (ণিচ্)=ধুনি(কাঁপান) + ত(র্ম্ম), যাকে কাঁপান যায়] বিণ, প্রকম্পিত। ২ ত্যক্ত। ৩ অভিভূত; বিহ্বল। ৪ ত্রাসযুক্ত; ভীত। "বিস্তৃত সে রসাতল, বিধুনিত সদা * *" -বৃত্রসংহার।

বিধুন্তুদ [বিধুং (চন্দ্রকে) + তুদ্ (ব্যথা দেওয়া) + অ (র্ত্তৃ) যে চন্দ্রকে ব্যথা দেয়] বি, রাহু গ্রহ। "নয়নকাজর দেই লিখই বি০" -বি০ প০।

বিধুবন [বি + ধু (কম্পনে) + অন (ভা০) বি, কম্পন।

বিধুর [বি (বিবিধ প্রকার) ধুর্ (ভার অর্থাৎ দুঃখ ই০) যার বা যাতে, বহু০। অ আগম] বিণ, কাতর। ২ দুঃখিত। ৩ ত্রাসিত; ভীত। ৪ অসমর্থ। ৫ বিমূঢ়। ৬ [ব্যধ্ (পীড়া জন্মান) + উর, র্ত্তৃ (জ্ঞা০)] বি, পীড়নকারী। ৭ বৈকল্য। স্ত্রীং ~া-বিরহকাতরা। "কোথা সে বিধুরা বালা"-বাং গান।

বিধূত-বিধুত দ্রঃ।

বিধূয়মান [বি (বিশিষ্টরূপে ই০)-ধূ (কাঁপা) + আন (র্ত্তৃ), 'য' আগম, যে কাঁপিতেছে] বিণ, কম্পান্বিত; কম্পমান।

বিধৃত [বি (বিশিষ্টরূপে ই০)-ধৃ (ধারণ করা) + ত (র্ম্ম), যাকে বিলক্ষণরূপে ধৃত করা হইয়াছে] বিণ, আক্রান্ত। ২ গৃহীত; অবলম্বিত।

বিধেয় [বি-ধা (করা) + য (র্ম্ম), যা করা যায় বা যা করা উচিত] বিণ, উচিত; ন্যায়ানুযায়ী। ২ বিধানযোগ্য; বিধিসম্মত। ৩ কর্ত্তব্য। ৪ বশ্য; বাধ্য। ৫ অধীন। ৬ [কাব্যালঙ্কারে] অপরিজ্ঞাত বিষয় বা বস্তু (বিপরীত-অনুবাদ অর্থাৎ পরিজ্ঞাত বস্তু)। "বিধেয় কহিয়ে তারে যে বস্তু অজ্ঞাত। অনুবাদ কহি তারে যেই হয় জ্ঞাত। যৈছে কহি এই বিপ্র পরম পণ্ডিত, বিপ্র অনুবাদ ইহার বিধেয় পাণ্ডিত্য, বিপ্র করি জানি, তার পাণ্ডিত্য অজ্ঞাত;"-চৈ০ চ০। ~ী [ত০বি০] যা উদ্দেশ্য সম্বন্ধে উক্ত হয়। "প্রত্যেক বাক্যে দুইটি পদ থাকে। ইহাদিগের মধ্যে একটার উদ্দেশ্যে অপরটার অন্বয় কিংবা নিষেধ করা হয়। প্রথমোক্তটাকে উদ্দেশ্যপদ এবং শেষোক্তটাকে বিধেয়পদ বলে।" predicate (প্র০ সিংহ)। বি, ~তা। ~পদ [ব্যাকরণের পরিঃ] বি, ক্রিয়াপদ predicate. ২ সম্পাদ্য বিষয়। ~মার্গ বি, ন্যায়পথ। ২ কর্ত্তব্যপথ।

বিধৌতি [বি + ধৌতি (মার্জ্জন, শুদ্ধি)] বি, প্রক্ষালন। "পাপ বিধৌতির পূত জাহ্নবী।"

বিধ্যমান [ব্যধ্ (পীড়ন করা বা বিদ্ধ করা) + আন (শান, কর্ম্মে), যাকে পীড়ন বা বিদ্ধ করা হইতেছে] বিণ, পীড্যমান। ২ যাকে বিদ্ধ করা হইতেছে।

বিধ্বং/স [বি (বিশিষ্টরূপে ই০) ধ্বন্‌স্ (নষ্ট হওয়া) + অ (ভা০)] বি, বিনাশ; বিলোপ। ২ ক্ষয়। ৩ অপকার। বিণ, বিধ্বস্ত। ~সিত [বিধ্বংস (বিনাশ) + ইত (ত্ত্য০), যার বিধ্বংস আছে] বিণ, ক্ষয়প্রাপ্ত। ২ বিনষ্ট; বিনাশিত। ৩ ক্ষতিগ্রস্ত; অপকৃত। ~সী [বি-ধ্বন্‌স্ + ইন্ (র্ত্তৃ, শীলার্থে)= বিধ্বংসিন্ ১মা, ১ব, যা বিনাশ প্রাপ্ত হয়] বিণ, বিনাশশীল; ধ্বংসোন্মুখ। ২ অপকারী; ক্ষতিকারক। ৩ আততায়ী; শত্রু। > স্ত্রীং ~সিনী।

বিধ্বস্ত [বি (বিশিষ্টরূপে ই০) ধ্বংন্‌স্ (বিনষ্ট হওয়া) + ত (র্ত্তৃ), যে নষ্ট হয়] বিণ, বিনাশপ্রাপ্ত; বিনষ্ট; বিনাশিত। ২ বিলুপ্ত। ৩ অপকৃত।

বিন, বিনহি [প্রা০ বাং। বিণি, বিনী, বিনি, বিনু, বিনে, বিনি] অ, বিনা; ব্যতীত। "সাধন বিনহি কাজলে মধু মান"-বি০ প০।

বিনএ [প্রা০ বাং। বিনয় দ্রঃ] ক্রি-বিণ, বিনয়বাক্যে; বিনয়ে।

বিনজারী [ফা০ বিন্-জারী] বিণ, যা

জারী করা হয় নাই ; আদালতের যে আদেশ কার্য্যে পরিণত করা হয় নাই।

বিনজাল [জাল দ্রঃ] বি, তপ্‌সেমাছ ধরিবার জালবিঃ।

বিনত [বি (বিশিষ্টরূপে ইং) নম্‌ (প্রণাম করা)+ত (র্তৃ), যে বিনয়াদি দ্বারা সর্ব্বদা নত থাকে] বিণ, সম্যক্ অবনত ; প্রণত। ২ নম্র ; বিনয়ী। স্ত্রীং ~া₁-বিনম্রা।

বিনতা₂ [পুং] বি, কশ্যপ মুনির পত্নী। ~নন্দন-বি, কশ্যপপত্নী বিনতার গর্ভজাত সন্তান ; অরুণ ও গরুড়।

বিনতি [বি-নম্‌+তি (ভাং)] বি, বিনয়। ২ অনুনয়। ৩ শিষ্টতা ; সুশীলতা। ৪ শিক্ষা। ৫ শাসন। ৬ বদল ; বিনিয়োগ। ৭ পরিশোধ।

বিনদ [সং] বি, ধ্বনি ; শব্দ।

বিননিয়া [বেণি (বদ্ধকচঃ) > বিননি (দ্রঃ)+আ (অস-ক্রি-বিভক্তি), পদ্যে] ক্রি, বিননী করিয়া ; বিনাইয়া। "বিননিয়া চিকণিয়া বিনোদ কবরী। ধরাতলে ধায় ধরিবারে বিষধরী॥"-অং মং।

বিননি, বিননী [সং-বেণি (বদ্ধকচঃ) > অথবা সং-বয়্ > বঅন > বয়ন (দ্রঃ)] বি, কেশবিন্যাস ; বেণীবন্ধন ; কেশরচনা।

বিননো [বয়ন₂, বিনান দ্রঃ। প্রাং বিনুনো] ক্রি, বিননী করা। ২ বস্ত্রাদি বয়ন করা। ৩ বিলাপ করা।

বিনমন-বি, প্রবণতা। ২ নম্রতা।

বিনমিত-বিণ, নত ; নম্র। ২ প্রবণ। স্ত্রীং ~া।

বিনম্র-বিণ, বিনয়ী ; বিনয়াবনত। ২ মৃদু ; কোমল। বি, ~া।

বিনয় [বি (বিশিষ্টরূপে ইং) নী (পাওয়া বা নত হওয়া)+অ (ভাং)] বি, নম্রভাব ; নম্রতা। ২ কোমলতা। ৩ শিক্ষা। স্ত্রীং ~া। ~গ্রাহী-বিণ, বিনীত। ~বধির-বিণ, যে বিনয়বাক্যও শুনে না।

বিনয়ন [বি-নী (নত হওয়া)+অন (ভাং)] বি, নম্রতা। ২ অপনয়ন ; নিরাকরণ ; অপনোদন। ৩ মোচন। ৪ শিক্ষা।

বিনয়াবনত [বিনয় দ্বারা অবনত, ৩তৎ] বিণ, বিনয়-নম্র ; বিনয়বশে নত।

বিনয়ী [বিনয়িন্, বিনয় (নম্রতা)+ইন্ (স্ত্যং), যার বিনয় আছে] বিণ, বিনয়শালী ; বিনীত ; শিষ্ট ; বিনম্র। স্ত্রীং বিনয়িনী।

বিনশন [বি (বিশিষ্টরূপে ইং) নশ্ (নষ্ট হওয়া)+অন (ভাং)] বি, বিনাশ ; ধ্বংস ; ক্ষয়। ২ [বি-নশ্+অন (ধি) যাতে পাপাদি নাশ হয়] সরস্বতী নদীর অন্তর্দ্ধান-দেশ ; প্রভাস তীর্থের সমীপস্থ তীর্থ। প্রয়াগক্ষেত্রে পূর্ব্বে গঙ্গা যমুনার সহিত নদী সরস্বতীও মিলিত ছিল। পরে সরস্বতী ক্ষীণ হতে হতে যেস্থানে যেস্থানে তাহার প্রবাহ শুষ্ক হইয়া বিলীন হইয়াছে সেইস্থান 'বিনশন' নামে প্রসিদ্ধ হইয়াছে।

বিনশ্বর [বি-নশ্+বর (র্তৃ, শীলার্থে) নষ্ট হওয়াই যার স্বভাব] বিণ, বিনাশশীল ; অচিরস্থায়ী ; ক্ষণভঙ্গুর ; অনিত্য।

বিনষ্ট [বি-নশ্+ত (র্তৃ) যে নষ্ট হয়] বিণ, ধ্বংসপ্রাপ্ত। ২ গত ; অতীত। ৩ ক্ষয়িত। ৪ প্রনষ্ট ; মৃত। > বি, বিনষ্টি [রবীং, রাশিয়ার চিঠি]।

বিনস্ [বি (নাই) নাসিকা যার, বহুং ; নাসিকা স্থানে নস্] বিণ, নাসিকাহীন ; বিগত-নাসিকা। ২ খাঁদা।

বিনহি-বিন দ্রঃ।

বিনা [সং। বাং প্রাং "বিনি," "বিনে," "বিনু"। প্রাং বাং-ম-বিন্ন] বি, ভিন্ন। ২ ব্যতীত ; ব্যতিরেক। ৩ অভাব। ৪ বর্জ্জন।

বিনাইয়া-বিনায়িয়া দ্রঃ।

বিনাকৃত-বিণ, বিরহিত। ২ ত্যক্ত। ৩ বিশ্লিষ্ট।

বিনানি₁ [সং-বেণী-বন্ধন > হিং বেঁচ্‌না (বিননী করা)। বিনাই, বিনাও, বিনায় ; বিনাইতে ; বিনাইয়া (কেং বিনিয়ে)] ক্রি, বিননী করা ; বেণী রচনা করা। "তাহার উসকো খুস্‌কো চুলগুলি ধীরে ধীরে বিনাইয়া দিতে লাগিল।"

বিনানি₂ [বর্ণন > হিং বৌন্=বিলাপন] ক্রি, বিস্তারিত খেদোক্তি করা ; দীর্ঘ বিলাপ করা। "পতিশোকে রতি কাঁদে বিনাইয়া নানা ছাঁদে"-অং মং।

বিনানিয়া [বিননিয়া দ্রঃ] ক্রি, বিননী করিয়া। ২ বিণ, বিননীবিশিষ্ট। "বিং বিনোদিয়া বেণীর শোভায়। সাপিনী তাপিনী তাপে বিবরে লুকায়॥"-ভারতং।

বিনামা [বি (নাই) নামন্ (নাম) যার বা যাতে, বহুং] বি, জুতা ; চর্ম্ম-পাদুকা। ২ [বি+নাম+আ] বিণ, নামহীন। ৩ বেনামা (বে₁ দ্রঃ)।

বিনায়ক [বি (বিশিষ্টরূপ) যে নায়ক (গণের অধিপতি), ধা] বি, গণনায়ক ; গণপতি ; গণেশ। ২ [বি (বিশিষ্টরূপে ইং) নী (লইয়া যাওয়া)+অক (র্তৃ), যে জ্ঞানে বা গমনে অতি দূরে লইয়া যায়] শিক্ষাগুরু। ৩ বুদ্ধ। ৪ গরুড়। স্ত্রীং বিনায়িকা-গরুড়-পত্নী।

বিনায়িয়া, বিনাইয়া [বিনান₂ দ্রঃ। প্রাং ইনিয়ে-বিনিয়ে (দ্রঃ)] ক্রি-বিণ, দীর্ঘসুর করিয়া ; বিস্তারিত খেদোক্তিতে বা বিলাপ করিয়া।

বিনাশ [বি-নশ্+অ (ভাং) প্রাকৃং বিণাস > প্রাং বাং বিনাস। "করিবোঁ মো কংসের বিনাস"-শ্রীং কীং। > ক্রি, বিণাসই [সং-বিনশ্যতি] বিনাশ করে। "বুদ্ধি বিণাসই"-দোং ১০১] বি, উচ্ছেদ ; ধ্বংস ; ক্ষয় ; লোপ। ২ মৃত্যু। ~ক (-শ-) [বি-নশ্+অক (র্তৃ), যে সংহার করে] বিণ, বিনাশকারী ; সংহারক ; ঘাতক। ~ন (-শ-) বিণ, নাশ-সাধক ; বিলোপকারী ; ধ্বংসকারক।

বিনাশিত [বি-নশ্+ই (ণিচ্)=নাশি (বিনাশ করান)+ত (র্ম্ম), যাকে বিনাশ পাওয়াইয়াছে] বিণ, বিনাশপ্রাপ্ত ; বিনষ্ট। ২ নিহত।

বিনাশী [বিনাশ+ইন্ (স্ত্যং), যার বিনাশ আছে। প্রাং বাং 'বিনাসি, -নী'। "বড়ায়ি পরক বিনাসী"-শ্রীং কীং] বিণ, বিনাশশীল ; নশ্বর ; অনিত্য। ২ [বি-নশ্+ই (ণিচ্)=নাশি (নাশ পাওয়ান)+ইন্ (র্তৃ, শীলার্থে), যার নাশ পাওয়ান স্বভাব] বিনাশক ; বিনাশ-কারী। স্ত্রীং বিনাশিনী-ধ্বংসকারিণী।

বিনাশোন্মুখ [বিনাশ + উন্মুখ, যে বিনাশের জন্ম উন্মুখ (উদ্যত), ৬তৎ] বিণ, মরণোদ্যত ; মৃত্যুমুখাগত ; উপস্থিত-মৃত্যু ; মৃতপ্রায়। ২ ধ্বংসোন্মুখ।

বিনাহ [বি (বিবিধ প্রকারে ইং) নহ্ (বাঁধা বা আচ্ছাদন করা) + অ (ণে)] বি, কূপের মুখাচ্ছাদনের পাটা বা তক্তা ইং।

বিনি, বিনে ['বিনা' শব্দের প্রাদেং উচ্চারণ। ভ্রং-মিনি (দ্রঃ)। ব্রজং ও বাং বৈং পদং সাং বিনু। প্রাং বাং বিণি, বিণী, বিনি, বিনী। "খণে খণে হাসে বিণি কারণে"-শ্রীং কীং। "বিণী দানে না এড়িব আজি তোহ্মা কাহ্ন।" -ঐ] অ, বিনা ; অভাব ; ব্যতীত ; ব্যতিরেক। "বিনি দুখে সুখ কবহুঁ নাহি হোয়।"-বিং পং। "কেন বিনি বাতাসে তরণী টলে।"-বাং গান [দ্রঃ-বিনি > ভ্রং 'মিনি'। "মিনি সুতে গাঁথা মালা"-গান]। ২ ভিন্ন ; বিনা। "আমার ওপর বিনি দোষে ওর কেন আরি;" -হেমং। "তো বিনে উনমত কান"-বিং পং।

বিনিঃসৃত [বি (বিশিষ্টরূপে ইং) নির্-সৃ (বাহিরে আসা) + ত(র্ত্তৃ), যা কোন আবৃত বস্তুর ভিতর হতে বাহিরে আসে] বিণ, বহির্নির্গত ; বহিঃপতিত। বি, বিনিঃসরণ -বহির্গমন।

বিনিক্ষিপ্ত [বি-নিক্ষিপ্ত] বিণ, প্রক্ষিপ্ত ; যা নিক্ষেপ করা হইয়াছে। বি, বিনিক্ষেপ।

বিনিগম/ক [বি-নিগম + ক(র্ত্তৃ)] বিণ, প্রতিপাদক ; নির্ণায়ক ; সংশয়নিবারক। ২ ব্যবচ্ছেদক। ~ন-বি, প্রতিপাদন। ~না [বি-নিগমন + আ (স্ত্রীং)] বি, নির্ণয়।

বিনিদ্র [বি (নাই) নিদ্রা (ঘুম) যার, বহুং] বিণ, জাগরিত; নিদ্রারহিত ; তন্দ্রাহীন। ২ উন্মীলিত। [সম-বিনিদ্রা অর্থে বিগত নিদ্রা অর্থাৎ নিদ্রিত থাকিবার পর নিদ্রা ভঙ্গ। অনিদ্রা-নিদ্রার অভাব অর্থাৎ নিদ্রাহীনতা রোগ। রজনীর কোলাহল থামিলে বিনিদ্র শিশুগণ পুনরায় নিদ্রিত হইল। উৎকট চিন্তায় তিনি সারারাত্রি অনিদ্রায় কাটাইয়াছেন। অনিদ্রা নিরবচ্ছিন্ন জাগরণ বুঝায়, ইহা রোগজনিত ; বিনিদ্রা নিদ্রায় ব্যাঘাতজনিত]।

বিনিন্দিত [বি-নিন্দিত] বিণ, বিশেষ-ভাবে যাকে নিন্দা করা হইয়াছে ; যাকে হীন করা হইয়াছে ; লাঞ্ছিত। স্ত্রীং ~া।

বিনিপাত [বি(বিবিধ প্রকার) নি-পত্ (পতন হওয়া) + অ (ভাং)] বি, বিশেষরূপে পতন; অধঃপতন। ২ অপমান। ৩ বংশক্ষয়। ৪ ক্লেশ ; দুঃখ। ৫ মৃত্যু। বিণ, বিনিপাতিত।

বিনিবর্ত্তিত [বি-নি-বৃত্ + ই (ণিচ্)= বর্ত্তি (বর্ত্তান বা ফিরে আনা) + ত (র্ম্ম), যাকে প্রত্যাবর্ত্তিত করা হয় বা যা ফিরান যায়] বিণ, প্রত্যাবর্ত্তিত ; যে ফিরিয়াছে। স্ত্রীং ~া।

বিনিবারিত [বিশিষ্টরূপে যে নিবারিত (বাধাপ্রাপ্ত), ধা] বিণ, নিষিদ্ধ ; সম্যক্ বারিত। ২ বাধাপ্রাপ্ত। স্ত্রীং ~া।

বিনিবৃত্ত [বি-নি-বৃত্ (বর্ত্তমান থাকা, ফিরে আসা) + ত (র্ত্তৃ), যে ফিরিয়া আসিয়াছে] বিণ, প্রত্যাবৃত্ত ; প্রত্যাগত। ২ নিরস্ত ; ক্ষান্ত। স্ত্রীং ~া।

বিনিবেশিত [বি-নি-বিশ্ + ই (ণিচ্) =বেশি (প্রবেশ করান) + ত (র্ম্ম), যা (ভাল-রূপে) প্রবেশ করান হইয়াছে] বিণ, সংস্থাপিত। ২ প্রবেশিত।

বিনিময় [বি-নি-মী (বদল করা) + অ] বি, পরিবর্ত্তন ; বদল। ২ প্রতিদান। ৩ বন্ধক। ৪ [পাটীং (কং বিশ্বংপরিঃ)] পণ্যের অদলবদল ; পরিবর্ত্ত ; ইং barter এর বৈজ্ঞাং পরিঃ। ~-নিয়ম [বীজ গং (কং বিশ্বং পরিঃ)] ইং commutative law. ~লব্ধ-বিণ, বদলে পাওয়া।

বিনিমিত, -মীত [বিনিময় দ্রঃ] বিণ, কৃত-বিনিময় ; বিনিময়গত ; যার আদান-প্রদান হইয়াছে। "দুষ্টি বিনিময়ে বিনিমিত হিয়া তথা হইল দোঁহার"-আলো ও ছায়া।

বিনিয়ত[বি-নি-যম্(নিবৃত্তি বা উপশম) + ত (র্ম্ম), যাকে নিবৃত্তি করা যায়] বিণ, সংযত। ২ নিরুদ্ধ ; বদ্ধ। ৩ শাসিত। ৪ নিবারিত।

বিনিয়ম [বি-নি-যম্ + অ (ভাং)] বি, বিশিষ্ট নিয়ম। ২ নিবারণ ; নিষেধ। ৩ বিগত নিয়ম ; নিয়মহীনতা ; বিশৃঙ্খলতা।

বিনিয়া, বিনিয়ে-ইনিয়ে বিনিয়ে দ্রঃ।

বিনিযুক্ত [বি (বিশিষ্টরূপে ইং) নি-যুজ্ (নিয়োগ করা) + ত (র্ম্ম), যাকে নিয়োগ করা যায়] বিণ, যার বিনিয়োগ করা হইয়াছে ; নিযুক্ত ; নিয়োজিত। ২ প্রেরিত। ৩ প্রদত্ত ; সমর্পিত। ~ক [অর্থ শাং পরিঃ] বি, রাজ্যশাসন সম্বন্ধীয় কর্ম্মচারী-নিয়োগ-বিভাগের অধ্যক্ষ ; রাজপরিষদ্‌বিঃ minister in charge of appointment. "মহাসামন্ত * * তদাযুক্তক, বিনিযুক্তক প্রভৃতি সকলে উপ-বেশন করিতেছেন।"-মৃণালিনী (বঙ্কিমং)। [দ্রঃ-এই কর্ম্মে নিয়োগকর্ত্তা > জাতীয় পদবী 'নিয়োগী' > গ্রাং নেউগী। এইরূপ দস্তিদার, চাকলাদার, মজুমদার ইং]।

বিনিযোক্তব্য [বি-নিযোক্তব্য] বিণ, বিনিয়োগযোগ্য। ২ প্রেরয়িতব্য।

বিনিয়োগ [বি-নি-যুজ্ (যোগ করা) + অ (ভাং)] বি, প্রেরণ। ২ প্রদান ; অর্পণ। ৩ প্রয়োগ। ৪ নিয়োজন। ৫ আদেশ ; অনুমতি।

বিনিয়োজিত[বি-নি-যুজ্ + ই (ণিচ্) =যোজি (যোগ করান) + ত (র্ম্ম), যাকে (কোন কার্য্যে) নিয়োগ করান যায়] বিণ, নিযুক্ত। ২ আদিষ্ট। ৩ প্রেরিত। ৪ সমর্পিত ; প্রদত্ত। ৫ প্রবর্ত্তিত।

বিনির্গত [বি (বিশিষ্টরূপে) নির্গত (বহির্নিঃসৃত)] বিণ, নিষ্ক্রান্ত ; বহির্গত ; প্রস্থিত ; অপসৃত। ২ নিঃসৃত। বি, বিনির্গম, বিনির্গমন - বহির্গমন ; নিগমন।

বিনির্জ্জিত [বি (বিশিষ্টরূপে ইং)-নির্জ্জিত, যাকে অতিশয় পরাজিত করা হইয়াছে] বিণ, পরাভূত ; পরাজিত। বি, বিনির্জ্জয়।

বিনির্ণয় [বি-বিশিষ্টরূপে ইং)-নির্ণয়] বি, নির্দ্ধারণ ; নির্দ্দেশ ; নিরূপণ ; অবধারণ। বিণ, বিনির্ণীত-বিশেষভাবে অবধারিত ; নির্দ্দিষ্ট। স্ত্রীং ~া।

বিনির্ণায়ক [বি-নির্ণায়ক] বিণ,

বিশেষভাবে নির্দ্ধারণকারী ; অবধারক। ২ [পাটী॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] বি, ইং criterion এর বৈজ্ঞা॰ পরিঃ ; নিকষ (সা॰ প॰ প॰)।

বিনির্ধূ্ত [বি (বিশিষ্টরূপে) যে নির্ধূত (কম্পিত), ধা] বিণ, চলিত ; কম্পিত ; বিক্ষিপ্ত।

বিনিবৃ্ ́/ত্ত [বি-নির্-বৃত্ (হওয়া) + ত (র্তৃ), যে নিবৃত্তি প্রাপ্ত হয়] বিণ, ক্ষান্ত। ২ নিষ্পন্ন ; সমাপ্ত। ৩ দুঃখী ; অসুখী ; শান্তি-সুখে বঞ্চিত। স্ত্রীং ~ত্তা। বি, ~ত্তি।

বিনির্ভয় [বি (বিশিষ্টরূপে) নির্ভয়] বিণ, ভীতিশূন্য ; ভয়হীন ; শঙ্কাহীন। ২ বি, সাধ্যগণবিঃ।

বিনির্ম্মুক্ত [বি-নির্-মুচ্ (মোচন করা) + ত (র্ম্ম), যাকে কোন অবরোধ বা বন্ধন হতে মুক্ত করা গিয়াছে] বিণ, উদ্ধার-প্রাপ্ত। ২ উদ্‌ঘাটিত ; উন্মুক্ত ; অনাবৃত।

বিনিশ্চয় [বি-নিশ্চয়] বি, স্থিরসিদ্ধান্ত ; স্থিরনিশ্চয়;সুমীমাংসা। বিণ, বিনিশ্চি ́ত।

বিনিশ্চল [বি-নিশ্চল] বিণ, অচঞ্চল সুস্থির ; অটল।

বিনিশ্বসন্‌ [মূ॰-শ্বসৎ >] বিণ, দীর্ঘশ্বাস ত্যাগকারী।

বিনিষ্পেষ [বি-নির্ (নিশ্চিতরূপে) পিষ্ (পেষণ করা) + অ (ভা॰)] বি, চূর্ণন ; নিষ্পেষণ। ২ বিনাশ।

বিনিহ ́ত [বি-নিহত (যাকে বিশিষ্টরূপে হিংসা বা বধ করা হইয়াছে)] বিণ, মৃত। ২ বিনষ্ট ; বিনাশিত। ৩ বিধ্বস্ত। ৪ আহত।

বিনী ́ত [বি (বিশিষ্টরূপে ই॰) নী (পাওয়া, শিক্ষা করা, নত হওয়া ই॰) + ত (র্তৃ)] বিণ, বিনম্র ; বিনয়ী ; অনুদ্ধত ; শান্ত ; বিনয়ান্বিত। ২ ধার্ম্মিক ; জিতেন্দ্রিয়। ৩ শিক্ষিত। ৪ স্থানান্তরে নীত। ৫ নিভৃত। ৬ বি, বণিক্। ৭ শিক্ষিত অশ্ব ; সুদ্ধাশ্ব। ~ভাবে-ক্রি-বিণ, বিণয়ের সহিত ; সবিনয়।

বিনীতাত্মা [বিনীত + আত্মা (চিত্ত)] বি, বিনীতচিত্ত ; বিনম্রহৃদয়। ২ প্রশান্তচিত্ত। ৩ ধর্ম্মাত্মা।

বিনীয় ́ [বি-নী + য (র্ম্ম), নিপাতনে] বি, কাপট্য ; ছল। ২ পাপ। ~মান [বিনীত দ্রঃ] বিণ, শিখান যায় বা যাইতেছে এমন।

বিনু [প্রা॰ বাং। বিনা (দ্রঃ) > (কোমলার্থে) বিনু] অ, বিনা ; ভিন্ন ; ব্যতীত। "ত্রিভুবনে ভাগ্যবান নাহি তোমা বিনু।" -শি॰। "মূল বিনু পরধনে মাগয়ে বেয়াজ" -বি॰ প॰। "তুষ্কার চরন বিনু আন নাহি জানি।"-শূ॰ পু॰।

বিনে-বিনি দ্রঃ।

বিনেতা [বিনেতৃ ১মা, ১ব॰। যে বিশিষ্ট-রূপে (শিক্ষা) পাওয়ায়] বিণ, বিনয়কারী। ২ নিয়মকর্ত্তা ; নিয়মাত্মক। ৩ বি, রাজা ; ভূপতি ; শাসক। স্ত্রীং বিনেত্রী।

বিনেয় ́ [বি-নী + য (র্ম্ম), যাকে (জ্ঞান পাওয়ান যায় বা দমন করা যায়] বিণ, যাকে বিনীত করা যায়। ২ শিক্ষণীয় ; দণ্ডনীয়। ৩ বি, দমনীয় ; দম্য। ৪ দণ্ডার্হ ; দণ্ডনীয়। ~মান-শিক্ষ্যমাণ।

বিনোক্তি [অলং শা॰] বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ। বিনা বা তদর্থবাচক পদ দ্বারা কোন বস্তুর শোভনত্ব বা অশোভনত্ব প্রতিপন্ন হইলে বি॰ অলঙ্কার হয়। যথা- "পঙ্ক বিনা যেখানে প্রসন্ন জলাশয়, বিরহ বিহনে প্রেমে মগ্ন যুবদ্বয়। তিমির সঞ্চার বিনা প্রবর্ত্তে রজনী, কণ্টক বিপনী বিনা রমণীয় বনী।" -নি॰ ক॰। "দিনকর ব্যতিরেকে পদ্মিনী মলিনা কুমুদিনী বিষণ্ণবদনা চন্দ্র বিনা।"

বিনোদ [বি-নুদ্ (প্রেরণে, প্রীণনে,) + অ (ভা॰-জ্ঞা॰)] বি, মনস্তুষ্টি। ২ ঔৎসুক্য। ৩ বিহার। ৪ আমোদ-প্রমোদ। ৫ অপনয়ন ; অপনোদন। ৬ রাজগৃহবিঃ। ৭ প্রবোধন ; সান্ত্বনা দান। ৮ বিণ, সুন্দর ; মনোহর। "বিনোদ বলয় করে, বীর বৃদ্ধকায়।"-ধ॰। ৯ [অন্যশব্দে যুক্ত হইলে] বিনোদন ; অপনয়ন-কারী ; অপনোদনকর। "বিরহ-বিনোদ বাণী দিল হে।"-শ্রী॰ কী॰। ~ী-বিণ, আমোদকারী ; সন্তোষদায়ী ; কেলিরত ; বিহারী। (তুল-বিটপ বিনোদী)। > স্ত্রীং বিনোদিনী-আনন্দপ্রদা ; সন্তোষ-দায়িনী ; প্রমোদিনী। ~ন (-দঁ-) [বি-নুদ্ (প্রীণনে, প্রেরণে) + অন (ভা॰)] বি, আমোদিত করণ ; তোষণ। ২ অপনয়ন ; অপনোদন। ৩ বিহার। ৪ আনন্দে কালহরণ। ~বেণী [বিনোদ (সুন্দর) বেণী (সদৃশ)] বি, স্বর্ণহারবিঃ। ~শালা [বিনোদের (আনন্দের) শালা (গৃহ, স্থান), ৬তৎ] বি, আনন্দ বা বিলাস-ভবন। "ভূষণ হাড়ের মালা শ্মশান বিনোদ-শালা হেন শূলী আমার জামাতা।"-কবিক॰।

বিনোদা [বিনোদ (দ্রঃ) + আ (ক্রিয়ায়)। বিনোদি, বিনোদ, বিনোদে, বিনোদিতে ; বিনোদিয়া] ক্রি, আমোদ দেওয়া ; তোষা ; প্রমোদিত করা।

বিনোদিত [বি-নুদ্ + ণিচ্ = নোদি + ত (র্ম্ম)] বিণ, আমোদিত : সন্তোষিত। স্ত্রীং ~া।

বিনোদিয়া [বিনোদা দ্রঃ] বিণ, মনোহর ; সুন্দর। "বিনানিয়া বিনোদিয়া বেণীর শোভায়। সাপিনী তাপিনী তাপে বিবরে লুকায়।"-অ॰ ম॰। "খসলো বেণী বিনোদিয়া"-অবসর॰। "রাধা বিনোদিয়া" -ব্রজাঙ্গনা॰। ২ ক্রি, বিনোদন করিয়া।

বিন্তি, -ন্তী-বি, তাসের খেলাবিঃ ; দুইজনে এই খেলা খেলিতে হয়, ইহা প্রায় গ্রাবু খেলার মত ; গ্রাবু খেলায় ৩ খানি তাস একসঙ্গে হওয়া। "এ মধ্যাহ্নকালে তারা বিন্তি গ্রাবু পাশা খেলিতে আসিয়াছিল।" -দেবেন্দ্র সেন।

বিন্দ-বিন্ধ দ্রঃ।

বিন্দা১ [বৃন্দা > প্রা॰ বিন্দে] বি, বৃন্দা। "যেমন বিন্দার গোপাল"-মাণিক॰ গান।

বিন্দা২ [বিন্ধা (দ্রঃ) > বিন্দা (ধ=দ) > প্রা॰ বিঁদা, বেঁদা। বিন্দি, বিন্দ, বিন্দে ই॰] ক্রি, বিদ্ধ করা। বিন্দিমু-বিদ্ধ করিব। "নহিলে বিন্দিমু আজি ঠেকিলে বিপাকে।" -চণ্ডী॰ (হরিরাম)।

বিন্দু [বিন্দ্ (অবয়বীভূত হওয়া) + উ (র্তৃ-জ্ঞা॰) নিপাতনে সিদ্ধ] বি, কণিকামাত্র। ২ ক্ষুদ্র চিহ্ন। ৩ অনুস্বার। ৪ বীর্য্য ; শুক্র। "অমোঘ শিবের বিন্দু তাই হৈল গুণসিন্ধু,

হয় মুখ কুমার কার্ত্তিক।" ৫ তরল দ্রব্যের অত্যল্প অংশ ; ফোঁটা ; টোসা। ৬ [জ্যা॰] যার অংশ পরিমাণ নাই, বা দৈর্ঘ্য-বিস্তার-বেধহীন অবস্থিতির জ্ঞাপক মাত্র ; ইং point এর বৈজ্ঞা॰ পরিঃ। ~ক [সং] বি, ক্ষুদ্র চিহ্ন। ~চিত্রক [বিন্দু (ক্ষুদ্র চিহ্ন) চিত্রক (যে চিত্র করে)] বিণ, বিন্দু রচনাকারী ; চিত্রকর। ২ [বিন্দুর ন্যায় (ক্ষুদ্র ক্ষুদ্র) চিত্রক (দাগ) আছে যার, বহু॰] বি, চিত্রমৃগ। ~জাল, ~জালক [বিন্দু (ক্ষুদ্র ক্ষুদ্র দাগের) জাল (সমূহ), + ক(স্বার্থে), ৬তৎ] বি, বিন্দু সমূহ। ২ হস্তীর গণ্ডস্থল। ~পাত-বি, বিন্দুপতন ; ফোঁটাপতন। ২ শুক্রপতন। ~বিন্দু [উপর্য্যুপরি অর্থে দ্বিত্ব] বিণ, ফোঁটা ফোঁটা ; টোসা টোসা ; ক্রমান্বয়ে ফোঁটার পর ফোঁটা। ২ অল্প অল্প। ~বিসর্গ [বিন্দু (অনুস্বার) ও বিসর্গ] বি, অনুস্বার ও বিসর্গ। ২ [লক্ষ॰] কোন কিছুর অতি সামান্য অংশ ; কোন ঘটনার অত্যল্প সংবাদ ; কিঞ্চিন্মাত্র। ~মাত্র-বি, লেশমাত্র ; একটুও ; যৎসামান্য। "উহাদ্বারা বিন্দুমাত্রও উপকারের সম্ভাবনা নাই"-আ॰ শক্তি, ১৩৩৪। ~সরঃ -সর [বিন্দুসরস্ বিন্দু (এই নামে) যে সরস্ (সরোবর), ধা] বি, তিব্বত দেশান্তর্গত প্রসিদ্ধ সরোবর। ~সার-বি, নরপতিবিঃ ; মগধের সুবিখ্যাত নৃপতি অশোকের পিতা। অধোবিন্দু [জ্যো॰ (ক॰ বিশ॰ পরিঃ)] ইং descending node এর বৈজ্ঞা॰ পরিঃ। আদিবিন্দু [জ্যো॰] বি, মেষবিন্দু ; ইং first point of Aries এর বৈজ্ঞা॰ পরিঃ। উদ্বিন্দু [জ্যো॰] বি, ইং ascending node এর বৈজ্ঞা॰ পরিঃ। কুবিন্দু [জ্যো॰] ইং nadir এর বৈজ্ঞা॰ পরিঃ। ক্রান্তিবিন্দু [জ্যো॰] ইং equinoctial point এর বৈজ্ঞা॰ পরিঃ। তুলাবিন্দু [জ্যো॰] ইং first point of Libra র বৈজ্ঞা॰ পরিঃ। পরিণাম বিন্দু [জ্যা॰ (ক॰ বিশ॰ পরিঃ)] ইং limiting point এর বৈজ্ঞা॰ পরিঃ। মূলবিন্দু [বীজ গ॰ (ক॰ বিশ॰ পরিঃ)] ইং origin এর বৈজ্ঞা॰ পরিঃ। লম্ববিন্দু [জ্যা॰] বি, ইং orthocentre এর বৈজ্ঞা॰ পরিঃ। সংপাতবিন্দু [জ্যা॰] ইং point of concurrency র বৈজ্ঞা॰ পরিঃ। সাম্যবিন্দু [জ্যো॰] ইং similitude এর বৈজ্ঞা॰ পরি॰। সুবিন্দু [জ্যো॰] খমধ্য ; ইং zenith এর বৈজ্ঞা॰ পরিঃ। স্থিরবিন্দু [জ্যো॰] ইং stationary point এর বৈজ্ঞা॰ পরিঃ।

বিন্ধ, বিন্দ [প্রা॰ বাং। আধু॰ বিঁধ (পূ॰ বঙ্গে)] বি, রন্ধ্র ; ছেদ ; বিঁধ ; ছিদ্র। "সাত গুটি বিন্দু ভাত করি আম্বপাম।" -শ্রী॰ কী॰। ~তেঁ [প্রা॰ বাং-র ৭মী বিভক্তি] অ, ছিদ্রতে ; রন্ধ্রে। "বাঁশীর বিন্দত, মুখ সংযোজিআঁ, সপত কর বাজাএ।"-শ্রী॰কী॰।

বিন্ধসালী-বি, ধান্যবিঃ। "উড়াসালী বিন্ধসালী আর লাউসালী। নানা ধান বুনেন পরভু ধান জে ভাদোলী॥"-শূ॰ পু॰।

বিন্ধা [ব্যধ্ (বেধনে), বিধ (ছিদ্রীকরণে) >। বিন্ধি, বিন্ধ (প্রা॰বাং বিন্দই। "একে শরসন্ধানে বিন্দহ * *"-চ॰ পদ॰ ২৮।৬)। বিন্ধে ; বিন্ধিতে ; বিন্ধিয়া (কে॰ পদ্যে-বিন্ধি)। আধু॰ বিঁধা > বেঁধা > প্রা॰ বিঁদা, বেঁদা] ক্রি, বেঁধা ; বিদ্ধ করা ; বসা ; ভিতরে প্রবেশ করা। "রৌদ্র নাহি পায় কেশ শিরে বিন্ধে পানী"-কবিক॰। বিঁধ; ছিদ্র। "ছুঁদিগে ছুশলি দিয়া যোআলে কৈল বিন্ধা॥"-শিবের গান (বং॰ সা॰ পরিচয়)।

বিন্ধ্য [বি (বিরুদ্ধ)-ধ্যৈ (চিন্তা করা) + অ (র্তৃ), নিপাতন-সিদ্ধ। যে সূর্য্যের গতি রোধ করিবার জন্য বিপরীত অর্থাৎ অত্যন্ত উন্নত হতে কামনা করিয়াছিল] বি, বিন্ধ্যগিরিমালা, ইহা ভারতবর্ষের ঠিক মধ্যস্থলে অবস্থিত হইয়া আর্য্যাবর্ত্ত হতে দক্ষিণাবর্ত্তকে পৃথক্ করিতেছে। ২ [ব্যধ্ (ভেদ করা) + য (র্তৃ) নিপাতন-সিদ্ধ] ব্যাধ। ~কূট-বি, অগস্ত্য মুনি। পুরাণমতে অগস্ত্যমুনি বিন্ধ্যগিরির গুরু [অগস্ত্য দ্রঃ]। ~বাসী [বিন্ধ্যবাসিন্ ১মা, ১ব॰] বি, বিন্ধ্যপর্ব্বতবাসী মুনিবিঃ। ২ বিণ, বিন্ধ্যপর্ব্বতে বাসকারী। > স্ত্রীং ~বাসিনী-দুর্গা। ২ বিণ, বিন্ধ্যপর্ব্বত নিবাসিনী।

বিন্ধ্যা/চল [বিন্ধ্য + অচল] বি, বিন্ধ্যগিরি ; বিন্ধ্যপর্ব্বতশ্রেণী। ~টবী [বিন্ধ্য + অটবী] বি, বিন্ধ্যারণ্য ; বিন্ধ্যগিরিস্থ অরণ্য ; বিন্ধ্যপর্ব্বত মধ্যস্থ বন। বলী [বিন্ধ্য (পর্ব্বতবিঃ) + আবলী (শ্রেণী)] বি, বিন্ধ্যগিরিমালা। ২ বাণ রাজার মা।

বিন্ন১ [বিদ্ (লাভ ই॰) + ত (র্ম্ম)] বিণ, প্রাপ্ত। ২ বিচারিত। ৩ পরিণীত।

বিন্ন২ [সং-বিনা > হিং বিন > বিকারে বাং-র-বিন্ন। প্রা॰ বাং। ব্রজ॰ বিনু] অ, ব্যতীত ; বিনা ; ছাড়া। "অন্ন বিন্ন নাহি দান।"-ডাক।

বিন্ন৩-বেণি দ্রঃ।

বিন্না, বিন্নে [প্রাদে॰ বগুড়া] বি, বেণা ; উশীর। প্র-বিন্নে ঘাসের পাখা।

বিন্নি [প্রা॰ বাং। প্রাদে॰ গ্রা॰। তুল-পাহাড়ী গ্রা॰ হিং ইত্তি (এদিকে)-উত্তি (ওদিকে)। ত্তি=ন্নি। উ=ব] ক্রি-বিণ, ওদিকে। "ইন্নি কাটে বিন্নি কাটে রক্ত পড়ে ধারে।"-মাণিক॰ গান।

বিন্যস্ত [বি (বিশিষ্টরূপে) যে ন্যস্ত (যা স্থাপন করা হইয়াছে কিম্বা রচিত বা বিক্ষিপ্ত হইয়াছে), ধা] বিণ, বিক্ষিপ্ত। ২ যথাক্রমে রচিত ; ৩ অর্পিত ; স্থাপিত।

বিন্যাস [বি-নি-অস্ + অ (ভা॰)] বি, রচনা ; সজ্জা। ২ রক্ষণ ; স্থাপন। ৩ গ্রন্থন। ৪ [বীজ গ॰ (ক॰ বিশ॰ পরিঃ)] ইং permutation এর বৈজ্ঞা॰ পরিঃ।

বিপক্ক [বি (বিশেষ) পক্ক] বি পরিপক্ক ; সুপক্ক।

বিপক্ষ [বি (বিরুদ্ধ) যে পক্ষ (সহায় বা আশ্রয়), ধা] বি, বিরুদ্ধপক্ষ ; অনিষ্টকারী ; প্রতিপক্ষ ; শত্রু। ২ [বি (নাই) পক্ষ (পাখা) যার, বহু॰] বিণ, পক্ষরহিত ; যার পক্ষ বা ডানা নাই। ~তা [বিপক্ষ + তা (ভা॰) বিপক্ষের বৃত্তি বা ধর্ম্ম] বি, প্রতিকূলতা ; শত্রুতা ; বৈরিতা। ~দল-বি, শত্রুপক্ষ ; প্রতিপক্ষসমূহ। ~পাত-বিণ, পক্ষপাতশূন্য ; অপক্ষপাত। ~পাতী-বিণ, বিরোধী; বিপরীত মত সমর্থক ; অপরপক্ষাবলম্বী। "তিনি অবরোধ প্রথায় বিপক্ষপাতী ছিলেন" -যুগমানব (বী॰ দত্ত)।

বিপক্ষীয় [বিপক্ষ+ঈয়] বিণ, অপর বা বিরুদ্ধ পক্ষ সম্বন্ধীয়।

বিপঞ্চিকা [বিপঞ্চী দ্রঃ] বীণ ; বীণা। ২ বংশী ; বাঁশী।

বিপঞ্চী [বি (বিশিষ্টরূপে ইং) পনচ্ +ই (ণিচ্)=পঞ্চি (শব্দ বিস্তার করা)+অ (র্ত্তৃ) যে উত্তম শব্দ বিস্তার করে+ঈ (স্ত্রীং)] বি, বীণা। ২ বেণু ; বাঁশী।

বিপ/ণ [বি-পণ্ (ক্রয় বিক্রয় করা)+অ (ভাং)] বি, বিক্রয়ের ফুরান ; বিক্রয় ; বেচা। ~**ণি** [বি (বিবিধপ্রকারে ইং)-পণ্ +ই (ধি), যে স্থানে বিক্রয়ের বস্তু থাকে] বি, দোকান ; বিক্রয় গৃহ : পণ্যবীথিকা ; হট্ট ; হাট ; বাজার। ২ বি, বিপণী। ~**ণন** [বি-পণ+অন (ভাং)] বি, বিক্রয়। ~**ণী** (-পি-) [বিপণ (ব্যবসায়) +ইন্(স্ত্যং)=বিপণিন্ >, যার বিপণ অর্থাৎ ব্যবসায় আছে] বি, বণিক্ : ব্যবসাদার ; ব্যবসায়ী ; কারবারী।

বিপৎ [সং] বি, বিপদ ; বিপত্তি ; সঙ্কট। ~**কাল**-বি, আপদকাল ; সঙ্কটসময়। ২ দুর্দ্দশার দিন। ~**পাত**-বিপদ সংঘটন। ~**সাগর**-বি, মহাবিপদ ; সঙ্কটসমুদ্র।

বিপতি [প্রাং বাং। বিপৎ+ই (৭মী বিভক্তি)] বি, বিপদে ; বিপত্তিতে। "বিপতি পড়ল রাধা"-বিং পং।

বিপত্তি [বি (বিপরীত) পদ্ (গমন করা বা প্রাপ্ত হওয়া) + তি (ভাং)। প্রাং বিপত্ত, বিপত্য। "বিপত্যে না আইসে যদি কি মোর চাকর"-মাণিকং] বি, আপদ্ ; বিপদ্। ২ নাশ ; ক্ষয়। ৩ দুরবস্থা ; দুর্দ্দশা। ~**কর** বিণ, বিপজ্জনক। ~**কাল**-বি, আপৎকাল। ~**খণ্ডন** [বিপত্তির খণ্ডন, ৬তৎ] বি, বিপৎনাশন ; আপদ দূরীকরণ। ~**নাশন**, ~**ভঞ্জন**-বিণ, বিপদভঞ্জন ; আপদবিনাশন। ~**সাগর**-বি, সমুদ্রের ন্যায় অসীম বিপদ ; আপৎসাগর।

বিপত্নীক [বি (বিগত, মৃত) + পত্নী যার, বহুং] বিণ, যার পত্নী বিয়োগ হইয়াছে ; পত্নীহীন।

বিপথ [বি (বিরুদ্ধ) যে পথ, ধা] বি, কুপথ ; মন্দপথ ; অসৎপথ ; নিন্দিতপথ। ~**গামী**-বিণ, অসৎপথাবলম্বী ; কুপথগামী ; অসদাচারী। > স্ত্রীং ~**গামিনী**।

বিপদ [বি (বিপরীতরূপে ইং) পদ্ (প্রাপ্তি) + ক্বিপ্(ভাং)] বি, আপদ ; বিপত্তি। ২ দুর্দ্দশা। ৩ মরণ ; বিনাশ। ~**গর্ভ** [বিপদ্ গর্ভে যার] বিণ, বিপদাত্মক ; বিপদ-পূর্ণ। ~**গ্রস্ত** [বিপদ দ্বারা গ্রস্ত (অভিভূত), ৩তৎ] বিণ, দুর্দ্দশাপন্ন ; বিপন্ন ; আপদ্গ্রস্ত। ~**পূর্ণ** [বিপদ দ্বারা পূর্ণ, ৩তৎ] বিণ, সঙ্কট-পূর্ণ ; বিপত্তিবহুল। ~**ভঞ্জন** [বিপদের ভঞ্জন, ৬তৎ] বি, যিনি বিপদ নাশ করেন ; পরমেশ্বর। ২ আপদ-বিনাশন ; বিপদ দূরীকরণ। ৩ বিণ, বিপদ বিনাশকারী ; আপদ নিবারক। ~**সঙ্কুল** [বিপদ দ্বারা সঙ্কুল, ৩তৎ] বিণ, বিপদপূর্ণ ; বিপত্তিবহুল ; সঙ্কটাপন্ন।

বিপদাত্মক [বিপদ+আত্মক] বিণ, বিপদগর্ভ ; যার মধ্যে বিপদ আছে ; বিপজ্জনক।

বিপদাপদ [বিপদ+আপদ । সহং দ্বয়। তুল-দুঃখ কষ্ট] বি, সঙ্কট ; আপদ বিপদ।

বিপদাপন্ন [বিপদ (কে)+আপন্ন (প্রাপ্ত), ২তৎ] বিণ, আপদগ্রস্ত ; বিপন্ন ; সঙ্কটাপন্ন।

বিপদুদ্ধার [বিপৎ+উদ্ধার] বি, বিপন্মুক্তি ; সঙ্কটমোচন : বিপদ হতে পরিত্রাণ।

বিপদ্রহিত [বিপৎ+রহিত] বিণ, আপদশূন্য ; বিপত্তিরহিত ; আপদহীন।

বিপন্ন [বি-পদ্+ত (র্ত্তৃ), যে বিপদপ্রাপ্ত হয়। এই অর্থে ব্যাপন্ন ওং] বিণ, বিপদে পতিত ; বিপদগ্রস্ত ; দুরবস্থাপন্ন ; দুর্দ্দশাগ্রস্ত। ২ [বিগত (নাই) পদ্ (পা) যার, বহুং। রূঢ়ি সংজ্ঞা] বি, সর্প। স্ত্রীং ~**া**-বিপদে পতিতা।

বিপরিণত [বি-পরি=নম্ (বিপরীত হওয়া) +ত (র্ত্তৃ), যে বিপর্য্যয়প্রাপ্ত হয়] বিণ, বিপর্য্যস্ত। ২ পরিবর্ত্তিত।

বিপরিণাম [বি (বিরুদ্ধ) পরিণাম] বি, বিপর্য্যাস ; বৈপরীত্য ; পরিবর্ত্তন। ২ [বি (বিষম) + পরিণাম, ধা] মৃত্যু ; বিনাশ। ~**ী** [বিপরিণামিন্। বিপরিণাম (পরিবর্ত্তন) + ইন্ (স্ত্যং), যার পরিবর্ত্তন আছে] বিণ, পরিবর্ত্তন-শীল ; বিপরীত দশাযুক্ত ; পরিণামে অবস্থান্তর্গত। ~**শীল**-বিপরিণামী। "নভোমণ্ডল শূন্য নহে ; সুতরাং উহা বিপরিণামশীল।"-নায়ক, অগ্রং, ১৩২৬।

বিপরিবর্ত্তন [বি (বিশিষ্টরূপ) যে পরিবর্ত্তন (বদলান), ধা] বি বিপর্য্যাস; ঘুরান ফিরান ; বদলান।

বিপরীত [বি-পরি (বিরুদ্ধরূপে ইং) ই (গমন করা বা পাওয়া) +ত (র্ত্তৃ), যে বিপর্য্যয়-প্রাপ্ত হয়] বিণ, বিরুদ্ধ ; বিপর্য্যয় ; প্রতিকূল ; উল্টা। ২ অসাধারণ। "বিং কর্ম্ম করিতে চাঁদ ভাল জানে" -মনসা মং (বিজয়ং)। ৩ [প্রাং বাং-বিপরিত। (১) অস্বাভাবিক। "সব বিপরিত দেখোঁ দেহ ভারে"-শ্রীং কীং। (২) নিদারুণ। "বিধি বিপরিত ভৈল"-শ্রীং কীং] ৪ ভয়ঙ্কর ; ভীষণ। "বিং ডাক ছাড়ি ছাড়িলেক প্রাণ"-কৃত্তিং। ৫ অসঙ্গত। "হেন বিপরীত বাণী"-শ্রীং কীং। ৬ নিম্ন শীর্ষ। "উরু শোভে বিপরীত রামকদলী।" -শ্রীং কীং। ৭ আশ্চর্য্য। "শুনি যত নড়ের বংশ হইল বিং"-পূং বং গীং। ৮ [তং বিং পরিঃ] বি, যে দুটি একসঙ্গে সত্য হতে পারে না কিন্তু মিথ্যা হতে পারে ; পরস্পর বিরোধী বাক্য contrary proposition. ৯ [পাটীং (কং বিশ্বং পরিঃ)] ইং reciprocal এর বৈজ্ঞাং পরিঃ ; ব্যুৎক্রম (হিং কোং)। ১০ [জ্যাং। of angle] ইং opposite এর বৈজ্ঞাং পরিঃ ; ইং converse এর বৈজ্ঞাং পরিঃ। ~**করণী** [বীজ গং (কং বিশ্বং পরিঃ)] ইং conjugate surd এর বৈজ্ঞাং পরিঃ। ~**ক্রিয়া** [বীজ গং (কং বিশ্বং পরিঃ)] ইং invertendoর বৈজ্ঞাং পরিঃ। ~**গতি**-স্রোতের উজান গতি। ২ প্রতিকূল গতি। ~**প্রতিজ্ঞা** [জ্যাং (কং বিশ্বং পরিঃ)] ইং converse proposition এর বৈজ্ঞাং পরিঃ। ~**বুদ্ধি**-ভ্রান্ত মতি ; দুর্ব্বুদ্ধি। "আসন্ন-কালে বিং বুদ্ধি।"-প্রবাদ। ~**শ্রেণী** [বীজ গং (কংবিশ্বং পরিঃ)] ইং harmonic series এর বৈজ্ঞাং পরিঃ।

বিপর্ণক [বিপর্ণ+ক (জ্ঞাং)] বি, পলাশগাছ।

বিপর্য্য(া)য় [বি-পরি (বিপরীতরূপে ই°)+ই (গমনে)+অল,ঘঞ্(ভা°)] বি, বৈপরীত্য ; ব্যত্যয় ; ব্যতিক্রম ; উল্টাপাল্টা। "জরা হেতু সভাকার বিপর্য্যয় বেশ। এলান *কবরী তার নাহি বান্ধে কেশ।"-কবিক°। ২ বিনাশ। ৩ [সুশ্রুত] বাক্যমধ্যস্থ পদগুলি যখন বিপরীত বা সম্পূর্ণ ভিন্নার্থ দ্যোতনা করে তখন তাহা বি° বলিয়া উক্ত হয় reverse [দ্রঃ- "emaciated, weak and frightened persons are very difficult to be medically treated, the opposite sense becomes evident, viz., that strong and such like persons are very easy to be medically treated"—Sushruta.]

বিপর্য্যস্ত [বি-পরি (বিরুদ্ধপ্রকারে ই°)-অস্ (ক্ষেপণ করা ই°)+ত (র্ম্ম), যে বিপর্য্যয়প্রাপ্ত হয়] বিণ, বিপর্য্যয়গত ; ব্যতিক্রমপ্রাপ্ত ; ব্যতিক্রান্ত ; উল্টা।

বিপর্য্যায়-বি, বিপর্য্যয় দ্রঃ।

বিপর্য্যাস [বি-পরি (বিপরীত রূপে ই°)-অস্+অ(ভা°)] বি, ব্যতিক্রম ; বৈপরীত্য।

বিপল [বি (বিভক্ত) পল (দণ্ডের ৬০ ভাগের ১ ভাগ), যা] বি, কালের সূক্ষ্ম অংশ ; এক পলের ৬০ অংশের এক অংশ।

বিপশ্চিৎ [বি-প্র (প্রকৃষ্টরূপে)-চি (সংগ্রহ করা)+ক্বিপ্ (র্ত্তৃ, ভা°), ৎ আগম, নিপাতনসিদ্ধ, যে অতি কঠিন বিদ্যাকে সংগ্রহ করে] বি, পণ্ডিত ; বিজ্ঞ ; বিদ্বান্।

বিপাক [বি (বিবিধপ্রকারে ই°) পচ্ (পাক করা)+অ (ভা°)] বি, বিশিষ্ট রন্ধন। ২ পরিণাম। ৩ কর্ম্মের বিপরীত ফল বা বিপরিণাম। ৪ কর্ম্মফল। "লইয়া তাহার ধন, বিপাকে আইল বন, আমার দুঃখের অবশেষে।" -কবিক°। ৫ ভোগ। ৬ পরিপাক ; পক্বতা। ৭ দুর্গতি ; বিড়ম্বনা ; বিপদ ; বিপত্তি। "এমন বিপাকে আর কভু ঠেকি নাই।"-অ° ম°।

বিপাকিয়া, বিপাক্যা [বিপাক (বিপদ)+ইয়া(জনকার্থে)] বিণ, বিপত্তিকর ; বিপজ্জনক। "পুড়া পায়া মস্তক পাবক পায়া আঁখি। এমন বিপাক্যা বাঘ বিশ্বে নাহি দেখি।"-শি°।

বিপাট [বি (বিশিষ্টরূপে ই°) পট্ (গমন করা, বিদীর্ণ করা ই°)+অ] বি, বাণ।

বিপাটন [বি (বিশিষ্টরূপে ই°) পট্+ই (ণিচ্)=পাটি (বিদীর্ণ করান)+অন(ভা°)] বি, ভেদন ; বিদারণ। বিণ, **বিপাটিত**।

বিপাঠ [বি (বিশিষ্টরূপে ই°) পঠ্ (ব্যক্ত করা)+অ] বি, শর ; বাণ ; তীর।

বিপাণ্ডুর [বি (বিশিষ্টরূপ) যে পাণ্ডুর (শ্বেতবর্ণ ও ঈষৎরক্তবর্ণ মিশ্রণে যে বর্ণ হয়), যা] বিণ, অতিশয় পাণ্ডুবর্ণ ; ফেকাশিয়া।

বিপাদন [বি(বিবিধপ্রকারে ই°) পদ্+ই (ণিচ্)=পাদি (গমন করান, যাওয়ান)+অন (ভা°)] বি, হত্যা ; বধ। ২ অন্যের অনিষ্ট চিন্তন ; ব্যাপাদন।

বিপাদিকা [বি-পদ্+অক (র্ত্তৃ) আ (স্ত্রীং)] বি, প্রহেলিকা। ২ পা ফাটা রোগ।

বিপাদিত [বি (বিশিষ্টরূপে ই°) পদ্+ই (ণিচ্)=পাদি (গমন করান ই°)+ত (র্ম্ম), যা বিনাশ করা যায়] বিণ, বিনাশিত ; বিনষ্ট।

বিপাশ-বি, পঞ্জাবের অন্তর্গত নদীবিঃ [প্রাচীন নাম বিপাশা]।

বিপাশা [বি (বিগত) পাশ+আ-পুত্রশোকে বশিষ্টদেব স্বয়ং পাশবদ্ধ হইয়া যে নদীতে নিমগ্ন হইয়াছিলেন, সেই নদীই তাঁহাকে পাশমুক্ত করায় এই নাম] বি, প্লক্ষদ্বীপস্থ নদীবিঃ ; পঞ্চনদস্থ বিয়াস নদী। the Beas.

বিপি [হুগলী প্রাদে°] বি, ধান্যপরিমাণ।

বিপিন [বেপ্ (কম্পনে)+ইন (র্ত্তৃ) নিপাতনসিদ্ধ, যথায় পত্র পল্লবাদি সর্ব্বদা কম্পিত ও আন্দোলিত হইয়া থাকে] বি, অরণ্য ; বিটপী ; বন। ~**বিহারী**-বিণ, কাননচারী ; বনবিহারী। ২ বি, কৃষ্ণের নামান্তর। ~**সোঁ** [ব্রজ°। প্রা° বাং। হি° সে, সোঁ >] অ, বন হইতে।

বিপুল [বি (বিশিষ্টরূপে ই°) পুল্ (বড় হওয়া)+অ (র্ত্তৃ), যে বড় হয়] বিণ, বৃহৎ। ২ মহৎ। ৩ প্রশস্ত। ৪ গভীর ; অগাধ। ৫ বিশাল। "বি° গভীর মধুর মন্দ্রে কে বাজাবে সেই বাজনা"-রবী°। > স্ত্রীং ~া১। ৬ বি, হিমালয়। ৭ সুমেরু। ৮ মহাবাহু ব্যক্তি। ~**তা** (-র্ণ-) বি, বিশালতা। ~**কায়** [বিপুল (প্রকাণ্ড) কায়া যার, বহু°] বিণ, বৃহৎ দেহধারী ; বৃহৎ শরীরবিশিষ্ট। > স্ত্রীং ~**কায়া**। ~**গিরি**-মগধ দ্রঃ। ~**রস**-বি, ইক্ষু।

বিপুলা২-বি, বেহুলা। "বি° বি° করি ডাকে লক্ষ্মীন্দর।"-মনসা ম° (নারায়ণ দেব, ব° সা° পরিচয়)।

বিপ্র [বি (বিশিষ্টরূপে ই°) প্রা (পূরণ করা)+অ(র্ত্তৃ), যে যজনাদি ষট্‌কর্ম্ম পূরণ করে। প্রা° বিপ্প] বি, বেদজ্ঞ ব্রাহ্মণ ; দ্বিজোত্তম ~**পাদোদক**-বি, ব্রাহ্মণের পদধৌত জল ; ব্রাহ্মণের পাদক জল।

বিপ্রকর্ষ [বি (বিপরীত) প্র (বিশিষ্ট ই°) কৃষ্ (আকর্ষণ করা)+অ (ভা°)] বি, দূরত্ব ; ব্যবধান।

বিপ্রকর্ষণ [বি (বিপরীত) প্রকর্ষণ (আকর্ষণ)] বি, আকর্ষণের বিপরীত ; বিপরীত দিকে আকর্ষণ ; আপনার প্রতিকূলে আকর্ষণ ; বিকর্ষণ repulsion. ২ দূরত্ব। ~**শক্তি**-বি, যে শক্তি পরমাণুকে পরমাণু হতে পৃথক্ করে ও দূরে রাখে ; পরমাণু সকলের মধ্যে পরস্পর বিকর্ষক শক্তি।

বিপ্রকার [বি (বিরুদ্ধ)-প্রকার] বি, তিরস্কার। ২ অনিষ্ট ; অপকার। ৩ দৌরাত্ম্য ; উপদ্রব।

বিপ্রকীর্ণ [বি-প্র (বিভিন্নপ্রকারে বা চতুর্দ্দিকে)-কৃ (ক্ষেপণ করা)+ত (র্ম্ম)] বিণ, বিপর্য্যস্ত ; ইতস্ততঃ বিক্ষিপ্ত ; চতুর্দ্দিকে ছড়ান।

বিপ্রকৃত [বি-প্র-কৃ (হেয়জ্ঞান করা)+ত (র্ম্ম), যাকে হেয়জ্ঞান করা যায়] বিণ, অপমানিত ; তিরস্কৃত। ২ অপকৃত ৩ উপক্রান্ত।

বিপ্রকৃষ্ট [বি (বিপরীতদিকে)-প্রকৃষ্ট] বিণ, সুদূরস্থিত ; দূরবর্ত্তী। ২ বিপরীতদিকে বা প্রতিকূলে আকৃষ্ট।

বিপ্রচণ্ড [বি-প্রচণ্ড] বিণ, মহাতেজস্বী। "তার সুত হৈল বাহু, বি° যেন রাহু, অবনীপালেন চিরকাল।"-কবিক°।

বিপ্রচিত্ত,-চিত্তি [পু°] বি, দনু নামক দানবের পুত্র।

বিপ্রতিপত্তি [বি (বিপরীত) যে

প্রতিপত্তি (জ্ঞান), ধা] বি, সংশয় ; সন্দেহ। ২ বিরোধ। ৩ বৈসাদৃশ্য। ৪ ভেদ ; পার্থক্য।

বিপ্রতিপন্ন [বি (বিপরীত রূপ) প্রতিপন্ন (অবধারিত)] বিণ, বিরুদ্ধ। ২ সন্দিগ্ধ। ৩ বিসদৃশ। ৪ ভিন্ন। ৫ অনবধারিত।

বিপ্রতিষিদ্ধ [বি (বিশিষ্টরূপে) প্রতিষিদ্ধ(নিষিদ্ধ)] বিণ, নিষিদ্ধ। ২ বিরুদ্ধ।

বিপ্রতিষেধ [বি (বিশিষ্টরূপে) প্রতিষেধ (নিষেধ)] বি, তুল্যবল বিরোধ। ২ সম্যক্ নিবারণ।

বিপ্রতিসার [বি (বিপরীত প্রকার) প্রতি (অভিমুখে) সার (গমন)] বি, ক্রোধ ; কোপ। ২ গতানুশোচনা ; পশ্চাত্তাপ।

বিপ্রতীপ [বি (বিশিষ্টরূপে) প্রতীপ (বিপরীত)] বিণ, প্রতিকূল।

বিপ্রদুষ্ট [বি-প্র-দুষ্ট] বিণ, পাপিষ্ঠ ; অধার্ম্মিক।

বি-প্রদেশী [বি-প্রদেশ+ইন্ (নিব-সার্থে)] বিণ, দূর প্রদেশান্তর বাসী ; বহু দূর দেশবাসী। "শুধু বিদেশী লোকেরা নহে, বি-প্রদেশী লোকেরাও বাঙ্গলাদেশে নানা পণ্য দ্রব্যের কারখানা খুলিয়া লাভবান হইতেছে।" প্রবাসী, শ্রাবণ, ১৩৩৬।

বিপ্রবর [বিপ্র-বর (শ্রেষ্ঠ)] বি, দ্বিজোত্তম ; ব্রাহ্মণশ্রেষ্ঠ।

বিপ্রবাস [বি (বিশিষ্টরূপ) যে প্রবাস (বিদেশে থাকা)] বি, দেশান্তরে অবস্থিতি ; বিদেশবাস।

বিপ্রবাসন [বি-প্র-বস্-ই (ণিচ্)-বাসি (বিদেশে বাস করান)+অন (ভা॰)] বি, নির্ব্বাসন।

বিপ্রবুদ্ধ [বি (বিশিষ্টরূপে) যে প্রবুদ্ধ (জাগরিত)] বিণ, বিনিদ্র ; নিদ্রাহীন ; জাগরিত।

বিপ্রয়াণ [বি-প্র-যা (গমন করা)+অন (ভা॰)] বি, প্রস্থান ; পলায়ন।

বিপ্রযুক্ত [বি (বিশিষ্টরূপে) যে প্রযুক্ত (পৃথক্ স্থিত)] বিণ, বিশ্লিষ্ট ; বিযুক্ত ; পৃথগ্-ভূত ; বিরহিত।

বিপ্রয়োগ [বি (বিগত) প্রয়োগ (সংযোগ)] বি, পার্থক্য ; ভিন্নভাব। ২ বিবাদ ; বিরোধ। ৩ বিচ্ছেদ ; বিরহ।

বিপ্রলব্ধ [বি-প্র-লভ্ (লাভ করা, বঞ্চনা করা)+ত (র্ম্ম), যাকে বঞ্চনা করা গিয়াছে] বিণ, প্রতারিত ; বঞ্চিত ; ছলিত। ২ [অলং শা॰ পরিঃ] নায়কভেদ ; যে নায়ক গোপনে ও ছদ্মবেশে সঙ্কেত স্থানে অন্য নায়িকার সহিত মিলিত হইবার আশায় গমন করিয়া ব্যর্থ মনোরথ হয়। স্ত্রীং ~া [অলঙ্কার শাস্ত্রীয় পরিঃ] বি, নায়িকাভেদ। "সঙ্কেত স্থানেতে গিয়া নাহি পায় পতি। বিপ্রলব্ধা তারে বলে পণ্ডিত সুমতি।"-ভারত॰। "উৎকণ্ঠিতা বিপ্রলব্ধা এক দিনো নও।"-ঐ।

বিপ্রলম্ভ [বি-প্র-লভ্ (লাভ করা, বঞ্চনা করা ইং॰)+অ (ভা॰)] বি, কলহ ; বিবাদ। ২ ছলনা ; প্রতারণা। ৩ বিরহ ; বিয়োগ। ৪ শৃঙ্গার রসবিঃ। ৫ বিরুদ্ধকর্ম্ম।

বিপ্রলাপ [বি (বিপরীত) প্রলাপ (বাক্য)] বি, নিরর্থক কথন। ২ বৃথাবাক্-কলহ ; বিসংবাদ ; মতভেদ নিমিত্ত বিরোধ।

বিপ্রলিপ্সা [সং] বি, বিরুদ্ধবচন ; বিরোধোক্তি ; উদ্দিষ্ট অর্থ সূচিত না হওয়া। ২ [বৈষ্ণব সা॰] অন্যত্র চিত্তবিক্ষেপ। "ভ্রম প্রমাদ বিপ্রলিপ্সা করণাপাটব ; আর্য্য বিজ্ঞ বাক্যে নাহি দোষ এই সব।"-চৈ॰ চ॰।

বিপ্রশ্নিকা [বি (বিভিন্ন প্রকার) যে প্রশ্ন (জিজ্ঞাসা করা) বিপ্রশ্ন+ক(জ্ঞা॰) +আ (স্ত্রীং)] বি, জিজ্ঞাসা। ২ ভাগ্য-গণনাকারিণী স্ত্রী ; গণকপত্নী।

বিপ্রসাৎ [বিপ্র (ব্রাহ্মণ)+সাৎ (আয়ত্ত, দেয় অর্থে)] অ, ব্রাহ্মণায়ত্ত ; দ্বিজাধীন। ২ ব্রাহ্মণকে প্রদেয়।

বিপ্রিয় [বি (বিগত, নাই) প্রিয় (আত্মীয়) যার, বহু॰] বিণ, অপ্রিয় ; বিরক্তি-কর। ২ ঘৃণিত। ৩ বিরক্তির পাত্র। ৪ অবহেলিত ; অবজ্ঞাত। ৫ বি, অনিষ্ট ; অপকার। ~ভাষণ-বি, অপ্রিয়কথন। >বিণ, ~ভাষী-অপ্রিয়বাদী।

বিপ্রোষিত [বি (বিশিষ্ট প্রকারে) প্র (গতি অর্থে-দূরদেশে-বিদেশে)-বস্ (বিদেশে বাস করা)+ত (র্ত্তৃ), ব স্থানে উ, যে বিদেশে বাস করে] বিণ, বিদেশস্থিত, প্রবাসিত ; প্রবাসবাসী।

বিপ্লব [বি (বিপরীতরূপে ইং॰) প্লু (গমন করা, উপদ্রব করা ইং॰)+অ (ল-ভা॰)] বি, আপদ ; বিপদ। ২ উপদ্রব। ৩ বিদ্রোহ। revolution. ৪ ভয় প্রদর্শন। ৫ দেশলুণ্ঠন। ৬ বিনাশ। ৭ ক্লেশ। ~ন (-প্লবঁ-) [বি-প্লু +অন (ভা॰)] বি, "যে সংস্কার অন্তর্বলে অলক্ষিত হইতে থাকে, সেটা বিবর্তন ; কিন্তু যেটা বাহুবলে প্রবৃত্তি ঘটায়, সেটা বিপ্লবন।" -যো॰ রায় বিদ্যানিধি।

বিপ্লা/ব [বি (বিরুদ্ধরূপে ইং॰) প্লু+অ (ঘঞ্ ভা॰)] বি, জলপ্লাবন। ২ উচ্ছেদ। ৩ শান্তিভঙ্গ। ৪ দেশধ্বংস। ৫ [বি-প্লু + অ] অশ্বের গতিবিঃ ; প্লুতগতি। ~বঁন-জলপ্লাবন। ২ নাশ ; ধ্বংস। ৩ ক্ষতি ; হানি। ৪ বিঘ্ন ; আঘাত ; ব্যথা। ~বিত-বিণ, বিপর্য্যস্ত। ২ [বি-প্লু+ই (ণিচ্)= প্লাবি+ত (র্ম্ম), যাঁকে হিংসা করা যায়] ব্যাহত। ২ প্লাবনপীড়িত। ৩ বিপদাপন্ন।

বিপ্লুত~1~ [বি (বিবিধ প্রকারে) প্লু (গমনে)+ত (র্ত্তৃ, র্ম্ম), যে গমন করে বা যাকে তাড়া করে] বিণ, উপদ্রুত। ২ দূষিত। ৩ বিপর্য্যস্ত। ৪ ব্যসনপীড়িত। ৫ প্রতিকূল। ৬ ব্যাঘাত ; বিঘ্ন।

বিপ্লুত~2~ [নাট্য শা॰] বি, উপাঙ্গা-ভিনয়বিঃ (যাতে নেত্রতারা কম্পিত, বিকৃত হইবার পর তাহার লয় হয়, সকল প্রকার পদার্থে সৌন্দর্য্য নির্দ্দেশস্থলে)।

বিফল [বি (নাই) ফল যার, বহু॰] বিণ, নিরর্থক ; বৃথা ; নিষ্ফল। ~া-বি, কেতকী। ~তা (-লঁ-)-বি, ব্যর্থতা।

বিফার [বিস্তার > (বৌ॰ বাং প্রাকৃ॰)] বি, বিস্তার। ক্রি, বিফারা-বিস্তার করা। "তিহুঅণ [=ত্রিভুবন] সঅল বিফারিয়া [=বিস্তারিয়া] পুণু সংহারিঅ তেন" [=তাহাতে] -দো॰ ১২৮।

বিব/ক্ষা [বচ্ (বলা)+সন্ (ইচ্ছার্থে দ্বিত্ব)+অ (ভা॰)+আ (স্ত্রীং)] বি, বলিবার

ৃ যুক্ত বিসর্গ (অগ্র=অগ্রৃ), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible]

ইচ্ছা। ২ বাসনা ; অভিলাষ। ~ক্ষিত [বচ্ +সন্ (ইচ্ছার্থে বিহু)+ত (র্ম্ম), ই আগম] বিণ, যা বলিতে ইচ্ছা করা হইয়াছে। ২ বক্তব্য ; উদ্দিষ্ট। ~ক্ষু (-ঁ-) [বচ্ +সন্ (ইচ্ছার্থে বিহু)+উ (র্ত্তৃ)] বিণ, বলিতে ইচ্ছুক।

বিবঞ্চিষু [বঞ্চ্ (বঞ্চনা করা। সনন্ত) +উ (র্ত্তৃ)] বিণ, বঞ্চনেচ্ছু ; প্রতারণা করিতে ইচ্ছুক।

বিবৎসা [বস্ (বাস করা) + সন্(ইচ্ছার্থে বিহু) +অ (ভা॰) +আ (স্ত্রীং)] বি, বাস করিবার ইচ্ছা। বিণ; বিবৎসু-বাস করিতে ইচ্ছুক। ২ [বি (নাই) বৎস (বাছুর) যার, বহু॰, +আ (স্ত্রীং)] বি, যে গাভীর বাছুর মরিয়া গিয়াছে।

বিবদমান [বি (বিপরীত রূপে ই॰) বদ্ (বলা) +আন (র্ত্তৃ), যে বাদানুবাদ করিতেছে] বিণ, বিবাদী ; বিবাদকারী। "যদি সাম্প্রদায়িক বিবাদ বিরোধ চলিতে থাকে, তবে বি॰ সম্প্রদায়ের মধ্যে বিদেশী শাসকই প্রবল হইয়া উঠিবে"-আ॰ শক্তি, ১৩৩১। মাঘ ৩৭ সংখ্যা। স্ত্রীং ~া।

বিবন্দিষু [সনন্ত বন্দ্ +উ (র্ত্তৃ)] বিণ, অভিবাদনেচ্ছু।

বিবন্ধ [বি (বিশিষ্টরূপে ই॰)-বন্ধ্ (বন্ধন করা) +অ (র্ত্তৃ), যে (শরীরে) বাধা জন্মায়] বি, ব্যাধি ; রোগ। ২ কোষ্ঠবদ্ধরোগ।

বিবন্ধু [বি (বিগত)-বন্ধু (স্বজন) যার, বহু॰] বিণ, বন্ধুহীন ; বন্ধুবিরহিত।

বিবমিষা [সনন্ত বম্ (বমনে) +অ (ভা॰) +আ (স্ত্রীং)] বি, বমনেচ্ছা ; বমনোদ্রেক ; গা বমি বমি। বিণ, বিবমিষু-বমনেচ্ছু।

বিবর [বি (বিশিষ্টরূপে ই॰) বৃ (আবরণ করা) +অ (ভা॰)] বি, গহ্বর ; ছিদ্র ; রন্ধ্র ; বিল ; গর্ত্ত। "ভূগর্ভে বি॰ মাঝে কুণ্ডলিত ফণী। মেঘের তাড়িতে রয় আকাশে অশনি॥" -পদ্যপাঠ। ২ বিচ্ছেদ।

বিবরণ [বি (বিশিষ্টরূপে ই॰) বৃ (বিবৃত করা) +অন (ভা॰)] বি, বিস্তার ; বিবৃতি। ২ [-+অন(কম)] বিশেষার্থ প্রকাশ ; ব্যাখ্যা ; বর্ণন। ~ী-বি বিবরণ-সম্বলিত পুস্তক বা পুস্তিকা ; ব্যাখ্যান পুস্তিকা। ২ বার্ত্তা। ~ীয়-বিণ, বর্ণনযোগ্য ; বর্ণনীয়। ২ প্রকাশযোগ্য ; প্রকটনীয়।

বিবরনালিকা [বিবর (গর্ত্ত, ছিদ্র) +নালিকা] বি, শুষির নল। ২ বংশী ; মুরলী ; বাঁশী।

বিবরা [বিবরণ (ত্রঃ) >। নামধাতু। পদ্যে। বিবরি, বিবর, বিবরে ; বিবরিতে ; বিবরিয়া (ক্ষে॰, পদ্যে-বিবরি)] ক্রি, বিবৃত করা ; বিস্তারিতভাবে বর্ণন করা। "বিবরি ওসব কথা কব কত বার"-ঘ॰। "কহ মোরে বিবরিয়া, শুনি সে কাহিনী !"-মেঘ॰।

বিবর্জ্জন [বি (বিশিষ্টরূপে ই॰) বর্জ্জন] বি, বর্জ্জন ; পরিত্যাগ ; বিসর্জ্জন। বিণ, ~ীয়-পরিত্যাজ্য ; বর্জ্জনীয়। > স্ত্রীং ~া-পরিত্যাজ্যা।

বিবর্জ্জিত [বি-বৃজ্-ণিচ্ =বর্জ্জি +ত] বিণ, পরিত্যক্ত ; নিরাকৃত। শূন্য ; রহিত। স্ত্রীং ~া।

বিবর্ণ [বি (বিরুদ্ধ বা নাই) বর্ণ (জাতি বা রং) যার, বহু॰] বিণ, বর্ণহীন ; মলিন ; বিকৃতবর্ণ। স্ত্রীং ~া। বি, ~তা-বর্ণ বিকৃতি। ২ হীনবর্ণ ; অশ্রেষ্ঠ বর্ণ।

বিবর্ত্ত [বি (বিবিধরূপে বা বিশিষ্টরূপে ই॰) বৃৎ (থাকা বা পরিবর্ত্তিত হওয়া) +অ (ভা॰)] বি, পরিবর্ত্ত। ২ পরিণাম। ৩ বিশেষরূপে স্থিতি। ৪ নৃত্য। ৫ সমূহ। ৬ ঘূর্ণন। ৭ ভ্রমণ। ~বাদ, বিবর্ত্তনবাদ [বিবর্ত্তন +বাদ (তত্ত্ব theory)] বি, ক্রমবিকাশনীতি ; অভিব্যক্তি বা স্ফূর্ত্তিবাদ the theory of evolution. ২ [বেদান্তদর্শনে] মায়াবাদ ; একমাত্র ব্রহ্ম হইতে প্রকৃতি, প্রকৃতি হইতে সত্ত্বাদি গুণত্রয়, গুণত্রয়কে আশ্রয় করিয়া প্রকৃতি মায়া ও অবিদ্যারূপে দ্বিধা বিভক্ত হইলে মায়াশ্রিত চৈতন্য ঈশ্বর ও অবিদ্যাশ্রিত চৈতন্য জীবরূপে প্রকাশিত হন ; "জগৎ মিথ্যা ব্রহ্মই সত্য"-এই মত বা তত্ত্ব। ৩ [বৈষ্ণব সা॰] স্বরূপতঃ অবস্থান্তর না হইলেও যদি অবস্থান্তরের ন্যায় প্রতীয়মান হয়, তার নাম।

বিবর্ত্তন [বি-বৃৎ (বর্ত্তমান থাকা) +অন (ভা॰)] বি, পরিবর্ত্তন। "আপনি আসিয়া ঝাট কর বিবর্ত্তন।"-চৈ॰ ভা॰। ২ পরিভ্রমণ ; ঘূর্ণন। ৩ প্রত্যাবর্ত্তন। ~বাদ-বিবর্ত্ত দ্রঃ। ~শীল-বিণ, ভ্রাম্যমাণ ; ঘূর্ণ্যমান। ২ পরিবর্ত্তনশীল।

বিবর্ত্তানি [প্রা॰ বাং। বি-বণ্টন > বণ্টন > বত্তন > বর্ত্তন > বাং নামধাতু বিবর্ত্তানি। বিবর্ত্তি, বিবর্ত্ত, বিবর্ত্তে ; বিবর্ত্তিতে ; বিবর্ত্তিয়া (ক্ষে॰ পদ্যে-বিবর্ত্তি)] অস-ক্রি, বিভাগ করিয়া ; বণ্টন করিয়া। "আজি ভিক্ষা পাইল মা দিন অবসানে। মায়ে বলে বিবর্ত্তিয়া খাও পাঁচ জনে॥"-মহা॰ (বিজয়॰)।

বিবর্ত্তিত [বি-বৃৎ +ণিচ্ =বর্ত্তি (ঘুরান) +ত (র্ম্ম)] বিণ, প্রত্যাবর্ত্তিত। ২ ঘূর্ণিত। ৩ অপসারিত। ~সন্ধিভগ্ন [নিদানোক্ত আয়ু॰ পরিঃ] শরীরাস্থির সম্পূর্ণস্থান ভ্রংশ ; অস্থিসন্ধিচ্যুতি complete dislocation.

বিবর্দ্ধন [বি-বৃধ্ +ণিচ্ =বর্দ্ধি (বৃদ্ধি পাওয়ান) +অন (ভা॰)] বি, সম্যক্ বৃদ্ধি করণ। ২ ছেদন। বিণ, বিবর্দ্ধিত-সম্যক্ বৃদ্ধিপ্রাপ্ত। ২ খণ্ডিত ; ছিন্ন।

বিবশ [সং] বিণ, অবাধ্য ; অবশ। ২ নিশ্চেষ্ট। ৩ অচেতন। ৪ বিহ্বল। স্ত্রীং ~া -বিহ্বলা ; আকুলা। "বীরবাহু শোকে বিবশা রাজমহিষী।"-মেঘ॰।

বিবসন [বি (নাই) বসন (বস্ত্র)] বিণ, বিবস্ত্র ; উলঙ্গ। স্ত্রীং ~া।

বিবসিনী [বিবসন (দ্রঃ) > স্ত্রীং বিবসনা স্থলে প্রা॰ বাং-য়। ভুল-অনাথা স্থলে অনাথিনী] বিণ, বিবসনা ; বিবস্ত্রা ; নগ্না। "বি॰ পাষএ নীরে।"-শ্রী॰ কী॰। "জলে বি॰ ডাক পাড়ে রে গোআলী"-ঐ।

বিবস্ত্র [বি (নাই) বস্ত্র (পরিধেয়) যার, বহু॰] বিণ, বস্ত্রহীন ; উলঙ্গ। স্ত্রীং ~া-বিবসনা।

বিবস্বৎ [সং] বি, সূর্য্য। ~স্বতী-বি, সূর্য্যনগরী। ~স্বান [সং] বি, দেবতা। ২ বৈবস্বত মনু। ৩ অরুণ। ৪ সূর্য্য।

বিবা [বিবাহ > অং। রূপান্তরে ব্যাহ, বিভা, বিয়া, বিয়ে,বে] বি, পরিণয়। "কুচুকুন্দে রাখি রণে বিবা দেহ ত্রিলোচনে"-শি॰।

বিবাক [সং] বিণ, বিবেচক।

বিবাগ [বি-বাগ (দিক্, দেশ) তুল-ফা॰ বেগানাহ্ (বিদেশ), অথবা মার্গ > বাগ] বি, দেশান্তর ; বিদেশ। "আমি এসেছি বিবাগে মনের বিরাগে প্রীতি প্রয়াগে মুড়াব মাথা।"-বাং গান। বিণ, ~ী-দেশত্যাগী। ২ সংসারত্যাগী।

বিবাদ [বি (বিরুদ্ধভাবে ইং) বদ্ (বলা) + অ (ভা॰)] বি, কলহ ; বিরোধ ; ঝগড়া। ২ মকদ্দমা। ~পদ-মকদ্দমার বিষয়। ২ বিসম্বাদের হেতু। ~প্রিয়-ঝগড়াটে। ~শূন্য-কলহশূন্য।

বিবাদার্থী [বিবাদ + অর্থী] বিণ, বিবাদান্বেষী ; ঝগড়াটে।

বিবাদাস্পদ [বিবাদ + আস্পদ, ৬তৎ] বি, বিবাদপদ ; বিবাদের স্থল।

বিবাদী [বিবাদিন্ শব্দ ১মা, ১ব॰] বিণ, বিরোধী। "কুঞ্জে এল না কালাচাঁদ পূরল না মনসাধ গগনচাঁদ হল তার বি॰।"-বাং গান। ২ কলহকারী। ৩ [সঙ্গীতে] বি, রাগ বা রাগিণী বিশেষের বর্জ্জনীয় সুর। স্ত্রীং বিবাদিনী।

বিবাধ ['বিবাদ' এবং 'বিরোধ' > ভাব-মিশ্রণে উৎপন্ন] বি, বিবাদ ; কলহ। "হরিণী জাগায় ভাল কুটুম্ব বি॰।" -বি॰ প॰। ২ নিগ্রহ। ৩ বন্ধন।

বিবাস, বিবাসন [সং] বি, নির্ব্বাসন। বিণ, বিবাসিত-নির্ব্বাসিত ; দেশান্তরিত।

বিবাসী [বিবাস (দ্রঃ) + ইন্ >] বিণ, দেশান্তরিত ; নির্ব্বাসিত। ২ প্রবাসী ; বিদেশবাসী। স্ত্রীং বিবাসিনী। "কহ লো নাগরি গেহ পরিপরি কাহে বিবাসিনী রে" -মৃণালিনী।

বিবাস্য [সং] বিণ, নির্ব্বাসনযোগ্য।

বিবাহ [বি (বিশিষ্টরূপে) বহ্ (প্রাপ্ত হওয়া) + অ (ভা॰, ভা॰) > ভ্রং বিয়াহ, ব্যাহ, বিহা, বিভা, বিআ, বিয়া, বিয়ে, বে] বি, দশবিধ সংস্কারান্তর্গত সংস্কারবিঃ ; পরিণয়। বিবাহ আট প্রকার যথা-(১) ব্রাহ্ম বিবাহ (কন্যাকে বস্ত্রালঙ্কারাদি দ্বারা সম্মানিত করিয়া, বিদ্যা ও সদাচারসম্পন্ন বরকে স্বয়ং আমন্ত্রণ করিয়া যে কন্যাদান) ; (২) দৈব বিবাহ (জ্যোতিষ্টোমাদি যজ্ঞে কর্ম্মকর্ত্তা পুরোহিতকে দৈবকার্য্য সিদ্ধি কামনায় অলঙ্কৃতা কন্যাকে সম্প্রদান) ; (৩) আর্ষ বিবাহ (যাগাদি অবশ্যকর্ত্তব্য কর্ম্মের নিমিত্ত বরের নিকট হইতে এক বা একজোড়া গোবলীবর্দ্দ লইয়া তাঁহাকে যে বিধিবৎ কন্যাদান) ; (৪) প্রাজাপত্য বিবাহ ("তোমরা উভয়ে গার্হস্থ্য ধর্ম্মের আচরণ করিবে"-এই বলিয়া যথাবিধি অলঙ্কারাদি দ্বারা অর্চ্চনা করিয়া প্রার্থিত বরকে যে কন্যাদান) ; (৫) আসুর বিবাহ (কন্যার পিত্রাদিকে এবং কন্যাকে ধন দিয়া অর্থাৎ ক্রয় করিয়া যে কন্যা গ্রহণ) ; (৬) গান্ধর্ব্ব বিবাহ (কন্যা এবং বর উভয়ের পরস্পর অনুরাগ বশতঃ যে মিলন। মিলনের পর হোমাদি দ্বারা বিবাহত্ব সিদ্ধ হয়) ; (৭) রাক্ষস বিবাহ (কন্যাপক্ষীয় লোকদিগকে হনন করিয়া বা প্রহারাদি করিয়া বলপূর্ব্বক রোরুদ্যমানা কন্যাকে হরণ) ; এবং (৮) পৈশাচ বিবাহ (নিদ্রায় বা মদ্যপানে বিকলচিত্ত অথবা উন্মত্তা কন্যাকে যে নির্জ্জনে গমনান্তে পত্নীরূপে গ্রহণ)।-স্মৃতি। ~বয়ঃ -বি, বিবাহের বয়স। এ সম্বন্ধে নানা মুনির নানা মত। মনুর মতে ৩০ বৎসরের বরে ষোড়শ বর্ষীয়া কন্যার বিবাহ প্রশস্ত। কিন্তু স্মার্ত্ত রঘুনন্দন মতে গৌরীর (৮ম বর্ষীয়া কন্যা), রোহিণীর (৯ম বর্ষীয়া), বা কন্যকার (১০ম বর্ষীয়া) বিবাহ দেওয়া কর্ত্তব্য, কারণ কন্যকা-কাল উত্তীর্ণ হইলেই রজস্বলা হয় এবং রজস্বলার পূর্ব্বেই কন্যার বিবাহ দানই বিধি।

বিবাহার্হ [বিবাহ + অর্হ] বিণ, পরিণয়-যোগ্য ; বিবাহযোগ্য। স্ত্রীং ~া।

বিবাহিত [বি-বহ্ + ণিচ্ = বাহি + ত (ক্ত)] বিণ, পরিণীত। স্ত্রীং ~া।

বিবাহ্য [বি-বহ্ + য(ণ্য)] বিণ, বিবাহ-যোগ্য। ২ বহনযোগ্য। স্ত্রীং ~া।

বিবি, বিবী [ফা॰ বীবী (মহিলা)] বি, মান্যা স্ত্রী ; মহিলা। ২ বধূ ; পত্নী। ৩ মুসলমান স্ত্রী। ৪ য়ুরোপীয়া রমণী। ৫ সাজ-সজ্জা-প্রিয়া বিলাসিনী নারী। "বিবি চাখে বান্দী তথা রান্ধে।"-কবিক॰। "সাজাইতে বউ বিবি,"-গোবিন্দদাস (চন্দন)। পুং সাহেব, বাবু। ~আ [হি॰] বি, তাসের বিবি the queen. ~আনা, -য়ানা, -আনি [বিবি দ্রঃ। বিবি + আনা (অনুকরণার্থে)] বি, বিবিদিগের অনুকরণে সাজ-সজ্জা বিলাসিতা। ~জান [বিবি (বধূ) + জান (জীবন ; প্রিয় সম্ভাষণ ; স্নেহ সম্ভাষণ)] বি, বধূর প্রতি প্রিয় সম্ভাষণ ; প্রেয়সী নারী। ২ য়ুরোপীয় বিলাসিনী। "বিবিজান চলে যান লবেজান করে।"-ঈ॰ গুপ্ত। ~জী [বিবি (দ্রঃ) + জী (সম্মানার্থে)] বি, শ্রীমতী ; মহাশয়া। ২ [ফা॰] ননদ। বিবি-দিদি [শহরাঞ্চলে পরিচারিকাদের কথ্যভাষায়। তুল-দিদিবাবু। পুং-বাবু-দাদা, দাদাবাবু] বি, প্রভুকন্যাকে দাসদাসী কর্ত্তৃক সম্বোধন। "তোমার বিবি-দিদির কি-ই বা সহজে পছন্দ হয়?"-উত্তরা, ১৩৩৩। ~নূর [ফা॰ বিবি-ই-নূর (আলোক) >] বি, হজরৎ মুহম্মদের কন্যা ও হজরৎ আলীর পত্নী বিবি ফাতিমা। "তিহেঁ হৈল্যা হায়াবিবি পয়াবতী হল্য বিবি-নুর"-শূ॰ পু॰।

বিবিক্ত [বি (বিশিষ্টরূপে ই॰) বিচ্ (পৃথক্ থাকা) + ত (ক্ত)] বিণ, বিবেচক। ২ অসম্পৃক্ত। ৩ নির্জ্জন। "মোহমুগ্ধ মানব কি এইরূপ বি॰ দেশে স্বীয় ক্ষুদ্রত্ব উপলব্ধি করিয়া গর্ব্বিত শির নত করিতে শিখে।"-উদ্বোধন, আষাঢ়, ১৩২৪। ৪ একাগ্র। ৫ শুভ। ৬ স্বতন্ত্র ; পৃথক্। "তাই সাহিত্য নাটকে একটা ঘটনা পর্য্যায়কে বিবিক্ত করিয়া লইয়া তাহারই নিবিড় বিকাশের মধ্য দিয়া রসের পরিণতিকে অবিচ্ছেদে দেখাইতে হয়।"-রবী॰ (প্রবাসী, আশ্বিন, ১৩২৭)। স্ত্রীং ~া-ভাগ্যহীনা।

বিবিক্ষা [বিশ্ (সনন্ত) + অ (ভা॰) + আ (স্ত্রীং)] বি, প্রবেশেচ্ছা। বিণ, বিবিক্ষু -প্রবেশেচ্ছু।

বিবিগ্ন [বি + বিজ্ (উদ্বেগে) + ত (ক্ত)] বিণ, উদ্বিগ্ন ; শঙ্কিত।

বিবিদ্বান্ [বি (বিশিষ্টরূপ) বিদ্বান্] বিণ, সুপণ্ডিত। স্ত্রীং বিবিদুষী।

বিবিধ [বি (বহু) + বিধ (প্রকার অর্থে)] বিণ, বহুবিধ ; নানা প্রকার (পাটী॰ পরিঃ) miscellaneous.

বিবীর্ত [সং] বি, রক্ষিত গোচর ভূমি। "পথ ও গ্রামের সমীপবর্ত্তী এবং গ্রাম ও বিবীতের সমীপবর্ত্তী ক্ষেত্রে পালক বা স্বামীর অনিচ্ছা সত্বে যদি শস্যাদি বিনষ্ট করে ত দোষ হইবে না।"-রত্নমালা। বিবীতভর্ত্তা-রক্ষিত গোচর ভূমির অধিকারী।

বিবুধ [বি (বিশেষরূপে ই°) বুধ্ (জানা) +অ (র্কৃ)] বি, পণ্ডিত। ২ দেবতা। "বিবুধ কুলের গর্ব্বে, দৈবকী অষ্টম গর্ভে, হৈল শেষে জিাত তার নাশে।"-কবিক°। ৩ চন্দ্র। ~বনিতা-দেবরমণী। ২ অপ্সরা। ৩ পণ্ডিতের স্ত্রী।

বিবুধান [সং] বি, পণ্ডিত ; আচার্য্য। ২ দেব।

বিবুধি [বি (বিগত) বুধি (বুদ্ধি)। প্রা° বাং]। বি, দুর্বুদ্ধি ; বুদ্ধিহীনতা ; বোকামি। "ছাড়হ বি° কাহ্নাঞি সুণ মোর বোল।" -শ্রী°কী°।~এ-দুর্বুদ্ধিবশে।"কোণ বিবুধিএ হেন পথে আনিলে দারুণ বুঢ়ী॥"-শ্রী° কী°।

বিবৃ/র্ত [বি (বিশিষ্টরূপে) বৃ (আবরণ করা. বিস্তৃত করা)+ত (র্ম্ম)] বিণ, বর্ণিত। ২ ব্যাখ্যাত। ৩ প্রকটিত। ৪ উন্মুক্ত। ৫ প্রসারিত ; বিস্তৃত। "হে বিভো! বি° মুখ ও প্রদীপ্ত বিশালনেত্র তোমারে দেখিয়া অতি ভীতচিত্ত আমি ধৈর্য্য ও শান্তিলাভ করিতে পারিতেছি না।"-গীতা (আর্য্যমিশন)। ~তাক্ষ [বিবৃত অক্ষি যার] বিণ, আয়ত-লোচন। > স্ত্রীং ~ী। ~তাস্য [বিবৃত-আস্য (মুখ)] বিণ, বিবৃতবদন। > স্ত্রীং ~া।

বিবৃতি [বি, বৃ+তি (ভা°)] বি, বিস্তৃতি। ২ ব্যাখ্যা। ৩ বিবরণ ; বর্ণনা statement. ৪ টীকা।

বিবৃত্ত [বি-বৃৎ (থাকা বা ঘুরান)+ত (র্কৃ)] বিণ, ঘূর্ণিত। ২ পরাবৃত্ত। স্ত্রীং ~া। বি, বিবৃত্তি।

বিবৃদ্ধ [বি-বৃধ্ (বাড়া)+ত (র্কৃ)] বিণ, সম্যক্ বৃদ্ধিপ্রাপ্ত। ২ অতি বৃদ্ধ। স্ত্রীং ~া। বি, বিবৃদ্ধি।

বিবেক [বি (বিশিষ্টরূপে ই°) বিচ্ (বিচার করা)+অ (ভা°)] বি, মানব-হৃদয়ের মধ্যে থাকিয়া যে অনির্ব্বচনীয় পদার্থ মানুষকে সৎকার্য্যে উৎসাহ এবং কুকার্য্যে নিরুৎসাহ দান করে, যা অন্তরের মধ্যে সৎকার্য্য হেতু সন্তোষ এবং কুকার্য্য হেতু গ্লানি উৎপাদন করে conscience. ২ তত্ত্বজ্ঞান। ৩ ধর্ম্মাধর্ম্মের বোধ। ৪ কর্ত্তব্য ; হিতাহিত বিবেচনা। ৫ ঔদাস্য ; বৈরাগ্য। ৬ বিরাগ ; মনোদুঃখ। "বিবেকে খাইল বিষ মরিবার তরে।"-কালিকা মঙ্গল। ~দর্শী, ~বান্ -বিণ, বিবেকী। ~বুদ্ধি-বি, হিতাহিত জ্ঞানাত্মক। ~হীন, ~বিহীন-বিণ. হিতাহিত জ্ঞানশূন্য।

বিবেকী [বিবেকিন্ শব্দ, বিবেক (বিচার, তত্ত্বজ্ঞান ই°)+ইন্ (স্ত্য°), যার বিবেক আছে] বিণ, বিরাগী ; বৈরাগ্যবিশিষ্ট। ২ [বি (বিশিষ্টরূপে ই°) বিচ্+ইন্ (র্কৃ, শীলার্থে), যে ভালমন্দ বিচার করে] বিণ, হিতাহিত বিবেচনাকারী ; বিচারক। ৩ বিবেকবিশিষ্ট। স্ত্রীং বিবেকিনী। বি, বিবেকিতা।

বিবেচক [বি+বিচ্ (বিচারে)+অক (র্কৃ)] বিণ, বিচারক্ষম ; বিবেচনাকারী। স্ত্রীং বিবেচিকা।

বিবেচন [বি-বিচ্+অন (ভা°)] বি, বিতর্ক ; বিচার। বিণ, বিবেচনীয়-বিবেচ্য ; বিচার্য্য।

বিবেচনা [বিবেচন (দ্র:)+আ (স্ত্রীং)] বি, বিশেষ বিচার বা আলোচনা। ২ ধারণা। ~করা-বিচার করা; বিচারসহ চিন্তা করা। ২ মনে করা ; ভাবা। ~শক্তি-হিতাহিত বিচারক্ষমতা ; ন্যায়ান্যায় নির্দ্ধারণ করিবার বৃত্তি। হিতাহিত বিবেচনা-কর্ত্তব্যা-কর্ত্তব্য বিচারবুদ্ধি। [সম-বিবেচনা -বিচারমূলক। বিবেক-হিতাহিত ধর্ম্মাধর্ম্ম বা কর্ত্তব্যাকর্ত্তব্য বিচারমূলক। জ্ঞান-সত্য-প্রতীতিমূলক এবং চেষ্টা ও অনুশীলন সাপেক্ষ। বুদ্ধি-স্বাভাবিকএবং শিক্ষা-ত্মিকা জ্ঞানমূলক। জ্ঞানী ও বুদ্ধিমান ব্যক্তি বিবেক দ্বারা চালিত হইলে বিধি শৃঙ্খলা-পূর্ব্বক সকলদিক বিবেচনা করিয়া সুবিচার করিতে সমর্থ হয়]।

বিবেচিত [বি(বিশিষ্টরূপে ই°) বিচ্+ই (ণিচ্)=বেচি (বিবেচনা করা)+ত (র্ম্ম), যা বিচার করা হইয়াছে] বিণ, সম্যক্ আলোচিত। ২ নিরূপিত।

বিবেচ্য [বি-বিচ্+য] বিণ, আলোচ্য।

বিবোঢ়া [সং-বিবোঢ়্ ১মা, ১ব°] বি, বিবাহকারী ; বর।

বিবোধ [বি-বোধ] বি, সম্যক্ বোধ। ২ জাগরণ।

বিবোধন [বি+বুধ্+ণিচ্=বোধি (জানান)+অন (ভা°)] বি, জ্ঞাপন। ২ প্রকাশন। ৩ উদ্বোধন। বিণ, বিবোধিত। > স্ত্রীং ~া।

বিব্বোক [সং] বি, স্ত্রীজনোচিত ভাববিঃ। ২ [নাট্য শা°, অঙ্গাভিনয়ে] উপেক্ষার ভাণ (অভিনয়দর্পণ, নন্দিকেশ্বর)।

বিভুল [সং-বিহ্বল ভ্রং। প্রা° 'বেভুল' ও°] বি, বিহ্বলতা ; আবল্য। ২ ভ্রম ; ভ্রান্তি। ৩ বিণ, বিভ্রান্ত ; মস্তিষ্কের বিকার-জনিত বিক্ষিপ্ত-বুদ্ধি delirious. "আর থাকাথাকি কি ভাই-সে মানুষ আর নেই, কেমন বি ভুল হয়েছে,"

বিব্রত [বি (বিচ্যুত) ব্রত (নিয়ম, লক্ষ্য) বিশৃঙ্খলভাবে ; অথবা বিবর্ত্ত উচ্চারণ বিকারে বিব্রত। ভুল-ব্রত হতে যেমন অপভাষায় বত্ত, বর্ত্ত, বেবৃত তদ্রূপ "বর্ত্ত" হতে সাধুভাষা মনে করিয়া "ব্রত"] বিণ, উদ্দেশ্য বা লক্ষ্য এবং শৃঙ্খলা হতে বিচ্যুত ; ব্যতিব্যস্ত। ২ বিপজ্জালে জড়িত।

বিভক্ত [বি-ভজ্ (ভাগ করা)+ত (র্ম্ম)] বিণ, পৃথক্কৃত ; বিশ্লিষ্ট ; বিভিন্ন। বি, বিভক্তি-ভাগ ; বণ্টন। ২ [ব্যা°] প্রাতিপদিকের উত্তর সু ও জস্ ই° এবং ধাতুর উত্তর তিপ্ তস্ অন্তি ই° যে কালে অন্ত অবয়ব বিহিত হয় ; শব্দ ও ধাতুর কারক, বচন, পুরুষ, বিজ্ঞাপক প্রত্যয় ; তিঙ্ সুবন্তাদি an affix in inflections. ~জ-বি, পৈত্রিক ধন বিভাগের পর যে পুত্র জন্মগ্রহণ করিয়াছে। > স্ত্রীং ~া।

বিভঙ্গ [বি (বিভিন্নপ্রকারে ই°) ভন্জ্ (ভগ্ন হওয়া)+অ (ভা°)] বি, বিন্যাস; রচনা।

২ [+অ (র্ম)] যা ভঙ্গ করা হয় ; খণ্ড ; ছেদ। "সহজই আনলে দগধ অঙ্গ। কাহে দেহ আহুতি বচন বিভঙ্গ।"—বলরাম০।

বিভঙ্গি,-ঙ্গী [প্রা০ বাং] ভঙ্গি ; হাবভাব। "ভাঙ বিভঙ্গি বিলাস"—বি০ প০। "নয়ান চাহনি বিভঙ্গী সে বনি তিখিনী তিখিনী শর।"—চণ্ডি০।

বিভঞ্জনীয় [বি (বিভিন্নরূপে ই০) ভঞ্জ্ + অনীয় (র্ম)] বিণ, বিভাগযোগ্য divisible.

বিভজ্যমান [বি–ভজ্ + আন (র্ম)] বিণ, যা ভাগ করা যাইতেছে।

বিভব [বি–ভূ (হওয়া) + অ (ভা০)] বি, বিভুত্ব। ২ মোক্ষ। ৩ ঔদার্য্য ; মহত্ত্ব। ৪ [+অ (পে)] ধন ; সম্পদ্। "কি প্রকারে বিষয় বি০ বাড়িবে"—টেকচাঁদ। ৫ প্রভবাদি নামক বর্ষের দ্বিতীয় বর্ষ। ৬ অমুদ্ভূত বৃত্তি-শক্তি বা প্রচ্ছন্নশক্তি যা ক্রিয়াশক্তির আর এক অবস্থা potentia.

বিভা১ [বি (বিশিষ্টরূপে ই০) ভা (দীপ্তি পাওয়া) + অ (ভা০) + আ (স্ত্রী০)] বি, প্রভা ; দীপ্তি ; কিরণ। ২ প্রকাশ। ৩ আলোক। ৪ কান্তি। ~কর [বিভা (দীপ্তি) কর (যে করে), উপ০] বি, সূর্য্য। ২ অগ্নি। ৩ বিণ, দীপ্তিজনক ; প্রভাকর।

বিভা২ [বিবাহ (দ্রঃ) >] বি, বিবাহ। "শ্রীহরি শয়নে বিভা অনুচিত প্রায়।"—ঘ০। "পাত্র-করে বিভা দিব"—শূ০ পু০।

বিভা/গ [বি (বিভিন্নপ্রকারে ই০) ভজ্ (ভাগ করা) + অ (ভা০)] বি, ভাগ ; বণ্টন। ২ [র্ম] বি, দায় ; পৈতৃক সম্পত্তির অংশ। ৩ খণ্ড। ~গপত্র [অর্থ শা০] সম্পত্তি আদি বিভাগ সম্বন্ধীয় লেখাপড়া বা লেখ্য। ~জক [বি–ভাজক (ভাগকারক)] বিণ বিভাগকারী। ~জন [বলবিদ্যা০ (ক০ বিশ০ পরিঃ)] ইং resolution (of velocity) এর বৈজ্ঞা০ পরিঃ। ~জ্য [বি + ভাজ্য] বিণ, বিভাগ-যোগ্য। ২ খণ্ডনীয়। > বি, ~তা।

বিভাণ্ডক [পু০] বি, ঋষ্যশৃঙ্গের পিতা মুনিবিঃ।

বিভাত [বি–ভাত (দীপ্ত, প্রকাশিত)] বি, ভোর ; প্রভাত।

বিভাব [বি (বিভিন্নপ্রকারে ই০) ভূ (হওয়া) + অ (ভা০)] বি, কাব্য নাটকাদিতে বর্ণিত রস সমূহের স্থায়িভাবের কারণ। উহা স্থায়ী ও আলম্বন ভেদে দ্বিবিধ। ২ উদ্দীপনা ; অনুভাব চিত্তের ঐকাগ্র। [দ্রঃ-বিভাব বাহিরের বিষয়, অনুভাব মনের বিষয়। —চৈ০ চ০ (মজুমদার)]।

বিভাব/ন [বি–ভূ + ই (ণিচ্) = ভাবি বিবেচনা করান) + অন (ভা০)] বি, অনুভব করণ। ২ চিন্তা ; অবধারণ। ৩ প্রকাশন। ~নীয়-বিণ, চিন্তনীয় ; অবধারণীয়। ২ দর্শনীয়।

বিভাবনা [অলং শা০] বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ effect without cause. কারণ ব্যতীত কার্য্যোৎপত্তি হইলে বি০হয়। যথা—"আয়াস নাহিক কিছু তবু কটি তনু। ভূষণ নাহিক কিছু তবু শোভে তনু। ভয় নাহি তবু আঁখি সদত চঞ্চল। সকলি কেবল মা যৌবনের বল।" বিভাবনায় নির্দিষ্ট না হয় অনির্দিষ্ট একটি কারণান্তর থাকেই এবং তার অপেক্ষায় কার্য্য সম্পন্ন হয়। "বিনা মেঘে বজ্রাঘাত চাষা মনে গণি ভয়ে সশঙ্কিত প্রাণে চাহিল আকাশ পানে ; ঝরিল কামিনীকক্ষ-কলসী অমনি।"—কাব্যদর্পণ।

বিভাবরী [বিভা (দীপ্তি) + আবরী (সূর্য্যকিরণকে আবরণ করে যে), উপ০] বি, রাত্রি। "তৃণের শয্যায় তার গেল বি০।" —কবিক০। [সং-তে হরিদ্রা ও কুট্টনী অর্থে ব্যবহার আছে, বাং-য় প্র০ অ০]।

বিভাবসু [বিভা (প্রভা) বসু (ধন অর্থাৎ সম্পত্তি) যার, বহু০] বি, সূর্য্য ; অগ্নি। ২ চন্দ্র। ৩ হারবিঃ। ৪ আকন্দবৃক্ষ।

বিভাবিত [বি (বিশেষ) ভাবিত] বিণ, বিবেচিত ; অনুভূত। ২ প্রতিষ্ঠিত। ৩ প্রসিদ্ধ।

বিভাব্য [বি (বিশেষ) ভাব্য] বিণ, চিন্তনীয়। ২ বিবেচনার যোগ্য। ৩ দর্শনযোগ্য।

বিভাষা [বি (বিভিন্ন প্রকার) যে ভাষা (বাক্য), ধা] বি, ভিন্ন দেশীয় ভাষা। [দ্রঃ– "সংস্কৃত ছাড়া ছুইটী ভাষা আছে, ভাষা আর বিভাষা। দাক্ষিণাত্য, অবন্তী, মাগধী, অর্দ্ধ-মাগধী প্রভৃতি ভাষা, আর আভীরী লাটিরী প্রভৃতি বিভাষা"—ভরত নাট্যশাস্ত্র (হ০ প্র০ শাস্ত্রী)। ভরতমতে প্রাকৃত ভাষা নয়, পাঠ। সংস্কৃতপাঠ ও প্রাকৃতপাঠ। "সুতরাং যখন নাট্যশাস্ত্র লেখা হয় অর্থাৎ খ্রী০ পূঃ ২য় শতাব্দীতে ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন ভিন্ন ভাষা প্রচলিত ছিল, ভাষা অর্থাৎ সংস্কৃত হইতে উৎপন্ন ভাষা, যেগুলি সংস্কৃত হইতে উৎপন্ন নয় সেগুলি বিভাষা।"—হ০ প্র০ শাস্ত্রী। ২ [বি (বিভিন্নরূপে ই০) ভাষ্ (স্পষ্টরূপে বলা) + অ (ভা০) + আ (স্ত্রী০)] বিকল্প ; দ্বৈধভাব। ৩ ইচ্ছানুরূপ কল্পনা।

বিভাস [সং] বি, রাগিণীবিঃ।

বিভাসা [বি (বিশিষ্টরূপে ই০) ভাস্ (দীপ্তি পাওয়া) + অ (ভা০) + আ (স্ত্রী০)] বি, দীপ্তি ; প্রকাশ। বিণ, বিভাসিত-উদ্ভাসিত ; প্রকাশিত। ২ প্রস্ফুটিত। ৩ শোভিত।

বিভিন্ন [বি (বিশিষ্টরূপে ই০) ভিন্ন] বিণ, পৃথগ্ভূত ; বিভক্ত। ২ বিঘটিত। ৩ বিদারিত। ৪ বিকাসিত। ৫ নানাবিধ। ৬ ভেদপ্রাপ্ত। বি, ~তা। ~ধর্ম্মা-বিণ, ভিন্নধর্ম্মাবলম্বী।

বিভীত [বি (নহে) ভীত] বিণ, নিঃশঙ্ক।

বিভীতক,-কী [সং] বি, বয়ড়া, বহেড়া।

বিভীষণ [বি (বিশিষ্টরূপে) ভীষণ] বি, রাবণানুজ। ২ নলতৃণ। ৩ বিণ, অতি ভয়ানক ; ভয়ঙ্কর। ৪ কাল। স্ত্রীং ~া-ভীমা ; ভয়ঙ্করী।

বিভীষিকা [বি–ভী + ণিচ্ = ভীষি + অক (র্ত্তৃ) + আ (স্ত্রীং)] বি, ভীতি ; ভয়। ২ [অর্থ শা০ পরিঃ] ভবিষ্যতে যে বিপদ ঘটিবে তাহা প্রদর্শন।

বিভু [বি (বিশিষ্টরূপে ই০) ভূ (হওয়া) + উ (র্ত্তৃ)] বি, প্রভু ; ব্রহ্মা ; বিষ্ণু ; মহেশ্বর ; পরব্রহ্ম ; পরমেশ্বর। "হে বিভু করুণাসিন্ধু বিপদকালের বন্ধু"—স্ক০। ২ বিণ, সর্ব্বব্যাপী। ৩ ব্যাপক। "রাধাপ্রেম বিভু যার বাড়িতে নাহি ঠাঞি।"—চৈ০ চ০। ~তা, ত্ব-সর্ব্বব্যাপকত্ব।

বিভুঁই [বি (ভিন্ন) + ভুঁই (ভূমি > স্থান, দেশ), ভিন্নদেশ। মেয়েলি০ "বিভুঁই"] বি, ভিন্নভূমি ; বিদেশ। "যদিও বিদেশ বিঁ০,

তথাপি যেখানে সেখানে যাইতে ও বেড়াইতে আমার একটুও ভয় করিত না।"-চীনভ্রমণ (মল্লিক)। "অথবা বিদেশে বিভূঁইয়ে যাইতে হইবে কেন।"-বিচিত্রা, চৈত্র, ১৩০৪।

বিভূতি [বি (বিশিষ্টরূপে ইং) ভূ (হওয়া) +তি (ণে), যদ্দারা (লোক) সমৃদ্ধ হয়] বি, সমৃদ্ধি ; সম্পত্তি। ২ ভস্ম ; ছাই। "বিং ভূষিত যেই অঙ্গে।"-কবিকং। "দেখিনু যোগী বৈশ্বানর সম তেজস্বী, বিং অঙ্গে, কমণ্ডলু করে, শিরে জটা।"-মেঘং। ৩ [তি (ভাং)] বিভুর ভাব ; অণিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামাবসায়িত্ব-শিবের এই অষ্ট বিভূতি। ৪ [বৈদিক সাহিত্যে] প্রাচুর্য্য। ৫ জ্ঞানৈশ্বর্য্য। "নমি তোমা জ্ঞানবৃদ্ধ, মহর্ষির ধন্য বংশধর, পরমা বিভূতি লাগি ছিলে জাগি ভোলা মহেশ্বর।" -ঋষি দ্বিজেন্দ্র (করুণানিধান বন্দ্যোং)। ~ভূষণ [বিভূতি ভূষণ যাঁর (বহুং)] বি, শিব।

বিভূষণ [বি(বিশেষ)ভূষণ] বি, আভরণ ; গহনা। ২ [বি (নাই) ভূষণ যার, বহুং] আভরণহীন ; নিরলঙ্কার। স্ত্রীং বিভূষণা। "জটা বিভূষণা পিঙ্গলবরণা জটাগ্রে উন্নত পন্নগধারিণী।"-হেম।

বিভূষা [বি (বিশিষ্ট) ভূষা] বি, শোভা। ২ অলঙ্কার।

বিভূষিত [বি (বিশিষ্টরূপে) ভূষিত] বিণ, অলঙ্কৃত ; শোভিত।

বিভৃত [বি (বিশেষ) ভৃত (পুষ্ট)] বিণ, প্রতিপালিত। ২ সুপুষ্ট।

বিভে/দ [বি(বিভিন্ন প্রকারে)ভেদ]বি, বিদারণ ; দ্বিধাকরণ। ২ প্রভেদ ; বৈলক্ষণ্য ; পার্থক্য ; বিভিন্নতা। ৩ [বি (গত, নাই) ভেদ যার] নিভ্রণ। ~দক [বিভেদ+ক (র্ত্তৃ)] বিণ, প্রভেদকর্ত্তা ; পৃথক্‌কারী। ২ বিদীর্ণকারক। ৩ [যন্ত্রবিদ্যাং (কং বিদ্যং পরিঃ)] ইং differential (of pulley) দ্র বৈজ্ঞাং পরিঃ। বি, ~দন।

বিভোর [বিভোল দ্রঃ। ল=র] বিণ, বিহ্বল ; আত্মহারা। "নিরখে নারদ ঋষি আনন্দে বিং রে।"-হেমং।

বিভোল [সং-বিহ্বল] বিণ, আত্মহারা। "মুখে হেসে বাক্য কহে অন্তরে বিভোল।" -চণ্ডীং। স্ত্রীং বিভোলা।

বিভ্রম [সং] বিলাস ; লীলা। ২ ত্বরা প্রযুক্ত ভূষণের স্থানান্তরে বিন্যাস। ৩ শোভা। ৪ বিজৃম্ভণ। ৫ সাদৃশ্য। ৬ শৃঙ্গার ভাবদ্যোতক নারীজনোচিত হাবভাব। ৭ সংশয়। ৮ ভ্রম ; ভ্রান্তি। স্ত্রীং বিভ্রমা।

বিভ্রষ্ট [বি-ভ্রষ্ট] বিণ, পরিভ্রষ্ট ; চ্যুত। ২ নষ্ট।

বিভ্রাজ [সং] বিণ, দীপ্তিমান। ২ শোভাযুক্ত।

বিভ্রাট [বি (বিপরীতরূপে ইং) ভ্রাজ্ +ক্বিপ্ (র্ত্তৃ), যে অভিলাষের বিঘ্ন জন্মায়] বি, সঙ্কট ; আপদ ; বিপদ।

বিভ্রান্ত১ [বি-ভ্রম্+ত(র্ত্তৃ), যে বিপরীত পথে গমন করে] বিণ, ভ্রমযুক্ত। ২ বিঘূর্ণিত। বি, বিভ্রান্তি-ভ্রম ; ভুল। ২ ক্ষিপ্রতা। ৩ বিঘূর্ণন।

বিভ্রান্ত২ [নাট্য শাং] বি, উপাঙ্গাভিনয়বিঃ (যাতে নয়নতারা ছুটি ঘুরিতে থাকে, অসংযত অশ্রুপাত ও উচ্চহাস্য, উত্তেজনায় বিঘূর্ণিত দৃষ্টি থাকে)।

বিমকি,-কী [বিম্বক > ক্ষুদ্রার্থে-ই,ঈ] বি, বিম্ব ; জলোদ্গীরণ ; বুদ্বুদ ; জলাদির বুদ্বুদাকারে স্ফীতি ; ভুড়ভুড়ি। ২ বিমুকি দ্রঃ।

বিমজ্জিম,-বিমর্জ্জিম দ্রঃ।

বিমত [বি(বিপরীত) মত(বুদ্ধি)যার,বহুং] বিণ,বিরুদ্ধমত। ২ অনভিপ্রেত। ৩ অসম্মত। বি, বিমতি-অসম্মতি। ২ বিরুদ্ধমতি। ৩ [প্রাং বাংং-বিমতি, বিমতী] কুমতি ; কুবুদ্ধি। "বিমতি ছাড়হ চন্দ্রাবলী"-শ্রীং কীং। (২) অসম্মতি ; অস্বীকার। "তভোঁ কি কারণে তোঞে করসি বিমতী।" -শ্রীং কীং। ৪ বিণ, পাগল।

বিমৎসর [বি (নয়) মৎসর (দ্রঃ)] বিণ, অহিংসক।

বিমথিত [বি-মথিত (বিশেষ পীড়িত)] বিণ, বিনাশিত। ২ বিধ্বস্ত।

বিমনস্ক [বি (বিকশিত) মনস্ যার, বহুং] বিণ, অন্যমনস্ক ; উদ্বিগ্ন। স্ত্রীং ~া।

বিমন [বি (বিগত) মন] বিণ, বিরক্ত ; অসন্তুষ্ট। ২ উদ্বিগ্ন ; চঞ্চল। ৩ অন্যমন ; বিভ্রান্তি। বিং করা-ভুলান। "বন্ধুজন করাঞা বিমনে, ছন্দে বন্দে তোষিবে কমনে॥" (প্রিয়তমকে বিমুগ্ধ বা বিভ্রান্ত করাইয়া কেমন করিয়া কৌশলে পরিতুষ্ট করিবে?" -শ্রীং কীং)। "দিল আঙ্গে সন্ধার্থে বসন তভোঁ কেহে রাধিকা বিমন"-শ্রীং কীং।

বিমনা [বিমনস্ শব্দ। সং-"বিমনাঃ" আধুং বাং-য় বিরল] বিণ, বিষণ্ণচিত্ত। ২ চঞ্চল চিত্ত। "ত্রিনয়না ধ্যানে, বঙ্কিম নয়নে হেরি হই সই বিং।"-গিং ঘোষ। ৩ অন্যমনস্ক।

বিমনায়মান [বিমনস্+য (আচরণ অর্থে-ক্যঙ্)=বিমনায়+আন (র্ত্তৃ)] বিণ, যে অন্যমনস্কের ন্যায় আচরণ করে ; উদ্বিগ্নমনা। স্ত্রীং ~া।

বিমনীকৃত [বিমনস্+চ্বি (অভূততদ্ভাবার্থে) +কৃত] বিণ, অপ্রফুল্ল ; বিষণ্ণ।

বিমনীভূত [বিমন্+চ্বি (অতভূতদ্ভাবে) +ভূত] বিণ, দুঃখিত।

বিমরিষ১ [সং-বিমর্ষ >] বিণ, দুঃখিত, বিমর্ষ। "অহর্নিশ বিং পেলে বিষ খাই।" ভারতং। "দেখি বিং সভে চিন্তিত অন্তরে।" -মহাং (দ্বিজ অভিরাম)।

বিমরিষ২ [বি-মৃশ্ (পরামর্শে)। প্রাং বাং-বিমরিষে] বি, বিচার ; বিতর্ক ; যুক্তি-পরামর্শ। "সব গোপী লঞা রাধা করি বিমরিষে"- শ্রীং কীং। >ক্রি, বিমরিষে [নামধাতু] বিচার বা বিতর্ক করে। "নাতিনীর মোহে বড়ায়ি মনে বিমরিষে।"-শ্রীং কীং।

বিমর্জ্জিম, বিমর্জ্জিম [ফাং বমুজিব >] ক্রি-বিণ, অনুযায়ী ; অনুসারে। ২ কারণে।

বিমর্দ্দ [বি-মৃদ্ (চূর্ণ করা) +অ (ভাং)] বি, চূর্ণন। ২ ঘর্ষণ ; পেষণ। ৩ মন্থন। ৪ বিনাশ। ৫ [প্রাং বাং] বিসম্বাদ ; যুদ্ধ। "বালি সুগ্রীবের যেমন আছিল বিং" -মহাং (বিজয়ং)।

বিমর্দ্দন [বি-মৃদ্+অন (ভাং)] বিণ, বিনাশকারী। প্র-কংস বিমর্দ্দন।

বিমর্দ্দিত [বি-মৃদ্‌+ণিচ্‌=মর্দ্দি+ত(র্ম্ম), যাকে পেষণ করা হইয়াছে] বিণ, দলিত; চূর্ণিত; পিষ্ট। ২ ঘৃষ্ট। ৩ বিলোড়িত।

বিমর্দ্দোত্থ [বিমর্দ্দ (সংঘর্ষণে)+উত্থ (যে উঠে)] বি, মর্দ্দন বা সংঘর্ষণ দ্বারা উৎপন্ন মনোহর গন্ধ।

বিমর্শ [বি-মৃশ্‌ (বিবেচনা করা)+অ (ভা০)] বি, বিশেষ বিবেচনা। ২ তথ্য-নিরূপণ। ৩ বিতর্ক। ৪ যুক্তিদ্বারা পরীক্ষা। ৫ অধৈর্য্য। ৬ অসন্তোষ।

বিমর্শন [বিমর্শ (দ্রঃ)+অন(ভা০)] বি, দুঃখ।

বিমর্ষ১, বিমর্ষণ [বি+মৃষ্‌ (সহনে)+অ+অন (ভা০)] বি, অক্ষমা; অসহন। ২ অসন্তোষ। ৩ সংস্কৃত নাটকের অঙ্গবিঃ।

বিমর্ষ২ [বাং-য় অর্থ সম্প্রসারণে এই বিশেষ্যবাচক শব্দ বিশেষণবাচক হইয়াছে] বিণ, বিষণ্ণ; ম্লান; মন-মরা।

বিমল [বি (বিগত, নাই) মল (মলিনতা বা পাপ) যার, বহু০] বিণ, নির্ম্মল; স্বচ্ছ। ২ নিষ্পাপ; পবিত্র। প্র-বিমল-চরিত্র। ৩ অকলঙ্ক; কলঙ্কবিহীন; অনাবিল। ৪ বি, পর্ব্বতবিঃ। ৫ জৈনমুনি। ৬ রূপার গিলটি। ৭ শুভ্র। স্ত্রীং ~া-বিণ, নির্ম্মলা। ২ শ্রীক্ষেত্রের দেবীমূর্ত্তি। "বিমল লোচন হৈল বিমলা দেখিয়া"-অ০ ম০। ~তা-বি, পবিত্রতা; নির্ম্মলতা। ~চিত্ত-নির্ম্মলচিত্ত; হিংসা দ্বেষাদি-বর্জ্জিত হৃদয়।

বিমলাত্মক [বিমল (নির্ম্মল)+আত্মা (স্বরূপ) যার, বহু০ (বিমলাত্মন্‌+ক, স্বার্থে)] বিণ, নির্ম্মল; অনাবিল।

বিমলানন্দ [বিমল+আনন্দ] বি, ব্রহ্মানন্দ। ২ বিণ, নির্ম্মল আনন্দবিশিষ্ট।

বিমা, বীমা [ফা০ বিমাহ্‌] বি, ক্ষতি-পূরণার্থ চুক্তি; ভবিষ্যতে টাকা প্রাপ্তির আশায় নির্দ্দিষ্ট সময়ে নির্দ্দিষ্টভাবে টাকা জমা রাখা insurance; assurance. অগ্নি-বিমা-আগুন লাগিয়া সম্পত্তি নষ্ট হইবার ভয়ে অগ্নিবিমাকারী কোম্পানীর হস্তে অগ্রিম টাকা দিয়া ক্ষতিপূরণের চুক্তি। জীবন-বিমা-মৃত্যুর পর নির্দ্দিষ্ট পরিমাণ অর্থ পরিবারের বা অন্ত উত্তরাধিকারীর হস্তগত হইবার সর্ত্তে নির্দ্দিষ্ট হারে ও কালের জন্ত টাকা জমা করণ life insurance. বিবাহ-বিমা-পুত্র বা কন্যার বিবাহকালে টাকা প্রাপ্তির আশায় যে বিমা করা হয় marriage insurance.

বিমাতা [সং বিমাতৃ শব্দ] বি, মাতৃ-সপত্নীক; সৎমা।

বিমাতৃজ [বিমাতৃ-জ (জাত)] বি, বৈমাত্রেয়ভ্রাতা। স্ত্রীং ~া-বৈমাত্রেয় ভগ্নী।

বিমান [বি (আকাশ) মান (মন্‌ বোধ করা)+অ (ণ), আকাশের পরিমাণ জ্ঞান হয় যদ্দ্বারা] বি, দেবরথ। "আইল বিমানে চাপি ভৃগুর সদন"-কবিক০। ২ বেলুন; ব্যোমযান; উড়োজাহাজ। ৩ সাততালা ঘর। ৪ রাজপ্রাসাদ। ৫ [বি (বিশিষ্টরূপে ইং) মা (পরিমাণ করা)+অন (ভা০)] পরিমাণ। [দ্রঃ-আধু০ বঙ্গীয় কবিগণ আকাশার্থে বিমান শব্দের প্রয়োগ করিয়া থাকেন]। ~চারী-বিণ, ব্যোমযানে বা দেবরথে বিচরণকারী। স্ত্রীং ~চারিণী।

বিমাননা [বি (বিরুদ্ধ প্রকারে ইং) মান্‌ (পূজা করা ইং)+অন (ভা০)+আ (স্ত্রীং)] বি, তিরস্কার; অবমান। বিণ, বিমানিত-অপমানিত।

বিমার [ফা০ বীমার্‌] বিণ, পীড়িত; রুগ্ন। বি, বিমারি।

বিমার্গ [বি, (বিরুদ্ধ) যে মার্গ (পথ, আচরণ), ধা] বি, অসৎপথ; কুপথ। ২ বিরুদ্ধ আচরণ; কদাচার।

বিমিশ্র [বি-মিশ্র] বিণ, মিশ্রিত।

বিমুকি [বুমুক দ্রঃ] অস-ক্রি, ফুলিয়া; উথলিয়া।—বিমুকি-অ, ঝলকে ঝলকে। "উঠিত বদনে রক্ত বিমুকি বিমুকি।"-রামা০ (কৃত্তি০)।

বিমুকই [বিমুক্ত > বৌ০ বাং প্রাকৃ০ বিমুক+ই (ক্রিয়ায়), নামধাতু] ক্রি, বিমুক্ত করে।

বিমুক্ত [সং-বি-মুক্ত > বৌ০ বাং প্রাকৃ০ বিমুক (দো০ পৃ০ ১২৮), বিমুকা (৮০ পদ০ ৪৬।২) ও বিমুচ্চ (দো০ পৃ০ ১১৭)] বিণ, পুনর্জ্জন্মরহিত; পরিত্রাণপ্রাপ্ত। ২ বন্ধন হতে মুক্ত। ৩ পরিত্যক্ত। বি, বিমুক্তি-আত্যন্তিক দুঃখনিবৃত্তি; মোক্ষ। ২ বন্ধন-মোচন; কারামোচন।

বিমু/খ [বি (বিরুদ্ধ বা বিপরীত) মুখ (বদন) যার, বহু০] বিণ, পরাঙ্মুখ। ২ নিবৃত্ত; নিরস্ত। ~খী [বিমুখিন্‌ শব্দ] বিণ, প্রতিকূল। ~খে [প্রা০ বাং] ক্রি-বিণ, মুখ ফিরাইয়া; বিমুখ হইয়া। "শুতলি বিমুখে ধনী"-বি০ প০। ~খতা-বি, নিবৃত্তি। ২ বিরক্তি। ৩ প্রতিকূলতা।

বিমুগ্ধ [বি-মুহ্‌ (অচৈতন্ত হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, মোহপ্রাপ্ত। ২ অজ্ঞান। > বি, বিমোহ-মুগ্ধতা। ~চিত্ত-মুগ্ধহৃদয়।

বিমুচ্যমান-বিণ, যাকে মুক্ত করা যাইতেছে।

বিমুদ্র [বি (বিগত, নাই) মুদ্রা (মোহ-বন্ধন)] বিণ, মুদ্রারহিত। ২ বিকসিত।

বিমূঢ় [বি-মুহ্‌ (মুগ্ধ হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, কর্ত্তব্যজ্ঞানহীন; হিতাহিতবোধ-রহিত। ২ মূর্খ; অজ্ঞ। স্ত্রীং ~া। ~মতি-জড়বুদ্ধি; অল্পবুদ্ধি। "শুন গো বিমূঢ় মতি যদি ছাড় নিজপতি কেমনে দেখাবে লোকে মুখ।"-কবিক০। ~সংজ্ঞ-বিণ, অজ্ঞান; মোহপ্রাপ্ত।

বিমৃশ্য/কারী-বিণ, বিমৃষ্যকারী দ্রঃ। বি, ~কারিতা।

বিমৃষ্ট [বি-মৃষ্‌ (প্রণিধান করা, চিন্তা করা)+ত] বিণ, বিচিন্তিত; বিবেচিত।

বিমৃষ্য/কারী [সং বিমৃষ্যকারিন্‌ শব্দ] বিণ, বিবেচক। বি, ~কারিতা। ~বাদী [বিমৃষ্যবাদিন্‌ শব্দ] বিণ, যে বিবেচনা করিয়া কথা বলে।

বিমোক্ষ [সং] বি, পরিত্রাণ; উদ্ধার; মুক্তি। ~ণ-বি, বিমুক্তি।

বিমোচন [বি-মুচ্‌ (মোচন করা)+অন (ভা০)] বি পরিত্রাণ; উদ্ধার।

বিমোহ-বিমুগ্ধ দ্রঃ। ক্রি, বিমোহা [বিমোহি, -মোহ, -মোহে, -মোহিতে; -মোহিয়া। ইং] বিমোহিত করা।

বিমোহন [বি-মোহন] বি, মুগ্ধ করণ; ভুলান। ২ বিণ, মুগ্ধকর; মোহজনক।

ন যুক্ত বিবৎ (অগ্র=অগ্‌র), হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঙ্গ=ঙ্গ্‌) ক্ষ=ক্‌ষ জ্ঞ=গ্‌গঁ হ্ম=হ্‌ম হ্ন হ্ল হ্ব=হ্‌ব হ্‌য় হ্‌ন ঙ বা, ঞ ক্ষ য় ৎ=zfwv ও অ০ দ্রঃ

বিমোহিত [বি-মুহ্ + ই (ণিচ্)= মোহি (মোহ জন্মান) + ত (র্ম)] বিণ, মোহ-প্রাপিত। ২ [বিমোহ (জড়তা) + ইত (ত্যা॰)] বিণ, বিমুগ্ধ। ৩ মূর্ছিত। ৪ হিতাহিত-জ্ঞান-রহিত।

বিম্ব [সং] বি, বুদ্বুদ। "কে না জানে অম্বুবিম্ব অম্বুমুখে সদ্যঃ পাতি,"-মাইকেল॰। ২ প্রতিবিম্ব। ৩ সূর্য্য ও চন্দ্রমণ্ডল। ৪ মণ্ডলাকার; গোলাকৃতি। ৫ তেলাকুচা ফল। "পাকা বিম্বর জিনিয়া অধর নাসায় মাণিক দোলে।"-কবিক॰। স্ত্রীং বিম্বা, বিম্বিকা, বিম্বী।

বিম্বক [সং] বি, সূর্য্য ও চন্দ্রের মণ্ডল। ২ তেলাকুচা ফল।

বিম্বকি, বিম্বকী [সং] বি, ধুক্ধুকি; পদক। "সোনার বিম্বকি গলে যেন নিশাকর" -কৃত্তি॰।

বিম্বাগত [বিম্ব (কে) + আগত (প্রাপ্ত), ২তৎ] বিণ, প্রতিবিম্ব; প্রতিফলিত।

বিম্বাধর [বিম্ব + অধর] বি, তেলাকুচা-তুল্য রক্তিম অধর। ২ বিণ, পাকা তেলাকুচা ফলের ন্যায় রক্তিম অধরবিশিষ্ট। স্ত্রীং ~া। "কিম্বা বিম্বাধরা রমা অম্বুরাশি তলে"-মেঘ॰।

বিম্বিকা-বিম্ব দ্রঃ।

বিম্বিত [বিম্ব (ছায়া) + ইত (ত্যা॰)] বিণ, প্রতিফলিত; প্রতিবিম্বিত; আভাসিত।

বিম্বী-বিম্বা দ্রঃ।

বিম্বু [সং] বি, বিম্বাকৃতি। ২ সুপারি। ৩ [সং-বিম্ব >] জলবিম্ব। "পরভুর আসন বিম্বু সহিতে না পারে॥"-শূ॰ পু॰। ৪ প্রতিবিম্ব। ~পাত [বিম্ব (ব্রহ্মাণ্ড) + পাত (সংস্থান)] বি, বিম্বব্রহ্মাণ্ড সংস্থাপন। "জীব-জন্তু নহি ছিল ন ছিল বিম্বুপাত।" -শূ॰ পু॰।

বিম্বোষ্ঠ, বিম্বৌষ্ঠ [বিম্ব (বৎ) + ওষ্ঠ যার, বহু॰] বিণ, তেলাকুচা ফলের ন্যায় যার রক্তিম ওষ্ঠাধর। স্ত্রীং বিম্বোষ্ঠা, বিম্বৌষ্ঠী।

বিম্লান [বি (না) ম্লান] বিণ, অমলিন; নির্মল। ২ টাটকা। স্ত্রীং বিম্লানা।

বিয়নী [বীজনী > প্রাকৃ॰। জ=অ=য়। বিউনী দ্রঃ] বি, বিজনী; পাখা। "কেহ লয় বি॰ দর্পণ।"-কবিক॰।

বিয়ন্মণি [বিয়ৎ (আকাশ) + মণি (রত্ন), আকাশের মণি, ৬তৎ] বি, সূর্য্য।

বিয়স্ত [বিয়ন (বিআন দ্রঃ) ত (সদ্যঃ-প্রসূত অর্থে)] বিণ, যে সদ্যঃ প্রসব করিয়াছে। "বি॰ বাঘিনীর মত গজরাতে লাগিল"-নবীন তপস্বিনী।

বিয়ম [বি-যম্ (নিবৃত্তি করা) অ (ভা॰)] বি, নিবৃত্তি। ২ ইন্দ্রিয়সংযম।

বিয়রি [সং-বিরন বা ব্রীহি >। তুল ফা॰ বিরিঞ্জ্ (চাউল)] বি, বিরণধান্য। "ঠাকরি কলাইর ডাইল দিল বি॰ ধানর চাইল।"-মাণিক॰ গান।

বিয়লি [সং-ব্রীহি > বিরি (মাষকলায়) + হিং॰ ধুলি (ধোয়া) > অথবা বিদলিত > বিদলন করিয়া দালের খোসা তুলিবার ভাব হতে। গ্রা॰ বিউলি (দ্রঃ)। অস॰ বিয়লী (বিয়ল্-ব্যাপ্ত হওয়া-হেমকোষ)] বি, খোসা ছাড়ান দাল; বিউলি।

বিয়া [সং-বিবাহ >। কুচবিহার প্রাদে॰ 'বিয়াও'। "পত্তিদিনে এক কেদেলা বিয়াত্ত বিয়াও করি"] বি, পরিণয়। "অদ্যাপি নাইল বিয়া।"-অ॰ ম॰। "বিয়াতে লখাই আজি যাইবে উজানী।"-মনসা ম॰ (বিজয়॰)। ২ [বীজ > বিঅ] বীজ।

বিয়াকুল [সং-ব্যাকুল >। বেয়াকুল ও॰] বিণ, ব্যাকুল। "অতি বি॰ করত খেদ" -জ্ঞান॰।

বিয়াজ, বেয়াজ [হিং॰] বি, সুদ। "বি॰ লাগিয়া ছুঁয়ে করে কাড়াকাড়ি॥" কবিক॰।

বিয়ান১ [হিং॰ বিহান >] বি, প্রভাত। ২ [বিয়ান দ্রঃ] বধূ বা জামাতার মাতা বা মাতৃস্থানীয়া।

বিয়ানো২, বিয়োনো [সং-বী (গর্ভ গ্রহণ করা, ক্ষেপণ করা) > প্রসবার্থে বাং-য় বি + আন (ক্রিয়ার)। বিয়াই (বিয়োই), বিয়াও (বিয়োও), বিয়ায় (বিয়োয়); বিয়াইতে (কে॰ গ্রা॰ বিয়াতে, বিয়ুতে, বিয়োতে); বিয়াইয়া (কে॰ বিয়িয়ে)] ক্রি, প্রসব করা। "মামার ক্ষেতে বিয়াইল গাই সেই সম্বন্ধে মামাত ভাই"-সা॰ প॰ প।

বিআএল [প্রা॰ বৌ॰ বাং সা॰] ক্রি, বিয়াইল; বিয়াল; প্রসব করিল। "বলদ বি॰ গবিআ বাঁঝে।"-চ॰ পদ॰, ৩৩।৩।

বিয়ান৩ [বিয়ান২ দ্রঃ] বি, প্রসব। গেলে বাঁধা কৈলে বাছুর এক বিয়ানের ফল" -অমৃত বসু।

বিয়াপি [সং-ব্যাপী > প্রাকৃ॰ বিআপি >] বিণ, ব্যাপ্ত। "পতিত কোরে ধরি ভুবন বিয়াপি।"-বলরাম॰।

বিয়াল্লিশ [সং-দ্বাচত্বারিংশৎ >] বিণ, দুই অধিক চল্লিশ সংখ্যা; ৪২। ~বাজনা-বি, ছয় রাগ ও ছত্রিশ রাগিণী; উক্ত ৪২ সুরের উপযোগী ৪২ প্রকার বাদ্য। "দামামা দগড় বাজে বিয়াল্লিশ বাজনা।"-চণ্ডীবোধিনী (চা॰ বন্দ্যো॰)।

বিযুক্ত [বি-যুক্ত] বিণ, বিচ্ছিন্ন; বিশ্লিষ্ট। ২ পরিত্যক্ত। ৩ [পাটী॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] minus এর বৈজ্ঞা॰ পরিঃ।

বিযুত [বি-যুত] বিণ, অসংলগ্ন।

বিয়ে [বিবাহ দ্রঃ] বি, পরিণয়। ~থা -বি, বিবাহ ও তার আনুসঙ্গিক কৃত্য; বিবাহ ও স্থিতি বা বাস। ~পাগলা-বিণ, বিবাহ করিবার জন্য পাগল। বিয়ের ফুল ফোটা-বিবাহের আশাকুসুম পুষ্পিত হওয়া; বিয়ের সম্ভাবনা হওয়া। "এতদিনে শিব বুঝি হইল অনুকূল। ফুটাইল ভগবতী বিবাহের ফুল॥"-ভারত॰।

বিয়েন [বিয়ান দ্রঃ] বি, প্রসব। "ছার পোকার বিয়েন মতন নিত্যি নূতন আইনে দেশ হয় জ্বালাতন।"-বাং গান।

বিয়োগ [বি-যোগ] বি, বিচ্ছেদ; বিরহ। ২ অভাব। ৩ [গণিতে] এক রাশি হতে অন্যরাশি বাদ দেওয়া; ব্যবকলন; জমাখরচ subtraction. বিণ, ~গী [বিয়োগিন্] বিচ্ছেদযুক্ত; বিরহী। > স্ত্রীং ~গিনী-বিরহিণী। ২ ছন্দোবিঃ। বি॰-কাতর, বি॰-বিধুর-বিণ, বিচ্ছেদকাতর; বিরহ-ব্যাকুল। > স্ত্রীং ~কাতরা, ~বিধুরা।

বিয়োগান্ত [বিয়োগ + অন্ত] বিণ, যার

অন্তে বিযোগ দৃশ্য বা বিচ্ছেদ দুঃখ আছে। ~নাটক-যে দৃশ্যকাব্য শোকজনক দৃশ্যে সমাপ্ত হইয়াছে ; শোকান্ত নাটক tragedy.

বিযোড় [বি (নয়) যোড়] বিণ, যাহা দুই বা দুয়ের গুণিতক নহে ; অযুগ্ম।

বিয়োজিত [বি-যুজ্+ই (ণিচ্)= যোজি (বিয়োগ করান)+ত (র্ম)] বিণ, পৃথক্কৃত; বিশ্লিষ্ট; বিরহিত। বি, বিয়োজন -বিয়োগ। ২ অভাব। ৩ অদর্শন। "দুই মাসে হয় তোমার গুরু বিয়োজন।"-কবিক°।

বিয়োনো [বিয়ান্, দ্র:] ক্রি, প্রসব করা। "সেথা পুঁটি মাছে বিয়োয় না ক টিয়া পাখীর ছাঁ"-বি° রায়।

বিরক্ত [বি-রন্জ্ (অনুরক্ত হওয়া)+ত (র্ত্)] বিণ, অননুরক্ত। ২ বৈরাগ্যযুক্ত ; উদাসীন। ৩ বিরত। ৪ জ্বালাতন। ৫ অসন্তুষ্ট। > স্ত্রীং ~া-দুর্ভগা। ২ অননুরক্তা। বি, বিরক্তি, বৈরক্ত্য [বি-রন্জ্+তি (ভা°), বিরক্ত+য (ভা°)] বি, বিরাগ ; অসন্তোষ ; ঘৃণা। > ~কর, ~জনক-অপ্রীতিকর। ২ বৈরাগ্যজনক।

বিরঙ্গ [বি (বিবিধ) রঙ্গ] বি, বিবিধ বর্ণ ; রকমারি রঙ্। সাধা° রঙ্গ-বিরঙ্গ-রকম রকম রঙ্। ২ রঙ্গ রহস্য ; রং তামাসা। ৩ অঙ্গভঙ্গী।

বিরচিত [বি-রচ্ (রচনে, প্রণয়নে)+ত (র্ম)] বিণ, বর্ণিত। ২ প্রণীত ; কৃত। ৩ নির্মিত। ৪ গঠিত। ৫ গ্রথিত। বি, বিরচন।

বিরজা [সং] বি, শ্রীক্ষেত্র ; জগন্নাথক্ষেত্র। ২ কৃষ্ণ ও রাধিকার সখীবিঃ। ৩ যযাতি রাজার জননী। ৪ নদীবিঃ।

বিরজাঃ [বিরজস্ শব্দ] বি (বিগত, নাই) রজস্ (রক্ত, ধূলি, রজোগুণ) যার, বহু°] বি, রজোহীনা স্ত্রী ; ঋতুরহিতা স্ত্রী ; বিগতার্ত্তবা নারী। ২ বিণ, রজোগুণরহিত। ৩ ধূলি-বিহীন।

বিরজীকৃত [বি (না) রজস্-কৃত, মধ্যে ঈ (চ্বি, অভূততদ্ভাবার্থে)] বিণ, যাকে রজোগুণরহিত করা হইয়াছে। ২ যাকে ধূলিবিহীন করা হইয়াছে।

বিরণ করা [প্রাদে°। হিং° বিরনী (seed, grain), > বিরণ] বি, বীজবপন করা to cast seeds.

বিরত [বি (না)-রম্ (রত থাকা)+ত (র্ত্)] বিণ, ক্ষান্ত ; নিবৃত্ত। ২ পরাঙ্মুখ। ৩ ভ্রান্ত। স্ত্রীং ~া। বি, বিরতি-নিবৃত্তি। ২ বিরাম। ৩ শান্তি। ৪ বিরাগ। ৫ বাক্যের মধ্যে কমা অপেক্ষা অধিক বিরাম-বোধক পাদচ্ছেদ চিহ্ন ; '-' এই চিহ্ন dash.

বিরমা [বি-রম্ (আসক্ত করা, রত করা)] ক্রি, মগ্ন করা ; রত করা। "কমলাকান্ত নিতান্ত অনুগতে শ্যামরসে বিরমাও।"-বাং গান।

বিরমাণ [ব্রজ°। বি (অলঙ্কারে) বমণ >] বি, বলয়। "রাজা শিবসিংহ রূপনারায়ণ লখিমাদেবী বি°"-বি° প°।

বিরমানন্দ [বৌ° দর্শন] বি, নিশ্চেষ্ট হইয়া সুখভোগ করিতেছি, এইরূপ বিকল্প অনুভূতি ; বৌদ্ধ দর্শনোক্ত প্রথম তিন প্রকারের সুখ ত্যাগ দ্বারা যে আনন্দ অনুভব হয় (ইহাই মহাযানের শূন্যতা বা নির্ব্বাণ পদ)।

বিরয়ু-বিরহ দ্র:।

বিরল [সং] বিণ, ফাঁক। ২ [প্রা° বৌ° বাং-বিরলা] অল্প ; কম। তুল-ইং rare. ৩ শিথিল। ৪ নির্জ্জন। ৫ বি, নির্জ্জন স্থান ; একান্ত। "এস সখি তুমি আমি বসি এ বিরলে।"-ব্রজাঙ্গনা°। ৬ গোপন। "বিরল কথন"-কবিক°। ৭ দধি। বিরল-কথন -নির্জ্জনে কথোপকথন। "তোমা সনে আছে তার বিরল কথন।"-কবিক°। ~জানুক -বিণ, লম্বা জানুবিশিষ্ট। ২ বক্রজানুবিশিষ্ট।

বিরস [বি (নাই) রস যাতে, বহু°] বিণ, রসবিহীন; নীরস; শুষ্ক। ২ অতৃপ্তিজনক। ৩ বিষাদ। ৪ বিষন্ন। "খুল্লনারে দিতে বার হইয়া বি°।"-কবিক°। ৫ অশ্রদ্ধা। ৬ বিষাদ ; বিষন্নতা। "তোমার বিরসে আর কোন রসে হৃদিপদ্ম হবে বল সুখী।" -বাং গান। ৭ আমোদে বাধা দান ; রসভঙ্গ। "একালে মেনকা আসি করিল বি°।"-কবিক°।

বিরসুল [চর্ম্মপাদুকা শিল্পে। বাহির > বির+ইং sole > সুল] বি, জুতার তলার চামড়ার বাহির দিয়া সেলাই।

বিরহ [সং। পূ° বঙ্গ প্রাদে° বিরয় (পূ° ব° গী°)] বি, বিচ্ছেদ ; বিয়োগ। ২ অভাব। ৩ শৃঙ্গার রসের অবস্থাবিঃ। ৪ কৃষ্ণের মথুরা গমনে রাধার বিচ্ছেদ সম্বন্ধীয় গীত। "পূর্ব্ব রজ রসোদগার মাথুর বি° আর হরিভক্তি যাহাতে প্রকাশ।"-অ° ম°। ~কাতর-বিয়োগ-কাতর ; বিচ্ছেদক্লিষ্ট। স্ত্রীং ~কাতরা। ~বিধুর-বিয়োগকাতর ; বিচ্ছেদক্লিষ্ট। স্ত্রীং ~বিধুরা। ~ব্যথা-বিচ্ছেদজনিত ক্লেশ। ~ব্যাকুল-বিয়োগকাতর।

বিরহিত [বিরহ+ইত (জাতার্থে)] বিণ, বিহীন। ২ পরিত্যক্ত। ৩ বিযুক্ত।

বিরহী [সং° বিরহিন্ ১মা° ১ব] বিণ, বিয়োগী ; বিচ্ছেদযুক্ত। স্ত্রীং বিরহিণী।

বিরহোৎ/কণ্ঠা [বিরহ (হেতু)+উৎ-কণ্ঠা] বি, বিরহ জনিত উদ্বেগ। বিণ, ~কণ্ঠ। ~কণ্ঠিতা [বিরহ দ্বারা উৎকণ্ঠিতা, ৩তৎ] বি, নায়িকাবিঃ। পুং ~কণ্ঠিত।

বিরাগ [সং] বি, নিস্পৃহতা। ২ বিরক্তি ; অসন্তোষ ; ইং disaffection এর পরিঃ। ৩ অননুরাগ। "আমি এসেছি বিবাগে মনের বিরাগে"-বাং গান। ৪ বৈরাগ্য। "বি° যারে করে ধারণ সেই ত পায় হরির চরণ"-বাং গান। ৫ বিণ, রাগহীন। ~ভাজন-বিণ, বিরাগের পাত্র ; যার উপর বিরক্তি জন্মে।

বিরাগী [সং° বিরাগিন্] বিণ, উদাসীন। স্ত্রীং বিরাগিণী।

বি(বী)রাও [অনু°] বি, গর্জ্জন ; ডাক। "বাঘা দিল বীরাও বিস্তার করি মুখ"-ধ°।

বিরাজ [বি (বিশিষ্টরূপে ই°)-রাজ্ (দীপ্তি পাওয়া) অ (র্ত্)] বি, বিরাট পুরুষ ; পরমেশ্বর। ~মান-দীপ্যমান। ২ বিদ্যমান। "অপ্রতিহতভাবে বিরাজমান" -উত্তরা, পৌষ, ১৩৩৩।

বিরাজা [বিরাজ+আ (ক্রিয়ায়)। বিরাজি, বিরাজ, বিরাজে ; বিরাজিতে ; বিরাজিলা] ক্রি, প্রকাশ পাওয়া ; বিদ্যমান থাকা ; শোভা পাওয়া। "বিরাজ হৃদি মন্দিরে"-ক°।

বিরাজিত-বিণ, শোভমান। ২ প্রকাশিত।

বিরাট [সং। মৎস্য দ্রঃ] বি, বগুড়ার সন্নিহিত দেশ; উত্তর বঙ্গ। ২ ঐ দেশের রাজা। ৩ [দর্শনে] সমস্ত ব্রহ্মাণ্ডে সমষ্টিভাবে উপস্থিত চৈতন্য; নামান্তরে ক্ষীরোদকশায়ী। ৪ বিণ, সুবৃহৎ; বিশাল। ~তন্‌য়-বিরাট রাজপুত্র। ২ উত্তর [উত্তর >] দিক্ অর্থেও কবিপ্রয়োগ দেখা যায়। "বিরাট তনয় মুখে যদি কয় ভয়।"-ঘ০।

বিরাড় [বিরাট দ্রঃ। ট=ড়] বি, রাজা, ভূপতি। "বীর বমরাড় বুঝিয়া বিরাড় বিপদে না বাঙ্কে বুক"-ঘ০।

বিরাদর, -দার, বিরেদার- বেরাদার দ্রঃ।

বিরাধ [সং] বি, হানি। ২ ব্যথা। ৩ অপরাধ। ৪ দণ্ডকারণ্যবাসী রাক্ষসবিঃ।

বিরানব্বই [সং-দ্বিনবতি > প্রা০ বিরেনব্ব ই, বিরেনই] বি, দুই অধিক নব্বই; সংখ্যা; ৯২। ২ বিণ, ৯২ সংখ্যক।

বিরানা১ [ফা০ বেরুন (বাহির) > বেরুনা (বাহিরের অর্থাৎ পর)] বি, পর; অজ্ঞাতকুলশীল। "বিরানার বাছা বলি বাস নাহি মনে।"-শি০।

বিরানা২ [ফা০ বিরানা] বি, পরিত্যক্ত স্থান; জনমানবহীন স্থান; ধ্বংসপ্রাপ্ত স্থান।

বিরাবান [ফা০ বিরানা >] বি, উজাড়দেশ; মরুভূমি desolate place.

বিরাব [সং] বি, ধ্বনি; রব। ২ কোলাহল। ৩ বিণ, রবশূন্য। বিণ, বিরাবী।>স্ত্রীং বিরাবিণী।

বিরাম [সং] বি, নিবৃত্তি; বিরতি। ২ বৈরাগ্য। ৩ বিশ্রাম। ৪ শেষ; অবসান। ৫ [ব্যা০] পরে কোন বর্ণ না থাকা।

বিরাল [সং] বি, বিড়াল (দ্রঃ)। ~অক্ষ -বিড়ালচক্ষুঃ; কটা চোখ। "রুদ্রাক্ষ বিং অক্ষ সুবর্ণ রজতে।"-চৈ০ ভা০।

বিরাশি [সং-দ্ব্যশীতি] বি, দুই অধিক আশী; ৮২। ~সিক্কার ওজন- কোম্পানীর টাকায় ৮২ টাকার সের যে ওজনের; পাকা ওজন। ২ [কোম্পানীর টাকায় ৮০ সিক্কায় এক সের হয় সুতরাং] খুব দমদার; ভারি।

বিরি,-রী [সং-ব্রীহি >] বি, স্বনামখ্যাত কলাই। ২ ব্রীহি ধান্য; আশু ধান্য।

বিরিক্ত [সং] বিণ, বিরেচনকারী; উদর ভঙ্গবিশিষ্ট; বহুমলত্যাগী।

বিরিখ [সং-বৃক্ষ > বাং প্রাকৃ০] বি, বৃক্ষ; গাছ। "বিরিখের ফল"-চণ্ডি০।

বিরিঞ্চ [সং] বি, ব্রহ্মা। ২ বিষ্ণু। ৩ মহেশ্বর।

বিরিঞ্চি [সং] বি, ব্রহ্মা। "বিং পুরোহিত বিধান সুবিদিত পূজক আপনি মহেশ।"-অ০ ম০।

বিরিঞ্জি [ফা০] বি, লোহার ছোট কাঁটা পেরেক।

বিরুত [বি (বিশিষ্টরূপে ই০)-রু (শব্দে) + ত (ভা০)] বি, অব্যক্তধ্বনি; কলরব। বিণ, কূজিত।

বিরুদ্ [সাঁওতালী-বীর (বন, জঙ্গল) > (?)। হি০ বিরুদ (গাছ)। বীরুধ্ (লতা) > দ্রঃ] বি, গাছ।

বিরুদ্ধ [বি-রুধ্ (রোধ করা) + ত (র্তৃ)] বিণ, প্রতিকূল। ২ বিপরীত। ৩ আবদ্ধ। ৪ বিদ্বেষবিশিষ্ট। ৫ [তঃ বিঃ] বি, যেদুই একই সময়ে উভয়েই সত্য কিংবা মিথ্যা হতে পারে না তারা পরস্পর বিরুদ্ধ (বাক্য)। ~বচন- প্রতিকূলবচন। ~বাদী-বিণ, প্রতিকূলবাদী। ২ বিপক্ষ। > স্ত্রীং ~বাদিনী।

বিরুদ্ধা/চরণ [বিরুদ্ধ + আচরণ] বি, বিপক্ষতাচরণ। ২ বিপরীত কার্য্যকরণ। ~চার-বি, বিপরীত আচরণ। বিণ, ~চারী। ~বর্ত্তন [বিরুদ্ধ + আবর্ত্তন। ত০ বি০] বি, নিরপেক্ষানুমানভেদ conversion by contraposition. ইহাতে যে বাক্যটী হতে অনুমান করা হয় সেই বাক্যটার উদ্দেশ্য এবং বিধেয় পদের বিরুদ্ধ পদ যথাক্রমে অনুমিত বাক্যের বিধেয় এবং উদ্দেশ্য হওয়া (যথা-সকল মানুষ মর, ∴ সকল অমর অমানুষ)-প্র০ সিংহ।

বিরূঢ় [বি + রুহ্ (উৎপত্তি, স্ফূর্ত্তি) + ত (র্তৃ)] বিণ, উৎপন্ন। ২ বদ্ধমূল।

বিরূপ [বি (বিপরীত) রূপ (আকৃতি, গঠন ই০) যার, বহু০] বিণ, কুরূপ। ২ প্রতিকূল। ৩ অসন্তুষ্ট। স্ত্রীং ~া। ~প্রণালী [ত০ বিজ্ঞানে] বি, তর্কবিজ্ঞানের অন্তর্গত ব্যাপ্তিনিরূপণ প্রণালীভেদ। "ইহাতে দুইটী দৃষ্টান্তস্থলের মধ্যে যে অবস্থাটী অসাধারণ তাকে নির্দিষ্ট ব্যাপারটীর কারণ কিংবা কার্য্য কিংবা কারণের অপরিহার্য্য অংশ বলিয়া নিরূপণ করা হয় method of difference." বি, ~তা (-পী-) প্রতিকূলতা। ২ অসন্তোষ। "সে বিরূপতা যে সত্যই আন্তরিক নয়, তাহা ই০"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

বিরূপাক্ষ [বিরূপ-অক্ষ (অক্ষি), বাম, দক্ষিণ ও উর্দ্ধ এই তিন চক্ষু যার, বহু০] বি, ত্রিলোচন; শিব। ২ রুদ্রবিঃ। ৩ [পু০] পৃথিবীধারণকারী দিগ্‌গজ। ৪ বিণ, কুৎসিত চক্ষুযুক্ত।

বিরূপা|নুমান [বিরূপ + অনুমান। ত০ বিজ্ঞা০ পরিঃ] বি, নিরাপেক্ষানুমানভেদ। "ইহাতে আ, এ, ই, ও এই চারি বাক্যের কোন একটী সত্য বা মিথ্যা হইলে অপর তিনটীর কোন্ কোন্টী সত্য, মিথ্যা বা সংশয়িত তাহা নিরূপণ Inference by opposition."

বিরূপিকা বিরূপ দ্রঃ] বিণ, কুরূপা।

বিরেক [বি + রিচ্ (শূন্যীকরণে, বিরেচনে) + অ (ভা০)] বি, মলনিঃসরণ।

বিরেচক [বি-রেচি (নিঃসরণে + অক (র্তৃ)] বিণ, মলনিঃসারক। ২ বি, জোলাপ। বি, বিরেচন-মলনিঃসারণ; ভেদ।

বিরোচন [সং] বি, সূর্য্য। ২ চন্দ্র। ৩ অগ্নি। ৪ প্রহ্লাদের পুত্র; বলির পিতা।

বিরোধ১,-বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ Rhetorical contradiction. আপাততঃ বিরুদ্ধ প্রতীয়মান হয় কিন্তু প্রকৃতপক্ষে যাতে বিরোধ না থাকিলে, অথবা গুণ ক্রিয়াদির পরস্পর বিরুদ্ধভাবে ভাগ হইলে যে বৈচিত্র্য জন্মে তাতে বিং অলঙ্কার হয়, যথা- "চাঁদের মণ্ডল, বরিষে গরল চন্দন আগুণকণা! কর্পূর তাম্বূল, লাগে যেন শূল শীত মাট ঝণঝণা।"-বিং সু০। "অচক্ষু সর্বত্র

চান অপদ সর্ব্বত্র গতাগতি। কর বিনা বিধ গড়ি মুখ বিনা বেদ পড়ি, সবে দেন কুমতি সুমতি॥"-অ০ ম০। বিরোধাভাস-বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ। যে শব্দ আপাততঃ বিরুদ্ধবৎ প্রতীয়মান হইয়া পর্য্যবসানে তার বিরোধ ভঞ্জন হইলে বি০ অলঙ্কার হয়, যথা,-"একি মনোহর, দেখিতে সুন্দর, গাঁথয়ে সুন্দর মালিকা। গাঁথে বিনা গুণে, শোভে নানাগুণে, কাম মধুব্রত পালিকা॥"-বি০ সু০। গুণবিরহিত হইয়া নানাগুণে শোভা পাওয়া অসম্ভব গুণ শ্লেষাত্মক শব্দ ও মাল্য পক্ষে সূত্রার্থক। 'বিনিসূতের মালা' ও প্রসিদ্ধ।

বিরোধ, [বি-রুধ্ (রুদ্ধ করা ই০)+অ (ভা০)] বি, যুদ্ধ। ২ শত্রুতা। ৩ অনৈক্য। ৪ বিপদ। ৫ বাধা। ৬ [প্রা০বাং] অবরোধ। "পথে বিরোধে কাহ্নাঞিঁ।"-শ্রী০কী০। ৭ বিপরীতভাব। "অভেদে হইল ভেদ এ বড় বিরোধ।"-অ০ ম০। বিণ, বিরোধিত।

বিরোধন [সং] বি, বিরোধ। ২ বিণ, বিরোধকারী। ক্রি, বিরোধা-বিরোধ করা। বিরোধসি-অবরোধ করিতেছে। বিরোধে-অবরোধ করে। বিরোধিল -বাধা দিল। "আসিআঁ বিরোধিল মথুরা গমনে।"-শ্রী০কী।

বিরোধনিয়ম [ত০বি০ তাদাত্মনিয়ম দ্রঃ] বি, কোন পদার্থ একসময়ে আছে ও নাই এই উভয়ই যে সত্য হতে পারে না এই স্বতঃসিদ্ধ নিয়ম law of contradiction.

বিরোধানল [বিরোধ (রূপ)+অনল, রূপক ধা] বি, বিদ্বেষ-বহ্নি।

বিরোধিতে [বিরোধ দ্রঃ] ক্রি, বিরোধ করিতে। ২ বাধা দিতে। "কে তোমার ইচ্ছা প্রভু বি০ পারে।"-চৈ০ ভা০।

বিরোধী [সং-বিরোধীন্] বিণ, বিরোধকারী। ২ বিরুদ্ধ। স্ত্রীং বিরোধিনী।

বিরোধোক্তি [কাব্যালঙ্কারে] বি, যা বাস্তবিক বিরুদ্ধ নহে কিন্তু আপাততঃ বিরুদ্ধ বলিয়া মনে হয়। ২ বিরুদ্ধবাদ।

বির্মী-ব্রাহ্মী দ্রঃ।

বিল, [সং] বি, ছিদ্র; গর্ত্ত; গুহা; বিবর। "নিন্দিত মৃণাল, ভুজ দেখি ব্যাল, বিলে প্রবেশিল লাজে"-মহা০ (কাশী০)। ২ নদীর গতিপরিবর্ত্তনে উৎপন্ন স্রোতোহীন বৃহৎ জলাশয়; বাঁওড়। "নূতন সলিলে ভরা বরষার বিল।"-প্রেম ও ফুল। ৩ যে ভেদ করে। ৪ অথবিঃ।

বিল, [ইং bill এর লিপ্যন্তর] বি, হুণ্ডী; করারীতমঃসুক promissary note; draft.

বিলকুল [আ০ বিল্ (এমন কি)+ফা০ কুল (সব all), এমন কি সমুদয়] ক্রি-বিণ, সমুদয়; সমস্ত; বেবাক; নিঃশেষে।

বিলক্ষ [সং] বিণ, অনুদ্দিষ্ট। ২ অচিহ্নিত।

বিলক্ষণ, [সং] বিণ, অসামান্য। ২ বিপরীত। "সিংহগ্রীব গজস্কন্ধ বি০ বেশ।" -চৈ০ ভা০। স্ত্রীং ~া।

বিলক্ষণ, [বাং] ক্রি-বিণ, খুব ভাল; বহুত আচ্ছা। "কৃতকার্য্য হই বিলক্ষণ, না হই তাহাতে ক্ষতি নাই।"-দিগিন্দ্র০ ভট্ট।

বিলগ্ন [বি-লগ্ন] বিণ, সংযুক্ত; বদ্ধ। ২ বি, জন্ম লগ্ন। ৩ মেষাদি রাশি।

বিল/ঙ্ঘন [বি-লন্‌ঘ্ (ডিঙ্গিয়া যাওয়া) +অন (ভা০)] বি, অতিক্রম; উল্লঙ্ঘন। ~ঙ্ঘনীয়,-ঙ্ঘ্য-অতিক্রমণীয়। ~ঙ্ঘিত -বিণ, অতিক্রান্ত।

বিলজ্জ [বি (বিগত) লজ্জা যার, বহু০] বিণ, নির্লজ্জ। স্ত্রীং ~া। ক্রি, বিলজ্জই [লজ্জা > নাম ধাতু] ক্রি, লজ্জিত হই (দো০ ১৩২)।

বিলনি, বিলানি [সং-বিতরণ] ক্রি, বণ্টন করা। ২ ব্যয় করা।

বিলপন [বি-লপ্ (বলা, শোক করা) অন (ভা০)] বি, পরিতাপ; বিলাপ। বিণ, বিলপিত। ক্রি, বিলপা-বিলাপ করা।

বিলপমান-বিণ, বিলাপকারী।

বিলফেল [আ০] অ, উপস্থিত মত।

বিলবিল-পিলপিল দ্রঃ। উৎকর্ষে, প=ব।

বিলমুক্তা [গ্রা০বেলমোক্তা। আ০] বিণ, নির্দ্ধারিত।

বিলম্ব [বি-লম্ব্ (কালযাপন করা)+অ (ভা০)] বি, দেরী; গৌণ। ২ ঝুলন। বিণ, বিলম্বিত-বিণ, বিলম্বযুক্ত। ২ লম্বমান। ৩ বি, মধ্যম নৃত্য।

বিলম্বন [বি-লন্‌ব্ +অন (ভা০)] বি, ঝুলন।

বিলম্বাহ্ [বিলম্ব > বাং-র নামধাতু বিলম্বাও, প্রা০ বাং-র 'ও' স্থানে 'হ' র ব্যবহার ছিল] ক্রি, বিলম্ব কর; অপেক্ষা কর। "চল চল সহচরি, অক্রুর চরণে ধরি তিল এক হরি বিলম্বাহ।"-গোবিন্দ০।

বিলম্বী [মু০ বিলম্বিন্] বিণ, বিলম্বকারী। ২ অশীঘ্র; অসত্বর। ৩ বিলম্বিত; ঝুলান।

বিলয় [সং] বি, ব্রহ্মাণ্ডের নাশ; প্রলয়। ২ বিনাশ; বিলোপ। ৩ বিণ, তালশূন্য। ৪ [প্রাদে০] কার্য্যের ব্যবস্থাজ্ঞানশূন্য।

বিলয়ন [বি-লয়+অন (ণে)] বি, লয়-করণ; বিনাশন।

বিলশয়, বিলেশয় [সং] বি, সর্প।

বিলসই [সং-বিলসতি > প্রা০ বৌ০ বাং, ব্রজ০। বিলাস > নামধাতু] ক্রি, বাসনা করে; ইচ্ছা করে; চাহে। "সুপুরুখ বি০ সো বরনারী"-বি০ প০।

বিলসব [বিলাস > নামধাতু। বিলসা (বিলাস করা)। ব্রজ০] ক্রি, বিলাস করিবে; অভিলাষ করিবে। ২ বিহার করিবে। "কা সঞে বি০"-বি০ প০। "শ্যাম সহ বিলসব" -চণ্ডি০। বিলসয়ে-ক্রি, বিলাস করে। "বহুবিধ বিলসয়ে বহুবিধ রঙ্গ"-বি০ প০। বি, বিলসন।

বিলসিত [সং] বিণ, কৃতবিলাস। ২ শোভিত। "কর বি০ নিশিত পরশু অভয় বর কুরঙ্গিয়া"-অ০ ম০।

বিলাই [হিং ও মালদহ প্রাদে০। তুল হিং বিলাই, বিল্, বিল্লি, বিল্লী। ওড়ি০ বিলেই, তেলু০ বিল্লি, প্রাকৃ০ বিলার < সং-বিড়াল] বি, বিড়ালী; মেনি বেরাল। ২ বিড়াল। "এই বি০ বনে গেলেই বন-বিলাই"-সা০ প০ প০।

বিলাত, বিলায়ত [ফা০ বিলায়ৎ] বি, রাজার দেশ; শাসনাধীন স্থান; রাজপাট। "তোমার হুকুমে আমি সকল বিলাতে ভ্রমি"

-মনসা দ্র° (বংশী°)। ২ বিদেশ foreign country. ৩ ইংলণ্ড England. "বিলাত দেশটা মাটির"-দ্বি° রায়। ৪ ভাণ্ডার। "লক্ষের বিলাত লুটে বসে থাক ঘরে।"-ক°। ৫ [শ্রীহট্ট° প্রাদে°] বি, বজঘাসী গ্রাম। বিণ, বিলাতি, বিলাতী, বিলায়িতি- বিণ, বিলাতে উৎপন্ন। "বিলাতি খেলাত গায়"। ২ য়ুরোপীয়; য়ুরোপসুলভ। "আমরা শিখেছি বিলাতী বুলি"-দ্বি° রায়। ৩ [সংকীর্ণার্থে। কোন কোন শিল্পদ্রব্যের শ্রেষ্ঠতা, মজবুতি ও সৌন্দর্য্যপক্ষে] উৎকৃষ্ট। প্র-বিলাতী জুতা। ~ফের্ত,-ফেরতা, -ফের্তা-ইংলণ্ড-প্রত্যাগত। ২ য়ুরোপ-প্রত্যাগত। "আমরা বিলাতফের্তা ক'ভাই" -হাসির গান।

বিলাত২ [ব্যবসায়িক পরিঃ। সং-বিলয় >হি° বিলট্না (নষ্ট হওয়া, ক্ষতির খাতে পড়া) >] বি, অনাদায়। বি° পড়া- ব্যবসায়ে টাকা আদায় বা উসুল না হওয়া। ~বাকী [বিলাত (অর্থসম্প্রসারণে, পারিঃ অর্থে-বাহিরের ব্যবসাদারী] বি, দোকানের হিসাবের খাতায় বাহিরের লোকের বাকী দেনা; অনাদায়ী টাকা; কারবারের যে প্রাপ্য টাকা এমনভাবে অনাদায়ী হইয়াছে যে তার উদ্ধারের আশা নাই bad debts. "কারবারী লোকের কারবার বন্ধ হইলে, আর বিলাতবাকি আদায় হয় না"-আমার ব্যবসা জীবন (অ° নন্দী)।

বিলাতীয়ানা [বিলাত১ দ্রঃ] বি, বিলাতী চালে চলা; সাহেবীয়ানা। "প্রথম কিশোরকালে বিলাত যাইয়া সাহেব মেমের সহিত ঘনিষ্ঠতা করিয়া আসিলে সে বি° সহজে দূর হইবার নহে।"

বিলানো [বিলন দ্রঃ। বিলাই, বিলাও, বিলায়; বিলাইতে (কে° বিলাতে); বিলাইয়া (কে° বিলায়ে, বিলিয়ে)] ক্রি, বিতরণ করা; বণ্টন করা। "আমি এখন অন্ন অঙ্কুকে বিলাই"-বাং গান। বিলাই -বিতরণ কর।

বিলাপ [বি (বিভিন্নপ্রকারে)-লপ্ (বলা, খেদ করা)+অ (ভা°)] বি, খেদ; কাতরোক্তি; পরিদেবন। "কেনই আমি, নিতান্ত নৃশংস হইয়া সীতারে বনবাস দিলাম; * * * প্রিয়ারে বনবাস দেওয়া অপেক্ষা আমার আত্মঘাতী হওয়া সহস্র গুণে শ্রেয়ঃকল্প ছিল; ইত্যাদি প্রকারে তিনি অহোরাত্র বিলাপ ও পরিতাপ করিতে লাগিলেন।" -সী° ব°। ~ন (-পঁ-) বি, বিলাপ করণ; খেদ করা। ~বর্চন-খেদোক্তি। ক্রি, ~বঁন-মৃত্যুর পর পাতকী আত্মা যথায় কৃত-কর্ম্মের জন্য শোক করে।"ক্রমে এ বিলাপবনে, বিলাপী নীরবে।"-মেঘ°। ক্রি,বিলাপঁয়ে [নামধাতু] -বিলাপ করে। "বহুবিধ বাণী বিলাপয়ে কান।"-বি° প°। বিলাপিল, -পিলা (পদ্যে)-বিলাপ করিল; খেদ করিল। "এইরূপে বিলাপিলা আক্ষেপে রাক্ষস কুলপতি রাবণ"-মেঘ°।

বিলায়ত-বিলাত১ দ্রঃ।

বিলাল, বিলাল্লা-বেলেল্লা দ্রঃ।

বিলাস [বি (বিশিষ্টরূপে) লস্ (ক্রীড়া করা ই°)+অ (ভা°)] বি, লীলা; ক্রীড়া। ২ কৌতুক; আমোদ; আনন্দ। "আইলা কি ঋতুরাজ ধরিলা কি ফুলসাজ বিলাসে ধরণী?" -ব্রজাঙ্গনা°। ৩ শৃঙ্গার চেষ্টাবিঃ; অঙ্গভঙ্গী; হাবভাব coquetry. ৪ সুখ; আরামভোগ; সৌখিনতা luxury. ৫ শোভা। ৬ প্রকাশ; বিকাশ; স্ফুরণ। "আদি খণ্ডে প্রধানতঃ বিদ্যার বিলাস।"-চৈ° ভা°। ৭ [নাট্য শা° অঙ্গাভিনয়ে] প্রিয়দর্শনে আনন্দ (নন্দিকেশ্বর অভিনয় দর্পণ)। বিণ, বিলাসী-বিলাস-যুক্ত। ২ বলন্ত। "উর্ম্মিলা বিলাসী"-মেঘ°। স্ত্রী° বিলাসিনী-কামিনী। ২ বেশ্যা। ৩ বনিতা। "মথুরাবাসিনী মধুরহাসিনী শ্যাম বিলাসিনী রে"-বঙ্কিম°। ~কানন- প্রমোদোদ্যান; প্রমোদবন। ~তৃষ্ণা- প্রমোদবাসনা; আমোদস্পৃহা। ~পর- বিলাসাসক্ত; বিলাসী। ~পরায়ণ- সৌখিন; বিলাসী। স্ত্রী° ~পরায়ণা। বি, ~পরায়ণতা। ~প্রিয়-বিলাসী; আমোদপ্রিয়; প্রমোদানুরক্ত। বি, ~প্রিয়তা। ~বাসনা-বি, সুখোপ-ভোগাভিলাষ; সৌখীনতার ইচ্ছা। ~বিভ্রম-শৃঙ্গার চেষ্টাজনিত লীলা-চাঞ্চল্য। ২ শোভাবিক্ষেপণের সংশয়। ~ব্যসন-আমোদ-প্রমোদ। ~ভবন- বি, কেলিগৃহ। ২ নাট্যশালা; কৌতুক-মন্দির। ~মণ্ডপ, ~মন্দির-বি, প্রমোদাগার; লীলানিকেতন। ~মত্ত-বিণ, প্রমোদমত্ত; সুখবিহ্বল।

বিলাসিতা [বিলাসিন্+তা (ভা°)] বি, সুখোপভোগ; বাবুগিরি; সৌখীনতা।

বিলি [হি° বিলানা (ছড়ান, বিকীর্ণ করা) বিলান দ্রঃ] বি, বিতরণ। ২ [হি° বিলাবন্দ্] ব্যবস্থা; বন্দোবস্ত settlement. ~বন্দোবস্ত [সহ° দ্ব] বি, নিয়মন ও শৃঙ্খলাস্থাপন।~ব্যবস্থা-বি, বন্দোবস্ত; শৃঙ্খলা। ব্যবস্থাপক-বিণ,বন্দোবস্তকারী। "এই কার্য্যের বিলিব্যবস্থাপকের নিকট গিয়া আপন আপন চিঠি পত্র চাহিয়া আনিবার জন্য কেবিনের গায়ে বিজ্ঞাপন রাখা হইয়াছে।"-নরওয়ে ভ্রমণ।

বিলিখন, বিলেখন [সং] বি, লেখা। ২ বিদারণ। ৩ খনন। ৪ কর্ষণ; আঁচড়ান। ৫ বিভজন; বিভাগকরণ।

বিলিপ্ত [বি-লিপ্ত] বিণ, প্রলিপ্ত।

বিলিপ্পই [বিলিপ্ত >বৌ° বাং প্রাকৃ° -বিলিপ্প+ই (ক্রিয়ায়), নাম ধাতু] ক্রি, বিলিপ্ত হয়।

বিলীন [বি-লীন (লয়প্রাপ্ত)] বিণ, অন্তর্হিত। ২ নিবিষ্ট। ৩ মিশ্রিত। ৪ মগ্ন।

বিলীয়মান [বি+লী (লয় পাওয়া) +শান্ (কৃ)] বিণ,মিলাইয়া যাইতেছে, অদৃশ্য বা লীন হইতেছে বা লয় পাইতেছে এমন।

বিলুণ্ঠিত [বি (বিশেষভাবে) লুণ্ঠিত] বিণ, গড়াগড়ি দিয়াছে এমন। ২ কৃতলুণ্ঠন; অপহৃত।

বিলুপ্ত [বি-লুপ্ত (লোপপ্রাপ্ত)] বিণ, বিলোপপ্রাপ্ত; অন্তর্হিত। ২ বিনষ্ট।

বিলুলিত [বি-লুলিত] বি, বিকম্পিত।

বিলেখন [বি+লেখন] বি, আঁচড়ান। ২ খনন।

বিলেপ, বিলেপন [বি-লেপ,

লেপন] বি, লেপন ; মাখান। ২ বিলেপন দ্রব্য ; চন্দনাদি। স্ত্রীং বিলেপিনী।

বিলেশয়-বিলশয় দ্রঃ।

বিলোকন [বি-লোক (দেখা)+অন (ভা॰)] বি, অবলোকন ; দর্শন ; দৃষ্টি। "দারুণ বঙ্ক বি॰ থোর"-বি॰ প॰। বিণ, বিলোকনীয়-সুদৃশ্য ; দর্শনীয়।

বিলোকিত [বি (বিশিষ্টরূপে ই॰)-লোক্+ত (র্ম্ম)] বিণ, দৃষ্ট ; অবলোকিত। ২ [নাট্য শা॰] বি, অঙ্গাভিনয়বিঃ ; পিছনে বস্তু বা স্থানের অবস্থিতির ইঙ্গিতসূচক পশ্চাৎ দৃষ্টি।

বিলোচন [সং] বি, দর্শন। ২ চক্ষুঃ। "খঞ্জন গঞ্জন বি॰।"-কবিক॰। স্ত্রীং ~া।

বিলোড়ন [বি (বিশিষ্টরূপে)-লুড়্ বা লোড়্ (মন্থন করা)+ই(ণিচ্)=লোড়ি+অন (ভা॰)] বি, মন্থন ; আলোড়ন ; ঘোটন। ২ আন্দোলন। বিণ, বিলোড়িত।

বিলোপ [বি (বিশিষ্টরূপে)-লুপ্ (ছেদন করা,না দেখা)+অ (ভা॰)] বি মৃত্যু। ২ বিনাশ ; ধ্বংস। ৩ তিরোভাব ; অন্তর্ধান। ~ন (-প॰-) বি, বিলোপকরণ। ২ তিরোভাব। ৩ ধ্বংস ; লোপ।

বিলোভন [বি-লোভন] বি, বিশেষ লোভ প্রদর্শন। বিণ, যথেষ্ট লোভনীয়।

বিলোম [বি (বিপরীত)-লোম (ক্রম)] বিণ, বিপরীত ; প্রতিকূল। ২ ব্যুৎক্রম। ৩ জল তুলিবার যন্ত্র। ৪ [সঙ্গীতে] স্বরের ক্রমনিম্নগতি বা অবরোহণ। ~কেন্দ্র [জ্যা॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং centre of inversion এর বৈজ্ঞা॰ পরিঃ। ~ক্রিয়া [জ্যা॰] ইং inversion এর বৈজ্ঞা॰ পরিঃ। ~জ (-ব॰-) [বিলোম (ব্যুৎক্রম, পরপর উৎকৃষ্ট বর্ণ) -জ (জাত)] বিণ, ব্রাহ্মণীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরসজাত, ই॰ ক্রমে উচ্চ বর্ণের মাতৃগর্ভে ও তন্নিম্ন বর্ণের পিতার ঔরসজাত। ~ব্যাসার্ধ [জ্যা॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং radius of inversion এর বৈজ্ঞা॰ পরিঃ।

বিলোমাঙ্ক [জ্যা॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] বি, ইং constant of inversion এর বৈজ্ঞা॰ পরিভাষা।

বিলোল [বি (বিশিষ্টরূপ) যে লোল (চঞ্চল), যা] বিণ, চঞ্চল ; কম্পিত। ২ অতি-লোভী [বিণ, বিলোলিত-বিলম্বিত। "উরহি বিলোলিত চাচর কেশ।"-বি॰প॰]। ~কটাক্ষ, ~দৃষ্টি-বি, সস্পৃহ দৃষ্টি ; চঞ্চল দৃষ্টি ; লালায়িত কটাক্ষ।

বিল্টি [ইং billet এর লিপ্যন্তর] বি, জাহাজে বোঝাই করা মালের রসীদ; চালান; ফর্দ bill of loading ; bill of fare.

বিল্ল [বিল (গর্ত্ত)+ল (জ্ঞা॰)] বি, বিণ, জলাভূমি ; বিল। ২ আলবাল।

বিল্ব [সং] বি, বেলগাছ। ২ শ্রীফল ; বেল। বিণ, বৈল্ব। ~বিটপ-বেল-গাছ। "বিল্ববিটপে ব্রহ্মপিশাচ"-ছায়াময়ী।

বিশ [রঙ্গপুর প্রাদে॰। গাঁও দ্রঃ] বি, ভূমি পরিমাণ। ২ বি, সংখ্যা কুড়ি, ২০। ৩ বিণ, বিংশতি-সংখ্যক। ৪ [হি॰ বিষ] কুড়ি কাঠা। ৫ মৃণাল। ৬ বৈশ্যজাতি। ৭ বিণ, ব্যাপক।

বিশ(শু)ই-বিশে দ্রঃ।

বিশঙ্ক [বি (বিগত, নাই) শঙ্কা (ভীতি, ভয়) যার, বহু॰] বিণ, শঙ্কাশূন্য। ২ [বি-শন্ক (শঙ্কা করা)+অ] বিশেষ শঙ্কাযুক্ত। ~মান [বি-শন্ক্+আন (শান্, র্ত্তৃ)] বিণ, শঙ্কাযুক্ত হইয়াছে এমন ; আশঙ্কাকারী।

বিশঙ্কউ [প্রা॰ বাং] ক্রি, শঙ্কা করি ; আশঙ্কা করিতেছি। "ইহ এক অন্ধ বন্ধ বি॰ বনহু পশুপতি সেব।"-বি॰ প॰।

বিশঙ্কট, বিসঙ্কট [সং] বিণ, অতি বৃহৎ ; বিশাল।

বিশতাল্লা১ [বিসমিল্লাহ্ >? প্রা॰ মু॰ বাং] বি, শপথবিঃ।

বিশতাল্লা২, বিশতাড়া, -তড়া [বীজতলা > বিকারে। জ=শ, তলা=তাল্লা, তড়া, তাড়া। ল=ড়] বি, বীজক্ষেত্র >] বি, মূল ; গোড়া ; আদি ; জড় ; একশেষ। প্র-হারামজাদার বিশতাল্লা।

বিশদ [বি-শদ্ (গমন করা, নির্ম্মল হওয়া ই॰)+অ (র্ত্তৃ)] বিণ, সিত ; শুভ্র ; ধবল। "বিশদ পক্ষ শুভক্ষণে।"-অ॰ম॰। "বিশদ বস্ত্র বিশদ উত্তরী ধুতুরার মালা যেন ধূর্জ্জটির গলে।"-মেঘ॰। ২ নির্ম্মল। ৩ সুস্পষ্ট। ৪ বি, শুক্লবর্ণ ; শুভ্রবর্ণ।

বিশমা [সং-বিস্মরণ > বিম্মরা > বিশমা (প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰] ক্রি, বিস্মৃত হওয়া। বিশমিই-বিস্মৃত হইয়াছি। "মত্ত পিবন্তে বি॰"-দো॰ পৃ॰ ১১৫।

বিশরাম [বিশ্রাম >] বি, বিশ্রাম। "তুয়া বিনু মালতী নাহি বি॰"-বি॰ প॰।

বিশল্য [বি (বিগত, নাই) শল্য (শেল বা চিন্তা) যার, বহু॰] বিণ, নির্ভাবনা। ২ শল্যরহিত। ৩ শেলব্যথাশূন্য। ~া-বি, গুলঞ্চলতা। ২ অগ্নিশিখাবৃক্ষ। ৩ ত্রিপুটা। ৪ অজমোদা। বিণ, শঙ্কুশূন্যা ; শেলরহিতা। ~করণী-বি, ব্যথানাশিনী লতাবিঃ। "হনুমান ঝাট আন বিশল্যকরণী।"-কবিক॰।

বিশা [প্রা॰ বাং] বি, ১৬০ তোলা পরিমাণ। "বিশা দরে ছেনা কিনি কিনিল নবাত চিনি"-কবিক॰।

বিশাই, বিসাই [বিশ্বকর্ম্মা > ভ্রং] বি, বিশ্বকর্ম্মা। "নূতন ঘোটনা কুঁড়া দিয়াছে বিশাই।"-অ॰ম॰। "আচম্বিত বিসাই ঠেকিল রাজার সম্মুখে।"-শূ॰ পু॰।

বিশাংপতি [বিশাম্ (মনুষ্যদের) পতি, অলুক, ৬তৎ। বাং-র বিশাম্পতি শু॰] বি, লোকপতি ; নৃপতি।

বিশাখ [বিশাখা (নক্ষত্রবিঃ)+ অ (অপত্যার্থে), বিশাখা নক্ষত্র দ্বারা প্রতি-পালিত] বি, কার্ত্তিকেয়। ২ [বি (বিবিধ, অনেক) শাখা (শ্রেণী) যার, বহু॰] পুনর্নবা। ৩ [বি (নাই) শাখা (ডালপালা) যার,বহু॰] বিণ, শাখাবিহীন। ~চৌপদী [অলং শা॰] বি, বাঙ্গালা ছন্দোবিঃ। তুল-"বালা হয়ে জ্বালা সয়, কেমনে বাঁচিয়া রয়, কার মনে নাহি হয় দয়া একটুক গো, দয়া একটুক। নিদয় হৃদয় বিধি এ তার কেমন বিধি দিয়ে হোরে নিল নিধি, হইয়া বিমুখ গো হইয়া বিমুখ"-প্রভাকর। ~পয়ার-বি, বাঙ্গালা ছন্দোবিঃ। "ধার্থক জীবন আর বাহুবল তার হে, বাহুবল তার। আত্মনাশে যেই করে দেশের উদ্ধার হে, দেশের উদ্ধার।"-প॰উ॰।

]ঙ্ক বিঘবৎ (অগ্র=অগ্‌গ্র), ˘হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, জ=গে জ্ঞ=গাঁ ঞ্চ=ন্চ কর্ত্ত যুক্ত হ হল হ্ব ক্ক=নহ বৃহ নৃহ ত্ব খ্য, ব্ব ক্ স্ব ত্ব=zfwv ও জ্ঞা॰ দ্রঃ

বিশাখা [সং] বি, সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত নক্ষত্রবিঃ। ২ রাধিকার আট সখীর অন্তর্গত সখীবিঃ।

বিশারদ [বিশাল (বৃহদ্ জ্ঞান, প্রচুর শিল্প বিজ্ঞানাদি) দা (আদান অর্থাৎ গ্রহণ করা ই০)+অ (র্ক্তৃ), 'ল' স্থানে র, যে বিশিষ্ট জ্ঞান বা শিল্প বিজ্ঞানাদিতে বিচক্ষণতা লাভ করে] বিণ, শ্রেষ্ঠ। ২ প্রসিদ্ধ। ৩ জ্ঞানী ; পণ্ডিত। ৪ নিপুণ ; দক্ষ। ৫ বিস্তৃত। ৬ প্রগল্ভ। ৭ চতুর। স্ত্রীং ~া।

বিশাল [সং। হিং-র অনুকরণে (ষ=খ)। প্রা০ বাং-র-বিখাল (গোবিন্দ০ গীত)] বিণ, প্রকাণ্ড। ২ বিস্তীর্ণ। ৩ অত্যন্ত। "পশ্চাতে ঢোলের বাদ্য বাজায় বিশাল।"-কবিক০। ৪ প্রসিদ্ধ ; বিখ্যাত। ৫ অত্যুদার। প্র-বিশাল হৃদয়। ৬ তাণ্ডব নৃত্য। "ক্ষণে বা বি০ নাচে ক্ষণে বা মধুর।" -চৈ০ ভা০। ~া-বি, দক্ষকন্যা। ২ গয়াতীর্থস্থিত নদীবিঃ। ৩ উজ্জয়িনী নগরী। ৪ ইন্দ্রবারুণী। ৫ তীর্থবিঃ। ~ী-বি, সুগন্ধি বীজবিশিষ্ট লতাবিঃ caraway. ~তা-বি, বিস্তৃতি; প্রকাণ্ডতা।

বিশালাক্ষ [বিশাল (বড়)+অক্ষ (অক্ষি) যার, বহু০] বি, মহাদেব। ২ বিষ্ণু। ৩ গরুড়। ৪ বিণ, বৃহৎ-নয়ন-বিশিষ্ট ; সুলোচন। স্ত্রীং ~ী-ভগবতী ; দুর্গা। ২ যোগিনীবিঃ। ৩ আয়তলোচনা।

বিশাশয়, বিসাসয় [বিশ (অধিক)+শত >] বিণ, বিংশত্যধিক শত ; ১২০ (গোবিন্দ০ গীত)। "বিশাশয় বৎসর বয়স গেল রাঢ়ে।"-ম০। ২ [ত্রিয়াস'ন] বিশ শত ; ২০,০০। [দ্রঃ-বিশাশয় (ধ০ম০), বিশাসয় (রংপুরের সোনা রায় ঠাকুরের গান), বিসাসয় (গোবিন্দ০ গীত)। "রতন জ্বলিছে ঘরে বিসাসয় বাত্তি" - গোবিন্দ০ গীত-দুর্লভ মল্লিক]।

বিশিখ [বি (বিশিষ্ট) শিখা (অগ্রভাগ) যার, বহু০] বি, তোমর নামক ক্ষেপ্যাস্ত্র। ২ বাণ। "কজ্জল গরল বি০ প্রবল। ধরসি কিবা কারণে।"-কবিক০। ৩ [বি (নাই) শিখা যার, বহু০] বিণ, শিখাবিহীন। স্ত্রীং ~া-রথ্যাগার। ২ খননার। ৩ টেকুয়া।

বিশিষ্ট [সং] বিণ, অতিশয় শিষ্ট। ২ বিখ্যাত। ৩ বিলক্ষণ। ৪ যুক্ত ; সম্পন্ন। ৫ অনন্যসাধারণ। ~গুরুত্ব [বলবিদ্যা০ (ক০বিশ্ব০ পরিঃ)] ইং specific gravity-র বৈজ্ঞা০ পরিঃ। ~তা- বি, বিশেষত্ব।

বিশিষ্টাদ্বৈতবাদ [অদ্বৈতবাদ দ্রঃ] বি, যে দর্শনে এক ব্রহ্মই প্রকৃতি ও পুরুষরূপে দ্বৈতগুণবিশিষ্ট স্বীকৃত হয়। বিণ, ~ী।

বিশী [বিশ >] বি, ২০ আঢ়ক ধান্য পরিমাণ।

বিশীর্ণ [বি-শীর্ণ] বিণ, অতি কৃশ ; জীর্ণ। ২ বিশুষ্ক। স্ত্রীং ~া।

বিশীর্য্যমান [সং] বিণ, বিশুষ্ক বা কৃশ হইতেছে এমন।

বিশীল [বি (বিহীন) শীল (স্বভাব)] বিণ, দুঃশীল ; অশিষ্ট।

বিশুদ্ধ [বি-শুদ্ধ] বিণ, পবিত্র ; পুত। ২ নির্ম্মল; নিষ্কলঙ্ক। ৩ নির্দ্দোষ। ৪ অমিশ্র ; খাঁটি। ৫ বি, ষট্‌চক্রের অন্তর্গত পঞ্চম পদ্ম। ~ গণিত বি, অমিশ্র গণিত pure mathematics. ~তা, বিশুদ্ধি-বি, নির্ম্মলতা ; পবিত্রতা। ২ অমিশ্রণ।

বিশুদ্ধাত্মা [বিশুদ্ধ+আত্মা] বিণ, পবিত্রচেতাঃ ; পুতহৃদয়।

বিশুষ্ক [বি (বিশিষ্টরূপে) শুষ্ক] বিণ, ম্লান। ২ বিশীর্ণ। ৩ নীরস। বি, ~তা।

বিশৃঙ্খল [বি (নাই) শৃঙ্খল (শিকল) যার, বহু০] বিণ, দুর্দ্দান্ত। ২ [বি (নাই) শৃঙ্খলা (নিয়ম) যার, বহু০] বিণ, উচ্ছৃঙ্খল। ৩ অনিয়মিত। ৪ অবাধ্য। বি, ~া, ~তা (-লঁ-) শৃঙ্খলাভাব ; অনিয়ম ; এলোমেলো অবস্থা বা ভাব।

বিশে [বিশ+ইয়া >, কে০ বিশই > প্রা০ বিশে] বিণ, বিংশ দিবস ; মাসের ২০ তারিখ।

বিশেখি [ব্রজ০প্রা-বাং] ক্রি-বিণ, বিশেষ করিয়া ; সবিশেষ ; বিস্তারিত। "কহব বি০" -বি০ প০। ২ বিশিষ্ট। "গিথিনী শ্রবণ বি০"-বি০ প০।

বিশেষ১ [সং] বি, প্রভেদ। ২ বৈলক্ষণ্য। ৩ প্রকার। ৪ বৈচিত্র্য। "উন্নত যৌবন মোর দিনে দিনে শেষ। কাহাক্রি না বুঝে দৈবে এ বি০।" -শ্রী০ কী০। ৫ তারতম্য। ৬ প্রকর্ষ ; আধিক্য। ৭ বৈশেষিক দর্শনে স্বীকৃত বিশেষ নামে পদার্থ। ৮ বিণ, বিশিষ্ট। ৯ বিলক্ষণ; অধিক ; জরুরী। "হেতু কিছু আছয়ে বিশেষ।" -কবিক০। ~জ্ঞ (-ষঁ-) বিণ, অভিজ্ঞ ; সুপণ্ডিত। ~ত্ব, ~তা (-ষঁ-) বি, বৈশিষ্ট্য ; বিশেষ গুণের পরিচয় ; অসাধারণত্ব। ~ভাবে, ~রূপে-ক্রি-বিণ, সবিশেষ ; বিশিষ্টপ্রকারে।

বিশেষ২ [অলং শা০] বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ। আধেয় আধার শূন্য বলিয়া বর্ণিত হইলে, বা একমাত্র পদার্থ নানাস্থান-স্থিত বলিয়া বর্ণিত হইলে, বা এককার্য্য করিতে গিয়া কার্য্যান্তরোৎপত্তি কথিত হইলে বি০ হয়-কাব্যদর্পণ। "আগে পিছে উর্দ্ধে অধোভাগে যদি চাই ধনুষ্পাণি রামচন্দ্রে দেখিবারে পাই।"-চারুগাথা।

বিশেষক [বি-শিষ্‌+ঈ (ণিচ্‌)=শেষি (বিশিষ্টকরণে)+অক(র্ক্তৃ), যে বিশিষ্ট করায়] বিণ, প্রভেদক ; বিশেষকারক। ২ বি, তিলকবৃক্ষ। ৩ এক ক্রিয়ান্বিত শ্লোকত্রয়। ৪ ললাটস্থ তিলক। ৫ তমালপত্র। ~চ্ছেদ্য-বি, চৌষট্টি কলার অন্তর্গত কলাবিঃ ; কলা দ্রঃ।

বিশেষণ [বি-শিষ্‌ (বিশেষ করণে)+অন(ণে)] বি, যা কোন গুণ বা অবস্থাকে বিশেষিত করে। ইহা ত্রিবিধ-বিশেষ্যের বিশেষণ, বিশেষণের বিশেষণ ও ক্রিয়ার বিশেষণ। আধু০ ব্যাকরণে সর্ব্বনামকে পৃথক্ পদ স্বীকার করিয়া তার বিশেষণকে বিশেষণের প্রকার ভেদ জ্ঞান করা হয়। ২ চিহ্ন। ৩ অতিশয় করণ। ৪ বিশেষ ব্যাখ্যা ; বিস্তারিত বর্ণন। "বিশেষণে সবিশেষ কহিবারে পারি।" -অ০ ম০। ৫ উপাধি। বিণ, বিশেষিত।

বিশেষতঃ [বিশেষ+তস্‌] অ, বিশেষ করিয়া ; অধিকন্তু।

বিশেষোক্তি [অলং শা০] বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ cause without effect. কারণ সত্ত্বেও কার্য্যের প্রতীতি না হইলে; কখনও কারণ অদৃষ্ট থাকিয়া তার প্রতীতি জন্মিলে এই অলঙ্কার হয়। যথা-"একাই ভুবন জয়ী স্মর অতি খল। তনুহীন কৈল তারে

না হরিল বল।" "পৃথিবী সহিতে নারে যাহাদের ভার সেই দৈত্যগণ করে তথায় বিহার। গৌরবের সীমা নাই তবু পুরবর অধোতে পতিত নহে ব্যোমে স্থিরতর।" -বিং কং।

বিশেষ্য [ব্যা০] বি, যদ্দ্বারা কোন বিশিষ্ট বস্তু, ব্যক্তি বা বিষয় বোধ হয়; সংজ্ঞা মাত্র; বস্তু, ব্যক্তি বা বিষয়ের নাম. noun.

বিশোক [বি (বিগত, নাই) শোক যা হতে, বহু০] বি, অশোক বৃক্ষ। ২ বিণ, শোকরহিত। স্ত্রীং ~া-চিত্তবৃত্তিবিঃ।

বিশোধন [বি (বিশিষ্টরূপ) যে শোধন (শুদ্ধি), যা] বি, বিশুদ্ধিকরণ। ২ সংশোধন। ৩ নির্মলীকরণ। স্ত্রীং ~ী-ব্রহ্মার পুরী। বিণ, বিশোধক, বিশোধী-বিশুদ্ধিকারক। (২) বিশোধিত-কৃতবিশুদ্ধ; পবিত্রীকৃত; পরিষ্কৃত। (৩) বিশোধ্য, বিশোধনীয়-বিশুদ্ধকরণ যোগ্য।

বিশোয়াস [বিশ্বাস > । ব=ওয়া] বি, বিশ্বাস; প্রত্যয়।

বিশোষণ [বি-শোষণ] বি, শুষ্ককরণ;

বিশ্রবাঃ [পুং] বি, জনৈক ঋষি (লঙ্কাপতি রাবণের জনক)।

বিশ্রব্ধ [বি (বিশিষ্টরূপে) + শ্রন্‌ভ্‌ (বিশ্বাস করা) + ত(র্তৃ), যে বিশ্বাস করিয়াছে] বিণ, বিশ্বস্ত। ২ নিঃশঙ্ক। ৩ বিগতশ্রম; বিশ্রান্ত। ৪ ধীর। ৫ দৃঢ়। ৬ গাঢ়।

বিশ্রম [বি (বিগত) শ্রম (ক্লান্তি)] বি, বিরাম; বিশ্রাম।

বিশ্রম্ভ [বি-শ্রন্‌ভ্‌ (প্রমাদে) + অ] বি, কেলিকলহ। ২ [বি (অভাবার্থে) শ্রন্‌ভ্‌ (অনবধানে)] প্রণয়। ৩ বিশ্বাস। ৪ স্বচ্ছন্দ। বিণ, বিশ্রম্ভী।

বিশ্রম্ভালাপ [বিশ্রম্ভ + আলাপ] বি, প্রণয়ালাপ, প্রণয়পূর্ণ কথোপকথন।

বিশ্রান্ত [বি (নাই) শ্রান্ত (শ্রম) যার, বহু০] বিণ, বিগতশ্রম। ২ শ্রমমুক্ত; শ্রান্তিবিশিষ্ট। ৩ ক্ষান্ত; বিরত; নিবৃত্ত। বি, বিশ্রান্তি।

বিশ্রাম [বি-শ্রম্‌ + অ (ভা০)] প্রা০বাং-বিসরাম(স্ত্রীং-কী০)। গ্রা০ বিচরাম, বিছরাম। "তিলেক বিছরাম আজি করি তুজার পিটে" -শূঃ পুঃ] বি, বিরাম; নিবৃত্তি; জিরান। ২ শ্রমাপনোদন।

বিশ্রী [বি (নাই) শ্রী (শোভা) যার বা যাতে, বহু০] বিণ, কুৎসিত; কদাকার; শ্রীবিহীন; শ্রীভ্রষ্ট।

বিশ্রুত [বি (বিশিষ্টরূপে) শ্রুত] বিণ, প্রসিদ্ধ; প্রখ্যাত। বি, বিশ্রুতি।

বিশ্লথ [বি(বিশিষ্টরূপে)-শ্লথ(শিথিল)] বিণ, শিথিল; ঢিলা।

বিশ্লিষ্ট [বি (বিরুদ্ধ)-শ্লিষ্‌ (সংযুক্ত থাকা) + ত (র্তৃ), যে বিযুক্ত হয়] বিণ; প্রস্ফুটিত; বিকসিত। ২ [বি (নাই) শ্লিষ্ট (বাধ) যার, বহু০] বিণ, বিমুক্ত। ৩ বিযুক্ত; বিচ্ছিন্ন; অসংযুক্ত।

বিশ্লেষ [বি-শ্লিষ্‌ (যোগে) + অ (ভা০)]. বি, বিয়োগ। ২ বিভাগ। ৩ পৃথক্‌। ৪ বিভিন্নতা। ৫ শিথিলতা।

বিশ্লেষণ [বি + শ্লিষ্‌ (যোগ করা) + অন (ভা০)] বি, পৃথক্ করণ; ব্যবচ্ছেদন; বিচ্ছেদকরণ। ২ [ব্যা০ (কং বিশ০ পরিঃ)] ইং analysis এর বৈজ্ঞা০ পরিঃ। বিণ, বিশ্লেষিত।

বিশ্ব [বিশ্‌ (প্রবেশ করা) + ব (ধি), বহুত্ববাচক] বি, ব্রহ্মাণ্ড; জগৎ। "নয়ন মুদিয়া দেখ বিশ্ব তমোময়।"-অং মং। ২ বসু, সত্য, ক্রতু, দক্ষ, কাল, কাম, ধৃতি, কুরু, পুরূরবাঃ, মাদ্রব, এই দশ গণদেবতাবিঃ। ৩ [বেদান্তে] ব্রহ্মাণ্ডের ব্যষ্টি বা বিভিন্ন জড়শরীরে উপহিত চৈতন্য। ৪ বিশ্বকর্মা। "অষ্টাঙ্গ লোটায়ে বিশ্ব করিল প্রণাম"-কবিক০। ৫ পরিমাণবিঃ। ৬ বিণ, সমুদয়; সকল। ৭ নিখিল; সার্বভৌম; সকল দেশের, সকল জাতির; জগতের universal. প্র-বিশ্বকবি। বিশ্বভারতী। বিশ্বঋষি। (আং পত্রিকা, ১৭-৩-১৯৩৫)। বিশ্বধর্ম। "বিশ্বধর্ম প্রবর্তক শ্রীরামকৃষ্ণের শততম জয়োৎসব"-আং পত্রিকা, ১৮-৩-৩৫। ~কৃৎ-জগৎস্রষ্টা। ২ বিশ্বকর্মা। ~কেতু [বিশ্ব (জগদ্‌ব্যাপী) কেতু (ধ্বজা) যার, বহু০] বি, কন্দর্পের পুত্র অনিরুদ্ধ। ~কোশ, ~কোষ-বি, সার্বভৌমিক জ্ঞান বা নিখিল শাস্ত্র বিষয়ক অভিধান; বিদ্যাকল্পদ্রুম encyclopoedia. ২ নং বসু প্রাচ্যবিদ্যামহার্ণব-সম্পাদিত বাং বৃহৎ অভিধান। ~চক্র-ঘূর্ণায়মান জগৎ। ~চরাচর-জগতের স্থাবর জঙ্গমাদি সমুদয়। ~জন-বি, মানবসাধারণ; জনসাধারণ। বিণ, ~জননী-জগদম্বা। ~জনীয়-সর্বজনীন। ~জনীন,-জন্য-বিণ, বিশ্বের মঙ্গলজনক; সর্বজনহিতকর। ~জনীনতা -যে উদার ভাবের মধ্যে কোন বিদ্বেষ নাই। ~জিৎ [বিশ্ব (জগৎ) জি (জয় করা) + ক্বিপ্‌ (র্তৃ), যে বিশ্ব জয় করে, উপং] বিণ, জগজ্জয়ী। ২ বি, বুদ্ধদেব। "বার বার আক্রমণে তাড়াইল বৌদ্ধগণে বিশ্বজিত মত তাহে লুপ্ত" -কাঞ্চী০। ৩ বি, যজ্ঞবিঃ; যে যজ্ঞে সর্বস্ব দক্ষিণা দান করিতে হয়। ~দেব-অগ্নি। ২ গণদেবতাবিঃ। ~ধাত্রী-ধরিত্রী; জগন্মাতা। ~ধারিণী-ধরিত্রী; পৃথিবী। ~পতি-জগদীশ্বর। ~পালক-বিশ্বপালনকারী; পরমেশ্বর। ~বিধাতা-ব্রহ্মাণ্ডের সৃষ্টিকর্তা; জগদীশ্বর। ~বিধায়ী -যিনি সমগ্র জগতের বিধান করেন; জগৎস্রষ্টা; বিশ্ববিধাতা। স্ত্রীং বিধায়িনী। ~বীজ-বিশ্বের মূলীভূত কারণ; ব্রহ্মা। "বন্দি পরাৎপর ব্রহ্ম, অনাদি অনন্ত ধর্ম্ম, বিশ্ববীজ অখিল আধার।"-ঘ০। ~ব্রহ্মাণ্ড-জগৎ সংসার; নিখিলভুবন। ~মণ্ডল-নিখিলবিশ্ব। ~মাতা-জগদম্বা। ~মৈত্রী-বিশ্বমানবতা দ্রঃ। ~যোনি-জগৎকারণ; ব্রহ্মা; বিষ্ণু; মহেশ্বর। ~রাজ-বিশ্বেশ্বর; জগৎপতি। ~সংসার-সমগ্র ভুবন। ~সংহার-সৃষ্টিনাশ; প্রলয়। ~সৃক্‌-ব্রহ্মা; বিশ্বের সৃষ্টিকারক। ~সৃষ্টি -বি, ব্রহ্মাণ্ড রচনা। ~স্রষ্টা-জগতের সৃষ্টিকর্তা; পরমেশ্বর। ~হিত-জগতের কল্যাণ। বিশ্বেশভামিনী,-বনিতা [বিশেশ (শিব) ভামিনী, বনিতা (পত্নী)] শিবা; দুর্গা।

বিশ্বক [সং] বি, বিশ্ব; জগৎ। "বিশ্বকের ব্রতে"-রামা০ (দয়ারাম)।

[illegible]

বিশ্বকর্ম্ম/জা, ~সুতা [বিশ্বকর্ম্মন্ (বিশ্বকর্ম্মা)-জা, সুতা] বি, সংজ্ঞা (সূর্য্যপত্নী)।

বিশ্বকর্ম্মা [বিশ্বকর্ম্মন্ শব্দ। বিশ্বের কর্ম্ম (শিল্পাদি কার্য্য) যার, বহু॰] বি, দেবশিল্পী। "চারি পাড়ে বি॰ নির্ম্মায় উদ্যান।" -অ॰ ম॰। [দ্রঃ-পুরাণমতে বিশ্বকর্ম্মা অষ্টম বসু প্রভাসের ঔরসে যোগ-সিদ্ধার গর্ভে জাত। বেদে ইনি "ত্বষ্টা" নামে প্রসিদ্ধ। ইনি স্থাপত্যবেদবক্তা]। প্রা॰ বাং-**বিসকর্ম্মা**। "ধর ধর বিসকম্মা ভোগর গুআ খাএ।-শূ॰ পু॰।

বিশ্বগ্বায়ু [বিশ্বক্ (সমন্তাৎ প্রবাহিত) বায়ু] বি, এলোমেলো বাতাস।

বিশ্বতঃ [সং-বিশ্বতস্ শব্দ] অ, সর্ব্বপ্রকারে। ২ সর্ব্বস্থানে ; সর্ব্বত্র।

বিশ্বতোমুখ [বিশ্বতঃ+মুখ] বিণ, সর্ব্বতোমুখ।

বিশ্বনাথ [বিশ্বের (সকলের) নাথ (ঈশ্বর), ৬তৎ। প্রা॰ বাং-র-"বিসনাথ।" "বিসনাথ বিসকম্মা হুঁকার পাড়িল। আসিআত বিসকম্মা পরনাম করিল॥"-শূ॰ পু॰] বি, বিশ্বপতি ; বিশ্বেশ্বর ; মহাদেব।

বিশ্বনিন্দক, -নিন্দুক-বিণ, যে সকলেরই নিন্দা করে।

বিশ্বপা [বিশ্ব (জগৎ) পা (পালনকর্ত্তা)] বি, জগৎপালক ; জগদীশ্বর। ২ অগ্নি। ৩ সূর্য্য। ৪ চন্দ্র।

বিশ্বপাতা [পাতা=পালনকর্ত্তা। ৬তৎ] বিণ, জগৎপাতা ; বিশ্বপালক।

বিশ্বপ্রবাহ-বি, নিখিল সৃষ্টধারা। "তথাপি তাহা বিশ্বপ্রবাহের বেগ অতিক্রম করিয়া..."-উত্তরা, পৌষ, ১৩৩৩।

বিশ্বপ্রেম-বি, সর্ব্বজনীন প্রীতি ; জীবনির্ব্বিশেষে স্নেহ ; বিশ্বপ্রীতি। বিণ, **বিশ্বপ্রেমিক**।

বিশ্ববঞ্চক-বিণ, জগতের সর্ব্বজনকে যে প্রতারণা করে ; অতি প্রতারক।

বিশ্ববাসী-বিণ, জগদ্বাসী ; জাগতিক জীব ; মানব।

বিশ্ববিদ্যালয় [বিশ্ব (নিখিল) বিদ্যা-আলয় (গৃহ), ৬তৎ] বি, জগতের সমস্ত বিদ্যা শিখিবার স্থান ; সর্ব্ব বিদ্যার আলোচনাস্থল university. "বৃথা ও ইংরেজী শিক্ষা, বৃথা ও পাশ্চাত্য দীক্ষা, প্রসবে যে বিএ, এম্ এ, বিশ্ববিদ্যালয়।"-চন্দন।

বিশ্ব/বিমোহন, -বিমোহী-বিণ, জগৎমুগ্ধকারী ; ভুবনমোহন। স্ত্রীং **~বিমোহিনী**।

বিশ্ববিশ্রুত-বিণ, ভুবনবিখ্যাত ; জগৎপ্রসিদ্ধ ; জগদ্বিখ্যাত।

বিশ্ববেদাঃ [বিশ্ব-বিদ্ (জানা)+অস্ (কর্ত্তৃ)=বিশ্ববেদস্ ১মা, ১ব॰] বি, দেবতা। ২ ঋষি ; মুনি। ৩ সর্ব্বজ্ঞ।

বিশ্ববোধ [রবী॰ কর্ত্তৃক উদ্ভাবিত] বি, "আত্মচৈতন্য ছাড়িয়া বিশ্বচৈতন্যে উঠিবার জন্য মানবের মধ্যে যে প্রয়াস"। "দেশে বিদেশে এই বি॰, এই অখণ্ড প্রাপ্তির আনন্দানুভূতিময় জীবনে, সকল খণ্ডতার সংস্কারের বাধা বিদীর্ণ করিয়া বাহির হইবার উপক্রম করিতেছে বলিয়া সকল হৃদয়ের শতদল মর্ম্মকোষের মধ্যে তাহার বার্ত্তা আজ কম্পিত হইতেছে"-তত্ত্ববোধিনী পত্রিকা, ১৩১৮, অগ্রহায়ণ।

বিশ্ব/ব্যাপী [বিশ্ব (জগৎ) ব্যাপিন্ (যে ব্যাপ্ত করে), উপ॰] বিণ, সর্ব্বত্রগামী ; জগন্ময় ; পরমাত্মা। স্ত্রীং **~ব্যাপিনী**। **~ভারতী**-বি, বোলপুর শান্তিনিকেতন নামক আশ্রমস্থ বিদ্যায়তন। ২ নিখিল মানবের জন্য ভারতীয় বাণী। "সকলের জন্য ভারতের যে বাণী তাকেই আমরা বলি বিশ্বভারতী"-রবী॰, আত্মশক্তি, ১৩৩৩।১০ বৈশাখ। ৩ মহাবিশ্ববিদ্যালয়। "জার্ম্মান বি॰ * * * সম্প্রতি জার্ম্মানিতে একটি বিশ্বভারতীর সূচনা হইয়াছে।" "এই মহাবিশ্ববিদ্যালয়টি * * জানি যে ইহা সুদূর প্রাচ্যে প্রথম বিশ্বভারতীর প্রতিষ্ঠাতা ভারতসন্তান রবীন্দ্রনাথের সাধনার ফল কি না..." "এই বিশ্বভারতীর প্রতিষ্ঠার উদ্দেশ্য এই যে সমগ্র পৃথিবীর সর্ব্বশ্রেণীর উচ্চশিক্ষিত ব্যক্তিগণের শ্রেষ্ঠতম জ্ঞান লাভের এবং বৈজ্ঞানিক ও দার্শনিক আলোচনার যেন একটি কেন্দ্র খুলিয়া যায়।"-ভারতী, ১৩৩১।

বিশ্ব/মানবতা-বি, জগদাত্মবোধ ; আত্মাও যে জাতি ও দেশ নির্ব্বিশেষে সকল মানবও সে এই ভাব ; বিশ্বমৈত্রী ; সার্ব্বজাতিকতা। "দেশাত্মবোধ বনাম বিশ্বমানবতা।"-প্রবাসী। **~রূপ** [ত্রৈ॰ ব্রা॰, ত্রিবেদী। বিশ্ব (সমস্ত) রূপ (মূর্ত্তি) হইয়াছে যাঁর, বহু॰] বি, বহুরূপ। ২ নারায়ণ। ৩ [বিশ্বের রূপ, ৬তৎ] বিরাটমূর্ত্তি ; ব্রহ্মাণ্ডের মূর্ত্তি। "বিশ্বরূপ মুখে দেখাইলা"-অ॰ম॰। ৪ প্রজাপত্যাদিযুক্ত অখিল বস্তু। ৫ চৈতন্যদেবের জ্যেষ্ঠভ্রাতা। **~শ্রবাঃ**-বি, মুনিবিঃ। **~সংসার**-বি, নিখিল জগত।

বিশ্বম্ভর [বিশ্ব (জগৎ) ভৃ (ধারণে, পালনে)+অ (কর্ত্তৃ)] বি, নারায়ণ। ২ বিণ, বিশ্ব ধারণকর্ত্তা। স্ত্রীং ~া-পৃথিবী।

বিশ্ব/সন [বি+শ্বস্ (বিশ্বাস করা)+অন (ভা॰)] বি, বিশ্বাস স্থাপন। **~সার** [বিশ্বের (জগতের মধ্যে) সার (সৎস্বরূপ), ৬তৎ] বি, সারাৎসার ; জগতের মধ্যে সৎস্বরূপ। "তুমি বিশ্বসার মোরে কর পার"-অ॰ ম॰। ২ তন্ত্রশাস্ত্রবিঃ।

বিশ্বসাহিত্য-বি, সকল দেশের সকল যুগের সাহিত্য ; উচ্চসাহিত্য classics.

বিশ্বসিত [বি (বিশিষ্টরূপে ই॰)-শ্বস্ (শ্বাস ফেলা, বিশ্বাস করা ই॰)+ত (কর্ম্ম), যাকে বিশ্বাস করা হইয়াছে] বিণ, বিশ্বাসভাজন ; প্রত্যয়ী ; বিশ্বাসী।

বিশ্বস্ত [বি-শ্বস্+ত (কর্ম্ম), যাকে বিশ্বাস করা যায়] বিণ, বিশ্বাসভাজন ; বিশ্বাসযোগ্য। ২ [বি-শ্বস্+ত (কর্ত্তৃ), যে বিশ্বাস করিয়াছে] বিশ্বাসী। স্ত্রীং ~া। **~সূত্র**-বিশ্বাসযোগ্য স্থান, পাত্র বা প্রভব reliable source.

বিশ্বাচী [বিশ্ব (সকল স্থান) অন্চ্ (গমন করা)+ক্বিপ্ (কর্ত্তৃ, ভা॰)+ঈ (স্ত্রীং)] বি, অপ্সরোবিঃ। ২ বিণ, সর্ব্বত্রগামিনী।

বিশ্বাত্মা [বিশ্বাত্মন্, বিশ্ব (নিখিল ব্রহ্মাণ্ড)+আত্মা (অধিষ্ঠাতা), ৬তৎ] বি, পরমেশ্বর।

বিশ্বাবসু [বিশ্ব (কাম) বসু (ধন) যার, 'অ' স্থানে আ] বি, গন্ধর্ব্ববিঃ।

বিশ্বামিত্র [বিশ্ব (জগৎ) মিত্র (বন্ধু),

৬তৎ। 'অ' স্থানে আ] বি, মহাতপোতেজঃ সম্পন্ন ঋষিবিঃ; ইনি তপোবলে ক্ষত্রিয়ত্ব পরিহার করিয়া ব্রাহ্মণত্বলাভ করিয়াছিলেন।

বিশ্বাস [বি-শ্বস্ (বিশ্বাস করা)+অ (ভা॰)] বি, প্রত্যয়। ২ শ্রদ্ধা। ৩ জাতীয় পদবীবিঃ। ৪ নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ। ৫ [অর্থ শা॰] বিশ্বস্ত কর্ম্মচারী private secretary. "এত শুনি যবনের মন ফিরি গেল; আপন বিশ্বাস, উড়িয়া স্থানে পাঠাইল।"-চৈ॰ চ॰। [দ্রঃ-উড়িয়া=উৎকল রাজ্যের সীমান্ত প্রদেশের শাসনকর্ত্তা]। ~ঘাতক,-ঘাতী১-প্রত্যয়-হন্তা; প্রতারক; অবিশ্বাসী। > স্ত্রীং ~ঘাতিকা, ~ঘাতিনী। বি, ~ঘাতকতা-প্রতারণা। ~ঘাতী২ [অর্থ শা॰] দুর্গ পরিখার উপর স্থাপিত কাষ্ঠখণ্ড যা, দুর্গ আক্রমণকালে শত্রুর পদভরে ভাঙ্গিয়া আরোহীদিগকে জলমগ্ন করিত। ~পাত্র-বি, প্রত্যয়ভাজন। ~প্রদ-বিণ, যে বিশ্বাস জন্মায়; বিশ্বাস্য। ~ভাগী, ~ভাজন [বিশ্বাসের ভাজন (পাত্র), ৬তৎ] বি(ণ), বিশ্বাসের পাত্র। ~হন্তা-বিণ,বিশ্বাসঘাতক।

বিশ্বাসী [মূ॰ বিশ্বাসিন্] বিণ, প্রত্যয়-ভাজন; বিশ্বস্ত। ২ বিশ্বাসকারী।

বিশ্বাস্য [বিশ্বাস (দ্রঃ)+য (র্ম্ম), যাকে বিশ্বাস করা উচিত] বিণ, প্রত্যয়যোগ্য; বিশ্বাসযোগ্য।

বিশ্বেশ [বিশ্ব+ঈশ, ৬তৎ] বি, জগৎপতি।

বিশ্বেশ্বর [বিশ্ব+ঈশ্বর, ৬তৎ] বি, বিশ্বের ঈশ্বর। ২ শিব; কাশীর শিবলিঙ্গ।

বিশ্বোদরী [বিশ্ব-উদর+ঈ(স্থিতার্থে), সমস্ত বিশ্ব উদরে বলিয়া] বি, জগজ্জননী; জগদ্ধাত্রী; দুর্গা।

বিষ [বিষ্ (বিপ্রয়োগে, বিশ্লেষে)+অ (র্তৃ), যা শরীরে প্রবেশমাত্র প্রাণের বিশ্লেষ বা বিপ্রয়োগ ঘটায়। প্রা॰ বাং-র 'বিখি' ও॰। "উগারহ মিত্য বিখি"-কবিক॰] বি, গরল; হলাহল। ২ [বিষ্ (সেবনে)+অ (র্ম্ম),যা সেবন করা যায়] জল। ৩ [বিষ্ (ব্যাপা), যা জলে ব্যাপ্ত হয় বা জল যাকে ব্যাপিয়া থাকে] মৃণাল। ৪ [বিষ্ (ব্যাপা), যা মলনিঃসারক নাড়ী ব্যাপিয়া থাকে] বিষ্ঠা; পুরীষ। ~কণ্ঠ-বি, যিনি কণ্ঠে হলাহল ধারণ করিয়াছেন; শিব; নীলকণ্ঠ। ২ বিণ, যার বাক্য বিষবৎ মর্ম্মভেদী; অতি কটুভাষী। ~কুম্ভ-বি,গরলের কলসী। ২ [লক্ষ॰] হিংসাপূর্ণ হৃদয়। ~কৃমি-বি, বিষভোজী কীট। "চাকুরির মুখে ছাই ছাড়িতে না পারি তাই বিষকৃমি সম হয়ে আছি।"-অ॰ ম॰। ~কোষ-বি, বিষের আধার; বিষের থলি। ~ক্রিয়া-বি, বিষের পরিণাম। বি॰ খাওয়া-আত্ম-হত্যার উদ্দেশ্যে বিষ গলাধঃকরণ করা। বি॰ খাওয়ানি-হত্যা করিবার জন্য আহারের সহিত বিষ মিশ্রিত করিয়া খাইতে দেওয়া। ~ঘাতী-বিণ,বিষহর; বিষঘ্ন। ২ বি, শিরীষ গাছ। ~চিকিৎসক-বিষবৈদ্য দ্রঃ। বি॰ ঝাড়া-ক্রি, মন্ত্রবলে শরীর হতে বিষ বাহির করা। বি॰ তোলা-ক্রি, মন্ত্র, ঔষধ বা যন্ত্রাদি প্রয়োগে দেহ হতে বিষ আকর্ষণ করা। ~দন্ত, ~দাঁত-বি, যার দাঁতে বিষ আছে; আশীবিষ; সর্প। ২ সাপের যে দাঁতের গোড়ায় বিষের থলি থাকে এবং সাপ দংশন কালে যা হতে বিষ ক্ষতস্থানে ঢালিয়া দেয়। "তাহার এ বিষদন্ত করে উৎপাটন?"-নবীন॰। ৩ [লক্ষ॰] দর্প বা তেজের সম্বল বা মূলীভূত কারণ। প্র-তার অহঙ্কার চূর্ণ হয়েছে, এতদিনে তার বিষ-দাঁত ভেঙ্গেছে। ৪ বিষপূর্ণ দন্তযুক্ত। ~দিগ্ধ-বিণ, বিষ দ্বারা দিগ্ধ (লিপ্ত); বিষে জর্জ্জরিত। > স্ত্রীং দিগ্ধা। ~দুষ্ট-বিণ, বিষাক্ত; হলাহল পূর্ণ। বি॰ দেওয়া-বিষ প্রয়োগ করা। ~ধর (-ব॰) সর্প। ~নখ-বি, যে নখের আঘাতে বিষ সঞ্চার করে। ~নয়ন -বি, বিষদৃষ্টি দ্রঃ। ২ [লক্ষ॰] কুনজর; হিংসাপূর্ণ দৃষ্টি। ~নাশক-বিণ, বিষহর; বিষঘ্ন। ~ফল-বি, যে ফল খাইলে শরীরে বিষক্রিয়া প্রকাশ পায়। ২ সর্ব্বনাশকর পরিণাম। ~বৎ-গরল সদৃশ; বিষতুল্য। ~বিদ্যা-বি, বিষহারক মন্ত্র; বিষ চিকিৎসা শাস্ত্র। ~বৃক্ষ-যে বৃক্ষের ফল বিষময়। ~বৈদ্য-বি, বিষ চিকিৎসক; সাপুড়ে; মাল। ~ময়-বিণ, বিষাক্ত। ~ময় ফল-বিষফল দ্রঃ। ~মুখ-বিণ, যার মুখে বিষ আছে। ২ গরলোদ্গারী; অতি কটুভাষী। ৩ সর্প। ~লক্ষ্য-বি, যার অগ্রভাগ বিষাক্ত। "উঠাইল নামাইল কণ্ঠা বিষলক্ষ্যের ছুরি"-মৈ॰গী॰। বিষের পুঁটলি, বিষের হাঁড়ি [লক্ষ॰] বি, হিংসা-বিদ্বেষ-পূর্ণ হৃদয়। জঙ্গম বিষ-বি, সর্প বিষ। স্থাবর বিষ -বি, সেঁকো, কুঁচিলা প্রভৃতি বিষ। "নাশিল স্থাবর বিষ জঙ্গম রিষেতে।"-মহা॰ (কাশী॰)।

বিষএ [প্রা॰ বাং। বিষয়ে=বিষএ] ক্রি-বিণ, অধিকারে। ২ সম্বন্ধে। "কংসের বিষএ আক্ষে হই এ মহাদানী"-শ্রী॰ কী॰।

বিষঘ্ন [বিষ (হলাহল) ঘ্ন (হন্=নাশ করা)+অ (র্তৃ), যে বিষ নাশ করে, উপ॰] বিষহর; বিষনাশক disinfectant; anti-poisonous. স্ত্রীং বিষঘ্নী [বৈদ্যকে] (১) হরিদ্রা। (২) রক্তপুনর্নবা। (৩) ইন্দ্রবারুণী। (৪) হিল-মোচিকা। (৫) মহাকরঞ্জ।

বিষণ্ণ১ [বি (বিশিষ্টরূপে) সদ্ (অবসন্ন হওয়া)+ত (র্তৃ), যে অবসাদ প্রাপ্ত হইয়াছে] বিণ, বিষাদযুক্ত; ম্লান; বিষাদিত। স্ত্রীং ~া। বি, ~তা। ~চিত্ত-বিণ, অপ্রফুল্ল হৃদয়; বিষণ্ণমনা।

বিষণ্ণ২ [নাট্য শা॰]বি,উপাঙ্গাভিনয়বিঃ। যাতে নেত্রপল্লব সুপ্রসারিত, পক্ষ্মগুলি পশ্চাদ্দিকে বক্র, তারকা স্থির থাকে। ইহা ভয়ও উদ্বেগস্থলে অভিনীত হয়।

বিষদ [বিষ (গরল) দ-দা (দান করা)+অ (র্তৃ), যে বিষ দান করে,উপ॰] বিণ, বিষদাতা; আততায়ী। "পিরীতি বিষদ, হইলে বিপদ॥" -চণ্ডি॰। ২ নির্ম্মল; স্বচ্ছ। ৩ সুস্পষ্ট। ৪ [বি-সদ্ (গমন করা ই॰)+অ (র্তৃ, জ্ঞা॰)] শ্বেতবর্ণ; শুভ্রবর্ণ। ~দৃষ্টি [বিষ দৃষ্টিতে যার, বহু॰] বিণ, যার দৃষ্টি বিষবৎ প্রাণঘাতক। ২ [বিষপূর্ণ দৃষ্টি, ধা] হিংসাপূর্ণ দৃষ্টি।

বিষম [বি (না) সম (সমান) যার, বহু॰] বিণ, দারুণ। "করে বধ, পরধন বিষম প্রহার।" -কাশী॰। ২ উৎকট। ৩ অসমান। ৪ [পাটী॰ (ক॰বিণ॰ পরিঃ)] বি, odd এর বৈজ্ঞা॰ পরিঃ। ৫ [জ্যা॰] ইং irregular এর

বৈজ্ঞা॰ পরিঃ ; অযুগ্মরাশিবিঃ। ৬ [অলং শা॰] কাব্যের অর্থালঙ্কারবিঃ। কার্য্যকারণের গুণক্রিয়া বিরুদ্ধভাবে বর্ণিত হইলে বা আরব্ধ ক্রিয়ার নিষ্ফলতা ও কুফলজনকতা কথিত হইলে বা এক বস্তুতে পরস্পর বিরূপ বিষয়ের সংঘটনা হইলে বি॰ হয়। যথা-"তব তীক্ষ্ণ অসিলতা তমাল বরণ, করস্পর্শে শুক্লভাব করিয়া ধারণ করিয়া সুধাংশু তুল্য জগতের সার, তব যশ হে রাজন্ করিছে বিস্তার।" দ্রঃ-এখানে কারণী-ভূত নীলবর্ণ অসিলতা হইতে শুক্ল যশের উৎপত্তি হওয়ার কারণ ও কার্য্যের গুণ বিরুদ্ধভাবাক্রান্ত হইল-কাব্যদর্পণ। "অঙ্গনা-জনের অন্তঃকরণ কি বিমূঢ়! অনুরাগের পাত্রাপাত্র কিছুই বিবেচনা করিতে পারে না ; তেজঃপুঞ্জ তপোরাশি মুনিকুমারই বা কোথায়, সামান্য জন-সুলভ চিত্তবিকারই বা কোথায়।"-কাদম্বরি। দ্রঃ-এখানে তপোরাশি ও চিত্তবিকার এই দুইটি বিরূপ বিষয়ের একত্র সমাবেশ হইয়াছে। "অস্ত্র শস্ত্র সাজ নিয়া ত্বরিতে, চলিল তাহারা পার্থে জিনিতে। জানে না যে তিনি তাদের কাল, জয়ের কি আশা বাঁচিলে ভাল।"-নি॰ ক॰। দ্রঃ-এখানে আরব্ধ ক্রিয়ার নিষ্ফলতাই নহে কিন্তু অনিষ্টফল জনকতা ও উপলব্ধ হইতেছে -কাব্যদর্পণ। ~চ্ছদ [বিষম (অযুগ্ম) ছদ (পাতা) যার, বহু॰] বি, সপ্তপর্ণ বৃক্ষ ; ছাতিমগাছ। ~জ্বর [নিদানোক্ত আয়ু॰ পরিঃ] বি, কঠিন অবিরাম জ্বরবিঃ ; মজ্জাগত জ্বর। ~ভুজ [জ্যা॰ (ক॰ বিশ॰ পরিঃ)] ইং scalene এর বৈজ্ঞা॰ পরিঃ। ~রাশি [বিষম (অযুগ্ম) যে রাশি, ধা] বি ১, ৩, ৫, ৭, ৯, ১১ ই॰ অযুগ্মরাশি। ২ মেষ মিথুনাদি অযুগ্মরাশি। ~শর-বি, কন্দর্প। ~সপ্তম [জ্যোতিষিক পরিঃ] বি, বিবাহে নিষিদ্ধ-যোগবিঃ ; মেষ ও তুলা, মিথুন ও ধনু, সিংহ ও কুম্ভ-বর এবং কন্যার রাশি হইলে তাকে বিষমসপ্তম বলে। বিষমসপ্তম যোটকে বিবাহ হইলে বর ও কন্যার মৃত্যু হয়। ~স্থ বিষম (বিপদে) স্থ (=স্থা=থাকা) যে থাকে] বিণ, বিপদগ্রস্ত। ২ উন্নতানত দেশস্থ। বিষম খাওয়া-ক্রি, পান ভোজনকালে দৈবাৎ শ্বাসনালীর মধ্যে কোন ভোজ্য বা পানীয় প্রবেশ করিলে যে শ্বাসরোধ সহ হিক্কা হয়। "ভোজনে বিষম খাই, মনে অতি ক্লেশ পাই।"-কবিক॰।

বিষমাক্ষ [বিষম (৩) অক্ষি যার, বহু॰] বিরূপাক্ষ ; ত্রিলোচন ; শিব।

বিষমায়ুধ [বিষম(অযুগ্ম) + আয়ুধ(অস্ত্র, বাণ) যার, বহু॰] বি, কন্দর্প ; পঞ্চবাণ ; মদন।

বিষয় [বি (বিশিষ্টরূপে)-সি (বন্ধন করা) + অ (র্ত্তৃ)] বি, যে ইন্দ্রিয়গণকে আকৃষ্ট করে ; ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থ। ২ ধন ; সম্পত্তি। ৩ ভোগ্য বস্তু। ৪ পদার্থ। ৫ অধিকার। ৬ [অর্থ শা॰] ভুক্তির অন্তর্ভুক্তি উপবিভাগ ; জেলা। "এখন যেমন বাংলাদেশে কতকগুলি কমিশনরের বিভাগ ও জেলা আছে তখনও সেইরূপ কতকগুলি ভুক্তি ও ভুক্তির মধ্যে কতকগুলি বিষয় ছিল।"-রামধনু, পৌষ, ১৩৩৯। ~-আশয়-বি, ধনসম্পত্তি। ~কর্ম্ম -বি, বৈষয়িক কার্য্য ; সাংসারিক কার্য্য। ~তৃষ্ণা-বি, সংসারের সুখভোগের অভিলাষ ; ধনপিপাসা। ~নির্দ্ধারণ-বি, জ্ঞাতব্য বস্তুর নিরূপণ। ~পতি-বি, জেলার শাসনকর্ত্তা। "বিষয়-পতিও বেশ বড় দরের কর্ম্মচারী ছিলেন। * * প্রজাদের মধ্য হইতে প্রতিনিধি লইয়া তাহাদের সহ-যোগিতায় তাঁহাকে রাজকার্য্য চালাইতে হইত।"-রামধনু, পৌষ, ১৩৩৯। ~পরায়ণ -বিণ, বিষয়ানুরক্ত ; ভোগ্যবস্তুর প্রতি আসক্ত। > স্ত্রীং ~পরায়ণা। ~বস্তু-বি, বিষয় ও বস্তু। ~বাসনা-বি, ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থের ভোগাভিলাষ। ~বুদ্ধি-বি, বৈষয়িক জ্ঞান ; অর্থাদির উপার্জ্জন ও রক্ষণাদি কার্য্যে দক্ষতা। ~বৈরাগ্য-বি, ভোগ্যবস্তুর উপভোগে বিতৃষ্ণা ; বিষয়ে অনাসক্তি। ভেদ-বি, বস্তুর পার্থক্য ; বিষয়ান্তর। ~ভোগ-বি, ধনসম্পত্ত্যাদির উপভোগ। ~লালসা-বি, ধনলিপ্সা ; ধনসম্পত্তির লোভ। ~-সুখ-বি, ইন্দ্রিয়-সুখ ; উপভোগজাত আনন্দ। "বিষয়-সুখ আভাস ভবকণ্টক বনে বৃথা ভ্রমণ কর"-ক্ক॰। ~হর-দ্রঃ।

বিষয়াজ্ঞান [বিষয় + অজ্ঞান] বি, বিষয় সম্বন্ধে অজ্ঞান। ২ নিদ্রাচ্ছন্নতা ; তন্দ্রা।

বিষয়ান্তর [বিষয় + অন্তর] বি, অন্য বিষয়।

বিষয়াসক্তি [বিষয় + আসক্তি] বি, বিষয়ানুরাগ ; ভোগ্যবস্তুর প্রতি টান। বিণ, বিষয়াসক্ত-বিষয়ানুরক্ত ; ঘোর সংসারী।

বিষয়ী [বিষয় + ইন্ (স্ত্য॰)=বিষয়িন্, যার বিষয় আছে] বি, নৃপতি ; রাজা। ২ বিণ, সম্পত্তিশালী ; ধনী। ৩ বিষয়াসক্ত। "আমরা বিষয়ী লোকের মতই অহঙ্কার ও দলাদলি করিতে থাকি।"-চারিত্রপূজা। ~ভূত [বিষয় + চ্বি (অভূততদ্ভাবার্থে) + ভূ + ত (র্ম্ম)] বিণ, বিষয়ের অন্তর্গত।

বিষযোগ [জ্যোতিষিক পরিঃ] বি, নক্ষত্রামৃতযোগ এবং সিদ্ধিযোগ যদি এক দিবসে মিলিত হয় তবেই বিষযোগ হয়, ঘৃত ও মধু যেরূপ পৃথক্ অবস্থায় শরীরের পুষ্টিসাধক কিন্তু মিলিত দশায় বিষাক্ত, নক্ষত্রামৃত ও সিদ্ধিযোগ তদ্রূপ যাত্রাদি কার্য্যে পৃথক্ দশায় শুভসূচক কিন্তু মিলিত হইলে অশুভসূচক হয়।

বিষলাঙ্গল,-লাঙ্গুলিয়া [বৈদ্যক] বি, লাঙ্গলী ; উপবিষজাতীয় ঈষলাঙ্গল নামক একপ্রকার ক্ষুদ্র বৃক্ষের মূল gloriosa superba.

বিষলাড়ু [বিষমিশ্রিত লাড়ু, ম॰ প॰ লো॰] বি, বিষমিশ্রিত লড্ডুক ; যে লাড়ু খাইলে বিষক্রিয়া প্রকাশ পায়। "বিষলাড়ু দিয়া তারে ফেলাইল জলে।"-মহা (বিজয়॰)।

বিষহর [বিষ (হলাহল) হৃ (হরণ করা) + অ (র্ত্তৃ), যে বিষ হরণ করে, উপ॰] বিণ, বিষঘ্ন ; গরলনাশক ; স্ত্রীং ~া, -রি,-রী-মনসাদেবী। ২ বিষভরা ; বিষপূর্ণ। "কালকূট বিষহরি জাণ ল কটাক্ষ-শ্রী॰ কী॰। "বিষহরি বলিয়া দেয় কর।"-চণ্ডি॰।

বিষাইল [প্রা॰ বাং] বিণ, বিষাক্ত। "বিষাইল কাণ্ডের ঘাএ যেহ্নে হরিণী"-শ্রী॰ কী॰।

বিষাক্ত [বিষ দ্বারা অক্ত (মিশ্রিত), ৩তৎ] বিণ, গরলপূর্ণ ; বিষমিশ্রিত ; বিষযুক্ত।

বিষাণ [বিষ্ (বিপ্রয়োগ করা)+আন (ণ), যদ্দ্বারা বিপ্রযুক্ত অর্থাৎ (বিদীর্ণ করা যায়)] বি, হস্তী শূকরাদির বৃহৎ দন্ত। ২ পশুর শৃঙ্গ। "তাড়িয়া মহিষ ধরে উপরে বিষাণ।"-কবিক॰। ৩ মেষশৃঙ্গী নামক শৃঙ্গাকার ফলের বৃক্ষ। ৪ শৃঙ্গা নামক বাদ্য। "ঈশান তোমার বি॰ উঠেছে বাজিয়া।" -রবী॰। "বিষাণবাদন" - গিরিশ॰। ~ী [বিষাণিন্ >] বিণ, শৃঙ্গী।

বিষাদ [বি-সদ্ (অবসন্ন হওয়া)+অ (ভা॰)] বি, স্ফূর্ত্তিহীনতা। ২ ইষ্টনাশজনিত মনোদুঃখ; আরব্ধকর্ম্মে অসিদ্ধি, অপরাধ, বিপদ, ইষ্টদ্রব্যের অভাব ই॰-র জন্ম অনুতাপ। ৩ দুঃখ; খেদ। ৪ মনোভঙ্গ। ৫ [বৈষ্ণব সা॰] আরব্ধকর্ম্মে অসিদ্ধি, অপরাধ, বিপদ, ইষ্টদ্রব্যের অভাব ই॰ জন্ম অনুতাপ। বিণ, বিষাদী, বিষাদিত। >স্ত্রীং বিষাদিনী, বিষাদিতা-বিষণ্ণা। "একি দিদি, কেন তুই এত বিষাদিনী ?"-প্রভাস (নবীন॰)। ~গ্রস্ত-বিষাদযুক্ত; দুঃখিত। ~ময়, ~মাখা-বিণ, বিষাদপূর্ণ; বিষণ্ণ। ~সাগর-বি, শোকের সমুদ্র; গভীর দুঃখ।

বিষান [বিষ+আন (ক্রিয়ায়)। বিষায়, বিষোয়, বিষাইতে; বিষোতে (গ্রা॰ বিষুতে); বিষাইয়া (কে॰ বিষিয়ে)] ক্রি, বিষাক্ত হওয়া। ২ আউয়ে বা বিষিয়ে উঠা; পূযপূর্ণ হওয়া। ৩ [লক্ষ॰] অত্যন্ত তিক্ত বিরক্তিজনক বা বিদ্বেষপূর্ণ। "দেখাদেখি রেশারেশির ফলে সাহিত্যিকদের মন এমনি বিষিয়ে উঠেছে যে **"- সম্মিলনী, ১৩৩৫।

বিষান্তক [বিষ+অন্তক, ৬তৎ] বিণ, গরলনাশক।

বিষার্ত্তি [বিষ (জনিত)+আর্ত্তি, ম॰ প॰ লো॰] বি, বিষের জ্বালা; বিষক্রিয়া। "ছাগমূত্র**নাড়ী বিষার্ত্তি**নাশক"-আয়ুর্ব্বেদীয় দ্রব্যগুণাভিধান।

বিষি-বিষ দ্রঃ।

বিষুপ-বিষুব দ্রঃ।

বিষুব, বিষুপ [বিষু (দিবা ও রাত্রির সাম্য) প-পা (পালন করা)+অ (র্ত্তৃ, ভা॰)] যে সময়ে দিবা ও রাত্রির মান সমান হয়। ২ সূর্য্যের মেষ ও তুলা সংক্রান্তি। ৩ [জ্যো॰(ক॰ বিশ॰ পরিঃ)] ইং equinox এর বৈজ্ঞা॰ পরিঃ; সায়ন (হিং কো॰)। ~দিন [বৈদিক] বি, সংবৎসর সাধ্য গবাময়ন সত্র ২১ দিনে সম্পাদিত হয়। উহার পূর্ব্ব দশদিন, পরে দশদিন, মধ্যে একদিন। ঐ মধ্যবর্ত্তী দিন বিষুব দিন বৎসরকে দুই ভাগে বিভক্ত করে। বিষুব দিনের পূর্ব্বে ৬ মাস পূর্ব্বপক্ষ, পরে ৬ মাস উত্তরপক্ষ। ~বৃত্ত-equinctial; celestial equator. ~রেখা-নিরক্ষরেখা; উত্তর ও দক্ষিণ মেরু হতে সম দূরবর্ত্তী ভূগোলক বেষ্টনকারী কল্পিত রেখা; নাড়ীমণ্ডল। খঁ-বিষুব-বৃত্ত-celestial equinoctial. খঁ-বিষুব-রেখা-celestial equator. ভূ-বিষুব-রেখা [জ্যো॰] terrestrial equator এর বৈজ্ঞা॰ পরিঃ; নিরক্ষরেখা। [মেষ সংক্রান্তি বা বৈশাখ সংক্রান্তিকে মহাবিষুব (vernal equinox) ও তুলা সংক্রান্তি বা কার্ত্তিক সংক্রান্তিকে জলবিষুব (autumual equinox) বলা হয়]।

বিষুবাংশ [জ্যো॰ (ক॰ বিশ॰ পরিঃ)] ইং right-ascension এর বৈজ্ঞা॰ পরিঃ।

বিষ্কম্ভ, বিষ্কুম্ভ [ফলিতজ্যোতিষ] বি, প্রথমযোগ। ২ প্রতিবন্ধক; বাধা; ব্যাঘাত। ৩ [নাট্য শা॰] নাটকের অঙ্গবিঃ। ৪ গোলাকার বস্তুর মধ্য- রেখা; বৃত্তের ব্যাস। ৫ অর্গল; হুড়কা; খিল। ৬ বৃক্ষ। ৭ থাম; খুঁটি। ৮ যোগী-দিগের আসনবিঃ।

বিষ্কম্ভক [নাট্য শা॰] বি, নাট্যাঙ্গবিঃ; নাটকের নীরস অংশসকল যথাবৎ বর্ণিত হলে শ্রোতার বিরক্তি হতে পারে এজন্ত সেই সকল নীরস অংশ কোন একজন অপ্রধান নায়কের মুখে সংক্ষেপে কীর্ত্তন করা হয় ইহাই নাটকের বিষ্কম্ভক।

বিষ্কির [বি-কৃ (বিকিরণে)+ক(র্ত্তৃ)] বি, ময়ূর, কুক্কুট, কপোতাদি পক্ষী।

বিষ্কুট-বিস্কুট দ্রঃ।

বিষ্টব্ধ [বি-স্তন্ভ্ (প্রতিবন্ধে, ক্রিয়াদি নিরোধে)+ত (র্ম)] বিণ, ব্যাঘাতযুক্ত; প্রতিরুদ্ধ।

বি-স্তন্ভ্ (স্তব্ধ করা)+অ (ভা॰)] বি, মূত্রকৃচ্ছ্র রোগ। ২ রোধ; প্রতিবন্ধ; আটক। ৩ আক্রমণ। ৪ স্থিরীভাব। বিণ, বিষ্টম্ভী-বিষ্টম্ভ রোগজনক।

বিষ্টর [সং] বি, কুশমুষ্টি। ২ আসন। ~শ্রবাঃ (-র্‌-) [সং] বি, বিষ্ণু।

বিষ্টি [বৃষ্টি >গ্রা॰] বি, বৃষ্টি। ২ [অর্থ শা॰] বিনা বেতনে খাটুনি; বেগার। রাজা দণ্ড, বিষ্টি এবং কর হইতে কৃষিকার্য্যকে রক্ষা করিবেন।"-অ॰ পা॰ (সমাদ্দার)।

বিষ্টিভদ্রা বি, জ্যোতিষিক যোগবিঃ; কৃষ্ণপক্ষে তৃতীয়া ও দশমীর শেষার্দ্ধ, সপ্তমী ও চতুর্দ্দশীর পূর্ব্বার্দ্ধ এবং শুক্লপক্ষে চতুর্থী ও একাদশীর শেষার্দ্ধ অষ্টমী ও পূর্ণিমার পূর্ব্বার্দ্ধ বিষ্টিভদ্রা। ইহাতে বিবাহাদি শুভকর্ম্ম এবং যাত্রাদি নিষিদ্ধ; ইহার শেষ তিন দণ্ড শুভ।

বিষ্টু-বিষ্ণু দ্রঃ।

বিষ্ঠা [বি-স্থা (উদরের মধ্যে থাকা)+অ (র্ত্তৃ)+আ (স্ত্রীং)] বি, পুরীষ; মল; গু। ~কীট বিষ্ঠাভোজী ও বিষ্ঠায় জন্মে যে কৃমি। ~কুণ্ড-বি, যে কুণ্ডে বিষ্ঠা পতিত হয়। ২ নরকবিঃ। ৩ অতিঘৃণ্য স্থান। ~কৃমি-বি, বিষ্ঠাকীট। ~ভোজী-পুরীষ ভোজনকারী। ২ গালিবিঃ।

বিষ্ণু [বিষ্ (ব্যাপন করা)+নুক্ (র্ত্তৃ) জা॰। মিত্র দ্রঃ)। প্রা॰ বৌ॰বাং প্রাকৃ॰ বিঠ্ঠু, বিষ্ঠু > আধু॰বাং উচ্চারণে বিষ্টু। "বসুহ বিঠ্ঠু"- দো॰, ১০০। যিনি বিশ্ব ব্যাপিয়া আছেন, প্রবেশার্থ বিশ্ ধাতুর প্রয়োগে পঞ্চভূতময় এই বিশ্বমাতে প্রবেশ করে। প্রা॰ বাং-বিষ্টু "বস্তা বিষ্টু ন ছিল ন ছিল আঁধার।"-শূ॰ পূ॰। "বসিলা বস্তা বিষ্টু হয়।" -ঐ] বি, নারায়ণ; সত্ত্বগুণ-ব্যাপক দেব; হরি। ২ অগ্নি। ৩ ধর্মশাস্ত্রপ্রণেতা ঋষিবিঃ। ৪ বসুবিঃ। ৫ পৌষ মাসে সূর্য্যের নাম বিষ্ণু। ~ক্রান্তা [বিষ্ণুকে বর্ণ দ্বারা অতিক্রম করিয়াছে যে, বহু॰] বি, কৃষ্ণবর্ণ অপরাজিতা ফুল। ২ পৃথিবীর অংশবিঃ। ধরাতল তিন ভাগে বিভক্ত। যথা-অশ্বক্রান্তা, রথক্রান্তা, ও বিষ্ণুক্রান্তা। ~গুপ্ত-বি, স্বনামখ্যাত চাণক্য পণ্ডিত। ~দূত-বি, বিষ্ণুর প্রেরিত

]-যুক্ত বিষবৎ (অগ্র-অগ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible] ও জা॰ দ্রঃ

দূত। সাধারণের মতে পাপীর মৃত্যু হইলে যমদূত তার আত্মাকে নরকে লইয়া যায় এবং ধার্ম্মিকের মৃত্যু হইলে তার আত্মা বিষ্ণুদূতে লইয়া যায়। ~দৈবঁত-বিণ, বিষ্ণু যাদের কুলদেবতা ; বিষ্ণূপাসক। ২ বি, শ্রবণা-নক্ষত্র। ~পঁঞ্জর-বিষ্ণুর পঞ্জরাস্থি। "দারু ব্রহ্ম সর্ব্বাদৃত বিষ্ণু পঞ্জরেরে কৃত * * *।" -অ°ম°। ২ কঙ্কাল। ~পঁদ [বিষ্ণু (ব্যাপক) পদ (স্থান), যে সর্ব্বস্থানব্যাপী, কিম্বা বিষ্ণু বামন অবতারে একপাদ · আকাশে স্থাপন করিয়াছিলেন বলিয়া আকাশ বিষ্ণুপদ নামে খ্যাত হইয়াছে] বি, ব্যোম ; আকাশ। "বিষ্ণু-পদ সেবা করে বৈষ্ণব সে নয়। "গাছের পল্লব নয় অঙ্গে পত্র হয়।" কবিক°। ২ ক্ষীরোদ সমুদ্র। ৩ উৎপল ; পদ্ম। ~পঁদী-বি, জ্যৈষ্ঠ ভাদ্র, অগ্রহায়ণ এবং ফাল্গুন মাসের সংক্রান্তিকে বিষ্ণুপদী সংক্রান্তি বলা হয়। ২ জাহ্নবী ; গঙ্গা। ~পঁরায়ঁণ-বৈষ্ণব ; হরি-ভক্তিপরায়ণ > স্ত্রীং ; পরায়ঁণা। ~প্রিয়া নারায়ণী ; লক্ষ্মী। বিধি বিষ্ণুপ্রিয়া বর্ণময়ী মায়া বিশ্বমাতা শৈলসুতা।"-কবিক°। ২ চৈতন্য-দেবের পত্নী। ~বঁল্লভা বিষ্ণুপ্রিয়া ; লক্ষ্মী, সরস্বতী। ২ তুলসী। ৩ অগ্নিশিখা নামক বৃক্ষকেও বুঝায়। ~বাহন-বিষ্ণুরথ ; গরুড় ~ভঁক্ত-বিণ, বিষ্ণুর প্রতি শ্রদ্ধাবান্। > বি, ~ভঁক্তি-হরিভক্তি। ~মায়া-বৈষ্ণবী-মায়া [২ বি, মহামায়া ; দুর্গা ~রঁথ-নারায়ণের বাহন ; গরুড় । ~শঁর্ম্মা-বি, সুনীতি ও সদুপদেশপূর্ণ বিখ্যাত পঞ্চতন্ত্র গ্রন্থের রচয়িতা। ~শিলা-শালগ্রাম শিলা।

বিষ্য [বিষ্ +য (র্ম)] বিণ, বিষপ্রয়োগ-যোগ্য। ২ বিষজনক।

বিস [বিস্ (প্রবেশ করা)+অ (ভূ´), যে অনবরত জলে প্রবেশ করিয়া রহিয়াছে] বি, পদ্মের ডাঁটা ; মৃণাল। ২ [প্রা° বাং] বিষ্। ~কুসুম-বি, পদ্ম। ~জঁ (-সঁ·) বি, পদ্ম। ~প্রঁসূন-বি, পদ্ম।

বিসংবা/দ [বি (বিগত হইয়াছে) সম্ (সাম্য, অবিরুদ্ধ) যে বাদ (বাক্যালাপ)] বি, বিরুদ্ধ ভাবের কথাবার্ত্তা ; বিরোধ। ২ বৈলক্ষণ্য। ৩ প্রবঞ্চনা ; প্রতারণা। ~দিত -বিণ, বিবাদিত ; বিরোধিত। ২ বিতর্কিত। ~দী-বিণ, বিরোধী ; বিবাদী।

বিসঙ্কুল [সং] বি, গোলমেলে ; জটিল।

বিসদৃশ [বি (বিগত) সদৃশ (সাদৃশ্যভাব) যাদের, বহু°] বিণ, বিপরীত ; বিরুদ্ধ ; যাতে সদৃশ ভাব নাই। ২ অসামঞ্জস্য।

বিসমিল্লা, বিসমোল্লা [আ° বিস্মিল্লাহ্। ব+ইস্ম্ + আল্লাহ্] বি, কার্য্যারম্ভে আল্লার নামস্মরণ ; আল্লার দোহাই। ২ বেশ কথা ; আচ্ছা। ৩ আরম্ভ ; শুরু ; সকল কার্য্যের গোড়া। বিসমোল্লায়ঁ গঁলঁদ-সূত্রপাতেই ভুল ; গোড়ায় গলদ।

বিসঁরণ~1~ [বি-সৃ+অন (ভা°)] বি, বিস্তার। ২ উদ্ভব। ৩ প্রবাহ।

বিসঁরণ~2~ [সং-বিস্মরণ > ব্রজ° ও প্রা° বাং প্রাকৃ° বিসরণ] বি, বিস্মরণ ; বিস্মৃতি।

বিসঁরা [বিস্মরণ > বিসোঁরা, বিসঁরা, বিসঁরা (প্রা° বাং)। তুল-হিং° বিসরনা। প্রা° বাং-বিছরা, বিছুরা ও°। বিসরি, বিসর, বিসরে ; বিসরিতে ; বিসরিয়া (পদে), ক্কে° বিসরি)। ণিজন্ত-বিসঁরান] ক্রি, বিস্মৃত হওয়া ; বিস্মরণ করা ; ভুলিয়া যাওয়া। "আন্ধারে তপিস্‌সাএ প্রাছু থাক বিসোঁরিআ॥"-শূ° পু°। "তোহে বিসরি মন তাহে সমপল"-বি° প°। "বিসরি ত্রাস লোক লাজ"-রবী°। বিসঁরঁল-বিস্মৃত হইল (বি° প°)। বিণ, বিসঁরিঁত-বিস্মৃত। "পূরবক যত গুণ বিসরিত ভেলা"-বি° প°। বিসারিল-বিস্মৃত হইল (শ্রী° কী°)। বিসঁরী,-রি-বিস্মৃত হইয়া। "মোহ পাইল কাহাঞি বিসরী আপণে॥"-শ্রী° কী°।

বিসঁরাম-বিশ্রাম দ্রঃ।

বিসঁর্গ [বি-সৃজ্ (ত্যাগ করা)+অ (ভা°)] বি, বিসর্জ্জন ; ত্যাগ ; মলনির্গম। ২ বিসর্গবর্ণ (:)। ৩ পরিত্যক্ত বস্তু। ৪ বৈভব সৃষ্টি ; ব্রহ্মা কর্ত্তৃক চরাচর সৃষ্টি (চৈ° চ°)। ৫ মোক্ষ। ~সঁন্ধি-বিসর্গান্ত পদের সহিত স্বর বা ব্যঞ্জনাদি পদের সন্ধি। যথা-অঃ+অ=ও২ (বয়ঃ+অধিক=বয়োঽধিক, সচরাচর বাঙ্গালায় লুপ্ত অকারের প্রয়োগ হয় না যথা-বয়োধিক, বয়ঃ+অতীত=বয়োতীত) ; অঃ+অ ভিন্ন স্বর হইলে ঃ লোপ হয় (অতঃ+এব=অতএব) ; অঃ+বর্গের ৩য়, ৪র্থ, ৫ম বর্ণ, য, র, ল, ব, হ হইলে অঃ=ও (অধঃ+গমন)=অধোগমন, অধঃ +দৃষ্টি=অধোদৃষ্টি, অধঃ+বদন=অধোবদন, মনঃ+নিবেশ=মনোনিবেশ, মনঃ+মোহন= মনোমোহন, যশঃ+লিপ্সা=যশোলিপ্সা, ই°), কিন্তু অঃ (র জাত বিসর্গ হইলে)+স্বরবর্ণ বর্গের ৩য়, ৪র্থ, ৫ম বর্ণ, য, ল, ব, হ হইলে, অঃ=অর্ (পুনঃ+আগমন=পুনরাগমন, পুনঃ +অপি=পুনরপি, প্রাতঃ+গমন=প্রাতর্গমন, অন্তঃ+জল=অন্তর্জল, অন্তঃ+দাহ=অন্তর্দ্দাহ, অন্তঃ+যামী=অন্তর্যামী, অন্তঃ + হিত= অন্তর্হিত, ই°), অঃ=আঃ+ক, খ, প, ফ হইলে, ঃ স্থানে স্ হয় (শ্রেয়ঃ+কর=শ্রেয়স্কর, নমঃ+কার=নমস্কার, তিরঃ+কার=তিরস্কার, ভাঃ+কর=ভাস্কর, দিবঃ+পতি=দিবস্পতি, বাচঃ+পতি=বাচস্পতি, ই°), কিন্তু ক ও প পরে থাকিলে বিসর্গ থাকিয়া যায় (প্রাতঃ+ কাল=প্রাতঃকাল, প্রাতঃ+কৃত্য=প্রাতঃকৃত্য, অন্তঃ+পুর=অন্তঃপুর, অন্তঃ+পাতী=অন্তঃ-পাতী, ই°)। ইঃ, উঃ+স্বরবর্ণ, বর্গের ৩য়, ৪র্থ, ৫ম, বর্ণ ও য, ল, ব, হ হইলে, ঃ স্থানে র্ হয় (নিঃ+অন্ন=নিরন্ন, নিঃ+আকার=নিরা-কার, নিঃ + গত=নির্গত, নিঃ+লোভ= নির্লোভ, দুঃ+আশা=দুরাশা, দুঃ + গম= দুর্গম, দুঃ+বাক্য=দুর্ব্বাক্য, দুঃ+লক্ষণ= দুর্লক্ষণ, ই°)। ইঃ, উঃ+ক, খ, প, ফ হইলে, ঃ স্থানে ষ্ হয় (পরিঃ+কৃত=পরিষ্কৃত, নিঃ+ পেষণ=নিষ্পেষণ, চতুঃ+কোণ=চতুষ্কোণ, চতুঃ +পাঠী=চতুষ্পাঠী, ই°)। ঃ+চ, ছ=শ্চ, শ্ছ (নিঃ +চিন্ত=নিশ্চিন্ত, শিরঃ+ছেদন=শিরশ্ছেদন, ই°)। ঃ+ট, ঠ=ষ্ট, ষ্ঠ (ধনুঃ+টঙ্কার= ধনুষ্টঙ্কার, নিঃ+ঠীবন=নিষ্ঠীবন, নিঃ+ঠুর= নিষ্ঠুর)। ঃ+ত, থ=স্ত, স্থ (ইতঃ+ততঃ= ইতস্ততঃ, নিঃ+তেজ=নিস্তেজ, ই°)। ঃ+র থাকিলে, ঃ লোপ ও পূর্ব্বস্বর দীর্ঘ হয় (নিঃ+ রস=নীরস, নিঃ+রোগ=নীরোগ, চক্ষুঃ+ রাগ=চক্ষুরাগ, চক্ষুঃ+রোগ=চক্ষুরোগ)।

বিসর্জ্জন [বি+সৃজ্ (ত্যাগ করা)+ অন (ভা°)] বি, পরিত্যাগ ; তাড়াইয়া দেওয়া। "লাঞ্ছিত করিয়া তারে দিল বি°।"

-কবিক॰। ২ দান। ৩ প্রতিমাদি জলমগ্ন-করণ। বিণ, বিসর্জ্জিত।

বিসর্জ্জনীয় [বি-সৃজ্‌+অনীয় (র্ম্ম)] বিণ, ত্যাজ্য ; বর্জ্জনীয়। ২ দানের উপযুক্ত। ৩ বি, বিসর্গ ; ঃ।

বিসর্প, বিসর্পণ১ [নিদানোক্ত আয়ু॰ পরিঃ। বি-সৃপ্‌ (গমন করা)+অ (অন-ভা॰)] বি, গমন ; প্রসরণ ; ব্যাপ্তি। ২ ফোটকাদির উৎসেক। ৩ সপ্রদাহ জ্বরবিঃ যাতে চর্ম্মের উপর গাঢ় রক্তবর্ণ দাগ পড়ে ; 'হরিবেরিকা' erysipelas. ৪ [বলবিদ্যা॰] বিণ, গমনশীল ; সঞ্চারী। বিসর্প ঘর্ষণ (sliding friction)। বিণ, বিসর্পী -ইতস্ততঃ গমনশীল।

বিসর্পণ২ [বলবিদ্যা॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] বি, ইং sliding এর বৈজ্ঞা॰ পরিঃ। বিসর্প ৪ দ্রঃ।

বিসা [সং-বিশ্বকর্ম্মা > বিশাই, বিশা > বিসা] বি, বিশ্বকর্ম্মা। "বিসার উপরে পরভুর উপজিল দন্না।"-শূ॰ পু॰।

বিসাবর [বিশম্ভর > গ্রং। প্রা॰ বাং] বি, বিশম্ভর ; নারায়ণ। "বিসাবর কাণ্ডারী" -মাণিক॰ গান।

বিসার [বিস্তার > প্রা॰ বাং] বি, প্রসার (মাণিক॰ ধ॰ ম॰)।

বিসারিত [বিসারি (গমন করান)+ত (র্ম্ম)] বিণ, বিস্তারিত ; প্রসারিত। ২ প্রেরিত। বি, বিসারণ।

বিসারী [বি-সৃ+ইন্‌, বিসারিন্‌ ১মা, ১ব॰] বিণ, গমনশীল। ২ বিস্তৃতিশীল। বি, বিসার-বিস্তার। ২ গতি।

বিসূচি,-চী, বিসূচিকা [সং] বি, ওলাউঠা রোগ ; অতিসার ব্যাধির প্রকারান্তর।

বিসৃত [বি-সৃ (গমন করা, ব্যাপন করা) +ত (র্ম্ম)] বিণ, স্থানান্তরিত। ২ বিস্তৃত ; প্রসারিত ; ব্যাপ্ত।

বিসৃষ্ট [বি-সৃজ্‌ (ত্যাগ করা)+ত (র্ম্ম) যাকে ত্যাগ করা হইয়াছে] বিণ, নিক্ষিপ্ত। ২ বিসর্জ্জিত ; ত্যক্ত। ৩ প্রেরিত।

বিসৃষ্টি-বি, "অনন্ত আকাশ বিশ্বব্রহ্মাণ্ডের অপরিমেয় পরিসর বা space যার মধ্যে কত কোটি সৌরজগত সৃষ্ট হইতেছে, কত গ্রহ উপগ্রহ তারামালার নূতন সৃষ্টি হইতেছে, আবার ডুবিয়া যাইতেছে-এই আকাশ বা অনন্ত ব্রহ্মাণ্ডের অবস্থান পরিসরের মধ্যে যতক্ষণ সৃষ্টিক্রিয়া চলে ততক্ষণ উহাকে বিসৃষ্টি বলে, যখন উহাতে সৃষ্টিশক্তি সংহৃত বা সম্পুটিত হইয়া থাকে তখন উহা ব্যোম।" -নায়ক ১লা অগ্র॰ ১৩২৬।

বিসেখী [ব্রজ॰। সং-বিশেষিয়া > ষ= খ] ক্রি-বিণ, বিশেষ করিয়া। "নাসা তিলফুল গরুড় চঞ্চু জিনি গিধিনী শ্রবণে বিসেখী।"

বিস্কুট, বিস্কুট [ইং biscuit এর লিপ্যন্তর] বি, আটা, সুজি প্রভৃতির পুরু ক্ষুদ্রাকৃতি রোটিকা।

বিস্ত১ [বিস্‌ (ক্ষেপণ করা)+ত (র্ম্ম)] বি, মোহর ; একভরি সোণা।

বিস্ত২-বেহেস্ত দ্রঃ।

বিস্তর [বি-স্তৃ (আচ্ছাদন করা)+অ (র্ম্ম)] বি, সমূহ ; প্রচুর ; অনেক, বহু। ২ আসন। ৩ বাক্‌প্রপঞ্চ ; বিশেষবর্ণন। ৪ বেশ ; খুব ; ভাল বিলক্ষণ ; যথেষ্ট। "* * নিরস্ত্র হইবার সম্ভাবনা যথেষ্ট ! সর্ব্বশেষে ফিরিবার পথে লাঠি ঠ্যাঙ্গা খাইয়া অচলা হইয়া না পড়েন ত' বিস্তর।"-আ॰ শক্তি, ১৩৩৩।২৩ সংখ্যা। ~শঃ-অ, বিস্তারিতভাবে।

বিস্তার [বি-স্তৃ (আচ্ছাদন করা)+অ (ভা॰)] বি, বিস্তৃতি ; ব্যাপ্তি। ২ ওসার ; চওড়া।

বিস্তারিত [বিস্তারি (ণিজন্ত)+ত (র্ম্ম)] বিণ, প্রসারিত ; ছড়ান।

বিস্তারিপ [সং-বি (বিস্তারিত, অতিশয়োক্তি)+আ॰ তারীফ (প্রশংসা) > তারিপ (প্রায়ই ব্যঙ্গার্থে)] বি, নিন্দা ; ব্যাখ্যানা (বাখান দ্রঃ)।

বিস্তীর্ণ [বি-স্তৃ (আচ্ছাদন করা)+ত (র্ম্ম)] বিণ, বিস্তৃত ; ব্যাপ্ত। ২ প্রশস্ত ; বহুদূর বিস্তৃত। ~পর্ণ-মানকচুর পাতা। ২ কদলীপত্র ; কলাপাত।

বিস্তৃত [বি-স্তৃ+ত (র্ম্ম)] বিণ, বিস্তীর্ণ ; প্রসারিত। বি, বিস্তৃতি-ব্যাপ্তি।

বিস্পতি, বেস্পতি-বৃহস্পতি দ্রঃ।

বিস্পষ্ট [বি-স্পষ্ট (ব্যক্ত)] বিণ, ব্যক্ত ; স্ফুট ; সুস্পষ্ট ; প্রকাশিত।

বিস্ফারিত [বি-স্ফুর্‌ (প্রকাশে, বিকাশে, কম্পনে)+ণিচ্‌=বিস্ফারি+ত (র্ম্ম)] বিণ, বিকম্পিত। ২ বিস্তারিত। ৩ ধ্বনিত। ৪ টঙ্কৃত। বি, বিস্ফার-প্রকাশ। ২ বিস্তার। ৩ ধনুকের গুণের শব্দ।

বিস্ফুরিত [বি-স্ফুর্‌ (প্রকাশে, কম্পনে) +ত (র্ত্তৃ)] বিণ, কম্পিত। ২ ধ্বনিত। ৩ স্ফীত ; বর্দ্ধিত। ৪ [ভা॰ ত] স্ফুরণ ; ধ্বনি।

বিস্ফুরিতাধর [বিস্ফুরিত+অধর] বিণ, ঈষৎ কম্পিতাধর।

বিস্ফুলিঙ্গ [বি-স্ফু (অনুকরণ শব্দে)+লিঙ্গ্‌ (গমন করা)+অ (র্ত্তৃ)] বি, অগ্নিকণা ; ফিনকি। "রাজ্য খণ্ড লণ্ড ভণ্ড বিস্ফুলিঙ্গ ছুটিছে"-অ॰ ম॰।

বিস্ফোট, বিস্ফোটক [বি-স্ফুট্‌ (বিকাশ পাওয়া)+অ, অক (ভা॰)] বি, ব্রণ ; ফোড়া ; বিষফোড়া। "আর বার রাজার যে হইল বিস্ফোট"-কৃত্তি॰।

বিস্ফোরক [বৈজ্ঞা॰ পরিঃ] বিণ, সহজে সশব্দে যা ফাটে বা জ্বলিয়া উঠে combustible, explosive. ~রণ-বি, সশব্দ বিদারণ ; সশব্দ স্ফোটন explosion.

বিস্ময় (-শ্ম-) [বি-স্মি (ঈষৎ হাস্য করা ; আশ্চর্য্য হওয়া)+অ (ভা॰)] বি, সংশয়। ২ ঈষৎ হাস্য। ৩ আশ্চর্য্য। ~কর, ~জনক -বিণ, আশ্চর্য্য বা সংশয় উৎপাদক ; অদ্ভুত। ~চিহ্ন-বি, আশ্চর্য্যের চিহ্ন ; ! এই চিহ্ন note of admiration, ~বিস্ফারিত-বিণ, বিস্ময়হেতু বিবৃত ; বিস্ময়ে প্রসারিত। ~বিহ্বল-বিণ, আশ্চর্য্যান্বিত। ~মগ্ন-বি, বিস্মিত। ~স্তিমিত-বিণ, বিস্ময়ে জড়ীভূত।

বিস্ময়ান্বিত, বিস্ময়াপন্ন [বিস্ময় +অন্বিত, আপন্ন] বিণ, আশ্চর্য্যান্বিত ; চমৎকৃত ; বিস্ময়াবিষ্ট।

বিস্ময়াবহ [বিস্ময়+আবহ] বি, বিস্ময়ের আবহ ; আশ্চর্য্যজনক ; বিস্ময়কর।

বিস্ময়াবিষ্ট [বিস্ময় (দ্বারা)+আবিষ্ট, গ্রস্ত] বিণ, বিস্ময়ময়। স্ত্রীং ~া।

বিস্ময়াভিভূত [বিস্ময় (দ্বারা) অভিভূত, ৩তৎ] বিণ, বিস্ময়াবিষ্ট।

বিস্ময়োৎপাদক [বি°+উৎপাদক] বিণ, আশ্চর্য্যজনক। বি, বিস্ময়োৎপাদন -বিস্ময়ের উদ্রেক।

বিস্ময়োৎফুল্ল [বিস্ময়+উৎফুল্ল] বি, বিস্ময়হেতু বিকসিত বা প্রফুল্ল।

বিস্মরণ (-শৃণ-) [বি (বিগত) স্মরণ। বৈ° পদ° সা° "বিছুরণ"] বি, বিস্মৃতি। ক্রি, বিস্মরা [নামধাতু। বিস্মরি, বিস্মর, বিস্মরে; বিস্মরিতে; বিস্মরিয়া (পদ্যে 'বিস্মরি')] ক্রি, বিস্মরণ করা; ভুলা। বিস্মরিল-ক্রি, বিস্মরণ করিল; ভুলিল।

বিস্মাপন [বি-স্মি+ণিচ্=স্মাপি+অন (ভা°)] বি, বিস্ময় উৎপাদন; বিস্ময় জনন। ২ গন্ধর্ব্বনগরবিঃ। ৩ কামদেব। ৪ বিণ, বিস্ময়জনক।

বিস্মায়ন [বি-স্মি (ণিজন্ত=স্মায়ি)+অন (ভা°)] বি, বিস্ময় উৎপাদন; বিস্মাপন।

বিস্মিত [সং] বিণ, আশ্চর্য্যান্বিত; বিস্ময়াপন্ন। [সম-লোকে কল্পনা বা আশার অতীত বিরল ব্যাপার ও অসম্ভবকে সম্ভব হতে দেখিলে বিস্মিত হয়। বিস্ময়ের আতিশয্য-বশতঃ দেহ মনের বৃত্তি সমুদয় রুদ্ধ হলে স্তম্ভিত হয়, অর্থাৎ স্তম্ভের ন্যায় নিঃশব্দ নিঃস্পন্দ হয়। কিংকর্ত্তব্য-বিমূঢ় ব্যক্তি উপস্থিত কর্ত্তব্য নির্ণয়ে অক্ষম হইয়া নিশ্চেষ্ট-ভাবে অবস্থান করে, এবং হঠাৎ বা অকারণে কাহাকে অবাক্, স্তম্ভিত বা কিংকর্ত্ত্য-বিমূঢ় হতে দেখিয়া একজন বিস্মিত হতে পারে। যা অসাধারণ সহজসাধ্য নহে লোকে তাতে আশ্চর্য্যান্বিত হয়। আশ্চর্য্যের সহিত আনন্দ ও প্রশংসার ভাব জড়িত থাকিলে চমৎকৃত হয়]।

বিস্মৃতি [বি-স্মৃ+তি (ভা°)] বি, বিস্মরণ; ভুল। বিণ, বিস্মৃত-বি, যে বা যা স্মরণ নাই; যে ভুলিয়া গিয়াছে। > স্ত্রীং বিস্মৃতা। ~শীল-বিণ, বিস্মরণপটু। > বি, ~শীলতা।

বিস্যাৎ-বৃহস্পতি দ্রঃ।

বিস্রংসী [সং-স্রন্স্ (পতনে)] বিণ, পতনশীল; অধঃপতিত; স্খলনশীল। বি, বিস্রংস,-সন্-বিচ্যুতি; পতন।

বিস্রম্ভ [সং-স্রন্ভ্ (বিশ্বাসে)] বি, বিশ্বাস। ২ প্রণয়। ৩ পরিচয়। বিণ, বিস্রম্ভী।

বিস্রস্ত [সং-স্রন্স্ (পতনে)] বিণ, পতিত; ভ্রষ্ট; চ্যুত। প্র-বি°-বাসনা; বি°-বাস। ২ ক্ষরিত।

বিস্রাবণ [সুশ্রুত] বি, জল নিকাশ করণ; জলস্রোত বেগে প্রবাহিত করিয়া ধুইয়া পরিষ্কার করণ draining ; flushing.

বিস্রুত [সং-স্রু (গমন)+ত(র্ম্ম)] বিণ, প্রবাহিত। ২ ক্ষরিত। ৩ স্খলিত; বিচ্যুত। ৪ প্রসারিত। বি, বিস্রুতি।

বিস্বন, বিস্বান (-শৃণ-) [বি (বিকট) স্বন, স্বান (শব্দ)] বি, বিকট শব্দ।

বিস্বাদ [বি-স্বাদ (দ্রঃ)] বি, স্বাদবিহীন। ২ বেতার। "সই! ভোজন বি° হইল।" -চণ্ডি°। "কোথা দিয়া অলক্ষ্যে কে যেন আমার জীবন-বীণার তন্ত্রীতে আঘাত দিয়া তাহা ছিঁড়িয়া দিল। আমার সমস্ত দিন ও রাত্রি বি° হইয়া গেল।"-প্রবাসী, ১৩৩৩।

বিহগ [সং-বিহায়স্ (আকাশ)+গম্ (গমনে)+অ (র্ত্তৃ)] বি, পক্ষী। স্ত্রীং ~ী। ~বর [বিহগ-বর (শ্রেষ্ঠ)] বি, বিহঙ্গশ্রেষ্ঠ; গরুড়।

বিহঙ্গ, বিহঙ্গম [সং] বি, পক্ষী; বিহগ। "এই হেতু যে আজ্ঞা করহ বিহঙ্গম" -মহা° (কাশী°)। ২ গ্রহ; নক্ষত্র। ৩ মেঘ। ৪ বাণ। ৫ [প্রা° কে° বাঙ্গী। পৃষ্ঠদণ্ডের সাদৃশ্যার্থে। বিহঙ্গিকা ৩°] ভার বহনের যষ্টি; বাঁক। স্ত্রীং ~া, ~ী, বিহঙ্গিনী, বিহঙ্গমা, বিহঙ্গমী। [দ্রঃ-প্রা° বাং-র -"বিহঙ্গমা"র পুংলিঙ্গেও ব্যবহার আছে। ভুল-বিহঙ্গমা বিহঙ্গমীর (প্রা° ব্যাঙ্গোমা ব্যাঙ্গোমীর) গল্প] বিহঙ্গরাজ [রাজা=রাজ] বি, গরুড়।

বিহঙ্গিকা [সং] বি, পক্ষিণী। ২ [হিং বাঙ্গী, বাঙ্গী। বিহঙ্গ ৫ দ্রঃ] ভার যষ্টি; বাঁক।

বিহড়া [বিঘট > বিহড়+আ (ক্রিয়ার)। প্রা° বাং। মৃচ্ছকটিক ও কর্পূর মঞ্জরীতে-বিহড়িয়=বিঘটিত। ভুল-মাধব কন্দলিকৃত রামা° অযোধ্যা°-"বিহরাইল", ঐ কিষ্কিন্ধ্যা -"বিহরিল" (শ্রী° কী°, বিশ্বজিৎ মহাশয়ের টীকা)] ক্রি, অপহরণ করা; ছিনাইয়া লওয়া। ২ [বিচ্ছেদ > হিং বিছুড় (র) না > বিহড় (র) না > বাং-র -বিহড়া, বিহরা] বিচ্ছিন্ন হওয়া বা করা। বিহড়াইল-বিচ্ছিন্ন করিল। "শৈশবের নেহা বড়ায়ি কেনা বিহড়াইল।"-শ্রী° কী°। বিহড়ায়ি-হরিল; কাড়িল। "পাইল নিধি কে না বিহড়ায়ি"-শ্রী° কী°। বিহড়িল-বিণ, বিচ্ছিন্ন। "কৃষ্ণ পরশিল করে শরীর রাধার। বিহড়িল অষ্টধাতু আছিল তাহার॥"-শ্রী° কী°।

বিহত [সং] বিণ, বিনষ্ট; ভগ্ন। ২ বিঘ্নিত। বি, বিহতি।

বিহন [প্রা° বাং পদ্যে] বিণ, বিহীন।

বিহনন [বি-হনন (দ্রঃ)] বি, বিনাশ; হত্যা। ২ বিঘ্ন।

বিহনে [সং-বিহীন > প্রা° বাং-বিহণি, বিহাণে, বিহানে, বিহুনে; আধু° বাং-বিহীনে >] ক্রি-বিণ, ব্যতীত; অভাবে; বিনা। "অন্নর বি° পরভু কত দুখ পাব।"-শূ° পু°। "তোমার বি° বাছা ছাড়িব জীবন"-কৃত্তি°।

বিহন্দ [ফা° বন্দ্ (বন্ধনী, বেষ্টনী) > রূপান্তরে-বৃহন্দ (দ্রঃ)] বি, বন্দ; বাঁধ; পরিখা; পুরী; মহল। "যদি সীতা অপরাধী, হয়ে থাকে গুণনিধি বনে দেওয়া এ অবধি, শুন মন্ত্রণা। সপ্ত বিহন্দের বাহিরে বরং রাখ জানকীরে তবু কানন গভীরে কভু দিওনা।" -সঙ্গীত মুক্তাবলী।

বিহরণ [বি-হৃ (হরণ)+অন (ভা°)] বি, ভ্রমণ। ২ বিহার; ক্রীড়া। ৩ বিয়োগ; বিচ্ছেদ। ৪ অপহরণ।

বিহরা [বিহর (ক্রীড়া, ভ্রমণ)+আ (ক্রি-বিভক্তি)। বিহরি, বিহর, বিহরে; বিহরিতে; বিহরিয়া (কে°, পদ্যে-বিহরি)] ক্রি, বিহার করা; ক্রীড়া। "হৃদয় মাঝে বিহর নাথ নিশিদিন"-ব্রহ্ম°। [ব্রজ°] বিহরই-বিহার করে। "বিহরই নওল কিশোর।"-বি° প°।

বিহসলি [ব্রজ°। বিহসা দ্রঃ] ক্রি,

হাসিল। "হাসে হেরি বিহসলি থোরি।" -বি॰ প॰।

বিহঁসা [বিহসন দ্রঃ। বিহসি, বিহস, বিহসে; বিহসিতে; বিহসিয়া (কে॰ পদ্যে-বিহসি, ব্রজ॰ বিহসি)। ণিজন্ত-বিহঁসান-ক্রি, হাস্য করা। "বিহসি পালটি নেহারি"-বি॰ প॰। বি, বিহঁসন। বিণ, বিহঁসিত১-মৃদুহাস্যযুক্ত; কৃতহাস্য। বিহঁসিত২-বি, মৃদুহাস্য।

বিহস্ত [বি-হস্ত] অ, বেহাত। ২ বিণ, ব্যস্ত। ৩ ব্যাকুল। ৪ হস্তহীন। ৫ পণ্ডিত।

বিহা [বিবাহ > বিআহ > ব্যাহ, বিহা, বিয়া, বিয়ে] বি, বিবাহ। "বিহা করিতেঁ না জুআও হঅ তোহ্মে যোগী।"-শ্রী॰ কী॰।

বিহান১ [সং-বিভাত >। ভ=ন। ভ=হ। প্রা॰ বাং-"পওস বিহান"-শূ॰ পু॰। প্রা॰ বিয়ান (প্রাদে॰)। "অর্দ্ধেক শুনাইলে কথা সে দিন বিয়ানে"-মৈ॰গী॰। প্রা॰ বাং-বিহাণী, বিহাণে=প্রত্যূষে। "লাস বেশ করে রাখা বড়ই বিহাণে"-শ্রী॰ কী॰। বিহাণ=প্রভাত। ২ প্রভাতে। "বিহাণ আইলাহোঁ"-শ্রী॰ কী॰। প্রা॰ বৌ॰ বাং-বিহণ, বিহণি (চ॰ পদ॰ ২৩।২)। গ্রা॰ ব্যানবেলা] বি, প্রভাত; প্রাতঃকাল। "ওরে বি॰ হল জাগরে ভাই ডাকে পরস্পরে"-রবী॰। "বিহান বিকালে বীর শুনেন পুরাণ"-কবিক॰।

বিহান২ [বিবাহ-বিহা+আই=বিহাই, (স্ত্রীং) আইন=বিহাইন। বরিশাল অঞ্চলে-বিহান; প॰ বঙ্গে-"বেয়ান," > কে॰ "বেন"] বি, পুত্র বা কন্যার শ্বশ্রূ। পুং বিহাই (প॰ বঙ্গে-বেয়াই)।

বিহাপিত [বি+হা (ত্যাগে)=হাপি (ণিজন্তে)+ত (র্ম)] বিণ, যা ত্যাগ করান হইয়াছে।

বিহায়স্ [সং] বি, আকাশ-বায়বিঃ; পুষ্পকরথ (ইহা বাষ্পযোগে চালিত হইয়া অবিচ্ছেদ গতি ও বায়ুবৎ কামগামী ছিল-শিল্পসংহিতা)। বৃষ্ণিবংশের সহিত যুদ্ধে শিশু শাম্ব এইরূপ যান নির্ম্মাণ করাইয়াছিলেন। সে যান কামগ ছিল। উহা কখনো ভূমে, কখনো ব্যোমে, কখনো জলে, কখনো বা গিরিশৃঙ্গে বিচরণ করিত। "সলব্ধা কামগং যানং তমোধাম দুরাসদম্ যযৌ দ্বারাবতীং শাম্বো বৈরং বৃষ্ণিকৃতং স্মরন্। কচিদ্ ভূমৌ কচিদ্ ব্যোম্নি, গিরিশৃঙ্গে জলে কচিৎ"-শিল্পসংহিতা, ১৮অ॰। পুষ্পক দ্রঃ। তুল-উড়োজাহাজ air-craft; aeroplane.

বিহার [বি-হৃ (হরণ করা, ক্রীড়া করা) +অ (ভা॰)। প্রা॰ বেহার। ("কনক বেহার" -শূ॰ পু॰)] বি, ক্রীড়ার্থ অন্য গমন; পরিক্রমণ। ২ [বি] ক্রীড়াস্থান। "বিহার উদ্যান যত ভাঙ্গে যত কপিবর তরুবর ভাঙ্গে রাবসেনা।" -কবিক॰। ৩ বৌদ্ধমঠ; বৌদ্ধ বিশ্ববিদ্যালয় [The Buddhist monastic universities, whose walls & ceilings were covered with historical & mythological frescoes or sculptures] ৪ কৌতুক; কেলি। "বিবাহ করিয়া তাঁহারে লইয়া আনন্দে কর বি॰।"-অ॰ ম॰। ৫ বেহার প্রদেশ; মিথিলা। বিণ, বিহারী-বিহারকারী; ভ্রমণকারী।

বিহারা [বিহার+আ (ক্রি-বিভক্তি)। বিহারি, বিহার, বিহারে; বিহারিতে; বিহারিয়া (কে॰ বিহারি)] ক্রি, বিহার করা; ক্রীড়া করা। "তা সবার সহ আমি বিহারি সতত"-মেঘ॰।

বিহি১ [বিধি > ভ্রং] বি, বিধাতা। "সুধামুখী কো বিহি নিরমিল বালা"-বি॰ প॰। প্রা॰ বাং বিহিপঁয়ে-বিধি বা বিধাতাই।

বিহি২ [ফা॰] বি, বিহিফল; বিহিদানা (দ্রঃ) quince seed.

বিহিত [বি-ধা (ধারণ করা)+ত (র্ম)] বিণ, যাকে ধারণ করা হইয়াছে; বিধৃত। ২ যা সাধন করা হইয়াছে; অনুষ্ঠিত; কৃত। ৩ দত্ত। ৪ যথাবিধি। ৫ উচিত। ৬ বি, বিধান। [প্রাদে॰] ৭ প্রতিকার। ৮ বিশেষ।

বিহিদানা [ফা॰] বি, একপ্রকার বীজ; ঔষধে ইহার প্রয়োজন quince seed.

বিহীন [বি-হা (ত্যাগ করা)+ত (র্ম)] বিণ, বিরহিত; বর্জ্জিত; ত্যক্ত; অভাববিশিষ্ট। ক্রি-বিণ, বিহীনে [বিহনে দ্রঃ] অভাবে। "সেই শ্রীপতি বিহীনে"-গান।

বিহুনে, বিহুনে [বিহন, বিহনে দ্রঃ। প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰ বিহনে] ক্রি-বিণ, ব্যতীত; বিহনে; বিনা; বিনে। "নিঅ বিহুনে মুইনা জাইসে।"-চ॰ পদ॰ ১৩।৪।

বিহৃতি [বি-হৃ (হরণে)+ত (ভা॰)] বি, বিহার; হরণ; বলাৎকার। বিণ, বিহৃত।

বিহ্বল [বি-হ্বল্ (কাঁপা)+অ (র্ত্)। প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰ বিহল (চ॰ ৩৬।৪)] বিণ, যে শোক মোহাদি জন্য কম্পিত হয়। ২ অভিভূত। "রাজভোগে হইয়া বি॰।" -কবিক॰। ৩ বিবশ; অচেতন; অজ্ঞান। ৪ মত্ততা; ঝোঁক। "আছিলা বহিনী তুমি পাশার বিহ্বলে।"-কবিক॰। স্ত্রীং ~া। ~তা (-লঁ-) বি, অবসন্নতা।

বী-বি৩ দ্রঃ।

বীঅ, বীঅং [সং-বীজং >] বি, বীজ (দো॰ পৃ॰ ৯৮)।

বীক্ষণ [বি-ঈক্ষ্ (দর্শন করা)+অন (ভা॰)] বি, নিরীক্ষণ; বিশেষভাবে দর্শন। বি, বীক্ষিত।

বীক্ষণীয় [বি-ঈক্ষ্+অনীয় (র্ম)] বিণ, দর্শনযোগ্য; দর্শনীয়।

বীচ [বীজ >। প্রা॰ বাং। গ্রা॰ বিচ, বিচি, মেদিনীপুর অঞ্চলে-বিচা। (প্র-বাদাম বিচা)] বি, বীজ। ২ ধান্যাদির চারা। ~তলা-বি, যে ক্ষেত্রে বা পাট-করা ভূমিখণ্ডে ধান্যাদির চারা তৈয়ার করা হয়।

বীচালি(লী), বিচিলি [বি=বী। বিচালি দ্রঃ] বি, শস্যহীন শুষ্ক ধানগাছ; খড়।

বীচি,-চী [সং] বি, তরঙ্গ; ঢেউ। "উচ্চ বীচিরবে শুন ডাকিছে যমুনা ওই রাধার সজনি"-ব্রজাঙ্গনা॰। ২ কিরণ; আলোকতরঙ্গ ray. ৩ আনন্দ; হর্ষ। ৪ [বীজ >] আঁটি। ~তরঙ্গন্যায়-যেরূপ একটা তরঙ্গ অন্য একটা তরঙ্গ উৎপাদন করে এবং সেটা হতে অন্য আর একটা, এইভাবে ক্রমশঃ প্রবল তরঙ্গ হয়, সেইরূপ প্রথম শব্দ হতে অন্য একটা শব্দ, তা হতে অন্য একটা শব্দ এবং এইরূপ এক ঘটনা হতে ঘটনা পরম্পরার বিস্তৃতি হলে এই ন্যায়ের প্রয়োগ হয়। ~বিক্ষুব্ধ, বিক্ষোভিত-তরঙ্গচঞ্চল। ~বিক্ষেপ-বি, তরঙ্গ প্রসারণ; ঢেউ খেলান। ~উজ্জ-

] ঊক ভিন্নবৎ (অগ্রজ্জলপৃষ্ঠ), ঈস যুক্তাক্ষর অকারান্ত, ...

ঢেউ উঠা। ~মালা-বি, তরঙ্গশ্রেণী ; ক্রমাগত ঢেউএর পর ঢেউ। ~মালী-বিণ, কিরণ-মালী ; সূর্য্য। ২ সমুদ্র। ~শ্রেণী-বি, তরঙ্গমালা ; তরঙ্গসমূহ ; ঢেউসকল।

বীচিয়া [বীজ+ইয়া > গ্রা০, কে০ বীচে] বিণ,বীজপূর্ণ। ~কলা, বিচেকলা -বীজপূর্ণ কদলী ; ডোয়ে কলা।

বীচী-বীচি দ্রঃ।

বীজ [বি, বী (বিবিধ)-জন্ (জন্মান) +অ (র্ত্তৃ), যার মৃত্তিকা গর্ভে একরূপ এবং মাটি ভেদ করিয়া ভিন্নরূপ জন্ম হয়। প্রা০ বাং পদ্যে-'বীজু' ও০] বি, শুক্র ; বীর্য্য। "রজ বীজে জনম তার নাহিক বাপ মাও॥" -শূ০ পু০। ২ শস্যাদির অষ্ঠি ; বিচি ; অঙ্কুর। ৩ মূল ; কারণ ; হেতু ; নিদান। ৪ মূলমন্ত্র ; ইষ্টমন্ত্র। "চরণ-সরসিজ পুজিয়া জপি বীজ" -অ০ ম০। ৫ মন্ত্র। "তুহ বীজ ইহ কর দান" -বি০ প০। ৬ আধার। ~কোশ [বিজের কোশ (আধার), ৬তৎ] বি, পুষ্পাদির যে অংশে বীজথাকে ; বীজাধার। ~ক (-জ-) -বিজক দ্রঃ। ~পোর [প্রা০ বাং] বি, বীজপূর ; গোঁড়ালেবু। "সো পুন ভৈ গেল বীজক পোর।"-বি০ প০। ~গণিত-বি, অব্যক্ত গণিত algebra. ~পুর, -পূর-বি, টাবালেবু। ~পুরুষ-বি, আদিপুরুষ ; বংশের প্রথম পুরুষ। গোত্রকারক ; বংশ-প্রবর্ত্তক। ২ বংশের প্রধান ব্যক্তি। ~বপন -বি, ক্ষেত্রে বীজ ছড়ান ; বীজ বোনা। ~বোকা-বি,বড় পাঁটা। ~মন্ত্র [বীজ (মূল) +মন্ত্র] বি,পাত্রবিশেষের ইষ্টদেবতার নামরূপ মূল মন্ত্র। ~মাতৃকা-বি, পদ্মবীজ। ~রুহ -বি, বিণ, যার বীজ রোপনে গাছ জন্মে (নারিকেল আম ই০)। ~সূ-বি, পৃথিবী।

বীজইতে [প্রা০ বাং। বীজন (দ্রঃ) >। নামধাতু] অস-ক্রি, বীজন করিতে ; বাতাস দিতে। "মৃদু বী০ ঘুমদু হাম"-বি০ প০।

বীজন [বীজ (ব্যজনে)+ই (ণিচ্-স্বার্থে)=বীজি+অন (ভা০)] বি, ব্যজন, চামরাদি সঞ্চালন; বাতাস করণ। ২ [+অন (ণে)] যদ্দারা ব্যজন করা যায় ; পাখা ; চামরাদি। ৩ চক্রবাক। বিণ, বীজিত-কৃতব্যজন।

বীজল [বীজ-বালা। গ্রা০ বীচা (চে, চো) লো] বিণ, বীজপূর্ণ ; বীচে।

বীজাঙ্কুর [বীজ+অঙ্কুর] বি, বীজস্বরূপ অঙ্কুর। ২ বীজের কল। ৩ [লক্ষ০] সূত্রপাত ; উদ্গম। ~ন্যায়-প্রথমে বীজ তা হতে অঙ্কুর অথবা প্রথমে অঙ্কুর পরে বীজ ইহা নিরূপণ করা অসম্ভব সুতরাং বীজাঙ্কুর প্রবাহ অনাদি এই ন্যায়। -কুসুমাঞ্জলি টীকা।

বীজাণু [বীজ+অণু] বি, চক্ষুর অগোচর অতি সূক্ষ্ম জীবাণু germ ; আদিবীজ।

বীজিত [বীজ্ (ব্যজনে)+ত (র্ম্ম)] বিণ, যাকে ব্যজন করা হয়েছে এমন ; কৃত-ব্যজন। স্ত্রীং~া।

বীজী [বীজ-শুক্র-বীর্য্য+ইন্ (স্ত্য০)= বীজিন ১মা, ১ব০] বি,পরম পিতা; মূল পুরুষ। ২ বিণ, ঔরসজাত। ৩ বীজবিশিষ্ট।

বীজ্য [বীজ+য (জাতার্থে)] বিণ, বীজ-সম্ভূত। ২ বংশোৎপন্ন ; কুলোদ্ভব। ৩ ব্যজনযোগ্য।

বীট$_1$, বীটপালঙ্গ [গ্রা০ বীটপালং। ইং beet এর লিপ্যন্তর] বি, বিদেশজাত পালংশাক।

বীট$_2$ [ইং beat এর লিপ্যন্তর] বি, কনষ্টেবল, ডাকপিওনাদির পরিক্রমণস্থান বা পাহারা দিবার সীমা।

বীটি, বীটী$_1$, বীটীকা [সং] বি, পানের বীড়া বা খিলি।

বীটী$_2$ [প্রাদে০ পূ০ বঙ্গে। প০ বঙ্গে "বেটী"] বি, কন্যা ; মেয়ে। ২ নীচনারী ; গালাগালিবিঃ।

বীড় [সং-বীটি >] বি, খিলি ; বিড়া। ২ জয়মঙ্গল চণ্ডীর পূজার প্রসাদ বা কলা পাতের বীড়া খিলিতে মুড়িয়া বণ্টন করা হয়।

বীড়া, বিড়া [সং-বীটিকা] বি, পাণের খিলি। "গুবাক সহিত পাণ বীড়া বান্ধে সাবধান"-কবিক০। ২ খড়ের গোল করিয়া পাকান দড়ি ; বীড়ে। ৩ ধানের আটি। ৪ [বৃত্তি >] গ্রামের শ্রমশিল্পীদিগকে পারি-শ্রমিকের স্থলে বার্ষিক বৃত্তিস্বরূপ দেয় ধানের আটি বা তাড়া।

বীড়ী [সং বীটী (দ্রঃ) >। গ্রা০ বীড়িও০] বি, দেশী চুরুট (cigarette)।

বীণ [সং-বীণা >] বি, বীণা দ্রঃ।

বীণা [সং] বি, সপ্ত তন্ত্রীযুক্ত বাদ্যযন্ত্রবিঃ [বীণা বহুবিধ, যথা-মহতী বীণা (দেবর্ষি নারদ এই যন্ত্রসংযোগে গান করিতেন)। "আনন্দে হৃদয় ভরি, দেবঋষি বীণা ধরি, তারে তার মিলাইয়া ঝঙ্কার তুলিল।"-হেম০। কিন্নরী-বীণা, রঞ্জনীবীণা, ত্রিতন্ত্রীবীণা, এক-তন্ত্রী বীণা (গ্রা০ একতারা)=সাঁওতালী 'বাণাম্', রুদ্রবীণা, বিপঞ্চী, সারদীয়বীণা ; কচ্ছপী-বীণা (ইহা সরস্বতী দেবীর প্রিয় বাদ্য-যন্ত্র), কাত্যায়নীবীণা, শ্রুতিবীণা, স্বরবীণা, তম্বুরুবীণা ই০]। ~ধ্বনি-বীণার স্বর। ~পাণি-বাগ্দেবী ; সরস্বতী। ~বতী-বি, অপ্সরোবিঃ। ২ সরস্বতী। ~বাদক-যে বীণা বাজায়। বি, ~বাদন। ~নিন্দিত, ~বিনিন্দিত-বীণার ধ্বনি হতেও মধুর ; বীণালাঞ্ছিত। ~যন্ত্র-বি, বীণ নামক তার-যুক্ত বাদ্যযন্ত্র।

বীত [বি-ই (গমন করা, ত্যাগ করা)+ত (র্ত্তৃ)] বিণ, বিগত ; অপগত ; অতীত। ২ পরিত্যক্ত। ~কাম-নিস্পৃহ ; কামনাবর্জ্জিত ; অনুরাগশূন্য। ~নিদ্র-বিনিদ্র ; জাগ্রত। ~ভয়-বিগত-ভয় ; নির্ভয়। ~মল-অপগত কলঙ্ক ; নিষ্পাপ। ~রাগ-আসক্তিহীন; স্পৃহা বিরহিত ; নিস্পৃহ। ২ বিবেকবান্। ~শঙ্ক -বিণ, যার শঙ্কা গত হইয়াছে, নির্ভয়। ~শোক-বিগত-শোক ; শোকবিহীন ২ অশোক গাছ। ~শ্রদ্ধ-ভক্তিবিহীন ; শ্রদ্ধা-শূন্য। স্পৃহ-স্পৃহাহীন ; আকাঙ্ক্ষারহিত। ~হব্য-বিণ, যে হোম ত্যাগ করিয়াছে ; নিবৃত্তযজ্ঞ। ২ বি, হৈহয়রাজ (ভরদ্বাজ মুনির কৃপায় বিপ্রত্ব লাভ করেন)।

বীতংস, বিতংস [বিতংস দ্রঃ। বি-তন্স্ (ভূষিত করা) + অ(ণে)। বি=বী (বিকল্পে)] বি, মৃগ বা পক্ষিবন্ধনের রজ্জু বা জাল ; ফাঁদ। ২ পশুবন্ধন শৃঙ্খল। "কে পারে বাঁধিতে বিতংসে কেশরী" -মেঘ০। "কেশরীর রাজপদ কার সাধ্য বাঁধে বীতংসে?"-ঐ।

বীতি [বি-ই (গমনে)+তি (ভা০)] বি,

গতি। ২ যুক্তি। ৩ ভোজন। ~হোত্র [বীতি-হোত্র (হোম) যার, বহু০] বি, অগ্নি। "তৃপ্ত হয়ে বীতিহোত্র মূর্ত্তিমান হয়ে দিলা বর।" -শি০। ২ সূর্য্য।

বীথি, বীথী, বীথিকা [সং] বি, শ্রেণী; সারি; পংক্তি। ২ উভয়পার্শ্বে বৃক্ষশ্রেণীযুক্ত পথ। ৩ দৃশ্যকাব্যবিঃ। "শত শত গীত মুখরিত বন-বীথিকা!"-রবী০।

বীন, ফ্রেঞ্চ(রা)স বীন [ইং bean এর লিপ্যন্তর] বি, বিদেশী সরু শিম বা চওড়া বরবটী সদৃশ ফলশাকবিঃ।

বীপ্সা [বি-আপ্‌ (ব্যাপন করা)+স (ইচ্ছার্থে)+অ (ভা০)+আ (স্ত্রী০)] বি, ব্যাপনের ইচ্ছা; যুগপৎ ব্যাপ্তীচ্ছা।

বীবর-বিবর দ্রঃ। ২ জলজন্তুবিঃ।

বীভৎস [বধ্‌ (নিন্দা করা)+স (স্বার্থে দ্বিত্ব)। অ=ঈ, ব=ভ, ধ=ৎ+অ(র্ম্ম)] বি, রসবিঃ; যে রসের জুগুপ্সা স্থায়িভাব। ২ বিণ, অতিশয় ঘৃণাকর; অতি কদর্য্য। ৩ বিকৃত। ৪ ক্রূর ৫ পাপী। ৬ ঘৃণীতাত্মা।

বীভৎসু [বীভৎস-বধ্‌+সন্‌ (নিন্দার্থে)= বীভৎস+উ-র্ত্তৃ] বি, অর্জ্জুন। "যুদ্ধ করিতে করিতে আমি কখন বীভৎস অর্থাৎ ঘৃণিত কর্ম্ম করি না বলিয়া দেব ও মনুষ্যমণ্ডলী-মধ্যে বীভৎসু নামে প্রসিদ্ধ হইয়াছি।" -মহা০ (বর্দ্ধ০)।

বীম [ইং beam এর লিপ্যন্তর] বি, কাষ্ঠ লোহাদি নির্ম্মিত কড়ি; কড়িকাঠ। ২ জাহাজের দীর্ঘ চতুষ্কোণ কাষ্ঠখণ্ড।

বীমা [বিমা দ্রঃ। পার্টা০ (ক০ বিম০ পরিঃ)] বি, ইং insurance এর বৈজ্ঞা০ পরিঃ। ~পত্র-বীমা-সর্ত্তে অর্থ প্রদানের অঙ্গীকারপত্র policy.

বীর [সং। তুল-গ্রী০ vir] বিণ, বীর্য্যবান; শূর। ২ সাহসী। ৩ যোদ্ধা। ৪ বি, বানরীপালের অধিনায়ক; গোদা। ৫ হনুমান; মহাবীর। ৬ বামাচারী। ৭ [কাব্যে] নায়ক, ভাববীর hero. [দ্রঃ-"যে কেহ আন্তরিকতার সহিত ভাবের উপাসনা করে তাকেই hero বলা যায়। কেবল যোদ্ধা হইলেই hero হয় না। রাবণ মহাবীর ছিলেন, কিন্তু hero নহেন। রামচন্দ্র পিতৃভক্তির পরাকাষ্ঠা দেখাইয়াছিলেন, রাজজীবনের আদর্শ রাখিয়া গিয়াছেন এবং এ-সব আদর্শের পদে নিজ সুখ-স্বচ্ছন্দতা বিসর্জ্জন দিয়াছিলেন। তাই তিনি hero." -যুগমানব। এইরূপ কর্ম্মবীর-আদর্শ কর্ম্মী। ধর্ম্মবীর-ধার্ম্মিকের বা ধর্ম্ম-জগতের আদর্শ। চিন্তাবীর-শ্রেষ্ঠ চিন্তক; আদর্শ চিন্তাকারী। যুদ্ধবীর-আদর্শ যোদ্ধা]। ~কালী-বি, রণবাদ্যবিঃ; কাড়া। ~কুঞ্জর-শূরশ্রেষ্ঠ; বীরপ্রধান। ~কুল-গর্ব্ব-বীরকুলশ্রেষ্ঠ; বীরকুলের গৌরব। ~কুলগ্লানি-বি, বীরদিগের নিন্দা বা কলঙ্ক-স্বরূপ; ক্ষত্রকুলগ্লানি (দ্রঃ)। ~কুল-তিলক-বীরদিগের প্রধান, শ্রেষ্ঠ বা চূড়ামণি। ~কুলর্ষভ-শূরশ্রেষ্ঠ। "অভিমানে মহামানী বীরকুলর্ষভ রাবণ"-মেঘ০। ~কুল-সাদ [সাদ=সাধ] বি, বীরগণের বাসনার বা কামনার বিষয় বা বস্তু। "যে শয্যায় আছি তুমি শুয়েছ, কুমার প্রিয়তম, বীরকুল-সাদ-এ শয়নে সদা!"-মেঘ০। ~কেশরী-বীরসিংহ; শূরপ্রধান। ~চূড়ামণি-বীরগণের শিরোভূষণ অর্থাৎ মুকুটমণিস্বরূপ; শূরশ্রেষ্ঠ। "সম্মুখ সমরে পড়ি, বীরচূড়ামণি বীরবাহু"-মেঘ০। ~জননী-বীরের জন্মদাত্রী; বীরপ্রসূ; বীরমাতা। ~জয়ন্তিকা-সমরাঙ্গনে বীরগণের নৃত্য। ~দর্প-শূরের দম্ভ; বীরের অহঙ্কার। বি, ~তা, ~ত্ব। > ~ব্যঞ্জক-বিণ, বীর্য্যবত্তার জ্ঞাপক। ~ধটী, ~ধড়া-বীরের উপযুক্ত পরিচ্ছদ। "পরিহিত০ বীরধটী, সারসনেবদ্ধ কটি" -কাশী০। ~নারী-বীরের ভার্য্যা; বীর পত্নী। ২ বীর্য্যবতী রমণী; বীরাঙ্গনা। ~পঞ্চমী - বীরপুত্র লাভ কামনায় করণীয় ব্রতবিঃ। ~পণা-বীরের ব্যবহার; বীরের আচরণ; বীরের কার্য্য; বীরত্ব। "তার পতিভক্তি আমি, শক্তি, বীরপণা-বিনা রণে পরিহার মাগি তাঁর কাছে।"-মেঘ০। ~পত্নী-বীরজায়া; বীরভার্য্যা। ~পুত্রধাত্রী-বীরপুত্রের গর্ভধারিণী; বীরমাতা; বীরপ্রসূ। "বীরপুত্রধাত্রী এ কনকপুরী, দেখ বীরশূন্য এবে;"-মেঘ০। ~প্রসবিনী, ~প্রসূ, ~সূ-বীরের প্রসবকারিণী; বীরপুত্রের জননী। "অতএব জাগ, জাগ গো ভগিনী, হও বীরজায়া বীরপ্রসবিনী।"-জাতীয়সঙ্গীত। ~প্রসূন-বি, বীরপুত্র। "ধন্ত বলে মানি হেন বীরপ্রসূনের প্রসূ ভাগ্যবতী।" -মেঘ০। ~বউলী-বীরবৌলী দ্রঃ। ~বৎসা-বীরের মাতা। ~বতী-বীরযুক্তা। ~বর-শূরশ্রেষ্ঠ। ~বল-বীরোচিত বল; বীর্য্যবল; বাহু-বল। "উঠ, বলি! বীর-বলে এ জাঙাল ভাঙ্গি, দূর কর অপবাদ।" -মেঘ০। ২ বি, সম্রাট আকবরের পার্শ্বচরবিঃ। ~বাহু [বীর (বীরোচিত) হইয়াছে বাহু যার, বহু০] বি, রাক্ষস সেনাপতিবিঃ; রক্ষঃ-পতি রাবণের পুত্র। "হা পুত্র! হা বীরবাহু! বীরেন্দ্রকেশরি!" -মেঘ০। ~বৌলী, -বউলী [বীর-বোল (মৌল, মুকুল)+ঈ (সাদৃশ্যার্থে)] বি, বীরভূষণবিঃ; বীরের কর্ণালঙ্কারবিঃ। ২ কর্ণাভরণবিঃ। "সমাজের চারু কর্ণে বীরবৌলী তুমি"-অশোক০। ৩ মখমলের মত দেহ রক্তবর্ণ বহু-পদী কীটবিঃ; মখমলী পোকা। "বীরবৌটী" ও বলে। ~ব্রত-বি, বীরের সঙ্কল্প। ~ভদ্র [বীর (শূর) ভদ্র (শ্রেষ্ঠ), ৬তৎ] বি, রুদ্রবিঃ। ২ শিবানুচরবিঃ। ৩ অশ্বমেধ যজ্ঞের অশ্ব। ৪ শূরপ্রধান। ৫ গ্রামপ্রহরী। "আর বীর-হয়ে দাঁড়াতে হবেনা, পথ ছেড়ে দাও দেখি?" ~ভার্য্যা-বি, বীরের পত্নী। ২ বীরবনিতা। ~ভোগ্যা-বিণ, বীরের বা শক্তিমানের অধিকার বা ভোগের যোগ্য। > স্ত্রীং~া। প্র-বীরভোগ্যা বসুন্ধরা। ~মাটী-বি, বীর-দিগের অঙ্গে লেপনার্থ পীতবর্ণ মৃত্তিকা-বিঃ। ~মাতা-বীরজননী। "বীরমাতা তুমি; বীর-কর্ম্মে হত পুত্র হেতু কি উচিত ক্রন্দন?"-মেঘ০। ~শূন্য-বীরবিহীন। "বীরশূন্য লঙ্কা মম! একাল সমরে।"-মেঘ০। ~সিংহ-বি, বীর-শ্রেষ্ঠ; মহাবীর। ~সেন [বীর (শূর) হইয়াছে, সেনা যার, বহু০] বি, নল রাজার পিতা। ২ আরুক বৃক্ষ।

বীরখণ্ডি, -ণ্ডী [গ্রা০ বীরখুণ্ডি] বি, তিল ও গুড়যোগে প্রস্তুত মিঠাইবিঃ।

বীরণ [সং] বি, বেণাঘাস। ~মূল-বি, বেণার মূল; খসখস।

বীরহা [বীর (যজ্ঞাগ্নি) হন্ + ক্বিপ্ (র্ত্তৃ) যে নাশ করে] বি, কারণ-বশতঃ যে সাগ্নিক ব্রাহ্মণের যজ্ঞাগ্নি নির্বাণ হইয়াছে; নষ্টাগ্নি ব্রাহ্মণ। ২ বিণ, বীরনাশকারী।

বীরা [সং] বি, পতিপুত্রবতী নারী। ২ মদিরা। ৩ মুরা নামক গন্ধদ্রব্য। ৪ আমলকী। ৫ সাধারণ সৈন্য ও গ্রামবল-সংখ্যসূচক উপাধিবিঃ।

বীরাঙ্গনা [বীরা+অঙ্গনা, ধা] বি, বীরনারী; শৌর্য্যবতী নারী। "তার পাছে শূলপাণি বীরাঙ্গনা-মাঝে প্রমীলা।" "রণরঙ্গে বী· সাজিল কৌতুকে।"-মেঘ·।

বীরাচার [বীর(বামমার্গীদের) আচার] বি,তন্ত্রোক্ত বামমার্গীদিগের অনুষ্ঠিত আচার।

বীরাশংসন [বীর + আ + শন্স্ (হিংসায়)+অন (ধি), যথা বীরগণ পরস্পর হিংসায় প্রবৃত্ত হয়] বি, ভীষণ সংগ্রামক্ষেত্র।

বীরাসন [বীর+আসন, ৬তৎ] বি, দক্ষিণপাদ বাম উরুর উপর এবং বামপাদ দক্ষিণ উরুর উপর দিয়া উপবেশন; বীরোচিত উপবেশন। "বৈসেন সভার মধ্যে করি বী·।" -চৈ· ভা·। ২ যোগসাধনার আসনবিঃ।

বীরুধ্ [বি-রুধ্ (আবরণ করা)+ক্বিপ্ (র্ত্তৃ), ই-ঈ] বি, বিস্তৃতবল্লী; ব্রততী; লতা।

বীরেশ্বর [বীর+ঈশ্বর (প্রভু), ৬তৎ] বি, বীরশ্রেষ্ঠ। ২ বীরভদ্র।

বীর্য্য [বীর+য (ভা·)] বি, বীরত্ব; শৌর্য্য; তেজঃ; প্রতাপ। ২ শুক্রশোণিত; রেতঃ। ৩ শক্তি; সামর্থ potency. ~বত্তা -বীরত্ব। ~বন্ত [প্রা· বাং] বলবান; শৌর্য্যশালী। "বীর্য্যবন্ত সূর্য্যবংশে সগর নৃপতি মহাশয়।"-ক·। ~বান্-বীর্য্যশালী; বলবান; শক্তিশালী। > স্ত্রীং ~বতী। ~শালী-বীর্য্যবিশিষ্ট; শৌর্য্যশালী। > স্ত্রীং ~শালিনী। ~হানি-শুক্রক্ষয়; প্রজনন-শক্তিহীনতা। ~হীন-নির্বীর্য্য; তেজো-বিহীন। ২ দুর্বল। ৩ পুরুষত্ববিহীন।

বীর্য্যাতিরেকশালী [বীর্য্য + অতিরেক+শালী] বিণ, অমিতবীর্য্য। "অদ্ভুত তেজা বীর্য্যাতিরেকশালী ধার্ম্মিক-শ্রেষ্ঠ যুধিষ্ঠির"-মহা· (প্র· রায়)।

বীর্য্যাবদান [বীর্য্য+অবদান] বি, বীরকীর্ত্তি; শৌর্য্যবীর্য্যসম্ভূত সুকীর্ত্তি।

বীহার [বিহার দ্রঃ। বি (বী) উপসর্গ-পূর্ব্বক হৃ ধাতুর অর্থ পরিভ্রমণ, সুখভ্রমণ] বি, আরামভ্রমণ। ২ বৌদ্ধমন্দির।

বু১ [চট্ট· প্রাদে· মুসলমানেরা বড় ভগ্নীকে 'বু' বলে। হিং বুয়া] বি, দিদি।

বু২ [ফা· বূ। বাং প্রা· বো] বি, গন্ধ।

বুইল [প্রা· বাং] ক্রি, বলিল (এই অর্থে 'বুইলেক' ও·)। ২ [এই অর্থে 'বুইলো',-লোঁ ও·] বলিলাম। "সত্য আছে বুইল।"-শ্রী· কী·। ৩ [এই অর্থে বুইলেঁ ও·] বলিলে। "আপণে বুইল তোক্ষে"-শ্রী· কী·।

বুঁচকি [বোচ্‌কা (দ্রঃ) > ক্ষুদ্রার্থে বুচ্‌কি, প্রাদে· উচ্চারণে ৺ যোগ] বি, ছোট গাঁটরি; ছোট মোট; পুঁটলি।

বুঁচোনো [প্রা·। বঞ্চ্ ধাতু >] ক্রি, বঞ্চিত করা। ২ বোঁচা করা; নগ্ন বা নেড়া বোঁচা করা।

বুঁদ [সং-বিন্দু > হিং বুঁদ্। বুন্দ দ্রঃ] বি, বিন্দু; ফোঁটা। ২ বিণ, বিন্দুবৎ; ক্ষুদ্র; অদৃশ্যপ্রায়। প্র-ঘুড়িখানা আকাশে বুঁদ হয়ে গেছে। ৩ [অধিক নেশায় নেত্রের কনীনিকার সঙ্কোচ হেতু নেত্রতারা বিন্দুবৎ দেখায়] বিহ্বল; অভিভূত; ঝুম। প্র-নেশায় বুঁদ হয়ে আছে।

বুঁদি [বুঁদ দ্রঃ। ক্ষুদ্রার্থে ই] বি, ক্ষুদ্রবিন্দু; ছোট ফোঁটা; বৃষ্টির খুব ছোট ফোঁটা। ২ [ফরিদপুর অঞ্চলে] ছাঁচ, চাচা; প্রতিমা নির্ম্মাণের প্রথমাবস্থায় খড় দিয়া গড়া মূর্ত্তি। **বুঁদি বাঁধা**-উক্তরূপ প্রতিমার আকৃতি গঠন করা। **বুঁদিয়া** [প্রা· বোঁদে। বিন্দু > বুঁদ+ইয়া (সাদৃশ্যার্থে)] বি, ঘৃতে ভাজা ও চিনির রসে পাক করা ময়দাদির গুটিকাকৃতি মিষ্টান্নবিঃ।

বুক১ [সং-বক্ক > "ক্রোড়ং ভুজান্তরম্। উরো বৎসঞ্চ বক্ষশ্চ"-অমর·] বি, বক্ষঃস্থল। প্র-তাহার বুকে একটি প্রচণ্ড কিল মারিল। "বলিতে বলিতে বুক উঠে ফুলি।"-চন্দ্রিকা। ২ ক্রোড়। প্র-শিশুটিকে বুকে তুলিয়া লইল। ৩ [সং-বুক্ক >। "বুক্কাংগ্রমাংসং হৃদয়ং"-অমর·। "বুক্কাগ্রং হৃদয়ং"-হেম·। বুক্ (শব্দ করা)+অ (র্ত্তৃ), কন্‌ক। যা শব্দ করে] হৃৎপিণ্ড। প্র-বুকশূল। ৪ হৃদয়; অন্তঃকরণ। প্র-বুকভরা ভালবাসা। "কাঁদিবার নাই অবসর কথা নাই শুধু কাটে বুক"-গান। ৫ প্রাণ মন ও দেহ; শারীরিক ও মানসিক বল; সকল শক্তি। "বিপদে আপদে রামলাল আগে বুক দিয়া পড়ে"-টেকচাঁদ। ৬ সাহস। "যাহার ধ্রুপ আর বুক তাহারি জয়।"-ঐ। "বুক বাড়িয়াছে কার সোহাগে"-অং ম·। **বুক কন্ কন্ করা**-বি, বুকের ভিতর সূচীবিদ্ধকরণবৎ হওয়া। **বুক কাঁপা**-ভয়ে বুকের ভিতর কম্প হওয়া; ভয়ানক ভয় হওয়া। **বুক গুর গুর,-গুরু গুরু, করা**-ক্রি, শীতে বা ভয়ে বুকের ভিতর কম্প হওয়া; হৃৎকম্প হওয়া। **বুক গেল, বুক যায়**-বুক বিদীর্ণ হইল বা হয়; হৃৎপিণ্ড ছিঁড়িয়া যাইবার মত যন্ত্রণা বা মৃত্যু যন্ত্রণার বোধ হওয়া। বুক বুক করা দ্রঃ। **বুক চচ্চড় করা**-হিংসায় বুক ভাঙ্গিবার বা কাটিবার মত হওয়া। **বুকচাপ**-বিণ, বুকচাপা; বুক চাপিয়া ধরে এমন; শ্বাসরোধক; আড়ষ্ট; সংকীর্ণ। ২ বি, বুক চাপিয়া আছে বা চাপিয়া ধরে এমন কিছু; সন্মুখ রোধকারী বস্তু। **বুক চাপড়ানি**-ক্রি, বিলাপকালে বক্ষঃস্থলে করাঘাত করা; অভিশাপ দিবার কালে বক্ষে করাঘাত করা। প্র-তাহাকে বুক চাপড়িয়া শাপ দিল। **বুক জল**-বুক পর্য্যন্ত ডোবে এত গভীর জল। ~জ্বালা-অম্লরোগে বুকের ভিতর দাহানুভূতি। **বুক ঠোকা**-সাহস, ভরসা বা নিশ্চয় বাক্যাদি দানকালে বক্ষঃস্থলে করতলের মৃদু আঘাত করা। "পর মুহূর্ত্তেই তিনি মারা পড়িবেন, তিনি বুক ঠুকিয়া বলিতেছেন"-বিং কু· সরকার-আ· শক্তি। ~**ঢিপ্ ঢিপ্ করা**-হৃৎপিণ্ডের স্পন্দন শব্দ হওয়া (দ্রুতধাবন বা ভীতিহেতু)। **বুক দশ হাত হওয়া**-সাহস ও উৎসাহের বৃদ্ধি হওয়া; আনন্দ ও উৎসাহে হৃদয় পূর্ণ

ও প্রসারিত হওয়া। "ইহা দেখিয়াও বুকটা দশ হাত হইল।"—কোয়ারা (ললিত বন্দ্যো॰)। বুক দিয়া পড়া—কোন কার্য্যে দেহ মন নিয়োগ করিয়া সাহায্য করা। বুক দুড় দুড়—বি, আবেগ, উত্তেজনাদিজনিত হৃদ্‌পিণ্ডের স্পন্দন শব্দ। "আমি ভয়ে বুক দুড় দুড় করে মরি।" বুক ধড় ধড় করা—অতি বেগে ধাবনাদি হেতু বা ভয়ে হৃদ্‌পিণ্ডের স্পন্দন শব্দ হওয়া। বুক ধড় ফড় করা—অতিশয় ভাবনা বা ব্যাকুলতা হেতু হৃদ্‌পিণ্ডের স্পন্দনানুভব করা; হৃদ্‌পিণ্ডের স্পন্দনে অস্থির হওয়া। বুক ফাটা—ক্রোধে, শোকে, অনুতাপে হৃদয় বিদীর্ণ হওয়া। বুক ফাটে ত মুখ ফোটে না—ভাবের পূর্ণতা ও আকুলতায় হৃদয় ফাটিবার মত অবস্থা তথাপি তা ব্যক্ত করিতে বা ফুটিয়া বলিতে না পারা। বুক ফুলাইয়া—বক্ষ প্রসারিত করিয়া; সাহসের সহিত; গর্ব্বসহকারে; প্রতিযোগিতা, বিরোধ, বাধা-বিঘ্ন উপেক্ষা করিয়া। বুক বলা বা বুক বিলে যাওয়া [বলে॰ দ্র:] অপ্রতিহত অভ্যাস হেতু সাহস বাড়িয়া যাওয়া। বুক বাঁধা [তুল—কোমর বাঁধা] সাহসে ভর করা; হৃদয় দৃঢ় করা। ২ ধৈর্য্যধারণ করা। ৩ আশ্বস্ত হওয়া। "বিষাদে ব্যাকুল বড় বুক নাহি বান্ধে।"—অ॰ ম॰। বুক বাজান—বক্ষঃস্থলে করতল বাদ্য করা। বুক বাড়া—সাহস বৃদ্ধি হওয়া। বুক বুক করা [বুক গেল, বুক যায় এইরূপ আর্ত্তনাদ অর্থে] হৃৎপিণ্ড ফাটিয়া যাইবার মত বুকের যন্ত্রণায় কাতর হইয়া বুক গেল বুক গেল রবে চীৎকার করা। প্র—লোকটা শেষে বুক বুক করে মরেছে। ২ কুকুর ডাক ডাকা। বুক ভাঙ্গা—সাহসহীন হওয়া; হতাশ হওয়া। বুক শুকান—ভয়ে বুকের রক্ত শুকাইয়া যাওয়া; আশা ভরসা সাহস লোপ পাওয়া। বুকশূল—হৃদ্‌পিণ্ডের শূলবেদনা। বুকে ঢেঁকির পাড় পড়া, পাড়া—ঢেঁকির পতনে যেরূপ শব্দ হয় তদ্রূপ অতি প্রবল বেগে হৃদপিণ্ডের স্পন্দন অথবা ঈর্ষাজনিত ঢিপ্ ঢিপ্ করিয়া শব্দ হওয়া। বুকে বাঁশ দেওয়া—বুকের উপর বাঁশ দিয়া দলন বা নির্য্যাতন করা। এইরূপ দলন করায় নির্য্যাতিত ব্যক্তির রক্তবমন হইতে থাকে। তা হতে অত্যন্ত নির্য্যাতন করা; পরম শত্রুতা করা। বুকে ভাতের হাঁড়ি নামানি—বুকে ফুটন্ত ভাতের হাঁড়ির ন্যায় উত্তপ্ত ও ভারী বস্তু চাপাইয়া যাতনা দেওয়া; হৃদয় বিদারক যন্ত্রণা দেওয়া। ২ মহা অনিষ্টসাধন করা। বুকে লাগা—অন্তরে আঘাত পাওয়া। বুকে সাহস নাই মুখে সাহস—ভীরুর মৌখিক আস্ফালন; বৃথা বড়াই। বুকে সুর তুলা বা তোলা [বুকে =অন্তরে] ক্রি, স্মৃতি জাগান; মনে পড়ান। "সে খেলা তাহার বুকে বহুযুগের পরিচিত সুর তুলে"—রাধা ক॰ মুখো॰, উত্তরা, ১৩৩৩। বুকে হাত দিয়ে বলা—বিবেক বা অন্তর স্পর্শ করিয়া বলা; অকপটভাবে যথার্থ বা সত্য বলা। বুকের পাটা—বক্ষের প্রসার। ২ সাহসের সীমা; সাহস। বুকের রক্ত চুষিয়া খাওয়া—বক্ষগহ্বরে স্থিত রক্তসঞ্চালক যন্ত্র হৃৎপিণ্ড হ'তে রক্ত শোষণ করার অর্থ অন্তঃসার শূন্য করিয়া প্রাণ হরণ করা; প্রাণশক্তি হরণ করিয়া আয়ুক্ষয় ঘটান। বুকের রক্ত দিয়ে [শরীরের শক্তির আধার বক্ষঃস্থ রক্তসঞ্চালক যন্ত্র হৃৎপিণ্ড বা অন্তঃকরণ heart > হৃদয়, অন্তর, প্রাণশক্তি] সর্ব্বান্তঃকরণে; প্রাণপণে; প্রাণ দিয়ে। বাঁশ বুকো [প্রাদে॰ নারী ভাষায় গালিবি:] বিণ, বুকে যার বাঁশ দেওয়া হয়েছে এমন; বাঁশ দিয়া দলিবার যোগ্য বুক যার এমন হতভাগ্য অপরাধী। ভাঙ্গা বুক—বি, নৈরাশ্য; নিরুৎসাহ; ভগ্ন আশা।

বুক₂ [ইং to book এর লিপ্যন্তর] বি, রেল কোম্পানীকে বা জাহাজাদির মালপত্র সরবরাহকারী দপ্তরে মাশুল দিয়া মালপত্র চালান দিবার ব্যবস্থা। "আমি তাড়াতাড়ি টিকিট লইয়া মাল 'বুক' করিতে গেলাম।" —উত্তরপশ্চিমভ্রমণ। বুকিং অফিস—টিকিট বা পার্শেল ঘর। বুকিং ক্লার্ক—টিকিট বাবু।

বুক₃ [ইং book এর লিপ্যন্তর] বি, গ্রন্থ। বুক অফ রেফারেন্স [ইং book of reference এর লিপ্যন্তর] বি, প্রসঙ্গ পুস্তক; প্রাসঙ্গিকী; অভিধান; বিশ্বকোষ; জ্ঞাতব্য তথ্যানুসন্ধান পুস্তক; অনুসন্ধান পুস্তক। ~ওয়ার্ম [ইং book-worm এর লিপ্যন্তর] বি, চুলচুলে পোকা; যে রূপালি বর্ণের পোকা বই কাগজ পত্রের মধ্যে থাকিয়া কাগজ কাটিয়া বা খাইয়া নষ্ট করে। ২ [লক্ষ॰ ও ব্যঙ্গে] যে গ্রন্থরাশির মধ্যে বসিয়া অনবরত অধ্যয়নে নিমগ্ন থাকে; কেতাবকীট। ~কীপার—[ইং book-keeper] ব্যবসায় বাণিজ্যাদি-সংক্রান্ত দপ্তরের হিসাবরক্ষক। ~কীপিং [ইং book-keeping] উক্ত হিসাবরক্ষণ-পদ্ধতি। ~ডিপো [ইং book depôt] বি, পুস্তকালয়। ~পোষ্ট [ইং book-post] বি, পুস্তক খবরের কাগজ বা যে কোন ছাপা কাগজ পত্র ই॰ কম শুল্কে ডাকে পাঠাইবার ব্যবস্থা। ~বাইণ্ডার [ইং book binder] যে পুস্তকের জীর্ণ সংস্কার করে বা বই বাঁধে; দপ্তরী। ~বাইণ্ডিং—বই বাঁধাই। ~ষ্টল—বি, রেলষ্টেশনে, পথের ধারে, মেলা ই॰ স্থানে যে মেজ বা মঞ্চের উপর বিক্রয়ার্থ গ্রন্থ রক্ষিত হয়; উক্তরূপ স্থানের ঐরূপ পুস্তকের ছোট দোকান; গ্রন্থবীথি। ~শপ [ইং book shop] বি, বইয়ের দোকান ~সেলার [ইং book seller] বি, পুস্তক বিক্রেতা। ~সেল্ফ, -শেলফ্ [ইং book shelf] বই রাখিবার দেরাজ বা তাক।

বুকড়ী [প্রাদে॰ নদীয়া। সং—বিকরাল > বিকড়াল (বড় বড়) >] বিণ, অশোভনরূপে বড় ও মোটা মোটা। প্র—বুকড়ী দাঁত। ২ আছাঁটা মোটা চাউল; বুকড়ী চাল।

বুকনি,-নী [সং—বুক্ (কথা বলা)+ অন (ভা॰)=বুকন > প্রাকৃ॰ বুকই >। হিং বুক্‌নী (চূর্ণ)] বি, চূর্ণ; গুঁড়া। ২ মিছরীর ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড; দানা। ৩ মিশ্রণ। ৪ কথার টুকরা; কথোপকথনের মধ্যে মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র প্রসঙ্গ, উদ্ধার; প্রবচন বা শব্দাদির প্রয়োগ। "ছাত্রেরা অধ্যাপকের অবর্ত্তমানে অশ্লীল

সংস্কৃতের দুই চারিটা বুক্‌নি দিয়া দুই একটা আদি রসাশ্রিত গল্প করিতেন।"—আনন্দমঠ। বু° দেওয়া [বিদ্রূপার্থে] কথার মধ্যে মধ্যে সরস বা তীব্র শব্দাদির প্রয়োগ করা; গুঁহি দেওয়া; ফোড়ন দেওয়া।

বুকি [বোকা > স্ত্রীং বুকি। আদরার্থে পুং বুকুও° > বিকারে 'বকু'] বিণ, শিশুর আদরের ডাক নাম।

বুক [বুক (শব্দ করা) + অ (র্তৃ)] বি, বক্ষঃস্থল; বুক। ২ হৃদ্‌পিণ্ড। ৩ বোকা ছাগল; ছাগ। স্ত্রীং বুক্কা-শোণিত। বুক্কাগ্রমাংস-হৃদ্‌পিণ্ড।

বুক্কার [বুক (শব্দ করা) + আর (র্তৃ), তুল -হিং ভোঁক্‌না] বি, কুকুরের বুক বুক শব্দ। ২ সিংহের গর্জ্জন।

বুকাস্থি [বুক + অস্থি] বি, বক্ষঃস্থলের অস্থি যার সহিত ৭খানি পঞ্জরাস্থি (true ribs) মেরুদণ্ড হতে আসিয়া যুক্ত হইয়াছে।

বুকুণী [পুকণী > ? বোকস দ্রঃ] বি, প্রেতিনী; পিশাচী। "বাসনা করেছ আর কতকাল জীবে। যে বেশে বসেছ ঘাটে বুকুণী বলিবে।"—ঘ°।

বুচকী ["বোচকা" (দ্রঃ), ঈ ক্ষুদ্রার্থে। তুর্কী বুক্‌চা >] বি, পুঁটুলী; ছোট বস্তা। ~দানা [হিং বুক্‌চি, বাব্‌চী; ম° বাউচী] বি, সোমরাজীর বীজ; হাকুচ।

বুজকুড়ি [বীজাকৃতির সহিত হিং বুঁদ (বিন্দু) শব্দের সংমিশ্রণ] বি, বুদ্‌বুদ।

বুজদিল [ফা°] বিণ, ভীরু; কাপুরুষ।

বুজন১ [বুজান দ্রঃ। মুদন >] বি, নিমীলন। ২ গর্ত্ত ভরাট করণ। ৩ ছিদ্রাদি বন্ধ বা রুদ্ধকরণ। ক্রি, বুজিনি-বুজান দ্রঃ।

বুজন২ [প্রাদে° পূ° বঙ্গাদি অঞ্চল। বুঝন >] বি, বোধ করান। ~দেওয়া-বুঝাইয়া দেওয়া; কৈফিয়ৎ হিসাব। প্র-তা বুজন দেবে কাকে?

বুজরুগ/ক [ফা° বুজুর্গ্‌ (সম্মানিত বৃদ্ধ; বয়োবৃদ্ধ ও বিজ্ঞ। বিদ্রূপার্থে অতি দুষ্টব্যক্তি)। বাঙ্গালায় কদর্থেই ব্যবহৃত] বিণ, কুটিল; যার পেটের কথা পাওয়া যায় না; যে সরল ও স্পষ্ট কথা বলে না; নানা ভাণকারী। ~কি, [ফা° বুজুর্গী >। বুজরুক দ্রঃ] বি, ভাণ; ছলনা।

বুজানি বুজোনো [হিং-তে বুজানা শব্দ আছে কিন্তু তাহার অর্থ নির্ব্বাপিত করা। সম্ভবতঃ হিং মুন্দ্‌না (বন্ধ করা, রুদ্ধ করা, ভরাট করা) > মুজনা > বুজনা > বুজান আসিয়াছে। ম=ব, দ=জ। বুজাই, বুজাও, বুজায়; বুজাইতে; বুজাইয়া (কে° বুজিয়ে)] ক্রি, ছিদ্রাদি বন্ধ করা; রুদ্ধ করা। ২ গর্ত্তাদি ভরাট করা।

বুজি১ [প্রাদে° মালদহ] বি, ছেলেদের ভয় দেখাইবার শব্দ; জুজু। ২ [মু° বাং] দিদি।

বুজি-বি, গুঁজি; ছিপি plug.

বুজোনো [গ্রা°] ক্রি, বুজান দ্রঃ।

বুঝ [সং-বুধ্‌ (জ্ঞানে, অবগমে) >। ধ=ঝ] বি, বোধ। "অবুঝে বুঝাব কত বুঝ নাহি মানে।"—প্রবচন। ২ প্রবোধ।

বুঝই [ব্রজ°। প্রা° বাং বুঝ দ্রঃ] ক্রি, বুঝিতে। "বুঝই না পার"—পদাবলী। ২ বুঝিয়া; বোধগম্য করিয়া; জানিয়া। "বুঝই না বুঝ ইহ রস বোল।"—বি° প°।

বুঝন [বুঝ দ্রঃ] বি, বোধকরণ। ২ (বুঝোনো) ক্রি, বুঝান দ্রঃ।

বুঝনু [ব্রজ° বুঝলুঁ ("অব বুঝলুঁ অবগাহি"—বি° প°) > প্রা° বাং-র-বুঝলুঁ, বুঝনু। আধু° বাং-বুঝিনু] ক্রি, বুঝিলাম। "না বুঝনু কৈছন কেলী।"—বি° প°।

বুঝয় [প্রা° বাং। ব্রজ° বুঝই দ্রঃ] অস-ক্রি, বুঝিতে। "কি কহি কি বলি কিছু বু° না পারি।"—বি° প°।

বুঝা [বুঝ (দ্রঃ) + আ (ক্রিয়া-বিভক্তি)। বুঝি, বুঝ (বুঝেন, বুঝি), বুঝে (বুঝেন); বুঝিতে; বুঝিয়া (কে° বুঝে)। ণিজন্ত-বুঝান। প্রা° বাং-বুঝাই=বুঝাইয়া। বুঝসি=বুঝিতেছিস্‌। বুঝাওঁ=বুঝাই। বুঝাহ=বুঝাও। বুঝিএ=বুঝিতে পারি। বুঝিল, বুঝিলেঁ=বুঝিলাম। বুঝী=বুঝিয়া। বুঝোঁ=বুঝিতেছি; বুঝি। প্রা° বৌ° বাং-র-বুঝই, বুজঝই=বুঝে। বুঝমি, ঝুজ্‌ ঝঁই=বুঝ। বুজ্‌ঝিঅউ=বুঝে। বুঝঁএ=বুঝে। বুঝঁসি-বুঝিতেছ। ২ বুঝিবে। বুঝি=বুঝিবে। বুঝ্‌ঝিঅ-অবগত। বুঝিল-বুঝিলাম। বুঝ্‌ঝিলে=বুঝিলে। ক্রি, বোধ করা; হৃদয়ঙ্গম করা; অনুভব করা। "তাহার মর্ম্ম তাহারা ভাষার অপেক্ষা সহজে বুঝিত।"—গল্পগুচ্ছ (রবী°)। ২ জ্ঞাত হওয়া; জানা। ৩ পরীক্ষা করা। "বাহুবলে বুঝে"—ঘ°। ~পড়া [বুঝা ও পড়া-পাঠ ও হৃদয়ঙ্গম] বি, হিসাব নিকাস; আলোচনা ও নিষ্পত্তি; পরস্পরের উদ্দেশ্য বোধগম্য করিয়া একটা আপোষ মীমাংসা করা। "স্বার্থের খাতিরে নিজেদের দলের মধ্যে বুঝাপড়া করিবার জন্য।"—আ° শক্তি, পৌষ, ১৩৩৩। ~বুঝি-পরস্পর পরস্পরের মনোগতভাব জানা mutual understanding. ~শুঝা [সহ° স্বয়। হিং শুধ > শুঝণ (ধ্যান, মনোযোগ অর্থে)] ধীরচিত্তে বা মন দিয়া শুনা ও হৃদয়ঙ্গম করা।

বুঝানি [বুঝা (দ্রঃ)র ণিজন্তরূপ। বুঝাই, বুঝাও (বুঝান, বুঝাস), বুঝায় (বুঝান); বুঝাইতে; বুঝাইয়া (কে° বুঝিয়ে)] ক্রি, বোধ করান; হৃদয়ঙ্গম করান। ২ প্রবোধ দেওয়া; সান্ত্বনা দেওয়া। "আপনি বুঝাতে নারে পরকে প্রবোধ করে"—কবিক°। ৩ উপদেশ দেওয়া; পরামর্শ দেওয়া। "আগে গুরুজন বুঝালে যখন তা যদি গ্রহণ করিতে।"—বাং গান। ব্রজ° বুঝাই=বুঝাইয়া। "আখরে কহলুঁ বুঝাই।" -বি° প°। বুঝায়নু-বুঝাইলাম। "কত পরকারে বুঝায়নু।" -বি° প°।

বুঝি [বুঝা দ্রঃ] ক্রি, বোধ করি; অনুভব করি; অনুমান করি। ২ হৃদয়ঙ্গম করি; জানি। ৩ [এই অর্থে বুঝিবা ও°] অ, বোধ হয়; হয় ত; অনুমান; সম্ভবতঃ; না জানি। প্র-তাই বুঝি তুমি উঠিয়া গেলে। "কি হল আমার বুঝিবা সজনি হৃদয় হারিয়েছি।" -রবী°। অস-ক্রি, বুঝিয়া [বুজ্ঝিয়া >। ধ=ঝ] বুদ্ধি করিয়া; বোধ করিয়া; ভাবিয়া। ২জ্ঞানপূর্ব্বক; জানিয়া; হিসাব করিয়া।

বুঝেছি কিনা [গ্রা°] অ, কথার মাত্রা বা ধুয়া; বারংবার এই উক্তি বক্তার মুদ্রা-

দোষবিঃ। "বুঝোহ কিবা বিশুন্তর"... -উত্তরা, পৌষ, ১৩৩৩।

বুঝোনো [প্রা০] ক্রি, বুঝান দ্রঃ।

বুট১ [হিং বুঁট (চণক, মটর ও তাদের শুঁটী] চণক ; ছোলা। "ওরে কোন লাজে খাওয়াতে চাস্ তাঁর আলো চাল আর বুট ভিজানা।"-রাং প্রং।

বুট২ [ইং boot এর লিপ্যন্তর] বি, গোড়ালি ও গ্রন্থির কিছু উপর হতে পায়ের ডিমার নিম্ন পর্য্যন্ত ঢাকা জুতা। "হ্যাট বুট আর প্যান্ট কোট পোরে"-দ্বিং রায়। "হট বলে বুট পায়ে দিয়ে চুরুট ফুঁকে স্বর্গে যাবে।"-ঈং গুপ্ত।

বুটা, বুটী১ [হিং বুটা। "বেলবুটা"] বি, সূচে তোলা ফুল। ~দার-বিণ, ঐরূপে ফুল তোলা (বস্ত্র)।

বুটী২ [হিং] বি, ঔষধীর শিকড় ; জড়ী।

বুড়, বুড়ো [প্রা০ বুড়া দ্রঃ। সং-বৃদ্ধ > প্রাকৃ০ বুড্ড(মৃচ্ছকটিক)। পাং বুড্ঢো। হিং বুড্ঢা] বিণ, বয়োবৃদ্ধ ; প্রবীণ। "খুড় দিলে বুড় বর"-ছেলে ভুলান ছড়া। ২ প্রাচীন ; পুরাতন। ৩ পাকা ; পরিপক্ক। ৪ জ্যেঠা ; বাচাল ; অকালপক্ক। ৫ বড় ; বৃহৎ। প্র-একটা বুড়ো বাঁশ ঘাড়ে করে এনেছে। ৬ বি, বৃদ্ধ ব্যক্তি। > স্ত্রীং বুড়ী। "বুড়োবুড়ী দুজনাতে মনের মিলে সুখে থাকত।"-দ্বিংরায়। ~মড়া-বৃদ্ধের মৃতদেহ। ২ [অবজ্ঞায়] মরণোন্মুখ বৃদ্ধ। ~-মানুষ-জরাগ্রস্ত ব্যক্তি। ~সুর্ড়-বুড়া, দ্রঃ। ~হাড়-বৃদ্ধের অস্থি ; প্রাচীনের দেহ।

বুড়কিয়া [প্রা০ বুড়্কে। বুড়ি দ্রঃ। বুড়িক (তুল-দশক, কোটিক+ইয়া=বুড়িকিয়া > কেং বুড়কিয়া)] বি, বুড়ির অঙ্কঘটিত গণিত। প্র-এক বুড়ি পাঁচগণ্ডা, দুই বুড়ি দশ গণ্ডা, তিন বুড়ি পনর গণ্ডা, চার বুড়িতে এক পণ ইং০।

বুড়ন১ [বুড়া দ্রঃ] বি, নিমজ্জন ; ডুবন। ২ (বুড়োনো) ক্রি, বুড়ান দ্রঃ।

বুড়ন২ [বুড়ান দ্রঃ] ক্রি, বুড়াইয়া যাওয়া ; ক্রমে বৃদ্ধ হওয়া বা পরিপক্ক হওয়া ;

বুড়বাক [হিং বুড়্বাক্ (বোকা বুড়ো, old fool, নিরেট মূর্খ blockhead) প্রাদেং মালদহ] বিণ, নিরেট মূর্খ।

বুড়মি, বুড়মি-বুড়াম দ্রঃ।

বুড়া১ [বুড় দ্রঃ। হিং বুড্ঢা। প্রা০ বাং -বুড়া] বিণ, বৃদ্ধ ; প্রাচীন ; প্রবীণ। "দেখিয়া জলের ক্রীড়া কুলবধূ যুবা বুড়া মঙ্গলমঙ্গল গীত গায়।"-কবিকং। ২ পরিপক্ক ; পাকা। ৩ অকালপক্ক ; জেটা। ৪ বৃহৎ। ৫ [প্রা০ বাং] জীর্ণ। "বুড়া ঘর ভাঙ্গিয়া বেগারি সাজাইল।"-মাণিকং গান। স্ত্রীং বুড়ি, বুড়ী। বুড়া আঙ্গুল-অঙ্গুষ্ঠ ; বৃদ্ধাঙ্গুলি। বুড়া কাপ-বৃদ্ধ রসিক। "কেহ বলে ওই এল শিব বুড়া কাপ।"-অংমং।~-ঠাকুরদাদা-প্রপিতামহ। বুড়া থুড় থুড়া [থুড় থুড়া দ্রঃ] অতিবৃদ্ধ। ~পনা-বি, অকালপকতা ; পাকামি। বুড়া ফ্যাৎনা [প্রাদেং মালদহ। অবজ্ঞার্থে] অশ্রদ্ধেয় বৃদ্ধ ; ঘৃণ্য বুড়া ; অপক্ক বুড়া। বুড়া বাঁদর [নির্ব্বুদ্ধিতার জন্য ভর্ৎসনায়] বোকা বুড়ো। ~-বাবা [প্রাদেং মেদিনীপুর অঞ্চলে] বি, প্রপিতামহ।~-ময়না-ময়না দ্রঃ। গোপীচন্দ্র রাজার মা বৃদ্ধা ময়নামতী। ২ ময়নামতী মন্ত্রতন্ত্রে সিদ্ধা ছিলেন বলিয়া ময়না বলিতে বহুরূপী ডাইনি প্রভৃতি বুঝায় ; ডাইনি বুড়ী। ~মাত্তা [প্রা০ বাং] ধান্যবিং। "বুড়ামাত্তা ধান বুনেন দেখিতে সুন্দর।"-শূং পুং। ~মি -বি, বুড়ার আচরণ ; পাকাপনা। ~সুড়া -বৃদ্ধার্থে বুড়া এবং কুঞ্চিত চর্ম্মার্থে হিং সুকড়া > কেং অথবা সাদৃশ্যার্থে 'সুড়া'। স্ত্রীং বুড়ীসুড়ী [সহং দ্বন্দ্ব] "বুড়াসুড়া মিনসা হয়ে কেমন কর সয়া" -শিং। ~হাবড়া [ভঙ্গুর > ভাঙ্গড় (ভাঙ্গা হাড়) > হাবড়+আ (তুচ্ছার্থে), তুল-ভাঙ্গড় বুড়া (অং মং)] ভগ্নদেহ বৃদ্ধ। হাবড়া দ্রঃ।

বুড়া২, বোড়া [সং-ব্রুড্ (নিমজ্জনে) ধাতুজ। বুড়ি, বুড় (বুড়েন, বুড়িস), বুড়ে (বোড়ে, বুড়েন, বোড়েন) ; বুড়িতে (কেং বুড়তে) ; বুড়িয়া (কেং বুড়ে)। ণিজন্ত-বুড়ান] ক্রি, নিমজ্জিত হওয়া ; ডুবা ; জলমগ্ন হওয়া। "ঝড়ে আচ্ছাদন উড়ে বৃষ্টি জলে ভিজা বুড়ে" -কবিকং।

বুড়াটিয়া [বুড়া+আটিয়া (সাদৃশ্যার্থে) > কেং বুড়াটে। প্রা০ বুড়্টে] বিণ,বুড়ার ন্যায়,বুড়ার ধরণ মত ; অনেকটা বুড়ার মত।

বুড়ান১, বোড়ান [হিং বুড়ানা। বুড়া (দ্রঃ) ধাতুর ণিজন্তরূপ। বুড়াই, বুড়াও, বোড়াও (বোড়েন, বোড়ান, বুড়াস্), বুড়ায়, বোড়ায় (বুড়ান্ ; বোড়ান্) ; বুড়াইতে, বোড়াইতে ; বুড়াইয়া, বোড়াইয়া (কেং বুড়িয়ে, বুড়ায়ে, বোড়ায়ে)] ক্রি, জলমগ্ন করা ; নিমজ্জিত করা ; ডুবান। "বুড়াও সাধুর ডিঙ্গা ধনে প্রাণে মরুক ধনপতি।" -কবিকং।

বুড়ান২ [বুড়া (বৃদ্ধ)+আন (হওয়া অর্থে)। বুড়াই, বুড়াও, বুড়ায় ; বুড়াইতে ; বুড়াইয়া (কেং বুড়িয়ে)] ক্রি, বুড়া হওয়া ; বার্দ্ধক্যে উপনীত হওয়া। "বুড়ালে ব্রাহ্মণ কুলে ব্রহ্ম নাহি জান"-শিং।

বুড়াম, বুড়ামি [বুড়া+ম, মি (আচরণার্থে)] বি, বুড়ার ন্যায় আচরণ ; বুড়ার ধরণ ধারণ ; পাকাম ; জেঠাম। "বুড়াম কথায় কিবা ফল"-মং।

বুড়ালে [বুড়া (দ্রঃ) আলা (স্বার্থে) অবজ্ঞার্থে প্রা০] বিণ, বৃদ্ধ ; বুড়াটে। "কি বলিতে কিবা বলি বুড়ালে বর্ব্বর"-শিং।

বুড়ি১, বুড়ী১ [বুড়া দ্রঃ। হিং বুড্ঢী, বুঢ়ী, বুঢ়িয়া > বাং-বুড়িয়া, (প্রা০ বাং)] বি, বৃদ্ধা নারী। "বুড়ি গৌরব রাখহ আপনার" -কবিকং। "বুড়ীটী কহেন রামা শুন মন দিয়া"-অং মং। ২ বৃদ্ধার অনুকরণকারিণী বালিকা। ৩ শিশু কন্যার আদরের নাম। তুল-খুকি। ৪ চোর চোর খেলায় যে বুড়ী সাজে এবং চোর ছুঁইবার পূর্ব্বে যাকে ছুঁইলে আর চোর হতে হয় না। ৫ বিণ, প্রাচীনা ; বৃদ্ধা। ৬ পাকা (মেয়ে)। বুড়ী বুড়ী খেলা-ছেলে মেয়েদের খেলাবিঃ। কোমর ভাঙ্গা বুড়ীর মত লাঠি ধরিয়া বুড়ী সাজিয়া চলিতে থাকে আর সকলে তার পিছনে পিছনে নানা প্রশ্ন করিতে করিতে যায়। বুড়ীসুড়ী-বুড়া, দ্রঃ। বুড়ীর দাঁত-বুড়ীর দাঁতের মত পাকা বড় ও কঠিন ফলের বীজ। পাকা বুড়ী-যে মেয়ে

শৈশবেই বুড়ির মত পাকিয়াছে (বিদ্রূপে)। বঁড়াই বুড়ী-বড়াই দ্রঃ।

বুড়িয়া,২ [সাঁওতালী] বি, কুড়ুল। •

বুড়ী,২, বুড়ি,২ [গণিতের পরিঃ। সং-বোড্রী (পণচতুর্থাংশ)-শব্দকল্প°] বি, পাঁচ গণ্ডা ; ৫ এই অঙ্ক চিহ্ন। "একুনে আঠার বুড়ি কড়ি দেহ গুণি"-শি°। [দ্রঃ-৫ এই চিহ্নের অর্থ পাঁচ গণ্ডা বা 'এক বুড়ি', (২) এক পয়সা। (৩) এক কাঁচ্চা। ৪ বুড়িতে এক পণ, ষোল পণে এক কাহন]। বুড়ীতে চতুর কাহিনে কানা-যার অল্প খরচের উপর খুব নজর ও টানাটানি কিন্তু অধিক খরচে উদাসীনতা। ২ সামান্য হিসাবে পটু কিন্তু বেশী হিসাব যে বুঝিতে পারে না। তুল- penny-wise pound-foolish.

বুড়ী৩ [সং-বদরী (কার্পাসী cotton plant) > অং বুড়ী] বি, কার্পাসবিঃ ; বন কাপাসী ; রক্ত কাপাস। ~গঙ্গা-বি, শীতলাক্ষ্যা নদীর যে অংশের কূলে ঢাকা সহর অবস্থিত। আকাশবুড়ীর সূতা-বুড়ী কাপাসের ফল ফাটিয়া আকাশে বায়ুস্তরে অংশুগুলি সঞ্চালিত ও মিলিত হইয়া মাকড়সার জাল বা সূক্ষ্ম সূত্রাকারে দৃষ্ট হয়। দেখিতে পাইলে মেয়েরা উহা ধরিয়া মাথায় গুঁজিয়া রাখে, বিশ্বাস তাতে কেশ বর্দ্ধিত হয়।

বুড়ো [পা° বুড্‌ঢো] বুড় দ্রঃ। ~পনা [হি° বুঢ়াপন্‌+আ (আচরণার্থে)] বি, বুড়ার আচরণ ; পাকামি ; জ্যেঠামি। ~বুড়ী-বি, বৃদ্ধ ও বৃদ্ধা ; অধিক বয়সের স্বামী স্ত্রী। "বু° বু° দুজনাতে মনের মিলে সুখে থাকতো" -দ্বি° রায়। "যখন বুড়োবুড়ীকে টেনে নেবে" -উত্তরা, ১৩৩৩। ~সুড়ো-বুড়া১ দ্রঃ।

বুঢ়া [বুড়া দ্রঃ। হি° বুড্‌ঢা। প্রা° হি° বুঢ়া। প্রা° বাং-বুঢ়। স্ত্রীং বুঢ়ি,-ঢী] বি, বৃদ্ধ ব্যক্তি ; বুড়ো মানুষ। ২ বিণ, বৃদ্ধ। ৩ পুরাতন। বুঢ়া ধনুক"-অনন্ত রামায়ণ। ৪ বড় ; মস্ত। স্ত্রীং বুঢ়ী। বুঢ়া খুরকুন [প্রাদে° মালদহ] অতি বৃদ্ধ ব্যক্তি। বুঢ়ীঅ মাই-বুড়োমা ; পিতামহী ; মাতামহী। "চাহি লৈল বুঢ়ীঅ মাই"-শ্রী° কী°।

বুতান [ব্রজ°। হি° বুতানা (নির্ব্বাপণ করা)] ক্রি, নির্ব্বাপিত করা ; নিবান। বুতায়ব-নিবাইবে। "করে কি বুতায়ব দূরহি দীপ"-বি° প°।

বুত্তবো [সং-বচ্‌ > ব্যক্তব্যঃ > প্রা° বৌ° বাং প্রাকৃ° বুত্তবঃ >] বি, বক্তব্য ; উক্তি ; উপদেশ। "অই গুরু বুত্তবো হি অহি পইস্‌ সই ইতি"-দো° পৃ° ৯০।

বুদ্ধ১ [বুধ্‌ (জ্ঞাত হওয়া) + ত (ক্ত)] বি, যিনি সকল জানেন ; প্রজ্ঞাবান্‌ ; জ্ঞানী। ২ বিষ্ণুর দশাবতারের মধ্যে নবম অবতার ; বৌদ্ধ-ধর্ম্মপ্রবর্ত্তক মুনি। হিমালয়ের পাদমূলস্থ কপিলবাস্তুর রাজা শুদ্ধোধনের ঔরসে মায়া দেবীর গর্ভে ইঁহার জন্ম, নাম শাক্যসিংহ। পঞ্চবিংশতিম ও শেষ বুদ্ধ। জন্ম-খৃ° পূ° ৫৫৭, গৃহত্যাগ ও দীক্ষা-৫২৭-৮ খৃ° পূ°। বুদ্ধত্বলাভ -৫২১ খৃ°পূ°। মোক্ষ-খৃ°পূ° ৪৪৭। বুদ্ধদেবের গৃহত্যাগের বৎসর জৈন তীর্থঙ্কর বর্দ্ধমান বা মহাবীর স্বামীর প্রায় সমসাময়িক। বর্দ্ধমান স্বামীর জন্ম-খৃ° পূ° ৫৯৯। জৈন পার্শ্বনাথ স্বামীর কাল খৃ° পূ° ৮৭৮-৭৭৮। বুদ্ধদেবের গৃহত্যাগের বৎসর বর্দ্ধমান স্বামীর মোক্ষ।

বুদ্ধ২ [সং-বুদ্ধি-প্রা° ভ্রং] বি, বুদ্ধি ; জ্ঞান। ২ পরামর্শ। প্র-কার বুদ্ধে সেখানে গিয়েছিলে। বুদ্ধে-ক্রি-বিণ, বুদ্ধিতে। প্র-বুদ্ধে বৃহস্পতি। ২ মনে করিয়া ; জ্ঞান করিয়া। "বাপ বুদ্ধে ব্রাহ্মণী বাবার প্রণিপাত।" -সত্য নারায়ণ (রামেশ্বর)। ৩ পরামর্শে। বুদ্ধানি [প্রা° বাং। বঙ্গভাষা ও সাহিত্যে "বুদ্ধাইল"] ক্রি, বুঝান।

বুদ্ধি১ [বুধ্‌ (জানা) + তি (ভা°) পদাবলী সাহিত্যে কোমলার্থে বুধি] বি, ধী ; জ্ঞান ; বোধ ; মতি ; নিশ্চয়াত্মিকা মনোবৃত্তিবিঃ intellect. ২ [+তি(র্ম্ম)] মহত্তত্ত্ব। ৩ [+তি (ণে), যদ্দারা বোধ হয়] মন। ~শুদ্ধি-বুদ্ধি ও সংস্কার ; জ্ঞান বুদ্ধি। প্র-দেখিয়া শুনিয়া বুদ্ধিশুদ্ধি লোপ হয় [দ্রঃ-জ্ঞান দ্রঃ। বুদ্ধি জ্ঞানী ব্যক্তিগণের মধ্যে কখন থাকে কখন না থাকিতেও পারে। উপস্থিত বুদ্ধি হঠাৎ প্রকাশ পায়, কাহার বা প্রয়োজনকালে বুদ্ধির উদয় হয় না। তুল -চোর পালালে বুদ্ধি বাড়ে। বুদ্ধিমানের উপায়জ্ঞান থাকে। জ্ঞান থাকিলে যে কাজ করা যায় বুদ্ধি খাটাইয়া সে কাজ সহজ উপায়ে করা যায়। জানার সাধারণ নাম জ্ঞান। ভূয়োদর্শন দ্বারা, বিশেষভাবে জানার ও বিচার হতে যে জ্ঞান তা অভিজ্ঞতা। ধ্যান-লব্ধ সত্য জ্ঞানের নাম প্রজ্ঞা। ধ্যান ও ধারণার শক্তির নাম ধী। মনন করিবার শক্তি বা প্রবৃত্তিমূলক মনোবৃত্তির নাম মতি। নিশ্চয়াত্মিকা মনোবৃত্তির নাম বুদ্ধি]। ~কৌশল-বি, বুদ্ধিচাতুর্য্য। ~গম্য-বিণ, বুঝা যায় এমন ; বোধগম্য ; জ্ঞানগোচর। ~চাতুর্য্য-বি, বুদ্ধির চতুরতা বা নৈপুণ্য ; চালাকি। ~জীবী-বিণ, যারা বুদ্ধিবলে জীবিকা নির্ব্বাহ করে ; বুদ্ধিমান। ~নাশ-বি, মতিভ্রংশ ; পূর্ব্ব বুদ্ধির অভাব হওয়া ; জ্ঞানলোপ। ~বৃত্তি-বি, নিশ্চয়াত্মিকা মনোবৃত্তি ; বুদ্ধিশক্তি ; বুদ্ধির ধর্ম্ম intellect. ~মত্তা [মূ° বুদ্ধিমৎ+ তা (ভা°)] বি, জ্ঞান ; বিজ্ঞতা ; ধী wisdom. ~মান- [মূ°-মৎ] বিণ, জ্ঞানবিশিষ্ট ; বুদ্ধিশালী। ~ভ্রংশ-বি, মতিস্খলন ; বুদ্ধিনাশ। ~ভ্রম -বি, মতিভ্রান্তি ; বুঝিবার ভুল। ~লোপ-মতি, বোধশক্তি বা জ্ঞানের বিলোপ বা নাশ। ~শুদ্ধি-বিণ, বোধশোধ ; স্মৃতিবুদ্ধি। শুধবুধ দ্রঃ। ~হত, ~হারা-বিণ, হতবুদ্ধি ; লুপ্ত-বুদ্ধি। "বুদ্ধি হারা হইয়াছি শুদ্ধি নাহি পাই।" -অ° ম°। ~হীন-বিণ, নির্ব্বোধ ; বোকা।

বুদ্ধি২ [বুজিয়া > কে°। 'য়া' লোপ। প্রা° বাং] অস-ক্রি, বুদ্ধি করিয়া। ২ বুঝিয়া ; অনুমান করিয়া ; জানিয়া। "নাসিকার ধর বুদ্ধি নাএ তোলে পাও"-মনসা ম° (ষষ্ঠীবর)।

বুদ্ধীন্দ্রিয় [বুদ্ধি+ইন্দ্রিয়, ৬তৎ] বি, জ্ঞানেন্দ্রিয় ; মনঃ এবং চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্‌।

বুদ্ধোপনিশ্রয় [বুদ্ধ+উপনিশ্রয়। বৌ° সা°] বি, বুদ্ধের সান্নিধ্য ; পরিণামে বুদ্ধত্ব-লাভের অধিকার।

বুদ্বুদ (-দবু°) [বুদ্‌ (অনু°) + বুদ্‌] বি, জলবিম্ব ; জলের ভুড়্‌ভুড়ি। ২ গর্ভস্থ অবয়ববিঃ। ৩ জলবিম্ববৎ ক্ষণস্থায়ী জীব

দেহ। "চেতনা-পূর্ণ অদ্ভুত মায়া বু॰ সম ফুটিছে।"-সোণার তরী।

বুধ [বুধ্ (জানা)+অ [(কর্তৃ), যে সকল জানে] বি, বুধগ্রহ the planet mercury. ২ [পু॰] চন্দ্রের পুত্র। ৩ পণ্ডিত; জ্ঞানী। "তবে মন্ত্রী সারণ সচিব শ্রেষ্ঠ বুধ।"-মেঘ॰। ৪ বুধবার wednesday. ~চক্র-বুধের রাশ্যাদি সঞ্চার চক্রবিঃ। ~চার-বুধের শুভাশুভ সূচক সঞ্চার। ~বার-বি, মঙ্গলের পরবর্ত্তী (বুধগ্রহের) দিবস wednesday. ~রত্ন-বুধগ্রহের প্রীতিজনক মণি; মরকত মণি। ~বুধাষ্টমী-বুধবারে শুক্লা অষ্টমী (চৈত্র পৌষ এবং হরিশয়ন অর্থাৎ আষাঢ় হতে কার্ত্তিক ভিন্ন)।

বুধি [বুদ্ধি > (প্রাকৃ॰) বুধি। ব্রজ॰] বি, বুদ্ধি। প্র-সুবুধি, কুবুধি (বৈ॰ পদ॰ সা॰)।

বুধিল [বুধ+ইল] বিণ, বুদ্ধিমান্; পণ্ডিত।

বুধী [বুদ্ধি > । প্রা॰ বাং] বি, বুদ্ধি (শ্রী॰ কী॰)।

বুধো-বি, উধোর নামের সহিত যোগেশ নামক জনৈক বুধ বা পণ্ডিতের নামের অনুপ্রাস ঘটাইবার জন্য বুধো। উধো দ্র॰।

বুন [প্রাদে॰। ২৪ পরগণা অঞ্চলে বোন। সং-ভগিনী > বহিনী > বহিন > বইন > বোন > বুন] বি, ভগিনী। "রাণী বলে বুন তুমি প্রাণের পুতলী"-ধ॰। ~ঝী-বোনের মেয়ে। ~পো, বুনিপো-বোনের ছেলে [দ্রঃ-পুরুষের ভগিনীর সন্তান "ভাগিনেয়" > গ্রা॰"ভাগ্নে"বা"ভাগিনেয়ী" > "ভাগ্নী" এবং নারীর ভগিনীর সন্তান "বোন পো" বা "বোন ঝী"। প্র-মামা ভাগ্নে বা ভাগ্নী, মামী ভাগ্নী বা ভাগ্নে, মাসী বোন পো, মাসী বোন ঝী]।

বুনট-বুনাট দ্রঃ।

বুনন, [সং-বপন > বয়ন > । হিং বুনা > বুনা] বি, বপন; বীজ রোপন। ২ বস্ত্রাদি নির্ম্মাণ; সূত্র বয়ন।

বুননি, বুনানি, বুনোনো [বুনন, (দ্রঃ)+আন (ণিজন্ত ক্রি-বিভক্তি)] ক্রি, বপন করান। ২ বয়ন করান।

বুনা-বোনা দ্রঃ।

বুনাট, বুনট, বুনন, বুননি, বুনানি [বুনন দ্রঃ। হিং বুনাবট] বি, সূত্রাদি বয়ন-কর্ম্ম ও কৌশল। ২ বয়নমূল্য; বুননের পারিশ্রমিক। ৩ বপন। ৪ বীজ বপনের মজুরি।

বুনিয়াদ [ফা॰ বনিয়াদ্। প্রা॰ বোনেদ্, বিনেদ] বি, ভিত্তি; অবলম্বন। ২ মূল; গোড়া। বিণ, বুনিয়াদি, -দী [বুনিয়াদ দ্রঃ। প্রা॰ বোনেদি] যার বু॰ আছে; বনিয়াদ-বিশিষ্ট; পুরাতন স্থায়ী ও পুরুষানুক্রমে শ্রেষ্ঠ। "আমার পিতা হর মোহন দত্ত বুনিয়াদি বড় মানুষ"-বঙ্কিম॰ (ইন্দিরা)।

বুনী [শ্রীহট্ট॰প্রাদে॰] বি, স্তন; মাই।

বুনো [সং-বন্য। বন+উয়া=বনুয়া > বুনা, বুনো। হিং বনৌয়া] বিণ, বন্য; জঙ্গলী। "মুখে একটা বুনো ভাব"। ২ অসভ্য; অমার্জ্জিত; বর্ব্বর। ৩ বন্য জাতিবিঃ; যারা বনে জঙ্গলে বাস করে। তুল-ইং bushmen.

বুলন্দ [ফা॰বুলন্দ্ >, প্রাদে॰মালদহ] বিণ, অতি উচ্চ; খুব উঁচু।

বুন্দা [প্রা॰ বাং। হিং বুন্দা-বুঁদা। বুঁদ অপেক্ষা বড় অর্থে আ যোগ। ক্ষুদ্রার্থে বুন্দী, বুঁদী] বি, বড় ফোঁটা। ২ [প্রা॰ বাং] বৃষ্টির বড় বড় বিন্দু।

বুবু [হিং-র অনুকরণে। মু॰ বাং] বি, বড় বহিন। ২ মহিলা।

বুভুক্ [সং-বুভুক্ষু > দ্রঃ] বিণ, ক্ষুধার্ত্ত; বুভুক্ষু। "পুত্রে বলি দিয়া রাজা পূজেন বু॰।"-ধ॰।

বুভুক্ষা [ভুজ্ (ভোজন করা)+স (ইচ্ছার্থে)=বুভুক্ষ্+অ (ভা॰)+আ (স্ত্রীং)] বি, ভোজন করার ইচ্ছা; ক্ষুধা। বিণ, বুভুক্ষু-ক্ষুধার্ত্ত; ভোজনেচ্ছু।

বুভুক্ষিত [বুভুক্ষা (ভোজন ইচ্ছা)+ত (কর্তৃ), ই-আগম] বিণ, ক্ষুধিত।

বুভুৎসা [(সমস্ত) বুধ্ (বোধেচ্ছা করা) +অ (ভা॰)+আ (স্ত্রীং)] বি, জানিবার ইচ্ছা; বুঝিবার ইচ্ছা। বিণ, বুভুৎসু-জানিতে ইচ্ছুক।

বুম্বুক [সং-বম্ (বমনে) > হিং বমকনা (স্ফীত হওয়া, উথলান) > বমক (স্ফীতি, ঝাঁপ, উথাল) > ক্রি, বমকিয়া (ফুলিয়া, ঝাঁপিয়া, উথলিয়া) > বিমকি > বিমুকি (দ্রঃ)। প্রা॰ বাং॰-র সাধুভাষায় ম স্থলে ম্ব, ম্ব'র প্রয়োগ ছিল। তুল-নামা=নাম্বা, সামাইল=সাম্ভাইল ইং। > বিমুকি (আ) > বিম্বুকি(য়া) > বিম্বুকে] বি, স্ফীতি; উথাল; ঝলক। "আক্কার বচন শুন আইংনের রাণী। বুম্বুকে উথলে জল ঝাঁটি মার পাণী॥"-শ্রী-কী॰। ২ উদ্গীরণ।

বুয়িল-বুইল দ্রঃ।

বুরা [প্রাদে॰] বি, বাঙ্গালার নিজস্ব বাণিজ্যনৌকা। "পাতলা তরণী, ২০।৩০ দাঁড় পর্য্যন্ত হয়। লবণ মরিচ ইং মাল বোঝাই হইয়া হুগলী হইতে ভাটির দিকে চালান হয়, এবং সময়ে ঢাকা পর্য্যন্ত লবণ লইয়া যায়। এগুলি আবার উজান ভাটি জাহাজের সঙ্গেও বাঁধিয়া দিয়া দাঁড় টানিয়া জাহাজ আনিবার নিমিত্ত ব্যবহৃত হয়।"-মধ্যযুগে বাঙ্গলা।

বুরুচ [ইং brooch] বি, ব্রোচ; বক্ষে বা স্কন্ধে বস্ত্রাদি আটকাইবার স্বর্ণাদি নির্ম্মিত কাঁটা। "ছাড়িয়ে সাড়ী গাউন সেঁটে বুকে বুরুচ দিলে এঁটে"-বাং-গান।

বুরুজ [আ॰ বুর্জ-বহু বচনে বুরূজ; ইং bastion] বি, দুর্গাদির প্রাচীরের মধ্যে মধ্যে সুদৃঢ় এবং সমুচ্চ গোলগৃহ বা মন্দির; বপ্র। "চৌদিগে সহর পনা দ্বারে চৌকী কত জনা মুরুচা বুরুজ শিলাময়।"-অ॰ ম॰। ২ তাস-খেলার প্রকারভেদ।

বুরুস [বুড়া আঙ্গুল স্কেং] বি, তিন যব পরিমাণ বা অঙ্গুষ্ঠের প্রস্থ পরিমাণ।

বুরুশ, -ষ্, -স, ব্রাস [ইং brush এর লিপ্যন্তর] বি, পশুলোমাদির সম্মার্জ্জনী-বিঃ। [দ্রঃ-দন্ত, কেশ, অলঙ্কার, বস্ত্র, জুতা, ঘোড়ার অঙ্গ প্রভৃতি মার্জ্জন করিবার উপযোগী ভিন্ন ভিন্ন প্রকার বুরুশ আছে]।

বুলন [বুলা দ্রঃ] বি, ভ্রমণ; পর্য্যটন। "স্থির নহে এক ঠাঁই বু॰ সদায়"-চৈ-ভা॰। ২ স্পর্শ। ৩ হস্তদ্বারা মৃদু মার্জ্জন; কোমল বা মৃদু ঘর্ষণ; হাত ফিরান। ৪ অন্বেষণ।

বুলবুল [আ॰ বুলবুল্] বি, স্বনামপ্রসিদ্ধ পক্ষিবিঃ ; বুলবুলি। সেপাই বুল্বুল্ বা ঝোঁটন বুল্বুল্-মাথায় যাহার শিখা থাকে। লাল বুল্বুল্-উদর হতে পুচ্ছের নিম্ন পর্য্যন্ত ঘোর লাল বলিয়া এই নাম। শা-বুল্বুল্-ধূসর ও শ্বেতবর্ণ বড় জাতীয় বুলবুল।

বুলা, [সং-বল্ (সঞ্চরণে) > । বুলি, বুল (বুলেন, বুলিস), বুলে ; বুলিতে : বুলিয়া (পদ্যে ক্ষে॰ বুলি,গ্রা॰বুলে)। ণিজন্ত-বুলানি। প্রা॰বাং-বুলঁ(হুঁ)-ভ্রমণ কর বা করিতেছ। বুলঁসি-ভ্রমণ করিতেছ। বুলাঅ-ভ্রমণ করাও। বুলাই-ভ্রমণ করাইয়া। বুলাওঁ-ইতস্ততঃ ভ্রমণ করাই। বুলিলোঁ-ভ্রমণ করিলাম। বুলে-ভ্রমণ করে। বুলোঁ-ভ্রমণ করি >] ক্রি, ভ্রমণ করা ; সঞ্চরণ করা ; পর্য্যটন করা। "আসি পুর গুজরাটে বৈসে যতেক ভাটে ভিক্ষা মাগি বুলে ঘরে ঘরে ॥"-কবিক॰। ২ পাদচারণ করা ; বেড়ান। "গোপ গোপী নাহি বুলে"-বি॰ প॰। "বসন্তে শোভা দেখি বুলেন রাধিকা"-গী॰ গিরি॰। ৩ স্পর্শ করা। ৪ মৃদু ঘর্ষণ করা। ৫ বি, বুলন ; ভ্রমণ। "যথা তথা বুলা চলা মণ্ডল গ্রামে বাটী।" -কবিক॰।

বুলা, [সং-ব্রূ > প্রাকৃ॰ বোল্লই। প্রা॰ বাং। প্রাদে॰। বলো >] ক্রি, বলা। [প্রা॰ বাং-বুলি,, বুলিআঁ (এঁ।) - বলিয়া। বুলি,-বলিতেছি। বুলিএ-বলি ; বলে। বুলিতে-বলিতে। বুলিল, -লে-বলিল। বুলিলি-বলিলি-শ্রী॰কী॰]।

বুলানি [বুলা দ্রঃ] ক্রি-বিণ, ছুয়ান ; ঠেকান ; কোমল বা মৃদু স্পর্শ করা। "রামের অঙ্গুরী পায়্যা সীতাদেবী কান্দে। বুকে বুলাইয়া সীতা শিরে করি বান্দে ॥"-কৃত্তি॰। ২ মৃদুস্পর্শে ঘর্ষণ করা বা কোমল হস্তে মার্জ্জনা করা। "সুধাকর কর স্পর্শ ব্রহ্মা নাহি পায়। সে কর বুলালে তুমি আমার মাথায় ॥"-পি॰। চুলবুলানি-চঞ্চল হওয়া ; অস্থির হওয়া ; চঞ্চলভাবে ঘুরিয়া ফিরিয়া বেড়ান [চুল দ্রঃ]। চোখ বুলানি-বি, কোন কিছু, বিতঃ লেখা বা ছাপা কাগজের উপর দৃষ্টি সঞ্চালন করা ; আবৃত্তি না করিয়া দৃষ্টি সাহায্যে পড়া ; দৃষ্টি করা ; এক নজর দেখা। "আবেদন পত্রখানি বাহির করিয়া তাহার উপর একবার চোখ বুলাইয়া জিজ্ঞাসা করিল"-মা॰ ও ম॰ বাণী ১৩৩৩, জ্যৈষ্ঠ। হাত বুলানি-হস্তের দ্বারা মৃদু মৃদু ঘর্ষণ করা। "হস্তখানি দৌহিত্রীর গায়ে বুলাইতে বুলাইতে কহিলেন"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ২ হস্তদ্বারা স্পর্শ করিতে করিতে অন্বেষণ করা ; হাতড়ান।

বুলি, [হিং॰বোলী > । ব্রজ॰বোলি] বি, কথা ; বাক্য ; শব্দ। "শিখায়েছ যে বুলি মা সেই বুলি বলে ডাকি।"-বাং গান।। ২ ভাষা। "আমরা বাংলা গিয়েছি ভুলি। আমরা শিখেছি বিলিতি বুলি ॥"-দ্বি॰ রায়। ৩ [হিং॰ ভাখা] প্রাদেশিক ভাষা ; কথোপকথনের ভাষা dialect. প্র-ব্রজ-বুলি। পাহাড়ী বুলি। ৪ পশুপক্ষীর কণ্ঠরব। ৫ অর্থ না বুঝিয়া যে শব্দ বা বাক্য আবৃত্তি করা যায় ; বোল ; জপের মন্ত্র। "তুমি মুখে বলবে পরের বুলি, পরম তত্ত্ব জানিবে কি ॥"-আজু গোস্বামী। "পাখী বলে রাম রাম বুলি।"-রামা॰ (রাজ॰)। ৬ মূলমন্ত্র motto ; principle. প্র-তাহার বুলিই হল ওই ; সহজে কি কেহ নিজের বুলি ছাড়ে? "নির্ব্বাচনের পূর্ব্বে ইহারা বর্ত্তমানে বড় বড় বুলি আওড়াইতেছেন বটে"-আ॰ শক্তি, ১১ শ্রাবণ, ১৩৩৩।

বুলি, [প্রা॰ বাং,প্রাদে॰] ক্রি-বিণ,বলিয়া "ধন্য ধন্য বুলি করে পুষ্প বরিষণ ॥"-মনসা ম (কেতকা॰)।

বুলু, বুলুরঙ [ইং blue র লিপন্তর] বি, নীলবর্ণ।

বুস্তান [ফা॰ বুস্তান (তাঁ)] বি, ফুল বাগান। "একদা সহসা বুস্তানে তার সান্ধ্য ভ্রমণকালে"-জাফর ও বান্দা।

বুহিত [সং-বহিত্র >] বি, নৌকা ; বাণিজ্য তরী। "নহে যাত্রা ভাল সাধু দেখি বিপরীত। জীবন সংশয় দেখি হারাবে বুহিত ॥"-কবিক॰।

বুহিতাল [বহিত্র (ডিঙ্গা, তরণী) + আল (ফা॰ বালা=ওআল >), যে বহিত্র-যোগে ব্যবসায় বাণিজ্য করে] বি, সওদাগর ; পোতস্বামী ; বণিক্। "নৃপতিরে মেলানী করিল বুহিতাল"-কবিক॰। ২ সওদাগরী। 'এ সাত পুরুষ মোর গেল বুহিতালে।"-কবিক॰।

বৃংহঁন [বৃন্‌হ (বৃদ্ধি পাওয়া) + অন (ভা॰)] বিণ, পুষ্টিজনক ; বলকর। ২ হস্তীর রব। ৩ চর্ব্বি বৃদ্ধিকর বা জনক। ৪ বি, বলবর্দ্ধক ঔষধ restorative tonic.

বৃংহিঁত [বৃন্‌হ (বৃদ্ধি পাওয়া) + ত (ভা॰)] বি, হস্তীর গর্জ্জন ; হাতীর শব্দ। ২ বিণ, বৃদ্ধিপ্রাপ্ত। ৩ পুষ্ট।

বৃকঁ [বৃক্ (গ্রহণ করা) + অ (র্ত্তৃ), জা॰] বি, নেকড়েবাঘ। ২ শৃগাল। ৩ বায়স। ৪ জঠরানল। ৫ ক্ষত্রিয়। ৬ সরল বৃক্ষ-সার। ~দংশঁ-নেকড়েবাঘ, শৃগাল ই॰-কে দংশনকারী ; কুকুর। ~ধূর্ত্ত-বি, শৃগাল।

বৃকোদঁর [বৃক (অগ্নি) + উদর, বৃক উদরে যার, বহু॰] বি, মধ্যম পাণ্ডব ; ভীম।

বৃক্ক [সং] বি, বস্তিমধ্যস্থ আম্রফলাকার যন্ত্রদ্বয় kidneys.

বৃক্ষ [বৃক্ষ্ (বেষ্টন করা) + অ (র্ত্তৃ), যা স্থান বেষ্টন করে। প্রাকৃ॰ বিক্ষ (শু॰ পু॰)] বি, শাখাপল্লবকাণ্ডাদিযুক্ত তরু ; গাছ [পুষ্পিত হউক বা ফলবন্ত হউক উভয় প্রকারকেই বৃক্ষ কহে (যেমন বট, ডুমুরাদি)। "পুষ্পিণঃ ফলিনশ্চৈব বৃক্ষাস্তূভয়তঃ স্মৃতাঃ।"-মনু॰]। ~ক [বৃক্ষ + ক (ক্ষুদ্রার্থে)। তুল-মানবক] বি, ছোট গাছ। ২ ক্ষুপ। ~চঁর-বি, শাখা-মৃগ ; বানর। ~চ্ছায় [বৃক্ষ (বৃক্ষাণাং বৃক্ষসমূহের) + ছায়া (বহুবচনান্ত শব্দযোগে ছায়া=ছায়) >] বি, গাছের ছায়া। ২ বহু বৃক্ষের বিস্তৃত ছায়া। ~বাটিকা-বি, বাগানবাড়ী। ২ উপবন। ৩ নিকুঞ্জ।

বৃক্ষা/গ্র [বৃক্ষ + অগ্র] বি, বৃক্ষের চূড়া ; গাছের আগা ; মগডালের মাথা। ~দঁন [বৃক্ষ + অদন] বি, কুঠারাদি বৃক্ষচ্ছেদক অস্ত্র। ~ন্তরাল [বৃক্ষ + অন্তরাল] বি, গাছের আড়াল। ~ম্ল [বৃক্ষ + অম্ল] বি, তেঁতুল গাছ। ২ আমড়া গাছ। ~য়ুর্ব্বেদ [বৃক্ষ+

আয়ুর্ব্বেদ] উদ্ভিদ্‌বিদ্যা; উদ্ভিদ্‌বিজ্ঞান botany.

বৃত [বৃ (বরণ করা) + ত (র্ম্ম)] বিণ, যাকে কর্ম্মে বরণ করা হইয়াছে; কর্ম্ম সাধনার্থ নিযুক্ত। ২ প্রার্থিত। ৩ [বৃ (বরণ করা, আবরণ করা) + ত (র্ম্ম)] আবৃত; আচ্ছাদিত।

বৃতি [বৃ (আবরণ করা) + তি (ভা০)] বি, আবরণ। ২ গোপন। ৩ [ণে (তি)-আবরণ করা যায় যা দ্বারা] বেষ্টন; ভিত্তি; বেড়া। "সহজে প্লাবন যথা ভাঙে ভীমাঘাতে বালিবন্ধ কিম্বা যথা ব্যাঘ্র নিশাকালে গোষ্ঠ-বৃতি!"-মেঘ০। ৪ [বৃ (বরণে)] বরণ; নিয়োগ। ৫ প্রার্থনা। ৬ বৃত্তি profession. "মানুষ জীবিকার জন্য বৃতি আশ্রয় করে" -ভারতীয় সাধনা।

বৃত্ত [বৃৎ + ত (র্ত্ত)] বিণ, বর্ত্তুল; গোলা-কৃতি। ২ জাত। ৩ গত; অতীত। ৪ [জ্যা০ (ক০ বিশ০ পরিঃ)] গোলাকার ক্ষেত্র; [জ্যা০] ইং circle এর বৈজ্ঞা০ পরিঃ; পরিধি; মণ্ডল; বলয়। ৫ বি, ছন্দঃ। যে সকল ছন্দে সাধারণ অক্ষরের সংখ্যাগ্রহণে ছন্দের পরিমাণ স্থির করিতে হয় সে গুলাকে বলে বৃত্ত। ৬ বৃত্তান্ত। ৭ আচরণ; চরিত্র। প্র-সুবৃত্ত; দুর্বৃত্ত; বেদবৃত্ত (বেদবিহিত আচরণ)। ~কলা [জ্যা০ (ক০ বিশ০ পরিঃ)] বি, ইং sector এর বৈজ্ঞা০ পরিঃ। ~খণ্ড-বি, বৃত্তের যে অংশটী এক সরলরেখা ও তদ্দ্বারা কর্ত্তিত পরিধিখণ্ডের অন্তর্গত। ~পাদ [জ্যো০ (হি০ কোষ)] বি, ইং quadrature এর বৈজ্ঞা০ পরিঃ। ~পুষ্প -বি, কদম্বপুষ্প। ২ কুব্জক। অধিবৃত্ত [কণিক০ (ক০ বিশ০ পরিঃ)] ইং parabola র বৈজ্ঞা০ পরিঃ। অর্দ্ধবৃত্ত [জ্যা০ (ক০ বিশ০ পরিঃ)] বি, ইং semi-circle এর বৈজ্ঞা০ পরিঃ। অস্তবৃত্ত [জ্যো০ (ক০ বিশ০ পরিঃ)] বি, ইং setting circle এর বৈজ্ঞা০ পরিঃ। আদিবৃত্ত [জ্যো০] বি, ইং equinoctial colure* এর বৈজ্ঞা০ পরিঃ। উপবৃত্ত [জ্যো০ (ক০ বিশ০ পরিঃ)] বি, ইং ellipse এর বৈজ্ঞা০ পরিঃ; ইং secondary (to a great circle) এর বৈজ্ঞা০ পরিঃ। ক্রান্তিবৃত্ত [জ্যো০] বি, ইং ecliptic এর বৈজ্ঞা০ পরিঃ। গুরুবৃত্ত [জ্যো০] বি, ইং great circle এর বৈজ্ঞা০ পরিঃ। নিয়ত্তবৃত্ত [কণিক০] বি, ইং director circle. নিরক্ষবৃত্ত [জ্যো০] বি, ভূবিষুব রেখা terrestrial equator. পরাবৃত্ত [কণিক০] বি, ইং hyperbola র বৈজ্ঞা০ পরিঃ। পূর্ব্বাপরবৃত্ত [জ্যো০] বি, ইং prime vertical এর বৈজ্ঞা০ পরিঃ। মকরবৃত্ত [জ্যো০] বি, ইং salstitial colure এর বৈজ্ঞা০ পরিঃ। মধ্যবৃত্ত [জ্যো০] বি, ইং transit circle এর বৈজ্ঞা০ পরিঃ। লঘুবৃত্ত [জ্যো০] বি, ইং small ircle এর বৈজ্ঞা০ পরিঃ। লম্ববৃত্ত [জ্যা০] বি, ইং vertical circle এর বৈজ্ঞা০ পরিঃ। সহবৃত্ত [কণিক০ (ক০ বিশ০ পরিঃ)] বি, ইং auxiliary circle এর বৈজ্ঞা০ পরিঃ। ~স্তম্ভক [ঘন জ্যা০ (ক০ বিশ০ পরিঃ)] ইং circular cylinder এর বৈজ্ঞা০ পরিঃ।

বৃত্তগন্ধি [বৃত্ত-গন্ধ + ইন্‌ (স্ত্যা০)] বি, যে গদ্য রচনার মধ্যে মধ্যে পদ্যের মতন বোধ হয়; যে গদ্য রচনার মধ্যে কোন কোন স্থলে পরিমিত অক্ষরবদ্ধ পদ্যাংশবৎ হইয়া পড়ে। "তাঁহার কথায় আমি নগরে যাইয়া দেখি-লাম যে সেই সন্ন্যাসিনী নিঃশব্দে বসিয়া আছে"-কাব্যদর্পণ (এই বাক্যে প্রথম ৫টী পদ পয়ার ছন্দানুযায়ী ১৪টী অক্ষর বদ্ধ হওয়ায় ইহা বৃত্তগন্ধি গদ্য)।

বৃত্তস্থ [বৃত্ত (চরিত্র) + স্থ (স্থা-থাকা) + অ (র্ত্ত)] বিণ, স্বভাবে স্থিত। ২ সুচরিত্র; সুশীল। ৩ বৃত্তক্ষেত্রস্থিত; বৃত্তে বিদ্যমান। ৪ [জ্যা০ (ক০ বিশ০ পরিঃ)] ইং cyclic এর বৈজ্ঞা০ পরিঃ।

বৃত্তা [বৃত্তি দ্রঃ। প্রা০ বাং] বিণ, বৃত্তি-ভোগী। "ব্রাহ্মণ বৈষ্ণব বৃত্তা সুখী প্রজাগণে॥"-মহা০ (ঘনশ্যাম০ ব০ সা০ পরিচয়)।

বৃত্তাংশ [বৃত্ত দ্রঃ। জ্যা০ (ক০ বিশ০ পরিঃ)] বি, ইং segment (of a circle) এর বৈজ্ঞা০ পরিঃ।

বৃত্তান্ত [বৃত্ত (চরিত্র, বিবরণ) + অন্ত (শেষ), ৬তৎ] বি, বিবরণ; সংবাদ; বার্ত্তা। ২ ব্যাপার; বিষয়।

বৃত্তাভাস [বৃত্ত (ছন্দ) + আভাস বৃত্তবৎ আভাস যাতে, বহু০] বি, পদ্যের আভাসযুক্ত গদ্য রচনা; বৃত্তগন্ধি। ২ সম্পূর্ণ গোল নহে কিন্তু বৃত্তের সদৃশ গোলাকার।

বৃত্তার্দ্ধ [বৃত্ত + অর্দ্ধ] বি, বৃত্তের যে অংশটী একটী ব্যাস ও তদ্দ্বারা কর্ত্তিত পরিধি-খণ্ডের অন্তর্গত; অর্দ্ধবৃত্ত।

বৃত্তি [বৃৎ (বর্ত্তমান থাকা) + তি (ভা০)] বি, বাসনা-কামনা-জড়িত চিত্ত; মানসিক শক্তি; মনের ধর্ম্ম। ২ প্রবৃত্তি। ৩ স্বভাব। ৪ আচরণ। ৫ আকার। "ভীমের ভৈরব নাদ ভয়ঙ্কর মূর্ত্তি। হাতে গাছ আইসে যেন যুগান্তের বৃত্তি॥"-মহা০ (কাশী০)। ৬ সূত্রের ব্যাখ্যা; মূল সূত্র ও তার সংক্ষিপ্ত ব্যাখ্যা সম্বলিত গ্রন্থ। "গঙ্গাদাস পণ্ডিত পাশে পড়ে ব্যাকরণ। শ্রবণমাত্রে কণ্ঠে কৈল সূত্র বৃত্তিগণ॥"-চৈ০ চ০। ৭ সংস্কৃত নাটকের রচনাকৌশলমাত্র [দ্রঃ-"নাটকের রচনা-কৌশলের সাধারণ নাম বৃত্তি, তাহা ভারতী, সাত্বতী, কৈশিকী ও আরভটী নামক চারি-ভাগে বিভক্ত। বৃত্তির ন্যায় প্রবৃত্তি চতুষ্টয়ও পরিচিত ছিল তার নাম আবন্তী, দাক্ষিণাত্য, পাঞ্চালী ও ওড্রমাগধী"-প্রবাসী, ১৩০৮]। ৮ [বৃৎ (বাঁচিয়া থাকা) + তি (ণে)] ভোজন; আহার। ৯ জীবিকা। ১০ ব্যবসায়। ১১ কর্ম্ম। ১২ [কাব্যালঙ্কারে] "এই শব্দ বা এই পদ অমুক অর্থের প্রকাশক হউক, বক্তার এইরূপ ইচ্ছাময় যে ব্যাপার তাহার নাম বৃত্তি"-কাব্যদর্পণ। [দ্রঃ-"আমাদের অন্তঃকরণের যে বৃত্তি গুণ দ্বারা রঞ্জিত (affected) হয় তাহাই aesthetic বৃত্তি; যে বৃত্তি তাহার পাল্টা উত্তর দেয়-সেইটি হচ্চে will—moral faculty, যে বৃত্তি গুণ এবং কার্য্যের ক্রিয়া-প্রতিক্রিয়ার মধ্য হইতে সরিয়া দাঁড়াইয়া অনাসক্তভাবে উভয়ের লীলা পর্য্যবেক্ষণ করে তাহাই intellectual faculty. * * ঐ তিন বৃত্তি পরস্পরের সহিত এরূপ মাখামাখিভাবে জড়িত রহিয়াছে যে, **** তিনই তিনকে অপেক্ষা করে-কোনটি স্বপ্রধান নহে। গুণ-দ্বারা রঞ্জিত না হইলে ক্রিয়া চলিতে পারে না। ক্রিয়াশক্তি না থাকিলে গুণদ্বারা রঞ্জিত হওয়া সম্ভবে না; ক্রিয়া এবং প্রতিক্রিয়ার অবধারণক্ষম জ্ঞান না থাকিলে দুই-ই ব্যর্থ হইয়া যায়। জ্ঞানের বিষয় হচ্চে the true,

aesthetic faculty র বিষয় হচ্ছে the Beautiful, moral faculty র বিষয় হচ্ছে the good. এটাও ভাগ-ভাগ করিয়া দেখা। কাজের সময় ভাগ-ভাগ করা চলে না। * * * যাঁহারা আত্মাতে পরমাত্মার দর্শনলাভ করেন—তাঁহারা তাঁহার সত্যভাব সৌন্দর্য্য-দর্শন এবং মঙ্গলভাব তিনই একসঙ্গে হৃদয়ঙ্গম করেন। পরমাত্মাকে সুন্দর বলিলেই তাঁহাকে সত্য এবং মঙ্গল বলা হয়। মঙ্গল বলিলেই সত্য এবং সুন্দর বলা হয়, সত্য বলিলেই মঙ্গল এবং সুন্দর বলা হয়।"—দ্বিজেন্দ্র ঠাকুর]।

বৃত্তীয় [বৃত্ত+ঈয় (স্বার্থে)] বিণ, বর্তুলিত circular ~মান [ত্রিকোণমিতি (কং বিশং পরিঃ)] ইং circular measure এর বৈজ্ঞাং পরিঃ।

বৃত্য [বৃ (বরণ করা)+য (র্ম্ম), তু আগম] বিণ, যাকে বরণ করা যাইতে পারে; বরণীয়; বরণযোগ্য; বরেণ্য।

বৃত্র [পুং] বি, কশ্যপপুত্র মহাপ্রতাপশালী ও ধর্ম্মশীল দানববিঃ; বৃত্রাসুর। "কশ্যপতনয় বৃত্র ধর্ম্মশীল দাতা।"—রামাং (রাজং) [দ্রঃ—তপোনিরত বৃত্রকে দধীচিমুনির অস্থি নির্ম্মিত বজ্র দ্বারা নিহত করিয়া ইন্দ্র বৃত্রঘ্ন উপাধি প্রাপ্ত হন। পারসীকদিগের ধর্ম্মগ্রন্থ জেন্দা-বেস্তার বৃত্রের নাম "বেরেথ্" এবং গ্রীক্ নাম "অর্থোপন।" ইন্দ্র-বৃত্রের যুদ্ধ ঋগ্বেদের ৭-১৭ সূত্রে বর্ণিত আছে। বৃত্র আসুরীয় (assyrian) জাতির দলপতি বলিয়া বর্ণিত হইয়াছেন। আবেস্তায় আছে, যে বৃত্র বব্ অর্থাৎ বাবিলোনিয়া নগরে আরিয়ামা বা আর্য্য-ভূমি জনশূন্য করিবার মানসে উপযাগ করিয়া অশ্বিগুর নাম্নী দেবীকে জয়ের নিমিত্ত আরাধনা করিয়াছিলেন। কিন্তু তাঁহার সকল চেষ্টা নিষ্ফল হয় ও অবশেষে তিনি সবংশে ইন্দ্র কর্ত্তৃক নিহত হন। ইহা সেমিতিক জাতির সহিত আর্য্যজাতির সংগ্রাম বলিয়া অনুমিত হয় (ভারতকোষ)। ~ঘ্ন, ~হা, ~বৃত্রারি [বৃত্র+ঘ্ন, হা, অরি] বি, ইন্দ্র।

বৃথা [বৃ (প্রার্থনা, বরণ ইং) + থা (নিষ্প্রয়োজনার্থে, র্ম্ম)]। প্রাং বিথা, বের্থা, ব্রেথা, বেথা, (প্রায়ই অশিক্ষিতা নারীকথ্য ও নিম্নকথ্য) অব্রেথা, অবোথা, অবেথা, অবেথা, অবিথা; অবিথা] অ, অকারণ। ২ নিরর্থক; নিষ্ফল। "আমি বৃথা অভিসারে এ যমুনা পারে এসেছি"—রবীং।

বৃদ্ধ [বৃধ্ (বৃদ্ধি পাওয়া) + ত (র্ত্ত), যে বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে। প্রাং বির্দ্ধ (পুং বং গীং), বির্ধ, বেদ্ধো, বেরধো] বিণ, বৃদ্ধিযুক্ত। ২ বয়োজ্যেষ্ঠ; বুড়া; প্রবীণ; প্রাচীন। ৩ শ্রেষ্ঠ। ৪ বৃহৎ; বড়। ৫ [বৈদ্যকে] বীজতাড়ক; শৈলজ। > স্ত্রীং বৃদ্ধা—বিগতযৌবনা। ২ বয়োজ্যেষ্ঠা; বুড়ী। ~কাক—দাঁড়কাক। ~ত্ব [বৃদ্ধ+ত্ব(ভাং)] বি, বৃদ্ধাবস্থা; প্রবীণত্ব; বার্দ্ধক্য। ২ প্রাচীনত্ব। ~নাভি—বিণ, স্থূলোদর; ভুঁড়ো। ~প্রপিতামহ—প্রপিতামহের পিতা। > স্ত্রীং ~প্রপিতামহী—প্রপিতামহের মাতা। ~প্রমাতামহ—প্রমাতামহ হতে যিনি প্রাচীন অর্থাৎ প্রমাতামহের পিতা। > স্ত্রীং ~প্রমাতামহী—প্রমাতামহের মাতা। ~ভাব—বৃদ্ধত্ব। ২ বুড় টে ধরণ, বুড়ার মত আকার প্রকার। ~শ্রবাঃ—ইন্দ্র।

বৃদ্ধাঙ্গুলি [বৃদ্ধ (স্থূল যে) + অঙ্গুলি, ধা। প্রাদেং বুড়িয়া আঙ্গুল (বরিশাল), বুড়ি নউগ (রংপুর)] বি, অঙ্গুষ্ঠ; বুড় আঙ্গুল।

বৃদ্ধাসূত্রক [বৃদ্ধা (বুড়ী) + সূত্র (সুতা) + ক (স্বার্থে)] বি, ইন্দ্রতুল; আকাশ বুড়ীর সুতা (বুড়ী দ্রঃ)।

বৃদ্ধি [বৃধ্ (বৃদ্ধি পাওয়া) + তি (ভাং)] বি, ব্যাপ্তি; বিস্তার; প্রসার। ২ আধিক্য। ৩ অতিরেক; অযথা বৃদ্ধি; ঔদ্ধত্য; বাড়। ৪ সমৃদ্ধি; উন্নতি; বাড়বাড়ন্ত। ৫ সম্পত্তি। ৬ কুসীদ; সুদ। "আপদকালে রাজা বৃদ্ধি দিবার অঙ্গীকার করিয়া ধনিকের নিকট হইতে ধন গ্রহণ করেন এবং আপদ উদ্ধার হইলে গৃহীত ধন বৃদ্ধির সহিত প্রত্যর্পণ করেন।"—শুক্রনীতি (রত্নমালা)। ৭ [ফলিত জ্যোং] বৃদ্ধি নামক যোগবিঃ; একাদশ যোগ। ৮ [আয়ুং] অষ্টবর্গের অন্তর্গত কচু-জাতীয় লতাকন্দ। ঋদ্ধি ও বৃদ্ধি দেখিতে প্রায় একই প্রকার কেবল ঋদ্ধির ফলে বাম-দিকে আবর্ত্ত এবং বৃদ্ধির ফলে দক্ষিণে আবর্ত্ত থাকে। ইহার গাত্র শূকাবৃত, এক্ষণে ইহা দুষ্প্রাপ্য বলিয়া ইহার স্থলে শতমূলী ব্যবহৃত হয়। ৯ কোষবৃদ্ধি নামক রোগ hydrocele; অন্ত্রবৃদ্ধি hernia. ১০ [ব্যাং] স্বরের গুণ, যে নিয়মে—অ, আ="আ" হয়, ই, ঈ, এ, ঐ="ঐ" হয়, উ, ঊ, ও, ঔ= "ঔ" হয় এবং ঋ, ৠ="আর্" এবং ঌ ও ৡ= "আল্" হয়। ১১ [আইনে] অর্থদণ্ড; জরিমানা। ~কর—বিণ, বৃদ্ধিজনক; যা বাড়ায়। > স্ত্রীং ~করী। ~জীবিকা—বি, সুদখোরী। ~জীবী—বিণ, যে সুদ দ্বারা জীবিকা নির্ব্বাহ করে; সুদখোর; লগ্নি-কারক; মহাজন। > স্ত্রীং ~জীবিনী। ~দ [বৃদ্ধি-দ (দায়ী)] বিণ, বৃদ্ধিদানকারী। ২ উন্নতিবিধায়ক। ৩ [আয়ুং] জীবকবৃক্ষ। ৪ বারাহী। > স্ত্রীং ~দা। ~মান্ [বৃদ্ধি-মৎ (স্ত্যং)] বিণ, উন্নতিশীল; ঋদ্ধিমান্। > স্ত্রীং ~মতী। ~শ্রাদ্ধ [বৃদ্ধি (অভ্যুদয় নিমিত্ত) শ্রাদ্ধ] বি, আভ্যুদয়িক শ্রাদ্ধ। "বৃদ্ধিশ্রাদ্ধ দুইজনে করে অবশেষে"—কৃত্তিং।

বৃদ্ধোক্ষ [বৃদ্ধ + উক্ষা=উক্ষ] বি, বুড়ো ষাঁড়।

বৃদ্ধ্যাজীব [বৃদ্ধি (সুদ) + আজীব (জীবিকা) যার, বহুং] বি, বৃদ্ধিজীবী; সুদখোর; বার্দ্ধুষিক।

বৃন্ত [বৃ (বরণ করা) + ত (র্ম্ম), ন আগম] বি, ফল পুষ্পাদির বোঁটা; ফল পুষ্প ও পত্রের বন্ধনী। ২ স্তনাগ্র; চুচুক। ৩ জলপাত্র বসাইবার বিঁড়ে। ~চ্যুত [বৃন্ত চ্যুত, ৫তৎ] বিণ, যা বোঁটা হতে খসিয়া পড়িয়াছে।

বৃন্তাক [সং] বি, বেগুন। স্ত্রীং ~ী।

বৃন্দ [সং] বি, সমূহ। ২ সংখ্যাবিঃ; দশ অর্ব্বুদ।

বৃন্দা [সং] বি, তুলসী গাছ। ২ [পুং] জলন্ধর অসুরের মতান্তরে শঙ্খচূড় দৈত্যের পত্নী তুলসীর নামান্তর। ৩ রাধিকার সখীবিঃ। অতি পরিচয়ার্থে প্রাং বিন্দে (সম্বোধনেও)। ৪ রাধিকার নামান্তর।

বৃন্দাবন [বৃন্দার বন (লীলা কানন)] তুলসীবন। ২ মথুরার তিন ক্রোশ দূরে যমুনার বামতটে অবস্থিত নগর ও বনবিঃ। ইহা রাধা-কৃষ্ণের প্রধান লীলাভূমি ছিল বলিয়া বৈষ্ণবদিগের পরম পবিত্র তীর্থ বলিয়া প্রসিদ্ধ। "বৃন্দাবনে বনে বনে বিহরে হরি হয়ে বসন্ত"—কালীমির্জ্জা। ~চন্দ্র—বৃন্দাবনের

চন্দ্র ; শ্রীকৃষ্ণ। "কই গো বৃন্দে সই, বৃন্দাবন-চন্দ্র কই।"-রামবসু। ~র্ধন-বৃন্দাবনের সম্পদ বা রত্ন; শ্রীকৃষ্ণ। "বৃন্দাবন-ধন গোপীনী-মোহন কাহে তু তেয়াগি রে।"-বঙ্কিম°। ~ধাম-শ্রীকৃষ্ণ ও রাধিকার লীলাস্থল, বৃ° তীর্থ।

বৃন্দাবনেশ্বর [বৃন্দাবন+ঈশ্বর] বি, শ্রীকৃষ্ণ। স্ত্রীং ~রী-রাধিকা।

বৃন্দার [সং] বিণ, সুন্দর ; মনোজ্ঞ ; প্রীতিকর।

বৃন্দারক ["বৃন্দারকা দৈবতানি"-অমর°] বি, দেবতা। "দৈবাৎ দক্ষের ঘরে ঘটা হৈল বড়। ইন্দ্র চন্দ্র বৃন্দারকবৃন্দ হৈল জড়।"-শি°। ২ সুন্দর। ৩ প্রধান। ৪ উৎকৃষ্ট। ৫ খ্যাত্যাপন্ন। ~বৃন্দ-বি, দেবতাসমূহ।

বৃন্দিষ্ঠ [সং। "বৃন্দিষ্ঠাঃ বৃন্দারকাতিশয়ো" -অমর°] বি, বৃন্দারকসমূহ। ২ অতিশয় মনোজ্ঞ। ৩ অতি যশস্বী। ৪ সর্ব্বপ্রধান। স্ত্রীং বৃন্দিষ্ঠা।

বৃশ্চিক [ব্রশ্চ্ (ছেদন করা)+ইক (র্ত্তৃ), ব্র=বৃ] বি, বিছা। ২ বৃশ্চিক রাশি ; রাশি-চক্রের অষ্টম রাশি the scorpion. ৩ অগ্রহায়ণ মাস। ৪ [বিরল] শূক কীট ; শুয়া পোকা। বৃ° দংশন-বিছার কামড়। বৃ° দংশন জ্বালা-বিছার কামড়ের জ্বালা। ২ [লক্ষ°] আত্যন্তিক মর্ম্মদাহ ; অনুতাপ ; পরিতাপ। "মনের সেই বৃশ্চিক-দংশন জ্বালা যে অনেকটা উপশমিত হইয়াছে তাহা আমরা বলিতে বাধ্য।"-বসুমতী, ২৭ মাঘ, ১৩১৮।

বৃশ্চিকালী [বৃশ্চিক+আলী] বি, বৃশ্চিকসমূহ। ২ বিছুটীর গাছ।

বৃষ [বৃষ্ (বর্ষণ করা)+অ (র্ত্তৃ)। প্রা° বাং প্রাকৃ° বৃস। "বৈসাখ গেলে জৈট মাস বৃসরাশি।"-শূ° পু°। চট্টল° প্রাদে°-বিরিষ] বি, ষণ্ড ; ষাঁড় ; বৃষভ। ২ [জ্যো°] রাশি-চক্রের দ্বিতীয় রাশি Taurus ; the bull. ৩ ধর্ম্ম (তুল-ধর্ম্মের ষাঁড়)। ৪ বৃষজাতীয় পুরুষ। ৫ ইন্দ্র। "মানিলাম শিবের সম্বলমাত্র বৃষ। কিন্তু ঐরাবতগামী হয় যেই বৃষ।"-কুমারসম্ভব (রঙ্গলাল)। ৬ বিষ্ণু। ৭ ময়ূর-পুচ্ছ। ৮ কন্দর্প ; কামদেব। ৯ [আয়ু°] ঋষভ নামক ওষধিলতা। ১০ [ব্যা° শব্দের পর যুক্ত হইলে] শ্রেষ্ঠ। তুল-চন্দ্র, সিংহ, শার্দ্দূল ই°। ১১ বলশালী ব্যক্তি। ১২ রাধানন্দন কর্ণ। ১৩ জল। ১৪ শুক্র। ১৫ গৃহ নির্ম্মাণের উপযুক্ত ভূখণ্ড। ~কর্ণী [বৈদ্যকে] বি, সুদর্শনা নামক লতা; গুল্মবিঃ। ~কেতু -অঙ্গরাজ কর্ণের পুত্র। ~গন্ধা [বৈদ্যকে] বি, ছাগলবেঁটে গাছ convolulus argenteus. ~ণ [বৃষ্ (বর্ষণ করা-বীর্য্য)+ডন (র্ত্তৃ)] বি, মুষ্ক ; অণ্ডকোষ। ~ণ কচ্ছু [আয়ুর্ব্বেদীয় নিদানে] মুষ্কের চর্ম্মরোগবিঃ। ~ধ্বজ-বি, শিব। "শিব ভর্গ ত্রিলোচন বৃষধ্বজ পঞ্চানন চন্দ্রচূড় গিরিশ শঙ্কর।"-অ° ম°। ~পর্ণী-বি, আখুপর্ণী, ইন্দুরকাণী নামক জলপর্ণী বা পানা। ~পর্ব্বা [বৃষ (ষাঁড়) হইয়াছে পর্ব্ব (পর্ব্বন্ =অঙ্গুলি পর্ব্ব পরিমাণ) যার, বহু°] বি, শিব। ২ দৈত্যরাজবিঃ ; শর্ম্মিষ্ঠার পিতা। ৩ [বৈদ্যকে] ভৃঙ্গরাজ নামক তৃণ। ~বাহন-বি, শিব। ~বিবাহ [বৃষোৎসর্গ শ্রাদ্ধে ৪টি বৎসতরী ও একটি বৃষ উৎসর্গকালে বৃষকে ঐ বৎসতরীদের সহিত স্বেচ্ছাবিহারের প্রার্থনা হতে নাম] বি, বৃষোৎসর্গ। ~স্কন্ধ [বৃষের স্কন্ধ-৬তৎ] বি, ষাঁড়ের স্কন্ধের স্থূল মাংস বা ঝুটী ; ককুদ্। ২ [বৃষের স্কন্ধের ন্যায় স্কন্ধ যার, বহু°] বিণ, স্থূলকন্ধর ; ককুদ্‌বিশিষ্ট। ~স্যন্তী [বৃষ (ষাঁড়, বৃষ-জাতীয় পুরুষ)+য (ইচ্ছার্থে 'স' আগম, বৃষকে ইচ্ছা করা)+অৎ (র্ত্তৃ)+ঈ (স্ত্রীং)] বি, বৃষার্থিনী গাই। ২ বিণ, অতি কামুকী।

বৃষভ [সং] বি, বৃষ ; বলীবর্দ্দ ; বলদ ; ষাঁড়। ২ [বৈদিক] মহাব্রতে সবনীয় পশু। "বৃষভবাহন যোগধারী।"-অ° ম°। ৩ জৈন সম্প্রদায়বিঃ। ৪ [অন্য শব্দের পরে যুক্ত হইলে] শ্রেষ্ঠ। > স্ত্রীং ~ভী-বিধবা স্ত্রী। ২ হস্তীর কর্ণ। ৩ [আয়ু°] ওষধিবিঃ। ~ধ্বজ-বি, মহাদেব।

বৃষভানু [হিং-র অনুকরণে বৃকভানুও বলে, হিং-তে ষ=খ=ক] বি, গোপরাজ ও রাধিকার পালক-পিতা। ~নন্দিনী-রাধিকা। "জাগহ বৃষভানু-নন্দিনি মোহন যুবরাজে"-জগদানন্দ পণ্ডিত।

বৃষল [সং] বি, শূদ্র। ২ বিণ, পাপকর্ম্ম-কারী ; পাপী। স্ত্রীং ~া, ~ী₁। বি, ~তা, ~ত্ব-শূদ্রত্ব। ২ পাতিত্য। বৃষলাত্মজ-শূদ্রকুমার। ২ ধর্ম্মে পতিত ব্যক্তির পুত্র। > স্ত্রীং ~া।

বৃষলী₂-বি, শূদ্রা। ২ ঋতুমতী স্ত্রী। ৩ অবিবাহিতা দ্বাদশবর্ষীয়া রজঃস্বলা কন্যা। ৪ মৃত-সন্তান-প্রসবকারিণী স্ত্রী। ৫ বন্ধ্যানারী। ~পতি-শূদ্রা বিবাহকারী ব্রাহ্মণ। ~সেবন-ব্রাহ্মণের শূদ্রাসঙ্গম।

বৃষাকপি [সং] বি, মহাদেব।

বৃষাঙ্ক [বৃষ+অঙ্ক (চিহ্ন)] বি, বৃষধ্বজ ; মহাদেব। ২ অন্তঃপুররক্ষক খোজা। ৩ ময়ূর।

বৃষি, বৃষী [সং] বি, ব্রতধারীদিগের উপবেশনার্থ কুশাসন।

বৃষোৎসর্গ [বৃষ+উৎসর্গ, ৬তৎ। প্রা° বৃষোচ্ছুগগু] বি, শ্রাদ্ধবিঃ ; যে শ্রাদ্ধে শ্রাদ্ধকর্ত্তা ৪টি বৎসতরী সহ বৃষ ত্যাগ করে।

বৃষ্টি [বৃষ (বর্ষণ করা)+তি (ভা°)। প্রা° বিষ্টি] বি, মেঘ হতে জল পতন ; বর্ষণ। ২ [+তি(র্ম্ম)] বৃষ্টির জল। বিণ, বৃষ্ট-কৃতবর্ষণ। ~পাত-মেঘ হতে বারিবর্ষণ। এক ইঞ্চি বৃষ্টিপাত-বি, নির্দ্দিষ্ট স্থানে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে, নির্দ্দিষ্ট পরিমাণ বারিপাত। সাধাঃ বৎসরে বৃষ্টিপাতের গভীরতা ইঞ্চি হিসাবে পরিমাপিত হয়। এক একর ভূমিতে ১০১ টন এবং একবর্গ মাইল স্থানে ১ কোটি ৪৫ লক্ষ গ্যালন জল বুঝায়]। ~বিন্দু-বর্ষার জলের ফোঁটা। ~ভূ-বি, ভেক ; মণ্ডূক। ২ বিণ, বৃষ্টিসম্ভব। ~মানযন্ত্র-কি পরিমাণ বৃষ্টিপাত হইল তা যে যন্ত্রদ্বারা জানা যায় ; বৃষ্টি পতনের পরিমাণ নির্ণয় করিবার যন্ত্র pluviometer. ~স্নান-বর্ষার জলে কৃত স্নান।

বৃষ্ণি [বৃষ্ (বর্ষণ করা)+নি (র্ত্তৃ)] বি, যদুবংশ ; যদুবংশীয় ব্যক্তি ; যাদব। ২ কৃষ্ণ। ৩ জ্যোতিঃ। ৪ ইন্দ্র। ৫ বায়ু। ৬ মেষ। ৭ অগ্নি। ৮ গো। ৯ বিণ, বিধর্ম্মাবলম্বী। ১০ পাষণ্ড।

বৃষ্য [বৃষ+য (র্ম্ম)] বিণ, বীর্য্যবর্দ্ধন। ২

বলকর। ৩ বাজিকর। ৪ বি, মাষকলাই। স্ত্রীং বৃষ্যা।-শতাবরী। ২ আমলকী।

বৃহচ্ছল্ক [বৃহৎ+শল্ক (আঁইষ) ব্রীর, বহং॰] বি, বড় আঁইষযুক্ত মৎস্য; চিংড়ীমাছ। ২ বিণ, বৃহৎ শল্কবিশিষ্ট।

বৃহৎ [বৃহ্ (বৃদ্ধি পাওয়া)+অৎ (কৃ)] বিণ, প্রকাণ্ড; বড়; বিরাট। ২ বিস্তৃত। স্ত্রীং বৃহতী। প্র-বৃহতী সভা।

বৃহতিকা [সং] বি, উত্তরীয়; দোজা। ২ বার্তাকী; ছোট বেগুন।

বৃহতী [সং] বি, বৃহতিকা solanum esculentum. ২ কণ্টকারী solanum xanthocarpum. ৩ বিশ্বাবসুর বীণা। ৪ ছন্দোবিঃ। ~পতি [সং] বি, বাক্‌পতি; বৃহস্পতি।

বৃহত্তর-বিণ, বিস্তৃততর; বিশালতর; অতিবিস্তৃত; মহত্তর। বৃ॰ ভারত-ভারতের শিক্ষা দীক্ষা, সংস্কার উপনিবেশ ইত্যাদিতে ভারতীয় ভাবাপন্ন দেশসমূহ লইয়া বিশাল ভারত। "'বৃহত্তর ভারত পরিষদের' উদ্বোধন ও প্রতিষ্ঠা হয়েছে।" -উত্তরা, পৌষ, ১৩৩৩।

বৃহদ্ভানু [বৃহৎ (বড়)+ভানু (কিরণ) যার, বহং॰] বি, সূর্য্য। ২ অগ্নি।

বৃহদ্রথ [বৃহৎ (বড়)+রথ যার, বহং॰] বি, ইন্দ্র। ২ জরাসন্ধের পিতা। ৩ সামবেদের অংশ। ৪ যজ্ঞপাত্র।

বৃহন্দ [কৃত্তিবাসে, সঙ্গীত মুক্তাবলী ইং॰তে বিহন্দ (দ্রঃ)। ফা॰ বন্দ্ >] বি, বহির্বাির; দেউড়ী। ২ মহল। "বৃহন্দের বহির্গত হইল রাজন্।"-কৃত্তি॰। বাহির বৃহন্দ-বাহিরের মহল; বহির্বাটী। "বাহির বৃহন্দে বাসা দিল এত শুনি।"-খ॰।

বৃহন্নলা [মহা॰] বি, বিরাট রাজগৃহে অজ্ঞাত বাসকালে উর্বশীর শাপে ক্লীবত্বপ্রাপ্ত অর্জ্জুনের ছদ্মনাম। "কিম্বা বৃহন্নলারূপী কিরীটী"-মেঘ॰।

বৃহস্পতি [বৃহৎ (শ্রেষ্ঠ) পতি (প্রভু), ৬তৎ। ৎ=স্। কিম্বা বৃহতী (বাক্য) পতি, ৬তৎ, নিপাতন, বাক্যের অধিপতি। প্রা॰ বিস্পতি, বেস্পতি। নারীভাষায় 'বেস্তোস্পতি'। পু॰ ব॰ (চট্টলাদি অঞ্চলে) বিস্যুৎ, বিসিৎ, বৃসিৎ। "বিস্যুৎবারের বার বেলা"-দ্বি॰ রায়] বি, সুরগুরু; দেবতাদিগের আচার্য্য। ২ ধর্মশাস্ত্র প্রণেতাগণের অন্যতম। ৩ [সুরাচার্য্য বৃহস্পতির তুলনায়] বাচস্পতি; মহাপণ্ডিত; বিদ্যাবিশারদ। প্র-বিদায় বৃহস্পতি। ৪ [জ্যো॰] নবগ্রহের পঞ্চম গ্রহ the planet Jupitor. ৫ চার্ব্বাক দর্শনকার মুনিবিঃ। এ সম্বন্ধে মতভেদ আছে। ৬ সপ্তাহের পঞ্চম দিন। ~চক্র-কল্পিত জ্যোতিষানুমোদিত অঙ্কিত নর-দেহ। ২ ৬০ বর্ষব্যাপী কালচক্র a cycle of 60 years. ~বার [প্রাদে॰ ঢাকা অঞ্চলে-বিস্যুইদ্‌বার। ময়মনসিংহে-বিস্যুইদ্‌বার। নবদ্বীপ, হুগলী অঞ্চলে-বিস্যুৎবার] রবিবার হতে গণনা করিয়া সপ্তাহের পঞ্চম দিবস thursday. ~সুত-বি, বৃহস্পতির পুত্র কচ। ~সূত্র-বি, বৌদ্ধদিগের ধর্মশাস্ত্রবিঃ। কোন কোন মতে চার্ব্বাক মুনি ও বৃহস্পতি একই ব্যক্তি। বৃহস্পতির দশা-বি, বৃহস্পতি গ্রহের দশা (দশা দ্রঃ)।

বে১ [ফা॰ নঞর্থক উপসর্গ। তুল-সং-বি ("বিশেষ বৈরূপ্যনঞর্থ্যাতিদানেষু" -দুর্গাদাস, শব্দকল্পে)। বাং-র বিহীনার্থক "বি"। এই ফা॰ উপসর্গ সং,বাং, হিং, ফা॰, আ॰,ইং, প্রভৃতি বহুভাষার শব্দসহ যুক্ত হইয়া বাঙ্গালা ভাষায় ব্যবহৃত হইতেছে] অ, অভাব; শূন্য; হীন; রহিত। ২ [হিং হে। তুল-সং-হে] ছোটর প্রতি সম্বোধন শব্দ, বা অশিষ্ট ব্যবহার বলিয়া গণ্য। বে-তে (আবে-তাবে) করা-কাহাকেও তুচ্ছ মনে করিয়া তাহার সহিত অশিষ্টতাপূর্ব্বক সম্বোধন করিতে করিতে কথা বলা। ~অকল, ~আকল [বে+(আ॰) অকল্] বে আক্কেল দ্রঃ। ~অকুফ [বে+ফা॰ বক্‌ক্ (জ্ঞান) বাং প্রা॰ "বেয়াকুব"] বি, নির্ব্বোধ; অজ্ঞান; মূর্খ; বোকা। ~আক্কেল [ফা॰ বে (বিহীন) + আ॰ অক্‌ল্ (বুদ্ধি) > অং। বাং প্রা॰ ব্যবহারে "বেআক্কিলে" -"বেআক্কেলে"ও বলে] বিণ, বুদ্ধিহীন; বোকা। ২ বিবেচনা শূন্য। ~আইন [বে(বহির্ভূত) (আ॰) আইন্] বিণ, আইনবহির্ভূত; আইনবিগর্হিত। ~আইনী-বি, অন্যায়; অবিচার; আইন লঙ্ঘন। প্র-বে আইনী করা ভাল হয় নাই। ২ বিণ, আইন বিগর্হিত; অবৈধ। "জোর করিয়া এক দলীল লিখাইয়া লওয়াই নাকি এই বে-আইনী আটকের উদ্দেশ্য ছিল"-বাঙ্গালী, ১০২২। ~আইন জনতা-অবৈধ জনসঙ্ঘ unlawful assembly. ~আড়া [বে+বাং-আড়া (আকৃতি, গঠন)। বাং প্রা॰ "বিয়াড়া", "বেয়াড়া"] বিণ, বিকৃত; বেঢপ; গঠন-সৌন্দর্য্য-হীন; অনাসৃষ্টি। ২ [বে=বি (বিপরীত, মন্দ) আড়া (গঠন হতে ধরণ তা হতে প্রকৃতি) অথবা বি (বিপরীত-উৎকটভাবে) আড়া (বক্র)] অতিশয় বক্রস্বভাব; একগুঁয়ে; অবাধ্য। ~আদব [বে+আ॰ আদব্ (রীতিনীতি, শিষ্টাচার)। বাং-র "বেয়াদব"ও] বিণ, অশিষ্ট; অসভ্য; অভদ্র। "তোমরা বড় বে-আদব"-টেকচাঁদ। ২ যে শাসন মানে না; যাকে দাবা যায় না; দুরন্ত। "তুই বড় বে-আদব"-বঙ্কিম॰। > বি, ~আদবী-অশিষ্টতা। ২ দুরন্তপনা। "তুই বড় বে-আদব, দেখিস যেন আমার শ্বশুর বাড়ী গিয়া বেআদবী করিস্ না।"-বঙ্কিম॰(লোকরহস্য)। ~আন্দাজ [বে+ফা॰ আন্দাজ্ বা আন্দাজা (পরিমাণ)] বিণ, পরিমাণবিহীন; বেহিসাব; অপরিমিত। > বি, ~আন্দাজি। বাং-র, 'বিণ'ও হয়]। ~আবরু [বে+আ॰ আবরু (মানসম্ভ্রম, ইজ্জৎ)] বিণ, অপমানিত; অপদস্থ; মানহীন। ২ [বিশে॰] স্ত্রীলোকের সম্ভ্রম নষ্টকরণ; বেইজ্জৎ। ৩ [ফা॰ আব্‌রা (উপরের আচ্ছাদন)] আবরণহীন; বেপর্দ্দা। ~আবাদ [বে+ফা॰ আবাদ্ (চাষ, বাস)] বি, অকর্ষিত। ২ অনধ্যুষিত; বসতিহীন। ~আরাম [বে+ফা॰ আরাম্ (স্বাস্থ্য, সুখ, শান্তি)] বিণ, অসুস্থ; রুগ্ন। বাং-র বি, রূপে প্রচর] বি, রোগ; অসুখ। বিণ, ~আরামী-রুগ্ন। হিং-তে বি। ~ইখতিয়ার-বে-এক্তার দ্রঃ। ~ইজ্জৎ [বে-ফা॰ ইজ্জৎ (সম্ভ্রম, আবরু)] বিণ, সম্ভ্রমশূন্য। ২ বি, অপমান; অসম্ভ্রম। ~ইজ্জতি, ~ইজ্জতী-বি, অপদস্থতা;

অপমান ; বেআবরু। ~ইন্‌সাফ [ফা°] বিণ, অন্যায়পরায়ণ ; অবিচারকারী। বি, বে-ইনসাফি-অবিচার। ~ইমান [বে +আ° ঈমান (ধর্ম্মাধর্ম্মবিশ্বাস, বিবেক)] বিণ, অধার্ম্মিক। ২ ধর্ম্মহীন ; যার ধর্ম্মে বিশ্বাস বা আস্থা নাই। ৩ [যে ধর্ম্মে বিশ্বাস বা আস্থা না থাকায় সহজেই বিশ্বাস ভঙ্গ করিতে পারে এইভাব হইতে] বিশ্বাসের অযোগ্য। ৪ বিশ্বাসভঙ্গকারী ; বিশ্বাসঘাতক। >বি, ~ইমানি, ~ইমানী-বিশ্বাসঘাতকতা। ~একতার, ~এক (খ) তিয়ার, ~এক্তিয়ার [বে-ফা°ইখ্‌তিয়ার্ (অধিকার)]বিণ, অনায়ত্ত ; অধিকার বা আয়ত্তের বহির্ভূত। ২ অবশ ; অসুস্থতাজনিত শক্তির বহির্ভূত ; অস্থির। প্র-রৌদ্রে অনাহারে ঘুরে ঘুরে শরীর বে-একতার হ'য়ে গেছে। >বি,~-একতিয়ারী-উপায়হীনতা ; অনধিকার। ~একরার [বে+আ° ইক্‌রার্ (স্বীকার, সর্ত্ত)] বি, সর্ত্তহীনতা। ২ অস্বীকার। বিণ, ~একরারী। ~এলাকাদার [আদা°] বি, নির্লিপ্ত (ব্যক্তি) ; সংশ্রবহীন (ব্যক্তি) unconcerned person. ~ওআকিফ, ~ওয়াকিফ [ফা° বে (না)+আ° ৱাকিফ্] বিণ, অজ্ঞ ; অবিদিত uninformed. ~ওকুফ [ফা° বে+আ° ৱুকুফ্ (বোধ)। গ্রা° বেকুব, বেয়াকুব (দ্রঃ)] বিণ, নির্ব্বোধ। ~ওক্ত [ফা° বে-ৱক্‌ৎ (সময়)] বি,অসময় ; বেটাইম দ্রঃ।~ওজন [বে-ফা° ৱজ্‌ন্ (তৌল, পরিমাণ)] বিণ, যার ওজন হয় না ; বে-আন্দাজ ; অপরিমিত। ২ অতিরিক্ত ভারী। >বি, ~ওজনী। ~ওজর [বে+ফা° উজর্ (আপত্তি)] বিণ, আপত্তিবিহীন। ~ওতন [বে-ফা° ৱতন্ (গৃহ,জন্মস্থান ; বাসস্থান)] বিণ, গৃহহীন। ২ ভদ্রাসন হ'তে কোন গৃহস্থকে বিতাড়িত বা বঞ্চিত করিলে তাকে বেওতন বলে। ~ওয়ারিস [বে+ফা° ৱারিশ্ (দাবীদার)] বিণ, দাবীদারহীন ; স্বত্বহীন unclaimed. ~কবুল [বে+আ° কবূল্ (স্বীকার)] বি, অস্বীকৃত। ~করার [বে-ফা° করার্ (চুক্তি)] বিণ, চুক্তিবিহীন ; যা কোন চুক্তি দ্বারা স্থিরকৃত নহে। ২ পরিবর্ত্তনশীল। ~কল-বিকল দ্রঃ। কিসুর [বে+ফা° কুসুর্ (দোষ, ত্রুটি)] বিণ, নির্দ্দোষ ; নিরপরাধ। "গোপীনাথ পেতে পারে বেকসুর মুক্তি"-দ্বি° রায়। ~কানুন [বে+ফা° কানূন্ (আইন)] বিণ, বেআইন illegal. ~কানুনী-বি, বাং-বিণ, বে-আইনী;আইন বহির্ভূত contrary to law. ~কাবু [বে (না) ফা° কাবু (আয়ত্ত, বশ)] বিণ, বেবশ ; অনায়ত্ত। ~কায়দা [বে+আ° কাএদা (কৌশল)] বিণ, কৌশলের বহির্ভূত ; স্বীয় আয়ত্ত বা বশের অতীত ; ~বেকার [বে+ফা° কার (কর্ম্ম)] বিণ, কর্ম্মবিহীন ; নিষ্কর্ম্মা ; অলস। ~কুফ-বেওকুফ দ্রঃ। ~কুফি, ~কুবি [বে+আ° ৱকুফী >বাং উচ্চারণে। বেঅকুফ দ্রঃ] বি, বোকামি ; মূর্খতা। "হোল দেখি বেকুফিতে"-দ্বি° রায়। ~খবর১ [ফা° বে+আ° খ্‌বর] বিণ, অজ্ঞ। ২ বেহুঁস। ~খবর২ [বে+ফা° খবর্ (সংবাদ, তত্ত্ব)] বিণ, অবিদিত। ২ অমনোযোগী ; অসতর্ক ; অসাবধান। ~খরচ, ~খরচা [বে (বিনা)+ফা° খর্চ্ (ব্যয়)] অ, বিনা ব্যয়ে ; বিনামূল্যে ; নিখর্চা। ২ যার খরচ নাই ; দরিদ্র। ~গতিক [বে+সং-গতিক (উপায়, অবস্থা)]বিণ,নিরুপায়। ২ দুরবস্থ ; সঙ্কটাপন্ন। "বেগতিক ক্রমে ক্রমে শরীরের দশা"-দ্বি° রায়। ~গরজী [বে-গরজ(দ্রঃ)+ই] বি, নিষ্প্রয়োজন। ~গোছ [বে+বাং-গোছ (<সং-গুচ্ছ)-শৃঙ্খলা ; সুযোগ] বিণ, বিশৃঙ্খল ; এলোমেলো। ২ সুযোগহীন। ৩ বি, অসুবিধা। "আবার বেগোছ দেখিয়া কৃষ্ণগোবিন্দ বাবাজি বৈষ্ণবী লইয়া সেখান হইতে পলায়ন করিলেন"।-দেবী চৌধুরাণী। ~চারা, -রী-বেচারা দ্রঃ। ~-চাল [বে +ফা চাল্ (চরিত্র)] বিণ, চরিত্রহীন ; মন্দ চালচলনবিশিষ্ট। ~ছপ্পর [বে+হিং ছপ্পর (<সং-খর্পর)] বিণ,গৃহশূন্য। ২ যে মৌজায় বসতি নাই ; বসতিহীন। ~জবাব-বিণ, নিরুত্তর। ~জাতি-কুজাতির ; বিশ্রী। ~-জোড়-বিজোড় ; অযুগ্ম। ~-টাইম [বে-ইং time (সময়) গ্রা° বেতাইন] বি, অসময় ; অকাল। বিণ, সময়ের বহির্ভূত। ~ঠিক [বে+হিং+ঠিক (<সং-স্থির)] বিণ, স্থিরতা-রহিত। ২ অসত্য। ৩ অগুদ্ধা-জনক। ৪ ভুল। ~ডাঁড়া [বে+ডাঁড়া < দাঁড়া < দণ্ড] বিণ, পৃষ্ঠদণ্ডহীন। ২ [বিধারা >] রীতিবহির্ভূত ; উল্টা ধারা-বিশিষ্ট। ~ডৌল [ফা° বে+হিং ডৌল (গঠন)] বিণ, সুগঠনহীন ; বেঢপ ; বিশ্রী। ~ঢং, ~ঢঙ, ~ঢঙ্গা, ~ঢপ [বে+হিং ঢঙ্গ,ঢব্ ই° (অবয়ব)] বিণ, বিকৃত ; গঠন° সৌষ্ঠবহীন ; বিশ্রী। ~তদবীর [বে+ফা° তদ্‌বীর্ (প্রতিকার চেষ্টা)] বিণ, চেষ্টাবিহীন ; অপ্রতিবিহিত। ২ বি, অতাদারক ; অপ্রতিবিধান। "কিন্তু মকদ্দমাটা যেন বেতদ্বিরে যায় না"-টেকচাঁদ। ~তমীজ-বিণ, অনভিজ্ঞ। ২ [বদতমীজ ও°] শিষ্টাচারবিহীন। ~তরিবৎ [বে+ফা° তরিবৎ (শিক্ষা)] বিণ, অশিক্ষিত। ২ বি, কুশিক্ষাপ্রাপ্ত। "ছেলেটি বেতরিবৎ নয়।"-সধবার একাদশী। ~তাইন-বে১ (দ্রঃ) টাইম দ্রঃ। ~তাক, ~তাগ [বে+হিং তাগ্ (লক্ষ্য)] বিণ, লক্ষ্যবহির্ভূত ; ভ্রষ্টলক্ষ্য। ~তাগৎ [বে+ফা° তাকৎ (শক্তি)] বিণ, নিঃশক্তি ; দুর্ব্বল ; অক্ষম। ~তার [বে+হিং তার (স্বাদ)] বিণ, স্বাদহীন। ২ বিস্বাদ। ~তাল, ~তালা [বে+সং-তাল (লয়, গীতবাদ্য ও নৃত্য ক্রিয়ার ছন্দানুযায়িক কাল পরিমাণ)+আ (বির্থে°)] বিণ,লয়হীন। ২ অনুপযোগী তাল। ৩ অপ্রাসঙ্গিক। ~থাক-বিণ, শ্রেণী, স্তর বা সারিভঙ্গ ; শ্রেণীবদ্ধ নয় ; শ্রেণীবহির্ভূত। ২ থাকবদ্ধ না থাকা হেতু বেমানান। ~দখল [বে+ফা° দখল্ (অধিকার ; আয়ত্ত, আমল)] বিণ, অধিকারচ্যুত। ২ অনায়ত্ত। দখলি [আদা°] বি, বহিষ্করণ ; উচ্ছেদ ejectment; eviction. ~দম [বে+ফা° দম্ (শ্বাস, প্রাণবায়ু)] বিণ, শ্বাসরহিত ; প্রাণান্ত। ২ প্রাণবায়ু বাহিরকারী অর্থাৎ গুরুতর (প্রহার সম্বন্ধে)। প্র-বেদম প্রহার। ~দল-বিণ, দলছাড়া। ~দলীল,

দলীলী [বে+ফা॰ দলীল্(প্রমাণ, যুক্তি)] বি, প্রমাণহীন। ২ যুক্তিহীন। ~দস্তুর [বে+ফা॰ দস্তূর্ (প্রথা)] বিণ, প্রথাবিরুদ্ধ; ব্যবহারবর্জ্জিত। ~দাঁড়া [গ্রা॰ ব্যাদড়া] বেয়াড়া দ্রঃ। ~দাগ [বে+ফা॰ দাগ (চিহ্ন, কলঙ্ক)] বিণ, চিহ্নহীন। ২ নিষ্কলঙ্ক। ৩ নির্দ্দোষ। ~দাব [বে+হিং দাব (শাসন)] বিণ, অশাসিত; উদ্ধত। ~দাবা, ~দাবী- বিণ, দাবহীন। ২ নির্ব্বিবাদী; অনভিযুক্ত। ৩ যাতে দাবী বা স্বত্ব স্থাপন করিবার নাই। ~দাম, দামী-বিণ, মূল্যহীন। ২ অমূল্য। ~দিল [ফা বে+ফা॰ দিল্ (মন, হৃদয়) বিণ, ভগ্নহৃদয়; হতাশ; মনভাঙ্গা; দুঃখিত। "বিরস বচন বলা উপযুক্ত নয়; রাজা বড় হটিল, বেদিল পাছে হয়"।-ধ॰। ~দিশে- দিক্‌ভ্রম। ২ লক্ষ্যভ্রম। "বায়স্কোপের ছবিতে যেমন দেখি ঠিক তেমনই দ্রুত কাজকর্ম্ম এদের। আর হাত পা চলার একটুও বেদিশে নাই, সবই যেন প্রাক্‌টিস্ করে শেখা।"- বিলাত ভ্রমণ (অ॰ নন্দী)। ~দীন [বে+ফা॰-দীন্=ধর্ম্ম] বিণ, অধার্ম্মিক। ২ বিধর্ম্মী। "কাফর বাঙ্গালি হিন্দু বেদীন বামণ।" -অ॰ ম॰। ~ধড়ক [বে + হিং ধাড়া (পরিমাণ)] বিণ, অপরিমিত; অত্যন্ত। "হোটেলওয়ালা খানসামায়া মুরগী কারি, কাটলেট, কোরমা কাবাব বেধড়ক বিক্রি করেছে"-কলিকাতা রহস্য। ২ [হিং বেডর > দরক > ধড়ক] বিণ, নির্ভয়। ৩ ক্রি-বিণ, বেপরোয়া; অসঙ্কোচে। ~ধারা-বি, কুরীতি; বিশৃঙ্খলা। ~নজীর [ফা॰ বে+আ॰ নজীর] বিণ, যার নজীর (দ্রঃ) নাই; অতুলনীয়। ~নাম-বিণ, নামহীন। ২ কল্পিত নামধারী। ~নামদার-বিণ, কল্পিত নামধারী। ২ অখ্যাত। ~নামা, ~নামী [ফা॰ বে+ফা॰ নাম্ (নাম, যশ)] বিণ, নামবিহীন; উড়ো anonymous. ২ অন্যের নামে। ৩ কাল্পনিক নাম দিয়া। ~নামীদার-যার নামে অন্যের সম্পত্তি থাকে ostensible holder. ~নাল [প্রাদে॰] বি, বিপদ; বিপাক। "ফেলাইলা বে-নালে।"-মৈ॰গী॰। ~নুটীস্ [ফা॰ বে+ইং notice (আদালতের ঘোষণা, সংবাদ)] বিণ, বিজ্ঞাপন, সংবাদ বা খবর না দেওয়া। ~পরোয়া [বে+ফা॰ পর্‌বা (ভয়)] বিণ, যে কারও ভয় রাখে না; ভয়শূন্য; নির্ভীক। ২ স্বচ্ছন্দ। বি, ~পরোয়াই-নির্ভীকতা। ২ স্বাধীন ভাব। ~পর্দ্দা, ~পর্‌দা [বে+ফা॰ পর্দ্দা (আবরণ, লজ্জা, সম্ভ্রম)] বিণ, আবরণহীন; যবনিকাবিহীন; ঘোমটাহীন; প্রকাশ্য; উন্মুক্ত। "দরিয়া বিবি পাশের বাটীতেই বাস করে, ঘরের পিছন দিয়া যাওয়া যায়, অতএব ফতেমা বিবি বেপরদা না হইয়াও দরিয়া বিবির গৃহে গিয়া উপস্থিত হইলেন"-বঙ্কিম॰। ২ লজ্জারহিত। ৩ বেআবরু; সম্ভ্রমশূন্য; অপমানিত। ~পসন্দ [বে+ফা॰ পসন্দ্] বিণ, অমনোনীত। ~ফয়দা, -ফায়দা [বে+ফা॰ ফাএ্‌দা (লাভ, হিত)] বিণ, লাভশূন্য। ২ বৃথা; অনর্থক। ৩ অকেজো। ~ফাঁস [বে+ফা॰ ফাশ্ (প্রকাশ, সাধারণের জ্ঞানগোচর) অথবা ফাঁস (বন্ধন, আটক)] বিণ, প্রকাশ বা ব্যক্ত করিবার অযোগ্য; অকথ্য; মুখছুট; অনুল্লেখ্য। "পাছে কি বেফাঁস বলি" -দ্বি॰ রায়। ~বদল-বি, অপরিবর্ত্তন। ২ বিণ, পরিবর্ত্তনহীন। ~বন্দেজ [বে+ফা॰ ব্‌ন্দিশ্ (বন্ধন)] বিণ, বন্ধনহীন। ২ ব্যবস্থা-শূন্য; বিশৃঙ্খল। ~বন্দোবস্ত [বে+ফা॰ বন্দ্-ও-বস্ত্ (শৃঙ্খলা, নিয়ম)] বিণ, বিশৃঙ্খল। ২ বি, অব্যবস্থা; বিশৃঙ্খলতা। ~বাক [বে+আ॰ বাকী (অবশিষ্ট)] বিণ, ক্রি-বিণ, নিঃশেষ; নিঃশেষে। ২ সমস্ত; সম্পূর্ণ। "বকেয়া বিত্তর বাকি বেবাক না পাই"-ধ॰। ~বুনিয়াদ [ফা॰] বিণ, ভিত্তি-হীন groundless; baseless. ~মক্কা, ~মাক্কা, ~মৌকা [বে+আ মওকা (স্থান, ক্ষেত্র)] বিণ, স্থান-বহির্ভূত। ২ অযোগ্য; অসঙ্গত। ৩ অসুবিধাজনক। ~মজলিসী [মজলিস দ্রঃ] বিণ, মজলিসের অযোগ্য। ২ সভাসাজন্ত নয়। ~মতলব [বে+ফা॰ মৎলব্ (উদ্দেশ্য)] বিণ, উদ্দেশ্য-হীন। ২ নিঃস্বার্থ। ৩ অর্থহীন। ~মনাসিব, ~মু-, ~মো [বে+আ॰ মুনাসিব (দ্রঃ)] বিণ, অনুপযোগী; অনুচিত। ২ মনের মত। ~মানান [বে+হিং মিলন (সং-মিল্-মিলনে, সঙ্গীভাবাপন্নার্থে >)] বিণ, মিলনহীন; গরমিল; অসামঞ্জস্য; অসুন্দর। "তিনি পাড়াগাঁয়ের মেয়ে পাড়া-গাঁয়ে জন্মিয়া সেইখানে বড় হইয়াছিলেন বটে, কিন্তু সহরের মধ্যেও তাঁহাকে এক-দিনের জন্য বে-মানান দেখায় নাই।"- পরিণীতা (শ॰ চট্টো॰)। ~মালুম [বে+আ॰ মাঅ্‌লুম্ (বোধ)] বিণ, অন্যের অজ্ঞাতসারে। ২ ক্রি-বিণ, জানা যায় না বা বোধ হয় না এমনভাবে; অজান্তে; অসাড়ে। ৩ নিঃশব্দে। "কলকব্জা বেমালুম লাগাইয়াছি। তাহার উপর ছাগলের পাতলা চামড়া মুড়িয়া আমার গায়ের মত রঙ করাইয়াছি।"-বঙ্কিম॰। ~মালেক [মালিক > মালেক] বিণ, অধিকারচ্যুত; অধিকারবিহীন। ~মেরামত [বে+আ॰ মরম্মৎ (জীর্ণ সংস্কার)] বিণ, ভগ্ন বা পুরাতন ও জীর্ণ। ২ বি, জীর্ণসংস্কারবিহীনাবস্থা। "সাত বৎসর হইল ওখানে ফুলবাগান ছিল, বেমেরামতে গিয়াছে।"-বঙ্কিম॰। ~মেল [বে-মেল (মিলন)] বিণ, তুলনা হয় না বা মেলে না এমন; অসদৃশ; অযোগ্য; গরমিল; বেমানান; বিসদৃশ। ২ বি, মিলনাভাব। ~য়াড়া-বেআড়া দ্রঃ। ~রসিক [বে+সং-রসিক] বিণ, রসজ্ঞানহীন; অরসিক। ২ বিরুদ্ধ রসাবতারণার দ্বারা রসভঙ্গকারী; বদরসিক। তুল-বদ্‌রং (তাস ইং-র)। ৩ কবিত্বহীন prosaic. "অস্তগামী সূর্য্যের লোহিতাভা, মৃদু সমীরণ ও শান্ত সুন্দর জলধি আমা হেন বেরসিকের মনেও বেশ একটু কবিতার ভাব জাগিয়ে তুলিল।"-জাপান (ডাঃ মল্লিক)। ~রেআ, ~রেয়া [বে-আ॰ রিয়া (কপটতা)] বিণ, ছলশূন্য; সরল। ২ যে ঘুষ খায় না। ~রোজগারী [বে-রোজগার (দ্রঃ)+ঈ] বিণ, যার রোজগার নাই; উপার্জ্জনে অক্ষম; নিরোজগারী। ~লয় [বে+সং-লয় (তাল)] বিণ, লয়হীন; বেতালা। ২ অসঙ্গত। ৩ অপ্রাসঙ্গিক। ~শক্, ~সক্ [বে+আ॰ শক্ (সন্দেহ)] ক্রি-বিণ, নিঃসন্দেহ; নিশ্চয়। ~শরম, ~সরম [বে+ফা॰ শর্‌ম্ (লজ্জা)] বিণ, নির্লজ্জ; বেহায়া। ~শুমার, ~সুমার

[বে+ফা॰ শুমার্ (সংখ্যা, গণনা, পরিমাণ)] বিণ, অসংখ্য ; অগণিত ; অপরিমিত। ~সভ্য [বে+সং-সভ্য] বিণ, সভ্যতা-বর্জিত ; অসভ্য। ~সম্পর্ক-বিণ, সম্বন্ধহীন ; সংশ্রবশূন্য। ~সরকারী [বে+আ॰ =সর্কার্ (রাজা, গবর্ণমেণ্ট)+ঈ] বিণ, রাজা বা গবর্ণমেণ্টের খাসদখলে বা নাই। ~সরম [সরম দ্রঃ] বিণ, নির্লজ্জ। ~সামাল [বে+হিং সম্ভালনা (সাম্‌লান)] বিণ, বেষণ ; অরক্ষিত। ২ অসাবধান। ৩ অক্ষম। ~সুমার-বিণ, অসংখ্য ; যার গণনা বা পরিমাণ হয় না। ~সুর, ~সুরা, ~সুরো [বে+হিং সুর (সং-স্বর >)] বিণ, স্বরবিহীন ; অসংলগ্ন বা অসঙ্গত সুরবিশিষ্ট। "দেখ, লোকের বৃদ্ধ পিতামাতার বেসুরো বকাবকিতে কোন ফল দর্শে।"-বঙ্কিম॰। ~হক্ [বিরল। নাহক্ দ্রঃ] অ, অসঙ্গত ; অনুচিত। ২ অনধিকার ; দাবীহীন। ~হদ্দ [বে+আ॰ হদ্ (সীমা)] বিণ, অসীম। ২ অত্যন্ত ; বেজায় ; অতিরিক্ত। ৩ অশোভনভাবে অতিরিক্ত ; বেয়াড়া ; খারাব ; জঘন্য ; কুৎসিৎ। "তার চেয়েও বেহদ্দ", "আমাদের বাগ্দী দরওয়ান ভজার চেয়েও বেহদ্দ।" "বেহদ্দ সুখের সাধ পা ছড়ায়ে বসা।"-হেম॰। "মুদিত কুঁদে বাঁধা বাজু বেহদ্দ বাহার।"-গিং ঘোষ। ~হাত [বে+হিং হাথ (হস্ত, অধিকার, আয়ত্ত)] বিণ, হাত-ছাড়া ; অনায়ত্ত ; অধিকারের বাহিরে। ২ বিপদগ্রস্ত। ~হায়া [বে+আ॰ হয়া (লজ্জা)] বিণ, বেলজ্জ ; লজ্জাহীন। "ঠেকেছে বিষম দায় বেহায়া বেলিক সেই বাতাসের সনে।" -কুসুম। ~হাল [বে+ফা॰ হাল্ (অবস্থা)] বিণ॰ অবস্থাহীন ; দুরবস্থ ; অতিশয় দরিদ্র। ~হিসাব [বে+ফা॰ হিসাব (গণনা)] বিণ, অগণিত ; অসংখ্য। ২ যে গণনা বা খতিয়াম প্রয়োজনের অনুরূপ নহে। ৩ বিনা যোকাবিলা। ৪ বিনা অঙ্কপাত। "বেহিসাবে একবিন্দু না পারে লইতে।"-ভারত॰। ~হিসাবী-বিণ, হিসাব করণে বা প্রয়োজন মত ব্যয় নির্দ্ধারণে অক্ষম। ২ ফলাফল-অনুধাবনশক্তি যার নাই ; অপরিণামদর্শী। ~হুকুম-বিণ, ক্রি-বিণ, বিনানুমতি। ২ হুকুমবিরুদ্ধ ; "আদেশের বিপরীত। ~হুদা [ফা॰ বে+আ॰ হুদা (ঠিক পথ) > ভ্রং। যেমন॰ আদা॰] বি, অযৌক্তিক ; অন্যায় improper ; without reason. ~হেড্ [বে+ইং head (মস্তক)] বিণ, মস্তক বা মস্তিষ্কবিহীন > মাথা খারাব ; মতিভ্রষ্ট ; বদমেজাজ। ২ প্রমত্ত ; নেশা বা রিপুর বশে হিতাহিত-বোধশূন্য ; মাতাল ও ভ্রষ্টচরিত্র ; লজ্জা ও ভয়ের অতীত অবস্থায় যে বিগড়িয়াছে। ৩ বিকৃতবুদ্ধি। ~হোশ, ~হুঁস, ~হোস [বে+ফা॰ হোশ্ (জ্ঞান, চৈতন্য)] বিণ, অচৈতন্য। ২ নির্ব্বোধ। ৩ পাগল। "এদেশে যে ফুল ফোটে, সমীরে সুরভি ছোটে, সে তারে করে না এত বেহুঁস বিভল।"-কুসুম। ~হুঁসিয়ার [বে+ফা॰ হোশ্+হিং বার (ওয়ালা) > ইয়ার] বিণ, অচৈতন্য ; বেখবর। ২ অচতুর। ৩ অসাবধান।

বে২, বে' [বিবাহ >' দ্রুত উচ্চারণে "বিয়ে" > কে॰] বি, বিবাহ ; পরিণয়। "বের রাত্তিরে বাসর ঘরে বেহুলা সতীর পতি"-বাং গান। "ওমনি মেয়ে বে' করতে হ'লে গেছি আর কি ?"-পিতাপুত্র।

বেঅ [সং-বেদ > প্রাকৃ॰, বৌ॰ বাং সা॰] বি, বেদ (দো॰ পৃ॰ ৮২)। বেএঁ-বেদে (চ॰ পদ॰ ২৯।৩)।

বেআক-বেবাক দ্রঃ।

বেআজ [ব্যাজ >] বি, ছল। ২ বিলম্ব। "তবে সুই হে কেহে এতেক বেআজ"-শ্রী॰ কী॰।

বেআপা-ব্যাপা দ্রঃ।

বেআলি [বে-আলি (মিল)। প্রা॰বাং] বি, গরমিল ; বিরোধ ; বিবাদ। "পোয়ে ঝিয়ে হয় বেআলি।"-ডাক॰।

বেউ [পূ॰ ব॰ প্রাদে॰। বক্র > (প॰ বঙ্গে) বাঁকা। পূ॰ শ্রীহট্টে 'বাং' বিণ, বাঁকা।

বেউর, বেউড় বাঁশ [বেষ্ট > বেউড় (বেড়া)+বাঁশ (বংশ)-পূর্ব্বে বেড়া দিবার জন্য এই বাঁশই ব্যবহৃত হইত বলিয়া] বি, বংশ ; কণ্টকযুক্ত বংশ। "চৌদিগে বেউর বাঁশ।" -কবিক॰।

বেউল [ব্যাকুল >] বিণ, ব্যাকুল। "শুন মাতা ধর্ম্মমতি বে॰ হইমু অতি।"-চণ্ডি॰।

বেউলা [বালবিধবা > বৌলা >]। বেহুলার ন্যায় বিবাহবাসরে বিধবা হওয়ার ভাব হ'তে] বি, সদ্য-বিবাহিতা বালিকার বিধবা অবস্থা। ২ ঐরূপ বিধবা।

বেউশ্যা-বেশ্যা দ্রঃ।

বেঁউতি [সং-বৃতি >] বি, নদীতে আড়াআড়ি ফেলিয়া মাছ ধরা দীর্ঘ জাল।

বেওয়া [ফা॰] বি, পতিপুত্রহীনা নারী।

বেওরা [সং-বিবরণ] বি, ব্যাপার ; বিবরণ। ২ বিস্তারিত ইতিহাস।

বৈং-বেঙ্গ দ্রঃ।

বেঁকা (-বেঁ-) [সং-বক্র, হিং বক্ক, বাং-র -বাঁকা, বেঁকা] বিণ, বক্র। ২ একগুঁয়ে। ৩ কুটিল ; কপট। ৪ প্রতিকূল। ক্রি, ~নো, ~নো-বাঁকান দ্রঃ।

বেঁকি [প্রাদে॰] বি, বাঁকমল।

বেঁজি, বেঁজী [< বেজ < বেদিয়া < বিষবৈদ্য। সর্পচিকিৎসক বলিয়া সাধারণের বিশ্বাস হ'তে] বি, নকুল ; নেউল a weasel.

বেঁটুল [সং-বর্ত্তুল >] বি, বর্ত্তুলাকার পাথরের গুটি, পাখী, হনুমান ইং তাড়াইতে ব্যবহার করা হয়।

বেঁটিয়া, বেঁটে১, বেঁঠে [সং-বণ্ঠ। "বণ্ঠঃ স্যাদ্ অকৃতোদ্বাহে খর্ব্বে কুণ্ডায়ুধেঽপি চ"-মে॰] বিণ, বামন ; খাট। "খেটে খেটে খেটে-হয়ে গেলাম ঘোরতর কাহিল এবং বেঁটে"-দ্বি॰রায়। বেঁটে-খেঁটে, বেঁটে-খাটো [সহ॰ য়। পূ॰ বঙ্গ প্রাদে॰ 'বাড়িগুড়ি'। "বাড়িগুড়ি ডোমের নারী দিগল আগল কেশ"-পূ॰ ব॰ গী॰] সকল দিকেই খাট বা খর্ব্ব। "একটি স্থূলাকার বেঁটে-খাটো বাবু"-চোরকাটা। বেঁটে বিস্কু,-বাস্কু র-বিণ, খর্ব্ব ; বামন।

বেঁটে২ [বাঁটা দ্রঃ] অস-ক্রি, বণ্টন করিয়া ; বাঁটিয়া। ~চেটে, -সেঁটে [সহ॰ য়] ভাগ বাটোয়ারা করিয়া।

বেঁড়িয়া, বেঁড়ে [সং-বণ্ড >। "বণ্ডা

তু ইত্যাদি বর্জ্জিতে"-মে০] বিণ, লেজশূন্য ; লেজ কাটা।

বেঁধা-বেধা দ্রঃ।

বেঁয়ে [বাম > বাঁ+ইয়া >বাঁইয়া >] বিণ, বাঁ-হাথিয়া ; বাঁ-হাতে যে কাজ করে ; যার বাম হাত চলে ; ন্যাটা। "মেজ কুমার কতকটা বেঁয়ে ছিলেন।" -আ০ পত্রিকা, ১৬-১১-৪০।

বেকট [গ্রা০ বাং-র-ভেক্‌টি, ভেট্‌কি] বি, ভেট্‌কি মাছ।

বেকত [সং-ব্যক্ত >। ব্রজ০, প্রা০ বাং, অপ্র০] বিণ, ব্যক্ত ; অভিব্যক্ত ; স্ফুট। ২ অনাবৃত। "বে০ অঙ্গ না ঝাঁপয়ে লাজে"-বি০ প০। ৩ ক্রি-বিণ, স্পষ্টস্বরে। "শ্রবণে যাইয়া রহল পশিয়া বে০ বাজিছে বাঁশী"-চণ্ডি০। ক্রি, বেকতয়-ব্যক্ত করে ; প্রকাশ করে। "বেকতয় হৃদয় লুকাওয়ে লাজে" -বি০ প০।

বেকা-বেঁকা দ্রঃ।

বেকার [বে+কার (কর্ম্ম)] বিণ, কর্ম্মহীন ; উপজীব্যহীন। "বেকারসমস্যা কি ভীষণভাবে দেখা দিয়াছে তাহা কর্ম্ম-ক্ষেত্রে না আসিলে বুঝা যাইবে না।" -আ০ শক্তি।

বেকুফ, বেকুব-বেঅকুফ,বেয়াকুব দ্রঃ।

বেকৈর [সং-বৃহতী বা বার্ত্তাকী > গ্রা০ বাং-র-ব্যাকুড়। শ্রীহট্ট০ প্রাদে০ বেকৈর] বি, বৃহতী ; কটু তিক্ত রস গুল্ম ও ফলবিঃ Solanum Indicum. "নিম তিতা, নিসিন্দা তিতা, তিতা বেকৈর ছাল। সকল থাক্যা অধিক তিতা বোনে বোনে জাল।"-প্রবাদ।

বেথাপ, বেথাপ্পা [বে-থাপ (< হিং থপ্‌না < সং কৃপ্‌, ক্লৃপ্ (সামর্থ্য, যোগ্যতা)। থাপ=থাপ্পা (বল প্রয়োগে)] বি,সামঞ্জস্যহীন ; অসম ; খাপছাড়া ; গরমিল। "দুঃখের বিষয় তাঁহাদের এ উদ্যম কাঁটালের আমসত্বের ন্যায় নিতান্তই বেথাপ হইয়া উঠিয়াছে।"-প্রবাসী, ৪র্থ ভাগ ৭ সংখ্যা।

বেগ, [বীজ্‌ (গমন করা)+অ (ভা০)] বি, ত্বরা ; গতির শীঘ্রতা। "চলহ পুরুষ মেষ সুকর তোমায় বেগ সজে লহ কুমুদ বামন।" -কবিক০। ২ প্রবাহ। ৩ মলমূত্রাদির নির্গম প্রবৃত্তি। প্র-বহুক্ষণ প্রস্রাবের বেগ ধারণ করিয়া থাকিলে অনেক উৎকট রোগ জন্মিতে পারে। ৪ আনন্দ ; আহ্লাদ। ৫ আবেগ। ৬ বল। ৭ [পদার্থ বিদ্যায়] নির্দ্দিষ্ট কালের মধ্যে দূরত্ব যত পরিমাণ বৃদ্ধি বা হ্রাস পায় সেই অনুপাতকে বেগ বলে [দ্রঃ-পদার্থের বেগের আপন হতে হ্রাসবৃদ্ধি নাই]। ৮ [বলবিদ্যা০ (ক০বিশ০পরিঃ)] ইং elocityর বৈজ্ঞা০ পরিঃ। **অসমবেগ** [বলবিদ্যা০] ইং variable velocityর বৈজ্ঞা০ পরিঃ। **কৌণিক বেগ**-angular velocity. **কৌণিক ভরবেগ** [বল-বিদ্যা০] ইং moment of momentum এর বৈজ্ঞা০ পরিঃ। **ভরবেগ** [বলবিদ্যা০] ইং momentum এর বৈজ্ঞা০ পরিঃ। **সমবেগ** [বলবিদ্যা০] ইং uniform velocityর বৈজ্ঞা০ পরিঃ। বিণ, **বেগিত, বেগী**-বেগে চালিত ; বেগযুক্ত। ক্রি-বিণ, **বেগে**-ত্বরায়। "আনি দিব বেগে"-কবিক০। ২ দ্রুতপদে। প্র-বেগে প্রস্থান। **~গামী**-বি, দ্রুত গমনশীল। **~নাশক**-বিণ, বেগ নিবারক। **~বন্ত**-বিণ, বেগযুক্ত ; অতি সত্বর। "পার হল গৌড়গড় বেগবন্ত গতি" -ঘ০। **~বল**-যে বস্তু যত বলে প্রযুক্ত হয় সেই বস্তুর তদনুরূপ বেগ। ২ গতি শক্তি। **~বান্‌** [মু০-বৎ] বিণ, বেগশীল ; বেগ-বিশিষ্ট। ২ ত্বরান্বিত ; দ্রুতগতি। >স্ত্রীং **~বতী**। **~শালী**-বি, দ্রুতগতি ; ত্বরান্বিত। >স্ত্রীং **~শালিনী**।

বেগ, [তুর্কী০ বেগ (মোগল ভূম্যধি-কারীর উপাধিবিঃ। তুল-সৈয়দ বংশীয়ের "মীর" বা "মীরসাহেব", পাঠান বংশীয়ের "খান" বা "খাঁ সাহেব", ইং Lord] বি, সম্ভ্রান্ত মোগল বংশীয়ের জাতীয় উপাধি।

বেগড়া [হিং বিগাড়া] বিণ, নষ্ট ; বিকৃত ; দুষ্ট। ২ দূষিত।

বেগতিক-বিগতিক দ্রঃ।

বেগম [তুর্কী০ বেগ্‌ম্‌ > গ্রা০ মেয়েলি ভাষায় "ব্যাগম"] বি, মুসলমান রাণী ; রাজ-মহিষী ; রাজ্ঞী। ২ মোগল সম্ভ্রান্ত মহিলার উপাধি।

বেগর [আ০,ফা০-ব-গ্‌ এর্‌। গ্রা০বেগোর] অ, ব্যতীত। "বেগর কন্দলে তোর নাহি হয় খেলা"-কবিক০।

বেগরজী-বে দ্রঃ।

বেগসর [বেগ-সর, সৃ (গমন করা)+অ র্ত্তৃ, যে গমন করে] বি, বেগগামী অশ্ব। ২ অশ্বতর।

বেগানা [ফা০ বেগানা (অজ্ঞাত-কুলশীল, পরদেশীয়)] বিণ, অপরিচিত ; অজ্ঞাত। ২ বৈদেশিক foreigner.

বেগার (বৈ-) [ফা০ বেগার্‌] বি, বিনা বেতনের বাধ্যতামূলক খাটুনি forced labour. "নানা গুণ জানি যারে তারে মানি বেগার খাটিতে জান।"-অ০ ম০। ২ যে ব্যক্তিকে বিনা বেতনে বা অল্প বেতনে খাটিতে বাধ্য করা হয়। "তোর গুণধর যত কারিকর হইবে দুঃখী বেগার।"-অ০ ম০। বিণ, **বৈগারী**-বিনা মাহিনায় বাধ্যতা-মূলক। ২ যে বেগার খাটে। ৩ শ্রমিক ; মজুর। "বেগারী বেতন পায় তবে আনে বোঝা"-ঘ০। **~টালা, ঠেলা**-বেগারি কর্ম্ম করা। ২ অনিচ্ছাপূর্ব্বক বাধ্য হইয়া কিছু করা। **বৈ০ খাটা, ভূতের বৈগার খাটা**-অনর্থক শ্রম করা : বৃথা খাটুনি খাটা। "মলেম ভূতের বেগার খেটে" -রা০ প্র০।

বেগিত [বেগ, (দ্রঃ)+ইত (যুক্ত)] বিণ, বেগযুক্ত ; দ্রুত।

বেগী [বেগ, (দ্রঃ)+ঈ] বিণ, বেগবান্‌ ; দ্রুতগামী। স্ত্রীং **বেগিনী**-বেগবতী। ২ [নৌ০ দ্রঃ] বি, নৌকাবিঃ।

বেগুণ, বেগুন [সং-বঙ্গন, বাতিঙ্গন। তুল-ফা০ বাদঞ্জান্‌। প্রাদে০ উচ্চারণ ভেদে বাইঙ্গন (ময়মনসিংহ), বাগুন, বাইগন (ঢাকা), বাইগুন(বরিশাল),বাইঅন (চট্টল০) প্রা০ বাং-বাগন (শূ০ পু০), ম০- বাং-ব্যাগন (কবিক০), হিং বয়্‌গন্‌, অস০ বেঙ্গেনা, ইং brinjal] বি,ব্যঞ্জন নিমিত্ত ব্যবহার্য্য কৃষিজাত প্রসিদ্ধ ফলবিঃ ; বার্ত্তাকু। বিণ, **বেগুনিয়া, বেগুনা, বেগুনে**-বেগুনের বর্ণবিশিষ্ট ; লালাভ নীল violet. **~কাঁটা**-বেগুন

গাছের পাতার ও ফলের বোঁটায় কাঁটা। ~কোটা-ক্রি, তরকারির জন্য বেগুন খণ্ড খণ্ড করা। বেং ক্ষেত্ত-ক্ষেতে বার মাস বেগুনের ফসল চলিতে পারে। সুতরাং বেগুন ক্ষেত হতে কৃষকের আয় স্থায়ী হতে পারে। > (লক্ষ০) স্থায়ী আয়ের বা উপার্জ্জনের ক্ষেত্র (বিপরীতে "মূলার ক্ষেত" কারণ মূলা একবার তুলিলে আর তা হতে মূলা পাওয়া যায় না)। বেং গাছে আঁকৃষি দেওয়া-বেগুন গাছ বেশী লম্বা হয় না। সুতরাং সেই বেগুন গাছ হতে আঁকৃষি দিয়া ফল পাড়ে যে খুবই বেঁটে বা বাউনে। খর্ব্বাকৃতি ব্যক্তির (সাধাঃ বালিকা বধূর) প্রতি পরিহাসে উক্ত হয়। বেংপোড়া-বেগুন আগুনে পুড়াইয়া প্রস্তুত করা ব্যঞ্জন। ~বীচি-বেগুনের বীজ। ২ [লক্ষ০] বেগুনের বীজের ন্যায় ক্ষুদ্র। ~ভাজা-ঘৃত বা তৈলে ভর্জ্জিত বেগুন। ~ভাতে-ভাত ফুটিবার কালে তৎসহ সিদ্ধ করা বেগুন। কুলি বেগুন-লম্বা, সরু, প্রায়ই বাঁকাজাতীয় বেগুন। তেঁতুল-বেগুন-বীচি বাহির করিয়া তন্মধ্যে মসলা-যুক্ত তেঁতুল পূরিয়া রৌদ্রে ঝলসান বেগুন। তেলে-বেগুনে নাচিয়া উঠা-গরম তেলে কাঁচা (সুতরাং জলবহুল) বেগুন ফেলিয়া দিলে যেমন তৎক্ষণাৎ চড় বড় করিয়া উঠে তদ্রূপ কোন সূত্রে উত্তেজিত হওয়া। দোকো বেগুন-বারমাসিয়া বেগুন। বিলাতী বেগুন-দক্ষিণ এমেরিকার অম্ল-মধুর রস কোমল গোল কৃষিজাত ফলবিঃ। কাঁচা অবস্থায় প্রায়ই সবুজ থাকে পাকিলে লাল হয়, শাদাও হয় tomato. বীচে বেগুন-পাকা বীজবহুল বেগুন। মুক্ত-কেশী বেগুন-গোল লালাভ নীলবর্ণ বেগুন। রাম বেগুন-বেগুন সদৃশ বন্য ফলবিঃ। ইহার গাছ বেগুন গাছের মত কণ্টকিত। বেগুনী-বি, বেসন বা মটর ডালবাটা মাখান বেগুনের ফালি-ভাজা-রূপ খাদ্য বিঃ।

বেগো [ব্যাঘ্র > বাঘ > বাগ + উয়া = বাগুয়া > গ্রা০ ক্ষে০ > বেগো] বিণ, বাঘুয়া; বাঘের ; বাঘ সদৃশ। প্র-বেগো গন্ধ। বেগো বেগো দাঁত।

বেগোছ-বে দ্রঃ।

বেগোড়-বি, গোড়া বা ভিত্তিহীন। ২ বিকৃতি ; গড়িবার মত প্রস্তুত করা নয় এমন। "বিদ্যুতে বাঁধি তামার বেড়ীতে দস্তার দিয়ে হাতকড়ি। বেচপ্, বেগোছ, বেগোড় মাটিতে প্রাসাদ দেউল দেব গড়ি।"-রাজা কারিগর (সত্যেন্দ্র০ দত্ত)।

বেঘোর-বিঘোর দ্রঃ।

বেঙ-বেঙ্গ দ্রঃ।

বেঁউচ [সং-বৈকঙ্কত। গ্রা০ বৈঁউচ, বেঙ্‌চ্, বেঙচ্, বৈঁচি] বি, কণ্টকিত গোলাকার অপক্ক অবস্থায় অম্ল, পক্কাবস্থায় মধুর, বীজবহুল, বনজাত ক্ষুদ্র ফলবিঃ ; বৈঁচি। "বেঙোচের ফল খাইয়া করি উপবাস।"-কবিক০।

বেঙ্ক্-ব্যাঙ্ক দ্রঃ।

বেঙ্গ₁, বেঙ, বেং, ব্যাং (-ং) [সং-ব্যাঙ্গ (মে০)। মূলে অস্ট্র০] বি, ভেক ; মণ্ডূক। "জাড়ি বেঙ্গ ধরে বলে ধর ধর সয়া॥" -শি০। বেঙখোঁচানি-ক্রি, যে কুনো বেঙ্গ একেই স্বভাবতঃ নিরীহ তাতে ঘরের কোণ আশ্রয় করায় সহজে পলাইয়া শত্রুর আক্রমণ হতে আপনাকে রক্ষা করিতে অক্ষম, তাকে খোঁচা মারিয়া যন্ত্রণা দেওয়া। ২ আশ্রিত কুনো বেঙ্গের অবস্থাপন্ন কুলবধূ বা আত্ম-রক্ষায় অসমর্থ অনুগত জনকে গোপনে যন্ত্রণা দেওয়া। আসাপা বেঙ্গ-অসাপা দ্রঃ। কটকটে বেঙ্গ-যে বেঙ্গ কটকট্ শব্দ করে; কুনোবেঙ্গ। কুনো বেঙ্গ-ঘরের কোণে ফাটলে বাসা করে যে বেঙ্গ ; ইহারাই কটকট্ শব্দ করে। কোলা বেঙ্গ-বড় জাতীয় বেঙ্গ ইহারা পুকুরের ধারে, মাঠে ঘ্যাঁ ঘোঁ করিয়া চীৎকার করে। গেছো বেঙ্গ-এই বেঙ্গ গাছে উঠে ও অধিকাংশ কাল গাছেই থাকে। সোণা বেঙ্গ-লম্বাকৃতি বেঙ্গ ; ইহাদের পিঠে সোণারবর্ণ ডোরা থাকে। বেঙ্গতড়কা [বেঙ্গ-তড়কা (তুড়িলাফ)] বি, বেঙ্গের ন্যায় তুড়িলাফ। ২ ক্রি-বিণ, অকস্মাৎ ; তড়াক্ করিয়া। "সঘনে চিকুর পড়ে বেঙ্গতড়কা বাজ॥"-কবিক০। বেঙ্গের আধুলি-গল্পের বেঙ্গের আধুলির মত যে সামান্য ধনে লোক অহঙ্কৃত হয় ও ধরাকে সরা দেখে। বেঙ্গের ছাতা-ছত্রক mushroom.

বেঙ্গ₂ (ব্যাং) [বি (বিগত) + অঙ্গ (যার), বহু০। -ব্যঙ্গ > ভ্রং] বিণ, অঙ্গশূন্য ; বিদেহ : নিরাকার (চ০ পদ০ ৩৩।২)।

বেঙ্গমা-ব্যাঙ্গমা দ্রঃ।

বেঙ্গা, বেঙ্গাপিত্তল (-ঙা) [সং-ব্রহ্মাণী, পিঙ্গলা] বি, পিত্তলবিঃ ; রাজরীতি নামক পিত্তল। "সোণা রূপা নহে বাপা এ বেঙ্গা পিতল। ঘসিয়া মাজিয়া বাপু করেছ উজ্জ্বল॥"-কবিক০। ২ শুষ্ক কার্পাস বৃক্ষ।

বেঙ্গাছি, বেঙাচি [বেঙ্গ + ছা (ছানা), ছি (ক্ষুদ্রার্থে)] বি, বেঙ্গের ছানার লেজ খসিয়া বেঙের আকার প্রাপ্তির পূর্ব্বাবস্থা।

বেচন [বিক্রয়ণ >] বি, বিক্রয় করণ। ~দার-বিণ, বিক্রেতা।

বেচরিত [বিচলিত > ভ্রং। গ্রা০ বাং] বিণ, বিচলিত। "দরবারে বসিয়া রাজা বেং মন।"-মাণিক০ গান।

বেচা [সং-বি-ক্রী (ক্রয়ে) > বিকা > বিচা > বেচা। হিং বিক্‌না, বিচ্‌না, বেচ্‌না। বেচি, বেচ (বেচেন, বেচিস), বেচে (বেচেন) ; বেচিতে ; বেচিয়া (ক্ষে০ গ্রা০ বেচে)। ণিজন্ত-বেচানি] ক্রি, বিক্রয় করা। ২ সমর্পণ করা। "বেচিল তোমার পায় নীলাম্বর নিজকায় যেই ইচ্ছা করহ তেমন।"-কবিক০। ~বেচি-এ ওকে বেচে ও একে বেচে। ~কেনা, কেনাবেচা -ক্রয় ও বিক্রয় ; মূল্যের সহিত দ্রব্য বিনিময়।

বেচারা, -রী [ফা০ বে-চারা (উপায়)] বিণ, নিরুপায় ; দরিদ্র। ২ হতভাগ্য। ৩ বি, [বাং-য়] নিরীহ ব্যক্তি। ৪ ভাল মানুষ। গো-বেচারা, -রী-গরুর মত নিরীহ।

বেচাল-বে দ্রঃ।

বেজ [সং-বৈদ্য > হিং বৈজ, অস০ বেজ। বাং-য় অতি পরিচয়ার্থে বেজা, বেঝা। "গুপ্ত বেজা বলিব হরিব মনোরথে।"-চৈ০ম০ (লোচন০)। "শ্রীমুরারি গুপ্ত বেঝা প্রভুর অন্তরীণ-চৈ০ ম০। স্ত্রীং বেজিনী] বি, বৈদ্য ; চিকিৎসক। "পাগল হইলা ঘরে

বাহ বেজ ঘর।"-শ্রী° কী°। ২ [কামরূপে] নাপিত। ~কিন্যা-বৈদ্য কন্যা ; নাপিত কন্যা। ~ঘঁর-হাঁসপাতাল। ~বঁরুয়া, ~বঁড় য়া-রাজবৈদ্য।

বেজঁন [সং-বীজন, ব্যজন] বি, ব্যজন। ~সারে [প্রা° বাং] ক্রি-বিণ, বীজনার্থ।

বেজঁম্মা,বেজঁম্মা [সং-বিজন্মন্ শব্দ। গ্রা°] বিণ, জারজ।

বেজা [ফা°বে+জা (জায়্জ্ lawful)। আদা°] বিণ, অন্যায় ; অযৌক্তিক ; অসঙ্গত unjust ; improper ; unreasonable.

বেজাই-বেজায় দ্রঃ।

বেজাত সং-বি (বিচ্যুত) জাত] বিণ, জাতিচ্যুত। ২ অন্য জাত।

বেজাতিক [গ্রা°। বি=বে (বিরুদ্ধ, অবৈধ) জাতক (জাত ব্যক্তি)] বিণ, জারজ।

বেজায় [ফা°বে (অতিরিক্ত) জায় (স্থান) বা আ° জায়েজ (ঠিক) >। গ্রা° 'বেজাই' ও°] বি, স্থানে বা ধরে না ; সীমাতিরিক্ত ; বিস্তর ; খুব বেশী। "ডালে বে° নুন"-দ্বি° রায়।

বেজার [ফা° বেজার্ (ক্রুদ্ধ. বিরক্ত)] বিণ, বিরক্ত ; অসন্তুষ্ট। "নগদে চাই তিনটা হাজার। তাতেই আবার গিন্নী বে°॥"-রজনী সেন। ২ ক্রুদ্ধ ; রুষ্ট। "উচিত বল্লে হয় সে বে° আপনি পড়ে আপনার ফাঁদে।"-বাংগান। বি, বে জারি১।

বেজারি২ [ফা° বে+জারি (দ্রঃ)] বি, আমলে না আসা ; হুকুম তামিল না হওয়া।

বেজিত [বিজ্+ণিচ্=বেজি (ভীত হওয়া)+ত (ক্ত)] বিণ, ভীত ; ভয়প্রাপ্ত।

বেঞ্চ১ [ইং bench এর লিপ্যন্তর] বি, আদালত। ২ বিচারপতি।

বেঞ্চি২ [ইং bench এর লিপান্তর] বি, লম্বা ও উঁচু কাষ্ঠাসন। বে° গঁরম কঁরা [ব্যঙ্গার্থে] বেঞ্চিতে বসা। বে° দঁখঁল কঁরা [ব্যাঙ্গ্যার্থে] বেঞ্চিতে বসা।

বেটঁন১, বেটঁম [ইং batten এর লিপ্যন্তর] বি. গৃহতল বা পালঙ্কের তক্তার আচ্ছাদন উপযোগী ৬।৭ ইঞ্চি ৬।৭ ফিট লম্বা ও প্রায় ৩ ইঞ্চি পুরু কাষ্ঠফলক। ২ [নৌ°] জাহাজের পাটাতনে সংযুক্ত মাস্তুলের চারিদিকের কাষ্ঠখণ্ড ; জাহাজের পাটাতনের ফাঁক বন্ধ করিবার ছোট ছোট কাষ্ঠখণ্ড। ৩ দরজা জানলা দিয় তক্তা ধুড়িবার কাঠের বাতা।

বেটঁন২ [ইং baton এর লিপ্যন্তর] বি, পুলিশের কনষ্টেবল বা পাহারাওয়ালার রুল বা সোঁটা।

বেটা১ [সং-বটু (বালক, কুমার) হিং বেটা (পুত্র, বৎস)। প্রাদে° বিটা] বি, পুত্র ; নন্দন। "হরি হরি প্রাণ গেল করি বেটা বেটা। সে বেটা মায়ের বুকে মেরে যায় জাঠা॥" -ঘ°। "কিবা জাতি কার বেটা বাড়ী কোন গ্রামে॥"-অ° ম°। ২ [জাতিবাচক] বেটা-ছেলে। প্র-মেয়ে না বেটা। ৩ [স্নেহসূচক অনুজ্ঞায়। হি°-র উচ্চারণ ও অর্থানুকরণে] বৎস ; বাপু ; বাছা। ৪ অবজ্ঞা, আক্রোশ, ঈর্ষাসূচক উল্লেখ বা সম্বোধন। প্র-ও বেটাকে চেন না, বেটা ভারি পাজী। ওরে বেটা তোর এই কাজ। ৫ শিশু পুত্রের স্নেহার্থক উল্লেখ। প্র-বেটা ভারি আবদারে বা দুরন্ত হয়ে উঠেছে। স্ত্রীং বেটি, বেটী [হি° বিটী, বিটিয়া। বাং প্রাদে° বিটী, পূ° বঙ্গে-বেডী] কন্যা ; মেয়ে। "বিশ্বনাথে বেটি দিয়া করে কট্‌ত্তর"-শি°। ~কাটা-বি, পুত্রের মৃত্যু কামনা করিয়া গালি দেওয়া ; বেটার মাথা খা বলিয়া গালি দেওয়া। "মাগী কথায় কথায় বেটা কাটে"-শ্রীরামকৃষ্ণ লীলাপ্রসঙ্গ। ~ছেলে-পুত্র সন্তান। [দ্রঃ-রঙ্গপুর অঞ্চলে প্রাদে° ব্যবহার বেটা অর্থে "বেটা ছাওয়া", বেটী অর্থে "বেটী ছাওয়া"]। বেটার ছেলে [ক্ষে° "বেটাচ্ছেলে"] ছেলের ছেলে বা নাতি। অর্থাৎ সম্বোধিত ব্যক্তির বাপের বাপ হওয়া এই অর্থে গালি ~বেটি-অনির্দ্দিষ্ট নর নারী ; যাদের নাম করিতেও ঘৃণা বা বিরক্তি জন্মে এমন স্ত্রী ও পুরুষ। প্র-বেটা বেটীদের জালায় [ঘর সংসার করা ভার হ'ল। কোন বেটা, কোন বেটী-কোন পুরুষ বা কোন স্ত্রী ; কেহ ; ব্যক্তিবিঃ প্র-কোন বেটা বা বেটির তোয়াক্কা না রাখা কোন বেটা কি বেটি বলুক দেখি। বাপের বেটা-পিতার অনুরূপ পুত্র। ২ [শপথ, গালি, আস্ফালনাদি অর্থে] পিতার ঔরস-জাত পুত্র অর্থাৎ জারজ নহে।

বেটা২ [সং-বৃৎ (বেষ্টনে) > প্রা° বৌ° বাং সা° বেটা, বেড়া। বেটি, বেট, বেটে ; বেটিতে, বেটিয়া] ক্রি, বেড় দেওয়া ; বেষ্টন করা। বেটিয়া-অস-ক্রি, বেষ্টন করিয়া। 'মধুরে বেটিয়ে যেন মধু মাছি আছে॥" -ভাগবত (দৈবকী নন্দন)। বেটিল-বেষ্টন করিল। "বেটিল হাক [হাঁক ডাক] পড়অ চৌদীস।"-চ° পদ° ৬।১।

বেটুয়া, বেটে, বেটো [সং-বট বটি (রজ্জু), অথবা পাট হতে পাটুয়া, পেটুয়া, পেটো > পেটে > বেটে, বেটো] বি, পাট বা দড়ি ; রজ্জু ; শণের বেটে ; গুণ ; দড়ী। "যেখানে ছুঁই না চলে, আমরা সেখানে বেটে চালাই।"-বিমলা (দামোদর মুখো°)। ২ [রজ্জুর ভাব হইতে] বিণ, রজ্জুবৎ পাকান ; কৃশ ; পাক্‌তেড়ে। "সাড়া শুনি তাড়া দিলা বেটুয়া কুকুর"-ঘ°।

বেটুয়া, বেটো [সং-বীত। "বীতং ত্বসারং হস্ত্যশ্বং"-অমর°] বি, বেটো ঘোড়া ; রাত দিন খাটিয়া কৃশ ও নিস্তেজ ঘোড়া।

বেঠা ["বিষ্টি(রাজ্"-অ°) >] বি. অবৈতনিক চাকর ; বেগার। "স্থূল দেখি বেঠা ধরি জড় ভরতেরে"-চৈ° ম°।

বেঠিক-বে১ দ্রঃ।

বেড় [সং-বেষ্ট] বি, বৃতি ; বেষ্টন ; ঘের। প্র-বেড় দিয়া কাপড় পরা। ২ বেষ্টিত স্থান। ৩ বেড়া ; আগড়। [প্রাদে°] পরিখা ; খাত ditch. ~বুন্দ, -বঁন্দ-[প্রাদে°] বি, গরুর গাড়ীর লৌহময় বেষ্টনী।

বেড়া১ [বেড় (দ্রঃ)+আ] বি. যদ্দারা বেষ্টন করা যায় ; বেষ্টনী। "কালী নামে দেও রে বেড়া ফসলের তছরূপ হবে না।"-রা° প্র°। বেড়া আগুন-বি. যে আগুন চতুর্দ্দিক ঘেরাও করিয়া ফেলিয়াছে ; অগ্নি-বেষ্টন। বেড়া আগুনে পোড়ানি-চারিদিকে আগুন জালিয়া তার মধ্যে দগ্ধ করা। বেড়া নাড়িয়া গৃহস্থের মন জানা-গৃহস্থ সতর্ক কিনা চোরের তা

জানা। ২ [লক্ষ০] ইঙ্গিত করিয়া মনোগত ভাব বা অভিপ্রায় জানা।

বেড়া২ [সং-বৃৎ ধাতুজ। বেড় (বেষ্টন) + আ (ক্রিয়া-বিভক্তি)-বেড় দেওয়া। বেড়ি, বেড়, বেড়ে; বেড়িতে; বেড়িয়া (কেং০ বেড়ে)] ক্রি, ঘেরা; আবৃত করা; বেষ্টন করা। "সকল সলিল বেঁড়িয়া আছে"-চণ্ডী০।

বেড়ানি [বর্জন >। সং-বৃৎ (বিদ্যমান হওয়া), নানা বা বহুস্থানে বিদ্যমান হওয়া। বেড়াই, বেড়াও (বেড়ান্ বেড়াস), বেড়ায় (বেড়ান); বেড়াইতে; বেড়াইয়া (কেং০ বেড়িয়ে)। প্রা০ বাং-বেড়াএ-ভ্রমণ করে বা করিতেছে। বেড়ায়িএ-ভ্রমণ করি; ফিরি; ফিরিতেছি। "তেঁসি তোর পাছে বেড়ায়িএ"-শ্রী০ কী০। বেড়ায়িবোঁ-ভ্রমণ করিব (শ্রী০ কী০)] ক্রি, বিচরণ করা; ভ্রমণ করা; পর্য্যটন করা। ২ পাদচারণ করা। বেড়াইয়া বেড়ানি-পায়চারি করা। বিণ, বেড়ানিয়া, বেড়ানে। স্ত্রীং বেড়ানী-যে নারী খুব বেড়ায়। প্র-পাড়া বেড়ানী।

বেড়াস্ত [প্রা০ বাং-র মাস্তে বহুব০-এ ক্রিয়ায় স্ত যোগ ১ ব০-বেড়ান] ক্রি, বেড়ান। "একশত পঞ্চ ভাই একত্র বেড়াস্ত।" -মহা০ (বিজয়০)।

বেড়িয়া [বেষ্টন > বেড় + ইয়া] বি, বেষ্টন করিয়া; ঘিরিয়া; পাক দিয়া। "লতার মত বেড়িয়া বেড়িয়া"-নরওয়ে ভ্রমণ।

বেড়ী [সং-বেষ্টনী > হিং বেঢ়ী বাং-র-বেড়ী] বি, লৌহবেষ্টনী; শৃঙ্খল; পাদ বন্ধনের লোহ-পাশ। "বেড়ী পায়ে মেগে খায় বাজার বাজার।"-ভারত০। ২ হাঁড়ীর কানা বেষ্টন করিয়া ধরিয়া উনানে বসাইবার এবং উনান হইতে তুলিবার লৌহময় বাউলী। "তপ্ত ভার্জে ভরা হাড়ী বেড়ী ধরে তোলা"-হেম০। ~পড়া-উদ্ধত অপরাধীর পলায়ন আশঙ্কায় শৃঙ্খল দিয়া হাত পা বদ্ধ হওয়া। প্র-হাতে পায়ে বেড়ী পড়েছে। বে০ দেওয়া-শৃঙ্খল পরাইয়া দেওয়া বা শিকল দিয়া বাঁধা। ~পরা-শৃঙ্খলিত হওয়া। বে০ ভাঙ্গা-মুক্ত হইবার জন্য শৃঙ্খল ভগ্ন করা। প্র-বেড়ী ভেঙ্গে পালিয়েছে। পায়ের বেড়ী-বদ্ধজনকে এক স্থানে আবদ্ধ করিয়া রাখিবার শৃঙ্খলস্বরূপ; মায়ার বন্ধন; সংসারে জড়িত ব্যক্তির ভোগের বস্তু, পরিবার বর্গ, ঐশ্বর্য্যাদি-যে সমুদয় পরিত্যাগ করিয়া যাওয়া তাহার পক্ষে কঠিন।

বেড়ে১ [সং-বড্ড > হিং বঢ়িয়া > বড়িয়া < বেড়্যে > বেড়ে] বিণ, উত্তম; উপাদেয়; ভাল; বেশ। "কেমন টিকি নেড়ে কি মধুর বেড়ে একবার বল্লেন চূড়ামণি" -দ্বি০ রায়। ২ উপযুক্ত। প্র-বেড়ে হয়েছে, যেমন কর্ম্ম তেমনি ফল।

বেড়ে২ [বেড়া২ দ্রঃ। বেড়িয়া > কেং০] অ-স-ক্রি, বেষ্টন করিয়া।

বেড়েন [বাড়ি২ + আন (প্রয়োগার্থে) > বাড়িয়ান > গ্রা০ বেড়েন] বি, বাড়ি দ্বারা প্রহার; যষ্টি প্রহার। প্র-বেড়েন দেওয়া। গো বেড়েন (তুল-পাঁচন বাড়ি)।

বেড়েলা [সং-বাট্যালকা > ভ্রং বাড়িয়ালা > কেং০ বেড়েলা। বাটে (পথে-পথপার্শ্বে) জন্মে বলিয়া এই নাম] বি, বলা নামক ক্ষুপবিঃ sida cordifolia. শ্বেত ও পীত ভেদে বেড়েলা দুই প্রকার। শ্বেত বেড়েলাকে অতিবলা এবং পীত বেড়লাকে মহাবলা বলে।

বেডৌল-বে১ দ্রঃ।

বেঢং, বেঢঙ, বেঢঙ্গা-বে১ দ্রঃ।

বেঢপ-বে১ দ্রঃ।

বেঢ়ল [বেঢ়া দ্রঃ। ব্রজ০। প্রা০ বাং-বেঢ়িল] ক্রি, বেষ্টন করিল। "জোরি ভুজযুগ মোরি বেঢ়ল"-বি০ প০। স্ত্রীং বেঢ়লি [হিন্দীর অনুকরণে]। "দামিনী বেঢ়লি চাঁদনি বেলি।"-জ্ঞান০।

বেঢ়া [বেষ্ট > বেড়া > (প্রা০ বা০) বেঢ়া] বি, বেষ্টন; বেড়। ২ ক্রি, বেষ্টন করা। বেঢ়িআঁ-বেষ্টন করিয়া বেঢ়িলী, বেঢ়িলের-বেষ্টিত করিল। "গুরুসাপে বেঢ়িলের আজল কালে" -শ্রী০ কী০। ~বেঢ়ে-বি, চক্রে; ফাঁদে। ২ অধিকারে। "রাধা পড়িলী কাহ্নের বেঢ়ে"-শ্রী০ কী০।

বেঢ়িল২ [বেঢ + ইল (প্রা০ বাং-র বিশেষণার্থক প্রত্যয়)] বিণ, বেষ্টিত। "পাঞ বেঢ়িল তোর দীঘল বসনে।"-শ্রী০ কী০।

বেণ [পুং] বি, পৃথু রাজর্ষি পিতা। ইনি ব্রাহ্মণ্যধর্ম্মবিরোধী অত্যাচারদোষে ঋষিদিগের কোপে পতিত হইয়াছিলেন, পরে বিষ্ণুর আরাধনা এবং অশ্বমেধ যজ্ঞফলে মুক্ত হন। ২ সঙ্কর জাতিবিঃ। ডোম, যারা বাঁশের ঝুড়ী ইং প্রস্তুত করে।

বেণা [সং-বীরণ] বি, সুগন্ধি তৃণবিঃ; খসখস। ~মূল-বীরণ মূল; বেণা-ঘাসের শিকড়; উশীর। ~বনে মুক্তা ছড়ানি-বেণাবনের মধ্যে মুক্তা ছড়াইলে তার অপব্যবহারই হয় বা তার সার্থকতা নষ্ট হয়। ২ [লক্ষ০] অপাত্রে মূল্যবান দ্রব্য ন্যস্ত করা। যথা-বানরের গলায় মুক্তার মালা। ৩ [তুলনায়] অপাত্রে সদুপদেশ দান করা।

বেণি১, বেণী১ [সং-বেণী > (লক্ষ০)] বি, দুই ধারার বা দুয়ের মিলন। "পাপ পুণ্য বেণি ইং"-চ০ পদ০ ১৬।৩। "আলি কালি বেণি সারি সুণেআ"-ঐ, ১৭।৩। "মণ পবণ বেণি"-ঐ, ১১।১। ২ দ্বৈতভাব। "পরম বিরম জহি বেণি"-দো০ পৃ০ ১৩০। রাগ-বিরাগ। কালবিকালরূপ। ৩ দুই। "সুন্নাসুন্ন বেণী মাঝরে" মধ্যে-দো০ পৃ০ ১২৬

বেণি২ বেণী২ [সং। ক্ষুদ্রার্থে বেণিকা] বি, বিন্যস্ত কেশপাশ। "কার বেণী কার খোঁপা কার এলো চুল।"-অ০ ম০। ২ বিউনী; বিণনী। ৩ বয়ন; বুনন। ৪ জলপ্রবাহ। প্র-ত্রিবেণী। ৫ নদীবিঃ। ৬ [প্রা০ বৌ০ বাং সা০ বেণ, বিন্ন=বেনী, দ্ব] বি, দ্বৈতভাব। ৭ ২; দুই। ৮ [সং-বেণ্ (বাদনে)] দুই বাদ্য-বিশিষ্ট বাদিত্রবিঃ; দুই তন্ত্রযুক্ত বাদ্যযন্ত্রবিঃ; দোতারা। "প্রতিদিন সন্ধ্যাকালে মণিময় দীপ জ্বলে শঙ্খ ঘণ্টা বাজে বীণা বেণী।"-কবিক০। ~মাধব, [বেণি (যুক্তবেণি -প্রয়াগ) তত্রস্থ মাধব] বি, প্রয়াগস্থ পাষাণময় চতুর্ভুজ ভৈরব (পীঠ দ্রঃ)।

বেণিয়া [বণিক > গ্রা০। হিং-র অনু-করণে] বি, বেনে।

বেণী-বেণি দ্রঃ। ~বাতা-বি, কপাটের এক দিকের বাইনের উদ্গত পটী যা অন্য বাইনকে আটকায়।

বেণীর-বি, ঝিঁঠাগাছ। ২ ঝিঁঠাফল।

বেণীসংহার [বেণীর সংহার (সংগ্রাম, বন্ধন), ৬তৎ] বি, কেশবন্ধন। ২ ভীম-কর্ত্তৃক দুঃশাসনের রক্তে দ্রৌপদীর বেণীবন্ধন—এই মহাভারতীয় ঘটনা অবলম্বনে ভট্টনারায়ণ কর্ত্তৃক লিখিত সংস্কৃত নাটকবিঃ।

বেণু [প্রা॰বাং॰র ‘বেনু’। বন্ (শব্দ করা) +উ(র্ণু, নিপাতনে), এ আগম] বি, বংশ; বাঁশ। ২ বংশী; বাঁশি। "শুনিতাম মধুর বেণু।" চণ্ডি॰। এই অর্থে কবিকঙ্কণে—‘বেণী’ (অনুপ্রাসের খাতিরে?)। "অমরে দুন্দুভি বেণী, শঙ্খ পড়া বাজে সানি।" ~কুঞ্জ-বাঁশ বাগান। ~দণ্ড-বি, বাঁশের লাঠি। ২ [বৌ॰ সা॰] বাঁশের বাঁশী। "বেণুদণ্ড হস্তে লইয়া *** উহা বাজাইয়া মধুর স্বরে গান আরম্ভ করিলেন।"—জাতক। ~ত্বক্-কাঁচা বাঁশের ছাল; বাঁশের উপরের চটা। ~বন-বি, বাঁশ-বন; বাঁশবাগান। ~বাদক-বিণ, যে বাঁশী বাজায়। ~বাদন-বি, বংশীবাদ্য করণ। ~রব-বি, বংশীরব; বংশীধ্বনি।

বেণুক [সং] বি, গবাদি তাড়নের বংশ-দণ্ড; পাঁচনবাড়ী।

বেণে [সং—বণিক > হিং॰বনিয়া, বেণিয়া, প্রা॰ বাং॰র—বাণ্যা, বেণ্যা, বেণ্যে। আধু॰ বাং প্রা॰বেনে] বি, বণিক; বাণিজ্য ব্যবসায়ী। স্ত্রীং বেণেনী, বেণ্যানী, বেণিনী, বাণ্যানী। "চূয়া সুচন্দন কয়হ রচন বেণ্যানী মনেতে খুসী।"—চণ্ডি॰। ~খোঁপা -বি, বিমনী না করিয়া চুল পাকাইয়া লম্বা কবরী। "আল্‌তো আল্‌তো করে মস্ত বেণে খোঁপা বাঁধ।" বেণের কাছে মেকি চালান-বেণে যে সর্ব্বদা সোনা রূপা পরীক্ষা ও ব্যবহার করে তাকে ধোঁকা দিয়া মেকি ধাতু বা মুদ্রা চালান শক্ত এবং তা বৃথা চেষ্টা।

বেঙ্-ব্যাঙ্ দ্রঃ।

বেঙুআ [প্রা॰ বাং। বেষ্টনী > ?] বি, বিঁড়ে। ২ শিকিআ। "তলত গাঁথিল তার দুগুটি বেঙুআ"—শ্রী॰ কী॰।

বেত [সং—বেত্র বা বেতস >] বি, বেত-গাছ cane. ২ প্রহার। "যত পায় বেত না পায় বেতন"—কাহিনী (রবী॰)। ক্রি, বেতান, বেতোনো-বেত মারা; বিতান দ্রঃ। ~আছড়া [বেতের মত সরু ও বেতের মত আছাড় খাইয়া পড়ে বলিয়া ইহার এই নাম] বি, সর্পবিঃ। বে॰ খাওয়া-বেতের মার খাওয়া; বেত্র দ্বারা প্রহৃত হওয়া। বেত ঘণ্ট-বেতের কচি কচি ডগার ঘণ্ট নামক ব্যঞ্জন। ~তোলানী-বেত্রকর্ম্মে নিপুণা স্ত্রী। "কলাবতী মুগাদাসী বেত তোলানী বাই।"—পূ॰ ব॰ গী॰। বে॰ বোনা-বেতের কাটি দিয়া ঝুড়ী, পেটরা চেয়ার ই॰ প্রস্তুত করা। বে॰ মারা বেত্রাঘাত করা; বেত্রদণ্ড দ্বারা আঘাত করা। বে॰ লাগানি-ক্রি, বেত মারা। ছাঁচি বেত-বি, সরু লিকলিকে বেত।

বেতদবির-বে[১] দ্রঃ।

বেতন [সং] বি, কর্ম্মমূল্য; মাহিয়ানা; মুজুরি; ভাড়া। ২ পণ্যমূল্য; দাম। "লইল সোণার সূচ। লই চলি যায় বেতন না দেয়।" —চণ্ডি॰। ~গ্রাহী-বিণ, যে বেতন গ্রহণ করে; বৃত্তিভুক্। ~ভুক্, ~ভোগী-বিণ, বৃত্তিভুক্; মাহিনা লইয়া যে কোন কাজ করে paid.

বেতর [ফা॰ বে+হিং॰ তরহ্ (প্রকার)] বিণ, বিপরীত; বিষম। "যত সব বেতর ধাঁজ" —বাং গান।

বেতরিবত-বে[১] দ্রঃ।

বেতস [সং] বি, বেতগাছ। ২ বেতস-বহুল স্থান। বিণ, বেতস্বান-বেত-বহুল স্থান।

বেতাইন-বে[১] দ্রঃ।

বেতাক-বে[১] দ্রঃ।

বেতাগ, বেতাগ [বেত+আগা, আগা] বি, বেত গাছের কচি ডগা (পূ॰ বঙ্গে ইহার সুক্ত করিয়া খায়)।

বেতানি-বেত দ্রঃ।

বেতার [বে-তার (বৈদ্যুতিক তার)] বি, বৈদ্যুতিক তার সংযোগহীন ~যন্ত্র-wireless.

বেতাল[১] [ব (বায়ু), ৭মী ১বচনে বে (বায়ুতে)+তল (গমন)+অ (ঘঞ্—ক্তা॰) বায়ুভরে যাদের গমনাগমন হয়] বি, শিবের অনুচর; দেবযোনিবিঃ। "পিশাচ বেতাল আদি তার বজ্র হরে।"—কবিক॰। "রুদ্র তালে তাল দেয় বে॰"—অ॰ ম॰। ২ মল্লবিশেষ। ৩ বৈতালিক। তাল-বেতাল-প্রসিদ্ধ পিশাচদ্বয়।

বেতাল[২] [ফা॰ বে+সং—তাল] বিণ, তালরহিত। ২ কোন সঙ্গীতের তালবিরুদ্ধ; বেঠিক তাল। বিণ, বেতালা-তালবোধ-হীন। ২ [লক্ষ॰] স্থান কাল বুঝিয়া যে কথা বলিতে জানে না। ৩ অসঙ্গত। ~ভট্ট-বি, রাজা বিক্রমাদিত্যের সভার নবরত্নের মধ্যে একরত্ন।

বেতি, বেতী[১] [প্রাদে॰। বেত+ই, ঈ] বি চেরা বেত বা বাঁশের কঞ্চিচেরা ফালি যদ্দারা ঝুড়ী, পেটরা, ই॰ বুনিবার দড়ীর কাজ করে। "কুসা ডালা বুনিতে বাঁশের বেতি।"—ধ॰। ~খাল-বি, সরুখাল narrow canal.

বেতী[২], বিতী [হিং॰ বীতনা (অতীত হওয়া)। জমি॰ পরিঃ] বি, জমিদারী সেরেস্তার খাতার অতীত দিনের খরচ লিখিবার কালে তারিখের পূর্ব্বে অতীতসূচক ‘বেতী’ বা ‘বিতী’ লিখিতে হয়।

বেতো [বাত+উয়া=বাতুয়া > কে॰ বেতো] বিণ, বাতরোগগ্রস্ত; বাতযুক্ত। প্র-বেতো শরীর।

বেত্তা [বিদ্ (জানা)+তৃ (র্তৃ), দ্=ৎ= বেত্তৃ ১মা, ১বচনে বেত্তা ইহা অন্যশব্দ সহ প্রযুক্ত হয়] বিণ, যে জানে; বিজ্ঞাতা; অভিজ্ঞ। প্র-ধর্ম্মবেত্তা। বিজ্ঞানবেত্তা।

বেত্র [বী (গমন করা)+ত্র (ষ্ট্রন্)] বি, বেতগাছ। ২ বেত্রদণ্ড; বেতের ছড়ি বা লাঠি। বিণ, ~ী-বেত্রদণ্ডধারী। ২ বি, দ্বারপাল। ~ধর-বিণ, বেত্রদণ্ডধারী। ২ বি, দ্বারপাল। ~বতী [বেত্র+মতু(ব্যা॰)+ ঈ (স্ত্রীং)] বি, মালবদেশের নদীবিঃ; আধু॰ বেত্তোয়া নদী। ২ বেত্রাসুরের জননী। ৩ বিণ, বেত্রধারণকারিণী।

বেত্রাঘাত [বেত্র+আঘাত] বি, বেত-দ্বারা প্রহার; বেতমারা।

বেত্রাসন [বেত্র (নির্ম্মিত)+আসন,

ম॰ প॰ লো॰] বি, বেতের চেয়ার, মোড়া কোচ ই॰।

বেত্রাসুর [বেত্র+অসুর] বি, বেত্র নামক অসুরবিঃ।

বেত্রাহত [বেত্র (দ্বারা) + আহত- ম॰ প॰ লো॰] বিণ, বেতের দ্বারা+প্রহৃত বা আঘাতপ্রাপ্ত; যাকে বেতমারা হয়েছে।

বেথা-বৃথা দ্রঃ।

বেথুন [J. D. Bethune এর নামে প্রতিষ্ঠিত বলিয়া, প্রথমে স্কুল পরে কলেজিএট স্কুল] বি, বেথুন স্কুল বা কলেজ নামক কলিকাতার স্বনামখ্যাত বালিকা বিদ্যাপীঠ। "রাধারাণী এখন বেথুনে পড়ে"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

বেথুয়া, বেথো [সং-বাস্তুক > প্রাকৃ॰ বথুলং] বি, বেথোশাক chenopodium album.

বেদ [বিদ্ (জানা)+অ (র্ম্ম), যার দ্বারা বা যার অনুশীলনে ব্রহ্ম, ধর্ম্ম, পুরাতত্ত্বাদিবিষয়ে সত্য জ্ঞান জন্মে] বি, ব্রহ্মপ্রতিপাদক অপৌরুষেয় বাক্য; শ্রুতি; ত্রয়ী (ঋক, যজু, সাম); সাম, ঋক্, যজু, অথর্ব্ব এই চারি গ্রন্থ যদ্দ্বারা মনুষ্যের সত্য জ্ঞান লাভ হয়। [দ্রঃ- বেদের উৎপত্তি সম্বন্ধে "ব্রাত্য" শব্দ দ্রঃ। ঋক্ যজুঃ ও সাম এই তিন বেদই ব্রাহ্মণগণ কর্ত্তৃক অধীত হইত; এজন্য বেদের নাম হয় ত্রয়ী। পরবর্ত্তীকালে সঙ্কলিত (প্রায় ৫সহস্র বর্ষ পূর্ব্বে) অথর্ব্ববেদ আর্য্যদিগের দ্বারা নিন্দিত, যাগাদির অনুপযুক্ত, ম্লেচ্ছদিগের বেদ বলিয়া বহুস্থলে উক্ত হইয়াছে। কিন্তু বায়ুপুরাণে অথর্ব্ববেদের প্রাধান্য প্রতিপাদিত হইয়াছে। যথা-"বহ্বৃচ (ঋগ্বেদের পুরোহিত) রাজ্য নষ্ট করেন, অধ্বর্য্যু (যজুর্ব্বেদের পুরোহিত) সন্তান নষ্ট করেন, ছন্দোগ (সামবেদের পুরোহিত) ধন নষ্ট করেন; তজ্জন্য আথর্ব্বণই সকলের শ্রেষ্ঠ। অথর্ব্ববেদী পুরোহিত উৎপাতের সৃষ্টি করেন এবং উপদ্রবের শান্তিও করেন। অথর্ব্ববেদী পুরোহিত যজ্ঞ রক্ষা করেন; অঙ্গিরা যজ্ঞের পতি। ব্রহ্মবেদজ্ঞ (অথর্ব্ববেদজ্ঞ) ব্যক্তি দ্যুলোকের অন্তরিক্ষের এবং পৃথিবীর নানাপ্রকার উৎপাতের শান্তি করেন। তজ্জন্য ভৃগুকে দক্ষিণদিকে রাখা আবশ্যক। ব্রহ্মই (অথর্ব্ববেদী) অনিষ্টের শান্তি করিতে পারেন। অধ্বর্য্যু ছন্দোগ কিংবা বহ্বৃচরা পারেন না। ব্রহ্মা রাক্ষসদের হইতে রক্ষা করিতে পারেন। তজ্জন্য অথর্ব্ববেদজ্ঞ ব্যক্তিই ব্রহ্মা"]। ২ [মাণ্ডূক্য উপনিষদের শঙ্করভাষ্যে] প্রামাণিক শব্দ রাশি। ৩ [রমানাথ সরস্বতীর মতে] পূর্ব্ব পূর্ব্ব ঋষিগণ কর্ত্তৃক দৃষ্ট লৌকিক এবং পারমার্থিক কর্ত্তব্যা-কর্ত্তব্য কর্ম্মের শাসনরূপ শাস্ত্র। ৪ হিন্দুর আস্তিক্যমূলক সর্ব্বপ্রধান প্রামাণিক ধর্ম্মশাস্ত্র। ৫ [ভা॰ অ] শাস্ত্রজ্ঞান। ৬ চারি সংখ্যা; ৪। "বেদ লয়ে ঋষি রসে ব্রহ্ম নিরূপিল। সেই শকে (=১৬৭৪ শক) এই গীত ভারত রচিল॥" -অ॰ ম॰। ৭ যজ্ঞাঙ্গ। ৮ বিষ্ণু। ৯ [র্ত্তৃ-অ] বেত্তা; জ্ঞানবান্। "হেন কথা কহে যেই নহে লোক বেদ"-চৈ॰ ভা॰। **বেদ-কোরাণে নাই, বেদ-পুরাণে নাই**-কোন শাস্ত্রেই নাই; অশাস্ত্রীয়। ~**গর্ভ**-ব্রহ্মা। ২ ব্রাহ্মণ। ~**গুপ্তি**-বেদসংরক্ষণ। ~**নিন্দক**-বেদের নিন্দাকারী; যে বেদ মানে না; নাস্তিক। ২ বুদ্ধ ও বৌদ্ধ সম্প্রদায়ের লোক। ~**পরায়ণ**-বিণ, বেদানুরক্ত; বেদবিহিত অনুষ্ঠানকারী। "সদা বেদপরায়ণ প্রকাশিলা পারায়ণশিষ্যগণ বৈষ্ণব সংহতি।" -অ॰ ম॰। ~**পারগ**-বেদজ্ঞ; বেদবিশারদ; বেদবিৎ। ~**বাক্য**-বি, বেদে যা উক্ত হইয়াছে; বেদের বচন; শাস্ত্র। ২ অকাট্য সত্য; যে কথার আর অন্যথা হয় না; ধ্রুবসত্য; অকাট্য বা অলঙ্ঘনীয় উক্তি বা আদেশ। ~**বিৎ**-বিণ, বেদপারগ; বেদবেত্তা; বেদজ্ঞ। ২ বি, বিষ্ণু। ~**বৃত্ত**-বেদসম্মত আচরণ; বেদোক্ত আচার। ~**মাতা**-গায়ত্রী। ২ দুর্গা। **বেদ মানিয়া চলা**-বর্ণাশ্রম, অদৃষ্ট, পরলোক ও মন্ত্রশক্তি বিশ্বাস করা ও তাহার নির্দ্দেশমত জীবন ক্ষেপন করা। **বেদের গোচর**-বেদগম্য। "কত মায়া কয় কত কায়া ধর বেদের গোচর নয়।"-ভারত॰। **বেদের বচন**-বেদবাক্য; সনাতন সত্য।

বেদখল-বে, দ্রঃ।

বেদজ্ঞ [বেদ+জ্ঞ (যে জানে)] বি, বেদপারগ; বৈদিক।

বেদড়া, বৈদড়া [বে(=বি=কু) দাঁড়া (=ধারা=রীতিনীতি) অথবা বদ্ (কু) আড়া (ধারা, প্রকৃতি) > ফে॰] বিণ, বেয়াড়া; কুচাল; দুষ্ট। "ছেলেটা কিছু বেদড়া" -টেকচাঁদ।

বেদন [বিদ্ (জানা) অন (ভা॰)] বি, জ্ঞান; বোধ; অনুভব। ২ [পদ্যে] বেদনা। "রইল শুধু বে॰ ভরা আশা" -পরিত্রাণ (রবী॰)। ৩ যাতনা; ব্যথা; ক্লেশ; দুঃখানুভব। ৪ পরিণয়; বিবাহ। ৫ উপঢৌকন; দান।

বেদনা [বেদন দ্রঃ+আ (স্ত্রীং)] বি, অনুভূতি। প্র-সমবেদনা। ২ ব্যথা; যাতনা। প্র-মাথার বেদনা। ৩ দুঃখ; তাপ। "হৃদয় বে॰ বহিয়া নাথ এসেছি তব দ্বারে" -স্ক॰। ~**কর, ~জনক, -দায়ক**-বিণ, ব্যথা বা যাতনা উৎপাদক।

বেদনী [ব্রজ॰। বেদন (দ্রঃ। সমবেদনা) +ঈ (কারিণী অর্থে)] বিণ, সমবেদনাকারিণী; ব্যথার ব্যথী নারী। "তুমি সে বে॰ সই"-পদকল্পতরু (সা॰ প॰ প॰)।

বেদনীয় [বিদ্ (জানা) অনীয় (র্ম্ম), যা জানা যায়] বিণ, বেদ্য; জ্ঞাতব্য; জ্ঞেয়; জানিবার বিষয়। ২ অনুভবনীয়।

বেদবতী-বি, কুশধ্বজ রাজার কন্যা; রাবণ বধার্থে ইনিই পরজন্মে সীতারূপে জন্মগ্রহণ করেন বলিয়া পুরাণে উক্ত হইয়াছে। ২ বেদপরায়ণা; বেদজ্ঞা; বেদবিদ্যাধিকারিণী।

বেদব্যাস [বেদ-বি-আ-অস্ (বিস্তার, বিভাগ)+অ (র্ত্তৃ), যিনি বেদের বিস্তার করিয়া চারিখণ্ডে বিভক্ত করিয়াছেন] বি, বেদ বিভাগকর্ত্তা মুনিবিঃ; সত্যবতীতনয় মহর্ষি দ্বৈপায়ন।

বেদম [ফা॰ বে+হিং দম্ (শ্বাস)] বিণ, প্রাণান্তকর। ২ ক্রি, বিণ, শ্বাসরুদ্ধভাবে; শ্বাসশূন্য করিয়া। "বেজায় বেদম বেমালুম তাহা খাইতাম হয়ে মরিয়া"-দ্বি॰ রায়। ~**প্রহার**-এমন প্রহার যাতে প্রহৃতের দম বাহির হইয়া যায়।

বেদমন্ত্র-বি, সামমন্ত্র; বেদের যে মন্ত্রে সুর বসাইয়া গান করা হইত। মন্ত্র অর্থেই বেদের কিয়দংশ মুখ্য ও যার যজ্ঞ কর্ম্মের অনুষ্ঠানে প্রয়োগ বিধি আছে। ভিন্ন ভিন্ন

ব্রাহ্মণে বেদের কিয়দংশের নাম। গ্রন্থে এই সকল মন্ত্র ব্যাখ্যাত হইয়াছে, কোন মন্ত্র কোন ঋত্বিক্ কর্তৃক কোন কর্ম্মে কিরূপ বিনিযুক্ত হইবে তা উপদিষ্ট হইয়াছে। কোন কারণে কোন্ মন্ত্র কোন্ নির্দিষ্ট কর্ম্মের উপযোগী তার হেতু প্রদর্শিত ও প্রসঙ্গক্রমে আখ্যায়িকাদি সন্নিবিষ্ট হইয়াছে।

বেদস্তুর-বে, দ্রঃ।

বেদাঁড়া-বে, দ্রঃ।

বেদাঙ্গ [বেদ+অঙ্গ (অবয়ব), ৬তৎ] বি, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ, জ্যোতিষ এই ছয়প্রকার বেদের অবয়ব। (১) শিক্ষাগ্রন্থ-স্বরবিজ্ঞান, যদ্দ্বারা বৈদিক সূক্তসমূহ উচ্চারণ করিয়া স্বর সংযোগে গান করিতে হইবে তার শিক্ষা দেওয়া হইয়াছে; বর্ণ, স্বর, মাত্রা বল ও সাম বিষয়ে যাতে উপদেশ প্রাপ্ত হওয়া যায়, রূপকোক্তিতে শিক্ষা বেদ পুরুষের ঘ্রাণেন্দ্রিয় স্বরূপ। (২) ছন্দ-ছন্দজ্ঞানের অভাবে বেদপাঠ অসম্পূর্ণ হয়, রস গুণ দোষ উপলব্ধি হয় না, উচ্চারিত শব্দসমূহ হৃদয়ঙ্গম হয় না। গায়ত্রী, উষ্ণিক্, অনুষ্টুভ্, বৃহতী, পংক্তি, ত্রিষ্টুভ ও জগতী এই সাতটি বৈদিক ছন্দ। তার পরবর্ত্তী আর আর লৌকিক ছন্দঃ। বাল্মীকি লৌকিক ছন্দের প্রবর্ত্তক। (৩) ব্যাকরণ-বৈদিক সাহিত্যের পরিচয়ের জন্য। (৪) নিরুক্ত-বৈদিক শব্দের ও বাক্যসমূহের অর্থপ্রতিপাদক গ্রন্থ। (৫) জ্যোতিষ বা জ্যোতিঃ শাস্ত্র-যদ্দ্বারা সূর্য্যাদি গ্রহের অবস্থান গতি স্থিতি বিষয়ক জ্ঞানলাভ হয়, যজ্ঞাদি সম্পন্ন করিতে হইলে গ্রহাদির অবস্থানকার্য্য নিরূপণ আবশ্যক। (৬) কল্প-সূত্রগ্রন্থ। বেদের ব্রাহ্মণ ভাগ হতে সারতত্ত্ব সূত্রাকারে গ্রথিত; বাক্প্রয়োগ যাতে কল্পিত অর্থাৎ সমর্থিত হয়। রূপকের ভাষায় কল্প বেদ-পুরুষের হস্ত।

বেদাড়া [বে, দ্রঃ] বিণ, দাড়াহীন।

বেদাদি [বেদ+আদি, ৬তৎ] বি, বেদের প্রথম; প্রণব; ওঁকার। ২ বিণ, বেদপ্রমুখ। প্র-বেদাদি শাস্ত্র। ৩ বেদ ইং। প্র-বেদাদি গ্রন্থসমূহ।

বেদাধিপ [বেদ+অধিপ (অধিপতি), ৬তৎ] বি, বেদের অধিদেবতা; ঋক্‌বেদের অধিপতি বৃহস্পতি; যজুর্ব্বেদের শুক্র; সামের মঙ্গল; অথর্ব্ববেদের বুধ।

বেদানা [ফাং বে-দানা] বি, (ফলের ইং) দানা বা বীজশূন্য seedless, ২ অকর্করিল grainless. ৩ [ফাং বিহিদানা (quince seed) বৎ (পশ্‌তো) বিদা(ডা)না, প্রচুর বীজযুক্ত (ফল)] বি, কাবুলী দাড়িম্ববিঃ বা আনার pomegranate.

বেদান্ত [বেদ+অন্ত (শেষ)] বি, ব্যাসদেব প্রণীত দর্শনশাস্ত্র; ব্রহ্মস্বরূপ নিরূপক শাস্ত্র। **~ী**-বিণ, বেদান্তমতাবলম্বী; বেদান্তদর্শনবেত্তা।° **~বাদ**-বেদান্তদর্শনের মত। **~বাদী**-ব্রহ্মবাদী; বৈদান্তিক; বেদান্তদর্শনবেত্তা বা বেদান্ত মতাবলম্বী। > স্ত্রীং **~বাদিনী**-ব্রহ্মবাদিনী।

বেদাভ্যাস [বেদ+অভ্যাস, ৬তৎ] বি, বেদাধ্যয়ন; বেদানুশীলন; বেদচর্চ্চা। ২ [বির্থে০] বিচার, অনুশীলন, জপ, অধ্যয়ন ও অধ্যাপনা।

বেদাম,-মী-বে, দ্রঃ।

বেদাশ্রয় [বেদ+আশ্রয়, ৬তৎ] বি, বেদ যাঁকে আশ্রয় করিয়াছে; নারায়ণ; বিষ্ণু। "সর্ব্ব বেং আকাশ পাতাল ভূমি॥"-অং মং। ২ বেদ যাঁর আশ্রয়; বেদাশ্রয়ী।

বেদি১ [বেদ+ই (জ্ঞাতার্থে)] বিণ, বেদবিৎ; বৈদিক। "যোলশত ঘর বেদি, বেদি নয় [=নয়] কেবোল দুর্জ্জন।"-শূং পুং। ২ পণ্ডিত।

বেদি২, বেদী, বেদিকা [বিদ্ (বিদ্যমান থাকা)+ই, ঈ (খি)। ক্ষুদ্রার্থে বেদিকা] বি, যজ্ঞাদি করণার্থ পরিষ্কৃত ভূমি। ২ বেদির সদৃশ মৃত্তিকা স্তূপাকৃতি ভিত্তি। ৩ মঞ্চ। ৪ বিতান। ৫ নামাঙ্কিত অঙ্গুরীয়।

বেদি/ত [বিদ্+ণিচ্=বেদি+ত (র্ম্ম)] বিণ, বিজ্ঞাপিত; নিবেদিত। **~তব্য** [বিদ্+তব্য (র্ম্ম)] বিণ, বেদ্য; জ্ঞাতব্য; জ্ঞেয়। **~তা** [বিদ্+তৃ (র্তৃ), ই আগম] বিণ, যে জানে; বেত্তা; জ্ঞাতা।

বেদিয়া-বাদিয়া দ্রঃ।

বেদিশে-বে, দ্রঃ।

বেদী [বিদ্ (জানে) +ণিন্ (র্তৃ) > বেদিন্ ১মাং, ১বং। প্রায় শব্দান্তরে সংযুক্ত হইয়া অর্থ প্রকাশ করে, যথা-'গম্ভীরবেদী'] বিণ, বেত্তা; জ্ঞাতা; জ্ঞানী; পণ্ডিত। ২ [পরি-বিদ্ (পরিবেদনে) >] বিবাহকর্ত্তা; পরিণেতা। ৩ বি, ব্রহ্মা।

বেদুয়া,-ধুয়া [সং-বিধবা+হিং উআ =বিধবউআ (বিধবাগর্ভজ, সুতরাং জারজ; বিধবাগমনরত সুতরাং লম্পট। তুল-রাঁড়বাজ) > ক্ষেং বিধুয়া > বিকারে, বেদুয়া] বিণ, জারজ। "বেদুয়া ঢেমনে কভু না শুনাই পুরাণ"-কবিকং। ২ লম্পট।

বেদুয়িন, বেদুইন [আং] বি, আরবীয় জাতিবিঃ; বদ্দু; আরব দস্যু। "আরব বেদুয়িন"-রবীং।

বেদে-বাদিয়া দ্রঃ।

বেদোক্ত [বেদ(বেদে)+উক্ত, ৭তৎ] বিণ, বেদে যা কথিত হইয়াছে; বেদসম্মত। বি, **বেদোক্তি** [বেদ (এর)+উক্তি, ৬তৎ] বি, বেদের বচন; বেদবাক্য।

বেদ্য [বিদ্ (জানা)+য (র্ম্ম)] বিণ, যা জানিতে হইবে বা জানা আবশ্যক; জ্ঞেয়;

বেধ [বিধ্ (বিদ্ধ করা)+অ (ভাং)] বি, কোন বস্তুর গভীরতা বা পুরু পরিমাণ; ছিদ্র করিলে বা বিঁধিলে যে প্রশস্ততা বা স্থূলত্ব দৃষ্ট হয়; [পাটীং (কং বিশ্বং পরিঃ)] ইং thickness এর বৈজ্ঞাং পরিঃ। ২ বিঁধ; ছিদ্র। ৩ বিবাহাদি শুভকার্য্য নিষেধক গ্রহ সংস্থানবিঃ। প্র-সপ্তশলাকা বেধ। ক্রি, **বেধা**-বিদ্ধ করা। বি, **বেধন**-ভেদন; বিদ্ধকরণ। বিণ, **বেধক**-বিদ্ধকারক। (২) **বেধিত**-যা বিদ্ধ করা হইয়াছে; কৃতবিদ্ধ। (৩) **বেধী১**-বেধক। > স্ত্রীং **বেধিনী**। (৪) **বেধনীয়**-বিঁধিবার যোগ্য; ভেদ্য দ্রঃ। **বেধ্য**-বেধনযোগ্য; ভেদ্য; ছেদ্য। ২ শরব্য। ৩ বি, লক্ষ্য।

বেধড়ক-বে, (দ্রঃ)।

বেধনী, বেধনিকা [বেধন (দ্রঃ)+ঈ (স্ত্রীং), +ইক (স্বার্থে)+আ (স্ত্রীং)] বি, শলাকা। ২ মণিরত্ন শঙ্খ প্রভৃতিতে ছিদ্র করিবার সূক্ষ্মমুখ অস্ত্রবিঃ। ৩ সূচী। ৪ তুর্পুন।

বেধস [সং] বি, বৃদ্ধাঙ্গুলির মূল।

বেধা, বেঁধা [বিধ্ (বেধনে) >] ক্রি, বিদ্ধ করা ; বিঁধা (দ্রঃ)।

বেধাঃ [সং] বি, বিধি ; বিধাতা : ব্রহ্মা। ২ বিষ্ণু ; অনন্ত ; সূর্য্য ; দক্ষ প্রভৃতি প্রজাপতি। ৩ পণ্ডিত।

বেধিল-ক্রি, বিঁধিল ; বিদ্ধ করিল। ২ (-ল) বিণ, বিদ্ধ ; পীড়িত।-শ্রী০ কী০।

বেধী$_2$ [বেধ দ্রঃ] বিণ, ধানুষ্ক ; শরবেধনকারী [অক্ষণবেধী, বাণবেধী, শব্দবেধী, শরবেধী এই চারিপ্রকার ধানুষ্ক। (১) বিদ্যুৎবেগে লক্ষ্য বেধ করিতে পারে, (২) দূর হইতে লক্ষ্য করিয়া একটী কেশকেও বেধ করিতে পারে, (৩) শব্দ শুনিয়া শর বিদ্ধ করিতে পারে, (৪) একটি শর নিক্ষেপ করিয়া যখন উহা ভূপৃষ্ঠে পতিত হয় তখন এমন কৌশলে আর একটি শর উর্দ্ধে নিক্ষেপ করে যে উহা অধোমুখে পতিত হইয়া প্রথমটীকে বিদ্ধ করে]।

বেধুয়'-বেহুয়া দ্রঃ।

বেধ্য-বেধ দ্রঃ। **বেধ্যক্রিয়া** [সুশ্রুত] বি, অস্ত্রচিকিৎসা দ্রঃ।

বেন [প্রা০ বৌ০ বাং প্রাকৃ০। সং-বেণী >] বি, দুই। "ললনা রসনা রবিশশি তুড়িআ বেন বিপাকে।"-দো০ পৃ০ ১২৪।

বেনজীর-বে$_1$ দ্রঃ।

বেনটা [সং-বয়ন, বাং-র-বুনন। হিং বুনাবট্ > বুনাট > বুনট > (কর্ম্মী অর্থে) আ, পরে উচ্চারণ বিকারে বেনটা] বি, মুসলমানের শ্রেণীবিঃ নেয়াড়ের ফিতা বয়নকারী মুসলমান জাতিবিঃ। "নেয়াল বুনিয়া নাম বলায় বে০"-কবিক০।

বেনা$_1$ [সং-বীজন >] বি, পাখার বাতাস করা।

বেনা$_2$ [হিং] বি, ধুনুরির তাঁতযন্ত্র।

বেনা$_3$ [স্থানভেদে "টোকনা"] বি, কামারশালে লোহার ঘা দিয়া ছিদ্রকরণ।

বেনা$_4$ [বেন্না দ্রঃ। প্রা০ বাং] বি, বিষন্ন। "যেন মতে হীরা নটী বেনা মুখ হইল।"-মাণিক০ গান।

বেনাম, বেনামদার-বে$_1$ দ্রঃ।

বেনামা, বেনামী-বে$_1$ (দ্রঃ), নামা$_2$ দ্রঃ।

বেনারস [বারাণসী (দ্রঃ) > (বর্ণ-বিপর্য্যয়ে) বাণারস > অং ইং Benares > বেনারস] বি, কাশী। বিণ, ~সী-কাশীতে উৎপন্ন বা নির্ম্মিত। প্র-বে০ শাড়ী। ২ কাশী সম্বন্ধীয়।

বেনিয়া-বেণে দ্রঃ।

বেনিয়ান$_1$ [সং-বণিক > অ্যাং ইণ্ড০ banyan] বি, য়ুরোপীয়, বিতঃ ইংরেজ কোম্পানির বা ইংরেজের দালাল : মুৎসুদ্দী।

বেনিয়ান$_2$ [আ০ বয় নিয়ন, বনিয়ন >] বি, গেঞ্জী ; খাট আঁটাল জালিদার বা ঘন বুনন জামা guernsey.

বেনে [গ্রা০ মেয়েলি০। মেনে দ্রঃ। পূ০ ব০ প্রাদে০ বেন] অ, সন্দেহ, অনুমান, উৎপ্রেক্ষাসূচক অব্যয় ; বুঝি ; যেন ; কিন্তু। "এ মাগী মনুষ্য বেনে নয়"-শীতলামঙ্গল (নিত্যানন্দ)। ~গহনা, ~গয়না [কঙ্গ-বেনে দ্রঃ। প্রাদে০] বি, হালকা ওজন ও দামের গা সাজানো অলঙ্কার। ~পুঁতুল-বি, মাটির ছোট ছোট পুতুল। ~বউ-বি, দণ্ডচারীবর্গের পক্ষিবিঃ : আকারে অনেকটা শালিকের মত। ইহাদের পক্ষ ও পুচ্ছের কয়েকটি পালকের কিয়দংশ কাল বাকী সমস্ত দেহ উজ্জ্বল হরিদ্রা-বর্ণ। উৎকলে ইহারা "হলদিয়া বসন্ত" নামে প্রসিদ্ধ। ইহাদের ডাকে অনেকটা "খোকা হোক", "খুকি হোক" এইরূপ শুনায়। ২ [বেণে দ্রঃ] বণিকবধূ।

বেনো [বান (দ্রঃ) + উআ = বানুয়া (অমাবস্যা পূর্ণিমায় নদ্যাদির জলস্ফীতি)। তুল-বরুয়া > ঘোরো] বিণ, বানের ; বানঘটিত। "বেনো গাঙ্গে মোর ভাঁটা তাতেই সন্তোষ"-ঈ০ গুপ্ত। **বেনো জল ঢুকাইয়া ঘোরো জল বাহির করা**-বাহিরের বস্তু ঘরে আনিয়া তার সহিত ঘরের সঞ্চিত বস্তু পর্য্যন্ত নষ্ট করা।

বেন্দাবাড়ী [শ্রীহট্ট-প্রাদে-] বি দরজা বন্ধ করিবার বাঁশ বা কাঠ ; অর্গল। **বেন্দা দেওয়া** [তুল-প০ বঙ্গে 'দরজা দেওয়া'] ক্রি, দ্বার বন্ধ করা।

বেন্দিদাদ-বি, আবেস্তা নামক পারসীক ধর্ম্মশাস্ত্রের একটি ভাগ। অহুরমজদ্ ও জরথুস্ত্র এই উভয়ের কথোপকথনাত্মক প্রশ্নোত্তর গ্রন্থ। উহাতে ধর্ম্মনীতি ও ধর্ম্ম-সংক্রান্ত বহুতর কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্দেশিত হইয়াছে।

বেন্নিন-বায়ন দ্রঃ।

বেন্না [বিষন্ন >। প্রা০ বাং] বিণ, বিষন্ন : বিমর্ষ। "বেন্না মুখ হৈয়ে শমন রাজাক বলিবার লাগিল"-মাণিক০ গান।

বেপথু [বেপ্ (কম্পিত হওয়া) + অথু (ভা০)] বি, কম্প ; কম্পন। "পুলক অঙ্কুর শোভা অশ্রুজল মনোলোভা মন্দ বায়ু বেপথু সুন্দর।"-চৈতন্যদাস।

বেপন [বেপ্ + অন (ভা০)] বি, কম্পন : কাঁপন। ২ নক্ষত্রালোকের কম্পন scintillation.

বেপমান [বেপ্ + আন (কর্তৃ)] বিণ, যে কাঁপিতেছে। "বিশ্বাসের বৃন্তে বে০-স০ দত্ত।

বেপরোয়'-বে$_1$ দ্রঃ।

বেপার [হিং বেওপার্] বি, ক্রয়-বিক্রয় কর্ম্ম ; বাণিজ্য। ২ ব-না।

বেপারি, বেপারী [হিং বেওপার্ (ব্যবসায়) + ই (কর্তৃ)] বি, ব্যবসায়ী ; কারবারী ; বণিক্। "উজির হলো রায় জাদা বেপারিরে দেয় খেদা ব্রাহ্মণ বৈষ্ণবের হৈল অরি"-কবিক০। ২ আড়তদার যার মালপত্র বিক্রয় করিয়া দেয়।

বেপালট [বে (বিষম, বিপরীত)-পালট (অবস্থা)] বি, বিষমাবস্থা ; অবস্থা বিপর্য্যয় ; বিপদ ; বেকায়দা। "তোদের জন্যই ওয়া বেপালটে পড়েছে"-নীলদর্পণ।

বেপোট [ফা০ বে-বাং-পোট (মিল, সুযোগ)] বিণ, গরমিল। ২ অসুবিধাজনক। ৩ অপরিচিত।

বেফয়দা, বেফায়দা-বে$_1$ দ্রঃ।

বেফাঁশ-বে$_1$ দ্রঃ।

বেবন্দোবস্ত-বে$_1$ দ্রঃ।

বেবশ [সং-বিবশ >, প্রা০] বিণ, অবশীকৃত ; বশাতীত ; আয়ত্তের অতীত। ২ যে বশ মানে না ; অশান্ত ; অবাধ্য।

বেবসা-ব্যবসায় দ্রঃ। ~দার-বিণ,

[illegible]

ব্যবসায়ী। বি, ~দারী-বণিক্‌বৃত্তি। ২ দোকানদারী।

বেবাঁক [চট্ট॰ প্রাদে॰ বেবাক] বেবু দ্রঃ।

বেবান [ফা॰ বীয়াবান >? বিয়াবা২ দ্রঃ] বিণ, অজানা (ডা॰ দী॰ সেন)। ২ জনমানবহীন ; নির্জন। "বাড়ী ঘর পইরা রইল বে॰ প্রান্তরে"-মৈ॰ গী॰।

বেভার [সং-ব্যবহার > ত্রং] বি, ব্যবহার ; আচরণ। ২ প্রয়োজনে নিয়োগ ; ভোগ। "বে॰ করিল নানা ধন।" -কবিক॰। ৩ আদানপ্রদান। ৪ প্রচলন। ৫ [প্রা॰ বাং] বাহির। "কাম করে ধরিয়ে সে কয়য়ে বেভার।"-বি॰ প॰। ৬ সামাজিক (দ্রঃ) ; লৌকতা (দ্রঃ)।

বেভুল [সং-বিহ্বল, প্রা॰ বিব্‌ভুল (বিহ্বল বা আচ্ছন্ন অবস্থায় ভুল) > কে॰ "ভুল" (ভুলের অর্থে প্রয়োগ)] বি, ভুল ; ভ্রান্তি ; ভ্রম।

বেম, বের্মন্ [বে (বয়ন করা, বোনা) +মন্ (ণে)] বি, যদ্দারা বস্ত্রাদি বয়ন করা হয় ; মাকু ; তাঁত।

বের্মকা-বে১ দ্রঃ।

বেমানান-বে১ দ্রঃ।

বেমার, বিমার [ফা॰ বীমার] বিণ, ব্যাধি ; পীড়া। এই অর্থে হি॰-তে বীমারী। বাং-র স্থানবিশেষে বেমারি। ২ বিণ, পীড়িত ; রুগ্ন।

বেমালুম-বে১ দ্রঃ।

বেমুর্সলমান-বি, বিণ, মুসলমান নয় এমন ; অমুসলমান non-muslim. "এ মুলুকের মালিক মোরা মোছলমান, আর ঐ হাঁদুগুলার নাম অইছে বেমুসলমান।"

বেয়রা-বি, বেয়ারা দ্রঃ।

বেয়াই, বিয়াই [বেহাই দ্রঃ। সং-বৈবাহিক > কে॰ বেই] বি, বৈবাহিক ; পুত্র কন্যার শ্বশুর। "বেয়াই কুটুম্বিতা স্থলে" -রজনী সেন। স্ত্রীং বেয়ান১, বিয়াইন, বেয়াইন, (রংপুরে) বিয়ানী। পঁয়সা থাকলে বিয়াইর বাপের শ্রাদ্ধ হঁয়, না থাকলে নিজের বাপের শ্রাদ্ধ হঁয় না-অর্থের প্রাচুর্য্য হইলে অনাবশ্যক বা অপ্রতিপাল্য কর্মের জন্য ব্যয় করা যাইতে পারে, কিন্তু অর্থাভাবে অবশ্যকর্তব্যকর্মও অনুষ্ঠিত হয় না।

বেয়াকুব [ফা॰ বে+আ॰বুক্‌ক্ (বোধ)। বে-অকুব দ্রঃ। গ্রা॰] বিণ, নির্বোধ; বোকা ; বেঅকুফ (বে১ দ্রঃ)। বে॰-দাস-বোকারাম ; a stupid fellow. [দ্রঃ-বাং-র - রাম=ইং fellow = তুর্কী॰ দাশ্। রাম দ্রঃ।

বেয়াকুল-ব্যাকুল দ্রঃ।

বেয়াজ [ব্যাজ৩ দ্রঃ। সং-বৃদ্ধি। প্রা॰ বাং. হি॰-বিয়াজ] বি, ব্যাজ; সুদ। "মূল বিনু পরধনে মাগয়ে বেয়াজ।"-বি॰ প॰।

বেয়াড়া-বে১ দ্রঃ। বেয়াড়ামো-বি, বেয়াড়ার ভাব বা আচরণ ; বেয়াড়াপনা। "বস্তুতন্ত্রবাদ ও প্রকৃতিবাদের উৎপাতে ও বেয়াড়ামোতে অতীষ্ঠ হইয়া"-প্রবাসী, শ্রাবণ, ১৩৩৩।

বেয়াধি [সং-ব্যাধি >] বি, ব্যাধি। "যাকর বেয়াধি পরাধীন ঔখদি।"-বি॰ প॰।

বেয়ান২ [বিহান দ্রঃ] বি, প্রভাত। ~বেয়ান-প্রত্যহ প্রাতে (প্রা॰ সূর্যের গানে)।

বেয়ারা, বেহারা, বৈয়রা [ইং bearer] বি, বাহক। "যত জাত কুটুম্ব বেয়রা হ'য়ে খাটে কয়ে ঘাটে লবে।" -ঈ॰ গুপ্ত।

বেয়ারাম, ব্যায়রাম, ব্যারাম, বিয়ারাম [ফা॰ বে+হি॰ আরাম (সুখ) >, কে॰ 'বেয়াম' ও॰। তুল ফা॰ বীমার] বি, অসুখ ; ব্যাধি। ২ বিণ, অসুস্থ। "দুর-দৃষ্টবশতঃ ব্যারাম হইয়া * *"-আ॰ শক্তি। ব্যারামে পঁড়া-রোগে পড়া ; অসুস্থ হওয়া।

বেয়ারিং [ইং bearing এর লিপ্যন্তর] বিণ, বিনা মাশুলে প্রেরিত (দ্রব্য) ; ডাকযোগে বা রেল কোম্পানি প্রভৃতির মার্ফৎ প্রেরিত যে বস্তুর মাশুল দিতে হইবে। ২ বিনা খরচে ; নিখর্চায়। "একটী পয়সা খরচ করতে পারে না, কেবল বিয়ারিং ইয়ারকি দিতে আসেন।"-লীলাবতী। বে॰ পোষ্ট -বিনা মাশুলে ডাকে প্রেরিত বস্তু।

বেয়াল্লিশ [দ্বাচত্বারিংশ >] বি, বিণ, ৪২ সংখ্যা বা সংখ্যক। ~বাজনা=৪২ প্রকার বাদ্য। "বেআল্লিশ বাজনা বাজে জয়ঢাক বাজে।" শূ॰পু॰। "দামামা দগড় বাজে বে॰ বাজনা"-কৃত্তি॰ (আদি॰)। "ছয় রাগ ও ছত্রিশ রাগিণীর সমবায়ে(৬+৩৬=৪২) ৪২ সুরের উপযুক্ত ৪২ প্রকারের তানমান সুর সঙ্গেও বাদ্য।"-চা॰ বন্দ্যো॰, প্রবাসী,১৩৩৫।

বেয়ে [বাহিয়া শব্দের গ্রা॰ রূপ] অস-ক্রি, বাহিয়া ; চালাইয়া। ~চেয়ে-বাহিয়া চাহিয়া ; চেষ্টা চরিত্র করিয়া।

বের১ [সং-বেলা। হি॰ বের, বেরি। স্থান বিশেষে প্রা॰ বাং-র ও গ্রা॰ ব্যবহার] বি, বার ; দফা। ২ বেলা ; কাল ; বিণ, বেরী-সাময়িক ; কালীন।

বের২ [বাহির > গ্রা॰ কথ্য] বি, বাহির। ২ প্রকাশ। বের হঁওয়া-ক্রি, বাহির হওয়া ; বহির্গত হওয়া। বের কঁরা-ক্রি, বাহির করা ; প্রকাশ করা।

বেরং [ফা॰ বে-রং (রঙ্গ)] বি, বিকৃত রং। ২ [তাসের] বদরং। ৩ বেমানান রং।

বেরিনি, বেরুনি (নো), বেরোনো [সং-বহির্গমন > প্রা॰। পদ্যে-বহিরন। ক্রিয়ায় বহিরান। হি॰ বহিরানা > কে॰-বেরন, বেরুন। বেরই (বেরুই), বেরোও (বেরোন, বেরুস, বেরোস), বেরোয় (বেরোন্) ; বেরতে (বেরুতে) ; বেরিয়ে] ক্রি, বহির্গমন করা ; গৃহের বাহির হওয়া। ২ বাহির হইয়া পড়া ; কুল ত্যাগ করা। ৩ গৃহত্যাগ করা ; সন্ন্যাস লওয়া। বেরিয়ে যাওয়া-বহির্গত হওয়া ; বাহিরে যাওয়া। ২ [বির্থে॰] কুলত্যাগ করা ; কুলের বাহিরে যাওয়া। "অমন করতো বেরিয়ে যাব।" -টেকচাঁদ।

বেরসিক-বে১ দ্রঃ।

বেরাদার [ফা॰ বিরাদর্ > মু॰ বাং-বিরাদার, বিরেদার ও॰। ইং brother ; ল্যা॰ frater ; গ্রী॰ phrater ; সং-ভ্রাতর্ (ভ্রাতৃ)] বি, ভ্রাতা ; জ্ঞাতি-ভ্রাতা। ২ জাতি সম্বন্ধে ভাই ; জাতভাই। "দশ বিশ বেরাদারে বসিয়া বিচার করে"-কবিক॰। ভাই-

বেরাদার [সং-ভ্রা] বি, ভাইভায়াদ ; ভাইভগ্নর (গ্রা॰)। ২ ভাইবন্ধু ; আত্মীয় স্বজন। বেরাদারি-বেরাদার দ্রঃ। ২ জ্ঞাতিত্ব।

বেরাল [সং-বিড়াল। পা॰ বিলারো, হি॰ বিলার(বর্ণবিপর্য্যয়ে) > বিরাল, বেরাল] বি,বিড়াল; মার্জ্জার। বেরালের ভাগ্যে শিকে ছেঁড়া-শিক্যা এত উচ্চে টাঙ্গান হয় যে বেরাল লাফ দিয়া তা পায় না। কিন্তু উহা যদি দৈবাৎ ছিঁড়িয়া যায় ও খাদ্যপাত্র পড়িয়া যায় তবে বেরালের সৌভাগ্যক্রমেই বলা যায়। "একদিন কিন্তু বেরালের ভাগ্যে শিকে ছিঁড়ল। তখন সকাল দশটা * * *"-মেজবৌ (আ॰ শক্তি)।

বেরি [বের দ্রঃ। ব্রজ॰, প্রা॰ বাং] বি, বেলা ; সময়। "মরণক বেরি কোই না পুছত।"-বি॰ প॰। ২ বার ; দফা। "হেরই কত বেরি।"-বি॰ প॰। ৩ বাহির। বেরি এক-বারেক। "বেরিএক কর ধনী মুদিত নয়ন"-বি॰ প॰। বেরি বেরি-বারবার ; পুনঃপুনঃ। "কতয়ে বেরি বেরি রচব শেজরি সরস সরসিক পাতি।"-বলরাম॰।

বেরিজ [বা॰ শ॰ কোষ] বি, বিয়োগ ; তেরিজের বিপরীত।

বেরিবেরি [ইং beriberiর লিপ্যন্তর সিংহলী ভাষায় "বেরি-বেরি" = অত্যন্ত দুর্ব্বলতা] বি, ড্রপ্‌সি জাতীয় একপ্রকার সোথ রোগ ; সর্ব্বাঙ্গীন স্নায়ুপ্রদাহ রোগ। পায়ে খিল ধরা, গুল্‌ফ বা ঘুটি পা ফোলা, জ্বালা করা, কখন কখন সমস্ত অঙ্গ প্রত্যঙ্গ ফোলা ও পক্ষাঘাতের ন্যায় শরীর অসাড় হওয়া, চর্ম্ম শুষ্ক হওয়া, শ্বাসকষ্ট, রক্তহীনতা, ই॰ ইহার লক্ষণ, পাদসোথ, মূত্রযন্ত্র, ফুসফুস এবং হৃদ্‌পিণ্ড আক্রমণ ইহার চরম লক্ষণ। লক্ষণ-ভেদে বেরিবেরি মৃদু ও উৎকট হইয়া থাকে। নিউরাইটিস অর্থাৎ বিশুদ্ধ স্নায়ুপ্রদাহ রোগের সহিত ইহার সাদৃশ্য আছে।

বেরু১ [বদর > বঅর, বইর, বএর > বের > উ যোগ > (প্রা॰ বাং গ্রা॰) বেরু] বি, বদর; কুল। "চেরু বেরু অকেরু"-শ্রী॰কী॰।

বেরু২ [ব্রজ॰। এই অর্থে বেরি ও॰] ক্রি, বিণ, বারে।

বেরু৩ [বীর > বিদ্রূপার্থে 'থিরু' > বাহুল্যাধিক্যে বেরু] বিণ, বীরের নকল। ২ সহজে ক্রোধশীল ; খিটখিটে। প্রায়ই রোগা (দ্রঃ) শব্দ সহ চ॰। প্র-রোগা বেরু।

বেরুণ [ফা॰ বেরূন (বাহির > বাহিরের কাজ) > । তুল-ইং out-door work. সং-ভরণ (বেতন)] বি, মজুরী ; খাটুনী। "প্রকারে পালিল পেট করিয়ে বেরুণ।" -ঘ॰। "মহাবীর তোমার বেরুণে নাহি সাধ।" -কবিক॰। ২ বেতন ; ভৃতি। বিণ, বেরুণিয়া-খাটাখাটুনি সম্বন্ধীয়। ২ বি, মজুর। "মহাবীর কাটে বন শুনি বেরুনিয়াগণ আইসে তারা নানা দেশ হৈতে।"-কবিক॰।" "বেরুনিয়া বেশে তথা করিল প্রবেশ"-কবিক॰। ৩ [হি॰ বেড়্‌নী, বেড়িন (বেরুণ দ্রঃ)। অর্থ সম্প্রসারণে যে কুলের বাহিরে গিয়াছে] বি, গায়িকা জাতিবিঃ ; নটী। ২ বেশ্যা।

বের্দ্দ [পর্ত্তু॰ verde. তুল-সং-ভরিণী (হরিদ্‌বর্ণ)] বি, সবুজ রঙ্গ। ২ সবুজ রঙ্গে

বেল১ [বেলা দ্রঃ] বি, বেলফুল।

বেল২ [সং-বিল্ব] বি, বিল্বফল ; শ্রীফল। "সজল চীর পয়োধর সীমা। কনক বেলে জনু পড়ি গেও হিমা।"-বি॰ প॰। বেলগাছ -বিল্ববৃক্ষ। বেল কাঁটা-বেল গাছের কাঁটা। বেল ডাল-বেলগাছের শাখা। বেল পাকিলে কাকের কি-বেল পাকিলেও শক্ত আবরণ হেতু তাতে কাকের চঞ্চু প্রবেশ করা অসাধ্য ; সুতরাং বা ভোগের অতীত ; তা ভাল হউক মন্দ হউক তাতে কিছুই আসিয়া যায় না। বেলপাতা-বি, বিল্বপত্র ; বেল গাছের পাতা ; ত্রিপত্র। বেলশুঁঠ [সং-বিল্বশ-লাটু >] বি, কাঁচা বেল খণ্ড খণ্ড করিয়া শুকান ; কাঁচা বেলের শুষ্ক খণ্ড। বেলের আঠা-বেল ফলের ভিতরে শ্লেষ্মাবৎ আঠা। বেলের মোরব্বা-বি, রসে পাক-করা কাঁচা বেলের খণ্ড। নেড়া আর কি কথিনি বেল তলায় যায়?-একবার বেলতলায় নেড়ার মাথায় বেল পড়িয়া ঘাওয়ায় সে সাবধান হইয়া গিয়াছে পুনরায় নেড়া আর বেলতলায় যাইবে না।

বেল৩ [ইং bell এর লিপ্যন্তর] বি, ঘণ্টা। ২ ঘণ্টাকৃতি লণ্ঠন। বেল দেওয়া -ঘণ্টা মারা ; ঘণ্টা শব্দ করা। বেল বাজা-ঘণ্টা বাদ্য হওয়া। বেল বাজানি -ঘণ্টা বাদ্য করা।

বেল৪ [ইং bail এর লিপ্যন্তর] বি, জামিন ; দর্শন-প্রতিভূ (মৃত, যাজ্ঞবল্ক্য) ; হাজির বা উপস্থিতির জন্য জামিন।

বেল৫ [সং-বল্লী। হি॰ বেল] বি, লতা। ২ ফুলদার জালের ফিতা ; জালি ; গোটা। বেল দেওয়া, বেল বসান-চিকণের কাজ করা। ২ ক্রি, কাপড়ের সুতা বা জরির জালি লাগান।

বেল৬ [ইং bale (a parcel of goods generally packed in canvas or gunny) এর লিপ্যন্তর] বি, গাঁট।

বেলক [প্রা॰ বাং] বি, বন্দুকবিঃ। "তবক বেলক টাঙ্গী"-কবিক॰।

বেলকামি, -কুমি-বেকামি দ্রঃ।

বেলগ [বিলগ্ন >] বিণ, বিলগ্ন ; পৃথক্। ২ [প্রাদে॰] পৃথগন্ন।

বেলদার [হি॰ বেল (কোদাল) + ফা॰ দার] বি, খনক ; যারা কোদাল পাড়িয়া মাটি কাটিয়া রাস্তা তৈয়ার করে। "একাধুত বেলদার বেগারি আগে ধায়। উচু নীচু কুপথ সুপথ করে যায়।"-ঘ॰। ২ [বেল (ঝাড়, লণ্ঠন)-দার] যারা ঝাড় লণ্ঠনাদি সাজায়। ৩ [হি॰ বেল (চিকণের কাজ) দার (যুক্ত)] বিণ, জরির বা সুতার জালিবিশিষ্ট ; গোটাদার। স্ত্রী॰ ~নী।

বেলন, বেলনা [সং-বেল, বেল্লন] বি, ময়দা ঠাসিয়া লেচি করণ। ২ [প্রাদে॰ চট্টল॰ "বেলাইন", ২৪ পরগণা অঞ্চলে-"বেলুন"] ময়দা বেলিবার কাষ্ঠখণ্ডবিঃ। বেলনপীড়ী-রুটি বা লুচী বেলিবার গোল কাষ্ঠখণ্ড ; চাকী। চাকীবেলন-বেলন ও বেলনপীড়ী।

বেলফুল-বেল১ দ্রঃ।

বেলমুক্তা, বেলমোক্তা [আ॰

বিল্‌মুক্তা। আদা°] অ, সর্ব্বসমেত ; মোট in the aggregate ; in the lump. "বেল-মোক্তা গ্রামাস্থ পারিশ্রমিক বা খাদ্যাদি পাইয়া থাকেন।" বে° পাট্টা [আদা° পরি:] একমাত্র খাজনা ব্যতিরেকে ভূম্যধিকারী অন্য কোনরূপ বাজে দাবী করিতে পারিবেন না এরূপ যে পাট্টায় লিখিত হয়।

বেলর [বেলোয়ারি দ্রঃ] বিণ, বেলোয়ারি। "ঝুলিছে ঝালর ঝুলিছে বেলর ঝাড় ঝলমল জ্বলে।"-বাসবদত্তা।

বেলা, [বেল্ (চঞ্চল হওয়া) + অ(র্ত্তৃ) + আ (স্ত্রীং)। প্রা° বাং, ব্রজ° বেলি, -লী। "বেলি অবসান"] বি, সময়। প্র-বেলা দশটা। ২ দিবস ; দিনমান। প্র-বেলা অবসান প্রায়। "হরি বল হরি, চল যাই বাড়ী, বেলা গেল সন্ধ্যা হ'লো।"-স্ক°। ৩ ক্ষেত্র। "সামান্য হিতসাধনের বেলাতেও অন্যের উপরে বরাৎ দিয়া দায় সারিবার ইচ্ছা করিব।"-রবী°। ৪ পক্ষ। প্র-তার বেলা কোন দোষ নেই আমার বেলাই যত। "আপনার বেলা আঁটিসাঁটি পরের বেলা দাঁত কপাটি"-প্রবচন। ৫ সুযোগ ; অবসর ; কাল।-"নিজের বিয়ের বেলা কোন কথা বল্‌তে নাই।"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ৬ ক্ষণ। "এই বেলা ডাক ডেকে নে মন ডাকতে সময় মিলবে না।" -স্ক°। ৭ বিলম্ব। প্র-তোমার স্কুল যাইতে প্রত্যহই বেলা হয়, আর বেলা করিও না শীঘ্র আইস। ৮ [প্রা° বাং] ক্ষেপ; বার। "একৈক বেলা তুলিয়া দিল খিলি চারি পাঁচি।" -মাণিক° গাম। ৯ বয়স। "এইটুকু বেলায় বিয়ে"-উত্তরা, পৌষ, ১৩৩৩। অবেলা-বি, অশুভক্ষণ ; অসময়। ২ অপরাহ্ণকাল। এইবেলা-এই সুযোগে ; এখনই। > ক্রি-বিণ, অবেলায়-অসময়ে ; বেলা গেলে। কালবেলা-দিবাভাগের নির্দ্দিষ্ট অশুভ যামার্দ্ধ। রবিবারে দিবার পঞ্চম যামার্দ্ধ, সোমে দ্বিতীয়, মঙ্গলে ষষ্ঠ, বুধে তৃতীয়, বৃহস্পতিতে সপ্তম, শুক্রে চতুর্থ এবং শনিবারে প্রথম ও অষ্টম যামার্দ্ধকাল। কুলিকবেলা-দিবসের অশুভক্ষণবিঃ। রবিবারে দিবসের চতুর্দ্দশ মুহূর্ত, সোমবারে দ্বাদশ, মঙ্গলবারে দশম, বুধবারে অষ্টম, বৃহস্পতিবারে ষষ্ঠ, শুক্রবারে চতুর্থ শনিবারে দ্বিতীয় মুহূর্ত। তার বেলা-তৎপক্ষে ; সে সম্বন্ধে। দিনের বেলা-সূর্য্যোদয় হতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কাল ; দিবসের আলো থাকিতে থাকিতে। দুপুরবেলা-দ্বিপ্রহর। বারবেলা-দিবসের অশুভ যামার্দ্ধ। রবিবারে দিবার চতুর্থ যামার্দ্ধ, সোমে সপ্তম, মঙ্গলে দ্বিতীয়, বুধে পঞ্চম, বৃহস্পতিতে অষ্টম, শুক্রে তৃতীয় এবং শনিবারে ষষ্ঠ যামার্দ্ধকে বারবেলা বলে। বেলা গেলি-মধ্যাহ্নকাল উত্তীর্ণ হইয়া অপরাহ্ণ হইল। ২ দিবা অবসান হইল। বেলাবেলি [বেলা + বেলা (অবসান না হতে অর্থে দ্বিত্ব) + ই (অবস্থা অর্থে)] ক্রি-বিণ, বেলা শেষ না হতে ; দিন ফুরাতে না ফুরাতে ; বেলা থাকিতে থাকিতে ; সময় থাকিতে। "বেলাবেলি আয়োজন করহ ইহার"-অ°ম°। ২ [প্রাদে°] অ, তাড়াতাড়ি ; শীঘ্র। ~বোধন-বিণ, যে সময় জ্ঞাপন করায় ; সময় নিরূপক। বেলা হওয়া-পূর্ব্বাহ্ণকাল অধিক অগ্রসর হইয়া মধ্যাহ্নের নিকটবর্ত্তী হওয়া। ২ বিলম্ব হওয়া। ভোরবেলা-প্রত্যুষ ; উষাকাল। রাত্রিবেলা, রাতের বেলা-সূর্য্যাস্ত হতে সূর্য্যোদয় পর্য্যন্ত কাল। সকালবেলা-প্রভাত সময়। সন্ধ্যাবেলা-দিবস ও রাত্রির সন্ধিকাল যখন দিনও বলা যায় না রাত্রিও বলা যায় না। সারাবেলা-সমস্ত সময়। ২ সমস্ত দিন।

বেলা, [হিং° বেল্‌না < সং-বল্ (সঞ্চরণে)] ক্রি, বেলুন দিয়া কাষ্ঠ বা পাষাণ পট্টের উপর বিস্তৃত মসৃণ ও পাতলা করা। প্র-রুটি বেলা, লুচি বেলা।

বেলা, [সং] বি, সমুদ্রতট ; সাগরতীর। ২ সীমা। ৩ সমুদ্রের জোয়ার। ~কূল-তাম্রলিপ্তি ; তমলুকদেশ। ~নিল [বেলা + অনিল] বি, সাগরতট প্রবাহী বায়ু। ~ভূমি-তট ; নদী সাগরাদির তীরব্যাপী স্থলভূমি।

বেলা, [সং-মল্লিকা > মল্লি > বল্লি > বেলি। তুল-সং-বল্লী (লতা) > বেলি, বেলী] বি, মল্লিকাজাতীয় ফুলবিঃ ; বেলার গন্ধ মল্লিকা অপেক্ষা তীব্রতর, বোঁটা স্থূলতর এবং পুষ্পদল অধিক পুরু।

বেলাঅল, -ওল-বি, রাগিণীবিঃ।

বেলাটিং-ব্লটিং দ্রঃ।

বেলাবসান [বেলা + অবসান] বি, বেলা শেষ ; সন্ধ্যা।

বেলাল [বেল + বাল > ক্ষে° আল। প্রা° বাং] বিণ, বেলের ; বেল গাছের। "চন্দন বানা অ তুলি বে° সিকড়।"-শূ° পু°।

বেলি, [বলা > প্রাকৃ° প্রা° বাং-য় বেলী ও°] বি, সময় ; কাল। "বেলি অসকালে দেখিনু তাদে পথেতে যাইতে সে।" -চণ্ডি°। "গোধূলি সময় বেলি।" -বি° প°। "বেলি অবসান হৈল চল যাই ঘরে।"-বলরাম°। বেলিতে-বেলাতে ; কালে। বেলে, -লেঁ-বেলায় ; সময়ে। "দুপহর বেলে"-শ্রী° কী°।

বেলি, -লী, [হিং° বগুড়া অঞ্চলে কথ্য বেলী। বাং-য়] বি, পুষ্পবিঃ ; jasmine.

বেলি, বেলী, [প্রাদে°] বি, কানা উঁচা থালাবিঃ।

বেলিফ [ইং bailiff এর লিপ্যন্তর] বি, রাজদ্বারে অপরাধীকে ধৃতকারী এবং জরিমানার টাকা আদায়কারী পেয়াদা। ২ ভূসম্পত্তির তত্ত্বাবধায়ক ; নাজির।

বেলুন [ইং balloon এর লিপ্যন্তর] বি, ব্যোমযান ; বিমান। "বায়ুভরা বেলুনের কথারি উন্নতি"-কস্তুরী। ২ ফানস। ৩ যে গোলাকার কাষ্ঠখণ্ডের দ্বারা কাষ্ঠ প্রস্তরাদির চাক্‌তি বা চাকীর উপর লুচি বা রুটি ইং° বেলা হয় বা চক্রাকার পাত করা হয়।

বেলে ['বালিয়া' > ক্ষে°] বিণ, বালিপূর্ণ ; বালুকাময়। ২ যা আঁটাল নয়। ~মাটি-বালুকাবহুল মৃত্তিকা ; যে মাটি আঁটাল নয়। ~পাথর-অকঠিন প্রস্তর ; মাটিয়া প্রস্তর। বেলেমাছ-বালি খায় ও বালিমাটিতে থাকে কোমলাঙ্গ মৎস্য। ~গুড়গুড়ে মাছ-বেলে মাছের আকৃতি অতি ক্ষুদ্রজাতীয় মৎস্যবিঃ।

বেলেখেলা [সং-বালের (মূর্খ,

বালহিত) খেলা] বি, অলীক খেলা ; মিছা বা নামমাত্র খেলা [দ্রঃ-"চোর চোর" খেলায় অপেক্ষাকৃত ছোট বা দৌড়িতে অক্ষম শিশুকে লইয়া অধিকবয়স্কগণ বেলে খেলা করে অর্থাৎ চোর ছুঁইয়া ফেলিলেও তাকে চোর করা হয় না এবং অসমর্থ বুঝিয়া তাকে অব্যাহতি দেওয়া হয়]।

বেলেল্লা [ফা॰বে+আ॰ লিল্লাহ্ (ঈশ্বর, ধর্ম) ঈশ্বর বা ধর্মহীন (তুল-ইং godless) > পরে সং-ব্যলীক অর্থে অর্বাচীন সংস্কৃতে "বেল্লহল" শব্দের সৃষ্টি হয়, এই শেষার্থে বাং-র-বেলেল্লা শব্দের ব্যবহার। তুল-হিং বিলাল্লা (নির্বোধ, বোকা silly, stupid)] বিণ, ধর্ম, সমাজ ও নীতিহীন ; চরিত্রহীন ; লম্পট। ২ শিষ্টসমাজ বহির্ভূত ; বওয়াটে। ~গিরি, ~পনা-বেলেল্লার মত ব্যবহার ; লাম্পট্য।

বেলেস্তারা [ইং blister এর লিপ্যন্তর] বি, ফোস্কা করিবার প্রলেপ।

বেলোয়ারি, বেলোয়ারী [ফা॰ বিল্লৌর (স্ফটিক crystal) + ই, ঈ (ত ন্নির্ম্মিতার্থে)] বিণ, উৎকৃষ্ট স্বচ্ছ কাচ-নির্ম্মিত দ্রব্য ; স্ফটিক। "দুই হাতে চারিগাছি চুড়ি বেলোয়ারি"-অশোক॰।

বেল্কামি, বেল্কমি, বেল্কুমি-বেল্লিক দ্রঃ।

বেল্যা [প্রা॰ বাং-বেলা দ্রঃ] বি বেলফুল। "বেল্যা গোঁওচি ভোচা আকড়া নিআলি। আহাত হইব তুই সে রূপর মুকুলী॥"-শূ॰ পু॰।

বেল্লন [বেল্ল (চঞ্চল হওয়া, চালনা করা) + অন (ভা॰)] বি, লুণ্ঠন ; গড়াগড়ি ; চলন ; গমন ; দোলন ; সঞ্চালন। ২ রুটি ইং নির্ম্মাণার্থ গোলাকার কাষ্ঠবিঃ ; বেলন্।

বেল্লিক [সং-ব্যলীক (বিড়া, কামুক) >] বিণ, লম্পট ; কেলিনাগর। ২ নির্লজ্জ ; বেহায়া ; শিষ্টসমাজ বর্জ্জিত কর্ম্ম বা অন্যের লজ্জাজনক কর্ম্ম করিতে যার লজ্জা নাই। "ঠেকেছে বিষম দায় বেহায়া বেল্লিক সেই বাতাসের সনে"-কুঙ্কুম। ৩ বিট ; বিদূষক। ~পনা-বেল্লিকের ব্যবহার ; এই অর্থে-বেল্লিকামি, বেল্কমি, বেল্কামি, বেল্কুমি, বেলকাম, বেলকামি ও বেলকুমি শব্দের গ্রা॰ ব্যবহার আছে।

বেল্লিত [বেল্ল্ (কম্পনে) + ত (র্ম্ম)] বিণ, কম্পিত ; লুণ্ঠিত ; দোলিত। ২ বক্র। ৩ [~+ত (ভা॰)] দোলন ; লুণ্ঠন।

বেশ১ [বিশ (প্রবেশ করা) + অ (ধি)-শরীর যাতে প্রবেশ করে] বি, সজ্জা ; বস্ত্র অলঙ্কারাদি ভূষা ; সাজসজ্জা। "রাঙ্গা ধূলি মাখিয়া অঙ্গের করে বেশ।"-কবিক॰। ২ বেশ্যাপল্লী : গণিকালয়। ৩ বেশ্ম গৃহ। ৪ [অ + (ভা॰)] প্রবেশ। বিণ, বেশক-প্রবেশক। ~ধারী-বিণ, যে বেশ ধারণ করে ; সাজসজ্জা ধারণকারী। ২ কপটী। ৩ বি, ভেকধারী ; ভণ্ডতপস্বী। ~ভূষা-বি, বসন ভূষণ। ~বিন্যাস-বি, সাজসজ্জা।

বেশ২ [ফা॰ বেষ্, হিং-র অনুকরণে বেস] বিণ, ক্রি-বিণ, উত্তম ; ভাল ; খুব। "মেরে ফেলে ত বেশ হয়"-রাজা (রবী॰)। ২ অধিক ; বেশী। বেশ করা-অন্যের ভয় না রাখিয়া নিজের ইচ্ছামত কার্য্য করা। ইহার ব্যবহার প্রায়ই উত্তম ও প্রথম পুরুষে। প্র-বেশ করেছি বা করবো ; বেশ করেছে বা করবে। ~কম, ~কমবেশ-বিণ, অল্পবিস্তর ; অল্পাধিক। বেশ কিছু, -কিঞ্চিৎ [বেশী=বেশ] অ, কিঞ্চিৎ অধিক। ২ বিলক্ষণ ; কিছু বেশী। "তার মাহিনা কুড়ি টাকা এবং উপরি বেশ কিঞ্চিৎ আছে।"-পিতা পুত্র। "তা ছাড়া সুদেও সে বেশ কিছু টাকা খাটায়"-ঐ।

বেশক্-বে১ দ্রঃ।

বেশবার, বেষবার, বেসবার [সং। বেশর দ্রঃ] বি, বাটনা ; ১ তোলা হিঙ্গ, ২ তোলা আদা, ৪ তোলা মরিচ, ৮ তোলা জীরা, ১৬ তোলা হরিদ্রা, ৩২ তোলা ধনিয়া-এই দ্রব্যসমূহ যথাক্রমে দ্বিগুণ করিয়া মিশাইলে তাকে বেশবার কহে (পাক প্রণালী)।

বেশর১ [বেশবার (দ্রঃ) > । ওড়ি॰ বেসর ; প্রা॰ বাং-বেসর] বি, বাটনা ; মশলা।

বেশর২ [বেশ-রা (দানে) + অ (র্ত্তৃ)। হিং বেসর ; ওড়ি॰ বশনী] বি, স্ত্রীলোকের নাসিকার অলঙ্কারবিঃ। "নাসায় বেশর পরে করিয়া লাবণ্য"-ঘ॰।

বেশাত [আ॰ বেজাত্ (মূলধন, মালপত্র)] বি, দ্রব্য ; যথাসর্ব্বস্ব ; সম্পত্তি ; ইং stock ; capital. "হে অন্ধ পাশাতে যত লইবে বেশাত"-মহা॰ (কাশী॰)।

বেশাতি-বেসাতি দ্রঃ।

বেশী১ [বেশ (সজ্জা) + ইন্ (স্ত্যা॰)] বিণ, বেশধারী ; বাঙ্গলায় স্ত্রীলিঙ্গে বেশিনীর ব্যবহার আছে। "কুঞ্চিতকেশিনী, নিরুপম-বেশিনী."-গোবিন্দ॰।

বেশী২ [ফা॰ বেষ্ (অধিক)] বিণ, অধিক ; অতিরিক্ত ; খুব। ২ বি, আধিক্য। কমি বেশী-অল্পাধিক্যতা।

বেশোআর, বেসার [প্রা॰ বাং। "দ্রব্যাণি বেশবারস্তু নাগবল্লীদলানি হি। তণ্ডুলাংশ্চ লবঙ্গানি মরিচানি সমাসতঃ" -ভাবপ্রকাশ] বি, ঝাল-বাটনা। "আম্বল ব্যঞ্জনে মো বেশোয়ার দিলোঁ।"-শ্রী॰ কী॰। "নিরস করিয়া দিল সরস বেসার"-ঘ॰।

বেশ্ম (-শ্‌ম্) [সং-বেশ্মন] বি, নিকেতন ; গৃহ। ~ভূ-বাস্তুভূমি।

বেশ্যা ["বৈদিক যুগে পতিতা রমণী ছিল, * * পতিতারা বিশ্ বা আর্য্য শ্রেণীর লোক সাধারণের ভোগ্যা ছিল বলিয়া তাহাদের নাম হইয়াছিল "বিশ্যা"। শব্দটির ব্যুৎপত্তির কথা বিস্মৃত হওয়াতে সংস্কৃত ভাষায় বৈদিক শব্দের ই-কার স্থানে এ-কার হইয়া গিয়াছিল। বিশ্যার অন্য নাম ছিল "রামা" এবং নগ্না "(নগ্না দ্রঃ)"-বিজয় মজুমদার, প্রবাসী, ১৩২০। প্রা॰ বেউশ্যা] বি, বারাঙ্গনা ; গণিকা। ~বৃত্তি-বি, বারবনিতার ব্যবসায় বা জীবনোপায়। অস॰ বেশ্যালি। ~লয়-বি, গণিকালয়।

বেষ্ট [বেষ্ট (বেষ্টন করা) + অ] বি, পরিধি। ২ বেষ্টনী ; বেড়া। ৩ বৃক্ষবিশেষের নির্য্যাস ; টার্পিন। ~ক-বিণ, যে বেষ্টন করে। ~বংশ [বেউর দ্রঃ] বি, বেউড় বাঁশ।

বেষ্টন [বেষ্ট (দ্রঃ) + অন (ণে)] বি, শিরোবেষ্টনী ; উষ্ণীষ। "ভয়ে কেশাইল তবে বে॰ মাথার"-চৈ॰ ভা॰। ২ [অন + (ভা॰)] প্রদক্ষিণ। ৩ বেড়া ; প্রাচীর ; দেওয়াল। ৪ বেড়। বিণ, বেষ্টিত-ঘেরা ; পরিবৃত ;

পাক-দেওয়া ; জড়ান। "কূলেতে কণ্টক তরু বেষ্টিত ভুজঙ্গে"-বঙ্কিম০।

বেস-বেশ$_2$ দ্রঃ।

বেসঁক্-বে$_1$ দ্রঃ।

বেসঁন [সং, হিং। বাং গ্রাং বেসম, ব্যাশোম্] বি, ডাইল চূর্ণ, (সাধাঃ) সূক্ষ্ম করিয়া পিষিত বিশুদ্ধ ছোলা বা মটর।

বেসঁর-বি, বেশর দ্রঃ।

বেসঁরম-বে$_1$ দ্রঃ।

বেসাত [আ০ বিসাৎ। বাং-র বেশাত ও০] বি, মালপত্র ; goods ; wares. ২ [হিং বিসাত্] বি, মূলধন। ৩ সম্পত্তি।

বেসাতি,-তী [আ০ বেজাত্ (পণ্য, দ্রব্যজাত)। হিং বিসাতি-পসারী] বি,পসারী; দোকানী ; খুচরা জিনিস বিক্রেতা ; বেণে। ২ খরিদ ; দোকানের খরিদ পত্র।-"বাজার বেসাতি করি মালিনী আনিল।"-অ০ ম০। ৩ পণ্য। "দধি না বেচিব আর ছাড়িব বে০" -বৈ০ গী০। ৪ কেনা-বেচা। ৫ বিক্রয়। "দিনের বেসাতী শেষে মুদী তার ভাঙ্গা কণ্ঠস্বরে, লঙ্কাকাণ্ড শেষ করে' বিশ্রামের আয়োজন করে।" ৬ বিণ, পণ্যের মূল্য সম্বন্ধীয়। "বেসাতি কড়ীর লেখা বুঝরে বাছনি"-অ০ ম০।

বেসার [বেসবার দ্রঃ] বি, পিষ্ট মসলা। "বেসার পিঠালি ঘন কাঠি।"-কবিক০। ২ তার ; আস্বাদন। "নীরস করিয়া দিল সরস বেসার॥"-ঘ০।

বেসারি [বেসালি দ্রঃ। ল=র] বি, মৃৎপাত্রবিঃ ; দুধের কেঁড়ে ; মাটির সরা। "ঔষধুক্ত ধূপ দিল বেসারির পরে।"-শি০।

বেসালি [তুল-বাসন, ইং basin., vessel. পর্ত্তু০ vasilha] বি, দুগ্ধ দোহন ও আবর্ত্তনাদি কার্য্যোপযোগী মৃৎপাত্রবিঃ। "চুলাতে রাখি বেসালি।"-চণ্ডি০।

বেসুমার-বে$_1$ দ্রঃ।

বেসুরা-বে$_1$ দ্রঃ।

বেসেড়া$_1$ [বাসিটিয়া > বাট্টিয়া > বাট্টে > বাসড়ে > বেসেড়া] বিণ,পর্য্যুসিত ; বাসি।

বেসেড়া$_2$ [গ্রাং। বাসাড়িয়া > ক্কে০ বাসাড়ে > বর্ণবিপর্য্যয়ে বেসাড়া > বেসেড়া] বিণ, বাসাড়ে ;অস্থায়ী বাসিন্দা।

বেসো [বাস (গন্ধ) + উআ=বাসুয়া > ক্কে০ বেসো] বিণ, বাসযুক্ত। তুল-গন্ধ > গন্ধুয়া > গোঁদো।

বেহঁক-বে$_1$ দ্রঃ। ~**দার**-যার দাবী দাওয়া নাই ; যার ন্যায্য প্রাপ্য নাই।

বেহঁদ্দ-বে$_1$ দ্রঃ।

বেহঁস্ত-বেহেশ্‌ত্ দ্রঃ।

বেহাই [সং-বৈবাহিক >। ক্কে০ "বেই"] বি.কন্যা বা পুত্রের শ্বশুর ; বেয়াই দ্রঃ। "কথাবার্ত্তা কহ গিয়া বে০ সহিত" -মনসার ভাসান। স্ত্রীং বেহাইন, বেহান (ক্কে০ বেন)।

বেহাগ [হিং বেহাগ, বিহাগ] বি, সঙ্গীতের মিশ্র রাগবিঃ। ~**ড়া**-বেহাগের ন্যায় মিশ্র রাগবিঃ।

বেহাৎ-বে$_1$ দ্রঃ।

বেহান [বেহাই (দ্রঃ) > স্ত্রীং বেহাইন > ক্কে০ বেহান। ম০ বাং-র বেহানী, বেহায়ীও আছে (প্রবোধচন্দ্রিকা), ক্কে০ বেন] বি, পুত্র কন্যার শাশুড়ী ; বিয়ান।

বেহায়া [বে$_1$ দ্রঃ] বিণ, নির্লজ্জ ; বেসরম। "বে০ ছোটলোকের বেটী !" স্ত্রীং বেহায়ী। ~**পনা**-নির্লজ্জতা।

বেহার [সং-বিহার >] বি, স্বনাম-প্রসিদ্ধ দেশ ; প্রাচীন মগধ। ২ বিশ্রাম স্থান। "কনক মণ্ডপ পরভুর কনক বেহার।" -শূ০ পু০।

বেহারা [বেয়ারা দ্রঃ। সং-বাহক >] বি, যানবাহক ; পাল্কীবাহক ; কাহার।

বেহারিব [বহাল > বাহালিব (নাম-ধাতু) >। ল=র] ক্রি, উ০ পু০ বাহাল করিব; নিযুক্ত করিব। "আন ভারী বেহারিব জাইব মথুরায় রাজ"-শ্রী০ কী০।

বেহাল-বে$_1$ দ্রঃ।

বেহালা [পর্ত্তু০ viola. গ্রা০ ব্যায়্লা] বি, প্রসিদ্ধ তন্তযন্ত্রবিঃ ; ইহা চারিতন্ত্রযুক্ত। এই তন্ত্রের উপর অশ্বাদির কেশনির্ম্মিত ছড়ী বা দণ্ড পরিচালিত করিয়া বাজাইতে হয়।

বেহুঁস, বেহুঁসিয়ার-বে$_1$ দ্রঃ।

বেহুড়া [বাতুলা (বাউল দ্রঃ) > বেহুলা > বেহুড়া] বিণ, উন্মত্তা ; পাগলিনী। "বে০ যুবতী"-বৈ০ গী০।

বেহুদা [ফা০ বে-হুদা] ক্রি-বিণ, অনর্থক ; ব্যর্থ ; নির্ব্বোধের মত ; বাজে। "অমনি হুমড়ি খেয়ে পড়ে বেহুদা বকতেন।" -টেকচাঁদ।

বেহুলা-বি, চাঁদ সদাগরের সাধ্বী পুত্রবধূ। মনসার শাপে বিবাহবাসরে বিধবা হন। ২ [>] সদ্য-বিবাহিতা বালিকা বিধবা। বেউলা দ্রঃ।

বেহেড্-বে$_1$ দ্রঃ।

বেহেশ্‌ত্, বেহেস্ত, বিস্ত [ফা০ বিহিস্ত > মু০ বাং বিস্ত্] বি, স্বর্গ। "ইস্‌লামের কারণে বিস্তে জ্বলে বাতি" -পূ০ ব০ গী০।

বৈ$_1$ [সং-অবরোহ > গ্রা০ বোআ (তুল -বটের বোয়া) >] বি, মূল। "সরিষা বাটা দিয়া রান্ধে পানীকচুর বৈ॥"-ম০ মঙ্গল (বিজয় গুপ্ত)।

বৈ$_2$ [বই দ্রঃ] অ, পাদপূরক শব্দ। ২ ভিন্ন ; বিনা ; ব্যতীত ; ছাড়া। "একান্ত জানিনা ধর্ম্ম এক ব্রহ্ম বৈ।"-ঘ০। "তোমা বৈ আর জানি নে।"-নিধুবাবু।

বৈ$_3$ [সং-বহ্ (বহনে) ধাতুজ। বহি > ক্কে০ বৈ] ক্রি, বহন করি। "ভবে যবে যাবে রায় খোব বৈ করে।"-ঘ০।

বৈআ [বসা$_2$ দ্রঃ। বসিয়া > বৈসা > বৈআ] অস-ক্রি, বসিয়া ; উপবেশন করিয়া। "পূজা কৈল বৈআ"-শূ০ পু০।

বৈঁচি [সং-বিকঙ্কত] বি, বোঁচ নামক কণ্টকী বৃক্ষের ফলবিঃ।

বৈঁঠি [ওরাওঁ শব্দ] বি, বঁটি।

বৈঁতিক [সং-বহিত্র নৌকা > ?] বি, বৃহৎ জাল যা জেলেরা নৌকা হতে নদীতে ফেলিয়া মাছ ধরে ; বিনজাল। "আষাঢ় শ্রাবণ মাসে মাজিয়া বৈঁতিক জাল ফেলিয়া ইলিস মাছ ধরে।"-টেকচাঁদ।

বৈকঁঙ্কত-বিকঙ্কত দ্রঃ।

বৈকর্ত্তন [বিকর্ত্তন (সূর্য্য) + অ (অপত্যার্থে)] বি, সূর্য্যপুত্র ; শনি। ২ অঙ্গাধিপ কর্ণ। "কর্ণ আজি কর্ণ, কর্ণ অঙ্গ

অধিপতি? এই চলিলাম যাতঃ। * * * ছুটলেন বৈ°।"-নবীন সেন। ৩ বিণ, সৌর। ৪ সূর্য্যবংশীয়।

বৈকল্পিক [বিকল্প+ইক] বিণ, যা বিকল্পে হয়। ২ সন্দেহযোগ্য। ৩ [বলবিদ্যা° (ক°বিশ্ব° পরি)] ইং alternative এর বৈজ্ঞা° পরিঃ। ~-প্রমাণ [জ্যা° (ক° বিশ্ব° পরিঃ)] বি, ইং alternative proof এর বৈজ্ঞা° পরিঃ।

বৈকল্য [বিকল+য (ভা°)] বি, বিকলতা; অঙ্গহীনতা; ন্যূনতা। ২ ব্যাকুলভাব।

বৈকাল [বি (বিগত) কাল+অ (স্বার্থে)] বি, অপরাহ্ণ; অবসান বেলা। বিণ, বৈকালি.-লী, বৈকালিক [বিকাল +ষ্ণিক=বৈকালিক > ভং বৈকালি,-লী] বিকাল সম্বন্ধীয়। ২ দেবতার উদ্দেশে নিবেদিত সায়ংকালীন নৈবেদ্য। ৩ বৈকালের লঘু আহার্য্য tiffin. বৈকালি খাটা, বৈ° দেওয়া [রাঢ় প্রাদে°] বি, যারা ৩ প্রহর খাটুনি খাটে, তাদের বৈকালের অবশিষ্ট বেলায় অতিরিক্ত কাজ জুটলে যে খাটুনি।

বৈকি [বৈ (ব্যতীত) কি (সন্দেহ কি? অর্থাৎ সন্দেহ নাই-নিশ্চয়ার্থে)] অ, নিশ্চয়; তাতে সন্দেহ নাই। "তখন জীবন সংগ্রাম ছিল বৈকি।"-সনাতনী। তা বৈ কি [নঞর্থে, বৈপরীত্যে] অ, তাহা নহে এই অর্থে। প্র-ইস্‌তা বৈ কি? ২ [নিশ্চয়ে] তাইত; তা'ত বটেই। প্র-তা বৈ কি, আমিও ত তাই বলি।

বৈকিরী [যশো° খুলনা প্রাদে°] বি, বানর।

বৈকুণ্ঠ [বি (রহিত) কুণ্ঠা > বৈকুণ্ঠ। প্রা° বৈকণ্ঠ]; "আমি কুণ্ঠিত না হইয়া জলের সহিত পৃথিবীর, বায়ুর সহিত আকাশের এবং তেজের সহিত বায়ুর মিলন করিয়াছি বলিয়া পাওবেরা আমাকে বৈকুণ্ঠ বলিয়া নির্দ্দেশ করেন।"-মহা° (সিংহ°)] বি, বিষ্ণু। ২ বিষ্ণুর পুরী। ৩ স্বর্গ। ৪ ধর্ম্মঠাকুর। "বৈকণ্ঠেতে জীএ ধর্ম্ম বলুকাতে স্থিতি।"-শূ° পু°। ~ধাম-বি, বিষ্ণুলোক। "বৈকুণ্ঠধামের জ্যোৎস্না"-মেঘ°। ~নাথ ~পতি -বিষ্ণু; নারায়ণ। ~বাসী-গোলকবাসী; বৈকুণ্ঠ বা বিষ্ণুলোকে বাসকারী; স্বর্গবাসী। > স্ত্রীং ~বাসিনী-বিণ, বিষ্ণুলোকে বাসকারিণী। ২ বি, লক্ষ্মী।

বৈকৃত [বিকৃত+ষ্ণ (ভাবার্থে)] বি, বিকৃত।

বৈক্লব্য [বিক্লব (দ্রঃ)+য (ভা°)] বি, কাতর্য্য; চিত্তচাঞ্চল্য; বিহ্বলতা।

বৈখরী, [সং] বি, স্পষ্টোচ্চারণ; সুস্পষ্ট উক্তি।

বৈখরী, [যোগ শা° পরিঃ] বি, বুদ্ধ্যুত্থিত কণ্ঠগত নাদরূপ বর্ণ; কণ্ঠসম্ভব স্বরের বিশিষ্ট রূপ (এই স্বর উচ্চ, গম্ভীর ও সুস্পষ্ট), সুস্পষ্ট উক্তি articulate utterance. "বৈখরীতে নাম জপ থামিয়া যাইলে তখন মধ্যমাতে ধ্যান হইবে তার পরেই পশ্যন্তিতে দর্শন, শেষে পরায় স্থিতি।"-উৎসব, ১৩৩১।

বৈখার্ন/স [সং] বি, বিণ, বানপ্রস্থ (সম্বন্ধীয়) (of) hermit. স্ত্রীং ~সী-বানপ্রস্থাবলম্বিনী।

বৈগুণ্য [বিগুণ+য (ভা°)] বি, গুণবৈপরীত্য; গুণবিসম্বাদ। ২ বৈকল্য। ৩ দোষ। ৪ ত্রুটি; অঙ্গহানি। বৈ° সমাধান [স্মৃ°] বি, অচ্ছিদ্রাবধারণের পর কোনও কোনও কার্য্যে, বিতঃ, পূজাদি কার্য্যে অজ্ঞানতা বা মোহবশতঃ যা স্খলিত হয় বা যে ত্রুটি ঘটে তজ্জন্য মার্জ্জনা।

বৈচক্ষণ্য [বিচক্ষণ+য (ভা°)] বি, নৈপুণ্য; দক্ষতা।

বৈচিত্ত্য [বিচিত্ত+ষ্য (ভা°)] বি, চিত্তবিকৃতি; মতিভ্রম।

বৈচিত্র্য [বিচিত্র+য (ভা°)] বি, বিচিত্রের ভাব। ২ চমৎকারিত্ব। ৩ সৌন্দর্য্য। ~ময়ী-বি, বিবিধ রূপ গুণ ও বর্ণাত্মক; সৌন্দর্য্যপূর্ণ। "বৈচিত্র্যময়ী সৃষ্টির ধারা..."-উত্তরা, পৌষ, ১৩৩৩।

বৈজয়ন্ত, বৈজয়ন্তধাম [সং] বি, ইন্দ্রপুরী।

বৈজয়ন্তিক [বৈজয়ন্ত+ইক] বিণ, পতাকাধারী। স্ত্রীং বৈজয়ন্তিকা-অগ্নিমন্থ। ২ জয়ন্তীবৃক্ষ। ৩ পতাকা।

বৈজয়ন্তী [বৈজয়ন্ত (দ্রঃ) শব্দের স্ত্রীলিঙ্গে] বি, পতাকা। ২ আরোহণী; অধিরোহণী; সিঁড়ী। ৩ কণ্ঠ হতে জানু পর্য্যন্ত লম্বিত পঞ্চবর্ণময়ী মালা। বিজয় বৈজয়ন্তী-জয়পতাকা।

বৈজয়িক [বিজয়+ইক] বিণ, বিজয়সূচক; জয়সংক্রান্ত। স্ত্রীং ~ী-বিজয়প্রদা; বিজয় সম্বন্ধীয়া। বৈজয়িকী বিদ্যা-যে বিদ্যা দ্বারা বিজয়লাভ হয়; কলাবিদ্যাবিঃ।

বৈজাত্য [বিজাত+য (ভা°)] বি, বিজাতীয়ের ভাব; বিজাতীয়তা। ২ বৈলক্ষণ্য। ৩ স্বভাবের বৈপরীত্য।

বৈজ্ঞানিক [বিজ্ঞান+ইক(ইদমর্থে)] বিণ, বিজ্ঞান সম্বন্ধীয়। ২ বিশেষজ্ঞ; দক্ষ; নিপুণ; কৃতী; কুশল।

বৈজ্ঞানিকী [বৈজ্ঞানিক (দ্রঃ)+ঈ (বিষয়, কার্য্য অর্থে)] বি, বৈজ্ঞানিকের কীর্ত্তি। ২ বিজ্ঞান-বিষয়ক প্রবন্ধাবলী; বৈজ্ঞানিক বিষয় সংগ্রহ।

বৈটা-বৈঠা দ্রঃ।

বৈঠক [সং-বাট্যালক (বেষ্টিত স্থলভাগ)] বি, বেষ্টিত স্থান; সভাগৃহ। ২ হুঁকা রাখিবার আধার। ৩ উপবেশন। ৪ সভাধিবেশন। ৫ মজলিস। ৬ বার বার উঠা বসা করিয়া ব্যায়াম করা। ~খানা-সভাগৃহ; বসিবার ঘর; মজলিস ঘর।

বৈঠকি, -কী [বৈঠক দ্রঃ] বিণ, বৈঠক করিবার, মজলিস করিবার বা বসিবার যোগ্য। ~বৈ° ঘর-বসিবার ঘর; বৈঠকখানা। "সুবর্ণেতে বান্ধা যার বৈঠকির ঘর।"-কবিক°। ~বৈ° গান-মজলিসী গান।

বৈঠন [সং-উপবেশন > প্রাকৃ° উবইসন > উবইঠন > বৈঠন] বি, উপবেশন; বসা।

বৈঠা, [হিং বৈঠ্‌না >। বৈস দ্রঃ। ব্রজ°। বৈঠি, বৈঠ, বৈঠে। পিজন্ত-বৈঠানি] ক্রি, বসা; উপবেশন করা। ~বৈঠ্‌ত-বসে। "ধরণী ধরিয়া ধনী কত বেরি বৈঠত"-

বি॰ প॰। বৈঠঁলু-বসিলাম। "উর মাড়ি বৈঠলু হরি করি পীঠ"-বি॰ প॰। ~বৈঠঁলি -বসিল। "বৈঠলি শয়ন সমীপে সুবদনী"-বি, প॰। ~বৈঠঁবি-বসিবে। "পহিলহি বৈঠবি" -বি॰প॰।~বৈঠায়ঁব-বসাইব। "কত দিনে করে ধরি বৈঠাওব কোর"-বি॰ প॰। বৈঠায়ঁল-বসাইল। "পালটি বৈঠায়ল কনক কটোরা"-বি॰ প॰। বৈঠিয়া-বসিয়া। বৈঠে-বসে ; বাস করে।

বৈঠা₂ -টা [সং-বহিত্র > বহিট্‌ঠা > বঠিয়া। প্রা॰ বোটে। হি॰বৈঠা] বি, নৌকা-চালন দণ্ড ; চওড়া ছোট দাঁড় ; ক্ষেপনী paddle ; ফেরয়াল। "মন মাঝি তুই বৈঠা নে রে"-রবী॰। ২ [যশো॰, খুলনা প্রাদে॰] কাষ্ঠনির্ম্মিত যে পাতলা দাঁড় না বাঁধিয়া হাতে তুলিয়া বাহিতে হয়।

বৈড়াল [বিড়াল] বিণ, বিড়াল সম্বন্ধীয় ; বিড়ালসুলভ। ~ব্রত [বিড়াল তপস্বী দ্রঃ] বি, ভণ্ডামি। বিণ, ~ব্রতিক, ~ব্রতী-ভণ্ডতপস্বী।

বৈণ [বেণু (বাঁশ) + অ (জীবিকার্থে) উ লোপ] বিণ, বেণু ব্যবসায়ী ; বেণুজীবী ; ডোম। বিণ, বৈণব-বংশ সংক্রান্ত। ২ বংশনির্ম্মিত। ৩ বংশজীবী ; ডোম। > স্ত্রীং ~বী-বংশলোচন। ~বিক [বেণু + ষ্ণিক] বিণ, যে বাঁশের বাঁশী বাজায় ; বেণুবাদক।

বৈণিক [বীণা+ইক (বাদনার্থে)] বিণ, বীণাবাদক ; যে বীণা বাদন করে। ২ বীণা সম্বন্ধীয়। "বৈ॰ পুস্তক স্তম্ভ, মণ্ডিত মায়ের হস্ত, অঞ্জনে রঞ্জিত সুলোচনা।" -ঘ॰। ৩ নারদ।

বৈণুক [বৈণ দ্রঃ] বিণ, বেণুবাদক।

বৈতংসিক [বীতংস (জাল) + ইক] বিণ, যারা জালে পশুপক্ষী ধরিয়া তার মাংস বিক্রয় করে। ২ জালিক।

বৈতনিক [বেতন + ইক (ষ্ণিক)] বিণ, বেতনভোগী। ২ বেতনসাধ্য। ৩ বি, মাহিনার চাকর।

বৈতরণী [বি (বিষম, বা বিপরীত)-তরণ (পারে গমন) যেখানে। বিতরণ + অ(ষ্ণ) + ঈ] বি, প্রেতপুরী বেষ্টন করিয়া অবস্থিতা নদী। "নদী বৈ॰ নাম দুর্গন্ধা রুধিরবহা। উষ্ণতোয়া মহাবেগা অস্থিকেশ তরঙ্গিণী॥"-রামা॰। ২ উৎকলের নদীবিঃ। যাজপুর ইহার তীরে অবস্থিত। "দশ অশ্বমেধ করি বৈ॰ জল তরি বন কাটি আসি প্রবেশিল"-অ॰ ম॰।

বৈতান, বৈতানিক [বিতান (যজ্ঞ) + অ (ষ্ণ), + ইক (ষ্ণিক)] বি, বিণ, যজ্ঞীয়। ২ বিতান সম্বন্ধীয়। ৩ বি, যজ্ঞাগ্নি। ৪ হোম। ৫ হোমের নৈবেদ্য।

বৈতাল, বৈতালিক [বি (বিবিধ)-তাল (মঙ্গলগীত বাদ্য সম্বন্ধীয় লয়) + অ (ষ্ণ), ইক (ষ্ণিক)] বি, স্তুতিপাঠক ; প্রভাত-ফেরী ; যারা প্রভাতকালে মঙ্গলগান গাহিয়া বা স্তুতি পাঠ করিয়া রাজা ও রাণীদিগের নিদ্রাভঙ্গ করে। "কোন্ রাণী, কহ, শশিমুখি হেন চিত্তবিনোদন বৈতালিক গীতে খোলে আঁখি?"-মেঘ॰। "জাগিয়া উঠি বৈতালিক গাহিছে জয়গান"-সোনার তরী। ২ বেতাল সম্বন্ধীয়। ৩ নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ।

বৈতালিকী [বৈতালিক + ঈ (কার্য্য, ভাব ইং অর্থে)] বিণ, প্রাভাতিক স্তুতি-পাঠ ; নিদ্রাভঙ্গের জন্য গেয় মঙ্গলগীত। "ঐ বৈতালিকী দিগন্ত ভরিয়া উদ্গীত হইতেছে" -আ॰ শক্তি, ১২ কার্ত্তিক, ১৩৩৩।

বৈদগ্ধ, বৈদগ্ধ্য [বিদগ্ধ (পণ্ডিত) + অ য (ভা॰)] বি, পাণ্ডিত্য ; রসিকতা। ২ নাগরিক জীবনের উপযোগী শিক্ষা দীক্ষা ও পাণ্ডিত্য culture. "তফাৎ যা ছিল তা বৈদগ্ধ্যের অর্থাৎ গান বাজনা পড়াশুনো ইত্যাদি নিয়ে। তা ছাড়া ছিল কৌলিক নীতির পার্থক্য অর্থাৎ ভাষা ভাব ভঙ্গী আচার বিচারগত বিশেষত্ব।" -রাশিয়ার চিঠি (রবী॰)। "সর্ব্বাঙ্গীণ জ্ঞান বৈদগ্ধ্যের" ইং। স্ত্রীং ~গ্ধী-রসিকতা ; পাণ্ডিত্য। "সর্ব্ব লীলা লাবণ্য বৈদগ্ধী করি সঙ্গে"-চৈ॰ ভা॰। পদ্যে-বৈদগধি, ~ধী-রসিকতা ; রসজ্ঞতা। "ক্ষণে ক্ষণে বৈদগধি কলা অনুপাম" -বি॰ প॰। ২ কৌশল; চাতুরী। "তুমি রতি কলানিধি জান নানা বৈদগধী, কুতূহলে তরাসে চঞ্চলা।"-কবিক॰। ~বিলাস-রসিকতাসূচক হাবভাব। ~বিলাস-চাতুর্য্যবিভ্রম ; লীলাচাতুর্য্য। "এ তোমার বৈদগ্ধ বিলাস"-চৈ॰ চ॰।

বৈদর্ভ [বিদর্ভ (দেশবিঃ) + অ] বিণ, বিদর্ভ সম্বন্ধীয়। ২ বিদর্ভ দেশোৎপন্ন। ৩ বি, বিদর্ভরাজ। ৪ বাক্‌চাতুর্য্য। ৫ দন্তশূল। স্ত্রীং ~র্ভী-দময়ন্তী। > বৈদর্ভী রীতি-রচনারীতিবিঃ ; পদমাধুর্য্যবিশিষ্ট অল্প সমাস বা সমাসহীন রচনা প্রণালী।

বৈদান্তিক [বেদান্ত + ইক (অধীতার্থে)] বিণ, বেদান্তদর্শন সংক্রান্ত ; বেদান্তের বিষয়ীভূত। ২ বি, বেদান্তদর্শনাভিজ্ঞ পণ্ডিত।

বৈদিক [বেদ + ইক (অধীতার্থে)] বিণ, বেদাধ্যায়ী। ২ বেদনির্দ্দিষ্ট : বেদবিহিত ; বেদোক্ত। ৩ বি, ব্রাহ্মণের শ্রেণীবিঃ।

বৈদুষ্য [বিদ্বস্ + ষ্ণ (ভা॰)] বি, পাণ্ডিত্য।

বৈদূর্য্য [বিদূর (পর্ব্বতবিঃ) + য (জাতার্থে বা তন্নির্ণয়ার্থে) > বৈদূর্য্য। তুল-তেলু॰ বেহুরু (বাঁশ)] বি, কৃষ্ণপীতাভ কৃষ্ণ মণিবিঃ ; নীলকান্তমণি। ইহা কেতুগ্রহের প্রীতিজনক বলিয়া সংস্কৃতে ইহার এক নাম "কেতুগ্রহবল্লভ" Lapis-lazuti.

বৈদেশিক, বৈদেশী [বিদেশ + ইক, ইন্ ১ম্য, ১ব॰] বিণ, অন্যদেশীয় ; ভিন্ন দেশবাসী। ২ বিদেশজাত। ৩ বিদেশ হতে আগত। ৪ বিদেশ সম্বন্ধীয়।

বৈদেহ [বিদেহ (মিথিলা) + অ] বি, মিথিলার রাজা জনক। ২ বিদেহবাসী। ৩ বণিক। স্ত্রীং ~হী-জানকী। বিণ, বৈদেহক -বিবিধ বাণিজ্য দ্রব্য সংগ্রহকারী। ২ শূদ্র-পিতৃক ও বৈশ্যামাতৃক জাতি।

বৈদ্য [প্রা॰ বঁদী। স্ত্রীং বৈদ্যা। বেদ (আয়ুর্ব্বেদ) + ষ্ণ্য (কুশলার্থে)] বি, আয়ুর্ব্বেদোক্ত চিকিৎসা ব্যবসায়ী ; ভিষক্। ২ [স্মৃ॰] ব্রাহ্মণপিতৃক বৈশ্যামাতৃক (অম্বষ্ঠ) জাতির বৃত্তিগত উপাধি ; বৈদ্যজাতি। ৩ বিদ্বান্ ; পণ্ডিত। ৪ নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ। ৫ বিণ, বেদে সম্বন্ধীয়। ৬ [স্মৃ॰] বেদজ্ঞ ; অধীতবেদ ; বেদবিদ্বান্ (তুল-অবৈদ্য অর্থাৎ বেদে

অনভিজ্ঞ)। "সংসৃষ্ট ভ্রাতাদিগের মধ্যে যদি একজন বৈদ্য হয় এবং অপরে অবৈদ্য হয়, বৈদ্য নিজের উপার্জিত সমস্ত ধনের অধিকারী হইবে।"-গৌতম সংহিতা, ২৯অ০। অম্বষ্ঠ বৈদ্য, রোগহর বৈদ্য-আয়ুর্বেদীয় চিকিৎসা ব্যবসায়ী ভিষক্ জাতি। অম্বষ্ঠ দ্র:। চন্দ্রবৈদ্য, শঙ্কুহরবৈদ্য, সোমবৈদ্য- আয়ুর্বেদীয়, বিত: প্রাচীন শল্য চিকিৎসা-ব্যবসায়ী নাপিত জাতি। আসামে বেজ, 'বেজ বৈদ্য'ও০। বিষবৈদ্য, বিষহর বৈদ্য-জাঙ্গুলিক; বেদিয়া (গ্রা০ বেদে)। মালবৈদ্য-সর্পবিষ চিকিৎসক; সাপের ওঝা। লতাবৈদ্য-বারুই জাতি। শুক্লবৈদ্য-রজক জাতি। ~ক [বৈদ্য+ক (স্বার্থে)] বি, চিকিৎসক। ২ আয়ুর্বেদীয় চিকিৎসাশাস্ত্র; আয়ুর্বেদ। ৩ বৈদ্য সম্বন্ধীয়। ~কোষ-বি, চিকিৎসা শাস্ত্রীয় অভিধান medical dictionary & glossary. ~নাথ [গ্রা০ বদ্দিনাথ] বি, চিকিৎসকচূড়ামণি। ২ শিব। ৩ বেহারের অন্তর্গত বিখ্যাত হিন্দুতীর্থ। ~শালা-বি, হাঁসপাতাল; রুগ্নাশ্রম hospital. ~শাস্ত্র-বি, বৈদ্যক (দ্র:)। ~সঙ্কট-বি বহুবৈদ্য দ্বারা চিকিৎসা করানর ফলে রোগবৃদ্ধি।

বৈদ্যুত, বৈদ্যুতিক [বিদ্যুৎ+(অ, ইক)] বিণ, তড়িন্ময়। "বৈদ্যুৎ আলোর কারখানা"-রবী০। স্ত্রী০ ~ী, বৈদ্যুতিকী। ~যান, ~শকট-বি, বিদ্যুৎ বলে চালিত যান। ~বার্ত্তাবহ-বি, টেলিগ্রাফ। ~আলোক-বি, বিজলি বাতি; তাড়িতালোক electric light.

বৈধ [বিধি+অ(অবহির্ভূত অর্থে)] বিণ, বিধিবিহিত; উচিত; ন্যায়। বি, বৈধতা।

বৈধব্য [বিধবা (দ্র:)+য (ভা০)] বি, বিধবাবস্থা।

বৈধর্ম্ম্য [বিধর্ম+য (ভা০)] বি, বিরুদ্ধ ধর্মের ভাব। ২ নাস্তিকতা।

বৈধাত্র [বিধাতৃ+অ (অপত্যার্থে)] ব্রহ্মার মানসপুত্র (সনৎকুমার আদি)। ২ বিধাতৃ সম্বন্ধীয়।

বৈধৃতি [বি-ধৃতি, বিগত হইয়াছে ধৃতি যার, বহু০] বি, কল্পিত জ্যোতিষের যোগবি:।

বৈধেয় [বিধি+এয় (সম্বন্ধে)] বিণ, বিধি সম্বন্ধীয়।

বৈনতেয় [বিনতা+এয় (অপত্যার্থে)] বি, বিনতার পুত্র; অরুণ। ২ গরুড়।

বৈনায়ক [বিনায়ক (গণেশ)+অ (সম্বন্ধার্থে)] বিণ, বিনায়ক সম্বন্ধীয়।

বৈনায়িক [বিনায়ক (বুদ্ধ)+ইক] বি, বিণ, বুদ্ধমতাবলম্বী; বৌদ্ধ।

বৈনায়িকীবিদ্যা [সং] বি, ৬৪ কলার অন্তর্গত বিদ্যাবি:; বিবিধ শাস্ত্রজ্ঞান।

বৈনাশিক [বিনাশ+ইক] বিণ, বিনাশ সম্বন্ধীয়। ২ বিধ্বংসী; ক্ষণভঙ্গুর। ৩ নাড়ীনক্ষত্রবি:।

বৈপরীত্য [বিপরীত+য (ভা০)] বি, বিপরীত ভাব; বিপর্য্যয়; বৈলক্ষণ্য। ~বিদর্শন [বৌ০ সা০] বি, যা পরিহার্য্য তার অপনয়নের বা নিরাকরণের জন্য প্রদর্শন (যথা দীপ দ্বারা অন্ধকারের নিরাকরণ, কামের পরিহার জন্য অকামীর গুণকীর্ত্তন)। "মহাসত্ত্বের মুখে কামদোষের এইরূপ বর্ণনা শুনিয়া বৈপরীত্যবিদর্শন বশত * * তিনজন রাজার এবং তাঁহাদের অনুগামী সৈন্য সামন্তদিগের মন হইতে কামাশক্তি অন্তর্হিত হইল।" -জাতক, ৫ম খণ্ড।

বৈপিত্র, বৈপিত্রেয় [বিপিতৃ+অ, এয় (অপত্যার্থে)] বি, এক মাতার গর্ভজাত ভিন্ন পিতার ঔরসজাত সন্তান। "বৈপিত্র দুভাই তাহে জন্মিল তোমার। একটী বিচিত্রবীর্য্য চিত্রাঙ্গদ আর।"-অ০ ম০। তুল- বৈমাত্র, বৈমাত্রেয়। স্ত্রী০ বৈপিত্রী, বৈপিত্রেয়ী।

বৈপ্লবিক [বিপ্লব+ইক] বিণ, বিপ্লব সম্বন্ধীয়; বিদ্রোহাত্মক।

বৈবর্ণ [বিবর্ণ+য (ভা০)] বি, বর্ণবিকৃতি; বিবর্ণতা। ২ মালিন্য। ৩ [বৈষ্ণব সা০] ভয়, রোষ, বিষাদ জন্য বর্ণবিকার।

বৈবস্বত [বিবস্বৎ (সূর্য্য)+অ (অপত্যার্থে)] বি, সপ্তম মনু। ২ যমবি:। ৩ সূর্য্যপুত্র যম। (২) শনি। (৩) কর্ণ। স্ত্রী০ ~ী দক্ষিণদিক্।

বৈবাহিক [বিবাহ+ইক (সম্বন্ধার্থে)] বিণ, বিবাহ সম্বন্ধে সম্বন্ধিত: বিবাহ সংক্রান্ত। ২ বিবাহের উপযোগী। ৩ বি, বেহাই; জামাতার বা পুত্রবধূর পিতা। স্ত্রী০ ~ী।

বৈভব [বিভব (দ্র:)+অ, বা, বিভু+অ (ভা০), ই=ঐ, উ=অব্] বি, শিবত্ব; ব্রহ্মত্ব। ২ বিভূতি; শক্তি। ৩ ঐশ্বর্য্য; সমৃদ্ধি। "সর্ব্বানন্দ ভৈরব বৈ০ যাহা সেখি।" -অ০ ম০। ৪ সম্পত্তি; ধন; রত্ন। "ক্ষীরগ্রামে ডানি পায় অঙ্গুষ্ঠ বৈ০।"-অ০ ম০। ৫ মহিমা; গৌরব। ৬ রূপ। "লক্ষ্মীগণ তাঁর বৈভব বিলাসাংশরূপ।"-চৈ০ চ০। ~শালী -বিণ, সম্পত্তিশালী; ঐশ্বর্য্যসম্পন্ন। বিষয়-বৈভব [সং০ দ্বন্দ্ব] বিষয়রাশর; ঐশ্বর্য্য সম্পত্তি।

বৈভারগিরি-মগধ দ্র:।

বৈভাষিক [বিভাষা+ইক] বিণ, বৈকল্পিক; বিকল্পসিদ্ধ।

বৈভ্রাজ [বিভ্রাজ (শোভমান, দীপ্তিশীল)+অ] বি, কুবেরের উদ্যানের নাম।

বৈমনস্য [সং] বি, মনোমালিন্য; মতবৈপরীত্য; মনান্তর; অপ্রীতি।

বৈমা/ত্র, বৈমা/ত্রেয় [বিমাতৃ+অ, এয় (অপত্যার্থে)] বি, বিমাতার পুত্র। স্ত্রী০ ~ত্রী, ~ত্রেয়ী-বিমাতাকন্যা।

বৈমানিক [বিমান+ইক] বিণ, বিমান সম্বন্ধীয়। ২ বিমানচারী। "পোলাণ্ডের বৈ০ * * * বিমানপোতে চড়িয়া কাইরো যাত্রা করিবেন"-খাং কথা।

বৈমুখ [বিমুখ দ্র:] বিণ, বিমুখ; প্রতিকূল। স্ত্রী০ ~ী (অ০ ম০)। "বিধুমুখী বৈমুখী নহি সুখ দানে"-অ০ ম০।

বৈমুখ্য [বিমুখ+য (ভা০)] বি, বিমুখতা; পরাঙ্মুখতা। ২ অপ্রসন্নতা। ৩ প্রতিকূলতা। ৪ পশ্চাদ্গমন; হটিয়া আসা।

বৈয়র্থ্য [ব্যর্থ+ষ্য (ভা০)] বি, ব্যর্থতা।

বৈয়া [সং-বহ্ > বহা > বয়া > অস-ক্রি, বহিয়া > বৈয়া। গ্রা০ বঁয়ে] অস-ক্রি, অতিবাহন করিয়া; অতিবাহিত

] ঈক বিন্দবৎ (অগ্র=অগ্রে), ঁ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible] ও জ্ঞা০ দ্র:

হইয়া ; বহিয়া ; কাটিয়া।
গেল বৈয়া বঁধু সে কাল গেল বেয়া। কবিশেখর। ২ ভাসিয়া ; অধঃপতনের দিকে। বৈয়া (ব'য়ে) গেল-ঔদাসীন্য বা অনাস্থাজ্ঞাপক অব্যয় ; উপেক্ষাসূচক অব্যয়। বৈয়া (ব'য়ে) যাওয়া-অধঃপতনের স্রোতে ভাসিয়া যাওয়া ; কুসংসর্গে নষ্টচরিত্র হওয়া। ২ [বিপরীতার্থক ব্যঙ্গোক্তি] দায় পড়া (=দায় না পড়া)। প্র-আমার ব'য়ে গেছে (=আমার দায় পড়ে নাই)। এই অর্থে ব'য়ে গেছে, ব'য়ে গেল ইং।

বৈয়াকরণ [ব্যাকরণ+অ (অধীতার্থে, জ্ঞাতার্থে ষ্ণ)] বিণ, ব্যাকরণে পণ্ডিত। "আসে গুটিগুটি বৈং"-চয়নিকা (রবীং)।

বৈয়াঘ্র [ব্যাঘ্র+অ, ঐ আগম] বিণ, ব্যাঘ্র সম্বন্ধীয়। ২ ব্যাঘ্রচর্ম্মাবৃত। ~রথ-ব্যাঘ্রচর্ম্মাবৃত রথ। ~পদ্য-গোত্রপ্রবর্ত্তক মুনিবিঃ ; ভীষ্মদেব এই গোত্রসম্ভূত ছিলেন।

বৈয়াম, বৈয়েম-বয়েম দ্রঃ।

বৈয়াসকি, বৈয়াসিক, ~সিকী-ব্যাস দ্রঃ।

বৈর ["বৈরং বিরোধো বিদ্বেষঃ"-অমরং] বি, বিদ্বেষ ; শত্রুতা। বিণ, বৈরী। ~কার-বি, শত্রুতাকারী। ~নির্য্যাতন, ~প্রতিকার-প্রতিশত্রুতা ; দাদ তোলা। ~ভাব-বি, শত্রুতা ; বিদ্বেষ। ~সাধন-বি, বিপক্ষতাচরণ ; হিংসন।

বৈরক্ত্য-বিরক্ত দ্রঃ।

বৈরস্য [বিরস+য (ভাং)] বি, বিরসতা। ২ অনিচ্ছা।

বৈরাগী [প্রাং "বৈরিগি"। সং-বৈরাগিন্ শব্দ] বি, সংসারবিরক্ত নিস্পৃহ ব্যক্তি। "অন্তরে মোর বৈং গায়, তাইরে নাইরে নাইরে না"-রবীং। ২ বিবেকী ৩ বৈষ্ণব।

বৈরাগ্য১, বৈরাগ [বিরাগ+য, ব (ভাং)] বি, সংসার বিরাগীর ধর্ম্ম। ২ বৈষ্ণব ধর্ম্ম। ৩ ঔদাস্য ; সংসারবিরক্তি। ৪ বিবেক। "বিবেক বৈরাগ্য দেহ, দেহ ও-পদে আশ্রয়।"-ক্ষং। [দ্রঃ-বৈরাগ্য ও বিবেক উভয়ই স্থূলজগতের বস্তুকে অসার জানিয়া তৎপ্রতি অননুরাগ ও উদাসীনতা অর্থাৎ পার্থিব কোন কিছু প্রাপ্তির আশা বা অভিলাষ ত্যাগ ইহা প্রধানতঃ সংসারের অনিত্যতা-জ্ঞানমূলক। কিন্তু বৈরাগ্য-বিষয়ে বিরক্তি ও সংসার ত্যাগের ভাব সূচনা করে। বিবেক-প্রকৃতি হতে পুরুষ, জগৎ হতে ব্রহ্ম, অসৎ হতে সৎ ইং পৃথক্ করণ, সম্যক্ বিচারজনিত জ্ঞান এবং মিথ্যার প্রতি অনাসক্তির ভাববোধক]।

বৈরাগ্য২ [বৈরাগ্য১ দ্রঃ] বি, হিন্দুর জাতীয় পদবীবিঃ। "সুবিখ্যাত কীর্ত্তনীয়া শ্রীযুক্ত রাখাল দাস বৈং মহাশয় শ্রীচৈতন্যমঙ্গল কীর্ত্তন করিবেন।"-আং পত্রিকা, ৬-১-৩৬।

বৈরাগ্যোদয় [বৈরাগ্য+উদয়] বি, বিবেকের সঞ্চার ; সংসার অসার ও অনিত্য এই জ্ঞান হতে ঔদাস্যের উদ্রেক।

বৈরাট [বিরাট+অ] বি, বিরাট-দেশজাত। ২ বিরাটদেশনিবাসী। ৩ বিরাট সম্বন্ধীয়। ৪ বিরাট রাজ্যের রাজা। ৫ ইন্দ্রগোপকীট।

বৈরাতী-বরাতি দ্রঃ।

বৈরি [হিং বড়ী > ৭ প্রাং বাং] ক্রি-বিণ, বড় ; অতিশয়। "কান্দিয়া কাজির আগে কহে দুঃখ লাগে বৈরি।"-মনসা মং (বিজয়)।

বৈরী [সং-বৈরিন্ শব্দ ১মা, ১বং] বিণ, শত্রু। ২ [প্রাং 'বাজবৌরী'] বাজ বৈরী ; বৃহদাকার শ্যেনপক্ষী। বি, বৈরিতা।

বৈরূপ্য [বিরূপ+য (ভাং)] বি, বিরূপভাব ; বিরূপতা ; বিকৃতি।

বৈরোচন, বৈরোচনি [বিরোচন +অ, ই অপত্যার্থে] বি, বিরোচন-দৈত্যপুত্র বলিরাজ।

বৈল [বসিল > কেং। প্রাদেং] ক্রি, বসিল। "অধোমুখ শিরে কর ভূমে বৈল বুড়ী" -পূং বং গীং।

বৈলক্ষণ্য [বিলক্ষণ(ভিন্ন)+য(ভাং)] বি, ভাবান্তর ; প্রকারান্তর ; বিভিন্নতা।

বৈলক্ষ্য [বিলক্ষ (দ্রঃ)+ষ্ণ (ভাং)] বি, লজ্জা। ২ বিস্ময়। ৩ ভাবান্তর।

বৈলানজাল [হিং বাল (কেশ) > বালম (কেশসমূহ > বৈলান] বি, কেশজাল ; চূড়াবন্ধন ; বেণী। "শির বেড়ল বৈলানজালে নবগুঞ্জামণি মালে"-চণ্ডিং।

বৈশম্পায়ন [মহাং] বি, মহাভারত-বক্তা ব্যাসশিষ্য মুনিবিঃ।

বৈশা, বৈসা [সং-বিশ্ (প্রবেশে, উপ-বিশ্=উপবেশন করা) > বশা > বৈশা। বসা দ্রঃ। বৈশি, বৈশ, বৈশে, বৈশিতে (কেং বৈশতে, বশতে), বৈশিয়া (কেং বৈশে'। পরে শ=স] ক্রি, বসা ; উপবেশন করা। প্রাং বাং বৈশোঁ-বসি।

বৈশাখ [প্রাং বোশেক। বিশাখা (নক্ষত্র)+অ, বিশাখা নক্ষত্র যোগযুক্ত কালার্থে] বি, বৎসরের প্রথম মাস। প্রাং বাং-র-বৈসাখ (শূং পুং)। স্ত্রীং ~ী-বিশাখা নক্ষত্রযুক্তা পূর্ণিমা।

বৈশাখী [প্রাং "বোশিকী"। প্র-পাখীর বোশিকী বাচ্ছা। বৈশাখিন্ শব্দ] বিণ, বৈশাখ মাস সম্বন্ধীয়। ২ বৈশাখ জাত। ৩ বৈশাখে অনুষ্ঠেয়। কাল বৈশাখী-বৈশাখ মাসের আপরাহ্নিক প্রবল ঝড় ; বায়ুকোণ হতে প্রবাহিত ঝটিকা north wester.

বৈশালী-বি, প্রাচীন ভারতের মহা-নগরীবিঃ (পাটনা'র ১০ ক্রোশ উত্তরে)। জৈনধর্ম্ম প্রচারক মহাবীর স্বামী (পূর্ব্বনাম-বর্দ্ধমান) বৈশালীর রাজকুমার ছিলেন (জন্ম ৫৪৭ খৃং পূং)। বর্ত্তমান নাম-বসার।

বৈশিষ্ট্য [বিশিষ্ট+য (ভাং)] বি, বিশিষ্টের ভাব ; বিশেষত্ব। ২ বৈলক্ষণ্য।

বৈশেষিক [বিশেষ+ইক (ষ্ণিক), যে শাস্ত্রে বিশেষ নামক একটী পদার্থ নিরূপিত হইয়াছে] বিণ, কণাদ মুনি প্রণীত বৈশেষিক দর্শনবেত্তা। ২ বি, কণাদ মুনিকৃত দর্শনবিঃ। ইহাতে বিশেষ নামে একটী পদার্থ স্বীকৃত হওয়ায় এই নাম।

বৈশ্য [স্মৃং। বিশ দ্রঃ] বি, সামান্য কৃষি বাণিজ্যাদিপ্রিয় সাধারণ মনুষ্য ; তৃতীয় বর্ণ ; কৃষক, বণিক ও পশুপালক। স্ত্রীং ~া-বৈশ্য জাতীয় স্ত্রী ; বৈশ্যপত্নী। ~ভাব-বি, বৈশ্য-সুলভ প্রকৃতি ; বণিগ্ ভাব। "আজ যে প্রবল

বৈশ্রভাবে জগৎ প্লাবিত তাহার পীঠস্থান প্রতীচী"-বঙ্গবাণী, ১৩৩৩।

বৈশ্রবণ [বিশ্রবস্+অ, ই=ঐ, স্=ন্] বি, বিশ্রবা মুনির পুত্র। কুবের, রাবণ, কুম্ভকর্ণ, বিভীষণ।

বৈশ্বানর(-শ্বা-) [বিশ্বনরের জঠরে অনলরূপে বিরাজ করে বলিয়া] বি, বহ্নি; অগ্নি; অনল।

বৈষম্য [বিষম (অসমান)+য (ভা০)] বি, বৈসাদৃশ্য; বিসদৃশতা। ২ সাম্যাভাব; বিষমত্ব; অসমতা। ~জ্ঞান-বি, ভেদ জ্ঞান; অসমতার বোধ।

বৈষয়িক [বিষয়+ইক (সম্বন্ধার্থে)] বিণ, বিষয়কর্ম্ম সম্বন্ধীয়।

বৈষ্ণব [প্রা০ "বৈষ্টম", "বোষ্টোম্"। বিষ্ণু+অ (সম্বন্ধে, উপাস্য দেবতার্থে)] বিণ, যাদের বিষ্ণু উপাস্য দেবতা; বিষ্ণুর উপাসক; বিষ্ণুভক্ত; বিষ্ণু সম্বন্ধীয়। "বৈ০ কবিগণের পদাবলী ভাঙ্গিয়া কীর্ত্তনের সৃষ্টি"-বাং গান। ২ বি, হোমভস্ম। ৩ মহাপুরাণবিঃ। ৪ প্রাচীনকালের মহাসংহারক অস্ত্রবিঃ। "বৈ০ অস্ত্র গাণ্ডীবেতে জোড়ে ততক্ষণ॥" -মহা০ (শ্রীকর০)। "সম্বরিল বৈ০ অস্ত্র বীর ধনঞ্জয়।"-ঐ। স্ত্রীং ~বী [প্রা০ বৈষ্টোমি, বোষ্টমি, বষ্টমি] বিষ্ণুশক্তি। ২ দুর্গা। ৩ [বিষ্ণুপদোদ্ভবা বলিয়া] গঙ্গা। ৪ [বিষ্ণুর বরে উদ্ভূতা বলিয়া] তুলসী। ৫ বৈষ্ণব সম্প্রদায়ভুক্তা নারী। ৬ বৈষ্ণবের পত্নী। ৭ বিণ, বিষ্ণু হতে উদ্ভূতা। প্র-বৈষ্ণবী মায়া। ~তা (-ব্-)-বি, বিষ্ণুভক্তি; বিষ্ণুসেবা। ২ বৈষ্ণবের ন্যায় আচরণ। "ব্রহ্মারে বলিলা বিষ্ণু বৈষ্ণবতা কর"-শি০। তাঁতী কুলও যাওয়া বৈষ্ণব কুলও যাওয়া-একুল ওকুল দুকুল যাওয়া; নিরাশ্রয় হওয়া।

বৈসা [বৈশা দ্রঃ। শ=স। তুল-হি০ বৈঠ্না। বসা (দ্রঃ)। বৈসি, বৈস (বৈসহ, বৈসেন), বৈসিস, বৈসে (বৈসেন); বৈসিতে; বৈসিয়া। ণিজন্ত-বৈসান] ক্রি, বসা; উপবেশন করা। "বৈস বৈস বলি বায়"-অ০ ম০। ২ বাস করা। "ত্রিভুবনে যত বৈসে" -কবিক০। প্রা০ বাং। ব্রজ০ বৈসল=বসিল। "বৈসল মধুপাশ।"-বি০ প০। প্রা০ বাং-'বৈছেন্' ও০ (প্রা০ সূর্য্যের গান)। বৈসহ-উপবেশন করুক। "পাসে আসী বৈসহ বোলো মধুরস বাণী"-শ্রী০ কী০। [প্রা০ বাং-র বৈসেন অর্থে বৈসন্ত-ক্রি, বসেন; থাকেন। "হেন কৃষ্ণ তোমা সঙ্গে সদায় বৈসন্ত।"-মহা০ (শ্রীকর০)।

বৈসাদৃশ্য [বিসদৃশ+য (ভা০)] বি, বিসদৃশতা; বিষমত্ব; বৈষম্য।

বৈসানি [তুল-হি০ বৈঠানা। বৈসা ধাতুর ণিজন্ত রূপ। বৈসাই, বৈসাও, বৈসায়; বৈসাইতে; বৈসাইয়া] ক্রি, বসান; উপবেশন করান। "কর দুহু ধরি লহ নিয়রে বৈসায়" -বি০ প০।

বৈহাসিক [বিহাস+ইক] বি, যে হাসায়; বিদূষক; সঙ।

বো-বু দ্রঃ।

বোঁ, বোঁ-বোঁ [অনু০] অ, বায়ুমণ্ডল ভেদ করিয়া দ্রুতগতির শব্দ; অতিবেগে গমন, চালন, পতন, ঘূর্ণন, পক্ষাদি সঞ্চালন বা উড়ন ই০-র শব্দ। "চতুর্দ্দিকে কেবল মশার বোঁ বোঁ শব্দ।"-দী০ রায় (বহীমমথী)।

বোঁচকা [তুর্কী০ বুক্‌চা; ক্ষুদ্রার্থে তুর্কী০ বুক্‌চী] বি, পোঁটলা; বড় গাঁঠরী বা গাঠরা। ~-বুচকী-বি, পোঁটলা-পুঁটলি; গাঁঠরা-গাঁঠরী।

বোঁচা, বোচা [ভোঁতা (দ্রঃ) > ভোঁচা > বোঁচা, ধার বা ডগা ঘষা বা মোছা] বিণ, যাদের মুখ থ্যাবড়া থোবড়া এবং নাকের ডগা সূক্ষ্মতাবর্জ্জিত অর্থাৎ ঘর্ষিতবৎ বা মোছা। "খাঁদা বোঁচা হৈল কার গেল নাক কাণ"। -শি০। ২ [বঞ্চিত (পূর্ণাঙ্গতায়) > ? তুল-ব্যঙ্গ (বিকলাঙ্গ)] বিকলাঙ্গ; ছিন্ননাসিক; ছিন্নকর্ণ। "মাথায় বাড়িতে চোট কাণ হইল বোঁচা"-ম০। ৩ নির্লজ্জ; বেহায়া।

বোঁটা [সং-বোন্ট >। পদ্যে ছন্দানুরোধে বোঁট]। "ঠোঁট নয় শিউলির বোঁট"-স০ দত্ত। বি, বৃন্ত; ডাঁটা। "এক বোঁটায় আমরা দুই ফুল"-চন্দ্রশেখর। "শ্রীমতীর কুন্তলের বাসি ফুলের বোঁটা" -হেম০। ২ কুচাগ্র।

বোঁদেলা [হি০ বুন্দেলা] বি, বুন্দেলখণ্ডবাসী। "ভোজপুরে সোয়ার বোঁদেলা শত শত"-অ০ ম০।

বোকড়া, বোগড়া [বুকড়ী দ্রঃ। অবজ্ঞায় ও বৃহদর্থে বোকড়া। প্রাদে০ ভেদে ক=গ] বিণ, মোটা।

বোকস, বোক্কস [সং] বি, রাক্ষস। ২ রাক্ষসের ন্যায় ভোজন যার; পেটুক। ৩ ডাইন। প্র-বোকসের মন্ত্র।

বোকা [প্রাকৃ০ বোক্কড়। "বোক্কড়ো ছাগঃ"-দেশী নামমালা। তুল-ডচ্ bok (a goat); দক্ষিণ আফ্রিকান-bok (a goat, an antelope)] বি, ছাগল; পাঁটা। "এমন পাঁটায় নাম যে রেখেছে বোকা"-ঈ০ গুপ্ত। "সাত পাত ভাত মারি বোকা গন্ধ শুঁকে"-ঈ০ গুপ্ত। ২ ছাগগন্ধ। "মেলে ঘন ঘন জীহের আগ। রাম কাছে যেন বোকা ছাগ।"-শ্রী০ কী০। ৩ বিণ, কামপীড়িত যুবা পশুর ন্যায় বা কামপীড়িত ছাগলের ন্যায়। ৪ মূঢ়; নির্ব্বোধ। ৫ [প্রাদে০] বাক্‌শক্তিহীন; বোবা। ~কান্ত, ~রাম [প্রধান অর্থে কান্ত, রাম] বিণ, নির্ব্বোধের শ্রেষ্ঠ। ~ছাগল-বি, পাঁঠা। ~টিয়া, ~টে-বিণ, বোকার মত। ~বোকা-বিণ, ছাগ ছাগ গন্ধযুক্ত। ~মী, ~মি-বি, নির্ব্বোধের মত আচরণ।

বোক্‌নো, বোক্নো, বোখ্‌নো, বোগ্‌নো [বকুনা, বখুনা, বগুনা ও০। বক (গ)-গ্রীবাকায় বক্র গঠনের জন্য নাম। প্রাদে০] বি, বিশেষ আকারের ধাতুপাত্র। "বোগ্‌নো'টি ওই বেশ যে মনে পড়্‌ছে আজি মোর * * * তৈলভরা ঐ বোগ্‌নো, মিষ্টিভরা ঠোলা অনেক দিনের কথাই বটে, যায় না তবু ভোলা।"-কুমুদ০ মল্লিক।

বোঙ্গা [কোল শব্দ] বি, কোল জাতির আত্মা; দেবতা; ঈশ্বর। স্ত্রীং বুঙ্গি-দেবী। ~বুঙ্গি-দেবদেবী। ২ কোল সাঁওতালদের প্রেত ও পূর্ব্বপুরুষের পূজানুষ্ঠান।

বোচ্‌কা [তুর্কী০ বুগ্‌চা] বি, বস্ত্রাদির মোট; গাঁটরি; বস্তা। "তখন নগরের মধ্যে বোচ্‌কা বাঁধিবার বড় ধুম পড়িয়া গেল"-বঙ্কিম০ (সীতারাম)। স্ত্রীং বুচ্‌কী।

~বুচ্‌কী-বি, পোঁটলা-পুঁটলি ; বড় ছোট গাঁটরি bag & baggage.

বোজা [বুজ দ্রঃ] ক্রি, বন্ধ করা। ২ বিণ, বন্ধ ; মুদ্রিত। চোখ বোজা-চক্ষু বন্ধ করা। ২ না দেখা ; দৃক্‌পাত না করা। ৩ উপেক্ষা করা। নাক বোজা -শ্লেষ্মায় নাসারন্ধ্র বন্ধ হওয়া। মুখ বোজা -কথা না কহা।

বোঝ, বোঝা১ [হিং বোঝা (দ্রঃ)] বি, ভার ; বস্তা। "বেগারী, বেতন পায় তবে আসে বোঝা"-ধ।

বোঝা২ [বুধ্ (জ্ঞান করা, বোধ করা, ভাবা) ধাতুজ। বুঝা দ্রঃ। বোধ করা অর্থে বোঝা=বোঝা। বুঝি, বোঝ (বুঝেন, বুঝিস), বোঝে (বোঝেন) ; বুঝিতে ; বুঝিয়া (কেং বুঝে)। ণিজন্ত-বোঝান] ক্রি, চিন্তা করা ; ভাবা। "ও কে বোঝা গেল না"-বাং গান।

বোং নামান-ক্রি, মোট বা ভার উপর হতে নিয়ে রাখা। ২ [লক্ং] অন্যের কাছে দুঃখের কথা বলিয়া হৃদয়ের বেদনাভার লঘু করা। "দুঃখ হইলে জীবন মোহনের কাছে গিয়া তার দুঃখের বোঝা নামাইত। আজও সে তাই খুড়ার কাছে আসিয়া উপস্থিত হইল"-পিতাপুত্র।

বোঝাই [বোঝা-ই (স্থাপন)] বি, ভারস্থাপন ; অন্য দ্রব্য দ্বারা পরিপূরণ। বোং করা-ভার চাপান ; দ্রব্যে পরিপূর্ণ করা। "তাহার অধিক আর বোঝাই করিবার কোন দরকার নাই।"-চারিত্রপূজা। বোং দেওয়া-দ্রব্যাদি প্রেরণার্থ বা পণ্য চালান দিবার জন্য নৌকা শকট ইং-তে চাপাইয়া দেওয়া। "গহনার নৌকায় বোঝাই দিয়া"-ভারতী, ১৩২৯। বোঝাই লওয়া -চালানী মাল নৌকা জাহাজ ইং-তে গ্রহণ করা। "জাহাজ বন্দরে বন্দরে আসে, এবং কয়লা ও জল বোঝাই লয়।"-বিজ্ঞানের গল্প (জং রায়)।

বোঝানি [বোঝা (দ্রঃ) র ণিজন্তরূপ। বোঝাই, বোঝাও (বোঝান, বোঝাস), বোঝায় (বোঝান) ; বোঝাইতে ; বোঝাইয়া (কেং বুঝিয়ে)] ক্রি, বোধ করান। ২ প্রবোধ দেওয়া। "অবুঝে বোঝাব কত।"-বাং গান।

বোঝারি [বোঝ (দ্রঃ)+আরি] বিণ, যে বোঝা বহে ; ভারবাহী। "তিন বোং ঝারি বহে"-চৈং চং।

বোট [ইং boat এর লিপ্যন্তর] বি, নৌকা ; পোত। আগুনবোট-ষ্টীমার steamer. জালিবোট-পান্‌সী jolly boat. লংবোট, লাংবোট, ল্যাংবোট-জাহাজের পশ্চাতে লেজুড়ের মত বাঁধা থাকে যে নৌকা long boat. লাইফবোট-জাহাজ জলমগ্ন বা বিপন্ন হইলে যে নৌকায় উঠিয়া যাত্রীরা জীবনরক্ষা করে life boat.

বোটকা [বোকা (ছাগ)+টিয়া (সাদৃশ্যে) বর্ণবিপর্য্যয়ে বোটকিয়া > কেং বোটকা] বিণ, বোকা বোকা গন্ধযুক্ত। ~গন্ধ-উৎকট গন্ধ ; বৃদ্ধ ছাগলের গাত্রগন্ধ।

বোটা [সং] বি, দাসী।

বোটে [বৈঠা (দ্রঃ) বইঠা > বঠিয়া > বোঠে, বোটে (গ্রাং)] বি, ছোট দাঁড় বা নৌকার পাশে না বাঁধিয়া হালের কাছে দাঁড়াইয়া হাতে করিয়া জল কাটান হয় ; কেরয়াল। "ইন্দ্র আসিয়া নৌকায় উঠিল এবং বোটে হাতে করিয়া সম্মুখবর্ত্তী উদ্দাম স্রোতের জন্য প্রস্তুত হইয়া বসিল।"-শ্রীকান্ত (শরৎ চট্টোং)। "সেই খানি ছিপ বাট হাত লম্বা তিন হাতের বেশী চৌড়া নয়। তাহাতে প্রায় পঞ্চাশজন মানুষ * * * সকলেই এক একখানা বোটে হাতে করিয়া বসিল। * * * বজরা নিকট হইলে, ছিপ তীর ছাড়িয়া বজরার দিকে ধাবমান হইল। পঞ্চাশখানা বোটে কিন্তু শব্দ নাই"-ঐ।

বোঠান [বৌ দ্রঃ। বধূ-ঠাকুরাণী >, কেং। 'বৌ-ঠান' ওং] বি, জ্যেষ্ঠ ভ্রাতৃজায়ার প্রতি সম্বোধন। "তা খদ্দর পরাইলেই ত পারেন বোঠান।"-রবীং।

বোঠি-বাঁট দ্রঃ। বোঠির পাট-বি, কাঠের যে মোটা বাঁটের উপর বোঠি খাড়াভাবে বসান থাকে।

বোড-বোর্ড দ্রঃ।

বোড়া১ [সং-বোড্র >। "গোনস সর্প। বোড়া ইতি ভাষা"-শং কং দ্রুমং] বি, বোড়াসাপ; গোনস the boa constrictor. প্রকারভেদে বিভিন্ন নামে পরিচিত। উলু বোড়া, পঁচা বোড়া-ভতি বিষধর সর্প। চন্দনবোড়া-বোড়া জাতীয় চন্দনের ন্যায় পীতবর্ণ সর্প। চক্রবোড়া-চক্রচিহ্নযুক্ত দেহ বলিয়া এই নাম ; চক্করে সাপ। চন্দ্রবোড়া-শ্বেত কৃষ্ণবর্ণ চন্দ্রাকৃতি চিহ্নযুক্ত বৃহদাকার বিষধর সর্প। চিতীবোড়া -চিতী ও বোড়ার গুণবিশিষ্ট গৃহসর্প। কামড় গোক্ষুরা সাপের কামড় অপেক্ষা সাংঘাতিক। নিদ্রিত ব্যক্তির অঙ্গ চাটিলে চিতী চাটিবার মত ফুলিয়া উঠে, কামড়াইলে বোড়ার কামড়ের মত প্রাণান্তকর হয়। ইহা হইতে প্রবাদ-"চাটিলে চিতী কামড়াইলে বোং"। বোড়ার বিষ [লক্ং] তীক্ষ্ণায় ; তীব্র কটুস্বাদ।

বোড়া২ [বুড়া দ্রঃ। বুড়ি, বুড় বোড় (বুড়েন, বোড়েন, বুড়িস), বোড়ে (বোড়েন)] ক্রি, ডোবা ; মগ্ন হওয়া।

বোড়ানি [বোড়া (দ্রঃ) র ণিজন্তরূপ। বোড়াই, বোড়াও(বোড়ান,বোড়াস), বোড়ায় (বোড়ান) ; বোড়াইতে ; বোড়াইয়া (কেং বুড়িয়ে)] ক্রি, ডোবান ; নিমজ্জিত করা।

বোড়ে-বি, সতরঞ্চ খেলার ঘুটি। দাবাবোড়ে-দাবা দ্রঃ।

বোড়ো [বোং প্রাকৃং] বি, বোড়াসাপ। ২ রজ্জুতে সর্পাভিজ্ঞান। "রাজসাপ দেখি জো চমকিই যারে কিং তং বোড়ো খাই"-চং পদং ৪১।৫।

বোঢ়া [বহ্ (বহন করা)+তৃণ্ (র্তৃ)। হ+তৃ=ঢ়,=বোঢ়্ ১মা ১বং=বোঢ়া] বি, বিবাহকর্ত্তা। ২ বাহক। ৩ মূঢ়।

বোতল [স্পেং botella > ইং bottle এর লিপ্যন্তর] বি, গলাসরু লম্বা ও শিশি অপেক্ষা বড় কাচপাত্রবিং।

বোতাম [পর্ত্তুং botaô (বতাঔ) ইং buton] বি, ক্ষুদ্র গ্রন্থি ; পোষাক বা জামার দুই পাল্লা একত্র বদ্ধ করিবার উপযোগী ধাতু, অস্থি বা সূত্রাদি নির্ম্মিত গুটিকা। "পিরাণে বোতাম নাই"-অশোকং।

বোদ [সং-বোদ (শব্দকরে)। তুল-হিং উদা, ওদ] বিণ, ভিজা ; আর্দ্র। ২ [প্রাদেং] ধান কুটার পারিশ্রমিক ; ধানকুটানি।

~মাটি-বি, গলিত উদ্ভিজ্জ পদার্থবিঃ, জলা বিল হতে ঘাসের চাপড়ার মত করিয়া শুকাইয়া যাহা ইন্ধন করা হয় ; পলিমাটির নীচে হতে প্রাপ্ত পদার্থবিঃ ; পচাবোদ ; পুরাতন পুকরিণীর পাঁক মাটি। "বোদমাটি বেশ পুরু করিয়া জমিতে ছড়াইয়া দিতে হয়।"

বোদা [বিস্বাদ > গ্রা°] বিণ, বিস্বাদ।

বোদাল, বোদালি [সং] বি, বোয়াল মৎস্য। "বিশাল বোদালি তারে করিবেক গ্রাস।"

বোদ্ধা [বুধ্ (জানা)+তৃ (র্তৃ=বোদ্ধ্ ১মা, ১ব°)] বিণ, বুদ্ধিদ্বারা গ্রহণকারী ; যে জানে ; জ্ঞাতা। ২ সমজদার ; বুঝদার। বহুব° -বোদ্ধৃগণ।

বোধ [বুধ্ (বুঝা)+অ (ভা°)] বি, জ্ঞান ; বুদ্ধি ; ধীষণা। ২ জাগরণ। ৩ দর্শন। ৪ প্রবোধ ; সান্ত্বনা। বিণ, বোধ্য। ~কর-বিণ, বোধক ; উদ্বোধক ; চৈতন্য সম্পাদক। ২ বৈতালিক। বো° করা-ক্রি, ভাবা ; মনে করা। ২ অনুমান করা। ৩ অনুভব করা। ~গম্য-বিণ, জ্ঞেয় ; বোধ্যব্য। ~শোধ [বুদ্ধিশুদ্ধি দ্রঃ] বি, স্মৃতি-বুদ্ধি ; সহজ বুদ্ধি common sense. বো° মানা-প্রবোধ গ্রহণ করা। "বোধ মান মাগো রোদন কর বৃথা।"-মহা° (লক্ষ্মণ বন্দ্যো° বং সা° পরিচয়)।

বোধক [বুধ+ণিচ্=বোধি (জানান) +অক (র্তৃ)] বিণ, জ্ঞাপক ; সূচক। ২ যে দীপ্তি করে ; দ্যোতক। ৩ নিদ্রাভঙ্গকারী ; যে নিদ্রিতকে জাগরিত করে।

বোধজ্ঞ [বোধ (মনের ভাব) জ্ঞ (যে জানে)] বিণ, অভিপ্রায়জ্ঞ।

বোধন [বুধ্+ণিচ্=বোধি (বুঝান) +অন (ভা°)] বি, জ্ঞান। ২ [যে সময় (শ্রাবণ হ'তে পৌষ) দুর্গা পূজা হয় তখন সূর্য্যের গতি দক্ষিণ দিক্ দিয়া হয়। এই ছয় মাস দক্ষিণায়ণ। অপর ছয় মাস (মাঘ হ'তে আষাঢ়) উত্তরায়ণ। উত্তরায়ণ দেবতাদের দিন এবং দক্ষিণায়ণ রাত্রি। রাত্রিকালে দেবী নিদ্রিতা থাকেন বলিয়া তাঁহার বোধন করিয়া পূজা করিতে হয়। সাধারণতঃ ষষ্ঠীতেই বোধন আরম্ভ হয়, পূজার পূর্ব্ব দিন সায়ংকালে ষষ্ঠী না থাকিলে ও তৎপূর্ব্ব দিনে থাকিলে, তৎপূর্ব্বদিনেই বোধন হয়"] উদ্বোধন ; নিদ্রাভঙ্গকরণ ; জাগান। "রাবণ বধের হেতু মিলিয়া দেবতা। তোমার বোধন কৈল অকালে বিধাতা।"-কবিক°। ৩ উদ্দীপন। স্ত্রীং ~নী-উত্থান একাদশী। বিণ, বোধনীয়।

বোধাতীত [বোধ+ অতীত, ৬তৎ] বিণ, অজ্ঞেয় ; দুর্জ্ঞেয়।

বোধাই [প্রা° বাং। বোধান (বোধ করান, বুঝান ই°) >] ক্রি, প্রবোধিত কর। ২ বুঝাও ; শান্ত করা। "ভালমতে বোধাহ আবুধ বনমালী"-শ্রী° কী°।

বোধি [বুধ্ (জানা)+ই (র্তৃ)] বি, সহজ জ্ঞান intuition. "পরমার্থ সত্তা যে শুধু একটা জ্ঞান এবং তাহা যে বোধির (intuition) অধিগম্য না হইয়া শুধু বুদ্ধির (intellect) অধিগম্য, অন্নকেন তাহা সম্পূর্ণ অস্বীকার করিয়াছেন।"-উদ্বোধন, শ্রাবণ, ১৩২২। ২ বুদ্ধি ; জ্ঞান। ৩ বি, অশ্বথ বৃক্ষ ; বোধিদ্রুম। ৪ বিণ, যে বোধ করে ; জ্ঞাতা ; প্রাণী। ৫ [প্রা° বাং। প্রবোধিয়া > পরবোধি > বোধি] ক্রি, বুঝাইয়া ; প্রবোধ দিয়া। "নাহ গেছে সখী শুতায়ল বোধি"-বি° প°। ~ত [বুধ্+ণিচ্=বোধি (জানান)+ত (র্ম)] বিণ, উদ্বোধিত। ২ বিজ্ঞাপিত। ~তব্য [বুধ্+ণিচ্=বোধি (জানান)+তব্য (র্ম)] বিণ, বিজ্ঞাপ্য ; জ্ঞাতব্য। ~দ্রুম-স্বনাম-প্রসিদ্ধ বৃক্ষ যার ছায়াতলে যোগাসনে বসিয়া শাক্যসিংহ বুদ্ধত্ব প্রাপ্ত হইয়াছিলেন। ~মহ [বৌ° সা°। বোধি+মহ (উৎসব)] বুদ্ধের সমাপত্তি সম্বন্ধীয় মহোৎসব। "আনন্দের অনুরোধে শাস্তা ঐ বোধিমূলে এক রাত্রি সমাপত্তি সুখ ভোগ করিলেন। আনন্দ কোশলরাজ প্রভৃতিকে এই শুভসংবাদ জানাইলেন এবং এই উৎসবের বোধিমহ নাম দিলেন।"-জাতক, ৪র্থখণ্ড।~সত্ত্ব-বুদ্ধবিঃ।

বোধোদয় [বোধ (এর)+উদয়, ৬তৎ] বি, জ্ঞানের উদ্রেক বা আবির্ভাব।

বোন [ভগিনী > ভইন > বহিন > বোন > প্রাদে° বুন] বি, ভগিনী। বোনের বাড়ী= ভগিনীপতির বাড়ী। (ভ্রাতার) ~পো ~ঝি (ঝী)-নারীর ভগিনীর পুত্র, কন্যা (পুরুষের ভগিনীর বা নারীর ননদের পুত্র, কন্যা=ভাগিনেয়, ভাগিনেয়ী)। বোনাই, বুনুই (গ্রা° প্রাদে°)-ভগিনীপতি।

বোনা, বুনা [বুনন দ্রঃ। বুনি, বুন (বুনেন, বোনেন, বুনিস), বুনে (বোনে, বুনেন্, বোনেন্) ; বুনিতে ; বুনিয়া (কো° বুনে)। ণিজন্ত-বুনান, বোনান] ক্রি, বয়ন করা। প্র-কাপড় বোনা। ২ বপন করা। প্র-বীজ বোনা। "জতেক ধান গোসাঞি সকলি বুনিল।"-শূ° পু°।

বোবা [অনু°। অব্যক্ত শব্দ বো বো+ আ (যে করে)] বি, হাবা ; মূক। প্রা° বৌ° বাং°-বোব (চ° পদ° ৪০।৫)। চট্ট°প্রাদে° বোব। "বোবার ইঙ্গিত-রবী°। ২ বিণ, বাক্‌শক্তিহীন। প্র-সে বোবা হয়ে গেছে। [দ্রঃ-কথা বলিতে না পারিয়া মূক ব্যক্তি গোঁ গোঁ শব্দ করে বলিয়া হিং-তে-"গুঙ্গা" > বাং-য়-"গোঙা" বলে]। ~কালা-মূক ও বধির।

বোমা১ [ইং pump > হিং বোম্বা >] বি, জল তুলিবার নলযন্ত্র ; যে যন্ত্র দ্বারা তরল পদার্থ পিচকারীর আকর্ষণের মত শুষিয়া লওয়া যায়।

বোমা২ [পর্ত্তু° bomba > । ইং bomb] বি, মহাশব্দকারী বিদারকপূর্ণ গোলক bomb shell.

বোম্বা [হিং°] বি, ফাঁপা মোটা নল। ২ তদ্বৎ জলের পম্প (pump) ; চিঠি ছাড়িবার ঐরূপ আধার। ৩ [ভস্ত (দ্রঃ) > বম্ব > বোম্বা] বিণ, ধূম্র ; ধূম্রপূর্ণ। "আচাভুয়ার বোম্বাচাক"। "তবে প্রাপ্ত কমিটী কি একটা আচাভুয়া বোম্বাচাকে পরিণত হইবে।"-নায়ক, ১লা অগ্র° ১৩২৬।

বোম্বেটিয়া, বোম্বেটে [ইং bombardier (নিয়তম গোলন্দাজ সৈন্য) মূলে অনু°] বি, জলদস্যু [দ্রঃ-বঙ্গদেশে পোর্ত্তুগীজ বা ফিরিঙ্গী জলদস্যুদিগের উপদ্রবের সময় হতে বাঙ্গালায় এই শব্দের ব্যবহার]।

বোয়া১ [সং-বপন > বপা >] বি, বপন ; রোয়া ; বোনা।

বোয়া২, বঁয়া [ইং buoy এর লিপ্যন্তর] বি, নদ্যাদিতে নৌসঙ্কটস্থল প্রদর্শক ভাসমান লৌহকুম্ভ।

বোয়াল, বোয়ালি [সং-বোদাল > ক্ষে০ বোল] বি, টেংরার ন্যায় আঁইস-হীন বৃহৎজাতীয় প্রসিদ্ধ মৎস্যবিঃ ; পাঠীন the catfish. রাঘব বোয়াল [বৃহদর্থে-রাঘব] বোয়ালজাতীয় বৃহদাকার মৎস্য ; ইহারা অন্যান্য মৎস্য ধরিয়া খায় এবং পুকুরে থাকিলে সমস্ত মাছ খাইয়া ফেলে। ২ [লক্ষ০] সর্ব্বগ্রাসী। ৩ অর্থগৃধ্নু।

বোর১ [সং-বদর। ক্ষুদ্র বদরী বা বদরী-বীজ সদৃশ। তুল-"বিম্বফল" (বিম্বফলাকৃতি দানাবিশিষ্ট কটিভূষণ)] বি, শিশুদিগের কটি-দেশের অলঙ্কারবিঃ ; কুলের আঁটির মত স্বর্ণ রৌপ্য নির্ম্মিত দানা-গাঁথা কটিবেষ্টনী। ~পাটি, ~পাটা-বোর এবং তাবিজের মত স্বর্ণ রৌপ্যাদির পত্রী বা পাতা গাঁথা কটিভূষণ।

বোর২ [সং-বোরক] বি, তৃণধান্যবিঃ। ২ [সং-বরক] তৃণবিঃ। এই তৃণ দ্বারা মাদুর নির্ম্মিত হয়। ~পাট্টি-বোর ঘাসের মাদুর ; পাটি।

বোরকা [আ০] বি, বস্ত্রাবরণ ; মুসল-মান স্ত্রীলোকদিগের অঙ্গাবরণবিঃ ; আপাদ-মস্তক আবরক ; ঘেরা টোপ।

বোরা [হি০ বোরা] বি, (ছালা বহিবার মত) দড়িনির্ম্মিত জিনিষ রাখিবার ছোট থলে। ২ থলিয়া ; গুণ ; ছালা। ৩ বৈশাখী ধান্য। ~কলাই-শস্যবিঃ।

বোরো [সং-বোরব] বি, বৈশাখে কাটা হয় একজাতীয় ধান্য ; বোরোধান।

বোর্ড১ (-র্ড্) [ইং board এর লিপ্যন্তর। বাং গ্রা০ বোড] বি, কাঠফলক ; তক্তা বা পাটা। পিচ বোর্ড, পিস্ বোর্ড-বি, পাতলা তক্তার মত পুরু কাগজ paste board. ব্ল্যাক্ বোর্ড-বি, বিদ্যালয়াদিতে ব্যবহৃত চুন খড়ি দ্বারা লিখনোপযোগী কৃষ্ণবর্ণে রঞ্জিত কাষ্ঠ পট্ট black board.

বোর্ড২ (-র্ড্) [ইং board এর লিপ্যন্তর] বি, সমিতি ; মন্ত্রণা-সভা ; শাসক-সমিতি। ডিস্‌ট্রিক্ট্ বোর্ড-বি, জেলা-শাসন-সমিতি district board. মিউনিসিপাল বোর্ড-স্বায়ত্তশাসন-সমিতি municipal board. রেভিনিউ বোর্ড-বি, রাজস্ব বিভাগীয় মন্ত্রণা সভা the board of revenue. লোকাল বোর্ড-বি, স্থানীয় স্বায়ত্তশাসন-সমিতি local board.

বোল১ [সং] বি, গন্ধরস। ২ ক্ষার জল। "ধোপানী কাপড় কাচে ক্ষার আর বোলে"-ক্ষেমানন্দ (মনসা ম০)। ৩ ফেন। "সেতাই কাপড় কাচে সাবানের বোলে"-মনসা ম০ (রসিক০)।

বোল২ [বউল > ক্ষে০] বি, বউল ; মুকুল। "আমের বোলের গন্ধে অবশ।"-রবী০।

বোল৩ [সং-বাক্য > প্রাকৃ০ বোল, হি০ বোলি] বি, বাক্য ; কথা ; বচন। "প্রতীত নাহি বোলে"-বি০ প০। ২ পরামর্শ ; উপদেশ। "কুল ছেড়না পরের বোলে"-বাং গান। ৩ বুলি। ৪ চাতুর্য্যপূর্ণ রসাল বাক্য ; তীব্র অথচ সার্থক বচন ; বচনের বুকনি। ৫ [প্রা০ বাং] মন্ত্র। "আমার শরীরের জ্ঞান নেও বোল শিখিয়া।" মাণিক০ গান। ~চাল-বচন ও আচরণ। ২ পাকা পাকা কথা ; জ্যেঠামি। ৩ কল ও কৌশল ; বাক্‌কৌশল। ৪ বলন ও চলন ; বাক্য ও আচরণ। ৫ কথোপকথন ; বাক্যালাপ ; কথাবার্ত্তা। "বোলে চালে গেল দিবা আইল যামিনী"-অ০ ম০। ~ত১ (-ল্-) বাক্যে ; কথায়। ২ কথার।

বোল৪ [সং-বদ্ > । ব্রজ০। বলা দ্রঃ। প্রা০ বাং] ক্রি, বল ; বলিও। "না বোল বচন আন"-বি০ প০। এই অর্থে আধু০ বাংর-বঁলো। কিন্তু ব্রজ০ ও বৈ০ পদ০ সা০-তে 'বলিও না' স্থলে 'না বোল' এবং আধু০ বাং-'বোল' না। বলা দ্রঃ। বোলই [সং-বদতি >] বলে। "তোহোরে বিরুধা (=বিরুদ্ধ) বোলই"-চ০ পদ০ ১৮১৪। বোলত২-বল। ২ বলে ; বলিয়া। "বোলত মধুরিম বাণী"-বি০ প০। বোলতহিঁ, -তহিঁ -বলিতেছে। বোলহিঁ-বলে। বোলতিহুঁ-বলি। বোলব [বাং গ্রা০ উচ্চারণে বোলবো] বলিব। "ভণহি বিদ্যাপতি কি বোলব হাম"-বি০ প০।

বোলটু-বোল্টু দ্রঃ।

বোলতা [সং-বরটা > হি০বররা >] বি, দংশক পতঙ্গবিঃ।

বোলদিয়া, বোল্‌দ্যা, বোল্‌দে [বলদিয়া (বলদ + ইয়া) >] বি, যারা বলদের উপরে মাল চাপাইয়া ব্যবসা করে।

বোলন্ত [প্রা০ বাং। বোলত (দ্রঃ)-সম্ভ্রমে ত্=ন্ত] ক্রি, বলিলেন। "ভীমের প্রতিজ্ঞা শুনি বোলন্ত নৃপতি।"-মহা০ (শ্রীকর০)। রূপান্তরে বলিলেন্ত। "রাজা যদি ভীমক এহেন বলিলেন্ত"।-মহা০ (শ্রীকর০)।

বোলন [সং-বল্লভ > হি০ বালভ, বালম > অত্যধিক বিকারে 'বোলন'] বি, বল্লভ ; নাগর। "বোলন রসিক বিলাসিনী ছোটি"-বি০ প০।

বোলবাই [প্রাদে০ মালদহ] বি, গম্ভীরা পর্ব্বের তৃতীয় দিবসে গেয় সঙ্গীত।

বোলবোলা [হি০] বি, প্রতাপ ; হাঁকডাক। "বোল০ তার বেড়েছে আজ।"

বো(বঁ)লসেবিস্ব [Bolshevism এর অনুসরণে] বি, "অভিব্যক্তির ক্রমে যথোচিত পরিণতি লাভ করলেই একে বলা যাবে বলসেবিস্ব, ওটা রুশীয় বুৎপত্তির কথা বলে' যদি ইংরেজের মুখরোচক না হয়, তিনি ওকে বলবেন কম্যুনিজম্ (communism) বা সমানাধিকার তন্ত্রতা।"-আ০ শক্তি।

বোলা১ [বোল দ্রঃ। প্রা০ বাং] বি, বোল ; কথা। "বোলা এক বোলোঁ তোক যবেঁ ঘর যমে।"-শ্রী০ কী০। ~বুলি১-ক্রি-বিণ, উত্তর প্রত্যুত্তর করিতে করিতে। "বুলা-বুলি রাধিকা পাইল নিজ ঘর।"-শ্রী০ কী০।

বোলা২ [বোল (দ্রঃ) + আ (ক্রিয়ার)। প্রা০ বাং] ক্রি, বলা ; কহা। শ্রী০ কীর্ত্তনে-বোলঅ =বলে। বোলওঁ=বলিতেছি। বোলন্ত=বলো। বোলন্ত=বলেন। ২ বলিতেছেন। বোলয়ে= বলে। বোলসি,-সী=বলিতেছিস ; বলিতেছ ;

বলিস। বোলহ=বল ; বলিতেছ। বোলাইআঁ= বলিয়া ; বলিয়া কহিয়া ; জানাইয়া। বোলাইলেঁ=ঘোষণা করিলে। "তবেঁ বোলা-ইলেঁ সতী আইহনের রাণী।" বোলাইলোঁ= আহ্বান করিলাম। "একেঁ একেঁ সখিজন সক্কাক বোলাইলোঁ।" বোলায়িল=বলাইল ; ঘোষণা করিল। বোলায়িলেঁ=বোলাইলেঁ। বোলে,-লেঁ=বলে। "বিধুমুখে বোলেঁ কাহ্নাক্রিঁ মধুর বচন।" বোলোঁ=বলি ; বলিতেছি (বিদ্যাপতি০)।

বোলাএ [সং-বাদয় > ব্রজ০ বলাব্ > প্রা০ বাং-বোলাএ,-য়ে,-য়েঁ। "নন্দক নন্দন কদম্বক তরুতর ধিরে ধিরে মুরলি বলাব্"-বি০ প০] ক্রি, বাদন করে ; বাজায়। বোলায়িতেঁ-বাদন করিতে ; বাজাইতে। "বনে বৃন্দাবনে বনে বাঁশী বোলায়িতেঁ।"-শ্রী০ কী০।

বোলান, বোলায়েন [হিং০ বোলন্] বি, বোল ; ডাক ; বাক্য ; উত্তর ; সাড়া। "ঘরে গেলা না দিয়া বোলান।"-কবিক০। ২ [হিং০ বোলানা] ক্রি, ডাকান। ৩ বলিতে প্রবৃত্তি দেওয়া ; বলান ; কহান। "যে বোলায়েন তাহা লিখি"-চৈ০ভা০।

বোলাবুলি, [হিং০ বোল-বোলী] বি, গণ্ডগোল ; গোলমাল। ২ উত্তর প্রত্যুত্তর ; বচসা ; বিতণ্ডা ; কলহ। "হয় বোলাবুলি করে ঠেলাঠেলি, হৈল অরাজক পারা।" -চণ্ডি০। "দুইজনে বো০ হইল বিস্তর"-মহা০ (কাশী০)।

বোলি-বুলি দ্রঃ।

বোলিবাক [প্রা০ বাং। ম০ বাং রূপ-বলিবেক] বি, বলিবে ; কহিবে। "স্ত্রীলিঙ্গ পুংলিঙ্গ বোলি বো০ সর্ব্বজন"-শূ০ পু০।

বোল্টু [ইং bolt এর লিপ্যন্তর] বি, ঢিবরী দিয়া আঁটিবার লৌহশলা ; ছিটকিনী ই০-র অর্গলী।

বোসপুরি (রা, রো) ণো [বর্ষ (বৎবর্ষ) > বরিষ > বইস > বোস + পুরাতন, পুরাণ > পুরোণো, অথবা বহু > বোস] বিণ, বহু পুরাতন। "সামাজিক সমস্তার আলোচনায় এই 'বোস্ পুরোণো' লক্ষ বক্ষের আবির্ভাব দেখিয়া অনেক সামাজিক লজ্জিত হইবেন।"-সাহিত্য, ১৩২১।

বোহারী [প্রাদে০] বি, বহুবার বৃক্ষ (শ্রী০ কী০)।

বৌ [সং-বধূ >] বি, বধূ। ~এদের, বো'এদের, বোয়েদের-বধূদিগের। ~-কঁথা-কঁও-এই রবকারী পক্ষিবিঃ। "লক্ষ ক'রে মুগ্ধ ক'রে বৌ০ কেবল ডাকে।"-স০ দত্ত। ~কুটুলি, ~খুটুলি-বি, সংসারের ছোট খাট বা খুঁটিনাটির কাজ গৃহিণীদের যা করিতে ধৈর্য্য থাকে না সুতরাং বধূদের উপর সমর্পিত হয় ; বধূগণ উপযোগী কাজ বা খাটুনি। ~ঠাকরুণ, ~ঠাকুরাণী, ~দিদি-জ্যেষ্ঠ ভ্রাতার পত্নী ও শ্যালক পত্নীর প্রতি সম্বোধন। কে০"বোঠান", "বৌদি"। ~বৌ-খেলা-বি, বাস্তব সংসারের অনুকরণে খেলা ঘর পাতিয়া খেলুনীদের সহিত ছেলে বৌ মা মেয়ে প্রভৃতি কৃত্রিম সম্বন্ধ পাতাইয়া শিশুদিগের খেলা। "বৌ বৌ বৌ খেলি মোরা ফুলল সন্ধ্যা বেলা" -কস্তুরী। ~ভাত-নববধূর শ্বশুরকুলের আত্মীয় কুটুম্বগণকে স্বহস্তে অন্নাদি পরিবেষণ ; পাকস্পর্শ। ~মা-দ্রঃ।

বৌদ্ধ [বুদ্ধ+অ] বি, বুদ্ধদেবপ্রবর্ত্তিত ধর্ম্মাবলম্বী ; নাস্তিক। চতুর্ব্বিধ বৌদ্ধ (ভিক্ষু, ভিক্ষুণী, উপাসক, উপাসিকা)। "বুদ্ধের সম্মুখে এবং চতুর্ব্বিধ বৌদ্ধ সভায়"-জাতক, ৪র্থ খণ্ড। ২ বুদ্ধদেবপ্রবর্ত্তিত ধর্ম্ম। ৩ বিণ, বুদ্ধ সম্বন্ধীয়।

বৌধায়ন [বুধ+কায়ন] বি, পৌরাণিক ঋষিবিঃ।

বৌয়াড়ী,-রী [সং-বধূটী > বহুয়ারী > বৌয়াড়ী কে০ > বহুড়ী > বৌড়ী। তুল -ঝিউড়ী] বি, বধূ ; বৌ। "ছড়া হাঁড়ি মারে কোণের বৌয়াড়ী"-কবিক০। "ভাগিনা-বৌয়ারী"-মনসা ম০ (বংশী০)।

বৌমা [সং-বধূমাতা (কন্যাস্থানীয়ার প্রতি স্নেহার্থে মাতা) >] বি, পুত্রবধূ, বধূ-সম্পর্কীয়া বা তৎস্থানীয়া ও কনিষ্ঠ ভ্রাতার পত্নীর প্রতি সম্বোধনসূচক উক্তি।

বৌল-বউল দ্রঃ।

বৌষট্ ["যাহা দেবহবির্দানে শ্রৌষড়্ বৌষট্ বষট্ স্বধা"-অমর০] বি, দেবতা প্রীত্যর্থ ঘৃতাহুতি।

বৌহারী [সং-বধূটী > বহুড়ী > বহুরী > বৌহারী (প্রা০ বাং)] বি, বধূ ; বউ। "তাহে মুক্রি কুলের বৌ০"-চণ্ডি০।

ব্যক্ত (বক-, ব্যা-) [বি-অন্জ্(প্রকাশে) + ত (র্ম)] বিণ, প্রকাশিত, স্পষ্টীকৃত। ২ স্ফুট ; প্রকট। ৩ বি, বিষ্ণু ; নারায়ণ। [দ্রঃ-ব্যক্ত-জ্ঞানগত known. অব্যক্ত=unknown]। ~দৃষ্টার্থ -প্রত্যক্ষ-দর্শনকারী ; ঘটনা স্বচক্ষে দর্শন করিয়াছে এরূপ সাক্ষী eye witness. ~রূপ-বিষ্ণু। ২ স্থূলমূর্ত্তি। ৩ বিণ, দেখা যায় এমন রূপ ; দৃশ্যরূপ।

ব্যক্তি (বক, বে-) [বি-অন্জ(প্রকাশিত হওয়া) + তি (র্ম)। প্রা০ বেক্তি] বি, লোক ; শরীরী ; জীব। "অতএব সুর, অসুর, অথবা নর কিংবা বানর, যে কোন ব্যক্তি হোক্ সকলেরই সর্ব্বান্তঃকরণে * * * শ্রীরামচন্দ্রের পূজা করা কর্ত্তব্য।"-উৎসব, শ্রাবণ, ১৩৩২। ২ জনৈক মানব individual. ৩ পদার্থ ; বস্তু। ৪ [ভা০-তি] অভিব্যক্তি ; প্রকাশ ; প্রকটন। ~গত-বিণ, ব্যক্তিবিশেষ সংক্রান্ত ; কোন একজনের উদ্দিষ্ট। ~গ্রাহিতা-এক একটি পদার্থের সত্তার উপলব্ধিজনক বৃত্তি ; যে বৃত্তি দ্বারা ব্যক্তিনির্ব্বিশেষে জানা যায়। ~তন্ত্রতা, ব্যক্তিবাদ-বি, অহংবাদ ; স্বস্বার্থবাদ individualism. "ব্যক্তিতন্ত্রতায় লক্ষ্য 'ব্যক্তি' (individual) অর্থাৎ ব্যক্তির স্বাধীনতা, ব্যক্তির সুখ স্বচ্ছন্দ্য, ব্যক্তির উন্নতি"-আ০ শক্তি, ১৩৩৪। ~ত্ব [ব্যক্তি+ত্ব (ভা০)] বি, ব্যক্তি-বিশেষের স্বাতন্ত্র্য ; স্বপ্রাধান্য individuality. ~মুদ্রাদোষ-বি, অহংবৃত্তি ; অহমিকার ; অতিমাত্র ব্যক্তিত্ব idiosyncrasy.

ব্যক্তীকৃত (বক-) [ব্যক্ত+ঈ (অব্যক্ত ব্যক্তার্থে চ্বি) + কৃত] বিণ, প্রকটিত ; স্পষ্টীকৃত।

ব্যগ্র (বক-) বিণ, বিক্ষু। ২ ব্যস্ত ; আগ্রহান্বিত। "তুমি হে মঞ্জুকেশিনী শচি, তুমি ব্যগ্র ইন্দ্রজিতের নিধনে।"-মেঘ০।

৩ চকিত ; ত্রস্ত। ৪ ব্যাকুল। ~তা-বি, আকুলতা ; ঔৎসুক্য ; আগ্রহ।

ব্যঙ্গ (ব্য॰, ব্যা॰) [সং] বি, ব্যঞ্জনাবৃত্তি ; তাৎপর্য্যার্থ; গূঢ়ার্থ। ২ [প্রা॰ ব্যাঙ্গো] বিদ্রূপ। ~বাণী-বি, বিদ্রূপবাক্য ; উপহাসবাক্য ; বিদ্রূপের বাণী। গুণীভূত ব্যঙ্গ-কাব্যের প্রকারভেদ। ব্যঙ্গার্থ হতে বাচ্যার্থের চমৎকারিতা থাকিলে অর্থাৎ ব্যঙ্গার্থের অতিরিক্ত কোন চারুতা লক্ষিত না হইলে গুণীভূত ব্যঙ্গ নামক কাব্য হয়-কাব্যদর্পণ। ~প্রিয়-বিণ, যে বিদ্রূপ, উপহাস বা ঠাট্টা করিতে ভালবাসে ; উপহাস-রসিক।

ব্যঙ্গার্থ (ব্য॰, ব্যা) [কাব্যালং পরিঃ] বি, মুখ্যার্থ, লক্ষ্যার্থ ও তাৎপর্য্যার্থ ব্যতীত ব্যঞ্জনা-বৃত্তি দ্বারা যে অন্য অর্থ প্রকাশিত হয় ; সাধারণতঃ বক্তৃবৈশিষ্ট্য, বাক্যবৈশিষ্ট্য, কাকু, দেশ, কাল, অন্যসন্নিধি প্রস্তাব, চেষ্টা-বৈশিষ্ট্যাদি দ্বারা ব্যঙ্গার্থ লক্ষিত হয়। যথা-"ছুঁওনা ছুঁওনা শ্যাম আমরা কুমারী, পথ ছাড়ি দেহ কুঞ্জে যাব গিরিধারি। পথে একাকিনী পেয়ে সম্মুখে আসিয়া থেয়ে, কি কর কি কর ওহে শ্যাম নটবর। হেরিয়া তোমার ভাব কাঁপিছে অন্তর।"-ব্রজাঙ্গনা-গণের বাক্যবৈশিষ্ট্যবশতঃ ব্যঞ্জনাবৃত্তি দ্বারা ইহাই বুঝাইতেছে যে হে কৃষ্ণ, আমাদের একাকিনী পাইয়া যদি স্পর্শ কর, তাহা হইলে আমরা কৃষ্ণস্পর্শ সুখানুভব করিয়া চরিতার্থ হইব, অতএব আমাদিগকে স্পর্শ কর। অন্যত্র, "ব্রজবীরে হেরি রাই হয়ে আনন্দিত হাসিমুখে লীলাপদ্ম করিল মুদিত।" এখানে হে কৃষ্ণ সন্ধ্যা সময়ে নিকুঞ্জে আগমন করিও এই ব্যঙ্গার্থটি ব্যঞ্জনাদ্বারা ব্যক্ত হইতেছে (কাব্যদর্পণ)।

ব্যঙ্গোক্তি (ব্য॰, ব্যা॰) [ব্যঙ্গ+উক্তি (বাক্য)] বি, শ্লেষোক্তি ; বক্রোক্তি। ২ বিদ্রূপবাক্য।

ব্যজন [বি-অজ্ (গমন করা)+অন (ভা॰)] বি, বীজন ; বাতাস করণ ; তাল-বৃন্তাদি আন্দোলন দ্বারা বায়ু সঞ্চালন। ~নী-বি, ব্যজন করিবার তালবৃন্ত ; পাখা।

ব্যঞ্জক (ব্য॰) [বি-অন্জ্ (প্রকাশ করা)+অক (র্তৃ)] বিণ, প্রকাশক ; দ্যোতক।

ব্যঞ্জন₁ (ব্য॰, ব্যা॰) [বি-অঞ্জ্ (প্রকাশ করা)+অন (ণে) যদ্দ্বারা প্রকাশ পায়] বি, বৈশিষ্ট্য-বোধক লক্ষণ ; চিহ্ন। ২ [ব্যা॰] ব্যঞ্জনবর্ণ ; ককারাদি বর্ণ। বিণ, ব্যঞ্জিত। ~বর্ণ-বি, স্বরহীন বা স্বরবিযুক্ত বর্ণ যথা-ক্, খ্ ই॰। ~সন্ধি [সং ব্যা॰ মতে] ব্যঞ্জনবর্ণের সহিত ব্যঞ্জন বা স্বরবর্ণের সংযোগ। যথা-ব্যঞ্জন+ব্যঞ্জন বর্গের প্রথম বর্ণ (ক, চ, ট, ত, প) সহ বর্গের ৩য়, ৪র্থ বর্ণ, য, র, ল, ব, হ, যোগ হইলে, ১ম বর্ণ স্থলে ৩য় বর্ণ হয় (দিক্+গজ=দিগ্‌গজ, প্রাবৃট্+গগন=প্রাবৃড়্‌গগন, পরিব্রাট্+বদতি=পরিব্রাড্‌বদতি, বৃহৎ+গহন=বৃহদ্‌গহন)। বর্গের ১ম বর্ণ+ন, ম, থাকিলে, ১ম বর্ণ স্থানে তৃতীয় ও পঞ্চম বর্ণ হয় (দিক্+নাগ=দিগ্নাগ, দিঙ্‌নাগ ; জগৎ+নাথ=জগদ্‌নাথ, জগন্নাথ ; অপ্+নদী=অব্‌নদী, অম্‌নদী ; প্রাক্+মুখ=প্রাগ্‌মুখ, প্রাঙ্‌মুখ ; ভবৎ+মত=ভবদ্‌মত, ভবন্মত)। যদি মাত্র কিংবা ময় প্রত্যয় পরে থাকে, তাহা হইলে, বর্গের ১ম বর্ণ স্থানে কেবল ৫ম বর্ণই হয় (বাক্+ময়=বাঙ্ময়, চিৎ+ময়=চিন্ময়, মধুলিট্+মাত্র=মধুলিণ্মাত্র)। চ, জ+ন হইলে চ্ঞ, জ্ঞ হয় (যাচ্+না=যাচ্ঞা, যজ্+ন=যজ্ঞ), ত, দ+চ, ছ, জ, ঝ হইলে চ্চ, চ্ছ, জ্জ, জ্ঝ হয় (মহৎ+চরিত্র=মহচ্চরিত্র, মহৎ+ছত্র=মহচ্ছত্র, বিপদ্+চয়=বিপচ্চয়, এতদ্+ছবি=এতচ্ছবি, উৎ+জ্বল=উজ্জ্বল, বিপদ্+জাল=বিপজ্জাল, মহৎ+ঝঞ্ঝন=মহজ্‌ঝঞ্ঝন, কুৎ+ঝটিকা=কুজ্‌ঝটিকা), ত, দ+ট, ঠ, ড, ঢ, স্থলে ট্ট, ট্ঠ, ড্ড, ড্ঢ হয় (উৎ+টলতি=উট্টলতি, তদ্+টীকা=তট্টীকা, সৎ+ঠকার=সট্ঠকার, এতদ্+ঠক্কুর=এতট্ঠক্কুর, উৎ+ডীন=উড্ডীন, বৃহৎ+ঢক্কা=বৃহড্ঢক্কা)। ত, দ+ল হইলে, ল্ল (উৎ+লিখিত=উল্লিখিত, তদ্+লীলায়িত=তল্লীলায়িত), ত, দ+শ হইলে চ্ছ (মহৎ+শকট=মহচ্ছকট, তদ্+শরীর=তচ্ছরীর), ত, দ+হ হইলে দ্ধ (উৎ+হরণ=উদ্ধরণ, বিপদ্+হেতু=বিপদ্ধেতু)। ন+শ, স, হ হইলে ন্ স্থানে ং হয় (দন্+শন=দংশন, মীমান্+সতে=মীমাংসতে, মীমান্+সা=মীমাংসা, বৃন্+হন=বৃংহন), ন+বর্গীয় বর্ণ (ক হইতে ম) থাকিলে ন্ স্থানে সেই বর্গের ৫ম বর্ণ হয়, (আশন্+কিত=আশঙ্কিত, বান্+ছতি=বাঞ্ছতি, জন্+ভতে=জৃম্ভতে), ম+ক হতে ম থাকিলে ম স্থলে ং, অথবা যে বর্গ পরে থাকে সেই বর্গের ৫ম বর্ণ হয় (অহম্+কৃত=অহংকৃত, অহঙ্কৃত ; সম্+খ্যান=সংখ্যান, সঙ্খ্যান ; সম্+জীবিত=সংজীবিত, সঞ্জীবিত ; গুরুম্+নমতি=গুরুংনমতি, গুরুন্নমতি, ই॰), ম+ত হইলে ম্=ন্ (গম্+তা=গন্তা, ক্রম্+তব্য=ক্রন্তব্য), ম+য, র, ল, ব, শ, ষ, স, হ হইলে, ম্=ং হয় (সম্+যত=সংযত, সম্+রক্ষিত=সংরক্ষিত, সম্+লাপ=সংলাপ, সম্+বৎসর=সংবৎসর, সম্+শয়=সংশয়, সম্+সর্গ=সংসর্গ), কিন্তু রাট্ শব্দ পরে থাকিলে সমের ম্ স্থানে ং হয় না (সম্+রাট্=সম্রাট্)। কৃ ধাতু নিষ্পন্ন পদ পরে থাকিলে সমের ম্ স্থানে ং ও স্ আগম হয় (সম্+কৃত=সংস্কৃত, সম্+কার=সংস্কার), ষ+ত, থ=ষ্ট, ষ্ঠ (আকৃষ্+ত=আকৃষ্ট, ষষ্+থ=ষষ্ঠ)। উৎ উপসর্গের পরস্থিত স্থা ও স্তম্ভ ধাতুর স্ লোপ হয় (উৎ+স্থিত=উত্থিত, উৎ+স্তম্ভ, স্তম্ভন=উত্তম্ভ, উত্তম্ভন)। স্বরব্যঞ্জন সন্ধির জন্য স্বর দ্রঃ।

ব্যঞ্জন₂ (ব্য॰) [বি-অঞ্জ্ (প্রকাশ করা) অন (ণে)] বি, অন্নকে সরস ও সুখভোজ্য করিবার উপকরণ ; রন্ধন করা তরকারী। অন্ন-ব্যঞ্জন-অন্ন এবং ব্যঞ্জন ; ভাত তরকারী।

ব্যঞ্জনা (ব্য॰) [ব্যঞ্জন (দ্রঃ)+আ (স্ত্রীং)। কাব্যালঙ্কারিক পরিঃ] বি, অভিধাশক্তি (সাঙ্কেতিক অর্থের বোধক) এবং লক্ষণাশক্তি (মুখ্যার্থবোধক) শব্দার্থ বোধে বিরত হইলে যে বৃত্তি দ্বারা অপরার্থের বোধ হয় ; ব্যঙ্গার্থের প্রকাশক শব্দার্থশক্তিবিঃ। ~বৃত্তি-যে বৃত্তি দ্বারা মুখ্যার্থ, লক্ষ্যার্থ এবং তাৎপর্য্যার্থের অতিরিক্ত বক্তার অভিপ্রেত গূঢ় অর্থের বোধ হয়। বিণ, ব্যঞ্জিত (ব্য) প্রকাশিত (মাধব-নিদান) ; ব্যঞ্জনাবৃত্তি দ্বারা অভিব্যক্ত।

ব্যঞ্জিয়া (ব্য॰) [ব্যঞ্জনা (দ্রঃ) > বাং ক্রিয়াপদ] অস-ক্রি, ব্যঞ্জনা করিয়া ; প্রকাশ করিয়া। "এতাদৃশ ক্রোধ আরো আছেন ব্যঞ্জিয়া"-চৈ॰ ভা॰।

ব্যতিক্রম (ব্য॰, বে॰) [বি-অতি (বিরুদ্ধ) ক্রম (গমন)] বৈপরীত্য। ২ উল্লঙ্ঘন। ৩ অন্যথা। বিণ, ব্যতিক্রান্ত।

ব্যতিব্যস্ত (ব্য॰, বে॰) [প্রা॰ বেতিব্যাস্তো।

অতিব্যস্ত >] বিণ. অতিশয় ব্যস্ত ; বিব্রত ; উত্যক্ত। "নিজের পদগৌরব লইয়াই সে অত্যন্ত ব্যতিব্যস্ত।"-দীনেন্দ্র রায় (ভূতের জাহাজ) ১০১ পৃ.।

ব্যতিরিক্ত (বে·) [বি-অতি-রিচ্ (কম হওয়া)+ত (র্ম)] বিণ. অতিরিক্ত ; ব্যতীত ; ভিন্ন ; স্বতন্ত্র ; পৃথক্। "ব্য· অর্থ কর মোর মাথা খাও।"-চৈ· ভা·।

ব্যতিরেক, (বে·) [বি-অতি-রিচ্ (বিযুক্ত করা)+অ (ভা·)] বি. বিভিন্নতা ; স্বাতন্ত্র্য। ২ অভাব। ৩ অতিক্রান্তি। ৪ বৃদ্ধি। বিণ. ~ী। ক্রি-বিণ. ব্যতিরেকে-ব্যতীত ; বিনা। ~ী ভাবে বলা to affirm negatively. বিপরীত-অন্বয়-ভাবে বলা-to affirm positively.

ব্যতিরেক, (বে·) [সং অলং শা·] বি. কাব্যের অর্থালঙ্কারবি: excess of object & subject. উপমান অপেক্ষা উপমেয়ের উৎকর্ষাপকর্ষ বর্ণন স্থলে, যথা-"চন্দ্রে সবে ষোল কলা হ্রাস বৃদ্ধি তায়। কৃষ্ণচন্দ্র পরিপূর্ণ চৌষট্টি কলায়।"-বি· সু·। "কে বলে শারদ শশী সে মুখের তুলা। পদনখে পড়ে তার আছে কতগুলা।"-ঐ। "নীলপদ্ম সম বটে নয়ন যুগল, মকরন্দ ক্ষরে তাহে ইহাতে গরল।"-যদুনন্দন দাস।

ব্যতিষক্ত (বে·) [বি-অতি-সনজ্ (আসক্ত হওয়া)+ত (র্ম)] বিণ. সংসক্ত ; সংবদ্ধ; গ্রথিত। বি. ব্যতিষঙ্গ-অত্যাসক্তি।

ব্যতিহার, ব্যতীহার (বে·) [বি-অতি-হৃ (হরণ করা)+অ (ভা·)] বি. বিনিময় ; পরিবর্ত exchange. ২ বাক্য-বিনিময় ; গালাগালি।

ব্যতীত (বে·) [বি+অতীত (গত)] বিণ. বিগত ; অতিবাহিত ; অতীত। "ব্য· হইল তার অষ্টম যামিনী।"-কবিক·। ২ মৃত। ৩ বিলুপ্ত।

ব্যতীপাত (বে·) [বি+অতি-পত্ (গমন-পড়া)+অ (ভা·)] বি. উৎপাত ; ধূমকেতুর উদয়, ভূকম্প উল্কাপাতাদি অলক্ষণ। ২ জ্যোতিষিক অশুভ সপ্তবিংশ যোগবি: ; যোগের মধ্যে সপ্তদশ যোগ। ৩ অশ্রদ্ধা।

ব্যত্যয় (ব্য·) [বি-অতি-ই (গমনে)+অ (ভা·)] বি. বৈপরীত্য ; অন্যথাভাব ; ব্যতিক্রম। "(পিতার) মৃত্যুর পরে তাহার নিজের ভবিষ্যৎ জীবনের ধারাটা যে বিলাসবিহারীর সহিত সম্মিলিত হইয়াই প্রবাহিত হইবে, তাহা স্থির হইয়া গিয়াছিল। কোন মতেই যে ইহার ব্য· ঘটিতে পারে এ সম্ভাবনার কল্পনাও কোনদিন তাহার মনে উদয় হয় নাই।"-শরৎ চট্টো·, দত্তা, ১০৬ পৃ·। "যদি এইসব বিলাসের উপকরণের কিঞ্চিন্মাত্রও ব্য· হয় তবে তাঁহারা শঙ্কিত হইয়া উঠেন।"-রবী·। বিণ. ব্যত্যস্ত-বিপরীত অবস্থা-প্রাপ্ত।

ব্যথা [ব্যথ (ব্যথিত হওয়া)+অ(ভা·)+আ (স্ত্রী·)] বি. ক্লেশ; দুঃখ। ২ পীড়া; বেদনা। ৩ শোক। প্রা· বাং-ব-বৈথা। "অমর হিআত বেথা"-শূ· পু·। ~কুল, ~তুর [ব্যথা (দ্বারা)+আকুল, আতুর, ৩তৎ] বিণ. বেদনাক্লিষ্ট ; শোকভরা ; দুঃখ ভারাক্রান্ত। "তার মন এই প্রৌঢ়ের ব্যথাতুর জীবন সন্ধ্যা-ম্লান ছায়ায় কাতর হইয়া উঠিল"-পিতাপুত্র। ২ শোকক্লিষ্ট ; শোকাকুল। ৩ বেদনাযুক্ত ; বেদনাব্যাকুল। ৪ ভয়াতুর। স্ত্রীং ~া। "এবে ব্যথাতুরা মন"-রবী·। ~খাগী [প্রাদে· মালদহ] বিণ. যে নারী আত্মীয় স্বজনকে খাইয়াছে অর্থাৎ আত্মীয় স্বজনের মৃত্যুর পর বাঁচিয়া আছে। ~ভরা-বিণ. বেদনাপূর্ণ। "ব্যথাভরা সুরে উত্তর দিল" -বসুধারা, ১৩৩৩, আশ্বিন।

ব্যথিত (বে·) [ব্যথ+ত (র্ম)] বিণ. ব্যথাপ্রাপ্ত ; দুঃখিত। ২ সন্তপ্ত। ৩ ভীত। স্ত্রীং ~া। ~বেদন-ব্যথিতজনের মনো-ব্যথা ; শোকসন্তপ্ত হৃদয়ের বেদনা। "চিরসুখী জন ভ্রমে কি কখন, ব্যথিতবেদন বুঝিতে পারে।"-সদ্ভাবশতক।

ব্যধিকরণ (ব্য·) [বি+অধিকরণ(স্থান)] বিণ. ভিন্ন ভিন্ন স্থানবর্ত্তী having different locations.

ব্যধিজন (বে·) [বধূ > অং ব্যধি। প্রা· বাং] বি. বধূজন। "ব্যধিজন শুনে কান্দে" -কেমানন্দ।

ব্যধ্য (বে·) [ব্যধ্ (বধনে, প্রহারে)+য (র্ম)] বিণ. বেধনযোগ্য ; বিদ্ধকরণযোগ্য। ২ প্রহারযোগ্য। ৩ [+য-ণে] বি. যদ্দ্বারা বিদ্ধ করা যায় ; ধনুর্গুণ ; ধনুকের ছিলা।

ব্যন্নন-ব্যায়ন দ্রঃ।

ব্যপদেশ (ব্য·) [সং] বি. সূত্র ; ছল ; ওছিলা pretext. ২ ইঙ্গিত hint. ৩ নাম। বিণ. ব্যপদিষ্ট।

ব্যপদেষ্টা (ব্য·) [ব্যপদেষ্টৃ ১মা, ১ব·] বিণ. ভাণকারী ; ছলকারী pretender. ২ নামোল্লেখকর্ত্তা। স্ত্রীং ব্যপদেষ্ট্রী।

ব্যপনয়ন (ব্য·) [বি+অপনয়ন] বি. অস্বীকার denial. ২ প্রত্যাখ্যান। ৩ অপসারণ। বিণ. ব্যপনীত।

ব্যপবর্ত্তিত (ব্য·) [বি-অপ-বৃত+ণিচ্ =বর্ত্তি+ত (র্ম)] বিণ. যাকে ফিরাইয়া আনা বা ফেরান হইয়াছে ; প্রত্যাবর্ত্তিত। স্ত্রীং ~া।

ব্যপাকৃত (ব্য·) [সং] বিণ. অস্বীকৃত। ২ নিবৃত্ত।

ব্যবকলন (ব্য·, ব্যা·) [বি+অব-কল্ (সংখ্যা করা)+অন-ভা·] বি. বিয়োজন ; বিয়োগকরণ ; জমাখরচ ; বাকি কাটা। ২ [পাটী· (ক· বিশ্ব· পরিঃ)] বিয়োগ ; ইং subtraction এর বৈজ্ঞা· পরিঃ। বিণ. ব্যবকলিত।

ব্যবচ্ছেদ (ব্য·)[বি+অব-ছিদ্+অ] বি. বিশ্লেষকরণ। ২ ভেদ ; বিভাগ ; খণ্ড ; ছিন্ন। ৩ পরীক্ষার্থ খণ্ডশ: বিভাগ dissection, বিণ. ব্যবচ্ছিন্ন।

ব্যবধা,-ধান, ব্যবধি (ব্য·)[সং] বি. আড়াল। ২ দূরত্ব distance. ৩ আবরণ।

ব্যবধায়ক (ব্য·) [বি + অব-ধা-অক (র্ম)] বিণ. ব্যবধানকারক। ২ আচ্ছাদক ; আবরক।

ব্যবসা/য় [বি+অব-সো (অবসান) +অ(ভা·)। ভ্রং, ব্য'সা > (প্রা·) ব্যাবসা, বৈবসা] বি. কার্য্য। ২ [+অ(পে)] জীবিকা ; বৃত্তি ; জীবনোপায়। ৩ ব্যাপার। ৪ যত্ন ; চেষ্টা। "হে নরপতে! তোমার মনোরথ সিদ্ধ হইয়াছে। এক্ষণে বনপ্রস্থান ব্যবসায় হইতে মনকে নিরস্ত করিয়া বহ্মানে প্রস্থান কর।" -মহা·, সভা, ১৭অ· (প্রঃ রায়)। ৫ ব্যবহার।

"এই মত প্রচুর কোমল ব্য°"-চৈ° ভা°। বিণ, ~ী-ব্যবসাদার ; বণিক্ ; সওদাগর। ২ কর্ম্মকৃৎ। ৩ সাংসারিক বিষয়ে চতুর ; স্বার্থ সাধক। ~য়াত্মক [ব্য° (বৃত্তি, বণিগবৃত্তি, কার্য্য ই°)+আত্মক] বিণ, জীবিকাত্মক ; বৃত্তিসর্ব্বস্ব। ২ [ব্য° (নিশ্চয়)+আত্মক] কৃত-নিশ্চয় ; নিশ্চয়াত্মক। স্ত্রীং ~য়াত্মিকা। ~য়াত্মিকা বুদ্ধি-ঈশ্বর প্রসাদে নিশ্চয়ই মুক্ত হইব এইরূপ নিশ্চয়াত্মিকা বুদ্ধি। "ভোগৈশ্বর্য্যে প্রসক্তগণের ব্যবসায়াত্মিকা বুদ্ধি সমাধিতে উপযুক্ত হয় না।"-গীতা। ~য়ী সংঘ-Trade union.

ব্যবসিক (ব্ব-) [প্রা-বাং। ব্যবসা + ইক (সম্বন্ধার্থে), -সায়িক=সিক] বিণ, ব্যবসায়ী ; ব্যবসাদার। "সেইত রসিক হয় ব্য° দ্বিজ চণ্ডীদাসে ভণে॥"-চণ্ডি°।

ব্যবসিত (ব্ব-)[সং] বিণ, পরিকল্পিত। ২ অভিপ্রেত। ৩ স্থিরীকৃত। ৪ চেষ্টান্বিত।

ব্যবস্থা [সং। প্রা° বাং প্রাকৃ° বেবথা] বি, শাস্ত্রীয় বিধি ; সমাজনিয়ম। ২ আইন। ৩ পৃথক্ পৃথক্ স্থাপন। ৪ স্থিতি ; স্থিরতা। ৫ বন্দোবস্ত। বিণ, ব্যবস্থিত। ~জাল-বি, বিধিসমূহ। ২ কূটব্যবস্থা। ~পদ্ধতি-নিয়মপ্রণালী। ~শাস্ত্র-স্মৃতিশাস্ত্র; আইন। ~সংহিতা-স্মৃতিশাস্ত্র ; ধর্ম্মশাস্ত্র। ~সঙ্গত, ~সম্মত-বিধানানুমোদিত।

ব্যবস্থান (ব্ব-) [বি-অব-স্থা + অন (ভা°)] বি, অবস্থিতি।

ব্যবস্থাপক (ব্ব-) [বি-অব-স্থা + ণিচ্ =স্থাপি + অক (র্ত্তৃ)] বিণ, নিয়ামক ; বিধান-কর্ত্তা। ২ সংস্থাপক। ৩ আইনকর্ত্তা।

ব্যবস্থাপন (ব্ব-) [বি-অব-স্থাপি + অন (ভা°)] বি, নিয়ম প্রণয়ন ; বিধি নির্দ্ধারণ ; আইন প্রণয়ন। ২ স্থিরীকরণ। বিণ, ব্যবস্থাপিত।

ব্যবস্থিত-ব্যবস্থা দ্রঃ।

ব্যবহর্ত্তব্য (ব্ব-) [ব্যবহার দ্রঃ] বিণ, ব্যবহারযোগ্য।

ব্যবহর্ত্তা (ব্ব-) [মূ° ব্যবহর্ত্তৃ] বিণ, ব্যবহারকর্ত্তা ; সম্পাদক secretary. ২ বিচারক। (যো°রায়)। অনুব্যবহর্ত্তা-assistant secretary. সহব্যবহর্ত্তা-joint secretary.

ব্যবহার (ব্ব-) [বি + অব-হৃ + অ (ণে)। তুল-ইং behaviour. ব্যাবহার ও°। প্রা° ব্যভার, ব্যাবোহার, ব্যাভার। "যেন রূপ তেন গুণ উত্তম ব্যভার।" -কবিক°] বি, ঋণদানাদি অষ্টাদশ বিবাদ। "নরপতি * * * ব্যবহার স্বয়ং বিচার করিবেন।" - রত্নমালা। ২ আইন। ৩ মামলা ; মোকদ্দমা। ৪ বাণিজ্য। ৫ আচরণ। "নিজ প্রতি ব্যবহার আশা কর যে প্রকার, করহ পরের প্রতি সেইরূপ ব্যবহার।"-চরিত্রগঠন। ৬ [ভা°অ] উপহার ; পারি-তোষিক, লৌকিকতা। "যত বন্ধু জনে সাধু করি নিমন্ত্রণ। ব্যবহার দিল সাধু বসন কাঞ্চন॥"-কবিক°। ৭ প্রথা ; রীতি ; বিধি ; কর্ত্তব্য। "অতি শিশু রণে যাইতে নহে ব্যবহার॥"-মহা° (শ্রীকর°)। ৮ [প্রা° বৌ° বাং সা°] ব্যাপার। "আল মাল ব্যবহারে"-দো° পৃ° ১০২। ~জীব, ~জীবী-ব্যবহারাজীব দ্রঃ। ~দর্শন-মোকদ্দমা সম্বন্ধীয় বিজ্ঞান বা বিধি ; আইন। ~দর্শক, ~দর্শী-বিচারক। ২ জুরি (jury)। ~বিদ্-বিণ, ধর্ম্ম-শাস্ত্রজ্ঞ নয়বিদ্ ; ব্যবহারশাস্ত্রতত্ত্বাভিজ্ঞ ; ধর্ম্মশাস্ত্রী jurist. "কোন এক সময়ে ব্যবহার-বিদের (jurists) মূলমন্ত্র ছিল যে পৃথিবী ধ্বংস হউক কিন্তু ন্যায়পরায়ণতা যেন না ক্ষুণ্ণ হয়। বৈজ্ঞানিকেরা এখন তার বিপরীত কথা বলেন, তাঁহারা প্রচার করিতেছেন যে ন্যায় চুলোয় যাক্ সভ্যতা যেন না নষ্ট হয়।"-রাশিয়ার চিঠি (রবী°)। ~বিধি-ব্যবস্থা-শাস্ত্র ; আইন। ~শাস্ত্র-আইন : ব্যবস্থা-শাস্ত্র law ~মাতৃক-বিচার সম্বন্ধীয় সমুদয় ক্রিয়া। ~রস-সংসারাসক্তি। "ব্যর্থ কাল যায় মাত্র ব্যবহাররসে"-চৈ° ভা°।

ব্যবহারজ্ঞ [ব্যবহার (মোকদ্দমা ই°)+জ্ঞ (যে জানে, বুঝে)] বি, প্রাপ্ত-বয়স্ক ; সাবালক। ২ বিণ, ব্যবহারবিদ্ ; আইনজ্ঞ ; আইন ব্যবসায়ী।

ব্যবহারাজীব, ব্যবহারজীবী-[ব্যবহার + (আইন) আজীব (জীবিকা), জীবিন্-আইন যার উপজীবিকা] বি, উকিল, মোক্তার, ব্যারিষ্টার প্রভৃতি ; মোকদ্দমায় বাদী প্রতিবাদীর পক্ষ সমর্থক lawyear.

ব্যবহারি(রী)ক (ব্ব-)[ব্যবহার + ইক (সম্বন্ধে)। ব্যবহারিক ও°] বিণ, ব্যবহার সম্বন্ধীয় ; পরস্পর আদান-প্রদান সম্বন্ধীয়। ২ আইন-সংক্রান্ত। ৩ আইনজ্ঞ। ৪ বি, বিচারপতি। ৫ মন্ত্রী। ব্যবহারিক বিজ্ঞান [Experimental science এর ভাবানুবাদ] বি, প্রত্যক্ষ তত্ত্বানুসন্ধানমূলক বিজ্ঞান। বিণ, ব্যবহার্য্য - ব্যবহারের

ব্যবহিত [বি-অব + ধা (ধারণে) + ত (র্ত্তৃ)] বিণ, অন্তরিত ; কৃতব্যবধান। ২ আবৃত ; আচ্ছাদিত। ৩ অন্তর্হিত।

ব্যবহৃত [ব্যবহার দ্রঃ] বিণ, যা ব্যবহার করা হইয়াছে ; আচরিত ; অনুষ্ঠিত। ২ উপভুক্ত।

ব্যবায় (ব্ব-)[সং] বি, মৈথুন। ২ অন্তর interval. ৩ পবিত্রতা purity. ৪ আলোক light. বিণ, ~ী-কামোদ্দীপক। "ব্যবায়ী জন্তু হর্ষ প্রদান করে।" ২ কামুক।

ব্যবি (ব্ব-) [স-ব্যবহার > নামধাতু ব্যব-হারা > ক্ষে° ব্যবা > অস-ক্রি-রূপ -ব্যবিবা > ক্ষে° ব্যবি। প্রা° বৌ° বাং-য়] অস-ক্রি, ব্যবহার করিয়া। "কমল কুলিশ ব্যবি মজ্ঝ ঠিউ [মধ্যস্থিত] জো সো সুরঅ [সুরত] বিলাস।"-দো° পৃ° ১১৬।

ব্যভিচার (ব্ব-) [বি + অভি-চর্ (গমন করা) + অ (ভা°)। প্রা° ব্যাভিচার] বি, কদাচার ; অন্যায় ব্যবহার ; অন্যথাচরণ। ২ পরস্ত্রী বা পর পুরুষ সংসর্গ। ৩ অতি-ব্যাপ্তি ; অব্যাপ্তি। ৪ ন্যায়দর্শনমতে হেতু-দোষবিঃ। ~স্থল-ব্যভিচারের দৃষ্টান্তস্থল। "অনেক সদাশয় ইংরাজ এই কথার ব্যভি-চারস্থল স্বরূপ।"-সেকাল আর একাল (রাজ° বসু°)।

ব্যভি/চারী [ব্যভিচার + ইন্ (স্ত্য°) =ব্যভিচারিন্ ১মা. ১ব°] বিণ, কুকর্ম্মানু-রত ; অন্যায়াচারী। ২ পরস্ত্রীসেবক।

৩ নির্বেদ, গ্লানি ইং ৩৪ প্রকার শৃঙ্গারাদি রসের ভাববিঃ। স্ত্রীং ~চারিণী-পরপুরুষ-গামিনী; কুলটা। বি, ~চারিতা।

ব্যয় (বব-) [বি-ই(গমন করা)+অ(ভা০)] বি, খরচ। প্র-আয় বুঝিয়া ব্যয় করিতে হয়। ২ নাশ। ৩ অপচয়; ক্ষয়। ৪ গতি; প্রবাহ। "বিষম জলের ব্যয় তৃণ দুইখান হয় দাঁড়িতে ধরিতে নারে দাঁড়।"-কবিক০। বিণ, ব্যয়িত। ~কুণ্ঠ-বিণ, খরচে কুণ্ঠিত; কৃপণ। ২ [অর্থ শা০ পরিঃ] যে নিজেকে ও ভৃত্যবর্গকে কষ্ট দিয়া অর্থ সঞ্চয় করে [তাদাত্বিক দ্রঃ]। বি, ~কুণ্ঠতা-কার্পণ্য। ~বহুল-বিণ, যাতে অধিক ব্যয় হয়; অধিক ব্যয়সাধ্য। > বি, ~বাহুল্য। ~ভূষণ [ব্যয় এর সহ০ হয়। মূলে অলঙ্কারের ব্যয় অর্থে উক্ত] বি, গহনা পত্রাদি সহ খরচ খরচা। "বিস্তর ব্যয় ভূষণ করিয়া তাহাদের বিবাহ দিয়াছিলেন।"-টেকচাঁদ। ~শীল-বিণ, ব্যয়ী; খরচে; অকুণ্ঠিতভাবে ব্যয়কারী। স্ত্রীং ~শীলা। বি, ~শীলতা। ~সাধ্য, ~সাপেক্ষ-বিণ, ব্যয়নিষ্পাদ্য; ব্যয় দ্বারা সম্ভব। ~স্থান [ব্যয়ের স্থান, ৬তৎ] বি, জ্যোতিষিক লগ্নের দ্বাদশ স্থান।

ব্যয়াধিক্য [ব্যয়+আধিক্য] বি, খরচের আতিশয্য; ব্যয়বাহুল্য।

ব্যয়িত [ব্যয়+ত(র্ম)] বিণ, খরচ হইয়াছে এমন; অপচিত। ২ গত।

ব্যয়ী [ব্যয়+ইন্ (স্ত্য০)=ব্যয়িন্ ১মা, ১ব০] বিণ, ব্যয়শীল; খরচিয়া।

ব্যর্থ (বব-) [বি (বিগত হইয়াছে) অর্থ (ধন বা প্রয়োজন) যার, বহু০] বিণ, বিফল; বৃথা। ২ নিষ্প্রয়োজন। ৩ লাভহীন। ৪ অনর্থক। ~কাম-বিণ, যার কামনা সিদ্ধ হয় নাই; অপূর্ণাভিলাষ; বিফল মনোরথ। "পৃথিবীতে অনেক ব্যর্থতা এবং অনেক বিরোধের সৃষ্টি করে"-চারিত্রপূজা। ব্যর্থ করা-পণ্ড করা; নিষ্ফল করা। ~চেষ্টা -নিষ্ফল চেষ্টা; বিফল প্রযত্ন; অকৃতোদ্যম। ~তা-বি, বিফলতা; অসিদ্ধি। ~মনোরথ-বিফল বাসনা।

ব্যলীক [বেলেল্লা ও বেল্লিক দ্রঃ] বিণ, বি, লম্পট। ২ অশিষ্ট। "উত্তর দিলেই সকলে বলিবেন ব্যলীকের মত লিখিয়াছেন" -গঙ্গাধর কবিরাজ। বি, ব্যলীকামী [দ্রুত- বেল্‌কামি, বেল্‌কুমি] ব্যলীকের ভাব; ব্যলীকপ্রকৃতি; অশিষ্টতা; বেল্লিকপনা। "আর ব্যলীকামি করিতে পারি না।" -গঙ্গাধর কবিরাজ।

ব্যষ্টি (বে-) [বি-অশ্ (ব্যাপন করা)+তি (র্ম)] বি, ভিন্নভিন্ন; এক একটী; পৃথক্ পৃথক্। "বৃক্ষের সমষ্টি বন, অতএব বৃক্ষ ব্যষ্টি, বন সমষ্টি।"-উপনিষদ।

ব্যস্ (ব্যা-) [ফা০ বস্। প্রা০ বাস্] অ, এই পর্য্যন্ত; পর্য্যাপ্ত; শেষ; থাক্; ইতি। "ব্যস্ বেছে নেও মনোমত যিনি হন যাঁর।" -দ্বিঃ রায়।

ব্যসন (বব-) [বি-অস্ (ক্ষেপণ করা)+ অন (ভা০)] বি, পাপ। ২ সুরাপান; বেশ্যাসক্তি; দিবানিদ্রা; পরনিন্দা; মৃগয়া; বৃথাভ্রমণ; দ্যূত; নৃত্যগীত ও ক্রীড়া এই দশবিধ কামজ দোষ এবং দৌরাত্ম্য, দুষ্টতা, ক্ষতি, প্রতারণা, ঈর্ষা, দ্বেষ, কটূক্তি ও নিষ্ঠুরাচরণ এই অষ্টবিধ ক্রোধজ দোষ violation. ৩ বিষয়ানুরক্তি। ৪ বিপদ। ৫ অশুভ; অমঙ্গল। ৬ দুঃখ। ৭ বিনাশ। বিণ, ব্যসনী-কুক্রিয়ান্বিত; ব্যসনানুরক্ত। ২ বিপন্ন। ব্যসনাসক্ত [ব্যসনে আসক্ত, ৭তৎ] বিণ, কামজ ও কোপজ দোষ-নিরত; কুক্রিয়ারত; ব্যসনপ্রিয়।

ব্যস্ত [বি+অস্ (ক্ষেপণে)+ত (র্ম)]। প্রা০ ব্যাস্ত] বিণ, অস্থির। ২ ব্যাপ্ত; ব্যাপৃত। ৩ ত্বরান্বিত। ৪ ব্যাকুল। ৫ [পাটী০ (ক০ বিষ০ পরিঃ)] ইং inverse এর বৈজ্ঞা০ পরিঃ; বিলোম; বিষম।~-অনুপাত-ইং inverse ratio র বৈজ্ঞা০ পরিঃ; ব্যস্তমান (হিং কো০)। ~তা-বি, অস্থিরতা; ব্যাকুলতা। ~ত্রৈরাশিক-inverse rule of three. ~বাগীশ-অতিরিক্ত ব্যস্ত; কর্ম্ম সম্পাদনে উৎকট আগ্রহ ও ত্বরা প্রদর্শনকারী। ~সমস্ত-বিণ, অতি ব্যস্ত; বেতিব্যস্ত; অতি ত্বরান্বিত; কর্ম্মকোলাহলময় very busy. ব্যতিব্যস্ত (বেং-)-দ্রঃ।

ব্যা১ [অনু০] অ, মেষ, ছাগশিশু ইং-র ডাক।

ব্যা২ [কৃষিভাষায়। প্রাদে০] বি, লাঙ্গল যে রেখা বা সোজা রাস্তা ধরিয়া বহা যায়। ব্যা ধরা-বি, ঠিক সোজা রেখা না ধরিয়া হল চালনা।

ব্যাং, ব্যাঙ-ঝেঙ দ্রঃ।

ব্যাকরণ [বি (বিশেষ)-আ (সম্যক্)-কৃ (করা)+অন(ণে), যদ্দ্বারা বিশেষরূপে শব্দের ব্যুৎপত্তিগত অর্থ প্রকাশ করা যায়] বি, শব্দ-ব্যুৎপাদক ও ভাষানিয়ামক শাস্ত্র; লিখিত ভাষার উচ্ছৃঙ্খলতা নিবারক, শব্দের ব্যুৎপত্তি ও ব্যুৎপত্তিগত অর্থনির্ণায়ক, পদসাধন, পদান্বয় এবং বাক্যরচনা প্রণালী নির্দ্ধারক শাস্ত্র। [দ্রঃ-সংস্কৃত ব্যাকরণ কেবল শব্দের ব্যুৎপত্তি ও পদরচনা প্রণালী শিক্ষা দেয়; ইহা প্রকৃত পক্ষে শব্দব্যুৎপত্তিশাস্ত্র। বাং-য় কিন্তু, "ব্যাকরণ" ইং "গ্রামার" (দ্রঃ) অর্থে ব্যবহৃত এবং তার অনুসরণক্রমে সং "শিক্ষা শাস্ত্র", "বাক্য রচনা বা বাগর্থ", ছন্দোশাস্ত্র এমন কি অলঙ্কারাদি এবং ভাষা শুদ্ধ করিয়া লিখিতে বলিতে ও পড়িতে শিখাইবার যাবতীয় শাস্ত্র সাধারণতঃ ব্যাকরণের অন্তর্ভুক্ত করা হয়। অধুনা ইং গ্রামারের ইটিমলোজি ভাগ "শব্দতত্ত্ব" এবং গ্রামার "ভাষাতত্ত্ব", "ভাষাবিজ্ঞান" "ভাষা শিক্ষা" প্রভৃতি নামে অভিহিত হইতেছে]। "সং বা বাং ব্যাকরণ ও ইং grammar এক জিনিষ নয়। Grammar is the art of speaking and writing a language correctly. সং ব্যা০ এর মানে কিন্তু আর কিছু। "ব্যক্তিরস্তে ব্যুৎপাদ্যন্তে শব্দা অনেন ব্যাকরণং" অর্থাৎ শব্দটি শুদ্ধ করা পর্য্যন্তই ব্যা০ এর সীমা। ইং-তে গ্রামারের মধ্যে উচ্চারণ পড়ে। উচ্চারণের জন্য সং-তে একটি স্বতন্ত্র শা০ আছে-তাহার নাম শিক্ষা। গ্রামারে Etymology থাকে, ইহারই সং নাম ব্যা০। ইং-তে গ্রামারে syntax থাকে- সং-তে syntax এর মোটা মোটা গোটাকতক কথা বা নহিলে ব্যা০ চলে না, তাহাই ব্যা০এ থাকে-বাকীটা বাদার্থশাস্ত্রে গিয়া পড়ে। ইং গ্রামারে ছন্দের উপর একটা

অধ্যায় থাকে, সং-তে ছন্দশাস্ত্র স্বতন্ত্র। গ্রামারে figures of speech থাকে, সং-তে অলঙ্কার শাং স্বতন্ত্র। সুতরাং ইং গ্রামার ও সং ব্যাং এক নহে। ইং গ্রামারকে শব্দশাস্ত্র বলা যাইতে পারে, সং ব্যাং শুধু পদের আকার লইয়া।" ম০ ম০,প০ হ০ প্র০ শাস্ত্রী]।

ব্যাকলা [সং-বল্কল > প্রাকৃ০ বক্কল > বাকল > বাকলা > ব্যাকলা] বি, বল্কল; ত্বক; ফলাদির আবরণ; খোলা। "বেগুণের খাড়া লাউ কুমড়া ব্যাকলা।"-কবিক০।

ব্যা০ ফেলা-ক্রি, লাউ, কুমড়াদি পুরুষক ফলের খোসা ছাড়াইয়া ফেলা।

ব্যাকুতি [বি (বিপরীত)+আকুতি (মনোভাব)] বি, ছলনা।

ব্যাকুব, বেঅকুফ-বে, দ্রঃ।

ব্যাকুল [বি (বিশেষ) আকুল। ব্রজ০, প্রা০ বৈ০ সা০ বেয়াকুল] বিণ উৎকণ্ঠিত; ব্যস্ত; ভয়বিহ্বল। "ব্যা০ ধেনু নাহি শুনে বেণু কাননে নাহি যায়।"-বাং গান। ২ অতি কাতর। ~মনাঃ ~মনা-বিণ, অস্থির চিত্ত; উৎকণ্ঠিত।

ব্যাকুলাত্মা [ব্যা০+আত্মা] বিণ, উদ্বিগ্নমনাঃ; কাতরপ্রাণ।

ব্যাকুলি [সং-ব্যাকুল+ই (ভা০), "বিকুলি"ও বলে] বি, ব্যাকুলভাবে অনুরোধ। "ব্যাকুলি করিয়া রাধা কহে পুনর্ব্বার।"-ম০। আকুলি ব্যাকুলি, বিকুলি-ব্যাকুল অন্তরে সনির্ব্বন্ধ অনুনয়; অনুনয়-বিনয়।

ব্যাকুলিত [ব্যাকুল (দ্রঃ) + ইত (অতিরিক্ত সংযোগ)] বিণ, ব্যাকুল।

ব্যাকৃতি [বি (বিকৃত, বিপরীত)+ আকৃতি] বি, বিকৃত আকৃতি; ভঙ্গী। ২ [বি -আ +কৃ+তি (ভা০)] ব্যাকরণ। ৩ ব্যাখ্যান। বিণ, ব্যাকৃত।

ব্যাক্রোশ [বি+আক্রোশ] বি, কটূক্তি; গালি। ২ ভর্ৎসনা।

ব্যাখ্যা (-ক্‌খ্যা) [বি-আখ্যা, ব্যাখ্যান ও০। তুল-হি০বাখান] বি, বিবরণ। ২ টীকা টিপ্পনী এবং অর্থাদিপ্রকটন। ৩ অধ্যাপনাব্যপদেশে বক্তৃতা lecture. ৪ বর্ণনা। বিণ, ~ত-বিবৃত; বিস্তারিতভাবে কথিত বা বর্ণিত। ২ প্রকটিত। ৩ টীকা টিপ্পনীসহ অর্থকৃত। ~তা-বিণ, যে ব্যাখ্যা বা ব্যাখ্যান করে; টীকাকার।

ব্যাখ্যানা (-ক্‌খ্যা-) [সং-ব্যাখ্যান+ বাং আ (বিদ্রূপ, বিরক্তি, অবজ্ঞা অর্থে)] বি, ব্যাখ্যা। ২ ব্যঙ্গযুক্ত বর্ণনা। "তুই আর ব্যা০ করিসনে সই।"-লীলাবতী।

ব্যাখ্যেয় (-ক্‌খে-) [বি-আ-খ্যা-য (র্ম)] বিণ, ব্যাখ্যার যোগ্য; বর্ণনীয়।

ব্যাগ [ইং bag এর লিপ্যন্তর] বি, থলি; চর্ম্মাদিনির্ম্মিত পেটিকা।

ব্যাগল [বেলগ (অসংলগ্ন) > ব্যালগ > ব্যাগল (বর্ণবিপর্যয়ে)] বিণ, পৃথক; স্বতন্ত্র। "দেখিবারে না পারি মহারাজ ব্যাগল করি ছিল।"-ময়নামতীর গান।

ব্যাগোত্তা [গ্রা০। ব্যাকুলতা >] বি, ব্যাকুলতা; বিনয়; অনুরোধার্থে আকুলি-বিকুলি। প্র-ব্যাগোত্তা করে বলছি।

ব্যাঘট্টন [বি-আ+ঘট্ট (আলোড়নে) +অন (ভা০)] বি, বিলোড়ন; মন্থন।

ব্যাঘাত [বি-আ-হন্ (বধ করা)+অ (ভা০)] বি, বিশেষভাবে আঘাত। ২ বিঘ্ন; প্রতিবন্ধক। ৩ [জ্যো০] যোগবিঃ। ৪ [কাব্যালঙ্কারে] অর্থালঙ্কারবিঃ। "কোন উপায় দ্বারা একবস্তু যেরূপ ভাব প্রাপ্ত হইয়াছে সেই উপায় দ্বারা যদি তাহাকে অন্যপ্রকার করা হয়, তাহা হইলে ব্যাঘাত অলঙ্কার কহা যায়।" "নেত্রদ্বারা কন্দর্প ভস্মীভূত হইয়াছে কিন্তু কামিনীগণ আবার নেত্ররূপ উপায় দ্বারা তাহাকে পুনর্জীবিত করিতেছে" এজন্য নিম্ন উদাহরণে ব্যাঘাত অলঙ্কার হইল-কাব্যদর্পণ। "হরনেত্রে কাম হত হইয়াছে বলে। নেত্রেই বাঁচায় তারে যারা কুতূহলে। কামে বাঁচাইয়া যারা শিবে করে জয়। সেই নারীগণে স্তুতি উপযুক্ত হয়।"-রসতরঙ্গিণী (ম০মো০ ত০)। ব্যাঘাতক-বিণ, বিঘ্ন সম্পাদক।

ব্যাঘ্র [বি-আ-ঘ্রা (গন্ধ গ্রহণ করা)+ অ (র্ত্ত)] বি, হিংস্র পশুবিঃ; বিড়ালবংশীয় প্রসিদ্ধ শ্বাপদ জন্তুবিঃ; বাঘ। ২ [অন্য শব্দের পর যুক্ত হইলে] শ্রেষ্ঠ; প্রধান। প্র-পুরুষব্যাঘ্র। তুল-সিংহ,কুঞ্জর। ৩ [বৈদ্যকে] রক্ত এরণ্ড। স্ত্রীং~ী-বাঘিনী। ২ কণ্টকারী। ~নখ-ব্যাঘ্রের নখ। ২ স্বর্ণমণ্ডিত বাঘনখ অলঙ্কার। ৩ সুগন্ধিদ্রব্য। ৪ বাঘের থাবার আকৃতি সুতীক্ষ্ণ অস্ত্রবিঃ। মহারাষ্ট্রপতি শিবাজী এই অস্ত্র ব্যবহার করিতেন। ~নখক-নখক্ষত। ~নায়ক-শৃগাল। ~পাদ-বি, শাস্ত্রকার মুনিবিঃ।

ব্যাঘ্রাস্য [ব্যাঘ্র+আস্য] বি, বাঘমুখ। ২ বিড়াল। ৩ বিণ, বাঘমুখো; বাঘের মত মুখবিশিষ্ট।

ব্যাঙ্ক [ইং bank এর লিপ্যন্তর] বি, (মূলে) মহাজনের বা সাহুকারের টাকা পয়সা গণিবার মেজ (counter)। ২ ধনভাণ্ডার; যথায় ধন গচ্ছিত বা জমা রাখা হয়। ~নোট -ঋণ স্বীকার পত্র। ২ হুণ্ডী note issued by a bank, payable either on demand or to bearer, the amount specified in it. ~বুক-ব্যাঙ্কের হিসাবের খাতা bank-book.

ব্যাঙ্গম/মা,ব্যাঙ্গোমা/মা [বিহঙ্গম (পক্ষী)+আ (অনাদরে, তুল-রাম > রামা) > দ্রঃ] বি, বিহঙ্গ; পক্ষী। স্ত্রীং ~মী [ব্যাঙ্গমী ও০] বি, বিহঙ্গমী; বিহগী। ~ব্যাঙ্গমী [বিহঙ্গম-বিহঙ্গমী] পক্ষী-দম্পতি।

ব্যাচ [ইং batch এর লিপ্যন্তর] বি, দল; গণ; থাক; তাড়া। "প্রভাতে ছুটেছে জোতে ব্যাচ ব্যাচ।"

ব্যাজ১ [বি-অজ্ (গমন করা)+অ (ণ)। প্রা০ বাং। প্রাদে০ কথ্য০, বেজাজ] বি, কপট; ছল। ২ কালবিলম্ব। "মাস দুই করি ব্যাজ রাজায় করিয়া কাজ বাপ তোর আসিবেক ঘরে।"-কবিক০। "এখনি আসিব বলি গেলা চলি বলী; কি কাজে এ ব্যাজ আমি বুঝিতে না পারি।"-মেঘ০। ক্রি-বিণ, ব্যাজে-বাদে; উত্তীর্ণ হইলে; পরে। "আজ ব্যাজে কাল যে বেড়ী খাটবে তার সঙ্গে মেয়ের বিয়ে দিতে চান।"-লীলাবতী।

ব্যাজ২, বেয়াজ [ব্যাজ১ দ্রঃ। হিং ব্যাজ (সুদ)] বি, সুদ; বৃদ্ধি। "কেহ বা অভাবগ্রস্ত ব্যক্তিকে কিঞ্চিৎ ধন দিয়া ব্যাজের

হিসাবে আসল টাকায় চতুর্থাংশ আদায় করিয়া লয়।"

ব্যাজ [ইং badge এর লিপ্যন্তর] বি, তকমা।

ব্যাজস্তুতি [ব্যাজ (কপট) স্তুতি (প্রশংসা)] বি, ছলস্তুতি; কপট প্রশংসা। "সোলুণ্ঠ বচন রীতি,মান, গর্ব্ব, ব্যাজ, স্তুতি, কভু নিন্দা কভু বা সম্মান।"-চৈ০ চ০। ২ [অলং শা০] বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ Irony. নিন্দাচ্ছলে স্তুতি ও স্তুতিচ্ছলে নিন্দা করা হইলে ব্যা০ হয়। "অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ। কোন গুণ নাই তাঁর কপালে আগুন। কুকথায় পঞ্চমুখ কণ্ঠভরা বিষ। কেবল আমার সঙ্গে দ্বন্দ্ব অহর্নিশ।" এ দুই স্থলে বাচ্যার্থ "নিন্দা" কিন্তু ব্যঙ্গার্থ "স্তুতি"। "কোন গুণ নাই, যথা তথা ঠাঁই, সিদ্ধিতে নিপুণ দড়।"-অ০ ম০ [গুণ=সত্ত্বাদি ত্রিগুণ, (২) ক্ষমতা। যথা তথা ঠাঁই=আশ্রয়পূর্ণ, (২) সর্ব্বব্যাপী। সিদ্ধি=সাফল্য, (২) ভাঙ]।

ব্যাজোক্তি [ব্যাজ+উক্তি] বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ। ছল দ্বারা উদ্ভিন্ন বিষয়ের গোপন স্থলে ব্যা০ হয়। "ভয় উপজিল দানবগণে শরীর ঘামিয়া কাঁপে সঘনে। আঃ মার মার পামর নরে। হেন কহি তাহা গোপন করে।"-নিং ক০। দ্রঃ-এখানে প্রকৃত ব্যাপার অর্জ্জুনের বোধগম্য হওয়ায় ব্যা০ হইল-তাহা না হইলে অপহ্নুতি অলঙ্কার হইত।

ব্যাট [ইং bat এর লিপ্যন্তর] বি,বিপরীত আঘাত দ্বারা কন্দুক দূরে ফেলিবার কাষ্ঠদণ্ডবিঃ। ~বল, ব্যাট্‌ অ্যাণ্ড বল [ইং bat and ball > কেং] দণ্ড ও কন্দুক। ~বলখেলা -দণ্ড ও কন্দুকের ক্রীড়া।

ব্যাটা-বেটা দ্রঃ।

ব্যাটারি [ইং batteryর লিপ্যন্তর] বি, তড়িৎ সঞ্চালক যন্ত্রবিঃ; তাড়িতযন্ত্র। ২ যন্ত্রসমষ্টি। ৩ কামানশ্রেণী ও তা পরিচালনে নিযুক্ত গোলন্দাজ সৈন্য ও অবব্যূহ।

ব্যাড়ি [ব্যাড়+ই (অপত্যার্থে)] বি, শব্দকোষ ও ব্যাকরণকার মুনিবিঃ।

ব্যাণ্ড [ইং band এর লিপ্যন্তর] বি, ঐক্যতান বাদ্য-বাদকের দল। ~মাষ্টার [band master এর লিপ্যন্তর] বি, ব্যাণ্ড-বাদক দলের নেতা বা শিক্ষক।

ব্যাত [বেত (দ্রঃ) > পূ০ বঙ্গীয় উচ্চারণ অনুযায়ী বানানে] বি, বেত্র; বেত। "মিনসে ছাড়লে না আমার মাথা থেকে ছালাটা টেনে নামিয়ে ব্যাতের (বেতের) স্তারের (সেরের) একপোয়া চাল কেড়ে নিলে।"

ব্যাদড়া [প্রাদে০। বদ (মন্দ) আড়া। বেঁদাড়া দ্রঃ] বিণ, দুষ্ট; দুর্বিনীত; অশিষ্ট। "ধাওড়া ভাওড়া ব্যাদড়া বরে।"-বঙ্গসুন্দরী।

ব্যাদান [বি+আ-দা (দানে, বিস্তারে) +অন (ভা০)] বি, বিস্তার। ২ উদ্‌ঘাটন। বিণ, ব্যাদিত।

ব্যাধ [প্রা০ বাং পদ্যে-বেয়াধ। ব্যধ্‌ (পীড়ন করা, বধ করা)+অ (র্ত্তৃ)] বি, মৃগপক্ষী-বধকারী জাতি; শবর; কিরাত। "ব্যাধের ছেলে পাখী মারে।"-রা০ প্র০। ২ হিংসক। ~বৃত্তি-বি, ব্যাধের কর্ম্ম বা ব্যবসায়। ২ মৃগয়া।

ব্যাধন [সুশ্রুত। অস্ত্রচিকিৎসায়] বি, রক্ত খোলা puncturing; opening a vein.

ব্যাধি [সং। প্রা০ বাং পদ্যে-বেয়াধি] বি, পীড়া; রোগ। "হইলে অসাধ্য ব্যাধি"-দাশরথি০। "বেয়াধি কেমনে ছুটে।"-চণ্ডি০। ২ [কাব্যালঙ্কারে] নায়কের দশাবিঃ। বিণ, ব্যাধিত। ~কল্পনারোগ-বি, হাইপোকণ্ড্রিয়া দ্রঃ। ~গ্রস্ত-বিণ, রোগাক্রান্ত; রুগ্ন। ~মন্দির-বি, রোগের ঘর বা বাসা; শরীর। "শরীরং ব্যাধিমন্দিরং"-সং প্রবচন। ~মুক্ত-বিণ, রোগ হইতে মুক্ত; নিরোগ।

ব্যাধূর্ত-বিধুত দ্রঃ।

ব্যান [সং] বি, শরীরস্থ পঞ্চবায়ুর অন্যতম; সমস্ত শরীরব্যাপী যে বায়ু।

ব্যানবেলা [বিহান দ্রঃ। প্রা০] বি, প্রভাতকাল।

ব্যানে [রূপান্তরে বেনে, মেনে] অ, সন্দেহে; সঙ্কোচে; ভয়ে-ভয়ে। "সদাই সন্দ মনে তাইতে ব্যানে কিছু বলি বলি বলিতে নারি।"-গান।

ব্যান্নন, ব্যানুনোন্‌, ব্যান্নন, বেন্নন [সং ব্যঞ্জন >] বি, ব্যঞ্জন; তরকারি। পাঁচ ব্যান্নন, -ব্যন্নন-বি, পাঁচরকম তরকারী; নানাপ্রকার ব্যঞ্জন। ***"বৌদির হাতের রাঁধা ভাত দুখালা পাঁচ ব্যন্নন দিয়ে পরম তৃপ্তিভরে উদরসাৎ করে"-মেজবৌ (আ০ শক্তি)।

ব্যাপক [বি-আপ্‌ (ব্যাপ্ত করা)+অক (র্ত্তৃ)] বিণ, ব্যাপনশীল; কালব্যাপী; স্থানব্যাপী। ২ আচ্ছাদক। ৩ দীর্ঘ। ৪ [ন্যায় দর্শনে] স্বাধিকরণ বৃত্তি; বস্তুর অপরিহার্য্য-নিয়ত ধর্ম্ম। স্ত্রীং ব্যাপিকা। ~ন্যাস-তন্ত্রানুমোদিত সর্ব্বাঙ্গব্যাপক ন্যাসবিঃ।

ব্যাপন্ন-বিপন্ন দ্রঃ।

ব্যাপা [বি-আপ্‌ (ব্যাপ্ত করা) ধাতু+আ (বাং ক্রিয়া-বিভক্তি)। প্রা০ বাং-বেআপা। বেআপিবে=ব্যাপিবে ই০। ব্যাপি, ব্যাপ, ব্যাপে; ব্যাপিতে; ব্যাপিয়া (কে০ ব্যেপে)। গিজন্ত-ব্যাপানি] ক্রি, ব্যাপ্ত করা; স্থানে বিস্তৃত হওয়া; স্থান জুড়িয়া অবস্থান করা। বি, ব্যাপন। বিণ, ব্যাপী-ব্যাপক; ব্যাপ্তিশীল। ২ আবরক। >স্ত্রীং ব্যাপিনী।

ব্যাপাদ [বৌ০ শা০। মৈত্রীভাবনার বিপরীত] বি, পরের অশুভ কামনা; বিদ্বেষবুদ্ধি। বিণ, ব্যাপাদিত [বি-আ+(নিজন্ত) পদ্‌=ব্যাপাদি+ত (র্ম্ম)] বিনাশিত; নিহত।

ব্যাপার [সং] বি, ক্রিয়ানুষ্ঠান। ২ ঘটনা। ৩ ব্যবসায়; বাণিজ্য। "প্রাণধন বিদ্যালাভ ব্যাপারের তরে"-অ০ ম০। ৪ অভ্যাস; অনুশীলন। ৫ নিয়োগ। ৬ [তি০ বি০] যা কিছু ইন্দ্রিয়গ্রাহ্য phenomenon. ~ী-বিণ, ব্যবসায়ী।

ব্যাপৃত [বি-আ-পৃ (পূর্ণ করা)+ত (র্ম্ম)] বিণ, নিযুক্ত; নিয়োজিত [স্ত্রীং ~া] এই অর্থে ব্যাপ্রিয়মাণ-কার্য্যে ব্যাপৃত বা নিয়োজিত। >স্ত্রীং ~া।

ব্যাপ্তি [বি+আপ্‌+তি (ভা০)] বি, বিস্তৃতি; প্রসার। ২ অণিমাদি বিভূতির অন্যতম; বিভূতি; সর্ব্বত্রাবস্থিতিরূপ ঐশ্বর্য্যবিঃ। ৩ [দর্শনে] বস্তুর সহজ ধর্ম্ম, যথা-জলের তারল্য এবং শৈত্য, অগ্নির উত্তাপ এবং

ঔজ্জ্বল্য। ৪ [বৈজ্ঞা॰ পরিঃ] স্থান ব্যাপকতা-রূপ জড়পদার্থের ধর্ম। ৫ প্রসিদ্ধি। ৬ আবরণ; বেষ্টন। ৭ "দুইটা পদার্থের মধ্যে নিয়ত সাহিত্য সম্বন্ধ। সম্বন্ধটী এইরূপ যে একটি পদার্থ সর্ব্বদাই অপরটীর সঙ্গে সঙ্গে থাকে কিংবা পশ্চাৎ পশ্চাৎ ঘটে।"-ভ॰ বি॰। ~নির্ণয় generalization. ~বাক্য-যেবাক্য দ্বারা ব্যাপ্তি প্রকাশিত হয়। "ব্যাপ্তিবাক্য মাত্রই ব্যাপকবাক্য (universal proposition) কিন্তু ব্যাপক বাক্য মাত্রই ব্যাপ্তি বাক্য নহে। ~গ্রহ -যেযুক্তিদ্বারা কয়েকটী মাত্র বিশেষ বিশেষ স্থল হতে সংগৃহীত প্রমাণের সাহায্যে ব্যাপ্তি বাক্য স্থাপন করা হয় induction. বিণ, ব্যাপ্ত-প্রসারিত। ২ পূর্ণ। ৩ প্রসিদ্ধ। ~শীল-বিণ, যা স্বভাবতঃ প্রসারিত হয়।

ব্যাপ্তিস্মা-বাপ্তিস্মা দ্রঃ।

ব্যাপ্য [সং] বিণ, ব্যাপনীয়; প্রসার্য্য। ২ [ত॰ বি॰] বি, হেতু। ~পদ [ত॰ বি॰] বি, বাক্যস্থ যে পদদ্বারা তৎপ্রতিপাদ্য প্রত্যেক ব্যক্তি পরামৃষ্ট হয়। ~বৃত্তি-বি, অল্পদেশবৃত্তি পদার্থে বিদ্যমান।

ব্যাবর্ত্তক গুণ [ত॰বি॰ পরিঃ] বি, "যে সকল গুণ দ্বারা এক জাতির অন্তর্ভূত এক শ্রেণীর পদার্থকে সেই জাতির অন্তর্ভূত অন্যান্য শ্রেণীর পদার্থ হইতে পৃথক্ করিতে পারা যায়।"-প্র॰ সিংহ।

ব্যাবর্ত্তন১ [বি-আ-বৃৎ (আবর্ত্তন করা) + ণিচ্=বর্ত্তি+অন (ভা॰)] বি, ব্যাস পরিভ্রমণ; আবর্ত্তন rotation. ২ মুখ ফেরান; বিমুখ হওয়া। বিণ, ব্যাবর্ত্তিত।

ব্যাবর্ত্তন২ [নিরপেক্ষানুমান দ্রঃ] বি, "ইহাতে যে বাক্যটী হতে অনুমান করা হয় সেই বাক্যটীর বিধেয় পদ অনুমিত বাক্যটীর বিধেয় পদের বিরুদ্ধ এবং বাক্য দুইটা বিষমগুণবিশিষ্ট। যথা-"সকল মানুষ মর ∴ কোন মানুষ অমর নহে।"-ভ॰ বি॰ (প্র॰ সিংহ) obversion.

ব্যাবহারিক [ব্যবহার দ্রঃ। জ্ঞা॰ (ক॰ বিদ॰ পরিঃ)] বিণ, কল্পিত; ইং practical এর বৈজ্ঞা॰ পরিঃ।

ব্যাবৃত্ত [বি-আ-বৃৎ (বর্ত্তমান থাকা) + ত (র্ত্ত)] বিণ, নিরাকৃত। ২ নিবারিত। ৩ খণ্ডিত; অংশীকৃত। ৪ আবৃত। বি, ব্যাবৃত্তি।

ব্যাভার [সং-ব্যবহার > ভং] বি, ব্যবহার; আচরণ। "এমত ব্যাভার না বুঝি তাহার পিরীতি যাহার সনে।"-চণ্ডি॰। ২ প্রয়োগ। ৩ অভ্যাস।

ব্যাম [বি-আ-মা (পরিমাণে) + অ (ভা॰)] বি, বিস্তৃত বাহুদ্বয়ের এক বাহুর অঙ্গুলির অগ্রভাগ হতে অপর বাহুর অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত দীর্ঘ পরিমাণ; বাঁও; ৪ হাত fathom.

ব্যামো-ব্যামোহ দ্রঃ।

ব্যামোত [গ্রা-নারীভাষায়। আর্য্যেতর ভাষায়-"বেঁওৎ"] বি, কায়দা; গোছ; ব্যবস্থা; কৌশল। প্র-ব্যামোত করে ধরা। কাজের ব্যামোত পাওয়া যায় না। বিপরীতার্থে-বে-ব্যামোত।

ব্যামোহ [> গ্রা॰ কে॰ ব্যামো। বি-আ-মুহ্ (মুগ্ধ করা) + অ (ভা॰)] বি, মোহ; চিত্তবৈকল্য। "নারদ ব্যামোহ পাইলে কেনে।"-শি॰। ২ ব্যাধি। "এই অসাড়তার ব্যামোটা বর্ব্বরতার ব্যামো"-রবী॰।

ব্যায়ত [বি (বিশেষ) + আয়ত] বিণ, সুবিস্তৃত; আয়ত; দীর্ঘ। ২ (-ত) বি, বিস্তার; দৈর্ঘ্য।

ব্যায়াম [বি+আয়াম] বি, বিশেষরূপ অঙ্গ সঞ্চালন; শ্রমসাধন ব্যাপার; কুস্তী। ২ দুর্গম স্থানে ভ্রমণ। ৩ ব্যাম; বাঁও।

ব্যারাম, ব্যায়রাম-বেয়ারাম দ্রঃ।

ব্যারিষ্টার [ইং barrister এর বিপ্যস্তর] বি, উচ্চ শ্রেণীর ব্যবহারাজীব; কৌন্সলী।

ব্যাল [সং] বি, সর্প। "নিন্দিত মৃণাল ভুজ দেখি ব্যাল বিলে প্রবেশিল লাজে।" -মহা॰ (কাশী॰)। ২ দুর্দ্দান্ত হস্তী। ৩ শ্বাপদ; চিতাবাঘ। স্ত্রীং ব্যালী। ~গ্রাহী, গ্রাহী-সাপুড়ে। ~জিহ্বা-সাপের জিহ্বা। ~মৃগ [সং] বি, চিতাবাঘ।

ব্যালোল [বি-আ-লুল্ (চঞ্চল হওয়া) + অ (ভা॰)] বি, চঞ্চল; ব্যাকুল; আকুল। "ব্যা॰ গন্ধে ভ্রমর।"-মহা॰ (কাশী॰)।

ব্যাস্-বস্ দ্রঃ।

ব্যাস [বি-অস্ (বিভাগে)] বি, বিভাগ। ২ বৃত্তের কেন্দ্র ভেদ করিয়া উভয় পার্শ্বে যে সরল রেখা পরিধি স্পর্শ করে diameter. ৩ [বেদবিভাগ কর্ত্তা বলিয়া] মৎস্যগন্ধা নাম্নী ধীবর কন্যার গর্ভে ও পরাশর মুনির ঔরসে জাত মুনি; কৃষ্ণদ্বৈপায়ন। [ব্যাস+ ষ্ণ (অপত্যার্থে) = বৈয়াসকি-ব্যাসপুত্র শুকদেব। ব্যাস+ষ্ণিক্ (সম্বন্ধে ইক)= বৈয়াসিক-ব্যাস সম্বন্ধীয়। ২ ব্যাস রচিত। > স্ত্রীং বৈয়াসিকী]। ৪ সমস্ত পদের সমাস বিচ্ছেদ। ~কলন [গ॰ পরিঃ (হিং কো॰)] বি, চলন কলন differential calulus. ~কূট-বেদব্যাসের রচনার মধ্যে দুর্ব্বোধ্য শ্লোক। ~পীঠ, ~পিঁড়ী-পুরাণ-পাঠকের বেদী; কথকের আসন। ~বাক্য-বি, বিস্তারিতভাবে সংস্কৃত বিভক্তিযুক্ত বাক্য (ইহার বিপরীত 'সমাস বাক্য' অর্থাৎ সমাসযুক্ত বিভক্তিহীন বাক্য); সমাসের অর্থপ্রকাশক বাক্য।। ২ [কাব্যালঙ্কারে] একটি বাক্য যা নিষ্পন্ন হয় বহুবাক্যে তার উন্নয়ন। ব্যাসার্দ্ধ-বি, ব্যাসের অর্দ্ধাংশ a radius. অনুবদ্ধব্যাস [কণিক॰] ইং conjugate diameter এর বৈজ্ঞা॰ পরিঃ।

ব্যাসক্ত [বি+আ+সনজ্ (সঙ্গ করা) +ত (ক্ত)] বিণ, বিশেষ বা অতিশয় আসক্ত। ২ সংলগ্ন।

ব্যাসঙ্গ [বি+আ+সনজ (সঙ্গ করা) + অ (ভা॰)] বি, অত্যানুরাগ।

ব্যাসিদ্ধ [বি+আ+সিধ্ (গতি)+ত (ক্ত)] বিণ, নিষিদ্ধ।

ব্যাহত [বি+আহত] বিণ, নিবারিত। ২ বিফলীকৃত।

ব্যাহার [সং] বি, উক্তি।

ব্যাহৃতি [বৈদিক সং] বি, গায়ত্রী; "ভূঃ-ভুবঃ-স্বঃ" আদি মন্ত্র। ২ উক্তি। বিণ, ব্যাহৃত।

ব্যুৎক্রম [বি-উৎ (বিপরীত)+ক্রম

(নিয়ম)] বি, ক্রমবিপর্য্যয় ; ক্রমবৈপরীত্য। ব্যতিক্রম ; অনিয়ম। বিণ, ব্যুৎক্রান্ত।

ব্যুত্থান [বি (বিশেষরূপে)+উত্থান] বি, হঠাৎ উত্থান। ২ অভ্যুন্নতি। ৩ স্বাধীনভাবে কার্য্যকরণ। ৪ বিপক্ষতা। ৫ [যোগশা০] সমাধিভঙ্গের কাল। ৬ অবরোধ। ৭ নৃত্যবিঃ।

ব্যুৎপত্তি [বি+উৎপত্তি] বি, শাস্ত্রে বিশেষ সংস্কার। ২ বিশেষ উৎপত্তি। ৩ জ্ঞান ; বোধ। ৪ [ব্যা০] শব্দের প্রকৃতি প্রত্যয়াদি বিভাগ। বিণ, ব্যুৎপন্ন-শাস্ত্রজ্ঞানসম্পন্ন। ২ [ব্যা০] প্রকৃতি প্রত্যয়াদি সাহায্যে উৎপন্ন।

ব্যুৎপা/দক [বি+উৎপাদক] বিণ, ব্যুৎপত্তিকর ; সংস্কারজনক। স্ত্রীং ~দিকা।

ব্যুৎপাদিত [বি+উৎপাদিত] বিণ, ব্যুৎপন্ন ; প্রকৃতি প্রত্যয়াদি সাহায্যে উৎপাদিত। বি, ব্যুৎপাদন।

ব্যূঢ় [বি-বহ্ (বহন করা)+ত (র্ম্ম)] বিণ, বাহিত। ২ বিবাহিত। ৩ বিস্তৃত। ৪ স্থূল। ৫ স্ফীত। ৬ বিন্যস্ত। ৭ উত্তম। বি, ব্যূঢ়ি।

ব্যূহ [সং] বি, সৈন্য সমাবেশ; সৈন্যদলকে শৃঙ্খলাপূর্ব্বক সজ্জিত করণ [যুদ্ধাদি সময়ে সেনাপতি কর্ত্তৃক বিশেষ বিশেষ কৌশলে বিন্যস্ত সৈন্যসমূহ। সাধারণতঃ ব্যূহ ৬ প্রকার, যথা-বজ্র, মকর, শকট, শ্যেন, সর্ব্বতোভদ্র এবং সূচী বা সূচীমুখ। পাণ্ডবগণ কুরুক্ষেত্র যুদ্ধে বজ্রব্যূহ নির্ম্মাণ করিয়াছিলেন। মহাভারতাদিতে উল্লিখিত অন্যান্য ব্যূহের নাম,-অর্দ্ধচন্দ্র, ক্রৌঞ্চারুণ, গারুড়, চক্র, চক্রশকট, পদ্ম, ব্যাস, মণ্ডল, শৃঙ্গাটক এবং সাগর] ২ সেনাসমূহ। ৩ নির্ম্মাণ ; গঠন। ৪ দেহ। বিণ, ব্যূহিত-বিণ, ব্যূহাকারে বিন্যস্ত। ~নির্ম্মাণ-বি, ব্যূহ রচনা। ~পতি-বি, স্থলযুদ্ধের সেনা নায়ক। ~রচনা-বি, সামরিক কৌশলে আত্মরক্ষা, শত্রু সংহার বা আক্রমণ উদ্দেশ্যে সৈন্য সমাবেশ।

ব্যোম [ব্যে (আচ্ছাদন করা)+মন্-র্ম্ম (নিপাতনে)=ব্যোমন্ ১মা, ১ব০] বি, অম্বর ; শূন্য ; আকাশ। ২ অনিল। ৩ জল। ৪ [তাসখেলায়] ব্যোমছক্কা ; চারখানি কাগজের উপর ছক্কা অর্থাৎ সমস্ত পিট লইয়া বিপক্ষকে হারাইলে এক সঙ্গে যে ছক্কা পঞ্জা ধরা হয়। "এক তুরূপে টেক্কা মেরে ব্যোম করে বসেছে"-হেম০। ~কেশ [ব্যোমক (দেব) তাহাদের ঈশ] বি, মহাদেব। "ভব সর্ব্ব ব্যোমকেশ বিশ্বনাথ প্রমথেশ"-অ০ ম০। ~চর, ~চারী-বিণ, গগনবিহারী। ২ বি, দেবতা। ৩ গ্রহ নক্ষত্রাদি। ৪ পক্ষী। ~যান-আকাশগামী রথ; বিমান। "ব্যোমযানে লঘুগতি আইল নীলাম্বর"-কবিক০। ২ বেলুন, এরোপ্লেন, জেপলিন ই০।

ব্রঙ্কাইটিস্ [ইং Bronchitis এর লিপ্যন্তর] বি, বায়ুনালী প্রদাহ রোগ। শ্বাসনালীর শ্লৈষ্মিক ঝিল্লীর বিকারজনিত শিরঃপীড়া, স্বরভঙ্গ গাঢ় শ্লেষ্মাস্রাব ও কাসি, গলা ঘড় ঘড়, বুকে বেদনাবোধ, শ্বাসকষ্ট প্রভৃতি লক্ষণ।

ব্রজ১ (-জ্) [ব্রজ্ (গমনে)] বি, গমন। ২ পথ। ৩ গোষ্ঠ। ৪ সমূহ। ~ক-পর্য্যটক।

ব্রজ২-বি, পৌরাণিক শূরসেন দেশের একাংশ। আধুনিক মথুরার অন্তর্গত গোকুলগ্রাম। "আসিবে কি ব্রজে পুনঃ রাধিকারমন।" -ব্রজাঙ্গনা০। ~কামিনী, -গোপী, -নারী, -বধূ, -বালা, -রমণী-ব্রজাঙ্গনা ; গোপনারী। "আর কি পরিবে কভু ফুলহার ব্রজকামিনী" ?-ব্রজাঙ্গনা। ~কিশোর, ~গোপাল, ~দুলাল, ~নাথ, ~বল্লভ, ~বিনোদন, ~বিলাসী, ~বিহারী, ~মোহন, ~লাল, ~রমণ, ~রাজ, ~সুন্দর-শ্রীকৃষ্ণ। ~কিশোরী, ~বিনোদিনী, ~বিলাসিনী, ~সুন্দরী-শ্রীরাধিকা। ~ধাম-গোকুল ; বৃন্দাবন। ~প্রেম-বি, যে সখ্য বাৎসল্যাদি ভাবপূর্ণ বিশুদ্ধ প্রেমে ঈশ্বরকে ঐশ্বর্য্যময় ভগবান বলিয়া কোন সম্ভ্রম থাকে না। "যুগধর্ম্ম প্রবর্ত্তন হয় অংশ হৈতে। আমা বিনা অন্যে নারে ব্রজপ্রেম দিতে।"-চৈ০ চ০। ~বাসী-বৃন্দাবনবাসী; ব্রজমণ্ডলের অধিবাসী। ২ মথুরা বৃন্দাবনের পাণ্ডা। > স্ত্রীং ~বাসিনী। ~বুলি-বি, "বৃজ্জি' নামক মিথিলার ক্ষত্রিয় বংশের ভাষা *** ব্রজবুলি পবিত্র ব্রজভূমির ভাষা নহে।"-বঙ্গভাষা ও সাহিত্য। [বিহারী ভাষার একটি প্রধান শাখা, ইহা মিথিলার ১,০৩,৮৭,৮৯৮ লোকের ভাষা, মৈথিলীর অনুকরণে ও বাঙ্গালার মিশ্রণে উৎপন্ন। বিদ্যাপতি এই ভাষার সুপ্রসিদ্ধ কবি। ইঁহার অনুকরণে চণ্ডীদাস, জ্ঞানদাস এবং আধু০ বাং-য় বঙ্কিমচন্দ্র রবীন্দ্রনাথ-প্রমুখ অনেক বাঙ্গালী কবিও ব্রজবুলির মিশ্রণে বহু পদ রচনা করিয়াছেন। "ব্রজবুলি বঙ্গ সাহিত্যের বহু পৃষ্ঠা জুড়িয়া আছে।"-বঙ্গভাষা ও সাহিত্য। [দ্রঃ-"**বিহারী ভাষা যদ্যপি হিন্দী সে বহুত্ কুছ্ মিল্‌তী জুল্‌তী হৈ তথাপি বহ্ উস্‌কী শাখা নহী। বহ্ বংগলাসে অধিক সম্বন্ধ রখ্‌তী হৈ ; হিন্দী সে কম্। *** বিহারী ভাষাকে অন্তর্গত পাঁচ বোলিয়াঁ হৈঁ। * মৈথিলী * * * ইস্ ভাষামে বিদ্যাপতি ঠাকুর বহুত প্রসিদ্ধ কবি হুএ।"-হিন্দী ভাষা কী উৎপত্তি]। ~ভাব-মাধুর্য্যভাব। "ব্রজভাব পাইতে নাহি শক্তি"-চৈ০ চ০। ~ভাষা-বি, হিন্দীভাষার শাখাবিঃ। গঙ্গা যমুনার মধ্যবর্ত্তী, ও তাহার দক্ষিণ ও দিল্লী হইতে এটাওয়া (Etawah) পর্য্যন্ত প্রদেশের দেশভাষা। প্রাচীন মথুরার নাম ছিল শূরসেন ; তাহারই এক অংশকে ব্রজ বলিত। তথাকার ভাষার নাম ব্রজভাষা। [শ্রীযুক্ত মহাবীর প্রাসাদ দ্বিবেদী মহাশয় তাঁহার "হিন্দী ভাষা কী উৎপত্তি" নামক গ্রন্থে লিখিয়াছেন,-"গংগা যমুনা কে বীচকে মধ্যবর্ত্তী প্রান্ত মে, ঔর উস্‌কে দক্ষিণ, দেহলী সে ইটাবে তক্ ব্রজভাষা বোলী জাতী হৈ। গুড়গাঁবা ঔর ভরতপুর, কেরৌলী ঔর গবালিয়র কী রিয়াসতোঁ মে ভী ব্রজভাষাকে বোলনেবালে হৈঁ। পুরানে জমানেমে শূরসেন দেশকে এক ভাগ কা নাম থা ব্রজ। উসীকে নামানুসার ব্রজভাষা কা নাম হুআ হৈ। * * * করৌলী, ব্রজভাষা সে বহুত্ কুছ মিলতী জুলতী হৈ।"ব্রজভাষার সহিত ব্রজবুলির বিকাশ সম্বন্ধ নাই, ব্রজবুলি স্বতন্ত্র ভাষা ; উহা মৈথিলী ও বাঙ্গালা ভাষার মিশ্রণে উৎপন্ন। সুরদাস, বিহারী প্রভৃতি ব্রজভাষার প্রসিদ্ধ

কবি (ব্রজবুলি দ্রঃ)। ~মণ্ডল-মথুরামণ্ডল। অগ্রবন (আগ্রা) ইহার অন্তর্গত। ~লীলা-গোকুলে শ্রীকৃষ্ণের বাল্যলীলা।

ব্রজন [ব্রজ্ (গমনে) + অন (ভা০)]। প্রায়ই প্র, পরি ই০ উপসর্গযোগে চ০, তুল -পরিব্রজন, প্রব্রজন ই০] বি, ভ্রমণ। ~শীল-বিণ, পর্য্যটনশীল ; ভ্রমণ-স্বভাব। ২ বেড়াইতেছে এমন।

ব্রজাঙ্গনা [ব্রজের অঙ্গনা (নারী)] বি, ব্রজকামিনী ; গোপনারী। "ব্রজাঙ্গনাগণ-সঙ্গে সদা রাস-রস-রঙ্গে নৃত্য গীত বাদ্য নানামত।"-অ০ ম০।

ব্রজেন্দ্র, ব্রজেশ্বর [ব্রজ + ইন্দ্র, ঈশ্বর, ৬তৎ] বি, শ্রীকৃষ্ণ। "হয়ে কদম্ব ব্রজেশ্বরের সাথে থাপিয়াছে সখ্য"-বঙ্গবাণী, ১৩৩৩। ব্রজেশ্বরী-রাধিকা।

ব্রজ্যা [ব্রজ্ (ভ্রমণে) + য (ভা০) + আ। প্রায়ই 'প্র' এই উপসর্গযোগে ব্যবহার, যথা-প্রব্রজ্যা] বি, ভ্রমণ ; পর্য্যটন।

ব্রণ [ব্রণ্ (ক্ষত করা, ছিন্ন করা) + অ (ভা০)] বি, বিদ্রধি ; স্ফোটক ; ফোড়া boil, abscess. ২ ক্ষত ; ঘা (উন্মুক্ত ত্বক বা কোমল চর্ম্মের উপরিস্থিত প্রদেশে পূয সঞ্চয় বা নিঃসরণ) ulcer. ৩ বিষ-ফোড়া (এক প্রকার কীটাণু বা বিষ হতে তরুণ স্পর্শ-সংক্রামক রোগ। ফুস্কুড়ির মত হইয়া গলিয়া ক্ষত হয়)anthrax ; malignant pustule. [বিণ, ব্রণিত, ব্রণী-ব্রণবিশিষ্ট]। ~গ্রন্থি-ক্ষত ; ঘা sore. ~ধূপন-ব্রণে ধূম প্রয়োগ fumigation of an ulcer. ~রহিত-বিণ, অব্রণ ; অক্ষত ; রোগ বা যন্ত্রণাহীন। "তিনি সর্ব্বব্যাপী, নির্ম্মল, নিরবয়ব, শিরা ও ব্রণ রহিত"-উপনিষৎ। ~রোপক-বিণ, ক্ষতপূরক। ~শোথ -স্ফোটক abscess.

ব্রত [বৃ (প্রার্থনা করা) + অত (র্ম্ম) ; প্রা০ বর্ত্ত, মেয়েলি- বর্ত্ত, বর্ত, বরতো, বোরতো, বেরতো। "মায়ে ঝিয়ে বর্ত্ত করে, যার যার বর সেই সেই মাগে"-সা০ প০ পত্রিকা]। বি, স্বর্গসুখ, ধনাদি কামনায় নিয়মিত পুণ্যকর্ম্মের অনুষ্ঠান ; পাপক্ষয়কর কর্ম্ম ; তপস্যা। ২ নিয়ম ; সংযম। ৩ [বৈদিক অর্থে] কাজকর্ম্ম। ৪ শাসন। বিণ, ব্রতী-ব্রতধারী। ২ তপস্বী। ৩ যজমান। স্ত্রীং ব্রতিনী।~দাস-দেবদাস; ইষ্ট দেবতার পূজা প্রচার প্রণালীর নিয়ম-পালক। "হয়ে মোর ব্রতদাস, মোর পূজা পরকাশ, মরত ভুবনে গিয়া কর।"-অ০ ম০। ~ধারী-ব্রতী। > স্ত্রীং ~ধারিণী। ~ভিক্ষা-বি, উপনয়নকালে বিহিত ভিক্ষা। ~স্নাতক-ব্রহ্মচর্য্যাশ্রমের কর্ত্তব্য-পালনকারী ব্রাহ্মণ। ~ব্রাহ্মণ-"চৈত্র-সংক্রান্তির পূর্ব্বে মাসেককাল যারা তারক-নাথের বা অন্য প্রতিষ্ঠিত শিবের সন্ন্যাসী সাজে, তাহাদিগকে 'ব্রতব্রাহ্মণ' বলে। আচণ্ডাল সবাই ব্রতব্রাহ্মণ সাজিতে পারে। ধর্ম্মরাজের ব্রাহ্মণ, নাগ-ব্রাহ্মণ, মনসা-ব্রাহ্মণ, শীতলার ব্রাহ্মণ- জাতি হিসাবে ব্রাহ্মণ না হইলেও ইহারা ধর্ম্ম, নাগ শীতলা পূজার বা মনসার 'জাঠে' পুরোহিতের কাজ করিয়া ব্রাহ্মণ।"- পাঁচ-কড়ি বন্দ্যো০ (বাঙ্গালী, ১৩২৯ কার্ত্তিক)। সংক্রান্তি ব্রাহ্মণ-সংক্রান্তি দ্রঃ।

ব্রততি, -তী [প্র-তন্ (বিস্তৃত হওয়া) + তি (ভা০)প্র=ব্র] বি, বিস্তার ; বিস্তৃতি। ২ বল্লী ; লতা। "হায় নাথ, গহন কাননে, ব্রততী বাঁধিংল সাথে করিপদ"-মেঘ০।

ব্রতামৃত [ব্রত + অমৃত। প্রা০ বাং। মর্ত্তমান দ্রঃ] বি, বি, মর্ত্তমান কলা।

ব্রতাদেশ [ব্রত + আদেশ] বি, উপনয়ন সংস্কার।

ব্রতী-ব্রত দ্রঃ। ~বালক [ইং Boy scout এর ভাবানুবাদ] বি, সাময়িক নিয়মে বদ্ধ সেবাব্রতী বালক ; সাময়িক সংবাদ সংগ্রাহকারী বালক। "বয়স্কাউট বা ব্রতী-বালকদের * * * এই উর্দী পরিয়ে 'ব্যাণ্ড বাজিয়ে' ব্রতীবালকদের দল তৈরী করে"-ডা০ সুনীতি চট্টো০ (প্রবাসী, ১৩৩৫, আষাঢ়)।

ব্রতোপবাস [ব্রত + উপবাস] বি, ব্রতের নিয়মানুসারে উপবাস।

ব্রধ্ন [বৃধ্ (বৃদ্ধি পাওয়া) + ন (র্ত্তৃ), বৃ=ব্র] বি, ব্রহ্মা। ২ সূর্য্য। ৩ শিকড়। ৪ শরীর। ~পাদ-বি, সূত্র অথবা বৃক্ষের শিকড়াকৃতি শ্লেষ্মার ন্যায় ক্ষুদ্র জীব।

ব্রহ্ম (-হ্মো) [বৃন্হ্ (বৃদ্ধি পাওয়া, দীপ্তি পাওয়া) + মন্ (র্ত্তৃ)=ব্রহ্মন্ ১মা, ১ব০। যিনি স্বীয় তেজঃ বা জ্যোতিঃ দ্বারা তমসাচ্ছন্ন দিঙ্মণ্ডল আলোকিত করিয়া স্থাবরজঙ্গমাত্মক বিশ্বরূপে প্রকাশ পাইয়াছেন; যিনি মনুষ্যাদি বৃদ্ধি করিয়াছেন। প্রাকৃ০ বহ্ম। প্রা০ বর্ম্ভ, বম্ম, বঁম, বর্ম্মো, বের্ম্মো, বেম্মো। "কত সত যুগ গেল এক বহ্ম গেয়ানে।"-শূ০ পু০। প্রা০ বৌ০ বাং-র-বর্হ্] বি, (বেদে) পরম পুরুষ ; বিরাট পুরুষ ; এক অদ্বিতীয় অনাদি, অনন্ত পুরুষ ; পরমেশ্বর ; পরব্রহ্ম। ২ [পুরাণে] ব্রহ্মা ; চতুরানন [দ্রঃ- ব্রহ্ম ও ব্রহ্মার অর্থে সাধারণ সাহিত্যে কোন প্রভেদ লক্ষিত হয় না কিন্তু হিন্দুর ধর্ম্মতত্ত্বের পরিভাষায় ব্রহ্ম বিশ্বআত্মা, আদি কারণ, নিরালম্ব, নির্ব্বিকার ; কিন্তু ব্রহ্মাদির উৎপত্তি লয় বা জন্ম মরণ দুই আছে। অর্থ নিম্নোদ্ধৃত ভাষায় স্পষ্ট হইবে, যথা-"কত চতুরানন, মরি মরি যাওত ন তুয়া আদি অবসানা। তোহে জনমি পুন, তোহে সমাওত, সাগর লহরী সমানা।"-বি০ প০। বৈদিক সাহিত্যে-ব্রহ্ম (ব্রহ্মা দ্রঃ) কোথাও 'ব্রাহ্মণ' কোথাও 'ব্রাহ্মণত্ব' অর্থে প্রযুক্ত। বেদবাক্য অর্থেও। "এই বাক্যই ব্রহ্ম (বেদ-স্বরূপ)।" "এই মন্ত্রের দেবতা ব্রহ্মণস্পতি, কেন না বৃহস্পতিই ব্রহ্ম (ব্রাহ্মণ)। তজ্জন্য ব্রহ্ম দ্বারাই এই যজ্ঞের চিকিৎসা হয়।" "আহারই ব্রহ্ম, নিবিৎক্ষত্র ও সূক্ত বৈশ্য * * এতদ্বারা ব্রহ্মেরই (ব্রাহ্মণ জাতিরই) পশ্চাতে ক্ষত্রিয়কে নিযুক্ত করা হয়। * * এতদ্বারা ক্ষত্রিয়েরই পশ্চাতে বৈশ্যকে নিযুক্ত করা হয়"]। ৩ বিধাতা। ৪ ব্রহ্মতেজঃ। ৫ বেদ। ৬ বেদমন্ত্র। ৭ বেদজ্ঞান। ৮ তপস্যা। ৯ তত্ত্ব। ১০ যোগবিঃ। ১১ ধর্ম্মশাস্ত্রপ্রয়োজক ঋষি। ১২ ব্রাহ্মণ। ১৩ পুরোহিত। ১৪ এক সংখ্যার বাচক ; ১। "বেদ লয়ে ঋষি রসে ব্রহ্ম নিরূপিল। সেই শকে এই গীত ভারত রচিল।"(=১৬৭৪ শকাব্দা)।-অ০ ম০। ~ঘাতী, ~ঘ্ন [(১) মূ০ ঘাতিন্, (২) ব্রহ্ম-হন্ (বধ করা) অ (র্ত্তৃ), হ=ঘ] বিণ,

ব্রাহ্মণবধকারী ; ব্রাহ্মণঘাতক ; ব্রহ্মহা। স্ত্রীং ~ঘাতিনী ; ঘ্নী। ~ঘোষ-বি, বেদ-ধ্বনি। ~চর্য্য-বি, ব্রহ্মচারীর করণীয় ব্রত। ২ অষ্টবিধ মৈথুনাভাব। ~চর্য্যাশ্রম [ব্রহ্মচর্য্য+আশ্রম] বি, শাস্ত্রীয় চতুরাশ্রমের প্রথম আশ্রম ; ব্রহ্মচর্য্য অবলম্বনপূর্ব্বক যে সময় গুরুগৃহে বাস ও বেদাদি অধ্যয়ন করিতে হয়। ২ ব্রহ্মচারীর পালনীয় ধর্ম্ম। ~চারী [ব্রহ্ম (বেদ) চর্+ইন্ (র্ত্তৃ)] বি, উপনয়নের পর যে ব্রাহ্মণ গুরুগৃহে থাকিয়া বেদাধ্যয়ন করে। > স্ত্রীং ~চারিণী-ব্রহ্মচর্য্য-ব্রতাবলম্বিনী। ২ দুর্গা। ~চুল [ব্রহ্ম (ব্রহ্মতালুস্থ) চুল। প্রা॰ বাং প্রাকৃ॰ বঁমচুলি। "সকল চুল কামাইও রাখিও বঁমচুলি।" -মাণিক॰ গান] বি, শিখা ; টিকি। ~জন্মু -ব্রহ্মার পুত্র (চণ্ডীবাক্য-কৃ॰ রায়। ব॰ সা॰ পরিচয়)। ~জীবী [ব্রহ্ম (বেদ) জীবী] বিণ, বৈদিক ক্রিয়াকর্ম্ম দ্বারা জীবিকা নির্ব্বাহকারী। ২ পারিশ্রমিক লইয়া বেদাধ্যাপনাকারী। ৩ হীন ব্রাহ্মণ। ~জ্ঞ [ব্রহ্ম-জ্ঞ (যে জানে)] বিণ, ব্রহ্মজ্ঞানী ; পরমাত্মতত্ত্বজ্ঞ। ২ বেদবিৎ। ৩ ঋষি। > স্ত্রীং ~া। ~জ্ঞান (-গ্যাঁ-) বি, পরমাত্ম-বোধ ; আত্মতত্ত্ববোধ। ২ বেদজ্ঞান। বিণ, ~জ্ঞানী-ব্রহ্মজ্ঞ। ২ ব্রাহ্ম। ~ডাঙ্গা-বি, ব্রহ্মশাপদগ্ধ ভূমি। ২ বৃক্ষবারিহীন উষর ভূমি। ৩ জলশূন্য উচ্চ ভূমি। ~ডিম্ব-বি, ব্রহ্মাণ্ড। "ফুল থুল কুল কুল ব্রহ্মডিম্ব ফুটিছে"-অ॰ ম॰। ~ণ্য [ব্রহ্মন্+য] বিণ, ব্রহ্ম বা ব্রাহ্মণ সম্বন্ধীয়। ২ নারায়ণ। ৩ ব্রহ্মতেজঃ। ৪ শনিগ্রহ। ৫ [বৈদ্যকে] ব্রহ্মদারু বৃক্ষ। (২) মুঞ্জ ঘাস। (৩) তুঁতগাছ। ~ণ্যদেব -নারায়ণ। ~তাল-বি, চতুর্ম্মুখ তাল। ~তালু [প্রা॰ বেম্মতলা(তেলো)] বি, ব্রহ্ম-রন্ধ্র স্থান ; মাথার চাঁদি। ~তীর্থ-বি, পুষ্কর তীর্থ। ২ অজুনের মূলদেশ। ~তেজঃ-বি, ব্রহ্মজ্ঞান জনিত তেজ ; ব্রহ্মণ্য ; ব্রহ্মাগ্নি। ~ত্ব [ব্রহ্মন্+ত্ব (ভা॰)] বি, ব্রহ্মের ভাব। ২ ব্রহ্মসাযুজ্য। ~ত্র-ব্রহ্মোত্তর দ্রঃ। ~দণ্ড -বি, ব্রহ্মশাপ। ~দণ্ডী-বি, বামন দাঁড়ী নামক গুল্ম Lamprachoenium mecro-cephalum. ~দর্ভা-বি, যোয়ান Carum copticum. ~দত্ত-বি, ইক্ষ্বাকুবংশীয় নৃপতিবিঃ। ২ রাজা অনূহের পুত্র। ৩ রামায়ণোক্ত মহাতপা ঋষি চুলীর গন্ধর্ব্ব-কন্যা সোমদা গর্ভজাত পুত্র। ৪ অস্ত্রবিঃ। ~দারু-বি, তুৎ গাছ ; পলাশ পিপুল moras indica; mulberry tree. ~দৈত্য [প্রা॰ বেম্মদত্তি] বি, প্রেতযোনি প্রাপ্ত ব্রাহ্মণ ; ব্রহ্মরাক্ষস। ~ন্-ব্রহ্ম (দ্রঃ)। ২ ব্রহ্মা (দ্রঃ)। ~নাভ [ব্রহ্মার নাভি হতে জন্ম বলিয়া] বি, বিষ্ণু। ~নির্ব্বাণ-বি, পরব্রহ্মে বা পরমাত্মায় লীন হওয়া ; ব্রহ্মে লয়। ~পাদপ -বি, পলাশ গাছ butea frondosa. ইহার পত্রের নাম "ব্রহ্মপত্র"। ~পিশাচ-বি, ব্রহ্মদৈত্য ; ব্রহ্মরাক্ষস। "বিল্ব বিটপে ব্রহ্ম পিশাচ"-হেম॰। ~পুত্র-বি, বঙ্গদেশের পূর্ব্বাঞ্চলস্থ প্রসিদ্ধ নদ। ২ তীর্থবিঃ। > স্ত্রীং ~পুত্রী-সরস্বতী নদী। ~পুরী-বি, ব্রহ্মলোক। ~বন্ধু-বি, হীন ব্রাহ্মণ ; নিন্দিত ব্রাহ্মণ। "ব্রহ্মবন্ধুদিগকে তাঁহারা একপ্রকার শূদ্র মধ্যেই পরিগণিত করিতেন" -শ্রীরামকৃষ্ণ লীলা। ~বর্চ্চস-বি, ব্রহ্ম-তেজঃ। ~বাদ-বি, ব্রহ্মবিষয়ক মীমাংসা। ২ বেদাধ্যয়ন। > বিণ, ~বাদী-বেদবক্তা (জটাধর)। > স্ত্রীং ~বাদিনী-বেদ-মাতা। ২ ব্রহ্মজ্ঞানলব্ধা নারী। ~বিদ্-বিণ, ব্রহ্মজ্ঞানী। ~বিদ্যা-বি, ব্রহ্মজ্ঞান প্রতি-পাদক শাস্ত্র। ~বিদুষী-ব্রহ্মজ্ঞা, যে স্ত্রীর ব্রহ্মজ্ঞান হইয়াছে। "অম্ভৃণ নামক মহর্ষির বাক্ নাম্নী কন্যা ব্রহ্মবিদুষী হইয়াছিলেন, সুতরাং তিনি ঋষি।" -সাধন সমর-১ম স॰। ~বিন্দু [স্মৃ॰] বি, বেদপাঠ করিতে করিতে মুখ হইতে নিঃসৃত জলকণা (-মনু-৫।১৪১)। ~বেদি-বি, কুরুক্ষেত্রের অন্তর্গত দেশবিঃ। ~বৈবর্ত্ত-বি, অষ্টাদশ মহাপুরাণের অন্তর্গত পুরাণবিঃ। ~ভূতি-বি, সন্ধ্যা। ~ময় [ব্রহ্মন্-ময় (পূর্ণার্থে)] বিণ, ব্রহ্মাত্মক। "সকল জগৎ ব্রহ্মময়"-সত্যেন্দ্র দত্ত। > স্ত্রীং ~ময়ী -ব্রহ্মস্বরূপা। ~যজ্ঞ- বি, বেদাধ্যয়ন। ~যষ্টি, ~যষ্টিকা- বি, বামনহাটি নামক ক্ষুপ। ~যোনি-বি, ব্রহ্মগিরি নামক পর্ব্বত। ২ সরস্বতী নদীর উপকূলস্থ পবিত্র ক্ষেত্র যথা ব্রহ্মা ব্রাহ্মণাদি চারিবর্ণের সৃষ্টি করিয়াছিলেন বলিয়া উক্ত। ~রন্ধ্র-বি, ব্রহ্মতালুমধ্যস্থ ছিদ্রপথ। ২ ব্রহ্মস্থিতিস্থান ; ব্রহ্মতালু। "হিঙ্গুলায় ব্রহ্মরন্ধ্র ফেলিল কেশব।"-অ॰ ম॰। ~রাক্ষস-বি, শিবের গণবিঃ। ২ প্রেতযোনিপ্রাপ্ত ব্রাহ্মণ ; ব্রহ্ম পিশাচ। "গজমুণ্ড কমণ্ডলু হাত এ তাহার। কুম্ভকার চক্র হেন কর্ণে পরে হার। উচ্চতর কপালে বিকট দশন। ব্রহ্ম রাক্ষসের হেন বচন শুনিয়া।"-মহা॰ (শ্রীকর॰)। ~রাত্র-বি, ব্রহ্মার রাত্রি। ২ ব্রাহ্মমুহূর্ত্ত (দ্রঃ)। ~রাত্রি-ব্রহ্মার রাত্রি। ~রূপ-বি, পরমাত্মার স্বরূপ ; পরব্রহ্ম। > স্ত্রীং ~রূপা -পরমাত্মিকা। "ব্রহ্মরূপা তুমি"-অ॰ ম॰। ~র্ষি [ব্রহ্মন্-ঋষি] বি, ব্রাহ্মণ ঋষি। [ব্রহ্মর্ষিদেশ-কুরুক্ষেত্র, মৎস্য, পঞ্চাল, শূরসেন]। ~লোক-বি, ব্রহ্মার ভুবন ; ভূর্ভুবাদি সপ্তলোকের উপরিস্থিত লোক। ~শাপ-বি, ব্রাহ্মণের অভিশাপ। ~শিরঃ, ~শিরা-বি, ব্রহ্মতেজঃপূর্ণ অস্ত্রবিঃ। ইহা বায়ু বাণের প্রতিষেধক ছিল বলিয়া অনুমিত হয়। "বজ্রবাহাএ বায়ুবাণ এড়িল যখন। বৃষকেতু ব্রহ্মশিরা এড়ে ততক্ষণ।"-মহা॰ (শ্রীকর॰)। ~সংহিতা -বি, বেদের ব্রহ্ম-পতিপাদ্য শাখাবিঃ। ২ মন্বাদিকৃত স্মৃতি শা॰। ~সঙ্গীত-বি, ব্রহ্মোপাসনা মূলক সঙ্গীত। "রাজা রামমোহন রায় এই যুগের প্রথম পথপ্রদর্শক ; ইনিই প্রথমত ব্রহ্ম সঙ্গীত রচনা করেন।"-বাং গান (ভূমিকা)। ~সমাজ-ব্রাহ্মসমাজ দ্রঃ। ~সাবর্ণি-বি, দশম মনু। ~সাযুজ্য-বি, ব্রহ্মত্ব। ~সূত্র-বি, যজ্ঞসূত্র ; পৈতা। ~স্ব-বি, ব্রাহ্মণের সম্পত্তি। ~হত্যা-বি, ব্রাহ্মণ-বধ। "তিন দিন ব্যাসেরে দিয়াছ উপবাস। ব্রহ্মহত্যা হইবে ইহাতে নাহি ত্রাস।"-অ॰ ম॰। ~হা-বিণ, ব্রাহ্মণ হত্যাকারী। ~হুত-বি, অতিথি সেবা।

[illegible]

ব্রহ্মা₁ [ব্রহ্মন্ শব্দ। বেদে সাধাঃ স্তুতি-বোধকশব্দ। ব্রহ্ম ব্রঃ] বি. স্তুতি। ২ স্তুতি-কারী ; স্তোতা। ৩ কবি। ৪ বিপ্র। ৫ যজ্ঞকর্ত্তা ; পুরোহিত। ৬ ব্রহ্মনামক জনৈক ঋত্বিক। ৭ চতুর্ব্বেদী ঋত্বিক্ ; সর্ব্বকর্ম্মের পরিদর্শক। "ব্রহ্মা তবে কোন্ কর্ম্ম করিয়া দক্ষিণা লয়েন? * * যিনি ব্রহ্মা তিনি যজ্ঞের ভিষক্ ; তিনি যজ্ঞের ভেষজ করিয়া লয়। আবার ব্রহ্মা ছন্দের সারভাগ বহুসংখ্যক ব্রহ্ম দ্বারা (বেদমন্ত্র দ্বারা) ঋত্বিক কর্ম্ম করিয়া থাকেন। এই জন্যই ইঁহার নাম ব্রহ্মা।" ৮ ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর এই ত্রিমূর্ত্তির অন্যতম ; সৃষ্টিকর্ত্তা ; বিধাতা ; প্রজাপতি। ৯ বেদপ্রবক্তা। ১০ বহির্ভারতান্তর্গত স্বনাম-প্রসিদ্ধ দেশ ; বর্ম্মা Burmah. স্ত্রীং ~ণী -ব্রহ্মার পত্নী ; ব্রহ্মার শক্তি। ২ দেবীবিঃ। [ব্রঃ-সাধাঃ "সৃষ্টিকর্ত্তা" অর্থে ব্যবহার]। ~ঞ্জলি-বি. বেদ পাঠকালীন প্রদত্ত অঞ্জলি। ~ণ্ড-বিশ্বগোলক ; জগৎ। ~বর্ত্ত -কুরুক্ষেত্রের নিকটবর্ত্তী দৃষদ্বতী ও সরস্বতী নদীর মধ্যবর্ত্তী স্থান। ~রণ্য-বেদাধ্যয়ন স্থান ; বেদপাঠ স্থান। ~স্ত্র-ব্রহ্মতেজোময় অস্ত্র ; ব্রহ্মবাণ। ২ ব্রহ্মশাপ।

ব্রহ্মা₂ [Anglo-Indian. বাবুর্চি-মহলের ভাষা] বি. চীনা মুর্গী।

ব্রহ্মোত্তর [সং। ব্রহ্ম (ব্রাহ্মণকে) + উত্তর (উত্তরণ-যা দান করা হইয়াছে), উপ॰] বি, ব্রাহ্মণকে প্রদত্ত নিষ্কর ভূমি।

ব্রহ্মৌদন [ব্রহ্ম + ওদন] বি, যজ্ঞকালে ঋত্বিক্‌গণকে প্রদত্ত অন্ন।

ব্রাণ্ডি, ব্র্যাণ্ডি [ইং brandyর লিপ্যন্তর] বি, তেজস্কর সুরা। "ব্রাণ্ডির বোতল।"

ব্রাত [ব্রত + ক] বি, শ্রমিক। ২ মজুরি। ৩ [তুল-বারাত (বর বা কন্যা যাত্রী)] বরযাত্রী ; কন্যাযাত্রী। ৪ [বৃ (বরণে) + অতচ্ (র্ম)] পতিত ব্রাহ্মণসন্তান। ~ীন -বিণ, ব্রতনিষ্ঠ। ২ শ্রমিক ; মজুর।

ব্রাত্য [ব্রত + য (হীনার্থে)] বিণ, সংস্কারহীন ; পতিত। ~স্তোম-সংস্কারহীন যজ্ঞ। ২ যজ্ঞবিঃ। [ব্রঃ-ব্রাত (অর্থাৎ সমূহ বা সাধারণ লোক) শব্দ হ'তে মনু গায়ত্রীহীন ব্রাহ্মণকে ব্রাত্য বলিয়া গিয়াছেন। কিন্তু অথর্ব্ব বেদে ব্রাত্যের প্রশংসা আছে। উক্ত বেদের সমস্ত পঞ্চদশ কাণ্ড ব্রাত্যের প্রশংসায় পূর্ণ। প্রায় পাঁচ হাজার বৎসর পূর্ব্বে এবং রামায়ণের পূর্ব্বে অথর্ব্ববেদ সঙ্কলিত হইয়াছিল বলিয়া প্রত্নতাত্ত্বিকগণ কর্ত্তৃক উক্ত হইয়াছে। বশিষ্টের উপাধি ছিল 'অথর্ব্ব-নিধি'। প্রজাপতি ত্রিলোক উত্তপ্ত করিয়া ও সেই তপ্যমান ত্রিলোক হ'তে সারভাগ বাহির করিয়া পৃথিবী হইতে অগ্নি, অন্তরীক্ষ হইতে বায়ু, দ্যুলোক হ'তে আদিত্য উদ্ধৃত করিলেন। তখন অগ্নি হ'তে ঋগ্বেদ, বায়ু হ'তে যজুঃ, আদিত্য হ'তে সামবেদ উপলব্ধ হইল। প্রজাপতি এই তিনটী বিদ্যাতে পুনরায় তাপ দিলেন। বেদত্রয় উত্তপ্ত হইলে ঋক্ হ'তে ভূর্, যজুঃ হ'তে ভুবঃ এবং সামবেদ হ'তে স্বর্ উৎপন্ন হইল। ৺মধুসূদন সরস্বতী লিখিয়াছেন-"অথর্ব্ববেদ যাগাদির অনুপ-যুক্ত। অনেকে বলেন ইহা ম্লেচ্ছদিগের বেদ। কিন্তু তাহা ভুল। ইহা ম্লেচ্ছাদের নয় তবে ব্রাত্যদিগের বেদ। যজ্ঞোপবীতের কাল অতীত হইয়া গেলে সেই সাবিত্রীপতিত ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যেরা ব্রাত্য নামে অভিহিত হইত, তাহারা আর্য্যদের নিন্দনীয়"]।

ব্রাদার [ইং brother এর লিপ্যন্তর ব্যঙ্গ্যার্থে বা আমোদার্থে] বি, ভ্রাতা। "কি জান ব্রাদার-কি জান কাদার-ইন্-ল অর্থাৎ আমার শ্বশুর মহাশয় একজন সব ডেপুটি নমিনেট হয়েছিলেন।"

ব্রাহ্ম (-হ্ম্) [ব্রহ্মন্ + অ] বিণ, ব্রহ্ম সম্বন্ধীয়। ২ ব্রহ্মজ্ঞ ; ব্রহ্মজ্ঞানী। ৩ ব্রহ্মো-পাসক ; রাজা রামমোহন রায় প্রবর্ত্তিত একেশ্বরবাদী ধর্ম্মসম্প্রদায়বিঃ। ৪ বিবাহবিঃ। স্ত্রীং ব্রাহ্মী, ব্রাহ্মিকা। ~ধর্ম্ম-রাজা রাম-মোহন রায় প্রবর্ত্তিত বেদান্ত প্রতিপাদিত একেশ্বরবাদ। ~ধর্ম্মবীজ-ব্রাহ্মধর্ম্মের মূল-সূত্র যথা-"পূর্ব্বে কেবল এক পরব্রহ্মমাত্র ছিলেন; অন্য আর কিছুই ছিল না; তিনি এই সমুদয় সৃষ্টি করিলেন। (২) তিনি জ্ঞান স্বরূপ, অনন্তস্বরূপ, মঙ্গল স্বরূপ, নিত্য নিয়ন্তা, সর্ব্বজ্ঞ, সর্ব্বব্যাপী, সর্ব্বাশ্রয়, নিরবয়ব, নির্ব্বিকার, একমাত্র অদ্বিতীয়, সর্ব্বশক্তিমান, স্বতন্ত্র ও পরিপূর্ণ ; কাহারও সহিত তাঁহার উপমা হয় না। (৩) একমাত্র তাঁহার উপাসনা দ্বারা ঐহিক ও পারত্রিক মঙ্গল হয়। (৪) তাঁহাকে প্রীতি করা এবং তাঁহার প্রিয় কার্য্য সাধন করাই তাঁহার উপাসনা।"-ব্রাহ্মধর্ম্ম। ~বিধান-বি, ব্রাহ্মবিবাহবিধি। "ব্রাহ্ম বিধানেতে সুখে রামের সংহতি দিলেন সীতার বিয়া"-রামা॰ (রাজ)। ২ ব্রাহ্মধর্ম্মপদ্ধতি। ~বিবাহ-বি, শাস্ত্র-জ্ঞানসম্পন্ন বরকে আহ্বান করিয়া পূজা সহকারে যথানিয়মে কন্যা সম্প্রদান ; ব্রাহ্ম বিধানানুসারে পরিণয় সংস্কার। ~মন্দির-একেশ্বরবাদী সম্প্রদায়ের ব্রহ্মোপাসনা গৃহ ; ব্রাহ্মসমাজ গৃহ। ~মুহূর্ত্ত-বি, অরুণোদয়ের প্রথম দণ্ডদ্বয় ; সূর্য্যোদয়ের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী দুইদণ্ড কাল। ~সমাজ-রাজা রামমোহন রায় প্রবর্ত্তিত একেশ্বরবাদী সম্প্র-দায়ের ব্রহ্মোপাসনা মন্দির ; ব্রহ্মোপাসক-দিগের ধর্ম্মালোচনার্থ মিলন স্থান। বিণ, ~সমাজী-ব্রাহ্মধর্ম্মাবলম্বী বা তৎসমাজ-ভুক্ত ; ব্রহ্মজ্ঞানী ; ব্রাহ্ম।

ব্রাহ্মণ [ব্রহ্মন্ (ব্রহ্ম, বেদ) + অ (জ্ঞাতার্থে)। ব্রাহ্মণ > ভ্রং-বম্ভন, বাম্হণ, ব্যহ্মন, বাম্ভোন > প্রা॰ক্ষে॰বামোন, বামুন, বামন > অবজ্ঞার্থে-বামুনা, বাম্না, বাম্না, বাম্নে। প্রাদে॰ বাঁঅন, বাউন, বাওন (বাং-র অ স্থানে উ, ও, এ)। তুল-নাপিত > অবজ্ঞায় -নাপিতা, নাপ্তা, নাপ্তে] বি, যিনি ব্রহ্মকে জানেন ; ব্রহ্মজ্ঞ। ২ দ্বিজশ্রেষ্ঠ ; চতুর্বর্ণের মধ্যে আদি ও প্রধানবর্ণ। ৩ বেদের উপসংহার ভাগ (যা বৈদিক যজ্ঞ অনুষ্ঠানের উপদেশে পূর্ণ) যাগযজ্ঞের নিয়মাবলী এবং বৈদিক মন্ত্রসমূহ-ক্রিয়াকর্ম্মে প্রযুক্ত হইবে তাহার প্রণালী বিবৃত করিয়া প্রণীত বেদের দুইখানি শাখা-(১) ঐতরেয় ব্রাহ্মণ (মহিদাস ঋষি প্রণীত) এবং (২) কৌষিতকী ব্রাহ্মণ বা শাঙ্খ্যায়ন (কুষিতক ঋষিপ্রণীত)। প্রত্যেকেরই একাধিক শাখা আছে। শাখা-ভেদে প্রত্যেক বেদেরই ব্রাহ্মণ বিভিন্ন। ব্রাহ্মণ গ্রন্থ প্রধানতঃ গদ্যে লিখিত। ৪ [প্রাকৃ॰ বম্হণ। বাং প্রা॰বাম্হন] পুরোহিত ; পূজারী-ব্রাহ্মণ। ৫ পাচক-ব্রাহ্মণ ; বামুন। ৬ [শর্ম্মা

(দ্রঃ) অর্থে গৃহস্থ (বৈদিক নিরুক্তে শর্ম্ম=গৃহ) আবার শর্ম্মা ব্রাহ্মণেরই পদবী] বেচারী। প্র-আহা ব্রাহ্মণ সমস্তদিন অপেক্ষা করে ফিরে গেছে (এই অর্থে "গৃহস্থ" শব্দেরও ব্যবহার আছে)। প্র-একক্ষেত্রে ব্রা॰ করে কি, যায় বা কোথা? ৭ [লক্ষ॰] যাঁহারা বা যিনি সাম্প্রদায়িকতার উপরে cosmopolitan. "প্রাকৃত ব্রাহ্মণ সকল জাতি, সকল সমাজের মধ্যেই আছে – মুসলমানের মধ্যেও আছে, খৃষ্টানের মধ্যেও আছে। চাই তাঁহাদের সংখ্যাধিক্য।"-বঙ্গবাণী, ১৩৩৩। স্ত্রীং ~ী-ব্রাহ্মণ পত্নী। ২ ব্রাহ্মণজাতীয়া স্ত্রী। ৩ পাচিকা ব্রাহ্মণী। ~চাণ্ডাল-বি, শাস্ত্র-বিগর্হিত কর্ম্মানুষ্ঠানকারী অপকৃষ্ট ব্রাহ্মণ। ~পণ্ডিত-যজন যাজনাদি কর্ম্মকৃৎ ব্রাহ্মণ। ~শাসন-বি, ব্রহ্মোত্তর জমি (কৃত্তি॰)।

ব্রাহ্মণায়ন [ব্রাহ্মণ (ব্রহ্ম, বেদ)+অয়ন (আশ্রয়) যার, বহু॰] বি, বিশুদ্ধ কুলোদ্ভব ব্রাহ্মণ; সুব্রাহ্মণ।

ব্রাহ্মণ্য [ব্রাহ্মণ+য(সমূহার্থেই॰)]বি, ব্রাহ্মণত্ব। ২ ব্রাহ্মণসমূহ। ~ধর্ম্ম-ব্রহ্মপ্রতি-পাদক ধর্ম্ম। ২ ব্রাহ্মণপ্রাধান্যমূলক ধর্ম্ম; বর্ণা-শ্রমধর্ম্ম। ~শ্রী-বি,ব্রহ্মতেজোজনিত সৌন্দর্য্য।

ব্রাহ্মিকা (-মৃহিঁ-) [ব্রাহ্ম দ্রঃ] বি, ব্রাহ্মধর্ম্মাবলম্বিনী; ব্রাহ্মমহিলা। ২ ব্রাহ্মের স্ত্রী। ৩ [বৈদ্যকে] বামনহাটী ক্ষুপ।

ব্রাহ্মী (-মৃহিঁ-) [ব্রাহ্ম (দ্রঃ)+ঈ (স্ত্রীং)] বি, দুর্গা। ২ ব্রহ্মার শক্তি। ৩ সরস্বতী। ৪ মাতৃকাবিঃ। ৫ রোহিণীনক্ষত্র। ৬ভার্যা। ৭ [বৈদ্যকে] বামনহাটী ক্ষুপ। ৮ পাঁকাল মৎস্য। ৯ হিঞ্চেশাক। ১০ তিক্তশাকবিঃ; ব্রাহ্মীশাক। ১১ লিপিবিঃ। ~লিপি-প্রাচীন-বস্তু চিত্র (hieroglyphics) হতে উৎপন্ন ভারতের প্রাচীন বর্ণমালা। ইহা এক সময় প্রাচীন ভারতের জাতীয়লিপি ছিল; কুষাণ, গুপ্ত, প্রাচীন দ্রাবিড়, দেবনাগরী, বাঙ্গালা, তিব্বতী, উড়িয়া, গুরুমুখী, সারদা, সিন্ধী, তেলুগু, তামিল, মালয়ালম, সিংহলী, বর্ম্মী, শ্যামী, কাম্বোজ, মালয়, যবদ্বীপ প্রভৃতি ভারতের ও বহির্ভারতের তাবৎ প্রাচীন ও আধুনিক লিপি এই ব্রাহ্মী বর্ণমালা হইতে উদ্ভূত।"-অশোক অনুশাসন।

`ব্রিজ [ইং bridge এর লিপ্যন্তর] বি, সেতু। প্র-হাবড়াব্রিজ, শোণব্রিজ,সারাব্রিজ।

`ব্রিজখেলা[ইং bridge এর লিপ্যন্তর] বি, য়ুরোপীয় প্রথায় তাসখেলাবিঃ card game developed from whist. "ব্রিজ খেলি পিওনো বাজাই রসের জুয়ায় টাকা খোয়াই।"-কেদার বন্দ্যো॰ (বা॰ বসু, ১৩৩৪)।

`ব্রিটিশ [ইং British এর লিপ্যন্তর] বিণ, গ্রেটব্রিটেন সম্বন্ধীয়; ব্রিটেনের। "ব্রি॰ শান্তির মহিমা এবং ব্রিটিশ সাম্রাজ্যের শান্তিরক্ষার ক্ষমতা।" -প্রবাসী, ১৩৩৭। ২ গ্রেটব্রিটেনে উৎপন্ন বা নির্ম্মিত। ৩ ব্রিটেনদ্বীপবাসী।

ব্রীচ্ অফ্ কন্ট্রাক্ট [আদা॰ পরিঃ। ইং breach of contract এর লিপ্যন্তর] বি, চুক্তি ভঙ্গরূপ অপরাধ।

ব্রীচ্ অফ্ ট্রষ্ট্ [আদা॰ পরিঃ। ইং breach of trust] বি, বিশ্বাস ভঙ্গরূপ অপরাধ।

ব্রীড়া [ব্রীড় (লজ্জিত হওয়া)+অ (ভা॰)+আ (স্ত্রীং)] বি, লজ্জা। "পরিহরি ব্রীড়া করে কত ক্রীড়া নয়ন খঞ্জন জোর।"-কবিক॰। "দেখি অন্নদার ক্রীড়া শিবের হইল ব্রীড়া"-অ॰ ম॰। বিণ, ব্রীড়িত, ব্রীড়ানত-লজ্জাবনত; লজ্জায় হেটমুখ।

ব্রীহি [সং] বি, আশুধান্য। বিণ, ব্রৈহেয়। ~কাঞ্চন-মসুর কলাইবিঃ। ~শ্রেষ্ঠ-আমনধান্য। ২ ব্রীহির মধ্যে উৎকৃষ্ট। বিণ, ব্রীহি-ঐ ধান্যযুক্ত।

ব্রূচ, ব্রোচ [ইং brooch এর লিপ্যন্তর] বি, বস্ত্রাদি আঁটিবার বা বদ্ধ করিবার নারী-ভূষণবিঃ।

ব্রুবাণ [ব্রূ(বলা)+শান (কর্ত্তৃ)] বিণ, বলিতেছে এমন; বক্তা।

ব্রুস-বুরুশ দ্রঃ।

ব্রেণ্ডি, ব্র্যাণ্ডী-ব্রাণ্ডী দ্রঃ।

ব্র্যাকেট, ব্রেকেট [ইং bracket এর লিপ্যন্তর] বি, গৃহভিত্তিতে সংলগ্নযোগ্য ধাতু, কাষ্ঠ, প্রস্তরাদির আধার বা তাক; নাগদন্ত।

ব্রোচ-ব্রূচ দ্রঃ।

ব্লটিং [ইং blotting (paper) এর লিপ্যন্তর (গ্রা॰ বেলাটিং] বি, শোষক কাগজ।

ব্লাউস [ইং blouse এর লিপ্যন্তর] বি, য়ুরোপীয় নারীদিগের পরিধেয় পশ্চাতে বোতাম দেওয়া ফুলান জামা (এদেশে অধুনা চলিত হইয়াছে)।

ব্লু [ইং blueর লিপ্যন্তর। গ্রা॰ বুলু] বি, নীল রং। ~ব্ল্যাক [blue-black এর লিপ্যন্তর] বি, বিণ, নীলকৃষ্ণ-বর্ণ। প্র-ব্লু ব্ল্যাক কালী।

ব্লুম [ইং bloom এর লিপ্যন্তর] বি, লাবণ্য। ২ মুকুল। ৩ বর্ণ। ৪ বর্ণবর্দ্ধক প্রলেপ। "ব্লুম মাখিয়ে রাঙা ঠোঁটে বাড়ালে হে নারীর মান।"-বাং গান।

ভ

ভ১-ব্যঞ্জন বর্ণমালার চতুর্বিংশতি ও প বর্গের চতুর্থ মহাপ্রাণ, ঘোষবান বর্ণ। ওষ্ঠ ইহার উচ্চারণ স্থান বলিয়া ইহা ওষ্ঠ্যবর্ণ। ভ উচ্চারণ করিবার সময় শ্বাস বায়ু, ওষ্ঠদ্বয় জোরে ঠেলিয়া, নিঃশেষে বাহির হয়। এই প্রকারে কুম্ভাদিতে জল ভরিবার সময় কুম্ভস্থ বায়ু কুম্ভকণ্ঠের সংকীর্ণ পথ দিয়া জল ঠেলিয়া বাহির হইবার কালে ভ ভ এইরূপ শব্দ হয়। তুল-ভক্ভক্, ভুক্ভুক্। পঙ্কাদির মধ্য হতে বায়ু বুদ্বুদের আকারে ঠেলিয়া বাহির হইবার কালে ভট্ভট্, ভুট্ভুট্ শব্দ হয়। সাধাঃ ভ, শব্দের গাম্ভীর্য্যবোধক (তুল-ভন্ভন্, ভর্ভর্, ভম্ভম্, ভেরী, ভোরঙ্গ, ভোঁপু); (২) শূন্যস্থানের বায়ুকে পূর্ণ বা স্ফীত করার ভাববোধক (তুল-গন্ধে ভর ভর বা

ভুর ভুর করা) ; (৩) বায়ুর মিশ্রণে আলগা বা শিথিল ভাববোধক (তুল-ভুস্‌ভুস্‌, ভস্‌কা) ; (৪) ঘনত্ব ও স্থূলত্ববোধক (তুল-ভোঁদা, ভাদ্দা, ভুঁড়ি, ভল্‌ভল) ; (৫) স্থূল আবরণের মধ্যে সারশূন্যতাবোধক অর্থাৎ বাহিরের স্থূলতার নিরেট বলিয়া ভ্রান্তি জন্মায় কিন্তু অন্তঃসারশূন্য (তুল-ভো, ভুয়ো)। ক সে স্থলে শূন্যগর্ভতা স্পষ্টই প্রকাশ করে (তুল-কং কং, ফুকো ই°)। বাং-র 'ব' এর যেরূপ 'b' র মত, 'ভ' এর তদ্রূপ 'bh' এর মত উচ্চারণ হয়, কিন্তু আধু° ইং-শিক্ষিতদের মুখে 'ব' প্রায়ই 'v' র মত উচ্চারিত হয়। যথা-অভয়= Aubhoy স্থলে Auvoy-বৎ।

ভ₂ [সং] ভ্রম ; ভ্রান্তি। ৩ ভ্রমর। ৪ নক্ষত্র ; গ্রহ। ৫ রাশি। প্র-ভচক্র।

ভঅ, ভয়-ভআ দ্রঃ।

ভআ, ভওয়া [সং-ভূ ধাতু। হি°-তে প্রচুর, তার মধ্য দিয়া ব্রজ° এবং প্রা° বাং-য়। আধুঃ বাং-য় ভূ ধাতুর পা° রূপান্তর হু > হআ বা হওয়া প্রচলিত। ভয় বা ভয়=হয়। ভই, ভৈ=হই। ভঅল, ভএল, ভইল, ভৈল, ভেল = হইল। ভইঞা, ভৈঞা, ভয়িঞা=হইয়া। ভৈইলা, ভইলী, ভয়িলা, ভেলা=হইল। ভইলুঁ, ভৈলুঁ, ভৈলোঁ -হইলাম ; হৈনু। ভৈইলি, ভৈয়িলি, ভৈলি ভেলি=হইলে। ভৈগেল, ভৈগেলা = হইয়া গেল, হ'য়ে গেল] ক্রি, হওয়া। "হরি অভিসার ভয়ব 'ভঅ ভোর"-রসমঞ্জরী (পীতাম্বর)। "মহাতেজে ভইল জল ভাসে দুইজন" -শূ° পু°। "কুসুম হার ভইল ভার হৃদয় তার দহিছে"-রবী°। "ভৈ গেল নিরাশা"-বি°প°।

ভআঁ [প্রাদে° উচ্চারণে ঁ যোগ। প্রা° বাং। ভআ দ্রঃ] ক্রি, হইয়া। "মাঘ যমুনা ত বড় বাত ভআঁ গেল।"-শ্রী° কী°।

ভইন, ভইনী [সং-ভগিনী >। প্রা° বাং] বি, বহিন দ্রঃ ; ভগিনী।

ভইষ, ভইস [সং-মহিষ > অং] বি, মহিষ। বিণ, ভইষা। তুল-গো > গায়, গৌ > গোআ > গাওয়া। ভয়ষা ও ভঞিষা দ্রঃ।

ভউই [প্রা°বাং। হি° ভউঁহ >] বি,ভ্রূ।

ভউ [সং-ভ্রূ >। মৈ° ভৌঁহ] বি, ভ্রূ।

ভঁউরি-ভাঁউরি দ্রঃ।

ভংর্ত [পূ°বঙ্গ প্রাদে°] বি, কাঁসর। "কাঁসা ভংত বাড়ি মারে বাজায় মৈবর শিং।"-পূ° ব° গী°।

ভঁ, ভঁ-ভঁ-ভোঁ দ্রঃ।

ভক্‌ [অনু°] অ, অনুকার শব্দ। ২ গন্ধ (বিতঃ দুর্গন্ধ) সহসা বাহির হওয়ার ভাব। ৩ সশব্দে ধূমরাশির হঠাৎ নির্গম, উপর্য্যুপরি ঐ প্রকারার্থে-ভক্‌ ভক্‌। প্র-ইঞ্জিনের ধোঁয়া ভক্‌ ভক্‌ করিয়া বাহির হইতেছে।

ভকর্ত, [সং-ভক্ত। ব্রজ° ও বাং পদ্যে কোমলরূপ] বিণ, ভক্ত। "তব নামে কত মাধুরী যেই ভ° সেই জানে"-রবী°। ২ [সং-ভাগবত > হি° ভগত্‌, বাং-য়-ভকত। তুল-ইং bigot (by god), ফ্রে° bigot (hypro-crite) -প্রাচীন নর্মানদিগের বিদ্রূপাত্মক নাম bigothi অর্থাৎ ভক্তবিটেল। প্রকৃত ভগবদ্ভক্তদিগের মধ্যে ফোঁটা, তিলক, ছাপ নামাবলী ই° ধারণ করিয়া অনেক কপট ভক্ত ভকত বা ভগত বলিয়া পরিচিত হয়] বি, ভক্ত-বিটেল ; বিড়ালতপস্বী ; ভণ্ড। বি, ভকতি -ভক্তি শব্দের পদ্যে কোমলরূপ।

ভকা, ভখা [সং-ভক্ষ্‌ (ভোজন করা) ধাতুজ। ভকি (ভখি), ভক (ভখ), ভকে (ভখে) ; ভকিতে (ভখিতে) ; ভকি (খি) য়া (ক্ষে° ভ'কে,-খে)। ভখিমু=খাইব। ণিজন্ত -ভকানি (ভখানি)] ক্রি, ভক্ষণ করা ; খাওয়া। "নিচয় জানিও মুঞি ভখিমু গরলে"-চণ্ডি°। "আমি বরঞ্চ গরল ভকি সেও ভাল"-হরু ঠাকুর।" "ঋষিগণ তপ সাধএন ভখিআ নীর" -শূ° পু°। [(নীর) পান করা অর্থে ভখা]।

ভকার-বি, ভ এই বর্ণ।

ভক্ত₁ [ভজ্‌ (সেবা করা, ভাগ করা) + ত (র্ম)। প্রা° বাং পদ্যে-ভকত, ভকত্‌, ভকতা, ভকিত্যা। "ভকতর বিঘ্ন কর নাস।" "ভকিত্যা আমিনি দেহ জয় জয়কার।" "চলিল ভকতাগণে।"-শূ° পু°] বিণ, ভক্তি-মান ; শ্রদ্ধাযুক্ত ; যার ভক্তি আছে। ২ বিভক্ত। ৩ বি, সেবক ; অনুগত। "ভক্তের দুরিত হর"-অ°ম°। ৪ পূজক। ৫ অনুরাগী। ৬ যারা গাজনের সময় ব্রত লইয়া সন্ন্যাসী হয়। ~গৃহ [বৌ° সা°] বি, বৌদ্ধভিক্ষুদের ভোজনাগার। "তিনি উহা ভিক্ষুদিগকে দিবার জন্য ভক্তগৃহে প্রেরণ করিলেন।"-জাতক, ৪র্থ খণ্ড।~প্রাণ-বিণ, ভক্তানুরক্ত। ২ ভক্তিযুক্ত প্রাণ ; ভক্তিপূর্ণ হৃদয়। ~বৎসল-বিণ, ভক্তানুরক্ত ; ভক্তের প্রতি স্নেহপরায়ণ। ২ ভগবান ; বিষ্ণু। ~বিটল, ~বিটেল [প্রা° ভক্ত-বিট্‌কেল্‌] বিণ, কপট ভক্ত ; ভণ্ড।

ভক্ত₂ [সং] বি, অন্ন ; ওদন ; ভাত। [দ্রঃ-আয়ুর্ব্বেদীয় চিকিৎসা শাস্ত্রে-অধোভক্ত-অন্ন বা পথ্য গ্রহণের অব্যবহিত পরে গৃহীত ঔষধ। অন্তরাভক্ত-মধ্যাহ্ন ভোজন ও সান্ধ্য ভোজন অথবা দুইবার অন্ন গ্রহণের মধ্যবর্ত্তীকালে গৃহীত ঔষধ। নির্ভক্ত-অন্নপান ব্যতীত গৃহীত ঔষধ। প্রাগ্‌ভক্ত-খালি° পেটে খাওয়া ঔষধ। মধ্যভক্ত-অন্ন গ্রহণ-কালে যে ঔষধ পান করা হইয়াছে। মুহুর্মুহু-অন্নসহ বা অন্নব্যতীত মধ্যে মধ্যে সেবিত ঔষধ। সভক্ত-যে কোন খাদ্যসহ গৃহীত ঔষধ। সামুদ্গ-অন্ন গ্রহণের প্রারম্ভে এবং পরেই সেবিত ঔষধ]। ~কার [ভক্ত-কার (যে করে)] বিণ, ভাত প্রস্তুতকারী ; পাচক। ~দাস-বি, অন্ন-দাস ; পরান্নে প্রতিপালিত ব্যক্তি। ~মণ্ড-ভাতের মাড়।

ভক্তাগ্রগণ্য [ভক্ত+অগ্রগণ্য] বিণ, ভক্ত প্রধান ; শ্রেষ্ঠ ভক্ত।

ভক্তাধীন [ভক্ত+অধীন] বিণ, ভক্তের

ভজ্‌ (সেবা করা)+তি (ভা°-ক্তি)] বি, পূজার যোগ্য ব্যক্তির প্রতি অনুরাগ বা প্রেম ; শ্রদ্ধা (দেবতার নাম শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পদসেবা, পূজা, স্তব, পরিচর্য্যা, সখ্যভাবে সম্ভাষণ এবং আত্মসমর্পণ এই নয় প্রকার ভক্তি)। "কৃষ্ণচন্দ্র ভক্তি আশে ভারত সরস ভাবে।"-অ° ম°। ২ বিভাগ। ৩ ভঙ্গিমা। ৪ উপচার। ~গ্রন্থ-ভক্তিপ্রতি-পাদক গ্রন্থ ; শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থ। ~চিহ্ন-বি, ভক্তিব্যঞ্জক লক্ষণ ; ভক্তির নিদর্শন। ~তত্ত্ব-ভক্তিবিজ্ঞান ; ভক্তি বিষয়ক তথ্য।

~পথ-ভক্তিমার্গ দ্রঃ। ~পূর্ত-বিণ, ভক্তিরসে অভিষিক্ত। ~বস্তু [মনোবিজ্ঞা॰ পরিঃ] বি, ইং fetish এর বৈজ্ঞা॰ পরিঃ। ~বাদ-বি, জ্ঞান ও কর্ম্ম অপেক্ষা ভক্তির উৎকর্ষ কথন। ২ ভক্তিতত্ত্ব। ~বিহ্বল-বিণ, ভক্তির দ্বারা অভিভূত। ~ভরে-অ, ভক্তির সহিত। ~ভাজন-বিণ, শ্রদ্ধাস্পদ। ২ বি, ভক্তি করিবার যোগ্য পাত্র। ~ভাবে-ক্রি-বিণ, ভক্তিসহকারে। ~মান্-বিণ, ভক্তিযুক্ত; শ্রদ্ধান্বিত। > স্ত্রীং ~মতী। ~মার্গ-বি, সাধনার পন্থাবিঃ; ভক্তিপথ। ~মূলক-বিণ, শ্রদ্ধাসূচক। ~যোগ-বি, ভক্তির দ্বারা ঈশ্বর সাধনা; ভক্তিরূপ যোগ; ভগবদ্‌প্রাপ্তির অন্যতম উপায় বা পথ স্বরূপ ভক্তি; ভক্তিমার্গ। > ক্রি-বিণ, ~যোগে। ~রস-বি, ভক্তিরূপ রস। ~রসায়ন-বি, মধুসূদন সরস্বতী প্রণীত ভক্তিরসাশ্রিত প্রসিদ্ধ বৈষ্ণব গ্রন্থ। ~সাধন-বি, জ্ঞানমার্গ ত্যাগ করিয়া কেবল ভক্তি পথাশ্রয়; ভক্তিদ্বারা ভগবানের আরাধনা। ~স্রোত-বি, ভক্তির প্রবাহ।

ভক্‌ভক্ [অনু॰] বি, অনুকার শব্দ; ধূমাদির উদ্গিরণ-শব্দ। ২ উপর্য্যুপরি দমকা সগন্ধ বায়ু নিঃসরণ। "মুখে ভক্‌ভক্ করে গন্ধ পেয়েছি।"-গি॰ ঘোষ।

ভক্ষ [ভক্ষ (ভোজন করা)+অ (র্ম্ম)] বিণ, আহারীয়; খাদ্য। ~ক [ভক্ষ্ (খাওয়া)+অক (র্ত্তৃ)] বিণ, খাদক; ভোজনকারী। ~ণ [ভক্ষ্+অন (ভা॰)] বি, ভোজন; খাদন। ~ণীয় [ভক্ষ+অনীয় (র্ম্ম)] বিণ, খাদ্যদ্রব্য।

ভক্ষিত [ভক্ষ্+ত (র্ম্ম)] বিণ, ভুক্ত। ~ব্য (-র্ত-) বিণ, আহার্য্য; ভক্ষণীয়।

ভক্ষ্য [ভক্ষ+য (র্ম্ম)] বিণ, ভক্ষণীয়; ভোজনযোগ্য। ২ [আয়ু॰ (সুশ্রুত)] চর্ব্ব্য masticable. ~কার-বিণ, ভোজ্য প্রস্তুতকারী। ২ মোদক। ~দ্রব্য-বি, ভোজনসামগ্রী; ভোজ্য। ~পত্রা-বি, পাণগাছ ও তার পাতা। ~সামগ্রী-বি, ভোজ্যবস্তু; ভোজনোপকরণ।

ভক্ষ্যাভক্ষ্য [ভক্ষ্য + অভক্ষ্য] বি, খাদ্যাখাদ্য।

ভক্ষ্যাবশেষ [ভক্ষ্য+অবশেষ] বি, অবশিষ্ট ভোজ্য; ভুক্তাবশিষ্ট।

ভখা [ভক্ষ্(খাওয়া) > প্রাং ও কেং। ভখি, ভখ, ভখে; ভখিতে; ভখিয়া (কেং পদ্যে-ভখি, গ্রাং ভ'খে)] ক্রি, ভক্ষণ করা; খাওয়া।

ভগ [ভজ্ (ভজনা করা, সেবা করা) + অ (র্ম্ম)। জ=গ। "ঐশ্বর্য্যস্য সমগ্রস্য বীর্য্যস্য যশসঃ শ্রিয়ঃ। জ্ঞানবৈরাগ্যয়োশ্চৈব ষণ্ণাং ভগ ইতি স্মৃতঃ॥"] বি, ঐশ্বর্য্য, বীর্য্য, যশঃ, সৌভাগ্য, জ্ঞান ও বৈরাগ্য। ২ শ্রী; লক্ষ্মী। ৩ সৌন্দর্য্য। ৪ উৎকর্ষ। ৫ মাহাত্ম্য। ৬ শক্তি। ৭ ধর্ম্ম। ৮ মোক্ষ। ৯ গুহ্যদেশ। ১০ যোনি। ১১ দ্বাদশ আদিত্য মধ্যে একজন আদিত্য। ১২ সূর্য্য। ১৩ চন্দ্র। ১৪ পূর্ব্বফল্গুনী নক্ষত্র।

ভগণ [ভ (নক্ষত্র) গণ (সমূহ)। জ্যোং পরিঃ (হিং কোং)] বি, গ্রহ কর্ত্তৃক মেষ বৃষাদি দ্বাদশ রাশির চতুর্দ্দিকে একবার পরিভ্রমণ; দ্বাদশরাশির ভোগকাল: ইং revolution এর বৈজ্ঞা॰ পরিঃ; পরিক্রমণ।

ভগদত্ত [পু॰] বি, প্রাগজ্যোতিষপুরের (কামরূপ) অধিপতি নরকরাজার জ্যেষ্ঠপুত্র।

ভগদৈবত-বি, পূর্ব্বফল্গুনী নক্ষত্র।

ভগন [ভগ্ন শব্দের কোমলরূপ। ব্রজ॰] বিণ, ভগ্ন। "ভগন ভৈ গেল"-বিং পং। ২ [প্রাং বাং] ছিন্ন। "পরিধানে দিল মোরে ভগ্ন বসন।"-চণ্ডী (মাধবাচার্য্য, ১৭৭৯ পৃ॰)।

ভগন্দর [ভগ (গুহ্যদ্বার)-দৃ (বিদীর্ণ করা)+অ (র্ত্তৃ)] বি, মলদ্বারে ব্রণ বা ক্ষত রোগ fistula in ano.

ভগপক্ষ [শারীর-সংস্থান বিদ্যা] বি, ভগোষ্ঠদ্বয়ের অভ্যন্তরভাগে দুইদিকে দুই খানি কোমল ঝিল্লিময় চর্ম্ম পরিলক্ষিত হয়। ইহারা পশ্চাতে ভগোষ্ঠদ্বয়ের অভ্যন্তরভাগে অদৃশ্য হইয়া যায়। সম্মুখে ইহারা দুইস্তরে বিভক্ত হইয়া পরস্পর মিলিত হইয়া থাকে। এই স্তরদ্বয় ভগাঙ্কুরকে বেষ্টন করিয়া অবস্থিত। এই ঝিল্লিময় চর্ম্মদ্বয়কে ভগপক্ষ বলে। -আয়ুর্ব্বেদ সংগ্রহ।

ভগবতী [ভগবান্ দ্রঃ। স্ত্রীং ভগবতী] বি, দুর্গা; পরমেশ্বরী।

ভগবদারাধনা [ভগবৎ+আরাধনা] বি, ভগবানের আরাধনা; ঈশ্বরোপাসনা।

ভগবদ্গীতা [ভগবৎ+গীতা। সাধাঃ কেং গীতা] বি, কুরুক্ষেত্র সমরক্ষেত্রে ভগবান শ্রীকৃষ্ণকর্ত্তৃক অর্জ্জুনকে প্রদত্ত জ্ঞান ভক্তি ও কর্ম্মযোগ সম্বন্ধীয় উপদেশ।

ভগবদ্দত্ত [ভগবৎ+দত্ত] বিণ, ভগবানের দেওয়া; ঈশ্বর কর্ত্তৃক প্রদত্ত; ঈশ্বরদত্ত; ভগবৎ প্রেরিত। "একমাত্র মানুষই ভগবদ্দত্ত ব্যক্তিত্বের মহিমায় এই নিয়মের শৃঙ্খল কাটাইয়া উঠিতে পারে"-উত্তরা, পৌষ, '৩৩।

ভগবদ্ভক্ত [ভগবৎ+ভক্ত] বিণ, ভগবানে ভক্তিবিশিষ্ট; কৃষ্ণভক্তিযুক্ত; ঈশ্বরপ্রেমিক। বি, ভগবদ্ভক্তি।

ভগবন্ [ভগবৎ শব্দের সম্বোধন পদ] অ, হে ভগবান্! হে প্রভু!

ভগবান্ [ভগ (ঐশ্বর্য্য)+বৎ (স্ত্যং) =ভগবৎ ১মা,১ব॰] বিণ,পরমেশ্বর; জগদীশ্বর। "যে কিছু সকল ভগবান।"-শিং। ২ বিণ, জ্ঞানাদি ষড়গুণবিশিষ্ট। ৩ পূজনীয়। স্ত্রীং ভগবতী।

ভগাঙ্কুর [ভগ+অঙ্কুর। শারীর সংস্থান পরিঃ] বি, ভগোষ্ঠদ্বয়ের সম্মুখ মিলনস্থান হইতে আরম্ভ করিয়া ভগপক্ষদ্বয়ের স্তরমধ্যে আচ্ছন্নভাবে অবস্থিত অঙ্কুররূপে সামান্যভাবে দৃষ্টিগোচর দণ্ডাকার অংশ যার অল্প নিম্নেই মূত্রদ্বার। মূত্রদ্বারের নিম্নেই যোনিমুখ।

ভগাল [ভগ (শিব)+আল (অলঙ্কার)] বি, নরকপাল। ~ী [মূ॰ ভগালিন্। ভগ॰+ইন্ (স্ত্যং) >, ১মা, ১ব॰] বি, শিব।

ভগিনী, ভগ্নী [ভগ (যত্ন)+ইন্ (স্ত্যং) +ঈ (স্ত্রীং)। বৈং পং সাং "বৈন"] বি, সহোদরা; সহোদরাস্থানীয়া। ২ নারীর প্রতি সম্বোধন। ~পতি-বি, ভগিনীর স্বামী।

ভগীরথ [পু॰] বি,সূর্য্যবংশীয় ধর্ম্মপ্রসিদ্ধ নৃপতি, ইনিই গঙ্গাকে স্বর্গ হতে মর্ত্তে আনয়ন করিয়াছিলেন।

ভঁগোল [ভ (নক্ষত্র) গোল (গোলাকার পদার্থ)] বি, রাশিচক্র।

ভঁগোষ্ঠ [ভগ+ওষ্ঠ। শারীর সংস্থান পরিঃ] বি, ভগপীঠ হতে দুইদিকে দুখানি ত্রিকোণ কোমল চর্ম্ম, নিম্ন ও পশ্চাদ্‌গামী হইয়া মলদ্বারের এক ইঞ্চি সম্মুখে পরস্পর মিলিত হয় ও সম্মুখদিকে স্থূল হইয়া পশ্চাদ্দিকে ক্ষীণতা প্রাপ্ত হয়। এই চর্ম্মখণ্ড-দ্বয়ের অভ্যন্তর দেশ কোমল ঝিল্লিদ্বারা আবৃত থাকে এবং ভগোষ্ঠ নামে উক্ত হয়।

ভঁগ্ন [ভন্‌জ্ (ভগ্ন করা)+ত (র্ম্ম)। ব্রজ০ ভগন্। তুল-ইং broken] বিণ, খণ্ডিত; ভাঙ্গা। ২ ছিন্ন। ৩ চূর্ণিত। ৪ বিজিত। ৫ নিবৃত্ত; ক্ষান্ত। ~কঁণ্ঠ-বিণ, বিকৃতস্বর; গলাভাঙা; স্বরভঙ্গ। ২ ঘাড়ভাঙ্গা। ~চিত্ত-বিণ, ভগ্নহৃদয়; নিরাশ; ক্ষুণ্ণমনা। ~চেষ্ট-বিণ, ভগ্নোদ্যম; চেষ্টা হতে নিবৃত্ত। ~দঁর্প-বিণ, যার দর্প চূর্ণ হইয়াছে; হতগর্ব্ব। ~দূত-বি, যুদ্ধ পরাজয়ের সংবাদদাতা; ভগ্নপাইক। "ভগ্নদূত কহে গিয়া রাজা লঙ্কেশ্বর।"-কৃত্তি০। ~দেহঁ-বিণ, স্বাস্থ্যহীন।~পাইক [সং-পায়িক] বি, যে পদাতি যুদ্ধে ভঙ্গ দিয়া রাজাকে শুভাশুভ সংবাদ দেয়; ভগ্নদূত। "ভগ্নপাইক করে গিয়া নৃপে নিবেদন।" -কবিক০। ~পাদ-বি, অন্তরাশির সহিত সংযুক্ত নক্ষত্রবিঃ। ২ বিণ, খঞ্জ। ~পৃষ্ঠ-বিণ, যার পৃষ্ঠদেশ ভাঙ্গিয়া গিয়াছে। ২ কুব্জ। ~প্রঁক্রম [অলং পরিঃ] বি, রচনার ক্রমভঙ্গ রূপ কাব্যালঙ্কার দোষবিঃ। ~প্রায়-বিণ, জীর্ণ; ধ্বংসোন্মুখ। ~মঁনাঃ-বিণ, ভগ্নহৃদয়। ~শ্রী-বি, নষ্ট সৌন্দর্য্য; হতশ্রী। ~সন্ধি-বি, শরীরের সন্ধি স্থান ভঙ্গ। ~স্তূপ-বি, রাশীকৃত ধ্বংসাবশেষ; ভগ্ন অট্টালিকাদির ঢিবি। ~হৃঁদয়-বিণ, হতাশ; নিরুদ্যম।

ভঁগ্নাংশ [ভগ্ন+অংশ] বি, খণ্ড; অংশ। ২ পাটীগণিতের অঙ্কবিঃ; একের অংশঘটিত অঙ্ক fraction.

ভঁগ্নাঙ্ক [পাটী০ (কং বিশ০ পরিঃ)] বি, ইং fraction এর বৈজ্ঞা০ পরিঃ; ভগ্নাংশ।

ভঁগ্নাত্মা [ভগ্ন+আত্মা < আত্মন্। বৃহস্পতিপত্নী তারাকে হরণ করায় শিব ত্রিশূল দ্বারা চন্দ্রকে দ্বিখণ্ডিত করেন বলিয়া] বি, চন্দ্র।

ভঁগ্নাবঁশিষ্ট [ভগ্ন+অবশিষ্ট] বিণ, ভগ্ন হইবার পর বা ধ্বংসের পর যা পড়িয়া থাকে। বি, ভঁগ্নাবঁশেষ। ২ বিণ, ধ্বংসাবশেষ।

ভঁগ্নাবঁস্থ [ভগ্ন+অবস্থ (অবস্থিত)] বিণ, ভগ্নদশাপ্রাপ্ত; জীর্ণ।

ভঁগ্নার্শ, ভঁগ্নাশা [ভগ্ন+আশা যার] বিণ, আশাহীন; হতাশ।

ভগ্নী [সং] বি, ভগিনী দ্রঃ।

ভঁগ্নোৎসাহঁ [ভগ্ন+উৎসাহ যার] বিণ, নিরাশ; হতাশ।

ভঁগ্নোদ্যম [ভগ্ন+উদ্যম্] বিণ, ভগ্নোৎসাহ। "ভগ্নোদ্যম রক্ষঃ চমূ"-মেঘ০।

ভঁঙ্গ১ [ভন্‌জ্ (ভগ্ন করা) ভা০ (ঘঞ্)] বি, ভগ্ন। ২ খণ্ড। ৩ হানি। ৪ নিরাশ। ৫ পরাজয়। ৬ প্রতিবন্ধ। ৭ রচনা। ৮ [র্ত্তৃ (ঘঞ্)] তরঙ্গ; ঢেউ। "জাহ্নবী সাগর সঙ্গ পর্ব্বত প্রমাণ ভঙ্গ বাহিনু পরাণ করি হাতে।"-কবিক০। ৯ [পে (ঘঞ্)] রোগ। ১০ বিদারণ। ~া-দ্রঃ। ~কুলীন-বি, যে কুলীন কৌলীন্যগুণ হতে ভ্রষ্ট; স্বভাবভ্রষ্ট ভঙ্গকুলীন ব্রাহ্মণ। ~দ-ভঙ্গুর দ্রঃ। ভঁং দেওয়া-ক্রি, নিবৃত্ত হইয়া পলায়ন করা। "ভয়ে ভঙ্গ দিল দেবগণ।"-শি০।~পঁয়ার-বি, পয়ার ছন্দ-ভেদ; এই ছন্দ চারিচরণে সম্বদ্ধ. ইহার প্রথম ও দ্বিতীয় চরণ পুনরাবৃত্ত ও আট আট অক্ষরে গ্রথিত হয়, তৃতীয় চরণেও আট অক্ষর থাকে কিন্তু চতুর্থ চরণ ছয় অক্ষরে সম্বদ্ধ হয়। "শুনি সভাজন কয়, শুনি সভাজন কয়। সেই বটে এই চোর, মানুষ ত নয়।" -ভারত০। ~প্রঁবঁণ-বিণ, ভঙ্গুর; পলকা; যা সহজে ভাঙ্গিয়া যায়; যা দিলে ভাঙ্গিয়া যায় এমন; ঠুনকো। > বি, ~প্রঁবঁণতা। ~লঁঘুত্রিপঁদী-বি যতি অনুসারে পাঁচ-ভাগে বিভক্ত ছত্রিশাক্ষর ছন্দবিঃ। ~লয়-বি, তর্কের খণ্ডন। ~লঁলিত-বি, ছন্দোবিঃ। ~লঁলিত চতুষ্পদী-বি, ছন্দোবিঃ।

ভঁঙ্গ২ [পদার্থ বিজ্ঞা০ পরিঃ] বি, ইং diffraction এর বৈজ্ঞা০ পরিঃ; অপবর্ত্তন (যো০ রায়); সাচিবর্ত্তন (ত্রিবেদী০)।

ভঁঙ্গন [ভঙ্গ > প্রা০ ভাঙ্গন, ভাঙন] বি, ভাঙ্গিয়া পড়ন; ভগ্ন হওয়ার ভাব।

ভঁঙ্গা [সং। প্রা০ ভাঙ্গ, ভাঙ, ভাং] বি, ভাঙ; সিদ্ধি। ২ শণ।

ভঁঙ্গান [সং] বি, ভাঙ্গন মাছ।

ভঁঙ্গি, ভঙ্গী [ভঙ্গ (দ্রঃ)+ইন্ (ভা০)] বি, শোভা। ২ অঙ্গভঙ্গী। ৩ ব্যঙ্গ। ৪ চাতুরী। ৫ কুটিলতা। ৬ রচনা। ৭ রঙ্গ; কৌতুক। "ত্রিভঙ্গ কি ভঙ্গি জানে"-গান। ৮ [+ইন্ (র্ত্তৃ)] তরঙ্গ। ৯ ভাব। "আবার সে ভঙ্গি গত, যেন রৌদ্র রসে রত উগ্রভঙ্গি অপাঙ্গ যুগলে"। ১০ চেষ্টা। ১১ অভিপ্রায়। "রসভাব ও ভঙ্গির সহিত সামঞ্জস্য রক্ষা করিবার জন্য তদুপযোগী শব্দ প্রয়োগের প্রয়োজন আছে।"-আ০ শক্তি; ১৩৩৪, বৈশাখ। ~মা [ভঙ্গ+ইমন্ (ভা০)=ভঙ্গিমন ১মা, ১ব০] বি, ভঙ্গী। ২ শোভা; সৌন্দর্য্য। 'সুন্দরী কবিতা বধূ নয়নে তাহার কি ভঙ্গিমা।"-অশোক০। ~মান্ [ভঙ্গি (তরঙ্গ)+মৎ (স্ত্য০)=ভঙ্গিমৎ ১মা, ১ব০] বিণ, তরঙ্গিত; তরঙ্গযুক্ত; ঢেউখেলান। ~য়ান্-বিণ, যে রণে ভঙ্গ দিয়া পলায়ন করে। "পশ্চাৎ হইল যুদ্ধে ক্ষত্রি ভঙ্গিয়ান্।" মহা০ (কাশী০)।

ভঁঙ্গুর [ভন্‌জ (ভাঙ্গা)+ঘুর (র্ত্তৃ, শীলার্থে)] বিণ, ভঙ্গপ্রবণ। ২ বি, নদীর বাঁক। ৩ [পদার্থ বিজ্ঞা০ পরিঃ] ইং brittle এর বৈজ্ঞা০ পরিঃ; ভঙ্গদ। ~তা (-রঁ-) [ভঙ্গুর+তা (ভা০)] বি, ভঙ্গপ্রবণতা; নশ্বরতা; অস্থায়িত্ব। "জীবনের ভঙ্গুরতা স্মরণ করিয়া অসম্পূর্ণ অবস্থাতেই গ্রন্থখানি প্রকাশ করিলাম।" -ত্রিবেদী০। ক্ষঁণভঙ্গুরতা-বি, ক্ষণ-স্থায়িত্ব।

ভঙ্গ্য [ভঙ্গ+য] বিণ, ভাঙ্গিবার যোগ্য।

ভঁঙ্গ্যান [ভাঙ্গন২ (দ্রঃ) >। প্রা০ বাং] বি, ভাঙ্গন; ভঙ্গ; রণে ভঙ্গ; পৃষ্ঠভঙ্গ। "যে ভিতে অঙ্গদ যুঝে সে ভিতে পড়এ ভং০।" -রামা০ (কৃত্তি০)।

`ভঁ(ভো)চকানি-ভোকছাবি দ্রঃ।

ভঁচক্র [ভ (নক্ষত্র) দ্বারা চক্র] বি, মেষাদি দ্বাদশ রাশির মণ্ডল।

ভঁচ্চা, ভঁর্চ্চা [ভর্ৎসনা > প্রাং ভর্চ্চনা > ভচ্চনা > ক্রি, ভর্চ্চা, ভচ্চা] ক্রি, ভর্ৎসনা করা। "ক্রোধে তারে করে কৃষ্ণ চরণ প্রহার। ভর্চ্চিতে লাগিল কেহে বর্ত্তি আইলে ছার"-মহা° (শ্রীকর°)। "তার পত্নী জলা দেবী ভর্চ্চিল বিস্তরে।"-ঐ। "সত্যভামার তরে তবে অনেক ভর্চ্চিল॥" -ভাগবত (গৌরাঙ্গ দাস। খৃ°১৬শ শতাব্দী)।

ভঁজ্ঞিকঁটি [বিঘ্ন-কষ্ট >] বি, ব্যাঘাত; বিঘ্ন; বখেড়া। ২ কষ্টদায়ক উদ্যোগ; বাধাবিঘ্ন; ফ্যাসাদ।

ভঁর্জন [ভজ্ (সেবা করা) + অন (ভা°)] বি, দেবদেবীর স্তুতিগান ও মহিমা-কীর্ত্তন। ২ আরাধনা; উপাসনা। ৩ সেবা। ৪ আশ্রয়গ্রহণ। ৫ ভাগ। ৬ [বাং-য় প্রা°] মন্ত্রণা। ~পূর্জন-বি, উপাসনা ও পূজা।

ভঁর্জনা১ [ভজন (দ্রঃ) + আ (স্ত্রীং)] বি, উপাসনা; আরাধনা। ২ সাধ্যসাধনা। ৩ সেবা। ~লঁয়-বি, উপাসনা মন্দির।

ভঁজনা২ [প্রা° বাং] বি, ধান্যবিঃ। "খুদ্দ বুনেন ভজনা বাঁকই।"-শূ° পু°।

ভঁজঁমান [ভজ্ (সেবায়, বিভাগে) + আন (কৃ)] বিণ, বিভাজক। ২ উপাসনারত।

ভঁজা [সং-ভজ্ + আ (ক্রিয়ায়)। ভজি, ভজ (ভজেন, ভজিস্), ভজে (ভজেন্); ভজিতে; ভজিয়া (কে° পদ্যে-ভজি, কে° ভজে)। ণিজন্ত-ভজান] ক্রি, উপাসনা করা। ২ বিণ, যে ভজে; ভজনাকারী। প্র-কর্ত্তা-ভজা। ৩ বি, ভজহরি শব্দের অতি-পরিচয়ার্থক বা তুচ্ছার্থক সংক্ষেপ। "কোথা গেল ভাই ভজা, হিন্দুধর্ম্মধ্বজা"-রবী°।

ভঁজানি [ভজা ধাতুর ণিজন্তরূপ। ভজাই, ভজাও (ভজান, ভজাস), ভজায় (ভজান); ভজাইতে; ভজাইয়া (কে° ভজিয়ে)] ক্রি, ভজনা করান। ২ প্রমাণ দ্বারা প্রতিপন্ন করা; সত্যতা প্রমাণ করান। ৩ পরামর্শ দিয়া স্বমতে আনয়ন করা বা রাজী করা।

ভঁজিঅঁা [প্রা° বাং। কে° ভজি, প্রা° ভ'জে] অস-ক্রি, অনুনয় করিয়া। "বারেঁ বারেঁ মো-এ বুইলোঁ ভজিআঁ" -শ্রী° কী°। "বিফলেঃ যায় হে জীবন, মধুসূদন তোমায় ভ'জে"-বাং গান। ভঁজিলোঁ= ভজনা করিলাম; সেবা করিলাম।

ভঁজ্যমান [ভজ্ + আন (শ্ন), য, ম, আগম] বিণ, সেব্যমান। ২ [ভঞ্জ্ (ভঙ্গে) + আন (শান, শ্ন)] যা খণ্ড বা ভাগ করা যায়। বা যাইতেছে।

ভঁঞ্জিষা [মহিষ > প্রা° বাং-য়-ভঁইষ > ভঞ্জিষ + আ (তুচ্ছার্থে)। হি° ভঁয়্সা] বি, মহিষ। "কোলের কুমার তার পাই ভঞ্জিষা আর"-কবিশেখর।

ভঁঞ্জন [ভন্জ্ (ভগ্ন করা) + অন (ভা°)] বি, নিরসন; দূরকরণ। "ভাবো বিপদভঞ্জন হবে বিপদ ভ°"-দাশরথি°। ২ ভগ্নকরণ। বিণ, ভঁঞ্জক-ভঞ্জনকারী।

ভঁঞ্জনঁক [পারিঃ] বি, মুখরোগবিঃ।

ভঁঞ্জা [ভঞ্জ্ (ভগ্ন করা) >। ভঞ্জি, ভঞ্জ, ভঞ্জে; ভঞ্জিতে; ভঞ্জিয়া (কে° ভঞ্জি)। ণিজন্ত-ভঁঞ্জানি] ক্রি, ভঞ্জন করা; ভঙ্গ করা; ভাঙ্গা। ২ ঘুচান; দূর করা। "লঙ্কার কলঙ্ক আজি ভঞ্জিব আহবে"-মেঘ°।

ভঁট১ [ভট্ (পোষণে) + অ (কৃ)] বিণ, শূর; বীর। ২ রণকুশল: যোদ্ধা। ৩ নীচ। ৪ বর্ণসঙ্কর জাতিবিঃ। ৫ ম্লেচ্ছবিঃ। ~া-বি, ইন্দ্রবারুণী।

ভঁট২, -ট্ [অনু°] বি, অনুকার শব্দ।

ভঁট্‌ভঁট [সং-ভট্ (ভরণে), শূন্য কুম্ভাদিতে জল ভরণের কালে বায়ু বহির্গমনের শব্দ। বুদ্বুদাদি ফুটিয়া বায়ু বাহির হইবার শব্দ] অ, অনুকার শব্দ; পাঁকে কিছু ডুবিবার কালে তার বুদ্বুদ স্ফুটন শব্দ। বি, ভঁটভঁটানি। বিণ, ভঁটভঁটিয়া (প্রা° ভঁটভঁটে)।

ভঁটাভঁট [অনু°] অ, উপর্য্যুপরি ঐরূপ শব্দ; ঘুসিমারার শব্দ।

ভঁট্ট [ভট্ (কথনে) + অ (কৃ)] বি, বংশ-চরিত কীর্ত্তনকারী; ভাট; স্তুতিপাঠক। ২ একখানি বেদ যিনি আদ্যন্ত কণ্ঠস্থ করিয়াছেন এরূপ ব্রাহ্মণ। ৩ পণ্ডিত; অধ্যাপক। ৪ দর্শনশাস্ত্রবিৎ। ৫ ব্রাহ্মণের উপাধিবিঃ; ভট্টাচার্য্য।

ভঁট্টনারায়ঁণ [ইতি°] বি, বঙ্গেশ্বর আদি-শূরের যজ্ঞ সম্পাদনার্থ কান্যকুব্জ হতে আনীত পঞ্চ ব্রাহ্মণের অন্যতম। ইনি বেণীসংহার নামক প্রখ্যাত সংস্কৃত নাটকের রচয়িতা।

ভঁট্টাচার্য্য [ভট্ট (তুতাতভট্ট) + আচার্য্য (উদয়নাচার্য্য)] বি, দর্শনশাস্ত্রবিৎ পণ্ডিত। ২ অধ্যাপক; পূর্ব্বে সর্ব্বদর্শনের অধ্যাপকের এই পদবী লাভ হইত। এখন যাজকতার পরিচায়ক। ৩ তুতাত ভট্টের মীমাংসা ও উদয়নাচার্য্যের ন্যায়সংগ্রহে বিশেষ ব্যুৎপত্তি লাভ করিয়াছেন এরূপ ব্রাহ্মণ।

ভঁট্টার [সং] বিণ, পূজ্য; মাননীয়।

ভঁট্টারঁক [সং] বি, ঋষি; মুনি। ২ পণ্ডিত। ৩ [সংস্কৃত নাটকাদিতে] রাজা। ৪ সূর্য্য। ৫ দেবতা। ৬ বিণ, মাননীয়। স্ত্রীং ভঁট্টারিকা। ~বার-রবিবার।

ভঁট্টি-বি, ভর্ত্তৃহরি (মতান্তরে শ্রীধর স্বামীর পুত্র ভট্টি) প্রণীত রামচরিত গ্রন্থ।

ভঁট্টিনী [ভট্ট (স্বামিত্ব) + ইন্ (স্ত্য°) + ঈ (স্ত্রীং)] বি, ব্রাহ্মণী। ২ সং নাটকের অকৃতাভিষেকা রাজ্ঞী।

ভঁড় [সং-বহিত্র (নৌকা) > ভর, র=ড়] বি, হাতী পারাপার, তোপ বহন ই° ভারি ভারি জিনিষ জলপথে লইয়া যাইবার বড় নৌকা; ভরা। "ভড়ের উপর কয়েকজন নবাবের সিপাহী পাহারা দিতেছে।"-চন্দ্র-শেখর। ২ বি, বর্ণসঙ্কর জাতিবিঃ।

ভড়ং১, ভঁড়ঁঙ [সং-ভোরঙ্গ >] বি, প্রাচীনকালের সামরিক বাদ্যযন্ত্রবিঃ। দূর-বীক্ষণ যন্ত্রের ন্যায় ইহার একটা নলের মধ্যে আর একটি নল স্তবকে স্তবকে সজ্জিত থাকে, বাজাইবার সময় বড় করিয়া লইতে হয়; ভোরঙ্গ। ২ ভড়ক দ্রঃ।

ভঁড়ঁক, ভঁড়ং২ [বহিরঙ্গ >] বি, বাহ্য আড়ম্বর। ~দার, ভঁড়কাঁল-বিণ, জমকাল; জাঁকজমকবিশিষ্ট; চটকদার।

ভঁড়কানি [ভীত-ক (হঠাৎ) + আন-ভীতকান > ভট্‌কান, ভড়কান] ক্রি, চম্‌কান; ঘোড়ার চলিতে চলিতে ভয়ে হঠাৎ গতিরোধ হওয়া; ভয়ে হঠাৎ দাঁড়াইয়া পড়া। "কোন অগ্নি নির্ব্বাপকই সেই নিবিড় ধূম্র ও

প্রচণ্ড অগ্নির মধ্যে প্রবেশ করিতে কোন দিনই সাহস করে নাই, কিন্তু আমার ঘোড়া বিন্দুমাত্রও না ভড়কাইয়া সেই আগুনের মধ্য দিয়া চলিয়া গিয়াছে।"-প্রবাসী, ১৩৩৩। ২ [ভড়ক (ভয়)+আন। ভড়কাই, ভড়কাও, ভড়কায় ; ভড়কাইতে ; ভড়কাইয়া (কে° ভড়কে)] ক্রি, ভয় করা ; ভীত হওয়া। ৩ জল সংযোগে চূর্ণ প্রস্তর গলান।

ভঁড়্ভঁড়্ [অনু°; ভটভট দ্রঃ। শব্দাধিক্যে ট স্থানে ড়] অ, অনুকার শব্দ। প্র-পাঁক ভড়ভড় করে। ২ কোন পচা জিনিস টিপিলে যে শব্দ হয়। ক্রি, ভঁড়্ভঁড়ানি। বি, ভঁড়ভঁড়ানঁ, ভঁড়ভঁড়ানি। বিণ, ভঁড়ভিঁড়িয়া (কে° ভঁড়ভিঁড়ে)।

ভঁণা [বিকারে ভাণা। সং-ভণ্ (কথনে) >। ভণি, ভণ, ভণে (ভণয়ে) ; ভণইতে ; ভনইয়া] ক্রি, বলা ; কহা। "দেখিয়া বীরের পুর, সন্দেহ হইল দুর, ভাঁড়ু-দত্ত সব সত্য ভণে"-কবিক°। "মন দিয়া শুনে যাহা গুরুদেব ভণে"-বৈ° গী°। ভঁণই, ভঁণতি, ভঁণহি=বলে। "ভণয়ে বিদ্যাপতি" -বি° প°। বিণ, ভিঁণিত-রচিত। ২ বি, কথিত।

ভঁণিতা [ভণা দ্রঃ] বি, পদ্যে কবি বা পদকর্ত্তার নামোল্লেখ। ২ ভাষণ ; কথা।

ভঁণিতি [ভণা দ্রঃ] বি, উক্তি ; বচন।

ভঁণ্ড [ভন্ড্ (ভাড়াম করা)+অ (র্ত্তৃ)] বি, শঠ। ২ অভিনেতা ; নট। ৩ ভাঁড় ; মস্কারাবাজ। ৪ ছদ্ম। বি, ~ক-বি, খঞ্জন পাখী। ~তা, ~ত্ব-ভণ্ডামি। ~তঁপস্বী -বি, তাপসবেশী শঠ ; ছদ্ম তপস্বী ; ভক্তবিটেল। >স্ত্রীং ~তঁপস্বিনী। ~হাসিনী-বি, কপট হাস্যকারিণী ; বেশ্যা।

ভঁণ্ডানি [ভণ্ড দ্রঃ। ভণ্ডি, ভণ্ড, ভণ্ডে ; ভণ্ডিতে ; ভণ্ডিয়া (কে° ভণ্ডি)] ক্রি, প্রবঞ্চনা করা ; ভাঁড়ান। "নিঠুর বচন বলে ভণ্ডিয়া কোটাল"-কবিক°। বি, ভঁণ্ডন।

ভঁণ্ডাম, ভঁণ্ডামি [ভণ্ড+আম, আমি (ভা°)] বি, ভাঁড়ামি ; শঠতা।

ভঁণ্ডির, ভিঁণ্ডীর-বি, শিরীষ বৃক্ষ।

ভিঁণ্ডুর, ভিঁণ্ডুল [সং-ভন্ড্ (প্রতারণা করা)+উর, +ল। ফল সম্বন্ধে প্রতারিত করা, অথবা পণ্ড >] বিণ, পণ্ড ; ব্যর্থ ; নিষ্ফল। "যদি সমস্তই ভণ্ডুল হইয়া যায়।"-বি° ঠাকুর। সা° প° প°, ১৩০৫। "বিলম্ব হইলে সকল কর্ম্ম ভণ্ডুল হইতে পারে"-টেকচাঁদ।

ভিঁণ্ডুক-বি, ভাঙন মাছ।

ভিঁতি, ভঁন্তিঅ, ভিঁন্তি-ভ্রান্তি দ্রঃ।

ভঁত্তবেত্তঁন [বৌ° সা°। সংবর জাতক দ্রঃ] বি, খোরাকি ; খাই খরচ।

ভঁত্তি-ভর্ত্তি দ্রঃ।

ভঁদন্ত [বৌ°সা°। 'ভন্তে' ও°] অ, ভদ্রং ; মহাশয়। "ভ°, এখন হইতে আপনি দয়া করিয়া প্রতিদিনই এখানে আসিবেন।" -জাতক, ৪র্থ খণ্ড। ২ সম্ভ্রমযুক্ত সম্বোধন। "বোধিসত্ত্বকে বলিল, ভ° আপনিও * *"-জাতক, ৪র্থ খণ্ড।

ভঁদঁরকুঁড়ে [ভদর (ভাদ্র >) কুঁড়ে (অলস), ভাদ্রমাসের দিন যেমন এড়াইয়া গড়াইয়া যায় তদ্রূপ। এই অর্থে ভাদুরে কুঁড়েও বলে] বিণ, দীর্ঘসূত্রী ; অত্যন্ত অলস।

ভঁদ্দঁর-ভদ্র দ্রঃ।

ভঁদ্র [সং। বৈদিক নিরুক্তে ভদ্র অর্থে-গৃহ, প্রজা, পশু, বিত্ত ই° সমস্ত। "ভদ্রঃ শিবে খঞ্জরীটে বৃষে মেরুকদম্বকে। করিজাতি-বিশেষে না ক্লীবং মঙ্গল মুস্তয়োঃ॥ কাঞ্চনে চ স্ত্রিয়াং রাস্নাকৃষ্ণাব্যোমনদীষু চ। তিথি ভেদে প্রসারিণ্যাং কট্‌ফলানন্তয়োরপি॥ ত্রিষু শ্রেষ্ঠে চ সাধৌ চ ন পুংসি করণান্তরে"-মে°] বি, মহাদেব। ২ বলরাম ; বলভদ্র। ৩ রামানুচরবিঃ। ৪ দিগ্‌গজবিঃ। ৫ খঞ্জন পাখী। ৬ শ্রীকৃষ্ণের লীলাকানন ; বৃন্দাবনস্থিত ভদ্রবন। ৭ ["উক্ষা ভদ্রো বলীবর্দ্দ ঋষভো বৃষভো বৃষঃ।"-অমর°] বৃষভ ; ষাঁড়। ৮ [সম্বোধনে] ভদ্র সন্তান ; সাধু। ৯ সৌভাগ্য। ১০ শুভ ; মঙ্গল। ১১ ক্ষৌর। "ভদ্র কর, ছাড় এই মলিন বসন।"-চৈ° চ°। [তুল-ফা° বেহ্‌তর্ ; ইং better] ভাল ; উত্তম। ১২ জাতীয় পদবীবিঃ। ১৩ [আয়ু°] স্বর্ণ। (২) লৌহ (৩) নীলপদ্ম। (৪) চন্দন। (৫) কদম্ব। (৬) মুহীগাছ। (৭) মুস্তক। (৮) নাগরমুথা। (৯) ইন্দ্রযব। (১০) দেবদারু। (১১) সরল দেবদারু। ১৪ বেউল (স্রঃ)। ১৫ বি, সাধু। ১৬ হিতকর ; মঙ্গলদায়ক। ১৭ প্রধান ; শ্রেষ্ঠ। ১৮ [গ্রা° ভঁদ্দঁর] শিষ্ট ; সভ্য ; মার্জ্জিত রুচিবিশিষ্ট ; সম্ভ্রান্ত। ~ক [ভদ্র+ক] বি, মুস্তকবিঃ ; নাগর মুথা। ২ দেবদারু গাছ। ৩ দ্বাবিংশতি অক্ষরযুক্ত চরণবিশিষ্ট ছন্দোবিঃ। ৪ বালেশ্বরের প্রায় ১৪ ক্রোশ দক্ষিণে গ্রাম। ৫ বিণ, সুন্দর ; মনোহর। ~কালী [দেবী-ক্রোধ হইতে উদ্ভূতা হইয়া বীরভদ্রের সহিত দক্ষযজ্ঞ নাশ করায় এই নাম] বি, দুর্গার মূর্ত্তিভেদ। ২ উড়িষ্যার অন্তর্গত নগরী। ৩ মঙ্গলবিধায়িনী। ~কুম্ভ-বি, মঙ্গলঘট। ~গন্ধিকা-বি, মুথা। ~ঙ্কর [ভদ্রম্+কর] বিণ, শুভসূচক ; কল্যাণকর। ~চূড়-বি, লঙ্কাসিজের গাছ। ~জ-বি, ইন্দ্রযব। ~দারু-বি, দেবদারু বৃক্ষ। ২ সরল কাঠ। ~পীঠ-বি, মঞ্চ বা আসনবিঃ। ~ব্যঁবহার-বি, সদাচরণ। ~মুখ-বিণ, প্রসন্নমূর্ত্তি। ২ সুমুখ। >স্ত্রীং ~মুখী। ~মুস্ত, মুস্তক [সং] বি, নাগর মুথা। ~যঁব-বি, ইন্দ্রযব। ~রেণু-বি, ঐরাবত হস্তীর নামান্তর। ~লোক-বি, যার আচরণ ভদ্রসমাজ-সঙ্গত ; বিনয়ী, প্রিয়বাদী, শান্ত ও শিষ্ট ব্যক্তি। ২ সদ্বংশজাত ব্যক্তি। ~শ্রী-বি, চন্দন বৃক্ষ। ~সঁন্তান-বি, সজ্জন ; ভদ্রলোকের ছেলে। ~সোমা [ভদ্র (শিবপ্রিয়া) সোমা (স-উমা=উমা সমা)] বি, গঙ্গা। ~স্ত [ভদ্রম্ শব্দের গ্রা° রূপ। বৈদিক নিরুক্তে ভদ্র অর্থে গৃহ, প্রজা, পশু, বিত্তাদি সমুদয়। >সৌভাগ্য বা কল্যাণজনক যা কিছু] কি ভদ্রম্ ; শুভ গ্রহ ; কল্যাণ। ~স্ত নাই-ভদ্রম্ নাই ; মঙ্গল নাই।

ভঁদ্রতা (-দ্র-) [ভদ্র দ্রঃ)+তা (ভা°)] বি, সৌজন্য ; সাধুতা ; সভ্যতা। ২ কল্যাণ ; শুভগ্রহ। ~চঁরঁণ [ভদ্রতা+আচরণ] বি, শিষ্ট ব্যবহার ; সাধু ব্যবহার। ~বিরুদ্ধ-অভদ্র। ~মূঁলঁক-বিণ, ভদ্র-প্রকৃতি-জাত।

ভঁদ্রা [ভদ্র+আ (স্ত্রীং)] বি, অভিমন্যুর

জননী সুভদ্রা। ২ সূর্য্যকন্যা। ৩ উত্তর কুরুবর্ষে প্রবাহিত গঙ্গা-স্রোত। ৪ আকাশ গঙ্গা। ৫ বিষ্টির অবশিষ্ট তিন দণ্ড। ৬ ২য়া, ৭মী ও দ্বাদশী তিথি। ৭ [আয়ু°] অনন্তা। (২) জীবন্তী। (৩) কাকডুমুর। (৪) শমী। (৫) কটফল। (৬) গাম্ভারী। (৭) নালী। (৮) অপরাজিতা। (৯) হরিদ্রা। (১০) মুতা। (১১) রাস্না। (১২) বচ। (১৩) শ্বেত দূর্ব্বা। (১৪) দন্তী। ৮ [নারীকথ্য] অভদ্রা। ৯ সুন্দরী। ১০ [সং-ভদ্রে] ভদ্র নারীর প্রতি সম্বোধন। ১১ বিণ, সুশীলা। ~কঁরণ -বি, (মস্তক) মুণ্ডন ; ক্ষৌর করণ। ~কৃত- বিণ, মঙ্গলোদ্দেশ্যে মুণ্ডিতমস্তক। ২ [গ্রা° নারী ভাষায় অভদ্রা অর্থে] বখো ; বিঘ্ন। ~নী [ভদ্র (শিব)+আনী (পত্নী)] বি, শিবাণী ; দুর্গা। ভঁদ্রা পঁড়া-বিঘ্ন ঘটা। ~শ্ব [ভদ্র (কুশলী)+অশ্ব (ঘোটক) যার, বহু°] বি, পৃথিবীর নববর্ষের অন্যতম বর্ষ। ~সঁন [ভদ্র (শ্রেষ্ঠ)+আসন (বসিবার স্থান), ধা] বি, প্রাসাদ। ২ সিংহাসন। ৩ বাস্তু-ভিটা ; বসত বাটী।

ভদ্রেশ্বর [ভদ্র+ঈশ্বর] বি, শিবমূর্ত্তিবি:।

ভঁদ্রেলা [ভদ্রা+এলা] বি, বড় এলাচ।

ভঁদ্রোচিত [ভদ্র+উচিত] বিণ, সাধু-জনোচিত ; সাধুসম্মত ; ভদ্রলোকের যোগ্য।

ভঁনভঁন [অনু°] বি, মক্ষিকাদির ডানার শব্দ। বিণ, ভঁনভঁনিয়া, ভঁনভঁনে- ভন্‌ভন্ শব্দকারী। "ভনভনে মাছি দিনের বেলায়"-দ্বি° রায়। ভঁনভঁনানি-ভন্‌ভন্ শব্দ করা। বি, ভঁনভঁনানি। "পুঞ্জে পুঞ্জে মশকের অশ্রান্ত ঐক্যতানিক ভনভনানি।"- মহিমময়ী (দী° রায়)। ভঁনভঁন কঁরা- ভন্‌ভন্ শব্দে উড়িয়া বেড়ান। ২ বিরক্তিকর ভাবে ক্রমাগত এক কথা বার বার বলা। এই অর্থে ভ্যান ভ্যান বা ভ্যানির ভ্যানির কঁরা।

ভঁন্তে [বৌ°সা°। সম্বোধনে] অ, ভদ্র ; মহাশয়। ভদন্ত দ্র:।

ভঁপঞ্জর [ভ (নক্ষত্র)-পঞ্জর] বি, ভচক্র ; রাশিচক্র।

ভঁব [ভূ (হওয়া)+অ (ভা°)] বি, ঈশ্বর। ২ [-+অ (অপা), যা হতে উৎপত্তি হয়] শিব; জলমূর্ত্তি শিব (কারণবারি হতে সমস্ত বিশ্বের উৎপত্তি বলিয়া)। "ভব নাম ভব করিতে পার"-অ° ম°। ৩ শুভ ; মঙ্গল। ৪ প্রাপ্তি। ৫ সংসার ; জগৎ। "তোমার এ ভব-সংসারে কর্ম্মপারাবার পারে হে"-রবী°। ৬ সত্তা। ৭ উৎপত্তি। ৮ স্থিতি। ৯ শ্রেষ্ঠতা। ১০ [অন্য শব্দের পরে থাকিলে] বিণ, উৎপন্ন। ~কারা-বি, সংসাররূপ কারাগার। ~ঘুরে-বিণ, ভবসংসারের সর্ব্বস্থানেই যারা অনর্থক ঘুরিয়া বেড়ায়। ~চঁন্দ্র [ব্যবহার ভেদে-হবচন্দ্র, হবুচন্দ্র] বি, গল্পের নির্ব্বোধ রাজাবিশেষের নাম। "ভবচন্দ্র রাজার গবচন্দ্র মন্ত্রী।" ~তারঁণ-বিণ, সংসাররূপ কারাগার হতে যিনি মুক্তি প্রদান করেন ; সংসারযন্ত্রণানিবারণকারী। > স্ত্রীং ~তারিণী-দুর্গা। ~ত্রঁয় [বৌ° সা°। হস্তিপাল-জাতক দ্র:] বি, লোক ; সংসার। ইহা ত্রিবিধ-কামভব, রূপভব, অরূপভব অর্থাৎ কামলোক, রূপলোক, অরূপলোক, এই তিনলোকে জন্মমাত্রই দুঃখকর। "ভবত্রয় তাহার নিকট প্রজ্জলিত অগ্নির ন্যায় দুঃসহ বোধ হইতে লাগিল।" ~দারা [ভব (শিব) দারা (পত্নী), ৬তৎ] বি, ভবানী ; ঈশানী। ~ধঁব [ভব (শিব) ধব (পতি)] বি, শিব। "ওহে ভবধব! কি করিব স্তব, মানস তিমিরহর।"- ঈ° গুপ্ত। ~নাশিনী-বিণ, জন্ম নিরোধ বা নিবারণ-কারিণী। ~পারঁগ [বৌ° সা°] বি, যাঁহারা ভবসাগর পার হইয়াছেন ; অর্হৎ। ~পারা-বার-বি, সংসাররূপ সমুদ্র। ~ভার-বি, সংসারের ক্লেশ বা দুঃখ। ~ভূর্ত-সংসাররূপী ভগবান। ~লীলা-সংসারের খেলা ; জীবন-যাত্রা। ~লীলা সাঙ্গ হঁওয়া-মরা। ~সমুদ্র, -সাগঁর, -সিন্ধু-ভবপারাবার দ্র:। "ভবসিন্ধু বিন্দু জানি পার হৈনু যেন মানি সাঁতার খেলিব সিন্ধুজলে।"-অ° ম°।

ভঁবতী [ভা (দীপ্তি অর্থে)+ঈ (স্ত্রী°)] বিণ, মান্যা ; পূজনীয়া।

ভঁবদীয় [ভবৎ (যুষ্মদর্থ)+ঈয় (ইদমর্থে)] বিণ, আপনার (তোমার দ্র:)।

ভঁবন্ [ভবৎ >] বিণ, বর্ত্তমান ; যা ঘটিতেছে বা হইতেছে। স্ত্রীং ভঁবন্তী- উৎপাদ্যমানা।

ভঁবন [ভূ (হওয়া)+অন (ঘি)] বি, গৃহ ; বাসস্থান। ২ স্থিতি। ৩ [অন (ভা°] উৎপত্তি। "ভুবন-ভবন-লয়,"-অ° ম°।

ভঁবনীয় [ভূ (হওয়া)+অনীয় (র্ম্ম)] বিণ, ভবিতব্য।

ভঁবভূতি [ভব (জগৎ)-ভূতি (জ্ঞানের উন্নতি)] বি, ভবের বা শিবের বিভূতি। ২ ভোজরাজের সভাপণ্ডিত ; উত্তররামচরিত, বীরচরিত প্রভৃতির রচয়িতা স্বনামপ্রসিদ্ধ মহাকবি।

ভঁবাত্মজ [ভব (শিব)+আত্মজ (পুত্র)] বি, কর্ত্তিক। ২ গণেশ। স্ত্রীং ~া-দেবী মনসা।

ভঁবাদৃশ [ভবৎ (তুমি)-দৃশ্ (দেখা)+অ (র্ম্ম), যে তোমার ন্যায় দৃষ্ট হয়। পণ্ডিতী বাং-য় ভবাদৃক্ ও°] বিণ, আপনার সদৃশ ; তোমার মত। স্ত্রীং ~ী।

ভঁবান্ [যুষ্মদর্থক ভবৎ >] স, আপনি।

ভঁবানী [ভব (শিব) দ্র:] বি, ভবদারা ; পার্ব্বতী। ~গুরু-পার্ব্বতী-পিতা হিমালয়। ~পতি-শিব।

ভঁবাব্ধি [ভব+অব্ধি] বি, ভবসিন্ধু ; সংসারসমুদ্র।

ভঁবারাধ্য [ভব+আরাধ্য] বিণ, জগৎ-পূজ্য। ২ বি, ভগবান। স্ত্রীং ~া।

ভঁবার্ণব [ভব+অর্ণব] বি, সংসারসমুদ্র ; ভবসাগর।

ভঁবিক [ভব (মঙ্গল)+ইক] বি, মঙ্গল ; কল্যাণ। ~ময়-বিণ, মঙ্গলময়। "ভবন ভবিকময়"-অ° ম°।

ভঁবিতা [ভূ (হওয়া)+তৃ (র্ত্তৃ)=ভবিতৃ ১মা, ১ব°] বিণ, ভবনশীল ; উৎপত্তিজনক। ২ ভবিষ্যৎ। স্ত্রীং ভঁবিত্রী।

ভঁবিতব্য [ভূ (হওয়া)+তব্য (ভবিষ্যৎ-কালে শক্যার্থে, র্ম্ম)] বিণ, অনিবার্য্য ; অবশ্যম্ভাবী। "না মরিবে কাম ভবিতব্যের লাগিয়া।"-অ°ম°। বি, ~তা-অবশ্যম্ভাবিতা। ২ [মনোবিজ্ঞা° পরি:] বি, ইং fate এর বৈজ্ঞা° পরি:।

ভবিষ্ণু [ভূ+ইষ্ণু (র্ক্তৃ)] বিণ, ভবনশীল ; ভাবী ; হবে এমন।

ভবিষ্য [ভূ (হওয়া)+স্যতৃ (র্ক্তৃ)] বি, পুরাণবিঃ। ২ বিণ, উত্তরকালে হবে এরূপ ; অনাগত ; ভাবী। ~সূর্চনা-বি, ভবিষ্যতে যা হবে তার পূর্ব্ব প্রস্তাবনা বা সূত্রপাত।

ভবিষ্যৎ [ভূ (হওয়া)+স্যতৃ (র্ক্তৃ)] বিণ, ভাবী ; ভবিতব্য ; অনাগত। ভবিষ্যদ্বক্তা [ভবিষ্যৎ+বক্তা] বিণ, ভাববাদী ; ভবিষ্যতে কি হইবে যিনি বলিতে পারেন।

ভবিষ্যদ্বাণী [ভবিষ্যৎ+বাণী] বি, উত্তরকালে যা ঘটিবে তার পূর্ব্বাভাষ ; ভাববাণী।

ভবী [ভব (শিব)+ঈ (দারা অর্থে)। ভবা স্থলে ভবী] বি, ভবদারা ; ভবানী। ২ [মতান্তরে] জনৈক গৃহস্থকন্যা। যে,যা করিবে বলিয়া মনে করিত তা সিদ্ধ না করিয়া ছাড়িত না। "ভবী ভুলিবার নয়"-ভব ভবাণীকে দক্ষযজ্ঞে যাইতে কৃতসঙ্কল্প দেখিয়া অনেক বুঝাইয়া নিষেধ করিয়াছিলেন, কিন্তু সতী স্বীয় সঙ্কল্পচ্যুত হন নাই, এই পুরাণকথা, অথবা উক্ত গৃহস্থ কন্যার প্রকৃতি এই প্রবচনের উৎপত্তির হেতু।

ভব্য [ভূ (হওয়া)+য (র্ক্তৃ)। প্রা০ ভব্যি] বিণ, সভ্য ; ভদ্র। "ভব্যজন নগরের শোভা।" -কবিক০। ২ সাধু ; সৎ। ৩ শান্তপ্রকৃতি ; শিষ্ট। "ভব্য লোক পাঠাইয়া কাজী বোলাইলা।"-চৈ০ চ০। ৪ শুভকর ; মঙ্গলজনক। ৫ ভাবী। ৬ [বৈদ্যকে] বি, চালিতা ফল। ~া-বিণ, শিষ্টা। ২ বি, ভবানী। ~তা-বি, ভদ্রতা ; সভ্যতা। ~লোক-বি, ভদ্রলোক। "ভব্যলোক পাঠাই কাজিরে বোলাইয়া"-চৈ০ চ০।

ভব্যিযুক্ত [ভব্য দ্রঃ। প্রা০] বিণ, ভব্যতাবিশিষ্ট ; সৌষ্ঠবান্বিত। ২ মার্জ্জিতরুচি। "আমাদের অন্তঃপুরে আগে সেই ভব্যিযুক্ত বৈষ্ণবী বাঙ্গালা পড়াইত।"-ভারতী, ১৩২০।

ভভম, ভভম্ভম [অনু০] বি, শিঙ্গাবাদনশব্দ। "ভভম্ ভবম্।"-"ভভম্ভম ভভম্ভম শিঙ্গা ঘোর বাজে।"-অ০ ম০।

ভমএ [ভ্রমণ করে > ক্ষে০ ভ্রমরে > ভ্রং, পদ্যে] ক্রি, ভ্রমণ করে। "ভ০ ভ্রমরা" -পদাবলী।

ভমর [ভ্রমর > ভ্রং] বি, ভ্রমর ; মধুকর। স্ত্রীং ~ী।

ভম্ভ [ভম্ (অনু০)-ভা (শব্দ করা, দীপ্তি পাওয়া)+অ (র্ক্তৃ)] বি, ধুম ; ধুঁয়া।

ভম্ভরালিকা [সং] বি, দংশ ; ডাঁশ।

ভম্ভরালী [ভম্ (অনু০ দ্বিত্ব)-"ভম্ভম্" শব্দ করা] বি, ভনভনে মাছি ; বড় মাছি।

ভয় [ভী (ভীত হওয়া)+অ (ভা০)] বি, শঙ্কা ; ত্রাস ; আতঙ্ক। ~কর-বিণ, ভীতিজনক। ভ০ করা-ভীত হওয়া। ২ আশঙ্কা করা ; ভয়ে জড়সড় ভাব হওয়া। ~কাতর-বিণ, ভীতিবিহ্বল। > স্ত্রীং ~া। ~ক্লিষ্ট-বিণ, ভয়ার্ত্ত। > স্ত্রীং ~া। ভ০ খাওয়া -ভয়বোধ করা। ভ০ খাকুয়া,-খেকো -যে ভয় খায় ; ভীরু। ~চকিত [ভয় দ্বারা চকিত, ৩তৎ] বিণ, শঙ্কাহেতু চমকিত ; সন্ত্রস্ত। ভ০ জন্মানি, ভ০ জন্মে দেওয়া-ভয় উৎপাদন করা ; ~ডর [একার্থক সহ০ দ্বন্দ্ব] ভয় ভাবনা। ~তরাসে [ত্রাস > তরাস+ইয়া > ক্ষে০] বিণ, ভয় ও ত্রাসযুক্ত ; স্বভাবতঃ ভীরু। > স্ত্রীং ~তরাসী। ~ত্রস্ত-বিণ, ভয়চকিত। "জীবভয়ত্রস্ত" -উত্তরা, পৌষ, ১৩৩৩। ~ত্রাতা-বিণ, শঙ্কানিবারক। ২ পঞ্চপিতার অন্যতম। ~নাশন-বি, ভগবান ; বিষ্ণু। ২ বিণ, শঙ্কানিবারক। > স্ত্রীং ~নাশিনী-শঙ্কানিবারিণী। ভ০ নাই-অভয় দান ; সাহস দান ; সাহস কর ; আশ্বস্ত হও ; আশ্বাস দান ; ভয় করিও না ; ভয়ের কারণ নাই ; ভাবিও না। ভ০ পাওয়া-ভীত হওয়া। ~পূর্ণ-বিণ, ভীত ; ভয়াচ্ছন্ন। ~প্রদর্শন -বি, ভয় দেখান। ~প্রাপ্ত-বিণ, ভীত। ভ০ বাসা-ভয় করা। ~বিহ্বল-বিণ, ভয়ার্ত্ত ; ভয়ে অভিভূত। > বি, ~বিহ্বলতা (-ল-)। ~ভীত-ত্রাসান্বিত। ভ০ ~ভাঙ্গা -ভয় দূর করা বা হওয়া। ~ভাঙ্গা-বিণ, নির্ভয়। ~শূন্য-বিণ, শঙ্কারহিত ; নির্ভয়। ভ০ হওয়া-ভয় জন্মান। ভয়ে পিঁপড়ার গর্ত্তে লুকান-ভয়রাহিত্য-সূচক ; কিছু মাত্র ভয় নাই বা ভয় করি না এই অর্থে। "ইস্ বাপ্ রে! রাণী আর কি! ভয়ে পিঁপড়ের গর্ত্তে লুকাব নাকি?" -ভারতী, ১৩২০। ভয়ে ভক্তি-দণ্ড-ভয়ে ভক্তি। ভয়ে ভয়ে-ক্রি-বিণ, ত্রস্তভাবে।

ভয়ঙ্কর [ভয়-কৃ (করা)+অ (র্ক্তৃ) বিণ, ভীষণ ; ভীতিপ্রদ ; ত্রাসজনক ; ঘোর। স্ত্রীং ~ী-ভীষণা।

ভয়ডিণ্ডিম-বি, রণবাদ্যবিঃ।

ভয়দ [ভয়-দা (দান করা)+অ (র্ক্তৃ)] বিণ, ভয়ঙ্কর ; ভীতিপ্রদ। স্ত্রীং ~া।

ভয়ষা, ভৈষা [মহিষা > হিং ভৈঁষা, বাং-র-ভৈষা, ভয়্ষা] বিণ, মহিষদুগ্ধজ।

ভয়া-নৌ দ্রঃ।

ভয়াউনি [ভয়ানক > হিং ব্রজ০] বিণ, ভীষণ ; ভয়ঙ্কর ; ভীতিসঞ্চারক। "অতি ভ০ নিবিলি রাতি।"-বি০ প০।

ভয়াকুল [ভয়+আকুল] বিণ, ভয়বিহ্বল। "ছাত্রগণ ভয়াকুল হইত"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

ভয়াতুর [ভয় দ্বারা আতুর, ৩তৎ] বিণ, ভয়ার্ত্ত ; শঙ্কাকাতর।

ভয়ানক [ভী (ভয় পাওয়া)+অনক (অপা০), যা হতে ভয় পাওয়া যায়] বি, ব্যাঘ্র। ২ রাহু। ৩ কাব্যের রসবিঃ ; ভয় যার স্থায়িভাব। ৪ বিণ, ভয়ঙ্কর ; ভীষণ। ৫ ভীত। "দুঃখীলোকে দয়া করে ভয়ানকে ভয় হরে অর্জ্জুন সমান ধরে বাণ।"-কবিক০।

ভয়াপহ [ভয় (শঙ্কা)+অপ+হা (ত্যাগ করা)+অ (র্ক্তৃ)] বি, বিষ্ণু। ২ নৃপতি। ৩ বিণ, ভীতিনাশক।

ভয়াবহ [ভয়ের আবহ (উৎপাদক), ৬তৎ] বিণ, শঙ্কাজনক ; ভীতিপ্রদ ; ভীষণ।

ভয়ার্ত্ত [ভয়+আর্ত্ত] বি, ভীত।

ভয়াল [সং] বিণ, ভীষণ। "কি ভ০ অরণ্যানী ভাবিলে শিহরে প্রাণী"-রঙ্গলাল০।

ভর১ [ভৃ (পোষণ করা)+অ] বি, ভরণ। ২ নির্ভর ; অবলম্বন। ৩ ভার। ৪ আবির্ভাব। প্র-তার উপর ঠাকুরের ভর হয়। "এইরূপ

সরল প্রাণ পবিত্র দেবভক্ত বালক ও স্ত্রী পুরুষদের উপরেই ত দেব দেবীর ভর হয়, শুনেছি" -শ্রীশ্রীরামকৃষ্ণ লীলাপ্রসঙ্গ। ৫ আধিক্য। ৬ গৌরব। ৭ সমূল। ৮ পূরণ। ৯ আগ্রহ। উড়ু উড়ু করে প্রাণ রণে নাহি ভয়।"-মহা০ (কাশী০)। ১০ ঠেকনা। "ঘর হইল চাল হইল কানিনা রাখিল পাছ ভর।" -শূ০ পু০। ১১ বিণ, ভরণকর্তা। ১২ সমস্ত; সকল। প্র-ভর সংসার। "ললিত লবঙ্গলতারা যদি আবার কলা বিদ্যা সমন্বিতা হন, তবে ত "ভর" দুনিয়াই তাঁদের পায়।" -নরওয়ে ভ্রমণ। ১৩ পূর্ণ; পরিপূর্ণ; ভরা। প্র-ভর সন্ধ্যাবেলা; ভর পোয়াতি। ~কঁ(রঁ-) [প্রাদে০] বি, ঘট। ভ০ ভাঙ্গিল মোর দুষ্ট দুরাচার" -মৈ০ গী০। ভঁর কিরী [ভর করিয়া >। প্রা০ বাং] অস-ক্রি, পতিত হইয়া; শয়ন করিয়া। "কাটারত ভর করী তেজিবোঁ পরাণে।"-শ্রী০ কী০। ~-যু(যো)য়ান [যৌবন >] বিণ, পূর্ণ যৌবন বা পূর্ণ যৌবনা। "কি করিব ভরযুয়ান হইয়া"-মাণিক০।

ভর২ [বলবিদ্যা০ (ক০ বিশ্ব০ পরিঃ)] বি, ইং mass এর বৈজ্ঞা০ পরিঃ। ~বেগ-momentum. > কৌনিক ভরবেগ-moment of momentum.

ভরই [ব্রজ০। ভরা দ্রঃ] ক্রি, পূর্ণ করে। "ক্ষণে ক্ষণে বসন ধূলিতনু ভরই॥"-বি০ প০।

ভরকেন্দ্র [জ্যা০ (ক০ বিশ্ব০ পরিঃ)] বি, ইং centroid এর বৈজ্ঞা০ পরিঃ।

ভরছন [ভৎর্সনা > ভ্রং] বি, ভৎর্সনা' গঞ্জনা; লাঞ্ছনা। "হয় গজের গরজন, সোনার তরজন, পয়োধি ভ০ লাজে।"-অ০ ম০। > ক্রি, ভরছিআঁ [ভৎর্সনা > ভৎর্সিয়া >। প্রা০ বাং] অস্-ক্রি, ভৎর্সনা করিয়া। "তাক ভরছিলেঁ বহু ঝি দহী বিকণে" -শ্রী০ কী০।

ভরণ [ভৃ+অন (ভা০)] বি, অন্ন দিয়া প্রতিপালন। ২ পূর্ণকরণ। ৩ ধারণ। ৪ [পে-অন] বেতন। ~পোষণ-বি, অন্নবস্ত্রাদি দানে প্রতিপালন। ~পোষণকারী-বি, প্রতিপালক।

ভরণী [জ্যা০] বি, সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে তিনটী নক্ষত্রযুক্ত ত্রিকোণাকার দ্বিতীয় নক্ষত্র। ~ভূ-রাহুগ্রহ।

ভরণীয় [ভৃ+অনীয় (র্ম্ম)] বিণ, ভর্তব্য।

ভরণ্য [ভরণ+য (অর্হার্থে)] বিণ, ভরণীয়; প্রতিপাল্য। স্ত্রীং ~া-বেতন। ~ভুক্-বেতনভুক্ কর্ম্মচারী; মাহিনার চাকর।

ভরণ্ড [ভৃ (ভরণে)+অণ্ডচ্] বি, ভর্তা। ২ প্রভু। ৩ ভূমি। ৪ বৃষ।

ভরত [ভৃ (পালন করা)] বি, রাজা দশরথের মধ্যমপুত্র। ২ দুষ্মন্ত রাজার শকুন্তলা গর্ভজাত পুত্র (পূর্ব্ব নাম সর্বদমন)। ৩ সঙ্গীত ও নাট্যশাস্ত্রের প্রথম প্রবর্তক মুনিবিশেষ। ৪ স্বনামপ্রসিদ্ধ ব্রাহ্মণকুমার জড়ভরত। ৫ রাজর্ষিবিঃ। ৬ নাট্যশাস্ত্র। ৭ নট। ৮ ভরতের বংশ। ৯ তন্তুবায়। ১০ ব্যাধ। ~খণ্ড-ভারতবর্ষ। ~পুত্রক-ভরতপ্রবর্ত্তিত নাট্যকলাব্যবসায়ী; নট; অভিনেতা। ~পুর-রাজা ভরতের পুরী। ২ রাজপুতানার অন্তর্গত ক্ষুদ্র রাজ্যবিশেষ। ভরতাগ্রজ [ভরত+অগ্রজ, ৬তৎ] বি, রামচন্দ্র।

ভরতা [হিং ভর্ত্তা] বি, বেগুন কচু আদি সেকিয়া বা পোড়াইয়া মসলা যোগে প্রস্তুত ব্যঞ্জন।

ভরতি-ভর্ত্তি দ্রঃ।

ভরদ্বাজ [পুং] বি, স্বনামপ্রসিদ্ধ মুনি; মহারাজা ভরতপালিত বৃহস্পতিতনয়; দ্রোণাচার্য্যের জনক। ২ [এই অর্থে ভরদ্বাজক ও] ভারুই পাখী।

ভরন১ [প্রা০ভড়ঙ্গ, ভর(ড়)ং। সং-বর্ত্ত > হিং ভরৎ >। ইং bronze] বি, পিতল ও কাঁসার সঙ্কর ধাতু। প্র-ভরনের বাসন।

ভরন২, ভরনা [সং-ভর > ভরন, + আ (তুচ্ছার্থে)] বি, ভর; ভার; নির্ভর। ২ ভার রাখিবার বা সহিবার শক্তি। ভঁ০ দেওয়া-ভর করা; ভার রাখা।

ভরন্ত [ভৃ-অন্ত (ইত) অথবা সং-পূর্ণ বা পূরিত > বাংর পুরন্ত। সং-পুষ্ট > বাং-র পুরুষ্টু ইং অনুকরণে ভরিত > ভরন্ত] বিণ, ভরপুর; পুরন্ত; পূর্ণ। "তার পৃষ্ঠে কুঁজ যেন ভরন্ত ডাবরী"-কৃত্তি০।

ভরপুর [ভর (ভরা)-পুর (পূর্ণ)] বিণ, পরিপূর্ণ। "দু' বছর ভরপুর হয়নি বয়স তোর।"-চন্দন০।

ভরপেট [ভর-পেট] বিণ, উদরপূর্ত্তিজনক; উদর পূরণ বা ক্ষুধা নিবৃত্তির জন্য যতটা আবশ্যক। টিকি ঝাড় আর খাও ভ০।" -রজনী সেন।

ভরভর [অনু০] অ, ভুরভুর দ্রঃ। বিণ, ভরভিরিয়া [প্রা০ ভরভিরে] ভরা; পরিপূর্ণ। ক্রি, ভরভরানি-ভরভর করা।

ভরম১ [ভৃ (ভরণ করা)+অম (র্ত্তৃ)] বিণ, ভর্তা; ভরণপোষণের কর্তা। ২ সম্ভ্রম; মান। সরম ভরম-বি, লজ্জা সম্ভ্রম। "সরম ভরম গেল উদরের বেগে।"-অ০ ম০। ক্রি-বিণ, ভরমে-সম্ভ্রমের সহিত। ভরমে ভরমে-ক্রি-বিণ, মানে মানে; মান লইয়া। "ভরমে ভরমে যাও ঘরে।"-চণ্ডি০। ভঁ০ বজায় থাকা-সম্ভ্রম রক্ষা হওয়া; মান থাকা। ভঁ০রাখা-যাতে মান থাকে এরূপ করা; সম্ভ্রম রক্ষা করা। ভরমের টাটি-বি, সম্ভ্রমের আবরণ।

ভরম২ [ভ্রম > বিভ্রম (বিভ্রান্তি) >] বিভ্রম। ২ অতিভয়ে বিহ্বলতা; ভীতি বিহ্বলতা জনিত ভ্রান্তি। "নিরবধি রামরূপ অন্তরেতে দেখে॥ * * ভরমে রামের রূপ ধরণীতে দেখে॥"-রামা০ (কবিচন্দ্র, ১৬শ শতাব্দী)।

ভরমা-ভ্রমা দ্রঃ।

ভরমিব [ভ্রমিব > পদ্যরূপ] ক্রি, ভ্রমণ করিব। "দেশে দেশে ভরমিব যোগিনী হইয়া"-চণ্ডি০।

ভরম্ভর [ভরম্(ভর)+ভর (পরস্পরার্থে -দ্বিত)] বি, পরস্পরের উপর পরস্পরের নির্ভর। ২ [সম্পূর্ণার্থে দ্বিত্ব] সম্পূর্ণ ভর।

ভরস [প্রা০ বাং-ভরসা > পদ্যে] বি, সাহস। ২ প্রবোধ। "হৃদয়ে ভ০ কর থাক মোর থানে"-শ্রী০ কী০।

ভরসা [ভর-সা (সাদৃশ্যার্থে), নির্ভরের ভাব। হিং ভরোসা] বি, নির্ভরশীলতা। ২ আশ্রয়; অবলম্বন। ৩ সাহস। ৪ আশা। "কিবা ভরসায় আইস কাছে।"

-জ্ঞান॰। ভঁ॰ কঁরা-ক্রি, আশা করা। ভঁ॰ ছাড়া-ক্রি, আশা ত্যাগ করা। ভঁ॰ থাকা -ক্রি, আশা থাকা। ২ সাহস থাকা। ভঁ॰ দেওয়া-ক্রি, আশা দেওয়া; কাহাকেও আশান্বিত করা। ভঁ॰ পাওয়া-ক্রি, কাহার দ্বারা আশান্বিত হওয়া; ভঁ॰ যাওয়া-ক্রি, আশা বা সাহস নষ্ট হওয়া।

ভঁরা, [সং-ভার >] বি, বোঝা; বোঝাই; ভার। "ফুলের নাঅ কাহ্নাঞি নাহি সহে ভরা।"-শ্রী॰কী॰। "না কর আসিতে ত্বরা সাতনায়ে দিয়ে ভরা লাভ করি আসিহ বসতি।"-কবিক॰। ২ বোঝাই নৌকা; বজরা। "প্রবঞ্চনায় বিকিকিনি করে ভরা কৈলে ভারি।"-রা॰প্র॰। ~ই-বি, বোঝাই; ভর্ত্তি। ২ [মৈমন॰ প্রাদে॰] বিণ, পূর্ণ; সমগ্র; সমস্ত। full, বা entire এই অর্থে বাং গ্রা॰ 'ভোর' প॰ বঙ্গে বেশী চ॰। প্র-পাঁচ বৎসর ভরাই=পাঁচ বৎসর ভোর full five years. ~ডুবি, ~বুড়ি-বি, বোঝাই করা নৌকা ডুবি। ২ সর্ব্বনাশ। ভঁরার মেয়ে-বি, বল্লালি কৌলিন্য প্রথার যুগে বিবাহার্থে নৌকায় ভরিয়া ব্রাহ্মণ-কন্যা পরিচয়ে আনীত নানা জাতীয়া কন্যা। "কৌলীন্যের কঠোরতার জন্য মেয়ে পাওয়া দায় হইয়া উঠিলে, পূর্ব্ববঙ্গে নদীতে নৌকা ভরিয়া একশ্রেণীর মেয়ে গ্রামে গ্রামে আনা হইত, তাহারা নানাজাতির মধ্য হইতে অনেক সময়ে সংগৃহীত হইত। তাহাদিগকে ব্রাহ্মণকন্যা বলিয়া বিবাহ দেওয়া হইত। ইহাদের মধ্যে কখনো কখনো মুসলমান-কন্যাও থাকিত। এই "ভরার মেয়ে"রা সমাজে চলিয়া গিয়াছে। তখনকারদিনে দূরের পরিচয়ের সংবাদাদি পাওয়া যাইত না বলিয়া এরূপ হইত।"-ভারত পরিচয়।

ভঁরা₂ [ভরা₁ দ্রঃ] বিণ, পূর্ণ। ভঁরা গাঙ্গ-জলে পরিপূর্ণ নদী; কানায় কানায় পূর্ণ নদী, বিতঃ গঙ্গা। কান্না ভঁরা সুর-যে কণ্ঠে ক্রন্দনের স্বর পূর্ণ মাত্রায় বিরাজিত। "কান্না ভরা সুরে ত্রিনয়না বললে"-আ॰শক্তি, ১৩৩৪। ভঁরে আসা-ক্রি, (জল ই॰-তে) পূর্ণ হওয়া; (আধার) ক্রমে পূর্ণ হওয়া। ২ [লক্ষ॰] ভাব, আবেগ, দুঃখ, অভিমান ই॰-তে হৃদয় পূর্ণ হওয়া। "নিদারুণ অভিমানে তার বুক ভরে উঠেছিল।"-আ॰ শক্তি, '৩৪। ৩ (কণ্ঠ) ক্রমে ভার হওয়া; কণ্ঠ রোধ হইবার মত হওয়া।

ভঁরা₃ [হি॰ ভর্‌না। সং-ভৃ (পূরণে) >। ভরি, ভর (ভরেন, ভরিস), ভরে (ভরেন। পদ্যে-ভরয়ে); ভরিতে; ভরিয়া (ক্ষে॰ ভরি (পদ্যে), গ্রা॰ ভঁরে)। ণিজন্ত-ভরানি] ক্রি, পূর্ণ করা। "তোমার মধুর রূপে ভরেছে ভুবন" -রবী॰। "শুনিতে তোহারি বাত পুলকে ভরয়ে গাত।"-চণ্ডি॰। ২ বোঝাই করা। ৩ লাগা। "যার শক্র পরে পরে মোর গায় ধূলা না ভরে"-সা প॰ প॰। ৪ ব্যাপা; জোড়া। "আমার কপোল ভরে শিশির পড়িবে ঝরে"-রবী॰। ৫ পূর্ণ হওয়া। প্র-পেট ভ'রে খাওয়া। ব্রজ॰ ভঁরই-ভরে; পূর্ণ করে। ভঁরল-ভরিল। "রুধিরে ভরল কিয়ে সুরঙ্গ পঙার।"-বি॰ প॰। ভিরু-ভরে। ভঁরাআঁ [প্রা॰ বাং] ক্রি, পূর্ণ করিয়া। ভঁরায়িলি [প্রা॰ বাং] ক্রি, পূর্ণ করিলি। ভঁরিআঁ, ভঁরিঞা, ভরিয়া (গ্রা॰ ভ'রে)-ক্রি-বিণ, পূর্ণ করিয়া।

ভঁরা/ট [ভর্ত্তি দ্রঃ] বি, পূর্ত্তি। ২ বিণ, পূর্ণ। ~টি [ভরা-ট্টি (প্রর্ত্তাদি ভরণকারী মাটী)] বি, নদীর কোন অংশ চড়া পড়িয়া ভরাট হওয়া জমী।

ভঁরানি [ভরা₃, দ্রঃ। ভরাই, ভরাও, ভরায়; ভরাইতে; ভরাইয়া (গ্রা॰ ভরিয়ে)] ক্রি, পূর্ণ করা।

ভঁরাভঁর-ভরন্তর দ্রঃ।

ভঁরি [প্রা॰ বাং] বি, পদ; পা। "জনমিল ভেক তার হইল চাইর ভরি।"-শূ॰ পু॰। ২ স্বর্ণাদির পরিমাণবিঃ; তোলা। ৩ ক্রি, পূর্ণ করি; ভরা দ্রঃ।

ভঁরিত [ভৃ (পালন করা)+ইত (র্ম)। বৌ॰সা॰। তুল-ভরা (হস্তিপাল-জাতক দ্রঃ)] বিণ, পূর্ণ; পূরিত। "উদক ভরিত"-জাতক। ২ প্রতিপালিত; পোষিত। ৩ হরিদ্বর্ণ; সবুজ রং। ৪ [ভর+ইত (যুক্তার্থে)] ভরবিশিষ্ট; ভারযুক্ত।

ভঁরিমা [ভরিমন্ শব্দ] বি, ভরার ভাব; পূর্ণতা। ২ পোষণ; প্রতিপালন।

ভঁরিল [প্রা॰ বাং র কৃদন্তাত্মক বিশেষণে 'ইল' যোগ। ভরা (ধাতুর উত্তর অতীতে) +ইল (=ইত)। তুল-ভাঁগিল=ভঙ্গিত=ভগ্ন; সুতিল; সুপ্ত; দুহিল=দুহিত=দোয়া; পাকিল =পক্ব। ভুখিল=ক্ষুধিত ই॰] বিণ, ভরা; পরিপূর্ণ। "ভরিল সমাজে"-কৃত্তি॰। ভ॰ যমুনাত তোক্ষাক কৈলোঁ পার।"-শ্রী॰কী॰।

ভঁরী-বি, স্বর্ণ রৌপ্যাদি ধাতু বা ঔষধাদির তোলা পরিমাণ; বর্ত্তমান টাকা ভর ওজন।

ভঁরু [ভরা দ্রঃ। ব্রজ॰] ক্রি, ভরে। "দুহু অধরামৃতে দুহুঁ মুখ ভরু"-বি॰ প॰।

ভঁরে [প্রা॰ বাং] অ, ভারে। "আম্বু জাম্বু মুকুলিল ভরে নোআঁইল ডাল।"-শ্রী॰ কী॰।

ভঁর্গ ["হরঃ স্মরহরো ভর্গস্ত্র্যম্বকস্ত্রি-পুরান্তকঃ"-অমর॰] বি, ব্রহ্মা। ২ মহাদেব। "শিব ভর্গ ত্রিলোচন বৃষধ্বজ পঞ্চানন"-অ॰ ম॰। ৩ জ্যোতিঃ; তেজঃ।

ভঁর্চ্চা-ভচ্চা দ্রঃ।

ˋভঁর্চ্ছান, ˋভর্চ্ছা-ভৎ্সন দ্রঃ।

ভঁর্জ্জন [ভৃজ্ (ভাজা)+অন (ভা॰)] বি, ভৃষ্ট করণ; ভাজা।

ভঁর্ত্তব্য [ভৃ (পোষণ করা)+তব্য (র্ম)] বিণ, প্রতিপাল্য; ভরণপোষণোপযোগী।

ভঁর্ত্তা [ভৃ (পালন করা)+তৃ (র্তৃ)= ভর্তৃ ১মা, ১ব॰] বি, স্বামী। ২ রাজা। ৩ প্রভু। ৪ বিণ, ধারণ, রক্ষণ, পালন ও পোষণকর্ত্তা। ৫ বিষ্ণু। স্ত্রীং ভর্ত্রী-পালনকর্ত্রী।

ভঁর্ত্তি, ভরতি [গ্রা॰ ভত্তি] বি, পূরণ। ২ বিণ, ভরপূর। ৩ নিযুক্ত।

ভঁর্ত্তৃক [ভর্তৃ (প্রভু, পালক)+ক (স্বার্থে)] বি, প্রভু; প্রতিপালক; মনীব; কর্ম্মে নিয়োগকর্ত্তা employer.

ভঁর্ত্তৃদারক [ভর্তৃ (প্রভু)-দারক (পুত্র), ৬তৎ] বি, নাট্যোল্লিখিত রাজপুত্র। স্ত্রীং, ভর্ত্তৃদারিকা।

ভঁর্ত্তৃহরি [ভর্তৃ (প্রধান)-হরি] বি, সুপ্রসিদ্ধ ভট্টিকাব্যের রচয়িতা; রাজা বিক্রমাদিত্যের বৈমাত্রেয় জ্যেষ্ঠ ভ্রাতা। ২ বাক্যপ্রদীপকর্ত্তা বৈয়াকরণ কবিবিঃ।

ভ̀ং́/সঁন, ভঁং́সঁনা [ভর্ৎস্ (ভর্ৎসনা করা)+অন (ভা°), +আ (স্ত্রীং)। প্রা° বাং- ভঁর্চ্ছনা (পীতাম্বর দাসের রসমঞ্জরী) > গ্রা° ভঁর্চ্ছনা, ভর্চ্চা, ভচ্চা] বি, তিরস্কার। ২ নিন্দা। ৩ তর্জ্জন। ৪ খেদ ; আক্ষেপ। ৫ [অর্থ শা°] 'ইহা তোমার অনুরূপ হয় নাই' এই উক্তির নাম। ~সঁক- বিণ, ভর্ৎসনাকারী। বিণ, ~সির্ত। >স্ত্রীং ~া। ~সির্ল [নামধাতু] ক্রি, ভর্ৎসনা করিল। গ্রা° ভর্চ্চিল। ভর্চ্চা দ্রঃ।

ভঁর্ল, ভঁলা [ভাল >। হিং ভলা। ব্রজ°] বিণ, ভাল। "ভল ভেল দম্পতি শৈশব গেল"-বি° প°। "ভল হয় ভল হরি, ভল তুঅ কলা"- বি° প°।

ভঁল্ল [ভল্ল্ (বধ করা)+অ (র্ক্তৃ)] বি, ভল্লুক। ২ [+অ (ণে), যা দ্বারা বধ করা যায়] বাণবিঃ ; সূচীফল তুল্য ফলক অস্ত্র ; বেধনাস্ত্র ; ভালা। ~ক-বি, ভালুক। স্ত্রীং ~কী।

ভঁল্লাত, ভঁল্লাতঁক, ভিল্লিকা [সং] বি, ভেলাগাছ।

ভঁল্লুক, ভিল্লুক [অর্ব্বাচীন সং। অধিক পুরাতন দেশী প্রাকৃ° ভল্লু। গ্রা° ভালুক] বি, ঋক্ষ ; ভালুক। স্ত্রীং ভিল্লুকা, ভঁল্লুকী। ~জ্বর-ক্ষণিক কম্পজ্বর; ক্ষণস্থায়ী জ্বর।

ভঁষঁক ["শুনকে ভষকঃ শ্বা"-অমর°] বি, সারমেয় ; কুকুর। "ভ° দেখিয়া যেন পলায় মূষক।"-কৃত্তি°।

ভঁষঁল [প্রা° বাং, সং-ভসনঃ (শ° কল্প°)] বি, ভ্রমর। "অধিক পীড়এ যবেঁ ভুখিল ভষলে"-শ্রী° কী°।

ভঁস্ [অনু°] অ, বালু বা মৃত্তিকাদির স্তূপ শিথিল হইয়া নামিয়া যাইবার বা স্খলিত হওয়ার ভাব ও শব্দ ; প্র-নামিয়া চড়ার উপর পা রাখিতেই উহা ভস্ করিয়া নামিয়া গেল। বিণ, ভস্‌কা। ব্যাপ্তার্থে- ভঁস্‌ভঁস। লঘু অর্থে ভুস্‌ভুস্। ক্রি, ~ভঁসানি-ভস্‌ভস্ শব্দে নামিয়া যাওয়া। >বি, ভঁসভঁসানি। >বিণ, ভঁসর্ভঁসে -ভস্কা দ্রঃ।

ভঁসঁম [ভস্ম > ব্রং, পদ্যে] বি, ছাই।

ভঁসিতঁ [সং] বি, ভস্ম।

ভঁস্কা, ভ্যাস্‌কা। [গ্রা° অনু°। ভস্ দ্রঃ] বিণ, জলবৎ। ২ শিথিল ; আল্‌গা।

ভঁস্ত্রা, ভঁস্ত্রকা, ভিস্ত্রিকা [সং] বি, বায়ু পরিচালন যন্ত্রবিঃ ; জাঁতা। ২ ভিস্তী ; মষক।

ভঁস্ম (ভঁশ্‌শঁ) [ভস্ (দীপ্তি পাওয়া) + মন্ (র্ক্তৃ)=ভস্মন ১মা, ১ব। ব্রজ° ভসম। "অঙ্গে ভসম নহ মলয়জ পঙ্ক"-বি° প°। ~ক [সং] বি, সুবর্ণ। ২ রৌপ্য। ৩ কফের হ্রাস ও বায়ুপিত্তের প্রকোপজ রোগবিঃ। ৪ ভস্ম-কীট। ~কীট-বি, ভুক্তদ্রব্য -জীর্ণকারী উদরস্থ কীটবিঃ। ~চাপা-বিণ, ছাই ঢাকা। "ভস্ম-চাপা আগুণের মত"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ~সাৎ-অ, সম্যক্ ভস্মীভূত ; ভস্মাকারে পরিণত। ~স্তূপ-বি, ভস্মা-রাশি ; ছাইয়ের গাদা।

ভঁস্মা/চ্ছঁন্ন [ভস্ম (দ্বারা) + আচ্ছন্ন, ৩তৎ] বিণ, ভস্মাবৃত। ~চ্ছাদির্ত [ভস্ম (দ্বারা) + আচ্ছাদিত, ৩তৎ] বিণ, ভস্মাবৃত ; ছাই চাপা। ~ধার [ভস্ম + আধার] বি, ছাই রাখিবার পাত্র ; মৃত দেহের ভস্মাবশেষ রক্ষার স্থালী। ~বঁশেষ [ভস্ম + অবশেষ, ৬তৎ] বি, ভস্মের অবশিষ্ট চূর্ণ অংশ ; ছাই। ২ বিণ, ভস্মীভূত দেহ ; ভস্মে পরিণত ("ভস্মাবশেষং মদনং চকার"- কুমার)।

ভঁস্মাবৃর্ত [ভস্ম (দ্বারা) + আবৃত, ৩তৎ] বিণ, ছাই ঢাকা।

ভঁস্মির্ত [ভস্ম+ইত] বিণ, ভস্মাকারে পরিণত। ২ বিনষ্ট।

ভঁস্মীকঁরণ [পদার্থ বিজ্ঞা° পরিঃ] বৈজ্ঞানিক প্রণালীতে ভস্মে পরিণত করণ ; ইং calcination এর বৈজ্ঞা° পরিঃ।

ভঁস্মীভূর্ত [ভস্ম + ঈ(চি-অভূততদ্ভাবার্থে) + ভূত] বিণ, ভস্মে পরিণত ; ভস্মিত। ২ বিনষ্ট ; হত।

ভা [ভা (দীপ্তি পাওয়া) + অ (ভা°)] বি, দীপ্তি ; প্রভা ; আলোক। ২ কিরণ।

ভাআ, ভাওয়া [সং-ভা (দীপ্তি) + আ (ক্রিয়া-বিভক্তি)। হিং বৃ=ওয়া-ভাবনা। ভাওই (ব্রজ° ভাবই)। বাং-ভায়, ভাওয়ে (ব্রজ° ভাবয়ে)] ক্রি, প্রকাশ পায় ; শোভা পায়। "তা বিনে রাতি দিবস নাহি ভাওই" বি° প°। [পাঠান্তরে "ভাবই"-প্রাচীন কাব্য সংগ্রহ (অ° সরকার)]। "নয়নে করুণার কিরণ ভায়"-বিহারি° সরকার। ২ পূর্ব্বাভাস দেওয়া ; সূচনা করা। "কপালে কল্যাণী তোর সুমঙ্গল ভায় মা॥"-অতুল° মিত্র। ৩ ভাল লাগা। "তোমা বিনে মোর চিতে কিছুই না ভায়॥"-চণ্ডি°। "কিছুই না ভায় তাঁর একা কৃষ্ণ বিনে।"-রসিক মঙ্গল। ৪ বিরাজ করা ; উদয় হওয়া ; জাগা। "চণ্ডীদাসের মনে আন নাহি ভায়ে"-চণ্ডি°। ৫ আনন্দ দেওয়া। "যে যার মনে ভায় সে নারী ভজে তায়।" -কবিক°। ৬ মনে লওয়া ; সমীচীন বোধ হওয়া। "যত জনে যত বল মোরে নাহি ভায়" -ভারত°।

ভাই [ভ্রাতৃ >] বি, ভ্রাতা ; সহোদর। ২ জ্ঞাতি ভ্রাতা। ৩ ভ্রাতৃস্থানীয় ব্যক্তি। ~ঝী-ভ্রাতুষ্পুত্রী। ভাইঝী-জামাই- ভ্রাতার জামাতা। ভাইদ্বিতীয়া, ভাই ফোঁটা -যম দ্বিতীয়া ; ভ্রাতৃদ্বিতীয়া দ্রঃ। ~ত [সং-ভ্রাতৃ >] বি, ভ্রাতা। "ভাইত বিদায় করি বিপুলা সুন্দরী।" -পদ্মা° পু°। ~পুত [সং-ভ্রাতৃপুত্র >। ময়মন° অঞ্চলে-ভাইস্তা] বি, ভাইপো। ভাইপো-ভ্রাতুষ্পুত্র। ভাইপো- বৌ-ভ্রাতার পুত্রবধূ। ~বৌ-ভাইজ (টাকী অঞ্চলে)। ~ব্রাদার, ভাই বেরাদর [ভাই + ফা° বিরাদর। ইং brother] বি, জ্ঞাতি কুটুম্ব আত্মীয়স্বজন Kinsmen & relatives. ~রা-ভাই- শ্যালীপতি ভাই। ভায়রা ভাই-দ্রঃ। ~স্তা, ভাস্তা-ভাইপো। স্ত্রীং ~স্তী, ভাস্তি। প্র-ভাস্তি জামাতা-ভাইঝী জামাই।

ভাইজ, ভাউজ [ভ্রাতৃজায়া > হিং ভাওয়াজ। বাং ক্ষে°ভাজ। প্রা° বাং-ভাউজ] বি, পুরুষ পক্ষে জ্যেষ্ঠ ভ্রাতার স্ত্রী। স্ত্রী-পক্ষে ভ্রাতৃজায়া ; ভ্রাতৃবধূ "সকল ভাউজের সঙ্গে মোর দ্বন্দ্ব বাজে।"-মনসা ম (কেতকা°)।

ভাইট [সং-ঘণ্টক, ঘণ্টাকর্ণ > ঘণ্টা

> ঘাঁট > ভাঁট >] বি, ভাঁটগাছ; ঘেঁটু ফুলের গাছ।

ভাইয়া [হিং] বি, ভ্রাতা। ২ ভ্রাতৃস্থানীয় বা ভ্রাতৃতুল্য জন। ৩ আদরার্থক শব্দ।

ভাউরি [প্রাদেং, পুং বং] বি, চাঙ্গারি; ঝুড়ি basket.

ভাঁউরি [সং-ভ্রামরী >] বি, ভ্রমি; ভ্রামরী। "চাক ভাঁওরিতে ফিরিয়ে নাচিতে হইল তার তাল ভঙ্গ।"-ধং। ২ ঘুর-পাক।

ভাউলিয়া-ভাওয়ালিয়া দ্রঃ।

ভাএ, ভাওই, ভাওয়ে [ভায়₂ দ্রঃ। সং-ভাতি] ক্রি, জ্ঞান হয়; প্রতিভাত হয়। ২ ভায়; প্রকাশ পায়। ৩ শোভে।

ভাও [সং-ভাব > হিং] বি, নির্দ্ধারণ; নির্ণয়; অবধারণ; ভাব। "ঘরের স্থান ভাও দিয়া করে ভাল মতে।"-মনসা মং (বিজয়ং)। ২ মূল্য; দর। "ঠাকুর বাড়ীর ভাত খাই বাজারের ভাও জানি না।" -সাং পং পং। ৩ ভাব; অবস্থা। **আও ভাও**-বি, হাবভাব।

ভাওর [বাখরগঞ্জ,ফরিদপুর অঞ্চলে] বি, গোশালা; অস্থায়ী ছোট কুঁড়ে cow-shed; temporary hut.

ভাওয়ালিয়া [সং-বহলঃ (পোত) >। দ্রুত-ভাউলিয়া, প্রাং ভাউলে] বি, ক্ষুদ্রাকার গৃহযুক্ত নৌকা। "এই দিকেই ভাং নৌকায় আসিতেছেন!"-গন্ধমাল্য (বং সিংহ)।

ভাওলী [প্রাদেং] বি, খাজনার পরিবর্ত্তে জমিদারকে দেয় শস্য।

ভাং [সং-ভঙ্গা] বি, সিদ্ধি গাছ। ২ সিদ্ধিপাতায় প্রস্তুত মাদকবিঃ। "ভাং খেয়ে শিব সদাই মত্ত।"-রাং প্রং।

ভাংচি, ভাংচালি, ভাঙ্গচি [সং-ভগ্ন (ভঙ্গ করা) >। হিং ভাঁজি, ভাঁজি। বাং-ম-ভাংচি। যাতে উপস্থিত বা সঙ্কল্পিত কার্য্যে ভঙ্গ দেয়। এই অর্থে ভাঙ্গাচরণ > ভঙ্গ আচারী > ভাঙ্গচারি > -চালি] বি, কুমন্ত্রণা। **ভাংচি দেওয়া**-কান ভাঙ্গান; কুপরামর্শ দেওয়া। তুল-হিং "ভাঁজি মারা"।

ভাংড়ী, ভাঙড়ী [সং-ভ্রামরী >, ভাঁউরি দ্রঃ] বি, যে মহিষের পাকান শিং আছে। অর্থা দ্রঃ।

ভাংতি, ভান্তি, ভান্তী-ভ্রান্তি দ্রঃ।

ভাঃ, ভা [ভাস্ (দীপ্তি পাওয়া) + ক্বিপ্ (ভাং)=ভাস্ ১মা, ১বং] বি, ভাস্কর; সূর্য্য। ২ কিরণ। ৩ দীপ্তি; আভা।

ভাঁওতা [হিং। রংপুর কোচবিহারাদি অঞ্চলে 'ভাঙতা'] বি, ধাপ্পাবাজী।

ভাঁওর [প্রাদেং] বি, লক্ষণ; চিহ্ন; নিদর্শন; পদাঙ্ক traces. "লাক্ষণের ভাঁং"। ২ ঠাওর। > ক্রি, **ভাঁওরানি**-ঠাওরান্। ২ তুলনা করা।

ভাঁগা [ভাঙ্গা দ্রঃ] ক্রি, ভাঙ্গা; নাশ করা। "ক্ষণেক ঐশ্বর্য্য প্রকাশিয়া পুন ভাঁগে।" -চৈং ভাং।

ভাঁগিজুলি-জুলি₂ দ্রঃ।

ভাঁগিল₁ [প্রাং বাং] ক্রি, ভাঙ্গিল; ভগ্ন হইল।

ভাঁগিল₂ [প্রাং বাং] বিণ, ভগ্ন। "ভাঁং নেহা পুণী যোড়াইতেঁ শকতা" -শ্রীং কীং।

ভাঁজ [ভাঁজা দ্রঃ] বি, পাট; তা; মোড়া।

ভাঁজন [ভাঁজা দ্রঃ] বি, রাগালাপ। ২ পাটকরণ; ভাঁজকরণ; দুমড়ান।

ভাঁজা [সং-ভন্জ্ (ভাঙ্গা) >। ভাঁজি, ভাঁজ (ভাঁজেন, ভাঁজিস), ভাঁজে; ভাঁজিতে; ভাঁজিয়া (কেং ভেঁজে)। পিজন্ত-ভাজানি] ক্রি, অভ্যাস করা; আলাপ করা। "ভাঁজ ছিলেন তাঁর ছাদে বসি ইমন কল্যাণ।" -দ্বিং রায়। ২ পাট করা; তা করা। **মুগুর ভাঁজা**-মুগুর ঘুরাইয়া কসরত করা; মুগুর ঘুরান। **সুর ভাঁজা**-রাগ রাগিণী আলাপ করা।

ভাঁট₁ [প্রাদেং রংপুর] বি, যে স্থানে গৃহাদি নির্ম্মিত হতে পারে এবং সময়ে আলু তামাক ইং জন্মান যায় এতাদৃশ ক্ষেত্র।

ভাঁট₂ [ভাইট দ্রঃ] বি, ভেঁটগাছ; ঘেঁটুফুলের গাছ।

ভাঁটা₁ [সং-বৃত্ত > হিং ভাঁটা। বাং-ভাঁটাই ওং (তুল-লাটাই)-ভাঁটা + স্বার্থে ই। প্রাং বিকারে ভেটাই। "ইহার বদলে দিবা সোণার ভেটাই"-মনসা মং (বংশীং)] বি, বাঁটুল; ক্রীড়া-গোলক; শিশুদিগের ভাঁটা খেলিবার ফাঁপা কাঠের বল। "এক গোটা ভুমিতে ফেলিয়া।"-মহাং (কাশীং)।

ভাঁটা₂, ভাঁটি₁ [ভন্জ্ >। ভাঙ্গটা দ্রঃ। অথবা ঘট > ঘাঁট > ঘাঁটা > ভাটা] বি, হ্রাস। "যৌবন সায়রে পড়িতেছে ভাঁটা তাহারে কেমনে রাখি?"-চণ্ডিং। ক্রি, **ভাঁটানি**-ভাটান দ্রঃ। **ভাঁটি দেওয়া**-ক্রি, ভাঁটার অনুকূলে অর্থাৎ ভাঁটার টানের সঙ্গে সঙ্গে নৌকাদি বহা বা যাওয়া। **সারাণি(ণী)ভাঁটা** [সারাণি দ্রঃ। "সারাণি (a repairing) and ভাটা (the ebb tide), the end or cessation of the ebb tide, slack water at ebb tide"—Dic. of the Beng. Lang by W. Carey, D.D. Serampore, 1825] বি, সর্ব্বশেষ ভাঁটা। বিপরীত-আগ জোয়ার।

ভাঁটাই-ভাটা₁ দ্রঃ।

ভাঁটি₂, ভাঁটা [সং-ভাণ্ডীর >] বি, বৃক্ষবিঃ ঘেঁটু ফুলের গাছ।

ভাঁটি₃ [হিং ভট্টি] বি, অগ্নি স্থান; চুল্লী; ২ ইট চূণ ইং পোড়াইবার আগুন যে ঘরে করা হয়। ৩ ধোপার কাপড় সিদ্ধ করিবার হাঁড়ী। ৪ মদ চুয়াইবার স্থান। **খোলা ভাঁটি**-যে মদের ভাঁটি সাধারণের জন্য খোলা থাকে।

ভাঁড়₁ [ভাণ্ড >] বি, মৃত্তিকানির্ম্মিত জলপাত্র; মৃৎপাত্রবিঃ। "ভাঁড়ে যদি জল থায়।"-দাশরথিং। ২ দুধ রাখিবার পাত্র। ৩ নাপিতাস্ত্রের আধার। **~কুঁড়** [সং-ভাণ্ড > ভাঁড় + সং-কুণ্ড (স্থালী) > কুঁড়। প্রাং বৌং বাং সাং বাণ্ডকুরুণ্ড] বি, শিশুদিগের খেলাঘরের হাঁড়িকুঁড়ি, থালা, ঘটি, বাটি ইং মৃৎপাত্রাদি।

ভাঁড়₂ [ভাণ্ডার > ভ্রং] বি, ভাণ্ডার। **ভাঁড়ে মা ভবানী**-ভাণ্ডার শূন্য।

ভাঁড়₃ [ভণ্ড >] বি, বিদূষক; ভাঁড়ামী করা যার কাজ।

ভাঁড়াই [ভাঁড় (দ্রঃ) + আই

(আচরণার্থে)] বি. ভাঁড়ামি ; রঙ্গ কৌতুক। "ধাড়ী গায় কড়থা ভাঁড়াই করে ভাঁড়।" -অ০ ম০।

ভাঁড়ানি [সং-ভণ্ড্ >। পূ০ বঙ্গে 'ভারান'। ভাঁড়াই, ভাঁড়াও, ভাঁড়ায় ; ভাঁড়াইতে ; ভাঁড়াইয়া (কে০ ভাঁড়িয়ে, গ্রা০ ভেঁড়ে-"দৈবক খায় ভেঁড়ে"-প্রবাদ)] ক্রি, বঞ্চনা করা ; প্রতারণা করা। "ভক্তে ভাঁড়াতে নারিবে তার বাপে।"-ধ০। "ছাঁয়ে ভাঁড়াইল মায়।"-অ০ ম০। ২ ভুলান। "ভাল ভাঁড়াইয়া শিব পলাইয়া গেল দূর" -পদ্মাপু০ (বিজয়০)।

ভাঁড়াভাঁড়ি [ভাঁড়+আ (ক্রমাগত অর্থে)-ভাড়+ই (তৎকর্মার্থে)] বি, প্রবঞ্চনা ; প্রতারণা। ২ ক্রমাগত আজ নয় কাল করিয়া ফেরাফেরি।

ভাঁড়ামি, ভাঁড়ামি [ভাঁড় (ভণ্ড)+ আম, আমি (প্রত্যয়)] বি, ভণ্ডের আচরণ ; ভণ্ডাম(মি) ; নগ্নরসিকতা। ২ কৌতুক।

ভাঁড়ার [সং-ভাণ্ডার] বি, ধনাগার ; ভাণ্ডার। "ভাঁড়ার জিম্মা যার কাছে মা" -রা০ প্র০। ২ পুকুরের মধ্যস্থল ; জলভাণ্ডার। ~ী-বি, ভাণ্ডারী ; ভাণ্ডাররক্ষক। "কখন খেটেল কখন ভাঁড়ারী॥"-অ০ ম০।

ভাঁতি [হি০ > প্রা০ বাং-র। সং-ভাতি] বি, দীপ্তি। ২ প্রকার ; রকম। তুল-হি০ ভলি ভাঁতি (ভাল রকম)। "নানা পক্ষী জলচর গড়ে নানা ভাঁতি।"-ভারত০। ৩ ভ্রান্তি ; ভুল।

ভাক্ [ভাজ্ (পৃথক করা)+ক্বিপ্ (র্ত্ত) =ভাজ্ ১মা, ১ব০] বিণ, ভাগী ; অংশী।

ভাক্তা [ভক্ত > ভকত >] বিণ, "ভা০ বলেন রক্ষা কর মারাধর।"-ধর্ম০ গীত (নরসিংহ), ১৭৩৭ খৃ০।

ভাকুট, ভাকুট [সং] বি, ভেটকী মাছ।

ভাকুয়া [গ্রা০ভেকো] বিণ, ভেকা(গ্রঃ)।

ভাক্ত [ভক্ত (ভাত)+ক] বিণ, ভাত সম্বন্ধীয় ; ভাতঘটিত। ২ [ভক্তি (গৌণী বৃত্তি) +অ (অত্রভবার্থে)] লাক্ষণিক। ৩ বক-ধার্মিক ; কপট ; জাল false. ৪ গৌণী। ৫ ভক্ত সম্বন্ধীয়।

ভাক্তিক [ভক্ত (অন্ন)+ইক (পালনার্থে)] বিণ, পরান্নে পালিত ; ভাতুড়িয়া।

ভাখ [সং-"ভাষা" শব্দের হি০ উচ্চারণ। ষ=খ। তুল-বিভীষণ=বিভীখন। ব্রজ০। প্রা০ বাং পদাবলীতে] বি, ভাষ ; বাক্য ; কথা। "নিশি আন্ধিয়ার অপার ঘোরতর ডাহুকী কলকল ভাখ।"-জ্ঞান০ "বিদ্যাপতি কহ ভাখি"-বি০ প০। ২ (-র্থ) ক্রি, বলিও। ন ভাখি-বলিও না।

ভাখা১ [সং-ভাষা। হি০ প্রা০ উচ্চারণে, ষ=খ] বি, চলিত কথোপকথনের ভাষা ; বোল ; বুলি dialect. ২ অপভাষা।

ভাখা২ [ভাষ (গ্রঃ) > হি০, মৈ০ ভাখ > নামধাতু। ভাখি১, ভাখ, ভাখে, ই০] ক্রি, বলা ; কহা।

ভাখি২, ভাখী [ভাখ (গ্রঃ)+ই (পদের কোমলতা অর্থে) ব্রজ০] বি, বুলি। ২ কথা। "বিদ্যাপতি ভণে মিছু নাহি ভাখি" -বি০ প০।

ভাগ১ [ভজ্ (ভাগ করা)+অ (র্ণ)] বি, বিভাগ। ২ খণ্ড ; টুকরা। ৩ কালাংশ। প্র-দিবাভাগ, নিশাভাগ। ৪ প্রদেশ। ৫ [বহুবচনার্থে অন্য শব্দের সহিত যুক্ত হয়] সমূহ ; সকল ; গণ। "শুনহ পঞ্চাল আর যত রাজ ভাগ।"-মহা০ (কাশী০)। "প্রেত ভাগ সামুরাগ"-ভারত০। "বীর ভাগ সঙ্গে হেথা পার্থ মহাশয়।"-মহা০ (দ্বিজ অভিরাম)। ৬ [পাটী০ (ক০ বিশ্ব০ পরিঃ)] ইং division এর বৈজ্ঞা০ পরিঃ ; হরণ। ৭ অংশ ; বখরা। "ভাগ পেতে হয় মোরে আমি তার নারী" -অ০ ম০। ~ক্রিয়া [বীজগ০ (ক০ বিশ্ব০ পরিঃ)] বি, ইং dividend এর বৈজ্ঞা০পরিঃ। ~ফল [পাটী০ পরিঃ] ইং quotient এর বৈজ্ঞা০ পরিঃ ; গুণ্য ; আপ্ত (সা০ প০ প০)। ~বাটোয়ারা-অংশে অংশে ভাগ বা বিভাগ এবং বিতরণ। ভাগের মা গঙ্গা পায় না-ভাগাভাগির সংসারে একাধিক সন্তানের মার অন্তিমকালে সহোদরগণের মধ্যে এক অন্যের অপেক্ষা করিতে করিতে মার মৃত্যু হয় গঙ্গাযাত্রা করা আর ঘটিয়া উঠে না। লক্ষণায়, ভাগাভাগির কাজে কাহারও আন্তরিকতা না থাকায় কাজ সুসিদ্ধ হয় না। বাড়তি ভাগ, বাড়ার ভাগ-অধিকন্তু ; উপরন্তু। "যথাসম্ভব শীঘ্র ইহার উপকরণ সমূহ তাহার কোঁচড়ে আবদ্ধ হইল। বাড়তি ভাগ কিছু চালও সংগ্রহ করিল।-ভারতী, ১৩২০।

ভাগ২ [ভাগ্য (গ্রঃ) > হি০, মৈ০] বি, ভাগ্য ; সৌভাগ্য ; অদৃষ্ট। এই অর্থে ব্রজ০ ভাগি। "হামারি আছল কত পুরবক ভাগি।"-বি০ প০। ক্রি-বি, ভাগে-ভাগ্য-ক্রমে। "আজ রজনী হাম ভাগে পোহায়নু"-বি০ প০। "ভাগে মিলল ইহ-সময় বসন্ত"-ঐ।

ভাগউ [ভাগা গ্রঃ। ব্রজ০] ক্রি, ভাগুক ; দূর হোক। "ভা০ সব দুঃখ"-বি০ প০।

ভাগধেয় [ভাগ+ধেয় (স্বার্থে)] বি, অদৃষ্ট। ২ [-+ধেয় (ধা=ধারণে+য (র্ণ))] কর ; রাজস্ব। ৩ অংশ ; ভাগ। ৪ বিণ, ভাগী ; উত্তরাধিকার সূত্রে ধনভাগী ; দায়াদ।

ভাগনা, ভাগনী-ভাগিনের গ্রঃ।

ভাগবত [ভগবৎ (ভগবান)+অ] বি, ভগবানের লীলা ও মাহাত্ম্য বর্ণনাত্মক গ্রন্থ। ২ নিত্য ভগবৎ সেবানিরত ভগবদ্ভক্ত বৈষ্ণব। ৩ [কদর্থে-ভগত, ভগবদ্ভক্ত > (বিদ্রূপে) ভকত ও০] ভক্তবিটেল। "সর্ব্ব নবদ্বীপে ভ্রমে ভাগবতগণ।"-চৈ০ ভা০।

ভাগবতী [ভগবৎ > ভাগবত > স্ত্রীং] বিণ, ভগবদ্ভক্তি-বিষয়িণী। "লেখকের ভা০ তৃষ্ণা তাঁহাকে পথ ও পাথেয়ের ব্যবস্থা করিয়াছে।"-সম্মিলনী, কালিদাস রায় ১৩৩৪ ভাদ্র।

ভাগভুর্ত, -তা [ভাগভুক্ত >, প্রা০] বিণ, ভাগভুক্ত।

ভাগল [ব্রজ০, প্রা০ বাং] ক্রি, ভাগিল ; পলায়ন করিল।

ভাগহর, ভাগহার [ভাগ-হর, হার (যে হরণ করে)] বি, অংশগ্রহণ। ২ কোন নির্দিষ্ট রাশিকে অন্য রাশি দ্বারা ভাগ করিবার প্রণালী।

ভাগা১ [সং-ভন্জ্ (ভাঙ্গা) >। হি০ ভাগ্না। ভাগি, ভাগ (ভাগেন, ভাগিস), ভাগে (ভাগেন) ; ভাগিতে (কে০ ভাগতে) ;

ভাগিয়া (কে°, গ্রা° ভেগে)। ণিজন্ত-ভাগান] ক্রি, ভঙ্গ দেওয়া ; পলায়ন করা। "ভাই মোর দায় তোর পাছে চোর ভাগে"-ভারত°। ২ দূর হওয়া। "পাতকী জনা মারিলে পাপের চাল ভাগে।"

ভাগা$_2$ [ভাগ (অংশ) + আ (স্বার্থে)] বি, অংশ ; বখরা ; ভাগ।

ভাগাড় [ভাঙ্গাড় >। বাখাড় দ্রঃ। গোহাড় যথায় পতিত হয়] বি, গরুর শ্মশান। ২ [বর্দ্ধ° প্রাদে°] অনুর্ব্বর বা পতিত জমি waste land.

ভাগানো [ভাগা দ্রঃ। ভাগাই, ভাগাও (ভাগান্, ভাগাস), ভাগায় (ভাগান) ; ভাগাইতে ; ভাগাইয়া (কে° গ্রা° ভাগিয়ে)] ক্রি, তাড়াইয়া দেওয়া ; পলাইতে বাধ্য করা।

ভাগাভাগি [ভাগ (দ্রঃ) + আ (পরস্পরার্থে) + ভাগ + ই(তৎকরণার্থে)] বি, অংশা-অংশী ; পরস্পরের মধ্যে বস্তুর বিভাগ।

ভাগারী [ভাগ-ধারী] বিণ, ভাগিদার ; অংশী ; অংশীদার।

ভাগি-ভাগ$_2$ দ্রঃ।

ভাগিনা, ভাগ্না, ভাগ্নে [ভাগিনেয় (দ্রঃ) শব্দের গ্রা° রূপ। প্রাদে° ভাইগ্‌না ও°। "শিব বলে শুন ভাইগ্‌না"-বরিশাল শিবের গাজন] বি, ভাগিনেয়। "গৌরী দেখি বলে আইস গুণের ভাগিনা"-শি°। **ভাগ্নাবউ, ভাগ্নাবৌ, ভাগিন বউ**-ভগ্নীর পুত্রবধূ।

ভাগিনী-ভাগিনেয়ী দ্রঃ।

ভাগিনেয় [ভগিনী + এয়(অপত্যার্থে)। গ্রা° ভাগ্নে। ভাগিনা দ্রঃ] বি, পুরুষের ভগ্নীর পুত্র ; নারীর ননদের পুত্র (নারীর সহোদরাপুত্রকে-বোনপো বলে)।

ভাগিনেয়ী, ভাগ্নী, ভাগিনী [ভাগিনেয় দ্রঃ] বি, ভগিনীর দুহিতা ; ভগ্নীর কন্যা [দ্রঃ-পুরুষপক্ষে ভগিনীকন্যা=ভাগিনী, স্ত্রীপক্ষে-ভগিনীকন্যা = বোনঝি]। **ভাগ্নী-জামাই, ভাগিন জামাই**-ভগিনীর জামাতা।

ভাগী$_1$ [ভাগিন্ ১মা, ১ব°] বিণ, অংশী। ~**দার**-বি, দায়াদ ; উত্তরাধিকার সূত্রে অংশ পাইবার অধিকারী। ২ অংশীদার।

ভাগী$_2$ [ভাগ দ্রঃ। ব্রজ°] বিণ, ভাগ্যবান্। "যাগ শত জাগই সো পাওয়ে বহুভাগী"-বি° প°।

ভাগীরথী [ভগীরথ + অ (অপত্যার্থে) + ঈ, ভগীরথ কর্ত্তৃক আনীত বলিয়া] বি, জাহ্নবী ; গঙ্গা।

ভাগুরি-বি, ব্যাকরণপ্রণেতা ঋষিবিঃ।

ভাগ্য [ভজ্ (ভাগ করা) + য (র্ধ্য)] বি, নিয়তি ; অদৃষ্ট। ২ সৌভাগ্য। ৩ [ভাগ + য] বিণ, বিভাজ্য। ~**ক্রমে**-ক্রি, বিণ, অদৃষ্টবশতঃ। ~**গণনা**-বি, অদৃষ্টের ফলাফল গণনা। ~**গুণ**-বি, সৌভাগ্য। ~**চক্র**-বি, চক্রবৎ ঘূর্ণ্যমান অদৃষ্ট। ~**জননী**-বি, অদৃষ্ট বা ভাগ্য সৃষ্টিকারিণী ; ভাগ্যোৎপাদিকা। ~**দেবতা**-বি, ভাগ্য নিয়ন্ত্রণকারী দেবতা ; ভাগ্যবিধাতা। ~**দোষ** [ভাগ্যের দোষ] বি, দুর্ভাগ্য ; দুরদৃষ্ট। ~**পুরুষ**-ভাগ্যের অধিষ্ঠাতা পুরুষ। ~**ফল**-পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মের সুখ-দুঃখাদি পরিণাম। ~**বল**-অদৃষ্টশক্তি ; কপালের জোর। ~**বান্** [~বন্ত ও°। গ্রা° বাং-য়-"ভাগ্যিমান", ~মন্ত। > স্ত্রীং "ভাগ্যিমানি"] > স্ত্রীং ~**বতী**। ~**বিধাতা**-বি, অদৃষ্টের নিয়ন্তা। > স্ত্রীং ~**বিধাত্রী**। ~**বিপর্য্যয়**-অবস্থার পরিবর্ত্তন ; দুরদৃষ্ট। ~**লিপি**-বি, অদৃষ্টের লিখন। ~**হীন**-বিণ, হতভাগ্য। স্ত্রীং ~া। ~**হীনতা**-বি, দুরদৃষ্টের অবস্থা ; দুর্ভাগ্যের দশা।

ভাগ্যি [সং-ভাগ্য > গ্রা° ভাগ্যি, ভাগ্যিস্ (প্রায়ই নারীকথ্য)] বি, ভাগ্য ; অদৃষ্ট। প্র-তার ভাগ্যি ভাল। ২ সৌভাগ্য। প্র-সে যদি ফেরে ত তার ভাগ্যি। ৩ [রক্ষা দ্রঃ] অ, কপাল ভাল তাই ; ভাগ্য বা অদৃষ্ট প্রসন্ন ছিল তাই ত এই অর্থে অধিক চলিত রূপ-"ভাগ্যিস্"। "ভাগ্যি কাপ্তান হেন বিচক্ষণ জন, সদাই এর তত্ত্বাবধানের ভার লন। তাই বিপত্তির দিনেও এর বাঁচিবার আশা থাকে।" -নরওয়ে ভ্রমণ। **পড়া ভাগ্যি, পোড়া ভাগ্যি**-পোড়া কপাল ; দগ্ধ অদৃষ্ট ; দুরদৃষ্ট। "ওমা ওমা পড়া ভাগ্যি উকিলের ওঁচা।"-হেম°।

ভা° ভাল-সৌভাগ্য ; শুভাদৃষ্ট। ~**মান** [সং ভাগ্যবান শব্দের ভ্রং। গ্রা° মেয়েলি কথায়] বিণ, ভাগ্যবান ; সৌভাগ্যশালী। > স্ত্রীং ~**মানি**, ~**মানী**-ভাগ্যবতী ; সৌভাগ্যশালিনী। "তুমি সতী লক্ষ্মী ভাগ্যি-মানি ; তুমি আশীর্ব্বাদ কর ওর মতি গতি ফিরবে।"-ভারতী, ১৩২০।

ভাগ্যিস্ [ভাগ্যি (দ্রঃ)-ইস (বিস্ময়ে)] অ, অদৃষ্টক্রমে ; ভাগ্য ভাল তাই। "ভা° তোর আমার সঙ্গে দেখা হল"-ভারতী, ১৩২০।

ভাগ্যে-অ, ভাগ্যতে ; অদৃষ্টে। "ক্ষীর-বাটী সবার ভাগ্যে জোটেনা।" **ভাগ্যের হাসিমুখ** [ইং smiles of fortune এর বঙ্গানুবাদ] বি, সৌভাগ্যের মুখ ; অদৃষ্ট প্রসন্ন হওয়ার ভাব। "জীবনে ভাগ্যের হাসি-মুখ দেখেন নাই।"-ডাঃ দী° সেন-বঙ্গভাষা ও সাহিত্য।

ভাগ্যোদয় [ভাগ্যের উদয়, ৬তৎ] বি, সৌভাগ্যের আবির্ভাব।

ভাঙ$_1$, ভাঙ্গ [সং-ভঙ্গা। পা° বংগ। হি° ভাঙ্] বি, মাদকবিঃ ; সিদ্ধি।

ভাঙ$_2$ [সং-ভ্রূভঙ্গ > ভঙ্গ > ভাঙ। হি° ভোঁহ। ব্রজ°] বি, ভ্রূ। "ভাঙক ভঙ্গিম থোরি জনু"-বি°প°। "নয়ননলিনী দউ অঞ্জনে রঞ্জই ভাঙ বিভঙ্গি বিলাস"-ঐ।

ভাঙচি-ভাংচি দ্রঃ।

ভাঙড়-ভাঙ্গড় দ্রঃ।

ভাঙন$_1$ [ভাঙ্গন >] বি, ভঙ্গ ; ধসন। "ভাঙন ধরা কূলে তোমার আর কিছু কি চাই।"-রবী°।

ভাঙন$_2$ [সং-ভেকনী >] বি, ভাঙ্গন মাছ। ~**বাটা**-বাটা মাছের শ্রেণী ভেদ।

ভাঙর [প্রা° বাং। তুল-কোঙর। ভ্রাতৃ-কুমার > ভাইকুঙার > ভাই কোঙর > কে° ভাঙর] বি, ভ্রাতুষ্পুত্র ; ভাইপো। "কোঙর ভাঙর সাথে কামান কৃপাণ হাতে কত আইসে সমরে পণ্ডিত।"-কবিক°।

ভাঙরা [প্রা° বাং পদ্যে] ক্রি, বর্ণন করা ; ব্যক্ত করা। **ভাঙরি$_1$**-ব্যক্ত করিয়া।

ভাঙরি$_2$,-রী [ভ্রম্ (ভ্রমণ করা) >

ভ্রমর > হিং ভাঁব্‌র > ভাঁউরি (তুল-হিং চাকভৌরী) >] বি, ভ্রমি ; চক্রাবর্ত্ত। ভাং কাটা-ক্রি, উল্টাবাজি বা ডিগবাজি খাওয়া ; কলাবাজি খাওয়া।

ভাঙা-ভাঙ্গা দ্রঃ।

ভাঙানি-ভাঙ্গান দ্রঃ।

ভাঙো-ভাঙো [ভাঙ্গা (দ্রঃ) > ভাঙ্গুআ > ভাঙু > ভাঙো-ভঙ্গপ্রায় অর্থে দ্বিত্ব। ভাঙে-ভাঙে ও°] ক্রি-বিণ, এখনি ভাঙ্গিবে এমন ; ভাঙ্গিবার মত। "হয় হয় প্রায় ভোর, ভাঙো ভাঙো ঘুম ঘোর"-সারদা-মঙ্গল (বি, চক্রবর্ত্তী)।

ভাঙ্গ [সং-ভঙ্গা > বর্ণবিপর্য্যয়ে] বি, সিদ্ধি। ~খোর-বিণ, যে সিদ্ধি খায় ; ভাঙ্গড়।

ভাঙ্গচালি [ভাঙ্গচি-আলি (আচরণ অর্থে)] বি, ভাংচি দ্রঃ।

ভাঙ্গচি-ভাংচি দ্রঃ।

ভাঙ্গটা [ভঙ্গ-তা] বি, ভাঙ্গন। ২ বিণ, ভাঙ্গা ভাঙ্গা ; প্রায় ভগ্ন।

ভাঙ্গড়, ভাঙ্গর (-ঙ্গ,-ঙ-) [ভাঙ্গ (দ্রঃ) +ড় (দড়, দক্ষ অর্থে), ভাঙ্গ পানে দড়] বিণ, মাদকসেবী ; সিদ্ধিখোর। "গরল খাইল তবু না মরিল ভাঙ্গড়ের নাহি যম"-অ° ম°। ভা° ভোলা-সিদ্ধি পানে বিহ্বল ভোলানাথ ; শিব। ভাঙ্গড়মিতি-সিদ্ধির নেশায় ছন্নমতি। "নারদে বলিব কি তার বাক্যে দিম্বু ঝি এমন ভাঙ্গড়মতি পাপে।" -কবিক°।

ভাঙ্গন১-ভঙ্গান (দ্রঃ) ; ভাঙন মাছ।

ভাঙ্গন২ [ভাঙ্গা দ্রঃ। প্রা° ভাঙন। ভঙ্গন দ্রঃ] বি, ভগ্ন হইবার বা ভগ্ন করিবার ভাব ; ভাঙ্গিয়া পড়ন ; টুটন ; ধসিয়া পড়ন। প্র-নদীর কূলে ভা° ধরা।

ভাঙ্গম্যালি [ভাংচি দ্রঃ। ভঙ্গ > ভাঙ্গ+আলী (করণার্থে)= ম্যালি >। তুল-ধামালী] বি, ভাংচি ; বিরুদ্ধে মন্ত্রণা। রাজা বলে ভুলনা লোকের ভা° অকলঙ্ক কুলে লোক কত দেয় কালি।"-ঘ°।

ভাঙ্গা, ভাঙা [ভন্‌জ্ (ভঙ্গ করা) >, প্রা°। ভাঙ্গি, ভাঙ্গ (ভাঙ্গেন্, ভাঙ্গিস), ভাঙ্গে (ভাঙ্গেন) ; ভাঙ্গিতে (কে° ভাঙতে) ; ভাঙ্গিয়া (কে° ভেঙ্গে)। ণিজন্ত-ভাঙ্গান] ক্রি, ভগ্ন করা ; চূর্ণ করা। "সগুণে নির্গুণে বাধিয়ে বিবাদ ডেলা দিয়া ভাঙ্গে ডেলা।" -রা° প্র°। ২ ভাঙ্গিয়া পড়িলে যেমন এক-স্থানে স্তূপীকৃত হয় সেইরূপ ছোট বড় আবাল বৃদ্ধ বনিতা নির্ব্বিশেষে সকলের সমবেত আগমন। "চোখের নিমিখে ভেঙ্গে আসে বণিক পাড়া।"-কবিক°। ৩ ভগ্নহৃদয় বা হতাশ হওয়া। ৪ ভগ্নদেহ হওয়া। ৫ রণে ভঙ্গ দেওয়া। ৬ নিম্ন ঘরে বিবাহ দিয়া কুল ভঙ্গ করা। "শ্রীরামপুরের চৌধুরী মহাশয়েরা কুবেরের ভাণ্ডার ব্যয় করে ভূপালের পুত্রকে এদেশে এনে ভেঙ্গেছিলেন।" -লীলাবতী। ৭ বিণ, ভঙ্গ ; ভগ্ন। "বায়ে লড়ে ভাঙ্গা বেড়া বুড়ার দশন॥"-অ° ম°। ~ড়-ভাগাড় দ্রঃ। ~চুরা [ভগ্ন ও চূর্ণ >, প্রা° ভাঙা-চোরা বিণ, কতক ভগ্ন কতক চূর্ণ। ২ [বর্দ্ধ°প্রাদে°] বন্ধুর uneven. [> বি, ভাঙ্গচুর। প্র-রাগের মাথায় জিনিষ পত্তর ভাঙ্গচুর করা ভাল নয়] ~ভর্ত্তি [প্রা° ভাঙা-ভর্ত্তি] বি, পূর্ণসংখ্যা ও তাহার ভগ্নাংশ। "টাকা জমা দিবার তারিখ হইতে তৎপরবর্ত্তী ৩০শে নবেম্বর পর্য্যন্ত এই ভাঙ্গাভর্ত্তি সময়ের জন্য সুদ নগদ দেওয়া হইবে।"-বাঙ্গালী (১৯ ভাদ্র, ১৩২২)। ভাঙ্গা ভাঙ্গা-বিণ, প্রায়ই ভগ্ন। ২ অর্দ্ধস্ফুট ; আধ-আধ। প্র-ভাঙ্গা ভাঙ্গা কথা। ৩ বিকৃত ; অশুদ্ধ ; মিশ্রণদুষ্ট। প্র-ভাঙ্গা ভাঙ্গা ইংরেজী। "বিহার অঞ্চলের চাকরদের কাছে শিখা বাঙ্গালা ভাঙ্গা বিকৃত হিন্দি তখনও অতিক্রম করিতে পারে নাই"-উত্তরা, ১৩৩৩। ভাঙ্গিয়া পড়া-ক্রি, ধসিয়া বা খসিয়া পড়া। কপাল ভাঙ্গা [তুল-হিং কপার(ল) ফুটনা] ক্রি, অদৃষ্ট মন্দ হওয়া। কাঁটাল ভাঙ্গা-ক্রি, কাঁটাল হইতে কোষ বাহির করা। কাদা ভাঙ্গা-ক্রি, কর্দ্দমময় পথ হাঁটিয়া অতিক্রম করা। ক্রোশ ভাঙ্গা-ক্রি, ক্রোশ পরিমাণ পথ অতিক্রম করা। গম ভাঙ্গা-ক্রি, গোধূম চূর্ণ করা; আটা পেষা। ঘর ভাঙ্গা-ক্রি, সংসারে পরস্পরের সদ্ভাব নষ্ট করা; পরিবারের একান্নবর্ত্তিতা ও একতা ভঙ্গ করা। ঘাড় ভাঙ্গা-ক্রি, ঘাড়ের হাড় ভাঙ্গিয়া বধ করা। ২ মাথা তুলিবার যো না রাখা ; উন্নতির পথ বন্ধ করা। জল ভাঙ্গা-ক্রি, জলপথ অতিক্রম করা ; জল কাটিয়া অগ্রসর হওয়া। ২ জল নিঃসৃত হওয়া ; ঐ রোগ। ডাল ভাঙ্গা-ক্রি, ছোলা মটর, মুগ ই° দ্বিদল শস্য পিষিয়া দাইল প্রস্তুত করা। ২ বৃক্ষ শাখা ভগ্ন করা। পাট ভাঙ্গা-ক্রি, ভাঁজকরা কাপড় এলোমেলো করা বা খুলিয়া ফেলা। পাথর ভাঙ্গা-ক্রি, সশ্রম কারাদণ্ড ভোগকালে পাথর ভাঙ্গা। পিঠ ভাঙ্গা-ক্রি, প্রহারে পৃষ্ঠদণ্ড ভগ্ন করা ; খুব প্রহার করা। পেট ভাঙ্গা-ক্রি, উদরভঙ্গ রোগ হওয়া ; উদরাময় হওয়া। বুকভাঙ্গা-বুক দ্রঃ। মটকা ভাঙ্গা-ক্রি, নোট ঘরের চালের মাথা খুলিয়া ফেলা। মন ভাঙ্গা-ক্রি, মন মরা হওয়া ; মনঃক্ষুণ্ণ হওয়া ; নিরুৎসাহ হওয়া। মাঠ ভাঙ্গা-ক্রি, পদব্রজে প্রান্তর অতিক্রম করা। মাথা ভাঙ্গা-ক্রি, মটকা ভাঙ্গা। ২ চূড়া ভগ্ন করা ; অগ্রভাগ বা শ্রেষ্ঠাংশ ভগ্ন বা নষ্ট করা ; দুর্ব্বল করা। মান ভাঙ্গা-ক্রি, সাধ্য সাধনা দ্বারা অভিমান দূর করা।

ভাঙ্গানি১, ভাঙানি১ [ভাঙ্গা দ্রঃ] ক্রি, কোন মুদ্রার বিনিময়ে সম পরিমাণ মূল্যের ক্ষুদ্র ক্ষুদ্র মুদ্রা গ্রহণ করা। "আপনি ভাঙ্গায় তঙ্কা,"-কবিক°। ৩ মন্ত্রণা দিয়া নিবৃত্ত করা ; ভাংচি লাগান। "কুমন্ত্রী মামুদা মন ভাঙ্গাইল পিছু"-ঘ°। বি, ভাঙ্গানি১-ক্ষুদ্র ক্ষুদ্র মুদ্রা ; বিনিময় মুদ্রা ; রেজগি। টাকা ভাঙ্গানি-ক্রি, টাকার পরিবর্ত্তে আটানি, সিকি, দুয়ানি, একানি, পয়সা আধ পয়সা বা পাই অথবা সব রকম মিলাইয়া সম মূল্য পরিমানে লওয়া। ঐরূপ নোট ভাঙ্গানি ই°।

ভাঙ্গানি২, ভাঙানি২ [ভাঙ্গা দ্রঃ] ক্রি, ভঙ্গ করান ; ভাঙ্গিতে বাধ্য করা। বিণ, ভাঙ্গানি২, ভাঙানি, ভাঙানিয়া, ভাঙানে, ভাঙ্গানিয়া, ভাঙ্গানে-যে ভাঙ্গে। ~ঘর ভাঙ্গানি-যে স্ত্রীলোক কুপরামর্শ দ্বারা একান্নবর্ত্তী পরিবারের মধ্যে মনোমালিন্য ঘটাইয়া পরস্পরকে পৃথক্ করে ;

ˆ খুক বিষবৎ (অগ্র=অগ্র্য), ˜ হীন মুক্তাণ লাঘবৎ, অ=গে অ=গী ক=স্ট কষ্ট হুমহ হু হা হা হ=হহ হৃহ লৃহ ভৃ ব্য, ভৃ কৃ বৃ ভৃ=ɑ/wv ও চলা° দ্রঃ

ভাঙ্গান$_3$ [প্রাদে°] বি, আক্রমণ। "এইরূপে ঘরে ঘরে বাঘের ভাঙ্গান। দেখে শুনে ভয়ে উড়ে রাজার পরাণ॥"-ম°।

ভাঙ্গি, ভাঙ্গী [ভাঙ্গ (সিদ্ধি)+ঈ (আসক্ত অর্থে)] বিণ, ভাঙ্গখোরী ; ভাঙ্গড় ; সিদ্ধিখোর। "একে বুড়া তাহে ভাঙ্গী ধুতুরায় ভোল। অল্প অপরাধে কর মহা গণ্ডগোল॥"-অ° ম°।

ভাঙ্গিজুলি [প্রা° বাং] ক্রি-বিণ, ভাঙ্গিয়া চুরিয়া। "মাথার মুকুট কাহ্নাঞি ভাঁগিজুলি জাএ।"-শ্রী° কী°।

ভাচা [প্রাদে°] বি, ভানিবার ধান। "পরি ছুপণের কাচা ভানিত আমার ভাচা সেই বেটা হবে দেশমুখ।"-কবিক°। ভাচা ভানা-ক্রি, ধান হতে চাউল প্রস্তুত করা।

ভাজ [ভ্রাতৃজায়া > ভ্রং। তুল-হিং ভাওয়াজ] বি, ভ্রাতার স্ত্রী ; ভ্রাতৃজায়া। (পুরুষপক্ষে জ্যেষ্ঠ ভ্রাতার পত্নী)।

ভাজক [ভজ্ বা ভাজ্ (ভাগ করা) +অক (র্তৃ)] বিণ, যে রাশি দ্বারা ভাগ করা যায় ; ইং divisor এর বৈজ্ঞা° পরিঃ।

ভাজন [ভজ্ (সেবা করা কিংবা ভাগ করা)+অন (র্ম)] বি, আধার ; পাত্র। "তর্পণ করেন নরকপাল ভাজনে।"-কবিক°। "মহীতলে পড়ে ক্ষীর তেজিয়া ভাজন"-রঙ্গলাল। ২ আশ্রয় ; আগার। "কৈল দৈব দুঃখের ভাজন"-কবিক°। ৩ সুপাত্র ; যোগ্যজন। "আমি অভাজন পরম ভা° ঘটক নারদ ভায়া"-অ° ম°।

ভাজনা [ভাজন (দ্রঃ) + আ (যোগ্যার্থে)] বিণ, যাতে ভাজা যায়; ভর্জ্জনীয়; ভাজিবার। ~খোলা-চাউলাদি ভাজিবার পাত্র ; বালিখোলা। ~খোলা হ'তে আগুনে পড়া-এক মহাবিপদদায়ক অবস্থা হতে আশু মৃত্যুর কবলে পড়া from the frying-pan to the fire.

ভাজা$_1$ [ভর্জ্জন >। ভাজি, ভাজ (ভাজেন, ভাজিস), ভাজে (ভাজেন) ; ভাজিতে ; (কে° ভাজতে) ; ভাজিয়া ; কে° ভেজে) । ণিজন্ত-ভাজানি] ক্রি,, ভর্জ্জন করা। ২ বিণ, ভৃষ্ট ; ভর্জ্জিত। ভাজা চাল-বি, মুড়ি ; চালভাজা। ~পোড়া-বিণ, ভৃষ্ট ও দগ্ধ। ২ বি, চাল ছোলা মটরাদি ভাজা, আলু ইং দগ্ধ দ্রব্য। ভাজা ভুজা-সহ° দ্বন্দ্ব। "ভাজা ভুজা নানা দ্রব্য ভুঞ্জে কুতূহলে"-ম°। ঘীয়ে ভাজা বা তেলে ভাজা-ঘৃতে বা তৈলে ভর্জ্জিত ; তৈল বা ঘৃতপক্ক। হাড় ভাজা-ভাজা-জ্বালাতন পোড়াতন। ~সাধ-বি, গর্ভ-বতীকে ৭ মাসে প্রদত্ত অন্নব্যঞ্জনাদি।

ভাজা$_2$ [ভগ্ন >। ব্রজ°। হিং ভাজ্না-ভাগ্না > ভাগা দ্রঃ), মূলে ভগ্ন ধাতু] ক্রি, ভাগা ; প্রস্থান করা ; পলায়ন করা। "রতি পতি ভয়ে ভাজে"-পদকল্পতরু (সা°প° প°)।

ভাজি, ভাজী [হি°] বি, ভর্জ্জিত ব্যঞ্জন।

ভাজিত$_1$ [ভাজি (ণিজন্ত°ভজ্ >)+ত (র্ম)] বিণ, ভর্জ্জিত ; ভৃষ্ট।

ভাজিত$_2$ [পাটী° (ক° বিশ্ব° পরিঃ)] ইং by (÷) এর বৈজ্ঞা° পরিঃ।

ভাজী$_1$-বিণ, ভাগী। "তুই পাপমতি বাঝি হইলি অযশভাজী"-কবিক°।

ভাজী$_2$-ভাজি দ্রঃ।

ভাজ্য [ভজ্ (ভাগ করা) + ণিচ্=ভাজি +য (র্ম)] বিণ, বিভাজ্য ; ভাগার্হ divisible. ২ [পাটী° পরিঃ] বি, ইং dividend এর বৈজ্ঞা° পরিঃ।

ভাট [ভট্ট >] বি, বর্ণসঙ্কর জাতিবিঃ ; বংশচরিত কীর্ত্তনকারী ; স্তুতিপাঠক। "বীর সিংহ তার পাট, পাঠাইয়া দিল ভাট।" ভারত°। ভাটেরে দিল গজ ঘোড়া"-কবিক°। ২ দস্তুরী। "চতুর সাধুর দাসী আট কাহনে কিনে আর্শী তবে কিছু মাগ্যা লয় ভাট।"-কবিক°।

ভাটক [ভট্ (ভাড়া করা) + অক(র্তৃ)] বি, ভাড়া।

ভাটকা [সং-অট্ (ভ্রমণে) > হিং ভটকনা (বৃথা ঘোরা ফেরা) > হিং ভটকৈয়া (ভটক্‌নেবালা)] বি, বিণ, পথ-ভোলা। ২ [সং-ভ্রান্ত > হিং ভট্‌কন্ (ভ্রান্তি)] বি, ভ্রান্তি। ভুল-ভাট্‌কা-ভুল ভ্রান্তি।

ভাটশালিক-বি, গুয়ে শালিক (দ্রঃ)।

ভাটা, ভাঁটা [ভাঙ্গটা > অথবা বাটা হিং ঘট্‌না (কমা)] বি, সমুদ্রগা নদীর জলের অল্পতা বা হ্রাস ; সাগরগামী নদীর জল ; ইং ebbtide এর বৈজ্ঞা° পরিঃ (জ্যো°, ক° বিশ্ব° পরিঃ)। জোয়ার ভাটা-বি, সাগর জলের বৃদ্ধি বা উজান গতি ও হ্রাস tides.

ভাটানি [ভাটা (দ্রঃ) + আন (ক্রিয়ায়)। ভাটাই, ভাটাও, ভাটায় ; ভাটাইতে (কে° ভাটাতে) ; ভাটাইয়া (কে° ভাটিয়ে)] ক্রি, নদ্যাদির জোয়ার হ্রাস হওয়া ; ভাটা পড়া ; ভাটিয়ে যাওয়া। "যখন আসবে জোয়ার উজিয়ে যাবে ভাটিয়ে যাবে ভাটার বেলা"-রা° প্র°। ২ অবসান হওয়া ; শেষ হইয়া যাওয়া। ৩ (বেলা) পড়িয়া যাওয়া ; হ্রাসের দিকে যাওয়া। "মা, মাথায় একটু জল দিয়ে দুটো কিছু মুখে দাও, বেলা যে ভাটিয়ে গেল।"-চোরকাঁটা, ৯৮ পৃ°।

ভাটি$_1$, ভাটী, ভাঁটি [ভাঁটি$_1$ দ্রঃ] বি, ভাটা ; নদ্যাদির মন্দগতি। "না মানে উজান ভাটি নাহি কোন দায়"-পদ্যপাঠ। ২ নিম্নগতি ; পড়তা (বেলা পড়িয়া আসার ভাব) ; অবসান ; পড়ন্ত বেলা। "হইল দুপুর ভাটী"-কবিক°। ৩ বিণ, অল্প ; মৃদু ; ধিমা। "দিহ জ্বাল ভাটী"- ডাক°। "ক্ষীর রান্ধে জ্বাল দিয়া ভাটি"-কবিক°। ৪ পরাজয়। "পবন মানিল ভাটী"-মনসা ম° (কেতকা°)। ৫ নিম্নদিক ; নাবাল। ৬ [সাগর দিক্ নিম্নগামী বলিয়া] দক্ষিণ। "ভাটি হইতে আইল বাঙ্গাল লম্বা লম্বা দাড়ি।"-মাণিক°। ~গাং-যে নদীতে ভাঁটা পড়িয়াছে। "গোঁৎ করে সোঁৎ ঠেলে ভাটি গাং ছেড়ে।"-ঈ° গুপ্ত। ~জ্বাল-বি, ধিমা আঁচ। "ক্ষীর রান্ধে জ্বাল দিয়া ভাটি"-কবিক°। ~বেলা-অবসান বেলা ; বৈকাল বেলা। উজানভাঁটী-জলের হ্রাস বৃদ্ধি; জোয়ার ভাঁটা। ২ উন্নতি অবনতি। ৩ চড়াই উতার ; উঁচুনীচু জমী। "ভ্রমেন উজান ভাটী চৌদিকে কোঁচের বাটী" -কবিক°।

ভাটি$_2$ [সং-ভ্রাষ্ট্র > হিং ভাট্টি। ভাঁটি দ্রঃ] বি, মদ্য প্রস্তুত করিবার বা রজকদিগের কাপড় সিদ্ধ করিবার বৃহৎ হাঁড়ী।-"পাপ কাঠের আগুন জ্বাল চাপায়ে চৈতন্যের

ভাটি।"-রাং প্রং।২ প্রস্তরাদি পুড়াইয়া চূণ প্রস্তুত করিবার গৃহ। প্র-চূণের ভাটি। ~খানা-বি, মদ চোলাইয়ের কারখানা; যেখানে মদ চোয়ান হয়।

ভাটি৩ [দেশের দক্ষিণ সাগরমুখী অর্থাৎ ক্রমনিম্ন বলিয়া] বিণ, দক্ষিণ। ~বাঙ্গলা -বাংলার দক্ষিণাংশ। বিণ, ~য়াল =দক্ষিণদেশীয়। প্র-ভাটিয়াল চাউল। ভাটিয়াল সুর ইং।

ভাটিয়ারী১ [হিং ভাটিআরা ওং] বি,যারা ভাটি রাখে; ভাটির মালিক। ~খানা [প্রাং ভেটেরাখানা] মদ চোলাইয়ের কারখানা। ২ মাতালদের আড্ডা।

ভাটিয়ারী২ [সঙ্গীত] বি, রাগবিঃ; মহারাজ ভর্তৃহরি এই রাগের প্রবর্তক; সেই কারণে এই রাগের নাম ভর্তৃহারিকা বা ভাটিয়ারী।

ভাটো [প্রাদেং,প্রাং]বিণ,নিম্ন ও দক্ষিণ দিগ্‌বর্তী; দক্ষিণে ও নীচুতে। প্র-অমুক স্থান অমুক স্থানের ভাটো।

ভাটোয়ারী [ভট্ট (পণ্ডিত) > ভাট +বারী] বিণ, ভট্টাধিকৃত; পণ্ডিতী। ২ ভাটসম্বন্ধীয়। প্র-ভাং বন্দোবস্ত।

ভাড়া১ [ভাটক > বা ভাণ্ডার > ভাড়ার >] বি, মূলধন; পুঁজি; সম্বল। "হা-পুত্রীর পুত্র মোর বালতির ভাড়া।" -কবিকং। "তাহা যদি কাটা গেল ফুরাইল ভাড়া।"-মহাং (কাশীং)। ২ অন্যের ব্যবহারের নিমিত্ত দত্ত গৃহাদির মূল্য; কেরায়া।৩ মাশুল freight. বিণ,~টিয়া- উপযুক্ত পারিশ্রমিকে নিযুক্ত। প্র-ভাড়াটিয়া লোক বা গাড়ী। ২ ব্যবহারের মূল্যে বা খাজনায় অধিকৃত hired. প্র-ভাড়াটিয়া বাড়ী।৩ বি, কেরায়াদার।~দার [ত্রিপুরা প্রাদেং] বি, ভাড়াটিয়া tenant.

ভাড়া২ [ভাঙ্গা > ভানা শব্দের উচ্চারণ বিকার] বি, ভানা; ধান ভানা। "উদয় হৈলে ছড়া, সাঁজ হৈলে ভাড়া, তো গৃহিণীর ধরিয়া মুখ পোড়া।"-ডাকং।

ভাণ১ [ভণ্‌ (বলা)+অ (ঘি)] বি, এক অঙ্কে যে নাটক সমাপ্ত হয়। ২ বিণ, সদৃশ; মত; তুল্য।"গতি গজরাজক ভাণে"-বিং পং।

ভাণ২ [ভান১ (দ্রঃ) >। প্রাং, মং ও আধুং বাং-র 'ভান' অর্থে 'ভাণ' এই অশুদ্ধ রূপের ভুরি প্রচলন আছে] বি, প্রতীতি; বোধ; জ্ঞান; অনুমান। "চটক পর্বত দেখি গোবর্দ্ধন ভাণে। ধাইয়া চলে আর্তনাদে করিয়া ক্রন্দনে।"-চৈং চং। "সত্য যেন কাদম্বরী পীয়ে হেন ভাণ"। ২ ভাব। "ভণয়ে বিদ্যাপতি তখনক ভাণ"। -বিং পং। "সুহৃৎ রঞ্জন ভাণ"-হেমং।

ভাণ৩ [ভণ্‌(কথনে) >। ভণা, ভাণা দ্রঃ] ক্রি, বলা।২ ভণে; বলে। "কবি বিদ্যাপতি ভাণ"-বিং পং।

ভাণা [ভণা দ্রঃ। ভাণ+আ (ক্রিয়ায়)] ক্রি, বলা। ভাণে=বলে; কহে।

ভাণিকা [সং] বি, হাস্যরসাত্মক একাঙ্ক নাটিকা।

ভাণ্ড [সং। বৌং বাং প্রাকৃং বাণ্ড। কুৎসার্থে-ভাণ্ডি] বি, বাদ্যযন্ত্র। ২ পাত্র; ভাঁড়।৩ মূলধন; পুঁজি। ৪ নাপিতাস্ত্রের আধার; ভাঁড়। ৫ দেহ। "চারিটা ভাণ্ড তার গেল আধোগতি" -মাণিকং গান। "গুরু না ভজিলে ভাণ্ড শৃগালে না খায়।" -ঐ। ৬[রসাং] ইং flask এর বৈজ্ঞাং পরিঃ; বকভাণ্ড।~পুট-বি, ক্ষৌরকার।

ভাণ্ডসি, ভাণ্ডই [ভাণ্ডান দ্রঃ। প্রাং বাং] ক্রি, ভাঁড়াইতেছ।

ভাণ্ডাগার [ভাণ্ড(কোষ,ধন)+আগার (গৃহ), ৬তৎ] বি, কোষাগার; ধনাগার; ভাঁড়ার।

ভাণ্ডান [ভাণ্ড (ভণ্ড)+আন (ক্রিয়ায়)। প্রাং ভঁড়ান। ভাণ্ডাই, ভাণ্ডাও (ভাণ্ডহ, ভাণ্ডাহ, ভাণ্ডিহ, ভাণ্ড, ভাণ্ডান, ভাণ্ডাস) ভাণ্ডায় (ভাণ্ডান); ভাণ্ডাইতে (কেং ভাণ্ডাতে); ভাণ্ডাইয়া] ক্রি, ভাঁড়ানো; প্রতারণা করা; ছলনা করা; বঞ্চনা করা। "কি বলিয়া ভাণ্ডাই সে সকল জনে।"-কবিকং।"কহ সত্য সুবদনি না ভাণ্ড আমারে"-মহাং (কাশীং)।২ গোপন করা। প্রাং বাং-ভাণ্ডায়িলী,-লি [প্রাং বাং। ভাণ্ডান দ্রঃ।ভাণ্ডায়িল > স্ত্রীং-য়িলি,-য়িলী] বিণ, প্রতারিতা। "তোর যেমন ভাণ্ডায়িলী নহে চন্দ্রাবলী"-শ্রীং কীং। ভাণ্ডিআঁ-প্রতারিত করিয়া। ভাণ্ডিতেঁ, ভাণ্ডিবারে, -রেঁ-প্রতারিত করিতে। ভাণ্ডিবি-প্রতারিত করিবি (শ্রীং কীং)।

ভাণ্ডার [ভাণ্ড-ঋ (গমন করা)+অ (ঘি) > প্রাং ভাঁড়ার] বি, ধনাগার; "মারিত হাতি লুটি ত ভাণ্ডার"-প্রবচন। ২ অন্নভাণ্ডার। "ভাণ্ডার-দ্বার খুলেছে জননী অন্ন যেতেছে লুটিয়া"-রবীং।৩ [পাটিং (কং বিশ্বংপরিঃ)] ইং fund এর বৈজ্ঞাং পরিঃ; ফণ্ড; পুঁজি; কোষ। ৪ [প্রাং ভাঁড়ার] পুকুরের মধ্যস্থল; জলভাণ্ডার। ~পাল- ভাঁড়াররক্ষক। "দুআরি দুআরপাল ভাণ্ডারী ভাণ্ডারপাল"-শূং পুং।

ভাণ্ডারা-বি, অন্নসত্র; অন্নদানোৎসব। "স্মৃতিবার্ষিক উৎসব এবং ভাং হইবে।"-আং পত্রিকা, ১৮-২-৩৪। ২ [হিং] সাধুদিগের ভোজ।

ভাণ্ডারী [ভাণ্ডার+ইন্‌ (স্ত্যং) ভাণ্ডারিন্‌ ১মা, ১বং] বি, ভাণ্ডারাধ্যক্ষ; ভাঁড়ারী। "দুআরি দুআরপাল ভাণ্ডারী ভাণ্ডার পাল"-শূং পুং। ২ জাতীয় উপাধি বা পদবীবিঃ।

ভাণ্ডি[ইং bundle > বাণ্ডিল > বাণ্ডি] বি, তাড়া। "তাসের ভাণ্ডি"।

ভাণ্ডিকা [পদার্থ বিজ্ঞাং পরিঃ (সাং পং পং)] বি, হণ্ডিকা; ইং cupel এর বৈজ্ঞাং পরিঃ; ধাতুর বিশুদ্ধি পরীক্ষা-পাত্রবিঃ।

ভাণ্ডীর [সং] বি,বটগাছ।২ ভাঁটগাছ।

ভাত১ [ভা (দীপ্তি পাওয়া)+ত (ক্ত)] বিণ, প্রকাশিত; প্রতিভাত। ২ দীপ্ত; আলোকিত। ৩ প্রভাত। ক্রি, ভাতা- প্রকাশ পাওয়া; দীপ্তি পাওয়া। "ভাতে যথা সত্য হেম মাতে যথা রবি"-স্বপ্নপ্রয়াণ।

ভাত২ [সং-ভক্ত] বি, সিদ্ধ চাউল; অন্ন। ~কাপড়-অন্ন এবং বস্ত্র। "ভাত কাপড় দিয়া তোমার পুষতে হল তাকে।"-শিং। ~খাওনী [প্রাদেং ফরিদপুর অঞ্চলে] অন্নপ্রাশন। ~শালা-অন্নসত্র। "অনাথ মণ্ডপ ভাতশালা।"-কবিকং।ভাতেভাত -চাউলের সহিত ডাল, পটল, আলু শাক ইং সিদ্ধ। ভাতে মারা-ক্রি, অন্ন বা

অন্নসংস্থান বা জীবিকা হতে বঞ্চিত করা। প্র-তার চাকরিটি খেয়ে তাকে হাতে না মেরে ভাতে মারা হল। ভাতের কাঁড়ি-বি, একরাশি ভাত। "তুমি ঐ ভাতের কাঁড়ি খাবে?"-অনুরূপা দেবী। ভাতাসি-অতি ভোজনে ভাতে অরুচি। ২ ক্রমাগত এক খাদ্য খাইতে খাইতে ভাতে অস্পৃহা।

ভাতা [সং-ভৃতি > প্রাকৃ-ভতি (বেতন) > ওড়ি॰ ভত, হি॰ ভর্ত্তা। মূল অর্থ-ভাতের সংস্থান] বি, বেতন; পরিদর্শনাদি কার্য্যের নিমিত্ত কর্মচারীদের অতিরিক্ত বৃত্তি।

ভাতার [সং-ভর্ত্তৃ] বি, ভর্ত্তা; স্বামী। "মানুষ ভাতার লোভ করিলি পাপিনী।"-মহা॰ (কাশী॰)। ভা॰খাকী, -খাগী-বিবাহিতা নারীকে বিধবা বলিয়া গালি; রাঁড়ী। ভা॰ খোর-যে ভর্ত্তা ব্যতীত পরপুরুষকে ভর্তৃত্বে বরণ করিয়াছে। "লোকে বলে ভাতারখোর।"-ঘ॰। ভা॰ পুত-স্বামী, পুত্র। ভা॰ পুতের মাথা খাওয়া-পতি পুত্রহীনা হওয়া; গালিবিঃ।

ভাতারী [অশ্লীল গালিবিঃ] বিণ, ভাতারকারিণী; ভাতার রূপে গ্রহণ কারিণী। প্র-বাপ ভাতারী, ভাই ভাতারী ইং।

ভাতি১ [ভাত, ভাতা দ্রঃ] বি, গৃহস্থ ঘরে চাষের জন্য নিযুক্ত বাহিনাদারদের রাত্রির ভাতের জন্য ধান্যাদি যা দেওয়া হয়।

ভাতি২ [ভা+তি (ভা॰)] বি, শোভা; দীপ্তি। "তরুণ অরুণ নবীন ভাতি"-রবী॰। ২ রকম; প্রকার। "তুই অতি ক্রুরমতি জানহ অনেক ভাতি"-কবিক॰। "হাসয়ে খুল্লনা ছন্দ দেখি ভিন্ন ভাতি"-ঐ। ~জা [হি॰-র অনুকরণে। হি॰ ভতীজ >] বি, ভাইপো। স্ত্রীং ~জী, ভাতিঝি-ভাইঝী।

ভাতি৩ [ভাত (অন্ন)+ইয়া=উয়া > ভাতিয়া, ভাতুয়া > কেং॰ ভাতী, গ্রা॰ ভেতো] বিণ, ভাত খেকো। ২ অন্নদাস। প্র-পরভাতী।

ভাতি৪ [ভাত২+ই (আদরার্থে)] বি, ভাত; অন্ন। "পখচিলের ছুদিভাতি গোঁদা চিলের মুখে নাখি।"-ছড়া।

ভাতু/ড়িয়া [ভাত২+উড়িয়া। গ্রা॰ ভাতুড়ে, ভেতুড়ে] বিণ, পরান্নপালিত; অন্নদাস। ২ আঁচিল। ~ড়ী-বি, ব্রণাদি মধ্যস্থ ভাতবৎ জমাট পুঁজ slough. প্র-ফোড়া টিপিয়া ভাতুড়ী বার করা।

ভাতে-বিণ, ভাতের সহিত সিদ্ধ; চালসহ সিদ্ধ করিতে দেওয়া। ভাতেভাত-বি, ভাত ও তৎসহ সিদ্ধ ব্যঞ্জন। আলু ভাতে-ভাতের মধ্যে সিদ্ধ করিতে দেওয়া আলু। ঐরূপ বেগুন ভাতে, ডাল ভাতে ইং।

ভাত্তা [পা 'ভত্ত' (বেতন)] বি, ভাতা।

ভাদর [পদ্য॰-সা॰। সং-ভাদ্র] বি, ভাদ্রমাস। "এ ভরা বাদর মাহ ভা॰ শূন্য মন্দির মোর।"-বি॰ প॰। "এ ভরা ভা॰ দিনে।" -রবী॰। বিণ, ভাদুরে।

ভাদাল [সং-গন্ধভদ্রা > গন্ধভাদাল > কেং॰]বি, গন্ধভাদাল; গাঁদাল। ২ [প্রাদে॰] কলাগাছের ভিতরের শাঁস; থোড়।

ভাদোই [ভাদ্র > হি॰ ভাদোহী >। গ্রা॰ ভাদ(হু)ই] বিণ, ভাদ্রমাসিক।

ভাদোলী [প্রাদে॰] বি, ধান্যবিঃ। "নানা ধান বুনেন পরভু ধান জে ভা॰-শূ॰পু॰।

ভাদ্দ মুখি [ভাদ্র > ভাদ্দ] বি, ভাদ্রমাসে উৎপন্ন ধান্যবিঃ। "পাঙ্গুসিআ ভাদ্দমুখি বুনেন খেমরাঅ"-শূ॰ পু॰।

ভাদ্দির, ভাদ্দোর [>। সং-ভাদ্র গ্রা॰] বি, ভাদ্রমাস। "সাবন গেলে ভাদ্দরমাস সিংহরাশি"-শূ॰ পু॰।

ভাদ্দর-বৌ, ভাদ্দির-বৌ-ভাদ্রবধূ দ্রঃ।

ভাদ্দা [হি॰। ভোঁদা দ্রঃ] বিণ, স্থূল। মোটা; ভোঁদা।

ভাদ্র [ভদ্র+অ। স্ত্রীং ঈ=ভাদ্রী (ভাদ্রপদ নক্ষত্রযুক্ত পূর্ণিমা)+অ (উক্ত তিথিযুক্ত মাস এই অর্থে)] বি, শরৎ ঋতুর প্রথম ও বাঙ্গালা বৎসরের পঞ্চম মাস। ~পদ-ভাদ্রমাস। স্ত্রীং ~পদা-পূর্ব্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদ নক্ষত্র।

ভাদ্রবধূ [সং-ভ্রাতৃবধূ > গ্রা॰ ভাদ্দর-বৌ, ভাদর-বৌ] বি, কনিষ্ঠভ্রাতার স্ত্রী।

ভান১ [ভা (দীপ্তি পাওয়া)+অন (ভা॰)] বি, দীপ্তি। ২ প্রতীতি; জ্ঞান। "না কর মনে আন ভানে"-শ্রী॰ কী॰। ৩ ভাব। "চিত চঞ্চল ভান"-বি॰ প॰। ৪ শোভা। ৫ প্রকার।

ভান২ [ভাণ্ডান দ্রঃ] বি, ছলনা; ছল; ভাঁড়ান; কপট। প্র-ভান ক'রে শুয়ে আছে। ভাণ২ দ্রঃ।

ভানিয়া [ভানা দ্রঃ। গ্রা॰ ভানুয়ে] বি, যে ধান ভানে; ভানুরী। স্ত্রীং ভানিনী, ভানুনী।

ভানা১ [সং-ভন্‌জ্ (ভাঙ্গা) >।ভানি, ভান (ভানেন, ভানিস), ভানে (ভানেন); ভানিতে; ভানিয়া (কেং॰, গ্রা॰ ভেনে)। "পরের ভানিয়া ধান ছুসতীনে রাখি প্রাণ"-কবিক॰। ণিজন্ত-ভানান] ক্রি, ভাঙ্গা; ধান হতে চাউল বাহির করা; চাউল তৈয়ার করা। "ধান ভানতে শিবের গীত।"-শি॰। "হাল বলদ দিবে খুড়া দিবে হে বীচের পুঁড়া ভেনে খাইতে ঢেঁকি কুলা দিবে।"-কবিক॰। ~কুটা-ধান ভানা ও চালকুটা। "আমি বড় দুঃখী, ভানাকুটা করে খাই"। ২ কথার কেঁড়েলি; আন্দোলন (তুল-হি॰ বাতে ছাটনা)। "সবা সনে সদাই একথা ভানাকুটা।"-ঘ॰। ধান ভানা-ক্রি, ধান কুটিয়া চাউল প্রস্তুত করা।

ভানা২ [ভ্রমণ > ভ্রং ভান+আ (ক্রিয়ায়)। ভানি, ভান, ভানে; ভানিতে (কেং॰ ভানতে); ভানিয়া (কেং॰ ভেনে)] ক্রি, ভ্রমণ করা; বেড়ান। "কোরে করত তুয়া ভানে।"-জ্ঞান॰।

ভানু [ভা (দীপ্তি পাওয়া)+নু (কর্তৃ, জ্ঞা॰)] বি, দিবাকর; সূর্য্য। "জানু ভানু কৃশানু শীতের পরিত্রাণ।"-কবিক॰। ২ কিরণ; রশ্মি। ৩ শিব। ৪ রাজা। ৫ গন্ধর্ববিঃ। ৬ কান্তি। ~কর-সূর্য্যরশ্মি; রৌদ্র। ~তনুজ-বি, সূর্য্যপুত্র শনি। (তনুজা=তনুজ)। "লগ্নে থাকে ভানুতনুজা"-খনা॰। ~বার-বি, রবিবার। ~মান [ভানু (কিরণ)+মৎ (অস্ত্য॰)=ভানুমৎ ১মা, ১ব॰] বি, দিবাকর; রবি; সূর্য্য। "দেখ দীপ্ত ভানুমান্ বিবর্ণ গগন শিরে।"-গান। ২ বিণ, দীপ্তিশালী; কান্তিমান্। > স্ত্রীং ~মতী-বিণ, কান্তিমতী। ২ বি, দুর্য্যোধনের

মহিষী। ৩ বিক্রমাদিত্যমহিষী। ভানু-মতীর খেলা-ভোজরাজতনয়া ভানুমতী প্রবর্তিত ইন্দ্রজাল; কুহকবিদ্যা।

ভানুরী [ভানিয়া দ্রঃ] বি, বিণ, যে ধান ভানে।

ভাপ, ভাব [সং-বাষ্প > বাপ্ফ > ভাপ] বি, বাষ্প। ২ উত্তাপ; উষ্ণতা। ভাপরা, ভাবরা-বি, উত্তপ্ত জলীয় বাষ্প; বাষ্পস্বেদ। ভাপ্সা-বিণ, গুমসা; হাপ্সা (দ্রঃ) গন্ধ; বায়ু চলাচল রহিত স্থান-সুলভ দুর্গন্ধ; উগ্র বাষ্পগন্ধবৎ গন্ধযুক্ত। বি, ভাপসানি। ক্রি,ভাপা-ভাপময় হওয়া; অল্পসিদ্ধ হওয়া; বাষ্পে পরিণত হওয়া। ণিজন্ত ক্রি, ভাপানি-ভাপ দেওয়া; বাষ্পের উত্তাপে সিদ্ধ করা।

ভাপিনী-বি, বাষ্পের উত্তাপে রন্ধন হইতে পারে এমন বৈজ্ঞানিক উনন বা চুল্লী।

ভাব [ভূ (হওয়া) + অ (ভা০)] বি, জন্ম; উৎপত্তি। ২ সৃষ্টি। ৩ সদ্ভাব; অভাবের বিপরীত; সত্তা। ৪ পদার্থ; বস্তু। ৫ কুলীনের মর্য্যাদা। "সে আবার জিজ্ঞাসা করিল * * * কুলীন? হাঁ; কোন ভাব? স্বভাব। কার সন্তান? বিষ্ণু ঠাকুরের সন্তান।"-যোগেন্দ্র চট্টো০ (প্রবাসী, ১৩১০)। ৬ মর্ম্ম। ৭ ভক্তি। ৮ ভঙ্গী। ৯ অবস্থা; দশা। ১০ স্বভাব। ১১ চিন্তা; কল্পনা; ভাবনা। ১২ বিভূতি। ১৩ বাক্যার্থ। ১৪ ধ্যান। ১৫ জ্ঞানজ অনুভূতি; সংস্কার; প্রত্যয়; ইং ideaর বৈজ্ঞা০ পরিঃ (গি০ শে০ বসু)। ১৬ আবেশ। ১৭ প্রকার; রকম। "সে ভাব কোথা হে যে ভাবে ভুলালে।"-রাম বসু। ১৮ অভিপ্রায়; উদ্দেশ্য। ১৯ সম্ভাবনা। ২০ বিলাস। ২১ মনোবিকার-বিশেষ; নির্ব্বেদাদি। "ভাবে সমাকুল চিত নারদ গায়েন গীত"-কবিক০। ২২ কাম। ২৩ অনুরাগ; বন্ধুত্ব; প্রণয়; মনের মিল। "কলিকালে নারীর কুটুম্বে বড় ভাব"-ঘ০। ২৪ [ব্যা০] ধাতুর অর্থ। ২৫ [নাট্যোক্তিতে] পূজ্য; মান্ত। ২৬ [অলং] মনোগত আবেগ বা আবেশ; চিত্তবিকার; হৃদয়োচ্ছ্বাস emotion [এই আবেগ অধিকতর তীব্র হইলে ভ্রূ, নেত্রাদিতে প্রকাশ পায়, তখন ইহাকে হাব বা শৃঙ্গার বলে] হাব দ্রঃ। ~ভা০ করা-বন্ধুত্ব করা; মিত্রতা করা। ২ চিন্তা করা; ধ্যান করা। "ভাব করে যে মোরে তার ঘরে রই।"-শি০। ~গত-বিণ, ভাবাত্মক। "রবীন্দ্রনাথের ভাবগত বৈশিষ্ট সম্বন্ধে দুই একটি কথা * *"-উত্তরা; পৌষ, ১৩৩৩। ~গতি, ~গতিক-ভাবভঙ্গী; মনোভাব ও চেষ্টা; আকার ইঙ্গিত।~গর্ভ-ভাবপূর্ণ; ভাবাত্মক। ~গ্রাহী-বিণ, মর্মজ্ঞ; অন্তর্যামী। "ভাব-গ্রাহী জনার্দ্দন"। ~ঘন-বিণ, ভাবনিবিড়; জমাট ভাবযুক্ত; ভাবময়; ভাবপূর্ণ। "তাঁর রচনায় তা প্রাঞ্জল, স্বচ্ছ ভাবঘন ভাষায় প্রকাশিত হয়েছে।"-আ০ শক্তি। ~চক্ষু-ভাবময় দৃষ্টি। ~চিত্র-বি, ভাবময় চিত্র; শিল্পির কল্পনা ও অন্তর্নিহিত ভাব যে চিত্র বা মূর্ত্তি রচনার মধ্য দিয়া ফুটিয়া উঠে।~চৌর, ~চোর-কুম্ভিল দ্রঃ।~তান্ত্রিকতা [বস্তুতান্ত্রিকতার বিপরীত] বি, ভাবনৈতিকতা। বিণ, ভাবতান্ত্রিক। ~তরঙ্গ বি, ভাবোচ্ছ্বাস।~তরল বিণ,ভাবে বিগলিত; ভাবে ঢলঢল। "রমণীগণের সুঠাম অঙ্গ ভাব-তরল চক্ষু"-ভারতী, ৩৬শ বর্ষ। ~নিবিড়-বিণ, ভাবঘন।"অনেক সংস্কৃত, পার্শী ও গ্রাম্য শব্দে এত অধিক অর্থ নিহিত আছে,এত অধিক ভাবের ইঙ্গিত আছে, এত অধিক রস ঘনীভূত হইয়াছে যে ঐগুলি প্রয়োগ রচনাকে সংহত ও ভাবনিবিড় করে একাধিক বাক্য প্রয়োগ হইতে কবিকে অব্যাহতি দেয়-"-কা০ রায় (আ০ শক্তি, বৈশাখ)।~প্রবণ [ইং sentimental এর ভাবানুবাদ] বি, ভাবাবিষ্ট; ভাবপ্রধান; ভাববিলাসী। "বাঙ্গালী একটি ভাবপ্রবণ জাতি"-আ০শক্তি।~প্রবণতা-বি, "তীব্র অনুভূতি, প্রগাঢ় প্রেম ও কল্পনা-শক্তি এই তিনের সংযোগে ভাবপ্রবণতার উদ্ভব।"-আ০ শক্তি, ১৩৩৪। ~বিলাসী [ইং sentimental এর বঙ্গানুবাদ] বি, ভাবপ্রবণ; ভাবুক; ভাবানুরাগী। ~বীর [বীর দ্রঃ] বি, যে কেহ আন্তরিকতার সহিত ভাবের উপাসনা করে hero. > ভাববীর উপাসক-আন্তরিকতার সহিত ভাবের উপাসনাকারী। > বি, ভাববীর উপাসনা-hero-worship. ~বোধক, -সূচক-অর্থব্যঞ্জক। ~ব্যক্তি-ভাবের অভিব্যক্তি; ভাবপ্রকাশ। ~ভক্তি-বি, আচারানুষ্ঠানে ব্যক্ত আন্তরিক শ্রদ্ধানুরাগের অবস্থা; ধরণ ধারণ; আকার ইঙ্গিত বা ধরণ ধারণে হৃদয় মনের বহিঃ প্রকাশ। ~ভঙ্গী-বি, ভাবগতিক (দ্রঃ)। ~ভরা-বিণ, ভাবগর্ভ। ~ভোলা-বিণ, ভাববিহ্বল; ভাবাবেশে আত্মবিস্মৃত। ~ময় বিণ, -ভাবপূর্ণ; ভাবাত্মক। ~মূর্ত্তি-বি, অন্তরের রূপ; ভাবাত্মিকা মূর্ত্তি। "তাহার যে বিশিষ্ট ভাবমূর্ত্তি আত্মপ্রকাশ করিয়াছে"-উত্তরা, ১৩৩৩। ~রাখা-বিণ, সদ্ভাব বা সৌহার্দ্দ্য বজায় রাখার মত। "এমন ভাব-রাখা ভাব কোথায় শিখিলে।" -রামবসু। ~লহরী-বি, ভাবের তরঙ্গ; চিন্তাতরঙ্গ। ~শুদ্ধি-বি, চিন্তার অনাবিলতা বা বিশুদ্ধি। ~সঞ্চার-বি, ভাবোদয়। ~সাগর-বি, ভাবসমুদ্র; অগাধ বা অসীম চিন্তা। ~সার-বি, অনুরাগ; প্রণয়। ~হীন-অর্থহীন। ২ চিন্তা বা কল্পনাশূন্য। সদ্ভাব-দ্রঃ।

ভাবক [ভূ (ণিচ্)=ভাবি (চিন্তা করা, হওয়া) + অক (র্তৃ)] বিণ, চিন্তক; ভাবুক; স্মরণকারী; চিন্তাশীল। "যাদৃশ ভাবে ভা০ ভাবে প্রণয় ভকতি রিপু মতিযুত ভজনে" -কাব্যনির্ণয়। ২ উৎপন্নকারী। ৩ উন্নতি বা বৃদ্ধি-সহায়। প্র-হৃদয়-ভাবক (দ্রঃ)। ৪ বি, মানসবিকার; ভাব।

ভাবকানি, ভাবকি,-কী [হি ভব্‌কী। গ্রা০ ভাউকি, ভেউকি] বি, হুমকি ধমক; তাড়না। "ভাবকী লাগিয়া সবে পলাইয়া যায়।"-ঘ০। ২ মুখবিকার; মুখ-খামটী; মুখভঙ্গি। "আহড়ে বিহড়ে থাকি মার যে ভাবকী।"-কবিক০।

ভাবকালি,-লী [সং-ভাবক (ভাব দ্রঃ। "রসবিশেষভাবনাচতুর") + আলি,-লী (তদ্ভাব বা ধর্মার্থে)। তুল-নাগরালি (রসিকতা, রসজ্ঞতা)। এইরূপ ঠাকুরালী, চতুরালী ই০] বি, নিগম কল্পতরু (বেদ)র অমৃতদ্রবসংযুত স্বাদুফল অর্থাৎ ভাগবতামৃত;

নিত্যানন্দীজগঙ্গণ ভাবের পসরা ; ভগবদ্ভক্তি-রসামৃত। "কাশীতে বেচিতে আমি আইলাম ভাবকালী। কাশীতে গাহক নাহি, বস্তু না বিকায় ; পুনরপি দেশে বহি লওয়া নাহি যায়।"–চৈ০ চ০। ৺জগদীশ্বর গুপ্ত, ৪র্থ সং০ ১৩১৯)। পাঠান্তরে–"ভাবকালি বেচিতে আইলাম কাশীপুরে"–চৈ০ চ০।

ভাবড়া ভাবরা$_{1}$, ভৈ-, ভ্যা- [ভেবরাও] বিণ, ভাবযুক্ত। ২ ভয়ভীত। ৩ বিমূঢ়। ক্রি, ˋভাবড়ানি–ভাবড়ান দ্রঃ।

ভাবন [ভাবি (চিন্তা করা, মিশ্রিত করা) +অন (ভা০)] বি, ধ্যান ; কল্পনা ; অনুধ্যান ; চিন্তন। ২ বিবেচনা। ৩ পর্য্যালোচনা। ৪ ঔষধ সংস্কারবিঃ ; ভাবান। ৫ [আয়ু০ পরিঃ] পাচন digestion. ৬ অধিবাসন ; অঙ্গরাগাদি করণ ; কেশবেশাদি সংস্কার ; বেশবিন্যাস ; লাস বেশ [ভাবন স্ত্রীলোকেরাই করে ; ফ্যাসান (দ্রঃ) স্ত্রী পুরুষ উভয়েই করে। প্রসাধন দ্রঃ]। ৭ লীলা ; নাগরীপণা। "দাণ নিঝা করে৷ ভাবন চুর"–শ্রী০ কী০। ৮ উৎপত্তিস্থান। বিণ, ভাবনীয়–ভাবনার যোগ্য। ২ চিন্তনীয়।

ˋভাবনা$_{1}$ [ভাবন দ্রঃ] বি, দ্রব পদার্থ দ্বারা পুনঃ পুনঃ ঔষধ মারণ ও শোধন ; ভাপনা saturation. ২ [রসা০ পরিঃ] ইং infusion এর বৈজ্ঞা০ পরিঃ ; ইং maceration এর বৈজ্ঞা০ পরিঃ।

ভাবনা$_{2}$ [ভাব দ্রঃ] বি, চিন্তা ; স্মরণ। ২ ভাব ; মর্ম্ম। "ভাষা দোষ না বাছে ভাবনা মাত্র জানে."–গোপালভাগবত (দৈবকী নন্দন সিংহ, ১৭ খৃ০ শতাব্দী)। ৩ মানসিক উদ্বেগ ; দুশ্চিন্তা।

ˋভাবনী, ভাবনি, ভাবুনী [ভাবন (দ্রঃ)+ঈ (স্ত্রীং), পুং ভাবুনে (দ্রঃ)। গ্রা০] বি, যে নারী ভাবন করে ; অতিরিক্ত বেশবিন্যাসানুরাগিণী স্ত্রী ; ভাবনপ্রিয়া নারী। "ভাবনি লো ভাবনি তোর ঘর পুড়ে যায়! পুড়ুক গে আমার ঘর আমার ভাবন যয়ে যায়"–গ্রাম্য ছড়া।[দ্রঃ–"ভাবনী চুল বাঁধিতেছে কিম্বা টিপ পরিতেছে। অথচ তাহার খড়ের ঘরে আগুন লাগিয়াছে তাহার সে হঁস নাই। অপরে সে কথা তাহাকে বলিয়া দিলেও সে ভাবন ছাড়িতে পারে না। এমনি ভাবনের তন্ময়তা।"–বাঙ্গালী, ১৩২৩]।

ˋভাবরা$_{2}$–ভাপ দ্রঃ।

ˋভাবরানি, ˋভাবড়ানি [ভাব+আন (ক্রিয়ায়)। র্, ড় আগম, আতিশয্যার্থে, গ্রা০ ব্যবহার। ভাবরাই, ভাবরাও, ভাবরায় ; ভাবরাইতে ; ভাবরাইয়া (গ্রা০ ক্ষে০ ভেব্‌রে)] ক্রি, অতিশয় ভাবনাযুক্ত হওয়া ; চিন্তাকুল হওয়া ; কৃতকার্য্যতাপক্ষে সকল কৌশল ব্যর্থ হওয়ায় কিংকর্তব্যবিমূঢ় ও চিন্তিত হওয়া ; ঘাবড়ান।

ভাবা$_{1}$ [ভাব (দ্রঃ)+আ (ক্রি-বিভক্তি)। ভাবি, ভাব(ভাবেন, ভাবিস), ভাবে(ভাবেন) ; ভাবিতে ; ভাবিয়া (ক্ষে০ পদ্যে–ভাবি, গ্রা০ ভেবে)। ণিজন্ত–ভাবান] ক্রি, চিন্তা করা। "দেখ্ ভেবে আর ভাব্‌বি কবে"–গিরিশ০। ২ ধ্যান করা। "ভাব না কালী ভাবনা কিবা।"–রা০ প্র০। ৩ উদ্বিগ্ন হওয়া ; ব্যাকুল হওয়া। প্র–সামান্য কারণে অত ভাব কেন? ৪ মতলব আঁটা ; স্থির করা ; নিশ্চয় করা। প্র–এখন কি ভেবে এসেছ। একটা কিছু ভেবে নাও। ৫ স্মরণ করা ; মনে করা। প্র–তুমি কি তাহাকে একবারও ভাব? ৬ উদ্ভাবন করা। প্র–এর একটা উপায় ভাব দেখি।

ˋভাবা$_{2}$ [ভাবা$_{1}$ দ্রঃ] বিণ, ভাবিত। ২ [ভাবান$_{2}$ দ্রঃ] ভাপ দেওয়া ; জমানো ; সাজা দিয়া পাতা যেমন দই। প্র–ভাবা দই।

ˋভাবা$_{3}$ [ভ্যাবা দ্রঃ] বি, ধোঁকা। "কামিনী কুহকে পড়ি খায় যেই ভাবা। নিজে সেই হাবা নয় হাবা তার বাবা॥"–ঈ০ গুপ্ত। ~চাকা–ভাবনা চক্র।

ভাবাত্মক [ভাব+আত্মক] বিণ, ভাবগর্ভ।

ভাবানি$_{1}$ [ভাবা$_{1}$ দ্রঃ। ভাবাই, ভাবাও, ভাবায় ; ভাবাইতে (ক্ষে০ ভাবাতে) ; ভাবাইয়া (গ্রা০ ক্ষে০ ভাবিয়ে)] ক্রি, চিন্তা করান ; উদ্বিগ্ন করান।

ˋভাবানি$_{2}$ [ভাপ (দ্রঃ) >ভাব+আন (ক্রিয়ায়)। ভাবাই, ভাবাও ই০] ক্রি, ভাপ দেওয়া। ২ উত্তাপে জমানো ; বসানো ; পাতা (দই)। প্র–দই ভাবান। > বিণ, ভাবা–ভাব্‌না দেওয়া ; যা জমান হইয়াছে। "ভাবা-দই ঢেলে করে ঘোল।"–অমৃত বসু।

ভাবানুষঙ্গ [[illegible] মনোবিজ্ঞা০ পরিঃ (গি০ শে০ বসু)] বি, ইং association of ideas এর বৈজ্ঞা০ পরিঃ।

ভাবান্তর [ভাব+অন্তর] বি, মনের অবস্থান্তর। "কেন দেখি দেখি ভাবান্তর।"–অ০ ম০। ২ অর্থান্তর।

ভাবাবেশ [ভাব+ আবেশ, ৬তৎ] বি, ভাবোদয়।

ভাবাব্ধি [ভাব (রূপ)+অব্ধি (সমুদ্র), রূপক ধা] বি, ভাবসিন্ধু ; অশেষ ভাব।

ভাবাভাস [ভাব+আভাস] বি, অস্পষ্ট ভাব ; ভাবের ইঙ্গিত। ২ ভাবালুতা।

ভাবার্থ [ভাব+অর্থ] বি, তাৎপর্য্য ; মর্ম্ম। ২ লক্ষ্য ; অভিপ্রায়।

ভাবালু [ভাব+আলু (আছে এই অর্থে)] বিণ, ভাবুক ; চিন্তাশীল ; করুণাপ্রবণ। "তাহা কেবল মানবতার দোহাই দিয়া * * * ভাবালু লোকদের সহানুভূতি লাভ করিবার আশায় * *" –আ০শক্তি, ২৩।১২।২৭। > বি, ভাবালুতা। "* * নিষ্ঠা ব'লে কোনও জাতীয়গুণ নেই যেমন আছে কল্পনা বা ভাবালুতা।" –দিলীপ রায়, উত্তরা, পৌষ, ১৩৩৩। ২ ইং sentimentalism এর পরিভাষা। "ইংরেজীতে যাকে 'সেণ্টিমেণ্টালিজম্' বলে, আমরা তার বাঙ্গলা নাম দিয়েছি ভাবালুতা।"–সবুজপত্র, ভাদ্র, ১৩৩১।

ভাবি [সং–ভ্রাতৃজায়া। হিং০] বি, ভাজ।

ভাবিক [ভাব+ইক (ষ্ণ)] বিণ, অর্থযুক্ত। ২ স্বাভাবিক। ৩ ভাবযুক্ত। ৪ উদ্দীপক। ৫ ভবিষ্যৎকালিক। ৬ কাব্যালঙ্কারবিঃ।

ভাবিত [ভূ (ণিচ্)=ভাবি (হওয়ান) + ত (র্ম্ম)] বিণ, চিন্তান্বিত ; উদ্বিগ্ন ; চিন্তিত। ২ অঙ্গীকৃত। ৩ প্রমাণীকৃত। ৪ ঘটিত। ৫ পবিত্রীকৃত। ৬ (ঔষধাদি) সংস্কৃত। ৭ বাসিত।

ভাবিতাত্মা [ভাবিত+আত্মা, যাঁরা পরমাত্মাকে চিন্তা করিয়াছেন] বিণ, পূতাত্মা ; শুদ্ধচিত্ত।

ভাবী [ভূ (হওয়া)+ইন্ (র্ত্তৃ, ভবিষ্যৎ কালে)=ভাবিন্ ১মা, ১ব০] বিণ, ভবিতব্য ; ভবিষ্যৎ। "ভাবী ভাবি আরো মনে বাড়ে মহা ক্লেশ।"-রঙ্গলাল। স্ত্রীং **ভাবিনী**-ভাবনাযুক্তা ; চিন্তাকুলা। "কানুমুখ হেরইতে ভাবিনী রমণী"-বি০ প০। ২ বি, কামিনী। ৩ ভবিতব্যা।

ভাবুক১ [হিং ভব্‌কি >] বি, হুমকি ; ভয় প্রদর্শন বা ভঙ্গী। "প্রাণ ভয়ে ভাবুকে পালালো কত লোক"-ধ০।

ভাবুক২ [ভূ (হওয়া)+উক (র্ত্তৃ, শীলার্থে)] বিণ, চিন্তাশীল। ২ ভাবগ্রাহী। বি, **ভাবুকিতা**। "ভাবুকতা ভক্তি নহে, ভাবোচ্ছ্বাস-ক্ষণিক-সাময়িক, তাহা মানব-চরিত্রের উপরে থাকে, বাহিরে প্রকাশ পায়, তাহার জোয়ার ভাঁটা আছে।"-ভারতী। **ভাবুকিতাত্মক**-সাময়িক ভাবোচ্ছ্বাস-জনিত ; সাময়িক ভাবাবেশ বা আবেগময়। "মহর্ষি দেবেন্দ্রনাথের ভক্তি ছিল কিন্তু ভাবুকতাত্মক ভক্তি নহে"-শিবনাথ শাস্ত্রী।

`ভাবুনে** [ভাবন (দ্রঃ)+ইয়া] বিণ, ভাবনকারী ; বিলাসী। ২ প্রকৃত ভাব গোপন করিয়া ছলে ভাবান্তর প্রকাশ করিতে পটু ; রহস্যপ্রিয়। "ঢের দেখেছি, তোর মত এমন ভাবুনে দেখিনি"-ঘরে বাইরে (রবী০)। স্ত্রীং **`ভাবুনী-বিলাসিনী। ভাবনী দ্রঃ।

ভাবে [সং-ভাব >] অ, ক্রিয়া-বিশেষণাত্মক প্রত্যয় ; অবস্থায় ; রূপে ; প্রকারে ; ধরণে। "সকলের ব্যথা সমানভাবে বেজে উঠ্‌ত"। ২ অর্থে ; মনে করিয়া। "কি ভাবে কথাটা বল্লে বুঝা গেল না।" ৩ প্রয়োজনে ; উদ্দেশ্য লইয়া। "যে ভাবেই এসে থাক"। ৪ বেশে। "এই ভাবেই যাও, তোমার পোষাক এমন কিছু নিন্দের নয়"।

ভাবোচ্ছ্বাস [ভাব+উচ্ছ্বাস] বি, ভাবের বেগ ; ভাবতরঙ্গ।

ভাবোদয় [ভাব+উদয়] বি, ভাবের

ভাবোদ্দীপক [ভাব+উদ্দীপক] বিণ, ভাবের উত্তেজনাকারী। বি, **ভাবোদ্দীপন**,-**পনা**।

ভাবোন্মত্ত [ভাব (দ্বারা)+উন্মত্ত] বিণ, ভাববিহ্বল।

ভাবোন্মেষ [ভাব + উন্মেষ] বি, ভাবোদয়। বিণ, **ভাবোন্মেষক**-ভাবের উদ্রেককারী।

ভাবোন্মাদ [ভাব + উন্মাদ] বি, ভাবোন্মত্ততা ; ভাববিহ্বলতা।

ভাব্য [ভূ (হওয়া)+য (র্ম্ম)] বিণ, অবশ্যম্ভাবী ; ভবিতব্য। ২ চিন্তনীয়।

ভাম [ভা (দীপ্তি পাওয়া)+ম (র্ত্তৃ)] বি, ভানু। ২ কিরণ। ৩ দীপ্তি। ৪ [ভাম্ (ক্রুদ্ধ হওয়া)+অ (ভা০)] কোপ। ৫ খটাশ-জাতীয় জন্তুবিঃ।

ভামক [সং] বি, ভগিনীপতি।

ভামা [সং] বি, কোপনা স্ত্রী।

ভামিনী [ভাম্ (ক্রোধে)+ন (ত্ব্য০)+ঈ (স্ত্রীং)। "কোপনা সৈব ভামিনী"-অমর০] বি, অতি কোপনা নারী। ২ নারী।

ভায়১ [ভাব >] বি, ভাব ; রীতি। "না জানো শিশুমতী সুরতির ভায়"-শ্রী০ কী০।

ভায়২ [সং-ভা (প্রকাশ, দীপ্তি বা শোভা পাওয়া) >] ক্রি, উদয় হয় ; প্রকাশ পায়। ২ শোভা পায় ; ভাল দেখায় ; মনে লয় ; ভাল লাগে। "বুঝিয়া আপনি কর যেবা মনে ভায়" -অ০ ম০। "ইহারে না ভায় স্বতন্ত্র চরিত আমার"-চৈ০চ০।

ভায়ই [ব্রজ০। সং-ভ্রাতৃজায়া > হিং ভাওয়াজ্, ভৌজাঈ। হিং-তে ভাত্রবধূ অর্থে ভাবী] বি, ভ্রাতৃজায়া ; ভাজ। ২ ভাত্রবধূ। "লোক চরচাতে ভাসুর ভায়ই, এমতি থাকিব আমি"-পদকল্পতরু (সা০ প০ প০)।

ভায়রা [নোয়াখালি, ফরিদ০ অঞ্চলে। ভাই দ্রঃ] বি, শ্যালীপতি। ~**ভাই**-শ্যালী-পতি সম্বন্ধসূত্রে ভাই।

ভায়া [সং-ভ্রাতা > হিং ভাইয়া] বি, ভ্রাতা; ভাই ; ভ্রাতৃস্থানীয় ; সহোদরপ্রতিম। "হরিদাস ভায়া"-শি০। "নারদ ভায়া" -ভারত০।

ভায়াদ [সং-ভ্রাতৃ-দায়াদ >] বি, উত্তরাধিকার সূত্রে সম্পত্তির অংশভাগী জ্ঞাতিভ্রাতা kinsmen. বিণ, **ভায়াদী**-জ্ঞাতিসম্বন্ধীয়। **ভাইভায়াদ**-সহোদর এবং জ্ঞাতি ভাই।

ভায়ি [প্রা০ বাং। আধু০ ভাই] বি, ভ্রাতা। "যাইল ইন্দ্রজিত ভায়ি লক্ষ্মণে" -শ্রী০ কী০।

ভার [ভৃ (পালন করা)+অ (ভা০)] বি, ভারিত্ব ; গুরুত্ব [দ্রঃ-"একসের জিনিষ বহন করিতে করিতে ভার ভার বাড়ে বস্তু (দ্রঃ) বাড়ে না"। ভার ও বস্তু (mass) স্বতন্ত্র ধর্ম্ম -রা০ ত্রিবেদী]। ২ আধিক্য। ৩ আন্তরিক ক্রোধ বা অভিমানজনিত গাম্ভীর্য্য। প্র-মন ভার। ৪ সমূহ ; রাশি ; "ডালে কুসুম সুরভি ভার"-রবী০। ৫ দায়। "সহরে টাকার দায়ে চলা দেখি ভার।"-হেম০। ৬ পরিমাণ-বিঃ ; ওজন ২০০০ পলে অর্থাৎ ১৬০০০ তোলায় ১ ভার)। ৭ বাঁক পরিমাণ ; বাঁকে করিয়া ভারবাহী লোকেরা যা বহন করে। "পিতা পুত্রে লৈয়া ভার হাটে গেলা নিদয়ার সনে।"-কবিক০। ৮ পণ ; বিবাহে পাত্রকে যে দানসামগ্রী দেওয়া হয়। "প্রথম যখন কৌলীন্য প্রথা স্থাপিত হয় তখন নিয়ম ছিল ১৬৲ টাকা ভার দিতে হইবে। এ ভার শব্দের অর্থ বোধ হয় ওজন বা পাত্রের মর্য্যাদা। * * সেই ১৬৲ টাকা ভারের স্থলে ভার শব্দ উঠিয়া গিয়া পণ শব্দ প্রচলিত হইয়াছে। এই পণ শব্দের অর্থই বোধ হয় পাত্রের মর্য্যাদার মূল্য।"-গৃহস্থ (আশ্বিন,১৩২০)। ৯ ভারবহন দণ্ড। "যমুনার পথে আজ্ঞে ভার সাজইআঁ।" -শ্রী০ কী০। ১০ অভিচার ; মন্ত্রাদি দ্বারা শক্তিনাশ। ১১ অধিকার। ১২ বিণ, কঠিন ; দুরূহ। "হেরে তার আকার চিনে উঠা ভার, সে উমা আমার উমা নাই হে আর।" -বাং গান। ১৩ বহনদুষ্কর ; ভারি ; দুর্বাহ। "কুসুম হার ভইল ভার হৃদয় তার দাহিছে" -রবী০। ১৪ কষ্ট কর। "জীবন ভেল অতি ভার"-জ্ঞান০। ১৫ মেঘার ভারি ; থমথমে। প্র-গা ভার। মাথা ভার। ১৬ [পারি০ (ক০ বিব০পরিঃ)] ইং weight এর বৈজ্ঞা০ পরিঃ ; তোলমান ; ওজন ; ইং load এর বৈজ্ঞা০ পরিঃ ; বোঝা (বলবিদ্যা০) ; ইং pressure এর বৈজ্ঞা০ পরিঃ ; চাপ (হিং কো০)। ~**ক** (-র্ক-) [খনিজ০ (ক০ বিব০ পরিঃ)]

বি, ইং barim এর বৈজ্ঞা॰ পরিঃ; ভারিয়ম (হি॰ কো॰)। ~কেন্দ্র-বি, ভারমধ্যবিন্দু; ইং centre of gravityর বৈজ্ঞা॰ পরিঃ (জ্যা॰ ক॰ বিশ্ব॰ পরিঃ); গুরুত্বকেন্দ্র (হি॰ কো॰)। ২ [বলবিদ্যা॰ পরিঃ] ভারমধ্য centre of gravity. "পদার্থ মাত্রেরই ভিতরে এমন একটি স্থান আছে সেই স্থানটি চাপিয়া ধরিলে আর পদার্থটা পড়িতে পায় না। স্থানটী একটী বিন্দুমাত্র। সেই বিন্দুকে ভারকেন্দ্র বলে।"-রা॰ত্রিবেদী।~গ্রস্ত-ভারাক্রান্ত।~গ্রাহী-বিণ, ভার গ্রহণকারী; ভারবাহী। > স্ত্রীং ~।। ~বাই, বাইক, বাহী-বিণ, ভার বহনকারী; ভারী। ~মধ্য-ভারকেন্দ্র দ্রঃ centre of gravity. ~মধ্যবিন্দু-বি, ভারকেন্দ্র। ~যষ্টি-বাঁক। ~শঙ্কু [বলবিদ্যা॰ পরিঃ (সা॰ প॰ প॰)] ইং lever এর বৈজ্ঞা॰ পরিঃ; লেভার (ক॰ বিশ্ব॰ পরিঃ)। ~সই-ভার বহন বা ধারণক্ষম। ~ইর-ভারবাহী। ~হীন-বিণ, ভারশূন্য। ২ লঘু।

ভারই-ভারুই দ্রঃ।

ভারত [ভারত (রাজপুত্র) + অ (দানার্থে), ইহা ভরতকে দান করা হইয়াছিল বলিয়া ভারত নামে খ্যাত] বি, ভারতবর্ষ। ২ মহর্ষি বেদব্যাস রচিত ভরতবংশ-চরিত-মূলক মহাকাব্য মহাভারত। ৩ ভরততনয়। ৪ কবি ভারতচন্দ্র। ৫ অ, ঘৃণা, বিস্ময়, লজ্জা ই॰ ব্যঞ্জক বা এককালে এই সমুদয় ভাব-সমষ্টি-ব্যঞ্জক। "শুনি স্বরে কবি রায় ভারত ভারত, এমন না দেখি আর চাহিয়া ভারত।"-ভারত॰। ~গবর্ণমেন্ট-সমগ্র ব্রিটিশ-শাসিত ভারতবর্ষের ইংরেজরাজ-প্রতিনিধি বা বড়লাট নিয়ন্ত্রিত শাসনতন্ত্র India Government. ~গৌরব-বিণ, ভারতের গর্ব্বস্বরূপ বা গৌরববর্দ্ধনকারী। ~ছাড়া-বিণ, ভারতবর্ষ ভিন্ন অন্য স্থানের। ২ ভারতে বা অপ্রাপ্য। ৩ জগৎছাড়া; সৃষ্টিছাড়া। ৪ মহাভারতে যার উল্লেখ নাই। ~জাত-বিণ, ভারতবর্ষে উৎপন্ন। ~জুড়ে-ক্রি-বিণ ভারতবর্ষ ব্যাপ্ত করিয়া। "ফিন্‌কি ছুটে ভারত-জুড়ে আগুন গেল লেগে"-হেম॰।~জোড়া-ভারতময়। ~বাসী-বিণ, ভারতবর্ষের অধিবাসী। ২ বি, ভারতবর্ষের লোক। প্র-তিনি একজন ভারতবাসী an Indian. > স্ত্রীং ~বাসিনী। ~ময়-সমগ্র ভারতে; ভারতবর্ষের সর্ব্বস্থানে। ২ পৃথিবীময়। ~মহাসাগর-ভারতবর্ষের দক্ষিণদিকস্থিত যে মহাসমুদ্র Indian Ocean. ~মাতা-বি, ভারতবাসীর জননী স্বরূপিণী জন্মভূমি বা দেশমাতৃকা; ভারতজননী। ~রত্ন-ভারতের রত্নস্বরূপ শ্রেষ্ঠ ভারতসন্তান। ~ললনা-ভারতমহিলা; ভারতবর্ষীয়া নারী; ভারতরমণী। ~সন্তান-ভারতবাসী।

ভারতবর্ষ [ভারত (নামক) বর্ষ (বিভাগ)। জম্বু-প্লক্ষ-কুশ-ক্রৌঞ্চ-শাক-পুষ্কর-শাল্মলী এই সপ্তদ্বীপা পৃথিবীর মধ্যে জম্বুদ্বীপের অন্তর্গত যে অংশ বা বর্ষ ভরত রাজার অধিকারভুক্ত ছিল] বি, জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিঃ; হিমালয়ের দক্ষিণ সমুদ্রের উত্তরস্থ দেশ। আরব, পারস্য, তুরস্ক ও মধ্য এসিয়ার বহুদূর পর্য্যন্ত এককালে ভারতবর্ষের অন্তর্ভুক্ত ছিল। "সপ্তদ্বীপ মাঝে ধন্য ধন্য জম্বুদ্বীপ। তাহাতে ভারতবর্ষ ধর্ম্মের প্রদীপ॥"-অ॰ ম॰। বিণ, ভারতবর্ষীয়।

ভারতী [সং] বি, বাক্য; বচন; বাণী। "এমন সময়ে হৈল আকাশ ভারতী"-কবিক॰। ২ সংবাদ। "লহনা লোকের মুখে শুনিল ভা॰"-কবিক॰। ৩ ভাষা। ৪ সরস্বতী। ৫ দশনামী সম্প্রদায়ের সন্ন্যাসী বিশেষের উপাধি। প্র-কেশব ভারতী। ৬ বৃত্তিবিঃ।

ভারতীয় [ভারত + ঈয় (ইদমর্থে)] বিণ, ভারতবর্ষ সম্বন্ধীয়। ২ ভারতজাত। ৩ ভারতনিবাসী। স্ত্রীং ~া। বি, ~তা। ~তাপাদন-বি, সর্ব্বতোভাবে ভারতীয় করণ; সম্পূর্ণভাবে ভারতীয় বলা যায় এরূপ অবস্থায় পরিণত করণ; ইং Indianization এর পরিঃ। "ভারতের সেনাদলের ভারতীয়তাপাদন"-আ॰ বা॰ পত্রিকা।

ভারদ্বাজ [ভরদ্বাজ (দ্রঃ) + অ (অপত্যার্থে)] বি, দ্রোণাচার্য্য। ২ ভরত পক্ষী। ৩ বিণ, ভরদ্বাজবংশীয়।

ভারবাই,-বাইক,-বাহী [ভার-বহ্‌ (বহন করা) + অ, ক যোগ, ইন্‌(ণ্বু), যে ভার বহন করে] বিণ, ভারী।

ভারবি [ইতি॰] বি, কিরাতার্জ্জুনীয় নামক সুপ্রসিদ্ধ কাব্যের প্রণেতা। খৃ॰ ৬ষ্ঠ শতকে প্রাদুর্ভূত হইয়াছিলেন; হিমালয় সন্নিহিত প্রদেশে জন্ম বলিয়া অনুমিত।

ভারভুর, ভারিভুরি [ভার-ভুর (ভুরি)] বি, ভড়ং; ভোল; আড়ম্বর। "ভাল ভারভুর ভুলাইতে লোকে।"-শি॰। ২ গাম্ভীর্য্য। ৩ সম্ভ্রম। ৪ মুরুব্বিআনা। ৫ আত্মশ্লাঘা; আত্মগরিমা; জাঁক। "তব ভারিভুরি, ভাঙ্গিব মুরারি, রাখিব আপন সাধ।"-চণ্ডি॰। ৬ বিণ, গুরুত্ববিশিষ্ট।

ভারিলি [ভার + আল=ভারাল >। প্রাদে॰] বিণ, ঘন (পূ॰ ব॰ গী॰)।

ভারা১ [বারা দ্রঃ] ক্রি, শক্তিনিবারক মন্ত্রপ্রয়োগ করা; অভিচার মন্ত্র দ্বারা বস্তুর স্বাভাবিক শক্তি হরণ করা।

ভারা২ [ভার + আ (স্বার্থে)] বি, ভারসহ বাঁশ, কাঠ ই॰র মাচা। ২ ভার। ~ভারা [আধিক্যে দ্বিত্ব] বহু ভারা পরিমাণ; বোঝা বোঝা। "রাশিরাশি ভারা-ভারা ধান কাটা হ'ল সারা"-সোণার তরী। ~বাঁধা-অট্টালিকাদি নির্ম্মাণকালে রাজমিস্ত্রীদিগের ইট, তাগাড় ই॰ রাখিবার ও দাঁড়াইয়া ইট গাঁথিবার মঞ্চ নির্ম্মাণ করা।

ভারাও [ভাঁড়ান দ্রঃ। পূ॰ বঙ্গীয় উচ্চারণে ঁ লোপ, ড়=র] ক্রি, ম॰ পু॰, ভাণ্ডাও। "সাত পাঁচ বলি মোয় নাহি যে ভারাও"-মৈ॰ গী॰।

ভারাক্রান্ত [ভার দ্বারা আক্রান্ত, ৩তৎ] বিণ, ভারগ্রস্ত।

ভারাণী(নী) [যশোহর, খুলনা প্রাদে॰] বি, যারা ধান্য হতে চাউল প্রস্তুত করিয়া সেই ব্যবসায় দ্বারা জীবিকানির্ব্বাহ করে (যশোহর খুলনা ইতিহাস)। **ভারাতুর** [ভার (বোঝা) + আতুর, ৩তৎ] বিণ, ভারাক্রান্ত; ব্যাকুল। "ভরপুর অশ্রুর বেদনা ভা॰ * * *; * * * চক্ষে দুঃখের নীলাঞ্জন!"-কাব্যসঞ্চয়ন।

ভারার্পণ [ভার + অর্পণ] বি, ভার দেওয়া। ২ দায়িত্ব প্রদর্শন। ৩ গুরুত্ব দান।

ভারি [ভী, (ভয় প্রদর্শন করা)+ই] বি, সিংহ। ২ অত্যন্ত ; বেজায় ; খুব বেশী ; বড়। "প্রভুরে রাখিতে যদি না হইতে পারি। সর্ব্বনাশ হবে থেপি পর্ব্ব আজি ভারি।"-হেম০। প্র-তার কথাগুলি ভারি ভাল লাগলো। ৩ ভারবাহী। "সারি সারি বহে ভারি ভার থরে থরে।"-ঘ০। ৪ ভারযুক্ত। "প্রবঞ্চনা বিকি কিনি করে ভরা কৈলে ভারি।" -রা০ প্র০।

ভারিক [ভার+ইক (ষ্ণ্য০)] বিণ, ভারী ; ভারবাহী। ২ ভারবিশিষ্ট।

ভারিকি, ভারিক্কে [ভারিক+ইয়া >ভারিকিয়া > গ্রা০] বিণ, গাম্ভীর্য্য-বিশিষ্ট ; "যে হ্যাবলা নয় ; গম্ভীরপ্রকৃতি। "চাল চলন ভারিক্কি গোছের হইয়াছে"-প্রবাসী,১৩৩৩। স্ত্রীং **ভারিক্কী**-গাম্ভীর্য্যময়।

ভারিভুরি-ভারভুর দ্রঃ।

ভারী১ [ভার+ইন্ (ষ্ণ্য০)=ভারিন্ ১মা, ১ব০] বিণ, ভারবাহী। "নিয়োজিল সদাগর ভারী দশজনে।"-কবিক০। ২ বি, বোঝা। "শকটে সম্ভার কত যায় ভারী ভারী।" ৩ অতিশয়। "কর পার নেয়ে এবার তুফান ভারী যমুনায়।"-গিরিশ০।

ভারী২ [ভার ১১ দ্রঃ] বিণ, অধিকারী। "অপুত্র যাহার গারী তার ধনে রাজা ভারী" -কবিক০।

ভারুই, ভারিঁই [সং-ভরদ্বাজ >] বি, ভরত পক্ষী। "গায় গোদা ভারুই গগনমার্গে উড়ি।"-ঘ০।

ভার্গব [ভৃগু (মুনিবিঃ) + অ (অপত্যার্থে)] বি, শুক্রাচার্য্য। ২ দক্ষের পুরোহিত। "ভার্গবের সৌষ্ঠবের দাড়ি গোঁফ ছিঁড়িল।"-অ০ ম০। ৩ পরশুরাম। ৪ বিণ, ধনুর্দ্ধারী। ~প্রিয়ঁ-বি, হীরক। ~ী -বি, দূর্ব্বা। ২ পার্ব্বতী। ৩ লক্ষ্মী।

ভার্গী [সং] বি, বৃক্ষবিঃ ; বামনহাটী।

ভার্জ্জিত [ভৃজ্, (ভর্জ্জনে) + ণিচ্= ভার্জ্জি+ত (র্ম্ম)] বিণ, ভৃষ্ট।

ভার্য্যা [ভৃ (পোষণ করা)+য (র্ম্ম)+আ (স্ত্রীং)। দ্রং, ভারযা। "মাণিকচন্দ্র রাজা * * বিভা করিল তার নও বুড়ি ভারযা"-ময়না-মতীর গান] বি, পত্নী। **ভার্য্যাট**-যে ব্যক্তি স্বীয় জীবিকার্থ পত্নীকে পরপুরুষ ভজনা করিবার জন্ত গমন করিতে দেয় ; জায়াজীবী। ~পঁতি-বি, দম্পতি ; জায়াপতি।

ভাল১ [ভা (দীপ্তি পাওয়া)+ল (র্ত্তৃ)] বি, আভা ; দীপ্তি। ২ ললাট ; কপাল। "গলায় রুদ্রাক্ষ মাল অর্দ্ধচন্দ্র শোভে ভাল কলেবরে বিভূতি মাখিয়া।"-অ০ ম০। "ভালে চিতা যেন ফুল্ল কমলেতে অলি"-রঙ্গলাল। ৩ অদৃষ্ট। "অহঙ্কার করি লোক ভালে মূর্খ হয়।"-চৈ০ ভা০।

ভাল২ [ভদ্র >] বিণ, শুভ ; মঙ্গল। ২ উত্তম। ৩ অ, বেশ। প্র-ভাল কথা। "ভাল ভাল এও ভাল"-লিপিমালা,১৮০২। ৪ [গ্রা০ ভ্যালা] সাবাশ। প্র-গ্রা০ রে মোর ভাই। ৫ সুস্থ ; নীরোগ। ৬ নির্দ্দোষ। ৭ সম্মতি-জ্ঞাপক। প্র-ভাল তাই হবে। ৮ নিরীহ। প্র-নিতান্ত ভাল মানুষ। ৯ দক্ষ ; পটু। প্র-তিনি বলিতে কহিতে ভাল। ১০ বি, প্রিয়তম জন ; ভালবাসার পাত্র। ১১ পতি ; বর। "কি করি বিদ্যার কপাল। পেয়েছিল মনোমত ভাল।"-বি০ পু০। ১২ অ, বিশেষ দরকারী। প্র-হ্যাঁ, ভাল কথা মনে পড়েছে। **ভাল আপদ**।-অ, বিরক্তি,কষ্ট ই০ ব্যঞ্জক বাক্যাংশ dear me. ~কঁথা-হিতবাক্য ; ধর্ম্ম কথা। **ভাল কঁরা**-রোগমুক্ত করা। "যে রোগ যাহার, দেখি একবার, ভাল যে করিতে পারি।"-চণ্ডি০। ২ মঙ্গল করা ; হিত চেষ্টা করা। **ভাল করে**-ক্রি-বিণ,প্রথামত; সম্পূর্ণরূপে; সুষ্ঠু ভাবে; ঠিকভাবে properly. প্র-ভাল করে বল, দাঁড়াও ই০। **ভাল থেকো**-গালিবিঃ ; ভাল অর্থাৎ যে প্রিয়তম, তার, অথবা মঙ্গলের মাথা যে খাইয়াছে ; যার সর্ব্বনাশ হইয়াছে। > স্ত্রীং **ভালখাকী**। প্র-ভালখাকীর বেটা। "ভালখাকী সর্ব্ব-নাশী ই০।" **ভালর মাথা খাওয়া**-সর্ব্বাপেক্ষা প্রিয়জনের মৃত্যুদর্শন করা। ২ দুর্দ্দশাগ্রস্ত হওয়া ; গালিবিঃ। **ভাল চাওয়া**-হিতেচ্ছা করা। ~থাকা-সুস্থ থাকা। ২ মনের আনন্দে থাকা। **ভাল দেখানি**-সুন্দর দেখান ; সুদৃশ্য বোধ হওয়া। **ভালবাসা**-প্রীতির চক্ষে দেখা ; প্রিয় বোধ করা। ২ পসন্দ করা। **ভাল মনে** [প্রা০ বাং 'ভালমণে'] ক্রি-বিণ, উত্তমরূপে [এই অর্থে 'ভালে, ও০] "দধি-ভার না বহিল কাহে ভালমণে।"-শ্রী০ কী০। **ভাল মনে কঁরা**-উত্তম বা খাঁটি বলিয়া ভাবা। "ভাল বলে মনে ছিল কষিতে পিতল হল"। **ভাল মনে লঁওয়া**-ভাল বলিয়া, শুভ বলিয়া অনুভূত হওয়া। ~মন্দ-উৎকর্ষাপকর্ষ ; উত্তমানুত্তম বিচার বা তুলনা। "কাপড়গুলা ভাগ করিয়া রাখিয়াছিলেন-গিন্নি নিকটে দাঁড়াইয়া প্রত্যেকখানি হাতে লইয়া ভালমন্দ বিচার করিয়া দেখিতেছিলেন।"-ভারতী, ১৩২০। ২ মঙ্গলামঙ্গল ; শুভাশুভ। **ভাল মানা** -উত্তম বা হিতকর বলিয়া স্বীকার করা। ~মানুষ [ব্রাহ্মণ দ্রঃ] বি,ভদ্রলোক ; সজ্জন ; নিরীহ লোক ; পরস্ব গ্রহণে পরাঙ্মুখ ; আত্ম-অবস্থায় সন্তুষ্ট, বিবাদ বিসম্বাদে নির্লিপ্ত, বৈর-নির্যাতনে অনিচ্ছুক, কষ্টসহিষ্ণু ব্যক্তি। ২ দুষ্ট নহে এমন(মানবেতর প্রাণী পক্ষেও)। প্র-গরুটি নিতান্ত ভালমানুষ, ছাড়িয়া দিলেও পরের ক্ষতি করে না। **ভাল লাগা**-ক্রি,তৃপ্তিবোধ হওয়া ; দর্শন বা শ্রবণ-সুখকর বলিয়া অনুভূত হওয়া। ২ সুস্বাদু লাগা ; স্বাদু বোধ হওয়া। ৩ মন টেঁকা ; মন বসা। **ভাল হঁওয়া**-ক্রি, সুস্থ হওয়া ; রোগমুক্ত হওয়া। **ভাল হয়ে**-সুষ্ঠু ভাবে। ২ আরোগ্যলাভ করিয়া। ৩ আরামে comfortably. প্র-ভাল হয়ে বসা। **আর তোমার ভাল হোক** [ইং euphemism এর দৃষ্টান্ত] কাহার মুখের উপর মন্দ হউক বলিতে নাই এই সংস্কারবশে "মন্দ হউক" অর্থে উক্ত। তুল-সর্ব্বনাশ অর্থে-সর্ব্বরক্ষা। **ভালর ভালাই**-সৎলোকের হিত করণ। **ভালরে ভাল**-বিরক্তি বা অসন্তোষসূচক অব্যয়। **ভালয় ভালয়** [প্রা০ বাং-ভালে ভালে। "বিষম কপট তাহার প্রেম ভালে-ভালে হাম জানি-প০ ক০ তরু (সা০ প০ প০)] কোনরূপ মন্দ বা অশুভ এড়াইয়া ; দুর্ঘটনা বা বিপদে না পড়িয়া। "এখন ভালয় ভালয় বিদায় দে মা, আলোয় আলোয় চলে যাই"-গান। **মন্দের ভাল**-

] হ্রস্ব বিবৃত (অগ্র-অপুগ্র), [illegible] ও দ্রা০ দ্রঃ

খারাবের মধ্যে কম খারাব। ২ অশুভ সমূহের মধ্যে যা অপেক্ষাকৃত সামান্ত শুভসূচক।

ভালচন্দ্র [ভালে (কপালে) চন্দ্র যার, বহু০] বি, মহাদেব। ২ গণেশ।

ভালবাসা [ভাল (হিং ভলা)+বাসা (বাসনা), ভাল বা ভালর জন্ত বাসনা। বাঞ্ছিতের যা কিছু কল্যাণ ও সুখের হেতু তারই বাসনা] বি, বাঞ্ছিতের প্রতি যে আকর্ষণ বা হৃদয়ের টান নরনারীকে তদ্‌গতচিত্ত এবং আপনার প্রতি উদাসীন করে; নায়কের প্রতি নায়িকার বা নায়িকার প্রতি নায়কের যে অনুরাগ; প্রীতি; প্রেম। ২ স্নেহ। প্র-তার ছেলেদের প্রতি খুব ভালবাসা আছে। ৩ [বাসা দ্রঃ। ভালবাসি, ভালবাস (ভালবাসেন, ভালবাসিস্), ভালবাসে (ভালবাসেন); ভালবাসিতে; ভালবাসিয়া (গ্রা০ ভালবেসে)] ক্রি, প্রীতি করা; অনুরক্ত হওয়া; আসক্ত হওয়া; প্রণয়ভাব পোষণ করা। "ভাল বাসিবে বলে ভাল বাসিনে। আমার স্বভাব এই তোমা বই আর জানিনে।"-শ্রীধর কথক। ৪স্নেহ করা। প্র-তিনি ছেলে পুলেদের যথেষ্ট ভালবাসেন। ৫ চাহা; ইচ্ছা করা। প্র-ছেলেরা মিষ্ট খাইতে খুব ভালবাসে। ৬ পসন্দ করা। প্র-অহঙ্কৃত ব্যক্তির চালচলন কেহই ভালবাসে না। [দ্রঃ-প্রণয়, অনুরাগ, প্রীতি, প্রেম, স্নেহ প্রভৃতির সাধারণ প্রতিশব্দ ভালবাসা। স্নেহ বাৎসল্যভাবের প্রকাশ। অনুরাগ, প্রণয়, প্রীতি, ভালবাসা-পার্থিব, চঞ্চল লঘু এবং কোন কোন ক্ষেত্রে আবিল। প্রেম-স্বর্গীয়, অনাবিল ও গভীর। ইহা ভক্তিমিশ্রিত প্রীতির নামান্তর। ভালবাসা তরল, প্রীতি গাঢ় এবং প্রেম প্রগাঢ়]।

ভালা₁ [ভল্ল ...] বি ভল্লাস্ত্র।

ভালা₂ [ভল্লাতক >] বি, ভল্লাতক বৃক্ষ Semecarpus anacardium,

ভালা₃ [ভাল, ভলা, ভল দ্রঃ] বিণ, ভাল। "এই ঘাটে ভরিত জলেরে আরো ভালা মহুয়া সুন্দরী।"-মৈ০ গী০।

ভালাই [হিং। ভালা (ভাল)+ই (ভাবে, আচরণার্থে)] বি, ভালর ভাব; কল্যাণ; উপকার।

ভালাতভাই [চট্টল০ প্রাদে০। ভাই দ্রঃ] বি, ভ্রাতৃজায়ার ভ্রাতা; ভাইজের ভাই।

ভালাবুরা [হিং] বি, ভালমন্দ।

ভালি [হিং ভলি] অ, ভাল। "কথা কৈলে তবু ভালি"-বৈ০ পদাবলী। ব্রজ০ -ভালে। "ভালে কানুক পিরীতি"-জ্ঞান০।

ভালী [প্রা০ বাং। ভালি (দ্রঃ) ও০] বিণ, উত্তমা। "সেহি সে নাগরী ভালী"-শ্রী০ কী০।

ভালে-অ, ভাল₁ দ্রঃ। ২ ভাগ্যে। ৩ ভালরূপে; উত্তমরূপে।

ভালুক, ভালূক, ভল্লুক ভাল্লুক [ভল্ (বধ করা)+উক, উক (বৃ, আ০)] বি, ঋক্ষ; ভালুক।

ভাশুর [ভাই শ্বশুর-শ্বশুরতুল্য ভাই-পতির জ্যেষ্ঠভ্রাতা। তুল-"জ্যেষ্ঠভ্রাতা সম পিতা"] বি, স্বামীর জ্যেষ্ঠভ্রাতা। ~**পো**-ভাশুরের পুত্র; স্বামীর ভ্রাতুষ্পুত্র। ~**ঝী**-স্বামীর ভ্রাতুষ্পুত্রী।

ভাষ [সং-ভাষ্ (কথনে)] বি, উক্তি; বাক্য; বচন। ২ভাষ্য; টীকাগ্রন্থ। ৩ শৃঙ্খলা; ধারা। "এতেকেঁ বুঝিল তোর কাজের ভাষ।" -শ্রী০ কী০। ৪ আস্থা; শ্রদ্ধা। "সত্যে ভাষ নাহিঁ তোরে"-শ্রী০ কী০। ~**ক**(-ষ´-)-বিণ, কথক; যে কিছু বলে। > স্ত্রীং **ভাষিকা**।

ভাষণ [ভাষ্ (বলা)+অন (ভা০)। প্রা০ বাং কাব্যে-**ভাষণি** ও০] বি, কথন; বাক্য। "ভীষণ ভাষণে কিছু বলেন বচন।"-কবিক০। "ভক্তের ভাষণে চতুর্ভুজ হৈলা হরি"-রামেশ্বর ভট্ট। বিণ, **ভাষিত**-উক্ত; কথিত।

ভাষা₁ [ভাষ্ (বলা, ব্যক্ত করা)+অ (ভা০)] বি, যদ্দারা মনের ভাব প্রকাশিত হয়; কণ্ঠস্বর, হাবভাব, আকার ইঙ্গিত ই০ (এতদর্থে সকল জীবেরই ভাষা আছে যদ্দারা সে নিজের সুখ, দুঃখ, হর্ষ, বেদনা, মৃত্যু-যন্ত্রণা, ইচ্ছা, বিরাগ, ক্রোধ, ভয় ই০ প্রকাশ করে); অভিব্যক্তি। ২ একজনের চিন্তা ভাবাদি যদ্দারা অন্তের বোধগম্য হয় তার নাম ভাষা। সাঙ্কেতিক ও শাব্দিক বা অনুচ্চার্য্য ও উচ্চার্য্য ভেদে ভাষা দুই প্রকার-(১) অঙ্গভঙ্গি, হাবভাব, আকার ইঙ্গিত, ও চিত্রাদি, যা মনোভাব ব্যক্ত করিবার অনুচ্চার্য্যসাধন, ইহা সাঙ্কেতিক ভাষার অন্তর্গত। এবং (২) উচ্চার্য্য বা শাব্দিক-ভাষা অর্থাৎ যা বর্ণ বা অক্ষর নামক সাঙ্কেতিক উচ্চার্য্য চিহ্ন দ্বারা গঠিত বাক্য, অর্থযুক্ত শব্দ, শব্দযোগে গঠিত বাক্য এবং বাক্যের সমষ্টিদ্বারা অভিব্যক্ত হয়। ইহা লিখিত ও কথিত ভেদে দুই প্রকার। কথিত ভাষা (dialet), যে ভাষায় আবাল-বৃদ্ধ-বনিতা, শিক্ষিত অশিক্ষিত জনসাধারণ, পরস্পর কথাবার্ত্তা কহিয়া থাকে এবং লিখিত বা গ্রন্থাদির ভাষা-যা ব্যাকরণের নিয়মে বদ্ধ ও সাহিত্যের ভাষা বলিয়া উক্ত (written language), ৩ বচন; উক্তি; বাক্য; কথা। ৪ কথিত ভাষার প্রাদেশিক ভেদ বা বুলি; ভাখা দ্রঃ। দেশী ভাষা; দেশী প্রাকৃত। প্র-ওখানা সংস্কৃত না ভাষা গ্রন্থ? ৫ প্রকাশ। "ওরে সুখেই দুখ দুখেই সুখ ডাকের কথা আছে ভাষা।"-রা০ প্র০। ৬ বাগ্‌দেবী; সরস্বতী। ৭ রাগিণীবিঃ। ~**জ্ঞান**-বি, শব্দ, শব্দার্থ ও ব্যাকরণ বোধ। ~**তত্ত্ব**-বি, ভাষাবিজ্ঞান linguistics. ~**তত্ত্বজ্ঞ**, ~**তত্ত্ববিদ্**, -**বিৎ**-বিণ, ভাষা-বৈজ্ঞানিক linguist. ~**তাত্ত্বিক**-ভাষাতত্ত্বজ্ঞ। ২ ভাষাতত্ত্ব সম্বন্ধীয়। ~**তীত** [ভাষা (র)+অতীত (অনায়ত্ত, বহির্ভূত)] বিণ, বাক্যাতীত; ভাষায় যা প্রকাশিত হয় না; বচনাতীত। ~**ন্তর**-বি, অনুবাদ। বিণ, ~**ন্তরিত**-এক ভাষা হতে অন্ত ভাষায় অনুদিত। ~**পরিচ্ছেদ**-বি, বিশ্বনাথ ন্যায়-পঞ্চানন কৃত ন্যায়পরিভাষা-গ্রন্থ। **চলিত ভাষা**-বি, যে ভাষায় কথোপকথন, চিঠিপত্র, আদালত, বাণিজ্যালয় প্রভৃতির লিখন পঠন কার্য্য পরিচালিত হয়। **দেশী ভাষা**-বি, প্রাদেশিক ভাষা (পঞ্জাবের পাঞ্জাবী; মহারাষ্ট্র দেশের মহারাষ্ট্রী; হিন্দুস্থানের হিন্দী; রাজপুতানার মাড়ব়ারী, বঙ্গদেশের বাঙ্গালা ই০) ২ বাঙ্গালা ভাষা। "মহামুনি জৈমিনি কহিল সংহিতা। অশ্বমেধ কথা শুনি প্রসন্ন হৃদয়। সভাখণ্ডে আদেশিল খান মহাশয়। দেশী ভাষায় এহি কথা রচিল পয়ার।"-মহা০ (ছুটীখাঁ)। **মূর্ত ভাষা**-সাহিত্যানুশীলন

ব্যতীত যে ভাষার ব্যবহার নাই dead language.

ভাষা২ [ভাষ্+অ (ক্রিয়ায়)। ভাষি, ভাষ, ভাষে; ভাষিতে; ভাষিয়া (কে°,পদ্যে-ভাখি)] ক্রি, প্রকাশ করা। ২ ব্যাখ্যা করা। "ভাষিয়া শ্রীভাগবত ভাষিল ব্যাসের মত" -শি°। ৩ বলা; কহা। "প্রসাদ ভাষে লোকে হাসে সন্তরণে সিন্ধুগমন"-বাং গান। "নানা ধনে বিদায় করিলা প্রিয় ভাষি"-ম°।

ভাষাঙ্গ [ভাষা+অঙ্গ] বি, যে ক্রিয়ার সিদ্ধাংশ ধাতুবর্ণযোগে কণ্ঠে ভাবিত হয়।

ভাষাসম-বি, কাব্যের শব্দালঙ্কারবিঃ Bilingualism. সংস্কৃত প্রাকৃতাদি ভিন্ন ভিন্ন ভাষার শব্দ হইলেও শব্দের সমানত্ব থাকিলে অর্থাৎ ভাষান্তরেও যেরূপ বাঙ্গালাতেও তদ্রূপ হইলে ভা° হয়। "জয় দেবি, জগন্ময়ি, দীন দয়াময়ি শৈলসুতে, করুণা নিকরে, জয় চণ্ড বিনাশিনি, মুণ্ড নিপাতিনি, দুর্গ বিঘাতিনি, মৃগ্যতরে।"-অ° ম°। এখানে সম্বোধন পদগুলির রূপ সংস্কৃতেও যেরূপ বাঙ্গালাতেও তদ্রূপ।

ভাষী [ভাষ্ (বলা)+ইন্ (র্তৃ)=ভাষিন্ ১মা, ১ব°] বিণ, কথক; যে বলে; ভাষক (ইহা পদান্তরান্তে যুক্ত হইয়া ব্যবহৃত হয়)। প্র-বহুভাষী; কটুভাষী ই°।

ভাষ্য [ভাষ্+য (র্ম)] বি, টীকা; সূত্র-বিবৃতি; ব্যাখ্যান; যাতে সূত্রস্থ পদ লইয়া সূত্রানুযায়ী বচন দ্বারা সূত্রস্থ পদ সকলকে বর্ণন করা যায়। ২ বিণ, কথনীয়। ~কার -বি(ণ), টীকাকার; সূত্রার্থ প্রকাশক। ২ পতঞ্জলি মুনি।

ভাস১ [ভাস্(দীপ্তি পাওয়া)+অ] বি, শোভা; কান্তি। ২ দ্যুতি; দীপ্তি; আভা। "মৃগাঙ্ক জিনি ভাস।"-কবিক°। "নখ-ইন্দু-ভাসে দূরে গেল অন্ধকার"-ঐ। ~মান-বিণ, দীপ্তিমান। ২ শোভাযুক্ত। ৩ যা জলে ভাসিতেছে। ৪ আভাস। "দেখি কিছু আছে কার্য্যে ভাস"-চৈ° চ°। > স্ত্রীং ~মানা।

ভাস২ [ভাস্(দীপ্তি পাওয়া)+অ (র্তৃ)] বি, ভাষপক্ষী; শানকৌড়ি। ২ শকুনি ৩ কুক্কুট।

ভাসন্ত [ভাস্ (দীপ্তি পাওয়া)+অন্ত (র্তৃ)] বি, সূর্য্য। ২ চন্দ্র; শশী। ৩ বিণ, মনোহর। ৪ ভাসমান। স্ত্রীং ভাসন্তী-তারা; নক্ষত্র।

ভাসা১ [ভাসা২দ্রঃ] বিণ, যা ভাসিয়াছে; ভাসমান। ~ভাসা-অ, উপরি উপরি; অগভীর। ২ ডোবা নহে এমন; চলচলে। প্র-ভাসা ভাসা চোক দুটি।

ভাসা২ [ভাস্ (দীপ্তি পাওয়া, প্রকাশ পাওয়া) >। ভাসি, ভাস, ভাসে (ভাসেন, ভাসিস); ভাসিতে; ভাসিয়া (কে° ভেসে)। পিজন্ত-ভাসান] ক্রি, ভাসমান হওয়া; জল বা বায়ুমণ্ডলের উপর অবস্থিতি করা; তরল পদার্থের উপরিভাগে অপেক্ষাকৃত লঘু দ্রব্য বাহিত হওয়া। ২ উদয় হওয়া। "মন যাবে শমন আবাসে, এ কথা কি তোর মনে ভাসে"-গান। "এস নয়নে ভাস দাও দরশন।"-বাং গান।

ভাসাজাল [জাল দ্রঃ] বি,নদ নদী ই° বড় বড় জলাশয়ে মাছ ধরিবার বড় জালবিঃ।

ভাসান [ভাসা >] বি, ভাসার ভাব বা অবস্থা। ২ জলে বিসর্জ্জন। প্র-(ঠাকুর) ভাসান দেখতে যাবে, চল। ~গান-বি, বেহুলা-লক্ষ্মীন্দরের জলে ভাসার কাহিনী অবলম্বনে রচিত লোক সঙ্গীত; মনসার ভাসান। ২ [প্রাচীন মনসার ভাসান গানের অনুরূপ রঙ্গপুর আদি অঞ্চলে প্রচলিত 'বিরা' গান। উহা খাজা খিদিরকে অবলম্বন করিয়া রচিত (মহম্মদ মনসুর উদ্দীন, এম-এ)]। ~মহল, -মিহাল-সুন্দর বনের মধু সংগ্রহ-কারিদিগের নানাপ্রকার আমোদসহ মধু-সংগ্রহ উৎসব।

ভাসী [ভাস্(দীপ্তি পাওয়া)+ণিন্(র্তৃ)-ভাসিন্ ১মা, ১ব°] বিণ, ভাস্বর; দীপ্তিশালী।

ভাসুর [ভাস্(দীপ্তি পাওয়া)+উর (র্তৃ, শীলার্থে), ভাশুর ও] বি, স্ফটিক। ২ [প্রাদে°] পতির জ্যেষ্ঠভ্রাতা। "বিধাতা ভাসুর যার লক্ষ্মীকান্ত পিতা।" -শি°। ৩ দীপ্তিশালী; আভাময়। ভা°-ভাদ্দর বৌ সম্পর্ক-বি, হিন্দুসমাজে ভাদ্রবধূকে ভাসুরের সহিত কোন সংস্রব রাখিতে নাই এমন কি ছায়া পর্য্যন্ত মাড়াইতে নাই। > যে সম্বন্ধে সান্নিধ্য পর্য্যন্ত আপত্তিজনক।

ভাস্কর [ভাস্ (দীপ্তি)-কৃ (করা)+অ যে করে, (উপ°)] বি, দিবাকর; সূর্য্য। ২ অগ্নি; বহ্নি। ৩ সিদ্ধান্ত শিরোমণি প্রভৃতি জ্যোতিষগ্রন্থপ্রণেতা প্রসিদ্ধ পণ্ডিত ভাস্করাচার্য্য। ৪ ধাতুপ্রস্তরাদির মূর্ত্তি সংগঠনকারী।

ভাস্কর্য্য [ভাস্কর (দ্রঃ)+য] বি, ঃষষ্টি কলার অন্যতম; ধাতুপ্রস্তরাদি খোদিত করিয়া মূর্ত্তি-গঠন-শিল্প।

ভাস্ফরস [রাসাঃ পরিঃ (সা° প° প°)] বি, ইং phosphorous এর বৈজ্ঞা° পরিঃ; প্রস্ফুরক; ফুস্ফুরক।

ভাস্বতী [ভাস্বৎ শব্দ] বি, দীপ্তি। ২ বিণ, দীপ্তিমতী। দীপিকা-ভাস্বতী-জ্যোতিগ্রন্থবিঃ। "দেখে তারা দীপিকা ভাস্বতী।"-কবিক°। > পুং ভাস্বান্।

ভাস্বর (-শর্-) [ভাস্ (দীপ্তি পাওয়া) +বর (র্তৃ)] বিণ, আভাময়, দীপ্ত।

ভাস্মন (-শর্-)[ভস্মন্+অ (বিকারার্থে)] বি, ভস্মবিকার।

ভি: পি: [ইং value-payble > কে° V. P. তার লিপ্যন্তর] বি, যে সকল ডাকে পাঠান দ্রব্যের মূল্য গ্রাহকের নিকট হতে প্রাপ্য।

ভিক, ভিখ [ভিক্ষা > হি°] বি, ভিক্ষা। "ভিখ মেগে খেয়ে আমি বুড়ালাম তবু"-শি°। প্রা° বাং-ভিখা। "ঘরে ঘরে ভিখ মাগিয়া বুলেন ঈসর" -শূ° পু°।

ভিকারী, ভিখারী [ভিক(খ)+ আরী (কারী অর্থে) > প্রা° ভিকিরি] বিণ, ভিক্ষাজীবী। ২ বি, ভিক্ষুক।

ভিক্ষা [ভিক্ষ্ (যাচ্ঞা করা)+অ (ভা°)] বি, সন্ন্যাসী ও ব্রহ্মচারীর ভোজনের নাম ভিক্ষা; [বৈ° সা°] আহার; ভোজন (ভিক্ষা দেওয়া=ভোজন করান। "প্রভুকে ভিক্ষা দিতে সবার হৈল মন।"-চৈ° চ°)। "তবে প্রভু আগে তানে ভিক্ষা করাইয়া। আপনেও ভোজন করিলা হর্ষ হইয়া।" -চৈ° ভা°। ২ প্রার্থনা; যাচ্ঞা। ৩ ভিক্ষা-লব্ধ বস্তু। ৪ সেবা। ~ক-বিণ, যাচক।

> স্ত্রীং ~কী। ~চর-বিণ, ভিক্ষুক। ~চর্য্যা-বি, ভিক্ষাবৃত্তি। ~জীবী-বিণ, ভিক্ষুক। ~ন্ন [ভিক্ষা+অন্ন] বি, ভিক্ষালব্ধ আহারীয়। ~পাত্র-বি, ভিক্ষাদ্রব্যের আহরণপাত্র; ভিক্ষার ঝুলি। ~পুত্র-বি, পুত্রহীন বা পুত্রহীনা কর্তৃক উপনয়ন সংস্কারের পর ব্রহ্মচর্য্য ব্রত ভঙ্গ করাইয়া পুত্ররূপে গৃহীত ব্রাহ্মণকুমার। ~প্রার্থী-বিণ, যাচ্ঞাকারী। ২ ভিখারী। ~বৃত্তি-বি, ভিক্ষারূপ উপজীবিকা; ভিক্ষা ব্যবসায়। ~মা-বি, যে স্ত্রী ব্রাহ্মণকুমারকে ভিক্ষা দিয়া মাতৃস্থানীয়া হয়। ~র্থী-বি, ভিক্ষাজীবী; ভিক্ষুক। > স্ত্রীং ~র্থিনী-ভিখারিণী। ~লব্ধ-বিণ, ভিক্ষা করিয়া প্রাপ্ত। ~শী [ভিক্ষা-অশ্ (ভোজন করা)+ইন্=ভিক্ষাশিন্ ১মা, ১বং] বিণ, ভিক্ষুক; ভিক্ষাজীবী। > বি, ~শিত্ব-ভিক্ষাবৃত্তি। ~সূত্র-বি, সন্ন্যাসাশ্রম বিহিত ধর্ম্মের জ্ঞাপক সূত্র।

ভিক্ষিত [ভিক্ষ্ (যাচ্ঞা করা)+ত (ক্ত)] বিণ, ভিক্ষালব্ধ; যাচিত।

ভিক্ষু [ভিক্ষ্+উ (র্ত্তৃ)] বি, চতুর্থাশ্রমী; সন্ন্যাসী। ২ বুদ্ধশিষ্য। ৩ বৌদ্ধসন্ন্যাসী। ৪ পরিব্রাজক। ৫ ভিক্ষাজীবী; ভিখারী। স্ত্রীং ~ণী-বৌদ্ধসন্ন্যাসিনী।

ভিক্ষুক [ভিক্ষু (ভিক্ষোপজীবী)+ক] বিণ, ভিখারী; যাচক। **ভিক্ষুকাশ্রম** [ভিক্ষু+ক (স্বার্থে)=ভিক্ষুক+আশ্রম] বি, সন্ন্যাসাশ্রম।

ভিখ [হিং ভিক্ষা >] বি, ভিক্ষা। "গেঁয়ো যোগী ভিখ পায় না"-প্রবচন।

ভিখারী [হিং। সং-ভিক্ষার্থী >] বি, বিণ, ভিক্ষাকারী; ভিক্ষাজীবী; কাঙ্গাল। স্ত্রীং **ভিখারিণী**-যে স্ত্রী ভিক্ষা করিয়া খায়; ভিক্ষাবৃত্তিধারিণী; কাঙ্গালিনী।

ভিগা [হিং ভীগ্না >। গ=জ। ভিজন দ্রঃ] ক্রি, ভিজা। "মৃগ মদ চন্দন যামে ভিগি গেল।"-বিং পং।

ভিজন [সং-মজ্জন > মগন > হিং ভিগন >] বি, বর্ষার জলে সিক্ত হওন; আর্দ্র হওন। ক্রি, ভিজনি-ভিজা দ্রঃ।

ভিজা, [প্রাং ভেজা। হিং ভি(ভী, ভীঁ)গ্না, ভি(ভী, ভীঁ)জ্না (সং-মসৃজ >)। ভিজি, ভিজ (ভিজেন, ভিজিস) ভিজে, ভেজে (ভেজেন); ভিজিতে (কেং ভিজতে); ভিজিয়া (কেং ভিজে)। ণিজন্ত-ভিজানি] ক্রি, সিক্ত হওয়া; আর্দ্র হওয়া। বি, ভিজন-সিক্তকরণ। ক্রি, ভিজনি, ভিজোনো-সিক্ত করা; জলে ডুবাইয়া রাখা। প্র-ছোলা ভিং। বিণ, ভিজা, প্রাং ভিজে-সিক্ত; আর্দ্র। প্র-ভিজা কাপড়। **ভিজা বিড়াল, ভিজে বেরাল**-বিড়াল জলে ভিজিলে নিতান্ত নিরীহের মত জড়সড় ও শান্তভাবে থাকে কিন্তু ভিতরে ভিতরে তার হিংস্র প্রকৃতি যায় না; কাযে পড়িয়া ভালমানুষ।

ভিজানি [ভিজা দ্রঃ। হিং ভিগানা। ভিজাই, ভিজাও (ভিজান, ভিজাস); ভিজাইতে (কেং ভিজাতে); ভিজাইয়া (প্রাং ভিজিয়ে)] ক্রি, সিক্ত করা; ভিজাইয়া দেওয়া। বি, ভিজান-ভিজন। প্র-ছোলা ভিজান ভাল হয় নাই।

ভিজিট [ইং visit এর লিপ্যন্তর] বি, দর্শন দিবার পারিশ্রমিক; দর্শনী।

ভিট [সং-ভিত্তি > ভিত >] বি, ভিটা। ২ [প্রাদেং] মেটে ঘরের মেঝে।

ভিটকিলিমি [গ্রাং। ঝিটলামি, ঝিটলোমা, ঝিটকালামি ইং। হিং ভটক (ভ্রম, ধোঁকা ইং), হিং ভঠানা (গোপন করা), ভটকনা (ভুলান, ভ্রমে ফেলা) >। তুল বাং-মটকা (মারা)] বি, ভণ্ডামি; কপটতা।

ভিটা, ভিটি, ভিটে [তামিলং বিটি (ঘর)। > ভিটি। বৃ=ভ। পূং বং বিটি বা সং-ভিত্তি > ভিত > ভিট >] বি, পৈতৃক বাসভূমি; বসতিস্থান। "করুন রক্ষে গরীবের ভিটে খানি।"-রবীং। ২ পোতা; মাটির চৌরস চিবি। "অন্দরের চার ভিটায় চারখানি ছোট বড় মাটির ঘর"-বসুধারা, আশ্বিন, ১৩৩৫। **ভিটা-মাটি চাটি করা** [হিং চট্টী (ধ্বংস, নাশ, লোপ ইং)। তুল-সকাচট্ (নিশ্চিহ্ন) > চাটি] ঘর বাড়ীর ধ্বংসাবশেষ যে ভিটা, তাহা মাটি পর্য্যন্ত লোপ করিয়া সমভূমি করা; উৎপাত করা; উৎসন্ন দেওয়া। **ভিটায় ঘুঘু চরান**-ঘুঘু দ্রঃ। **ভিটায় সরিষা বুনিয়া দেওয়া** [হিন্দু লৌকিক সংস্কারে বাস্তু ভিটায় বা ভদ্রাসনে মূলক সরিষা ইং বুনা অশুভদায়ক এমন কি সর্ব্বনাশকর। এই বিশ্বাস হ'তে] উৎসন্ন দেওয়া; যাতে সর্ব্বনাশ হয় তার ব্যবস্থা করা।

ভিটামিন [ইং vitamine এর লিপ্যন্তর] বি, খাদ্যদ্রব্যের মধ্যে অবস্থিত এমন একবস্তু যা জীবনীশক্তি দান করে।

ভিড়, ভীড় [হিং ভিড়। মিড় (দ্রঃ)। সং-মিল্ ধাতুজ] বি, সম্মেলন; সঙ্ঘ। ২ জনতা। "দুয়ারে তোমার ভিড় করে যারা আছে।" **ভিড়-ভাড়** [সহং দ্বন্দ্ব] ভারি ভীড়।

ভিড়ন [ভিড় দ্রঃ] বি, দল; সঙ্ঘ। "যাহার ভিড়নে রহে ষোল শত তাজী।" -কবিকং। "বিংশতিসহস্র করী তাহার ভিং।"-মহাং (কাশীং)।

ভিড়া [ভিড় দ্রঃ। হিং ভিড়্না। ভিড়ি, ভিড়, ভিড়ে (ভিড়েন, ভিড়িস); ভিড়িতে (কেং ভিড়তে); ভিড়িয়া (কেং ভিড়ি, প্রাং ভিড়ে); ণিজন্ত-ভিড়ান] ক্রি, মিলা। ২ লগ্ন হওয়া। "ঘাটে নৌকা আসিয়া ভিড়িল" -টেকচাঁদ। ৩ জোটা। ৪ ঘেঁসা। প্রাং বাং-ভিড়োঁ। [হিং ভিড়ূ] মিলিত হই।

ভিড়ানি [ভিড়া দ্রঃ। ভিড়াই, ভিড়াও (ভিড়ান, ভিড়াস); ভিড়ায় (ভিড়ান); ভিড়াইতে (কেং ভিড়াতে); ভিড়াইয়া (কেং ভিড়িয়া, ভিড়ায়ে)] ক্রি, মিলান। ২ জোটান। ৩ লাগান; সংলগ্ন করা; জুড়া। "পালান ভিড়িয়া বান্ধে কেঁদো বাঘ ছাল"-কবিকং। "শুনি বৈসে আসন ভিড়িয়া"-কবিশেখর।

ভিড়ি [প্রাং বাং। সং-বেষ্টন > বেড় > বেড়িয়া > ভিড়িয়া > পদ্যে কেং] ক্রি-অব, বেষ্টন করিয়া। "বাহু ভিড়ি রেহ আলিঙ্গনে।"-শ্রীং কীং।

ভিণ্ডিবাল [অর্থ শাং] বি, গুরুভার দণ্ডাস্ত্রবিঃ।

ভিত, ভীত [ভিত্তি >] বি, প্রাচীর ; ভিত্তি ; দেওয়াল। "চিত্রের পুত্তলি যত আছে গৃহ ভিতে"-কবিক°। ২ বুনিয়াদ ; পত্তন। ৩ দিক্ ; পার্শ্ব ; ধার। "আচ্ছাদিত ধূলায় হইল চারি ভিত"-কবিক°। "চিতাভস্ম চারিভিতে রেখেছি মা আসিস যদি"-রামলাল দত্ত। ৪ আধার ; স্থান। "চারি বেদ ষট্ শাস্ত্র এক ভিতে কৈল"-মহা° (কাশী°)। ৫ উন্নত ভূমি। ৬ তীর ; কূল ; স্থল। "খলের কথায় পাথারে সাঁতারি উঠিতে নারিনু ভিতে।"-চণ্ডি°। ৭ দেওয়ালের প্রস্থ ; ভিত্তিগাত্রের প্রশস্ত পরিমাণ। ৮ দল ; পক্ষ। "প্রভু বলে কহ গিয়াছিলে কোন ভিতে"-চৈ ভা°।

ভিতর [সং-অভ্যন্তর > ভ্যন্তর > ভিতর] বিণ, মধ্য ; অভ্যন্তর ; মধ্যস্থল। ~**বাড়ী**-অন্তঃপুর। ~**বাহির এক**-অকপট। ~**বুদে** [বুদ্ধি > বোধ + ইয়া > বুধিয়া > বুধে > বুদে] বিণ, যার বুদ্ধি প্রকাশ পায় না ; যে অন্তরের কথা মুখ ফুটিয়া বলে না ; ভিদভিদে ; চাপা ; যার ভিতরের ভাব বুঝা যায় না।

ভিতাভিতি, ভিতিভিতি [প্রা°। ভিত (দিক্) + ই (৭মী বিভক্তি) + ভিত + ই, ব্যাপ্তার্থে দ্বিত্ব] ক্রি-বিণ, দিকে দিকে ; চারিদিকে ; ভিন্ন ভিন্ন দিকে। "ভিতিভিতি সৌরভ করএ আমোদিত।"-ভাগবত (নরহরি°)। "ভিতাভিতি যম পলাবার লাগিল"-মাণিক°।

ভিত্ত [ভিদ্ (ছেদনে) + ত (র্ম)] বি, খণ্ড ; কুচী ; টুকরা।

ভিত্তি [ভিদ্ (ভেদ করা) + তি (র্ম)] বি, প্রদেশ। ২ প্রাচীর ; দেওয়াল (এই অর্থে ভিত্তিকা-ও°)। ৩ ক্ষুদ্রাংশ ; খণ্ড। ৪ প্রভেদ। ৫ বুনিয়াদ। ৬ বিভাগ। ~**প্রস্তর**-বুনিয়াদের প্রথম প্রস্তর বা ইষ্টক। ~**ভূমি**-বুনিয়াদ ; পত্তন ; স্থান ; ভিত। ~**মূল**-বি, প্রাচীরের মৃত্তিকাভ্যন্তরস্থ ভিত্তি ; বুনিয়াদের গোড়া। ~**শূন্য**,~**হীন**-ভিটাশূন্য। ২ অমূলক।

ভিদভিদে [ভিতর ভিতর > ভিত-ভিত=ভিদভিদ + ইয়া] বিণ, ভাব গোপনকারী ; অস্পষ্টবক্তা ; অসরল।

ভিদা [ভিদ্ + ক্বিপ্ (ভা°) + আ (স্ত্রীং)] বি, ছেদন ; কর্তন। ২ ভেদকরণ ; ছিদ্রকরণ। ৩ ফাড়ন ; বিদারণ। ৪ পার্থক্য ; প্রভেদ। ৫ ক্রি, ভেদ করা ; বিদীর্ণ করা। ৬ পৃথক্ করা।

ভিদির, ভিদুর [সং।] বি, বজ্র। ২ বিণ, ভঙ্গপ্রবণ।

ভিদ্য [ভিদ্ + য (র্ম)] বি, তীর ভেদকারী নদ। ২ বিণ, ভেদনীয় ; ভেদযোগ্য। ~**মান**-বিণ, ভেদ করিতেছে এমন।

ভিন [সং-ভিন্ন > ভ্রং] বিণ, ভিন্ন ; পৃথক্ ; বিযুক্ত। "কুসুম কুলসব ভেল ভিন ভিন।"-বি° প°। ২ পর। "আত্ম সমর্পণ, জীবন যৌবন, তথাচ ভাবয়ে ভিন।"-চণ্ডি°। "রাধে! ভিন না ভাবিহ তুমি"-ঐ। ৩ সম্ভাবশূন্য ; অনৈক্য। "তোমায় আমায় নহে ভিন থাকিতে জীবন।"-বাং গান। ৪ অন্য।

ভিন্দিপাল [ভিন্দ্ + ই (ভা°)=ভিন্দি (শত্রুর ভেদন হতে) পাল্ (রক্ষা করা) + অ (র্ম)] বি, ক্ষেপ্য অস্ত্র। "সর্ব্ব সৈন্যে বরিসন্ত বাণ ভিন্দিপাল।"-মহা° (শ্রীকর°)।

ভিন্ন [ভিদ্ + ত (র্ম)] বিণ, পৃথক্ ; অন্য। ২ ছিন্ন। ৩ বিভক্ত। ৪ ত্যক্ত। ৫ ভগ্ন। ৬ খণ্ডিত। ৭ বিদারিত। ৮ ভেদভাবাত্মক। ৯ বিকসিত। বি, ~**তা**, ~**ত্ব**-ভিন্ন করা বা হওয়ার ভাব। ~**ক্রম**-ক্রমভঙ্গরূপ কাব্য-দোষবিঃ। ~**জাতি**-বর্ণান্তর ; অপর শ্রেণী। > বিণ, ~**জাতীয়** > স্ত্রীং ~া। ~**দেহ**-অন্য শরীর। ২ ক্ষত দেহ। ~**প্রকার**-অন্যবিধ। ২ উপায়ান্তর। ~**বর্ণ**-অপর জাতি। ২ অন্য রং। ~**বৃত্তি**-স্বতন্ত্র জীবিকা বা ব্যবসায়। ~**মত**-স্বতন্ত্র ইচ্ছা বা অভিপ্রায় ; মতান্তর। ~**মতাবলম্বী**-অন্যমতাশ্রয়ী ; বিরুদ্ধ মতাবলম্বনকারী ; পৃথক্ সংস্কারবিশিষ্ট। > স্ত্রীং ~**মতাবলম্বিনী**। ~**রুচি**-প্রবৃত্তি-ভেদ। ~**স্বর**-স্বরান্তর ; ভিন্ন কণ্ঠ বা শব্দ।

ভিন্নার্থ [ভিন্ন + অর্থ] বি, বিভিন্ন অর্থ ; স্বতন্ত্র ব্যাখ্যা। ২ বিণ, স্বতন্ত্র ব্যাখ্যাবিশিষ্ট।

ভিমরাজ [সং-ভৃঙ্গরাজ >] ফিঙ্গা জাতীয় গাঢ় নীলবর্ণ বৃহৎ পক্ষিবিঃ dissemurus paradises. ২ [বৈদ্যক] কেশরাজ নামক বন্য শাকবিঃ wedelia calendulacea. ৩ প্রসিদ্ধ কবিরাজী তৈলবিঃ।

ভিমরুল [সং-ভৃঙ্গরোল >] বি, ভীমরুল দ্রঃ।

ভিয়া [সং] বি, ভয়।

ভিয়াঁন, ভিয়ান [সং-ভর্জন > হি° ভুননা-অধিক বিকারে ভিঁনা পরে-ভিয়াঁন। প্রা° ভেন] বি, তৈয়ার ; প্রস্তুত (মিষ্টান্নাদি প্রস্তুত অর্থেই বিশেষভাবে ব্যবহৃত)। "বাড়ীতে ভিয়ান বসিয়াছে, সীতা, মিশ্রী, আলকা প্রভৃতি বহুবিধ আহারীয় প্রস্তুত হইতেছে।"-শ্রীং কী° (ভূমিকা)। "মোদক আনিয়া ভিয়াঁন করিয়া, এবেসে লাগিল সীঠ।"-চণ্ডি°। "মন যদি মোর ভিয়ান করিস। ওরে কালী নাম কাশীর চিনি বদন খোলাতে ঢালিস।"-রা° প্র°। ক্রি, **ভিয়াঁন করা**-মিষ্টান্নাদি প্রস্তুত করা।

ভিয়ানি, ভেয়ানি [ভিয়াঁই, ভিয়াঁও, ভিয়াঁয় ; ভিয়াঁইতে (কে° ভিয়াঁতে) ; ভিয়াঁইয়া (কে° ভিয়িঁয়ে) ই°] ক্রি, ভিয়ান করা। ২ মনে মনে গড়া ; কল্পনা করা।

ভিরকুটি,-টী [সং-ভ্রূকুটী >] বি, ভ্রূভঙ্গী। ২ অঙ্গভঙ্গী করণ ; ভেঙ্গচানি। ৩ ভ্রূসংকোচ দ্বারা ভয় প্রদর্শন। ৪ স্পর্দ্ধা ; প্রগল্ভতা। ৫ দুষ্টামি।

ভির্মি [সং-ভ্রমি > ভ্রং] বি, ঘূর্ণীরোগ। **ভি° যাওয়া**-ক্রি, মূর্চ্ছিত হওয়া ; মাথা ঘুরিয়া পড়িয়া চৈতন্য হারান।

ভিল-ভিল্ল দ্রঃ।

ভিলোল [সং] বি, লোধ্রবৃক্ষ।

ভিল্ল, ভিল [ভিল্ (ভেদন করা) + ল (র্ম), যারা শিকার করিয়া জীবিকানির্ব্বাহ করে। তামিল°-বিল্=ধনুক, ধানুকী] বি, ভারতের আদিম জাতিবিঃ। স্ত্রীং **ভিল্লী**-ভীল রমণী। ২ [বৈদ্যকে] লোধ্রবৃক্ষ।

ভির্ষক্ [(সৌত্রধাতু) ভিষ্ (রোগ প্রতীকার করা) + অক্ (র্ম)=ভিষক্ ১মা,

১৭০] বি, চিকিৎসক ; বৈদ্য ; ডাক্তার। ~প্রিয়া-বি, শুড়চী।

ভিস্তি, ভিস্তী [ভস্ত্রা >] বি, মসক ; বারিবহনোপযোগী চর্ম্মনির্ম্মিত স্থালীবিঃ। ২ মষকে করিয়া যারা জল বহন করে।

ভী-ভীতি দ্রঃ।

ভীড়-ভিড় দ্রঃ।

ভীড়ন [ভিড় (দ্রঃ)+ভীড় (জনতা) তা হতে সংঘাত-সংঘর্ষ অর্থে] বি, যুদ্ধ ; রণ। "ভীম অর্জ্জুন কর্ণ কোটাল দুর্ব্বার। ভীড়নে চলিল চঙ্গ বাইস হাজার॥"-কবিক০।

ভীত [ভী (ভয় পাওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, শঙ্কিত ; ত্রস্ত। স্ত্রীং ভীতা। ~চিত্ত-বি, শঙ্কিত হৃদয় ; ভীতিবিহ্বল চিত্ত। স্ত্রীং ~া।

ভীতি, ভী [ভী (ভয় করা)+তি (ভা০) ভী+ক্বিপ্] বি, ভয় ; আশঙ্কা ; ত্রাস। ~কর, ~জনক, ~প্রদ-বিণ, ভয় উৎপাদক ; ত্রাসজনক। ~প্রদর্শক -বিণ, যে ভয় দেখায়। > স্ত্রীং ~প্রদর্শিকা। ~বিহ্বল-বিণ, ভয় কাতর ; ভয়ে অভিভূত। >স্ত্রীং ~া।

ভীতু [ভীত+উ (শীলার্থে)। প্রা০] বিণ, ভীতস্বভাব ; ভীরু।

ভীনে [প্রা০ বাং] অ, ভিন্নভাবে; পৃথক্ করিয়া। ভীনে ভীনে-অ, পৃথক্ পৃথক্। "হাটের ঘাটের দাণ চাহে ভীনেভীনে॥" -শ্রী০ কী০।

ভীম [ভী+ম (অপা০), যা হতে ভয় পায়] বি, শিব ; রুদ্র। "ধূমাবতী দেখে ভীম সভয় হইলা"-ভারত০। ২ বিদর্ভপতি ; দময়ন্তীর পিতা ভীমসেন। ৩ মধ্যম পাণ্ডব ভীমসেন। ৪ দানববিঃ। ৫ গন্ধর্ব্ববিঃ। ৬ কাব্যের রসবিঃ ; ভয়ানক রস। ৭ মন্ত্রবিঃ। ৮ বিণ, ভীষণ। স্ত্রীং ~া-দুর্গা। ২ ভীষণা ; ভয়ঙ্করী। "পরাক্রমে ভীমা ভীমাসমা।" -মেঘ০। ৩ নদীবিঃ। ৪ যৌ দ্রঃ। বিণ, ভৈম। ~একাদশী-বি, মধ্যমপাণ্ডব ভীমকর্ত্তৃক পালিতা মাঘী শুক্লা একাদশী। ~কর্ম্মা-ভীষণ কর্মকারী। ২ অতি কর্ম্মী। ~দর্শন-ভীষণ মূর্ত্তি।~দ্বাদশী-বি,মধ্যম পাণ্ডব ভীমকর্ত্তৃক পালিতা মাঘী শুক্লা দ্বাদশী। ~নাদ-ভীষণ শব্দ ; হুঙ্কার। "ভৈরবের ভীমনাদে কাঁপে ত্রিভুবন।" -অ০ ম০। ২ [ভীম নাদ যার, বহু০] সিংহ। ~পরাক্রম, ~বিক্রম-বিক্রান্ত ; অতি বলশালী। ~পলাশী-বি, রাগিণীবিঃ। ~বিক্রান্ত [ভীম (ভীষণ)+বিক্রান্ত (পরাক্রান্ত)] বিণ, ভয়ানক বলশালী। ২ প্রতাপী।~রথ-কৃষ্ণের পুত্রবিঃ। ২ কূর্ম্মাবতারকর্ত্তৃক নিহত অসুর-বিঃ। ৩ ধৃতরাষ্ট্রের পুত্রবিঃ। ~শাসন-বিণ, ভয়ানক শাসনকারী। ২ বি, যম।

ভীমরথী [সং-ভীমরথ+ঈ (স্ত্রীং)। প্রা০ ভিমরতী] বি, বয়োদশাবিঃ; ৭৭ বৎসর ৭ মাস ৭ রাত্রি পূর্ণ হলে মানবের ভীমরথী দশা হয়। [হিন্দুর বিশ্বাসমতে এই দশার পর মানব জীবিত থাকিলে প্রতিদিন তার পক্ষে শত সুবর্ণ দক্ষিণাপ্রদ যজ্ঞের তুল্য হয়। সে ইচ্ছামত গমন করিলে বিষ্ণুকে প্রদক্ষিণ করার ফল হয়, কথা বলিলে মন্ত্র জপ করা হয়, নিদ্রা তার ধ্যান এবং অন্ন তার পক্ষে সুধা তুল্য বিবেচিত হয় (আয়ু০)]। ২ অতিশয় বার্দ্ধক্যবশতঃ বুদ্ধিভ্রংশতা। "বুড়ো হলে ভীমরতী হয়"-প্রফুল্ল (গিরীশ০)।

ভীমরুল [সং-ভৃঙ্গরোল > ভি(ভী)মরুল] বি, ভোমরা অপেক্ষা ছোট ও বোলতা অপেক্ষা বড় একজাতীয় ঘোর পীতবর্ণ ষট্পদীবিঃ। ভীম-রুলের চাকে খোঁচা দেওয়া-প্রতিশোধপরায়ণ জনমণ্ডলীর ক্রোধোদ্রেক করা বা উত্তেজিত করা। "কিন্তু চির প্রচলিত লোকমতের বিরুদ্ধে কথা কওয়া আর ভীমরুলের চাকে খোঁচা দেওয়া সমান কথা।" -হারাণচন্দ্র রক্ষিত।

ভীমসেন [ভীমসেনীও বলে। প্রা০ হিমশিম] বি, ভীম দ্রঃ। ২ সুমাত্রা ও বোর্ণিও দ্বীপস্থ বৃক্ষজাত কর্পূর।

ভীমা-ভীম দ্রঃ।

ভীয়া, ভীয়া, ভিয়া [ভী (ভয় করা)+অ] বি, ভয়।

ভীর [প্রা০ বাং] বি, ভীরু।

ভীরু [ভী+রু (র্ত্তৃ, শীলার্থে)। 'ভীলু' ও০] বিণ, ভীতস্বভাব ; ত্রস্ত। স্ত্রীং ভীরু। বি, ~তা। ~প্রকৃতি, ~স্বভাব-ভয়তরাসে।

ভীরুক [ভী+রুক (শীলার্থে)। বাং-য় বিরল। 'ভীলুক' ও০] বিণ, ভীরু। স্ত্রীং ~া।

ভীল, ভিল [সং-ভিল্ল >। স্মৃ০] বি, ধীবরের ঔরসে ব্রাহ্মণীর গর্ভে উৎপন্ন ম্লেচ্ছজাতিবিঃ। ২ মারবাড়ের আদিম বন্য পার্ব্বত্য জাতিবিঃ। রাজপুতানার আরাবল্লী শৈলমালা হতে সিন্ধু ও রাজপুতানার মরুভূমি এবং খান্দেশ ও আহম্মদাবাদের বন ও তুঙ্গশৃঙ্গ ভীলদের বাস।

ভীষণ [ভী (ভয় পাওয়া)+ণিচ্=ভীষি+অন (র্ত্তৃ)] বিণ, ভীম ; ভয়ঙ্কর ; ভীতিপ্রদ। "ভ্রূকুটি ভয়াল ভীষণ আকার।"-গান। স্ত্রীং ~া (-ষ-)। বি, ~তা। ভী০ আকার, ভীষণাকার [ভীষণ+আকার] বি, বিণ, ভয়ঙ্কর আকৃতি ; ভয়ানক মূর্ত্তি বিশিষ্ট। ~আরাব, ভীষণারাব [ভীষণ+আরাব] বি, বিণ, ভয়ানক শব্দ ; ভীম শব্দ-বিশিষ্ট। ~দর্শন ভীমদর্শন যার(বহু)] বিণ, ভীমাকৃতি ; ভয়ানক মূর্ত্তি।

ভীষা [সং] বি, ভয়। বিণ, ভীষিত-যাকে ভয় দেখান হইয়াছে ; ভয়প্রাপ্ত।

ভীষ্ম (-শ্শ) [ভী (ভয় পাওয়া)+ণিচ্=ভীষি+ম (অপা০), যা হতে ভয় পাওয়া যায়] বি, গাঙ্গেয় ; শান্তনুতনয়। ২ বিণ, ভয়ানক ; ভীষণ। ~ক-বি, রুক্মিণীর পিতা (বিদর্ভপতি)। ~জননী, ভীষ্মসূ-গঙ্গাদেবী। ~পঞ্চক-কার্ত্তিকী শুক্লা একাদশী হতে পূর্ণিমা পর্য্যন্ত অনুষ্ঠেয় ব্রতবিঃ। ভীষ্মাষ্টমী [ভীষ্ম+অষ্টমী] মাঘী শুক্লা অষ্টমী। ভীষ্মের প্রতিজ্ঞা-বি, ভীষণ সংকল্প ; শান্তনুতনয় ভীষ্মের প্রতিজ্ঞার মত অটল প্রতিজ্ঞা।

ভু-অ, টু, দ্রঃ।

ভুআ, ভুও, ভুয়া [ভুআ (শূন্যগর্ভ) >। ক্বচিৎ। ভুয়া দ্রঃ] বিণ, অসার; শূন্যগর্ভ ; অন্তঃসারশূন্য। ২ অলীক।

ভুঁই [সং-ভূমি >, প্রাকৃ০] বি, ভূমি।

২ স্থল ; ঠাঁই ; স্থান। ৩ মৃত্তিকা ; মাটি। ~ফোড়, ~ফোঁড়, ~ফোড়া [ভূমিস্ফোট >] বিণ, যে ভূমি ভেদ করিয়া উঠে বা দেখা দেয় ; আচম্বিতে বা হঠাৎ উদিত ; অকস্মাৎ আগত। ২ অর্ব্বাচীন। "চিন্তা যত ভারি হয় মাথা পড়ে ঝুঁকে। ভুঁই-ফোড়া তত্ত্ব যেন ভূমিতল খোঁজে। সবে যেন ব'সে গেছে নিরাকার ভোজে।"-সোণার তরী। ৩ ভিত্তিশূন্য ; কল্পিত।

ভুঁক(খ)-ভুক দ্রঃ।

ভুঁকা [ঝুঁকা দ্রঃ। হিং ভুঁক্না] ক্রি, বিদ্ধ হওয়া ; প্রবেশ করা। "চরণে কণ্টক ভুঁকে শতেক আঁচড় বুকে।"-কবিকং। "ভুঁকিল কুশের কাঁটা রক্ত পড়ে গায়"-ঐ।

ভুঁকানি [ভুঁকা (দ্রঃ)র ণিজন্ত রূপ] ক্রি, ফুঁকাইয়া দেওয়া ; বিঁধান।

ভুঁঞ্জ [ভুঞ্জা দ্রঃ] ক্রি, ভুঞ্জ ; ভোগ কর।

ভুঁজা$_1$-ভুঞ্জা দ্রঃ।

ভুঁজা$_2$-ভুজা দ্রঃ।

ভুঁড়(া)$_1$, ভুঁড়িয়া, ভুঁড়ে, ভুঁড়ো$_1$ [ভুঁড়ি দ্রঃ] বিণ, ভুঁড়িবিশিষ্ট ; স্থূলোদর ; পেটমোটা। "বড় ভুঁড়ো পেট" -অং মং। ভুঁড়ো শিয়াল-স্থূলোদর বা মোটা শেয়াল। ২ [বিদ্রূপে] স্থূলকায় ব্যক্তি ; মোটাসোটা অসুন্দর ব্যক্তি।

ভুঁড়(া)$_2$ [ভুঁড়ি দ্রঃ] বি, মটর শুঁটি (ওলন্দা শুঁটি নহে) ; ভুঁড়ো কড়াই।

ভুঁড়া$_3$ [সং পুল (রাশীকরণে) >পুঁড়া >ভুঁড়া] বি, ধান্য রাখিবার লম্বা মোটা তাকিয়ার মত খড়ের আধার। ২ খোড়ো ঘরের চালের মটকা।

ভুঁড়া$_4$ ভুঁড়ো$_2$ [ভুরা (দ্রঃ) >] বিণ, গুঁড়িত ; গুঁড়া। প্র-ভুঁড়া চুণ।

ভুঁড়ি$_1$ [সং-ভূরি >] বি, মটর কলায় ; মটর শুঁটী ; ভুঁড়ো কড়াই (ওলন্দা নহে)। ২ স্থূল উদর ; মোটা পেট। ~দার-বিণ, স্থূলোদর ; পেটমোটা।

ভুঁড়ি$_2$, ভুড়ি [সং-ভূরি >] বি, বড় পেট ; বৃহৎ উদর। "কাঁটালের শুঁড়ি প্রায় ভুঁড়ি এলাইয়া।"-ঈং গুপ্ত। "ভুঁড়িটে বাধে।"-নবীন তপস্বিনী।

ভুঁতি-ভুতি দ্রঃ।

ভুঁদী, ভুঁদো-ভোঁদা দ্রঃ।

ভুক [অনুং] অ, অনুকার শব্দ। ~ভুক, ভুক-ভুক [অনুং] বি, সরুমুখ পাত্র হতে জলীয় পদার্থের প্রবেশ অথবা নির্গমনের শব্দ। "ভুকভুক উঠে রক্ত ভেদি কুম্ভস্থল।"-মং।

ভুক, ভুখ, ভুঁক(খ) [সং-বুভুক্ষা > ক্ষেং। প্রাং 'ভোক' ওং] বি, ক্ষুধা। "ভুক পিয়াস।"-অং মং। "ভুখে মোকে মারিতে এনেছ তৃপান্তরে"-শিং। ২ বিষয়তৃষ্ণা ; তীব্র আকাঙ্ক্ষা ; বাসনা। ৩ হেতু ; খাতিরে। "গতির ভুখে চলিস রূখে।" -সং দত্ত। বিণ, ভুখা, ভুঁখা-ক্ষুধার্ত্ত।

ভুক্ত [ভুজ্ (ভোজন করা) + ত(র্ম্ম)] বিণ, ভক্ষিত। ২ অন্তর্গত। ~পূর্ব্ব-বিণ, পূর্ব্বে যা ভোগ করা হইয়াছে। ~ভোগ-বি, যে ভোগ ভুক্ত বা ভোগা হইয়াছে ; কৃতভোগ। ~ভোগী-বিণ, যে ভোগ করিয়াছে ; কৃত-ভোগ। ~ভোজন-বি, চর্ব্বিত চর্ব্বণ। "অনুভূত সুখের পুনর্ব্বার অনুভব করিলেই ভুক্তভোজন হইবে।" -পুরুষ পরীক্ষা।

ভুক্তাবশেষ [ভুক্ত + অবশেষ] বি, ভোজনের পর অবশিষ্ট যা থাকে ; উচ্ছিষ্ট অন্নাদি।

ভুক্তন, ভুকতন [হিং] বি, ত্রুটিপূরণ। ২ প্রবেশ। ৩ ভোগ।

ভুক্তি [ভুজ্ (ভোগে ইং) + তি (ভাং)] বি, ভোগ। ২ ভোজন। ৩ অধিকার। ৪ অধিকৃত প্রদেশ ; রাজ্য। প্র-তীরভুক্তি (তীর-হুত), পৌণ্ড্রবর্দ্ধনভুক্তি (বরেন্দ্রমণ্ডল), শ্রীমারভুক্তি (বিহার)। "এখন যেমন বাংলা-দেশে কতকগুলি কমিশনরের বিভাগ ও জেলা আছে তখনও সেইরূপ কতকগুলি ভুক্তি ও ভুক্তির মধ্যে কতকগুলি 'বিষয়' ছিল। ভুক্তির শাসনকর্ত্তা বস্তুতঃ রাজপ্রতিনিধির কার্য্য করিতেন, তাঁহার ক্ষমতা এখনকার কমিশনরদিগের ক্ষমতা অপেক্ষা অনেক বেশী ছিল। তাঁহার উপাধি ছিল উপরিক।" -রামধনু, পৌষ, ১৩৩৯।

ভুখ-ভুক দ্রঃ।

ভুখল, ভুখিল [সং-বুভুক্ষিত > দ্রং ভুখিত, বিকারে-ভুখল ; ভুখলি। ব্রজং] বিণ, ক্ষুধার্ত্ত ; ক্ষুধিত। "ভুখল জন"-রসমঞ্জরী (পীতাম্বর)। "ভুখিল বাঘিনী"-কবিকং। > স্ত্রীং ভুখলি-অন্নাভাবে কৃশা। "রুখলি ভুখলি।"-বিং পং।

ভুখা-ভুক দ্রঃ।

ভুগন [ভোগ দ্রঃ। ভুজ্ (উপভোগে) >] বি, ভোগ করণ ; ভুঞ্জন।

ভুগনি [হিং ভুগৎনী। বাং-ভোগানি, ভুগুনি, ভোগান্তি] বি, ক্লেশভোগ।

ভুগা, ভোগা [ভোগ (দ্রঃ) + আ (ক্রিয়ায়)। হিং ভুগ্না। ভুগি, ভুগ, ভোগ (ভুগেন্, ভোগেন, ভুগিস), ভুগে, ভোগে (ভোগেন) ; ভুগিতে (প্রাং ক্ষেং ভুগতে) ; ভুগিয়া (প্রাং, ক্ষেং ভুগে)। ণিজন্ত-ভুগান, ভোগান] ক্রি, ভোগ করা ; সহ্য করা।

ভুগানি, ভোগানি [ভুগা দ্রঃ। ভুগাই, ভোগাই, ভুগাও, ভোগাও (ভুগান্, ভোগান, ভুগাস্, ভোগাস্) ; ভুগাইতে, ভোগাইতে ; ভুগাইয়া, ভোগাইয়া (ক্ষেং ভুগিয়ে)] ক্রি, ভোগ করান ; কষ্ট দেওয়া।

ভুগ্ন [ভুজ্ (কুটিল হওয়া) + ত (র্ত্ত)] বিণ, কুব্জ ; বক্র। ২ ভগ্নস্বাস্থ্য। ৩ আনত।

ভুজ$_1$ [ভুজ্ (ভোজন করা) + অ (র্ত্ত)] বি, হস্ত ; বাহু। ২ সীমাসূচক রেখা। ৩ ভূর্জ্জপত্র। ৪ [জ্যাং, বীজগং, কনিকং (কং বিশং পরিঃ)] ক্ষেত্রবদ্ধকারী সরল রেখা ; বাহু arm ; side (জ্যাং)। প্র-দ্বিভুজ ; ত্রিভুজ ; চতুর্ভুজ (দুই, তিন, চারি রেখাবদ্ধ ক্ষেত্র) ; abscissa (কনিকং বীজগং)। ৫ ভুজবিশিষ্ট। স্ত্রীং ভুজা। প্র-দশভুজা। ~কোটর-বি, কক্ষ ; বগল। ~কোটি [গং পরিঃ (সাং পং পং)] বি, ইং co-ordinates এর বৈজ্ঞাং পরিঃ ; ভুজযুগ্ম ; ভুজ-

সমুদায় (হিং কো০)। ~পাশ-বি, বাহুবন্ধন। ~বন্ধন-বি, বাহুবেষ্টন। ~বল-বি, বাহুবল। ~মধ্য-বি, ক্রোড়। ~লতা-বি, লতাবৎ কমনীয় ও সুন্দর বাহু (বিঃ নারীর। পুরুষের ভুজদণ্ড)। ~শিরঃ [ভু + শিরঃ (মস্তক)] বি, স্কন্ধ। ~স্তম্ভ-বি, বাহু-চালনাশক্তিরাহিত্য। "ভুজস্তম্ভ কণ্ঠরোধ ব্যাসের হইল।"-অ০ ম০। অতিভুজ [জ্যা০(ক০ বিশ্ব০পরিঃ)] বি, ইং hypotenuse এর বৈজ্ঞা০ পরিঃ। চতুর্ভুজ [জ্যা০ পরিঃ] ইং quadrilateral এর বৈজ্ঞা০ পরিঃ; চতুষ্কোণ। ত্রিভুজ [জ্যা০ (ক০ বিশ্ব০ পরিঃ)] বি, ইং triangle এর বৈজ্ঞা০ পরিঃ; ত্রিকোণ [বিষমবাহু ত্রিভুজ, সমকোণী ত্রিভুজ, সমবাহু ত্রিভুজ, সূক্ষ্মকোণী ত্রিভুজ, স্থূলকোণী ত্রিভুজ-ত্রি দ্রঃ]। দশভুজ [জ্যা০ পরিঃ] ইং decagon এর বৈজ্ঞা০ পরিঃ। পঞ্চভুজ [জ্যা০ পরিঃ] ইং pentagon এর বৈজ্ঞা০ পরিঃ। বহুভুজ-চারির অধিক সরল-রেখাবদ্ধ ক্ষেত্র; (জ্যা০ ক০ বিশ্ব০ পরিঃ) ইং polygon এর বৈজ্ঞা০ পরিঃ। বিষমভুজ [জ্যা০ (ক০ বিশ্ব০ পরিঃ)] বি, ইং scalene এর বৈজ্ঞা০ পরিঃ। বিষমভুজ ত্রিকোণ -scalene triangle. বিষমবহুভুজ-যে ভুজের সকল বাহু ও কোণ বিষম বা অসমান। ষড়্ভুজ-hexagon. সপ্তভুজ-heptagon. সমভুজ [জ্যা০ পরিঃ] ইং equilateral এর বৈজ্ঞা০ পরিঃ। সমদ্বিভুজ [জ্যা০(ক০ বিশ্ব০ পরিঃ)] ইং isosceles এর বৈজ্ঞা০ পরিঃ। সমবহুভুজ [জ্যা০ পরিঃ] যে বহুভুজের সকল বাহু ও সকল কোণ সমান।

ভুজ২ [ভুঞ্জ দ্রঃ] ক্রি, ম০ পু০, ভোগ কর। ~া-ভুঞ্জা দ্রঃ।

ভুজগ [ভুজ (বক্রাকৃতি) + গ (গমন করা) + অ(র্তৃ), যে বক্রাকৃতি হইয়া গমন করে] বি, ফণী; সাপ। ২ লম্পট; ধূর্ত। স্ত্রীং ~ী।

ভুজগান্তক, ভুজগাশন [ভুজগ+অন্তক,-+অশন] বি, সর্পভোজী। ২ গরুড়। ৩ ময়ূর।

ভুজঙ্গ, ভুজঙ্গম [ভুজ (বক্রভাবে) + গম্ (গমন করা) + অ (র্তৃ),ম লোপ, ং আগম, যে বক্রভাবে গমন করে] বি, সর্প। "অঙ্গদ বলয় হৈল ভুজঙ্গমগণ"-কবিক০। ২ সীসক; সীসা। স্ত্রীং ভুজঙ্গিনী, ভুজঙ্গী, ভুজঙ্গমী-ফণিনী; নাগিনী। ২ কুলটা নারী। ~ভুক্-বিণ, সর্পভোজী। ২ বি, গরুড়। ৩ ময়ূর।

ভুজঙ্গপ্রয়াত [সং ছন্দঃ] বি, চতুর্বিংশতি অক্ষরে দুই চরণে সম্পূর্ণ হয়। এই সকল অক্ষরের মধ্যে চতুর্বিংশতি স্বর থাকে। উভয় চরণের প্রথম, চতুর্থ সপ্তম ও দশম বর্ণ লঘু; অবশিষ্ট সমুদয় বর্ণ গুরু হয়। "অদূরে মহারুদ্র ডাকে গভীরে, অরে রে অরে দক্ষ দে রে সতীরে। ভুজঙ্গপ্রয়াতে কহে ভারতী দে, সতী দে সতী দে সতী দে সতী দে।"-অ০ ম০।

ভুজা১, ভুঁজা১ [ভুজ্ (ভোগে) >, ভুঞ্জা দ্রঃ। প্রা০ বাং] ক্রি, ভোগ করা। ভুঁজ-ভোগ কর। ভুঁজইতে-ভোগ করিতে। "সোঙরল ভুঁজইতে চাই"-বি০ প০। ভুঁজে-উপভোগ করে। ভুঁজয়ে-উপভোগ করে। ভুঁজিবি-ভোগ করিবে।

ভুজা২, ভুঁজা২ [ভাজা দ্রঃ। হিং ভুনা, ভুজা] বিণ, ভৃষ্ট। প্র-ভাজাভুজা। ~ই-বি, ভর্জন।

ভুজা৩ [ভুজ+আ (স্ত্রীং)। হিং] বি, ভুজ; বাহু। ~কণ্ট-বি, হাতের নখ। ~গ্র -বি, হস্ত; কর। ~ন্তর-বি, অন্ত বাহু। ২ বক্ষঃস্থল। ~দল-বি, হাত। ভুজাংশ [জ্যা০ (ক০ বিশ্ব০ পরিঃ)] বি, celestial longitude এর পরিঃ।

ভুজালি, ভোজালি [ভুজ (কর) + বাল (করবাল) + ই। তুল-সং-ইলি, পা০ ইল্লি] বি, এক প্রকার ছোট তলোয়ার; খড়্গ।

ভুজিষ্য [ভুজ্ (ভোজনে) >] বি, ভৃত্য। স্ত্রীং ~া-দাসী। ২ বেশ্যা।

ভুঞা, ভূয়াঁ, ভুঞ্যা, ভুইঞা [ভূমিয়া >। প্রা০ বাং] বি, সীমান্ত দেশের অধিপতি।

ভুঞি, ভুঁই [ভূমি >। প্রা০ বাং] বি, ভূমি। ভুঞে-ভূমিতে। "ভুমিয়া আছাড়ে ভুঞে শোণিত নিকলে মুঞে"-কবিক০।

ভুঞ্জা [ভুজ্ (ভোগে, উপভোগে, ভোজনে ই০) >। ভুঞ্জি, ভুঞ্জ, ভুঞ্জে; ভুঞ্জিতে; ভুঞ্জিয়া (ভুঞ্জি, ভুঞ্জে)। পিজ্জ-ভুঞ্জান-প্রা০ বাং প্রাক্ ভুঁজা। "সোয়ামীর যত ভোগ ভুঁজি সবে জানে।"-ধর্মরাজের গীত, ১৫শ খৃ০ শতাব্দী] ক্রি, ভোগ করা; উপভোগ করা। "ভুঞ্জিব অশেষ ক্লেশ না পাব জ্ঞানের লেশ পর দুখে হইব দুঃখিত" -অ০ ম০। ২ আহার করা; ভোজন করা। "ভুঞ্জাইয়া কৃত্তিবাস, মধুর মধুর হাস মহেশের নাচন দেখিয়া।"-অ০ ম০। "ভুঞ্জাহ পায়স দধি"। ব্রজ০ ভুঞ্জই [কোমলার্থে "ভুঁজই"] ভোগ করে। "আপন করম দোষে আপহি ভুঞ্জই"-বি০ প০। ভুঞ্জানি১-ভোগ করান। ভুঁঞ্জিএাঁ-উপভোগ করিয়া। ভুঞ্জিবারে-উপভোগ করিবার নিমিত্ত। ভুঞ্জু-ভোগ করুক। ভুঞ্জে-ভোগ করে। "এ তোর যৌবন ভার কৃষ্ণ ভুঞ্জ ভুঞ্জু কথোকাল" -শ্রী০ কী০। ভুঞ্জোঁ-ভোগ করি। "এথণে তাহার ফল ভুঞ্জোঁ মোএঁ আপণে আপণ দোষে।"-শ্রী০ কী০।

ভুঞ্জান২ [ভুজ্+আন (র্তৃ)] বিণ, ভোগকারক।

ভুট [সং-বুট্ (হিংসা করা) >] বি, লুট দ্বারা শেষ; লুপ্ত; লোপাট। ভুট করা-শেষ করা; ক্রমাগত বলপূর্বক গ্রহণ করিতে করিতে নিঃশেষিত করা।

ভুটভাট, ভুটভুট [অনু০] অ, উদর-মধ্যস্থ বায়ুর ফুটফাট শব্দ; অজীর্ণজনিত বুদ্বুদ-স্ফোটন শব্দ।

ভুটি, ভুটী [ভোট+ই, ঈ (জাতার্থে)] বি, ভোট বস্ত্র; কম্বল; মোটা কাপড়বিঃ। "বস্তা হতে খসাইল ভুটি"-মনসা ম০(বংশী০)। "চট ভুটি দিয়া যত বস্ত্র জৈয়া যাই"-ঐ।

ভুট্টা [হিং] বি, একপ্রকার শস্য; মকা; মকাই maze.

ভুড়/ভুড় [অনু০] বি, গন্ধ-সহ জলে

কোন ভারি বস্তু ধীরে ধীরে ডুবিবার কালে বুদ্বুদ্‌স্ফোটন শব্দ। ২ জলের মধ্যে শ্বাস প্রতন ও ফুৎকার শব্দ। ~ভুড়ি-বি, বুদ্বুদ; গাঁজা। ২ জলমধ্যে জলমগ্ন জীবের শ্বাস পতন ও ফুৎকার। ~ভুড়ি ভাঙ্গা-গাঁজা ভাঙ্গা; বুদ্বুদের মত বাহির হওয়া।

ভুণি-ভুনি, দ্রঃ।

ভুতড়ি, ভুতুড়ি [ভুতি(দ্রঃ) ভোথা + ড় যোগ তুচ্ছার্থে > ভোথড়া, ভুতড়ি ই°] বি, কাঁঠালের ভিতরের অসারাংশ যা কোষ বা কোয়ার সহিত জড়িত থাকে। "কতকগুলি থাসা থাজা কাঁটাল * * কতকগুলি কেবল ভুতুড়ি সার,"-কমলাকান্তের দপ্তর।

ভুতি, ভুঁতি [সং -বৃন্ত >] বি, কাঁঠালের বা অর্থাৎ যে দণ্ডের চতুর্দ্দিকে কোষ জড়িত থাকে। ২ কাঁঠালের অসারভাগ।

ভুতুড়িয়া, ভুতুড়ে [ভুত + আড়িয়া, বাংর-উড়িয়া, উড়ে। তুল-সাপুড়িয়া, সাপুড়ে] বিণ ভূতের ব্যাপার ঘটিত। ২ ভূত সম্বন্ধীয়। ৩ বি, ভূতের ওঝা।

ভুত্তিনাশ [ভুষ্টিনাশ দ্রঃ] বি, সর্ব্বনাশ। "তুমি চুরি করে ভু° করবে অথচ তোমায় রাখতে হবে।"-যৌবরাজ্য (সৌরীন্দ্র°)।

`ভুনি১, -নী [সং-ভর্জ্জন > হি° ভুন্না (ভর্জ্জন করা); ভুনী (ভর্জ্জিত)। 'ভুণি' ও°] বিণ, ভৃষ্ট; ভর্জ্জিত। ~খিচুড়ি-চাউল দালাদি ঘৃতে অল্প ভাজিয়া লওয়ার জন্য নাম।

`ভুনি২ [সং-ক্ষৌম (খুঞি > খুনি) >] বি, ক্ষৌমবস্ত্রবিঃ; মোটা তসরের ধুতি; কেটে, বিধবাদের পরিধেয় পাড়হীন ক্ষৌমবস্ত্র। ২ সূক্ষ্ম রেশমী বস্ত্র; গরদের সাড়ী। "শত শত একজায় গুজরাটে তন্তুবায়, ভুনি ধুতি আদি বুনে গড়া।"-কবিক°। "পরিল বিচিত্র সরু দিব্য বস্ত্র ভুনি"-চৈ° ম°।

ভুবঃ [ভুবস্‌] বি, ভুবর্লোক; সপ্তস্বর্গের অন্তত্ম।

`ভুবন [ভূ (হওয়া) + অন (র্ত্তৃ) ভূ=ভুব্, যে উৎপন্ন হয়। প্রা° যৌ° বাং প্রাকৃ° হুঅণ, হুবণ, হমণ (ত্রিভুবন=তিহুঅণ ই°)] বি, সপ্তস্বর্গ ও সপ্তপাতাল এই চতুর্দ্দশ জগৎ। ভূলোক, ভুবর্লোক, স্বর্লোক, মহর্লোক, জনলোক, তপোলোক, সত্যলোক এই সপ্তস্বর্গ এবং অতল, বিতল, সুতল, তল, তলাতল, রসাতল ও পাতাল এই সপ্ত পাতাল। ২ আকাশ। ৩ বাসস্থান; আবাস। "সম্ভাবিয়া গেলা সভে যে যার ভুবন।"-মহা°(বিজয়°)। ৪ জল। ৫ দেশ। "ছমাসের পরে পাবে গৌড় ভুবন"-ঘ°। ~জয়ী, ~বিজয়ী-বি, জগৎ জয়কারী। ~ত্রয়-ত্রিভুবন; স্বর্গ, মর্ত্ত্য ও পাতাল। মতভেদে ব্রজ, গোলোক ও দ্বারকা এই তিন ভুবন। চণ্ডীদাস মতে গোলোক, বৈকুণ্ঠ ও শ্রীবৃন্দাবন। ~পাবন-জগত্রাতা। ~পালক-জগৎ-পাতা; ত্রিলোকপালক। ~বিখ্যাত-বিশ্ববিশ্রুত। ২ জগন্নাথ। ~বিদিত-জগতের সর্ব্বত্র পরিজ্ঞাত; প্রখ্যাত। ~ব্যাপী-জগন্ময়; বিশ্ববিস্তৃত। ~ময়-জগদ্ব্যাপী। ~মোহন-বিণ, ত্রিলোকসুন্দর; বিশ্বমুগ্ধকারী। > স্ত্রীং ~মোহিনী।

`ভুবনেশ্বর [ভুবন + ঈশ্বর, ৬তৎ] বি, জগদীশ্বর। ২ তীর্থস্থানবিঃ; এই তীর্থের অধিষ্ঠাত্রী দেবতা শিবলিঙ্গবিঃ।

`ভুবনেশ্বরী [ভুবনেশ্বর + ঈ (স্ত্রীং)] বি, জগদীশ্বরী। ২ দশমহাবিদ্যা মধ্যে দেবী ত্রিপুরাসুন্দরী। "ভু° ঋদি, হের ~তাঁর নিকটে।"-হেম°।

ভুবর্লোক [ভুবস্‌ (আকাশ) + লোক (ভুবন)] বি, সপ্ত ভুবনের অন্তর্গত ভুবন; সূর্য্য ও পৃথিবীর মধ্যবর্ত্তী লোক; অন্তরিক্ষ। লোক দ্রঃ।

ভুয়া-ভুআ দ্রঃ।

ভুর [ভুল > । ল=র] বি, ভুল; ভ্রম। "হায় কি হল! দেশের দশা বিপন্ন রাজার ভুরে।"-হেম°। ২ [সম্ভ্রম >] সম্ভ্রম; ভরম; ভারিভুরি। ভুর ভাঙ্গা-ক্রি, ভুল ভাঙ্গা; ভ্রম ঘুচা। ২ ভারি-ভুরি বা সম্ভ্রম নষ্ট হওয়া। "খসে পড়ে শোলার শাঁখা ভেঙ্গে গেল ভুর।"-ঘ°। ~ভার-ভারভুর দ্রঃ।

ভুরকুণ্ডা,-ণ্ডো [প্রাদে° ২৪ পরগণা। কলের নাম পিটুলি] বি, বন্য বৃক্ষবিঃ; পিটুলি গাছ।

`ভুরভুর [সং-ভৃ(ভরণে) ভরভর বা ভরা-ভরা, ভরপুর অর্থে] বি, গন্ধদ্রব্যের অতি সূক্ষ্ম অণুরাশি বায়ু দ্বারা প্রবাহিত হওয়ার ভাব। আধিক্যার্থে-'ভরভর'। ২ বিণ, ভরপুর; পরিপূর্ণ। বিণ, ভুরভুরা, ভুরভুরে।

ভুরভুরী [ভুড়ভুড় দ্রঃ] বি, ভুড়ভুড়ি; বুদ্বুদস্ফোটন। "জলে ভু কাটিয়া।"-ত্রৈলোক্য° মুখো°।

ভুরা, ভূরা [হি° বূরা (শুষ্ক মোটা চিনি)। তুল-আ° বুরাদা (গুঁড়া; চূর্ণ-কাঠের গুঁড়া)] বি, মোটা চিনি; দোবারা চিনি; যাত কাটাইয়া প্রস্তুত শুষ্ক এবং বালির মত ঝুরঝুরা গুড়। "আটপণে আধসের আনিয়াছি চিনি। অন্য লোকে ভুরা দেয় ভাগ্যে আমি চিনি।"-অ° ম°। ২ ঝুরঝুরা।

`ভুরু, `ভুরুহী, `ভুরূ [সং-ভ্রূ] বি, ভ্রূ। "পুষ্পিত ললাটে ভুরু বঙ্কিম উজ্জ্বল।"-ফুলরেণু। "মদন ধনুক ভুরু বিভঙ্গে।"-পদ্মাবতী (আলাওল)।

ভুল [সং ভ্রম > ভুর > ভুল। হি° ভুল] বি, ভ্রান্তি; ভ্রম; (পাটি° পরিঃ) error. ২ বিস্মৃতি। "ভুলে যদি থাকি প্রভো ভাঙ্গিও না ভুল"-কাব্যকুসুমাঞ্জলি। ৩ মৎস্যবিশেষ। ~চুক [সহচর শব্দ] ভুলভ্রান্তি। ভুল ভাঙ্গা-ক্রি, ভ্রমাপনোদন করা। ~-ভাটকা [ভাটকা দ্রঃ] বি, ভুলভ্রান্তি। ~ভ্রান্তি [সহচর শব্দ] ভ্রম; বিস্মৃতি। ঠিকে ভুল [ঠিক (দ্রঃ)] জানা ও করার অভ্যাস থাকা সত্ত্বেও ভুল করা বা নির্ভুল করিতে বা বলিতে বিস্মরণ। ২ ঠিক দিতে ভুল। প্র-তুমি এত ঠিকে ভুল হ'লে কেন? এমন ঠিকে ভুল লোক আর দেখিনি।

ভুলা, ভোলা [হি° ভুল্‌না। ভুল(দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি)। ভুলি, ভুল, ভোল(ভুলেন, ভোলেন, ভুলিস), ভুলে, ভোলে (ভুলেন, ভোলেন); ভুলতে; ভুলিয়া (ক্ষে° পদ্যে-ভুলি, গ্রা° ভুলে)। ণিজন্ত-ভুলান, ভোলান] ক্রি, ভুল করা; ভ্রম করা। ২ বিস্মৃত হওয়া। "ভুলায়ে রাখিও সংসারতলে তোমারে দিয়ো না ভুলিতে।"-রবী°। ৩ মুগ্ধ হওয়া। বি, ভুলন। ভুলে যাওয়া-ক্রি, বিস্মৃত

হওয়া। ভুলে-যাওয়া-বিণ, বিস্মৃত। "চিরদিবসের ভুলে-যাওয়া বাণী কোন্‌ কথা মনে আনে সে।"-রবী০।

ভুলানি [হি০ ভুলানা। ভুল (দ্র:)+আন (ক্রি-বিভক্তি)। ভুলাই, ভুলাও (ভুলান ভুলাস), ভুলায় (ভুলান); ভুলাইতে; ভুলাইয়া (কো০ ভুলিয়ে)] ক্রি, ভুল করান; ভুলিয়ে দেওয়া; ভ্রমে ফেলা। "দিনের শেষে ঘুমের দেশে, ঘোমটা পরা ঐ ছায়া -ভুলাল রে ভুলাল মোর প্রাণ"-রবী০। ২ বিস্মরণ করান; বিস্মৃত হইতে দেওয়া ৩ বিণ, ভুলানিয়া; মুগ্ধকারী; রঞ্জন। "আমার নয়নভুলান এলে"-রবী০। ছেলে-ভুলানি ছড়া-যে শিশুপাঠ্য কবিতা আবৃত্তি করিয়া শিশুর কান্না থামান যায়।

ভুলানিয়া, ভুলানে, ভুলুনে-বিণ, যে ভুলায়; আত্মবিস্মৃতকারী; মুগ্ধকর। ২ প্রবঞ্চক; ঠগ। স্ত্রী০ ভুলানী, ভুলুনী।

ভুলিলী [প্রা০ বাং। স্ত্রীলিঙ্গার্থে ক্রিয়ায় ঈ যোগ। ব্রজ০ ভুলল] ক্রি, ভুলিল। "তাঁ দেখিআঁ না ভুলিলী আইহনের রাণী"-শ্রী০ কী০।

ভুলুয়া, ভুলো [ভুল+উয়া=ভুলুয়া, কো০ ভুলো] বিণ, যে খালি ভুল করে; যার কোন কিছু মনে থাকে না। প্র-ভুলো মন। ২ অনভিজ্ঞ; আনাড়ি। "বসে থাকা ভাল নহে দাই কেন ভুলো।"-ধ০। ৩ [ভোলানাথ > ভ্রং] বি, ভোলানাথের অতি পরিচয়ার্থক, তুচ্ছার্থক বা আদরার্থক নাম। ৪ [ভোলানাথ শিবের ভাবভঙ্গ ভোলা নাম ও বেশভূষা হতে বিদ্রূপে ভুলুয়া। ভুল-কেলো ভুলো] কৌতুককারী; যাত্রার সঙ্‌। "এই যাত্রীর 'কেলুয়া' ভুলুয়া প্রভৃতি সং ছেলেদের বিশেষ চিত্তাকর্ষক ছিল।-ভারতী, বৈশাখ, ১৩২১।

ভুশ [অনু০] বি, শুষ্ক শিথিল মৃত্তিকাদির হঠাৎ ও সহজে ভূগর্ভে ডুবিবার শব্দ। ~ভুশ -পুনঃ পুনঃ ভুশ শব্দে স্খলন। বিণ, ~ভুশিয়া, -ভুশে-আলগা; শিথিল।

ভুশণ্ডি, ভুশুণ্ডী, ভুশণ্ড, ভুষণ্ডী [যোগবাশিষ্ঠ রামায়ণে] বি, ত্রিকালদর্শী বায়স; কাকভুশুণ্ডী বা ভুশুণ্ডীকাক। ২ [লক্ষ০] দীর্ঘজীবী ও বহুদর্শী ত্রিকালজ্ঞ (প্রায় পরিহাসে)। প্র-ভুশুণ্ডী বা ভুশুণ্ডীকাক হয়ে বসে আছেন।

ভুষা [প্রা০ ভুষো। ভুস দ্রঃ। প্রা০ বাং পদ্যে] বি, দগ্ধ চাউল, কাগজপত্র ই০-র ছাই। ২ প্রদীপাদির কালী। ৩ কাজল।

ভুষি, ভুষী [হি০ ভুস্‌সি] বি, গম যব প্রভৃতির খোসা; চোকর; চক্‌লা। "দেশের লোকের ভাগ্যে খোসা ভুষি শেষে।"-মনোমোহন বসু।

ভুষুড়ি [ভুষ্টি দ্রঃ] বি, কাঁটালের ভুতুড়ি। ভু০ ভাঙ্গা-কাঁটালের ভুতুড়ি ভাঙ্গিয়া ক্রমাগত কোয়া বাহির করা। > ক্রমাগত বাহির করা। ২ ভূরি ভোজন করা। প্র-মিষ্টান্নের ভুষুড়ি ভাঙ্গা। গল্পের ভুষুড়ি ভাঙ্গা-ক্রমাগত গল্পের পর গল্প শেষ করা।

ভুষুণ্ডি [সং-ভূষণ ও মণ্ডিতর ভাব ও উচ্চারণ যোগে] বিণ, ভূষিত। প্র-ধূলায় ভুষুণ্ডি।

ভুষ্টিনাশ [ভু-সৃষ্টি-নাশ, বা ভুষ্টি > ভুষ্টি-নাশ। প্রা০ ভুষ্টিনাশ] বি, সৃষ্টিনাশ; ধ্বংস; সর্বনাশ। "করিলেন ভুষ্টিনাশ কালীঘাটে রয়ে।"-ঈ০ গুপ্ত।

ভুস, ভুসা, ভুসো [ভস্ম >] বি, ভস্ম। ২ আগুনের শীষ। প্র-কেরোসিন তেলের কুপি জ্বালালে দেয়ালে ভুসা পড়িয়া চারিদিক ময়লা হইয়া যায়। ৩ মসী। ৪ বিণ, ভস্মজাত।

ভুসঙ্গ [ভস্ম > ভ্রং ভসম্‌ > ভসঙ্গ্‌ > ভুসঙ্গ্‌, ভুসঙ্গ] বি, ভস্ম; ছাই। "কোন দিনা মহারাজ ভু০ মাখিবে।"-মাণিক০ গান।

ভুসি, ভুসী [ভুষি দ্রঃ] বি, গম দাইল ই০ শস্যের খোসা। ভু০ মাল-অসার বস্তু; রদ্দি জিনিস।

ভুসুণ্ডী, ভুসিণ্ডী [ভুশুণ্ডী দ্রঃ] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবি:। ইহা বাহুদ্বয় পরিমাণ লম্বা, বড় বড় প্রস্থিযুক্ত ও স্থূলকায়। ইহার মুষ্টিদেশ উত্তম, বর্ণ কৃষ্ণ, সর্পের ন্যায় উগ্রদর্শন এবং ইহা পাতন ও ঘূর্ণন এই উভয় গতিবিশিষ্ট।

ভূ [ভূ (হওয়া)+ক্বিপ্‌ (র্ত)), যে উৎপন্ন হইয়াছিল; কিম্বা (ধি-ক্বিপ্‌) যাতে উৎপন্ন হয়] বি, ভূমণ্ডল; পৃথিবী। ২ পাতাল। ৩ ভূমি। ৪ প্রদেশ; স্থান। ৫ যজ্ঞাগ্নি। ৬ আধার। ~কম্প, ~কম্পন-বি, ভূমিকম্প earthquake. ~কর্ণ-বি, বিষুবমণ্ডলের ব্যাসার্দ্ধ। ~কেশ-বি, শৈবাল। ~গর্ভ-পৃথিবীর অভ্যন্তর। ~চক্র-ভূ-বেষ্টন রেখা। ~চাল, -চালা, -চালি-বি, ভূমিকম্প। "ভূচালার মত"-অ০ ম০। ভূচিত্র-বি, ভূমণ্ডলের মানচিত্র map. ~চ্ছায়া-বি, পৃথিবীর ছায়া। ২ রাহু। ~তত্ত্ব-বি, পৃথিবীর উৎপত্তি, পরিণতি ও উৎপন্ন জীব এবং বস্তু সম্বন্ধীয় বিজ্ঞান geology. ~তত্ত্ববিৎ-বিণ, ভূতত্ত্ব বিদ্যায় পারদর্শী। ~তত্ত্ববিদ্যা-বি, যে বিদ্যা দ্বারা ভূমধ্যস্থ যাবতীয় পদার্থের স্বরূপ অবগত হওয়া যায় geology. [স্থানীয় ভূতত্ত্ব-local geology]। ~দেব-বি, ব্রাহ্মণ। ~ধন-বি, রাজা। ~পটল [ভূগোল০পরি: (হি০ কো০)] বি, ই০ crest of the earth এর বৈজ্ঞা০ পরি:। ~পতি, -পাল-বি, রাজা। ~পরিমাণ বিদ্যা-বি, ভূ বা ভূ-ভাগের আকার ও পরিমাণ বিদ্যাবিষয়ক গণিতশাখা geodesy. ~বলয়-বি, ভূ-পরিধি। ~বিদ্যা-বি, ভূপঞ্জর বিদ্যা geology. ~বিষুবরেখা [জ্যো০ (ক০ বিশ০ পরি:)] বি, ই০ terrestrial equator এর বৈজ্ঞা০ পরি:। ~বৃত্ত-বি, নিরক্ষবৃত্ত। ~রুহ [ভূ+রুহ (উৎপন্ন হওয়া)+ক (র্ত)] বি, বৃক্ষ। ~লতা-বি, কেঁচো; মহীলতা (দ্রঃ)। ~লোক-লোক দ্রঃ। ~শক্র-বি, ভূমীন্দ্র; রাজা। ~শয্যা-ভূমিরূপ শয্যা; ধরাশয়ন। ~শায়ী-বিণ, ভূপাতিত। ২ ধরাতলে শয়নকারী। > স্ত্রী০ ~শায়িনী। ~সংস্কার-বি, ভূমিশোধন। ~সম্পত্তি-বি, ভূমিরূপ সম্পত্তি; অস্থাবর ঐশ্বর্য্য; জমিজমা। ~সুর্ত-বি, মঙ্গলগ্রহ। ~সুতা-বি, জানকী; সীতা। ~স্তর-বি, ভূগর্ভের বিভাগ; ভূস্তবক। ~স্বর্গ-দ্রঃ। ~স্বামী-দ্রঃ।

ভূঃ [সং] বি, ভুবন। ২ ভূমি।

ভুঁই [সং-ভূমি > ভুঞ, ভুঞি পরে ভুঁই, (হিং ভুঁই। তুল-ভুঁইডোল=ভূমিকম্প)] বি, ক্ষেত ; ক্ষেত্র ; ভূমি। "ঊর্দ্ধ চরণে প্রেত নাচিছে বৃক্ষ হেলিছে ভুঁইয়ে"-হেম০। ~আমলা-বি, ভূম্যামলকী। ~কর্দম-বি, ভূমি কদম। ~কম্প-বি, ভূমিকম্প। ~কামড়ি-বি, ভূমিতে বিস্তৃত হয় (বৃক্ষাদিতে উঠে না) এমন লতাবিঃ। ~কুমড়া-বি, ভূমি কুমাণ্ড নামক কন্দবিঃ। ২ যে কুমড়া ক্ষেত্রের মাটিতেই থাকে মাচায় হয় না। তুল-ভুঁই-শসা। ~খেজুর-বি, ছোট খেজুরবিঃ। ~চাঁপা-বি, ভূমিচম্পক গাছ ও ফুল। ~চালি-বি, ভূমিকম্প। ~ছাতি-বি, কোঁড়ক। ~জাম-বি, বনজাম। ~দমকা-বি, মাটি কাঁপাইয়া যে চলে; হাতী। ~পটোকা-বি, আতস বাজী। "মুঠোমুঠো ফাটান ভুঁই পটোকা"-অ০ঠাকুর। ~ফোড়-বিণ, ভূমিভেদী ; পাতাল-ফোঁড়। ২ নূতন অভ্যুদিত ; অর্ব্বাচীন। ৩ হঠাৎ ; আকস্মিক। ৪ উৎপত্তিহীন। ~মালী-বি, হিন্দুর জাতিবিঃ।

ভুঁইয়া [সং-ভৌমিক, ভূমিক-সং-ভূমি (ভুঁই) + ইয়া (বাং)। প্রা০ বাং-ভুঞা। হিং ভুঁইহার] বি, ভূম্যধিকারী ; জমীদার। ২ ভৌমিক ; সামন্ত রাজা। বার ভুঁইয়া-বঙ্গের দ্বাদশ ভৌমিক বা বারজন সামন্ত রাজা বা ভূস্বামী।

ভুঁড় [প্রাদে০] বি, কয়েক আঁটি খড় এক জায়গায় দুমড়াইয়া বাঁধিয়া একটু উচু হইলে তাহাকে ভুঁড় বলে।

ভুঁদি [ভোঁদা দ্রঃ] বিণ, স্থূলাঙ্গী। ২ স্থূলোদরী।

ভুখন [প্রা০ বাং। ব্রজ০ ষ=খ] বি, ভুবণ।

ভুগোল [ভূ (পৃথিবী)-গোল (মণ্ডল)] বি, পৃথিবীমণ্ডল ; ভূমণ্ডল। ~ক (-লঁ-) [জ্যো০ (ক০ বিণ০ পরিঃ)] বি, ইং globe এর বৈজ্ঞা০ পরিঃ। ~বিদ্যা-যে বিদ্যা দ্বারা পৃথিবী সম্বন্ধীয় যাবতীয় তত্ত্ব জানা যায় geography. ~বৃত্তান্ত-ভূপরিচয়; পৃথিবীর বিবরণ।

ভুচর [ভু (ভূমিতে)-চর (যে চরে), ৭তৎ] বি, স্থলচর জীব। ২ [গ্রা০ উচ্চারণ বিকারে "ভোচার"। ঈর্ষাজনিত বিদ্রূপার্থে] বিণ, ভূমিতে বিচরণকারী; স্থলচর। ভু০ কুমীর, ভোচার কুমীর-বি, কুমীরের ন্যায় দীর্ঘাকার ভোজনপুষ্ট ব্যক্তি। প্র-খেয়ে খেয়ে ভোচার কুমীর হয়েছে।

ভুচাল,-চালা, ভুঁইচালি [তুল-হিং ভুইডোল] বি, ভূমিকম্প।

ভুঞা [ভৌমিক=ভূমিয়া=ভুঁইয়া=ভুঞা] বি, ভূম্যধিকারী ; ভূস্বামী। ২ ভৌমিক ; সামন্ত রাজা। ~-রাজা-বি, ভূমিভোগী রাজা ; সামন্ত রাজা। "যত ভুঞা-রাজা মিলে ধরাইল ছাতি"-কবিক০। "আপনার নিজ দল অষ্ট শত মল্ল বল ভুঞা-রাজা করিল পয়ান।"-কবিক০।

ভুত [ভূ (হওয়া) + ত (র্ত্ত, ভূতকালার্থে)] বি, দেবযোনিবিঃ। "শয়তান দিল দাগা ভূতেরে পূজায়।"-অ০ ম০। ২ গণসমূহ ; শিবানুচর। "ভূত নাচাইয়া পতি ফিরে ঘরে ঘরে।"-অ০ ম০। ৩ প্রেত (এই অর্থে প্রা০ বাং-য় ভূতা। "রাইয়েরে পেয়েছে ভূতায়"-চণ্ডি০)। ৪ জীব ; প্রাণী। ৫ তত্ত্ব। ৬ লব্ধ। ৭ [লক্ষ০] বিণ, সকল সদগুণ বর্জ্জিত ; মূর্খ ; গোঁয়ার ও দুরন্ত। ৮ অতীত ; গত। ৯ জাত। ১০ উপাসিত। ১১ স্বরূপ। স্ত্রীং ~া-কার্ত্তিক মাসের কৃষ্ণাচতুর্দ্দশী। ~কাল-অতীত সময়। ~কেশী-বি, শেফালিকা ; সিউলী। ~গণ-শিবানুচর। ~গর্ত্ত(-র্ত-) বিণ, পঞ্চভূতে মিলিত বা প্রবিষ্ট। ২ বৃথা, নিরর্থক ; পণ্ড। প্র-ভূতগত পরিশ্রম। ~গ্রাম [ভূত (পাপী) গ্রাম (সমূহ)] বি, পাপীসমূহ (চৈ০ চ০)। ~ঘ্ন (-র্ত-) ভূতনাশক। ~চতুর্দ্দশী-কার্ত্তিকী কৃষ্ণাচতুর্দ্দশী তিথি। ~ছাড়ানি, ~ঝাড়ানি-যাকে ভূতে ধরিয়াছে মন্ত্রাদির বলে ও প্রহার দ্বারা তার দেহ হইতে ভূতাবেশ দূর করা; এমন প্রহার করা যাতে ভূত পলাইয়া যায়। ~তত্ত্ব-পদার্থ বিদ্যা। ~ধাত্রী-বি, পৃথিবী ; ধরিত্রী। ভূত নাচা-ক্রি, শিবানুচরগণের নৃত্য করা। ২ [লক্ষ০] দৌরাত্ম্য করা ; উপদ্রব করা ; লাফালাফি করা। ~নাথ-শিব। ২ বটুক ভৈরব। ৩ [বৌ০ সা০] বি, ইন্দ্র ; শক্র। "মহাসত্ত্ব * * উত্তর দিলেন * * হয়ে কামমত্ত করে জীব, ভূতনাথ, মহাপাপ কত। * * * মহাসত্ত্বের কথা শুনিয়া শক্রের চিত্তোদ্বেগ জন্মিল * * *"-জাতক, ৪র্থ খণ্ড। ভূতনাবানি-মন্ত্রবলে ভূতের বা প্রেতাত্মার আবির্ভাব করান। "রোজাগিরি কর্ম্ম, ভূতনাবান"-টেকচাঁদ। ~নায়িকা-পিশাচাদির নায়িকা ; দুর্গা। ~পক্ষ-কৃষ্ণ পক্ষ। ~পতি-শিব। ~পূর্ণিমা-বি, কোজাগর পূর্ণিমা। ~পূর্ব্ব-পূর্ব্বে যা গত হইয়াছে ; পূর্ব্ববর্ত্তী। ~-প্রেত-পিশাচাদি। ~বলি, ~যজ্ঞ-জীবে অন্নদান। ~বিদ্যা [সুশ্রুত] বি, ভূতাবেশজনিত রোগ-বিজ্ঞান Science of diseases caused by evil spirit. ~ভর্ত্তা, ভৃৎ-ভূতপালক। ২ নারায়ণ। ভূ০ ভাগানি-ভূত ছাড়ান দ্রঃ। ২ অত্যন্ত প্রহার দ্বারা দুর্ব্বুদ্ধি বা শয়তানী দূর করা। ~ভাবন [ভূত-ভূ + ণিচ = ভাবি (হওয়ান) + অন (র্ত্ত)] বি, ভূতস্রষ্টা ; সৃষ্টিকর্ত্তা। ২ শিব। ~-ভূত-অ, ভূতের মত ; কাল কাল। ~ময়-বিণ, পাঞ্চভৌতিক। > স্ত্রীং ~ময়ী। ~যজ্ঞ-বি, জীবে অন্নদানরূপ গৃহস্থের নিত্য কর্ত্তব্য। ~যোনি-বি, প্রেত জন্ম। ~শুদ্ধি-বি, পূজাদি কার্য্যে মন্ত্র দ্বারা ক্ষিতি, অপ, তেজ, মরুৎ ও ব্যোম এই যে পঞ্চভূত দ্বারা দেহ নির্ম্মিত হইয়াছে তার শুদ্ধি বিধান। ২ জ্ঞান ; চৈতন্য। "ভূতগণে দেখিয়া উড়িল ভূতশুদ্ধি।"-অ০ ম০। ~সংপ্লব [ভূত (প্রাণী) + সংপ্লব (ধ্বংস) যে কালে] বি, প্রলয়। ~সঞ্চার-বি, ভূতাবেশ। ~সঞ্চারী-বি, দাবানল। ভূতে ধরা-ক্রি, প্রেতাত্মা দ্বারা আক্রান্ত হওয়া। ভূতে পাওয়া-ক্রি, ভূতাবিষ্ট হওয়া। ভূতের ওঝা বা রোজা-বি, মন্ত্রাদি বলে ভূতকে দূরীভূত করে যে বৈদ্য। ভূতের বাপের শ্রাদ্ধ-অত্যন্ত বিশৃঙ্খলা। ভূতের বেগার-উপার্জ্জন বা লক্ষ্যহীন কঠোর পরিশ্রমের কার্য্য। ভূতের বোঝা

-বি, পঞ্চভূতের বোঝা ; দেহভার। **ভূতের বোঝা বহে মরা**-কোন গুরু ভার অনর্থক বহন করা। ২ বৃথা দেহ ধারণ করা। **ঘাড়ে ভূত চাপা**-দুষ্ট বুদ্ধি মাথায় প্রবেশ করা ; কুমৎলব হওয়া।

ভূর্তল [ভূ-তল (নিম্ন)] বি, ভূগর্ভ ; পাতাল। ২ পৃথ্বীতল ; ভূপৃষ্ঠ। ~**শয়ন**-ভূমি শয্যা। ~**শায়ী**-বিণ, ধরাশায়ী ; ভূমি শয্যায় শয়ান।

ভুতলে, ভুতুলে [ভূত+বালে (হিং বালা। তুল-ভূতনিওয়ালা)] বিণ, ভৌতিক-গুণবিশিষ্ট ; ভুতুড়ে : মায়াবী। "লম্পট ভূতলে বেটা করে দেখ তোরা।"-ম।

ভূতাত্মা [ভূত (পৃথিব্যাদি) আত্মন্ (স্বরূপ) যার (বহু০)'=ভূতাত্মা। ভূতাত্মন্ ১মা, ১ব০] বি, শরীর ; দেহ। ২ প্রেতাত্ম ; প্রেত।

ভূতাবাস [ভূত+আবাস] বি, শরীর।

ভূতাবিষ্ট [ভূত (দ্বারা)+আবিষ্ট] বিণ, ভূতাশ্রিত ; ভূতগ্রস্ত। বি, **ভূতাবেশ**-বি, ভূতে পাওয়া ; ভূতাবির্ভাব ; ভূতসঞ্চার।

ভূতার্ত্ত [ভূত (দ্বারা)+আর্ত্ত (পীড়িত), ৩তৎ] বিণ, ভূতাশ্রিত ; ভূতাবিষ্ট।

ভূতার্থ [ভূত (সত্য যে)+অর্থ, ধা] বিণ, বাস্তব ; সত্য ; যথার্থ। ২ অকৃত্রিম।

ভূতি [ভূ (হওয়া)+তি (পে)] বি, মহাদেবের মহিমা, অণিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, ঈশিতা, বশিতা ও কামাবশায়িতা নামক অষ্টৈশ্বর্য্য। ২ মঙ্গল। ৩ উৎপত্তি। ৪ উৎকর্ষ। ৫ সিদ্ধি। ৬ বিভূতি। ৭ ভূষণ। ৮ বৈশ্যজাতির উপাধি।

ভুতুড়িয়া, ভুতুড়ে [ভূত+উড়িয়া >] বি, ভূতের ওঝা। ২ যারা সকল সময় ভূত লইয়া থাকে। "সাপুড়ের ভুতুড়ের কপালে পড়িলে।"-অ০ ম০।

ভূতেশ [ভূত+ঈশ, ৬তৎ] বি, শিব।

ভূতোপহত [ভূত (দ্বারা)+উপহত (আক্রান্ত)] বিণ, ভূতাবিষ্ট।

ভূদার [ভূ (পৃথ্বী) দৃ (দারণে)+অ (র্ত্তৃ)] বি, শূকর।

[ভূ-ধর (যে ধরে), উপ০] বি, বটুকভৈরব। ২ শেষনাগ ; অনন্ত। ৩ আয়ুর্ব্বেদোক্ত যন্ত্রবিঃ। ৪ পর্ব্বত। "কৈলাস ভূধর অতি মনোহর"-অ০ ম০।

ভূপ, ভূপতি [ভূ-প (পা=পালন করা)+অ (র্ত্তৃ), যে পৃথিবী পালন করে,-পতি] বি, ভূপাল ; রাজা।

ভূপতিত [ভূ (তে) পতিত] বিণ, যে ভূমিতে পড়িয়া আছে।

ভূপদ [ভূ (তে=ভূমিতে) পদ (মূল) যার] বৃক্ষ ; পাদপ।

ভূপাতিত [ভূ (তে) পাতিত] বিণ, যা ভূতলে ফেলিয়া দেওয়া হইয়াছে ; ভূমিতে নিক্ষিপ্ত। ২ ভূপৃষ্ঠে শায়িত।

ভূপাল-ভূদ্রঃ।

ভূপালি-বি, রাগিণীবিঃ।

ভূপুত্রী-বি, সীতা।

ভূপেন্দ্র [ভূপ+ইন্দ্র] বি, নৃপেন্দ্র ; রাজশ্রেষ্ঠ।

ভূভার [ভূ(র)-ভার, ৬তৎ] বি, পৃথিবীর গুরুত্ব। ২ জগতের পাপভার। ~**হরণ,-হারী**-বিণ, জগদ্বাসীর পাপভার বিনাশী।

ভূভারত [ভূ (ভূমি) ভারত (ভারতবর্ষ)] বি, ভারতভূমি ; সমগ্র ভারতবর্ষ। ২ পৃথিবী। ৩ কোথাও ; কুত্রাপি। প্র-এমন অদ্ভুত লোক ভূভারতে মিলে না।

ভূভুক্, -খ [সং-ভূভুক্ > ভূভুখ] বি, রাজা ; ভূপতি। "জরাসন্ধ কারাগারে কতেক ভূভুখ।"-ম০।

ভূভৃৎ [ভূ-ভৃ (পোষণে)+র্ত্তৃ (কিপ্), ৎ আগম] বি, ভূপাল ; রাজা। ২ পর্ব্বত।

ভূম [সং-ভূমি >] বি, প্রদেশ। প্র-বীরভূম। সিংহভূম। ২ ভূমি। ৩ ক্ষেত্র ; তল। প্র-সমভূম।

ভূমণ্ডল-বি, জগৎ ; পৃথিবী। "কর্ম্মভূমি ভূমণ্ডল ত্রিভুবনে সার।"-অ০ ম০। ২ ভূগোল।

ভূময় [ভূ (মৃত্তিকা) ময়] বিণ, মৃত্তিকা-নির্ম্মিত ; মৃন্ময়।

ভূমা [ভূ (বহু >)+(ইমন্)=ভূমন্ ১মা, ১ব০] বি, বিরাট পুরুষ ; সর্ব্বব্যাপী ভগবান ; পরমাত্মা। "সকলের বড় ভূমি অনন্ত ভূমা মহান্"-স্ক০। ২ বহুত্ব ; প্রাচুর্য্য। ৩ বিণ, বহুল ; প্রচুর ; অধিক। ~**নন্দ** [ভূমা+আনন্দ] বি, অতিমাত্র আনন্দ।

ভূমি, ভূমী [ভূ (হওয়া)+মি (খি) উৎপন্ন হয় যেখানে। ঈ (স্ত্রীং)] বি, ক্ষেত্র। ২ পৃথিবী ; ক্ষিতি। "কেন দিলা নিদারুণ শাপ। ভূমে গেলে বাড়িবেক পাপ।" "এই বারাণসী পুরী করিয়াছ তুমি। ইহার পরশ পুণ্যে ধন্য হৈল ভূমি।"-অ০ ম০। ৩ আধার। ৪ বাসস্থান। ৫ খনি ; আকর। ৬ যোগী-দিগের অবস্থাবিঃ। ৭ [গ০ পরিঃ (হি০কো০)] ইং base এর বৈজ্ঞা০ পরিঃ ; আধার। ~**কম্প**-বি, ভূকম্পন। ~**কুষ্মাণ্ড**-বি, ভুঁইকুমড়া। ~**চম্পক**-বি, ভুঁইচাঁপা ফুল। ~**জম্বু**-বি, বনজাম। ~**জীবী**-বি, কৃষক। ২ বৈশ্য। ~**নীচ** [জ্যো০ পরিঃ (হি০ কো০)] বি, ইং pedigeeর বৈজ্ঞা০ পরিঃ ; নীচোচ্চ (সা০প০প০) ; পৃথিবী হতে চন্দ্রাদি গ্রহকক্ষের নিকটতম বিন্দু। ~**পতি**-বি, রাজা। ~**পায়-ক্রি**-বিণ, পদব্রজে। "হেন যুধিষ্ঠির রাজা ভূমিপায় যায়।"-মহা০ (বাসুদেব০), খৃ০ ১৭শ শতাব্দী। ~**পাল**-বি, নৃপতি। ~**পুত্র** ["ধরণিগর্ভসম্ভূতং ; কুমারং শক্তিহস্তঞ্চং লোহিতাঙ্গং"] বি, মঙ্গলগ্রহ। ~**তল**-বি, ধরাপৃষ্ঠ। ~**দেব**-বি, ভূদেবতা। ২ ব্রাহ্মণ। ~**ধর,~ভৃৎ**-বি, পর্ব্বত। ২ ভূপাল ; রাজা। ~**পৃষ্ঠ**-বি, ধরাতল। ~**রুহ**-বি, বৃক্ষ। ~**লুণ্ঠিত**-বিণ, ভূপতিত। ~**লেপন**-বি, গোময়াদি দ্বারা ভূতল লেপন বা নিকান। ২ গোময়। ~**শয্যা**-বি, ধরাশয্যা। ~**শায়ী**-বিণ, ভূতলে শয়ন-কারী। ~**সাৎ**-বিণ, সমভূম ; ভূপাতিত। ~**সম্পত্তি**-বি, স্থাবর সম্পত্তি।

ভূমিকা [ভূমি (স্থান)+ক (স্বার্থে)-আ (স্ত্রীং)] বি, পত্তন। ২ বক্তব্যবিষয়ের সূচনা ; অবতরণিকা ; গ্রন্থের আভাস। ৩ রচনা। ৪ [দর্শনে] চিত্তের অবস্থাবিশেষ। ৫ সাজ-করণ ; রূপান্তর পরিগ্রহ। "মধুসূদন সর্ব্বতোভাবে আত্মবিস্মৃত হইয়া কৃষ্ণ-প্রণয়িনী রাধিকার ভূমিকা গ্রহণ করিয়াছেন।" -বাঁশরী, ১৩৩৩।

ঁ=ঁ ঁ=ঁ ঁ=ঁ ঁ=ঁ ... (t), ... =S (...), অন্যান্য ... অব্যয়

ভূমিজ [ভূমি (পৃথিবী) জন(জন্মান) + অ (র্ত্ত)), ভূমি হতে জাত (৫তৎ)] বি, মঙ্গলগ্রহ। ২ নরকাসুর। ৩ ভূমি হতে উৎপন্ন; ভূমিজাত। স্ত্রীং ~া-ধরণীসুতা; সীতা।

ভূমিপ [ভূমি-প (পা-পালন করা) + অ (র্ত্ত)) যে পালন করে (উপ◦)] বি, রাজা; নৃপ। ২ জমিদার।

ভূমিরো [প্রা◦ বাং। ভূমির উপরি > ক্ষে◦] অ, ভূমিতে। "আকাশু উলাই (=আকাশ প্রমাণ উঁচা) যে শুইলা ভূ◦"-গবিন্দ◦ গীত।

ভূমিষ্ঠ [ভূমি-ষ্ঠ (স্থা-থাকা) + অ (র্ত্ত)), যে ভূমিতে থাকে, ৭তৎ। বাং প্রাকৃ◦ ভূমিস্‌টি। "ভূমিস্‌টি হইআ তিনি তপিস্তাম গেল।"-শূ◦ পু◦] বিণ, জাত। ২ ভূমিতে অবস্থিত। ৩ প্রণত।

ভূমী-ভূমিদ্র:।

ভূমীন্দ্র [ভূমির (পৃথ্বীর) ইন্দ্র (প্রধান), ৬তৎ] বি, ভূপতি।

ভূমীরুহ্‌-ভূমি দ্র:।

ভূম্যধিকারী [ভূমি + অধিকারী] বি, ভূস্বামী; জমীদার।

ভূম্যাসন [ভূমি + আসন] বি, ভূতল-রূপ উপবেশনস্থল। ২ ভূমি এবং আসন।

ভূম্যুচ্চ [জ্যো◦ পরি: (হি◦ কো◦)] বি, ইং apogeeর বৈজ্ঞা◦ পরি:; চন্দ্রাদি গ্রহকক্ষের দূরতর বিন্দু; (চন্দ্র সূর্য্যের) মন্দোচ্চ (সা◦ প◦ প◦)।

ভূয়: [বহু + ঈয় (অত্যর্থে), 'বহু'স্থানে ভূ, ঈ লোপ=ভূয়স্‌ ১মা, ১ব◦] বি, আধিক্য; বাহুল্য। ২ অ, বারংবার; পুনঃপুনঃ; প্রচুর।

ভূয়সিকা [ইং practice এর বঙ্গানুবাদ] বি, অভ্যাস; পুনঃপুনঃ অনুষ্ঠান বা অনুবৃত্তি। "ভূয়সিকা দ্বারা যে মত ও পথ নির্দ্দিষ্ট হয় ***"-আ◦ শক্তি, ১বর্ষ, ১৯ সংখ্যা, ১৩৩৩।

ভূয়সী [সং] বিণ, পুনঃপুনঃ; প্রচুর। "তিনি শুনিয়া ভূ◦ প্রশংসা করিলেন" -বি◦ সা◦। ২ ভূয়োভূয়:। পুং, ভূয়ান।

ভুয়া, ভুয়া, ভুয়ো, ভো [ভুআ দ্র:] বিণ, শূন্য; ফোঁপরা। ২ অমূলক; বাজে; মিথ্যা; অসার। "সবভুয়ো সবভুয়ো, কুট-বলেরি মত ভোট"। ৩ জরজর; ঝাঁঝরা। "ভাবিতে শরীর শেষ শোকে হলাম ভুয়া।"-ম◦।

ভূয়ান্‌ [পুং ভূয়স্‌ >] বিণ,বহুল; প্রচুর। স্ত্রীং ভূয়সী।

ভূয়িষ্ঠ [বহু (=ভূয়) + ইষ্ঠ (অত্যর্থে)] বিণ, বহুল। ~তা-বি, আধিক্য। "সূত্র প্রণয়নগত ত্রুটি ভূয়িষ্ঠতা।"

ভূয়োভূয়: [ভূয়: + ভূয়: (আধিক্যার্থে দ্বিত্ব)] অ, পুনঃপুনঃ; বারবার।

ভুর [ভুগ > ভুর (দ্র:)] বি, অহঙ্কার; গর্ব্ব; জাঁক।

ভুরসুণ্ডা, ভুরসুঙ্গা, ভুর্সুঙ্গা, [ভুর (< ভুরি) সুণ্ডা ই◦ (সুগন্ধ)] বি, সুগন্ধপত্র তরুবি: murraya kolnigii (ব◦ শ◦ কো◦)।

ভূরি [প্রভূতং প্রচুরং প্রাজ্যমদভ্রং বহুলং বহু। পুরুহং পুরু ভূয়িষ্ঠং স্ফিরং ভূয়শ্চ ভূরি চ।-অমর◦] অ, অনেক; প্রচুর; বহু। "নৈবেদ্য দিয়া ভূরি মাতৃকা পূজা করি দিলেন বসুধারা দান।"-কবিক◦। ২ বি, স্বর্ণ। ~গন্ধা-মূরা নামক গন্ধদ্রব্য। ~দক্ষিণ [ভূরি (প্রচুর) দক্ষিণ(দেক্ষিণা আছে যার বা যাতে)] বিণ, প্রচুর দক্ষিণযুক্ত। ~ভোজন-গুরুতর আহার। ২ বহু লোককে ভোজনদান।

ভূরিমায় [ভূরি (প্রচুর) মায়া (কপটতা, শঠতা) যার, বহু] বি, শৃগাল। > বাং-র-"ভুঁড়ো শেয়াল।"

ভূরিশ: [ভূরি + শস্‌ (বারার্থে)=ভূরিশস্‌ ১মা, ১ব◦। আধু◦ বাং-র বিরল] অ, ক্রি-বিণ, বহুবার। ২ ভূরিভূরি; বহুলরূপে; প্রচুররূপে।

ভূরিশ্রবা: [ভূরিশ্রবস্‌ ১মা, ১ব◦] বি, চন্দ্রবংশীয় রাজা সোমদত্তের পুত্র।

ভূরুণ্ডী-বি, হাতীশুঁড়া গাছ।

ভূরুহ্‌-ভূ দ্র:।

ভূর্জ্জ ["ভূর্জ্জে চর্ম্মিমৃদুত্বচৌ"-অমর◦] বি, কোমল চর্ম্মবৎ ত্বক্‌বৃক্ষবি: the birch. ভূর্জ্জপত্র [প্রা◦ ভুজ্জিপত্তর] বি, ভূর্জ্জ-বৃক্ষের বল্কল; ভোজপত্র। এই বল্কল কোমল চর্ম্মবৎ বলিয়া ইহা সংস্কৃতে মৃচর্ম্মা, মৃদুচর্ম্মা ও চর্ম্মক্রম নামে প্রসিদ্ধ। পূর্ব্বকালে ইহা কাগজের অভাব দূর করিত।

ভূর্লোক [ভূর্‌ (পৃথিবী) লোক (ভুবন)] বি, ভূলোক; ক্ষিতি; ধরিত্রী; মর্ত্ত্যলোক। ২ ভারতবর্ষ এবং ভারত-সমুদ্র-গর্ভস্থ দ্বীপ-সমূহ; লোক দ্র:।

ভূলগ্না [ভূ (তে) লগ্না (সংলগ্ন থাকে যে)] বি, ভূমি বা ধরাপৃষ্ঠ সংলগ্না। ২ শঙ্খপুষ্পী।

ভুলা [ছোটনাগপুরের আদিমবাসীদের ভাষায়] বি, উপদেবতাবি:।

ভূলিঙ্গ, ভূলিঙ্গশকুনি-বি, পার্ব্বত্য পক্ষিবি:। "ভূলিঙ্গ বলিয়া পক্ষী হিমাদ্রিতে থাকে।"-মহা◦ (কাশী◦)

ভূলুণ্ঠিত [ভূ (তে) লুণ্ঠিত] বিণ, যে ভূমিতে পড়িয়া গড়াগড়ি দিয়াছে বা দিতেছে; ধরাশায়ী।

ভূশয্যা-ভূ দ্র:।

ভুষ [ভস্ম > ভুস (দ্র:)। স=ষ] বিণ, বিনষ্ট; বৃথা। "ভাগ্যের সম্মান হ'লে আমার পৌরুষ। জানি কিন্তু না কহিলে সকলি হয় ভুষ।"-দ◦।

ভূষণ [ভূষ্‌ (অলঙ্কৃত করা) + অন (ণ), যদ্দ্বারা অলঙ্কৃত করা হয়] বি, আভরণ; অলঙ্কার; গহনা। ২ শোভা। ~প্রিয়-যে আভরণ ভালবাসে। বি, ~প্রিয়তা।

ভুষণ্ডী [ভুশুণ্ডী দ্র:। ২ পাষাণপ্রক্ষেপক চর্ম্মরজ্জুময় যন্ত্র। "অসুর, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস ও পন্নগগণ যুদ্ধার্থী হইয়া ভীষণ শব্দ করিতে করিতে ধাবমান হইল। *** তাহারা অয়:কল, চক্রাশ্ম এবং ভুষণ্ডী (লৌহগুলিকা-ক্ষেপন যন্ত্র, যদ্দ্বারা বৃহৎ প্রস্তরখণ্ড অতিদূরে নিক্ষিপ্ত হয় এমত কাষ্ঠযন্ত্র, পাষাণপ্রক্ষেপক চর্ম্মরজ্জুময় যন্ত্র) এই সকল অস্ত্র ধারণ করত উদ্যতহস্ত হইয়া কৃষ্ণ ও অর্জ্জুনের বিনাশ জন্য উৎপতিত হইল।"-মহা◦ (সিংহ)।

ভুষণাই [ভূষণা (পরগণা ও নগরবি:; পরিশি: দ্র:) + আই (জাতার্থে)] বি, ভূষণায় নির্ম্মিত প্রসিদ্ধ মূল্যবান বস্ত্রবি:। "ধনাত মখ্‌মল্‌ পটু ভুষণাই খাসা। বুটাদার ঢাকাইয়া দেখিতে তামাসা।"-বি◦ সু◦ (গ্রা◦ প্র◦)।

ষা₁ [ভূষ্ (ভূষিত করা) ধাতু। ভূষি, ভূষ, ভূষে; ভূষিতে; ভূষিয়া] ক্রি, ভূষিত করা; মণ্ডন করা। "আপনা খাইনু সোণা যে কিনিনু ভূষণে ভূষিতে দেহ।"-চণ্ডি°।

ভূষা₂ [ভূষ্ (অলঙ্কৃত করা)+অ (ণে)] বি, অলঙ্কার। ২ সজ্জা। ৩ শোভা। বিণ, ভূষিত-অলঙ্কৃত; সজ্জিত; শোভিত। ২ সংযুক্ত; মিলিত; মিশ্রিত। "মানকচু মরিচভূষিত"-কবিক°। ~বতী-অলঙ্কৃতা; সালঙ্কারা। "ত্রিভুবনে এক ধন্যা রামে দিলা সীতা কন্যা কিঙ্কিণী কনক ভূষাবতী।"-কবিক°। ভূষ্য-বিণ, অলঙ্করণীয়; ভূষণীয়।

ভূসর্পি ক্তি-ভূ দ্রঃ।

ভূস্বর্গ [ভূ (পৃথিবী)-স্বর্গ (পৃথিবীর উপরিস্থ স্বর্গ)] বি, উত্তরমেরু; সুমেরু পর্বত। ২ পৃথিবীর মধ্যে উৎকৃষ্ট স্থান। [দ্রঃ-ভারতবর্ষে কাশ্মীর দেশ ভূস্বর্গ বলিয়া প্রসিদ্ধ]।

ভূস্বামী [ভূ (ভূমির, পৃথিবীর) স্বামিন্ (ভূপতি)=ভূস্বামিন্ ১মা, ১ব°] বি, ভূম্যধিকারী। স্ত্রীং ভূস্বামিনী।

ভৃকুটি,-টী [ভ্রূ-কুট্ (কুটিল হওয়া)+ই (র্তৃ)। ভ্রূ=ভৃ] বি, ভ্রূভঙ্গি।

ভৃগু [পুং] বি, ব্রহ্মার পুত্র স্বনামখ্যাত মুনিবিঃ। ২ শিব। ৩ বংশবিঃ। ৪ পরশুরাম। ৫ অতি উচ্চস্থান। ৬ পর্বতের উপরিস্থ সমতল ভূমি; সানুদেশ; অতি উচ্চ খাড়া পাহাড় বা পর্বতের শিখর; ইং cliff এর পর্যিঃ (হিং কো°)। ৮ প্রপাত। ~পতি-ভৃগুবংশশ্রেষ্ঠ; পরশুরাম; ভার্গব। ~পাত-বি, পর্বত হতে পতন। "গোবর্দ্ধনে ত্যজিবে দেহ ভৃগুপাত করিয়া।" -চৈ° চ°। ~মান্-পর্বতাদির ঢালুদেশ-বিশিষ্ট; সানুমান steepy. ~রাম-বি, ভৃগুপুত্র রাম; পরশুরাম। ~সুর্ত-শুক্রাচার্য্য। ২ পরশুরাম।

ভৃঙ্গ [ভৃ (পোষণে)+গ (র্তৃ), ন্ আগম] বি, ভ্রমর। ২ ফিঙাপাখী। ৩ লম্পট। ৪ বৃক্ষবিঃ। ~প্রিয়া-মাধবীলতা। ~রাজ [ভৃঙ্গ (ভ্রমর) রাজ্ (দীপ্তি পাওয়া) +অ (র্তৃ)] বি, ভ্রমরশ্রেষ্ঠ। ২ ভীমরাজ পাখী; ইহারা ফিঙাজাতীয় কিন্তু দীর্ঘাকার ও ঘোর নীলবর্ণ। ৩ বক্ষবিঃ। ৪ [বৈদ্যকে] ভৃঙ্গারশাক নামক রাসায়ন শাকবিঃ। ইহা কেশবর্দ্ধক ও কেশের হিতকর বলিয়া সং-তে ইহার নামান্তর-কেশরাজ, কেশরঞ্জন, কেশ্য, কুন্তলবর্দ্ধন wedelia calendulacea. ~রিট,-রীট,-রীটি, -রীটী-বি, শিবানুচরবিঃ। ~রোল-ভীমরুল।

ভৃঙ্গার [ভৃ (ধারণ করা)+আর (খি), যাতে জল রাখা হয়] বি, জলপাত্রবিঃ; ঝারি; গাড়ু। ২ অভিষেকপাত্র। "সকল মানস মানি আনি ভৃঙ্গারের পানি মলা দূর করে রম্ভাবতী।"-কবিক°। ৩ ভৃঙ্গরাজ।

ভৃঙ্গারিকা [সং] বি, ঝিঁ-ঝি পোকা।

ভৃঙ্গি, ভৃঙ্গী [ভৃঙ্গ+ইন্ (তৎসদৃশ বর্ণ বিদ্যমান অর্থে)=ভৃঙ্গিন্ ১মা, ১ব°] বি, ভৃঙ্গবৎ কৃষ্ণবর্ণ স্বনামপ্রসিদ্ধ শিবানুচর।

ভৃতক [ভৃ (ভরণে)+ত (ণে)+ক (স্বার্থে)] বি, বেতন। ২ [+ত (র্ম্ম)] বেতনভুক্ ভৃত্য employee.

ভৃতি [ভৃ(ভরণে)+তি(ণে)] বি, বেতন। ২ পূর্ণতা। ৩ ভরণ; পোষণ। ৪ মূলধন। ৫ [প্রা°বাং] ভৃত্য। "কহে আমি তব ভৃতি, করিব মঙ্গল ত্বরিত"-শি°] বিণ, ভৃত-পুষ্ট; পালিত। ২ ভরা; পূর্ণ। ~জীবী, ~ভুক্-বিণ, বেতনগ্রাহী; বৃত্তিভুক্।

ভৃত্য [ভৃ (পোষণ করা)+য (র্ম্ম)] বি, প্রতিপাল্য। ২ দাস; চাকর; নফর। ৩ ভৃতি; বেতন। ৪ [অর্থ শা° কৌটিল্য, শ্যাম শাস্ত্রী সংস্করণ] গ্রামণী নিযুক্ত গ্রাম ভৃতক দ্বারা কর্ষিত অনুর্বর বেওয়ারিশ ক্ষেত্র। স্ত্রীং ~া-পরিচারিকা; দাসী।

ভৃমি [ভ্রম্ (ভ্রমণ করা, ঘোরা)+ই (র্তৃ)। র-ঋ। প্রা° ভিমি] বি, আবর্ত্ত; জলের পাক। ২ ভ্রমি; ঘূর্ণা। ৩ ঘূর্ণীবায়ু।

ভৃশ [ভৃশ্ (ভ্রংশ হওয়া)+অ (র্তৃ, ভা°)] বিণ, বহুল। ২ সাতিশয়; অত্যন্ত। ২ পুনঃপুনঃ; বারবার।

ভৃষ্ট [ভ্রস্জ্ (ভাজা)+ত (র্ম্ম)] বিণ, তৈল ঘৃতাদি স্নেহ পদার্থে অথবা তপ্ত বালিতে ভাজা। বি, ভৃষ্টি।

ভৃষ্টান্ন [ভৃষ্ট (ভর্জ্জিত)+অন্ন (চাউল)] বি, মুড়ি।

ভেউ₁, ভেউ-ভেউ [অনু°] বি, কুকুরের ডাক। ২ উচ্চৈঃস্বরে ক্রন্দন।

ভেউ₂ [সং-ভাব >] বি, ভাবকানি দ্রঃ।

ভেউর, ভেঁউড়(র) [ভেরী >] বি, বৃহৎ বংশীবিঃ; ভেরী। "ভেউর মৃদঙ্গ বাজে পটহ মঙ্গল।"-মহা° (বিজয়°)। "করতাল ভেউর মুর্দ্দল বাজে ঠাক্রি ঠাক্রি।"-মাণিক° গান।

ভেংচানি [ভেঙান দ্রঃ] ক্রি, মুখভঙ্গী করা। বি, ভেংচানি, ভেংচি; ভেংচি কাটা- ক্রি, ভেংচান।

ভেঁ-ভেঁ (ভ্যাঁ ভ্যাঁ) [অনু°] বি, ক্রন্দন-শব্দ; ভেঁভেঁয়ানি [ভেঁ+ভেঁ (ক্রমাগত অর্থে দ্বিত্ব)+আনি (করণার্থে)] বি, ক্রন্দন। ক্রি, ভেঁভেঁয়ানি-ভেঁ ভেঁ রবে কাঁদা।

ভেঁট₁-বি, শালুকের ফল।

ভেঁট₂-ভেট দ্রঃ।

ভেঁপু [হিং ভোম্পু >ভেঁপু। অনু°] বি, বাঁশী। "তাল পাতার ভেঁপু অনেক বাজিয়েছি"-রাজা (রবী°)। "বাঁশিওয়ালার একলার বাঁশি শোনাবার ইচ্ছে"-ঐ।

ভেঁয়ান [ভিঁয়ান দ্রঃ] বি, মিষ্টান্নাদি প্রস্তুত করণ; মিষ্টান্নের পাক। "ষোড়শ গড়িবার শব্দ, ভেঁয়ানের গন্ধ, বোলতা মাছির ভনভনানি।"-টেকচাঁদ।

ভেক₁ [ভী (ভীত হওয়া)+ক (র্তৃ)] বি, মণ্ডূক; বেঙ। "ভেক ভাগ্যে কেবল চীৎকার।"-পদ্মিনী উপাখ্যান। স্ত্রীং ভেকী। ~ভুক্-বি, সর্প।

ভেক₂, ভেখ [বেশ >দ্রং। হিং-তে-ভেষ >ভেক (ষ=ক, খ)] বি, বেশ; পরিচ্ছদ। "ত্যজিয়া আপন ভেক নারদ হইলা শেখ"-শূ° পু°। ২ছদ্মবেশ। ৩বৈষ্ণবের বেশ। ৪ভোল; ঢং। ~ধারী-বিণ, ছদ্মবেশী। ২ বৈষ্ণবের বেশধারী। ৩ বি, ভণ্ড বৈষ্ণব। ভেকাসন [তন্ত্রে] বি, রুদ্রযামলোক্ত যোগাসন।

ভেকট,-কটি,-কুট [সং-বেকট] বি, ভেটকি মাছ। "কাতলা ভেকুট কই"-অ°ম°।

ভেকা, ভেকুয়া, ভেকো, ভেক্কা [ভেক+আ, উয়া। দেং ভকু > ভেক্কো] বিণ, হতভম্ব; হতবুদ্ধি; কিংকর্তব্যবিমূঢ়। "তাঁকে একটু ভেকাপানা দেখিয়া" -বঙ্কিম°। "ভেকো ভেকা থাকবে একা" -রবী°। "বাবুজী ভয়েতে ভেকো"-হেম°। ২ বোকা। ক্রি, ভেকানি-হতভম্ব হওয়া বা করা। ~চাকা-অ, ভেবাচাকা; হতভম্ব।

ভেখ-ভেক দ্রঃ।

ভেগে [ভাগিয়া > কো°। ভাগা দ্রঃ] অস-ক্রি, পলাইয়া।

ভেঙানি, ভেঙ্গানি [ভঙ্গি+আন (করা অর্থে)। ভেঙ্গাই, ভেঙ্গাও, ভেঙ্গায়; ভেঙ্গাইতে; ভেঙ্গাইয়া (গ্রা°, কো° ভেঙ্গিয়ে)] ক্রি, মুখভঙ্গী করা; ভেঙ্গচান। "কমলমণির বড় রাগ হইল। সে ভ্রূকুটী করিল, শ্রীশকে ভেঙ্গাইল।"-বিষবৃক্ষ। বি, ভেঙানি, ভেঙ্গানি।

ভেজা₁ [ভিজা দ্রঃ] বিণ, সিক্ত; আর্দ্র। "শিশির ভেজা ঘাসে ঘাসে।"-রবী°। ২ ক্রি, সিক্ত হওয়া; আর্দ্র হওয়া।

ভেজা₂ [ভিজা দ্রঃ। ভিজি, ভেজ, ভেজে; ভিজিতে; ভিজিয়া (ভিজে)] ক্রি, আর্দ্র হওয়া; বৃষ্টির জলে অভিষিক্ত হওয়া।

ভেজানি₁ [ভিজান দ্রঃ। ভেজা ধাতুর ণিজন্ত রূপ। ভেজাই, ভেজাও, ভেজায়; ভেজাইতে (কো° ভেজাতে); ভেজাইয়া (কো° ভেজিয়ে)] ক্রি, আর্দ্র করা; সিক্ত করা; ভিজান; ভিজাইয়া দেওয়া।

ভেজান₂ [হি° ভেজনা (পাঠান), ভিড়ানা (মিলান) >] ক্রি, প্রেরণ করা। ২ সংলগ্ন করা; লাগান; স্পর্শ করান। "অনল ভেজায়ে কুণ্ডে বেড়ে চারি সতী।" -ঘ°। "বিধির বিধানে হায় আনল ভেজাই।" -চণ্ডি°। "মন্ত্র পড়ি ফুঁক দিয়া মাটিতে ভেজায়।"-অ° ম°। ৩ বাধান। "দূরে গেলা কন্দল ভেজাইয়া।"-কবিক°। ৪ মিলান; বন্ধ করা; ঠেসাইয়া দেওয়া। "দোয়ার ভেজাইয়া দাঁড়া।"-টেকচাঁদ।

ভেজাল [হি° মেল-জোল (মিশ্রণ) > বর্ণবিপর্য্যয়ে। মেল > ভেল। বা মিশাল > মেজাল > ভেজাল] বি, ভেল; কৃত্রিম; মিশাল; মেকি। প্র-ভেজাল দেওয়া ঘৃত। "তাঁহার পদাবলীতে বিস্তর ভেজাল চলিয়া গিয়াছে।"

ভেট [মেল > , ভ=ম, ট=ড=ল] বি, উপঢৌকন; নজরানা; সওগাদ। "সেই মৎস্য জালিয়া ধরিয়া লবে জালে। ভেট লয়ে দিবেক শম্বর মহীপালে।"-কবিক°। "ঘৃত মধু ক্ষীর দধি ভেট পাহ নিরবধি।"-ঐ। ২ সাক্ষাৎ। "তোমারে মিলিবে ভেট রন্ধনের শালে।"-কবিক°। ৩ মিলন। "বালা শৈশব তারুণ ভেট লখই না পারিয়ে জ্যেঠ কনেঠ।"-বি° প°।

ভেটকি,-কী, ভেঁটকি [ভেকটি দ্রঃ] বি, ভাকুট মৎস্য।

ভেটা₁ [ভাঁটা দ্রঃ। ভেটাই ও°] বি, ভাঁটা; ক্রীড়াকন্দুক। "কালি গড়ায়্যা দিব সোণার ভেটা।"-কবিক°। "সুবর্ণের ভেটা লঞা শিশুগণ খেলে"-শীতলামঙ্গল।

ভেটা₂ [ভেট দ্রঃ। ভেটি, ভেট, ভেটে; ভেটিতে; ভেটিয়া (কো° ভেটি)। ণিজন্ত-ভেটান] ক্রি, মিলিত হওয়া। "যশোদা মন্দিরে যাইব সত্বরে, ভেটিব নাগর কান।" -চণ্ডি°। ২ সাক্ষাৎ করা। "কি ভাবে আজি ভেটিব ভবেশে।"-মেঘ°। ৩ দর্শন করা। "আনন্দে ভেটহ গিআ পরভু নিরঞ্জনে।"-শূ° পু°। ৪ ভেট পাঠান; উপঢৌকন দেওয়া। "পঞ্চ শ্লোক ভেটিলাম রাজা গৌড়েশ্বরে"-কৃত্তি°। ভেটিল-দেখিল। "ঘাটত ভেটিল নান্দের পোঁ" -শ্রী° কী°। ব্রজ° ভেটল-ক্রি, মিলিত হইল; সাক্ষাৎ করিল। "মাধব তুয়া লাগি ভেটল রমণী।"-বি° প°।

ভেটেরা [হি° ভাটিয়ারা >] বি, সরাইরক্ষক। ~খানা-বি, চটি; সরাই।

ভেটেল [ভাটিয়াল >। ভাটা দ্রঃ] বিণ, ভাটার মুখে যে নৌকা যায়। "ভে° পান্সি হইলে অল্প ভাড়ায় হইত।"-টেকচাঁদ।

ভেড়₁, ভেড়ু-ভেদ দ্রঃ।

ভেড়₂, ভেড়া [ভীরু > ভীরুআ > ভেরা > ভেড়া] বি, পশুবিঃ; মেষ। স্ত্রী° ভেড়ী₁ [যশো°, খুলনা প্রাদে°] বি, জলপ্লাবন নিবারণ জন্য বড় এবং উচ্চ বাঁধ।

ভেড়াকান্ত [ভেড় দ্রঃ] বি, ভেড়ার পালের গোদা। ২ বোকারাম; পরের বুদ্ধিতে চালিত ব্যক্তির অগ্রগণ্য।

ভেড়ি-ড়ী₂ [সং-হেড় (বেষ্টনে) > হেড়ি >। বা বেষ্টন > বেষ্টিয়া > বেড়িয়া > ভেড়িয়া > কো° ভেড়ি (=বেড়ি)] অস-ক্রি, বেষ্টন করিয়া। "এথাক্রি কাহাক্রিকে দিবোঁ কুচ ভেড়ি কোলে।"-শ্রী° কী°। ২ বাঁধ embankment. গ্রামভেড়ী [মেদিনী°] বি, পল্লীবাঁধ; গ্রামের জলবন্ধ village-dyke.

ভেড়ুয়া, ভাড়ুয়া [ভেড় (দ্রঃ)+ উয়া=ভেড়ুয়া (ভীরুআ) > কো° ভেড়ো] বি, ভীরু মেষের প্রকৃতিযুক্ত পুরুষ; কাপুরুষ; স্ত্রৈণ; স্ত্রীর বশীভূত ও স্ত্রীর কুপরামর্শে চালিত। ২ [হি° ভড়ুয়া] বেশ্যার দালাল; কোটনা; বেশ্যার উপার্জ্জিত অর্থে প্রতিপালিত। ৩ নির্বোধ।

ভেড়ে [ভেড়া (দ্রঃ)-ইয়া=ভেড়িয়া-ভেড়াপ্রকৃতি] বিণ, ভেড়ার মত পরের বুদ্ধিতে বা আদর্শে চালিত এবং ভেড়ার ন্যায় ভীরু; মূঢ়; বোকা। ২ [ভেড়ুয়া > কো° ভেড়ে। গালিবিঃ] স্ত্রৈণ; স্ত্রীর বশীভূত যে মূঢ়; কাপুরুষ। "কিন্তু কিছু যে জানিনে, বলে কোন্ ভেড়ে।"-রজনী সেন। ভেড়ের ভেড়ে-ভেড়ের প্রধান; অত্যন্ত কাপুরুষ। "কোথা হৈতে কাল আইলি তুই ভেড়ের ভেড়ে"-মনসা ম° (কেতকা°)।

ভেণ্ডর [ইং vendor এর বিপ্যস্তর] বি, পণ্য বিক্রেতা।

ভেতো [ভাত+উয়া] বিণ, অন্নপ্রিয়; অন্নগত প্রাণ। "ভাত বিনে বাঁচিনে আমরা ভেতো বাঙ্গালী।"-ঈ° গুপ্ত।

ভেত্তা [সং° ভেত্তৃ (ভেদকারক)] বিণ, ছেদক; ভেদক।

ভেদ [ভিদ্ (ভেদ করা)+অ (ভা°)] বি, ছেদন। ২ বৈলক্ষণ্য। ৩ বিভাগ। ৪ বিদারণ। "কি কহব খেদ; ভেদ জনু অন্তর" -বি° প°। ৫ ভঙ্গ। ৬ অনৈক্য; বিচ্ছেদ। ৭ মনোভঙ্গ। ৮ সাম-দান-দণ্ড-ভেদ এই চতুর্বিধ রাজধর্ম্মান্তর্গত নীতির অন্যতম; [অর্থ

শা০] কৌটিল্য মতে-শঙ্কা উৎপাদন, ভীতি প্রদর্শন ও সন্দেহ আনয়নরূপ রাজনীতি; শুক্রনীতি মতে-প্রবল শত্রুর আশ্রয় গ্রহণ এবং অপেক্ষাকৃত হীন ব্যক্তির প্রবলীকরণ (রত্নমালা)। ৯ শত্রুবশীকরণ-উপায়বিঃ। ১০ বেধন। ১১ উন্মেষ; প্রকাশ। ১২ রেচন; উদরভঙ্গ। ১৩ বিশেষ; ভিন্নতা। "প্রভেদ হইয়া ভেদ প্রকাশিয়া একি করে চরাচরে।" -অ০ ম০। ১৪ অন্যোন্যাভাব। ১৫ রহস্য; ভিতরের কথা। "দেখিয়া শিবের খেদ লক্ষ্মী করে দিলা ভেদ"-অ০ ম০। ১৬ [বীজ গ০ (ক০ বিশ০ পরিঃ)] ইং variation এর বৈজ্ঞা০ পরিঃ [বিপরীত ভেদ-inverse variation. যৌথ ভেদ-joint variation]। স্বগত ভেদ [সা০ প০ প০] ইং differentiation এর বৈজ্ঞা০ পরিঃ; বিষমীভবন। ১৭ [জীববিদ্যা০ (হি০ কো০)] ইং varietyর বৈজ্ঞা০ পরিঃ; প্রকার (সা০ প০ প০)। বিণ, ~ী। ~জ্ঞান, ~বুদ্ধি-স্বাতন্ত্র্য বোধ; অনাত্মীয় ভাব। ~প্রত্যয়-বি, ঈশ্বর হতে জাগতিক পদার্থ সমূহের পৃথক্ জ্ঞান।

ভেদ্-ভ্যাদ দ্রঃ।

ভেদক [ভিদ্+অক (র্তৃ)] বিণ, পৃথক্কারক; ভেদকারক। ২ বিদারণকারী। ৩ বিরেচক ঔষধ।

ভেদন-ভেদা দ্রঃ।

ভেদা১, ভ্যাদা-বি, মৎস্যবিঃ।

ভেদা২ [ভেদ (দ্রঃ)+আ (ক্রিয়ায়)। ভেদি, ভেদ, ভেদে; ভেদিতে; ভেদিয়া। ণিজন্ত-ভেদানি] ক্রি, ভেদ করা; বিদীর্ণ করা। বি, ভেদন-বিদ্ধকরণ; বেধন; ছিদ্রকরণ; ছেদন; ভেদকরণ। ২ [সুশ্রুত] স্ফোটকাদির মুখ খুলিয়া দেওয়া opening as of abscess. বিণ, ভেদিত।

ভেদাভেদ [ভেদ+অভেদ] বি, অসমদর্শন; ভেদজ্ঞান; পার্থক্য; বৈষম্য; ভিন্নাভিন্ন বোধ।

ভেদ্য১ [ভেদ+য] বিণ, অস্ত্রচিকিৎসা দ্বারা অঙ্গচ্ছেদ। ২ উৎকর্তন excision. ~ক্রিয়া-অস্ত্রচিকিৎসা।

ভেদ্য২ [ভিদ্+য (র্ম)] বিণ, ভেদনীয়। ২ বিদারণযোগ্য। ৩ বিভাগযোগ্য। ৪ পৃথক্করণোপযোগী; বিশেষণীয়।

ভেপসা [ভেপ (ভাপ)+সা (সাদৃশ্যে)] বিণ, ভাপসা দ্রঃ।

ভেব, ভেবউ, ভেবু [বৌ০ বাং প্রাকৃ০ ভেদ > ভেউ >] বি, ভেদ। "ভেবউ না জানই"-চ০ পদ০।

ভেবরা, ভেবড়া [ভাবড়া, ভ্যাবরা দ্রঃ। বৈদিক সং-ভর্ত্তরা কিংকর্ত্তব্য-বিমূঢ় হওয়া] বিণ, হতভম্ব। ক্রি, ভেবরান (ভ্যাবরানো) ভেবরে যাওয়া।

ভেবা, ভ্যাবা [হাবা দ্রঃ। বিভ্রান্ত >] বিণ, হাবলা; বোকা। ~গঙ্গারাম [বিদ্রূপে] হাবা বোকা; হতভম্ব। ভেবা, ভ্যাবা চাকা (চেকা, চ্যাকা) লাগা-কিংকর্ত্তব্য-বিমূঢ় হওয়া। ~খাওয়ানি বা লাগানি-কিংকর্ত্তব্য বিমূঢ় করা; ধাঁধা লাগান। "পাঠককে ভ্যাবা চ্যাকা না খাওয়াইয়া * * * সহজ করিয়া বুঝান যাইতে পারে।"-প্রবাসী, ১৩৩৩।

ভেয়ানি [ভিয়ানি দ্রঃ। ভেয়াই, -য়াও, -য়ায়; ভেয়াইতে; ভেয়াইয়া (গ্রা০ ভেয়ায়ে)] ক্রি, ভিয়ান করা। ২ মনন করা। ৩ কল্পনায় পাক করা। "পঙ্কের পাঞ্চভৌতিক রস ভেয়াইয়া থাকেন"-ঠাকুরদাস মুখো০।

ভেরণগাছ [সং-এরণ্ড >] বি, ভেরেণ্ডাগাছ। "তবে কি 'ভেরণ' গাছে অত পাতা উঠিয়াছে।"-গোবিন্দদাস (কুঙ্কুম)।

ভেরি, ভেরী [অনু০] বি, ঢাক; পটহ। "বাজএ রণশিঙ্গা থমক ভেরি" -শূ০ পু০। "রণজয় ভেরী বাজেরে"-অ০ ম০।

ভেরুয়া-ভেড়ুয়া দ্রঃ।

ভেরেণ্ডা [এরণ্ড > গ্রা০] বি, এরণ্ডগাছ; রেড়িগাছ। ভে০ ভাজা [গ্রা০। অশিষ্ট। সং-এরণ্ড > অণ্ড > শূন্য অর্থাৎ কিছুই নয়] ক্রি, উপবাস করা। "তবে করছিস কি? ভেরেণ্ডা ভাজছি"-চোরকাঁটা।

ভেল১ [মেল >] বি, মিশান; মিশ্রিত; কৃত্রিম; ভেজাল।

ভেল২ [ভেল্কি > সংক্ষে০] বি, ভেল্কি। প্র-ভেল লেগে যা।

ভেল৩, ভেলা [সং-ভূ ধাতু > ব্রজ০ ভয়ল, ভইল, ভৈল, ভেল, ভেলা, স্ত্রীপক্ষে-ভেলি] ক্রি, হইল। "সকলি গরল ভেল।" নয়ন না "তিরপিত ভেল।"-চণ্ডি০। "ধনি মন্দির বাহির ভেলি।"-বি০ প০।

ভেলক [ভেল+ক] বি, ভেলা; উড়ুপ।

ভেল-ভেল [প্রাদে০ রূপান্তর ফেল্‌ফেল্] বিণ, ফেল ফেল; শূন্যদৃষ্টি। "বীরগণ চায় ভেলভেল।"-কবিক০।

ভেলসা [ভেল (কৃত্রিম, মিশ্রিত)-সা (সদৃশার্থে)। তুল-ভেজাল বা ভেস্‌কা > ভেস্‌সা (ভেসভেসে) >] বিণ, নরম। ~তামাক-বি, নানা দ্রব্য মিশ্রিত করিয়া নরম-করা তামাক; যে তামাক কড়া নয়।

ভেলা [ভ্যালা ও০। ভেলক দ্রঃ] বি, উড়ুপ। "সংসারসাগর ভেলা।"-অ০ ম০। "অকূলের ভেলা"-গান। ২ মুনিবিঃ।

ভেলি১ [বালুয়া > বেলে (মিহি দানা-দার) >। হি০ ভেলী] বি, গুড়বিঃ; পিণ্ডাকার বেলেগুড় (ধাঁড় বা ঝোলা নয়)।

ভেলি২ [সং-হেড্ (বেষ্টনে) > হেড়ি > ভেড়ি >] বি, আলি; মাটির দাঁড়া।

ভেল্কি, ভেল্‌কী [ভুল বা ভ্রম-কৃতি > ভুলকি, ক্রমে ভেল্‌কি > সংক্ষে০ ভেল, যা ভ্রান্তি জন্মায়] বি, ইন্দ্রজাল; যাদু। "নিতাই কি ভেল্কি জানে, নিতাই কি যাদু জানে; শুক্‌ন কাঠে ফল ধরালে ফুল ফুটালে পাষাণে।"-গান। ২ ধোঁকা। "কাটালে ভাঁড়ুর বোলে লাগিল ভেল্‌কী।"-কবিক০। ~বাজি-ইন্দ্রজাল। "ভেল্কিবাজি"-হেম০।

ভেল্কোনো [ভেল্কি >] ক্রি, ভেল্কি দ্বারা প্রকৃত বিষয় জানিতে না দেওয়া; ভেল্কি করা বা দেখান। "এল কোনো ভেল্কোনো কুকুরের ছা"-গ্রা০ ছড়া।

ভেষজ [ভেষ্ (ভয় পাওয়া) জি (জয় করা), লোকে যা হতে ভয় পায় অর্থাৎ পীড়া, তাকে জয় করে যে] বি, ঔষধ; রোগনাশক গাছ গাছড়া। ~ক্রিয়া-ইং drug action of remedies এর পরিঃ। ~লক্ষণ সংগ্রহ-ইং materia medicaর পরিঃ। ~শক্তি-ইং drug potencyর পরিঃ।

ভেষজাঙ্গ [ভেষজ+অঙ্গ, ৬৩৫] বি, ঔষধের অনুপান।

ভেস্ত [বেহেশ্‌ত্ (দ্রঃ) >। মু॰ বাং] বি, বেহেস্ত ; স্বর্গ। "অন্তিমকালে ভেস্তে যাবা ঠাণ্ডা হবো জান"-মৈ॰ গী॰।

ভেস্তা [সং-ভ্রষ্ট >] বিণ, বিপর্য্যস্ত ; মিশ্রিত। ২ নষ্ট। "সাত নকলে আসল ভেস্তা"।

ভেস্তানি-ক্রি, বিপর্য্যস্ত বা নষ্ট হওয়া।

ভেস্তে যাওয়া [ভেস্তা দ্রঃ] ক্রি, বিপর্য্যস্ত হওয়া ; ওলট পালট হওয়া। শুধু ভেস্তে আছে কিন্তু verb রূপে ব্যবহৃত হয় নাই। প্র-একটুখানি অসাবধানতার জন্য সব ভেস্তে গেল।

ভেস্যাছে [ভাসিয়াছে > প্রাদে॰ উচ্চারণে। ভাসা দ্রঃ। সিয়া=স্যা] ক্রি, ভাসিয়াছে। "শোণিতে ভে॰ দেহ"-মহা॰ (নিত্যানন্দ, খৃ॰ ১৬শ শতাব্দী)।

ভৈ [ভূ ধাতুজ। ব্রজ॰। প্রা॰ বাং] অস-ক্রি, হইয়া। **ভৈ গেল**-হইয়া গেল। "ভৈ গেল পীন"-বি॰ প॰।

ভৈক্ষ, ভৈক্ষ্য [ভিক্ষা + অ, য (কৃতার্থে)] বি, চতুর্থাশ্রম ; সন্ন্যাসাশ্রম। "মহা-নির্ব্বাণ তন্ত্রে উক্ত হইয়াছে কলিযুগে গার্হস্থ্য ও ভৈক্ষ্য ভিন্ন অন্য আশ্রম নাই"। ২ ভিক্ষা ; যাচ্ঞা। ৩ ভিক্ষালব্ধ বস্তু। ৪ ভিক্ষাসমূহ। ~**চর্য্যা**-ভিক্ষাবৃত্তি। ~**জীবী**-ভিক্ষুক।

ভৈন [প্রা॰বাং। ভগিনী > ভইন, ভৈন] বি, বহিন ; বোন। "কি, কারণে কহ ভৈন অশক্য কথন।"-মনসা ম॰ (নারায়ণ দেব)। "যা ভৈন কি নাই তোর ওরে লক্ষ্মীছাড়া"-পূ॰ ব॰ গী॰।

ভৈমী [ভীম+অ (অপত্যার্থে) +ঈ (স্ত্রীং)] বি, ভীমরাজকন্যা ; দময়ন্তী। ২ [+অ (ইদমর্থে)] মাঘ মাসের শুক্লা একাদশী ; ভীম একাদশী।

ভৈরব [সং] বি, অসিতাঙ্গ, রুরু, চণ্ড, ক্রুদ্ধ, উন্মত্ত, কুপিত, ভীষণ, সংহার-মহা-দেবের এই ভয়ানক অষ্ট মূর্ত্তি। ২ শঙ্কর ; শিব। ৩ নদীবিঃ। ৪ রাগবিঃ। ৫ বিণ, ভীষণ। ~**নাথ**-কাশীর রক্ষক কালভৈরব।

ভৈরবী [ভৈরব+ঈ (স্ত্রীং)] বি, সতী ; দুর্গা ; শঙ্করী। ২ দশমহাবিদ্যার অন্যতম বিদ্যা। "দেখি ভয়ে মহাদেব গেল এক ভিতে। ভৈরবী হইয়া সতী লাগিলা হাসিতে॥ রক্তবর্ণা চতুর্ভুজা কমল-আসনা। মুণ্ডমালা গলে নানা ভূষণ-ভূষণা॥ অক্ষমালা পুথী বরাভয় চারিকর। ত্রিনয়ন অর্দ্ধচন্দ্র ললাট উপর॥"-অ॰ ম॰। ২ শৈব সন্ন্যাসিনী। ৩ নদীবিঃ। ৪ রাগিণীবিঃ। ~**চক্র**-কুলার্ণব মতে যে চক্র বা তান্ত্রিক সাধক মণ্ডলীর মধ্যে বসিয়া পঞ্চমকার সাধনা করা হয়।

ভৈল, ভৈলা [স্ত্রীং ভৈলী। "সে কি রাধিকা ভৈলী সীতা সতী নারী"-শ্রী কী॰। ভেল্৩ দ্রঃ] ক্রি, হইল। "আকুল গোকুলের লোক ভৈল"-শ্রী॰ কী॰। "তোহ্মে এবেঁ গোআলত ভৈলা বড় জাতী।"-শ্রী॰ কী॰।

ভৈষজ, ভৈষজ্য [ভিষজ্ ব ভিষক্ (বৈদ্য) + অণ্ (তার কর্ম্ম অর্থে)] বি, ঔষধ। "এক ঔষধ আছে কিন্তু তাহা বৈদ্যেরা জানেন না। শুক জিজ্ঞাসা করিল সে ভৈষজ্য কিরূপ"?-পুরুষপরীক্ষা। ২ চিকিৎসা। ৩ ভিষক্‌পুত্র। ৪ আয়ুর্ব্বেদীয় চিকিৎসক। ৫ যা ঔষধে লাগে। ~**উদ্যান**-আয়ুর্ব্বেদীয় ঔষধ করণোপযোগী বৃক্ষলতাদির উদ্যান। ~**দর্পণ**, ~**রত্নাবলী**-আয়ুর্ব্বেদীয় চিকিৎসা গ্রন্থবিঃ।

ভৈষা-ভয়যা দ্রঃ।

ভো [সং। আধু॰ বাং-য় অপ্র॰ হইয়া আসিতেছে] অ, সম্বোধন ; হে : ওহে ; ওগো। "ভো পিতা বৃক্ষরু মোতে ফল তুলি দিও"-গোবিন্দচন্দ্রের গীত। "ভো নভো-মণ্ডল বল স্বরূপ"-পদ্যপাঠ।

ভোঁ১ [সং-ভ্রম বা ভ্রান্ত > হিং ভোঁদু। বাং-য় ভোঁতা (dull, stupid, লুপ্তবুদ্ধি) > ক্ষে॰] বিণ, বিঘূর্ণিত ; বিভ্রান্ত। প্র-নেশায় ভোঁ হইয়া বসিয়া আছে।

ভোঁ২ [অনু॰] বায়ুর শব্দ ; বোঁ ; অতি দ্রুত ধাবনের শব্দ। ২ বংশীরব ; শ্রমিকদের কাজে আহ্বান করিবার কলের বাঁশীর শব্দ। "কল চলছে ভোর ৪টা বাজতে না বাজতেই কলের প্রথম "ভোঁ" বেজে উঠলো, মজুরদের কলের কাজের জন্য তৈরী হ'তে আহ্বান করে।"-আ॰ শক্তি, পৌষ, ১৩৩৩। **ভোঁ-ভোঁ**-অ, ভোমরার পালকের শব্দ। "ভোঁ ভোঁ করে ভোমরা নয়" -হেঁয়ালি। **ভোঁ দৌড়**-অতি দ্রুত ধাবন।

ভোঁঅর [ভ্রমর > প্রাকৃ॰। ব্রজ॰ ভমর, ভঁঅর] বি, ভ্রমর। "অনুভূতি এত ভোঁতা হইয়া পড়িতেছে যে আমরা রস সৃষ্টি তো করিতেই পারি না, উপরন্ত রস গ্রহণের ক্ষমতাও আমাদের নাই।-আ॰ শক্তি।

ভোঁতিড় [খুলনাদি প্রাদে॰] বি, বাঘ।

ভোঁত(দ)ড়া [অনাদরে 'আ'] বি, ভিতরের বর্জ্জনীয় অংশ ; নাড়িভুড়ি ; ভুতুড়ি।

ভোঁতা [সং-ব্যাহতা বা ভুগ্ন > হিং ভোঁথ্‌রা। তুল-ইং blunt] বিণ, ধার-রহিত ; অতীক্ষ্ণ। "ভোঁতা কি মরিচা ধরা দেখ দেখি মাজিয়ে।"-মানকুমারী॰। ২ বোকা। ৩ মুখরতাশূন্য ; নির্ব্বাক। "মুখুয্যের কারচুপিতে মুখ হৈল ভোঁতা।"-হেম॰।

ভোঁদড় [সং-উদ্র >] বি, উদবিড়াল জাতীয় জন্তুবিঃ viverra zibetha.

ভোঁদা [হিং ভোঁদু-ভদ্দা। বাং-য় ভুঁদো ও বলে] বিণ, মোটা ; স্থূল। ২ স্থূল-বুদ্ধি ; বোকা। ৩ ছেলের আদরের নাম। স্ত্রীং ভুঁদী।

ভোঁমরা-ভোমরা দ্রঃ।

ভোঁস-ভোঁস [অনু॰] বি, গভীর নিদ্রায় শ্বাস প্রশ্বাসের শব্দ ; নিদ্রাকালে নাসিকা গর্জ্জন।

ভোক [সং-বুভুক্ষা > হিং ভুখ। ভুক দ্রঃ] বি, ক্ষুধা। "হিয়া দগদগী অন্তরে ভোক। মুখে নাহি রুচে এ বড় শোক।"-কবিক॰।

~**ছানি** [সং-বুভুক্ষা > হিং ভুক্ > হিং ভুকসানি। ভোক হেতু আচ্ছন্ন ভাব >, বাং-য় উচ্চারণ-ভেদে-ভোচ্‌কানি] বি, অতিশয় ক্ষুধাজনিত আচ্ছন্ন ভাব ; ক্ষুধার কষ্টে মূর্চ্ছা। ~**শোষ**-ক্ষুধা ও তৃষ্ণা। "তাহার মধুর বাক্যে গেল ভোকশোষ।" -চৈ॰ চ॰।

ভোক্তব্য [ভুজ্ + তব্য (র্ম্ম)] বিণ, ভক্ষণীয় ; ভক্ষ্য। ২ উপভোগযোগ্য।

ভোক্তা [ভুজ্ (ভোজন করা, ভোগ

করা)+তৃ (তৃ)] বিণ, ভক্ষক; ভোজনকর্তা। ২ ভোগী। ৩ [প্রাং বাং] ধর্মভক্ত। স্ত্রীং ভোক্ত্রী।

ভোখ [সং-বুভুক্ষা > হিং ভুখ >। ভোক দ্রঃ] বি, ক্ষুধা।

ভোখিল [ভুখিল দ্রঃ] বিণ, ক্ষুধার্ত; বুভুক্ষু। "ভোং ভ্রমর"। "তুহুঁ সে ভোং মধুকর।"-বিং পং।

ভোগ [ভুজ্ (ভোজন করা, ভোগ করা)+অ (ভাং)] বি, সুখ-দুঃখানুভূতি। ২ সুখ। ৩ ধন; ঐশ্বর্য্য। ৪ অধিকার। ৫ দেবতার উদ্দেশে উৎসৃষ্ট ভক্তিভরে নিবেদিত ভোজ্যাদি। প্র-অখণ্ড জিনিষ ভোগে দিতে হয়। ৬ ভোজন; ভোজ্য। "বাঁচাইলা সকলেরে নানামত ভোগে"-অং মং। ৭ উপভোগ। ৮ সর্পফণা। ৯ পণ্যাঙ্গনার বেতন। ~গৃহ-বি, দেবতার ভোগ দিবার ঘর। ২ বাসগৃহ। ~গ্রাম-কাহারও ভোগের নিমিত্ত রাজ-দত্ত গ্রাম। "অনাথ পিণ্ডদের একখানি ভোগ-গ্রাম ছিল"-জাতক, ১।৮৩। ~দেহ-মরণের পর যে জীবাত্মা সূক্ষ্ম শরীর ধারণ করিয়া পাপ পুণ্যের ফলভোগ করে। ~তৃষ্ণা, ~পিপাসা-ভোগের জন্য বলবতী ইচ্ছা। বিণ, ~পিপাসু। ~পাল-বি, ধন-রক্ষক। ২ অশ্বপাল। ~পিশাচিকা-বি, ভোজনলালসা। ২ দুর্ভোগেচ্ছা। ~বাসনা-ভোগাভিলাষ। ~বিলাস-ঐহিক সুখভোগ ও আনন্দ। > বিণ, ~বিলাসী। ~বৃত্ত [মনোবিজ্ঞাংপরিঃ (গিংশেংবসু)] বিণ,ইং passiveএর বৈজ্ঞাং পরিঃ। ~বৃত্তি-বি, passivity. ~ভূমি-ভারতান্তর প্রদেশ। ২ সুখভোগস্থান স্বর্গ। ~রাগ-বি, ভোগ ও অনুরাগ; ভোগবিলাস। ~লালসা-বি, প্রবল ভোগতৃষ্ণা; ভোগস্পৃহা। ~সাধন-ভোগের জন্য সাধনা। ২ ভোগের উপায় ~সুখ-ভোগের আনন্দ। ২ ইন্দ্রিয় সেবা জনিত সুখ। ~স্থান-পার্থিব বা সাংসারিক সুখভোগের আধার; শরীর। ২ ইন্দ্রিয়-সেবাস্থান। ৩ অন্তঃপুর। ~স্পৃহা-বি, ভোগেচ্ছা।

ভোগবান্ [ভোগ+বৎ (স্ত্যং)= ভোগবৎ ১মা, ১বং] বি, ফণী; সর্প। ২ নৃত্যগীত। ৩ বিণ, ভোগী। স্ত্রীং ভোগবতী-পাতালগঙ্গা। "তুলিল পাতালগঙ্গা ভোগবতী জল।"-অং মং।

ভোগরাই [ভোগ+রাগী (অনুরাগী) > রাই বিণ, ভোগরাগী; বিলাসী। "রাণ্ডী হইয়া ভোগরাই।"-ডাক।

ভোগা₁ [সং ভুজ্ (উপভোগে) >। ভোগেন ভুগি, ভুগ, ভোগ (ভুগেন, ভুগিস), ভোগে (ভোগেন); ভুগিতে; ভুগিয়া (কেং ভুগে)। ণিজন্তে-ভোগান] ক্রি, ভোগ করা। ২ সুখদুঃখের ভাগী হওয়া। ৩ কষ্ট পাওয়া; দুঃখ পাওয়া। বি, ভোগান₁-ভোগ (বিতঃ দুঃখভোগ)। ব ভোগানটা ভুগিয়েছে। এই অর্থে ভোগান্ত, ভোগান্তি ওং।

ভোগা₂ [ভোগ (ভুক্তান) + আ স্বার্থে)] বি, যোগান; যোগ; যোড়; খাওয়ান; অন্তর্ভুক্ত করণ। ~নো, ভোং দেওয়া₁ [প্রাদেং ব্যবহারে] ক্রি, যোগ দেওয়া; বাড়ান।

ভোগা₃ [হিং ভগল (ছল) বা ভুলাবা (ধোঁকা) >] বি, প্রতারণা; ফাঁকি। ভোগা দেওয়া₂ [তুল-হিং ভুলাবা দেনা (প্রতারণা করা)] ঠকান; ধোঁকা দেওয়া; ফাঁকি দেওয়া। "এ ছেলের হাতের নাড় নয় যে ভোগা দিয়ে কেড়ে খাবে।"-বাংগান।

ভোগা/কাঙ্ক্ষা [ভোগের আকাঙ্ক্ষা, ৬তৎ] বি, ভোগবাসনা। বিণ, ~ঙ্ক্ষী-ভোগাভিলাষী। > স্ত্রীং~ঙ্ক্ষিণী।

ভোগা-গোয়ালা [সমাজং] বি, গোপদিগের মধ্যে যারা গরু দাগে। দধি, দুগ্ধাদি সম্ভূত গব্য বা মাহিষ্য দ্রব্য প্রস্তুত করণ ও গোরক্ষণ ইহাদিগের জাতীয় ব্যবসায়। -ভারত পরিচয়।

ভোগানি₂ [ভোগ+আন (ক্রি-বিভক্তি) ভোগা ধাতুর ণিজন্ত রূপ। ভোগাই, ভোগাও (ভোগান্, ভোগাস্) ভোগায় (ভোগান্); ভোগাইতে; ভোগাইয়া (কেং ভুগিয়ে)] ক্রি, ভোগ করান। সুখ দুঃখে পাতিত করা। ২ কষ্ট দেওয়া।

ভোগান্ত, ভোগান্তি [ভোগ+অন্ত (গ্রাং অন্তি), ৬তৎ] বি, ভোগের শেষ; ভোগসীমা। ২ [গ্রাং] কর্মভোগ; ক্লেশভোগ। বিণ, ভোগানে, ভোগান্তে [ভোগা-নিয়া, ভোগান্তিয়া > কেং] যে ভোগায়; কষ্টদায়ক।

ভোগাবাস [ভোগ+আবাস] বি, ভোগগৃহ; অন্তঃপুর।

ভোগাভিলা/ষ [ভোগ+অভি-লাষ, ৬তৎ] বি সুখলাভেচ্ছা; ভোগলালসা। বিণ, ~ষী। > স্ত্রীং~ষিণী।

ভোগাভোগ [ভোগ+অভোগ] বি, ভোগ এবং ভোগের অভাব।

ভোগায় [ভোগান দ্রঃ। ভোগ+আয় (করায় অর্থে)] ক্রি, সুখ বা দুঃখ অনুভব করায়; কষ্ট দেয়; ক্লেশ দেয়। "কিন্তু বিদেশীয়-মনের এই ভ্রান্ত বিশ্বাসে উভয় পক্ষকেই ভারি ভোগায়।"-নরওয়ে ভ্রমণ।

ভোগায়তন [ভোগ+আয়তন] বি, ভোগের ক্ষেত্র; ভোগের গৃহ। ২ দেহ।

ভোগার্হ [ভোগের অর্হ (যোগ্য), ৬তৎ] বিণ, ভোগের উপযোগী। ২ বি, ঐশ্বর্য্য; সম্পত্তি। স্ত্রীং ~া।

ভোগালি [ভোগ+আল (হিং বালা > বাল)] বিণ, ভোগী; ভোগপুষ্ট।

ভোগাসক্ত [ভোগ+আসক্ত] বিণ, ঐহিক সুখে অনুরক্ত। বি, ভোগাসক্তি।

ভোগী [ভোগ+ইন্ (স্ত্যং)=ভোগিন্ ১মা, ১বং] বি, রাজা। ২ গ্রামের অধ্যক্ষ; মণ্ডল। ৩ নাপিত। ৪ সুখী। ৫ অশ্লেষা নক্ষত্র। ৬ সর্প; ফণী। ৭ বিণ, ভোগবিশিষ্ট। স্ত্রীং ভোগিনী। মহিষী ভিন্ন রাজা দিগের স্ত্রী ("কৃতাভিষেকা মহিষী ভোগি-ন্যোন্যা নৃপস্ত্রিয়ঃ"-অমরং)।

ভোগীন্দ্র [ভোগিন্ (সর্প) > ভোগী +ইন্দ্র (রাজা), ৬তৎ] বি, সর্পরাজ, বাসুকি। ২ শেষনাগ।

ভোগৈশ্বর্য্য [ভোগ (সুখ)+ঐশ্বর্য্য (সম্পদ)] বি, সুখ সম্পদ।

ভোগোত্তর [তুল-দেবোত্তর, ব্রহ্মোত্তর ইং। রঙ্গপুর প্রাদেং] বি, আমোদ প্রমোদ

বা সুখভোগের জন্য প্রদত্ত ভূমি land granted for enjoyment.

ভোগ্য [ভুজ্ (ভোগ করা)+য (র্ম)] বিণ, ভোগের যোগ্য। ২ বি, ধনরত্নাদি। স্ত্রী: ~া-বেশ্যা।

ভোঙরি-ভ্রমর দ্রঃ। "ভোঙরিতে কেহ কোঁড়ে"-কবিক°।

ভোচকানি-ভোকছানি দ্রঃ।

ভোচা [প্রা°বাং। প্রাদে°] বি,পুষ্পবিঃ। "বেল্যা গোঁওচি ভোচা আকড়া নিঞলি। জাহাত হইব তুষ্ট সেরূপর মুরুলী।"-শূ° পু°।

ভোচার-ভূচর দ্রঃ।

ভোজ১ [ভোজন >। হি°] বি, ভোজন উৎসব। ২ ভোজ্য

ভোজ২ [পু°] বি, যদুবংশ। ২ প্রাচীন ভারতের ধারা নগরীর রাজা। ইন্দ্রজাল বিদ্যায় ইঁহার এতদূর প্রসিদ্ধি ছিল যে পরে তাঁহার নামই ইন্দ্রজাল বিদ্যার দ্যোতক হয়। ৩ বিদর্ভরাজ। ইঁহার ভগ্নী ইন্দুমতীর সহিত অজরাজের বিবাহ হয়। ৪ ভোজবিদ্যা; ইন্দ্রজাল। ~পুর-ভোজরাজার দেশ। বিণ, ~পুরী-ভোজপুরের লোক। "কটকে কাঠের চেয়ারের উপর ভোজপুরী দ্বারবান গর্ব্বিতভাবে বসিয়া আছে"-মা° ও ম° বাণী, ১৩৩৩, জ্যৈষ্ঠ। ~বাজি,-জী, ~বিদ্যা-ইন্দ্রজাল; ভেল্কিবাজী; দৃষ্টিভ্রমজনক খেলা। ~বাজিকর-ঐন্দ্রজালিক।

ভোজিং, ভুজং [ভজনা >] বি, কুপরামর্শ। ভোজিং দেওয়া-জপান; স্বার্থ সিদ্ধির জন্য লোভ দেখাইয়া বা বুঝাইয়া লওয়ান। "ভোজং দিয়ে ভোটিং খুলে ম্যুনিসিপাল বিলে।"-হেম°। ~ভাজাং -বি, কুমন্ত্রণাদি।

ভোক্তক [ভুজ্ (ভোজন করা)+অক (র্ত্ত)] বিণ, ভোজনকারী। ২ ভোজন সম্পাদক।

ভোজকট [ভোজ (রাজার) কট (পুর)] বি,ভোজরাজার দেশ; ভোজনগর; ভোজপুর।

ভোজন [ভুজ্ (ভোজন করা)+অন (র্ম)] বি,ভক্ষ্যদ্রব্য; আহারীয়। ২ আহার; ভক্ষণ। ~-আগার, ভোজনাগার-বি, আহার করিবার ঘর বা রান্নাবাড়ী। ~পটু-বিণ, আহারে নিপুণ; অতিভোজী। ~পাত্র-বি, আহারীয় স্থাপনের আধার। ~বিলাসী-বিণ, পেটুক। ~শালা-বি, ভোজনাগার। ভোজনাবশেষ [ভোজন +অবশেষ] বি, ভুক্তাবশেষ; উচ্ছিষ্ট।

ভোজয়িতা [ভুজ্-ণিচ্=ভোজি (ভোজন করান)+তৃ (র্ত্ত)=ভোজয়িতৃ ১মা, ১ব°] বিণ,অন্নদাতা; প্রতিপালক; ভক্ষদাতা। স্ত্রী: ভোজয়িত্রী।

ভোজরি [প্রাদে° স্বর্ণকারদের ভাষায়] বি, স্বর্ণকারের বেধন যন্ত্র।

ভোজা/লি, ~লিয়া, ~লে [ভুজবাল বা পাল >। তুল-করবাল,করপাল] বি, গুর্খাদিগের প্রধান অস্ত্র; অসিবিঃ।

ভোজ্য [ভুজ্ (ভোজন করা)+য (র্ম)] বিণ, ভক্ষ্যবস্তু; খাদ্য। ২ স্বর্গগতপিতৃপুরুষের উদ্দেশে দেয় অন্নাদি [প্রা° ভুজ্জি]। ৩ ভোজবংশীয়। ৪ [সুশ্রুত] চিকিৎসাতন্ত্র।

ভোজ্যান্ন [ভোজ্য+অন্ন] বি, ভোজনের উপযোগী অন্ন।

ভোট১, ভোটাঙ্গ [সং-ভূতস্থান (ভূতরাজ্য) > "ভুটান" >] বি, হিমালয়-ক্রোড়স্থ দেশবিঃ; ভুটান দেশ। ২ তিব্বত দেশ। ৩ তিব্বতী কম্বলাসন। "ভোটে হতে জটে ধরে ভাটে পাড়ি পিটে।"-ঘ°।

ভোট২ [ইং vote এর লিপ্যন্তর] বি, নির্ব্বাচন মত। "পোলিং এল চল চল ভোটে যাই।" ভোটার-ভোটদাতা।

ভোটা [প্রাদে° রংপুর। ডাকের শব্দ >] বি, কুকুর। স্ত্রী: ভোটী-কুকুরী।

ভোতা-ভোঁতা দ্রঃ।

ভোমর, ভোমরা [সং-ভ্রমর >] বি, ভ্রমিযন্ত্র; কাষ্ঠাদিতে ছিদ্র করিবার অস্ত্র। ২ ভুরপুণ; ফোঁড়; মুচির ফোঁড়। ৩ ভ্রমর; অলি। ৪ [এই অর্থে 'ভোঁমরা' ও°] ঘুড়ী দ্রঃ।

ভোমা [সং-ভব >] বিণ, বোকা; হাঁদা। ২ হতবুদ্ধি; বিভ্রান্ত।

ভোর [সং-ভৃ (ভরণে, পূর্ণ করণে) ধাতুজ। হি° ভোর] বি, সম্পূর্ণ ২ প্রভাত; রাত্রিশেষ; নিশাবসান; প্রত্যূষ। "ভোর হইল নিশা ডাক রে মানসবিহঙ্গ নিজরবে প্রাণেশে।"-স্ক°। ৩ তন্ময়। "চণ্ডীদাসে কয়, ব্যাধি সমাধি নয়, দেখিয়া হইনু ভোর।"-চণ্ডি°। ৪ পরিমাণ। "পেটেতে কড়িটি ভোর কালো আঁচড় নাই।"-হেম°। ৫ শেষ। "আমার খেলাতে না হল বশ এবার বাজী ভোর হইল।"-রা° প্র°। ৬ বাদ্যবিশেষ; ভেরী। "দুন্দুভি বাজনা বাজাএ ঘনে ঘনা বরঙ্গ ভোর ধিরকালি।"-শূ° পু°। ৭ বিহ্বল; বিভোর। "আমি স্বপনে রয়েছি ভোর। সখি আমারে জাগাও না।"-বাং গান। ৮ উন্মুক্ত। "হৃদয়জ মুকুলি হেরি থোর থোর। ক্ষণে আঁচর দেই ক্ষণে হোয় ভোর।"-বি° প°। ৯ আচ্ছন্ন। "বাঁশী নিশাস গরলে তনু ভোর।"-বি° প°। "মন্মথ জ্বরে ভোর-ঐ। ১০ [প্রাদে°, চট্টল°] বি, কৃষিকর্ম্মরত কৃষকগণকর্ত্তৃক সকলে মিলিয়া সমস্বরে গেয় পল্লী-সঙ্গীত। ব্রজ° ভোরি-বিভোর। "দুহুঁ মুখ হেরি দুহুঁ ভোরি"-জ্ঞান°। ~বেলা, ভোরের বেলা-প্রভাত সময়; প্রত্যূষকাল। "আজ বিশ্বদেবীর দ্বারের কাছে কোন্ সে ভিখারী। ভোরের বেলা দাঁড়িয়ে ছিল দুহাত বিথারি।"-রবী°। ভোর হওয়া-প্রভাত হওয়া। ২ বিহ্বল হওয়া। ৩ শেষ হওয়া।

ভোরঙ্গ [অনু°] বি, বাদ্যযন্ত্রবিঃ; তূরী। "ধন ভোরঙ্গ ভম ভম দামামা দম দম ঝনন্ ঝম ঝম ঝাঁজে।"-অ° ম°।

ভোরা [ভোর দ্রঃ+আ (মৈ°, ব্রজ° পদ° সা°)] বিণ, বিভোর।

ভোরাই [ভোর+আই(সম্বন্ধে)] বিণ, ভোরের; ভোর বেলার। "ভোরাই কিরণ" -ভারতী, ১৩৩১। ভো° হওয়া-বাজী-ভোর হওয়া; কাল কাবার হওয়া।

ভোল [ভেল (কৃত্রিম) >] বি, ছদ্মবেশ। ২ প্রতারণা; ছল; ছলনা। "সামান্য বেশ্যার ভোলে অজামিল মুনি।"-ঘ°। ৩ [লোভ শব্দের বর্ণবিপর্য্যয়ে] লোভ। "টাইটেল ভোলে দেখি কেবা ভোলে"-বাং গান। ৪ বিহ্বল; মোহ। প্র-রূপ নেহারি পড়ি গেনু ভোল"-বি° প°। ৫ [ভুল > ভোল]

ভ্রম; ভুল; মোহ। "আছুক মানুষ দেবলোক পায় ভোল"-শ্রীং কীং। ৬ মহাদেবের গণবিঃ; প্রমথদিগের অন্যতম। ভোল যাওয়া-মোহপ্রাপ্ত হওয়া; বিমোহিত হওয়া। "তাতে ভোলে গেল দেবরাজে" -শ্রীং কীং। ভোল ফেরানি-মূর্ত্তি ও বেশাদির পরিবর্ত্তন করা। ভোলে-অ, ভ্রমে; মোহে। ভোলো-ক্রি, বিহ্বল বা বিমোহিত হই (শ্রীং কীং)।

ভোলচেঙ্গা-বি, চ্যাঙ্ মাছ।

ভোলা১ -বি, ভোলানাথ; শিব (তুল-"ভোলা মহেশ্বর")। "ভাঁড়ার জিম্মা যার কাছে মা সে যে ভোলা ত্রিপুরারি।" -রাং প্রং। ২ মৎস্যবিঃ। ৩ বিণ, ভ্রান্ত; বিহ্বল।

ভোলা২ [ভুল (দ্র.)+আ (ক্রিয়ায়)। হিং ভুলনা। ভুলি, ভুল, ইং। ভুলা দ্রঃ] ক্রি, বিস্মৃত হওয়া। ২ ভ্রমে পড়া। ৩ বিহ্বল হওয়া। ৪ বিমোহিত হওয়া; মোহপ্রাপ্ত হওয়া।

ভোলা৩ [বিহ্বল > ভোল+আ (সাদৃশ্যে)] বিণ, আত্মবিস্মৃত। "দেখিয়ে হইনু ভোলা আপনি আপনাভোলা" -সারদাং। ~নাথ-বি, শিব।

ভোলী [প্রাং বাং। ভোলা২ (দ্রঃ)+ঈ (স্ত্রীং)] বিণ, বিহ্বলা।

ভোঁরি [সং-ভ্রমি > হিং ভোঁরী] বি, ভ্রমি; জল, কেশ আদির আবর্ত্ত।

ভৌঁহ [ভ্রূ (দ্রঃ) > মৈং] বি, ভ্রূ। "ভৌঁহ মানে ধনু"-বিং পং।

ভৌত [ভূত (পিশাচাদি)+অ (ইদমর্থে)] বি, দেবল ব্রাহ্মণ। ২ ভূতবজ্ঞ। ৩ বিণ, প্রেত সম্বন্ধীয়। ৪ প্রেতবৎ। "বড় বড় গাছের ছায়া জমাট অন্ধকারের সৃষ্টি করে স্থানটাকে ভৌত আকার প্রদান করে"-জাপান। স্ত্রীং ~ী-রাত্রি; নিশি। ২ বিণ, ভৌত; ভূত সম্বন্ধীয়।

ভৌতিক [ভূত (পৃথিব্যাদি বা পিশাচ) +ইক (সম্বন্ধার্থে)] বিণ, ভূত সম্বন্ধীয়। ২ ভূতকৃত। ৩ [পদার্থ বিজ্ঞাং পরিঃ (হিং কোং)] ইং material এর বৈজ্ঞাং পরিঃ। ৪ বি, ভূতনাথ; শিব। ~নিয়ম-বি, যে নিয়মে ভৌতিক পদার্থ সমূহের কর্ম্ম নির্ব্বাহিত হয়; স্বভাবের নিয়ম; প্রাকৃতিক নিয়ম। ~পদার্থ-বি, পঞ্চভূত হতে জাত বস্তু matter. ~ব্যাপার-বি, প্রাকৃতিক ঘটনা। ২ [পারিঃ]ইং physical phenomenon এর বৈজ্ঞাং পরিঃ।

ভৌতী-ভৌত দ্রঃ।

ভৌম [ভূমি+অ (অপত্যার্থে)] বি, মঙ্গলগ্রহ। "সে নক্ষত্রে রবি, ভৌম, শনি, বুধ, শুক্র-এ পঞ্চ গ্রহের মেষ আদি রাশি-চক্র"-রামাং (রাজং)। ২ আকাশ; অম্বর। ৩ বিণ, ভূমি হতে উৎপন্ন; ভূমিজাত। ৪ ভূমিসম্বন্ধীয়। স্ত্রীং ভৌমী-ধরাসুতা; ধরিত্রীতনয়া; সীতা। ~জল-বি, ভূগর্ভস্থ জল। ~বার-মঙ্গলবার। "অষ্টমী ভৌমবারে" -কবিকং। ~রত্ন-প্রবাল।

ভৌমিক১ [ভূমি+ইক (অধিকারার্থে)] বি, ভূম্যধিকারী; ভূস্বামী; ভুঁইয়া। ২ ভূমিস্থিত। ৩ উপাধিবিঃ। ৪ সীমান্তদেশের অধিপতি।

ভৌমিক২ [খনিজং পরিঃ] বি, ইং tellurium এর বৈজ্ঞাং পরিঃ; তলরম।

ভৌরিক [ভূরি (স্বর্ণ)+ইক] বি, কোষাধ্যক্ষ; খাজাঞ্চি।

ভ্যাঁ [অনুং] বি, ছাগলের ডাক; ভেড়ার ডাক। "সাত পাত ভাত মারি ভ্যা ভ্যা রব শুনে।"-ঈং গুপ্ত ২ শিশুর ক্রন্দন ধ্বনি।

ভ্যাংচানি-ভেংচান দ্রঃ।

ভ্যাংরা [মুর্শি। প্রাদেং, পং রাঢ়ের গ্রা কথা] বিণ, দুষ্ট; ভ্যাঁদড়; দুশ্চরিত্র। ২ ছেবলা। ~মি-ছেবলামি; ভ্যাঁদড়ামি। ২ অঙ্গভঙ্গীসহ ভাঁড়ামি করা বা বাচালতা। ট্যাংরামি ভ্যাংরামি করা-মুখভঙ্গী অঙ্গভঙ্গীসহ বিদ্রূপ বা বাচালতা করা; ছেবলামি করা। টেংরে ভেংরে চলা-অঙ্গভঙ্গী করিতে করিতে পাদক্ষেপ করা।

ভ্যাকা-ভেকা দ্রঃ।

ভ্যাজাল, ভেজাল [মিশান >। তুল-হিং পচ্ মেল >] বি, গণ্ডগোল। ২ মিশ্রণ; মিশাল; ভেল। ৩ [পূং বঙ্গে] নদীর জল কমিলে নৌকাগুলি একস্থানে মিলিত হয়। ভ্যাং দেওয়া-মিশ্রিত করণ; মিশান। ভ্যাজালের ভিতর-মিশ্রণের মধ্যে। ২ গণ্ডগোলের মধ্যে।

ভ্যাদ্ [অনুং] বি, স্থূল কোমল বস্তুর পতন বা তাতে আঘাত শব্দ। ব্যাপ্ত্যর্থে ভ্যাদভ্যাদ। ক্রি, ভ্যাদ ভ্যাদ করা। বিণ, ভ্যাদভেদে।

ভ্যাদান, ভ্যাদাল-বি প্রসবের পর ব্যথাবিঃ; ভ্যাং ব্যথা।

ভ্যানকা [ভেকা (দ্রঃ)। ভেকা > ভেন্‌কা] বিণ, অল্পবুদ্ধি; ভ্যাবা; অচতুর।

ভ্যান্-ভ্যান্ [ভন্‌ভন্ (দ্রঃ) > উচ্চারণ বিকারে] বি কোন বিষয় ক্রমাগত কাহারও কাণে তোলা। প্র-একশবার কানের কাছে ভ্যান্ ভ্যান্ করছ কেন। ভ্যান ভ্যান করা-ভন্ ভন্ করা দ্রঃ।

ভ্যাপসা [হি ভাপ্ (বাষ্প)+সা (সদৃশ) =ভাপসা, তা হতে ভ্যাপসা] বিণ, গুমসা; বাষ্পবৎ।

ভ্যাবড়া, ভ্যাবরা [প্রাং] বিণ, ভ্যাবা; বোকা; হতভম্ব।

ভ্যাবা [ভব >] বিণ, হতভম্ব। ২ বোকা। ~গঙ্গারাম-বোকা। ~চাকা, -চেকা, -চ্যাকা [ভ্যাবা (ভাবা দ্রঃ)+ চাকা (বক্র)-ভাবনাচক্র] বিণ, কিংকর্ত্তব্য-বিমূঢ়; হতভম্ব। "লাগিয়াছে ভ্যাবাচাকা বদ্ধ ভ্রমপাশে।"-ঈং গুপ্ত। "ভেবাচেকা" -রজনী সেন, দ্বিং রায়।

ভ্যালসা-ভেলসা দ্রঃ।

ভ্যালা [হিং ভলা। ভাল শব্দের ব্যঙ্গোক্তিতে উচ্চারণ বিকার] অ, উৎসাহ-দানার্থে; সাবাস; বাহবা; খুব; বেশ। প্র-ভ্যালা রে মোর ভাই। "সকলে বলিল ভ্যালারে নন্দ বেঁচে থাক চিরকাল"-দ্বিং রায়। ২ [ব্যঙ্গ্যে, প্রশংসার বিপরীতার্থে অর্থাৎ নিন্দার্থে] ভারি; বড়ই ত। "ব্রজের গৃহিণী কন ভ্যালা জমিয়তি; * * * ছিছি, ছিছি, ছেড়ে দাও এমন চাকরি।"-হেমং।

ভ্যালা-ভেলা দ্রঃ।

ভ্যাস্তা [ভেস্তা দ্রঃ] বিণ, নষ্ট। ২ বিপর্য্যস্ত। ৩ মিশ্রিত।

ভ্রংশ [ভ্রন্‌শ্ (পতিত হওয়া)+অ(ভাং)]

বি, নাশ।। ২ চ্যুতি ; পতন। ৩ পলায়ন। বিণ, ভ্রংশিত। নীতিভ্রংশ [নীতি (মার্গ হইতে) ভ্রংশ (বিচ্যুতি), ৫তৎ] বি, নৈতিক অধঃপতন ; নৈতিক অবনতি demoralization.

ভ্রকুংশ(স), ভ্রূকুংশ(স) [সং] বি, নর্ত্তকীর বেশধারী পুরুষ।

ভ্রকুটি(টী) [ভ্রূ-কুট্ (কুটিল হওয়া) +ই, ঈ (ভা॰), ভ্রূ=র] বি, ক্রোধাদি হেতু ভ্রূর বক্রতা বা সঙ্কোচ ; ভ্রূভঙ্গী।

ভ্রতি [সং ভৃতি (বেতন) > ভৃত, ভৃতক (ভৃতিভুক্) > ভৃত্য > হিং ভ্রং, ভ্রত (সেবক, ভৃত্য) >] বি, ভৃত্য ; দাস ; সেবক ; অনুচর। "ভূমিত পড়িয়া কান্দে কত নরনারী। গড়াগড়ি পাড়ে কত ভ্রতি জ্ঞান হরি ॥"-মহা॰ (পাণ্ডবদের মহাপ্রস্থান) বাসুদেব আচার্য্য, ১৭শ শতাব্দী।

ভ্রম, [ভ্রম্ (ভ্রমণ করা) + অ (ভা॰)। ব্রজ॰ ভরম। "হার ভরমে ভুজঙ্গম ভেল।"-বি॰ প॰] বি, ঘূর্ণি ; আবর্ত্ত। ২ ছুতোরের কুঁদ যন্ত্র ; ভ্রমি। ৩ কুলালচক্র। ৪ ভ্রমণ।

ভ্রম$_{2}$ [ভ্রম্ (ভুল করা) + অ (ভা॰)] বি, ভুল ভ্রান্তি। ২ মিথ্যাজ্ঞান ; মায়া ; ইং hallucination এর বৈজ্ঞা॰পরিঃ(হি॰কো॰)। ৩ [বৈষ্ণব সা॰] একদ্রব্যে অন্য দ্রব্য জ্ঞান। ~কৌতুক-বি, ভ্রান্তিবিনোদ। ~জাল -ভ্রান্তিরূপ জটিল বন্ধন বা ফাঁস। ২ বহু ভ্রমের সমষ্টি। ~নিরসন-ভুল সংশোধন। ~প্রমাদ-ভুলভ্রান্তি। ~বশতঃ-ভ্রান্তি হেতু। ~সংশোধন-বি, ভুল শুধরান ; ভ্রান্তি দূর করণ। ~সঙ্কুল-ভ্রান্তিপূর্ণ।

ভ্রমণ [ভ্রম্ (ভ্রমণ করা) + অন (ভা॰)। প্রা॰ বাং-ভ্রমিন, ভ(ভে)রমন। "ভমন করি বুলে"। "সুন্তত ভরমন পরভুর সুক্তে করি ভর"-শূ॰ পু॰] বি, বেড়ান ; পর্য্যটন। ২ ঘূরন। ভ্রমণকারী-বিণ, পর্য্যটনকারী ; পরিব্রাজক। ভ্রমণবৃত্তান্ত-বি, ভ্রমণের কাহিনী।

ভ্রমমান [ভ্রম্ (ভ্রমণে) + আন (কর্তৃ), ম আগম] বি, ভ্রমণশীল ; পর্য্যটনশীল।

ভ্রমর [ভ্রম্ (ভ্রমণ করা) + অর (কর্তৃ)। ব্রজ॰ ভমর ("ভমর মিলন জনি অরুণ কমল পর"-বি॰ প॰)। বাং গ্রা॰ ভোম্‌রা। চট্টল॰ প্রাদে॰ ভোঁঅর। গ্রা॰ উচ্চারণ ভেদে ভোমোর, ভমরা, ভেঁইরা, ভোঙর] বি, ভৃঙ্গ ; মধুকর। ২ কামুক। ৩ কাষ্ঠ ছিদ্র করিবার যন্ত্রবিঃ ; তুরপুন। স্ত্রীং ~ী [গ্রা॰ ভোঙরি]। ~কর [নাট্য শা॰] বি, অঙ্গাভিনয়বিঃ। অঙ্গুষ্ঠ মধ্যমাকে স্পর্শ করিলে, ও তর্জ্জনী বক্র করিয়া অন্যগুলি ঋজুভাবে বিস্তৃত করিলে এই মুদ্রা হয়। ইহা অলি, শুক, সারস, কোকিল ও সংযোগ বুঝাইতে ব্যবহৃত হয়। ~কীট-কুমিরে পোকা। ~কৃষ্ণ-বিণ, ভ্রমরের ন্যায় কাল। ~গুঞ্জন,-ঝঙ্কার-বি, ভ্রমরের গুণগুণানি। ~প্রিয়-বি, ধারাকদম্ব।

ভ্রমরক [ভ্রমর (মধুকর) + ক (তুল্যার্থে)। গ্রা॰ ভোঁরি] বি ললাটস্থ চূর্ণকুন্তল ; ললাটস্থিত অলকগুচ্ছ। ২ বালমূষিক ; নেংটী ইঁদুর। ৩ ভোমরা ; মধুকর। ৪ ভ্রমিযন্ত্র।

ভ্রমরোৎসব [ভ্রমর + উৎসব] বি, মাধবী লতা।

ভ্রমসি [ভ্রম্ (ভ্রমণ করা) + সি (লট ম॰পু॰ এক বচন)। আধু॰ বাং-য় অপ্র॰। সি$_{2}$দ্রঃ] ক্রি, ভ্রমণ করিতেছ বা করিতেছিস্। "ভ্রমিলি গহনে ছেলি রাখি বনে ভ্রমসি সেই অভ্যাসে।"-কবিক॰।

ভ্রমা [সং-ভ্রম্ (ভ্রমণ করা) >। ভ্রমি, ভ্রম, ভ্রমে ; ভ্রমিতে, ভ্রমিয়া (ক্বে॰, পদ্যে-ভ্রমি। গ্রা॰ ভ্রমে)] ক্রি, ভ্রমণ করা। "তব কুলে কল্লোলিনি, ভ্রমি আমি একাকিনী,"-ব্রজাঙ্গনা॰। "সৌদামিনী ঘন সনে, ভ্রমে সদানন্দ মনে ;"-ঐ। "কেন যোগী বেশে ভ্রম এ বিজন কাননে"-গিরিশ॰। "ভ্রমেন বাল্মীকি মুনি ভাব-ভোলা মনে"-সারদামঙ্গল। প্রা॰ বৈ॰ পদাবলীতে 'ভ্রমা' স্থলে ভরমা। ভরমি, ভরম, ভরমে ; ভরমিতে ; ভরমিয়া (ক্বে॰ ভরমি)। "দেশে দেশে ভরমিব যোগিনী হইয়া"-পদাবলী। "ভরমিতে ভরমিতে" -চৈ॰ গী॰।

ভ্রমাণি [ভ্রমণ >। নামধাতু ভ্রমা, ণিজন্তরূপ ভ্রমাণ] ক্রি, ঘুরান। "ভ্রমাইয়া অন্তরীক্ষে বীর॥"-মহা॰ (বিজয়॰)। "কুম্ভকারের চাক প্রায় ভ্রমায় আকাশে"-ঐ।

ভ্রমাত্মক [ভ্রম + আত্মক] বিণ, ভ্রান্তিময়।

ভ্রমান্ধ [ভ্রম + অন্ধ] বিণ, ভ্রান্তি হেতু

ভ্রমাসক্ত [ভ্রম + আসক্ত] বিণ, ভ্রান্তিযুক্ত ; ভ্রান্ত।

ভ্রমি, ভ্রমী [ভ্রম্ (ভ্রমণ) + ই (কর্তৃ)। গ্রা॰ ভোঁরি] বি, জলভ্রম ; ঘূর্ণিজল ; জলের আবর্ত্ত। "তরঙ্গ ও ভ্রমি এবং বেগযুক্ত জল * * উচ্চস্থানে যায় না সর্ব্বদাই নীচ পথেই যায়"-পুরুষ পরীক্ষা।

ভ্রষ্ট [ভ্রন্‌শ্ (পতিত হওয়া) + ত (কর্তৃ)] বিণ, চ্যুত ; অধঃপতিত। ২ নষ্ট। ৩ অধার্ম্মিক ; অসৎ। ৪ দূষিত ; দোষযুক্ত। স্ত্রীং ~া-ব্যভিচারিণী। বি, ~তা। ~চরিত্র-বিণ, নষ্ট-স্বভাব ; চরিত্রহীন। > স্ত্রীং ~চরিত্রা-কুলটা।

ভ্রষ্টাচরণ [ভ্রষ্ট + আচরণ] বি, কদাচার। ২ অসদ্ব্যবহার।

ভ্রষ্টা/চার [ভ্রষ্ট + আচার] বি, কদাচার ; পাপাচার। বিণ, ~চারী। > স্ত্রীং ~চারিণী।

ভ্রাজক [ভ্রাজ্ (দীপ্তিতে) + অক (কর্তৃ)] বি, দীপ্তিকারক।

ভ্রাতা [ভ্রাজ্ (দীপ্তি পাওয়া) + তৃ (কর্তৃ)=ভ্রাতৃ ১মা, ১ব॰। তুল-গ্রী॰ phrater] বি, সহোদর। ২ সোদর-প্রতিম ব্যক্তি ; সহোদরস্থানীয় ব্যক্তি। ৩ বৈমাত্রের ভাই।

ভ্রাতুষ্পুত্র [ভ্রাতুঃ (ভ্রাতার) + পুত্র, ৬তৎ ; ভ্রাতৃ=ভ্রাতুঃ] বি, ভ্রাতার সন্তান ; ভাইপো। স্ত্রীং ~ী-ভাইঝী।

ভ্রাতুষ্পৌত্র [ভ্রাতুঃ + পৌত্র] বি, ভ্রাতার পৌত্র। স্ত্রীং ~ী-ভ্রাতার পৌত্রী।

ভ্রাতৃ/ক [ভ্রাতৃ (ভ্রাতা) + ক (যোগ্যার্থে)] বিণ, ভ্রাতৃযোগ্য। ~কন্যা-বি, ভ্রাতার কন্যা ; ভাইঝী। ~জ [ভ্রাতা (হইতে) জ (যে জন্মে) + অ (কর্তৃ)] বি, ভ্রাতৃপুত্র ; ভাইপো। > স্ত্রীং ~া-ভাইঝী ; ভ্রাতৃকন্যা। ~জায়া [ভ্রাতৃ (ভ্রাতার) জায়া

্ যুক্ত বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র). ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ. ঙ্গ=ংগ জ্ঞ=গাঁ ঞ্চ=নচ ঞ্জ=ন্‌জ হ্ণ=হ্ণ হ্ন হ্ম হ্ব হ্ল=হ্‌ল হ্ন হ্ম হ্ব ত্ক্ব, ব ব ব হু=zfwv ও চো॰ জঃ

(পত্নী), ৬তৎ] বি, ভ্রাতার পত্নী ; ভ্রাতৃবধূ। ~ত্তনয়-বি, ভাইপো। >স্ত্রীং ~া-বি, ভাইঝী। ~ত্ব-বি, ভাই সম্বন্ধ ; ভ্রাতার ভাব। ~দ্বিতীয়া-বি, হিন্দুর পর্ব্ববিঃ ; কার্ত্তিক মাসের শুক্লা দ্বিতীয়া তিথিতে ভ্রাতৃপূজারূপ উৎসব ; যম-দ্বিতীয়া। "জৈন গুরু মহাবীর ৫২৭ খৃষ্ট পূর্ব্বাব্দে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহার নির্ব্বাণ হইলে রাজা নন্দিবর্দ্ধন তৎপ্রতি প্রেমবশতঃ চিন্তান্বিত হইলে তাঁহার ভগিনী তাঁহাকে বুঝাইয়া আদর সহকারে ভোজন করাইয়াছিলেন, তদবধি জগতে ভ্রাতৃদ্বিতীয়া পর্ব্ব প্রবর্ত্তিত হয়।" -দীপোৎসব কল্প, সা০ প০ প০, ১৩১৫। ~পুত্র-ভাইপো। ~পুত্রী-বি, ভাইঝী। ~প্রেম-বি, ভায়ের প্রতি ভালবাসা। ~বৎ-বিণ, ভ্রাতার ন্যায়। ~বধ-বি, ভ্রাতার প্রাণনাশ। ~বধূ-বি, ছোট ভায়ের স্ত্রী ; ভাদ্রবধূ। ~ব্য [ভ্রাতৃ (ভাই)+ব্য (অপত্যার্থে)] বি, ভ্রাতুষ্পুত্র ; ভাইপো। "কোন পরিবারের বয়োজ্যেষ্ঠ না থাকিলে ভগিনীকে ভ্রাতার রক্ষণাধীনে থাকিতে হইত ; ভ্রাতা না থাকিলে ভ্রাতৃব্যেরা রক্ষণাবেক্ষণের ভার গ্রহণ করিতেন। এ যুগে cousin অর্থজ্ঞাপক কোন শব্দ প্রচলিত নাই বলিয়া বৈদিক ভাষার ভ্রাতৃব্য কথাটির প্রচলন করিতে ইচ্ছা করিতেছি।" -বিজয়চন্দ্র মজুমদার (প্রবাসী)। [>স্ত্রীং ~া-ভাইঝী]। ~ভাব-বি, ভাই ভাই সম্বন্ধ ; সৌভ্রাত্র। ~শ্বশুর [ভ্রাতা (পতির ভ্রাতা) শ্বশুর (শ্বশুরের ন্যায় পূজ্য), উপমিত] বি, পতির জ্যেষ্ঠ ভ্রাতা ; ভাশুর। ~স্নেহ-বি, ভ্রাতৃপ্রেম ; ভ্রাতৃবৎসলতা। ~হত্যা-বি, ভ্রাতৃবধ। ~হন্তা-বিণ, ভ্রাতৃহত্যাকারী।

ভ্রাত্রীয় [ভ্রাতৃ (ভাই)+ঈয় (সম্বন্ধার্থে)] বি, ভ্রাতৃ সম্বন্ধীয়। ২ বি, ভ্রাতৃসম। স্ত্রীং ~া।

ভ্রান্তি, [মনোবিজ্ঞা০ পরিঃ (পি০ শে০ বসু)] ইং delusion এর বৈজ্ঞা০ পরিঃ।

ভ্রান্তি, [ভ্রম্+তি (ভা০)। বৌ০ বাং-ভ্র-ভতি, ভত্তিঅ, ভন্তি, ভাংতি, ভান্তি, ভান্তী] বি, ভ্রম ; প্রমাদ ; ভুল। "ভারত পুরাণে কয়, ব্যাসের কি ভ্রান্তি হয়, বুঝা যাবে ভ্রান্তি সে কেমন।" -অ০ ম০। ২ ভ্রমণ। ৩ ঘূর্ণন। বিণ, ভ্রান্ত। ~কর-বিণ, প্রমাদজনক। ~জনক-বিণ, ভ্রম উৎপাদক। ~পাশ-ভ্রমজাল। ~প্রদ-ভ্রমজনক। ~বশতঃ-ক্রি-বিণ, ভ্রমহেতু। ~বিলসিত [ভ্রান্তি-বিলসিত (দ্রঃ)] বিণ, ভ্রমাত্মক ; ভ্রমসঙ্কুল। "আদ্যরসের উল্লেখ করিতে হইলে যে লেখনী ঘৃণাকর ও লজ্জাজনক বিষয় সকল উদ্গীর্ণ করিবে ইহা কেবল ভ্রান্তিবিলসিত।" -জয়গোপাল গোস্বামী। ~বিনোদ-ক্রমান্বয়ে ভ্রমে পতন জনিত আমোদ। ~মান্, [ভ্রান্তি+মৎ (স্ত্যা০)=ভ্রান্তিমৎ ১মা, ১ব০] বিণ, ভ্রমযুক্ত ; ভ্রান্তিবিশিষ্ট। স্ত্রীং ~মতী। ~মান্,-বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ Rhetorical mistake. "অত্যন্ত সৌসাদৃশ্য জানাইবার মানসে সদৃশ গুণসম্পন্ন বস্তুতে সদৃশ বস্তুর কাল্পনিক বা কবিপ্রৌঢ়োক্তিসিদ্ধ ভ্রমকে ভ্রা০ বলে" -কাব্যনির্ণয়। "দেখ সখে, উৎপলাক্ষী, সরোবরে নিজ অক্ষি প্রতিবিম্ব করে দরশন। জলে কুবলয় ভ্রমে বার বার পরিশ্রমে ধরিবারে করয়ে যতন॥" -বঙ্কু। এই ভ্রম স্বাভাবিক হইলে ভ্রা০ হয় না। যথা-"স্থানে স্থানে প্রাচীরেতে স্ফটিকমণ্ডপ। দ্বার হেন জানিয়া চলিল দুর্য্যোধন॥ ললাটে প্রাচীর লাগি পড়িল ভূতলে। দেখিয়া হাসিল পুন সভাস্থ সকলে।" -মহা০ (কাশী০)। এখানে যথার্থ ভ্রম হেতু ভ্রা০ অলঙ্কার হইল না। ~মূলক-ভ্রমাত্মক। ~সঙ্কুল-বিণ, ভ্রমপ্রমাদপূর্ণ। ~হর-বিণ, ভ্রমনিবারক।

ভ্রামক-বি, অয়স্কান্ত মণি। ২ চুম্বক প্রস্তর। ৩ শৃগাল।

ভ্রামর [সং] বি, মধু। ২ চুম্বক পাথর ; অয়স্কান্ত মণি। ৩ নৃত্যবিঃ। ৪ বিণ, ভ্রমর সম্বন্ধীয়। স্ত্রীং ~ী-দুর্গা [কথিত আছে দুর্গা ভ্রমররূপ ধারণ করিয়া মহাসুরকে ছলনা করিয়াছিলেন]।

ভ্রামরীমিত্র-বি, যতক্ষণ মধু ততক্ষণ ভ্রমর যেমন পুষ্পবন্ধু তদ্বৎ স্বার্থপর বন্ধু ; সুখের পায়রা। ~তা-বি, উক্তরূপ বন্ধুত্ব।

ভ্রাম্যমাণ [ভ্রম্-ণিচ্=ভ্রামি (ভ্রমণ করান)+আন (শ), য, ম আগম] বিণ, ঘূর্ণমান। ভ্রা০ মূলধন [ধনবিজ্ঞা০ পরিঃ] বি, চলপুঁজি ; শ্রমশিল্পে যে কাঁচা মাল ব্যবহৃত হয় ও শ্রমজীবী প্রভৃতিকে যে টাকা দেওয়া হয় capital floating. ভ্রা০ লাইব্রেরী [ইং circulating libraryর বঙ্গানুবাদ] বি, লোকশিক্ষার জন্য যে গ্রন্থাগার গ্রামে গ্রামে ঘুরিয়া শিক্ষা প্রচার করে।

ভ্রূ, ভ্রূ [ভ্রম্ (ভ্রমণ করা)+উ (কৃ)। গ্রা০ ভুরু, ভুরুরু (দ্রঃ)। মৈ০-ভোঁ, ভঁউ, ভোঁহ] বি, চক্ষুর উপর ললাট নিম্নস্থ ধনুকাকৃতি রোমরাজি। ~কুঞ্চন-বি, ভ্রূ সঙ্কোচন বা কোচকান। ~কুটি [ভ্রূ-কুট্ (কুটিল হওয়া) +ই (ভা০)] বি, ভ্রূভঙ্গী ; ক্রোধাদি দ্বারা ভ্রূর বক্রতা। "ভ্রূকুটি ভয়াল ভীষণ আকার।" -বাং গান। ~ক্ষেপ-বি, দৃষ্টিপাত। ~বিলাস-ভ্রূভঙ্গী ; ভ্রূর সঙ্কোচ ও প্রসারণ ; ভ্রূ লীলা। ~ভঙ্গ, ভঙ্গী-বি, ভ্রূকুটি ; ভ্রূবিলাস। "অপাঙ্গে ভ্রূভঙ্গে বালা অনঙ্গে নাচায়।" ~মধ্য-বি, ভ্রূযুগলের মধ্যস্থল। ~লতা-বি, লতাবৎ বক্র ভ্রূ। ~সঙ্কেত-বি, ভ্রূ সঞ্চালন দ্বারা ইঙ্গিত।

ভ্রূকুংশ, -স-ভ্রূকুংশ দ্রঃ।

ভ্রূকুণ্ডা [গ্রা০ ভুরকুণ্ডো] বি, আষাঢ় মাসে জাত এক প্রকার তৃণ, ইহার অগ্রভাগে ছোট ছোট বীজ হয় ; উহা বস্ত্রাদিতে লাগিবামাত্র তৃণ হইতে বিচ্যুত হইয়া বস্ত্রেই লাগিয়া থাকে। স্থান ভেদে ইহাকে ঝুরকুণ্ডো বলে। বরিশালে উহাকে লেঙরা বলে। "ঠেকি সাধু অঙ্গে একে একে ভাঙ্গে আষাঢ়িয়া যেন ভ্রূকুণ্ডা।" -কবিক০।

ভ্রূণ [সং] বি, গর্ভস্থ সন্তান। ২ [জীব০ পরিঃ (হি০ কো০)] কলল ; জরায়ুস্থ জীব ; ইং embryoর বৈজ্ঞা০ পরিঃ। ৩ শিশু। ~ঘ্ন-বিণ, ভ্রূণহন্তা ; গর্ভের সন্তান বিনাশকারী। ~পত্র [উদ্ভিদ০ পরিঃ] বি, ইং cotyledon এর বৈজ্ঞা০ পরিঃ ; বীজপত্র। [একভ্রূণপত্রী-ইং monocotyledon এর বৈজ্ঞা০ পরিঃ। দ্বিভ্রূণপত্রী-ইং dicotyledon এর বৈজ্ঞা০ পরিঃ ; দ্বিবীজপত্রী]। ~হত্যা-বি, গর্ভস্থ সন্তাননাশ ; চেষ্টা করিয়া গর্ভপাত। ~হা-বিণ, ভ্রূণঘাতক।

মঁ১-ব্যঞ্জন বর্ণমালার পঞ্চবিংশ এবং প বর্গের পঞ্চম অনুনাসিক ওষ্ঠ্য বর্ণ। প্রত্যেক বর্গের চতুর্থ বর্ণ উচ্চারণ কালে মুখ দিয়া সমস্ত বায়ু নিঃশেষে বাহির হইয়া যায়, সুতরাং তার পরবর্ত্তী বর্ণের উচ্চারণে যে অত্যল্পমাত্র মুখ-মারুত অবশিষ্ট থাকে, তার সাহায্যে ওষ্ঠ ভেদ করিবার শক্তিতে কুলায় না বলিয়াই অনুনাসিক হইয়া পড়ে। এই হেতু যে রুগ্ন দুর্ব্বল-দেহ, যার জীবনীশক্তি নিঃশেষিত-প্রায়, সে অনুনাসিক স্বরে কথা বলে। প্রা° বাং-র ম স্থলে "ঙ" ও "ঞ"র ব্যবহার দৃষ্ট হয়। যথা, -কুমার স্থলে কোঙর, নিতাম, পাইলাম স্থলে নিতাঙ, পাইলাঙ ই°। ঘনরামের ধর্ম্মমঙ্গলে বাঘের ডাক-"হাঙ হাঙ"। আধু° বাং-র তাহা "হাম্ হাম্" বা "হালুম"। হম্ শব্দকরণ অর্থে হুঙ্কার; গোস্বামী স্থলে "গোসাঞি"। আধু° কথ্য বাং-র কোন কোন স্থলে ম স্থানে ব, ব স্থানে ম, প স্থানে ম এবং ম স্থানে ৺ ব্যবহার আছে। যথা,-আম-আঁব; নামা-নাবা; বৈষ্ণব হইতে বৈষ্টঁব পরে বোষ্টম, প্রদীপ-পদিম-পিদিম ; ধূম-ধূআঁ, পদ্মা-পদ্দাঁ। (প্রা° বাং-র হিং-র অনুসরণে ম স্পষ্ট উচ্চারিত হইত। তুল-সং, পদ্মিনী > হিং পদ্‌মিনী > ব্রজ° ও প্রা° বাং-র পদুমিনী)। আধু° বাং ক্রি-বিভক্তি ব স্থানে প্রা° বাং-র ও আধু° প্রাদে° বাং-র "ম" "মু"। যথা,-যাব, বলিব স্থলে যামু, বলিমু; ভুঞ্জিব স্থলে ভুঞ্জিম; রহিব, রব স্থলে রইমু, রমু। "কথা কহিয়া যামু", "গুরু স্বামী বলিমু," "হাতখানি দুঃখ হইলে পাওখানি বাতিমু। এ রঙ্গর কৌতুকর বেলা শুতি ভুঞ্জিম ভুঞ্জাইমু॥ গ্রীষ্মকালে বদনত দিম দণ্ড পাখার বাও। মাঘ মাসি শীতে বেঁধিয়া রমু গাও॥"-মাণিক° গান। ২ ["মঃ শিবশ্চন্দ্রমা বেধাঃ"-একাক্ষর কোষ। "মো যমে সময়েঽপি স্যাদ্‌বিধৌ চ মধুসূদনে" -মে°] বি, শিব। ২ চন্দ্র। ৩ ব্রহ্মা। ৪ যম। ৫ সময়। ৬ বিধি। ৭ মধুসূদন। ৮ কোমল ও লঘু শব্দ বাচক। যথা,-মচ্ মচ্, মণ্ মণ্। ট বর্গীয় বর্ণ ও র বর্ণে কাঠিন্যের ভাব থাকিলে ও তাহা ম যোগে লঘু বা ক্ষীণ হইয়া যায়। যথা, -মট্ মট্, মুট্ মুট্, মুড়্ মুড়্, মর্ মর্, (তুল-কট্ কট্, কড়্ কড়্, গট্ গট্, ই°)]। ৯ অতীব্র বা ধিমা (মধ্যম) ভাব, অর্থাৎ চড়্‌কো বা উগ্র নয়; অনুজ্জ্বলতাবাচক। যথা,-ম্যাক্ ম্যাক্, ম্যাড়্ ম্যাড়্, মিট্ মিট্, মিড়্ মিড়্, ই°। ১০ নিস্তেজ বা ক্ষীণ ভাববোধক। যথা.-মিন্ মিন্, ম্যান্ ম্যান্। ১১ চট্‌পটে ভাবের বৈপরীত্যবোধক। যথা,-ম্যাজ ম্যাজ, ম্রিয়মাণ, মুষড়ান ই°।

মঁ২ [প্রা° বাং] ভবিষ্যৎকাল উ° পু°, ক্রিয়াবিভক্তি। প্রা° বাং "ইম"=আধু° বাং ইব,=প্রাদে° "ইমু" > ক্ষে° ম। খাইমু= খাম। "সাপ খাম বিষ পেম চারি যুগে মুঞি জীম"-মনসা ম° (বিজয়°), খৃঃ ১৫শ শতাব্দী।

মঁ৩ [আমি দ্রঃ। অতি প্রা° বৌদ্ধ বাং-র আমি অর্থে "মই", "মাএ", মোএ" ; আমার অর্থে "মকুঁ", "মহু", "মোর", "মোরি", "মোহোর" (দ্রঃ) ; আমার দ্বারা অর্থে "মই", "মহু", "মাই", "মাএ" ; আমাকে অর্থে "মোহ" ও আমাতে অর্থে "মরি" শব্দের ব্যবহার ছিল। "এবেঁ চিঅরাঅ মকু ণঠা", (=এবে চিত্তরাজ মম নষ্ট)-চ° পদ° ৬৫।২। "মই অহারিল গঅণত গণিআঁ" "তোএ সম করিবেম সাঙ্গ" ই° প্রয়োগ "বৌদ্ধগান ও দোহা" গ্রন্থে দ্রষ্টব্য। সং-অহম্ > হিং ম্যয়্ ; ব্রজ° ম ; ওড়ি°-মো, মু, মুহি; প্রা° বাং-ম, মো, মোঁ, মু, মুহি, মুই, মুঞি] স, আমি। "দিবস ফুরায়ল অবহুঁ ম যাওব।" -পদাবলী (রবী°)। "এগুলাক খাম গুরু বাপ মোঁ না জানোঁ।"-মাণিক° গান। "মোতে অগোচর প্রায়ে জানই মু ভাল।" "গোয়ধর চেলি মুহি"-গোবিন্দ° গীত।

মঁ৪ [সং-মা] অ, নিষেধে; না। "ম করহ" (করিও না। টীকায়-"মা করিষ্যসি")-বৌদ্ধ-গান ও দোহা। "সুরহিঁ সঙ্গ ম করহি"-ঐ। "পর অপ্পাণ ম ভন্তি [ভুল] করু সঅল নিরন্তর বুদ্ধ।"-ঐ।

মঁ৫ [সং-মৃ (মরণে) > বাং-র মরা > ক্ষে° মআ > ম (মরা)] মরণার্থক ধাতু। মলাম= মরিলাম। মনু, মইনু=মরিলাম। মল, মইল= মরিল। মইলে=মরিলে। মত্তে=মরিতে, মরতে। মরা দ্রঃ।

মঁ৬ [মআ দ্রঃ] মন্থন করা অর্থক ধাতু। মই (মন্থন করি), ম (মো, মও), ময় (মন্থন করে), মইতে (ক্ষে° মতে) ; মইয়া (প্রা° ময়ে)।

মঁআ১ [ম ধাতু + আ (ক্রি-বিভক্তি)। মওয়া দ্রঃ। মই, মৈ মও (ময়েন্, মৈস), মঅ, ময় (ময়েন) ; মইতে, মৈতে ; মইয়া, মৈয়া। প্রা° ময়ে)। ণিজন্ত-মআনি, মওয়ানি] ক্রি, মন্থন করা।

মঁআ২ [মরা (দ্রঃ) র প্রা° ও প্রা° বাং রূপ] ক্রি, মরা। "ম৫" দ্রঃ।

মঁই১ [আমি, মুই দ্রঃ। বৌ° বাং-র ভূরি ব্যবহার] স, আমি। "এতকাল হাঁউ অচ্ছিলেঁ স্বমোহেঁ। এবেঁ মই বুঝিল সদ্‌গুরু বোহেঁ॥" "মই অহারিল গঅনত গণিআঁ॥"-চ° পদ° ৫৫।১।৪। "স্বপণে মই দেখিল তিহুবণ সুণ।" -চ° পদ° ৩৬।৪।

মঁই২, মৈ [সং-মদী (শব্দকল্পে) > হিং মঈ; অস° মৈ] বি, কর্ষিত ক্ষেত্রকে ধূলিরূপে পরিণত করিবার বংশনির্ম্মিত যন্ত্রবিঃ harrow, "সকল সাজ হৈল পরভুর আর সাজ চাই। গটা দস কুআ দিআ সাজাইল মই।"-শূ° পু°। ২ বাঁশ বা কাঠের সিঁড়ি ladder. "গাছে তুলে দিয়ে বঁধু কেড়ে নিল মই।"-নবীন তপস্বিনী। মই দেওয়া-ক্ষেতের জমাট মাটি গুঁড়া করিবার জন্য তার উপর দিয়া মই চালান। "মাট করে মৈ দিয়া মাটি কৈল চূর্ণ॥"-শি°। গাছে তুলে দিয়ে মই কেড়ে নেওয়া-প্রবৃত্ত হইতে কোন বিষয়ে উৎসাহদান করিবার পর তাহাকে প্রবৃত্ত-

]ক্ত বিষবৎ (অগ্র=অগ্‌গ্র), ˘হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ=ংগ ঞ=ণ্যা ক=ন্চে ক=ষ্টঁ [illegible] ও প্রা° দ্রঃ

হইলে সাহচর্য্য না করা বা বিপক্ষতা করা। পাকা ধানে মই দেওয়া-ক্ষেত্রের ধান পাকিলে সামান্য আঘাতে শীষ হইতে ঝরিয়া পড়ে, সুতরাং তাহাতে মই দিলে সমস্ত ধান নষ্ট হয় ও কৃষকের সর্ব্বনাশ হয়। ২ [লক্ষ°] লাভের মুখে ক্ষতি করা। তুল-প্রস্তুত অন্নে বা বাড়া ভাতে ছাই দেওয়া।

মইদা [চ° ক° ভা°] বি, ময়দা।

মইপাল [সং-মহীপাল > প্রা°] বি, মহীপাল; রাজা। ২ বঙ্গের পালবংশীয় প্রসিদ্ধ রাজা। ৩ মহীপাল নামক ধান্য। "ওড়া ধান কাটা বুনে মরিচ মইপাল।"-শূ° পু°।

মইর্ল, মৈর্ল [মরিল > বাং প্রাকৃ°। ম্ ব্র:। মইলু, মইল, মইলে ই°] ক্রি, মরিল। "মইলে তোমায় লাগ পাছে নাক্রি পাই"-ভাগবত (অভিরাম)।

মইলা [চ° ক° ভা°] বিণ, ময়লা।

মইলান [মলিন > । প্রা° বাং] বিণ, মলিন। "কপালের সিন্দুর ম° দেখিল"-মাণিক°।

মইষ [চ° ক° ভা°। অন্যত্র 'মইসা', ও°। তুল-হি° ভৈঁসা] বি, মহিষ।

মইসা১ [সং-মসি > । প্রা° মসে। প্র-কাপড়ে মসে ধরেছে] বি, বস্ত্রাদিতে।

মইসা২ [সং-মসি > মসিআ > মইসা] বি, মসে (দ্র:)।

মউ [সং-মধু > মহ > মউ] বি, মধু। "আতা গাছে তোতা পাখী ডালিম গাছে মউ। ঘরের কোণে লুকিয়ে বসে লিখচে চিঠি বউ।"-কিরণধন চট্টো°। ~আ-মহুয়া দ্র:। ~আলু, মৌআলু [মউ, মৌ (< মধু) + আলু। বৈদ্যকে সং নাম 'মধুরালুক'] বি, শাঁখালু অপেক্ষা অল্প শ্বেত মধুরাস্বাদ কন্দবি:; শকরকন্দ জাতীয় আলুবি:। ~চাক [মউ (মধু) চাক (চক্র)] বি, মধুচক্র।

মউজ [মৌজ দ্র:] বি, তুফান; ঢেউ।

মউজি [ফা° মগ্‌জী] বি, কিনারা; পাড়। ~শেলাই-মুড়ি শেলাই।

মউড় [মুকুট >] বি, টুপী; বিবাহ সময়ে মাথার টোপর; সিঁথী মউর; কন্যার মাথার মুকুট। "মাথার মউড়ে আমি আসিয়াছি বাসে।"-কবিক°।

মউড়্গা, মিউড়্গাতলা [মউড় (দ্র:) + ফা° গাহ্ > । মু°বাং] বি, বিবাহের স্থান; ছাঁদলাতলা। "ছেয়ান করাইয়া যাইয়া মউড়্গাতলে নিল"-পূ° ব° গী°।

মউনী,-নি [সং-মন্থনী >] বি, মন্থন-দণ্ড। প্র-ঘোল-মউনী।

মউমাছি [মউ (মধু) মাছি (মক্ষিকা) > মকি > মচ্ছি > মাছি] বি, মধুমক্ষিকা; মৌমাছি।

মউর [সং-ময়ূর > । প্রা° মোর ও°] বি, ময়ূর।

মউরলা [বৈদ্যকে "মুরল"] বি, স্বাদু, লঘুপাক, ক্ষুদ্র মৎস্যবি:; মৌরলা মাছ।

মউরী-মৌরী দ্র:।

মউল১ [সং-মুকুল > প্রাকৃ°] বি, মুকুল; বউল।

মউল২ [হি° মহুআ (দ্র:)] বি, মহুয়া ফুল। ইহা হতে মদ্য প্রস্তুত হয়।

মওন [মন্থন > প্রা°] বি, মথন; আলোড়ন।

মওড়া [সং-মুখ > হি° মুহ > মুহ্‌রা > বাং-মহড়া (দ্র:), মোআড়া, মোয়াড়া > মওড়া] বি, মুখপাত্র; সম্মুখভাগ; সাম্না। ম° লওয়া [হি° মুহ্‌রা লেনা (মুকাবিলা করা)] ক্রি, মুখোমুখী লড়াই করা; সম্মুখ সমরে যুঝা; প্রতিদ্বন্দ্বিতা করা। প্র-ওর ম° নেয় কে? ও একাই দশজনের ম° নিতে পারে।

মওয়া [মআ দ্র:] ক্রি, মন্থন করা।

মওলা [মহলা দ্র:] বি, অভিনয়াদির পূর্ব্বাভ্যাস rehearsal. ২ [ফা°] বি, ঈশ্বর।

মঁঅল [চ° ক° ভা°] বিণ, মঙ্গল।

মকদুর [আ° মক্‌দুর্] বি, কার্য্যদক্ষতা; শক্তি; ক্ষমতা।

মকদ্দমা [আ° মুকদ্দমা] বি, মামলা; আদালতে অভিযোগ। ২ বিষয়; ব্যাপার; কাজ। "এ আর কতক্ষণের মোকদ্দমা।

মকবরা [আ°] বি, সমাধিভবন; কবর; গোর।

মকমক [অনু°] অ, রুদ্ধ ক্রোধব্যঞ্জক শব্দ; গরগর। "রাগে মকমক করিতেছে"। ২ ভেকের চিৎকার।

মকমকী [অনু°] বি, ভেঙের ডাক; ভেকরব। "হড়মড়ী মেঘের ভেকের মকমকী।" -অ° ম°। ২ উচ্চৈস্বর। ৩ ক্রি, মকমকা -মকমক শব্দ করা। ২ চীৎকার করা; ডাক ছাড়া। "এই বুলি মকমকি কাঁদে রঘুরাই। -অনন্ত কন্দলী° রামা°।

মকমল, মখমল [আ° মখ্‌মল্] বি, কোমল স্থূল চিক্কণ বস্ত্র। ম° পোকা -ইন্দ্রগোপ কীট।

মকর [সং। "মৎস্য জাতিত্বাত্মকর এব মীন:"-অমরটীকা। "যাদাংসি জলজন্তব:। তদ্ভেদা: শিশুমারোদ্রশঙ্করো মকরাদয়:"-অমর°। "মকরো নিধৌ নক্রে রাশিবিশেষে চ॥"-হেম°] বি, জলজন্তুবি:; মকরকে কেহ মীন (তুল, মকরধ্বজ-মীনকেতন), কেহ নক্র বা হাঙ্গর বলিয়া থাকেন কিন্তু পৌরাণিক বর্ণনানুসারে মকরের মস্তক ও সম্মুখের পদদ্বয় কৃষ্ণসার মৃগের ন্যায় এবং দেহ ও পুচ্ছ মৎস্যবৎ। এই জন্য গঙ্গাদেবীর বাহন। ২ কামদেবের ধ্বজচিহ্ন। ৩ [জ্যো°] রাশিচক্রের দশম রাশি capricornus. ৪ কুবেরের নিধিবি:। ৫ সমবয়স্কা সঙ্গিনীদ্বয়ের বন্ধুত্ব-জ্ঞাপক কৃত্রিম বা পাতান নাম। "ও মকর গঙ্গাজল, কাল সজনীর বিয়ে হবে সইতে যাব জল।"-বঙ্কিম°। "ইহার হইয়া কহে উহার মকর। গোবিন্দেরে দেখিয়াছে এ বড় পামর।" ৬ মাঘ মাস (খনা)। ~কুণ্ডল-বি, মকর আকৃতি কর্ণভূষণ। "হেলায় দুলিছে কাণে মকরকুণ্ডল।" -জ্ঞান°। ~কেতন, ~কেতু [মকর কেতু (ধ্বজ) যার, বহু°] বি, মীনধ্বজ; কন্দর্প। "সঙ্গেতে মকরকেতু আইল বসন্ত ঋতু তরুলতাগণ পুলকিত।" -কবিক°। ২ সাগর। ~ক্রান্তি [জ্যো° পরি:] বি, নিরক্ষরেখা হতে ২৩ অংশ দক্ষিণে স্থিত অক্ষরেখা। ২ [জ্যো° (ক°বিণ° পরি:)] ইং winter solstice এর বৈজ্ঞা° পরি:। ~ক্রান্তিবৃত্ত-বৃত্ত দ্র: tropic

of capricorn. ~বৃত্ত-বৃত্ত দ্রঃ। ~ধ্বজ (-র্জ-) [মকর-ধ্বজ (পতাকা) যার, বহু০] বি, মীনকেতন ; মদন। ২ আয়ুর্ব্বেদীয় ঔষধবিঃ। ৩ রসসিন্দুরবিঃ। ~বাহিনী [মকর-বাহী (বাহক) যার (বহু০)] বি জাহ্নবী ; গঙ্গা। ~ব্যূহ [মকর আকৃতি ব্যূহ, ম০ প০ লো০] বি, মকরের আকারে সৈন্য সমাবেশ। "করিয়া মকরব্যূহ মুখে রহে কর্ণ। বাসুকি জিনিতে যেন সাজিল সুপর্ণ।"-মহা০(বিজয়০)। ~সংক্রান্তি-বি, মাঘ মাসের সংক্রান্তি যে দিন সূর্য্যের উত্তরায়ণ আরম্ভ হয় ও সূর্য্য মকররাশিতে সংক্রমণ করে।

মকরন্দ [সং] বি, পুষ্পরস ; ফুলের মধু। "হৃদয়ে পূরিত বিষ মুখে ম০।"-কবিক০। ২ কুঁদফুলের গাছ। ~বতী-বি, পাটলা-পুষ্প। ২ বিণ, মধুবিশিষ্টা।

মকরা/কর [মকর+আকর (আধার), ৬তৎ] বি, সাগর ; সমুদ্র। ~কার-বিণ, মকরের আকৃতিবিশিষ্ট। ~ক্ষ [মকরের অক্ষির মত অক্ষি যার, বহু০] বি, রাক্ষসপতি রাবণের সেনাপতি। ~ঙ্ক [মকর+অঙ্ক (চিহ্ন) যার, বহু০] বি, মকরধ্বজ ; মদন। ২ সাগর। ~লয় [মকরের-আলয় (গৃহ), ৬তৎ] বি সিন্ধু। ~শ্ব [মকর-অশ্ব (অশ্বসদৃশ) যার, বহু০] বি, বরুণ। ~সন [তন্ত্রের পরিঃ] বি, রুদ্রযামলোক্ত আসনবিঃ। ~স্য [মকর+আস্য] বি, বিণ, মকরমুখ।

মকরিকা [মকর+ইক (সাদৃশ্যার্থে)+আ (স্ত্রীং)] বি, মকরাকার পত্রাবলী ; ললাটে চন্দনাদি দ্বারা মকরাকার চিত্রিত রেখা ; ললাটিকাবিঃ।

মকাই [হিং মকই] বি, মকা ; ভুট্টা maize.

মকান [আ০ মকান] বি, বাড়ী।

মকার ['ম' (এই অক্ষর)+কার (স্বরূপার্থে)] বি, 'ম' এই বর্ণ। ~-সাধন-পঞ্চমকার দ্রঃ।

মকুট [প্রা০ মুকুট দ্রঃ] বি, শিরোভূষণ।

মকুপ, -ফ, -ব-মৌকুফ দ্রঃ।

মকুর$_1$,-মুকুর দ্রঃ।

মকুর$_2$ [সং-মুকুর > প্রা০] বি, মুকুর ; দর্পণ ; আর্সী। ২ কুম্ভকারের দণ্ড।

মকুল, মুকুল-বি, কুঁড়ি।

মক্কা$_1$ [আ০-মক্কা] বি, আরবের রাজধানী ; মুসলিম ধর্ম্মপ্রবর্ত্তক হজরৎ মহম্মদের জন্মস্থান। ~পোড়ানী [গালীর ভাষা। তুল-যমজ্বালানী] বিণ, দেশের বা দেশবাসীর যন্ত্রণার হেতু ; দেশজ্বালানী। ~বুড়ী [বিদ্রূপে] বি, মক্কা (আরবের রাজধানী) বাসিনী স্ত্রীগণ বুরকায় মাথা হতে পা পর্য্যন্ত ঢাকিয়া বাহির হয় বলিয়া এই নাম ও ছেলেদের ভয় দেখাইবার শব্দ। তুল-জুজুবুড়ী।

মক্কা$_2$ [হিং। মকইও০] বি, ভুট্টা ; মকাই maize.

মক্কি [আ০ মক্কী] বি, কোরাণের অন্তর্গত এবং হজরৎ মহম্মদের আবির্ভাবের পূর্ব্বে মক্কায় প্রচলিত ও পরে সংগৃহীত সুরাগুলির নাম। মাদানি দ্রঃ। ইহাতে সাধাঃ ইসলামের মূলনীতি সকল বিধিবদ্ধ আছে।

মক্কেল [আ০ মোআক্কিল্] বি, উকীলের যজমান client.

মক্তব [আ০-মক্তব। মুক্তব ও০] বি, মুসলমানদিগের পাঠশালা। "যত শিশু মুসলমান তুলিল ম০ স্থান, মখদম পড়ায় পঠনা।"-কবিক০। ~খানা-স্কুল বাড়ী।

মক্‌স [আ০ মশক্ >] বি, অভ্যাস practice ; exercise. "ততদিন আমি বসে বসে কুন্দকে উঠ্‌বস্ ম০ করাই।"-বিষবৃক্ষ।

মক্ষিকা,-ক্ষী [সং] বি, মাছি [দংশক ম০ ৬ প্রকার-কান্তারিকা, কৃষ্ণা, পিঙ্গলিকা, মধুলিকা, কাষায়ী ও স্থালিকা। ইহারা বিষাক্তদংশন ও পীড়কা উৎপাদক]।

মখ [মখ্(গমন করা)+অ (ধি)] বি, ক্রতু ; যজ্ঞ। "আমি আইনু মখস্থান, না করিল মোরে মান,"-কবিক০।

মখদম [আ০ ম-খ্‌দিম্] বিণ, মৌলবী ; মুসলমান গুরুমহাশয়। "যত শিশু মুসলমান, তুলিল মক্তব স্থান,ম০ পড়ায় পঠনা"-কবিক০।

মখমল [ফা০-মখ্‌মল্] বি, মকমল দ্রঃ।

মগ$_1$ [ইং mug] বি, হাতলদার গেলাসবিঃ।

মগ$_2$ [বর্মী০ মঙ্ (শ্রীযুক্ত) সকলেরই নামের পূর্ব্বে লিখিত হয় বলিয়া ইহারা মগ নামে বাঙ্গালায় পরিচিত] বি, বর্মী ; বর্ম্মার অধিবাসী। ২ আরাকানের অধিবাসী। মগের মুলুক,-মুল্লুক-বি, ব্রহ্মদেশ। ২ আরাকান রাজ্য। ৩ অরাজকদেশ ; দস্যু বাটপাড়ের দেশ।

মগজ [ফা০ মগ্‌জ্] বি, মস্তিষ্ক brain. "মগজে গজিয়ে উঠে আক্কেল।"-রবী০। ম০ খালি করা-ক্রি, মস্তিষ্ক শূন্য করা ; ক্রমাগত বকিতে বকিতে মাথায় কিছু না রাখা। ম০ খেলানি-ক্রি, মস্তিষ্ক চালনা করা ; মাথা খেলান। "যার যে দিকে মর্জ্জি বা সুযোগ সে সেই দিকে ম০ খেলাইতে পারে"-বি০ সরকার।

মগজি [ফা০] বি, লেপ, বালাপোষ ই০-র ধারী বা কিনারা hem.

মগডাল [হিং মগরা (মাথা) >] বি, শীর্ষ শাখা ; বৃক্ষের সর্ব্বোচ্চ শাখা।

মগদ, মগদের লাড্ডু [সং-মুদ্গ (মুগ) > মগধ+লাড্ড (< সং-লড্ডুক) > হিং মগদকা লড্ডু >] বি, মুগের লাড়ু সোণামুগ চূর্ণের গোলা চিনির রসে পাক করিয়া প্রস্তুত মিঠাই।

মগধ-বি, দক্ষিণ বেহার প্রদেশ। বৈদিক-যুগের কীকট। ইহার প্রাচীন (জরাসন্ধের সময়ের) রাজধানী 'গিরিব্রজ', বৌদ্ধযুগের 'রাজগৃহ', আধু০ 'রাজগির'। ২ [বৈদিক সা০। তৈত্তিরীয় ব্রাহ্মণ ৩-৪।১।১, যজু০, বাজসনেয়ী সং, ৩০।৫।২২] মগধের লোক। > বিণ, মগধী-মগধ সম্বন্ধীয় ; মগধের ; মগধোৎপন্ন। ২ বিণ, বি, স্তুতিপাঠক ; গুণকীর্ত্তক ; ভাট ; বন্দী।

মগধাধিপ, মগধেশ্বর [মগধ+অধিপ, ঈশ্বর (রাজা), ৬তৎ] বি, মগধ দেশের অধিপতি ; মগধরাজ্যের রাজা। "মগধাধিপ-বৈভব-কীর্ত্তি শুনে।"-বাসবদত্তা। ২ রাজা জরাসন্ধ।

মগন [মগ্ন শব্দের পদ্যে কোমল রূপ] বিণ, মগ্ন ; বিভোর। "সুন্দর মগন হয়ে ভাটেরে বিরলে লয়ে জিজ্ঞাসে বিদ্যার রূপ গুণ।"-অ০ ম০। ২ আত্মবিস্মৃত ; সমাধিস্থ। "যোগ-

] যুক্ত বিবরণ (অগ্র=অগ্র), হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible]

মগন হয়।"-হেম০। ৪ নিমজ্জিত। "মগন তারকারাজি গগনের নীল জলে।"-সারদা-মঙ্গল। স্ত্রীং ~া-মগ্না ; আত্মহারা। "তুমি কার ঘরের মেয়ে কালি গো আপনার রঙ্গ রসে মগনা আপনি।"-কমলাকান্ত। ২ নিমজ্জিতা ; সমাবৃতা। কে তুমি ত্রিদিব দেবী বিরাজ হৃদি কমলে। নধর নগনা লতা মগনা কমলদলে।"-সারদামঙ্গল।

মগর [হিং] বি, মকর। ২ [প্রাদেং] পদাভরণ ভেদ ; মগর খাড়ু। "ঘাঘর মগর পাএ"-শ্রীং কং। "পায়ে মগর খাড়ু হাথে বলয়া"-শ্রীং কীং।

মগরা১ [মকর > ?] বি, পাদালঙ্কারবিঃ।

মগরা২ [আং মগ্‌রূর্ তা হতে হিং মগ্‌রা] বিণ, গর্ব্বিত ; দাম্ভিক। ২ চতুর। ৩ উন্নত ; সমৃদ্ধ। "বিংশতি যোজন ক্ষেত্র নগর মথুরা। পূর্ব্বে কাগার ছিল ইবে সে মং।"-চৈং মং। বি, ~ই-চতুরতা। ২ ঢেঁটাপনা। ৩ গর্ব্ব। ~মি-বি, গর্ব্ব। ২ ধৃষ্টতা। ৩ চতুরালি।

মগরা৩-বি, গঙ্গার উপকূলস্থ নগরী। প্র-মগ্‌রার বালি।

মগ্ন [মস্‌জ্ (নিমজ্জিত হওয়া) + ত (র্ত্তৃ)। স্‌=গ, ত=ন] বিণ, নিমজ্জিত। ২ অন্তঃপ্রবিষ্ট। ৩ বিভোর ; আত্মবিস্মৃত ; তন্ময়। "সেথানে আপনাতে আপনি মগ্ন"-উত্তরা, ১৩৩৩। ৪ প্রশমিত ; শান্ত। প্র-জ্বর মগ্ন হওয়া। স্ত্রীং ~া। ~ক [খনিজং] বি, ইং magnesium এর বৈজ্ঞাং পরিঃ(ত্রীবেদী)। ~গিরি-বি, সমুদ্রগর্ভস্থ পর্ব্বতবিঃ ; মৈনাক। ২ [পুং] হিমালয়ের পুত্র।

মঘ [মহ্ (পূজা করা) + অ (র্ম্ম), হ=ঘ] বি, পূজা।

মঘবা [মহ্ (পূজা করা) + অন (র্ম্ম), হ=ঘ, ব আগম = মঘবন্ ১মা, ১বং] বি, দেবরাজ ; ইন্দ্র। "মঘবার বল টুটে"-শিং। স্ত্রীং-মঘোনী-ইন্দ্রাণী।

মঘবান্ [মঘ (স্বর্গের সুখ) + বৎ (স্তং)= মঘবৎ ১মা, ১বং] বি, ইন্দ্র। "মনে জানি মং মহেশের লীলা। মহীতলে মাঘ শেষে মেঘরস দিলা।"-শিং। স্ত্রীং ইন্দ্রাণী।

মঘা [মহ্ (পূজা করা) + অ (ভাং) + আ (স্ত্রীং)। হ=ঘ] বি, সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে পঞ্চতারকাযুক্ত দশম নক্ষত্র। ~ত্রয়োদশী-বি, ভাদ্রমাসীয় মঘা নক্ষত্রযুক্ত কৃষ্ণাত্রয়োদশী। এই তিথিতে মধু বা পায়স দ্বারা পিতৃগণের শ্রাদ্ধ করিতে হয়।

মঙ্কু [ওড়িং, প্রাং বাং, পদ্যে। প্রাং মাকু] স, আমার। ২ আমাকে।

মঙ্কুর-মুকুর দ্রঃ।

মঙ্গ [সং] বি, নৌকার গলুই। ~রাজ [প্রাং বাং] বি, সাধারণ সৈন্য ও প্রাবল সংবসূচক উপাধিবিঃ।

মঙ্গল [মন্‌গ্ (গমনে) + অল (র্ত্তৃ)। প্রাদেং চট্টলং মঁঅল] বি, মহেশ্বর ; পরম-দেবতা। ২ মঙ্গলগ্রহ ; কুজগ্রহ mars. ৩ মঙ্গলবার ; ভৌমবার। ৪ শুভ ; কল্যাণ। "মঙ্গল তোমার নাম, মঙ্গল তোমার ধাম, মঙ্গল তোমার কার্য্য তুমি মঙ্গলনিধান।"-স্কং। ৫ মাহাত্ম্য ; দেবদেবীর স্তুতি-গীতি। প্র-অন্নদামঙ্গল ; ধর্ম্মমঙ্গল। "হরিনাম মঙ্গল উঠিল চতুর্দ্দিকে।"-চৈং ভাং। ৬ সুনিমিত্ত। "বামে শব, শিবা, কুম্ভ, দক্ষিণে গো, মৃগ, দ্বিজ, সম্মুখে উত্তমা স্ত্রী ; দক্ষিণাবর্ত্ত শঙ্খ ইত্যাদি সুনিমিত্ত বলিয়া পরিগণিত।"-জাতক, ৪র্থ খণ্ড টীকা। ৭ বিণ, শুভদায়ক। ৮ সুলক্ষণযুক্ত ; সচরাচর রাজার ব্যবহার্য্য দ্রব্যের নামের পূর্ব্বে "মঙ্গল" শব্দ ব্যবহৃত হইত যথা মঙ্গলাশ্ব, মঙ্গলহস্তী, মঙ্গলাসন ইত্যাদি। "উৎকৃষ্ট জাতীয় সিন্ধুদেশীয় ঘোটকরূপে জন্মগ্রহণ করিয়াছিলেন এবং বারাণসীরাজের মঙ্গলাশ্ব হইয়াছিলেন," -জাতক, ১।২৩। স্ত্রীং ~া-ক্ষেমঙ্করী ; দুর্গা। ~ক (-লঁ-) [খনিজং পরিঃ] বি, ইং manganese এর বৈজ্ঞাং পরিঃ (ত্রিবেদী)। ~কামনা-শুভ প্রার্থনা ; হিতাকাঙ্ক্ষা। ~কাম, ~কামী-বিণ, হিতাকাঙ্ক্ষী। ~কোট-বি, বর্দ্ধমান জেলার অন্তর্গত গ্রামবিঃ। "এড়ায় মঙ্গলকোট উজানী নগর।"-অং মং। ~গীত-শুভ সঙ্গীত। ২ মাহাত্ম্য কথন। ~গ্রহ-বি, মঙ্গল নামক গ্রহ। ২ শুভগ্রহ ; মঙ্গলদায়ক গ্রহ ; সৌভাগ্য। ~ঘট-শুভ কামনায় বা মঙ্গলোদ্দেশ্যে স্থাপিত ঘট ; দেব সম্মুখে স্থাপিত পূর্ণকলস। ~চণ্ডিকা, ~চণ্ডী [মঙ্গলবারে অর্চ্চনীয় চণ্ডিকা] বি, ভগবতী ; দ্বিভুজা রক্তপদ্মাসনস্থা গৌরবর্ণা দেবীবিঃ। অভীষ্ট সিদ্ধি মানসে হিন্দু মহিলাগণ মঙ্গলবারে এই দেবীর অর্চ্চনা ও ব্রত উপবাসাদি করিয়া থাকেন। [ধনপতি সওদাগরের পত্নী খুল্লনা প্রথম মঙ্গলচণ্ডী দেবীর পূজার প্রবর্ত্তন করেন]। ~ছায়-[মঙ্গল (া) + ছায়া যার, বহুং] বি, কল্যাণ-কর আশ্রয়। ২ প্লক্ষবৃক্ষ। ~জুকার-[মৈমনং প্রাদেং] বি, শুভ উলুধ্বনি (পূং মং গীং)। ~দায়ক-কল্যাণপ্রদ ; হিতকর। > স্ত্রীং ~দায়িকা। ~পাঠক-স্তুতি-পাঠক ; বন্দী। ~বার-বি, সপ্তাহের একটী দিন ; ভৌমবার ; কুজবার। ~মন্দির-বি, মঙ্গলালয় ; কল্যাণের আগার। ~ময়-বিণ, মঙ্গলালয় ; কল্যাণময়। "মঙ্গলময় তোমার বিশ্ব শোভা-সুখ-পূর্ণ"-স্কং। > স্ত্রীং ~ী। ~শিলা [বৌং বাং। জাতকে] বি, রাজার বসিবার শিলা। ~সমাচার-বি, শুভ সংবাদ ; সুসমাচার ; শুভবার্ত্তা। ~সম্বিধান-বরণ ডালায় দেয় মাঙ্গল্য দ্রব্য। ~সূত্র-পরিণয়কালে বর কন্যার হস্তে দূর্ব্বার সহিত বদ্ধ হরিদ্রারঞ্জিত সূত্র।

মঙ্গলন [মঙ্গল আচরণ > ক্তং] বি, মঙ্গলাচার ; শুভানুষ্ঠান। "কৌতুকেত দেবগণ, করিতে মঙ্গলন বসিলা বস্তা বিষ্ট হয়।"-শূং পূং। > নামধাতু মঙ্গলা [মঙ্গল + আ (আচরণ করা অর্থে)] ক্রি, মঙ্গলাচরণ করা। মঙ্গলিল-মঙ্গলাচার করিল ; হলারম্ভ করিল। "মাঘ মাসে গোঁসাই পিথিবি মঙ্গলিল।"-শূং পূং। "ডিঙ্গা মঙ্গলিতে রাধা করিল গমন"-কবিকং। "জল সয়ে মঙ্গলিলা হাঁড়ী।"-শিং।

মঙ্গলা [সং] বি, ভগবতী ; পার্ব্বতী। "মঙ্গলার মুখে কি মঙ্গল শুনি পাই"-গান। ২ পতিব্রতা নারী ; সাধ্বী। ৩ হরিদ্রা। ৪ শুক্ল ও নীল দুর্ব্বা। ৫ করমচা।

মঙ্গলাকর [মঙ্গল + আকর] বি, কল্যাণাধার।

মঙ্গলাকাঙ্ক্ষা [মঙ্গল + আকাঙ্ক্ষা

৬তৎ] বি, হিতকামনা। > বিণ, ~কাঙ্ক্ষী কল্যাণকামী। > স্ত্রীং ~কাঙ্ক্ষিণী।

মঙ্গলাগুরু [মঙ্গল+অগুরু] বি, অগুরুবিঃ।

মঙ্গলাচরণ [মঙ্গল+আচরণ, ধা] বি, মঙ্গলন; শুভানুষ্ঠান; মঙ্গলকার্য্য; কোন কর্ম্মের আরম্ভকালে মঙ্গলপ্রদ কর্ম্মের অনুষ্ঠান।

মঙ্গলাচার [মঙ্গল+আচার] বি, হিতানুষ্ঠান; শুভানুষ্ঠান; শুভপ্রদ বিধি-নিয়মাদির অনুষ্ঠান।

মঙ্গলামঙ্গল [মঙ্গল+অমঙ্গল] বি, শুভাশুভ; হিতাহিত।

মঙ্গলার্থ,-র্থে [মঙ্গল+অর্থ] অ, কল্যাণের জন্য।

মঙ্গলালয় [মঙ্গল+আলয়, ৬তৎ] বিণ, মঙ্গলাকর; মঙ্গলাধার; মঙ্গলময়। স্ত্রীং ~া।

মঙ্গলেষ্টক [মঙ্গল+ইষ্টক। বৌং জাতকে। তুল foundation stone] বি, ভিত্তিপ্রস্তর; শুভসঙ্কল্প করিয়া সমারোহের সহিত গৃহাদির ভিত্তিস্থাপনা সূচক মৃত্তিকা-তলে প্রোথিত প্রথম ইষ্টক।

মঙ্গলোৎসব [মঙ্গল+উৎসব] বি, শুভপর্ব্ব; পরিণয়োৎসবাদি।

মঙ্গল্য [মঙ্গল+য (হিতার্থে)] বি, সিন্দূর। ২ চন্দন। ৩ দধি। ৪ সুবর্ণ। ৫ অশ্বত্থ গাছ। ৬ বেল গাছ। ৭ করেতবেল গাছ। ৮ নারিকেল গাছ। ৯ বিণ, কল্যাণ-প্রদ; শুভজনক। ১০ সুখদায়ক; সুখপ্রদ।

মঙ্গল্যা [মঙ্গল+য (হিতার্থে)+আ (স্ত্রীং)] বি, ভগবতী; পার্ব্বতী; দুর্গা। ২ দূর্ব্বা। ৩ শতপুষ্পা। ৪ প্রিয়ঙ্গু। ৫ জীবন্তী লতা। ৬ মাসপর্ণী। ৭ শুক্রবচা। ৮ হরিদ্রা। ৯ সুগন্ধি দ্রব্যবিঃ; রোচনা। ১০ অগুরুবিঃ। ১১ মিশী। ১২ ঋদ্ধি নামক ঔষধ।

মঙ্গল্যাগুরু [বৈদ্যকে। মঙ্গল্য + অগুরু] বি, কেদার খণ্ডে উৎপন্ন অগুরুবিঃ। ইহা সুগন্ধি ও শীতল, এবং যখন যে দ্রব্যের সহিত মিশ্রিত হয় তখন তাহারই গুণযুক্ত হয়।

মঙ্গিনী [মঙ্গ (দ্রঃ)+ইন্ (ত্যং) + ঈ (স্ত্রীং)] বি, নৌকা।

মচ্ [অনুং] বি, অনুকার শব্দ; মোচড়ের শব্দ; চর্ব্বণের শব্দ; শুষ্ক চর্ম্মের শব্দ। ~মচ [ক্রমাগত অর্থে দ্বিত্ব] বি, মচ্‌মচ্ শব্দ। ২ চর্ব্বণ শব্দ; কচ মচ দ্রঃ। প্র-পাকা পান-গুলা মচমচ করিয়া চিবায়। বিণ, ~মচিয়া, ~মচে-মচ্‌মচ্ শব্দকারী। ২ ক্ষণভঙ্গুর। ~মচানি-ক্রি, মচ্‌মচ্ শব্দ করা। > বি, ~মচানি-মচ্ মচ্ শব্দ। ২ চর্ব্বন শব্দ; কচমচানি।

মচক [হিং] বি, মোচড়।

মচকা [হিং মসক্ (এক চিমটী; অত্যল্প) >] বিণ. অত্যল্প; সামান্য মাত্র। ২ ভগ্ন-প্রায়; ছিন্নপ্রায়। ৩ বি, মোচড়া।

মচকানি [মচক (দ্রঃ)+আন (ক্রিয়ায়)। হিং মচক্‌না। মচকাই, মচকাও, মচকায়; মচকাইতে; মচকাইয়া (ক্ষেং মচ্‌কে)] ক্রি, ঈষৎ ভগ্ন হওয়া; ভগ্নপ্রায় হওয়া; দোমড়ান; মোড়া। ২ মুচড়ে দেওয়া। > বি, মচকানি। ভাঙ্গে তি মচকায় না-কাঠিন্য হেতু, ভগ্ন হয় কিন্তু নত হয় না। ২ [লক্ষং] প্রাণ দেয় তবু বিনীত হয় না। তুল-মরে ত মর্য্যাদা হারে না।

মচ্চিভঙ্গ [মধ্য > মাঝা+ভঙ্গ > মজ্ঝা ভঙ্গ > মজ্জিভঙ্গ > মচ্চিভঙ্গ (কোমর ভাঙ্গা)] বিণ, নিরুৎসাহ; উদ্যমহীন। ২ ম্রিয়মাণ; বিমর্ষ।

মচ্চিমুলুক [সমস্ত > মচ্চি+মুলুক (দ্রঃ)। গ্রাং] বি, সমস্ত দেশ; দেশ বিদেশ। প্র-মং ঘুরে এল।

মচ্ছ, মচ্ছি [সং-মৎস্য > প্রাকৃং] বি, মৎস্য; মাছ।

মচ্ছব, মোচ্ছব [মহোৎসব > অং] বি, বৈষ্ণব সম্প্রদায়ের মিলন-উৎসব [খেতরী দ্রঃ]।

মছনদ [আং মস্‌নদ্ >। স=ছ] বি, সিংহাসন; রাজ-গদি; বাদসাহী তক্ত। "বীরেন্দ্র সিংহ নিজ দেওয়ানখানায় মছনদে বসিয়া আছেন, এমন সময় অভিরাম স্বামী তথায় উপস্থিত হইলেন।"-দুর্গেশনন্দিনী।

মছলন্দ, মসলন্দ [ফাং মুসলা (নমাজ পড়িবার জন্য যে মাদুর বা কার্পেট পাতা হয়) >] বি, মুথা জাতীয় তৃণদণ্ডে নির্ম্মিত মাদুরবিঃ (প্রায়ই বিবিধ বর্ণে চিত্রিত)। ২ [আং মস্‌নদ্] কারুকার্য্যমণ্ডিত আসন বা মোটা কোমল কম্বল; রঙ্গীন, চিত্রিত, সরু-কাঠির উৎকৃষ্ট, বৃহৎ মাদুর। "কন্যাকে মস-লন্দের আসনে বসাইয়া"-বাংবসুমতী, ১৩০৪।

মছলি১ [মৎস্য > মচ্ছ > মচ্ছি > হিং মছ্‌লি] বি, মাছ।

মছলি২ [মঞ্চ >, বা আং মন্‌জ়িল > বিকারে, মঁজলি >। জ=ছ, ইল=লি। গ্রাং বাং] বি, মঞ্চ; মাচা। "কাঁচা বাঁশ কাটিয়া মছলি সাজাইল"-মাণিকং গান।

মজকুর [আং মজ়্‌কূর্। আদাং] বি, উল্লিখিত বিবরণ। "প্রতিবাদীর মানিত সাক্ষী কুঠীর আমীন মং তাহার এক দৃষ্টান্তের স্থল"-নীলদর্পণ। ২ বিণ, পূর্ব্বোক্ত; উল্লিখিত aforesaid.

মজকুরী [ফাং মজ়্‌কূরী] বিণ, পরওয়ানা জারি বা তামিলকারী process serving. ~তালুক-যে অধীন তালুকের কর (খাজনা) জমিদার মারফত আদায় দেওয়া হয়।

মজ্জন [মজ্জন >] বি, মগ্ন হওন; নিমজ্জন। ২ আসক্ত হওন।

মজ/বুত(ৎ) [আং মজ়্‌বুত্। গ্রাং মজপুত] বিণ, দৃঢ়; শক্ত। ২ স্থায়ী। ৩ পটু; দক্ষ; দড়। "সুদো পেটা ভুঁদো দাদা মজ্‌বুৎ কথায়" -হেমং। > বি, ~বুতি।

মজমুন [আং মজ়্‌মূন্। আদাং] বি, মর্ম্ম contents; purport.

মজলিশ (স) [আং মজ্‌লিস্] বি, সুফী ও দরবেশ সম্প্রদায়ের সঙ্ঘ বা সম্মিলন। ২ সঙ্ঘ; সভা; সমিতি; লোক সমাগম। ৩ [গৌণার্থে] নাচগানের আসর। "এগারটা রাত্রে যেই ঢোলে চাটি পড়িল অমনি বিছানা হইতে লাফাইয়া পড়িয়া এক ছুটে বাহিরের মজলিশে গিয়া হাজির।"-ভারতী, ১৩২১। "বৈঠকখানায় অভিভাবকদের মজলিস সেখানে নাই নাচ বসিত"-ঐ। বিণ, মজলিশী,-সী-মজলিস সম্বন্ধীয়। ২ মজলিসপ্রিয়; সভা সম্মেলনে যে বেশ মিশিতে পারে ও আলাপে বা গীতবাদ্যাদির দ্বারা আসর জমাইতে পারে। "পৈলেশের

একটা মস্ত গুণ ছিল, সে মজলিসী”-বঙ্গবাণী, ১৩৩৪।

মঁজইর, মঁজইরে [আ॰ মজ্‌হর্‌। আদা॰] বিণ, উপরে উক্ত বা উল্লিখিত। above mentioned. ২ উক্ত (আবেদন-কারী) the said (petitioner)

মঁজা১ [সং-মস্‌জ্‌ (অবগাহনে, মজ্জনে) >। মঁজি, মজ (মজেন, মঁজিস), মজে (মজেন); মঁজিতে (প্রা॰ কে॰ মঁজতে); মঁজিয়া (কে॰, পদ্যে-মঁজি, প্রা॰ মঁজে)। ণিজন্ত-মজানি] ক্রি, মগ্ন হওয়া; ডোবা; নিমজ্জিত হওয়া। “মজাব না মজবো না আর, আপন মনে ভেসে যাই॥”-অতুলকৃষ্ণ মিত্র। “জলেতে মজিয়া ভীম কৈল স্নান পান।” -মহা॰ (কাশী॰)। ২ [ডুবিবার ভাব >] পঙ্কাদিতে মগ্ন হওয়া; চাপা পড়া; ভরাট হওয়া; বুজিয়া যাওয়া; সমাবৃত হওয়া। প্র-নালা বা নর্দ্দমার মুখ মজিয়া যাওয়া। নদীর মোহানা মজিয়া যাওয়া। পুকুর মজিয়া যাওয়া। ৩ [লক্ষ॰] পাপপঙ্কে মগ্ন হওয়া। “ছাড়িয়ে হরির নাম কেন মজ রে॥”-অ॰ ম॰। ৪ বিপদসাগরে ডোবা; ফাঁদে পড়া। প্র-লোকটা এত দিন ফাঁকে ফাঁকে বেড়াচ্ছিল এইবার মজিল। ৫ নিজের অস্তিত্ব বিলোপ করিয়া বা আত্মবিস্মৃত হইয়া কোন কিছুর ভাবে বা কাহার প্রেমে বা অনুরাগে মগ্ন হওয়া; বিভোর হওয়া; বিলীন হওয়া। “মজিল মন-ভ্রমরা কালীপদ নীলকমলে।” -কমলাকান্ত। ৬ মত্ত হওয়া; অত্যন্ত আসক্ত হওয়া। “বৃথা মায়াতে মজিয়ে ভুলি তোমারে”-রামলাল দত্ত। “মজো না মজো না রে মন বিষয়মায়ায়”-ঐ॰। ৭ যে আত্ম-সমর্পণে আশায় নিরাশ হইতে হয় বা পরে অনুতাপ করিতে হয় এরূপ আত্মসমর্পণ করা। “প্রেম করে পর সনে পাইতেছি এ যাতনা প্রাণ সম ভাবি পরে, পর আপন হল না। না বুঝে মজিলাম পরে, না ভাবি কি হবে পরে। এখন না জানি পরে কতই হ'বে লাঞ্ছনা।” -শ্রীধর কথক। ৮ প্রেম করা; ভালবাসা। “মজেছি দিয়েছি প্রাণ”-শ্রীধর কথক। “পরের কথায় কে কোথায় প্রেম ত্যজেছে। যে জন মজেছে * * *”-ঐ। ৯ মুগ্ধ হওয়া; মোহিত হওয়া। “আমার মায়ের মতন রূপে দেখা দে তোর সুতে আমি ঐ রূপে মজেছি অন্য যে চাহি না।”-কমলাকান্ত। এ তোর নব যৌবনে দেখি মোর মজি গেল মনে॥”-শ্রী॰কী॰। ১০ পচিয়া যাওয়া; গাঁজিয়া যাওয়া; মাতা ferment. ১১ ফল পাকিবার পর গলিত হওয়া। প্র-আম মজিয়া যাওয়া। ১২ বিণ, গলিত। প্র-মজা কলা।

মঁজা২ [ফা॰ মজ়হ্‌ (=মজ়া) (স্বাদ, রসবোধ, আনন্দ, কৌতুক)] বি, সুস্বাদ। ২ [তুল-আ॰ মিজ়াহ্‌ (ঠাট্টা তামাসা, কৌতুক)] কৌতুক; আমোদ; তামাসা; রগড়। “ছেলাম টেম্পল চাচা, আচ্ছা মজা নিলে।” -হেম॰। “সে যদি থাকিত আজ হ'ত ছুশো মজা।”-মানসী॰। ৩ অদ্ভুত ব্যাপার; বিস্ময়; আশ্চর্য্য। “হায় হায় কি মজার দোকান পেতেছে নিতাই। তোরা কেউ দেখতে যাবি ভাই॥ প্রেম রসে ভেজেছে ঝুরি, যে খেলে সে ঝুরছে তাই॥”-পাগলা কানাই। “কি মজার ফুল ফুটেছে ও রঙ্গের মাঝার। দেখ্‌তে ভয়ঙ্কর ভাস্‌ছে ফুল নিরাকার॥” পাগ্‌লা কানাই। ৪ আনন্দ। “বিজ্ঞানের মজা ছেলেদের উপভোগ করিতে দেন না” -সনাতনী। প্র-মজা না পেলে কি আর সব ছেড়ে ছুড়ে দিয়ে নির্জ্জনে গিয়া বসে আছে? ৫ [ব্যঙ্গার্থে] ক্লেশ; দুঃখ; লাঞ্ছনা। প্র-এইবার মজাটি টের পাবেন। মঁ॰ উড়ানি-ক্রি, আমোদ আহ্লাদে সময় অতিবাহন করা। মঁ॰ কঁরা-ক্রি, আমোদ করা; রগড় করা। মঁ॰ চাখা-ক্রি, দুঃখ আস্বাদন করা; কৃতকর্ম্মের কুফল ভোগ করা। ~ড়িয়া, মঁজাড়ে [মজা+আটিয়া, ট=ড়] বিণ, কৌতুকপ্রিয়; আমুদে। ~দার [ফা॰ মজ়াহ্‌দার্‌। উচ্চারণ বিকারে-মজিদার, মজেদার] বিণ, আমোদপ্রদ; আমোদজনক; কৌতুকজনক। ২ তৃপ্তি-দায়ক; সুস্বাদু। মঁ॰ দেখা-ক্রি, বিপদের মুখ দেখা; বিপদে পড়া; জব্দ হওয়া। মঁ॰ দেখানি-ক্রি, বিপদে ফেলা; জব্দ করা। মঁ॰ নেওয়া, -লুঠা, -লুটা-ক্রি, আমোদ উপভোগ করা। ২ ফাঁকি দিয়া লাভ করা। “ছেলাম টেম্পল চাচা। আচ্ছা মজা নিলে।”-হেম॰। মঁ॰ মারা [গ্রা॰] ক্রি, আমোদ করা। ২ কষ্টের ভাগী না হইয়া সুখভোগ করা। “ঠেরায় অন্ন খান যাঁরা বড় মজা মারেন তাঁরা, মজা টের পান যদি ভান্‌তে হয় ধান।”-গান। মঁজার কঁথা-বি, আমোদের কথা; কৌতুকের কথা। ২ বিস্ময়ের কথা।

মঁজানি [মজা ধাতুর ণিজন্ত রূপ। মজাই, মজাও (মজান্‌, মজাস), মজায় (মজান্‌); মজাইতে (কে॰ মজাতে); মজাইয়া (কে॰ মজিয়ে)] ক্রি, মজ্জিত বা নিমজ্জিত করা; ডুবান; জলমগ্ন করা। “এইরূপে লঙ্করে দুষ্কর হৈল বৃষ্টি। মানসিংহ বলে বিধি মজাইলা সৃষ্টি॥”-অ॰ ম॰। ২ মুগ্ধ করা; মনে ধরান; ভালবাসান। “আঁখি কি মজাতে পারে, না হ'ল মন-মিলন।”-নিধুবাবু। ৩ অতিবাহিত করা; কাটান; ক্ষেপণ করা। “কিছু ঘুঁটে না পাইনু, মিছা বেলা মজাইনু এ ছার জীবনে কিবা ফল।”-অ॰ ম॰। ৪ বিপদে ফেলা। প্র-এইবার মজিয়েছে। ৫ নষ্ট করা। “আগে মান খোয়ালেম, কুল মজালেম”-অতুলকৃষ্ণ মিত্র। “মালতী মালতী মালতী ফুল মজালে মজালে মজালে কুল”-দীনবন্ধু মিত্র। কুল মঁজানি-ক্রি, কুল নষ্ট করা; কুলে কলঙ্ক লেপন করা; কুল কলঙ্কিত করা। “তুমি কুল মজাবার নাটের গুরু ও কেলে সোনা”-গান। কুল মঁজানে [কুল-মজানিয়া] বিণ, কুল কলঙ্কিতকারী; সাধারণতঃ কুল কন্যাকে কুল ত্যাগ করাইয়া তার কুল কলঙ্কিত করা। >স্ত্রীং কুল মঁজানী-সাধারণতঃ যে কুলকন্যা কুলত্যাগ করিয়া স্বীয় কুল কলঙ্কিত করে। দঁয়ে মঁজানি, দঁহে মঁজানি [মূলে কৃষ্ণ কর্ত্তৃক কালিয় নাগকে যমুনার কালিদহে ডুবান হতে] গভীর জলে নিমজ্জিত করা। ২ [লক্ষ॰] বিষম বিপদে পাতিত করা। “হরিহোড় কান্দি কহে বুড়ী মজাইল দহে আজি বড় দেখি অনুপায়।”-ভারত॰।

মঁজাল [আ॰ মজাল্‌] বি, শক্তি; ক্ষমতা; সাধ্য। প্র-কি মজাল, এখান থেকে কেমন উঠে যাক্‌ দেখি।

মঁজুত, মজুদ [আ॰ মৌজুদ

(বিদ্যমানতা)। প্রা॰ বাং-মজুত] বিণ, বর্ত্তমান ; সঞ্চিত ; স্থিত। "মজুত অযুত যূথ জুঝে হাতে হাত।"-ম॰।· ~তঁহবিল-বি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত পৃথক্‌ভাবে রক্ষিত সঞ্চিত ভাণ্ডার reserved fund.

মজুন্দার [মজুমদার (দ্রঃ) > অং ; অস॰-মজিন্দার ("a Secretary of the Assam Raja and his viceroy at Gauhati")] বি, পদবীবিঃ। "ভবানন্দ মজুন্দার নিবাসে রহিব"-অ॰ ম॰।

মজুমদার [ফা॰ মজ্‌মুআদার্‌, "majumadar, majumdar,—a native revenue accountant of a district subordinate to the amil or manager, * * he kept the accounts of the revenue settlements, audited those of the Kanungo, and possessed a general power of scrutinizing the revenue accounts and assets of his district.—*Wilson*. In Bengal, where the office is extinct, the name survives as a family surname under the form of mozoomdar, majumdar or mazumdar."—*Glossary of Vernacular Judicial and Revenue Terms, 1874*] বি, রাজস্বের হিসাবরক্ষক। ২ কুলপদবীবিঃ ; নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ।

মজুর [ফা॰ মজ়দুর্‌] বি, সামান্য শ্রমজীবী।

মজুরা [ফা॰ মজ়দুরি] বি, মজুরি ; মজুরের বেতন ; পারিশ্রমিক। "এবার মজুরি হলোনা মজুরা চাব কি, কি জোরে করিব জোর গো।"-রা॰ প্র॰। ২ [হি॰] মজুর।

মজুরি, মজুরী [ফা॰ মজ্‌দুরি] বি, শ্রমজীবীর কর্ম্ম ; মজুরের কাজ। "এমা দিতিস দিতাম নিতাম খেতাম মজুরি করিয়ে তোর"-রা॰ প্র॰। ২ মজুরের বেতন ; মজুরা ; পারিশ্রমিক wages. "উচিত মজুরী দিতে কর অনুমতি"-শ্রী॰ কী॰। ৩ বানি ; গড়নের মূল্য ; গড়নদারের পারিশ্রমিক।

মজুরিআ-বি, মজুর ; জন ; শ্রমিক।

মজ্জন [মস্‌জ্‌ (ডুবা) + অন (ভা॰)] বি, মগ্ন হওন ; নিমজ্জন ; ডুবন। ২ অবগাহন ; স্নান। ৩ মজ্জা।

মজ্জফল-বি, আজুফল (দ্রঃ)।

মজ্জমান [মজ্জন দ্রঃ] বিণ, যে ডুবিতেছে ; মজ্জনোন্মুখ। "কিন্তু ম॰ জন শুনিয়াছি, ধরে তৃণে, আর কিছু যদি না পায় সম্মুখে।" -বীরাঙ্গনা॰।

মজ্জা১ [সং-মস্জ্‌ (ডুবা) >। প্রা॰ বাং। আধু॰ বাং-মজা১ (দ্রঃ)] ক্রি, নিমজ্জিত হওয়া ; স্নান করা ; অবগাহন করা। "মজ্জিয়া গঙ্গায় বিশ্বম্ভর কুতূহলী।"-চৈ॰ ভা॰।

মজ্জা২ [মস্‌জ্‌ (অস্থি প্রভৃতির মধ্যে মগ্ন হওন) + অ (র্ত্তৃ, ভা॰) + আ (স্ত্রীং)] বি, অস্থির ভিতর যে কোমল স্নেহময় পদার্থ থাকে marrow ; [প্রাণীবিদ্যা॰] ইং medullaর বৈজ্ঞা॰ পরিঃ। ~গর্ত্ত-বিণ, অন্তর্নিহিত। ~রস-বি, রেতঃ ; শুক্র। ~সার-জাতীফল।

মঝু [সং-মহ্যং ; হিং মুঝ > মঝু। ব্রজ॰, প্রা॰ পদ॰ সা॰] স, আমার। "আজু মঝু শুভদিন ভেলা"-বি॰ প॰। "নাগদমন মঝু নাম"-গোবিন্দ॰। "হৃদয় মাহ মঝু-"রবী॰।

মঞ্চ, মঞ্চক [মন্‌চ্‌ (উচ্চ হওয়া) + অ (র্ত্তৃ), + ক (স্বার্থে)] বি, উচ্চস্থান ; উচ্চমণ্ডপ ; টঙ্গ। ২ [সং-তে] খাট ; পল্যঙ্ক। ৩ [বাং-য়] মাচা। ৪ বেদী। ৫ [প্রা॰ বাং] মর্ত্ত্য। "স্বর্গে থিকা আইছিয়ে আমি মঞ্চে দিয়া পাও" -প্রাচীন সূর্য্যের গান (বং সা॰ পরিচয়)। ~মণ্ডপ-গোলা ; শস্য রাখিবার স্থান।

মঞ্চনিকা [সং] বি, দুর্গের প্রাচীর বা দ্বারাদি ভগ্ন করিবার জন্য ঢেঁকি কলের ন্যায় যন্ত্রবিঃ battering ram. "একদিকে মঞ্চনিকে মারে ঝিঁকে খেয়ে।"-প॰ উ॰।

মঞ্ছাল [সং-মনঃশিলা >] বি, মনঃশিলা ; পর্ব্বত নিঃসৃত রক্তবর্ণ ধাতুবিঃ।

মঞ্জর [সং-মঞ্জু > ভং। প্রা॰ বাং] বিণ, মনোহর ; সুন্দর। "পিঞ্জিরার মাঝত কান্দে টিটিরা ম॰।"-মাণিক॰ গান।

মঞ্জরা [মঞ্জরি দ্রঃ। মঞ্জরি, মঞ্জর, মঞ্জরে ; মঞ্জরিতে ; মঞ্জরিয়া (পদ্যে-মঞ্জরি)] ক্রি, মঞ্জরিত হওয়া ; মুকুলিত হওয়া। > বিণ, মঞ্জরিত-মুকুলিত। ২ অঙ্কুরিত।

মঞ্জরি, মঞ্জরী [সং। প্রা॰ মুঞ্জরি] বি, কোনও একটী বৃন্তে অনেকগুলি উপবৃন্ত ; পত্র বা পুষ্প অবস্থিত থাকিলে তাহাকে মঞ্জরি বলে ; পল্লবাঙ্কুর। ২ মুকুল। ৩ শীষ।

মঞ্জা [মুঞ্জ > ভং। অন্য নাম 'চামরপুষ্প'] বি, মুঞ্জতৃণ ; কেশ জাতীয় ঘাস। ~ফুল-কুশ-কুসুম ; শরতৃণের শ্বেত পুষ্পযুক্ত মঞ্জরি ; শরমাঞ্জা। ২ কুশ ফুলের মত শুভ্র ও মিহি জমির কাপড় ; মুঞ্জ পুষ্পবৎ লঘু, শুভ্র, কোমল সূক্ষ্ম সূতার বহুমূল্য বস্ত্র। "তার পাছে পরে কাপড় নাকর মঞ্জাফুল, যাহার সূতার তোলা পঞ্চাশ টাকা মূল॥"-মনসা ম॰ (রামবিনোদ, ১৭শ শতাব্দী)।

মঞ্জি, মঞ্জী [সং] বি, পল্লব-অঙ্কুর ; মঞ্জরী। ~ফলা-বি, কদলী ; কলা।

মঞ্জিকা [সং] বি, বারাঙ্গনা।

মঞ্জিমা [মঞ্জু (সুন্দর) + ইমন্‌ (ভা॰)= মঞ্জিমন্‌ ১মা, ১ব॰] বি, সৌন্দর্য্য।

মঞ্জিয়া [প্রা॰ বাং। মুদিয়া ও বুজিয়া পদদ্বয়ের শব্দ ও অর্থ মিশ্রণে] অস-ক্রি, মুদ্রিত করিয়া। "চক্ষু মঞ্জিয়া যোগাইবেন বেশ্যার বাপেন পানী।"-মাণিক॰ গান। [দ্রঃ-বাপেন পানি=শৌচের জল]।

মঞ্জিল১, মঞ্জীল [মন্‌জ্‌ (শুদ্ধ বা মার্জ্জন করা) + ঈল (ধি,)] বি, রজক অধ্যুষিত গ্রাম।

মঞ্জিল২ [আ॰ মন্‌জ়িল] বি, একদিনের পথ a day's journey. ২ অবতরণ স্থান ; সরাই ; পান্থনিবাস। ৩ নিবাসস্থান ; ভবন dwelling house. ৪ হর্ম্ম্য ; প্রাসাদ mansion. ৫ তল ; তালা storey ; floor. ৬ পদ ; মর্য্যাদা rank ; dignity. ৭ চতুঃসীমা boundary. ৮ গন্তব্যস্থান goal.

মঞ্জিষ্ঠা [সং] বি, রক্তবর্ণ লতাবিঃ Rubia cordifolia ; Indian madder. ২ মণ্ডূকপর্ণী।

মঞ্জীর [মন্‌জ্‌ (শব্দ করা) + ঈর (র্ত্তৃ)] বি, নূপুর ; মল ; চরণালঙ্কার। "মণিময় ম॰ পায় দূরহি তেজি চলি যায়।"-বি॰ প॰। "মণির ম॰ তায়।"-চণ্ডি॰।

মঞ্জু [মন্‌জ্‌ (মার্জ্জন করা) + উ (র্ত্তৃ)] বিণ, মনোহর ; সুন্দর ; মনোজ্ঞ। "ফুটিছে কুসুমকুল, মঞ্জু কুঞ্জবনে যেন যথা গুণমণি।"-ব্রজাঙ্গনা॰। ~কেশী [সম্বোধনে-মঞ্জুকেশি] বিণ, সুকেশ ; মনোহর কেশবিশিষ্ট। "কাটে বুক জটাজুট হেরি তব শিরে মঞ্জুকেশি।"-মেঘ॰।

২ বি, কৃষ্ণ। "প্রেমাধীনা নারীকুল ভয়ে কি হে দিতে জলাঞ্জলি মঞ্জুকেশি"-বীরাঙ্গনা০। > স্ত্রীং ~কেশিনী-সুকেশা; সুন্দরী। "তুমি, হে মঞ্জুকেশিনী শচী"-মেঘ০ (ইণ্ডিয়ান প্রেস সংস্করণ)। ~গমনা-বি, হংসী। ২ বিণ, যে নারীর সুন্দর চলন। ~ঘোষ [মঞ্জু (মনোহর) যে ঘোষ (শব্দ), যা] বি, সুস্বর; মনোহর ধ্বনি; মধুর ধ্বনি। ২ জৈন দেবতাবিঃ। ৩ মঞ্জুশ্রী। ৪ তান্ত্রিক সাধকের উপাস্য দেবতাবিঃ। ৫ বিণ, মনোহর ধ্বনিযুক্ত; সুস্বরবিশিষ্ট। > স্ত্রীং ~ঘোষা। ~পাঠক-বি, শুকপক্ষী। ২ বিণ, সুপাঠক; যে সুন্দররূপে পাঠ করিতে পারে। ~ভাষী-বিণ, মিষ্টভাষী; মধুরভাষী। > স্ত্রীং ~ভাষিণী-ত্রয়োদশাক্ষর ছন্দোবিঃ। ২ মধুরবাদিনী; সুবচনী। "বিমল মানস সরসবাসিনী, শুক্লবসনা শুভ্রহাসিনী; বীণা-গঞ্জিত মঞ্জুভাষিণী, কমলকুঞ্জাসনা।"-রবী০। ~হাসিনী-বি, ত্রয়োদশাক্ষরপাদিক ছন্দোবিঃ। ২ বিণ, সুহাসিনী; মধুর হাস্যযুক্তা নারী। পুং ~হাসী।

মঞ্জুর [আ০ মনজুর্। বিপরীত-নামঞ্জুর] বিণ, অনুমোদিত। ২ গৃহীত।

মঞ্জুরী১ [ফা০ মনজুরী] বি, সম্মতি; স্বীকার। ২ অঙ্গীকার।

মঞ্জুরী২ [মুঞ্জ (ঘাসবিঃ) > মুঞ্জরি > বর্ণবিপর্য্যয়ে অথবা সং-মন্দোদরী > মন্দুরি >। দ=জ] বি, মাদুর। "বাইতি নিবসে পুরে, নানাবিধ বাদ্য করে। নগরে মঞ্জুরী ঝিকিঝিকি॥"-কবিক০।

মঞ্জুল [মঞ্জু+ল (স্ত্য০)] বি, কুঞ্জবন; নিকুঞ্জ। "বঞ্জুল মঞ্জুলে।"-বীরাঙ্গনা০। ২ শৈবাল; শেওলা। ৩ বিণ, সুন্দর; সুদৃশ্য; মনোজ্ঞ। "হাসিল ফুলকুল মঞ্জুল মঞ্জুল" -বৃত্রসংহার। ৪ উপযুক্ত; সমীচীন। ~তা -বি, সৌন্দর্য্য; মনোহরত্ব।

মঞ্জুশ্রী-মঞ্জুঘোষ (মঞ্জু দ্রঃ)।

মঞ্জুষা, মঞ্জূষা [সং] বি, বেত্রাদি নির্ম্মিত পেড়া; পেটিকা। ২ পার্ব্বত্য লতাবিঃ; মঞ্জিষ্ঠা।

মট্ [অনু০। শব্দাধিক্যে-মটাস্। কাঠিন্যার্থে "মড়", "মড়মড়", "মড়াস"। বারাধিক্যে "মট্মট্"। ব্যাপ্ত্যর্থে "মটামট্"। লঘু অর্থে "মুটমুট"। অবজ্ঞার্থে "ম্যাট ম্যাট"] বি, অনুকার শব্দ; শুষ্ক বৃক্ষশাখাদি অস্থি ই০ কঠিন দ্রব্য ভগ্ন হইবার শব্দ।

মট [প্রথমে মঠ বা মন্দিরাকৃতিতে নির্ম্মিত হইত বলিয়া এই নাম] বি, চিনির খেলনা; মিষ্টান্নবিঃ।

মটক [প্রা০ বাং। মটকা২ দ্রঃ] বি, মোটা রেশমী বস্ত্রবিঃ। "ম০ ধুতি পরিধান করিয়া।"-মাণিক০।

মটকা১ [সং-মস্তক > হিং মস্তক > মটক। মটকী (দ্রঃ) বৃহদর্থে মটকা] বি, শীর্ষ; চূড়া; তৃণাচ্ছাদিত গৃহের শীর্ষভাগ। ২ মস্তক। ম০ মারা১- কাঁচা ঘরের চালের মাথা আচ্ছাদিত করা।

মটকা২ [সং-মৃত্তিকা > হিং মেট্কা >] বি, মৃণ্ময় আধারবিঃ; কেঁড়ে। ঘৃত রাখিবার বৃহৎ মৃৎপাত্র।

মটকা৩ [হিং মোট্কা (মোটা)+আ (তুচ্ছার্থে) শব্দ >। গরদের সূতা অপেক্ষা মোটা রেশমের সূতা বলিয়া এই নাম] বি, মোটা সূতার তসর কাপড়।

মটকা৪ [মূলে সং-মুদ্রণ > (তুল-চোখ মটকান)। হিং মটক >] বি, গতিলীলাবিঃ; নেত্রাদি ভঙ্গী; চাল; নেকরা। মট্কা মারা২-ক্রি, ভাণ করা; কপট নিদ্রার ছল করা। "যোগী বুড়া সেই ঘরে শুয়ে ছিল অন্ধকারে, ভগবতী বুকে দিল পা। দ্বিজ রামেশ্বরে কয়, মট্কা মারি বুড়া রয়, শঙ্করীর শিহরিল গা।"-শি০।

মটকানি [হিং মট্কানা। মট শব্দে। মটকাই, মটকাও, মটকায়; মটকাইতে; মটকাইয়া (কে০ মটকে)] ক্রি, মট করিয়া শব্দ হয় এমন ভাবে ভগ্ন করা বা মুচড়ান বা দুমড়ান। ২ মুদ্রিতপ্রায় করা। আঙ্গুল মটকানি-অঙ্গুলি মোটন করা; অঙ্গুলি-পর্ব্বে মোচড় দিয়া শব্দ করা। আঙ্গুল মটকাইয়া গালি দেওয়া-অঙ্গুলি মোটন শব্দবৎ ঘাড় মটকাইবার ইঙ্গিত করিয়া মৃত্যু কামনারূপ অভিশাপ দেওয়া।

মটকী [সং-মৃত্তিকা > মার্ত্তিক (মৃন্ময় পাত্রবিঃ)। হিং মড্কী] বি, মাটির বড় কলস। ২ মস্তক। ঘিয়ের মটকী-ঘৃত রাখিবার মটকী; ঘৃতভাণ্ড। মটকীর ঘী -মাটীর জালায় বা কলসে রক্ষিত ঘৃত। ২ মাথার ঘী; মস্তিষ্ক।

মটন্ [ইং mutton এর লিপ্যন্তর] বি, মেষমাংস। ~চপ্-মেষপঞ্জরের মাংস খুড়িয়া ভাজা।

মটমট [অনু০। ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব। আধিক্যে মটাস মটাস। মট্ দ্রঃ] বি, খুব শুষ্ক অথবা ঠুন্‌কা বস্তুর ভঞ্জন শব্দ। ২ ক্রি-বিণ, অবলীলা-ক্রমে; অসঙ্কোচে। ৩ গর্ব্বে বা অহঙ্কারে আড়ষ্ট; অবিনীত। বিণ, মটমটে।

মটর [হিং মটর] বি, শিম্বীজাতীয় শস্যের আঁটির ভিতরে জাত ক্ষুদ্র গোলাকার দানা; মটর কড়াই। "কোন দিকে কোন লক্ষ্য না করে পড়ি গেল লোক বিকট হাঁ করে, মটর কড়াই মিশায়ে কাঁকরে চিবাইল যেন দাঁতে" -রবী০। ২ [ব্যঙ্গার্থে] মটরের ন্যায় ক্ষুদ্র।

মটরু [গ্রা০। মটর+উআ (সাদৃশ্যার্থে) >] বি, ক্ষুদ্র শিশুর আদরের নাম।

মটী [মটকী (দ্রঃ) > ক্ষুদ্রার্থে মটী] বি, মৃন্ময় পাত্রবিঃ; তৈলাদি রাখিবার মৃত্তিকা নির্ম্মিত ভাণ্ড।

মটুক [মুকুট >] বি, শিরোভূষণ; কিরীট; মুকুট।

মঠ১, মঠক [সং। গ্রা০ মট] বি, পিষ্টকবিঃ; ময়দা মাখিয়া ময়ান দিয়া ও লবণ এলাচ, মরিচের গুঁড়া, কর্পূর ই০ মিশ্রিত করিয়া চিনির রসে পাক করা পিষ্টক। ২ মন্দিরাকৃতি ছাঁচে ঢালা চিনির রসের মিঠাই।

মঠ২ [মঠ্ (আশ্রম)+অ (ধি)] বি, বিদ্যার্থীদিগের আশ্রম; টোল; পাঠশালা। ২ সন্ন্যাসী বা সন্ন্যাসিনীদিগের আশ্রম; আখড়া। শঙ্করাচার্য্য প্রতিষ্ঠিত মঠ-দক্ষিণে শৃঙ্গারীমঠ, দ্বারকায় সারদা মঠ, বদরিকা-শ্রমে যোশী মঠ, পুরীতে গোবর্দ্ধন মঠ। ৩ মন্দির; দেউল। ৪ পঞ্চরত্ন, নবরত্ন, সপ্তদশরত্ন; একবিংশরত্ন, শতরত্ন মঠ। ~ধারী, মঠাধ্যক্ষ-বি, মঠনায়ক;

মঠবাসী। > স্ত্রীং ~ধারিণী, মঠাধ্যক্ষ্যা।

মড়ক [মরক >]· বি, মহামারী। ~খোলা-বি, অন্ত্যেষ্টিক্রিয়াস্থল; মৃতসংকার স্থান cremation ground.

মড়কচা [প্রাদে০] বি, খোড়ো ঘরের মট্‌কা।

মড়গঁড়া [বাঁকুড়া প্রাদে০] বি, মাকড়া পাথর (ব০ শ০ কোষ)।

মড়ঞ্চিয়া, মড়ঞ্চে [মড়াঞ্চিয়া দ্রঃ] বিণ, মৃতবৎসা। ~পোয়াতি-যে নারীর সন্তান হইয়া বাঁচে না।

মড়মড় [মৃদ্‌ বা মর্দ্দ > মর্দ্দয় শব্দের রূপান্তর। কঠিনার্থে র=ড়] বি, শুষ্ক বৃক্ষ শাখা পল্লবাদির মর্দ্দন শব্দ। বিণ, মড়মড়ে।

মড়মড়ি [মামড়ী দ্রঃ। মাড় (দ্রঃ) শুকাইলে যেরূপ হয়-মাড়মাড় > মাড়মাড়ি > ক্ষে০] বি, মামড়ি; দগ্ধস্থান বা খোস ই০ চর্ম্মরোগের উপরকার শুষ্ক মাংস।

মড়ল, মোড়ল [মৌল বা মণ্ডল >] বিণ, গ্রামনায়ক; মণ্ডল।

মড়া [সং-মৃ > মরা >] বি, শব; মৃতদেহ। "ব্যাধিতে কর্‌বে জ্বরা, ছাড়লে প্রাণ বল্‌বে মড়া, পরিবার দেবে ছড়া ভেসে নয়ন জলে।"-বাং গান। "দুহাতে ধরিআ মড়া তুলিআ লইল।" -শূ০ পু০। ~খেকো, ~খেগো [খাউয়া > খাকুয়া > খেকো, খেগে] বিণ, অতি কৃশ। "কতকগুলি মড়াখেগো ঘোড়া লইয়া তিনিই প্রথমে বাঙ্গালী সার্কাসের সূত্রপাত করেন।"-ভারতী,১৩২০। ~পোড়া-মড়ি পোড়া দ্রঃ। মড়ার উপর খাঁড়ার ঘা-মৃতদেহর উপর খড়্গাঘাত। ২ [লক্ষ-] যন্ত্রণায় কাতর বা উৎপীড়িত ব্যক্তির প্রতি অত্যাচার বৃথা এবং অশিষ্ট।

মড়াই [প্রা০ বাং। মোয়াড় দ্রঃ] বি সম্মুখ; মুখ হ'তে; ঠাঁই; নিকট। "ব্রহ্মাকু মড়াই বর মাগিলাকে বহুঁ।"-গোবিন্দ০ গীত।

মড়াঞ্চিয়া, মড়াঞ্চে, মড়ুঞ্চে [মৃত > মরা > মড়া + ছাঁ (বৎস) + ইয়া = মড়াছাঁইয়া > মড়াছেঁয়ে (চৈ০মঙ্গলে-মড়াছিয়া) >] বিণ, মৃতবৎসা।

মড়িচা [ক্বা০ মোর্‌চা। গ্রা০ মঁড়চে] বি. লোহমল।

মড়িপোড়া, মড়ুইপোড়া [গ্রা০। মড়া পোড়া (পোড়ানিয়া, পোড়াইয়া, হিং পোড়উআ) > বর্ণবিপর্য্যয়ে] বি, শবদাহে সাহায্যকারী পতিত ব্রাহ্মণ; অগ্রদানী ব্রাহ্মণ; গঙ্গাপুত্র।

মড়িয়ামারা, মড়েমারা [গ্রা০। সং-মাঢ়ি (দৈন্য) + রা > মড়ে (সাদৃশ্যার্থে, তুল-আটিয়া > আটে। প্র-রোগাটে, ঘোলাটে) + মারা (প্রাপ্ত)] বিণ, দীনভাবাপন্ন। ২ অতিশয় কৃপণ। ৩ [মাঢ়ি (পাতার শির) অথবা মড়া >] শিরাল দেহ। ৫ শীর্ণ; শুষ্ক; মৃতবৎ।

মড্ডুক [সং] বি, আনদ্ধ যন্ত্রবিঃ।

মঢ়ায়িবোঁ [প্রা০ বাং। সং-মড়ি(মণ্ডণে, বেষ্টনে) >। ড়=ঢ়] ক্রি, মণ্ডিত করাইব; মুড়িয়া দিব। "খাটপালঙ্ক গঢ়ায়িবোঁ। আল সুবন্নে মঢ়ায়িবোঁ॥"-শ্রী০কী০।

মঢ়ি [প্রা০ বাং-মহর্রির দ্রঃ] বি, মহরির; কর্ম্মচারী (গোবিন্দ০ গীত, ১১·১২শ শতাব্দী)।

মণ [অর্ব্বাচীন সং। আ০ মন্‌] বি, চল্লিশ সের ওজন। বিণ, মণা, মুণে-মণ পরিমিত; যাতে ১ মণ ধরে। প্র-তিন মুণে বস্তা। ~কিয়া [গ্রা০ মুন্‌কে] বিণ, এক মণ পরিমিত। ২ মণ পরিমাণঘটিত গণিত। ~কষা-বি, মণ সম্বন্ধীয় গণিত।

মণাকাটা-মোনাকাটা দ্রঃ।

মণি,-ণী [সং] বি, বহুমূল্য দীপ্তিশালী প্রস্তর; রত্ন। ২ চূড়াগ্র; স্তন্যাগ্র। ৩ আদরসূচক। প্র-সোনামণি, দিদিমণি, ধনমণি, খুকুমণি, রতনমণি ই০। ৪ শ্রেষ্ঠ। "রঘুকুলমণি।" ~কঙ্কণ-বি, রত্নবলয়। "এক হাতে শোভে মণিকঙ্কণ"-অ০ম০। ~কাচ-বি, স্ফটিক। ২ বাণপুঙ্খ। ~কাঞ্চন-রত্ন ও স্বর্ণ। ২ সদৃশ যুগল। ~কাঞ্চন যোগ-স্বর্ণের সহিত মণির সংযোগের ন্যায় শোভন ও উপযুক্ত। ~কুট্টিম -বি, মণিময় গৃহ। ~কুণ্ডল-বি, মণিময় কর্ণাভরণ। "এক কাণে শোভে মণিকুণ্ডল।" -অ০ম০। ~কূট-বি, রত্নগিরি। মণিগ্রীব [মণি (হীরক) গ্রীবাতে যার, বহু০] বিণ, যার গলায় মণির মালা; হীরকের হার গলায় এমন। ~দ্বীপ [মণি (মণিময়, বা প্রচুর মণিবিশিষ্ট) দ্বীপ, এই দ্বীপে বিস্তর মণি আছে বলিয়া] বি, ক্ষীর সমুদ্র মধ্যস্থ দ্বীপবিঃ। ~প্রভা-বি(ন), রত্নের আভা; মণিসম্ভূত প্রভাময়। ~বেদী-বি, রত্নময় আসন। "মণিবেদী পরে চিন্তামণি ঘরে বসি গৌরী ত্রিপুরারি।"-অ০ ম০। ~মণ্ডপ-বি, রত্নময় গৃহ; মণিকুট্টিম; পীঠস্থান। ~মণ্ডিত-বিণ, রত্নখচিত; মণিজড়িত ~মাণিক্য-বি. মণিরত্ন দ্রঃ। ~মালা-বি, রত্নময় হার। ২ দ্বাদশাক্ষর ছন্দোবিঃ। ৩ দীপ্তি। ৪ কমলা। ~রত্ন-বি, বহুমূল্য প্রস্তরাদি। ~রাগ-বি, রত্নকান্তি। ২ হিঙ্গুল। সর [সর=হার] বি, মুক্তার মালা; রত্নহার। ~হার-মনিহারী দ্রঃ। ~হারা-বিণ, যার মণি হারাইয়া গিয়াছে। ~হারা ফণী-যে সর্পের মাথার মাণিক হারাইয়া গিয়াছে।

মণিক [সং] বি, অলিঞ্জর; জালা।

মণিকর্ণ-বি, কামরূপে শিবলিঙ্গবিঃ।

মণিকর্ণিকা [চিন্তামণি মহেশ্বর কাশীবাসী মুমূর্ষু সাধুদিগের কর্ণে তারকব্রহ্ম নাম দিয়া তাকে ত্রাণ করেন বলিয়া এই তীর্থের নাম মণিকর্ণিকা। মতান্তরে-মহাদেবের কর্ণ হতে মণিময় কর্ণিকা পতিত হইয়াছিল বলিয়া এই নাম] বি, কাশীস্থ তীর্থস্থানবিঃ। "মণিকর্ণিকার জলে স্নান করি কুতূহলে অন্নদামঙ্গল ছলে হরগুণ গাব।" -অ০ ম০। ২ মণিময় কর্ণভূষণ।

মণিকার [মণি (রত্ন) কৃ (করা) + অ (র্তৃ), যে করে (উপ০)] বি, জহরী; রত্নবণিক মণিপরীক্ষক। ২ মণিপরিষ্কারক। ৩ স্বর্ণকার; স্যাকরা। "ক্ষুদ্র হাতুড়িটি নিয়ে শুধু রাত্রি দিন দীপ জ্বালি অন্ধগৃহে ওগো ম০। সন্তর্পণে গড়িতেছ স্বর্ণ চন্দ্রহার।" ৪ ন্যায়চিন্তামণি-গ্রন্থপ্রণেতা।

মণিকোটা,-কোঠা [মণিকুট্টিম >] বি, মণিময় অট্টালিকা; রত্নহর্ম্য। "শুচি হয়ে কর কোঁটা প্রদক্ষিণ মণিকোটা কর তাই বৈকুণ্ঠে মন্দির।"-কবিক০। "শ্মশান পেলে সুখে ভাস তুচ্ছ বাস মণিকোঠা।"-

কমলাকান্ত। "স্বাধীনতা মানুষের মনের মণি-কোঠার জিনিষ।"-আ° শক্তি, ভাদ্র, ১৩৩৪।

মণিত [মণ্ (শব্দে) + ত (ভা°)] অ, চুম্বনাদি ধ্বনি। ২ রতিকালে স্ত্রীগণের কূজিত।

মণিপুর [মণি (রত্ন) পুর (পূর্ণ)] বি, উত্তরবঙ্গস্থিত দেশবিঃ। ২ ষট্‌চক্রান্তর্গত নাভির মধ্যস্থ তৃতীয় চক্র ; নাভিপদ্ম। ৩ নাভিস্থল।

মণিপুষ্পক-বি, সহদেবের রণশঙ্খ।

মণিবন্ধ [মণি(কঙ্কণ) যে বন্ধ, ধা] বি, করগ্রন্থি ; হাতের কব্জী ; প্রকোষ্ঠ wrists. "মণিবেদে ম° পড়িল তাঁহার। স্থাণু নামে ভৈরব সাবিত্রী দেবী তাঁর।"-অ ম°।

মণিবীজ-বি, দাড়িম্ববৃক্ষ ও ফল।

মণিভদ্র [সং]বি,যক্ষবিঃ। ২ বণিক্‌বিঃ।

মণিমধ্য-বি মণির মধ্যস্থল। ২ সংস্কৃত নবাক্ষর ছন্দোবিঃ।

মণিমন্থ [সং] বি, সৈন্ধব লবণ। শৈলবিঃ। ৩ যজ্ঞবিঃ।

মণিময় [মণি + ময় (বিকারার্থে)] বিণ, মণিনির্মিত ; মণিতে পূর্ণ। "মণিময় সভা," -মেঘ°।"মণিময় কিরীট"-ঐ। "পৃষ্ঠে দুলিছে বেণী মণিময়"-ঐ।

মণিমা১ [মহিমন্ > ওড়ি°] বি, মহিমা। ২ রাজার প্রতি সম্বোধনবাচক পদ। "মহাপ্রভু ম° ম° করে ধ্বনি।"-চৈ° চ°।

মণিমা২ [আ° মুনীম্ (দয়াময়), মুনীম্-ই-হকীকী (ঈশ্বর)] বি, দয়াময়। ২ প্রভু ; ঈশ্বর।

মণিমান্ [মণি(রত্ন) + মৎ(অ্যা°)=মণিমৎ ১মা, ১ব°] বিণ, মণিভূষিত ; রত্নমণ্ডিত ; রত্নবিশিষ্ট। ২ বি, দিনমণি ; দিবাকর। ৩ নৃপতিবিঃ। ৪ রাক্ষস। ৫ পর্ব্বতবিঃ ৬ দানববিঃ। ৭ নাগবিঃ।

মণিয়া [হি°] বি, বিবিধ বর্ণের ক্ষুদ্রজাতীয় পক্ষিবিঃ। ২ বিণ, মণ সম্বন্ধীয়।

মণিসর [মণি (রত্ন) সর (হার)] বি, মণির মালা ; মণিহার।

মণিহার [আ° মনহিয়ার (কাচ বা গালার চুড়ি, প্রসাধন দ্রব্য খেলনা ই° বিক্রেতা)] বি, মণির মত উজ্জ্বল গালা বা কাচাদিনির্মিত চুড়ি ; প্রসাধন দ্রব্য, সৌখিন খেলনা, কাগজ, কালী, কলম ই° খুচরা দ্রব্য। ~ী১ [গ্রা° মনোহারী, মনিহারী শু°] বিণ, উক্তরূপ পণ্য বিক্রেতা। ~-দোকান-সৌখিন খেলনা, কাগজ পেন্সিলাদি খুচরা জিনিষের দোকান।

মণিহারী২ [হি°] বি, বিণ, রত্নবণিক ; মণিমুক্তাদির ব্যবসায়ী।

মণী-মণি দ্রঃ।

মণীচক-বি, রত্নবিঃ ; চন্দ্রকান্ত মণি। ২ মাছরাঙ্গা পাখী।

মণীব [মণি+ইব] বি, মণি সদৃশ বা তুল্য

মণীবক-বি, পুষ্প।

মণ্ঠক-মঠ১ দ্রঃ।

মণ্ড [সং] বি, যব বা চাউল ই° ২৪ গুণ জলের সহিত উত্তমরূপে সিদ্ধ করিয়া তার সিটি ছাঁকিয়া লইলে যা প্রস্তুত হয়। ২ মাড়; ফেন; কাথ। ৩ সারভাগ। ৪ দধিসার। ৫ গাদ। ৬ রেড়িগাছ। ৭ পিচ্ছ। স্ত্রীং ~া-সুরা।

মণ্ডক [সং] বি, আটা বা ময়দা মাখিয়া হাত দিয়া প্রস্তুত ও হাঁড়ি উনানের উপর উবুড় করিয়া তার উল্টা পিটে সেকা রুটি। তুল-হি° মাড়া রোটী।

মণ্ডন [মণ্ড (ভূষিত করা) + অন (পে)] বি, অলঙ্কার; আভরণ ; ভূষণ। ২ [+অন ভা°] অলঙ্কার ; প্রসাধন। "তোমার গমন শুনি করিনু মণ্ডন।"-মহা° (কাশী°)।

মণ্ডনমিশ্র [ইতি°] বি, জনৈক প্রসিদ্ধ বৌদ্ধ পণ্ডিত।

মণ্ডপ [মণ্ড-পা (পালন করা) + অ] বি, মন্দির ; দেবালয়। ২ বিশ্রামগৃহ ; চণ্ডীমণ্ডপাদি বিশ্রামস্থান। ৩ অল্পকালের নিমিত্ত নির্মিত বাসস্থান। ৪ অট্টালিকার বহিরুদ্গত অংশ pavillion. "একটা দোতলা ম° আছে ক্লাবের জন্যে।"-রবী° (রাশিয়ার চিঠি)। ৫ বিণ, ফেনপায়ী।

মণ্ডরী [সং] বি, ঘুরঘুরিয়া পোকা।

মণ্ডল [সং] বি, চক্র। ২ পরিধি; বেষ্টন। ৩ চন্দ্র সূর্য্যের ছটার পরিধি ; সূর্য্যবিম্ব ; চন্দ্রবিম্ব। ৪ গোল। ৫ অরি মিত্রাদি দ্বাদশপ্রকার রাজা; "দ্বাদশ রাজক" (বিশ্ব°) ; সামন্ত রাজা ; কামন্দকীয় নীতি (৮।১) মতে মণ্ডলাধিপের কোষ-দণ্ড-অমাত্য-দুর্গাদি সহায় থাকিত। তিনি দুর্গে থাকিয়া শাসন কার্য্য পরিচালন করিতেন। ৬ কৃত্রিম রেখাদি দ্বারা রচিত আসনবিঃ। ৭ রাজ্য। ৮ দেশ। ৯ স্থান। ১০ বিভাগ। ১১ ধনুর্দ্ধরদিগের স্থানবিঃ। ১২ সর্প; নাগ। ১৩ কুকুর। ১৪ সমূহ ; পুঞ্জ ; বৃন্দ ; দল। "দেখা কৈল যত প্রজা গোমস্তা ম°"-অ° ম°। ১৫ নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ। ১৬ [গ্রা° মোড়ল। পঞ্চায়েৎ শাসন দ্রঃ] শান্তিরক্ষক ; বিচারক ও সাধারণ সম্পত্তিরক্ষক ; গ্রাম্য প্রজাদিগের মুখপাত্র ; গ্রামনায়ক ; গ্রামের প্রধান ব্যক্তি। ১৭ পঞ্চায়েৎ। ১৮ [জমী° পরিঃ] জমীদারের প্রতিনিধিস্বরূপ গ্রামের খাজনা আদায়কারক ও মহলের রক্ষণাবেক্ষণকারী প্রজা। এই কার্য্যের জন্য মণ্ডল অল্পকর বা নিষ্কর জমী ভোগ করিয়া থাকে। ১৯ [গ° পরিঃ (সা° প° প°)] বি, পরিধি (দ্রঃ) great circle. ২০ [জ্যা° (ক° বিশ° পরিঃ)] ইং zone এর বৈজ্ঞা° পরিঃ। **খণ্ডমণ্ডল**-বি, বৃত্তখণ্ড sector or segment of a circle. **দৃঙ্মণ্ডল**-দৃগ্‌গোল small circle. ২১ [জ্যো° পরিঃ] প্রতিসূর্য্যক ; উপসূর্য্যক disc of the sun. ~**নৃত্য**-বি, চক্রাকারে নৃত্য। ~**মধ্য**-বি, চক্রমধ্য। **আভামণ্ডল**-চন্দ্র বা সূর্য্যের চতুর্দ্দিকস্থ জ্যোতির্মণ্ডল বা বলয় corona. **আলোকমণ্ডল**-সূর্য্যের চারিদিকের দীপ্তিমণ্ডল photosphere. **ইন্দুমণ্ডল**-চন্দ্রমণ্ডল disc of the moon. **বর্ণমণ্ডল**-সূর্য্যের চতুর্দ্দিকস্থ রক্তবর্ণ বাষ্পমণ্ডল chromosphere. **বায়ুমণ্ডল**-জ্যোতিষ্কের চতুর্দ্দিকের বাষ্পমণ্ডল ; অন্তরিক্ষ atmosphere.

মণ্ডলক [মণ্ডল+ক (স্বার্থে)] বি, মণ্ডলাকার সৈন্য-রচনা ; চক্রব্যূহ। ২ সূর্য্য ও চন্দ্রের ছটার পরিধি ; চন্দ্র বা সূর্য্যের বিম্ব ; মণ্ডল। ৩ মুকুর ; দর্পণ। ৪ কুষ্ঠরোগবিঃ।

মণ্ডলাকার [মণ্ডল+আকার] বি, চক্রাকার ; গোলাকৃতি।

মণ্ডলাগ্র [মণ্ডল+অগ্র] বিণ, অগ্রভাগ যার গোলাকার। ২ বি, খড়্গ।

মণ্ডলাধীশ [মণ্ডল+অধীশ] বি, চতুঃশত যোজনব্যাপী প্রদেশের অধিপতি; মণ্ডলেশ্বর।

মণ্ডলায়িত [মণ্ডল >। নামধাতু] বিণ, মণ্ডলীকৃত; চক্রাকারে পরিণত; বর্তুলাকার।

মণ্ডলিয়া [সং-মাণ্ডলীক > হি- মণ্ডলীক > মণ্ডলিঅ >] বি, মোড়োল। ২ বি(ণ), গ্রামের মণ্ডলের প্রাপ্য। "পরম্পরা আছে মোর ম° তোলা।"-কবিকং।

মণ্ডলী [মণ্ডল-ইন্ (স্ত্রী°)=মণ্ডলিন ১মা, ১ব°] বি, চাকলাদার। ২সূর্য্য। ৩ সর্প। ৪ কুক্কুর। ৫ খট্টাশ। ৬ বিড়াল। ৭ ডুম্বুরবৃক্ষ। ৮ বটবৃক্ষ। ৯ চক্র ring. "ডাকুক শিবার দল ম° করিয়া ঘোর"-গিরীন্দ্রমোহিনী। ১০ পরিধি; কুণ্ডলী; গুণ্ডি। "নীলকণ্ঠ উড়ি ফিরে ম° দিছেন শিরে," -অ° ম°। ১১ দূর্ব্বা। ১২ সন্ন্যাসীর দল। স্ত্রীং মণ্ডলিনী-দূর্ব্বা।

মণ্ডলেশ, মণ্ডলেশ্বর [মণ্ডল+ঈশ, +ঈশ্বর] বি, রাজচক্রবর্ত্তী; মণ্ডলাধীশ।

মণ্ডহারক [মণ্ড (অন্নাদির অগ্ররস)-হৃ (লওয়া)+অক (র্ত্তৃ)] বি, শৌণ্ডিক; শুঁড়ি।

মণ্ডা১ [মণ্ডন >,নামধাতু। মণ্ডি. মণ্ড, মণ্ডে; মণ্ডিতে; মণ্ডিয়া] ক্রি, মণ্ডন করা; ভূষিত করা। "ধন্য তুই পক্ষিকুলে, শিখণ্ডি; শিখণ্ড তোর মণ্ডে শির যাঁর,"-বীরাঙ্গনা।

মণ্ডা২ [সং-মণ্ডল (গোল) > মণ্ডঅ > মণ্ডা। তুল-গোল্লা] বি, মিষ্টান্নবিঃ; সন্দেশ।

মণ্ডিত [মণ্ড্ (ভূষিত করা)+ত (র্ম্ম)] বিণ, ভূষিত; অলঙ্কৃত। "স্বধর্ম্ম ম° বিধর্ম্ম খণ্ডিত ব্রাহ্মণ পণ্ডিত বৈদ্য"-ঘ°। ২ বেষ্টিত। ৩ জনৈক বৌদ্ধ রাজা।

মণ্ডুক [সং] বি, ভেক; বেঙ (৮ প্রকার, কৃষ্ণ, সার, কুহক, হরিত, রক্তবর্ণ, বর্ণাভ, ভৃকুটি, কোটিক)। "জমমিআ মণ্ডুক জলে লাফালাফি জাএ।"-শূ° পু°। ২ ঢাল ধরিবার স্থান।

মণ্ডূক [সং] বি, মুনিবিঃ। ২ দর্দ্দুর; ভেক। স্ত্রীং ~ী। ~বাদ্য-আনদ্ধবাদ্যবিঃ। ~প্লুতিন্যায়-ভেক যেমন লম্ফ দিয়া গমন করে সেইরূপ। ~পর্ণী [বৈদ্যক। সং-মণ্ডুকপর্ণিকা] বি, থুলকুড়ি; থানকুনি Hydrocotyle Asiatica. ২ মঞ্জিষ্ঠা। ~সরঃ-বি, মণ্ডূকপূর্ণ জলাশয়।

মণ্ডূর [সং] বি, লৌহমল; অগ্নিদগ্ধ লৌহের কিট্ট; লোহার মরিচা।

মণ্ডোদক [মণ্ড+উদক (জল)] বি, পিঠালির জল। ২ বিবিধ বর্ণ।

মৎ১ [অস্মদ্ > বাং-র ষষ্ঠীর একবচনান্ত রূপ] স, আমার; মদীয়। অন্য শব্দের পূর্ব্বে যুক্ত হইয়া ব্যবহৃত হয়। প্র-মৎপ্রণীত। মল্লিখিত। মদ্ভক্ত।

মত১ [মন্ (মনন করা, মনে করা)+ত (র্ম্ম)] বি, সম্মতি। ২ অভিপ্রায়; অভিসন্ধি। ৩ মনোগত ভাব। ৪ বিশ্বাস। প্র-ধর্ম্মমত। ৫ মন্তব্য; অভিমত। প্র-নানা মুনির নানা মত। মত করা-ক্রি,সম্মত হওয়া। ২ অভিমত দেওয়া। মত দেওয়া-ক্রি, অভিমত প্রকাশ করা। ২ সম্মতি দান করা; অনুমতি দান করা। ৩ অনুমোদন করা। ৪ পরামর্শ দান করা। মত বদলানি-ক্রি, অভিমত বা অভিপ্রায় পরিবর্ত্তন করা। ~বাদ [মত-বাদ (তন্ত্র)] বি, মূল মত; জীবনের কার্য্য পরিচালক মত principle. ~বিরোধ [মতের বিরোধ] বি, মতানৈক্য; ভিন্নমত; স্বতন্ত্র অভিমত। ~ভেদ [মতের ভেদ] বি, মতানৈক্য; মতান্তর; অন্যমত। মত লওয়া-ক্রি, অনুমতি বা সম্মতি গ্রহণ করা। ২ অভিমত বা মন্তব্য গ্রহণ করা। ৩ পরামর্শ গ্রহণ করা। ~স্বাতন্ত্র্য-বি, মতের স্বাধীনতা বা পার্থক্য।

মত২ [মন্ (বোধ করা)+ত (র্ম্ম)] বিণ, বুদ্ধিযুক্ত। ২ সম্মত। ৩ জ্ঞাত। ৪ অ, রূপে; ভাবে; রকমে। "ঠিকমত ধরিতে গেলে।" ৫ সদৃশ; সমান। প্র-আগের মত।

মত৩ (মতো, মোতো ও°) [সং-মৎ > প্রা° বাং -মন্ত (এমন্ত) > মতন(পূ° রাঢ়ে, বগড়ী° প্রাদে° মুতন)] বিণ, তুল্য; সদৃশ; সমান। ২ অ, জন্য। প্র-এ জন্মের মত হয়ে গেল। কালকের মত সংস্থান করা রহিল। ৩ অনুসার according to. প্র-মনের মত মানুষ। কথা মত কাজ। ৪ উপযুক্ত; যোগ্য; উচিত; যেমনটি চাই তেমনি। প্র-মানুষের মত মানুষ। মুখের মত হয়েছে। দিবার মত। কাজের মত কাজ।

মতঙ্গ [সং] বি, ঋষ্যমূক পর্ব্বতাশ্রমবাসী জনৈক ঋষি। ২ রাজর্ষিবিঃ। ৩ দানববিঃ। ৪ চণ্ডাল। ৫ মাতঙ্গ; হস্তী। ~জ [মতঙ্গ (মুনিবিশেষ)+জন্ (জন্মান)+অ (র্ত্তৃ), যে জন্মে (উপ°)] বি,গজ; হস্তী। "সবহু মতঙ্গজে মোতি নাহি মানি"-বি° প°।

মতন (-মত-) [মত দ্রঃ] বিণ, তুল্য; সম; সদৃশ। ২ অনুরূপ; অনুযায়ী। প্র-মনের মতন।

মতফর্ক্কা-মুতফর্কা দ্রঃ।

মতিমতি [মত৩ দ্রঃ] অ, সমান সমান; ।

মতলব [আ° মৎলব্] বি, অভিপ্রায়; উদ্দেশ্য। ২ অভিসন্ধি। ৩ স্বার্থ। ~ী-বি, কৌশলী; ফন্দিবাজ। ম°খানা [নির্দ্দেশ অথবা বিশেষার্থে-খানা] বি, বিশেষ স্বার্থ বা উদ্দেশ্য। "জান ত মতলবখানা যা ঠাওরানো গেছে সেটা ত সারা চাই"-ভারতী, ১৩২১। ~বাজ [আ° মৎলব্+ফা° বাজ্] বিণ, মতলবী; ফন্দিবাজ। ২ স্বার্থপর। ম° হাসিল করা,-হওয়া-গূঢ় উদ্দেশ্য সফল করা; স্বার্থ সিদ্ধ হওয়া।

মতান্তর [মত+অন্তর (ভিন্ন)] বি, ভিন্ন মত; স্বতন্ত্র অভিমত; অন্যমত।

মতাবলম্বন [মত+অবলম্বন] বি, মতানুসরণ; মতাশ্রয়।

মতাবলম্বী [মত+অবলম্বী] বিণ, মতানুসরণকারী; মতানুবর্ত্তী। স্ত্রীং মতাবলম্বিনী।

মতামত [মত+অমত] বি, মত এবং অমত; সম্মতি অসম্মতি; ইচ্ছা বা অনিচ্ছা।

মতায়েন [মোতায়েন দ্রঃ] বি, নিযুক্ত।

মতালেক-মোতালেক দ্রঃ।

মতি১ [মন্ (বোধ করা)+তি (ভা°)] বি, বুদ্ধি; জ্ঞান। ২ স্মৃতি। ৩ অন্তঃকরণ। ৪ [+ত (ণে)। (স্ত্রী°কী°-তে, মতী] চিত্ত; মনঃ। "নিদ্রাভঙ্গে গজপতি, হরষিত মতি। পুনরায় রণোৎসাহে সমুৎসুক অতি।"

[ ] যুক্ত-দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ...

-রঙ্গলাল। "বিদ্যাপতি মতি মাতি" -বিং পং। ৫ ইচ্ছা। ৬ পুষ্পবিঃ। "কিআলা কেতকী মতি পলাস কাঞ্চন। আম জাম তুলিলেন্ত পুজিবাক নিরঞ্জন।" -শূং পুং। ৭ মুক্তা। ৮ প্রকার; রকম; বিধ। ~গতি [মতি ও গতি] বি, উদ্দেশ্য ও প্রচেষ্টা; বুদ্ধি ও প্রবৃত্তি। "যেমন তাদের গড়ন পিটন তেমনি মতিগতি, তা দিকে লইয়া আত্মীয় স্বজন মুস্কিলে পড়িল অতি"-শিশু গ্রন্থাবলী। "জামাতার মতিগতি দেখিয়া বড় ছেলেটার শিক্ষার ভার পিতাই গ্রহণ করিয়াছিলেন।"-ভারতী, ১৩২০। ~চ্ছন্ন [ছন্ন (উৎসন্ন, বিনষ্ট) মতি, শব্দ বিপর্য্যয়ে মতিচ্ছন্ন] বিণ, নষ্টবুদ্ধি; দুর্ম্মতি; বুদ্ধিভ্রংশ। ~প্রকর্ষ-বি, শ্রেষ্ঠবুদ্ধি; বুদ্ধির উৎকর্ষ। ~বিভ্রংস [মতির বিভ্রংশ] বি, উন্মাদ রোগ। ~ভ্রংশ [মতির ভ্রংশ] বি, বুদ্ধিহীনতা। ২ স্মৃতিশক্তির অভাব; ভ্রম। ~ভ্রম [মতির ভ্রম] বি, স্মরণশক্তিহীনতা। ২ বুদ্ধিভ্রংশ; নষ্টবুদ্ধি। ~ভ্রষ্ট [মতি ভ্রষ্ট হইয়াছে যার, বহুং] বিণ, উন্মাদ। ~ভ্রান্ত-বিণ, উদ্‌ভ্রান্ত; নষ্টবুদ্ধি। ~ভ্রান্তি-বি, মতিভ্রম (দ্রঃ)। ~মত-অ, প্রকৃতি বা প্রবৃত্তি অনুসারে। "গৌরব করিলি যত সকলি হইবে হত, মতিমত হইবেক গতি"-কবিকং। ~মান্ [মতি+মৎ (স্ত্যং)=মতিমৎ ১মা, ১বং] বিণ, পণ্ডিত; সুধী; বুদ্ধিমান্। ২ অনুরক্ত। "তোহে মতিমান সুমতি মধুসূদন" -বিং পং। > স্ত্রীং ~মতী-বুদ্ধিমতী। ~মোষ [প্রাং বাং। মতি (বুদ্ধি) মোষ (মুষ্=ছেদন, নাশ করা) >] বি, বুদ্ধিভ্রংশ; নষ্টমতি; ছন্নমতি [এই অর্থে "বুদ্ধিমোষ"(স) ওং। "কি সক তোমার ভৈল হেন বুদ্ধিমোস" -মাধব কন্দলীকৃত রামাং, অযোধ্যাকাণ্ড]। "হঞাঁ কাহ্ন বড়ার পো। ভালকাম না করসি তো॥ মং মোকে কর বল। তুঁ জিবি তো লিখিত কল॥"-শ্রীং কীং। ক্রি-বিণ, মতিমোষে, -মোষেঁ-মতিচ্ছন্নহেতু। "উপেখিল মতিমোষে"-শ্রীং কীং। "মতিমোষেঁ আজ্ঞা থুইল গোআলার কূলে"-ঐ। ~ষ্ঠ [মতি-স্থিত=স্থ=ষ্ঠ] বি, সুবুদ্ধি; জ্ঞানী। ~স্থৈর্য্য [মতির স্থৈর্য্য] বি, বুদ্ধির স্থিরতা। ২ সঙ্কল্পের দৃঢ়তা। ~হীন-বিণ, নির্ব্বুদ্ধি; স্মৃতিশক্তিহীন। ২ভ্রান্ত। > বি, ~হীনতা।

মতি২ [মোতি দ্রঃ] বি, মুক্তা। ~চুর [মতি (মুক্তার ন্যায় দানা)-চুর(চূর্ণ)] বি, মিষ্টান্নবিঃ; মিহিদানার মিঠাইবিঃ। "খোলা হতে নামে লুচি, টগবগ তাজা, জিবে গজা, পানতুয়া, ছানাবড়া, খাজা, মতিচুর, সরপুলি, আর সরভাজা।"-দেবেন্দ্র সেন। ~মি, মোতিমি [ব্রজং। মোতি (দ্রঃ)+সং-ময় > স্কেং মি] বিণ, মুক্তার; মুক্তাগ্রথিত। "বানর কণ্ঠে কি মোতিম মাল"-বিং পং। "হৃদয়ে বিরাজিত মোতিম হার॥"গোবিন্দ-। ~য়া [মোতিয়া দ্রঃ] বি, মুক্তা; মোতি। ২ বহুদল বেলফুলবিঃ।

মতিহারী-বি, বিহার প্রদেশান্তর্গত নগরবিঃ। ২ তামাকবিঃ।

মতো [মত৩ দ্রঃ] অ, উপযুক্ত; যোগ্য। "উত্তেজনা আর উৎসাহ যে একবস্তু নয় এটা মানবার মতো মন আর বুঝবার মতো বুদ্ধি আমাদের অনেকেরই নেই। কিন্তু তাই বলে উৎসাহ আর উত্তেজনা এক হয়ে যায় না।"

মৎকুণ [সং। "মৎকুণোঽশ্মশ্রু পুরুষে। উদ্দংশে নারিকেলে চ নির্ব্বিষাণে গজোঽপি চ" -হেং] বি, ছারপোকা; উকুন; ডাঁশ। ২ শ্মশ্রুহীন পুরুষ, মাকুন্দ। ৩ নারিকেল। ৪ অজাতদন্ত হস্তী। স্ত্রীং ~া-অজাতলোম স্ত্রী-চিহ্ন।

মত্ত [মদ্ (মত্ত হওয়া)+ত (র্ত্তৃ)] বি, কোকিল। ২ ক্রোধোন্মত্ত হস্তী। ৩ মহিষ। ৪ ধুস্তুর; ধতুরা। ৫ বিণ, উন্মত্ত; প্রমত্ত; মাতাল। ৬ উন্মাদ। ৭ রুষ্ট; ক্রুদ্ধ। ৮ হৃষ্ট। ৯ গর্ব্বিত। স্ত্রীং ~া-বিহ্বলা। ২ মদিরা। ৩ দশাক্ষরা ছন্দোবিঃ।

মত্তকাশিনী, মত্তকাসিনী [মত্ত (উন্মত্ত)+কাশ্, স্ (দীপ্তি পাওয়া)+ইন্ (র্ত্তৃ)+ঈ] বি, উন্মাদিনী; উন্মত্তা নারী।

মত্ততা [মত্ত+তা(ভাং)] বি, উন্মাদাবস্থা; বুদ্ধিবিকার; ক্ষিপ্ততা। ২ মাতামাতি; উপদ্রব। ৩ নেশা।

মত্তবারণ [মত্ত যে বারণ (হস্তী), ধা] বি, পাগলা হাতী। ২ বারাণ্ডা। ৩ প্রাঙ্গণের আবরণ; চাঁদোয়া। ৪ আবৃত স্থান।

মত্তমান-মর্ত্তমান দ্রঃ।

মত্তা, মাত্তা [মুটের সহচর শব্দ। গ্রাং] বি, মোটবাহক; মুটে। "মোরে দেখ মুটে মত্তা মূরতি মর্কট।"-ঘং।

মৎপরায়ণ [মৎ-পরায়ণ। সং-মৎপরাওং] বিণ, আমাতে আত্মসমর্পণকারী; মদ্ভক্ত; মদাশ্রয়ী।

মত্য [সং] বি, জ্ঞানচর্চ্চা। ২ কাষ্ঠে লাঙ্গলাদির বাঁট। ৩ মই।

মৎলব-মতলব দ্রঃ।

মৎসর [মদ্ (দ্বেষ করা, হৃষ্ট হওয়া)+সর (র্ত্তৃ)] বি, অসূয়া; ঈর্ষা; হিংসা envy. ২ দ্বেষ। ৩ পরশ্রীকাতরতা। ৪ রোষ; ক্রোধ। ৫ আত্মধিকার। ৬ বিণ, পরশ্রীকাতর। ৭ অসূয়াপরবশ। ৮ কৃপণ। ৯ ক্রুদ্ধ। স্ত্রীং ~া -পরশ্রীকাতরা। ২ মক্ষিকা। ~ী [সং] বিণ, দ্বেষকারী; বৈরী। ২ পরশ্রীকাতর। ৩ ক্রূর। ৪ খল। ৫ দুর্জ্জন। ৬ রুষ্ট। > স্ত্রীং মৎসরিণী।

মৎসিরিপ (ফ) [আং মুতসর্রিফ্। আদাং] বিণ, গচ্ছিত ধন বা তহবিল তছরূপকারী embezzler ; misapropriator.

মৎস্য [মদ্ (আনন্দিত হওয়া)+স্য (র্ত্তৃ, জ্ঞাং), যারা জল পাইলে আনন্দিত হয়] বি, মাছ; মীন। ২ বিষ্ণুর প্রথম অবতার। ৩ পুরাণবিঃ; মৎস্যপুরাণ। ৪ দ্বাদশ রাশির অন্যতম; মীনরাশি। ৫ [নাট্য শাং] বি, অঙ্গাভিনয়বিঃ। মৎস্য বুঝাইতে পতাকহস্তদ্বয় সম্মুখে নত করিয়া অঙ্গুষ্ঠদ্বয় বিস্তারিত করিতে হয়। ৬ [তন্ত্রে] মন [এই অর্থে মৎস্য-সাধন=দেহরূপ সমুদ্রের মধ্যে, মন-রূপ মৎস্যকে বাধ্য করা; সুখ-দুঃখকে সমজ্ঞান করিবার সাধনা। সাধাং তন্ত্রোপাসকগণ মৎস্যাহারদ্বারা রসনার তৃপ্তি সাধন বুঝেন। কোন কোন সাধক ইহাকেই ক্ষিত্যাদি সাধন মার্গের অন্তর্গত অপ্ (করী) সাধন বলিয়া থাকেন-সতীশং বন্দ্যোং (তত্ত্বমঞ্জরী, ১৩২৫)]। ৭ মৎস্য দেশ; আধুনিক জয়পুর। বিরাট দেশ, ধোলপুরের পশ্চিমে অবস্থিত। দশার্ণ দেশের উত্তরদিকে যমুনাতট হতে রোহিত বা সৌরসেনদিগের দেশের ভিতর দিয়া পাণ্ডবগণ এখানে প্রবেশ করিয়াছিলেন।

এই বিরাট রাজ্যের রাজধানীর নাম "বৈরাট"। ইহা জয়পুরের ৪০ মাইল উত্তরে বর্ত্তমান। স্ত্রীং ~ী। ~কর্ণ্ডিকা-খালুই ; মাছের চুপড়ি। ~গন্ধা [পুং। মৎস্যের উদরে জন্ম হেতু ইঁহার অঙ্গে মৎস্যের গন্ধ থাকায় নাম] বি, ব্যাসজননী ; যোজনগন্ধা ; শান্তনু রাজমহিষী। ২ জলপিপ্পলী। ~জাল-মাছ ধরিবার জাল। ~জীবী-বি, ধীবর ; জেলে। ~ণ্ডিকা, মৎস্যণ্ডী ["মৎস্যাণ্ডাকারত্বাৎ মৎস্যণ্ডী"-শব্দকল্প০] বি, খণ্ডবিকার ; মিছরি। ২ নবাৎ ; পাটালী। ৩ সার গুড়। ~ধানী-খালুই ; মাছ ধরিবার চুপড়ি। ~বিন্ধী-বি, ধীবর। ~বেধন(নী)-বি, বড়শী। ~রঙ্ক,~রঙ্গ-বি, মাছরাঙ্গা পাখী। ~রাজ-বি, মৎস্য-দেশাধিপতি বিরাটরাজ। ২ রোহিত মৎস্য। ~সজ্য-বি, মাছের ঝাঁক। মৎস্যাশন১-বি, মৎস্য ভোজন। মৎস্যাশী-বিণ, আমিষভোজী ; মৎস্য-ভোজী। মৎস্যাসন২-রুদ্রযামলোক্ত আসন।

মৎস্যোদরী [পুং] বি, ব্যাসজননী মৎস্যগন্ধা।

মথন [মথ্ (মন্থন করা) + অন (ভা০)] বি, আলোড়ন ; মন্থন। ২ ক্লেশ। ৩ দলন। ৪ বিণ, মথনকারী। ৫ বিনাশকারী ; বিনাশন। "কেশিমথন কংসারে।"-বাসবদত্তা। > ক্রি, মথা [মথি, মথ, মথে ; ই০] মন্থন করা।

মথনি-বি, এক প্রকার চাটনি। "সূপ আদি ব্যঞ্জনভাণ্ড চৌদিগে ধরিল। তার পাশে দধি দুগ্ধ মাঠা শিখরিণী পায়স ম০"-চৈ০ চ০। ২ মন্থনদণ্ড।

মথিত [মন্থ্ (মন্থন করা) + ত (র্ম)] বি, নির্জ্জল দধি। ২ বিণ, আলোড়িত ; আন্দোলিত। ৩ ব্যাকুলিত। ৪ ক্লিষ্ট ; পীড়িত। ৫ হত। ৬ বিনষ্ট।

মথী [মথ + ইন্ (ণ্যা০)=মাথিন্ ১মা, ১ব০] বি, মন্থনদণ্ড।

মথুরা, মথুরা [ইভি০] বি, মধুদৈত্য নির্ম্মিত নগরী ; মধুপুরী বা মধুরা নগরী। (আর্য্য শূরসেনজাতির প্রথম উপনিবেশকালে ইহার নাম হয় শূরসেনা। পরে মহাভারতের যুগ হতে ইহা মথুরা নামে অভিহিত হয়)। ~ধাম-মথুরাপুরী। ২ [ব্যঙ্গার্থে] শ্বশুর বাড়ী। মথুরেশ [মথুরা + ঈশ] বি, কৃষ্ণ।

মথোন [প্রা০ ও ম০ বাং। অপ্র০] ক্রি-বিণ, অর্থ না বুঝিয়া আবৃত্তি করাইয়া ; অর্থবোধ না করাইয়া ; মুখস্থ। "বালকদিগকে কেবল মথোন পড়াইতেন"-আলাল০।

মথ্যমান [মথ্ (মথনে) + আন (র্ম)] বিণ, যা আলোড়ন করা যাইতেছে ; যা মথিত হইতেছে।

মদ [মদ্ (মত্ত হওয়া, হৃষ্ট হওয়া) + অ। যৌ০ প্রাকৃ০ "মঅ" (চ০ পদ০ ৯।৩)] বি, হর্ষজনিত সম্মোহ। ২ আনন্দ। ৩ মত্ততা ; মদিরাকৃত মনোবিকার। ৪ উন্মত্ততা ; উন্মাদ। ৫ মদিরা ; সুরা। ৬ কস্তুরী। ৭ উন্মাদজনিত মৃগগণ্ডস্থল হতে নিঃসৃত স্বেদ ; "চক্ষে জিনি মৃগ ভালে মৃগমদ বিন্দু।" -অ০ ম০। ৮ রেতঃ। ৯ হস্তীর রগ কাটিয়া যে পাটকিলা বর্ণের উৎকট গন্ধ জলস্রাব হয়। ১০ ষড়রিপুর পঞ্চম রিপু ; দম্ভ। ~খোর [মদ-খোর (ফা০)] বি, সুরাপায়ী ; মাতাল। ~গন্ধা-বি, সুরা। ~মত্ত-বিণ, সুরা-পানে উন্মত্ত ; সুরা-পানজনিত বিকৃতবুদ্ধি। > স্ত্রীং ~মত্তা। ~মত্ত হস্তী-যে হাতীর রগ কাটিয়া মদস্রাব হইতেছে [দ্রঃ-মদোন্মত্ত হস্তী দেখিতে অতিশয় সুন্দর বলিয়া সুন্দর পুরুষকুঞ্জরকে কবিগণ মদমত্ত বারণের সহিত উপমিত করেন]। ~মুকুলিত-বিণ, হর্ষানু-রাগাদিজনিত অর্দ্ধনিমীলিত। ~মুকুলি-তাক্ষী-বিণ, হর্ষহেতু আধ-নিমীলিতনয়না। ~লেখা-বিণ, কামোদ্দীপক। "বাটাভরি বিড়াগুয়া কুঙ্কুম কস্তুরী চুয়া সুগন্ধি চন্দন মদ-লেখা।"-কবিক০। ~স্রাবী-বিণ, মদবর্ষী। ~ক [হিং মদক] বি, আফিমঘটিত মাদক-দ্রব্য যা কলিকায় তামাকের ন্যায় সাজিয়া তার ধূমপান করিতে হয় ; তদ্রাকর্ষক ঔষধবিঃ। ~কট (-ট০) [সং] বি, মত্তকরী ; মদমত্ত হস্তী। ২ বৃষ। ৩ বিণ, মদোন্মত্ত ; মদোদ্ধত। ~কল (-ট০) [মদ (মত্ততা)-কল (শব্দ করা) + অ (র্ত্ত)] বিণ, মত্ততা হেতু মধুর অস্ফুট ধ্বনিকারী। "মদকল করী যথা পশে নলবনে।" -মেঘ০। ~গর্ব্ব (-ট০) বি, মত্ততা হেতু অহঙ্কার ; দাম্ভিকতা। > বিণ, ~গর্ব্বিত, ~গর্ব্বী [প্রা০ গব্বী। প্র-মর্ত্তগব্বী]।

মদৎ, মদদ [আ০ মদদ] বি, সহায়তা ; সাহায্য। ~গার-বিণ, সাহায্যকারী ; সহায়তাকারক। ~মাস [আ০ মদদ-ই মাআশ্=উপজীবিকা ; ভরণপোষণোপায়] বি, বাদসাহী রাজত্ব কালে ধর্ম্মযাজকদিগের ভরণপোষণ জন্য ও দানাদি ধর্ম্ম কার্য্যের নিমিত্ত অল্প করে বা নিষ্করে প্রদত্ত জমি।

মদন [মদ্ + ণিচ্=মদি(মত্ত হওয়া) + অন (র্ত্ত)] বি, কন্দর্প। ২ ভৃঙ্গ ; ভ্রমর। ৩ বসন্তকাল। ৪ বকুল গাছ। ৫ মরুবক ; শল্য ; ময়না গাছ। ৬ ময়না ফল। ৭ ধুতুরা গাছ। ৮ মাষকলায়। ৯ আঁকোড় গাছ। ১০ খয়ের গাছ। ১১ বিণ, মত্ততাজনক। স্ত্রীং ~া, ~ী-সুরা। ২ মৃগনাভি। ৩ কামুকী। ~গোপাল-বি, শ্রীকৃষ্ণ। ~চতুর্দ্দশী-বি, চৈত্রমাসীয় শুক্লাচতুর্দ্দশী ; মদনমহোৎসব তিথি। ~ত্রয়োদশী-বি, -চৈত্রমাসীয় শুক্লাত্রয়োদশী। ~দহন-বি, কন্দর্পকে যিনি ভস্ম করিয়াছেন ; শিব। ~ধর্ম্ম-বি, রতিক্রীড়া। ~ধর্ম্মোৎসব-দোলোৎসব। ~মন্দির-বি, যুবতীর স্তন। ~মোহন-বি, শ্রীকৃষ্ণ। ~রিপু, মদনারি [মদন + রিপু, + অরি] বি, শিব। ~লতা-বি, ময়না নামক কণ্টক বৃক্ষবিঃ। "মদন লতা জনু দংশল হাতী"-বি০ প০। ~লেখা-বি, প্রেমপত্র ; প্রণয়লিপি।

মদনাবস্থা [মদন + অবস্থা] বি, কামদশা।

মদনোৎসব [মদন + উৎসব] বি, বসন্তোৎসব ; দোলপর্ব্ব। [চৈত্রমাসের প্রাচীন নাম 'মধুমাস'। এই মাসে বৈদিক যুগে বসন্তোৎসব হইত। "দোলযাত্রাকে বসন্তোৎসব মনে করিয়া পরে বসন্তোৎসবকে দোলযাত্রা মনে করা হইয়াছে। দোল (১) ফাল্গুন মাসে পূর্ণিমায় অনুষ্ঠিত। (২) শ্রাবণ পূর্ণিমায় ঝুলন আর এক দোল। ইহাতে বসন্তোৎসব নাই। এই পূর্ণিমা রাখীপূর্ণিমা। এইদিন শ্রীহরির নূতন যজ্ঞোপবীত ধারণ হয়, এবং তার অনুকরণে লোকে আগামীবর্ষে বিপদ হতে

রক্ষা পাইবার অভিপ্রায়ে হাতে রক্ষাসূত্র পরে। (৩) চৈত্রমাসে তৃতীয় দোল। এই দোলে বহ্নুৎসব নাই"]। স্ত্রীং ~া-স্বর্গ-বেশ্যা।

মদয়ন্তী [সং] বি, কাঠমল্লিকা ; গন্ধহীন বনমল্লিকা।

মদয়িতা [সং] বিণ, মত্ততাজনক। স্ত্রীং মদয়িত্রী।

মদাঢ্য [মদ+আঢ্য] বি, তাল গাছ। ২ বিণ, মদযুক্ত। স্ত্রীং ~া-বি, রক্ত ঝিণ্টী। ২ বিণ, মদযুক্তা।

মদাতঙ্ক [মদ+আতঙ্ক] বি, অতিরিক্ত মদ্যপানজনিত আতঙ্ক রোগ।

মদাত্যয় [মদ (মদের)+অত্যয়] বি, মদিরাপানজনিত ব্যাধিবিঃ।

মদান্ধ [মদ (দ্বারা)+অন্ধ, ৩তৎ] বিণ, দাম্ভিক ; অতিদর্পী। ২ মত্ততা হেতু সদসৎ জ্ঞানবিরহিত। স্ত্রীং ~া। বি, ~তা।

মদালস-বিণ, আবেশ-বিহ্বল। স্ত্রীং ~া -আবেশ-বিহ্বলা। ২ বি, চন্দ্রবংশীয় প্রতর্দ্দন রাজের ব্রহ্মবাদিনী মহিষী, অলর্কের মাতা।

মদালাপ [মদ (হর্ষযুক্ত)+আলাপ] বি, মিষ্টালাপ ; মধুরালাপ। বিণ, মদালাপী। >স্ত্রীং মদালাপিনী।

মদিউন, মদিয়ুন [আ°। আদা°]বিণ, আদালতে প্রমাণিত করজদার ; ঋণী debtor ; judgment debtor.

মদির [মদ্ (মত্ত হওয়া)+ইর (র্তৃ)] বি, মত্ত খঞ্জন পাখী। ২ বিণ, মত্ততাজনক। "দাও সখি, ম° চুম্বন।"-অশোক°। "মত্ত মদির বাতাসে"-রবী°। "মদির নয়নে বসন্ত হাসিবে"-ঐ। ৩ [নাট্য শা°] বি, উপাঙ্গাভিনয়বিঃ (বক্র, টলমলায়মান গতি, স্খলিত পদ ই°, মাদকতার প্রথমাবস্থা বোধক)।

মদিরা [মদির দ্রঃ] বি, মদ্যবিঃ। ২ রক্ত খদির। ৩ দ্বাবিংশতি-অক্ষর ছন্দোবিঃ। ~গৃহ-বি, মদের দোকান ; শৌণ্ডিকালয় ; মদের ভাঁটি।

মদিরাক্ষী, মদিরেক্ষণা [মদিরা(মত্ত খঞ্জনার মত) অক্ষি বা ঈক্ষণ যার,বহ°, +আ (স্ত্রীং)] বি, মত্তনয়না নারী; সুলোচনা রমণী।

মদীয় [অস্মদ্+ঈয় (ইদমর্থে একবচনে)] বিণ, মৎসম্বন্ধীয় ; আমার। স্ত্রীং ~া। তা-বি, আমার আমার ভাব ; আমিত্ব। "তিনি যাঁহার মধ্যে নিজের সমুদয় মদীয়তা নিমজ্জিত করিয়া তন্ময় হইয়াছেন।" - মন্ত্রশক্তি (অনুরূপাদেবী)।

মদুয়া, মদো, মোদো [মদ+উআ] বিণ, মাতাল ; মদখোর।

মদুরা-দক্ষিণ মথুরা।

মদোৎকট [মদ+উৎকট (যে ক্রুদ্ধ বা মত্ত হয়)] বি, মত্তকরী। ২ বিণ, দম্ভযুক্ত; মদোদ্ধত ; গর্ব্বিত। স্ত্রীং ~া-সুরা।

মদোদগ্র [মদ (দ্বারা)+উদগ্র, ৩তৎ] বিণ, মদোদ্ধত।

মদোদ্ধত [মদ (দ্বারা)+উদ্ধত] বিণ, গর্ব্বোদ্ধত ; মদমত্ত। স্ত্রীং ~া।

মদোন্মত্ত [মদ+উন্মত্ত] বিণ, মদগর্ব্বিত। ২ মত্ততা হেতু জ্ঞানশূন্য। স্ত্রীং ~া।

মদ্গু [সং] বি, রণতরীসমূহ। ২ পানকৌড়ী পাখী।

মদ্গু/র, ~রক [সং] বি, মাগুর মাছ।

মর্দ্দ [ফা° মর্দ > গ্রা°মদ্দা]বি,পুরুষ।"মদ্দ যায় গোঠে মাঠে মেয়ে থাকে ঘরে।"-শি°। ২ বলিষ্ঠ লোক ; জোয়ান পুরুষ। ৩ বিণ, সাহসী। ৪ বীর। ৫ বাহাদুর। স্ত্রীং মর্দ্দানা~-পুরুষপ্রকৃতি নারী। তুল-মেয়ে-মদ্দানী।

মদ্দনা [ফা° মর্দানা > মদ্দানি দ্রঃ। মর্দ্দ +আনা-আনি (মর্দ্দের মত আচরণ) > ভ্রং মদ্দানা, মদ্দানি > পরে মদ্দনা] বি, পৌরুষ। "বলিলাঙ রাবণা দেখি মদ্দনা তোমায়।" -রামা° (কবিচন্দ্র), ১৬শ শতাব্দীর বাং।

মদ্দা [মদ্দ >] বি, (জন্তুর) নর। ২ পুরুষ ; পুং। "মেয়েটা যেন মদ্দা মদ্দা"-গান (অমৃত বসু)। স্ত্রীং মাদা, মাদী, গ্রা° মেদী। তুল-হি° মাদীন। এই অর্থে 'মদ্দানী' ও°।

মদ্দা-মোদ্দা দ্রঃ।

মদ্দানি~, মর্দ্দানি [মদ্দ, মর্দ্দ+আনি (আচরণ)] বিণ, পৌরুষ ; পুরুষত্ব। "ডাক্তারের নারী কহে ভারি 'ভ' মদ্দানি।" -হেম°। ২ সাহসিকতা ; সাহস।

মদ্য [সং] বি, মদিরা ; সুরা। ~প, ~পায়ী [মদ্য (মদ)+প (যে পান করে), পা+ইন্ (র্তৃ)=পায়িন্ ১মা°, ১ব°] বিণ, সুরাপায়ী ; মাতাল ; মদখোর।

মদ্র [মদ্ (হৃষ্ট হওয়া)+র (খি)] বি, হর্ষ। ২ শুভ। ৩ পঞ্জাবের অন্তর্গত ইরাবতী ও চন্দ্রভাগা নদীর মধ্যবর্ত্তী প্রাচীন দেশ। "মদ্রদেশ নরপতি নাম তার অশ্বপতি অপুত্রক সেই নৃপবর।" -কবিক°। ~ক [মদ্র+ক (উৎপন্নার্থে)] বিণ, মদ্রদেশজাত। ~সুতা -বি, পাণ্ডুরাজপত্নী ও নকুল সহদেবের জননী, মাদ্রী।

মধ [ব্রজ°। সং-মধ্য >] বি, মধ্য। "জল মধে কমল, গগন মধ্যে সুর।"-বি° প°।

মধথ [ব্রজ°। সং-মধ্যস্থ >] বিণ, মধ্যস্থ। "তাহি মধথ পাঁচবাণ।"-বি° প°।

মধু [সং] বি, পুষ্পরস ; মৌ। ২ সোমরস : সুরা ; মদ্য। ৩ জল। ৪ সুমিষ্ট রস। ৫ চৈত্রমাস। ৬ বসন্ত (কাল)। "আজি মধু সমীরণে নিশীথে কুসুমবনে তাহারে পড়েছে মনে বকুল তলে।"-রবী°। ৭ বিষ্ণুকর্ণ-মলোদ্ভূত দৈত্যবিঃ। ৮ রাক্ষসবিঃ। ৯ বিণ, মিষ্ট ; স্বাদু। মধু ও মাধব-চৈত্র ও বৈশাখ। ~ক [মধু+ক (স্বার্থে)] বি, যষ্টিমধু। ২ মহুয়ার ফুল। ৩ অশোক। ~কণ্ঠ-বিণ, মিষ্টভাষী। ২ যার গানের গলা অতি মধুর। ~কর [মধু-কৃ (করা)+অ (র্তৃ), যে করে (উপ°)] বি, ভ্রমর। ২ বল্লভ ; প্রণয়ী। ৩ ভৃঙ্গরাজ বৃক্ষ। ৪ নৌকাবিঃ। "হংসডিম্ব প্রায় যেন মধুকর ভাসে। ঝলকে ঝলকে জল লয় চারিপাশে॥"-কবিক°। > স্ত্রীং ~করী -ভ্রমরী। ~কর-ডম্বর-ভ্রমরপুঞ্জ। "কুটীল কটাক্ষ ছটা পড়ি গেল ; মধুকর-ডম্বর অম্বর ভেল॥"-বি° প°। ~কৃৎ [মধু (মৌ)-কৃৎ (যে করে), উপ°] বি, মধুকর ; ভ্রমর। ~কৈটভ-বি, বিষ্ণুকর্ণমল হতে জাত অসুরদ্বয়। "মধুকৈটভের মাংসে মহীর সঞ্চার।" -শি°। ~কোদক [মধুক+উদক] বি, ক্ষীরজল ; জলমিশ্রিত দুধ। ~কোষ [মধুর

-কোষ(ভাণ্ডার)] বি, মধুচক্র ; মৌচাক। ২ [ব্যঞ্জ্যার্থে] মুষ্ক ; অণ্ডকোষ। ~ক্রম [পুনঃপুনঃ মধুপানের জন্য ক্রম (গমন করা হয়) যাতে, বহু০] বি, মধুজালক ; মধুচক্র। ~গ্রন্থি [উদ্ভিদ্‌০ পরিঃ] ইং nectary'র বৈজ্ঞা০ পরিঃ। ~ঘোষ [মধু (মিষ্ট) ঘোষ (রব) যার, বহু০] বি, কোকিল। ~চক্র-বি, মৌচাক। ~চ্ছন্দা-বি, বিশ্বামিত্র ঋষির পুত্র। ~ছত্র-বি, মৌচাক। ~জ [মধু (মৌ) জ (জাত)] বিণ, মধু হতে উৎপন্ন। ২ বি, মোম। ~জা [মধু (দৈত্য) জ(উৎপন্ন)। মধুদৈত্যের মেদে পৃথিবী উৎপন্না এই পুরাণ প্রসিদ্ধি >] বি, ধরিত্রী; পৃথিবী। ~জালক-বি, মৌচাক। ~জিৎ-বি, মধুদৈত্যকে জয়কারী বিষ্ণু। ~জীব-বি, ভ্রমর। "উহ মধুজীব তুহুঁ মধুরাশে।"-বি০ প০। ~তৃণ-বি, ইক্ষু। ~ত্রয়-বি, ঘৃত, মধু, চিনি। ~দ্রুম-বি, মহুয়ার গাছ। ~নাপিত-বি, চৈতন্যদেবের সন্ন্যাস গ্রহণ কালে তাঁর কেশমুণ্ডনকারী মধুসূদন প্রবর্ত্তিত নাম। মধুর্ময়রা ও০। নাপিত জাতির শাখাবিঃ ; মোদক ; ময়রা। ~নিশি [মধু (বসন্ত) নিশি] বি, বসন্তযামিনী ; আনন্দরাত্রি। "সে দিনো ত মধুনিশি প্রাণে গিয়েছিল মিশি।"-রবী০। ~প[মধু (মৌ)-পা (পান করা + অ (র্তৃ), যে পান করে (উপ০)] বি, মধুকর ; ভ্রমর। "কমল ফুল ফুটিয়া আছে মধুপ হোথা যাস্‌নে।"-গান। বিণ, মধুপায়ী। ~পর্ক [মধু-পৃচ্‌ (সম্পৃক্ত হওয়া) + অ (র্ম্ম)] বি, ঘৃত, দধি, মধু, নারিকেল জল এই সমস্ত দ্রব্যমিশ্রিত বস্তু (দেবতা পূজায় বিধেয়)। ~পর্ণী [বৈদ্যকে] বি, নীলীবৃক্ষ। ২ গুড়ূচী। ৩ গাম্ভারী। ~পায়ী [মধু-পায়িন্‌ ১মা, ১ব০] বি, ভ্রমর। ২ বিণ, মধুপানকারী। > স্ত্রীং ~পায়িনী। ~পুরী[মধুর (অসুরের)পুরী(নগরী), ৬তৎ] বি, মথুরা নগরী। ~পুষ্প [মধুপূর্ণ পুষ্প যার, বহু০] বি, মহুয়াগাছ। ২ অশোকগাছ। ৩ বকুলগাছ। ৪ শিরীষগাছ। > স্ত্রীং ~পুষ্পা -দন্তীগাছ। ~পূর্ণ-বি, মধুতে পরিপূর্ণ ; মধুময়। ২ মধুরতাময়। ~প্রিয় [মধু (মদ্য) প্রিয় যার বহু০] বি, বলরাম। ২ ভূঁইজাম। ৩ বিণ, যে মধু ভালবাসে। ৪ মদ্যপ। ~বন [মধু (মিষ্ট) বন্‌ (যে শব্দ করে)] বি, পিক ; কোকিল। ২ বৃন্দাবনের একটি বন। ৩ প্রমোদকানন ; প্রমোদোদ্যান। ৪ কিষ্কিন্ধ্যার একটি বন। ~বর্ষী [মধু-বর্ষী (বর্ষণকারী)] বিণ, অমৃতবর্ষী। ২ অতি মধুর। ~বল্লী-বি, যষ্টিমধু। ~বিহ্বলা-বি, মাধবীলতা। ~ব্রত [মধু আহরণ ব্রত যার, বহু০] বি, মধুকর ; ভ্রমর। "মদমত্ত মধুব্রত গুঞ্জরিয়ে করিছে বিহার।" খ০। ~ভৃৎ-বি, মধুকর। ~মক্ষিকা [মধু-মক্ষিকা] বি, মৌমাছি। ~মতী-বি, যোগিনীবিঃ। ২ নদীবিঃ। ৩ ছন্দোবিঃ। ৪ বিণ, মাধুর্য্যময়ী। "যথা পদার্পণ তুমি কর মধুমতী"-মেঘ০। > পুং ~মান্‌। ~মতী-সিদ্ধি-যোগিনীবিঃ সাধনার সিদ্ধি যার বলে দেব, দানব, গন্ধর্ব্ব, বিদ্যাধর যক্ষ ও রাক্ষসকন্যা এবং নানাবিধ উপভোগ্য বস্তু প্রাপ্ত হওয়া যায়। "এগুলা সকল মধুমতী-সিদ্ধি জানে।"-চৈ০ভা০ ~ময়-বিণ, মধুপূর্ণ ; মধুগর্ভ ; সুমধুর ; অতিমিষ্ট। ~ময়রা, ~মোদক-মোদক ২। দ্রঃ। ~মাধবী [মধু (মদ্য) + মধু হতে উৎপন্ন অর্থে মাধবী বা মাধ্বী (মদিরা)] বি, মদ্য। ~মাধ্বীক [মধু-মাধ্বীক মধু উৎপন্ন সুরা] বি, মদিরা ; সুরা। ~মাস-বি, চৈত্রমাস। "কত মধুমাস আসি গেল হাসি হাসি কলিকার মুখ চাহিয়া।"-বিজয় মজুমদার। ~মূল-বি, মৌআলু। ~মেহ-বি, মূত্র-সহ শর্করা ক্ষরণ রোগ Diabetes mellitus. ~যষ্টি, -কা [মধু (মিষ্ট) যষ্টি-কা] বি, যষ্টিমধু ২ মধুতৃণ ; ইক্ষু। ~যামিনী-[মধু (বসন্ত)-যামিনী (রাত্রি)] বি, মধু-নিশি ; বসন্তরজনী। "কত মধুযামিনী রভসে গোঙাইনু"-বি০ প০। ২ মনোহর বা প্রীতিপদ রাত্রি ; জোৎস্নাময়ী রজনী। ~রস [মধু (মিষ্ট) রস যার, বহু০] বি, মধুতৃণ ; ইক্ষু। ২ তাল। ৩ দ্রাক্ষা। > স্ত্রীং ~া-মূর্ব্বা ; মুরগা গাছ। ২ গম্ভারী। ৩ দ্রাক্ষা। ~রাই [ব্রজ০] বিণ, মাধুর্য্যযুক্ত বাক্য। "কহ কবিরঞ্জন সহজ মধুরাই।"-বি০ প০। ২ বিণ, মাধুরীময়। ~রাতি [মধু-রাতি (নিশি)] বি, আনন্দদায়ক নিশি ; বসন্তরাত্রি। "মধু-রাতি পূর্ণিমার ফিরে আসে বারবার, সে জন ফেরে না আর যে গেছে চলে।"-রবী০। ~রিপু-বি, মধুদৈত্যনিধনকারী - বিষ্ণু। ~রিম [ব্রজ০। মধুর + ইম (ইব=বৎ এই অর্থে)] বিণ, মধুবৎ ; সুমিষ্ট ; সুমধুর। "মদন নিছাই মুছি মুখমণ্ডল, বোলত মধুরিম বাণী।"-গোবিন্দ০। ~রিমা [মধুরিমন্‌ ১মা, ১ব০] বি, মাধুর্য্য। ~ময়-মাধুর্য্যপূর্ণ। "তোমার প্রত্যেক কার্য্যই পবিত্র মধুরিমাময়"-বিমলা। ~রুচি-বিণ, সুস্বাদু ; মধুরাস্বাদ। "মধুরুচি ব্যঞ্জন রসাল।"-কবিক০। ~রী-বি, উৎকৃষ্ট তণ্ডুলবিঃ। "মাস মসুরী তণ্ডুল মধুরী"-কবিক০। ~ল [মধু + ল (স্ত্যং)] বি, মদ্য। ~লিকা-গুড়ূচী। ~লিট্‌ [মধু-লিহ্‌ (আস্বাদন করা) + কিপ্‌ (র্তৃ), যে মধু আস্বাদন করে] বি, ভ্রমর ; মধুকর। ~লিহ্‌, ~লেহ্‌ [মধুলিট্‌ দ্রঃ] বি, মধুকর ; ভ্রমর। ~লুব্ধ-বিণ, মধুলোভী। "ধর্ম্ম পদরজে মধুলুব্ধ বারমতি।"-শূ০ পু০। "মধুলুব্ধ ভৃঙ্গের গুঞ্জন"-উত্তরা, পৌষ, ১৩৩৩। -শর্করা-বি, মধু ও চিনি। ২ সিতাখণ্ড। ~সখ [মধু (বসন্ত) সখ (সখা, সখি + অন্) যার, বহু০] বি, কন্দর্প। ২ কোকিল। ~সর্পী-ঘৃত ও মধু। ~সহায় [মধু-সহায় যার, বহু০] বি, কন্দর্প। ~সূদন [মধু (দৈত্য) সূদন (হন্তা)] বি, বিষ্ণু। ~স্বর -বিণ, মধুকণ্ঠ। ~স্রব-বি, মহুয়াগাছ। > স্ত্রীং ~া-মূর্ব্বালতা। ২ মোরটলতা। ৩ হংসপদী। ৪ যষ্টিমধু। ৫ জীবন্তী গাছ। ৬ বিণ, মধুবর্ষিণী।

মধুর [সং] বি, মাধুর্য্যগুণ। ২ মিষ্টরস। ৩ বিষ ; হলাহল। ৪ [চরক০। কষায় দ্রঃ] কফ। ৫ রাব (দ্রঃ)। ৬ বিণ, মাধুর্য্যবিশিষ্ট। ৭ মিষ্টরসবিশিষ্ট। ৮ মনোহর। ৯ প্রীতিপ্রদ। ১০ শান্ত ; প্রিয়দর্শন ; সৌম্য। ~া, -বিণ, মনোহরা ; মধুররসবিশিষ্টা। ~ত্ব, ~তা (-র্ং) বি, মাধুর্য্য।

~ভাষী-বিণ, প্রিয়বাদী। > স্ত্রীং ~ভাষিণী-প্রিয় বা মিষ্টবাদিনী।

মথুরা [মথু(থূ)রা ওং। যমুনা কূলে মধুবন নামক স্থানে মধুর পুত্র লবণ দৈত্যকে বধ করিয়া শত্রুঘ্ন এই নগর প্রতিষ্ঠা করেন বলিয়া নাম (ভারতকোষ)। মতান্তরে শত্রুঘ্ন মধু নামক অসুরকে এখানে বধ করায় এই নাম। অন্য নাম মধুপুরী রাজা কংসের রাজধানী। শ্রীকৃষ্ণ এখানকার কারাগারে বসুদেবের ঔরসে ও দেবকীর গর্ভে জন্মগ্রহণ করেন। মধুবনে ধ্রুব তপস্যা করিয়াছিলেন। থ=ধ] বি, মথুরানগরী।

মধুক-মধুক দ্রঃ।

মধুচ্ছিষ্ট [সং-মধু+উচ্ছিষ্ট। অথবা মধু-সিক্থ বা মধুথ >] বি, মোম।

মধুৎসব [মধু (বসন্তের) +উৎসব, ৬তৎ] বি, বসন্তোৎসব; ফাল্গুৎসব; হোলি। "মদন মধুৎসব পিককুল রাব" -জ্ঞানং। ২ চৈত্রী-পূর্ণিমা।

মধুথ [মধু-উৎ (উপরি) স্থা (থাকা) + অ (র্কৃ)] বি, মোম। ~বর্ত্তিকা [মধুথ (মৌচাক হতে মধু বাহির করিয়া লইয়া যা অবশিষ্ট থাকে তার) বর্ত্তিকা (যা গলাইয়া সীসের ছাঁচে ঢালা নালাকৃতি জমাট পলিতা)] বি, মোমবাতি।

মধূদক [মধু+উদক] বি, জলমিশ্রিত মধু।

মধ্য [সং] বি, কটিদেশ। ২ দেহ-মধ্যভাগ। ৩ নৃত্যবিঃ। ৪ মধ্যম। ৫ ভিতর। ৬ অন্তরাল। ৭ গ্রহের গতিবিঃ ৮ তালবিঃ। ৯ সংখ্যাবিঃ; ১০০০০০০০০০০০০০০০। ১০ মধ্যমাঙ্গুলি। ১১ [পাটীং (কেং বিশং পরিঃ)] ইং mean এর বৈজ্ঞা পরিঃ; সমক। ১২ বিণ, অন্তর্বর্ত্তী ১৩ মধ্যম। ১৪ মাঝামাঝি middle ১৫ [জ্যোং পরিঃ] ইং mean এর বৈজ্ঞাং পরিঃ; গড়। ~কাল [জ্যোং পরিঃ] ইং mean time এর বৈজ্ঞাং পরিঃ। ~কোণ [জ্যোং পরিঃ] ইং mean anomaly র বৈজ্ঞাং পরিঃ। ~গমন [জ্যোং (কং বিশং পরিঃ)] বি, ইং culmination এর বৈজ্ঞাং পরিঃ। ~গুণক [গং পরিঃ। হিং কোং] বি, ইং modulus এর বৈজ্ঞাং পরিঃ। ~নীচগমন- lower culmination. ~তঃ [মধ্য+তস্ (পঞ্চমী বা সপ্তমী স্থানে), আধুং বাংএ বিরল] অ, মধ্যে; মধ্য হতে। ~তল [জ্যোং] meridian plane (কং বিশং পরিঃ)। ~দেশ-বি, উত্তরে হিমালয়, দক্ষিণে বিন্ধ্যগিরি, পূর্ব্বে প্রয়াগ ও পশ্চিমে কুরুক্ষেত্রের মধ্যবর্ত্তী দেশ। ২ কটিদেশ। ~নতাংশ [জ্যোং] ইং meridian zenith distance এর বৈজ্ঞাং পরিঃ। ~বর্ত্তী [মধ্য-বৃত্তী=বৃত্ (স্থিতি করা) + ইন্ (র্কৃ) =মধ্যবর্ত্তিন্ ১মা, ১বং, যে বিদ্যমান থাকে] বিণ, মধ্যে অবস্থিত; মধ্যস্থলে স্থাপিত। ২ অভ্যন্তরবর্ত্তী। ৩ মধ্যস্থ; সালিস। > স্ত্রীং মধ্যবর্ত্তিনী-উভয়ের মধ্যস্থলে অবস্থিতা [বি, মধ্যবর্ত্তিতা-সালিসি; মধ্যস্থতা]। ~বিত্ত [মধ্য-বিত্ত (ধন) যার, বহুং] বিণ, বিশেষ ধনী বা নিতান্ত দরিদ্র নয় এমন; ধনী ও দরিদ্রের মধ্যবর্ত্তী অবস্থাপন্ন গৃহস্থ। ~বিধ-বিণ, মাঝামাঝি রকম; মধ্যম প্রকার। ~বৃত্ত-বৃত্ত দ্রঃ। ~মণি-বি, ভূষণাদির মধ্যস্থলে খচিত রত্ন। ~মন্দিরা [নৌং] বি, প্রাচীন ভারতীয় জলযানবিঃ। "এই যানগুলি বর্ষাঋতুতে রাজাদের বিলাস যাত্রার জন্য ব্যবহৃত হইত"-বৌদ্ধভারত। ~মান-বি, বাদ্যের তালবিঃ। ~মিকা [মধ্যমা+ক, ই আগম] বি, নবযুবতী; কিশোরী। ~রাত্র [রাত্রির-মধ্য, রাত্রি= রাত্র] বি, রাত্রির মধ্যভাগ; অর্দ্ধরাত্রি; নিশীথ। ~রেখা [বলবিদ্যাং (কং বিশং পরিঃ)] ইং meridian এর বৈজ্ঞাং পরিঃ। ~স্থ [মধ্য-স্থ (স্থা, থাকা) + অ (র্কৃ), যে থাকে] বিণ, সালিস। ২ মধ্যস্থলে স্থিত; মধ্যবর্ত্তী [গং পরিঃ] ইং medium এর বৈজ্ঞাং পরিঃ। ৩ আভ্যন্তরীণ; ভিতরে স্থিত। ৪ [বিশেং] যে কোন পক্ষেই লিপ্ত নয়; উদাসীন। >বি, ~তা। ~স্থল-বি, মাঝখান; মধ্যভাগ। ২ অভ্যন্তরভাগ। ৩ কটিদেশ; মধ্য। ~স্থালি-বি, মধ্যবর্ত্তিতা; সালিসি। ~স্থিত-বিণ, মধ্যবর্ত্তী; অন্তর্গত।

মধ্যন্দিন [মধ্যং-দিনস্য] বি, মধ্যাহ্ন; দিবসের মধ্যভাগ। ~রেখা-বি, দ্রাঘিমা রেখা; যে কল্পিত রেখা বিষুব রেখার উপর দিয়া দুই মেরু ভেদ করিয়াছে।

মধ্যপদলোপী [মধ্যপদলোপ + ইন্ (ষ্ণ)=মধ্যপদলোপিন্ ১মা, ১বং] বিণ, মধ্যপদলোপযুক্ত (সমাস)।

মধ্যম [মধ্য+ম (ভবার্থে)] বিণ, মধ্যবর্ত্তী। ২ মেঝো। প্র-মধ্যম পুত্র। ৩ মাঝারি; অনধিক। ৪ মধ্যদেশ। ৫ রাগবিঃ। ৬ পঞ্চম স্বর। ৭ [গং পরিঃ] ইং average এর বৈজ্ঞাং পরিঃ; গড়। স্ত্রীং ~া -ঋতুমতী নবযুবতী। ২ [মধ্যা দ্রঃ] তর্জ্জনী অনামিকার মধ্যবর্ত্তী অঙ্গুলি। ৩ [জ্যাং (কং বিশং পরিঃ)] ইং median এর বৈজ্ঞাং পরিঃ; ইং mean এর বৈজ্ঞাং পরিঃ। ~গ্রাম-স্বরগ্রামবিঃ। ~পাণ্ডব-বি, ভীম। ~বয়স-বি, প্রৌঢ়ত্ব। >বিণ, ~বয়স্ক-প্রৌঢ়। > স্ত্রীং ~া-প্রৌঢ়া; আধাবয়সী। ~লোক-বি, মর্ত্ত্যলোক। ~সাহস-বি, পঞ্চশতপল পরিমাণ অর্থদণ্ড। ~সাহস [সাহস দ্রঃ] বি, প্রাচীন আর্য্য ভারতের অপরাধীর দণ্ডবিঃ। "হস্তপদ কিম্বা দন্ত ভাঙ্গিয়া দিলে * * * * মধ্যম-সাহস দণ্ড।"-বিষ্ণুপুং (বঙ্গবাসী)।

মধ্যা [মধ্য+আ (স্ত্রীং)] বিণ, মধ্যবর্ত্তিনী; মধ্যস্থিতা। ২ অভ্যন্তরস্থিতা। ৩ গতিবিঃ। ৪ [অলংশাং] নায়িকাবিঃ; যে নায়িকার কাম ও লজ্জা উভয়ই সমান, এবং যার নবীন যৌবন, ঈষৎ প্রগলভ বাক্য, মূর্চ্ছা, কোন কোন স্থলে মানে মৃদুতা ও কার্কশ্য দৃষ্ট হয়। ৫ মধ্যমাঙ্গুলি; মধ্যমা।

মধ্যাহ্ন [অহ্নের (দিনের) মধ্য, ৬তৎ। অহন্=অহ্ন] বি, দিবা দ্বিপ্রহর [দ্রঃ-বৈদিক গণনায় দিবসের তিন ভাগের মধ্যভাগ; স্মৃতিমতে দিবসের পঞ্চভাগের তৃতীয় ভাগ]। ~কাল-বি, দিবা দ্বিপ্রহর। ~কালীন-বিণ, মধ্যাহ্নকাল সম্বন্ধীয়। ~কালে-অ, দিন দুপুরে। ~তপন-বি, দিবা দ্বিপ্রহরের প্রখর সূর্য্য। ~ভোজন-বি, মধ্যাহ্নকালীন আহার dinner.

মধ্যে [মধ্য দ্রঃ] ক্রি-বিণ, মধ্যস্থলে;

মাঝে। প্র-কাঠখানা আস্ত না রেখে মধ্যে একটা ছে দাও। ২ ভিতরে ; অভ্যন্তরে। প্র-গৃহমধ্যে প্রবেশ করিল। বাক্সের মধ্যে নাই। ৩ স্থান বা কাল অতিক্রম করিবার পূর্ব্বে। প্র-তার তিনটার মধ্যে আসিবার কথা। ৪ অবকাশে ; ফাঁকে ; অবসরে ; ব্যবধানে। প্র-মধ্যে মধ্যে। ইতিমধ্যে। ৫ পূর্ব্বাপর, পক্ষপ্রতিপক্ষ, বাদীবিবাদী বা উভয়দিক্ পৃথক্ বা ভাগ করিয়া ; মধ্যস্থ হইয়া। প্র-মধ্যে পড়িয়া তিনি উহাদের ঝগড়া মিটাইয়া দিলেন। তিনি মধ্যে আসিয়া না পড়িলে উভয় পক্ষই ক্ষতিগ্রস্ত হইত। ৬ অবধারণে ; গণনায় ; হিসাবে। প্র-কাজের মধ্যে ত এই ! এটা আর করতে পারবে না ? মানুষের মধ্যেই নয়। ৭ সাধারণের অজ্ঞাতভাবে ; গোপনে ; তলে ; মূলে ; ভিতরে লুকান। প্র-এর মধ্যে কথা আছে, পরে জানাব। ৮ [সময় সম্বন্ধে] অনতিবিলম্বে ; অনতিপূর্ব্বে ; কাছাকাছি। প্র-মধ্যে তিনি এসেছিলেন। মধ্যে একবার দেখা করিও। ৯ মনে ; অন্তরে ; পেটে। প্র-কার মধ্যে কি আছে, মুখ ফুটে না বলে কি করে জানা যাবে ? ~থেকে-অ, ভিতর হ'তে। "যতগুলি দরখাস্ত এসেছিল তার মধ্যে থেকে বেছে বেছে আমি যাদের ডেকে ছিলাম"-মা॰ ও ম॰ বাণী, ১৩৩৩। ~মধ্যে-অ, ব্যবধান দিয়া। প্র-মধ্যে মধ্যে খাল কাটিয়া দিয়াছে। মধ্যে মধ্যে গাছ বসান। ২ সময়ে সময়ে ; মাঝে মাঝে ; কখন কখন ; প্রায়ই। প্র-মধ্যে মধ্যেই রোগে পড়ে। মধ্যে মধ্যে দেখতে পাওয়া যায়। ৩ অন্তরে অন্তরে ; ভিতরে ভিতরে। ৪ থাকিয়া থাকিয়া ; থামিয়া থামিয়া।

মধ্যোচ্চগমন [জ্যো॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং upper culmination এর বৈজ্ঞা॰ পরিঃ।

মধ্যোন্নতি [জ্যো॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং meridian altitude এর বৈজ্ঞা॰ পরিঃ।

মধ্বাজ্য [মধু+আজ্য] বি, গব্যঘৃত (সুশ্রুত)।

মধ্বাসব [মধু+আসব] বি, মধু হতে উৎপন্ন সুরা।

মন, মনঃ [মনস্, ১মা, ১ব॰। প্রা॰ বাং-মণ। শ্রী॰ কী॰-তে-মণ ত মনে=মনে। মধ্যাধুনিক বাং-র "মন" স্থলে 'অন্তঃকরণ'। মনে করা স্থলে-'অন্তঃকরণে করা' (মধু॰ অগ্র॰)। মনন করে বলিয়া মন। তুল-চিন্তন করে বলিয়া চিত্ত] বি, চিত্ত। ইহা বেদান্তে সঙ্কল্পবিকল্পাত্মক চিত্তবৃত্তি এবং স্থায় দর্শনে সর্ব্বেন্দ্রিয়ের প্রবর্ত্তক অন্তরেন্দ্রিয় বলিয়া উক্ত। ২ বুদ্ধি। ৩ ইচ্ছা ; প্রবৃত্তি। মন উঠা, ওঠা-ক্রি, মন ভরিয়া উঠা ; পর্য্যাপ্ত বোধ হওয়া ; আকাঙ্ক্ষা, আশা, সাধ মেটা ; বাসনা পূর্ণ হওয়া ; পরিতৃপ্তি লাভ করা। "ঘরে কি তোর মন উঠে না, মিষ্টি কি পরের ননী"-বাং গান। মন কর-কর করা-ক্রি, মনের কষ্টে অস্বস্তি বোধ করা ; হৃদয় ব্যাকুল হওয়া। মন করা-ক্রি, সঙ্কল্প করা ; মনস্থ করা। ২ সম্মত হওয়া। ৩ মনোযোগ করা। ~কলা-দ্রঃ। ~কষা-ক্রি, চিত্ত দৃঢ় করা। ২ মন পরীক্ষা করা। ~কষাকষি-বি, পরস্পর মনোমালিন্য ; পরস্পর অবনিবনাও। মন কুড়ান [অলং] ক্রি, বিক্ষিপ্ত মনকে বিষয়ান্তর হ'তে আকর্ষণ করিয়া কেন্দ্রীভূত করা বা সংগ্রহ করা (বিপরীতে-মন ছড়ান, হারাণ ই॰)। মন কেড়ে লওয়া-ক্রি, মন হরণ করা। "মন কেড়ে নিয়ে দেখ গো পালায়।"-গিরিশ॰। মন কেমন করা-ক্রি, মন চঞ্চল বা অস্থির হওয়া ; মন ব্যাকুল হওয়া ; কান্না পাওয়া। "মন কেমন কেমন করে সজনি। কেন এখন এল না শ্যাম গুণমণি।"-বাং গান। ~খারাব-বিণ, ক্ষুব্ধ চিত্ত ; বিকারগ্রস্ত মন ; বিষণ্ণ মন। প্র-আজ মন খারাব আছে। ওই সামান্য বিষয়ের জন্য মন খারাব করিও না। ২ সঙ্কীর্ণ বা সন্দিগ্ধ বা কুটিল মন। প্র-তার ভারি মন খারাব। মন খোলা-বিণ, উদার হৃদয় ; সরলান্তঃকরণ। "প্রাণ খোলা মন খোলা আপনি আপনা ভোলা"-কাব্যকুসুমাঞ্জলি। ম॰ গড়া-ক্রি, মনে মনে প্রস্তুত হওয়া ; সঙ্কল্প দৃঢ় করা। ~গড়া-বিণ, কাল্পনিক ; অবাস্তব। মন গলা-ক্রি, হৃদয় বিগলিত হওয়া ; দয়ার্দ্র মন আর্দ্র হওয়া। মন চলা-ক্রি, চিত্ত ধাবিত হওয়া। মন চাঙ্গা-বিণ(বি), সুস্থ সবল (মন) ; ভক্তি বিশ্বাসে দৃঢ় (মন)। ২ অ, মন চাঙ্গা যদি হয়-এই উক্তির ক্ষে॰। মন চাঙ্গা তো কঠৌতীমে গঙ্গা [যদি মন চাঙ্গা হয় তো ই॰ > ক্ষে॰। নিম্ন প্রা॰ মন চাঙ্গা তো কাঠুরিয়া গঙ্গা] অ, মন যদি ভক্তি বিশ্বাসে দৃঢ় হয় বা থাকে তা হলে কেট্‌কোর বদ্ধ জলই গঙ্গার কাজ করে বা গঙ্গা হয়ে দাঁড়ায়। ~চোরা (-নঁ-) বিণ(বি), যে মন চুরি করে ; চিত্তচোর ; মনোহর ; হৃদয়হারক ; প্রিয়তম। "আজ ধরবো লো সেই মনচোরা আমার"-বাং গান। মন ছড়ান [আলং] ক্রি, নানা বিষয়ে মন দেওয়া। ২ ভিন্ন ভিন্ন নরনারীকে মন সমর্পণ করা। মন ছুটা-ক্রি, মন যাওয়া ; চিত্ত ধাবিত হওয়া ; প্রবল ইচ্ছা হওয়া। মন জানা-ক্রি, অন্তরের ভাব বা অভিপ্রায় অবগত হওয়া। মন জ্বলা-ক্রি, হিংসা, ক্রোধ, প্রতিশোধগ্রহণাদি স্পৃহায় অন্তর্দাহ হওয়া। মন টলা-ক্রি, পূর্ব্ব সঙ্কল্প বা অভিপ্রায়ের পরিবর্ত্তন (হইবার উপক্রম) হওয়া ; মতের নড়চড় হওয়া। ২ চিত্তবিকার হওয়া। প্র-দেখিয়া মুনিরও মন টলে। মন টানা-ক্রি, চিত্ত আকর্ষণ করা। মন ঢালা-ক্রি, মন সমর্পণ করা ; গাঢ় মনোনিবেশ করা। ~তরী (-নঁ-) [আলং] বি, মনরূপ নৌকা বা সংসারসাগরে, সুখ বা প্রেমনদী বা প্রেমসাগরে ভাসাইয়া বাঞ্ছিতকুলে পৌছিবার জন্য বাহিত হয়। "মনতরী পাবে কূল, চল ভাসি প্রেমনীরে ভাবি ও চরণ।"-ব্রজাঙ্গনা॰। মন তিত করা-ক্রি, তিক্তবিরক্ত করিয়া তোলা ; চিত্ত চটান ; শত্রুভাবাপন্ন করা বা হওয়া। ~তোলা-বিণ, মনগড়া ; মনঃকল্পিত। মন থাকা-ক্রি, সদ্ভাব, ভালবাসা থাকা ; চিও থাকা ; অন্তরের টান থাকা। ২ ইচ্ছা থাকা। মন থেকে-অ, অন্তর হ'তে ; আন্তরিকতার সহিত। মন দমা-ক্রি, মন ভাঙ্গা ; হতাশ হওয়া ; নিরুৎসাহ বা অবসাদগ্রস্ত হওয়া। মন দেওয়া-ক্রি, মনযোগ করা ; চিত্ত অর্পণ করা ; মন লাগান। মন ধসা-মন দমা দ্রঃ। মন না মতিভ্রম [মন=মতি]

মানবমনের নিশ্চয়তা বিষয়ে সন্দিগ্ধতা-দ্যোতক প্রবচন; অভ্রান্ত মনন আর মনের ভুল, সুমতি ও মতিভ্রান্তি মনের প্রকৃতি-সুলভ; নৈতিক দৃঢ়তা ও পদস্খলনে তফাৎ বড় নাই, একটার স্থলে অন্যটা প্রায়ই ঘটে। মন পড়া-ক্রি, স্নেহ জন্মান; ভালবাসা হওয়া। "বীডন উদ্যানে ললিত ছেলেটিকে দেখে সেই অবধি ছেলেটার উপর তাহার কেমন মন পড়িয়া যায়।"-সুধীন্দ্র ঠাকুর। মন পবন [মন (চৈতন্য,প্রাণ) পবন (বায়ু)] বি,মন বা প্রাণ ও প্রাণবায়ু; জন্ম মৃত্যু।"মন পবন দুই হেলএ সিজন করিল।"-শূ° পু°। মন পাওয়া-ক্রি, প্রসন্নতা, প্রীতি, ভালবাসা পাওয়া। ২ বাসনা বা মনের কথার সন্ধান পাওয়া; মন জানা। মন পোড়া-ক্রি, অন্তর্দাহ হওয়া। "মন পোড়ে সকলে দেখে, মন পোড়ে ত কেউ দেখে না।"-বাং গান। মন বসা-ক্রি, (কোন বিষয়ে) চিত্ত স্থির হওয়া; মন টেঁকা; ভাল লাগা। ২ মনে ধরা (দ্রঃ)। মন বসানি-ক্রি, মনে ধরান। মন বুঝা-ক্রি, মন জানা; অভিপ্রায় অবগত হওয়া। ২ (মনে মনে) স্বীকার করিয়া লওয়া; অনুধাবন করা; বোধগম্য করা; মানা। "মন বুঝে না তীর্থ করি মিছা কর্ম্মে ঘুরে মরি।"-প্রবচন। মন বুঝানি-ক্রি, মনকে নানা যুক্তি কল্পনা দ্বারা শান্ত করা; মনকে প্রবোধ দেওয়া। "কেমনে ভুলিব তারে যে রূপ জাগিছে মনে। মনেরে বুঝাতে পারি, না পারি পাপনয়নে।"-বাং গান। মন ভরা-ক্রি, আশা, অভিলাষ বা আকাঙ্ক্ষা পূর্ণ হওয়া। মন ভাঙ্গা-ক্রি, মনঃক্ষুণ্ণ হওয়া; উৎসাহহীন হওয়া; ভগ্নোদ্যম হওয়া। মন ভাঙ্গানি-ক্রি, অন্যের মনোভঙ্গ করা; পরামর্শ বা মন্ত্রণা দ্বারা কারও মন তার প্রীতি বা শ্রদ্ধার পাত্র হ'তে অপসারিত করা অর্থাৎ তৎপ্রতি বিরাগ উৎপাদন করা। মন ভার করা,-হওয়া-ক্রি, বিরাগ উৎপাদন করা; বিরক্ত হওয়া; অভিমানে পূর্ণ করিয়া তোলা বা পূর্ণ হওয়া; মন অপ্রসন্ন করা বা অপ্রসন্নচিত্ত হওয়া; বিরুদ্ধ কথা কাণে তুলিয়া বা ভাংচি দিয়া অসন্তোষ জন্মান। ~ভারী-বিণ, অপ্রসন্ন; অভিমান ভারাক্রান্ত। "কার কথায় করেছ এমন মন ভারী"-গান (বড়াল)। মন ভুলানি-ক্রি, চিত্ত মুগ্ধ করা; মন হরণ করা। ~ভুলানি-বিণ, চিত্তহারী। ২ আত্মবিস্মৃতকারী। ~ভুলানে [ভুলানিয়া > কো° ভুলানে] বিণ, মন মোহিতকারী; মনোমুগ্ধকর। ~ভোলা-বিণ, যে কিছু মনে রাখিতে পারে না ও ভুলে ভুলে যায়। ২ আত্মবিস্মৃত। ~ভ্রমরা [অলং। গ্রা° গানে- মন-ভোম্‌রা] বি, চিত্তভ্রমর; মনরূপ ভ্রমর যে ভক্তি, প্রেম, বা বিষয় পুষ্পের মধু আহরণে উড়িয়া বেড়ায়; যে মন ভ্রমরের মতই চঞ্চল, ও তদ্বৎ এককুল হতে অন্যফুলে উড়িয়া যাওয়া এবং মধুর স্বাদ পাইলে পুষ্পমধ্যে প্রবিষ্ট বা মগ্ন হইয়া মধুপান করা যার প্রকৃতি। "মজিল মনভ্রমরা কালীপদ নীল-কমলে"-বাং গান। ~মরা-বিণ, বিমর্ষ। মন মাতা-ক্রি, চিত্ত আবিষ্ট হওয়া; চিত্ত প্রমত্ত হইয়া উঠা। মন মাতানি-ক্রি, অন্যের মনকে উৎসাহদানে মত্ত করিয়া তোলা; প্রোৎসাহিত করা। ~মাতানে [-মাতানিয়া > কো°] বিণ, মন মত্তকারী; চিত্তপ্রমত্তক। ~মাতাল-বি ভক্তি, প্রেম, আদি রূপ সুরামত্ত মন। ~মিলন-বি,মনের মিল (দ্রঃ); একজনের মনের সহিত অন্যের মনের যোগ; হৃদয়ে হৃদয়ে মিলন। "মনেরে বুঝাবে বল, নয়নেরে দোষ কেন। আঁখি কি মজাতে পারে, না হলে মন-মিলন।"-নিধু°। মন মানা-ক্রি, মন বুঝা; বোধ বা প্রবোধ মানা। "কেমনে রহিব ঘরে মন মানে না"-বাং গান। ~মালা-মনোমালা দ্রঃ। ২ মোহন-মালা। মন যাওয়া-ক্রি, পসন্দ হওয়া; ভাল লাগা। প্র-সে যাতে মন যায় তাই করে। মন যোগানি-ক্রি, মন যা চায় তা দেওয়া; মনের মতন কাজ করা; তোষামোদে তুষ্ট করা। মন রাখা-ক্রি, কোনরূপে মনো-ভঙ্গ না হয় তার উপায় করা; বাহ্য ভালবাসা বজায় রাখা। "ভুলিয়ে এসেছ বুঝি মন রাখিবারে।"-বাং গান। মন লওয়া-ক্রি, অন্তরের রহস্য জানা। মন লওয়ানি-ক্রি, প্রবৃত্তি উৎপাদন করা; ইচ্ছা করাইয়া দেওয়া। মন লাগা-ক্রি, মন লগ্ন হওয়া; মন বসা; আগ্রহ, অনুরাগ জন্মান; প্রবৃত্তি হওয়া। মন লাগানি-ক্রি, মন যাতে বসে তা করা; মন দেওয়া। মন সরা-ক্রি, মন বসা, টেঁকা বা লাগা; ভাল লাগা। "ঘরে আর মন সরে না, বুঝালে তো বুঝে না মন।"-বাং গান। মন হওয়া-ক্রি, ইচ্ছা হওয়া; প্রবৃত্তি হওয়া। মন হরা-ক্রি, মন মোহিত করা; চিত্ত হরণ করা। ~হরা (-র্না) বি, মিষ্টান্নবিঃ। মন হাতড়াইয়া দেখা-ক্রি, অন্তর্দৃষ্টি ও স্মৃতির সহায়ে মনের মধ্যে লুক্কায়িত ভাব বা সংস্কার খুঁজিয়া বাহির করা; খুব ভাল করিয়া স্মরণ বা চিন্তা করিয়া দেখা। মন হারানি-ক্রি, মন বশে না থাকা; মন ঠিক না থাকা; আত্মবিস্মৃত হওয়া। মনে আনা-ক্রি, স্মরণ করা; চিন্তা করা; ভাবা। মনে আসা,-উঠা,-ওঠা-ক্রি, স্মৃতিপথে উদয় হওয়া; স্মরণ হওয়া। মনে করা-ক্রি, স্মরণ করা; চিন্তা করা; ভাবা। মনে করে-ক্রি-বিণ, স্মরণ করিয়া; ভাবিয়া। ২ অভিপ্রায় লইয়া; উদ্দেশ্যে। প্র-কি গো কি মনে করে (এলে বা দেখা দিলে ই°)? মনে জানা-ক্রি, অনুভব করা। মনে থাকা-ক্রি, না ভুলা; বিস্মৃত না হওয়া; স্মরণ থাকা। মনে দাগ থাকা-ক্রি, কষ্টের বা দুঃখের স্মৃতি স্থায়ী হওয়া; মনে বেদনার ছাপ থাকা। মনে দাগ লাগা-ক্রি, সন্দেহ, মনোমালিন্য, অন্তরে আঘাত বা মনোবেদনার স্মৃতি অটুট হইয়া থাকা। মনে ধরা-ক্রি, পছন্দ হওয়া; মনের মতন হওয়া। "আঁখিতে যেমত হেরে সকলই কি মনে ধরে"-বাং গান। মনে পড়া-ক্রি, স্মরণ হওয়া। "ছেলেবেলার কথা ভাবি যখন জ্বলে সাঁঝের দীপ। মনে পড়ে গাঙের ধারে তলতা বাঁশের দীর্ঘ ছিপ্।"-স° দত্ত। মনে পুষা,-পোষা,-পুষে রাখা-ক্রি, ভুলিতে না দেওয়া; মনে করিয়া রাখা; স্মৃতি জাগরূক রাখা। মনে-প্রাণে-অ, ঐকান্তিকান্তঃকরণে। মনে বিষ, মনের বিষ-বি, বিদ্বেষ; শত্রুভাব; হিংসা।

মনে বুঝা-ক্রি, জানা ; অনুভব করা। মনে ভাবা-ক্রি, চিন্তা করা ; সঙ্কল্প করা। মনে-মনে-অ, চিন্তায় ; অন্তরে ; অপ্রকাশ্যে। মনে রাখা-ক্রি, স্মরণ রাখা ; না ভুলা। মনে লওয়া-ক্রি, ধারণা করা বা হওয়া ; যুক্তিসঙ্গত বোধ করা। ২ পসন্দ করা বা হওয়া। মনে লাগা-ক্রি, মনে ধরা দ্রঃ। মনে হওয়া -ক্রি, বোধ হওয়া ; ধারণা হওয়া। মনের আগুন [ব্রজ০। বৈ০ পদ০ সা০-মনের আগুনি, প্রা০ বাং-আগুণী (শ্রী০ কী০)] বি, অন্তরের দাহ ; তীব্র পরিতাপ। মনের কালি-বি, মনোমালিন্য। ২ পাপ। ৩ অজ্ঞান-অন্ধকার। মনের কোণে-অ, হৃদয়ের গূঢ়তম প্রদেশে। মনের গোল-বি, সন্দেহ ; অসন্তোষ ; ক্ষুণ্ণভাব ; মনে মনে প্রতিকূলতা পোষণের ভাব। মনের জোর -বি, মানসিক বল ; মনের দৃঢ়তা। মনের জ্বালা-বি, পরিতাপ ; অনুশোচনা ; প্রতিহিংসা ; ঈর্ষা ; অন্তর্দাহ। "হায়, ইচ্ছা করে, ছাড়িয়া কনক লঙ্কা, নিবিড় কাননে পশি, এ মনের জ্বালা জুড়াই বিরলে!"-মেঘ০। মনের ঝাল-বি মনের জ্বালা ; ক্রোধ। "শুভানুধ্যায়ীরা গালিগালাজ করছেন তবু তাঁদের মনের ঝাল বা প্রাণের খেদ মিটল না। বাপ্‌রে বাপ্‌!"-আ০ শক্তি, ৩০-১২-২৭। মনের মত, -মতন [মনোমত দ্রঃ] বিণ, বাসনার অনুরূপ ; পছন্দসই। মনের ময়লা,-ময়লা-বি, মানসিক মলিনতা ; হিংসা ; বিদ্বেষ। ২ পাপ। ৩ কুচিন্তা। ৪ সন্দেহ। মনের মানুষ-বি, আপন পসন্দমত বা অভিলাষানুরূপ মানুষ। মনের মিল-বি, সদ্ভাব ; প্রণয়। মনের সাধ -বি, বাসনা ; অভিলাষ। মনোমালা, মনমালা [মনকলা দ্রঃ] বি, মানস পুষ্পের মাল্য ; প্রণয় ; প্রীতি বা প্রেম। "মনে মনে মনমালা বদল করিয়া"-অ০ ম০। আপন মনে-অ, আপনা আপনি ; অন্যের সহিত পরামর্শ করিয়া বা জানাইয়া নহে ; নিজে নিজে ; স্বেচ্ছায়।

মনআপ [মন-আপ (আপ্যায়ন > ?)। আধু০ বাং-য় অপ্র০] বিণ, সুন্দর ; মনোহর। ~-মালা-বি, মনোমোহন মাল্য ; মোহনমালা। "বসন ভূষণ গুয়া মনআপ মালা।"-ধ০।

মনকুজা [আ০ মুনকজী (সমাপ্ত)। আদা০] বিণ, অতিবাহিত ; গত elapsed ; expired. প্র-ম০ হওয়া।

মনঃ/কল্পিত [মনস্‌=মনঃ(দ্বারা)কল্পিত, ৩তৎ] বিণ, কল্পনাপ্রসূত। ~কষ্ট-বি, মনোদুঃখ। ~ক্ষুণ্ণ [মনেতে ক্ষুণ্ণ, ৭তৎ] বিণ, মনোভঙ্গ ; নিরাশ ; বিষণ্ণ। ~পীড়া-বি, মনের দুঃখ ; মনোবেদনা। ~পূত-বিণ, মনোনীত। ২ চিত্তভৃপ্তিকর। ~প্রাণ-বি, সমগ্রচিত্ত। ~শক্তি-বি, মনোবল ; দৃঢ়চিত্ততা। ~শিল (1),-সিল [=শিলা (ধাতু)] বি, খনিজ পদার্থবিঃ ; শেঁকোবিষঘটিত উপরসবিঃ ; মঞ্ছাল realgar. ~সংযোগ-বি, মনোনিবেশ। > বিণ, ~ী। ~সমীক্ষণ [মনোবিজ্ঞা০ পরিঃ] ইং psycho-analysis এর বৈজ্ঞা০ পরিঃ।

মনকলা [মনঃ-কল্পিত কদলী > গ্রা০। তুল-ফা০ "খেয়ালী পোলাও"] বি, কল্পনায় ইপ্সিত ভোগ্য বা কামনার বস্তু। "অবশ্য বাস্তবে হতে পারে না, পথঘাট রুদ্ধ, গ্রাম্য উপমায় মনে মনে মন-কলা খাওয়া হয়।" -যো০ রায়। "মনকলা খাও মনে মনে, কালনেমির মতন"-গোপাল উড়ে। "কেহ বোলে মুঞি নিমু রূপার নূপুর। সভে এই মনকলা খায়েত প্রচুর।"-চৈ০ ভা০। "বর দেখি এয়োগণ খায় মনকলা।"-কবিক০।

মন্‌কা-পাথর [রাসা০ পরিঃ] বি, সোলেমানী পাথর agate.

মনকাকর [প্রাদে০] বি, এক প্রকার কাঁটাগাছ। মনকাকরের কাঁটা (মৈ০ গী০)।

মনকির [আ০ মন্‌কির। গ্রা০ বাং-মুনকির] বিণ, অস্বীকৃত। ২ বি, অস্বীকার।

মনক্কা, মনাক্কা [ফা০ মুনক্‌ক়া] বি, স্বনামপ্রসিদ্ধ ফলবিঃ ; সুপক্ব শুষ্ক আঙ্গুর।

মনগমনে [মন্দ > প্রা০ বাং ক্ষে০-মন] ক্রি-বিণ, মন্দগমনে ; মন্থর গতিতে। "মনগমনে চলে নাথানী তোম্ভার"-শ্রী০ কী০।

মনছাল [সং-মনঃশিলা >] বি, গন্ধক ও শেঁকোবিষ white arsenic এর মিশ্রণ জাত কঠিনীকৃত উপরসবিঃ realgar.

মনন [মন (জ্ঞান) + অন (ভা০)] বি, বুদ্ধি। ২ অনবরত অনুচিন্তন। "মিলনে যতেক সুখ মননে তা হয় না।"-নিধু০। ৩ মানস ; অভিলাষ। ৪ অনুমান। ৫ ধারণা। "ভক্তিপথে সদা রব ভক্তিব্রত আচরিব পুনঃপুনঃ মনে এই করেছি মনন।"-গান। বিণ, মননীয়-মননযোগ্য ; চিন্তনীয়।

মনপবন [মন(চৈতন্য, প্রাণ) পবন (বায়ু)] বি, মন ও প্রাণবায়ু ; জন্মমৃত্যু।

মনবাঞ্ছা [মনঃ + বাঞ্ছা=মনোবাঞ্ছা > বাং-য়] বি, মনের বাসনা ; মনস্কামনা।

মনমত [মন (< মনঃ)-মত। মনোমত দ্রঃ] বি, মনের মত ; পসন্দসই ; অভিলষিত।

মনমথ [মন্মথ (দ্রঃ) > অং] বি, অনঙ্গ ; কন্দর্প।

মনরক্ষা [সং রূপ-মনোরক্ষা ও বাং-য় মন রাখা >] বি, সন্তোষ রক্ষা করা ; সন্তুষ্ট করা ; তোষামোদ।

মনশ্চক্ষু [মনস্‌-মনঃ + চক্ষু] বি,

মনশ্চাঞ্চল্য [মনস্‌-মনঃ + চাঞ্চল্য] বি, মনের উদ্বেগ ; চিত্তের ব্যাকুলতা ; চিত্তচাঞ্চল্য।

মনসব [আ০] বি, মোগল বাদশাহদের আমলে উচ্চকর্মচারীদের প্রদত্ত উপাধিবিঃ ; উচ্চপদ ; ম্যাজিস্ট্রেটের পদ। ~দার [আ০] বি, জায়গীরপ্রাপ্ত সেনাপতির উপাধিবিঃ ; প্রধান সুবাদারের অধীন যারা শত সৈন্যের নেতা তারা এই সম্মানের যোগ্য। "কর্মমানী মহারাজ মনসবদার। সাহেব নহবৎ আর কানগোই ভার।"-অ০ ম০। ২ [সম্রাট আকবর কর্তৃক প্রবর্তিত] রাজকার্যে নিযুক্ত প্রত্যেক উচ্চকর্মচারী, সামরিক বা অসামরিক। ৩ ম্যাজিস্ট্রেট। ~দারি-বি, মনসবদারের কর্ম বা দায়িত্ব। ২ সামন্তচক্র (হিং কো০) ; সামন্ততন্ত্র (প্রবাসী) ; ভৌমিকতা (সাহিত্য) federal system.

মনসা [কশ্যপের মানসী কন্যা বলিয়া মনসা] বি, দেবীবিঃ ; নাগরাজ বাসুকির

ভগ্নী এবং জরৎকারু মুনির পত্নী। খনামখ্যাত আস্তিক মুনি ইঁহার একমাত্র পুত্র। ~ব্রতি -শ্রাবণ মাসের শুক্ল ও কৃষ্ণপঞ্চমী এবং আষাঢ় ও শ্রাবণ মাসের সংক্রান্তিতে এই ব্রত করিতে হয়।

মনসিজ [মনসি (মনেতে)+জ (জন্‌-জন্মান) +অ (র্তৃ), যে জন্মে] বি, কন্দর্প; মদন; মনোভব।

মনসুবা [ফা॰] বি, অভিপ্রায়; মতলব।

মনস্কাম, মনস্কামনা [স॰ বাং পদ্যে-মনকাম। মনঃ+কাম, কামনা(ইচ্ছা),৬তৎ] বি, মনের অভিলাষ।

মনস্তাপ [মনঃ(মনের)+তাপ, ৬তৎ] বি, মানসিক ক্লেশ; মনোদুঃখ। ২ অনুতাপ। "মহারাণী মাথাকুড়ে মনস্তাপ করি।"-শি॰।

মনস্তুষ্টি [মনস্(মনের)+তুষ্টি] বি, মনের তৃপ্তি; চিত্তের প্রীতি; মনের সন্তোষ। ~কর-বিণ, মনের তৃপ্তিদায়ক; চিত্তের সন্তোষজনক।

মনস্তৃপ্তি [মনস্ (মনের)+তৃপ্তি] বি, চিত্তের সন্তোষ; মনের প্রীতি। বিণ, ~কর -চিত্তের সন্তোষবিধায়ক।

মনস্থ [মনস্-স্থ] বিণ, অন্তরস্থ। ২ কল্পিত; অভিপ্রেত।

মনস্বী [মনস্+বিন্(প্রশংসার্থে)=মনস্বিন্ ১মা, ১ব॰] বিণ, উদারচেতা; মহামনাঃ। ২ স্থিরচিত্ত; ধীরমনা। ৩ মানী। স্ত্রীং মনস্বিনী-প্রশান্তহৃদয়া। বি, মনস্বিতা।

মনহিঁ [ব্রজ॰ প্রা॰ বাং-র তে, এ=হি] অ, মনমধ্যে; মনে।

মনাক [সং] অ, অল্প।

ম(মু)নাকষা(সা) [ফা॰ মুনাকষ(হ্) dispute, জমি॰ পরিঃ] বি, অনাদায়ী জমা।

মনাছিব, মুনাছিব [মু॰ বাং। মনাসিব দ্রঃ। স=ছ] বিণ, মনের মত; পছন্দসই। "মুনাছিব ছেমড়ী পেলে দরদ ছাড়ে কেডা।"-গান

মনাদি [ফা॰ মুনাদি। আদা॰] বি, প্রচার; ঢোল সোহরত proclamation. ম॰ করা-ঢেঁটরা দিয়া ঘোষণা করা।

মনান্তর [মন (< মনঃ+অন্তর= মনোন্তর)+অন্তর >] বি,মনোমালিন্য।

মনায়ী [সং] বি, মনুপত্নী।

মনাসিব [আ॰ মুনাসিব্ >] বিণ, পসন্দসই; মনের মত।

মনি অর্ডার [ইং money order এর লিপ্যন্তর] বি, ডাকযোগে প্রেরিত টাকা। ক্রি, ম॰ করা-ডাক মার্ফৎ টাকা পাঠান।

মনিত [মন্ (জানা)+ত (র্ম)] বিণ, জ্ঞাত; কৃতবোধ।

মনিব, মনীব [আ॰ মুনীম্] বি, প্রভু; সেব্য; কর্ত্তা। ২ ভূস্বামী land lord. ~না, ~গিরি-বি, প্রভুত্ব; ভূস্বামীগিরি।

মনিব্যাগ [ইং money bag এর লিপ্যন্তর] বি, টাকার থলি বা বটুয়া।

মনিষ, মুনিষ [মনুষ্য >মনিষ্যি > মনিষ, মানুষ >বর্ণবিপর্য্যয়ে মুনিষ] বি, কুলি; মজুর। "আমার একবিঘে জমীতেও লাঙ্গল পড়ল না। "মনিষ পেলে না, হুজুর? "কোথা থেকে পাবো? * * * * * * * ভালো মনিষ পাবার কোনও উপায় দেখি না, মাধম।"-ক্ষীরোদ প্র॰ বিদ্যা-বিনোদ। ~গিরি-বি, কুলীগিরি; মজুরী। "সেইব্যক্তি তাহার কন্যাকে এক মরাই ধান ও কিছু নগদ টাকা দিয়া গিয়াছে। তাহার সঙ্গে সাঙ্গা হইলে মাধমকে হয়ত আর মনিষ-গিরি করিতে হবে না।"-ক্ষী॰ প্র॰ বিদ্যাবিনোদ।

মনিষ্যি, মনিষ্যি [গ্রা॰] বি, মনুষ্য; মানুষ। প্র-মনিষ্যির চামড়া গায়ে নেই।

মনিহার-মণিহার দ্রঃ।

মনীষা [মনস্-ঈষা] বি, প্রজ্ঞা; তীক্ষ্ণধী। বিণ, মনীষিত-মনোভীষ্ট।

মনীষী [মনীষা+ইন্ (স্ত্য॰)=মনীষিন্ ১মা, ১ব॰] বিণ, জ্ঞানী; বুদ্ধিমান। ২ ধীর; স্থিরবুদ্ধিবিশিষ্ট। ৩ বিদ্বান্; পণ্ডিত। স্ত্রীং মনীষিণী। বি, মনীষিতা-বুদ্ধিমত্তা।

মনু১ [মন্+উ (র্তৃ)] বি, ব্রহ্মার পুত্র (সংখ্যায় চতুর্দ্দশ)। মন্বন্তর দ্রঃ। বর্ত্তমানে মনু "বৈবস্বত"। ২ সূর্য্যতনয়। ইঁহা হতে জগতে মানবকুলের উৎপত্তি হইয়াছে। ইনিই আদি মানব। "বৈবস্বতাদি মনু মানবজাতির আদিপুরুষ।" ৩ মন্ত্র।

মনু২ [মরিলাম >মরলুম > মরলুঁ > মনু (গ্রা॰)] ক্রি, মরিলাম। "মনু লোক-লাজে"। ২ মজিলাম। "মনু মনু সোই দেখিয়া গৌর ঠাম"-বলরাম॰।

মনুই [সং-মনন। প্রা॰ বাং গ্রা॰] বি, মনন; চিন্তন। "মনুই করিআ আনন্দিত হইআ দেখিনেত আগুসার।"-শূ॰ পু॰। ২ গ্রাম্যদেবতার প্রীত্যর্থে ভোজ দিয়া অরিষ্ট দূর করণ। ৩ দেবতার নিকট মানত।

মনুজ [মনু (ব্রহ্মার পুত্র)+জ (জাত)] বি, মনুর সন্ততি; মানব। ~কুল-বি, মানব-জাতি। "যদি মনুজকুল কেবল আপনার ভরণ পোষণে সন্তুষ্ট হইত"-বিজ্ঞান নীতিপ্রসূন।

মনুজেন্দ্র [মনুজ+ইন্দ্র (শ্রেষ্ঠ), ৬ তৎ] বি, নৃপতি; রাজা।

মনুরা [প্রাদে॰] বি, প্রাণ। "মনুরা উড়িয়া গেল পড়ি রৈল কায়া"-পূ॰ ব॰ গী॰।

মনুষ্য [মনুষী, মনুষ্যী ও॰। মনু+ষ (অপত্যার্থে) ষ আগম] বি,যে মনন বা বিচারপূর্ব্বক কার্য্য করে; মানব; মানুষ। "বৈবস্বতাদি মনু মানবজাতির আদিপুরুষ। তাঁহাদের প্রজা অর্থাৎ সন্তান ব্রাহ্মণাদি মনুষ্য"। ২ লোক; দূত; সংবাদবাহক; লোক মার্ফৎ সংবাদ। "* * নিকট মনুষ্য প্রেরিত করিলেন, আমি সাক্ষাৎ করিতে যাইব।"-কৃষ্ণচন্দ্র রায়ের চরিত্র। ~কৃত-বি, মানুষের দ্বারা সম্পাদিত বা রচিত। ~খাদক-বি, রাক্ষস। ~চরিত্র-বি, মানবস্বভাব। ~জন্ম-বি,মানবজন্ম। ~ত্ব [মনুষ্য+ত্ব (ভা॰)] বি, দয়া, ধর্ম্ম,সৌজন্যাদি মানবোচিত ভাব; মনুষ্যোচিত ধর্ম্ম। "মেগে লব মনুষ্যত্ব শ্রেষ্ঠ উপাদান।"-কাব্য-কুসুমাঞ্জলি।~বর্জ্জিত-বিণ,মনুষ্যত্ববিহীন; অমানুষ। ~দেহ-বি, মানবের শরীর; নরদেহ। ~ধর্ম্মা-বিণ, মানবধর্ম্মবিশিষ্ট।২ বি,কুবের। ~মূর্ত্তি-বি,মানবাকৃতি।~যজ্ঞ -বি, অতিথিসেবা। ~লোক-বি, নর-

লোক; পৃথিবী। ~সমাগম-বি, মানুষের বিদ্যমানতা।

মনুষ্যাবাস [মনুষ্য+আবাস] বি, মানুষের আবাসস্থান; জনপদ; লোকালয়।

মনুষ্যোচিত [মনুষ্য+উচিত] বি, মানবোচিত; মান রে অবশ্যকর্তব্য।

মনুসংহিতা [সং] বি, খনামখ্যাত স্মার্ত মুনি মনুপ্রণীত মানবধর্মশাস্ত্র।

মনোগত [মনঃ+গত (প্রাপ্ত)] বি, মানসিক; অন্তরস্থ। ~ভাব-মানসিক অবস্থা। ২ উদ্দেশ্য; আন্তরিক ইচ্ছা।

মনোজ [মনঃ+জ (জাত, উপ°)] বি, মনোভব; কাম। ২ বিণ, মনোজাত।

মনোজগৎ [মনঃ+জগৎ] বি, অন্তর্জগৎ; অধ্যাত্মরাজ্য।

মনোজব [মনঃ+জব (বেগ) যার, বহু°] বি, বিষ্ণু। ২ মনোবেগ; মনের আবেগ। ৩ বিণ, অতি বেগবান; মনের মত শীঘ্রগতি। স্ত্রীং ~া-দেবীবিঃ।

মনোজ্ঞ [সং] বিণ, মনোহর; সুন্দর; রমণীয়। স্ত্রীং ~া। বি, ~তা।

মনোদুঃখ [মনঃ+দুঃখ] বি, মনের দুঃখ; মনস্তাপ; শোক।

মনোনয়ন [মনস্-মনঃ (দ্বারা) নয়ন] বি, অনুমোদন। ২ পসন্দ; নির্বাচন।

মনোনিবেশ (মঁ-) [মনঃ+নিবেশ] বি, মনোযোগ; মনঃসংযোগ।

মনোনীত (মঁ-) [মনঃ+নীত (প্রাপ্ত)] বিণ, পসন্দানুযায়ী; মনোমত; বাঞ্ছিত।

মনোনেত্র [মনঃ+নেত্র] বি, অন্তশ্চক্ষু।

মনোবিকার [মনঃ+বিকার] বি, চিত্তবিকৃতি; মনের অস্বাভাবিক অবস্থা। ২ চিত্তচাঞ্চল্য। ৩ [মনোবিজ্ঞা°] ইং emotion এর বৈজ্ঞা° পরিঃ; ভাব (হিং কো°)।

মনোবিচ্ছেদ [মনঃ+বিচ্ছেদ] বি, মনোমালিন্য; মনান্তর।

মনোবিজ্ঞান, মনোবিদ্যা [মনঃ (সম্বন্ধীয়)+বিজ্ঞান, ম° প° লো°] বি, মনের প্রকৃতি, শক্তি, বৃত্তি ইং বিষয়ক বিজ্ঞান মানসবিজ্ঞান mental science; psychology. [মনোবিজ্ঞানের প্রকার ভেদ- **অপসামিক ম°** (বিকৃত মনের বিজ্ঞান), **দৈহিক ম°** (দেহ ও মনের সম্বন্ধাত্মক ম° Psycho-physics), **পরীক্ষাময় ম°** (দেহ ও মনের পরিমাণগত ম°), **বিকাশময় ম°** (মনের বিকাশ প্রণালীর বিজ্ঞা°)। ইহা ৪ প্রকার (১) বাল ম° = বালকের মনের বিজ্ঞান, (২) জাতি ম° = জাতীয় মনের বিজ্ঞান, (৩) সামাজিক ম° (সামাজিক মনের বিজ্ঞা°), (৪) তারতম্যাত্মক ম° বা এক মনের সহিত অন্য মনের তুলনা, বিভাগময় ম° (মনের বিশ্লেষণাত্মক বিজ্ঞা°)]।

মনোবিবাদ [মনঃ+বিবাদ] বি, মনোমালিন্য।

মনোবৃত্তি [মনঃ+বৃত্তি (ব্যাপার)] বি, স্মরণ, মনন, অনুধ্যানাদি মানসিক বৃত্তি mentation.

মনোবেদনা [মনঃ+বেদনা] বি, মানসিক দুঃখ; হৃদয় ব্যথা; অন্তর্যাতনা।

মনোব্যাধি [মনঃ (মনের) ব্যাধি] চিত্তবিকার, অবসাদ, বিষণ্ণতা ইং লক্ষণমূলক মানসিক রোগ hypochondria.

মনোভঙ্গ [মনঃ+ ভঙ্গ-মনের ভঙ্গ, ৬তৎ] বি, নৈরাশ্য। ২ অবসাদ; নিরুৎসাহ। ৩ বিষাদ।

মনোভব [মনঃ+ভব] বি, মনোভূ দ্রঃ।

মনোভাব [মনঃ+ভাব] বি, মনের অবস্থা। ২ উদ্দেশ্য। ৩ ভালবাসার প্রথম স্ফুরণ। "ম° রসনায় এলনা লজ্জায়।"-দীনবন্ধু।

মনোভার [মনঃ+ভার] বি, অভিমান রাগ। "ইথে ম° বলনা তোমার হইল কেন"-বাং গান।

মনোঽভিনিবেশ [মনঃ+অভিনিবেশ] বি, প্রগাঢ় মনঃসংযোগ; একাগ্রতা।

মনোঽভিলাষ [মনঃ+অভিলাষ] বি, মনোবাঞ্ছা।

মনোভীষ্ট [মনঃ+অভীষ্ট] বি, মন কামনা। "কৈকেয়ীর মনোভীষ্ট সিদ্ধ এত দিনে"-কৃত্তি°।

মনোভূ [মনঃ+ভূ (উৎপত্তি) যার, বহু°] বি, মনসিজ; মদন।

মনোমত [মনঃ+মত] বিণ, ইচ্ছানুরূপ; অভিলষিত। "মহা সুখে দিল্লী যাবে মনোমত রাজ্য পাবে"-অং মং।

মনোমদ [মনঃ+মদ] বি, দম্ভ; অহঙ্কার।

মনোময় [মনঃ+ময়] বিণ, মানস। "তুমি মনোময় প্রতিমা করি বসাও হৃদি পদ্মাসনে।"-রা° প্র°। ~কোষ-আত্মার তৃতীয় আবরণ; পঞ্চকোষের তৃতীয় কোষ।

মনোমালিন্য [মনঃ(মনের) মালিন্য] বি, মনের মলিনতা। ২ মনান্তর।

মনোমোহন [মনঃ+মোহন। গ্রা° মনমোহোন] বিণ, চিত্তাকর্ষক; রমণীয়; মনোহরণকারী। স্ত্রীং **মনোমোহিনী** [গ্রা° মনমোহিনী] মনোমুগ্ধকারিণী। "যতনে রতন লাভ গুন মনোমোহিনী"-গান।

মনোযায়ী [মনঃ-যা (গমন করা)+ইন্ (র্তৃ)=মনোযায়িন্ ১মা, ১ব°] বিণ, মনের ন্যায় বেগবিশিষ্ট; মনের ন্যায় দ্রুতগতিবিশিষ্ট।

মনোযোগ [মনঃ+যোগ] বি, মনঃসংযোগ; মনোনিবেশ। বিণ, ~ী।

মনোরঞ্জক [মনঃ+রঞ্জক] বিণ; চিত্তের সন্তোষবিধায়ক; মনের প্রফুল্লতাজনক। স্ত্রীং **মনোরঞ্জিকা**।

মনোরঞ্জন [মনঃ+রঞ্জন (সন্তুষ্ট করণ)] বি, চিত্তের সন্তোষসাধন; মনের প্রফুল্লতাকরণ; মনস্তুষ্টি। ২ বিণ, মনের আনন্দদায়ক। "যেই যারে মনে করে সেই তার ম°।"-সিধুবাবু। স্ত্রীং **মনোরঞ্জিনী**।

মনোরথ [মনঃ+রথ (যান)] বি, মনোভীষ্ট; মনস্কামনা। **ম° দ্বিতীয়া**-আষাঢ়ী শুক্লা দ্বিতীয়া; জগন্নাথের রথযাত্রার তিথি। ~**ম° গতি**-বি, যথেচ্ছ গমনশক্তি। ২ বিণ, অতি দ্রুতগামী। "মনোরথ গতি তোরে দিয়াছেন বিধি, কুরঙ্গ"-বীরাঙ্গনা।

মনোরম [মনস্-রম্ (ণিচ্)=রমি (আনন্দিত করা)+অ (র্তৃ)] বিণ, সন্তোষদায়ক; তৃপ্তিপ্রদ। ২ মনোহর; রমণীয়।

] যুক্ত বিবৃত (অগ্রঃঅপূর্ব). ˇহীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible]

স্ত্রীং ~া-বৌদ্ধদিগের উপাস্য দেবতা। ২ মহারাজ কার্ত্তবীর্য্যার্জ্জুনের ধর্ম্মপরায়ণা পতিব্রতা মহিষী। ৩ বিণ, চিত্তহারিণী।

মনোরাজ্য [মনঃ (মনের) + রাজ্য, ৬তৎ] বি, হৃদয়রাজ্য। ২ অন্তর্জ্জগৎ।

মনোলোভা (ম॑-) [মনঃ (মনের) + লোভা (লোভনীয়)] বিণ, মনোমুগ্ধকর ; মনোরম।"কিবা শোভা ম০।"-বাসবদত্তা।

মনোলৌল্য [মনোবিজ্ঞা০ পরিঃ (গি০ শে০ বসু)] ইং phantasy'র বৈজ্ঞা০ পরিঃ। ২ খেয়াল।

মনোহত [ইং disappointed এর পরিঃ (রবী০)] বিণ, মনোভঙ্গ ; আশাভঙ্গ ; হতাশ।

মনোহর (ম॑-) [মনস্ + হৃ (হরণ করা) + অ (র্ত্তৃ)। প্রা০ বাং-মনুহর। "বনমালা নামে তথি অতি মনুহর।" -শূ০ পু০] বিণ, কমনীয়; চিত্তাকর্ষক। স্ত্রীং ~া-মনোহারিণী। ২ যূথিকা। ৩ জাতীফুল। ৪ সুবর্ণ। ৫ সন্দেশবিঃ।

মনোহরশাহী, -সাহী [ইতি০] বি, হুগলী দশঘরা নিবাসী কীর্ত্তনগায়ক ধর্ম্মাত্মা রামানন্দ রায়ের বংশধর মনোহর শাহ প্রবর্ত্তিত ভক্তি-বিষয়ক কীর্ত্তন গানবিঃ।

মনোহর্ত্তা [মনস্ + হৃ (হরণ করা) ধাতুজ মনোহর্ত্তৃ শব্দ ১মা, ১ব০] বিণ, চিত্তাকর্ষক।

মনোহারী [মনস্-হৃ (হরণ করা) + ইন (র্ত্তৃ)= মনোহারিন্ ১মা, ১ব০] বিণ, মনোহরণকারী ; চিত্তহারী ; চিত্তাকর্ষক। ২ [মনিহারী ও০] মণিহারী দ্রঃ। স্ত্রীং মনো-হারিণী-মনোজ্ঞা। বি, মনোহারিত্ব।

মন্‌কীর [আ০] বি, অস্বীকার।

মন্তব্য [মন্ (জানা) + তব্য (র্ম্ম)] বি, অভিমত। ২ বিণ, বিচার্য্য ; বিবেচনাযোগ্য। ৩ মননীয় ; চিন্তনীয়। ~লিপি-বি, অভি-মত সম্বলিত পত্র। ম০ প্রকাশ-বি, অভিপ্রায় বা অভিমত ব্যক্তকরণ। ~স্তম্ভ-বি, কোন বিবরণী বা বর্ণনাপত্রাদিতে টীকা টিপ্পনী লিখিবার ঘর বা খানা।

[মৎ (দ্রঃ) শব্দের বহুব০। বাং প্রা০ মন্তর] বি, বিশিষ্টার্থক বা অত্যর্থক প্রত্যয়। প্র-শ্রীমন্ত ; মূর্ত্তিমন্ত (প্রা০ মুত্তির্মন্তর)।

মন্তর-মন্ত্র দ্রঃ।

মন্তরে [মন্ত্রে শব্দের প্রা০ রূপ] ক্রি-বিণ, মন্ত্রদ্বারা ; মন্ত্রে ; মন্ত্রশক্তিবলে। ২ অতি শীঘ্র ; তৎক্ষণাৎ [এই অর্থে, একমন্তরে, মন্তরের মধ্যে। 'একমন্তরে' স্থলে মাণিক গাঙ্গুলিতে আছে 'কমন্তরে'। মন্তরের চোটে-ক্রি-বিণ, মন্ত্রবলে।

মন্তা [মন্ (জানা) + তৃ (র্ত্তৃ)=মন্তৃ ১মা, ১ব০] মননকারী ; ২ মন্ত্রণাদাতা ; মন্ত্রী।

মন্তাহক [আদা০। পাবনা, রঙ্গপুরাদি অঞ্চলে] বি, দাবীদার claimant.

মন্ত্র [মন্ত্র্ (মন্ত্রণা করা) + অ (র্ম্ম)। প্রা০ মন্তর] বি, বেদ হতে উদ্ধৃত কতিপয় দেব-তার নামসম্বলিত শ্লোক ; বেদাঙ্গবিঃ। বেদের কিয়দংশের নাম। মুখ্যতঃ যজ্ঞকর্ম্মের অনুষ্ঠানে মন্ত্রের প্রয়োগ। ভিন্ন ভিন্ন ব্রাহ্মণ-গ্রন্থে এই সকল মন্ত্র ব্যাখ্যাত হইয়াছে। কোন্ মন্ত্র কোন্ ঋত্বিক্ কোন্ কর্ম্মে কিরূপে বিনিযুক্ত হইবে তাহা উপদিষ্ট হইয়াছে। যজুর্মন্ত্র-বেদের গদ্যভাগ মন্ত্র। সামমন্ত্র-বেদের যে মন্ত্র সুর বসাইয়া গান করা হইত। মন্ত্র ত্রিবিধ যথা, পদ্যমন্ত্র-ঋক্। গদ্যমন্ত্র-যজুঃ। গেয়মন্ত্র-সাম। এই ত্রিবিধ মন্ত্রাত্মক বিদ্যার নাম ত্রয়ীবিদ্যা। ঋক্‌পদ্য, যজুঃগদ্য, সামগান, এই তিন প্রকার ভিন্ন চতুর্থ-প্রকারের মন্ত্র হইতে পারে না। ২ উপাসনার অনুকূলবাক্য বা পদ। "কে কোথা কি মন্ত্র লয় কোথা কোন যজ্ঞ হয় আগে ভাগে উত্তরেন গিয়া।" -অ০ ম০। ৩ যদ্দ্বারা বিশ্বজ্ঞান লাভ করা এবং সংসারসাগর হতে উত্তীর্ণ হওয়া যায় তাহার নাম মন্ত্র যথা- "মননংহি বিশ্বজ্ঞানং ত্রাণংসংসারবন্ধনাৎ। যতঃ করোতি সংসিদ্ধৌ মন্ত্র ইত্যভিধীয়তে।" ৪ বিচার। ৫ সন্ধিবিগ্রহাদি বিষয়ক গুপ্ত-নীতি ; রাজনৈতিক মন্ত্রণা। ৬ তন্ত্রোক্ত বশীকরণবাক্য। ৭ রহস্য। ৮ পরামর্শ। ~কুশল-বিণ, মন্ত্রণাপটু ; পরামর্শ দানে দক্ষ। ~কৃৎ [মন্ত্র-কৃৎ (যে করে)] বি, মন্ত্র-রচয়িতা ; মন্ত্রপ্রণেতা। ২ মন্ত্রণাদাতা ; পরামর্শদাতা। ~গুপ্তি-বি, মন্ত্রণার অপ্রকাশ ; মন্ত্রণাগোপন। ~গৃহ-মন্ত্রণা-ভবন ; পরামর্শস্থান। ~গূঢ় [মন্ত্র (মন্ত্রণা) গূঢ় (গুপ্ত)] বি, গুপ্তচর।~জিহ্ব [সং] বি, অগ্নি। ~জ্ঞ [মন্ত্র + জ্ঞ (যে জানে)] বি, দীক্ষাগুরু। ২ মন্ত্রী। ৩ গুপ্তচর। ৪ বিণ, মন্ত্রবিদ্ ; মন্ত্রজ্ঞাতা। ~ণ [মন্ত্র (মন্ত্রণা করা) + অন (ভা০)] বি, যুক্তি ; গোপনে পরামর্শ। "মুনির মন্ত্রণে দক্ষ মনে মহা খুসী।"-শি০। ২ মন্ত্র। > স্ত্রীং মন্ত্রণা। "হলে নয়ন অন্তর অন্তরে সে নিরন্তর কি জানি কেমন মন্ত্রণা।"-গান। ~ণীয়-বিণ, মন্ত্রণাযোগ্য ; পরামর্শনীয়। ~তন্ত্র [মন্ত্র শব্দের সহচর তন্ত্র। প্রা০ মন্তোর তন্তোর] বি, মন্ত্রাদি। ২ মন্ত্র ও তন্ত্রানুযায়ী অনুষ্ঠান। ~দাতা-বি, দীক্ষাগুরু। ২ পরামর্শদাতা। ৩ বিণ, মন্ত্র-দানকর্ত্তা। > স্ত্রীং ~দাত্রী। ~পূত [মন্ত্র দ্বারা পূত, ৩তৎ] বিণ, মন্ত্র দ্বারা পবিত্রীকৃত। ~বল-বি, মন্ত্রের শক্তি। ২ বশীকরণ সাধন তন্ত্রোক্ত বাক্যের প্রভাব। ~ভবন-বি, মন্ত্রণাগৃহ। ~বিৎ (দ্) [মন্ত্র (মন্ত্রণা) + বিৎ, বিদ্ (যে জানে)] বিণ, মন্ত্রজ্ঞাতা, মন্ত্রজ্ঞ। ২ বি, গুপ্তদূত। ৩ মন্ত্রী। ~মুগ্ধ [মন্ত্র দ্বারা মুগ্ধ, ৩তৎ] বিণ, মন্ত্রের প্রভাবে বশীকৃত। "তারা মন্ত্রমুগ্ধবৎ স্বল্প-ভাষিণীর এই নূতন সুরের কথা শুনিয়া গেল।"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ~শক্তি-ইং diplomacy'র বৈজ্ঞা০ পরিঃ। ~সাধন -বি, মন্ত্রে সিদ্ধিলাভের উপায়। ~সাধক -বিণ, যে মন্ত্র সাধনা করে ; মন্ত্রে সিদ্ধিকামী।

মন্ত্রসিদ্ধ [মন্ত্র দ্বারা সিদ্ধ, ৩তৎ] বি, মন্ত্রের সাধনায় সফলকাম ; মন্ত্রোপাসনায় সিদ্ধিপ্রাপ্ত।

মন্ত্রিত [মন্ত্র + ত (র্ম্ম)] বিণ, মন্ত্র-সংস্কৃত ; মন্ত্রশক্তি-নিহিত। "উশনা কুশপাণি চিন্তি সঞ্জীবনী ম০ কৈল কুশজল।" -কবিক০। ২ মন্ত্রণা দ্বারা নির্দ্ধারিত ; পরামর্শ দ্বারা স্থিরীকৃত।

মন্ত্রিত্ব [মন্ত্রিন্ + ত্ব (ভা০)] বি, সচিবত্ব ; পরামর্শদাতৃত্ব। ২ মন্ত্রীর পদ।

মন্ত্রিবর [মন্ত্রিন > মন্ত্রী+বর] বি, প্রধান মন্ত্রী ; সচিবশ্রেষ্ঠ ; অমাত্যপ্রধান।

মন্ত্রী [মন্ত্রিন্ শব্দ ১মা, ১ব০] বি, অমাত্য। ২ বিণ; মন্ত্রণাদাতা ; পরামর্শদাতা। স্ত্রীং মন্ত্রিণী।

মন্থ [মন্থ্ (মন্থন করা)+অ(ণে)] বি, মন্থনদণ্ড। ২ বিলোড়ন ; মন্থন। ৩ চক্ষুরোগবিঃ। ৪ নেত্রমল। ৫ [+অ (ভা০)] বিনাশ। ৬ জলমিশ্রিত ঘি মাখা ছাতু। বিণ, মন্থী-মন্থনকারী। ~জ-বিণ, মন্থনোদ্ভূত। ২ বি, মাখন। ~শৈল-মন্দর পর্বত যা সমুদ্র মন্থনকালে দণ্ডস্বরূপ ব্যবহৃত হইয়াছিল।

মন্থন [মন্থ+অন (ভা০)] বি, আলোড়িত করণ ; মওয়া। ২ [-+অ (ণে)] মন্থনদণ্ড। ৩ বিনাশ। ~দণ্ড-বি, মউনি।

মন্থনী [সং] বি, দধিমন্থন পাত্র ; ঘোল মউনি হাঁড়ি।

মন্থর [সং] বিণ, অলস ; দীর্ঘসূত্রী। ২ মন্দগামী। ৩ অদ্রুত ; অশীঘ্র। ৪ নম্র ; নত। ৫ পৃথু ; স্থূল। ৬ [রাজনীতি০ পরিঃ] ইং moderate এর পরিঃ। স্ত্রীং ~া- বিণ, মন্থরগামিনী। ২ বি, মন্থনদণ্ড। ৩ কৈকেয়ীর কুব্জা দাসী। ৪ নৌ দ্রঃ। ~গতি-অশীঘ্র-গতি; ধীরগতি। ২ বিণ, ধীরগতিযুক্ত ; মন্দগামী। ~গামী-বিণ, ধীরে ধীরে গমনকারী।

মন্থান [মন্থ+আন (ণে)] বি, মন্থনদণ্ড ; মউনি।

মন্থায়িল [ম০ বাং। নামধাতু-মন্থান ক্রি, বিক্ষুব্ধ করিল।

মন্দ [মন্দ্ (জড়িভূত হওয়া)+অ (র্তৃ) বিণ, মৃদু ; ধীর। "ধীরে নামাইয়া আন বিদ্রোহের উচ্চ কণ্ঠে পুরবীর ম্লান মন্দ স্বরে।" -রবী০। ২ মূর্খ। ৩ অলস। ৪ অশীঘ্র ; বিলম্বিত। ৫ ক্ষীণ। ৬ অসুস্থ। ৭ হত ; হীন। প্র-মন্দ ভাগ্য। ৮ নীচ। ৯ মত্ত। ১০ খল। ১১ অল্প। প্র-অগ্নিমন্দ হওয়া। ১২ সস্তা ; দরে অল্প নরম dull. প্র-বাজার মন্দ। ১৩ অপকৃষ্ট। ১৪ অপটু ১৫ অতীক্ষ্ণ ; ভোঁতা। ১৬ কটু 'নিন্দে তোমা, হে নরেন্দ্র, মন্দ কথা ক'য়ে"-বীরাঙ্গনা। ১৭ যা ভাল নয়; খারাব; অশুভ। "ভাল করতে পারব না মন্দ করব কি দেবে তা বল"-প্রবচন। মন্দ হতে কতক্ষণ। ১৮ বি, শনিগ্রহ। বি, ~তা, ~ত্ব। ~গ, ~গতি, ~গামী-মৃদুগমনশীল ; মন্থরগতি। মন্দ নয় [সাধাঃ ব্যঙ্গে] অল্প নহে ; বিলক্ষণ ; খুব। প্র-মজা মন্দ নয়। ২ [উল্টা চাপ দিয়া কথা বলিলে] বেশ। ~বুদ্ধি -স্থূলবুদ্ধি। ২ দুর্বুদ্ধি। ~ভাগ, ~ভাগ্য -বি, দুরদৃষ্ট। ২ বিণ, হতভাগা। > স্ত্রীং ~ভাগা, ~ভাগ্যা। ~ভাগিনী -বি, হতভাগিনী ; দুর্ভাগ্যবতী। ~মন্দ-অ, ধীরে ধীরে। "মন্দমন্দ গতি"-অ০, ম০। ~সমীরণ-বি, ধীর বাতাস ; মৃদু বায়ু। ~হিল্লোল-বি, মৃদু আন্দোলন ; ধীর কম্পন ; মৃদু তরঙ্গ।

মন্দফল [মন্দ (অশুভ) যে ফল (ধা)] বি, কুফল ; অসৎ পরিণাম। ২ [মন্দ (শনি গ্রহ)+ফল] গ্রহফল। ৩ জ্যোতিবিজ্ঞানোক্ত গণিতবিঃ the anomatistic equation of a planet.'

মন্দর [মন্দ্+অর (র্তৃ)] বি, পর্বতবিঃ ; সমুদ্র মন্থনকালে এই পর্বত মন্থনদণ্ড স্বরূপ ব্যবহৃত হইয়াছিল। ২ মন্দারবৃক্ষ ; মাঁদার গাছ। ৩ মুকুর ; দর্পণ।

মন্দরজ, মন্দরজা, মন্দর্জা [আ০, ফা০ মুন্দরিজ, মুন্দর্জ (হ্)। আদা০] বিণ, উল্লিখিত stated ; mentioned.

মন্দা [মান্দ্য (দ্রঃ), উচ্চারণে-মান্দ, বর্ণবিপর্যায়ে মন্দা] বি, গ্রহের গতিবিঃ। ২ সংক্রান্তিবিঃ। ৩ হ্রাস ; লাঘব। "পথশ্রম হবে মন্দা কিনহ তোড়ানি জোন্দা মরিচ সমান যার তার।"-কবিক০। ৪ ক্রেতার সংখ্যাল্পতা। ব্যবসায়ে বিনিময়ের হারের অল্পতা ; ব্যবসায়ীর লাভাল্পতা ; পড়তি ; পণ্যের মূল্য নিরুৎসাহজনক ভাবে হ্রাস depression of trade. ঐ অর্থে মন্দি ও০। ৫ দুষ্টলোক ; মন্দজন "অধর নীরস মধু করলহি মন্দা"-বি০ প০। ৬ বিণ, মন্দ (দ্রঃ)। তেজীমন্দা-বি, বাজারদরে হ্রাস-বৃদ্ধি।

মন্দাকিনী [সং-মন্দ (মৃদু) অক্ (গমনে) +ইন্+ঈ (স্ত্রীং)] বি, স্বর্গগঙ্গা। "স্বর্গে মন্দাকিনী মর্ত্যে ভূতলে অলকনন্দা"-অ০ ম০। ২ নর্মদা নদী। ৩ দ্বাদশাক্ষর ছন্দঃ।

মন্দাক্রান্তা [সং] বি, সপ্তদশাক্ষর ছন্দঃ, যার ১ম ৪র্থ ১০ম ১১দশ ১৩শ ১৪শ ১৬শ ১৭শ বর্ণ গুরু, অবশিষ্ট সমুদয় বর্ণ লঘু।

মন্দাক্ষ [মন্দ-অক্ষি (অক্ষ)] বিণ, কুনেত্র ; যে চক্ষুর কণিকা সঙ্কুচিত।

মন্দাগ্নি [মন্দ (অল্পশক্তি) যে অগ্নি (জঠরাগ্নি)] বি; ক্ষুধার অল্পতা ; অগ্নিমান্দ্য।

মন্দানল [মন্দ+অনল] বি, মন্দাগ্নি।

মন্দানিল [মন্দ+অনিল] বি, ধীর বাতাস।

মন্দার [মন্দ্ (প্রীত হওয়া)+আর (ণে)] বি, স্বর্গীয় দেবতরু। ২ আকন্দ গাছ। ৩ পালিতা মাদার গাছ। ৪ তীর্থবিঃ।

মন্দাস্য [মন্দ+অস্য (মুখ)] বি, লজ্জা ; ত্রপা। ২ বিণ, সঙ্কুচিত মুখ।

মন্দি-মন্দা দ্রঃ।

মন্দির [মন্দ্ (নিদ্রা যাওয়া) +ইর (ধি), যেখানে লোক নিদ্রা যায়] বি, ভবন ; গৃহ। "জলের তরে, দীঘল ম০ করে-কবিক০। ২ দেবালয়। "তোমারি প্রতিমা গড়ি, মন্দিরে মন্দিরে"-বঙ্কিম০। ৩ নগর।

মন্দিরা [মন্দিরের চূড়ার মত আকার বলিয়া] বি, কাংস্যনির্মিত বাদ্যযন্ত্র। ২ নৌ গৃহ। প্র-অগ্রমন্দিরা, মধ্যমন্দিরা, সর্বমন্দিরা-নৌ দ্রঃ]।

মন্দীভূত [মন্দ-ভূ (হওয়া) +ত (র্তৃ), ঈ (চি) আগম] বিণ, মৃদুভূত ; অল্পে পরিণত। ৩ জড়ীভূত। ৪ ক্ষীণ।

মন্দুরা [সং] বি, অশ্বশালা ; ঘোড়াশাল ; আস্তাবল। ২ মাদুর।

মন্দেহ [মন্দ+ঈহা (চেষ্টা) যার] বি, রাক্ষসগণবিঃ (সংখ্যায় ৩০ কোটি)। ~া [মন্দ+ঈহা] বি, কুচেষ্টা ; অসৎ প্রবৃত্তি।

মন্দোদরী [মন্দ (কৃশ)+উদর যার, বহু০, +ঈ (স্ত্রীং)] বি, ময়দানবের কন্যা ও

রাবণের প্রধানা মহিষী। ২ কৃশোদরী; সুন্দরী। ৩ মাদুর। ~মঁনোহর-বি, রাবণ। ~শ [ম°+ঈশ] বি, রাবণ। ~সুত -বি, মেঘনাদ।

মন্দোষ্ণ [মন্দ (অল্প)+উষ্ণ] বিণ, অল্প উষ্ণ; কবোষ্ণ; কুসম কুসম গরম। ~মণ্ডল-temperate zone.

মন্দ্র [মন্দ্ (প্রীত হওয়া)+র (র্তৃ, ভা°)] বি, ধ্বনি; শব্দ। "বিপুল গভীর মধুর মন্দ্রে কে বাজাবে সেই বাজনা"-রবী°। ২ গম্ভীর ধ্বনি। ৩ বিণ, গম্ভীর।

মন্দ্রা [নামধাতু। মন্দ্র (দ্রঃ)+আ (ক্রিয়ায়)। মন্দ্রি, মন্দ্র, মন্দ্রে; মন্দ্রিতে; মন্দ্রিয়া (পদ্যে, কে° মন্দ্রি, গ্রা° মন্দ্রে)] ক্রি, গর্জ্জন করা। "মন্দ্রে যদি ঘনবর, ভাবি আঁখি মুদি,"-বীরাঙ্গনা।

মন্মথ [মনস্-মথ্ (মন্থনে)+অ (র্তৃ)] বি, মদন; মনসিজ; কামদেব। ~প্রিয়া-বি, রতিদেবী; কামপত্নী।

মন্থ [সং] বি, মনন; চিন্তন। "নির্ব্বেদ বিষাদ দৈন্ত, চাপল্য হর্ষ ধৈর্য্য মন্থ এই নৃত্যে প্রভুর কাল যায়।"-চৈ° চ°।

মন্যা [শারীর সংস্থান বিদ্যা পরিঃ] বি, গ্রীবার পশ্চাদ্ভাগের শিরা।

মন্যি [মন্যু > গ্রা°] বি, মন্যু। ২ ৩ অভিশাপ। প্র-শাপমন্যি।

মন্যু [সং] বি, দৈন্ত। ২ ক্রোধ; রোষ। শোক। ৪ অহঙ্কার। ৫ যজ্ঞ।

মন্বন্তর [মনু (ব্রহ্মার পুত্র)+অন্তর (অবকাশ) যাতে, বহু°] বি, দেবতাদের ৭১ যুগ; প্রজাপতি ব্রহ্মার স্বায়ম্ভুব, স্বারোচিষ, উত্তম, তামস, রৈবত, চাক্ষুষ, বৈবস্বত, সাবর্ণি, দক্ষসাবর্ণি, ব্রহ্মসাবর্ণি, ধর্ম্মসাবর্ণি রুদ্রসাবর্ণি, দেবসাবর্ণি ও ইন্দ্রসাবর্ণি এই চতুর্দ্দশ মানস পুত্রের এক এক জনের রাজত্বকালের নাম এক এক মন্বন্তর। "একাত্তর চতুর্যুগে এক মন্বন্তর; চৌদ্দ মন্বন্তর ব্রহ্মার দিবস ভিতর।"-চৈ° চ°। ২ দুর্ভিক্ষ; আকাল। "যখন *** এগারশত ছিয়াত্তরের মন্বন্তরে দেশে কালের করাল ছায়া পড়িল"-অক্ষয়° সরকার। ছিয়াত্তরে মন্বন্তর-সন ১২৭৬ সালে (খৃ° ১৭৭০, ১৫ই জুলাই হতে দুইমাসের মধ্যে) এককোটি ও শুধু কলিকাতায় ছিয়াত্তর হাজার লোক মন্বন্তরে মরিয়াছিল বলিয়া এই নাম। ইংরেজের দেওয়ানী লাভের পর বাঙ্গালায় দুইবৎসর বৃষ্টি হয় নাই ও শস্যাদি কিছুই জন্মে নাই। তার উপর রেজা খাঁর উপর খাজনা আদায়ের ভার পড়ায় এবং প্রজার নিকট হতে বীজধান্তটি পর্য্যন্ত না রাখিয়া জমিদারেরা কড়ায় গণ্ডায় খাজনার সমস্ত আদায় করিয়া লওয়ায় এই মন্বন্তর দেখা দিয়াছিল। •

মফস্বল, মফঃস্বল [আ° মুফস্সল] বি, পৃথক্। ২ রাজধানী ও নগরের বহির্ভূত স্থান; গ্রাম্য প্রদেশ; জেলার শাসনাধীন বিভাগ subdivisions of a district; beyond head quarters & interior of a district or sub-district. "মফঃস্বলে নায়েব দিলেন পাঠাইয়া"-অ°ম°। ~জমা -বি, দফাওয়ার জমা। ২ মোট জমা।

মবলগ [আ° মব্লগ্] বি, নগদ টাকা ready money. ২ মোট; রাশি। ক্রি-বিণ, মবলগে-সাকল্যে। ~বন্দি-কথা বা শব্দে লিখিত মোট সংখ্যা total in words.

মম [ষষ্ঠ্যন্ত অস্মদ্ > পদ্য রূপ। প্রা° বৌ° বাংপ্রাকৃ° রূপ "মমু" "মহ"। "খবনান মোক্ষমহু কিংপি ন ভাবই" (=ক্ষপণকানাং মম্মোক্ষং তন্মম কিঞ্চিন্মাত্রং ন প্রতিভাসতে"-অ° ব° টী°, স° ব° দো°] অ, আমার। "মরণ রে তুঁহু মম শ্যাম সমান। তুঁহু মম মাধব তুঁহু মম দোসর তুঁহু মম তাপ ঘুচাও।" -রবী°। ২ বি, মমতা ~কার-বি, স্ত্রী-পুত্র-পরিজন ঐশ্বর্য্য সম্পদের প্রতি মমতা করা; ইহা আমার উহা আমার এইরূপ করা। ২ অভিমান; অহঙ্কার।

মম-ম-মহ মহ দ্রঃ।

মমতা, মমত্ব [মম+তা, ত্ব (ভা°)] বি, মায়া; স্নেহ। "এইভাবে "মমত্ব" দ্বারা নিজস্ব করিবার ক্ষমতা নাই।" -উত্তরা, পৌষ, ১৩৩৩। ~যুক্ত-মায়াবী; স্নেহশীল। ২ অভিমানযুক্ত। ৩ আত্মম্ভরি।

মমি [ইং mummy র লিপ্যন্তর। আ° মুমায়িন্, ফা° মোম >] বি, মোম সহ বিবিধ মশলাযোগে মিশরীয় প্রথায় সংরক্ষিত শবদেহ। "দুর মিশরের 'মমি' সম সুখে ছিল যাহা বাক্ শূন্য।"-অশোক°।

মমিয়া [আ° মমাত (মৃত্যু)] বি, শোকগীতি।

মর্ম্ম [মর্ম্ম দ্রঃ। গ্রা°] বি, মর্ম্ম। ২ মর্ম্ম-ব্যথা; কষ্ট। "মনেত পাইয়া মর্ম্ম"-শূ° পু°।

ময়১ [ময় (গমন করা)+অ (র্তৃ)] বি, ইন্দ্রপ্রস্থে রাজা যুধিষ্ঠিরের অপূর্ব্ব সভা নির্ম্মাণকারী দানব-শিল্পী; দেব-শিল্পী বিশ্বকর্ম্মা ইঁহার নিকট যুদ্ধে পরাস্ত হইয়াছিলেন। 'ময়মত' নামক গৃহনির্ম্মাণ শিল্পগ্রন্থ প্রণেতা বলিয়া তাঁহার প্রসিদ্ধি আছে। রক্ষোরাজ রাবণের প্রধানা মহিষী মন্দোদরী ইঁহার কন্যা। ২ অশ্বতর। ৩ উষ্ট্র। স্ত্রীং ময়ী১।

ময়২ [সং ব্যা°। সং তদ্ধিত প্রত্যয় ময়ট্ >] বিণ, পূর্ণতাবোধক। প্র-সৌন্দর্য্যময়। ২ ব্যাপ্তিবোধক। প্র-রাজ্যময়। নগরময়। ৩ নির্ম্মিত, খচিত বা জড়িত অর্থে। প্র-রত্নময় বেদী। স্বর্ণময় পর্য্যঙ্ক। ৪ বহুল অর্থে। প্র-প্রস্তরময় ভূমি। নদীময় দেশ। ৫ বিশিষ্ট: যুক্ত। প্র-দয়াময়। ৬ মিশ্রিত। প্র-বিষময়। স্ত্রীং ~ী১(ম-) বিণ, বিশিষ্টা; যুক্তা। প্র-মায়াময়ী। গাম্ভীর্য্যময়ী। নামে-কিরণ্ময়ী, জ্যোতির্ম্ময়ী, তড়িন্ময়ী, মৃন্ময়ী, লাবণ্যময়ী, হিরণ্ময়ী ই°।

ময়ঙ্ক [মৃগাঙ্ক > অং। প্রাদে°] বি, চন্দ্র।

ময়ট [সং] বি, তৃণকুটির।

ময়দা [ফা°। প্রাদে চট্টল° মইদা] বি, গোধূমের সূক্ষ্ম চূর্ণ [অপেক্ষাকৃত মোটা গোধূম চূর্ণের নাম আটা, ময়দা আটা অপেক্ষা মিহি এবং শুভ্রতর]।

ময়দান [ফা°] বি, প্রান্তর; ক্ষেত্র; মাঠ।

ময়না১ [সং-মদনিকা > মদনা > ময়না। হি° ময়না] বি, মদনপাখী; গারিকাবিঃ। ২ [ময়না পাখী খুব পড়ে বলিয়া লক্ষণায়] যে বালিকা পাখীর মত খুব কথা কয়। ৩ [মদনাবতী > ময়নাবতী > কে° ময়না] বাঙ্গালী রাজা মাণিকচন্দ্রের স্ত্রী। ইনি অমন্ত্র জানিতেন বলিয়া 'ডাকিনী

ময়না'। "দ্যাবাপুরের পাঁচ কন্যা ডাহিনী ময়না"-ময়নামতীর গান (১১শ-১২ শতাব্দী)। ৪ [ময়নামতীর প্রসিদ্ধি হতে] ডাকিনী।
বুড়ি ময়না, বুড়ী ময়না [ময়নামতীর বৃদ্ধ বয়স পর্য্যন্ত স্বামী পুত্র, সপত্নী প্রভৃতির সহিত খলতা, ডাকিনী মন্ত্রসিদ্ধি ও গুরুর আশীর্ব্বাদে অমরী হওয়ায়, বুড়ী ময়না এই নামের প্রসিদ্ধি হইতে (তুল-"যেন বুড়ী ময়না গুরুকে দেখিল" * * * "বুড়ী ময়না কান্দিতে লাগিল"-ময়নামতীর গান)। "আশীর্ব্বাদ করি গুরু মহাজ্ঞান দিল। চারি যুগ অমর করিয়া মোরে গেল॥"-ঐ] ডাইনী বুড়ী ; কুতন্ত্রা বৃদ্ধা নারী। ৫ [মদন শব্দের স্ত্রীলিঙ্গে মদনা বা মদনী হতে ময়না বা ময়নী। মদনা বাং-র পুং, ও মদনী (গ্রাং উচ্চারণে "মোদ্দনী") এবং ময়না স্ত্রী বাচক] কামুকা নারী। ৬ কুটনী।
ময়না₂ [সং-মদন > প্রাকৃং মঅন. হিং মইন > + আ (স্বার্থে)] বি, কণ্টকী বৃক্ষবিঃ ; মরুবক ; মদনা বা ময়না গাছ ; ময়না ফল "পঞ্চদলবিশিষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র সাদা ফুল, বসন্তকালে ফোটে, শুষ্কপড়া জায়গায় জন্মে, ফল ঔষধে লাগে Randia dumatorum.
ময়না₃-মায়না দ্রঃ। ~তদন্ত [ফাং মো'আয়না > ভং মায়না, ময়না (প্রত্যক্ষ) + তদন্ত (পরীক্ষা)] বি, মৃত্যুর পর, (বিতঃ) অপঘাত মৃত্যুর পর শবব্যবচ্ছেদ দ্বারা পরীক্ষা Postmortem. "করোনার * * * * মৃত্যু সম্বন্ধে ময়না তদন্তে ব্যাপৃত আছেন। ডাঃ বালিকার শব-ব্যবচ্ছেদ পরীক্ষা করেন। তিনি * * আর্সেনিক বিষে উক্ত বালিকার মৃত্যু সংঘটিত হইয়াছিল বলিয়া মত প্রকাশ করেন।" -আং বাজার, ১৩৪০, ভাদ্র।
ময়রা [মোয়া (মোদক) + কার, যে মোয়া করে] বি, জাতিবিঃ ; মোদক ; মধুনাপিত ; যাহারা সন্দেশ ইং মিষ্ট সামগ্রী প্রস্তুত করে। ২ মিষ্টান্ন প্রস্তুতকারক ও বিক্রেতা। স্ত্রীং ~ণী। ময়রার দোকান -মিষ্টান্নের দোকান।
ময়লা [সং-মল + আ (যুক্তার্থে)। চট্টলং প্রাদেং মইলা, হিং মৈলা >] বিণ, অপরিষ্কৃত ; মলিন ; নোংরা। ২ বর্ণের অনুজ্জ্বলতাবোধক। ৩ কাল। ৪ বি, বিষ্ঠা ; মল। ৫ হিংসা-দ্বেষাদিরূপ মলিনতা। বিণ, ~টিয়া, ~টে [ময়লা + আটিয়া] বিণ, মলিন-প্রায়। মনের ময়লা-হিংসা দ্বেষাদি মানসিক মলিনতা।
ময়া (-আ) [মন্থন > মহন > । মই, মও, ময় ; মইতে ; মইয়া (গ্রাং ম'য়ে) ময়ানি-মন্থন করিতে বাধ্য করা] ক্রি, মন্থন করা।
ময়ান (-এ্যান) [মর্দন বা মলন >] বি, লুচী, কচুরি, নিমকি ইং প্রস্তুতের পূর্ব্বে ময়দা মাখিবার সময় তাতে ঘৃত মিশ্রণ।
ময়াল₁ [সং-মহাকাল >] বি, বৃহদাকার সর্পবিঃ Python.
ময়াল₂ [আং মহাল (ভূসম্পত্তি)] বি, রাজ্য। "দূর হইতে দেখে সাধু লঙ্কার ময়াল।"-কবিকং। ২ ঐশ্বর্য্য ; সম্পদ। "গন্নার ময়াল দেখি নাচে"-চৈং মং।
ময়ি [অস্মদ্ শব্দের ৭মী ১ বচনে ময়ী। তুল-হিং হমে, প্রাদেং, গ্রাং বাং-র-মোতে, মোয়] স, আমায়। ২ বিণ, আমি হেন ; আমার মত। "ময়ি অভাজনে হ'ল দয়াবারি বিতরণ"-দেওয়ান বাহাদুর।
ময়িলা [মরা > মরা। র=য়। প্রাদেং, গ্রাং বাং] ক্রি, মরিল। "তিলোত্তমা হেতু দুই মরিলা এক ঠাই"-শ্রীং কীং। ময়িলোঁ-মরিলাম। "ভাগে পরাণে না ময়িলোঁ" -শ্রীং কীং।
ময়ী-ময়₂ দ্রঃ।
ময়ু [সং] বি, মৃগ। ২ কিম্পুরুষ ; কিন্নর ; অশ্ববদন। ৩ অশ্বমেধযজ্ঞের অশ্ব। ৪ অশ্ব।
ময়ূখ [মা (পরিমাণ করা) + উখ (ক)। মা=ময়] বি, দীপ্তি ; কিরণ ; জ্যোতিঃ। ২ সৌন্দর্য্য ; শোভা। ৩ জ্বালা। ~মালা -জ্যোতিঃসমূহ। বিণ, ~মালী-কিরণমালী ; সূর্য্য।
ময়ূখী [সং] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিঃ। ইহা পুরুষ প্রমাণ দীর্ঘ যষ্টি। ইহার অগ্রে কিঙ্কিণী জাল। ইহা মুষ্টিযুক্ত। ইহার কার্য্য পাঁচ প্রকার- আঘাত, প্রতিঘাত, বিঘাত, পরিমোচন এবং অভিদ্রবণ।
ময়ূর [সং। প্রাং বাং-মোউর। "মোউরর ছাইল ভাণ্ডার ঘর।"-শূং পুং। মুণ্ডারি-'র'। প্রাং বৌং বাং-মোরজি (চং পদং ২৮।১)] বি, কর্ষকবর্গের বৃহৎ পক্ষিবিঃ ; শিখী peacock. "মং ভুজঙ্গে ক্রীড়া করে রঙ্গে ইন্দুরে পোষে বিড়াল।"-অং মং। ২ [নাট্য শাং] উপাদ্যাভিনয়বিঃ। ইহাতে কর্ত্তরিমুখ হস্তের অনামিকা অঙ্গুষ্ঠের সহিত যুক্ত ও অবশিষ্ট অঙ্গুলি বিস্তৃত রাখিতে হয়। বমন অশ্রুমোচনাদিস্থলে ব্যবহার্য্য। স্ত্রীং ~ী। ~ক (-রং) [ময়ূর + ক (স্বার্থে)] বি, ময়ূর। ২ ময়ূর শিখা। ~কণ্ঠী-ময়ূর কণ্ঠের বর্ণবৎ লাল ও সবুজের মিশ্রণজাত বর্ণযুক্ত। ~চূড়া-বি, ময়ূর পক্ষীর মাথার ঝুঁটী বা শিখা। ২ মোরগ ফুলের গাছ। ~পঙ্খী [পক্ষী >] বি, ময়ূর পক্ষীর আকৃতি নৌকাবিঃ। ~পুচ্ছ-ময়ূরের লেজ। ~শিখা-বি ময়ূরচূড়া।
মর₁ [মরা দ্রঃ] বিণ, অনিত্য ; নশ্বর ; মরণধর্ম্মশীল। ~জগৎ-বি, অনিত্য সংসার।
মর₂ [মরা দ্রঃ। তুই মরিয়া যা বা তোর মরণ হোক এই অর্থে মরগে (=মর গিয়া। প্রাদেং ম'রগা), মরগে যা, আ মর।, আ মোলো।, মরেছে। ইং] অ, ক্রোধ, অধীরতা, বিরক্তি ইং সূচক অব্যয় ; গোল্লায় যা ; অধঃপাতে যা। "এবে যশোদার পো মর বনমালী"-শ্রীং কীং। "ভীম বলে মর কি বলেরে ভাতার মুড়িয়া ঝি"-শিং।
মরক [মৃ (মরা) + অক (ভাং)] বি, মারী ; মড়ক।
মরকত, মরক্ত [সং। তুল, গ্রীং maracda. গ্রীং smaragdos. ল্যাং smaragdus. ফ্রেং eme ande. ইং emerald] বি, সবুজবর্ণ মণি ; হরিন্মণি ; রাজনীল ; বুধরত্ন (বুধ গ্রহের প্রীতিকর বলিয়া) ; পান্না।
মরকুমা [ফাং মরকুমা, আং মরকুম] বিণ, লিখিত ; চিহ্নিত। ২ উপরিউক্ত aforesaid.

মরগেজ [প্রা॰ মর্টগেজ, মট্‌গেজ, মারগিজ (হিং॰)। ইং mortgage এর লিপ্যন্তর] বি, সম্পত্তি বন্ধক রাখার ব্যাপার।

মরজি-মর্জ্জি দ্রঃ।

মরণ [মৃ (মরা)+অন (ভা॰)] বি, দেহ-নাশ; মৃত্যু; দেহ হতে আত্মার বিচ্ছেদ; বিনাশ। ২ অ, মরণ কামনায়, তিরস্কার বা গালিতে। ~-আর-কি-অ, আ মরণ; মৃত্যু কামনায়। ~কামড়-মৃত্যু নিশ্চয় অথবা এই শেষবার জানিয়া প্রতিহিংসার জন্য প্রাণপণ চেষ্টা। ~ছিটফিটনি (-টিনি,-টুনি) [ওড়ি॰ ছিট্‌পিটুনি] বি, মৃত্যু-যাতনায় অসহ্য অস্থিরতা। ~ডাক-মৃত্যু-কালীন আর্তনাদ; যে কণ্ঠস্বর বা ডাক শুনিলে মৃত্যু আসন্ন বলিয়া জানা যায়। প্র-এইবার মরণডাক। ছাড়ছে বা ডাকছে [প্রায়ই আক্রোশ, বিদ্রূপ ব্যঞ্জক]। ~ধর্ম্ম, -শীল, ~ধর্ম্মা, ~ধর্ম্মী-বিণ, মরণাধীন; নশ্বর। > স্ত্রীং ~ধর্ম্মশীলা, ~ধর্ম্মিণী। ~বাড়-বি, বিনাশের পূর্ব্বলক্ষণ-স্বরূপ অতিবৃদ্ধি বা অতিশয় দর্প।

মরণাপন্ন [মরণ (কে)+আপন্ন, ২তৎ] বিণ, মুমূর্ষু; মৃতপ্রায়; মৃত্যুদশাপ্রাপ্ত।

মরণাশৌচ [মরণ+অশৌচ] বি, মৃত্যু-জনিত জ্ঞাতিগণের অঙ্গাশুদ্ধি। "মরণাশৌচে ব্রাহ্মণের তিন দিন অঙ্গাস্পৃশ্য অশৌচ।"-পরাশর সংহিতা (বঙ্গবাসী)।

মরণোন্মুখ [মরণ+উন্মুখ] বিণ, মৃত-প্রায়; মরণোদ্যত।

মরত [মর্ত্ত শব্দের কোমল রূপ, পদ্যে] বি, মর্ত্ত্য; পৃথিবী। ২ বিণ, মরণধর্ম্মশীল mortal. ~-ভুবন-বি, যে জগতে লোক মরণধর্ম্মশীল। "মরত ভুবনে যাও মনুষ্য শরীর পাও"-অ॰ ম॰।

মরতা [প্রা॰] বি, হ্রাস; শুষ্কতা; ঘট্‌তা বা ঘাট্‌তি। "পান ম॰ বাদ গেলে সোনা দাঁড়াবে আট তোলা"।

মরদ [ফা॰ মরদুম, মর্দ্‌ > মরদা > প্রা॰ মদ্দা] বি, নর; পুরুষ। "হাতীকা দাঁত মরদকা বাত।"-প্রবাদ। ~বাচ্ছা [প্রা॰] পুরুষের মত পুরুষের পুত্র; সাহসী ও বীর্য্য-বানের সাহসী পুত্র।

মরদানা-মর্দ্দানা দ্রঃ।

মরদানী [ফা॰ মরদুমী >] বি, পৌরুষ।

মরদুম [ফা॰] বি মনুষ্য। ~সুমারি-মনুষ্য গণনা census.

মরন্দ [সং] বি, মকরন্দ; পুষ্পমধু।

মরম১ [সং-মর্ম্ম > পদ্যে] বি, শরীরের সন্ধিস্থান; মর্ম্মস্থান। ২ হৃদয়। ৩ মর্ম্মকথা; অন্তরের কথা। "সই ম॰ কহিনু তোরে।" -চণ্ডি॰। ৪ অভিপ্রায়। "শুনিয়া কহেন শিব পাইয়া সরম। তোমার সহিত নহে এমন ম॰।"-অ॰ম॰। ৫ দরদ; সহানুভূতি। বিণ, মরমী-মর্ম্মগ্রাহী; দরদী। "মরমী জনার মরমে বাজে"-বি॰ প॰।

মরম২ [মরিব > মরিম > মরম (প্রা॰ বাং)] ক্রি, মরিব। "যদি মুই সেই অশ্ব আনিতে নারম। মাতৃহত্যা নরকেত পচিয়া মরম।"-মহা॰ (শ্রীকর॰)।

মরমর১ [মর (মৃত)+মর (সাদৃশ্যার্থে দ্বিত্ব)] বিণ, মৃতবৎ; মৃতপ্রায়; মরণাপন্ন।

মরমর২ [অনু॰। মর্ম্মর >। দ্রঃ-লঘুতর শব্দে মুরমুর। কঠিন এবং প্রবল শব্দে মড়মড়] অ, শুষ্কপত্রাদির লঘু শব্দ। ~া-বি, মর্ম্মর শব্দ। ২ ঐরূপ শব্দ করা।

মরমিয়া, মরমী [মর্ম্মী দ্রঃ] বি, যিনি বিশ্বপ্রকৃতির মর্ম্মে প্রবিষ্ট ("who has penetrated into the sacred mystery of the universe" তিনিই হইয়াছেন মরমী), যোগী mystic. ২ মরমিয়া তিনি, পরমাত্মার সম্বন্ধে যাঁর ঘনিষ্ট আধ্যাত্মিক পরিচয় ও অভিজ্ঞতা আছে "a mystic is best defined as one who has intimate spiritual experience of the divine being." "বিশ্বের মর্ম্মনিহিত গুহাহিত" সত্য যাঁহার জ্ঞানগম্য বা মর্ম্মগত।

মরষা,-সা [সং-মর্ষ >। মরষি, মরষ, মরষে; মরষিতে; মরষিয়া; মরষিল ই॰। প্রা॰ বাং] ক্রি, ক্ষমা করা। মরষিআঁ-ক্ষমা করিয়া। "যত অপরাধ তোর কৈল চন্দ্রাবলী। সব মরষিআঁ তাক জিঅ (=জিআও) বনমালী।"-শ্রী॰ কী॰। মরষিল, মরসিল-ক্ষমা করিলাম। "সব মরষিল রাখা জিঅ একবার"-শ্রী॰কী॰। মরসিব (শ্রী॰ কী॰)= ক্ষমা করিবে; ছাড় দিবে। মরষিই-ক্ষমা করিতেছ; ছাড় দিতেছ।

মরসুম,-শুম,-সোম, মুরসুম, মৌসুম [ফা॰ মওসম্‌ (মোসম্‌ ও॰) >। প্রা॰ মরছুম] বি, ঋতু; সময়। ২ [>] বর্ষা-কাল; প্রশস্তকাল; সুযোগ। "কলিকাতায় ত আজকাল ঘোড়দৌড়ের মরসুম পড়িয়া গিয়াছে।"-আ॰ শক্তি, পৌষ, ১৩৩৩। ৩ [প্রা॰ মরছুম] কেনা-বেচার প্রশস্তকাল business season.

মরহুম [ফা॰ মহরূম (নিষিদ্ধ; নষ্ট) >] বিণ, মৃত অবস্থায় (বি॰প॰॰তে)। ২ স্বর্গীয়; মৃত; লোকান্তরিত।

মরা১ [সং-মৃ >। মরি, মর (মরেন, মরিস), মরে (মরেন); মরিতে (ক্ষে॰ মরতে); মরিয়া (ক্ষে॰প্রা॰ ম'রে, পদ্যে-মরি)। ণিজন্ত-মরান, মারা। প্রা॰ বাং-মরিতাহোঁ, মরিতোঁ -মরিতাম। মরিবোঁ-মরিব। মরী-মরি; মরিব; মরিবে। "একবার ছাড়ি দুইবার নাহিঁ মরি"-শ্রী॰ কী॰। "না জানো কংস সুনিলেঁ এহাএ মরী"-ঐ। মরোঁ-মরি। "ভাগে পুনী জিলাহোঁ এথুনী মরিতাহোঁ"-শ্রী॰ কী॰। "ডুবিআঁ মরিতোঁ যবেঁ না থাকিত কাহ্নে।"-ঐ] ক্রি, প্রাণ বা দেহ ত্যাগ করা। ২ [প্রাণ উড়িয়া যাওয়ার ভাব হতে] উড়িয়া যাওয়া বা না থাকা। প্র-হাঁড়ির জল প্রায় সব মরিয়া গিয়াছে। ৩ শুষ্ক হওয়া। "চোখের জল চোখে মরে, বেড়াই আমি আমোদ করে।"-গান। ৪ [দেহ পতনের ভাব হতে] পতিত হওয়া; বিলুপ্ত হওয়া। প্র-কোথাকার জল কোথায় মরে। ৫ মরণযন্ত্রণা ভোগ করা; কষ্ট পাওয়া। "উদরের জন্য আমি দিন রাত্রি ভেবে মরচি"-রবী॰।

মরা২ [সং-মৃ >] বি, মরণ; মৃত্যু। "সেটুকুর জন্যে অনেকদিন ধরে অনেক রূপ দক্ষের জন্মানো এবং মরার অপেক্ষা ছিল" -অবনি॰ ঠা॰ (বঙ্গবাণী॰ অগ্র॰, ১৩৩৩)। ২ মৃত দেহ; মড়া; শব (এই অর্থে পূ॰ বঙ্গে মরা, কলিকাতা অঞ্চলে-মড়া)। ৩ স্রোত-হীন; মজা; শুষ্ক বা শুষ্কপ্রায়। "যদি আমরা

সে মরা নদীকে * * * । জীয়াইয়া তুলিতে পারি।"-বঙ্গবাণী, ১৩৩০। ৪ বিণ, মৃত। প্র-মরা মানুষ, মরা হাতী। ৫ নির্জীব; নিস্তেজ। ৬ ভোঁতা; অতীক্ষ্ণ। প্র-মরা ধার। ৭ অনাহারে ক্ষীণ বা কৃশ। প্র-মরা পেট। ৮ অল্প আহারে অভ্যস্ত। প্র-পেট-মরা লোক। ৯ পাইন বা খাদযুক্ত। প্র-মরা সোণা (দ্রঃ)। ~কটাল-কটাল দ্রঃ। ~গাছ-মৃত শুষ্ক বৃক্ষ। ~গাং, গাঙ, গাঙ্গ-বি, ভাঁটা-পড়া নদী। ~দেহ-বি, মৃত শরীর। ২ জীর্ণশীর্ণ দুর্ব্বল দেহ। ~পেট-যার জঠরাগ্নি নিস্তেজ; লঘু আহারোপযোগী উদর। ~মরা-বিণ, মৃতপ্রায়। ২ শুষ্ক। ৩ জীর্ণ। ~মাস-বি, শুষ্ক ত্বক; খুস্কি। ~সোণা-বি, খাদযুক্ত স্বর্ণ। ~হাজা-বিণ, রস মরিয়া শুষ্ক এবং জলে পচিয়া মৃত। মরিতে মরা-মৃত্যু যদি ঘটে তো ঘটে তোদেরই যে বেচারীদের জীবনের মূল্য লোকে দেয় না বা গণনায় মধ্যে আনে না ই॰), মরিতে হলে মরে (সেই গরীবেরা যারা অহরহঃ যমের মুখে থাকিয়া কাজ করে)। "মরতে মরেছে কারা? (সোণার খনির) কুলীরা যারা সোণা পায় না।"-আ॰ শক্তি, শ্রাবণ, '৩৩।

মরাই [প্রাদে॰] বি, ধান্যের গোলা। "বাহির মহলে যার সাত মরাই টাকা।"-কবিক॰। "গাভীর মত মরাইয়ে মুখ দিতাম।" -কমলাকান্তের দপ্তর। ২ মাথার মরাই; কেশাবর্ত্ত।

মরাঞ্চে [মরন্ত > মরন্তিয়া, যার(বৎস)। মরে। প্রা॰ মড়াঞ্চে। র=ড়] বিণ, মৃতবৎসা; মড়াঞ্চিয়া। "অদ্বৈতের সহধর্ম্মিণী সীতাদেবী শিশুর নাম 'নিমাই' রাখেন, ডাকিনী শাঁখিনীর হস্ত হইতে রক্ষা পাইবার জন্য 'নিমাই' এই মরাঞ্চে নাম রাখা হইয়াছিল, আজও আমাদের দেশে মৃতবৎসার সন্তান হইলে ঐরূপ নাম রাখিয়া থাকে।" -জীবনীসংগ্রহ। ~পোয়াতি-বি, যে প্রসূতির সন্তান শৈশবেই মরিয়া যায়।

মরাঠা [মহারাষ্ট্রীয় > বাং-মারহাট্টা > আধু॰ বাং কেং মরাঠা, মারাঠা] বি, মহারাষ্ট্র-দেশের লোক বা অধিবাসী।

মরানি ['মরা'র পিজন্তরূপ। মরাই, মরাও, মরায়; মরাইতে; মরাইয়া (কেং মরিয়ে)] ক্রি, মরিতে দেওয়া (মরা, দ্রঃ)। প্র-দুধটা জ্বাল দিতে দিতে সবটাই মরিয়ে ফেলে? এ ত ক্ষীর হয়ে গেছে।

মরামর [মর+অমর] বি, দেব নর; সুর-নর। "ত্রিদিবে, পাতালে, মর্ত্তে, ম॰ জীব প্রমাদ গণিলা আতঙ্কে।"-মেঘ॰।

মরার [সং] বি, মরাই।

মরাল [সং] বি, রাজহংস; ইহার চরণ ও চঞ্চু রক্তবর্ণ। "মরাল বাহনে ব্রহ্মা কৈল অধিষ্ঠান।"-কবিক॰। ২ পাতিহাঁস। স্ত্রীং ~া, ~ী। "মানস মরালী মোর কোথা গেল বল না;"-সারদা-ম॰। ~ক (লং) [মরাল+ক (স্বার্থে)] বি, কলহংস। ~গামিনী-বিণ, রাজহংসীর ন্যায় গতি-শীলা। ২ বি, ঐরূপ নারী।

মরালী, [সং] বি, শ্রেণী; সারি। "দূর হৈতে দেখ এই গাছের ম॰।"-কৃত্তি॰।

মরিচ,-রীচ [সং] বি, কাল ক্ষুদ্র গোল তীব্র কটুরস ফলবিঃ; গোল মরিচ black pepper. ২ [পু॰ ব॰ প্রাদে॰] লঙ্কা। লঙ্কা মরিচ, লাল মরিচ-লঙ্কা দ্রঃ। জীরা-মরিচ-জীরা (দ্রঃ) ও গোল মরিচ।

মরিচা [ফা॰ মোর্‌চা] বি, লৌহমল। ~ধরা-লৌহমলবিশিষ্ট। "ভোঁতা কি মরিচা ধরা দেখ দেখি মাজিয়া।"-কাব্য-কুসুমাঞ্জলি।

মরিতাহোঁ, মরিতোঁ-মরা দ্রঃ।

মরিয়া, মরীয়া [মর+ইয়া, ঈয়া] বিণ, মরিতে উদ্যত; মৃত্যুভয়-রহিত desperate.

মরিয়াদা-মর্য্যাদা দ্রঃ।

মরী-মরা দ্রঃ।

মরীচ-মরিচ-দ্রঃ।

মরীচি [সং] বি, কিরণ। ২ ব্রহ্মার মানসপুত্র ও মহর্ষি কশ্যপের পিতা। ~নন্দন -বি, মহর্ষি কশ্যপ। "দান কৈল মরীচি নন্দনে।"-কবিক॰। ~মালী-বিণ, রশ্মি-যুক্ত। ২ বি, সূর্য্য।

মরীচিকা [মরীচি (কিরণ)+ক (স্বার্থে) + আ (স্ত্রীং)। তুল-mirage, e. g. fata morgana of the Cicilion coast] বি, সূর্য্যকিরণে জলভ্রম; মৃগতৃষ্ণিকা (মরুভূমিতে সূর্য্যকিরণ জলের মত দেখায়; পিপাসার্ত্ত মৃগগণ জলপানের আশায় ছুটিয়া যায়, কিন্তু যত ছুটিয়া যায় ঐ দৃশ্যও তত দূরবর্ত্তী হয়, অবশেষে শক্তিহীন ও ভগ্নমনোরথ হইয়া উত্তপ্ত বালুতে পড়িয়া প্রাণত্যাগ করে)। ২ [লক্ষ॰] ধোঁকা; বৃথা আশার ছলনা। "ধর্ম্ম মরীচিকার মত বৃথা আশ্বাসিত করিয়া হঠাৎ নিরাশার কঠোরতায় আচ্ছন্ন করে না।" -সনাতনী।

মরু [মৃ (মরা) উ (খি), যে স্থান জীবশূন্য উদ্ভিদরহিত] বি, বারি-উদ্ভিদ-প্রাণীহীন বালুকাময় ভূমি। ২ [ভূগোল পরিঃ] ইং desert এর বৈজ্ঞা॰ পরিঃ। ~তরণী-বি, যে মরুভূমি পার করিয়া দেয়; মরুভূমির নৌকা-স্বরূপ; উষ্ট্র। ~দেশ-বি, রাজপুতানাস্থ মারবার প্রদেশ। ~দ্বীপ-বি, মরুপ্রদেশস্থ উর্ব্বর বৃক্ষবারিবিশিষ্ট ভূমিখণ্ড oasis. ~প্রিয়-বি, উষ্ট্র। ~ভূ, -ভূমি-বি, মরুময় স্থান। ~সম্ভব-বিণ, মরুভূমিতে উৎপন্ন। ~স্থল,-স্থলী-বি, মরুভূমি। "হয়েছে নন্দন বন মহামরুস্থলী"-প্রেম ও ফুল।

মরুআ,-য়া [শু॰ পুরাণে] বি, বাবুই-তুলসী; গন্ধতুলসী ocimury pilosum.

মরুৎ [মৃ (মরা)+উৎ, যার অভাবে মরে] বি, দেবতা। ২ বায়ু। ~ক্রিয়া-বি, বাত-কর্ম্ম। ~পতি-বি, নারায়ণ। ২ মরুদ্‌গণের অধীশ্বর। ~পথ-বি, ব্যোমপথ; আকাশ। ~পাল-ইন্দ্র। ~পুত্র-হনুমান। ২ ভীমসেন। ~প্লব-বি, সিংহ। ~ফল-বি, করকা। ~সখ-বায়ুসখা; অগ্নি।

মরুত [সং] বি, বায়ু।

মরুত্তক [রাসা॰ পরিঃ] বি, নেত্রজন যবক্ষারজান; ইং nitrogen এর বৈজ্ঞা॰ পরিঃ (ত্রিবেদী॰)।

মরুত্ত [মরুৎ+ত (স্বার্থে)] বি, বহু যজ্ঞ সমাপনকারী চন্দ্রবংশীয় নৃপতিবিঃ। ২ পবন।

মরুত্বান্ [মৃ॰ মরুত্বৎ >] বি, ইন্দ্র। ২ মেঘ। ৩ হনুমান্। ৪ সিন্ধু।

মরুদিষ্ট [মরুৎ+ইষ্ট] বি, গুগ্‌গুল।

মরুত্রথ [মরুৎ+রথ] বি, বায়ুদেবের রথ; বিমান।

মরুদ্বিপ [মরু (মরুভূমির) দ্বিপ (হস্তী)] বি, উষ্ট্র।

মরুদ্বীপ [মরু (মধ্যস্থ) দ্বীপ] বি, মরুদ্যান।

মরুবক-মরুবক দ্রঃ।

মরুয়া [সং-মরুবক >] বি, বাবুই-তুলসী। "দামিনী ম° ফুল ফুটে জাতি যূথী।"-কবিক°।

মরূদ্যান [মরু+উদ্যান] বি, মরুপ্রদেশস্থ বারিবৃক্ষাদিপূর্ণ ভূখণ্ডবিঃ oasis.

মরুবক, মরুবক [মরু-বা (জন্মান)+অ (র্তৃ)+ক, যা মরু বা বালুকাময় স্থানে জন্মে] বি, ব্যাঘ্র। "নানা জাতি পশু হস্তিগণ মরুবক।"-মহা° (কাশী°)। ২ কণ্টকী-বৃক্ষবিঃ। ৩ জম্বীর।

মর্গ [ইং morgue এর লিপ্যন্তর] বি, মৃতদেহ রাখিবার স্থান; শবাগার dead-house.

মরোঁ-মরা দ্রঃ।

মর্কট [সং] বি, ক্ষুদ্রাকৃতি বানর। ২ মাকড়; মাকড়সা। ~**বাস**-মাকড়সার জাল।

মর্চে, মর্চ্যা [ফা° মোরচা] বি, লৌহমল; মরিচা। "মর্চে-পড়া পুরাণো কুলুপ"-রবী°।

মর্জ্জি [আ° মর্জী] বি, ইচ্ছা।

মর্টগেজ-মরগেজ দ্রঃ।

মর্ত্তবান [ফা° মর্ত্‌বান্] বি, অমৃতবান ভাণ্ড; আচারাদি রাখিবার চিকণ মাটির জালা বা ভাণ্ড।

মর্ত্তমান [Martaban দ্বীপজাত বলিয়া এই নাম। প্রা° বাং "ব্রত্তামৃত।" "ব্রত্তামৃত কলা"-মনসা ম° (বংশী°), ১৬ শতাব্দী] বি, কদলীবিঃ; এই জাতীয় কদলী আকৃতি ও মিষ্টতার জন্য কদলী অপেক্ষা শ্রেষ্ঠ। অমৃত মর্ত্তমান, ঢাকাই মর্ত্তমান, মালভোগ, চাটিম ই° বিভিন্ন প্রকারের ম° আছে।

মর্ত্ত্য, মর্ত্ত [মর্ত্ত+য, (স্বার্থে) মৃ+তন্ (থি), যেখানে লোক মরে] বি, মধ্যলোক; ভূলোক; পৃথিবী। "নাছিল অপ্সরা স্বর্গে; মর্ত্তে নরনারী" -বীরাঙ্গনা। ২ মধর। ৩ মানব। ~**ধর্ম্ম**-মরণধর্ম্মশীল; অনিত্য। ~**ধাম**-বি, পৃথিবী। ~**লীলা**-মানব-লীলা; জন্মমৃত্যুর ব্যাপার। ~**লোক** [স্বর্গ অর্থে-**অমর্ত্ত্যলোক**। "আশা করি মর্ত্ত্য জন্মে ছিল তব মুখে যে বিনম্র স্নিগ্ধ দৃষ্ট * * তাই দিয়ে আরবার পাই যেন তব অভ্যর্থনা অমর্ত্তলোকের দ্বারে"-রবী°]। বি, পৃথিবী।

মর্ত্তুকাম [মৃত্যু কাম(না) যার] বিণ, মৃত্যু অভিলাষী। স্ত্রীং ~া।

মর্দ্দ১ [সং-মৃদ্ (মর্দ্দনে) >] বি, মর্দ্দন; মলন; মালিশ।

মর্দ্দ২ [ফা° মর্দ্। প্রা° বাং- মদ্দ] বি, মরদ; পুরুষ। ২ বিণ, শূর; বীর। ৩ সাহসী। > বি, মদ্দানি দ্রঃ।

মর্দ্দন [মৃদ্ (মর্দ্দন করা)+অন (ভা°)] বি, দলন; পীড়ন। ২ পেষণ; পিষ্টকরণ; চূর্ণন। ৩ বিণ, মথনকারী। "কালিয় মর্দ্দন। কংস নিসূদন। কেশিমথন, কংসারে।"-বাসবদত্তা। বিণ, **মর্দ্দিত**-দলিত; পিষ্ঠ; চূর্ণীত।

মর্দ্দমী [মর্দ্দ দ্রঃ। কাজী ন° হোসেন কর্ত্তৃক ব্যবহৃত] বি, মর্দ্দানি; পৌরুষ।

মর্দ্দল [সং] বি, মাদল নামক আনদ্ধ বাদ্যযন্ত্রবিঃ।

মর্দ্দা [মর্দ্দ দ্রঃ। প্রা° মদ্দা] বিণ, মর্দ্দ; বীর; সাহসী। ২ পুরুষ। ৩ বাহাদুর।

মর্দানা, মর্দ্দানা [ফা° মর্দ্+আনা (যোগ্যার্থে)] বিণ, পালোয়ানী; মর্দ্দানি দ্রঃ। "কেহ শিকার করিতে অথবা মর্দানা কস্ত করিতে রত হয়।"-টেকচাঁদ। ২ [ফা° মর্দানা (পুরুষ সম্বন্ধীয়)] পুরুষদের। ৩ [লক্ষ°] বি, বহির্বাটী; সদর; পুরুষ মহল male's or outer apartment. ভুল-জেনানা (অন্দর মহল female's apartment)

মর্দা(দ্দা)নি [ফা° মর্দানগী, মর্দা >। প্রা° মদ্দানি] বি, পুরুষত্ব; পৌরুষ। ২ বীরত্ব; শৌর্য্য। ৩ সাহস। ৪ বাহাদুরি।

মর্দানী, মর্দ্দানী [মর্দ্দ২ দ্রঃ। প্রা° মদ্দানী] বি, পুরুষপ্রকৃতি নারী। প্র-মেয়ে ম°। ২ পুরুষসুলভ আচরণ।

মর্দ্দিত-মর্দ্দন দ্রঃ।

মর্দ্দী [মর্দ্দ১ দ্রঃ] বিণ, মর্দ্দনকারী। স্ত্রীং মর্দ্দিনী।

মর্ম্ম [মৃ (মরা)+মন্=মর্ম্মন্ ১মা, ১ব°। বাং প্রাকৃ° মম্ম] বি, প্রাণস্থান; শরীরের বিশেষ বিশেষ সন্ধিস্থান যথায় আঘাত করিলে তৎক্ষণাৎ প্রাণ যায়। ২ শিরা স্নায়ু, সন্ধি, অস্থি ও মাংসাদির একত্র মিলন। ৩ হৃদয়। ৪ রহস্য; গূঢ়কথা। ৫ তত্ত্ব। ৬ অভিপ্রায়; তাৎপর্য্য। "কি মর্ম্ম বুঝিয়া হরি হরে কর ভেদ"-অ° ম°। ৭ মর্ম্ম-বেদনা। ৮ বিণ, হৃদ্য। "কৈশোর অতি মর্ম্ম"-চৈ° চ°। ~**কথা**-বি, মনের কথা। ২ গূঢ়রহস্য। ৩ মর্ম্মভেদী কথা। "মধুর কোমল বাক্য বলে মৃদু করি, মর্ম্মকথা পরেরে না বলে কোন কালে।" ~**কাতরতা**-বি, আন্তরিক ব্যাকুলতা। ~**গ্রহণ**-বি, তাৎপর্য্যবোধ। ~**গ্রাহী**-বিণ, তত্ত্বগ্রহণ-কারী; মর্ম্মজ্ঞ। **ঘাতী**, ~**পীড়ক**-অন্তরের ব্যথাজনক; মর্ম্মন্তুদ। ~**চ্ছিৎ** [মর্ম্মন্+ছিদ্] বিণ, হৃদয়বিদারক। ~**ন্তুদ** [মর্ম্মন্+তুদ্ (ব্যথা দানে) +অ (র্তৃ)] বিণ, অন্তরে বেদনা দানকারী; মর্ম্মান্তিক। ~**জ্ঞ** [মর্ম্মন্ (স্বরূপ কিম্বা সন্ধি-স্থান) জ্ঞা (জানা) +অ (র্তৃ), উপ°] বিণ, রহস্যজ্ঞ; অভিপ্রায়জ্ঞ; মর্ম্মগ্রাহী। ২ তত্ত্বগ্রাহী। ৩ পণ্ডিত। বি, ~**তা**। ~**পীড়া**-বি, হৃদয়-বেদনা। > বিণ, ~**পীড়িত**। ~**বিৎ**, ~**বিদ্**-বিণ, মর্ম্মজ্ঞ। ~**বিদ্ধ**-বিণ, মর্ম্মে বা হৃদয়ে প্রবিষ্ট; অন্তর্ভেদী। ~**বেদনা**, -**ব্যথা**-বি, আন্তরিক ক্লেশ; মানসিক পীড়া। ~**বেদী**-বিণ, মর্ম্মজ্ঞ। ~**ভেদী**-বিণ, হৃদয়বিদারক। ~**স্থল**, -**স্থান**-বি, মানব-দেহের সাংঘাতিক সন্ধিস্থল (মর্ম্ম দ্রঃ) vital parts of the body. "তার যত মর্ম্মস্থানে দংশন করিনু" -ভাগবত (শ্যামদাস)। ২ হৃদয়; অন্তঃ-করণ। ~**স্পর্শী**, **স্পৃক্**-বিণ, হৃদয় স্পর্শ করে এমন; হৃদয়গ্রাহক touching. ২ হৃদয়-ভেদী; হৃদয়বিদারক।

মর্ম্মর [সং। অল্প বা লঘু শব্দে-মৃর্মুর] বি,

মার্বেল পাথর marble. ২ অনুকার শব্দ; শুষ্ক পত্রাদির অব্যক্ত শব্দ; খসখসানি। ৩বিণ, মর্ম্মরধ্বনিকারক; মরমর দ্রঃ। ~ধ্বনি-বি, মর্মর্ শব্দ। ~পাথর, ~পাষাণ, ~প্রস্তর [ইং marble stone এর অনুবাদ] বি, মর্বেল পাথর।

মর্ম্মাঘাত [মর্ম্ম+আঘাত] বি, মর্ম্মস্থলে আঘাত। ২ হৃদয়ে বেদনা।

মর্ম্মান্তিক [মর্ম্ম+অন্তিক] বিণ, অন্তর্ভেদী; হৃদয়বিদারক। "আত্মবিদারণকারী মর্ম্মান্তিক মহান্ নিশ্বাস"-চয়নিকা।

মর্ম্মাবগত [মর্ম্ম+অবগত] বিণ, অবগতমর্ম্ম; মর্ম্মজ্ঞ।

মর্ম্মাবধারণ [মর্ম্ম+অবধারণ] বি, তাৎপর্য্যবোধ।

মর্ম্মার্থ [মর্ম্ম+অর্থ] বি, গূঢ়ার্থ; গূঢ় অভিপ্রায়। ২ প্রকৃত-তত্ত্ব।

মর্ম্মাহত [মর্ম্ম+আহত] বিণ, অন্তরে আঘাতপ্রাপ্ত; মর্ম্মপীড়িত। বি, মর্ম্মাঘাত-দ্রঃ।

মর্ম্মিক [মর্ম্মন্+ইক (জাতার্থে)] বিণ, মর্ম্মী দ্রঃ।

মর্ম্মী [মর্ম্ম ও মরমিয়া দ্রঃ] বিণ, মর্ম্মগ্রাহী; মর্ম্মজ্ঞ; রহস্যজ্ঞ। ২ গূঢ়জ্ঞানবাদী; ঈশ্বর দর্শনবাদী; তান্ত্রিক mystic. "মাতারলিঙ্ক * * ফ্লেমিশ কাথলিক মর্ম্মীদিগের (mystics) শিষ্য বলিয়া তাঁহার পরিচয় পাওয়া যায়। * * * তিনি মানবজীবনের এই প্রচ্ছন্ন নিগূঢ় মর্ম্মস্থল, পর্দ্দা সরাইয়া দিয়া দেখাইতে চেষ্টা করেন।"-প্রবাসী, ১৩২১।

মর্ম্মোদ্ঘাটন [মর্ম্ম+উদ্ঘাটন] বি, রহস্যভেদ; যথার্থ প্রকাশ।

মর্ম্মোদ্ভেদ [মর্ম্ম+উদ্ভেদ(প্রকাশ)] বি, মর্ম্মোদ্ঘাটন।

মর্য্যাদা [সং। ব্রজ০ মরিযাদ,-দা "রসবতী নাগরী রস মরিযাদ।"-বি০ প০। "খোয়ল কুল মরিযাদ"-জ্ঞান০] বি, সম্ভ্রম; সম্মান। "আমরা যদি পোষাক পরিচ্ছদ দেখিয়া সম্মান করিতে সম্ভ্রম করিতে মর্য্যাদা করিতে শিখি, তাহা হইলে সমাজে ঘোর অমর্য্যাদাতের সূত্রপাত করি।"-সনাতনী। ২ গৌরব। ৩ সদাচার। ৪ নিয়ম। ৫ সৎপথে অবস্থান। ৬ [মর্য্যা (সীমা) দা] সীমা; কূল। ৭ [জমি০ পরি০] জমিদারের নির্দ্ধারিত খাজনা ই০-র অতিরিক্ত প্রাপ্য; বৃত্তি; নজর; সেলামী; উপরি dues & perquisites. ~কর-বিণ, সম্ভ্রমকারী; সম্মানজনক। ~বান্-বিণ, সম্ভ্রমশীল; সম্মানিত। "মহত্ত্ব মর্য্যাদাবান্।" -ঘ০। ~হানি-বি, সম্ভ্রমনাশ।

মর্ষ, মর্ষণ [মৃষ্ (ক্ষমা করা)+অ, অন (ভা০)] বি, সহন; সহ্যকরণ; ক্ষমা। ২ নাশ। বিণ, মর্ষিত।

মর্ষিতবান্ [মর্ষ দ্রঃ] বিণ, ক্ষমাশীল।

মর্সিয়া-মারসিয়া দ্রঃ।

মর্সুম [ফা০ মৌসুম্] বি, মৌসুম; ঋতু; কাল। ২ সুযোগ। বিণ, মর্সুমী।

মল১ [মল্ (ধারণ করা)+অ (র্ম্ম)] বি, দেহের ময়লা; পুঁজ, রক্ত, স্বেদ, শ্লেষ্মা, বিষ্ঠা, মূত্রাদি শরীরের ক্লেদসমূহ। [এইরূপ -বাঙ্মল-বাগ্দূষণ। মনোমল-মনের ময়লা; কুচিন্তা; হিংসাদি মনের মলিনতা]। ২ বাত; পিত্ত; কফ। ৩ কাইট, শিটা, মরিচা, গাদ ই০। ৪ কলঙ্ক; পাপ। ৫ মলিনতা; ময়লা। ৬ বিণ, মলযুক্ত; সমল। বিণ, ~ী (ম০) মলযুক্ত। ~গ (-ল০) [বৈ০ মল (ময়লা কাপড়)+গ] বি, ধোবা (রজক দ্রঃ)। ~ঘ্ন (-ল০) বিণ, মলনাশক। ~জ (-ল০) মল হতে উৎপন্ন। ~ত্যাগ-বি, বিষ্ঠাত্যাগ। ~দ্বার-বি, গুহ্যদেশ। ~দূষিত-বিণ, মল দ্বারা অপবিত্র; মলিন। ~দ্রাবী-বিণ, মলভেদক। ২ বি, জয়পাল। ~ভাণ্ড-বি, মলাধার। ~ভুক্-বি, কাক। ~ময়-বিণ, মলপূর্ণ; মলযুক্ত।

মল২ [বলয় >] বি, পাদবলয়; চরণালঙ্কারবিঃ।

ম'ল৩ মোল [মরা > মরিল > ম'রল > গ্রা০] বি, মরিল। প্র-প'ল আর ম'ল।

মলন [মল্ (ধারণ করা)+অন (ভা০)] বি, বিলেপন। ২ মর্দ্দিতকরণ; মর্দ্দন।

মলবঙ্ক-বি, বাঁকমল।

মলম [ফা০ মরহম্] বি, প্রলেপ; ক্ষতাদিতে লেপন করিবার ঔষধ।

মলমল [হি০। ইং muslin] বি, সূক্ষ্ম সূতার বস্ত্র।

মলমাস [সং] বি, রবি-সংক্রান্তি বর্জ্জিত ও দুইটী অমাবস্যাযুক্ত মাস।

মলম্বা [আ০ মলম্মা] বি, তামার উপর সোনার গিল্টী করা; সোনার পাত মোড়া তামা। "মলম্বা অধরে তাম্র এত শোভা যদি ধরে, দেখি, ভাবি দেখ বিশুদ্ধ কাঞ্চনকান্তি কত মনোহর।"-মেঘ০।

মলয় [তামিল মলৈ (পাহাড়)। ভারতের সপ্তকুলাচলের অন্যতম। ঘাট পর্ব্বতমালার দক্ষিণভাগ বলিয়া অনুমিত। মৈসুরের দক্ষিণে ত্রিবাঙ্কুরের পূর্ব্ব সীমারেখারূপে অবস্থিত। ভবভূতি ইহাকে কাবেরী নদী দ্বারা বেষ্টিত বলিয়াছেন। এস্থান এলাচী, পিপুল, চন্দন ও সুপারী গাছে পূর্ণ। কালিদাস এই পর্ব্বতশ্রেণীর নাম দিয়াছেন মলয় এবং দর্দ্দুর। দর্দ্দুর মৈসুরের দক্ষিণপূর্ব্ব সীমা হইয়া ঘাট পর্ব্বতশ্রেণীর অংশরূপে অবস্থিত] বি, চন্দ্রনাদ্রি; পশ্চিমঘাট পর্ব্বত। "মলয় লুঠিয়া আনি রোপিলা চন্দন।"-কবিক০। ২ মলয়পর্ব্বতে প্রবাহিত স্নিগ্ধ বায়ু। ৩ মলয়বার দেশ malabar. ৪ নন্দনকানন। ~পবন, ~মারুত, ~সমীর-বি, দক্ষিণা বায়ু। "ম০ পবন বহে বনে বন"-অ০ ম০। "ধীরে বয় ম০ মারুত"-গান।

মলয়জ [মলয়+জ (জাত)] বিণ, মলয়পর্ব্বত জাত। ২ বি, চন্দন। "মলয়জ মাখি"-শি০। ৩ চন্দন কাষ্ঠ। ~শীতল-বিণ, মলয়ানিল স্পর্শে স্নিগ্ধ। স্ত্রীং ~া।

মলয়া/চল [মলয়+অচল] বি, চন্দনাদ্রি; মলয়পর্ব্বত। ~নিল-বি, মলয়-অনিল; বসন্ত বায়ু। "আজি মলয়ানিল মৃদু মৃদু বহত"-চণ্ডি০।

মলা১ [সং-মল+আ (স্বার্থে)] বি, ময়লা; মলিনতা। ২ গাত্রমল। ৩ পাপ অথবা হিংসা দ্বেষাদি মানসিক মলিনতা। ~কর্ষী -মেথর; হাড়ি। ~পহ-বিণ, মল অপসারণকারী। স্ত্রীং ~া।

মলা২ [মর্দ্দন-মলন। হিং মল্‌না (মর্দ্দন করা)। মলি, মল, মলে ; মলিতে ; মলিয়া (কেং পদ্যে-মলি, গ্রা॰মলে)। ণিজন্ত-মলান] ক্রি, মর্দ্দন করা ; নিষ্পীড়ন করা। ~দলা-বি, মর্দ্দন ও দলন। কাণমলা-কর্ণ মর্দ্দন করা। গা মলা-গাত্র মর্দ্দন করা ; গা টেপা shampoo.

মলাই [মর্দ্দন > মলন >] বি, মর্দ্দন। প্র-ড(দ)লাই মলাই।

মলাট [মল (মলিনতা) + আট (নিবারকার্থে)] বি, গ্রন্থাদির উপরের আবরণ।

মলানি [মলা২ দ্রঃ। মলাই, মলাও, মলায় ; মলাইতে (কেং মলাতে) ; মলাইয়া (কেং মলিয়ে) ই॰] ক্রি, মর্দ্দন করান ; রগড়ান।

মলাম, মলুম, মলেম১ [গ্রা॰। মরা দ্রঃ] ক্রি, মরিলাম। "আমি মলাম আর বাঁচিনে গো।"-বাং গান।

মলি [মলা (দ্রঃ) >] বি, গাত্রমল। "বিজয়া জয়াতে মেলি তুলিল গৌরীর মলি কুঙ্কুম চন্দন দিয়া অঙ্গে।"-কবিক॰।

মলিদা [ফা॰ মলীদা] বি, একপ্রকার সূক্ষ্ম পশমী বস্ত্র। ২ ময়দা, চিনি, দুধ, ঘৃত মিশ্রিত খাদ্যবিঃ।

মলিন [মল+ইন্ (যুক্তার্থে)। প্রা॰ বাং-মৈলান। "কপালের সিন্দুর মৈলান দেখিল" -মাণিক॰ গান] বিণ, ম্লান ; বিষণ্ণ। ২ মলবিশিষ্ট ; অপরিচ্ছন্ন। ৩ কৃষ্ণবর্ণ। ৪ কলঙ্কিত। ৫ পাপিষ্ঠ ; পাপবিশিষ্ট। স্ত্রীং ~া। বি, ~তা, ~ত্ব-মালিন্য। ~বদন,-মুখ-বিষণ্ণমুখ ; ম্লান-মুখ। "মলিন মুখচন্দ্রমা ভারত তোমারি।" > স্ত্রীং ~া,~মুখী। ~বাসাঃ [মং বাসস্ >] বিণ, ময়লা কাপড় পরিয়া আছে এমন।

মলিনাম্বু [মলিন+অম্বু] বি, ময়লা জল ; দূষিত জল। ২ মসী।

মলিনিমা [মলিন+ইমন্ (ভা॰)= মলিমন্ ১মা, ১ব॰] বি, মালিন্য।

মলিনী [মল (অপরিষ্কার)+ইন (স্ত্য॰)= মলিন্-ঈ (স্ত্রীং)] বি, ঋতুমতী স্ত্রী ; রজস্বলা নারী। ২ বিণ, বিষণ্ণা ; অপ্রফুল্লা। "যথা কমলিনী মলিনী যামিনী-যোগে থেকে"-বাসবদত্তা।

মলী [মং মলিন্ >] বিণ, মলযুক্ত ; ময়লা। ২ কালীবর্ণ। ~মস-বিণ, মলিন ; মলদূষিত। ২ কলঙ্কযুক্ত। ৩ বি, মলমাস। ৪ লৌহ।

মলুয়া [প্রাদে॰ মং বাং] বি, মাদুর। "ম॰ পাইতে বন্ধু ছাড় শীতলপাটী" -পূ॰ ব॰ গী॰।

মলে [মরা দ্রঃ। মরিলে > মরলে, মইলে >] অস-ক্রি, মৃত্যু হইলে ; মরিবার পর।

মলেম২ [মোলাম (দ্রঃ) > গ্রা॰] বিণ, মোলায়েম।

মল্ল [সং-মল্ল্ (ধারণ করা)] বি, কুস্তিগীর ; পালোয়ান। ২ সাধারণ সৈন্য ও গ্রামবল সংঘ-সূচক উপাধিবিঃ। ৩ মালী। ৪ মল ; পাদ-বলয়। "রজত নূপুর মল্ল শোভে শ্রীচরণে"-চৈ॰ ভা॰। ৫ বিণ, বলশালী ; বীর। ~তাড়ল-বি, প্রাচীন ভারতের চরণালঙ্কারবিঃ। "চরণ-কমলে মল্ল তাড়ল"-চণ্ডি॰। এই অর্থেই বোধ হয় মল্লর্জ-টোডর=বাঁকমল। "চরণকমলে মল্লজ-টোডর"-চণ্ডি॰। ~নাগ-বি, ঐরাবত হস্তী। ২ রণ-হস্তী। ~ভূ, -ভূমি-বি, রণস্থল। ২ রঙ্গভূমি ; কুস্তির আখড়া। ৩ মালভূম দেশ। ৪ বাঁকুড়াজেলার বিষ্ণুপুর অঞ্চল। ~যুদ্ধ-বি, বাহুযুদ্ধ ; হাতাহাতি যুদ্ধ। "মল্লযুদ্ধে সদা মোরা রত"-মেঘ॰।

মল্লনা-মৌলান দ্রঃ।

মল্লার-বি, সঙ্গীতের রাগবিঃ ; রাগিণী। "মেঘ ম॰ রাগিণী"-বর্ষামঙ্গল (রবী॰)। স্ত্রীং ~ী-রাগিণীবিঃ।

মল্লি, মল্লী [সং] বি, শ্বেতপুষ্পবিঃ। পাতা বেলার মত, বোঁটা ও পাপড়ি বেলা অপেক্ষা সরু, ফুল বেলা অপেক্ষা পাতলা। ~কলি-বি, মল্লিকা ফুলের কুঁড়ি। ২ কর্ণাভরণবিঃ। "নাসিকায় ফুলগুণা কর্ণে মল্লি কলি।"-কাশী॰। ~গন্ধি-অগুরু চন্দন। বনমল্লি সুগন্ধ অল্পদল মল্লিকা।

মল্লিক [পা॰ মহল্লিক (বৃদ্ধ, জ্ঞানবৃদ্ধ)। "নৃপানুপাধিবিশেষঃ"-শ॰ ক॰ দ্রুম] বি, নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির সম্মানসূচক উপাধিবিঃ। সনাতন গোস্বামী পূর্ব্বাশ্রমে যখন গৌড়েশ্বরের প্রধান মন্ত্রী ছিলেন তখন তাঁর উপাধি ছিল সাকর মল্লিক [সাকর -আ॰ স্বাগির (ছোট, উপ)-মল্লিক (নৃপ)-রাজার পরই যাঁর স্থান-ছোটখাট রাজা= মন্ত্রী]। ২ জাতিবিঃ। ৩ যে ধূসরবর্ণ হংসের চরণ ও চঞ্চু রক্তাভ।

মল্লিকা [সং] বি, শ্বেতবর্ণ সুগন্ধ পুষ্পবিঃ ; বেল ও মল্লিকা এক জাতীয় ফুল। বেলি বা বেলার দল মল্লিকা অপেক্ষা সংখ্যায় অধিক এবং পুরু। মল্লিকার পাপড়ি ও বোঁটা সরু এবং দীর্ঘ। বেলের বোঁটা খর্ব্ব ও স্থূল। বেলার গন্ধ মল্লিকা অপেক্ষা ঈষৎ তীব্র। "মুকুন্দ ম॰ জাতী কনক চম্পক যূথী" চণ্ডি॰। কাঠ মল্লিকা-গন্ধহীন মল্লিকাবিঃ। বন মল্লিকা [প্রাকৃ॰ (বন) মাহলী] বি, কাঠ মল্লিকা।

মল্লিকাক্ষ [মল্লিকার (মল্লিফুলের) মত অক্ষি (চক্ষুঃ) যার, বহু॰, অক্ষি=অক্ষ] বি, যে ধূসরবর্ণ হংসের চরণ ও চঞ্চু রক্তাভ ; ধূসরবর্ণ হংস। ৩ অশ্ববিঃ ; যে অশ্বের নয়ন শ্বেত রেখাবিশিষ্ট।

মল্লিকাখ্য [মল্লিকা হইয়াছে আখ্যা (নাম) যার, বহু॰] বি, রক্তাভ চঞ্চু ও চরণ-বিশিষ্ট ধূসরবর্ণের হংস। স্ত্রীং ~া-বি, এক-প্রকার যূথিকা।

মল্লিনাথ-বি, স্বনামপ্রসিদ্ধ পণ্ডিত ও টীকাকার।

মল্লী [সং] বি, মল্লি দ্রঃ।

মল্লু [মল্ল্ +উ (কর্তৃ॰)] বি, ভল্লুক ; ভালুক।

মশ্ [অনু॰] অ, অনুকার শব্দ। ২ চলিবার সময় নূতন জুতার শব্দ ; শুষ্ক চর্ম্মের শব্দ। ~মশ [ক্রমাগত অর্থে দ্বিত্ব] অ, বি, অনুকার শব্দ। ক্রি, মশ-মশানি-মশ্ মশ্ এইরূপ শব্দ করা। বি, মশমশানি।

মশক১ [সং] বি, রক্তশোষক কীট ; মশা (৫ প্রকার-সামুদ্র, পরিমণ্ডল, হস্তিমশক, কৃষ্ণমশক, পার্ব্বত্য) mosquito. ২ আঁচিল।

মশক২ [ফা॰ মশক্] বি, চর্ম্মনির্ম্মিত জলাধার।

মশরাজড়া [প্রাদে°] বি, বস্ত্রবয়নশিল্প ; ছিন্ন সূতাকে জোড় দেওয়ার নাম। "সৃষ্টি স্থিতি প্রলয় করা তোমার পক্ষে মশরাজড়া" -গ্রাম্য-গীত।

মশলা, মশ্লা, মসলা, মস্লা [আ° মসালা] বি, ব্যঞ্জন সরস ও সুখাদ্য করিবার উপকরণ। "বিবিধ মশলা রসেতে মিশায় রসিক বলি যে তারে।"-চণ্ডি°। "মশলা আনিমু আগুনে চড়ামু"-ঐ। "মসলা বাটিতে হাতে তুলি নিল শিল।"-মনসা ম°(বিজয়°)।

মশহরী [মশ (ক) + হৃ + ঈ] মশারি দ্রঃ।

মশা [মশক >] বি, রক্তশোষক কীটবিঃ; মশক mosquito. মশা মারিতে কামান পাতা [উপহাসার্থে] সামান্য কার্য্যে বৃহৎ আয়োজন করা।

মশান [সং-শ্মশান=শ্‌মশান > প্রাকৃ° মশাণ] বি শ্মশান ; প্রেতভূমি। "হুহুঙ্কার ছাড়ে বুড়ি যোজনেক বাঁট জুড়ি তার সেনা জুড়িল মশান।"-কবিক°। ম° গাওয়া-পূর্ব্বে চুরির অপরাধে চোরকে মশানে লইয়া তাহাকে শূলে দেওয়া হইত বা তার মস্তক ছেদন করা হইত। মশানে লইয়া যাইবার কালে রাজপথের বড় বড় চৌমাথায় চোরের দোষ গান অর্থাৎ কীর্ত্তন ও শাস্তির উল্লেখ করা হইত। ইহাকে মশান গাওয়া বলিত [মৃচ্ছকটিক]। উল্টে চোরা মশান গায়-উল্টে দ্রঃ।

মশায় [সং-মহাশয় (দ্রঃ)] বি, মহাশয়। গুরু মশায়-পাঠশালার শিক্ষক। ঠাকুর মশায়-গুরুঠাকুর ; দীক্ষাগুরু। দাদা মশায়-মাতামহ। ~-মশায়-অ, আপনি মহাশয় ব্যক্তি, আজ্ঞা মহাশয় ই° বাক্য। ২ তোষামোদ।

মশারি, -রী [সং-মশা + অরি, মশহরী দ্রঃ। হিং মশেহ্‌রী। চট্ট° প্রাদে° মোশরি। প্রা° মুশুরি] বি, সূক্ষ্ম বস্ত্রাবরণ, যা শয্যার চতুর্দ্দিক ঘিরিয়া মশাকে মানবের রক্তশোষণ কার্য্যে বাধা দিয়া মশার শত্রুতাচরণ করে।

মশাল, মসাল [আ° মশাল] বি, দীর্ঘ স্থূল বর্ত্তিকা। "তুমি কে? আঁধার চিত্তে মশাল জালিলে"-অশোক°। "থাবার থাবায় মসাল নিবায়"-অ° ম°। ~চী [ফা° মশাল+তুর্কী° চী] বি, মশালধারী ব্যক্তি। "অনেকগুলি মশালচী মশাল হাতে উঠানের নানাদিকে রহিয়াছে।"-ভারতী, ১৩২০।

মশি, মশী [সং] বি, লিখিবার কালি।

মশিল [ফা° মজ্‌লমা (অত্যাচার)] বি, অত্যাচার ; পীড়ন ; জুলুম। ২ দণ্ড। ৩ বিণ, উৎপীড়ক। "ম° হয় দূত তশিল করে কত দারাসুত পায়ের শৃঙ্খল।"-বাং গান। মি°করা-ক্রি, জুলুম করা ; উৎপীড়ন করা।

মশুমী [ফা° মওসিমী >] বিণ, ফসলী ; সময়ের। "'মশুমী' ফসল উৎপন্নের কায়দা কসরৎ তোমাকেই করিতে হইবে।"-বঙ্গীয় পণ্ডিতজাতির কর্ম্ম।

মষ্টানি [গ্রা°। সং-মৃষ্‌ >] ক্রি, মর্দ্দিত করা ; মাখা।

মষ্টে [মস্‌(পরিমাণ করা)] ক্রি-বিণ, পায়ের অগ্রভাগের উপর দিয়া নিঃশব্দে ধীরে ধীরে (যেন পা গনিয়া গনিয়া) পদক্ষেপ করিয়া। ~মষ্টে-ক্রি-বিণ, চুপে চুপে।

মষ্য-মহিষ দ্রঃ।

মসগুল [আ° মশ্‌গুল্‌] বিণ, মগ্ন ; নিমগ্ন। ২ আত্মহারা।

মসজিদ, -জেদ [আ° মস্‌জিদ] বি, মুসলমানদিগের উপাসনালয় mosque, জামা মি°, জুমা মি°, জুম্মা মি°-সাম্প্রদায়িক জনমণ্ডলীর উপাসনালয় congregational mosque.

মসনদ [আ° মস্‌নদ] বি, সিংহাসন।

মসমস্‌ [মশমশ দ্রঃ] অ, অনুকার শব্দ। "হঠাৎ দ্বারের বাহিরে জুতার মস্‌মস্‌ শব্দ শুনিয়া মুখ তুলিয়াই একপাশে সরিয়া দাঁড়াইল"।-পরিণীতা (শ° চট্টো°)।

মসম্মৎ-মুসম্মৎ দ্রঃ।

মসলন্দ-মছলন্দ দ্রঃ। "বরকন্যাকে মস-লন্দের আসনে বসাইয়া"-বা° বসুমতী, '৩৪।

মসলিন [(মসোপটেমিয়ার অন্তর্গত) মোসল > ফ্রে° মোস্‌সেলিন >] বি, কোমল সূক্ষ্ম কার্পাস বস্ত্রবিঃ। ঢাকাই মসলিন পূর্ব্বে শ্রেষ্ঠ ও জগদ্বিখ্যাত ছিল। ২ ভারতীয় মসলিন অপেক্ষা বহুগুণ মোটা বস্ত্র। ৩ মার্কিনজাত শার্ট, বিছানার চাদর ই°-র উপযোগী বস্ত্র।

মসলা, মসলা-মশলা দ্রঃ।

মসাহরা, মুসাহরা [ফা°। বাং কথ্য -মাসহারা] বি, মাসিকবৃত্তি ; মাসহারা।

মসি,-সী [মস্‌+ই (ঈ) কর্ত্তৃ°] বি, লিখিবার কালি; মসী।~কূপী-বি,দোয়াত। ~জীবী, ~জীবী-বিণ, লেখক ; মুহুরী ; কেরাণী। ~ধান-বি, দোয়াত। > স্ত্রীং মসিধানী। ~চিহ্নিত-বিণ, কালীর দাগযুক্ত। ~নিন্দিত, ~লাঞ্ছিত-বিণ, মসীকে নিন্দা করে এত কাল ; ঘোরকৃষ্ণ। ~ময়-বিণ, কালীপূর্ণ। ২ ঘোর কৃষ্ণবর্ণ। > স্ত্রীং ~ময়ী। ~লিপ্ত-কালীর দাগযুক্ত ; কলঙ্কিত ; কালীমাড়া।

মসিনা, মসীনা [মসৃনা >] বি, তিসি। অতসীর ফুল পীতবর্ণ, তিসি বা মসিনা গাছের ফুল আকাশ বর্ণ। অতসী (flax)র একনাম ক্ষৌম=পট্টবস্ত্র, গরদ। কোষকীট হতে পট্ট, মেষের লোম হতে ঊর্ণা, কার্পাসের ফল হতে কার্পাস, তেমনি ভঙ্গা হতে ভাঙ্গা, ক্ষুম হতে ক্ষৌম, শণ হতে শাণ, ই° cotton কার্পাসবস্ত্র, canvas (যা হতে ক্যাম্বিসের ব্যাগ) ভাঙ্গা, linen ক্ষৌম। উৎকৃষ্ট ক্ষৌমের নাম ছিল দুকুল। সং-cotton সংকর্ত্তন (সূত্র কর্ত্তন) ফা° কতান। > আ°-র মধ্য দিয়া ই° cotton হইয়াছে। ~বস্ত্র-শণ-সূত্রে নির্ম্মিত বস্ত্র ; ক্ষৌমবস্ত্র।

মসী-মসি দ্রঃ।

মসীৎ, মসীদ [আ° মসজিদ্‌] বি, ইসলামীয় ভজনালয় mosque.

মসীয়া, মসীহা [আ° মসীহ্‌ ও ই° messiah >, পশ্চিমা ও বাঙ্গালী কৃশ্চানদিগের ব্যবহৃত] বি,যীশুখ্রীষ্ট। ২ বিণ, খ্রীষ্টীয়।

মসীল [আ°] বি, জুলুম ; উৎপীড়ন। "মসীল করিবে রাজা দিয়ে হাথে দড়ি" -কবিক°।

মসুর, মসূর [সং] বি, মসুরি কড়াই। ~া-খাদ্যবিঃ।

মসূরি, মসূরিকা, মসূরী [সং] বি, ইচ্ছা-বসন্ত। ২ কলায়বিঃ।

মসৃণ [সং] বিণ, চিক্কণ। ২ কোমল। ৩ স্নিগ্ধ। স্ত্রীং ~া,-স্নিগ্ধ। বি, ~তা।

মসৃণা২ [সং] বি, মসীনা।

মসে [মইসা দ্রঃ। মসি (কালি) > মসিআ >] বি, তিজা বস্ত্রাদিতে তেলজলের কাল কাল দাগ যা ধুইলেও সহজে মিলায় না। মসে ধরা-ঐরূপ দাগ পড়া।

মস্কর [মস্ক্ (গমন করা) ধাতুজ] বি, বংশ; বাঁশ। ২ বাঁশের লাঠি।

মস্করা১ [আ্যাং মস্খরাহ্] বি, পরিহাসক; কৌতুকী; রঙ্গব্যঙ্গকারী ;ভাঁড়। ২ রঙ্গব্যঙ্গ; ভাঁড়ামি। ~মি, ~মি-বি, রঙ্গ ব্যঙ্গ; ঠাট্টা বিদ্রূপ। হাসি-মস্করা-হাস্য কৌতুক; ঠাট্টা তামাসা।

মস্করা২, মস্কারা [মস্কর (বাঁশ)+আ] বি, ধ্বজদণ্ড। "মস্কারা পুতিয়া বীর বান্ধে বনমালা। হাটুয়ে আনিয়া বীর দিল তাড় বালা।"-কবিক°।

মস্করী [সং] বি, ভিক্ষু।

মস্ত১ [মস্ (পরিমাণ করা)+ত (র্ম)] বি, মস্তক। ২ (মস্তো) বিণ, প্রকাণ্ড। ৪ উচ্চ; উন্নত। ৫ মহৎ। স্ত্রীং ~া। ~রাম-বি, (বিদ্রূপে) খুব দীর্ঘাকৃতি ব্যক্তি; প্রকাণ্ড দেহ। ২ বিণ, আত্মগর্বী; হামবড়। মঃ লোক-বি, বড়লোক দ্রঃ। ধনীমানী ইং অর্থে বড়লোক। "ঐ যে চিড়িয়াখানার কাছে ছোটলাট সাহেবের কুঠী আছে না? উনি সেই কুঠীর মেনেজার। মস্তলোক!" -মাং ও মং বাণী।

মস্ত২, মস্তা [ফা° মস্ত্] বিণ, মাতাল; প্রমত্ত। মস্তানা-মাতাল। ২ মদান্ধ; অহঙ্কৃত। >স্ত্রীং মস্তানী১-বি, মদোন্মত্তা; প্রমত্তা। মস্তানি,-নী২-মদোন্মত্ততা। "কুটনী গণ্ডানী বড় যে মস্তানী"-অং মং।

মস্ত৩ [ফা° মশ্‌ত্] বি, একমুষ্টি a handful. >ক্রি-বিণ, মস্তে-মোটামুটি। মোটের উপর; থোকে। এক মস্তে-এক থোকে; এক লাটে; এক এক কাঁড়িতে; সমস্তটা লইয়া in the lump.

মস্তক [সং] বি, শিরঃ; মাথা; উত্তমাঙ্গ। ২ মস্তিষ্ক। ৩ অগ্রভাগ; আগা; ডগা। ~চ্যুতি,~চ্ছেদ-শিরশ্ছেদ;মাথা কাটা। বিণ,মস্তকচ্যুত। ~বিহীন,~হীন-নির্মস্তক; ছিন্নশিরঃ। ~স্নেহ-বি, মস্তিষ্ক; মাথার ঘি(লু) brain.

মস্তকাবরণ [মস্তক+আবরণ] বি, টুপী; পাগড়ী; ঘোমটা ইং।

মস্তকি,-কী-কমিমস্তকি দ্রঃ।

মস্তাজির [আং মুস্তাজির] বিণ, ভাড়াটিয়া tenant. ২ পাট্টাদার a lessee. বি, ~জিরি।

মস্তান,-নি,-নী-মস্ত দ্রঃ।

মস্তিষ্ক [সং] বি, মগজ; শিরঃস্থিত মজ্জা; মস্তক-স্নেহ; মস্তকমধ্যস্থ ঘৃতের ন্যায় বস্তু; মাথার ঘি। ২ বুদ্ধিস্থান। ৩ স্মৃতিস্থান। ~যুক্ত-বিণ, মাথাওয়ালা। "জনসাধারণ মুষ্টিমেয় মস্তিষ্কযুক্ত লোকের হস্তে ক্রীড়াপুত্তলী।"-বঙ্গবাণী, ১৩৩৩।

মস্তু [সং] বি, দধির জল বা মাৎ curd cream.

মস্যাধার [মসী (কালীর)+আধার (পাত্র), ৬তৎ] বি, দোয়াত।

মহ [বৌং সাং] বি, (বিশেষতঃ বিহারাদির প্রতিষ্ঠাকালীন) উৎসব।

মহকুমা [আং মহ্‌কুমা] বি, ম্যাজিষ্ট্রেটের এলাকা। ২ মুনসেফী আদালত। ৩ [হুগলী অঞ্চলে] আদালত court. ~হাকিম-বি, মুনসেফ। ২ ম্যাজিষ্ট্রেট।

মহকুফ [ফাং মৌকুফ্। প্রাং মোকুব] বি, রদ; স্থগিত; বন্ধ। ২ অব্যাহতি।

মহড়া [প্রাং মোয়াড়া, মোআড়া: মুখ > মুহ-মহ+ড়া=লা] বি, সম্মুখ; মুখপাত। ২ অভিনয়াদির অভ্যাস; মহলা।

মহৎ [মহ্ (পূজা করা)+অৎ-র্ম] বিণ, মহত্ত্ববিশিষ্ট। ২ উদার। ৩ প্রবল। ৪ শ্রেষ্ঠ; প্রধান। ৫ বৃহৎ; বড়। ৬ অনেক। ৭ রাজ্য। স্ত্রীং মহতী [পুং-মহান্] মহর্ষি নারদের বীণা। "বাজত বীণ মহতী কপিনাস" -বিং পং। ২ বৃহৎ; বিরাট। "এই মহতী মণ্ডলীমধ্যে অনেক মহৎ ব্যক্তি আছেন * * *"-অং চং সরকার। [শঙ্খ, তৈল, মাংস, বৈদ্য, জ্যোতিষিক, দ্বিজ, যাত্রা, পথ এবং নিদ্রা শব্দের পূর্ব্বে মহৎ শব্দের প্রয়োগে কদর্থ হয়]।

মহত [মহত্ত্ব > ত্রং] বি, মহত্ত্ব। ২ সম্ভ্রম; মান। "হঠ নাহি করহ মহত রাখ মোর।" -বিং পং।

মহতাব [ফাং মহ্‌তাব] বি, আতসবাজী (বিশেঃ নীলবর্ণ); রকেট। ২ চন্দ্র। ৩ জ্যোৎস্না।

মহতী-মহৎ দ্রঃ।

মহত্তত্ত্ব [মহৎ+তত্ত্ব] বি, সাংখ্যমতে ২৪ তত্ত্বের মধ্যে বুদ্ধিস্বরূপ দ্বিতীয় তত্ত্ব।

মহত্তর১ [মহৎ+তর] বিণ, অপেক্ষাকৃত মহৎ। ২ বৃহত্তর; অপেক্ষাকৃত বড়। চরমাধিক্য অর্থে-মহত্তম।

মহত্তর২ [কাশ্মীরী 'মেহতর'] বি, শূদ্র।

মহত্তরাণ [সং-মহাত্রাণ] বি, শূদ্রের ভোগার্থে দত্ত নিষ্কর ভূমি।

মহত্ত্ব [মহৎ+ত্ব (ভাং)] বি, উদারতা; ঔদার্য্য। ২ শ্রেষ্ঠত্ব। ৩ প্রকর্ষ। ৪ আধিক্য।

মহদাশয় [মহৎ+আশয়] বি, উচ্চাভিলাষ; উচ্চাকাঙ্ক্ষা; সদিচ্ছা; মহৎ আশা। ২ বিণ, সদাশয়; উন্নতচিত্ত; মহামনা; উদারচিত্ত। স্ত্রীং ~া। বি, ~তা।

মহদাশ্রয় [মহৎ+আশ্রয়] বি, মহতের আশ্রয়।

মহনীয় [মহ্+অনীয় (র্ম)] বিণ, মান্য; পূজনীয়। ২ মহৎ। "মং বাণী"-প্রবাসী, ১৩২০। "হিন্দুধর্ম্মিগণের মং ভাব সমুদয় সার্ব্বজনীন হইয়াছিল।"-সাহিত্য, ১৩২১।

মহন্ত-মহান্ত দ্রঃ।

মহফিল [প্রাং বাং-মাইফিল,-ফেল, মায়ফিল। আং মহ্‌ফিল] বি, জনতা। "পিরমী বিলি হইলেই মহফিল বা জনতা চলিয়া যায়।" ২ নাচের আসর; নৃত্যকারীর দল dancing party. ~খানা-বি, নাটমন্দির।

মহব্বত [ফাং। বাং ত্রং 'মহব্বত'] বি, স্নেহ; ভালবাসা; প্রীতি; প্রেম; বন্ধুত্ব।

মঁইমঁই, মোইঁ মোইঁ, মোঁ-মোঁ, মঁ-মঁ [মধু >। মধু-মধু (গন্ধ) > মহ মহ > মউ মউ ইং। হিং মহক (গন্ধ), ক্রি, বিণে-মহ মহ (সুগন্ধসহ)। "চারু চমেলী বন রহী মহ মহ মহকি সুবাস"-হরিশ্চন্দ্র] অ, পুষ্পমধু-গন্ধ বিস্তারের ভাব, সুগন্ধে আমোদিত করার ভাব। মঁ° কঁরা [হিং মহকনা বা মহমহানা। "* * ললিত পারিজাত পুঞ্জ মঞ্জুবন বেলিন, চমেলিন মহমহাত।"-রসকুসুমাকর। এই অর্থে প্রাকৃ° মহমহ ধাতু > ব্রজ° মহমহই। "মহমহই মলয় বাও" (সা° প° প°)] ক্রি, ফুলের মধুগন্ধে আমোদিত করা; সুগন্ধ বিস্তার করা; গন্ধে মোহিত করা; সুবাস ছড়ান। "যতনে সাজালু ফুলের শেজ গন্ধে মোহ মোহ করে।"-প°ক°তরু (সা°প°প°)।

মঁহম্মদ, মুহঁম্মদ, মোহঁম্মদ [আ°] বি, মুসলিমধর্ম্মপ্রবর্ত্তক। ৫৭০ খৃষ্টাব্দে জন্ম। বিণ, **মঁহম্মদীয়ঁ, মঁহম্মদীয়ান**-মহম্মদ সম্বন্ধীয়; মহম্মদ প্রবর্ত্তিত Mahomedan.

মঁহরঁত [ফা° মহলৎ। র=ল। ব্যবসায়ী ভাষায়] বি, বদল; নূতনকরণ। **খাতা মঁহরঁত**-খাতা বদল; নূতন খাতা।

মঁহরঁম [আ° মহর্রম্ (শোক, বিলাপ mourning & lamentation)] বি, মুসলমানদিগের প্রধান পর্ব্ব। ২ মুসলমানী বৎসরের প্রথম চান্দ্র মাস; হিজরী আরম্ভ।

মঁহর্লোক [মহঃ+লোক] বি, সপ্তলোকের অন্তর্গত চতুর্থলোক।

মঁহর্ষি [মহা+ঋষি] বি, দেবর্ষি, ব্রহ্মর্ষি, শ্রুতর্ষি, ই° সপ্ত প্রকার ঋষির অন্যতম; শ্রেষ্ঠ ঋষি; মুনি প্রধান; মরীচি প্রভৃতি ব্রহ্মার মানসপুত্র।

মঁহল [আ°। যশো°, খুলনা প্রাদে° 'মাল'] বি, আগার; বাসস্থান; আলয়। "আইলেন ভানুর মহলে।"-চণ্ডি°। "মনোহর কার কন্যা আমার মহলে"-ধ°। ২ প্রকোষ্ঠ; কক্ষ; ঘর। ৩ তালুক। ৪ বাড়ীর বিভাগ। বিণ, **মঁহলা**-মহলবিশিষ্ট। "এ সাতমহলা ভবনে আমার"-রবী°। **~দার** [আ° মহাল্ +ফা° দার] বি, জল, বন প্রভৃতির বন্দোবস্ত এবং তার কর আদায় করিয়া যে ব্যক্তি ভোগ করে; জমীদার। ২ [প্রাদে°] শিউলি যারা খেজুরের রস সংগ্রহ করে ও গুড় তৈয়ার করে।

মঁহলত [ফা° মুহ্‌লৎ] বি, সময়; অবসর; সুযোগ; অবকাশ।

মঁহলা [মহড়া দ্রঃ] বি, শিক্ষার পরিচয়; শিক্ষার পরীক্ষা; অভ্যাস। "চারিদিকে রাহুত মাহুত সেনাপতি। মহলা কয়রে গজ তুরঙ্গ পদাতি॥"-কবিক°। "সমস্ত পথটা কালিপদ আপনা-আপনি মহলা দিতে দিতে আসিতেছিল, মনিবের অগ্রহের জবাবে সে কি কি বলিবে?" -দত্তা (শ° চট্টো°)। **মঁহলায় পঁড়া**-ক্রি, শিক্ষা অভ্যাসের পরীক্ষায় পড়া। "অনেকগুলি নূতন নাটক মহলায় পড়েচে"-আ° শক্তি '৩৪।

মঁহলানবি(বী)স-মহল্লা দ্রঃ।

মঁহল্লক, মঁহল্লিক [আ°] বি, অন্তঃপুররক্ষক ক্লীব; কঞ্চুকী।

মঁহল্লা (মঁহ°-) [ফা°] বি, জেলা district. ২ নগরাংশ; পল্লী; পাড়া। **~নবীশ**-জেলাদার। ২ উপাধিবিঃ। আধু° রূপ "মহলানবীশ"। **~দার**-জেলাদার। ২ পুলিশ কর্ম্মচারীর অধীন তত্ত্বাবধানকারক।

মঁহশীল [আ° মহস্‌সিল (আদায়)] বি, সংগ্রহ; আদায়। **~দার** [ফা°] বিণ, অর্থদণ্ডে দণ্ডিত ব্যক্তির নিকট হতে দণ্ডের অর্থ আদায়কারী। ২ বি, ঐরূপ ব্যক্তি। **~দারি**-বি, মহশীলদারের কার্য্য।

মঁহা [মহ্ (পূজা করা)+অ (র্ম), (স্ত্রীং)] বিণ, শ্রেষ্ঠ। ২ বেশী; অনেক; অত্যন্ত। **~ঋষি**-মহর্ষি দ্রঃ। "মহাঋষি নারদ পুলকিত হয়বে"- দশমহাবিদ্যা। **~কঁচ্ছ** [সং] বি, সমুদ্র। ২ বরুণ। ৩ পর্ব্বত। **~কঁর্ষণ**-বি, যে ভীমশক্তি দ্বারা তাবৎ বস্তুকে আকর্ষণ করে force of gravitation. ২ অত্যাকর্ষণ। **~কবিপ্রয়োগ**-বি, মহাকবিদিগের দ্বারা ব্যবহৃত বলিয়া শুদ্ধ ও মান্য বলিয়া বিবেচিত অপ্রচলিত বা ব্যাকরণবিরুদ্ধ শব্দাদি। **~কবি**-মহাকাব্য প্রণেতা (মহাকাব্য দ্রঃ)। **~ক্ষীণাস্রব** [মহা-ক্ষীণ+আস্রব (পাপতাপ)। বৌ°সা°] বি, যার কাম, জীবনাকাঙ্ক্ষা ও অবিদ্যা লোপ পাইয়াছে; যার পাপ সর্ব্বতোভাবে ক্ষয়প্রাপ্ত হইয়াছে। **~কাব্য** [মহৎ-কাব্য, ধা] বি, কোন পুরাণান্তর্গত প্রসিদ্ধ বৃত্তান্ত, ইন্দ্রাদি প্রধান দেবতা, কোন সৎকুলজাত যশস্বী ক্ষত্রিয় নৃপতি অথবা চন্দ্র সূর্য্য বংশের ন্যায় কোন উচ্চ রাজবংশ চরিত অবলম্বনে ছন্দে রচিত কাব্য মহাকাব্য পদবাচ্য ইহাতে শৈল সাগর, নগর প্রান্তর, চন্দ্র সূর্য্যের উদয়াস্ত প্রভৃতি স্বভাবের শোভা, রাজা বা সেনাদিগের মন্ত্রণা, সৈন্য চালনা ও যুদ্ধ, জন্মমৃত্যু বিবাহ, বিরহ ও মিলন, ধর্ম্ম, অর্থ, কাম মোক্ষ এই চতুর্ব্বর্গ ও উৎসব, পার্ব্বণ, ঋতু বর্ণনা প্রভৃতির মধ্যে সমুদয় অথবা কোন কোন বিষয় মূল আখ্যানবস্তুর সহিত গ্রথিত হয়। গ্রন্থ আট সর্গের অন্যূন সংখ্যায় বিভক্ত হয়; সর্গগুলি নাতিদীর্ঘ ও নাতিহ্রস্ব হয়, কবি স্বীয় ইষ্টদেবতার স্তুতি বন্দনা বা সাধারণের মঙ্গল কামনা করিয়া কাব্য আরম্ভ করেন; প্রত্যেক সর্গে পরিবর্ত্তী সর্গের বর্ণিত বিষয়ের আভাষ প্রদত্ত হয় এবং সর্গগুলি একরূপ ছন্দে অথবা বিবিধ ছন্দে রচিত হয়। কিন্তু প্রত্যেক সর্গের শেষ কয়েক পংক্তি ভিন্ন-ছন্দে রচিত হয়। কোন সর্গে বর্ণিত বিষয়ের প্রধানতম বিষয়বোধক নামে সেই সর্গের নামকরণ হয়। মহাকাব্যে বীর, করুণ, আদ্য ও শান্ত এই চারিটির কোন একটী রসের প্রাধান্য থাকে এবং অন্য তিনটী স্থায়ী ও হাস্য রৌদ্র, ভয়ানকাদি রস অপ্রধান ও অস্থায়িভাবে বিদ্যমান থাকে। কবি কিংবা বর্ণনীয় বিষয় অথবা নায়ক নায়িকার নামে মহাকাব্যের নামকরণ হয়। প্রতিনায়কের গুণের উৎকর্ষ যত অধিক হয় নায়কের পক্ষে ততই গৌরবজনক হয়। **~কঁর, ~কার**-বি, বিণ, মহাকাব্যের রচয়িতা; মহাকবি। **~কায়** [মহৎকায়া যার, বহু°] বি, নন্দী; শিবের দ্বারপাল। ২ অতিকায়; বৃহৎ হস্তী। ৩ বিণ, বৃহৎ শরীরবিশিষ্ট। "মহাকায় মহাদন্ত যাহার নাহিক অন্ত সেবকবৎসল ভগবান।"-কবিক°। **~কাল** [সং] বি, রুদ্র; শিব। "হরিধ্বনি করে মহাকাল।"-কবিক°। "বিষ অঙ্গ লুকাইল মহাকাল শরীরে"-হেম°। > স্ত্রীং ~ী-মহাকালপত্নী; রুদ্রাণী। "বিষরূপ প্রাণী জড় জন্মে যত সেখানে;

ঘোররূপা মহাকালী গ্রাসে মুখব্যাদানে।" -দশমহাবিদ্যা (হেম°)। ~কুমারামাত্য [মহা (প্রধান) + কুমার (যুবরাজ) + অমাত্য (মন্ত্রী, মন্ত্রীসভার সদস্য)] বি, যুবরাজের মন্ত্রণাসভার প্রধান সদস্য। ~কুল [মহৎ-কুল (বংশ), ধা] বি, প্রসিদ্ধ বংশ ; সৎকুল। ২ সৎকুলজাত ; অভিজাত ; কুলীন। ~কোশল [কোশল (পৃ° ৫৮৪) ও পরিশি° দ্রঃ] বি, দক্ষিণ ভারতীয় কোশলরাজ্য। কলিঙ্গরাজ্য হতে ১৮০০ লি (প্রায় ১½ ক্রোশ) বা খৃ° ৭ম শতাব্দীতে য়ুয়ানচুয়াং দেখিয়াছিলেন। প্রত্নতাত্ত্বিক কাণিংহাম সাহেবের মতে মহানদী ও ইহার শাখার উত্তরবর্ত্তী সমুদায় উপত্যকাভূমিই দক্ষিণ-কোশল বা মহাকোশল। কৌশল্যা সম্ভবতঃ মহাকোশলরাজকন্যা ছিলেন। কুশ বিন্ধ্য-পর্ব্বত সন্নিহিত কুশাবতী নামে রাজধানী স্থাপন করিয়া দক্ষিণ বা মহাকোশলের রাজ্যে অভিষিক্ত হইয়াছিলেন এবং লব সরযূ তীরস্থ বা উত্তর কোশলের রাজ্যে অভিষিক্ত হইয়াছিলেন। ~গমন-বি, মহাপ্রস্থান ; মৃত্যু। ~গুরু-বি, শ্রেষ্ঠগুরুজন ; জনক, জননী, আচার্য্য, উপাধ্যায় এবং পতি। পুরুষদিগের জনক, জননী, উপাধ্যায় ও আচার্য্য ; নারীদিগের পতি এবং অবিবাহিতা কন্যার পিতা-মাতা মহাগুরু। ~গ্রন্থ-বি, বিরাট পুস্তক। ২ পরম পবিত্র সুবৃহৎ গ্রন্থ। ৩ বেদ ; ঋগ্বেদ ; মহাভারত। ~গ্রীব-বিণ, দীর্ঘ স্থূল গ্রীবা যার। ২ উষ্ট্র। ৩ জিরাফ। ~ঘৃত-বি, ১১১ বৎসরের পুরাতন ঘৃত। ~ঘোর-বিণ, অতি ভয়ানক ; বিভীষণ। ২ বি, প্রগাঢ় অন্ধকার। ~চণ্ড-বিণ, প্রচণ্ড। ২ যমের দূত। ~জন [মহৎ(প্রধান) জন, ধা। প্রা° মাহাজন। দ্রুত উচ্চারণে 'মাজন'। "পাচ গোটা ক্ষেত বিনোদ মাজনে দিল"-মৈ° গী°] বি, বণিক্ ; যার নিকট মাল ক্রয় করা হয়। ২ উত্তমর্ণ ; ঋণদাতা। ৩ বিণ, ধার্ম্মিক ; বেদবিশ্বাসী ও যশস্বী। ৪ সাধু। ৫ প্রখ্যাত। ৬ ধনিক capitalist. ~জনী [প্রা° মহাজনী] বি, মহাজনের ব্যবসায় ; সুদীকারবার। ~জাতি-বি, অতি প্রবলপরাক্রান্ত জাতি। ২ বাসন্তী লতা। ~জ্ঞানী-বিণ, অগাধ জ্ঞানসম্পন্ন ; পরম তত্ত্বজ্ঞ। ~জ্যৈষ্ঠী-বি, জ্যৈষ্ঠ সংবৎসরের রবিবারে রোহিণী নক্ষত্রের অথবা সোম বৃহস্পতিবারে জ্যৈষ্ঠমাসে জ্যেষ্ঠা নক্ষত্রের সংযোগে উৎপন্ন যোগবিশেষ ; রবিবারস্থ জ্যৈষ্ঠী পূর্ণিমা। ~জ্যোতিষিক [তুল-মহাব্রাহ্মণ] বি, জ্যোতিঃশাস্ত্রের অপকৃষ্ট বা হীন ব্যবসায়ী। ~তপাঃ-বি, বিণ, কঠোর তপস্যাকারী ; উগ্র-তাপস। ~তল [মহৎ-তল (অধোভাগ), ধ] বি, সপ্তপাতালান্তর্গত পঞ্চম পাতাল। ~তাপ [ফা° মহ্‌তাব্] বি, চন্দ্র। ২ চন্দ্রালোক। ৩ আতসবাজিবিঃ ; রঙ্গমশাল। ৪ মশাল। "সহস্র সহস্র মহাতাপ দীপ জ্বলে" -চৈ°ভা°। ৫ [মহৎ-তাপ (জ্বালা)] বি, তীব্র অনুতাপ। ৬ অতিশয় জ্বালা। ৭ [মহান্ তাপ (প্রতাপ) যার] রাজাদিগের উপাধিবিঃ। ~তিক্ত-বি, নিমগাছ। ২ বিণ, অতিরিক্ত তিক্তরসবিশিষ্ট। ~তেজাঃ, ~তেজস্বী [মহৎ-তেজস্ ১মা, ১ব°। মহাতেজস্ + বিন (যুক্তার্থে)] বিণ, অতিশয় তেজস্বী ; অতীব শৌর্য্যসম্পন্ন। ২ অতিশয় দীপ্তিশালী। ৩ অগ্নি। ৪ পারদ। ~তৈল-বি, মানবদেহের তৈল। ~ত্মা [মহৎ-আত্মন যার, বহু° মহাত্মন্ ১মা, ১ব°] বিণ, মহামনাঃ ; উদারহৃদয় ; মহাপ্রাণ। ২ বদান্য। ~ত্রাণ [মহত্তরাণ ও°। মহত্তর₂(শূদ্র) + আন] বি, শূদ্রভোগ্য নিষ্কর ভূমি। ~দান-বি, বৃহৎ দান। ২ সত্র। ৩ তুল্য পুরুষাদি ষোড়শ দান। ~দারু-বি, দেবদারু। ~দেব [মহৎ-দেব, ধা, কিম্বা মহতের (ব্রহ্মাদির) দেব, ৬তৎ] বি, মহেশ্বর ; শিব। > স্ত্রীং ~দেবী [হি° অনুকরণে প্রা° বাং প্রাকৃ° মহাদেই (গো° গী°)] বি, ভগবতী ; মহেশ্বরী। ২ রাজার প্রধানা মহিষী। ~দেশ [মহৎ-দেশ, ধা] বি, বহু-দেশের সমষ্টি continent. ~দ্বন্দ্ব-বি, ভয়ানক যুদ্ধ। ২ অতিশয় বিবাদ। ৩ রণবাদ্য। ~দ্রিজ-বি, মহাব্রাহ্মণ দ্রঃ। ~দ্বীপ-বি, মহাসাগর-বেষ্টিত সুবিস্তীর্ণ ভূখণ্ড [প্রাচীনদিগের মতে পৃথিবী জম্বু, প্লক্ষ, শাল্মলি, কুশ, ক্রৌঞ্চ, শাক ও পুষ্কর এই সপ্তদ্বীপে বিভক্ত এবং আধুনিক পণ্ডিতগণের মতে পুরাতন অর্থাৎ এসিয়া, ইউরোপ, এফ্রিকা এবং নূতন অর্থাৎ এমেরিকা এই দুই মহাদ্বীপে বিভক্ত]। ~দ্রাবক-বি, গন্ধকের আরক। ২ ঔষধবিঃ। ~দ্রুম-বি, অশ্বত্থ বৃক্ষ। ২ বিশাল বৃক্ষ ; খুব বড় গাছ। ~ধন-বি, বিপুল ঐশ্বর্য্য। ২ বহুমূল্য দ্রব্য। ৩ স্বর্ণ। ৪ চাষ। ৫ বিণ, ধনাঢ্য। ~ধাতু-বি, স্বর্ণ। ~ন্ [মহৎ শব্দ ১মা, ১ব°] বিণ, অত্যুন্নত ; উদার। "সকলের বড় তুমি অনন্ত ভূমা মহান্।" -কৃ°। ২ প্রবল। ~নগর, -রী-বি, বড় সহর ; প্রধান নগর। ২ রাজধানী। ৩ শিল্প-বাণিজ্যাদির প্রকৃষ্ট স্থান। ~নট-বি, শিব। ২ শ্রেষ্ঠ নর্ত্তক। ~নদী [মহৎ-নদী, ধা, বি, উড়িষ্যার মধ্যদিয়া প্রবাহিত সুবিস্তীর্ণ নদীবিঃ। ২ যে নদী পর্ব্বত হতে প্রবাহিত হইয়া সমুদ্রে মিশিয়াছে। ~নন্দ-বি, অতিশয় আনন্দ ; মহাহর্ষ। ২ [মহৎ আনন্দ যাতে, বহু°] মুক্তি ; মোক্ষ। ৩ নন্দবংশীয় রাজাবিঃ। ৪ [মহৎ-আনন্দ যার, বহু°] বিণ, অতিশয় আনন্দিত। > স্ত্রীং ~া-নদীবিঃ। ২ মাঘ মাসের শুক্লানবমী। ~নবমী-বি, আশ্বিনের শুক্লানবমী। নাটক-বি, হনূমানপ্রণীত রামচরিত বর্ণনাত্মক নাটকবিঃ। ~নাদ [মহৎ-যে নাদ (শব্দ), ধা] বি, বিপুল শব্দ। ৩ বর্ষণোন্মুখ অথবা বর্ষণকারী মেঘ। ৪ [মহৎ-নাদ (শব্দ) যার, বহু°] বি, হস্তী। ৫ শঙ্খ। ৬ গম্ভীরনাদকারী সিংহাদি পশু। ৭ বিণ, মহাশব্দশালী। ~নায়ক-নায়ক দ্রঃ। ~নিদ্রা [মহৎ-যে নিদ্রা, ধা] বি, চিরনিদ্রা ; মৃত্যু। ~নিম-বি, নিমসদৃশ বৃক্ষবিঃ ; ঘোড়ানিম। ~নিশা [মহৎ (অধিক) যে নিশা (রাত্রি), ধা] বি, রজনীমধ্যপ্রহরদ্বয় ; নিশীথ। ~নীল [মহৎ (অধিক) নীল (নীলবর্ণ) যার, বহু°] বি, সিংহলদ্বীপে উৎপন্ন নীলকান্তমণি। ২ নাগবিঃ। > স্ত্রীং ~নী-নীল অপরাজিতা। ~পঙ্ক [বৌ° সা°। স্থূল দ্রঃ] বি, মহাপাপ। ২ কামাশক্তি। "মহাপঙ্ক অতিক্রমি পেয়েছেন এবে তিনি সুপ্রতিষ্ঠা স্থলের উপর"-জাতক, ৫ম খণ্ড। ~পথ [মহৎ (প্রধান) যে পথ, ধা] বি, মহাপ্রস্থানের পথ ; যুধিষ্ঠিরাদি যে পথে স্বর্গ গমন করিয়াছিলেন সেই পথ। ২ মৃত্যু ; মরণ।

৩ রাজপথ। ৪ [বৌ॰ সা॰। মহাপন্থ ও স্থল দ্রঃ] স্বর্গারোহণ পথ। "মহাপন্থ অতিক্রমি পেয়েছেন এবে তিনি সুপ্রতিষ্ঠা স্থলের উপর। তৃণ-লতা-গুল্মহীন অকণ্টক মহাপথে এবে তিনি হন অগ্রসর।"-জাতক। ~পদ্ম [মহৎ-পদ্ম (পদ্মাকৃতি চিহ্ন) যার, বহু॰] বি. কুবেরের নিধিবিঃ। ২ নাগপতিবিঃ। ৩ সর্পবিঃ। ৪ শতলক্ষকোটি সংখ্যা; মতান্তরে শতকোটি, মতান্তরে লক্ষকোটি, মতান্তরে দশসহস্রকোটি ("one hundred thousand millions"—*Wilson*)। ৫ [মহৎ যে পদ্ম, ধা] শ্বেত উৎপল। ~পাতক [মহৎ যে পাতক (পাপ), ধা] বি, ঘোর পাপ; ব্রহ্মহত্যা, ব্রাহ্মণের সুবর্ণ চুরি, সুরাপান, গুরুভার্য্যা হরণ এবং ইহাদের সংসর্গ জন্য এই পঞ্চবিধ মহাপাতক। > বিণ, ~কী [প্রা॰, পুং, মাপাৎকে, স্ত্রীং, মাপাৎকী] মহাপাপী। > স্ত্রীং ~পাতকিনী। ~পাত্র [মহৎ-পাত্র, ধা] বি, প্রধান মন্ত্রী Prime minister, সচিবশ্রেষ্ঠ। "কেবা তার মহাপাত্র কেবা অধিকারী"-কবিক॰। "এত বলি মহাপাত্র মুচড়িছে দাড়ী।"-ঐ॰। ~পাপ-মহাপাতক দ্রঃ। ~পাপিষ্ঠ [মহা-পাপিন্ +ইষ্ঠ] বিণ, ঘোরতর পাপকারী। ~পাপী [ম॰ পাপিন্ ১মা, ১ব॰] বিণ, গুরুতর পাপকারী। > স্ত্রীং ~পাপিনী। ~পায়া-বি, উচ্চশ্রেণীর শিবিকাবিঃ। "রাজকন্যাকে লইবার জন্য তখনি সোণার মহাপায়া আসিল" - সাঁজের বাতি। ~পার্শ্বক [বৌ॰ সা॰] বি, বৌদ্ধধর্ম্মাবলম্বী ভিক্ষু; শ্রমণ। ~পিতা-পিতা দ্রঃ। ~পীলুপতি [পীল দ্রঃ] বি, হস্ত্যধ্যক্ষ; হাথীশালার রক্ষক। ~পুরাণ [মহৎ-পুরাণ, ধা] বি, মহর্ষি বেদব্যাস বিরচিত অষ্টাদশ পুরাণ। ~পুরুষ [মহৎ যে পুরুষ, ধা] বি, নারায়ণ; পুরুষোত্তম। ২ দৈবশক্তিসম্পন্ন পুরুষ। ৩ সাধু ব্যক্তি; মহাত্মা। ৪ প্রধান পুরুষ। ~পুরুষলক্ষণ ["পঞ্চদীর্ঘঃ পঞ্চসূক্ষ্মঃ সপ্তরক্তঃ ষড়ুন্নতঃ। ত্রিহ্রস্ব পৃথু গম্ভীরো দ্বাত্রিংশল্লক্ষণো মহান্।"-সামুদ্রিক] নাসা, ভুজ, হনু, নেত্র, জানু দীর্ঘ; ত্বক্, কেশ, অঙ্গুলিপর্ব্ব, দন্ত, রোম, এই পাঁচ সূক্ষ্ম; নেত্রান্ত, পাদতল, হস্ততল, তালু, অধর, ওষ্ঠ, জিহ্বা, নখ রক্তবর্ণ বা রক্তাভ; বক্ষঃ, স্কন্ধ, নাসিকা, কটি, মুখ উন্নত; গ্রীবা, জঙ্ঘা, মেঢ্র (লিঙ্গ) হ্রস্ব; কটি, ললাট, বক্ষ পৃথু (বিস্তৃত)] এবং নাভি, স্বর, সত্ত্ব, গম্ভীর। ২ [ব্যঙ্গ্যার্থে] অতি দুষ্টলোক। ~প্রতীহার-বি, পুররক্ষক বা শরীররক্ষকদিগের প্রধান ও তাদের সেনাপতি। ~প্রভু [মহৎ-প্রভু, ধা] বি, পরমেশ্বর। ২ মহেশ্বর; শিব। ৩ দেবরাজ ইন্দ্র। ৪ ঋষি। ৫ চৈতন্যদেব। ৬ নৃপতি। ~প্রয়াণ-বি, মহাপ্রস্থান। "ইহাই মহাপ্রয়াণের প্রশস্ত পথ"-নারায়ণ, ১৩২১। ~প্রলয় [বৃহৎ যে প্রলয় (নাশ), ধা] বি, সংহার কাল; ব্রহ্মা ও ব্রহ্মাণ্ডের নাশ। ২ মহা বিবাদ; তুমুল ঝগড়া। ~প্রসাদ [মহৎ যে প্রসাদ (প্রসন্নতা), ধা] বি, অতি প্রসন্নতা। ২ দেবীর নিকট নিবেদিত বা বলি প্রদত্ত বস্তু বা ছাগাদি পশু। ৪ পাদোদক, নির্ম্মাল্য, নৈবেদ্য এই ত্রিবিধ। ৩ জগন্নাথ দেবের অন্নপ্রসাদ। ~প্রাচীরা [প্রাণীবিদ্যা॰ পরিঃ] বি, ইং diaphragm এর বৈজ্ঞা॰ পরিঃ। ~প্রাজ্ঞ-বি, অতিশয় প্রজ্ঞাবান্; পরম জ্ঞানী। ২ মহাপণ্ডিত। ~প্রাণ [মহৎ (অধিক)-প্রাণ (উচ্চারণ) যার, বহু॰] বি, বর্গের দ্বিতীয় চতুর্থ বর্ণ এবং শ ষ স ও হ বর্ণ। ২ দাঁড়কাক। ৩ বিণ, অত্যুদার হৃদয়। স্ত্রীং ~প্রাণা। "ম॰ নারী"-প্রবাসী, ১৩৩৩, জ্যৈষ্ঠ। ~প্রাণী [কথ্য ভাষায়] বি, জীবাত্মা। ~ফল [মহৎ -ফল যার, বহু॰] বি, বিল্ববৃক্ষ। ২ বিণ, মহৎ ফলবিশিষ্ট। স্ত্রীং ~া - ইন্দ্রবারুণী। ~বংশ - বি, ৫ম শতাব্দীতে রচিত সিংহলের ধারাবাহিক ও বৌদ্ধ ধর্ম্মের আদ্যোপান্ত ইতিবৃত্তমূলক পালিগ্রন্থ। অনুরূপ অন্য গ্রন্থ দীপবংশ (দ্রঃ)। ~বক্ষাঃ [সং] বিণ, যার বক্ষঃ বিশাল। ~বন [মহৎ যে বন, ধা] বি, নিবিড় অরণ্য; গভীর বন। ২ বৃন্দাবনস্থিত চৌরাশীটি বনের মধ্যে একটি বন। ~বরাহ-বি, বিষ্ণুর অবতারবিঃ। ~বল [মহৎ (অধিক) বল যার, বহু॰] বিণ, মহাবলবন্ত; অত্যন্ত শক্তিসম্পন্ন। ২ বি, বুদ্ধ। ৩ পবন; বায়ু। ৪ সীসা। ~বাক্য [মহৎ-যে বাক্য, ধা] বি, বাক্যসমূহ। ২ মহৎ বাক্য। ৩ মহাজনবাণী; মহাপুরুষের বাক্য। ৪ ব্রহ্মপ্রতিপাদক বাক্য; ওঁ তৎসৎ। ~বামুন-মহাব্রাহ্মণ দ্রঃ। ~বারুণী-বি, চৈত্র মাসের শনিবারে কৃষ্ণা-ত্রয়োদশী তিথিতে শতভিষা নক্ষত্রের যোগে উৎপন্ন যোগবিঃ। ~বাহু [মহান্-বাহু যার, বহু॰] বি, ত্রিভুবনধারী নারায়ণ; শ্রীকৃষ্ণ। ২ বিণ, সাতিশয় বাহুবলসম্পন্ন; দীর্ঘবাহুবিশিষ্ট। ~বিক্রম-বি, প্রবল পরাক্রম। > বিণ, ~বিক্রান্ত-প্রবল পরাক্রান্ত। ~বিদ্যা [মহতী যে বিদ্যা, ধা] বি, কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী, কমলা এই দশমহাবিদ্যা। ~বিভ্রাট-বি, মহাদায়; বিষম লেঠা। ~বিষ-বি, দ্বিমুখ সর্প। ~বিষুব [মহৎ- বিষুব (মেষ সংক্রান্তি), ধা] বি, বিষুব দ্রঃ। ~বিষুবচক্র-ক্রি, নক্ষত্রখচিত নরাকৃতি চক্র। ~বিষুবসংক্রান্তি-বি, চৈত্রান্তসংক্রান্তি। ইহা অক্ষয় তৃতীয়া বা সৌর বৈশাখী যে কোন দিবসের ন্যায় মৃত পিতৃ পিতামহাদি, স্বামী ও ইষ্টদেবতার উদ্দেশে জলপূর্ণ ঘট উৎসর্গ করিবার দিন। ~বীচি [নরক বৌদ্ধ দ্রঃ] ~বীর [মহান্ যে বীর (বলবান্), ধা] বি, হনুমান্। ২ পক্ষীন্দ্র; গরুড়। ৩ বিণ, অতিশয় পরাক্রমশালী। ৪ জৈন তীর্থঙ্করবিঃ। [বৈ॰ সং] বল্মীকের মাটি, বরাহের উৎখাত মাটি ও বিশুদ্ধ মাটি মিশাইয়া তাহা দ্বারা ভাণ্ড গড়িয়া উহাকে আগুনে পোড়াইলে মহাবীর নির্ম্মিত হয়। প্রবর্গ কর্ম্মে এই মহাবীর ঘর্ম্মপাক হয়। ~বীর্য্য-বি, উগ্রতেজঃ। ২ অতিশয় বীরত্ব। ৩ বিণ, অতি তেজস্বী। প্রবলপরাক্রান্ত। *~বৃহতী-বি, বড় বেগুণ। ~বেগ-বি, অতিশয় দ্রুতগতি। ২ বিণ, অতি বেগবান্। ~বৈদ্য [ভুল-মহাব্রাহ্মণ] বি, আনাড়ি চিকিৎসক। ~বোধি [মহৎ-বোধি (শিক্ষক), ধা] বি, বুদ্ধদেব। ২ বৌদ্ধভিক্ষু। ~ব্যাধি [মহান- যে ব্যাধি, ধা] বি, দুরারোগ্য পীড়া; কুষ্ঠাদি মহাপীড়া। ~ব্যাহৃতি [বৈ॰ সং] বি,

[যুক্ত দ্বিস্বরবৎ (অগ্র=অগ্‌গ্র), ̐ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible] ও জ্ঞা॰ দ্রঃ

প্রণবযুক্ত ভূঃ, ভুবঃ, স্বঃ এই মন্ত্রত্রয়। ~বৃ্যহঁপতি-বি, বৃ্যহপতিদিগের প্রধান। ~ব্র্ণ-বি, দুষ্টব্রণ ; দুষ্টক্ষত ; কার্বাংক্‌ল্। ~ব্র্তি-বি, দ্বাদশ বর্ষসাধ্য ব্রতবিঃ; যজ্ঞবিঃ। বিণ, ~ব্র্তী। ~ব্রাহ্মণ [মহা (মহৎ) ব্রাহ্মণ, ধা। মহৎ শব্দযোগে হীনার্থে] বি, নিকৃষ্ট ব্রাহ্মণ ; অন্ত্যেষ্টিক্রিয়া সম্পাদনকারী ব্রাহ্মণ ; অগ্রদানি ব্রাহ্মণ। ~ভঁয়ঙ্কর-বি, অতীব ভীষণ বা ভয়ানক ; অত্যন্ত ভীতিপ্রদ। > স্ত্রীং ~ভঁয়ঙ্করা, ~ভঁয়ঙ্করী। ~ভাগ [মহৎ-ভাগ (ভাগ্য) যার, বহুং] বি, মহাশয় ; মহাত্মা। "কহ মোরে মহাভাগ কোথা গেলে পাব লাগ কুলে বংশধর শ্রীপতি।"-কবিকং। ২ বিণ, দয়া দাক্ষিণ্যাদি গুণযুক্ত। ৩ অতিশয় সৌভাগ্যশালী। ~ভাব-বি, রাগাত্মিকা প্রেমভক্তির চরম দশা। "দেখ দেখ প্রেমসিন্ধু অবতার। ওঁহি পুন নিমগণ, নাহি জানে রাতি দিন, বুঝি সে মহাভাব সার॥"-পংকং তরু (সাং পং পং)। ~ভারত [পুং] বি, ভারতীয় মহা মহা বংশচরিত ও কুরু পাণ্ডবীয় যুদ্ধবর্ণনাত্মক কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব প্রণীত মহাকাব্য। "ব্যাসদেব ব্রহ্মাকে কহিলেন, হে ভগবন্! আমি এইরূপ এক পরম পবিত্র কাব্য রচনা করিতে সঙ্কল্প করিয়াছি, যাহাতে বেদের নিগূঢ়তত্ত্ব, বেদ-বেদাঙ্গ ও উপনিষদের ব্যাখ্যা, ইতিহাস ও পুরাণের প্রকাশ, বর্ত্তমান, ভূত ভবিষ্যৎ এই কালত্রয়ের নিরূপণ, জরা মৃত্যু ভয় ব্যাধি ভাব ও অভাবের নির্ণয়, বিবিধ ধর্ম্মের ও বিবিধ আশ্রমের লক্ষণ, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এই বর্ণচতুষ্টয়ের নানা পুরাণোক্ত আচার, বিধি, তপস্যা, ব্রহ্মচর্য্য, পৃথিবী, চন্দ্র, সূর্য্য, গ্রহ নক্ষত্র তারা ও যুগচতুষ্টয়ের প্রমাণ, ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, আত্মতত্ত্ব নিরূপণ, ন্যায়, শিক্ষা, চিকিৎসা, দানধর্ম্ম, পাশুপত ধর্ম্ম এবং যিনি যে কারণে দিব্য বা মানব যোনিতে জন্মগ্রহণ করিয়াছেন, তাহার বিবরণ, পবিত্র তীর্থ, দেশ, নদী, পর্ব্বত, বন, সমুদ্র, দিব্যপুরী, দুর্গ, সেনার ব্যূহ-রচনাদি কৌশল, বাক্যবিঃ, জাতিবিঃ, লোকযাত্রা বিধান কথিত হইবে, অথচ যিনি অখিল সংসার ব্যাপিয়া আছেন, সেই পরব্রহ্মই প্রতিপাদিত হইবেন"-মহাং (বর্দ্ধং)। এই মহাভারত পঞ্চম বেদ নামে প্রসিদ্ধ। ৮০।৯০ হাজার শ্লোকাত্মক ধর্ম্মাত্মক ঐতিহাতিক কাব্য। ব্যাসদেব কুরুপাণ্ডবের যুদ্ধে ধর্ম্মের জয়সূচক "জয়" নামে ঐতিহাসিক কাব্য রচনা করেন। বৈশম্পায়ন তাহাকে বাড়াইয়া তাহার নাম রাখেন ভারত। শেষে সৌতি আরও অনেক কথার সমাবেশ দ্বারা উহাকে বর্ত্তমান আকারে পরিণত করেন ও মহাভারত নাম দেন। ২ "মহাভারত এই পবিত্র নাম উচ্চারণ কর বা মহাভারত বল"-ইহার সংক্ষেপ "মহাভারত।" অর্থাৎ পাপক্ষয়ার্থে মহাভারত শব্দ উচ্চারণ কর। প্র-মহাভারত! মহাভারত! ও কথা আর মুখে আনিও না। ৩ কুরু-পাণ্ডবের যুদ্ধ। ৪ [লক্ষং] বিরাট গ্রন্থ, প্রবন্ধ লেখা ইত্যাদি। ৫ [লক্ষং] বড় যুদ্ধ বা ঝগড়া। "য়ুরোপীয় মহাভারত" (জর্ম্মণ যুদ্ধ)। বিণ, ~ভারঁতীয়ঁ-মহাভারত সংক্রান্ত। ২ মহাভারত গ্রন্থে বর্ণিত। "আমি সেই সকল বিচিত্রার্থযুক্ত মহাভারতীয় কথা শ্রবণ করিয়া * * * সেই সমন্তপঞ্চক নামক পবিত্র ও ব্রাহ্মণ সেবিত দেশে গমন করিয়াছিলাম" -মহাং (বর্দ্ধং)। মহাভারঁত অশুদ্ধ হঁওয়া-বি, বিশেষ কোন দোষ হওয়া ; অব্যবহার্য্য হওয়া। ~ভিক্ষু-বি, শাক্যসিংহ। ~ভীম [মহৎ যে ভীম (ভয়ঙ্কর), ধা] বি, শিবানুচর ভৃঙ্গী। ২ মহারাজ শান্তনু। ৩ অতি ভীষণ; অতি ভয়ঙ্কর। ~ভূত [মহৎ যে ভূত (ক্ষিত্যাদি পঞ্চ), ধা] বি, ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম, এই পঞ্চভূত। ২ বিশ্বেশ্বর ; শিব। ৩ শ্রেষ্ঠ জীব। ~ভৈরঁব -বি, মহাদেব (শরভরূপধারী)। ~ভ্র্ম-বি, বিষম ভ্রান্তি ; ভয়ানক ভুল। ~মণ্ডল [মহা (বিরাট) মণ্ডল (সঙ্ঘ)] বি, মহাসঙ্ঘ ; বিরাট সভা। [ধঁর্ম্মমহামিণ্ডল-ধর্ম্মরক্ষা, উন্নতি, অনুশীলন ও প্রচারোদ্দেশে গঠিত মহাসভা। শিল্পমঁহামিণ্ডল-শিল্প রক্ষা, শিক্ষা প্রচার ও উন্নতি বিষয়ক বৃহৎ সঙ্ঘ। স্ত্রী-মহামিণ্ডল-মহিলাগণের দ্বারা পরিচালিত নারীজাতির শিক্ষা ও উন্নতি বিধায়িনী মহাসভা]। ~মিতি-বি, উদারচিত্ত; মহাত্মা। ২ অতিশয় বুদ্ধিমান। ~মঁদ [মহৎ-মদ (মত্ততা) যার, বহুং] বি, মত্তহস্তী। ২ প্রমত্ততা। ৩ [মহৎ যে মদ (হর্ষ), ধা] মহাহর্ষ। ৪ বিণ, অতিশয় মত্ততাযুক্ত ; প্রমত্ত। ~মনাঃ [মহৎ (উদার) মনস্ (মনঃ) যার, বহুং। মহামনস্ ১মা, ১বং] বিণ, মনস্বী ; উদারচিত্ত ; উন্নতমনাঃ ; মহামতি। ~মনিস্বী-বিণ, মহামনাঃ। > স্ত্রীং মনঁস্বিনী। ~মিস্ত্রি-বি, সচিবপ্রধান। ~মহিম [মহৎ-মহিমন্ (মাহাত্ম্য) যার, বহুং। মহামহিমন্ ১মা, ১বং] বিণ, অতি মহত্ত্ববান্; মহামহিমান্বিত। ~মহিমান্বিত-বিণ, সাতিশয় গৌরবান্বিত। > স্ত্রীং ~া। ~মহীরুহ-বি, বিশাল বৃক্ষ। ~মঁহোপাধ্যায় [মহা-মহা + উপাধ্যায়] বি, মহা পণ্ডিতের উপাধিবিঃ। ~মাংস [মহা (মহৎ দ্রঃ) মাংস। মহৎ শব্দযোগে হীনার্থ] বি, নরমাংস। ~মাত্য [মহৎ (দ্রঃ) > মহা + অমাত্য] বি, প্রধান মন্ত্রী prime minister. ~মাত্র [মহৎ-মাত্রা হস্ত্যশ্বাদি বা ধন যার, বহুং] বি, রাজ্যের কর্ত্তা। ২ প্রধান আমাত্য prime minister. ৩ শ্রেষ্ঠ ব্যক্তি। ৪ [অশোক অনুশাসনে বহুল প্রয়োগ] সচিব। ৫ ধনশালী ব্যক্তি। ৬ মাহুত। > স্ত্রীং ~ী-মহামাত্র-পত্নী। ২ আচার্য্যপত্নী। ~মানী-বিণ, অতিশয় মান্য; সম্মানিত। ২ অতিশয় অভিমানী ; অতি গর্ব্বিত। "অভিমানে মহামানী বীরকুলর্ষভ রাবণ, কহিলা বলী সিন্ধুপানে চাহি।" -মেঘং। > স্ত্রীং ~মানিনী। ~মান্য-বিণ, পরম শ্রদ্ধেয়; বিশেষ সম্মানার্হ। > স্ত্রীং ~মান্যা। ~মায়া [মহৎ-মায়া যার, বহুং] বি, জগৎকারণভূতা অবিদ্যা। ২ দুর্গা। "একি মায়া মহামায়া জড়াইলা জগতে"।-দশমহাবিদ্যা (হেমং)। ৩ লক্ষ্মী; কমলা। "উর মহামায়া দেহ পদছায়া ভারতের স্তুতি লয়ে।"-অং মং। ~মার -বি, মহাগণ্ডগোল ; গোলযোগ ; বিশৃঙ্খল। "সবে বলে দক্ষ যজ্ঞে হল মহামার।"-কবিকং। ২ সংক্রামক রোগ ; মহামারী। ~মারী

[মহতী-মারী] বি, মহাকালী। ২ মড়ক; মারীভয়। ~মাষ-বি, বরবটি কলায়। ~মাষ-তৈল [আয়ু॰] বি, কবিরাজী পাকতৈলবিঃ। ~মুদ্রা-বি, তন্ত্রোক্ত মন্ত্র সাধনোপযোগী যন্ত্র। "মহামুদ্রা কামরূপে রজোযোগ যায়। রাবানন্দ ভৈরব কামাখ্যা দেবী তায়।"-অ॰ ম॰। ~মুনি [মহৎ যে মুনি, ধা] বি, মুনিশ্রেষ্ঠ; মহর্ষি। ~মূল্য [মহৎ-মূল্য যার, বহু॰] বিণ, মহার্ঘ; দুর্মূল্য; অতিরিক্ত মূল্যে প্রাপ্তব্য। ~মৃগ-বি, হস্তী। ২ শরভ। ~মেঘ-বি. ব্যোমকেশ; শিব। ২ ভয়ঙ্কর মেঘ; আকাশ আচ্ছন্নকারী মেঘ। "মহামেঘ মাঝে শক্রধনু দিল দেখা"-শি॰। ৩ কালমেঘ; দিগন্তব্যাপী ঘোর কৃষ্ণবর্ণ প্রলয়ের মেঘ। "মুক্তকেশী মহামেঘবরণা দন্তুরা।"-অ॰ ম॰। ~মোহ [মহান্=মহা মোহ, ধা] বি, বিষয়বাসনারূপ অজ্ঞান; সংসারের মায়া। "মত্ত মহামোহ মদে।" -বাং গান। ~ম্ল-বি, তেঁতুল। ~যজ্ঞ [মহৎ যে যজ্ঞ, ধা] বি, বেদাধ্যয়ন, অগ্নিহোত্র, তর্পণ, অতিথি পূজা ও ভূতবলি এই পঞ্চ প্রকার মহাযজ্ঞ। ~যশ, ~যশা [মহৎ-যশঃ (কীর্ত্তি) যার, বহু॰, +আ (যুক্তার্থে)] বিণ, অতিশয় যশস্বী; মহাকীর্ত্তিশালী। "ভোজন করিল হরিহোড় মহাযশ।" -অ॰ ম॰। ~যাত্রা [মহৎ=মহা-যাত্রা। মহৎ দ্রঃ] বি, মহাপ্রস্থান; মরণার্থ গমন। ~যুদ্ধ-বি, তুমুল সংগ্রাম। ~যোগী [মহান্ যে যোগী, ধা] বি, বাহ্য বস্তু হতে চিত্তবৃত্তিকে সম্পূর্ণ বিরত করিয়া যিনি নির্লিপ্ত ভাবে অবস্থান করেন; মহাযোগনিরত। "খর্ব্ব স্থূল কলেবর গজমুখ লম্বোদর মহাযোগী পরম সুন্দর।"-অ॰ ম॰। ~রজত-বি, সুবর্ণ। ~রণ-বি, ভয়ানক যুদ্ধ। ~রণ্য [মহৎ-অরণ্য, ধা] বি, অরণ্যানী; নিবিড় অরণ্য; গহন কানন। ~রত্ন-বি, শ্রেষ্ঠ রত্ন। ২ মণি। ৩ পদ্মরাগ; হীরক; মরকতাদি। ৪ যা উপরত্ন নহে। ~রথ [মহৎ (বৃহৎ)-রথ-যার, বহু॰] বি, যিনি একাকী দশসহস্র ধনুর্দ্ধরদিগের সহিত যুদ্ধ করিতে সমর্থ এবং শস্ত্রবিদ্যা ও শাস্ত্রবিদ্যা এই উভয়েই পারদর্শী তিনিই মহারথ। মতান্তরে-যুদ্ধস্থলে যিনি নিজেকে সারথিকে এবং অশ্ব সমূহকে অক্ষত রাখিয়া যুদ্ধ করিতে সমর্থ তিনিই মহারথ আখ্যায় অভিহিত হইবার উপযুক্ত। "এই দেশে মহারথ ছিল রাজা দশরথ সূর্য্যবংশে সূর্য্যের সমান।"-অ॰ ম॰। ~রয় [মহা (অতিশয়) রয় (বেগ) যার, বহু॰] বিণ, অতিবেগগামী। "চারি চারি মহারয় রথেতে জুড়িয়া হয় মহারথী ধায় সারি সারি।" -কবিক॰। ~রহস্য-বি, অতি গোপন-কথা। ২ অতি নিগূঢ় তত্ত্ব বা তথ্য। ৩ গুপ্ত বিষয়। ~রাজ$_1$ [মহান্-রাজা (ধা)= রাজন্=রাজ। উপাধি অর্থে বাং-র'মহারাজা'। "মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর"] বি, রাজেন্দ্র। > স্ত্রীং ~রাজ্ঞী-মহিষী। ~রাজাধিরাজ-সম্রাট; রাজচক্রবর্ত্তী। ~রাজপন্থী-দক্ষিণভারতের বৈষ্ণব-সম্প্রদায়বিঃ। ~রাজ$_2$-বি, ভাটের, সাধু সন্ন্যাসীদের প্রতি সম্বোধন। "ভাট কবিরত্ন আনি কহে সাধু শিরোমণি কহ লক্ষপতি আছে যথা॥ শুনিয়া সাধুর কথা বলে মহারাজ তথা" -কবিক॰। ২ [হিং-তে] সম্মানিত ব্যক্তিকে সম্বোধন; মহাশয়। ভুল-বাং-য়-প্রভু। ৩ পাচক-ব্রাহ্মণ; সূপকার। > স্ত্রীং ~রাজিন্ -হিন্দুস্থানী পাচিকা। ~রাজিক [মহারাজ +ইক] বি, গণদেবতাবিঃ; ইঁহাদের সংখ্যা ২২০। ~রাণা [রাণা=রাজা] বি, মহারাজা। ২ উদয়পুরের রাজার উপাধি। > স্ত্রীং ~রাণী। ~রাত্রি [মহৎ-রাত্রি] বি, অর্দ্ধরাত্রির পরের দুই মুহূর্ত্ত। ২ কালরাত্রি; মহাপ্রলয়ের নিশি। ~রাষ্ট্র [মহৎ-রাষ্ট্র (রাজ্য), ধা] বি, মারহাট্টাদেশ। > স্ত্রীং ~রাষ্ট্রী-মহারাষ্ট্র দেশের ভাষা। ২ মহারাষ্ট্র দেশের অধিবাসী। ~রুদ্র-বি, মহাদেব। "মহারুদ্ররূপে মহাদেব সাজে," "অদূরে মহারুদ্র ডাকে গভীরে"-অ॰ ম॰। ~রোগ [মহৎ যে রোগ (ব্যাধি), ধা] বি, রাজযক্ষ্মা প্রভৃতি অসাধ্যরোগ। বিণ, ~ী। > স্ত্রীং ~রোগিণী। ~রোমা-বিণ, অতি লোমশ; বৃহৎ লোমযুক্ত। ~রোষ-বি, অতিক্রোধ; ভয়ানক রাগ। ~রৌরব [মহৎ=মহা-রৌরব (নরক)] বি, পাপীদিগের মৃত্যুর পর অত্যন্ত যন্ত্রণাভোগের স্থান; নিরয়বিঃ। ~লক্ষ্মী [মহৎ-যে লক্ষ্মী (দেবীবিঃ), ধা] বি, নারায়ণী। ২ রাধিকা। ~লজ্জা-বি, অতিশয় লজ্জা। ~লিঙ্গ-বি, বৃহৎ লিঙ্গ। ২ শিব। ~লোল-বিণ, অতিশয় চঞ্চল। > স্ত্রীং ~লোলা। ~লোহ-বি, চুম্বক লৌহ। ~শকুল-বি, পূর্ব্ববঙ্গের প্রসিদ্ধ রোহিতাকৃতি মৎস্যবিঃ। ~শক্তি [মহতী-শক্তি (ক্ষমতা) যার, বহু॰] বি, দেবসেনাপতি কার্ত্তিকেয়। ২ [মহতী যে শক্তি, ধা] বিপুল পরাক্রম; অতি পরাক্রম। ৩ বি, দুর্গা। ~শঙ্খ [মহান্ যে শঙ্খ, ধা] বি, মধ্যম পাণ্ডব ভীমের শঙ্খ। ২ বৃহৎশঙ্খ। ৩ মনুষ্যের ললাটাস্থি। ৪ কর্ণ এবং চক্ষুর মধ্যবর্ত্তী হাড়। ৫ তন্ত্রমতে বীরাচার প্রসিদ্ধ নরকপালাস্থি নির্ম্মিত মাল্যবিঃ। ৬ সংখ্যাবিঃ; ১০০০০০০০০০০০০০। ৭ কুবেরের নিধিবিঃ। ৮ অস্ত্রবিঃ। ~শয্যা [মহতী যে শয্যা (শয়নীয় খট্বা), ধা] বি, রাজশয্যা; বৃহৎশয্যা। ২ রাজাসন; সিংহাসন। ~শল্ক [মহান্ শল্ক (আঁইস) যার, বহু॰] বি, চিঙ্গড়ীমাছ। ২ বিণ, বৃহৎ আঁইসবিশিষ্ট। ~শুক্ল [মহান্ যে শুক্ল (ধবলবর্ণ), ধা] বিণ, অতিশুভ্র; দুগ্ধফেননিভ বর্ণবিশিষ্ট। > স্ত্রীং ~া-সরস্বতী। ~শূদ্র -বি, আভীর; গোপ। ~শূন্য [প্রা॰ বাং-মহাসুন্ন। "মহাসুন্ন মধ্যে পরভুর আর আছে কেহ"-শূ॰ পু॰] বি, অনন্ত আকাশ। "কিংবা মনোহর বেশ ধরেছে গগন দেশ মহাশূন্য বিভাসিত সে ভুবন আকারে।"-হেম॰। মহাঋষি নিরখিলা কালিকার জগতী, মহাশূন্যে ঘুরিতেছে ভয়ঙ্কর মুরতি।"-দশমহা-বিদ্যা। ২ বৌদ্ধমাধ্যমিক মহাযানানুযায়ী শূন্যবাদ। "মহাশূন্য মধ্যে পরভুঁর আর আছে কেহ"-শূ॰পু॰, ১০-১১ শতাব্দী। ~শূর [মহান্ (অতিশয়) যে শূর (বলবান), ধা] বিণ, অতিশয় বলবান। "সেই মহাশূর জন্ত কি কব তাহার দন্ত, ভুজবলে পর্ব্বত উপাড়ে।"-কবিক॰। ~শ্মশান [মহৎ-শ্মশান (প্রেতভূমি) যেখানে, বহু॰] বি, বারাণসী; কাশী। [ঐহানে

[illegible]

হিন্দুগণ মরিবার জন্য গমন করেন বলিয়া এই নাম]। ২ [ধা] বৃহৎশ্মশান; যোজনব্যাপী প্রেতভূমি। ~শ্রমণ-বি, শাক্যমুনি। ~শ্বেতা[মহান্-শ্বেত(শুক্লবর্ণ) যে স্ত্রীর বহু০] বি, সরস্বতী। ২ দুর্গা। ৩ শ্বেত অপরাজিতা। ৪ কৃষ্ণ ভূমিকুষ্মাণ্ড। ৫ নগরীবিঃ। ৬ কাদম্বরী কথার উপনায়িকা। ~ষষ্ঠী-বি, দুর্গা। ~সত্ত্ব-বিণ, মহাবলশালী; অতিশয় শক্তিশালী। "সর্বত্রই যখন শৌখিল্য এবং সে শৈথিল্য যখন নিন্দিত হয়না তখন আপনাকে নিয়মব্রতে বদ্ধ করা মহাসত্ত্ব লোকের দ্বারাই সম্ভব।"-রবী০। "যে হেতু কোন মহাসত্ত্ব গন্ধর্ব্ব রাজের পুত্র পাঁচজন গন্ধর্ব্বযুবা আমার স্বামী, তাঁহারা আমাকে সতত রক্ষা করিয়া থাকেন।"-মহা০ (বর্দ্ধ০)। ২ বৃহৎকায় জীব। ৩ মহাশয়; মহামনাঃ। ~সভা-বি, বিরাট সভ্ব; বহুলোকের সভা। ~সমারোহ-বি, বিরাট আয়োজন, আড়ম্বর ও জনতা। ২ অতিশয় ধুমধাম বা জাঁকজমক। ~সমুদ্র-বি, ভূমণ্ডল যে লবণাক্ত জলরাশি দ্বারা পরিবৃত হইয়া আছে ocean. ~সম্মত [বৌ০ সা০] বি, নির্ব্বাচিত ছত্রপতি। "মহাজনের সম্মতি অনুসারে নির্ব্বাচিত বলিয়া এই নাম। ইহাই রাজার প্রথম নাম। 'ক্ষত্রিয়' রাজার দ্বিতীয় নাম। 'রাজা' তৃতীয় নাম।"-পালি 'অগ্‌গঞ্‌ঞ' সুত্র (সাহিত্য, ১৩২৫)। ~সাগর [মহান্ যে সমুদ্র, সাগর, ধা] বি, যে সুবিস্তীর্ণ জলরাশি ভূমণ্ডল বেষ্টন করিয়া আছে; মহাসিন্ধু। ~সাধক-বি, বিণ, কৃচ্ছ্র সাধনাকারী। ~সামন্ত-বি, সমর-সচিব war minister. ~সান্তপন [মহৎ-যে সান্তপন (ব্রতবিঃ), ধা] বি, ছয়দিবসসাধ্য ব্রতবিঃ; প্রায়শ্চিত্তবিঃ। ~সান্ধিবিগ্রহিক-বি, সমর বা সন্ধি করিবার ভারপ্রাপ্ত সচিব। ~সামন্ত-বি, প্রধান সেনাপতি commander-in-chief. "সমর কুশল বটুদাস মহাসামন্ত পদে অধিষ্ঠিত থাকিয়া দিগ্বিজয়ে লক্ষ্মণসেনের গৌরব বৃদ্ধি করিয়াছেন" -মধ্যযুগের বাঙ্গলা। ~সুর-বিণ, মহৎ; বিরাট। "গোপালচন্দ্র নাম তার প্রভু মহাসুর"-চৈ০ চ০। ~সিংহ-বি, দেবীর বাহন; শরভ। ~সেন [মহতী সেনা যার, বহু০] বি, দেবসেনাপতি কার্ত্তিকেয়। ২ মহাদেব। ~স্থবির-বি, বৌদ্ধ সন্ন্যাসীর উচ্চ উপাধিবিঃ। ~স্বন [মহান্ (প্রবল) স্বন (শব্দ) যার, বহু০] বি, রণবাদ্য। ২ বিণ, মহাধ্বনিবিশিষ্ট।

মহাচ্ছায় [মহৎ (অধিক) ছায়া যার, বহু০] বি, বটবৃক্ষ। ২ বিণ, বিপুল ছায়াযুক্ত।

মহাঢ্য [মহৎ-আঢ্য (ধনী), ধা] বি, বহু ঐশ্বর্য্যশালী; মহাধনী। ২ কদম্ব।

মহানুপ্রাণিতা-বি, মহানুভাবতা।

মহানুভব, মহানুভাব [মহৎ-অনুভব-অনুভাব (মহিমা) যার, বহু০] বিণ, মহামহিম; মহাপ্রভাব; মহাশয়; উদার-প্রকৃতি। ২ [মহৎ যে অনুভ(া)ব, ধা] বি, অতিপ্রভাব। বি, মহানুভাবিতা।

মহান্ত-বি, নবধা ভক্তিযুক্ত কৃষ্ণভক্ত। ২ মোহন্ত দ্রঃ। ৩ নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ।

মহান্তি-মাহান্তি দ্রঃ।

মহাফেজ [ফা০ মহাফিজ্] বি, রক্ষক; অভিভাবক guardian. ২ আদালতের কাগজপত্র সংরক্ষক। ৩ দপ্তরের কেতাব-পত্র ফাইল ই০ রক্ষক record keeper. > ~খানা-আদালত বা অন্য দপ্তরের বহি-খাতা নথিপত্র যে গৃহে সংরক্ষিত হয় record room.

মহার্ঘ [মহৎ-অর্ঘ (মূল্য) যার, বহু০] বিণ, অতিমূল্যবান্; অতিদুর্মূল্য।

মহার্ণব [মহান্ যে অর্ণব (সমুদ্র), ধা] বি, মহাসিন্ধু।

মহার্ব্বুদ-বি, শতকোটী সংখ্যা; ১০০০০০০০০০; একবৃন্দ।

মহার্হ [মহান > মহ+অর্হ (মূল্য)] বি, মহামূল্য; দুর্মূল্য।

মহাল [আ০] বি, জমীদারী; যে জমীদারির কর গবর্ণমেন্টকে দেওয়া যায় ও কালেক্টরীর তৌজী রেজেষ্ট্রীভুক্ত থাকে।

মহালয় [মহৎ-আলয় (আশ্রম) যেখানে, বহু০] বি, তীর্থ। ২ পরমাত্মা। ৩ [মহাখ্য (পিতগণ) উৎসবস্থ আলয়; পিতৃবিসর্জ্জন মন্ত্রে- "যমলোকং পরিত্যজ্য আগতা যে মহালয়ে"] পিতৃলোকদিগের উৎসবের আলয়; প্রেতপক্ষ (শ্রাদ্ধকালে যে সময় পিতৃলোকেরা শ্রাদ্ধ ভোজনের জন্য আনন্দ সহকারে আসিয়া থাকেন; আশ্বিনের শুক্লপক্ষের পূর্ব্ব কৃষ্ণপক্ষ; অপর-পক্ষ। স্ত্রীং ~া-আশ্বিনী অমাবস্যা; দেবী-পক্ষের পূর্ব্ব অমাবস্যা যে তিথিতে মহতেরা (পিতৃগণ) আগমন করেন। শারদীয় পূজার অব্যবহিত পূর্ব্বে আরম্ভ করিয়া অমাবস্যা তিথিতে এই আগমন শেষ হয়। এই সময় হিন্দুদের তর্পণাদি (পার্ব্বণ শ্রাদ্ধাদির দ্বারা পিতৃগণের তৃপ্তিসাধন) করিবার বিধি আছে।

মহাশয় [মহান্-আশয় (অভিপ্রায়) যার, বহু০। বাং প্রাকৃ০ মহাসএ।"কপাট ঘুচাএ দিল চন্দ্র মহাসএ।"-শূ০ পু০] বিণ, মহাত্মা; মহামনাঃ; উদারচিত্ত। "শম দম সংযম সহিষ্ণুতা আমরা মানবের শ্রেষ্ঠ ধর্ম্ম বলিয়া মনে করি, তাহা যে সয়, সেই মহাশয়"-সনাতনী। ২ বি, সমুদ্র। ৩ [কর্ত্তাভজা দ্রঃ] কর্ত্তাভজা সম্প্রদায়ী গুরু।

মহাষ্টমী [মহতী যে অষ্টমী, ধা] বি, আশ্বিনমাসীয় শুক্লাষ্টমী।

মহি [মহ্ (পূজা করা)+ই (র্ম্ম)] বি, পৃথিবী। ~তল-পৃথিবীতল; ধরাপৃষ্ঠ। "যার নর মহিতলে খাটে"-শূ০ পু০।

মহিত [মহ্ (পূজা করা)+ত (র্ম্ম)] বিণ, অর্চ্চিত; সম্মানিত।

মহিম [আ০ মুহিম্ (বীরকীর্ত্তি; দুঃসাহসিক কার্য্য, বিপজ্জনক বা ভয়ানক ব্যাপার)] বি, যুদ্ধ; সংগ্রাম। "হাতাহাতি হানাহানি বাড়িল ম০।"-অ০ ম০। "রামজীর কুদরতে ম০ হইল ফতে।"-ঐ।

মহিম/ময় [মহিমন্+ময় (পূর্ণার্থে)] বিণ, গৌরববিশিষ্ট; মাহাত্ম্যপূর্ণ। > স্ত্রীং ~ময়ী-গৌরবময়ী। ~কীর্ত্তন-বি, মহিমা বা গৌরব কীর্ত্তন। ~ব্যঞ্জক-বিণ, গৌরব- সূচক; মাহাত্ম্যসূচক।

মহিমা [মহৎ+ইমন্=মহিমন্ ১মা, ১ম০] বি, মহত্ত্ব; গৌরব; মাহাত্ম্য। "ক্ষেত্রের

ম॰ কিছু শুনাহ আমারে।"-অ॰ ম॰। ২ যোগের ঐশ্বর্য্য বৃহত্তর রূপ ধারণরূপ অষ্টসিদ্ধির অন্যতম সিদ্ধি। (তুল-অণিমা=ক্ষুদ্রতর রূপ গ্রহণ)। ৩ মহাদেবের বিভূতিবিঃ। ~কীর্ত্তন-মাহাত্ম্যকথন; যশঃকীর্ত্তন। ~ব্যঞ্জক-গৌরবসূচক; মহত্ত্বজ্ঞাপক। ~র্ণব-সাগরসদৃশ অপরিমেয় গৌরববিশিষ্ট।

ম॑হিম্নঃস্তব [স্তবের আদিতে "মহিম্নঃ" এই পদ থাকায় এই নাম] বি, মহিম্নঃ-আদি বাক্যে ৩২টা শ্লোকে গন্ধর্ব্ব পুষ্পদন্ত প্রণীত শিব স্তব।

ম॑হিলা [সং] বি, ভদ্র রমণী।

ম॑হিষ [মহ্ (পূজা করা)+ইষ (ণে)। চট্ট॰ প্রাদে॰ মইষ। প্রা॰ মইষ, মোষ, কবিক॰ চণ্ডীতে 'মষ্য'। "পশুর হাজরা মষ্য খাইবা প্রজার শস্য।" হি॰-র অনুকরণে প্রা॰ বাং-'ভইষ'। "বেয়াল্লিশ ভইষ হইল মূরত বদলাইয়া।"-মাণিক॰] বি, পশুবিঃ; মোষ; যমের বাহন। ২ অসুরবিঃ; মহিষাসুর। ৩ সাধারণ সৈন্য ও গ্রামবল সভ্য-সূচক উপাধিবিঃ। স্ত্রীং ~ী [মহীয়ষী শুদ্ধ] স্ত্রীমহিষ। ২ রাণী; সম্রাজ্ঞী। ~ধ্বজ-মহিষবাহন; যম। ২ জৈন ক্ষপণক। ~র্মর্দ্দিনী [ম॰=মহিষাসুর] বি, মহিষাসুর বিনাশকারিণী দশভূজা দুর্গা। "মহিষ মর্দ্দিনীরূপ ধরিলা চণ্ডিকা।"-কবিক॰। ৩ [তন্ত্রে] অষ্টাক্ষরী বিদ্যা।

ম॑হিষাসুর [মহিষ (আকৃতি) +অসুর] বি, শিবের বরপুত্র; ইহার পিতা রম্ভাসুর, মতান্তরে জম্ভাসুর তপস্যায় মহেশ্বরকে প্রীত করিয়া বরস্বরূপ এই পুত্র লাভ করিয়াছিলেন।

ম॑হিষা [মহিষ+ইয়া=মহিষিয়া > ক্ষে॰] বিণ, ভঁয়সা। ~ঘৃর্ত-মহিষীদুগ্ধজাত বা ভঁয়সা ঘী। ~ঢাল-বি, মহিষচর্ম্মনির্ম্মিত ঢাল। "তুলিয়া মহিষাঢালে সিংহের হানিল ভালে দারুণ মুকুট মারি মুখে।"-কবিক॰।

ম॑হী [মহ্ (পূজা করা)+ঈ (র্ম্ম, জা॰)] বি, ধরণী; পৃথিবী। ২ গো। ৩ নদীবিঃ। ~ক্ষিৎ [মহী+ক্ষি (প্রভুত্ব করা)-ক্বিপ্ (র্ত্ত)] বি, রাজা। ~র্জ-বিণ, পৃথ্বীজাত; ।। > স্ত্রীং ~া। ~র্ধর-পর্ব্বত। ~র্ধ্র-বি, ভূধর; পর্ব্বত। ~নাথ, মহীন্দ্র-ভূপতি; রাজা। "করাই মহলা ময়নার মহীনাথে"-ঘ॰। ~পতি-বি, ভূপতি; রাজা। ~পাল-বি, ভূপাল; রাজা। ২ ধান্যবিঃ। "হরি মহীপাল বাঁকসাল বুনে মঙ্গলন।"-শূ॰ পু॰। ~প-বি, ভূপতি। ~ভৃৎ-বি, ভূপাল। ২ ভূধর; পর্ব্বত। ~রুহ্-বি, বৃক্ষ। ~র্লতা-বি, কেঁচো। "সাপ যেন হইল মহীলতা"-কবিক॰।

ম॑হী/য়ান্ [মহৎ (বৃহৎ)+ঈয়স্ (অতিশয়ার্থে)=মহীয়স্ ১মা, ১ব॰] বিণ, অতিশয় মহৎ। "তুমি জ্যোতির জ্যোতি আমি আজ আঁধারে। তুমি মুক্তি মহীয়ান্ আমি মগ্ন পাথারে।"-রবী॰। ২ উত্তম। > স্ত্রীং ~য়সী-অতি মহতী। ~য্যমান [মহীয়+শান (র্ম্ম)] বিণ, পূজার্হ; পূজ্য।

ম॑হীশ [মহী (পৃথিবী)+ঈশ (রাজা), ৬তৎ] বি, পৃথিবীপতি; ভূপতি; ধরণীপতি; রাজা। "জয় পুনীহি, ভারত মহীশ ভারত উমেশ পর্ব্বত সুতাবর।"-অ॰ ম॰।

ম॑হীসুর্ত-বি, মঙ্গল গ্রহ। ২ নরকাসুর।

ম॑হুকুত [মধু > প্রাকৃ॰ মহু+কুত=কুতু =চর্ম্মাদি নির্ম্মিত আধার ভেদ] বিণ, মধুর রসপূর্ণ। "খিরী খাজুর বনকেন্দূ ম॰ আর যত তরু মিষ্ট ফলে।"-শ্রী॰ কী॰।

ম॑হুয়া [সং-মধূক > মহুঅ > হি॰ মহুয়া > মউয়া, বাং-মউয়ো > প্রা॰ ক্ষে॰ মউ, মৌ] বি, মধুরাস্বাদ ফলবিঃ; মৌল। "ফুটিয়া ম॰ ফুল মধুর মধুর"-কস্তুরী।

ম॑হুরী [মুখ-মুহ > মহু+রী] বি, মুখ-মারুত দ্বারা বাদনীয় যন্ত্র; বাঁশরী; মুরলী।

ম॑হেন্দ্র [মহৎ > মহা+ইন্দ্র, ধা] বি, দেবরাজ; ইন্দ্র। ২ বিষ্ণু। ৩ সপ্তকুলাচলের অন্যতম। জম্বুদ্বীপান্তর্গত পর্ব্বতশ্রেণী (উত্তর সরকার হতে গণ্ডোয়ানা পর্য্যন্ত বিস্তৃত)। স্ত্রীং ম॑হেন্দ্রাণী-বি, ইন্দ্রাণী; শচী। ~র্কদলী-কলা দ্রঃ। ~র্নগরী, ~পুরী-বি, ইন্দ্র-পুরী; অমরাবতী। ~বারুণী-বি, মহাকাল; বড় মাকাল ফল।

ম॑হেশ [মহৎ > মহা+ঈশ (ঈশ্বর), ধা। প্রা॰বাং-ম॑হেস। "মহেস করিব খিভা জন্ম জন্মান্তরে।"-শূ॰ পু॰] বি, মহেশ্বর; মহাদেব। স্ত্রীং ~ী, ম॑হেশানী-মহেশপত্নী; পার্ব্বতী। ২ কাঁসা। ~জ্বর-শিবজ্বর। "এমত বলিতে হর আইল মহেশজ্বর নীলাম্বরে কৈল আলিঙ্গন।"-কবিক॰।

ম॑হেশ্বর [মহৎ > মহা+ঈশ্বর, ধা। প্রা॰ বাং-ম॑হেস্সঁর। "বস্তা বিষ্টু মহেস্সর জনমিল উদরে।"-শূ॰ পু॰] বি শিব; শঙ্কর। স্ত্রীং ~ী-ভবানী।

ম॑হেষ্বাস [মহৎ > মহা+ইষ্বাস (ধনুঃ) যার, বহু॰] বিণ, মহাধনুর্দ্ধর। "নাদিলা ভৈরবে ম॰ দূরে হেরি রামানুজ।"-মেঘ॰। "তোষ তুমি ম॰"-ঐ। ২ [ধা] বৃহৎ ধনু।

ম॑হোক্ষ [মহৎ > মহা+উক্ষন্ (বৃষ), ধা। (উক্ষন্=উক্ষ)] বি, মহাবৃষভ।

ম॑হোৎসঁব [মহৎ > মহা + উৎসব, ধা। ভং ম॑হোচ্ছব > প্রা॰ ক্ষে॰ মচ্ছব, মোচ্ছোব। "নাট গীত মহোচ্ছব করি"-মনসা ম॰ (বংশী॰)] বি, অতীব আনন্দপ্রদ ব্যাপার। ২ বৈষ্ণবদিগের উৎসব; মচ্ছব।

ম॑হোৎসাহঁ [মহৎ > মহা (প্রবল)+ উৎসাহ (উদ্যম), ধা] বি, মহৎ চেষ্টা। ২ অতিশয় উৎসাহ। ৩ বিণ, অতিশয় উদ্যমশীল; অত্যন্ত যত্নবান্; অতি চেষ্টান্বিত।

ম॑হোদধি [মহৎ > মহা+উদধি (সমুদ্র), ধা] বি, মহাসিন্ধু; মহাসাগর। "ম॰ মসী যদি মহী হয় পত্র। সুরতরু লেখনী সারদা করি যোত্র॥"-শি॰।

ম॑হোদঁয় [মহৎ > মহা + উদয় (উন্নতি) যার, বহু॰] বিণ, অতি সমৃদ্ধ; অত্যুন্নত। ২ মহানুভব। ৩ [মহৎ-উদয় (উত্থান, উন্নতি) যে দেশের, বহু॰] বি, কান্যকুব্জ। ৪ যোগবিঃ। [সং-তে- মুক্তি, স্বামী, কর্ত্তৃত্ব ই॰ অর্থে প্রয়োগ আছে]।

ম॑হোদঁর [মহৎ > মহা+উদর যার, বহু॰] বিণ, বৃহৎ উদরবিশিষ্ট। স্ত্রীং~ী-সমস্ত ব্রহ্মাণ্ড যাঁর উদরে আছে; ২ বি, ভগবতী। "মহামায়া মহেশ মহিলা মহোদরী।"-অ॰ ম॰। ২ মহাশতাবরী। ৩ বিণ, বৃহৎ উদরবিশিষ্টা [বিপরীত-মন্দোদরী]।

ম॑হোদ্যম [মহা+উদ্যম যার, বহু॰] বিণ,

অতিশয় উদ্যমশীল ; মহোৎসাহী। ২ [মহান্ যে উদ্যম, ধা] বি, অতিশয় উদ্যোগ বা চেষ্টা।

মঁহোন্নতি [মহতী > মহা + উন্নতি, ধা] বি, অতিশয় শ্রীবৃদ্ধি ; সমুন্নতি ; অত্যুন্নতি। বিণ, মহোন্নত। > স্ত্রীং ~া।

মঁহোপকার [মহৎ > মহা + উপকার, ধা] বি, অত্যুপকার ; বিশেষ হিত। বিণ, ~ী -বিশেষ হিতসাধক। > স্ত্রীং মঁহোপ-কারিণী।

মঁহোরগ [মহৎ > মহা + উরগ (সর্প), ধা] বি, বৃহৎ সর্প ; অজগর।

মঁহোজাঃ [মহৎ > মহা + ওজস্ (তেজঃ) যার, বহুং-মহোজস্ ১মা, ১বং] বিণ, মহাতেজস্বী ; মহাশক্তিশালী।

মঁহৌষধ [মহৎ > মহা + ঔষধ, ধা] বি, উৎকৃষ্ট ঔষধ। ২ শুঁঠ, পিঁপুল ও রসুন।

মঁহৌষধি, -ধী [মহতী > মহা + ওষধি, ধা] বি, রাত্রিকালে দীপ্তিশীল তৃণ লতাদি। ২ [বৈদ্যকে] ব্রাহ্মী। ৩ শ্বেত কণ্টকারী। ৪ হিলমোচিকা। ৫ কটুকা। ৬ দূর্ব্বা। ৭ অতিবিষা।

মা১ [সং-অম্বা > হাম্বা রব > সকল জাতির ভাষায় অনুকৃত। হিং-আম্মা, আং আম্ ইং ma, mamma. যিনি পালন ও পোষণ করেন তিনি লোকমাতা ; লক্ষ্মী লোকমাতা বলিয়া তাঁহার একটী নাম "মা"। "লক্ষ্মীঃ * * * লোকমাতা মা"-অমরং। মা (মান্ত) + কিপ্ (ভাং) + আ (স্ত্রীং)] বি, লক্ষ্মী ; কমলা। ২ মাতা ; জননী। ৩ দেবী ; ঠাকুরাণী। প্র-মা কালী ; মা দুর্গা ; বামুন মা। ৪ সম্বোধন, বিস্ময়, যন্ত্রণাবাচক অব্যয়। মা গো ও মা-অ, আর্ত্তনাদে। ২ বিস্ময়ে। ৩ আতঙ্কে। ৪ জননী বা কন্যা ও তৎস্থানীয়াকে সম্বোধন বোধক শব্দ। ~গোঁসাই-দ্রঃ। ~-ছাঁ-বি, মাতা ও ছেলে। ~-ঝী-বি, মা ও মেয়ে। ~-পো, মা-বেটা-বি, মাতা ও পুত্র। ~-বাপ-বি, জনক-জননী। ২ প্রভু, আশ্রয় ও ভরসা। ~-বাপ-গিরি-বি, অবিসম্বাদী সহজাত অভিভাবকতা ; মুরুব্বিয়ানা। ~-মঁরা-বিণ, মাতৃহীন বা মাতৃহীনা। ওমা কি হবে-ভয়সূচক অব্যয়। ২ বিস্ময়ার্থে।

মা২ [সং-মা (নিষেধে)। "মা কুরু ধনজন-যৌবনগর্ব্বং"। প্রাং বাং-য়-এই অর্থে প্রচলিত ছিল] অ, না। "উজুরে উজু ছাড়ি মা লেহুরে বঙ্ক"-বৌদ্ধগান ও দোহা। ২ [ব্যঙ্গ্যে] অভাবাত্মক। প্র-সে অকশাস্ত্রে মা। ~-মা কঁরা-অভাব সূচনা করা (তুল-ধাঁ ধাঁ করা) ; শূন্যতা জ্ঞাপন করা। বৌং বাং-য় মাই=নাই। "দেহা সরিসঅ তিথ মাই" -দোং (সং বং)।

মা৩ [সঙ্গীতে] বি, সপ্তস্বরের চতুর্থ স্বর।

মাঅ, মাএ [মাতা > মাআ > । প্রাং বাং] বি, মাতা। "এথোহি মা রাখিলেক তোর মাঅ বাপ"-শ্রীং কীং। "এ ষোল সুণিআঁ ডরে আইহনের মাএ"-ঐ। মাঅকেঁ -মাতাকে। "তার মাঅ ননন্দ আন্ধার" -শ্রীং কীং। মাঅর্ত্তে [মাঅ + তস্ >] মা হ'তে ; মাতা অপেক্ষা। মাঅ বাপের্ত্তে -মা বাপ অপেক্ষা (শ্রীং কীং)।

মাই [সং-মাতৃ, হিং মাই, -ঈ (মাতা)। বাং-য়, স্তন > মাতৃস্তন্য=ক্ষেং মাই। চং কং ভাং মাগি] বি, মাতা। "মাই কি ভাষ"-কালীকীর্ত্তন। ২ স্তন ; পয়োধর। ৩ স্তন্য ; মাইদুধ। ~খাওয়া-স্তন্যপান করা। ~খাওয়ানি-মাই দেওয়া দ্রঃ। ~ছাড়া -শিশুর স্তন্য ত্যাগ করা। ~ছাড়ানি-বিশেষ কোন আবশ্যকে স্তন্যপায়ী শিশুকে তার মাতৃস্তন্য পানে নিবৃত্ত হতে বাধ্য করা। ~ধঁরা-স্তনবৃন্ত মুখে করা। ২ স্তন্যপান আরম্ভ করা। ~দিউনি-স্তন্যদাত্রী ধাত্রী। ~দুধ-বি, স্তন্য ; স্তনদুগ্ধ। ~দেওয়া-স্তন্য পান করান।

মাইজ, মাজ [সং-মধ্য > মৈজ্ঝ > মাইজ > মাজ] বিণ, অভ্যন্তর ; মধ্য ; মাঝ। "আড়ায় মাইজ খানে দপ্পন সোভা করে।" -শূং পুং। ২ [মজ্জা >] সার। ৩ মধ্যস্থিত পাতা। প্র-কলার মাইজ। ~লা [আদং] বি, বিণ, মধ্যস্থ mediator. ২ মধ্যের। মাজুয়া, মেজো-বিণ, মধ্যম।

মাইতি [মেদেনীপুর তমলুকাদি প্রাদেং] বি, নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ। ২ হিন্দুর জাতীয় পদবিবিঃ।

মাইন(া)দার [মাহিনা (দ্রঃ) দার > ক্ষেং] বি, মাসিক বেতনভুক্ ; ভৃত্য ; যে চাকর মাসে মাসে মাহিয়ানা পায়। "যে ৯ বিঘা নীলের জন্যে চিহ্নিত হইয়াছে, তাহা যদি কুঠির লাঙ্গল, গরু ও মাইনদার দিয়া আবাদ করা হয়"-নীলদর্পণ।

মাইনঁর [ইং minor এর লিপ্যন্তর] বি, নাবালক।

মাইনা, মাইনে-মাহিনা দ্রঃ।

মাইপোষ [প্রাদেং] বি, তলে বাক্সযুক্ত তক্তপোষ।

মাইফেল-মহফিল দ্রঃ।

মাইয়া, মায়্যা [সং-মাতৃকা > প্রাকৃং মাইআ ; অথবা মাতৃগ্রাম > পাং মাতুগাম (মাতৃজাতি) > বাং-য়-মাইগা, মাইআ ইং। তুল-পর্ত্তুং maia (old women)] বি, মাতৃজাতি ; স্ত্রীজাতি ; স্ত্রীলোক ; মেয়েমানুষ। ২ স্ত্রী ; পত্নী। "তোর মাইয়া পাইয়াছে গোরকনাথের বর।"-মাণিকং গান। ৩ স্ত্রীদেবতা। "মাইয়া পূজি হৈলি মোর বৈরী"-কবিকং। ~মুখা [গ্রাং মেয়েমুখো] বিণ, মাতৃমুখ দ্রঃ। ২ স্ত্রী-শাসিত ; স্ত্রৈণ ; যে লোক স্ত্রীর মুখ চাহিয়া কাজ করে। ৩ নির্ব্বোধ ; বুদ্ধিহীন ; স্ত্রীবুদ্ধিতে পরিচালিত। ~লোক-স্ত্রীলোক ; নারী।

মাইরি [খ্রীষ্টান জগতে আত্মসমর্থন, প্রতিজ্ঞা, বিস্ময়, ক্রোধ, বিরক্তি ইং প্রকাশকালে মেরীমাতার নাম ধরিয়া অর্থাৎ "বাই মেরী" (by Mary) বলিয়া শপথ করিবার প্রথা বঙ্গে পর্ত্তুগীজদের দ্বারা প্রবর্ত্তিত হয়। তুল-by Jove, ঈশ্বরের দিব্য, মা কালীর দিব্য, তোমার দিব্য, আমার দিব্য, ছেলের দিব্য, আল্লা বা খোদা কসম, কোরাণ কসম ইং। জগন্মাতা বা গর্ভধারিণী মাতার নাম লইয়া শপথ অর্থাৎ মা'র দিব্য মুসলমান আমলে (মধ্যযুগে) আত্মসমর্থনার্থে মাইরির প্রয়োগ হইত কিনা বলা যায় না, কিন্তু বিস্ময় স্থলে মধ্যযুগে যে হইত তার নিদর্শন আছে। বৈষ্ণব কবি জগদা-নন্দের পদাবলীতে দেখা যায়-"মাইরি অপরূপ কাঁতি। নিরখি জগতে ধন্দ, দামিনী কামিনী চঞ্চল চপল ধেয়াতি।" বিস্ময়ে হিং-তে মারী

রী (মা গো, রী=লো=গো) > অনুকরণে বাং কেং মাইরি। অথবা হৃ (সংহারে, নাশনে) > হরি > মা-হরি=মাতৃহত্যা করি > মাতৃহত্যারূপ মহাপাপের ফলভাগী হই" এই অর্থে কেং মাইরি। কেহ কেহ ইহা উক্তির সত্যতার নিশ্চয়ে এবং অন্যথা হইলে মহাপাতকসূচক 'মাইরি'= মা হরি (হরণ করা) অর্থেএই অশিষ্ট শপথের ব্যুৎপত্তি নির্ণয় করেন, কিন্তু তাহা কষ্ট কল্পনা ও অসঙ্গত মনে হয়] অ, মার দিব্য; কঠোর শপথ। ২ নারী ভাষায় বিস্ময়োক্তি। ৩ বিরক্তি বা ক্রোধোক্তি সূচক; দণ্ড দান বা ভয় প্রদর্শন স্থলে অভিপ্রায়ের দৃঢ়তাব্যঞ্জক। প্র-মাইরি বল্‌ছি, এমন মারবো ইং। ৪ সম্পূর্ণ সত্য; নিশ্চয়। প্র-মাইরি বলছি। ৫ [নঞর্থক প্রশ্নে, ব্যঙ্গার্থে] সত্যি না কি। প্র-মাইরি?

মাইল১ [ইং mile এর লিপ্যন্তর] বি, প্রায় অর্দ্ধক্রোশ দীর্ঘপথ; ১৭৬০ ইং গজ (৩৫২০ হাত) পরিমাণ দীর্ঘ পথ (পাকা অর্দ্ধ-ক্রোশ=১৷৵ মাইল অর্থাৎ ৩৯৬০ হাত)।

মাইল২ [মারা দ্রঃ। মারিল > প্রা০মারুল, মাল্য, মাল, মালে ও০। "সীতা হরে দশশির মাল্য তারে রঘুবীর"-চণ্ডী০ (হরিরাম, ১৬শ শতাব্দী)। উ০পু০-মাইলাম, মাইমু, মাইলু, প্রা০ বাং-মাইনু,মাইলোঁ (মারিলু, প্রা০ বাং -মারিল, আধু০ মারিমু। "তে কারণে বড়ায়ি রাধিকা প্রাণে মারিল" (=মারিলাম) -শ্রী০ কী০। ম০ পু০ মাই(রি)লি, মাইলে। প্র০পু০-মাই (রি) ল (মাইলেন্ত=মারিলেন)। অস-ক্রি-মাইতে,মাইলে (মারিলে)। প্রাকৃ০ রি স্থলে ই=রি] ক্রি, মারিল; আঘাত করিল। "শেল মাইল বুকে।"-শি০। "তাতে হইল দ্বিগুণ তোমার মাইল লাথি।"-ঐ।

মাইলানী [মালিনী > মালী+আনী > মালিয়ানী => প্রাদে০ উচ্চারণে বর্ণ-বিপর্য্যয়ে, মাইলানী] বি, মালিনী। "মা০ রূপ হইল মুরত বদলাইয়া।"-মাণিক০।

মাইশর, মাইসর [সং-মার্গশীর্ষ > । আধু০ বাং-র অপ্র০] বি, অগ্রহায়ণ মাস। "মাস মধ্যে মাইসর আপনি ভগবান্।"-কবিক০।

মাউই, মাঅই, মাওই [প্রা০বাং। মা-বিউই (বিবাহ সম্বন্ধে), বি লোপ। তাউই দ্রঃ] বি, ভ্রাতা অথবা ভগিনীর শাশুড়ী; আঁবুই। সম্বোধনে-মাঁউইমা। চব্বিশপরগণা অঞ্চলে আঁবুইমা। "মালী বলে পাঁচ গণ্ডা ছাড়িনু মাউই।"-ঘ০।

মাউড়ী-মামড়ী দ্রঃ।

মাউল-মালী দ্রঃ।

মাউসা [প্রাদে০। হিং 'মৌসা'] বি, মাসীর স্বামী; মেসো।

মাএ, মাএঁ [মাঅ দ্রঃ। প্রা০ বাং] বি, মাতা। ২ মাতাকে।

মাঐমা [পুং ব০ প্রাদে০] বি, প্রপিতামহী।

মাও [প্রা০ বাং। মা দ্রঃ] বি, মাতা; জননী। "রজ বীজে জনম তার নাহিক বাপ মাও।"-শূ০ পু০। "শুন মাও আমার বচন"-মহা০ (শ্রীকর০)। "মাও বহিন"-মাণিক০।

মাওড়, মাওড়া১ [মা-হারা >] বিণ, মাতৃহীন; মা-মরা। প্র-মা০ ছেলে।

মাওড়া২ [প্রাদে০] বি, কীটবিঃ।

মাওরা [প্রাদে০মা-মরা > কেং] বিণ, মাতৃহীন; মাতৃহীনা।

মাং-মাঃ দ্রঃ। ২ [হিং] বি, সীমন্ত। ৩ [গ্রা০, অশ্লীল] যোনি।

মাংস [সং-মাং(আমাকে)স (সে ভোজন করিবে), যার মাংস ভোজন করিতেছি, পরকালে সে আমাকে ভক্ষণ করিবে-এই অর্থে মাংস (মনু০)। প্রা০ মাঁস, মাস] বি, শরীরাংশবিঃ; পিশিত flesh. ~পেশি, -পেশী-শরীরের ভিন্ন ভিন্ন স্থানের সঞ্চালন ক্রিয়া সাধক মাংস পিণ্ড muscle. ~ভোজী-বিণ মাংস ভোজনকারী; মাংস-খাদক। > স্ত্রীং ~ভোজিনী।

মাংসল [মংস+ল (ষ্ণ০)] বি, মাংস-বহুল। ২ স্থূল; মোটা।

মাংসাদ [মাংস-অদ্ (ভোজন করা) +অ (ক্ত্)] বিণ, মাংসখাদক; মাংসাশী।

মাংসাশী [মাংস+অশ্ (ভোজন করা)+ইন্(কর্ত্তৃ)=মাংসাশিন্(১মা, ১ব০] বিণ, মাংসখাদক; মাংসভোজী carnivorous.

মাংসাষ্টকা [মাংস (সহ) অষ্টকা] বি, মাঘী (গৌণ) শুক্লাষ্টমীতে পালনীয় সমাংস অষ্টকা শ্রাদ্ধ।

মাংসিক [মাংস+ইক] বিণ, মাংস-বিক্রয়ী; কসাই। স্ত্রীং ~ী।

মাংসোদক[মাংস+উদক]বি,ক্ষীর ঘৃত (=ক্ষীর জল=জল মিশ্রিত দুধ); মধূদক।

মাঃ-অ, মারফৎ শব্দের সংক্ষেপ।

মাঁগা [হিং মাংগনা > প্রা০ বাং মাগনা, মাঙ্গা > মাঁগা] বি, চাওয়া। মাঁগী-ক্রি, চাই; প্রার্থনা করি। (শ্রী০ কী০)।

মাঁজ [মধ্য > প্রাকৃ০ মজ্‌ঝ > মাইজ > মাজ দ্রঃ] বি, মজ্জা; সারভাগ। ~কাঠ-পাকা শাল আদি কাঠ।

মাঁস-মাংস দ্রঃ।

মাকড় [সং-মর্কটক > প্রাকৃ০ মক্কটকো >] বি, মর্কট; মাকড়া দ্রঃ। "পাকিল দাঢ়ী মাথার কেশ। বামন শরীর মাকড় বেশ।"-শ্রী০ কী০। ২ অষ্টপদী কীটবিঃ; মাকড়সা। ~জালি-বি, তৃণবিঃ Digitaria sanguinalis. মা০ মারিলে ধোকঁড় হয়-গল্পের স্মার্ত্ত পণ্ডিতের বিচারে অন্যে মাকড়সা মারিলে যথায় মহাপাতক জন্য বহুব্যয়সাধ্য প্রায়শ্চিত্ত করিতে হয়, তথায় নিজের ছেলে মাকড় মারিলে কিছুই হয় না বরং নূতন বস্ত্র লাভ হয়। তুল-"আপনার বেলা আঁটি সাঁটি পরের বেলা দাঁত কপাটি।"- প্রবচন।

মাকঁড়সা [মাকড় দ্রঃ] বি, উর্ণনাভ; লূতা। প্র-মাকড়সার জাল।

মাকড়া [মর্কট > মাকড়+আ(তুচ্ছার্থে) বি, মর্কট; বাঁদর। ২ [অবজ্ঞার্থে] ছোঁড়া; কোন লোক a fellow.[> স্ত্রীং মাকড়ি১ (ড়ী)-ছুঁড়ী; মাগী]। ৩ পাটকিলা; ঘোলা; অনুজ্জ্বল; মেটে। মা০ রং-মেটে রং।

মাকড়ি২,-ড়ী[সং-মকরকুণ্ডল >]বি, কর্ণাভরণবিঃ(গঠনানুসারে ইহার কপিপাতা, তিরকাটা, টোপতোলা, পার্শী, ইহুদী ই০ নাম দেওয়া হয়)।

মাক/না [সং-মৎকুণ >] বি, অজাত-দন্ত করিশাবক। প্র-মাকনা হাতী। ~ল। [সং] বি, অজাত-দন্ত হ্রস্বদেহ হস্তী।

মাকন্দ [সং] বি, আম্রবৃক্ষ ; রসাল। ২ আম্র। ৩ চন্দন তরু। "আকন্দ বদলে মাকন্দ পাব হরিতাল বদলে হীরা।"-কবিক०। ~ী-পীতচন্দন। ২ আমলকী। ৩ নগরীবিঃ।

মাকরী [মকর (রাশি) >] বি, মাঘী শুক্লা সপ্তমী। ২ বিণ, মকর রাশি সম্বন্ধীয়।

`মাকাল [সং-মহাকাল >] বি, মহাকাল নামক লতা ; লতাজাতীয় উদ্ভিদ। ইহা বৃক্ষ বা বেড়া ই०-র আশ্রয়ে উর্দ্ধে উঠে ও বিস্তৃত হয়। এক একটী লতা ২৫।৩০ বৎসর বাঁচে তাই উদ্ভিদবিজ্ঞানে ইহার নাম "চির যুবতী" লতা। ইহার ফল লাল ও গোল ক্ষুদ্র ও বৃহৎ ভেদে দুই প্রকার। ক্ষুদ্র ফলের ভিতর দুর্গন্ধময় পদার্থ থাকে। বড় ফল বেলের মত ও বালুকাময় citrullus colocynthis. "স্বর্ণ-কান্তি মা० যেমতি, মোহে ক্ষুধাতুর প্রাণে।"-মেঘ०। ৩ অন্তঃসারহীন ব্যক্তি। ৪ মৎস্যের দেবতা। ~চিণ্ডী [উদ্ভিদ্ বিদ্যা०] বি, সূর্য্যমুখীবর্গের ফুলবিঃ।

মাকু [অস० মাকো] বি, তুরী ; এই যন্ত্র বস্ত্র বয়নে ব্যবহৃত হয়। ~জঁঙ্গ বাহাদুর [ইডি०। বিদ্রূপার্থে] 'মহারাজা বাহাদুর' এই খেতাব স্থলে দুষ্টবুদ্ধি প্রণোদিত আক্রোশবশে তন্তুবায় জাতীয় ভদ্রসন্তানের প্রতি বিদ্রূপোক্তি [মোগল বাদশাহদের আমলে উপাধি বিতরণকালে খেতাবীদের নিকট নকীবদের কিছু না কিছু প্রাপ্য হইত। তা না হলে নকীবরা ইঙ্গিতে বা পরোক্ষভাবে খেতাবীদের অপমান করিতে ছাড়িত না। দিল্লীর বাদশাহ শাহ আলমের মীর মুন্সী কাশির জগমোহন দালালের বংশধর নিত্যানন্দের পুত্র জগদিন্দ্র বনোয়ারিলাল কলিকাতায় ট্রাণ্ড রোড নির্ম্মাণে এক লক্ষ এবং বর্ম্মাযুদ্ধে তিন লক্ষ টাকা সাহায্য করায় মহারাজা বাহাদুর উপাধিতে ভূষিত হন। এ ক্ষেত্রে নকীব ফারসী অক্ষরে লিখিত 'মহারাজা বাহাদুর' না পড়িয়া 'মাকুজঙ্গ বাহাদুর' বলিয়া চীৎকার করিয়াছিল। তদবধি ইহা বিদ্রূপার্থে বা উপহাসচ্ছলে বাং-র ব্যবহৃত]।

মাকুন্দ [সং-মৎকুণ] বি, নিঃশ্মশ্রু ; দাড়ী, গোঁফ ও রোমাবলীশূন্য পুরুষ। "কাহারো মা० মুখ, দন্ধ গোঁপ দাড়ি"-কৃত্তি०।

মাকুল [আ० মাকূল] বিণ, ন্যায্য ; ঠিক ; যথার্থ। বিপরীত-"না মাকুল"।

মাক্ষিক [মক্ষিকা + অ (কৃতার্থে)] বি, মধু। ২ উপধাতুবিঃ। ৩ [রাসা० পরিঃ] ইং pyrites এর বৈজ্ঞা० পরিঃ। ~শর্করা-মধুজাত চিনি। মাক্ষিকাশ্রয় [মা० + আশ্রয়] বি, মৌচাক।

`মাখন, `মাখম [সং-ম্রক্ষণ > হিং মক্খন্ >]° বি, দুগ্ধজাত স্নেহপদার্থ ; নবনীত (দ্রঃ-মাখন কাঁচা দুধ হ'তে এবং নবনীত বা ননী দধি হ'তে উৎপন্ন হয়)। ২ [তামিল० মাখন (পুত্রের আদরের নাম)] নাম। প্র-মা० লাল। অনাদরে মাক্না (প্রায় পুরুষ নামে)। স্ত্রী নামে প্রায় 'মাখন'(বালা, সুন্দরী ই०) অনাদরে 'মাকী'।

মাখনা [সং-মখান্ন > হিং মখানা, তালমখানা] বি, একপ্রকার জলজ উদ্ভিদ। ইহার পাতা পদ্মের পাতা অপেক্ষা বৃহত্তর ও কণ্টকাকীর্ণ ; কাঁটা পদ্ম ; তালমাখনা।

`মাখা [সং-ম্রক্ষ >। মাখি, মাখ(মাখেন, মাখিস), মাখে (মাখেন) ; মাখিতে (ক্ষে० গ্রা० মাখতে) ; মাখিয়া (ক্ষে०, পদ্যে, মাখি, গ্রা० মেখে। প্রা० বাং 'মাখী'-শ্রী० কী०)। ণিজন্ত-মাখান] ক্রি, ম্রক্ষণ করা ; মাড়া ; মিশ্রণ করা ; লেপন করা। ~মাখি-অ, ঘনিষ্ঠতা। ২ মেলামেশা। ৩ ছোঁয়া ছুঁই।

`মাখানি [মাখা দ্রঃ। মাখাই, মাখাও (মাখান, মাখাস), মাখায় (মাখান) ; মাখাইতে ; মাখাইয়া (গ্রা० মাখিয়ে)] ক্রি, মর্দ্দন করান ; লেপন করান।

মাগ [মাগী দ্রঃ। মাতুগাম (মহিলা) > মাগু (প্রা० বাং), পরে, মাগ (নারী, ভার্য্যা অর্থে)] বি, পত্নী ; ভার্য্যা। "বলে দালালের মাগ্ দালালি ব্যাপারে আনে বটে ঢের কড়ি নিজ রোজগারে"-হেম०। "মাগের বসন পরে ভুমে নামে কোঁচা"-কবিক०।

মাগধ [মগধ (দেশবিঃ) + অ (জাতার্থে)] বি, বন্দী ; রাজাদিগের অগ্রে স্তুতিপাঠক। ২ বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়ার গর্ভে জাত জাতি; ভাট। ৩ বিণ, মগধ দেশোৎপন্ন; গুজরাটী। স্ত্রীং ~ী-মগধ দেশের ভাষা ; পালি প্রাকৃত। ২ মগধদেশীয়া। ৩ মগধরাজকন্যা। ৪ মগধদেশজাতা গণিকা। ৫ গুজরাটী এলাইচ ; ছোট এলাইচ। ৬ যূথিকা পুষ্প ; যুঁইফুল। অর্দ্ধ-মাগধী-বি, যে ভাষার শব্দাদির অর্দ্ধাংশ প্রকৃত মাগধী ও অপরার্দ্ধ মহারাষ্ট্রী ; প্রাকৃত মাগধী মহারাষ্ট্রী শব্দ সহিত মিশ্রিত হইয়া এই নাম ধারণ করে। প্রাকৃত-মাগধী-বি, শৌরসেনীবহুল মহারাষ্ট্রী শব্দ সম্পৃক্ত ভাষা। সং দৃশ্য কাব্যাদিতে বহুল ব্যবহৃত।-প্রবাসী, ১৩১৮ (বিধু० শাস্ত্রী)। বৌদ্ধ-মাগধী-বি, পালি ভাষা।

মাগন [সং-মার্গণ (যাচ্ঞা, প্রার্থনা) > হিং মাঙ্ (চাহিদা), চট্টল० প্রাদে०, মাঅন] বি, ভিক্ষাকরণ ; যাচন। ~কুড়ে-ভিক্ষুক ; যাচনাকারী ; যে মাগিয়া খায়। "মাগনকুড়ের মাগ শুধু ভাত খায় না" -প্রবাদ।

মাগনা [মাঙ্গনা দ্রঃ। মাগন + আ (তুচ্ছার্থে)। গ্রা०] বিণ, ভিক্ষালব্ধ ; মূল্যহীন ; পড়ে পাওয়া। মাগ্নার উপর টাক্‌না-যা মাগিয়া অর্থাৎ ভিক্ষা করিয়া আনা হইয়াছে তাতে ভাগ বসান।

মাগা [সং-মার্গণ > মাগন + আ = মাগনা (প্রার্থনা করা, চাহা) > ক্ষে० মাগা। মাগি, মাগ (মাগেন, মাগিস), মাগে (মাগেন) ; মাগিতে (ক্ষে० গ্রা० মাগতে); মাগিয়া (ক্ষে०, পদ্যে-মাগি। গ্রা० মেগে)। ণিজন্ত-মাগান] ক্রি, যাচ্ঞা করা ; চাওয়া ; (বর স্বরূপ) প্রার্থনা করা। "সীতা বলে মাগো বাপু যেই ইচ্ছা মনে"-কৃত্তি०। "যে মাগ তা দি"-শি०। "মেগে লব মনুষ্যত্ব শ্রেষ্ঠ উপাদান"-কাব্যকুসুমাঞ্জলি। "বর মাগা"।-২ [মাগা=মানা] স্বীকার করা ; মান্য করা ; মানিয়া লওয়া। "দেখে রাজা সবিস্ময়, মেগে নিল পরাজয়, কুঠার বন্ধন করি গলে"-কবিক०। মৈ० মাঁগ=চাহ। "বিরহি যুবতী মাঁগ দরশন দান"-বি०প०। ব্রজ० মাগই-মাগে; চাহে। "সেব কোই মাগই হেরইতে তুয়া পদ

লায়ে"-বি॰ প॰। মার্গবে-চাহিবে। মার্গয়ে-চাহে। "মূল বিনু পর ধনে মাগয়ে বেয়াজ"-বি॰ প॰। মেগে খাওয়া-ভিক্ষা দ্বারা জীবনধারণ করা। "মেগে খাও ভিখ"-শি॰।

মাগী [পা॰ মাতুগাম ("মাতুগামো চ মহিলা") > প্রাকৃ॰ মাউগাঅঁ > মাউগ > মাগু (পূ॰ বঙ্গে)। পুং-মিন্‌ষে, মিন্সে] বি, নারী ; মহিলা। ২ [অসম্ভ্রমার্থে] অধিকবয়স্কা স্ত্রীলোক। "মাগী যেন ষাঁড়"-বিষবৃক্ষ। "মাগী মিন্সে ঝগড়া করে রৈতে নায় বাসে।" -ম্বা॰ প্র॰। ~মিন্সে-স্ত্রীপুরুষ ; স্বামী-স্ত্রী।

মাগু [প্রাদে, পূঃ বঙ্গ। প্রা॰ বাং-মাগী (দ্রঃ)] বি, ভার্য্যা ; পত্নী। "মাগু মৈল পুত্র মৈল দুই নাতি পোষে॥"-কবিক॰। "দধি নঠ হৈলে মারিবো মাগু কিলে"-শ্রী॰ কী॰। "মাগু কিলে তোহ্মা কিলাম্বিআঁ কাহাঞি নীব যমুনার নীরে।"-ঐ।

মাগুর [সং-মদ্‌গুর >] বি, শল্কহীন স্বনামপ্রসিদ্ধ মৎস্যবিঃ।

মা-গোঁসাই [মা (স্ত্রী অর্থে) + গোস্বামী >] বি, গোস্বামী-পত্নী ; গোঁসাই মা ; মা-ঠাকুরাণী।

`মাগ্‌গি, মাগ্যি [সং-মহার্ঘ >, প্রা॰] বিণ, মহার্ঘ ; দুর্মূল্য। "মাগ্‌গির বাজার" -ঈ॰ গুপ্ত। "গোবিন্দ কি বলে জানো মাঠান ? বলে, সব মাগ্যি গোণ্ডা, আধ পয়সায় আর আড়াই গোণ্ডা বাতাসা মিলবে না"-দত্তা (শ॰ চট্টো॰)।

মাঘ [মঘা + অণ্‌] বি, যে মাসে মঘাযুক্ত পূর্ণিমা হয় ; বাঙ্গালা বৎসরের দশম মাস। ২ প্রসিদ্ধ কাব্যকার। ~্য [মাঘ মাসে হয় বলিয়া] বি, কুঁদ ফুল। ~ী-বিণ, মাঘ মাস সম্বন্ধীয়া। ~পূর্ণিমা-বি, মাঘমাসের পূর্ণিমা। ২ মঘানক্ষত্রযুক্ত পূর্ণিমা তিথি।

মাঙন [সং-মার্গণ, মাগা দ্রঃ] বি, জমিদার কর্ত্তৃক প্রজার নিকট হতে নির্দ্দিষ্ট খাজনার অতিরিক্ত যা অন্যায় পূর্ব্বক কাড়িয়া লওয়া হয়। "গ্রামবাসীরা যথারীতি খাজনা ট্যাক্স প্রদান করে, কিন্তু জমীদারের পুত্র কন্যার বিবাহ বা পিতামাতার শ্রাদ্ধে 'মাঙন' দেওয়ার সময় ভিন্ন জমীদারের অস্তিত্ব বুঝিতে পারে না"-বাঙ্গালী, ২৬ বৈশাখ, ১৩২৩। ~া [প্রা॰ মাগনা] অ, ভিক্ষালব্ধ ; বিনামূল্যে ; চেয়ে পাওয়া।

মাঙ্গলিক [মঙ্গল + ইক (ভবার্থে)] বিণ, শুভপ্রদ ; মঙ্গলজনক। ২ বি, মাঙ্গল্য-দ্রব্য। ৩ মঙ্গলাচার।

মাঙ্গল্য [মঙ্গল + য (ভা॰)] বি, শুভ ; কল্যাণ। ২ সৌভাগ্য। ৩ বিণ, মঙ্গলজনক।

মাঙ্গা [মাগা দ্রঃ] ক্রি, যাচ্‌ঞা করা ; মাগা। "নৈলুঁ দান কপোত মাঙ্গিয়া।" -কবিক॰। মাঙ্গ, মাঙ্গহঁ-প্রার্থনা কর ; চাও। মাঙ্গএ, মাঙ্গে-প্রার্থনা করে। মাঙ্গসি-প্রার্থনা করিতেছ ; চাহিতেছ। মাঙ্গি [প্রা॰বাং। মাঁগী ও॰] প্রার্থনা করি। মাঙ্গী-প্রার্থনা কর ; চাহ। "এতেক ভারতী আছে পরে কেহে মাঙ্গী।"-শ্রী॰ কী॰।

মাচকা(কো)ফের, মেচকো-ফের [মধ্য > মাঝ > মাঝক > মাচকা + ফের (সঙ্কট)] বি, উভয় সঙ্কট ; দোটানার মধ্য। "মাচকাফেরে ভেকো হ'ল কেয়াবাৎ কেয়াবাৎ"-হেম॰।

মাচা [সাঁওতালী-মাচট(বাঁশ) > বাং-ম, মাচা (সং-তে মঞ্চ অর্থে খাট)। ক্ষুদ্রার্থে-মাচিয়া=ক্ষুদ্রমঞ্চ] বি, বংশাদি নির্ম্মিত, উচ্চ স্থান ; মঞ্চ ; মাচান। ২ শব বহনার্থ বংশখণ্ড-নির্ম্মিত চালি। "অস্তিমে কলসী কাঁচা বাঁশের মাচা বুঝি এবার তাও মেলে না।"-গান।

মাচান [মাচা দ্রঃ] বি, মঞ্চ ; উচ্চাসন। "এজলাসের প্রথামত মাচানের উপর হাকিম বিরাজ করিতেছেন।"-কমলাকান্তের দপ্তর। ২ চেয়ার chair.

মাছ [সং মৎস্য > পা॰ মচ্ছ >] বি, মীন ; মৎস্য। বিণ, মাছুয়া, মেছো [মেছুয়া দ্রঃ] মৎস্য সম্বন্ধীয়। ২ বি, মৎস্য-জীবী ; জেলে। "মাছুয়া বিবসে পুরে, জাল বুনে মৎস্য ধরে"-কবিক॰। ~রাঙ্গা [সং-মৎস্যরঙ্গ] বি, মৎস্যখাদক পক্ষিবিঃ ; মাছরাঙা পাখী kingfisher.

`মাছি, মাচি [সং-মক্ষিকা > প্রাকৃ॰ মচ্ছি > বাং মাছি >, প্রা॰ মাচি] বি, মক্ষিকা ; এক প্রকার স্বেদজ কীট ; মাছি। ~টেপা-বিণ, যে মৌমাছি টিপিয়া মধু বাহির করে ; অতি কৃপণ। তুল-হিং মক্ষিচুস্‌। কাঁটালিয়া মাছি [দ্রুত উচ্চারণে প্রা॰ কাঁটালে, ~ল্যা] বি, বড় বড় সবুজবর্ণ মাছি যা কাঁটালের গন্ধে উড়িয়া থাকে। কুকুরিয়া মাছি [দ্রুত উচ্চারণে, প্রা॰ ~কুকুরে, ~র‍্যে]-কুকুরের গায়ে বসে যে মাছি। ডাঁশ মাছি [দংশ মক্ষিকা >] বি, যে মাছি কামড়ায়। মাছি ভেদে উক্তগুলি ব্যতীত কাণামাছি-যে মাছি অন্ধতাহেতু ভোঁ ভোঁ করিয়া ঘুরিতে থাকে। ২ [লক্ষ] চোখে কাপড় বাঁধিয়া সহযোগীদের চতুর্দ্দিকে ঘুরিয়া ঘুরিয়া স্পর্শকরারূপ খেলা। "কাণামাছি ভোঁ ভোঁ যাকে পাবি তাকে ছোঁ" -খেলার বুলি। গুয়ে মাছি-বি, বিষ্ঠায় আসক্ত মাছি। ঘায়ের মাছি-বি, ব্রণ-ক্ষতাদির রস ভোজনাসক্ত মক্ষিকা। ২ [লক্ষ॰] দোষদর্শনপ্রিয় ব্যক্তি। টণ্টনে মাছি-বি, টন্‌ টন্‌ বা ভন্‌ ভন্‌ শব্দকারী বড় সবুজ মাছি।

`মাছিতা, `মাছেতা, `মেছেতা [মাছি + তা (সাদৃশ্যে)] বি, মুখে, উয়ালি নামক ক্ষুদ্র মাছির মত, বিন্দু বিন্দু কাল দাগ। "মাছিতায় মলিন তোমার গণ্ডস্থল॥"-কবিক॰। মাছিতা পড়িবামাত্র কৃমি হইল তায়॥"-শি॰।

মাছুয়া-মেছুয়া দ্রঃ।

মাজ১-মাজা দ্রঃ।

মাজ২ [মাঝ দ্রঃ] বি, মধ্য। ২ অ, মধ্যে। ~গঁ (-জঁ-) [মধ্যগত >। প্রা॰ বাং] ক্রি-বিণ, মধ্যগত হইয়া ; মধ্যে। "বস্তা খাটের মাজগ" -ধর্ম্মরাজের গীত (সীতারাম, ১৫৯৭ খৃ)।

মাজন [মার্জ্জন >] বি, ঘর্ষণ ; রগড়ন। ২ দন্তমঞ্জন ; দন্ত পরিষ্কারক চূর্ণবিঃ।

মাজরা [কা॰] বি, ঘটনা ; বিষয় ব্যাপার suit ; case.

মাজা১ [সং মার্জ্জি >। মার্জ্জনা দ্রঃ। মাজি, মাজ (মাজেন, মাজিস), মাজে (মাজেন) ; মাজিতে (কে॰ মাজতে) ; মাজিয়া (পদ্যে-মাজি, প্রা॰ মেজে)। ণিজন্ত -মাজান] ক্রি, মার্জ্জনা করা। ২ রগড়ান। "অঞ্জন করিয়া মাজি আঁখির কাজলে।"

-অ·ম·। মাজা ঘঁসা-ক্রি, মার্জ্জন ও ঘর্ষণ করা। ২ পরিষ্কার পরিচ্ছন্ন করা। ~-ঘঁসা -বিণ পালিশ করা; ঝক্‌ঝকে তক্‌তকে করা।

মাজা₂, মাঝ, মাঝা [সং মধ্য > প্রাকৃ° মজ্‌ঝ >] বি, মধ্যস্থল ; কটিদেশ ; কোমর। "দাঁত ছোলা মাজা দোলা" -অ° ম°। "মৃগরাজ বিনি মাঝ"-ঘ°। "কেশরী জিনি কৃশ মাঝ খানি"-চণ্ডি°।

মাজা₃, মাজ [মুঞ্জ >] বি, মুঞ্জতৃণ ; মুঞ্জঘাস যাতে দড়ি পাকান হয়।

মাজার [ফা° মজার] বি, সমাধিস্থান।

মাজিষ্টর, মা জষ্ট্রেট [ইং magistrate এর লিপ্যন্তর] বি, ফৌজদারি মকদ্দমার বিচারক ; হাকিম।

মাজুফল [সং-মায়াফল, মায়ফল >, ধঃজ] বি, কষায়ণ ফলবিঃ ; মাইফল। ইহা কেশের কৃষ্ণতাকারক ও শিথিল স্থানের সংকোচকারক। [দ্রঃ-ইহা ফল নহে, এক প্রকার পতঙ্গ, বৃক্ষ বিশেষের কোমল শাখায় সূক্ষ্ম ছিদ্র করিয়া তন্মধ্যে অণ্ড প্রসব করে। পরে সেই ছিদ্র দ্বারা আঠা নির্গত হইয়া ছিদ্রমুখে সুপারির ন্যায় জমিয়া থাকে। যথা সময়ে অণ্ড সকল স্ফুটিত হইয়া সেই সুপারির ন্যায় পদার্থের মধ্য হতে নির্গত হইয়া যায়। সেই অণ্ডগৃহস্বরূপ জমাট আঠাই মাজুফল]।

মাজুম -ন [আ° মাজুন্] বি, সিদ্ধি ও চিনি ঘটিত মাদক মিষ্টান্ন ; সিদ্ধির বরফী।

মাজুর₁, মাজুরি-মাদুর দ্রঃ।

মাজুর₂ [আ° মাআজুর। আদা°] বিণ, বরখাস্ত ; কর্মচ্যুত dismissed ; dispensed with ২ অসহায় helpless.

মাজুষ [মান্দাস > ভ্রং। প্রা° বাং] বি মান্দাস ; ভেলা। "কলার মা° গড় দেখিতে সুন্দর বড়"-মনসা° ম° (বংশী)।

মাঝ [মধ্য > মজ্‌ঝ > মাইঝ > মাঝ। প্রা° মাজ ম'ইজ। ব্রজ°, পদ°সা° > মাহ। ঝঃহ] বিণ, মধ্য। ২ অ, অভ্যন্তরে, ভিতরে ; মধ্যে। "সুপুরুষ ত্রিভুবন নাহি জগমাঝ"-বি° প°। ~খান-বি মধ্যস্থল। "মাঝখানে তুমি দাঁড়ায়ে জননী শরৎকালের প্রভাতে।"রবী°। ~ত (-ঝং-) [ব্রজ° মৈ প্রা° বাং] অ, মধ্যে। "বৃন্দাবন মাঝত বসিয়াঁ"-শ্রী° কী°। "টৈলর মাঝত"-মাণিক°। ~লা [হিং] বিণ, মাঝের ; মধ্যম ; মেঝো।

মাঝামাঝি-বিণ, মধ্যবর্ত্তী। ২ অ, দুই বিপরীত দিকে সমান হয় এমন। প্র-উভয় পক্ষে মা° রফা করে ঝগড়া মিটিয়ে দাও। **মাঝে মাঝে**-অ, মধ্যে মধ্যে ; সর্ব্বদা নহে ; কখন কখন। "মাঝে মাঝে তব দেখা পাই চিরদিন কেন পাই না"- রবী°। ২ ভিতরে ভিতরে।

মাঝা [মধ্য >] বি, কটিদেশ।

মাঝার [পদ্যে, গানে। মাঝ দ্রঃ] বি, মধ্যস্থল ; মধ্য। "ফেলে যায় মরু মাঝারে" -রবী°। ২ অভ্যন্তর।

মাঝারি,-রী [সং-মধ্যমাকৃতি >] বিণ, মধ্যরকমের ; খুব বেশীও নয় খুব কমও নয় ; মধ্য আকারের ; খুব বড়ও নয় খুব ছোটও নয়। ২ বি, মধ্যদেশ ; কটি। "কেশরী জিনিয়া মাঝারি খিনি"-বি° প°।

মাঝি, মাঝী [সং-মধ্য >] বি, নাবিক ; কাণ্ডারী। ২ [নৌ° পরিঃ] মীরবহরের অধীন রণ-তরির মধ্য midshipman. ৩ উচ্চ নিম্ন শ্রেণীর নৌবাহক। ৪ [সাঁওতাল পরগণায়] সাঁওতাল পুরুষ ; প্রধান প্রজা ; প্রামাণিক। ~মাল্লা- নৌচালক ও সহকর্ম্মিগণ। ~য়ান-বি, সাঁওতাল স্ত্রী। ২ কাশ্মীরী নৌ বাহিকা স্ত্রী। দাঁড়ি-মাঝি-বি, দাঁড় টানিবার ও হাল ধরিবার লোক।

মাঞ্জা [সং মঞ্জ্ (মাজা) >] বি ঘুড়ির সুতা মাজিয়া মজবুত করিবার জন্য কাচ চূর্ণাদি মিশ্রিত কাই বা আঠা। ক্রি, মাঞ্জা করা, ~দেওয়া-উক্ত আঠা দিয়া মাজা।

মাঞ্জিষ্ঠ [মঞ্জিষ্ঠা + অ(ষ্ণ)] বিণ, মঞ্জিষ্ঠার বর্ণযুক্ত ; রক্তবর্ণ।

মাঞ্জী [সং-মধ্য > মজ্‌ঝ > মাঝ > প্রা° মাজি, মাঝি (দ্রঃ)] বি, সাধারণ সৈন্য ও গ্রামবাসসংবন্ধুক উপাধিবিঃ। ২ নৌচালক।

মাঞ্জুরী [মাদুর দ্রঃ। মুঞ্জ-ঘাস > নাম] বি মাজুরি ; ধেঁৎলা। "বাইতি নিবসে পুরে নানা জাতি বাদ্যকরে পুরে ভ্রমে মা° বিকিনি।"-কবিক°।

মাট₁ [সং-মন্দ >। মাটো দ্রঃ] বিণ, মধ্যম ; কম। "জমি হাসিল হইয়া মাট হারে বিলি হয়"-টেকচাঁদ।

মাট₂ [মাটি > ক্ষে°] বি, মাটি। ~কঁড়াই-বি, মাটির ভিতর জন্মে বলিয়া নাম ; চীনাবাদাম। ~কোটা [পল্লীভাষা] বি, বাঁশ, কাঠ, খড়, মৃত্তিকা দ্বারা নির্ম্মিত ইষ্টকহীন দ্বিতলবাটী। "সমর্থ হইলেও নিজের বসত বাটীটী ইষ্টক নির্ম্মিত করিতে প্রয়াস পান নাই। বরাবর মাটকোটাতেই বাস করিতেন।"-শ্রীশ্রীরামকৃষ্ণলীলামৃত।

মাটা₁ [সং-মেথিকা। তেলু° মেণ্টগু >] বি, মেথিকা দ্রঃ। ~শাক-মেথিশাক। "সাঞ্চাশাক ঘৃতে ভাজে আদা দিয়া তায় মাঝে মাটা শাক জিরা লঙ্গ বাটি।" -মনসা° ম° (বংশী)।

মাটা₂ [মসৃণ > মাজা >] বিণ, মসৃণ করা ; মাজা, কারুকার্য্যহীন ; ঘৃণা। প্র-শাদা-মাটা।

মাটাপালাম [তেলেগু মাটাপোলাম। মছলিপত্তন Masulipatam এ প্রস্তুত বলিয়া] বি, এক প্রকার থান কাপড়।

মাটা(ঠা)ম-বিণ, সূত্রধরের যন্ত্রবিঃ square. ~ভাবে-অ, সূত্রধরের যন্ত্র সদৃশ কাষ্ঠখণ্ডের উপর দণ্ডবৎ। ২ [লক্ষ°] সোজা সটান খাড়া। "লাফিয়া উঠলাম তক্তার উপর মাটাম ভাবে সোজা"-দ্বি° রায়।

মাটি, মাটী [সং-মৃত্তিকা > হিং মট্টি, মিট্টি। প্রাদে° চট্টল° 'মাডি'] বি, মৃত্তিকা। ২ ভূতল। ৩ অসারতা ; অপদার্থতা। ৪ [রংপুর প্রাদে°] জমি land প্র-যদুবাবুর মাটীতে আমার বাস্তু আছে। ৫ বিণ, ব্যর্থ ; পণ্ড। প্র-সব মাটি করে ফেলে। ~করা-ব্যর্থ করা ; পণ্ড করা ; নষ্ট করা। "এমন উৎসাহটা তোরা মাটি করে দিলি।"-রত্নী°। ~কাটা, মা° কোপানি-ক্রি, মাটি খোঁড়া ; কোদাল দিয়া মাটি কোপান। ~কোটা(ঠা) [মাট₂ দ্রঃ] বি, মাটকোটা। মা° খাওয়া-ক্রি, অনুচিত কর্ম করা ; যে কাজের জন্য পশ্চাৎ অনুতাপ করিতে হয় এমন কর্ম্ম করা "হায় কেন মাটি খেয়ে পড়ানু বিদায়।"-ভারত°।

মা° খোঁড়া-ক্রি, মৃত্তিকা খনন করা। মা° তোলা-ক্রি, খাতাদি হতে মৃত্তিকা আকর্ষণ করা, মৃত্তিকা উত্তোলন করা। মা° দেওয়া-ক্রি, কবর দেওয়া; গোর দেওয়া। মা° নেওয়া-ক্রি, জমি আঁকড়াইয়া থাকা। ২ গোর দেওয়া। মা° ফেলা-ক্রি, গর্ত্ত ভরাট করিবার জন্ম তাহাতে মাটি নিক্ষেপ করা। ২ পূর্ব্ব কার্য্যের সূচনা করা। মা° ভাপানি-ক্রি, বৃথা বসিয়া থাকিয়া উপবেশন স্থানের মাটি গরম করা। মা° মাখা-ক্রি. মাটিতে জল দিয়া তাবা করা। ২ গায়ে মৃত্তিকা মর্দ্দন করা। ~মাটি-অ. আলস্যবোধ। ২ মাটির মত। প্র-মাটি মাটি গন্ধ। মা° মাড়ান-ক্রি, নিকটবর্ত্তী স্থান দিয়া গমনাগমন করা; আসা। প্র-ভুলেও এদিকের মাটী নাড়ায় না। মা° রাখা-ক্রি. দেহত্যাগ করা। মা° লওয়া-ক্রি, হাতমাটি করা। মা° লেপা-ক্রি, মৃৎপ্রলেপ দেওয়া। ~হওয়া-ক্রি. পণ্ড হওয়া; ব্যর্থ হওয়া; নষ্ট হওয়া। মা° হ'য়ে থাকা-ক্রি. মুশড়িয়া থাকা; অপদার্থ হইয়া থাকা। মা° হ'য়ে যাওয়া-ক্রি, লজ্জা বা দুঃখাদি জন্ম মলিন হওয়া। মাটির খেলনা-বি, মৃত্তিকানির্ম্মিত ক্রীড়নক। মাটির ঘর-বি, মৃত্তিকা-নির্ম্মিত ঘর; মেটে ঘর। মাটির (মেটে) তেল-বি. কেরোসিন তৈল। মাটির দর-বি, অকিঞ্চিৎকর মূল্য। মাটির দেওয়াল-বি, মৃত্তিকানির্ম্মিত প্রাচীর; মাটী দ্বারা প্রস্তুত দেওয়াল। মাটির পুতুল-বি, মৃত্তিকা নির্ম্মিত পুত্তলিকা। মাটির বাড়ী-বি. মৃন্ময়গৃহ; মেটে বাড়ী। মাটির বাসন-বি, মাটিতে প্রস্তুত বাসন। মাটির মানুষ-অতি সহিষ্ণু নিরীহ লোক। মাটির মূর্ত্তি-বি. মৃন্ময়ীমূর্ত্তি। "মাটির মূর্ত্তি গড়িয়ে কি মন করতে চাও তাঁর উপাসনা"-রাম° প্র°। মাটির স্পর্শ পাওয়া-ক্রি, পড়িয়া যাওয়া। "ছিন্নমালার একটি ফুল বাতাসে উড়িয়া গিয়া চির শ্যামল মাটির স্পর্শ পাইল।"-রাধাকমল মুখো°, উত্তরা, ১৩৩৩। আঠাল মাটি, এঁটেল মাটি-বি.কাল বা পীতবর্ণ পিচ্ছিল মৃত্তিকা। কাঁকরিয়া মাটি, কাঁকুরে মাটি-বি. কাঁকর মিশ্রিত মাটি। কালা মাটি-বি, এঁটেল মাটি। গঙ্গামাটি-বি.গঙ্গা-গর্ভস্থ মৃত্তিকা। চিকনা মাটি-বি. কোমল, মসৃণ, উজ্জ্বল মৃত্তিকা; তিলক মাটি। চীনা মাটি-বি, যে মাটি পোড়াইলে কাচের মত চিক্কণ হয়। তিলক মাটি-বি. চিকনা মাটি। দো-রসা মাটি-বি. এঁটেল ও বেলের মাঝামাঝি বা দুই মিশ্রিত মাটি। নরম মাটি-বি, কোমল মৃত্তিকা। ২ [লক্ষ°] কোমল প্রকৃতির লোক। বিলাতী মাটি-বি, মেঝে. প্রাচীর ই°-তে প্রলেপ দিবার, ইষ্টকাদির ফাটা স্থান জুড়িবার মসলা Portland Cement; mortar. বীর মাটি-বি,রাঙ্গা মাটি; লালবর্ণ ধূলি। "রাতুল-চরণ রুচি বীর মাটি গায়।"-ঘ°। বেলে মাটি-বি,বালি মিশ্রণহেতু শিথিল মৃত্তিকা। রাঙ্গামাটি-বি.লালবর্ণ মাটি। শক্ত মাটি-বি, কঠিন মৃত্তিকা। ২ [লক্ষ°] জবরদস্ত লোক। সাজিমাটি-বি, ক্ষার মৃত্তিকা। হাড় মাটি করা-দেহপাত করা। হাতে মাটি করা-মল ত্যাগের পর জলশৌচ করিয়া মাটির দ্বারা হাত ধোয়া। হেঁট মাটি উপর করা-অত্যন্ত দৌরাত্ম্য করা; দ্রব্যাদির অযথা স্থানে নিক্ষেপ ই° দ্বারা ব্যতিব্যস্ত করিয়া তুলা।

মাটিয়া, মেটে [মাটি+ইয়া] বিণ. মৃন্ময়। ২ মৃত্তিকাসম্বন্ধীয়। ~ঘর-বি কাঁচা ঘর (দ্রঃ)। ~রং-বি, মাটির মত বর্ণ। ~বাড়ী-বি,কাঁচা বাড়ী। ~তেল [ভূগর্ভ হতে প্রাপ্ত বলিয়া নাম] বি. কেরোসীন তৈল petroleum.

মাটো [সং-মন্দ > মাট (দ্রঃ)] বিণ. কর্ম্মে শিথিল; অলস। ২ কয়সার বিপরীত। "দক্ষিণ ইউরোপের লোকেরা অনেকটা আমাদেরই মত তাহাদেরও রং মাটো মাটো চুল ও চোখ কাল।"-বিলাতভ্রমণ (ডাঃ ইন্দু° মল্লিক)।

মাঠ₁, মাঠো [সং-মন্থর > মাটো দ্রঃ। অাটিয়াপঃগণা প্রাদে°] বিণ, অতীক্ষ্ণ; ভোঁতা। "বিশ্বকর্ম্মার সর্ব্ব অস্ত্র হইলে মাঠ ধার"। ২ কম; নিরেশ।

মাঠ₂ [সং-মপথঃ (পন্থাঃ)-ত্রিকাণ্ডশেষ, শব্দকল্প°। অথবা বর্ত্ম > বাট > মাপ. ব=ম, ট=ঠ] বি, পথ; বর্ত্ম। ২ ময়দান; প্রান্তর। ৩ সুবিস্তীর্ণ ক্ষেত্র। ৪ গোচর ভূমি। বিণ, মঠুয়া, মেঠো-প্রান্তরজাত; মাঠের। ২ মাঠের উপযোগী; ময়দানের যোগ্য। ৩ মাঠ সম্বন্ধীয়। ~গোঠ-বি, মাঠ ও গোষ্ঠ; গোচারণের মাঠ। ~ঘাট-বি, ঘাট ও মাঠ। ~ময়দান-পতিত ক্ষেত্র ও সযত্নরক্ষিত বিস্তীর্ণ মুক্তভূমি। মাঠে মারা যাওয়া-মারা দ্রঃ।

মাঠনি [সং-মসৃণ > মাঠা₂ দ্রঃ] বিণ. চিকনাই; পালিস; জলুস। "চারিপাশে সাজে প্রবাল মুকুতা গাঁথনি মা° কত।"-চণ্ডি°।

মাঠা₁ [স°-মস্থজ > হিং মঠ্ঠা] বি, নবনীত; মাখন। ২ স্নেহপদার্থ। ৩ তক্র; ঘোল (মাঠা-তোলা দই)।

মাঠা₂ [মসৃণ >, মাঠা₂ দ্রঃ] বিণ, মধ্যম; ভোঁতা; মাটো; অচিক্কণ; জমকাল নয়। ২ ঘোলা। শাদামাঠা, সাদা-মাঠা [গ্রা° মাটো। মসৃণ করা বা মাজা (অর্থাৎ কাজ করা নয় এমন)] বিণ, কারুকার্য্যহীন plain. "বিসাই গঠিল তাম্র সাদামাঠা করি।"-শূ° পু°।

মাঠান₁ [মাঠ₂ >] বি, কর্ষণযোগ্য মাঠ। ২ বিস্তীর্ণ সমতল plain. প্র-মাঠান জমী।

মাঠান₂ [সং মৃষ্ >, বা মসৃণ >। গ্রা° বাং] ক্রি, মাজা; ঘষিয়া বা ছিলিয়া মসৃণ করা। ২ [>] কাটা। "দাঁত দিয়া খাগড়ার কলম মাটাইলে বসিয়া"-মাণিক°।

মাঠাল [মাঠ-আল। যশো° খুলনা প্রাদে°] বি, পায়ে হাঁটিয়া শিকার।

মাঠিয়া [প্রাদে°। মসৃণ > ?] অস-ক্রি, চাঁচিয়া ছুলিয়া সরু করিয়া।

মাঠিয়ান [মাঠ+ইয়ান] বিণ, মেঠো। ২ বি, মাঠের গানের সুর।

মাড়$_1$ [মণ্ড >] বি, তণ্ডুলাদির কাথ ; মণ্ড ; ফেন।

মাড়$_2$ [সং-মণ্ডপ (জনাশ্রয়) > হিং মঢ়ি, মঢ়িয়া, মাড়] বি, লোকজনের বিশ্রাম গৃহ। ২ কুঁড়ে ঘর বা অতি ক্ষুদ্র গ্রাম।

মাড়ওয়ার, মাড়য়ার, মাড়োয়ার [মরুবার >] বি, রাজপুতানা।

মাড়য়ারী, মাড়োয়ারী-মাড়বারের অধিবাসী। ২ মাড়য়ার সম্বন্ধীয়।

মাড়চা [মর্য্যাদা > গ্রাং। মাড়োচা ওং। জমিং] বি, প্রজার বিবাহোপলক্ষে জমিদার যে কর আদায় করেন।

মাড়া [মৃদ্ (মর্দ্দনে) >। মাড়ি, মাড়, মাড়ে ; মাড়িতে (গ্রাংক্ষেং মাড়তে) ; মাড়িয়া (ক্ষেং পদ্যে মাড়ি, গ্রাং মেড়ে)। ণিজন্ত-মাড়ান] ক্রি, মর্দ্দন করা ; নিষ্পীড়ন করা। প্র-আখমাড়া ; ঔষধ মাড়া] বি, মাড়ন, মাড়ানি। মাড়াদেওয়া [শ্রীহট্ট প্রাদেং] কর্ত্তিত ধানের আটি খুলিয়া উঠানে চাচের উপর ছড়াইয়া সেই ছড়ানো ধানের স্তূপের উপরে ৪।৫টি গরু বা ২।৩টি মহিষকে দীর্ঘকাল ধরিয়া হাঁটান হয়। ঐ পশুদের ক্ষুরের আঘাত ও পায়ের চাপ পুনঃপুন লাগিয়া খড় হতে ধান ঝরিয়া যায়। ইহাকেই মাড়া দেওয়া বলে, মনুষ্যেও পা দিয়া ধান মাড়া দিয়া থাকে।

মাড়ানি [মাড়া দ্রঃ। মাড়াই, মাড়াও, মাড়ায় ; মাড়াইতে ; মাড়াইয়া মাড়াইয়া (ক্ষেং গ্রাং মাড়িয়ে)] ক্রি, কোন কিছুর উপর পা রাখা বা দাড়ান ; পদ দ্বারা দলন করা। ২ পদক্ষেপ করা। ছায়া মাড়ানি -ক্রি, কাছে যাওয়া। ২ [লক্ষং] সংস্রবে যাওয়া।

মাড়াল [মাড় (দ্রঃ) + আল] বি, গ্রাম্য-পথ ; মরুলি (দ্রঃ)।

মাড়ি, মাড়ী-মাঢ়ী দ্রঃ।

মাড়ুয়া [গড়বালী হিং মডুয়া] বি. জৈ জাতীয় শস্যবিঃ যার রোটি হয়। ~বাদী [মাড়বার > মাড়ুয়া (মরুদেশ) + আবাদী (বাসকারী)। গ্রাং মেড় রাবাদী > মোড়া (অবজ্ঞার্থে)] বি, মাড়োয়ারী। ২ [সাধাঃ] পশ্চিমা ; হিন্দুস্থানী।

মাড়োচা-মাড়চা দ্রঃ।

মাড়োয়ারী-বি, মাড়য়ার দ্রঃ।

মাঢ়ি [সং] বি, পাতার শিরা।

মাঢ়ী [সং। গ্রাং মেড়ে] বি, দন্তমূল ; দন্তমূলাবরক কোমল মাংস। ~ক্ষর্ত্ত-বি, যে রোগে ক্ষয়প্রাপ্ত দন্তের গহ্বরে জাত স্ফোটকের তাড়সে বা ঠাণ্ডা লাগিয়া মাঢ়ী ফুলিয়া উঠে ও যন্ত্রণা হয়।

মাণ$_1$ [সম্মান > প্রাকৃং] বি, মান দ্রঃ।

মাণ$_2$ [পরিমাণ > ক্ষেং। প্রাং বাং। মান (দ্রঃ)] বি, পরিমাণ। "কাঁচি দিয়া কৈল মাণ বোল রতি দুই টান"-কবিকং।

মাণ$_3$, **মাণক, মানক** [সং] বি, মানকচুর গাছ ও কন্দ। মাণখণ্ড-বি, পুরাতন শুষ্ক মাণকচু চূর্ণ ১ভাগ পুরাতন আতপ চাউল চূর্ণ ২ভাগ দুগ্ধ ৮ ভাগ জল ৩২ ভাগ একত্রে পাক করিয়া দুগ্ধ মাত্র অবশিষ্ট থাকিতে নামাইয়া লইলে যে মণ্ড প্রস্তুত হয়। ইহা উদরী রোগের পথ্য।

মাণব [সং] বি, মনুষ্য। ২ বালক। ৩ ষোল-নরী হার। ~ক (-বঁ-) [সং] বি, বালক ; বটু। ২ বিণ নরী হার।

মাণা-মানা দ্রঃ।

মাণিক [সং-মাণিক্য > প্রাকৃং মাণিক্ক >] বি, মাণিক্য ; রত্নবিঃ। ২ আদরার্থক সম্বোধন। ~জোড় -পক্ষিবিঃ। ২ [লক্ষং] অন্তরঙ্গ বন্ধুদ্বয়।

মাণিকা [সং] বি, আট পল পরিমাণ।

মাণিক্য [সং] বি, পদ্মরাগমণি ; রক্তবর্ণ রত্নবিঃ ; মাণিক ; চুণি ruby.

মাণিক্য-মেরুয়া [প্রাং বাং] বি, ষোল শত দাঁড়যুক্ত ডিঙ্গাবিঃ।

মাণিবন্ধ [সং] বি, সৈন্ধব লবণ।

মাণ্ডবী [রামাং] বি, রামানুজ ভরতের পত্নী ; রাজা কুশধ্বজের কন্যা।

মাণ্ডব্য-বি, মুনিবিঃ।

মাৎ [আং মাত্মাত] বিণ. হতবুদ্ধি। ২ মুগ্ধ ; আশ্চর্য্যান্বিত। ৩ পরাজিত ; ব্যর্থ ৪ বি, জয়। "কয়ে বাজি মাৎ"-হেমং।

মাত$_1$, **মাথ** [সং-মস্তু >] বি, অসার ভাগ। ২ বিণ, তরল বা ঘোলা। ~গুড়-ঘোলা গুড়।

মাত$_2$ [আং মাত্মাত] বিণ, মৃত ; সমাপ্ত ; নাশ প্রাপ্ত। ২ পরাজিত ; পর্য্যুদস্ত ; আক্রান্ত। প্র-কিস্তি মাত।

মাতঃ [সং-মাতৃ শব্দের সম্বোধন পদে] অ, মাগো। "যেমতি, মাতঃ, বসিলা আসিয়া, বাল্মীকির রসনায়"-মেঘং।

মাতঙ্গ [মতঙ্গ (মুনিবিঃ) + অ (স্বার্থে)] বি, মুনিবিঃ। ২ হস্তী ; গজ। ৩ চণ্ডাল। 'চণ্ডালযোনিতে জন্মগ্রহণ করিয়াছিলেন * * * উত্তর কালে যখন তিনি জ্ঞানার্জ্জন করিয়াছিলেন তখন তিনি মাতঙ্গ পণ্ডিত নামে বিখ্যাত হইয়াছিলেন। * * * তাঁহার সঙ্গীরা বলিল "আর্য্যো ও একজন চণ্ডাল।" -জাতক, ৪র্থ খণ্ড। ৪ অশ্বত্থবৃক্ষ। ~নক্র-বি, জলহস্তী।

মাতঙ্গী [মাতঙ্গ + ঈ (স্ত্রীং)। "রত্ন পদ্মাসনা শ্যামা রক্ত বস্ত্র পরি। চতুর্ভুজ খড়্গা চর্ম্ম পাশাঙ্কুশ ধরি। ত্রিলোচনা অর্দ্ধ চন্দ্র কপাল ফলকে। চমকিত বিশ্বনাথের চমকে।" -অং মং] বি, দশমহাবিদ্যার মধ্যে নবম মহাবিদ্যা। "দেখি ভয়ে ভোলানাথ যায় পলাইয়া। পথ আগুলিলা সতী মাতঙ্গী হইয়া।"-অং মং। ২ হস্তিনী।

মাতন [সং-মত্ত >] মাতা দ্রঃ।

মাতবর, মাতব্বর [আং মত্মাতবর] বি, মুরব্বী ; মাথাল ব্যক্তি ; গ্রাম মণ্ডল chief. ২ বিণ, বয়োবৃদ্ধ elder. ৩ মান্য। ৪ বিশ্বস্ত। "মজুমদার মাতবর উকীল রাখিল" -অং মং।

মাতবরি, মাতব্বরি [মাতবর দ্রঃ] বি, মুরুব্বিআনা। ২ [আদাং] জামিন security. ক্রি-বিণ, মাতব্বরিতে-জামিনে।

মাতম [ফাং মাতম্ (শোকোন্মাদনা)] বি, হাহাক্রন্দন ; শোক ; হাহাকার ; moruning. দুপুরে মাতম-বি, হজরৎ মুহম্মদের পৌত্র হোসেনের কারবালা রণক্ষেত্রে মধ্যাহ্নকালের রণোন্মত্ততার মধ্যে দেহ পতনে শোকোন্মাদনা। বাং-র, রণোন্মাদনার সহিত শোকোন্মাদনার ভাব

হতে মত্ততা অর্থে 'মাতম' স্থলে 'মাতন' এবং 'দুপুরে বা দুকুরে মাতন" চ°।

মাতরিশ্বা [মাতরি (আকাশে)-শ্বি (গমন করা)+অন্(র্তৃ)=মাতরিশ্বন্ ১মা, ১ব°] বি, পবন; বায়ু।

মাতল [ব্রজ° মত্ত (দ্রঃ)] ক্রি, মত্ত হইল; মাতিল। "কুহু পুন মা°"-বি° প°। ২ বিণ, মাতাল; মত্ত। "মা° মধুকর"-বি° প°। ৩ মত্ততা; মাতামাতি। "শালের বনে ফুলের মা° হ'ল সুরু"-পলাতকা।

মাতলামি, ~লামি [মাতল+আম, -মি (আচরণার্থে)] ক্রি, মাতালের ব্যবহার।

মাতলি, মাতুলি [পু°] বি, ইন্দ্রের সারথি। "যার বীর দিব্য রথে মাতলি সারথি সাথে"-কবিক°।

মাতা১ [সং-মাতৃ >। মা দ্রঃ] বি, জননী, স্তন্যদাত্রী, গুরুপত্নী, আচার্য্য-পত্নী, পিতৃরমণী, ক্ষেত্রদাত্রী, শ্বশ্রূ, পিতামহী, মাতামহী, মাতুলানী, মাতৃষসা, পিতৃষসা, জ্যেষ্ঠসহোদরা, ভ্রাতৃভার্য্যা, পুত্রবধূ ও তনয়া-শাস্ত্রমতে এই ষোড়শ মাতা। (মতান্তরে) গর্ভধারিণী, ধাত্রী, গুরুপত্নী, ব্রাহ্মণী, রাজপত্নী, পৃথিবী, গাভী-এই সপ্তমাতা। ২ কমলা; লক্ষ্মী; শ্রী। ৩ আকাশ। ৪ জীব। ৫ গমন। ৬ [মা (পরিমাণ করা)+তৃ (র্তৃ), ১মা, ১ব°] বিণ, পরিমাণ কর্ত্তা। ~পিতা, পিতামাতা-বি, জনকজননী; মা বাপ। ~পিতৃহীন, পিতৃমাতৃহীন [চ°] বিণ,অনাথ; যার মাতা ও পিতা উভয়ই মৃত। ~মহ-বি, মাতার জনক; দাদামহাশয় > স্ত্রীং ~মহী-মায়ের মা; দিদিমা।

মাতা২ [সং-মত্ত >। ব্রজ°, পদ° সা° ভুল-রক্ত > মত্ত > মাতা] বিণ, মত্ত। "চলে যেন গজরাজ মাতা"-পদকল্পতরু (সা°প°প°) "মন মাতা হাতী অঙ্কুশ না মানে"-চণ্ডি°।

মাতা৩ [মস্তক > মথক >] বি, মাথা (দ্রঃ)।

মাতা৪ [মদ্ (মত্ত হওয়া) > মাতি, মাত (মাতেন, মাতিস) মাতে (মাতেন); মাতিতে (কো° মাততে); মাতিয়া(কো°, পদ্যে-মাতি, গ্রা° (মেতে)। পিজন্ত-মাতান] বি, মত্ত ওয়া; উন্মত্ত হওয়া। আত্মবিস্মৃত হইয়া লিপ্ত হওয়া। "হয় তো মাতে ঝঞ্ঝাবাতে মেঘের সনে গায়।"-গিরিশ°। "গন্ধামোদে মাতি শ্বসিলা সুস্বনে সমীরণ।"-বীরাঙ্গনা। ২ উৎসাহিত হওয়া; উত্তেজিত হওয়া। ৩ [গাছ পক্ষে] খুব সতেজ হইয়া উঠা ও বহুবিস্তৃত হওয়া। "অধিক সার দেওয়া জমিতে ঝিঙে দিলে গাছ অত্যন্ত 'মাতিয়া' যাওয়ায় ভাল ফল হয় না।"-আ° শক্তি ৩৪।১৭ সংখ্যা। ৪ গাঁজিয়া উঠা; মাদক বা মত্ততাকারক শক্তিবিশিষ্ট হওয়া। বি, মাতন [দুপুরে মাতন-মাতম দ্রঃ]। ~মাতি-বি,উন্মত্তের ব্যবহার; মাতলামি। "বাহিরে দিবস রাতি বায়ু করে মাতামাতি" -সোণার তরী। ২ উদ্দেশ্যহীন ছুটাছুটি। "আনন্দে ছুরির ভিতরে রক্তস্রোত মাতামাতি করিয়া ফিরিতে লাগিল"-বাঁশরী ১৩৩৩। "ওরে মাতাল দুয়ার ভেঙ্গে দিয়ে পথেই যদি করিস্ মাতামাতি।"-রবী°। ২ দৌরাত্ম্য; দুরন্তপনা। "ছেলেরা কাদার উপর পড়িয়া জল ছোঁড়াছুঁড়ি করিয়া সাঁতার কাটিয়া ভারি মাতামাতি করিতেছে।"-রবী°।

মাতান [মাতা৪ (দ্রঃ)র পিজন্তে। মাতাই, মাতাও,মাতায়, মাতাইতে (কো°মাতাতে); মাতাইয়া (কো° মাতাইয়ে) ই°] ক্রি, মত্ত করিয়া তোলা। ২ মোহিত করা। ৩ উত্তেজিত করা; ক্ষেপাইয়া তোলা। ৪ গাঁজাইয়া তোলা।

মাতাল [মত্ত >। হি° মতবালা >] বিণ, মত্ততাবিশিষ্ট। ২ মদ্যপ; সুরাপানে জ্ঞানশূন্য; মদিরামত্ত।

মাতি, মাতিয়া [ব্রজ°] বিণ, মত্ত। মধুমাতি মুকুল মধু মাতিয়া নব কোকিল" -বি° প°। ২ [মাতা৪ দ্রঃ। গ্রা° মেতে] অস-ক্রি, মত্ত হইয়া।

মাতুঃষসা,-স্বসা [সং] বি, মাতার ভগিনী; মাসী।

মাতু/ল [সং] বি, মাতার ভ্রাতা; মামা। স্ত্রীং ~লা, ~লী, ~লানী-মাতুল-পত্নী; মামী; মামীমা। মাতুল-পুত্র-বি, মামাত ভাই। মাতুল-পুত্রী-বি, মামাত বোন।~লালয়,~লাশ্রম-বি, মামার বাড়ী।

মাতুলুঙ্গ [সং] বি, লিম্বু; নেবু। ২ ছোলঙ্গ নেবু; টাবা নেবু। ৩ বীজপূর; দাড়িম্ব; দাড়িম। "কুঙ্কুম চর্চ্চিত অঙ্গ শুণ্ডে শোভে মা° শূলদণ্ড ইষু পাশ করে"-কবিক°।

মাতৃ [সং] বি, মাতা; জননী। ২ মাতৃকা। ~গণ-বি, অষ্টশক্তি; ব্রাহ্মী, মাহেশ্বরী, ঐন্দ্রী, বারাহী, বৈষ্ণবী, কৌমারী, চামুণ্ডা বা কৌবেরী এবং চর্চ্চিকা। ~ঘাতক, ~ঘাতী-বিণ, মাতৃহন্তা। ২ বি, পরশুরাম। ~দায়-বি, মাতৃবিয়োগ-জনিত সামাজিক দায়। ~নন্দন-বি, ষড়ানন; কার্ত্তিকেয়। ~পূজা-বি, জননীর অর্চ্চনা; মাতৃসেবা।~বৎ-বিণ,জননীসমা; মাতৃতুল্য; মায়ের মত। ~বন্ধু-বি, জননীর মামাত, পিসতুতো ও মাসতুতো ভাই। ~বান্ধব-বি, জননীর মাতা, পিতা, পিতৃ-সহোদর, ভ্রাতা এবং ভ্রাতুষ্পুত্র। ~বিয়োগ-বি, মাতার মৃত্যু। ~ভক্তি-বি, জননীর প্রতি শ্রদ্ধা। > বিণ,~ভক্ত। ~ভাষা-বি,মাতার জাতীয় ভাষা; স্বজাতীয় ভাষা mother tongue. ~মণ্ডল-বি, নেত্র-দ্বয়ের মধ্যভাগ। ~মুখ, ~শাসিত-বিণ, অজ্ঞ; নির্বোধ; মূর্খ। ২ স্ত্রী-বুদ্ধি পরিচালিত। ~রিষ্টি-বি, মাতার অশুভদায়ক যোগবিঃ; জাত সন্তানের জননীর মৃত্যু যোগ। ~শ্রাদ্ধ -বি,জননীর মৃত্যুতে তাঁর প্রেতকৃত্য।~ষসা মাতার ভগ্নী; মাসীমা। ~ষসেয়-বি, মাসীর পুত্র; মাসতুতা ভাই। > স্ত্রীং ~ষসেয়ী-মাসতুতা বোন। ~ষস্রেয়-জননীর ভগিনীপুত্র; মাসতুতো ভাই। > স্ত্রীং ~া, ~ষস্রেয়ী-মাসতুতো বোন। ~ষ্বস্রীয়-মাতার ভগিনী পুত্র; মাসতুতো ভাই। > স্ত্রীং ~ষ্বস্রীয়া-মাতার ভগিনীর কন্যা; মাসতুতো বোন। ~সেবা-বি, মাতার পরিচর্য্যা; মাতৃপূজা। ~স্তন্য-বি, মাতার স্তনদুগ্ধ। ~স্তোত্র-বি, মাতৃস্তব। ~হত্যা-বি, মাতার প্রাণনাশ। ~হন্তা -বিণ, মাতার প্রাণবধকারী। ~হীন-বিণ

যার জননীর মৃত্যু হইয়াছে; মা-মরা। >, স্ত্রীং ~হীনা।

মাতৃক [মাতৃ+ক (অপত্যার্থে)] বিণ, মাতৃ হতে আগত; মাতৃ সম্বন্ধীয়। ২ মাতৃরূপে পরিণত। প্র-নদীমাতৃক।

মাতৃকা [মাতৃ+ক+আ (স্ত্রীং)] বি, মাতা। ২ মাতামহী। ৩ ধাত্রী। ৪ বর্ণমালা। ৫ গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, তুষ্টি, আত্মদেবতা, কুলদেবতা এই ষোড়শ মাং দেবী। "নৈবেদ্য দিয়া ভুরি মাং পূজা করি দিলেন বসুধারা দান।"-কবিকং। ৬ ["মাতৃকা বাক্য প্রসবার্থে"] বি, বর্ণ; অক্ষর। [~বর্ণ-অ, আ, ক, খ ইত্যাদি। ~ন্যাস -বি, বর্ণমালা বিন্যাস।

মাতোয়ারা [হিং মতবালা, মতোয়ালা >। অর্থ সম্প্রসারণে সদর্থে] বিণ, বিহ্বল। "ওমা তোমার ও প্রেমের সুরা পানে কর মাং"-গান।

মাতোয়াল, -য়ালা [হিং মতবাল, মাতোয়ারা দ্রঃ। র=ল] বিণ, নেশায় বিহ্বল; মাতাল। ২ মদোন্মত্ত। "মদ গর্ব্বে মাতোয়াল পাঠান চলিল"-বীরবাহু (হেমং)।

মাতোয়ালি -লী [আঃ মুতবল্লি mutawali] বি, মুসলমান তত্ত্বাবধায়ক; নাবালক ও তার সম্পত্তির রক্ষক। দাতব্য চিকিৎসালয়, শিক্ষাগার, আতুরাশ্রমাদির পরিচালক।

মাত্তা [আদাং] বি, জামিন surety. ২ [প্রাদেং] ধন। প্র-মালমাত্তা।

মাত্র [মা (পরিমাণ করা)+ত্র (ভাং)] বি, সীমা। ২ সাকল্য; সমুদয়। ৩ শুধু; কেবল। ৪ অবধারণ। ৫ পর্য্যন্ত। প্র-কথাটী মাত্র বলা হবে না। ৬ কিছুমাত্র। একমাত্র-কেবল একটী। কিছুমাত্র, কিঞ্চিন্মাত্র-অ, অতি সামান্যও।

মাত্রা [মা+ত্র (ণে)+আ (স্ত্রীং)] বি, অল্প পরিমাণ। ২ অক্ষরের মাথার উপরের রেখা (মাত্রাহীন ও মাত্রাযুক্ত অক্ষর- এ, ও, প, ত্র, ত, ম)। প্র-সে মাত্রাজ্ঞান শূন্য। ৩ বর্ণের উচ্চারণ কাল। ৪ [সঙ্গীত শাং] স্বরের স্থায়িত্ব কাল। একটি স্বর উচ্চারণ করিতে যতটুকু সময় লাগে। মাত্রা হ্রস্ব, দীর্ঘ, প্লুত ভেদে ত্রিবিধ। একটি হ্রস্ব স্বরের উচ্চারণ কালে হ্রস্ব মাত্রা, দুইটির দীর্ঘ ও তিন বা অধিক স্বরের উচ্চারণ প্লুত মাত্রা। মাত্রা বাদ্য ও গীতের কাল ও ছন্দ নিরূপিত করে (সঙ্গীত দর্পণ)। ৫ পরিমাণ; ইয়ত্তা; পরিসর magnitude. ৬ [গাটিং (কং বিশ্বং পরিঃ)] দৈর্ঘ্য, প্রস্থ, বেধ লইয়া আয়তন; ইং dimension এর বৈজ্ঞাং পরিঃ। ৭ [গং পরিঃ (হিং কোষ)] ইং mass এর বৈজ্ঞাং পরিঃ; ঘনমান (সাং পং পং)। ৮ একবারে গলাধঃকরণোপযোগী ঔষধের পরিমাণ; পান doze. ৯ কর্ণালঙ্কার; কর্ণভূষণ। ১০ ইন্দ্রিয়। ১১ বিষয়। "হে কৌন্তেয়! মাত্রার সহিত ইন্দ্রিয়ের যে স্পর্শ সম্বন্ধ তাহাই শীতোষ্ণ ও সুখদুঃখপ্রদ"-গীতা। ১২ সন্ন্যাসীর পরিচ্ছদ। ১৩ [বলবিদ্যাং (কং বিশ্বং পরিঃ)] ইং amplitude এর বৈজ্ঞাং পরিঃ। নতিমাত্রা [বলবিদ্যাং পরিঃ] ইং gradient এর বৈজ্ঞাং পরিঃ। ~র্ত্তি- বিণ, মাত্রা দ্বারা নিয়মিত; মাত্রাঘটিত। ~চ্ছন্দঃ-বি, পদ্যে স্বরের উচ্চারণ-কাল-পরিমিত ছন্দঃ। ~তত্ত্ব-বি, ঔষধের পরিমাণ নির্ণায়ক শাস্ত্র posology. ~পান -বি, পরিমিত পান; অল্প পরিমাণে পান। ~বৃত্ত-গুরু লঘু মাত্রাগত ছন্দোবিং। ~স্পর্শ-রূপরসাদিসহ ইন্দ্রিয়ের যোগ।

মাত্রিক, মাত্রিকা [মাত্রা (দ্রঃ) >] বি, তন্মাত্র; অমিশ্র ভূতপঞ্চক; মূল উপকরণ materials. "পূর্ব্বকালে বঙ্গের আর এক মাত্রিকা ছিল। সেটা ভঙ্গ বা ভাঙ্গ (গাঁজা) গাছের ছালের আঁশ"-যোং রায় (প্রবাসী, পৌষ, '২৯)।

মাৎসর্য্য [মৎসর+য (ভাবার্থে)] বি, পরশ্রীকাতরতা।

মাৎস্যন্যায়-বি, বৃহৎ মৎস্য যেমন ক্ষুদ্র মৎস্যকে গ্রাস করে তদ্রূপ বলবান কর্ত্তৃক দুর্ব্বলকে নাশ বা গ্রাস করা; অরাজকতা। "খৃষ্টীয় অষ্টম শতাব্দীতে মাৎস্য ন্যায় প্রচলিত হইয়াছিল"-সাহিত্য, ১৩২০।

মাথ [প্রাং বাং। মস্তক > মথক >] বি, মস্তক; মাথা। "এড়াইতে নারিয়া অক্রূরে দিনু বর। পরীক্ষিতে মোর মাথে দিতে আসে কর।"-শিং।' "হাথক দরপন মাথক ফুল"-বিং পং।

মাথট [মাথ (দ্রঃ)+তস্ (তঃ=ট)] বি, সাধারণের হিতজনক কোন কার্য্য সম্পন্ন করিবার জন্য মাথা গুণতি হিসাবে সংগৃহীত অর্থ; মাথা পিছু চাঁদা subscription. ২ [জমিং পরিঃ] আবওয়াব cess.

মাথা১ [নৌং শিল্পং পরিঃ] বি, নৌকার গলুই। "মাথাকাঠ ছিল তাত"-মনসাং মং (বংশীং)।

মাথা২ [সং-মস্তক > প্রাকৃং > মথঅ, মথকা (তুলং-"জলে কাকপদং সীসমথকা দুষ্ট বড়ুকা" - মৃচ্ছকটিক)। হিং মাথা] বি, মস্তক। ২ উপর; মুহূর্ত্ত; মোয়াড়া। "ঠাকুরপো রাগের মাথায় বলেছি, আর তোর মুখদর্শন করবো না।" ৩ শীর্ষস্থান; চূড়া। ৪ প্রধান ব্যক্তি; মণ্ডল। প্র-সমাজের মাথা; গ্রামের মাথা। ৫ বিরক্তি, ক্রোধ, অনুতাপ, ব্যর্থতা ইং ব্যঞ্জক অব্যয়; ছাইভস্ম; মাথামুণ্ড। "লেখাপড়া করে হবে কি, মাথা?"-উত্তরা, পৌষ, ১৩৩৩। মাথা আঁচড়ানি-মাথার চুল আঁচড়ান; কেশ বিন্যাস। ~ওয়ালা-বিণ, বুদ্ধিমান। ~মুণ্ড, মাথা আর মুণ্ড-মুণ্ডপাতের ইঙ্গিত। ২ বিরক্তি, দুঃখ ও অনুতাপ ইং ব্যঞ্জক উক্তি। ৩ সর্ব্বনাশ। ৪ পণ্ড। মাথা উঁচু করা-ক্রি, গর্ব্বভরে মাথা তোলা। মাথা উড়ানি [মস্তক চূর্ণ করিয়া ধূলিবৎ বায়ুতে উড়াইয়া দেওয়ার ভাব] ক্রি, বিচ্ছিন্ন করা; মাথা কাটিয়া ফেলা; মাথা তোপে উড়ান। মাথা কঁট্ কঁট্ করা-ক্রি, মস্তিষ্কে রক্ত সঞ্চালন, শ্লেষ্মাদির প্রকোপ বা জ্বরাদি হেতু মাথার মধ্যে তীব্র যন্ত্রণা হওয়া। মাথা করা-ক্রি, মুণ্ডপাত করার সংক্ষেপ। ২ পণ্ড করা। মাথা কাটা যাওয়া-ক্রি, লজ্জায় মস্তক যেন বিচ্ছিন্ন হওয়া; লজ্জায় মরিয়া যাওয়া। মাথা কাড়া দেওয়া-ক্রি, মাথায় দীর্ঘ হওয়া; ঢেঙ্গা হওয়া। মাথা কুটা, -কোটা,

-কুড়া, -কোড়া, -খোঁড়া-ক্রি, দুঃখ অভিমানাদি হেতু ভূমির উপর মাথার আঘাত করা। "মহারাণী মাথা কুড়ে মনস্তাপ করি"-শি°। ২ বর লাভ হেতু বা মানত করিয়া দেবতাদি স্থানে ভূমিতে মস্তকের পুনঃ পুনঃ আঘাত দ্বারা প্রণাম করা। ৩ প্রার্থনা পূরণার্থ বা অনুরোধ রক্ষিত হইবার জন্য উৎকট চেষ্টা করা। মাথা কেনা-ক্রি, ক্রীত বস্তুর মত নিজস্ব বা এমন অধিকার করিয়া লওয়া যে মাথা রাখিতেও পারে কাটিতেও পারে। মাথা কোটা-কুটি করা-ক্রি, অতিশয় নির্ব্বন্ধাতিশয় সহকারে অনুরোধ বা প্রার্থনা করা। ২ কার্য্যসিদ্ধির জন্য একাগ্র চিন্তা এবং এক নিষ্ঠাময়ী সাধনা করা। মাথা খাওয়া-ক্রি, মৃত্যুর কারণ হওয়া; প্রাণনাশ করা; সর্ব্বনাশ করা। "আহা এত সাধের মেয়ে আমার মাথা খেয়ে তিন দিন বই রাখে না মৃত্যুঞ্জয়।"-গান। ২ বি, দিব্যবিঃ। "নিদান দারুণ দিব্য দিলা দেবরায়। আর গেলে অম্বিকা আমার মাথা খায়॥"-শি°। "মাথা খা, সত্যি করে বল" -রাজা"-রবী°। ৩ বিগড়ে দেওয়া; কুপথ-গামী করা: কুচরিত্র করা। "তোকে আজও বলি -ওর মাথাটা আর খাসনে।"-বঙ্গবাণী, মাঘ, ৩৪। মাথা খারাপ করা-ক্রি, বুদ্ধি-শূন্য করা: মস্তিষ্কের শক্তি ক্ষয় করা। মাথা খারাব করা-ক্রি, মস্তিষ্ক বিকৃত করা। মাথা খুঁড়া, -খোঁড়া-ক্রি, মাথা কুড়া দ্রঃ। মাথা খেলানি-ক্রি, মস্তিষ্ক চালনা করা; মাথা ঘামান। "যাহাতে * * * সেনা বিভাগে মাথা খেলাইতে পারেন তাহার জন্য * *" -বি° সরকার। মাথা গরম করা-ক্রি, মস্তিষ্ক উষ্ণ করা; ক্রুদ্ধ হওয়া। মাথা গুঁজিয়া থাকা-ক্রি, অকিঞ্চিৎকর-অসঙ্কীর্ণ আশ্রয়ে কষ্টে সৃষ্টে বাস করা। মাথা গুঁড়া করা-ক্রি, লগুড়াঘাতে মাথা ভাঙ্গিয়া বা চূর্ণ করিয়া ফেলা; মাথায় লাঠির আঘাতে হত্যা করা। মাথা গুণতি-বি, লোক সংখ্যা। মাথা ঘঁসা$_1$-ক্রি, মাথার গড়ান। ২ মস্তকে সোডা, বেসন ই° ঘর্ষণ করা। ~ঘঁসা$_2$-বি, মাথায় ঘর্ষণ করিবার বা কেশ সুগন্ধ করিবার জন্য নারিকেলাদি তৈলে ভিজাইবার উপযোগী গাছ গাছড়ার শিকড়, ফল ফুল প্রভৃতি উপকরণ। মাথা ঘুরুণী-বি, দুর্ব্বলতা হেতু মস্তক ঘূর্ণন বা ভ্রমি রোগ। ~ঘোরা-বি, মস্তিষ্কের দুর্ব্বলতা জনিত মাথার রোগবিঃ। মাথা চালা-ক্রি, মাথা ঘুরান; মাথা বেগে আন্দোলিত করা। মাথা চুলকানি-ক্রি, মাথার ভিতর হতে যেন বুদ্ধি আকর্ষণ করিবার জন্য মাথার মধ্যে অঙ্গুলি চালনা করা বা আঙ্গুল দিয়া আঁচড়ান। মাথা ঠাণ্ডা করা-ক্রি, মস্তিষ্ক শীতল করা; ক্রোধ পরিহার করা। মাথা ঠিক করা-ক্রি, চিত্ত স্থির করা; সত্যানুধাবনযোগ্য বুদ্ধি স্থির করা। মাথা ঠেকানি-ক্রি, ভূমিতে বা কাহার চরণে মস্তক স্পর্শ করাইয়া প্রণাম করা। "ও আমার দেশের মাটি তোমার পরে ঠেকাই মাথা" - রবী°। মাথা তুলিয়া থাকা-ক্রি, লজ্জার কারণ অভাবে সম্ভ্রমে ও গৌরবে থাকা। ২ উন্নত অবস্থায় থাকা। মাথা তুলিয়া দাড়ানি -ক্রি সুস্পষ্ট হওয়া; আত্মপ্রকাশ করা; প্রাধান্য লাভ করা; দেখা দেওয়া। "দিনের পর দিন গিয়াছে। আর তাহার সামনেই কেবলই নূতন নূতন জীবনের কাজ ও কথা মাথা তুলিয়া দাড়াইয়াছে।" মাথা দেওয়া-ক্রি, জীবন অর্পণ করা; মৃত্যুকে বরণ করা। মাথা ধরা-ক্রি, মাথা বদ্ধবৎ ও ক্লেশ জনক ভারি মনে হওয়া। ~ধরা হওয়া বা হইয়া ওঠা-ক্রি, সাহায্য করিবার উপযোগী বা সহায় স্বরূপ হওয়া। তুল-দক্ষিণ হস্তস্বরূপ হওয়া। মাথা নাই তার মাথা ব্যথা-কারণ অভাবে কার্য্যের কল্পনা যা অকারণ ও উপহাস্য। মাথা পাতিয়া লওয়া-ক্রি, স্বীকার করিয়া লওয়া; শিরোধার্য্য করা। ২ মস্তক অর্পণ করা। মাথা ফাটা-ক্রি, আঘাত দ্বারা মাথার খুলি বিদীর্ণ হওয়া। মাথা ফাটানি-ক্রি, প্রহার দ্বারা মাথা ভাঙ্গিয়া দেওয়া। মাথা বকানি-ক্রি, অনর্থক কথা বকান বা শুনান। মাথা বাঁধা-ক্রি, চিরুণী করিয়া আঁচড়াইয়া ও বিননী করিয়া চুল বাঁধা; খোঁপা বাঁধা। মাথা বাঁধা দেওয়া-ক্রি, সম্পূর্ণ পরাধীন হওয়া। "উদরের দায় দিতে হবে হায় কবির মাথাটা বাঁধা।" ~ব্যথা-বি, গরজ। ২ শিরঃপীড়া। মাথা ভাঙ্গা -ক্রি, মাথা ফাটা দ্রঃ। মাথা ভারি-বি, মাথার শ্লেষ্মাধিক্য বা রক্তাধিক্য জনিত ভার বোধ। ২ শরীরের অন্যান্য অবয়বের তুলনায় মস্তক স্থুল। ৩ স্থুলবুদ্ধি। মাথা মাটি করা-ক্রি, মস্তিষ্কের শক্তি ক্ষয় করা। ~মোটা-বিণ, স্থুলমস্তিষ্ক; স্থুলবুদ্ধি। ২ বড় বা ভারি মাথা এমন। মাথা রাখা-ক্রি, জীবন রক্ষা করা; বাঁচান। ২ শয়ন করা। মাথা লওয়া-ক্রি, প্রাণ লওয়া; বধ করা। মাথা হেঁট করা-ক্রি, লজ্জায় অধোবদন হওয়া। মাথা হেঁট করানি-ক্রি, লজ্জায় অধোবদন করান; লজ্জা দেওয়া। মাথা হেঁট হওয়া -ক্রি, এমন লজ্জা পাওয়া যে মাথা তুলিতে না পারা বা কাহার প্রতি চাহিতে না পারা। "তাই যা হয় একটা কিছু কর বাছা; আমাদের যেন মাথা হেঁট না হয়"-যোগেশ্বরী (দামোদর)। মাথায় ওঠা-ক্রি, অযথা প্রশ্রয় পাওয়া। মাথায় করা-ক্রি, মস্তকে ধারণ করা। ২ অত্যন্ত প্রশ্রয় দেওয়া। ৩ অতিশয় আদর, সম্মান বা ভক্তি করা। মাথায় খেলা-ক্রি, মনের মধ্যে নানা যুক্তি বা কৌশলের উদয় হইতে থাকা। মাথায় চড়া-ক্রি, অত্যন্ত প্রশ্রয় পাইয়া অবাধ্যের চূড়ান্ত হওয়া। মাথায় জল হওয়া-শ্লেষ্মাধিক্য হওয়ায় মাথা ভারি হওয়া। মাথায় ঢোকা-ক্রি, মস্তিষ্কে প্রবেশ করা; বোধগম্য হওয়া। মাথায় পা দিয়া ডুবানি-ক্রি, বামনদেব কর্তৃক বলিরাজার মাথায় পা দিয়া পাতাল প্রেরণের ভাব হতে-সর্ব্বস্বান্ত করিয়া বিপদ-সাগরে ডুবান। মাথায় বুদ্ধি গজানি-ক্রি, মস্তিষ্কে বুদ্ধির উন্মেষ হওয়া। মাথায় মাথায়-টায়ে টায়ে দ্রঃ। মাথায় হাত দিয়ে পড়া-ক্রি, দুর্ভাবনায় লোক মাথায় হাত দেয় যেন ভাবনায় ভারে

মাথা রাখিতে না পারিয়া হাতের অবলম্বনে মাথা রক্ষা করা। মাথায় হাত বুলানি -ক্রি, ঠকাইয়া স্বার্থ সিদ্ধি করা; প্রবঞ্চিত করা; ধোঁকা দেওয়া। ২ মস্তকে হস্তামর্ষণ করা। মাথার উপর কেহ না থাকা -ক্রি, অভিভাবক, পরিচালক, বুদ্ধিদাতা বা রক্ষক না থাকা। মাথার কাপড় টেনে দেওয়া-ক্রি, মাথার কাপড় সম্মুখদিকে ঈষৎ টানিয়া মাথার নগ্নতা আবরণ করা; ঘোমটা টানিয়া মুখ ঢাকা বা ঘোমটা দেওয়া। "হেমাঙ্গিনী মাথার কাপড় টেনে দিয়ে বাহিরে এসে সহাস্যে বলে"-মেজবৌ (অ্যাং শক্তি)। মাথার খুলি-বি, করোটি; খর্পর। মাথার ঘী-বি, মস্তিষ্ক। মাথার ছত্তর [প্রা০ বাং] বি, মস্তকের ছত্র। ২ স্বামী। "স্ত্রীলোকের ভিক্ষা হামি লইতে না পারি। যদি ভিক্ষা দেয় তোমার মাথার ছত্তর।" -মাণিক০। মাথার ঝিকুর নড়া-ক্রি, মস্তিষ্ক আন্দোলিত হওয়া; ঝিকুর দ্রঃ। মাথার ঠাকুর-বি, প্রধান; পূজ্যব্যক্তি। ২ বিণ, পূজ্য; শ্রদ্ধেয়; ভক্তিভাজন। "সে যে ছিল সকলের মাথার ঠাকুর।" -কস্তুরী। মাথার ঠিক না থাকা-ক্রি, মস্তিষ্ক বিকৃত হওয়া; বুদ্ধি স্থির না থাকা। মাথার দিব্য-বি, শপথ। "কিন্তু সকলকেই যে একই শিল্প চালাইতে হইবে এমত কোন মাথার দিব্য দেওয়া আছে কি?" -আ০ শক্তি, ১০।৮।২৮। মাথার ফল-বি, মস্তকের পরিণতি বা পতন; শিরশ্ছেদন; বধদণ্ড। "বর্বে পথে মোরে করিবি বল। তবে হৈবে তোর মাথার ফল॥ লোকে হৈবো মোএ পুরুষবধী।"-শ্রী০ কী০। মাথার রোগ-বি, শিরঃপীড়া; মাথাঘুরা রোগ। কাঁচা মাথা-বি, জীবন্ত লোকের মস্তক। ২ শিশু মস্তক। কার ঘাড়ে দুটো মাথা-অ, দুটা মস্তক কাহার নাই যে একটা বিচ্ছিন্ন হইলে আর একটার জীবন রক্ষা করিবে। চৌমাথা-বি, চতুষ্পথের কেন্দ্রস্থান। ভাল মাথা-বি, তীক্ষ্ণ বুদ্ধি; সূক্ষ্ম মস্তিষ্ক। মোটা মাথা-বি, স্থূল বুদ্ধি।

মাথানি [মন্থনী >] বি, মন্থনদণ্ড।

মাথালি১ [মাথা+ল (স্বরূপার্থে)] বিণ, প্রধান; শ্রেষ্ঠ। ২ [মাথা+ওয়ালা >] বুদ্ধিমান।

মাথাল২-বি, মস্তকাবরণ (মাথাঃ পত্রাদি নির্মিত)। "মুন্সীগঞ্জ, মুন্সীগঞ্জ করিয়া হাকিতেই তৃতীয় শ্রেণীর গাড়ী হইতে একদল লোক ঝুপ ঝাপ করিয়া নামিয়া পড়িল। তাহাদের হাতে ন্যাকড়া জড়ানো কাস্তে, মাথায় 'মাথাল'।"-মানসী, ১৩২২, ভাদ্র।

মাথী [মাথস্থিত >] বি, তাল খর্জ্জুরাদি বৃক্ষশীর্ষস্থ কোমল শস্য; মেথী।

মাথুর [মথুরা+অ (সম্বন্ধে)] বিণ, মথুরা সংক্রান্ত। ২ যজ্ঞে নিমন্ত্রণচ্ছলে কংস কর্ত্তৃক নিমন্ত্রিত হইয়া কৃষ্ণের বৃন্দাবন হতে মথুরা গমন, তথায় কংস বধ, কারাগার হতে দেবকীর বন্ধন মোচন, কুব্জা মালিনীর সহিত মিলন প্রভৃতি লীলাবিষয়ক গীত ও গীতি কাব্য। "পূর্ব্ব রঙ্গ রসোদ্গার মাথুর বিরহ আর হরিভক্তি যাহাতে প্রকাশ।"-অ০ ম০। ৩ [+অ (উৎপন্নার্থে)] মথুরাজাত। ৪ মথুরা। "হাম নাহি মাথুর করব পয়াণ।" -বি০ প০। "ধেনু ধাবই মাথুর মুখে।"-ঐ।

মার্দক [মদ্+ণিচ্=মাদি (মত্ত হওয়া)+অক (র্ত্তৃ)] বি, মত্ততাজনক দ্রব্য; নেশার জিনিস। ২ বিণ, মত্ততাকর; মত্ততাজনক। >বি, মার্দকিতা।~সেবী-নেশাখোর।

মার্দন [মদ্+ণিচ্=মাদি (মত্ত হওয়া)+অন (র্ত্তৃ)] বিণ, মত্ততাজনক; হর্ষোৎপাদক। ২ বি, মদনের পঞ্চবাণের অন্যতম; কামোন্মাদজনক ফুলশর। "মদন বৈসে বামনয়নে মাদন বৈসে দক্ষিণকোণে।"-চণ্ডি০। ৩ লবঙ্গ।

মার্দল১ [ওয়াও শব্দ। > সং-মর্দ্দল] বি, মৃদঙ্গবিঃ।

মার্দল২ [সং-মদ্ (মত্ত হওয়া)>। মাতল দ্রঃ। প্রা০ বাং] বি, মাতাল; মত্ত; মদমত্ত। "রণগজ মাদল"-ধর্ম্মরাজের গীত (রামনারায়ণ, ১৭শ শতক)।

মাদা, মাদি [সং-মাতা (মাতৃজাতি অর্থে) > প্রাকৃ০ মাদা (মৃচ্ছকটিক)। তুল-ফা০ মাদার (মা), মাদাহ্ (স্ত্রী)] বি, স্ত্রীজাতীয়। ২ ষাড়ী।

মাদাগাসী-বিণ, মাদাগাস্কার দ্বীপের অধিবাসী।

মাদানি [আ০] বি, হজরৎ মহম্মদ কর্ত্তৃক মদিনায় প্রচারিত ধর্ম্মতত্ত্বগুলির নাম। মক্কি দ্রঃ।

মাদার [সং-মন্দার] বি, কণ্টক বৃক্ষবিঃ। ২ [আ০ মাদার (যার উপর কিছু নির্ভর করে বা যাকে অবলম্বন বা আশ্রয় করে)] ভার। প্র-অঙ্কের উপর মাদার দিয়া বসিয়া থাকা। দোম-মাদার [আ০ দম মাদার। প্রা০ উচ্চারণে-দম্মদার। শু০ পুরাণে দম্বদার। হজরৎ মুহম্মদ ইঁহাকে শ্বাস (দম) ধারণশক্তি দান করায় 'হব্‌স্-ই-দম' এই নাম হয়। > দমমদার > দ্রুত উচ্চারণে দম্ম(দম্ব)দার; দীর্ঘজীবী হওয়ায় ইঁহার অন্য নাম 'জিন্দা শাহ মদার'] বি, স্বনামখ্যাত পীর। কথিত আছে প্রায় ৪০০ বৎসর বয়সে কানপুর ও ফতেগড়ের নিকটে তাঁর মৃত্যু হয়।

মাদীয়ান [ফা০। মাদোয়ান ও০] বি, অশ্বা; ঘোটকী।

মাদুর [মুস্ত (মুস্তাতৃণ) > মুথা > মুথার > মাথুর > মাদুর >। এবং পরে প্রা০ 'মাদুর'কে শুদ্ধ করিয়া মাদুর > মাজুর হওয়া সম্ভব। দ=জ। ক্ষুদ্রার্থে-মাদুরি, মাদুরী। মজুরী দ্রঃ] বি, পাটের সুতায় বোনা মাদুর কাটি নামক মুথা জাতীয় শুষ্ক ঘাসের আসনবিঃ; মাজুর।

মাদুলি, মাদুলী, মাদিলী [মাদল আকৃতি বলিয়া এই নাম। ই, ঈ ক্ষুদ্রার্থে] বি, কবচ; ইহা তাম্রাদি ধাতুতে নির্ম্মিত হয়। মাদুলির ভিতর ভেষজ রাখিয়া বা মন্ত্রাদি ভূর্জ্জপত্রাদিতে লিখিয়া তাহাতে বদ্ধ করিয়া অঙ্গে ধারণ করিতে হয়। ২ স্বর্ণনির্ম্মিত কণ্ঠভূষণবিঃ।

মাদৃক্, মাদৃশ [অস্মৎ-দৃশ্ (দেখা)+ক্বিপ্(র্ম্ম), +শ (র্ত্তৃ), যাহাকে আমার মত দেখা যায়। মধ্য০বাং। আধু০ বাং-র অপ্র০, ২য় পক্ষে বিরল] বিণ, মৎসদৃশ; আমার মত।

মাদোয়ান-মাদীয়ান দ্রঃ।

মাদ্রাসা [আ০ মদারিস্। ফা০ মদ্রসা। হি০ মদ্রসা] বি, মুসলমানদিগের উচ্চ বিদ্যালয়; কলেজ।

মাদ্রী [মদ্র (মদ্রদেশের অধিপতি)+অ (অপত্যার্থে)+ঈ (স্ত্রীং)] বি, মদ্ররাজকন্যা ; কনিষ্ঠ পাণ্ডব নকুল ও সহদেবের জননী। মাদ্রেয়-বি, মাদ্রীতনয় ; নকুল ; সহদেব।

মাধব [মা (লক্ষ্মী)-ধব (স্বামী), লক্ষ্মীর পতি, ৬তৎ ; অথবা মা (বুদ্ধিবৃত্তি) ধব (পরিচালক), যিনি বুদ্ধির চালক (মহাভারত মতে)] বি, বিষ্ণু ; কৃষ্ণ। "মাধব হাম পরিণাম নিরাশা"-বি° প°। "বিদগধ মাধব তোহে পরণাম।"-ঐ। "জয় দৈবকীসুত মাধবাচ্যুত" -অ° ম°। ২ [মধু (বসন্তকাল)+অ (স্বার্থে)] বসন্তকাল। ৩ বৈশাখ মাস। ৪ [মধু-অ (সম্বন্ধে)] বিণ, মধু সম্বন্ধীয়। স্ত্রীং মাধবী, মাধবিকা। ~প্রিয়া-বি, লক্ষ্মী। মধু ও মাধব-চৈত্র ও বৈশাখ। ২ বসন্তকাল। মাধব মাস-বি, বৈশাখ মাস। "মাধব মাসে নিমেষ মাঝে না জানি কার ইঙ্গিতে।"-রবী°। ~লতা-বি, ধান্যবিঃ। "সুধু মাধবলতা বুনেন বাগন বিচি।"-শূ° পু°।

মাধবি [ব্রজ°। মাধব (বৈশাখ মাস)+ই (৭মী বিভক্তি চিহ্ন। তুল-বাং-"র", "এ", "তে"] অ, বৈশাখ মাসে। "মা° মুকুলিত মালতী ফুল।"-বি° প°।

মাধবিকা-মাধব দ্রঃ।

মাধবী [মাধব দ্রঃ] বি, মাধবের পত্নী। ২ তুলসী। ৩ দুর্গা। ৪ মধুজাত মদিরা। ৫ মধু শর্করা। ৬ স্বনামখ্যাত পুষ্পলতা ; মাধবীলতা। ৭ মহাব্যাধি leprosy. ~কুঞ্জ-বি, অরণ্য বা উপবনমধ্যস্থ মাধবীলতাচ্ছন্ন স্থান। "যেন সেই মাধবীকুঞ্জ তেমি তরুলতাপুঞ্জ রাই গো।"-গান। ~লতা-বাসন্তীলতা ; চন্দ্রবল্লী ; মাধব দ্রঃ।

মাধাই [মাধব > ভ্রং, হিং মাধো, মধাই > বাং-মাধাই (প্রা° পদ° সা°-তো), অতি পরিচয়ে ও তুচ্ছার্থে 'মেধো'] বি, মাধব। "মাধব সোঙরিতে সুন্দরী ভেলি মা°" -বি° প°। "টাট মা°" -বি° প°। "জগাই মাধাই"।

মাধুক [মধু (পুষ্পরস)+ক (পণ্যার্থে)] বি, বর্ণসঙ্কর জাতি; পুষ্পরসজাত পণ্যব্যবসায়ী।

মাধুকরী [মধুকর (ভ্রমর)+অ (তুল্যার্থে)+ঈ (স্ত্রীং)] বি, মধুকরের মত নানা স্থান হতে অর্থ সঞ্চয়। ২ পঞ্চগৃহে ভিক্ষা। ~-বৃত্তি-বি, মধুকরের ন্যায় পঞ্চগৃহে ভিক্ষা গ্রহণরূপ বৃত্তি।

মাধুকী [সং-মাধ্বীক >] বি, মৌল ফুলের মদ্য।

মাধুর [মধুর+অ (জাতার্থে)] বিণ, মধুরসজাত ; পুষ্পরসোৎপন্ন। ২ [মধু (পুষ্পরস) র (যে দান করে) রা (দান করা) +অ (র্তৃ)] বি, মল্লিকা পুষ্প।

মাধুরী [মধুর (মিষ্ট)+অ (ভা°)] বি, মধুরতা ; মাধুর্য্য। ২ হৃদয়হারিতা। ৩ সৌন্দর্য্য ; শোভা। ৪ মিষ্টতা। ৫ উৎকৃষ্টতা। ৬ ধীরতা। ৭ পুষ্পজাত মদ্য ; মাধুকী। ~ময়-বিণ, মাধুর্য্যপূর্ণ। "প্রেমের পিরীতি মাধুরীময়।"-চণ্ডি°।

মাধুর্য্য [মধুর+য (ভা°)] বি, মাধুরী ; মধুরতা ; মিষ্টতা। ২ লাবণ্য ; সৌন্দর্য্য। ৩ উত্তম কাব্যের গুণবিঃ। যে গুণ দ্বারা কাব্যে গ্রথিত শব্দগুলি শ্রবণমাত্র চিত্তাকর্ষণ করে এইরূপ রচনাতে বহু সমাসযুক্ত পদ থাকে না বলিয়া এই গুণকেই মাধুর্য্য গুণ বলে। ৪ [অর্থ শা°] উৎকৃষ্ট শব্দবিন্যাস দ্বারা উত্তম বিষয়ের বর্ণনা।

মাধ্যন্দিন [মধ্যন্দিন (দিনের মধ্য),+অ (স্বার্থে)] বি, মধ্যাহ্নকাল ; দিবসের মধ্যভাগ। ২ শুক্ল যজুর্ব্বেদের শাখাবিঃ। স্ত্রীং ~নী-শুক্ল যজুর্ব্বেদীয় শাখা। ~রেখা-মধ্যাহ্নকালীন সূর্য্যগতিসূচক পথ।

মাধ্যম [মধ্যম+অ (সম্বন্ধে)] বিণ, মধ্যজাত। ২ মধ্য সম্বন্ধীয়। ৩ মধ্যস্থ ; মধ্যসেতু medium.

মাধ্যমিক [বৌ° সা°] বি, বৌদ্ধধর্ম্মান্তর্গত উপধর্ম্মবিঃ।

মাধ্যস্থ্য [মধ্যস্থ+য (ভা°)] বি, মধ্যস্থতা ; সালিসি। ২ ঔদাসীন্য। ৩ মধ্যে স্থিতি বা অবস্থান।

মাধ্যাকর্ষণ [মধ্য+আকর্ষণ=মধ্যাকর্ষণ +অ (স্বার্থে)] বি, যে আকর্ষণ দ্বারা উর্দ্ধদিকে উৎক্ষিপ্ত বস্তু পুনরায় ভূমিতে নিপতিত হয় gravitation ; centre of gravity ; গুরুত্বাকর্ষণ (হিং কো°)। "পদার্থ মাত্রই পৃথিবীর অভিমুখে চলিতে চায় ও চলিবার সময় তাহার বেগ বাড়ে এই বেগোৎপাদক বলের নাম মা°।"-ত্রিবেদী°।

মাধ্যাহ্নিক [মধ্যাহ্ন+ইক (সম্বন্ধার্থে)] বিণ, মধ্যাহ্নকালীন ; দিবা দ্বিপ্রহর সম্বন্ধীয় ; মধ্যাহ্ন কালের। ~া-বি, মধ্যাহ্নকালীন ব্যাপার।

মাধ্বী [মধু+অ (উৎপন্নার্থে)+ঈ (স্ত্রীং)] বি, মধুজাত মদ্য। ২ মৌল ফল ; মহুয়া। ৩ দ্রাক্ষা। ৪ মৎস্যবিঃ।

মাধ্বীক [মাধ্বী+ক (স্বার্থে)] বি, মধু। ২ দ্রাক্ষাজাত মদ্য port wine. ৩ মধুজাত মদ্য। ~ফল-বি, মধুনারিকেল ; বামন নারিকেল। ~মধুরা-বি, মধুর খর্জ্জুরিকা।

মান১ [মা (পরিমাণ করা)+অন (ণে)] বি, যদ্দারা মাপ বা ওজন করা যায় ; পরিমাণ সাধন। ২ [+অন (ভা°)] তুলাদণ্ডাদি দ্বারা পরিমাণ ; ওজন করণ ; হস্তাদি দ্বারা পরিচ্ছেদ ; মাপ করণ। "দিল মোর বন্ধু ভুসি অর্দ্ধ মান" (১ মান=৮ নালিকা। ৪ নালিকা=১ আড়া বা তুম্ব)। ৩ [সঙ্গীতে] তালের বিরাম ; সুরে সময় নিরূপক চিহ্ন ; মাত্রা। "তাল মান বাদ্যকাল, নৃত্যগীত ক্রিয়াকাল তোমা হতে সকল নির্ণয়।"-অ° ম°। ৪ [পাটী° পরিঃ (ক° বিশ্ব° পরিঃ। হিং কো°)] ইং value এর বৈজ্ঞা° পরিঃ ; মূল্য। ৫ [বীজ গ° পরিঃ] ইং degree (of an expression)র বৈজ্ঞা° পরিঃ। ৬ মাপ ; মাপকাঠি standard. ~চিত্র, ~চিত্রাবলী-বি, ভূচিত্র ; ম্যাপ। ঘন-মান [পাটী° (ক° বিশ্ব° পরিঃ)] বি, ইং volume এর বৈজ্ঞা° পরিঃ ; আয়তন।

মান২ [মান্ (পূজা করা)+ণিচ্=মানি-অ (ভা°)। প্রা° বাং-মাণ (শ্রী° কী°)] বি, সম্মান ; পূজা ; মান্য ; সমাদর। ২ সম্ভ্রম। "চাঁদা দিতে চাঁদি কাটে মানের গুড়ে বালি" -হেম°। ~ভিখারী-বিণ, পূজাপ্রার্থী ; আদরপ্রার্থী ; সম্মান পাইবার জন্য লালায়িত। মান খুয়ানি-ক্রি, সম্মান হারান ; সম্মান নষ্ট হতে দেওয়া। "তোর তরে কি মান খুয়াব প্রাণ হারাব কাঁসি যাব তাত

পারবো না।"–গান। মান দেওয়া-ক্রি, সম্মান দান করা ; সম্মানসূচক উপঢৌকন দেওয়া। মান রাখা-সম্মান রক্ষা করা ; সম্ভ্রম রক্ষা করা। ~বর্জ্জিত-বিণ, সম্মান রহিত ; মানহীন ; সমাদর বিহীন। ~সম্ভ্রম-বি, মান মর্য্যাদা। ~হানি-বি, সম্মানলাঘব ; সম্ভ্রমনাশ; মানক্ষয়। ~হীন-বিণ, সম্ভ্রমশূন্য।

মান৩ [মন্ (গর্ব্ব করা)+অ (ভা॰)। প্রা॰ বাং 'মাণ' (প্র॰ কী॰)] বি, গর্ব্ব ; দাম্ভিকতা। ২ অভিমান। ৩ প্রণয়কোপ। "এ ধনি মানিনি মান নিবার।"–চণ্ডি॰। ৪ ক্রোধ ; রোষ। মান করা-ক্রি, প্রণয়কোপ প্রদর্শন করা ; অভিমান করা। ~কলি [মান(অভিমান)-কলি (কলহ)] বি, অভিমান জনিত কলহ ; প্রণয় কলহ; সোহাগের ঝগড়া। ~ভঞ্জন-বি, অভিমান নিরসন ; মানভঙ্গ।

মান৪, মানকচু-বি, মানক ; মানগাছ ও তার কন্দ।

মান৫ [মন > ভ্রং। প্রা॰ বাং] বি, মন। "তাহারো আজ্ঞায় মান করহ নির্ম্মল"–গোবিন্দ॰ গীত।

মানই [ব্রজ॰। মানা ক্রঃ] ক্রি, বোধ করা ; অনুভব করা। "আজ ধনী পেখনু বড় বিপরীত। ক্ষণে অনুমতি ক্ষণে মানই ভীত।"–বি॰ প॰।

মানচিত্র-বি, ভূখণ্ডের বা তার বিশেষ বিশেষ অংশের পরিমাণানুযায়ী চিত্র map.

মানৎ [মনঃস্থ >] বিণ, দেবানুগ্রহ লাভ করিতে মনে মনে সঙ্কল্প। ক্রি, মা॰ করা।

মানদ [মান-দ (যে দান করে)] বিণ, সম্মানদাতা ; মানরক্ষক। স্ত্রীং ~া।

মানদণ্ড [মান (পরিমাণ, ওজন, করিবার) দণ্ড, ৬তৎ] বি, পরিমাণ দণ্ড ; তুলাদণ্ড ; তৌল দাঁড়ি।

মানন [মান্ (পূজা করা)+ণিচ্=মানি অন (ভা॰)] বি, সম্মানন ; সম্ভ্রম করণ ; আদর করণ ; অর্চ্চন। স্ত্রীং ~া-মান্যা ; মাননীয়া। "মহামায়া মহেশ্বরী মহেন্দ্র মাননা"–কবিক॰। ২ যত্ন ; সম্মাননা ; পূজা ; অর্চ্চনা। "এবে দিন দশ মোরে করিল মাননা।"–কবিক॰। "যুড়িয়া উভয় পাণি কররে মাননা।"–ঐ। ৩ মনন ; মানসিক। "একমনে মোর গীত যে করে মাননা। আমি পূর্ণ করি তার মনের কামনা।"–অ॰ম॰। ৪ মনস্কামনা ; মানসিক; দেবদেবীর নিকট মানতকরণ।

মাননীয় [মানি (ণিজন্ত)+অনীয়, র্ম] বিণ, পূজার্হ ; পূজনীয় ; সম্মানার্হ ; মান্য। স্ত্রীং ~া।

মানপত্র-বি, সম্বর্দ্ধনার জন্য প্রদত্ত প্রশংসাসূচক শ্রদ্ধাজ্ঞাপক পত্র। "সমিতির পক্ষ হইতে মানপত্র প্রদান করেন।"–বা॰ কথা, ৯।১০।২৮।

মানব [মনু (ব্রহ্মার পুত্র)+অ (অপত্যার্থে)] বি, মনুষ্য ; নর ; পুরুষ। ২ বিণ, মনু সম্বন্ধীয়। স্ত্রীং ~ী-স্বায়ম্ভুব মনু-কন্যা। ২ নারী। "মানব মানবীদ্বয় হৃদয়ের বিনিময় করিবার বিহিত বিধান।"–লীলাবতী। ~জাতি-বি, মনুষ্যজাতি। ~তা, ~ত্ব-বি, মানুষের ভাব বা ধর্ম্ম humanity. ~দম্পতি-বি, মানুষ পতি-পত্নী। ~লীলা-বি, নর-লীলা ; মানবের জীবিতকালের কার্য্যসমূহ। ~লীলা সংবরণ-বি, মানুষের জীবনান্ত বা মৃত্যু। ~সমাজ-বি, মনুষ্যগণ ; মনুষ্য-সমূহ। ~সমাজের ইতিহাস ও সমাজ তত্ত্ব-বি; মানবজাতির সমাজ-বিজ্ঞান ; সামাজিক নৃতত্ত্ব social anthropology. হৃদয়-বি, মানুষের অন্তঃকরণ। মানবোচিত [মানব+উচিত] বিণ, মনুষ্যোচিত ; মানবের যা সম্ভবপর ; মানুষের উপযুক্ত।

মানবক [মানব+ক (ক্ষুদ্রার্থে)] বি, ব্রাহ্মণ বালক ; বটু ছোকরা ; ছেলেমানুষ। "শুধু মানবক কেন পারসী স্ত্রী পুরুষ উভয়েই এই দীক্ষা গ্রহণ করে।"–ভারতী (সত্যেন্দ্র-নাথ ঠা॰)।

মানবি [ব্রজ॰। মানা২ ক্রঃ] ক্রি, মানিবে ; স্বীকার করিবে ; মনে করিবে। "এ সখি কি পেখনু এক অপরূপ। শুনইতে মানবি স্বপন স্বরূপ।"–বি॰ প॰।

মানব্য [মানব (বালক)+য (সমূহার্থে)] বি, বালকসমূহ। ২ [+য (ভাবার্থে)] শৈশবাবস্থা।

মানভঞ্জন-বি, অভিমান ভঙ্গকরণ।

মানমন্দির [মানের (পরিমাণ জ্ঞানের) মন্দির (গৃহ)] বি, গ্রহ নক্ষত্রাদি পর্য্যবেক্ষণ করিবার গৃহ ; পর্য্যবেক্ষণাগার observatory.

মানরজ্জু [মান (পরিমাণ) তার রজ্জু (নিরূপক)] বি, সময় নিরূপক যন্ত্রবিঃ ; তাত্রী।

মানস [মনস্+অ (স্বার্থে)] বি, মন ; চিত্ত। ২ চিত্তবোধ। ৩ ইচ্ছা ; অভিপ্রায় ; অভিলাষ। ৪ হিমালয়প্রদেশস্থ সরোবরবিঃ। তিব্বতদেশস্থ প্রসিদ্ধ হ্রদ। হরিবর্ষের (উত্তর কুরুরাজ্য) দক্ষিণে হাটক বা বর্ত্তমান লাদকের (Ladak) মধ্যে অবস্থিত সরোবর। পূর্ব্বে কিম্পুরুষদিগের বাসস্থান বলিয়া প্রসিদ্ধ ছিল, বর্ষাগমে হংসদিগের আশ্রয়স্থল বলিয়া কবিপ্রসিদ্ধ। ৫ [–+অ (সম্বন্ধার্থে)] বিণ, মনঃসম্বন্ধীয়। বিণ, ~ী-মনোভবা। ২ বি, বিদ্যাধরীবিঃ। ~কন্যা-বি, মনেভবা কন্যা ; মানসপুত্রী। ~জন্মা-বিণ, মনসিজ ; কাম। ~জপ-বি, মনে মনে মন্ত্র স্মরণ। ~তা (-সং) [মনোবিজ্ঞা॰ (হিং কো॰)] ইং mentality র বৈজ্ঞা॰ পরিঃ; মানসপ্রকৃতি। ~তীর্থ-বি, হিংসা ক্রোধাদি বর্জ্জিত মন। ~নেত্র-বি, মনশ্চক্ষু ; অন্তর্দৃষ্টি। ~পট-বি, চিত্তরূপ পট। ~পুত্র-বি, মনোজপুত্র। > স্ত্রীং ~পুত্রী-মানসীকন্যা। ~পূজা-মনঃকল্পিত উপকরণ দ্বারা পূজা ; মনোগত পূজা। ২ [তন্ত্রে] দেবতাকে হৃৎপদ্ম-আসন দিয়া বসাইয়া, শিরঃস্থ সহস্রদল কমল হতে ক্ষরিত অমৃত পাদ্য আচমনীয় ও স্নানজল, মন অর্ঘ্য, আকাশতত্ত্ব বস্ত্র, ক্ষিতিতত্ত্ব গন্ধ, চিত্ত অর্থাৎ বুদ্ধিতত্ত্ব পুষ্প, প্রাণ ধূপ, তেজস্তত্ত্ব দীপ, হৃদয়ে কল্পিত সুধা সমুদ্রের সুধা–নৈবেদ্য, হৃদয়স্থ অনাহত চক্রের শব্দ অনাহত ধ্বনি বাদ্য, বায়ুতত্ত্ব চামর, উক্ত শিরঃস্থ সহস্রদল-কমল ছত্র, শব্দতত্ত্ব গান, এবং ইন্দ্রিয়কর্ম্ম নৃত্য–মনে মনে এই সমস্ত নিবেদন করার নাম মানসপূজা। ~প্রতিমা [মানস

(মনোভবা) প্রতিমা (মূর্ত্তি)] বি, মানসমূর্ত্তি ; মনঃকল্পিত মূর্ত্তি । ~বিজ্ঞান-মনোবিজ্ঞান দ্রঃ । ~ব্রত-লোভরাহিত্য, অহিংসা, দান ব্রহ্মচর্য্যাদি। ~মন্দির-বি, মনোরূপ মন্দির। ~রাজ্য-বি মনোরূপ রাজ্য ; মনোজগৎ। ~লোচন-বি, মনশ্চক্ষু ; অন্তরের নেত্র। ~সিদ্ধি-বি, বাঞ্ছা পূরণ ; সিদ্ধমনস্কাম।

মানসাঙ্ক [মানস+অঙ্ক] বি, গণিতের যে প্রশ্ন না লিখিয়া মনে মনেই সমাধান করিতে হয় এবং মুখে উত্তর দিতে হয়। "পাঠশালে শিক্ষিত বালকগণ মানসাঙ্ক বিষয়ে আশ্চর্য্য পারদর্শিতা দেখাইত, মুখে মুখে কঠিন অঙ্ক কষিয়া দিতে পারিত।"-শিবনাথ শাস্ত্রী (লাহিড়ীর জীবনী)।

মানসালয় [মানস (সরঃ)+আলয় যার] বি, মরাল ; হংস।

মানসিক [মানস্+ইক (কৃতার্থে)] বিণ, মনঃসম্বন্ধীয় ; আন্তরিক ; মনোগত। ২ (মান্‌শিক্) বি, দেবদেবী সমীপে কোন মঙ্গল কামনায় মানত করণ ; মাননা।

মানসী-মানস দ্রঃ।

মানসূত্র [মান-সূত্র] বি, স্বর্ণাদিনির্ম্মিত

মানসৌকাঃ [মানস (মানসসরোবর) ওকঃ (বাসস্থান) যার] বিণ, মানসসরোবরবাসী। ২ বি, হংস।

মানা, [আ॰ মনহ্ (নিষেধ prohibition) > আ॰ মনহী (নিষিদ্ধ prohibited) সং -মা (না) > "মানা"] বি, নিষেধ ; বারণ। "মানা মানে না"-গিরিশ॰। ২ রেহাই ; মাফ। "কৃপা করি আপনি করিলে কর মানা"-ঘ॰। "যে সকল স্থানে যাওয়া নিরাপদ নহে বলিয়া মানা করিলেন"-চীন ভ্রমণ।

মানা$_{২}$ [মান (ধাতু)+আ। মানি, মান (মানেন, মানিস) ; মানিতে (কে॰ মানতে) ; মানিয়া (কে॰মানি, মেনে)। ণিজন্ত-মানান] ক্রি, মান্য করা ; সম্ভ্রম করা। "থাকিত সে কত ভয়ে সাধিত কত আশয়ে মানিত কত বিনয়ে, এখন পাই না পায়ে ধরে"-গান। ২ জ্ঞান করা ; বোধ করা। "জীবন যৌবন সফল করি মানলু"-বি॰প॰। "দহন সমান মানে নিশি শশাঙ্কে"-শ্রী॰কী॰। ৩ বুঝা। "প্রবোধ কি মানে আঁখি না দেখি তাহারে।"-গান। "কছু নাহি মানয়ে বাধা।"-বি॰ প॰। ৩ গ্রাহ্য করা ; অপেক্ষা করা। "সকল রমণী ধাইল অমনি কেহ কাহা নাহি মানে" -চণ্ডি॰। ৪ শুনা ; কর্ণপাত করা। "তুমি না মানিবে তাহা আমি ভাল জানি"-চণ্ডি॰। ৫ [মাগা দ্রঃ] মানিয়া লওয়া ; মেনে নেয়া ; মান্য করা ; স্বীকার করা ; মতস্বরূপ গ্রহণ করা। "* * রক্ত রঙা শিক্ষাকেই মুক্তির অরুণ কিরণ বোলে মেনে নিয়েছিল।" -আ॰ শক্তি, ১৩৩৪, ভাদ্র। প্রা॰ বাং-মাণা-স্বীকার করা। মাণিআঁ-মানিয়া। মাণিলোঁ-মানিলাম। মাণিবোঁ-মানিব। মানলু [মানা$_{২}$ দ্রঃ। মৈ॰, প্রা॰ বাং পদ॰ সা॰] ক্রি, মানিলাম ; জ্ঞান করিলাম। "জীবন যৌবন সফল করি মা॰" -বি॰ প॰। বিণ, মানিত-পূজিত ; অর্চ্চিত ; সম্মানিত। > স্ত্রীং ~া।

মানা$_{৩}$-মান্না দ্রঃ।

মানানি, [মানা (দ্রঃ)+আন। মানাই, মানাও (মানান, মানাস), মানায় (মানান) ; মানাইতে ; মানাইয়া (কে॰ মানিয়ে)] ক্রি, মনন করা ; মানত করা। ২ স্বীকার করান ; অপরাধাদি স্বীকার করিতে বাধ্য করা।

মানানি$_{২}$ [মনোনয়ন >। প্র॰ পুং মানায়। অস-ক্রি-মানাইতে ; মানাইয়া, মানিয়ে] ক্রি, মনোনীত হওয়া ; ভাল দেখান ; শোভা পাওয়া। "মীন মুখে মাছরাঙ্গা মানায় মহত।"-ঘ॰। বি, মানান$_{৩}$ [গ্রা॰] বি, সৌন্দর্য্য ; শোভা। > ~সই, -সহি-বিণ, ঠিক মত ; যা ভাল বা সুন্দর দেখায় ; উপযুক্ত।

মানিক [মান, +ইক। রাসা॰ পরিঃ] ইং quantitative এর বৈজ্ঞা॰ পরিঃ (প্রকৃতি॰)।

মানী [মান (অহঙ্কার)+ইন্ (ষ্ণ্য॰)= মানিন্ ১মা, ১ব॰] বিণ মান্য। ২ [মান (মনঃ)+ইন্ (প্রশস্ত অর্থে)] ৩ মনস্বী ; প্রশস্তমনাঃ ; উদার প্রকৃতি। ৪ অহঙ্কারী ; অভিমানী। স্ত্রীং মানিনী-অভিমানবিশিষ্টা ; অভিমানবতী। "এ ধনি মানিনি মান নিবার"-চণ্ডি॰।

মানুখ [ব্রজ॰, প্রা॰ বাং। হি॰ ষ=খ] বি, মানুষ (দ্রঃ)।

মানুষ, [মনু (ব্রহ্মার পুত্র)+(অপত্যার্থে ষ) প্রা॰ বাং (হি॰-র অনুকরণে) মানুখ (ষ= খ)। "না চিহ্নে মানুষ" "মধু সম বচন প্রেম সম মানুখ"-বি॰ প॰। প্রা॰ বাং প্রাকৃ॰ মানুস। "করহ ইহা হরিচন্দ্র মানুস পাঠাও জন দস"-শূ॰ পু॰] বি, লোক। ২ নর ; মানুষ। ৩ [বাং-র প্র॰ অ॰] মনুষ্যের হিতকারী। ৪ [মেয়েলি ভাষায়] পতি ; স্বামী। ৫ পুরুষ অভিভাবক। ৬ ঘুড়ী দ্রঃ। ৭ [এই অর্থে প্রা॰ বাং-র 'মনিষ' (দলিলাদিতে)] জনমজুর। ৮ [কর্ত্তাভজাদের ভাষায়] সাধুব্যক্তি। "তাঁহাদের মতে মানুষের ক্ষমতার সীমা নাই। মানুষ ধর, অর্থাৎ যথার্থ সাধুব্যক্তি বাছিয়া তাঁহার শরণ লও, তোমার দুঃখ দূর হইবে।"-বঙ্গের রত্নমালা, ১ম ভাগ। স্ত্রীং ~ী-নারী। ২ চিকিৎসাবিঃ। বিণ, মানুষিক-মনুষ্যকৃত। ২ মনুষ্য সম্বন্ধীয় ; মানবীয়। মা॰ করা, ~মুনুষ করা-ক্রি, প্রতিপালন করা। ~ঘাতী-বিণ, নরহত্যাকারী। ~জন-লোকজন ; কাজকর্ম্ম করবার, খাটবার লোক। "অসম্ভব বলে কি কাজ ছাড়লে চলে, না মানুষ জন নেই বলে পিছিয়ে গেলে কোন বড় কাজ হাসিল হয় ?" -মেজবৌ (আ॰ শক্তি)। মানুষের মত মানুষ-মানুষের সকল গুণে গুণান্বিত ; আদর্শ মানুষ। ছেলে মানুষ-ছেলে দ্রঃ। বড় মানুষ-বড় দ্রঃ। বনমানুষ -বি, নরাকৃতি বানর। বুড়ো মানুষ-বি, বৃদ্ধ বা বৃদ্ধা। মনের মানুষ-বি, মনের মত লোক। মাটির মানুষ-বি, নির্ব্বিরোধী ব্যক্তি ; অমায়িক ব্যক্তি। মেয়ে মানুষ-বি, স্ত্রীলোক। রোগা মানুষ-বি, রুগ্ন ব্যক্তি ; দুর্ব্বল ব্যক্তি।

মানুষ$_{২}$ [মানুষ, দ্রঃ] বিণ, মানবসুলভ ; মানবীয়। "ইহা তোর মা॰ স্বভাব।" -বঙ্গবাণী, আষাঢ় '৩৪।

মানুষ্য [মানুষ+য (ভা০)] বি, মনুষ্যত্ব; মানবধর্ম। ২ মনুষ্যশরীর; মানবদেহ।

মানে [আ০ মানি] বি, তাৎপর্য্য; অর্থ। ২ শব্দার্থ। ৩ উদ্দেশ্য; মনোগত ভাব।

মানোয়ার [ইং man-of-war এর লিপ্যন্তর] বি, রণতরী; যুদ্ধ-জাহাজ। বিণ, **মানোয়ারী**-যুদ্ধ-জাহাজী; যুদ্ধজাহাজের। প্র-মানোয়ারী গোরা। ২ লড়াই করিতে তৎপর বিলাত হতে আগত এবং জাহাজ হতে সদ্য অবতরণকারী গোঁয়ার সৈনিক। "তুমি যেন মানোয়ারী গোরা"-অনুরূপা দেবী।

মান্ত্রিক [মন্ত্র+ইক (জ্ঞাতার্থে)] বিণ, মন্ত্রবেত্তা; মন্ত্রবিৎ। ২ মন্ত্রকারক; মন্ত্র-রচয়িতা।

মান্দা১, মাঁদা১ [সং-মান্দ >] বি, দ্রোণী-যন্ত্রে যে ডোবা বা খানা হতে জল তুলিতে হয়।

মান্দা২, মাঁদা২ [প্রাদে০] বি, গোছা; তাড়া; আটি।

মান্দা৩, মাদা৩ [হিং মাঁদ (গোবরাদির স্তূপ)] বি, বীজবপনের জন্য প্রস্তুত মৃৎস্তূপ।

মান্দা৪, মাঁদা৪ [মন্দ (দ্রঃ) > মন্দা >] বিণ, কম; লঘু; মন্দা। ২ ধীর-গতি। ৩ মন্দধী।

মান্দার [সং-প্রন্থিমৎফল >?] বি, ডেও মান্দার; মাদার।

মান্দাস [প্রাদে০] বি, ভেলা। "কলার মান্দাস গড় জীয়াই কান্ত লখিন্দর।"-মনসার ভাসান (কেতকা দাস)।

মান্দুর-মাদুর দ্রঃ।

মান্দ্য [মন্দ+য (ভা০)] বি, অল্পতা; হ্রাস। "অহরহ ক্রয় করে মান্দ্য কিরে পড়ে কখন?"-গান। ২ হানি। ৩ জড়তা; অলসতা। ৪ পীড়া। ৫ মনোমালিন্য। **অগ্নিমান্দ্য**-বি, ক্ষুধাল্পতা।

মান্ধাতা [মাম্ (আমাকে) ধে (পান করা)+তৃ (কৃ)] বি, যুবনাশ্ব রাজার পুত্র। **মান্ধাতার আমল**-অতি প্রাচীনকাল।

মান্না [মান্য >। মানা ও০] বি, উপাধিবিঃ।

মান্য [মান্ (পূজা করা)+য (র্ম)] বিণ, পূজনীয়; মাননীয়; আদরণীয়। স্ত্রীং ~া। ~গণ্য [সাধা০ গণ্যমান্য] বিণ, সম্মানিত; সম্ভ্রমশালী। বর-বিণ, মান্য ব্যক্তিগণের মধ্যে শ্রেষ্ঠ; মহামান্য। ~বান্ [মান্যবান স্থলে হিং, ওড়িং, অস০ মান্যমান্] বিণ, মাননীয়; সম্মানার্হ। ~স্থাপন-বি, সম্ভ্রম রক্ষা; মান রাখা।

মাপ [মা বা মাপি ধাতুজ। চট্ট০ প্রাদে০ 'হাপ'। হিং মাপ] বি, পরিমাণ; ওজন। ২ তুল্যতা করণ; জোঁখা। ৩ তৌলদাঁড়ী। ৪ মার্জ্জনা; ক্ষমা। "আমারে কর মাপ।" -কবিরঞ্জন০। ৫ [মানভূম প্রাদে০] বি, ধান্য পরিমাণ। দুইমনে ১ মাপ (ধান্য)। ~কাটি, -কাঠি-বি, পরিমাণ-যষ্টি; মাপ-দণ্ড standard. "কিন্তু সভ্যতার মাপকাঠি অপরিবর্ত্তনীয়"-রবী০। ~জোখ-বি, মাপা ও জোখা; পরিমাপ। "গবর্ণমেন্ট হংকঙ উপত্যকার ভিতর দিয়া আসাম বেঙ্গল লাইনের মাপের (মিটার গেজের) এক রেল-পথ তৈয়ার করিবার উদ্দেশ্যে সার্ভে বা মাপ-জোকের কাজ আরম্ভ করিয়া দিয়াছেন।" -নায়ক, ১লা অগ্র০, ১৩২৬। ~দার-যে দ্রব্যের ওজন করে; তৌলকারক।

মাপক [মা+পিচ্-প আগম=মাপি (পরিমাণ করা)+অক (র্তৃ-যে পরিমাণ করে] বিণ, মাপদার; পরিমাণ কারক।

মাপন [মাপি (পরিমাণ করা)+অন (ভা০)] বি, মাপ করণ; পরিমাপ; ইং measurement এর বৈজ্ঞা০ পরিঃ। ২ [(পোটা০ (ক০ বিশ০ পরিঃ)] মাপ। ~ী [জ্যা০ পরিঃ] ইং scale বা ruler এর বৈজ্ঞা০ পরিঃ; মাপদণ্ড; মাপকাঠি; পরিমাপযন্ত্র।

মাপা [সং-মাপি (পরিমাপে) >। মাপি, মাপ (মাপেন, মাপিস), মাপে (মাপেন); মাপিতে; মাপিয়া (কে০ পদ্যে-মাপি, প্রা০ মেপে)। পিজন্ত-মাপান] ক্রি, পরিমাণ করা; জরিপ করা। ২ ওজন করা। ৩ নির্দ্ধারিত ব্যবস্থা বা বিধান করা; নিয়ত করা; (যতটুক পরিমাণ) জুটান। "বিধাতা বা মাপিয়েছেন তাই ত হবে।"

মাপানি [মাপা দ্রঃ। মাপাই, মাপাও, মাপায়; মাপাইতে (কে০ মাপাতে); মাপাইয়া (কে০ মাপাইয়ে, মাপায়ে) ই০] ক্রি, মাপ করান।

মাফ [আ০ মুআফ্, মোআফ্। মু এবং মো'র মাঝামাঝি উচ্চারণ] বি, মার্জ্জনা; ক্ষমা; মাপ। ২ রহিত।

মাফিক [আ০ মুআফিক্] বিণ, সদৃশ; অনুযায়ী; তুল্য; মত। "তোমা তুমি ত্রিভুবন জিনিলাম বটে। মনের মাফিক যুদ্ধ মোর নাহি ঘটে।"-শি০। ~সই,-সহি [প্রা০ মাপিকসই] বিণ, মাপ অনুযায়ী; পরিমিত। ২ অনুযায়ী; অনুকূল; উপযোগী। "তীর্থ দর্শনের পুণ্যফলে তাদের তেমন আস্থা নাই বলিয়া, পথঘাটের সাবেকী ধরণের ব্যবস্থা তাদের মাপিক সই নয়।"-নরওয়ে ভ্রমণ।

মা-বাপ [তুল-হিং মাই-বাপ] বি, মাতাপিতা। ২ প্রতিপালক। ৩ হর্তাকর্তা বিধাতা।

মামড়ী [অনু০। সং-মর্দ্দর > মাউড়ী, মেউড়ীও বলে। অথবা মাড় (দ্রঃ) > মাড় শুকাইয়া যেরূপ হয়-মাড়মাড় > মাড়মাড়ি > কে০] বি, নাসিকামল; নাকের ময়লা। ২ ক্ষত স্থানের শুষ্ক চর্ম্ম; ঘায়ের পার্শ্বস্থ শুকনা চামড়া; মড়মড়ি।

মামদো [মহম্মদীয় > মামদুয়া >] বিণ, হজরৎ মহম্মদ-প্রচারিত ধর্ম্মাবলম্বী; মুসলমানধর্ম্মী। ~ভূত-বি, মরিয়া ভূত-যোনিপ্রাপ্ত মুসলমান; মুসলমানের ভূত।

মামলৎ [মামলা > বৎ০] বি, মামলা মকদ্দমা। ~দার-বিণ, যে মামলাদি করে।

মামলা [আ০ মুআমলা] বি, মোকদ্দমা; নালিশ। ২ বিষয় কর্ম্ম। ৩ ঘটনা; ব্যাপার। প্র-মা০ বড় সঙীন। ~দার-বিণ, মামলাকারী। ~বাজ-বিণ, মকদ্দমা করিতে দক্ষ; বিবাদপটু। ~মকদ্দমা-বি, দাদফরিয়াদ; নালিশ মকদ্দমা।

মামা [সং-মাম্-র্য মামক। চটল০ "মাউ"। মুসলমানী বাং-র মামু] বি, মাতুল; মায়ের ভ্রাতা; স্ত্রীং মামী-মাতুল-পত্নী; মাতুলানী। ~তো, ~তুয়া-বিণ, মাতুল সম্বন্ধে। ~-বাড়ী, মামার বাড়ী-বি, মাতুলালয়। ~তো বোন-বি, মাতুলের কন্যা; মামার মেয়ে। ~তো ভাই-বি,

মাতুল পুত্র। ~-ভাত-বি, মাতুলালয়ে অন্নপ্রাশন। **মামার ভাতে থাকা**-বি, আদরের অন্নে প্রতিপালিত হওয়া। ~শ্বশুর-বি, স্বামী পক্ষে স্ত্রীর ও স্ত্রীপক্ষে স্বামীর মাতুল। > স্ত্রীং **মামীশাশুড়ী।**

মামু-মামা দ্রঃ।

মামুদা [মহম্মদীয় > গ্রা° মামূদো] বি, প্রেতযোনিপ্রাপ্ত মুসলমান। "আকাশে কুমুদা আছিলা মামুদা ভাঙ্গিলা মাথায় খুলি।"-কবিক°। ২ কাংস্য দ্রব্য ব্যবসায়ী জাতিবিঃ। ৩ মাহ্‌মুদ বা মহম্মদ নামের অতি পরিচয় বা অবজ্ঞার্থক বিকৃতি।~বাজ-বিণ, মহম্মদাবাদ নামক মুসলমানপ্রধান গ্রাম।

সাত গেঁয়ের কাছে মামুদাবাজী [গ্রা° মামুদোবাজী] বি, হিন্দু-প্রধান সাতগাঁ (সপ্তগ্রাম) চতুর ও ক্ষমতাবান লোকবহুল গণ্ডগ্রাম বলিয়া প্রসিদ্ধ ছিল। উভয় গ্রামের লোকের মধ্যে প্রতিদ্বন্দ্বিতায় সপ্তগ্রামের নিকট মামুদাবাদের সকল চাতুর্য্য ব্যর্থ হইত। তা হতে প্রবাদের সৃষ্টি। মতান্তরে অধিক চতুর হিন্দুর ভূতের নিকট অল্প চতুর মুসলমানের ভূত কিছু করিতে পারে না।

মামুনা [ম° বাং] বি, চরকায় কাটা সূতায় প্রস্তুত জামার কাপড়।

মামুর [আ° মাআমুর্] বিণ, প্রচুর। ২ অধ্যুষিত। ৩ নিয়োজিত।

মামুল [আ° মাআমুল্] বিণ, অভ্যস্ত। ২ প্রতিষ্ঠিত। ৩ বি, কার্য্য। ৪ ব্যবহার; প্রয়োগ। ৫ অভ্যাস। ৬ নির্দ্ধারিত বৃত্তি।

মামুলি,-লী [ফা° মাআমুলি] বিণ, চিরাভ্যস্ত। ২ চিরপ্রচলিত; প্রথামত; দস্তুর মত। ৩ সাধারণ। **মা°আদায়** [আদা° পরিঃ] বি, নির্দ্ধারিত খাজনা ছাড়া ক্ষেত্রোৎপন্ন দ্রব্য (আলু, গুড় প্রভৃতি) যাহা চিরপ্রথানুসারে আদায় করা হয়। ~ধরণ-বি, সাধারণ প্রথা। "নেহাৎ মামুলী ধরণের মোড়লী"-সম্মিলনী, ১৩৩৪, আষাঢ়। মা° স্বত্ব-বি, চিরদিন যে অধিকার চলিয়া আসিতেছে easement.

মায় [আ°] অ, সহিত; একত্রে; সমেত। ২ সমষ্টি; সমূহ।

মায়না, মোয়ায়না [আ° মুআএনা। মহলা দ্রঃ] বি, পরীক্ষা; পরিদর্শন inspection. ~তদন্ত-মহলা দ্রঃ।

মায়া [মা (পরিমাণে) + য (ণে) + আ (স্ত্রীং), যদ্দ্বারা বিশ্ব পরিমিত হইয়াছে। বৌ° প্রাকৃ° "মাআ"(চ পদ° ১৩।২), "মাআ" = মাআজাল (সং-মায়াজালং, মাআহরিণী = মায়ামৃগ) চ° পদ° ১৩।৩, ১৩।৬ ই°] বি, অবিদ্যা; ব্রহ্মের ঐশীশক্তি; "যাহা সাংখ্যের প্রকৃতি তাহাই বেদান্তের মায়া।" [দ্রঃ "maya does not mean illusion, as some scholars think; but it is that power which produces time, space, and causation, as also the phenominal appearance which exist on the relative plane."] "মায়ামুক্ত তুমি শিব, মায়াযুক্ত তুমি জীব কে বুঝিতে পারে তব মায়া"-অ° ম°। ২ মিথ্যা জ্ঞান; ভ্রান্তি; চিত্তবিভ্রম; ভ্রান্তপ্রত্যক্ষ (হি° কো°) hallucination. ৩ মোহ; মমতা। ৪ কুহক; ইন্দ্রজাল। "নন্দন কাননে গিয়া পাতিলেন মায়া।"-কবিক°। ৫ চাতুরী; শঠতা; কপটতা। "মায়া করি দ্বারকায় যাবে দুরাশয়।"-অ° ম°। ৬ ছদ্মবেশ। ৭ মিথ্যাপ্রদর্শন fraud. ৮ করুণা; কৃপা। ৯ মহামায়া; দুর্গা। ১০ কমলা; লক্ষ্মী। ১১ বুদ্ধদেবের জননী মায়াদেবী। বিণ, **মায়ী, মায়িক**-মায়াপূর্ণ; মায়াময়। ২ কপটাচারী। > স্ত্রীং **মায়িনী, মায়িকা।** ~উপবন [(সন্ধি স্থলে) মায়া + উপবন = মায়োপবন] বি, মায়াকানন (দ্রঃ)। ~কর, ~কার-বিণ, ঐন্দ্রজালিক; বাজীকর; যাদুকর।~কানন-বি, কুহকবিদ্যা প্রভাবে সৃষ্ট উপবন; মায়াসৃষ্ট উদ্যান। ~কান্না-বি, কপট ক্রন্দন; অন্যের করুণা বা স্নেহ উদ্রেক করণোদ্দেশ্যে মিথ্যা কান্না। ~গণ্ডি, -ণ্ডী-বি, স্নেহ বেষ্টনী; মায়ার বেড়।২ মায়ামন্ত্রের বেষ্টন রেখা। ~ঘোর-বি, মায়ার আবর্ত্ত; মোহের ঘোর।~জাল-বি, মায়ারূপ জাল; কুহকজাল; মায়াপাশ। ~জীবী-বিণ, ঐন্দ্রজালিক; যাদুকর; বাজীকর। ~ডোর-বি, মায়াপাশ; মায়া-বন্ধন। "চোখের জলের বাঁধন দিয়ে বাঁধিসনে আর মায়াডোরে।"-রবী°। ~ত্মক [রবী°] বিণ, অলীক; মিথ্যা; অবাস্তব; মায়িক; ভ্রমাত্মক illusive. ~দণ্ড-বি, ঐন্দ্রজালিক দণ্ড magic wand. "কাহার মায়াদণ্ড স্পর্শে ঘনকৃষ্ণ মেঘজাল সত্যই অন্তর্হিত হইয়াছিল" -বা°বসুমতী, ১৩৩৪। ~দেবী-বি, বুদ্ধদেবের জননী। ~দেবীসুত-বি, বুদ্ধদেব। ~ধর, ~ধারী-বিণ, কপটকারী; ছদ্মবেশী। ~পাশ-বি, মায়ারূপ জাল; মায়ার বন্ধন বা ফাঁস। ~বদ্ধ-বিণ, মায়াপাশে আবদ্ধ। ~বল-বি, মায়ার শক্তি বা প্রভাব। ~বশ-বিণ, মায়ার বশীভূত। ২ ক্রি-বিণ, মায়া প্রভাবে। ~বাদ-বি, দেহাত্মবাদ। > বিণ, ~বাদী। ~বিদ্যা-বি, কুহকবিদ্যা; যাদুবিদ্যা। ~ময় -বিণ, মায়াপূর্ণ; মোহাচ্ছন্ন। > স্ত্রীং ~য়ী। ~মুক্ত-বিণ, মায়া হতে মুক্ত; বিগতমোহ। ~মোহ-বিণ, মায়া ও মোহ; মায়াজনিত মোহ। ~রজ্জু-বি, মায়াপাশ দ্রঃ। ~রথ -বি, মায়াসৃষ্ট রথ; অলীক রথ। ~রাজ্য-বি, মায়াসৃষ্ট রাজ্য; অলীক রাজ্য। ~সীতা মায়াবিদ্যা বলে প্রদর্শিত সীতার প্রতিমূর্ত্তি।

মায়াবসান [মায়া + অবসান] বি, অবিদ্যা বা অজ্ঞানতার নাশ।

মায়াবান্‌ [মায়া + বৎ (স্ত্যা°) = মায়াবৎ ১মা, ১ব°] বিণ, [মায়াযুক্ত; মোহাবিষ্ট। ২ ঐন্দ্রজালিক। স্ত্রীং **মায়াবতী**-মায়াকারিণী। ২ বি, রতিদেবী; মদন ভস্মের পর মদনপত্নী এই নাম লইয়া সম্বর অসুরের গৃহে ছিলেন। ৩ বুদ্ধদেবের জননী।

মায়াবী [মায়া + বিন্‌ (স্ত্যা°) = মায়াবিন্‌ ১মা, ১ব°] বিণ, মায়াযুক্ত; মোহাবিষ্ট। ২ কুহকী; যাদুকর। স্ত্রীং **মায়াবিনী।**

মায়ামঘর [শ্রীহট্ট° প্রাদে°] বি, ধানের গোলা; যে ঘরে ধান তুলিয়া রাখা হয়।

মায়িক [মায়া + ফিক] বিণ, মায়াবিদ্যার-কারী; ঐন্দ্রজালিক। ২ মায়াসৃষ্ট; মায়া-জনিত। ৩ কপট।

মায়ী [মু° মায়িন্‌] বিণ, যার মায়া আছে; মায়িক। ২ কপটাচারী। ৩ মার্জ্জার।

মায়ু [সং] বি, দেহস্থ পিত্ত।

মায়ূর [ময়ূর + অ (সমূহার্থে)] বি,

সঙ্গীতের স্বরবিঃ। "কোই মাং সুরট কোই সারঙ্গ, কোই বসন্ত গাওয়ে স্বর জাতি।" -শিবরাম দাসের পদাবলী। ২ শিখিসমূহ। ৩ বিণ, ময়ূর সম্বন্ধীয়। ~ী-রাঁধুনী; বন যমানী।

মায়ূরিক [ময়ূর+ইক (গ্রহণার্থে)] বিণ, ময়ূর শিকারী।

মায়ের [মাতৃ >] বিণ, জননীসুলভ। মা৽প্রাণ-বি, মাতৃহৃদয়; জননীসুলভ মন; মাতৃস্নেহপ্রবণ প্রাণ। "এ কথায় বিধুর মায়ের প্রাণ তো বুঝিল না।"-পিতাপুত্র। [দ্রঃ-এখানে বিধুই মা, তারই প্রাণ বুঝায়, বিধুর মা তার প্রাণ নয়]।

মায়্যা-মাইয়া দ্রঃ।

মার১ [মৃ (মরা)+অ (ভা৽)] বি, মরণ; মৃত্যু। ২ [ভা৽] হনন; মারণ; হত্যা। ৩ [এই অর্থে মারি (দ্রঃ)] মড়ক। ৪ প্রহার; শাস্তি। প্র-ভগবানের মার। এমন মার মেরেছে। "তোদের মারগুলো সব নিজের পিঠে নেবার জন্যে"-পরিত্রাণ (রবী৽)। ~কাট-বি, মারিয়া ও কাটিয়া ফেলার ভাব। ২ অতিশয় ঔদ্ধত্য। ~কুটিয়া, ~কুটে [মার +কুটিয়া, কুটে (অভ্যাস বা পটুতা অর্থে) তুল-হিংসকুটে, বিদ্‌কুটে] বিণ, প্রহার করণে অভ্যস্ত। ~খাওয়া-ক্রি, বি, প্রহৃত হওয়া। ~খেকো [হি৽-মার খাউআ। গ্রা৽মেয়েলি মারখাকুয়া, মারখেগো] বিণ, যে মার খায়। ~ঘেঁচড়া-বিণ, মার খাইয়া এমন অভ্যস্ত যে মারের ভয় ঘুচিয়া গিয়াছে। মার দেওয়া-ক্রি, মারা; প্রহার করা। ~ধর-বি, মারা ও ধরা; প্রহারাদি। প্র-মারধর না করিয়া ভাল কথায় বলিলেই হইত। ~পিট-বি, মারামারি; দাঙ্গা। ~মুখ -মারমূর্ত্তি দ্রঃ। > বিণ, ~মুখো-প্রহারোন্মুখ; মারিতে উদ্যত। > স্ত্রীং মারমুখী। "কথাটার নিহিত খোঁচা যাই থাক, এ জবাব দিবার তাহার অধিকার ছিল। কিন্তু বিলাস একেবারে লাফাইয়া উঠিয়া, মারমুখী হইয়া চেঁচাইয়া উঠিল, তুমি কার সঙ্গে কথা কইচ, মনেকোরে কথা কোয়ো, ব'লে দিচ্ছি।" -দত্তা (শ৽ চট্টো৽)। ~মূর্ত্তি-বি, প্রহারোদ্যত মূর্ত্তি; রণমূর্ত্তি। "তার সেই মারমূর্ত্তি দেখিয়া কেউ আর দ্বিরুক্তি করিবার সাহস করিত না"-ভারতী, ১৩২০।

মার২ [মৃ+ণিচ্=মারি (মরান)+অ (র্ত্তৃ)] বি, কন্দর্প। ২ [বৌ৽ সা৽] প্রলোভনকারী tempter (তুল-satan, ফা৽ মার=সর্প) সয়তান। এই মারের অগণন অসীম ক্ষমতাশালী সৈন্য যাদের লইয়া সে সর্ব্বদাই মায়া মোহ প্রলোভন দ্বারা স্বীয় ক্ষমতা প্রয়োগ করে। ৩ ব্যাঘাত; বিঘ্ন।

মার৩ [মাতার > মাআর > মা'র (কে৽)] বিণ, মাতার; জননীর। "প্রসাদ বলে ভয় করিনে মার অভয় চরণের জোরে।" -রা৽ প্র৽।

মার৪ [প্রা৽ বৌ৽ বাং] বি, মার্গ; পথ। "বহল (=বহুল) বট (মূঢ়) দুই মার (মার্গ) ন দিশঅ (দেখে)"-চ৽ পদ৽, ২৬।৫।

মারক [মৃ+ণিচ্=মারি+অক (র্ত্তৃ)] বি, গ্রহবিঃ। ২ মারীভয়; মড়ক। ৩ বাজপক্ষী; শিকরে পাখী। ৪ বিণ, হত্যাকারী; হন্তা।

মারকত [মরকত+অ (সম্বন্ধার্থে)] বিণ, মরকতনির্ম্মিত। ২ মরকত সম্বন্ধীয়।

মারকুলি,-লী [ইং mercuryর গ্রা৽ রূপ] বি, কাঁচা পারা; অশোধিত পারদ। "মারকুলীর বিষ যেমন একবার দেহে প্রবেশ করিলে সহজে আর বাহির হয় না। সাতপুরুষকে বিবদুষ্ট করিয়া রাখে, তেমনি বিলাত যাইলে, প্রথম কিশোরকালে বিলাত যাইয়া সাহেব মেমের সহিত ঘনিষ্ঠতা করিয়া আসিলে সে বিলাতীয়ানা সহজে দূর হইবার নহে।"

মারজিৎ [মার (কাম) জিৎ (যে জয় করিয়াছে)] বি, মহাদেব; শিব। ২ বুদ্ধদেব।

মারণ [মৃ+ণিচ্=মারি+অন (ভা৽)] বি, বধ; হনন; বিনাশ। "চড় উঠাইয়া চেড়ী কেড়ে নিল শাঁখা। মারণের ভয়ে শুধু মুখ কৈল বাঁকা।" -শি৽। ২ তন্ত্রোক্ত অভিচারবিঃ। ৩ প্রহার। "খুল্লনা মরিল মারণে"-কবিক৽।

মারতোল, মারতৌল [হি৽ মারতোল] বি, হাতুড়ি a hammer.

মারপিট-মার১ দ্রঃ।

মারপেঁচ [মার (বিঘ্ন) পেঁচ (সঙ্কট)] বি, বিঘ্ন; বিপদ। ২. [ফা৽ মার্ (সর্প) পেঁচ (ফের, আবর্ত্ত)] সর্পের ন্যায় কুণ্ডলায়িত চক্র; অতি জটিল আবর্ত্ত serpentine twisting.

মারফৎ [আ৽ সংক্ষেপে মাঃ কিম্বা মাং] অ, দ্বারা। ২ সহিত। ৩ নিকট।

মারবেল, মার্ব্বল, মার্ব্বেল [ইং marble এর লিপ্যন্তর] বি, মর্ম্মর প্রস্তর; মারবেল পাথর। "মারবেল মারা গিল্‌টি হলে"-হেম৽। "মার্‌বেলেতে মলের ঠমক্ বাজল ক্রমে ক্রমে।"-ঐ। ২ কাচ প্রস্তরাদি নির্ম্মিত খেলিবার ছোট গুলী।

মারসিয়া, মার্সিয়া, মর্সিয়া [আ৽ মর্সিয়া] বি, শোকসঙ্গীত; মৃত্যু উপলক্ষে রচিত শোকসূচক কবিতা বা সঙ্গীত elegy. "তিনি মারসিয়া শোকসঙ্গীত খুব ভাবের সহিত সুন্দরভাবে পাঠ করেন।" -উত্তরা, ১৩৩৩।

মারহট্ট, মারহাট্টা-বি, মহারাষ্ট্রদেশ। "মারহট্ট বরগির দেশ এড়াইয়া। কত গিরি বন নদ নদী ছাড়াইয়া।"-অ৽ ম৽। ২ ঐ দেশের অধিবাসী।

মারা [মৃ (মরা)+ণিচ্=মারি >। মারি, মার (মারেন, মারিস), মারে (মারেন); মারিতে (কে৽ মারতে, মাত্তে। এই অর্থে কৃত্তি৽ রামা৽ 'মারিখিল'। "যদি মোকে মারিখিল বাণে"); মারিয়া (কে৽ পদ্যে-মারি, গ্রা৽ মেরে)। ণিজন্ত-মারানি। শিষ্ট ব্যবহারে -মরান] ক্রি, প্রাণনাশ করা; বধ করা। প্র-বাঘ মারা; সাপ মারা; মানুষ মারা। ২ আঘাত করা। প্র-ইট মারা; গুলি মারা; লাঠি মারা; জলের ছিটে মারা। ৩ প্রহার করা; ঠেঙ্গান। "কোলের ছেলে টেনে এনে মারা"-হেম৽। ৪ প্রবেশ করান; ঠুকিয়া বসাইয়া দেওয়া-প্র-কাঁটা মারা; পেরেক মারা। ৫ আঁটা; জুড়িয়া দেওয়া। প্র-তক্তা মারা। টিকিট মারা। ৬ শুষ্ক করা; শূন্য করা। প্র-জল মারা; রস মারা। "বুধুকে উপলে জল ঘাট মার পাণী।"-শ্রী৽ কী৽। ৭ হরণ করা; কাটা। প্র-পকেট বা গাঁট মারা। ৮ [গ্রা৽] লাভ করা।

প্র-দালালীতে সে অনেক টাকা মেরেচে। ৯ ডুবিয়া যাওয়া। প্র-তুফানে তার দুখানা বজরা মারা গেল। ১০ রহিত করা ; রোধ করা ; বন্ধ করা। প্র-পথ মারা ; হুঁকা মারা। ১১ নষ্ট করা। প্র-বিষ মারা। ১২ ভ্রষ্ট করা। প্র-জাত মারা। ১৩ আত্মসাৎ করা। ১৪ ত্যাগ করা ; ছাড়া ; ছোঁড়া। প্র-লাফ মারা। চিকুড় মারা। হাঁক মারা। ফুক মারা। তান মারা। ঢিল মারা। ১৫ অবলম্বন করা ; ধারণ করা। প্র-গুড়ি মারা ; মালকোঁচা মারা ; ঘাপ্‌টি মারা ইং। ১৬ [অশ্লীল] মৈথুন করা। ১৭ বিণ, যুক্ত ; লিপ্ত ; আঁটা ; জড়িত। "মার্ব্বেল মারা গিলটী হলে" -হেমং। টিকিট মারা খাম। ১৮ কোন অবস্থায় পরিণত হওয়া ; হয়ে যাওয়া। প্র-হন্নে মারা ; নম্নে মারা ; চনা মারা ইং। ১৯ দেওয়া ; প্রয়োগ করা। প্র-চালের বস্তায় বোমা মারা ; টোনা মারা ; ভাংচি মারা ; গায়ে ডুলি মারা ; তাড়া মারা ; দৌড় মারা ; চাড় বা চাড়া মারা ; টান মারা ; ফুঁক মারা। এই অর্থে গুঁতা, ঘণ্টা, ঘাই, ছাপ, ছুট, টিটকারী, ঠেল, ঠেস, ঢু, ধাব্‌কা, ধাপ্পা, ধাব্বা, পাড়ি, ইং মারা। ২০ [গ্রাং] খাওয়া। "নিত্যি মারেন পাঁটার মুড়ো"-ঈংগুপ্ত। প্র-ভাত মারা ; খেঁট মারা। ২১ ঘর্ষণ করা। প্র-উকো মারা। ২২ অতিক্রম করা। প্র-পাহাড় মারা। ২৩ প্রোথিত করা ; পোঁতা ; গাড়া। প্র-খোঁটা মারা। ২৪ লাগান। প্র-পোতনা মারা। ২৫ ভস্ম করা ; পোড়ান ; জরান। প্র-পারা, লোহা ইং মারা। ২৬ কাটা। প্র-সিঁদ মারা। ২৭ করা। প্র-গল্প, ঠেস, ঠোস, ভাগ, ভেদ, হুড় ইং মারা। ~ধরা-ক্রি, মার-ধর (দ্রঃ) করা। ~পড়া-ক্রি, মৃত্যুমুখে পতিত হওয়া ; মরা। ~মারি [মার+আ (পরস্পরার্থে)+মার্‌+ই (স্বার্থে)] বি, দুই বিপক্ষ মধ্যে পরস্পর প্রহার ; প্রহার ও প্রতিপ্রহার ; মারপিট। ২ দাঙ্গা। ~যাওয়া-ক্রি, মরিয়া যাওয়া ; মরা। প্র-সে এইমাত্র মারা গেল। ২ নষ্ট হওয়া ; লোকসান হওয়া। প্র-ব্যাঙ্ক ফেল হওয়ায় তার অনেক টাকা মারা গেল। মাঠে মারা যাওয়া-ক্রি, দেখিবার শুনিবার লোকহীন স্থানে দস্যু কর্ত্তৃক হত হওয়া ; তা হতে এমনভাবে নষ্ট হওয়া যে তার কোন খোঁজ খবর হয় না। উঁকি মারা-উঁকি দ্রঃ। কুকুর মারা -ক্রি, যারা কুকুরকে হত্যা করে ; ডোম। গুড়ি মারা-গুড়ি দ্রঃ। ছুট মারা-ছুট দ্রঃ। জঁড় মারা-ক্রি, মূল কারণের উচ্ছেদ করা। জাত মারা-ক্রি, জাতিচ্যুত বা ভ্রষ্ট করা। টাকা মারা -ক্রি, টাকা লুট করা। টোকা মারা-ক্রি, বৃদ্ধাঙ্গুলের সাহায্যে তর্জ্জনীর আঘাত করা। ঠেঙ্গিয়ে মারা-ক্রি, লাঠির আঘাতে হত্যা করা। দৌড় মারা-ক্রি, ছোটা ; দৌড়ান। পাখ-মারা-বি, যারা পাখী মারে ; ব্যাধ। পাতড়া মারা-পেট টালা দ্রঃ। পাহাড় মারা -ক্রি, ঝগড়ায় পাহাড় প্রমাণ বা অতি প্রবল প্রতিপক্ষকে অতিক্রম করা। পুকুর মারা -ক্রি, পুকুরের জল শূন্য করা। পেটে মারা -ক্রি, উদরান্ন হ'তে বঞ্চিত করা ; অন্নসংস্থানের পথ বন্ধ করা। প্রাণে মারা-ক্রি, প্রাণান্ত করা ; বধ করা। বিষ মারা-ক্রি, বিষ নষ্ট করা। ভাত মারা-ক্রি, পরের ব্যয়ে ভাত খাওয়া। ২ অন্ন ধ্বংস করা। "জাত মার্লে পাদরি ধরে। ভাত মার্লে নীল বাঁদরে।"-নীলদর্পণ। ভাতে মারা-ক্রি, উদরান্ন বা তার সংস্থানের পথ বন্ধ করা। হাতে মারা দ্রঃ। মটকা মারা-ক্রি, চাল প্রভৃতির মাথা বাঁধা, সারা বা ছিদ্র বন্ধ করা। ২ নিদ্রার ভাণ করা। প্র-সে মটকা-মেরে পড়ে আছে। মার্কামার'-মার্কা দ্রঃ। মালকোঁচা মারা-মালকোঁচা দ্রঃ। মুখ মারা-মুখ দ্রঃ। `মুড়া বা মুড়ি-মারা-ক্রি, বস্ত্রাদির কিনারা সেলাই করিয়া সূতা খুলিয়া যাইবার পথ বন্ধ করা। লাফ মারা-ক্রি, লাফ দেওয়া ; লাফান। হাত মারা-ক্রি, হাত লাগান। ২ হাতবুলান ; হাত দিয়া নিকান। হাতে মারা-ক্রি, প্রহার করা। প্র-কর্ম্মচ্যুত করায় তাকে হাতে না মেরে ভাতে মারা হল।

মারাঠা, মারাঠি-বি, মহারাষ্ট্রদেশের অধিবাসী। ২ মহারাষ্ট্রদেশীয় ভাষা।

মারাত্মক [মার-আত্মন্=আত্মা যার, বহুং] বিণ, সংহারক ; সাংঘাতিক ; প্রাণ-ঘাতক।

`মারি১ [মার (দ্রঃ)+ই (স্বার্থে)] বি, মার ; প্রহার ; দণ্ড। "যে মারি খেয়েছ আজি চোরের অধিক"-অং মং।

মারি২, মারী [মৃ+ণিচ্=মারি (মারণ)+ই (ভাং] বি, মড়ক ; সংক্রামক রোগাদির প্রকোপে লোকক্ষয় ; মহামারী। ~ভয়-মড়ক ; মহামারী।

মারিত [মৃ+ণিচ্=মারি+ত (র্ম্ম)] বিণ, যাকে মারা হইয়াছে ; প্রহৃত। ২ বিনাশিত ; হত। ৩ ভস্মীকৃত ; জারিত।

মারিষ [সং] বি, নাট্যোক্ত মান্যব্যক্তি। ২ [বৌং সাং] ভদন্ত ; মহোদয়। "শক্র তাঁহার বিমানদ্বারে গমন করিয়া তাঁহাকে (বোধিসত্বকে) আহ্বান পূর্ব্বক বলিলেন, মাং আপনাকে মনুষ্যলোকে গিয়া ইক্ষাকু রাজার অগ্রমহিষীর গর্ভে জন্মগ্রহণ করিতে হইবে।"-জাতক, ৫ম খণ্ড। ৩ সূত্রধারের পার্শ্বচর। ৪ নটে শাক। স্ত্রীং ~া-দক্ষরাজের মাতা।

মারীচ১ [সং] বিণ, মরীচ সম্বন্ধীয়। ২ মরীচক্ষেত।

মারীচ২ [পুং] বি, জম্ভ দানবের পুত্র সুন্দের ঔরসে এবং রক্ষকন্যা তাড়কার গর্ভে জাত মায়াবী রাক্ষস। ৩ রাজহস্তী।

মারুআ [সং-মরুবক>] বি, মরুবক পুষ্প ও বৃক্ষ। "জাই জুই মারুআ তুলিআ লইব করে।"-শূং পুং।

মারুত [মৃ (মরা)+উৎ (র্ত্তৃ), যার প্রভাবে ও অভাবে মরিতে হয়=মরুৎ (বায়ু)+অ (স্বার্থে)] বি, উনপঞ্চাশ বায়ু ; পবন। মারুতাত্মজ [মারুত+আত্মজ] বি, পবনপুত্র হনূমান। ২ পবনতনয় ভীম ; বৃকোদর। মারুতাশন [মারুত+অশন] বিণ, বায়ুভক্ষণকারী ; পবনভোজী। ২ বি, ভুজঙ্গ ; সর্প ; পবনাশন।

মারুতি [মরুৎ (বায়ু)+ই (অপত্যার্থে)] বি, বায়ুপুত্র ; পবননন্দন ; হনূমান। "স্মরণ

করিবামাত্র আইল মা০" -কবিক০। ২ পবনাস্ত্রজ তীর। ৩ গর্ভস্থ ভ্রূণ। "প্রসূতি মা০ নড়ে ক্ষণে ক্ষণে ব্যথা বাড়ে লোটায় নিদয়া মহীতলে।"-কবিক০।

মারুয়া [শ্রীহট্ট০ প্রাদে০] বি, কাচ্লির দ্বিগুণ বড় মাটির হাঁড়ী ; গুড় জাল দিবার বা বহু লোকের অন্ন রন্ধনের জন্য ব্যবহৃত হয়।

মারুলি [মার্গ >] বি, পথ। ২ [প্রাদে০ ভেদে-মাড়াল (দ্রঃ)। প্রা০ বাং] বি, বাড়ীর উপর দিয়া পথ। "কারও মা০ দিয়া কেহ নাহি যায়।" -ময়না০ গান। ২ গ্রাম্য পথ।

মারোয়া১ [মার+উআ=ওয়া] বিণ, মারমুখী; মারিতে উদ্যত।

মারোয়া২-বি, রাগিণীবিঃ।

মারোয়াড়ী-মাড়োয়ারী দ্রঃ।

মার্কণ্ড [মৃকণ্ডু (মুনি) + অ(অপত্যার্থে)। মৃ=মার্, উ লোপ] বি, ঋষিবিঃ। ইনি কল্পান্তজীবী।

মার্কণ্ডেয় [মৃকণ্ডু (মুনি) + এয় (অপত্যার্থে)] বি, মার্কণ্ড মুনি। ২ মার্কণ্ড ঋষিভাষিত পুরাণ ; মার্কণ্ডেয় পুরাণ।

মার্কা [ইং mark এর লিপ্যন্তর] বি, চিহ্ন ; দাগ। ~মারা-বিণ, চিহ্ন দেওয়া ; নির্দ্ধারিত ; যা আর বদল হয় না। প্র-মার্কামারা দর। ২ আঁটা ; চিহ্নযুক্ত ; চিহ্নিত। "শুধু খালি মার্কামারা পেয়াদার জিবরি"-হেম০।

মার্কিন [ইং American >] বি, মোটা সূতার বস্ত্রবিঃ। প্র-একথান মার্কিন। ২ এমেরিকা দেশের অধিবাসী। ৩ বিণ, এমেরিকা দেশজাত। প্র-মার্কিন কাপড়।

মার্কেট [ইং market এর লিপ্যন্তর] বি, বাজার ; পণ্য ক্রয়-বিক্রয় স্থান ; হাট।

মার্গ১ [মৃগ (হরিণ) + অ (সম্বন্ধে)] বিণ, মৃগ সম্বন্ধীয়। ২ কস্তুরী। ৩ মৃগশিরা নক্ষত্র-যুক্ত পূর্ণিমান্বিত মাস ; অগ্রহায়ণ মাস। ~ক [মার্গ+ক (ণ্)] বি, অগ্রহায়ণ মাস। ~শির,-শীর্ষ-অগ্রহায়ণ মাস। > স্ত্রীং ~শিরী, -শীর্ষী - অগ্রহায়ণ মাসের পূর্ণিমা।

মার্গ২ [মৃগ্ (অন্বেষণ করা) + অ (ণে)। প্রা০ বাং - মাই। "জোইনিমাই" (=যোগিনীমার্গ)-বৌদ্ধগান ও দোহা। এই অর্থে উদ্ধৃত গ্রন্থে "মাগ" এবং "মাগা" শব্দও ব্যবহৃত হইয়াছে। বৌ০ প্রাকৃ০ "মাই" "মাগ" "মাগা" স০ ব০ দো০, চ০ পদ০, ১৪।৪,৮।৫। "মাগে"=মাঙ্গে=মার্গে (চ০ পদ০, ২৭।১৪।৩)। মাঙ্গত=মার্গেতে (চ০পদ, ৮।৪)] বি, বর্ত্ম ; পথ। ২ গুহ্য ; পায়ু। ৩ [মার্গ্ (অন্বেষণ করা) + অ (ভা০)] অন্বেষণ। বিণ, মার্গিক-পথিক। ২ শিকারী। মার্গিত-অন্বেষিত। ~ধেনু-বি, এক যোজন বা চারি ক্রোশ পরিমাণ পথ। ~বিদ্যা-বি, গীত বাদ্য ও নৃত্য সম্বন্ধীয় বিজ্ঞান।

মার্গণ [মার্গ (অন্বেষণ করা) + অন (ভা০)] বি, অনুসন্ধান। ২ [+অন (র্ত্তৃ)] তীর ; বাণ ; শর। ৩ প্রার্থনা ; যাচ্ঞা। ৪ [+অন (র্ত্তৃ)] প্রণয়। ৫ বিণ, প্রার্থনা-কারী ; যাচ্ঞাকারী ; যাচক।

মার্গপালী [সং] বি, তৃণস্তম্ব।

মার্গিজ-মরগেজ দ্রঃ।

মার্গ্য [মার্গ (অন্বেষণ করা) + য (র্ম্ম)] বিণ, গবেষণার যোগ্য ; অন্বেষণীয়।

মার্চ্চ [ইং march এর লিপ্যন্তর] বি, ইংরেজী বৎসরের তৃতীয় মাস ; বাঙ্গালা ফাল্গুনের শেষার্দ্ধ ও চৈত্রের প্রথমার্দ্ধ।

মার্জ্জন [মার্জ্জি (পরিষ্কার করা) + অন (ভা০)] বি, শোধন ; দোষ ক্ষালন। ২ প্রক্ষালন ; মাজা। ৩ মৃদঙ্গধ্বনি। ~নী-খ্যাঙরা ; সম্মার্জ্জনী ; ঝাঁটা। ২ দ্রাব। বিণ, ~নীয়-পরিমার্জ্জনযোগ্য।

মার্জ্জনা [সং] বি, ক্ষমা। "তুমি ছাড়া প্রভু মার্জ্জনা কেহ করিবে না সংসারে।"-রবী০। ২ প্রক্ষালন। বিণ, মার্জ্জনীয়-ক্ষমার্হ।

মার্জ্জার [সং] বি, বিড়াল। ২ খট্টাশ। স্ত্রীং ~রী, মার্জ্জারিকা। ~কণ্ঠ,মার্জ্জারক-বি, ময়ূর। ~কর্ণী, ~কর্ণিকা-বি, দুর্গার মূর্ত্তিভেদ ; চামুণ্ডা-দেবী।

মার্জ্জিত [মৃজ্ (পরিষ্কার করা) + ণিচ্ = মার্জ্জি + ত (র্ম্ম)] বিণ, ধৌত ; প্রক্ষালিত। ২ পরিষ্কৃত ; মাজা। "আনন্দ গদ গদ মারদ মাতিল তন্ত্রী তুলিয়া তার্ মার্জ্জিত করিল।"-হেম০। ৩ নির্দোষীকৃত; শোধিত। ৪ শুদ্ধ; সংস্কৃত ; পরিমার্জ্জিত । প্র-মার্জ্জিত বুদ্ধি। স্ত্রীং ~া-সংস্কৃতা ; শোধিতা। ২ শর্করা-মিশ্রিত দধি ; চিনি-পাতা দই।

মার্ত্তণ্ড [মৃতণ্ড + অ (অপত্যার্থে)] বি, তপন ; রবি ; সূর্য্য। [দ্রঃ-সং-তে শূকর ও আকন্দ গাছ অর্থে প্রয়োগ আছে]।

মার্ত্তিক [মৃত্তিকা (মাটি) + অ (নির্ম্মিতার্থে)] বিণ, মৃত্তিকানির্ম্মিত ; কর্দ্দমময় ; মাটির।

মার্দ্দঙ্গ, মার্দ্দঙ্গিক [মৃদঙ্গ (বাদ্য যন্ত্রবিঃ) + অ, ইক (র্ত্তৃ)] বিণ, মৃদঙ্গবাদনকারী।

মার্দ্দব [মৃদু + অ (ভা০)] বি, কোমলতা ; মৃদুতা।

মার্দ্বীক [সং] বি, দ্রাক্ষাজাত মদিরা। "সুপক্ক মৃদ্বিক অর্থাৎ আঙ্গুর গালিয়া রস বাহির করিয়া সেই রস হতে প্রস্তুত মদ্যকে মার্দ্বীক মদ্য কহে।"-দ্রব্যগুণ-শিক্ষা।

মার্বল [মারবল দ্রঃ। ল্যা০ marmor] ইং marble এর লিপ্যন্তর] বি, মরমর ; শ্বেতপাষাণবিঃ। ২ খেলিবার পাথরের গুলি।

মার্ষ্টি [মৃজ্ (মার্জ্জনে) + তি (ভা০)] বি, মার্জ্জন ; শোধন। ২ (তৈলাদি) ম্রক্ষণ।

মার্সিয়া-মারসিয়া দ্রঃ।

মাল১ [মাল্তো ভাষায়-মালে (পাহাড়ী =মানুষ), স্ত্রীং মালনি (মানুষী, নারী) >?] বি, অসভ্য জাতিবিঃ ; ইহারা সর্প ধরিতে, মন্ত্র বলে সর্প বশীভূত করিতে এবং সর্পক্রীড়া প্রদর্শন করিতে বিশেষ দক্ষ ; সাপুড়ে। "সাধুর আদেশে মাল, সর্প আনে যেন কাল, দুই আঁখি করঞ্জা সমান।" -কবিক০। ২ সর্পবৈদ্য ; সর্পদংশন চিকিৎসক ; সাপের ওঝা। ৩ মল্লযোদ্ধা। "সোয়ারে সোয়ারে থর তরবারে মালে মালে মুণ্ডে মুণ্ডে।"-অ০ ম০। মালকচ্ছ, মালকোঁচা [মল্লকচ্ছ >] বি, ক্রোড় হতে যে লম্বিত বস্ত্রের কুঞ্চিত অংশ বা

কোঁচা পদদ্বয়ের মধ্য দিয়া পশ্চাদ্দিকে কাছার মত কিন্তু আঁটিয়া বাঁধা থাকে; মালশাট। "কোথা বা সে মল্লকচ্ছ, সে বুঝি গয়াং গচ্ছ"-কস্তুরী।

মাল২ [আ°] বি, বাণিজ্যদ্রব্য; পণ্য-দ্রব্য। ২ বস্তু; দ্রব্য goods. ৩ অর্থ; ধন; সম্পত্তি। ৪ গবর্ণমেণ্টে রাজস্ব দেওয়া ভূমি। ৫ রাজস্ব; খাজনা revenue. মা° আদালত-রাজস্ব সম্বন্ধীয় আদালত। মা° আমাওয়াল [আ° মাল-ই-আমওয়াল] বি, মৃত ব্যক্তির পরিত্যক্ত সম্পত্তি। মা° আমাল,মালামাল-বি,স্থাবর অস্থাবর সম্পত্তি। মা° কাটা-ক্রি,পণ্যাদি বিক্রয় হওয়া; মালের কাটতি হওয়া। ~কোটা, ~খানা-বি, খাজনাখানা; ট্রেজারী; treasury. ২ ভাণ্ডার a store house. ~গাড়ী-বি দ্রব্যসম্ভার বহনের রেলগাড়ী; goods train. ২ ভারবাহী গাড়ী waggon. ~গুজার-বি, জমীদার; জমীর করদাতা। ~গুজারদার-বি,ভূস্বামীকে সাক্ষাৎভাবে খাজনাদাতা প্রজা। ~গুজারি (রী)-বি, রাজস্ব; খাজানা revenue; rent. ~গুদাম-বি, যে গৃহে বা বাড়ীতে মালপত্র রক্ষিত হয় a store house; a godown. ~-চালান-বি, মাল সরবরাহ। ~জিমি, ~জিমী-বি,যে জমীর খাজনা বা কর আদায় হয়; করদ জমী। ~জামিন-বি, সম্পত্তির প্রতিভূ security for property. ২ জামিন-স্বরূপ ন্যস্ত সম্পত্তি a surety in property. ~জামিনী-বি,একজনের আর একজনকে অর্থসংক্রান্ত কর্ম্মে নিযুক্ত করিলে তৎকর্ত্তৃক অর্থের অপচয় হইলে, তৃতীয় ব্যক্তির, সেই ক্ষতি পূরণের জন্য, প্রদত্ত অঙ্গীকার পত্র। মা° তোলা-ক্রি, বাণিজ্যদ্রব্য মালখানায় সজ্জিত করিয়া রাখা।~দার-বিণ, সম্পত্তি-শালী; ধনী।~পত্র-বি,জিনিসপত্র। ২ পণ্য-দ্রব্যাদি। ~মশলা, ~মসলা-বি, উপকরণ;উপাদান।~মাত্তা-বি,ধনসম্পত্তি। ২ [আদা°] অস্থাবর সম্পত্তি; বিষয়াশয় goods & effects; properties. এই অর্থে যৈমন° আদি অঞ্চলে মালামালেত, মাল-মিস্কিয়ত ও°-মালপত্র; পণ্যদ্রব্যাদি।

কাঁচা মাল-বি,শিল্পজাত দ্রব্যের উপকরণ raw material. পাকা মাল-বি, ঘৃত পক্ক আহার্য্য। ২ সারবান বস্তু। রদ্দি বা রদ্দিমাল-বি, অপকৃষ্ট দ্রব্য; খারাব জিনিস।

মাল৩ [ফা° মল্ (মদ্য)] বি, মদ্য; সরাব। "কার বগলে কালো বোতলে মাল চলেছে ঢেকে।"-অমৃত°। মাল টানা-ক্রি,মদ্য-পান করা; মদ খাওয়া। "আমরা * * * * * * তাই ত মাল টেনেছি।"-গান। ২ দ্রব্যাদি বহন করা।

মাল৪ [সং-মাল্য। ব্রজ°] বি, মালা; হার। "বানর কণ্ঠে কি মোতিম মাল" -বি° প°। "গলায় মাল শোভিছে ভাল।" -চণ্ডি°। "মুকুতার মাল"-কবিক°।

মালক [মালা+ক, আ লোপ] বি, নারিকেলের মালা। ২ নিমগাছ। ৩ স্থলপদ্ম। ৪ [পা° সা°] বি, বৃতিবেষ্টিত বৃত্তাকার পবিত্র স্থান; ঐরূপ বেদি। স্ত্রী° ~া, মালিকা-মাল্য; মালা।

মালকোটা-মাল২ দ্র:।

মালকোশ, -কৌশ, -কোষ-বি, কৌশিক রাগ। "ছায়ানটের সভায় এসে আদর কেন মালকোষে।"-গান (গোবিন্দ ব্রহ্মচারী)।

মালগাড়ী-মাল২ দ্র:।

মালগুজারী-মাল২ দ্র:।

মালচক্রক [সং] বি, মালাইচাকি; চলকোর the knee pan.

মালঝাঁপ [লক্ষ°। মল্ল > মাল, ঝম্প > ঝাঁপ] বি, বাঙ্গালা ছন্দোবি:। "মালঝাঁপের ১ম, ২য়, ৩য়, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম চরণ চারি চারি অক্ষরে সম্বদ্ধ ও পরস্পর মিত্রাক্ষর। অবশিষ্ট দুই চরণে দুই বা তিন বর্ণ থাকে ও মিলিয়া যায়।"-কাব্যনির্ণয়। যথা-"দন্তাবলী, শিশুঅলি, কুন্দকলি মাঝে। ভুরু অনু, কামধেনু, হেমতনু সাজে॥" -কবিক°।

মালঞ্চ [মাল (বন, উদ্যান)+অনচ (ভূষণ)=মালঞ্চ অর্থাৎ শোভনোদ্যান] বি, পুষ্পোদ্যান; পুষ্পবাটিকা; ফুল বাগান। "আমি তব মালঞ্চের হব মালাকর।"-রবী°। "ঐ দেখা যায় বাড়ী আমার চৌদিকে মালঞ্চ ঘেরা।" -গোপাল উড়ে। "মালঞ্চে ফুল আপনি ফুটে বাস বিলাতে চায়"-গিরিশ°।

মালট [সং-মল্লসঙ্কট > ? টাল দ্র:] বি, সঙ্কট; টাল। ২ জীবন-মরণ যুদ্ধ; প্রাণসঙ্কট। প্র-লোকটি বহুদিন ধরিয়া কঠিন রোগে ভুগিতেছে, সে দিন তার একটা মা° গেল।

মালতী [সং] বি, যাতিপুষ্পবি:; চামেলি ফুল aganosma calisina. "বান্ধুলী পিউলী মা° জাতি। কুন্দ কৃষ্ণকেলি দনার পাঁতি॥" -অ° ম°। "রঙ্গণ মা° কুন্দ করবীর অরবিন্দ থরে থরে লাগয়ে তাহাতে।"-চণ্ডি°। ২ মুকুল; কুঁড়ি। ৩ পঞ্চদশাক্ষর ছন্দোবি:; শেষ অক্ষর সম্বোধনসূচক অথবা নঞর্থক (না) বর্ণে রচিত হয়। যথা-"আহা মরি কিবা ভাগ্য অন্য সবাকার লো। কত শত পরে ভূষা বাজু বালা হার লো॥"-রসতরঙ্গিণী। ৪ যামিনী; নিশা। ৫ জোৎস্না; চন্দ্রকিরণ। ৬ যুবতী। ৭ নদীবি:। ~পত্রিকা-বি, জৈত্রী। ~ফল-বি, জাতীফল। ~লতা-বি, জাতিলতা। ২ সপ্তদশাক্ষরা ছন্দোবি:।

মালপুআ, মালপুয়া [হি° মাল (ঘৃত বা তৈলে পক্ক বলিয়া উপাদেয়)+পুপ > পুআ=পুয়া ক্ষে° মালপো] বি, পিষ্টকবি:।

মালপোকা-বি, বড় জাতীয় দৃঢ়-দেহ কীটবি:। ইহারা নারিকেল গাছের মাজায় ছিদ্র করিয়া তাতে বাস করে। উচ্চস্থানে থাকে বলিয়া মাল এই নাম। মতান্তরে দেহের অনুপাতে ভারি দ্রব্য পায়ে করিয়া ঝুলাইয়া রাখিতে পারে বলিয়া নাম astinae oryctes

মালব [সং] বি, ষড়্‌রাগের প্রথম রাগ। ২ মধ্যভারতস্থ দেশবি:; মালোয়া।

মালবৈদ্য [মাল১, বৈদ্য দ্র:] বি, সর্প-বিষচিকিৎসক।

মালভূম১ [মালভূমি দ্র:] বি, পশ্চিম-বঙ্গের অন্তর্ভুক্ত পার্ব্বত্য জাতি বিশেষের দেশবি:।

মালভূম২, মালভূমি [মাল (পার্ব্বত্য, উচ্চ) ভূম, ভূমি] বি, উন্নতভূমি table land.

মালয় [মলয় (পর্ব্বতবিঃ)+অ (জাং)] বি, চন্দনবৃক্ষ। ২ [+অ(সম্বন্ধার্থে)] বিণ, মলয় সম্বন্ধীয়। ৩ মলয় পর্ব্বতজাত ; মলয় পর্ব্বত হতে উৎপন্ন। ~তরু-চন্দনবৃক্ষ [বিরল]। "উপনীত হৈল পশু মালয় তরুতলে"-কবিকং।

মালশাট, -সাট [মল্ল (দ্রঃ) শাট, সাট > ছুট (বহ্ব) > ছাট > । ছ=শ, স] বি, মালকোঁচা। "তাহার উপরে চড়ি ঘন মালশাট মারি ঝাঁপ দিলা কালিদহ জলে।" -মাধবদাস। "মালসাট মারি ধায় বানর কটক।"-কৃত্তিং। ২ [মল্ল-আস্ফোট] মল্লগণের বাহুর আস্ফালন। "এমন সময়ে দানাগণ নাচয়ে বীর মারে মালসাট।" -কবিকং।

মালসা [সং-মল্লিকা > (কা=চা=সা) মাইলসা > মালসা। "মল্লঃ পাত্রে"। "মল্লিকা মৃৎপাত্রভেদয়োঃ"-মেং] বি, সরা অপেক্ষা বড় ও গভীর মৃৎপাত্রবিঃ। > ক্ষুদ্রার্থে মালসী। ~ভোগ-বি, ঠাকুরের যে ভোগ মালসায় রাখা ও মালসা করিয়া বিতরণ করা হয়। "কোথা যাও মনোহর মালসাভোগ ফেলে।"-ঈং গুপ্ত।

মালসী১-বি, মালবরাগপত্নী ; রাগিণীবিঃ। ২ শ্যামাবিষয়ক গীত।

মালসী২-বি, ক্ষুদ্র মালসা (দ্রঃ)।

মালসী৩, -সি [ইং M. L. C. (Member of the Legislative Council) > বিদ্রূপে] বি, আইন মহাসভার সদস্যের উপাধির সংক্ষিপ্তাকার।

মালা১ [সং। "মাল্যং মালাস্রজৌ" -অমরং] বি, মাল্য ; পুষ্পরচিত হার। ২ স্বর্ণাদি নির্ম্মিত কণ্ঠহার। প্র-মোহনমালা, কণ্ঠমালা ইং। ৩ তুলসী রুদ্রাক্ষ প্রভৃতিতে নির্ম্মিত জপমালা। ৪ সারি ; শ্রেণী ; পাতি। ৫ ছন্দোবিঃ। ৬ [ওরাওঁ শব্দ] বি, লম্বা পশমী সূতার হার। ~কর, ~কার-বি(ণ), মাল্য নির্ম্মাণকারী ; পুষ্পাজীব ; মালা বিক্রেতা ; মালী। ২ জাতিবিঃ। মালা করা, মালা জপা-ক্রি, মালার দানার সংখ্যা-পরিমাণ ইষ্টদেবের নাম আবৃত্তি করা। ~গ্রন্থি-বি, গেঁটে-দূর্ব্বা। ~চন্দন-বি, মাল্য ও চন্দন; পূজ্য বা মান্য ব্যক্তির সম্মানার্থ মাল্য ও চন্দনের অর্ঘ্য। ~বদল-বি, বিবাহে বরের সহিত কন্যার কণ্ঠমাল্যের পরিবর্ত্ত। মালা হওয়া-মালাজপ সমাধা হওয়া ; দৈনিক জপ শেষ হওয়া। কণ্ঠমাং-বি, সেকালের সুবর্ণ-নির্ম্মিত কণ্ঠভূষণবিঃ ; দানার মত গড়নের হার। গিঁড়েমাং-বি, গোল শ্রেণীবদ্ধ ভাবে গ্রথিত ফুলের মোটা মালা। চাঁদমাং-বি, অর্দ্ধ চন্দ্রাকারে রচিত পুষ্পাদির মালা। জপমাং-ইষ্টমন্ত্র জপের মালা স্ব স্ব ইষ্টমন্ত্রানুসারে তুলসী রুদ্রাক্ষ প্রভৃতি জপমালার প্রকারভেদ হইয়া থাকে। তুলসীমাং-বি, সূতায় গাঁথা সচ্ছিদ্র তুলসী কাঠের গুলির মালা। পদ্মবীজের মাং-বি, পদ্ম ফুলের বীজে ছিদ্র করিয়া তাতে সূতা পরাইয়া যে মালা গাঁথা হয়। ফিকীরে-মাং-বি, কাচ গুটিকার মালা। বনমাং-বি, বনফুলের মালা। ২ কদম ফুলের মালা। ৩ সর্ব্ব ঋতুতে প্রস্ফুটিত হয় এমন ফুলের আজানুলম্বিত পুষ্পমাল্য (বন দ্রঃ)। মটর-মাং-বি, সুবর্ণ সূত্রে গ্রথিত সুবর্ণ মটরের মালা বা হার। মতির মাং, মুক্তার মাং -বি, মুক্তাগ্রথিত মালা বা হার। "পরি রুদ্রাক্ষের মালা, মুক্তামালা ছিঁড়ি" -বীরাঙ্গনা। মুণ্ড-মাং-বি, নরমুণ্ডের হার (কালী প্রতিমার গলায়)। মোহন-মাং-বি, সোনার তিন চার নরী হারবিঃ। রুদ্রাক্ষমাং-বি, অক্ষমালা ; অরণ্য-তরুবিশেষের শুষ্ক ফল দ্বারা গ্রথিত মালা ; শৈব বা শক্তিমন্ত্রের উপাসকদিগের জপ-মালা। হরিনামের মাং-বি, প্রতিদিন নিয়মিতরূপে হরিনাম জপ করিবার তুলসী কাঠের গুটিকা-গ্রথিত মালা ; বৈষ্ণবের ইষ্টমন্ত্র জপের মালা।

মালা২ [আং মাল্লাহ্] বি, জাতিবিঃ। ২ ধীবর ; জেলে।

মালা৩ [সং-"মল্লঃ পাত্রে"-মেদিনীং] বি, পাত্র cup ; নারিকেলের কঠিন আবরণের অর্দ্ধভাগ ; নারিকেলমালা।

মালাই১ [ফাং বালাই] বি, দুধের সর।

মালাই২-বি, জাতিবিঃ। ২ মলয় উপদ্বীপের অধিবাসী Malayan.

মালাইচাকি-মালচক্র দ্রঃ। "হাটুর মালাইচাকি রঘুবোয়াল গিলে।"-মনসার ভাসান (ক্ষেমানন্দ)।

মালাদীপক [সং] বি, অর্থালঙ্কারবিঃ ; দীপকালঙ্কারের মালা।

মালাদূর্ব্বা-বি, গেঁটেদূর্ব্বা।

মালাবার [সং-মলয়বার] বি, দক্ষিণ ভারতস্থ প্রদেশবিঃ। বিণ, মালাবারী-মালাবার দেশ সম্বন্ধীয়। ২ বি, মালাবারের অধিবাসী।

মালাম১, মালামি [মাল (মল্ল)+আম, আমি (আচরণার্থে)] বি, মল্লখেলা ; কুস্তী। "মালে করে মালাম চোয়াড়ে লোফে কাড়"-অং মং।

মালাম২ [মুং বাং। মালুম (দ্রঃ) >] বিণ, চিহ্ন, বিতঃ পদচিহ্নযুক্ত। "মাং পাথরে দুইয়ে শুয়ে নিদ্রা যায়"-মৈং গীং। ২ বি, পদচিহ্ন। "যেখানে পড়িয়া গো আছে আলীর মালামের পাথ্থর।"-মৈং গীং।

মালিক১ [মালা+ইক (সংসৃষ্টার্থে)] বি, মালাকার জাতি ; মালী। ২ বিণ, মাল্য নির্ম্মাণকারী।

মালিক২, মালেক [আং মালিক্] বি, অধিকারী। ২ প্রভু ; স্বামী। মাং আল। [আদাং পরিঃ] বি, সম্পত্তির প্রধান অধিকারী proprietor. ২ প্রভু ; রাজা। মাং দেহা [আদাঃ পরিঃ] বি, সম্পত্তির এক অংশের অধিকারী। মালিকানা-বি, ভূম্যধিকারী ভূমিস্বত্ব হতে বিচ্যুত হইয়া গবর্ণমেন্টের নিকট হতে যে টাকা পায়। ২ বিণ, অধিকার সম্বন্ধীয়। এই অর্থে "মালিকানি"ও বলে proprietary. মালিকানারসুম-বি, অধিকারগত হক। মালিকি, -কী-বি, নির্ব্যূঢ় স্বত্ব ; অবাধিত অধিকার ; absolute right মালিকিয়ৎ-বি, অধিকার ; প্রভুত্ব। মালিকীস্বত্ব-বি, অধিকার সম্বন্ধীয় দাবী proprietary right.

মালিকা [সং] বি, মাল্য ; পুষ্পহার ; ফুলমালা। "শুনলো শুনলো বালিকা। রাখ

কুসুম মালিকা।"—ভানুসিংহের পদাবলী। ২ স্বর্ণাদি নির্ম্মিত কণ্ঠভূষণ ; হার। ৩ মল্লিকা ফুল। ৪ মদিরা ; সুরা। ৫ নদীবিঃ।

মালিনী [মালী দ্রঃ] বি. মালাকার পত্নী; পুষ্পমাল্যাদি বিক্রেত্রী। "তুলিয়া কুসুমরাশি মালিনী যেমতি গাঁথে মালা"—বীরাঙ্গনা। ২ মাতৃকাভেদ। ৩ কালী ; দুর্গা। ৪ চম্পানামী নগরী। ৫ সুরনদী ; মন্দাকিনী। ৬ বিণ. মালাধারিণী। "জটাজালিনী, শিরমালিনি! শশিভালিনি সুখশালিনি করবালিনিগো।" —অং মং। ৭ পঞ্চদশাক্ষর ছন্দোবিঃ।

মালিন্য [মলিন+য (ভাবার্থে)] বি. বিষণ্ণতা ; মলিনতা। ২ অপরিচ্ছন্নতা ; ময়লা ভাব।

মালিম [আ॰ মুআল্লিম্] বি. জাহাজের মেট a mate ; a pilot. ২ রাত্রে তারা দেখিয়া জাহাজ পরিচালন, বন্দরগুলির সংবাদ রাখা যার কার্য্য।

মালি-মোকর্দ্দমা—বি. মামলা মোকদ্দমা।

মালিয়ৎ [ফা॰] বি. ধনসম্পত্তি।

মালিশ, মালিস [ফা॰] বি. মলন ; মর্দ্দন। ২ বি. মালিশের তৈল ; মালিশ করিবার ঔষধ।

মালী [মালা+ইন্ (স্ত্যা॰)=মালিন্ ১মা, ১ব॰] বি. পুষ্প-মাল্যাদি-বিক্রেতা ; মালাকার। ২ বিণ. মালাবিশিষ্ট। ৩ মালাধারী। প্র—বনমালী ; মুণ্ডমালী। স্ত্রীং মালিনী।

মালুঞ্চা [প্রা॰ বাং। মালঞ্চ দ্রঃ] বি. মালঞ্চের অধিকারী ; মালাকার ; মালী। "পুষ্প তুলিবাক পচ্চিম গেলা মালুঞ্চার বাড়ি।"—শূ॰ পু॰।

মালুধান [মালু (পত্রলতা) ধান (যে ধারণ করে)] বি. অষ্টনাগের অন্তর্গত মালুয়া সর্প। স্ত্রীং ~নী—লতাবিঃ।

মালুবা [পা॰সা॰] বি. একপ্রকার মিষ্টি আলু, ও বাটীর আকারে গঠিত পত্রযুক্ত লতা। "পায়স পাক শেষ হইল। মৎসরী তাহা উনান হইতে নামাইয়া বলিলেন, তোমরা ভোজনের জন্য পাত্র লইয়া আইস। ব্রাহ্মণ বেশধারী দেবগণ স্ব স্ব আসন হইতে উত্থিত না হইয়াই হস্ত প্রসারণ পূর্ব্বক হিমালয় হইতে মালুবা লতার পত্র আহরণ করিলেন।" —জাতক, ৫ম খণ্ড।

মালুম [আ॰ ই্ল্ম্ (জ্ঞান, জানা) > আ॰ মঅ্লুম্ (জ্ঞাত)] বি. বোধ। "মালুম হয় না স্পষ্ট, সবুজ নীল কি কালো"—রজনী সেন। "উপভোগের যোগ্য পুলক মালুম হইতে লাগিল"।

মালুমকাঠ, -কাষ্ঠ [আ॰ মুআল্লিম্ (কর্ণধার pilot) ; মালম (কচ্ছদেশের ভাষায় নাবিক—navigator)] বি. জাহাজের মাস্তুল main mast. "কাণ্ডার মালুম কাঠে এড়াইল থানা ঘাটে"—কবিক॰। "আর ডিঙ্গাখান তুলে নামে শুয়ারেখী। দুপুরের পথ যার মালুম কাঠ দেখি।"—ঐ। "মালুমকাঠ দিল গাড়ি"—মনসা॰ ম॰ (বংশী)।

মালুর, মালূর [মা (লক্ষ্মী) লা (গ্রহণ করা)+উর, উর অথবা মা (লক্ষ্মী) লূ (ছেদন করা)+র (র্ম্ম), জ্ঞা॰] বি. বিল্ববৃক্ষ। "মলয়জ মাখি মাখি মালুরের পাতে। প্রাণপণে পূজেছি তোমার প্রাণনাথে।"—শিং। ২ কপিত্থবৃক্ষ ; কয়েত বেলের গাছ। ৩ শ্রীফল ; বেল। "লক্ষ্মী আপন স্তন কর্ত্তন করিয়া শিবের সন্তোষার্থ উপহার দিয়াছিলেন, শিব সন্তুষ্ট হইয়া বলিলেন অদ্যাবধি মালুর নামে খ্যাত হইয়া আমার সন্তোষ জন্মাইবে।" —পু॰। "মালুর নিন্দিয়া স্তন, মুগ্ধ করে ত্রিভুবন, মাঝার মৃগেন্দ্র পরিহার।"—শিং।

মালেয় [মালা+এয়, সম্বন্ধার্থে] বিণ. মাল্য সম্বন্ধীয়। স্ত্রীং ~যী—বড় এলাইচ।

মালো [সং-মালঃ] বি. জাতিবিঃ। স্ত্রীং মালোনী।

মালোপমা [অলং শা॰ মালা+উপমা] বি. এক উপমেয়ের একাধিক উপমানযুক্ত কাব্যালঙ্কারবিঃ। "মলিন-বদনা দেবী হায়রে যেমতি ; খনির তিমির গর্ভে (না পারে পশিতে সৌরকররাশি যথা) সূর্য্যকান্ত-মণি ; কিম্বা বিম্বাধরা রমা অম্বুরাশি তলে।"—মেঘ॰।

মাল্য১ [মালা+য (ভা॰)] বি. পুষ্প-গ্রথিত হার ; ফুলমালা। ২ শিরোমালা। ৩ পুষ্প ; প্রসূন। ৪ প্রাচীন ভারতে প্রসাধনের এক প্রধান উপকরণ। মাল্যভেদ—(১) গর্ভক (কেশ রচনার সহিত বিমনীতে জড়াইয়া ধারণযোগ্য), (২) প্রভ্রষ্টক (যে মালা পুরুষের মস্তকের পশ্চাদ্ভাগে ধারণীয় ও নারীর খোপায় জড়াইবার), (৩) ললামক (যে মালা মাথার সম্মুখভাগে প্রলম্বিত হইত, মাথা ঘিরিয়া কপালে ঠেকিত), (৪) প্রালম্ব (যে মালা গ্রীবা বেষ্টন করিয়া থাকিত), (৫) বৈকক্ষক—বুক পর্য্যন্ত লম্বিত মাল্য।

মাল্য২, মাল্ল—মাইল২ দ্রঃ।

মাল্যবান্ [মাল্য (মালা)+বৎ (স্ত্যা॰) =মাল্যবৎ ১মা, ১ব॰] বি. রাক্ষসবিঃ। ২ পর্ব্বতবিঃ। ৩ বিণ. মালাযুক্ত। স্ত্রীং মাল্যবতী—নদীবিঃ।

মাল্যা [হিং মল্লাহ > যশো॰ খুলনা প্রাদে॰] বি. নৌকার দাঁড়ী।

মাল্লা [আ॰ মল্লাহ্] বি. নাবিক ; নৌকার মাঝী। ২ হিন্দুজাতিবিঃ। **মাঝী মাল্লা** [সহ॰ দ্বন্দ্ব] বি. মাঝি ও তৎশ্রেণীর বা সমব্যবসায়ী লোক।

মাল্লি [প্রা॰ বাং। মাউল ও॰। প্রাদে॰] বি. বড় বোরা ; প্রকাণ্ড থলিয়া। "সাত হাত ওসার মা॰ এক বুক উচ্চ।"—মাণিক॰। ২ পথ ; মারুলি (দ্রঃ)।

মাশুক [আ॰ মাআশুক্] বি. প্রেমাস্পদ। "প্রেমিক হইতে গেলে * * * মাশুকের নিমিত্ত আত্মবিসর্জ্জন ইত্যাদি শিক্ষণীয়" —মতিচূর। স্ত্রীং ~া—প্রণয়িনী।

মাশুল [আ॰ মহ্সূল্ (যে কর আদায় করা হইয়াছে)] বি. শুল্ক ; কর tariff.

মাশুলচোর [আ॰ শোহরৎ=প্রচার ; শোহরৎ > আ॰ মশহূর্ (খ্যাতি) > মশহুর চোর (নামজাদা চোর) > অং মাশুল চোর] বি. দাগী ও নামী চোর।

মাষ [সং-মাষক] বি. মাষকলাই। "আমা তারে বাপ মোর দিল ভূমি দান। তথি কলে মসুর কাপাস মাষ ধান।" —কবিক॰।

~কলাই, -কলায়—শস্যবিঃ ; বিরিকলায়।

~ভক্তবলি—মাষকলায় দধি তণ্ডুলাদি-মিশ্রিত পূজোপহার।

মাষক [মাষ+ক (স্বার্থে)] বি. স্বর্ণাদির পরিমাণবিঃ ; পাঁচ রতি। চরকের মতে ১০ রতি ; সুশ্রুতের মতে ৫ রতিতে মাষা,

কিন্তু এক্ষণে ১২ রতিতে অর্থাৎ ৵০ আনায় মাষা ধরা হয় (পরিভাষা)।

মাষা [মাষ (মাষকড়াই)+আ (তার ভার পরিমাণ ওজনার্থে)] বি, মাষকড়াই ভর ওজন। ২ মাষক, মাসা দ্রঃ।

মাষীণ, মাষ্য-বি, মাষকলায়ের ক্ষেত।

মাষ্টার [ইং master এর লিপ্যন্তর] বি, শিক্ষক। ২ [ব্যঙ্গ্যে] মহাশয়।

মাস১ [মস্ (চন্দ্র)+অ (সম্বন্ধার্থে)] বি, চান্দ্রমাস; শুক্ল কৃষ্ণ উভয় পক্ষরূপ কাল; ৩০ দিন সময়: চারি সপ্তাহ কাল। ২ [মস্ (পরিমাণ করা)+অ (ণে) যদ্দ্বারা কালের পরিমাণ করা হয়] বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ, ভাদ্র, আশ্বিন, কার্ত্তিক, অগ্রহায়ণ, পৌষ, মাঘ, ফাল্গুন ও চৈত্র-বর্ষের এই দ্বাদশ অংশ। ~কাবার-বি, মাসের শেষদিন; মাসান্ত। ২ [জমি০ পরি:] মসিক আয় ব্যয়ের হিসাবের বিবরণী। > বিণ, ~কাবারী-বিণ, একমাসের উপযোগী; একমাসের মত। ২ মাসান্তে করণীয়। বা ~জার্ত-বি, যাহার বয়ক্রম ত্রিশ দিন একমাস কাল মাত্র; একমাসের শিশু। ~বৃদ্ধি-বি, অধিমাস; মলমাস। ~মান্-বি, বর্ষকাল; বৎসর। ২ মাস পরিমাণ। ~মাহিনা-বি, মাসিক বেতন।

মাস২ [সং-মাষক] বি, মাষকলাই।

মাস৩, মাঁস [সং-মাংস] বি, মাংস। "পায়ে পড়ি পশ্চাৎ পৃষ্ঠের খায় মাস॥" -শি০। হাড়ে মাসে জঁড়িত-বিণ, অস্থির সহিত মাংসযুক্ত।

মাসক-মাষক দ্রঃ।

মাসকিয়া, মাসক্যে [সং-মাসিকম্] বিণ, মাসিক; মৃতব্যক্তির সম্বৎসরের মধ্যে প্রতিমাসের মৃত্যুতিথিতে কর্ত্তব্য শ্রাদ্ধ। ২ প্রতিমাসে দেয় বা করণীয়। ৩ মাসে মাসে; প্রত্যেক মাসে।

মাসতাত (-তুতা, -তুতো) [মাসাত ও০] মাসী দ্রঃ।

মাসমিত্রা-মাসী দ্রঃ।

মাসর [সং] বি, ভাতের ফেন; মাড়।

মাসরা [মাসহরা > ক্ষে০] বি, মাসহরা; মাসমাহিনা; মাসিক বেতনাদি। "হালখানায় মা০ সাথে দেড় বুড়ি কড়ি॥" -মাণিক০ গান। "কোথাও মা০ কড়ি কেহ দেয় দালি বড়ি গ্রাম যাজি আনন্দে সাঁতারে।"-কবিক০।

মাসশাশুড়ী [মাসী-শাশুড়ী। মাসাশ দ্রঃ] বি, শাশুড়ীর ভগিনী। পুং-মাসশ্বশুর।

মাসহঁরা, মাসিহারা [আ০ মুশাহারা] বি, মাসিক বৃত্তি; জলপানি; প্রতি মাসের বরাদ্দ টাকা monthly allowance.

মাসা, মাষা-বি, স্বর্ণাদির পরিমাণবিঃ; ৮ রতি পরিমাণ (১২ মাসা=১৬ আনা=১ তোলা)। ২ বৈদ্যের ওজনানুসারে ১০ রতিতে ১ মাসা (৮ মাসায় ১ তোলা)। "রতি মাসা যবে যার হয় পরিমাণ। সেই জন হ'তে চায় আমার সমান॥"-স্বর্ণ ও লৌহের বিবাদ (পদ্যপাঠ)।

মাসান্ত [মাসের অন্ত, ৬তৎ] বি, ইহা চান্দ্রমাসের শেষ দিন: মাসের শেষ: সংক্রান্তি।

মাসাশ, মাসাস [মাসীশাশুড়ী > ক্ষে০] বি, স্বামী পক্ষে স্ত্রীর ও স্ত্রীর পক্ষে স্বামীর মাসী; মাসশাশুড়ী। "মাসাস হয়ে মাতনী বল,"-গান।

মাসি-মাসী দ্রঃ।

মাসিক [মাস+ইক-দেয়ার্থে] বিণ, মাসীয়, প্রত্যেক মাসের। ২ প্রতিমাসে করণীয় বা দেয়। ৩ পিতৃগণের প্রতিমাসের কৃষ্ণপক্ষীয় শ্রাদ্ধ। ৪ প্রেতের সম্বৎসরের মধ্যে প্রতিমাসের মৃত তিথিতে কর্ত্তব্য শ্রাদ্ধ। ৫ স্ত্রীলোকের ঋতু। ~পত্রিকা-বি, যে পত্রিকা প্রতিমাসে বাহির হয় monthly magazine. ~পত্রিকাগিরি-বি, মাসিকপত্রিকা পরিচালন কর্ম্ম। "থাক না মাসিক পত্রিকাগিরি করা, যে করে করুক।" -রবী০-আ০ শক্তি, ১২।১০।২৮। মাসিক বিভাগীয়াব্দ দ্বাদশ মাসিক নক্ষত্রমাণে নির্ণীত অব্দ Eras founded on sidereal divisions of the month.

মাসী১, মাসীমা, মাসি [মাতৃষস্ শব্দের ক্ষে০ (মুস্আই বা মস্আই। চট্ট০ প্রাদে০)। পূ০ বঙ্গে মাসীমা অর্থে 'মাসমিত্রা'(পূ০ব০গী০)] বি, মাতৃষসা; মাসীমা; জননীর সহোদরা অথবা ভগিনীস্থানীয়া [দ্রঃ-মাসী সম্বন্ধে বা সম্পর্কীয় অর্থে মাসতাত, মাসতুতি, মাসতুতা, মাসতুতো, মাসার্ত। প্র-মাসতুতো ভাই। মাসতুতা বোন]।

মাসী২ [মাস+ঈ (সম্বন্ধে)। ফা০ মাহী] বিণ, মাস সম্বন্ধীয়; মাসিক; মাসের monthly. প্র-দশমাসী।

মাসু/ড়া [প্রাদে০। মেস্তাড়া ও০] বি, চক্ষুর ছানি। ~ড়ী-বি, দাড়ী।

মাস্থুর [ফা০ মশ্হুর] বি, প্রসিদ্ধ।

মাস্থল-মাশুল দ্রঃ।

মাস্তল [ইং mast, পর্ত্তু০ mastis] বি, পাল তুলিয়া দিবার জন্য ষ্টীমার জাহাজ প্রভৃতিতে সংলগ্ন কাষ্ঠস্তম্ভ; গুণবৃক্ষ।

মাস্বা [মাসীর স্বামী > ক্ষে০। প্রা০ বাং] বি, মাসীর স্বামী; মেসো। "কালুবীর বলেন সম্বন্ধে তুমি মাস্বা।"-ধ০ ম০ (নরসিংহ), ১৭৩৭ খৃঃ অব্দ।

মাস্যা [মাস + ইয়া=মাসিয়া > ক্ষে০] বিণ (বি), মাস সম্বন্ধীয় (বর্ণনা)। প্র-বারমাস্যা।

মাহ১ [ব্রজ০। সং-মাস >। মাহা দ্রঃ] বি, মাস। "এ ভরা বাদর মাহ ভাদর শূন্য মন্দির মোর"-বি০ প০।

মাহ২ [মধ্য > মাঝ > মাহ] ভিতর। "হৃদয় মাহ মঝু জাগসি অনুখন।"-রবী০।

মাহবরা [ফা০ মহাবরা] বি, অভ্যাস।

মাহয়ারি [ফা০ মাহ্ বারি] বিণ, প্রতিমাসিক।

মাহলী [প্রা০ বাং প্রাকৃ০] বি, মল্লিকা (শ্রী০ কী০)।

মাহসুল-মাশুল দ্রঃ।

মাহা১ [ফা০ মাহ্ >] বি, মাস।

মাহা২ [সং-মধ্য >] অ, মাঝ; মধ্যে। "জগ মাহা উপমা।" "পৈঠল হিয়া মাহা মোরি।"-বি০ প০।

মাহাকুল [মহৎ > মহা >] বিণ, মহৎকুল জাত; উচ্চবংশীয়।

মাহাকোল [মহা=মাহা] বি, মহাবরাহ।

মাহাজনিক [মহাজন+ইক] বিণ, মহাজনোচিত; মহদ্ব্যক্তির যোগ্য। ২ মহাজন সম্বন্ধীয়। ৩ বাণিজ্য সম্বন্ধীয়।

মাহাতি-মাহান্তি দ্রঃ।

মাহাত্মিক [মহাত্মা+ইক] বিণ, মহৎ; গৌরবান্বিত; মহিমামন্ন। স্ত্রীঃ ~ী।

মাহাত্ম্য [মহাত্মন্ + য (ভাং)] বি, মহিমা; মহত্ত্ব; মহীয়সী কীর্তি। ২ প্রসিদ্ধি। ৩ গৌরব।

মাহাদান [প্রাং বাং 'মাহাদাণে' ওং (শ্রীং কীং)] বি, শুল্ক; দান-মাশুল। "বার বরিষের নোকে মাঁগে মং"।-শ্রীং কীং। ~ী-বিণ, প্রধান শুল্কসংগ্রাহক। "তোঞ ন জানসি মোঞ মাহাদানী এ দান সব আন্ধারে ভাণ্ডে যোলপণ দিআঁ মাহাদান, চল মথুরা নগরে।"-শ্রীং কীং।

মাহান্তি, মহান্তি, মাহাতি-বি, হিন্দুর জাতীয় উপাধিবিঃ।

মাহারাজিক [মহারাজ+ইক] বিণ, মহারাজসুলভ; মহারাজোপযোগী।

মাহিনা, মাহিয়ানা [ফাং মাহিয়ানা। প্রাং মাইনা,-নে] বি, মাসিক বেতন। "মাহিনা বিহনে নিত্য নটীর নফর।" -ঘং। ২ বিণ, প্রতিমাসিক monthly. ~দার-মাইনদার দ্রঃ।

মাহিষ [মহিষী+অ (সম্বন্ধার্থে)] বিণ, মহিষ সম্বন্ধীয়। ২ মহিষদুগ্ধজাত।

মাহিষিক [মহিষী (ব্যভিচারিণী) +ইক] বি, ব্যভিচারিণীর অন্নপুষ্ট ব্যক্তি। ২ বিণ, মহিষোপজীবী।

মাহিষ্য [সং] বি, হিন্দুজাতিবিঃ। ২ মহিষ সম্বন্ধীয়; মহিষ দুগ্ধজ। ~দ্রব্য [তুল-গব্য] বি, মহিষদুগ্ধজাত খাদ্যদ্রব্য। "দধি দুগ্ধাদি সম্ভূত গব্য বা মাহিষ্য দ্রব্য প্রস্তুত করণ"-ভারত পরিচয়।

মাহিষ্মতী [চেদি দ্রঃ] বি, নর্মদা নদীর তীরস্থ নগর। রাজা শিশুপালের নগরী (বর্তমানে ইহার নাম চুলিমহেশ্বর)।

মাহুত [সং-মহামাত্র > অং] বি, হস্তিচালক। "ব্রাহ্মণ রজপুত ক্ষত্রিয় রাহুত মোগল মাহুত রণ অনিবারা।"-অং মং।

মাহুতি,-তী [মাহুত+ই, ঈ] বি, গজসৈন্য বা গজারোহী সৈন্য। "সৈন্যসুত মন্ত্রপুত দক্ষ দেয় আহুতি। জন্মি তার সৈন্য ধায় অশ্ব ঢালি মাহুতি।"-অং মং।

মাহুর [হিং মাহুর (বিষ)। সং-মাহেয়ম্ (সর্পবিষ) >। প্রাং বাং-র অর্থ সম্প্রসারণে বিষধর সর্প। তুল-ফাং জহর] বি, সর্প। "গরল মাং দুয়া আনি দেহ দান।"-কবিকং। "বিলম্ব করহ কিসে আনহ মাং বিষে।"-ঐ।

মাহেন্দ্র [মহা+ইন্দ্র=মহেন্দ্র (ইন্দ্র)+অ (সম্বন্ধার্থে)] বি, ইন্দ্র সম্বন্ধীয় শুভ দণ্ডবিঃ; শুভযোগবিঃ; মাহেন্দ্র ক্ষণ। ২ বিণ, মহেন্দ্র সম্বন্ধীয়। স্ত্রীঃ **মাহেন্দ্রী**-শচী; ইন্দ্রাণী। ২ গাভী। ৩ পূর্বদিক্‌। ~ক্ষণ-বি, শুভযোগবিঃ; দুর্লভ সুযোগ। "এ সময় তাঁহার উদ্দেশ্য সিদ্ধির পক্ষে একটি মাহেন্দ্র ক্ষণের উদয় হইয়াছিল।"-প্রবাসী. ১৩২০।

মাহেয় [মহী (পৃথিবী)+এয় (সম্বন্ধার্থে)] বিণ, মহী সম্বন্ধীয়। ২ মহীজাত; ধরা হতে উৎপন্ন। ৩ মৃন্ময়। ৪ [অপত্যার্থে (এয়)] বি, মঙ্গলগ্রহ। ৫ অসুরবিঃ। স্ত্রীঃ **মাহেয়ী**-সীতা। ২ গাভী।

মাহেশ [মহেশ+অ] বি, শিবোপাসক। স্ত্রীঃ ~ী-মহেশ্বরী; দুর্গা।

মাহেশ্বর [মহান্ > মহা+ঈশ্বর=মহেশ্বর (শিব)+অ(সম্বন্ধার্থে)] বিণ, মহেশ্বর সম্বন্ধীয়। ২ বি, শিবোপাসক। ~ী-বিণ, মহেশ্বর সম্বন্ধীয় ২ বি, মাতৃকাবিঃ; দুর্গা। ৩ যবতিক্তা।

মি১ [আমি দ্রঃ। অসমিয়ায় 'মুহি'। মহারাষ্ট্র 'মি'] স, 'আমি'র প্রাচীনতম একবচনার্থক রূপ। মুই দ্রঃ।

মি২-প্রাং বাং, হিং, ওড়িং ভাষায় উত্তমপুরুষ, নিত্যকালঘটিত ভবিষ্যকাল ক্রিয়াবিভক্তি-যথা করিমি। > করিম। তুল-করিব, খাব, যাব। প্রাদেং ভেদে-মি=মু=বু। মৈমনসিং প্রাদেং করমু, যামু, খামু=করিমু, যাইমু, খাইমু=করিবু, যাইবু, খাইবু। পং বঙ্গে-করিব, যাইব, খাইব।

মিআর্ন-মিয়ার্ন দ্রঃ।

মিউনিসিপালিটী, ম্যুনি- [ইং municipality র লিপ্যন্তর] বি, স্বায়ত্তশাসনসম্পন্ন নগর বা গ্রামসমষ্টি। বিণ, **মিউনিসিপাল**-নগরের বিধিবদ্ধ কার্যসভা সম্বন্ধীয় municipal. মুন্সিপাল দ্রঃ।

মিউনিসিপ্যাল কর্পোরেশন [ইং municipal corporation এর লিপ্যন্তর] বি, নাগরিক শাসকবর্গ।

মিউমিউ [অনুং] অ, বিড়ালের ডাক। ২ ক্ষীণকণ্ঠে বা ভয়ে ভয়ে অনুরোধ বা আপত্তি বা প্রার্থনা বা আব্দার।

মিঃ [ইং mister এর লিপ্যন্তর। মিষ্টার > ক্ষেং মিঃ] বিণ, শ্রীযুক্ত। "আর কোন মহিলা ডেপুটি চেয়ারম্যানের পদে নিযুক্ত হন নাই। মিঃ সুসান নারে সাই সর্বপ্রথম এই সম্মান লাভ করেন।"-বাং কথা। স্ত্রীঃ **মিস্‌ট্রেস** (mistress)-শ্রীযুক্তা।

মিকাডো [জাপানী ভাষায় মিং (দেবতার প্রতিনিধি)] বি, জাপানের সম্রাটের উপাধি।

মিক্যা [অভিমুখে > অং, প্রাদেং] অ, দিকে। "সদাগরের মুখের মিক্যা চাই" -পূং বং গীং। "হাসিমুখে একটিবার আমার মিক্যা চাও"-ঐ।

মির্গ [সং-মৃগ > প্রাং বাং প্রাকৃং।] বি, মৃগ; হরিণ। "মরা মির্গ পুনরাএ পরান দান পাইল"-পূং পুং। স্ত্রীঃ **মির্গী**-মৃগী; হরিণী। "বনর মির্গীক পরভু হুঁকার পাড়িল।" -পূং পুং। "জীঅন্ত মির্গীর ছাল"-ঐ।

মিছরি, মিসরি [হিং মিস্‌রী। সং-মৎস্যণ্ডী > মচ্ছড়ী > মিছরী, মিছরি। তুল-মৎস্যাক্ষী (হিঞ্চে শাক) > হিং-তে মহেচ্ছী ও মচ্ছরিয়া] বি, গুড়বিকারবিঃ। ২ [লক্ষং] বিণ, মিছরির মত মিষ্ট; মিছরি তুল্য। **মিছরির ছুরী** [লক্ষং] বি, মুখে মধু অন্তরে বিষ।

মিছা [সং-মিথ্যা > প্রাকৃং মিচ্ছা > প্রাং মিছে, মিচে] বি, মিথ্যা; অসত্য; অনৃত। "সে কহে বিস্তর মিছা যে কহে বিস্তর।"-অং মং। ২ বিণ, অমূলক। ৩ বৃথা। "তোর সে হাস্তের কাছে সব হাস্ত মিছা গো"-অশোকং। "মিছা মায়া, কাঞ্চন কায়া ত রবে না"-গিং। ব্রজং **মিচ্ছ**। "মিছ নাহি ভাখী।"-বিং পং। ~কথা-অসত্য

কথা। ~কান্না-বি, কৃত্রিম ক্রন্দন। ~মায়া-বি, কপট মায়া; কৃত্রিম স্নেহ। ২ অসার মোহ। ~মিছি-অ, মিথ্যা; বৃথা; অকারণ; অনর্থক।

ˋমিছিল [আ॰ মিস্‌ল্ (সদৃশ, মকদ্দমার কাগজপত্র আদালতের কার্য্যাবলীর প্রতিকৃতি স্বরূপ বলিয়া এই নাম) > ভ্রং মিছিল, মিচিল। স-হ্ব] বি, মকদ্দমা সংক্রান্ত কাগজ-পত্র; আদালতের নথিপত্র। "রাশি রাশি মিছিল"-টেকচাঁদ। ২ মামলা; মকদ্দমা। ৩ শোভাযাত্রা procession. প্র-বিবাহের মিছিল।

মিজরাব, মেজরাপ [আ॰ মিজ্‌রাব] বি, সেতার বাদনকালে তারে আঘাত করিবার জন্য দক্ষিণ তর্জ্জনীর অঙ্গুলিত্র।

মিজান [আ॰ মীজান। গ্রা॰ মিজা] বি, মোট; সমষ্টি; একুন; যোগফল sum; total. প্র-মি॰ দেওয়া বা মিলান।

মিজি [মিয়াজী > চ॰ ক॰ ভা॰] মিঞা দ্রঃ।

মিঞা-মিয়া দ্রঃ। ~জি [চ॰ ক॰ ভা॰ মিঞিজ্জ] মিয়া দ্রঃ।

মিঞ্জি [সং-মসৃজ > প্রা॰ বাং] বিণ, নিমজ্জিত। ~মিঞ্জি-অ, নিমজ্জিত প্রায়; ডুবু ডুবু; মিটিমিটি। "বদনে রদন পড়ে মিঞ্জি মিঞ্জি আঁখি।"-শি॰।

মিট [মিত্র >] বি, মিল। ~মাট-বি, পুনর্মিত্রতা। ২ আপোষ নিষ্পত্তি; মিটন।

মিটমিট [মীল্ (সঙ্কোচে, চক্ষুমুদ্রিত করণে) >। ল-ড়-ট] অ, নিমীলন-প্রায়; পিট পিট দ্রঃ। আদরার্থে-ˋমিটিমিটি। "কোটরে নয়ন দুটা মিটিমিটী করে।" -অ॰ ম॰। মুহুর্মুহুঃ অর্থে-মিটির মিটির। ক্রি, মিটমিটানি-মিটমিট করা। > বি, মিটমিটানি। বিণ, মিটমিটিয়া, মিটামিটা, মিটমিটে-নিমীলিত-প্রায়; অর্দ্ধমুদ্রিত-প্রায়; আধ-চাওয়া। ২ অনুজ্জ্বল; ম্যাড়মেড়ে। ৩ অন্তরে অন্তরে; চাপা। মিটমিটে ডাইন-ভিতরে ভিতরে ডাইন; ছদ্ম ডাইন।

মিটা [সং-মিল্ (মিলনে) >। ল-ট। বাং-য় উ॰ পু॰, ম॰ পু॰ ব্যবহার নাই। প্র॰ পু॰ -মিটে; অস-ক্রি-মিটিতে, মিটতে (গ্রা॰); মিটিয়া (কে॰) মিটে; ণিজন্ত-মিটান] ক্রি, নির্ব্বাহিত হওয়া; শেষ হওয়া। ৩ নিবৃত্ত হওয়া; অবসান হওয়া। "নিখর্চ্চায় ঘরে বসে অনায়াসে মিটতো বিবাদ মনের মতন।" গান। বি, মিটন। ~মিটি-পরস্পরের মধ্যে মিলন। ২ আপোষে নিষ্পত্তি।

মিটানি [মিটা (দ্রঃ) ণিজন্তে। হি॰ মিটানা। মিটাই, মিটাও (মিটান, মিটাস), মিটায় (মিটান্): মিটাইতে (কে॰ মিটাতে); মিটাইয়া (কে॰ মিটিয়ে)] বি, সমাধান; নির্ব্বাহ; নিষ্পাদন। ২ নিষ্পত্তি করা; মিটমাট করা। ৩ থামান। "শেষে পুনঃ অন্ন দিবা মিটাইয়া বৃষ্টি।"-অ॰ ম॰। ৪ মুছিয়া ফেলা; বিলোপ করা। ব্রজ॰ মিটায়্‌ব-মিটাইব। "কৈছে মি॰ মান"-বি॰ প॰।

মিটি [মৃত্তিকা-মৃত্তি > হি॰ মিট্টি > মিটি] বি, মৃত্তিকা; মাটি। "অলকা তিলক-মিটি গেলহি দূর॥"-বি॰ প॰।

মিঠ₁ [মিষ্ট >, হি॰ মিঠা > ব্রজ॰ মিঠ] বিণ, মধুর। "কিবা সে বচন অমিয়া মিঠ" -বি॰ প॰।

মিঠ₂ [সং-মিথ্যা > মিচ্ছা > মিছ >] বিণ, মিথ্যা। "ঝুঠ মন মিঠ দেখে" -শ্রী॰ কী॰।

ˋমিঠা [সং-মিষ্ট। চ॰ ক॰ ভা॰ মিডা। গ্রা॰ ˋমিটে] বিণ, মিষ্ট; মধুর। "পাকা আম্র আহার করিতে ছিনু মিঠা"-ধ॰। ব্রজ॰ মিঠ, মীঠ। ~কঁড়া, ˋমিঠে কঁড়া-বিণ, মিষ্ট ও কটু। ২ কোমল ও কঠিন। ৩ দোয়সা। ~খিলি [মধুর রস বলিয়া মিঠা] বি, মিঠা পানের খিলি। "অল্পদূরে রাস্তার মোড়ে একটা পানের দোকান ছিল, সেখানে গিয়া এক পয়সার মিঠাখিলি কিনিল।"-মা॰ ও ম॰ বাণী, ১৩৩১। ~জল, ~পানী-বি, স্রোতস্বিনীর জল; নদীর জল fresh water. প্র-মিঠা জলের মাছ। ~নেবু, ~লেবু-বি, মধুর রস নেবুবিঃ।

ˋমিঠাই, ˋমেঠাই [গ্রা॰ মেটাই। সং-মিষ্টান্ন > মিঠা-অন্ন-আই (হি॰)] বি, মিষ্ট-খাদ্য; মিষ্টান্ন। "ক্ষীরের মিঠাই চুরি করিয়া হরষে।"-পদ্যপাঠ। "খাজা গজা আদি করি সুখের মেঠাই।"-ঈ॰ গুপ্ত। ~ওয়ালা [গ্রা॰ মেটাইওলা] বি, মিষ্টান্ন বিক্রেতা। ২ মিষ্টান্ন প্রস্তুতকারী।

মিঠানি [সং-মিষ্টান্ন] বি, মিষ্টান্ন। ২ মিষ্টরস; মিষ্টত্ব। "টিটের টিটানি খেতের মিঠানি সকলি জানি যে আমি।"-চণ্ডি॰।

মিডিয়ম [ইং medium এর লিপ্যন্তর] বি, ডেমি (demy) নামক আদালতাদিতে ব্যবহার্য্য কাগজবিঃ। ২ মাধ্যম; মধ্যস্থ।

মিড়-মীড় দ্রঃ।

মিত₁ [মা (পরিমাণ করা) + ত (র্ম)] পরিমিত। ২ মৃদু; অল্প। ৩ অনুমিত। "মলয়জ পবন সহিতে ভেল মিত।"-জ্ঞান॰। ৪ সঞ্চিত। ~বাক্-বিণ, অল্পভাষী। ~ব্যয়-বি, পরিমিত ব্যয়; আয় অনুযায়ী খরচ। বিণ, ~ব্যয়ী-যে আয় অনুসারে ব্যয় করে; পরিমিতব্যয়ী। বি, ~ব্যয়িতা। ~ভাষী-বিণ, যে অধিক কথা কহে না। > স্ত্রীং ~ভাষিণী। বি, ~ভাষিতা। ~ভোজন-বি, পরিমিত আহার। ~ভোজী-বিণ, স্বল্পাহারী। ~হাসিনী -বিণ, ঈষৎ বা মৃদু হাস্যকারিণী।

মিত₂ [সং-মিত্র > ব্রজ॰ মিত] বি, মিত্র। "সুত মিত রমণী সমাজে।"-বি॰ প॰। ~বর -মিতবর দ্রঃ। > স্ত্রীং ~কন্যা-মিতকনে।

মিতব্যয়-মিত₁ দ্রঃ।

মিতা [সং-মিত্র >] বি, বন্ধু; সখা; সুহৃদ। "বিধাতা ভাসুর যার লক্ষ্মীকান্ত মিতা"-শি॰। "একা রামে রক্ষা নাই সুগ্রীব তার মিতা"-শি॰। স্ত্রীং মিতিনী [কে॰ মিতিন] সখী। "কেহ বলে এস সই চল সেঙাতিনী। ঠাকুরাণী ঠাকুরঝি নাতিনী মিতিনী।"-অ॰ ম॰।

মিতাক্ষরা-বি, স্মৃতিগ্রন্থবিঃ; যাজ্ঞবল্ক্য সংহিতার টীকা।

মিতাচার [মিত + আচার] বি, সংযত

ব্যবহার। বিণ, মিতাচারী-সংযমী। স্ত্রীং মিতাচারিণী।

মিতার্থ [মিত (পরিমিত) অর্থবোধ যার, বহুং০] বি, অল্পভাষী দূতবিঃ।

মিতালি, -লী [মিত (মিত্র) + আলি] বি, মিত্রতা; বন্ধুত্ব; সখ্য। "প্রথমে করেন রাম চণ্ডালে মিতালি।"-কৃত্তি০।

মিতাশন [মিত (পরিমিত) হইয়াছে অশন (ভোজন) যার, বহু০] বিণ, পরিমিত-ভোজী; অল্পাহারী। স্ত্রীং ~া।

মিতাশী [মিত-অশ্ (ভোজনে) + ইন (র্ত্তৃ)=মিতাশিন্ ১মা, ১ব০] বিণ, পরিমিত-ভোজী। স্ত্রীং মিতাশিনী। বি, মিতাশিতা।

মিতাহার [মিত + আহার] বি, পরিমিত আহার। বিণ, মিতাহারী।

মিতি₁ [মা (পরিমাণে) + তি (ভা০)। মা=মি] বি, পরিমাণ। ২ জ্ঞান।

মিতি₂ [হিং০] বি, নির্দ্ধারিত চান্দ্রদিন (তারিখার্থে হিন্দীতে মিতি শব্দের ব্যবহার, প্রা০ বাং-য় তার অনুকরণ)। ২ [জমি০ মহা০ পরিঃ] ভাবী সুদ; দেয় বা প্রাপ্য সুদ।

মিতিন [মিত্রানী > মিতিনী > কেং০] বি, মিত্রপত্নী; সখী। পুং মিতা।

মিত্তিকা [সং-মৃত্তিকা > প্রা০ বাং] বি, মৃত্তিকা; মাটি। "গঙ্গার মি০ আন সাগর পানি।"-শূ০ পু০।

মিত্তু [মৃত্যু > প্রা০। প্রা০ বাং] বি, মৃত্যু। "আউ মিত্তু"-শূ০ পু০।

মিত্র, মিত্র [মিদ্ (স্নেহ করা) + ত্র (র্ত্তৃ)] বি, সুহৃদ্; বন্ধু; বয়স্য। ২ বি, তপন; সূর্য্য [ইতু, বিষ্ণু দ্রঃ। অগ্রহায়ণ মাসের সূর্য্যের নাম মিত্র]। ৩ স্নিগ্ধ। ৪ সমকর্ম্মী। ৫ কায়স্থের বংশপরিচায়ক উপাধিবিঃ। [স্ত্রীং সং-মিত্রা, বাং-মিতিন]। ২ শত্রুঘ্নের জননী সুমিত্রা। [সম-মন, বাক্য ও কার্য্যের মিল রাখিয়া যে চলে সেই মিত্র। সপক্ষ জনই মিত্র। অনুকূল আচরণে মিত্রের পরিচয়। সুখে দুঃখে সকল অবস্থায় যার প্রেমের বন্ধন শিথিল হয় না এবং যে বিচ্ছেদ সহ্য করিতে পারে না সে বন্ধু। অচ্ছেদ্য মিলনে বন্ধুর পরিচয়। যে সর্ব্বদা হিতসাধনায় রত সে সুহৃদ্। সহৃদয়তায় সুহৃদের পরিচয়। সম-বয়স, সম-রুচি, সমান মতি নিত্যসঙ্গীই সখা। সহকারিতা ও সর্ব্ববিষয়ে সমভাবেই সখার পরিচয়। সমবয়স্ক আমোদসঙ্গীর নাম বয়স্য। যৌবনসুলভ রসিকতাকারী বয়স্যই ইয়ার]। বি, ~তা, ~ত্ব। ~ঘাতী -বিণ, বন্ধুহন্তা। ~দ্রোহ, ~দ্রোহিতা -বন্ধুর বিপক্ষতাচরণ; বন্ধুর অনিষ্টসাধন। বিণ, ~দ্রোহী। > স্ত্রীং ~দ্রোহিণী। ~দ্বেষী-বিণ, বন্ধুর হিংসাকারী। ~পূজা -বি, ইতু-পূজা; সূর্য্য-পূজা; মিত্রের আরাধনা। ~বৎসল-বিণ, বন্ধুপ্রিয়; সুহৃৎপ্রিয়; মিত্রানুরক্ত। > বি, ~তা, ~বাৎসল্য -বি, বন্ধুপ্রীতি। ~ষড়্‌ষ্টক-বি, বৈবাহিক যোগবিঃ (দম্পতির রাশি মকর, মিথুন, কন্যা, কুম্ভ, সিংহ, মীন, বৃষ, তুলা, বৃশ্চিক, মেষ, কর্কট, ধনুঃ হইলে এই যোগ হয়)। ~সপ্তমী -অগ্রহায়ণী শুক্লা সপ্তমী তিথি।

মিত্রাক্ষর [মিত্র হইয়াছে অক্ষর যার, বহু০] বি, ছন্দোবিঃ; পদ্যের যে ছন্দের উভয় চরণে অন্ত্যবর্ণের মিল আছে।

মিত্রাবরুণ [মিত্র (ও) বরুণ] বি, সূর্য্য ও বরুণ।

মির্থ-মিথ্যা দ্রঃ।

মিথকাল [আ০ মিস্‌কাল > । আ০ 'সে'-র উচ্চারণ 'থে ও সের নাঝামাঝি; পালি 'স'র মত। > বাং র থ] বি, পারস্যের প্রাচীন স্বর্ণমুদ্রা। ২ ৪ মাষা ৩½ রতি ওজনের মান। মতান্তরে ৮ রতি=তোলার ১/১৬ অংশ=১৫ গ্রেণ স্বর্ণরৌপ্যাদি ওজনের মান।

মিথি-বি, নিমিরাজার পুত্র; মিথিলা -মিথি রাজার রাজ্য; ত্রিহুত। (বিদেহ দ্রঃ)

মিথুন₁ [মিথ + উন (র্ত্তৃ, আ০)] বি, দ্বাদশ রাশির মধ্যে তৃতীয় রাশি। ২ স্ত্রী পুরুষ। ৩ মিলন; সংযোগ। ৪ স্ত্রীসংসর্গ।

মিথুন₂ [কুকিভাষায়] বি, গরুবিঃ।

মিথ্যা [মিথ্ + য (র্ম্ম)। মৈ০ মিথ। "মিথ নহ ভাখি"-বি০ প০] বি, কল্পনা। ২ অনৃত; অসত্য। ৩ বিণ, মিছা; অযথা। ৪ অনর্থক; বৃথা। ~চরণ, ~চার-বি, কপটাচার; অসত্য ব্যবহার; মিথ্যাচারিতা। বিণ। ~চারী। > স্ত্রীং ~চারিনী। ~চারিতা-বি, কপটাচরণ; মিথ্যাপূর্ণ ব্যবহার। ~দৃষ্টি-বি, অলীক বা অসত্য দর্শন। ২ নাস্তিকতা। ৩ বিণ, ভ্রান্তজ্ঞানাশ্রয়ী। ~ধারণা-বি, ভুল বিশ্বাস; অলীক বোধ। ~নির্বর্তন-বি, মিথ্যা অপনোদন। ২ শপথ। ~প্রিয়-বিণ, মিথ্যা বলিতে বা আচরণ করিতে ভালবাসে এমন। ~বাদ-বি, মিথ্যা দোষারোপ; মিথ্যা অপবাদ। "তোমার দাসের দাস মিথ্যাবাদে হয় নাশ।"-ঘ০। ২ অনৃতবাদ; অসত্য কথন; মিছা কথা। > বিণ, ~বাদী। > স্ত্রীং ~বাদিনী। ~ভাষী -বিণ, মিথ্যাবাদী। > স্ত্রীং ~ভাষিণী। ~মতি-বি, অসত্য বুদ্ধি বা জ্ঞান; ভ্রান্তি। ~মিথ্যা-অ, মিছামিছি; অকারণ। ~সাক্ষী-বিণ, অলীক সাক্ষী; প্রত্যক্ষ বা সত্যদর্শী নহে এমন। ২ বি, জালসাক্ষ্য-দানকারী ব্যক্তি। প্র-সে আদালতে একজন মিথ্যাসাক্ষী হাজির করেছিল। ~সাক্ষ্য-বি, জাল সাক্ষ্য। মিথ্যার মরাই-মরাইয়ের ন্যায় স্তূপীকৃত মিথ্যার আধার; অতিবড় মিথ্যাবাদী। "মিথ্যার মরাই বেটা।" -ধ০ ম০ (মাণিক০)।

মিথ্যাপবাদ [মিথ্যা + অপবাদ] বি, অমূলক নিন্দা; অলীক দোষারোপ।

মিথ্যুক [মিথ্যা + উক] বিণ, মিথ্যাবাদী; অসত্য কথা বলা যার অভ্যাস।

মিথ্যে [মিথ্যা > গ্রা০ উচ্চারণে] অ, মিছা। ২ অনর্থক; বৃথা। "আই মিথ্যে আমায় বলা।"-গান। ~মিথ্যে [মিথ্যা দ্রঃ] অ, মিছামিছি; বৃথা। মিথ্যের জাহাজ, মিথ্যের ঝুড়ি-জাহাজ বা ঝুড়ীর ন্যায় বিস্তৃত, মিথ্যার আধার; অতিশয় মিথ্যাবাদী।

মিদুর [গ্রা০। মৃদুল >] বিণ, মৃদুল। "মিদুর মধুর হাসি"-জ্ঞান০।

মির্নতি [সং-বিজ্ঞপ্তি > প্রাকৃ০ বিণ্ণত্তি, বিণত্তি > বিনতি > মিনতি (সা০ প০ প০ ১৩২৩, পৃ০ ৫৪)। তুল-আ০ ফা০ মিন্নৎ, হি০

মিন্‌তি। বাং প্রা॰ মিনুতি। প্রা॰ বাং- মিনতী। ("রাধারে করহ মিনতী"-শ্রী॰কী॰)] বি, বিনয়পূর্ব্বক নিবেদন ; বিনীত প্রার্থনা ; সাধুনয় অনুরোধ। "হে শ্রীপতি এ মি॰ ও রাঙা চরণে।"-মেঘ॰। "এ মি॰ দাসীর ও পদে।"-বীরাঙ্গনা। "ওহে কৃষ্ণ রাখ রথ করিহে মি॰"-ভাগবত, (রাধাকৃষ্ণ॰ খ॰ ১৯ শতক)। [দ্রঃ-বিনয়, বিনতি-ভদ্রতা বা মিষ্টতাব্যঞ্জক। 'মিনতি, মিনুতি, বিন্‌তি, মিন্‌তি - হীনতাব্যঞ্জক]। **কাকুতি মিনিতি, মিনুতি**-কাকুতি দ্রঃ।

মিনহাই [আ॰ মিন্‌হা (কম করা, বাদ দেওয়া) + ই] বি, কম খাজনায় জায়গীর দেওয়া।

মিনা [ফা॰। প্রা॰ মিনে] বি, ধাতুপাত্রে বিন্যস্ত কাচের ন্যায় মসৃণ পদার্থবিঃ enamel. **~কার**-বি(ণ), যে মিনার কার্য্য করে **~কারি**-বি, মিনার কাজ। **~করা**-ক্রি, enameller. মিনার দ্বারা পাত্রাদি আবৃত করা ; কলাই করা।

মিনার [ফা॰ মীনার্] বি, মন্দিরাদির শীর্ষদেশ ; চূড়া spire ; a minaret.

মিনি [বিনা > প্রা॰ বিনি (ব=ম) > মিনি] বিণ, ব্যতীত ; বিনা। "মিনিসূতে গেঁথে, আর কি গলেতে পরবো নীলকান্তমণি-হার।" -রঘুনাথদাস। প্র-মিনি আগুনে রান্না করা।

মিনিট [ইং minute এর লিপ্যন্তর] বি, একঘণ্টা কালের ৬০ ভাগের একভাগ ; সময়ের আড়াই পল। ২ কালাংশ ; অত্যল্প কাল। প্র-এক মিনিটে। মিনিটের মধ্যে।

মিন্‌মিন্‌ [সং-মিন্মিন (খোনা)] বি, সানুনাসিক শব্দ। ২ অস্পষ্ট ভাব। ৩ সুনগুঁড়ির মত বিন্দু বিন্দু। ৪ [সুপ্রচলিত] খোনা রোগ। বিণ, **মিন্‌মিনা, মিন্‌মিনে**-মিন্‌মিন্‌ রবকারী ; যে নাকিসুরে কথা বলে ; খোনা। ২ অস্পষ্টবাদী। ৩ অস্পষ্টদর্শন। ৪ অতিক্ষুদ্র বিন্দু বিন্দু। ৫ [অস্পষ্ট প্রকাশ ও শীঘ্র অদৃশ্য হয় বলিয়া] পীড়াবিঃ ; হাম (স্থান ভেদে মিন্‌মিনাও বলে) measles.

মিনে [মণি >] বি, নোলকের মুখের অতি ক্ষুদ্র কড়াই।

মিন্‌ষা, মিন্‌ষে, মিনসে, মিন্সে [সং -মনুষ্য > তুচ্ছার্থে। তেলু॰-মনিষি়্য, বাং-র মনিষি়্য মনিষ বর্ণবিপর্যয়ে "মিন্‌ষা"। তুল-ফা মির্‌ঁা, মিয়ান্ (বানানে)] বি, মানুষ। "বুড়া সুড়া মিন্সা হয়ে কেমন কর সয়া।"-শি॰। ২ [অবজ্ঞার্থে] মানুষটা ; লোকটা। প্র-মিন্‌ষে ভারি কৃপণ। "বিষ্ণুপুরে মিন্সের দেখ বড়ে টেপার গুণ॥" -হেম॰। "মিনষে হুঁকোর জল পালটালে নাকি ?" ৩ বয়স্ক পুরুষমানুষ ; লোকটা। ৪ [মেয়েলি কথায়] ভর্ত্তা ; স্বামী ; পতি। স্ত্রী॰ **মাগী**-পত্নী। "ও ঘরে যাই লাজের কথা মিনসের উপর মাগী"-গান।

মিয়া, মিয়াঁ, মিঞা [ফা॰ মিঞা (মিয়ান্)। প্রা-বাং-মিঞা। প্রা॰ **মেয়াঁ** ও॰] বি, প্রভু ; প্রধান ; মণ্ডল। "আপন টোপর লৈয়া বসিল গাঁয়ের মিয়া ভুঞ্জিয়া কাপড়ে মুছে মুখ।" -কবিক॰। ২ মুসলমান গুরুমহাশয়। "শুনি মিয়া তসবী কোরাণ ফেলাইয়া। দড় বড় রড় দিলা ওয়ারে লইয়া॥" -অ॰ ম॰। ৩ স্বামী ; পতি। ৪ মুসলমান ভদ্রলোকের সম্মানসূচক উপাধি। তুল-শ্রীযুত ; ইং Mr. ই॰। **~জী, ~প্রী** [চ॰ ক॰ ভা॰ মিঞ্জি] বি, মুসলমান গুরুমহাশয়। **মিয়াঁ-সাহেব** - মুসলমান সম্ভ্রান্ত ব্যক্তিকে সম্বোধন।

মিয়াদ, মীয়াদ [আ॰। প্রা॰ মেয়াদ] বি, সময় ; কাল। ২ [বাং-র] কয়েদ ; জেল। বিণ, **মিয়াদী**। **মিয়াদী আসামী**-দণ্ডিত আসামী। **মিয়াদী ইজারা**-নির্দ্দিষ্ট সময়ের জন্য প্রদত্ত পাট্টা।

মিয়ান [সং-ম্রিয়মাণ > ,বা মৃদু > মিদু > মেদা > মেদান (=মিদুআন) > মিআন, মিয়ান, মেয়ান, মিয়োনো] বিণ, অবসন্ন ; অবসাদগ্রস্ত। ২ বাসি ; জুড়ান।

মিয়ানি, মিওনি [মিআন দ্রঃ। মিঠান > মিআন >। তুল-মিঠাকড়া (কড়ার বিপরীত মিঠা অর্থাৎ মৃদু, নরম। মিঠান =নরমান)। মিয়াই, মিয়াও, মিয়ায় ; মিয়াইতে ; মিয়াইয়া (কে॰ প্রা॰ মিয়িয়ে)] ক্রি, নরম হওয়া ; মৃদু হওয়া। প্র-মুড়ি মিয়াইয়া গিয়াছে। ২ ঠাণ্ডা হওয়া ; জুড়াইয়া যাওয়া; অবসাদগ্রস্ত হওয়া। প্র-তার সব উৎসাহ আগ্রহ এখন মিয়াইয়া গিয়াছে।

মিয়ানা [ফা॰] বি, যানবিঃ ; পাল্কী।

মিরগেল [মৃগেল দ্রঃ] বি, মৎস্যবিঃ।

মিরবহর-মীরবহর দ্রঃ।

মিরা/শ(স) [আ॰ মিরাস্] বি, বংশ-পরম্পরানুক্রমিক বিষয়-সম্পত্তি ; (ত্রিপুরা অঞ্চলে) পৈতৃক মৌরূসী সম্পত্তি ; নিষ্কর ভূ-সম্পত্তি। "৫।৬ খাদা জমি আছে, মি॰ জমিও আছে"-আ॰পত্রিকা, ২৭-৩-৩৪। **মিরাশ কায়েমী** [জমি॰ পরিঃ] বি, চিরস্থায়ী প্রজাস্বত্ব বা জোতের স্বত্ব permanent tenure. **~দার** [শ্রীহট্ট অঞ্চলে] পাঁচশত টাকা সদরজমা আদায় দানকারী। বিণ, **~শি₁, ~শী**-উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত inherited.

মিরাশি₂ [ফা॰ মিরাসি] বি, গায়ক।

মিরিতি [সং-মৃতি > বাং প্রাকৃ॰ মিরতি (তুল - অমৃত > অমৃতি > ওমিরতি। প্রীতি > পিরতি > পিরিতি) > কোমলার্থে, পদ॰ সা॰-ত্যো-মিরিতি] বি, মৃত্যু। "মি॰ তুলে তৌলাইয়া পিরিতি গুরুয়া ভার,"-চণ্ডি॰ (সা॰ প॰ প॰)।

মির্গি [মৃগী দ্রঃ > প্রা॰] বি, মৃগীরোগ ; মূর্চ্ছারোগ।

মির্জ্জা, মীর্জা [ফা॰ মির্জা] বি, মুসলমান সম্ভ্রান্তবংশের পদবীবিঃ। ২ ভদ্র পারসীক বা মোগলের জাতীয় উপাধি।

মির্জ্জাঈ, মীর্জাই [ফা॰ মির্জাই] বি, তূলা ভরা জামাবিঃ।

মির্ধা, মিরধা [ফা॰ মিধ্বা। ফরিদ॰ দিনাজ॰ প্রাদে॰। আদা॰। মৃধা ও॰। মির্‌দ্‌হা (Revd. Bate's Dic. of Hindi Lang.) >] বি, পাইক-সর্দ্দার ; গ্রামের সরকারী কর্ম্মচারিবিঃ ; আবকারী বিভাগের কর্ম্মচারিবিঃ exciseman.

মিল₁ [ইং mill এর লিপ্যন্তর] বি, কারখানা। ২ কল ; বয়ন যন্ত্রাগার।

প্র-মিলের কাপড় (অর্থাৎ দেশী তাঁতের কাপড় নয়)।

মিল$_2$ [মিলা দ্রঃ] বি. সংযোগ ; মিশ্রণ ; জোড়। প্র-তক্তা মিল খাওয়ান। ২ ঐক্য। প্র-উভয়ের মধ্যে মনের মিল নাই ; কথা ও কাজে মিল চাই। ৩ প্রীতি ; সদ্ভাব। প্র-ভায়ে ভায়ে মিল নাই। **মিল কঁরা**-যুক্ত করা। ২ সমান করা। ৩ তুলনা করা। ৪ মিত্রতা করা। **মিল খাওয়া**-সদৃশ হওয়া। ২ মিলন হওয়া। **মিল খাওয়ানি**-সংযুক্ত করা ; মিশ্রিত করা ; জোড়া। **মিল চূকা** [হিং মিল্ চুকা > প্রাং বাং] ক্রি, মিলিত হইয়াছে ; মিলিয়াছে। "ঘৃত দধি দুধে সাজিআঁ মিলচুকা। সোবন বাহঠী পত্নী রূপসী রাধিকা" - শ্রীং কীং। **~জুল** [যোট, যোড় >] বি, যোগ ; মিলন। **মিল থাকা**-ক্রি, সদ্ভাব থাকা। ২ ঐক্য বা সাদৃশ্য থাকা। ৩ সহযোগিতা থাকা। **মিল হঁওয়া**-ক্রি, মিলন হওয়া। ২ বন্ধুত্ব হওয়া। ৩ সদৃশের সহিত সদৃশের যোগ হওয়া। ৪ ঐক্য হওয়া।

মিলঁন [মিল্ (সংলগ্ন করা) +অন (ভাং)] বি, সংযোগ ; সংলগ্ন ; মিশ্রণ ; ঐক্য। "মিলন হইল ভাল হর দিলা বর। শঙ্করের স্তুতি দক্ষ করিল বিস্তর॥"-অং মং। ২ সদ্ভাব স্থাপন ; সন্ধিকরণ। ৩ ভেট ; সাক্ষাৎ। ৪ যোগ। ৫ স্পর্শ। ৬ তুলনা ; উপমা। ৭ সাদৃশ্য। ৮ মিত্রাক্ষর। **~মঁন্দির**-বি, পরস্পর সাক্ষাৎ করিবার স্থান ; সমাগমস্থল ; সম্মিলন গৃহ। **~সঁঙ্গীত**-বি, ঐক্যগীতি ; মিলন গাথা। **~সাধঁন**-বি. ঐক্যসম্পাদন ; সংযোগকরণ।

মিলমিলা-মিল্মিলা দ্রঃ।

মিলঁয়(অ) [মিলা$_2$ দ্রঃ] ক্রি, মেলিয়া। "তবহি মিং আখি চাহে মুখ মোরি।"-বিং পং। ২ [মিলা$_1$ দ্রঃ] মিলয়ে ; মেলে।

মিলা$_1$ [প্রাং মেলা। সং-মিল্ (মিলিত হওয়া) >। মিলি, মিল (মিলেন্, মিলিস্), মিলে (মিলেন্, পদ্যে-মিলয়ে) ; মিলিতে (কেং মিলতে) ; মিলিয়া (কেং মিলি, মিলে)। ণিজন্ত-মিলানি] ক্রি, মিলিত হওয়া। "আমরা মিলেছি আজ মায়ের ডাকে" -রবীং। ২ মিশ্রিত হওয়া। "রুণু রুণু নিরুণ কোমলে মিলিয়া"-হেমং। ৩ প্রাপ্ত হওয়া। প্র-এখানে খাঁটি দুধ মেলে না। ৪ উপস্থিত হওয়া। প্র-এমন সুযোগ সহজে মেলে না। ৫ জুটিয়া যাওয়া। প্র-অনেক দিনের পর তাহার একটি চাকরি মিলিয়াছে। ৬ মিলনের অনুকূল হওয়া ; শুভ সম্মিলনসূচক হওয়া। প্র-উভয়ের কোষ্ঠি গণনায় মিলিয়াছে। ৭ সাক্ষাৎ করা। ৮ যোগ দেওয়া ; মিশা। প্র-সে কোন দলেই মিলিতে পারে না। ৯ ঐক্য হওয়া ; তুলনায় সদৃশ হওয়া। প্র-ওর রংএর সঙ্গে ওর রং মেলেই না। [ব্রজং] **মিলঁব**-মিলিত হইবে ; মিলিবে। "পুন কি মিলব মোয়।"-বিংপং। [হিং "মিলব" ও ব্রজং "মিলব"র অনুকরণে প্রাং বাং-র। "আদ্যার কুথা বয় মিলব।"-শূং পুং]। **মিলাওল**-মিলিত করিল ; মিলাইল। "বিধি মিলাওল আনি।"-চণ্ডীং। **মিলঁয়**-মিলিল। "ভাগে মিলয় ইহ শ্যাম রসবন্ত।"-বিংপং। ২ মিলিত হয় ; মিলে। "ভক্তিতে মিলয় কৃষ্ণ তর্কে বহু-দূর।" -প্রবচন। [ব্রজং] **মিলায়ঁত**-মিলায় ; মিলিত করে। ২ মিলিত করিয়া ; মিলাইয়া। "দশন মুকুতা পাঁতি অধর মিলায়ত মৃদু মৃদু কহতহি ভাষা।"-বিং পং। **মিলু**-মিলিত হয় ; মিলে। "কুন্তল কুসুম মাল কর সঙ্গ। জনু যমুনা মিলু গঙ্গ তরঙ্গ॥"-বিং পং। **মিলুঁ**-মিলিত হই ; মিলি।

মিলা$_2$ [প্রাং মেলা। সং-উন্মীলন দ্রঃ। মীল্ (সঙ্কোচে)। উদ্-উৎ (সঙ্কোচের বিপরীত=বিস্তার, বিকাশ)-মিল > উন্মীলন অর্থে বাং-র কেং মিলা] ক্রি, চক্ষু খুলা ; উন্মীলন করা ; চাওয়া। "দেখ পুনঃ নয়ন মিলিয়া", "মিলি আঁখি, শশিমুখি দেখিনু সম্মুখে"-মেঘং।

মিলান$_1$ [মিলা. মিলানি দ্রঃ] বি মিশাল ; মিশ্রণ। ২ জোড় ; মিলন। ৩ সদ্ভাব ; মিলন। ৪ প্রাপ্তি ; যোগাড় ; সংগ্রহ।

মিলানি$_2$ [মিলা (দ্রঃ)র ণিজন্তরূপ। প্রাং মেলানি। মিলাই, মিলাও (মিলান্, মিলাস), মিলায় (মিলান্) ; মিলাইতে (কেং মিলাতে) ; মিলাইয়া (কেং মিলিয়ে)] ক্রি, সমবেত করা। ২ সংযোজিত করা ; মিলাইয়া দেওয়া। ৩ ঘটান। ৪ সাক্ষাৎ করান। ৫ পাওয়ান।

মিলানি$_3$ [বি (=মি) +লী (লীন হওয়া, লয় পাওয়া) > বিলয়=মিলয়+আন (সাধন করা অর্থে), য লোপ। মিলাই, মিলাও ইং, মিলান$_2$ সদৃশ] ক্রি, মিলাইয়া যাওয়া ; বিলীন হওয়া ; বিলুপ্ত হওয়া ; অদৃশ্য হওয়া। "তাম্বুলের রাগ অধরে মিলাল"-শ্রীধরং। **মুখে মিলাইয়া যাওয়া**-চিবাইলে ছিবড়া না হইয়া কোমল ও তরল হইয়া গলাধঃকৃত হওয়া। ২ লালার যোগে গলিয়া যাওয়া।

মিলান$_4$ [গং পরিঃ] বি, সমষ্টি ; যোগ-ফল ; মোট total.

মিলামিশা, মেলামেশা [মিলা ও মিশা] ক্রি, [সহং দ্বয়] সাক্ষাৎ করা ও একত্র হওয়া। ২ বি. মিলন ; দেখা সাক্ষাৎ।

মিলিতঁ [মিল্+ত (র্ত্তৃ)] বিণ, মিশ্রিত ; সংবদ্ধ ; সংযুক্ত। ২ যৌথ joint. ৩ সম্বন্ধিত। ৪ প্রাপ্ত। ৫ কৃত সাক্ষাৎ। স্ত্রীং ~া। **~দঁল** [উদ্ভিদ্ং পরিঃ] বি, ইং gamopetalous এর বৈজ্ঞাং পরিঃ। **~বৃতি**-ইং gamosepalous এর বৈজ্ঞাং পরিঃ।

মিলিন্দ [পাং। ইং Menander] বি, যবনরাজ মিলিন্দ যাঁর সহিত বৌদ্ধসন্ন্যাসী নাগসেনের ধর্ম্ম বিষয়ক আলোচনা হইয়াছিল, এবং যা মিলিন্দ প্রশ্ন (পাং মিলিন্দ পয়হো) নামক গ্রন্থে লিপিবদ্ধ হইয়াছিল।

মিল্মিলা [শীঘ্র মিলাইয়া যায় বলিয়া নাম। মিনমিনা দ্রঃ] বি, হাম measles.

মিশ$_1$ [মিশ্র >] বি মিল ; যোগ। **মিশ খাওয়ানি**-ক্রি, মিশ্রিত করা। তুল-খাপ খাওয়ান। **মিশ খাওয়া**-ক্রি, মিলিত হওয়া ; মিশা। ২ মিত্রতায় আবদ্ধ হওয়া।

মিশ$_2$ [সং-মসী >] বিণ, মসীবৎ ; ঘোর কৃষ্ণ।

মিশক, মিশুক [মিশ+উক (র্ত্তৃ)-যে মেশে] বিণ, আলাপপটু ; যে ব্যক্তি সহজে লোকের সহিত মিশিতে পারে।

মিশঁণ, মিশঁন$_1$ [মিশ্রণ >] বি, একত্রকরণ ; মিলন ; মিশ্রিত হওন ; সংযোজন।

মিশন [ইং mission এর লিপ্যন্তর] বি, ধর্মপ্রচারাদি কার্য্যে নিয়োগ। ২ কোন বিশেষ কর্ম্ম সম্পাদনের ভার। ৩ কোন বিশেষ কর্ম্ম সম্পাদনকারী সম্প্রদায়। ৪ জীবনের উদ্দেশ্য। ~-স্কুল-ধর্মপ্রচারক সম্প্রদায় (সাধারণতঃ খ্রীষ্টান) দ্বারা পরিচালিত বিদ্যালয়। আর্য্য মিশন-আর্য্য-ধর্ম্ম প্রচারক সম্প্রদায় বা তৎসাম্প্রদায়িক অনুষ্ঠান। ঐরূপ হিন্দু মিশন ইং।

মিশনরী [ইং missionaryর লিপ্যন্তর] বি, ধর্মপ্রচারক। ২ বিণ, ধর্মপ্রচার সম্বন্ধীয়।

মিশমিশে, মিস্‌মিসে [মসী > মিস(শ) >। মিশ + মিশ (গাঢ় অর্থে দ্বিত্ব) + ইয়া (যুক্তার্থে)] বিণ, ঘোর ; মিশির মত ; মসীবৎ। "ওগো সে যে মিশমিশে কালো সে যে ঘোরতর কালো অতি নিরুপম।" -দ্বি° রায়।

মিশমী-বি, আসামের উত্তরে হিমালয়ের পূর্ব্বপ্রান্তস্থ আকাদের উত্তরে বাসকারী অসভ্য জাতি। আকা ও মিশমীদের মধ্যে কন্যা আদান প্রদান হয়।

মিশা [সং-মিশ্র >। প্রা° মেশা। মিশি, মিশ (মিশুন, মিশিশ্‌), মিশে (মিশেন) ; মিশিতে : মিশিয়া (কে° পদ্যে-মিশি, প্রা° মিশে) ; ণিজন্ত-মিশান] ক্রি, মিশ্রিত হওয়া : সংমিলিত হওয়া : যুক্ত হওয়া ; বিগলিত হওয়া। "সে দিন ত মধুমিশি প্রাণে গিয়াছিল মিশি"-রবী°। "তোর পঞ্চভূতাত্মক দেহ পঞ্চভূতে যাবে মিশে"-বাং গান। "ভক্তি ভাবে শক্তি সেবে শান্তি রসে যাওনা মিশে"-ঐ। ২ সঙ্গ করা : সর্ব্বদা সঙ্গে থাকা। "এখন সাহেবদের সঙ্গে নাকি ছেলেরা মিশে তাদের চাল চলন, ধরণ ধারণ * * * সকলই অনুকরণ করে"-ভারতবর্ষ। ~মিশি-মিলজুল ; মিলন। "সসীমে অসীমে আজ হয়ে গেল মিশামিশি,"-কাব্যকুসুমাঞ্জলি।

মিশিয়া যাওয়া-ক্রি, সমান হওয়া ; মিলিত হওয়া ; সমতলে নামা। প্র-লজ্জায় মাটির সঙ্গে মিশিয়া গেল। তখনি সে দলে মিশে গেল।

মিশানি [মিশা (দ্রঃ)র ণিজন্তরূপ। প্রা° মেশান। মিশাই, মিশাও (মিশান, মিশাস), মিশায় (মিশান) ; মিশাইতে ; মিশাইয়া (কে° মিশিয়ে)] ক্রি, মিশ্রিত করা ; যুক্ত করা। আমি মনের মাধুরী মিশায়ে তোমারে করেছি রচনা,"-চয়নিকা। "মাজিয়া বীণার তার মিশাইয়া তান ভারতের অভিমত গৌরীগুণ গান"-অ° ম°। ২ গলিয়া বা মিলিয়া আত্মবিলোপ করা। "যেমন জলের বিম্ব জলে উদয় জল হয়ে সে মিশায় জলে"-বাং গান।

মিশাল [সং-মিশ্রণ >] বি, মিশ্রণ। "অতএব কহি ভাষা যাবনী মি°।"-অ° ম°। ২ সহিত ; সঙ্গে। "জীবন রাখিয়াছিল মড়ার মিশালে"-মহা° (কাশী°)। "কস্তুরী মিশালে মাখি কবরী মাঝারে রাখি"-অ° ম°। ~-ঘোশাল-বি, এলোমেলো ভাবে মিশ্রণ ; বাহিরে ও ভিতরে মেশা jumble.

মিশি, মিসী [হি° মিস্‌সী] বি, হিরাকস ই° মিশ্রিত ঘোর কৃষ্ণবর্ণ দন্তমঞ্জনবিঃ, ইহাতে দন্তমূল কৃষ্ণবর্ণ ও দৃঢ় হয়। "কালী কালো মিশি কালো"-দ্বি° রায়।

মিশুক-মিশক দ্রঃ।

মিশ্র [মিশ্র্‌ (মিশ্রিত করা) + অ (র্ত্তৃ)] বিণ, সংযুক্ত, সংমিলিত। ২ একত্র। ৩ শ্রেষ্ঠ; পূজ্য। "মহা মিশ্র"-ক°বিক°। ৪ হস্তীর শ্রেণীভেদ। ৫ [র্শ্ব-অ] মিশ্রিত দ্রব্য। ৬ [রাসা° পরিঃ] ইং mixture এর বৈজ্ঞা° পরিঃ। ৭ [গ° পরিঃ] ইং compound এর বৈজ্ঞা° পরিঃ। ৮ উপাধিবিঃ। বঙ্গে পূর্ব্বে ষড়্‌দর্শনের মধ্যে যাঁর দুইটি দর্শনে পূর্ণ পাণ্ডিত্য থাকিত তিনি এই উপাধি পাইতেন। উত্তরপশ্চিম প্রদেশে মাত্র যাজকতার পরিচারক। মিশ্র পদার্থ-বিভিন্ন প্রকৃতির পরমাণু দ্বারা উৎপন্ন পদার্থ।

মিশ্রক [মিশ্র + ক (জ্ঞা°)] বি, সঙ্গীতবিঃ। ২ ইন্দ্রের উদ্যান ; মিশ্র-কানন ; স্বর্গোদ্যান। ৩ বিণ, মিশ্রকারী।

মিশ্রণ [মিশ্র্‌ + অন (ভা°)] বি, ঐক্য ; একত্রীকরণ। ২ মিলন ; সংযোগ। ৩ ভেজাল। ৪ সঙ্কলন। বিণ, মিশ্রিত।

মিষ [মিশ দ্রঃ] বিণ, ঘোর ; মসীবৎ। "রাধা বলে তবু যদি না হতে মিষ কালো" -দ্বি° রায়।

মিষ্ট [সং-মিষ্টক >। প্রা° মিঠ্‌, মিঠা, মিঠি] বিণ, সুমধুর : মিষ্ট রসযুক্ত ; সুস্বাদ। ২ বি, মিষ্টদ্রব্য ; মিষ্টখাদ্য ; মিষ্টান্ন। ৩ মিষ্টরস ; মধুর রস। বি, ~তা, ~ত্ব। মিষ্টক আহার,-ভোজন-বি, মিষ্টান্ন ভোজন। ~মুখ [প্রা° মিষ্টিমুখ] বি, মুখে মিষ্টান্ন সংযোগ; মিষ্টান্ন ভোজন। "একটু কিছু মিষ্ট মুখ করে গেলে না।"-ভারতী, ১৩২০। "মিষ্টি মুখ না করলে ঠাকুমা মেয়ে দেখাবেন না, ঘুষ আর কি"?-ঐ।

মিষ্টান্ন [মিষ্ট + অন্ন] বি, সুস্বাদু খাদ্য ; মিঠাই ; সুমিষ্ট ভক্ষ্য। ~ভোজী-বিণ, মিঠাইপ্রিয়। ২ মিষ্টদ্রব্য ভোজনকারী।

মিষ্টার [ইং mister এর লিপ্যন্তর] অ, মহাশয়। ২ শ্রীযুক্ত। "মিষ্টার বোসের কিনা * * * হয়েছিল হাজার কতক নিতান্তই দরকার।"-দ্বি° রায়।

মিষ্টি [প্রা°। মিষ্ট দ্রঃ] বিণ, মিষ্ট ; মধুরাস্বাদ। প্র-আমটা বেশ মিষ্টি। ২ বি, মিঠাই ; মিষ্টান্ন। প্র-অত মিষ্টি খাওয়া ভাল নয়। ~মুখ-মিষ্ট দ্রঃ। মুখমিষ্টি-বিণ, মধুরভাষী। মুখের মিষ্টি-মিষ্ট কথা ; মধুর বাক্য ; আদর। ~মিষ্টি শুনানি-মধুর ভাবে তিরস্কার করা ; ব্যাঙ্গোক্তির মধ্য দিয়া কটু কথা বলা। প্র-সুযোগ পেয়ে তাকে বেশ মিষ্টি মিষ্টি শুনিয়ে দিলে।

মিসকাল [আ° মিসকাল্‌] বি, স্বর্ণ-মানবিঃ। চারিমাষা ও সাড়ে তিন রতি পরিমাণ ওজন। ২ প্রাচীন পারসীক স্বর্ণ-মুদ্রা। মিথকাল দ্রঃ। বিণ, মিসকালি -মিসকাল পরিমাণ। "মিসকালি সুবর্ণ তোমার"-অশোক°।

মিসর, মিশর-বি, আফ্রিকামহাদেশের উত্তরপূর্ব্বস্থিত ও ভূমধ্যসাগরের উপকূলস্থ প্রাচীন দেশবিঃ ; ইজিপ্ট্‌। বিণ, ~রী-মিসর দেশীয়।

মিসিল [আ° মিস্‌ল্‌। মিছিল দ্রঃ] বি, নথি a file. ২ সেরেস্তা record.

মিসী-মিশি দ্রঃ।

মিস্ত্রি, মিস্ত্রী [প্রা° মিস্তিরি (কাষ্য-সঙ্কলন)। ইং misteri (handicraft) old

Eng.—mistere হাতের কাজে যে দক্ষ সে master. পর্ত্ত॰ mester] বি, প্রধান কারিগর ; শিল্পী mason. ~খানা [মি॰+ ফা॰-খানা] বি, হস্তশিল্পাগার; যন্ত্রশিল্পের কারখানা। ছুতার মিস্ত্রি-বি, যে কাঠের কাজ করে; সূত্রধর। রাজমিস্ত্রি-বি, অট্টালিকাদি নির্মাতা mason.

মিহ্নৎ [প্রা॰ মেহনৎ। ফা॰ মিহ্নৎ] বি,পরিশ্রম। বিণ, মিহ্নতী।~-আনা, মিহ্নতানা-বি, মজুরি ; পারিশ্রমিক।

ʼমিহি [ফা॰ মহীন্] বিণ, সরু ; সূক্ষ্ম ; পাতলা। "ইহার পরিধানে একখানি পরিষ্কার মিহি ঢাকাই তাতে জরির ফুল।" -দেবীচৌধুরাণী। ~কাপড়, ~ধুতি -সূক্ষ্ম সূত্রে প্রস্তুত বস্ত্র ; পাতলা কাপড়। ~চাউল-বি, সরু চাউল, উৎকৃষ্ট চাউল। ~দানা-বি, মতিচুর নামক মিঠাই। ~সুর-বি, মৃদুস্বর ; ক্ষীণ কণ্ঠস্বর।

মিহিকা [সং-মিহ্ (সেচনে) >] বি, হিমানী ; শিশির।

ʼমিহির [মিহ্ (সেক করা)+ইর (র্ত্তৃ), যে কিরণজাল বর্ষণ করে] বি, কিরণমালী ; সূর্য্য। "স্মরিয়া পুরহর দম্পতি জুড়ি কর মিহিরে কৈল অর্ঘ্য দান।"-কবিক॰। "মিহির ইন্দু কোথা সে বন্ধু"-ক্ষ॰। ২ মহারাজ বিক্রমাদিত্যের নবরত্ন সভার অন্যতম রত্ন ; পণ্ডিত বরাহমিহির। [দ্রঃ-সং-তে-চন্দ্র, পবন, বায়ু ও মেঘ অর্থে ব্যবহার আছে]। ~মণ্ডল-চন্দ্র ও সূর্য্যের মণ্ডল।

মীঠ [মিষ্ট দ্রঃ। ব্রজ॰] বিণ, মধুর রস ; মিষ্ট। "চাকিতে চাকিতে লাগিল জিহ্বাতে পহিলে লাগিল মীঠ।"-চণ্ডি॰।

মীড়, মিড় [সং-মিল। ল=ড়। মি= মী। সঙ্গীত পরি॰] বি, অতি ঘন সংলগ্ন আশ। মীড়ের চিহ্ন আশযুক্ত স্বরের নিম্নে বড় কসি।

মীন [সং] বি, মৎস্য। "পাখীক পাখ মীনক পানি। জীবক জীবন হাম তুহুঁ জানি" -বি॰প॰। ২ বিষ্ণুর প্রথম অবতার। ৩ [জ্যো॰] রাশিচক্রের দ্বাদশরাশি pisces. ~া-বি, কণ্ডুপপণ্ডী। ~কেতন-বি, মীনধ্বজ ; মকরকেতন ; কন্দর্প। ২ সমুদ্র। ~ধ্বজ-বি, মদন।

মীনরঙ্গ [সং] বি, মাছরাঙ্গা পাখী।

মীনা/ক্ষ [মীন+অক্ষি=অক্ষ] বিণ, চক্ষু যার মাছের মত। স্ত্রীং ~ক্ষী-বিণ, মীন-নয়না। ২ বি, কুবের কন্যা।

মীনার-মিনার দ্রঃ।

মীনালয় [মীন+আলয়, ৬তৎ] বি, সমুদ্র।

মীমাংস/ক [মান্ (বিচার করা)+ সন্ (স্বার্থে)=মীমাংস+অক] বি, মীমাংসা দর্শনবিদ্ ; মীমাংসাশাস্ত্রজ্ঞ। ২ বিণ, নিষ্পত্তিকারক। ~ন-বি, নিষ্পত্তিকরণ।

মীমাংসা [মান্ (বিচার করা)+সন্ (স্বার্থে)=মীমাংস+অ(ভা॰)+আ (স্ত্রীং)] বি, পূর্ব্বাপর বিরোধের পরিহার ; সিদ্ধান্ত। ২ জৈমিনি ঋষি কৃত ও ষড়্ দর্শনের অন্যতম। পূর্ব্বমীমাংসা বেদের মর্ম্ম বোধ করাইবার জন্য বেদের যথার্থ অর্থবোধ না হওয়ায় মনে যে সমুদয় সংশয় উদিত হতে পারে তার নিরাকরণ করিয়া সকল প্রকার অসামঞ্জস্য পরিহার করাই মীমাংসা দর্শনের প্রধান উদ্দেশ্য। বিণ, মীমাংসিত-কৃতসিদ্ধান্ত ; বিচারিত। উত্তরমীমাংসা-বেদান্ত দর্শন। পূর্ব্বমীমাংসা-জৈমিনিকৃত দর্শন।

মীর [ফা॰] বি, প্রধান ; মুসলমান সর্দ্দার। ২ সৈয়দের উপাধি। ~-মহল্লা-বি, মহল্লার প্রধান ব্যক্তি।

মীরবহর, মিরবহর [আ॰ আমীর-উল্-বহ্‌র, ফা॰ মীর-ই-বহ্‌র >] বি, নৌবিভাগের সর্ব্বাধ্যক্ষের উপাধি admiral of the fleet.

মীল, মীলন [মীল (সঙ্কোচে)+অ, অন (ভা॰)] বি, মুদ্রণ ; সঙ্কোচন।

মীলিত১ [মীল্+ত (র্ম্ম)] বিণ, মুদ্রিত ; সঙ্কুচিত। ২ অবিকসিত ; মুদিত। বি,

মীলিত২ [অলং শা॰] বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ। উৎকৃষ্ট গুণ দ্বারা নিকৃষ্ট গুণকে ঢাকিয়া ফেলিলে বা এক বস্তু অন্য বস্তুকে তুল্য চিহ্ন দ্বারা তিরোহিত করিলে এই অলঙ্কার হয়। যথা-"রাধার কাজল লেগেছে হৃদয়ে লখিতে নারিল কেহ। চণ্ডিদাসে কয় লুকাতে না হয়, বলিহারি কাল দেহ।" -চণ্ডি॰ (এখানে সহজ শ্যামকান্তি দ্বারা কাজলের দাগ তিরোহিত বুঝাইতেছে)।

মু১ [মুখ > প্রা॰, প্রাদে॰] বি, মুখ। "দেখিতে উচিত নয় তো বাড়ির (হাড়ির) মু।"-ধর্ম্মরাজের গীত (খ॰)। ~অত্, মুখত্ [মুখ-আৎ (৫মী বিভক্তি চিহ্ন) >] অ, মুখ হ'তে। ২ [চ॰ ক॰ ভা] মুখেতে।

মু২ [মুখ > মুখ > কেং॰ মু. মো। প্রা॰, প্রাদে॰ মুই] স, আমি।

মুঅই, মুঅই [চ॰ ক॰ ভা॰] বি, বাসী। পুং মুঅ৷-মেসো।

মুই, মুঞি [আমি দ্রঃ। প্রা॰ বাং-র বহুবচন রূপ 'আমি'র একবচনে মই (=হিং মৈ) ও 'মুই'র ভূরি প্রয়োগ দৃষ্ট হয়। মুই স্থলে বল প্রয়োগার্থে 'হি' যোগে 'মুহি'। বহুবচনে -আমহি, আম্ভে, আহ্মে] স, আমি। "নিচয়ে ভখিমু মুই এ গরল বিষে"-চণ্ডি॰। "মুঞি অভাগিনী"-ঐ।

মুএ, মুএে [মু১ দ্রঃ] মুখে।

মুকট [মুষ্টি > মুটকি > মুকটি] বি, মুষ্টি ; ঘুষি ; কীল। "বজ্র মুকটি শিরে মারে মহাবীর।"-কবিক॰।

মুকদ্দম [আ॰] বি, গ্রামের প্রধান ব্যক্তি ; মণ্ডল। ২ বিণ, পূর্ব্ববর্ত্তী।

মুকদ্দমা [আ॰। মোকদ্দমা দ্রঃ] বি, আদালতে অভিযোগ ; মামলা ; নালিশ।

মুকবির [আ॰ মুকব্বির > হি॰ মুকব্বী] বি, বলবর্দ্ধনকারী ব্যক্তি ; পৃষ্ঠপোষক। ২ মানদ।

মুকর্‌রর, মুকর্রর [আ॰ মুকর্‌র্] বিণ, নির্দ্ধারিত ; নির্দ্দিষ্ট। বি, মুকর্‌ররী, মুকররী [ফা॰] চিরস্থায়ী বন্দোবস্ত ; নির্দ্ধারিত করের স্থায়ী ভূসম্পত্তি। মুকর্‌ররীদার-বিণ (বি), মুকর্‌ররী জমীর স্বত্বাধিকারী (ব্যক্তি)।

মুকাবলা, মুকাবিলা, মুকর্বলা [ফা॰ মুকাবিলা। আ॰ মুকাবিল] বি, সামনাসামনি। ২ প্রতিযোগিতা। ৩ পরীক্ষা। ৪ তুলনা। ৫ সম্মুখে হিসাব নিকাস।

মুকির [আ॰ মুকির্। আদা॰] বি, কবুল ; স্বীকার confession.

মুকুট [সং-মুনক্ (ভূষিতকরণে)। প্রা॰ মকুট, মউক, মুউক] বি, শিরোভূষণ ; কিরীট।

মুকুটি [মুষ্টি >] বি, মুষ্টি। "বজ্র মু॰ বীর মারে তার মুণ্ডে"-কবিক॰। "মুকুটির শব্দ যেন তবকের গুলি"-ঐ। ২ অঙ্গুলি মোটন।

মুকুতা [মুক্তার কোমলরূপ, পদ্যে] বি, মুক্তা ; মোতি। ~ফল-মুক্তা। "মুকুতাফলের লোভে ডুবে রে অতল জলে যতনে ধীবর" -মাইকেল॰।

মুকুন্দ [মুকুম্ (মোক্ষ) দ (যে দান করে)] বি, মোক্ষদাতা ; নারায়ণ। "মুকুন্দ মাধব নারায়ণ।"-অ॰ ম॰। ২ কুবেরের নিধিবিঃ। ৩ পারদ। ৪ পুষ্পবিঃ। "মুকুন্দ মল্লিকা জাতী কনক চম্পক যুথী"-চণ্ডি॰।

মুকুর [সং] বি, দর্পণ ; আর্শি। "রজত মুকুরে সাজিয়ে মুখ।"-চণ্ডি॰। ২ মুকুল। ৩ কুলগাছ। ৪ বকুলগাছ। ৫ মল্লিকা-ফুলের গাছ। ৬ কুলাল দণ্ড।

মুকুল [মুচ্ (মোচন করা)+উল (র্তৃ জ্ঞা॰), চ=ক] বি, কলিকা ; অর্দ্ধবিকসিত ; ফুটনোন্মুখ ফুল bud ২ [নাট্য শা॰] উপাঙ্গা-ভিনয়বিঃ। অঙ্গুষ্ঠাদি অঙ্গুলী একত্র করিয়া শীর্ষদেশ মাত্র প্রদর্শন। কুমুদ, ভোজন, কদলিপুষ্প, কামদেব পঞ্চশরের প্রতীক। আনন্দদ্যোতক মুকুলনেত্র। ইহাতে নেত্রের পক্ষ কম্পিত, নেত্রমণির কোমল ভাব, উপর পল্লব নত হয়।

মুকুলিত [মুকুল+ইত (বিশিষ্ট, জাত)] বিণ, মুকুল- বিশিষ্ট। ২ অর্দ্ধমুদ্রিত। ৩ আধফুটন্ত। ৪ যা পূর্ণ প্রকাশিত বা বিকাশপ্রাপ্ত হয় নাই।

মুকুলিল [বাং নামধাতু। মুকুল+ইল (ক্রিয়ার)] ক্রি, মুকুলিত হইল।

মুকুলোদগম [মুকুল+উদগম] বি, কুঁড়ির উৎপত্তি।

মুকেদেমহল [আ॰ মুখাদিম্=ভৃত্যবর্গ +আ॰ মহল্=আবাস] বি, ভৃত্যনিবাস। "মুকেদেমহল তুলে দিব হাতাহাতি। আজ হতে হলো সেন মরদার পতি।"-ঘ॰।

মুকেরি [মু॰ বাং] বি, বঙ্গীয় মুসলমান সম্প্রদায়বিঃ। ২ বলদিয়া মুসলমান জাতি-বিশেষ। "বলদ বাহিয়া কেহ বলায় মুকেরি।" -কবিক॰।

মুকোষ-মুখোষ দ্রঃ।

মুক্কই [সং মুক্ত > বৌ॰ বাং প্রাকৃ॰ মুক্কো > নামধাতু মুক্কই (মুচ্যতে) মুক্ত হয়। ভবসংসারহ মুক্কই"-দো॰ ১০৪। মুক্কউ-মুক্ত হউক।

মুক্ত [মুচ্ (মোচন করা)+ত (র্তৃ)] বিণ, [এই অর্থে বৌ॰ প্রাকৃ॰ 'মুক্কো'] মোক্ষপ্রাপ্ত। ২ অবাধ ; অপ্রতিহত। ৩ খোলা ; অনাবৃত। ৪ [র্ম্ম] উন্মুক্ত ; পরিত্যক্ত। ৫ উদ্ধৃত। ৬ আনন্দিত। ৭ নির্ম্মল। ~কচ্ছ-বিণ, কাছা-খোলা। ২ বি, বৌদ্ধ, বৈষ্ণবাদি সম্প্রদায়ের সাধু সন্ন্যাসী যাঁরা কচ্ছহীন বহির্বাস ধারণ করেন। ৩ মোল্লা। ৪ লুঙ্গী পরিধানকারী ব্যক্তি। ~কঞ্চুক-নির্মুক্ত খোলস ; নির্মোক। ২ খোলস ছাড়া সাপ। ~কণ্ঠ-বি, উচ্চ গলা ; উচ্চৈঃস্বর। ক্রি-বিণ, ~কণ্ঠে-অসঙ্কোচে ; প্রকাশ্যভাবে। ২ উচ্চৈঃস্বরে ; গলা ছাড়িয়া। ~কেশ-বিণ, উন্মুক্ত কেশবিশিষ্ট। ২ বি, আলুলায়িত কুন্তল ; এলোচুল। > স্ত্রীং ~ী-কালী। "মুক্তকেশী ষোড়শী উমা, হররঙ্গিণী শ্যামা" -গিরিশ॰। ২ বিণ, আলুলায়িতকুন্তলা। ~চক্ষুঃ-বিণ, উন্মীলিতাক্ষি ; খোলা চোখ এমন। ~দ্বার-বি, খোলা দরজা। ২ বিণ, অবাধে প্রবেশযোগ্য। ~পুরুষ-বি, জীবন্মুক্ত পুরুষ। ~বাতায়ন-বি, খোলা জানালা। ~বাতাস-বি, নির্ম্মল বায়ু ; খোলা হাওয়া। "পল্লীজননীর নিভৃত নিবাসে উপস্থিত হইয়া তাহার উদার আকাশ ও মুক্ত বাতাসে হাঁফ ছাড়িয়া বাঁচি।"-বাঙ্গালী (২৬ বৈশাখ, ১৩২০)। ~বেণী-বি, খোলা বিননী ; এলোকেশ। ২ ত্রিবেণী। ~ভাষ -বি, স্পষ্ট কথা। ক্রি-বিণ, ~ভাষে-স্পষ্ট কথায়। ~সঙ্গ-বি, পরিব্রাজক। ২ বিণ, বিষয়াসক্তিরহিত ; নিস্পৃহ। ~হস্ত-বিণ, দানশীল ; ব্যয়শীল ; বদান্য। বি, ~হস্ততা -বদান্যতা। ~হস্তে-ক্রি-বিণ, অকাতরে।

মুক্তব-মক্তব দ্রঃ।

মুক্তা [সং। বাং প্রা॰ মুক্তো। পদ্যে কোমলরূপ-মুকুতা] বি, শুক্তিমণি ; মৌক্তিক ; মোতী। "শত মুক্তাধিক আয়ু কালসিন্ধুজলতলে ফেলিস পামর!"-মাই-কেল॰। ২ বেশ্যা। ৩ বিণ, নগ্না। ৪ অবদ্ধা। ~কলাপ-মুক্তাসমূহ ; মোতির মালা ; মুক্তাহার। ~খচিত-বিণ, মুক্তা-জড়িত ; মুক্তাগ্রথিত। ~গার-যে শুক্তিতে মুক্তা জন্মে। ~ঝুরী, ~বর্ষী [প্রা॰ মুক্ত ঝুরী, মুক্ত বর্ষী] বিণ, মুক্তাবর্ষণ-কারী। ২ [সং মুক্তবর্চ্চা >] বি, স্বনাম-খ্যাত ক্ষুদ্র ওষধি তরু। ইহার শিকড়ের গন্ধ বিড়ালের প্রিয় Acalypha indica. ~বলী-বি, মুক্তাসমূহ। ২ মোতির মালা। ~ফল-বি, মৌক্তিক ; মুক্তা। ~ময়-বিণ, মুক্তাখচিত ; মোতিজড়িত। "মুক্তাময় মাঝ তার সোপান খচিত মরকতে"-বীরাঙ্গনা। ~মালা-বি, মুক্তার হার ; মোতির মালা। ২ মুক্তারাজি। ~লতা-বি, মুক্তার হার। ~শুক্তি-বি, মুক্তা উৎপাদক শুক্তি বা ঝিনুক। ~সার-বি, মুক্তার শ্রেষ্ঠ pearl of the first water. ~স্ফোট-বি, মুক্তা যার মধ্যে স্ফুটিত বা বিকসিত হয় ; শুক্তি ; ঝিনুক। ~হার-বি, ধান্যবিঃ। "মুক্তাহার ধান্য আনি মুকুতা প্রবাল মানি দুর্লভ জগতে ত বাখানি।"-শূ॰ পু॰। ২ মোতির মালা। ৩ [মুক্ত (ত্যক্ত) + আহার (ভোজন) যৎকর্ত্তৃক, বহু॰] বিণ, যে ভোজন ত্যাগ করিয়াছে ; উপবাসী।

মুক্তি [মুচ্ (মোচনে)+তি (ভা॰)। বৌ॰ প্রাকৃ॰ 'মুত্তি'] বি, মোক্ষ ; আত্যন্তিক দুঃখনিবৃত্তি ; জন্মমরণরূপ সংসার-বন্ধন হতে বিমুক্তি ; বাসনাক্ষয়। "না হইবে দক্ষ তোর গতি মুক্তিপথে"-কবিক॰। ২ উদ্ধার। ৩ নিষ্কৃতি। ~দ, ~দাতা-বিণ, পরিত্রাণকর্ত্তা ; নিষ্কৃতি দানকারী। > স্ত্রীং ~দা, ~দাত্রী। ~দান, ~প্রদান -বি, অব্যাহতি দেওয়া। ২ সংসার-বন্ধন হতে পরিত্রাণ করা। ৩ স্বাধীনতা দেওয়া। ~দায়ক-বিণ, যে মুক্তি দেয়। ২ পরিত্রাতা। ~নামা-বি, ছাড়পত্র passport. ~পদ -বি, মুক্তিস্থান। "মুক্তিপদ এই স্থান, এইখানে

করি স্নান,চল ভাই সিংহল নগরে।"-কবিক°। ~পত্র-বি,মুক্তির অধিকার দানকারী পত্র। ~প্রার্থী-বিণ, মোক্ষপ্রার্থী ; পরিত্রাণ-লাভেচ্ছু। ২ দণ্ড হতে উদ্ধারপ্রয়াসী। > স্ত্রীং ~প্রার্থিনী। ~ফৌজ [ইং salvation army শব্দের বঙ্গানুবাদ] বি,খ্রীষ্টীয় ধর্ম্ম-সম্প্রদায়বিঃ। ~মণ্ডপ-বি, মুক্তিপ্রদ মণ্ডপ। ২ কাশীর বিশ্বেশ্বরের দক্ষিণ পার্শ্বস্থ মণ্ডপ। ৩ জগন্নাথ দেবের দক্ষিণ পার্শ্বস্থ মণ্ডপ। ৪ [ব্যঙ্গ্যে] গুলির আড্ডা। "চল মুক্তিমণ্ডপে যাই।"-লীলাবতী। ~মার্গ-বি, মুক্তিপথ ; পরিত্রাণের উপায়। ~লাভ-বি, পরিত্রাণ প্রাপ্তি ; মোক্ষপ্রাপ্তি। ~স্নান-বি, সূর্য্য বা চন্দ্র রাহুমুক্ত হইবার পর গঙ্গাস্নান বা গঙ্গাহীন দেশে নদ্যাদি স্নান।

মুক্তিকা [সং] বি, মৌক্তিক ; মোতি।

মুখ [সং] বি, মুখমণ্ডল ; আনন ; বদন। ২ বাক্য নিঃসরণ ও ভোজ্যগ্রহণের দ্বার ; মুখগহ্বর। ৩ আরম্ভ ; সূত্রপাত। ৪ উপায়। ৫ গৃহাদির প্রবেশ-দ্বার। ৬ প্রবেশ-পথ। ৭ মোহানা। ৮ সম্মুখ অংশ। ৯ অভিমুখ ; দিক্। প্র-উত্তরমুখ ; পূর্ব্বমুখ ই°। ইহা অন্য বর্ণের সহিত যুক্ত হলে বিশেষণ হয় যথা-"এই বণিক সমাজের স্বার্থ ও ভারতের জনসাধারণের স্বার্থ একমুখ নহে, বরং স্থল বিশেষে উভয় সম্প্রদায়ের স্বার্থ সম্পূর্ণ বিরুদ্ধ পথে প্রধাবিত হইয়া থাকে।"-বসুমতী, ১৩১৮।২৭ মাঘ। ১০ [এই অর্থে আধু° বাং-য় মুখো] মুখো-পাধ্যায়। "মুখ কৃষ্ণজীবন কৃষ্ণ ভক্তের সার।"-অ° ম°। ১১ অগ্রভাগ। ১২ নাটকের সন্ধিবিঃ। ১৩ বে-আদবী ; ধৃষ্টতা ; প্রগল্ভতা ; রূঢ়বচনপটুতা impertinence. প্র-তোমার বড় মুখ ! তোর ভারি মুখ হয়েছে দেখছি। ১৪ আশা hope, প্র-যেমন বড় মুখ করে গিয়াছিল তেমনি হতাশ হয়ে ফিরতে হয়েছে। ১৫ মান ; মর্য্যাদা। প্র-সে ত তোমার মুখ রাখলে না। মুখ এখন রৈল কোথায়। ১৬ বিণ, প্রধান ; আদি। মুখ-আনা-দেহের বিষ মুখ দিয়া বাহির করিয়া দিবার জন্য পারদঘটিত ঔষধ সেবন করিয়া লালা বা লাল কাটান। মুখ আনান-ঔষধ খাওয়াইয়া লালার সহিত মুখ দিয়া বিষ বাহির করান। মুখ আলগা-বিণ,মুখ ছুট। ২ যার মুখাগ্রে কিছুই বাধে না। মুখ আলগা করা-অসংযত ভাবে ভালমন্দ যা মুখে আসে বলা ; বক্তব্য অবক্তব্য কথা অবিচারে বলা। মুখ আসা-ক্রি, পারা-ঘটিত ঔষধ সেবন দ্বারা লালার সহিত বিষ নিঃসরণ করিবার মত মুখের অবস্থা হওয়া। মুখ উজ্জ্বল করা-সৎ কীর্ত্তির দ্বারা গৌরবের শুভ্র জ্যোতিতে মুখ উদ্ভাসিত করা ; যশোভাতিতে মুখমণ্ডলে প্রফুল্লতা সম্পাদন করা। ~কমল (-খ-) [মুখ কমল সদৃশ, উপমিত] বি, পদ্মসদৃশ মুখ ; মুখারবিন্দ। মুখ করা-ক্রি, রোষ প্রকাশক মুখশ্রী ধারণ করা। ২ তিরস্কার করা ; ভর্ৎসনা করা। "পরের বেটী মুখ করবে মুখ নাড়া দিয়ে। দুই চক্ষে জল পড়বে বসুধারা দিয়ে"-মেয়েলি ছড়া (সা° প° প° ১৩০২)। ~কান্তি (-খ-) [৬তৎ] বি, মুখশ্রী। মুখ কুট কুট করা, মুখ কুট-কুটানি-ক্রি, বুনো ওল, কচু ই° ভক্ষণ করিলে তার বিষে মুখ চুলকান। ~কোষ (-খ-) মুকোষ দ্রঃ। ~ক্ষত-বি, মুখের ঘা। মুখ খাওয়া, মুখ-তাড়া খাওয়া-ক্রি, বকুনি খাওয়া ; তিরস্কৃত হওয়া। "মতিলাল মনে মনে কহিতে লাগিল নৌকা ডুবি হওয়াতে বাঁচলুম তা না হলে মায়ের কাছে মুখ খেতে খেতে প্রাণ যাইত।"-টেকচাঁদ। ~খারাব করা-ক্রি, অশ্লীল কথা মুখ দিয়া বাহির করা ; অশ্লীল গালি দেওয়া। ২ মুখ বিস্বাদ করা। ~খিচনি,-খিচানো-ক্রি, দাঁত দেখান ; দাঁত খামাটি করা। মুখ খোলা-ক্রি, মৌন থাকিবার পর কথা কহা। ২ কথা কহিতে আরম্ভ করা। ~গহ্বর (-খ-)-মুখবিবর (দ্রঃ)। মুখ গোঁজ করা গোঁজ করিয়া থাকা-ক্রি, গোঁজের মত ওষ্ঠদ্বয় লম্বিত করিয়া ক্রোধ বা অভিমান-ভরে থাকা। ~চন্দ্র (-খ-)-বি, চাঁদমুখ ; সুন্দর মুখ। ~চন্দ্রিকা-দ্রঃ। মুখ চলা-বি, ক্রি, মুখের কাজ চলা ; গালাগালি আরম্ভ হওয়া। ২ ভোজন হতে থাকা। মুখ চাওয়া-ক্রি, মুখাপেক্ষা করা। মুখ চাপিয়া হাসা-ক্রি, মুচকিয়া হাসা ; হাসির শব্দ না হয় এমন ভাবে মুখ টিপিয়া হাসা। মুখ চাহিয়া বসিয়া থাকা-অন্যের জন্য প্রতীক্ষা করিয়া থাকা। মুখ চুণ,-চুন-বি, লজ্জা, কৃতাপরাধ, ভয় ই°-তে পাংশুবর্ণ মুখ। মুখ চুণ করা-ক্রি, লজ্জাদিতে মুখ পাংশু-বর্ণ ধারণ করা। মুখ চুলকানি-ক্রি, মুখ কুটকুট করা। ২ কিছু বলিবার জন্য অস্থির হওয়া বা উৎসুক হওয়া। ~চোকানি-ক্রি, মুখরোচক বা অম্লাদি কোন কিছু খাইবার পূর্ব্বে মুখে জল আসা ও জিহ্বা সঞ্চালনে স্বাদ গ্রহণের অনুকরণ করা। ~চোরা-বিণ, যে লজ্জা বা সঙ্কোচে কথা কহিতে পারে না ; যে আলাপ করিতে সাহস করে না ; লাজুক। ~ছটা, ~ছবি-মুখচ্ছটা দ্রঃ। মুখ ছুট-বি, মুখ আল্গা দ্রঃ। মুখ ছুটানি-ক্রি, মুখ আল্গা করা ; অসংযত ভাষা ব্যবহার করা। ২ অজস্র গালিবর্ষণ করা। ৩ সম্ভব অসম্ভব, বাস্তব অবাস্তব বিচার না করিয়া অসংযত ভাবে বলিয়া যাওয়া। "ব্রাহ্মণী কহে মুখাগ্রে যার বাধে না কিছুই, কি চাহে সে আর, মুখ ছুটাইলে রথাখে তার, না দেখি আবশ্যক।" -চয়নিকা। মুখ ছোট করা-ক্রি, অপ্রতিভ করা ; কথা কহিবার সাহস খর্ব্ব করা। ~ছোপ-বি, সঙ্কোচ। ২ লাজুকতা ; লজ্জাশীলতা। ~ঝামটা-বি, তিরস্কার ; ধমকানি ; মুখ নাড়া। "...বাবু তোমার ভালর জন্যে একটা কথা কইতে গেলে এমন ক'রে মুখ ঝামটা মার কেন?"-পিতাপুত্র। ~টিপে, ~টিপেটিপে, হাসা-মুখ না খুলিয়া বা মুখ বুজিয়া হাসা ; চাপা হাসিমুখ ধারণ করা ; হাসির রেখা বা আভাস মাত্র মুখে প্রকাশ পাওয়া। "মেজবৌ আপন মনে মোজা বুনচে ও মুখটিপেটিপে হাসছে।" -আ° শক্তি (মেজবৌ)। ~ঢাকা-বি, মুখে আবরণ দেওয়া ; ঘোমটা দেওয়া। "চাও চাও মুখ ঢেকোনা, সরম সবে না"-বাং গান। মুখ তাকানি-মুখাপেক্ষা করা। ~তাড়া-বি, তিরস্কার ; ধমক। মুখ তুলিতে না পারা-লজ্জিত বা অপ্রস্তুত হওয়া ; মুখ হেঁট হওয়া। মুখ তুলে চাওয়া-ক্রি, প্রসন্ন দৃষ্টি

করা। মুখ তোলা-ক্রি, যে অধোবদনে আছে তাহার মুখ উঁচু করা। মুখ থাকা-ক্রি, মুখ রক্ষা হওয়া দ্রঃ। মুখ দেখা-ক্রি, মুখের প্রতিবিম্ব দর্শন করা। ২ বিবাহে পাত্র ও পাত্রীর মুখশ্রী দর্শনচ্ছলে তাদের হস্তে দর্শনি দান করা। মুখ দেখানি-লোকসমাজে দেখা দেওয়া। ২ মুখ দেখিতে দেওয়া। প্র-কনের মুখ দেখান। মুখ দেখানি-বি, মুখ দেখিবার দর্শনি ; নববধূর মুখ দেখিবার জন্য তাকে দেয় উপহার। মুখ ধরা-ক্রি, তিরস্কারের প্রতিবাদ এবং উত্তর প্রত্যুত্তর করিতে আরম্ভ করা ; জবাব করা। ~-ধরা [পরিবারে স্ত্রী বা পুরুষ, বালক বা বালিকা মরিয়া মরিয়া একটি মাত্রতে ঠেকিলে বা জন্মিলে বাড়ীর সকলের আদরের পাত্র হয় ও সকলের নজর তার প্রতি থাকে বলিয়া] বিণ, নজর-ধরা ; মুখ-চাওয়া ; যাকে ক্ষণকাল দেখতে না পেলে কষ্ট হয় ; সবে ধন নীলমণি। ~ধাবন, ~ধোয়া১-বি, মুখ-প্রক্ষালন। ২ বিণ, মুখ প্রক্ষালিত। প্র-মুখধোয়া জল। মুখ ধোয়২-ক্রি, কুলকুচা করা ; মুখমণ্ডল ধৌত করা ; মুখ প্রক্ষালন করা। "উঠ শিশু মুখ ধোও পর নিজ বেশ।"-পদ্যপাঠ। ~নাড়া-বি, তিরস্কার ; মুখ ঝামটা। "ভয় নাহি করি ও মুখ নাড়ায়ে"-রবী০। মুখ নাড়া দেওয়া-ক্রি, তিরস্কার করা ; বকা। ~নিরীক্ষক-বিণ, মুখাপেক্ষী। ২ অন্যায়দর্শী। ৩ পক্ষপাতী। > বি, ~নিরীক্ষণ। ~পত্র, -পাত-বি, আরম্ভ ; সূত্রপাত ; প্রথম। ~পট্ট (-খ-) বি, মুখাবরণ ; মুখের কাপড়। ~পদ্ম (-খ-) -বি, মুখকমল ; সুন্দর মুখ। ~পাত্র (-খ-) বিণ, অগ্রণী ; প্রধান। ~পোড়া-বিণ, দগ্ধমুখ। ২ গালিবিঃ। ৩ হনুমান। ~প্রক্ষালন-বি, মুখ ধোয়া। ~প্রিয় (-খ-) বিণ, মুখরোচক ; স্বাদু। ~ফসকানি -ক্রি, অসাবধানে বা অজ্ঞাতসারে মুখ হতে কোন অপ্রিয় বা অনুচিত বাক্য বাহির হওয়া। প্র-কথাটা মুখ ফসকে বেরিয়ে পড়েছে কি করি, না হলে ওকথা বলবার ইচ্ছা ছিল না। ~ফাঁস-মুখ আলগা দ্রঃ। মুখ ফিরানি-ক্রি, অভিমুখ হওয়া। ২ বিমুখ হওয়া। মুখ ফেরা-ক্রি, মুখ বদলান দ্রঃ। মুখ ফুটা, -ফোটা-ক্রি, মুখ হতে কথা বাহির হওয়া। ~ফুটিয়া বলা -ক্রি, কথায় প্রকাশ করা। ~ফোড়-বিণ, স্পষ্টবক্তা। মুখ বন্ধ করা১-ক্রি, চুপ করা। ২ চুপ করান। মুখবন্ধ করা২-ভূমিকা লেখা। মুখ বাঁকানি-ক্রি, মুখভঙ্গি দ্বারা অনাদর বা উপেক্ষা প্রকাশ করা। মুখ বাড়া-ক্রি, মুখরতা বৃদ্ধি হওয়া ; স্পর্দ্ধা বৃদ্ধি হওয়া। মুখ বাড়ানি -ক্রি, আদর বা আস্কারা দিয়া মুখরতা বাড়িতে দেওয়া। ২ গবাক্ষাদি পথে মুখ বহিষ্করণ। মুখ বিগড়ানি-ক্রি, মুখ বেতার হওয়া ; স্বাদবিকার জন্মান। ২ সুখাদ্য ভোজনে অভ্যস্ত মুখে নিকৃষ্ট আহার্য্য ভাল না লাগা। ~বিবর-বি, মুখের ভিতরের শূন্য স্থান ; হাঁ mouth. মুখ বু(বো)জা ক্রি, চুপ করা ; মুখ বন্ধ করা। -বোজা -বিণ, যে অন্তরের ভাব মুখে প্রকাশ করে না। মুখ বুজে থাকা-ক্রি, চুপ করিয়া থাকা। মুখ বুজে লঙ্কায় আগুন দেওয়া [হনুমান লঙ্কা যেমন করিয়া পুড়াইয়াছিল তদ্বৎ। লক্ষ০] বাক্য ব্যয় না করিয়া ভিতরে ভিতরে অনিষ্ট করা। ~ব্যাদান (-খ-) বি, বদন বিস্তার ; হাঁ করা। ~ভঙ্গি (-খ-) -বি, মুখ বিকার। ~ভার-আন্তরিক ক্রোধ বা অভিমানে গম্ভীর ও নতমুখ। ~ভারী করা-ক্রি, ক্রোধ অভিমানাদিতে মুখ গম্ভীর ও নত করা। মুখ ভেংচান, ~ভেঙ্গানি-ক্রি, দন্তবিকাশ ও মুখ বিকার দ্বারা বিদ্রূপ করা। বি, ~ভেঙ্গচানি। ~মণ্ডল (-খ-) বি, বদনমণ্ডল ; মস্তকের সমগ্র সম্মুখভাগ face. ~-মধু-বি, মুখামৃত ; থুথু। ২ মিষ্টকথা। মুখ মারা-ক্রি, মুখ-পাত বা মুখের দিক মজবুত করা বা সারা। মুখ মারিয়া যাওয়া-ক্রি, অধিক মিষ্ট ভোজনে আহারে অপ্রবৃত্তি হওয়া। ~মারুত-বি ফুৎকার ; ফুঁ। ~মিষ্ট [গ্রা০ মুখমিষ্টি] বিণ, যার বচন মধুর ; মিষ্ট-ভাষী। ~মোড়া [মুখ বাঁকানর ভাব >] ক্রি, অসন্তোষ প্রকাশ করা ; অস্বীকার করা। প্র-যখন যেটা করতে বলা যায় তখনই তাই করে একবারও মুখ মোড়ে না। ~রক্ষা করা, ~রাখা-ক্রি, মান রক্ষা করা ; যাতে লজ্জায় মুখ হেঁট না হয় তা করা। ~রোচক (-খ-) বিণ, সুস্বাদ ; রুচিকর। ~লাঙ্গল [বং শং সিন্ধু] বি, শূকর। মুখ লাল করে দেওয়া-গণ্ডে চপেটাঘাতে মুখমণ্ডল রক্তবর্ণ করা। মুখ লাল হওয়া-ক্রি, লজ্জায় বা ক্রোধে মুখমণ্ডল লোহিত হওয়া। ~শশী (-খ-) বি, বদনচাঁদ ; মুখচন্দ্র। ~শুকনো-বিণ, শুষ্ক-মুখ। মুখ শুকানো-ক্রি, ভয় অনাহার, দুর্ভাবনা ই০-তে মুখমণ্ডল পাংশুবর্ণ ও কৃশ হওয়া। ~সাপট [গ্রা০ ক্ষে০ ~সাট] বি, মুখে বড়াই কাজে কিছুই নয়। "মুখ-সাপটে দড়"-হেম০। মুখ সামলানি-ক্রি, সাবধানে কথা বলা। মুখ সিটকানি-ক্রি, বিরক্তি বা ঘৃণায় মুখ কুঞ্চিত করা। মুখ সেলাই করা-ক্রি, মুখ বুজিয়া থাকা ; মৌন থাকা ; মুখ না খোলা ; কথা না বলা। ~স্রাব-বি, থুথু। মুখ হওয়া-ক্রি, (ফোড়া) পাকিয়া ওঠা। ২ ঘটিবার উপক্রম হওয়া বা ঘটা। ৩ মুখরতা হওয়া। প্র-এখন তার ভারি মুখ হয়েছে। মুখে আগুন [গ্রা০মুয়ে আগুন] বি, মৃত্যুর কামনা। মুখে করা-ক্রি, আহারার্থ মুখে লওয়া বা তোলা। মুখে খই ফোটা-ক্রি, বাক্‌স্ফূর্ত্তি হওয়া। মুখে গো দেওয়া [গো=গুয়া=গুপারী] ক্রি, পান গুপারীতে মুখ পূর্ণ করায় কথা বলিতে না পারা ; গুয়াতে মুখ বন্ধ করা। প্র-"একথাটি কেন মুখে গো দিয়ে চেপে রেখেছ দিদি?" মুখে জল আসা-অম্লাদিস্পর্শে মুখে লালার সঞ্চার হওয়া। ২ আহারে প্রবল স্পৃহা হওয়া। মুখে জল দেওয়া-মুখ প্রক্ষালন করা। ২ উপবাসের পর বা পিপাসায় সময় জল পান করিতে দেওয়া। "বাছারে আমার ! মুখে একটু জল দিবার কেউ নেই গা !"-ভারতী, ১৩২১। ৩ অন্তিমকালে মুমূর্ষুর মুখে

গঙ্গাজল দেওয়া। মুখে-দঁড়ি-বিণ, কাজে নয় কথায় দক্ষ; বচনবাগীশ। মুখে দেওয়া-খাওয়া। ২ খাওয়ান; খেতে দেওয়া। "সে রাবণপুরীতে এইটুকু খাবার নিয়ে গিয়ে কার মুখে দেবে?" মুখে ফুল চঁন্দন পঁড়ুক-অ, অত্যানন্দদায়ক কথার জন্য মুখের পূজা হউক। আশীর্ব্বাদ স্বরূপ স্বর্গ হতে পুষ্প চন্দন বর্ষিত হওয়ার বা দুন্দুভি বাজানর উল্লেখ দৃষ্ট হয়। বাং-র 'মুখে ফুলচন্দন পড়া'র উল্লেখ প্রচর। "ঠাকুরপো তোমার মুখে ফুল চন্দন পড়ুক, আমায় এখনি রেখে এসো আমি আর সইতে পারি না।" মুখে ফেলা-স্বাদ গ্রহণার্থ মুখে নিক্ষেপ করা। ~মুখে-অ, মুখের কথা বাহির হইবা-মাত্র; মুখের উপর; তৎক্ষণাৎ। প্র-মুখে মুখে সব যোগান। ২ প্রত্যেকের মুখে। প্র-মুখে মুখে কথাটা প্রচার হয়ে গেল। ৩ জবানি। ৪ দুই বস্তুর মিলন স্থানে। প্র-তক্তা দুখানার মুখে মুখে যুড়ে দাও। ~মুখে উত্তর দেওয়া-প্রশ্ন করিবামাত্র মৌখিক উত্তর দেওয়া। ~মুখে চোঁপা কঁরা-সম্মুখে প্রত্যুত্তর করা। ~মুখে ফিরা-সর্ব্বদা সম্মুখে বা সঙ্গে থাকিয়া আজ্ঞা পালন করা। মুখে রোচা-খাইতে ভাল লাগা। মুখের উপর-অ,সম্মুখে; অসাক্ষাতে নয়। "নেত্র দুটি দৌহিত্রীর মুখের উপর রাখিয়া কহিলেন" -উত্তরা, পৌষ, ১৩৩৩। মুখের কঁথা-বচন (লেখা বা প্রতিশ্রুতি; শপথ নহে)। প্র-আর শপথ করিতে হবে না, লেখারও দরকার নাই; মুখের কথাই যথেষ্ট। ২ কথা মাত্র;কার্য্যতঃ নয়। মুখের কঁথা খঁসানি-মুখ ফুটিয়া বলা। মুখের কঁথায়-অ,কাজে নয়; কথার মাত্র। প্র-মুখের কথায় কি হয়, কাজে করে দেখাতে হয়। মুখের তোড় [তোড় দ্রঃ] বি, অজস্র গরম কথা; বাক্যের প্রবাহ; মুখসাপট। মুখের ভঁয়ে-ক্রি-বিণ, কটুকথা বা তিরস্কার বা গালির ভয়ে। "দুর্মুখা ঝিয়ের মুখের ভয়ে উঠিয়া পড়ে"-অনুরূপা দেবী। মুখের মঁত-মতন-ক্রি-বিণ, যেমন মুখ তেমনি। ২ যথোপযুক্ত। মুখের মিষ্টি-বি, মধুমাখা কথা; মধুর বচন; শ্রুতিমধুর বাক্য। মুখের সামনে-সাক্ষাতে; অসাক্ষাতে বা গোপনে নহে; সম্মুখে। কোন্ মুখে-বলিবার মত মুখ না থাকার ভাব। তা হতে "কোন্ লজ্জায়।" "আমায় দিয়ে এ কাজ হবে না, রাণীমার কাছে কোন্ মুখে জবাব দিবি"-ভারতী, ১৩২১। থোতা মুখ ভোতা হঁওয়া-থোঁতা দ্রঃ। পেটে এঁক মুখে এঁক-মনের ভিতর এক প্রকার, কিন্তু কথায় অন্য প্রকার; কপটাচার। যঁত বঁড় মুখ নঁয় তঁত বঁড় কঁথা-বয়সের, অবস্থার ক্ষমতার অতিরিক্ত বাক্‌পারুষ্য; অন্যায় বা অশোভন স্পর্দ্ধা।

মুখচন্দ্রিকা [মুখ-চন্দ্রিকা (জ্যোৎস্না) >অঃ] বি, বর কন্যার শুভদৃষ্টি। "হেন মতে শ্রীমুখ চন্দ্রিকা করি রসে। বসিলেন প্রভু লক্ষ্মী করি বাম পাশে॥"-চৈ০ ভা০। ২ মুখচ্ছটা; শুভ্রোজ্জ্বল মুখশ্রী।

মুখচ্ছটা, মুখচ্ছবি [মুখ (তার) ছটা, ছবি, ৬তৎ] বি, মুখকান্তি; মুখের লাবণ্য; মুখশোভা: মুখশ্রী। "প্রসন্ন মুখচ্ছবি"-রবী০।

মুখজ [মুখ-জ (জাত)] বিণ, মুখ-জাত। ২ মুখ্য; প্রধান। ৩ দন্ত। ৪ ব্রাহ্মণ।

মুখটি, [সং-মুষ্টি। মুকটি দ্রঃ] বি, মুষ্টি। ২ [মুখ+টি (ত্রাণ >)] বি, মুখাবরক।

মুখটি, মুখুটি,-টী [মুখ (প্রধান) টি (গোষ্ঠী বা কুলপতি >)] বি, কুলীন ব্রাহ্মণের উপাধিবিঃ; মুখোপাধ্যায়। ফুলের মুখুটি -শান্তিপুর ফুলিয়া গ্রামের মুখোপাধ্যায় বংশ। "শ্রীগোপাল ছোট সবে ফুলের মুখটি।" -অ০ম০।

মুখড়, মুখাড় [মুখ+আড় (অট্-গমনে)] বিণ, মুখ্য; প্রধান। ২ গবাদি পশুর মুখবন্ধন রজ্জু। ৩ (মুখোড়) মুখর।

মুখত্, মুঅত্ [সং মুখাৎ > চট্টল০ প্রাদে০] অ, মুখ হইতে।

মুখবংশ [মুখ (প্রধান) বংশ] বি, মুখ্য-বংশ; কুলীন; মুখোপাধ্যায় বংশ। "গোত্রের প্রধান পিতা মুখবংশজাত।"-অ০ ম০।

মুখবন্ধ [সং] বি, গ্রন্থাদির ভূমিকা।

মুখবাসন [মুখের বাসন (সুগন্ধি করণে)] বি, মুখের দুর্গন্ধনাশক দ্রব্য; মুখসুগন্ধিকারক তাম্বূলকর্পূরাদি দ্রব্য।

মুখর, [মুখ(মুখনির্গত কথা)+র(স্ত্য০)। গ্রা০ মুকোড়] বিণ, অতিভাষী: অতিবক্তা; বাচাল। "প্রখর মুখর বড় অলঙ্কার কুণ্ড। সভা মধ্যে কয় কথা ঘন নাড়ে মুণ্ড॥"-কবিক০। ২ যে অগ্রে কথা বলে; অগ্রভাষী। ৩ অপ্রিয়ভাষী; দুর্ম্মুখ; ঠোঁটকাটা। ৪ শব্দায়মান। "মুখর কুসুমে দে লো নূপুরিয়া চরণে"-অপূর্ব্ব ব্রজাঙ্গনা। ৫ বি, শঙ্খ। স্ত্রীং ~া।

মুখর, [ইতি০] বি, হরিবর্ম্মা প্রবর্ত্তিত ক্ষত্রিয় বংশবিঃ; এই বংশীয় নৃপতিগণ মগধের অংশবিশেষে আধিপত্য করিয়াছিলেন। বিণ, মৌখরি-মুখর বংশোদ্ভব।

মুখরিত [মুখর+ইত (যুক্তার্থে)] বিণ, শব্দিত; ধ্বনিত; গুঞ্জিত; শব্দায়মান। "মুখরিত দশ দিশি"-রবী০।

মুখরুচি [মুখ-রুচি (শোভা, কান্তি)] বি, মুখশ্রী; মুখকান্তি। "মুখরুচি কত শুচি করিয়াছে শোভা"-মহা০ (কাশী০)।

মুখল, মুখাল [মুখ+বালা > মুখালা >। প্রায় 'চোখল'র সহচর] বিণ, মুখবিশিষ্ট। চোখল-মুখল-চতুর; কইয়ে-বইয়ে; চক্ষুখান ও মুখর।

মুখশুদ্ধি [মুখের শুদ্ধি হয় যদ্দারা] বি, হরীতকী, পান সুপারি ই০। "মুখে এখনও মুখশুদ্ধি আছে"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ২ দন্ত ও মুখ প্রক্ষালন।

মুখশোষ [মুখ-শোষ (শুষ্কতা)] বি, মুখের শুষ্কভাব। "সীতা, লক্ষ্মণের মুখশোষ ও স্বর বৈলক্ষণ্য দর্শনে অধিকতর কাতর হইয়া জিজ্ঞাসা করিলেন"-বি০ সা০।

মুখশ্রী [মুখ-শ্রী (লাবণ্য)] বি, মুখকান্তি।

মুখস, মুখোস [সং-মুখকোষ > কে০ মুকোষ (গ্রা০), মুখোস। মুখাস, মুখাল ও০। তুল-ফা০ মুহ্ পোষ। ইং mask] বি, মুখা-বরণ; ছদ্মমুখ। "দুঃখের মুখস পরা সংসারের সুখ।"-অশোক০। ২ অশ্বের মুখবন্ধনী

muzzle ; bit of a bridle. "চিবাইয়া মুখস"-মেঘ০।

মুখসর্ব্বস্ব [মুখ অর্থাৎ মুখের কথাই যার সর্ব্বস্ব বা সব] বিণ, যে মুখে খুব কাজের বড়াই করে অথচ কাজে কিছু করে না ; বচনবাগীশ।

মুখসাট,-সাপট [মুখ-সাট-সাপট (ঝাপট-ঝাপট দ্রঃ)] বি, মুখতাড়া ; ধমক। "মুখসাট মারে মাগ মাগী তার কর্ত্তা"-শি০। ২ মুখের বড়াই ; বাক্‌চাতুর্য্য। "মুখ সাপটে দড়"-হেম০।

মুখসামলানি-মুখ দ্রঃ।

মুখস্থ [সং-মুখস্থ, মুখস্থিত। তুল-কণ্ঠস্থ। গ্রা০ মুকোস্তো] বিণ, কণ্ঠস্থ। ২ মৌখিক ; বাহ্য ; আন্তরিক নয়। প্র-মুখস্থ ভালবাসা।

মুখস্থিত [মুখে-স্থিত] বিণ, কণ্ঠস্থ ; মুখস্থ। ২ মুখগুপ্ত।

মুখা, [গ্রা০ মুখো, মুকো] বিণ, মুখ-বিশিষ্ট। ২ মুখীন ; সম্মুখীন। ~মুখী-দ্রঃ।

মুখা, [প্রা০ বাং। প্রাদে০ পূ০ বঙ্গ] বি, কুম্ভকারের যে পোড়ান মাটির ছাঁচ হতে দেবদেবীর মুখ গড়া হয়।

মুখাকৃতি [মুখের আকৃতি, ৬তৎ] বি, মুখাবয়ব।

মুখাগ্নি [মুখ (শবমুখে) দেয় যে অগ্নি, ৭তৎ, ম০ প০ লো০] বি, মৃতসৎকার কালে শবের মুখে স্পর্শ করাইবার অগ্নি ; শবদাহ-কালে শবের মুখে অগ্নি প্রদানরূপ সংস্কারবিঃ।

মুখানি [মুখ (উন্মুখ, প্রমুখ)+আন (ক্রিয়ায়)] ক্রি, উন্মুখ হওয়া ; প্রস্তুত থাকা। প্র-ছেলেরা বাবার জন্ম মুখিয়ে আছে।

মুখানি [মুখখানি > সং০ (পদ্যে)] বি, মুখখানি। "মুখানি দেখিতে চায়।"-রবী০।

মুখাপেক্ষা [মুখ+অপেক্ষা] বি, অন্যের আদেশের বা কথার অপেক্ষা। ২ অন্যের সহায়তা বা সহযোগিতার অপেক্ষা। ৩ অনুগ্রহ প্রত্যাশা। > বিণ, **মুখাপেক্ষী** [মুখাপেক্ষিণ্ শব্দ ১মা, ১ব০] অনুগ্রহপ্রত্যাশী; যে অন্যের মুখ চাহিয়া থাকে ; মুখনিরীক্ষক। > স্ত্রীং **মুখাপেক্ষিণী**। > বি, **মুখাপেক্ষিতা**।

মুখাবয়ব [মুখের অবয়ব, ৬তৎ] বি, মুখাকৃতি ; মুখশ্রী।

মুখামুখী [গ্রা০ মুখোমুখী, মুকোমুকী। মুখ + আ+মুখ (প্রতিমুখার্থে) + ঈ (ভাবার্থে)] বিণ, সামনাসামনি ; পরস্পর সম্মুখীন। "দাঁড়াইয়া মু০ করিতেছে যোথামুখী"-চন্দন। "মুখোমুখী দুটী পাখী" -রবী০। "মুখোমুখী হয়ে বসে হার গেঁথেছি যতনে।"-অমৃত০।

মুখামৃত [মুখ+অমৃত] বি, মুখস্রাব ; থুথু ; অধরসুধা। ২ মুখের মিষ্টি ; অমিয়বাক্য।

মুখী,,-কী, [সং-মুষ্টি > অস০ মুকুতি (টি) > সং০] বি, ঘুষি।

মুখী,, -কী,, [মুখ+ঈ(ক্ষুদ্রার্থে)] বি, অঙ্কুর ; কল। প্র-ওলের মুকী। ২ বিণ, আননবিশিষ্ট। প্র-রাবণমুখী। কালামুখী। পোড়ামুকী। ~**কচু**-বি, কচুর মুখী। যার কন্দের চতুর্দ্দিকে মুখী বাহির হয় এমন কচু।

মুখুজ্জে, -জ্জ্যা, মুখুয্যে [মুখ+উপাধ্যায়। উপাধ্যায় > উপাজ্‌ঝ্যা > ওঝা > বিকারে উজ্জে] বি, মুখ্য কুলীন ; মুখোপাধ্যায়। "প্যারিস দ্বীপ ইংরাজের দ্বারা অধিকৃত হওয়ার সম্বন্ধে ত্রৈলোক্যনাথ মুখুজ্জে মহাশয়ের বিলাত ভ্রমণ নামক পুস্তকে একটি সুন্দর গল্প কথিত আছে" -বিলাত ভ্রমণ (মল্লিক০)।

মুখো, [মুখ+উআ >] বিণ, সম্মুখীন ; অভিমুখ। "সেইখানে মাদুরের ওপর জানালা-মুখো হয়ে বসে,"-মেজবৌ আ০শক্তি।

মুখো,-বি, "মুখোপাধ্যায়" শব্দের সং০।

মুখোড় [যশো০ খুলনা প্রাদে০] বি, প্রতিকূল। প্র-মুখোড় বাতাস।

মুখোপাধ্যায় [মুখ(মুখুটি) + উপাধ্যায়] বি, ফুলিয়া মেলের মুখ্য কুলীন ব্রাহ্মণের পদবী। মুখুজ্জে, মুখো দ্রঃ।

মুখোমুখী-মুখামুখী দ্রঃ।

মুখোষ, -শ,-স [মুখ+কোষ,-শ,-স > সং০ মুখোষ, গ্রা০ মুকোষ] বি, মুখাবরক ছদ্মমুখ ; কৃত্রিম মুখ। নকল মুখ। ২ [অলং] ছদ্মবেশ ছল ; কপটভাব। মু০ **খোল**-ক্রি, ছদ্মবেশ ত্যাগ করা ; স্বরূপে প্রকাশিত হওয়া। ~**পরা**-ক্রি, ছদ্মবেশ ধারণ করা ; কপটতা অবলম্বন করা। "কল্পনার অতীতকারিতা আজ সভ্যতার মুখোস পরিয়া দম্ভভরে সমাজ মধ্যে বিচরণ করিতেছে।"-আ০শক্তি,১৩৩৪। ২ কৃত্রিম মুখ দ্বারা মুখ ঢাকা বা মুখের উপর ধারণ করা।

মুখ্‌খু, মুক্‌খু-মূর্খ দ্রঃ। ~**সুক্‌খু,** ~**সুখ্‌খু** [মূর্খ > মুখ্‌খু+শুষ্ক > শুখ্‌কু > শুক্‌খু (শুষ্ক=অরসিক)। শু=সু, খ্=খ। মুখ্‌খুর সহিত অনুপ্রাসার্থে সুখ্‌খু] বি, মূর্খ ও অরসিক ; আনাড়ী ও বেরসিক।

মুখ্য [মুখ (প্রধান)+য] বিণ, প্রধান ; প্রথম ; শ্রেষ্ঠ। ২ অগ্রণী ; আদি। ~**কুলীন** -বি, কুলীনের অগ্রগণ্য ; শ্রেষ্ঠ কুলীন। "ঘোষ, বসু, মিত্র, মুখ্য কুলীনের কন্যা। বিবাহ করিলে তিন রূপে গুণে ধন্যা॥" -অ০ম০। ~**তর** [মুখ্য+তর (উৎকর্ষে)] বিণ, সর্ব্বপ্রধান। ২ সারাৎসার। > স্ত্রীং ~**তরা** -বিণ, সর্ব্বপ্রধানা ; সারাৎসারা। সম্বোধনে "**মুখ্যতরে!**" "জয় চণ্ডবিনাশিনি! মুণ্ডনি-পাতিনি! দুর্গ বিঘাতিনি! মুখ্যতরে!" -ভারত০। ~**বৃত্তি** [বৈষ্ণব সা০] বি, শব্দ শ্রুতিমাত্র সহজে অর্থবোধ। বিপরীত-গৌণী-বৃত্তি (দ্রঃ)। "মুখ্যবৃত্তি সেই অর্থ পরম মহৎ।"-চৈ০ চ০।

মুখ্যাঙ্ক [মুখ্য+অঙ্ক। গ০ পরিঃ] বি, ইং cardinal number এর বৈজ্ঞা০ পরিঃ।

মুগ [সং-মুদ্গ >] বি, মুগ কলাই। ~**টোপা**-বি, গোটা মুগ সিদ্ধ। ~**নি**-বি, বনমুগ। ~**সাউলী,** ~**সামলী**-বি, মুগের ডাইল দ্বারা প্রস্তুত পিষ্টকবিঃ। "কলাবড়া মুগ সাউলী ক্ষীরমোহন ক্ষীর-পুলি" -কবিক০। **মুগের লাড়ু**-চিনির পাক করা ঘৃতে ভাজা মুগ চূর্ণের মিঠাই।

মুগ্ধী [মুগ্ধা দ্রঃ] বি, বিণ, মুগ্ধা ; মুগ্ধ-স্বভাবা ; বিদগ্ধা। "কুলেতে যতন করে কোন বা মু০"-প০ক০ তরু (সা০ প০ প০)।

মুগা [অস০ মুগা (মুগবর্ণ বলিয়া) > ভ্রং মুরুগা। "যৌতুকের বাঁশে দিল মুরুগার চড়া॥"-কবিক০] বি, মুগা কীট ; পলু

a muga coccoon. ২ মুগা কীটজাত রেশমের বস্ত্র muga silk.

মুগুর [সং-মুদ্গর > প্রা॰] বি, মুদ্গর ; গদা। ২ বাটালিতে ঘা দিবার জন্ত কাঠের হাতুড়ি।

মুগ্ধ [মুহ্ (অচেতন হওয়া)+ত (ক্ত)] বিণ, মূর্চ্ছিত ; মোহপ্রাপ্ত। "দেখি রাজা মুগ্ধ হয়ে পড়েন ধরণী"-মহা॰ (কাশী॰)। ২ মোহিত। ৩ মূর্খ ; নির্ব্বোধ। স্ত্রীং ~া। পদ্যরূপ 'মুগুধা' ও॰। যে নবীনার কাম অল্প, রতি বিষয়ে অল্প স্পৃহা, অপরাধী কান্তের প্রতি সজলচক্ষে দর্শন করে, প্রিয় অপ্রিয় কোন কথা বলিতে পারে না, মানভরে অধোমুখে থাকে। এই অর্থে বৈ॰ ও বাং-য় মুগুধিনী, মুগুধিনী। "মুগুধনী মানিনী করয়ে মান"-বি॰ প॰। বি, ~তা। ~চিত্ত-বিণ, বিমোহিত মন। ~দৃষ্টি-বি, বিমোহিত আঁখি। ~নয়ন, -নেত্র-মুগ্ধদৃষ্টি। "মুগ্ধ নয়ন মম পুলকিত মোহিত মন" -দ্ধ॰। ~হৃদয়-বিমোহিত অন্তর ; বিহ্বলচিত্ত।

মুগ্ধবোধ [মুগ্ধ (অবোধ)-বুধ্+ণিচ্ =বোধি (বুঝান) + অ (ণে), যদ্দারা অবোধকেও বুঝান যায়] বি, বোপদেব কৃত ব্যাকরণ।

মুগ্ধা [মুগ্ধ (দ্রঃ)+আ (স্ত্রীং)। এই অর্থে বৈ॰ পদ॰ সাহিত্যে মুগুধা, মুগধী, মুগুধী, মুগুধিনী ও॰] বিণ, মোহিতা। ২ মূর্চ্ছিতা। ৩ বি, নবোঢ়া স্ত্রী ; নববিবাহিতা। ৪ নায়িকাবিঃ। ৫ বিদগ্ধা নারী।

মুঘল-মোগল দ্রঃ।

মুঙা [মুখা > মুঅা > প্রাদে॰ উচ্চারণে মুঙা >] বিণ, মুখবিশিষ্ট ; মুখী ; মুখো। "হাড়ি দিল মহাবীরে করি উভমুঙা। চারিদিকে পোতামাঝি দিল তুষের ধুঁয়া।"-কবিক॰।

মুচ$_1$ [সং-শ্মশ্রু > শ্মশ্রু > মহ্চ্ছু (O. D. B.L) > মুচ, মুছ, মোচ, মোছ] বি, গুম্ফ।

চ$_2$-বি, চাকার বাহিরে ধুরের ১।৬ ।পরিমাণ অংশ।

মুচকানি, মুচুকান [সং-মুখকুঞ্চন > হি॰ মুস্কানা, মুস্কুরানা > মুচকাই, মুচকাও, মুচকায় ; মুচকাইতে ; মুচকাইয়া, মুচকিয়া, মুচুকিয়া (কে॰ মুচকি, মুচুকি, গ্রা॰ মুচকে)] ক্রি, মুখ কুঞ্চিত করা।

মুচকি, মুচকে-অস-ক্রি, মুখ কুঞ্চিত করিয়া। "আমরা মুচকে হেসে বিনোদ বেশে বাজিয়ে যাব মল"-ইন্দিরা (বঙ্কিম॰)। বিণ, ঈষৎ ; পরিমিত ; মৃদু। মু॰ হাসি -মৃদু হাস্য smile. "মুচকি হাসির সুধার বৃষ্টি চলছে আজি জগৎ জুড়ে।"-রবী॰।

মুচুকাই [ব্রজ॰] অস-ক্রি, মুচকিয়া। "হাসত না হাসত মুখ মুচুকাই॥"-জ্ঞান॰।

মুচঙ্গ-বি, বাদ্যযন্ত্রবিঃ Jew's harp.

মুচড় [গ্রা॰ মোচোড়। সং-মুচুটী] বি, দুমড়ন ; পাক।

মুচড়ানি [মুচড় (দ্রঃ)+আন। মুচড়াই, মুচড়াও, মুচড়ায় ; মুচড়াইতে ; মুচড়াইয়া (কে॰ মুচড়িয়া, গ্রা॰ মুচড়ে)] ক্রি, মচকান ; পাকান ; দুমড়ান। "পাছাড়িয়া মুচড়িয়া ভাঙ্গে কার ঘাড়।"-শি॰।

মুচমুচ [অনু॰] মুট$_2$ দ্রঃ।

মুচলম(লুম), মুছলম(লুম), মুছল্লম [আ॰ মুসল্লম্ (আস্ত, গোটা, সমস্ত)] বিণ, সমস্ত ; গোটা।

মুচলমে, মুছলমে, মুছলুমে-ক্রি-বিণ, এককালে ; একবারে ; কিছুমাত্র।

মুচলেকা, মুচলকা [আদা॰ পরিঃ। তুর্কী॰ মুচল্কা] বি, বিশেষ সর্ত্তে অঙ্গীকার পত্র ; প্রতিশ্রুতি ভঙ্গ করিলে দণ্ড স্বীকার করিয়া যে অঙ্গীকার পত্র লিখিত হয় bond.

মুচি$_1$, মুচী [পহ্লবী মোচক (জুতা। O. D. B. L) > হি॰ মোচী, অস॰ মুচীয়ার > মুচি, মুচী] বি, চর্ম্মকার। "মুচি হয়ে শুচি হয় যদি কৃষ্ণ ভজে। শুচি হয়ে মুচি হয় যদি হরি ত্যজে।" -চৈ॰ চ॰। স্ত্রীং ~নী।

মুচি$_2$, মুছী$_1$ [সং-মূষা, মূষিক (রাসা॰ পরিঃ) >] বি, স্বর্ণাদি ধাতু গলাইবার পাত্র। ২ আস্কে পিঠা প্রস্তুত করিবার নিমিত্ত মাটির খুরা দেওয়া ছোট সরা ; মুচি খোলা। "খোলায় পিটুলি যেন হয়ে অতি শুচি। ছ্যাক্ ছ্যাক্ শব্দ হয় ঢাকা দেন মুচি।" -ঈ॰ গুপ্ত। ৩ কচি নারিকেল।

মুচুকুন্দ, মুচ্‌কুন্দ [সং] বি, মহারাজা মান্ধাতার পুত্র। "মুচুকুন্দে রাখি রণে বিনা দেহ ত্রিলোচনে"-শি॰। ২ দৈত্যবিঃ। ৩ মুনিবিঃ। ৪ কনক চাঁপার ন্যায় পুষ্পবৃক্ষবিঃ।

মুচুটী [সং। মুচ্ বা মুট শব্দ >] বি, মুষ্টি ; মুঠা। ২ আঙ্গুল মটকানি।

মুচ্ছদ্দী, মুচ্ছুদ্দী, মুৎসদ্দী, মুৎছদ্দি [আ॰, সদ্‌উন=ভার লওয়া-যে কোন কাজের ভার লয় সে মুৎসদ্দী। আ॰ মুতস্‌দ্দী] বি, হেডক্লার্ক ; ম্যানেজার ; কার্য্যাধ্যক্ষ।

মুচ্ছা-মূর্চ্ছা দ্রঃ।

মুছলমান [স=ছ] বি, মুসলমান (দ্রঃ)।

মুছলুম [আ॰ মুসলম। স=ছ] বিণ, সম্পূর্ণ ; আস্ত entire. ক্রি-বিণ, মুছলুমে -আদৌ ; আদপে।

মুছা [প্র-উঞ্ছ্ > অথবা পুঁছা > মুছা। মুছি, মুছ, মুছে ; মুছিতে ; মুছিয়া (গ্রা॰ কে॰ মুছে)] ক্রি, মোচন করা ; ক্ষালন করা ; পরিষ্কার করা ; মার্জ্জন করা। "মুছিয়া চন্দন, লেপি ভস্ম কলেবরে"-বীরাঙ্গনা। ণিজন্তে-মুছানি [মুছাই, মুছাও, মুছায় ; মুছাইতে (কে॰ মুছাতে) ; মুছাইয়া (কে॰ মুছায়ে, গ্রা॰ মুছিয়ে)] ক্রি, মুছিতে বাধ্য করা ; মোচন করান।

মুছাপের [ফা॰ মুসাফির্ >। স=ছ, ফ=প] বি, যাত্রী। ২ অতিথি। "মুছাপের দিব্য কর মাথায় দিয়া হাত।"-মনসা ম॰ (বিজয়॰)।

মুছি, মুছী$_2$-মুচি$_2$ দ্রঃ।

মুজরা [আ॰ মুজ্‌রা] বি, নৃত্যগীতের প্রতিযোগিতা। ২ দরবার। ৩ মাফ ; ছাড় ; কম। প্র-সুদের কিছু টাকা মুজরা করে দিয়েছে।

মুজরাই [ফা॰ মুজরা (appointed as an allowance) >] বিণ, বিহিত ; নির্দ্দিষ্ট। প্র-মু॰ খরচ। ২ নর্ত্তন ও গায়ক-গায়িকাদের ভোগের জন্য দত্ত নিষ্কর ভূমি। ~ওয়ালা -শ্রমিক labourers. ~খরচ, ~খর্চ

[illegible]

[ত্রিপুরাদি অঞ্চলে] বি, চাষীর ভাতা। প্র-সে জমি মুজরাই ভোগ করিত। ২ [রঙ্গপুরাদি অঞ্চলে] নির্দিষ্ট ব্যয়।

মুজরিম [আ°। আদা°] বি, অপরাধী; আসামী criminal; culprit.

মুঝে [হি° মুঝকো > কে° মুঝে] স, আমাকে।

মুঞে [সং-মুখ > মুঞ >] বি, মুখ।

মুঞি [আমি দ্রঃ। প্রা° বাং] স, আমি। "মুঞি অভাগিনী পাছু না গণিলাম ভুবন ভরিল লাজে"-কবিশেখর।

মুঞ্চসি [মুচ্ (ত্যাগে) >। প্রা° বাং] ক্রি, ত্যাগ করিতেছ।

মুঞ্জ [মুঞ্জ্ (শব্দ করা) + অ (র্ত্, ভা°)] বি, শরতৃণ; মুজ; এই ঘাসে রজ্জু প্রস্তুত করা হয়। ~কেশ, ~কেশী-বিণ, মুঞ্জের ন্যায় সুন্দর কেশবিশিষ্ট। ২ নারায়ণ।

মুঞ্জরা [মুঞ্জরি দ্রঃ] ক্রি, মুঞ্জরিত বা মুকুলিত হওয়া। "হরি নামের গুণে গহন বনে শুষ্ক তরু মুঞ্জরে।"-গান।

মুঞ্জরী [মুঞ্জর + ঈ (স্ত্রীং)। প্রা° মুঞ্জুরি] বি, পদ্মকেশর। ২ শীর্ষ; ফুল। বিণ, মুঞ্জরিত-মুকুলিত। তুলসী মুঞ্জরী-তুলসী পুষ্প।

মুট১ [অনু°] অ, তলপ্রবণ শুষ্ক কাষ্ঠ শলাকাদি ভাঙ্গিবার লঘু শব্দ। গুরু শব্দ অর্থে মঁট। লঘু কোমল শব্দার্থে মচ্। ~মুট-যা সহজে ভাঙ্গিতে পারা যায় এরূপ সরু ও শুষ্ক বা শক্ত বস্তু বারবার ভাঙ্গিবার শব্দ। বিণ, মুটমুটে। কোমল ও লঘু অর্থে মুচমুচ। গুরু শব্দে মঁচমঁচ। > বিণ, মঁচমঁচে। লঘু ব্যাপক শব্দার্থে মুটুর মুটুর এবং ঐ কোমলার্থে মুচুর মুচুর।

মুট২ [মুঠা দ্রঃ। প্রা° মুটো] বি, মুষ্টি। প্র-বজ্রমুটা। ২ ধরিবার হাতল; বাঁট। "কিবিল মহিষা চাল তাড়ীপত্র করবাল মুট যার বিচিত্র পুরটে।"-কবিক°। বিণ, ক্রি-বিণ, মুট-মুট, মুটা-মুটা, মুটো-মুটো-বারে বারে মুষ্টিপূর্ণ করিয়া; মুষ্টি মুষ্টি করিয়া; অধিক পরিমাণে। অল্পার্থে-মুটমুটি। ~কলম-বি, প্রাচীন বঙ্গের পাঠশালার লিখনপ্রণালী অনুসারে মুঠার মধ্যে ধৃত লেখনী। "আহারান্তে খড়ের চণ্ডীমণ্ডপে খুঁটী হেলান দিয়া মুটকলমে ইতিহাস পুরাণ অবলম্বনে পুথী লেখা"-অক্ষয় সরকার।

মুটকি [মুকুট দ্রঃ] বি, মুষ্টি। "মুটকি মারিল মুণ্ডে।"-কবিক°।

মুটা, মুটি [মুষ্টি দ্রঃ] বি, মুষ্টি; সঙ্কুচিত করতল। "মাটী মুটা ধর যদি সোণা মুটা হবে।"-অ° ম°। "মুটি মুটি ছুটি ছুটি খায় কতবার।"-কুসুম।

মুটিয়া, মুটে [মোট (দ্রঃ) + ইয়া। তামিল-মূট্টৈ > মোটিয়া, মুটিয়া > কে° মুটে] বিণ, ভারবাহক; মোটবহনকারী। ২ মজুর। "মুটেদের ডাকি কুলি"-দ্বি° রায়। মুটে মজুর-বি, দরিদ্র শ্রমিক; যারা গতর খাটাইয়া খায়।

মুটি(টা)ম [প্রা° মুটম, মুটুম। সং-মুষ্টি > মুট + ম (সীমার্থে)] বিণ, কনুই হ'তে বদ্ধ-মুষ্টি পর্য্যন্ত পরিমিত। ~হাত-ঐ পরিমিত অর্থাৎ ৺ হস্ত; ৺ cubit.

মুটুক-মুকুট দ্রঃ।

মুঠ [সং-মুষ্টি > প্রাকৃ° মুট্‌ঠি >] বি, মুষ্টি। ২ হাতল; অস্ত্রাদির যে অংশ মুঠা করিয়া ধরিতে হয়। প্র-বজ্রমুঠ; খড়্গমুঠ। ~মুঠ-মুট২ দ্রঃ।

মুঠকি [মুষ্টি-মুঠি, মুঠকি] বি, মুষ্টি; কিল; ঘুষা। "চরণ প্রহার আর মুঠকি তাড়ন।"-মহা° (বিজয়°)। "মারি বজ্র মুঠকি পাষাণে করে গুঁড়া"-ঘ°।

মুঠা, মুঠি, মুঠো [মুষ্টি দ্রঃ] বি, মুষ্টি; মুঠ। "দৃঢ় করি নিল মুঠি"-শূ° পু°। ২ খড়্গাদির মুঠা করিয়া ধরিবার স্থান; মুট। মুঠা করিয়া-ক্রি, মুষ্টিবদ্ধ করিয়া। মুঠা মুঠা, মুঠি মুঠি, মুঠো-মুঠো-অ, উপর্য্যুপরি বহু মুষ্টি। "মুঠা মুঠা লয় কুড়ায়ে"-রবী°। "মুঠি মুঠি তুলি রতন কণিকা,"-ঐ। মুঠার মধ্যে-অ, করায়ত্ত; অধিকারের ভিতর।

মুড়১ [সং-মুণ্ড >] বি, মস্তক; মাথা। "দক্ষের স্কন্ধেতে মুড় ছাগলের মুড়।"-কবিক°। "পরের বচনে চাকিনু বদনে খাইনু আপন মুড়।"-চণ্ডি°। ~শালাই [মুড় (মাথা) + শালাই (শলাকা)] বি, ঢেকির মুখের কুটন-দণ্ড। মাথা মুড়-মুণ্ড দ্রঃ।

মুড়২, **মুড়া, মুড়ো** [সং-মুণ্ড] বি, মৎস্যাদির মাথা; মুণ্ড। "বৃহৎ মুটিজ দিল রোহিতের মুড়া"-শি°। "ও পাড়ার কত্তা বুড়ো, নিত্যি মারেন পাঁঠার মুড়ো"-ঈ° গুপ্ত।

মুড়৩ [মণ্ডন >। জাহাজাদির যে অংশ মুড়িয়া দেওয়া হয় > তলদেশ] বি, তলদেশ; নিম্নভাগ; তলা। "পাতালে ঠেকে মুড়"-মনসা ম° (বিজয়°)।

মুড়৪ [মুট দ্রঃ। অনু°] বি, অনুকার শব্দ। ~মুড় [মৃদুলার্থে-মুর্মুর। মর্মর দ্রঃ। র=ড়] বি, অতি শুষ্ক হালকা ছোট জিনিষ ভাঙ্গিবার মৃদু শব্দ। ঐ ভারি বড় জিনিষ ভাঙ্গিবার শব্দ 'মড়মড়'। বিণ, ~মুড়ে। প্র- চিঁড়াগুলা বেশ মুড়মুড়ে করিয়া ভাজ।

মুড়কি, মুড়কী [ম (=মো=মধু)-উড়কী (উড়কী ধানের খই)=মধু মিশ্রিত খই] বি, মধু গুড় অথবা চিনির রসে পাক-করা খই। মু° দানা [মুড়কির মত বলিয়া] বি, রসে পাক-করা আদাকুচি; এলাচ দানা। মু° মাখা-ক্রি, খয়ে গুড় বা চিনির রস মাখা। ~মাদুলী-বি, মুড়কীর আকারে গঠিত দানাযুক্ত প্রাচীনাদের কণ্ঠালঙ্কারবিঃ। ~মুখী-বিণ, মিষ্টভাষিণী; অন্তরে যাহাই থাকুক মুখে যার মধুমাখা কথার স্রোত বহে। "মু° মুখী ময়রা দিদি"-দীনবন্ধু°। মুড়কীর মোয়া-গুড় বা চিনির রসে মাখা খয়ের মোদক। খই মুড়কী-বি, খই এবং মুড়কী-রূপ জলপান। চিঁড়া মুড়কী-চিঁড়া দ্রঃ। চিনির মুড়কী-চিনি দ্রঃ। মুড়ি(ড়ী), মুড়কি(কী) [মুড়ী২ দ্রঃ] বি, মুড়ি ও মুড়কি মিশ্রিত জলপান। ২ অকিঞ্চিৎকর খাদ্য। ৩ পল্লিগ্রামের সাধারণ লোকের প্রতিদিনকার জলখাবার। ৪ [লক্ষ°] নিত্য প্রয়োজনীয় বা ব্যবহারের বস্তু। "সেটা বিরাজ করে রান্নাঘরের হাঁড়িকুঁড়ির ভিতর, মুড়ি মুড়কির ভিতর, প্রতিদিনকার

খাওয়া দাওয়ার ভিতর, প্রত্যেক মানুষের উঠা বসার ভিতর।"-বিং ভূং সরকার।

মুড়ন [মুণ্ডন >] বি, কেশ ছেদনরূপ সংস্কার।

মুড়মুড়-মুড়৩ দ্রঃ।

মুড়লা, মুড়েলা [মুড় (দ্রঃ)+লা (বালা)] বি, মৌড় ; বিবাহার্থী বরের মুকুট ; কন্যার সীঁথি মৌড়। "ছিন্ন সূতা বান্ধে হাতে বান্ধিল মুড়লা মাথে।"-কবিকং। ২ চূড়া। ৩ শিরোভূষণ। "ডিঙ্গা শিরে বান্ধিল মুড়লা।"-কবিকং।

মুড়লী [মুড়লা দ্রঃ] বি, প্রাচীরের সর্বোচ্চ স্তবক। "মুং রচিয়া তথি আরোপিল কাট।"-কবিকং।

মুড়া১ [অ-মুণ্ড > হিং মুণ্ডা > । গ্রাং মুড়ো] বি, মুণ্ড। ২ মুণ্ডহীন বৃক্ষ stump. ৩ সীমা extremity. ৪ মাছের মাথা। প্র-ন্যাজা মুড়া। ৫ বি, ছিন্ন বস্ত্র ; যে বস্ত্রের অগ্রভাগ ছিন্ন বা কর্তিত হইয়াছে। "ছ মাসের খুঞা খানি হৈল মোর গুঁড়া। লহনা প্রসাদ কৈল একখানি মুড়া।"-কবিকং। ~মুড়ি-অ, আগাগোড়া।

মুড়া২[সং-অমণ্ডিত > হিং মুণ্ডা, বাং-অমুড়=মুড়া। গ্রাং মুড়ো] বিণ, সৌষ্ঠবহীন। ২ ভূষণবিহীন ; নিরাভরণ। ৩ মুণ্ডিত মস্তক ; কর্তিত কেশ ; বৃক্ষাদির অগ্রভাগ ভগ্ন বা কর্তিত ; মুণ্ডিত ; মুড়ান। "বীরবাহু ঠেলার হেলায় বৃক্ষ মুড়া"-বং। ৪ যথা ; ক্ষয়প্রাপ্ত। প্র-মুড়া খেংরা। ৫ অকৃত্রিম ; অমিশ্রিত। ৬ [এই অর্থে মুড়ী ও।] প্র-মুড়ী কোদাল] অতীক্ষ্ণ ; ভোঁতা। ৭ নির্জ্জলা ; জমাট। প্র-মুড়া মাখম। ~খেংরা, ~ঝাঁটা-ক্রমাগত ব্যবহারে যে খ্যাংরার অগ্রভাগ বা মুখ ক্ষয়প্রাপ্ত ও সুচাল হইয়াছে। "মুড়ো ঝাঁটা মুখে মারব।"-নবীন তপস্বিনী। "ঝি! ঝি! ওই তোর মুড়ো ঝাঁটা দিয়া। অলক্ষ্মী মাগীরে ঝাট দেরে তাড়াইয়া।"-অশোকং। গ্রাং মুড়ো। প্র-মুড়ো গাছটা দাও ত দেখি একবার।

মুড়া৩[মোড়া দ্রঃ। সং-মুর্(বেষ্টন করা)। র=ড়। মুড়ি, মুড়, মুড়ে ; মুড়িতে (কেং মুড়তে) ; মুড়িয়া (কেং মুড়ে) ইং] ক্রি, বেষ্টন করা ; ঘেরা। ২ জড়ান। ৩ বস্ত্র, কাগজ, পত্র ইং পুরকে বদ্ধ করা। ৪ মুড়িয়া রাখা।

মুড়া৪ [মণ্ডন >] ক্রি, মণ্ডন করা ; অলঙ্কৃত করা ; বিভূষিত করা।

মুড়া৫ [পুং বঙ্গ, মৈমনসিং ইং প্রাদেং] বি, পাহাড়। "তিনজন মুড়ার গুড়িত (=গোড়ায়) গেল হেনকালে"-পুং বং গীং।

মুড়া৬ [মুঠ >] বি, যে কাষ্ঠদণ্ডের এক মুখে লাঙ্গলের ফাল বদ্ধ থাকে এবং অন্য বক্র মুখ কৃষকের মুষ্টিগত থাকে।

মুড়ানি [মণ্ডন >। মুড়ার পিজন্তরূপ। মুড়াই, মুড়াও (মুড়ান, মুড়ায়), মুড়ায় ; মুড়াইতে ; মুড়াইয়া (গ্রাং, কেং মড়ারে, মুড়িয়ে)] ক্রি, মুণ্ডন করা। "গুরু কাছে মাথা মুড়ায়েছি একবার।"-অং মং। বি, মুড়ন -মুণ্ডন।

মুড়ানিদড়ি-বি, গাড়ী তৈয়ার করিতে গাড়ীর যে কোন অংশে পাক দিয়া দিয়া যে দড়ি ব্যবহার করা হয়।

মুড়াসা, মোড়াসা [মুণ্ড > মুড়+আসা (মুড় বাঁধা) > হিং মুণ্ডাসা] বি, পাগড়ী turban. প্র-মুড়াসা পাগড়ী।

মুড়ি১ [তামিল-মুড়ি (আবরণ)। হিং মোড়না] বি, আবরণ ; আচ্ছাদন। প্র-চাদর বা লেপ মুড়ি দিয়া পড়িয়া থাকা। "ক্রকে অঙ্গ মুড়ি দিয়া"-অশোকং।

মুড়ি২, মুড়ী১ [মুড় দ্রঃ] বি, মুণ্ড ; মাথা ; মুড়ো। প্র-পাঠার মুড়ী। ~ঘণ্ট-মাছের মুড়ার ব্যঞ্জনবিঃ।

মুড়ি৩ [সং-মুণ্ড > মুড় (প্রথমাংশ বা মুখপাত অর্থে)। চটলং মুণ্ডা] বি, মুণ্ডভাগ ; মুড়ো। ~চেক্ [মহাজনী পরিঃ] বি, টাকার বরাতী চিঠির রসীদ অনুরূপ অংশ বা হুণ্ডী ; দাখিলা ইং-র প্রতিলিপি ; চেক-মুড়ি counterfoil.

মুড়ি৪, মুড়ী২ [মুড় মুড় শব্দ >] বি, উত্তপ্ত বালিতে ভাজা চাউল। কিন্তু ভাজা চাল বা চাল ভাজা বলিতে বা বুঝায় মুড়ি তা হতে বিভিন্ন প্রকার। চাল ভাজা শক্ত ভারি এবং প্রায় আরক্তা বর্ণ কিন্তু মুড়ি শুভ্র, মুড়মুড়ে এবং অতি লঘু।

মুড়ী৩ [প্রাদেং] বি, ঝাড়ী ; ঝোপ। "বাঁশমুড়ী" (পুং বং গীং)।

মুড়ুনি, মুড়নি [মুণ্ডন দ্রঃ] বি, দণ্ডস্বরূপ মস্তকমুণ্ডন। ২ বিণ, যে মস্তকমুণ্ডন-রূপ দণ্ড পাইয়াছে।

মুড়ুলী-মোড়ল দ্রঃ।

মুড়ো [সং-মুণ্ড। গ্রাং মুণ্ড, মুড়, মুড়া, মুড়ি, মুড়ো] বি, মস্তক ; মুণ্ড। ২ মৎস্যাদির মস্তক ; মুড়ী। ৩ প্রান্ত। প্র-এ মুড়ো থেকে ওমুড়ো পর্য্যন্ত। ৪ ক্ষয়প্রাপ্ত বা কর্তিত অগ্রভাগ। ~মুড়ী-সোজাসুজী কোথাও থামিয়া বা বিশ্রাম না করিয়া একটানা। ২ সোজা একপ্রান্ত হতে অন্য প্রান্ত।

মুণ্ড [সং। গ্রাং মুণ্ড] বি, মস্তক ; মাথা। "মৌন ভুণ্ড হেঁটমুণ্ড দক্ষ মৃত্যু জানিছে। কেহ যায় মুষ্টি ঘায় মুণ্ড ছিণ্ডি আনিছে" -অং মং। ২ রাহুগ্রহ। ৩ দানববিঃ। ~ঘুরে যাওয়া-আকস্মিক ভয়, দুর্ভাবনা প্রভৃতি উত্তেজনায় মস্তিষ্ক বিভ্রান্ত হওয়া। ~চ্ছেদ, ছের্দন-বি, মস্তক-কর্তন। ~ফল [মুণ্ড সদৃশ বলিয়া] বি, নারিকেল ফল। ~মালা-বি, নরমুণ্ডের মাল্য। > বিণ, ~মালী-কপালমালী ; মুণ্ডমালাধারী। মাথা-মুণ্ড [মাথা=মুণ্ড। ক্রোধ খেদ ইং শব্দে বল প্রয়োগার্থে পুনরুক্ত] বি, মস্তক। ২ মুণ্ডপাত ; সর্বনাশ। মুণ্ডমালার দাঁতখামাটি, -খামুটি-মহাকালীর কণ্ঠস্থ অসুরমুণ্ডমালার দন্তপংক্তিবৎ ভয়াল কিন্তু সার্থকতাহীন বা নিষ্ফল দৃশ্য। ~শালি -বি, ধান্যবিঃ ; বোরোধান।

মুণ্ডক [মুণ্ড্ (মণ্ডন করা)+অক (কর্তৃ, জাং)] বি, মুণ্ডনকারী ; ক্ষৌরকার। ২ [মুণ্ড+অক (স্বার্থে)] বি, মস্তক। ৩ উপনিষৎবিঃ।

মুণ্ডন [মুণ্ড+অন (ভাং)] বি, মুড়ন ; মস্তক কেশশূন্যকরণ। বিণ, মুণ্ডিত-কৃত-মুণ্ডন।

মুণ্ডা [হিং] বিণ, মুণ্ডিত ; নেড়া। ২ [জমিং মহাং পরিঃ] মুড়ি৩ দ্রঃ।

মুণ্ডিরী [সং-মুণ্ডিরিকা >] বি, বর্ষাবুঃ ক্ষুদ্রগুল্মবিঃ ; মুরমুরিয়া sphaeranthus Hirtus.

মুণ্ডী, [মুণ্ড+ঈ (স্বার্থে)] বি, মুণ্ড; মাথা। ২ বিণ, মুণ্ডবিশিষ্ট। **আউদড় মুণ্ডী**-আদুড় মাথা। "যে গৃহিণী আউদড় মুণ্ডী।" -ডাক০। **নাণ্ডামুণ্ডী**-বিণ, নেড়ামুড়া; কেশহীনা। "নির্দ্ধন হয়ে নাণ্ডামুণ্ডী।"-ডাক০।

মুণ্ডী২ [মুণ্ড+ঈ (ক্ষুদ্রার্থে)। বৃহদর্থে-মোণ্ডা] বি, ক্ষুদ্র গোলাসন্দেশ। **রসমুণ্ডী**-রসগোল্লার পাকের ক্ষুদ্র ক্ষুদ্র গুটিকা।

মুণ্ডী৩ [মুণ্ডিন্ শব্দ ১মা, ১ব০] বিণ, মুণ্ডনকারী। ২ বি, কৌরকার।

মুণ্ডু [মুণ্ড > প্রা০] বি, মাথা। প্র-মুণ্ডু-মালা। ২ [মুণ্ডপাত অর্থে, বিরক্তি, তিরস্কার ই০ সূচক] অ, মুণ্ডপাত। প্র-তোমার মুণ্ডু।

মুত [মূত্র > প্রা০] বি, মূত্র; প্রস্রাব। **পুতের মুতে কড়ি**-পুত্র সন্তান যেমন তেমন করিয়া উপার্জ্জন করিবে।

মুতওল্লী [আ০] বি, দরগার রক্ষক।

মুত্ফর্রকা, মুৎফর্রকা(ত), মোতফর্রকা, মোৎফর্রকা [আ০ মুৎফরিকাত। দ্রুত উচ্চারণে মুফর্কাৎ, মুৎফর্কাৎ (গ্রা০)] বিণ, বিবিধ সামগ্রী; পাঁচ-রকম জিনিস sundries.

মুতা, মোতা [মুত (দ্র:) + আ (ক্রিয়া-বিভক্তি)। মুতি, মুত, মোত (মুতেন, মোতেন; মুতিস), মুতে, মোতে (মুতেন, মোতেন); মুতিতে; মুতিয়া (কে০ প্রা০ মুতে)। ণিজন্ত-**মুতানি, মোতানি**] ক্রি, মূত্র ত্যাগ করা; প্রস্রাব করা। "বরযাত্র প্রেত ভূত দাঁড়াইয়া মুতে"-অ০ ম০।

মুতাবিক [আ০ মুতাবিক্। গ্রা০ মোতাবেক] বিণ, অনুযায়ী; অনুরূপ।

মুতালিক [আ০ মুতাআলিক্। গ্রা০ মোতালেক আদা০] বিণ, সংক্রান্ত; সম্বন্ধীয়।

মুৎসদ্দী-মুচ্ছুদ্দী দ্র:।

মুথা [হি০ মোথা। বাং গ্রা০ মুতো (সং-মুস্ত > প্রাকৃ০ মুত্ত)] বি, ক্ষুদ্র কন্দযুক্ত তৃণবি:; মুস্তক cyperus rotundus. "আনিল মুথা শিকড়।"-চণ্ডি০। **নাগর মুথা**-মুস্তক ভেদ cyperus scariosus.

মুদনী [অস০ মুধ (সং-মূর্দ্ধা), বা মূর্দ্ধায় অবস্থিত] বি, চালের মাথায় কাঠ; মট্কা।

মুদা১ [মুদ্ > । মুদি, মুদ (মুদেন, মুদিস), মুদে (মুদেন); মুদিতে; মুদিয়া (কে০ পদ্যে-মুদি, গ্রা০ মুদে)। ণিজন্ত-মুদান। মোদা দ্র:] ক্রি, মুদ্রিত করা; ঢাকা। "তোহারি নাম শুনয়ে যব সুন্দরী শ্রবণে মুদয়ে দুই পাখি"-বি০ প০। "মুদব নয়ন শেষে" -রবী০। ব্রজ০ **মুদই**-মুদিত করে; ঢাকে। "মুদই দুই আঁখি।"-বি০ প০। **মুদল**-মুদিল; ঢাকিল।

মুদা২ [মূর্দ্ধা >] ক্রি, মোড়া; ঢাকা। ২ বি, চাল ছাইবার জন্য খড়ের মুড়া বাঁধা আটি। ৩ গৃহের কর্ত্তা।

মুদাফত [ফা০ মুদাফৎ] বি, ভূম্যাদির পূর্ব্ব অধিকারী।

মুদামী [আ০ মুদাম (নিরবচ্ছিন্ন, চিরস্থায়ী) > । আদা০] বিণ, চিরস্থায়ী। মু০ **বন্দোবস্ত**-permanent settlement.

মুদারা-বি, সঙ্গীতের উদারা মুদারা তারা এই ত্রিসপ্তকের মধ্য স্বর, সুর বা ধ্বনি।

মুদি, মুদী [হি০ মোদী] বি, চাউল দাইল তৈল ঘৃতাদির দোকানদার a grocer. স্ত্রীং **মুদিনী**। **মুদিখানা**-বি, মুদির দোকান।

মুদিত [মুদ্ (হৃষ্ট হওয়া) + ত (ক্ত)] বিণ, হৃষ্ট; আহ্লাদিত; প্রীত। ২ নিমীলিত; মুদ্রিত; অবিকসিত। "মুদিত কুঁদে বাঁধা বাজু"-গান।

মুদিতা [বৌ০ ধর্ম্মের সাধনাবি:] বি, মৈত্রী, করুণা, উপেক্ষা দ্র:, প্রাণের যে অবস্থায় অপরের সুখে সুখ উপস্থিত হয়।

মুদী-মুদি দ্র:।

মুদগ [সং] বি, মুগ কলাই। **~পর্ণী**-বনমুগ; মুগানী। **~মোদক**-মুগের লাড়ু; মুগের মিঠাই।

মুদগর [মুদ্ (হর্ষ) গৄ (বৃদ্ধি পাওয়া) + অ (খে), যদ্দ্বারা শরীরে হর্ষ ও বল বৃদ্ধি হয়। গ্রা০ মুগুর] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবি:। ইহার আকার বর্ত্তুল, পরিধি এক হস্ত পরিমিত, মূলদেশ কৃশ, অগ্রদেশ স্থূল, মস্তকে শীর্ষক থাকে না। ইহা লম্বে তিন হাত মুষ্টযুক্ত। ইহার গুরুত্ব অষ্টভার অর্থাৎ ২০ মণ। ইহার কার্য্য চূর্ণন ও নিপাতন। ভার দ্র:। [এক ভার=৮০০ তোলা × ৮=২০ মণ। এই গুরুভার মুদ্গর ভারতীয় যোদ্ধারা অবলীলাক্রমে পরিচালনা করিতেন]। ২ [সূত্রধরের ভাষায়] মুগুর; কাষ্ঠময় বড় হাতুড়ী। **~মৎস্য**-বি, মাগুর মাছ।

মুদগল [সং] বি, হর্ষ্যশ্ব রাজার পুত্র। ২ গোত্র প্রবর্ত্তক ঋষিবি:। ৩ তৃণবি:। ৪ পুষ্পবৃক্ষবি:।

মুদ্দই-মুদ্দাই দ্র:।

মুদ্দৎ [ফা০] বি, সময়ের ব্যাপ্তি। ২ বহুকাল; বহুদিন। ৩ [আদা০, মহাজনী পরি:] মেয়াদী সময়; ধার্য্যকাল। বিণ, **মুদ্দতী**-নির্দ্দিষ্ট কালীন। ২ যার মেয়াদী-কাল গত হইয়াছে। প্র-মুদ্দতী হুণ্ডি।

মুদ্দর [ফা০ মুরদার > গ্রা০] বি, মৃতদেহ; শবদেহ; মড়া।

মুদ্দাই, মুদ্দই [ফা০] বি, বাদী; বিচারার্থী; ফরিয়াদী plaintiff. ২ বিপক্ষ; প্রতিকূল। "মধ্যস্থ মুদ্দাই হয়ে দেয় ভুলাইয়া" -অ০ ম০।

মুদ্দালেহ্ [ফা০ মুদ্দা+আ০ লেহ্] বি, প্রতিবাদী; আসামী defendant.

মুদ্দোফরাস-মুর্দ্দা দ্র:।

মুদ্রণ [মুদ্রা + ণিচ্ = মুদ্রি + অন (ভা০)] বি, মুদ্রিত করণ; নিমীলন। ২ ছাপ impression; printing. ৩ হাতের আংটী। ৪ নিয়মন। **~ব্যয়**-ছাপাই খরচ।

মুদ্রা [সং-মুদ্ (হর্ষে), যাহা হৃষ্ট করে] বি, রাজার নামাঙ্কিত স্বর্ণ রৌপ্যাদি নির্ম্মিত চক্রিকা; মোহর, গিনি, টাকা, পয়সাদি। ২ [পাটী০ (ক০ বিণ০ পরি:)] ই০ money র বৈজ্ঞা০ পরি:। ৩ নামের মোহর। ৪ ছাপ; শরীরে ধারণীয় বিষ্ণুর চরণচিহ্ন, রথাঙ্গ, শঙ্খাদি চিহ্ন। ৫ ছাপের অঙ্গুরীয়ক। ৬ ছাপার অক্ষর। ৭ গীতবাদ্যের কালে অঙ্গ-প্রত্যঙ্গ বা মুখের নানা ভঙ্গি gesture. ৮ [তন্ত্রে] দেবারাধনাকালে দেবতার প্রীত্যর্থে করাঙ্গুলি রচনাবি:; অঙ্গুলি ন্যাস। অর্চ্চনে, জপকালে, ধ্যানে, কাম্যে, কর্ম্মে, এবং স্নানাবগাহনাদিতে ইহার প্রয়োজন। অস্ত্র, আবাহনী, স্থাপনী, যব, অঙ্কুশ, ধেনু,

শঙ্খ, চক্র, ত্রিশূল, বিল্ব, গদা, পদ্ম ইং মুদ্রা বহুপ্রকার। ৯ [অর্থশাস্ত্রে] ছাড়পত্র। "দুর্গ প্রবেশকারীদিগকে প্রবেশের পূর্ব্বে মুদ্রা প্রদর্শন করিতে হইত"-চন্দ্রগুপ্ত-গুরু চাণক্য। ~কর-মুদ্রাযন্ত্রে অক্ষর যোজনাকারী printer. ~করপ্রমাদ-বি,ছাপার ভুল। ~ঙ্কন-বি,মুদ্রণ; ছাপান। > বিণ,~ঙ্কিত -ছাপা; মোহর করা; মুদ্রিত। ~তত্ত্ব, ~বিজ্ঞান-বি,টঙ্ক বিজ্ঞান numismatics. ~দোষ-বি, বাগ্‌ভঙ্গি অঙ্গভঙ্গি প্রভৃতি। ~যন্ত্র-বি, মুদ্রণযন্ত্র; ছাপার কল press. ~যন্ত্রালয়-বি, ছাপাখানা। ~রক্ষক-বি, কোষাধ্যক্ষ; খাজাঞ্চি। ~লিপি-বি, ছাপার অক্ষর। ~শঙ্খ [খনিজং, রাসাং পরিঃ] বি, বিষাক্ত খনিজ পদার্থবিঃ; সীসভস্ম ইং litharge এর বৈজ্ঞাং পরিঃ।

মুদ্রিকা [মুদ্রা+ক+আ (স্ত্রীং)] বি, মোহর, টাকা, পয়সা ইং স্বর্ণাদি ধাতুতে নির্ম্মিত মুদ্রা। ২ মুদ্রালিপি; ছাপার অক্ষর।

মুদ্রিত [মুদ্রা+ইত (যুক্তার্থে)] বিণ, ছাপা। ২ মুদ্রা চিহ্নিত। ৩ নিমীলিত। ৪ অবিকসিত; অপ্রফুল্ল। ৫ সঙ্কুচিত। ~নেত্র, ~নয়ন-বি, নিমীলিত চক্ষু। "দিদিমা মুদ্রিত নেত্রে মনে মনে জপ করিতেছিলেন।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

মুনকির [আং। আদাং] বিণ, অবিশ্বাসী।

মুনফা [আং মুনফাআৎ] মুনাফা দ্রঃ।

মুনসফ,-সিব,-সেব, মুনসিব,-ফ্ [আং মুনসিফ্] বি, পরিদর্শক; পরিচালক "জুড়িয়া ক্রোশেক বাট বসিল প্রেতের হাট। মুনসিব সর্ব্বমঙ্গলা।"-কবিকং।

মুনসেরিম [আং মুনসেরীম্] বি, জজ আদালতের প্রধান কেরাণী। ২ বন্দোবস্ত বিভাগীয় অধস্তন কর্ম্মচারী।

মুনা [ব্রজং। মুদ্রণ >। মুনি, মুন, মুনে; মুনিতে; মুনিয়া (কেং মুনে)] ক্রি, মুদ্রিত করা বা হওয়া; মুদা (দ্রঃ)। "মুনি গেল কুমুদিনী তইও তোহার ধনি মুদল মুখ অরবিন্দা।"-বিং পং।

মুনাফা [মুনফা দ্রঃ] বি, লাভ; লভ্যাংশ net profit. "আমার সাত শত টাকা মুনাফার, গাঁতি।"-নীলদর্পণ। "তাহার জমীদারীর মুং প্রায় দুই লক্ষ টাকা।" -কৃষ্ণকান্তের উইল।

মুনাসিব, মুনাসীব [আং মুনাসিব্। বাং গ্রাংমোনাসিব্] বিণ, সুযোগ্য; উপযুক্ত। ২ পসন্দমত; মনের মত। ৩ সুবিধাজনক; সুযোগ মত।

মুনি [মন্ (জানা)+ই (র্ত্তৃ); অ=উ] বি, যাঁরা সুখে বিগতস্পৃহ, দুঃখে অনুদ্বিগ্নমন, রাগ ভয় ক্রোধবর্জ্জিত, এবং স্থিরধী; (মতান্তরে) মৌনী; বাকসংযম-ব্রতধারী; তপস্বী; ঋষি। ২ বুদ্ধ। ৩ বিণ, মননকারী; জ্ঞানী a sage. ৪ [শ্রীহট্টং প্রাদেং "মুনিয়া গাছ" পুং জাতীয় গাছ-যে গাছে ফল ধরে না] বি, বেটাছেলে। ~ঋষি-বি, মুনি ও ঋষি। ~কন্যা, ~কুমারী-বি, ঋষি দুহিতা। ~দ্রুম-বি, বকফুলের গাছ। ~পুঙ্গব-বি, মুনিবর; মুনিশ্রেষ্ঠ। ~পুত্রক-বি, ঋষিপুত্র; মুনিকুমার। ~বাক্য-বি, ঋষিবাক্য। ~ব্রত-বি,তপস্যা। ~মনোহর-বিণ, ঋষিগণেরও চিত্তাকর্ষণকারী। ~স্থান-বি, ঋষির আশ্রম। ২ মুনির নিকট।

মুনিব [আং। ভুলে গ্রাং মুনিম্, মুনিমজী] বি, প্রভু; পৃষ্ঠপোষক। ২ জমিদার landlord. ~গোমস্তা -বাণিজ্যকুটী ইংর প্রধান গোমস্তা chief gomosta. ~সরকার-বি, প্রভু master.

মুনিয়া [হিং] বি, চটক অপেক্ষাও ক্ষুদ্র বিবিধ বর্ণের পক্ষিজাতিবিঃ। লাল-মুনিয়া-বি, চঞ্চু, পক্ষ প্রভৃতি লাল এবং উদর কাল মুনিয়া পাখী।

মুনিষ [মনিষ দ্রঃ] বি, জন; মজুর। ২ গৃহভৃত্য; চাকর menial servant.

মুনিহুঁক, মুনিহঁক [ব্রজং] অ, মুনির; তপস্বীর। "ভিতিল বসন তনু লাগি। মুনিহক মানস মনমথ জাগি।"-বিং পং।

মুনীন্দ্র [মুনি+ইন্দ্র (শ্রেষ্ঠ), ৬তৎ] বি, মুনিপ্রবর; ঋষিশ্রেষ্ঠ। ২ বুদ্ধদেব।

মুনীম [আং মুনঈম] বিণ, উদার; সদয়। ২ দাতা; হিতার্থী। ৩ [আং মুনিব (দ্রঃ) > গ্রাং কথ্য] বি, মুনিব। ৪ মহাজনের হিসাবরক্ষক।

মুনশি(মুন্সি)পাল [Municipality, Municipal Board. > বঙ্গীয় ভাষাপন্ন শব্দ, কতকটা ব্যঙ্গে ও।। মুন্সি (স্বায়ত্ত শাসক কর্ম্মচারীর) পাল (সঙ্ঘ)] বি, মিউনিসিপালিটী (দ্রঃ)।

মুনসিফি, মুন্সফী [ফাং মুনসিফী] বি, সুবিচার। ২ মুন্সিফের কর্ম্ম বা পদ। ৩ মুন্সিফের আদালত।

মুন্সিফ, মুন্সেফ [আং মুন্সিফ্, ইং Munsiff] বি, নিম্ন আদালতের বিচারক; দেওয়ানী আদালতের নিম্নশ্রেণীর বিচারক a subordinate judge. ২ মধ্যস্থ an arbitrator. ৩ বিণ, সুবিচারক; যথার্থবাদী।

মুন্সী, মুনশী [আং] বি, চিঠি লিখিতে ও রচনা করিতে দক্ষ ব্যক্তি। "মুনশী জিজ্ঞাসে আমি রাজার মুনশী।"-ভারতং। ২ অধ্যাপক। ~আনা,-য়ানা-বিদ্যাবত্তা। ২ মুন্সীর কর্ম্ম। ~খানা-বি, দেশী কেরাণীদের দপ্তর; দেশীয় ভাষার কর্ম্মনির্ব্বাহকদিগের দপ্তর। ~গিরি-বি, মুন্সীর কার্য্য। ২ বিদ্যাপ্রকাশ। মীরমুন্সী-বি,প্রধান মুন্সী। খাস মুন্সী-বি, নিজস্ব পত্রাদি-ব্যবহার সচিব; খাসনবীস private secretary.

মুফঃস্বল [আং মফস্‌সল] বি, সহরের বাহির; পল্লীগ্রাম। ২ মহকুমা।

মুফ্‌ৎ, মুফত [ফাং মুফ্‌ৎ] বিণ, মাগনা; অমনি পাওয়া। ২ অ, বিনামূল্যে।

মুফতি [ফাং] বি, মুসলমান আইন ব্যাখ্যাকারী; ব্যবস্থাদাতা।

মুফ্‌লিস [আং মুফ্‌লিস্] বিণ, নিঃসম্বল; দরিদ্র। ২ দেউলিয়া। ৩ অবিবাহিত ব্যক্তি a bachelor.

মুমুক্ষু [মুচ্ (ত্যাগ করা)+স (ইচ্ছার্থে-সন্)=মুমুক্ষ+উ (র্ত্তৃ)] বিণ, মুক্তিপ্রার্থী; মোক্ষলাভেচ্ছু। ২ সংসারবিরাগী; ভিক্ষু; যতি। বি, মুমুক্ষা-মোক্ষকামনা। ~ত্ব [মুমুক্ষু+ত্ব (ভাং)] বি, ভববন্ধন হতে মুক্ত হবার ভাব বা প্রবল ইচ্ছা।

মুমূর্ষু [মৃ (মরা)+স (ইচ্ছার্থে)=মুমূর্ষ+

উ-র্ত্ত্ব] বিণ, আসন্নমৃত্যু ; মরণাপন্ন। বি, মুমূর্ষা-মরণেচ্ছা।

মুয়, মুয়া [মুখ > প্রা॰ মুঅ, মুয়া] বি, মুখ। "পিয়া মুয় হের‌ইতে শব দুখ গেল।" -বি॰ প॰। মুয়ে=মুখে। "মুয়ে আখার ছাই" -রাজাবাহাদুর। মুখের মিঠে দেওয়া -মিষ্ট কথা বলা।

মুয়াজ্জীন্, মোয়াজ্জিম [আ॰] বি, যাঁরা নমাজের সময় মসজিদের মীনার থেকে সুললিত উচ্চকণ্ঠে ভগবানের নাম ঘোষণা করেন।

মুয়াড়-মোয়াড় দ্রঃ।

মুর [পু॰] বি, দৈত্যবিঃ। এই দৈত্যকে বিনাশ করিয়া বিষ্ণু মুরারি নাম ধারণ করেন। ~মর্দ্দন-বি, মুরদৈত্য মর্দনকারী কৃষ্ণ। ~হর-বি, মুরদৈত্যবিনাশক কৃষ্ণ। "জগন্নাথ মুরহর পদ্মনাভ গদাধর" -অ॰ ম॰।

মুরগা১ [ফা॰ মুর্গ্ >] বি, মোরগ, কুঁকড়া। স্ত্রীং মুরগী [হিং মুর্গী] বি, কুক্কুটী। প্র-মুর্গী-মুরগীর দল। ৩ [বাং প্রা॰ উভয় পুং স্ত্রীং] মুর্গা বা মুরগী। মুরগীর লড়াই [ফা॰ মুর্গ্-বাজী] বি, হার জিতের বাজী রাখিয়া কুক্কুটে কুক্কুটে যুদ্ধ (কলা, ৪২, দ্রঃ)। চিনা মুরগী-বড়জাতীয় মুরগাবিঃ a guineafowl.

মুরচঙ্গ, মোরচঙ্গ, মোচাং [মুর্চঙ্গ ও॰। হিং মুঁহচঙ্গ (সেতারের চড়া সুরে বাদনীয় ক্ষুদ্র লৌহনির্ম্মিত বাদ্যযন্ত্র যা মুখ মারুত দ্বারা বাজাইতে হয়)] বি, মুখবাদ্যবিঃ; বীণা জাতীয় যন্ত্রবিঃ Jew's harp.

মুরচা, মুরুচা [ফা॰] বি, দুর্গপ্রাচীর; পরিখা; গড়খাই। "থানা দিলা চারিদিকে মুরুচা করিয়া।" -অ॰ ম॰।

মুরছা ['মূর্চ্ছা'র পদ্যরূপ] বি, মূর্চ্ছা। মুরছি-অস-ক্রি, মূর্চ্ছিত হইয়া। মুরছিত -বিণ, মূর্চ্ছিত। মুরছিল-ক্রি, মূর্চ্ছাপ্রাপ্ত হইল; মূর্চ্ছা গেল।

মুরজ [সং] বি, মৃদঙ্গ। ~া-বি, কুবের-পত্নী। ~ফল-বি, কাঁঠাল গাছ।

মুরদ১ [মুরুত দ্রঃ। প্রা॰ মুরুদ] বি, মূর্ত্তি। "বজরাখানি নানাবর্ণে চিত্রিত তাহাতে কত রকম মুরদ আঁকা আছে" -দেবী চৌধুরাণী।

মুরদ২, মুরাদ [প্রা॰ মুরুদ্। ফা॰ মর্দী prowess] বি, ক্ষমতা। "খেতে দিবার মুরদ নেই তবে বিয়ে করতে গিয়েছিলে কেন।" -জলধর সেন।

মুরব্বি, মুরব্বী, মুরুব্বি [আ॰ মুরব্বী] বি, অভিভাবক। ২ পৃষ্ঠপোষক patron. ৩ রক্ষক। ৪ উৎসাহদাতা। ৫ শিক্ষাদাতা; শিক্ষক। ~আনা, -য়ানা, ~গিরি-মুরুব্বির মত আচরণ।

মুরমথন, মুররিপু-মুরারি দ্রঃ।

মুরল [মুরলীর আকৃতিসাদৃশ্য হেতু] বি, বাঁশের পিচকারী। "কুলবধূ কামতপ্ত বেজক মুরল যথা বালুকা সহিত জল পূরে।" -কবিক॰। ২ কেরল দ্রঃ। ৩ [বৈদ্যকে] মউরলা মাছ।

মুরলা [মুর-লা (গ্রহণ করা)+অ (র্ত্ত্ব)+আ (স্ত্রীং)] বি, কেরল (কাণাড়া) দেশস্থ বঙ্গোপসাগরগামিনী নদীবিঃ।

মুরলী [মুর-লা (গ্রহণ করা)+অ (র্ত্ত্ব)+ঈ (স্ত্রীং)] বি, বংশী; বাঁশী। "বেরো রে রাখালের রাজা শ্রীনন্দের নন্দন। করেতে কর মুরলী, কটীতে ধটী বন্ধন।" -দাশরথি॰। প্রা॰ মুরুলী। প্রা॰ বাং-য় মুরলীধারী অর্থেও ব্যবহৃত আছে। "জাহাত হইব তুষ্ট সে রূপর মুরুলী" -শূ॰ পু॰। ~ধর-বিণ, বংশীধারী। ২ বি, কৃষ্ণ। "মুরলীধর! মুরলী ধর কটিতে পর পীতধড়া।" -দাশরথি॰।

মুরসুম-মর্হুম দ্রঃ।

মুরহর, মুরহা-মুরারি দ্রঃ।

মুরা১ [মুড়া২ দ্রঃ। সং-মুর্ (বেষ্টনে)। মুরি, মুর, মুরে; মুরিতে; মুরিয়া (ক্ষেং মুরি) ই॰] ক্রি, বেষ্টন করা; ঘেরা। "ছিড়া বসন দিয়া যার অঙ্গ রাখে মুরি" -চৈ॰ গী॰।

মুরা২ [সং] বি, গন্ধদ্রব্যবিঃ। ইহার পর্য্যায় -তালপর্ণী, দৈত্যা, গন্ধকুটি, গন্ধিনী, ভূতগন্ধা, মুরা ও সুরভি। বাং-য় "মুরামাংসী" শব্দের ব্যবহার অধিক। ২ জনৈকা নাপিতকন্যা ও সম্রাট চন্দ্রগুপ্তের জননী। "নাপিতের মেয়ে মুরার দুলাল চন্দ্রগুপ্ত রাষ্ট্রপতি।" -স॰ দত্ত।

মুরাদ-মুরদ২ দ্রঃ।

মুরানি [প্রাদে॰] ক্রি, মরণোন্মুখ হইয়া ভাসিয়া উঠা।

মুরামাংসী [মুরা২ দ্রঃ] বি, মুরা নামক গন্ধদ্রব্য।

মুরারি ['মুরমর্দন,' '-রিপু', '-হর', '-হা' ও॰। মুর (দৈত্য)+অরি (শত্রু), ৬ তৎ] বি, কৃষ্ণ। "মুরারি মুরলীধারী বনবিহারী হরি নিরঞ্জন" -গোবিন্দ ব্রহ্মচারী।

মুরালচক্র [জ্যো॰ (ক॰ বিশ॰ পরিঃ)] বি, ইং mural circle এর বৈজ্ঞা॰ পরিঃ; ভিত্তিযন্ত্র।

মুরীদ [আ॰] বি, মুসলমান ধর্মগুরুর শিষ্য। ২ মুসলমান তাপস।

মুরুগা২, মুর্গা [সং-মূর্বা, মূর্ব্বা > প্রা॰। ধনুগুর্ণা ও॰] বি, লম্বা লম্বা সরু পাতা গুল্মবিঃ; একপ্রকার শণ Bowstring hemp. "যৌতুকের বাঁশে দিল মুরুগার চড়া।" -কবিক॰। [দ্রঃ-ইহাতে ধনুকের ছিলা হইত]।

মুরুছা [মূর্চ্ছা >, পদ্যে] বি, মূর্চ্ছা।

মুরুত, মুরুদ১ [সং-মূর্ত্তি >। হিং মূরৎ; বাং-য়-মুরুত, মুরদ, মুরুদ, তং দ। পদ্যে-মুরতি। প্রা॰ মুরুতী] বি, মূর্ত্তি। "মাটী কাঠ পাথরের গড়িয়া মুরুত। জীউ দান দিয়া পুজে নানামত ভূত।" -অ॰ ম॰। "কাঠের মুরুদ বনি হাটে গেলে।" -ঈ॰ গুপ্ত।

মুরুদ২, মুরোদ [আ॰ মুরাদ (scope)] বি, লক্ষ্যের প্রসার; সীমা। ২ [অর্থ সম্প্রসারণে] পারগতা; ক্ষমতা power; ability.

মুরুব্বি-মুরব্বি দ্রঃ।

মুর্দ্দা [ফা॰ মুর্দার > প্রা॰ বাং-মুদ্দো(র)] বি, শব; মড়া। ~ফরাশ, -স [প্রা॰ মুদ্দো-ফরাশ। ফা॰ মুর্দা (মড়া) ফরোশ্ < ফরোখ্-তন্ (বেচা), যে মড়া বেচে > যে মড়ার কাপড় বেচে > যে মড়া পোড়ায়] বি, শবদাহকারী।

মুর্মুর [মুর্ (বেষ্টনে) >] বি, সূর্য্যাশ্ব। ২ মদন। ৩ তুষাগ্নি।

মুলতবি, -বী-মুলতুবী দ্রঃ।

মুলতান [সঙ্গীত শা॰] বি, রাগিণীবিঃ। "দেশের সারাতে যেন মু॰ ভুবনা মন"

-গোবিন্দ ব্রহ্মচারী। ২ দেশবিঃ। বিণ, মুলতানী-মুলতান দেশীয়। ২ বি,হরিদ্রা-বর্ণ মৃত্তিকাবিঃ। ৩ রাগিণীবিঃ।

মুলতুবি,-বী,-তবি,-তবী [আ॰ ইল্‌তবা=অন্য সময়ের জন্য রাখিয়া দেওয়া postpone, যা ইলতবা করা হইয়াছে তা মুলতবী] বি, স্থগিত।

মুলাকাত [আ॰ মুলাক়াত্] বি,সাক্ষাৎ।

মুলানি [হিং মোলানা (দরদাম করা) >। মুলাই, মুলাও, মুলায় ; মুলাইতে ; মুলাইয়া (কেং মুলায়ে, মুলিয়ে)] ক্রি, মূল্য নির্দ্ধারণ করা ; দর করা। "চুপড়ী মুলায়ে দন্ত বেচেন ফুলরা। কুষাণে যেমন বেচে মুলার পসরা॥"-কবিক॰। "তৈল কিনে মুলাইয়া খটি"-ঐ। ২ খরিদ করা।

মুলুক,মুল্লুক [আ॰ মুল্‌ক্] বি, দেশ।

মুল্ক্-মুলুক দ্রঃ। বিণ, মুল্কি। মুল্কি-কাগজ-বি, দেশী কাগজ country paper.

মুশল, মুষল$_{১}$ [মুষ্-মুস্ (খণ্ডন করা) -অল (র্ত্তৃ)] বি, ঢেঁকির মোনা প্রভৃতি। ২ মুষলাস্ত্র। ৩ উদূখলে পেষণ করিবার দণ্ড ; মর্দ্দক pestle. ~লী-বি, টিকটিকী। ২ তালমূলিকা। ~ধার-বি, মোটা ধারা (জলাদির)।~ধারায়,~ধারে-ক্রি-বিণ, মোটা ধারে। প্র-মুষলধারে বৃষ্টি পড়িতেছে।

মুশা,-সা [ইং Moses এর লিপ্যন্তর] বি, বাইবেলোক্ত ইস্রায়েলদিগের ধর্ম্মপ্রবক্তা বা নেতা।

মুশাহেব, মুসাহেব [আ॰ মুসাহব্] বি, সহচর; তোষামোদকারী। "মুশাহেব বসিয়া সকল বরাবর"-ভারত॰।

মুষড়ান, মুসড়ানো [মর্ষণ (ম্রিয়মাণ অর্থে) অথবা মুহ্যমান > হিং মুর্ঝান > বিকারে-মুসড়ান] বিণ, শুষ্কপ্রায় ; বিমর্ষ ; মলিন। ২ উদ্যমহীন। ৩ ক্রি, মুসড়াইয়া যাওয়া ; শুকাইয়া যাওয়া।

মুষল$_{২}$ [অর্ধ শা॰] বি, খদিরকাষ্ঠনির্ম্মিত তীক্ষাগ্র দণ্ড। ~ধার-বিণ, মুষলের মত স্থূল মুখবিশিষ্ট।

মুষলী [মুষল (অস্ত্রবিঃ)+ইন্ (ত্য॰)= মুষলিন্ ১মা, ১ব॰] বি, বলরাম।

মুষা$_{১}$, [মুষ্ (লুণ্ঠনে)। মুষি, মুষ, মুষে ; মুষিতে ; মুষিয়া (কেং মুষি) ই॰] ক্রি, চুরি করা ; লুণ্ঠন করা। প্র-দস্যুরা তাকে মুষে নিয়েছে। ডেঁ(দেঁ)ড়ে-মুষে [দণ্ডিয়া-মুষিয়া > কেং] ক্রি-বিণ, মারধর করিয়া কাড়িয়া বা লুটিয়া।

মুষা$_{২}$ [মুষ্, সং] বি, স্বর্ণাদি ধাতু গলাইবার পাত্র ; মুচী।

মুষা$_{৩}$ [সং] বি,মূষিক ; ইন্দুর। "আছিল ভিক্ষার কালি পালি দশ ধান। গণেশের মুষাতে তাহা কৈলা জলপান॥"-কবিক॰।

মুষা$_{৪}$, মুসা [মূষিক >। সন্ধাভাষায়] বি, চিত্ত পবন। "মুসা পবণা" "ভবসে মুষা উকল পাকল"-বৌ॰ গান ও দো॰।

মুষিত, মুষ্ট [সং] বিণ, লুণ্ঠিত ; অপহৃত।

মুষ্ক [সং] বি, অণ্ডকোষ। ২ চোর ; তস্কর।

মুষ্টি, মুষ্ঠি [মুষ্ (চুরি করায়, বধে) + তি(ভা॰) > প্রাকৃ॰মুট্‌ঠি > গ্রা॰ মুটা,মুঠা। তুল-ফা॰ মুশ্‌ত, (মুশি, মুটো)] বি, মোষণ ; চুরি। ২ খড়্গাদির বাঁট। ৩ কুঞ্চিত পাণি ; মুটো ; মুঠি। ৪ ঘুষি ; কীল। ৫ চারি তোলা (স্থান বিশেষে ৮ তোলা) পরিমাণ। ~দ্যূত-দ্যূত ক্রীড়াবিঃ ; পুরমুট্ খেলা। ~বদ্ধ-মুটা বাঁধা। "হাত দুখানি মুষ্টিবদ্ধ।" -উত্তরা, পৌষ, ১৩৩৩। ২ যুদ্ধ। ~ভিক্ষা -এক মুঠা পরিমাণ চাউল ভিক্ষা। ~মুষ্টি-ঘুষাঘুষি ; কীলাকীলি। ২ মুঠি মুঠি। ~যুদ্ধ -বি, ঘুষাঘুষি boxing. ~যোগ-সামান্য ঔষধ ; টোটকা। ~সংগ্রহঁ, ~সংগ্রাহঁ -মুষ্টিবদ্ধ। মুষ্টামুষ্টি-বি, পরস্পর মুষ্ট্যাঘাত করণ ; ঘুষাঘুষি।

মুষ্টিক [সং] বি, রাজা কংসের মল্লবিঃ। +অ (খি), যাতে স্বর্ণাদি গালান হয়। ২ স্বর্ণাদি গলাইবার পাত্র ; মুচী। ৩ স্বর্ণকার; সেকরা।

মুষ্টিন্ধয় [মুষ্টি (মুঠা) ধে (পান করা) + অ (র্ত্তৃ), ন্ আগম। যে মুষ্টি দ্বারা স্তন্য পান করে] বি, যে মায়ের বুকে মুষ্টি মারিয়া স্তন পান করে ; শিশু ; বালক।

মুষ্টিমিত, মুষ্টিমেয় [মুষ্টি (মুঠা) দ্বারা মিত, মেয় (পরিমিত, পরিমাণ যোগ্য), ভতৎ] বিণ, অল্পসংখ্যক ; কিছুমাত্র। ২ মুষ্টি পরিমিত ; এক মুঠা।

মুষ্ঠে [মুষ্টি দ্রঃ] ক্রি-বিণ, মুটিতে ; মুষ্টি-দ্বারা ; মুঠা করিয়া। ২ মুঠার মধ্যে। "মরুয়া কাকালি রামা মুষ্ঠে ধরে মাঝা"-মনসা ম॰ (রামবিনোদ)।

মুসব্বর [আ॰] বি, গন্ধদ্রব্যবিঃ।

মুসমা [ফা॰ মুসামহা] বি, বাদ ; ছাড়। "খাজনা মু॰ দেও"-টেকচাঁদ। "সুদে মু॰ নাই জেনে রেখো।"

মুসম্মৎ, মুসম্মাৎ, মসম্মৎ, মোসম্মৎ, মোসম্মাৎ [ফা॰ মসম্মাত্] বি, শ্রীমতী ; শ্রীযুক্তা। "আমাদের কাছারীতে মেয়ের নামেতে মুসম্মৎ দেয়"-সধবার একাদশী।

মুসল [মুশল দ্রঃ] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিঃ। ইহা সর্ব্বাঙ্গ সমান দণ্ডাকৃতি অর্থাৎ ইহার মস্তক চক্ষু, পদাদি নাই। ইহা নিপাতন ও প্রোথন কার্য্যে ব্যবহৃত হইত।

মুসলমান, মোসলমান [আ॰ মস্‌লিম্=ইস্‌লাম ধর্ম্মী। ফা॰ মুসল্‌মান্। বাং গ্রা॰ মোছলমান, মুচুন্‌মান্, মোচোনমান] বি, মহম্মদ প্রবর্ত্তিত ধর্ম্মাবলম্বী জাতি। স্ত্রীং ~নী$_{১}$। ~নি-বি, মুসলমানের আচার। ২ স্বত্ব। ~নী$_{২}$- বিণ, মুসলমান সম্বন্ধীয়। ২ মুসলমান সুলভ।

মুসলিম, মোসলেম-বি, মুসলমান (দ্রঃ)। বিণ, মৈস্লামিক-মুসলমান সম্বন্ধীয়; মুসলমান সুলভ ; মুসলিম প্রকৃতিগত। বিপরীতার্থে-অমৈস্লামিক। "মোসলমান হইয়াও অমৈস্লামিক যুগের * * সমস্ত গৌরবকেই বুকের সহিত আঁকড়াইয়া ও জড়াইয়া ধরিয়াই নূতন জীবনলাভ করিতেছে, আমাদিগকেও তেমনি প্রাচীন ভারতের গৌরবের আলোক মুস্‌লিম ভারতের গৌরবের আলোকের সঙ্গে একত্র সম্মুখে ধারণ করিয়া নূতন জগতের নবীন জীবনের সন্ধানে বাহির হইতে হইবে।"-সম্মিলনী,১৬ই ভাদ্র,১৩৩৪।

মুসা [ইং Moses] বি, য়িহুদীদিগের প্রসিদ্ধ ধর্ম্মবিধিপ্রণেতা। খ্রীঃ পূঃ ১৫৭১ অব্দে

বিশরে ইহার জন্ম হয়। "ঈশা মুসা শ্রীচৈতন্ত ওমা প্রেমের ভুরে অচৈতন্ত,"-গান।

মুসাকস [ফা॰ > উ॰ মুশখ্‌খস্‌ (estimated, settled) >। জমি॰ পরি:, আদা॰] বি, জমির পরিমাণ ও মূল্যাদি দ্বারা কর নির্দ্ধারণ assessment. ২ বিণ, যে ভূসম্পত্তির পরিমাপান্তে মূল্যের উপর কর নির্দ্ধারিত করা হইয়াছে assessed. প্র-জমি মু॰ হইয়া জমা বান্ধিয়া দেওয়া হইয়াছে। ~ী-বি, খাজনা।

মুসাফির,-ফের [আ॰ মুসাফির্‌] বি, ভ্রমণকারী; পথিক; পান্থ। ২ [এই অর্থে প্রা॰ বাং-মুছাপের] অতিথি। ~খানা-বি, পান্থশালা।

মুসাবিদা, মুসাবেদা [ফা॰ মুসাব্‌-বাদা] বি, রচনা; খসড়া rough draft. "বেটা আপনি দরখাস্তের মুসাবিদা করিয়া দেয়"-নীলদর্পণ।

মুসায়েরা [ফা॰ মুশায়্‌রা] বি, কবি সম্মিলন, যথায় "আমন্ত্রিত কবিগণ তাঁহাদের স্বরচিত কবিতা আবৃত্তি করেন।"-উত্তরা, ১৩৩৩। "কিন্তু মুসায়েরার আসরের একটি বিধি এই যে, গজল পাঠের সময় কেহ ধূমপান করিতে কিম্বা পান খাইতে পারিবেন না" -উত্তরা, ১৩৩৩।

মুস্কিল, মুষ্কিল, মুশকিল [আ॰ মুষ্‌কিল্‌] বিণ, অসুবিধাজনক; কঠিন। "যা বলিলে তা করিতে মুষ্কিল কি আছে।" -কৃত্তি॰। ২ কষ্টদায়ক। ৩ জটিল। ৪ বি, বিপদ; সঙ্কট; বিঘ্ন। "কেহ বলে মুষ্কিল আসান কৈল পীর।"-ঘ॰। ~-আসান [আ॰ মুষ্‌কিল্‌ + আসান্‌ (সহজ, লঘু, মোচন)] বি, বিপদের শান্তি; আপদ নিবারণ।

মুস্ত, মুস্তক [মুস্ত্‌ (সংহত হওয়া) + অ (র্ক্ত, জ্ঞা॰) + ক (স্বার্থে)] বি, মূলবি:; মুথা। ২ ঘাবর বিববি:।

মু(মো)স্তাকিম, [আ॰ মুস্তাকিম্‌] বি, দৃঢ়; স্থায়ী। প্র-মেরামত মু॰ করা।

মুহঁ [মুখ >। খ=হ] বি, মুখ। মুহে-মুখে। "বালর মুহে কি শোভয় পাণ" -বি॰ প॰। মুহের-মুখের।

মুহম্মদ-মহম্মদ দ্রঃ।

মুহরী-বি, বাদ্যবি:। "মৃদঙ্গ মুহরী শঙ্খ দুন্দুভি কাহাল"-চৈ॰ ভা॰।

মুহি ['মুই'র সবল উচ্চারণ] মুই দ্রঃ।

মুহির [মুহ্‌ (মুগ্ধ করা) + ইর (র্ক্ত, জ্ঞা॰)] বি, কন্দর্প। "দরশন পরশন যয় অনিবারে। মুহির মুদল জনু রতন ভাণ্ডারে।"-বি॰ প॰। ২ মূর্খ।

মুহুঃ [সং] অ, বারম্বার; পুনঃপুনঃ। "ক্ষণ প্রভাসম মুহুঃ হাসে রতনসম্ভবা বিভা-ঝলসি নয়নে!"-মেঘ॰।

মুহুচ্চিত [প্রা॰ বাং। মূর্চ্ছিত > ভ্রং] বিণ, মূর্চ্ছিত; মোহপ্রাপ্ত। "মুহুচ্চিত হইআ কৃষ্ণ জবে আইলা ঘর"-মহা॰ (শ্রীকর॰)।

মুহুরী১ [আ॰ মহর্রির] বি, লেখক; যারা হিসাবের খাতা লেখে; কেরাণী clerk; bookkeeper. ~গিরি-বি, মুহুরীর কর্ম্ম; কেরাণীগিরি।

মুহুরী২, মুরী, মোহরী [আ॰ মুরী] বি, ছিদ্রবিশিষ্ট লৌহ; ঝাঁঝরী। ২ [হি॰ মুহ্‌রী] জল নির্গমনের পথ; জলনালী a gullet; a drain. মুহুরী হানা-ক্রি, লোহার পাতে বা চাদরে বেধনী দ্বারা ছিদ্র করা।

মুহুরী৩ [দর্জ্জী ভাষায়] বি, আস্তিনের মুখের বা পাজামার নিম্ন মুখের ঘের; কিনারা border.

মুহূর্ত্ত [সং] বি, প্রায় দুই দণ্ডকাল; প্রায় ৪৮ মিনিট; দিবারাত্রের ত্রিশ ভাগের একাংশ। ২ অত্যল্পকাল। ৩ জ্যোতিঃ-শাস্ত্রবিদ্‌; জ্যোতির্ব্বেত্তা।

মুহূর্ত্তেক [মুহূর্ত্ত + এক। প্রা॰ ভ্রং মুরতেক ("আগে আমি যাইবাম মইয়্যা মুরতেক না দেখিলে"-মৈ॰ গী॰)] বি, প্রায় দুই দণ্ডকাল। ২ অতি অল্প সময়ের জন্য।

মুহুর্মুহুঃ [মুহুঃ + মুহুঃ (অবিরাম অর্থে দ্বিত্ব)] ক্রি বিণ, পুনঃ পুনঃ; ঘন ঘন।

মুহ্যমান [মুহ্‌ (চিত্ত বিকৃত হওয়া) + আন (য, ম আগম)] বিণ, মোহপ্রাপ্ত। ২ মুহ্যমান; শোকবিহ্বল। স্ত্রীং ~া।

মূক [মু + ক (জ্ঞা॰)] বিণ, বাক্‌শক্তিহীন; বাক্যরহিত; বোবা। "ভয়ে মূক কাঁপে বুক লাগে হক আঁতে।"-অ॰ ম॰। স্ত্রীং ~া। বি, ~তা-বাক্‌শক্তিশূন্যতা। ~বধির-বিণ, বোবা এবং কালা। ~বধির বিদ্যালয়-বোবা কালাদিগের স্কুল deaf and dumb school.

মূজী [আ॰ ইজা=কষ্ট > যে স্বজনকে কষ্ট দিয়া অর্থ সঞ্চয় করে] বি, অতি কৃপণ ব্যক্তি।

মূড় [মুণ্ড >] বি, মুণ্ড। "ব্রহ্মার বচন শুনি বলে চন্দ্রচূড়। দক্ষের স্কন্ধেতে জোড় ছাগলের মূড়॥"-কবিক॰। ২ মূঢ়। "মূড় সাপ জলের ভিতরে। না জাণিআঁ দংশিল তোহ্মারে॥"-শ্রী॰ কী॰।

মূঢ় [মুহ্‌ (মুগ্ধ হওয়া) + ত (র্ক্ত)] বিণ, মুগ্ধ; মোহাচ্ছন্ন। ২ ভ্রান্ত। ৩ অনভিজ্ঞ; নির্ব্বোধ; মূর্খ। ৪ নির্ব্বিবেক। ৫ অলস; জড়প্রকৃতি। ৬ অব্যাপৃত। ৭ অসভ্য। ৮ অজ্ঞান। ৯ তন্দ্রাচ্ছন্ন। ১০ শিশু; বালক। বি, ~তা।

মূত-বিণ, মূত্র। ক্রি, মূতা [প্রা॰(মোতা)। মূত + আ (ক্রিয়ায়)। মূতি, মূত, মোত (মু(মো)তেন, মূতিস), মূতে, মোতে (মূতেন, মোতেন); মূতিতে; মূতিয়া (কে॰ মূতে)। ণিজন্ত-মুতানি, মোতানি] ক্রি, প্রস্রাব করা। মূতয়ে [ভুল-এইরূপ নামধাতু-শোভয়ে, দেখয়ে ই॰ম॰ বাং পদ্যে প্রচুর] ক্রি, প্রস্রাব করে। "মূতয়ে যজ্ঞের কুণ্ডে"-কবিক॰। এই অর্থে আধু॰ বাং-মূতে [প্রা॰ মূতে, মোতে] "হোথায় একটা ভূতে জলন্ত চিতায় মূতে"-কাব্যালঙ্কার। বিণ, মূতো-মূত্রযুক্ত। ২ যে শিশু বহুবার মূত্রত্যাগ করে। শেঁজ মূতো-যে শিশু ঘুমের ঘোরে শয্যাতেই প্রস্রাব করে।

মূত্র [সং। প্রা॰ মুত, মূত] বি, প্রস্রাব urine. বিণ, মূত্রিত-কৃতপ্রস্রাব। ~কা [প্রাণীবিদ্যা॰ পরি:] ইং ureter এর বৈজ্ঞা॰ পরি:। ~কুণ্ড-বি, মূত্রধারণ পাত্র a urinal. ২ যেখানে সকলে প্রস্রাব ত্যাগ করে; মূতকুড়। ~কৃচ্ছ্র-বি, কষ্টে মূত্রত্যাগ বা মূত্ররোধক রোগ; পাথরি। ~দোষ-মেহ-রোগ। ~পথ,-নালী-বি, মূত্রনির্গমনের

পথ the urinary passage ; urethra. ~নিরোধ-বি, মূত্ররন্ধ বা মূত্রকৃচ্ছ্র রোগ। ~পুট-বি, মূত্রাশয় ; তলপেট। ~যন্ত্র [প্রাণী-বিদ্যা° পরিঃ] বি, ইং kidney-র বৈজ্ঞা° পরিঃ ; বৃক্ক। ~রন্ধ্র-বি, প্রস্রাব বাহির হইবার ছিদ্রপথ। মূত্রাধিক্যরোগ-বি, মূত্র-মেহ ; বহুমূত্র ; মধুমেহ diabetes.

মূত্রল [মূত্র-ল] বিণ, মূত্রকারক ; মূত্রবর্দ্ধক।

মূত্রাঘাত [মূত্র+আঘাত] বি, যন্ত্রণাকর প্রস্রাবরোধ painful obstruction of urine.

মূত্রাশয় [মূত্র+আশয় (আধার), ৬তৎ] বি, মূত্রস্থান bladder.

মূরখ [সং-মূর্খ। ব্রজ° মূরখ > প্রা° বাং-য় পায় বিদ্রূপে-মুরুক্‌খু] বিণ, মূর্খ ; অজ্ঞ। "তুহুঁ সম মূরখ জগতে নাহি আন।" -বি° প°।

মূরছা [ব্রজ°। মূর্চ্ছা দ্রঃ] ক্রি, মূর্চ্ছা যাওয়া ; মোহপ্রাপ্ত হওয়া। "হরি হরি শবদে মূরছি পড়ু ধরণী।"-বি° প°। "সো সব গণইতে ভেলি মূরছিত।"-ঐ। বি, মূরছান-মূর্চ্ছন। "মুনিমানস মূরছান।" -গোবিন্দ°।

মূর্খ [মুহ্ (মুগ্ধ হওয়া)+অ (র্তৃ, জ্ঞা°) খ, মুহ=মূর্খ > প্রা° মুকখু] বিণ, মূঢ় ; অজ্ঞান ; নির্ব্বোধ ; অজ্ঞ। ২ গায়ত্রীরহিত। বি, ~তা-নির্ব্বুদ্ধিতা ; অজ্ঞতা।

মূর্চ্ছন [মূর্চ্ছ্ (মোহপ্রাপ্ত হওয়া)+অন (ভা°)। মূর্চ্ছা দ্রঃ] বি, মোহপ্রাপ্তি ; চৈতন্য লোপ। ২ ঔষধাদির শোধন। ৩ প্রতিফলন। ~া-বি, সঙ্গীতের সপ্তস্বরের আরোহণ বা অবরোহণের ক্রম ; কণ্ঠের কম্পন জনিত স্বর তরঙ্গ বা বিস্তার, ইহার সংখ্যা ২১। "সপ্ত স্বর তিন গ্রাম মূর্চ্ছনা একুশ নাম শ্রুতিকলা সতত সঙ্গিনী।" -অ° ম°।

মূর্চ্ছল [মূর্চ্ছল দ্রঃ] বি, বাদ্যযন্ত্রবিঃ। "করতাল ভেঁউড় মূর্চ্ছল বাজে ঠাক্রি ঠাক্রি॥" -মাণিক° গান।

মূর্চ্ছা [মূর্চ্ছ্+অ (ভা°)। প্রা° মুচ্ছা] বি, অচৈতন্য ; মোহ ; জ্ঞানাভাব। ২ প্রতিফলন। ৩ বৃদ্ধি। ৪ ব্যাপ্তি ; বিস্তার। ~গর্ত্ত বাই-বায়ুরোগবিঃ ; হিষ্টিরিয়া। ~পন্ন-বিণ, মোহপ্রাপ্ত। ~যাওয়া, ইওয়া-ক্রি, মূর্চ্ছিত হওয়া। ~ভঙ্গ-বি, মোহের অবসান।

মূর্চ্ছিত [মূর্চ্ছ্+ত (র্ম), কিম্বা মূর্চ্ছা+ইত (যুক্ত)। ব্রজ° মূরছিত। "সো সব গণইতে ভেলি মূরছিত।"-বি° প°] বিণ, মোহপ্রাপ্ত ; মূর্চ্ছাগত। ২ বর্দ্ধিত ; প্রবৃদ্ধ ; উন্নত। ৩ ব্যাপ্ত। "অধরে মূর্চ্ছিত হাসি" -বিচিত্রা, চৈত্র, ১৩৩৪। ৪ দীর্ঘ। ৫ প্রতিফলিত।

মূর্চ্ছে [মূর্চ্ছা >] ক্রি, মূর্চ্ছিত হয়। "সমীরণ মূর্চ্ছে আনন্দে।"-রবী°।

মূর্ত্ত [সং] বিণ, মূর্ত্তিবিশিষ্ট ; মূর্ত্তিমান ; সাকার। ২ [ন্যায় শাস্ত্রে] ক্ষিতি, জল, তেজ, বায়ু, এবং মন। ৩ [পদার্থ বিজ্ঞা° পরিঃ। হি° কো°] বি, ইং real image এর বৈজ্ঞা° পরিঃ। ৪ ইং concrete এর বৈজ্ঞা° পরিঃ ; বাস্তব ; স্থূল ; সাকার। ~কাল-বি, প্রাণ, ত্রুটি ও কাল দ্রঃ।

মূর্ত্তি [সং পদ্যে কোমলরূপ মূরতি। "মধুর মূরতি ভাতিছে যার গগনে মৃগলাঞ্ছনে।" -গান] বি, প্রতিমা। ২ আকার ; কায়া। ৩ অবয়ব ; অঙ্গ। ৪ পঞ্চভূত। মূ° নেওয়া-সাকার হয়ে উঠা ; আকার ধরা ; সুস্পষ্ট হওয়া। "সেখানকার যে ছবিটি আমার মনের মধ্যে মূর্ত্তি নিয়েছে"-রবী° (রাশিয়ার চিঠি)। ~পরিগ্রহ-আকার গ্রহণ ; দেহ-ধারণ ; কায়াগ্রহণ। ~পূজক-বিণ, পৌত্তলিক ; প্রতিমাপূজক। ~ -সাকার উপাসনা ; প্রতিমার অর্চ্চনা ; প্রতিমা পূজা। ~ভেদ-মূর্ত্তির ভিন্নতা বা পার্থক্য। ২ একেরই ভিন্ন ভিন্ন আকার। ~মন্ত-বিণ, দেহধারী ; সাকার ; মূর্ত্তি-বিশিষ্ট। ~মান্ [মূর্ত্তি+মৎ (স্ত্য°)=মূর্ত্তিমৎ ১মা, ১ব°] বিণ, মূর্ত্তিবিশিষ্ট ; মূর্ত্ত ; শরীরী ; দেহধারী ; সাকার। ২ সশরীরে আবির্ভূত। "কাম সদা মূর্ত্তিমান হয় ঋতু অধিষ্ঠান রাগিণী ছত্রিশ আর যত।" -অ° ম°। > স্ত্রীং ~ী

[মূর্দ্ধন্ (মস্তক)-জ (যে জন্মে)] বি, কেশ ; চুল। ২ বিণ, মস্তকজাত।

মূর্দ্ধনিয়া, মূর্দ্ধনীয়া [মূর্দ্ধন্য দ্রঃ] বিণ, জাতির মাথা বা প্রধান। ২ প্রামাণিক ; মাপিত।

মূর্দ্ধন্য, মূর্ধ্যন্য [মূর্দ্ধন্ (মস্তক)+য (ভা°)] বি, মস্তক হতে উচ্চার্য্যমাণ বর্ণ ; ঋ ঋৃ ট ঠ ড ঢ ণ র ষ। ২ জাতির প্রধান ; মণ্ডল। ৩ বিণ, মূর্দ্ধা হইতে উচ্চারিত। ৪ মস্তকজাত।

মূর্দ্ধা [মূর্ব্ব্ (বন্ধন করা)+অন্ (জ্ঞা°)= মূর্দ্ধন্ ১মা, ১ব°। ব=ধ] বি, উত্তমাঙ্গ ; মস্তক। ২ [জ্যামিতি°] ক্ষেত্রের ভূমি।

মূর্দ্ধাভিষিক্ত [মূর্দ্ধন্ (মস্তকে) অভিষিক্ত, ৭তৎ] বি, যার মস্তকে মন্ত্রাদি দ্বারা অভিষেক করা হইয়াছে ; ভূপতি ; রাজা। ২ সচিব ; মন্ত্রী। ৩ [স্মৃ°] ব্রাহ্মণের ঔরসে ক্ষত্রিয়ার গর্ভে জাত জাতিবিঃ। ৪ ক্ষত্রিয়।

মূর্ব্বা, মূর্ব্বী [সং। প্রা° মুরুগা, মুর্গা] বি, দীর্ঘপত্র গুল্মবিঃ। ইহার পাতার অংশু বা সূত্র দ্বারা ধনুকের ছিলা হয়। এজন্য ইং-তে ইহার নাম bow string hemp. এবং সং-তে নামান্তর-ধনুঃশাখা, ধনুর্গুণা।

মূরলী [সং] বি, বংশী। "তরুণ মুরলী করিল পাগলী রহিতে নারিনু ঘরে।"-চণ্ডি°। ~ধর-বিণ, বংশীধারী। ২ বি, কৃষ্ণ।

মূল১ [মূল (স্থিতি করা)+অ (র্তৃ), যে স্থাপন করায়] বি, আদি কারণ ; প্রধান হেতু। ২ আরম্ভ স্থান ; উৎপত্তি স্থান। ৩ বৃক্ষাদির গোড়া ; শিকড়। ৪ আলু, কচু, হলুদ, পলাণ্ডু ই°। ৫ মূলা। ৬ পিপ্পলী মূল। ৭ পুষ্কর মূল। ৮ প্রথম ; আদ্য। ৯ আসল ; পুঁজি। "লাভ আশে আসি কেহ মূল নাশি যায়"-ধ°। "নানারঙ্গ নানা রসে আইনু লভ্যের আশে, বিনাশ করিলে মোর মূল।"-কবিক°। ১০ আদি গ্রন্থ text. ১১ চরণ ; পদ। ১২ গুণিত রাশির মূল ; করণী root. ১৩ [দর্শন শা°] বীজ ; মূল পদার্থ ; ইং element এর বৈজ্ঞা° পরিঃ। ~ক (-লঁ-) [মূল+ক (স্বার্থে)] বি,

কন্দবিঃ ; মুলা। ২ হাবরবিঃ। ৩ [রাসা॰ পরিঃ] ইং radical এর বৈজ্ঞা॰ পরিঃ। ~কণা [পদার্থ বিজ্ঞা॰ ও রাসা॰ পরিঃ। 'অণু' নহে] বি, মৌলিক পদার্থের ক্ষুদ্রতম অংশ ; অণুক molecule. ~কর্ম্ম [মূল (ঔষধাদি মূল দ্বারা অনুষ্ঠিত)কর্ম্ম, ম॰প॰লো॰। "ত্রাসনোচ্চাটন স্তম্ভন বশীকরণাদি কর্ম্ম"-শব্দকল্পে॰] বি, অভিচার কর্ম্ম ; মন্ত্রৌষধাদি বশীকরণ। ২ উপপাতকবিঃ। ~কার-বি, মূল গ্রন্থকর্ত্তা। ~কারণ-বি, আদি কারণ ; প্রধান হেতু। ~কারিকা-বি, অর্থপ্রকাশক পদ্য। ২ মূলধনের বৃদ্ধি। ~কৃচ্ছ্র-বি, ব্রতবিঃ ; বৃক্ষের মূলমাত্র আহার করিয়া যে ব্রত পালন করিতে হয়। ~কেন্দ্র [জ্যা॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] বি, ইং radical centre এর বৈজ্ঞা॰ পরিঃ ; করণাত্মক কেন্দ্র (হিং কো॰)। ~চ্ছেদ, চ্ছেদন [মূল+ছেদ, ছেদন] বি, মূল কর্ত্তন। ~চ্ছেদক-বিণ, মূল ছেদনকারী। ~জ (-জ॑-) বি, মূল হ'তে উৎপন্ন। ২ বি, আদা। ৩ কচু আদা ই॰ যে সকলের মূল পুঁতিলে গাছ হয়।~তঃ-অ, আসলে; মূলে।~তত্ত্ব-বি, আদি বা মৌলিক তত্ত্ব, জ্ঞান বা মত fundamental principle. ~দ (-দ॑-) [বীজ গ॰ (ক॰ বিশ্ব॰ পরি॰)] ইং rationalএর বৈজ্ঞা॰ পরিঃ। ~দ্রব্য-বি, প্রধান বস্তু; আসল জিনিস। ~ধন-বি, অর্থ বা সম্পত্তি যা শিল্প বাণিজ্যাদিতে নিয়োগ করা যায় ; পুঁজি ; আসল capital. ~নীতি-বি, আদি মত ; আদি তত্ত্ব first principle. ~পদার্থ [বিজ্ঞা॰] বি, রূঢ় পদার্থ elements—(১) অনিল জাতীয় যথা-হাইড্রোজেন, ব্রোমিন, আয়োডিন ; (২) তরল জাতীয়, যথা-পারদ, এবং (৩) কঠিন যথা-লৌহ, তাম্র, টিন, সীসক, রৌপ্য, স্বর্ণ, পটাশিয়ম, সোডিয়ম, ম্যাগ্নীশম, দস্তা, আলুমিনম নামক ধাতু ও কয়লা, গন্ধক, সিলিকন, বোরন, ফস্ফরস, আর্সেনিকম নামক উপধাতু ই॰(ত্রিবেদী॰)। ~প্রকৃতি-বি, আদ্যাশক্তি; সনাতনী ; সাম্যাবস্থাপ্রাপ্ত সত্ত্বরজস্তমোরূপ ত্রিগুণাত্মিকা শক্তি ; জগৎ-কারণ। ~বিন্দু-বিন্দু দ্রঃ। ~ভিত্তি-বি, গোড়াপত্তন foundation. ~মত-মূলনীতি দ্রঃ। ~মন্ত্র-বি, ইষ্টমন্ত্রের আদি বীজ। ২ আদি বা নিয়ামক সঙ্কল্প। ~সূত্র-বি, আদি কারণ ; প্রথম প্রবর্ত্তক হেতু। ~হর [অর্থশা॰] বিণ, যে স্বীয় পিতা ও পিতামহ কর্ত্তৃক পরিত্যক্ত সম্পত্তি নষ্ট করে prodigal.

মুল$_2$ [মূল্য >] বি, মূল্য ; দাম। "হাজার টাকা মূল"-ছড়া। "দুই চারি ক্রোশ যায় তবে মোর লাগ পায় ছাগলের মূলে লয়ে বেচে।"-কবিক॰। মূ॰ করা-ক্রি, মূল্য স্থির করা ; দরদাম করা। "মালা মূল করে ঈষৎ হাসি"-চণ্ডি॰।

মুল$_3$ [জ্যো॰] বি, মূলা নক্ষত্র। ~জ-বিণ, মূলা নক্ষত্রজাত। ২ বি, আদা। ~ত্রিকোণ-বি, সূর্য্যাদি গ্রহের রাশিকক্ষ (চন্দ্রের বৃষ, মঙ্গলের মেষ, বুধের কন্যা, বৃহস্পতির ধনু, শুক্রের তুলা, শনির কুম্ভ, রবির সিংহ)।

মুল$_4$ [সং-মূল (প্রতিষ্ঠায়)] বিণ, প্রধান ; শ্রেষ্ঠ ; সর্দ্দার ; নেতা। ~গায়ক [গ্রা॰ গায়েন, গাইন] বি, প্রধান গায়ক। ~দ্রব্য-বি, প্রধান বস্তু ; আসল জিনিষ। ~সন্ন্যাসী-বি, গাজনের সন্ন্যাসীদলের প্রধান বা নেতা। ~স্থান [মু॰ বাং] বি, মহাপীঠ ; শ্রেষ্ঠতীর্থ। "পশ্চিমের দানা করি মক্কা মূলস্থান।"-পূ॰ ব॰ গী॰।

মুল$_5$ [তন্ত্রে] বি, পায়ু ; গুহ্য। ~শোধন-বি, হরিদ্রা মূল বা মধ্যমাঙ্গুলি দ্বারা বারংবার গুহ্য প্রক্ষালন।

মুলন-মূলান দ্রঃ।

মুলা$_1$ [সং] বি, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে সিংহ পুচ্ছাকৃতি একাদশ তারকাবিশিষ্ট নক্ষত্র। ২ কন্দবিঃ।

মুলা$_2$ [গ্রা॰ বাং] বি, ধান্যবিঃ। "মূলা মুক্তাহার পরভু বুনেন একু ঠাঁই।"-শূ॰পু॰।

মুলাকর্ষণ [মূল+আকর্ষণ] বি, শিকড় ধরিয়া টানা।

মুলাক্ষ [মূল+অক্ষ। জ্যা॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] বি, ইং radical axis এর বৈজ্ঞা॰ পরিঃ ; কৈন্দ্রিক বা কেন্দ্রাপসর্পী অক্ষ।

মুলাধার [মূল (প্রধান)+আধার, ধা] বি, গুহ্য এবং লিঙ্গের মধ্যস্থিত দুই অঙ্গুলি স্থান perineum. এই অর্থে শারীর বিদ্যা পরিভাষায় ~পীঠ। "মূলাধারে চতুর্দ্দলে হং হি কুলকুণ্ডলিনী"-গান (মহামহোপাধ্যায় রামনাথ)। ২ আদি কারণ ; মূল কারণ।

মুলানি, মোলানি [মূল$_2$ (মূল্য)+আন (ক্রিয়ায়), মূল্য স্থির করা। মূলাই, মূলাও, মূলায় ; মূলাইতে ; মূলাইয়া (কে॰ মূলিয়া, গ্রা॰ মুলিয়ে)] ক্রি, মূল্য নির্দ্ধারণ করা ; দর করা। ২ মূল্য দিয়া ক্রয় করা। "আমার যে কিছু আছে লওহে মূলিয়া॥" -কাশী॰। >বি, মূলন-মূল্যকরণ। ২ দরদাম করিয়া ক্রয় করণ। চুপড়ি মূলানি-ক্রি, চুপড়িশুদ্ধ দাম ধরা। "চুপড়ি মূলিয়া হাটে বেচায় ফুলরা।"-কবিক॰।

মুলিক [মূল+ইক (ভোজনার্থে-ইকণ্)] বিণ, কন্দ আহারকারী ; মূলভোজী।

মুলী [মূল+ইন্ (স্ত্য॰)=মূলিন্ ১মা, ১ব॰] বিণ, মূলযুক্ত ; শিকড়বিশিষ্ট। ২ বি, বৃক্ষ ; গাছ।

মুলীভূত [মূল-ভূত (হইয়াছে), মধ্যে চি (অভূততদ্ভাবার্থে)] বিণ, নিদানস্বরূপ ; আদিহেতুভূত। স্ত্রীং ~া।

মুলে$_1$ [মূল$_1$ দ্রঃ] ক্রি-বিণ, আদিতে ; প্রথমে ; গোড়াতে। ২ আদৌ ; একেবারে ; মোটে। ৩ শিকড়ে। ~ই-ক্রি-বিণ, মোটেই ; একেবারেই। ২ গোড়াতেই ; আরম্ভেতে ; আদিতেই ; প্রথমেই। ৩ শিকড়ের মধ্যেই।

মুলে$_2$ [মূল$_2$ দ্রঃ] ক্রি-বিণ, মূল্যে ; দামে। আধা মূলে-অর্দ্ধেক দামে। বিনা মূলে-বিনা মূল্যে ; অমনি। লাভে-মূলে-লভ্যাংশের সহিত মূলধন পর্য্যন্ত।

মুলের [মূল+এর (সদৃশার্থে)] বি, বৃক্ষের জটা বা ঝুরি।

মুলোচ্ছেদ [মূল+উচ্ছেদ, ৬তৎ] বি, সমূলে বিনাশ ; মূলোৎপাটন ; মূলসহ উচ্ছেদ।

মুলোৎপাটন [মূল+উৎপাটন, ৬তৎ] বি, সমূলে উচ্ছেদ ; নির্ম্মূলীকরণ।

মূল্য [মূল্+য] বি,-বেতন; পারিশ্রমিক। ২ দ্রব্যাদির দাম। ৩ পণ। ৪ মান value. **~হীন**-বিণ, যার কোন মূল্য নাই ; তুচ্ছ ; অকিঞ্চিৎকর। **মূল্য ধরিয়া দেওয়া**-বস্তুর অভাবে অর্থ দান করা। **উচিত মূল্য**-ঠিক দাম। **তুল্য মূল্য**-বি, তুলনা। ২ সমজ্ঞান।

মূল্যানুসার[মূল্য+অনুসার। সম্পত্তি, দ্রেব্য ই০-র] ক্রি-বিণ, ইং ad valorem এর বৈজ্ঞা০ পরিঃ (হিং০কো০) ; মূল্যানুরূপ।

মূল্যাবধারণ [মূল্য+অবধারণ, ৬তৎ] বি, মূল্য নির্দ্ধারণ ; দাম ঠিক করণ।

মুষ [মুষ্ (চুরি করা)+অ (র্ত্তৃ)] বি, মূষিক ; ইন্দুর। [স্ত্রীং ~া]। ২ স্বর্ণাদি গলাইবার পাত্র, মুছী।

মূষক, মূষিক, মূষীক [মূষ্+অক, ইক, ঈক (র্ত্তৃ)] বি, উন্দুর ; ইন্দুর। স্ত্রীং ~া-বি. স্বর্ণাদি ধাতু গলাইবার পাত্র ; মুছী। "স্বর্ণকার মূষিকায় প্রতপ্ত কাঞ্চন।"-জাতক, ৫ম খণ্ড। **~ী**-ইঁদুরী। **মূষিকপর্ণী**-বি, ইন্দুরকানীপানা। **মূষিকারাতি** [মূষিক+অরাতি, ৬তৎ] বি, বিড়াল।

মুষ্যায়ণ [অমুষ্যায়ন (অজ্ঞাত ব্যক্তির পুত্র), অ লোপ। বিপরীত-আমুষ্যায়ণ। অমুষ্য-পুত্র, আমুষ্যায়ণ দ্রঃ] বিণ, অজ্ঞাতজন্মা ; গূঢ়োৎপন্ন।

মুসা-মুশা দ্রঃ।

মৃকণ্ডু-বি, মার্কণ্ডেয় ঋষির জনক।

মৃগ [মৃগ্ (অন্বেষণ করা)+অ (র্ত্তৃ) > ভ্রং মিগ। প্রা০ মিরগো, মেরগো। প্রাদে০ মির্ক (মৈ০ গী০), পূ০ বঙ্গে-ম্রগো। "বৈস্তা পড়লো ম্রগোচর্ম্ম"-শিবের গাজন, বরিশাল] বি, কুরঙ্গ ; হরিণ। "মৃগ পালে পাল শার্দ্দূল রাখাল"-অ০ ম০। ২ [বৈদিক সা০ (সায়ন)] কপোল দেশে শ্বেত চিহ্নযুক্ত হস্তিবিঃ। ৩ পশু। ৪ শিকার। ৫ মৃগনাভি। ৬ চারি-জাতীয় পুরুষের মধ্যে একপ্রকার। ৭ বৈষ্ণব-গণের তিলকের প্রকার ভেদ। ৮ যজ্ঞবিঃ। ৯ নক্ষত্রবিঃ। ১০ মুদ্রাবিঃ। স্ত্রীং ~ী, প্রা০ মিগী] হরিণী। ২ পুলহপত্নী। ৩ [তিনাক্ষর ছন্দোবিঃ। **মৃগছাল,-ছালা**-মৃগচর্ম্ম। "কোশা কুশী কুশাসন কক্ষতলে সুশোভন তাহে কৃষ্ণসার মৃগছাল।"-অ০ ম০। **~জ্ঞ** [বনজ্ঞ দ্রঃ। বৌ০ সা০] যে কোন্ পশুর কিরূপ স্বভাব, কে কোন্ বনের কোথায় থাকে ই০ জানে। "বনজ্ঞ মৃগজ্ঞ এরা"-জাতক, ৫ম খণ্ড। **মৃগদংশক**-কুকুর। **~তৃষা, -তৃষ্ণা, -তৃষ্ণিকা** [মৃগের (হরিণের) তৃষা, তৃষ্ণা, তৃষ্ণিকা (পিপাসা) হয় বা দর্শনে, বহু০] বি, মরীচিকা ; সূর্য্যকিরণে জলভ্রম। গ্রীষ্মকালে সূর্য্যের কিরণ বালুকা ভূমিতে পতিত হইয়া জলবৎ প্রতীয়মান হয় এবং পিপাসিত কুরঙ্গগণ দূর হতে জলভ্রমে তার নিকট উপস্থিত হয়। এই ভ্রান্তিকে মৃগতৃষ্ণা বলে। "বিষয়ে বিকল হয়ে বুলে মরে ধেয়ে। মৃগতৃষ্ণা-মোহিত মৃগের মত হয়ে"-শি০। **~নয়না,-নেত্রা,-লোচনা**-বিণ, হরিণের মত নেত্রবিশিষ্টা ; কুরঙ্গনয়না; মৃগাক্ষী। **~নাভি** [মৃগের (হরিণের) নাভি, ৬তৎ] বি, কস্তুরী। **~পতি** [মৃগ (পশুর) পতি, (প্রধান, রাজা), ৬তৎ] বি, পশুরাজ ; সিংহ। ২ সিংহ-রাশি। **~পালক**-বি, পশু পালনকারী ; পশুপালক। **~বধাজীব** [মৃগবধ+আজীব (জীবিকা) যার, বহু০] বি, ব্যাধ ; শিকারী ; মৃগয়াজীবী। **~বন্ধনী**-বি, মৃগবন্ধনের রজ্জু ; ফাঁদ। **~বাহন**-বি, বায়ু ; পবন। **~মদ** [মৃগের (হরিণের) মদ (গর্ব্ব) হয় যা হতে, বহু০] বি, মৃগের নাভিতে উৎপন্ন সুগন্ধ দ্রব্যবিঃ ; কস্তুরী ; মৃগনাভি। "দুর্ব্বলা বুঝিয়া কাজ আনিল বেশের সাজ মৃগমদ কুঙ্কুম চন্দন।"-কবিক০। **মৃগয়া** [মৃগ (অন্বেষণ)+য (নিপাতনে সিদ্ধ), মৃগের অনুসন্ধানে যাত্রা] বি, বন অন্বেষণ-পূর্ব্বক পশুহত্যা ; শিকার। **~য়ু** [সং] বি, ব্যাধ ; মৃগয়াকারী ; শিকারী। "কি দেখিতে চাহ তুমি তনয়ে তোমার মৃগয়ু, কি মহারথী ?"-পৌরাণিকী। "* * * পঞ্চাল নৃপতি মরিবে মৃগয়ুহস্তে বনমৃগী সম ?"-ঐ। **~রাজ** [মৃগের (পশুর) রাজা, ৬তৎ। রাজা=রাজ] বি, মৃগেন্দ্র ; সিংহ। ২ চন্দ্র। ৩ মৃগশিরা নক্ষত্র। ৪ সিংহরাশি। **~লাঞ্ছন** [মৃগ (হরিণ) হইয়াছে লাঞ্ছন (চিহ্ন) যার, বহু০] বি, মৃগশিরা নক্ষত্র। ২ মৃগাঙ্ক ; চন্দ্র। "গাওরে আনন্দে আজ ভব-বিপাক ভঞ্জনে। মধুর মুরতি ভাতিছে যার গগনে মৃগলাঞ্ছনে।"-গান। **~লেখা**-বি, মৃগাঙ্ক ; মৃগচিহ্ন। **~শিরঃ** [শিরে বা মস্তকে যার মৃগ] বি, মৃগশিরানক্ষত্র। **~শিরা, ~শিরাঃ** [মৃগ-শিরস্ ১মা ১ব০] বি, মৃগশীর্ষ; অশ্বিনী আদি ২৭টী নক্ষত্রের মধ্যে পঞ্চম নক্ষত্র। **~শীর্ষ** [মৃগের শীর্ষ (মস্তক), ৬তৎ] বি, মৃগশিরা নক্ষত্র।

মৃগণা [মৃগ্ (অন্বেষণে)+অন (ভা০)+আ (স্ত্রীং)] বি, অন্বেষণ (নষ্ট বস্তুর)।

মৃগাক্ষী [মৃগের (হরিণের) ন্যায় অক্ষি (চক্ষুঃ) যার, বহু০=মৃগাক্ষ+ঈ (স্ত্রীং)] বি, হরিণলোচনা ; মৃগনয়না।

মৃগাঙ্ক [মৃগ (হইয়াছে)+অঙ্ক (চিহ্ন) যার, বহু০] বি, শশাঙ্ক ; চন্দ্র। "মৃগাঙ্ক জিনি ভাস পরাইল দিব্যবাস কস্তুরী কোটা-দিল ভালে।"-কবিক০। ২ কর্পূর। ৩ মৃগচিহ্ন। ৪ যক্ষ্মারোগের ঔষধবিঃ। **~শেখর**-বি, চন্দ্রচূড় ; শিব। "জয় শিবেশ শঙ্কর বৃষধ্বজেশ্বর মৃগাঙ্কশেখর দিগম্বর।"-অ০ ম০।

মৃগাজিন [মৃগ+অজিন] বি, মৃগচর্ম্ম ; হরিণের ছাল।

মৃগাজীব [মৃগ (পশু) + আজীব (জীবিকা) যার, বহু০] বি, ব্যাধ ; শিকারী।

মৃগাদন [মৃগ+অদন (ভক্ষণ), যার, বহু০] বি, মৃগভোজন। ২ নেকড়েবাঘ।

মৃগান্তক [মৃগ (হরিণের)+অন্তক (ঘাতক), ৬তৎ] বি, চিতাবাঘ। ২ ব্যাধ। "খগান্তক মৃগান্তক দুই ভাই কালান্তক উজ্জয়িনী নগর নিবাসী।"-কবিক০।

মৃগাবিৎ [মৃগ (পশু-হরিণ ই০)+আ (সম্যক্) ব্যধ্ (হিংসা করা)+ক্বিপ্ (র্ত্তৃ) ব্যধ্=বিৎ-যে হরিণ ই০ পশু হিংসা করে] বি, ব্যাধ ; শিকারী। "প্রতিফল দিব আমি ইহার উচিত। এত বলি সত্বর ডাকালে মৃগাবিৎ।"-ঘ০।

মৃগাল, মৃগেল [প্রা০ মিরগেল] বি, স্বনামপ্রসিদ্ধ মৎস্যবিঃ ; মিরগেল মাছ cyprinus mrigala.

মৃগিত [মৃগ্ (অন্বেষণ করা)+ত (র্ম)] বিণ, অন্বেষিত।

মৃগী১ [মৃগ+ঈ (স্ত্রীং)] বি, হরিণী।

মৃগী২ [গ্রা॰মিরগী,মির্গী] বি, মূর্চ্ছারোগ।

মৃগেন্দ্র [মৃগ (পশুর) ইন্দ্র (প্রধান), ৬তৎ] বি, মৃগপতি ; সিংহ। "মৃগেন্দ্রোপরি জগৎবন্দিনী। পলাবে বাসনা সেনা সঙ্কট গণি"-দাশরথি॰।

মৃগ্য [মৃগণা দ্রঃ] বিণ, অন্বেষণযোগ্য।

মৃজ্য [মৃজ্ (মার্জ্জনে) >] বিণ, মার্জ্জনীয় ; মাজিবার যোগ্য।

মৃড় [সং] বি, শিব। স্ত্রীং মৃড়া, মৃড়ী, মৃড়ানী-দুর্গা।

মৃণাল [মৃণ্ (হিংসায়)+(ক)াল(ন্), র্ম। "মৃণ্যতে হিংস্যতে ভক্ষণাদ্যর্থং যৎ (যা ভক্ষণাদির জন্ত হিংসিত হয়)"-অমর টীকা। পদ্মকন্দ বা শিকাকন্দ (গ্রাম্য ভাষায় মোলাম) ও পদ্মের গেঁড় ভক্ষিত হয়, কণ্টকিত দণ্ড অর্থাৎ মৃণাল, শালুকদণ্ডের মত কণ্টকহীন করিয়া রন্ধন করিয়া খায়, এবং ভক্ষণ না করিলেও মৃণালসূত্রে (মিনি সুতায়?) মাল্যাদি রচনার জন্তও হিংসিত হয়] বি, পদ্মের ডাঁটা ; পদ্মনাল। ২ কন্দ হতে নির্গত পদ্ম-মূল যা মৃত্তিকার মধ্যে প্রবেশ করে ; মোলাম [ইহা কণ্টকহীন। কিন্তু কন্দ হ'তে ঊর্দ্ধগত দণ্ডাকার অংশ যাকে নাল (দ্রঃ) বলে, মৃণাল ও বলে, তাহা কণ্টকময়। "নালং কাণ্ডে মৃণালে চ"-হে॰। "মৃণালং কণ্ঠদণ্ডকং" -নানার্থসংগ্রহ। নলদাদি পর্য্যায়ে 'অমরে' অমৃণাল শব্দও পাওয়া যায়। "শব্দভেদ" কার টীকায় বলেন-"A [অমর॰] also gives অমৃণাল but our authorities shew মৃণাল is used in the same sense." "উশীরং অভয়ং নলদং সেব্যমমৃণালং জলাশয়ম্" ই॰। মৃণাল ও নাল একার্থক বলিয়া উল্লটে পাই। "শশিনি খলু কলঙ্কঃ কণ্টকং পদ্মনালে" ই॰, এবং বাং-য় পাই "কণ্টকে গড়িল বিধি মৃণাল অধমে" - বঙ্কিম॰। "[প্রমীলার] হাতে শূল, কমলে কণ্টকময় যথা মৃণাল।"-মেঘ॰। প্রা॰ বৌ॰ বাং-র মোলাণ। "সরবর ভাঞ্জীঅ ডোম্বী খাঅ মোলাণ।"-চ॰ পদ॰ ১০।৭। ~বাহু, - ভুজ-বি, (বিণ), পদ্মনালের মত কোমল বাহু (যার)। "ঢুলায় চামর মৃণালভুজ আনন্দে আন্দোলি চন্দ্রাননা"-মেঘ॰।

মৃণালী [মৃণালিন্ ১মা, ১ব॰] বি, কমল ; পদ্ম। স্ত্রীং মৃণালিনী-পদ্মিনী।

মৃত [মৃ (মরা)+ক্ত (র্তৃ)] বিণ, গতজীবন ; মৃত্যুপ্রাপ্ত ; গতপ্রাণ ; মরা। ~ক (-তঁ-) [মৃত+ক] বি, মরণাশৌচ। ২ শবদেহ। ~কল্প-বিণ, মরণাপন্ন ; মুমূর্ষু। > স্ত্রীং ~া। ~জন-বি, মৃতব্যক্তি। "মৃতজন কহে পুন বাত।" -গোবিন্দ॰। ~প (-তঁ-) [মৃত-প] বি, যে শববহন দ্বারা জীবন যাপন করে। ২ বিণ, মৃত দেহ ভক্ষণকারী। ~প্রায়-মুমূর্ষু। > স্ত্রীং~া। ~বৎসা-যে স্ত্রীর সন্তান জীবিত থাকে না ; মৃতাপত্যা ; মড়াঞ্চিয়া। ~সঞ্জীবনী-বি, যে বিদ্যা দ্বারা মৃতকে পুনর্জ্জীবন দান করা যায়।

মৃৎ [মৃদ >] বি, মৃত্তিকা ; মাটি। ~কর [মৃদ্ (মৃত্তিকা দ্বারা) কর (যে কার্য্য করে)] বি, কুম্ভকার। ~পাত্র-বি, মাটির আধার।

মৃতকব্যক্ত [বৌ॰ সা॰] বি, মৃতব্যক্তি-দিগের প্রেতাত্মার তৃপ্তিসাধনার্থ যে অন্নাদি উৎসর্গ করা যায় (জাতক)। "কোন লোক বিখ্যাত ত্রিবেদজ্ঞ ব্রাহ্মণ অধ্যাপক মৃতক-ব্যক্ত দিবার অভিপ্রায়ে একটি ছাগ আনয়ন করিয়া শিষ্যদিগকে বলিলেন।"-জাতক।

মৃত্তিকা [মৃদ্ (মাটি)+তিক (স্বার্থে) +আ (স্ত্রীং)। গ্রা॰ মিত্তিকা, মিত্তিকে] বি, ভূমি ; মাটি। মিত্তিকা দ্রঃ। "মৃত্তিকার হয় গৌরী পুত্তলি গড়িয়া ; সহচরীগণ মেলি দিতেছেন বিয়া।"-অ॰ ম॰। ২ গঙ্গামাটি।

মৃত্যু [মৃ (মরা)+ত্যু (ভা॰)। প্রা॰ বাং, গ্রা॰-মিত্তু। "আউ মিত্তু নাহি ছিল জমের তাড়ন।"-শূ॰ পু॰] বি, প্রাণত্যাগ ; মরণ ; বিনাশ। ২ [+ত্যু(অপা॰), মৃত্যু হয় যা হতে] যম। ৩ কংস। ~কাল-বি, মরণের সময়। ~গ্রাস, ~মুখ বি কালের কবল ; যমের মুখ। ~চিন্তা-বি, মরণকালে কি হইবে তার ভাবনা। ~যোগ-বি, যে তিথি নক্ষত্রের যোগে মৃত্যু ঘটে। ~শয্যা-বি, যে শয্যায় মুমূর্ষ শয়ন করে।

মৃত্যুঞ্জয় [মৃত্যুং (মৃত্যুকে) জি (জয় করা)+অ (র্তৃ), ঞ্ আগম] বি, যিনি মৃত্যুকে জয় করিয়াছেন ; শিব।

মৃদ্ [মৃদ্ (চূর্ণ হওয়া)+কিপ্ (র্ম-ভা॰) যাকে চূর্ণ করা যায়] বি মৃত্তিকা ; মাটি। বাং-য় এই শব্দের স্বতন্ত্র প্রয়োগ নাই।

মৃদঙ্গ [মৃদ্ (মৃত্তিকানির্ম্মিত) হইয়াছে অঙ্গ (অবয়ব) যার, বহু॰ প্রা॰ বাং-মিদঙ্গ। "মিদঙ্গ মন্দিরা বাজএ জঅ সঙ্খ ঘণ্টা।"-শূ॰ পু॰] বি, মৃত্তিকা-নির্ম্মিত বাদ্যযন্ত্র ; মুরজ ; পাখোয়াজ [কথিত আছে আর্য্য-জাতিই ইহা প্রথম সৃষ্টি করেন। মৃত্তিকায় নির্ম্মিত হইত বলিয়া নাম মৃদঙ্গ। পরে মুসলমানগণ উহা কাষ্ঠময় করিয়াছেন]। বিণ, মৃদঙ্গী যে মৃদঙ্গ বাজায় ; মৃদঙ্গবাদক।

মৃদঙ্গার [মৃৎ-অঙ্গার (ভূমধ্যস্থ অঙ্গার)] বি, পাথরিয়া কয়লা।

মৃদু [মৃদ্ (চূর্ণ হওয়া)+উ (র্ম)] বিণ, সিক্ত ; আর্দ্র। ২ কোমল ; নরম। ৩ অতীক্ষ্ণ ; ভোঁতা। ৪ মন্দ ; ধীর। ৫ বি, নক্ষত্রবিঃ। ~কর্ম্ম-বি, কোমল করণ ; লাঘব করণ ; গলান ; মন্ত্রীভূত করণ softening. ~গণ-বি, চিত্রা, অনুরাধা, মৃগশিরা এবং রেবতী নক্ষত্র। ~গতি-বি, মন্দ মন্দ গমন ; মন্থর গমন। ~গমনা-বিণ, মন্থরগামিনী। ২ বি, মন্দগামিনী স্ত্রী। ৩ হংসী। ~গম্ভীর-বিণ, কোমল অথচ গাম্ভীর্য্য-বিশিষ্ট। ~গামী-বিণ, মন্থর গমনশীল। > স্ত্রীং ~গামিনী। ~গুঞ্জিত-বিণ, অনুচ্চ শব্দকারী ; মধুরাস্ফুট বা গুন্‌গুন্ রব-কারী। ~নাদী-বিণ, অনুচ্চ শব্দকারী। > স্ত্রীং ~নাদিনী। ~পত্র-বি, কিসলয় ; কোমলপত্র। ~পবন-বি, মন্দবায়ু ; ধীর বাতাস। ~মন্দ-অ, ধীর ; মন্দগতি। ২ শান্ত ; কোমল (স্বর)। "প্রণমিয়া হরিহোড় কহে মৃদুমন্দ।"-অ॰ ম॰। ~স্পর্শ-বি, ধীরে বা আস্তে আস্তে ছোঁয়া। ~স্বর-বি, কোমল স্বর। ২ ক্ষীণ শব্দ।

মৃদুতা,-ত্ব [মৃদু+তা, ত্ব (ভা॰)] বি, মৃদুত্ব ; ধীরতা। ২ কোমলতা। ৩ নম্রতা।

মৃদুল [মৃদু+ল (স্বার্থে)] বিণ, কোমল ; নরম। ২ ধীর। "মৃদুলগমন শ্যাম আওয়ে মৃদুল গান গাহিয়া।"-রবী॰। "মৃদুল মৃদুল

বহিছে বায়।"—গান। ৩ বি. জল। ক্রি-বিণ, মৃদুলে-মৃদুভাবে ; মৃদুস্বরে। "সম্মুখে পথিক এক জিজ্ঞাসিল কার মৃদুলে"—কুরুক্ষেত্র। ~বাত-বি, ধীর সমীরণ।

মৃদুৎপল [মৃদু (কোমল) + উৎপল(পদ্ম)], বি, নীলোৎপল ; নীলপদ্ম।

মৃদ্বী [মৃদু (কোমল) + ঈ (স্ত্রীং)] বি, কোমলাঙ্গী নারী। ~কা-বি, আঙুর।

মৃদ্ভাজন [মৃৎ + ভাজন (পাত্র)] বি, মৃন্ময় পাত্র ; মাটির হাঁড়ি। "কুম্ভকার ঘরে ছিল যে মৃদ্ভাজন। সব আনাইল প্রাতে চড়িল রন্ধন।"—চৈ° চ°।

মৃদ্ভাণ্ড [মৃৎ + ভাণ্ড] বি, মাটির ভাঁড়।

মৃন্ময় [মৃদ্ (মৃত্তিকা) + ময় (বিকারার্থে)] বিণ, মৃত্তিকারচিত ; মাটিনির্মিত ; মেটে। স্ত্রীং ~ী।

মৃষা [সং। আধু° বাং-য় বিরল] অ, অনর্থক ; বিফল ; নিরর্থক। ২ অনৃত ; মিথ্যা। ~বাদী-বিণ, অনৃতবাদী ; মিথ্যাবাদী। ২ বৃথা বাক্যব্যয়ী।

মৃষ্ট [মৃজ্ (পরিষ্কার করা) + ত (র্ম)] বিণ, পরিষ্কৃত ; মার্জিত ; নির্মলীকৃত। ২ শোধিত ; সংস্কৃত।

মে১ (ম্যা) [অনু°] বি, অনুকার শব্দ। ছাগের বা মেষশাবকের ডাক। ~মেঁ করা-ক্রি, ঐরূপ ডাকা। ২ অস্পষ্ট কৈফিয়ৎ দেওয়া বা প্রতিবাদ করা ; আমতা আমতা করা।

মে২ [ইং May র লিপ্যন্তর] বি, ইংরেজী বৎসরের পঞ্চম মাস ; বৈশাখের শেষার্দ্ধ হতে জ্যৈষ্ঠের প্রথমার্দ্ধ।

মেঁঅ [অনু°] বি, বিড়ালের ডাক ; মেও (দ্রঃ)। ২ তানপুরার বাদ্যধ্বনি।

মেই [প্রাদে°] বি, স্তন ; মাই।

মেইকাঠ [প্রাদে°] বি, খামারে পশু বাঁধিবার কাষ্ঠদণ্ড ; খলেবানী।

মেইদি, -দী [হিং মেঁহদী। বৈদ্যকে মেন্ধী ; ফা° হেনা] বি, প্রসিদ্ধ চিরহরিৎ গুল্মবিঃ। ইহার বেড়া দেওয়া হয় এবং পাতা বাটিয়া স্ত্রীগণ করতলাদি রঞ্জিত করে ; মেহেদীগাছ henna. ~পাতা-বি, মেহেদী-গাছের পাতা।

মেইয়া, মেয়ে, মেয়্যা [পশ্চিমবঙ্গের বিষ্ণুপুর, বাঁকুড়া অঞ্চলে বাউরী প্রভৃতি ভাষায় এদেশে সাধারণতঃ স্ত্রীকে "মেয়ে" বলিয়া থাকে] বি, স্ত্রী। "তোর মেইয়ার কি তুই খবর পেয়েছিস্? মাধম (বাউরী) বলিল "এখন সেআর আমার "মেয়্যা" কই বাবা ঠাকুর।"—বা° বসুমতী, ১৩৩৪ (ক্ষীরোদ প্র° বিদ্যাবিনোদ)।

মেউ [অনু°] অ, মেও দ্রঃ। ২ বিড়াল।

মেঁও [অনু°] বি, বিড়ালের ডাক। ২ দায় ; ঝুঁকি। ~ধরা-ক্রি, ঝুঁকি লওয়া। ৩ ঝক্কি পোয়ান।

মেঁওয়া, ম্যাওয়া [ফা°] বি, বেদানা আঙুর ই° উপাদেয় ফল। মেঁওয়ার বাগান-ফল বৃক্ষের উদ্যান orchard. সবুরে মেঁওয়া ফলা-ধৈর্য্য ধরিয়া থাকিলে পরিণাম শুভ হওয়া।

মেক [ফা° মেখ্] বি, খোঁটা ; গোঁজ। ২ পেরেক।

মেকদার [আ° মিক্দার] বি, পরিমাণ। ২ বিণ, আনুপাতিক proportionate.

মেঁকরানি [আ° মক্র্ > উ° মক্রানা] ক্রি, ভাণ করা ; ছল করা।

মেকল [সং] বি, নর্ম্মদার উৎপত্তিস্থল অমরকণ্টক পর্ব্বত। ~কন্যকা-নর্ম্মদা নদী।

মেকি, মেকী [আ° মক্র্ >] বিণ, ভাণ ; কৃত্রিম ; নকল। "যে-দেশে আসল নাই সে দেশে মেকী চলে না। আধ্যাত্মিকতার এখনও আদর আছে বলিয়া দেশে এত মেকী চলিয়া যাইতেছে।"—বঙ্গবাণী, ১৩৩৩। ২ কৃত্রিম স্বর্ণ রৌপ্যের মুদ্রা। "কি পাইলে কাখ্য লিখে সোনা কিম্বা মেকি।"—হেম°। "রাঙ্গ তামা মেকী মেলে রাখিতে মিশায়ে ফেলে বলে বেটা নিলি বদলিয়া।"—অ° ম°।

মেকুড় [মেকুর (দ্রঃ) বৎ অলস বা অতি ধীর পদক্ষেপী] বিণ, অলস ; জড়বভাব।

মেকুর [মে (মে মে শব্দ) কুর (যে করে এই অর্থে)] বি, বিড়াল। ২ [বিড়ালের মত নিঃশব্দ ধীরগতি ও নিদ্রালস হতে। তুল-sloth (দক্ষিণ আমেরিকার অত্যন্ত অলস-প্রকৃতি জন্তু)] জড় ; অলসের আদর্শ sloth.

মেখরী [প্রাদে°] বি, চুল লইয়া খেলা। "সেই কেশ লইয়া বিনোদ মেখরী খেলায়"—মৈ° গী°।

মেখলা [সং] বি. গিরিনিতম্ব। ২ কটিভূষণ ; স্বর্ণ রৌপ্যাদি নির্ম্মিত বিছা, গোট, চন্দ্রহার ই° অলঙ্কার। ৩ কটিসূত্র। ৪ [জ্যো°পরিঃ] ইং belt এর বৈজ্ঞা° পরিঃ ; কটিবন্ধ। ৫ শরপত্রাদিনির্ম্মিত উপবীত। ৬ পৃশ্নিপর্ণীলতা। ৭ হোমকুণ্ডের উপরিস্থিত মৃন্ময় বেষ্টনবিঃ। ৮ নর্ম্মদা নদী।

মেখেজুখে [গ্রা° মেকেজুকে। সং-ম্রক্ষণ > মেখে + হিং জোখনা > জুখে (ওজন করে)] অস-ক্রি, যথা পরিমাণ অর্থাৎ প্রয়োজন মত লইয়া মিলাইয়া বা মাড়িয়া। প্র-তোরা মেখেজুখে খেয়ে নে।

মেগাফোন [ইং megaphone এর লিপ্যন্তর] বি, শব্দবাহন যন্ত্র speaking trumpet. "হঠাৎ কর্ত্তার মেগাফোনী আওয়াজ ঝঙ্কার দিয়ে উঠলো"—মেজবৌ (আ° শক্তি)।

মেগে, মেগে লওয়া-মাগা দ্রঃ।

মেঘ [মিহ্ (জলসেক করা) + অ (র্ত্ত)] বি, অম্বুবাহ ; জলধর ; জীমূত। "মেঘ টুটে আজ প্রভাত-আলো ফুটে পড়েছে।"—রবী°। মেঘ সাধাঃ ৪ শ্রেণীতে বিভক্ত হয়—আবর্ত্ত (নির্জ্জল), দ্রোণ (শস্যাদি প্রপূরক), পুষ্কর (দুষ্কর জল), সংবর্ত্ত (প্রলয়কালীন বহুদক মেঘ) তুল-ইং cirrus, cumulus, minbus, stratus. অলক মে°, উর্ণা মে°, কুণ্ডল মেঘ-cirrus. কোদালে কুড়ুলে মেঘ-কোদাল দিয়া কোপানবৎ mackerel "কোদালে কুড়ুলে মেঘের গা। মধ্যে মধ্যে দিচ্চে বা।"—খনা। জলো মেঘ [সং-নীরদ, জলদ] nimbus. সিঁদুরে মেঘ [সিন্দুরিয়া >] বি, লাল বর্ণ মেঘ। হাঁড়িয়া মেঘ-ঘোর কৃষ্ণবর্ণ মেঘ। "হাঁ° মেঘ যেন কাল কুম্ভবর্ণ।"—কৃত্তি°। হিঙুলে মেঘ [হিঙ্গুল + ইয়া >] বি, হিঙ্গুলবর্ণ বা সন্ধ্যারাগযুক্ত মেঘ। ২ রাক্ষসবিঃ। ৩ দৈত্যবিঃ। ৪ রাগবিঃ। ~কজ্জল-কাজলের ন্যায় ঘনকৃষ্ণ মেঘে আচ্ছন্ন ; বিণ, ঘনান্ধকার। "স্নিগ্ধ সজল মেঘ-কজ্জলদিবসে।" —রবী°। ~কফ-বি,

করকা ; শিল। মেঘ কঁরা-ক্রি, আকাশ মেঘাচ্ছন্ন হওয়া। ~কালি-বিণ, মেঘের মত কালবর্ণ। ~গম্ভীর-বিণ, ঘন বা নিবিড় মেঘবৎ ; ঘন মেঘে ভারী ; জমাট মেঘে আচ্ছন্ন। "মেঘ গম্ভীর আকাশে"-রবী॰। ~গর্জ্জন-বি, মেঘের ডাক। ~চিন্তক-বি, চাতক পাখী। ~জঁ, জাত-বিণ, মেঘ হতে উৎপন্ন। ~জাল-বি, মেঘসমূহ ; ঘনকুল। ~জীবঁন-বি, চাতক পক্ষী ; ইহারা বৃষ্টির জল ভিন্ন অন্য জল পান করে না এই কবিকল্পিত বিশ্বাস হতে নাম। ~জ্যোতিঃ-বজ্রাগ্নি ; ইরম্মদ। ~ডম্বর-মেঘগর্জ্জন ; মেঘাড়ম্বর।~-ডুম্বুর সাড়ী [সং-মেঘডম্বর > -ডুম্বুর > -ডুমুর >] -মেঘবর্ণ সাড়ী ; নীলাম্বরী সাড়ী। ~তিমির-বিণ, মেঘের মত অন্ধকার ; ঘনঘোর। ~দীপ-বিদ্যুৎ। ~দূত-বি, মহাকবি কালিদাসবিরচিত কাব্যবিঃ। ~নাদ [মেঘের ন্যায় নাদ (শব্দ) যার, বহু॰] বি, রাবণতনয় ; ইন্দ্রজিৎ। ২ মেঘধ্বনি ; ঘন গর্জ্জন। ৩ বরুণদেব। > ~জিৎ-বি, লক্ষণ। ~নির্ঘোষ-বি, মেঘের গর্জ্জন। ~পুষ্প-বি, বৃষ্টিজল, ঘনরস। ~বর্ত্ম-গগন; অন্তরীক্ষ; আকাশ। ~বহ্নি-বি, বজ্রাগ্নি। ~বাহঁন-বি, ইন্দ্র। ~বিচ্ছুরিত-বিণ, মেঘনিঃসৃত। ~মন্দ্র-বি, মেঘের গম্ভীর নাদ। ~মল্লার-বি, সঙ্গীতের রাগবিঃ। "ভূর্জ্জ পাতায় নব গীত কর রচনা মেঘমল্লার রাগিণী।"-রবী॰। ~মেঘ কঁরা-মেঘলা হওয়া ; আকাশের নানা স্থানে অল্প অল্প মেঘের উদয় হওয়া। ~মেদুর-বিণ, মেঘ-স্নিগ্ধ ; মেঘজনিত আর্দ্র ও কোমল। "মেঘ-মেদুর শ্রাবণগগন ভেদ করিয়া"-বা॰বসুমতী, ১৩৩৪। ~যোনি [মেঘের যোনি (উৎপত্তি), ৬তৎ] বি, ধূম ; ধুঁয়া। ~রঁস-বি, বৃষ্টিজল। "মনে জানি মঘবান মহেশের লীলা। মহীতলে মাঘশেষে মেঘরস দিলা।" -শি॰। কোদালে মেঘ-বি, কোদাল দ্বারা জমী কোপাইলে যেরূপ হয় তাহার সদৃশ মেঘ। জলুয়া মেঘ-জলবর্ষণকারী মেঘ। রাঙ্গা বা রাঙা মেঘ-বি, লালবর্ণ মেঘ। সিন্দুরে মেঘ [সিন্দুর+ইয়া >] বি, সিন্দুরবর্ণ মেঘ। হিঙ্গুলিয়া মেঘ [হিঙ্গুল+ইয়া >] হিঙুলে মেঘ।

মেঘলা [মেঘ-লা (যুক্তার্থে) বিণ, মেঘাচ্ছন্ন ; মেঘবিশিষ্ট ; মেঘ-মেঘ।

মেঘাগঁম [মেঘ+আগম (আগমন) হয় যে সময়ে, বহু॰] বি, বর্ষাকাল।

মেঘাগ্নি [মেঘ (সম্ভূত বা মেঘের)+অগ্নি] বি, বিদ্যুৎ।

মেঘাড়ম্বর [মেঘ+আড়ম্বর] বি, মেঘের ঘটা। ২ মেঘগর্জ্জন।

মেঘাত্যয় [মেঘ+অত্যয় (অভাব) হয় যে সময়ে বহু॰] বি, শরৎকাল।

মেঘাবৃর্ত [মেঘ (দ্বারা)+আবৃত, ৩তৎ] বিণ, মেঘাচ্ছন্ন।

মেঘাস্থি [মেঘ+অস্থি (হাড়=উপল)] বি, করকা ; শিলা।

মেঘাস্পদ [মেঘ (মেঘের)+আস্পদ] বি, আকাশ।

ˋমেঁঙ্গানিজ [ইং manganese এর লিপ্যন্তর] বি, লৌহের মত একপ্রকার ধাতু।

মের্চক [সং] বি, ময়ূরপুচ্ছস্থিত চন্দ্রক। ২ [সং-তে মেঘ, ধূম, অন্ধকার, নীলাঞ্জন, কৃষ্ণবর্ণ, শ্যামবর্ণ অর্থে প্রযুক্ত হয় কিন্তু বাঙ্গালায় বিরল] ফিকা সবুজ light green.

মেঁচলা-বি, বড় গামলা এবং গামলার ন্যায় মৃৎপাত্রবিঃ।

ˋমেচেতা, ˋমেছেতা [সং-মেচক] বি, মুখমণ্ডলে ক্ষুদ্র মাছির মত কাল কাল চিহ্ন ; মাছিতা।

মেছমার [আ॰ মিস্মার্ (ভূমিসাৎ)] বিণ, সমভূমি ; ভূমিসাৎ ; উৎখাত।

ˋমেছুয়া, মেছো [মাছ (দ্রঃ)+উয়া =মাছুয়া > বিকারে মেছুয়া >। গ্রা॰ মেচো] বি, ধীবর ; মেছো ; জেলে। ২ বিণ, মাছ-সম্বন্ধীয়। স্ত্রীং মেছুনী, মেছোনী [গ্রা॰ মেচুনি]। মেছোহাটা [মাছুয়া স্থে॰মেছো +হাট (বিক্রয় স্থান)+আ (গ্রা॰ ব্যবহারে)] বি, মৎস্য বিক্রয়স্থান ; মাছের বাজার। ২ [মেছোহাটার ক্রেতা ও বিক্রেতার মধ্যে দর দামের গণ্ডগোল হতে লক্ষণায়] গণ্ডগোলের স্থান ; বচসার ক্ষেত্র। "যদি ঐতিহাসিক তথ্যান্বেষিগণও এই পথের পথিক হন, তবে প্রত্নতত্ত্বক্ষেত্র নিতান্ত মেছোহাটাতে পরিণত হইবে।"-ভারতবর্ষ, ১৩২২।

ˋমেছেতা-মেচেতা দ্রঃ।

মেজ [ফা॰ মেজ্] বি, টেবিল table.

মেজবান [মজ্জান (চট্ট॰ প্রাদে॰)] বি, নিমন্ত্রণ।

মেজমান [মর্জি দ্রঃ। মনমর্জ্জি > বিকারে] বি, মর্জ্জি ; ইচ্ছা। "কাজির মেজ॰ হইলে আগে করে আনে"-মনসা ম॰ (বিজয়॰)।

মেজরাব-মিজরাব দ্রঃ।

মেঁজ/মেঁজ-অ, আলস্যের ভাব ; জাড্যভাব। > ক্রি, ~মেঁজানি-ক্রি, ম্যাজ ম্যাজ করা ; অঙ্গে জড়তা বোধ বা শরীর অসুস্থ বোধ করা ; গা মাটিমাটি করা। বি, ~মেঁজানি। বিণ, ~মেজিয়া, মেঁজমেজে-অলস ; জড়তাযুক্ত।

মেজাজ [আ॰ মিজাজ্] বি, মনের গতি ; ধাত ; স্বভাব mood of mind. "শরীর হলো আগুন আর মেজাজ হলো চটা।" -দ্বি॰ রায়। ২ [মনোবিজ্ঞা॰ পরিঃ] ইং temperament এর বৈজ্ঞা॰পরিঃ। খোশ মেজাজ-প্রফুল্ল মন। গঁরম মেজাজ-কোপনস্বভাব। চঁড়া মেজাজ-উগ্র স্বভাব। টেঁড়া মেজাজ-একগুঁয়ে স্বভাব ; উগ্রপ্রকৃতি। ঠাণ্ডা মেজাজ-শান্ত প্রকৃতি। নঁরম মেজাজ-নম্র প্রকৃতি। নেক মেজাজ-সৎস্বভাব। বঁদ মেজাজ-রাগী স্বভাব ; খিট খিটে স্বভাব। বিণ, মেজাজী-দাম্ভিক ; গর্ব্বিত। ২ বিশেষ কোন প্রকৃতিবিশিষ্ট।

মেজাহেম-মোজাহেম দ্রঃ।

ˋমেজিয়া, ˋমেজে, মেঝ, ˋমেঝা, ˋমেঝে [সং-মধ্য > মাঝ+ইয়া (দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের "মতে" মার্জ্য >)] বি, মধ্যস্থল ; ২ ভূমিতল। ৩ গৃহের চারিদিকের প্রাচীরের মধ্যতল ; গৃহতল। "দেখেন মেঝায় এক মনোহর ঝাঁপি"-অ॰ ম॰। ৪ ভূমি। ~মো-বি, মেঝে নির্ম্মাণকর্ম্ম। ২ পাকা মেঝে ; তলপত্তন pavement.

মেজো, মেঝো [সং-মধ্য > মাঝ+

উআ > মাঝুআ >] বিণ, মধ্যম ; মাঝের। প্র-সে ছেলেটি তার মে০ ছেলে।

মেট [ইং mate এর লিপ্যন্তর] বি, সর্দ্দার। "কেরাণী দেয়ান আদি কত বড় মেট।"-ঈ০ গুপ্ত।

মেটা, [প্রা০ বাং] বি, ধান্যবি:। "কোটা মেটা রাঙ্গগড় তোজনা আর বোর।"-শূ০ পু০।

মেটা২, মেটানি-মিটা দ্রঃ।

মেটিয়া, মেটে [মাটি + ইয়া=মাটিয়া >] বিণ, মৃত্তিকা-নির্ম্মিত। প্র-মেটে কলসী। ২ মাটির লেপ দেওয়া। প্র-একমেটে, দোমেটে, তেমেটে। ৩ মাটির বর্ণবিশিষ্ট। ৪ [মাটির বর্ণ >] বি, পশুর যকৃৎ। এই অর্থে মিটুলি, মেটুলি ও০। "টুকি টাকি টুক টুক মুখে দিই মেটে।"-ঈ০ গুপ্ত। ~ঘর-বি, মাটির দেয়ালের ঘর। ~চিল -বি, মাটীর বর্ণ চিল পাখী। ~সাপ-বি, মেটেলি সাপ; বিষহীন মাটিবর্ণ সর্পবি:। ~সিঁদুর [মাটিয়া-সিন্দূর >] বি, ইং red lead এর বৈজ্ঞা০ পরি:।

মেটুলি, -লী [প্রা০। মিটিলি, মেটিলি ও০। মেটে দ্রঃ] বি, ছাগাদি পশুর যকৃৎ। ২ পুঁইগাছের বীজ ; পুঁইমেটুলি।

মেটেল [মাটি + আল] বিণ, বালীহীন মাটিযুক্ত। "মাটি বেলো, বোনার সময়ও অতীত হইয়া গিয়াছিল, মেটেল জমীতে ভাল হয়"-যো০ রায়।

মেটো-মেঠো দ্রঃ।

মেঠাই-মিঠাই দ্রঃ।

মেঠে [প্রাদে০] বি, ধাতুবলয়ালঙ্কার ; কড়া৬। হাতে মেঠে মাথে জটা যোগিনীর বেশ।"-শি০ ; ২ শাঁখা।

মেঠো [মাঠ(দ্রঃ) + উআ > মাঠুআ >। প্রা০ মেটো] বিণ, মাঠ সম্বন্ধীয় ; মাঠের। "মেঠো পথ দিয়ে গৃহস্থজন আসিছে গ্রামের হাটে।"-সোনার তরী।

মেড় [হি০ মঢ়ি। প্রা০ বাং] বি, মন্দির। "কামাখ্যার মেড় গিয়া পাইল ঈশানে"-ধর্ম্ম-রাজের গীত (সীতারাম)। "দেখিল দেবীর মেড় যোজন প্রমাণ"-ঐ। ২ প্রতিমার খড়ের ঠাট। ৩ কাঠাম।

মেড়মেড়ে মড়-ম্যাড়ম্যাড় দ্রঃ।

মেড়া [সং-মেষ এবং এড়ক শব্দদ্বয়ের মিশ্রণে অথবা মেঢ্র >। সাঁওতালী-মেড়্হি] বি, মেষ ; ভেড়া। ২ লড়াইয়ে ভেড়া। "পৃথিবীর সকল ভেড়াই যদি মেড়া হয়ে ওঠে ত ঢুঁ মারামারি করেই মেষবংশ নির্ব্বংশ হবে।"-সাহিত্য। ৩ মেয়েদের বুদ্ধিতে চালিত ব্যক্তি ; ভেড়া দ্রঃ।

মেডাল, মেডেল [ইং medal এর লিপ্যন্তর] বি, সৎকীর্ত্তি-প্রতিযোগিতায় শ্রেষ্ঠত্ব লাভ প্রভৃতির পুরস্কার অথবা স্মারক-স্বরূপ প্রদত্ত স্বর্ণ রৌপ্যাদি নির্ম্মিত মুদ্রাকৃতি নিদর্শন ; পদক।

মেড়ি [উগার দ্রঃ]। শ্রীহট্ট প্রাদে০ উগারমেড়ি] বি, ধান্যাদি রাখিবার মঞ্চবি:। মেড়ির নীচের খুঁটির নাম 'মেড়া'।

মেডিকেল,-কাল, ক্যাল [ইং medical] বিণ, চিকিৎসা সম্বন্ধীয়। ~কলেজ [কালেজ ও০] বি, - য়ুরোপীয় চিকিৎসা-বিজ্ঞান শিক্ষালয় medical college.

মেড়ুয়া, মেড়ুয়াবাদী [মাড়বার -আবাদী অথবা মাড়বার-বাদী (মাড়বারী ভাষাভাষী) > ক্ষে০ মেড়ো > অর্থ-সম্প্রসারণে] বি, মাড়বারী। ২ নিম্নশ্রেণীর হিন্দুস্থানী ; খোট্টা। "যা বেটা মেড়ুয়াবাদী যা তোর আপনার কাজ করগে।"-লোক-রহস্য (বঙ্কিম০)।

মেড়ে, মেঢ়ে-মাঢ়ি দ্রঃ। বি, দন্তমূল।

মেড়ো-বি, লোহকারের যন্ত্রবি: ; লোহার সূক্ষ্ম কাজ করিবার ছোট হাতুড়ী।

মেঢ়ি-বি, যে কাষ্ঠদণ্ডে গো মহিষাদি বদ্ধ থাকিয়া শস্য মাড়ে ; সেই কাঠ।

মেঢ্র [মিহ্ (সেচন করা) + ষ্ট্র (ক্তৃ)] বি, পুরুষোপস্থ ; শিশ্ন। ২ ভেড়া।

মেতর, মেথর [ফা০ মেহ্তর্] বি, জাতিবি:। ২ ঝাড়ুদার ; মলাকর্ষী scavenger. স্ত্রীং মেতরাণী, মেথরাণী।

মেথি, মেধি-বি, যে কাষ্ঠে বদ্ধ থাকিয়া গো মহিষাদি ধান্য মাড়াইতে মাড়াইতে ঘুরিতে থাকে ; সেই কাঠ।

মেথিকা [সং। প্রা০ মেথি, মেতি] বি, শিম্বাদিবর্গের শাকবি:; মেথি বা মেতি শাক fenugreek.

মেথী, [সং] বি, মেথিকা ; গন্ধবীজা ; ফোড়নের মসলাবি:।

মেথী২ [মাথা > মাথী >] বি, খর্জ্জুর ও তাল গাছের মাথার মজ্জা। প্র-তালের মেথী ; খেজুর মেথী।

মেদ [মিদ্ (স্নিগ্ধ হওয়া) + অ (ণে)] বি, বসা ; চর্ব্বি ; সুশ্রুত মতে মজ্জা সদৃশ রক্ত-মিশ্রিত পদার্থ substance like মজ্জা formed inside other bony structure (cartilages) mixed with blood. ~র্জ (-দ্ + জ) বিণ, মজ্জা হতে উৎপন্ন। ২ বি, অস্থি।

মেদনি, মেদনী [মেদিনী >। প্রা০ বাং] বি, মেদিনী "মেদনী বিদার দেউ পসিআঁ লুকাও।"-শ্রী০ কী০।

মেদা [ফা০-মাদা (স্ত্রীজাতি) > বিকারে মেদা, মেদি > অথবা মধ্যম (বিকারে মিদ্ধা) > বর্ণ বিপর্য্যয়ে, অথবা মৃদু >] বিণ, নারী-সুলভ মৃদু ; নিস্তেজ ; ঢিলা। ~মারা-ঢোসা ; নিস্তেজ ; ম্যাড়মেড়ে।

মেদিনী [মেদ + ইন্ (স্ত্যং০)=মেদিন্ + ঈ (স্ত্রী)] বি, ধরিত্রী ; মধুকৈটভের মেদে আপ্লুত হওয়ায় পৃথিবীর এই নাম হয়।

মেদী, মেহেদী-মেহদী দ্রঃ।

মেদুর [মিদ্ (স্নিগ্ধ হওয়া) + উর (ক্তৃ)] বিণ, স্নিগ্ধ। "বহিছে মধুর বাস মে০ পবনে" -ফুলরেণু। ২ চিক্কণ ; মসৃণ। ৩ মৃদু ; কোমল। ৪ পূর্ণ। ৫ উৎকট।

মেদোর্জ [মেদস্ + জ (জাত)] বিণ, মেদোদ্ভব। ২ বি, অস্থি।

মেধ [সং] বি, যজ্ঞ ; যাগ।

মেধা [মেধ্ (সঙ্গ করা) + অ (ণে)] বি, ধারণাবতী বুদ্ধি; স্মৃতিশক্তি; বুদ্ধি ; ধীশক্তি। ২ মেধাকর ঔষধ। ~জিৎ [মেধা (বুদ্ধি)-জিৎ (যে জয় করে)] বি, কাত্যায়ন মুনি। ~তিথি-বি, মুনিবি:। ~বান্ [মেধা + বৎ (স্ত্যং০)=মেধাবৎ ১মা, ১ব০] বিণ, মেধা-

বিশিষ্ট ; ধারণাশক্তিবিশিষ্ট ; স্মৃতিশক্তিশালী। ২ জ্ঞানী ; বুদ্ধিমান্ ; জ্ঞানবান্। >স্ত্রীং ~বতী-বুদ্ধিমতী। ২ মহাজ্যোতিষ্মতী লতা। ~বী [মেধা+বিন্ (স্ত্যং)=মেধাবিন ১মা, ১বং] বিণ, ধীশক্তিসম্পন্ন ; ধীমান্ ; জ্ঞানী। ২ মেধাবিশিষ্ট। ৩ বি, শুকপক্ষী। ৪ মদিরা। >স্ত্রীং মেধাবিনী-ব্রহ্মাণী।

মেধাঃ [মেধস্ ১মা, ১বং] বি, স্বায়ম্ভুব মনুর পুত্র।

মেধি-মেথি দ্রঃ।

মেধিষ্ঠ [মেধাবিন্+ইষ্ঠ (অত্যর্থে), বিন্ প্রত্যয় ও আকারের লোপ] বিণ, অতিমেধাবী।

মেধ্য [মেধ্ (যজ্ঞ)+য (র্থে)] বিণ, যজ্ঞীয় ; যজ্ঞসম্বন্ধীয়। ২ পবিত্র। ৩ বি, ছাগ। ৪ যব। ৫ খদির। ~া-নাড়ীবিঃ। ২ [বৈদ্যকে] শঙ্খপুষ্পী। (২) কেতকী। (৩) শমী। (৪) শ্বেতবচা। (৫) মণ্ডূকী। (৬) ব্রাহ্মী।

মেনকা [পুং] বি, হিমালয়পত্নী। "বুঝিয়া মেনকা উমা নাম কৈল সার।"-অং মং। ২ স্বর্গবেশ্যাবিঃ ; শকুন্তলার জননী। ~ত্মজা-বি, পার্ব্বতী ; উমা। ২ শকুন্তলা।

মেনা১ [মেনকার আদরের সংক্ষিপ্ত নাম] বি, গৌরীজননী মেনকা।

মেনা২ [মাই (দ্রঃ) >মাইয়া > "আদরার্থে মানা" (অনুনাসিক স্থলে ন) > মেনা] বি,মাই ; স্তন।~দেওয়া-বিণ,স্তন্য পান করান। ~গেলাস-বি, শিশুকে দুধ খাওয়াইবার স্তনাকৃতি শিশি।

মেনি, মেনী [বিড়ালের মিঞ মিঞ ডাক হতে নাম] বি, বিড়ালী। ২ মাদী। প্র-মেনী বেরাল। ~কুচকুচ-বি, ছেলের খেলাবিঃ। ~কুৎকুৎ, ~কুরকুর [প্রাদেং ভেদে মেনিকুচকুচ বলে, তাতে খেলার প্রকার বিভিন্ন], বি, শিশুর খেলাবিঃ। এই খেলায় শিশুর করতলে কিছু রাখিবার অভিনয় করিয়া বলা হয় মেনীকে ভাত দিলাম, দাল দিলাম, তরকারী দিলাম। মেনী যেন সব খাইয়া পলাইল। তখন তাকে ধরিতে যাবার ছলে করতল হতে আরম্ভ করিয়া একজন শিশুর কুক্ষি পর্য্যন্ত ধীরে ধীরে অঙ্গুলি সঞ্চালন করিয়া মেনী যায় কতদূর মেনী যায় কতদূর বলিয়া অগ্রসর হতে হতে শিশুর বগলে কাতুকুতু দিয়া বলে এই মেনীকে ধরেছি এই মেনীকে ধরেছি, অমনি শিশু হাসিয়া লুটালুটি খায়। ~মুখো-বিণ, সলজ্জ। ~হাতী-বি, হস্তিনী female elephant.

মেনে [সং-মন্ (জ্ঞানে, উৎপ্রেক্ষায়, সম্ভাবনায়) > মন্যে > ।বেনে দ্রঃ। মংবাং-য় মেয়েলি কথার মাত্রা। ভুল-আধুং বাং-য় "মানে" ; আং ইআনী (that is to say, namely)] অ, কিন্তু ; তথাপি ; বটে ; তবু ; বুঝি ; না-জানি ; অর্থাৎ ইং অর্থে ব্যবহৃত ; কথার মাত্রা বা ধুয়া। "আজি মেনে ফিরে নাগ শঙ্কর ভিখারী"-অং মং। "হোক মেনে জানা গেল বিবেচনা শূন্য"-অং মং। "সে মেনে নাগর কে?"-চণ্ডিং। "কেহ বলে কুমার মনুষ্য মেনে নয়।"-ঘং। "আর জন বলে ভাই সাপ মেনে নয়।"-অং মং। ২ ক্রি-বিণ, মানিয়া লইয়া ; স্বীকার করিয়া।

মেনেজার-ম্যানেজার দ্রঃ।

মেন্তাই [ফাং মনতাহি (মুন্সিকী)] বিণ, মুন্সীআনা বা পণ্ডিতী। ~পাগড়ী-বি, ফেঁটা। "ঠক চাচার মাথায় মেন্তাই পাগড়ি" -টেকচাঁদ।

মেন্দী, মেন্ধী-মেইদি দ্রঃ।

মেপ-ম্যাপ দ্রঃ।

মেম [ইং madam > কেং ma'am > বাং-য়-ম্যাম, মেম (মহাশয়া)] বি, য়ুরোপীয় সম্ভ্রান্ত মহিলা। ২ মহিলা ; ভদ্রনারী। "শাড়ী পরা এলো চুল আমাদের মেম"-ঈং গুপ্ত। "গাউনে সাজিয়া মেম বলিয়া নিগার ডেম্ দরিদ্র স্বামীরে নাহি করে বিড়ম্বনা" -চন্দন।

মেমান [ফাং মেহমান > কেং] বি, অতিথি ; অভ্যাগত guest.

মেম্বর [ইং member এর লিপ্যন্তর] বি, সভ্য ; সদস্য।

-মেয় [মা (পরিমাণে)+য (র্থে)] বিণ, নির্দ্ধারণ ; অনুমান ; জ্ঞান প্রভৃতির যোগ্য। অনু, পরি ইং উপসর্গযোগে ইহার ব্যবহার। প্র-অনুমেয়। পরিমেয়।

মেয়া, মেয়ে, মেয়্যা [মাতৃক > মা+ইআ > মাইয়া, মায়্যা, > (মাতৃজাতি)] বি, তনয়া ; কন্যা। ২ স্ত্রীলোক ; নারী। "বাগদিনী বলে আমি তেমনি মেয়ে নই"-শিং। ৩ এয়োনারী। "কাঞ্চন পাটে ধরিয়া বসায়া মহেশ্বরে ফিরায় যতেক মেয়া।"-রমাই পণ্ডিত। ৪ অপরিচিত স্ত্রীলোকের প্রতি সম্বোধন শব্দে "ওগো মেয়ে"। ~মুখো-মাইয়া মুখা দ্রঃ। মেয়ের চূড়া-রমণীর শিরোমণি ; কন্যারত্ন। "আমার উমা মেয়ের চূড়া ভাঙড় পাগল ওই না বুড়া।"-অং মং। ~ছেলে -বি, কন্যা এবং পুত্র। ২ [মেয়ে (কন্যা) ছেলে (সন্তান)] কন্যা সন্তান। ৩ স্ত্রীলোক ; নারীজন। পুং বেটাছেলে।

মেয়াদ [মিয়াদ দ্রঃ] বি, কয়েদ ; জেল। ২ কড়ার ; চুক্তি। ৩ সময়। ~ী-বিণ, কড়ারী ; সময় ও নিয়মে বদ্ধ। মেয়াদী পাট্টা [জমিং পরিঃ] বি, নির্দ্দিষ্ট কালের জন্য অন্যকে ভূমি ভোগ করিতে দিবার অধিকারপত্র বা দলীল। মেয়াদী পাট্টার কিবুলিতি-উক্ত পাট্টার সত্ত্ব স্বীকারসূচক পত্র। ঐরূপ মৌর(রু)সী পাট্টার কিবুলিতি-দ্রঃ।

মেয়ে [সং-মাতৃকা > প্রাকৃং মাইআ > মায়্যা > মেয়ে। অথবা মহিলা > মহিআ > মইয়া > মেয়্যা > মেয়ে] মাইয়া দ্রঃ। ~মুখা [গ্রাং মেয়েমুকো] বিণ, মেয়ের মত মুখশ্রীযুক্ত। ২ লাজুক ; মুখচোরা। ৩ পুরুষসমাজভীরু ; নারীমুখাপেক্ষী। ~লি,-লী [সং-মহিলা > প্রাং বাং-মেহলী > গ্রাং মেইলী] বিণ, স্ত্রীলোকদিগের মধ্যে ব্যবহৃত ; নারীকথ্য। ২ নারীসুলভ ; স্ত্রীজনোচিত। "এ মেয়েলি বুদ্ধির কাজ।" -রাজসিংহ (বঙ্কিমং)। "স্বভাবটা মোটে মেয়েলী নহে"-অনুরূপা দেবী।

মেয়্যা [মুর্শিং প্রাদেং, পং রাঢ়ং, গ্রাং] বি, নারী।

মেরজাই [মির্জাই দ্রঃ] বি, কৌলীন্য ; আভিজাত্য। ২ একপ্রকার ছোট জামা।

মেরা, মেরি [হিং, ব্রজ০ মেরো, মেরে, 'মোরা' ও০। বাং পদ্যে-মোর। বৈ০ পদ০ সাং, গানে প্রচর] স, আমার; মোর। "কাঁহা মেরা নন্দ পিতা কাঁহা মেরা বলাই ভাই।" -গিরিশ০।

মেরাপ [আ০ মেহ্‌রাব্] বি, আচ্ছাদন। ২ মাণ্ডপ বা দরমার অস্থায়ী ছাদ, ছাউনি বা তোরণ। "পশ্চিমদিকে তরুলতার মেরাপ ছিল।"-টেকচাঁদ।

মেরামত [আ০ মরাম্মৎ] বি, জীর্ণ সংস্কার। বিণ, ~তী-যা মেরামত করা হইয়াছে বা হইবে। মেরামতি-মেরামতের কাজ। মে০ করা-জীর্ণসংস্কার করা।

মেরিণো, মেরুণো,-নো [পর্তু০ merinoর লিপ্যন্তর] বি,স্পেন দেশীয় মেরিণো নামক মেষজাতীয় পশুর লোমজাত বস্ত্রবিঃ।

মেরু [সং] বি, সুমেরু পর্ব্বত; ভূমণ্ডলের উত্তর কেন্দ্র। "অখিল পর্ব্বতগুরু মধ্যে আরোপিয়া মেরু মন্দার প্রমুখ গিরিচয়।" -কবিক০। ২ করমালার অঙ্গুলিপর্ব্ববিঃ। ৩ জপমালার উপরিস্থ প্রধান বীজ; (জপমালায়) মালার থোপ। ৪ খড়্গাদির মুষ্টিপ্রদেশ। ~দণ্ড [জীববিদ্যা০] বি, পৃষ্ঠবংশ; শিরদাঁড়া vertebral or spinal column. > বিণ, ~ী-পৃষ্ঠবংশী vertebrate. ২ যে কল্পিত সরলরেখা উভয় ভূ-কেন্দ্র ভেদ করিয়াছে; যে কল্পিত রেখা অবলম্বন করিয়া পৃথিবী প্রতিদিন পশ্চিম হতে পূর্ব্বে পরিভ্রমণ করিতেছে; [জ্যো০ (ক০ বিশ্ব পরিঃ)] বি, ইং pole এর বৈজ্ঞা০ পরিঃ; ধ্রুব। ~রেখা-বি, উত্তর ভূ-কেন্দ্র ভেদকারী কল্পিত রেখা polar point.

মেল১ [ইং mail এর লিপ্যন্তর] বি, ডাক। ~ট্রেণ-বি, ডাকগাড়ী mail train.

মেল২ [মিল্ (মিলিত হওয়া) + অ (ভা০)] বি, লোকারণ্য; জনতা; বহুলোকের সমাগম। ২ ঐক্য; মিলন। ৩ বিবাহ জনিত কুলের মিলন। প্র-ফুলিয়া মেল। ৪ [-+অ(খি)] অঞ্জন; মসী। ৫ মহানীলী। ~কাটী [সমাজ০] বি, বিবাহের প্রণালী ও সম্বন্ধবিঃ। "মৌলিক গোষ্ঠীপতির কন্যার সহিত মৌলিক পাত্রের বিবাহকে মেলকাটী প্রণালীর বিবাহ বলে। এই বিবাহে কন্যাকর্ত্তার গোষ্ঠীপতিত্ব নষ্ট হয় এবং বরবংশের গোষ্ঠীপতিত্ব জন্মে।" -কলিকাতার কথা, মধ্যকাণ্ড, পৃ০ ১০২।

মেলক [মিল্ + ণিচ্ = মেলি (মিল করান) + অক (র্ত্তৃ)] বিণ, মিলনকারক; ঐক্যকারী।

মেলন [মিল্ (মিলনে) + অন (ভা০)] বি, মিলন।

মেলা১ [সং-মিল্ (মিলনে) >। মিলা প্রঃ] ক্রি, মিলিত হওয়া; একত্র হওয়া। ২ মিশ্রিত হওয়া; মিশা। ণিজন্তরূপ-মেলানি১ -মিশ্রিত করা; মিশাইয়া দেওয়া। ২ জড় করা; মিলিত করা। ৩ জোটান। ৪ যোগ করা; জোড়া। ~মেশা-বি, সংমিলন; ঘনিষ্ঠতা। [দ্রঃ-রসায়ণ শাস্ত্রে মেলা হ'তে মেশা স্বতন্ত্র যথা-"দুধে জল যত ইচ্ছা মিশিতে পারে, ঘিয়ে চর্ব্বি যত ইচ্ছা তত মেশান যায়। * * সেইরূপ অক্সিজনে হাইড্রোজন যত ইচ্ছা মেশান যাইতে পারে; কিন্তু মেলান যায় না। একভাগ হাইড্রোজনে দশভাগ অক্সিজন মেশাইয়া রাখ, যতকাল ইচ্ছা রাখিতে পার-উহারা মিলিয়া জলে পরিণত হইবে না। কিন্তু অগ্নি স্পর্শমাত্র হাইড্রোজন জ্বলিয়া উঠিবে, হাইড্রোজনে অক্সিজন সম্মিলিত হইবে, হাইড্রোজন পুড়িয়া জল হইবে। দেখ সমস্ত অক্সিজন খরচ হয় নাই, দশভাগের মধ্যে আটভাগ মাত্র লুপ্ত হইয়াছে, দুইভাগ অক্সিজন অবশিষ্ট আছে। ইহারই নাম মেলা। কাজেই মেলা আর মেশা পৃথক্ অর্থে প্রয়োগ করিতে হয়। মেলার ভাল কথা সম্মিলন-আমারা বলি যে হাইড্রোজন অক্সিজনে যুক্ত হইয়া মিলিত হইয়া জলের উৎপত্তি হইয়াছে উহা সম্মিলন। উহা মিশ্রণ নহে। আর দুধে জল মেশান বা ঘিয়ে চর্ব্বি মেশান, এমনকি জলে চিনি মেশান বা নুন, উহা মিশ্রণমাত্র, যত ইচ্ছা তত মিশাইতে পারা যায়। তেমন ধরা বাঁধা নিয়ম নাই; রসায়ন বিজ্ঞানের আলোচ্য বিষয় ঐ সম্মিলন ঘটনা। কাজেই এই সম্মিলন ঘটনাকে ঘোরাল নাম দেওয়া হয় রাসায়নিক সম্মিলন।"-জগৎকথা (ত্রিবেদী০)]।

মেলা২ [মেল২ দ্রঃ] বি, প্রদর্শনী; ক্রেতা বিক্রেতার সমাগম স্থান fair ২ জনতা; লোকারণ্য; বহুজনসমাগম। ৩ বিক্রমপুর নিবাসী কালাচাঁদ বিদ্যালঙ্কার প্রবর্ত্তিত কিশোরী ভজনী সম্প্রদায়ের উপাসনা সভা। ৪ [বিতঃ ওড়িয়ায়] পূজা উৎসব। প্র-ত্রিনাথের মেলা। ৫ বিণ, বহু; বিস্তর; অনেক। "কহে মহারাজ! কাজ আছে মেলা, আদেশ পাইলে উঠি"-রবী০। "পাছে মেলা সাদা জল খেয়ে হয় মানুষ গুলো খুন।" -দ্বি০ রায়। ৬ প্রশস্ত।

মেলা৩ [প্রাদে০। ফরিদপুর ই০ অঞ্চলে] বি, গমনারম্ভ; যাত্রা। মেলা করা-ক্রি, যাত্রা করা। প্র-আজ তিনি বাড়ী হ'তে ভোর বেলায় মেলা করেছেন। মেলা দেওয়া-প্রস্থান করা। "একশ টাকার তোড়া বান্ধি হাড়িয়া মেলা দিলা"-পূ০ ব০ গী০।

মেলা৪ [উন্মীলন > মীলা-মেলা। হিং ফৈলানা (বিস্তারে)। মেলি, মেল, মেলে; মেলিতে; মেলিয়া (কে০ মেলে)। ণিজন্ত-মেলানি২ মেলাই, মেলাও, মেলায়; মেলাইতে (কে০ মেলাতে); মেলাইয়া (কে০ মেলিয়ে) ই০] ক্রি, ব্যাপ্ত বা বিস্তার করা। "আমাদের কাজের ক্ষেত্রকে পৃথিবীর দৃষ্টির সামনে মেলে ধরতে পারলে আপনিই তার সমস্ত কুয়াশা কেটে যেতে থাকে।"-রবী০। ২ উন্মীলিত করা; চাওয়া। "চোখ মেলিয়া ডাকিলেন"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ৩ উপস্থিত করা।

মেলান৩ [মিলান দ্রঃ] বি, মিলান। ২ জোগাড়; উপকরণ সংগ্রহ। "অঙ্গুলিঙ্গে গিয়া উত্তরিল সদাগর॥ সঙ্কেত মাধব পূজা করিল সত্বর। তাহার মেলান সাধু পায় হেতে ঘর" -কবিক০। ৩ বিস্তারণ; প্রসারণ।

মেলানি, -নী [মিলন > অর্থ সম্প্রসারণে বিদায়-মিলন] বি, জনতা। ২ মিলন। ৩ সমাজ। ৪ বিদায়। "পাত্র মিত্রগণে রাজা দিলেন মেলানি।"-কৃত্তি০। "এ জনমের মত ছিরা মাগিল মেলানি।"-কবিক০। "ভ্রাতৃ সহ যুধিষ্ঠির সহিত জননী। সব বৃদ্ধগণে গেল মাগিতে মেলানী।"-মহা০ (কাশী০)। ৫ ভেট; বিদায় উপহার। "দূতী অঞ্চলে বান্ধ্যা

কন্যা দিল যে মেলানী"-মৈ° গী°। ৬ সাক্ষাৎ। "উপদেশ বলিয়া চলিল মহামুনি। ইন্দ্রেরে মেলানি করি গেলেন অবনী।"-কবিক°। মেলানির ভার-বি, বিদায়কালীন তত্ত্ব বা ভেট বা উপহার সম্ভার; কুটুম্বগৃহে প্রেরিত খাদ্যদ্রব্য, বস্ত্রাদি সম্ভার; তত্ত্ব। "কার ঘরে বধূ আসে কার ঘরে বেটী। কোথাও মেলানি ভার করে বাঁটাবাঁটি।" -শি°। "মেলানীর ভার কত প্রস্তুত করিল।" -কালিকামঙ্গল (দ্বিজ কালিদাস)। "আগু বাড়াইয়া নিল মেলানির ভার"-মনসার ভাসান (কেতকদাস)। ২ [প্রাদে°] বরযাত্রীরা বিদায়ের পূর্ব্বে যে মিঠা বা উপহার প্রাপ্ত হয়।

মেলেচ্ছ [ম্লেচ্ছ দ্রঃ] বিণ, অহিন্দু। ২ কদাচারী। ৩ অস্পৃশ্য। "মালতী স্নেহকটুস্বরে বলিল-ছি! ওকি তোমরা সব পুণ্যাত্মা মানুষ মেলেচ্ছ খৃষ্টানের পায়ে হাত দিতে আছে।"-ভারতী।

মৈলেরিয়া-ম্যালেরিয়া দ্রঃ।

মেশা-ক্রি, মেলা; ঘনিষ্ঠ হওয়া; মিলিত হওয়া। "ছেলেদের কালীবাবু ছেলেরা কালীর। উভয়েতে মিশে যায় যেন নীরে ক্ষীর।"-দীনবন্ধু°। ~মিশি, মেলামেশা-বি, ঘনিষ্ঠতা। মেলা দ্রঃ।

মেশানি [মিশান দ্রঃ] ক্রি, মিশ্রিত করা; মিশ খাওয়ান। ২ বিণ, মিশ্রিত; মিলিত। "একটু মেশান রকম ভাবে আমরা ক'জন এইছি ভবে।"-দ্বি° রায়।

মেষ [সং] বি, প্রথমরাশি। ২ প্রথম লগ্ন। ৩ [সং-মিষ্ (স্পর্দ্ধাকরা) >] মেড়া; ভেড়া। স্ত্রীং মেষিকা, মেষী-ভেড়ী। ~বল্লী -মেষশৃঙ্গাকার ফলযুক্ত লতা। ~শৃঙ্গ-বি, স্থাবর বিষবিঃ। ~শৃঙ্গী-অজাশৃঙ্গীবৃক্ষ।

মেষাণ্ড [মেষ+অণ্ড (উদ্ভব)] বি, ইন্দ্র।

মেস [ইং mess এর লিপ্যন্তর] বি, যে বাসায় একাধিক নিঃসম্পর্কীয় ব্যক্তি একত্রে বাস ও আহারাদি করে।

মেসিন [ইং machine এর লিপ্যন্তর] বি, যন্ত্র; কল। মে° চালানি-ক্রি, কল চালান; যন্ত্র পরিচালন করা।

মেসো [চট্টল° প্রাদে° মুখ্যা] বি, মাসীর স্বামী; মায়ের ভগ্নীপতি। "মহারাণী মাসী মোর মাসাত পাত্তর। মেসো বটে মহীপতি কেহ নহে পর।"-ম°।

মেহ১ [মিহ্ (সেচন করা)+অ(র্ম্ম)] বি, প্রস্রাব। ২ [+অ(ণ)] মূত্ররোগবিঃ। মধুমেহ-যে রোগে প্রস্রাবসহ শর্করা নির্গত হয় diabetes mellitus. মূত্রমেহ-শর্করাহীন মূত্রাধিক্য রোগ; বহুমূত্র diabetes insipidus.

মেহ২ [মেঘ >] বি, মেঘ; বাদল। "মেহ সঘনে বরিখনিয়া।"-বলরাম°। "ঘন ঘন গর্জ্জিত মেহ।"-বরী°।

মেহগনি, মেহগেনি [ইং mahogany র লিপ্যন্তর] বি, মূল্যবান, মসৃণ, কোমল, রক্তপীতবর্ণ কাষ্ঠবিঃ।

মেহন [মিহ্ (সেচন করা)+অন (র্ত্তৃ, ভা°)] বি, শিশ্ন। ২ [-+অন(র্ম্ম)] মূত্র। ৩ [-+অন (ভা°)] মূত্রত্যাগ।

মেহনৎ, মেহনত, মেহন্নত [আ° মেহনৎ] বি, পরিশ্রম। মেহনৎ আনা, মেহনতানা-বি, পরিশ্রমের মূল্য; বেতন; মজুরি। "তাহার মেহনতানা দুই চারি হাজার ধরিয়া দিলেই হইবে।"-রজনী (বঙ্কিম°)। মেহনতি [প্রা° মেহনত অর্থে] বি, মেহনতের মূল্য বা মজুরি; পারিশ্রমিক। মেহনতী-বিণ, পরিশ্রমী। ২ শ্রমসাধ্য।

মেহরাব, মেহেরাব [আ° মেহ্‌রাব। প্রা° বাং মেরাপ, ম্যারাপ] বি, তোরণ; উৎসবাদি কাজকর্ম্ম উপলক্ষে প্রাঙ্গন ময়দান বা ছাদের উপর দরমা বা মাদুরাদি নির্ম্মিত অস্থায়ী আচ্ছাদন বা তোরণাদি।

মেহলী [প্রা° বাং। সং-মহিলা >] বি, মহিলা; নারী। "ঘরে আছে দুষ্টা মেহলী।"-ডাক°।

মেহারকুলীন [৫ম পরিশিঃ ট মেহারকুল দ্রঃ] বিণ, মেহারকুলের অধিবাসী। "মে° এক কুমার আইছে গো চলিয়া।" -পূ° ব° গী°।

মেহেদি [মেইদি দ্রঃ] বি, মেন্দিগাছ।

মেহেরবান [ফা°] বিণ, দয়ালু। বি, মেহেরবানি-দয়া। ২ অনুগ্রহ। বাঙ্গালী মুসলমানদিগের মধ্যে পত্রে পাঠ লিখনে মেহেরবানবঁর, মেহেরবানেষু লিখিবার প্রথা আছে। "মেহেরবানেষু-সেলাম বহুত বহুত নিবেদন মিদং"। শিরোনামায়-"শ্রীযুক্ত সি ডি জর্ডান সাহেব মহাশয় মেহেরবানেষু"-নূতন পত্রকৌমুদী।

মৈ-মই দ্রঃ।

মৈত্র [মিত্র (বন্ধু)+অ (ভা°)] বিণ, মিত্র সম্বন্ধীয়। ২ বি, সৌহার্দ্দ্য; বন্ধুত্ব; মিত্রতা। ৩ সংসর্গ। ৪ উপাধিবিঃ [মৈত্রেয় দ্রঃ]। ৫ ব্রাহ্মণ। ৬ অনুরাধা নক্ষত্র।

মৈত্রাবরুণ, মৈত্রাবরুণি [মিত্র (সূর্য্য) এবং বরুণ=মিত্রাবরুণ + অ, ই (অপত্যার্থে)] বি, অগস্ত্য মুনি এবং বশিষ্টমুনি।

মৈত্রী [মিত্র (বন্ধু) + অ(ভা°)=মৈত্র + ঈ (স্ত্রীং)] বি, মিত্রের প্রতি যে ভাব; মিত্রতা; বন্ধুত্ব। ২ সংসর্গ; সহযোগ। ৩ [বৌদ্ধধর্ম্মের সাধনাবিঃ (করুণা১, মুদিতা, উপেক্ষা দ্রঃ)]। ~করণ-বি, মিত্রতা স্থাপন। ~ভাব-বি, বন্ধুত্ব; সৌহার্দ্দ্য।

মৈত্রেয় [মিত্র (বন্ধু)+এয় (সম্বন্ধার্থে)] বিণ, মিত্র সম্বন্ধীয়। ২ [মিত্র + এয় (অপত্যার্থে)] বি, জনৈক ঋষি। ৩ বুদ্ধদেব। ৪ [সামাজিক] ব্রাহ্মণের জাতীয় পদবী বা বংশ পরিচায়ক উপাধিবিঃ। "৺অক্ষয় কুমার মৈত্রেয় মহাশয়ের পিতা স্বর্গীয় মথুরানাথের পূর্ব্বপুরুষগণ বারেন্দ্র অঞ্চলে মৈত্র গ্রামের অধিবাসী ছিলেন। এখন তাহা না থাকায় অক্ষয় কুমার পাণিনির সূত্রানুসারে মৈত্রেয় উপাধি দ্বারা বংশ পরিচয় প্রদান করা কর্ত্তব্য জানিয়া 'মৈত্র' স্থানে 'মৈত্রেয়' উপাধি ব্যবহার করিতেন।"-শ্রী ক্ষিতীশ চন্দ্র সরকার, এম্, এ, বি, এল (প্রবাসী, চৈত্র, ১৩৩৬)।

মৈত্র্য [মিত্র (বন্ধু)+য (ভা°)] বি, মৈত্রী; বন্ধুত্ব।

মৈথিল [মিথিলা (দেশ)+অ (র্ক, অধিপতি অর্থে)] বি, মিথিলার রাজা। ২ [-+অ(র্ক, সম্বন্ধার্থে)] বিণ, মিথিলা সম্বন্ধীয়। ৩ মিথিলাজাত। ~কবি-মিথিলার কবি;

পদকর্ত্তা বিদ্যাপতি। ~ভাষা-মিথিলার ভাষা। বাঙ্গালা বৈষ্ণব পদাবলীতে এই ভাষার বহুশব্দ মিথিলার কবি বিদ্যাপতি এবং তাঁহার অনুকরণে চণ্ডীদাস, জ্ঞানদাস, গোবিন্দদাস প্রমুখ বহু বৈষ্ণব কবি ব্যবহার করিয়াছেন।

মৈথিলী [মৈথিল (মিথিলার রাজা)+অ (অপত্যার্থে)+ঈ (স্ত্রীং)] বি, মিথিলাধিপতি জনকের দুহিতা; সীতা।

মৈথুন [মিথুন (স্ত্রী পুরুষ)+অ (সম্বন্ধার্থে)] বি, স্ত্রী পুরুষের স্মরণ, কীর্ত্তন, কেলি, প্রেক্ষণ, গুহ্যভাষণ, সংকল্প, অধ্যবসায়, ক্রিয়ানিষ্পত্তি, এই অষ্ট অঙ্গযুক্ত ব্যাপার। ২ রতিক্রিয়া; সুরত।

মৈনাক [মেনকা+অ (অপত্যার্থে)] বি, পর্ব্বতরাজ হিমালয়ের পুত্র।

মৈনিক [মীন (মৎস্য)+ইক (জীবী অর্থে)] বি, যে মীন দ্বারা জীবিকা নির্ব্বাহ করে; মৎস্য ব্যবসায়ী।

মৈরেয় [সং। মিরা (দেশবিঃ)+এয় (তৎজাত অর্থে)] বি, ধাইফুল, গুড়, কাঁজি, দারুচিনি, তেজপাত, এলাচি, নাগেশ্বর, জিরা, মরিচ, শুঁঠ ও বনমুগ দ্বারা প্রস্তুত মদ্য। "অযোধ্যার অশোকোদ্যানে রামচন্দ্র সীতাকে মাল্য-শোভিত উৎকৃষ্ট আসনে উপবেশন করাইয়া মৈরেয় মদ্য পান করাইলেন।"-রামা°, উ° ৪২।

মৈল্, মৈলা মৈলী [মরিল > ক্ষে°, পদ্যে] ক্রি, মরিল। অস-ক্রি, মৈলে-মরিলে। "কোথা মৈলে মোক্ষ হবে ভাবিয়া না পাই।"-অ° ম°। "মৈলে কি ছাড়িবে সঙ্গে না যাইবে কি না করিব বিধানে।" -চণ্ডি°। [প্রা° বাং] মৈলঁসি-মরিলি। মৈলুঁ, মৈলোঁ-মরিলাম; মরিনু। মৈলার্ক, মৈলাক্-মৃতকে। "মৈলাক মারিলেঁ কোণ মাহাসিধি হএ"-শ্রী° কী°।

মৈলান-মলিন দ্রঃ।

মৈস্মর (মৈশমর) [আধু° বাং। ইং mesmerism এর লিপ্যন্তর। ১৭৭২ খৃ° Mesmer কর্ত্তৃক আবিষ্কৃত বলিয়া নাম] বি, যে মন্ত্রশক্তি বা ইচ্ছাশক্তি অথবা কৌশল দ্বারা শরীরে স্বপ্নবৎ অবস্থা উৎপাদিত করিয়া শক্তি পরিচালকের আজ্ঞাধীন করা যায়; যোগনিদ্রাবস্থা; যোগনিদ্রাজনক প্রভাব hypnotism.~তত্ত্ব -বি, মন্ত্রবিদ্যা।

মো১ [ওড়ি° মো। আমি দ্রঃ। মোঁ, মোই, মোএ,মোএঁ,মোঞ,মোঞি, মোঞে, মোয়ে ও°] স, আমি। "গরল ভখিয়া মো পুনি মরিব নতুবা লউন সমন।"-চণ্ডি°। "জয় জয় নীলাচল জয় জগন্নাথ মো পাপীরে দয়া করি কর আত্মসাথ।"-নরোত্তম°। কর্ম্মে-মোক-আমাকে। সম্বন্ধে-মোর-আমার। ব্রজ° মোরি [মোর+ই (অনুপ্রাসার্থে,পদ্যে)]"পৈঠল হিয়া মাহা মোরি।" -বি°প°।~দের-আমাদিগের; আমাদের। মো-সঁবা-আমরা সকলে। মো-সঁবার-আমাদিগের; আমাদের সকলের। প্রা° বাং-মোকে [মোখে ও°] আমাকে। ২ আমার প্রতি বা পক্ষে। "অশ্বত্থামা দ্বিজ হইল মোখে যমদূত"-মহা° (বাসুদেব)। ৩ আমায়। মোর্ত, মোহোরে= আমার। মোত, মোতে, মোতেঁ, মোরে,মোহোরে-আমার। মোতে -আমাতে। মোহোঁ [ম° বাং-আমিহ] আমিও। "তোহ্মে বাটে মহাদানী, মোহোঁ আইহন রাণী"-শ্রী° কী°।

মো২ [মোহ > ক্ষে°] বি, মমত্বজ্ঞান; মোহ। "সম্পদ সম্মান সুখ সংসারের মো। সকল বিফল দেখি কোলে নাই পো।"-ম°। ২ মায়া; মমতা। "শিশু কান্দে দুগ্ধ দিতে নাহি করে মো।"-কবিক°। ৩ দয়া; করুণা। "হেলায় দেখিয়া দুঃখ হরে হৈল মো"-শি°।

মো৩-মোআ দ্রঃ।

মোআ,-য়া [মোদক > মোঅঅ= মোয়া > ক্ষে° মো] বি, মোদক; মধু বা গুড়ে পাক করা খইয়ের লাড়ু। প্র-মুড়কীর মোআ।

মোআড়া [মোহাড়া দ্রঃ] বি, মুখপাত; পথের মুখ; মোড়। ২ সম্মুখ।

মোআন [মোহান দ্রঃ] বি, পুষ্করিণী আদির জল নির্গমন ও প্রবেশের মুখ বা পথ।

মোএ, ম [মো১ দ্রঃ। প্রা° বাং-মো, (দ্রঃ) > ক্ষে° ম। বৌ° প্রাকৃ°মোএ] স, আমি। "তোহোর অন্তরে মোএ খলিলি হাড়েরি মালী"-চ° ১০১৩।"আলো ডোম্বি তো এ সম করিব ম সাঙ্গ"-চ° ১০১২।

মোকর্দ্দমা [মকদ্দমা দ্রঃ] বি, মামলা; আদালতের অভিযোগের পরিচালনা। ~বাজ-বিণ, মোকদ্দমা-পটু; মামলাবাজ।

মোকর্রর, মোকর্রর [আ° মকর্র্‌র্] বিণ, নির্দ্ধারিত। ২ নিয়োজিত; নিযুক্ত। ৩ নিশ্চিন্ত। বি, ~রী, মোকররী [জমি° পরিঃ। প্রা° মকররী] স্থায়িরূপে ভোগ করিবার মত নির্দ্দিষ্ট খাজনার জমী।

মোকা [মুখ > প্রা°] বিণ, তাল বা নারিকেলের বোঁটায় যুক্ত খোসা। ২ নারিকেল মালা বা খোল। "মোকা নারিকেলেতে ভরিয়া দিল জল।"-কবিক°।

মোকান [আ°] বি, বাসস্থান; ভদ্রাসন; বাড়ী।

মোকাবা [আ° মুকাবা]বি, পাত্রবিঃ; যাতে চুল বাঁধিবার সরঞ্জাম থাকে। "পূর্ব্বে মুসলমানেরা মোকাবা রাখিতেন আজি কালি অনেকে toilet table রাখেন"-মতিচুর।

মোকাবিলা, মোকাবেলা [আ° মুকাবলা] বি, মিটমাট। ২ সম্মুখবর্ত্তিতা। ৩ ঐক্য; সাদৃশ্য। মো° করা-মুখামুখী হইয়া মিটমাট করা; সম্মুখীন হইয়া বুঝাপড়া করা। ২ প্রতিরোধ করা; বাধা দেওয়া। ৩ তুলনা করা।

মোকাম [আ° মুকাম]বি, আড্ডা; চটি; সরাই। "বীর ভূমি উত্তরিল মোকামে মোকামে।"-ম°। ২ বাস।"মগ্ন হয়ে মোকাম করিল নদীতটে"-ম°। ৩ স্থান; আস্তানা। "সোলেমানি মালা ধরে, জপে পীর পেগাম্বরে, পীরের মোকামে দেয় সাঁজ।" -কবিক°। ৪ বিণ, স্থিতি। "মহানদ পার হয়ে কটকে মোকাম।"-অ° ম°। ৫ [ব্যবসায় বাণিজ্য পরিঃ] খটি; পণ্যের উৎপত্তি স্থান; মূল স্থান যেখান হ'তে পণ্য দিকে দিকে চালান দেওয়া হয়। ~ী-বিণ, মোকামের; মোকাম সম্বন্ধীয়।

মোকুব,-প,-ফ [আ° মৌকুফ্] বি,

অব্যাহতি ; ছাড়। ২ বিণ, স্থগিত ; রহিত। "হাঁ, বাবা পাথর ভাঙ্গা মোকুব করাতে পারে না?"-প্রফুল্ল। ৩ স্থিরধার্য্য settled ; fixed. ক্রি, **মোকুব করা**-অব্যাহতি দান করা ; ছাড় দেওয়া।

মোকের [প্রাদে৹ নিম্নকথ্য। তুল-মোগার। মো=আমি > আমা + কের=এর > মোএর] স, মোর ; আমার। "উন্নাতে মোকের কষ্ট নাই।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

মোক্তসর [আ৹ মুখ্‌তসর্] বিণ, সংক্ষিপ্ত। ২ বি, সংক্ষেপ।

মোক্তা [মুক্তি দ্রঃ] বিণ, মুক্তিদায়ক ; ত্রাণকারক ; মোচনকারক।

মোক্তার [আ৹ মুখ্‌তার্] বি, বাদী ও প্রতিবাদীর নিযুক্ত কর্ম্মচারী ; মোকদ্দমা পরিচালনের ভারপ্রাপ্ত কর্ম্মচারী ; উকিলের সহকারী an assignee, attorney. **আম মোক্তার**-বি, সকল বিষয়ের কার্য্য পরিচালনার ভারপ্রাপ্ত কর্ম্মচারী a general agent. **~কার** [ফা৹ মুখ্‌তার্‌কারী] বি, মোক্তারি attorneyship. ২ প্রধান অধ্যক্ষ। **~তন**-এটর্ণী মার্ফৎ through or by attorney. **~নামা**-মোক্তার-নিয়োগ-পত্র ; টর্নীনামা a written authority power of attorney. **খুদ মোক্তার**-বিণ, নিজেই নিজের কার্য্য পরিচালক ; স্বাধীন। **মোক্তারি** [ফা৹ মুখ্‌তারী] বি, মোক্তারের কর্ম্ম। **মোক্তারী**-বিণ, মোক্তার ও তাহার কার্য্য সম্বন্ধীয়। ২ মোক্তারের যোগ্য।

মোক্ষ [মোক্ষ্‌ (মুক্ত হওয়া) + অ (ভা৹)। প্রা৹ বাং-মোখ। "মোখ মুকতি এহি দেউলে পড়ুক জয় জয়কার।"-শূ৹পু৹] বি, মোচন ; পরিত্রাণ ; মুক্তি। "কোথা মৈলে মোক্ষ হবে ভাবিয়া না পাই"-অ৹ ম৹। ২ নিত্যসুখ প্রাপ্তি। "ধর্ম্ম অর্থ কাম মোক্ষ, জগৎ ধারণ দক্ষ, তব কৃপা কটাক্ষ যে জনে"-খ৹। ৩ জীবাত্মার সহিত পরমাত্মার মিলন ; অপবর্গ। ৪ সঙ্কোচ কারণ প্রকৃতি সম্বন্ধ অপগত হইলে জীবের জ্ঞান যে নিজের স্বাভাবিক প্রকাশ লাভ করে সেই অবস্থা। ৫ নিষ্পত্তি। ৬ মৃত্যু ; মরণ। বিণ, **মোক্ষিত**-মুক্ত ; নিস্তারপ্রাপ্ত। **~দাতা**-মুক্তিদাতা ; ত্রাণকর্ত্তা। > স্ত্রীং **~দাত্রী**। **~ধাম**-বি, কৈবল্য ধাম ; মুক্তিস্থান ; দুঃখ-মোচন স্থান। "সুখমোক্ষধাম অন্নপূর্ণা নাম সংসার-সাগর-ভেলা।"-অ৹ ম৹। **~পথ**-বি, মুক্তিপথ ; পরিত্রাণের উপায়। **~পদ**-বি, মুক্তিরূপ ঐশ্বর্য্য। **~লাভ**-বি, কৈবল্য-প্রাপ্তি ; মুক্তিলাভ।

মোক্ষণ [মোক্ষ্‌ + অন (ভা৹)] বি, নিঃসারণ। ২ মোচন। "এই মত আরো কত ভর্ৎসিয়া বিস্তর। বন্ধন মোক্ষণ কৈল বিদুর কিঙ্কর॥"-শি৹। বিণ, **মোক্ষণীয়**-মোক্ষণযোগ্য।

মোক্ষদ [মোক্ষ (মুক্তি) দা (দান করা) + অ (র্ত্তৃ), যিনি মুক্তিদান করেন] বি, মোক্ষদায়ক ; মুক্তিপ্রদ। "মোক্ষদ পাতক অস্ত প্রকাশিলা নানা গ্রন্থ বেদাঙ্গ পুরাণ ভক্তি মত।"-ষ৹। স্ত্রীং **~া**-মুক্তিদাত্রী। ২ দুর্গা।

মোক্ষম [আ৹ মহ্‌কম্] বিণ, দৃঢ় ; কঠিন ; নির্ঘাত ; সাংঘাতিক strong.

মোখা [মুখস > মুখঅ > মালদহ প্রাদে৹] বি, মুখস। এই মুখোস বা মোখা শোলা কাঠ ও মৃত্তিকা দ্বারা নির্ম্মিত হয়। "গম্ভীরায় লোকে নৃসিংহ, চামুণ্ডা, কালী, হনুমান্‌, বুড়া, বুড়ী, শিব প্রভৃতির মোখা মুখে লাগাইয়া নৃত্য করে"।

মোখালেফ [আ৹ মুখালিফ্‌ আদা৹] বিণ, প্রতিকূল ; বিপরীত। ২ বি, শত্রু। **~ী, ~ফি, মোখালেবি**-বি, বিরোধ ; শত্রুতা।

মোখে-মো$_{1}$ দ্রঃ।

মোগল [ফা৹ মুগল্‌। তুর্কিস্থানে প্রাচীন আর্য্যজাতির শাখা বাস করিত। তাতারীরা তুর্কিস্থানে বিবাহাদি করিয়া ও ভাষা শিখিয়া মিলিয়া মিশিয়া যে জাতিতে পরিণত হয়, তাহা তুর্ক নামে অভিহিত হয়। মোঙ্গোলিয়া বা তাতারের বন্য জাতি হতে এই তুর্করা সম্পূর্ণ স্বতন্ত্র] বি, মঙ্গোলিয়ার অধিবাসী a moghul. স্ত্রীং **মোগ্‌লানী** [হি৹ মুগ্‌লানী] বিণ, **মোগলাই**-মোগল-দিগের মধ্যে প্রচলিত ; মোগল সম্বন্ধীয় ; প্র-মোগলাই খানা। "মোগলাই চিত্র"-উত্তরা।

মোগার [প্রা৹। মো (আমা) > বহু৹ মো-দিগর (আমাগোর) >] স, মোদের ; আমাদের। "মো৹ কপালে দুক লেকেচে গোঁসাই। খাটুতি খাটুতি খণ্ড একটু বসতি পেনু নাই।"-কু৹ কু৹ সর্ব্বস্ব।

মোচ$_{1}$ [মুচ্‌ (ত্যাগ করা) + অ (র্ম্ম)] বি, শজিনা গাছ। ২ কলাগাছ।

মোচ$_{2}$, মোছ [সং-শ্মশ্রু > হি৹মুছ] বি, অগ্রভাগ ; মুখ। প্র-কলমের মোচ। ২ শ্মশ্রু ; গোঁপ। "পাকা মোচে ধরি তার উপাড়য়ে দাড়ি"-কবিক৹। ৩ মুচ$_{2}$ দ্রঃ।

মোচক$_{1}$-বি, কলাগাছ। ২ নীল শজিনা বা শোভাঞ্জন বৃক্ষ।

মোচক$_{2}$ [মুচ্‌ (মোচনে)] বিণ, যে মোচন করে ; মুক্তিকারী।

মোচঙ্গ-বি, বাদ্যযন্ত্রবিঃ।

মোচড় [হি৹ মরোড়] বি, পাক। ২ [পদার্থ বিজ্ঞা৹ পরিঃ] বি, ইং torsion এর বৈজ্ঞা৹ পরিঃ ; বর্ত্তন (যো৹ রায়)। ক্রি, **মোচড়ানি**-পাক দেওয়া ; দুমড়ান। **মোচড়া-মুচ্‌ড়ি, মোচিড়া-মুচুড়ি**-পরস্পর পরস্পরকে মোচড় দেওয়া। "কেমন মনোহর সে মোচড়া-মুচুড়ি"-কস্তুরী।

মোচন [মুচ্‌ + ণিচ্‌=মোচি + অন(ভা৹)] বি, মুক্তিদান। ২ মুক্তি ; মোক্ষ। ৩ ত্যাগ। প্র-বাণ মোচন। ৪ উদ্‌ঘাটন ; উন্মুক্তকরণ। প্র-দ্বার মোচন। **~ী**-কণ্টকারী। বিণ, **মোচিত**-মুক্ত ; ত্যক্ত ; উদ্‌ঘাটিত।

মোচরস [মোচং ** শাল্মলিরস্তয়োঃ" -মে৹] বি, শিমুলের আঠা। "মোচরস বা শিমুলের আঠার গুণ শীতবীর্য্য, ধারক, স্নিগ্ধ, শুক্রবর্দ্ধক ও কষায় রস।"-আ৹ শক্তি।

মোচা [মোচ (দ্রঃ) + আ। পা৹মোচো। "রম্ভা চ কদলী মোচো"-অভিধানপ্পদীপিকা] বি, কদলী। ২ কদলীপুষ্প।

মোচ্য [মুচ্‌ (মুক্ত করা) + য (র্ম্ম)] বিণ, মোচনযোগ্য ; মোচনার্হ।

মোছ-মোচ$_{2}$ দ্রঃ।

মোছদ্দী [আ৹ মুৎসদ্দী (কর্ম্মচারী) > ?] পারিষদবর্গ। "বিবর্ণ হইল তবে যতেক মোছদ্দী।"-মনসা ম৹ (বিজয়৹)।

মোছা [মুছা দ্রঃ। মোছি, মোছ, মোছে; মোছিতে; মোছিয়া। পিজন্ত-মোছান] ক্রি, মাজা; নিকান; পুঁছিয়া ফেলা; পরিষ্কার করা। ব্রজ০ মোছঁল-মুছিল। "বদন মোছল পরচুর।"-বি০ প০।

মোছানি [মোছা দ্রঃ। মোছাই, মোছাও, মোছায়; মোছাইতে; মোছাইয়া (প্রাচীন০ মুছায়ে)] ক্রি, মুছাইয়া দেওয়া; মাজান। "এক ব্রাহ্মণী পরিচারিকা অতি সুক্ষ্মবস্ত্রে তাঁহার অঙ্গ সাবধানে মোছাইয়া দিত।"-বঙ্গ ভা০ ও সা০।

মোজা [ফা০ মোজহ্] বি, চরণাবরণ। "মোজা পানই আর জিন নিরময়ে অনুদিন চামার বসিল এক ভিতে।"-কবিক০। "কেহ কিনে উলসুতা বুনাইতে মোজা জুতা।"-চন্দন। ২ [ফা০-তে] বুট জুতা। "অশ্বারোহীদের হাঁটু পর্য্যন্ত মোটা চামড়ার বুট। তুর্কী ও তাতারী অশ্বারোহীরা এই মোজা বহুকাল হইতে ব্যবহার করিতেছে। আজকাল আমরা মোজা পায়ের বস্ত্রাবরণকে বলিয়া থাকি, কিন্তু ঐরূপ আবরণকে পার্সীতে 'পায়তাবা' বলে, উহাকে মোজা বলা ভুল। মোজার ইউরোপীয় সংস্করণ ওয়েলিংটন বুট।"-অমৃতলাল শীল, এম, এ (উত্তরা, বৈশাখ, ১৩৩৩)। **ফুল মোজা**-বি, হাঁটু পর্য্যন্ত ঢাকা মোজা। **হাফমোজা**-বি, ছোট বা আধা মোজা। **মোজার কল**-বি, মোজা বুনিবার যন্ত্র। **মোজার কাটি**-বি, হাতে মোজা বুনিবার লোহ বা হাড়ের শিক।

মোজা/হেম [আ০ মুজাহিম্। প্রা০ মোজাহেম। আদা০ পরিঃ] বি, প্রতিবন্ধক। ২ স্বত্বের দাবী। ৩ আপত্তি। **~হেমদার**-বিণ, আপত্তিকারী। **~হেমী**-বিণ, আপত্তিজনক।

মোজেয়িক [ইং mosaic এর লিপ্যন্তর] বি, চিত্রোপল শিল্প; উপল চিত্রকলা। "মো০ আর্ট হচ্ছে রঙীন পাথর বা রঙীন কাচের বড় ছোট টুকরো বসিয়ে দেওয়ালে বা মেজেতে ছবি আঁকা। এই মো০ হচ্ছে ইয়োরোপের খৃষ্টান চিত্রকলার আরম্ভ।" -ভারতবর্ষ, ১৩২৬।

মোজেস্-মুসা দ্রঃ।

মোঞে, মোঞঁ [হি০ ম্যয়্। প্রা০ বাং। পদ০ সা০। ব্রজ০] স, আমি। "মোঞে পুনু পুনু হেরু"-শ০ ক০ তরু। "তোহ্মার সমান মোঞে রাধা চন্দ্রাবলী।"-শ্রী০ কী০।

মোট১ [তামিল-মোট্টুটই > মুটে (কাপড়ের বস্তা bale, থলিয়ায় বদ্ধ বা বস্তাবন্দী মাল) >] বি, বস্তা; গাঁঠরি; পোঁটলা। **~ঘাট** [মোট+ঘাট (গাঁট=গাঁঠরী)] পোটলা পুটলী; ছোট বড় পুলিন্দা। **~বাহক**-মুটিয়া; ভারবাহক।

মোট২ [সং-সমষ্টি > হি০ মোট] বি, সাকল্য; সমষ্টি total. ২ বিণ, সমুদয়; সর্ব্বসমেত। **মোটের উপর**-ক্রি-বিণ, স্থূলতঃ।

মোট৩ [মূল >] বিণ, আসল; সার। **~কথা**-বি, সার কথা। "মোট-কথা আমি বিয়েই করব না।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

মোটক [সং] বি, কুশনির্ম্মিত অঙ্গুরীয়।

মোটন [মুট্ (চূর্ণ করা) + অন (ভা০)] বি, পেষণ; ২ মোচড়ান; মট্‌কান। ৩ [-+অন (র্ত্তৃ)] বায়ু।

মোটর, মোটরগাড়ী [ইং motor car >] বি, তড়িৎ বাষ্পাদি চালিত শকট। **মোটরের টায়ার**-মোটর গাড়ীর চাকার রবারবেষ্টনী। "আজ আবার ছুটী ছোঁড়া গিয়ে আমার মোটরের টায়ার ফুটো করে দিয়েছে।"

মোটা১ [মোট১ (দ্রঃ) + আ (সাদৃশ্যে)] বিণ, পীবর; স্থূল; পুরু। ২ চর্ব্বিবহুল; মাংসল। **~কথা**-বি, বস্থূল কথা। **~কাজ**-বি, স্থূলকর্ম্ম; সৌখীন নয় এমন কাজ। **~কাপড়**-বি, মোটা সুতায় বোনা বস্ত্র। **~গলা**-বি, উচ্চৈঃস্বর; মুক্তকণ্ঠ। ২ খাদ সুর। **~মাহিনা**-বি, বেশী বেতন; উচ্চ বেতন। **~ভাত**-বি, মোটা চাউলের অন্ন। **~মুটি**-ক্রি-বিণ, স্থূলতঃ; মোটের উপর। প্র-মোটামুটি বলতে গেলে। **~সোটা**-বিণ, হৃষ্টপুষ্ট। **মোটা হওয়া**-ক্রি, স্থূলাঙ্গ হওয়া; দেহ পুষ্ট হওয়া।

মোটা২ [তামিল-মোট্টৈ (ভোঁতা, blunt) >] বিণ, অতীক্ষ্ণ; ভোঁতা; ধারপড়া। প্র-মোটা ধার। মোটা বুদ্ধি। মোটা মাথা (অর্থাৎ স্থূল মস্তিষ্ক)।

মোটাই [হি০ মোটা (ধনী)] বি, ধনবত্তা। ২ [>] ধনগর্ব্ব; গর্ব্বস্ফীতি। ৩ গুমোর; অহঙ্কার। ৪ [হি০ মোটা (চর্ব্বীযুক্ত)] স্থূলত্ব।

মোটামি, -মি-বি, মোটাইপনা। ২ [লক্ষ০] বড়াই; দেমাক।

মোটিয়া-মুটিয়া দ্রঃ।

মোটে [মোট২ দ্রঃ] ক্রি-বিণ, সর্ব্বসাকল্যে; সবসমেত; একুনে। ২ সবেমাত্র। ৩ আদৌ।

মোটেই [মোট দ্রঃ] অ, মূলেই; একেবারেই; আদৌ।

মোট্টায়িত [নাট্য শা০, অঙ্গাভিনয়ে] বি, প্রণয়ী বা প্রণয়িণীর নাম স্মরণ করাইয়া দিলে উল্লাস (অভিনয়-দর্পণ, নন্দিকেশ্বর)।

মোড় [মুণ্ড > মুড > মোড়। হি০ মৌড় (মুকুট; চূড়া)] বি, শীর্ষ; মস্তক। "তাপর খঞ্জন চঞ্চল যোড়। তাপর সাপিনী বেঢ়ল মোড়॥"-বি০ প০। ২ স্ত্রীদিগের মুকুট; বিবাহের টোপর; সিঁতিমৌর। "মালী বৈসে গুজরাটে সদাই মালঞ্চ খাটে মালা মোড় গড়ে ফুল ঘর।"-কবিক০। ৩ পথিশীর্ষ; পথের সন্ধিস্থান। "নাড়া চাড়া দিলে ঘোড়া মোড়ের মাথাতে।"-গান। ৪ দুগ্ধবতী গবাদি পশুর স্তনের বিস্তৃতি। ৫ [শ্রীহট্ট০ প্রাদে০] একখানা বৃহৎ চাঁচের দুই প্রান্ত সংলগ্ন করিয়া বাঁশ দিয়া বাঁধিলে যে দীর্ঘ গোলাকার আধার হয় তার নাম। মোড়ে ধান রাখা হয়।

মোড়ক [মোড়া দ্রঃ। যা মোড়া হইয়াছে] বি, পুরিয়া; মোড়া।

মোড়ন [মোড়া দ্রঃ] বি, বক্রকরণ। ২ আবরণ; আচ্ছাদন। ৩ [মুণ্ডন > মুড়ন > মোড়ন] বি, মুণ্ডন।

মোড়ল [মণ্ডল >] বি, মণ্ডল; প্রধান। "সেই গ্রামের মোড়ল নিবারণ মুখুর্য্যে তাঁহার সহিত তর্কযুদ্ধ জুড়িয়া দিল।"-ভারতী, ১৩২১। **মোড়লি**-বি, মোড়লের

কর্ম্ম ; গ্রামের অধিনায়কতা। ~গিরি-মোড়লি। গাঁয়ে মানে না আপনি মোড়ল-গ্রামের কেহই গ্রাহ্য করে না বা মান্য করে না অথচ নিজে ভাবে সে গ্রামের প্রধান ; আত্মম্ভরি।

মোড়লি [মণ্ডল >। গ্রা০ বিকারে মুড়লি] বি, মোড়লগিরি ; মোড়লের কর্ম্ম ; সর্দ্দারী। ২ গ্রামের অধিনায়কতা।

মোড়া১ [সং-মুর্ (বেষ্টন করা) > হিং মরোড়্না। মুড়ি, মোড় (মুড়েন্, মুড়িস) মোড়ে (মোড়েন্) ; মুড়িতে (কে০ মুড়তে) ; মুড়িয়া (কে০ মুড়ে)। ণিজন্ত-মোড়ান] ক্রি, মোচড়ান ; দুমড়ান ; বাঁকান। "রোপিয়া প্রেমের বীজ অঙ্কুরে মোড়লি কাঢ়ব কোন উপাই।"-বি০ প০। "উর মোড়ি বৈঠলু হরি করি পীঠ।"-ঐ। ২ ফিরান। "পিয় পরিরম্ভণে মোড়বি অঙ্গ।"-বি০ প০। ৩ বন্ধ করা ; নিরস্ত হওয়া ; বিমুখ হওয়া। "কেহ যদি গোঠে যেতে মুখ মোড় ভাই।"-ভাগবত (নরহরি০)। "ইথে কাহে ধনি তুহুঁ মোড়সি মুখ।"-বি০ প০। ৪ পাকান ; জড়ান। প্র-পিতলের কাঠিতে সোনার তার মোড়া। ৫ [মোটন দ্রঃ] মটকান। ৬ আলস্য ভঙ্গ করা। প্র-গা মোড়া। মুখ মোড়া-বিমুখ হওয়া।

মোড়া২ [তামিল-মূড়ি (ঢাকা) >। মুড়ি, মোড়, মুড়ে, মোড়ে ; মুড়িতি ; মুড়িয়া (কে০ মুড়ে)। ণিজন্ত-মোড়ান] ক্রি, জড়ান ; আচ্ছাদন করা ; বেষ্টন করা। ২ বিণ, জড়িত ; বেষ্টিত ; আচ্ছাদিত। "জ্যোৎস্নার তবক যেন সারা গায় মোড়া।"-ফুলরেণু।

মোড়া৩ [হিং মোড়া। মুণ্ডা (নেড়া) >] বি, বেতী দড়ি ও বাঁশ হতে প্রস্তুত আসনবিঃ। ২ বেত্রাদি নির্ম্মিত ধান্যাদি রাখিবার পাত্র। ৩ মোড়ক (দ্রঃ)।

মোড়া৪ [মোড়া১ দ্রঃ] বি, মোড়ন ; সঞ্চালন। "না দেয় পা মোড়া"-মনসা ম০ (বিজয়০)।

মোড়াসা [হিং মোড় (পাক)-মৌড় (মুকুট)-সা (সাদৃশ্যে)] বি, পাগড়ীবিঃ। "সামলার মুকাশিশ মোড়াসায় ফের। মোগলাই ধুমুচির মাথা ধরা ঘের।"-হেম০।

মোণা-কাটা, মণা- [মোনা দ্রঃ। অশ্লীল] বিণ, ছেদিত লিঙ্গ। ২ [লক্ষ০] যোগ্যতাহীন ৩ নির্বীর্য্য। ৪ নির্ব্বোধ।

মোণ্ডা [মুণ্ডি (দ্রঃ) > বৃহদর্থে মোণ্ডা] বি, মিষ্টান্নবিঃ ; গোলা সন্দেশ।

মোত(ৎ)ফর্‌রকা-মুত্‌ফরকা দ্রঃ।

মোতা [মুতা দ্রঃ] ক্রি, প্রস্রাব করা।

মোতাজ্জে [আ০ মুতওয়াজ্জি (হ্)] বিণ, অনুকূল favourable.

মোতাবেক [আ০ মুতাবিক্] ক্রি-বিণ, অনুসারে।

মোতায়েন [আ০ মুতাআইন] বি, নিযুক্ত appointed. প্র-একজন এ বাড়ী সার্চ্চ কর, দু'জন পাহরায় এখানে মোতায়েন থাক। ২ স্থিরীকৃত।

মোতাল্লক, মোতাল্লিক [আ০ মুতাআল্লিক্] বিণ, সম্বন্ধীয়। ২ অধীন।

মোতি [সং-মুক্তা > মোতি। বাং-য় 'মতি' ও০] বি, মুক্তা। "সবহুঁ মতঙ্গজে মোতি নাহি মানি। সকল কণ্ঠে নাহি কোকিল বাণী॥"-বি০ প০।

মোতিম [মোতি-ম (সাদৃশ্যে), অথবা মোতিময় >] বিণ, মুক্তানির্ম্মিত। মুক্তা-গ্রথিত মোতির মালা ; মুক্তার হার। "বানর কণ্ঠে কি মোতিম মাল।"-বি০ প০।

মোতিয়া [সং-মৌক্তিক। হিং মোতিয়া] বি, বেলা জাতীয় পুষ্প (পত্র পুষ্প বৃক্ষ বেলারই প্রকার ভেদ)।

মোৎফর্‌রকা [আ০ মুৎ-ফররকাত্] বি, বিবিধ miscellaneous.

মোথড়া [ভোঁতা দ্রঃ। হিং ভোঁথরা > মোথরা >] বিণ, ভোঁতা। ২ [প্রাদে০] বি, জোয়ালের শুঁজিকাঠ ; কীলক। "গিরি করিলো মোথড়া গোবালী"-শ্রী০ কী০।

মোথা [প্রাদে০যশোহর] বি, মূল ; গোড়া। প্র-বাঁশের মোথা। পালং শাকের মোথা।

মোথুনি [মন্থনী > দ্রঃ] বি, মন্থনী ; দুধ মন্থন করিবার কাঠের যন্ত্রবিঃ।

মোদ [মুদ্ (হৃষ্টহওয়া) + অ (ভা০)] বি, আহ্লাদ ; আনন্দ ; আমোদ ; হর্ষ। ক্রি, মোদা১-আমোদ বা আমোদিত করা।।

মোদক [মুদ্ + ণিচ্ = মোদি (আনন্দিত করান) + অক (র্ত্তৃ), যা ভোজনে আনন্দ দান করে] বি, মোয়া ; লাড়ু। "মোদক দিয়া লাজ পূজিল দেবরাজ কস্তারি গন্ধাধি-বাসনা"-কবিক০। ২ হিন্দুজাতিবিঃ ; ময়রা ; মধুনাপিত। ৩ বিণ, আনন্দজনক ; হর্ষকারক।

মোদা২ [মুদা দ্রঃ। মোদি, মোদ, মোদে ; মোদিতে ; মোদিয়া (কে০ মোদি) ই০] ক্রি, মুদিত করা ; নিমীলিত করা ; বোজা। "ভয় নাঞি ভয় নাঞি মোদ সভে আঁখি।"-ভাগবত (নরহরি০)।

মোদা৩ [মোদ (দ্রঃ) + আ (ক্রিয়ায়)] ক্রি, আমোদ করা। ২ আমোদিত করা। বি, মোদ্দন-আনন্দ করণ। ২ আনন্দ দান ; আমোদন।

মোদামী-মুদামী দ্রঃ।

মোদিত [মুদ্ + ণিচ = মোদি (হর্ষ করান) + ত (র্ম্ম)] বিণ, আনন্দিত ; প্রফুল্ল ; হর্ষিত। "মোদিত হইল রম্ভা, দেখিয়া দর্পণ"-কবিক০। ২ সুবাসিত ; সৌরভময়। "মোদিত মৃদুবাসে উপবন ফুল্ল"-বৃত্রসংহার। ৩ [ভা০] বি, হর্ষ ; আনন্দ। ~স্ত্রীং ~া।

মোদী [মোদ + ইন (স্ত্য০) = মোদিন্ ১মা, ১ব০] বিণ, আনন্দযুক্ত ; আনন্দকারী। স্ত্রীং মোদিনী-বিণ, আনন্দিতা। ২ আনন্দদায়িনী।

মোদের-মো১ দ্রঃ।

মোদ্দা [আ০ মুদ্দাআ কথ্য বাং-য়] বি, সারাংশ ; তাৎপর্য্য। ২ অ, কিন্তু। ৩ মোটের উপর। মো০ কথা-মোট কথা।

মোনা [সং-মণি। স্থূলার্থে-মোনা শ্রীহট্ট০ প্রাদে০ 'মম্বু'] বি, ঢেঁকির মুসলের অগ্রভাগস্থিত লৌহদণ্ড ; ঢেঁকিতে সংলগ্ন মুদ্গার ; মুষল। "কন্দপে পরমানন্দ নারদের ঢেঁকী। আঁকশলী পোয়া মোনা গড়ে মেকামেকী॥"-অ০ ম০।

মোপ্লা [মা (মাতা) + পিল্লা (সন্তান) > মা-পিলা > মোপলা=মাতার সন্তান কারণ পিতা অজ্ঞাত] বি, দাক্ষিণাত্যের আরবী মালওয়ালী মুসলমান। সাধারণতঃ লাব্বা বলে (প্রবাসী, ১৩০৮)।

মোম [সং-মধু। ফা০মোম] বি, মধুথ ; শিক্থ wax. ~ঢাল, ~জামা-বি,

মোমলিপ্ত বস্ত্র wax cloth. "নানাচিত্র বসন উপরে মোম ঢাল"-ঘ°। ~বাতি-বি, চর্ব্বি মোম ই° দ্বারা প্রস্তুত বর্ত্তিকা। "এহেন উজ্জ্বল রাতি জ্বালি তবু মোমবাতি।" -অশোক°। "যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি।"-সদ্ভাবশতক।

মোমিন [আ°] বি, নৈষ্ঠিক বা গোঁড়া মুসলমান।

মো-মো₁ [মধু > মৌ > মো, ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব] বিণ, গন্ধে আমোদিত; মোহিত। প্র-গন্ধে মো মো কচ্চে। ২ [তুল -হিং মহক্ (মধু-মধু গন্ধ)। হিং 'মহমহ'। "চারু চমেলী বন রহী মহমহ মহ কি সুবাস।" -হরিশ্চন্দ্র] মধুগন্ধে আকৃষ্ট মৌমাছির ভন-ভনানি। **মো-মো করা,মঁ-মঁ করা**-মধুগন্ধে আমোদিত করা। ২ মধুগন্ধে আকৃষ্ট মক্ষিকাকুলের ভনভন করা।

মো-মো₂-অ, মো₂ দ্রঃ। ২ বলিদান কালে দেবীকে ভক্তিগদ্গদ ও ভয়বিহ্বল, জড়িতস্বরে মা-মা বলিয়া আহ্বানবাণী।

মোয়্-স, মোর; আমার। "আশা নৈরাশে দগধে তনু মোয়।"-বি° প°। ২ আমাকে। "কো তুঁহু বোলবি মোয়।"-রবী°।

মোয়া [মোআ দ্রঃ] বি, মোদক; মিঠাই; লাড়ু।

মোয়াজ্জি, মোয়াজী [ফা°। আদা°] বি, আদালতের কাগজপত্রে টাকার সম্বন্ধে যেরূপ 'মবলগ' শব্দ ব্যবহৃত হয়, মোট জমি অর্থে সেইরূপ মো° শব্দের ব্যবহার।

মোয়াড়, মুয়াড়, মোয়াড়া [মুণ্ড >হিং মূঁড়, > মুহড়, মুহরা > মুঅরা, মুঅড়া (মাথা)] বি, মাথা। ২ মোড়। ৩ সম্মুখ। **মোয়াড়া লওয়া**-ক্রি, মোকাবিলা করা। ২ সম্মুখ হইয়া লড়া।

মোয়ে(মৈয়ে)জাল [পূ° ব° প্রাদে°] বি, চুনা পুঁটি ই° ছোট মাছ ধরিবার জাল। খেয়াজালের মত ইহা লোহার কাঠির সহিত সূতা বাঁধিয়া তৈয়ার করা হয়। লম্বায় ৬।৭ হাতের কম ও চওড়ায় ২ হাতের বেশী নয় এমন বাঁশে বাঁধিয়া জাল ছোট খালের মধ্য দিয়া টানিয়া লইয়া যাওয়া হয়।

মোর, মোরি [হিং মেরা, মেরি, মোরা, মেরো, মেরে, মোরে > বাং বিভঃ বৈ° পদ° সা°] স, আমার। পৈঠল হিয় মাহা মোরি"-বি° প°।

মোরগ [ফা°মুর্গ্] বি, কুক্কুট। স্ত্রীং মুরগী। ~ফুল-বি,ময়ূর শিখা নামক পুষ্প।

মোরঙ্গি-ময়ূর দ্রঃ।

মোরচঙ্গ-মুরচঙ্গ দ্রঃ।

মোরচল,মোরছল [ময়ূরপুচ্ছ >, হিং] বি, ময়ূরপুচ্ছের সম্মার্জ্জনী। ২ ময়ূর-পুচ্ছের ব্যজনী।

মোরট [মুর্ (বেষ্টন করা) + অট] বি, লতাবিঃ। ২ অঙ্কোট পুষ্প। ৩ ইক্ষু মূল; আকের গোড়া। ~া-বি, মূর্ব্বালতা।

মোরব্বা [আ° মুরব্বা] বি, চিনির রসে পাক করা আম্র, বেল,আপেল ই° ফল।

মোর্ঙ/ঙ্গা [যশো°, খুলনা প্রাদে°] বি, লবণ প্রস্তুত করিবার জন্য ভাণ্ড।~ঙ্গী-বিণ, উক্তপাত্রে লবণ প্রস্তুতকারী

মোলান-মৃণাল দ্রঃ।

মোলানি-মূলান দ্রঃ।

মোলাম, মোলায়েম, মোলায়েম [আ-মুলাইম্] বিণ, কোমল ও মসৃণ।

মোলাহেজা [আ°মুলাহ্জা] বি, পরীক্ষা; পরিদর্শন: দেখা। ২ বিচার।

মোল্লা [তুর্কী° মুল্লা] বি, মুসলমান মহাপণ্ডিত। ২ মুসলমান ধর্ম্মযাজক। "মোল্লা পড়ায় নিকা দান পায় সিকা সিকা। দোয়া করে কলমা পড়িয়া।"-কবিক°। ৩ মুসলমান বিচারপতি। "অবশেষে মোল্লা ভ্রাতাদের জন্য একটি হাদিস পেশ করিতেছি। "-সৈয়দ ই° হোসেন শিরাজী, সম্মিলনী, ১৩৩৪। **মোল্লার দৌড় মস্‌জিদ পর্য্যন্ত** [মোল্লা দ্রঃ] মোল্লার কাজ মস্‌জিদে নেমাজ পড়া ও পড়ান সুতরাং মস্‌জিদের খবরই তাঁর ভাল রকম জানা থাকে তিনি বাহিরের খবর রাখেন না। > যে যা কাজ করে সেই পর্য্যন্তই তার জ্ঞানের সীমা।

মোশন [ইং motion এর লিপ্যন্তর। আদা°] বি, নিম্ন আদালতের রায়ের বিরুদ্ধে উচ্চতর আদালতে আবেদন বা আপীল।

মোশারি, মোশরি [চ° ক° ভা°] বি, মশারি।

মোষ [সং-মহিষ > ক্ষে°] বি, মহিষ। "নিতি নিতি করে পূজা, দিয়ে মেষ মোষ অজা, রাজ্যে হল গোয়ালা প্রবল।"-ঘ°।

মোষণ [মুষ্ (চুরি করা) + অন (ভা°)] বি, চৌর্য্য; লুণ্ঠন। "পথিকের করে সর্ব্বস্ব মো°"-স্কং°। ২ অজ্ঞাতসারে বা কৌশলে শোষণ। "প্রতারণা দ্বারা প্রজাগণের ধন মোষণ বা বলপূর্ব্বক তাহা অপহরণ, * * এ সকলের নামমাত্রও ছিল না।"-মহা° (সভা°)। বিণ, **মোষক**-লুণ্ঠক। ২ বি, তস্কর; চোর।

মোসড়ানি [মুসড়ান দ্রঃ। হিং মুর্ঝানা] ক্রি, মুসড়াইয়া যাওয়া বা ম্লান হওয়া; ভগ্নোদ্যম হওয়া; হতাশাস হওয়া।

মোসম্মৎ (-ম্মাৎ) মুসম্মৎ দ্রঃ।

মোসলেম-মুসলিম দ্রঃ।

মোসাহারা [ফা° মোশাহ্রা] বি, মাসহারা; মাসিক অর্থ সাহায্য। "গিন্নী? হাঁ হাঁ, বসে মোসাহারা লবেন কোমল করে কভু সয় কি বাটনা বাটা?"-রজনী সেন।

মোসা/হেব [আ° মুসাহিব্] বি, তোষামোদকারী পার্শ্বচর; মনস্তুষ্টিকারী। "দীনু ঘোষাল জ্যোতি বাবুর পিতৃব্য মহাশয়ের একজন মোসাহেব।"-ভারতী, ১৩২০। **~হেবী** [মোসাহেব + ই (বৃত্তি অর্থে)] বি, মনস্তুষ্টি সাধন; খোসামোদী।

মোস্তাকিম-মুস্তাকিম দ্রঃ।

মোস্তাজির, মুস্তাজের [আ° মুস্তাজির] বি, ঠিকাদার contractor. ২ [সাঁওতাল পরগণায়] "প্রত্যেক গ্রামে একজন প্রধান বহাল আছে, এই প্রধান গবর্ণমেণ্ট স্বয়ং নিযুক্ত করেন। ইহার স্থানীয় নাম "মোস্তাজির" এই মোস্তাজিরই গ্রামের সর্ব্বেসর্ব্বা, নূতন প্রজাপত্তন, খাজনা আদায়, সীমা নিষ্পত্তি করণ প্রভৃতি দেওয়ানী কার্য্য বিধির যাবতীয় কার্য্য এই মোস্তাজিরকেই সম্পন্ন করিতে হয়; জমিদারের ইহার নিকট হইতে কিস্তিকিস্তি খাজনা প্রাপ্তি ভিন্ন প্রজাবর্গের সহিত সাক্ষাৎ সম্বন্ধে কোনই সংস্রব নাই। এক কথায় এই প্রতাপশালী মোস্তাজির

মহাশয়ই প্রজাগণের 'মাইবাপ'।"-প্রবাসী, ৭ম সংখ্যা, ৪র্থ ভাগ। ৩ ইজারাদার lessee.

মোস্তায়েদ [আ° মুস্তায়েদ্] বিণ, উদ্যত।

মোহ [মুহ্ (মুগ্ধ হওয়া) + অ (ভা°)] বি, ষড়্‌রিপুর মধ্যে ৪র্থ রিপু; দেহে আত্মাভিমান বুদ্ধি। ২ অবিদ্যা। ৩ দুঃখ। ৪ অজ্ঞতা; মূর্খতা। ৫ মমতা; মমত্ববুদ্ধিজনিত দুঃখ। "নাতিনীর মোহে বড়াই মনে বিমরিষে॥"-শ্রী° কী°। "কান্দে বীর ফুল্লরার মোহে।"-কবিক°। ৬ মুগ্ধতা। ৭ অচৈতন্য; মূর্চ্ছা। ~**কর**-বিণ, মুগ্ধকর; মোহিতকারী; মোহন। "মানস মোহকর মহীরুহ রাজী" -হেম°। ~**কূপ**-বি, অজ্ঞানতারূপ কূপ। "একই কলেবর হইলা হরিহর বুঝিতে প্রেম পরিচ্ছেদ। যে জানে দুইরূপে সে মজে মোহকূপে ভারতে নাই এই খেদ॥"-অ° ম°। ~**ঘোর**-বি, মোহরূপ অন্ধকার; মায়া-হেতু ভ্রান্তি। ~**তিমির**-মোহান্ধকার; মায়ারূপ আঁধার। ~**নিদ্রা**-বি, মোহের ঘোর; অজ্ঞান আঁধার। ~**নির্রসন**-বি, মোহত্যাগ; মায়া অপসারণ; আত্মাভিমান বুদ্ধি বর্জ্জন। ~**বন্ধ**, -**বন্ধন**-বি, মায়ার বাঁধন। "মোহবন্ধ ছিন্ন কর কঠিন আঘাতে"-রু°। ~**মদ**-বি, অজ্ঞতা-হেতু দম্ভ; অবিদ্যাজনিত অহঙ্কার। ~**মন্ত্র**-বি, মোহপ্রাপ্ত বা মোহের বশীভূত করিবার মন্ত্র। ~**ময়**-বিণ, মায়াচ্ছন্ন। "মোহময় সংসারে থেকে আমি কেমন করে পাইব তোমায়"-ঐ। ~**মুগ্ধ**-বিণ, অবিদ্যাজনিত মোহপ্রাপ্ত; মায়াঘোরে আচ্ছন্ন। ~**মুদ্গর**-বি, শঙ্করাচার্য্য প্রণীত মোহ নিরসনকারী উপদেশমালা।

মোহআ [হি° মোহনবা >] বিণ, মোহনকারী। "দেহারদেব [দেবের দেব মহাদেব] মোহআঁ কলাহিলোঁ [বশীভূত হইলাম] আসিআঁ।"-শ্রী° কী°।

মোহড়া [মুখ > মুহ্ > মো + আড়া (হি° বাংলা, স্বার্থে)] বি, মুখপাত; সম্মুখ। ২ পক্ষি-শীর্ষ; মোড়ের মাথা। "এই পথের মোহড়ায় যে তোরণ আছে, তাহার নাম ইণ্ডিয়া তোরণ"-প্রবাসী,১৩২০। ৩ আরম্ভ; মুখ। "গরম মেজাজের প্রথম মোহড়াতেই সেই দেবতা গিয়া দর্শন দিয়া ঐ কথা বলিলেন"-সীতারাম (বঙ্কিম°)।

মোহন [মুহ্ + ণিচ্=মোহি (মুগ্ধ করান) + অন (র্তৃ, ভা°)] বি, কন্দর্পের সম্মোহন বাণ। ২ মুগ্ধকরণ। "মোহন করিতে চান মহেশের মতি।"-শি°। ৩ ধুস্তুরবৃক্ষ। ৪ বিণ, মোহজনক; মোহকর; মুগ্ধকারক। "মো° চিকণ কালা নানা ফুলে বনমালা কিবা মনোহর তরুবর গুঞ্জা ফলে।" -ভারত। ৫ [-+অন(ণে)] সুরত। ৬ নাটমন্দির। "মন্দিরের গর্ভগৃহ ও মো° এখনও ঐ ভূগর্ভে বর্ত্তমান"-ভারতভ্রমণ, (রক্ষিত°)। স্ত্রী° মোহনা, মোহিনী-একজাতীয় যন্ত্রী। ২ নর্ত্তকী। ৩ মোহিনী (দ্রঃ)। ~**চূড়া**-বি, শ্রীকৃষ্ণের নয়নরঞ্জন শিখা। ~**ভোগ** [হি° হালুআ] বি, সুজি, ঘী, চিনি ও মেওয়া দ্বারা প্রস্তুত মিষ্টান্নবিঃ। ~**মালা**-সুবর্ণহারবিঃ।

মোহনা, মোহানা [হি° মোহান] বি, জলাশয়াদির জল গমনাগমনের মুখ mouth; outlet. "মোহনা বাহিয়া সাধু করি ত্বরাত্বরি"-কবিক°। "খুলে যায় প্রাণের মোহানা আসে সুখ বন্যা তোল পাড় করি"-অশোক°।

মোহনিয়া [মোহন (দ্রঃ) + ইয়া (কারী এই অর্থে)] বিণ, মোহজনক; মুগ্ধকারক। "সখিরে, ঝলকিয়া অলকেরে চামেলি ও বকুলে. উজলিআ দেলো মোরে মো° দুকুলে।"-অপূর্ব্ব ব্রজাঙ্গনা।

মোহম্মদ-মহম্মদ দ্রঃ।

মোহর১ [হি°। > প্রা° বাং। সপ্তম্যকৃত মহা°] স, মোর; আমার। "হাহা রাম রমণ মো° নিজ নাহ।"-অনন্ত রামা°। "আইস বাছা কূর্ম্মরাজ থাক মো° দিঠে।"-শূ° পু°। "কি বুঝ পণ্ডিত তুমি মো° বিধানে" -চৈ° ভা°।

মোহর২ [ফা°] বি, শীলমোহর; ছাপ। "ও নহে কলঙ্ক অই প্রেমের মোহর।"-কুঙ্কুম। ২ স্বর্ণমুদ্রাবিঃ।

মোহরির, -রের-বি, মুহুরী১ দ্রঃ।

মোহরী-মুহুরী২ দ্রঃ।

মোহা [হি° মোহনা। মোহ (দ্রঃ) + আ। মোহি, মোহে। অস-ক্রি-মোহিতে; মোহিয়া, মোহিয়ে, মোহি, মোহে] ক্রি, মোহিত করা; মুগ্ধ করা। "হা কীর্ত্তি মৃদুভাষিণি! কি ভুলে ভুলালে। ** মোহিয়ে মধুর রবে বিপাকে ফেলিলে।"-গান। ২ মোহিত হওয়া; মোহপ্রাপ্ত হওয়া। "যে দেখে সে মোহে।"-চৈ° চ°।

মোহাড়া [হি° মুহরা (মুখ) >] বি, অগ্রভাগ; সম্মুখভাগ; মোড় frontage, road frontage. প্র-রাস্তার মো° আগুলিয়া বসিয়া আছে।

মোহান [প্রা° মোআন, মোয়ান] বি, মুখ; নদী পুষ্করিণী প্রভৃতির জল নির্গমনের মুখ। "মধ্যখানে খানিক খসায়ে দিল চালা। দক্ষিণ মোহান হৈল জল যেতে নালা।"-শি°।

মোহানা-মোহনা দ্রঃ।

মোহান্ত [মোহ + অন্ত(যার,বহু°), যার মোহের অন্ত হইয়াছে। দ্রং মোহন্ত] বি, বিগতমোহ ব্যক্তি। ২ সন্ন্যাসী; বৈরাগী। ৩ মঠাধ্যক্ষ সাধু।

মোহাফিজ (-ফেজ) [আ° মুহাফীজ্] বি, যে অপিস আদালতাদির কাগজপত্র রক্ষা করে record keeper. ~**খানা** [ফা° খানা] বি, যে বিভাগে বা গৃহে আদালতের নথিপত্র দলিল বা দপ্তরের কাগজপত্র রক্ষিত হয় record room.

মোহি [মৈ° পদ° সা°] স, আমাকে। "পুনহি মোহি দেল"-বি° প°।

মোহিঅ [সং-মোহা > প্রা° বাং প্রাকৃ°] ক্রি, মোহিত করে (দো° ৯৫)।

মোহিত [মোহ + ইত (যুক্তার্থে)] বিণ, মোহপ্রাপ্ত; মুগ্ধ। "নানাজাতি ফুলে ফুল যাহে মত্ত অলিকুল যার গন্ধে মদন মো°" -অ° ম°। স্ত্রী° ~া।

মোহিনী [মোহ + ইন্ (স্ত্য°)= মোহিন্ + ঈ(স্ত্রী°)] বিণ, মোহকারিণী; মুগ্ধকারিণী; পরমাসুন্দরী। "শতেক রাজার ধন আভরণ অঙ্গে। মো° হইয়া ভ্রম কেহ নাহি সঙ্গে।"-কবিক°। ২ সমুদ্র মন্থনকালে নারায়ণ অসুরগণকে অমৃত হতে বঞ্চিত করিবার জন্য যে অপূর্ব্ব সৌন্দর্য্যময়ী নারীমূর্ত্তি

ধারণ করিয়াছিলেন। ৩ সম্মোহন বিদ্যা। "কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান।" -চণ্ডি॰। ৪ বি, নর্ত্তকী। ~বিদ্যা-বি, তন্ত্রোক্ত বিদ্যাবিঃ। "মো॰ বিদ্যার সবে মোহিত করিবে।"-অ॰ ম॰।

মোহী [মুহ্ (মুগ্ধ করা)+ইন (র্ত্তৃ)= মোহিন্ ১মা, ১ব॰] বিণ, অচৈতন্য ; মূর্চ্ছিত ; মোহপ্রাপ্ত। ২ [মুহ্+ণিচ্=মোহি+ইন্] মোহকারক।

মোহে১ [ব্রজ॰। আমি দ্রঃ। তুল-হিং হমে। ওড়ি॰ মোতে] স, আমাকে ; আমায়। "সুন্দরি কাহে মোহে সম্ভাষি না যাসি" -বি॰প॰।

মোহে২ [নামধাতু। মোহএ >] ক্রি, মোহিত বা মুগ্ধ করে। ২ ক্রি-বিণ, মোহদ্বারা।

মোহো [মোহ (দ্রঃ) > প্রা॰ বাং মোহো] বি, মোহ। "ডাক সুনী মোহো পাএ এ তীন ভুবন॥"-শ্রী॰কী॰। মোহো গেলা -ক্রি, মোহপ্রাপ্ত হইল ; মূর্চ্ছিত হইল। ২ বিমুগ্ধ হইল। "তোর রূপে মোহো গেলা ত্রিদশের রাজা।"-শ্রী॰ কী॰।

মোহোর [প্রা॰ বাং। গ্রা॰ হিং মোহার, মোহর্] স, আমার। "সভাপতি অগ্রেতে মো॰ প্রণতি।"-মহা॰ (শ্রীকর॰)।

মৌ [সং-মধু > প্রাকৃ॰ মহু >] বি, মকরন্দ ; পুষ্পরস ; মধু। "কলসী রাখিয়া রামা পিয়ে পুষ্প মৌ।"-ঘ॰। ~আলু-মউ-আলু দ্রঃ। ~কঁলস [প্রা॰ বাং] বি, বাদ্যবিঃ। "বাজ দল মৌকলস আজান সিঅলি।"-শূ॰ পু॰।

মৌকুফ [আ॰ মৌকুফ্। গ্রা॰ মকুব (প, ফ)] বিণ, রহিত। ২ বি, নিষ্কৃতি ; অব্যাহতি ; ছাড়। বিণ, মৌকুফি। মৌকুফি খাজনা [জমি॰ পরিঃ] যে কর রহিত করা হইয়াছে ; হাজত রাখা খাজনা revenue or rent held in abeyance.

মৌক্তিক [মুক্তা+ইক (স্বার্থে)] বি, মুক্তা; মোতি। "ইন্দুমুখে মন্দ মন্দ ঘর্ম্মবিন্দু সাজে। মৌক্তিকের পঙ্‌ক্তি যেন বিদ্যুতের মাঝে।"-শি॰।

মৌখ [মুখ+অ (সম্বন্ধার্থে)] বিণ, মুখ সম্বন্ধীয়। ২ মৌখিক।

মৌখরি-মুখর২ দ্রঃ।

মৌখর্য্য [মুখর+য (ভা॰)] বি, মুখরতা।

মৌখিক [মুখ+ইক (স্বার্থে)] বিণ, কাল্পনিক ; বাহ্যিক (আন্তরিক নহে)। ২ [সম্বন্ধার্থে-ইক] মুখ সম্বন্ধীয়। ~বন্ধু-কৃত্রিমবন্ধু। ~ভক্তি-বি, যে শ্রদ্ধা আন্তরিক নহে ; কৃত্রিম ভক্তি।

মৌগ্ধ্য [মুগ্ধ+য (ভা॰)] বি, মুগ্ধতা।

মৌচাক [মধুচক্র >] বি, মধুচক্র ; মৌমাছি সংগৃহীত পুষ্পমধুর ভাণ্ডার।

মৌচুষকী [মৌ (মধু) চুষকী (চোষক) >] বিণ, যে মধু চুষিয়া খায়। ২ পাখীবিঃ। "একটা ছোট গাঢ় সবুজ রঙের 'মৌচুষ্‌কী' পাখী সরু লম্বা বাঁকা নীল চক্‌চকে ঠোঁট ফুলের বুকে বসাইয়া বসাইয়া মধু ও পোকা খাইয়া বেড়াইতেছিল" -চোরকাঁটা।

মৌছুক [আ॰ মজ্‌কুর্ > ভ্রং] বি, উপরিলিখিত ; পূর্ব্বোক্ত aforesaid, (সম্মানার্থে কোন ব্যক্তির উল্লেখ স্থলে দলিলে ব্যবহৃত হয়)।

মৌজ [আ॰ মৌজ্] বি, তরঙ্গ ; ঢেউ। ২ খেয়াল।

মৌজা১ [আ মৌজাআ॰] বি, গ্রাম। ~দার-বি, মৌজার অধিকারী।

মৌজা২ [ফা॰ মৌজাহ্] বি, ঢেউ ; তরঙ্গ।

মৌজুদ [আ॰ মৌজুদ্] বিণ, বর্ত্তমান ; উপস্থিত। ২ প্রস্তুত। ৩ সঞ্চিত।

মৌঞ্জী [মুঞ্জ (শর)+অ+ঈ (স্ত্রীং)] বি, মুঞ্জ নামক তৃণ-নির্ম্মিত মেখলা। ~বন্ধ, ~বন্ধন-বি, উপনয়ন সংস্কার কালে মুঞ্জতৃণ নির্ম্মিত মেখলাবন্ধন। ২ উপনয়ন।

মৌটুস্‌কি [গ্রা॰। মৌ (মধু)-টুস্‌কি (টুস্কি দ্রঃ), যে নারীর মুখের কথা মধুর মত টুস টুস করিয়া ক্ষরিত হয়। তুল-মুখের মধু, মুখের মিষ্টি। তুল-মৌচুষকী] বিণ, যে স্ত্রীর মুখ দিয়া মধু ক্ষরিত হয় ; মধুমুখী ; অন্তরে যাই থাকুক বাহিরে যে মধুরভাষিণী ; মুড়কীমুখী (দ্রঃ)।

মৌড় [সং-মুকুট >] বি, মুকুট ; টোপর। "মালী বৈসে গুজরাটে মালঞ্চে সদাই খাটে মালা মৌড় গড়ে ফুল ঘর।"-কবিক॰। ২ চূড়া।

মৌড়্‌লা [সং-মৌলি। হিং মুড়লা] বি, চূড়া। "মাথায় বসন দিল রতন মৌ॰"-ঘ॰। ২ পাগড়ী।

মৌঢ্য [মূঢ়+য (ষ্ণ্য-ভা॰)] মূঢ়তা ; মূর্খতা।

মৌত [আ॰ মৌত্] বি, মৃত্যু।

মৌতাত(ৎ) [সং-মত্ততা > (বা॰ শ॰ কো॰)। বা হিং মত্তত্ব >] (পূর্ব্বাভ্যাসে ফিরিয়া আসা)] বি, নেশাখোর প্রত্যহ যে সময় নেশা করিতে অভ্যস্ত হয়, ঠিক সেই সময় উপস্থিত হলে পুনরায় নেশা করিবার জন্য তার অস্থিরতা ও আগ্রহ জন্মে। তখন নেশা করিতে পাইলে তার দেহ মন সুস্থ হয়। নেশা করিবার অস্বাভাবিক স্পৃহা বা ক্ষুধার নাম মৌতাৎ। ২ মাদকের নেশা। "সে এতক্ষণ মৌতাৎ চড়িয়ে বসে আছে।" মৌ॰ চড়ানি -অভ্যাস মত যথা সময়ে মাদক সেবন বা নেশা করা। মৌ॰ ধরা-ক্রি, দেহে মাদকের কার্য্য আরম্ভ হওয়া। মৌ॰ লাগা-ক্রি, অভ্যস্ত সময়ে নেশা করিবার ক্ষুধা হওয়া।

মৌদগল্য [মুদ্গল (মুনিবিঃ)+য (অপত্যার্থে)। পা॰ মোগ্‌গল্ল] বি, মুদ্গল মুনির পুত্র বা বংশ।

মৌন১ [নাট্য শা॰। অঙ্গাভিনয়ে] বি, ব্রীড়াব্যঞ্জক নীরবতা modest silence (অভিনয় দর্পণ, নন্দিকেশ্বর)।

মৌন২ [মুনি+অ (ভা॰)] বিণ, নীরব। "মৌন কর বাসনার নিত্য নব নব নিষ্ফল বিলাপ ; হের মৌন নভস্তল, ছায়াচ্ছন্ন মৌন বন, মৌন জলস্থল স্তম্ভিত বিষাদে নম্র!" -চয়নিকা। ~তুণ্ড-বিণ, নির্ব্বাক্ ; মৌন-মুখ। "মৌনতুণ্ড হেঁটমুণ্ড দক্ষ মৃত্যু জানিছে।" -অ॰ ম॰। ~ভঙ্গ-বি, তুষ্ণীম্ভাব ত্যাগ ; কথা বলা। ~ভাব-বি, বাক্‌সংযমের অবস্থা;

বাক্য বন্ধ করিয়া থাকার ভাব। ~ব্রত-বাক্‌সংযম ব্রত। > বিণ,~ব্রতী-বাক্‌সংযম ব্রতধারী ; নির্ব্বাক্। ~মূর্ত্তি-বি, নির্ব্বাক্ প্রতিমা। "স্তব্ধ মৌনমূর্ত্তির দিকে তাকাইয়া ঘর ছাড়িয়া চলিয়া গেলেন।" -উত্তরা, পৌষ, ১৩৩৩। ~স্বভাব-বিণ, মৌন প্রকৃতিবিশিষ্ট।

মৌনাবলম্বন [মৌন+অবলম্বন] বি, মৌনভাব ধারণ ; তুষ্ণীম্ ভাবে অবস্থান ; নীরব হওন। "মল ও মূত্রত্যাগ সময়ে, মৈথুনে, দন্তধাবনে, স্নানে এবং ভোজনকালে মৌ° করিবে।"-মনু°। বিণ, মৌনাবলম্বী-বাক্‌সংযম ব্রতধারী ; মৌনব্রতী। >স্ত্রীং মৌনাবলম্বিনী।

মৌনী [মৌন+ইন্ (স্ত্যং°)=মৌনিন্ ১মা, ১ব°] বি, মৌনব্রতাবলম্বী মুনি। ২ বিণ, বাক্‌সংযম ব্রতধারী ; মৌনব্রতী। [বাক্‌শক্তি থাকিতে নির্ব্বাক্ বা বাক্ সংযতকে মৌনী বলে। বাক্‌শক্তিহীনতাহেতু নির্ব্বাক্‌কে মূক (বোবা) বলে]।

মৌমাছি [মধু > মৌ + মাছি (>মক্ষিকা)] বি, মধুমক্ষিকা।

মৌর-ময়ূর দ্রঃ।

মৌরলা-মউরলা দ্রঃ।

মৌরিসী, মৌরুসী,~সি [আ° মউরূস (উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তি) > ফা° মউরূসী] বিণ, পৈতৃক ; পুরুষানুক্রমিক। ~পাট্টা-বি, পুরুষানুক্রমে ভোগদখল করিবার স্বত্ব দানকারী দলীল। মৌর(রু)সী মোকররী-বিণ, চিরস্থায়ী ও পুরুষানুক্রমে ভোগদখলোপযোগী permanent & hereditary (tenure).

মৌরী[সং-মধুরিকা > মধুরি > মহুরী > মৌরী] বি, মউরী নামক ধান্য জাতীয় শস্য aniseed.

মৌরুস [আ°] বি, পৈতৃক সম্পত্তি ancestral property. ২ [আদা°, জমিদারী পরিঃ] ভোগদখল ও দান বিক্রয়ের স্বত্বযুক্ত স্থায়ী ভূসম্পত্তি।

মৌর্খ্য [মূর্খ+য (ভা°)] বি, মূঢ়তা ; মূর্খতা।

মৌর্ব্বী [মূর্ব্বা (মুরগা গাছ)+অ (তস্য ইদম্ অর্থে) +ঈ (স্ত্রীং)] বি, ধনুকের ছিলা ; জ্যা। ২ বিণ, মূর্ব্বাতৃণ সম্বন্ধীয়।

মৌর্য্য [মুরা (জনৈকা নাপিত-কন্যা)+য (অপত্যার্থে ক্য)] বি, মুরার গর্ভজাত সন্তান ; সম্রাট চন্দ্রগুপ্ত। ~বংশ-মুরার পুত্র সম্রাট চন্দ্রগুপ্তের বংশ (মুরা দ্রঃ)।

মৌল [মূল+অ (জ্ঞা°)] বি, মুকুল। ২ মহুয়া। ৩ মোড়ল। ৪ ছাঁচ model. ৫ বলাধ্যক্ষ ; ৬ বিণ, মূল হতে আগত। রাজার নিজ সৈন্য চালক।

মৌলবী [ফা°] বি, মুসলমান অধ্যাপক।

মৌলা, [প্রাদে°] বি, দরমা। ২ তাল খেজুর ই° রসের গাছ। ৩ [খুলনা, ঢাকা ই° অঞ্চলে] মাদুর mat.

মৌলা, [ফা°] বি, ঈশ্বর। ২ প্রভু।

মৌলানা [ফা° > প্রা° বাং প্রা° মল্লনা। প্রা° 'মোলনা' ও°। "নারদ হইলা শেখ, পুরন্দর হইলা মল্লনা"-শূ° পু°] বি, মুসলমান পণ্ডিতের সম্মানিত উপাধি।

মৌলি(লী) [মূল+ই (ক্তি)] বি, শিখা ; চূড়া ; মুকুট ; কিরীট। ২ শীর্ষ ; মস্তক। ৩ খোঁপা। ৪ অশোক বৃক্ষ। ৫ অগ্রভাগ।

মৌলি(লী), [সং] বি, ধরিত্রী ; ভূমি।

মৌলিক [মূল+ইক (সম্বন্ধার্থে)] বিণ, মূল সম্বন্ধীয় ; মূলীভূত। ২ [রাসা° পরিঃ] মূল ; আদ্য ; প্রধান prime ; fundamental. ৩ ধাতুগত। প্র-মৌ° অর্থ। ৪ বংশজ ; অকুলীন। "কাল মাছি কুলীন করিহ তার মান। মৌলিকের মধ্যে যায় তায় দিয় স্থান॥" -শি°। ৫ আদি ; মূল। ৬ সাধারণ সৈন্য ও গ্রামবল সংখ্যসূচক উপাধিবিঃ। বি, ~তা (-র্ক-), ~ত্ব (-র্ক-)। মৌ° অর্থ-বি, ধাতুগত অর্থ। "সভ্যতা শব্দের * * মৌলিক অর্থ সেরূপ নয়"-ইন্দ্রনাথ বন্দ্যো°। ~পদার্থ [রাসা° পরিঃ] বি, মূল element.

মৌলিন্য [মূল+ইন্ (মূল হতে উৎপন্ন) +অ (ভা°)। তুল-কুল+ঈন (জাতার্থে)+অ (ভা°)=কৌলীন্য] বি, মৌলিকতা originality. "ইংরেজি ইস্কুলে এত দীর্ঘকাল দাগা বুলাইয়া কেন আমরা কোন বিষয়ে জোরের সঙ্গে মৌলিন্য প্রকাশ করিতে পারিলাম না। এই প্রশ্ন আমাদের মনে উঠিয়াছে।" "কাজেই জ্ঞানের ও ভাবের কারবারে নিজের পরেই ইহাদের ভরসা। এই ভরসা না থাকিলে মৌলিন্য কিছুতেই থাকিতে পারে না।" -রবী° (প্রবাসী, ১৩২)।

মৌলিম্-বি, নাখোদা ; অধ্যক্ষের নিম্নে জাহাজের প্রধান পরিচালক। নক্ষত্র দেখিয়া স্থান কাল ও দিক্ নির্ণয় জলের মাপ ই° বিষয়ে তাঁহার অভিজ্ঞতা থাকিত।

মৌলিয়া, মৌলে [প্রাদে° (সুন্দরবন অঞ্চলে)] বিণ, পুষ্প মধু ও মোম সংগ্রহকারী।

মৌলিল [মউল দ্রঃ। প্রা° বাং] বিণ, মুকুলিত হইল। "নানা তরুবর মৌলিলরে" -বৌ° গান ও দোহা° (শাস্ত্রী)।

মৌলী [সং মৌলিন্ >] বিণ, মুকুটধারী।

মৌষল [মুষল+অ (সম্বন্ধার্থে)] বিণ, মুষল সম্বন্ধীয়। ২ মুষল সদৃশ। ৩ বি, মহাভারতান্তর্গত ষোড়শ পর্ব্ব।

মৌসুম,-বায়ু [ফা° মৌসিম (সময়, ঋতু)। আ° মৌসিম] বি, প্রাবৃট্ বায়ু ; বায়ব্য বায়ু ; কালবাত monsoon. বিণ, মৌসুমি,-মী।

মৌহারী [প্রা° বাং। মোহুরি ও° (সঞ্জয়° মহা°, বিরাটপর্ব্ব)] বি, বংশীভেদ। "হাতে মৌহারী বাঁশী"-শ্রী° কী°।

মৌহূর্ত্ত [মুহূর্ত্ত+অ (জাতার্থে)] বি, জ্যোতির্ব্বিদ্ ; দৈবজ্ঞ। বিণ, মৌহূর্ত্তিক-জ্যোতিঃশাস্ত্রবিৎ।

ম্যাও-মেও দ্রঃ।

ম্যাগাজিন [ইং magazine এর লিপ্যন্তর ("a periodical publication embracing some of the charateristics of the news paper and the review, but containing more miscellaneous matter, as poetry tales &c.")] বি, বিশেষ ঘটনার আলোচনা, সমালোচনা, গল্প, কবিতা ই° বিবিধ বিষয়ক সাময়িক পত্রিকা। ২ অস্ত্র-শস্ত্রাগার।

ম্যাঙ্গানিজ-মেঙ্গানিজ দ্রঃ।

ম্যাচ [ইং match এর লিপ্যন্তর] বি, দুই দলে হার জিতের খেলা।

ম্যাচ, মাচিস্ [ইং matches এর লিপ্যন্তর] বি, দিয়াকাঠি; দিয়াশলাই। ~**বাক্স** [ইং match-box এর লিপ্যন্তর] বি, দিয়াশলাইয়ের বাক্সো।

ম্যাজম্যাজ [মৃদু > ম্যাজ্। ভাবার্থে দ্বিত্ব। হি॰ মধ্যিম্। অসমীয়া ভাষায়-মিজিং মাজাং। গ্রা॰] বি, মৃদু মৃদু ভাব; টিস্‌টিস্; মাটি মাটি। প্র-গা ম্যাজ ম্যাজ করা। বিণ, ম্যাজ্‌মেজে-মন্থর; টিসটিসে sluggish.

ম্যাজিষ্ট্রেট, ম্যাজেষ্টার্ [ইং magistrate এর লিপ্যন্তর] বি, ফৌজদারী মকদ্দমার বিচারক; শাসনকর্ত্তা।

ম্যাজেণ্টা [ইং magenta. গ্রা॰ ম্যাজেণ্ডার, ম্যাজেণ্টার] বি, ঘোর রক্তবর্ণ চূর্ণবিঃ; কৃত্রিম ঘোর লাল রঙ্গ।

ম্যাটম্যাট [মাটি-মাটি > মেটে-মেটে >] অ, মৃত্তিকা বর্ণাভার্থে; দীপ্তিহীন; নিষ্প্রভ। ম্যাড়ম্যাড় দ্রঃ।

ম্যাড়ম্যাড় [মলিন-মলিন > বিকারে। ল=ড়, অথবা ম্যাটম্যাট (দ্রঃ) > । তুল- মিটমিট। > মিড়মিড়। (দীপ পক্ষে)] অ, মলিন; আভাহীন; দীপ্তিশূন্য। বিণ, মেড়মেড়ে, ম্যাড়মেড়িয়া।

ম্যাণ্ডারিন্ [পর্ত্তু॰ mandarim > ইং mandarin এর লিপ্যন্তর। সং-"মন্ত্রিন্", ম্যালেয়ান "মান্ত্রী"] বি, চীন দেশীয় উচ্চপদস্থ রাজকর্ম্মচারী। "সুশিক্ষিত ম্যাণ্ডারিন্‌গণ দ্বারা শাসনকার্য্য পরিচালিত হওয়ায় চীনের সমাজ ব্যবস্থা প্লেটোর আদেশানুযায়ী বলিয়া মনে হয়"-মানসী ও মর্ম্মবাণী, ১৩২৩, পৌষ।

ম্যাদ [মিয়াদ দ্রঃ] বি, মিয়াদ; কয়েদ; জেল। "নির্দ্দোষী লংকে ধরে একটা মাস ম্যাদ দিয়েছে।"-গান।

ম্যানেজার [ইং manager এর লিপ্যন্তর] বি, অধ্যক্ষ; কর্ত্তা।

ম্যাপ, মেপ [ইং map এর লিপ্যন্তর] বি, ভূগোল বা ভূখণ্ডের পরিমাণ ও অবস্থান নির্ণায়ক চিত্র; খগোলের বা আকাশের কোন অংশের গ্রহ নক্ষত্রাদির অবস্থান নির্ণায়ক চিত্র।

ম্যারাপ-মেহরাব দ্রঃ।

ম্যালেরিয়া [ইং malaria] বি, কম্পজ্বরবিঃ।

ম্রক্ষণ [ম্রক্ষ্ (মাখা)+অন (ভা॰)] বি, মাখা; এক দ্রব্যের সহিত অন্যদ্রব্য মিশ্রণ; মিশান। ২ [-+অন (ণে)] যদ্দ্বারা ম্রক্ষণ করা হয়; তৈল। ৩ লেপন।

ম্রগো-মৃগ দ্রঃ।

ম্রদিমা [মৃদু (কোমল)+ইমন্ (ভা॰)= ম্রদিমন্ ১মা, ১ব॰] বি, মৃদুত্ব।

ম্রিয়মাণ [মৃ (মরা)+আন (র্ত্তৃ)] বিণ, মৃতপ্রায়; মৃতকল্প। অবসাদগ্রস্ত; অবসন্ন। ২ দুঃখিত; বিষণ্ণ। "হেরিনি প্রেম-বয়ান দরশন দাও হে দাও কাঁদে হৃদয় ম্রি॰।" -রবী॰। স্ত্রীং ~া।

ম্লান [ম্লৈ (কান্তিক্ষয় পাওয়া)+ত (র্ত্তৃ), ত=ন] বিণ, বিশীর্ণ। ২ মলিন। ৩ বিষণ্ণ; স্ফূর্ত্তিহীন। ৪ অপ্রসন্ন। ৫ দীপ্তিহীন; নিষ্প্রভ। ৬ শ্রান্ত; দুর্ব্বল। বি, ম্লানি, ম্লানিমা-মালিন্য। ২ বিষণ্ণতা। ~**চ্ছায়া** [ম্লান+ছায়া] বি, মলিন ছবি বা দৃশ্য। ২ বিষাদ রেখা; কালিমা। "সংসারে একটা ম্লানচ্ছায়া পড়িয়াছে।"-উত্তরা, পৌষ, '৩৩। ~**দৃশ্য**-বি, মলিন দৃশ্য; বিষাদ বা শোকদৃশ্য। ~**মুখ**-বি, মলিন বদন; বিষণ্ণ মুখ; পাণ্ডুবর্ণ মুখ। > স্ত্রীং ~**মুখী**।

ম্লিষ্ট [ম্লেচ্ছ+ত (র্ত্তৃ)] বিণ, নিষ্প্রভ; মলিন। ২ অস্পষ্ট।

ম্লেচ্ছ [গ্রা॰ মলিচ্ছি। ম্লেচ্ছ্ (অসংস্কৃত কথা বলা)+অ (র্ত্তৃ)। "গোমাংসখাদকো যশ্চ বিরুদ্ধং বহু ভাষতে। সর্ব্বাচারবিহীনশ্চ ম্লেচ্ছ ইত্যভিধীয়তে॥"-স্মৃ॰] বি, অনার্য্য জাতিবিঃ। ২ যবন। ৩ বিণ, পাপনিরত; পাপিষ্ঠ; কদাচারী। ৪ [-+অ (র্ম্ম)] অপশব্দ। ~**দেশ**, ~**মণ্ডল**-বি, ম্লেচ্ছভূমি; ম্লেচ্ছ- বসতি-স্থান। ম্লেচ্ছাচার [ম্লেচ্ছ+আচার] বি, কদাচার; পাপাচার। ২ যবনাদি ম্লেচ্ছজাতির আচরণ।

ম্লেচ্ছিত [ম্লেচ্ছ (দ্রঃ)+ইত (প্রশস্ত অর্থে)] বিণ, ম্লেচ্ছদেশে প্রশস্ত। ২ বি, ম্লেচ্ছভাষা। ৩ অপভাষা। ৪ পরভাষা (হারাবলী)।

য

য, **য়** (জ, ইঅ) বি, ব্যঞ্জন বর্ণমালার ষড়্‌বিংশ ও অন্তঃস্থ বর্ণ। ইহার উচ্চারণ স্থান তালু। ইহা ই এবং অ যোগে উৎপন্ন দেবনাগর অক্ষরের বঙ্গাকৃতি। এই স্বরদ্বয় যুগপৎ ও জোরে উচ্চারণ করিলে ইং 'ya' এবং কতকটা jaw অর্থাৎ ঈষৎ 'জ'র মত শুনায়। ইহা সুতরাং অধিকাংশ স্বর ও কিয়দংশ ব্যঞ্জনের লক্ষণযুক্ত। দুই বর্ণের (ই+অ) সন্ধিজাত বলিয়া ইহাকে সন্ধ্যক্ষরও বলে। u, y, ব জোরে উচ্চারিত হইলেই 'জ' বা 'j'র মত শুনায়। you জোরে বলিলে jew=জ্যু হয়। হিব্রু 'য়েহুদা' (yehudah), ইং-তে judah. য়িহুদী > য়ুদী > জুই > জু=jew. বাঙ্গালায় ইহা সম্পূর্ণ 'জ'র মত উচ্চারিত হয় বলিয়া ইহার নাম অন্তঃস্থ জ। প্রা॰ বাং গ্রন্থে ব স্থানে জ প্রায় সর্ব্বত্র দৃষ্ট হয়। সংস্কৃত য, হিব্রু- ইয়োদ্ এবং ইং u (ই+উ) ও y (ও+ আ+ই) এর উচ্চারণ পরিভাবিত করিবার জন্য "য়"এই অক্ষরের সৃষ্টি করিতে হইয়াছে। আধু বাং-য় "য়"কারাদি শব্দের প্রচলনের সূত্রপাতও হইয়াছে। প্র-য়ুনানী (হেম॰), য়ুরোপ, য়ুদী (অ, সরকার, সনাতনী), য়ুরোপ (রবী॰) [দ্রঃ-হেমবাবুর গ্রন্থাবলীর ১৩০০ সালের (আর্য্য-সাহিত্য-সমিতি কর্ত্তৃক সংশোধিত) সংস্করণের ৩৬ ৯৭ পৃষ্ঠায় "য়ুনানী" বানান পাওয়া যায়। সম্ভবতঃ কবিবর শব্দের আদিতে সং ব্যাকরণ অনুসারে য় ব্যবহার

করিতেন না কিন্তু শব্দটি পরবর্ত্তী সংস্করণে আধু॰বাং-র বানান অনুসারে সংশোধিত হইয়া থাকিবে]। শব্দের আদিতে য (য়) থাকিলে নিজস্ব কোন উচ্চারণের দ্যোতনা করে না ও যে স্বরে যুক্ত হয় সেই স্বরেরই উচ্চারণ প্রকাশ করে, যথা-য়=অ (য়ঙ্গ=অঙ্গ), য়েবার=এবার ("য়েবার আশিঞাঁ দিলে" -শ্রী॰ কী॰), য়ামি=আমি,য়ার=আর ("নানা-বিধ দুঃখ পায়িলোঁ য়ার বিরহে পুড়িলোঁ।" -শ্রী॰ কী॰), য়ি=ই (য়ুরোপ=ইউরোপ) ই॰। অধু॰ আদ্য য=ইয়, যথা-যুনান=ইয়ুনান (=ইউনান)। প্রা॰ বাং-র য় প্রায়ই অ, যথা-দয়া=দআ, পিয়াল=পিআল, কোথায়=কুথাঅ (শূ॰ পু॰)। পাইয়া=পাইআঁ, জিয়ায়=জিয়াঅ, গোয়ালিনী = গোআলিনী, ন্যায়=নেআঅ, যায়=জাঅ (শ্রী॰ কী॰)। য় স্থলবিশেষে 'অ', অর্দ্ধোচ্চারিত 'এ' এবং অর্দ্ধোচ্চারিত 'ও'র মত শুনায়। যথা-প্রিয় (অ) প্রণয় (এ) নয়ন (ও), ইহা স্থলবিশেষে দ্রুত উচ্চারিত পদান্ত 'হ'র স্থান অধিকার করে। যথা-রহে=রয়, সহে=সয়, নহে=নয়। যথা-"মাত কঠিন নয় গো কারু"-গিরিশ॰। য অন্তবর্ণের সহিত যুক্ত হইলে রূপান্তরিত হইয়া "্য" এইরূপ ধারণ করে। ইহাকে য-ফলা বলে, যথা-বাক্ +য=বাক্য। ইহা আকার যুক্ত হইলে "্যা" এইরূপ আকার হয় [দ্রঃ-ইআ=ইয়া=য়া=্যা-মাইয়া=মেয়্যা ; মেয়্যে > মেয়ে। হি॰-তে ইহার বিশুদ্ধ সং উচ্চারণ বজায় আছে কিন্তু বাং-র-'এ ক' বা 'এ ' 'র 'এ' এবং 'এল' বা 'এস'র 'এ'র মত উচ্চারিত হয়। তুল-ত্যাগ (হি॰ উচ্চারণ, তিয়াগ)। হি॰ ছেলিয়া=বাং-র ছেল্যা (রাঢ়ে)=ছাল্যে (পূ॰ বঙ্গে)=ছেলে (কলিকাতা অঞ্চলে)। "শুনরে সাধক ভায়্যা" (=ভায়া=ভাইআ)-কবিক॰। "প্রভুর ত্রিশূল নন্দী বাণ্যা (=বাণিয়া) ঘরে থুয়্যা (=থুইআ) -ঐ। ক্রিয়াপদে ই রূপান্তরিত হইয়া য (য) হয়, য পরে ক্কে॰ লুপ্ত, এবং ্যা=ইয়ে=ে (এ) হয়, যথা-আইসে > আস্যে > আসে। করিয়া > কর্যে > ক'রে। খসিয়া > খস্যে > খ'সে। করাইয়া > করায়্যা > করায়ে। প্রা॰ বাং-র য় অনুজ্ঞার্থে অ এবং ও স্থলে প্রযুক্ত হইত। যথা-পাঠাও স্থলে পাঠাঅ বা পাঠায়ঁ। "শঙ্কর কহেন তবে শৈল নৃপবরে। কৈলাসেতে যাব সঙ্গে পাঠায়ঁ উমারে॥" -কালিকামঙ্গল (দ্বিজ কালিদাস, ১৮শ খৃ॰ শতক, ব॰ সা॰ পরিচয়)।

য়$_{2}$ [যা (যাওয়া) + অ (র্ত্তৃ)] বি, বায়ু ; যশ। ২ গত্যর্থক। (২) মাত্রার্থক। (৩) ত্যাগার্থক। (৪) প্রাপ্তিসূচক। (৫) নিগ্রহ ; তাড়নাদি সূচক। (৬) বিশিষ্টার্থক। (৭) যোগ্যার্থক। ৩ [যম্ (নিবৃত্তি হওয়া) + অ (ভা॰)] বি, সংযমন। বিণ, যঁত-সংযত ; নিবৃত্ত। ৪ [+ অ(র্ত্তৃ)] যে জীবনের ক্রিয়া হইতে নিবৃত্ত করে ; যম। [দ্রঃ-বঙ্গ ভাষায় এই সকল অর্থে য স্বতন্ত্র ভাবে ব্যবহৃত হয় না]। ৫ [যত > ক্কে॰] যত ; যে সংখ্যক ; যে কতিপয়। প্র-য বার ; য জন ; যটি। ['ত'র লোপ বুঝাইতে য' এইরূপ লিখিত হয়। নির্দ্দেশার্থে 'টি' যোগ তুচ্ছার্থে 'টা'। তুল-যঁটি, যঁটা]। ৬ [যব শব্দের ক্কে॰। যব > যও > য] বি, যব। "য জানে, যাঁতা জানে, যে পেষে সে জানে।" -প্রবচন। [জানা দ্রঃ]। ৭ এক ইঞ্চির (incli) এক চতুর্থাংশ।

য়$_{3}$ [প্রা॰ বাং-য়, য=ত=এত। মাথাএত (শূ॰ পু॰)=মাথাত=মাথায়] সপ্তমীবিভক্তি চিহ্ন। আধু॰ বাং-র এতে, এ, "তে"। দ্রঃ-আধু॰বাং-র,অকারান্ত পদে এতে(রণয়=রণে, রণেতে। বাতাস, বাতাসেতে), আকারান্ত পদে-য়, তে (বাসায়=বাসাতে), ই, ঈ, উ, ঊ কারান্ত পদে তে (কলিতে, হাটুতে), এ, ও কারান্ত পদে তে, য় (পেঁপেতে পেঁপেয় আলোতে, আলোয়),ঐ,ঔয়,কারান্ত পদে-এ, তে (খৈতে, দৈএ, মৌএ, জৌতে)] "তার ভাই শত্রুঞ্জয় পড়িল রণয়।"-মহা॰ (বিজয়॰)। "রাজ্য সুখে কায্য নাই চলিনু বনয়"-মহা॰ (শ্রীকর॰)।

য়ই-জই দ্রঃ।

য়ইবঁন-যৌবন দ্রঃ।

য়ঁক [যক্ষ >] বি, যক্ষ। ২ ধনরক্ষক ; কুবের। ৩ [লৌকিক বিশ্বাসে ও গল্পে] বহুকাল সঞ্চিত বিশেষতঃ কৃপণের সঞ্চিত ধনরক্ষক দেবযোনিবিঃ ; যে ঐরূপ সঞ্চিত ধন ব্যয় না করিয়া কেবল রক্ষণাবেক্ষণ করে ; অতিশয় কৃপণ ব্যক্তি। ৪ এইরূপে রক্ষিত ধন। প্র-যক রেখে যাওয়া। যঁক আগ-লানি-যক্ষের ধন রক্ষা করা অর্থাৎ খরচ না করা ; কৃপণতা করা। যঁক দেওয়া-পূর্ব্বে ধনশালী কৃপণ ব্যক্তি ধন যক দিত অর্থাৎ ধন সুরক্ষিত করিবার জন্য ভূগর্ভে গৃহ নির্ম্মাণ করত কোন বালককে ধরিয়া তাহার পূজা দিয়া তাহাকে ধন রত্নাদি সহ সেই গৃহে বদ্ধ করিয়া রাখিত। বালক অনাহারে প্রাণ ত্যাগ করিলে যক্ষযোনি প্রাপ্ত হইয়া তার সেই ধন রক্ষা করিত। কিন্তু সে নিজে সে ধন স্পর্শ করিতে পারিত না পরে কৃপণ মরিলে তার নির্দ্দেশমত তার উত্তরাধিকারীকে ধন প্রত্যর্পণ করিয়া যক প্রেতযোনি হতে মুক্তি-লাভ করিত (অশিক্ষিত লোকদিগের মধ্যে এখনও এ বিশ্বাস এককালে গত হয় নাই)। যঁকের ধঁন-যক দেওয়া ধন। ২ যক্ষদত্ত ধন। ৩ প্রাণপণে রক্ষিত ধন ; যা অধিকারী স্বয়ং ভোগ করে না এবং দানও করে না। ৪ [ব্যঙ্গার্থে] অতিশয় কৃপণের ধন।

য়ঁকার-বি, "য" এই বর্ণ।

য়কৃৎ [য (কুক্ষির দক্ষিণভাগে) কৃ (করা) + ক্বিপ্ (র্ত্তৃ), যে কুক্ষির দক্ষিণভাগে অবস্থান করে] বি, পিত্তাশয় liver. ২ পিত্তাশয় বর্দ্ধক রোগবিঃ।

য়ক্ষ [যক্ষ্ (পূজা করা), রামায়ণে আছে-"অগ্রে ব্রহ্মা করিলেন সলিল সৃজন। কৈল সৃষ্টি কৈলা প্রাণিগণে সে জল রক্ষিতে। * * সে সব প্রাণীর মাঝে কেহ তবে কয়,-'যক্ষাম' আমরা পূজা করিব নিশ্চয়। * * শ্রবণ করিয়া ব্রহ্মা কহেন তখন ;-তোমাদের মধ্যে যারা 'যক্ষাম' বলিল 'তাহারা হউক যক্ষ' (যক্ষ সে হইল)।" -রামা॰ উ, ৪, রাজ॰] বি, দেবযোনিবিঃ। (পা॰ সা॰) রাক্ষসস্থানীয়, (সং সা॰) দশবিধ দেবযোনির অন্যতম। ২ কুবের। ৩ কুবেরানুচর। ৪ কুবের ধন। ৫ ধনরক্ষক। ৬ অতি কৃপণ ; যক (দ্রঃ)। স্ত্রীং ~ী-যক্ষপত্নী। ২ কুবেরপত্নী। ~কঁর্দ্দম-বি, অগুরু ; কুঙ্কুম। ২ কুঙ্কুমাদি মিশ্রিত সুগন্ধি দ্রব্য। ৩ চন্দন। ৪ কস্তুরী। ৫ কর্পূর। ~তঁরু [যক্ষাবাস এই বিশ্বাসে] বি, প্লক্ষ-বৃক্ষ ; বটগাছ। ~ধূপ-বি, টার্পিন তেল। ২ ধুনা। ~রাজ-বি, কুবের। ~রাজপুরী-বি, অলকা। ~রাত্রি-বি, কার্ত্তিকী

পূর্ণিমার রাত্রি (এই রাত্রিতে যক্ষগণ ভ্রমণ করে বলিয়া)। ~সাধিন-বি যক্ষের পূজা।

ˋযক্ষিণি, যক্ষুণি-যখনই দ্রঃ।

যক্ষি [যক্ষ শব্দের গ্রা° রূপ, যক্কি ও°। তুল-অনুকরণে, দৈত্য > দত্তি > দকি (দৈত্য দানব=দকি দানা)] বিণ, অতিশয় কৃপণ। "আঃ ছোঃ এ সেই মার্কা মারা সস্তা বিজ্ঞাপন দেওয়া চাদর। তার ত আমাদের সঙ্গে পয়সায় সম্পর্ক। এমন জামাইর মুখ দেখতে ইচ্ছা করে না * * * এমন যক্ষির হাতেও মেয়ে দিয়েছিলাম।"-ভারতী, ১৩২০। ~ণী-বি, কুবেরের পত্নী। ২ যক্ষবনিতা। ৩ বিদ্যাধরী। ৪ পিশাচী।

যক্ষেন্দ্র, যক্ষেশ [যক্ষ+ইন্দ্র, ঈশ (প্রভু), ৬তৎ] বি, যক্ষপতি ; কুবের।

যক্ষ্মা [গ্রা° যক্ষা, জক্ষা। ক্ষয়া (ক্ষয়শীল) > বর্ণবিপর্য্যয়ে যক্ষা ? মূ° যক্ষ্মন্ ১মা, ১ব°] বি, ক্ষয়রোগ; ক্ষয় কাশ রোগ consumption. রাজযক্ষ্মা-বি, দ্রুত ক্ষয়কারী কাসরোগ phthisis.

যখন [যৎ-ক্ষণ >। প্রা° বাং-যখণ (শ্রী° কী°)] ক্রি-বিণ, যে কালে ; যে সময়ে : যদা। "যখন ব্রাহ্মাণ্ড না ছিল গো মা মুণ্ডমালা কোথায় পেলি।"-রা° প্র°। ২ যে হেতু। ~তখন-অ, সময় অসময় নাই ; যখন ইচ্ছা তখনি ; যে কোন সময়। ~যখন-অ, যে যে সময় ; যতবার। ~-যেমন-অ, যে সময়ে যা বা যেরূপ। ~কার তখন-অ, সাময়িক। ~যেমন তখন তেমন-যে কালে যেরূপ আবশ্যক সে সময়ে সেই রূপ ; অবস্থা মত ব্যবস্থা। ~কার যা তখনকার তা-যে সময়ে যা আবশ্যক সেই সময়ে তা করা।

যখনই, যখনি [গ্রা° যোক্‌খুনি। সং-যৎক্ষণ > যখন+ই (বাং)] অ, যেইক্ষণ ; যৎক্ষণে ; যে মুহূর্ত্তেই। ২ যে কোন সময়ে।

যঙ/ন্ত [সং ব্যা°। যঙ্ অন্তে যার] বিণ, অতিশয় বা পুনঃ পুনঃ অর্থে ব্যঞ্জনাদি এক স্বর বিশিষ্ট ধাতুর উত্তর বা অন্তে যঙ (য) হইলে এই নাম হয় এবং যঙ পরে থাকিলে বিশেষ বিশেষ নিয়মে বিভক্তি যুক্ত হইয়া ক্রিয়া-পদ নিষ্পন্ন হয় ('লালসা' দ্রঃ) frequentative verb. ~লুগন্ত-সং ব্যাকরণের বিশেষ বিশেষ নিয়মে যে সকল যঙন্ত ধাতুর যঙের লুক বা লোপ হয় তাদের এই নাম।

যছু [ব্রজ°। বদ্ শব্দের ৬ষ্ঠী ১ব° যস্য > পা° যস্স > কোমলার্থে যছু] স, যার। "কুলটা রীতি ছোড়লু যছু লাগি।"-বি° প°।

যজন [যজ্ (পূজা করা)+অন (ভা°)] বি, যজ্ঞকরণ ; যাগকরণ। ২ পূজন।

যজমান [যজ্ (পূজা করা)+আন (র্ত্তৃ)] বি, যজ্ঞাদির অনুষ্ঠাপক ; যে ব্যক্তি দক্ষিণা দিয়া পূজাদি কর্ম্ম করায়; যজ্ঞকারক। ২ মহাদেবের মূর্ত্তিবিঃ। বিণ, যজমানিয়া > ক্ষে° যজমানে-যজমানের পূজাদি কর্ম্ম-কারী। যজমানে বামুনের হাজা শুকা নাই-হাজা শুকায় দুর্ভিক্ষ অবশ্যম্ভাবী, এবং তাতে সকলেরই অন্নকষ্ট হয়, কিন্তু যে ব্রাহ্মণ যজমানের পূজা করে, যজমান নিজে না খাইয়াও যথাবিধি পূজার নৈবেদ্যাদি আয়োজন করায় ব্রাহ্মণের অভাব হয় না। (উক্ত ভাব হইতে) যাকে স্বয়ং চেষ্টা ও অর্থ ব্যয় করিয়া অন্নসংস্থান করিতে হয় না তার কষ্টও নাই, কারণ যজমান বাড়ীর মত যার বাঁধা বন্দোবস্ত আছে তার সুকালেও যেমন অকালেও তেমনি সমভাব।

ˋযজা১ [যম্ (নিবৃত্ত করা, নিগ্রহ করা)। যজি, যজ ই° যজা২ সদৃশ] ক্রি, তর্জ্জন গর্জ্জন করা ; নির্য্যাতন করা ; তাড়না করা। "ফিরাইয়া আঁখি গরবেতে থাকি সঘনে আমারে যজে।"-চণ্ডি°।

ˋযজা২ [যজ্ (পূজা করা) >। যজি, যজ, যজে ; যজিতে ; যজিয়া (ক্ষে°, পদ্যে-যজি, গ্রা° যজে)। ণিজন্ত-যজান] ক্রি, পূজা করা ; সাধ্য সাধনা করা। "আমা পতি হেতু সতী যজে মৃত্যুঞ্জয়।"-শি°। "তাঁর তরে তিহোঁ যে যজেন ত্রিলোচন।"-ঐ।

ˋযজানি [যজা২ দ্রঃ। যজাই, যজাও, যজায় ; যজাইতে ; যজাইয়া (ক্ষে° যজিয়ে)] ক্রি, পূজা করা ; তুষ্ট করা ; বাড়ান ; বড় করা। "বৃকোদর বীরকে নিমিত্ত মাত্র করি। যুধিষ্ঠিরে যজাইলে জরাসন্ধ মারি।"-শি°। ২ একত্র করা। ৩ অপবিত্র করা ; জাত খাওয়া বা জাত মারা। "যবনে যজাব জাতি ধন নিব লুটে।"-ধ° ম°।

ˋযজি [যজ্ (পূজা করা)+ই (র্ত্তৃ)] বি, যজ্ঞকর্ত্তা। ২ যাগ। [অপ্র°] ৩ যজা২ দ্রঃ।

যজুঃ, যজুর্ব্বেদ [যজ্ (পূজা করা)+উস্ (ণে)=যজুস্] বি, শত শাখাযুক্ত বেদবিঃ। এই বেদ দুই ভাগে বিভক্ত-কৃষ্ণ যজুঃ ও শুক্ল যজুঃ। তৈত্তিরীয় এবং বাজসনেয়ী সংহিতা নামেও অভিহিত। যজুর্ব্বেদের দুইখানি ব্রাহ্মণ ; শুক্লের-'শত পথ ব্রাহ্মণ' এবং কৃষ্ণের তৈত্তিরীয় ব্রাহ্মণ। "যে মন্ত্রের অক্ষরে চরণ বা অবসান সম্বন্ধে কোনই নিয়ম নাই, তাহা যজুঃ। অর্থাৎ এ কালে যাহাকে গদ্য বলে, তাহাই যজুঃ।"-রা° ত্রিবেদী। যজুর্মন্ত্র-বেদের গদ্যময় মন্ত্র। যজুর্ব্বেদী-বিণ, যজুর্ব্বেদজ্ঞ ; যজুর্ব্বেদানুযায়ী কর্ম্মকারী। যজুর্ব্বেদীয়-বিণ, যজুর্ব্বেদ-সম্বন্ধীয়।

যজ্ঞ [যজ্ (পূজা করা)+ন (ভা°), ন=ঞ। জগতের হিতের জন্য যে পূজার অনুষ্ঠান করা যায়। গ্রা° যগিগ। তুল-অবেস্তার যস্ন > যজ্‌ন > যজ্ঞ] বি, যাগ ; ক্রতু। ২ হোম। ৩ যজ্ঞদেবতা। "মৃগরূপ ধরি যজ্ঞ যায় পালাইয়া।"-শি° (রামকৃষ্ণ, ১৭শ শতাব্দী)। ৪ ধর্ম্ম। "সৃষ্টির প্রথমে প্রজাপতি ব্রহ্মা যজ্ঞরূপ ধর্ম্মের সহিত প্রজা সৃষ্টি করিয়া বলিলেন, এই ধর্ম্ম দ্বারা তোমরা ক্রমশঃ আত্মোন্নতি লাভ কর"-মধুসূদন সংহিতা। ৫ অর্চ্চনীয় ; উপাস্য দেবতা। ৬ কোন না কোন দেবতার উদ্দেশে কোন না কোন দ্রব্য ত্যাগের নাম যজ্ঞ। ৭ পুরোহিত। ~কর্ত্তা-বিণ, যিনি যজ্ঞ করেন। ২ বি, যজমান। ~কর্ম্ম-বি, বৈদিক ক্রিয়াকাণ্ড। ~কুণ্ড-যজ্ঞীয় অনলকুণ্ড। ~কৃৎ-বিণ, হোমকর্ত্তা ; যজ্ঞকর্ত্তা ; যাজক। ~ডুমুর--বি, বৃক্ষবিঃ ; উড়ুম্বর বৃক্ষ। ~দ্বিট্, দ্বেষী-বিণ, যজ্ঞবিরোধী। ২ বি, যজ্ঞ-নাশকারী রাক্ষস। > স্ত্রীং ~দ্বেষিণী। ~ধূম-বি, হোমের ধোঁয়া। ~পশু-যজ্ঞে বলি দিবার উপযোগী পশু। ~পাটা-বি, পৈতা। "হৃদে যজ্ঞপাটা শোভে অলিকুল মধু লোভে চৌদিকে বেড়িয়া করে গান।"

-কবিক°। ২ পূজাদিকালে ধারণীয় উত্তরীয়-বিশেষ। ~পাত্র-বি, যাগযজ্ঞে প্রয়োজনীয় বা ব্যবহার্য্য পাত্র। ~পুরুষ-বিষ্ণু। ~বল্লী -বি, সোমলতা। ~বাট-বি, যজ্ঞার্থ নির্দ্দিষ্ট স্থান; যজ্ঞভূমি। ~বৃক্ষ-বি, যজ্ঞডুমুর বৃক্ষ। ~বেদী-বি, চৈত্য; হোমযাগাদির জন্য নির্ম্মিত উচ্চস্থান; যজ্ঞবেদিকা। ~ভূমি -বি, যে স্থলে যজ্ঞ করা হয়; যজ্ঞের বৈধ বা উপযোগী ভূমি। ~শত্রু-বি, রাক্ষস। ~শেষ-বি, যজ্ঞের সমাপন; যজ্ঞান্ত। ২ যজ্ঞের অবশিষ্টভাগ। ~সার-বি, যজ্ঞডুমুরের গাছ। ~সূত্র-বি, যজ্ঞোপবীত; পৈতা [দ্র:-ত্রিদণ্ডীতে একটি যজ্ঞসূত্র হয়, একটি যজ্ঞসূত্র ধারণ করিতে নাই, অন্ততঃ দুইটি ধারণ বিধি। তিনটি ধারণ করিলে উত্তরীয় বস্ত্রের অভাব জন্য দোষ হয় না।] ~সেন-বি, দ্রুপদ রাজা।

যজ্ঞাংশভুক্ [যজ্ঞাংশ-ভুজ্ (ভোজন করা)+কিপ্ (র্ত্তৃ)] বি, দেবতা।

যজ্ঞাগ্নি [যজ্ঞ + অগ্নি, ৬তৎ] বি, হোমানল।

যজ্ঞাঙ্গ [যজ্ঞ+অঙ্গ (উপকরণ), ৬তৎ] বি, যজ্ঞের উপকরণাদি। ২ যজ্ঞের অবয়ব। ৩ যজ্ঞডুমুরের গাছ। ৪ খয়ের গাছ। ৫ বামনহাটি গাছ। স্ত্রীং ~া [যজ্ঞ+অঙ্গ+আ (স্ত্রীং)] বি, সোমবল্লী। ~যোনি-বি, যজ্ঞের উপকরণাদির উৎপত্তি স্থল বা উৎপাদক।

যজ্ঞান্ত [যজ্ঞ+অন্ত, ৬তৎ] বি, যজ্ঞশেষ। ২ দীক্ষান্ত।

যজ্ঞারি [যজ্ঞ+অরি, ৬তৎ] বি, মহারুদ্র; শিব। ২ রাক্ষস।

যজ্ঞিয় [যজ্ঞ+ইয় (হিতার্থে)] বি, তৃতীয় যুগ; দ্বাপর যুগ। ২ বিণ, যজ্ঞের মঙ্গলজনক। ৩ ক্রিয়াকাণ্ডের উপযোগী। ~দেশ-বি, আর্য্যাবর্ত্ত; হোম যাগ করণোপযোগী দেশ; ভারতভূমি। ২ কৃষ্ণসার মৃগের জন্মস্থান ও বিহারভূমি।

যজ্ঞীয় [যজ্ঞ+ঈয় (সম্বন্ধে)] বিণ, যজ্ঞসম্বন্ধীয়।

যজ্ঞেশ্বর [যজ্ঞ+ঈশ্বর, ৬তৎ] বি, শিব। ২ বিষ্ণু। "শ্রীনিবাস দামোদর জগদীশ যজ্ঞেশ্বর বাসুদেব শ্রীবৎসলাঞ্ছন।"-অ° ম°।

যজ্ঞোডুম্বর [যজ্ঞ+উডুম্বর >। প্রা° যণ্গিডুমুর] বি, উদুম্বরবি:। এই ডুমুর গাছের কাঠ যজ্ঞে ব্যবহৃত হয়।

যজ্ঞোপবীত [যজ্ঞ+উপবীত (সূত্র)] বি, যজ্ঞসূত্র; পৈতা।

যজ্বা [সং] বি, বেদবিধান মতে যজ্ঞকারী। "পুণ্যকর্ম্মানুষ্ঠানে যজ্বাদিগের শ্রেষ্ঠ লোকপ্রাপ্তি"-মহা° (প্র°রায়)।

যজ্য [যজ্ (পূজা করা)+য] পূজার্হ; পূজনীয়। ২ যজনীয়।

যৎ১ [সং-যদ্ শব্দ। অন্য শব্দের পূর্ব্বে যুক্ত হইয়া ব্যবহৃত হয়] বিণ, যেমন; যেরূপ। ২ যে। ৩ যেহেতু; যে নিমিত্ত। ~কাল, ~কালে [মধ্যাধুনিক বাং] ক্রি-বিণ, যে সময়ে। "যৎকালে আমরা তিন জনে পঞ্চবটীতে অবস্থিতি করি,"-বি° সা°। ~কিঞ্চিৎ-তুচ্ছ; অত্যল্প। ২ কিয়ৎ পরিমাণ; যা কিছু; অল্প স্বল্প। ~ক্ষণ-অ, যে মুহূর্ত্ত। ~পরিমাণ, ~পরিমিত-বি, যতটা। ~পরোনাস্তি [যৎ-পরঃ+নাস্তি] বিণ, যার পর নাই; নিতান্ত; অতিশয়। "সীতা দেখিয়া যৎপরোনাস্তি আহ্লাদিত হইয়া বলিলেন" -বি° সা°। ~সামান্য-বিণ, যৎকিঞ্চিৎ; অত্যল্প। ২ তুচ্ছ; নগণ্য। ৩ অতিক্ষুদ্র।

যৎ২-বি, সঙ্গীতের তালবি:।

যত১ [যম্ (নিবৃত্ত করা)+ত (র্ম্ম)] বি, নিয়ম; সংযম। ২ বিণ, অনুষ্ঠিত। ৩ সংযত; নিয়মিত। ~চিত্ত-বিণ, সংযতচিত্ত; যতাত্মা। ~ব্রতি-নিত্য নৈমিত্তিক ধর্ম্মকর্ম্মের যথাবিধি অনুষ্ঠানকারী। ২ দৃঢ়প্রতিজ্ঞ; দৃঢ়ব্রত।

যত২ [সং-যতি, যাবৎ, হি° জেত্তা। যতেক >] অ, যে সংখ্যক বা পরিমাণ। ২ যে সংখ্যা। "দলবল যত যোগিনী সঙ্গে"-বাং গান। ৩ সাকল্যে; সকল লইয়া। "কাহাঙ্কি দেখি যত গোপগোপীগণে"-শ্রী° কী°। ৪ যাহাকিছু। "যত কৈল সব অনমীষে"-শ্রী° কী°। "অনমীষ নয়ন"-ঐ। ৫ যত কিছু; যাবতীয়। "যত মন্দ তুমি ভাবতে পায়"-পিতাপুত্র। ~ই [ই-নিশ্চয়ে বা অবধারণে] অ, যত চেষ্টাই। ২ যে পরিমাণে। "আমি যতই তোমারে ছেড়ে থাকিতে চাই দূরে দূরে, ততই তুমি প্রেমভরে কর মোরে আলিঙ্গন।"-স্ক°। ৩ যত অধিক। প্র-যতই কেন দাও না। ~কাল-ক্রি-বিণ, যে অবধি; যাবৎ; যতদিন; যে সংখ্যক দিবস। ~কিছু-অ, যে পরিমাণ; যতটা। ২ যে কোন পদার্থ। ~ক্ষণ-ক্রি-বিণ, যতটুকু সময়; যতকাল; যতদিন। ~গুলি-বিণ, যে সংখ্যক। ~দিন-ক্রি-বিণ, যতকাল; যে অবধি; যখন পর্য্যন্ত। "যতদিন দাদা আমার না আসিবেন ঘরে। ততদিন আমি শোব কুশের উপরে।"-রামলীলা। ~নষ্টের গোড়া-সকল অনিষ্টের মূল; বিষম অনিষ্টকারী। যত বড় মুখ (যত বড় মুখ নয়, যত বড় না মুখ) তত বড় কথা-বি, ছোট মুখে বড় কথা; বিসদৃশ। "আঃ মলো! এ মাগীর যত বড় না মুখ তত বড় কথা।" ~বার-ক্রি-বিণ, যতগুণ; যত সংখ্যা। ২ যত ক্ষেপ; যদ্দফা। ৩ বহুবার।

যতঃ [সং। আধু° বাং-র অপ্র°] ক্রি-বিণ, যেহেতু।

যতন [যত্ন > পদ্যে কোমল রূপ] বি, উদ্যোগ; চেষ্টা; যত্ন। "যতনে রতন লাভ শুন মনোমোহিনি।"-নিধু°। ২ আদর। "যতন করে ডাকি তোরে আয় আয় মন শুয়াপাখী" -কমলাকান্ত। ৩ সেবা; শুশ্রূষা; সুখ বা আরাম প্রদান। "মনের মতন রতন পেলে যতন করি তায়"-বঙ্কিম°। ৪ আত্মীয়তা; প্রণয়; অনুরাগ; ভালবাসা। "যতনে যাতনা বাড়ে তারে কি ভুলিতে পারি"-গি° ঘোষ। "যতনে যাতনা বাড়ে ভালবাসা এ কেমন। অনিত্য সে অনুরাগ অশান্তির নিকেতন।" -বাং গান। ৫ প্রেমাকাঙ্ক্ষা; ভালবাসা বা প্রণয়ের প্রতিদান পাইবার আশা বা অভিলাষ। "যতনে যাতনা বাড়ে কেন মন অভিলাষী দেখি বা, না দেখি ভাল, ভালবেসে থাকি ভাল, কিছল বিফল আশা বাসনা সাগরে ভাসি।"-গি° ঘোষ।

যতনে-ক্রি-বিণ, যত্ন করিয়া ; আদরে। ২ নির্ব্বন্ধ সহ। "এহা বুঝি রাধা মোরে দয়া কর বুলিতেঁ আতি যতনেঁ"-শ্রী০ কী০।

যতমান [যত (যত্ন করা) + আন (র্ত্তৃ)] বিণ, সযত্ন ; যত্নশীল।

যতাত্মা [যত (বশীভূত) হইয়াছে আত্মা যার, বহু০] বিণ, নিয়মিতান্তঃকরণ-বিশিষ্ট ; সংযতমনাঃ। ২ বশীভূত মনোবৃত্তি।

যতি১ [যত্ (যত্ন করা) + ই (র্ত্তৃ), যে যম ও নিয়মাদিতে যত্ন করে] বি, ঋষি ; মুনি ; তাপস। "লৈয়া পুথি হৈয়া যতি আইলা দেবের ঘরে।"-কবিশেখর। ২ পরিব্রাজক ; ভিক্ষু। [চারিপ্রকার যতি-১। কুটীচক। ২। বহূদক। ৩। হংস। ৪। পরমহংস। ১ম অপেক্ষা ২য়ের বৈরাগ্য অধিক, তাহা অপেক্ষা ৩য়ের বৈরাগ্যপ্রবল, পরমহংসের বৈরাগ্য ততোধিক] ~চান্দ্রায়ণ-বি, ব্রতবিঃ।

যতি২ [যম্(নিবৃত্ত করা) + তি(ধি), যাতে জিহ্বা নিবৃত্ত হয়] বি, ছন্দে স্বরের বিরামস্থান। ~চিহ্ন-বি, রচনার মধ্যে উচ্চারণের বিরাম-বোধক চিহ্ন পাওয়া যায় না। মধ্য বাং-র (*) এইরূপ নক্ষত্র চিহ্ন পূর্ণ-বিরাম-স্থলে ব্যবহৃত হইত। পরে তৎস্থলে (।) এইরূপ চিহ্ন প্রবর্ত্তিত হয়। আধু০ বাং-র ইংরেজীর প্রায় সকল যতিচিহ্ন অনুকৃত হইয়াছে। যথা-(১) কমা বা প্রাথমিকা comma (, এই চিহ্ন), (২) সেমিকোলন বা সামিকা semicolon (; এই চিহ্ন), (৩) কোলন colon (: এই চিহ্ন) (সাধারণতঃ বিসর্গ চিহ্ন বলিয়া ভুল হইবার ভয়ে ইহার ব্যবহার নাই কিন্তু কোন স্থলে (:-) কোলন সহ ড্যাস বা আদেশকের ব্যবহার দৃষ্ট হয়), (৪) প্রশ্নচিহ্ন note of interrogation (? এই চিহ্ন), (৫) বিস্ময় চিহ্ন note of admiration (! এই চিহ্ন), ই০। ~পাত, ~ভঙ্গ-ছন্দোদোষবিঃ ; ছন্দোবদ্ধ রচনায় অধিক বা ন্যূনাক্ষর হেতু নির্দ্দিষ্টকালে শ্বাস পতনে ব্যাঘাত।

যতী [যম্(নি[illegible]) = যত + ইন্ (স্ত্যং০) >] [illegible], সন্ন্যাসী ; ভিক্ষু। ২ জিতেন্দ্রিয় ; তপস্বী ; ঋষি। স্ত্রীং যতিনী -সন্ন্যাসিনী। ২ বিধবা।

যতীন্দ্র [যতি (মধ্যে) + ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭তৎ] বিণ, মুনিশ্রেষ্ঠ ; তাপসবর।

যতুক [সং-যৌতুক > ভ্রং] বি, জন্মোৎসব, অন্নপ্রাশন বা পরিণয়াদি শুভ-কর্ম্মে উপহার স্বরূপ প্রদত্ত ধন রত্নাদি ; যৌতুক। ২ দেহস্থ চিহ্নবিঃ ; জড়ুল।

যতেক [সং-যতি। বাং-যত + এক। হিং যতক] অ, যত ; যে সংখ্যক ; যে পরিমাণ ; যতটুক। "যতনে য০ ধন পাপে বটোরলোঁ মিলি মিলি পরিজন খায়"-বি০ প০। "যতেক বাসনা মোর তুমি তার সিধি"-জ্ঞান০। ২ যত প্রকার। "মিলনে য০ সুখ মননে তা হয় না"-নিধু০। ৩ যাবতীয়।

যতেন্দ্রিয় [যত (দ্রঃ) + ইন্দ্রিয়] বিণ, সংযতেন্দ্রিয় ; জিতেন্দ্রিয়।

যত্ন [যৎ (যত্ন করা) + ন] বি, পরিশ্রম। ২ শুশ্রূষা ; সেবা। ৩ [দর্শনে] রূপাদি চতুর্ব্বিংশতি গুণের অন্তর্গত গুণবিঃ। ৪ অনুরাগ আগ্রহ জড়িত চেষ্টা। "যত্নে তুলে বনের ফুলে, হার গেঁথেছি মনের সাধে।" -বাং গান। ৬ উদ্যম ; অধ্যবসায় ; প্রয়াস ; চেষ্টা ; উদ্‌যোগ। "যতনে রতন মেলে কিছু নহে যত্ন বিনা।"-বাং গান। ৭ আদর ; অনুরাগ। "নাগরী গেঁথে মালা যত্নে পরায় নাগরে"-গিরিশ০। ৮ প্রেমাকাঙ্ক্ষা ; প্রণয়ের প্রতিদান অপেক্ষা বা প্রবল আশা [যতন দ্রঃ]। ~তঃ-ক্রি-বিণ, চেষ্টাপূর্ব্বক। ২ শ্রম সহকারে। ৩ আদরপূর্ব্বক ; যত্নের সহিত। ~পূর্ব্বক-ক্রি-বিণ, সমাদরে। ২ প্রণিধানপূর্ব্বক ; মনোযোগ সহকারে। ~বান-বিণ, চেষ্টিত ; চেষ্টাযুক্ত। ২ আগ্রহান্বিত। ৩ যত্নশীল। > স্ত্রীং ~বতী। ~শীল-বিণ, আগ্রহযুক্ত ; অধ্যবসায়ী ; সচেষ্ট। > স্ত্রীং ~া।

যত্র [যদ্ + ত্র (সপ্তমী স্থানে), দ্ লোপ] অ, যথায় ; যে স্থানে ; যেখানে। "ওপদ পঙ্কজ মাত্র মনে ভাবি বসি যত্র।"-ঘ০। ২ যে বিষয়ে। ৩ যেমন ; যে পরিমাণ ; যত। যত্র আয় তত্র ব্যয়-যখন যে পরিমাণ অর্থলাভ হয় তখনি সেই পরিমাণ খরচ করা ; ইহা অবিবেচনা, অমিতব্যয়িতা ও দারিদ্র্যের লক্ষণ ; আক্‌খুটের দশা ; অসঙ্কারীর লক্ষণ। ~তত্র-ক্রি-বিণ, যথা তথা ; যেখানে সেখানে।

যথা [যদ্ + থা (প্রকারার্থে), দ্-লোপ] ক্রি-বিণ, যেমন ; যাদৃশ। ২ ক্রম। ৩ যৎপরিমাণ। ৪ সাদৃশ্য। ৫ যোগ্যতা। ৬ সত্য। ৭ অনতিক্রম। ~কথঞ্চিৎ-ক্রি-বিণ, যে কোন প্রকারে ; কোনওরূপে। ২ কষ্টেসৃষ্টে। ~কথা-বি, যথার্থ কথা ; সত্য উক্তি। ২ ক্রি-বিণ, কথানুযায়ী। ~কর্ত্তব্য -ক্রি-বিণ, যেমন করা উচিত। ২ বি, অনুষ্ঠেয় কর্ম্ম। ~কল্প-বিণ, সঙ্কল্পানুযায়ী ; কথামত। ~কাম-ক্রি-বিণ, যথেচ্ছা। ~কামী-বিণ, স্বেচ্ছাচারী ; একগুঁয়ে। ~কাল, ~কালে-অ, উপযুক্ত সময়ে ; যথাসময়ে। ~ক্রম-ক্রি-বিণ, ক্রমানুযায়ী। ~গত-বিণ, যে ভাবে উপস্থিত ; যেরূপে আগত। ২ যে ভাবে প্রস্থিত। ৩ যেরূপে অতীত। ~জাত-বিণ, অসভ্য ; বন্য। ~জ্ঞান-ক্রি-বিণ, যেমন জানা আছে তেমনি। ~তথ্য -বি, পুরাবৃত্ত ; প্রাচীন ইতিহাস। ২ বিণ, যেমন তেমনি। ৩ যথাযোগ্য ; যথার্থ ; প্রকৃত। ~তথা-অ, যেখানে সেখানে ; স্থানবিচার না করিয়া। ~দিষ্ট-বিণ, যেরূপ আদেশ প্রাপ্ত। ~নিয়ম-বিণ, যথাবিধি ; বিধানানুরূপ। ~ন্যায়-বিণ, যথার্থ ; প্রকৃত। ~পূর্ব্ব-ক্রি-বিণ, পূর্ব্বানুরূপ ; পূর্ব্বের মত। ২ পূর্ব্বদিক্ বা দেশ বা কালানুযায়ী। ~-পূর্ব্ব তথা পর-পূর্ব্বেও যেমন পরেও তদ্রূপ ; অপরিবর্ত্তিত। ~বৎ-ক্রি-বিণ, যেমন তেমনি ; অপরিবর্ত্তিত। ~বিধি-বিণ, বিধানানুযায়ী ; নিয়মমত। ২ যেরূপ। "তক্ষক সম্মুখ যথাবিধি মণ্ডূক" -ঘ০, ১৭১৩ খৃ০। ~ভিমত-বিণ, ইচ্ছানুযায়ী ; বাঞ্ছানুরূপ। ~যথ [যথা-যথা, অব্যয়ী০] ক্রি-বিণ, যেমন। ২ যথাযোগ্য। ৩ পূর্ব্বানুযায়ী। ~যথা-অ, যেখানে যেখানে ; যে যে ক্ষেত্রে। "যথা যথা পণ তথা তথা এই রঙ্গ।"-অ০ ম০। ~যোগ্য-বিণ, যথোপযুক্ত ; যেখানে যেমন সাজে। যথারণ্যং তথা গৃহম্-বন ও যা গৃহও

তাই ; অবস্থার বা ভাগ্যের পরিবর্তন নাই। "বিলাতে এই ব্যাপার লইয়া খুবই হুলস্থূল পড়িয়া গিয়াছে। আমাদের যথারণ্যং তথা গৃহম্।"-বসুমতী (দৈনিক) ১০ ভাদ্র, ১৩৩১। ~রীতি-বিণ, প্রচলিত প্রথানুযায়ী ; প্রণালীর অনুরূপ। ~রুচি-বিণ, প্রবৃত্তি অনুযায়ী ; ইচ্ছা বা পসন্দমত। ~শক্তি-অ, যথাসাধ্য ; সামর্থ্যানুযায়ী। ~শাস্ত্র-অ, শাস্ত্রসম্মত ; শাস্ত্রানুযায়ী ; বিধানানুসারে। ~সময়-বি, উপযুক্ত কাল ; ঠিক অবসর বা সুযোগ। > ক্রি-বিণ, ~সময়ে। ~সম্ভব-ক্রি-বিণ, যতদূর হতে পারে ; সম্ভাবনীয় ; সম্ভাবনার যোগ্য। ~সর্ব্বস্ব-বি, সমুদয় ধনসম্পত্তি ; যাহাকিছু। ~সাধ্য-ক্রি-বিণ, শক্তি অনুসারে ; সামর্থ্যানুযায়ী। ~স্থান-বি, প্রকৃত স্থান ; উপযুক্ত স্থান ; ঠিক যায়গা। > বিণ, ~স্থিত-যেমন ছিল ; যথাবৎ।

যথানুপূর্ব্ব [রবী০। যথা+অনুপূর্ব্ব] বিণ, নিয়মিত ধারা বা পর্য্যায়ের অনুযায়ী ; পূর্ব্বাপর শৃঙ্খলানুক্রমিক according to a regular series.

যথায় [যথা+য় (৭মী বিভক্তি)] ক্রি-বিণ, যেস্থানে ; যেখানে ; যে ক্ষেত্রে।

যথার্থ [যথা (অতিক্রম না করিয়া)+অর্থ (সত্য), অব্যয়ী০] বিণ, প্রকৃত ; সত্য। ২ [যথা (যেমন) অর্থ (স্বরূপ) অতিক্রম করে না, অব্যয়ী] বিণ, উপযুক্ত ; যোগ্য। বি, ~তা-বাস্তবিকতা।

যথার্থতঃ [যথার্থতস্ শব্দ] ক্রি-বিণ, ন্যায়ত ; ঠিকমত ; বস্তুতঃ।

যথার্হ [যথা (যেমন)+অর্হ (যোগ্য), অব্যয়ী০] বিণ, যথাযোগ্য ; যথোচিত ; যথা-কর্ত্তব্য।

যথেচ্ছ, যথেচ্ছা [যথা+ইচ্ছা] ক্রি-বিণ, ইচ্ছামত ; অভিলাষানুযায়ী।

যথেচ্ছা/চার [যথা (যেমন)+ইচ্ছা+আচার (আচরণ)] বি, স্বেচ্ছাচার ; বাসনানুযায়ী আচরণ ; উচ্ছৃঙ্খলতা। ~চারিতা-বি, উচ্ছৃঙ্খল আচরণ ; স্বৈরাচার। ~চারী-বিণ, ইচ্ছামত কর্ম্মকারী ; স্বেচ্ছাচারী। > স্ত্রীং ~চারিণী।

যথেপ্সিত [যথা (যেরূপ) + ঈপ্সিত (বাঞ্ছিত)] বিণ, যেমন ইচ্ছা তদনুরূপ ; বাঞ্ছানুযায়ী।

যথেষ্ট [যথা (যেমন)+ইষ্ট (বাঞ্ছিত)] বিণ, ইচ্ছানুরূপ ; বাসনানুরূপ ; বাঞ্ছানুযায়ী। ২ প্রচুর ; অনেক।

যথোক্ত [যথা+উক্ত] বিণ, যেমন বলা হইয়াছে। বি, যথোক্তি-যেমন কথা।

যথোচিত [যথা (যেমন) + উচিত (উপযুক্ত), অব্যয়ী০] বিণ, যথোপযুক্ত ; যথা কর্ত্তব্য। ২ ক্রি-বিণ, উপযুক্তরূপে।

যথোপযুক্ত [যথা + উপযুক্ত] বিণ, যথোচিত ; যথোপযোগী ; যথাযোগ্য।

যদবধি [সং-যৎ+অবধি] ক্রি-বিণ, যে পর্য্যন্ত। ২ যে ক্ষণ হতে ; যৎক্ষণাৎ।

যদা [সং। আধু০ বাং-য় অপ্র০] অ, যেহেতু। ২ যৎকালে ; যে সময়ে ; যখন।

যদি [যৎ (যত্ন করা)+ই (ভা০), ৎ=দ্] অ, সম্ভাবনার্থে। "যদি গাহন করিতে চাও গহন তলে"-রবী০। ২ অভাব বিষয়ে নিশ্চয় জ্ঞানার্থে। "যদি ডাকের মত পারিতাম ডাকতে তবে কি মা অমন করে লুকিয়ে থাকতে পারতে"-স্কাং০। ৩ সন্দেহ ; সংশয়। "যদি সংগ্রহ করিতে না পারে, তাহার অবজ্ঞা জন্মিবে এবং সে বলিবে, যাহার এক পয়সার সঙ্গতি ছিল না, তাহার আবার জীবন কিসের ?"-রবী০ ৪ যখন ; যেহেতু। "গা সখি গাইলি যদি আবার সে গান। কতদিন শুনি নাই ও পুরাণো তান।"-গান। ৫ পক্ষান্তরে। "না যদি চাও গো দিতে নাই বা দিলে, তা মোর থাক হৃদি আলো করে।"-গান। ৬ অবধারণ। [ব্রজ০যদু₁। "দিব তব যদু কছু জান"-বি০ প০]। ~ই [ই-দৃঢ়তায়] অ, সম্ভাবনা ; সংশয়াদির দৃঢ়তাবোধক। ~ও-অ, যদ্যপি। ~চ [আধু০ বাং-য় বিরল] এবং যদি ; যদিও। ~বা-অ, যদিও ; অথবা যদি ; পক্ষান্তরে। ২ যদি দৈবাৎ। ~স্যাৎ, যদ্যপিস্যাৎ-অ, যদিই ; সংশয়ে ; যদিবা। "তবু যদিস্যাৎ রাজা রণে হয় দক্ষ"-ম০। "বিশেষ মধ্যাহ্নকালে গগন জলদজালে যদিস্যাৎ হয় আচ্ছাদিত।"-ঈ০ গুপ্ত। ২ সম্ভাবনা।

যদু₂ [সং] বি, যদুবংশ। ২ দেবযানির গর্ভজাত যযাতি রাজার জ্যেষ্ঠপুত্র। ৩ যমুনার পশ্চিমে অবস্থিত দেশবিঃ ; দশার্হদেশ। ~কুল-যদুবংশ দ্রঃ। ~কুলেশ্বর-শ্রীকৃষ্ণ। ~নাথ, ~পতি-শ্রীকৃষ্ণ। ~বংশ-যদুর অনন্তর সন্তান সন্ততি। ২ যদুকুলের মত বহু-বিস্তৃত বংশ। ~মধু [তুচ্ছার্থে যেদো মেদো] বি, যাদব ও মাধব। ২ অপ্রসিদ্ধ বা সাধারণ লোক the vulgar. রাম₂ দ্রঃ।

যদৃচ্ছা [সং] বি, স্বাভিলাষ ; স্বেচ্ছা। ২ অক্লেশ ; অনায়াস। ৩ স্বতন্ত্রতা। ~ক্রমে-ক্রি-বিণ, স্বেচ্ছামত ; অভিলাষানুযায়ী। ~প্রবৃত্ত-বিণ, স্বেচ্ছানুসারে নিযুক্ত। ~লব্ধ-বিণ, অনায়াসলব্ধ ; দৈবযোগে প্রাপ্ত। বি, ~লাভ।

যদ্দিন [যৎ₁ (দ্রঃ) বা যত-দিন > দ্রুত উচ্চারণে যদ্দিন] অ, যতদিন ; যতকাল। "জাতি সৃষ্টি বিধাতার * * * যদ্দিন যৌবন পুরুষ কঠিন থাকে সে কয়দিন মান রাখে।"-গান।

যদ্ভবিষ্য [যৎ + ভবিষ্য] বিণ, ভবিষ্যতে যা ঘটিবে বা হইবে এমন ; দৈবের মুখাপেক্ষী।

যদ্যপি [যদি+অপি (নিশ্চয়রূপে)] বিণ, যদিও। ~স্যাৎ-অ, যদি।

যনি [যেন দ্রঃ। ব্রজ০। রূপান্তরে যনু, জনু, জনি] অ, যেন ; বোধ হয়। "নয়ান চাহনি বিভঙ্গী সে যনি তিখিনী তিখিনী শর"-চণ্ডি০। "সুচিত্রবেণী দুলিছে যনি কপিলা চামরপারা।"-চণ্ডি০। ২ যাহাতে ; যদ্দারা। ৩ সংশয়ে ; আশঙ্কায়।

যন্তা [যম্ (নিবৃত্তি করা)+তৃ (র্তৃ)=যন্তৃ ১মা, ১ব০] বি, সারথি। "কি ভয় কৌরবে যার যন্তা বৃহন্নলা"-মহা০ (কাশী০)। ২ মাহুত ; হস্তিচালক। ৩ শাসক ; দমনকারী। ৪ নিবৃত্তিকর। ৫ নিয়ামক।

যন্ত্র [যন্ত্র্ (সঙ্কুচিত করা, নিয়ম বা বন্ধন করা)+অ (ণে)] বি, যাঁতা ; পেষণযন্ত্র। ২ শিল্পসাধনী। ৩ কল ; কৌশল। ৪ এক স্থানে প্রযুক্ত শক্তি স্থানান্তরে বিভিন্নরূপে কার্য্যকারী করণোপায়। ৫ [আয়ুর্ব্বেদীয়

অস্ত্রচিকিৎসায়] "অস্ত্র প্রয়োগ কল্পে সুশ্রুত ১২৫ প্রকার অস্ত্রের উল্লেখ করিয়াছেন। সেগুলি আবার দুইভাগে বিভক্ত-যন্ত্র ও শস্ত্র। যন্ত্র সর্ব্বসমেত ১০১টি। * * যন্ত্রের মধ্যে হস্তই প্রধানতম যন্ত্র, কারণ হস্ত ভিন্ন কোন যন্ত্রই প্রয়োগ করা যায় না"-পঞ্চানন নিয়োগী, ভারতী, ১৩২০। যন্ত্র নানাপ্রকার-তন্মধ্যে হাড়ের মধ্যে বাণ বা কোন প্রকার শল্য বিদ্ধ হইলে উহা বাহির করিবার জন্য "স্বস্তিক" যন্ত্রই ব্যবহৃত হইত। চর্ম্ম, মাংস, শিরা ও স্নায়ু হইতে ক্ষুদ্র শল্য বা কণ্টক বাহির করিবার জন্য "সন্দংশ", কর্ণ-নাসিকাদির ভিতর হতে মলাদি বাহির করিবার জন্য "তাল" যন্ত্র এবং এইরূপ বস্তী যন্ত্র, অর্শো যন্ত্র, সিংহমুখ, ভৃঙ্গমুখ, নাড়ী, শলাকা, শঙ্কু, যোন্যাবেক্ষণ প্রভৃতি বহুবিধ, যন্ত্রের ব্যবহার ছিল।-ভারতী, ১৩২০। ৬ [ফ০ জ্যো০] জন্মরাশি নক্ষত্রাদি ঘটিত পতাকা। ৭ [তন্ত্রে] দেবাদির অধিষ্ঠানচক্র; মারণ বশীকরণাদি মন্ত্রকৌশল; অভিলষিত বস্তু প্রাপ্ত হইবার নিমিত্ত কতকগুলি অঙ্কের প্রয়োগ; পূজাধারযন্ত্র। ~কৌশল-বি, কল-কৌশল; যন্ত্রসাহায্যে কর্ম্ম করিবার কৌশল। বিণ, ~কৌশলী-যন্ত্রশিল্পী। ~গৃহ-বি, কল ঘর; যে স্থানে যন্ত্র রক্ষিত ও পরিচালিত হয় manufactory. ~তন্ত্র-বি, শিল্পীর কার্য্য করিবার উপকরণ দ্রব্য ও অস্ত্রাদি; শিল্প কার্য্যের সরঞ্জাম। ~নির্ম্মাতা-বিণ, যন্ত্র-নির্ম্মাণকারী; যান্ত্রিক। ~নির্ম্মাণ-বি, যন্ত্রগঠন; যন্ত্র প্রস্তুত করণ। ~নির্ম্মাণ-কৌশল-বি, কল-প্রস্তুতকরণ-চাতুর্য্য। ~নির্ম্মাণবিদ্যা-বি, যে বিদ্যা দ্বারা কোন যন্ত্রের ভিন্ন ভিন্ন অংশ সকল গঠন ও যথা-স্থানে সন্নিবেশ করিয়া কার্য্যক্ষম করা যায়। ~পাতি-বি, শিল্পসাধন যন্ত্রাদি; যন্ত্রসমূহ apparatus. ~পুষ্প [তন্ত্রে] বি, বিঃ শ্যামা পূজায় প্রশস্ত পুষ্প-প্রতীক, যথা-পদ্ম (মুখ স্বরূপ), রক্ত জবা (স্তন স্বরূপ), কৃষ্ণা-পরাজিতা (যোনি স্বরূপ), রক্ত করবীর (শিবলিঙ্গ স্বরূপ), দ্রোণপুষ্প (পাদুকা স্বরূপ)। ~পেষণী-বি, যাঁতা। ~বিজ্ঞান-বি, যন্ত্রনির্ম্মাণ পদ্ধতি ও পরিচালনাদি সম্বন্ধীয় বিদ্যা; বল-বিজ্ঞান; স্থিতি ও গতিবিদ্যা; মিশ্র গণিত বিদ্যায় বস্তুর উপর বলের কার্য্য সম্বন্ধীয় বিদ্যা। ~বিজ্ঞানবিৎ-বিণ, যন্ত্র বিজ্ঞানে অভিজ্ঞ। ~বিদ্যা-বি, যন্ত্রবিজ্ঞান। ~ভৃত্য-বি, মিল বা কলে নিয়োজিত ভৃত্য; কলের চাকর। ~মন্ত্র-বি, কল কৌশল; কোন উদ্দেশ্য সাধনার্থে বা রোগ মুক্তির আশায় প্রযুক্ত কবচাদি মন্ত্রপূত সামগ্রী ই০-র অনুষ্ঠান। ~যুক্তা [নৌ দ্রঃ। "ইষ্টিবোট ইতি যস্যাঃ প্রসিদ্ধি"-শব্দকল্পদ্রুম] বি, মহাভারতে বর্ণিত ক্ষিপ্রগামিনী নৌকা; সর্ব্ববাতসহা steamer. ~শিল্পী-বি, যন্ত্র কলাবিৎ; যন্ত্র পরিচালনে দক্ষ ব্যক্তি mechanic. অগ্নিযন্ত্র-অগ্নি উৎপাদক বা অগ্নি বলে চালিত বা অগ্নিবর্ধণকারী যন্ত্র। অণুবীক্ষণযন্ত্র-চক্ষুর অগোচর এমন ক্ষুদ্র পদার্থকে বৃহদাকারে চক্ষুর্গোচর করিবার উপযোগী যন্ত্র microscope. জলযন্ত্র-বি, কৃত্রিম উৎস; ফোয়ারা। দূরবীক্ষণ-যন্ত্র-বি, দূরের বস্তু সন্নিহিতবৎ দেখিবার যন্ত্র। বাষ্পযন্ত্র-বি, বাষ্প-উৎপাদক বা বাষ্প-চালিত যন্ত্র। মুদ্রাযন্ত্র-বি, ছাপার কল printing machine যোগাড় যন্ত্র-বি, উদ্দেশ্য সাধনোপযোগী বস্তুর আহরণ এবং একত্রকরণ; চেষ্টাকৃত সংগ্রহ। ২ বিলি বন্দোবস্ত। শিল্পযন্ত্র-শিল্পকার্য্য করণোপ-যোগী যন্ত্র। সীবনযন্ত্র-বি, সেলাইয়ের কল।

যন্ত্রক [যন্ত্র+ক (জ্ঞা০)] বি, পেষণযন্ত্র। ২ যন্ত্রকাঠ; কুঁদ।

যন্ত্রণ [যন্ত্র্ (পীড়া দেওয়া)+অন (ভা০)] বি, দমন; শাসন। ২ পীড়ন। ৩ বন্ধন।

যন্ত্রণা [যন্ত্রণ দ্রঃ] বি, পীড়া; যাতনা; দুঃখ। ~কর, ~দায়ক-বি, ক্লেশজনক; দুঃখপ্রদ। > স্ত্রীং ~দায়িকা। ~দাতা-বিণ, ক্লেশদানকারী; দুঃখদায়ী। > স্ত্রীং ~দাত্রী-দুঃখদায়িনী।

যন্ত্রালয় [যন্ত্র (এখানে মুদ্রাযন্ত্র)+আলয় (গৃহ). ৬তৎ] বি, যে গৃহে ছাপিবার যন্ত্রাদি রক্ষিত হয় এবং ছাপার কার্য্য হয়; ছাপাখানা। ২ কলবাড়ী।

যন্ত্রিকা [যন্ত্র+ক+আ (স্ত্রীং)] বি, যাঁতি pair of nut-crackers.

যন্ত্রিত [যন্ত্র+ইত] বিণ, শাসিত; দমিত। ২ শৃঙ্খলিত। ৩ যন্ত্রে পিষ্ট।

যন্ত্রী [যন্ত্র+ইন্ (স্ত্য০)=যন্ত্রিন্ ১মা, ১ব০] বি, যন্ত্রকুশল; উৎকৃষ্ট বাদক। ২ পরিচালক। "সকল তন্ত্রের তন্ত্রী জগময়যন্ত্রে যন্ত্রী তুমি মন্ত্র মন্ত্রী মহাশয়"-দ০। ৩ শিল্পকার। ৪ বড় যন্ত্রকারী। ৫ বিণ, যন্ত্রধারী; যন্ত্রযুক্ত।

যব১-বি, ধান্যজাতীয় শস্যবিঃ barley. ~শর্করা-বি, যব হতে প্রস্তুত চিনী। ~শূক-বি, যবের শীষ। ২ যবক্ষার। ~সুরা-বি, যব হতে প্রস্তুত মদ্য।

যব২ [সং। য দ্রঃ। যব১ দ্রঃ] বি, পরিমাণবিঃ (৩ যবে ১ রতি); চারিধান পরিমাণ। ২ অঙ্গুলিস্থ যবাকার রেখাবিঃ; যবরেখা।

যব৩ [ব্রজ০] ক্রি-বিণ, যখন; যদা। "বালা জন সঞে যব রহই।"-বি০ প০। ২ যাবৎ; যখন। "সখি যব রহঁ জীব।"-বি০প০। ৩ [সং] বেগ; জব (দ্রঃ)। প্র০অ০।

যবক [যব+ক (স্বার্থে)] বি, শূক-ধান্যবিঃ; যব।

যবক্ষার [যব-ক্ষার (লবণ রস)] বি, ক্ষারবিঃ carbonate of potash সাজী; যবের শীষ পোড়াইলে যে ভস্ম পাওয়া যায় তাহাই যবক্ষার নামে পরিচিত।-ডাঃ প্রফুল্ল রায়। ২ সোরা potassium nitrate. -ব০ শ০ কোষ। ~জান-বি, নেত্রজন nitrogen. ~দ্রাবক-বি, নেত্রিকাম্ল nitric acid.

যবদ্বীপ [সং] বি, যাভা (Java) নামক উপদ্বীপবিঃ।

যবন [হিব্রু০ যবন্ (যোন্-Ionia দেশের অধিবাসী Ionian); আ০ য়ুনান্=আইয়োনিয়া বা যোনবাসী গ্রীক। কিন্তু সং-তে যে যবন শব্দ আছে তাহা সং-যু (মিশ্রণে)+অন (র্তৃ), যারা চাতুর্বর্ণ ব্যবস্থা-রহিত হইয়া নির্ব্বিচারে সকলে মিলিয়া আহারাদি করে, অর্থাৎ যারা স্বেচ্ছাচারনিরত-এই অর্থে গ্রীক, য়িহুদী, তুর্কী, পারসীক ই০ বহু জাতিকে বুঝাইত। বিষ্ণুপুরাণে আছে-সগর

রাজা কতকগুলি প্রজাকে বিশেষ অপরাধে তাহাদিগের মস্তক মুণ্ডন করিয়া ভারতবর্ষ হতে বহিষ্কৃত করিয়া দিয়াছিলেন; তারা পরে যবন নামে প্রসিদ্ধ হয়। বোধ হয় তাদের যৌন সম্বন্ধ, আহার ইং-তে মিশ্রণ দোষ স্পর্শ করিয়াছিল বলিয়া এই নাম। মং বাং-র যবন অর্থে মুসলমান ও ম্লেচ্ছ বুঝাইত; আধুং বাং-র মুসলমান ও খ্রীষ্টান উভয়কেই বুঝায়] বি, গ্রীক জাতি। ২ মুসলমান। ৩ খ্রীষ্টান। ৪ ম্লেচ্ছজাতি। ৫ বিধর্ম্মী। স্ত্রীং যবনী-যবন স্ত্রী। ২ যবানী নামক ঔষধ। বিণ, যাবন [এই অর্থে বাং-র 'যাবনিক' শব্দেরও ব্যবহার আছে] যবনসম্বন্ধীয়। ২ বি, গন্ধদ্রব্য বিঃ।

যবনানী [যবন (দ্রঃ) + আন্ (আগম) + ঈ (স্ত্রীং)] বি, যবনলিপি সমূহ।

যবনাল [যব (যবের মত) নাল (নাড়া) যার, বহুং] বি, দেধাননামক ধান্যবিঃ।

যবনিকা [সং। যমনিকা দ্রঃ। ম=ব] বি, তিরস্করণী; পর্দ্দা; কানাৎ। ২ আড়াল। ৩ যবননারী। ৪ [নাট্যে] পট drop scene. যং পতন, -পাত-নাট্যাঙ্ক বা গর্ভাঙ্কের অভিনয়ান্তে পটক্ষেপ।

যবনেষ্ট [যবন + ইষ্ট (প্রিয়)] বি, রশুন; পিয়াজ।

যববক্র-যন্ত্র-বি, তাম্রময় শলাকা।

যবস্থব [সং-"ন যযৌ ন তস্থৌ" > যথাবস্থিত >। জবুথবু দ্রঃ] বিণ, অগ্রগমন বা প্রত্যাবর্ত্তন না করার অবস্থা প্রাপ্ত; পূর্ব্ববৎ; যথাবৎ; স্থগিত। ২ অমীমাংসিত; অনুকূল বা প্রতিকূল কোন পক্ষীয় সিদ্ধান্তে অনুপনীত। ক্রি-বিণ, যবে স্থবে-অ, যেমন তেমন ভাবে।

যবাগূ [যু (মিশ্রিত করা) + আগূ (র্ম্ম)] বি, যবমণ্ড; যাউ।

যবানী, যবানিকা [সং] বি, যোয়ান; যমানী।

যবাম্ল [যব + অম্ল] বি, যবের কাঁজি।

যবিষ্ঠ, যবীয়ান [যুবন্ + ইষ্ঠ (ঈয়সু, অত্যর্থে) = যবীয়স্ ১মা, ১বং] বিণ, অতিযুবা। ২ কনিষ্ঠ। "রেণুকার গর্ভে পাঁচ সন্তান হয়, তার মধ্যে পঞ্চম পুত্র রাম। তিনি সকল ভ্রাতা অপেক্ষা যবীয়ান্ হইয়াও শ্রেষ্ঠ-গুণ-সম্পন্ন হইয়াছিলেন।"-মহাং (বর্দ্ধং)।

যবুথবু [যবস্থব >] বিণ, কিংকর্ত্তব্যবিমূঢ়; যথাবৎ; হতবুদ্ধি। ২ [জবুথবু দ্রঃ] জড় ভাবাপন্ন।

যবে [হিং জব < সং-যদা। পদ্যে ব্যবহৃত] ক্রি-বিণ, যে সময়ে; যে কালে; যখন। "যথা যবে পরন্তপ পার্থ মহারথী, যজ্ঞের তুরঙ্গ সঙ্গে আসি উত্তরিল নারীদেশে" -মেঘং। "তুমি যবে ছিলে এ পুণ্য ভবনে" -রবীং। যবেঁ [প্রাং বাং] অ, যখন; যাবৎ। ২ যদি। ৩ যাহার নিমিত্ত। যবেঁহ [প্রাং বাং] যখনই। "বদন কমল তোর যবেঁহ দেখিলোঁ।"-শ্রীং কীং।

যম [যম্ (সংযত হওয়া) + অ (ভাং)] বি, সংযমন। ২ (জোম্) [যম্ + ণিচ্ = যমি (নিবৃত্ত করান) + অ (র্ত্তৃ)] শমন; দক্ষিণদিকের অধিপতি; কৃতান্ত। "জঠর যন্ত্রণা যমের যন্ত্রণা কত সব বারে বারে।"-অং মং। ৩ মৃত্যু; মরণ। ৪ শনি। ৫ যোগ। ৬ কৃষ্ণকাক; ডোমকাক। ৭ বিণ, যমজ। স্ত্রীং ~ী-বি, যমরাজের ভগ্নী; যমুনা নদী। ~কিঙ্কর-বি, যমের দূত। ~কীট-বি, ঘুঘুরিয়া পোকা। ~ঘণ্টযোগ-বি, যাত্রাদি সর্ব্বপ্রকার কার্য্যে নিষিদ্ধ বার ও নক্ষত্র ঘটিত যোগবিঃ। ~ঘর-বি, শমনালয়; কৃতান্তের ভবন। ~জয়ী-বিণ, মৃত্যুঞ্জয়; শমনজয়ী; অমর। ~জিত-যমজয়ী; শমনদমন। "এক এক বীর রণে যমজিত বাণে"-চণ্ডীং (কমললোচন, ১৭শ শতাব্দী)। ~জাঙ্গাল-বি, আকাশগঙ্গা; নভোমণ্ডলস্থিত সোমধারা; দেবপথ বা ছায়াপথ the milky way. ~তর্পণ-বি, যমের তৃপ্ত্যর্থে যজ্ঞ। ~দণ্ড-বি, মৃত্যুদণ্ড। ২ মৃত্যুর পর যমালয়ে পাপের দণ্ড। ৩ নরের ললাটে যে ঊর্দ্ধ দণ্ড (স্থূল রেখা) থাকে তা দুই প্রকার-রাজদণ্ড ও যমদণ্ড। ~দূত-বি, কৃতান্তের অনুচর; শমনের বার্ত্তাবহ। ২ বিকটাকার; ভয়ঙ্কর মূর্ত্তি; ভীতি উৎপাদক ভীষণ মূর্ত্তি। ~দূতক-বি, মৃত্যুর বার্ত্তাবহ; ডোমকাক। > স্ত্রীং ~দূতিকা-বি, তিন্তিড়ী; তেঁতুল। ~দ্বার-বি, দক্ষিণ-দিগাধিপতি যমের দরজা; যমের দক্ষিণ দুয়ার। ~দ্বিতীয়া-বি, কার্ত্তিকী শুক্লা দ্বিতীয়া তিথিতে যমের সহোদরা যমুনা কর্ত্তৃক ভ্রাতার কল্যাণ-কামনায় অনুষ্ঠিত যমের কপালে ফোঁটা-দানরূপ পর্ব্ব। ~পুকুর-বি, কার্ত্তিক মাসে অনুষ্ঠেয় কুমারীব্রতবিঃ। ~পুরী-বি, শমন সদন; যমের বাড়ী। ২ অতি কষ্টের স্থান; যন্ত্রণাগার। ~বরা-বিণ, আমরণ অবিবাহিতা; চিরকুমারী। "তুল্য ঘরের বরের অভাব ঘটিলে কন্যা যদি আমরণ অবিবাহিতা থাকিত তাহা হইলে পিতার বা ভ্রাতার কুল যাইত না। এই সকল চিরকুমারীগণকে 'যমবরা' কন্যা কহিত।"-নায়ক, ১·৮-১৩২১। বাহন-মহিষ। ~ভগিনী-যমুনা নদী। ~মাস-কার্ত্তিক মাস। এই মাসে হেমন্ত ঋতুর প্রারম্ভে অধিক হিম পড়ায় রোগের প্রাদুর্ভাব বশতঃ মৃত্যুর আধিক্য অবশ্যম্ভাবী হইয়া পড়ে, এই অর্থে কল্পিত নাম। ~যন্ত্রণা, ~যাতনা-বি, শমন প্রদত্ত শাস্তি, যমদণ্ড; মৃত্যুযাতনা। "প্রহ্লাদ আমার গুরুর গুরু এমন গুরু আর পাব না। * * ইহলোকেই স্বর্গ পাব ঘুচে যাবে যম যাতনা।"-গান। ~রাজ-বি, দক্ষিণদিকপাল; কৃতান্ত; শমন। ~সাধন-ব্রহ্মচর্য্য, অহিংসা, সত্যভাষণ, নিরহঙ্কার, অস্তেয়-এই পঞ্চ বিষয়ে সংযমাভ্যাস। ~স্বসা-বি, যমের ভগ্নী; যমুনা নদী।

যমে ধরা-ক্রি, মৃত্যুগ্রাসে পতিত হওয়া। যমের অরুচি [ব্যঙ্গার্থক; ঘৃণা বা অবজ্ঞাসূচক]। যম কর্ত্তৃক পরিত্যক্ত; যম ঘৃণায় যাকে গ্রহণ করে না; যার মৃত্যু নাই। যমের ভুল [ব্যঙ্গার্থে] যম যাকে ভুলিয়া আছে, অর্থাৎ যার মৃত্যু আসে নাই। "আমরি আমরি যমেরি ভুল"-দীনবন্ধুং। যমের দক্ষিণ দুয়ারে যাওয়া-যম দক্ষিণদিকের অধিপতি সুতরাং যমের দক্ষিণ দুয়ারে যাওয়া অর্থে মৃত্যুমুখে পতিত হওয়া (গালিবিঃ)। যমের দোসর [যম দ্রঃ] বি, দোসর যম; দ্বিতীয় যম স্বরূপ; অতিশয় ভয়ানক লোক। যমের বাড়ী-বি,

যমপুরী। ২ ভীষণ স্থান। ৩ যন্ত্রণাগার; যেখানে অতিশয় কষ্ট পাইতে হয়। যঁমের বাড়ী যাওয়া-গালিবিঃ; মৃত্যুমুখে পতিত হওয়া; মরিয়া যাওয়া। যঁমের মুখে-মৃত্যুমুখে; মরিতে। "আমার মেয়ে কি এমন ফেলনা যে তাকে যমের মুখে পাঠাবে?" ~যাতনা,-যন্ত্রণা-মৃত্যু-যন্ত্রণা; প্রাণবিয়োগ সময়ে যে যাতনা।

যমক১ [যম+ক (স্বার্থে)] বি, সংযম। ২ এক গর্ভে একদা উৎপন্ন সন্তানদ্বয়; যমজ।

যমক২ [অলং শা০] বি, কাব্যের শব্দালঙ্কারবিঃ analogue. ভিন্নার্থবাচক এক শব্দের বা ঐরূপ স্বর ও ব্যঞ্জনযুক্ত পদদ্বয়ের পুনরাবৃত্তি হইলে য০ হয়। কোন কোন স্থলে একটি পদ নিরর্থকও হইয়া থাকে (সাহিত্যদর্পণ)। য০ বহুবিধ বাং-য় আদ্য, মধ্য, অন্ত্য এই তিন প্রচর। আদ্য-"ভারত ভারতখ্যাত আপনার গুণে"। মধ্য-"যাইতে ভবের পারে পারে সেই জন।" অন্ত্য-"শুনি স্মরে কবি রায় ভারত ভারত। এমন না দেখি আর চাহিয়া ভারত।" বাং-য় আদ্য ও মধ্য য০ গদ্যে ও পদ্যে, অন্ত্য কেবল পদ্যে এবং সর্ব্বযমক, আমুখ, যুগ্ম, পরিবৃত্তি আবৃত্তি; গর্ভ; পঙ্‌ক্তি ই০ বহুবিধ যমকের দৃষ্টান্ত সং-তে পাওয়া যায় বাং-য় নাই বলিলেও চলে।

যমজ [যম-জ(জাত)] বিণ. সহজাত। ২ বি, এক সময়ে একগর্ভে জাত সন্তানদ্বয়; যমক।

যমতা [যম+তা (ভা০)] বি, মৃত্যু; মরণ। "যদি কর মমতা হত হয় যমতা দিবি ভুবি সমতা শুই হেয়দ্বে।"-অ০ ম০।

যমদগ্নি [পু০] বি, পরশুরামের পিতা।

যমধর, যমধার [যমের ধারা (অস্ত্রের তীক্ষ্ণ ভাগ)] বি, উভয় পার্শ্ব তীক্ষ্ণধারবিশিষ্ট খড়্গ; দুইদিকে ধারাল তরবারিবিঃ। "খরধার, তরবার, যমধার নাম। কি করাল ভিন্দিপাল কৃতান্তের ধাম।"-কাশী০।

যমন [যম্ (নিবৃত্তি করা)+অন (ভা০)] বি, সংযমন।

যমনিকা [সং। যম্ (বেষ্টনে) >] বি, পর্দ্দা; যবনিকা; কানাৎ।

যমবান্ [যম (সংযম)+বৎ (স্ত্য-)] বিণ, জিতেন্দ্রিয়; সংযমী; সংযমশালী।

যমল [যম (যুগ্ম)+ল (জ্ঞা০)] বি, যুগ্ম; জোড়া। স্ত্রীং ~ী-পরিচ্ছদবিঃ। ~গান [রবী০] বি, জুড়ী গান duet song.

যমলার্জ্জুন [পু০। প্রা০ বাং-জমল আর্জ্জুন। যমল+অর্জ্জুন] বি, বৃন্দাবনস্থ তন্নামক বৃক্ষদ্বয়। কুবেরাত্মজদ্বয় নারদের শাপে কুবের পুত্রদ্বয় এই বৃক্ষরূপে জন্মগ্রহণ করেন, শ্রীকৃষ্ণ বাল্যক্রীড়াচ্ছলে বৃক্ষদ্বয় ভগ্ন করিয়া কুবেরাত্মজদ্বয়কে শাপমুক্ত করেন। "জমল আর্জ্জুন তরু উপারিল আক্ষে"-শ্রী০ কী০।

যমা, যোমা [যুগ্ম >] বিণ, যুগ্ম; যমল। প্র-যোমা কলা।

যমানী, যমানিকা [সং] বি, যবানী; যোয়ান।

যমান্তক [যম+অন্তক (নাশকারী), ৬তৎ] বি, শমনজয়ী; মৃত্যুঞ্জয়; শিব।

যমালয় [যম+আলয় (গৃহ), ৬তৎ] বি, যমপুরী।

যমিত [যম্+ণিচ্=যমি (নিবৃত্তি করান) +ত (র্ম্ম)] বিণ, সংযমিত। ২ খণ্ডিত; ছিন্ন। ৩ আবদ্ধ।

যমী [যম+ইন্ (স্ত০)=যমিন্ ১মা, ১ব০] বিণ, জিতেন্দ্রিয়, সংযমী। "তা যে ব্যক্তি সর্ব্বভুক্ সুরাপায়ী-সে আবার ভোগে বিরত কি প্রকারে? সুতরাং বাবুও যমী নহেন।" -সনাতনী।

যমুনা [যম্ (বিরত হওয়া)+উন (র্তৃ) আ (স্ত্রীং)] বি, যমভগ্নী; কালিন্দী নদী। ~ভ্রাতা -শমন; যম। ~তট, ~তীর, ~পুলিন, ~সৈকত-বি, যমুনা নদীর কূল বা ধার।

যযাতি [পু০] বি, নহুষ রাজার পুত্র; ইনি শুক্রাচার্য্যের অভিশাপে জরাগ্রস্ত হইয়াছিলেন। ২ [মূলে যা ধাতু (গমনে, প্রাপ্তি অর্থে > আয়ু প্রাপ্তি বা গতি) >। প্রা০ বাং] জন্মপত্রিকা। "দুর্ব্বলা গণকগণে প্রভাতে ডাকিয়া আনে লিখে তারা শিশুর যযাতি।"-কবিক০।

যরম [জন্ম > জনম > প্রা০ নিয়কথ্য ম=য়] বি, জন্ম। "হায় তিরী য০"-শ্রী০ কী০।

যশ [যশস্ > যশঃ > বাং-য়] বি, যশঃ।

যশঃ [অশ্ (ব্যাপ্ত হওয়া)+অস্ (র্তৃ), অ=য] বি, কীর্ত্তি; সুখ্যাতি। ~কীর্ত্তন-বি, কীর্ত্তি কথন; যশোগান। ~ক্ষয়-বি, কীর্ত্তিনাশ; যশোহানি। ~ক্ষেত্র-বি, কীর্ত্তিস্থল। ~খ্যাপন-বি, যশোগান; সুখ্যাতি কথন। ~পটহ-বি, জয়ঢাক। ~শেষ-বি, পরলোকপ্রাপ্তি; মৃত্যু। ~শৈল-বি, কীর্ত্তিরূপ অচল; অত্যুচ্চ খ্যাতি। ~স্তম্ভ-বি, কীর্ত্তিস্তম্ভ। ~-মান, যশ-মান [বাং-য়-যশোমান ও০] বি, মান সম্ভ্রম; সুখ্যাতি; সম্মান প্রতিপত্তি।

যশদ [হিং যস্তা] বি, দস্তা zinc. প্র-গন্ধকের সহিত যশদের (zinc) একটী যৌগিক পদার্থ আছে"-নব্যরসায়নী বিদ্যা।

যশব [হিং] বি, সুলেমানী নামক মূল্যবান পাথর; গন্ধর্ব্বমণি agate.

যশম-বি, নারীবাহুর অলঙ্কারবিঃ।

যশস্কর [যশস্-কৃ (করা)+অ (র্তৃ)] বিণ, কীর্ত্তিজনক; যশঃসাধন।

যশস্কাম [যশঃ+কাম] বিণ. যশোলিপ্সু; যশাকাঙ্ক্ষী।

যশস্য [যশস্+য] বিণ, সুখ্যাতিজনক; যশস্কর।

যশস্বান্ [মু০ যশস্বৎ >] বিণ, যশস্বী; কীর্ত্তিমান্। স্ত্রীং যশস্বতী।

যশস্বী [যশস্+বিন (স্ত্য০)=যশস্বিন্ ১মা, ১ব০] বিণ, বিখ্যাত; কীর্ত্তিমান্। স্ত্রীং যশস্বিনী-কীর্ত্তিমতী। ২ [বৈদ্যকে] বি, মহাজ্যোতিষ্মতী লতা। (২) বনকার্পাসী। (৩) যবতিক্তা।

যশো/গাথা [যশস্ গাথা] বি, কীর্ত্তি-গাথা; গৌরব গীতি; খ্যাতিগান। "জগৎ যুড়িয়া যশোগাথা"-রবী০। ~গান [যশস্+গান] বি, খ্যাতিকীর্ত্তন; কীর্ত্তিগাথা। "এক-তান মনঃপ্রাণ গাও ভারতের যশোগান।" -জাতীয় সঙ্গীত। ~গীত, ~গীতি [যশস্+গীত, গীতি] বি, যশঃকীর্ত্তন; সুখ্যাতি কথন; যশোগান। "দিগঙ্গনাগণ দেবদূত সঙ্গে রঙ্গে যশোগীত গায়।"-হেম০। "ত্বরা করি যাও যশোগীতি গাও লও কবি-কুঞ্জ-বাসে"-ঐ।

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ=ংগ ঙ্গ=ঙ্গ্য ঞ=নচ ঞ=ঞ্ট ক্ষ=ক্ষ হ্ন হ্ম হ্ব হ্য=নহ ম্হ লহ ভ ব্য, জ ক ব ভ=zfwv ও চ্চা০ দ্রঃ

~দ [যশস্‌-দা (দান করা)+অ (র্ত্তৃ)] বি, পারদ। ২ যশোদায়ী। >স্ত্রীং ~া -যশোদায়িনী। ২ গোপরাজ নন্দের পত্নী। ~ধন [যশস্‌=যশঃ (কীর্ত্তি) হইয়াছে ধন যার, বহু০] বিণ, যশস্বী। "কৃষ্ণানন্দ মুখুয্যা পরম যং।"-অ০ ম০। ~ভাক্‌-বিণ, যশের অংশভাগী। ~ভাজন-বি, যশের উপযুক্ত পাত্র; প্রশংসাস্পদ। ~ভাগ্য-বি, যশের সৌভাগ্য। ~মণ্ডিত-বিণ, প্রাপ্ত-যশাঃ; যশস্বী; গৌরবমণ্ডিত। ~মতী-বি, মন্দরাণী; যশোদা। ~মন্দির [আলঙ্কারিক ভাষায়] বি, কীর্ত্তিরূপ মন্দির; যশের তীর্থ। "যশের মন্দির ওই; ওথা যার গতি, অশক্ত আপনি যম ছুঁইতে রে তারে।"-মাইকেল০। ~ময়-বিণ, যশস্বী; গৌরবময়। > স্ত্রীং ~ময়ী। ~রশ্মি-বি, কীর্ত্তিপ্রভা; গৌরবালোক; যশের দীপ্তি। ~রাশি-বি, কীর্ত্তিসমূহ; বহুখ্যাতি। ~লিপ্সা-বি যশাকাঙ্ক্ষা; গৌরবলাভেচ্ছা; খ্যাতির আকাঙ্ক্ষা। > বিণ, যশোলিপ্সু। ~হানি-বি, গৌরবহানি; খ্যাতিনাশ।

যষ্ট/ব্য [যজ্‌ (পূজনে)+তব্য (র্ম্ম)] বিণ, যজ্ঞার্হ। ~া-বি, যজ্ঞকর্ত্তা; যজমান।

যষ্টি [সং] বি, লাঠি। ২ ধ্বজাদি দণ্ড। ৩ হার আদির ছড়া; নর; হালি। ৪ শাখা। ৫ তন্ত। ৬ যষ্টিমধু। ~গ্রাহী-বি, লগুড়ধারী। ~প্রহার-বি, লাঠির আঘাত; লগুড়াঘাত।

যষ্টিকা [যষ্টি+ক+আ (স্ত্রীং)] বি, লাঠি; লগুড়। ২ একনর হার। ৩ যষ্টিমধু।

যষ্টিমধু [যষ্টি (কাঠি) মধু] বি, মিষ্ট মূলবিঃ glycyrhiza glabra.

যষ্ট্যাঘাত [যষ্টি+আঘাত] বি, লাঠির প্রহার; লগুড়াঘাত।

যস্ক, যাস্ক-বি, বৈদিক নিরুক্তকার মুনিবিঃ।

যহি [সং-যদ্‌ > ব্রজ০] অ, যাতে। "আদি খণ্ড কথা অতি অমৃতের ধার। যহি গৌরাঙ্গের সর্ব্ব মোহন বিহার।"-চৈ০ ভা০।

যহুঁক, যাহুক [ব্রজ০। সং-যদ্‌ শব্দ] স, যাহার। "যহুঁক বিরহ ভয়ে উরে হার না দেলা, সো অব নদী গিরি আঁতর ভেলা।" -বি০ প০।

যা১ [সং-যাতৃ >] বি, পতির ভ্রাতৃজায়া।

যা২ [সং-যদ্‌ ১মা, ১ব০=যঃ=বাং-যে; ক্লীবলিঙ্গে, যা। সং-যদ্‌ > বাং-র যাহা (দ=হ)। সম্মানার্থে ৺ যোগে যাঁ (যাঁহা > কে০ যাঁ), যে সম্মানিত ব্যক্তি (যিনি দ্রঃ)। "যাঁ হ'তে জনমিল"-হেম০] স, যাহা; যে দ্রব্য। ২ যে বিষয়; যে ঘটনা। ৩ যাহাকে। ৪যাবৎ। "যেমনে পাএ তেমনে খাএযা নাহি খিধা পালাএ।"-শ্রী০ কী০। ৫ [যা=জা=জাও। যাওয়া দ্রঃ] ক্রি, গমন কর। যা-খুসি-তাই -যা ইচ্ছা তা; ইচ্ছামত। "সে যা-খুসি-তাই আবদার করে"-ভারতী,১৩২১। ~-তা ["যাহা তাহা" > কে০] অনির্দ্দিষ্ট-বাচক; যে কোন। ২ খেলো। ৩ যত্ন বা চেষ্টার অভাববোধক। ৪ যেমন তেমন; উপেক্ষার ভাববোধক। যা নয় তাই-যা হওয়া উচিত নহে তাই হওয়া। ২ যা অসম্ভব তার সম্ভাবনা বা প্রস্তাবনা। যা হউক, যা-হোক্‌-যাহা হউক; যেরূপ পরিণাম বা যে কোন ঘটনা সত্ত্বেও। ২ গত বিষয়ের আলোচনা বা উল্লেখ নিষ্প্রয়োজন এই অর্থে। "এত ব্যাজে দেখা সাজে কিহে বন্ধু? যা হউক দেখা হইল, দুঃখ দূরে গেল,-যাউক হে এখন গত কথায় আর নাহি প্রয়োজন।"-গান। যা হবার-যা কিছু হইবার; যা অবশ্যম্ভাবী। "যা হবার তাই হবে কি হবে তা ভাবিলে, কে তারে রাখিতে পারে বিধি নিজে হরিলে।" -কাব্যকুসুমাঞ্জলি। ঐ-যা-অপ্রত্যাশিত এবং অনভিলষিত ব্যাপারের হঠাৎ ঘটনায় বিস্ময় ও ক্ষোভসূচক অব্যয়।

যাআ, যাওয়া [সং-যা (গমনে) > বাং-যাআ, যাওয়া] ক্রি, যাওয়া (দ্রঃ)।

যাই১ [যাওয়া দ্রঃ] ক্রি, গমন করি। ২ ক্রিয়ার সমাপ্তিসূচক বা করা অর্থক গৌণ ক্রিয়া। "আনন্দে আপনি আপনা ভুলে যাই"-গান। ৩ মরে যাই। যাই না-যাওয়ার অনভ্যাসবোধক। প্র-ওদের বাড়ী আমি কখন যাই না। ২ জিজ্ঞাসা ও অনুমতির অপেক্ষাবোধক। প্র-ওখানে যাই না একবার, তা'তে দোষ কি? এখন আমি যাই না? যাইনাকি-অ, যাই না কেন; যাই। "যেথা আমি যাইনাক তুমি প্রকাশিত থাক"-রবী০। ২ যাওয়া বন্ধ করার ভাব; যাওয়ার অভ্যাস না থাকার ভাব। প্র-সারাদিন ঘরেই বসে থাকি কোথাও আর যাইনাক। যাই যাই-যাইবার উপক্রম। ২ এই যাই বা এইবার যাই এরূপ পুনঃপুনঃ উক্তি। প্র-"যাও যাবে প্রাণনাথ যাই যাই আর কোরনা।"-নিধুবাবু।

যাই২ [সং-যতঃ >] অ, যে হেতু। "যাই আমি নারী তাই ভুলি বচনে" -রামবসু।

যাউ১-যাক্‌ দ্রঃ।

যাউ২ [যবাগূ > (বৌ০ সা০ যাগু)] বি, যবাদির মণ্ড; চূর্ণ চাউল যব প্রভৃতি ছয় গুণ জলে সিদ্ধ করিলে যে কাথ প্রস্তুত হয়।

যাউ৩ [যাওয়া দ্রঃ] ক্রি, যাই; গমন করি। "চল যেথানে যাউ রিতু বসন্ত।"-বি০ প০।

যাউক-যাক্‌ দ্রঃ।

যাও১ [যাওয়া দ্রঃ] বি, গমন কর।

যাও২ [তুল-হি০ হটো; ইং go to (Muray 90, 91 b)] ক্রি, প্রতিবাদ, তিরস্কার, অস্বীকার, বর্জ্জন, অমনোনয়ন, ঘৃণা ই০ দ্যোতক অনুজ্ঞা। এই অর্থে আরে যাও, যাও যাও- disapprobation, remonstrance, protest or derisive incredulity.

যাওন [যাওয়া দ্রঃ। ম০ বাং] বি, যাওয়া; প্রস্থান; গমন। "এ কারণ সেই দিবস খোজেস্তার যা০ হইল না।"-তোতা ইতিহাস।

যাওয়া১ [সং-যা (গমন করা) >। যাই, যাও, যাহ (যায়েন, যান্‌, যাস), যায় (যায়েন, যান্‌), যাইতে(কে০ যেতে); যাইয়া(কে০ যাই (পদ্যে) গ্রা০ যেয়ে)। পিজন্ত-যাওয়ানি প্রা০ বাং-যাইউ,-উ=যাই। যাইউ=যাও। যাইতোঁ =যাইতাম। যাইবাক=যাইতে; যাইবার জন্য। যাইবোঁ=যাইব। যাএ=যায়; যাইতেছে। যাওঁ=যাই; যাইতেছি। যাওঁ=যাই। যাব=যাইবে; যাসি,-সী=যাইস্‌; যাইতেছিল।

ঁজ ঁবঁঁবলুন বৈলা ঁব্যথা অতিঐতি ঁবুদ্ধক্ষয়, ৈ=ী=া=এ=$a(t)$. ণ=ন য=জ স=শ=ষ সশ=S (স্ত স্থ স্ন স্র স্ল শৃ...), অনাদ্য ‹ ~ › অব্যক্ত

যাহা=যাও ; গিয়া থাক-খ্রী॰ কী॰] ক্রি, যাত্রা করা ; গমন করা ; প্রস্থান করা। "আমার আয়ু-সূর্য্য হায় অস্ত যায় যায়। এখন অন্ধকার দেখে ভয়ে কাঁপে প্রাণ।"-বাং গান। ২ অবসান হওয়া। ৩ ক্ষয় পাওয়া। ৪ নষ্ট হওয়া। ৫ গত হওয়া ; মরা। ৬ কার্য্যে সমাপ্তিবোধক হওয়া বা করা অর্থক ক্রিয়া সহচর। প্র-বলে যাওয়া, পড়ে যাওয়া, উঠে যাওয়া ই॰। তুল-ফেলা, চুকা। "এমন লোক দেখা (দৃষ্ট) যায় (হয়) ; অষ্ট্রেলিয়ায় সোনা পাওয়া যায়" ই॰-মুকুলেশ্বর বিদ্যা-ভূষণ, ব্যাকরণ, পৃ॰ ১১৯। ৭ প্রবৃত্ত হওয়া। "আলোচনা করিতে যাইয়া বলিয়াছিলেন।" -বর্ত্তমান জগৎ। ৮ সাধা: স্ত্রী পশুর গর্ভ গ্রহনার্থ পুং পশুর এবং কচিৎ পুং পশুর স্ত্রী পশ্বাদির কাছে যাওয়া ; সঙ্গত হওয়া [তুল-go to the bull &c. "what age do you think best for the mare to go to the horse."—Murray (N.E.Dic, go, 3. b)] ৯ ব্যবসায় বৃত্তি ই॰ কোন বিশেষ কারণে, বিশেষ স্থানে, নিত্য গন্তব্যস্থানে বা কর্ম্মস্থানে গমন করা। প্র-স্কুলে যাওয়া, অফিস যাওয়া, কাছারি বা আদালতে যাওয়া, জল্‌কে যা॰, বাড়ী যা॰, বাজার যা॰, ঘাটে যা॰, জেলে যাওয়া, সমুদ্রে যাওয়া ই॰ [তুল-Murray N. E. Dictionary 90, 3, c.]। ১০ [অভি-শাপ বা গালি অর্থে-নদ্যাদি জলাশয়ের ঘাটে যথায় শবদাহ হয় তথায়] মরা। প্র-নিম-তলা, বা কেওড়াতলা ই॰-র ঘাটে যাও (কলিকাতায়)। ঘোলঘাটে যাও (হুগলিতে) ই॰। ১১ বিক্রয় হওয়া ; বাজারে কাটা ; ক্রেতার হস্তে যাওয়া ; দরে বিলি হওয়া। প্র-মালটা আজ কততে যাচ্ছে বা গেল। **যাওয়া আসা, আসা যাওয়া**-গমনাগমন করা। ২ [লক্ষ॰] বি, জন্ম মৃত্যু (তুল-হি॰ আরাগমন)। "আসা যাওয়া যে যন্ত্রণা জেনেও কি মন জানিস্ না"-গান। ৩ গতিবিধি। [হি॰, বৈ॰ ব্রজ॰] **যাই**-যায়। "যত বিহরিয়ে তত বিহর না যাই"-বি॰প॰। **যাইহঁ**-যাইও। "না যাইহ সো পিয়া তহি একগুণে"-বি॰ প॰। **যাউ**-যাউ৩ দ্র:। **যাওতঁ**-যাও। "বিকশল অঙ্গ না যাওত ধরণে"-বি॰প॰। **যাওবঁ**-যাইব। "হাম না যাওব সো পিয়া ঠাম-বি॰ প॰। **যাওবি, যাইবি, যাবি**=যাইবে। **যাব**-যাইবে। **যাতা**-যাইতেছে। "কালিন্দী তীর ধীর চলি যাতা"-বি॰ প॰। **যাম** [রূপভেদে-যাইবাম, যাবাম, যাইরম, যাইমু, যামু] যাইব। **যাত্যা** [প্রাদে॰উচ্চারণে] যাইতে। "এ পথে দেখিলে যাত্যা মোর প্রাণনাথ।"-ভাগবত (কবিশেখর, ১৭ শতক)। **যায়ব**-যাইব ; যাইবে। "তব কিয়ে যায়ব পাপক অন্ত"- বি॰ প॰। **যায়ল**-যাইল। **যাসি**-যাইতেছ। "কাহে মোহে সন্তাসি না যাসি।" -বি॰ প॰। **যাহঁ**-যাও।

যাওয়া২ [যাওয়া১ দ্র:] ক্রিয়াবোধক বি (verbal noun), গমন ; গতিকর্ম্ম করা। প্র-যাওয়া যাক। ২ [অস-ক্রি-তে যুক্ত হইয়া] বিণ, গিয়াছে এমন ; যাইতেছে এরূপ ; গমনশীল। "ভেসে-যাওয়া প্রদীপের শিখাটির সম"-ভারতী, আশ্বিন, ১৩২৯।

যাঁচ [হি॰] বি, পরীক্ষা। ক্রি, যাঁচা, যাঁচ করা-পরীক্ষা করা।

যাঁচা [হি॰ যাঁচ্‌না] ক্রি, যাচা দ্র:।

যাঁত, যাঁতা১ [যন্ত্র >] বি, যন্ত্র ; কল। ২ পেষণ যন্ত্র ; হাতে করিয়া কলাই ই॰ ভাঙ্গিবার যন্ত্র। ৩ ভয়। ক্রি, যাঁতা২-যন্ত্র দ্বারা পেষণ করা। ২ কলে ফেলা।

যাঁতি [যন্ত্র > জাঁত > বৃহদর্থে যাঁতা, ক্ষুদ্রার্থে যাঁতি] বি ছেদনাস্ত্রবি: ; সুপারী কাটিবার যন্ত্রবি: ; কাতি।

যাঁহা [সং-যত্র > হি॰, ব্রজ॰] অ, যথা ; যেখানে। "যাঁহা যাঁহা ঝলকত অঙ্গ। তাঁহা তাঁহা বিজুরি তরঙ্গ।=বি॰ প॰।

যাক্, যাক১ [যাউক ক্ষে॰। 'যাউ' ও॰। যা >। যাওয়া দ্র:] ক্রি, (অনুজ্ঞা), গমন করুক। প্র-সে তার সঙ্গে যাক। ২ উপেক্ষা-বোধক অব্যয় ; যেতে দাও। ৩ উল্লেখে প্রয়োজন নাই প্র-যাক্ ও কথায় কাজ নাই। ৪ ক্রিয়া সমাপ্তিবোধক সহচর শব্দ। প্র-নূতন স্থান; আগে জল বায়ু সয়ে যাক্, তারপর স্থায়ী বাস স্থাপন করবে। যাওয়া যাক। **~গে** [যাউক গিয়া। তুল-মরুক গে] অ, বিরক্তি বা অবজ্ঞাসূচক অব্যয় ; উপেক্ষাবোধক।

যাক২ [হি॰ ব্রজ॰] স, যাহার। "যাক দরশ বিনে ঝুরয়ে নয়ান"-বি॰ প॰।

যাকর, যঁকর [ব্রজ॰] স, যাহার। "যাকর কাহিনী"-জ্ঞান॰। "যাকর মরমে বৈঠে বরনারী।"-বি॰ প॰। "যাকর রচিত মধুর রস নিরমল পদ্য গদ্যময় গীত।" -প॰ ক॰ ত॰।

যাকু [প্রা॰ বাং। যাউক বর্ণবিপর্য্যয়ে যাকউ=যাকু] ক্রি, যাউক। "যদি যাকু সারী শুয়া তোমার বালায় লয়্যা তোমা বহি মনে নাহি আর।"-কবিক॰।

যাকে১ [যাহা+কে (২য়া বিভক্তি) ক্ষে॰। বহুবচনে-যাহাদিগকে > ক্ষে॰ "যাদিগে"] স, যাহাকে। "যাকে দেখ্‌তে নারি তার চলন বাঁকা"-প্রবচন। "যেই যাকে মনে করে সেই তার মনোরঞ্জন।"-নিধু॰। **~তাকে** ["যাহাকে তাহাকে" > ক্ষে॰] স, যে কোন ব্যক্তিকে ; অনির্দ্দিষ্ট লোককে ; অজ্ঞাত-কুলশীলকে। "যাকে তাকে ধরিয়া কন্যাদান করা ধর্ম্মবিরুদ্ধ"। ২ অনভিজ্ঞকে ; আনাড়ী ব্যক্তিকে। প্র-যাকে তাকে দিয়া গড়াইলে কি গহনার গড়ন ভাল হয়। ৩ অনুপযুক্ত ব্যক্তিকে ; অপাত্রকে। প্র যাকে তাকে ও সকল কথা বলা ভাল হয় নাই।

যাকে২ [প্রা॰ বাং। লাগে > বিকারে] ক্রি, যায় ; লাগে ; স্পর্শ করে। "রাজার রাজ্যে পাপ করিলে রাজায় পাপ যাকে" -রামা॰ (কৃত্তি॰)।

যাগ [যজ্ (পূজা করা) + অ (ভা॰)] বি, যজ্ঞ ; হোম। [বৈদিক দেবতার উদ্দেশে দ্রব্য অর্পণ; সাধারণত: অধ্বর্য্যু আহবনীয় অগ্নিতে দ্রব্য নিক্ষেপ করিয়া যাগ করেন। অধ্বর্য্যু বষট্‌কারান্ত মন্ত্রের পর দাঁড়াইয়া যে আহুতি দেন, তা যাগ। আর যা স্বাহাকারান্ত মন্ত্রে বসিয়া আহুতি দেন তা হোম। "মহা বিঘ্ন হবে যাগে নির্জ্জন বর্জ্জিত ভাগে যক্ষ রাক্ষসের অধিকার।"-শি॰]। **যাগ করা**-যজ্ঞ করা।

যাগু [যাউক > যাক > প্রা॰ বাং-র যাগু] ক্রি, যাউক ; যাক। "হারে ধারে যাগু এ সব সম্পদ অনলে পুড়িয়া যাক।"-চণ্ডি॰। ২ [হি॰ যাঁউ] যাই।

যাচক [যাচ্ (যাচ্ঞা) + অক (র্ত্তি)] বিণ, যাচ্ঞাকারী ; ভিক্ষু ; প্রার্থী। স্ত্রীং যাচিকা।

যাচন$_1$ [যাচ্ (যাচ্ঞা করা) + অন (ভা°)] বি, প্রার্থনা ; যাচঞ ; ভিক্ষা। ~া-বি, প্রার্থনা। ২ ভিক্ষা। ~ীয়-বিণ, প্রার্থনীয় ; ভিক্ষার যোগ্য। ~ক(-ন°) বিণ, যে যাচ্ঞা করে ; প্রার্থী। ২ বি, প্রার্থনা।

যাচন$_2$ [হিং যাঁচনা। বাং যাঁচা ধাতু] বি, পরীক্ষা। ~দার-বিণ, দ্রব্যের উৎকর্ষাপকর্ষ পরীক্ষক ও মূল্যনির্দ্ধারক।

যাচনা-যাচ্ঞা দ্রঃ।

যাচমান [যাচ্ (প্রার্থনা করা) + আন (র্ত্তৃ)] বিণ, যে ব্যক্তি যাচ্ঞা করিতেছে ; প্রার্থয়মান।

যাচা$_1$, যাঁচা [হিং যাঁচ (পরীক্ষা) + আ (ক্রি-বিভক্তি)। হিং যাঁচনা। যাচি, যাচ (যাচেন, যাচিস), যাচে (যাচেন) ; যাচিতে ; যাচিয়া (ক্ষে° পদ্যে-যাচি, গ্রা° যেচে)। ণিজন্ত-যাচান] ক্রি, উৎকর্ষাপকর্ষের পরীক্ষা করা ; যাচাই করিয়া দেখা।

যাচা$_2$ [সং-যাচ্ (যাচ্ঞা-প্রার্থনা করা) >। উ° পু° ই° রূপ যাচা$_1$ সদৃশ] ক্রি, প্রার্থনা করা ; যাচ্ঞা করা ; চাওয়া। "নব সমীরণ যায় সুখের আশায় সুরভি তাহার যাচিয়া ; যত গুঞ্জরে অলি কুঞ্জের তলে বিহগেরা গায় নাচিয়া।"-বিজয় মজুমদার। ২ যাচিয়া দিতে যাওয়া। "তার এই স্তবে তুষ্ট হৈল মহেশ্বর। ভকতবৎসল ভগবান যাচে বর।"-শি°। ৩ সাধাসাধি করা ; অনুরোধ বা অনুনয় করা। "যেচে মান কেঁদে সোহাগ।" [ব্রজ°] যাচত [সং-যাচতি। হিং যাচ্তা। প্রা° হিং যাচত্] যাচ্ঞা করে ; যাচে। "ভারত যাচত ভকতি লেশ, সরস অবশ অঙ্গিয়া"-অ° ম°। [প্রা° বাং-যাচিতেঁ -প্রার্থনা করিতে। ২ সাধ্যসাধনা করিতে। "যাচিতেঁ উপেখহ তোহ্মে সে আমৃত"-শ্রী° কী°। যাচু-প্রার্থনা করুক ; যাচুক। "উলটিআঁ সে যাচু তোহ্মাক যতনে।" -শ্রী° কী°। যাচোঁ-যাচি ; প্রার্থনা করি]।

যাচিয়া মান কাঁদিয়া সোহাগ [গ্রা°'যেচে মান কেঁদে সোহাগ'] যা আপনা হতে আসিবে তা ভিক্ষা করিয়া বা কান্নাকাটি করিয়া লওয়ায় ফল নাই কারণ তাতে প্রকৃত বস্তু পাওয়া যায় না।

যাচাই [হিং। যাচ + আই (করণ অর্থে)] বি, মূল্যাদি নির্দ্ধারণ। ২ উৎকর্ষাপকর্ষের পরীক্ষা ; কষিয়া দেখা test ; trial. প্র-সোণা যাচাই করিয়া দেখ খাটি কি মেকি। ৩ সত্যাসত্য নিরূপণ ; যথার্থ অনুসন্ধান।

যাচান [যাচা (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ। যাচাই, যাচাও (যাচান, যাচাস), যাচায় (যাচান) ; যাচাইতে ; যাচাইয়া (ক্ষে° যাচিয়ে)] ক্রি, প্রার্থনা করান ; চাওয়ান। ২ যাচিয়া দান করা। "কহে দ্বিজ চণ্ডীদাসে, কুলবতী কুল নাশে আপনার যৌবন যাচায়।"-চণ্ডি°।

যাচিত [যাচ্ (যাচ্ঞা করা) + ত (র্ম্ম)] বিণ, প্রার্থিত। স্ত্রীং ~া$_1$।

যাচিতক [যাচিত + ক] বি, প্রার্থিত বস্তু।

যাচিতা$_2$ [যাচিতৃ >] বিণ, যাচ্ঞাকারী। স্ত্রীং যাচিত্রী।

যাচ্চলে [যাক্ চলিয়া > বা যাক্ চুলোয় > ক্ষে°। গ্রা°] অ, খেদ, বিরক্তি বা বিস্ময়াত্মক অব্যয় ; সম্পূর্ণ বিপরীত বা অবান্তর হেতু বিস্ময়, নৈরাশ্য, ব্যঙ্গ্য ই° সূচক অব্যয়। "আমরা চাই স্থিতিশীল বিলাতী প্রথার ব্যাক। যাচ্চলে"-বি° কু° সরকার।

যাচ্ছেতাই [যাহা-ইচ্ছা-তাহাই > ক্ষে°] বিণ, যথেচ্ছ। ২ বিশ্রী ; কুৎসিত ; অতি জঘন্য।

যাচ্ঞা [সং। যাচ্ >। প্রা° যাচিঞা, যাচিঙ্গা। প্রা° বাং-স্ত্র-প্রার্থিনী বা যাচিতা অর্থে "যাচিঞা"। "যুবতী যাচিঞা হলে দোষ নাহি তায়।" -ধ°] বি, যাচনা ; প্রার্থনা ; ভিক্ষা।

যাচ্য [যাচ্ + য (র্ম্ম)] বিণ, যাচিতব্য ; প্রার্থনার যোগ্য ; প্রার্থনীয়। ~মান-বিণ, প্রার্থনার বিষয়ীভূত।

যাজক [যজ্ (পূজা করা) + অক (র্ত্তৃ)] বি, পুরোহিত। ২ ধর্ম্মপ্রচারক। ৩ যজ্ঞকর্ত্তা ; যাজ্ঞিক। ৪ মত্তহস্তী। ~বৃত্তি-বি, পৌরোহিত্য। ২ প্রচারকের কর্ম্ম। ৩ পুরোহিতের নির্দ্ধারিত বেতন।

যাজন [যজ্ + ণিচ্ = যাজি (যাগ করান) + অন (ভা°)] বি, পৌরোহিত্য। ~বৃত্তি -বি, পৌরোহিত্য।

যাজনিক [যজন + ইক] বিণ, যজন সম্বন্ধীয়। ২ বি, পূজারি priest.

যাজি, যাজী [যজ্ (যাগ করা) + ই-ইন (র্ত্তৃ)] বি, যজ্ঞকর্ত্তা ; যাজক।

যাজ্ঞবল্ক্য [যজ্ঞবল্ক + য (অপত্যার্থে)] বি, ধর্ম্মশাস্ত্রপ্রণেতা মুনিবিঃ।

যাজ্ঞসেনী [যজ্ঞসেন (দ্রুপদ রাজা) + অ (অপত্যার্থে) + ঈ (স্ত্রীং)] বি, দ্রৌপদী।

যাজ্ঞিক [যজ্ঞ + ইক(র্ত্তৃ)] বি, যজ্ঞকর্ত্তা। ২ পুরোহিত। ৩ যজ্ঞসাধন দ্রব্যাদি।

যাজ্ঞিকান্ন [যাজ্ঞিক (যজ্ঞীয়) যে অন্ন, যা] বি, যজ্ঞীয় চরু। "সহচর পাঠাইয়া যাজ্ঞিকান্ন আনাইয়া করিলেন কাননে ভোজন।" -অ° ম°।

যাজ্য [যজ্ (পূজা করা) + য (র্ম্ম)] বিণ, যজনীয় ; যজ্ঞক্রিয়ার উপযোগী। ২ যার জন্য যাগ করা যায়। স্ত্রীং ~া-বি, প্রতিমা। ২ যজ্ঞভূমি। ৩ [বৈ°] হোতৃপাঠ্য ঋক্ ; যাগের পূর্ব্বে হোতা কর্ত্তৃক উচ্চারিত যাগমন্ত্র।

যাটি [যষ্টি >] বি, লাঠি ; যষ্টি ;

যাঠা [যষ্টি >] বি, বৃহৎ যষ্টি ; লগুড়াস্ত্র। "সোদর বচন বুকে বাজে যেন যাঠা।"-ঘ°। ২ খানিগাছের যষ্টিবিঃ।

যাণাইবোঁ [প্রা° বাং বানান। জ=য] বি, জানাইব ; গোচর করিব। "যাণাইবোঁ কংস যেন করএ বিচার।"-শ্রী° কী°।

যাণিল [জানিলাম > প্রা° বাং বানান] ক্রি, জানিলাম। "যে:তকে যাণিল নারী যেহেন শরীরে।"-শ্রী° কী°।

যাত$_1$ [যা (গমন করা) + ত (র্ত্তৃ)] বিণ, অতীত। ২ বিদিত ; জ্ঞাত। ৩ লব্ধ।

যাত$_2$ [যাত্রা >] বি, ভীড় ; মেলা। "ভাল পেয়ে দৈবজ্ঞ দেখান ডেকে হাত। কত পীড়া উঠানে মেয়ের পড়ে যাত।" ২ উৎসব।

যাত$_3$ [যার (দ্রঃ) > যা + র (সম্বন্ধে, প্রা° বাং-রত)] স, যাহার। "যাত খিধা যসে"-শ্রী° কী°। ২ যাহাতে। "সে পথে না জানিব যাত দাণী কাহাঞি।"-শ্রী° কী°।

যাতনা [যত্‌+ণিচ্‌=যাতি (যন্ত্রণা দেওয়া)+অন(ভা০)+আ (স্ত্রীং)] বি, যন্ত্রণা; তীব্রবেদনা। "চল সুখে মর্ত্তলোক না পাইবে রোগ শোক না পাইবে গর্ভের যা০।"-অ০ ম০। ২ দুঃখ। "জনম আমার সহিতে যা০।"-গান।

যাতব্য [যা (যাওয়া)+তব্য (র্ম্ম)] বিণ, অভিগম্য। ২ আক্রমণযোগ্য। ৩ প্রাপ্তব্য।

যা-তা-যা দ্রঃ।

যাতা [যা (গমন করা)+তৃ (র্ত্তৃ)] বি, গমনকর্ত্তা। ২ পতির ভ্রাতৃজায়া; যাতৃ; যা। ৩ [যত (গমন করা)+তৃ (র্ত্তৃ)] রথচালক; সারথি। ৪ মাতলি।

যাতায়াত [যাত (গমন)+আয়াত (আগমন), দ্বন্দ্ব] বি, গমনাগমন; যাওয়া আসা বা আসা-যাওয়া।

যাতি [প্রা০ বাং জ=য] বি, জাতি (দ্রঃ)। "যাতি আজি নষ্ট ভৈল"-শ্রী০ কী০।

যাতিক [যাত্রিক (দ্রঃ) >] বি, পথিক; যাত্রী।

যাতুধান [সং] বি, রাক্ষস; নিশাচর। "যা০ ডাকিনী বেতাল বিনায়ক।"-শি০।

যাত্যা [যাইতে > প্রাদে০ উচ্চারণ বিপর্য্যয়ে] অস-ক্রি, যাইতে।" "এ পথে দেখিলে যাত্যা"-ভাগবত (কবিশেখর, ১৭ শতাব্দী)।

যাত্রা [যা (গমন করা)+ত্র (ভা০)+আ (স্ত্রীং)] বি, প্রস্থান; গমন। ২ যুদ্ধার্থ নিগমন। ৩ তীর্থগমন। ৪ দেবতার উৎসববিঃ। ৫ উপায়। ৬ নির্ব্বাহ। ৭ অতিবাহন; যাপন। ৮ গীতাভিনয়; পটহীন নাট্যাভিনয়। ~ওয়ালা-বি, যাত্রার সঙ্গীত ও অভিনয়কারী। "তখনকার শ্রেষ্ঠ যাত্রাওয়ালা নিমাই-দাস।"-ভারতী, ১৩২০। যাত্রা করা-গমন করা। ২ দূরদেশে গমনের জন্য দুর্গা-নাম জপ ও হরি স্মরণাদি পূর্ব্বক প্রস্তুত হওয়া। "প্রসাদ বলে দুর্গা বলে যাত্রা করে বসে আছি"-রা০ প্র০। ৩ অভিনয় করা। যাত্রা গাওয়া-ক্রি, যাত্রার পালা গান করা। যাত্রা দেওয়া-ক্রি, যাত্রার দলকে অভিনয়াদির জন্য নিযুক্ত করা। যাত্রাবিধি-বি, গমনকালীন বিধি নিষেধ। যাত্রা শোনা-যাত্রার অভিনয় দেখা ও গান শুনা। যাত্রার অধিকারী-বি, যাত্রার দলের পরিচালক, অধিনায়ক বা দলপতি। যাত্রার দল-যাত্রার গায়ক ও অভিনয়কারীদিগের সঙ্ঘ। যাত্রার সঙ-বি, হাস্যোদ্দীপক অভিনয়কারী। অযাত্রা-বি, অপ্রশস্ত যাত্রা: নিষিদ্ধ যাত্রা; বিঘ্ন-সঙ্কুল যাত্রা। ২ বিণ, যারা যাত্রার বিঘ্নকারক। এযাত্রা-অ, এক্ষেপ; এবার। "তাইতো এযাত্রা রক্ষা পাইয়া গেল"-ভারতী, ১৩২১। কৃষ্ণযাত্রা-বি, কৃষ্ণ চরিত্র বর্ণনাত্মক গীতাভিনয়। গঙ্গাযাত্রা-বি, মৃত্যুকালীন গঙ্গাতীরে গমন। জীবনযাত্রা-বি, জীবলীলা; প্রাণধারণ কার্য্য। মহাযাত্রা-বি, মহাপ্রস্থান; মৃত্যু। রামযাত্রা-বি, রাম চরিত বর্ণনাত্মক গীতাভিনয়। সংসারযাত্রা-বি, সংসার লীলা; সাংসারিক জীবন। স্নানযাত্রা-বি, জগন্নাথদেবের স্নানোৎসব।

যাত্রিক [যাত্রা+ইক (অর্হার্থে)] বিণ, পথিক; পান্থ। ২ তীর্থযাত্রী। ৩ যাত্রা-যোগ্য; যাত্রার উপযুক্ত। ৪ যাত্রা সম্বন্ধীয়। ৫ বি, পথখরচ। ৬ উৎসব। ৭ যাত্রার সুলক্ষণ। "গোধিকা যাত্রিক নয় সকল শাস্ত্রেতে কয়"-কবিক০। ৮ উপায়।

যাত্রী [যাত্রা+ইন্‌ (স্ত্য০)=যাত্রিন্‌, ১মা, ১ব০] বিণ, যাত্রিক; যাত্রাকারী; গমনকারী।

যাথাতথ্য [যথা-তথা+য (ভা০)] বি, প্রকৃততত্ত্ব।

যাথার্থ্য [যথার্থ+য (ভা০)] বি, প্রকৃত-তত্ত্ব; যথার্থতা; সত্যতা। "এই কথাটার যাথার্থ্য বারান্তরে বিধিমতে প্রদর্শন করিব"-দ্বিজেন্দ্র ঠা০। বিণ, যাথার্থিক-বাস্তবিক; প্রকৃত।

যাদঃপতি [যাদস্‌ (জলজন্তু। তাদের) পতি (রক্ষক), ৬তৎ] বি, বরুণদেব; জলাধিপ। ২ সমুদ্র। "যাদঃপতি রোধঃ যথা চলোর্ম্মি আঘাতে।"-মেঘ০।

যাদব [যদু+অ (অপত্যার্থে)] বি, যদুনন্দন; শ্রীকৃষ্ণ। ২ বিণ, যদুবংশীয়। ৩ যদুবংশ সম্বন্ধীয়।

যাদবী-বি, বাসন্তীদেবী; দুর্গা। ২ কুট্টনী। ৩ সুরা; মদিরা। ৪ গোধন।

যাদু১ [ফা০ জাদু (ইন্দ্রজাল)] বি, কুহক; মায়া; ইন্দ্রজাল। "নিতাই কি ভেল্কী জানে নিতাই কি যাদু জানে। শুক্‌নো কাঠে ফল ধরালে ফুল ফোটালে পাষাণে।"-গান। "আমি যাই তাই এনেছিয়ে করে কত ভেল্কী যাদু।"-গান। ২ বশীকরণ। ~কর [ফা০ জাদুগর্‌] বি, ঐন্দ্রজালিক; মায়াবী; ভোজ-বাজীকর। > স্ত্রীং ~করী [ফা০ জাদুগরী। সম্বোধনে-"যাদুকরি"] বিণ, কুহকী; মায়াবিনী" অয়ি যাদুকরি! এরা জানে না তোমার যাদুমন্ত্র"-অশোক০। ~ঘর-বি, যথায় অতি প্রাচীন, দুষ্প্রাপ্য ও অদ্ভুত অদ্ভুত পদার্থ রক্ষিত হয়; পুরাদ্রব্যাগার। ~বল-বি, বশীকরণের শক্তি। ~বিদ্যা-বি, ভোজ-বিদ্যা; কুহকবিদ্যা। ২ বশীকরণ বিদ্যা।

যাদু২ [জাত (শিশু) >, বা ফা০ জাদ (সন্তান), বা সং-যাদব (গবাদিধন, কৃষ্ণধন) >] বি, কৃষ্ণধন। ২ [উপহাস, বিদ্রূপাদি অর্থে প্রা০ ব্যবহার (তুল-হিং বচা < বাছা < বৎস)] বাছাধন; ছেলে। "হাটবাজারের হিসাব করে নাওরে এসে সোণার যাদু"-গোপাল উড়ে। ৩ শিশুর প্রতি আদরের উক্তি; যত্নের ধন; খোকোনমণি। "সোণার যাদুর সোণার বরণ গেছে ধূলায় ভরে"-স্বদেশরেণু। ৪ পুত্ররত্ন; স্নেহপাত্র। "যাদুর তুর্কী জুতো পায় যাদু বউ আন্‌তে যায়"-ছড়া। ~ঘর-বি, পুরাদ্রব্যালয়; আজবঘর; কৌতুক সংগ্রহালয় museum. ~ধন, ~মণি [যাদব-ধন, মণি (আদরে)] কৃষ্ণ-ধন; নন্দদুলাল। ২ পরম স্নেহ ও আদরের পাত্র। "যাদুমণির বিয়ে হবে হট্টমালার দেশে তারা গাই বলদে চষে।"-ছড়া। "আয় ঘুম আয় ঘুম, আমার যাদুমণির চখে;"-স্বদেশরেণু।

যাদৃক্‌, যাদৃশ্‌, যাদৃশ [যদ্‌-দৃশ (দেখা)+কিপ্‌, পক্ষে অ (উপমানার্থে), আধু০বাং-র বিরল] বিণ, যেমন; যে প্রকার।

যাদৃচ্ছিক [যদৃচ্ছা+ইক] বিণ, যদৃচ্ছা-প্রাপ্ত; স্বেচ্ছানুযায়ী; ইচ্ছামত; যথাইচ্ছা; যথেচ্ছ। "স্ত্রীপুরুষের মিলন যে সব সময়ে প্রায়শঃ পৃথিবীর সর্ব্বত্র অনিয়ামক, যাদৃচ্ছিক

ছিল, তাহা নিশ্চিত বলিয়াই বোধ হয়।" -উৎসব, ১৩৩২।

যাদো/গঁণ [যাদঃ (জলজন্তু) গণ] বি, জলজীবসমূহ। ~**গঁণেশ্বর** [যাদস্ (জলজন্তু) =যাদঃ+গণ (সমূহ)+ঈশ্বর (প্রভু, ৬তৎ] বি, জলজন্তুগণের অধিপতি। "যাদোগণেশ্বর হৈলা রত্নাকর তোমারে উদরে ধরি।"-অ॰ ম॰। ~**নাথ** [যাদস্ (জলজন্তুর)=যাদঃ +নাথ (রক্ষক), ৬তৎ] বি, বারীশ; বরুণ। ২ সাগর; সমুদ্র। ~**নিবাস** [যাদস্=যাদঃ +নিবাস, ৬তৎ] বি, জলজন্তুর বাসস্থান; সমুদ্র। ২ জল।

যান [যা (গমন করা)+অন (ণে)] বি, বাহন; হস্তী, অশ্বশকটাদি। ২ অভিযান। বিণ, **যানী, যান্ত্র**-যানবাহক। ~**বাহ, ~বাহক, ~বাহী**-বিণ, যেগাড়ী টানে। ~**পাত্র, ~পাত্রক** [তুল-চীনা জাঙ্ক (junk)] বি, কথাসরিৎসাগরোক্ত সমুদ্রগামী পোতবিঃ। **অর্ণবযান**-বি, জাহাজ ষ্টীমার ই॰। **অশ্বযান**-বি, ঘোটকবাহিত যান; শকটাদি। **আকাশযান**-বি, ব্যোমযান দ্রঃ। **উষ্ট্রযান**-বি, উষ্ট্রবাহিত গাড়ী; উটে-টানা গাড়ী। **গোযান**-বি, বলদ-বাহিত শকট; গরুর গাড়ী। **জলযান**-বি, নৌকা জাহাজাদি; তরণী। **বাষ্পযান**-বি, বাষ্পচালিত রেলগাড়ী। **ব্যোমযান**-বি, বেলুন; এয়ারোপ্লেন ই॰।

যানা [জানা (দ্রঃ) >। প্রা॰ বাং। জ= য] ক্রি, জানা। যান=জ্ঞাত আছ। যানি= জানিয়া। যানে=জ্ঞাত আছে। "এ তীন ভূবনে যানে আন্ধার প্রতাপ।"-শ্রী॰ কী॰।

যানাহী [হি॰ আনহী > প্রা॰ বাং-র, অ=য] অ, অন্তে; অপরে। "যা য়ানাহী না জানে"-শ্রী॰ কী॰।

যাপন [যা+ণিচ্=যাপি (যাওয়ান)+ অন (ভা॰)] বি, কালক্ষেপণ; কালাতিবাহন; সময় কাটান। বিণ, **যাপক**-যাপনকারী। **যাপনীয়**-বিণ, ক্ষেপণীয়; অতিবাহনযোগ্য।

যাপা [যা (গমনে, অতিবাহনে) > যাপন দ্রঃ। যাপি, যাপ, যাপে; যাপিতে; যাপিয়া (কে॰, পদ্যে যাপি)] ক্রি, অতিক্রম করা। ২ অতিবাহন করা; ক্ষেপণ করা। ব্রজ॰ **যাপই**-যাপন করে। "যুগশত যাপই সো পাওয়ে বহুভাগী"-বি॰ প॰। বিণ, **যাপিত**-অতিবাহিত।

যাপ্য [যা+ণিচ্=যাপি+য (র্ম)] বিণ, যাপনযোগ্য; অতিবাহনীয়। ২ গোপনীয়। ৩ [এই অর্থে যাপ্য রোগ] বি, চিরস্থায়ী; পুরাতন chronic; যে রোগ ঔষধাদি দ্বারা কতক উপশমিত হয় কিন্তু ভাল হয় না। আয়ুর্বেদ মতে রোগ ত্রিবিধ, সাধ্য, অসাধ্য ও যাপ্য। ~**মালা**-বি, জপমালা। ~**যান**-মাহাপায়া; পাল্কী; ডুলি।

যাব১ [যু (মিশ্রিত করা)+অ (র্ম)] বি, যাউ। ২ গবাদির খাদ্য; খইলমিশ্রিত বিচালী। ৩ অলক্তক।

যাব২, **যাবিস্তু** [সং-যাবৎ > ভ্রং। প্রা॰ বাং] অ, যাবৎ (দো॰ ৯০, ১১২)।

যাবক [যাব+ক (স্বার্থে)] বি, অলক্তক; আলতা। "অঙ্গুলির মাঝে যাবক সাজে মিহির শোভিত জনু।"-চণ্ডি॰। "কোকনদ দর্পহর যাবক-বেষ্টিত কর অঙ্গুলি চম্পক পরকাশে।" -কবিক॰। ২ বোরোধান। ৩ অর্দ্ধপক্ব যব।

যাবচ্চন্দ্রদিবাকর [যাবৎ-চন্দ্র-দিবাকর] ক্রি-বিণ, চন্দ্র সূর্য্যের উদয়কাল পর্য্যন্ত; যতকাল চন্দ্র সূর্য্য উদয় হইবে; অনন্তকালের জন্য।

যাবজ্জীবন [যাবৎ+জীবন (অব্যয়ী॰)] বিণ, জীবন পর্য্যন্ত; চিরজীবন। "বুঝিলাম যাবজ্জীবন দুঃখভোগের নিমিত্তই আমার নারীজন্ম হইয়াছিল"-বি॰ সা॰।

যাবৎ [সং] ক্রি-বিণ, যতক্ষণ পর্য্যন্ত; পর্য্যন্ত; অবধি। ২ হেতু। ৩ যে পরিমাণ; যত। ৪ সীমা। ৫ সমস্ত; সাকল্য।

যাবতীয় [যাবৎ+ঈয়] বিণ, তাবৎ; সমস্ত; সমুদয়; যা কিছু আছে।

যাবন [যবন+অ] বিণ, যবন সম্বন্ধীয়। ২ বি, যবন বা গ্রীসদেশজাত গন্ধদ্রব্যবিঃ। স্ত্রী ~নী।

যাবনা [যাব (দ্রঃ)+না (তুচ্ছার্থে)] বি, গবাদি পশুর খাদ্য; খইলমিশ্রিত বিচালি প্রভৃতি; গবাদির আহার্য্য; যাব।

যাবনাল [যবনাল+অ (স্বার্থে)] বি, শস্যবিঃ; দেধান। ২ জনার শস্য। ~**গুড়**-বি, জনার গাছের রসজাত গুড়। ~**শর্করা**-বি, জনারের গুড় হতে প্রস্তুত চিনি।

যাবনিক-যবন দ্রঃ।

যাবশূক [যবশূক+অ (স্বার্থে)] বি, যবক্ষার; সোরা।

যাবে [যাইবে শব্দের প্রা॰ রূপ। যাওয়া ধাতুর ভবিষ্যৎ কালের রূপ] ক্রি, গমন করিবে। ২ ক্রিয়া সমাপ্তি অর্থে সহচর। প্রপড়ে যাবে। ভেঙ্গে যাবে। **এসে যাবে**-আসিবে। ২ তাড়াইবে। ৩ বিঘ্ন হইবে; ক্ষতি হইবে। প্র-তাতে আর কি এসে যাবে।

যাম [সং] বি, এক অহোরাত্রের এক অষ্টমাংশ; এক প্রহর; সাড়ে সাত দণ্ড বা তিন ঘণ্টা কাল। ২ বিণ, যমসম্বন্ধীয়। ~**ঘোষ**-বি, যে বা যারা প্রহরে প্রহরে রব করে বা ডাকে। ২ শৃগাল। ৩ কুক্কুট; মোরগ। ৪ ঘড়ি। ~**ঘোষা**-বি, ঘটিকা যন্ত্র। ~**বতী**-বি, নিশি; রাত্রি; রজনী। ~**ভেরী** [বৌ॰ সা॰] বি, প্রহরে প্রহরে সময় বিজ্ঞাপনের জন্য যে ভেরী বাদন করা হইত; সময় বিজ্ঞাপক ঘণ্টা। "যখন যামভেরী বাজে তখন বহুলোকে নগরের মধ্যে ছুটিয়া থাকে।"-জাতক, ৫ম খণ্ড।

যামল [যমল (যুগ্ম)+অ (স্বার্থে)] বি, যুগ্ম; যোড়া। ২ তন্ত্রবিঃ (ইহার সংখ্যা ছয়, যথা-আদি, ব্রহ্ম, বিষ্ণু, রুদ্র, গণেশ ও আদিত্য)।

যামাতা [সং। জ=য] বি, জামাতা; জামাই।

যামার্দ্ধ [যাম (প্রহর)+অর্দ্ধ] বি, অর্দ্ধ প্রহর; দেড়ঘণ্টা কাল।

যামি, যামী [যা (গমন করা)+মি, মী] বি, যামিনী; রাত্রি। ২ কুলবধূ। "সঙ্গে চারি পাঁচ যামী।"-কবিক॰। ৩ ধর্ম্মপত্নী; সহধর্ম্মিণী। ৪ ভগ্নী। ৫ কন্যা; তনয়া। ৬ দক্ষিণদিক্।

যামিক [যাম (প্রহর+ইক)] বিণ, যাম বা প্রহর সম্বন্ধীয়। স্ত্রীং~া-বি, রজনী; নিশি।

যামিত্র [যামি+ত্র] বি, লগ্ন বা রাশি হতে সপ্তম স্থান। ~**বেধ**-বি, লগ্নের সপ্তম

স্থানে প্রতিকূল গ্রহস্থিতি। ~যুতবেধ-বি, চন্দ্র পাপগ্রহের সপ্তম স্থানে থাকিলে যামিত্র-বেধ এবং পাপ গ্রহযুক্ত হইলে যুতবেধ হয়, ইহাতে পরিণয়াদি শুভকর্ম্ম নিষিদ্ধ।

যামিনী [যাম (প্রহর)+ইন্ (স্ত্যং)+ঈ (স্ত্রীং)] বি, নিশীথিনী; রাত্রি; রজনী। ~নাথ-বি, শশী; চন্দ্র। পতি-বি, নিশানাথ; রজনীনাথ; চন্দ্র। ভূষণ-বি, চন্দ্র। ~যোগে-ক্রি-বিণ, নিশাযোগে; রজনীতে।

যামী [সং] বি, কুলস্ত্রী। ২ ভরণী নক্ষত্র। ৩ দক্ষিণদিক্। ৪ বিণ, যমসম্বন্ধীয়।

যামুন [যমুনা+অ (সম্বন্ধার্থে)] বিণ, যমুনা সম্বন্ধীয়। ২ বি, রসাঞ্জন; সীসক। ৩ [ব্রজ০] যমুনা। "যা০ সলিলে সব ডার রে।" -বি০ প০। "যামুনে মিলল গঙ্গ তরঙ্গ"-ঐ।

যামেয় [যামি (ভগিনী)+এয় (অপত্যার্থে)] বি, ভগনীতনয়; ভাগিনেয়।

যাম্য [যামী (দক্ষিণ দিক্)+য] বিণ, যমসম্বন্ধীয়। ২ দক্ষিণদিকস্থ; দক্ষিণ দেশীয়। ৩ বি, শমনানুচর; যমদূত। "অঙ্গ ভঙ্গ হয়ে যাম্য ভঙ্গ দিল রণে।"-শি০। ৪ দক্ষিণদিক্। "পূর্ব্ব যাম্য পশ্চিম উত্তরে।"-কবিক০। "যাম্যদিকে সহদেব সৈন্যগণ লৈয়া"-মহা০। ৫ [গমনার্থক যা ধাতুজ] অনুচর। ৬ তনয়; পুত্র। ~া-বি, ভরণী নক্ষত্র। ২ দক্ষিণদিক্। ~বৃত্ত-বি, কুমেরু, দক্ষিণমেরু। ~ভিত-বি, দক্ষিণদিক্; দক্ষিণ ভাগ। "যত রাজরাজেশ্বর বৈসে যাম্যভিত।"-মহা০ (কাশী০)। যাম্যায়ন [যাম্য+অয়ন] বি, দক্ষিণায়ন।

যাম্যোত্তর [জ্যো০ পরিঃ] বি, ইং meridian এর বৈজ্ঞা০ পরিঃ। ~গমন-বি, ইং transit এর বৈজ্ঞা০ পরিঃ (হি০ কো০)। ~বৃত্ত [যাম্য+উত্তর-বৃত্ত] বি, যে বৃত্ত উত্তর মেরু ও দর্শকের মস্তকোপরিস্থিত বিন্দু ভেদ করিয়া অবস্থিত meridian line.

যায়১ [যাহার > কেং০। পদ্যে। গদ্যে বিরল] স, যাহার; যাহাকে; যাহারে "দাস-দাসী প্রতিবেশী ভালবাসে যায়।"

যায়২ [যাওয়া দ্রঃ] ক্রি, গমন করে। ২ ব্যতীত হয়; ফুরায়; গত হয়। "সাধের স্বপন যায় রে যায়, যে যায় সে যায় ফিরিয়ে না চায়, যে থাকে সে শুধু করে হায় হায়"-বাং গান। ৩ বহির্গত হয়। "ভেবে প্রাণ যায়।" -বাং গান।

যায়৩ [সং-যায় (যত, সমস্ত)] বি, তালিকা; ফর্দ্দ। "পণ্ডিতেরা কহিলেন মহারাজ * * * যজ্ঞের যে যে সামগ্রীর আবশ্যক তাহার যায় করিয়া দিই।"-কৃষ্ণচন্দ্র চরিত, ১৮০১। "যজ্ঞের সামগ্রীর যায় করিয়া দিলেন এবং কহিলেন যে দ্রব্য যজ্ঞেতে লাগিবেক তাহাই আমরা লিখিয়া দিলাম।" -ঐ। যায় করা-ক্রি, তালিকা প্রস্তুত করা। ~মাফিক-বিণ, তালিকানুযায়ী।

যাযাবর [যা (গমন করা) যঙলুগন্ত= যাযা (বারবার যাওয়া)+বর (স্তু)] বি, জরৎকারু মুনি। ২ সন্ন্যাসী। ৩ যাদের নিয়মিত বাসস্থান নাই সপরিবারে দেশে দেশে ঘুরিয়া বেড়ায় কোন এক নির্দ্দিষ্ট স্থানে বহুদিন থাকে না; পর্য্যটক। ৪ ব্রাহ্মণ। ৫ অশ্বমেধের ঘোড়া। ৬ বিণ, সদাভ্রমণকারী।

যার [যাহার > কেং০] স, যাহার; যে বস্তু, বিষয়, পুরুষ বা স্ত্রীর। ~তার [যাহার-তাহার > কেং০] অ, নগণ্য ব্যক্তির; অজ্ঞাত অখ্যাতজনের; ভালমন্দ বিচার না করিয়া বা না দেখিয়া না শুনিয়া যে কোন লোকের। "কি করে একে প্রাণ ধরে যার-তার হাতে দিই বল ত?"-পরিণীতা, -শরৎ চট্টো০। যার থেকে [কেং০ যা থেকে। অত্যাধুনিক বাং। রবী০ ঠাকুরের লেখায় প্রচর] যাহা হইতে; যা থেকে; যা হ'তে। যার থেকেও নাই-যার থাকা না থাকারই সমান। ~পর নাই-ক্রি-বিণ, যৎপরোনাস্তি; অত্যধিক; সাতিশয়। "মুনিতনয়ারা, সীতার সন্তান প্রসব দর্শনে, যার পর নাই হর্ষ প্রদর্শন করিতে লাগিলেন" -সী০ ব০।

য়ার১ (আ-) [প্রা০ বাং, আ=য়া] অ, আর। "নানাবিধ দুঃখ পাঁরিলোঁ য়ার বিরহে পুড়িলোঁ।"-শ্রী০ কী০।

য়ার২ (ইয়া-) [ফা০ বাং-র ইয়ার] বি, বন্ধু (বি০ সু০)।

যাষ্টিক [যষ্টি (লাঠি)+ইক] বি, লাঠিয়াল।

যাসনে [যাইও না অসম্ভ্রমার্থে যাইস না, কেং০] ক্রি, যাইতে নিষেধার্থক ক্রিয়া; যাইও না। "গোলাপ ফুল ফুটিয়ে আছে মধুপ হোথা যাস্‌নে। ফুলের মধু লুটিতে গিয়ে কাঁটার ঘা খাস্‌নে।"-রবী০। "স্বর্ণ ভাই তুই যাস্‌নে, আমি এখনি যাচ্চি।"-গল্পগুচ্ছ। "তোরা যাস্‌নে যাস্‌নে যাস্‌নে দূতী, গেলে কথা কবে না সে নব ভূপতি"-গান।

যাসি (সী) [ব্রজ০। যা (যাওয়া)+সি (লট অর্থাৎ বর্ত্তমান কাল, মধ্যম পুরুষ, ১ব)] ক্রি, যাইতেছ (-ছিস)। "কথা না যাসি বড়ায়ি।"-শ্রী০ কী০। "ঘৃত দুধ লঞাঁ তোঞ যাসী।"-ঐ। "সুন্দরি কাহে মোহে সম্ভাষি না যাসি।"-বি০ প০।

যাস্ক-বি, বৈদিক শব্দার্থ বোধক শাস্ত্রকার নিরুক্ত নামক বেদাঙ্গগ্রন্থ প্রণেতা।

যাহা [সং-যদ্ >। (কেং০ যা। হি০ যো। ব্রজ০ যেঁহ] স, যে কোন। "যাহা কিছু পাই ধরে লয়ে যাই"-রবী০। ~-তাহা [গ্রা০ যা-তা] যা দ্রঃ।

যাহোক [যাহা হউক > কেং০। গ্রা০ যাহোগ] অ, পূর্ব্বাবস্থা সত্ত্বেও। ২ প্রশংসাভাস।

যিনি [যদ্ >, সম্মানার্থে। তুচ্ছার্থে-যে। প্রা০ বাং জিনি (হি০ জিন, জিনকো, জো, জিসকো, জিস ই০ > জ=য] স, যে লোক; যে ব্যক্তি।

যিযক্ষু [সং] বি, যজ্ঞ করিতে অভিলাষী।

যিশু [হিব্রু০ যিহোশুআ (yehoshu'a= help of Jehovah; Saviour. Heb. 'yasha'—to save) কেং০ যিশুয় (হিব্রু০ যশা=ত্রাণ করা); গ্রী০ Jesous; ইং Jesus] বি, ত্রাণকর্তা। ২ যিশুখ্রীষ্ট। "ঐ শোন ভাই যিশু পথে শুনি জয় যিশু।"-রবী০।

যিহোঁ [প্রা০ বাং] স, যিনি। "এ বোল শুনিয়া ভাবে ভূপতির ঝি। যিহোঁ কৃষ্ণ স্বামী দিলা তাঁরে দিব কি।"-শি০।

যুও [জুয়া দ্রঃ] বি, ক্রীড়াবিঃ; জুয়াখেলা। ২ [যুগ >] যাঁতার কাষ্ঠনির্ম্মিত ধারণদণ্ড।

যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible] ও ফা০ দ্রঃ

যুঁই, যূঁই [সং-যূথিকা > যূথী > হিং যুহী, জুহী >] বি, ক্ষুদ্রাকার সুগন্ধি শ্বেত পুষ্পবিঃ ; যূথিকা jasmin.

যুকন [হিং জোঁখনা] বি, জোখন ; মাপ দেওন ; পরিমাণ করণ। ২ পরস্পর উচ্চতার মান পরীক্ষা বা তুলনা।

যুকুতি [যুক্তি > প্রাং বাং পদ্যে] বি, যুক্তি। "এহার যুং এহি শুন নরপতি।" -মহাং (শ্রীকরং)।

যুক্ত১ [যুজ্ (যোগ করা) + ত (র্ম্ম)] বিণ, সংযোজিত ; সংলগ্ন। ২ ব্যাপৃত। ৩ নিয়োজিত ; নিযুক্ত। ৪ ন্যায্য। ৫ সংশ্লিষ্ট ; সম্মিলিত। ৬ যোগরত। ৭ আসক্ত। স্ত্রীং ~া। ~কর-বিণ, কৃতাঞ্জলি ; যোড়হাত। ~করে-ক্রি-বিণ, যোড়হস্তে। ২ বিনয় সহকারে; দীনভাবে। ~প্রদেশ-বি, আগ্রা অযোধ্যা যুক্তপ্রদেশ United Provinces of Agra & Oudh. পূর্ব্বে নাম ছিল উত্তর পশ্চিম প্রদেশ ও অযোধ্যা N. W. Provinces & Oudh. ~বেণী-বি, গঙ্গা, যমুনা ও সরস্বতী নদীর সঙ্গম ; নদীর সম্মিলন। ২ বেণীবদ্ধ কেশ ; খোঁপা। ~রাজ্য-বি, গ্রেট-ব্রিটেন ও আয়র্ল্যাণ্ড্ United Kingdom of Great Britain & Ireland. ~রাষ্ট্র-বি, আমেরিকার সংযুক্ত রাষ্ট্রসমূহ The U. States of America. ~শাসন-বি, মৈত্রী-তন্ত্র শাসন Federation.

যুক্ত২ [গং পরিঃ] বি, ধন ; ইং plus এর বৈজ্ঞাং পরিঃ।

যুক্তাক্ষর [যুক্ত + অক্ষর] বিণ, সংযুক্ত বর্ণ ; মিলিত অক্ষর।

যুক্তি [যুজ্ (মিলিত হওয়া) + তি (ভাং), জ্=ক্। পদ্যে-যুকতি, প্রাং বাং-য়-যুগতি, যুগুতি। "যুগতি করিয়া করে বুড়ীর সনে রঙ্গ" -কবিশেখর] বি, সংযোগ ; মিলন। ২ ন্যায়। ৩ হেতু ; কারণ। ৪ মীমাংসা ; সিদ্ধান্ত। ৫ পরামর্শ ; মন্ত্রণা। ৬ উপায়। ৭ অনুমান। ৮ লোক ব্যবহার। ৯ নাটকের অঙ্গবিঃ। ~দাতা-বিণ, পরামর্শদাতা ; মন্ত্রণাদাতা। পূর্ব্বক-ক্রি-বিণ, পরামর্শ করিয়া। ~যুক্ত-বিণ, ন্যায্য। "যাওয়া যুক্তি-যুক্ত নয় হে রাজন্! বারণ করি হে বিনয়ে।" -বাং গান। ~সঙ্গত-বিণ, ন্যায়সঙ্গত ; উপযুক্ত। ~সম্মত-বিণ, যুক্তির অনুমোদিত ; যুক্তিসিদ্ধ। ~সিদ্ধ-বিণ, মীমাংসিত। ~হীন-হিণ, হেতুবিহীন ; যুক্তিশূন্য।

যুগ১ [যু (মিলন করা) + গ (র্ত্তৃ)] বি, যুগ্ম ; যুগল ; যোড়া ; দুইটী। ২ বার বৎসর কাল ; সত্য, ত্রেতা, দ্বাপর কলি এই চারি কাল। ৩ [বার (মাস) >] বৎসর। "ঝুরিয়া ঝুরিয়া মরে আশী যুগের বুড়া॥"-পূং বং গীং। ৪ চারিহাত পরিমাণ। "সম্মুখ-ভাগে ইহার দৃষ্টি শুদ্ধ যুগ প্রমাণ স্থানে নিবদ্ধ।" -জাতক, ১।১৪৯। ৫ [জ্যোং (কং বিশ্বং পরিঃ)] ইং epoch এর বৈজ্ঞাং পরিঃ। ৬ যান লাঙ্গলাদির অঙ্গবিঃ ; যোয়ালি [তুল-সং-যুগম্, পাং যুগ। ল্যাং যুগাম্]। ~কীলক-বি, যোয়ালির খিল। ~ক্ষয়-বি, খণ্ডপ্রলয় ; যুগান্ত। ~ধর্ম্ম-বি, যুগোচিত ধর্ম্ম ; যুগ-বিশেষের ধর্ম্ম। ২ অধর্ম্মের বিনাশ ও ধর্ম্মের সংস্থাপন ; সাধুদিগের পরিত্রাণ ও দুষ্কৃতের বিনাশ। ~পতি, জুগপতি [প্রাং বাং] যোগপতি (শূং পুং)। ~পত্র-বি, যুগ্মপর্ণ বৃক্ষ ; যুগ্মপত্রক ; জোড়া পাতার গাছ। ২ রক্তকাঞ্চনের গাছ। ~পত্রিকা-বি, শিশু গাছ। ~পার্শ্বগ-বি, ক্ষেত্রকর্ষণ শিক্ষা-দিবার জন্য হল পার্শ্বে বা জোয়ালের পার্শ্বে আবদ্ধ গো-মহিষাদি। ~যুগান্তর-বহুযুগ ; কাল কালান্তর ; যুগের পর যুগ। "জানি আমি তোমায় পাব নিরন্তর লোক লোকান্তরে যুগ যুগান্তর"-রবীং। ~সন্ধি-বি, এক যুগের অবসান ও অন্য যুগারম্ভ কাল।

যুগ২-যোগ দ্রঃ।

যুগতি,-তী [যুক্তি > যুকতি। ক=গ। প্রাং বাং] বি, যুক্তি। যুগাতীএ =যুক্তিতে (শ্রীং কীং)।

যুগন্ধর [যুগ (যোয়ালি)-ধৃ (ধরা) + অ (র্ত্তৃ)] বি, যুগকাষ্ঠলগ্ন কাষ্ঠবিঃ ; লাঙ্গলের ঈষ্ ; গাড়ীর বোম ইং। ২ [বৌং সাং] মেরুর সর্ব্বাপেক্ষা অধিক নিকটবর্ত্তী কুলাচল (দ্রঃ) পর্ব্বত। স্ত্রীং ~া-পার্ব্বতী। "বহু যোষা যুগন্ধরা বজ্র বিনাশিনী।"-কবিকং।

যুগপৎ [সং] অ, এককালে ; একই সময়ে সমকালিক।

যুগল [যুগ (দুই) + ল (স্ব্যাং)] বি, যুগ্ম ; যোড়া। ২ রাধা কৃষ্ণের যুগল মূর্ত্তি। "যুগলে দিব মালা ভুলবো সই প্রাণের জ্বালা, মোহন ছাঁদে রূপের ফাঁদে, কাঁদবে পড়ে রতি কামে॥" -বাং গান। ~তারা, তারকা-যুগল [জ্যোং (কং বিশ্বং পরিঃ)] ইং double star এর বৈজ্ঞাং পরিঃ। ~মন্ত্র-বি, লক্ষ্মী নারায়ণাদি মন্ত্র।

যুগাংশক [যুগ + অংশক] বি, কাল বা যুগের বিভাজক ; বৎসর।

যুগাদ্যা [যুগ + আদ্যা (আরম্ভক)] বি, চতুর্যুগের আরম্ভক তিথি। জ্যোতিষের মতে বৈশাখের শুক্লা তৃতীয়া সত্য যুগের, কার্ত্তিকের শুক্লানবমী ত্রেতাযুগের, ভাদ্রের কৃষ্ণা ত্রয়োদশী দ্বাপর যুগের এবং মাঘের পূর্ণিমা (মতান্তরে অমাবস্যা) কলি যুগের আদ্যা বা আরম্ভক তিথি।

যুগানি-যোগানি দ্রঃ।

যুগান্ত [যুগ(যুগের-সত্য-ত্রেতা-দ্বাপর ও কলির) অন্ত (শেষ), ৬তৎ] বি, যুগাবসান কাল ; প্রলয়।

যুগান্তর [যুগ + অন্তর] বি, বিভিন্ন যুগ। ২ কাল পরিবর্ত্তন।

যুগী [যোগী >, গ্রাং উচ্চারণে] বি, বৌদ্ধ তান্ত্রিক সম্প্রদায়ভুক্ত যোগী জাতির বংশধরগণের পরবর্ত্তী সংজ্ঞা।

যুগ্ম [যুজ্ (যোগ করা) + ম (র্ম্ম)] বি, যুগল ; যোড়। "যুগ্ম করি কর ভবে বোলয়ে বচন"-কবিকং। ২ দুই শ্লোকের সম্বন্ধ। ৩ মিথুন রাশি। ৪ [গং পরিঃ] ইং even এর বৈজ্ঞাং পরিঃ (হিং কোং)। তুল-বিযুগ্ম odd (number)। ~তারা [জ্যোং (কং বিশ্বং পরিঃ)] ইং binary star এর বৈজ্ঞাং পরিঃ। ~সম্পাদক-বি, সহযোগী সম্পাদক joint secretary.

যুগ্য [যুগ + য] বি, যান। ২ বাহন। ৩ বিণ, যুগন্ধরবাহী পশু।

যুগ্যি [যোগ্য >, গ্রাং] বি, যোগ্য। "বড় বাবুর যুগ্যি"-বাং বসুমতী, ১৩৩৪।

যুজ১ [আ॰ জুজ্‌] বি, পারা (দ্রঃ); গ্রন্থাদির অংশ। ~**বন্দী** [ফা॰] বি, গ্রন্থাদির অংশে অংশে (ফর্মা, ফর্মা) বাঁধা। প্র-বইখানা যুজবন্দী করে বাঁধা।

যুজ২, যুজ্জু [যুদ্ধ (দ্রঃ) > প্রাকৃ॰ যুজ্‌ঝ >। পঞ্জাবী॰-জুজ্‌ঝ। হি॰ জুঝ। গ্রা॰] বি, যুদ্ধ। "চারি ঘাটে খুঁজি এখন যুজ ঘাটে গেল।"-মদনমোহন বন্দনা (ব॰ সা॰ প॰)।

যুঝ [যুদ্ধ >] বি, যুদ্ধ; লড়াই। বিণ, যুঝরিয়া, যুঝারিয়া দ্রঃ।

যুঝা [সং-যুধ্‌ (যুদ্ধ করা)-যুঝ (যুদ্ধ) + আ (ক্রিয়ার)। যুঝি, যুঝ (যুঝেন, যুঝিস), যুঝে (যুঝেন); যুঝিতে; যুঝিয়া (কে॰, পদ্যে-যুঝি, গ্রা॰ যুঝে)। ণিজন্ত-**যুঝানি** (যুঝাই, যুঝাও, যুঝায় ই॰)] ক্রি, যুদ্ধ করা; লড়াই করা। ২ বাধা বিঘ্ন অতিক্রম করিয়া কৃতকার্য্য হইবার জন্য প্রাণপণে চেষ্টা করা। ~**যুঝি**-বি, লড়ালড়ি; ধস্তাধস্তি; দ্বন্দ্বে পরস্পরকে পরাস্ত করিবার চেষ্টা।

যুঝারিয়া, যুঝরিয়া [প্রা॰ বাং। যুঝ + আরিয়া] বিণ, যোদ্ধা; রণনিপুণ; লড়াইয়া। "রাজভেট নিল সাধু যুঝারিয়া (পাঠান্তরে 'যুঝরিয়া') ভেড়া"-কবিক॰।

যুঞ্জান [যুজ্‌ (যোগ করা) + আন (র্তৃ)] বিণ, যোগাভ্যাসকারী। ২ [এই অর্থে 'যুঙ্গান' ও॰] বি. রথচালক; সারথি। ৩ ব্রাহ্মণ।

যুটি [যুতি দ্রঃ] বি, যুগ্ম; জোড়া। ২ সহচরী: সঙ্গিনী। ৩ বিণ, বয়স্কা; বয়সী। প্র-সম যুটি।

যুড়া, যোড়া [জুড়া দ্রঃ। যুড়ি, যুড় (যুড়েন, যুড়িস), যুড়ে (যোড়ে, যুড়েন, যোড়েন); যুড়িতে (কে॰ যুড়তে); যুড়িয়া (কে॰ যুড়ি, যুড়ে)। ণিজন্ত-**যুড়ানি**-যুড়াই, -ড়াও, -ড়ায়, -ড়াইতে (কে॰ -ড়াতে); -ড়াইয়া (জুড়ায়ে)] ক্রি, যুক্ত করা; সংলগ্ন করা; আঁটা। ২ একত্র করা; যোগ করা; সমষ্টি করা। ৩ বদ্ধাঞ্জলি হওয়া। ৪ আরম্ভ করা; একযোগে আরম্ভ করা। "বিয়ারী বহুড়ী সব আসিয়া তখন। গলায় ধরিয়া সব যুড়িল ক্রন্দন।"-কৃত্তি॰। "কাল কল্লোলিনী নাদে যুড়িল ক্রন্দন।" -রঙ্গমতী। ৫ ব্যাপ্ত হইয়া; ব্যাপিয়া। "ক্যাক্‌ট্ বলি সহস্র যুড়ে ভারি আড়ম্বর" -হেম॰। ৬ প্রাপ্তি হওয়া; লাভ হওয়া; মেলা; জুটা। "অনায়াসে যেবা যুড়ে তাহা মাত্র খায়"-ভাগবত (পরশুরাম, ব॰সা॰প॰)। বি, **যুড়ন, যোড়ন**-যুক্ত করণ; মিলন।

যুড়ি [যুগ বা যুতি >] বি, যুগল অশ্বযুক্ত শকট; যুড়ি গাড়ি। "আলিপুর যুড়ি, যুড়ি গাড়িতে ছয়লাপ।"-হেম॰। ২ বিণ, যুটি; সমযোগ্য। ৩ সহযোগী কর্ম্মী। ~**গান**-জুড়ি দ্রঃ। ~**দার**-বিণ, সহযোগী।

যুৎ১, যুদ্‌, যুধ্‌, যুধা [যুধ্‌ (যুদ্ধ করা) >] বি, যুদ্ধ।

যুৎ২-যুত২ দ্রঃ।

যুত১ [যু (যোগ করা) + ত (র্তৃ)] বিণ, যুক্ত; মিলিত; সংযুক্ত। ২ চারিহস্ত পরিমাণ। স্ত্রীং ~া।

যুত২, যুৎ [সং-যোত্র >] বি, সুযোগ; সুবিধা। ২ সুবন্দোবস্ত। **যুত করা**-ক্রি, সুবিধা করা। ২ বিলি করা; বন্দোবস্ত করা।

যুতক [যুত + ক] বি, যুগ্ম। ২ যৌতুক। ৩ নারীর বস্ত্রাঞ্চল। ৪ বিণ, যুক্ত; মিলিত।

যুতবেধ-যামিত্র দ্রঃ।

যুতা, যোতা [যু (যুক্ত করা) ধাতুজ। জোতা দ্রঃ। যুতি. যুত, যোত (যুতেন. যোতেন, যুতিস), যুতে, যোতে (যুতেন, যোতেন); যুতিতে (কে॰ যুততে); যুতিয়া (কে॰ যুতে)। ণিজন্ত-**যুতানি, যোতান**] ক্রি. যোড়া; সংবদ্ধ করা।

যুতি১ [যু (যুক্ত করা) + তি (ভা॰)] বি, যোগ; মিলন। ২ গাড়ীতে ঘোড়া যুতিবার জোত দড়ি বা চর্ম্ম রজ্জু। ৩ লাঙ্গল ও জোয়াল যোগ করিতে ব্যবহার হয়।

যুতি২ [জ্যো॰ পরিঃ (হি॰ কো॰)] বি, ইং occultation এর বৈজ্ঞা॰ পরিঃ। ~**কাল**-ইং synodic period এর বৈজ্ঞা॰ পরিভাষা।

যুতী [জ্যোতিঃ বা দ্যুতি=দ্যুতী >। দ=জ =য, প্রা॰ বাং] বি, জ্যোতিঃ; দ্যুতি। "মাণিক দশন যুতী"-শ্রী॰ কী॰।

যুৎসই [সং-যুত২ (দ্রঃ) > যুৎ২ + হি॰সহী (প্রমাণ.সম্মত)] ক্রি-বিণ, সুন্দরভাবে, সুব্যবস্থা-মত; সুবিধামত; বিধিমত। "শ্রাদ্ধটা তেমন যুৎসই করতে পারিনি দাদা; দেখছতো যে বাজার. কোন রকমে নমঃ নমঃ করে শ্রাদ্ধটা সেরেছি।"-নায়ক, ১লা অগ্র॰ ১৩২৯।

যুথ [যুক্ত > যুত > উচ্চারণ বিকারে ত=থ] বিণ, যুক্ত (মৈ॰ গী॰)।

যুদ্ধ [যুধ্‌ (যুদ্ধ করা) + ত (ভা॰)। প্রা॰ যুজ্জু, ভ্রং যুজ] বি, রণ; সমর; সংগ্রাম; লড়াই। **দ্বন্দ্বযুদ্ধ**-বি, উভয় পক্ষের সম্মুখে উভয়পক্ষীয় দুইজন নির্ব্বাচিত প্রতিযোগীর যুদ্ধ। "তব সঙ্গে আছে ভট্টা কতিপয় শত। ইহাতে সম্মুখ রণ নহে ন্যায় মত। ইথে অপযশ মম ঘুষিবে সকলে। অতএব দ্বন্দ্বযুদ্ধ উচিত এ স্থলে।"-বঙ্গদর্শন। ~**কারী**-বিণ, সংগ্রামকারক; যুদ্ধকর্ত্তা; যোদ্ধা। > স্ত্রীং ~**কারিণী**। ~**কৌশল**-বি, সংগ্রাম-কৌশল; রণনৈপুণ্য। ~**নিপুণ**-বিণ, সংগ্রামদক্ষ; রণপটু। > স্ত্রীং ~া। ~**নীতি**-বি, রণবিষয়ক নিয়মাদি; সমরনীতি। ~**পোত**-বি রণতরী। ~**প্রাঙ্গণ**-বি, রণভূমি; সমরক্ষেত্র। ~**বিগ্রহ**-বি, সংগ্রামাদি লড়াই ঝগড়া। ~**বিদ্যা**-বি, সমরবিজ্ঞান; রণসম্বন্ধীয় বিদ্যা। ~**বিভাগ**-বি, সমরবিভাগ; সমর সম্বন্ধীয় দপ্তর। ~**বিশারদ**-বিণ, সংগ্রামদক্ষ; রণপণ্ডিত। > স্ত্রীং ~া। ~**বীর**-বি, রণবীর; সংগ্রাম-সিংহ। ~**যাত্রা**-বি, যুদ্ধার্থ গমন; অভিযান। ~**যাত্রী**-বিণ, অভিযানকারী; যুদ্ধে গমনকারী। ~**রঙ্গ** [যুদ্ধ (যুদ্ধে) রঙ্গ (আনন্দ) যার, বহু] বি, কার্ত্তিকেয়। ২ বিণ. সংগ্রামরসিক; যুদ্ধপ্রিয়। ~**রীতি**-বি, সমরপদ্ধতি; রণপ্রণালী। ~**সচিব**-সমর সম্বন্ধে রাজকীয় মন্ত্রণাদাতা; যুদ্ধমন্ত্রী। ~**সামগ্রী**-বি, সমর সাধন দ্রব্যাদি; যুদ্ধোপকরণ। ~**সার**-বি, ঘোটক। ~**স্থল**-বি, রণভূমি; সংগ্রামক্ষেত্র।

যুদ্ধাজীব [যুদ্ধ (রণ) + আজীব (জীবিকা) যার, বহু॰] বিণ, যোদ্ধা; সৈনিক।

যুদ্ধাবসান [যুদ্ধ+অবসান, ৬তৎ] বি, সংগ্রাম সমাপ্তি ; যুদ্ধশেষ।

যুদ্ধার্থ, যুদ্ধার্থে [যুদ্ধ+অর্থ (নিমিত্ত), +অর্থে] ক্রি-বিণ, সংগ্রামের নিমিত্ত।

যুদ্ধার্থী [যুদ্ধ+অর্থী] বিণ, সংগ্রামপ্রার্থী ; রণোন্মুখ।

যুদ্ধোদ্যম [যুদ্ধ+উদ্যম] বি, যুদ্ধের আয়োজন বা উদ্যোগ ; সংগ্রামের উপক্রম।

যুদ্ধোদ্যোগ [যুদ্ধ+উদ্‌যোগ্] বি, রণোদ্যম ; সংগ্রামের উপক্রম ; যুদ্ধোদ্যম। বিণ, ~গী।

যুদ্ধোন্মাদ [যুদ্ধ + উন্মাদ] বি, রণোন্মত্ততা। বিণ, যুদ্ধোন্মদ-সংগ্রামে উন্মত্ত ; রণোন্মত্ত।

যুধাজিৎ [যুধা (যুদ্ধে) জিৎ (যে জয় করে)] বি, ভরতের মাতুল।

যুধান [যুধ+আন (র্তৃ)] বিণ, যোদ্ধা।

যুধিষ্ঠির [যুধি (যুদ্ধে) স্থির=ষ্ঠির (যে স্থির থাকে)] বি, ধর্মপুত্র ; জ্যেষ্ঠ পাণ্ডব। যুধিষ্ঠিরাব্দ-বি, সম্রাট যুধিষ্ঠিরের অভ্যুদয় ও শাসন কাল ; কলিযুগাব্দ। সন ১৩৪৩ সালে যুধিষ্ঠিরাব্দের বর্তমান বর্ষ ৫০৩৪। ইহাই বোম্বায়ের পঞ্জিকা লিখিত বর্তমান কলিযুগবর্ষ।

যুধ্যমান [যুধ্ (যুদ্ধ করা)+আন (র্তৃ)] বিণ, সংগ্রামকারী ; যে যুদ্ধ করিতেছে ; যুধ্যমান। "বর্তমান যুদ্ধে তিনি যুধ্যমান শক্তি সমূহের মধ্যে কাহারও পক্ষ অবলম্বন করিবেন না।"-হিতবাদী।

যুনান, য়ুনান (জু, ইউ-) [আ০ য়ুনান। যবন দ্রঃ] বি, গ্রীসদেশের পশ্চিমে অবস্থিত আয়োনিয়া দ্বীপপুঞ্জ।~নী-বিণ, গ্রীস সম্বন্ধীয় ; যাবনিক। ২ গ্রীক আয়ুর্বেদীয়। প্র-য়ুনানী ঔষধালয়। ৩ বি, আয়োনিয়ার অধিবাসী ; গ্রীক ; যবন। "চিরবীর্য্যবতী, বীরপ্রসবিতা, অনন্তযৌবনা য়ুনানীমণ্ডলী" -হেম০। যু(য়ু) নানী চিকিৎসা-বি, গ্রীক চিকিৎসাশাস্ত্র মতের চিকিৎসা।

যুর্ব-যুবা দ্রঃ। যুর্ব-জন, -না-বি, যুবক। ~ক (-র্ব-) [সং] বি, প্রাপ্তযৌবন পুরুষ ; তরুণ পুরুষ। স্ত্রীং যুবতী-তরুণী ; নবযৌবনা। ~ক-যুবতী,-যৌবনপ্রাপ্ত নরনারী। "যুবক যুবতী জাগ যামিনী যে যায় রে"-গান। ~গণ্ড [যুবার-গণ্ড (গণ্ডস্থলস্থিত)] বি, বয়স ফোড়া। ~জানি [যুবতী হইয়াছে জায়া (ভার্য্যা) যার, বহু০। জায়া=জানি] বি, যুবতীজায়ার পতি। "অর্দ্ধেক বয়স রাজা এক পাটরাণী। পাঁচ পুত্র নৃপতির সবে যুবজানি॥" -ভারত০। ~তি, যুবতী২ [যুবন্ (যুবা)+তি+ঈ (স্ত্রীং)] বি, ১৬ হইতে ৩০ বৎসর বয়স্কা নারী ; তরুণী ; যৌবনবতী। ২ নবযৌবনা। "যার স্বামী অকৃতী তাকে সে যুবতী নাহি করে মাস্যমান।"-গান।

যুবনাশ্ব [পু০] বি, সূর্য্যবংশীয় নৃপতিবিঃ ; মান্ধাতার পিতা। ~শ্বজ-বি, যুবনাশ্বপুত্র ; মান্ধাতা।

যুবরাজ [যুবন (যুবা) রাজন (রাজা), ধা। রাজন্=রাজ] বি, রাজা বর্ত্তমান থাকিতে যিনি রাজ্যের ভাবী রাজা বলিয়া স্বীকৃত ; রাজ্যের উত্তরাধিকারী ও রাজকার্য্যের সাহায্যকারী রাজপুত্র। ২ রাজকুমার।

যুবা [সং-যুবন্ শব্দ ১মা, ১ব০] বিণ, ১৬ হতে ৪০ বর্ষ পর্য্যন্ত বয়স্ক ; যৌবনপ্রাপ্ত ; তরুণ। স্ত্রীং যুবতী, -তি, -যূনী [যুবতী অর্থে যুবা শব্দ প্রয়োগ]। "দেখিয়া জলের ক্রীড়া কুলবধূ যুবা বুড়া মদনমঙ্গল গীত গায়।" -কবিক০। ২ বলিষ্ঠ। ৩ সুন্দর। ৪ বি, যৌবন। প্র-যুবাকাল। ~কাল-বি, যৌবনকাল। ~বয়স-তরুণবয়স ; ১৬ হতে ৪০ বৎসর বয়স।

যুবান, য়ুবান [সং] বি, যুবক ; জোয়ান। "সব যুবান রজপুত পাঠান মজবুত কামান শরযুত সাজে।"-অ০ ম০।

যুমা [আ০জুমাহ্ > অং জুমা, জুম্মা >। বাং, জন্য] বি, মুসলমানদিগের বিশেষ প্রার্থনার জন্য বড় মসজিদে জমা হইবার দিন ; শুক্রবার। "সেইদিন যুমাবার পেগম্বরি রোজা"-মনসা ম০ (বন্তীবর, খৃ০ ১৬শ শতক)।

যুয়ান-যোয়ান, দ্রঃ।

যুয়ায় [প্রা০ বাং-"যোগ্য হয়" > কে০ ও অং] ক্রি, যোগ্য হয় ; সমর্থ হয় ; সাহসে কুলায়। "এ সব সিদ্ধান্ত গূঢ় কহিতে না যুয়ায়।"-চৈ০ চ০। ২ উচিত হয়। "দিশাও প্রহর দেড় দুইও বা হয়। ইহাতে কি আর পাক করিতে যুয়ায়॥"-চৈ০ ভা০। ৩ যোগায় ; উদয় হয় ; ঘটে।

যুযুৎ/সু১ [যুধ্ (যুদ্ধ করা)+স (ইচ্ছার্থে সন্)=যুযুৎস+উ (র্তৃ)] বিণ, সমরাভিলাষী ; রণেচ্ছু। ২ বি, বৈশ্য কন্যার গর্ভে জাত ধৃতরাষ্ট্র তনয়। ~সা [সনন্ত যুধ্+অ+আ (ভা০)] বি, যুদ্ধাভিলাষ ; সমরেচ্ছা।

যুযুৎসু২, জুজুৎসু [জাপানী যুযুৎসু] বি, জাপানী ব্যায়াম ; জাপানী কুস্তি। প্র-যু০ শিক্ষা। যু০ আখড়া।

যুযুধান [যুধ্ (যুদ্ধ করা)+আন (র্তৃ)] বিণ, যোদ্ধা ; যুদ্ধকারী। ২ যুদ্ধে লিপ্ত। "সভায় যুযুধান জাতির পাত্রীগণও উপস্থিত ছিলেন"-বাঙ্গালী, ২২ অগ্রহায়ণ ১৩২২। ৩ ক্ষত্রিয়। ৪ ইন্দ্র। ৫ যদুবংশীয় সত্যকের পুত্র সাত্যকি।

যুষ্মদীয় (-শ্‌শ-) [সং-যুষ্মদ্ (তুমি)+ঈয় (সম্বন্ধার্থে), মধ্য বাং। আধু০ বাং-র "ভবদীয়" চলিয়াছে] স, বিণ, তোমাদের ; ভবৎ সম্বন্ধীয় ; ভবদীয়।

যুঁই [সং-যূথী > হিং যূহী বা জুহী >, বাং-র উচ্চারণ বৈশিষ্টে যোগ] বি, যূথিকা ; জুঁই ফুল jasmin.

যূক, -কা [তুল-হিং জুঁইয়া। যু (যুক্ত হওয়া)+ক্বিপ্ (র্তৃ)=যূ:যূ+ক (জ্ঞা০), +আ (স্ত্রীং), যে কেশের সহিত যুক্ত থাকে] বি, কেশকীট ; উকুণ vermin.

যূতি [যু (মিশ্রিত করা)+তি (ভা০), যু=যূ] বি, যোগ। ২ মিশ্রণ।

যূথ [যু (যুক্ত হওয়া)+থ (র্তৃ), যু=যূ] বি, পশু ও পক্ষীর সজাতীয়সমূহ ; দল ; পাল। "দক্ষ দানা প্রেত ভূত, বসতি যাহার যূথ সহযোগে শয়ন ভোজন।"-কবিক০। ২ ইং group এর বৈজ্ঞা০ পরিঃ (হিং কো০)। ~নাথ-বি, বন্য গজপালের প্রধান ; গজদলপতি ; হস্তিপ্রধান। "হেলায় কমলিনী উপারয়ে যূথনাথে। পলাইতে চাহে গজ ধরে বাম হাতে।"-কবিক০। ~প (থ-), ~পতি-বি, বনহস্তীদলপতি ; যূথনাথ। ~ভ্রষ্ট-বিণ, দলছাড়া। > স্ত্রীং ~া।

যুথি, যূথিকা, যূথী [যূথি-যূথী (যুঁইফুল)+ক (স্বার্থে)+আ (স্ত্রীং)] বি, গন্ধে প্রায় বেলমল্লিকার মত কিন্তু অতি ক্ষুদ্রাকার পুষ্পবিঃ; মাগধী কুসুম; যুঁইফুল। ইহার পাতা বিল্বপত্রের মত তিনটাতে একটা। "যূথি পরিমল আসিছে সজল সমীরে, ডাকিছে দাদুরী তমালকুঞ্জ তিমিরে।" -চয়নিকা। "মুকুন্দ মল্লিকা জাতী কনক চম্পক যূথী রমণক তুলসীর পাতে।"-চণ্ডী°।

যূথীন [সং] বি, যূথপতি।

যূনী [যুবন্+ঈ (স্ত্রীং)] বিণ, যুবতী।

যূপ [যু (বন্ধন করা)+প (ধি, জ্ঞা°), যাতে যজ্ঞীয় পশু বন্ধন করা হয়] বি, যজ্ঞীয় পশুবন্ধনার্থ কাষ্ঠস্তম্ভ; জয়স্তম্ভ। ~কটক- বি, যূপকাষ্ঠস্তম্ভশীর্ষস্থ বলয়াকৃতি কাষ্ঠখণ্ড। ~দ্রুম-বি, খদির বৃক্ষ: রক্তখদির (এই বৃক্ষই যূপের যোগ্য বলিয়া এই নাম)।

যূপাঞ্জন [যূপ+অঞ্জন] বি, যূপকাষ্ঠ পুঁতিবার পূর্ব্বে যূপস্তম্ভে ঘৃত ম্রক্ষণের নাম।

যূষ যূষ্ (বধ করা)+অ (র্ত্তৃ)] বি, মাংস দাইল প্রভৃতির কাথ decoction. ২ ঝোল।

যে [সং-যদ্ শব্দ ১মা, ১ব°=যঃ > প্রাকৃ° যে। হি° যে, যো (জো) > প্রা° বাং-জে। যার < জাঁর < হি° জিনকা, উভয় রূপই হয়। বাং প্রাদে° যা, যে অর্থে যো ব্যবহার আছে। "ঐ যা, ঐ যে" স্থলে ঐ যো।] স, নির্দ্দিষ্ট বস্তু বা ব্যক্তি। "যে তোমাকে ডাকে না হে তারে তুমি ডাক ডাক। তোমা হতে দূরে যে যায়, তারে তুমি রাখ রাখ॥"-রবী°। ২ বিণ, যা'র কথা বলা হইতেছে, উল্লিখিত; উদ্দিষ্ট; উক্ত; নির্দ্দিষ্ট; বিশিষ্ট। প্র-যে লোক; যে বালক। ৩ অবধারণ বা নিশ্চয়ার্থে; ত দ্রঃ। প্র-সে যে যাবে না তা কে জানে। "হেথা গান গাহে না, সে যে আর চাহে না।"-রবী°। ৪ যুক্তি বা হেতু নির্দ্দেশার্থে; যে হেতু। প্র-গাড়ি ছাড়িবার যে আর বিলম্ব নাই, আর বসিয়া থাকিলে চলিবে না। তুমিও যে উঠিলে, তবে আমি যাই। ৫ ইচ্ছা বা আবেশের বিপরীতানুষ্ঠান স্থলে তিরস্কার বা ভয় প্রদর্শনে, প্রশ্নে। প্র-তুমি যে আবার সেখানে গিয়েছিলে? এই অর্থে প্রায়ই 'বড়' শব্দের যোগ হয়। যথা-তুই যে বড় ওকে মারলি? ৬ অপ্রত্যাশিত বিষয়ে বিস্ময় স্থলে; সবিস্ময় প্রশ্নে। প্র-এই যে! তুমি যে! যে আজ্ঞে'- অ, যথা আদেশ; যা বা যেরূপ আজ্ঞা তদ্রূপই হইবে (তুল-হি° যো হুকুম)। যে কথা সেই কাজ-প্রতিজ্ঞা বা প্রস্তাব মত কার্য্য; বাজে কথা নয়। যে কেহ, যে সে- যার বিশেষত্ব নাই; নির্ব্বিশেষে; সাধারণ বা সামান্য জন। প্রা° বাং [শ্রী° কী°] যেই; যাহা; যৎ পরিমিত। যেতেক=যত। যেতেকে =এততে। "যেতেকে যাপিল নারী যেহেন শরীরে॥"-শ্রী° কী°। যেন=যেমন। যেহি= যাহা। (২) যেরূপ। যেহেন=যেমন; যেরূপ। যেহো=যে কোন। যেহু=যেন: যেমন। যেহু তেহু=যে কোন প্রকারে। যেহু মনে=যেরূপে।

যে [প্রা° বাং, প্রাকৃ°। সং-য=ইঅ=য়; য়া=আ: য়ে=এ] স, এ; এই। "য়েবার আপিঞা দিলে কাহ্নঞির ঠায়ে।"-শ্রী° কী°।

যেই-ক্রি-বিণ, যে মুহূর্ত্তে; যৎকালে। "যেই সে সহানুভূতির বাক্য শুনিল সেই তাহার চেহারা ফিরিয়া গেল।"-সঞ্জীবনী, ১৩১৪। "প্রভাত হইল যেই"-রবী°। ২ যে হেতু।

যেঁহু[সম্ভ্রমার্থে-যিনি। ব্রজ°, প্রা° বাং] স, যিনি। "যেঁহ কাব্য রচিলা অদ্ভুত রামায়ণ।"-জগৎরাম°।

যেকতন [সং-যেন কেন (তেন) প্রকারেণ > বাং-যেমন-তেমন বা যেন-তেন করে > কে°। আ°, ফা° তরহ্ > তঁই, তাক্রি > তন (তুল-দফে, দফা > দাঁই, দাক্রি, দান)-যেকতাক্রি > যেকতন। 'একতন' (কোন এক >) এর সহযোগে ব্যবহৃত হয় (একতন যেকতন দ্রঃ)। প্রা° বাং] ক্রি-বিণ, যে কোন এক প্রকারে; যেমন করে হউক; যে কোন উপায়ে। "একতন যেকতন করে যে খাইছে তার দুয়ারত ঘোড়া"-মাণিক° গান।

যে-কে-সেই [হি° জোঁ-কা ত্যোঁ, জৈসে-কে-তৈসে, জৈসী-কি-তৈসী, জৈসা কা-তৈসা] অ, যেমন ছিল তেমনই: যা ছিল তাই; কোন পরিবর্ত্তন হয় নাই; পূর্ব্বে অবস্থা প্রাপ্তির ভাব। "পুনর্মূষিকো ভব"। "কাজেই ইংলণ্ড ও আমেরিকার শ্রমজীবীরা তাহাদের জীবিকা নির্ব্বাহের জন্য যাহা প্রয়োজন তাহার দশগুণ রোজগার করিলেও যে-কে-সেই গরীবই রহিয়া যায়। তাহাদের অবস্থার কোনই উন্নতি লক্ষিত হইতেছে না।"-বাঁশরী (এ যুগের দাসত্ব)।

যেখানে [যৎ-স্থান >] ক্রি-বিণ, যত্র; যেস্থানে; যথায়। ~সেখানে-ক্রি-বিণ, যত্র তত্র; যেথায় সেথায়।

যেটে, যেঠে [সং-যৎ স্থান > যত্র > যেট্‌ঠে > বা যৎ > যে, স্থানে > থানে > থায় > ঠায় > ঠে,] ক্রি-বিণ, যে স্থানে: যেথায়। "যেঠে [পাঠান্তরে যেটে] যে পোত্তা পায় আন রাজাক পরাইয়া॥"-মাণিক°গান।

যেত (যেঁ-) [হি° যেত্তা।] বিণ, যত; যাবতীয়। "যেত রায়ত পয়ামশ করিয়া গেল শিবের বরাবর॥"-মাণিক° গান।

যেতুকে [যৎক্ষণে >। 'যেতক্কে' শব্দেরও প্রা° ব্যবহার আছে] ক্রি-বিণ, যেক্ষণে; যখনই; যেই সময়। "যেতুকে ধর্ম্মী রাজা বাইরে বাইরে বাস।"-মাণিক° গান।

যেথা[সং-যত্র। জেথা ও°, প্রা°] ক্রি-বিণ, যেস্থলে; যথায়। "যেথা আমি যাই নাক তুমি প্রকাশিত থাক আকুল নয়ন জলে ঢাল গো কিরণ ধারা।"-রবী°।

যেনি [সং-যদ্ শব্দ ৩য়া, ১ব°। ব্রজ° জনু। প্রা° বাং প্রাকৃ° জেন। "গোচরিঞাঁ কল করাইবোঁ জেন জানী" -শ্রী° কী°] ক্রি-বিণ, যথা; যেরূপ; যেমন। ২ অ, প্রার্থনায়, কামনায়। প্র-ভগবান যেন এমন না করেন, সে যেন দীর্ঘজীবী হয়। ৩ তুলনার্থক। প্র-যাচ্ছে যেন হাতী। প্র-তাল করে বলতে বোলো যেন সে অকথা না কয়। ৪ যেহেতু; যে কারণ। "ব্রহ্মারে শাপিলা তবে তথা বিধি পূজ্য নবে(=না হবে) যেন মোরে করিলে হেলন।"-শি°। ৫ অনুমানার্থে। যেন আমিই বলেছি কিন্তু ই°। ৬ যদ্দ্বারা; যাতে। ৭ সাবধান warning. দেখো যেন যেও না। আমায় যেন বলিও না।

যেনি এক রকমের [রকম দ্রঃ] সাধারণ রকমের নয়; যে রকমটি দেখা যায় না। যা নয় তাই। "দুধ খাওয়ার ঝিনুকটি যেন এক রকমের-না ঝিনুক, না চামচে।"-চীন-ভ্রমণ। ৮ মত; প্রকার;

সদৃশ ; স্বরূপ ; স্বয়ং। প্র-যেন গুরুঠাকুর এসেছেন। ৯ অ, আশঙ্কাবোধক। ১০ আচ্ছা ; মানলাম I admit; very well. প্র-তাই যেন হল। **যেন-তেন**-যেমন তেমন ; যেরূপ সেইরূপ [প্রা০ বাং-যেহু তেহু (শ্রীকৃ০ দ্রঃ)]। "যেন তেন প্রকারেণ" নামজাদা হইয়া পড়িলেই কোনও ব্যক্তি সমাজে ইজ্জৎ পাইতেছে না।"-বি০ সরকার।

যেনে [প্রা০ বাং। সং-যত্র > যেত্থানে ক্ষে০, আধু০ বাং-য-যেখানে] ক্রি-বিণ, যথা ; যেস্থানে। "মঙ্গলে উষা বুধে পা যেনে ইচ্ছা তেনে যা"-খনা।

যেমত, যেমতি [যৎ+মত=যন্মত >] ক্রি-বিণ, যেমন ; যেরূপ ; যদ্রূপ ; যথা। "আমার পরাণ যেমতি করিছে সেমতি হউক সে।"-চণ্ডী০।

যেমন [সং-যস্মিন্। প্রা০ বাং-যেমন্ত। চট্টল০ প্রাদে০, মু০ বাং-জেহন ; হিন্দুকথ্য-জেঅন, জেএম] ক্রি-বিণ, যেরূপ ; যে প্রকার। "বল্ দেখি ভাই কি হয় মোলে। * * * যেমন জলের বিম্ব জলে উদয় জল হয়ে সে মিশায় জলে॥"-গান। ২ যে সময়। ৩ যেই মাত্র। **~ই, যেমনি**-যেরূপই। প্র-যেমনই হোক না কেন নিতেই হবে। ২ যেই ; যখনই ; যে মাত্র ; যে মুহূর্ত্তে। প্র-যেমনি গেল অমনি এল। **~তেমন**-ক্রি-বিণ, যে কোনরূপ ; যে কোন প্রকার ; সামান্যতঃ।

যেমনে [যেমন+এ (৭মী বিভক্তি)] ক্রি-বিণ, যেরূপে ; যে প্রকারে। ২ (গ্র্যাম্যে) যেদিকে। ৩ যেখানে।

যেম্নি [যেমন+ই (নির্দ্ধারণার্থে) > ক্ষে০] ঠিক যেমন ; যথাবৎ। "তোমার পিতা মাতা যেম্নি দাতা"-রা০ প্র০। ২ [সং-যন্মাত্র >] অ, যেক্ষণ ; যৎক্ষণাৎ ; যেই।

যেয়ে [প্রা০। যাইয়া >] অস-ক্রি, যাইয়া ; গমন করিয়া ; গিয়া। "তখন তুমি যেয়ে মায়ের কোলে চাঁদ মুখে মা বোলে ডেকো"-গান। "চল বরণ করিয়ে উমা আনি যেয়ে কি কর পাষাণ রমণি গো।"-গান।

যেয়ো [যাওয়া দ্রঃ] ক্রি, যাইও। ২ গমন করিও। "যেয়ো মনোমত পথ ধরিয়া, তুমি নিজ সুখস্রোতে ভাসিয়ো।"-রবী০। "যেয়ো যেথা যেতে চাও"-ঐ।

যেহো [সং-যঃ > হি০ যেহ, যো] স, যিনি ; যে ব্যক্তি ; যেই। "দামোদর দেহ দান্ত ইহা যেহো কন"-পি০।

যেহু [যেন (দ্রঃ)র প্রা০ বাং রূপ। পদ০ সা০-তে প্রচর] ক্রি-বিণ, "শোভে যেহু বরুণের জাল"-চণ্ডী০।

যৈছন [সং-যাদৃশ্ > যারিস > যাইস > যৈছ, পরে অনুনাসিক যোগ > হি০ জৈছন। তুল-হি০জৈসে ; জৈসনে। মূলে হয়ত যাদৃশম্ > ব্রজ০। বাং-য-স=ছ] ক্রি-বিণ, যেরূপে। "যৈছন জীবয়ে হয় এক রজনী।" -গোবিন্দ০। যৈছন বাঢ়ত মৃণালক সূত" -বি০ প০। ২ যেমন ; যেরূপ। "যৈছন জলদ বিজুরী জোর"-জ্ঞান০।

যৈছে [হি০ যৈসে] ক্রি-বিণ, যে প্রকার ; যেরূপ। "চতুর্ভুজ পীতবাস যৈছে নারায়ণ।" -চৈ০ চ০। "যৈছে শারদ চন্দ।"-বি০ প০।

যৈবন-যৌবন দ্রঃ।

যৈসে [হি০, মৈ০] ক্রি-বিণ, যেমন ; যেরূপ। "যৈসে কুরঙ্গিণী শুনই সঙ্গীত॥" -বি০ প০।

যো১ [ব্রজ০। সং যদ্ ১মা, ১ব০, যঃ=যো] স, যে ; যিনি ; যে ব্যক্তি। "যো পুরুখ দেখত তাকর ভাগী"-বি০ প০। ২ যে বস্তু।

যো২ [জোকার বা জোহার > ক্ষে০] বি, প্রার্থনা ; মিনতি। **হা-যো**-বিলাপ ও প্রতিকার প্রার্থনা। "হা নাথ যো নাথ করি অভাগিনী জীবন ত্যজিল"-অশোক০।

যো৩ [যোএ >] বি, উপায়। ২ যেমন ; যেপ্রকার। ৩ মূলধন। ৪ ভূমিকর্ষণোপযোগিতা ; জমি নিতান্ত কর্দ্দমাক্ত বা শুষ্ক না হইলে তার যে অবস্থায় গভীররূপে কর্ষণ করিলে জমিতে ঢেলা বাঁধে না ও মাটি সহজেই গুঁড়াইয়া যায়। প্র-শ্রাবণ, ভাদ্র ও আশ্বিন মাসে জমির যো হয়। ৫ যোগাড়; আয়োজন। "হেল্যার দেখিয়া দুঃখ হয়ে হৈল যো। কালে কালে কৈল হাল কামাঞের যো।" ৬ সুযোগ ; সুবিধা। **~কাল**-বি, যে সময়ে ধান্যাদি রোপণ করা যায় ; আষাঢ় শ্রাবণ ভাদ্র ও আশ্বিন মাস। **~পাওয়া**-ক্রি, সুবিধা পাওয়া ; সুযোগ পাওয়া। "মন তুমি তার হরির খুড়ো। সে যো পেলেই তোরে করবে গুঁড়ো॥"-গান। **যো-সো** [হি০ জৈসে-তৈসে, যেঁও-তেঁও, জিমি-তিমি] অ, যেমন তেমন। **যো-সো করিয়া** [সং-"যেন তেন প্রকারেণ"] অ, যেমন তেমন করিয়া ; কোন রকমে জোড়াতালি বা গোঁজামিল দিয়া ; ধা-তা করিয়া ; বেগার টালা গোছ। প্রা০ বাং-জোযো (বৌ০ গান ও দো০)।

যো-আলি, যোঁ-আল [সং-যুগ > যোয়াল দ্রঃ] বি, হাল খুড়িবার কাষ্ঠ।

যোই [মৈ০, প্রা০ বাং পদ০ সা০। < হি০ যো+ই (হি০হি >)] স, যাহা ; যেরূপ ; যে। "যোই করল সোই নাগর রাজ" -বি০প০। "যোই নয়ন-ভঙ্গী ন সহ অনঙ্গ"-ঐ।

যোঁকা-যোখা দ্রঃ।

যোকারী [ব্রজ০] বি, প্রণয়কারী ; প্রণয়ী ; প্রেমিক। "রাধামোহন পঁহু গোপত যোকারী। সো মুখ কো জন কহইতে পারি॥" -পদাবলী।

যোক্তা [যুজ্ (যোগ করা)+তৃ (র্ত্তৃ) যোক্তৃ ১মা, ১ব০] বিণ, যোগকর্ত্তা।

যোক্ত্র [যুজ্ (যোগ করা) +ত্র (ণে)] বি, হলবন্ধন রজ্জু ; যোতদড়ী।

যোখমাপ [প্রা০ যোখা দ্রঃ] বি, পরিমাণ।

যোখা, যোঁকা [হি০ জুখ, জোখ (ওজন, মাপ) > ক্রি, জুখনা, জোখনা। মৈ০ যোখল=পরিমাণ করিল ; তৌল করিল] ক্রি, মাপ করা ; পরিমাণ করা ; তুলনা করা। "যোখল সকল মহীতল গেহ।"-বি০ প০। "যুখিল ঠাক্রি ঠাক্রি"-মনসা ম০ (বিজয়০, খৃ০ ১৫শ শতক)। **~যুখী**-উভয়ের মধ্যে তুলনা বা বড় ছোট নির্ণয়। "দাঁড়াইয়া মুখামুখী করিতেছে যোখাযুখী কে কাহার চেয়ে কত সুন্দর বিশাল।"-চন্দম।

যোগ [যুজ্ (যোগ করা)+অ (ভা০)। মৈ০ শ্রী০ গ্রন্থে এই অর্থে 'যুগ'] বি, মিলন ; ঐক্য। ২ চিত্তবৃত্তির নিরোধ ; মনের বিষয়ান্তর নিবৃত্তি। ৩ জীবাত্মা ও পরমাত্মার সংযোগ। ৪ সম্বন্ধ ; সংস্রব। ৫ যুক্তি। ৬

সম্ভাব। ৭ প্রয়োগ। ৮ উপায় ; উপলক্ষ ; অবসর ; সুযোগ। ৯ সামাদি চতুর্ব্বিধ উপায়। ১০ ধ্যান। ১১ মাহেন্দ্র বিষ্কুম্ভ ইং সময়ের অংশ। ১২ শুভকাল। ১৩ উৎসব ; স্নানাদির পর্ব্ব। প্র—আজ একটা মস্ত যোগ আছে। ১৪ লাভ। ১৫ কর্ম্ম-কৌশল ; ক্রিয়ার সুকৌশল। ["যোগঃ কর্ম্মসুকৌশলং নিগদিতঃ শাস্ত্রেষু বিষদ্বরৈঃ॥"—মধুসূদন সংহিতা ১৩।১৪। "যে ক্রিয়ার সুকৌশল দ্বারা এই মহাশক্তি পরব্রহ্মে লয়প্রাপ্ত হন, সেই ক্রিয়াসমূহ লয়যোগ নামে অভিহিত"। মন্ত্রযোগ প্রথম অধিকার, হঠযোগ দ্বিতীয় অধিকার, লয় যোগ অপেক্ষাকৃত উন্নত তৃতীয় অধিকার। এই তিন যোগমার্গের সাধকগণই চরম অবস্থায় রাজযোগের জ্ঞানভূমি প্রাপ্ত হন, এই তিন যোগসাধন বিভাগই ক্রিয়াযোগ নামে কথিত। ইহাদের অন্তিম লক্ষ্যরূপ, রাজযোগের অঙ্গ সকলই বিচার প্রধান সাংখ্যযোগ নামে কথিত। মধুসূদন সংহিতা ১৩।৪৬ টীকা] ১৬ বর্ম্ম ; সাঁজোয়া। ১৭ অঙ্কশাস্ত্রে দুই বা ততোধিক রাশির সমষ্টি করণ। ১৮ জ্যোতিষে প্রধান নক্ষত্র। ১৯ নিয়ম ; বিধি। ২০ উপযুক্ততা ; যোগ্যতা। ২১ পরিণাম। ২২ ছল ; প্রতারণা। ২৩ পতঞ্জলি মুনিকৃত দর্শনশাস্ত্র। ২৪ ঔষধ। ২৫ [প্রা॰ বাং] বিণ, যোগ্য। "তার পতিযোগ নহে আক্ষার যৌবন"—শ্রী॰ কী॰। ২৬ আভিচারিক উচ্চাটন কার্য্যে মন্ত্রের অন্তে সাধ্য ব্যক্তির নাম যোগ। ২৭ সহযোগিতা ; যোগসাজস। ~করা—ক্রি, যোগ-সাধন করা ; যোগের অনুষ্ঠান করা। ২ জোড়া ; সম্মিলিত করা। ~ক্রিয়া [বীজগ॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং componendoর বৈজ্ঞা॰ পরিঃ। ~ক্ষেম [যোগ (অলব্ধ ফুল ফলাদি সাধন) ক্ষেম (লব্ধ শরীরাদি রক্ষা) দ্বন্দ্ব] বি, অলব্ধ বস্তুর লাভ এবং লব্ধ বস্তুর রক্ষণ। ২ বাণিজ্য বস্তুর ভাটক ও খরিদ বিবেচনা করিয়া উপযুক্ত মূল্য নির্দ্ধারণ। ৩ মঙ্গল। ৪ উত্তরাধিকারীর অবিভাজ্য ধন। ৫ লভ্য। ৬ [বৌ॰ সা॰] নির্ব্বাণ ; শান্তি। "সতত সম্প্রীত ভাবে সঙ্গে থাকে যারা সকলের। যোগক্ষেম কোন কালে বিনষ্ট না হয় তাহাদের।"—জাতক, ৪র্থ খণ্ড।

~জ [যোগ-জ (জাত)] বিণ, যোগোদ্ভব। ২ [স্যায় মতে] বি, প্রত্যক্ষ সাধন। ৩ অগুরু। ~দান [যোগ (ছল) দ্বারা দান] বি, ছলের দ্বারা দান। ২ সাহচর্য্য। ~ধারী—বি, ধ্যানমগ্ন ; যিনি সকল সময়ে যোগাবলম্বনে থাকেন ; শিব। "শঙ্করায় নমোনমঃ গিরিসুতা প্রিয়তম বৃষভ বাহন যোগধারী॥"—অ॰ ম॰। ~নিদ্রা—বি, চিত্তের বিষয়ান্তর নিবৃত্তিরূপ নিদ্রা। ২ প্রলয়কালে সর্ব্বসংহার ইচ্ছায় বিষ্ণুর যোগব্যাপার। ৩ মহামায়া ; দুর্গা। ~নিষ্ঠ—বিণ, যোগে নিষ্ঠাবান ; যোগপরায়ণ ; যোগী। ~পট্ট—বি, যে বস্ত্রকে বলয়াকার করিয়া পৃষ্ঠ ও জানুযুগলের পরিবেষ্টন রূপে বন্ধন করা যায় ও যাহাতে ঊর্দ্ধ জানু করিয়া থাকিতে পারা যায় ; সন্ন্যাসী বা যোগীদিগের বস্ত্র পরিধানের প্রকার ভেদ। ২ গিরি, পুরী ইং সন্ন্যাসীদিগের উপাধিবিঃ। ৩ ভগবানের নামাঙ্কিত রেশমী উত্তরীয়। ইহার চলিত নাম যোগপাটা ; সংস্কৃতে যোগপদক বলে। "যোগপট্ট ছান্দে বস্ত্র করিয়া বন্ধন।"—চৈ॰ ভা॰। "দিগম্বর বিভূতি ভূষিত কলেবর। গলে যোগপট্ট উপবীত বিষধর॥"—অ॰ ম॰। ~পদক—বি, পূজাদিকালে ধারণীয় উত্তরীয় : যোগপাট। ~পাট, ~পাটা [যোগপট্ট দ্রঃ] বি যজ্ঞসূত্র ; পইতা। "নখ পাঁতি যেন কুন্দ তাহার উপমা ইন্দু যোগপাটা হৃদয়ে শোভিত।"—কবিক॰। ২ পূজাকালে ধারণীয় উত্তরীয়বিঃ। ~পীঠ—বি, ধ্যানাসন ; যোগাসন। ~ফল [পাটী॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং sum এর বৈজ্ঞা॰ পরিঃ। ~বল—বি, যোগশক্তি। ~বাশিষ্ঠ—বি, বশিষ্ঠ দেব কর্ত্তৃক রামচন্দ্রের প্রতি উপদেশ বিষয়ক গ্রন্থ। ~বাহ [যোগ-বহ্ (বহন করা) + অ (ণে)] বি, অনুস্বার, বিসর্গ, জিহ্বামূলীয় ও উপাধ্মানীয় এই কয়টী বর্ণের ণত্ববিধানের প্রতি স্বরত্ব এবং স্বরসন্ধির প্রতি ব্যঞ্জনত্ব এই উভয়ত্ব থাকায় ইহাদের নাম যোগবাহ। ~বাহী—বিণ, উভয়ের বা একাধিকের সহিত সংযোগকারী। ২ [পারি॰ (হি॰ কো॰)] যোগসাধক বা মাধ্যম medium. ৩ সহায়ক catalytic.

~বাহ্য [যোগ (ধাতুর সংযোগ) বাহ্য (বহনীয়)] বি, পারদ। ২ ক্ষার। ~বিৎ, ~বিদ্—যোগী ; যোগমার্গী ; যোগজ্ঞ। ~ভ্রংশ—বি, যোগভ্রষ্ট ; যোগচ্যুত। ~ভঙ্গ—বি, যোগবিরতি। ~ভ্রষ্ট—বিণ, যোগমার্গ হতে বিচ্যুত ; যোগভ্রংশ। ~মায়া—বি, মহামায়া ; দুর্গা ; বিন্ধ্যাচলস্থা দেবী বিন্ধ্যবাসিনী। ~মার্গ—বি, যোগ সাধনার পন্থা। ~রূঢ় [যোগরূঢ়ি ও॰। রূঢ় দ্রঃ। যোগ (যৌগিক) অথচ রূঢ় (বিশেষার্থবোধক)] বিণ, একাধিক শব্দযোগে গঠিত কিন্তু কোন বিশেষার্থজ্ঞাপক : যৌগিক ও রূঢ় শব্দের লক্ষণাক্রান্ত ; প্রকৃতি (মূল শব্দ বা ধাতু root) ও প্রত্যয়ের অর্থ প্রকাশ করিয়াও যে সকল শব্দ বিশেষার্থবোধক হয়। যথা—পঞ্চশর, শূলপাণি, ত্রিশূলপাণি, হস্তী, পঙ্কজাদি ("যোগরূঢ়াঃ পঙ্কজাদয়"—অলঙ্কার কৌস্তুভ)। ~শাস্ত্র—বি, পতঞ্জলাদি মুনি প্রণীত যোগবিষয়ক শাস্ত্র। ~সাজোস [ফা॰ সাজিষ] বি, সহযোগিতা। ~সাজোসে—ক্রি·বিণ, একসঙ্গে পরামর্শ করিয়া ; সহযোগিতায় (বিতঃ অপরাধজনক ব্যাপারে)। "লোকটার মনে একটা ধারণা হয়েছে যে আপনার যোগসাজোসে এইটে হয়েছে।"—স্বর্ণপ্রতিমা, হরি সা॰ মুখো॰। ~সাধন, ~সাধনা বি, যোগাভ্যাস। ~সার—বি, সর্ব্ব রোগাপহারক উপায়। ~সিদ্ধি—বি, যোগের ফললাভ। > বিণ, ~সিদ্ধ। যোগেযাগে—ক্রি·বিণ, টেনেবুনে ; কষ্টেসৃষ্টে ; কায়ক্লেশে। ২ কোনপ্রকারে ; যেমন তেমন করিয়া। ৩ কোন সুযোগে। ৪ যাগযজ্ঞে ; তপস্যাদিতে। "কুল কুণ্ডলিনী যদি জাগে। যার না জাগে কি করিবে তার তপ জপ যোগে যাগে।"—গান। অমৃতযোগ—বিশেষ বারে বিশেষ তিথির যোগ, যথা—রবি ও সোমবারে পঞ্চমী, দশমী, অমাবস্যা ও পূর্ণিমা তিথি যুক্ত হইলে এই যোগ হয়। অর্দ্ধোদয় যোগ—অর্দ্ধোদয় দ্রঃ। চূড়ামণি যোগ—রবিবারে সূর্য্যোগ্রহণ ও সোমবারে চন্দ্রগ্রহণ হইলে এই যোগ হয়। ত্র্যমৃতযোগ—বিশেষ বার, তিথি ও নক্ষত্র মিলিত হইয়া এই যোগ হয়। যথা—রবি ও মঙ্গলবারে

প্রতিপদ, একাদশী ও ষষ্ঠী তিথি সহ স্বাতি, শতভিষা, আর্দ্রা, রেবতী, চিত্রা, অশ্লেষা, মূলা ও কৃত্তিকা নক্ষত্রের যোগ। নক্ষত্রামৃতযোগ-বিশেষ বার ও নক্ষত্রের মিলন। যথা-মঙ্গলবারে পুষ্যা, অশ্লেষা, কৃত্তিকা, স্বাতী, উত্তরভাদ্রপদ ও রেবতী নক্ষত্রের যোগ। পাপযোগ-বিশেষ বিশেষ বারে বিশেষ বিশেষ তিথির যোগ। যথা-রবি ও মঙ্গলবারে প্রতিপদ, ষষ্ঠী ও একাদশীর যোগ। বিষযোগ-নক্ষত্রামৃত যোগ এবং সিদ্ধিযোগ এক দিবসে মিলিত হইলে এই যোগ হয়। মৃত্যুযোগ-বিশেষ তিথি ও নক্ষত্র যোগে কিম্বা বিশেষ বার ও নক্ষত্রযোগে ইহার উৎপত্তি। যথা-প্রতিপদে উত্তরাষাঢ়া নক্ষত্রের যোগে রবিবারে অনুরাধা নক্ষত্রের যোগে। সিদ্ধিযোগ-বিশেষ বার ও তিথির মিলনে ইহার উৎপত্তি। যথা-বুধবারে দ্বিতীয়া, সপ্তমী ও দ্বাদশীর মিলন।

যোগাওঁ [প্রা°বাং] ক্রি, যোগান দেই। যোগাইবোঁ-সরবরাহ করিব।

যোগাকর্ষণ [যোগ (দ্বারা)+আকর্ষণ, ৩তৎ] বি, যে গুণ দ্বারা পরমাণু সকল পরস্পর সংযুক্ত থাকে; পরমাণু সমূহের পরস্পর সংকর্ষণ।

যোগাচার [যোগ+আচার] বি, যোগানুষ্ঠান।

যোগাড় [যোগ>] বি, কর্ম্মের উদ্‌যোগ; কার্য্য নির্ব্বাহের উপায়। ২ সংগ্রহ; আহরণ; সন্ধান দ্বারা প্রাপ্তি। যো° করা-ক্রি, অন্বেষণ বা সন্ধানাদি দ্বারা সংগ্রহ; আহরণ করা; চেষ্টাদ্বারা প্রাপ্ত হওয়া। যো° দেওয়া-ক্রি, কাহারও কর্ম্মের সহায়তা করা; প্রধান কর্ম্মকর্ত্তার প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী বহিয়া তার হাতের কাছে দেওয়া; সরবরাহ করা; যোগান। ~যন্ত্র-বি, উদ্দেশ্য সাধনোপযোগী উপকরণ বিবিধ কৌশলে বা উপায়ে সংগ্রহকরণ বা আহরণ। বিণ, যোগাড়িয়া, যোগাড়ে-সংগ্রাহক; আহরণকারী। ২ সহকারী।

যোগান₁, যুগান [হি° জুগান। সং-যোগ+আন (কর্ম্মার্থে)] বি, সরবরাহ; অভাবপূরণ। "পশরা করিয়া ফিরে নগরে নগরে ফিরে শিশুগণ করয়ে যোগান।"-কবিক°। "হাবসী ইমাম বন্ন হাবশী প্রধান। হাতী ঘোড়া উট আদি তাহার যোগান॥"-অ° ম°। ২ ভবন। ৩ নবীভূত হওন। যো° দেওয়া [যোগান₂ দ্রঃ] ক্রি, সরবরাহ করা। যোগানের নিয়ম [ধনবিজ্ঞান পরি:] Law of supply.

যোগানো₂ [যোগান+আ (ক্রিয়ায়)]। হি° যুগানা। যোগাই, যোগাও, যোগায়; যোগাইতে; যোগাইয়া (কে° যোগায়ে, গ্রা° যুগিয়ে)] ক্রি, যোগান দেওয়া; সরবরাহ করা; প্রয়োজনীয় বস্তুর অভাব মোচন করা। "তদবধি যখন যাহা আমার প্রয়োজন হতেছে তাহা মাগো আমার যোগাতেছ দয়াময়ি তুমি নিজ দয়াগুণে"-গান। ২ শেষ হতে না দেওয়া। ৩ ক্রমাগত উৎপন্ন হওয়া।

যোগানিত [যোগান দিত > কে°] ক্রি, যোগান দিত। সরবরাহ করিত। "নগরিয়া যো° ঘরে"-কবিক°।

যোগাযোগ [যোগ+অযোগ] বি, সংঘটনা; ঘটনা পরম্পরার মিলন; ঘটনার সন্নিপাত।

যোগারূঢ় [যোগ+আরূঢ়] বিণ, যোগোপবিষ্ট।

যোগাসন [যোগ+আসন, ৬তৎ] বি, যোগসাধনার্থ উপবেশনবিঃ। "এত বলি বসুন্ধর যোগাসনে করি ভর জায়া সহ শরীর ত্যজিল।"-অ° ম°।

যোগিনী [যোগী দ্রঃ] বি, দুর্গার সখী-চৌষট্টি সংখ্যক দেবী। "রণে অলক্ষিত হয়ে, চৌষট্টি যো° লয়ে, উরিলেন শ্রীসর্ব্বমঙ্গলা।"-কবিক°। ২ তপস্বিনী। ৩ তিথিবিঃ। ~চক্র-বি, যোগিনীর অবস্থান নির্দ্দেশক জ্যোতিষিক চক্র (প্রতিপদ ও নবমীতে পূর্ব্বদিকে, তৃতীয়া ও একাদশীতে অগ্নিকোণে, পঞ্চমী ও ত্রয়োদশীতে দক্ষিণে, চতুর্থী ও দ্বাদশীতে নৈঋতকোণে, ষষ্ঠী ও চতুর্দ্দশীতে পশ্চিমে, সপ্তমী ও পূর্ণিমাতে বায়ুকোণে, দ্বিতীয়া ও দশমীতে উত্তরে, অষ্টমী ও অমাবস্যাতে ঈশানে যোগিনী বাস করেন। যোগিনীর নয় দণ্ড অবশ্য বর্জ্জনীয় দক্ষিণ ও সম্মুখস্থ যোগিনীতে যাত্রা করিলে বধ বন্ধনাদি হয়। বামে ও পৃষ্ঠে স্থিত যোগিনী সর্ব্বার্থসিদ্ধিজনক)।

যোগিবেশ, যোগীবেশ [৬তৎ] বি, সন্ন্যাসীর বেশ। "কেন যোগিবেশে ভ্রম এ বিজন কাননে;"-গিরিশ°। ক্রি-বিণ যোগিবেশে-সন্ন্যাসীর বেশ ধারণ করিয়া।

যোগিয়া [যোগ+ইয়া] বিণ, যোগিজন সুলভ। ২ রাগিণীবিঃ। যো° গন্ধ-বি, যোগিজন সুলভ তীব্র গাত্র গন্ধ; ঝাঁঝাল গন্ধ। "গায়ের যোগিয়া গন্ধে যম দিল ভঙ্গ।"-শি°।

যোগী [যুজ্ (যোগ করা)+ইন্ (র্ত্তৃ)= যোগিন্ ১মা, ১ব°] বি, তপস্বী; যোগমার্গী। ২ ব্রহ্মজ্ঞ; ব্রহ্মবিদ্। ৩ সন্ন্যাসী; দণ্ডী। ৪ জাতিবিঃ; যুগী।

যোগীন্দ্র [যোগী+ইন্দ্র] বি, যোগীশ্রেষ্ঠ। ২ মহাদেব। যোগীন্দ্র-বাসনা-বিণ, যোগিজনবাঞ্ছিত; শ্রেষ্ঠ তপস্বীদিগের ঈপ্সিত।

যোগীশ, যোগীশ্বর [যোগিন্= যোগী+ঈশ, ঈশ্বর, ৬তৎ] বি, যোগীন্দ্র; মহাযোগী; মহাদেব। ২ যাজ্ঞবল্ক্য।

যোগে [যোগ দ্রঃ] ক্রি-বিণ, সহযোগ দ্বারা। ২ মার্ফৎ through. ~যাগে-যোগ দ্রঃ।

যোগেশ, যোগেশ্বর [যোগ+ঈশ, ঈশ্বর, ৬তৎ] বি, যোগীন্দ্র; মহেশ্বর; শিব। ২ নারায়ণ; বিষ্ণু। ৩ যাজ্ঞবল্ক্য মুনি।

যোগেষ্ট [যোগ+ইষ্ট (অনুকূল বা ঈপ্সিত), এক ধাতুর সহিত সেই ধাতু বা অন্য ধাতুর যোগ করিবার সহায়] বি, সীসক।

যোগ্য [যোগ+য (প্রভবার্থে)] বিণ, উপযুক্ত। ২ সমর্থ। ৩ নিপুণ। ৪ যোগার্হ। স্ত্রীং ~া₁-বি, পুষ্যানক্ষত্র। ~তা-বি, সামর্থ্য; ক্ষমতা। ২ পবিত্রতা। ৩ উপযুক্ততা। ৪ [ব্যা°] বস্তু সমূহের পরস্পর সম্বন্ধে বাধা না থাকা, যেরূপ "বহ্নিদ্বারা সেচন করিতেছে" এই বাক্যে যোগ্যতা নাই কারণ বহ্নিদ্বারা সেচন অসম্ভব বলিয়া সম্বন্ধের বাধা হইয়াছে। ~পাত্র-বি, উপযুক্ত ব্যক্তি। ২ উপযুক্ত আধার।

যোগ্যা২ [যোগ্য দ্র:] বি, সূর্য্যপত্নী। ২ ঋদ্ধি নামক ঔষধ। ৩ চন্দন। ৪ পিষ্টকবি:। ৫ অনুশীলন ; অভ্যাস।

যোগড়া [হি° জুগ্ড়া] বি, জলজন্তুবি: ; যার খোলা পোড়াইয়া চূর্ণ প্রস্তুত করা হয়। ২ বিণ, অপরিচ্ছন্ন ; নোংরা। ৩ জবড়জঙ্গ।

যোজই [সং-যুজ্ (যোগ করা) >। প্রা· বৌ° বাং। ম° পু° যোজয় ; ১ম পু° যোজয়ে] ক্রি, যোগ করে। ২ যোগান দেয় (দো° ১১২)।

যোজক [যুজ্ + ণিচ্ =যোজি (যোগ করান) + অক (র্ত্তৃ)] বি, যে সংকীর্ণ ভূভাগ দুই বৃহৎ ভূভাগকে পরস্পর সংযুক্ত করে isthmus. ২ বিণ, সংযোগকারী ; সংযোজক।

যোজন [যুজ্ (যোগ করা) + অন (ভা°)] বি একত্রীকরণ ; মেলন। ২ সংঘটন; যোগ। ৩ নিয়োজন ; নিয়োগ। "ছেলির রক্ষণে তারে করিল যোজন"—কবিক°। ৪ ৪ ক্রোশ, মতান্তরে ৪॥, মতান্তরে ৫ ক্রোশ পরিমাণ। ~গন্ধা [যোজন (ব্যাপী) গন্ধ যার বহু°] বি, কস্তুরী। ২ ব্যাসজননী সত্যবতী,(পূর্ব্বে ইঁহার নাম ছিল মৎস্যগন্ধা)। ~দিট [যো° + দিট (দৃষ্টি) যার, বহু°। প্রা° বাং] বিণ, যোজনদ্রষ্টা। ২ [লক্ষ°] দূরদ্রষ্টা। "হই [=উহা] খাইলে যোজনদিট।" -ডাক (৮-১০ম শতক)।

যোজনা [যোজন দ্র:] বি, যুক্তকরণ ; সংযোজন। ২ সংঘটন। ৩ যোগান।

যোজিত [যুজ্ + ণিচ্ =যোজি (যোগ করান) + ত (র্ম্ম)] বিণ, মিলায়িত ; যোগ করান হইয়াছে এমন। ২ রচিত। ৩ নিয়মিত।

যোট [যোত দ্র:] বি, যোগ ; সঙ্গ। ২ যুগ্ম ; যুগল ; জোড়া। ৩ সম্মিলিত ; যুক্ত ; একযোগ। ~-পাট-বি, সংগ্রহ ; যোগাড়যন্ত্র। "এজন্য সে সকল যোটপাট করিয়া আনিবার জন্য তাঁহার উদ্দেশে গেলাম"-মৃণালিনী। যোট বাঁধা-ক্রি, দল বাঁধা ; একত্র হওয়া। এক যোট-ক্রি-বিণ, একত্র ; এক সঙ্গে। যোটাযোট-বি, যোগাড়যন্ত্র ; আয়োজন। ২ সঙ্ঘটন। "বেটা এবার আবার কি যোটাযোট করিতেছে তার কিছুই বুঝিতে পারি না" -নীলদর্পণ।

যোটক [যোট + ক (র্ত্তৃ)] বি, মেলন ; যোটন। ২ বিণ, ঘটনাকারক ; ঘটক ; মেলক। রাজযোটক-বি, বর ও কন্যার একরাশি বা সম সপ্তম (বৃষ ও বৃশ্চিক, কর্কট ও মকর, কন্যা ও মীন বর ও কন্যার রাশি হলে তাকে সম সপ্তম কহে) চতুর্থ দশম কিম্বা তৃতীয় একাদশ হলে রাজযোটক হয়। ইহাতে বিবাহ দিলে শুভজনক হয়।

যোটন-বি, মিলন ; একত্র হওন।

যোটা [হি° জুটনা যোট + আ (ক্রিয়ার) যুটি, যুট ই°। যুটা দ্র:] ক্রি, একত্র হওয়া। ২ মিলা ; সংগ্রহ বা প্রাপ্তি হওয়া।

যোটানি [যোটা ধাতুর ণিজন্তরূপ] ক্রি, মিলান ; মিলাইয়া দেওয়া ; যোগাড় করিয়া দেওয়া। ২ ঘটান।

যোড় [হি°] বি, যুগ্ম। ২ মিলন। ৩ হিন্দুর বিবাহের আটদিনের দিন বরবধূর একসঙ্গে শ্বশুরালয়ে আগমন রূপ সংস্কার। ৪ সংযোগ ; সংলগ্ন। ৫ [রাণীগঞ্জাদি অঞ্চলে] ক্ষুদ্র নদী sreamlet. ~হস্ত-বিণ, কৃতাঞ্জলি ; যুক্তকর। ২ একান্ত অনুগত ; অনুগত ভৃত্যের ন্যায় বাধ্য। যোড়াতাড়া [হি° জোড় তোড় >] বি, ভগ্ন বা বিচ্ছিন্ন অংশ একত্রকরণ ; তালিতুলি। যোড়েযাড়ে-ক্রি বিণ, কোন প্রকারে জোড়া দিয়া ; কষ্টেসৃষ্টে। "রচনাপূর্ব্বক কহিবারে নাহি জানি। যথাশক্তি যোড়েযাড়ে মিলাইয়া ভণি॥" - ভক্তমাল। মাণিকযোড়, মাণিক-জোড় [মাণিক দ্র:] বি, বকজাতীয় পক্ষীবি: stork. ইহারা মাঠে ময়দানে ও জলাশয়ের ধারে যুগলে যুগলে চরিয়া বেড়ায় ; রত্ন যুগল। ৩ [সাধা: ব্যঙ্গ্য বিদ্রূপে ব্যবহৃত হয়] অভিন্নহৃদয় বন্ধুদ্বয় ; যে বন্ধুযুগলের মধ্যে ছাড়া ছাড়ি নাই ; যারা সদা সর্ব্বদা একত্র বেড়াইতে বা অবস্থান করিতে দৃষ্ট হয়। ৪ কোন বস্তু বা ব্যক্তি অন্য বস্তু বা ব্যক্তির সহিত সর্ব্বোতোভাবে একরূপ ও সহচর হলে উভয়কে মাণিকজোড় বলে।

যোড়া [হি° জোড়না (< সং-জুড়্= বন্ধন করা)। যোড়ি, যোড়, যোড়ে ; যোড়িতে, যোড়িয়া, (ক্ষে° যোড়ি) ই°। ণিজন্ত-যোড়ানি। প্রা° বাং-যোড়াইতে =জোড়া দিতে (শ্রী°কী°)। যোড়িলোঁ= যোজিত করিলাম। যোড়ী=যোজিত করিয়া। যোড়োঁ=যোজিত করি। যোড়সি=জুড়িতে দিস্] ক্রি, যোজনা করা ; যুক্ত করা ; মিলিত করা, মৈ° ব্রজ° যোড়ল= জুড়িল। যোড়লি=জুড়িয়াছে ; যোজনা করিয়াছে। "মদনে যোড়লি কন্দর্পধনু" -বি° প°। ২ [প্রা° বাং] যোজনা করা ; বিবাহ সম্বন্ধ বা প্রস্তাব করা ; বিবাহ সংঘটন করা ; বিয়ে দেওয়া। "তোমার ঘরে কন্যা আছে অদুনা পদুনা। তাক যোড়িবার চায় ময়না সুন্দর। ময়নার পুত্র আছে মহলের ভিতর। তাকে বিয়া দিবার চায় ময়না সুন্দর॥"-মাণিক° গান। "ঐ কন্যা যোড়িয়া আইস কহিলাম তোমায়।"-ঐ।

যোত [যোত্র >] বি, হল বন্ধন রজ্জু ; যোতদড়ি।

যোতা [যোত (দ্র:) + আ। যুতা দ্র:] ক্রি, যোত বা জোয়ালে যুড়িয়া দেওয়া ; স্কন্ধে যোয়াল স্থাপন করা ; যুগ বন্ধন করা। "সে হলে মহিষে বৃষে যদি ভীম যোতে"-শি°। ২ গো-অশ্বাদিকে যোত্রের সহিত বন্ধন করা। বি, যোতন-যুড়িয়া দেওন ; যোত্রের সহিত বন্ধন।

যোতানি [যোত (দ্র:) + আন (ণিজন্ত বিভক্তি)] ক্রি, সংযুক্ত করান ; যুতিতে বাধ্য করা। "স্কন্ধে মুণ্ডে যোতাইয়া প্রতীত হইল" -মহা° (নিত্যানন্দ ঘোষ)।

যোত্র [যু (যোগ করা) + ত্র (ণে)] বি, শকটাদির পশুবন্ধন রজ্জু অথবা হলাদির বন্ধন রজ্জু ; যোতদড়ি। ২ লাঙ্গলাদি বহনকারী পশুর স্কন্ধস্থ কাষ্ঠবি: ; যোয়াল। ৩ উপায় ; সংস্থান ; সঙ্গতি। ৪ সম্পত্তি। ৫ সহায়। "যশস্বিনী যোত্র জানি যাচে বারম্বার।" ৬ অবলম্বন ; আশ্রয়। "মহোদধি মসী যদি মহী হয় পত্র। সুরতরু লেখনী সারদা করি যোত্র॥" -শি°। ~সম্পন্ন - বিণ, সঙ্গতিপন্ন।

যুক্ত বিত্ববৎ (অগ্র=অগ্গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ=ংগ ঞ্জ=ন্জ ঞ্চ=ন্চ ক=ক্ট ...=zfwv ও দ্রা° দ্র:

২ যোত্রবিশিষ্ট। ~হীন-বিণ, সম্পত্তিহীন ; সঙ্গতিহীন insolvent.

যোদ্ধা [যুধ্ (যুদ্ধ করা) + তৃ (র্তৃ)=যোদ্ধৃ ১মা, ১বং] বি, যুদ্ধকারী ; রণকুশল।

যোদ্ধৃ [সং] বি. যুদ্ধকারক : বীর। ~কুলীনদিগের শিষ্টাচার-য়ুরোপের মধ্যযুগের নাইট বা দুর্বলরক্ষণ-স্বভাব ভদ্র-বংশজ অশ্বারোহী সৈনিকদের নারীসেবানুরাগ ও শিষ্ট ব্যবহার chivalry. "স্পেনের আরব বিজেতাদিগের নিকট হইতে ইয়ুরোপ সভ্যতার আলোক অনেকটা প্রাপ্ত হয়। "সিভালরি" বা যোদ্ধৃকুলীনদিগের শিষ্টাচার উহাদের নিকট হইতে প্রাপ্ত।"-সদালাপ, ৪র্থ ভাগ ৺মুকুন্দদেব মুখো০। ~জাতি-বি, ক্ষাত্রশক্তি সম্পন্ন জাতি ; যুদ্ধপটু জাতি। ~পতি-বি, সৈন্যাধ্যক্ষ ; সেনানায়ক ; সেনাপতি।~পুরুষ-বি, সৈনিক।~বেশ-বি, বীরবেশ, রণবেশ ; যুদ্ধকারীর পরিচ্ছদ।

যোধ [যুধ্ (যুদ্ধ করা) + অ (র্তৃ)] বি, যোদ্ধা ; বীর। "আর যোধ যত"-মেঘ০। "লহ মোর যত আছে যোধ সেনাপতি"-কবিক০। ২ [-+অ (ভা০)] যুদ্ধ : রণ। ~ী-বিণ, যুদ্ধকারী। ~পতি-যোদ্ধৃপতি দ্রঃ। "সোই যোধপতি"-প০ক০ তরু (সা০ প০ প০)। ~সংরাব-বি, যোদ্ধাদিগের যুদ্ধের নিমিত্ত স্পর্দ্ধার সহিত পরস্পর আহ্বান।

যোধন [যুধ্ (যুদ্ধ করা) + অন (ভা০)] বি, রণ ; যুদ্ধ। ২ [-+অন (করণ)] যুদ্ধসাধন অস্ত্রশস্ত্র। ৩ [-+অন (র্তৃ)] রণকুশল ; যুদ্ধপটু ; যোদ্ধা।

যোধেয় [যোধ+এয় (স্বার্থে)] বি, যুদ্ধকারী : যোদ্ধা ; যৌধেয়।

যোনি,-নী [যু (যোগ করা) + নি (র্তৃ)] বি, আকর ; উৎপত্তি স্থান (ইহা একটি নলাকার প্রণালী এবং ভগোষ্ঠদ্বয় হতে জরায়ু পর্য্যন্ত বিস্তৃত)। ২ কারণ। ৩ স্ত্রী-চিহ্ন। ৪ জন্ম। প্র-প্রেতযোনি, ব্রহ্মযোনি, দিব্য-যোনি বা দেবযোনি, পশুযোনি ই০। ৫ [ব্রজ০] প্রাণী। "সব যোনি পাওটি ভুলালি" -বি০ প০। ৬ [-যোনি] বিণ, প্রসূ। বীরযোনি স্বর্ণলঙ্কা।"-মেঘ০। ~জ [যোনি-জ (জাত)] বিণ, জরায়ুজ ও অণ্ডজ (জীব)। ~পীঠ-বি, সতী দেহ হতে বিষ্ণুচক্রে বিচ্ছিন্ন হইয়া যোনি পতিত হওয়ায় যে স্থান পীঠস্থানে পরিণত হইয়াছে ; কামরূপ কামাখ্যা। ~পৃষ্ঠ-বি, যোনি মুখের দুই পার্শ্বের উপরিভাগ।

যোয়১ [মৈ০ জোহি (অন্বেষণ করা) > যোহি > যোয়] বি. পাহারা। "ঘরে ঘরে পহরী ছোড়ি গেল যোর। অবহি দেখব ধনী নাগরী তোর।"-বি০ প০।

যোয়২ [যো১ দ্রঃ] স. যে ; যাহাকে।

যোয়ান১ [সং-যুবন্ > যুবান > জওয়ান্] বিণ,বলবান ; বলিষ্ঠ। ২ যুবাব্যক্তি; যুবক [দ্রঃ-পুং, স্ত্রী উভয়ার্থে। প্র-যোয়ান মাগী। যোয়ান মদ্দ মাগী ও০]।

যোয়ান২ [সং-যমানী, যবানী > হিং অজবাইন >] বি, ধন্যাকাদি বর্গের কটুরস ফলবিঃ sigusticum ajwan ; carum cofticum.

যোয়ানো [জুয়ায় দ্রঃ। প্রা০ বাং। যোয়াই, যোয়াও, যোয়ায় ই০।] ক্রি, যোগ্য হওয়া ; উপযুক্ত হওয়া। "যোয়ায় না যোয়ায় না রাজা যাও বলিবার।"-মাণিক০ গান।

যোয়াল [সং-যুগ >। প্রা০ জুগাল, জোয়াল, জোঁয়াল] বি, গাড়ীর সম্মুখের যে অংশ গরু বা মহিষের কাঁধে রাখা হয় ; লাঙ্গল বা গাড়ীতে জুতিবার জন্য যে কাষ্ঠখণ্ড গবাদি পশুর স্কন্ধে চাপান হয়। ২ যূপকাষ্ঠ।

যোশ [ফা০ জোশ (উত্তাপ, উত্তেজনা)। মু০ বাং] বি, উত্তেজনা ; উন্মাদনা। "যতদিন না তাঁহারা উপরোক্ত সদ্‌গুণের সদ্ব্যবহার করিয়া প্রকৃত মুসলমান হইবেন ততদিন পর্য্যন্ত তাঁহাদের প্রাণে কোনপ্রকার প্রকৃত ইসলামী যোশ বা উন্মাদনা আসিতে পারেনা।"-বঙ্গবাণী, ১৩৩৭।

যোষা [যুষ্ (সেবা করা) + অ (র্তৃ) + আ (স্ত্রীং)] বি, নারী। "সূতিকা গৃহের দ্বারে সমাগত পল্লীবাসিনী যোষাগণের মাঙ্গল্য শঙ্খ ধ্বনিতে পল্লী কাঁপিয়া যাইতে লাগিল।"-শিবনাথ শাস্ত্রী। "যোষাবধ করহ কি রীতি।" -কবিক০। ২ পত্নী। "যোষাবাক্য শুনি সাধু দিলেক উত্তর।"-চণ্ডী০ (জয়নারায়ণ)।

যোষিৎ, যোষিতা [যুষ্ (সেবা করা) + ইৎ (র্তৃ), + আ (স্ত্রীং)] বি, নারী।

যৌ [যাবক >] বি, লাক্ষা ; গালা।

যৌক্তিক [যুক্তি+ইক (সম্বন্ধে)] বিণ. প্রামাণিক। ২ যুক্তিসম্মত ; যুক্তিযুক্ত। ৩ যুক্তিকারী।

যৌগিক [যোগ+ইক (ভবার্থে)] বিণ, প্রকৃতি প্রত্যয় যোগে ও উভয়ের অর্থ লইয়া গঠিত (শব্দ); যথা-পাচক ই০শব্দ। ২ সংযোগ-সম্ভূত ; যোগজাত। ৩ [পাটী০ (ক০ বিশ্ব-পরিঃ)] ইং compound এর বৈজ্ঞা০ পরিঃ. মিশ্র ; জটিল ; সংযোগসম্ভূত পদার্থ।

যৌজনিক [যোজন+ইক] বিণ. পথগামী। ২ যোজন পরিমিত।

যৌতক, যৌতুক [যুত (যুগল বরবধূ) +অ (সম্বন্ধে), +ক (স্বার্থে)। প্রা০ যতুক] বি, দম্পতীর বিবাহে দত্ত ধন। "দিলেন যৌতুক রথ তুরঙ্গ কুঞ্জরে।"-কবিক০। ২ অন্নপ্রাশনাদি সংস্কার ও জন্মদিনোৎসবাদি উপলক্ষে দত্ত ধন ; যতুক dowry.

যৌথ [যূথ (দ্রঃ) + অ] বিণ, একত্র ; যুক্ত ; একাধিক ব্যক্তি মিলিত। ~কারবার-বি, কতিপয় বা বহু ব্যক্তির মিলিত ব্যবসায় ; দুই বা বহু অংশীদার-পরিচালিত বাণিজ্য joint stock business. ~সমিতি-বি, বহু ব্যক্তি সম্মিলিত সভা।

যৌধেয় [যোধ+এয় (ঢেয়, স্বার্থে)] বি, যোদ্ধা। ২ [-+এয় (ঢেয়, অপত্যার্থে)] বীরপুত্র, বীরের সন্তান। ৩ প্রাচীন ভারতের যোদ্ধৃ জাতিবিঃ।

যৌন [যোনি+অ (সম্বন্ধার্থে)] বিণ, যোনি সম্বন্ধীয়। ২ যোনিজাত। ৩ উদ্বাহ সম্বন্ধীয়।

যৌবত [যুবতী+অ (সমূহার্থে)] বি, যুবতীসমূহ। ২ উত্তম বস্ত্রালঙ্কারে সুসজ্জিত নটীগণের নৃত্য।

যৌবতী [সং-যৌবনবতী > ব্রজ০] বি, যুবতী। "বর যৌবতী।"-বি০ প০।

যৌবন [যুবন+অ (ভা০)। প্রা০ ও মেয়েলি-যইবন যৈবন ("নবীন যইবন কইল্যা ভুলা তোমার মন"-মৈ০ গী০)] বি, তরুণাবস্থা;

তারুণ্য ; ১৬ বৎসর হতে ৩০ বৎসর বয়সের অবস্থা। ২ [হিং, ব্রজং] স্তন। "বাঢ়িলে যৌবন ভোহে দিব দান।"-বিং পং। স্ত্রীং ~নী-যুবতী। "নতুনী যৌবনী তুমি কাঁচা সোনা গা।"-খং। ~কণ্টক-বি, যৌবন-পিড়কা ; বয়সফোড়া। ~চাঞ্চল্য-বি, তরুণ বয়সের স্বাভাবিক চপলতা। ~বান্-বিণ যুবাবয়স্ক, যৌবনসম্পন্ন। > স্ত্রীং~বতী। ~ভার-বি, যৌবনের পূর্ণতাজনিত রস বা রূপের ভার বা পসরা। ~লক্ষণ-বি, যৌবন-সুলভ বা সূচক চিহ্নাদি। ~শ্রী-বি, তরুণ বয়সের স্বাভাবিক সৌন্দর্য্য। ~সম্পন্ন-বিণ, যৌবনপ্রাপ্ত ; তরুণ বয়সে উপনীত। ~সহ-চর-বিণ, বি, তরুণ বয়সের সঙ্গী। > স্ত্রীং ~সহচরী। ~সুলভ-বিণ, যৌবনাবস্থার উপযোগী ; যুবক যুবতীর পক্ষে স্বাভাবিক।

যৌবনাবস্থা [যৌবন+অবস্থা] বি, যৌবনকাল ; তরুণ বয়স।

যৌবনাশ্ব [যুবনাশ্ব (রাজা) + অ (অপত্যার্থে)] বি, যুবনাশ্ব রাজার পুত্র ; মান্ধাতা।

যৌবনোদয় [যৌবন+উদয়] বি, যৌবনসুলভ চিহ্ন বা দৈহিক পরিবর্ত্তনারম্ভ ; যৌবন সঞ্চার।

যৌবরাজ্য [যুবরাজ+য (ভাং)] বি, যুবরাজের পদ ; পিতা বর্ত্তমান থাকিতে পুত্রের রাজ্যপদ।

র

র১-ব্যঞ্জন বর্ণমালার সপ্তবিংশ এবং অন্তঃস্থ দ্বিতীয় বর্ণ। ইহার উচ্চারণ-স্থান মূর্দ্ধা। অসমিয়া এবং প্রাং বাং-র র বর্ণের আকার "ৰ" এইরূপ। অন্য ব্যঞ্জনের সহিত যুক্ত হলে ইহা ভিন্ন আকার ধারণ করে। বর্ণের নিম্নে যুক্ত হইলে র ফলা (্র) এবং মস্তকে বসিলে রেফ (র্) বলা হয়। যথা-ব্রণ এবং বর্ণ। র, স এবং ঃ এই তিনটী একজাতীয় বর্ণ। তুল-প্রাদুস্=প্রাদুর্=প্রাদুঃ, প্রাতস্=প্রাতর্=প্রাতঃ।

র২ [সং-তে। "রশ্চ কামেঽনিলে বহ্নৌ শব্দে রুঃ পরিকীর্ত্তিতঃ। ধনে রা রীশ্চ রো ধান্যে রুর্ভয়ে চ প্রকীর্ত্তিতঃ॥" -একাক্ষর কোষ] বি, কামানল। (২) বহ্নি। (৩) বেগ। (৪) স্বর্ণ। (৫) বর্ণ। ২ [তন্ত্রে] স্বর্গ। ৩ ["রঃ স্মৃতঃ পাবকে তীক্ষ্ণে"-মেং]। ৪ [এই অর্থে রা ওং] শব্দ। প্র-রব করা। ৫ বিণ, তীক্ষ্ণ। [দ্রঃ-বাং-য় এই সকল অর্থে "র"র স্বতন্ত্র ব্যবহার দৃষ্ট হয় না]।

র৩-বি, র এই বর্ণ ; রকার।

-র৪-বাঙ্গালা প্রত্যয়বিঃ। শব্দাত্মক বা ধ্বন্যাত্মক শব্দের উত্তর, ইহা অবিরামতা বুঝায়। প্র-বকরবকর ; গজর গজর ; ঘ্যানর ঘ্যানর ; কচর মচর ইং। ২ ক্রিয়াপদের উত্তর প্রত্যয়বিঃ। আছের=আছে, কহিআর =কহ, দিআর=দাও। "কত না রাগ রাধা আছের মনে না চাহ সমুখ দিঠী" -শ্রীং কীং। "আহ্মার থানত বুঢী কহিআর স্বরূপ॥" -ঐ। ৩ সম্বন্ধ কারকের বিভক্তি। প্রাং বাং-র "কর", 'কের', কেরক > আধুনিক 'র'। প্রাং বাং-য়, তাকর : যাকর। আধুং বাং-য়-তাহার, যাহার। ইহা সংস্কৃত ষষ্ঠী বিভক্তি 'স্য' এবং ':' এর প্রাকৃত উচ্চারণ। তুল-লোক+স্য=লোকস্য=লোকর (প্রাংবাং)=লোকের (আধু বাং)। [দ্রঃ-বাং-য় স্বরান্ত পদের ৬ষ্ঠী বিভক্তিতে হসন্তবৎ 'র' এবং হসন্তবৎ বর্ণান্তক পদে 'এর' হয়। যথা-অত্র > অতর কথা > কথার, মাটি > মাটির ইং ; বক > বকের, জল > জলের, গগন > গগনের। নন্দর ছেলের লাঠির ঘায়ে যদুর দাদার হাতের হাড় ভাঙ্গিয়াছে। ধৈর্য্যের সীমা আছে। কিন্তু অকারাদি বা ককারাদি বর্ণের পর ৬ষ্ঠী বিভক্তিতে লেখকের রুচি অনুযায়ী হসন্তবৎ 'র' বা 'এর' হয়। যথা-ক র বা কএর।

র৫ [রআ দ্রঃ। রহ্ (ত্যাগ করা, বিরত হওয়া) ধাতুর ক্ষেং, মং পুং, অসম্ভ্রমার্থে ; সমানার্থে 'রহ' ; সম্ভ্রমার্থে 'রহন'] ক্রি, থাক ; অবস্থিতি কর। ২ অপেক্ষা কর। ~কার, ~ঠ, ~র, ~ফলা-দ্রঃ।

রঅণ-রত্ন দ্রঃ।

রঅনী, রআনী, রয়নী [প্রাং বাং প্রাকৃং। জ=অ] বি, রজনী ; রাত্রি। "দিবস রআনী"-শ্রীং কী।

রআ১ [র (শব্দ) + আ] ক্রি, রব করা।

রআ২ [রহা দ্রঃ। হিং রহনা। রই, রও (রন্ রউন রয়েন, রহিস), রঅ, রয় (রয়েম) ; রইতে ; রইয়া (ক্ষে রয়ে)। ণিজন্ত-রআন] ক্রি, থাকা। "ঘরে রইতে নারি শ্যামের বাঁশরীতে॥"-দাশরথিং। "বনপোড়া হরিণীর মত চারিদিকে চেয়ে রই"-গান। ২ পড়িয়া থাকা : গমন করিয়া অবস্থান করা। "কোথা রইল মাতা পিতা কে করে স্নেহ মমতা প্রাণপ্রিয় রইল কোথা বন্ধু সকলে।"-গান। ৩ অপেক্ষা করা।

রআক-রক দ্রঃ।

রআনী-রজনী দ্রঃ।

রআরিই-রওয়ারই দ্রঃ।

রই [হিং র.না (থাকা) > রহী >] ক্রি, উং পুং, রহি : থাকি। "সে অবধি সই ভয়ে ভয়ে রই আঁখি মেলিতে ভেবে সারা হই।"-রবীং। ২ বাস করি। "মালিনীর বাসেতে রই।"-গোপাল উড়ে। ৩ চুপ করিয়া থাকি ; উপেক্ষা করি। "ডাকলে হরি রইতে নারি।" -গিরিশং। ~কাঠ [সং-রহ্ (থাকা) > রই (পুষ্করিণী গর্ত্তের মধ্যস্থল) কাঠ (যা প্রোথিত করা হয়, গভীরতা পরীক্ষার্থ বা উৎসর্গাদি হেতু)] বি, পুষ্করিণী উৎসর্গ কালে তার মধ্যস্থলে প্রোথিত বিল্ব কাষ্ঠের দণ্ড। ২ পুষ্করিণী ইং-র জল-পরিমাপক কাষ্ঠ। ~খাত-বি, পুষ্করিণীর

] যুক্ত বিহবৎ (অগ্র=অগ্র্য)। ˘হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ক=ং গ জ=ণ্য ক=মচ ক=ই ঃ=ক য় হ্ম ল ক=মহ রহ লহ স্ম ম্য, ঙ ক্ষ র ক=zfwv ও জ্ঞাং দ্রঃ

তলদেশে গভীরতম খাত। ~ঘঁর [রহিবার >ঘর ক্ষে°] বি, নৌকার বৈঠক ; ছই ঘর। "রইঘর চাপিয়া বসিয়া সদাগর।" -কবিক°। ২ পুষ্করিণীর গর্ভস্থ গভীরতম খাত বা গর্ত্ত। ~রিঁই-রৈ রৈ দ্রঃ।

রউন [হি° রহ্না >বাং-রহন > (চ° ক° ভা°)] ক্রি, থাকুন ; অপেক্ষা করুন ; দাঁড়ান (সম্ভ্রমার্থে)। সমানার্থে-'রঁও'। তুচ্ছার্থে 'র'।

রঁএ [রব >। প্রা°,বাং প্রাকৃ°] ক্রি, রব করে বা করিতেছে ; রা কাড়ে। "উচিত তাহাত কলহংসসম রএ কনক রসনে।" -শ্রী° কী°।

রঁও [হি° রহ্না > রহ >] ক্রি, থাকো ; অপেক্ষা কর। সম্মানার্থে 'রউন' (দ্রঃ)। অবজ্ঞার্থে 'র'।

রঁওআব, রঁওব [আ° রোবাব্। প্রা° রোয়াব, রোব (দ্রঃ)] বি, ভয়। ২ গাম্ভীর্য্য ; রাশভারিত্ব। বিণ, ~ী-রাশ-ভারী। ~দার -গম্ভীর প্রকৃতি ; রাশভারী।

রঁওনা, রঁওয়ানা [ফা° রবানা] বি, অন্যত্র গমনোদ্দেশে স্থান ত্যাগ ; যাত্রা। ২ প্রেরণ। ৩ মালের চালান। রঁ° কঁরা-ক্রি, পাঠান। রঁ° হঁওয়া-ক্রি, যাত্রা করা। "নৌকার জিনিষ পত্র তুলে নিয়ে রওনা হলুম।"-জাপান (ডা° মল্লিক)।

রঁওয়া১ [রহা দ্রঃ। রই, রও (রঁন, রোস), রয় (রয়েন) : রঁইতে ; রঁইয়া (ক্ষে° রঁয়ে) ই°] ক্রি, রহা ; থাকা।

রঁওয়া২ [রয়্ (গতি অর্থে)] ক্রি, দৌড়ান। ~রিঁই-রওয়ারই দ্রঃ।

রঁওয়া৩ [প্রা° বাং নামধাতু। রব > রও +আ (ক্রিয়ার)=রওয়া (রব করা)] ক্রি, রব করা ; রা কাড়া। রএ দ্রঃ।

রঁওয়াক-রোয়াক দ্রঃ।

রঁওয়ানী-বেহারা [ফা° রবানা (অন্তঃপুরে গৃহকর্ম্মকারী ভৃত্য) > হি° রবন্না >বাং-য় রওয়ানী] বি, ভৃত্য ; সাধাঃ ভারবাহী বা দ্বারবানের কর্ম্মে নিযুক্ত ভৃত্য। প্র-তিনি চারি পাঁচ জন রওয়ানী বেহারা তাহাদের সঙ্গে পাঠাইলেন।

রঁওয়ারিই১, রঁয়ারিই [ফা°-রওআরোই (গতি করা, ত্বরা করা)] বি, দ্রুত হাঁটহাঁটি বা যাতায়াত ; কলরব করিতে করিতে ও দ্রব্যাদি ছড়াইতে ছড়াইতে যাতায়াত ; রপটারপটি। ২ দৌড়াদৌড়ি ; দ্রুত গমনাগমন। ৩ ক্রমাগত একস্থান হতে বহন করিয়া অন্য-স্থানে গমন ; ডওয়া-ডই।

রওয়ারিই২ [রব >] বি, চেঁচামেচি ; কোলাহল।

রঁওলা [২৪ পরগণা অঞ্চলে স্বর্ণকারের ভাষায়] বি, কাঁসা বা পিত্তলের চুড়ী ই° পিটিয়া ছাঁচ তুলিবার যন্ত্র : কিটকিটি।

রং১, রঁঙ১ [রঙ্গ (ধাতুবিঃ) >] বি, রঙ্গধাতু ; রাঙ্।

রং২, রঁঙ২ [হি° রঙ্গ্ (বর্ণ) >। বাং-য় "রং" না হইয়া "রঙ" হওয়াই ঠিক কিন্তু "রং" অধিক চলিত] বর্ণ। "গুলি হাড় কালি, মা কালীর মত রং।"-গান। ২ তাস খেলায় ভাঁজা তাস হইতে যে গুচ্ছ তুলিয়া লওয়া হয় সেই তোলা তাসের সর্ব্বনিম্ন তাস যে শ্রেণীভুক্ত (ইস্কাপন, হরতন ই°) তাহাই সে বারের খেলায় রং ; তুরুপ। "হাতে রং থাক্‌তে দশের পিঠে তুরুপ করলি কই।"-গান। রং আনা-ক্রি, আদর্শ রঙের সাদৃশ্যে আনিয়া দাঁড় করান। রং উঠা-ক্রি, রং মুছিয়া যাওয়া ; রং অদৃশ্য হওয়া। প্র-রং উঠিয়া গিয়াছে। ২ রং বাহির হওয়া। প্র-কাপড় ভিজাইয়া দিতে পাড়ের রং উঠিতে দেখা গেল। রং কঁরা-ক্রি, রঙে ছোবান : রঞ্জিত করা। রং-কাণা, -কানা-বিণ, বর্ণান্ধ। "অনেক রংকানা লোক আছে যারা সত্য সত্যই এ রকম দেখে।" -প্রবাসী, কার্ত্তিক, ১৩৩৪। রং খোলা-ক্রি, রং প্রকাশ পাওয়া ; রং শোভা পাওয়া। রং গোলা-ক্রি, জলে রঙের গুঁড়া বা বড়ী মিশ্রিত করা ; রং গুলিয়া জল রঞ্জিত করা। রং চং-রঙ্গচঙ্গ দ্রঃ। বিণ, রং চঁঙা, রং চঙে [রঙ্গচঙ্গিয়া >]। রং ঢালা-ক্রি, প্রচুর রং লাগান ; গাঢ় রং করা। রং তোলা-ক্রি,রং উঠাইয়া ফেলা। রং দেওয়া-ক্রি,রং মাখান বা লাগান। রং ধঁরা-ক্রি, বর্ণ ধারণ করা ; ছোপ ধরা। ২ ফল ডাঁসিয়া উঠা ; ফল পাকিতে আরম্ভ হওয়া। রং ধঁরানি-ক্রি, রং মাখাইয়া রঞ্জিত করা ; রং লাগান। রং ফঁলানি-ক্রি, রং ফুটাইয়া তোলা। রং ফুটানি-রং বাহির করা ; রং প্রকাশ করা। রং ফেরা-ক্রি, বর্ণ বা রূপ বদলান। রং ফেরানি-ক্রি, রং মাখান। রং বে-রং-বি, বিবিধ বর্ণ; রং ও বদ রং। রং মঁশাল-বি, বাজি দ্রঃ। রং মাখানি-ক্রি, রং লাগান। রং লাগানি-ক্রি,তুলিকাদি দ্বারা রং স্পর্শ করান বা রং লেপন করা। কঁাচা রং-বি, যে রং জলে উঠিয়া যায়। ২ যে রং রৌদ্র বায়ু ই°-র প্রভাবে উঠিয়া যায় বা অদৃশ্য হয়। খুদ রং,খোদ রং-বি, আসল রং ; বস্তুর প্রকৃতিজাত বা মূল রং। পাকা রং-বি, স্থায়ী রং। বঁদ-রং-বি, তাস খেলায় কাটান তাসের রং বা তুরুপ ব্যতীত আর সকল রংই বদ রং। ২ বিশ্রী রং ; খারাব রং ; বেমানান বা গরমিল রং।

রং৩, রঁঙ৩ [রঙ্গ দ্রঃ। ফা° রঙ্গ্ (রং তামাসা) >] বি, রঙ্গরসিকতা ; তামাসা ; কৌতুক। ~তামাসা-বি, রঙ্গকৌতুক ; ভাঁড়াম।

রংওয়ারি-জঁমা [জমিদারী পরিঃ] বি, যে সকল জমিতে দুই প্রকার ফসল উৎপন্ন হয়, কোন কোন পরগণায় (হোসেনসাহী পরগণায়) সেই সকল জমির উপর দুই হারেও খাজনা ধরা হয়। প্রজার নামেও এক জমিই দুই ফসলের জন্য দুই কর ধরা হয় এবং তাহাকে রংওয়ারি জমা বলে।

রংরুট [ইং recruit এর হি° লিপ্যন্তর] বি, পুলিশ, সামরিক ই° বিভাগে শিক্ষা-নবীশিতে ভর্ত্তি করা লোক ; রিক্রুট।

রঁদ-রোঁদ দ্রঃ।

রঁক-রোয়াক দ্রঃ।

রঁকদিস্তি [আদা°, জমী°] বি, চতুঃসীমা বা সরহদের তফশিল বা ফিরিস্তি shedule of boundaries.

রঁকবা [ফা° রক্‌বা] বি, ভূমির বর্গ পরিমাণ area. ২ জরিপ। ~বন্দী [জমি° পরিঃ] বি, জরিপের বিবরণ-পত্র statement of area.

র্‌কঁম (-কঁ-) [আ॰ রক্‌ম্‌। প্রাদে॰, চট্টল॰ রক্কম] বি, মত ; প্রকার। ২ ধরণ ; রীতি। ৩ অঙ্করাশি। ৪ ভাগ ; অংশ। ~-র্‌কঁম -অ. নানা প্রকার ; বিবিধ। "অতিথ আসবে রকম রকম"-গান। হঁরেক রঁকম-অ, প্রত্যেক বিধ ; বহু ও বিবিধ। কি রঁকম-কি প্রকার ; কেমন। ~সঁকম-বি, ভাবভঙ্গী ; হাবভাব। ~ওয়ারি, রঁকমারি [রকম বারি] বিণ, নানারকম ; বিভিন্ন প্রকার ; রকম রকম। ২ অ, ভিন্ন ভিন্ন প্রকার ; হরেক রকম। ~ফের-বি, এক প্রকারের স্থলে অন্য প্রকার : রকমের পরিবর্ত্তন। "এক প্রকার দাস ব্যবসায়ের লোপের সঙ্গে সঙ্গে অন্য আকারে উহা প্রচলিত হইল। দাস ব্যবসায়েরও রকমফের আছে।"

র্‌কঁার-বি. র এই বর্ণ।

র্‌ক্ত [রন্‌জ্‌ (রং করা)+ত (ণে)] বি, রুধির ; শোণিত blood. ২ বংশ ; কুল। ৩ শোণিত বর্ণ ; লোহিতবর্ণ। ৪ তাম্র। ৫ সিন্দূর। ৬ হিঙ্গুল। ৭ কুঙ্কুম। ৮ পদ্মকাষ্ঠ। ৯ হস্তীর দেহে রক্তবর্ণ বিন্দু বিন্দু চিহ্ন। ১০ [-+ত (র্ম)] বিণ, যাকে রং করা হইয়াছে ; রঞ্জিত। ১১ অনুরক্ত ; আসক্ত। ১২ রুষ্ট। পদ্যে-রঁকঁত্ত-রক্ত। ২ লালবর্ণ ; রক্তবর্ণ। "রকত উৎপল শোভিত পানিফল"-শূ॰ পু॰। ~অঁতিসার-রক্তাতিসার দ্রঃ। ~আঁখি -বিণ, লাল চক্ষু। ২ রোষকষায়িত লোচন। ~মাংসের শরীর-রক্ত এবং মাংসময় দেহ অর্থাৎ সমস্ত অস্থি অথবা অন্য কঠিন পদার্থে গঠিত নয় সুতরাং কোমলতা বর্জ্জিতও নয় ; দয়ামায়া, করুণা, কাতরতা ই॰-র আধার। ~ক [সং] বি, শোণিত। ২ রক্তবস্ত্র। ৩ বিণ, অনুরক্ত ; আসক্ত। ~কঁণ্ঠ [রক্ত (মধুর) হইয়াছে কণ্ঠ (কণ্ঠধ্বনি) যার, বহু॰] বিণ, মধুর কণ্ঠ ; সুকণ্ঠ। ~কঁন্দ, রঁক্তকঁন্দল [রক্ত (লালবর্ণ) হইয়াছে কন্দ (মূল) যার, বহু॰=রক্তকন্দ+ল (স্বার্থে)] বি, প্রবাল ; বিদ্রুম ; পলা। ~কঁমঁল [রক্ত (লালবর্ণ) যে কমল (পদ্ম), ধা] বি, লাল পদ্ম ; কোকনদ। ~কঁহ্লল-বি, রক্তোৎপল ; লালবর্ণ কুমুদ ফুল nymphœa lotus. ~কঁরঁবীর-বি, লাল করবী nerium odorum. ~কাঞ্চন [হিং কচ্‌নার] বি, লাল কাঞ্চন নামক পুষ্প bauhinia variegata. ~কুমুদ [রক্ত (রক্তবর্ণ) যে কুমুদ (হেলা ফুল), ধা] বি, লাল কুমুদ ; রক্তকহ্লল। ~কুরুণ্টক-বি, লাল ঝাটী ফুল barleria prionitis. ~কোকঁ-নঁদ [রক্ত (রক্তবর্ণ) কোকনদ (পদ্ম), ধা] বি, রক্তপদ্ম। ~খঁদির-বি, লালবর্ণ খয়ের acacia catechu. ~গঁঙ্গা [প্রাদে॰] বি, রক্তের নদী। প্র-হাত কেটে রক্ত গঙ্গা হয়ে গেছে। ২ খুনোখুনি ; রক্তারক্তি। > ক্রি, ~গঁঙ্গা কঁরা-কাটিয়া রক্তস্রোত বহান। ~-গঁরঁম-বিণ, উত্তেজিত। ২ রোষদীপ্ত। রঁ॰ গঁরঁম কঁরা-ক্রি, উত্তেজিত করা। ২ রাগান। ৩ ক্রুদ্ধ হওয়া। ~ঘ্ন [রক্ত-ঘ্ন (যে নাশ করে)] বি, রোঢ়া গাছ ; রয়না গাছ। > স্ত্রীং ~ঘ্নী-দূর্ব্বা। রঁ॰ চঁড়া-ক্রি, রক্ত মস্তিষ্কে উঠা ; শোণিত ঊর্দ্ধগত হওয়া। ~চঁন্দন [রক্ত (লালবর্ণ) যে চন্দন (চন্দন-কাষ্ঠ), ধা] বি, রক্তবর্ণ চন্দনকাষ্ঠ ; লালচন্দন pterocarpus santalinus ~চিতা [সং-রক্তচিত্রক] বি, রাংচিতা ; রাঙ্‌ চিত্র গাছ। "আমার হৃদয় এক দগ্ধ চিতা ভূমি। তাহাতে ফুটিয়াছিল রক্তচিতা ফুল ॥"-ফুলরেণু। ~চিত্রক-বি, রক্তচিতা ; রাংচিতা গাছ plumbago rosea. ~চূর্ণ [রক্ত (লালবর্ণ) যে চূর্ণ (গুঁড়া), ধা] বি, রক্ত-বর্ণ গুঁড়া ; লালগুঁড়া। ২ সিন্দুর। রঁ॰ ছুটা, -ছোটা-ক্রি, রক্তস্রাব হওয়া। ~জঁবা [রক্ত (লাল) জবা (জবাফুল)] বি, লাল জবাফুল। ~জ্বরা [রক্ত (হেতু) জ্বরা (জ্বর), ম॰ প॰ লো॰। গ্রা॰] বি, কোন কঠিন রোগ হতে মুক্ত হইবার পর শরীরে যে নূতন রক্ত উৎপন্ন হয়, দুর্ব্বল দেহে সেই নূতন রক্তের আধিক্যজনিত জ্বর। ~জিহ্ব [রক্ত (লাল-বর্ণ) হইয়াছে জিহ্বা (জিভ) যার, বহু॰] বিণ, লালবর্ণ জিহ্বাবিশিষ্ট। ২ বি, সিংহ। ~ঝাবুক [সং] বি, লাল ঝাউগাছ। ~ত্রিবৃৎ [সং] বি লাল তেউড়ী ipomoea turpethum. ~দন্তী, রঁক্তদন্তিকা [রক্ত (লালবর্ণ) হইয়াছে দন্ত (দাঁত যার, বহু॰) +ঈ(স্ত্রীং)=রক্তদন্তী+ক(স্বার্থে)+আ(স্ত্রীং)] বি, ভগবতীর মূর্ত্তিভেদ। ২ আঘাতাদিতে দন্ত উৎপাটন হেতু যে স্ত্রীর রক্তপূর্ণ মুখ। ৩ শোণিত পানে যার রক্তময় দন্ত। ~দঁর্শন-বি, রক্তপাত ; অস্ত্রাঘাতে হত্যা করণ। ~দুষ্টি-বি, রক্তবিকৃতি রোগ। ~দোষ-বি, শরীরস্থ রক্তের দূষিত অবস্থা ; শোণিত বিকার। ~ধাতু [রক্ত (লালবর্ণ) যে ধাতু (আকর জাত), ধা] বি, শরীরস্থ শোণিত ধাতু। ২ গিরিমাটি। ~নাসিক-বিণ, লালবর্ণ নাসিকাযুক্ত। ~নিশান [রক্ত-রঞ্জিত বা বর্ণ নিশান] বি, লাল পতাকা। "রক্তনিশান হাতে লইয়া কে একজন কারা-গৃহের দ্বার খুলিল।"-রাখা॰ মুখো॰ (উত্তরা, ১৩৩৩)। ~নেত্র-বি, রক্ত-আঁখি (দ্রঃ) ; রোষ-কষায়িত লোচন। ~পঁ [রক্ত (রুধির) প (যে পান করে)] বিণ, রক্তপায়ী ; শোণিত পানকারী রাক্ষস। > স্ত্রীং ~পা-রাক্ষসী ; ডাকিনী। ২ জোঁক। ~রঁ॰ পঁড়া-ক্রি, শরীরের কোন স্থানে ক্ষত হইয়া রক্ত বাহির হওয়া। ~পঁত্রিকা [রক্তবর্ণ যে পত্রিকা (পাতা) ধা] বি, লালবর্ণ পাতা। ২ [রক্ত (লালবর্ণ) হইয়াছে পত্রিকা (পাতা) যার, বহু॰] বি, রক্তপুনর্নবা boerhavia diffusa. ২ নাকুলী ; রাস্না vanda roxburghii. ~পঁদ্ম-বি, লালপদ্ম ; রক্তকমল nymphoea lotus ~পঁল্লব [রক্ত (লালবর্ণ) হইয়াছে পল্লব (পাতা) যার, বহু॰] বি, অশোক বৃক্ষ। ~পাত-বি, শোণিত পতন। ২ কাটিয়া রক্ত নিঃসারণ ; অস্ত্রাঘাতে হত্যা। ~পাদ [রক্ত (লালবর্ণ) পাদ যার, বহু॰] বিণ, যার পা লালবর্ণ। ২ বি, শুকপক্ষী। > স্ত্রীং ~পাদী-হংসপাদী লতা vitis pedata. ২ লজ্জালু লতা mimosa pudica. ~পান -বি, কোন জীবকে অস্ত্রাঘাতে হত্যা করিয়া তার শোণিত পান। ২ রক্তপাত দ্বারা হত্যা। ~পায়ী [রক্ত (রুধির) পা (পান করা)+ ইন্‌ (র্ত্তৃ, শীলার্থে)=রক্তপায়িন্‌ :মা, ১ব॰] বি, ছারপোকা, উকুন, মশকাদি রক্তপানকারী জীব। ২ বিণ, শোণিত পানকারী। > স্ত্রীং

~পায়িনী-জলৌকা ; জোঁক। ~পিণ্ড -বি, রক্তের চাপ; জমাট রক্ত। ~পিণ্ডালু [হিং রক্তালু, রক্তাক্ষ] বি, লাল চুবড়ি আলু dioscorea sativa. ~পিপাসা -বি,রক্তপানেচ্ছা। ২ খুন বা হত্যা করিবার উন্মাদ বাসনা। > বিণ,~পিপাসু-রক্তপানেচ্ছাকারী। ~পিত্ত [রক্ত (রক্তাধিক্য) হইয়াছে পিত্ত (শরীরস্থ ধাতু) যাতে, বহু০] বি, পিত্ত বিকারজনিত দূষিত রক্তাধিক্য ; পিত্তদোষ হেতু রক্তবমন রোগ hæmatemesis. ২ মহাব্যাধি অর্থাৎ কুষ্ঠ রোগের পূর্ব্বলক্ষণ স্বরূপ অঙ্গে লাল লাল চিহ্ন প্রকাশ। ~পুষ্প [রক্ত-পুষ্প] বি, রক্তবর্ণ ফুল। ২ রক্তবর্ণ বলিয়া রক্ত কাঞ্চন, বকুল, পুন্নাগ, করবীর, দাড়িম্ব, শিমুল ও রক্তবক পুষ্প। > স্ত্রীং ~পুষ্পা-শিমুলগাছ। ~পুষ্পী [সং] রক্তজবা ; রক্তপাটলী বৃক্ষ। ~পুষ্পিকা [সং] বি, লজ্জালু বৃক্ষ। ২ রক্তপুনর্নবা। ৩ ভূপাটলী ; টোকাপানা। ~প্রদর-বি, রক্তস্রাবঘটিত প্রদরব্যাধি: bloody catamenia. ~ফল [সং] বি, বটগাছ। স্ত্রীং ~-তেলাকুচা গাছ। রং বন্ধ কর -ক্রি, রক্তস্রাব বা পতন রহিত বা রোধ করা। ~বমন-রক্তপিত্ত (দ্রঃ) রোগ। ~বর্ণ-বি, লালবর্ণ। ২ বিণ, রক্তের ন্যায় লোহিত। ~বহ [রক্ত -বহ্ (বহন করা) + অল্ (র্তৃ)] বিণ, শোণিতবাহক। > স্ত্রীং ~বাহী। ~বহা নাড়ী -বি, শিরা ; ধমনী vein ; artery. ~বাহী [রক্ত-বহ্ (বহন করা) + ইন্ (র্তৃ)=বাহিন্ ১মা, ১ব০] বিণ, শোণিত বহনকারী। > স্ত্রীং ~বাহিনী। ~বীজ [রক্ত (রুধির) হইয়াছে বীজ (উৎপত্তির কারণ) যার, বহু০] বি, শুম্ভ নিশুম্ভের সেনাপতি অসুর বিঃ; ইহার রক্তবিন্দু মৃত্তিকা স্পর্শ করিলেই তদাকার অসুর উৎপন্ন হয় বলিয়া এই নাম। ২ [রক্তবর্ণ বীজ (আঁটি, দানা) যার, বহু০] দাড়িম্ব। ~বীজের বংশ-বহুবিস্তৃত বংশ যা লোপ পায় না। ২ ছারপোকা। ৩ রক্তাণু; রক্তে বিরাজমান অণুকোষ বা কণিকা corpuscles. শ্বেতরক্তবীজ-বি, রক্তে বিরাজিত শ্বেত কণিকা white corpuscles. "মনুষ্যদেহে যে শ্বেত রক্তবীজ আছে"-সম্মিলনী, ১৩৩৭। ~বৃন্তা-বি, শেফালিকা (লাল বোঁটাযুক্ত বলিয়া) ; শিউলি ফুল। ~বৃষ্টি-বি, বারি পতনের ন্যায় রক্ত বিন্দুর পতন; শোণিত বর্ষণ। ~ভাঙ্গা-বি, প্রসবান্তে ফুল পড়িবার পর জরায়ু হতে অল্প অল্প রক্তস্রাব রোগ lochia. ২ অতিরিক্ত menorrhagia. ৩ ক্রি, জরায়ু হতে রক্তস্রাব হওয়া। ~মাংস-বি, শোণিত এবং মাংস। ~মাংসের শরীর-বি, রক্ত ও মাংসময় দেহ অর্থাৎ সমস্ত অস্থি বা তদ্বৎ কঠিন পদার্থে গঠিত নয় সুতরাং কোমলতা বর্জ্জিতও নয় ; > দয়ামায়া, করুণা, কাতরতা, সহানুভূতি প্রভৃতির আধার। ~মোক্ষণ [রক্তের মোক্ষণ (মোচন), ৬তৎ] বি, অস্ত্রোপচার দ্বারা রক্তনিঃসৃত করণ ; শিরা কাটিয়া রক্ত বাহির করণ; শোণিতস্রাব। > ~করা -ফস্ত খোলা। ~রেণু [রক্ত (লাল) যে রেণু (ধূলি), ধা] বি, লালবর্ণ গুঁড়া ; লোহিতবর্ণ চূর্ণ। ২ সিন্দুর। ৩ [রক্তবর্ণ হইয়াছে রেণু (পরাগ) যার, বহু০] পলাশ পুষ্প। ৪ পুন্নাগবৃক্ষ। ~লোচন [রক্ত (লালবর্ণ) হইয়াছে লোচন (চক্ষুঃ) যার, বহু০] বি, কপোত; পায়রা। ২ রুদ্র। ৩ বিণ, রোষকষায়িত নেত্র। ~শোষক [রক্ত-শোষক (শোষনকারী)] বিণ, যে রক্ত শোষণ করে ; রক্ত শুষ্ককারী। ২ যে রক্ত চুষিয়া খায়। ~শোষণ-বি, শোণিত চুষিয়া লওন। ২ রক্ত পান। ~শোষা [এই সরীসৃপ মানুষের প্রতি দৃষ্টি নিবদ্ধ করিলে তার রক্ত শোষণ করে ও নিজে রক্ত শোষণ করিয়া নিজ শরীর রক্তিমাভ ধারণ করে এই বিশ্বাসে পূর্ব্ববঙ্গে ইহার এই নাম] বি, কৃকলাস ; কাকলাস। ~শোষী-বিণ, শোণিত শোষণকারী ; রক্তপায়ী। > স্ত্রীং ~শোষিনী। ~সঞ্চয়, রক্তাধিক্য-বি, দেহযন্ত্রের কোন অংশে রক্ত সংগ্রহ conjestion. ~সন্ধ্যক [রক্ত (লালবর্ণ) সন্ধ্যা হয় যদ্দ্বারা, বহু০] বি, রক্ত কহ্লার। ~সরসিজ [রক্ত (বর্ণ) সরসিজ] বি, লাল পদ্ম ; রক্ত কমল। "রক্তসরসিজোপরি বসি পদ্মাসন করি পদতলে নব রবি দেখা।"-অং মং। ~সার [রক্ত (লালবর্ণ) সার (স্থিরাংশ) যার, বহু০] বি, রক্ত চন্দনের কাষ্ঠ। ২ রক্ত খদির। ~সাল [প্রাং বাং। প্রাদেং] বি, ধান্যবিঃ। "রক্তসাল চন্দনসাল বুনেন এক ভিতে।" -শূং পুং। ~স্থালি-বি, রক্তাশয় (দ্রঃ)। ~স্রাব, ~শ্রাব-বি, শরীর হতে রক্ত নির্গমন। ২ প্রসবের পর স্রোতের মত অবিশ্রান্ত রক্ত নির্গমন। ~স্রোতঃ, ~স্রোত-বি, শোণিতের প্রবাহ ; রক্তের অতিরিক্ত নিঃস্রাব। ~স্বল্পতা-বি, দেহে রক্ত কম হওয়া রোগ (বহুদিন রোগ ভোগ বা অতিরিক্ত শুক্রক্ষরণ হেতু রক্তের লাল কণিকা বা কণাংশ হ্রাস ও লবণাংশ বৃদ্ধি পাওয়ায় এই রোগের উৎপত্তি) anæmia. রং হওয়া-ক্রি, শরীরে রক্ত বৃদ্ধি পাওয়া বা রক্তাল্পতা দূর হইয়া শোণিতের সঞ্চার হওয়া। ২ নারীর ঋতু হওয়া ; স্ত্রীলোকের রজোদর্শন হওয়া। ~হীন [রক্ত দ্বারা হীন, ৩তৎ] বিণ, শোণিতশূন্য ; যাতে রক্ত নাই। রক্তের অক্ষর দিয়া লেখা-ক্রি, মসীর পরিবর্ত্তে রক্ত দিয়া অক্ষর যোজনা করা বা লেখা ; হত্যা করা। "রক্তের অক্ষর দিয়া লিখিয়া চলেছে বৃদ্ধ মহাকাল-জীবের ক্ষণিক ইতিহাস।" -রবী০। রক্তের নদী বহা,-বহানি-ক্রি, রক্তগঙ্গা (দ্রঃ) হওয়া বা করা ; নদীর মত রক্তের স্রোত প্রবাহিত হওয়া বা করা।

রক্তা [রক্ত (দ্রঃ) + আ (স্ত্রীং)] বি, লাক্ষা। ২ কুঁচ ; গুঞ্জা।

রক্তাক্ত [রক্ত (রুধির) দ্বারা অক্ত বা আক্ত (লেপিত), ৩তৎ] বিণ, শোণিতমিশ্রিত। ২ রঞ্জিত। ৩ বি, রক্তচন্দন।

রক্তাক্ষ [রক্ত (লালবর্ণ) অক্ষি (চক্ষুঃ) যার, বহু০। অক্ষি=অক্ষ] বি, লালবর্ণ চক্ষুবিশিষ্ট ; রক্তলোচন। ২ বি, পারাবত। ৩ মহিষ। ৪ চকোর। ৫ সারসপাখী। ৬ রোষকষায়িত চক্ষু। ৭ ক্রূর ব্যক্তি।

রক্তাঙ্গ [রক্ত (রক্তবর্ণ) + অঙ্গ (দেহ) যার, বহু০] বিণ, রক্তবর্ণ দেহবিশিষ্ট। ২ কুঙ্কুম। ৩ মৎকুণ ; ছারপোকা। ৪ প্রবাল ;

পলা। ৫ মঙ্গলগ্রহ। স্ত্রীং ~ী-জীবন্তী। ২ মঞ্জিষ্ঠা। ৩ বিণ, যে স্ত্রীর অঙ্গ রক্তবর্ণ।

রক্তাতিসার [রক্ত + অতিসার (উদরাময়), ৬তৎ] বি, যে উদরাময় রোগে রক্তস্রাব হয়।

রক্তাধার [রক্ত + আধার (আশ্রয়), ৬তৎ] বি, শোণিতের আধার ; চর্ম্ম।

রক্তাধিক্য-রক্তসঞ্চয় দ্রঃ।

রক্তাপহ [রক্ত + অপহ (যে নাশ করে)] বিণ, রক্তনাশক। ২ বি, গন্ধবোল ; খুনখারাপি।

রক্তাম্বর [রক্ত (লাল) + অম্বর (বস্ত্র) যা] বি, রক্তরঞ্জিত বস্ত্র ; কাষায় বস্ত্র।

রক্তাম্বু [পারিঃ] বি, লসিকা serum. **~জ চিকিৎসা প্রণালী**-রোগবীজ নষ্ট করার জন্ম লসিকা (lymph) বা টীকা দেওয়া serum theraphy.

রক্তারক্তি [রক্ত + আ + রক্ত + ই] বি, দুই বা অধিক ব্যক্তির মধ্যে বিবাদে পরস্পর অস্ত্রাঘাত বা প্রহার হেতু রক্তপাত ; খুনোখুনি। ২ রক্তের ছড়াছড়ি।

রক্তালু [রক্ত (বর্ণ) + আলু] বি, লাল শকরকন্দ ; রাঙা আলু।

রক্তাশয় [রক্ত + আশয় (আধার), ৬তৎ] বি, হৃৎপিণ্ড blood vessel.

রক্তিকা [রক্ত (লালবর্ণ) + ক (জ্ঞা০) + আ (স্ত্রীং)] বি, গুঞ্জা ; কুঁচ। ২ লাল সরিষা।

রক্তিমা [রক্ত (শোণিত) + ইম (ভা০) = রক্তিমন্ ১মা, ১ব০] বি, রক্তবর্ণত্ব। ২ লাল আভা। বিণ, **রক্তিম**-লালাভ।

রক্তোৎপল [রক্ত (লালবর্ণ) + উৎপল (পদ্ম), যা] বি, কোকনদ। ২ [রক্ত (লালবর্ণ) উৎপল (পুষ্প) যার, বহু০] বি, শিমুলগাছ।

রক্তোপল [রক্ত (লালবর্ণ) + উপল (প্রস্তর), যা] বি, গৈরিক ; গিরিমাটি।

রক্ষ১ [রক্ষ্ (রক্ষা করা) + অ (কৃ)] বিণ, রক্ষাকর্ত্তা। ২ [– + (ভা০)] বি, রক্ষা।

রক্ষ২ [রক্ষ (রক্ষা করা) + হি (লোপ, অনুজ্ঞায়)] ক্রি, রক্ষা কর ; বাঁচাও। রক্ষা দ্রঃ।

রক্ষ৩ [রাক্ষস দ্রঃ] বি, রাক্ষস। "যক্ষ রক্ষ গন্ধর্ব্ব কিন্নর।"

রক্ষঃ [রক্ষ্ (রক্ষা করা) + অস্ (অপা০) যা হতে যজ্ঞীয় হবি রক্ষিত হয় = রক্ষস্ ১মা, ১ব০] বি, রাক্ষস। "তুমি রক্ষঃ-কুল-হন্তা জানকীজীবন"-চৈ০ ভা০। "রক্ষ রক্ষঃ-কুলমান এ কাল সমরে"-মেঘ০। **~কুল**-বি, রাক্ষস বংশ। **~সভ**-বি, রাক্ষসদিগের সমাজ বা সভা। ২ রাক্ষসগণ।

রক্ষক [রক্ষ্ (রক্ষা করা) + অক (কৃ)] বিণ, রক্ষাকর্ত্তা ; প্রাণরক্ষক ; ত্রাণকর্ত্তা। ২ রক্ষণাবেক্ষণকারী ; পাহারাওয়ালা ; দ্বারবান।

রক্ষণ [রক্ষ্ (রক্ষা করা) + অন (ভা০)] বি, রক্ষা ; পরিত্রাণ ; পালন। ২ গোপন। ৩ [কৃ-জ্ঞা০, অ] বিণ, রক্ষক। **~ণীয়** [রক্ষ্ (রক্ষা করা) + অনীয়, (র্ম্ম)] বিণ, রক্ষণযোগ্য ; রক্ষণার্হ। ২ পালনার্হ ; প্রতিপাল্য। ৩ গোপ্য।

রক্ষণাবেক্ষণ [রক্ষণ + অবেক্ষণ (পালন)] বি, রক্ষা ও পালন ; তত্ত্বাবধান ও পরিপালন।

রক্ষরজা [পু০] বি, ব্রহ্মার অশ্রু হ'তে উৎপন্ন পৌরাণিক পুরুষ। মেরু পর্ব্বতস্থ সরোবর বিশেষের জলে স্নান হেতু বানরীরূপ প্রাপ্ত হন। এবং বানরীরূপে অবস্থানকালে বালী ও সুগ্রীবকে গর্ভে ধারণ ও প্রসব করিবার পর দৈব বরে বানররূপ ধারণ করিয়া ব্রহ্মার আদেশে কিষ্কিন্ধ্যা রাজ্য শাসন করেন।

রক্ষা১ [রক্ষ্ (রক্ষা করা) + অ (ভা০) + আ (স্ত্রীং)। প্রা০ বাং পদ্যে-রক্‌খা। "কিরূপেত রক্‌খা পাইব সব লোক"-শূ০ পু০] বি, উদ্ধার ; ত্রাণ ; মুক্তি। ২ নিস্তার ; অব্যাহতি। ৩ স্বস্তি ; শান্তি। ৪ পালন। ৫ তত্ত্বাবধান। ৬ [রক্ষ্ (অবিনাশনে) + আ] বাঁচোয়া ; শুভ ; মঙ্গল ; ভাগ্য। এই অর্থে গ্রা০ ব্যবহারে- "রক্ষে"। প্র-সে হঠাৎ সেখানে গিয়ে পড়েছিল তাই রক্ষে। ৭ [+ আ (গে)] রাখী। প্র-রাখী বন্ধন। ৮ [হি০-তে রাখ] ভস্ম। ৯ ধৈর্য্য। **~কবচ**-বি, যে তাবিজ শরীর বা প্রাণ রক্ষার জন্ম অঙ্গে ধারণ করা হয়। **~কালী**-বি, মহামারী, দুর্ভিক্ষ ও মহা মহা লোকভয়ের আপদ বিপদ হতে রক্ষা পাইবার জন্ম দেবীর যে কালী মূর্ত্তির পূজা (শনি বা মঙ্গলবারে) হয়। **~গৃহ**-বি, আঁতুড় ঘর। **~পত্র**-বি, ভূর্জ্জপত্র ; ভূর্জ্জবৃক্ষের ত্বক বা বল্কল। প্রাচীনকালে ইহা কাগজের কাজ করিত এবং সুচিরস্থায়ী হইত। রক্ষণীয় যাবতীয় লেখ পূর্ব্বে ইহাতেই লিখিত হইত বলিয়া এই নাম birch. **~মন্ত্র** [রক্ষার মন্ত্র, ৬তৎ] বি, প্রাণরক্ষাকর মন্ত্র ; যে মন্ত্রবলে, অনিষ্ট বা অমঙ্গল হতে রক্ষা করে। "রক্ষামন্ত্র পড়ে, নিজে চুল ঝাড়ে"-চণ্ডি০।

রক্ষা২ [রক্ষ্ (রক্ষা বা পালন করা) + আ (ক্রিয়ার), বাং পদ্যে। রক্ষি, রক্ষ, রক্ষে ; রক্ষিতে ; রক্ষিয়া] ক্রি, রক্ষা করা ; বাঁচান। ২ উদ্ধার করা ; ত্রাণ করা। "কে রক্ষিবে তোরে"-মেঘ০।

রক্ষাধিকৃত [রক্ষা (রক্ষণকার্য্যে) + অধিকৃত (নিযুক্ত), ৭তৎ] বিণ, রক্ষাকার্য্যে নিয়োজিত।

রক্ষিকা [রক্ষা + ক-আ (স্ত্রীং)] বি, রাখি। ২ বিণ, রক্ষাকারিণী।

রক্ষিত [রক্ষ্ (রক্ষা করা) + ত (র্ম্ম)] বিণ, যাকে রক্ষা করা হইয়াছে ; পরিত্রাত ; পালিত। ২ সংগোপিত। ৩ বি, জাতীয় উপাধি বা পদবীবিঃ।

রক্ষিতা১ [রক্ষ্ (রক্ষা করা) + তৃ (কৃ) = রক্ষিতৃ ১মা, ১ব০] বিণ, রক্ষাকর্ত্তা ; ত্রাতা। স্ত্রীং **রক্ষিত্রী**।

রক্ষিতা২ [রক্ষিত (দ্রঃ) + আ (স্ত্রীং)] বিণ, পালিতা। ২ বি, উপপত্নী।

রক্ষিসৈন্য [রক্ষি যে সৈন্য, যা] বি, দেহরক্ষায় নিযুক্ত সৈন্য body guard. ২ নগরাদি রক্ষাকার্য্যে নিযুক্ত সৈন্য guard.

রক্ষী [রক্ষ্ (রক্ষা করা) + ইন্ (কৃ) = রক্ষিন্ ১মা, ১ব০] বিণ, রক্ষাকর্ত্তা ; সান্ত্রী।

রক্ষে-রক্ষা১ দ্রঃ।

রক্ষোঘ্ন [রক্ষঃ-হন্ + অ (কৃ)] বিণ, রাক্ষসবধকারী। > স্ত্রীং ~ঘ্নী। **~জননী** [রক্ষঃ (রাক্ষসের) জননী (মাতা), ৬তৎ] বি, রাক্ষস মাতা। ২ রাত্রি। **~নাথ**-বি, রাবণ। **~রথী**-বি, রথারোহী রাক্ষস

যুদ্ধবীর। ~রাজ-বি, রাক্ষসদের রাজা। ২ রাবণ।

রক্ষ্য [রক্ষ্ (রক্ষা করা)+য (র্ম্ম)] বিণ, রক্ষণযোগ্য ; রক্ষণীয়।

রখিহিতেঁ [রক্ষিতে > প্রা° বাং প্রাকৃ°] অস-ক্রি, রক্ষা করিতে। ২ ক্রি-বিণ, রক্ষার নিমিত্ত।

রগ [ফা° রগ্] বি, কপালের উভয় দিকের শির। "তারসে মধুর প্রীতি মনে জাগে নিতি নিতি লগে লগে রগে রগে লাগে যেন টান।" -চন্দন। ~চটা-বিণ, তীব্র স্বভাব ; কোপন স্বভাব ; রাগী ; রুক্ষ প্রকৃতি ; যার সহজেই ক্রোধের উদ্রেক হয় ; গরম মেজাজ।

রগড়১ [রগড় (ঢকাবিঃ) >] বি, ঢকাদিতে কাঠির ঘর্ষণ বা রগড়া ; দগড়ে কাঠির আঘাত। "দগড়ে রগড় দিতে তিন লক্ষ কাঁশী" -কৃত্তি°। ২ মর্দ্দন ; ডলা ; পেষণ।

রগড়২ [সং-রঙ্গ >] বি, রঙ্গ ; তামাসা ; কৌতুক। "তখন থেকেই দু'শ র° জমতে লাগল রস" -রজনী সেন। "র° বড় ভারী" -হেম°। "দুশো র° পাঁচশো মজা।" -ছড়া।

রগড়া [হি° রগ্ড়া] বি, পেষণ ; মর্দ্দন। "রস না হইবে করিলে রগড়া" -অ° ম°। ~রগড়ি-ঘষাঘষি ; একাধিক হস্তদ্বারা বহুবার ঘর্ষণ বা মর্দ্দন। ২ বহুল ব্যবহার। ৩ দ্রব্যাদির ক্রয়-বিক্রয় কালে দর দাম লইয়া কথা মাজা বা কথাকথি।

রগড়ান [হি° রগ্ড়ানা। রগড়াই, রগড়াও (রগড়ান, রগড়াস), রগড়ায় (রগড়াম) ; রগড়াইতে ; রগড়াইয়া (কে° রগড়ে)] ক্রি, ঘর্ষণ করা ; ঘষা। ২ মর্দ্দন করা ; ডলা। বি, রগড়ানি।

রগড়িয়া [গ্রা° রগুড়ে, রগড় (দ্রঃ)+ ইয়া] বিণ, আমোদিয়া : কৌতুকশীল। ২ [রগড়ান দ্রঃ] অস-ক্রি, ঘর্ষণ করিয়া।

রগধি [মূলে রোষ ও ক্রোধের মিশ্রণ >। প্রাদে°] অস-ক্রি, রুষিয়া ; রুখিয়া ; জোরে জোরে। "চৌঠ্রী র° চলিল" -পূ° ব° গী°।

রগ/রগ [ফা° রগ (কপালের প্রান্তস্থ শিরা)+রগ (ঘাতপ্রতিঘাতার্থে দ্বিত্ব)। ঘোর লাল রং চক্ষে পড়িলে চক্ষের সূক্ষ্ম শিরায় এবং রগে যেন আঘাত করিতে থাকে] বি, ঘোর লাল বা পীতবর্ণের তীব্রতানুভব। ২ বর্ণের বা আলোকের তীব্রতা হেতু রগের শিরার ক্ষতি। ৩ চক্চকে ভাব। ~রগিয়া, রগরগে-উগ্র বা তীব্র লাল বা হরিদ্রা বর্ণ। ২ [তুল-ফা° রোগন (তৈল, বার্ণিশ ই°)] তৈলাদি মর্দ্দন হেতু চক্মকে : চক্চকে। "তেলের বোতল লইয়া সকলে রগরগে করিয়া তেল মাখিয়া ঝুপ্ ঝাপ্ করিয়া গঙ্গায় পড়িল" -টেকচাঁদ। তুল-ফা° রওগ্নী (তেলাল, মসৃণ, বার্ণিশ করা) oily ; greasy.

রঘু [রঘ্ (গমন করা)+উ (র্ত্তৃ)] বি, রাজা দিলীপের পুত্র ও সীতাপতি রামচন্দ্রের প্রপিতামহ। ২ রঘুবংশীয় সন্তান ; অজ-রাজাদি রঘুবংশ। ~কার-রঘুবংশ নামক কাব্যপ্রণেতা ; কবি কালিদাস। ~কুল-বি, রঘুবংশ। ~কুলতিলক [রঘুকুলের তিলক] বি, রামচন্দ্র। ~নন্দন-বি, রঘুর নন্দন ; রঘুবংশজ সন্তান ; শ্রীরামচন্দ্র। ২ চৈতন্যদেবের সমসাময়িক স্মৃতিশাস্ত্রের সংগ্রহ-কারক নবদ্বীপের জনৈক প্রসিদ্ধ পণ্ডিত। ~নাথ, ~পতি, ~বর, ~মণি-বি, রামচন্দ্র। ~বংশ [রঘু (রঘুনামক রাজা) তাঁর বংশ (অন্বয় > কুল > সন্তান), ৬তৎ] বি, রঘুরাজবংশ ; সূর্য্যবংশ। ২ [রঘুর বংশ (বংশ বিবরণ) কথিত হইয়াছে যে গ্রন্থে, বহু°] বি, মহাকবি কালিদাস প্রণীত মহা-কাব্য। ~বংশতিলক-বি, রামচন্দ্র।

রঙ [সং-রন্জ্ (রাগে, বর্ণান্তরোৎ-পাদনে)। রং দ্রঃ] বি, বর্ণ। ২ রঞ্জন-দ্রব্য। ৩ রঙ্গ ; কৌতুক। ~করা-রঞ্জিত করা ; রঙে ছোবান। ২ কৌতুক করা ; তামাসা করা ; ব্যঙ্গ করা। ~ওয়ালা-বি, রঞ্জন দ্রব্য বিক্রেতা। ২ বস্ত্রাদি রঞ্জক। ~চঙ-রঙ্গ চঙ্গ দ্রঃ। ~চঙিআ-রঙ্গচঙ্গিয়া দ্রঃ। ~দার-রঙ্গদার দ্রঃ। ~ন (-ঙ্-) রঙ্গন দ্রঃ। ~মহাল-রঙ্গমহল দ্রঃ।

রঙা [রঙ (দ্রঃ)+আ (ক্রিয়ায়)] বিণ, রঞ্জিত। রক্তরঙা-বিণ, রক্তরঞ্জিত।

রঙানি-রঙ্গান দ্রঃ।

রঙিন-রঙ্গিন দ্রঃ।

রঙিল-রঙ্গিল দ্রঃ।

রঙুআ [হি° রঙ্গুআ] বিণ, রঙ্গকারী। ২ রঞ্জিত।

রঙ্ক [রন্ক্ (গমন করা)+অ (র্ত্তৃ)] বিণ, কৃপণ। "তুমি রঙ্ক নহ আমি নহিয়ে নির্দ্ধন।" -মহা° (কাশী°)। ২ দরিদ্র। "প্রণমিলা পর্ব্বত প্রভুর পদ দ্বন্দ্ব। রতন পাইয়া যেন রঙ্কের আনন্দ॥" -শি°। ৩ নীচ ; ইতর। "রঙ্ক দুঃখী নাহি জানি হেম ঘটে পীয়ে পাণি নাট গীত সবাকার ঘরে॥" -কবিক°। ৪ বিণ, মত্ত ; আতুর। "রতিরঙ্ক" -কবিক°।

রঙ্কিণী [সং] বিণ, ক্রীড়াশীলা ; লীলাময়ী "রঙ্কিণী রঙ্কিণী যদি না কর উদ্ধার॥" -কবিক°।

রঙ্কু [রম্ (ক্রীড়া করা)+উ (র্ত্তৃ, জ্ঞা°), নিপাতন সিদ্ধ] বি, কর্ব্বুরবর্ণ-পৃষ্ঠদেশ মৃগবিঃ। "রঙ্ক হয়ে রয়েছিনু রঙ্কু বধে রত" পাঠান্তরে- "রঙ্কু বধি রত ছিনু রঙ্গে হয়ে মত্ত।" -কবিক°।

রঙ্গ১ [রন্জ্ (রাগে, বর্ণান্তরোৎপাদনে) + অ (ণে), যদ্দ্বারা রং করে। বি, রঞ্জক দ্রব্য dye, ২ বর্ণ ; রঙ্। ৩ টঙ্কণ। ৪ খদিরসার। ৫ নাট্য ; নৃত্য গীত অভিনয়াদি। ৬ আমোদ ; আনন্দ। "দেখেন বাহিরে গৌরী খেলিছেন রঙ্গে।" -অ° ম°। ৭ হেলিয়া দুলিয়া ভাব ভঙ্গি প্রকাশ। "ভূত পিশাচ প্রমথ সঙ্গে ভৈরবগণ নাচত রঙ্গে।" -রা° প্র°। ৮ [+অ(র্ম্ম)] নাট্যশালা। ৯ রঙ্গমঞ্চ ; সভানায়কের (chief of the audience) সম্মুখস্থ স্থান যথায় নৃত্যক্রিয়া অনুষ্ঠিত হয় Stage. ১০ রণভূমি। "হরি হরি হরি হরি বলি রণরঙ্গে। ঝাঁপ দিবে প্রাণ আজি সমর তরঙ্গে॥" -বঙ্কিম°। ১১ ত্রপু ; রাঙ্ ধাতু ; টিন tin.

রঙ্গ২ [ফা° রঙ্গ্] বি, কৌতুক ; তামাসা। প্র-সারাটি জীবন কেবল রঙ্গ করিয়াই কাটাইল ; সং সেজে আসরে এসে কত রঙ্গই করে গেল। ২ রসরঙ্গ। "ত্রিভঙ্গ কি রঙ্গ জানে" -গান। ৩ সাধ ; সখ। "কি রঙ্গে অঙ্গনা-বেশ ধরিলি দুর্ম্মতি" -মেঘ°। ৪ মজা ; আনন্দ। "কুরঙ্গিনী সঙ্গে রঙ্গে নাচিতাম বনে।" -মেঘ°। "চৌরী পিরিতি

তোর লাখ গুণ রঙ্গ"-বিং পং। "মধুর বহিবে বায়ু ভেসে যাব রঙ্গে।"-বঙ্কিমং। ৫ লীলা। "কত রঙ্গ জান শ্যামা রঙ্গময়ী মা আমার" -গান। ৬ বিণ, রমণীয় ; সুন্দর। "রঙ্গ পয়োধর অতি ভেল গোর।"-বিং পং। ~চঙ্গ [রঙ্গ (রন্জ্=রং করা)+চঙ্গ (সুন্দর, শোভন)] বি, চিত্রবিচিত্র বর্ণ। ২ রহস্য কৌতুক। ৩ অঙ্গভঙ্গি। বিণ, ~চঙ্গিয়া, ~চঙ্গে-চিত্রবিচিত্র ; বিবিধবর্ণে রঞ্জিত। ~চিঙ্গা [রঙ্গ+চঙ্গ+ইয়া > কেং] বি, যারা রঙ্গ দেখিতে ভালবাসে এমন ছেলে চোক্‌রা ; চেঙ্গড়া। "দূর হৈতে শুনা যায় মহেশের শিঙ্গা। শিব এল বলে ধায় যত রঙ্গচিঙ্গা॥"-অং মং। ~চিত্র [পারিঃ] বি, ব্যঙ্গ্য-চিত্র ; নক্সা cartoon. ~জ [রঙ্গ (রাঙ্) > জ (যে জন্মে)] বি, সিন্দূর ; সিঁদুর। ২ টিননির্ম্মিত। ~জীবক [রঙ্গ (নাট্যশালা) দ্বারা জীবক (যে জীবিকানির্ব্বাহ করে)] বি, নাট্যকারক ; অভিনেতৃবর্গ। ২ চিত্রকর। ৩ যারা টিনের কাজ করে। ~টঙ্গ-বি, রঙ্গ তামাসা ; অঙ্গভঙ্গি : রহস্য কৌতুক। ~ণ-বি, রাঙ্গন ফুল ; রক্তবর্ণ পুষ্প ; পুষ্প-ক্ষুপবিঃ ixoracoccinea. "রঙ্গণ মালতী কুন্দ করবীর অরবিন্দ থরে থরে লাগয়ে তাহাতে।" -চণ্ডিং। "বোঁটা সহ রঙ্গণে-পূরিয়া দিল শর।"-ভারতং। ~দ-বি, দস্তা tin ; zinc. > স্ত্রীং ~া-ফটকিরি alum. ~দার [ফাং] বিণ, রঙ্গকারী ; রঙ্গিল ; কৌতুক-প্রিয় ; মজাদার। ২ রঙ্গযুক্ত ; রঙ্গিন। ৩ রঙ্গনির্ম্মিত। ~দেবী [সং] বি, বয়স্যা। সখী। ~ধামালী, ~ধেমালী [প্রাদেং] বি, কেলিকৌতুক (স্ত্রীং কীং)। ~ন [রন্জ্ (রং করা)+অন (ভাং)] বি. চিত্রকরণ। ২ পুষ্পবিঃ ; রাঙ্গন ফুল। "গড়িল পারুল ফুলে তূণ মনোহর। বোঁটা সহ রঙ্গনে পূরিয়া দিল শর॥" "কিংশুক কাঞ্চন পলাশ আর রঙ্গন, হেরে গোল গোল গোলাপ গেঁদা ;"-গান (মতিং রায়)। ~প্রিয় [রঙ্গ (কৌতুক) প্রিয় যার, বহুং] বিণ, কৌতুকপ্রিয় ; যে রঙ্গ তামাসা ভালবাসে। > স্ত্রীং ~া। ~প্রিয়তা-বি, কৌতুকানুরাগ। ~বিরঙ্গ, রংবিরং, রংবেরং-বি, নানা রঙ্গ ; পঞ্চরঙ্গ। ২ বিবিধ বর্ণ। ৩ নানা প্রকার ; হরেক রকম। ~ভঙ্গ-বি, কৌতুক। ২ হাবভাব ; অঙ্গভঙ্গি। ~ভূতি [রঙ্গ (নৃত্যগীতাদি) দ্বারা ভূতি (যে রাত্রি অতিবাহিত হয়)] বি, কোজাগর পূর্ণিমা। ~ভূমি [রঙ্গের ভূমি (স্থান), ৬তৎ] বি, নাট্যশালা। ২ রণস্থল। ৩ মল্লভূমি ; কুস্তির আড্ডা। ~মঞ্চ [রঙ্গ (নৃত্যগীত অভিনয়াদি) + মঞ্চ (স্থল)] বি, রঙ্গস্থল ; নাট্যমন্দির ; অভিনয়-স্থল stage. ~মল্লী [সং] বি, বীণা। ~মহল, রঙমহল, রংমোহল [ফাং রঙ্গ্-মহাল্] বি, মুসলমান বাদশাহদিগের বৈঠক-খানা drawing room. ২ শয়নাগার sleeping apartment. ৩ নাচঘর ; নাটশালা। ~মাণিক্য [রঙ্গ (লাল) মাণিক্য (মণি)] বি, লোহিতক ; চুণি ; পদ্মরাগ মণি ruby. ~মাতা [রঙ্গমাতৃ ১মা, ১বং] বি, দূতী ; কুট্‌নী। ২ লাক্ষা ; লা। ~রীতী-বি, কেলি-বিলাস (স্ত্রীং কীং)। ~রস [রঙ্গ (কৌতুক, পরিহাস) রস (আনন্দ)] বি, কৌতুকানন্দ ; হাস্য ; কৌতুক ; রসিকতা। "ব্রততী বাঁধিলে সাধে করি-পদ, যদি তার রঙ্গরসে মনঃ না দিয়া মাতঙ্গ যায় চলি."-মেঘং। ~রেজ [ফাং রঙ্গ্‌রেজ্] বি, মুসলমানজাতীয় রঙ্গা-জীব ; রঞ্জক dyer. ২ শূত্র রঙ্গকারী মুসলমান জাতিবিঃ। "বসন রঙ্গায়্যা নাম ধরে রঙ্গ-রেজ।" -কবিকং। ~শালা [সং] বি, নাট্যশালা ; নাচঘর ; অভিনয়গৃহ : থিয়েটার। ~সাজ [ফাং রঙ্গ্‌সাজ্] বি, বস্ত্রাদিরঞ্জক dyer, ২ চিত্রকর painter. ৩ রঞ্জকদ্রব্য-প্রস্তুতকারী ; রঙ্গব্যবসায়ী colour manufacturer. ~স্থল [সং] বি, রঙ্গভূমি ; মল্ল-ভূমি। ২ অভিনয়স্থান ; নাট্যশালা।

রঙ্গা [রঙ্গ+আ (বিশিষ্টার্থে)। প্রাং রঙ্গা] বিণ, রঞ্জিত। জলরঙ্গা [ইং water-coloured এর বঙ্গানুবাদ] বি, জলের সহিত মিশ্রিত বর্ণে অঙ্কিত বা রঞ্জিত।

রঙ্গাজীব [রঙ্গ (নৃত্যগীতাদি)+আজীব (জীবিকা) যার, বহুং] বি, বিণ, বস্ত্রাদি রঞ্জন-কারী। ২ চিত্রকর। ৩ অভিনয়কারী ; নর্ত্তক। ৪ রঞ্জনদ্রব্য প্রস্তুতকারী ও ব্যবসায়ী colour manufacturer.

রঙ্গানি [রঙ্গ+আন (ক্রিয়ায়)। রঙ্গাই, রঙ্গাও, রঙ্গায়, রঙ্গাইতে ; রঙ্গাইয়া, (কেং রঙ্গিয়ে)] ক্রি, রঞ্জিত করা ; ছোবান।

রঙ্গাবতার [রঙ্গ (নাট্যশালায়)+অব-তার (নৃত্যগীতাদির জন্য গমন যার, বহুং। ক যোগে রঙ্গাবতারকও হয়] বি, নট ; সূত্রধার। স্ত্রীং রঙ্গাবতিরী, রঙ্গাব-তারিকা, রঙ্গাবতারিণী-নটী।

রঙ্গালয় [রঙ্গ+আলয়, ৬তৎ] বি, নাট্যশালা।

রঙ্গিণী [রঙ্গী দ্রঃ] বিণ, রঙ্গকারিণী ; আমোদিনী ; রঙ্গপ্রিয়া। "সঙ্গিনী বড় রঙ্গিণী নগনা সমান বেশ।"-রাং প্রং। ২ অনু-রাগিণী ; রক্তা। "সদা রঙ্গরসে তুমি রত, হে রঙ্গিণী।"-ব্রজাঙ্গনা। ৪ রঙ্গবিশিষ্ট। ৫ বি, শতমূলী।

রঙ্গিত [রঙ্গ-ইত (বিশিষ্টার্থে)] বিণ, ভূষিত। "তরঙ্গ ভঙ্গিত ভুজঙ্গ রং কপর্দ্দমর্দ্দিত জটাধর।"-অং মং। ২ রঞ্জিত।

রঙ্গিন [প্রাং রঙ্গীণ। ফাং রঙ্গীন। রঙ্গীন দ্রঃ]। বিণ, রঙ্গবিশিষ্ট। ২ রঞ্জিত। ৩ বিলাসপ্রিয় ; আমোদপ্রিয়। ৪ মজাদার।

রঙ্গিমা [রঙ্গ+ইমন্ (ভাং)=রঙ্গিমন্ ১মা, ১বং] বি, রসিকতা ; রঙ্গ। ২ শোভা ; মাধুর্য্য। "অকপট সরল হাসিতে কি রঙ্গিমা।" -অশোকং।

রঙ্গিয়া [রঙ্গ+ইয়া] বিণ, রসিক ; রসিকা। "রঙ্গিয়া ডোমিনী ভাল লক্ষ টাকা চায়।"-মনসা মং (কেতকাং)। ২ আমোদিয়া ; রঙ্গকারী ; সদানন্দ। "জয় জয় হর রঙ্গিয়া।"-ভারতং।

রঙ্গিল, -লা [হিং রঙ্গীলা, রঙ্গীলী। রঙ্গ+ইল্, পরে সাদৃশ্যার্থে আ যোগ] বিণ, রঞ্জিত ; রং-করা ; রঙ্গিন। "আশা সেই রঙ্গিল কাচ।"-কমলাকান্তের দপ্তর। ২ রসিকা।

রঙ্গী [রঙ্গ (অনুরাগ)+ইন্ (অ্যং)=রঙ্গিন্ ১মা, ১বং] বিণ, রঙ্গবিশিষ্ট ; রঞ্জিত। "এ বয়সে রঙ্গী বুড়া জানে এত রঙ্গ। যুবাকালে

না জানি কেমন ছিল চঙ্গ।"-শি॰। ২ অনুরাগী। স্ত্রীং রঙ্গিণী।

রঙীন$_2$ [ফা॰] বিণ, রংদার ; রঞ্জিত। প্র-রঙীন কাচ ; রঙীন কাপড়। ২ মজাদার ; রসিকতাপূর্ণ।

রঙ্গে [রঙ্গ$_2$ দ্রঃ] অ, সখে ; সাধে ; কৌতুকে ; ঢং করিয়া। "কি রঙ্গে অঙ্গনা-বেশ ধরিলি দুর্ম্মতি।"-মেঘ॰।

রচক [রচন (দ্রঃ)+অক (র্তৃ)] বি, রচনাকারী।

রচন [রচ্ (সৃষ্টি করা, রচনা করা) + ণিচ্ =রচি + অন (ভা॰)] বি, নির্ম্মাণ ; প্রস্তুত-করণ ; গঠন। ২ স্থাপন ; বিন্যাস। ৩ গুম্ফন ; গ্রন্থন। ৫ ভূষণ।

রচনা [রচন দ্রঃ] বি রচন, নির্ম্মাণ; গঠন। ২ বিন্যাস। ৩ গুম্ফন ; গ্রন্থন। ৪ ভাব বা চিন্তা গদ্য-পদ্যময় বাক্যে বা প্রবন্ধাকারে প্রকাশ : প্রবন্ধ লিখন। "কুঞ্জ কুটীরে অয়ি ভাবাকুল-লোচনা, ভূর্জ্জপাতায় নবগীত কর রচনা।"-রবী॰। ৫ প্রবন্ধ ; নিবন্ধ। ৬ বাক্য। "দূর কর প্রাণনাথ কপট রচনা।" -কবিক॰। ৭ দুর্গাপূজার সময়ে মণ্ডপের চতুর্দ্দিকে যে ফল ঝুলাইয়া দেওয়া হয়। ৮ পূজায় সময়ে হাঁড়িতে করিয়া যে মুড়কি দেওয়া হয় ; দেবোদ্দেশে প্রদত্ত হাঁড়িপূর্ণ চিঁড়া খই। "ডান ধারে ফুলের সাজি বাঁও ধারে রচনা"-প্রাচীন সুধ্যের গান (বং সা॰ পরিচয়)। বিণ, রচনীয়-রচনায় যোগ্য। র॰ করা-নির্ম্মাণ করা ; গড়া। ২ কল্পনায় গড়িয়া তোলা। ৩ বাক্য-বিন্যাস করা ; প্রবন্ধ লেখা। ~কৌশল-বি, রচনাপদ্ধতি ; রচনাপ্রণালী। ~চৌর-কুম্ভিল দ্রঃ। ~নৈপুণ্য-বি রচনাদক্ষতা। ~পদ্ধতি-বি, গঠনপ্রণালী ; রচনাপ্রথা। ~প্রণালী-বি, রচনা করিবার রীতি।

রচয়িতা [রচ্ (সৃষ্টি করা, রচনা করা) + ণিচ্=রচি+তৃ (র্তৃ)=রচয়িতৃ ১মা, ১ব॰] বিণ, যে রচনা করে ; নির্ম্মাতা ; রচনাকর্ত্তা ; স্রষ্টা। স্ত্রীং রচয়িত্রী।

রচা [সং-রচ্ (প্রণয়নে, করণে) >। রচি, রচ (রচেন, রচিস), রচে (রচেন) ; রচিতে ; রচিয়া (ক্ষে॰ রচে)। ণিজন্ত-রচান] ক্রি, রচনা করা ; নির্ম্মাণ করা। "কে রচিবে মধু-চক্র মধুকর মধু বিনে।"-গিরিশ॰। "রচ মধুচক্র-মেঘ॰। ২ সৃষ্টি করা। "তাব সেই একে যে রচিল এ সংসার ;"-স্ক॰। ৩ প্রবন্ধ লেখা ; চিন্তাকে ভাষায় প্রকাশ করা ; ৪ কল্পনা করা ; মনে গড়া। "রাশি রাশি মিথ্য করিয়াছ জড় রচিতেছ বসি পুঁথি বড় বড় মাথার উপরে বাড়ি পড় পড় তার খোঁজ রাখ কি ?" -চয়নিকা। ৫ বিণ, রচিত। "ষোলোশ'র আগে রচা অনেক বই" -ডাঃ সু॰ চট্টো॰ (প্রবাসী, ১৩৩৩)। ৬ মনঃ-কল্পিত। প্র-রচা কথা। [ব্রজ॰] রচয়ে-ক্রি, রচনা করে। "রাগ রচয়ে বসন্ত"-বি॰ প॰। রচলহি-ক্রি, রচনা করিলে। "আঁখ উপর তুহুঁ রচলহি আসন।"-রবী॰। রচই-ক্রি রচনা কর। ২ স্থির কর। "রচহ সজনি"-বি॰ প॰।

রচিত [রচ্ + ণিচ্-রচি+ত (র্ম্ম)] বিণ, নির্ম্মিত ; গঠিত। ২ কৃত। ৩ গ্রথিত ; গুম্ফিত। "কুসুম রচিত চঞ্চল চিকুর বেণী"-গান। ৪ বিন্যস্ত ; অর্পিত। ৫ শোভিত ; পরিষ্কৃত।

রছি [গ্রা॰। হি॰-রস্সি >, স=ছ] বি, রশি ; রজ্জু। "কাল হাকিমের জমাগাছি। অন্তরে বাহিরে রছি।"-গান।

রজ, রজঃ$_1$ [রন্জ্ (রং করা) + অ, অস্ (র্ম্ম)] বি, ধূলি। ২ পরাগ ; ফুলের রেণু। ৩ স্ত্রীলোকের মাসিক রক্তস্রাব ; ঋতু menses ৪ রজোগুণ ; ইচ্ছা দ্বেষ অহঙ্কার প্রভৃতির কারণ। "ত্রিগুণে তিনের জন্ম মাদক বলে মোহের কলে। সত্ত্বে ধর্ম্ম তমে মর্ম্ম কর্ম্ম হয় মন রজ মিশালে॥"-রা॰ প্র॰।

রজঃ$_2$ [বৌ॰ সা॰] বি, পাপ। "করিল দণ্ডকী রাজা রজঃ বিকিরণ, মস্তকে অরজঃ কৃশ বৎস তপস্বীর ; ছিন্নমূল তাল সম তাই সে পাতকী, রাজা-রাজ্যবাসি সহ পাইল বিনাশ।"-জাতক, ৫ম খণ্ড।

রজঃকণা [রজস্ >] বি, ধূলিকণা ; রেণু an atom.

রজঃসারথি [রজস্ (ধূলির) সারথি (চালক), ৬ তৎ] বি, পবন ; বায়ু।

রজক [রন্জ্ (রং করা) +অক (র্তৃ)] বি, রঞ্জক ; বস্ত্রাদি রঞ্জনকারী ; যারা বস্ত্র রঞ্জিত করে বা ছোপায়। ২ [আধু॰ অর্থে] বস্ত্র ধৌতকারী ; ধোবা। [দ্রঃ-পূর্ব্ব-কালে কাপড়ে রং করা রজকের কার্য্য ছিল এবং ময়লা কাপড় ধুইয়া পরিষ্কার করা "চৈল-ধাব" বা "চেলনির্ণেজক" অর্থাৎ ধোবার কার্য্য ছিল। পরে মুসলমান রাজত্বকালে বস্ত্র-রঞ্জন কার্য্য রঙ্গরেজের হস্তে যাওয়ায় বস্ত্র ধৌত করণ অর্থাৎ বস্ত্রের মলাপনয়ন মাত্র রজকের কর্ম্মের মধ্যে পরিগণিত হওয়ায় রজক অর্থে ধোবা এবং রঙ্গরেজ অর্থে বস্ত্ররঞ্জক বুঝাইতে থাকে]। স্ত্রীং ~ী-ধোবানী। পদাবলী সাহিত্যে অশুদ্ধ হইলেও প্রচররূপ-রজকিনী। "রজকিনী রামী"-চণ্ডি॰। ২ রঙ্গকারিণী [অপ্র॰]।

রজঞ্চুস, লজঞ্চুস, লজঞ্জুস, লজেঞ্জুস, ল্যাবেঞ্চুস [ইং lozenge (মিঠাই) এর লিপ্যন্তর। ল=র] বি, চুষিয়া চুষিয়া খাইবার মত বিবিধ বর্ণে রঞ্জিত বিভিন্ন আকারের চিনির মিঠাইবিঃ।

রজত [সং] বি, রৌপ্য silver. ২ [সং-তে-স্বর্ণ, হ্রদ, শোণিত, হস্তিদন্ত, কণ্ঠহার ই॰ অর্থে প্রয়োগ আছে] বিণ, শুভ্রবর্ণ। ~কান্তি, রজৎকান্তি [রজত (রৌপ্য) কান্তি। মাইকেল এই অর্থে "রজঃকান্তি" শব্দও প্রয়োগ করিয়াছেন] বি, রৌপ্যবর্ণ ; রজতশুভ্র silver-white. "উঠয়ে চটুলা সফরী, দেখাতে ধনী রজৎকান্তি ছটা বিভ্রম বিভাবসুরে।"-মেঘ॰। ~গিরি [রজতের গিরি] বি, কৈলাস পর্ব্বত। ~গিরিনিভ -বিণ, রজতময় পর্ব্বত সদৃশ। ২ কৈলাস পর্ব্বত সদৃশ। ~জয়ন্তী [ইং silver jubilee র অনুকরণে] বি, রৌপ্য জুবিলি ; পঞ্চবিংশতিতম সাংবার্ষিক উৎসব। ~দ্যুতি [রজতের (রৌপ্যের) মত দ্যুতি (দীপ্তি) যার, বহু॰] বিণ, রজতশুভ্র ; রূপার ন্যায় আভাময়। ~ধবল [রজতের ন্যায় ধবল, ম॰ প॰ লো॰] বিণ, রজতশুভ্র silver-white. ~প্রস্থ [রজত (শুভ্রবর্ণ) বা রৌপ্য নির্ম্মিত হইয়াছে প্রস্থ (পর্ব্বতের উপরিস্থ সমান ভূমি) যার বহু॰]

বি, কৈলাস পর্ব্বত। ~বঁরঁণ [রজতের বরণ (বর্ণ), পদ্যে] বিণ, শুভ্রবর্ণ। > স্ত্রীং ~বঁরঁণী -শুভ্রবর্ণা ; সরস্বতী। "অমল ধবল কমলদলে বিমল রজতবরণী। আহা কি মধুর সুষমা সুন্দর প্রণমি বীণাবাদিনি॥"-গান। ~মূল্য [রজত পরিমাণ মূল্য, ম০ প০ লো০] বি, রৌপ্য মুদ্রার নির্দ্ধারিত মূল্য। ~শুভ্র-বি, রৌপ্যের ন্যায় উজ্জ্বল শ্বেত।

রঁজঁতাঙ্গুরীয়ঁ [রজত+অঙ্গুরীয়] বি, রূপার আঙ্গটী।

রঁজঁতাচঁল [রজত+অচল] বি, রজতগিরি দ্রঃ।

রঁজঁতাদ্রি [রজত+অদ্রি (পর্ব্বত)] বি, রজতগিরি দ্রঃ ; কৈলাস পর্ব্বত।

রঁজঁন [রন্‌জ্‌ (রং করা)+অন (ভা০)] বি, রং করা। ২ চীড বা গাছের নির্য্যাস হতে তার্পিণ তৈল নিষ্কাশিত করিবার পর যে কাইট অবশিষ্ট থাকে ; ধুনা resin.

রঁজঁনি,-নী [সং] বি, রাত্রি। ~কঁর [রজনি-নী (রাত্রিতে) কর (কিরণ) যার, ব০ কিম্বা রজনি (রাত্রি) কর (করে অর্থাৎ যার উদয়ে রাত্রি হয়)] বি, নিশাকর ; চন্দ্র। ~কান্ত-বি, চন্দ্র। ~গঁন্ধা [রজনী (রাত্রিতে)+গন্ধা (গন্ধদা, যে গন্ধ দান করে)। ফা০ গুলববো tuber rose] বি, নিশাকালে সৌরভ বিকীর্ণকারী স্বনামখ্যাত শ্বেতবর্ণ পুষ্পবিঃ polianthes tuberosa. ~চঁর [রজনী,-নী (রাত্রিতে) চর (যে বিচরণ করে)] বি, রাত্রিচর। ২ রাক্ষস। ৩ তস্কর ; চোর। ৪ দিবান্ধ প্রাণিগণ ; পেচক ইং। ~জঁল [রজনী-নি (রাত্রিতে) পতিত হয় যে জল] বি, শিশির ; নীহার ; নিশাজল দ্রঃ। ~মুখ [রজনি-নী (রাত্রির) মুখ (প্রথম), ৬তৎ] বি, সূর্য্যের অস্ত সময় হতে ৪ দণ্ডকাল ; নিশামুখ ; প্রদোষ ; সন্ধ্যাকাল। ~যোগ [রজনি,-নী-যোগ (সময়)] বি, রাত্রিকাল। > ক্রি-বিণ, ~যোগে - রাত্রিতে। ~হাস, -হাসা-বি, শেফালিকা।

রঁজপুত [রাজপুত্র >] বি, হিন্দু-জাতিবিঃ। > স্ত্রীং ~নী।

রঁজঁস্বলা [রজস্ (স্ত্রী-ঋতু)+বল (বিদ্যমানার্থে)+আ (স্ত্রীং)] বিণ, আর্ত্তবা ; ঋতুমতী ; পুষ্পবতী। [দ্রঃ-কন্যার দশ হতে পূর্ণ এগার বৎসর বয়স খাস 'কন্যাকাল,' একাদশ বৎসর পূর্ণের পর হতে 'রজস্বলা-কাল'। সনাতনী মতান্তরে দশম বর্ষ পর্য্যন্ত কন্যাকাল তারপর রজস্বলাকাল [পুং রঁজঁস্বল-ধূলিময়] (দশমে কন্যকা প্রোক্তা অতঃ উর্দ্ধং রজস্বলা)]।

রঁজোগুণ [রজঃগুণ দ্রঃ] বি, প্রকৃতির ধর্ম্মবিঃ। "নিরাকার ব্রহ্ম তিন রূপেতে সাকার। সত্ত্বরজস্তমোগুণ প্রকৃতি তাহার॥ রজোগুণে বিধি তাহে লোভের উদয়। তমোগুণে শিবরূপ অহঙ্কারময়॥ · রজোগুণে সৃষ্টি তাহে কেবল উদ্ভব।"-অ০ ম০। ~জাঁনিত-বিণ, রজোগুণোৎপন্ন। ২ ধূলিজাত। ~বঁল-বি, রাজসিক শক্তি। ২ অন্ধকার।

রঁজোহঁর [রজস্ (ময়লা)=রজঃ+হর (যে হরণ করে)] বি, রজক ; ধোবা।

রজ্জু ["রজ্জুস্ত্রিষু বটী গুণঃ"-অমর০] বি, পাশ ; বন্ধনী ; দড়ি। ২ বেণী বন্ধনের জন্য ছেঁড়া চুলের বিননী করা দড়ি। ৩ [বল-(ক০ বিশ০ পরিঃ)] ইং string এর বৈজ্ঞা০ পরিঃ ; সূত্র। ~বঁদ্ধ [রজ্জু দ্বারা বদ্ধ, ৩তৎ] বিণ, পাশবদ্ধ ; যে বা যা দড়ি দিয়া বাঁধা আছে। > স্ত্রীং ~া। ~ভ্রঁম [রজ্জু বলিয়া ভ্রম, ম০ প০ লো০] বি, যা রজ্জু নহে ভ্রান্তিবশতঃ তাকে রজ্জু মনে করা ; তা হতে এক বস্তুতে অন্য বস্তুর কল্পনা ; অধ্যাস। সঁর্পে রজ্জুভ্রঁম-পতিত সর্পকে রজ্জু বলিয়া ভ্রম ; ন্যায় দর্শনে ইহা অধ্যাসের দৃষ্টান্ত।

রঁঞ্জই [রন্‌জ্‌+ণিচ্‌=রঞ্জি। ব্রজ০] ক্রি, রঞ্জিত করে ; রং করে। "নয়ন নলিনী দউ, অঞ্জনে রঞ্জই, ভাঙ্গ বিভঙ্গি বিলাস।" -বি০ প০।

রঁঞ্জক১ [রন্‌জ্‌+ণিচ্‌=রঞ্জি (রং করা)+অক (কৃ)] বি, বস্ত্রাদির রং কারক। ২ অনুরাগজনক ; প্রীতিকারক ; আনন্দদায়ক। স্ত্রীং রঞ্জিকা। "লেখা ভালে অঞ্জনের রেখা ভৈরবীর ভালে যথা নয়নরঞ্জিকা শশিকলা" -মেঘ০। ৩ হিঙ্গুল।

রঁঞ্জক২ [রঞ্জ্‌ (মারণে-তুল-"রঞ্জয়তি মৃগান্", "রঞ্জয়তি পক্ষিণঃ")] বি, অগ্নিচূর্ণ ; বারুদ। ~গৃহঁ, ~ঘঁর১-ক্রি, বারুদ ঘর ; যে স্থানে বারুদ রক্ষিত হয়। ~ঘঁর২-বি, কামান বন্দুকাদির বারুদে আগুণ দিবার মুখ বা রন্ধ্র।

রঁঞ্জন [রঞ্জ্‌+ণিচ্‌=রঞ্জি (রং করান)+অন (ভা০)] বি, বর্ণানুলেপন ; রং করণ dyeing. ২ তুষ্টি সম্পাদন ; মোহন ; অনুরাগ জনন ; প্রীণন। ৩ [-+অন (কৃ)] বল্লভ। "দেহ বৈদেহীরে পুনঃ বৈদেহীরঞ্জনে॥" -মেঘ০। "কৌমুদী বিহনে যথা কুমুদরঞ্জন শশাঙ্ক।"-ঐ। ৪ রক্তচন্দন। "সাগরের ভালে সখি! এ কনকপুরী রঞ্জনের রেখা"-মেঘ০। ৫ বিণ, রমণ ; মোহন ; প্রীতিজনক ; আনন্দজনক। "রাজহংস দেখি এক নয়ন-রঞ্জন। চরণে বেড়িয়া তারে করিল বন্ধন॥" -বঙ্কিম০। "ওহে প্রাণরমণ হৃদিরঞ্জন"-স্ক০। স্ত্রীং ~নী-বি, নীলা। ২ মঞ্জিষ্ঠা। ৩ হরিদ্রা। ৪ শেফালিকা। ৫ হরিদ্রাপর্পটী। ৬ বিণ, রঞ্জনকারিণী। ক্রি, রঁঞ্জা-রঞ্জিত করা। ২ তুষ্টি সম্পাদন করা। প্রা০ বাং-য় প্রচর। রঁঞ্জ্সি-রঞ্জিত কর বা করিতেছ। রঞ্জিলঁ -রঞ্জিত করিল। রঞ্জিলেঁ-রঞ্জিত করিলে। রঞ্জে-প্রীত করে ; তৃপ্ত করে। "নানা বোলে সে তিরিক রঞ্জে।"-শ্রী০ কী০।

রঁঞ্জনঁক [সং] বি, কটফল।

রঞ্জনরশ্মি [Röntgen rays এর অনুবাদে] বি, সাধারণ আলোক দ্বারা অভেদ্য বস্তু ভেদ করিতে পারে এমন আলোক যা ১৮৯৫ খ্রীষ্টাব্দে অধ্যাপক, C. W. Röntgen আবিষ্কার করিয়াছিলেন, x'rays. "তাঁহার সুচিকিৎসা করিবার জন্য রঞ্জনরশ্মি প্রয়োগ (x-rays treatment) প্রয়োজন বোধ হওয়ায় তাঁহাকে রেঙ্গুনে আনা হইয়াছে।"-আত্মশক্তি পৌষ, '৩৩।

রঞ্জিঁত [রঞ্জ+ণিচ্‌=রঞ্জি+ত(র্ম্ম)] বিণ, যা রং করা হইয়াছে ; রঙ্গান ; ছোপান ; বর্ণানুলেপিত। ২ মোহিত। ৩ কল্পিত ; কল্পনার সাহায্যে বিস্তারিত বা বিকৃত। আধিক্যার্থে-অতিরঞ্জিত। রঁং কঁরা-ক্রি, রঙে ছোপান। ২ আকার দেওয়া ; কোন বিশেষভাবে বা ধরণে দাঁড় করান to give

colour to. অতিরঞ্জিত করা-বর্ণনায় অতিরিক্ত কল্পনা করিয়া বিস্তারিত করা।

রঞ্জিল [রঞ্জ্ (রঙ্ করা) + ইল (ক্রিয়া বিভক্তি)] ক্রি, রঞ্জিত করিল ; রং করিল।

রটতহি [রটা দ্রঃ। ব্রজ০] ক্রি, রটে ; আবৃত্তি করে। "অনুপম রাধা রাধা র০ আধা আধা বাণী॥"-বি০ প০।

রটন [রট্ (বলা) + অন (ভা০)] বি, কথন। ২ প্রচার ; ঘোষণা। ৩ বিবরণ। ৪ খ্যাতি ; খ্যাপন।

রটনা [রটন (দ্রঃ) + আ (স্ত্রীং)] বি, প্রচার ; কীর্ত্তন। আধু-বাং-র-প্রায়ই কদর্থে ব্যবহার। প্র-অপবাদ রটনা। ~০ করা-প্রচার করা।

রটন্তী [রট্ (বলা) + অৎ (র্ত্তৃ) + ঈ (স্ত্রীং)। প্রা০রুটুন্তী] বি, মাঘ মাসের কৃষ্ণা চতুর্দ্দশী।

রটা [সং-রট্ (কথনে) > হিং রট্না (প্রচারিত হওয়া)। রটি, রট, রটে ; রটিতে ; রটিয়া (ক্ষে রটে) ই০। ণিজন্ত-রটান] ক্রি, কথিত হওয়া ; প্রচারিত হওয়া ; ঘোষিত হওয়া। "যা রটে তা বটে"-প্রবচন। ২ বলা ; প্রচার করা। "কৌতুকে রামপ্রসাদ রটে ব্রহ্মময়ী সর্ব্বঘটে" -রা০ প্র০। ২ পুনঃ পুনঃ আবৃত্তি করা ; মুখস্থ করা।

রটানি [রটা (দ্রঃ)র নিজন্তরূপ। রটাই, রটাও (রটান, -স), রটাইতে (ক্ষে০ রটাতে) ; রটাইয়া (ক্ষে০ রটিয়ে) ই০] ক্রি, প্রচার করা : ঘোষণা করা ; কীর্ত্তন করা। "যার আহ্বান বাণী রটাও ভুবন মাঝে"-রবী০। ২ [কদর্থে। আধু·বাং-র-প্রচয়রূপ] মন্দ বিষয়ের প্রচার ; নিন্দার কথা সাধারণের গোচর করা ; অপবাদ ঘোষণা করা। "লোকে কলঙ্ক রটালে"-গান। ৩ প্রার্থনা করা। "করপুটে এ সঙ্কটে, কাতর কিঙ্করে রটে, উর ঘটে, পুর অভিলাষ।"-ঘ০। বি, রটানি। বিণ, রটানিয়া, রটানে-যে রটায় ; রটনাকারী। [ব্রজ০] রটই, রটতি-বাদ্য করে ; বাজে। "রণরণি কঙ্কণ কিঙ্কিণী রটই"-বি, প০। "রটতি রবাব"-ঐ। রটতহি-রব করে ; ধ্বনি করে ; উচ্চারণ করে। "রাধা রাধা রটতহি" -বি০ প০।

রটিত [রট্ (বলা) + ত (র্ম্ম)] বিণ, উক্ত ; কথিত। ২ প্রচারিত। ৩ প্রসিদ্ধ ; খ্যাত।

রটোর-বি, স্বর্ণকারের যন্ত্রবিঃ।

রঠ [র(গতি) + ঠ (স্থা > স্থ > থ >) -গতিস্থিতি=দ্রুত বিলম্বিত গতির ভাব ; ফা০ > হিং রবানা >। র (গতি, চলা) + হিং ঠহরণা (স্থিতি) > ঠ=র-ঠ। অথবা হিং রহ্না (থাকা)-ঠহরনা (থামা) > ক্ষে০ র-ঠ] অ, থাকিয়া থাকিয়া ; ইতস্ততঃ করিয়া ; বিড়বিড় করিয়া ; রহিয়া বসিয়া ; দীর্ঘসূত্রতাসহকারে ; থেকে থেকে। প্র-র-ঠ করলে চলবে না, কাজটা এখনি সেরে ফেলতে হবে। ২ জবুথবু করিয়া ; যা-তা করিয়া। প্র-কাজটা র ঠ করে সেরে নাও না।

রড়১ [লড় দ্রঃ] বি, দৌড় ; ছুট। "ভঙ্গী দেখি ভয় পেয়ে ভীম দিল রড়॥" -শি০। "বিপাকে চত্তর ছাড়ি প্রজা দিল রড়"-কবিক০।

রড়২ [দ্রঃ] লড় (কম্পনে) ধাতুজ] লড় দ্রঃ।

রড়া১ [প্রা·বাং। রড় (দ্রঃ) + আ (ক্রিয়ার)] ক্রি, দৌড়ন ; ছুট দেওয়া।

রড়া২ [সং লোষ্ট্র > প্রাকৃ০ লোট্ট > হিং রোড়া >] বি, ঘুটিং পোড়াইয়া চূণ তৈয়ার করিবার পর যে অদগ্ধ ঘুটিং পড়িয়া থাকে।

রড়ারড়ি,-ড়ী [রড় দ্রঃ] ক্রি-বিণ, দৌড়াদৌড়ি। "দুর্ব্বলার ডাকে লীলা আইসে রড়ারড়ী"-কবিক০। "করে চড়াচড়ি ধায় রড়ারড়ি কিলাকিলি গণ্ডগোল।"-অ০ ম০। ২ তাড়াতাড়ি ; দ্রুতগতি ; সত্বর ; ত্বরায়। "পৈতৃক বিষয় গেল আসি রড়ারড়ি।"-ভাগবত (রাধাকৃষ্ণদাস)।

রড়ে [রড় দ্রঃ] ক্রি-বিণ, বেগে। "ক্ষণে উঠে ক্ষণে বৈসে ক্ষণে ধায় রড়ে। আশে পাশে ঠেকিয়া সে ঘুরে ঘুরে পড়ে॥" -কবিক০। ২ [এই অর্থে 'লড়ে' (দ্রঃ)] অস·ক্রি, দৌড়িয়া পলাইয়া। "একদৃষ্টে চাহে বীর যত দড়ে রড়ে জড় সবে হয় স্থানে স্থানে"-মেঘ০।

রণ (সমাসবদ্ধ হলে·র্ণ) [রণ্ (শব্দ করা) + অ (বি, ভা০)] বি, সংগ্রাম ; যুদ্ধ ; সমর ; লড়াই। "মোগল মাহুতে রণ অনিবারা"-অ০ম০। ২ [- + অ(ভা০)] গমন। ~কুশল-বিণ, সমরদক্ষ ; যুদ্ধনিপুণ। > স্ত্রীং ~লা। ~কৌশল-বি, রণচাতুর্য্য ; সমরনৈপুণ্য। > বিণ, ~ী। ~ক্ষেত্র-বি, যুদ্ধস্থল। ~চণ্ডী-চণ্ডী দ্রঃ। ~জয়-বি, যুদ্ধে বিজয়-প্রাপ্তি। ~জয়ী, জিৎ-বিণ, সংগ্রাম বিজয়ী ; যুদ্ধজয়কারী। ~ঝাঁপ [রণঝম্প >] বি, সংগ্রামদক্ষতা। ২ মুজা-মুঠা-রাজের উপাধিবিঃ। ৩ যুদ্ধে অকুতোভয়। ~তরঙ্গ [রণের তরঙ্গ, ৬তৎ। রূপকার্থে] বি, সমররূপ সমুদ্রের ঢেউ। "রুধির অঙ্গে রণতরঙ্গে নাচিছে শিবে যোগিনী সঙ্গে।"-গান (কালী মির্জ্জা)। ~তরি [রণের (যুদ্ধের) তরি (পোত), ৬তৎ] বি, যুদ্ধ-যাহাজ। ~তূর্য্য [রণ-তূর্য্য, ৬তৎ] বি, সমরবাদ্য ; রণভেরী, সৈন্যগণের উৎসাহজনক বাদ্যধ্বনিকর বিবিধ যন্ত্র। ~দক্ষ-বিণ, সমরকুশল ; যুদ্ধপটু। > বি. ~তা। ~ধীর [রণে ধীর, ৭তৎ] বিণ, যুদ্ধে অবিচলিত চিত্ত ; মহাবীর। ~নিপুণ-বিণ, সমরকুশল ; রণদক্ষ। > স্ত্রীং ~া। ~নৈপুণ্য-বি, সমরদক্ষতা ; সংগ্রাম-পটুতা ; যুদ্ধকৌশল। ~পণ্ডিত-বিণ, রণনিপুণ ; সমরকুশল। > স্ত্রীং ~পণ্ডিতা। ~পাণ্ডিত্য-বি, সমরে অভিজ্ঞতা। ~পোত-বি, যে পোতারোহণ করিয়া সৈন্য-গণ জলযুদ্ধ করে ; গোলা বারুদ কামান ই০ যুদ্ধোপকরণবাহী জাহাজ। ~প্রণালী [৬তৎ] বি, যুদ্ধ করিবার ধারা বা প্রথা ; সমরকৌশল। ~প্রিয় [রণ প্রিয় যার, বহু০] বিণ, যুদ্ধ করিতে যে ভালবাসে ; রণে যার আনন্দ ; বীর। ~বাদ্য [৬তৎ] বি, যুদ্ধ-কালীন বাদিত হয় যে বাদ্যযন্ত্র ; যুদ্ধের বাজনা। ~বেশ [৬তৎ] বি সমরসজ্জা। ~ভঙ্গ [রণে ভঙ্গ, ৭তৎ] বিণ, সংগ্রামস্থল হতে পলায়িত। ২ সংগ্রামবিরত। ~ভূমি [৬তৎ] বি, সংগ্রামস্থল ; যুদ্ধক্ষেত্র। ~ভেরি, ~ভেরী [৬তৎ] রণে আহ্বান-সূচক বাদ্যকারী শুষির যন্ত্র ; বি, রণশৃঙ্গ ; রাম-শিঙ্গা bugle. ~মত্ত [রণে মত্ত, ৭তৎ] বি, সমরে যে মাতিয়াছে ; সংগ্রামরত। > স্ত্রীং ~া। ~মুখ, ~মুখা, ~মুখো-বিণ, যুদ্ধোন্মুখ ; সমরোদ্যত ; সংগ্রামোৎসুক ; লড়াই ঝগড়া

করিতে প্রস্তুত। ২ [লক্ষ°] উগ্রচণ্ডা মূর্তি; উদ্ধত; মারমুখো। > স্ত্রীং ~মুখী [গ্রা° ~মুকী]। ~যাত্রা [রণ হেতু যাত্রা, ৪তৎ] বি, সংগ্রাম করিবার জন্ত গমন; যুদ্ধযাত্রা; অভিযান। ~রঙ্ক [রণে (যুদ্ধে) রঙ্ক (কাতর), ৭তৎ] বিণ, যুদ্ধকাতর; সংগ্রামে অবসন্ন। ২ রণে অতৃপ্ত; যুদ্ধ করিবার জন্ত ব্যাকুল। ৩ বি, রণকাতর হস্তী। রঙ্কা [রণে রঙ্কা (কাতর্য্য, অতৃপ্তি), ৭তৎ] বি, ব্যাকুলতা; যুদ্ধে অতৃপ্তি। "ব্যাঘ্রের সম্মুখে যেতে ছাগে যেন শঙ্কা। দেখি ধায় বৃকোদর সদা রণরঙ্কা।"-মহা° (কাশী°। রঙ্গ [রণ-রঙ্গ (আনন্দ)] বি, বিণ, রণানন্দ। ২ বি, সংগ্রামস্থল। ৩ রণোন্মত্ততা। > বিণ, ~ী-রণোন্মত্ত। ~রঙ্গিণী [রণরঙ্গিন্+ঈ (স্ত্রীং)] বিণ, রণপ্রিয়া; রণমত্তা। "রণরঙ্গিণী তরল তরঙ্গিণী। শ্যামা হর মনোমোহিনী ও কে ভীমভঙ্গিনী।"-গান। ~শয্যা-বি, রণে পতিত বীরগণের মৃত্যু-শয়ন; সমরক্ষেত্র রূপ শয্যা। ~শয্যা-শায়ী-বিণ, সমরক্ষেত্রে পতিত; সমরশায়ী। > স্ত্রীং ~শয্যাশায়িনী। ~শৃঙ্গ [গ্রা° রামশিঙে] বি, রণভেরী; রামশিঙা। ~সঙ্কুল [রণ (যুদ্ধ) দ্বারা সঙ্কুল (মিশ্রিত, ব্যাপৃত), ৩তৎ] বিণ, সংগ্রামময়; তুমুল যুদ্ধে ব্যাপৃত। ২ ঘোর সংগ্রাম। ৩ হুড়াহুড়ি। ~সজ্জা [৬তৎ] বি, যুদ্ধসাজ; রণবেশ। ~সাজ [৬তৎ] বি, যুদ্ধসজ্জা; সংগ্রামবেশ; বীরবেশ। ~স্তম্ভ [রণ (রণজয় স্মারক) স্তম্ভ, ম° প° লো°] বি, সমরজয়ের স্মারক স্তম্ভ; জয়স্তম্ভ tower of victory. ২ চিতোর গড়। ~স্থল [৬৩] বি, যুদ্ধক্ষেত্র। "মা রাবণ রাজা অন্তিমকালে, রঘুনাথের রণ-স্থলে, দুর্গা বলে ডেকে ছিল বদনে।"-গান।

রণৎ [রণ্ (শব্দ করা)+অৎ (র্তৃ)] বিণ, শব্দায়মান। ~কার-বি, অনুকার শব্দ; রণন; রণরণি; ঝণৎকার।

রণন-বি, অনুকার শব্দ। "ঝনন রণন স্বর্ণতন্ত্র"-রবী°।

রণপা [রণ্ (দ্রুতগমনে) পা (চরণ) দ্রুতগমন সাধন চরণ] বি, দ্রুত গমনোপযোগী দীর্ঘ যষ্টিদ্বয়বিঃ। পূর্ব্বে ডাকাতগণ রণপা সাহায্যে অল্প সময়ের মধ্যে দূরস্থানে গমনা-গমন করিত।

রণয় [রণ > রণত। তঃ=অঃ=য়] অ, রণে; যুদ্ধে। "হেন সব সমরে পুত্র জিনিল র°"-মহা° (সঞ্জয়; ১৪শ শতাব্দী)।

রণরণ [অনু°] অ, অনুকার শব্দ। ২ মশকের পাখার শব্দ; পনপন শব্দ। ৩ [রণরণ শব্দ করিয়া যে উড়িয়া বেড়ায়] বি, মশক। ৪ নষ্ট দ্রব্য হেতু অনুশোচনা। ৫ যুদ্ধাস্ত্রের ঝমাঝম শব্দ।

রণরণি [অনু°] বি যুদ্ধাস্ত্রের ঘাত-প্রতিঘাত শব্দ। ২ করচরণালঙ্কারের শিঞ্জন। "রণরণি কঙ্কণ কিঙ্কিণী।"-বি° প°।

রণরণিকা [রণ্ (শব্দ করা)-রণ (আতি-শয্য অর্থে দ্বিত্ব) + ইক (স্বার্থে)+আ (স্ত্রীং)। পুং রণরণক] বি, অতিশয় উৎকণ্ঠা।

রণাঙ্গনা [রণ+অঙ্গন (উঠান), ৬তৎ] বি, রণস্থল; সমরভূমি; যুদ্ধক্ষেত্র।

রণাভিযান [রণ (জন্ত)+অভিযান, ৪তৎ] বি, যুদ্ধযাত্রা।

রণিত [রণ্ (শব্দ করা)+ত (র্ম)] বিণ, নিনাদিত; শব্দিত। ২ [-+ত (র্ম)] শব্দ।

রণোৎসাহ [রণ+উৎসাহ, ৬তৎ] বি, যুদ্ধোদ্যম।

রণোদ্যম [রণ+উদ্যম, ৬তৎ] বি, সংগ্রামচেষ্টা; যুদ্ধে উৎসাহ।

রণ্ড [সং-রণ্ডকঃ (অফল বৃক্ষ) > বিণ, যে ব্যক্তির সন্তান হয় নাই; বন্ধ্য; যে বৃক্ষের বা লতায় ফল পুষ্প হয় না। ২ আশ্রমহীন। ৩ অর্দ্ধচর্ম্মাবচ্ছিন্ন অবয়ব। ৪ ধর্ম্মবিহীন। ৫ বিপত্নীক। ~ক [সং] বি, ফলহীন বৃক্ষ; রাঁড়াগাছ। ২ ইঁদুরকানী নামক জলজ লতা বা পানা। ~পিণ্ড বি, কন্যা যার পিতা ভ্রাতা এবং পিতামহাদি উপযুক্ত দানকর্ত্তা নাই ও যার পরিবর্ত্ত হতে পারে না। কুলীনরা এই কন্যা গ্রহণ করেন না, গ্রহণ করিলে কুলভঙ্গ হয়। ~বন-বি, এরণ্ড বৃক্ষের বন; ভেরেণ্ডার জঙ্গল। "তুই কি জানিস রণ? দূর বেটা দূর। রণ্ডবন-ভূমে রাজা এরণ্ড ঠাকুর।"-কাশী°।

রণ্ডা [সং-রণ্ডা (বিধবা-মে°)] বি, বিধবা; রাঁড়। ২ বেশ্যা। ৩ রণ্ড (৩ত্র;)। "ছিল আভাগীর পেটে রণ্ডা এক পো। পাসরিতে নারি মাতা তার মায়া মো।"-কবিক°। ~বাজ [হিং] বিণ, বেশ্যাসক্ত।

রণ্ডাশ্রমী [রণ্ড (বিকল) + আশ্রম= রণ্ডাশ্রম+ইন্ (স্ত্য°)=রণ্ডাশ্রমিন্ ১মা, ১ব°] বি, ৪৮ বৎসর বয়সের পর যে পুরুষের স্ত্রী বিয়োগ হয়।

রণ্ডী, রেণ্ডী [রণ্ড দ্রঃ] বি, বিধবা। আধু° বাং-র এই অর্থে বিরল, "রাঁড়ী" প্রচরদ্রূপ। ২ [হিং] বেশ্যা। ~বাজ-বিণ, বেশ্যাসক্ত।

রত [রম্ (ক্রীড়া করা)+ত (র্তৃ)] বিণ, আসক্ত। ২ নিযুক্ত; লিপ্ত। ৩ [-+ত (ভা°)] রতি। ~কূজিত [রতে (রমণ কালে) কূজিত (অব্যক্ত শব্দ)] রতিক্রিয়া-কালীন সুখসূচক অব্যক্ত ধ্বনি; শীৎকারাদি।

রতন [গীত ও পদ্যে 'রত্ন' শব্দের কোমল রূপ] বি, রত্ন; মণিমাণিক্যাদি বহুমূল্য দ্রব্য। "র° ভূষণে চতুর্ভুজ সাজে"-গান। ২ শ্রেষ্ঠবস্তু; মহাদর ও যত্নের ধন। "র° আসনে র° ভূষণে যুগল র° রাজে"-রাজ° রায়। "লাজভয় তেয়াগিব, এ সাধ মোর পুরাইব। সাগর ছেঁচে র° নিব, কণ্ঠে রাখব নিশি দিবে।"-বঙ্কিম°। "চরণ তলে দিমু হে শ্যাম পরাণ র°"-ঐ। ~চুড়,-চূর-বি, করালঙ্কারবিঃ; করতলের পৃষ্ঠশোভী স্বর্ণ-ভূষণবিঃ। ~মণি-বি, শ্রেষ্ঠরত্ন; দুর্লভ ধন। "পুষ্প নানা জাতি নেরে রতনমণি।"-গান। "তুমি আমার হৃদয়-রতনমণি আনন্দনিলয় হে"-ব্রহ্ম°।

রতায়িনী [রত (রমণের জন্য)+অয়নী (যে গমন করে)] বি, গণিকা; বেশ্যা।

রতার্থিনী [রত+অর্থিনী] বিণ, রমণা-

রতি, [রম্ (ক্রীড়া করা)+তি (র্তৃ)] বি, কামপত্নী; স্মরপ্রিয়া। "পতি শোকে রতি কাঁদে বিনাইয়া নানা ছাঁদে ভাসে চক্ষু জলের তরঙ্গে।"-অ° ম°। ২ [-+তি (ভা°)] আসক্তি; অনুরাগ। ৩ প্রীতি;

সন্তোষ। "বড় ডাকে কথাটি কহিতে যে না পারে। পর পুরুষেতে রতি ঘটে কেন তারে॥" -চণ্ডী০। "তৎপদে বিহীন ভক্তি রতি কাতর অতি দাশরথি"-গান। ৫ ক্রীড়া। "ব্যর্থ দিন তো রতিগত দাশরথি"-গান। ৬ রমণ। "অষ্টমীরে পর্ব্ব কয় ইথে রতি যুক্ত নয়"-অ০ম০। [প্রা০বাং-"তী"। "রতী সুখে রজনী পোহাও"-শ্রী০ কী০। রতীএঁ-রতি-হেতু (শ্রী০ কী০) রতীসিধী-রতিসাধন (শ্রী০ কী০)]। ~অনুবন্ধে-অ, রতি চেষ্টায় (শ্রী০ কী০)। ~কান্ত-বি, মদন; কামদেব। ~কুহর, ~গৃহ, ~মন্দির -বি, স্ত্রীচিহ্ন। ২ কামকেলি গৃহ। ~গুরু -বি, পতি। ২ মদন। ~পতি-বি, কন্দর্প; কামদেব। ২ কামরিপু; মদন দশা। "কিছু কিছু রতিপতি অঙ্কুর ভেল।"-বি০ প০। ~বন্ধ-বি, কামশাস্ত্রোক্ত ষোড়শ প্রকার রমণ বন্ধ। ~মদ-বি, কামরূপ সুরা। "রতিমদ পাগর, নাগরী নাগর"-অ ম। ~মদা [রতি (রমণে) মদা (মত্তা)] বি, অপ্সরা; স্বর্গ বিদ্যাধরী। ~রঙ্ক [রতি (কাম) রঙ্ক (মত্ত, আতুর)] বিণ, কামমত্ত; কামাতুর; কামুক। "করি লজ্জাভঙ্ক, তুমি সাধু রতিরঙ্ক, ছল কর বনিতার তরে।"-কবিক। ~শক্তি-বি, রমণশক্তি; পুরুষত্ব virile power; manly power.

রতি২ [সং-রক্তিকা (গুঞ্জা) > হিং রত্তি >] বি, পরিমাণবিঃ; এককুঁচ পরিমাণ ভার। প্র-৫ রতিতে ১ মাষা। ২ বিন্দুমাত্র; অতি অল্পমাত্রা। একরতি, একরত্তি-অ, একটুক; একটুও। "দয়া নাহিক এক রতি।"-গান।

রতোদ্বহ [রত (রমণের) + উদ্বহ (যে উত্তেজনা দেয়)] বি, কোকিল।

রত্তি, রত্তিকা-রতি২ দ্রঃ।

রত্ন [সং। প্রাকৃ০ রঅণ > ক্ষে০ অণ ও০। 'মণ অণ'=মনোরত্ন (দো০ ১২৮।১৬)। "জিণ রঅণ"=জিনরত্ন (চ ০৪০।৫)] বি, বহুমূল্যবান প্রস্তর। রত্ন ও উপরত্ন লইয়া বহুপ্রকার। তন্মধ্যে প্রসিদ্ধ ও মহারত্ন নয়টি। (১) হীরক (অতি স্বচ্ছ তারার ন্যায় প্রভান্বিত)। ইহার অন্য নাম বজ্র বা বজ্রমণি diamond. (২) মাণিক্য বা মাণিক (ইন্দ্রগোপ কীটের ন্যায় রক্তকান্তি)। ইহার অন্য নাম পদ্মরাগমণি; লালমণি ruby. (৩) মরকত বা পান্না বা গারুত্মত। ইহা ময়ূর পুচ্ছবৎ ও হরিদ্বর্ণ। ইহাকে হরিন্মণিও বলে emereld. (৪) ইন্দ্র- নীল (নীলা বা নীলম্। ইহা ঘন মেঘের ন্যায় নীল-বর্ণ); নীলমণি a sapphire; lapis lazuli. (৫) পুষ্পরাগ বা পোখরাজ। ইহা সুবর্ণের ন্যায় পীতবর্ণ। এই জন্য ইহার সংস্কৃত নামান্তর পীতস্ফটিক, পীতাশ্ম, পীতমণি a topaz. (৬) গোমেদ (এক প্রকার রক্তাভ কমলাবর্ণ মণি jacinth. (৭) বৈদূর্য্যমণি। ইহা বিড়াল চক্ষের মত উজ্জ্বল নীলাভ পীত (এ জন্য ইহাকে নীলকান্তমণি এবং গোমেদমণির পর্য্যায়ে গণ্য করা হয়) lapis lazuli. (৮) মুক্তা (রক্ত, পীত, শ্বেত ও শ্যামবর্ণ ভেদে বিবিধ) pearl. (৯) প্রবাল (পলা) বা বিদ্রুম ইহা শ্বেত পীত ও রক্তবর্ণ ভেদে বিবিধ coral. পেরোজ বা হরিতাশ্ম (সবুজ ও ভস্মবর্ণ) রাজাবর্ত্ত বা রেউটী পাথর (ময়ূর কণ্ঠের ন্যায় বিবিধবর্ণ) প্রভৃতি উপরত্ন। হীরক, মাণিক, নীলমণি, মরকত ও মুক্তা প্রধান রত্ন এবং তন্মধ্যে হীরকই সর্ব্বপ্রধান বলিয়া পরিগণিত। কিন্তু মহাদ্যুতি সর্পমণি রত্নশ্রেষ্ঠ দুর্লভ বলিয়া বিবেচিত হয়। ২ বহুমূল্যবান্ সামগ্রী; দুর্লভ বস্তু। ৩ [অন্য শব্দের পর বসিলে] শ্রেষ্ঠ; চূড়ামণি। প্র-কবিরত্ন। রমণীরত্ন। ~কদলী-বি, রাম রম্ভা। ~কূট-বি, রত্নশৃঙ্গ শৈলবিঃ; রত্নগিরি। ~কোষ-বি রত্নময় আধার। ২ মণি-মাণিক্যাদির ভাণ্ডার। ~খচিত [রত্ন দ্বারা খচিত (জড়িত)] বিণ, রত্নমণ্ডিত। ~গজ-বি, যে গজের মাথায় মুক্তা হয়। "রত্ন গজ দিগ্‌গজ সংখ্যায়।"-অ০ ম০। ~গর্ভ-বি, রত্নাকর; সমুদ্র। > স্ত্রীং ~া-পৃথিবী। ২ সুসন্তানবতী নারী। ~গিরি-রত্নাচল দ্রঃ। ~জীবী [রত্ন দ্বারা জীবী (যে জীবীকা-নির্ব্বাহ করে)] বি, রত্নবণিক্; মণিকার; জহুরি। ~ত্রিতয় [রত্নের ত্রিতয় (তিনটী), ৬তৎ] বি, সদ্দৃষ্টি, জ্ঞান এবং চরিত্র এই তিনটীর নাম রত্নত্রিতয়। ২ ধর্ম্ম, সঙ্ঘ ও বুদ্ধ এই তিন ত্রিরত্ন। ~দ্বীপ [রত্ন (প্রবাল) দ্বীপ] বি, প্রবাল দ্বীপ coral island. ~ধেনু [স্মৃতিঃ পরিঃ] বি, রত্নময়ধেনুরূপ মহাদানবিঃ। ~প্রভা-বি, রত্নজাত আলোক; রত্নের ঔজ্জ্বল্য। ২ বিণ, রত্ন সদৃশ প্রভান্বিতা। ~প্রসূ-বি, রত্ন-প্রসবিত্রী; রত্নদা। ২ বিণ, সুসন্তানবতী। ৩ বি, বসুন্ধরা। ~প্রসূত-বিণ, রত্নোৎ-পন্ন। ২ যদ্দ্বারা রত্ন উৎপন্ন হয়। ~প্রসূতী-বিণ, রত্ন-প্রসবকারিণী। ২ বি, মুক্তা প্রসবিনী শুক্তি। ~বণিক্-বি, রত্ন ব্যবসায়ী; জহুরি। ~বতী [রত্নবৎ + ঈ (স্ত্রীং)] বিণ, রত্নশালিনী। ২ বি, ধরিত্রী; ধরা। ~বর্ষুক [রত্নের বর্ষুক (বর্ষণশীল), ৬তৎ] বিণ, রত্নবর্ষণশীল; রত্নবর্ষী। ২ বি, পুষ্পক রথ। ~বান [রত্নবৎ শব্দ ১মা, ১ব০] বিণ, রত্নশালী; রত্নবিশিষ্ট। স্ত্রীং রত্নবতী। ~বৃক্ষ-বি, শাখা প্রশাখাযুক্ত বৃক্ষবৎ প্রবাল-স্তূপ coral. ~মণ্ডিত [রত্ন দ্বারা মণ্ডিত, ৩তৎ] বিণ, রত্নখচিত; বহুমূল্য প্রস্তরে জড়িত। ২ রত্নভূষিত। ~ময় [রত্ন + ময় (নির্ম্মিতার্থে ময়)] বিণ, রত্নগঠিত, মণিময়। > স্ত্রীং ~ী। ~মুখ্য-বিণ, রত্নের মধ্যে প্রধান বা শ্রেষ্ঠ। ২ বি, শ্রেষ্ঠ রত্ন। ৩ হীরক। ~রাট্ [রত্ন-রাজ্ (দীপ্তি পাওয়া) + কিপ্ (র্ত্তৃ)] বি, রত্নের রাজা; মাণিক্য। ২ বিণ, রত্নশ্রেষ্ঠ। ~সানু [রত্ন (রত্ননির্ম্মিত) হইয়াছে সানু (পর্ব্বতের উপরিস্থিত সমান ভূমি) যার, বহু০] বি, মেরুগিরি; সুমেরু পর্ব্বত। ~সিংহাসন -বি, রত্ননির্ম্মিত সিংহাসন। ~সূ [রত্ন-সূ (প্রসব করা) + কিপ্ (র্ত্তৃ), যে রত্ন প্রসব করে] বি, রত্নপ্রসূ (দ্রঃ)। ২ বসুন্ধরা। ৩ বিণ, রত্নগর্ভা। নারীরত্ন, রমণীরত্ন-বি, রূপ ও গুণে শ্রেষ্ঠা নারী; দুর্লভ গুণ সমূহে নারীর শিরোমণি; রমণীমণি।

রত্নাকর [রত্ন + আকর (উৎপত্তিস্থান), ৬তৎ] বি, সমুদ্র; জলনিধি। "যাদোগণেশ্বর হৈলা র০ তোমারে উদরে ধরি"-অ০ ম০। ২ রত্নেরআকর: রত্নখনি। ৩ বাল্মীকি মুনির পূর্ব্বনাম।

রত্নাঙ্ক [রত্ন + অঙ্ক (চিহ্ন) যেখানে, বহু০] বি, বিষ্ণুর রথ। ২ রত্ন + অঙ্ক(চিহ্ন)] রত্নচিহ্ন।

রত্নাচল [রত্ন (রত্ননির্ম্মিত)+অচল, মং পং লোং] বি, রত্নগিরি ; সুমেরু পর্ব্বত। ২ দানের জন্য পর্ব্বতরূপে কল্পিত-রত্নস্তূপ।

রত্নাবলী [রত্ন+আবলী, ৬তৎ] বি, রত্নশ্রেণী। ২ [রত্নের আবলী (শ্রেণী) যাতে, বহুং] রত্নহার। ৩ কবি শ্রীহর্ষ রচিত প্রসিদ্ধ সংস্কৃত নাটক। ৪ বৎসরাজমহিষী।

রত্নাভরণ [রত্ন+আভরণ, ৬তৎ] বি, রত্ননির্ম্মিত বা খচিত অলঙ্কার ; মণিময় ভূষণ ; জড়োয়া গহনা।

রত্নালঙ্কার [রত্ন+অলঙ্কার, ৬তৎ] বি, রত্ননির্ম্মিত বা জড়িত ভূষণ ; মণিময় আভরণ ; জড়োয়া গহনা।

রত্নি [ঋ(গমন করা)+অত্নি(র্ত্তৃ)। অরত্নিও হয়] বি, কনুই অবধি বদ্ধমুষ্টি হস্তাগ্র পর্য্যন্ত পরিমাণ ; মুটম্ হাত।

রত্যঙ্গ [রতি+অঙ্গ (অবয়ব), ৬তৎ] বি, স্ত্রীচিহ্ন।

রথ [রম্(ক্রীড়া করা)+থ (ণে)] বি, চক্রযান। ২ হস্ত্যশ্বাদি বাহিত চক্রযুক্ত যুদ্ধযান ; স্যন্দন ; শকটাদি। "আরে ঐ আইল কেরে ধনবরণী * খণ্ড খণ্ড করে রথ গজ হয়। জয় জয় ডাকিছে সঙ্গিনী॥"-রাং প্রং। ৩ বাহন। ৪ জগন্নাথদেবের মন্দির হতে গুণ্ডিচাবাড়ী যাত্রা ও পুনর্যাত্রা করিবার রথ। ৫ জগন্নাথদেবের রথের অনুকরণে দারু-মৃত্তিকাদি-নির্ম্মিত ক্রীড়ারথ। ৬ শরীর। ৭ পদ ; চরণ। ৮ [বৈদ্যকে] বেতস লতা। (২) তিনিশ বৃক্ষ। ~ক (-থঁ-) [রথ +ক(জ্ঞাং)] বি, দেব মন্দিরের অংশবিশেষের নাম। ~কট্যা, ~কড্যা (-থঁ-) [রথ+কটা, কড্য (সমূহার্থে)+আ (স্ত্রীং)] বি, রথশ্রেণী। ~কর, ~কার [রথ (যান)-কর, কার (যে প্রস্তুত করে)] বি, রথনির্ম্মাতা। ২ রথনির্ম্মাণকারী হিন্দুজাতিবিঃ। ~কুটুম্বী [রথ-কুটুম্ব+ইন্ (স্ত্যং)=রথকুটুম্বিন্ ১মাং ১বং] বি, সারথি। ~গর্ভক [সং] বি, শিবিকাদি নরবাহ্যযান। ~গুপ্তি [রথের গুপ্তি (গোপন স্থান), ৬তৎ] বি, আরোহীর আত্মরক্ষার্থ রথস্থ গুপ্তস্থান ; বরূথ। ~চক্র, ~চরণ, ~পাদ-বি, রথের চাকা ; গাড়ীর পায়া বা চাকা। ~চালক [৬তৎ] বিণ, সারথি। ~টানা-বি, জগন্নাথদেবের রথের রজ্জু ধরিয়া আকর্ষণ। হিন্দুর ইহা পুণ্যকর্ম্ম। রং টানা-ক্রি, রজ্জু ধরিয়া জগন্নাথদেবের রথ টানিয়া লইয়া যাওয়া। ২ অশ্বাদি কর্ত্তৃক রথাকর্ষণ করা। রং দেখা-জগন্নাথদেবের রথযাত্রা সংক্রান্ত উৎসব দর্শন করা। রথ দেখা ও কলা বেচা-আনন্দ ও অর্থলাভ দুই ; উভয় উদ্দেশ্য সিদ্ধ হওয়া। ~দ্রু [রথের-দ্রু (বৃক্ষ)] বি, যে বৃক্ষের কাষ্ঠ দ্বারা রথচক্রাদি নির্ম্মিত হয় ; তিনিশ বৃক্ষ। ~বাহ [৬তৎ] বিণ, সারথি। ~বেগ [৬তৎ] বি, রথগতির দ্রুততা। ~যাত্রা [রথে-যাত্রা (গমন), ৭তৎ] বি, আষাঢ় শুক্ল দ্বিতীয়াতে অনুষ্ঠেয় জগন্নাথদেবের রথত্রজে গমনরূপ উৎসববিঃ। ~যুক্-বি, সারথি। ~শাল, ~শালা -রথ রাখিবার স্থান। ~সাল [প্রাং বাং] বি, রথশালা ; রথ রাখিবার গৃহ। "লক্ষ দিআ গোসাঞি জে রথসাল জান্। নানা রত্ন দিআ তথন রথ জে সাজান॥"-শূং পুং। ~স্বামী [রথের স্বামী, ৬তৎ] বি, রথাধিকারী। ২ আরোহী ; রথী। ৩ সারথি।

রথন্তর [সং] বি সামবেদ ও তার শাখাবিঃ।

রথাঙ্গ [রথ+অঙ্গ, ৬তৎ] বি, চক্র ; চাকা। ২ চক্রবাক পক্ষী। ~নামা [রথ +অঙ্গ=রথাঙ্গ (চক্র) হইয়াছে নামন্ (নাম) যার, বহুং=রথাঙ্গ নামন্ ১মা, ১বং] বি, চক্রবাক পক্ষী। ~পাণি [রথাঙ্গ (চক্র) হইয়াছে পাণিতে (হস্তে) যার, বহুং] বি, চক্রপাণি ; বিষ্ণু। "প্রথমে লম্বোদর পূজিল দিবাকর রং উমাপতি।"-কবিকং।

রথাঙ্গী [রথাঙ্গ (চক্র)+ইন্ (স্ত্যং)= রথাঙ্গিন্ ১মা, ১বং] বি, চক্রধর ; কৃষ্ণ।

রথারূঢ় [রথ+আরূঢ়, ৭তৎ] বিণ, রথে যে আরোহণ করিয়াছে ; রথী। স্ত্রীং ~া।

রথারো/হণ [রথ (রথে)+আরোহণ, ৭তৎ] বি, রথে উঠিয়া বসা ; রথে চড়া। ~হী [রথ (রথে)+আরোহী] বি, রথস্বামী ; রথী।

রথার্ভক [রথ+অর্ভক (শিশু)] বি, রথ-শিশু ; ক্ষুদ্র রথ। তুল-Baby Austin. খোকা ইলিশ।

রথিক, রথিন [রথ+ইক, ইন (আরোহণার্থে)] বি, রথী।

রথী [রথিন্ শব্দ ১মা, ১বং] বি, রথারোহী ; রথস্বামী ; রথারোহী যোদ্ধা। "গজ রথ রথী করত গ্রাস"-রাং প্রং।

'রথুয়া, 'রথো [আং রথী > বাং-র রথুআ > রথুআ > কেং রথো বা রোথো] বিণ, অপকৃষ্ট বা নিকৃষ্ট ; অপদার্থ ; খুব খেলো, চোতা ; তুচ্ছ ; অকেজো বা নষ্ট বলিয়া ফেলিয়া দিবার মত। প্র-রথো মাল। লোকটা অতি রথো।

রথোদ্ধতা [সং] বি, একাদশাক্ষরা বৃত্তিবিঃ।

রথ্য [রথ+য (সম্বন্ধে)] বিণ, রথ সংক্রান্ত। ২ রথাশ্ব ; রথবাহী অশ্ব। ৩ রথচক্র।

রথ্যা [রথ্য (দ্রঃ)+আ (স্ত্রীং)] বি, রথসমূহ। ২ রাস্তা ; বর্ত্ম। "আমাদিগের দেশে পূর্ব্বে শত শত রথ্যা হিরণ্ময় ছিল।" -উং গুপ্ত। ৩ চত্বর। ~বাহী [রথ্যা (পথ) বাহী (যে গমন করে)] বিণ, পথবাহী ; পথিক।

রদ১ [রদ্ (ভেদ, খনন, উৎখাত করা)+ অ (ণে)] বি, দশন ; দন্ত। "দ্বিরদ-রদ নির্ম্মিত"-মেঘং। ~চ্ছদ-বি যদ্দারা দন্ত আচ্ছাদিত হয় ; ওষ্ঠ।

রদ২ [আং রদ্ (রহিত করা)] বি, মৌকুফ ; খারিজ। ২ বিণ, রহিত। ৩ অমান্য ; অগ্রাহ্য। "গৌড়েশ্বর রাজার হুকুম হইল রদ। রায় কর্ণসেনে বড় ঘটিল আপদ॥" -ধং মং।

রদন [রদ্ (ভেদ, খনন, উৎখাত করা)+ অন (ণে)] বি, দশন ; দন্ত ; দাঁত। "বদনে রদন নড়ে অদনে বঞ্চিত"-অং মং। "প্রফুল্ল বদনে রদন ঝলকে মৃদু হাস্য প্রকাশ্য দামিনী ঝলকে"-রাং প্রং। ২ [-+অন (ভাং)] খনন। ৩ ছেদন। ~চ্ছদ-বি, রদচ্ছদ (দ্রঃ) ; ওষ্ঠ।

রদনী [রদন (দন্ত)+ইন্ (স্ত্যং)= রদনিন্ ১মা, ১বং] বি, দন্তী ; দ্বিরদ ; হস্তী।

রদবদল [আ০ রদ্-ও-বদল্ (তর্ক বিতর্ক)] বি, অদল বদল ; পরিবর্ত্ত ; উল্টা-পাল্টা ; বিপর্য্যাস।

রদি, রদী, রদ্দী, রোদি [আ০ রদ্দী] বিণ, অপকৃষ্ট ; অব্যবহার্য্য ; অচল। ~মাল-বি, অপকৃষ্ট জিনিস ; বাজে জিনিস।

রদ্দজওয়াব [আ০রদ্দ্-ই-জবাব্] বি, জবাবের জবাব rejoinder.

রদ্দা [হি০ রদ্দা, আ০ রদ্দ্ (বহিষ্করণ, ত্যাগ), ফা০ রন্দা >] বি, রগড়া ; ঘর্ষণ। ২ গলাধাক্কা। রদ্দা দেওয়া, -মারা [হি০] ক্রি, ঘাড়ে নিম্নবাহুর জোরে ঘর্ষণ বা আঘাত করা ; ঘাড়ধাক্কা মারা ; গলাধাক্কা দেওয়া। "ঘাড়ে রদ্দা মারা বা মাথায় চোট দেওয়া কুস্তির কোনো অঙ্গ বলিয়া মনে হয় না।" -আ০ পত্রিকা, ১১-৫-৩৬।

রদ্ধ [রধ্ (আঘাতে)+ত] বিণ, আঘাত-প্রাপ্ত ; আহত।

রনিয়া [রণন দ্র] অস-ক্রি, রণৎকার করিয়া ঝঙ্কার করিয়া। ~রণিয়া-অনুকার শব্দে ঝঙ্কৃত করিয়া। "গভীর সঙ্গীত তানে প্রীতিস্নেহ উঠিছে ধ্বনিয়া স্বর্ণবীণা তন্ত্রী হ'তে রণিয়া রণিয়া অনন্ত বেদনা বহি।"-রবী০।

রন্তিদেব-বি, বিষ্ণু। ২ চন্দ্রবংশীয় রাজা সাঙ্কৃতির পুত্র।

রন্ধন [রধ্ (পাক করা)+অন (ভা০)] বি, রান্না ; পাককরণ। ~গৃহ, ~শালা, রন্ধনাগার, রন্ধনালয়-বি, পাকশালা ; রান্নাঘর। ~কর্ত্তা-বি, পাচক। ~বিদ্যা-বি, পাক বিজ্ঞান ; রন্ধন কৌশল। রন্ধনের চাউল চর্ব্বণে যাওয়া-রন্ধনের জন্য সংগৃহীত চাউল চিবাইয়া খাইতে ফুরাইয়া যাওয়া। ২ [লক্ষ০] এক খরচের টাকা অন্য বাবদে খরচ হওয়া। ৩ সাধারণের কার্য্যে ব্যয় করিবার অর্থ আত্মসাৎ করা। লোকাল বোর্ড জেলা বোর্ড দয়া করিয়া কখন কখন পথ ঘাট সংস্কারের জন্য কিছু কিছু টাকা মঞ্জুর করেন, কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই "রন্ধনের চাউল চর্ব্বণে যায়।"-বাঙ্গালী (২৬ বৈশাখ ১৩২৩)।

রন্ধনী [সং] বি, রন্ধনের মসলাবিঃ ; রাঁধুনি (পাঁচফোড়নের একটি ফোড়ন)। ২ বিণ, রন্ধনকারী ; রাঁধুনী ; পাচিকা। "কেহ নাহি ঘরে থাকে হইয়া রন্ধনী"-কবিক০। "মার্কণ্ড বলেন শুনহ কারণ কথা পাব এমন রন্ধনী।"-শূ০ পু০।

রন্ধিত [রধ্ (রন্ধন করা)+ত (র্ম)] বিণ, যা পাক করা হইয়াছে ; কৃতরন্ধন।

রন্ধ্র [সং] বি, বিবর ; ছিদ্র : গর্ত্ত। "রন্ধ্রে রন্ধ্রে উঠে ছন্দের ঝঙ্কার। স্তরে স্তরে ফুটে নিষাদ গান্ধার॥"-গান (বিহারী সরকার)। ২ ত্রুটি ; দোষ : ছল। ৩ কুক্ষি। ৪ (জ্যোতিষে) লগ্ন হতে অষ্টম স্থান। ~গত-বিণ, ছিদ্রে প্রবিষ্ট। ২ লগ্নস্থান হতে অষ্টম স্থানে আগত। ~গত শনি-বি, শনিগ্রহ লগ্ন হতে অষ্টম স্থানে থাকিলে মৃত্যু ঘটায় বলিয়া মৃত্যু নিকট এই অর্থ।

রপট [সং-রফ্ (গতি) > হি০ রপটু= দৌড়ন বা হাঁটাহাঁটির শ্রম ; খাটুনি ; দাপুনি] বি, শ্রম ; চেষ্টা। ২ হাঁটাহাঁটি ; চলাচল। ৩ অতি দ্রুতগতি ; বেগ ; দৌড় ; লাফ। "একই রপটে ভূপতির জটে খেয়ে ধরে কালু বীর।" -ঘ০। ৪ বহু লোকের দাপাদাপি ; দাপট। "আচ্ছাদে রবিপথ দিশায় না চলে পথ রপটে রিপু ভাবে ভয়।"-ঘ০। ৫ মাড়ামাড়ি। "রণভূমি-রুধির-রপটে মহী কাদা"-ঘ০। ক্রি, রপটানি [রপটাই, রপটাও ই০] হাঁটাহাঁটি করা ; মাড়ামাড়ি করা। ২ অভ্যাস করা।

রপটানি, রপ্তানি [হি০] বি, বাণিজ্যস্থান হতে স্থানান্তরে মাল চালান বা রপ্তানি। ২ খাটুনি। ৩ চলাফেরা ; একই পথে পুনঃপুনঃ আনাগোনা ; একই পথে হাঁটাহাঁটি।

রপটারিপটি [রপট+আ+রপট+ই, অভ্যাসে বিত্ব] বি, মাড়ামাড়ি। ২ একই পথে হাঁটাহাঁটি।

রপ্ত [আ০ রব্‌ৎ (অভ্যাস)] বিণ, অভ্যস্ত ; আয়ত্ত ; কণ্ঠস্থ। ~-রপ্ত, রপ্তা-রিপ্তা-রপ্তে রপ্তে দ্রঃ।

রপ্তানি [ফা০ রফৎ (গমনকারী) < রফ্‌তন্ (গমন করা)] বি, পণ্য বাহিরে যাওয়া ; বিক্রয়ার্থে মাল স্থানান্তরে প্রেরণ। "কিছুদিন মা দয়া করি রপ্তানিটি বন্ধ রাখ।" -ঈ০ গুপ্ত। ২ বাণিজ্য ব্যপদেশে বাহিরে প্রেরিত মালের পরিমাণ ও হিসাব।

রপ্তেরপ্তে, রপ্ত-রপ্ত, রপ্তা-রপ্তা [ফা০ রফ্‌তা-রফ্‌তা] ক্রি-বিণ, ক্রমশঃ ; ধীরে ধীরে ; ক্রমে ক্রমে by degrees. ২ দফায় দফায়।

রফলা [বানানে। চট্টল০ প্রাদে০ 'অর্'] বি, বর্ণের নিম্নে 'র' যোগ চিহ্ন ; ্র।

রফা [আ০ রফ্‌আ (নিষ্পত্তি)] বি, নিষ্পত্তি : বিবাদের শান্তি ; মিটমাট। ২ শেষ অবস্থা। "কোন ছল পেয়ে প্রাণ কর্ব্বে যে মান বাঁকা বাঁকির দফা রফা করেছি।" -গান। ~দফা-বিণ, মীমাংসিত ; স্থিরীকৃত settled. ~নামা-বি, নিষ্পত্তিপত্র deed of compromise. দফারফা-বিণ, প্রাণান্ত ; গতরচূর্ণ। ২ অকর্ম্মণ্য ; কাজের বাহির।

রব১ [রু (শব্দ করা)+অ (র্ম)] বি, শব্দ ; ধ্বনি। ২ গোলমাল। ৩ সাড়া। ৪ ডাক কণ্ঠধ্বনি। ৫ জনরব ; কথা। প্র-একটা রব উঠেছে। [সম-নিনাদ, নিনদ, ধ্বনি, ধ্বান, রব, স্বন, স্বান, নির্ঘোষ, নাদ, নিস্বান, নিস্বন, আরব, আরাব, সংরাব, বিরাব -অমর০]। ~রবা [আ০ দব্‌দবা ও রোয়াব শব্দের ভাব ও উচ্চারণ-মিশ্রণে] বি, প্রতাপ ; শাসন ; দবদবা। [ব্রজ০] রবয়ে-ক্রি, রব করে ; ধ্বনি করে। "কিঙ্কিণী রবয়ে।" -বি০ প০।

রব২ [রহা দ্রঃ। উ০পু০রূপ ; ম০ পু০রবে, রবি ; ১ম পু০ রবে। রহিব > কে০] থাকিব। রবি-'রহিবি' > কে০। রবে-'রহিবে' > কে০। "তুমি রবে নিরুত্তর"-রাজা রা০ মো০ রায়।

রবণ [রব১ দ্রঃ] বি, রবকরণ ; শব্দ করা।

রবর-রবার দ্রঃ।

রবাব [আ০, ফা০ রবাব্] বি, সেতারাদি জাতীয় বাদ্যযন্ত্রবিঃ। ইহা ভারতবর্ষের অতি প্রাচীন বাদ্য। পূর্ব্বে নাম ছিল রুদ্রবীণা। পরে মুসলমানের অধিকার কালে রবাব নামে অভিহিত। "নীরব রবাব বীণা মুরজ মন্দিরা"-মেঘ০। "বাজে রবাব মৃদঙ্গ দোতারা" -অ০ ম০। "সহস্র বৎসর অতীত হইল বসুদা

গ্রাম নিবাসী আবদুল্লা এই যন্ত্রের প্রথম সৃষ্টি করিয়া 'রুবের' এই নামকরণ করেন। উইলার্ড সাহেব বলেন স্পেনিস গীটারের অবয়বের সহিত রবাবের অনেকাংশে সমতা আছে।"-বঙ্গকোষ ["Originally it had only two strings, then three, till exalted into the more perfect violin with four strings. It is thought to have been a moorish instrument" -*Webester*. স্পে॰ rabel ; পর্ত্তু॰ rabeca, rabil, arrabil ; ইতা॰ ribeba ; ইং, ফ্রে॰ rebec]

রবার [ইং rubber এর লিপ্যন্তর। হি॰ রবড়। গ্রা॰ নিম্নকথ্য রপাট] বি, দক্ষিণ এমেরিকা ও এসিয়ার স্থিতিস্থাপক রসপ্রদ বৃক্ষবিঃ এবং সেই বৃক্ষজাত নির্য্যাস।

রবাহূত [রব (গোলমাল) + আহূত (আগত), রব দ্বারা নিমন্ত্রিত] বিণ, রব বা গোলমাল শুনিয়া আগত ; বিনা আহ্বানে বা নিমন্ত্রণে আগত ; অনিমন্ত্রিত। "আজি এলে গালি দিতে অকার্য্যটা বুঝাইতে রবাহূত ওর যত মুরুব্বি প্রধান।"-চন্দন।

রবি$_1$, র'বি [রহিবি > কে॰] রহা দ্রঃ।

রবি$_2$-রবী দ্রঃ।

রবি$_3$ [রু (শব্দ করা) + ই (র্ক্তৃ-জ্ঞা॰), যে অবিরাম শব্দ করে] বি, সূর্য্য (নিয়ত বিঘূর্ণিত ও শব্দায়মান বলিয়া)। "চাঁদের কি এমনি বরণ ঢেকেছে রবির কিরণ হ্যাগো চন্দ্রোদয়ে মলিন কি হয় দিনমণি।"-গান। "গগনের থালে রবি চন্দ্র দীপক জ্বলে"-নন্দ॰। ২ অর্কবৃক্ষ ; রক্ত-আকন্দ গাছ। ~কর-বি, সূর্য্যের কিরণ বা রশ্মি। ~কান্ত-বি, সূর্য্যকান্ত মণি। ~কিরণ-বি, সূর্য্যের কর। ~কাষ্ঠা প্রদেশ [জ্যোঃ পরি॰। সূর্য্য-সিদ্ধান্তে] বি, অয়নান্তবৃত্ত tropics. ~খন্দ -বি, রবিশস্য ; হৈমন্তিক শস্য। ~চক্র- [জ্যোতিঃ পরি॰] বি, সৌরগ্রহফল গণনার্থ নরাকৃতি রেখাচিত্র। ~জ-সূর্য্যপুত্র। ২ শনি। ৩ যম। ৪ বৈবস্বত মনু ; সাবর্ণি মনু। ৫ সুগ্রীব। > স্ত্রীং ~জা-সূর্য্যকন্যা; যমুনা। ~তনয়, -নন্দন, -সুত [রবির তনয়, নন্দন, সুত (পুত্র), ৬তৎ] বি, সূর্য্যপুত্র; শনি। ২ সুগ্রীব। ৩ যম। "যারয় রবিতনয়-শঙ্কা মদন মথন অঙ্গনা।"-রা॰ প্র॰। "যেতে হবে রবিসুতালয়ে আর উপায় কি বলনা।" -গান। ৪ সাবর্ণি ও বৈবস্বত মনু। ৫ কর্ণ। > স্ত্রীং ~তনয়া, ~নন্দিনী, ~সুতা- যমুনা। ~নাথ [রবি (সূর্য্য) হইয়াছে নাথ (প্রভু) যার, বহু॰] বি, পদ্ম। ২ বাঁধুলি ফুল। ~নীচ [জ্যো॰ পরিঃ (হি॰ কো॰)] বি, ইং perihelion এর বৈজ্ঞা॰ পরিঃ। ~প্রিয়- বি, রক্ত কমল ; লাল পদ্ম। ২ করবীর পুষ্প। ~-ফলা-বি, র এই বর্ণ অন্য বর্ণের পদে যুক্ত হওয়ার রূপ : ্র। প্র-প্রম, ভ্রম, ত্রাস। ~বর্ষ [জ্যো॰। রবি + বর্ষ] বি, এক নক্ষত্র হতে সমুদায় রাশিচক্র (zodiac) ভ্রমণ করিয়া সূর্য্যের পুনরায় সেই নক্ষত্রে প্রত্যাগমন কাল। ~বার [রবির বার (দিবস), ৬তৎ] বি, সোমবার হইতে যে সপ্তাহ আরম্ভ হয় তাহার শেষ দিবস ; খ্রীষ্টানদিগের বিশ্রাম বার Sunday. ~বাসর [রবি-বাসর (দিন)] বি, রবিবার Sunday. ~মণ্ডল [৬তৎ] বি, সূর্য্যমণ্ডল ; রবির পরিধি orb of the sun. ~মার্গ [রবির মার্গ (পথ)] বি, সূর্য্যের ভ্রমণ পথ ; অয়ন-বৃত্ত the ecliptic. ~রশ্মি -বি, সূর্য্যের কিরণ। শস্য [সং] বি, গম যবাদি শীতকালের শস্য।

রবিন্দ [রবিং (সূর্য্যকে) দা (দান করা) + অ (র্ক্তৃ)] বি, পদ্ম।

রবী, রবি$_4$ [আ॰ রবীঅ্] বি, বসন্তের ফসল the spring harvest. ~উল্-আব্বল, ~উল্-আউঅল্-বি, মুসলমান বৎসরের তৃতীয় মাস।

রবে$_1$ [প্রাদে॰ "রহিবে"র কে॰] ক্রি, রহিবে। "কুল গৌরবে কেবা রবে।" -দাশরথি॰। ধরাতলে কীর্ত্তি রবে"-হেম॰।

রবে$_2$ [রব$_1$ (দ্রঃ) + এ(৭মী)] ক্রি-বিণ, শব্দে ; ধ্বনিতে। "ব্যাকুল হইয়ে বাঁশীর রবে কুল গৌরবে কেবা রবে।"-দাশরথি॰।

রব্ধ [সং] বিণ, আরব্ধ ; কৃতারম্ভ।

রভস [রভ্ (উৎসুক হওয়া) + অস (র্ক্তৃ)] বি, ঔৎসুক্য ; আবেশ। ২ বেগ ; ত্বরা ; এত শীঘ্রতা যে পূর্ব্বাপর বা হিতাহিত বিচারের অপেক্ষা না রাখার ভাব দ্যোতক। "কাহে লাগি সজনী দরশন ভেলা। রভসে আপন জীউ পর হাতে দেলা॥"-বি॰ প॰। ৩ শোক ; অনুতাপ। ৪ মিলন। "সখি হে হাম অব কি বলিব তোয়। তা সঞে র॰ কবহু নাহি হোয়॥"-বি॰ প॰। ৫ রতি : সম্ভোগ ; মিলন। "কেহবা আছিল সখীর সহিত কহিতে র॰ অঙ্গ"-চণ্ডি॰। "প্রিয়-পরিরম্ভণে মোড়বি অঙ্গ। র॰ সময়ে পুন দেয়বি ভঙ্গ॥" -বি॰ প॰। "কত মধুযামিনী রভসে গোঙায়নু না বুঝনু কৈছন কেলি।"-ঐ। ৬ হর্ষ ; আনন্দ ; আমোদ ; বিলাস ; সুখ। "ঐ আসে ঐ অতি ভৈরব হরষে জল সিঞ্চিত ক্ষিতি সৌরভ রভসে।"-রবী॰। ৭ রঙ্গ। "আপনি করিব সেবা শোয়াইয়া খাটে। রাখিব র॰ রসে যৌবনের হাটে॥"-ধ॰ ম॰। "ঋতুপতি রতি রসিক বর রাজ। রসময় রাস রভস রস মাঝ॥"-বি॰ প॰। ৮ রহস্য ; রসিকতা ; রসের কথা। "কেলি র॰ যব শুনে। আনত হেরি ততই দেই কাণে॥"-বি॰ প॰। "একদিন মনে র॰ কাজ। মালিনী হইল রসিক রাজ॥"-চণ্ডি॰।

রম$_1$ [রম্ (ক্রীড়া করা) + অ (র্ক্তৃ, জ্ঞা॰)] বিণ, রমণীয়। ২ রমণ। ৩ কান্ত ; পতি। ৪ কন্দর্প। ৫ রক্তাশোকবৃক্ষ।

রম$_2$ [ইং rum এর লিপ্যন্তর] বি, মদ্যবিঃ। "রম ব্র্যাণ্ডি"-ঈ॰ গুপ্ত।

রমএ-রমা$_2$ দ্রঃ।

রমক [রম্ (ক্রীড়া করা) + অক (র্ক্তৃ)] বি, রমণকারী। ২ জার ; উপপতি।

রমজান [আ॰ রম্জান্(জ্বলিয়া যাওয়া)] বি, যে মাসে রোজা-উপবাস, নমাজ প্রভৃতি দ্বারা পাপ সমূহ জ্বলিয়া যায় ; মুসলমানী বৎসরের নবম মাস ; ধর্ম্মাচরণের জন্য এই মাসই সব চেয়ে পবিত্র ও প্রশস্ত বলে বিবেচিত হয়। সূর্য্যোদয় থেকে সূর্য্যাস্ত পর্য্যন্ত উপবাসী থেকে এইমাসে মুসলমানেরা রোজা পালন করেন।

রমজানী [গ্রা॰] বি, চালাকি। ২ স্পর্দ্ধা।

রমণ [রম্ (ক্রীড়া করা) + অন (ভা॰)] বি, ক্রীড়া ; খেলা। ২ রতিক্রীড়া ; কাম-কেলি ; মৈথুন। ৩ [-+ অন (র্ক্তৃ)] জঘন।

৪ [-+অন (র্তৃ)] মদন ; কামদেব। ৫ পতি ; কান্ত ; বল্লভ। "নাচিছে কদম্বমূলে বাজায়ে মুরলী রে রাধিকা-রমণ।"-ব্রজাঙ্গনা। "এ যৌবন ধন দিব উপহার রমণে।"-ঐ। ৬ পুরুষ। "সো নহ রং হম নহ রমণী।"-রায় রামানন্দ। ৭ বিণ. প্রিয়। স্ত্রীং রমণী।

রমণক [সং] বি, জম্বুদ্বীপান্তর্গত বর্ষবিঃ ; রম্যকবর্ষ।

রমণী ["কান্তং রময়তি যা সা"] বি, সুন্দরী স্ত্রী ; নারী। "রং বচনে সুধা সুধা নয় সে বিষের বাটী। আগে ইচ্ছা-সুখে পান করে, বিষের জ্বালায় ছটফটী॥"-রাং প্রং। ২ পত্নী। ৩ প্রিয়া। [সমনাম-অঙ্গনা, ভীরু, ললনা, নিতম্বিনী, বামলোচনা, সুন্দরী, রমণী, রামা-শব্দকল্প লতিকা]। ৪ অর্দ্ধ সমবৃত্তবিঃ। ৫ বালাগাছ। ~কুল-বি, নারী সম্প্রদায়। ২ স্ত্রীগণ। ~জন-স্ত্রীলোক। ~জনসুলভ-স্ত্রীসুলভ। ~দুর্লভ-বিণ, নারীদের দুষ্প্রাপ্য : আয়াসলভ্য। ~মোহন -রমণীপ্রিয় : নারীবল্লভ। ~রত্ন-নারীশ্রেষ্ঠ। ~সুলভ-বিণ, নারীর সহজপ্রাপ্য ; স্ত্রীজাতির অনায়াসলভ্য।

রমণীয় [রম্+ণিচ্=রমি+অনীয় (র্তৃ)] বিণ, রম্য ; সুন্দর ; মনোরম। বি, ~তা।

রমদারমদি [ফাং রন্দন্ (খেলা, বহিষ্কার করা) > টানিয়া বাহির করা) > রন্দা > রমদা+রমদি] বি, টানাহেঁচড়া ; ধাকাধাক্কি।

রমল [আং রমল] বি, ভূমিতে বিন্দু পাতাদি দ্বারা ভবিষ্য কথন geomancy

রমা১ [রম্ (ক্রীড়া করা)+অ (র্তৃ)+আ (স্ত্রীং), যিনি বিষ্ণুর সহিত ক্রীড়া করেন] বি, লক্ষ্মী। "রমার আশার বাস হরির উরসে হেন হরি হারা হয়ে বাঁচিল যে রমা"-মেঘং। ২ প্রিয়া। ৩ উপপত্নী [অপ্রং]। ৪ কল্কিদেবের পত্নী। ৫ শশিধ্বজ-রাজ কন্যা। ৬ শোভা। ৭ আহ্লাদিনী। ~কান্ত-বি, বিষ্ণু। ~ধব [রমা (লক্ষ্মীর) ধব (পতি), ৬তৎ] বি, বিষ্ণু ; নারায়ণ। ~নাথ [রমার (লক্ষ্মীর) নাথ (স্বামী)] বি, লক্ষ্মীশ ; নারায়ণ। "হৃষীকেশ হরি রাসবিহারী রং রাধামোহন।" -গান। ~পতি [৬তৎ] বি, নারায়ণ। ~প্রিয় [রমার (লক্ষ্মীর) প্রিয় (বল্লভ)] বি, বিষ্ণু। ২ পদ্ম।

রমা২ [রম্ (ক্রীড়া করা) +আ (ক্রিয়ায়)] ক্রি, ক্রীড়া করা ; বিহার করা ; রমণ করা ; সম্ভোগ করা। "গুপ্তবেশে সখী মাঝে রমে অবিচ্ছেদ। বাহিরে রক্ষক জাগে জানে নাহি ভেদ॥"-শিং। ২ মোহিত করা ; প্রীত করা। "রমে আঁখি"-মেঘং। ব্রজং রমই-রমণ করে। রমইতে-রমিতে ; রমণ করিতে। "নাগরী রমইতে ভয় নাহি মানে।"-বিং পং। রমএ, রময়ে-রমণ করে ; সুখী করে ; তুষ্ট করে। "রময়ে রতন শ্যাম রমণী রতনে।" -বিং পং। রমন্তি-রমণ করেন (শ্রীংকীং)। রমহ-রমণ কর ; রম। "সেহ লহ রমহ পরিজন পাশ।"-বিং পং। রমি-রমিয়া ; রমণ করিয়া। "সব্হ কুসুমে রমি।"-বিংপং।

রমারম [সং-রম্ (ক্রীড়ায়) >। রম্+আ+রম্] বি, মাতামাতি।

রমিত [রম্ (ক্রীড়া করা)+ণিচ্=রমি +ত (র্ম্ম)] বিণ, ক্রীড়িত। ২ আনন্দিত ; প্রহৃষ্ট। ৩ সুখপ্রাপ্ত। ৪ প্রফুল্ল। "বন অতি রমিত হইল ফুল ফুটনে।"-ব্রজাঙ্গনা। স্ত্রীং ~া-বিণ, উপভুক্তা ; যে নারীকে উপভোগ করা হইয়াছে। ২ বি, উপভুক্তা স্ত্রী।

রমেশ, রমেশ্বর [রমার ঈশ, ঈশ্বর (প্রভু), ৬তৎ] বি, লক্ষ্মীপতি ; নারায়ণ।

রম্বস [জ্যাং (কং বিশং পরিঃ)] বি, ইং rhombus এর বৈজ্ঞাং পরিঃ ; সমবাহ অসমকোণ চতুর্ভুজ।

রম্ভ [রনভ্ (শব্দ করা)+অ (র্তৃ)] বি, মহিষাসুরের পিতা ; রম্ভাসুর। ২ বানরবিঃ। ৩ বেণু ; বাঁশ।

রম্ভা১ [রনভ্ (শব্দ করা)+অ (র্তৃ)+আ (স্ত্রীং)] বি, গৌরী। ২ অপ্সরাবিঃ ; স্বনামপ্রসিদ্ধা স্বর্গবেশ্যা। ৩ বেশ্যা। ৪ গোরুর ডাক।

রম্ভা২ [সং] বি, কদলী ; কলা। ২ শূন্য ; কিছুই নয়। তুল-ঘোড়ার ডিম। ~তৃতীয়া -বি, অগ্রহায়ণ মাসের শুক্ল পক্ষীয় তৃতীয়া তিথি। অষ্টরম্ভা-অষ্ট দ্রঃ।

রম্ভোরু [রম্ভার (কদলী বৃক্ষের) ন্যায় উরু, যার, বহুং] বি, যে স্ত্রীর উরুদেশ রম্ভার ন্যায় স্থূল। ২ সুন্দরী নারী।

রম্য [রম্ (ক্রীড়া করা)+য (ধি)] বিণ, রমণীয় ; মনোহর ; সুন্দর। "অতি রম্যস্থল দেব-অগোচর কি কহিব তার আভা।"-চণ্ডিং। ২ হৃদ্য ; রুচ্য ; রুচিকর। ৩ বৃষ্য ; বলকর। ৪ [বৈদ্যকে] বি, পটোলমূল। ৫ বকবৃক্ষ। ৬ চম্পক। স্ত্রীং রম্যা-রমণীয়া ; মনোরমা। ২ বি, স্থলপদ্মিনী। ৩ রজনী।

রম্যক, রম্যকবর্ষ [রম্য (রমণীয়)+ক (জ্ঞাং)] বি, জম্বুদ্বীপের বর্ষবিঃ। ইহা মেরুর উত্তরে অবস্থিত। সপ্তদ্বীপা পৃথিবীর অন্তর্গত জম্বুদ্বীপ নববর্ষে বিভক্ত। এই বর্ষসমূহের মধ্যে ইলাবৃত বর্ষ মধ্যবর্ত্তী ; তার মধ্যস্থলে সুমেরু ; ইলাবৃত বর্ষের উত্তরে নীলপর্ব্বত ; তার উত্তরে রম্যক বর্ষ (ভাগবত)।

রম্যতা [রম্য (দ্রঃ)+তা (ভাং)] বি, রমণীয়তা ; মাধুর্য্য ; সৌন্দর্য্য।

রয়১ [রয়্ (গমন করা)+অ (ম্ম)] বি, বেগ। "বিষম জলের রয় ভয়ে প্রাণ স্থির নয় গাবরে ধরিতে নারে দাঁড়।"-কবিকং। ২ নদীর প্রবাহ ; স্রোতঃ। "বিদ্যুচিকা, গতজ্যোতি আঁখি ; মুখ মলদ্বারে বহে লোহের লহরী শুভ্র জল রয় রূপে!"-মেঘং।

রয়২ [রহে শব্দের দ্রুত উচ্চারণে। রহা, রওয়া দ্রঃ] ক্রি, রহে ; থাকে ; অবস্থিতি করে। "না যায় কঠিন প্রাণ কিবা লাগি রয়॥"-বিং পং। "ওই রবি সই প্রেমের খেলা, খেলছে কেমন সাঁজের বেলা, আধেক আঁধার আধেক আলো কমলবালা চেয়ে রয়।"-রাজং রায়। "ভুলে যাই সমুদয় চেতনা নাহিক রয়, জাগিয়া আছি কি আমি কিম্বা আছি স্বপনে।"-হেমং। রয়ে রয়ে-রহিয়া রহিয়া ; থেকে থেকে। "রয়ে রয়ে রাধা রাধা ডাকে উচ্চ রবে।"-শিং। রয়ে বসে-ক্রি-বিণ, ধীরে ধীরে ; ক্রমে ক্রমে। "আমি যে অন্ন লইয়া আসিয়াছিলাম তাহা যদি রয়ে বসে খেতাম ত বোধ হয় ৫০ বৎসর জীবিত থাকিতাম।"-ভারতী, ১৩২১। ২ অবকাশক্রমে ; অপেক্ষা করিয়া, সুযোগ দেখিয়া।

রয়₀ [জাতিতত্ত্ব পরিঃ] বি, ইং race এর বৈজ্ঞা৹ পরিঃ। বিণ, রেয়িক-racial.

রয়দাস [হিং৹ রুহিদাস ও৹। প্রা৹রুইদাস (দ্রঃ)] বি, ধর্মসম্প্রদায়বিঃ। আচার্য্য রয়দাস চর্ম্মকার কর্তৃক প্রবর্ত্তিত। প্রবর্ত্তকের মৃত্যুর পর তদীয় জ্যেষ্ঠপুত্র বালকদাস আচার্য্য হন। ১৮৬০ খৃ৹ অব্দে বালক নিহত হইলে এই পদ বংশগত হয়। ছত্রিশগড়ের সমস্ত চামার এই নূতন সম্প্রদায়ভুক্ত। ২ চামার।

রয়না₁ [রোহিত₀ দ্রঃ। রোহণা >] বি, রোহিতক বৃক্ষ; রোয়া গাছ Amoora Rohitaka.

রয়না₂, রয়নি (নী) [রজনী > দ্রঃ। দ্রঃ] বি, রাত্রি; রজনী। "রয়নী ছোটি অতি ভীরু রমণী।" -বি৹ প৹। "রয়নি উজাগরি"-বি৹ প৹।

রয়া [রহা, রঅ দ্রঃ। রই, রও, রয় ই৹] ক্রি, রহা; থাকা। রিয়্য [রহিয় > রইয় >। প্রা৹ বাং] ক্রি, রহিও; থাকিও। "শীঘ্র চল কদাচিৎ নাহি রয় হেথা।"-ধর্ম্মরাজের গী৹ (রামনারায়ণ, ১৭শ শতাব্দী)।

রয়ানী [পূ৹ বঙ্গ প্রাদে৹] বি, পদ্মা-পুরাণোক্ত মনসাদেবীর গীতকে রয়ানী বলে।

রয়িষ্ঠ [রয় (বেগ) + ইষ্ঠ (আধিক্যার্থে)] বিণ, অতিশয় বেগশীল; দ্রুতগামী fleetest. ২ বি, অগ্নি।

রর [অনু৹] স্ব, কণ্ঠরব। তুল-গ-গ। ব্যাপ্তি ও উচ্চৈঃস্বরার্থে রৈ-রৈ। রর করা -গলাবাজী করা; গণ্ডগোল করা। ২ প্রতি-বাদ স্বরূপ চীৎকার বা চেঁচামেচি করা।

রলা [শলাকা >] বি, সূক্ষ্মদণ্ড; সরল কাঠি; শলা। ২ শাখা; ডাল; কেঁকড়ী। ~রলা-অ, সরু সরু।

রল্লক [সং] বি, মৃগবিঃ। ২ নেত্রলোম; পক্ষ্ম। ৩ কম্বল।

রশনা [রশ্ (শব্দ করা) + অন (র্তৃ) + আ (স্ত্রীং)] বি, জিহ্বা। ২ নারীকটিভূষণ; চন্দ্র-হার। ৩ [বৈদিক সা৹] রজ্জু; যা যূপের গায়ে বেষ্টন করিয়া দেওয়া হয় (ত্রিবেদী৹)।

রশা [হিং৹ রস্সা] বি, বড় রশি; সাধারণ মোটা দড়ি; গরু প্রভৃতি বাঁধিবার মোটা দড়ি। "তাঁবুর রশা বাঁধছিলুম আমি বন্ধুম রশার গাঁট দিয়ে বাচ্চি।"-প্রবাসী, ১৩২২।

রশি [সং-রশ্মি >। হিং৹ রসিস (সরু দড়ি)। প্রাদে৹ উচ্চারণে রছি (শ, স = ছ)। "অন্তরে বাহিরে রছি"-হকিকত] বি, রজ্জু; দড়ি। ২ [কৃষ্ণনগর প্রাদে৹ রসি। জরীপ পরি৹] জরীপের পরিমাপ-শিকল gunter's chain or scale. (৮০ হাত); ৫৫ ইং গজ= ১ রশি [ময়মনসিংহ প্রাদে৹ ১-৬ আঙ্গুল =১গজ এইরূপ ১০০ গজ=১ রশি]। ~গীর [ফে৹ রশ বা রৌশগীর (ফা৹)] জরীপ বিভাগীয় আমিনের পরিমাপ শিকলবাহক chainman.

রশুন [সং-রসোন, লশুন > হিং৹ লহুন (ল=র)] বি, শ্বেত পিয়াজের ন্যায় তীব্রগন্ধ কন্দবিঃ; মহাকন্দ; উগ্রগন্ধ; রসোন (দ্রঃ)।

রশোৎ [হিং৹] বি, রসাঞ্জন। দারুহরিদ্রার কাথ ও দুগ্ধ সমভাবে একত্র পাক করিয়া পাদাবশেষ থাকিতে নামাইলে সেই ঘনীভূত দ্রব্যকে রশোৎ বা রসাঞ্জন বলে।

রশ্মি [অশ্ (ব্যাপ্ত করা) + মি (র্তৃ), অ=র (নিপাতনে)] বি, কিরণ। ২ লাগাম: রাশ। "ক্লাইভ নির্ভয় মন, করি রশ্মি আকর্ষণ, আসিল তুরঙ্গ পরে রক্ষিত সেনায়।" -পলাশীর যুদ্ধ (নবীন৹)। ৩ রজ্জু। ৪ পক্ষ্ম। ~জাল-বি, কিরণমালা। ~পাত-বি, কিরণপাত; আলোকের প্রতিফলন।

রস [রস্ (আস্বাদন করা, স্নেহ করা) ধাতুজ। "রসঃ-স্বাদে জলে বীর্য্যে শৃঙ্গারাদৌ বিষে দ্রবে। বোলে রাগে দেহধাতৌ তিক্তাদৌ পারদেঽপি চ। রসা তু রসনা পাঠা সল্লকীকিতিকঙ্গুষু"-হেম৹] বি, রসনা আর্দ্রকারী পদার্থ; রসনেন্দ্রিয়-গ্রাহ্য পদার্থ; স্বাদ। ২ জল। ৩ জলবৎ তরলসার; নির্য্যাস; সত্ত্ব। "রস ইক্ষু কি দেই দয়া করিলে"-ভারত৹। ৪ তালের রস; খেজুর রস; দুগ্ধ; ক্ষীর। প্র-গোরস। ৫ পূয; পুঁজ। প্র-ফোড়ার মুখ দিয়া রস পড়িতেছে। ৬ [পদার্থ বিজ্ঞানে] অম্ল, মধুর, তিক্ত, কষায়, কটু ও লবণ এই ছয়। "রসনারে কর বশ শ্যামা নামামৃত রস তুমি পান কর পান কর"-রা৹প্র৹। ৭ আর্দ্রতা। ৮ ভুক্ত দ্রব্যের সারভাগ; অন্নরস chyle; lymph. ৯ শ্লেষ্মা। ১০ শুক্র; বীর্য্য। ১১ দেহস্থ ধাতুবিঃ। প্র-রস রক্তে পুষ্ট হইয়া ই৹। ১২ [কাব্যালঙ্কারে] কোন বিষয় দর্শন, শ্রবণ, পাঠ বা চিন্তা করিলে হৃদয়ে যে অনির্ব্বচনীয় চিত্তবিকারজনিত আনন্দ অর্থাৎ সুখ, দুঃখ, উৎসাহ, ক্রোধ, অনুরাগ ভয়, বিস্ময়, বৈরাগ্য প্রভৃতি ভাবের উদ্রেক হয়, সেই ভাব স্থায়ী হইয়া অন্তঃকরণকে দ্রবীভূত করিলে তাহা রসপদ বাচ্য হয়; বিভাব, অনুভাব সাত্ত্বিকভাব ও ব্যভিচারিভাব হতে উৎপন্ন স্থায়িভাব। এই রস ৯ প্রকার-শৃঙ্গার বা আদিরস, বীর, করুণ, অদ্ভুত, হাস্য, ভয়ানক, বীভৎস, রৌদ্র ও শান্ত। মতান্তরে রস দশবিধ। বাৎসল্য বা বৎসলরস দশম [শৃঙ্গাররস-স্ত্রীপুরুষের মধ্যে পরস্পর সম্ভোগেচ্ছাজনিত ভাব। অনুরাগ ইহার স্থায়ি-ভাব। বীররস-যে রসে উৎসাহ বৃদ্ধি করে। করুণরস-ইষ্টনাশ, ক্লেশ উপতাপাদি-জনিত যে ভাব চিত্ত দ্রবীভূত করে; শোক ইহার স্থায়িভাব। অদ্ভুতরস-যে স্থায়িভাব বিস্ময় উৎপাদন করে এবং তদ্দ্বারা চিত্তকে অভিভূত বা আপ্লুত করে। হাস্যরস-হাস্যের উৎপত্তিজনক স্থায়িভাব। ভয়ানক-রস-ভয়ের উৎপত্তিজনক স্থায়িভাব। বীভৎসরস-জুগুপ্সা বা ঘৃণার উৎপাদক স্থায়িভাব। রৌদ্ররস-ক্রোধোৎপাদক স্থায়িভাব। শান্তরস-সংসারের অনিত্যতা বা আত্মদর্শনজনিত শান্তির উৎপাদক স্থায়ি-ভাব। বৎসলরস-সন্তানের প্রতি যে স্বাভাবিক স্নেহ তার উৎপাদক স্থায়িরস]। ১৩ প্রশান্তি। "অস্ত গেল রোষ উদয় রস" -ভারত৹। ১৪ কাম; অনুরাগ। "ডগমগ তনু রসের ভরে"-ভারত৹। ১৫ রঙ্গ; কৌতুক; রসিকতা। "তুমি নাকি রসিক নাগর রসের সাগর ভাবের সাগর কৃষ্ণধন!" -ঈ৹ গুপ্ত। "দুইজনে হৃষ্টমনে ক্রীড়া করে কুঞ্জবনে নানা রস জানে নানা মায়া।"-অ৹ ম৹। ১৬ রূপ; মাধুর্য্য; সৌন্দর্য্য; লাবণ্য। ১৭ ভোগসুখ; আনন্দ। হর্ষ। প্র-তিনি ও-রসে বঞ্চিত। ১৮ মর্ম;

নিগূঢ়ভাব; তাৎপর্য্য। প্র-রসজ্ঞ ব্যক্তি। ১৯ [বীর্য্যের ভাব] তেজ; দর্প; অহঙ্কার। তুন-তেল। প্র-তার ভারি রস হয়েছে। ২০ অর্থবল; সম্বল। প্র-ওদের বাড়ী মেয়ে দিতে চাও দাও, ছেলেটা ভাল কিন্তু গোড়ায় রস নাই, মেয়ের খাওয়া পরার কষ্ট হবে। ২১ [বৈদ্যকে] গন্ধরস; বোল। (২) রসাঞ্জন; নীলাঞ্জন; দারুহরিদ্রা। (৩) পারদবহুল খনিজপদার্থবিঃ; হিঙ্গুল। (৪) শিলারস; লোবান। (৫) সিন্দূর। (৬) পারদ। "বিনোদ পাটের থোপা রসের দাপনি॥"-কবিক০। ২২ বিষ। ২৩ রোগ। ২৪ গুণ। ২৫ মাংসের কাথ। ২৬ মদ্য; দ্রাক্ষারস। ২৭ অম্লাদি ষড়্ রস হতে ৬ এই সংখ্যার সঙ্কেত। সং ও প্রা০ বাং গ্রন্থাদিতে রচনার কাল বা জন্মতারিখ নির্দ্দেশার্থে এই সঙ্কেতের প্রয়োগ হইত। ১৬৭৪ শক এই তারিখ অর্থে ভারতচন্দ্র কৃত অন্নদামঙ্গলে-"বেদ লয়ে ঋষিরসে ব্রহ্ম নিরূপিলা। সেই শকে এই গীত ভারত রচিলা॥" ১৬০৮ শক এই তারিখ অর্থে গিরিধর কৃত গীতগোবিন্দের অনুবাদ গ্রন্থে-"সমাপ্ত করি গজ ইষু রস সোমে।" ২৮ পারদ। ২৯ "বিনোদ পাটের থোপ রসের দাপনি [পারদ মাখান কাচের দর্পণ। ক্ষুদ্রার্থে ই]।" -কবিক০। পারদঘটিত ঔষধ; রসায়ন। ৩০ কিমিয়া বা কিমিতি বিদ্যা; রসায়ন বিজ্ঞান chemistry. ৩১ সুখ; প্রীতি। "সমরসে গঅণ সমাঅ" -চ০ পদ ৪৩.২। ৩২ হর্ষ। প্র-রস মনে=হর্ষে; হৃষ্টচিত্তে। ৩৩ রতিভাব; রতিবিলাস। ~আগর-(-সঁ-) বি, রসের আধার; রসিক চূড়ামণি। "তুহুঁ রস আগর নাগর ঢীট। হাম না বুঝিয়ে রস তীত কি মীঠ॥"-বি০ প০। ~করা [রস-করা (কোরিত)] বি, চিনির রসে পাক করা নারিকেল কোরা দ্বারা প্রস্তুত সন্দেশবিঃ। ~কর্পূর [রস (পারদ) কর্পূর (কর্পূর আকারে পরিণত), আধু০ পরিঃ] বি, মারিত পারদঘটিত ঔষধ perchloride of mercury. ~কলা [রস-কলা (স্বর)] বি মৃদুমধুর কণ্ঠস্বর। ২ রসচাতুর্য্য। ~কলি [বৈ০ সা০] বি, পুষ্পকলির চিত্রে অঙ্কিত তিলক; বৈষ্ণব বৈষ্ণবীদিগের ধারণীয় দীর্ঘ তিলক। ~কষ [রস ও কষ] বি, রসের লেশমাত্র; আর্দ্রভাব। ২ মাধুর্য্য ও কোমলতা। প্র-লোকটা ভয়ানক রূঢ়ভাষী; তার কথাবার্ত্তায় রসকষ নাই। ~কাঙ্গালী-বিণ, প্রেমরসের ভিখারী; প্রেমানন্দ সুধারসের অভিলাষী। "নদীয়া-নাগরী যত গৌর প্রেমে রত। গৌর রসে সদা ভাসে রস কাঙ্গালী যত॥"-পদাবলী (লোচন০)। ~কেশর [সং] বি, কর্পূর। ~ক্রিয়া-বি, ভেষজ লতাদি বা জান্তব পদার্থজাত সত্ত্ব প্রয়োগ application of drug extract. রস গড়ানি-ক্রি, স্ফোটকাদি হতে পূঁজ পড়া। ২ রস ঝরা। ~গর্ভ [রস গর্ভে যার, বহু০] বি, রসাঞ্জন; হিঙ্গুল। ২ বিণ, রসপূর্ণ; রসাত্মক; সরস। ~গোল্লা [গোলা, দ্রঃ] বি, চিনির রসে পাক করা ছানা ও সুজিঘটিত গোলাকার মিষ্টান্নবিঃ। ~গ্রন্থ-বি, ভৈষজ্য খনিজ বিষয়ক গ্রন্থ book on minerals used in medicine. ~ঘ্ন [রস-ঘ্ন (নাশক)] বি, রসনাশক। ২ সোহাগা। ~জ [রস (ভুক্ত দ্রব্যের সারভাগ হতে) জ (যে জন্মে)] বি রক্ত। ২ গুড়। রস জমা-ক্রি, রস সঞ্চিত হওয়া। প্র-ফোড়াটায় রস জমেছে। ~জ্ঞ [রস+জ্ঞ(যে জানে)] বিণ, স্বাদগ্রাহী। ২ ভাবগ্রাহী; ভাবুক। "রসজ্ঞ পাঠক একটু শ্রম স্বীকার করিলে কবিতার বাচ্যার্থ অপেক্ষা ব্যঞ্জনাগত অর্থ অধিক পরিমাণেই লাভ করিতে পারেন" -কা০ রায়। আ০ শক্তি, ১৩৩৪ বৈশাখ। ৩ রসিক। ৪ সামাজিক। > স্ত্রীং ~া-রসনা; জিহ্বা। ২ ভাবগ্রাহিণী; রসিকা। ~জ্ঞতা-বি, ভাবগ্রাহিতা; ভাবুকতা। ২ রসিকতা। ৩ রসানুভূতি। ~জ্ঞান [৬তৎ] বি, রসবোধ; রসানুভাবকতা। ~জ্যেষ্ঠ [রসের মধ্যে জ্যেষ্ঠ (অগ্রজ > উৎকৃষ্ট), ৬তৎ] বি আদিরস; শৃঙ্গাররস। ~ঝরা-ক্রি, বিন্দু বিন্দু করিয়া রস পড়া। ~ডঁকা-বি, শিশু যে রোগে অকস্মাৎ চম্‌কিয়া কাঁদিয়া উঠে; শরীরস্থ রসের তাড়সে শিশুদিগের যে আক্ষেপ রোগ হয়। ~ধাতু-বি, পারদ; পারা। ~ধেনু-বি, দানের জন্য গুড়নির্ম্মিত কাল্পনিক ধেনু। ~নায়ক [রসের নায়ক (উপদেশক)] বি, শিব। ~পূর্ণ [রসের দ্বারা পূর্ণ, ৩তৎ] বিণ, রসময়; রসগর্ভ; রসভরা; রসাল। ~প্রিয় [রস প্রিয় যার, বহু০] বিণ, মধুপ্রিয়; মদিরাপ্রিয়; বৃক্ষফলাদির মধুর তরল নির্য্যাসপ্রিয়। ২ রসিক। > স্ত্রীং ~া-রসিকা। ~বড়া-বি, রসপক্ব বড়া; গুড়ের রসে ফেলা দাইলবড়া। ~বড়ী-বি, বিষ বড়ী; পারদাদি ঘটিত কবিরাজী ঔষধবিঃ। ~বতী [রসবান্ দ্রঃ] বিণ, রসবিশিষ্টা। ২ লাবণ্যবতী। (-লঁ) ৩ সুন্দরী যুবতী। ৪ পাকশালা; রন্ধনগৃহ। ~বন্ত [রসবান্ দ্রঃ। সং অনুকরণে বাং-য় সম্মানার্থে বহুবচনের বিভক্তি] বিণ, রসাল; সরস। "রহি রহি রাগ রচয়ে রসবন্ত।" -বি০ প০। ২ রসিক; রসজ্ঞ। "তুহুঁ যৈছে নাগরী কানু রসবন্ত"-বি০ প০। ~বাত-বি, দেহে রসাধিক্য জনিত রোগ; আমবাত। ~বান্ [রস+বৎ (স্তা০)=রসবৎ ১মা, ১ব০] বিণ, রসযুক্ত; সরস; রসাল। ২ মধুর। ~বাস [প্রা০ বাং] বি, সুগন্ধ ও রসযুক্ত এলাচি ও লবঙ্গ। "লবঙ্গ এলাচি বীজ উত্তম রসবাস; তুলসী মঞ্জরী সহ দিল মুখবাস।"-চৈ০ চ০। ২ গোলাপজল ও আতর। "লবঙ্গ এলাচ আর উত্তম রসবাস" -চৈ০ চ০। ~বেত্তা-বিণ রসবত্তার অভিজ্ঞ; রসজ্ঞ। "অভিনয়ে অঙ্গভঙ্গী দ্বারা সাধারণ শ্রেণীর দর্শক হাসান যায় বটে, কিন্তু তাতে রসবেত্তার পরিতৃপ্তি সাধন কখনই সম্ভব হয় না।"-আ০ শক্তি, ১৩৩৩ মাঘ। ~বোধ [রসের বোধ, ৬তৎ] বি, রসজ্ঞান; রসানুভাবকতা। ~ভঙ্গ [রসের ভঙ্গ (বিরাম), ৬তৎ] বি, রসবিচ্ছেদ; ভাববিরতি। ~ভব [রস (ভক্ষ্যবস্তুর সারাংশ) ভব (উৎপন্ন)] বি, রক্ত; রুধির। ২ বিণ, রসজাত; রসোৎপন্ন। ~ভরা [রসে ভরা, ৩তৎ] বি, রসপূর্ণ; রসাল। ~ভাষ-বি, সরস বচন; রসিকতা। ~মঞ্জরী-বি, নায়কনায়িকাভেদ ও লক্ষণাত্মক গ্রন্থবিঃ। ~মন-বি, আনন্দিত মন; হর্ষ চিত্ত। "এবে রসমনে রাধা কর পরিহাস।"-শ্রী০ কী০। ~ময় [রস+ময় (প্রাচুর্য্যার্থে)] বিণ, রসাত্মক; রসস্বরূপ। "রসময় বিদ্যাপতি কবি ভাণ।"-বি০ প০।

২ রসিক। ~মরা$_1$-বিণ, নিরস ; রসহীন ; শুষ্ক। রস মরা$_2$-ক্রি, রস শুকাইয়া যাওয়া ; জলভাগ হ্রাস পাওয়া। ~রঙ্গ [রস ও রঙ্গ] বি, রঙ্গরসিকতা ; রঙ্গতামাসা। "ব্রজাঙ্গনাগণ সঙ্গে সদা রাস-রসরঙ্গে নৃত্যগীত বাদ্য নানা মত।"-অ০ ম০। "মধুর মধুর রসরঙ্গ।" -বি০ প০। ~রচনা-বি, রসিকতা ; হাস্যরসাত্মক রচনা ; যে রচনা হাস্যোদ্দীপক হলেও বিদ্রূপাত্মক বা অশ্লীল নহে ; যা রসিকতা কিন্তু ভাঁড়ামি নহে। রসিকতা দ্রঃ। ~রাজ [রসের রাজা, ৬তৎ] বি, পারদ। ২ রসাঞ্জন। ৩ রসিকশ্রেষ্ঠ। ৪ শ্রীকৃষ্ণ। "মধুর বৃন্দাবন মাঝ। মধুর মধুর রসরাজ॥"-বি০ প০। ~শালা ["রসরত্নসমুচ্চয়" গ্রন্থে বিস্তৃত বিবরণ দ্রঃ। রাসা০ পরি:] বি, রাসায়নিক পরীক্ষাগার ; রাসায়নিক কার্য্যালয় chemical laboratory. "এখনকার মত দ্বিতল বা ত্রিতল নানাযন্ত্রসমন্বিত রসশালা তখন ছিল না।"-ভারতী, ১৩১৯ (পঞ্চানন নিয়োগী)। ~শোধন-বি, রস যদ্দারা শোধিত হয় ; টঙ্কণ ; পারদশুদ্ধি। ২ পারদশোধন। ~সিদ্ধ [তান্ত্রিক চিকিৎসা শা০ পরি:] বি, রসায়নী বিদ্যা ; ভেষজাদি হতে রোগনাশক রসায়ন প্রস্তুতকরণ বিদ্যা। ২ কিমিতি শাস্ত্রবিৎ পণ্ডিত an alchemist ; a chemist. [দ্রঃ-"যে বিদ্যাবলে রসায়ন প্রস্তুত করণের জ্ঞানলাভ হয় প্রকারান্তরে সেই বিদ্যাকেও রসায়ন বলা হইতেছে কিন্তু তন্ত্রশাস্ত্রে এই বিদ্যাকে 'রসসিদ্ধি' নাম দেওয়া হইয়াছে এবং যাঁহারা এই বিদ্যায় পারদর্শী তাঁহারা 'রসসিদ্ধ' বা 'রসসিদ্ধিপ্রদায়ক নামে অভিহিত (রসরত্নসমুচ্চয়)।" -ডাঃ প্রফুল্লচন্দ্র রায়। রসায়নী দ্রঃ]। ~সিন্দূর-বি, গন্ধকের সহিত পারদ ভস্ম করিয়া তা হতে প্রাপ্ত সিন্দূরবৎ রসায়ন দ্রব্য sulphide of mercury. ~স্থ-বিণ, রসযুক্ত ; সরস। ~স্থান-বি, শরীরের সরস স্থান। রস হওয়া-ক্রি, রস উৎপন্ন হওয়া বা বৃদ্ধি পাওয়া। ~হীন [রসের দ্বারা হীন, ৩তৎ] বিণ, রসশূন্য ; নীরস।

রসই$_1$ [রস্ (আস্বাদন করা) + ই (ব্রজ০, প্রা০ বাং ক্রিয়া বিভক্তি)] ক্রি, আস্বাদন করে (দো০ ১১৩)।

রসই$_2$, রসুই [হি০ রসোই (পাকশালা)। সং-রসবতী (মহানস) "রসবত্যান্তু পাকস্থানং মহানসম্"-অমর০] বি, রন্ধন ; পাক করা। বিণ, ~য়া-পাককারী। ২ বি, পাচক।

রসদ [ফা০ রসদ্। ইং ration] বি, খোরাক ; খাবার (food)। "দেশের প্রত্যেক লোক তখন তাদের আনন্দের রসদ জোগাতে বাধ্য"-প্রবাসী, ১৩৩৩। ২ সৈন্যদিগের আহারীয় দ্রব্য। ৩ উপকরণ ; উপাদান। "এবার শুধু তিনি নন, তাঁহার কন্যাটি পর্য্যন্ত আমার আনন্দের রসদ জোগাইতে লাগিল।" -প্রবাসী, ১৩৩৩। ৪ খাদ্যদ্রব্যের ভাণ্ডার। "কূলেতে কুঁড়িয়া খাত রসদ করিল।" -কবিক০। ৫ [আইনে] খাজনা অনাদায় থাকা হেতু অথবা কৃত খরচের সন্তোষজনক কারণ দেখাইতে না পারিলে দোষী কর্ম্মচারীর নিকট হতে তার জরিমানা স্বরূপ জমীদার কর্তৃক আদায়-করা টাকা। ৬ খরচখরচা ; ব্যয়। "সে বলিল, 'ভায়া ত বিলেত যাচ্ছে ; কিন্তু রসদ যোগাবে কে?"-পরিত্রাণ (বঙ্গবাণী, কার্ত্তিক, ১৩৩৪)।

রসন [রস্ (আস্বাদন করা) + অন (ণে)] বি, যদ্দারা রস গ্রহণ করা যায় ; রসনেন্দ্রিয় ; জিহ্বা। "রসনে কালী নাম রটরে।"-রা০ প্র০। ২ স্বাদ গ্রহণ। ৩ [রস্ (শব্দ করা) + অন (র্ত্তৃ)] ধ্বনি ; ধ্বনন। ৪ মেখলা। "গলিত বসন হীন র০ জঘনে।"-শ্রী০ কী০।

রসনা$_1$ [রসন (দ্রঃ) + আ (স্ত্রীং)। রশনা ও০] বি, জিহ্বা ; রসনেন্দ্রিয়। ২ মেখলা ; কাঞ্চী। ৩ পাশ ; রজ্জু। ৪ [বিশ্বকর্ম্মার ধ্যানে আছে-"* * বিশ্বকৃৎ * * ভুং রসনা-মানদণ্ড ধৃক্॥"। রসনা=মাপদড়ী। মানদণ্ড=মাপকাঠি=গজ ই০] মাপদড়ী ; স্থপতির ওলন দড়ী ; সূত্রধরের পরিমাপ করিবার সূতা। ৫ [বৈদ্যকে] রাস্না নামক সুগন্ধমূলা লতা ও গন্ধ-দ্রব্য। ৬ প্রসারিণী ; গন্ধভাদাল। ৭ [বৌ০ বাং] নাড়ীবিঃ (দো০ ১১৪)।

রসনা$_2$ [রসা দ্রঃ। না যোগ (অনুরোধার্থে)] ক্রি, রস ; রসার্দ্র হও। "হরিনাম সুধা রসে কেন রসনা রসনা"-গান।

রসনা$_3$ [রস-না (অনুরোধে)] ক্রি, অপেক্ষা কর। প্র-একটু রসনা, এখনি আসিবে।

রসনাগ্র [রসনা + অগ্র] বি, জিহ্বাগ্র।

রসনালিট্ [রসনালিহ্ >] বিণ, রসনা দ্বারা লেহনকারী। ২ [লক্ষ০] চাটুকার। ৩ কুকুর।

রসনেন্দ্রিয় [রসনের (আস্বাদনের ইন্দ্রিয়), ৬তৎ] বি, যে ইন্দ্রিয় দ্বারা আস্বাদ গ্রহণ করা যায় ; রসনা ; জিহ্বা।

রসনোপমা [সং অলং] বি, অর্থালঙ্কার-বিঃ। ইহাতে প্রথম উপমেয় দ্বিতীয় উপমেয়ের এবং দ্বিতীয় তৃতীয়ের উপমান হইলে অথবা এইরূপ ক্রমাগত চলিলে এই অলঙ্কার হয়। যথা-কৌমুদীর ন্যায় হংসী রুচির বরণা ললনা হংসীর ন্যায় সুমন্দগমনা। ললনার ন্যায় চারু কমল কানন, কমল সদৃশ তার সুন্দর নয়ন।" -কাব্যদর্পণ।

রসম, রিসুম [ফা০] বি, অর্থ। ২ ব্যবহার ; চাল।

রসলদার, রিশালদার-রেশালা দ্রঃ।

রসলা [হি০ রসালা] বিণ, রসযুক্ত ; সরস। ২ সরস ব্যঞ্জন। "মহরী মরীচ লঙ্গ প্রভৃতি মসলা। অধিক করিয়া দিয়া করহ রসলা॥" -অ০ ম০।

রসা$_1$ [রস + অ (ন্যা০) + আ (স্ত্রীং)] বি, পৃথিবী। ২ রসনা। ৩ শল্লকী ; কুন্দুরুকী ; অম্লভক্ষ্যা লতাবিঃ। ৫ কঙ্গু ; কাঙ্‌নী শস্য। ৬ কাকোলী। ৭ দ্রাক্ষা।

রসা$_2$ [ফা০ রস্‌সা >] বি, দড়া ; রজ্জু। ২ ৮০ হাত পরিমাণ দড়ি। ৩ কলের রস। ~রসি-বি, দড়াদড়ি ; বাঁধন। "সিন্ধুপারে গেছিস ভেসে অকূল কালো নীরে ছিন্ন রসারসি।"-রবী০।

রসা$_3$ [রস + আ (ন্যা০)] বি, মাংসের ঝোল বা যুষ ; সূপ meat-soup.

রসা$_4$ [রস (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি)। রসি, রস, রসে ; রসিতে ; রসিয়া (কে০ রসে)। ণিজন্ত-রসান] ক্রি, রসযুক্ত হওয়া ;

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ=ংগ ঞ=ঁয় ক=ন্চ ক=ষ্ট হু=হ্ব হু হ্ল হ্ম হ্ণ=ন্হ রহ লহ ম্হ ঝ্য, জ্ ক্ ব্ ভ=zfwv ও চ্চা০ দ্রঃ

রস নির্গত হওয়া। ২ পচিবার পূর্ব্বাবস্থা প্রাপ্ত হওয়া; গলনোন্মুখ হওয়া। ২ [লক্ষ°] বিগলিত; সরস হওয়া। "সই লো তোর মরা মানুষ ফিরেছে। কিন্তু পচে নাই কিঞ্চিৎ রসেছে।"-দাশরথি°। ৩ রসসিক্ত হওয়া; আর্দ্র হওয়া। "আমার মন রসে না"-গিরিশ°। ৪ বিণ, রসযুক্ত; গলিত। ~রঁসা-অ, গলনোন্মুখ; অল্প অল্প রসযুক্ত। দোরঁসা-বিণ, আধপচা।

রঁসাই [প্রাদে°। হি° রসোঈ। রসই দ্র:] বি, রান্না। রঁ°মণ্ডপ (ব)-বি, রান্নাঘর। "রসাইমণ্ডপঘরে যাই দরশন দিল"-পূ° ব° গী°।

রঁসাঙ্গী [যশো° খুলনা প্রাদে°] বি, পূর্ব্বে যে ব্যক্তি লবণের রস লইয়া ভাঁড়ে সরবরাহ করিত।

রঁসাঞ্জন [রস (পারা দ্বারা)+অঞ্জন (কজ্জল), ৩তৎ] বি, সুর্ম্মা; ইং antimony'র বৈজ্ঞা° পরি:; অঞ্জনক।

রঁসাতল [রসা (পৃথিবীর) তল (অধোভাগ), ৬তৎ] বি, পাতাল; সপ্তবিধ অধো ভুবনের সর্ব্ব নিম্নস্থিত ভুবন। ২ অধঃপাত; অবনতি, দুঃখ কষ্টের বা সর্ব্বনাশের চরম সীমা। "তবে ওটাকে একেবারে রসাতলে ফেলে দিও না"-ভারতী, ১৩২০।

রঁসাত্মক [রস+আত্মক] বিণ, রসগর্ভ; রসাল juicy. ২ সরস; কৌতুকজনক witty; humourous. স্ত্রী° রঁসাত্মিকা।

রঁসাধার [রস (জলের)+আধার (পাত্র), ৬তৎ] বি, সূর্য্য।

রঁসাধিক্য [রস+আধিক্য, ৬তৎ] বি, রসবৃদ্ধি।

রসান১ [সং-রসায়ন >] বি, রসে সিক্ত করান। ২ মার্জ্জন; উজ্জ্বল করণ; অলঙ্কারে রং ধরান। ৩ জমক; স্বর্ণ বা রৌপ্যের অলঙ্কারে রং করিবার সোরা ফটকিরি, গন্ধকাদি মিশ্রিত জল। ৪ অলঙ্কার উজ্জ্বল করিবার শাণ পালিশ পাথর। "রসানে মার্জ্জিত হেমকান্তি সমকান্তি দ্বিগুণ শোভিল" -মেঘ°। "হীরা নীল মরকতে ঝিরমিল চূড়া। রসান দর্পণে তার চারিদিকে বেড়া।" -কবিক°। ৫ বিদ্রূপাত্মক বাক্য; তীব্র পরিহাস।

রঁসান২ [ফা° আহ্‌সান (লাঘব, সহজ) > বাং-র অসান > রসান। গ্রা°] বি, লাঘব।

রসান৩ [রস+আন (ক্রি-বিভক্তি)। রসাই, রসাও, রসায়; রসাইতে; রসাইয়া (কো° রসিয়ে)] ক্রি, রসে পরিণত করা; গলান। ২ বিগলিত করা; মুগ্ধ করা; ভাবার্দ্র করা। "আমি রসাই কবির মন। কার প্রাণে না ফুটবে কলি নীরস কে এমন।" -গিরিশ°। "মন্দ মন্দ সমীরণ রসায় কবির মন"-ভারত°।

রঁসানি [রস+আনি (< পানি)] বি, জলীয় রস। ২ কাথ; নির্য্যাস। ৩ মৎস্য মাংস ফলাদি পচিবার সময় তা হতে যে রস নির্গত হয়।

রঁসাভাব [রস+আভাব (ইঙ্গিত), ৬তৎ] বি, রসের আমেজ। ২ পূর্ব্ব উপদিষ্ট রসলক্ষণ দ্বারা রসসমূহ অঙ্গশূন্য হইলেই তার নাম রসাভাব।

রঁসাভাস [রস+আভাস (সাদৃশ্য), ৬তৎ] বি, রসতুল্য। ২ অনুচিত ও বিরুদ্ধ বিষয়ে রস বর্ণন; নীচরস। ৩ গতরস। ৪ নীচ রসমূলক বাক্য; অশিষ্ট বচন। "রসাভাসে যে বোল বোলে শুন্যা লাজ পায়"-পদকল্পতরু।

রঁসাম্ল [রস+অম্ল] বি, বৃক্ষাম্ল। ২ অম্লবেতস।

রঁসায়ন [সং] বি, বিষবি:। ২ জরা ও ব্যাধিনাশক ঔষধবি:। "যে ভেষজ সুস্থ ব্যক্তির পক্ষে ওজস্কর ও রোগীর রোগনাশক তাহাই বৃষ্য বা রসায়ন বলিয়া শাস্ত্রে উক্ত হইয়াছে। যথা,-ত্রিফলা রসায়ন, লৌহ রসায়ন ই°।"-ডা: প্র° রায়। রসায়নী দ্র:। ৩ তক্র; ঘোল। ৪ দুই বা ততোধিক পদার্থ মিলিত হইয়া এক বস্তুতে পরিণত হইলে গুণান্তর ও রসান্তর প্রাপ্ত হয়, যাহা দ্বারা এই বিষয়ের জ্ঞান জন্মে তাহাকে রসায়ন কহে; রসসিদ্ধ (দ্র:)। ~জ্ঞ (-ঞ-) বি, রসায়নশাস্ত্রে পারদর্শী; কিমিয়া বিদ্যায় প্রাপ্তজ্ঞান। ~তঁন্ত্র-স্বাস্থ্যবিজ্ঞান hygiene. ~ফঁল-বি, হরীতকী। ~বিদ্যা-যে বিদ্যা দ্বারা সমুদয় পদার্থের গুণ এবং তাহাদের পরস্পর সংযোগ ও বিয়োগ বিষয় জ্ঞাত হওয়া যায় তাহার নাম রসায়নবিদ্যা chemistry. ~শাস্ত্র-যে শাস্ত্র অধ্যয়ন করিলে রসায়নে জ্ঞান জন্মে; কিমিতি বিদ্যা chemistry.

রঁসায়নীবিদ্যা [তন্ত্রোক্ত চি° শা° পরি:] বি, যে বিদ্যাবলে রসায়ন প্রস্তুত করণের জ্ঞানলাভ হয় chemistry [দ্র:-"তন্ত্রশাস্ত্রে এই বিদ্যাকে 'রসসিদ্ধি' নাম দেওয়া হইয়াছে এবং যাঁরা এই বিদ্যার পারদর্শী তাঁরা 'রসসিদ্ধ' বা 'রসসিদ্ধি প্রদায়ক' নামে অভিহিত (রসরত্নসমুচ্চয়)। রুদ্রযামলান্তর্গত 'ধাতুক্রিয়া' নামক তন্ত্রে এই বিদ্যা রসায়নী বিদ্যা নামে উক্ত হইয়াছে 'আমরা তাহাই গ্রহণ করিলাম।"-ডা: পি° সি° রায় (নব্য রসায়নী বিদ্যা ও তাহার উৎপত্তি)।

রঁসাল [রস+আল (স্ত্য°)] বি, আম্রবৃক্ষ। "আসিয়া বসন্তকালে বসিয়া রসাল ডালে প্রতিদিন দেহ বিড়ম্বনা।"-কবিক°। ২ কাঁটাল গাছ। ৩ ইক্ষু। ৪ বিণ, রসযুক্ত; সরস। ৫ মধুর; আনন্দজনক। ৬ মিষ্ট; সুশ্রাব্য। "নানাবিধ বাদ্য বাজে শুনিতে রসাল।"-কৃত্তি°। "সুমধুর যন্ত্র রসাল"-বি° প°। স্ত্রী° ~া-রসযুক্তা। ২ বি, রসনা; জিহ্বা। ৩ দ্রাক্ষা। ৪ শিখরিণী নামক পানীয়বি:। ৫ দূর্ব্বা। ৬ পুষ্পবি:।

রঁসালসা [সং] বি, রক্তবাহানাড়ী; ধমনী artery.

রঁসালাপ [রস+আলাপ] বি, রসযুক্ত আলাপ; সরস কথাবার্ত্তা। ২ রসিকতা। ৩ প্রেমালাপ।

রঁসা/স্বাদ, রঁসা/স্বাদন [রস + আস্বাদ,-দন, ৬তৎ] বি, রসের স্বাদ গ্রহণ। ২ রসগ্রহণ; রসবোধ। ৩ অভিজ্ঞতা experience. ~স্বাদী [রস+আস্বাদ+ইন্ (স্ত্য°)=রসাস্বাদিন ১মা, ১ব°] বিণ, রসের আস্বাদনকারী।

রসি [হি° রস্‌সী >] বি, দড়ি; রজ্জু। ২ জরিপের রজ্জু measuring rope.

রসিক [রস+ইক (জ্ঞানার্থে)] বিণ, রসগ্রাহী; রসজ্ঞ; রসপ্রিয়। > স্ত্রী° ~া

[রসিক বা রসিকা অর্থে গ্রা° রঁস্কে। বৈ° পদ° সা°-তে অশুদ্ধ "রসিকিনী" ও দৃষ্ট হয়। "শ্যাম রস রসিকিনী"] রসজ্ঞা। ২ রসনা। ৩ কান্তী। ~তা(-র্ক-) [রসিক+তা (ভা°)] বি. রঙ্গরসের কথা ; যে রসাল বাক্য হাস্যরসের উদ্রেক করে। "বঙ্কিমের রসিকতা অতীব তীব্র হইলেও, তাহা গ্রাম্য নহে ; অশ্লীল নহে ; তাহা ভাঁড়ামি নহে ; 'ভেঙ্গচানি'ও নহে-তাহা রসিকতা।"-বিজয়চন্দ্র মজুমদার। [দ্র:-রসিকতা নির্দ্দোষ এবং বিশুদ্ধ হাস্য-রসের অবতারণা করে। কোন ব্যক্তি বা সমাজের প্রতি কটাক্ষযুক্ত হাস্যরসের কথা ব্যঙ্গ্য। তীব্র ব্যঙ্গ্য যাহা লক্ষিত ব্যক্তি বা সমাজের মর্ম্মস্থলে আঘাত করে তাহা বিদ্রূপ। "আজকাল উপন্যাসে উদ্ভট হাস্য-রস কোথাও কোথাও এত প্রচুর পরিমাণে পাওয়া যায় যে উপন্যাস ত দূরের কথা, সেই সকল রসিকের নাম শুনিলেই পাঠকের মনে হাস্য-রসের উদ্রেক হয়। জানিনা, সে কি রস ! তাহা কি হাস্য? * * * "বঙ্গসাহিত্যে যাঁহাদের রস ও রসিকতা প্রসিদ্ধিলাভ করিয়াছে, তন্মধ্যে ঈশ্বর গুপ্ত, কালীপ্রসন্ন কাব্যবিশারদ, দীনবন্ধু মিত্র, পঞ্চানন্দ (ইন্দ্রনাথ) ও দ্বিজেন্দ্রলাল রায় মহাশয় প্রভৃতির নামই বিশেষভাবে উল্লেখযোগ্য। শেষোক্ত কবি সারা বঙ্গে হাসির কবি বলিয়াই বিখ্যাত। আমরা টেক-চাঁদকে (প্যারীচাঁদ মিত্র) বাদ দিতেছি না, কিন্তু তাঁহার রস অধিক মাত্রায় ব্যঙ্গ। * * * পঞ্চানন্দের রসিকতাকে তীব্র কশা বলিলে চলে, তাহা ব্যঙ্গ-বিদ্রূপে সমুজ্জ্বল।" -বিজয়চন্দ্র মজুমদার (মর্ম্মবাণী)]। ~নাগর [রসিক যে নাগর, ধা] বি. রসিক বঁধু; রসরাজ; রমণীরঞ্জন a gallant. "তুমি নাকি রসিক নাগর রসের সাগর ভাবের সাগর কৃষ্ণধন।"-ঈ° গুপ্ত। ~রাজ [রসিকগণের রাজা (প্রধান), ৬তৎ, রাজা=রাজ] বি, রসিক-চূড়ামণি; সুরসিকের শ্রেষ্ঠ ; রসরাজ। ২ শ্রীকৃষ্ণ। "মালিনী হইল রসিকরাজ।"-চণ্ডি°।

রসিকেশ্বর [রসিক (রসিকের)+ঈশ্বর, ৬তৎ] বি, শ্রীকৃষ্ণ। ২ বিণ, রসিকের শ্রেষ্ঠ।

রসিত [রস্ (আস্বাদন করা)+ত (র্ম্ম)] বিণ, আস্বাদিত ; গৃহীত-স্বাদ। ২ [রস্ (শব্দ করা)+ত (ভা°)] বি, মেঘশব্দ। ৩ [রস্ (আস্বাদন করা)+ত (ভা°)] আস্বাদ। ৪ স্বর্ণাদি দ্বারা খচিত। ৫ শব্দিত।

রসিদ, রসীদ [ফা° রসীদ] বি, প্রাপ্তি-স্বীকার পত্র ; প্রাপ্তি-নিদর্শন receipt. ২ [ফরিদপুর প্রাদে°] গ্রেপ্তারী পরওয়ানা warrant of arrest, "চাপরাসী আইসে (=আসিয়া) র° দিলেন হাতে"-প্রবাসী, চৈত্র, ১৯১৮।

রসিয়া১ [রস+ইয়া (যুক্তার্থে, স্ত্য°। ব্রজ° বিণ, রসজ্ঞ। ২ বি, বিণ, রসিক। "রসিয়া নাগর শ্যাম"-বাং গান। ৩ [রসিকা > রসিআ >] রসিকা ; রসবতী। "অঙ্গনে আওব যব রসিয়া।"-বি° প°। "রসিয়ার সনে কিবা রস রঙ্গে সঙ্গ হয়েছে পারা।"-চণ্ডি°।

রসিয়া২ [রসা৪ দ্র:] অস-ক্রি, রসযুক্ত হইয়া ; রসে পূর্ণ হইয়া। রি° যাওয়া-রসযুক্ত হওয়া ; তরল হওয়া। প্র-বর্ষায় লবণ রসিয়া যায়।

রসুই [রসই২ দ্র:] বি, রন্ধন। ~আ [হি°] বি, রান্নাঘর। ২ পাচক। ~ঘর-বি, পাকশালা ; রান্নাঘর। ~বাস [প্রাদে°] বি, পাক ও আহার। ~শালা [রসুই (রন্ধন) শালা (গৃহ)] বি, রান্নাঘর। "ক্ষণেক রসুইশালে ক্ষণেক অঙ্গনে।"-কবিক°।

রসুন, রশুন [প্রা° রশুন, রশুন। হি° লশুন। চ° ক°ভা° রউন। সং-রসোন,রশুন। রস্ (আস্বাদনে)+উন, উন (কম), ষড়্ রসের এক রস (লবণ, মতান্তরে অম্লরস) ইহাতে নাই বলিয়া] বি, শ্বেত পলাণ্ডুবৎ অতি তীব্র গন্ধ উগ্রবীর্য্য কন্দবিঃ garlic.

'রসুন [রহা দ্র:। সম্ভ্রমার্থে (সমামার্থে রোসো, তুচ্ছার্থে রোস্, র)। রহুন >। চ°ক° ভা° (স=হ) রঁউন] ক্রি, থাকুন ; বাস করুন। ২ অপেক্ষা করুন।

রসুম [ফা° রসুম্] বি, পদ্ধতি ; ধারা ; আচার ; চাল। ২ মাশুল ; বৃত্তি। ৩ অর্থ। ৪ টোল ; শুল্ক duties. ~রেওয়াজ, রেওয়াজ রিসুম-আচার ব্যবহার ; রীতিপদ্ধতি।

রসুল [আ° রসুল্ (দূত)] বি, ঈশ্বরের দূত ; পয়গম্বর।

রসেন্দ্র [রস+ইন্দ্র (প্রধান), ৬তৎ] বি, পারদ ; পারা।

রসোত্তম [রস (মধ্যে) উত্তম, ৭তৎ] বি, মুক্তা। ২ পারদ।

রসোদগার [পারি: শব্দ] বি, রাস-লীলা পর্য্যাপ্ত বোধ না হওয়ায় অতৃপ্ত মনোরথ পূর্ণ করণার্থ পুনর্ম্মিলনের আবেশ। "পূর্ব্বরঙ্গ র° মাথুর বিরহ আর হরিভক্তি যাহাতে প্রকাশ।"-অ° ম°।

রসোদ্ভব [রস (পারদ হ'তে)+উদ্ভব, ৫তৎ বি, হিঙ্গুল। ২ বিণ, রসজাত

রসোপল [রস (জল)+উপল (প্রস্তর)] বি, মুক্তা।

রস্য [রস্ (আস্বাদন করা)+য (র্ম্ম)] বিণ, আস্বাদ্য। ২ বি, রসজ্ঞ ; শোণিত।

রহ [রহা দ্র:] ক্রি, থাক ; অপেক্ষা কর। ~ঠ হ [কে° র-ঠ (স্থিতি) > হ > থ > ঠ] বি, অপেক্ষা ; ইতস্তত: ; স্থগিত। > অস-ক্রি, রহে-ঠ হে -রহিয়া বসিয়া ; বলপত করিয়া।

রহ: [সং। প্রা° বাং। আধু° বাং-র অপ্র°] বিণ, গোপনীয় ; গোপ্য ; গুপ্ত। "রহ: কথা কহিবারে বসিলেন গিয়া।"-চৈ° ভা°।

রহন [রহা দ্র:] বি, স্থিতি ; অবস্থান।

রহনি, রহনী [প্রা° বাং, প্রাদে°] বি, গূঢ় রহস্য বা তত্ত্ব। ২ ক্রীড়া ; কৌতুক। "দুই পাল্যের কক্ষে দিয়া দুই পাও। আমার কন্ধেতে বসি রহনি খেলাও।"-কবিক°। ৩ পরিহাস।

'রহমৎ [আ°] বি, দয়া।

রহমান [আ°] বিণ, দয়ালু ; করুণাময়।

রহর [হি°] বি, অড়হর কলাই।

রহস [রম্ (ক্রীড়া দ্বারা)+অস্ (ভা°)] বি, সংসর্গ ; সহবাস। "পুরুষ রহসে তার গেল চারি মাস।"-কবিক°। ২ [-+অস্(র্ম্ম)] গোপনীয় বর্ত্ততত্ত্ব।

রহসি, [সং। রহঃ (দ্রঃ) শব্দের ৭মী বিভক্তি রূপ] অ, নির্জ্জনে ; গোপনে। "কত পরবোধি না মানে রহসি না করে ভোজন পান।"-বি° প°। ২ রহস্য ; কৌতুক ; আনন্দ ; রসবোধ। "রোধ সবাপি পুন রহসি পসারল।"-বি° প°।

রহস্য [রহস (গোপন)+য (ভবার্থে)] বি, মর্ম ; গূঢ় তাৎপর্য্য। ২ গুপ্তকথা ; অপ্রকাশ্য বিষয়। ৩ পরিহাস ; কৌতুক। ৪ নির্জ্জনভাব। ৫ রসিকতা। ৬ উপনিষৎ ; বেদান্ত। ~া-বি, সরস্বতী নদী। ২ রাস্না। ~চ্ছলে-ক্রি-বিণ, রসিকতা বা পরিহাস করিয়া। ~জ্ঞ-বিণ, মর্ম্মবিৎ। ~ভেদ -বি, গূঢ়তত্ত্বের মর্মগ্রহ ; গুপ্তবিষয়ের প্রকাশ। ~ময়-বিণ, রহস্যপূর্ণ ; রহস্যাবৃত। ২ দুর্ব্বোধ্য।

রহস্যালাপ [রহস্য (দ্রঃ)+আলাপ] বি, নায়ক নায়িকার গোপনে প্রেমালাপ। ২ রঙ্গরসিকতা।

রহা [হি° রহ্না (থাকা) >। রহি, রহ (রহেন, রহিস), রহে (রহেন) ; রহিতে (কে° রইতে, রৈতে) ; রহিয়া (গ্রা° রইয়া, কে° রৈয়া, রহে, রয়ে, পদ্যে-রহি)। ণিজন্ত-রহানি। রহাই, রহাও, রহায় ; রহাইতে : রহাইয়া (কে° রহায়ে, রহাএ)। রআ, রয়া দ্রঃ] ক্রি, থাকা ; অবস্থিতি করা ; তিষ্ঠান ; বাস করা। "পশুগণের রহিবার স্থল" -প্রতাপাদিত্য চরিত, ১৮০১। "নিশিদিন রহ পাশে"-রবী°। ২ পড়িয়া থাকা ; দূরে অজ্ঞাতসারে থাকা। প্র-কে কোথায় রহিল তার ঠিক হইল না। ৩ থামা ; নিবৃত্ত হওয়া। "দ্রুত গমনে কি এত প্রয়োজন * * * * রহ রহ রহ করি দরশন হে"-গান। ৪ অপেক্ষা করা। প্র-রহ, শীঘ্রই আসিতেছি। ৫ বসিয়া থাকা ; স্থির হওয়া। "এ কথা শুনিঞা নেঙ্গা না থাকিল রৈয়া"-মাণিক°। ৬ আটকান। "কিবা চাহে কাহ্নু বাটে রহাএ" -শ্রী° কী°। কথ্য ভাষায় হ লোপ বা হ স্থলে স (রহ=র'স=রোসো) এবং হ লোপে অ, ই, এ, ঐ, ও যথা-রহ, রহি, রহিব, রহিবি, রহিতে, রহিয়া ই° স্থলে র, রও, রই, রৈ, রব, রইব, রৈব, রবি, রইবি, রৈতে, রইয়া (=রয়্যা, রয়ো, র'য়ে) ই°। [ব্রজ°] রহঁ-রহে। "অতএ সে দুঃখ রহ"-বি° প°। রহই-রহে। "বালাজন সঞে যব রহই" -বি° প°। রহব-রহিবে। "কতদিনে মাধব রহব মথুরাপুর"-বি° প°। রহবি-রহিবি। রহয়ে-রহে। রহল-রহিল। "নহি নহি কহয়ে নয়নে ঝরে লোর। শুতি রহল রাই শয়নক ওর।"-বি° প°। "হিয়ার ভিতর পাঁজর কাটিয়া মরমে রহল পশি।"-চণ্ডি°। ২ রহিলাম। "কৌতুকে মুদি হম রহল নয়ান।"-বি° প°। রহলা-রহিল। "কৈছে মিলব হামে সো ধনী অবলা। চিত্ত নয়ন মঝু দুহুঁ তাহে রহলা।"-বি° প°। রহলু,-লুঁ, রহলু-রহিলাম। "শুতি রহলুঁ আঁচল ঝাঁপাই"-বি° প°। রহসি,-রহিতেছে। রহাএ-রহান দ্রঃ। রহিলছে=রহিয়াছে। "দেখিল কোপিল কাহ্নাঞি রহিলছে পাশে" -শ্রী° কী°। রহু,, রহুঁ-রহ। ২ [এই অর্থে মৈ° রহুঅ, রহুয় ও°। "কমলমুখী মুদি রহুয় দুনয়ান।" -বি° প°] রহে ; থাকে। "কুচ ভয়ে কমল কোরক জলে মুদি রহু ঘট পরবেশে হুতাশে।" -বি° প°। রহু,, রহুক [সম্ভ্রমার্থে রহুন > গ্রা°, চ° ক° ভা° রউন। সমানার্থে-রও, রউ। তুচ্ছার্থে র] থাকুক। "তথাপি তাহাতে মোর রহু মনোবৃত্তি।"-চৈ° চ°। ২ দাঁড়াক ; অপেক্ষা করুক।

রহানি [রহা (দ্রঃ) > ণিজন্ত রূপ। প্রা° বাং-রহাই, রহাও (রহান, রহাস), রহায় (রহান) ; রহাইতে (কে° রহাতে), রহাইয়া (কে° রহায়ে) ই°] ক্রি, থাকান ; যাইতে বাধা দেওয়া। "দুই হাতে আগুলিয়া মুনিরে রহায়।"-ভাগবত (গৌরাঙ্গ-দাস)। ২ থামান ; স্থগিত করা ; নিরস্ত করা। "শিব বলে মথ সিন্ধু রহাইলে কেনে।" মহা° (কাশী°)। ৩ আটকান ; আটক করা ; রোধ করা। "দেশের কাঁকড়া রাঁড় চোয়াড়েতে খায়। এ দেশের কাঁকড়া বুহিত রহায়।"-কবিক°। "দাড়ায় ধরিয়া তার বহিত্র রহায়।"-ঐ। ৪ রক্ষা করা।

রহি [রহা (দ্রঃ) ধাতুর উ° পু° রূপ] ক্রি, থাকি। ২ [পদ্যে। এই অর্থে রহী ও°। "হেন মতে কতখন রহী।"-শ্রী° কী°] অস-ক্রি, রহিয়া। ~রহি-ক্রি-বিণ, থাকিয়া থাকিয়া। "রহি রহি রাগ রচয়ে রসবন্ত।"-জ্ঞান°।

রহিত [রহ্ (ত্যাগ করা)+ত (র্ম)] বিণ, বর্জ্জিত ; বিহীন ; ত্যক্ত। "কলঙ্করহিত পরিণত শত বিধু নিন্দিত বদনী"-গান। ২ বিণ, খণ্ডিত।

রহিন [প্রাদে°] বি, বড় পাতিল ; মাটির বড় হাঁড়ী।

রহিম, রহীম [আ°] বিণ, দয়ালু ; কৃপালু। ২ ঈশ্বরের এক নাম। "রাম রহীম না জুদা করো ভাই"-গি° ঘোষ।

রহিয়াবিসিয়া [গ্রা° রহে সে, রয়েবসে] ক্রি-বিণ, দীর্ঘসূত্রিতা দ্বারা ; ধীরে-সুস্থে ; চিরকারিতা দ্বারা। তুল-"এড়াইয়া গড়াইয়া"।

রহীন [আ° রিহন্] রেহন দ্রঃ।

রহেমানী [আ° রহ্মানী (divine)। আমিনা খাতুন দ্রঃ] বি, আধু° বঙ্গের সমুদ্রগামী জাহাজবিঃ। "ইহা চট্টগ্রামের বাঙ্গালী মিস্ত্রিদের দ্বারা নির্ম্মিত। ইহা এবং এইজাতীয় দেশী জাহাজগুলি দক্ষ নাবিক-দিগের দ্বারা কেবল পাল খাটাইবার কৌশলে চালিত হইয়া থাকে। ইহা কেবল বাহির সমুদ্রেই চালিত হইয়া থাকে। ইহা কখন কখন কলের জাহাজকেও পরাস্ত করে। চট্টগ্রাম হালি সহর নিবাসী সওদাগর উজীর আলি সাহেব "রহেমানী"তে চড়িয়া বহুবার ভারত মহাসাগরের উপকূলস্থ প্রায় সমস্ত বন্দর ও দীপপুঞ্জ পরিভ্রমণ করিয়াছেন। "রহেমানী" অনুকূল বায়ুভরে চট্টগ্রামের বন্দর হইতে এক দিবসে রেঙ্গুন পৌছিয়াছিল। অতি দ্রুতগামী কলের জাহাজও তিন দিন তিন রাত্রির কমে এই দীর্ঘপথ অতিক্রম করিতে পারে না।" -প্রবাসী, ১৩২১।

রা,, রাঅ [সং-রা, রাঃ, রাব] বি, রব ; শব্দ ; ডাক। "সিংহ তুমি মহাতেজা * * * * শুনিয়া তোমার রা কাঁপায়ে সবার গা কি কারণে ভয় কর নরে।"-কবিক°। "রাঅ কাড়ে যেন বোকা ছাগ"-শ্রী° কী°। ২ বাক্য ; কথা। "মুখে না নিঃসরে রা"

-চণ্ডি০। "মুখে নাই রা"-শি০। "হল হল মরন ব্যাসে নাহি রা।"-ঘ০। ৩ রাম। প্রা০ বাং-রাএ=রা। রা কঁরা, রা কাড়া, রা তোলা, রা দেওয়া-ক্রি, শব্দ করা ; ডাকা ; বাক্য বলা। ২ প্রতিবাদ করা। "তাহার স্বামী কখন তাহার গায়ে হাত তোলা ছেড়ে উঁচু 'রা'টিও করে নাই।" -অনুরূপা দেবী। প্র-মুখে রা বাক্যি নাই। রা কাড়ে না (রাকাড় দ্রঃ)। "সব শিয়ালের এক রা"-প্রবচন।

রা$_2$ [ব্যা০] বি, বহুবচনার্থক প্রত্যয়। জীব বাচক বিশেষ্য পদের বহুবচন নিষ্পন্ন করিবার জন্য যুক্ত হয়, অকারান্ত কিন্তু হসন্তোচ্চার্য্য শব্দের পরে এরা ও অন্য স্বরান্ত শব্দের সঙ্গে রা যুক্ত হয়। যথা-বালকেরা ; বালিকারা। কথিত ভাষায় প্রভেদ বড় থাকে না (তুল-ছাত্ররা, ছাত্রেরা)।

রাঅ-রা$_1$ দ্রঃ।

রাঅর্গড় [প্রা০ বাং] বি, ধান্যবিঃ। "কোটা মেটা রাঅগড় তোজনা আর ঘোর।"-শূ০ পু০।

রাই$_1$ [রাধিকা > রাধিআ > রাধি > রাহি > রাই] বি, রাধিকা। "শুন শুন সুন্দর কানাই। তোহে সোঁপনু ধনি রাই।"-বি০ প০। "শ্রীমুখপঙ্কজ দেখবো বলেছে তাই এসেছিলাম এ গোকুলে। আমার স্থান দিও রাই চরণতলে"-বঙ্কিম০।

রাই$_2$ [রাজিকা >] বি, রাইসরিষা।

রাই$_3$ [রাজা > রাআ > রায় > রাই] বি, রায় ; রাজা। "সীতাপতি রঘু রাই" -গান। ২ [রাণী > রাঈ > রাই। রায় দ্রঃ] রাণী। "চাডিগাতে করি বন্দি চাডেশ্বরী রাই" -পূ০ ব০ গী০। [দ্রঃ-বন্দি=বন্দনা করি। চাডেশ্বরী রাই=চট্টেশ্বরী রাণী দেবী। প্রবাদ এই যে পূর্ব্বে কালী চট্টলে ছিলেন, পরে কালিঘাটে]।

রাইঅত, রাইয়ঁত, রৈয়ঁৎ [আ০ রঈয়ৎ। প্রা০ রেয়ত] বি, প্রজা (৩ প্রকার, -মকররী রাইয়ত, দখলী স্বত্ববিশিষ্ট রাইয়ত এবং দখলী স্বত্বশূন্য রাইয়ত) ; যে প্রজা স্বয়ং চাষ করিবার জন্য অথবা নিজ স্বার্থে অন্যের দ্বারা চাষ করাইবার জন্য ভূমিস্বত্ব লাভ করেন। উঠবন্দী রাইয়ঁত-যে রাইয়ত প্রতিবৎসর ভিন্ন ভিন্ন জমি চাষ করে। কোর্ফা রাইয়ঁত-রাইয়তের অধীনে ভূমি-ভোগী। খুদকঁস্তা রাইয়ঁত-যে রাইয়ত নিজ বসত গ্রামের জমী চাষ করে। দঁখলি রাইয়ঁত-যে জমিতে প্রজার মালিকানা স্বত্ব থাকে না অথচ পুত্র পৌত্রাদি ক্রমে চাষের স্বত্ব থাকে সেই প্রজাকেই দখলি প্রজা বা রাইয়ত বলে। পাইকঁস্তা রাইয়ঁত-যে রাইয়ত এক জমিদারের জমিতে বাস করে ও অপর জমিদারের জমি চাষ করে বা জমি জমা রাখে। মোকঁররী রাইয়ঁত-যে রাইয়ত নির্দ্দিষ্ট খাজনায় জমি ভোগ করে।

রাইঅঁতি [রাইঅত দ্রঃ। হি০ রৈয়তী] বি, প্রজাস্বত্ব। ২ চাষ করণের ভূমিস্বত্ব।

রাইকিশোরী [রাই (রাধিকা) কিশোরী (কিশোর বয়স্কা)] বি, কিশোরী রাধিকা ; নবযৌবনা রাধা।

রাইখঁড়া [প্রাদে০। খড়+আ(সাদৃশ্যে)] বি, রাইসরিষা গাছের ডাঁটা।

রাইখ্‌ষ্টাগ [জর্ম্ম০ reichstag এর লিপ্যন্তর] বি, জর্ম্মণ পার্ল্যামেণ্ট। "রাইখ-ষ্টাগের পার্ল্যামেণ্টের মেম্বর হ'তে পারে।" -বি০ কু০ সরকার।

রাইত-রাত্রি দ্রঃ।

রাইন [প্রাদে০] বি, হাঁড়ি ; বড় পাতিল।

রাইফেল [ইং rifle এর লিপ্যন্তর] বি, পাক দেওয়া বা পেঁচান গর্ত্ত নালিকাস্ত্র বা বন্দুকবিঃ।

রাউটি [হি০] বি, ছোট তাঁবু ; গোল বৃক্ষাকৃতি তাঁবু।

রাউত [রাজপুত > অং] বি, রাজপুত ; উত্তর পশ্চিমাঞ্চলে রাজপুতের উপাধি। "রাউত মাহুত দূত আরো সৈন্যগণ।"-কাশী০। ২ সেনাপতি। ৩ সৈন্য। "খেলা লাথি মারিতে রা০ পড়ে পাকে"-দুর্গা০ গী০ (সীতারাম)।

রাউল, রাওল [হি০ রাবল্] বি, রাজা ; রায়।

রাএ$_1$ [রাব > রাঅ, রাও, রাএ। প্রা বাং] বি, রব। "কুহিলী কাড়ে রাএ"-শ্রী০ কী০। "কোকিলা করয়ে কত সুমধুর রাএ।"-মহা০ (ঘনশ্যাম), ১৬শ শতাব্দী)। ২ অ, রবে।

রাএ$_2$ [প্রা০ বাং। সং-রাজা > প্রাকৃ০ রাআ >] রাজাকে। "ঝাঁট গিআঁ আণাও আইহন কংস রাএ।"-শ্রী০ কী০।

রাএ$_3$ [প্রা০বাং। রাখা > রাখা, রাখে > রাখয়ে,-এ > রাএ। চ০ ক০ তা০] ক্রি, রাখে। রাইত্=রাখিত-রাখিতে।

রাও$_1$ [রাত্রি > রাত > রাও] বি, রাত্রি। "হায় হায় স্বামীধন কাড়িলু কাল রাও।"-মাণিক০ গান।

রাও$_2$ [রাজা > রাআ > রায়া > রায়, রাও] বি, রাজা। ২ উপাধি। রাও বাহাদুর, রাও সাহেব-উচ্চনিম্ন স্তরের উপাধিবিঃ।

রাও$_3$ [রব >। রা দ্রঃ] বি, ডাক। ২ সংবাদ। "যত জ্ঞাতাসগ আনিল রাও দিয়া" -মাণিক০ গান। রাও কঁরা-ক্রি, শব্দ করা ; উত্তর করা ; ডাকিলে সাড়া দেওয়া।

রাওয়া [রাব >। প্রাদে০ বরিশাল] বি, কুক্কুট।

রাওয়ানি [রাওয়া (দ্রঃ) শব্দের ণিজন্ত রূপ] ক্রি, শব্দ করান ; কথা বলান। ২ [বরিশাল অঞ্চলে ভূতের কীর্ত্তি এখনও শুনা যায়। ভূতে ধরা পুরুষ বা স্ত্রীকে সুস্থ করিবার জন্য রোজা (ওঝা) যে প্রক্রিয়া করেন তার নাম রাওয়ান বা ভূত রাওয়ান]।

রাওয়ারাই [রঁওরই ও০। রাও (রাব, রব)+আ-রাই (রাব, রব)] বি, উচ্চৈঃস্বরে। "পুত্র শোকে সেন হেথা কাঁদে রা০"-ধ০। ২ চেঁচামেচি ; গণ্ডগোল। "বাদ্যরবে ছুটে সবে করি রাওয়ারাই"-শি০।

রাং [রঙ্গ >] বি, রাঙ্ ধাতু। ~চিতা [সং-রক্তচিত্রক >। প্রা০ রাংচিত্তির] বি, চিতাগাছ। ~ঝাল [ঝাল দ্রঃ] বি, ধাতুময় দ্রব্য জুড়িবার বা ছিদ্ররোধের জন্য রাঙের পাইন। ~তা, রাঙ্গতা [রাং (রাঙ্গ) +তা (পাতা > কে০)] বি, রাং নির্ম্মিত পাতলা পত্রবিঃ, যদ্দারা প্রস্তর বা মৃন্ময় দেবদেবী মূর্ত্তি সাজান হয়।

রাঁড়, রাঁড় [সং-রণ্ডা >] বি, বিধবা। "আমি রাঁড় হয়েছি, আমার শাড়ী পরা ঘুচে গেছে।"-নবীনতপস্বিনী। ২ বেশ্যা; উপপত্নী। রাঁড়খোর-বিণ, যে নিয়ত বেশ্যালয়ে গমন করে; বেশ্যাসক্ত; লম্পট। ~বাজ-রাঁড়খোর। ~বাজি-বি, বেশ্যাসক্তি; লাম্পট্য। ~মানুষ-বি, বিধবা স্ত্রীলোক। রাঁড় রাখা-ক্রি, বেশ্যা পোষণ করা। ~হওয়া-ক্রি, বিধবা হওয়া। ~ইয়ে ষাঁড় হওয়া-বিধবা হওয়ার পর স্বাধীনভাবে ঘুরিয়া বেড়ান ও দুর্দ্দান্তপনা করা। ~হাত-বি, আয়তির চিহ্ন স্বরূপ বলয় লোহাদিবর্জ্জিত হস্ত; আভরণশূন্য হস্ত; শুধু হাত। রাঁড়ের পুঁজি [গ্রা॰] বি, বিধবার মূলধন; বিধবার সম্বল। ২ অতি যত্নের ও সাবধানে রাখিবার ধন। রাঁড়ের বাড়ী-বি, বেশ্যালয়। রাঁড়ের বাড়ী যাওয়া-ক্রি, ব্যভিচারার্থ বেশ্যালয়ে গমন করা। কচি রাঁড়-বি, বালবিধবা। বাঁধা রাঁড়-রক্ষিত বেশ্যা।

রাঁড়া [সং-রণ্ডা >] বি, ফলপুষ্পহীন বৃক্ষ; যে সকল বৃক্ষে ফল হয় না। ২ বিণ, অফলা। ৩ গর্ভধারণে অক্ষমা স্ত্রী; বন্ধ্যা নারী।

রাঁড়ি, রাঁড়ী [রাঁড় (দ্রঃ)+ই, ঈ (রাঁড় এই পুংলিঙ্গবৎ ও কড়া উচ্চারণকে স্ত্রীলিঙ্গবৎ ও কোমল করণার্থে)] বি, বিধবা। "হয়ত, বড় বনেদি ঘর। পতি পুত্র সব মরে গেল কেউ নেই-রইল কেবল গোটাকতক রাঁড়ি।"-শ্রীশ্রীরামকৃষ্ণলীলাপ্রসঙ্গ। "হিন্দুর ঘরের রাঁড়ী সিন্দুর পরিবে।"-ঈ॰ গুপ্ত। ~বাল্তি-বি, বালতি, দ্রঃ।

রাঁদা-রাঁধা দ্রঃ।

রাঁধন [রন্ধন >] বি, রন্ধন; পাককরণ।

রাঁধনি [সং-রন্ধনী >] বি, রাঁধুনী।

রাঁধনিআ [হি॰ রন্ধনীয়া] বি, পাচক; রসুইআ cook.

রাঁধা [রন্ধন > ক্রি, রান্ধা > রাঁধা। গ্রা॰ রাঁদা] রাঁধি, রাঁধ (রাঁধেন, রাঁধিস), রাঁধে (রাঁধেন); রাঁধিতে; রাঁধিয়া (কে॰ রেঁধে)। ণিজন্ত-রাঁধান] ক্রি, রন্ধন করা; পাক করা। "একটি কন্যা রাঁধেন বাড়েন একটি কন্যা খান।"-ছড়া। ~বাড়া-বি, রন্ধন ও পরিবেশন করা। "রাঁধা বাড়া হবে সব আমি নেয়ে এলে"-ঈ॰ গুপ্ত।

রাঁধানি [রাঁধা দ্রঃ। রাঁধাই, রাঁধাও (রাঁধান, রাঁধাস), রাঁধায় (রাঁধান্); রাঁধাইতে; রাঁধাইয়া (কে॰ রাঁধিয়ে)] ক্রি, রন্ধন করান; পাক করান।

রাঁধুনি, নী১ [রন্ধনী > রান্ধনী > হি॰ রন্ধনিয়া > কে॰। গ্রা॰ রাঁন্ধুনি] বিণ, রন্ধনকারী; রন্ধনকারিণী; রসুইয়া। প্র-রাঁধুনি বামুন। ২ বি, পাচক; পাচিকা। "যার হাতে খাইনি সে বড় রাঁধুনি"-প্রবচন।

রাঁধুনী২ [রন্ধন কার্য্যে ব্যবহৃত হয় বলিয়া নাম। গ্রা॰ রাঁন্ধুনি] বি, অজমোদা; ধান্যাদিবর্গের ওষধি শাকবিঃ। ফলে রন্ধনের মসলা হয় carum roxburghianum.

রাপি [হি॰। চর্ম্মকারের ভাষায়] বি, চামড়ার ছাল তুলিবার বা চাঁচিবার যন্ত্রবিঃ।

রাকড়া-রাকাড়া দ্রঃ।

রাকড়ানি [রা+কাড়ান > রাকাড়ান > দ্রুত উচ্চারণে। রাকড়াই, রাকড়াও, রাকড়ায়; রাকড়াইতে; রাকড়াইয়া (কে॰ রাঁকড়ে)] ক্রি, উত্তর দেওয়া। ২ তত্ত্ব লওয়া। ৩ সংশ্রব রাখা; সম্বন্ধ রাখা। ৪ বলা; কথা কহা; ডাকা। "বলগে বালাই মোরে যাব তার ঠাঁই। রাড়ের মেয়েকে তুই রাকড়িস নাই।"-শি॰।

রাকা১ [গ্রা॰। খ=ক] ক্রি, রাখা দ্রঃ।

রাকা২ [সং] বি, প্রতিপদ্‌যুক্ত পূর্ণিমা তিথি। "ওগো সজনি! রাইঅঙ্গ সাজাব, দিয়ে কি ভূষণ। ও যার রূপে, রইল ঢাকা, রাকা শশীর কিরণ।"-দাশরথি॰। ২ নব ঋতুমতী স্ত্রী। ৩ নদীবিঃ। ~পতি [রাকা (পূর্ণিমা তিথি) পতি (প্রভু), ৬তৎ] বি, চন্দ্র। "রাকাপতি বেড়ি যেন ফিরায়ে বলাকা।" -কবিক॰।

রাকাড়[রা+কাড়া > কে॰। রাকড়ান দ্রঃ] বি, কথাবার্ত্তা। ২ সংশ্রব। ৩ সাড়া; উত্তর। ৪ তত্ত্ব। ৫ ডাক। "সাত রাকাড়ে সাড়া নাই রাত্রি বয়ে যায়।"-হেম॰।

রাকাড়া [রা কাড়া (রা দ্রঃ) > দ্রুত উচ্চারণে-রাকড়া। তুল-বৌ॰ সা॰ কড়িডউ রাব। "সরহে নিত্ত কড়িডউ রাব" (সরহপাদ নিত্য বলিয়াছেন)-দোহা। রা (রব) কাড়া (করা, ব্যবহার করা, বাহির করা)। রাকাড়ি, রাকাড় (রাকাড়েন, রাকাড়াস, রাকড়াস), রাকাড়ে (রাকাড়েন); রাকাড়িতে; রাকাড়িয়া (কে॰ রাকড়ে)] ক্রি, শব্দ করা; রব করা। "দক্ষিণে রাকাড়ে শিবা"-রামা॰ (ঘনশ্যাম)। ২ বুলি বাহির করা; কথা কহা; বাক্য বলা। "আর যদি কাড় রা বসন্তের মাথা খা।"-কবিক॰। ৩ সাড়া দেওয়া; উত্তর দেওয়া। "জিজ্ঞাসিলে যে নাহি কাড়ে রা।"-কবিক॰। ৪ তত্ত্ব লওয়া; সংবাদ রাখা। ৫ সংশ্রব রাখা। ৬ ডাকা। ৭ জিজ্ঞাসা করা; প্রশ্ন করা। বি, রাকাড়ন।

রাক্ষস [রক্ষ্ (রক্ষা করা) + অস্ (অপা॰) যা হতে যজ্ঞীয় হবিঃ রক্ষা করা হয়] বি, নিশাচর; কর্ব্বুর। ২ নরখাদক নর। ৩ [-+ অস্ (ষ্ণ)] কুবেরের ধনরক্ষক। ৪ [রক্ষস্+অণ] বলপূর্ব্বক বিবাহ। ৫ বিণ, রক্ষঃসম্বন্ধীয়। প্র-রা॰বিবাহ। স্ত্রীং রাক্ষসী [গ্রা॰ রাক্কুসী] রাক্ষসপত্নী; রাক্ষসনারী। ২ দংষ্ট্রা। ৩ [রাক্ষসী বেলা শু॰] সন্ধ্যাকাল। ৪ আসুরিক চিকিৎসা; অস্ত্রচিকিৎসা। ৫ [বৈদ্যকে] চোরা নামক গন্ধদ্রব্য। রাক্ষস বিবাহ-বিবাহ দ্রঃ। রাক্ষসী বেলা [রাক্ষস+ঈ (সম্বন্ধার্থে)] বি, পঞ্চদশ ভাগে বা মুহূর্ত্তে বিভক্ত দিবামানের শেষ তিন মুহূর্ত্ত কাল। পেটে রা॰ সেঁদুনো-অতিরিক্ত ক্ষুধা হওয়া; মানুষের স্বাভাবিক ভোজন প্রবৃত্তি ও শক্তির অতীত ঔদরিকতা প্রকাশ পাওয়া। তুল-he has a wolf in his stomach ("An expression common to the French & the Germans")—Brewer.

রাক্ষসেন্দ্র [রাক্ষস+ইন্দ্র (রাজা), ৬তৎ] বি রাক্ষসের প্রধান; রাক্ষসশ্রেষ্ঠ। ২ রাক্ষসরাজ রাবণ।

রাক্ষসেশ্বর [রাক্ষস+ঈশ্বর, ৬তৎ] বি, রাক্ষসেন্দ্র; রাবণ।

রাক্ষা [লাক্ষা >, ল=র] বি, লাক্ষা।

রাখিআল [রাখ (রক্ষা) + আল (বা়ল= কর্ত্তা)] বি, রক্ষাকর্ত্তা। "আমি নহি এখানে চণ্ডীর রাখ-আল।"-ধং মং (সীতারাম)।

রাখন (-খঁ-) [রক্ষণ >] বি, রক্ষা করণ। ২ স্থাপন।

রাখনি, রাখনী [গ্রা°। রাখন (দ্রঃ) + ই, ঈ (বৃত্তি অর্থে)] বি, রক্ষণকার্য্য। ২ রক্ষণাবেক্ষণের বেতন। ৩ রাখালের বেতন। ৪ (-খ্-) [হিং] রক্ষিতা ; উপপত্নী।

রাখন্ত, রাখন্তি, রাখেন্ত [প্রা° বাং। রাখা দ্রঃ] ক্রি, রাখেন। "হেন মতে যৌবনাখে সে অশ্ব রাখন্ত।"-মহা°(শ্রীকর°)।

রাখা [সং-রক্ষ্ (রক্ষা করা) >। হিং রাখ্‌না। রাখি, রাখ (রাখেন, রাখিস), রাখে (রাখেন); রাখিতে; রাখিয়া (কং° রেখে)। ণিজন্ত-রাখান] ক্রি, স্থাপন করা ; রাখিয়া দেওয়া। প্র-বইখানা টেবিলে রাখ। "কালী পদে রাখ প্রীতি।"-রা° প্র°। ২ প্রাণ রক্ষা করা ; বাঁচান। "সর্ব্ববীর চলি আইল রাখিতে অর্জ্জুন।"-মহা° (বিজয়°)। "বিনাশি দেবি ; রক্ষঃকুল ; রাখ ত্রিভুবন।"-মেঘ°। "কালী নামের জোরে বেঁধে তোরে সাজা দিলে রাখবে কেটা।"-রা° প্র°। ৩ ত্রাণ করা ; বিনাশের হস্ত হতে রক্ষা করা। "মরণ মাঝারে শরণ দাও হে রাখ এ দুর্ব্বল ক্ষীণ জনে।"-রবী°। ৪ বিশুদ্ধ রাখা ; কলুষিত বা নষ্ট হতে না দেওয়া ; এই অর্থে বাঁচান ; পতন হতে রক্ষা করা ; পূর্ব্ববৎ বজায় রাখা। "কুহুতানে আকুল করে প্রাণ। বুঝি রাখতে নারি কুল মান॥"-গিরিশ°। "লজ্জা রাখ শিবরাণী, ওমা লজ্জানিবারিণি। গর্ভবতী পতি-হারা বন মাঝে পাগলিনী॥"-ঐ। ৫ ধারণ করা ; না কাটা। "সাগর ছেঁচে রতন নিব কণ্ঠে রাখব নিশি দিবে।"-বঙ্কিম°। টিকি রাখা, লেজ রাখা ইং°। ৬ থাকিতে দেওয়া ; দূর করিতে বা নাশ করিতে অবহেলা করা। "রাইশত্রু রেখো না হে শ্যাম রায়।"-গদাধর° (গান)। "কালী নামে মেরে ডঙ্কা যমের শঙ্কা রাখবো দূরে।"-নবীন চক্রবর্ত্তী। ৭ নিবারণ করা ; নিরস্ত করা ; রোধ করা ; বাধা দেওয়া ; ঠেকান। "জোয়ার গাঙ্গে জল ছুটেছে রাখিবে কে হরে মুরারে হরে মুরারে।"-বঙ্কিম°। ৮ যাইতে না দেওয়া ; আটক করা। "রাধাক রাখিল কাহ্নাক্রি"-শ্রী° কী°। আমার যাবার সময় হ'ল আমায় কেন রাখিস ধরে।"-রবী°। ৯ আশ্রয় দেওয়া ; স্থান দেওয়া। "ডাকলে হরি রইতে নারে রাখ্‌বে তোরে রাঙ্গা পায়। আমি ভবে একা দাওহে দেখা প্রাণসখা রাখ পায়।"-গিরিশ°। ১০ পোষা ; পালন করা। ১১ নিযুক্ত করা। প্র-লোক রাখা ; চাকর রাখা। ১২ ছাড়া ; অব-শিষ্ট রাখা। "পাতক গেল মিছে খত রেখে।" -গদাধর° (গান)। ১৩ জীবিত রাখা ; জিয়াইয়া রাখা। "গেলহু প্রাণ আশা দেই রাখই দশ নখে লিখই ভুজঙ্গ।"-বি° প°। ১৪ মজুত রাখা। প্র-ছেলেদের জন্য খাবার দাবার ঘর করে কিছু রাখা উচিত। ১৫ থামা ; চুপ করা ; কোন বিষয়ের উল্লেখ না করা ; যা গ্রাহ্য বা বিশ্বাস্য নহে তার কথা না বলা ; উত্থাপন না করা। প্র-ও কথা এখন রাখ। ১৬ দাঁড় করান ; থামান। "রথ রাখ, বংশী বদন হেরিব বদন"-মধুকান। ১৭ শোনা ; গ্রাহ্য করা ; মানা। "রথ রাখ, কথা রাখ একবার মোরা দেখি দেখ।" -মধুকান। "কথার মত কথা হলে রাখতে পারা যায়।" ১৮ পোষণ করা ; হৃদয়ে বা অন্তরে রাখা। প্র-সে কি কাহার ভয় রাখে? সে উহার প্রতি বিলক্ষণ আক্রোশ রাখে। হিংসা রাখা। রাগ রাখা ইং°। ১৯ সঞ্চয় করা। প্র-টাকা রাখা। ২০ বন্ধক রাখা। প্র-গহনা রেখে টাকা ধার নিলে। ২১ জমা দেওয়া। ২২ দেওয়া। প্র-নাম রাখা। ২৩ (তুষ্টি) সম্পাদন করা ; (তোষামোদ) করা। প্র-মন রাখা। ২৪ বিণ, রাখিবার মত ; রাখিবার জন্যই ; রক্ষণোপযোগী। প্র-মন রাখা কথা। **কথা রাখা**-ক্রি, কথা শোনা ; অনুরোধ রক্ষা করা ; আদেশ পালন করা ; কথানুসারে কাজ করা। **চোখ রাখা**-ক্রি, নজর রাখা ; সতর্ক বা সাবহিত দৃষ্টি রাখা ; কোন দোষ করে কিনা তা ধরিবার জন্য প্রস্তুত থাকা। **নাম রাখা**-ক্রি, এমন কাজ করা যাতে লোকে নাম করে ; যশস্বী হওয়া [সুযশ ও কুযশ উভয় পক্ষেই প্রযুক্ত হইলেও সাধারণতঃ সুনামই বুঝায়]। ২ নামকরণ করা ; নাম দেওয়া। **পা রাখা**-ক্রি, পদার্পণ করা ; পাদস্পর্শ করা। **পায়ে রাখা**-ক্রি, আশ্রয় দেওয়া। ২ কৃপা করা। ৩ ত্যাগ না করা। **ফেলিয়া রাখা**-ক্রি, ব্যবহারে না আনা ; যেখানে আছে সেই-খানেই থাকিতে দেওয়া। ২ পদোন্নতি করিতে না দেওয়া। ৩ অবশিষ্ট বা বাকী রাখা। **বলিয়া রাখা**-ক্রি, কোন কার্য্য করিবার পূর্ব্বে জানান দেওয়া ; পূর্ব্বে সাবধান করা। ২ পূর্ব্ব হতে অনুরোধ বা আদেশ করিয়া রাখা ; শাসান করা ; ভয় দেখান। **ভাব রাখা**-ক্রি, সদ্ভাব পোষণ করা। ২ বিণ, প্রকাশ্যে বা মৌখিক (যা আন্তরিক নহে) সদ্ভাব রক্ষণোপযোগী। "এমন ভাব-রাখা ভাব কোথা শিখিলে।"-রাম বসু। **মন রাখা**-ক্রি, নিজের প্রতি অন্যের যাহাতে মন থাকে, অন্যের বিরাগ না জন্মে তাহার উপায় করা ; তোষামোদ করা। ২ বিণ, খোসামুদে ; মনস্তুষ্টিজনক। প্র-মন রাখা কথা। **মনে রাখা**-ক্রি, স্মরণে রাখা ; ভুলে না যাওয়া। ২ অনুকূল থাকা। "রেখো মা দাসেরে মনে এ মিনতি করি পদে" -মাইকেল°। **মান রাখা**-ক্রি, সম্মান রক্ষা করা। ২ পদোচিত মান দান করা। ৩ এমন কাজ করা বা এরূপ ভাবে কৃতকার্য্য হওয়া, যে অপ্রস্তুত বা অপ্রতিভ হতে না হয়। ৪ বিণ, যাতে মান থাকে এমন ; মান বজায়কারী। "মান-রাখা প্রাণ চাই না হরি।"-ভোলা ময়রা। **মাথায় রাখা**-ক্রি, সর্ব্বোচ্চ স্থানে রক্ষা করা ; সম্মান করা। **মাথায় করে রাখা**-পরম ভক্তি শ্রদ্ধা ও সমাদর করা। ২ অতিরিক্ত আদর বা আস্কারা দিয়া অযথা বাড়ান। **রাখিয়া দেওয়া, রেখে দেওয়া, রেখে বসা**-ক্রি, যা বিশ্বাস-যোগ্য বা সম্ভব নহে তার উল্লেখ করণে অশ্রদ্ধা বা অবজ্ঞাসূচক নিষেধ বাক্যস্বরূপ উল্লেখ না করিতে বলা। **শ্যাম রাখি কি কুল রাখি**-দুই বিপরীত পক্ষের কোন্ পক্ষ অবলম্বন করি তার নির্দ্ধারণ করিতে না পারার অবস্থা বা সমস্যার পতিত হইবার অবস্থা বা অনিশ্চয়তার জ্ঞাপক প্রশ্নে। "এখন শ্যাম রাখি কি কুল রাখি গো সই।"-গান। [শ্যাম রাখিতে

কুল থাকে না, কুল রাখিলে শ্যাম থাকে না অর্থাৎ শ্যামকে ছাড়িতে হয়। একদিকে শ্যামের আকর্ষণ অতি প্রবল, পক্ষান্তরে কুল কামিনীর কুল রাখা অপরিহার্য্য]। প্রা॰ বাং- রাখঁউ-রক্ষা করুক। রাখএ-রক্ষা করে। রাখঁসি-রক্ষা করিস। রাখহঁ-রাখ। "রাখহ আপন মাণে।"-শ্রী॰ কী॰। রাখিলোঁ-রাখিলাম ; রাখিবঁ [উ॰ পু॰] আমি রাখিব। ২ [প্র॰ পু॰] রাখিবে। "তবে তোক রাখিব কোণ জনে।" -শ্রী॰ কী॰। রাখিবার্কে - রাখার জন্য। রাখী১-রক্ষা করিয়া ; রাখিয়া। "থুয়িবোঁ রাখী"-শ্রী॰ কী॰। [ব্রজ॰] রাখিই, রাখঁত্তঁ, রাখঁয়ে-রাখে। "রাখই আমার জীউ।"-বি॰ প॰। "আশা দেই রাখই।"- ঐ। রাখিনু, রাখালু-রাখিলাম। "লাখ লাখ যুগ হিয়ে হিয়ে রাখনু।"-বি॰ প॰। রাখঁব-রাখিবে। "জীউ নিকলব যব রাখব কোই।" -বি॰ প॰। রাখিবি - রাখবি। রাখঁল-রাখিল।

রাখানি [রাখা (ক্রঃ) ধাতুর ণিজন্ত রূপ। রাখাই, রাখাও (রাখান্, রাখাস), রাখায় (রাখাম) ; রাখাইতে ; রাখাইয়া (কেং রাখায়ে)] ক্রি, রাখিতে বাধ্য করা।

রাখারাখি [রাখা (ক্রঃ) - রাখি (পরস্পরার্থে ও ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব)] বি, একবার এখানে একবার ওখানে রাখা। ২ পরস্পর রক্ষা করা।

রাখাল [রক্ষক >। হি॰ রাখবাল্] বি, গোরক্ষক ; গোপালক। "রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে। শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে।"-ম॰ মো॰ ত॰। ~রাজ-বি, শ্রীকৃষ্ণ। "বেয়োয়ে রাখালের রাজা শ্রীনন্দের নন্দন।"-গান। ~লাঠি-বি, খেলিবার লাঠিবিঃ। "তিনি স্বয়ং আকাঠা কুকাঠা হতে ছেলেদের চুষীকাঠি রাখাললাঠি লাটু * * প্রস্তুত করিয়া আমাদিগকে শিক্ষা দিতেন।" -বঙ্গীয় পতিতজাতির কর্ম্মী। ~শশা, রাখাল-নাড়ু [বৈদ্যকে] বি, ইন্দ্রবারুণী cucumis colocynthis.

রাখালিয়া [রাখাল+ইয়া (উপ- যোগী)] বিণ, রাখালের উপযুক্ত। "হেরি রা॰ ভাব কত ভাব আবির্ভাব"-ঈ॰ গুপ্ত।

রাখালী [রাখাল+ঈ (বৃত্তি অর্থে)] স্ত্রি, রাখালের কর্ম্ম ; গোরক্ষা ; গোপালন ; গোচারণ। "একটি দরিদ্র মুসলমান বালক গোরুর রা॰ করিত।"-বাঙ্গালার সামাজিক ইতিহাস।

রাখি, রাখী২ [রক্ষী >] বি, রক্ষা-বন্ধনসূত্র। "মন্ত্রে সে যে পূত রাখীর রাঙা সুতো বাঁধন দিয়েছিনু হাতে।"-রবী॰। ~পূর্ণিমা-বি, শ্রাবণ মাসের পূর্ণিমা তিথি, এই তিথিতে শ্রীকৃষ্ণের ঝুলনযাত্রা শেষ হয় ও রক্ষাবন্ধন করিতে হয়। ~বন্ধন [সং-রক্ষী >রাখী (সূত্র) বন্ধন] বি, পরস্পর সদ্ভাব রক্ষার্থ মণিবন্ধে মাঙ্গল্যসূত্র বন্ধন ; রাখী পূর্ণিমায় ভগিনীকর্ত্তৃক ভ্রাতৃহস্তে হরিদ্রা-রঞ্জিত সূত্র বন্ধন।

রাখোয়া/ল [হি॰] বি, গোরক্ষক ; রাখাল। "অটবীর পক্ষী কান্দে বলে রাখোয়াল"-মহা॰ (বাসুদেব)। ২ রক্ষক। ~লি [রাখোয়াল +ই (কর্ম্মার্থে)] বি, রক্ষাকার্য্য। ২ রাখালের কর্ম্ম।

`রাগ্ [ইং rug এর লিপ্যন্তর] বি, মোটা কম্বল। "কাহাকে কিছু না বলিয়া একখানি রাগ্ মুড়ি দিয়া পড়িয়া রহিল।"

রাগ [রন্জ্ (রং করা)+অ (ণে)] বি, রঞ্জন দ্রব্য। ২ রক্তবর্ণ ; রক্তিমা। ৩ রঙ। "অধরে বিদ্রুম দ্যুতি তাম্বুলের রাগ তথি নাসাগ্রে মাণিক মনোহারী।" -কবিক॰। "বেড়েছে কপোল রাগ অধর বিভায়।" ৪ অনুরাগ ; প্রেম। "রাগে ডগমগ প্রভু নেয় সম্বরণ। পাড়ে দাঁড়াইয়া যত ভক্তগণ।"-গোবিন্দ কড়চা। ৫ মায়া ; মোহ ; মমতা। "চণ্ডী করে গণ্ডগোল ভূত ভৈরবের রোল কোন সুখে আছ কোন রাগে।"-অ॰ ম॰। ৬ বিষয়স্পৃহা ; বিষয়া-সক্তি। ৭ [বৌ॰ সা॰। উপেক্ষার বিপরীত] আসক্তি ; কাম। ৮ [সং-তে রোষ অর্থে প্র॰ অ॰। কিন্তু বাং-য় রোষ অর্থেই প্রচর। রোগ অর্থে সং > হি॰-তে যেমন 'রাগ' (পীড়া) শব্দের ব্যবহার (হি॰ শ॰ সাগর), বাং-য় তদ্রূপ রোষ (অর্থে) >রোখ > রাগ আসাও সম্ভব] ক্রোধ ; রোষ ; কোপ। ৯ বিরাগ ; বিরক্তি। ১০ মাৎসর্য্য ; হিংসা। ১১ বৈর ; শত্রুতা ; বিরোধ। ১২ দ্বেষ। "হের দেখ টানিয়া ফেলিল শালগ্রাম। রাগে মত্ত হইয়া ছাড়িল হরিনাম।"-অ॰ ম॰। ১৩ অভিমান। ১৪ উৎসাহ। ১৫ রাজা। ১৬ চন্দ্র। ১৭ স্বর ; যে স্বর লোকের চিত্তরঞ্জন করে [রাগ ছয় প্রকার। ব্রহ্মার মতে-শ্রী (শীতে গেয়), বসন্ত (বসন্তে গেয়), পঞ্চম (গ্রীষ্মে গেয়) ভৈরব (শরতে গেয়), মেঘ (বর্ষায় গেয়) ও নট নারায়ণ (হেমন্তে গেয়)। "ছত্রিশ রাগিণী মেলে ছয় রাগ সদা খেলে অনুরাগ যে সব রাগিণী।"-অ॰ ম॰। ভরত ও হনুমন্মতে- ভৈরব, মালবকোষ, হিন্দোল, দীপক, শ্রী ও মেঘ। সোমেশ্বর মতে-ভৈরব, মালব, শ্রী হিন্দোল, দীপক ও মেঘ। আর এক মতে-বসন্ত, বৃহন্নট, মল্লার, মালব, প্রদীপ ও কৌশিক। মতান্তরে-ভৈরব, কৌশিক, হিন্দোল, দীপক, শ্রী ও মেঘ। অন্য মতে-ভৈরব, মালব, সারঙ্গ, হিন্দোল, দীপক ও মেঘ। সঙ্গীতশাস্ত্রে- প্রত্যেক রাগের ছয় ছয় রাগিণী কল্পিত হইয়াছে। ভৈরবের-ভৈরবী, বাঙ্গালী, সৈন্ধবী, গুণকেলী, গুর্জ্জরী, রামকেলী। মেঘের-মল্লারী, সৌরবী, সাবেরী, কৌশিকী, গান্ধারী, হরশৃঙ্গার। নটনারায়ণের-কামোদী, কল্যাণী, আভিরী, নাটিকা সারঙ্গী ও হাম্বীর। শ্রীরাগের-মালশ্রী, ত্রিবণী, গৌরী, কেদারী, মধুমাধবী, পাহাড়ী। বসন্তের-দেশী, দেব- কিরী, বরাটী, তোড়ী, ললিতা, হিন্দোলী। পঞ্চমের-বিভাষ, ভূপালী, কর্ণাটী, বড়হংসিকা মালবী ও পঠমঞ্জরী (ভারতকোষ)। "অর্থযুক্ত বাক্যে বা ছন্দে রাগরাগিণী নিবদ্ধ না করিয়া তে নে তুম ইং কতকগুলি বর্ণের দ্বারা আরোহণ, অবরোহণ, মূর্চ্ছনা, কম্পন, তান, লয় প্রভৃতি যোগে কেবল সুর মুখে রাগাদির পরিচয়ের নাম আলাপ। আলাপে রাগ- রাগিণীর সুরময়ী মূর্ত্তির এবং গানে তাদের বাঙ্ময়ী মূর্ত্তির প্রকাশ হয়। রাগরাগিণীতে যে সুরটির প্রধানতা দৃষ্ট হয় তার নাম বাদী, যে সুর বাদীর সহচারিত্ব করে, তা সংবাদী এবং যে সকল সুর এই উভয় সুরের অনুগমন করিয়া শ্রুতিসুখ সম্পাদন করে, তারা অনুবাদী * * এবং যে

সুর রাগ বিশেষে বিস্তৃত অপর সুরগুলির সহিত অনৈক্য হয় তা বিরোধী। রাগের আদিসুর গ্রহস্বর এবং অন্ত্যস্বর ন্যাসস্বর নামে অভিহিত। সঙ্গীতে ছন্দ চতুষ্পদী গৃহীত হওয়ায় রাগরাগিণীর আলাপেও সেইরূপ চারিটি অংশরূপে দেখান হয়, আস্থায়ী, অন্তরা, সঞ্চারী, আভোগ]। ~করা-কোপ করা ক্রুদ্ধ হওয়া। ২ অভিমান করা। রাগ চাপা-ক্রোধে ভাব গোপন করা বা মনে মনে রাখা। ~চূর্ণ [রাগ (রক্তবর্ণ) যে চূর্ণ, ধা] বি, রক্তবর্ণ চূর্ণ, ফাগ। ২ লাক্ষারস। ~দ্বেষ-বি, হিংসা বিদ্বেষ ; ক্রোধ দ্বেষ। "তাই রাগ দ্বেষ লোভ ত্যেজে সত্ত্বগুণে মন দিয়েছে।"-রা০ প্র০। রাগ পড়া-ক্রি, ক্রোধের শান্তি হওয়া। ~মালা-বি, বর্ণিত বিষয় কতিপয় রাগে বদ্ধ করিয়া তালযোগে পর্য্যায়ক্রমে গান। ~সূত্র [রাগ (রঞ্জিত) সূত্র] বি, রং করা সুতা। ২ পট্টসূত্র। ৩ নিক্তির সুতা বা তরাজুর দড়ি। ~রক্ত-বি, রক্তের বর্ণ ; রক্তিমা। "রাগরক্ত কিংশুকে গোলাপে"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ~তানলয়-বি, সঙ্গীতের রাগ (শ্রী-বসন্ত-পঞ্চমাদি) সুর তাল ও গীতবাদ্যের সঙ্গতি বা সমতা। ~রঙ্গ-বি, অনুরাগের অভিব্যক্তি স্বরূপ কৌতুক বিলাস বা ভাব ভঙ্গী। ~রজ্জু-বি, অনুরাগই রজ্জু স্বরূপ ; প্রেমডোর। ২ মদন; কাম। ~রাগিণী-বি, রাগ ও রাগিণী (দ্রঃ)। ~লতা-বি, মন্মথপ্রিয়া রতি। রাগ সামলান-ক্রি, ক্রোধ সম্বরণ করা। রাগ হওয়া-ক্রি, ক্রোধের উদ্রেক হওয়া ; ক্রোধ জন্মান। ২ অভিমান হওয়া।

রাগত [রাগতস্ > রাগতঃ ; বাং-র ':' লোপ] বিণ, রাগান্বিত ; ক্রুদ্ধ।

রাগন [রাগা দ্রঃ] বি, ক্রোধ করণ।

রাগা [রাগ (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি)। রাগি, রাগ (রাগেন, রাগিস), রাগে (রাগেন); রাগিতে (কথ০ রাগতে) ; রাগিয়া (কথ০ রেগে)] ক্রি, ক্রোধ করা ; কোপ করা ; রুষ্ট হওয়া। "ওঠ, ওঠ ভাই জাগো, মনে মনে খুব রাগো।"-মানসী০ (রবী০)। ণিজন্ত-রাগানি [রাগাই, রাগাও (রাগান, রাগাস), রাগায় ; রাগাইতে (কথ০ রাগাতে); রাগাইয়া (কথ০ রাগিয়ে) ই০] ক্রি, ক্রুদ্ধ করা ; অন্যের ক্রোধ উদ্দীপিত করা ; চটান।

রাগান্ধ [রাগ (ক্রোধ) দ্বারা অন্ধ, ৩তৎ] বিণ, ক্রোধে দৃষ্টিশূন্য ; ক্রোধান্ধ।

রাগান্বিত [রাগ (দ্বারা) + অন্বিত (যুক্ত), ৩তৎ] বিণ ক্রোধযুক্ত ; ক্রুদ্ধ ; রুষ্ট।

রাগারু [সং "আশাং দত্বা দানবিমুখঃ" -শব্দকল্পে। বাং-র-প্র০অ০] বিণ, যে ব্যক্তি আশা দিয়া দানে বিমুখ হয়।

রাগারুণ [রাগ (দ্বারা) + অরুণ, ৩তৎ] বিণ, অরুণ-রাগরঞ্জিত ; রক্তিমাভ। "সন্ধ্যালোকে রাগারুণ আকাশমণ্ডলের ন্যায়"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

রাগার্হ [রাগ + অর্হ (যোগ্য)] বিণ, যে আশা দিয়া নিরাশ করে ; ধোঁকাবাজ।

রাগালি [রাগ + আল (হিং বালা)] বিণ, রাগী ; রাগান্বিত।

রাগিণী [রাগ দ্রঃ] বি, স্ত্রী. ভৈরব বসন্তাদি ছয় রাগের পত্নী ; ৩৬টী স্বরবিশেষ (রাগ দ্রঃ)। প্রাচীনগণের উদ্ভাবিত উক্ত রাগিণী ব্যতীত পরবর্ত্তীকালে দেশে ও সম্প্রদায় ভেদে ও ব্যক্তিবিশেষ দ্বারা বহু নূতন নূতন রাগিণীর সৃষ্টি হইয়াছে। যথা-বাঙ্গালী, বরাড়ী, কর্ণাটী, গুজরাটী, কাহারুয়া বা কাহার্বা, আলাইয়া, বাউল, রামপ্রসাদী ই০। ২ [লক্ষ০] সঙ্গীত ; প্রেমানুরাগের মোহন সুর। "তোমারি রা০ জীবনকুঞ্জে বাজে সদা যেন বাজে গো"-রবী০।

রাগী [রাগ (অনুরাগ) + ইন্ (ষ্ণ্য০)= রাগিন্ ১মা, ১ব০] বিণ, রাগযুক্ত ; অনুরক্ত ; অনুরাগী। "কিয়ে ধনী রাগী বিরাগিণী হোয়"-বি০ প০। ২ কামুক। ৩ রঞ্জনকারী। ৪ ক্রোধী ; রোষপরবশ ; ক্রোধপরায়ণ। ৫ ক্রুদ্ধ ; রুষ্ট ; রাগান্বিত। স্ত্রীং রাগিণী,-বিণ, অনুরাগিণী। ২ কোপান্বিতা। ৩ অভিমানিনী। ৪ বি, মেনকার জ্যেষ্ঠা কন্যা।

রাঘব [রঘু (রঘুবংশ) + অ (অপত্যার্থে)] বি, রামচন্দ্র। ২ রঘুবংশীয় রাজা। ৩ রাঘব-বোয়াল নামক বৃহৎ মৎস্য। "সমুদ্রে সত্বর শিশু ফেলিলেন হটে। রহিবেন রতিনাথ রাঘবের পেটে।"-শি০। ৪ অনিমন্ত্রণে আহারোপজীবী ব্রাহ্মণ ; রারভাট। ৫ বিণ, রঘুবংশীয়। ~রি [রাঘব (রামের) + অরি (শত্রু), ৬তৎ] বি, রাবণ। ~বাঞ্ছা-বি, যিনি রাঘবের অর্থাৎ রামের বাঞ্ছা বা বাসনার ধন অথবা রাঘবই যাঁর বাসনার ধন : সীতা। রাঘবায়ণ [রাঘব (রাম) + অয়ণ (অবলম্বন বা আশ্রয়) যার (যে মহাকাব্যের), বহু০, বা রাঘবের অয়ন (চরিত্র, ৬তৎ)] বি, রামায়ণ।

রাঙ [রঙ্গ >] বি, রঙ্গধাতু ; ত্রপু tin.

রাঙচিতা [সং-রঙ্গ (রাঙ্গ) > রাঙ + সং-চিত্রক > চিতা। প্রা০ রাংচিত্তির] বি, সবুজবর্ণ সরল সরু সরু দণ্ডবৎ শাখার ক্ষীরী ক্ষুপ ; ক্ষীরী বলিয়া উৎকলে নাম "ক্ষীর-সমুদ্র।" ~র বেড়া-সারি সারি রাঙচিতা গাছের বেষ্টনী।

রাঙড়া, রাঙ্গড়া [রাঙ (রক্তবর্ণ) ড়া (টা-প্রায়, ঈষৎ অর্থে)] বিণ, ঈষৎ রক্তবর্ণ ; লালাভ।

রাঙঢাল [প্রা০ ঝাল > ঢাল] বি, রাংঝাল দ্রঃ।

রাঙতা, রাঙ্গতা [রাঙ, রাঙ্গ (রঙ্গধাতু) তা (< পাতা)] বি, রঙ্গধাতু পিটিয়া নির্ম্মিত সূক্ষ্মপত্র tin foil, "কিন্তা বিধাতা তাকে সং গড়িয়া রাঙতা দিয়া সাজান নাই"-চন্দ্রশেখর।

রাঙন [রাঙ্গ >] বি, রক্তবর্ণ পুষ্পবিঃ। ২ বিণ, লালবর্ণ ; রাঙা। "কান্দি বান্ধি দিল সাধু রা০ নারিকেল।"-কবিক০।

রাঙা [রক্ত > রাতা > রাঙা >। তুল -আরক্ত আ (সাদৃশ্যার্থে)] বিণ, রক্তবর্ণ ; লালবর্ণ ; রাঙ্গা দ্রঃ। "রাঙা মেঘ ছড়িয়ে দেছে আকাশের গায়"-গান। "সম্পদ আমার ও রাঙাপদ শিব ধরেন যা হৃদ্‌কমলে।"-রা০ প্র০। ২ জাতকের সংখ্যা-পর্য্যায়ের (বড়-মেজো-সেজো-ন-ন-সেজো-নতুন-রাঙা-কণে-ফুল-ছোট। স্থান ও রীতি-ভেদে এই ধারার বিপর্য্যয় ও দৃষ্ট হয়। যথা-ন'র পর ছোট, পরে নতুন ই০) অন্যতম সংখ্যা-পরিচায়ক। প্র-রাঙা-দাদা। রাঙা-দিদি।

৩ গৌরবর্ণ আত্মীয় বা আত্মীয়ার পরিচায়ক বিশেষণ। প্র-রাঙা বৌ। রাঙা ঠাকুরদাদা। রাঙা পিসি ইং। স্ত্রীং রাঙী। ~বাস-রাঙা- (বাস) দ্রঃ। ~মুখ-রাঙা- (মুখ) দ্রঃ।

রাঙান [রাঙান দ্রঃ] ক্রি, রাঙা করা ; লাল রঙে রঞ্জিত করা। ২ রোষকষায়িত করা ; ক্রোধে রক্তবর্ণ করা ; আরক্ত করা। "আমি নই আটাশে ছেলে। ভয়ে ভুলব নাকো চোখ রাঙালে"-রাং প্রং। বি, রাঙানি। রাঙায়-ক্রি, ১ম পুং, রঞ্জিত করে ; লাল করে। "সাঁঝের ভাতি রাঙায় তব কায়া"-শান্তি-নিং ১৩৩২।

রাঙি, রাঙ্গি [প্রাদেং] বি, সূক্ষ্ম ছিদ্রযুক্ত ছোট চালুনিবিঃ।

রাঙ্কব [রঙ্কু (মৃগবিঃ)+অ (সম্বন্ধার্থে)] বি, শাল ; পশুরোম নির্ম্মিত বস্ত্রাদি। ২ বিণ, রঙ্কু সম্বন্ধী

রাঙ্গনাগর [প্রাদেং প্রাং বাং] বি, পুষ্পবৃক্ষবিঃ ; রাঙ্গণ ও অগর (শ্রীং কীং, ভাবটীকা, বিশ্বমঙ্গং) Dillenia Pentagyna. "রেবতী রাং"-শ্রীং কীং।

রাঙ্গবিরুলে [উচ্চারণ ভেদে র্যাং-বিরুলে। বাঁকুড়া প্রাদেং] বিণ, প্রাকৃত-জনসুলভ রঙ্গতামাসাকারী ; রহস্যপ্রিয়।

রাঙ্গা [রঙ্গ (দ্রঃ) > অথবা রক্তাঙ্গ > রাঙাঙ্গ > রাআঙ্গ > রাঙ্গ+আ (তদ্বর্ণযুক্তার্থে)] বিণ, লাল বর্ণবিশিষ্ট ; রক্তিম। "নাবলিতে রাঙ্গা ঠোঁট ফুলায় অমনি"-হেমং। "সম্পদ আমার ও রাঙ্গা পদ শিব ধরেন যা হৃদকমলে।"-রাং প্রং। ২ আপাত মনোরম ; হৃদয়ভুলানিয়া ; যা উপরের লালবর্ণে মোহিত করে। প্র-রাঙ্গা ফল ; রাঙ্গা মূলা। ৩ ক্রোধ লজ্জা ইং-র আবেশে মুখমণ্ডল বা কপোল লাল বা রক্তরঞ্জিত। "রাখাল লজ্জায় রাঙ্গা হ'য়ে উঠল"-রামধনু, মাঘ, ১৩৩৯। ~-আলু, রাঙ্গালু, রাঙালু [রাঙ্গা (লাল)+আলু (দ্রঃ)] বি, লাল বা পীতাভ বর্ণের আলু নামক কন্দবিঃ ; শকরকন্দ আলু। ~টিয়া [রাঙ্গা (লাল)+আটিয়া (ইত্যর্থে)। গ্রাং "রাঙ্গডাটে"] বিণ, লালাভ ; লালচে। ~ফল, রাঙাফল [রাঙ্গা (লাল) -ফল, থা] বি, যে ফল উপরের লাল বর্ণে নয়ন মন মোহিত করে কিন্তু খাইলে বিষবৎ কার্য্য করে ; বর্ণে লোভনীয় কিন্তু গুণে বিষ। "সংসার-রাঙ্গাফলে ভুলিব না আর খাইয়ে দেখেছি তাহে কিছুই নাহি সুতার।"-গান (রামদত্ত)। ~বাস, রাঙাবাস [রাঙ্গা (লাল) বাস (বস্ত্র)] বি, রক্তবস্ত্র ; গেরুয়া। "বিরতি আহারে রাঙ্গাবাস পরে যেমন যোগিনী পারা।" ~-মুখ-বিণ, লালবর্ণ মুখবিশিষ্ট। ২ রোষরক্তিম মুখমণ্ডল। ৩ [গ্রাং হিং-লালমুয়া] য়ুরোপবাসী ; সাহেব। ~মূলা [রাঙ্গা (লালবর্ণ) মূলা] বি, লাল-বর্ণ মূলা। ২ [রাঙ্গাফল দ্রঃ] লাল বর্ণে নয়ন ভুলানিয়া কিন্তু স্বাদে কটু। ৩ [লক্ষং] নির্গুণ সুন্দর পুরুষ ; কেবল "রূপসুন্দর" ব্যক্তি।

রাঙ্গানি [গ্রাং রাঙান। রঙ্গ দ্রঃ। রাঙ্গা (দ্রঃ)+আন (ক্রিয়ায়)। রাঙ্গাই, রাঙ্গাও (রাঙ্গান, রাঙ্গাস) রাঙ্গায় (রাঙ্গাম) ; রাঙ্গাইতে ; রাঙ্গাইয়া (ক্বেং রাঙ্গিয়ে)] ক্রি, রক্তবর্ণে রঞ্জিত করা ; লাল করা। চোখ রাঙ্গানি, -রাঙানো-ক্রি, চক্ষু লাল করিয়া ভয় দেখান ; ক্রোধে চক্ষু রক্তবর্ণ করা। > বি, চোখ রাঙ্গাণি।

রাঙ্গি-রাঙি দ্রঃ।

রাঙ্গী [রাঙ্গ+ঈ। গ্রাং রাঙী] বি, রক্ত-বস্ত্রবিঃ ; অঙ্গাবরণবিঃ ; বীরধটী। "গায়ে আরোপিল রাঙ্গী ভূষণ্ডী ডাবুস টাঙ্গী তবক বেলক চক্রবাণ"-কবিকং। ২ লালবর্ণ গাভী।

রাজ [রাজ্ (দীপ্তি পাওয়া)+কিপ্ (র্তৃ)] বি, রাজা ; প্রভু [এই অর্থে অন্যশব্দ সহ প্রয়োগ, স্বতন্ত্র ব্যবহার নাই]। "আজ মোর অঙ্গ দেখল যুবরাজ"-বিং পং। ২ রাজত্ব। "ওহে ব্রজরাজ! কি সুখে বিরাজ কর তুমি রাজসিংহাসনে।"-দাশরথিং। ৩ বিণ, শ্রেষ্ঠ। প্র-ঋতুরাজ ; রাজরাজ। ৪ শোভমান। ৫ বি, পাকা বাড়ী নির্ম্মাণকারী মিস্ত্রী ; স্থপতি architect. ৬ ক্রি, বিরাজ কর। [ব্রজং। বাং-র এই অর্থে-রাজে] বিরাজ করে। "ঋতুপতি রাতি রসিকবর রাজ। রসময়-রাস-রভস-রস মাঝ।"-বিং পং। ~আজ্ঞা, রাজ-আদেশ-রাজার আজ্ঞা ; রাজার হুকুম। ২ আদালতের হুকুম। ~ই (-জঁ-) [সং-রাজতে >। ব্রজং, বাং প্রাকৃং তে=এ=ই (ক্রিয়া বিভক্তি)] ক্রি, রাজে ; শোভা পায় (চং পদং ৩১২)। ~ঋষি-বি, রাজর্ষি (দ্রঃ)। ~ক (-জ-) [রাজন্+ক (সমূহার্থে)] বি, রাজসমূহ। ২ [রাজ+ক (স্বার্থে)] রাজা। ৩ শাসনকর্ত্তা। ৪ [রাজ্+অক (র্তৃ)] বিণ, দীপ্তিশালী। ৫ [বিপরীত-অরাজক] রাজা কর্তৃক রক্ষিত ও শাসিত। ~ককুদ্‌ভাণ্ড [বৌং সাং] বি, খড়্গ, ছত্র, উষ্ণীষ, পাদুকা, বালব্যজন-অর্থাৎ চামর। ~কদম্ব-বি, কদম্ববিঃ। ~কন্যা, ~কুমারী, ~দুহিতা, ~পুত্রী, ~বালা, ~সুতা-বি, রাজার মেয়ে। ~কবি-বি, রাজার নিযুক্ত ও রাজ-সম্মানিত কবি poet laureate. ~কর-বি, রাজস্ব। "মদন তা বুঝে না বলে শুনে না আমার ঠাঁই চাহে রাজকর।"-গান। ~কর্ম্ম, ~কার্য্য [রাজার বা রাজ (রাজ্য-সংক্রান্ত, কর্ম্ম, কার্য্য, ৬তৎ বা মং পং লোং] বি, রাজ্য পরিচালনের অনুকূল নানা বিভাগীয় কার্য্য ; রাজ্য পরিচালনা ; রাজকীয় কর্ম্ম। ~কর্ম্মচারী-বি, রাজ্যসংক্রান্ত কার্য্য পরিচালনার জন্য নিযুক্ত ব্যক্তি ; রাজ-ভৃত্য ; রাজপুরুষ government servant ~কীয় [রাজক (শাসনকর্ত্তা) + ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, রাজসম্বন্ধীয়। ~কুমার [রাজার কুমার] বি, যুবরাজ ; রাজপুত্র। স্ত্রীং ~কুমারী। ~কুল-বি, রাজার বংশ। ২ নৃপতিবৃন্দ। ~কুলবধূ-বি, রাজবংশের বউ ; রাজার বউ। "রাজার নন্দিনী আমি, রাজ-কুল-বধূ"-মেঘং। ~কুষ্মাণ্ড [বৈদ্যক] বি, বেগুন। ~কোষ-বি, রাজার বা রাজ্যসংক্রান্ত ধনভাণ্ডার। ~গদি-বি, রাজতক্ত ; রাজপাট। ~গাঁড় [রাজ-গণ্ড >] বি, উদরাভ্যন্তরস্থ স্ফোটক। ~গি [হিং রাজগী] বি, রাজপদ ; রাজপাট। ২ রাজ্য পরিচালন ; রাজাগিরি। ~গির-রাজগৃহ দ্রঃ। ~গিরি-বি, মগধস্থ পর্ব্বতবিঃ। ~গুরু-বি, রাজার বা রাজকুলের ইষ্টমন্ত্র-দাতা গুরু। ~গৃহ [সং। হিং রাজগির] বি, রাজপ্রাসাদ ; রাজার বাড়ী। ২ মগধের

অন্তর্গত পঞ্চপাহাড় বেষ্টিত জরাসন্ধের প্রাচীন রাজধানী—অন্য নাম গিরিব্রজ। উত্তর দিকে বিম্বিসার নির্ম্মিত নূতন নগর 'রাজগির'। বুদ্ধদেব এখানে অবস্থান করিতেন বলিয়া ইহা বৌদ্ধ মহাতীর্থের অন্যতম। ~গ্রীব [রাজ (শোভিত) গ্রীবা যার, বহু॰] বি, কলুই মাছ। ~ঘরানা-বি, রাজবংশ। ~চক্রবর্ত্তী-বি, সার্ব্বভৌম নরপতি; সম্রাট। ~চিহ্নক [রাজ (প্রধান) চিহ্নক (চিহ্ন), ষা] বি, স্ত্রীং ও পুং চিহ্ন; উপস্থ। ~ছত্র, ~চ্ছত্র-বি, রাজার মস্তকে ধৃত ছত্র। ২ রাজচিহ্ন। ৩ রাজ্যশাসন। ~জঙ্গল-বি, মূল্যহীন গাছপালা। ২ ভাগাড়। ~জম্বু-বি, গোলাপ জাম। ~জোটক [রাজ॰ যোটক দ্রঃ। রাজ (প্রধান, শ্রেষ্ঠ) জোটক (জ্যোতিষিক মিলন)] বি, বর কন্যার সর্ব্বতোভাবে শুভসূচক রাশ্যাদি জ্যোতিষিক যোগ। ~টিকা, ~টীকা-বি, ললাটে অঙ্কিত রাজচিহ্ন; রাজতিলক। ২ রাজ্যাভিষেক। ~ড়া [রাজা > রাজ+ড়া (সদৃশার্থে, ক্ষুদ্রার্থে, বৃহদর্থে ই॰ তা। =টা=ড়া)] বি, ক্ষুদ্ররাজা; রাজন্য। ২ রাজসহী বা রাজাউজীর শ্রেণীর লোক; ধনসম্পত্তিশালী ব্যক্তি। ~তক্ত [রাজ+আ॰ তখ্‌ৎ] বি, রাজসিংহাসন। ~তন্ত্র-বি, রাজ্যশাসন প্রণালী। ২ রাজার শাসিত রাজ্য। ~তপস্বী-বি, রাজর্ষি (দ্রঃ)। ~তরু-বি, কর্ণিকার বৃক্ষ; সোঁদাল গাছ। ~তা-রাজত্ব দ্রঃ। ~তাল-বি, গুবাকবৃক্ষ; সুপারিগাছ। ২ বৃহৎ তালবৃক্ষ। ~তিনিশ [বৈদ্যক] বি, কাঁকুড়। ~ত্ব (-ৎ॰) [রাজতা ও॰ কিন্তু প্র॰ অ॰। রাজন্‌+ত্ব (ভা॰)] বি, রাজ্য; রাজপদ। ২ রাজ্যশাসন ও প্রজাপালন। প্রা॰ বাং ও আধু॰ গ্রা॰ রাজিত্বি। "এ তিন ভুবন জিনি রাজত্বি ভুঞ্জায়।" -শূ॰ পু॰। ~দণ্ড-বি, রাজচিহ্নসূচক দণ্ড; রাজার শাসনদণ্ড। ২ রাজাদেশে অপরাধীর দণ্ড। ৩ ললাটে নাসিকার মূল হতে ঊর্দ্ধরেখা চিহ্ন। ~দত্ত-বিণ, রাজাকর্ত্তৃক প্রদত্ত; রাজার দেওয়া। প্র- রা॰ উপাধি। ~দন্ত [দন্তের রাজা (শ্রেষ্ঠ), ৬তৎ পরনিপাত, অথবা রাজ (শোভমান) যে দন্ত, ষা] বি, উপর পঙ্‌ক্তির সম্মুখবর্ত্তী দন্ত বা দন্তদ্বয় বা সম্মুখের দন্ত চতুষ্টয়। ~দম্পতী-বি, রাজা ও রাণী। ~দরবার [রাজার দরবার (সভা), ৬তৎ] বি, রাজসভা। ২ রাজার বিচার সভা; আদালত। ~দল-বি, ধান্যবিঃ। "রাজদল নৌকলস বুনেন এক ভিতে।"-শূ॰ পু॰। ~দুহিতা-বি, রাজকন্যা। ~দূত-বি, রাজার নিযুক্ত দূত ambassador. ~দুলাল [রাজার দুলাল] বি, রাজকুমার। ~দ্রোহ, ~দ্রোহিতা-বি, রাজার বিরুদ্ধাচরণ; রাজবিপ্লব; রাজবিদ্রোহ sedition; treason. বিণ, ~দ্রোহী, ~বিদ্রোহী-রাজার বিরুদ্ধাচারী। ~দ্বার (-দ্দা-) বি, রাজপ্রাসাদের প্রবেশ দ্বার। ২ রাজার গোচর; রাজসভা; রাজদরবার। ৩ রাজার নিযুক্ত বিচারকদিগের বিচার করিবার স্থান; আদালত। ৪ রাজসন্নিধান। ~ধর্ম্ম [রাজার ধর্ম্ম] বি, রাজার কর্ত্তব্য কর্ম্ম; প্রজা পালনাদি কর্ম্ম। ~ধানক, রাজধানিকা [রাজধান ও॰] বি, রাজধানী। ~ধানী-বি, রাজনগরী; যে সহরে রাজপাট এবং যাবতীয় রাজকার্য্যের কেন্দ্র স্থাপিত হয়; যেস্থানে রাজা বা রাজপ্রতিনিধি বাস করেন; প্রধান নগরী metropolis. ~নন্দন [রাজার নন্দন, ৬তৎ] বি, রাজপুত্র। >স্ত্রীং ~নন্দিনী-রাজকুমারী; রাজবালা। ~নয় [রা॰+নয় (নীতি)] বি, রাজনীতি; রাষ্ট্রনীতি। ~নামা-বি, রাজাদিগের নামের তালিকা বা বংশচরিত। ২ [বৈদ্যক] পটোল। ~নিয়ম-বি, রাজার শাসন প্রণালী; রাজবিধি। ~নীতি [রাজার নীতি] বি, রাজ্যশাসননীতি; যে নীতি দ্বারা রাজকার্য্য নির্ব্বাহ হয়। সাম, দান, ভেদ ও দণ্ড এই চতুর্ব্বিধ রাজ্যশাসন উপায়। ~জ্ঞ-বিণ, রাষ্ট্রনৈতিক; রাজনীতিকুশল politician. ~নীল [রাজ (শোভমান) নীল (নীলবর্ণবিশিষ্ট), ষা] বি, মরকতমণি; ইন্দ্রনীলমণি। ~নৈতিক [রাজনীতি দ্রঃ] বিণ, রাজনীতিজ্ঞ। ~ন্য (-ন্ন-) [সং] বি, সামন্ত রাজা। ২ রাজপুত্র। ৩ ক্ষত্রিয়। ৪ অগ্নি। ৫ ক্ষীরিকা বৃক্ষ। ~ন্যক (-ন্ন-) [রাজন্য+ক (সমূহার্থে)] ক্ষত্রিয়সমূহ। ~পটোল-বি, এক প্রকার কাঁকুড়। ~পট্ট [রাজার পট্ট (পাগড়ি)] বি, রাজমুকুট। ২ রাজসনন্দ। ৩ কৃষ্ণবর্ণ রত্নবিঃ। ৪ রাজসিংহাসন। ~পত্নী-বি, রাজমহিষী; রাজরাণী। ~পথ [পথের রাজা (শ্রেষ্ঠ), ৬তৎ। পরনিপাত] বি রাজমার্গ; অতিবিস্তৃত অর্থাৎ ৪০ হস্ত প্রশস্ত পথ; বড় রাস্তা। ~পদ-বি, রাজার বা রাজযোগ্য অধিকার; রাজত্ব; রাজাসন। ~পরিচ্ছদ [রাজার পরিচ্ছদ] বি, রাজপোষাক; রাজবেশ। ~পলাণ্ডু-বি, রক্তবর্ণ ছোট ছোট পিয়াজ; রক্তকন্দ; ছোট পিয়াজি। ~পাট [রাজার পাট, ৬তৎ] বি সিংহাসন। "রাজা হয়ে রাজ্য কর বৈস রাজপাটে।"-কৃত্তি॰। ~পাত্র-বি, রাজমন্ত্রী। ২ রাজপুরুষ। "ঘাটে দান ছাড়াইতে রাজপাত্র যায়ে।"-চৈ॰ চ॰। ~পুত [সং-রাজপুত্র > প্রা॰ রাজপুত > বাং-র প্রাদে॰ বিকারে-রাজপুত] বি, রাজপুত্র। ২ ক্ষত্রিয় জাতিবিঃ >স্ত্রীং ~পুতনী, ~পুতানী। ~পুতানা-বি, মধ্যভারতের উত্তরস্থ ভূখণ্ড। ইহা বিংশতি সংখ্যক করদ মিত্ররাজ্যসমষ্টি। জয়পুর, মেওয়ার ও পশ্চিম রাজপুতানা এই ৩ রেসিডেন্সী এবং বিকানীর, আলোয়ার প্রভৃতি ৫ এজেন্সী ইহার অন্তর্ভুক্ত। ~পুত্র [রাজার পুত্র] বি, রাজকুমার; যুবরাজ। ২ [রাজা (চন্দ্র) তৎপুত্র] বুধগ্রহ। ৩ রাজপুত দ্রঃ। >স্ত্রীং ~পুত্রিকা[1] -রাজকন্যা। ~পুত্রিকা[2]-বি, শরালি পাখী। ২ তিক্ত লাউ। ~পুত্রী [রাজপুত্র+ঈ (স্ত্রীং)] বি, রাজকন্যা। ~পুর -বি, রাজার পুর বা বাটী; প্রাসাদ। ~পুরপ্রবেশন্যায়-বি, রাজপুর প্রবেশকালে যেমন অগ্রপশ্চাৎ শৃঙ্খলার সহিত শ্রেণীবদ্ধ ভাবে গমন করিতে হয়, তদ্রূপ কার্য্যকারণের শ্রেণীবদ্ধ ভাব থাকিলে এই ন্যায়ের প্রয়োগ করা যায়। ~পুরী-বি, রাজার পুরী; রাজপ্রাসাদ। ~পুরুষ [রাজার পুরুষ (কর্ম্মচারী), ৬তৎ] বি, রাজকর্ম্মচারী; শান্তিরক্ষক। ২ রাজপরিবারস্থ লোক; রাজ-

বংশীয় বা রাজার জাতীয় পুরুষ। ~পুষ্প-বি, নাগকেশর পুষ্পবৃক্ষ। ~প্রসাদ-বি, রাজার প্রসাদ; রাজানুগ্রহ; রাজকৃপা। ~প্রাসাদ [রাজার প্রাসাদ] বি, রাজবাটী; যে অট্টালিকায় রাজা ও রাজপরিবার বাস করেন। ~ফল-বি, পটোল। ~বংশ [৬তৎ] বি, রাজকুল। > বিণ, ~বংশী-রাজবংশোদ্ভব। ২ রাজবংশ সম্বন্ধীয়। ৩ হিন্দু জাতিবিঃ। ~বংশীয় [রাজবংশ+ঈয় (সম্বন্ধে)] রাজকুল সংক্রান্ত। ২ রাজবংশজাত। > স্ত্রীং ~বংশীয়া। ~বংশ্য [রাজবংশ+য (ভবার্থে)] রাজবংশোৎপন্ন। ~বর্ত্ম [রাজার বর্ত্ম] বি, যে পথ রাজার গমনাগমনের জন্য নির্ম্মিত; বড় রাস্তা; রাজপথ। ২ ৪০ হাত চওড়া রাস্তা। ~বলা-বি, গন্ধভাদালিয়া লতা। ~বল্লভ [রাজ (রাজার) বল্লভ (প্রিয়)] বি, ভিঙ্গাবিঃ; অর্ণবপোতবিঃ। "তবেত রাজবল্লভ রাজহংস ভরা সব"-মনসা মং (বংশী০)। ২ রাজার প্রিয়পাত্র। ~বল্লী [রাজ (দীপ্তিশীল) বল্লী (লতা)] বি, তিক্তফলবিঃ; উচ্ছে। ~বাটি, ~বাড়ী [রাজার বাটী বা বাড়ী] বি, রাজার প্রাসাদ; রাজভবন। "আমি নিত্য নূতন রাজবাটীর ফুল, যোগাই কেমন করে"-গান (গোপাল উড়ে)। ~বান্ [রাজন্+বতুবৎ (স্ত্রা০)=রাজবৎ ১মা, ১ব০] বিণ, যে দেশে রাজা আছে। ~বালা [মেয়েলি উচ্চারণ বিকারে 'রাজুবালা'] বি, রাজকন্যা। ~বাহ [রাজার বাহ (বাহন)] বি, ঘোটক; অশ্ব। ২ রাজহস্তী। ~বাহ্য [রাজার বাহ্য (বহনকারী)] বি, রাজাকে বহনকারী; হস্তী। ২ বিণ, রাজার বহনযোগ্য। ~বিদ্রোহ, -বিদ্রোহী-রাজদ্রোহ দ্রঃ। ~বিধি-বি, রাজার শাসন প্রণালী; আইন। ~বিপ্লব [রাজার বিপ্লব (বিরুদ্ধাচরণ)] বি, রাজদ্রোহ; রাজ্য শাসনের প্রচলিত প্রণালীর বিপর্য্যয়। ~বীজী [রাজবীজ+ইন (স্ত্রা০)=রাজবীজিন্ ১মা, ১ব০] বিণ, রাজবংশীয়। ~বৃক্ষ [রাজ (দীপ্তিশালী) যে বৃক্ষ, ধা] বি, পিয়ালবৃক্ষ। ২ সোঁদালগাছ। ৩ লতাদিজের গাছ। ~বৃত্ত [রাজার বৃত্ত (চরিত্র)] বি, রাজার চরিত্র; রাজোচিত আচরণ। ২ ন্যায়ার্জ্জিত ধন রক্ষণ, বৃদ্ধিকরণ, সৎকার্য্যে ব্যয় ও সৎপাত্রে দান। ~বেশ-বি, রাজার বা রাজোচিত সজ্জা; রাজপরিচ্ছদ। ~ভক্ত-বিণ, রাজার প্রতি ভক্তিমান্; রাজার অনুরক্ত। > বি, ~ভক্তি। ~ভয়-বি, রাজার স্বকীয় ভয়। ২ রাজা হতে অন্যের ভয়। ~ভবন-বি, রাজার প্রাসাদ। ~ভাগ-বি, ভূস্বামীর প্রাপ্য অংশ land-lord's share. ~ভাষা-বি, রাজার মাতৃভাষা; রাজার জাতীয় ভাষা। ~ভূষা [রাজার ভূষা (বেশ)] বি, রাজপরিচ্ছদাদি; রাজবেশ। ~ভৃত্য-বি, রাজার পরিচারক। ২ রাজ্য পরিচালনকার্য্যে নিযুক্ত বেতনভুক্ কর্ম্মচারী government servant. ~ভোগ [রাজ (রাজার) ভোগ] বি, রাজার ভোগের উপযোগী সামগ্রী। ২ অতুল ঐশ্বর্য্য; পরম সুখ ও সৌভাগ্য। ৩ রাজার গ্রহণযোগ্য আহারীয়। ~ভোগ্য [রাজার ভোগ্য] বিণ, রাজার উপভোগের উপযুক্ত সামগ্রী। ২ পিয়ালবৃক্ষ। ৩ জাতীকোষ। ~মজুর [রাজ ও মজুর] বি, মিস্ত্রী ও মিস্ত্রীর কার্য্যে যোগাড় দিবার লোক। ~মণ্ডল [রাজার মণ্ডল (সমূহ), ৬তৎ] বিণ, দ্বাদশ প্রকার রাজা, যথা-(১) অরি, (২) মিত্র, (৩) অরির মিত্র, (৪) মিত্রের মিত্র, (৫) অরি মিত্রের মিত্র, (৬) পার্ষ্ণিগ্রাহ, (৭) আক্রন্দ, (৮) পার্ষ্ণিগ্রাহাসার, (৯) আক্রান্দাসার, (১০) বিজিগীষু, (১১) মধ্যম, ও (১২) উদাসীন। ~মন্ত্রী-বি, রাজার মন্ত্রণাসভার সদস্য; রাজসচিব। ~মহল-বি, রাজার অন্তঃপুর; রাজবাটী। "ভালবাসেন রাজনন্দিনী, করি রাজমহলে যাওয়া আসা"-গান (গোপাল উড়ে)। ২ সাঁওতাল পরগণার একটি মহকুমা ও সহর। মানসিংহ ১৫৯২ খৃঃ অব্দে ইহাকে মোগল বাদশাহের বঙ্গরাজ্যের রাজধানী করিয়াছিলেন। ইহার পূর্ব্বনাম "আকমহল"। ~মহিষী-বি, রাজার কৃতাভিষেকা পত্নী; প্রধানা রাজ্ঞী; রাজরাণী। ২ রাজার যে কোন স্ত্রী। ~মান্য-বি, ভূস্বামীকে প্রজার নিকট হতে দেয় উপঢৌকন বা নজর। ~মার্গ [রাজার মার্গ (পথ)] বি, রাজপথ। ~মাষ [রাজ (বৃহদর্থে) যে মাষ (মাষজাতীয় কলাই), ধা] বি, বরবটি কলাই। ~মিস্ত্রী [রাজ (প্রধান, সর্দ্দার) মিস্ত্রী] বি, স্থপতি; বাস্তুশিল্পী mason; architect. ~মুকুট-বি, রাজার শিরোভূষণ; তাজ crown. ~মুদ্রা-বি, রাজার নামাঙ্কিত মুদ্রা। ~যক্ষ্মা [রাজ (চন্দ্র) যক্ষ্মা। চন্দ্রের এই ক্ষয় হইয়াছিল বলিয়া ইহার নাম রাজযক্ষ্মা] বি, অতি শীঘ্র আয়ুক্ষয়কারী শ্বাসযন্ত্রের রোগ। ~যোগ-বি, যোগমার্গবিঃ; ইহার নামান্তর রাজবিদ্যা; কর্ম্মযোগের চরম অবস্থা; কর্ম্মযোগ রাজযোগের কারণ বা পূর্ব্বাবস্থা। পরম শোভন, পরম দীপ্তিমান, অব্যয় পরমাত্মার প্রাপ্তি যদ্দ্বারা হইয়া থাকে তাহাই রাজযোগ বলিয়া প্রসিদ্ধ। মধুসূদন সংহিতা, ১৩৩৯। ~যোটক [রাজ (শ্রেষ্ঠ) যোটক (জ্যোতিষিক মিলন)। > রাজজোটক ও০। "একরাশৌ চ দম্পত্যোঃ শুভং স্যাৎ সমসপ্তকে। চতুর্থে দশমে চৈব তৃতীয়ৈকাদশে তথা॥"-জ্যোতিষ-বচন] বি, বিবাহে বরকন্যার রাশি এক, পরস্পরের সমসপ্তম, চতুর্থ দশম বা তৃতীয় একাদশ রূপ জ্যোতিষিক শুভযোগ বা শুভফলদায়ক যোটক মিলন। ~যোগ্য [রাজ (রাজার) যোগ্য] বিণ, রাজার মত; রাজোচিত; রাজদই। ~রক্ত-বি, রাজার গায়ের রক্ত [তুল-ব্রহ্মরক্ত, গোরক্ত ই০]। ~রঙ্গ [রাজ (দীপ্তিশীল) রঙ্গ, ধা] বি, রজত, রৌপ্য। ~রাজ [রাজার রাজা, ৬তৎ] বি, রাজাধিরাজ; সম্রাট্। ২ কুবের। ৩ চন্দ্র। ৪ পরমেশ্বর; বিশ্বরাজ। "শান্তং শিবং অদ্বিতীয় রাজরাজ চরণে।" -ব্রহ্ম০। ~রাজড়া [রাজা-রাজড়া (দ্রঃ) ও০] বি, বহুবচন, রাজা ও তত্তুল্য পদস্থ; রাজা এবং রাজন্যবর্গ। ২ ধনিসম্প্রদায়। ~রাজেশ্বর [রাজার রাজা-তার ঈশ্বর, ৬তৎ] বি, রাজাধিরাজ; সম্রাট্। "অযোধ্যা নগরে কিবা রত্ন সিংহাসনোপরে রাজরাজেশ্বর রঘুবর বিরাজ করে।" -গান। ~রাজেশ্বরী [রাজরাজেশ্বর +ঈ (স্ত্রীং)] বি, দশ মহাবিদ্যান্তর্গত দেবীবিঃ। "দেখি ভয়ে পলাইতে চান পশুপতি। রাজরাজেশ্বরী হয়ে দেখা দিলা সতী। রক্তবর্ণা ত্রিনয়না

ভালে সুধাকর, চারিহাতে শোভে পাশাঙ্কুশ ধনুঃশর। বিধি বিষ্ণু ঈশ্বর মহেশ রুদ্র পঞ্চ, পঞ্চ প্রেত নিয়মিত বসিবার মঞ্চ।"—অ॰ ম॰। "আমার উষা সামান্যা মেয়ে নয় * * * রাজরাজেশ্বরী হয়ে হাস্য বদনে কথা কয়।"—গান। ২ মহারাণী empress. ~রাণী [রাজ (রাজার) রাণী] বি, রাজমহিষী। ২ অতুল ঐশ্বর্য্যশালিনী। ~রীতি-বি, রাজপদ্ধতি। ২ পিত্তলবিঃ। ~র্লক্ষ্ম [সং] বি, যুধিষ্ঠির। ~লক্ষ্মী [রাজার লক্ষ্মী, ৬তৎ] বি, রাজশ্রী। ২ রাজকুলের মূর্ত্তিমতী কমলাপ্রতীম শ্রী। ৩ [বৈদ্যকে] কলাগাছ। ~লিখা, ~লেখ, ~লেখ্য-বি, রাজার স্বাক্ষরিত পত্র। "রাজলিখা করি দিল পুরী গোসাঞির করে।"—চৈ॰ চ॰। ~শক্তি-বি, রাজার ক্ষমতা; রাজার প্রভাব; রাজকীয় ধনাদি ও সৈন্যবল; রাজপ্রতাপ। ~শফর [রাজ (বৃহৎ) সফর (পুঁটিমাছ)] বি, ইলিশমাছ। ~শয্যা [রাজ (রাজার) শয্যা] বি, সিংহাসন। ২ রাজোচিত শয়ন। ~শৃঙ্গ [রাজ (প্রধান)-শৃঙ্গ (শৃঙ্গীমৎস্য)] বি, মাগুরমাছ। ~শেখর-বি, রাজচূড়ামণি; রাজচক্রবর্ত্তী। ২ বিদ্ধশালভঞ্জিকা, কর্পূরমঞ্জরী ইং প্রণেতা স্বনামপ্রসিদ্ধ প্রাচীন কবি ও নাট্যকার। ~শ্রী-বি, রাজলক্ষ্মী; রাজৈশ্বর্য্য; রাজমহিমা; রাজসম্পদ। ~সই-বি, রাজার উপযোগী; রাজতুল্য। ~সদন [রাজার সদন, ৬তৎ] বি, রাজপ্রাসাদ; রাজবাড়ী। ~সভা [রাজার সভা] বি, রাজদরবার; রাজবিচারালয়। ~সম্পৎ-বি, রাজার ঐশ্বর্য্য; রাজকীয় ধন। ~সর্ষপ-বি, রাই সরিষা। ২ পরিমাণবিঃ। ~সাক্ষিক [স্মৃতিঃ পরিঃ] বি, ত্রিবিধ দলিলের অন্যতম; ব্যবহারিক লেখ্যবিশেষ; "রাজ-বিচারালয়ে রাজনিযুক্ত কায়স্থ-লিখিত বিচারালয়াধ্যক্ষের হস্ত ইং দ্বারা চিহ্নিত লেখ্য।"—বিষ্ণুসংহিতা (বঙ্গবাসী)। "আধুনিক রেজেষ্টারি দলিল"—রত্নমালা। [দ্রঃ—অন্য লেখ্যদ্বয় সসাক্ষিক (যে কোন স্থানে যে কোন ব্যক্তির লিখিত সাক্ষিগণের হস্তচিহ্নিত লেখ্য। (২)অসাক্ষিক স্বহস্তলিখিত লেখ্য)]। ~সাপ-বি, রাজসর্প; ৪ হস্ত দীর্ঘ বিষধর সর্পবিঃ; শঙ্খচূড়; শঙ্খিনী। ~সাযুজ্য-বি, রাজার সহিত অভেদত্ব বা তুল্যতা। ২ রাজত্ব। ~সারস [সং] বি, ময়ূর। ~সিংহ [রাজা সিংহ প্রায়, উপমিতি] বি, অমিত পরাক্রম নৃপতি; সিংহের ন্যায় বিক্রমশালী রাজা। ২ মিবারের স্বনামখ্যাত বিক্রান্ত রাণা। ~সিংহাসন [৬তৎ] বি, রাজতক্ত; রাজার দরবারে বসিবার আসন। "রত্নমণ্ডিত রাজসিংহাসন পরিহার করিয়া"—উত্তরা, পৌষ, ১৩৩৩। ~সূয় [রাজন্-সূ (প্রসব করা)+য (যি), নিপাতন] বি, অধীন ও করদ রাজগণ দ্বারা পরিবেষ্টিত হইয়া সম্রাট কর্ত্তৃক সম্পাদ্য সামবেদোক্ত যজ্ঞবিঃ। ~সেবা-বি, রাজার পরিচর্য্যা। ২ রাজকীয় চাকরি। ~স্থান (-স্থাঁ-) বি, রাজপুতজাতির জন্ম ও বাসভূমি; উদয়পুর, জয়পুর, যোধপুর প্রভৃতি রাজ্য; রাজবাড়া; রাজপুতানা। ২ কর্ণেল টড প্রণীত রাজস্থানের ইতিহাস ও রাজপুত জাতির বীরকীর্ত্তিকাহিনী। ~স্ব (-জ্‌শ্‌শ) [রাজার-স্ব (ধন)] বি, রাজকর; প্রজাদিগের নিকট হতে রাজার প্রাপ্য ধন। ~স্ব-সচিব-বি, রাজ্যের আয়ব্যয় সংক্রান্ত ভারপ্রাপ্ত প্রধান কর্ম্মচারী; রাজস্ব মন্ত্রী। ~হংস [রাজ (শ্রেষ্ঠ)+হংস (হংসের পরনিপাত), কিম্বা রাজার হংস, ৬তৎ। গ্রা॰ রাজহাঁস। চট্টল॰ প্রাদে॰ রাদহাঁস, জ=দ] বি, পাতিহাঁস অপেক্ষা বড় হাঁস ইহাদের গ্রীবা দীর্ঘ দেহ শুক্লবর্ণ ও চঞ্চু এবং চক্ষু লালবর্ণ হয়; কলহংস; রাজহাঁস। ২ রাজার হাঁস। > স্ত্রীং ~হংসী। ~হত্যা-বি, রাজার প্রাণবধ regicide. ~হত্যাকারী, ~হন্তা-বিণ, রাজঘাতক; রাজার প্রাণনাশক। ~হস্ত-বি, রাজগ্রাহ্য পরিমাণে ব্যবহৃত একহস্ত; ১৮ ইঞ্চি। ~হস্তী-বি, রাজবাহ্য হস্তী; যে হাতীর পৃষ্ঠে রাজা আরোহণ করেন। ~হাঁস-রাজহংস দ্রঃ।

রাজত [রজত (রৌপ্য)+অ (নির্ম্মিত অর্থে)] বিণ, রৌপ্যনির্ম্মিত; রজতময়।

রাজন্ [রাজ >] অ, সম্বোধন পদ, রাজাকে সম্বোধন করিবার শব্দ। প্র—হে রাজন্।

রাজন্য [রাজন্ (রাজা)+য] বি, রাজপুত্র। ২ সামন্ত রাজা। ৩ রাজা। ৪ ক্ষত্রিয়। ৫ অগ্নি। ~ক [রা॰+ক (সমূহার্থে)] বি, ক্ষত্রিয়বর্গ।

রাজন্বান্ (-ন্‌নো-) [মু॰ রাজন্বৎ < রাজন+বতু (বৎ—বন্, স্ত্য॰)] বিণ, রাজবান্; রাজশাসিত। ২ সরাজ; রাজক। স্ত্রীং রাজন্বতী [বিপরীতে—অরাজক]।

রাজর্ষি [রাজা অথচ ঋষি, ধা] বি, ঋষিবৎ আচরণকারী রাজা (যথা—জনক রাজা)। ২ ক্ষত্রিয় ঋষি (যথা—বিশ্বামিত্র)।

রাজস [রজস্+অ (সম্বন্ধার্থে)] বিণ, রজোগুণাত্মক। ২ রজোগুণপ্রধান। ৩ গর্ব্ব, খ্যাতি, দম্ভাদিমূলক (কর্ম্ম)। ~সী [রজস্+অ (সম্বন্ধার্থে)+ঈ (স্ত্রীং)] বিণ, রজোগুণ সম্বন্ধিনী। ২ রজোগুণময়ী প্রকৃতি; রজোগুণাত্মিকা দেবী।

রাজসিক [রজস্ (রজোগুণ)+ইক] বিণ, রজোগুণবিশিষ্ট; রজোগুণ সম্বন্ধীয়। ২ বি, রজো গুণময়ী শক্তি; দুর্গা।

রাজা [রাজ্ (দীপ্তি পাওয়া)+অন (কর্ত্তৃ)=রাজন্ ১মা, ১ব॰। কিম্বা রন্‌জ্ (প্রীত করা)+অন, ধর্ম্মের দ্বারা অপরকে রঞ্জিত করেন বলিয়া এই নাম।—"পালি অপ্‌ গএ্‌ এ সূত্র" (সাহিত্য, ১৩২৫)] বি, যিনি প্রকৃতি পুঞ্জের মধ্যে দীপ্তি পাইয়া থাকেন; প্রজারঞ্জক নৃপতি; দেশপতি। ২ প্রভু। ৩ ইন্দ্র। ৪ ক্ষত্রিয়। ৫ চন্দ্র। ৬ [অন্য শব্দের পূর্ব্বে বা পরে থাকিলে] শ্রেষ্ঠ; প্রধান। ৭ সকল ধনে ধনী; সর্ব্বেসর্ব্বা। ~-উজীর-রাজা ও মন্ত্রী। ২ বড় বড় লোক বা মহামহা ধনী ব্যক্তি। রা॰ করা-রাজপদে অভিষেক বা বরণ করা। "বঁধু তোমায় করব রাজা তরুতলে"—রবী॰। ২ রাজার মত ঐশ্বর্য্যশালী করা; ধনী করা। ৩ সকল সুখে সুখী করা; সকল ধনে ধনী করা। ~রাজড়া-রাজরাজড়া দ্রঃ। ~-প্রজা-রাজা ও প্রজা; শাসক ও শাসিত; সর্ব্বসাধারণ। ~বাবু-রাজামহাশয়; রাজার ন্যায় শ্রীমান্। রাজার হাল-রাজার অবস্থা; রাজভোগ।

রাজাই [রাজা + ই (ঈ, আচার অর্থে)। গ্রা॰ রাজগিরি] বি, রাজত্ব। ২ রাজসম্মান ; রাজপদবী। "স্বদেশে রাজাই পায় দোয়া দিয়া ঘরে যায় কয়মান করমাহ তায়।"–অ॰ ম॰।

রাজাজ্ঞা, রাজাদেশ [রাজ (রাজার) + আজ্ঞা, আদেশ, ৬তৎ] বি, রাজার হুকুম।

রাজাদন [সং] বি, পিয়াল বৃক্ষ।

রাজাধিরাজ [রাজা (রাজার) + অধিরাজা, ৬তৎ] বি, সম্রাট ; সার্ব্বভৌম নরপতি।

রাজানু/কম্পা [রাজ (রাজার) + অনুকম্পা, ৬তৎ] বি, রাজার দয়া। ~গৃহীত-বিণ, রাজার অনুগৃহীত বা কৃপাপ্রাপ্ত। > স্ত্রীং ~া। ~গ্রহ-বি, রাজার অনুগ্রহ বা কৃপা বা প্রসাদ। ~চর-বি, রাজার অনুচর বা ভৃত্য। ~জীবী-বিণ, রাজানুগ্রহ-পালিত ; ২ রাজসেবক ; রাজানুচর। > স্ত্রীং ~জীবিনী। ~মোদিত-বিণ, রাজার অনুমোদিত ; রাজার সমর্থন বা সম্মতি প্রাপ্ত। রাজান্তঃপুর [রাজ (রাজার) + অন্তঃপুর, ৬তৎ] বি, রাজ-শুদ্ধান্ত ; রাণী-মহল।

রাজান্ন [রাজা (রাজার) + অন্ন] বি, অঙ্গ দেশজ উৎকৃষ্ট ধান্যবিঃ। [দ্রঃ–বৈষ্ণব শাস্ত্রে ইহার অন্ন গ্রহণে নিষেধ আছে]। ২ রাজপ্রদত্ত অন্ন।

রাজাবর্ত্ত [সং] বি, বহুমূল্য উপরত্নবিঃ ; রেউটী পাথর। রত্ন দ্রঃ।

রাজাবলি,-লী [রাজ (রাজাদের) + আবলি (শ্রেণী), ৬তৎ] বি, রাজাদের বংশপরম্পরা।

রাজার্হ [রাজা + অর্হ] বিণ, রাজযোগ্য।

রাজালাবু [রাজ (শ্রেষ্ঠ) + অলাবু] বি, মিঠা লাউ।

রাজাসন [রাজ (রাজার) + আসন] বি, সিংহাসন।

রাজি$_{1}$, [রাজ্য > । ব্রজ॰ রাজি। গ্রা॰ রাজ্জি] বি, রাজ্য। "মজিল গোকুল রাজি"–প॰ক॰তরু (সা॰প॰প॰)। > রাজ্জির-বিণ, রাজ্যোজোড়া ; রাশীকৃত। প্র॰এক রাজ্জির জিনিস এনে ফেলেছে।

রাজি$_{2}$, **রাজী**$_{1}$ [রাজ্ (দীপ্তি পাওয়া) + ই (ভূ)] বি, আলি ; সারি ; শ্রেণী। "মানস মোহকর মহীরুহ-রাজি, প্রকাশিল সুন্দর কিশলয়ে সাজি।"–বৃত্রসংহার।

রাজি$_{3}$ [অঞ্জ্ (প্রকাশে) > আজি > । অ=র, গ্রা॰] বি, আঁজি ; রেখা।

রাজি$_{4}$, **রাজী**$_{2}$ [আ॰ রাজী] বিণ, তুষ্ট ; প্রীত। "ওগো জেনেছি জেনেছি তারা তুমি জান মা ভোজের বাজি। যে তোমায় যেমনি ভাবে তাতেই হও মা রাজি॥"–গান। ২ সম্মত ; স্বীকৃত। "রাধা বলে এখন তাতে মোটেই রাজি নই"–দ্বি॰ রায়। ~নামা-বি, মকদ্দমা বাদী ও প্রতিবাদীর মধ্যে আপসে নিষ্পত্তি করিবার জন্য আদালতে যে আবেদন করা হয় ; রফানামা ; সম্মতিপত্র। ~রগবৎ [আ॰ রগ্‌বৎ (আদা॰)] বি, সেচ্ছাসম্মতি voluntary consent. নিমরাজী-অর্দ্ধসম্মত ; প্রায় সম্মত।

রাজিকা [সং] বি, রাইসরিষা। ২ ক্ষেত্র। ৩ পঙ্‌ক্তি ; শ্রেণী।

রাজিত [রাজ্ (দীপ্তি পাওয়া) + ত (র্ম্ম)] বি, শোভিত ; ভূষিত। "রা॰ তহি কনকমণি ভূষণ"–রা॰ প্র॰। ২ বিরাজিত।

রাজিল$_{1}$ [রাজ (শোভায়) > বৈরাজিল > কে॰] ক্রি, শোভিত হইল। "রা॰ সুন্দর কিশলয়ে সাজি"–হেম॰।

রাজিল$_{2}$ [সং] বি, ঢোঁড়া সাপ।

রাজীব [রাজী (দল) + ব (স্ত্য॰)] বি, পদ্ম। "রাজীবলোচন"। "সে নীল রাজীবরাজী রাজে রে।"–অ॰ ম॰। ২ বৃহৎ মৎস্য। ~রাজ [রাজীব (পদ্ম, তার) + রাজা (শ্রেষ্ঠ), ৬তৎ। রাজা=রাজ] রক্ত পদ্ম ; কমলশ্রেষ্ঠ। "চরণ রাজীবরাজে মনঃশিলা পাছে বাজে হৃদে ধরি লহরে বহিয়া।"–অ॰ ম॰। ~লোচন-বি, পদ্মাক্ষ ; কমলনেত্র। ২ শ্রীরামচন্দ্র।

রাজু-রাজ (রাজবালা) দ্রঃ।

রাজুক [পা॰, সং-রজ্জুক] বি, প্রাচীন ভারতের রাজ্য-শাসন-ভারপ্রাপ্ত কর্মচারী governor.

রাজে [বিরাজে শব্দের কে॰] ক্রি, বিরাজ করে ; শোভা পায়। "রতন আসনে রতন ভূষণে যুগল রতন রাজে। আহা কি মধুর, চরণে নূপুর রুণু রুণু রুণু বাজে।"–রাজ॰। "যেত অলি শিব সে নীল রাজীব রাজী রাজেরে।"–অ॰ম॰।

রাজেন্দ্র [রাজার মধ্যে ইন্দ্র (প্রধান), ৭তৎ] বি, রাজাধিরাজ ; সম্রাট্।

রাজোপজীবী [রাজ (=রাজা) + উপজীবী] বিণ, রাজার অন্নপুষ্ট ; রাজানুজীবী।

রাজোপাধি [রাজা + উপাধি] বি, রাজা এই উপাধি। ২ রাজদত্ত উপাধি। ~ক-বিণ, রাজদত্ত উপাধিপ্রাপ্ত।

রাজ্ঞী [রাজন্ + ঈ (স্ত্রীং)] বি, রাজমহিষী ; রাণী।

রাজ্য [রাজন্ + য (ভা॰)] বি, রাজার অধিকার ; রাজত্ব। ২ লক্ষ গ্রামের আধিপত্য। ৩ রাজকার্য্য। ৪ দেশ। [শ্রীহট্ট অঞ্চলে 'প্রচুর' অর্থে বহুল ব্যবহার। গ্রা॰ কথ্য–রাজ্জি] সংখ্যা, পরিমাণ অর্থে অত্যধিক ; প্রচুর ; প্রভূত ; রাশীকৃত ; একরাশ। তুল–একগাদা। রাজ্যের-বিণ, যাবতীয়। প্র–ঢের রাজ্যের লোক ভেঙ্গে পড়েছে (=অনেক ভীড় হয়েছে)। রাজ্যের বা রাজ্জির ধুলো এনে জড় করেছে। তুল – "সৃষ্টির", গ্রা॰ মেয়েলী – "ছিষ্টির"। "রাজ্যের খবর ওর কাছে"। "এত ঘট এত পট হাঁড়ি সরা ভাণ্ড বোতল, বিছানা বাক্স রাজ্যের বোঝাই।"–রবী॰। যত-রাজ্যের, রাজ্জিজুড়ে-বিণ, দেশময় ; রাশিকৃত ; জগদ্‌ব্যাপী। "যতরাজ্যের জায়গায় হতে পারে সর্ব্বত্র চল্‌ছে আমার স্বায়শাস্ত্রের চর্চ্চা।" –বি॰ কু॰ সরকার। ~চ্যুত [রাজ্য হতে চ্যুত, ৫তৎ] বিণ, রাজ্যভ্রষ্ট ; রাজ্য হতে বঞ্চিত। বি, ~চ্যুতি। ~তন্ত্র-বি, রাজ্যশাসন ধারা ; দেশশাসন পদ্ধতি। ~ভার [৬তৎ] বি, রাজ্যপরিচালন কার্য্যের দায়িত্ব ; শাসনভার। ~ভ্রষ্ট [রাজ্য হতে ভ্রষ্ট, ৫তৎ] বিণ, রাজ্যচ্যুত ~লক্ষ্মী-বি, রাজ্যের অধিষ্ঠাত্রী দেবী ; রাজ্যশ্রী। ~শাসন-বি, রাজা কর্ত্তৃক শিষ্ট

প্রজা পালন ও দুষ্টের দমন ; রাষ্ট্র পরিচালনা। ~সংস্থিতি-বি, রাজ্যের ব্যবস্থা ; রাজ্যের স্থিতি সংবিধান।

রাজ্যাঙ্গ [রাজ্য+অঙ্গ, ৬তৎ] বি, স্বামী, মন্ত্রী, সুহৃৎ, ধন, দেশ, দুর্গ, সৈন্য, প্রকৃতি ও তপস্বী এই নয়টী।

রাজ্যাধি/কার [রাজ্য+অধিকার] বি, রাজ্য দখল ; রাজ্য আপনার বশে আনয়ন বা হস্তগত করণ। বিণ, ~কারী-যে রাজ্য অধিকার করে।

রাজ্যার্দ্ধ [রাজ্য+অর্দ্ধ] বি, রাজ্যের অর্দ্ধভাগ।

রাজ্যেশ্বর [রাজ্য+ঈশ্বর] বি, রাজ্যের প্রভু ; রাজা। স্ত্রীং রাজ্যেশ্বরী-রাণী।

রাট্ [প্রাদে°] বি, অভাব ; প্রয়োজন ; কাজ। "টেকার কিবা রাট্ আমার যায়গার [জ=য] কিবা রাট্"-পূ° ব° গী°। রাটের বঁছর [বরিশাল অঞ্চলে] বি, যে বৎসর লোকের কষ্টে কাটে ; দুর্ব্বৎসর।

রাড় [রূঢ় >] বিণ, গোঁয়ার। "বিমলা বলেন প্রভু বাধা বড় রাড়। ভেঙ্গে রাখে পাছে বুড়া বলদের ঘাড়॥"-শি°। ২ ইতর। "ব্যাধ গো হিংসক রাড় চৌদিকে পশুর ছাড় শ্মশান সমান এই স্থান।"-কবিক°। ৩ [রাষ্ট্র > রাট্-রাড়] বর্দ্ধমান বিভাগ ; রাঢ়। রাড়চোয়াড় [চুআড় দ্রঃ। রূঢ় > রাড় =রাঢ়] বিণ, অতিশয় গোঁয়ার। ২ ইতর। ২ বি, ইতর জাতি।

রাঢ়-বি, বাঙ্গলার মধ্যে গঙ্গার পশ্চিম-দিকস্থিত দেশ ; বর্ত্তমান বর্দ্ধমান বিভাগ। বাঁকুড়া ; বীরভূম ; উত্তরপশ্চিমবঙ্গ। ~বঙ্গ-পশ্চিম ও পূর্ব্ববঙ্গ। "লস্কর আসিত সঙ্গে শব্দ হইত রাঢ়েবঙ্গে।"-ভারত°।

রাঢ়ী, রাঢ়ীয় [গ্রা° "রেঢ়ো"। রাঢ় (দেশবিঃ)+ঈ, ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, রাঢ়-দেশীয়। ২ রূঢ়।

রাণা$_1$ [রাজা > বা "রাণীর" পুং বাচক] বি, রাজা। ২ উদয়পুরের রাজাদিগের উপাধি।

রাণা$_2$, রানা [ফা° রান (উরু)+আ (সাদৃশ্যার্থে)] বি, পুষ্করিণীর সোপানের দুই দিকের উঁচু দাঁড়া বা পাড়। "রাণায় বসিয়া মাছ ধরিতেছে"। ২ দালান। "ব্রাহ্মণ পণ্ডিত ঘরের রাণায় বসিয়া শাস্ত্রীয় বিচার করিতে-ছেন, দেখিলাম।"-ইন্দিরা (বঙ্কিম°)।

রাণী, রানী [রাজন্ > রাজনী বা রাজ্ঞী >। তুল-হি° রাণী। ফ্রে° Reine] বি, মহিষী ; রাজ্ঞী। "কোন্ রাণী, কহ শশিমুখি, হেন চিত্তবিনোদন বৈতালিক গীতে খোলে আঁখি?"-মেঘ°। প্রা° বাং-রানী। "পশ্চিম দুআরে রাজা হৈল উপনীত। আমিনি সন্ন্যাসী রানী পণ্ডিত সহিত॥"-শূ° পু°। ২ পত্নী। "নপুংসক আইহনের রাণী।"-শ্রী° কী°। ৩ আদরার্থক স্ত্রী সম্বোধন।

রাণু-বি, রাণীর আদরার্থক সম্বোধন। "দাসী উচ্চকণ্ঠে ডাক দিল, "ওগো রাণু"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

রাণ্ডী [প্রা° বাং। রাঁড়ী দ্রঃ] বি(ণ), রাঁড়ী ; বিধবা। "অতি দীঘলী হয় রাণ্ডী।"-ডাক। "বিধাতা আমারে দণ্ডী জীয়ন্ত ভাতারে রাণ্ডী কৈল দৈব দুঃখের ভাজন।"-কবিক°।

রান্নাঘঁর [রান্নাঘর দ্রঃ] বি, পাকশালা। "ইচ্ছা করে ধরাপাড়ি রান্নাঘরে ঢুকে।" -ঈ° গুপ্ত।

রান্না-বান্না, রান্নাবাড়না [রন্ধন > রান্না, বণ্টন > বাড়না > ক্বে° বান্না] বি, রন্ধন ও পরিবেশন। "হাঁ ললিতে আজ তবে রান্নাবান্নার কি হবে মা?" -শ° চট্টো° (পরিণীতা)।

রাত, রাতি [চ° ক° ভা° রাইত। সং-রাত্রি > প্রাকৃ° রাত্তি > রাইত > রাত] বি, রাত্রি ; রজনী। "পাখী সব করে রব রাতি পোহাইল।"-শিশুশিক্ষা। রাত কঁরা-অধিক রাত্রি ক্ষেপণ বা অতিবাহন করা। ২ রাত্রিকালে অধিক বিলম্ব করা ; রাত্রি বৃদ্ধি করা। রাত কাটানি-রাত্রি-যাপন করা। ~কাণা, -কানা [রাত (রাত্রিতে) কাণা (অন্ধ)] বিণ, যে রাত্রিতে দেখিতে পায় না ; রাত্র্যন্ধ। রাতচোরা-রাত্রিচর। ২ পেচক, বাদুর ইং যারা রাত্রিতে ফলাদি চুরি করিয়া খায়। রাত জাগা-রাত্রিতে না ঘুমান। ~দিন-বি, অহর্নিশি ; সর্ব্বদা। রাতবিরাত [গ্রা° "দিন অদিন" এর ন্যায় "রাত অরাত" স্থলে "রাত বিরাত"। রাত (এখানে শুভ রাত্রি)-বি (বিপরীত অর্থাৎ অ=অশুভ কু ইং অর্থে)-রাত] ক্রি-বিণ, শুভ অশুভরাত্রি ; অনুকূল, প্রতিকূল নিশাকাল ; সুরাত্রি ও কালরাত্রি। ~ভির, ~ভোর [হি° রাতভর্ >] অ, সমস্ত রাত্রি। রাতভিখারী-বি, এক শ্রেণীর ভিখারী (সাধা° মুসলমান) যারা রাত্রিতে ভিক্ষায় বাহির হয়। রাত হঁওয়া-রাত্রি অধিক হওয়া।

রাতা [প্রা° বাং। সং-রক্ত >। প্রাকৃ° রত্ত >। সদৃশ বা বিশিষ্ট অর্থে আ যোগ] বিণ, রক্তবর্ণ ; রাঙা ; লাল। "নীরে নীরঞ্জন লোচন রাতা সিন্দূরে মণ্ডিত জনু পঙ্কজ পাতা॥"-বি° প°। "শাশুড়ী ননদী নাহি নাহি তোর সতা। কার সনে দ্বন্দ্ব কর্যা চক্ষু কৈলি রাতা॥"-কবিক°। "রাতা উৎপল অধর যুগল।"-প° ক° তরু।

রাতাবি,-বী [রাব >? বাতাবি-সন্দেশ ও°] বি, গুড়ের সন্দেশবিঃ ; বাতাবি-সন্দেশ।

রাতারাতি [রাত্রি+রাত্রি (বিদ্য-মানার্থে দ্বিত্ব) > অথবা রাত+আ (হি° "ও"র অনুকরণে)+রাত (হি° ৭মী বিভক্তি "হী"র অনুকরণে), বিদ্যমানার্থে দ্বিত্ব। তুল-হি° রাতোঁরাত, রাতহী রাত] ক্রি-বিণ, রাত্রি থাকিতে থাকিতে ; রাত্রির মধ্যে ; রাত্রি না পোহাইতে পোহাইতে। "আনিতে ঔষধ যদি পার রা°। চারি যুগ থাকিবেক তোমার সুখ্যাতি॥"-কৃত্তি°।

রাতি [রাত্রি > দ্রং। প্রাকৃ° রাত্তি। পদ্যে] বি, রাত্রি ; রজনী। "পাখী সব করে রব রাতি পোহাইল।"-ম° মো° ত°। "এ চারি চৌপর রাত্তি।"-শূ° পু°। "তরুণ অরুণ নবীন ভাতি, পূর্ণিমাপ্রসন্ন রাতি।"-রবী°। ~কাণা [গ্রা° রাতকাণা। রাতি (রাত্রিতে) কাণা (দৃষ্টিহীন)] বিণ, রাত্র্যন্ধ।

রাতিব [আ°] বি, দৈনিক আহার daily bread ; fixed daily ration. ২ দৈনিক বৃত্তি বা ভাতা ; প্রাত্যহিক বরাদ্দ daily allowance.

রাতিয়া [রাত্রি > রাতি+আ (হি°র

অনুকরণে) হি॰-তে বিশেষ্য পদে কথা ভাষায় আ যোগ হয়)। ব্রজ॰] বি,রাত্রি। "বিদ্যাপতি কহ কৈছে গোঙায়বি হরি বিনে দিন রাতিয়া।"-বি॰ প॰। "ও সুখ সাগরে ডুবল জগজন যুগল ইহ দিন রাতিয়া।"-গোবিন্দ॰।

রাতী [রাত্রি > রাত্তি (প্রাকৃ॰) > রাত্তি=রাতী] বি, রাত্রি। "সকল রাতী পোহাইলো"-শ্রী॰ কী॰।

রাতুল [রক্তোৎপল >, বা, রক্ত > রাতা+উল >] বিণ, রক্তবর্ণ ;লাল। "ধরি সে রাতুল পদ লুটাইনু 'ধরণী।"-অশোক॰। "তনুরুচি জবাফুল জিনিয়া রাতুল ফুল গজেন্দ্র বদন লম্বোদর।"-ঘ॰। "কান্ধে শোভে শিঙ্গা নেত্র ঘূর্ণিত রাতুল. নেত্র রাতা উতপল আর কাণে।"-মাধব॰।

রাত্তির-রাত্রি দ্রঃ।

রাত্রি [সং রাত্রী ও॰পদ্যে-রাতি.রাতী (প্রা॰ বাং)। প্রাকৃ॰ রাত্তি। পূ॰ বঙ্গ প্রাদে॰ রাইত। গ্রা॰ রাত, রাত্তির ২৪ পরগণা ডায়মণ্ড হারবারাদি অঞ্চলে নারীভাষায় আত্তির] বি, রজনী। "রাত্রি ব'য়ে যায়।" -হেম॰। ~ক [স্মৃ॰ পরিঃ] বি, পঞ্চরাত্র। ২ বর্ষকাল বেশ্যাগৃহবাসী ব্যক্তি। ~কর-বি, চন্দ্র। ~চর, রাত্রিঞ্চর [রাত্রি-চর্ (গমনে) + অ (র্ত্তৃ)] বি, নিশাচর ; রাক্ষস। ২ চোর। ৩ নিশাকালে যারা বিচরণ করে এবং আহার অন্বেষণ করে ; রজনী সময়ে বিচরণকারী। প্র-রাত্রিচর পশু। > স্ত্রীং ~। -নিশাচরী : রাক্ষসী। ~জল-বি, শিশির। ~জাগরণ-বি.রাত্রিতে নিদ্রা না যাওয়া ; রাত জাগা। > বিণ,~জাগর-যে রাত্রিতে জাগিয়া থাকে। > স্ত্রীং ~জাগরা। ~বাস$_1$ [রাত্রি (রাত্রিতে) বাস (স্থিতি)। গ্রা॰ রাত্তিরবাস] বি, রজনীতে স্থিতি বা অবস্থান ; রাত্রিযাপন : নিশাতিবাহন। প্র-আজ আর এখানে রাত্রিবাস করা হবে না। ~বাস$_2$ [গ্রা-রাত্তির বাস। রাত্রিতে-বাসস্ (পরিধেয় বস্ত্র) > রাত্রিবাসঃ, ৭তৎ] বি, রাত্রিকালে পরিহিত বা পরিধেয় বস্ত্র। প্র-রাত্রিবাসখানা ছেড়ে একখানা কাচা কাপড় পর। ~ভির, ~ভোর-রাতভর দ্রঃ। ~মণি-বি, চন্দ্র।

রাত্র্যন্ধ [রাত্র (রাত্রিতে)+অন্ধ, ৭তৎ] বিণ, রাতকাণা।

রাদ্ধ [রাধ্ (নিষ্পন্ন করা)+ত(র্ম্ম)] বিণ, নিষ্পন্ন ; সিদ্ধ। ~ান্ত-বি, মীমাংসা।

রাধন(1) [রাধ্ (সিদ্ধ করা)+অন (ভা॰), +আ] বি, আরাধনা ; পূজা। ২ সাধন। ৩ প্রাপ্তি। ৪ তোষণ। ৫ ভাষণ।

রাধা [রাধ্ (আরাধনা করা)+অ(র্ম্ম) +আ (স্ত্রীং)] বি. মথুরার নিকটবর্ত্তী গোকুল গ্রামের গোপরাজ বৃষভানুর কন্যা ; অভিমন্যু (আয়ান)-পত্নী। ইনি কৃষ্ণপ্রেমে সর্ব্বত্যাগিনী; ইঁহার বহু নামের মধ্যে রাধা, রাধিকা, রাই ও প্যারী নামই সাহিত্যে প্রচরদ্রূপ। "কৃষ্ণ বাঞ্ছা পূর্ত্তিরূপে করে আরাধনে অতএব রাধানাম পুরাণে বাখানে"-চৈ॰ চ॰। "নব অনুরাগিণী রাধা কছু নাহি মানয়ে বাধা।" -বি॰ প॰। "অপরূপ রাধামাধব সঙ্গ।"-ঐ। সম্বোধনে-রাধে।"যখন রাধে বলে বাজে বাঁশী তখন নয়নজলে আপনি ভাসি।"-বঙ্কিম॰। ~কান্ত [রাধার-কান্ত (প্রিয়), ৬তৎ] বি, শ্রীকৃষ্ণ। ~কৃষ্ণ-বি, রাধিকা ও শ্রীকৃষ্ণ। ২ কৃষ্ণরাধিকার যুগল-মূর্ত্তি। ৩ অপরাধ বা পাপ খণ্ডনার্থ রাধা ও কৃষ্ণ নাম উচ্চারণ। ~কৃষ্ণ বল-প্রস্তাবিত বা উল্লিখিত কথা বা মিথ্যা কথা না বলিয়া রাধা কৃষ্ণ নাম উচ্চারণ কর। তুল-রাম বল। ~চক্র [রাধিকার প্রিয় বলিয়া] বি, শ্রীকৃষ্ণের সুদর্শন চক্র। ~নাথ [রাধার নাথ (প্রিয়), ৬তৎ] বি, শ্রীকৃষ্ণ। ~বল্লভ [রাধার বল্লভ (প্রিয়), ৬তৎ] বি, শ্রীকৃষ্ণ। ~বল্লভী লুচী -লুচী দ্রঃ। ~ষ্টমী-বি, ভাদ্রমাসে শুক্লাষ্টমী তিথি ; এই তিথিতে বৃষভানু কন্যা রাধা, মহিষী কৃত্তিকার গর্ভে জন্মলাভ করেন সুতরাং ঐ তিথিই রাধাষ্টমী নামে খ্যাত। ~পদ্ম [রাধার ন্যায় (গৌরবর্ণ)+পদ্ম] বি, স্বনাম-প্রসিদ্ধ শ্বেতপদ্ম। ২ সূর্য্যমুখীফুল। ~মাধব, ~রমণ-বি, শ্রীকৃষ্ণ। ~শ্যাম-বি, রাধা-কৃষ্ণ (দ্রঃ)।

রাধিকা [সং] বি, বৃষভানুনন্দিনী রাধা। "রাধিকা আদেশে মনের হরিষে কুসুম রচনা করে"-চণ্ডি॰।~রঞ্জন, -রমণ-বি, শ্রীকৃষ্ণ। কৃষ্ণরাধিকা-রাধাকৃষ্ণ ; শ্রীকৃষ্ণ ও শ্রীরাধার যুগলমূর্ত্তি।

রাধেয় [রাধা+এয় (অপত্যার্থে)] সূত্রধর জাতীয় সারথি অধিরথের পত্নী রাধার পালিতপুত্র ; কর্ণ।

রানা-রাণা$_2$ দ্রঃ।

রানী-রাণী দ্রঃ।

রান্ধা [রন্ধন >। গ্রা॰ রাঁধা, রাঁদা। রান্ধি, রান্ধ, রান্ধে ; রান্ধিতে ; রান্ধিয়া (কে॰ রেন্ধে)। ণিজন্ত-রান্ধান] ক্রি, রন্ধন করা ; পাক করা। ~বাড়া-রন্ধন ও পরিবেশন করা। "রান্ধাবাড়া খাবা দিবা করে নিরন্তর।"-শি॰।

রান্না [রন্ধন > রাঁধন+আ (কর্ম্মার্থে)] বি, অন্ন ব্যঞ্জনাদি পাককরণ। ~ঘর-বি, পাকশালা। "রান্নাঘরে কান্নাহাটি চোখের মাথা খেয়ে"-হেম॰। ~বাড়া-রান্ধা-বাড়া দ্রঃ।

রাপানি [প্রা॰ বাং। রাপ(স্পৃহা)+আন (ক্রিয়ার)-অস॰ হেমকোষ দ্রঃ] স্পৃহাযুক্ত হওয়া ; উৎসুক হওয়া। "দেখিতে রাপায়িল সব গোপীর পরাণে।" (কৃষ্ণ দেখিবার জন্য সব গোপীদের প্রাণ উৎসুক হইল)।-শ্রী॰ কী।

রাব$_1$ [রু(শব্দ করা)+অ, ভা॰] বি, রব: শব্দ। "শ্রবণ রহল ঐছে শুনইতে রাব, চলইতে চাহি চরণ নাহি আব।" -বি॰ প॰। "ভ্রমরা ভ্রমরী করত রাব। পিক কুহু কুহু করত গাব।" -বলরাম॰।

রাব$_2$ [সং-দ্রব > দ্রাব > রাব। পূ॰ বঙ্গে রাব। হবিগঞ্জ মহকুমায় খণ্ড-খাঁড় চ॰। শ্রীহট্টের সাতগাঁও অঞ্চলে সব গুড়ই রাব] বি, তামাক মাখিবার চিটাগুড় ; মাতগুড় ; ঘন তাতরসি treacle. নালীরাব-বি, লোহিতাভ তরল গুড়। পূ॰ শ্রীহট্টে ও কাছাড়ের নিম্ন শ্রেণীর লোকের মধ্যে ইহাই "মধুর" বলিয়া উক্ত। তুল-"তাতরসী"।

রাবড়ি, রাবড়ী [হি॰। রাব (জ্বাল দিয়া ঘন করা রস > চিনি মিশ্রিত জ্বাল দেওয়া দুধ)+ড়ি (গাঢ় অর্থে)] বি, জ্বাল দেওয়া গাঢ় দুধের সরে চিনিমিশ্রিত করা মিষ্টান্ন ; চিনিমিশ্রিত মালাই।

রাবণ [রু+ণিচ্=রাবি (শব্দ করান)+

অন (র্ত্তৃ)] বি, লঙ্কাধিপতি ; দশানন। "মা, রাবণ রাজা অন্তিমকালে রঘুনাথের রণস্থলে দুর্গা বলে ডেকেছিল বদনে।"-গান। ~মুখা ~মুখো-বিণ, উগ্রমূর্ত্তি। > স্ত্রীং ~মুখী। রাবঁণের চিতা, রাবঁণের চুলি-বি.যে চিতার আগুণ নির্ব্বাণপ্রাপ্ত হয় না। ২ চির অশান্তি। ~গঁঙ্গা-বি. সিংহল-দ্বীপস্থ নদীবিঃ।~চ্ছত্র-বি.সামুদ্রিক মৎস্য-বিঃ medusa. ইহা দেখিতে ছাতার মত। পুকুর, খাল,বিল,নালাতে বাস করে। সমুদ্রের লোণাজলেও থাকে। ইহাদের কাহাকেও জেলিমাছ, কাহাকেও মেডুসা ইং বলে। পুরীর সমুদ্রের ধারের লোকেরা এই শ্রেণীর জীবকে এই নাম দিয়াছে। ইহারা শুঁয়ো-গুলাকে জলের নীচে রাখিয়া মাথায় দিবার ছাতার মত সমুদ্রের জলে ভাসিয়া বেড়ায়। ~পুরী-বি, রাবণের স্বর্ণপুরী। ২ [অনুচরাদি সহ আত্মীয়স্বজন ব্যতীত যে রাবণের একলক্ষ পুত্র আর সওয়ালক্ষ নাতি] যে গৃহ বহুজন মুখরিত ; হাঁসের পুরী ; যে পুরে খাইবার লোক অসংখ্য। "সে রাবণপুরীতে নাচখালি চাকতি হাতে করে নিয়ে কার মুখে দেবো"-অং বসু।

রাবঁণারি [রাবণ+অরি, ৬তৎ] বি, রামচন্দ্র।

রাবঁণি [রাবণ+ই (অপত্যার্থে)] বি, রাবণ-নন্দন ; মেঘনাদ।

ˋরাবিশ [ইং rubbish এর লিপ্যন্তর] বি, পাকা বাড়ীর ভগ্নাবশেষ ; ভাঙ্গা ইট চুণ সুরকি। ২ বিণ, নিকৃষ্ট অকিঞ্চিৎকর। ৩ অপদার্থ ; অকর্ম্মণ্য।

রাভিসিক [রভস+ইক] বিণ,হঠকারী ; গোঁয়ার।

রাম১ [রম্(ক্রীড়া করা)+অ (র্ত্তৃ), যিনি রমার (লক্ষ্মীর) সহিত রমণ করেন অথবা "রা শব্দো বিশ্ববচনো মশ্চাপীশ্বর বাচকঃ। বিশ্বানামীশ্বরো যোহি তেন রামঃ প্রকীর্ত্তিতঃ॥"-ব্রহ্মবৈবর্ত্ত পুং] বি, বিষ্ণুর তিন অবতার-পরশুরাম,দাশরথি রাম ও বলরাম। "খাণ্ডবপ্রস্থে * * উপস্থিত শ্রবণ করিয়া পুণ্ডরিকাক্ষ কেশব রামের সমভিব্যাহারে তথায় আগমন করিলেন।" -মহা• (সিংহ)। সাধা• দাশরথি অর্থাৎ সীতাপতি-রামচন্দ্রবাচক। ২ বিণ.রমণীয়। ৩ অ."রাম বল" (দ্রঃ) ; সঙ্কট হতে উদ্ধার বা মুক্তিলাভে আনন্দসূচক উক্তি। তুল-শ্রীবিষ্ণু দুর্গা বল ইং। "সদাগর এই কথা শুনিয়া মনে মনে বিবেচনা করিলেন যে রাম বাঁচা গেল আর ভয় নাই।"-কামিনীকুমার। রাম না হ'তে রামায়ঁণ-কারণের পূর্ব্বে কার্য্যের সম্ভাবনা বোধক। রাম বঁল-মুখে রাম-নাম গ্রহণ কর ; পাপ কথা বা পাপ চিন্তায় যে মুখ ও মন কলুষিত হইয়াছে তা রামনাম করিয়া শুদ্ধ কর। ~রাজ্য-বি, পরম সুখের রাজ্য। ২ বি, প্রজারঞ্জন রাজার রাজ্য ; সুখের রাজ্য। না রাম না গঁঙ্গা-হিন্দুর মরণকালে অর্থাৎ চরমে রামনাম ও গঙ্গানাম অবশ্য গ্রহণীয় তা উচ্চারণ না করা ; সম্পূর্ণ নির্ব্বাক হওয়া বা মৌনাবলম্বনের লক্ষণ। ২ কোন কিছু না মানা ; ধর্ম্মের ধার না ধারা। "মানুষের একটা ত ধর্ম্মের পরিচয় আছে। না রাম, না গঙ্গা, মা গো এ কেমন তর।"-গোরা (রবী•)। সে রামও নাই সে অযোধ্যাও নাই-সে রকম প্রজারঞ্জক রাজাও নাই আর সে সুখের রাজ্যও নাই। অর্থাৎ সুখের দিন চলিয়া গিয়াছে। "পল্লী-গ্রামের পূর্ব্বগৌরব নষ্ট হইয়াছে কারণ আর সে রামও নাই সে অযোধ্যাও নাই।" -বাঙ্গালী, ১৩২৩।

রাম২ [বিষ্ণুর অবতার পুরুষশ্রেষ্ঠ রামচন্দ্র হইতে। শব্দের সহিত যুক্ত হইয়া শ্রেষ্ঠার্থে গ্রাং প্রয়োগ] বিণ, শ্রেষ্ঠ ; প্রধান ; ধাড়ী। প্র-মন্দারাম ; বোকারাম [তুল-ফাং খাঁ (জবরদস্ত খাঁ) ; সং ও বাং-র বাগীশ (ব্যস্ত-বাগীশ) ; সিংহ, সিং (পালোয়ান সিং), চন্দ্র (বোকাচন্দ্র)]। ২ বৃহৎ। প্র-রামছাগল ; রাম শিঙ্গা ; রাম-দা। ৩ ছোট। প্র-রাম-বেগুন। ৪ [তুচ্ছার্থে বা নগণ্য অর্থে,বিদ্রূপে] বি, ব্যক্তি ; জন fellow. প্র-মত্তরাম, বাঁটুলরাম,খোঁড়ারাম.ঢোসারাম, কেবলরাম, হাঁদারাম ইং। ৫ [ব্যাং] অনির্দ্দিষ্ট ব্যক্তি ; দৃষ্টান্তস্বরূপ উক্ত লোকের নাম। ৬ সাধারণ জন ; বিশেষত্ববিহীন জন। এই অর্থে রামের সহিত "শ্যাম" শব্দ যুক্ত হয়। রাম শ্যাম [অসম্ভ্রমার্থে-রামা-শামা, রেমো-শেমো] রাম ও শ্যাম। ২ তুমি আমি ; যে সে। প্র-একি রাম শ্যামের কথা:যে নাই বা শুনলে। এ স্বয়ং রাজার আদেশ! শুনতেই হবে। "আর আমি যে স্বায়শাস্ত্রের চর্চ্চা চালিতে থাকি সেটা বিরাজ করে রামা শ্যামার হাঁড়িকুঁড়ির ভিতর, মুড়িমুড়কির ভিতর। প্রতিদিনকার খাওয়া দাওয়ার ভিতর, প্রত্যেক মানুষের উঠা বসার ভিতর"-অধ্যাপক বিং কুং সরকার, বঙ্গবাণী, ১৩৩৪,কার্ত্তিক। "রামী বামী গুপী" -ঈং গুপ্ত। ~-শাম-যঁদু [অসম্ভ্রমার্থে বা তুচ্ছার্থে রেমো শেমো যোদা। স্ত্রীং রামী শামী, রামী বামী। পাং তীতাবুখন। হিং রমে বুধে বা রগুই বুধই, রমদু কদ্দু। উং অহম্মদ মহম্মদ। ইং Tom Harry & Dick. টমহারি দ্রঃ]। ~বাঁশ [রাম (সুন্দর,রমণীয়) বাঁশ °(বংশ তৃণ)] বি, তৃণবিঃ ; গাছ আনারসের মত মধ্যে একটা বাঁশের মত সরল দণ্ড পুষ্পগুচ্ছ মাথায়ঃকরিয়া উঠে। ভারতের পশ্চিমাঞ্চলে পথিপার্শ্বে দৃষ্ট হয়। ~কঁর্পূর [রাম (মনোহর) কর্পূর] বি, সুগন্ধ তৃণবিঃ। ~কলা, কঁদঁলী [রাম (মনোহর) [কলা দ্রঃ] বি, কদলীবৃক্ষবিঃ ; ইহার দণ্ড, পত্রের শিরা ও পাকা ফল লালবর্ণ। "উরুযুগ রাম-কদলী তরু সমা।"-শ্রীং কীং। ~কান্ত [রাম কান্ত (পতি), রামের মত পতি যাহার বাঞ্ছনীয় কিন্তু সীতা রামের হাতে পড়িয়া অনেক লাঞ্ছনাই সহ্য করেছিলেন তাহা হ'তে বিদ্রূপার্থে বা বিপরীতার্থে] বি,লগুড় ; হুড়ো ; কোৎকা। ~কিরী-বি, সঙ্গীতের রাগিণী-বিঃ;রামকেলী। ~কুঁড়ে [রাম(ক্ষুদ্র)-কুঁড়ে (< কুটীর)] বি, ছোট কুঁড়ে ঘর ; ক্ষুদ্রগৃহ ; ক্ষুদ্রকুটীর। ~কেলি,-লী-বি, রাগিণী-বিঃ ; রামকিরী দ্রঃ। ২ মালদহ হতে ৮।৯ ক্রোশ দূরে অবস্থিত গ্রাম। সনাতন গোস্বামী খোদিত সনাতনসাগর ও রূপকর্তৃক রূপসাগর এইগ্রামে বিদ্যমান। জ্যৈষ্ঠ সংক্রান্তি দিবসে মহোৎসব হয়। ~খঁড়ি [রাম (সুন্দর) খড়ি] বি, গৌরবর্ণ খড়িমাটিবিঃ ; পূর্ব্বকালে এই খড়ি দ্বারা শিশুদিগের হাতে খড়ি হইত। ~খিলিকা [আং-আলখালিক (গাত্রাবরণ-বিঃ) >] বি, সাধুসন্ন্যাসীদিগের পরিধেয়

] যুক্ত বিবৃত (অগ্র=অগ্‌র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঞ=গে জঞ্জা ঞ=চে ঞ=ই ক্ষ=ক্ষ হ্ম হ্ন হ্ল ক্ষ=ন্থ্ব হ্ন হ্ল তব্য, ঋ ক ব ত=fwv ও জ্ঞাং দ্রঃ

হাত কাটা ও স্কন্ধ হতে জানুর নিম্ন পর্য্যন্ত লম্বমান অঙ্গরাখা ; আল্‌খাল্লা। "তোমার নাকাল রামখিলিকা গলায় মারত দিয়া।" -মাণিক॰ গাম। **~গিরি** [রাম বন গমনকালে এই পর্ব্বতে বিশ্রাম করিয়াছিলেন বলিয়া এই নাম] বি, বুন্দেলখণ্ডস্থিত চিত্রকূট পর্ব্বত। **~চন্দ্র**- [রামচন্দ্র (যিনি চন্দ্রের ন্যায় আহ্লাদক)] বি, দশরথের পুত্র শ্রীরাম। **~চাকি, -কী**- বি, রাম নামের ছাপ দেওয়া চক্রাকার উৎকৃষ্ট সন্দেশ। ২ নাগরদোলা। **~ছাগল**- [রাম (বৃহৎ) ছাগল] বি, বৃহৎজাতীয় পশ্চিমা লম্বকর্ণ ছাগবিঃ। **~জননী** [রামের জননী (মাতা)] বি, পরশুরামের মাতা রেণুকা। ২ অযোধ্যাপতি রামচন্দ্রের মাতা কৌশল্যা। ৩ বলদেব মাতা রোহিণী। **~দা** [রাম (বৃহদর্থে)+দা (কর্ত্তরী > কাদ্দা > দাঅ > দা), হিং দাও] বি, বড় কাটারী। "সে দিন সে সবইনস্পেক্টারকে একখানা রামদা লইয়া তাড়া করায় তিনি গুলি করিতে বাধ্য হইয়াছিলেন।" -হিতবাদী। **~ধনু, ~ধনুক** [রাম (বৃহৎ বা অভিরাম অর্থে)] বি, ইন্দ্রধনু (দ্রঃ)। **~নবমী** [প্রাং রামনৌমী। নবমী > নউমী > নৌমী] বি, চৈত্রমাসের শুক্লা নবমী ; ঐ তিথিতে শ্রীরামের জন্ম হয়। **~পাখী** [বিদ্রূপে। রাম (অভিরাম, সুন্দর)] বি, কুক্কুট। **~বল্লভ** [রাম-বল্লভ (প্রিয়) যার, বহং] বি, ভূর্জপত্র। ২ বিণ, রামপ্রিয়। **~বেগুন** [ক্ষুদ্রার্থে-রাম] বি, বেগুন গাছের মত কিন্তু বড় কণ্টকাকীর্ণ পত্র ও বেগুনের মত, কিন্তু ছোট ফল শ্বেতফুল বন্য শাকবিঃ solanum ferox. **~ভদ্র**-বি, বলরাম। **~মাটি** [রামাৎ বৈষ্ণবদিগের ব্যবহারের তিলকমাটি হ'তে নাম] বি, তিলকাদি করিবার উপযোগী হরিদ্রাবর্ণের মৃত্তিকাবিঃ ; রামরজঃ। **~মালা** [ক্ষুদ্রার্থে-রাম] বি, ছোট নারিকেল মালা। **~রহীম** [রাম ও রহীম] বি, হিন্দু ও মুসলমানের ঈশ্বর। "রাম রহীম না জুদা করো ভাই" -গিরিশ॰।

২ ভেদভাব। **~রাজ্য** [রামের রাজ্য, ৬তৎ] বি, রামচন্দ্রের অধিকৃত রাজ্য ; অযোধ্যা রাজ্য। ২ সুখ ও শান্তির রাজ্য ; নীতিধর্ম্মের রাজ্য। **~রাজ্যে বাস**- রামের ন্যায় প্রজারঞ্জক রাজার অধিকারে বা শাসনাধীনে বাস। **~রাম** [রাম দ্রঃ] অ, ঘৃণা, বিস্ময়, অনুতাপ ইং সূচক। "রাম রাম এ বড় কুস্থান, পোড়া হাড় ছড়াছড়ি মড়া নিয়ে কাড়াকাড়ি করিতেছে শৃগালের বিতান।" ২ নমস্কার ; অভিবাদন শব্দ। "রাজসভা প্রবেশ করিতে তড়বড়ি। রাম রাম প্রণাম সেলাম হুড়াহুড়ি॥" **~লীলা** [৬তৎ] বি, রামচন্দ্রের জন্মাবধি স্বর্গারোহণ পর্য্যন্ত ঘটনার অভিনয় ; রামচরিত্রাভিনয়। **~শিঙ্গা, -ঙা** [রাম (দীর্ঘ) শিঙ্গা (শৃঙ্গ আকৃতি হ'তে) অথবা রণশৃঙ্গ (দ্রঃ) > ভ্রং। প্রাং রামশিঙে] বি, যন্ত্রবিঃ ; ইহা তাম্র বা কাংস্যনির্ম্মিত। হরিনাম কীর্ত্তনকালে বৈষ্ণবগণ এই যন্ত্রের ব্যবহার করিয়া থাকেন। **~সখা** [রামের সখা (মিত্র), ৬তৎ। সখি=সখ] বি, সুগ্রীব। **~সালিক, রামশালিক** [রাম (বৃহৎ) -সালিক। প্রাং বাং-রামশাক্কী (শালিক দ্রঃ)। "রামশাক্কী উড়ে যায় সাক্ষাৎ অনিল।" -ধর্ম্ম॰ গী॰ (রূপরাম, খৃং ১৭শ শতাব্দী)] বি, সারসের ন্যায় দীর্ঘচঞ্চু ও দীর্ঘপদ কৃষ্ণবর্ণ মস্তক ও পুচ্ছ ও অবশিষ্ট অঙ্গ শ্বেতবর্ণ প্রায় তিন হাত দীর্ঘ পক্ষিবিঃ।

রামঠ [বৈদ্যকে] বি, ময়নাফল। ২ হিঙ্গু।

রামনা [হিং] বি, গোচারণ ও আনন্দ ভ্রমণের মাঠ ; গোষ্ঠ। ২ [Bengal Records (Hunter)] শিকার ও চারণভূমি hunting & grazing lands.

রামণীয়ক [রমণীয়+ক (ভাং)] বি, রমণীয় হওয়ার ভাব ; মনোহরত্ব।

রামা [রম্ (ক্রীড়া করা)+অ (র্ত্তৃ), আ (স্ত্রীং)] বি, নারী। "হেন কালে এক রামা স্নান করি যায়।" -অ॰ ম॰।

রামাইৎ, রামাৎ [সং-রামাবৃত >] বিণ, রামভক্ত। বি, রামোপাসক বৈরাগীবিঃ। ২ রামানুজী বৈষ্ণব সম্প্রদায়।

রামানন্দী-বি, রামানন্দ প্রবর্ত্তিত রামোপাসক সম্প্রদায়ভুক্ত বৈষ্ণব। ইঁহাদের তিলকের বাহিরের রেখা শ্বেতবর্ণ।

রামানুজ [রাম+অনুজ] বি, লক্ষ্মণ। ২ ভরত লক্ষ্মণ বা শত্রুঘ্ন। ৩ বিশিষ্টাদ্বৈতবাদের প্রবর্ত্তক, স্বনামখ্যাত দর্শনশাস্ত্র প্রণেতা দাক্ষিণাত্যবাসী বৈষ্ণবধর্ম্ম প্রচারক রামানুজ ত্রিপাঠী (সাধাং রামানুজ স্বামী)। ১০১৭ খৃং পেরম্বুরে কেশব ত্রিপাঠীর ঔরসে ভূমিদেবীর গর্ভে জন্ম। **~ী**-বি, রামানুজ প্রবর্ত্তিত বৈষ্ণব। ইঁহারা শ্বেত রেখার মধ্যে রামমাটির রেখাযুক্ত তিলক ধারণ করেন।

রামায়ণ [রাম+অয়ন (আশ্রয়), যে গ্রন্থ রামকে অধিকার করিয়া কৃত হইয়াছে)] বি, মহর্ষি বাল্মীকি প্রণীত রামচরিতমূলক মহাকাব্য।

রামা-শামা-রাম$_{2}$ দ্রঃ।

রাম্ভ [রম্ভ (বেণু)+ক (নির্ম্মাণার্থে)] বি, বেণুনির্ম্মিত দণ্ড।

রায়$_{1}$ [আং] বি, অভিপ্রায় ; অভিমত ; মত। ২ বিচারফল ; নিষ্পত্তিবাক্য judgment. "তাহার জোরেই হাকিমের রায় ফিরিয়া যায়।" -নীলদর্পণ। "দিলেন হাকিম তখন রায় তার এই স্থূল মর্ম্ম।" -দ্বিং রায়। ৩ শ্রেষ্ঠ ; চূড়ামণি। "দেখিয়া সে শোভা জগমনোলোভা ভুলিল নাগর রায়।" -চণ্ডিং। ৪ বাক্য। ৫ উপাধিবিঃ। ৬ বিণ, প্রবৃত্ত ; উদ্যত। "ধরিয়া কোদালি পেলে এ যাটি সহস্র ছেলে কাটিতে সাগর হৈল রায়॥" -ধন॰।

রায়$_{2}$ [রা$_{1}$ (দ্রঃ)+এ (=তে)] অ, ডাকে ; শব্দে। "তোর মধু রায় চিত্ত হয় চমকিত।" -কবিক॰।

রায়$_{3}$ [রাজা > রায়া > রাঅ=রায়। স্ত্রীং-রাজ্ঞী > রাঈ] বি, রাজা। প্র-"শিশু সঙ্গে পড়ে বৈকুণ্ঠের রায়।" -চৈ॰ ভা॰। > স্ত্রীং **~ী**-রাণী। **~জাদা** [রায়-জাদা (ফাং জ়াদ, জ়াদা)] বি, রায়ের পুত্র। ২ রাজপুত্র। "উজীর হল রায়জাদা।" -কবিক॰। **~বাঘিনী** [রায় (রাজ)-বাঘিনী। তুল- royal tiger] বি, রাজব্যাঘ্রী ; অতি বৃহৎজাতীয়া ব্যাঘ্রী royal tiger. ২ অতি

কৃত্যা নারী; আক্রমণশীলা, উগ্রচণ্ডা স্ত্রী। [ভুরশুট রাজবংশ প্রায় ৪০০ বৎসর অপ্রতিহত প্রভাবে দক্ষিণ রাঢ়ে রাজত্ব করিয়াছিলেন এবং অনেক কীর্তিও রাখিয়া গিয়াছেন। সম্রাট আকবরের সময় ঐ বংশের একজন রাণী, রাণী ভবশঙ্করী উড়িষ্যার পাঠানদের সহিত যুদ্ধ করিয়াছিলেন। গুণগ্রাহী আকবর রাণীকে উপরিউক্ত সম্মান প্রদর্শন করিবার জন্য বহুমূল্য উপহার সহ অম্বররাজ মানসিংহকে ভুরশুটে প্রেরণ করেন। আজিও দক্ষিণ-পশ্চিম বঙ্গের লোকে কোন নারীর নির্ভীকতা ও উগ্রপ্রকৃতি বুঝাইবার জন্য সচরাচর বলিয়া থাকে—'রমণী যেন রায়বাঘিনী'—বঙ্গ বীরাঙ্গনা রায়বাঘিনী (বিধুভূষণ ভট্ট)]। ~বার [সং-রাজবার্তা >] বি. যশ; সুখ্যাতি; স্তুতিগান। "প্রবেশ করিতে হাট দেখা পাইল রাজভাট রায়বার পড়ে উর্দ্ধ হাত।" -কবিক°। "বিপ্রগণ বেদ পড়ে ভাটে রায়-বার"-চৈ° ভা°। "ভাট পড়ে রায়বার যশ বর্ণাইয়া।" -অ° ম°। ২ স্তুতিপাঠক। "প্রভাতে করি স্নান দ্বিজে করিল দান রায়-বারে দিল গজ ঘোড়া।"-কবিক°। ৩ দৌত্য; রাজবার্তা। "অঙ্গদের রায়বার" -কৃত্তি°। "মহাবীরের স্থানে এক পাঠাও রা°"-চণ্ডী° (মাধবাচার্য্য, ১৫৭১ খৃ°)। ~বাঁশ [রায় (দীর্ঘ) বাঁশ] বি.দীর্ঘ বংশযষ্টি। ২ অস্ত্রবিঃ। "বাজন নূপুর পায় বীর ঘটা পাইক ধায় রায়-বাঁশ ধরে খরশাণ।-কবিক°। "ভাঙ্গিল রায়বাঁশ পদাতি পায় ত্রাস"-কবিক°। ~বাঁশিয়া, ~বাঁশ্যা, ~বেঁশে-বিণ. দীর্ঘ বংশযষ্টিধারী পাইক; লাঠিয়ালবিঃ। "মণ্ডলী করিয়া, ধায় রায়বাঁশিয়া কেহ ধায় ফিরায়ে নেজা।"-কবিক°। "রায়বাঁশ্যা পাইক হাজার হাজার ধায়"-ধর্ম° গী°(রামচন্দ্র)। "ভবকী ধানুকী ঢালী রায়বেঁশে সাজ।"-অ° ম°। "ধানুকী বন্দুকী ঢালী রায়-বেঁশে কম্বিকালি রাহুত মাহুত সমুদায়।"-ঘ°। ২ রায়বাঁশিয়া নৃত্য; মণ্ডলাকারে নৃত্যবিঃ। ~বাহাদুর [রাজাবাহাদুর >] বি. রাজদত্ত সম্মানজনক উপাধিবিঃ। "রায়বাহাদুর নামটাও ছি না পাইলে শেষে।"-হেম°। ~ভাট [রাজভট্ট > প্রা° রেয়োভাট] বি, হিন্দুজাতিবিঃ। ২ স্তুতিপাঠক। ৩ রাজদূত। ~ভাটা-বি, নদীর আওড়। ~রায়াঁ, ~রায়ান [রায় (রাজা)+ রায়ান (হি° বহুব° রূপ, রাজগণ অর্থে) রাজাদিগের মধ্যে রাজা] বি. সম্মানিত উপাধিবিঃ chief of chiefs. ২ মুসলমান রাজত্বে প্রধান রাজস্ব মন্ত্রীর উপাধি; দেওয়ান।

রায়ট [ইং riot এর লিপ্যন্তর। আধু°] বি. জনতার প্রমত্ত চীৎকার; শান্তিভঙ্গ।

রায়/ৎ [প্রা° রেওৎ, রেয়োৎ আ° রঅঈয়ৎ >] বি. প্রজা জমিদারের tenant, ২ জোতদার cultivator ৩ কিরায়াদার; ভাড়াটিয়া। ~তী [প্রা° রেয়ৎী] বিণ. রায়ৎ সম্বন্ধীয়। ২ [প্রা° রাইতী, রেউতী] বি. প্রজাস্বত্ব; জোতস্বত্ব tenancy, ৩ জোতের স্বত্ব বা অধিকার কাল tenure. ৪ জোত holding of real estate.

রাল [সং, হি°] বি, ধুনা।

রাশ১ [রশ্মি বা রশনা >] বি. অশ্ববল্গা।

রাশ২ [রাশি >] বি. স্তূপ; পুঞ্জ; গাদা। ২ [কা° জ্যো°] রাশি। ~নাম -জন্ম রাশি অনুযায়ী নাম; জ্যোতিষ গণনায় নির্দ্ধারিত কোষ্ঠীভূত নাম; ডাকনামের বিপরীত নাম; অপ্রচলিত নাম। "রাশ নাম ডাকনাম ছিলাম ধারিণী।" -অশোক°। ~ভারি, ~ভারী [রাস-ও°] বিণ. যার প্রকৃতি অতিশয় ধীর গম্ভীর; সিংহাদি রাশির প্রকৃতি যুক্ত; যার স্বভাব হালকা নহে; সহসা যার সঙ্গে আলাপ করিতে বা সম্মুখীন হতে সাহস হয় না। "তিনি অতি রাশভারি লোক ছিলেন। পরিবার পরিজন তাঁহার ভয়ে ভীত থাকিত। পরিবারস্থ বালকগণ তাঁহার ভয়ে অসৎপথে পদার্পণ করিতে সাহসী হইত না।"-শিবনাথ শাস্ত্রী। ~হাল্কা-বিণ. লঘুচিত্ত; যার সম্মুখীন হতে বা যার সহিত আলাপ করিতে কোন সঙ্কোচ বোধ হয় না।

রাশি [অশ্ (ব্যাপা)+ই (র্) নিপাতন] বি. সমষ্টি; স্তূপ; পুঞ্জ; গাদা। ২ [গাটি° (ক° বিশ্ব° পরিঃ)] ইং number এর বৈজ্ঞা° পরিঃ; সংখ্যা; ইং term এর বৈজ্ঞা° পরিঃ; ইং quantity র বৈজ্ঞা° পরিঃ [বিপরীত(বীজ গ° পরিঃ) অজ্ঞাতরাশি unknown quantity]। ৩ [বীজ গ° (ক° বিশ্ব°পরিঃ)] ইং element (of a determinant) এর বৈজ্ঞা° পরিঃ। ৪ [কৃ° জ্যো°] জ্যোতিশ্চক্রের অন্তর্গত মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনুঃ, মকর, কুম্ভ ও মীন এই দ্বাদশ চিহ্ন। ৫ বিণ. নিরেশ। ৬ মিশ্রিত। ৭ পুঞ্জীকৃত; স্তূপীকৃত। ~চক্র [রাশি (জ্যোতিষিক চিহ্ন) চক্র (বৃত্ত)]° বি, দ্বাদশ রাশিযুক্ত জ্যোতিশ্চক্র। "রজনীতে তারকায়, যেখানে গগন গায় সিংহের আকার ধরি রাশিচক্র ফিরিত"-দশমহাবিদ্যা। ~কৃত [রাশি +ই (অভূততদ্ভাবার্থে চ্বি)=রাশী+কৃত] বিণ,কৃতত্ত্বপ; পুঞ্জীকৃত। ~ভোগ-বি,সূর্য্য চন্দ্রাদি গ্রহের রাশিচক্রপথে ভ্রমণকালে মেষ বৃষাদিচিহ্নিত পথে স্থিতি। ~মালা [বীজ গ° (ক° বিশ্ব° পরিঃ)] বি, ইং expression এর বৈজ্ঞা° পরিঃ। ~রাশি-অসংখ্য; গাদা গাদা। "রাশি রাশি কুসুম পড়েছে তরুমূলে"-মেঘ°। "রাশি রাশি মিল করিয়াছ জড়"-রবী°। ~সন্দেশ-বি, ছানা বিরল অল্প মূল্যের সন্দেশ।

রাষ্ট [রাষ্ট্র শব্দের গ্রাম্য উচ্চারণ] বিণ, রাজ্যব্যাপী; দেশময়। ২ প্রচারিত; সাধারণের কর্ণগোচর; প্রকাশিত।

রাষ্ট্র [রাজ্ (দীপ্তি পাওয়া)+ ট্র (ষ্ট্র)] বি, রাজ্য। "রাষ্ট্রখণ্ড লয়ে রাজা"-কবিক°। ২ সাম্রাজ্য। ৩ দেশ; জনপদ। ৪ প্রকাশ; প্রচার। ৫ সংক্রামক রোগ, মহামারী, দুর্ভিক্ষাদি উপদ্রব। ৬ বিণ, প্রসিদ্ধ; খ্যাত; সুপ্রকাশ। "স্পষ্ট সে ত নন্দসুত রাষ্ট্র জগজ্জনে" -ভাগবত। রাষ্ট্র করা-ক্রি, দেশময় প্রচার করা। ~কূট-ক্রি, দক্ষিণ ভারতের রাজ্য। ~জন-বি, ইং nation এর বৈজ্ঞা° পরিঃ। ~জনিক-বিণ, national. ~তান্ত্রিক -রাষ্ট্র বিজ্ঞান সম্বন্ধীয়। ~নায়ক-বি, প্রধান রাজ্য পরিচালক; দেশের প্রধান নেতা। ~নীতি-বি,রাজনীতি। ~পতি-বি,দেশপতি; রাজা; সম্রাট। "না যায় বাঙ্গালে গুণ প্রভু রাষ্ট্রপতি।"-কবিক°। "বাণিজ্যের

মেয়ে মুরার দুলাল চন্দ্রগুপ্ত রাষ্ট্রপতি"-সং দত্ত। ~বিপ্লব-বি, রাজ্য শাসকের প্রবর্তিত নিয়মের পরিবর্তন। ~সংসদ-বি, ইং provincial council এর বৈজ্ঞা॰ পরিঃ। ২ রাষ্ট্র পরিচালন বা শাসন সম্বন্ধীয় পরামর্শ সভা state council ; parliament. রাষ্ট্র হওয়া-ক্রি, প্রচারিত হওয়া ; সর্বসাধারণের গোচরীভূত হওয়া।

রাষ্ট্রিক [রাষ্ট্র+ইক (সম্বন্ধে)] বিণ, রাষ্ট্রসম্বন্ধীয়। ২ বি, বর্তমান মহারাষ্ট্র দেশবাসীর প্রাচীন নাম। ৩ বি, বিণ, নাগরিক; প্রজা। "এই আইনে 'রাষ্ট্রিক' বলিতে যে কেহ ভারতীয় যুক্তরাজ্যে জন্মগ্রহণ করিয়াছে, অথবা যাহার পিতা এ দেশে জন্মিয়াছিল বা স্থায়ী বাসিন্দা হইয়াছিল এবং অন্ত কোন দেশের স্থায়ী বাসিন্দা হয় নাই * * * বিদেশী কোন ব্যক্তি বিদেশের রাষ্ট্রিক অধিকার বর্জন না করিলে এ দেশের রাষ্ট্রিক বলিয়া বিবেচিত হইবে না।" -আ॰ শক্তি, ১৩২৮, ১৭ আগষ্ট।

রাষ্ট্রিয়, রাষ্ট্রীয় [রাষ্ট্র (রাজ্য)+ইয়-ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, রাজ্যসম্বন্ধীয়। ২ [সং নাটকে] বি, রাজশ্যালক।

রাস [রস্ (শব্দ করা)+অ(ভা॰)] বি,শব্দ; গণ্ডগোল; কোলাহল।২[-+অ(ধি)] কার্তিকী পূর্ণিমায় শ্রীকৃষ্ণের রাসলীলা ; গোপনারীদিগের মণ্ডলে কৃষ্ণরাধিকার নৃত্যোৎসব। "সে দেশে কি রস আছে এ দেশেতে রাস।" -ভারত॰। ~ক্রীড়া-বি, রাসলীলা। "কার্তিকী পূর্ণিমা পেয়ে মধুর মুরলী গেয়ে রাসক্রীড়া গোপিনী লইয়া।"-অ॰ ম॰। ~পর্ব্ব-বি, রাসোৎসব ; রাসলীলা। ~পূর্ণিমা-বি, কার্তিকী পূর্ণিমা ; যে তিথিতে শ্রীকৃষ্ণের রাসোৎসব হয়। ~বিহারী-বি. যিনি রাসমণ্ডলে বিহার করেন ; শ্রীকৃষ্ণ। "হৃষীকেশ হরি রাসবিহারী রমানাথ রাধামোহন।"-বাং গান।~মণ্ডপ -বি, কৃষ্ণ রাধিকার রাসলীলার স্থান। ~মণ্ডল [রাস+মণ্ডল (চক্র)] বি, শ্রীকৃষ্ণের রাসলীলা করিবার চক্রাকার স্থান।~যাত্রা -বি, রাসোৎসব ; রাসলীলা। ~রস-বি, রাসলীলা জনিত অনির্বচনীয় আনন্দ। ~রসময়-বি, রাসলীলা রসিক আনন্দঘন শ্রীকৃষ্ণ। >স্ত্রীং ~রসময়ী-শ্রীরাধিকা। ~রসিক-বিণ, রাসানন্দের স্বাদগ্রাহী ; রাসরসজ্ঞ। ২ বি, শ্রীকৃষ্ণ। >স্ত্রীং ~রসিকা-শ্রীরাধিকা। ~লীলা-বি, গোপীচক্রে শ্রীকৃষ্ণের মণ্ডলাকারে নৃত্যবিলাস ; গোপাঙ্গনাগণ সমভিব্যাহারে শ্রীকৃষ্ণের রসলীলা।

রাসকেল [ইং rascal এর লিপ্যন্তর] বি, দুর্বৃত্ত ; পাজি।

রাসন [রসনা (জিহ্বা)+অ(সম্বন্ধার্থে)] বিণ, রসনা সম্বন্ধীয়। ২ বি, রসনেন্দ্রিয় জন্ত স্বাদজ্ঞান। ~প্রত্যক্ষ-স্বাদজনিত বোধ।

রাসভ-বি, গর্দভ। স্ত্রীং ~ী।

রাসভারি, ~ভারী-রাশভারি দ্রঃ।

রাসায়নিক [রসায়ণিক ও॰। রসায়ন + ইক (সম্বন্ধার্থে)] বিণ রসায়ন বিদ্যা সম্বন্ধীয়। ২ [বাং-র] বি, রসায়ণবিৎ পণ্ডিত। রা॰ আকর্ষণ-বি, যে গুণদ্বারা পরস্পর বিভিন্ন প্রকার পরমাণু সকল মিলিত হইয়া একটা স্বতন্ত্র গুণবিশিষ্ট পদার্থে পরিণত হয়। রা॰ গবেষণা-গৃহ-বি, রসশালা (দ্রঃ) chemical laboratory. ~তত্ত্ব-বি, রসায়নবিজ্ঞান ; যে বিদ্যাবলে রসায়নের বিশিষ্ট ও গূঢ় জ্ঞান জন্মে। ~সম্মিলন-বি, রসায়ন ঘটিত বস্তু-সংযোগ.কৈমিতিক সংযোগ chemical combination.

রাসেশ্বরী [রাস+ঈশ্বরী, ৬তৎ] বি, রাধিকা ; রাধা।

রাস্তা [ফা॰। তুল-পথিক ও প্রা॰ অর্দ্ধ॰ rosta (a stone erected on the public roads at certain distances in the manner of the modern mile stones)—*Webster*] বি, পথ ; বর্ত্ম ; মার্গ। ~-ঘাট [রাস্তা (প্রশস্তবর্ত্ম) ঘাট (মধ্যপথ, পর্বতমধ্যস্থ পথ)] ছোট বড় রাস্তা ; সদর ও গলি পথ।

রাস্না [সং] বি, বৃক্ষোপরি জাত তিক্তরস উষ্ণবীর্য্য লতাবিঃ vanda roxburghii.

রাহা [ফা॰ রাহ্] বি, রাস্তা ; পথ। ২ উদ্ধারের পথ ; মুক্তিপথ। ৩ উপায় ; চারা। ৪ জাতীয় উপাধিবিঃ। ৫ মূল্য নির্দ্ধারণ। "বস্তু রাহা করি রাজা কর অবধান"-মনসা ম॰ (বংশী, ১৬শ শতাব্দী)। ~খরচ-বি, পথখরচ ; পাথেয়। ~গির [ফা॰ রাহ্‌গির্] বি, পথিক wayfarer. ~জান [ফা॰রাহ্‌জান্] বি, বিণ,যে রাজপথে দস্যুবৃত্তি করে ; ডাকাত highway robber. ~জানি [ফা॰ রাহ্‌জানী] বি, দিনে-ডাকাতি ; প্রকাশ্যে দস্যুবৃত্তি ; রাজপথে ডাকাতি highway robbery. "নির্বোধ! রাণা যখন জিজ্ঞাসা করিবে তোমরা এ পত্র কোথায় পাইলে, তখন কি উত্তর দিবে? তখন কি বলিবে আমরা রাহাজানি করিয়া পাইয়াছি।"-রাজসিংহ (বঙ্কিম॰)। ~দার [ফা॰ রাহ্‌দার] বি, পথকর সংগ্রহকারী কর্মচারী। ~দারি [ফা॰] বি, পথকর আদায়ের কর্ম ; ২ ছাড়পত্র passport. বিণ, ~দারী-পথকর আদায়ের কর্ম বা ছাড়পত্র সম্বন্ধীয়।

রাহি-রাহী২ দ্রঃ।

রাহিন [আ॰ রহ্‌ন্ (বন্ধক) >] যে সম্পত্তি বাঁধা রাখে রেহন দ্রঃ]।

রাহী১ [ফা॰। এই অর্থে 'রাহীলোক' ও॰] বিণ. পথিক wayfarer "যে কোন রাহীজন পথি মাঝে দরশন করি মণি সবভনে লয়"-বীরবাহু (হেম॰)।

রাহী২, রাহি [রাধিকা > প্রা॰ বাং-রাহী > কে॰ রাই] বি, রাধিকা।

রাহী৩ [রাজ্ঞা > রান্না > স্ত্রীং রান্নী > রাহী] বি, রাণী। ভারতীয় ভাষাতত্ত্ববিদ্ গ্রীয়ারসন্ সাহেব মতে "সুন্দরী" (শ্রী॰ কী॰ টীকা দ্রঃ) রাধারাহী=রাধারাণী। "কদম তলা ত রাধা রাহী"-শ্রী॰ কী॰।

রাহু [সং] বি, সিংহিকার পুত্র : অষ্টমগ্রহ। "একি শ্রীবদন ছবি উপরেতে চাঁদ রবি সদন মদন রাজার * * * যেন রাহুর মুখমাঝে বসবরাজি রাজে চাঁদেরে করেছে আহার।" রা॰ প্র॰। ২ ছায়া-গ্রহ। ~গ্রস্ত [রাহু কর্তৃক গ্রস্ত (ভক্ষিত), ৩তৎ] বিণ, রাহুর কবলগত চন্দ্র সূর্য্য। ২ রাহুগ্রহের দৃষ্টিতে দুর্দশাপন্ন ; রাহুর দশায় বিপাকগ্রস্ত। ~গ্রাস [জ্যোঃ পরিঃ] বি, রাহুগ্রাহ ; গ্রহণ eclipse. গ্রাহ [রাহুর গ্রাহ (গ্রহণ), রাহু,

ছায়া চন্দ্র সূর্য্যের গ্রাস] বি, চন্দ্র সূর্য্যের গ্রহণ। ~চ্ছত্র [সং। বৈদ্যকে আর্দ্রক] বি, আদা। ~দর্শন ["দর্শ সূর্য্যেন্দু সঙ্গম"] বি, চন্দ্র-সূর্য্যের গ্রহণ। ~ভিৎ, ~ভেদী, ~মূর্দ্ধভিৎ-সমুদ্র মন্থনোদ্ভূত সুধা বণ্টন-কালে রাহুদৈত্যের দেহ (কেতু) হতে মুণ্ড বিচ্ছেদকারী বিষ্ণু। ~সংস্পর্শ [সং] বি, উপরাগ; চন্দ্র সূর্য্যের গ্রহণ। রাহুর দশা [রাহু দ্রঃ] যে গ্রহের দশায় লোকে প্রাণ পর্য্যন্ত হারায়; অত্যন্ত কষ্টের দশা। তুল-শনির দশা।

রাহুত [হিং রাবৎ, রাবল্ (যোদ্ধা, বীর), তা হতে বাং-র অশ্বারোহী বীর] বি, অশ্ব-সৈনিক; ঘোড়সওয়ার। "রাং মাহুত সাজাইল হাতী ঘোড়া"-কৃত্তিং। ২ জাতিবিঃ। "ব্রাহ্মণ রাজপুত ক্ষত্রিয় রাং মোগল মাহুত রণ অনিবার।"-অং মং। "রাং মাহুত মাল কেবা ধরে অসি ঢাল বীরের শুনিয়া আইল কথা।"-কবিকং। ৩ সাধারণ সৈন্য ও গ্রামবল সংজ্ঞসূচক উপাধিবিঃ।

রাহেন [রেহন দ্রঃ] বিণ, বন্ধকদাতা mortgagor.

রি-বি, সংগীতের ২য় স্বর। ২ অ, অনুকার শব্দে। ~রি-দ্রঃ।

রিআৎ-রেয়াৎ দ্রঃ।

রিং১, রিঙ্, রিঙ্গ [ইং ring এর লিপ্যন্তর] বি, চাবির গোছা রাখিবার কড়া বা ক্ষুদ্র বলয়। ২ অঙ্গুরী; আংটী।

রিং২(করা) [ইং ring (বাজান) এর লিপ্যন্তর] ক্রি, ঘণ্টা বাজান; বৈদ্যুতিক চাবি টিপিয়া বা ঘুরাইয়া দ্বার খুলিতে বলা, ডাকা বা আহ্বান করা বা সাড়া দেওয়া।

রিকাব, রিকাবী, রিকিব, রিকিবি, রেকাব (-বি, -বী) [ফাং] বি, ছোট ধাতু-পাত্রবিঃ; ডিস dish.

রিক্ত [রিচ্ (বিযুক্ত হওয়া) + ত (র্ম)] বি, শূন্য। প্র-রিক্তহস্ত। ২ দরিদ্র। "রিক্ত যারা সর্ব্বহারা।"-রবীং। ৩ নিষ্ফল। স্ত্রীং ~া। ~হস্ত-বিণ, শূন্যহস্ত; যার হাতে কিছু নাই। "রিক্তহস্ত গৃহে দাঁড়াইয়া বুদ্ধি হত।"-অং মং।

২ নির্ধন। ~া-বি দরিদ্রা। ২ [ফং জ্যোং] চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী তিথি।

রিক্থ [রিচ্ (সম্পৃক্ত হওয়া) + থ (র্ম)] বি, স্থাবর ও অস্থাবর সম্পত্তি; ধন; যৌতুক। ~হারী-বিণ, যে ধনের অংশ গ্রহণ করে; দায়াদ; উত্তরাধিকারী। ২ ধনহরণকারী। ~ী [রিক্থ (ধন) + ইন্ (স্ত্রাং)=রিক্থিন্ ১মা, ১বং] বিণ, ধনী। ২ উত্তরাধিকারী।

রিক্শ, -শা, রিকশ [জাপানীং জিন্‌রিক্‌শ > ক্ষেং] বি, মানুষ টানা ক্ষুদ্রাকার গাড়ী jinricksha.

রিগিড় [হিং রগড় (ঘর্ষণ) > বিকারে, প্রাদেং ব্যবহারে] বি, উত্তেজনা; উৎসাহ। ২ [ফাং জিগর > জিগির >] জেদ, নির্ব্বন্ধ। বিণ, রিগিড়িয়া-জিদ্দী; একগুঁয়ে।

রিঙ্খণ, রিঙ্গণ [সং] বি, স্খলন; ভ্রংশ। ২ সন্মান হতে পতন। ৩ হামাগুড়ি দিয়া চলন।

রিঙ্গ-রিং দ্রঃ।

রিঙ্গিত [রিন্‌গ্ (নীচু হইয়া গমনে) > হিং রেঙ্গ্‌না, গুড়ি মারিয়া যাওয়া >] বিণ, স্খলিত। স্ত্রীং ~া।

রিজয়েণ্ডার [ইং rejoinder এর লিপ্যন্তর। আদাং] বি, প্রতিপক্ষের জবাব এর জবাব বা উত্তরের প্রত্যুত্তর।

রিঝ [হৃদয় > হৃদ > রিদ > রিঝ। ব্রজং] বি, হৃদয়। "ঘসন মৃদু মৃদু মর মর কাঁপে রিঝ থর থর শিহরে তনু জর জর কুসুম বন মাঝ।"-বাং গান (রবীং)। "রিঝ মন ভেদন বাঁশরী বাদন কঁহা শিখলি রে কান।"-ঐ।

রিঝা১ [রিঝ (দ্রঃ) + আ (ক্রিয়ার)] ক্রি, হৃদয়ঙ্গম করা; বুঝা। "দুঃখের সময় বিনা যথার্থ না বুঝে। কৃষ্ণ নাহি লয় মন গুনিলে না রিঝে।"-ভক্তমাল।

রিঝা২, রীঝা [হৃষ্ (হৃষ্ট হওয়া) > রিঝ + আ ক্রিয়ায়] ক্রি, হৃষ্ট হওয়া; সন্তুষ্ট হওয়া।

রিঝি [ব্রজং। হৃদি > রিদি > রিঝি] বি, হৃদি; হৃদয়। "ধনী কহে তুয়া গুণে রিঝি প্রসন্ন ভেল, মাগহ মানস যোগ।"-বিং পং। ২ হৃষ্ট হইয়া। "তহি বজাওত বীণা সুমাধুরী রিঝি দেয়ল মণিকাল।"-বিং পং।

রিটর্ণ, রিটার্ণ [ইং return এর লিপ্যন্তর] বি, নির্দ্দিষ্ট সাময়িক সরকারী সংস্থা, বিবরণী বা হিসাবদাখিলা। ২ বিণ, ফেরতা, প্রত্যাবর্ত্তন সহায়। প্র-রেলের রিটর্ণ টিকিট return ticket.

রিঠা, রীঠা [সং-রীঠা করঞ্জ। হিং রীঠা, মং রীথা] বি, জাম ফলের মত গোল কঠিনত্বক্ ফলবিঃ [ইহা জলে ভিজাইলে সাবানের ফেনার মত ফেনা হয় বলিয়া সং-তে ইহার নামান্তর "ফেনিল" এবং ইং-তে "সাবান ফল" soap nut. রীঠার জলে পশমী বস্ত্রাদি ধৌত করা হয়। ২ ইটা মাছ।

রিণ-ঋণ দ্রঃ।

রিণিঝিনি, রিনিকিঝিনি, রিনিকিঝিনকি [অনুং] অ, কর চরণাদি অলঙ্কারের মধুর ধ্বনি। "নূপুর রিণিকিঝিনি"-রবীং। "কনক নূপুর রিনিকি-ঝিনিকি বাজে।"-ঐ।

রিতু [সং-ঋতু > দ্রঃ] বি, ঋতু। "রিতু বসন্ত"-বিং পং।

রিপিট [ইং rivet. > উচ্চারণ বিকারে রিবিট >। ব=প] বি, ধাতুপাত জুড়িবার কাঁটা।

রিপিটার [ইং repenter এর লিপ্যন্তর] বি, যে ট্যাঁক ঘড়িতে ইচ্ছামত ঘণ্টা বাজিবার যন্ত্র সংযুক্ত থাকে ও যথা সময়ে ঘড়ি বাজে।

রিপু১ [সং] বি, বিপক্ষ; শত্রু। ২ কাম ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য এই ছয়টী শরীরস্থ রিপু। "অনিত্য বিষয় কর সর্ব্বদা চিন্তন * * * মৃত্যুর স্মরণে কাঁপে কাম ক্রোধ রিপুগণ।"-বাং গান। ৩ [ফং জ্যোং] লগ্নের ষষ্ঠ স্থান। ~জয়, ~দমন-বি, শত্রু-দমন। ২ কামাদি (জীবের ষড় রিপুর অন্তর্গত) রিপুর জয়। ~দমন, ~পরতন্ত্র-বিণ, কাম ক্রোধাদি রিপু পরায়ণ; ই ন্দ্রিয় পরায়ণ। > বি ~পরতন্ত্রতা। ~বশ-বিণ, রিপুর অধীন বা বশীভূত।

রিপু২ [আং রফু >] বি, বস্ত্রাদির ছিন্ন অংশ মেরামত; পুরাতন বস্ত্রে তালি।

রিপোর্ট, রিপোর্ট্ [ইং report এর

J ঝ্ব ঝিবৎ (অগ্রজাগৃত), ঁ হীন ক্ষুদ্রাক্ষর অকারান্তবৎ, জ=য জ=ণ্য ক=ষ্ট ক=ষ্ট দ্ধ=ক্ক হ্ল হ্ল দ্ধ=হু হু হু হু ত্ব্য, হু হু হু হু=z/wv ও ফাং দ্রঃ

লিপ্যন্তর] বি, সংবাদ; এত্‌লা। ২ বিবরণী; বিবরণ পুস্তক। রি॰ পেশ কঁরা -ক্রি, সংবাদ বা বিবরণ দাখিল করা। "আর প্রমাণ না হইলে অভিযোগ মিথ্যা বলিয়া সরকারে রিপোর্ট পেশ করেন।"-প্রবাসী, ৪র্থ ভাগ)।

রিফাইন (কঁরা) [ইং refine এর লিপ্যন্তর ও অনুবাদ] ক্রি, শোধন করা; বিশুদ্ধ করা। ~ কঁরা-বিণ, শোধিত refined.

রিফু [আ॰ রফ্‌ । প্রা॰ রিপু] বি, বস্ত্রাদির ছিন্ন অংশ সূক্ষ্মভাবে মেরামত। ২ তালি। ~কঁরা-ক্রি, সূক্ষ্ম শেলাই করা। ২ তালি দেওয়া। ~কঁর্ম্ম-বি, বস্ত্রাদির এমন বেমালুম বা সূক্ষ্মভাবে সেলাই করার কাজ যাতে জোড় সহজে ধরা না পড়ে (সাধারণ সেলাই হতে এই পার্থক্য)। ~গর [আ॰ রফ্‌ + ফা॰ গর্‌] বিণ, যে রিফু করে। বি, ~গিরী, ~গিরি-রিফুকর্ম্ম।

রিবেট [ইং rebate এর লিপ্যন্তর] বি, জোড় দিবার উপযোগী তক্তার লম্বালম্বি ভাবে কাটা খাঁজ।

রিভর্‌শনর্‌ [ইং revertioner এর লিপ্যন্তর] বি, শেষাধিকারী; ভবিষ্যৎ উত্তরাধিকারী।

রিভঁলভার,-বার [ইং revolver এর লিপ্যন্তর] বি,বহুনালিক ছোট বন্দুকবিঃ।

রিম [ইং ream এর লিপ্যন্তর] বি, কুড়ি দিস্তা কাগজের পুলিন্দা।

রিমঝিম [অনু॰। মৃদুতর শব্দে রিমিঝিমি, মৃদুতম অর্থে রুমঝুম] বি, মৃদু বৃষ্টি পতন শব্দ। ২ মস্তিষ্কের অত্যন্ত দুর্ব্বলতা-হেতু কর্ণকুহরে শ্রুত অব্যক্ত শব্দ।

রিয়াৎ-রেয়াৎ দ্রঃ।

রিরং/সা [রম্‌ (সনন্ত)+অ+আ (স্ত্রীং)] বি, রমণেচ্ছা। "রিরংসার চিত্র বিলাইবার ব্যবস্থা করিতেছেন।"-বাঙ্গালী, ৩॰ মাঘ, ১৩২৩। ~সাবৃত্তি-বি, কাম প্রবৃত্তি। "সাহিত্যে রিরংসাবৃত্তি-কেন্দ্রগ কোনও ভাবোচ্ছ্বাসচেষ্টা-"-মা॰ও ম॰বাণী, ১৩৩৪, ফাল্গুন। ~সু-বিণ, কামার্ত্ত; রমণেচ্ছু।

রিরি [অনু॰] অ,রোমাঞ্চ; জিহ্বায় ঘৃত, বচ ই॰ স্পর্শ করিলে যেরূপ অনুভূতি হয়।

রিল [ইং reel] বি, কাঠের চাকতিতে গুটান সূতা; সূতার মুটা।

রিশ [বৈদিক নিরুক্তে- হিংসক ব্যক্তি] বি, হিংসা; দ্বেষ; আক্রোশ; আড়ি। "রিশের নেশায় নয় হাসির কাঙ্গালী"-অ॰ বসু।

রিশাল-বি, পক্ষিবিঃ; ইহাদের দীর্ঘ পুচ্ছ শ্বেতচন্দ্রক দ্বারা শোভিত। "বৃক্ষে বৃক্ষে নাচিছে রিশাল।"-রঙ্গমতী। ২রেশালা দ্রঃ।

রিশালা,রিশালদার-রেশালা দ্রঃ।

রিষ, রীষ [সং ঈর্ষ্যা > রীষ কিন্তু ব্যবহারে 'রিষ'] বি, হিংসা; দ্বেষ। "এখানে আন্‌লে তোমার রিষ হবে না?" "ফুলের কুঁড়ি ননদ ছুঁড়ী রিষের বিষে জ্বলে।" -অমৃত বসু। ২ আক্রোশ। রিষ কঁরা -ঈর্ষা করা; হিংসা করা। ~বান্ধা [তুল -হিংসার পুঁটুলি বাঁধা] বি, প্রতিহিংসার ভাব পোষণ করা; প্রতিহিংসার জন্য অপেক্ষা করা। "খালি খেয়ে ঘুরে ঘুরে বাধা বান্ধে রিষ।"-ঘ॰। রিষারিষি, রেষারিষি -বি, হিংসাহিংসি; পরস্পর দ্বেষ।

রিষবৎ [আ॰] বি, উৎকোচ; ঘুষ।

রিষি-ঋষি দ্রঃ।

রিষ্ট [রিষ্‌ (বধ করা)+ত (ণে)] বি, পাপ; কলুষ। ২ খড়্গ। ৩ দৈত্যবিঃ। ৪ [ভা॰] অভাব। ৫ মঙ্গল; শুভ; কল্যাণ। ৬ বিণ, পাপজনক। ৭ অকল্যাণকর।

রিষ্ট-ওয়াচ [ইং wrist-watch এর লিপ্যন্তর] বি, কবজী-ঘড়ী।

রিষ্টি [রিষ্‌ (বধ করা)+তি (ণে)] বি, অশুভ; পাপ। ২ অকল্যাণ। ৩ দুর্ভাগ্য; দুরদৃষ্ট। ৪ খড়্গ। ৫ কল্যাণ; শুভ।

রিস, রিসারিসি-রিষ দ্রঃ।

রিসি [ঋষি > । প্রা॰ বাং] ঋষি। "রিসি জে তপসী নহি নহিক বাম্ভন।"-শূ॰ পু॰।

রিসিভঁর, রিসীভর, ঋষিবর [ইং receiver এর লিপ্যন্তর] বি, মকদ্দমা ঘটিত সম্পত্তি রক্ষণ ও পরিচালনের ভারপ্রাপ্ত বা দেউলিয়া বা বিচারার্থীদের সম্পত্তি রক্ষা ও পরিচালনের জন্য আদালত হতে নিযুক্ত কর্ম্মচারী।

রিহাই, রেহাই [ফা॰ রিহাঈ] বি, মুক্তি। ২ মাফ। ৩ নিষ্কৃতি। ~দেওয়া -মুক্তিদান করা; নিষ্কৃতিদান করা। ২ মাফ করা।

রিহার্শেল [ইং rehearsal এর লিপ্যন্তর] বি, আবৃত্তি; পূর্ব্বাভিনয়; তালিম; মহলা(ড়া)।

রীঠা-রিঠা দ্রঃ।

রীডার [ইং reader এর লিপ্যন্তর] বি, পাঠক। ২ বিশ্ববিদ্যালয়ের লেকচারার বা তন্নিম্নস্থ পদসূচক উপাধি। ৩ গ্রন্থাদি প্রকাশকদের নিজস্ব সমালোচক। ৪ মুদ্রাকরের প্রুফ সংশোধক। ৫ বিদ্যালয়ের পাঠ্যপুস্তক; ছাত্রপাঠ।

রীঢ়া [সং] বি, ঘৃণা।

রীত [সং-রীতি >। হিং॰ রীত] বি, রীতি; ধারা; পদ্ধতি। ২ স্বভাব; প্রকৃতি; চরিত্র। "হাম যদি জানিতু কানুক রীত। তব কিয়ে তা সঞে বাঁধয়ে চিত।"-বি॰ প॰। ৩ ব্যবহার; আচরণ। "চেট্টে নেট্টে যার জলে তার তুমি ধর চুলে এমত তোমার কোন রীত" -চণ্ডি॰। ৪ লক্ষণ। "দেখি বীর শুভ রীত, আনন্দে সরস চিত,প্রবেশ করিল বন আগে।" -কবিক॰। ~নীত-রীতি দ্রঃ।

রীতি [রী (গমন করা)+তি (ভা॰)] বি, প্রণালী; প্রথা; পদ্ধতি। ২ নিয়ম। ৩ ক্রম। ৪ আচার-ব্যবহার। ৫ স্বভাব; প্রকৃতি। ৬ গুণ; ধর্ম্ম। ৭ প্রবৃত্তি। ৮ গতি; গতিক। "দেখিয়া জলের রীতি চিন্তা করি নরপতি সন্ধান করিয়া আনে নায়।"-কবিক॰। ৯ [অলং] পদগুম্ফন প্রণালী; কাব্যাদিরচনা-রীতি। বাং ভাষায় রীতি প্রধানতঃ দুই প্রকার-সাধ্বী ও প্রাকৃতী; প্রাকৃতী কথোপকথনের ভাষা-যাহা নাটকাদিতে সামান্যা স্ত্রী, বালক, বিদূষক, ভৃত্যাদির কথায় দৃষ্ট হয়। সাধ্বী-রীতি সাহিত্যের ভাষায় ব্যবহৃত হয়। ইহা চারি প্রকার বলিয়া নির্দিষ্ট, যথা-(১) দাক্ষোলী (ওজোব্যঞ্জক বর্ণগুম্ফিত সমাসাদি দ্বারা আড়ম্বরবহুল রচনা-পদ্ধতি। ইহার তুল্য সং নাম গৌড়ী অর্থাৎ গৌড়দেশ-প্রচলিত রীতি); (২) বৈদর্ভী (সমাসহীন বা অল্প-

সমাসযুক্ত ললিত রচনা-পদ্ধতি। ইহার তুল্য সং নাম বৈদর্ভী অর্থাৎ বিদর্ভদেশ-প্রচলিত রীতি) ; (৩) মৈথাতুরী (পাঞ্চালী ও হৈমী এই দুই রীতির মিশ্রণজাত রীতি। ইহার তুল্য সং নাম পাঞ্চালী) ; (৪) মাগধী (সমাসহীন অর্থাৎ পঞ্চালদেশ-প্রচলিত রীতি-শ্রুতিমাত্র অর্থবোধক পদঘটিত অতি স্বচ্ছ ও সুললিত রচনা-পদ্ধতি। ইহার তুল্য সং নাম লাটী অর্থাৎ লাটদেশ-প্রচলিত রীতি) style. ~চরিত্র-বি, আচার ব্যবহার ও স্বভাব ; কার্য্যপদ্ধতি ও প্রকৃতি ; চালচলন। ~নীতি -বি, স্বভাব-চরিত্র ও চালচলন। ~পদ্ধতি -প্রথামত আচার ব্যবহার।~বিরুদ্ধ-বিণ, নিয়মবিরোধী; প্রথাবহির্ভূত। ২ বাগ্‌ধারা-সঙ্গত নহে এমন unidiomatic. ~সিদ্ধ-বিণ, যথারীতি ; প্রথাগত। ২ বাগধারা-সঙ্গত এমন idiomatic.

রীতি২ [সং] বি, পিত্তল brass. ২ মরিচা ; ধাতুমল। ৩ সীসা। রাজরীতি -বি, উৎকৃষ্ট পিত্তল।

রীতিক [সং] বি, পিত্তল। ২ পুষ্পাঞ্জন।

রীষ-রিষ দ্রঃ।

-রু [রূপ (দ্রঃ) > রুব > রুঅ > রু > রু] রূপ। প্র-সজারু, ঘোড়ারু, তুলারু ইং।

রুআ [রুহ্ (রোপণে) >। রোয়া দ্রঃ] ক্রি, রোপণ করা।

রুআনি ["রুআ"র ণিজন্ত রূপ] ক্রি, রোপণ করান।

রুই [সং-রোহিত >] বি, রোহিত মৎস্য। ২ উইপোকা ; শ্বেত পিপীলিকা।

রুইদাস, রুহিদাস [হিং রয়দাস] বি, চর্ম্মকার জাতির স্বীকৃত আদিপুরুষ। ২ চামার ; মুচি।

রুএ [রোয়া দ্রঃ] ক্রি, রুইয়া ; রোপণ করিয়া। "দুই ভিতে রুএ কলা ভিতর হেমগিরি।"-শূ০ পু০।

রুংশিত [রুশ্‌ (দীপ্তিতে) + ত (র্ম্ম)] বিণ, দীপিত ; স্ফুরিত; ঝলকিত। ২ রঞ্জিত।

রুক্ [রুজ্ >] বি, রোগ। ~প্রতিক্রিয়া-বি, রোগের প্রতিকার।

রুক(খ) [সং-বৃক্ষ > প্রাকৃং > রুক। রূপান্তরে বিরুক] বি, বৃক্ষ। রুখের-বৃক্ষের। "রুখের তেন্তুলি কুম্ভীরে খাঅ।"-চ০ পদ০, ২।১।

রুকা-রুখা দ্রঃ।

`রুকু-রুখু দ্রঃ।

রুক্ম (-ক্ম-) [সং] বি, সুবর্ণ ; হেম। ~কার, ~কারক-বি, স্বর্ণকার।

রুক্মী (-ক্মি-) [রুক্ম (স্বর্ণ)+ইন্ (ত্ত্য০) =রুক্মিন্ ১মা, ১ব০] বিণ, স্বর্ণযুক্ত। ২ স্বর্ণস্বামী। ৩ বি, নৃপতিবিঃ ; ভিষ্মক রাজের জ্যেষ্ঠপুত্র। স্ত্রীং রুক্মিণী-বিদর্ভরাজ ভিষ্মক দুহিতা ; দ্বারকাপতি কৃষ্ণের মহিষী। ইনি স্বয়ং লক্ষ্মী অংশে অবতীর্ণা। "দ্বাপরে হবেন হরি কৃষ্ণ-অবতার। কংসে বধি করিবেন দ্বারকা বিহার॥ রুক্মিণীরে লইবেন বিহার করিয়া।"-অ০ ম০।

রুক্ষ১ [রুক্ (কর্কশ হওয়া) + অ (র্ত্তৃ)] বিণ, অমসৃণ ; কর্কশ ; খসখসে। ২ কঠোর। ৩ শুষ্ক ; নীরস। ৪ তীব্র ; উগ্র। ৫ স্নেহ-রহিত ; অচিক্কণ ; যাতে চর্ব্বি নাই। ৬ নির্দ্দয় ; নিষ্ঠুর। ৮ অনমুকূল ; অপ্রসন্ন repulsive. ~ভাষী-বিণ, কর্কশভাষী ; পরুষবাক্য ব্যবহারকারী।

রুক্ষ২-বি, বৃক্ষ। ~ী-দন্তীবৃক্ষ।

রুক্ষান্ন-বি, শুষ্ক অন্ন ; ঘৃত তৈলাদিহীন নীরস অন্ন।

রুখ-রুক দ্রঃ।

রুখন [রুখা দ্রঃ] বি, আক্রমণোদ্যম ; কোপ করিয়া সম্মুখীন হওয়া।

রুখলী [রুক্ষ১ দ্রঃ। হিং রুখা > ব্রজ০ রুখল, স্ত্রীং রুখলী। তুল-রুখলী ভুখলী (হিং রুখী ভুখী। ব্রজ০] বিণ, রুক্ষ। "রুখলি ভুখলি দুখলি দেখলি সখিনী সঙ্গ সমেতা।"-বি০প০।

রুখা১ [সং-রুষ্ (রোষ করা)=রুখ, রোখ। রুখি, রুখ, রুখে ; রুখিতে (স্কে০ রুখতে) ; রুখিয়া (পদ্যে-রুখি, গ্রা০ রুখে)। গ্রা০ রুকা, রোকা] ক্রি, রাগা ; কোপ করা। ২ প্রহারোদ্যত হওয়া ; মারমুখী হওয়া।

রুখা২ [রুক্ষ > রুখ + আ (বিশিষ্টার্থে)] বিণ, রুষ্ট। ২ রুক্ষ ; উগ্র। ৩ শুষ্ক ; নীরস। ৪ বিরক্তিকর।

`রুখু, `রুক্ষু, `রুকু [গ্রা০। সং-রুক্ষ >] বিণ, তৈলহীন ; শুষ্ক। "হেঁড়াবাস দেখি দেহে রুখু রুখু চুল।"-মানকুমারী।

রুগনি, রুগ্নী [গ্রা০। সং-রোগিণী > অবজ্ঞার্থক অং] বি, পীড়িতা স্ত্রী। ২ বিণ, পীড়িতা ; পুং, রুগী।

রুগি, রুগী [সং-রোগী > অং, অবজ্ঞার্থে পুং রোগ্‌না > স্ত্রীং রুগ্নী] বি, পীড়িত ব্যক্তি। ২ বিণ, পীড়িত। স্ত্রীং

রুগ্ন [রুজ্ (পীড়িত হওয়া) + ত (র্ত্তৃ) জ =গ, ত=ন] বিণ, পীড়িত। ২ ভগ্নস্বাস্থ্য ; ভগ্নদেহ। স্ত্রীং ~া। অবজ্ঞার্থে-রুগ্নী।

রুচক [রুচ্ (রোচক হওয়া) + অক (র্ত্তৃ)] বি, আস্বাদ্য রস। ২ লবণ। ৩ বৃষ্য বা বলকারক ঔষধ। ৪ মাঙ্গল্য দ্রব্য। ৫ মাল্য। ৬ [বৈদ্যকে] বিড়ঙ্গ। (২) গোরোচনা। ৭ দন্ত। ৮ বিণ, উগ্র ; উৎকট। ৯ রুচিকর।

রুচা [রুচ্ (রুচিকর বা রোচক হওয়া) >। রুচে। অস-ক্রি-রুচিতে (গ্রা০ স্কে০ রুচতে)। ণিজন্ত-রুচান] ক্রি, রুচি হওয়া ; ভাল লাগা। "নাহি রুচে অন্ন জল।"-ভারত০। ২ পসন্দ হওয়া।

রুচি,-চী [রুচ্ (দীপ্তি পাওয়া) + ই (ভা০)] বি, প্রভা ; দীপ্তি ; দ্যুতি। "সকল অঙ্গুলি ভরি মাণিকের অঙ্গুরী দন্তরুচি ভুবন-মোহন।"-কবিক০। ২ লালিত্য ; মাধুর্য্য ; লাবণ্য। "অনুপম তনুশ্যাম, নীলোৎপল আভা। মুখরুচি, কত শুচি করিয়াছে শোভা।"-মহা০ (কাশী০)। ৩ শোভা। "রুচি পায়"-বি০ প০। ৪ গোরোচনা। ৫ [রুচ্ (রোচা)] আস্বাদ সুতার। ৬ পানাহারে ইচ্ছা ; ক্ষুধা। ৭ অভিলাষ ; স্পৃহা। ৮ অনুরাগ ; প্রীতি। ~কর-বিণ, সুমধুর ; স্পৃহণীয় ; মনোজ্ঞ। ২ স্বাদু ; পানাহারে ইচ্ছাজনক। ~বাগীশ [ব্যঙ্গ্যে] বিণ, অযথা বা অতিরিক্ত অনুরাগ পসন্দকারী ; ফ্যাসান-বিলাসী। ~ভেদ-বি, পসন্দের পার্থক্য।

রুচিত [রুচ্ (রোচক হওয়া) + ইত] বিণ, স্বাদু। ২ অভিপ্রেত।

রুচির [রুচ্ (রোচক হওয়া) + ইর (র্ত্তৃ)] বিণ, মনোহর ; সুন্দর ; মনোজ্ঞ।

"যেই দিকে চাহে বীর কোপদৃষ্টি অতি ধীর কোকনদ রুচির বয়ান।"-কবিক০। ২ মধুর। ৩ উজ্জ্বল ; প্রভাবিত। "কনক রু০ রূপ"-কবিক০। ৪ লবঙ্গ পুষ্প। ৫ কুঙ্কুম। স্ত্রীং ~া -মনোজ্ঞা। ২ বি. অংশোবপাকর ছন্দোবিঃ।

রুচিষ্য [সং] বিণ. রুচির ; রুচ্য।

রুচী-রুচি দ্রঃ।

রুচ্য [রুচ (দীপ্তে) +য] বিণ, রুচিকর ; স্বাদু। ২ অভিপ্রেত : ঈপ্সিত। ৩ মনোজ্ঞ : সুন্দর ;রুচির। ৪ বি, পতি : কান্ত। ৫ চন্দ্র। ৬ সৌবর্চ্চল। ৭ [বৈদ্যকে] কতক বৃক্ষ। ৮ শালিধান্য। ~কন্দ-বি, ওল।

রুজ, রূজ [ইং rouge এর বিপর্যয়] বি. ওষ্ঠ ও গণ্ডদেশ সুরঞ্জিত করিবার জন্য কুসুমফুল হ'তে প্রস্তুত রাগচূর্ণ। ২ সোনা-রূপা মাজিয়া সুন্দর করিবার লাল গুঁড়াবিঃ red oxide powder.

রুজা [রুজ্ (রোগে পড়া) >] বি. ব্যাধি : রোগ। ~কর [রুজা+আকর] বিণ. রোগোৎপাদক ; পীড়াজনক।

রুজি [হি০ রোজী >] বি, উদরান্ন ; আয় ; উপার্জ্জন।

রুজু [আ০] বিণ, খাড়া ; দণ্ডায়মান। ২ সম্মুখীন। ৩ বরাবর ;সমান। "রাম সনে রুজু হৈল সাধু ধনপতি। বনে ছেদি লয়ে যায় ত্রিদিব যুবতী।" -কবিক০। ৪ বি, এক খাতার সহিত অন্য খাতার হিসাবের মিলন। ৫ পেশ ; দাখিল ; দায়ের। ~রুজু-অ, সামনা সামনি।

রুটা [রুষ্ (রুষ্ট হওয়া) >, প্রা০ বাং। রুথা, দ্রঃ] ক্রি, রুষ্ট হওয়া। "কড়মড় করে দন্ত দন্তী দেখে রুটে।"-ধ০ ম০ (ঘ০)।

রুটি, রুটী, রোটিকা [তামিল রোটি (loaf ; bread)। হি০ রোটী। উত্তরাখণ্ডে, রোট। তুল-সং-পুরোডাশ] বি আটা, ময়দা বা সুজীর পিষ্টকবিঃ ; চাপাটি ; পাঁউরুটি। "কার তোয়াক্কা রাখি আর। * * * রুটি সেঁটে কোমর এঁটে এক দৌড়ে পগার পার।" -বাং গান (দ্বি০ ঘোষ)। ২ খোরাকি maintenance.

রুঠ [সং-রুষ্ট > প্রাদে০, চট্টগ০] বিণ, রুক্ষ ; রসহীন। ২ বিষাদ। ৩ রুষ্ট। "একে মোরে রুঠ কাহ্ন তাহে রোষ তোর।" -শ্রী০ কী০।

রুণা [সং-করুণা > প্রা০ বৌ০ বাং-র রুণা] বি. করুণা (চ০ পদ০,১৭।২)। ২ [পা০ রুন্নং। হি০ রোণা (কাঁদা)] রোদন।

রুণুঝুণু রুণুরুণু [অনু০। বাং-র রুনুঝুনু, রুনুরুনু ও০] বি, ক্ষুদ্র ঘণ্টিকার বা নূপুরের শব্দ ; ঘুঙুর আদি অলঙ্কারের মধুর বাদ্য। "রুণু রুণু গুঞ্জন রথগতি স্বননে"-দশমহাবিদ্যা। ২ নূপুরের ধ্বনি। "গোরার রাঙ্গা পায়ে সোনার নূপুর রুণুঝুণু বাজে, আমার গৌর নাচে।"-কীর্ত্তন। ৩ বীণার মৃদু ঝঙ্কার বা গুঞ্জন। রুণুঝুণু নিক্কণ কোমলে মিলিয়া, ক্রমে গুরুগর্জ্জন সপ্তমে ছুটিয়া।" -দশমহাবিদ্যা।

রুণ্ড [রুন্‌ট্ (লুণ্ঠন করা)+অ (র্ত্তৃ)। ট=ড] বি, নির্মস্তক দেহ ; কবন্ধ।

রুণ্ডিকা [সং] বি. দ্বারপিণ্ড। ২ চৌকাঠ। ৩ রণক্ষেত্র। ৪ কুট্টিনী।

রুত [রু (রব করা)+ত (ভা০)] বিণ, শব্দিত ধ্বনিত। ২ রোদিত। ৩ রোদনকারী। ৪ বি, ধ্বনি : রব। ৫ রোদন। ৬ জীবজন্তুর ডাক। ৭ পাখীর রব ; কাকলি।

রুদন্তিকা, রুদন্তী [শীতকালে গাছ হ'তে জলবিন্দু নিঃসৃত হয় বলিয়া নাম 'স্রবন্তোয়া'] বি, ছোলা গাছের মত ও ছোলা গাছের পাতার মত পাতাবিশিষ্ট গুল্ম। (ইহা জ্বর, পিত্ত ক্ষয়, কুষ্ঠ, ক্রিমি, শ্বাসাদি বহু রোগনাশক বলিয়া সঞ্জীবনী ও অমৃতস্রবা, সুধাস্রাবী ও বলে)।

রুদিত [রুদ্ (রোদন করা)+ত (ভা০)] বিণ,রুত ; ক্রন্দিত। ২ রোদনকারী। ৩ বি, রোদন। ৪ [+ত (র্ত্তৃ)] বিণ, রোদনকারী।

রুদ্ধ [রুধ (রোধ করা)+ত (র্ম)] বিণ, বদ্ধ : বন্ধ। "আজিকে দুয়ার রুদ্ধ ভবনে ভবনে"-চয়নিকা। ২ কৃতাবরোধ ; বেষ্টিত ; আবৃত। প্র-পথ রুদ্ধ হওয়া। ৩ নিবারিত ; বাধা-প্রাপ্ত। প্র-রুদ্ধ বেগ। ৪ আবদ্ধ। "করিগণে রুদ্ধ হয়ে হরি যথা রয়, সেইরূপ ছিল হনু পেয়ে বালি ভয়।"-রামা০ (রাজ০)। ৫ স্থগিত। প্র-রুদ্ধ শ্বাস। রুদ্ধ বায়ু। ~দ্বার-বিণ, অর্গলবদ্ধ দরজা। "রুদ্ধদ্বার শয়নকক্ষে দুর্গা শয্যায় শুইয়াছিলেন।" -উত্তরা। ২ যে প্রবেশপথ বন্ধ করা হইয়াছে বা বন্ধ আছে। ~নিশ্বাস, ~শ্বাস-বিণ, প্রাণবায়ুর চলাচল বন্ধ ; শ্বাস গ্রহণ বা ত্যাগ না করার অবস্থাগত। ক্রি-বিণ, রুদ্ধনিশ্বাসে ; রুদ্ধশ্বাসে।

রুদ্র [রুদ্+ণিচ্=রোদি (রোদন করান) +র (র্ত্তৃ)। পুরাণে আছে-ব্রহ্মা কল্পারম্ভে সৃষ্টি চিন্তায় নিমগ্ন আছেন এমন সময় এক বালক-মূর্ত্তি তাঁহার ললাট হতে আবির্ভূত হইয়া রোদন করিতে করিতে ইতস্ততঃ ছুটাছুটি করিতে লাগিলেন। ব্রহ্মা তাঁকে রুদ্র নামে অভিহিত করিয়া রোদনে নিবৃত্ত হতে বলিলেন এবং তাঁকে রুদ্র, ভব, শর্ব্ব, ঈশান, পশুপতি, ভীম উগ্র ও মহাদেব এই অষ্ট নাম অর্পণ করিলেন। ইনি একাদশ মূর্ত্তিতে একাদশ রুদ্র নামে প্রসিদ্ধ] বি. শিব : শিবের সংহার মূর্ত্তি। "রুদ্র তোমার দারুণ দীপ্তি এসেছে দুয়ার ভেদিয়া।"-রবী০। ২ অজ, একপাদ, অহির্ব্রধ্ন, পিনাকী, অপরাজিত, ত্র্যম্বক মহেশ্বর, বৃষাকপি, শম্ভু, হর ও ঈশ্বর। মতান্তরে-অজৈকপাদ, অহির্ব্রধ্ন, বিরূপাক্ষ, সুরেশ্বর, জয়ন্ত, বহুরূপ, ত্র্যম্বক, অপরাজিত, বৈবস্বত, সাবিত্র ও হর এই একাদশ গণদেবতা। স্ত্রীং রুদ্রাণী। ৩ [ফ০ জ্যো০] আর্দ্রা নক্ষত্র। ৪ [বৈদ্যকে] হুড়হুড়ে গাছ। ৫ বিণ, ভীষণ ;ভীম। ৬ উগ্র। ~জ [রুদ্র (শিব) > জ (জাত)] বি, কার্ত্তিকাদি। ২ পারদ (ইহা শিববীর্য্য হতে উৎপন্ন বলিয়া পুরাণে উক্ত)। > স্ত্রীং ~া। ~জটা [রুদ্রের জটার ন্যায় পিঙ্গল বর্ণ জটা যার, বহু০] বি, শঙ্কর জটা ; রুদ্রলতা। ~তাল [সঙ্গীত শা০] বি, অধুনা প্রচলিত ১৬ মাত্রার তাল। ২ শিবনৃত্যের তাল ; তাণ্ডব তাল। "রুদ্রতালে তাল দেয় বেতাল ভঙ্গী নাচে অঙ্গ ভঙ্গি ভঙ্গিয়া"-অ০ ম০। ~পত্নী [৬তৎ] বি, রুদ্রাণী ; দুর্গা। ~প্রিয়া [৬তৎ] বি. দুর্গা। ২ [বৈদ্যকে] হরীতকী। ~ভাব [৬তৎ] বি, উগ্রতা ; চণ্ডতা ; সংহার মূর্ত্তি। "দূরে গেল রুদ্রভাব শিবভাব হয়।"-অ০ ম০। ~মূর্ত্তি-বি (বিণ), উগ্রমূর্ত্তি ; সংহার মূর্ত্তি : ভীম বা ভীষণ আকৃতি (বিশিষ্ট)। ~সাবর্ণি -বি, দ্বাদশ মনু।

রুদ্রাক্রীড় [রুদ্র+আক্রীড়(ক্রীড়াস্থান, লীলাস্থল), ৬তৎ] বি. শ্মশান ; প্রেতভূমি।

রুদ্রাক্ষ [রুদ্র+(অক্ষি=) অক্ষ। পুরাণে আছে–ত্রিপুরাসুর বধের পর শিবের অক্ষি হতে অশ্রুবিন্দু পতিত হইয়াছিল। ঐ অশ্রুবিন্দু হতে এই বৃক্ষ ও ফলের উৎপত্তি] বি. প্রসিদ্ধ বৃক্ষ ও তাহার ফল elæocarpur ganitrus. "গলায় রুদ্রাক্ষ মাল অর্দ্ধচন্দ্র শোভে ভাল কলেবরে বিভূতি মাখিয়া।" –অ. ম.। ~মালা–বি. রুদ্রাক্ষের জপমালা।

রুদ্রাণী [রুদ্র দ্রঃ] বি. রুদ্রপত্নী; ভবানী ; পার্ব্বতী।

রুদ্রাবাস [রুদ্র (শিবের)+আবাস (বাসস্থান), ৬তৎ] বি. কৈলাস। ২ কাশীধাম। ৩ শ্মশান।

রুদ্রারি [রুদ্র+অরি, ৬তৎ] বি. মদন।

রুধা [রুধ্ (আবরণ করা)+আ(ক্রিয়ায়)] ক্রি. রোধ করা ; আটক করা ; বদ্ধ করা ; রুদ্ধ করা ; চাপা। "প্রাণের বাসনা প্রাণের আবেগ রুধিয়া রাখিতে নারি"–রবী.। ২ আবরণ করা। ৩ প্রতিবন্ধকতা করা ; প্রতিকূলতা করা।

রুধির [রুধ্ (আবরণ করা)+ইর (র্ত্তৃ)] বি. রক্ত : শোণিত ; অসৃক্। "মায়াতে সৃজিল সিন্ধু নাম বৈতরণী। দুর্গন্ধি রুধির-বহা বহে সেই পানি।"–পু. পু.। ২ রক্তবর্ণ। ৩ মণিবিঃ। ৪ কুঙ্কুম। ৫ মঙ্গল গ্রহ। ৬ [ব্যঙ্গোক্তিতে] অর্থ; টাকা। ৭ বিণ. রক্তবর্ণবিশিষ্ট। ~ধারা–বি. শোণিত-প্রবাহ। ~পাত–বি. রক্তপাত (দ্রঃ)। ~রঞ্জিত–বিণ. রক্তা.; রক্তে রং-করা ; রক্তমাখা।

রুধিরাক্ত [রুধির(দ্বারা)+অক্ত, ৩তৎ] বিণ. শোণিতলিপ্ত।

রুধিরাখ্য–বি. রক্তবর্ণমণিবিঃ; রক্তাভ-ধবল সীমমণি cornelian.

রুপসী, রূপসী [গ্রা. মারীভাষায় 'রুপসী'। ব্যাকরণশুদ্ধ–রূপসী কিন্তু বাং প্র. অ.] বিণ. রূপবতী ; সুন্দরী। "তোমাক দেখিল রাধা আধিক রূপসী।"–শ্রী. কী.।

রুপা, রুপো–রূপা দ্রঃ। রুপালি রুপুলি–রূপালী দ্রঃ।

রুবকার–রূবকার দ্রঃ।

রুবাই [আ.] বি. বিবাহ উৎসবে গেয় নায়ক-নায়িকার প্রেম বিষয়ক সঙ্গীতবিঃ। ~য়াৎ [রোবাইয়াৎ দ্রঃ] বি. ফার্সী চতুষ্পদী কবিতা সম্বলিত কাব্যগ্রন্থ।

রুম [ইং room এর লিপ্যন্তর] বি. কক্ষ ; গৃহ ; ঘর। "মার্কেলেজে মদের ঠমক বাজলো রুমে রুমে"–হেম.।

রুমঝুম [অনু.। মৃদুতর শব্দে। তীব্র শব্দে–রিমঝিম] বি. অনুকার শব্দ। ২ অলঙ্কার বা বাদ্যযন্ত্রের জমাট কিন্তু অমুচ্চ ধ্বনি ; দূর হতে শ্রুত একতান বাদ্যের সুর-তরঙ্গ ধ্বনি।

রুমা [রু(রব করা)+ম(র্ত্তৃ)+আ(স্ত্রীং)] বি. বৃহস্পতির কন্যা, তারার গর্ভজা এবং সুগ্রীবের পত্নী।

রুমাল [ফা. রুমাল্ (রু=মুখ, মাল < মলিদন্=রগড়ান, মোছা)] বি. মুখ মুছিবার বস্ত্রখণ্ড handkerchief. "রুমালে মুছিয়া মুখ ঝাড়িয়া চাপকান, দেহি পদ-পল্লব বলিয়া প্রস্থান।"–হেম.। ২ গাত্রবস্ত্রবিঃ ; সালের প্রকার-ভেদ।

রুমালী [রুমাল+ইয়া=রুমালিয়া > কে.] বি. রুমালী দস্যু ; ঠগ সম্প্রদায় ; ইহারা অচকিত অবস্থায় পথিকের গলে রুমাল জড়াইয়া হত্যা করিয়া তার সর্ব্বস্ব লুণ্ঠন করিত। এ সম্প্রদায় একণে প্রায় নির্মূল হইয়াছে।

রুমিমস্তকি, -মস্তকী, রূমিমস্তকী [আ. রূম (তুর্কী)+ই, ঈ (জাত) মস্তকি (mastic) > বর্ণবিপর্য্যয়ে] বি. বার্ণিসাদিতে মস্তকি ব্যবহার্য্য নির্য্যাসপ্রদ বৃক্ষবিঃ ; ধূনরাজ।

রুয়া₁ [সং–রুহ্ >] বি. চুল। ২ বীজ। ৩ [প্রাদে.] চালের প্রস্থ বাঁশ।

রুয়া₂, রোয়া [রুহ্ (রোপণ করা) >। রুই, রোও (রোও), রোয় ; রুইতে ; রুইয়া (কে. রুয়ে)। পিজন্ত–রুয়ানি, রোয়ানি] ক্রি. রোপণ করা। "রুয়ে কলা না কাট পাত। তাতেই হবে কাপড় ভাত।"–খনা.।

রুরু [রু (রব করা)+রু(র্ত্তৃ)] বি. কৃষ্ণসার মৃগবিঃ। ২ দৈত্যবিঃ।

রুরুদিষু [সং] বিণ. রোদনেচ্ছু।

রুল₁ [ইং rule এর লিপ্যন্তর] বি. উচ্চ আদালতের আদেশ। ২ নজীর ; পদ্ধতি। রুল জারি হওয়া–উচ্চ আদালত হইতে আদেশ বাহির হওয়া।

রুল₂ [রোল > প্রাদে. উচ্চারণে] বি. রোল ; গুঞ্জন (বৈ. গী.)।

রুল₃ [ইং ruler >] বি. রুলি টানিবার জন্য ধাতু কাষ্ঠাদিনির্ম্মিত সরল দণ্ডবিঃ। রুল কষা–ক্রি. রুলি টানা ; রেখাপাত করা। রুল টানা–ক্রি. রেখা অঙ্কিত করা।

রুলি, রুলী [হি. রোলি (চুণ হলুদ মিশ্রিত অর্থাৎ লাল তিলক পঙ্ক) >] বি. লাক্ষার (অধুনা সুবর্ণেরও) চুড়িবিঃ ; ইহা সধবার চিহ্ন। "তোমার হাতে রুলি রয়েছে, তুমি কি সধবা ?"–বিষবৃক্ষ।

রুলিং [ইং ruling এর লিপ্যন্তর। রুল₁ দ্রঃ] বি. উচ্চ আদালতের বিধান। "রেখে দাও তোমার হাইকোর্টের রুলিং বা বিধান শিকেয় তুলে। এই রুলিং ঠাকুর গাঁ সম্বন্ধে, কিষণগঞ্জ সম্বন্ধে নহে"–নায়ক, অগ্রহায়ণ, ১৩২৩।

রুষা [রুষ্ (রুষ্ট হওয়া) >। রুষি, রুষ, রুষে ; রুষিতে ; রুষিয়া (কে. পদ্যে–রুষি) ই.] ক্রি. ক্রুদ্ধ হওয়া ; রোষ প্রকাশ করা ; রাগা। ২ বি. রোষ ; কোপ। "দেখহ শঙ্করনাদে রুষি, রণ-রঙ্গে বীরাঙ্গনা সাজিলা কৌতুকে"–মেঘ.। "ছলেতে অন্নদা দেবী কহেন রুষিয়া"–অ. ম.।

রুষিত [রুষ্ (রাগ করা)+ত(র্ত্তৃ)] বিণ. রোষযুক্ত ; কুপিত।

রুষ্ট [রুষ্ (রাগ করা)+ত (র্ত্তৃ)] বিণ. ক্রুদ্ধ। স্ত্রী. ~া। বি. রুষ্টি–ক্রোধ ; রোষ। "অনিত্য বিষয় কর সর্ব্বদা চিন্তন * * * ক্ষণে হাস্য ক্ষণে খেদ তুষ্ট রুষ্ট প্রতিক্ষণ।"–বাং গান।

রুসুন–রসুন দ্রঃ।

রুসুম [আ. রসম্ এর বহুব.] বি. শুল্ক ; টেক্স ; ডাকমাশুল। ২ প্রথা ; দেশাচার custom ; প্রয়োগ usage.

] যুক্ত বিশ্ববৎ (অগ্র=অগ্‌র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঝ=গে ঋ=র্গ্য ... ক্ষ=খ্য ... হ্ন হ্ম হ্ল ... ড় ঢ়, য় ... ও জ্ঞা. দ্রঃ

রুহ [রুহ্ (উৎপন্ন হওয়া) + অ (র্তৃ)] বিণ, জাত। প্র-সরোরুহ। স্ত্রীং ~া-দূর্ব্বা।

রুহিদাস-রুইদাস দ্রঃ।

রুহী [প্রাং বাং। প্রাং রুই < রোহিত] বি, রোহিত মৎস্য।-স্ত্রীং কীং।

রূঢ় [রুহ্ (উৎপন্ন হওয়া) + ত (র্তৃ)] বিণ, জাত; উৎপন্ন। ২ ব্যুৎপত্তিলভ্য অর্থের অপেক্ষা না করিয়া অন্যার্থ প্রকাশক শব্দ; প্রকৃতি প্রত্যয়ের মিলিতার্থকে অপেক্ষা না করিয়া যে শব্দ অন্য অর্থ প্রকাশ করে। প্র-বৃক্ষ, গো, অশ্ব ইং। ৩ কর্কশ; কঠিন; কঠোর; রসহীন। ৪ অপ্রিয়; বিরক্তিকর; রুক্ষ। ৫ প্রসিদ্ধ। **~পদার্থ** [রূঢ় (যে) পদার্থ, ধা] বি, যে সকল বস্তু অন্য পদার্থের পরমাণু যোগে উৎপন্ন হয় না তাদের রূঢ়পদার্থ বলে; যেমন স্বর্ণ, রৌপ্য, গন্ধক ইং; অমিশ্র মূলপদার্থ। **~মূল** [রূঢ় (বদ্ধ) হইয়াছে মূল যার, বহুং] বিণ, বদ্ধমূল।

রূঢ়ি [রুহ্ (প্রাদুর্ভাবে) + তি (ভাং)। হ=ত=ঢ়] বি, প্রসিদ্ধি। ২ [রুহ্ (উৎপন্ন হওয়া)] উৎপত্তি; ৩ [ব্যাং] প্রকৃতি প্রত্যয়-জাত অর্থ ব্যতীত অন্যার্থবোধক শক্তি।

রূপ [সং। প্রাকৃং, বৌং বাং-রূঅ (দোং ১৬)। প্রাং বাং-রূব ও০ (চং পদ, ২১।৩)] বি, মূর্ত্তি; আকৃতি। [> বিণ, **রূপায়িত**-রূপে কল্পিত; রূপে পরিণত; সাকার রূপে বা মূর্ত্তিতে প্রকাশিত। "এইগুলির সমগ্রতাকে নিবিড় করে, রূপায়িত করে একটি মানসী মূর্ত্তিকে জাগিয়ে তোলার দিন আজ"-আং পত্রিকা, ২৯-১২-৩৫]। "কিবা অপরূপ রূপ হেরি তরুতলে"-ভারতং। ২ শরীর। ৩ স্বভাব; স্বরূপ। ৪ প্রকার। প্র-কিরূপ। ৫ সৌন্দর্য্য। "অপরূপ এ কি রূপ কৃষ্ণের রূপ লিখেছ গো রাই"-বাং গান। ৬ শব্দ বা ধাতুর বিভক্তিযোগে আকারান্তর। ৭ দৃশ্য-কাব্য। ৮ নাম। ৯ বর্ণ; রঙ্। ১০ বেশ। "বেহুলার রূপ তারা সভে বেশি করি।"-মনসা মং (কেতকাং)। ১১ [অন্য শব্দের পর থাকিলে] বিণ, তৎসদৃশ বা তুল্য। **~কথা** [উপ (গ্রাং উচ্চারণে রূপ) > রূপ + কথা] বি, উপকথা; গল্প। **রূপ করা**-শব্দ ও ধাতুর বিভক্তি প্রত্যয়াদি যোগে পদ সংগঠন করা to conjugate. **~গুণ**-বি, রূপ ও গুণ; অঙ্গের সুগঠন ও লাবণ্য এবং গুণমাধুর্য্য; অন্তর ও বাহিরের সৌন্দর্য্য। **~জ** (-পং-) বিণ, রূপজনিত। প্র-রূপজ মোহ। **~তৃষ্ণা**-বি, সৌন্দর্য্য-পিপাসা। **~দক্ষ**-বি, রূপ বিজ্ঞান ও কলাবিৎ; রূপ-রহস্যজ্ঞ; শিল্পী artist. "রূপের ভেদাভেদ জ্ঞান ও রহস্য প্রকাশ হল কায আর্টিষ্টের, এইজন্যে 'আর্টিষ্ট' কথার ঠিক প্রতিশব্দ হল 'রূপদক্ষ'।"-অবনী ঠাং, বঙ্গবাণী অগ্রং ১৩৩৩। **~দস্তা**-বি, রঙ্গ ও সীসক জাত মিশ্রধাতু; জর্ম্মণসিল্ভর pewter. **~ধারী** [রূপ (আকার, মূর্ত্তি) ধারিন্ (যে ধারণ করে) ১মা, ১বং] বিণ, আকার ধারণ-কারী; মূর্ত্তি পরিগ্রহকারী; সাকার। ২ বেশধারী। ৩ নট। ৪ রূপবিশিষ্ট; সৌন্দর্য্য-শালী। **~ধেয়** [সং] বি, সৌন্দর্য্য। **~বতী** (-পং-) [রূপবৎ শব্দ + ঈ (স্ত্রীং)] বিণ, সুরূপা; সুন্দরী। পুং, **রূপবান**। **~বন্ত** [সং রূপবৎ শব্দের ১মা বহু বচনের রূপ। বাং-র-সম্ভ্রম ও আদরার্থে] বিণ, রূপবিশিষ্ট; সুন্দর; সুরূপ; সুশ্রী। **~বান** (-পং-) [রূপ + বৎ (স্ত্যং) = রূপবৎ ১মা, ১বং] বিণ, রূপবিশিষ্ট; সুরূপ; সুন্দর। ২ রূপধারী; সাকার। স্ত্রীং **রূপবতী**। **~মাধুরী**-বি, রূপের শোভা; কমনীয় রূপ; রূপমহিমা। **~মোহ**-বি রূপ বা সৌন্দর্য্য মুগ্ধতা। **~রাশি** [রূপের রাশি (আধিক্যার্থে), ৬তৎ] বি, সৌন্দর্য্যরাশি; লাবণ্যরাশি। "তরুণ অরুণ নবীন ভাতি, পূর্ণিমা প্রসন্ন রাতি, রূপ-রাশি বিকশিত তনু কুসুম বন।"-রুং। ২ [গং পরিঃ] যথার্থ মূল্য নিরূপণের অঙ্ক বা রাশি। **~লাবণ্য**-শ্রী ও কমনীয়তা: সৌন্দর্য্য ও মাধুর্য্য। **~সুন্দর**-বিণ, যে গুণ-সুন্দর নহে কেবল বাহ্য শ্রীসম্পন্ন; দেখিতে সুশ্রী কিন্তু গুণহীন। **রূপে-গুণে**-ক্রি-বিণ, রূপ ও গুণ বিষয়ে বা সম্বন্ধে। প্র-রূপে-গুণে মনোহর। "কিন্তু রূপেগুণে ভাস্করের মত উজ্জ্বল"-উত্তরা, পৌষ, '৩৩। **রূপের ধুচুনি, রূপের অপ্সরী, রূপের তিলোত্তমা**-[বিদ্রূপে] অপূর্ব্ব রূপবতী বা অনিন্দ্য সুন্দরী স্থলে অতি কুরূপা; যার কোনই রূপ নাই; অতি কুৎসিতা। "মরি মরি!! এ যে রূপের তিলোত্তমা, ইন্দ্রের রাজসভার রূপসী উর্ব্বশী, এসংসারে এ যে গোবরে পদ্মফুল।"-আং শক্তি। ১৭।৮।২৮।

রূপক১ [রূপ + ণিচ্ = রূপি + অক (র্তৃ)] বি, আকৃতি; গঠন। ২ রৌপ্য।

রূপক২ [উপমা দ্রঃ] বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ; উপমানের সহিত উপমেয়ের তন্ময়ত্ব নির্দ্দেশ স্থলে এই অলঙ্কার হয়। এই রূপক পাঁচ প্রকার। যথা-(১) **অধিকারূঢ় বৈশিষ্ট্যরূপক** - উপমেয়ের গুণাদি উপমান অপেক্ষা অতিশয়রূপে বিশেষণ দ্বারা বিশেষিত হইলে এই অলঙ্কার হয়। "গৌরীর বদন-শশী কলঙ্করহিত। নয়নেন্দীবর তাঁর সদা বিকশিত॥" এখানে বদনে চন্দ্রত্বারোপ ও নয়নে ইন্দীবরত্বারোপ করিবার পর কলঙ্ক-রাহিত্য ও সদা বিকশিত থাকা রূপ বিশেষণ উপমান চন্দ্র ও ইন্দীবরের শোভা অপেক্ষা উপমেয়ের শোভার আধিক্য সূচনা করিতেছে। (২) **নিরঙ্গরূপক**-অঙ্গের আরোপ না করিয়া যথায় অঙ্গিমাত্রের আরোপ করা হয় তথায় এই অলঙ্কার হয়। ইহা মালারূপ নিরঙ্গ বা মালারূপক ও কেবল নিরঙ্গ বা কেবল রূপকভেদে দুই প্রকার। কেবল রূপক, যথা-"চল ত্বরা করি রথিবর! সাধ কাজ বধি মেঘনাদে, অমরতা লভ দেব, যশঃ-সুধাপানে।" এখানে যশের অন্য কোন অঙ্গের উল্লেখ নাই কেবল তাতে সুধামাত্রের আরোপ আছে। (৩) **মালারূপক**- আরোপের একটীমাত্র বিষয়কে উদ্দেশ করিয়া তিনটী বা ততোধিক ভিন্ন ভিন্ন উপমানের আরোপ থাকিলে এই অলঙ্কার হয়। যথা-"বামভাগে হর্ম্ম্যশ্রেণী দেখ মহাশয়, মদন ব্যাধের ফাঁদ রসের এ হ্রদ। পিরীতি মণির খনি গণিকা আস্পদ॥" এখানে একটীমাত্র উপমেয়ের হর্ম্ম্যশ্রেণীতে ফাঁদ, হ্রদ, খনি ও আস্পদ এই চারিটি ভিন্ন ভিন্ন উপমানের আরোপ হইয়াছে। (৪) **পরম্পরিতরূপক**-এক বস্তুর আরোপ হেতু অন্য বস্তুর আরোপ। যথা-"প্রিয়ে তোমার বদনসুধাকর সন্দর্শনেই আমার চিত্তচকোর চরিতার্থ হইয়াছে।" এখানে চিত্তে চকোরত্বের আরোপ বদনে চন্দ্রাধা-

রোপের হেতু। (৫) সাঙ্গরূপক-অঙ্গীতে কোন পদার্থের আরোপ হেতু তদঙ্গীভূত বস্তুতেও অন্য পদার্থের আরোপ। যথা- "নবজলধর তনু, শিখিপুচ্ছ শক্রধনু পীতধড়া বিজলিতে ময়ূরে নাচাও হে। নয়ন-চকোর মোর, দেখিয়া হয়েছে ভোর মুখসুধাকরে হাসি সুধায় বাঁচাও হে॥"-বিং সুং। এখানে মুখে সুধাকরত্বারোপ হেতু তদঙ্গীভূত হাস্যতেও অমৃতত্বের আরোপ হইয়াছে (কাব্যদর্পণ)। দৃশ্যকাব্য; নাটক dramatic poem. [দ্রঃ-রূপক ও উপরূপক ভেদে দৃশ্যকাব্য দুইভাগে বিভক্ত (কাব্য দ্রঃ)। উপরূপক নাটিকা, ত্রোটক, কাব্য, রাসক, শ্রীগদিত, ভাণিকা, প্রকরণিকা ইং ১৮ উপবিভাগে বিভক্ত (বাং-র এই সকল সূক্ষ্মবিভাগের প্রচলন নাই)।

রূপচাঁদ [সং-রূপ্য > রূপ + চাঁদ (চন্দ্র হতে সাদৃশ্যার্থে বা শ্লেষার্থে) অথবা হিং "চাঁদি কা রূপৈয়া" >] বি, রৌপ্যমুদ্রা; টাকা। "আমাদের মত গরীবের বেলায় সব কাজেই প্রথম প্রশ্ন হচ্ছে-রূপচাঁদ! রূপচাঁদ যদি থাকিত তা হলে"-বিংকুংসরকার। "উচ্চ অঙ্গের আধুনিক শিক্ষার জন্য "রূপচাঁদ" কত লাগে" -বিং কুং সরকার-আং শক্তি। ২ অর্থ; ধন।

রূপণ [রূপ্ + পিচ্ = রূপি + অন(ভাং)] বি, স্বরূপবর্ণন। ২ নিরূপণ। ৩ অনুকরণ; অভিনয়।

রূপভাগ [গং পরিঃ] বি, লঘূকরণ reduction.

রূপস [সং] বিণ, রূপবান; সুন্দর। "স্বর্ণরৌপ্য ঘর সব দেখিতে রূপস"-কৃত্তিং। "পিতা পুত্রে দুয়ে আঁটি গজালে গাঁথিল পাটি গড়ে ডিঙ্গা দেখিতে রূপস।"-কবিকং। স্ত্রীং **রূপীয়সী**-রূপবতী; সুন্দরী; কিন্তু বাং-র ইহার ব্যবহার নাই। পণ্ডিতী বাং-র কচিৎ দৃষ্ট হয়। চং বাং-র-**রূপসী** প্রচলরূপ। "কি রূপসী অঙ্গে বসি অঙ্গ খসি পড়ে" -কবিকং। সম্বোধনে, **রূপসি**। "ঐ পোহাল রূপসি নিশি।"-বাংগান। গ্রাং মেয়েলিং **রূপুসী** > ব্যঙ্গে-উপুসী। প্রাং বাং-র-**রূপসিনী**-এই ব্যাকরণদুষ্ট শব্দও দৃষ্ট হয়। "অলজ্য্য আমার বাক্য শুন রূপসিনী"-শীতলামঙ্গল (কবিবল্লভ)। তুল-(সুকেশ(শী) স্থলে) সুকেশিনী (মেঘং)।

রূপা১ [সং-রূহ্ (রোপণে) >। রূপি, রূপ, রূপে; রূপিতে; রূপিয়া (কেং পদ্যে -রূপি, গ্রাং রূপে] ক্রি, রোপণ করা।

রূপা২ [রৌপ্য বা রূপ্য > । গ্রাং উচ্চারণে রূপো] বি, রৌপ্য silver. **রূপার চাক্তি,-তী**-বি, রৌপ্য চক্রিকা। ২ [ব্যঙ্গার্থে] টাকা; ঘুষের টাকা; অর্থবল। "রূপাব চাক্তীর জোরে তাহার দাসদিগকে কেনা গোলাম করিয়া রাখিতে পারিবে" -রাশিয়ার চিঠি (রবীং)।

রূপাকর [প্রাং বাং। রূপা + কর (সম্বন্ধে)। মধ্য বাং-র-গর। আধুং বাং-র] বি, রূপার। "রূপাকর পাটএ বেসতির বৈসএ হাট-শূং পুং।

রূপাজীবা, রূপাজীবী [রূপ (সৌন্দর্য্য) দ্বারা আজীবা : আজীবী (যারা জীবিকানির্ব্বাহ করে)] বি, বেশ্যা।

রূপান্তর [রূপ(আকার) + অন্তর (অন্য, ভিন্ন), নিত্যং] বি, ভিন্নমূর্ত্তি; স্বতন্ত্র আকার; প্রকারান্তর। ২ অবস্থান্তর। ৩ একরূপ হতে অন্যরূপ। "রূপে রূপান্তরে, জন্মে জন্মান্তরে, সকল বৈচিত্র্য ভেদ করিলা" -উত্তরা, পৌষ, ১৩৩৩। বিণ, **রূপান্তরিত**-ভিন্ন আকারে পরিণত।

রূপায়িত-রূপ দ্রঃ।

রূপালী [গ্রাং রূপুলি। হিংরূপহলা] বি, রূপার পাত। ২ বিণ, রূপার পাত মণ্ডিত।

রূপি১ [সং-রূপ্য। ফাং রূপৈআ। ইং rupee] রৌপ্য মুদ্রা; টাকা।

রূপি২ [প্রাং বাং। রূপা১ দ্রঃ] ক্রি, রোপণ করিয়া। "সারি সারি রম্ভা রূপি গুবাক সুন্দর। বনমালা নামে তথি অতি মনোহর।"-শূং পুং।

রূপিণী [রূপ + ইন্(ত্যং) + ঈ (স্ত্রীং)] বিণ, স্বরূপা; তুল্যা। "কালরূপিণী কালী সে ভুবনে হাসিছে"-দশমহাবিদ্যা। "হা যমুনে! তুমি কি স্রোতস্বিনী না কৃষ্ণকলর-বিনোদিনী প্রেমমূর্ত্তি শ্রীরাধিকার অশ্রুধারা-রূপিণী?"-নিশীথচিন্তা। ২ সুন্দরী; রূপবতী। "সুমধ্যমা ধনী রূপিণী রুক্মিণী অদ্ভুত যেন হুর মেয়্যা।"-শিং।

রূপিত [রূপ + ইত (যুক্ত)] বিণ, রূপযুক্ত; বর্ণিত; প্রকটিত। "তাহার উপর আবার এই লিঙ্গ মূর্ত্তিতে শরীর-তত্ত্বের যে ব্যাপারটি রূপিত হইয়াছে তাহাতে আধুনিক মানব-মনে জুগুপ্সা ও লজ্জার উদয় হয়। ধর্মসাধনের কোনও সহায়তা হয় না"-ললিত বন্দ্যোং (কোরান)।

রূপী১ [রূপ + ইন্ (ত্যং) রূপিন্ ১মা, ১বং] বিণ, রূপবিশিষ্ট; মূর্ত্তিধারী; আকৃতিযুক্ত; সাকার। প্র-নররূপী। ২ সৌন্দর্য্যশালী [বিরল]। স্ত্রীং **রূপিণী** (দ্রঃ)।

রূপী২, রূপি৩-বি, লালমুখ মর্কটবিঃ; রূপীবাঁদর। "রূপি বিনা রূপি ভাব"-ঈং গুপ্ত।

রূপেয়া [রৌপ্য >। হিং রূপৈয়া। রূপি দ্রঃ। >] বি, রৌপ্যমুদ্রা; টাকা।

রূপোষ [ফাং রূ (মুখ) > রূপোষ (মুখ ঢাকা বা লুকান) >। আদাং পরিঃ] বিণ, যে গা-ঢাকা দিয়াছে; লুকায়িত; পলাতক; ফেরারী আসামী। রূং **হওয়া**-ফেরার হওয়া abscond. **~ী**-বিণ, ফেরারী।

রূপ্য [রূপ্ + য] বি, রজত। ২ অলঙ্কারাদি নির্ম্মাণার্থ সংগৃহীত স্বর্ণ বা রৌপ্য।

রূব-রূপ দ্রঃ।

রূবকার, রুবকার [ফাং, আদাং] বি, আদেশ; হুকুম; বিজ্ঞাপন order. ২ আদেশপত্র; হুকুমনামা। notice circular. **~ী**-বি, আদালতের বিচার-বিবরণী; মকদ্দমা-মামলার কার্য্য-বিবরণী judicial proceedings of a case. ৩[আদাং] বিচারকালে আদালত বিচারের সুবিধার জন্য কোন কোন সময় যে সকল বিশেষ আবশ্যক মন্তব্য লিখেন। **~ী হওয়া**-মোকদ্দমায় শুনানি হওয়া।

রূল-রুল দ্রঃ।

রূলি,-লী-রুলি দ্রঃ।

রূষণ [রূষ (ভূষণে) >] বি, মণ্ডন; লেপন। ২ গুণ্ঠন; চূর্ণন।

রূষিত [রূষ্ (ভূষিত করা) + ত (ক্ত)] বিণ, অলঙ্কৃত; ভূষিত। ২ লেপিত।

রুসী [রুক্ষ > রুক্‌খ > রুক্খী > পূ্ংবঙ্গে-রুখী > রুখী > রুসী] বি, খুস্কি; মাথার মরা মাস।

রে১, র্যা [রেখা > রেহা > রেশ > রেশ > রে, র্যা। মুর্শি॰ প্রাদে॰] বি, লাঙলের রেখা।

রে২ [রু (শব্দ করা) + এ (ভা॰)] অ, অসম্ভ্রমসূচক সম্বোধন। (এই অর্থে প্রা॰ বৌ॰ বাং-র, রেঁ (চ॰ পদ॰ ৩০।৬)। "মন রে আমার এই মিনতি তুমি পড়া পাখী হও করি স্তুতি।"-রা॰ প্র॰। ২ ঘৃণা, ক্রোধ, আক্ষেপ ই॰ সূচক সম্বোধন। "অরে রে অরে দক্ষ দে রে সতীরে"-অ॰ ম॰। ৩ বিস্ময়সূচক অব্যয়। ৪ কর্ম্মপদের বিভক্তি 'কে' বাঙ্গালায় বিকল্পে 'রে' হয়। তাহাকে=তাহারে; তোমাকে=তোমারে; শিশুকে=শিশুরে। "তোমারেই করিয়াছি জীবনের ধ্রুব তারা।" -রবী॰। ৫ নিমিত্তার্থক চতুর্থী বিভক্তি চিহ্ন। তুল-'কে' (জলকে যাব)। "কি ক্ষেণে জলেরে গেলুঁ।-পদকল্পতরু (সা॰প॰প॰)।

রে৩ [সং-রেতজা (বালুকা) > হিং রেত > রে॰] বি, কাচ নির্ম্মাণোপযোগী শুভ্র মাটি fullers-earth.

রেউচিনি, -নী [ফা॰ রেবন্দ। ইহার সং নাম পীতমূলী] বি, ভেষজ বৃক্ষবিশেষের কন্দ indian rhubarb.

রেউড়ী, -রী [হি॰] বি, গুড়ের পাক করা মিষ্টান্ন। "চিনি ফেণী কলা মাখন মসালা রেউড়ী কদম তিলা।"-কবিশেখর।

রেউয়া-রেয়ো দ্রঃ।

রেউলা [হি॰ রহাউ (বাস) লা (বালা > রে॰, স্বার্থে বা যোগ্যার্থে) হ'তে অথবা সং রাউল (রাজপ্রাসাদ) + আ (স্বার্থে) >] বি, অন্তঃপুর; অবরোধ। "মহিষীদিগের ন্যায় তোমার পৃথক্ রেউলা হইবে।"-রাজসিংহ (বঙ্কিম॰)।

রেএটী [প্রা॰ বাং। সং-রাজাবর্ত্ত, রাজাত্যাবর্ত্তক, রাজপট্ট > রেবটী, রেউটি; বিরাটদেশজ হীরক বলিয়া অন্যনাম বিরাটজ] বি, আবর্ত্তমণি; ময়ূরকণ্ঠবর্ণাভ উপরত্নবিঃ। ইহা ধারণে সৌভাগ্যজনক বলিয়া রাজারা পূর্ব্বে ইহা অঙ্গে ধারণ করিতেন তা হতে সং নাম রাজাবর্ত্ত, নৃপাবর্ত্ত ই॰। "গঠন বিস্তার মাণিকতাওয়ার পুষ্করিণীর আড়ির উপর। কামিল্যা সকল গড়ে ধর্মঘর চিরিআ রেএটী পাথর।"-শূ॰ পু॰।

রেওটী-রেএটী দ্রঃ।

রেওভাট-রেয়োভাট দ্রঃ।

রেওয়া [ফা॰] বি, হিসাবের কাগজ; খতিয়ান হতে যে কাগজে বাৎসরিক আয়ব্যয়, দেনাপাওনা লাভালাভ প্রভৃতি হিসাব প্রদর্শিত হয়; কারবারী নিকাশী জমাখরচ; সালতামামি।

রেওয়াজ [আ॰ রেবাজ্, প্রা॰ র্যাওজ, ফা॰ রিওয়াজ] বি, রীতি; পদ্ধতি; চাল; প্রচলিত আচার। "ইংরেজের দেওয়ানীলাভের পর বর্গীর হাঙ্গামা শেষ হইবার পর হইতে সোনা রূপার গহনা পরার রেওয়াজ ও মুক্তার প্রচলন বাঙ্গালায় হইয়াছিল। তাহার আগে লোহা শাঁখা সিন্দুরের ব্যবস্থা ছিল। সে সময়ে কলিকাতায় জমি আট আনা হইতে বার আনা বিঘা ছিল।"-সুবর্ণবণিক্-সমাচার, ১৩২৮। ২ দস্তুর।

রেঁদা, র‍্যাঁদা [ফা॰ রন্দ, হি॰ রন্দা >] বি, ১½" হ'তে ২জ (দুই ইঞ্চি ১জ) পর্য্যন্ত চওড়া ফলাযুক্ত কাঠ চাঁচিয়া মসৃণ বা পাতলা করিবার যন্ত্রবিঃ a carpenter's plane. ক্রি, **রেঁদানো, রেঁদা করা**-রেঁদা যন্ত্রের দ্বারা কাঠ মসৃণ বা পাতলা করা। **রেঁ॰ ঠেলা, রেঁ॰ দেওয়া**-কাঠের উপর রেঁদা যন্ত্র চালান। **রেঁদা মারা**-রেঁদা প্রয়োগ করা; রেঁদা দেওয়া।

রেক১ [প্রাদে॰] বি, শস্যাদি পরিমাপক বেত্রনির্ম্মিত পাত্রবিঃ; চার কুণিকা পরিমাণ পাত্র; পাঁচ পোয়া পরিমাণ; কোথাও ৪ ছটাক, কোথাও ২০ ছটাক, কোন স্থানে ২৪ ছটাক এবং কোথাও ৩০ ছটাক।

রেক২ [রেখা > রেখ >। প্রা॰বাং] বি, রেখামাত্র। "নহি রেক নহি রূপ নহি ছিল বর চিন্। রবি সসী নহি ছিল নহি রাতি দিন।"-শূ॰ পু॰।

রেকাব [আ॰ রকাব্] বি, পাদান; ঘোড়ার উভয় পার্শ্বদেশে অশ্বারোহীর পা রাখিবার জন্য যাহা জিন লগ্ন হইয়া ঝুলে। "লম্বিত বাজীর গায় রূপার রেকাব।"-ম॰। "ঘোড়া বলে রায় হে রেকাবে রাখ পা।"-ঐ।

রেকাবী [আ॰ রকাবী। রিকাব দ্রঃ] বি, ছোট থালী; ডিস dish.

রেক্তা১ [ফা॰] বি, নায়ক নায়িকার বিরহ বা মিলন সঙ্গীত; বিবাহ মঙ্গল গীত। ২ রেক্তা ছন্দ; কবি ও তর্জ্জা গানে এই ছন্দের ব্যবহার আছে।

রেক্তা২ [প্রাদে॰] বি, পাকাবাড়ীর গাঁথুনি; পাকা গাঁথুনি Pucca masonry.

রেখ [রেখা >] বি, চিহ্ন: রেখা। "তাত তিথ নখ রেখ চান্দের আকার"-শ্রী॰ কী॰। ২ রেখ; /,।॰ সের। "চেয়ে দেখ সংসারেতে কতগুলি ছেলে। বল দেখি কি হইবে নর রেখ ঠেলে।"-ঈ॰ গুপ্ত। ৩ চারি কুণিকা বা পাঁচ পোয়া পরিমাণ শস্য মাপিবার বেত্রাদি নির্ম্মিত পাত্র। ৪ দেউল দ্রঃ।

রেখা [লিখ্ (লেখা) + অ (র্ম্ম) + আ (স্ত্রীং)। ল=র] বি, প্রস্থহীন দীর্ঘচিহ্ন; কষি; দাঁড়ি; আঁজি। ২ চিহ্ন। ৩ শুভাশুভসূচক দৈহিক চিহ্ন। দ্র-কররেখা। ৪ শ্রেণী। ৫ স্পর্শমাত্র: আমেজ; অত্যল্পমাত্র। ৬ [জ্যা॰] যার বিস্তার নাই কেবল দৈর্ঘ্য আছে; ইং line এর বৈজ্ঞা॰ পরিঃ (ক॰ বিশ॰ পরিঃ); ইং curve এর বৈজ্ঞা॰ পরিঃ (ক॰ বিশ॰ পরিঃ)। ~**গণিত**-বি. ক্ষেত্রতত্ত্ব; জ্যামিতি geometry. ২ পরিমিতি mensuration. ~**চিত্র**-বি, কেবল কতকগুলি রেখা টানিয়া অঙ্কিত চিত্র। ~**পাত**-বি, রেখা চিহ্নকরণ; রেখাঙ্কন। **বক্ররেখা**-বি, যে রেখার কোন অংশ সরল নহে। **সমান্তরাল সরলরেখা**-বি, এক সমতলস্থ দুই সরল রেখা যদি এরূপে অবস্থিত থাকে যে উহারা উভয়োত্তর উভয়দিকে বর্দ্ধিত হলে কখনই মিলিত হয় না তা হলে তারা সমান্তরাল সরলরেখা। **সরল রেখা**-বি যে রেখা তার প্রান্ত বিন্দুদ্বয়ের মধ্যে সরলভাবে থাকে; দুই বিন্দুর ক্ষুদ্রতম দূরত্বই সরল রেখা।

রেখাঙ্কন [রেখা + অঙ্কন] বি, রেখাচিত্র। বিণ, রেখাঙ্কিত।

রেগে [রাগিয়া > রে॰। রাগা দ্রঃ]

অঁল অঁল বলুন বৈজ্ঞা আঁধা জীতি এঁ ও [illegible]

ক্রি-বিণ, রাগ বা ক্রোধ করিয়া। ~মেগে [রাগিয়া > রেগে + মাগিয়া > মেগে (সহচর শব্দ); স্থলভেদে 'টেগে'। তুল—চটে মটে] ক্রি-বিণ, রাগিয়া। "ডেকে এনে পরিহাস রেগে-মেগে বলে।"—সোনার তরী।

রেচক [রিচ্ + ণিচ্ = রেচি (নিঃসরণ করান) + অক (র্তৃ)] বিণ, মলভেদক। ২ বি, বিরেচক ঔষধ; জোলাপ। ৩ জয়পাল বৃক্ষ। ৪ যবক্ষার। ৫ [যোগশাস্ত্রে] প্রাণায়াম অভ্যাসকালে প্রাণবায়ুর মোচন ক্রিয়া। উদর হতে কুম্ভক বায়ুকে বাহিরে নিঃসারণ ক্রিয়া। [দ্রঃ—প্রাণবায়ুর আকর্ষণ বা গ্রহণ বা পূরণ অর্থে "পূরক" এবং ধারণ বা নিশ্চলধাসার্থে "কুম্ভক"। রেচক ও পূরক পরিত্যাগ পূর্ব্বক সুখে একমাত্র বায়ু ধারণ প্রাণায়াম]।

রেচন [রিচ্ (নিঃসরণ হওয়া) + অন (ভা°)] বি, ভেদ। ২ [রিচ্ + ণিচ্ = রেচি + অন (র্তৃ)] বিণ, বিরেচক।

রেচিত [রিচ্ + ণিচ = রেচি (বিযুক্ত করান) + ত(র্ম্ম)] বিণ, বর্জ্জিত; অপসারিত।

রেজগি, রেজগী, রেজকি, -কী [ফা° রেজগী। গ্রা° রেজগারী] বি, ক্ষুদ্রমুদ্রা; এক টাকার নিম্ন মুদ্রা বা টাকার ভাঙ্গানি; সিকি দুআনি আধুলি ইং silver bits.

রেজলা [আ° রিজালা] বিণ, নীচ mean.

রেজা [ফা° রেজা] বি, খুচরা। ২ খণ্ড; টুকরা। ৩ নিকৃষ্ট দ্রব্য। ৪ [রেঝা দ্রঃ] লক্ষিত স্থান; নিশানা; চাঁদমারি। "কোঁটা দিয়া বিন্ধে রেজা [পাঠান্তরে 'রেঝা'] ঝাড়িতে শিখায় লেজা চামের টোপর দেয় শিরে।"—কবিক°। "কেহ বিন্ধে পুঁতিয়া রেজা।"—ঐ।

রেজাই [ফা° রজাঈ] বি, পাতলা লেপের আকারের তুলাভরা গাত্রবস্ত্রবিঃ; দোলাই।

রেজামন্দী, রাজামন্দী, -বন্দী [ফা° রজামন্দী] বি, সম্মতি। ২ আপসে মিটমাট compromise.

রেজিষ্টার, রেজেষ্টার [ইং register এর লিপ্যন্তর] চিঠিপত্রের নকল বহি। ২ হিসাবের খাতা। ৩ তালিকা-পুস্তক। ~রী₂—রেজিষ্ট্রি দ্রঃ।

রেজিষ্ট্রি, রেজিষ্টিরি [ইং registryর লিপ্যন্তর] বি, পুস্তক বা খাতাভুক্ত করণ; রেজিষ্টার বা বহি খাতায় হিসাব পত্র টুকন। রেজিষ্টিরি কঁরা—ক্রি, ঐরূপ খাতা বা পুস্তকে হিসাব পত্র বা দলিলাদির বিবরণ লিখিয়া রাখা। ২ রেজিষ্ট্রি আপিসে নিযুক্ত কর্ম্মচারীর সমক্ষে দলিল পাটা পত্র ইং লিখিয়া দেওয়া, স্বীকার করা ও আদালতের নামাঙ্কিত করাইয়া তার স্বত্ব সংরক্ষণ করা।

রেঝা [পাঠান্তরে রেজা (দ্রঃ)] বি, লক্ষিত স্থান; নিশানা। "কোঁটা দিয়া বিন্ধে রেঝা ছাড়িতে শিখয়ে নেজা চামের টোপর শোভে শিরে।"—কবিক°।

রেট [ইং rate এর লিপ্যন্তর] বি, হার; দর। ২ রেওয়াজ; চাল। ৩ দড়ির মত পাক দেওয়া রূপার কটিভূষণবিঃ।

রেড়ি, রেড়ী [সং—এরণ্ড > এঁড়ি-রেড়ি] বি, এরণ্ড ফল; ভেরেণ্ডা গাছ ও ফল। রেড়ির তেল—বি, ভেরেণ্ডা বীজের তৈল। "রেড়ির তেলে আলো জ্বেলে পিরান্ পোষাক পরে।"—গান।

রেড়ো, রেঢ়ো [রূঢ় > রাঢ়—রাঢ় + উআ = রাঢ়্আ = রোড়া (গ্রা°)] বিণ, রাঢ়ী। ২ রাঢ়দেশ-প্রসিদ্ধ; রাঢ়জ। ৩ অসভ্য; গোঁয়ার; অশিক্ষিত; অমার্জ্জিত; গেঁও; আনাড়ি। "হেদে ও সহরবাসি আর কি হাসি হাসবি রেড়ো বলে?"—হেম°।

রেণু [রি (বধ করা) + নু (র্তৃ)] বি, পাংশু; ধূলি; ধূলা। "অবনী লোটায়ে তনু শক্তি-পাদপদ্ম-রেণু ভক্তি যুক্তে বন্দিব সানন্দে।"—ঈ°। "ধায় বৎস ধেনু উঠে পদ-রেণু, রেণু ঢাকে ভানু ভাবে ভোর তনু।"—বাং-গান। ২ পরাগ। ৩ চূর্ণ। গুঁড়া। ~রূষিত [রেণু (দ্বারা) রূষিত, ৩তৎ] বিণ, ধূলা-মাখা; ধূলি-ধূসর।

রেণুক, রেণুকা [সং] বি, মরিচাকৃতি ও কটু তিক্ত রস একপ্রকার সুগন্ধি ফল piper aurantiacum. ২ পরশুরামের জননী। ~সুত—বি, পরশুরাম।

রেণুসার [সং] বি, কর্পূর।

রেতঃ [রী (ক্ষরিত হওয়া) + অতস্ (র্তৃ)] বি, বীর্য্য; শুক্র। পারদ।

রেত [রে, দ্রঃ] বি, বালুকা। ~তী₁—বিণ, বালুকাময় (জমি)। ২ স্রোতোবেগ। "বড় চড়ায় বাঁ দিকের রেত ঠেলে জাহাজ যেতে পারে না আমরা যাব কি ক'রে?"—শ্রীকান্ত (শরৎ° চট্টো°)।

রেতি, রেতী₂ [হিং রেতী] বি, উখা যন্ত্র; লোহ ক্ষয়কারক যন্ত্র; a file. রেতি কঁরা—ক্রি, উখা দিয়া ঘষা।

রেতে [সং—রাত্রি > প্রাকৃ° রাত্তি > বাং—রাত্তির > রাত্তিরে > কে° রাত্তে > রাতে > রেতে] অ, রজনীযোগে। রাত দ্রঃ।

রেনেসাঁস [ফে° renaissance এর লিপ্যন্তর] বি, নবজীবন। "এইরূপে মানবেতিহাসে নূতন এক নবজীবন বা রেনেসাঁসের আয়োজন হইতেছে।"—বি° কু° সরকার। "প্রবল প্রতিক্রিয়ারূপে রেনেসাঁসের যুগ আসিয়াছিল"—রবী°।

রেপ [ইং rape এর লিপ্যন্তর। আদা°] বি, বলাৎকার।

রেপার [ইং wrapper এর লিপ্যন্তর] বি, গাত্রবস্ত্র; শীতবস্ত্রবিঃ।

রেফ [সং] বি, বর্ণের মস্তকস্থিত র; ইং accent এর মত ´ এই চিহ্ন। ২ ভ্রমরাদির মস্তকস্থ রেফাকৃতি শূক বা তীক্ষ্ণ লোম। প্র—রিরেফ।

রেফারী [ইং referee র লিপ্যন্তর] বি, মধ্যস্থ। ২ বিতঃ ফুটবলখেলায় যাঁর নিকট বিবদমান বিষয় মীমাংসার্থ অর্পণ করা যায়।

রেবঁত [পু°] বি, বলরামের পত্নী রেবতীর পিতা।

রেবঁতক [সং] বি, পারাবত।

রেবতী [সং] বি, অশ্বিনী, ভরণী ইং ২৭ নক্ষত্রের শেষ নক্ষত্র। ২ নদীবিঃ। ৩ ঐরাবত। কোলভাষায় "রেবতা"—ঐরাবত পুষ্পবৃক্ষ। ৪ দুর্গা। ৫ মাতৃকাবিঃ। ৬ রতি; কামপত্নী। ৭ বলরামপত্নী। ৮ গাভী। বিণ, রৈবতিক [রেবতী + ইক (অপত্যার্থে)] বি, রেবতীনন্দন। ~রঁমণ—বি, বলরাম। ২ নক্ষত্রপতি; চন্দ্র।

রেবা [রেব্ (গমন করা) + অ (র্তৃ) + আ (স্ত্রীং)] বি, নর্ম্মদা নদী। ২ দুর্গা। ৩ কামপত্নী।

রেভণ [রেভ্ (শব্দ করা) + অন (ভা॰)] বি, গোরুর ডাক ; হম্বা রব।

রেমো-শেমো, রেমো শেমো যোদো-রাম্, দ্রঃ।

রেয়ৎ [রাইয়ৎ দ্রঃ] বি, প্রজা।

রেয়াৎ, রেয়াত, রিআৎ [আ॰ রেআয়ৎ] বি, অনুগ্রহ ; দয়া। ২ অব্যাহতি। ৩ চক্ষুর্লজ্জা ; সমীহা ; রে॰ করা-চক্ষুর্লজ্জা করা ; সমীহা করা ; মানিয়া চলা। "অন্যায় দেখিলে তিনি কাহাকেও রেয়াত করেন না।"-লীলাবতী।

`রেয়ো, `রেও, রেউয়া [সং-বরাহুত >] বিণ, রবাহুত ; অনিমন্ত্রিত। ২ রায়ভাট (দ্রঃ)। ~ভাট [রায় ভাট (ভট্ট >)] বি, এক শ্রেণীর ভিখারী যারা শ্রাদ্ধোপলক্ষে উপস্থিত হইয়া শ্রাদ্ধকর্ত্তার নিকট ভোজ্য ও অর্থাদির প্রার্থনা করে ও তজ্জন্য গণ্ডগোল করে। ২ [লক্ষ॰] নাছোড়-বান্দা ভিখারী।

রেয়োৎ, রাইয়ৎ [আ॰ রইয়ৎ] বি, প্রজা। "বেগারে হয় রেয়োৎ সাড়া।"-ঈ॰ গুপ্ত।

রে-রে-রে-রে-অ, অনুকরণ শব্দ। ২ ডাকাইতদের হুঙ্কার। তুল-কুক দেওয়া। "শুম্ভনিশুম্ভের পালায় যখন রক্তবীজ সাজঘর হইতে 'রে-রে-রে-রে' করিয়া ডাকাতি হাঁক দিতে দিতে আসরে আসিত তখন একটা আতঙ্ক উপস্থিত হইত।"-ভারতী, বৈশাখ, ১৩২১।

রেল [ইং rail, railway র লিপ্যন্তর] বি, রেলপথ ; লৌহবর্ত্ম। ২ রেলের গাড়ি। ~ওয়ে-বি, রেলপথ। ~ওয়ে অফিস-রেল কোম্পানীর দপ্তর railway office. ~ওয়ে ষ্টেশন-রেলগাড়ী করিয়া মাল ও যাত্রী পৌছিয়া দিবার বা যাতায়াতের ও তৎ-সংক্রান্ত কাজকর্ম্ম পরিচালনার স্থান railway station. ~গাড়ি-বি, বাষ্পীয় শকট। ~পথ-বি, বাষ্পীয় শকট যাতায়াতের লৌহ-বর্ত্ম। ~যোগে-ক্রি-বিণ, রেল কোম্পানীর মার্ক্‌ৎ ; রেলগাড়ী করিয়া by rail. ~লাইন-বি, রেলপথ। ~রোড-বি, রেলগাড়ীর পথ।

ˇরেলা [হি॰ রেলা (বন্যা, প্রবল স্রোত বা ধারা, জীবজন্তুর সারি বা দল, সমূহ)। হি॰ রেল্‌পেল্ (প্রচুর, ভিড়, জনতা)] বি, ধারা ; স্রোত। ২ সমূহ ; রাশি। ৩ জনতা ; ভিড় ; জমায়েৎ। ৪ শ্রেণী ; সারি ; দল। "বেড়ে সাপ গায়র গলায় হাড় মালা। জটায় জাহ্নবী যায় কুম্ভীরের রেলা।"-শি॰। ৫ প্রাচুর্য্য ; বাহুল্য।

রেলিং, রেলিঙ্ [ইং railing এর লিপ্যন্তর] বি, লৌহবেষ্টনী ; লোহার গরাদে। "কাল যখন তুমি তোমাদের বাগানের রেলিঙ্ ধরে দাঁড়িয়ে ছিলে, তখন ঠিক তোমার সুমুখের পথ দিয়েই যে তিনি হেঁটে গেছেন।"-দত্তা (শরৎ॰ চট্টো॰)।

রেশ [সং-রিশ্ (অল্প হওয়া) > হি॰ রেশা >] বি, রেখা ; সামান্য নিদর্শন। ২ আমেজ ; আভাস। ৩ সুর ; সুরের বিলীন প্রায় অবস্থা। "সুধু কুসুমের মালা সঙ্গীতের রেশ।"-অশোক॰।

রেশম [ফা॰ রেশম্] বি, গুটিপোকার লালা-জাত তন্তু বা সূত্র silk, বিণ, রেশমী-রেশমজাত ; রেশমসূত্রনির্ম্মিত। ~কীট-বি, ভুঁতপোকা silkworm. ~কুঠী-বানক দ্রঃ। ~বিজ্ঞান-বি, গুটিপোকার চাষ এবং গুটি হতে সূত্র নির্ম্মাণ সম্বন্ধীয় বিদ্যা। ~শিল্প-বি, রেশমের চাষ সম্বন্ধীয় শিল্পবিদ্যা।

রেশালা, রেসালা, রিশালা, রিসালা [আ॰ রিসালা] বি, অশ্বারোহী সৈন্যদল cavalry. ২ অশ্বারোহী সৈন্য-দলের অশ্বশালা ; ঘোড়াশালা। ৩ বড় খয়রুলামাছের মত এক জাতীয় পার্ব্বত্য মৎস্য। কুমায়ুঁ অঞ্চলে নৈনিতাল ই॰ সরোবরে জন্মে। ~দার, রেশালদার [প্রা॰, দ্রং রঁসঁলদার] বি, অশ্বারোহী সৈন্যদলের অধি-নায়ক। ~দারি-বি, ঐ অধিনায়কত্ব।

রেষ [রিষ দ্রঃ] বি, হিংসা ; দ্বেষ।

রেষণ [রিষ্ (অশ্ব বা সিংহের শব্দ করা) + অন (ভা॰)] বি, হ্রেষারব। ২ সিংহের গর্জ্জন।

রেষারেষি [রেষ + আ (বীপ্সার্থে) + রেষ + ই (তৎকরণার্থে)] বি, পরস্পর হিংসা-করণ ; দ্বেষাদ্বেষি।

রেস [ইং race এর লিপ্যন্তর] বি, ঘোড়দৌড় ; বাজী। "যত ভাল ভাল ঘোড়া আছে তাহারা প্রায় সকলেই এই রেসে প্রবিষ্ট হইয়াছে।"-আ॰ শক্তি, পৌষ, ১৩৩৩।

রেসম্-রেশম দ্রঃ।

রেসবৎ-রিষবৎ দ্রঃ।

রে/সালা, ~সালদার, ~দারি-রেশালা দ্রঃ।

রেসিডেণ্ট [ইং resident এর লিপ্যন্তর] বি, করদ রাজ্যে অবস্থিত গবর্ণমেণ্ট পক্ষীয় উচ্চ রাজপুরুষ।

রেস্ত [পর্ত্তু॰ resto (অবশিষ্ট)। ইং rest (অবশিষ্ট)] বি, অবশিষ্ট সম্বল, অবশিষ্ট অর্থ। "যদি কিছু রেস্ত থাকে তবেই পাবে পার, নৈলে তোমার চৌদ্দ পুরুষ সেই খানেই উদ্ধার।"-বাং গান।

রেস্পণ্ডেণ্ট্ [ইং respondent এর লিপ্যন্তর। আদা॰] বি, মকদ্দমায় যে পক্ষের বিরুদ্ধে আপীল করা হয় ; বিচারস্থলে যে অভিযোগের উত্তর দেয়।

`রেহঁন, `রেহেন [আ॰ রিহ্‌ন্] বি, বন্ধক mortgage. বিণ, রিহীন [আ॰] যে বিষয়াদি বন্ধক দেয়। ~দার-বি, যার কাছে জমিজমাৎ বন্ধক রাখা হয়। ~নামা-বি, বন্ধকী কবালা। রে॰ দেওয়া, -রাখা-ক্রি, বন্ধক দেওয়া।

রেহা [রেখা >। প্রা॰। ব্রজ॰] বি, রেখা ; চিহ্ন। "নব জলধর বিজরিরেহা, দ্বন্দ্ব পসারিয়া গেল।"-বি॰ প॰। "সুজনক পিরীতি পাষাণক রেহা।"-ঐ। ২ [রেখার ভাব >] কলঙ্ক ; দাগ। "এবে ভেল বিপরীত কাজর রেহা। দিবসে মলিন জনু চাঁদ কি রেহা।"-বি॰ প॰। ৩ [স্নেহ > সিনেহা= নেহা=লেহা=রেহা] স্নেহ।

রেহাই [ফা॰ রিহাই] বি, অব্যাহতি ; নিস্কৃতি ; মুক্তি ; উদ্ধার। "নখিন্দরে খাইতে পারিবে যেই জন। সব বিদ্যমানে রেহাই পাইবে সে জন।"-ক্ষেমানন্দ। ২ ছাড় exemption.

রেহান [রেহন দ্রঃ] বি, সাধারণ বন্ধক simple mortgage.

রেহানাবদ্ধ [রেহন দ্রঃ। অমি॰ পরিঃ] বিণ, যে জমী বা জিনিস বন্ধক রাখিয়া টাকা লওয়া হইয়াছে।

রৈ$_{1}$ [সং] বি, শব্দ; রব। ২ [রা (দানে)+ঐ (র্ধ্ব)] স্বর্গ। ৩ ধন।

রৈ$_{2}$ [রহি > কে॰ রই=রৈ। রহা দ্রঃ] ক্রি, রহি; থাকি। "ভক্তিভাবে ডাক্‌লে আমি রৈতে পারি কৈ? ওরে যে ডাকে আমারে আমি তারি হয়ে রৈ।"–স্ক॰।

রৈখিক [রেখা+ইক (সম্বন্ধ ই॰ অর্থে)] বিণ, রেখা সম্বন্ধীয়। ২ রেখা-রচিত।

রৈত্য [রীতি(পিত্তল)+য(উৎপন্নার্থে)] বিণ, পিত্তলনির্ম্মিত।

রৈবঁত [সং], বি, বিন্ধ্য পর্ব্বতের পশ্চিমস্থিত পর্ব্বত। ২ শিব। ৩ চতুর্দ্দশ মনুর পঞ্চম মনু। ৪ দৈত্যবিঃ। ~তক-বি, পর্ব্বতবিঃ।

রৈবঁতিক-রেবতী দ্রঃ।

রৈ-রৈ [র-র দ্রঃ। রই রই ও॰। সং-রৈ (শব্দে)+রৈ (ব্যাপ্তি ও আধিক্যার্থে দ্বিত্ব)] বি, উচ্চরব; বহুলোকের চীৎকার; কোলাহল। ২ আক্রমণকারীদিগের সমবেত চীৎকার।

রো [রোম > রোঁ > রো] বি, রোম; লোম। "ভুরু-রো মাঝে কণ্ডূ রীবিন্দু পরে।" -সঙ্গীত-তরঙ্গ(রাধামোহন সেন, ব॰সা॰প॰)।

রোআ$_{1}$ [সং-রোপ (বাণ) >] বি, চালের আড়াআড়ি ভাবে রক্ষিত লম্বা বাঁশ বা কাট; চালের ঢালু ভাবে বাঁধা বাঁশ।

রোআ$_{2}$-বি, রোয়া দ্রঃ।

রোআ$_{3}$-বি, রোঁআ দ্রঃ।

রোআক-রক দ্রঃ।

রোই [ব্রজ॰। হি॰ রোনা=ক্রন্দন করা] ক্রি, রোদন করে। "তাহার দরশ লাগি সোই সখী আগে পুন পুন রোই"–বৈ॰ পদ॰ লহরী। "কুঞ্জ কুটীরে কুলবতী কাতর কানু কানু করি রোই।" ২ রোদন করিয়া। "নয়নে বারি দরশায়নু রোই"–বি॰ প॰।

রোএদাদ [আ॰ রুএ-দাদ্] বি, বিজ্ঞাপন; বিবরণ।

রোওন [রোপণ >] বি, রোপণ।

রোঁ [রোম >] বি, রোম; রোঁআ দ্রঃ।

রোঁআ, রোঁয়া [সং-রোম >] বি, রোম; লোম। ২ চোখের পাতার কেশ। ৩ শরীরের সূক্ষ্ম রোম। ৪ জীবজন্তুর গায়ের চামড়া ঢাকা সূক্ষ্ম রোম। ৫ পাখীর পালকের ভিতরের সূক্ষ্ম রোম। ৬ গাছের সূক্ষ্ম রোমরাজী। ৭ অংশু; শূক।

রোঁদ [ইং round এর লিপ্যন্তর] বি, গুপ্তানুসন্ধান; প্রহরীরা স্বস্থানে সজাগ থাকিয়া কর্ত্তব্য পালন করিতেছে কিনা তার তদন্ত। ২ [প্রাদে॰] বেড়া।

রোঁয়া-রোঁআ দ্রঃ।

রোক$_{1}$ [সং-রোষ > হি॰ রোধ। বাং-র-রোক] বি, ক্রোধ; আক্রোশ। ২ সাহস। ৩ তেজ। বিণ, রোকা [হি॰ রুখা] তেজস্বী; সাহসী। রোক করা-ক্রোধ প্রকাশ করা। ২ সাহস করা। ৩ আক্রমণ করা। রোক করে যাওয়া, রুকে যাওয়া-ক্রি, আক্রমণ করিতে ধাবিত হওয়া। ২ সাহস করিয়া অগ্রসর হওয়া।

রোক$_{2}$ [সং রোক (নগদ)] বি, নগদ; নগদ টাকা-কড়ি ready-money; cash. ২ [হি॰] ধন; জমা; পুঁজী।

রোক$_{3}$ [সং] বি, রন্ধ্র; গর্ত্ত; ছিদ্র; বিবর। ২ পাপ।

রোক$_{4}$ [প্রাদে॰] বি, বাগ; দিক্ direction.

রোক$_{5}$ [সং-রোধক >। হি॰] বি, রোধ; নিষেধ; বাধা; আটক। ২ থামন।

রোক$_{6}$ [ফা॰ রোখ্] বি, দাবাবোড়ে খেলার নৌকা।

রোক$_{7}$ [ফা॰ রূখ্(মুখ)] বি, সম্মুখ; মুখপাত frontage; সুবিধা vantage > রোকের-বি, মুখপাতের; নজরধরা; সুবিধাজনক। প্র-রোকের জমি বা জায়গা advantageous site. ~-টোক [হি॰। সং-রোধ > রোক+টোক (সহচর শব্দ)] বি, বাধাবিঘ্ন; প্রতিবন্ধ; নিষেধ।

রোকঁড় [সং রোক > হি॰রোকড় >] বি, আয় ব্যয় হিসাবের খাতা; খসড়া হতে উদ্ধৃত পরিষ্কার করিয়া লেখা জমা খরচের কাগজ; মহাজন ও জমিদার যে খাতায় খরচ লেখে; জাবেদা। ২ মহাজনী ব্যবসায়ের টাকাকড়ি। ৩ সোণা রূপার গহনা-পত্র। রো॰ বহি-বি, যে খাতায় নগদ টাকার লেন-দেনের বিবরণ লেখা যায়। রো॰ বিক্রী-বি, নগদ বিক্রয়। রোকঁড়িয়া-বি(ণ), রো॰ সম্বন্ধীয়; যে নগদ টাকা রাখে; খাজাঞ্চী; মুনীম। রোকঁড়ের কুটী, কুঠী-মহাজনের গদী Banking House. রোকঁড়ের দোকান-সোণা রূপার দোকান Banker's shop.

রোকঁণিয়া [প্রাদে॰। বঙ্গীয় শব্দ-সিন্ধু] বি(ণ), যারা অলঙ্কারে রং করে। ২ গহনা রসানকারী।

রোকঁন, রোখঁন [রোক দ্রঃ] বি, আটককরণ; নিবারণ।

রোকশোধ [হি॰ রোক(নগদ টাকা) -শোধ (সং-পরিশোধ)] বি, নগদ টাকা দিয়া ঋণ পরিশোধ। ২ নগদ বিদায়। ৩ কর্ম্মচ্যুত।

রোকসঁৎ, রোকসঁদ [আ॰ রুখ্‌সৎ] বি, ছুটী; অবকাশ। ২ বিদায়; কর্ম্মচ্যুতি। ৩ নিষ্পত্তি; মিটমাট। ৪ বিদায়ে অনুমতি। ৫ বিণ, কর্ম্মচ্যুত; অবসরপ্রাপ্ত। "বোর্ডিংএর ম্যানেজারবাবু রোক্‌শোৎ হইলে সে তার স্থলাভিষিক্ত হইবার আশা রাখে।"–পিতা-পুত্র।

রোকা$_{1}$, রোক্কা [আ॰ রুক্‌কা] বি, ক্ষুদ্র পত্র। ২ হাণ্ডনোট; চিঠা। "রোকায় আশীর্ব্বাদ জানিবে"–নীলদর্পণ। ৩ [বিশে॰] খামহীন চিঠি letter without envelope; চোতা slip ~হুণ্ডি-বাহক মার্ফৎ প্রেরিত লিখিত পরিমাণ টাকা নগদ দিবার অনুমতি পত্র।

রোকা$_{2}$, রোকালি-রোখা দ্রঃ।

রোখ [সং-রোষ > হি॰ রোখ] বি, ক্রোধ; কোপ; আক্রোশ; আক্রমণ। "যে যত শরণাগত, তারি পরে রোখ তত, পতিত অধমে চায় চরণে দলিতে।"–কাব্যকুসুমাঞ্জলি। [ব্রজ॰] রোখঁল-ক্রি, রাগিল; রুষিল। "তব কাহে রোখল কান"–বি॰ প॰।

রোখা, রোকা [রোষ > রোখ + আ (ক্রিয়ায়), খ=ক। রুখি, রোখ (রোখেন, রুখিস), রোখে (রোখেন) ; রোখিতে ; রোখিয়া (কে॰ পদ্যে-রোখি, গ্রা॰ রুখে)। পিজন্ত-রোখানি। রুখা দ্রঃ। ক্রি, রুখিয়া উঠা ; ক্রুদ্ধ হওয়া ; মারমুখী হওয়া ; আক্রমণোন্মুখ হওয়া। "তারে ধূম্রাক্ষ দেখি মনেতে রোখি কহিতেছে করি দাপ।"-রামা॰ (রঘুনন্দন)। বিণ, ~লী-উদ্ধত ; প্রচণ্ড ; তীব্র-স্বভাব ; তেরিয়া। ২ ক্রোধান্বিত।

রোগ [রুজ্ (রুগ্ন হওয়া) + অ (ণে)। জ্=গ, যদ্দ্বারা রুগ্ন হয়] বি, পীড়া ; ব্যাধি। ২ কুঅভ্যাস। "গেল জন্মটা ঐ পোড়া রোগে।" -গান। রোগ করা-ক্রি, ব্যাধিগ্রস্ত হওয়া ; অত্যাচার, কুপথ্যাদি দ্বারা রোগে আক্রান্ত হওয়া। ~ক্লিষ্ট-বিণ, রোগের ভোগ হেতু কষ্টপ্রাপ্ত ; রোগার্ত্ত। ~গ্রস্ত-বিণ, রোগাক্রান্ত। ~ঘোঁটা-ক্রি, রোগীর সেবা করা ও রোগের সংস্রবে থাকা। ~-ঘোগ [সহ॰ দ্ব] বি, অসুখ বিসুখ। ~ঘ্ন (-ঘ্ন-) বিণ, ব্যাধিনাশক। ২ বি, ঔষধ। ~জীর্ণ-বিণ, রোগশীর্ণ। ~দুর্ব্বল-বিণ, রোগজনিত বলহীন। রোগ ধরা-ক্রি, রোগ আক্রমণ করা। রোগ নাড়া-রোগ ঘাঁটা দ্রঃ। ~নিদান -বি, রোগের হেতু। ~প্রতিষেধ-বি, ব্যাধির প্রতিকার ; চিকিৎসা। রোগ ভোগ-বি, রোগের যন্ত্রণা ভোগ। ~মুক্ত -বিণ, রোগ হতে বিমুক্ত ; আরোগ্যলাভ করিয়াছে এমন (বি, ~মুক্তি)। ~যন্ত্রণা, ~যাতনা-বি, রোগের কষ্ট। ~রাজ-বি, রাজযক্ষ্মা ; ক্ষয়রোগ। ~শয্যা-বি, রোগীর বিছানা ; যে শয্যায় রোগী শয়ন করিয়া থাকে "তখনও রোগশয্যা-শায়িতা * *।" -উত্তরা ১৩৩৩। ~শান্তি-বি, রোগের উপশম আরোগ্য। ~শীর্ণ-বিণ, রোগ ভোগ করিয়া কৃশকায়। ~শোক-শারীরিক ও মানসিক ক্লেশ ; ব্যাধি ও মনঃকষ্ট ~হ্ন, ~হা (-গ্-) বিণ, রোগঘ্ন। ২ বি, চিকিৎসক। ~হওয়া-রোগ প্রকাশিত হওয়া। রোগে ধরা-ক্রি, রোগ কর্ত্তৃক আক্রান্ত হওয়া। রোগে পড়া-ক্রি, অসুস্থ হওয়া।

রোগন [ফা॰ রওগন্] বি, বার্নিশের তৈল। ২ স্নেহ পদার্থ।

রোগা [রোগ + আ (যুক্ত)] বিণ, পীড়িত ; রুগ্ন। ২ দুর্ব্বল ; কৃশ ; কাহিল। ~ক্রান্ত [রোগ (দ্বারা) + আক্রান্ত, ৩তৎ] বিণ, ব্যাধিগ্রস্ত ; পীড়িত। ~ঘোগা-বিণ, রোগযন্ত্রণা এবং হৃদয়ে আঘাতপ্রাপ্ত ; রোগভোগা ও ঘা খাওয়া। ~ছেঁয়ে [সং রোগশীর্ণ > রোগা ছিনা > -ছিঁআ > ছাঁইয়া > ছেঁয়ে] বিণ, যে রোগে ভুগিয়া ভুগিয়া ক্ষীণ হওয়ায় খিটখিটে মেজাজী ; রোগবিরক্ত। ~পট্‌কা-বিণ, রুগ্ন ও দুর্ব্বল। ~রেরু [রোগবিরক্ত > গ্রা॰] বিণ, রোগে ভুগিয়া ভুগিয়া খিটখিটে।

রোগাটিয়া, রোগাটে [রোগ + আটিয়া, আটে (ঈষৎ যুক্তার্থে)] বিণ, রুগ্নপ্রায়। ২ কৃশ। ৩ দুর্ব্বল।

রোগার্ত্তে [রোগে + আর্ত্ত > রোগার্ত্ত > দ্রুত উচ্চারণে, গ্রা॰] বিণ, রোগা ; রোগকাতর ; প্রায়ই রোগ ভোগকারী।

রোগী [রোগ (পীড়া) + ইন্ (ত্ত্য॰)= রোগিন্ ১মা, ২ব॰, গ্রা॰ "রুগী"] বিণ, রুগ্ন ; পীড়িত। স্ত্রীং রোগিনী।

রোগ্না, রোগ্‌না [সং-রুগ্ন > গ্রা॰] বি, যে প্রায়ই রোগ ভোগ করে ; রুগ্ন। স্ত্রীং রোগ্নী, রুগ্নী।

রোগ্য [রোগ + য (যোগ্যার্থে)] বিণ, রোগজনক। ২ রোগসম্বন্ধীয়। ৩ অপথ্য।

রোচক [রুচ্ + ণিচ্ = রোচি (রোচক হওয়া) + অক (র্ত্তৃ)] বিণ, রুচিকর ; রোচ্য। ২ প্রীতিজনক। ৩ দীপক। ৪ বি, ক্ষুধা। ৫ চাটনি। ৬ [বৈদ্যকে] কদলী। ৭ গ্রন্থিপর্ণবিঃ ; এক প্রকার গেঁটেলা। ৮ পলাণ্ডুবিঃ।

রোচন [রুচ্ + ণিচ্ = রোচি (দীপ্তি পাওয়া) + অন (র্ত্তৃ)] বিণ, রোচক দ্রঃ। ২ [বৈদ্যকে] বি, গেঁটেলাবিঃ। ৩ কার্পাস বৃক্ষবিঃ। ৪ বায়ুরেচক ঔষধ।

রোচনা [রোচন (দ্রঃ) + আ (স্ত্রীং)] বি, গোরোচনা। ২ রক্ত কহ্লার। ৩ বিণ, রুচিপ্রদা। ৪ বরযোষিৎ ; উত্তমা নারী।

রোচনী [সং] বি, পুদিনা শাক (রুচিকর ও অগ্নিবর্দ্ধক বলিয়া)। ২ গোরোচনা। ৩ আমলকী।

রোচমান [রুচ্ (দীপ্তি পাওয়া) + আন (র্ত্তৃ), ম-আগম]। ২ বিণ, দীপ্যমান। ৩ বি, অশ্বকণ্ঠস্থ রোমাবর্ত্তবিঃ।

রোচা [রুচা দ্রঃ। রুচ্ (রুচিকর হওয়া) >। প্র॰ পু॰ রোচে (পদ্যে-"রোচয়ে")] ক্রি, রুচিকর হওয়া ; ভাল লাগা। "অন্ন পানি কারো নাহি রোচয়ে শরীরে"-চৈ॰ ভা॰।

রোচিঃ [রুচ্ (দীপ্তি পাওয়া) + ইস্ (ভা॰)=রোচিস্ ১মা, ১ব॰] বি, কান্তি। ২ দীপ্তি ; প্রভা।

রোচিষ্ণু [রুচ্ (দীপ্তি পাওয়া) + ইষ্ণু (র্ত্তৃ)] বিণ, কান্তিবিশিষ্ট। ২ সুরুচিপূর্ণ : সুচারু ; মার্জ্জিত elegant.

রোচ্য [রুচ্ (দীপ্তি পাওয়া) + য (র্ম্ম)] বিণ, রোচক দ্রঃ। ২ রুচির যোগ্য।

রোজ১ [ফা॰ রোজ্] বি, তারিখ ; দিবস। ২ দিন মজুরি। ৩ ক্রি-বিণ, প্রত্যহ। প্র-সে রোজ এই পথ দিয়া যায়। ~করা, ~বাঁধা-বিণ, প্রতিদিনের জন্য নির্দ্ধারিত ; নির্দ্দিষ্ট দিনগুলির জন্য স্থিরীকৃত। রো॰ করা,-বাঁধা-ক্রি, রোজের জন্য ধার্য্য করা বা নিয়ম বাঁধিয়া দেওয়া। "করুণা লাবণ্য দেখি রাজা হল মুগ্ধ। রোজ করি দিল সাত মহিষের দুগ্ধ।"-ঘ॰। ~কার১ [গ্রা॰। রোজগার দ্রঃ। কের, এর (সম্বন্ধার্থে)] প্রতিদিনের। "রোজকার মত আজ অপিস থেকে এসে"-প্রবাসী, পৌষ, ১৩৩৫। রো॰ গণা-ক্রি, দিন গণনা করা। ~রোজ-অ, প্রতিদিন ; প্রত্যহ। "আহা তার রোজ রোজ কত রোজ ফুটে।"-ঈ॰ গুপ্ত।

রোজ২ [ইং rose এর লিপ্যন্তর] বি, গোলাপ ফুল।

রোজগার [ফা॰ রোজ্‌গার্। গ্রা॰ রোজকার১] বি, আয় ; উপার্জ্জন। "বৃদ্ধকাল আপনার নাহি জানি রোজগার চাষ বাস বাণিজ্য ব্যাপার।"-অ॰ ম॰। বিণ, রোজগারিয়া, রোজগারী [গ্রা॰ রোজকারী,

রোজগেরে, রোজকেরে] যে রোজগার করে ; উপার্জ্জনকারী। "কারহু বিবিধ জাতি দেখে রোজগারী"-অং মং।

রোজদাদ [ফাং রুদাদ, রুএদাদ > বাং অং, আদাং পরিঃ] বি, কার্য্যপ্রণালী ; মামলা মকদ্দমার বিচারবিবরণী proceedings (of a law-court).

রোজনামা, রোজনামচা [ফাং রোজনামচা] বি, দৈনিক হিসাবের বহি ; দিন-লিপি ; দৈনিক বিবরণ পুস্তক ; ডায়রী।

রোজা, [ফাং রোজা] বি, মুসলমানদিগের সূর্য্যের উদয়াস্ত উপবাস রূপ ব্রতবিঃ। "বড়ই দানিশবন্দ কাহাকে না করে ছন্দ প্রাণ গেলে রোজা নাহি ছাড়ে।" -কবিকং। "মুসলমানের রোজা ভাঙ্গে না ছমাস।"-দীনবন্ধুং। "দেব দেবী পুজা বিনা কি হবে রোজায়।"-অং মং।

রোজা২ [সং-উপাধ্যায় > উপাজ্ঝায় > ওঝা > রোজা] বি, ওঝা ; বিষবৈদ্য ; ভূতপ্রেতাবিষ্টের চিকিৎসক। ২ মরাইয়ে ব্যবহৃত দোড়ি।

রোজিনা [ফাং রোজানা] বি, দৈনিক বৃত্তি ; দৈনিক খোরাকি daily allowance.

রোটি, রোটিকা [হিং। রুটী দ্রঃ] বি, গোধূমচূর্ণ-নির্ম্মিত পিষ্টকবিঃ ; রুটী।

রোড [ইং road এর লিপ্যন্তর] বি, রাস্তা ; সড়ক ; পথ। ~সেস-বি, পথ প্রস্তুত, মেরামত ও রক্ষার জন্য রাজকর ; পথকর।

রোড়া [হিং] বি, ইট পাথরের ছোট ছোট টুকরা ; খোয়া ; বড় বড় কাঁকর ; নুড়ি। ২ রোঢ়া গাছ amoora rohitaka.

রোঢ়া [হিং] বিণ, অদন্ত ; দন্তহীন। "আর যুবতী বলে সই মোর পতি রোঢ়া।"-কবিকং। ২ রোহিতক বৃক্ষ ; রয়না ; কড়ার amoora rohitaka.

রোথো [মথুরা দ্রঃ] বিণ, মন্দ ; খারাপ ; ওঁচা। ২ অকেজো।

রোদ [রৌদ্র > প্রাং, রদ্দ র ওং] বি, সূর্য্যকিরণ ; রৌদ্র। এক ছাদ রোদ আছে"-অশোকং। রোদ উঠা-ক্রি, রৌদ্রের উদয় হওয়া ; সূর্য্য প্রকাশিত হওয়া [দিবা দ্বিপ্রহর পর্য্যন্ত উঠা বলে]। রোদ পঁড়া-ক্রি, দিবা দ্বিপ্রহরের পর হতে সূর্য্যের অস্ত গমনের সঙ্গে সঙ্গে রৌদ্রের পতন হওয়া। রোদ পোয়ানি-ক্রি, আতপ সেবন। রোদ লাগানি-ক্রি, সূর্য্যকিরণ স্পর্শ করান। রোদে দেওয়া-ক্রি, সূর্য্যকিরণে শুষ্ক হতে দেওয়া।

রোদঃ [মূং রোদস্ (দ্যাবা পৃথিবী)] বি, স্বর্গ ; মর্ত্ত্য। ২ আকাশ।

রোদন [রুদ্ (রোদন করা)+অন (ভাং)] বি, ক্রন্দন ; কাঁদন।

রোদসী [সং] ক্রন্দসী দ্রঃ।

রোদি, রোদ্দি [আং রদ্দী] বিণ, অকেজো ; অচল। ২ খারাপ ; বস্তা-পচা।

রোদিতি [সং-রুদ্ >। ব্রজং] ক্রি, রোদন করে ; রোদন করিতেছে। "রোদিতি রাধা শ্যাম করি কোর। হরি হরি কাঁহা গেও প্রাণনাথ মোর।"-বিং পং। "রোদিতি পিঞ্জরে শুক"-বিং পং।

রোদ্ধা [রুধ্ (রোধ করা)+তৃ (র্তৃ)= রোদ্ধৃ ১মা, ১বং] বিণ, রোধকারী ; বাধা দানকারী।

রোধ, রোধঃ [রুধ্ (আবরণ করা) +অ (ভাং অল, অস্)] বি, অবরোধ। "কত কষ্টে করেছিনু অশ্রু বারি রোধ"-রবীং। ২ বিঘ্ন; বাধা। ৩ [+অ, অস্ (গে)] তীর ; কূল। "হায় লো স্বজনি, দিন দিন হীন-বীর্য্য রাবণ দুর্ম্মতি, যাদঃপতি রোধঃ যথা চলোর্ম্মি আঘাতে।"-মেঘং।

রোধক [রুধ্ (অবরোধ করা)+অক (র্তৃ)] বিণ, রোধকারী ; বিঘ্নকারী। ২ অবরোধ কর্ত্তা। ৩ নিবারক।

রোধন [রুধ্ (অবরোধ করা)+অন (র্তৃ)] বিণ, অবরোধক। ২ [+অন-(ভাং)] বি, রোধ। ৩ অবরোধকরণ। ৪ বাধাপ্রদান। ৫ আভিচারিক বিদ্বেষণ কার্য্যে সাধ্য নামের আদি, মধ্য ও অন্তে মন্ত্র লিখন।

রোধবতী [রোধ (তীর)+বৎ (ত্যং) +ঈ (স্ত্রীং)] বি, নদী।

রোধা [রুধ্ (আবরণ করা) > রোধি, রোধ, রোধে ; রোধিতে ; রোধিয়া] ক্রি, রোধ করা ; আটক করা। ২ বাধা দেওয়া ; গতি নিবারণ করা। "এ যৌবন-জল-তরঙ্গ রোধিবে কে"-বঙ্কিমং।

রোধী [রুধ্ (আবরণ করা)+ইন্ (র্তৃ)=রোধিন্ ১মা, ১বং] বিণ,রোধকারী।

রোধ্র [রুধ্ (রোধ করা)+র (র্তৃ)] বি, লোধ্রবৃক্ষ। ২ [+র (গে), যদ্দারা স্বর্গ রোধ হয়] পাপ।

রোন্ধসি [প্রাং বাং। হিং রু (রু) রুন্ধ (রোধে, বেষ্টনে) >] ক্রি, রোধ করিতেছ। "দান ছলে রোন্ধসি বাটে।"-শ্রীং কীং।

রোপ, [রুহ্+ণিচ্=রোপি+অ (ভাং)] বি, রোপণ।

রোপ২ [রূপ্ (মূর্চ্ছিত হওয়া)+অ (গে)] শর ; বাণ।

রোপণ [রুহ্ (উৎপন্ন হওয়া)+ণিচ্= রোপি (জন্মান)+অন (ভাং)। প্রাং বাং-রোপন] বি, বপন ; আজ্ঞান। ২ স্থাপন। "সুনার ঘটত বারি করিআ রোং। অগর চন্দন ফুল নেতের বসন।"-শূং পুং।

রোপা [রোপ্ (রোপণ)+আ (করা অর্থে)। রোপি, রোপ, রোপে ; রোপিতে ; রোপিয়া (ক্বেং পদ্যে-রোপি, প্রাং রোপে)। ণিজন্ত-রোপানি] ক্রি, রোপণ করা ; বীজ বপন করা। ২ [মৈমনং প্রাদেং] রোপিত চারার পুনর্বপন transplantation. ৩ বিণ, রোপিত। প্র-রোপা ধান, ক্ষেত ইং। [ব্রজং] রোপব-রোপণ করিব। "কদলী রোপব" -বিং পং। রোপল-রোপণ করিল। "আদলি উপরে কেবা কদলী রোপল রে ঐছন দেখি উরযুগ।"-চণ্ডীং।

রোপিত [রুহ্+ণিচ্=রোপি+ত (র্ম্ম)] বিণ, উপ্ত ; কৃত-রোপণ। ২ প্রোথিত ; পোতা। ৩ আরোপিত। ৪ স্থাপিত ; অর্পিত।

রোবাইয়াৎ [আং রুবাইআ। রুবা (চার) > রুবাই (যাতে ৪ চরণ থাকে= চতুষ্পদী) > বহুবং রোবাইয়াৎ] বি, চতুষ্পদী কবিতাসংগ্রহ ; চৌপদী কবিতাবলী। "ওমর-খাইয়ামের রোবাইয়াৎ।"

রোম, [রু (শব্দ করা)+মন্ (র্ম্ম)= রোমন্ ১মা, ১বং] বি, লোম ; রোঁয়া।

~কূপ [রোমের কূপ (বিবর), ৬তৎ] বি, লোমকূপ ; রোমবিবর। ~গুচ্ছ-বি, কেশের গোছা ; চামর। ~জ (-র্জ) [রোম (লোম হতে) জ (উৎপন্ন)] বিণ, পশুলোম নির্মিত ; উর্ণী ; পশমি। ~পাদ-বি, অঙ্গরাজ লোমপাদ। ~রাজি [রোমন্-রাজি (শ্রেণী), ৬তৎ] বি, লোমাবলী। ~বান্ [রোমন্+বৎ (স্ত্য০)=রোমবৎ ১মা, ১ব০] বিণ, লোমশ। ~বিকার-বি, রোমাঞ্চ ; লোমাঞ্চ। ~বিক্রিয়া [রোমন্ (লোমের) বিক্রিয়া (বিকৃতি), ৬তৎ] বি, লোমহর্ষণ ; গায়ে কাঁটা দেওয়া। ~শ (-র্শ) [রোমন্+শ (স্ত্য০)] বিণ, রোমবান্ ; লোমবহুল। ~।-দগ্ধবৃক্ষ। ~ফল-বি, টিণ্ডিশবৃক্ষ। ~হর্ষ, ~হর্ষণ, [রোমন্ (লোমের) হর্ষ, হর্ষণ, ৬তৎ] বি, রোমাঞ্চ ; পুলকোদ্গম ; শিহরণ ; লোমস্ফুরণ। > ~হর্ষ০ হওয়া-ক্রি, গায়ে কাঁটা দেওয়া। ~হর্ষণ$_২$ [পু০] বি, মহাভারতোক্ত প্রসিদ্ধ মুনিবিঃ ; ব্যাসদেবের শিষ্য সুত।

রোম$_২$ [ইং Rome এর লিপ্যন্তর] ইতালি দেশের রাজধানী রোমক নগর। ~ক (-র্ক) [ইং Rome] বি, ইতালী দেশের রাজধানী রোম নগর। ২ [ইং Roman] রোম-নিবাসী। ৩ রোম সম্বন্ধীয়। > ~পত্তন-বি, রোমরাজ্য Roman Empire.

রোমন্থ, রোমন্থন [সং] বি, ভুক্তবস্তু উদ্গার করিয়া পুনরায় চর্বণ ; জাওর কাটা rumination.

রোমন্থক, রোমন্থিক [রোমন্থ+ক, +ইক] বি, যে পশু রোমন্থন করে ; গবাদি পশু ruminata.

রোমাঞ্চ [রোমন্+অন্চ্ (গমন করা) +অ (ভা০)] বি, রোমহর্ষণ ; পুলকোদ্গম। ২ [বৈষ্ণব সা০] ভয়, উৎসাহ, আশ্চর্য্য-দর্শন ই০ জনিত অঙ্গে রোমোদ্গম। বিণ, রোমাঞ্চিত-পুলকিত ; শিহরিত।

রোমান-রোমক (রোম$_২$) দ্রঃ।

রোমাবলি, -লী [রোমন্ (লোমের) আবলি(লী) (শ্রেণী), ৬তৎ] বি, হৃদয় মধ্য হতে নাভি পর্য্যন্ত লম্বিত সূক্ষ্ম রোমরাজী। "ধরেছে কুন্তল তার রোমাবলী ছলে"-অ০ম০।

রোমালি, -লী [রোমন্ (লোমের) আলি, আলী (শ্রেণী), ৬তৎ] বি, রোমাবলী।

রোমালু [রোমযুক্ত যে আলু, ধা] বি, পিণ্ডালু ; চুবড়ী আলু।

রোমীয় [ইং Roman বা Romish >] বিণ, রোম দেশ বা রাজ্য সম্বন্ধীয় ; রোমক (রোম$_২$ দ্রঃ)। ~সম্প্রদায় [ইং Romish church] বি, রোমান ক্যাথলিক ধর্মমতাবলম্বী খৃষ্টান ; রোমের প্রধান ধর্ম-যাজক পোপের প্রাধান্য ও শ্রেষ্ঠত্ব স্বীকারকারী খৃষ্টধর্ম সম্প্রদায়।

রোমোদ্গম, রোমোদ্ভেদ [রোমন্ (লোমের) উদ্গম, উদ্ভেদ, ৬তৎ] বি, লোমহর্ষণ।

রোয় [ফা০ রু বা রো reason অন্য শব্দ সহযোগে প্রযুক্ত হয়। আদা০] অ, বাবদ ; অনুসার according to. প্র-জরিপ রোয়।

রোয়া$_১$ [হিং রোনা (রোদন করা) >ব্রজ০] ক্রি, রোদন করা। "পথ নিরখিয়ে রোয়"-বি০প০। রোয়ই, রোয়ত-রোদন করে। "চোর রমণী জনু মনে মনে রোয়ই"-বি০প০। "ফুকরই রোয়ত"-ঐ। রোয়সি [সং-রুদসি] ক্রি, রোদন করিতেছ। "রোয়সি কাহে"-বি০প০। রোয়ে-ক্রি, কাঁদে।

রোয়া$_২$ [রুহ্ (রোপণে) >। রুই, রোও, রোয় ; রুইতে ; রুইয়া (কে০ পদ্যে-রুই, গ্রা০ রুয়ে)। ণিজন্ত-রোয়ানি] ক্রি, ধান্যবীজ রোপণ করা ; বীজ বপন করা ; পোঁতা। "গাছ রুইলে বড় কর্ম্ম। মণ্ডপ দিলে বড় ধর্ম্ম।"-ডাক০। "উপড় গাছে গাছ পাথর সেইখানে তা রুবেক"-রামা০(কবিচন্দ্র, ১৬শ শতাব্দী)। ২ চারা ধান গাছ নাড়িয়া পোতা ; গুছি গাড়া। [ব্রজ০] রোয়ল-ক্রি, রোপণ করিল ; রোপিল। ২ স্থাপন করিল। "রোয়ল ঘট উচল করি ঠাম"-বি০প০।

রোয়া$_৩$ [প্রাদে০। কোষ >কোআ >রোয়া] বি, কোয়া ; কাঁঠালের কোষ।

রোয়াক, রোআক, রঁওয়াক, রক [তুর্কী০ রওআক, আ০ রওয়াক্ >বাং-রোআক >কে০ রক] বি, ঘরের সামনের পাকা দালান ; ইষ্টক বা প্রস্তরনির্মিত দ্বারপিণ্ডী ; চবুতরা। "বেণীবাবু রোয়াকে বসিয়া স্তব্ধ হইয়া রহিলেন"-টেকচাঁদ।

রোয়ে রোয়ে [রহা দ্রঃ। রহিয়া রহিয়া >গ্রা০] ক্রি-বিণ, থাকিয়া থাকিয়া ; মধ্যে মধ্যে। "রোয়ে রোয়ে চিত্ত হয় চমকিত কেঁদে কেঁদে প্রাণ উঠে সঘনে।"-বাং গান।

রোরুদ্যমান [রুদ্ (কাঁদা)=রোরুদ্য (পুনঃপুনঃ রোদন করা)+আন (র্তৃ)] বিণ, যে উচ্চৈঃস্বরে কাঁদিতেছে ; ক্রন্দনশীল।

রোল [সং-রব,-রবণ >রবড় >রওড় >হিং রোব, রোল, রোলা, রৌলা (হল্লা, শব্দ,) >বাং-রোল] বি, শব্দ ; ধ্বনি ; রব। ২ অব্যক্ত শব্দ ; শিঞ্জন। "তা সহ মিশিয়া ভাসিল নূপুরধ্বনি কিঙ্কিণীর রোল ঘোর রোলে।"-মেঘ০। ৩ [সং-রুত] কোলাহল ; হল্লা। উচ্চরোল-বি, ঘোর কোলাহল। উতরোল (দ্রঃ)।

রোলম্ব [সং] বি, ভ্রমর।

রোলা, রুলা [ইং roller mill >] বি, গমভাঙ্গা যাঁতার কল। রোলার আটা-বি, কলে ভাঙ্গা গমের আটা।

রোশন [ফা০] বি, আলোক। ~গীর-বি, প্রাসাদাদিতে বাতি জ্বালিবার ভারপ্রাপ্ত ব্যক্তি ; মশালচি। ~চৌকী [ফা০] বি, তাসা, মন্দিরা ও সানাইযোগে ঐকতান-বাদ্যকারীর দল।

রোশনাই, রোশনি [ফা০] বি, আলোক ; আলোক উৎসব। "ঝাড় লণ্ঠন বাতির আলো কাজ কি রে তোর সে রোশনায়ে"-রা০প্র০। ২ [আলোকের ভাব হতে, যা মনের অন্ধকার দূর করে] যা আলোকের ন্যায় উজ্জ্বল। ৩ লিখিবার কালী ; লালকালী ; লাল রোশনাই। "সমস্ত সেনার পথ আলোকযুক্ত হয়, এমন রোশনাইয়ের সরঞ্জম সঙ্গে কিছুই নাই" -রাজসিংহ (বঙ্কিম০)। বাঁধা রোশনাই-বি, যে পথে উৎসব হইবে ও যে পথ দিয়া মিছিল যাইবে তাতে সারবন্দী আলোক-মালার সজ্জা। "বাঁধা রোশনাই আলো সব কি গেল কেঁদে।"-হেম০। সাদা রোশনাই [অবি০ পরিঃ। প্রাদে০] তেল। ২ কাগজ ও আলোর খরচ।

রোষ [রুষ্ (রাগ করা)+অ (ভা°)] বি, কোপ ; রাগ ; ক্রোধ। "আপনি বিচার কর পরিহর রোষ।"-অ° ম°। "রোষের ছলনা করি দূরে যাই চাই ফিরি চরণ বারণ তরে উঠে উঠে উঠে না।"-বাং গান। বিণ, রুষ্ট। ~কষায়িত-বিণ, ক্রোধরঞ্জিত। প্র-রোষকষায়িত লোচন। ~দগ্ধ-বি, কোপানলে দগ্ধ; ক্রোধসন্তপ্ত। > বি, ~দাহ -কোপানলের জ্বলন।~দীপ্ত, ~প্রদীপ্ত -বিণ, ক্রোধে প্রজ্বলিত। ~পরুষ-বিণ, ক্রোধকঠোর। "রোষপরুষ তীব্রকণ্ঠে চীৎকার করিয়া উঠিলেন।"

রোষণ [রুষ্ (রাগ করা)+অন (র্তৃ)] বিণ, কোপন ; রাগী। ২ বি, পারদ। ৩ কষ্টিপাথর।

রোষা [রোষ (দ্রঃ)+আ (ক্রিয়ায়)। রুষা ও°। রোষি(রুষি),রোষ (রুষ), রোষে (রুষে) ; রো(রু) ষিতে ; রো(রু)ষিয়া (কে° পদ্যে-রো(রু)ষি, প্রা° রুষে)] ক্রি, রোষ প্রকাশ করা ; রাগ করা ; কুপিত হওয়া।

রোষাগ্নি [রোষ (রূপ)+অগ্নি] বি, কোধানল ; কোপানল।

রোষালি [রোষ-আল (যুক্তার্থে)] বিণ, রোষযুক্ত ; কোপান্বিত।

রোষালাপ [রোষ+আলাপ] বি, রাগের কথাবার্ত্তা ; ক্রোধপূর্ণ কথোপকথন।

রোষিত [রোষ+ইত (যুক্তার্থে)] বিণ, রুষ্ট ; কুপিত।

রোষিলি [রোষ+ইল (যুক্তার্থে)+ই (স্ত্রীং, ঈ=ই)। প্রা° বাং] বিণ, রুষিতা ; রুষ্টা। "রোষিলি রাধিকা দিল খর বচন।" -শ্রী° কী°।

রোষী [মূ° রোষিন্] বিণ, কোপন ; ক্রোধকারী ; ক্রোধী। স্ত্রীং রোষিণী-বিণ, রোষপরায়ণা ; ক্রুদ্ধা ; রুষ্টা। "গণতোষিণি ! ঘনঘোষিণি ! হঠদোষিণি ! শঠরোষিণি ! গৃহপোষিণি ! গো।"-অ° ম°।

রোষু [রোষ+উ=রোষউ=রুষুক >। প্রা° বাং] ক্রি, রুষ্ট হউক। "তোক রোষু বনমালী"-শ্রী° কী°।

রোষে১ [রোষা দ্রঃ] ক্রি, রাগ করে রুষ্ট হয়।

রোষে২-অ, ক্রোধে ; ক্রোধপূর্ব্বক ; কুপিত হইয়া। "রোষে অগ্রসরি শূর গরজি কহিলা"-মেঘ°।

রোষ্ট, রোস্ট্ [ইং roast এর লিপ্যন্তর] বি, ঝলসান মাংস।

রোসি [রহা দ্রঃ। হি° রহ > রস (হ=স) >। গ্রা°] ক্রি, থাক ; অপেক্ষা কর ; দাঁড়াও। ২ ধৈর্য্য ধর। রসিয়া, রসে-অস-ক্রি, থেকে ; অপেক্ষা ক'রে। রসে-রসে-ক্রি-বিণ, থেকে থেকে ; দফায় দফায়।

রোহ [রুহ্ (উৎপন্ন হওয়া)+অ (র্তৃ)] বি, অঙ্কুর। ২ আরোহণ। ~ক [রুহ্ (উঠা)+অক (র্তৃ)] বিণ, রোহণকারী ; যে আরোহণ করে। ~ণ [রুহ্ (উৎপন্ন হওয়া)+অন (ভা°)] বি, আরোহণ। ২ উৎপত্তি। ~ন্ত [সং] বি, গাছ। স্ত্রীং ~ন্তী-লতা।

রোহি [সং] বি, বীজ। ২ গাছ।

রোহিণ, রৌহিণ [সং। রোহিত ৭ দ্রঃ] বি, রোহিতকবৃক্ষ। ২ দিবসের নবম মুহূর্ত্ত।

রোহিণি-বি, ৪র্থ নক্ষত্র। রোহিণী দ্রঃ।

রোহিণী [রুহ্ (উৎপন্ন হওয়া)+ইন্ (র্তৃ)+ঈ (স্ত্রীং)] বি, পঞ্চতারকাময় নক্ষত্র-পুঞ্জবিঃ। ২ দক্ষ প্রজাপতি কন্যা ও চন্দ্র পত্নী। ৩ বলরাম জননী। ৪ বিদ্যাধরীবিঃ। ৫ [হিন্দু শা°] পূর্ণ ৯ বৎসর হতে ৯ বৎসর ১১ মাস ২৯ দিন পর্য্যন্ত বয়স্কা কন্যা। ৬ বিদ্যুৎ। ৭ গাভী ; লাল রঙের গাই ; রাঙ্গী। "এ ষষ্টি সহস্র ধেনু সবাই রোহিণী এয়া"-জাতক, ৫ম খণ্ড। ৮ মঞ্জিষ্ঠা। ৯ বিণ, লোহিতা, রক্তবর্ণা। ১০ আরোহণকারিণী ; যিনি আরোহণ করেন "শিবগেহিনি ! শিবদেহিনি ! শিবরোহিণি। -অ° ম°। ১১ রোগবিশেষ। ~কুণ্ড-শ্রীক্ষেত্রস্থ কুণ্ডবিঃ। "রোহিণী কুণ্ডের কথা, কি কব দেখিনু তথা কাক মরি হৈল নারায়ণ।" -অ° ম°। ~পতি, ~বল্লভ-বি, চন্দ্র। ২ বসুদেব।

রোহিৎ [রুহ্ (গমন করা)+ইৎ (ভা°) রোহ, রুই, রউ (শ্রীহট্ট° প্রাদে°)] বি, সূর্য্য। ২ রুইমাছ। ৩ লোহিত।

রোহিত, রৌহিত [সং] বি, বিণ, লোহিতবর্ণ [স্ত্রীং রোহিতা-বিণ, রক্তবর্ণা ; লাল]। ২ রক্ত ; শোণিত। ৩ পদ্মরাগ মণি। ৪ কুঙ্কুম। ৫ রুইমাছ। "গঙ্গাতীরে বসি তুমি খাও অবিরত পাবুষ, পাঠীন, মুক্তা, বালুক, রোহিত। আরও নানাবিধ মৎস্য।"-জাতক, ৪র্থ খণ্ড। "রোহিত মহামীন"-শি°। ৬ হরিণবিঃ। "মহিষ ছাগ মেষ রোহিত রাজহংস শতেক দিল বলিদান।" -কবিক°। ৭ [সং-রোহিণ] রোহাগাছ ; রয়না গাছ Indian redwood.

রোহিতাশ্ব [রোহিত (রক্তবর্ণ হইয়াছে)+অশ্ব যার, বহু°] বি, অগ্নি। ২ রাজা হরিশ্চন্দ্রের পুত্র।

রোহী [রুহ্ (উৎপন্ন হওয়া)+ইন্ (র্তৃ) >] বিণ, আরোহণকারী ; আরোহী।

রোহেলা, রোহিলা-বি, রোহিল-খণ্ডবাসী। "উজবক কজলবাসে ঘেরিয়াছে চারিপাশে রোহেলা জল্লাদ আদি যত।" -অ° ম°।

রৌক্ম (-ক্‌ম্) [রুক্ম (স্বর্ণ)+অ (বিকারার্থে)] বিণ, স্বর্ণগঠিত ; সুবর্ণময়।

[রৌ]ক্ষ্য [রুক্ষ+য(ভা°)] বি, রুক্ষভাব।

[রৌদ্র] [রুদ্র (শিব)+অ (সম্বন্ধার্থে)। প্রা° বাং-রোদ। আধু° প্রা° রোদ্দুর ; কে° রোদ] বি, আতপ। ২ যম। ৩ হেমন্ত ঋতু। ৪ ক্রোধ। ৫ শৃঙ্গারাদি নব রসের মধ্যে এক রস-ইহাতে ক্রোধ স্থায়ী ভাব, আলম্বন বিভাব এবং শত্রু, শত্রুর চেষ্টা ও প্রহারাদি উদ্দীপন বিভাব। "আবার সে ভঙ্গী গত যেন রৌদ্র রসে রত উগ্রভঙ্গী অপাঙ্গ যুগলে"। ৬ বিণ, রুদ্র সম্বন্ধীয়। ৭ উগ্র ; তীব্র ; ভয়ানক ; প্রচণ্ড। স্ত্রীং ~া-দুর্গা ; চণ্ডী। ২ রুদ্রজটা। রৌদ্রী-প্রচণ্ড ; ভীষণা। ~তাপ-বি, সূর্য্যের উত্তাপ। ~তাপ-দগ্ধ, ~দগ্ধ-বিণ, সূর্য্যের কিরণে ঝলসিত। ~পক্ক-বিণ, সূর্য্যের কিরণে সিদ্ধ বা পাক করা ; সূর্য্যপক্ক। ~ময়-বিণ, রৌদ্রপূর্ণ।~রস-বি, কাব্য-রসের অন্যতম। রস দ্রঃ। ~স্নান-বি, সর্ব্বাঙ্গে রৌদ্রতাপ দেওয়া রূপ চিকিৎসা sunbath.

রৌদ্রোজ্জ্বল [রৌদ্র+উজ্জ্বল] বিণ, প্রচণ্ডভাবে দীপ্তিমান্ ; সূর্য্যকিরণে সমুজ্জ্বল।

রৌপ্য [রূপ্য + অ (স্বার্থে)] বি, রজত। ২ খনিজ লবণবিঃ। ~**চক্র**-বি, রজত বলয়; রূপার চাকা বা চাকতি। ২ [লক্ষ°] টাকা। ~**ময়**-বিণ, রূপার। ~**মুদ্রা**-বি, টাকা, আধুলি ই°। ~**মূল্যে**-অ, রূপার দরে; রৌপ্য পরিমাণ দামে।

রৌপ্যালঙ্কার [রৌপ্য + অলঙ্কার] বি, রূপার গহনা।

রৌরব [সং] বি, নরকবিঃ; যে নরকে গো, স্ত্রী, ভিক্ষুক, ভ্রূণ ও ব্রাহ্মণ হত্যাকারী এবং অগম্যাগামী, তীর্থপ্রতিগ্রাহীরা গমন করে। ২ নরকযন্ত্রণা; অসহনীয় যাতনা। "শ্বশুর তোমার দক্ষ সম্বন্ধ গৌরব। ইহারে উচিত নহে এতেক রৌরব॥"-অ° ম°। ৩ বিণ, ভয়ঙ্কর। ৪ বিণ, রুরু সম্বন্ধীয়।

রৌশন [ফা° রওশন] বি, আলো; রোশনাই। "আন্ধারে কি কর রোজ রৌশনে আন্ধার। হুপ হাপ দুপ দাপ হুঙ্কার হাঁকার॥"-অ° ম°।

রৌহিণ [সং] বি, রোহিণ দ্রঃ। ২ রক্তচন্দনতরু।

রৌহিণেয় [রোহিণী + এয় (অপত্যার্থে)] বি, রোহিণীনন্দন; বলরাম ২ বুধগ্রহ। ৩ স্ত্রী-গোবৎস। ৪ মকরত মণি।

রৌহিষ [সং] বি, রোহিত; রুই মাছ। ২ মৃগবিঃ। ৩ তৃণ। ~**ী**-বি, দূর্ব্বা। ২ মৃগবিঃ।

র‍্যাপার [ইং wrapper এর লিপ্যন্তর] বি, গাত্রবস্ত্র; পশুলোমজাত শীতবস্ত্র।

র‍্যালা-বি, রেলা (দ্রঃ) র সকল অর্থে। ২ [প্রাদে°] চারিদিকে রাশীকৃত ছড়ান; ছড়াছড়ি।

ল

ল$_1$-ব্যঞ্জন বর্ণমালার অষ্টাবিংশ এবং অন্তঃস্থ তৃতীয় বর্ণ। সাধাঃ, উপরের দন্তপঙ্ক্তির পশ্চাতে জিহ্বাগ্র স্পর্শ করিয়া ইহা উচ্চারণ করিতে হয়। এই হেতু ইহা দন্ত্যবর্ণ। কিন্তু প্রকৃতপক্ষে দন্ত, ওষ্ঠ, তালু যে কোন স্থানে জিহ্বা স্পর্শ দ্বারা ইহাকে উচ্চারণ করা যায়। এইজন্য শিশুরা "ল" উচ্চারণ সহজেই করিতে পারে এবং দুরুহোচ্চার্য্য বর্ণের পরিবর্ত্তে ল বলিয়া ফেলে। [সং-তে পঞ্চাশৎ মাতৃকার মধ্যে য-র-ল-ব ও হ-ল-ক্ষ পর্য্যায়ের অন্তর্গত দ্বিবিধ লকার আছে। তন্মধ্যে শেষোক্তটির নিম্নে বিন্দু যুক্ত থাকে। অনুকরণে বাং-র সাধাঃ ল লিখিতে 'ন' এর নিম্নে বিন্দু যুক্ত করিয়া ন় এইরূপ লেখা হইত, এবং এখনও প্রাচীনদের মধ্যে কেহ কেহ এইরূপ ল-ই লেখেন। বিন্দুযুক্ত লকারের উচ্চারণ ল ও ড় এর মাঝামাঝি। এই ন় হইতেই সহজে ল স্থলে ড় ও ড় স্থলে ল হয়। বেদের "অগ্নিমীলে" এই শব্দ বাং-র অক্ষরান্তরিত করিতে হইলে বিন্দুযুক্ত ল লিখিতে হয়। বেদে ঐ অক্ষরের আকৃতি তালব্য শকারের (শ) প্রথমাংশবৎ] সং-প্রাকৃতে ড, দ, ভ ও র স্থানে ল হয়। বাং-প্রাকৃতে ল স্থানে প্রায় ন এবং ন স্থানে ল হয়। যথা-নায়ক স্থলে লাএক("তরুণাএকে ধর্ম্ম করিব কল্যাণ"-শূ° পু°), নৌকার্থক না স্থলে লা ("লাএ দিল ভর"-শূ° পু°)। আধু° বাং-রও নবীন, নদেরচাঁদ স্থলে লবীন, লদেরচাঁদ; লঙ্কা, লতা স্থলে নঙ্কা, নতা ("বৈকুণ্ঠেতে বসে আছেন নক্ষ্মী নারায়ণ"-গান)। দ্রঃ- গ্রা° অশিক্ষিত পুরুষের মুখে ন স্থলে ল এবং নারীর মুখে ল স্থানে ন শুনা যায়।

ল$_2$ [সং-"লঃ শক্রে লা তু দানে স্যাদ্ গ্রহণেঽপি নিগদ্যতে"-মে°] বি, শক্র; ইন্দ্র। ২ দান। ৩ গ্রহণ। ৪ [তন্ত্রে] তন্ত্রোক্ত-মন্ত্রবিঃ; পৃথ্বীবীজ। ৫ [আধু° বাং-র। ১ম পু° রূপ-ল (মান্যার্থে-লেন, পদ্যে-লা); ম° পু° লে (মান্যার্থে-লেন, তুচ্ছার্থে-লি); উ° পু° লাম, লুম, লেম, লোম (প্রা° বাং- লাঙ, লাঞ, লাঞ্, লুঁ, লোঁ)। আসিলাম,-লেম ই° > আইলাম, > আয়লাম, আএলাম > আলাম, ইলাম, এলাম, ইলাঙ, ইলাঞ,-ঞ্; আইলুঁ, আইলোঁ। "স্বপনে পাইলুঁ বিধি"-শ্রী° কী°। "তপস্যা করিলুঁ হর হেতু" -ঐ। "তার বোল পালিলোঁ বহিলোঁ দধিভার"-ঐ] বর্ত্তমান বা অদ্যতন অতীত কালের ক্রি-বিভক্তি। যথা,-হইল, করিল। ৬ [ব্রজ° ও প্রা° বাং-র অতীতকালের ক্রি-বিভক্তি। যথা,-সাজল, পেখল। ৭ যোগ্যার্থক ক্রি-বিভক্তি। প্র-কহল; কহিল (দ্রঃ)। "লখিল নহে রূপ লখিল নয়"-পদ-কল্পতরু। ৮ [হিং বালা > বাল > আল প্রত্যয়ের ক্ষে°] অস্ত্যর্থক বা যুক্ত্যর্থক প্রত্যয়। যথা,- মাতল (মত্ত), হাথল, চোখল, মুগল ই°। ৯ [আল$_{6,7,8}$ (দ্রঃ) > ক্ষে°] অব্যয়। "বল না কর মোরে কাহাই ল।" "ছার তিরী বামা জাতি রাখে ল"-শ্রী° কী°। "তে কারণে পদুমা উদরে উপজিলা সাগরের ঘরে॥ ল॥ আল রাধা"-শ্রী° কী°। ১০ [আল > ল] সম্বোধন বাচক অব্যয়; যাতঃ। "আল রাধা"-শ্রী° কী°। ১১ প্রত্যয়ার্থক 'ক্ত' বা 'ত'। তুল-ইং en (suffix forming verbs from adjectives). প্রা° বাং-র- "ভাঁগিল (=ভগ্ন) সোণার ঘট যুড়িবাক পারী" -শ্রী° কী°। "মাতল (=মত্ত) মধুকর"-চণ্ডি°। ১২ তরলতা, কোমলতা, চঞ্চলতা, লৌল্য ও ক্ষীণতাবোধক। যথা,-ঢলঢল, টলটল, লটপট্, লচ্‌পচ্, লক্‌লক্, লগ্‌বগ্ ই°। ~**কার**-বি, ল এই বর্ণ। ~**ফলা**-অন্ত্য বর্ণের নিম্নে ল যোগ। যথা,-অম্ল। ~**ল করা**-ক্রি, বায়ুভরে ঈষৎ হিল্লোলিত হওয়া; ঢলঢল করা। "শুশুনি কলমি ল ল করে"-ব্রতমালা। "ধানের ক্ষেত ল ল করিতেছে"-সনাতনী।

ল$_3$ [ইং law এর লিপ্যন্তর] বি, আইন। প্র-তিনি ল পাশ করেছেন।

লআ, লওয়া, লেআ,-য়া [লহা, নেওয়া দ্রঃ। সং-লা > বাং-লা (ল$_2$ দ্রঃ। "লা তু দানেস্যাদ্ গ্রহণেঽপি নিগদ্যতে"- মে°), অথবা লভ্ (প্রাপ্তিতে, লাভে) >

হিং লেনা। উ॰পূ॰ লই, লেই, লি; ম॰ পূ॰ লও, লাও, লেও (লেন, লেন, লয়েন; লইস, ল'স, লিস); প্র॰পূ॰লয়, লের (লেন, লয়েন); অস-ক্রি-লইতে; লইয়া, (কে॰ লই, লয়ে, নিয়া, নিয়ে, বৈ॰সা॰-তে লইঞা)। ণিজন্ত-লওআন, লওয়ান। সং-লা ধাতুজ লওয়া এবং সং-নী ধাতুজ নেওয়া ধাতুদ্বয়ের মধ্যে পার্থক্য বাং-উচ্চ সাহিত্য ব্যতীত লক্ষিত হয় না] ক্রি, গ্রহণ করা। "লও লও হে অনাথের উপহার।"-রব॰। "এমন গোকুলে মাতা পূজা লের যদি"-শীতলামঙ্গল (নিত্যানন্দ)। ২ বলপূর্ব্বক গ্রহণ করা; হরণ করা; কাড়া। "দেখরে কে লয়ে গেল প্রতিমা সোণার"-দ্বি॰ ঠা॰। "উহারে লইয়া যাই পলাইয়া সাগর পারে।"-ভারত॰। ৩ বহন করা। "যা আমি পাপের আসামী এই লোকসাথি মহাল লয়ে বেড়াই আমি"-রা॰প্র॰। ৪ অনুসরণ করা। প্র-সদৃষ্টান্ত লওয়া; সোজা পথ লওয়া। ৫ সম্বল করা; ভরসা, প্রবোধ, সহায়, তৃপ্তি সান্ত্বনা স্বরূপ আশ্রয় করা। "হারায়ে তোমায় কি লয়ে রহিব হে নাথ"-কা॰প্র॰ ঘোষ। ৬ সঙ্গে গ্রহণ করা; সঙ্গে রাখা। "শ্যাম ফিরিছে অন্তেরে লয়ে"-হরঠাকুর। ৭ মুখে বা জিহ্বায় গ্রহণ করা; উচ্চারণ করা; জপা। "নাম ল'য়ে শ্যামা মার"-রা॰প্র॰। "হরিনাম লইতে অলস করোনা রসনা।"-গান। ৮ মূল্য দিয়া গ্রহণ করা; ক্রয় করা। প্র-বাজার থেকে জিনিষ-পত্র লওয়া। মাছের জন্ত আর বাজারে যাইতে হয় নাই, ঘরেই লওয়া হইয়াছে। ৯ আদায় করা। উসুল করা। প্র-খাজনা লওয়া; জরিমানার টাকা লওয়া। ১০ রন্ধনের জন্ত গ্রহণ করা; রন্ধন করা। প্র-আজ মাত্র পাঁচজনের চাল লইও। ১১ ঋণ গ্রহণ করা; ধার করা। প্র-নূতন মহাজনের কাছে টাকা লইয়া তবে সে তাহার পূর্ব্ব ঋণ শোধ করিয়াছে। ১২ ভোজনার্থ বা পানার্থ গ্রহণ করা। প্র-নিমন্ত্রণ খাইতে বসিয়া ছেলেরা ক্রমাগত দৈ আর সন্দেশ লইতেছে। তুল-taking meals. ১৩ স্বীকার করা; অঙ্গীকার করা; শুনা। প্র-মত লওয়া। "রামপ্রসাদের কথা লও মা" -গান। ১৪ ধারণ করা। "হাতে লয়ে দীপ অগণন" -রব॰। বোঝা মাথায় লওয়া। "ওঢ়নি লেহ অঙ্গে"-গীতগোবিন্দ (গিরিধর)। ১৫ ক্রিয়া সমাপ্তি অর্থে। প্র-গণিয়া লওয়া; দেখিয়া লওয়া; ভাবিয়া লওয়া। "ডেকে লও দয়া করে আমারে ভিতরে"-রব॰। ১৬ গ্রাহ্য হওয়া। প্র-ও কথা আমার মনে লয় না। ১৭ ব্যবহার করা। প্র-গোলাপ লওয়া; স্নানের সময় গামছা লওয়া ভাল। মনে লওয়া-পসন্দ হওয়া; গ্রাহ্য হওয়া। মাথায় লওয়া-মস্তকে ধারণ করা। মাথায় করিয়া লওয়া-শিরোধার্য্য করা; মান্ত করা। হাতে লওয়া-কার্য্যের ভার গ্রহণ করা। ২ কার্য্য আরম্ভ করা। প্রা॰ বাং লঁআ-লওয়া। লঁই, লইআঁ=লইয়া। লইউ=লই। লইভে=লইবে। লইলোঁ=লইলাম, লউ=লউক। লএ=গ্রহণ করে। লও=লই। লঞা, লঞিআঁ=লইয়া।-শ্রী॰কী॰। ব্রজ॰ লবঁ -লইবে। "হারে হরি লব মন"-বি-প। লেই-লইয়া। "মুকুর লেই অব করত সিঙ্গার"-বি॰প॰। ২ লও। "ত্রিভুবন ভরি যশো লেই"-বি॰প॰। ৩ লয়। "আবেশে হিয়ার মাঝারে লেই"-বি॰প॰। লেও-লইও। লেওত-লয়। ২ লইও। "বলে নাহি লেওত জীবন হামার।"-বি॰প॰। লেয়ব-লইবে। "কোলে লেয়ব সখি তুই ক পিয়া"-বি॰প॰। লেয়ল-লইল। "সব রস লেয়ল রসিক মুরারি"-বি॰প॰। লেল-লইল (বি॰ প॰)। [দ্র:-লওয়া=লেওয়া স্থানে নেওয়া (কথ্য বাং-য়)। প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰ লেমি=লই। লাহু, লেহু, লেহুঁ, লোউ=লেও। লেলী=লইলি।

লওআনি-লওয়া দ্রঃ।

লইয়া [প্রা॰ ল'য়ে। লওয়া দ্রঃ] অ, দ্বারা। "প্রীতি কুসুম লয়ে, পূজিব নিত্য মহেশে"-রব॰। ২ গ্রহণ করিয়া। এই অর্থে গ্রা॰ নিয়ে। "সার্টিফিকেট নিয়ে...এলেন"-আ॰ শক্তি।

লএ [লেগে-চ॰ক॰ভা॰] সঙ্গে।

লওন [লয়ন >] বি, গ্রহণ; ধারণ। ২ স্বীকার করণ।

লওয়া-লওআ দ্রঃ।

লওয়াজিম,-মা [আ॰ লব্যাজিম্, ফা॰ লব্যাজিমা] বি, প্রয়োজনীয় জিনিষপত্র। ২ জমীদারী সংক্রান্ত কাগজপত্র।

লওয়ানি [লওয়া বা লওআ (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ। লওয়াই, লওয়াও (লওয়াস, লওয়াস), লওয়ায় (লওয়ান); লওয়াইতে; লওয়াইয়া (কে॰ লইয়ে)] ক্রি, গ্রহণ করান। ২ ধারণ করান। ৩ স্বীকার করান। ৪ পরামর্শ বা উৎসাহ দিয়া প্রবৃত্ত করান।

লংক্লথ [ইং longcloth এর লিপ্যন্তর] বি, সূতী বস্ত্রবিঃ; ধোয়া মাকিন বস্ত্র।

লক্-লক দ্রঃ।

লক [হিং লক্। ফা॰ লখ্] বি, মাঞ্জা দেওয়া রেশমের সূতা। "শ্যামাপদ-আকা-শেতে মন-ঘুড়ি আমার উড়িতেছিল। * * ঘুড়ির লক ছিল তার সত্ত্বগুণে ছলনাতে আনলে টেনে।"-নীলাম্বর মুখো॰।

লকচ-বি, লকুচ।

লকপক [লগবগদ্রঃ। লক্ (আস্বাদনে) বগ্ (ব্যগ্র অর্থে)= বক্=পক্ স্বাদ গ্রহণে ব্যগ্র] বিণ, লালসাযুক্ত; লুব্ধ। "রূপে গুণে অনুপম ধর্ম্মের সেবক। দেখিয়া বুড়ীর প্রাণ করে লকপক।"-ব॰। বিণ, লক-পকিয়া,-পকে।

লকব [আ॰ লকব্] বি, উপাধি; উপনাম designation; nick-name.

লক(ক্)বক(ক্)-লগবগ দ্রঃ।

লকলক, লক্লক্ [লক্ (স্বাদে)+লক্ (ঈপ্সাধিক্যে দ্বিত্ব)] অ, স্বাদ গ্রহণে লোলুপ; সকসক। পূর্ণ ৺ করা-বি, লেহনার্থ বা স্বাদগ্রহণার্থ জিহ্বা লোল বা লুণ্ঠিত হওয়া; জিব চোকান। ২ [লখ্ (গতি) >। বীপ্সার্থে দ্বিত্ব] পাতলা লম্বা দ্রব্যের সর্প-গতিতে সঞ্চলন; কম্পন। প্র-খাপ থেকে খুলতেই তরোয়ালখানা লকলক করে উঠেছে। "লক্লক ফণি জটা বিরাজ তক্ তক্ তক্ রজনীরাজ"-অ॰ ম॰। প্র-করাতের ঐ লকলকে পাত দিয়া বড় বড় কাটের গুঁড়ি চিরিয়া তক্তা বাহির হয়। [লক লক শব্দ সূক্ষ্মতর হইয়া বা অধিক পাতলা অর্থে লিকলিক শব্দে পরিণত হয়]। > বিণ, লকলকিয়া, লকলকে-লকলককারী; লোভ। প্র-লক্লকে জিহ্বা।

লঁকা-লঙ্কা দ্রঃ।

লঁকাটিয়া,লঁকাটে [ইং locket >] বিণ, কৌটাবৎ। "বাবুরাম অধোমুখে শীঘ্র একখানা লকাটে রকম কেরাঞ্চিতে ঠকচাচা প্রভৃতিকে লইয়া উঠিলেন"-টেকচাঁদ।

লঁকার$_1$-ল$_2$ দ্রঃ।

লঁকার$_2$,**লঁস্কার** [সং-অলঙ্কার(নৌকার শোভা) > লঙ্কার > লকার (বিধুশেখর শাস্ত্রী)] বি, নৌকার পাল।

লঁকুচ, লিকুচ [সং] বি, মাদার ফল।

লঁকেট [ইং locket এর লিপ্যন্তর। গ্রা০ নকেট] বি, স্বর্ণাদিনির্ম্মিত ছোট কৌটা; ধুক্‌ধুকি; দোলায়মান পদক। ২ [হিং লুকাট্‌] গোলাবজাম সদৃশ ফলবিঃ।

লঁক্কা, লঁকা [আ০] বি, ঘন ও বিস্তৃত-পুচ্ছ পায়রাবতবিঃ; লক্কা পায়রা। ২ [লক্ষ০] লক্কা পায়রার মত পোষাকে স্ফীত ; ফুলবাবু; গর্ব্বিত যুবক।

লঁক্ক [ফা০] বি, পয়স্তিজমি alluvial accretion.

লঁক্তক [সং] বি, জীর্ণ-বস্ত্রখণ্ড ; নেকড়া। ২ অলক্তক ; আল্‌তা।

লঁক্ষ$_1$ [লক্ষ্‌ (দর্শন করা, চিহ্ন করা) + অ (র্ম্ম)]। প্রা০বৌ০বাং-লখ,লাখ (চ০পদ,৩৪।২)] বি, দৃষ্টি। ২ লক্ষ্য স্থল ; দর্শনীয় বিষয় বা স্থান। ৩ শরব্য। ৪ চাতুরী। ৫ শত সহস্র সংখ্যা; ১,০০,০০০। ৬ বহু; অসংখ্য। "সোণার মধু লক্ষধারে লাগে ঝুরিতে"-রবী০। ~ক-বি, লক্ষেক ; (কলঙ্ক। "এ হাত আজ্ঞার লক্ষক দানে"-শ্রী০ কী০। ~কের -বি, লক্ষটাকার। "লক্ষকের বৃন্দাবন মোর ফুলবাড়ী।"-শ্রী০ কী০। ~পতি-বি, লাখ-পতি; ধনী। ~পুর-বি, অসংখ্য পুট। ২ ঘন; নিবিড়। "কন্যারে বেড়িল সবে করি লক্ষপুর"-মহা০ (কাশী০)।

লঁক্ষ$_2$ [প্রা০ বাং। লাক্ষা (দ্রঃ) > দ্রং] বি, লাক্ষা; লাক; গালা। "হৃদয়ে পরিল সবে লক্ষের কাঁচুলি।" "লক্ষের জাত দিয়া কুণ্ডল বান্ধিল।"-ভাগবত (শঙ্কর দাস)।

লঁক্ষক [লক্ষ্‌ + ণিচ্‌=জ্ঞপ্তি + অক (ণ্বু)] বিণ, লক্ষণা দ্বারা অর্থ প্রকাশক।

লঁক্ষণ [লক্ষ্‌ (দর্শন করা, চিহ্ন করা) + অন] বি, চিহ্ন। ২ ভাব। "তমোগুণে প্রলয় কৈবল্য পরিণাম। বুঝহ লক্ষণে আর মোক্ষ কার নাম।"-অ০ম০। ৩ পরিচয়। ৪ ব্যাকরণের সূত্র। ৫ পরিচ্ছেদ করণ। ৬ [-+অন(র্ত্তৃ)] বি, শ্রীরামের ভ্রাতা। ৭ মঙ্গলাচরণ। বিণ, লক্ষণীয়। ~যুক্ত-বিণ, চিহ্নিত। ২ ভাববিশিষ্ট। ৩ সুলক্ষণ।

লঁক্ষণা [লক্ষণ (দ্রঃ) + আ (স্ত্রীং)] বি, শব্দশক্তিবিঃ; শব্দের মুখ্যার্থ প্রতীতি হইলে পর যে বৃত্তিদ্বারা মুখ্যার্থবিশিষ্ট অপর একটি অর্থ বোধ হয়, প্রসিদ্ধি ও আবশ্যক হেতু তারই নাম লক্ষণা, অর্থাৎ কল্পনাদ্বারা কোনও শব্দের উপর যে বিশেষ অর্থ আরোপ করা যায়। "মুখ্যার্থ ছাড়িয়া কর গৌণার্থ কল্পনা ; অভিধাবৃত্তি ছাড়ি শব্দে কর লক্ষণা" -চৈ০চ০। ২ শব্দের প্রকৃতার্থের বোধ হইলে তদ্দ্বারা তাৎপর্য্য বোধ না হইলে প্রয়োজন বশত যদ্দ্বারা অন্য অর্থের প্রতীতি জন্মে; ব্যঞ্জনা (যথা-"তিনি গঙ্গায় বাস করেন" - এখানে গঙ্গাতীর অর্থে গঙ্গা শব্দের প্রয়োগ)। "বিচার করিয়া দেখ লক্ষণ লক্ষণা। জাতি গুণ দ্রব্য কিবা বুঝায় ব্যঞ্জনা"-অ০ ম০। ৩ সারসী; হংসী [প্রং অং]। ~ক্রান্ত [লক্ষণ+আক্রান্ত] বিণ, লক্ষণযুক্ত।২ শুভচিহ্নবিশিষ্ট; সুলক্ষণ। > স্ত্রীং ~া। ~ধ্যক্ষ [লক্ষণ (রাজার মুখচিহ্ন অঙ্কিত বলিয়া-টঙ্ক)+অধ্যক্ষ] বি, টাঁক-শালাধ্যক্ষ mint-master.~মূলাব্যঞ্জনা -যে প্রয়োজনবশতঃ লক্ষণা স্বীকার করা যায়, যদ্দ্বারা সেই প্রয়োজন সিদ্ধ হয়।

লঁক্ষণীয় [লক্ষ্‌ + অনীয় (র্ম্ম)] বিণ, লক্ষ করিবার যোগ্য ; দর্শনীয়।

লঁক্ষিএ [প্রা০ বাং, লক্ষ দ্রঃ] ক্রি,লক্ষ্য করিতেছি; দেখিতেছি। "বরূপে লক্ষিএ বড়ারি কান্দের মরণ"-শ্রী০ কী০।

লঁক্ষিত [লক্ষ্‌ +ত (র্ম্ম)] বিণ,কৃত-লক্ষ্য। ২ দৃষ্ট। ৩ উদ্দিষ্ট। ৪ অনুমিত। ৫ অনুভূত। ৬ লক্ষণাবৃত্তি দ্বারা বিশেষিত। ৭ বি, শরব্য চিহ্ন। স্ত্রীং ~া-পরকীয়া নায়িকা ভেদ। "পরপতি রতি চিহ্ন ঢাকিতে যে পারে। লক্ষিতা করিয়া কবিগণ বলে তারে।" -রসমঞ্জরী। ~-লক্ষ্যপা-বি, লক্ষণাবিঃ। যথা-"দ্বিরেফ" এখানে দুইটী রেফ আছে যাতে এই বহুব্রীহি সমাস ও লক্ষণাশক্তিহেতু রেফদ্বয়যুক্ত ভ্রমর শব্দের অভিধাশক্তি-দ্বারা ভৃঙ্গ পদার্থের জ্ঞান হইল।

লঁক্ষে/শ [লক্ষ+ঈশ] বি, লক্ষপতি। ~শ্বরী [লক্ষ(বহু ধন,ঐশ্বর্য্য,তার)+ঈশ্বরী] বি, লক্ষপতির গৃহিণী ; মহা ধনবতী ; অতুল ঐশ্বর্য্যশালিনী নারী। "অদ্য লক্ষেশ্বরী হয়্যা সুখে কর ঘর।"-সত্যনারায়ণ (রামেশ্বর)।

লঁক্ষৈক [লক্ষ+এক] বি, একলক্ষ।

লঁক্ষ্ম [লক্ষ্‌ (চিহ্নে) + মন্‌ (র্ম্ম)=লক্ষ্মন্‌ ১মা, ১ব০] বি, লক্ষণ ; চিহ্ন।

লঁক্ষ্মণ [লক্ষ্মন্‌+অ (স্ত্য০)] বি, দশরথ রাজার মহিষী সুমিত্রাদেবীর গর্ভজ পুত্র (রামচন্দ্রের বনবাসের সঙ্গী)। ২ (লঁ০) চিহ্ন। ৩ ভাব-গতিক। ৪ স্বরূপ। ৫ নাম। ৬ সৌভাগ্য ; শ্রী। স্ত্রীং ~া-দুর্য্যোধনের কন্যা, কৃষ্ণের পুত্র শাম্বের পত্নী। ২ বিণ,লক্ষণযুক্ত।

লঁক্ষ্মী [সং। পা০ লখ্‌খী > বাং গ্রা০ লঁক্‌খি। মৈ০, অস০ লখিমী, হিং লছমী, ব্রজ০ লছিমি। আধু০ বাং কথ্য-লোক্‌খি > মেয়েলি০-নোক্‌খি, লোকি, নকি, নঁকো, তুল-লক্ষ্মণ=লখমনিয়া, লকখন, লখাই, নকা। লক্ষ্মীন্দ্র=লখিন্দর, নকিন্দর] বি, কমলা ; শ্রী ; রমা ; ধন ঐশ্বর্য্য সম্পদের অধিষ্ঠাত্রী দেবী। ২ রাজশ্রী। ৩ সৌভাগ্য। ৪ ঐশ্বর্য্য ; সম্পদ। ৫ শোভা ; সৌন্দর্য্য। ৬ ঋদ্ধি নামক ঔষধের গাছ। ৭ স্থল পদ্মিনী। ৮ অন্ন। ৯ ধান্যভেদ। প্রা০ বাং-র লক্ষী। "বুঝি আজান লক্ষী বুলেন বাসমতী"-শূ০ পু০। ১০ বিণ, শান্ত ; শিষ্ট [বাং-র পুং ও স্ত্রী উভয় লিঙ্গেই ব্যবহৃত হয়] । প্র-লক্ষ্মীছেলে; লক্ষ্মীমেয়ে। ~কান্ত-বি, নারায়ণ। ~ছাড়া-শ্রীভ্রষ্ট ; দুর্ভাগ্য। "সবে বলে ব্যাস তুমি বড় লক্ষ্মীছাড়া। অন্ন উড়ি যায় তুমি যাহ যেই পাড়া।"-অ০ ম০। ২ দারিদ্র্য। ৩ আকখুটে।~-জঁনার্দ্দন-বি, বিশেষ লক্ষণাক্রান্ত শালগ্রাম ; ইঁহার এক এক দ্বারে চারিটি করিয়া চক্র থাকে, এবং নূতন মেঘের তুল্য কৃষ্ণবর্ণ। ~টি-অ,

সম্বোধন বাচক অব্যয় ; স্নেহপাত্র বা প্রিয়-পদস্থকে বিশেষ আদর করিয়া অনুরোধ বা সাধ্য সাধনার স্থলে উক্ত হয়। ~নারায়ণ-বি, বিষ্ণু ও লক্ষ্মীর যুগলমূর্ত্তি। ২ [লক্ষ°] তদ্বৎ দম্পতি। "সবাই ওদের বলত লক্ষ্মী-নারায়ণ" -উত্তরা, পৌষ, ১৩৩৩। ~তোলা-ক্রি, পূজার জন্য পাতা (দ্রঃ) লক্ষ্মী পূজান্তে লক্ষ্মীর হাঁড়ীতে উঠাইয়া রাখা। ~পতি-বি, নারায়ণ। ~পাতা-ক্রি, লক্ষ্মীপূজার জন্য ধান, কড়ি, সিন্দূর কৌটা, গাছ কৌটা, স্বর্ণ বা রৌপ্য মুদ্রা, শঙ্খ ই° আলিপনা শোভিত কাষ্ঠাসনে সাজাইয়া রাখা। ~পূজা-বি, গৃহস্থের মঙ্গলার্থ ধন সম্পদের অধিষ্ঠাত্রী দেবীর পূজা। ~ফল-বি, বিল্ব-বৃক্ষ। ~বন্ত [বাং-য় লক্ষ্মীমন্ত সকল বচনেই চলে] বিণ, সম্পৎশালী ; শ্রীমন্ত ; সৌভাগ্যবান্। ~বান্ [লক্ষ্মী+বৎ (স্ত্য°)=লক্ষ্মীবৎ ১মা, ১ব°। ~বার [গ্রা° লক্‌খিবার। সিংহ, ধনু, মীন রাশিস্থ সূর্য্যে অর্থাৎ ভাদ্র, পৌষ ও চৈত্রে শুক্লপক্ষে শুভ তিথি নক্ষত্রাদিতে বৃহস্পতিবারে লক্ষ্মীপূজা করিলে সর্ব্বাভিষ্ট ফল লাভ হয় (স্কন্দ পুরাণ)। ঐ সকল মাসে লক্ষ্মীপূজার প্রচলন হেতু বৃহস্পতিবারের এই নাম] বি, লক্ষ্মীপূজার নির্দ্ধারিত দিন ; বৃহস্পতিবার। ~বিলাস-বি, সুন্দর সুচিক্কণ বস্ত্রবিঃ। "লাক্ষার কাঁচুলি চমকে বিজুলি বসন লক্ষ্মীবিলাস।"-ভারত°। ২ কবিরাজী তৈলবিঃ। ৩ জ্বরঘ্ন বটিকাবিঃ। ~মণি, ~মণিটি-অ, আদর বিজ্ঞাপক উক্তি। "যা লক্ষ্মী স্কুলে যা, লক্ষ্মীমণিটি আমার।"~ভাগ্য-বি, ধনভাগ্য ; কড়ি কপাল।~মন্ত [লক্ষ্মীবান্ দ্রঃ] বিণ, শ্রীমন্ত। ২ কড়ি কপালিয়া। ৩ সুলক্ষণাক্রান্ত। ~শ, ~শ্বর [লক্ষ্মীর -ঈশ, ঈশ্বর (প্রভু), ৬তৎ] বি, লক্ষ্মীপতি ; নারায়ণ। ২ ধনপতি। ~শ্রী [গ্রা° লক্ষীর বা লক্ষির ছিরি] বি, শোভা সম্পদ ; সৌভাগ্য ; কমলার কৃপা। ~স্বরূপিণী -বিণ, শ্রীরূপা ; লক্ষ্মীর সকল গুণে গুণান্বিতা ; সাক্ষাৎ লক্ষ্মীমূর্ত্তি। লক্ষ্মীর বরযাত্রী [গ্রা° লোক্‌খির বরযাত্তর] যারা সুসময়ে অনুসরণ করে বা সঙ্গ লয় এবং দুঃসময়ে পরিত্যাগ করে ; সুখের পায়রা। লক্ষ্মীর ভাণ্ডার-যে ভাণ্ডার কখনও শূন্য হয় না।

লক্ষ্য [লক্ষ্ (দর্শন করা)+য (র্ম্ম)] বিণ, লক্ষিতব্য ; দ্রষ্টব্য। ২ উপলক্ষিতব্য। ৩ শরব্য ; বেধ্য। ৪ লক্ষণা দ্বারা জ্ঞেয়। ৫ বি, টিপ। ৬ চিহ্ন। ৭ আদর্শ। ৮ উদ্দেশ্য। ~চ্যুত-লক্ষভ্রষ্ট দ্রঃ। ~তঃ, ত [-তস্ >তঃ > বাং-য়-ত] ক্রি-বিণ, লক্ষ্যে ; দৃশ্যতঃ ; সাক্ষাতে। "ইচ্ছায় অনিচ্ছায় লক্ষ্যত অলক্ষ্যত ধনীরা মিটিয়ে থাকে।" -রবী° (রাশিয়ার চিঠি)। ~ভ্রষ্ট, চ্যুত [৫তৎ] বিণ, লক্ষ্য হ'তে স্খলিত ; নিশানার বাহিরে। ২ উদ্দেশ্যচ্যুত। ~স্থল -বি, উদ্দিষ্ট স্থান। ২ নিশানা। ~হীন বিণ, উদ্দেশ্য শূন্য। ২ বে-নিশানা।

লক্ষ্যাৎ [মুর্শি° প্রাদে°] অ, মতন; সদৃশ।

লক্ষ্যাসন [তন্ত্রের পরিঃ] বি, রুদ্রযামলোক্ত আসনবিঃ।

লখা [সং-লক্ষ্ (দর্শন করা) >। লখি, লখ, লখে ; লখিতে (ব্রজ° লখই) ; লখিয়া (ক্ষে° লখি। প্রা°বাং পদ্যে)। আধু°বাং পদ্যে বিরল] ক্রি, লক্ষ্য করা ; দর্শন করা ; দেখা। "লখিতে নারিনু তনু"-চণ্ডি°। "রক্ষক তক্ষক তুল্য লখিল নিশ্চয়"-শি°। "লখ প্রভাত প্রকৃতিকী শোভা"-দ্ধ°। ২ অনুমান করা ; বোধ করা ; ভাবা। "করে শঙ্খ দেখি, হেন মনে লখি, উর্ব্বশী আইলা আপনি।" -কবিক°। ৩ বুঝা ; নির্দ্ধারণ করা ; স্থির করা। "লখই না পারিয়ে জ্যেঠ কনেঠ" -বি° প°। "হেন আমি লখি অনুমানে" -কবিক°। ৪ চেনা ; জানা। "পাণ্ডব বলিয়া কেহ না পারে লখিতে"-মহা° (সারল কবি কৃত), ১৭শ শতাব্দী। লখিতে-ক্রি, দেখিতে। "দক্ষিণ পবনভরে অঞ্চল উড়িয়া পড়ে কখন্ যে নাহি পারি লখিতে"-রবী° (সোণার তরী)। "আঁখির পলকে পেয়েছি তোমায় লখিতে"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

লখিন্দর [সং-লক্ষ্মীন্দ্র > অং। গ্রা° নখিন্দর] বি, ধনপতি সওদাগরের পুত্র। ২ [লক্ষ°। উপমায়] লক্ষ্মীর ভাণ্ডার ; কল্পতরু ; স্বয়ং লক্ষ্মী। "পণ্ডিতগণকে বুঝিতে হইবে এই ম্লেচ্ছ কেমন করিয়া এই হিন্দুর ভারত অধিকার করিয়া বসিল। * * * তাহাদিগকে জানিতে হইবে কোন ছিদ্র দিয়া বিষধর এই লোহার বাসরঘরে প্রবেশ করিয়া লখিন্দরের পরমায়ু শেষ করিল।"-আ° শক্তি, ১২ কার্ত্তিক, ১৩৩৩।

লখিমী [লক্ষ্মী > হি° লক্‌ষ্‌মী > লখ্‌মী > বিকারে লখিমী] বি, লক্ষ্মী। "জ° চাহিতে দারিদ্র্য বাড়ল মাণিক হারাগু হেলে।"-জ্ঞান°।

লগ [ব্রজ°। সং-লগ্ (সঙ্গ), হি° লৌ, লগ্ন >। লাগ দ্রঃ] বি, লাগ ; স্পর্শ ; যোগ। ২ নিকট ; সঙ্গ। "লগ নাহি সরয়ে শুনয়ে নাহি বোল"-বি° প°।

লগন [হি°। সং-লগ্ন >] বি, লগ্ন।

লগনসা [সং-লগ্নসময় > অং। মেয়েলি° নগোন্‌সা] বি, লগ্নকাল ; যে সময় অনেকগুলি লগ্ন আছে।

লগবগ [লক্ (গতি)+বক্ (গতি) >। ক=গ। লকলক দ্রঃ। বগ শব্দের সহিত দ্রুত বা একত্র উচ্চারণ হেতু লক স্থলে লগ। হি° লচপচ্, লচ্‌লচ্] অ, লৌল্য ; বেত বা কঞ্চির মত ছিপ্ ছিপে ভাব। প্র-লোকটা ঢেঙ্গা পাতলা ছিপ্ ছিপে ; লগবগ করে চলে।

লগবগে [লগবগ+ইয়া] বিণ, লোল জিহ্বার মত চঞ্চল বা দোলায়মান। ২ লোল ; দোদুল্যমান্।

লগভগ, লগভগি [হি°। সাঁওতাল পরগণার কথ্য বাং-য় ব্যবহার] বিণ, কাছাকাছি। ২ তুল্য ; সদৃশ।

লগা, লগি, লগী [লগ্ন >] বি, আকর্ষী ; আঁকসি। ২ নৌকাবাহন বংশদণ্ড। ৩ হাত ছয় লম্বা সরু বাঁশের ছড়ি ; মুরগি তাড়াইতে ব্যবহার হয়।

লগিত [লগ্(সঙ্গ)+ত(র্ত্তৃ)] বিণ, লগ্ন ; যুক্ত।

লগুড় [লগ্ (লাগা)+উল (র্ত্তৃ)। ল=ড়] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিঃ ; ইহার সর্ব্বাঙ্গ লৌহময়। ইহার পাদদেশ সরু, মস্তক ও অগ্রভাগ লৌহদ্বারা আবদ্ধ, স্কন্ধ স্থূল, ইহা লম্বে দুই হস্ত পরিমিত, অত্যন্ত দৃঢ়। দৃঢ়দেহ পদাতি সৈন্যেরাই ইহার দ্বারা যুদ্ধ করিত। ২ স্থূল অতিদীর্ঘ যষ্টি ; মোটা লাঠি।

লগে [লগ দ্রঃ। পূ॰ ব॰, উ॰ ব॰ প্রাদে॰। চট্টল॰ প্রাদে॰ 'লগ্‌' । লগ, লাগ দ্রঃ] ক্রি-বিণ, সঙ্গে। "চণ্ডীদাস বায় লগে"-চণ্ডি॰। ~লগে [ক্রমাগত অর্থে দ্বিত্ব] ক্রি-বিণ, সুবিধামত ; সুযোগক্রমে ; তকেতকে। ২ অনুসারে। ৩ সঙ্গে সঙ্গে। "লগে লগে রগে রগে যেন লাগে টান।"-চন্দন।

লগেজ, লাগেজ [ইং luggage এর লিপ্যন্তর] বি, ভার ; বোঝা ; পুঁটুলি ; সঙ্গের আসবাব পত্র। ল॰ করা-ক্রি, মালপত্র চালান দিবার মাল-সরবরাহ-কোম্পানীর দপ্তরে মাল ওজন করিয়া মাশুল জমা দেওয়া। ~ঘর, ~রুম-বি, যে দপ্তর ঘরে লগেজ করা হয়। ল॰ দেওয়া-ক্রি, মালপত্র সঙ্গে না রাখিয়া যাত্রী গাড়ির বা জাহাজাদির নির্দ্দিষ্ট কামরায় কোম্পানীর হেপাজতে রাখা। ~ভাড়া -মালপত্র রেল ষ্টীমারাদি যোগে এক স্থান হইতে অন্য স্থানে পৌঁছিয়া দিবার মাশুল।

লগ্ন [লগ্(লগ্ন হওয়া, যুক্ত হওয়া)+ত(ক্ত)] বিণ, যুক্ত; মিলিত। ২ [+ত (ধি)]বি, সূর্য্যের রাশ্যন্তর সঞ্চার বা সংক্রমণ মুহূর্ত্ত। ৩ মেষাদি রাশির উদয়কাল। ৪ [জ্যো॰পরিঃ] ইং ascendant এর বৈজ্ঞা॰ পরিঃ (হি॰ কো॰)। ৫ স্তুতি পাঠক।~জ্যা [গ॰ পরিঃ] যে সরল রেখা বৃত্ত ভেদ না করিয়া তাকে স্পর্শমাত্র করে ; স্পর্শজ্যা ; স্পর্শিণী tangent. ~দণ্ড [তুল-হি॰ লাগডাঁট] বি, দণ্ডে অবিচ্ছেদে সংলগ্নবৎ সঙ্গীতের সুরের অবিচ্ছিন্ন প্রবাহ। ~পত্র-বি, জ্যোতিষিক গণনায় নির্দ্ধারিত বিবাহের শুভকালজ্ঞাপক পত্র। "লগ্নপত্র করিয়া নারদ মুনি যায়।"-অ॰ ম॰।~মণ্ডল -বি, রাশিচক্র the zodiac. ~মান-বি, প্রত্যেক নাক্ষত্রিক অহোরাত্র মধ্যে মেষ বৃষাদি দ্বাদশ রাশির উদয় পরিমাণ কাল ~স্ফুট-বি, দ্বাদশ রাশির উদয় সকল দেশে সব সময়ে সমভাবে দৃষ্ট না হওয়ায় লগ্নমান (দ্রঃ) সর্ব্বত্র সমান হয় না ; সুতরাং উদয়-কালে রবি যে রাশির যত অংশে স্থিতি করে প্রাতঃকালে সেই লগ্নের তত অংশ গত হয় ইহাই অবলম্বন করিয়া রাশি সকলের ভোগ্যকালের সূক্ষ্ম গণনা। শুভলগ্ন-[বিপরীত-অশুভ-লগ্ন] বি, মাঙ্গলিক কর্ম্মানুষ্ঠানের শুভ মুহূর্ত্ত। ২ সুযোগ।

লগ্নক [সং] বি, জামীন।

লগ্নি,-গ্নী [হি॰ লগানা (লাগান দ্রঃ)= খাটান] বি, বিণ, তেজারতী ; টাকা সুদে লাগান বা খাটান ; সুদী (কারবার) ; মহাজনী। "মহাজনেরা খুব কড়া সুদে টাকা লগ্নী করিতেছেন। শতকরা মাসিক ২।॰ হইতে ৩৲ টাকা সুদে টাকা কর্জ্জ দেওয়া হইতেছে।"-বাং কথা। "ব্যবসায়, কৃষিকর্ম্ম ও লগ্নি কারবার"-আ॰ পত্রিকা, ২৫-২-৩৪।

লগ্নিকা [সং। নগ্নিকা দ্রঃ] বি, অজাত-রজস্কা ; দশমবর্ষীয়া কন্যা।

লঘিত্র [সং] বি, দ্ব্যঙ্গাকার গুরুভারযুক্ত খড়্গাবিঃ ; পৃষ্ঠভাগ স্থূল, সম্মুখভাগ তীক্ষ্ণ অর্থাৎ ধারাল, ইহার ব্যাস ৫ আঙ্গুল, বর্ণ কাল, মুঠ অতি বৃহৎ ; ইহা মহিষাদি স্থূল স্কন্ধ বৃহৎ পশু ছেদন করিবার উপযোগী। দুই হস্তে উত্তোলন ও প্রহার ইহার কার্য্য।

লঘিমা [লঘু+ইমন্ (ভা॰)=লঘিমন্ ১মা ১ব॰] বি, লঘুত্ব। ২ যোগের ঐশ্বর্য্যাবিঃ ; শরীরকে লঘু করিবার শক্তি। ৩ গুরুত্বহানি; মান সম্ভ্রমের হ্রাস ; অগৌরব।

লঘিষ্ঠ১, লঘীয়ান [লঘু+ইষ্ঠ, ঈয়স্ (অতিশয়ার্থে)=লঘীয়স্ >। [বিপরীতে-গরিষ্ঠ] বিণ, অতিশয় লঘু। স্ত্রীং~া,~য়সী।

লঘিষ্ঠ২ [পাটী॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] বিণ, সর্ব্বনিম্ন ; ইং lowest এর বৈজ্ঞা॰ পরিঃ। ল॰ সাধারণ গুণনীয়ক বা গুণিতক lowest or least common measure or multiple. > কে॰ এল, সি, এম্ L. C. M. তুল-জি, সি, এম্ G. C. M. গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক greatest common measure.

লঘু [লন্‌ঘ্ (অতীকরণে)+উ (কু)] বিণ অল্পতাজনিত গুরুত্বহীন ; ভারশূন্য ; হাল্কা (ওজন সম্বন্ধে)। ২ পরিমিত ; অল্প (ভার বা চাপের বিপরীত, আহারাদি সম্বন্ধে)। ৩ সত্ত্বহীন ; অসার ; অন্তঃসারশূন্য। ৪ [লন্‌ঘ্ (শোষণে)] শুষ্ক। ৫ ক্ষুদ্র। ৬ হ্রস্ব ; খর্ব্ব। ৭ দৃশ্য। ৮ গৌরবহীন ; মানহীন; অনাদৃত অপমানিত। "এত লঘু হয়ে জীব কিসের কারণ"-মহা॰ (কাশী॰)। ৯ নীচ 'হলে পাছে লঘুজাতি কাশী॰-মনসা ম॰ বিজয়॰)। ১০ তরল। ১১ মৃদু ; মন্দ। ১২ ক্ষিপ্র ; ত্বরিত। ১৩ [জ্যোতিষে] পুষ্যাদি নক্ষত্র। ১৪ [বৈদ্যকে] কৃষ্ণ অগুরু। বি, ~তা, ~ত্ব, লাঘব। ~অনুপাত [পাটী॰ (ক॰বিশ্ব॰পরিঃ)] ইং ratio of less inequality র বৈজ্ঞা॰ পরিঃ। ~করণ -লঘূকরণ দ্রঃ। ২ [পাটী॰, বীজ গ॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং reduction এর বৈজ্ঞা॰ পরিঃ। ~কায়-বি, ক্ষুদ্রদেহ ; হাল্কা-শরীর ; খর্ব্ব আকৃতি। ২ বিণ, খর্ব্ব বা ক্ষুদ্র দেহযুক্ত। ~ক্রিয়া-বি, প্রস্রাব করা। ২ সামান্য বা হাল্কা কাজ। ~গণ [জ্যো॰ পরিঃ] অশ্বিনী, পুষ্যা, হস্তা নক্ষত্র। ~গতি-বি, দ্রুত গমন। ২ বিণ, শীঘ্রগামী। ৩ ক্রি-বিণ, ত্বরিত গতিতে ; শীঘ্র। "দূতের বচনে ভাঁড়ু আইসে লঘু গতি।" ~গামী-বিণ, দ্রুতগমনশীল। > স্ত্রীং ~গামিনী। ~চতুষ্পদী-বি, ঊনত্রিশ অক্ষরা বৃত্তি বা ছন্দোবিঃ। যে চৌপদীর ১ম চরণে ১৬, ২য় চরণে ১৩, ৩য় চরণে ১৬ ও ৪র্থ চরণে ১৩ অক্ষর থাকে। ~চিত্ত-বিণ, সংকীর্ণ-হৃদয় ; নীচমনা। > স্ত্রীং~া।~চেতাঃ,~চেতা -বিণ, নীচ-অন্তঃকরণ। গাম্ভীর্য্যহীন। ~পঞ্চমূল-বি, শালপর্ণী, পৃশ্নিপর্ণী, কণ্টকারী, বৃহতি ও গোক্ষুরযুক্ত পঞ্চমূলের পাচন। ~জ্ঞান-বি, হীনবোধ ; ঘৃণা ; অবজ্ঞা। ~ত্রিপদী-বি, বিংশত্যক্ষরা বৃত্তি বা ছন্দোবিঃ, যার ৬+৬+৮ অক্ষরের পর যতি পড়ে। ~পাক-বিণ, যা সহজে জীর্ণ হয় ; যা দুষ্পাচ্য নহে। ২ হাল্কা খাদ্য। ~পাপ-বি, সামান্য অপরাধ। ~পাপে গুরু দণ্ড-সামান্য দোষের জন্য অধিক শাস্তি ; অন্যায় দণ্ড। ~ভাবে-ক্রি-বিণ, সামান্যরূপে। ২ হাল্কা-হাল্কা। ~ভার-বি, সামান্য ওজনের বস্তু ; হাল্কা মোট। ২ সামান্য দায়িত্ব। ~মূল্য-বি, অল্পদাম। ~রাশি-বি, অনধিক সংখ্যাপাত ঘটিত গ॰। ~বৃত্ত [জ্যো॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] বি, ইং small circle এর বৈজ্ঞা॰ পরিঃ (বৃত্ত দ্রঃ)। ~বৃত্তি-বি, নীচকর্ম্ম। ~লঘু [ব্রজ॰ লহু

মুহু] অ, মুহু মুহু ; মন্দমন্দ। ২ পুনঃপুনঃ। ~ললিতচতুষ্পদী-বি, যে চৌপদী ছন্দের ১ম চরণে ৬+৬, ২য় চরণে ১০, ৩য় চরণে ৬+৬, ৪র্থ চরণে ১০ অক্ষর থাকে। ~স্ফীতি [জ্যো॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং nip tide এর বৈজ্ঞা॰ পরিঃ। ~হঁস্ত-বিণ, ক্ষিপ্রহস্ত। ২। অচিরকারী ; শীঘ্রকারী। ৩ শীঘ্র শীঘ্র শরত্যাগে সিদ্ধহস্ত। "দোঁহার বিচিত্র শিক্ষা দোঁহে লঘুহস্ত।"-মহা॰ (কাশী॰)।

লঘূ-লঘু দ্রঃ।

লঘূ(ঘু)কঁরণ [গ॰ পরিঃ] বি, রাশির গুরুত্ব, মূল্য ই॰-র হ্রস্বীকরণ বা সরলতাপাদন; এক মূল্যের রাশি ভিন্ন মূল্যের রাশিতে পরিবর্ত্তিত বা পরিণত করণ reduction.

লঘ্বী$_1$, লঘূ [লঘু+ঈ(স্ত্রীং), +ঊ] বি, কৃশা কোমলাঙ্গী নারী ; সুন্দরী। ২ নারী-জনবাহন শকট ; শিবিকা ; ডুলী।

লঘ্বী$_2$ [প্রা॰ বাং প্রাদে॰] বি, প্রস্রাব ; মূত্র ত্যাগ। ল॰ কঁরা-ক্রি, প্রস্রাব করা।

লঁঙ্কা$_1$ [সং। প্রা॰ বৌ॰ বাং-র লাঙ্ক (বর্ণ বিপর্য্যয়ে)] বি, রাক্ষসরাজ রাবণের পুরী। বাল্মীকির রামায়ণে বর্ণিত লঙ্কা লবণ সমুদ্র-বেষ্টিত ত্রিকূট পর্ব্বতের উপরিস্থিত বিশ্বকর্ম্মা নির্ম্মিত পুরী-প্রস্থে দশ ও দৈর্ঘ্যে বিশ যোজন (১ যোজন=৪ ক্রোশ) স্বর্ণপ্রাচীরবেষ্টিত। ইহার পর নক্র কুম্ভীর পূর্ণ পরিখা। চতুর্দ্দিকে চারি স্বর্ণ দ্বার, প্রত্যেক দ্বারে শত্রুবিনাশী প্রশস্ত যন্ত্রসেতু, বিবিধ ঐশ্বর্য্যের আগার। সুরম্য হর্ম্যশ্রেণী, সুসজ্জিত রাজপথ এবং অষ্ট-তল পর্য্যন্ত অট্টালিকায় শোভিত। ইহা পানাগার, পুষ্পাগার, চিত্রশালা, উদ্যান, বৃক্ষ-বাটিকা, লতাগৃহ, ভূমধ্যস্থ গৃহ, রঙ্গভূমি, চৈত্য, বিমান প্রভৃতিতে সজ্জিত এবং রাত্রিকালে সর্ব্বত্র দীপালোকে আলোকিত থাকিত। বর্ত্তমান সিংহল দ্বীপই পৌরাণিক লঙ্কা বলিয়া কথিত আছে। কলম্বোর জ্ঞানাদর্শ নামক মাসিক পত্রিকার সম্পাদক শ্রীযুক্ত মুদলিয়র গুণশেখর কর্ত্তৃক আবিষ্কৃত "কাদয়েমপোত" নামক একখানি সিংহলী পাণ্ডুলিপিতে লঙ্কার প্রাচীন ইতিহাস পাওয়া গিয়াছে। ~কাণ্ড-বি, রামায়ণোক্ত লঙ্কার অগ্নিদাহ পর্ব্ব। ২ [লক্ষ॰] আগুন লাগাইয়া চারিদিক ছারখার করা। ৩ তুমুল কাণ্ড ; মারামারি কাটাকাটি ব্যাপার। ~দঁহঁন-বি, লঙ্কা-পুরীকে অগ্নিসংযোগে দগ্ধ করণ। ~দাহী-বি, লঙ্কা দগ্ধকারী ; লঙ্কাপোড়া ; হনুমান। ~পঁতি, লঁঙ্কাধিপঁতি [লঙ্কা+অধি-পতি] বি, দশানন ; রাবণ। ~পোড়া-বি, যে লঙ্কা দগ্ধ করিয়াছিল ; হনুমান্। ২ চতু-র্দ্দিকে বিভ্রাটঘটনাকারী ব্যক্তি। ~লঁঙ্কেশ [লঙ্কা+ঈশ] বি, রাবণ। লঁঙ্কেশ্বর [লঙ্কা (র)+ঈশ্বর] বি, রাবণ। "তোমা হইতে সবংশে মজিল লঙ্কেশ্বর"-ধ॰। লঁঙ্কায় .সোঁণা সঁস্তা [রাবণের রাজ্য লঙ্কাদ্বীপে স্বর্ণের প্রাচুর্য্য হেতু প্রবাদ] যে দেশে যা প্রচুর পাওয়া যায়, তথায় তা সুলভ বা অল্পমূল্যে প্রাপ্তব্য, কিন্তু অন্যত্র নহে।

লঁঙ্কা$_2$, লঁঙ্কামিরিচ [সম্ভবতঃ লঙ্কাদ্বীপ হতে প্রথম আমদানী হওয়ায়] বি, লালমরিচ; লঙ্কা-মরিচ (গোলমরিচ হতে পৃথক করিবার জন্য অন্য নাম) ; গাছমরিচ capsicum chilli ; long pepper. ~বাটা-বি, পিষ্ট লালমরিচ। লঁঙ্কার ঝাল-বি, ব্যঞ্জনাদিতে লালমরিচ মিশ্রণ হেতু ঝাল। ধানীলঁঙ্কা-বি, অতিক্ষুদ্র অতিশয় ঝাল লঙ্কা। পাহাড়ীলঁঙ্কা-বি, ফাঁপা মোটা অল্প ঝাল লঙ্কা ইহাকে কাঁকরী লঙ্কাও বলে। সূর্য্যমণিলঁঙ্কা [গ্রা॰ সুজ্জিমনি] বি, ধানী অপেক্ষা কিছু বড় ও খুব ঝাল লঙ্কা।

লঁঙ্গ$_1$ [লঙ্গ্ (লাগিয়া যাওয়া)+অ (ভা॰)] বি, সঙ্গ ; মিলন। ২ [হিং॰ লাগ্না] বি, উপপতি ; নাঙ্।

লঁঙ্গ$_2$ [হিং॰ লঙ্গড়] বি, খঞ্জতা। ~ড় [হিং॰ লঙ্গড়া] বিণ, খঞ্জ ; খোঁড়া।

লঁঙ্গ$_3$ [সং-লবঙ্গ >। গ্রা॰ নারীকথ্য-লঙ্গ] বি, লবঙ্গ cloves.

লঁঙ্গট-ল্যাঙ্গট দ্রঃ।

লঁঙ্গর [ফা॰ লঙ্গর্] বি, নঙ্গর দ্রঃ।

লঁঙ্ঘ/ন [লঙ্ঘ্ (উপবাস করা)+অন (ভা॰)] বি, উপবাস। ২ [লঙ্ঘ্ ধাতু গমনে] অতিবাহন। ৩ লম্ফন ; ডিঙ্গন। ৪ অবজ্ঞা। "সভাই বচনে ঘট করিলে ল॰"-কবিক॰। ৫ অসঙ্গতিবিঃ। ৬ অতিক্রম। ৭ দংশন। ~নীয়-বিণ, ডিঙ্গাইবার মত ; অতিক্রমণীয়।

লঁঙ্ঘা [সং-লঙ্ঘ্। লঙ্ঘি, লঙ্ঘ, লঙ্ঘে ; লঙ্ঘিতে ; লঙ্ঘিয়া (কে॰ পদ্যে-লঙ্ঘি, গ্রা॰ লঙ্ঘে)। ণিজন্ত-লঙ্ঘান] ক্রি, লঙ্ঘন করা ; লাফাইয়া যাওয়া ; ডিঙ্গান। "তবে বীরবর বায়ে করি ভর কলঙ্কে লঙ্ঘিল তায়।"-ধ॰। ২ অতিক্রম করা। "হেলায় লঙ্ঘেচ শত যোজন সাগর।"-ধ॰। ৩ উপবাস করা। ৪ দংশন করা ; খাওয়া ; চোষা। "কেহ বলে বালকের পুনঃ জন্ম হৈল। কেহ বলে জাতি সর্প তেঁই না লঙ্ঘিল।"-চৈ॰ভা॰। "কাষ্ঠে পোকা বিন্ধে যেন বাহুড়ে লঙ্ঘে বালা" -গোবিন্দ॰ গী॰ (ব॰ সা॰ পরিচয়)।

লঁঙ্ঘানি [লঙ্ঘা (দ্রঃ) শব্দের ণিজন্ত রূপ কিন্তু উক্তার্থে ব্যবহার আছে। লঙ্ঘাই, লঙ্ঘাও, লঙ্ঘায় ; লঙ্ঘাইতে ; লঙ্ঘাইয়া (গ্রা॰ লঙ্ঘায়ে)] ক্রি, উপবাস করা ও করান। ২ লম্ফ দেওয়া ও দেওয়ান ; ডিঙ্গন; ডিঙ্গাইতে বাধ্য করা। "পঙ্কে বদ্ধ কর করী পঙ্গুকে লঙ্ঘাও গিরি কারে দেও মা ইন্দ্রত্ব পদ, কারে কর অধোগামী॥"-দেওয়ান রামদুলাল। ৩ দংশন করা ; দংশান। ৪ অতিক্রম করা ; অতিক্রম করান। লঙ্ঘিবর্ত্ত-বিণ, কৃতলঙ্ঘন; অতিক্রান্ত। >স্ত্রীং~া।

লঁচপঁচ্, লঁচলঁচ্ [গ্রা॰ নচ্নচ্। সং-লস্(লাস্যভাবে) অথবা হিং॰ লচ্, লচক্ (নমনীয়-ভাবে) +পচ্(বিনাশোন্মুখীভাবে) > পক্কের বা ঝুঁকার ভাব] বি, যৌবনরসভারনত কোমলাঙ্গের ভাঙ্গিয়া পড়িবার ভাব ; দোদুল গমনভঙ্গী। বিণ, লঁচপিচে, লঁচলিচে [গ্রা॰ নচনচে। অনাদরে ন্যাচ্নেচে। তুল-হিং॰ লচক্দার (লগবগে)]।

লঁছমী, লঁছিমী [সং-লক্ষ্মী > হিং॰= লছমী। ব্রজ॰ লছিমী] বি, লক্ষ্মী। "লছিমী চাহিতে দারিদ্র্য বেঢ়ল মাণিক হারাণু পেয়ে [পাঠান্তরে-হেলে]।"-চণ্ডি॰।

লঁছিমা [সং-লক্ষ্মী > ব্রজ॰] বি, কবি বিদ্যাপতির পৃষ্ঠপোষক মিথিলার রাজা শিব-সিংহের পত্নী। "রায় শিবসিংহ রূপনারায়ণ। লছিমা দেবী পরমাণ।"-বি॰ প॰।

লঁজ্‌(জে)গুস, রঁজিগুস-রজফুস দ্রঃ।

লঁজাএল [হিং লজানা (লজ্জা দেওয়া) >] ক্রি, লজ্জিত করিল ; লজ্জা দিল। "রাধা বচন লং কান"-বিং পং।

লঁজ্জমান [লস্‌জ্‌ (লজ্জিত হওয়া) + আন (র্ত্তৃ)] বিণ, লজ্জাশীল ; লাজুক। স্ত্রীং ~া।

লঁজ্জা [সং-লস্‌জ্‌ (লজ্জা করা) + অ (ভাং)। মেয়েলি-নজ্জা] বি, হৃদয়ের যে কোমল বৃত্তি অন্যের সমক্ষে বা জ্ঞাতসারে কোন কর্ম্ম করিতে সঙ্কোচ আনয়ন করে ; পরপরিজ্ঞান ভয় ; ব্রীড়া ; সরম : সম্ভ্রম ; হায়া। ক্রি, লঁজ্জা কঁরা, লঁজ্জানি [নাম-ধাতু-প্রাং হিং লজানা। ব্রজং লজাই, লজায় ইং]। [সমং-কাহার কাছে মনের কথা বলিতে বা কিছু করিতে ঔচিত্যানৌচিত্য বোধে যে বাধা তাহাই কুণ্ঠা। হৃদয় বলিতে চাহে কিন্তু মুখ ফুটিয়া বলিতে না পারা লঁজ্জা। কোন কাজ করায় ইতস্ততঃ করণ এবং কথা বলায় জড়ীভাব তা সঁঙ্কোচ। লজ্জার সহিত বিনয় এবং জড়ীভাবের যে মিশ্রণ তার নাম ব্রীড়া]। ~কঁর,-জঁনক-বিণ, যাতে লজ্জা জন্মে ; ব্রীড়াজনক। ~জ্‌নিঁত-বিণ, লজ্জাহেতু। ২ লজ্জা হতে জাত। ~দৃষ্টি -বি, চক্ষুলজ্জা। "সম্বন্ধ না মানে কাহ্নাঞি মোকে বোলে শালী। লজ্জাদৃষ্টি হরিল ভাগিনা বনমালী।"-শ্রীং কীং। ~নঁত-বিণ, লজ্জায় অবনত। ~নঁম্র-বিণ, লজ্জায় নম্র বা নত। ~বোধ-বি, সঙ্কোচজ্ঞান ; কুণ্ঠাবোধ। ~দেওয়া-ক্রি, নিন্দা বা ভৎর্সনা দ্বারা অপ্রস্তুত করা। ~পাওয়া-পরপরিজ্ঞান-ভয় পাওয়া। ~বান্‌ [লজ্জা + বৎ (ত্যং) ১মা, ১বং] বিণ, লজ্জাশীল ; লাজুক। > স্ত্রীং ~বতী -লজ্জাশীলা। ২ লতাবিশেষ (যে লতা স্পর্শ করিলে তার পাতাগুলি গুটাইয়া যায়)। "ছুঁইও না ছুঁইও না উটি লজ্জাবতী লতা" -হেমং। ~শীল [লজ্জা-শীল (স্বভাব) যার, বহুং] বিণ, লাজুক। > স্ত্রীং ~শীলা-ব্রীড়া-সঙ্কুচিতা। ২ সাধ্বী। বি, ~শীলঁতা-লাজুকতা। ২ সতীত্ব। ~শীলঁতার হানি কঁরা-বেআবরু করা ; সম্ভ্রম নষ্ট করা। ২ সতীত্ব নাশ করা। ~রহিত, ~বিহীন, ~শূন্য, ~হীন-বিণ, নির্লজ্জ ; বেহায়া। > স্ত্রীং ~া। লঁজ্জার কঁথা-লজ্জিত হইবার বা লজ্জা পাইবার মত বিষয় ; নিন্দার কথা। লঁজ্জার মাথা খাওয়া-নির্লজ্জ হওয়া ; বেসরম হওয়া।

লঁজ্জাবঁনঁত [লজ্জা (দ্বারা) + অবনত, ৩তৎ] বিণ, লজ্জানত। স্ত্রীং ~া।

লঁজ্জালু [লজ্জ + আলু (প্রত্যয়)] বিণ, লাজুক। ২ বি, লজ্জাবতী লতা। ~লঁতা-বি, লজ্জাবতী লতা।

লঁজ্জিঁত [লজ্জা + ইত] বিণ, লজ্জাপ্রাপ্ত ; লজ্জাযুক্ত। স্ত্রীং ~া।

লঁঝাড়, লঁঝ্‌ঝঁড় [হিং লীচড় (কৃপণ)] বিণ, ব্যয়কুণ্ঠ। ২ [>] কর্ম্মকুণ্ঠ। ৩ [>] ল্যাদাড়ে lethargic.

লঁঞ্জিকা [সং] বি, বেশ্যা।

লঁটঁক [লট্‌ (চাপল্যে) + অক (র্ত্তৃ)] বি, চপল ব্যক্তি ; অসাধু ব্যক্তি।

লঁট্‌কা [হিং। লট্‌কি, লট্‌ক, লট্‌কে ; লট্‌কিতে ; লট্‌কিয়া (প্রাং ক্ষেং লট্‌কে)] ক্রি, ঝুলা ; ঝুলিতে থাকা।

লঁটকানি~১~ [হিং লট্‌কানা] ক্রি, ঝুলান ; লম্বিত করা ; টাঙ্গান। বি, লঁটকঁন-ঝুলন।

লঁট্‌কান্‌~২~ [মেয়েলিং-নট্‌কান] বি, বিদেশী গাছবিঃ ; ইহার ফল লালাভ সবুজ, রক্তবর্ণ সুগন্ধ, বহুবীজ ও কাঁকরোল আকৃতি হয়, ফল পাকিলে কাটিয়া যায়। ইহার বীজ জলে গুলিলে যে লাল রঙ্গ হয় তাহাতে লোকে বিতঃ গাজনের সন্ন্যাসীরা বস্ত্রাদি রঞ্জিত করে।

লঁটকান্‌~৩~ [প্রাদেং] বি, ত্রিপদ ক্ষুদ্র আধার ; নৈবেদ্যাদি রাখিবার ত্রিপদ অবলম্বন।

লঁট্‌খঁট্‌, লঁট্‌খিটী [নটখট দ্রঃ] বি, ঝঞ্ঝাট ; বিঘ্ন ; উৎপাত।

লঁটঘঁট-নটঘট দ্রঃ।

লঁটপঁট, লঁটাপঁট [লট্‌ = লড্‌ (বিলাসে) পট্‌ (গমনে, বেষ্টনে) বিলাসযুক্ত গমনের ভাব ; শিথিলভাবে বেষ্টিত বা লগ্ন হওয়ার ভাব। হিং লোটপোট] বি, লুণ্ঠন ; লুটাইয়া পড়ন। ২ [এই অর্থে লঁটপঁটিয়া, লঁটপঁটে] বিণ, শিথিলভাবে বা ঝুলিয়া আন্দোলিত বা লুণ্ঠিত হইয়াছে ; দোদুল্যমান। "লটাপট জটাজুট সজ্জট গঙ্গা।"-অং মং। "লটপট তার বেশ"-চণ্ডিং। ৩ লম্পট lewd. বি, লঁটপিটি, লঁটাপিটি। ক্রি, লঁটপঁটানি [লটপটাই,-টাও-টায়,-লটপটাইতে (ক্ষেং লটপটাতে) ; লটপটাইয়া (ক্ষেং লটপটিয়ে)] ক্রি, লটপট করিয়া। "লটপটি সেথায় বাধা পড়ল নিয়ে মাটি।"-সং দত্ত।

লঁটবঁহঁর [প্রাং নটবহর। লট (লাট-বস্ত্র ছোট খাট দ্রব্য সমষ্টি) বহর (বিস্তার)] বি, আনুসঙ্গিক বহু দ্রব্য সামগ্রী। "আবশ্যকীয় অস্ত্রশস্ত্র ও অন্যান্য লটবহর সহ" ইং।"-আং বাং পত্রিকা।

লঁটা [সং] বি, চূর্ণকুন্তল। ২ কুসুম ফুল। ৩ নাটাকরঞ্জ। ৪ গ্রাম্য চটক পক্ষী। ৫ কামুকী। > পুং লঁট, লঁট্টু-বিণ, লম্পট lewd.

লঁটারি [ইং lottery র লিপ্যন্তর] বি, ভাগ্য পরীক্ষা। "আমাদের দেশে সত্যিকার চাষী নেই। চাষ করা পৈত্রিক পেশা ; তাই সময়ে অসময়ে জমিতে দুবার লাঙ্গল দিয়ে, বীজ ছড়িয়ে, আকাশের পানে হাঁ ক'রে চেয়ে ব'সে থাকে। একে চাষ করা বলে না, লটারি খেলা বলে।"-শং চট্টোং (দত্তা)।

লঁটীকাল [প্রাদেং] বি, লট্‌কা গাছ। "বৃক্ষ লটীকাল" -গোবিন্দ গীত (বং সাং পরিচয়)।

লঁটুয়া [লড্‌ (বিলাসে) > লট + উয়া] বিণ, লম্পট ; কামুক।

লঁড়~১~ [লড্‌ (উৎক্ষেপনে, উন্মন্থনে, স্পন্দনে, কম্পনে)। রড় দ্রঃ। প্রাং বাং] বি, দৌড়। "এতবলি লড় দেই ধয়ে সর্ব্বগণে"-চৈং ভাং। "লড় দিয়া চলে গেল ভাই দুইজন"-রামাং (দ্বিজ লক্ষ্মণ)। ২ স্পন্দন ; কম্পন ; আন্দোলন ; নড়ন। ৩ মন্থনোদ্ভূত স্নেহ ; মাখন। "দুধ মাঝে লড় পচ্ছংতে [=নাচে] লখই"-চং পদ, ৪২।৪। ক্রি, লঁড়া। ~চঁড় [নড়চড় দ্রঃ] বি, ব্যতিক্রম ; খেলাপ ; অন্যথা। ~লঁড়-নড়নড় দ্রঃ।

লড়$_2$ [লাড়া$_2$ দ্রঃ। সং-লাড্ ধাতু লালনে >হিং লাড (স্নেহ, লালন। তুল-লাড পেয়ার), প্রা॰ বৌ॰ বাং-লড়] বি, স্নেহ। ২ দুধের স্নেহ। "দুধ মাঝেঁ লড় পচ্ছংন্তে দেখই" -বৌ॰ গা॰ ও দো॰। ~কা, **লেড়কা, ল্যাড়কা** [সং-লড্ (লালনে) > হিং লাড় (দুলার, প্যার করা অর্থে, স্নেহ করায়)] বি, বালক; শিশু। > স্ত্রীং ~কী-বালিকা। ২ পুত্রী ; কন্যা।

লড়ক [সং-রণ > লড় + ক (স্বার্থে)] বি, লড়াই ; যুদ্ধ (রাজোপাখ্যান, বং সাং পং)।

লড়কানি [হিং লড়কানা] ক্রি, লোভান; লোভ দেখান। ২ মাছের আহার দেওয়া।

লড়ন (-ড়ন্-) [লড়া দ্রঃ] বি, স্পন্দন ; আন্দোলন। ২ [লড় (উৎক্ষিপ্তীভাবে)] যুদ্ধকরণ। ৩ সমবয়স্ক দুইজনের মধ্যে শক্তি পরীক্ষা ; কুস্তি খেলা। ~চড়ন-বি, চলন ফিরন ; গতি। ২ আন্দোলন ; স্পন্দন।

লড়বড় [নড়বড় দ্রঃ। লড় (বিলাসে, কম্পনে) বট্ (বেষ্টনে, সঞ্চালনে) >] বি, শিথিলভাবে বেষ্টন করিয়া নড়িবার ভাব। ২ লোল বা শিথিলভাবে আন্দোলিত হওয়ার ভাব। বিণ, **লড়বড়িয়া, লড়্‌বড়ে**। ক্রি, **লড়্‌বড়ানি**-লড়বড় করা। "মস্তকে আঙ্গুল ফিরে জিহ্বা লড়বড়ি"-মহা॰(কাশী॰)। ৩ [অনু॰] দোদুল্যমান বস্তুর দোলন শব্দ। **লড়্‌রবড়্‌র**-ক্রমাগত লড়বড় করিতে থাকার ভাব।

লড়া$_1$, লঢ়া [লড় (উৎক্ষেপণে) > অথবা সং-রণ > হিং লড় > লড়িনা=বাং-লড়া] লড়ি, লড়(লড়েন, লড়িস), লড়ে(লড়েন); লড়িতে (কেং লড়তে) ; লড়িয়া (কেং পদ্যে-লড়ি, প্রা॰ লড়ে)। ণিজন্ত-লড়ান। হিং লড়্‌না। প্রা॰ বাং লঢ়া] ক্রি, যুদ্ধ করা ; রণ করা। "কালকেতু বড় লড়ে"-কবিক॰। ২ পরস্পর শক্তি পরীক্ষা করা। বি, **লড়াই**-যুদ্ধ। ২ বিবাদ ; শত্রুতা। বিণ, **লড়াইয়া, লড়ায়ে**-যুদ্ধকারী ; জঙ্গী ; যুযোরিয়া। ২ কাহার পক্ষাবলম্বন করিয়া অন্যের সহিত বিবাদ বা ঝগড়া করিতে তৎপর। "আমি তোমার লড়ায়ে ম্যাড়া"-নবীন তপস্বিনী।

লড়া$_2$ [নড় দ্রঃ। লড্ (বিলাসে) >। প্রা॰ নড়া। নড়ি, নড় ইং লড়া$_1$ সদৃশ] ক্রি, স্পন্দিত হওয়া ; আন্দোলিত হওয়া। ২ সরিয়া যাওয়া বা আসা ; সরা move. ৩যাওয়া ; যাত্রা করা। "তেলেঙ্গার ঠাট লড়ে বত্রিশ হাজার"-মনসা॰ম॰ (ষষ্ঠীবর॰)। **লড়** [প্রা॰ বাং-লড়হঁ=চলিয়া যাও। লড়িউ=চল যাই। "সাথি সবে বুইল রাধা লড়িউ সিনানে, লড়হ না কেহে নিলজ কাহ্নাঞি এড়িআঁ দখির ভারে।"-শ্রী॰কী॰। লড়িলা=চলিল। লড়িলা= গতি করিল।

লড়াই [মুণ্ডারি শব্দ] বিং, যুদ্ধ। ~য়া (কেং লড়ায়ে) বিণ, যে লড়ে ; লড়াকু ; রণদক্ষ। ২ ঝগড়াটে।

লড়াক [হিং লড়াকু (যুদ্ধপটু ; কলহপটু)] বিণ, বিবাদে তৎপর ; রণদক্ষ। ২ বীর।

লড়ানি, লঢ়ানি [লড়া দ্রঃ। হিং লঢ়ানা। লড়াই, লড়াও, লড়ার ; লড়াইতে ; লড়াইয়া (কেং লড়িয়ে)] ক্রি, যুদ্ধ করান ; যুদ্ধ বাধান। ২ পরস্পরকে লড়িতে দিয়া শক্তি পরীক্ষা করা। "লয়ে নিজ পারাবত, চলে ধনপতি দত্ত, লঢ়াইতে নগরিয়া সাথে।"-কবিক॰।

লড়ালড়ি [লড় (দ্রঃ) + আ (পরস্পর অর্থে) + লড়ি (লড়াই)] বি, পরস্পর যুদ্ধ ; যুঝাযুঝি। ২ দোড়াদৌড়ি ; রড়ারড়ি। "আথে ব্যথে যায় চাঁদ করিয়া ল॰"-মনসা ম॰ (বংশী॰ খৃ॰ ১৫ শতক)।

লড়ি, লড়ী [সং-যষ্টি > প্রাকৃ॰ লট্‌ঠী > লড়ী, অথবা নড় দ্রঃ। নল > প্রা॰ নড়ি] বি, লগুড় ; লাঠি। "ডানি করে ভাঙ্গা লড়ী বাম কক্ষে ঝুড়ী"-অ॰ম॰। "আগু জাএ বড়ায়ি হাথত করী লড়ী।"-শ্রী॰কী॰। **অন্ধের লড়ী**-অন্ধের নড়ী দ্রঃ।

লড়ে [রড়ে >। লড় (দৌড়ি) দ্রঃ। র= ল] ক্রি, দৌড় দেয়। ২ পলায়ন করে। "প্রাণভয়ে বুড়া সব ধাইয়া লড়ে"-মনসা ম॰ (ষষ্ঠীবর॰, খৃ॰ ১৬ শতাব্দী)।

লড্ডু, লড্ডুক [সং] বি, মোদক ; লাড়ু। "নানা জাতি পিষ্টক লড্ডুক নানাবিধ"-শি॰।

লণ্ঠন [ইং lanternএর লিপ্যন্তর] বি, কাচবেষ্টিত দীপাধার। **ঝাড় লণ্ঠন**-বেলোয়ারী কাচের ঝাড় বা দীপধারা। **হাত লণ্ঠন**-হাতে ঝুলাইয়া লইয়া যাইবার লণ্ঠন। **হারিকেন লণ্ঠন**-ঝড়ে দীপ নিবিয়া যায় না এরূপ লণ্ঠন hurricane lantern.

লণ্ড, লণ্ডা [সং] বি, কঠিন অথচ লম্বাকৃতি মল ; ল্যাড়।

লণ্ডভণ্ড [সং-লণ্ড্ (উৎক্ষেপণে) > লণ্ড + ভণ্ড (ভণ্ডন, যুদ্ধ)] ক্রি. ছারখার ; তছ্‌নছ্। ২ বিশৃঙ্খল এবং বিপর্য্যস্ত।

লণ্ডন [ইংLondon > সং-লণ্ডন, লণ্ডন, লন্দন] বি, ইংলণ্ডের রাজধানী লণ্ডন। ~জ-লণ্ডন দেশজাত।

লতা, লতিকা [লত্ (বেষ্টন করা) + অ (র্তৃ) + ক (স্বার্থে) + আ (স্ত্রীং)] বি, যা বৃক্ষাদি বেষ্টন করিয়া উর্দ্ধে উত্থিত হয় অথবা ভূমিতে বিস্তৃত হয় ; ব্রততী ; বল্লী creeper. ২ [পুরুষকে অবলম্বনের ভাব হতে, লক্ষ॰] নারী। ৩ [কু'র সুনাম দেওয়ার প্রাচীন প্রথা, গ্রীক euphemism, নারী ভাষার-লতা] বি, সর্প। ক্রি, **লতানি**-লতার মত বিস্তারলাভ করা ; লতার মত জড়ান বা বেষ্টন করা। বিণ, **লতানিয়া, লতানে** [প্রা॰ নতানে] যা লতাইয়া যায় ; লতার প্রকৃতি-যুক্ত ; সর্পগতিবৎ বিস্তৃত। **আশা-লতা**-লতার ন্যায় আশ্রয়কারিণী ও বর্দ্ধনশীল বা ব্যাপিকা আশা। "রোপণ করেছি আমি আশা-লতা প্রেম বনে।"-গান। ~গৃহ-বি, লতাপল্লব নির্ম্মিত গৃহ ; নিকুঞ্জ। ~ছকা-বি, পিড়িং শাক। ~জিহ্ব-বি, যার জিহ্বা লতার মত ; সর্প। ~তরু-বি, যে সকল বৃক্ষ লতা দ্বারা প্রায়ই বেষ্টিত হয়। ২ শালগাছ। ৩ তালগাছ। ৪ কমলালেবুর গাছ। ~পনস-বি, তরমুজ গাছ। ~পাতা-বি, লতা ওপাতা ; লতানিয়া গাছপালা। ~প্রতানিনী-বি, গুল্মিনী ; বহু শাখায় বিস্তৃত লতা। ~ফটকী-বি, বন উচ্ছের গাছ। ২ জ্যোতিষ্মতী লতা। ~ফল-বি, পটোল। ~বিতান, ~মণ্ডপ [লতার-বিতান, মণ্ডপ] বি,

লতা বিস্তার ; লতাজাল। ২ লতাপল্লব দ্বারা রচিত মণ্ডপ ; লতাগৃহ। ~বেষ্টিত-বিণ, লতা দ্বারা ঘেরা। ~বেষ্টিতক-বি, আলিঙ্গনবিঃ। ~ভদ্রা-বি, ভদ্রালী গাছ। ~মণি-বি, প্রবাল। ~মৌ-বি, খাদ্যবিঃ। "লতামৌ মৌকলস আর খেজুর ছড়ি।" -শূ-পু-। ~যষ্টি-বি, মঞ্জিষ্ঠা। ~শঙ্খ-বি, শালবৃক্ষ ; শালগাছ। ~সাধন-বি, তান্ত্রিক বীরাচারের সাধনাবিঃ ; নায়িকা সাধন। **লতাইয়া পড়া, লতিয়ে পড়া** [নারী ভাষায়-নতিয়ে পড়া ; গ্রা০ নেতিয়ে পড়া] ক্রি, অবসন্ন হইয়া বসিয়া বা শুইয়া পড়া। ২ পদানত হওয়া। **লতাইয়া যাওয়া**-ক্রি, লতার মত গড়াইয়া বিস্তৃত হওয়া। ২ লতার মত পাকাইয়া যাওয়া। ৩ কৃশ হওয়া।

লতি [শ্রীহট্ট-প্রাদে০] বি, গলকম্বল।

লতিকা-লতা দ্রঃ।

লত্তা [হি০। সং-লক্তক >] বি, নেতা দ্রঃ।

লত্তিকা [সং] টিক্‌টিকী। ২ গিরগিটা।

লদনা-নাদনা দ্রঃ।

লন্দন [লণ্ডন্ দ্রঃ] বি, লণ্ডন। "লন্দন মহানগরে ছাপা হইল।"

লপচপানি [লপ্ (বলা) চপ্ (শাঠ্যে) > চোপা > চপানি (সত্য অতিক্রম পূর্ব্বক ভাষণ)] বি, লম্বাচওড়া বলা ; লম্বাই চওড়াই হাকা ; বাড়াইয়া বলা।

লপন [লপ্ (বলা) + অন (ভা০)] বি, ভাষণ, কথন। বিণ, **লপিত**-উক্ত; ভাষিত। ২ বি, ভাষণ ; উক্তি।

লপরচপর [লেহন=চর্ব্বণ > গ্রা০] অ, লেহন এবং চর্ব্বণ করিবার শব্দে। ২ [লক্ষ০] বি, ভূরি ভোজন।

লপলপ [অনু০] বি, আহার কালে চর্ব্বণ বা লেহনের শব্দ ; জিহ্বা ব্যাপারজনিত অনুকার শব্দ ; আধিক্যে ও দ্রুত অর্থে-লপালপ।

লপিত [লপ্ (ভাষণে) + ত (ভা০)] বি, উক্তি। ২ [+ত(র্ম)] বিণ, উক্ত। "লপিতে দেও কুন্তীরনন্দন" (=কর্ণ)-কাব্যকৌমুদী।

লপেট [লিপ্ত >। হি০] বি, বেষ্টন ; আবরণ। বিণ, ~া-লিপ্ত। ২ গুটান। ৩ বি, জুতাবিঃ ; যে জুতার অগ্রভাগ শুঁড়ের মত উপর দিকে গুটান থাকে ; শুঁড় উল্টান চটি।

লপ্টানি [লপেটান > দ্রুত উচ্চারণে। হি০ লপট্‌না, লিপ্‌টানা। সং-লিপ্ত > লপ্ত + আন > লপ্তান >] ক্রি, লিপ্ত হওয়া ; জড়াইয়া থাকা। ২ ভাঁজ করা ; পাট করা। বি, **লপ্টন, লপ্টানি**।

লপ্ত [লিপ্ (লেপনে) >] বিণ, লিপ্ত ; লগ্ন। ক্রি-বিণ, **লপ্তে**-লাগে ; লেপ চে (দ্রঃ) ; সঙ্গে ; সংশ্রবে। **একলপ্তে**-এক লাগে ; একত্র।

লপ্সিকা [সং] বি, মোহনভোগ ; হালুয়া।

লফলা-ল২ দ্রঃ।

লব [সং] সূক্ষ্ম কাল। ২ অল্পমাত্র ; কণা ; লেশ। "গম্ভীরা ভিতরে রাত্রে নাহি নিদ্রা লব।"-চৈ০চ। "প্রতিপদ চাঁদ উদয় বৈছে যামিনী সুখ লব"-বি০প০। "বসনে বাজিয়া সব না রহিল একা লব, লইয়া চলিল আর বলে।"-কবিশেখর। ৩ পুষ্পরেণু। ৪ [পাটী০ (ক০ বিষ০পরিঃ)] ইং numerator এর বৈজ্ঞা০ পরিঃ ; বিভাজ্য শব্দ। ৫ রামচন্দ্রের দ্বিতীয় পুত্র। ৬ পক্ষিবিঃ। ৭ [বৈদ্যকে] লবণ। ৮ লবঙ্গ। ৯ জায়ফল।

লব২ [লওয়া (দ্রঃ) ধাতুর উ০পু০, ভবিষ্যৎকালের রূপ 'লইব' > কে০লব। "ব"ভবিষ্যৎ কালবাচক ক্রিয়া-বিভক্তি, ইব > কে০] ক্রি, লইব। ম০পু০ তুচ্ছার্থে **লবি**-লইবি (তুই)। "নিবৃত্তিকে সঙ্গে লবি।"-রা০প্র০। সমানার্থে-লবে=লইবে (তুমি) ; সম্ভ্রমার্থে-লবেন=লইবেন (আপনি)। প্র০পু। লবে=লইবে (সে) ; সম্ভ্রমার্থে-লবেন=লইবেন (তিনি)। ২ অতিবাহিত করিবে ; কাটাইবে। "চিন্তায় অলসে যদি বৃদ্ধকাল লবে।"-ব০।

লবঙ্গ [লবঙ্গক ও০। মলকা০ মলঙ্গা > সং-কলার পরে বর্ণ বিপর্য্যয়ে লবঙ্গ ও লবঙ্গক, হি০ লওয়াঙ্‌] বি, (মলক্কা দ্বীপের বৃক্ষ) বৃক্ষবিঃ ও তার সুগন্ধ পুষ্প ; ইহার অন্য নাম-দেবকুসুম ; লঙ্গ ; লব। ~কলিকা-লবঙ্গ গাছের শুষ্ক পুষ্পমুকুল cloves. ~ফুল-বি, ঐরূপ নারীর নাসিকা-লঙ্কারবিঃ। ~লতা ~লতিকা-বি, সুগন্ধ ফুল ও ফলদ কণ্টকী বৃক্ষবিঃ। ২ লবঙ্গ দিয়া বেঁধা ঘিয়ে ভাজা মিষ্টান্নবিঃ।

লবড়ঙ্গা-লবডঙ্কা দ্রঃ।

লবজ্‌, লবজ [উ০লব্‌জ্‌। আদা০] বি, বাক্য ; শব্দ word.

লবণ [লু (ছেদন বা বিশ্লেষণ করা) + অন (র্ত্তৃ)] বি, ক্ষাররসযুক্ত দ্রব্যবিঃ ; নুন। সৌবর্চ্চল, সৈন্ধব, বিট, ঔদ্ভিদ্ ও সামুদ্রভেদে লবণ পাঁচ প্রকার। ২ লবণ সমুদ্র। ৩ কুম্ভীনসী রাক্ষসের পুত্র। ৪ বিণ, লবণাক্ত ; লোণা। স্ত্রীং ~া-নদীবিঃ। ~জল-বি, লোণা জল। ~ধেনু-বি, ধেনুদান হেতু লবণনির্ম্মিত কল্পিত ধেনু।

লবণা/ক্ত [লবণ + অক্ত (যুক্ত)] বিণ, লবণযুক্ত ; লোণা। **চক্ষু লবণাক্ত করা** [অশ্রু লোণা বলিয়া] ক্রি, নয়ন অশ্রুপূর্ণ হওয়া ; চক্ষুতে জল ভরিয়া আসা ; ক্রন্দন করা। ~ত্মক [লবণ + আত্মক] বিণ, লোণা। ~ম্বু [লবণ + অম্বু] বি, লোণা জল। ~ম্বুধি [লবণ + অম্বুধি] বি, লবণ সমুদ্র। ~ম্ল [লবণ + অম্ল। রাসা০ পরিঃ] বি, লৌহ-দ্রাবকঘটিত লবণ muriatic acid ; (raw) hydrochloric acid.

লবণিয়া [লবণ + ইয়া। হি০ লুনিয়া] বি, লবণ ব্যবসায়ী। ২ লবণ প্রস্তুতকারক ; লুনিয়া।

লবণোদক [লবণ (লোণা হইয়াছে) + উদক (জল) যার, বহু০] বি, লবণ সমুদ্র।

লবন [লূ (ছেদনে) + অন (ভা০)] বি, ছেদন। ২ [+ অন (র্ত্তৃ)] খড়্গ।

লবনোত্তম [লবণ + উত্তম] বি, সৈন্ধব লবণ ; সন্ধক নুন।

লবলী [সং] বি, নোয়াড়ি গাছ। ২ শিল আমলা। ~দল-লবলীর পাতা।

লবলেশ [লব (দ্রঃ) ও লেশ (দ্রঃ)] বি, কিছুমাত্র ; চিহ্নমাত্র। "পুরী রেউল কিছু নাহি ল০" (আটিয়া পরগণায় ব্যবহৃত)।

লবাদা-লবেদা দ্রঃ।

লবান [আ৽ লুবান] বি, সুগন্ধ বৃক্ষ-নির্য্যাসবিঃ ; গুগ্‌গুলবিঃ (হিন্দুগৃহে ধুনা পুড়াইবার মত মুসলমানদিগের গৃহে লবান পুড়ান হয়) frankincense ; olibanum.

লবেজান [ফা৽লব্‌(ওষ্ঠ)-ই-জান্‌(প্রাণ) ফা৽ জান্‌-ব-লব্‌] বিণ, ওষ্ঠাগত প্রাণ। লঁ৽ করা-ক্রি, প্রাণ ওষ্ঠাগত করা ; প্রাণে মারা। "বিবিজান চলে যান লঁ৽ করে"-ঈ৽ গুপ্ত।

লবেদা, লবাদা [পর্ত্তু৽ loba (ঢলঢলে পোষাক) + abada (গুটান প্রান্ত পরিচ্ছদ) -ফা৽ লবাদা] বি, চোগা জাতীয় বড় ও ঢিলা জামা ; মুসলমানদের সচরাচর ব্যবহারের লম্বা তুলা ভরা কিম্বা মোটা জামা। ২ বর্ষার বারি হতে আত্মরক্ষার উপযোগী গলা হতে পা পর্য্যন্ত ঢাকা জামা ; বর্ষাতি water proof-cloth. **লবেদার** [ফা৽লবাদা-দার] বিণ, পোষাকী বাবু ; ফুলবাবু।

লব্ধ১ [লভ্‌ (পাওয়া) + ত (র্ম্ম), যা পাওয়া গিয়াছে] বিণ, প্রাপ্ত ; গৃহীত। ২ উপার্জ্জিত। স্ত্রীং ~া-নায়িকাবিঃ। **~কাম**-বিণ, যার কামনা পূর্ণ হইয়াছে। **~প্রতিষ্ঠ**-বিণ, যার প্রতিষ্ঠা লাভ হইয়াছে ; প্রথিতযশা। **~প্রবেশ**-বি, যিনি ভিতরে প্রবেশ করিতে পারিয়াছেন। **~বর্ণ** [লব্ধ-বর্ণ (যশঃ)] বিণ, যশস্বী। ২ পণ্ডিত।

লব্ধ২ [পদার্থ বিজ্ঞা৽ পরিঃ] বিণ, ইং resultant এর বৈজ্ঞা৽পরিঃ (হিং কো৽) ; বলজ (হিং কো৽)।

লব্ধি [লভ্‌ (পাওয়া) + তি (ভা৽)] বি, প্রাপণ ; প্রাপ্তি ; লাভ। ২ ধারণ ; গ্রহণ। ৩ [বল৽ (ক৽ বিশ৽পরিঃ)] ইং resultant এর বৈজ্ঞা৽ পরিঃ ; ফল।

লব্ধোদয় [লব্ধ (প্রাপ্ত হইয়াছে) + উদয় (উৎপত্তি) যৎ কর্ত্তৃক, বহু৽] বিণ, উদিত ; উদ্গত ; সমুৎপন্ন।

লভোঁ [প্রা৽ বাং, বৈ৽ পদ] ক্রি, লভি ; লাভ করি।

লভ্য [লভ্‌ (পাওয়া) + য (র্ম্ম)] বিণ, লাভের উপযুক্ত। ২ যা লাভ হইবে বা হওয়া উচিত ; প্রাপ্য। ৩ বি, লাভ ; প্রাপ্তি। "যথে রাজ্য লভ্য যেমন, বিপ্রা ভজে তাব কেমন।"-রা৽ প্র৽। ৪ বৃদ্ধি ; সুদ interest. "পোদ্দার হইল যম, টাকা আড়াই আনা কম, পাই লভ্য লয় দিন প্রতি।"-কবিক৽ [দ্রঃ-দিন প্রতি এক পয়সা সুদ]। **আসল লভ্য**-অধমর্ণের নিকট হতে প্রাপ্য আসল টাকা ও তার সুদ ঘটিত গণিত।

লম্প [ইং lamp এর লিপ্যন্তর। মেয়েলি৽-লম্প] বি, দীপস্বরূপ জ্বালাইবার টিনের ডিবা ; কেরোসীন তৈলের আবরণহীন দীপ।

লম্পট [রম্‌ (অনুরক্ত হওয়া) + অট (র্ত্তৃ), প আগম, র=ল। এই অর্থে সং-তে 'রমক' (=রমক) ; 'লম্পাক' শু৽] বি, কামুক ; লোচ্চা ; পরস্ত্রী লোলুপ। "ল৽ পুরুষ আসে বারবধূজন বৈসে একভিতে তার অধিষ্ঠান।" -কবিক৽। "এ বড় চতুর চোর গোকুলে নন্দকিশোর। * * সে দেখে সবারে কে দেখে তাহারে ল৽ কাল কঠোর।"-বাং গান।

লম্ফ [রনফ্‌ (লাফ দেওয়া) + অ (ভা৽), র=ল] বি, উল্লম্ফন ; লাফ। [তুল-ইং leap ; এ্যাং-স্যা-অতীতে- hleop ; ল্যা৽ rampa (a paw) > ইং ramp (a leap) ; হিং লপক (লম্পক) ; এ্যাং-স্যা-hleapan (উল্লম্ফন) ; জর্ম্ম৽ laufen (দৌড়)]। **~ঝম্প** [ঝম্প দ্রঃ] বি, লাফ ঝাঁপ ; লাফালাফি। "সে বিশাল লম্ফে ঝম্পে আতঙ্কে ধরণী কম্পে"-প্রেম ও ফুল। **~দান, ~প্রদান**-বি, লাফ দেওন ; লম্ফন। **~ন**-বি, লাফ দেওয়া। ২ ডিঙ্গান।

লম্ব [লম্ব্‌ (লম্বিত হওয়া) + অ (র্ত্তৃ)] বিণ, দীর্ঘ ; সরুভাবে বিস্তৃত। ২ লম্বিত ; স্রস্ত। ৩ দোলায়মান। ৪ বি, বিস্তার ; দৈর্ঘ্য। ৫ অবলম্বন। ৬ [জ্যা৽ (ক৽ বিশ৽ পরিঃ)] এক রেখার উপর ঋজুভাবে অবস্থিত রেখা ; ইং perpendicular এর বৈজ্ঞা৽পরিঃ ; ত্রিভুজ ক্ষেত্রের লম্বিত বাহুদ্বয় ; ইং vertical এর বৈজ্ঞা৽ পরিঃ। **~কর্ণ**-বিণ, দীর্ঘকর্ণ-বিশিষ্ট। ২ বি, গর্দ্দভ। ৩ শশক। ৪ ছাগ। ৫ হস্তী। ৬ গণেশ। ৭ রাক্ষস। **~কায়**-বিণ, ঢেঙ্গা। **~কেশ**-বি, দীর্ঘ অগ্রবিশিষ্ট কুশ নির্ম্মিত আসন। **~ঠুণ্ট** [লম্ব + ঠুণ্ট (ঠোঁট)] বি, দীর্ঘ চঞ্চু। "লম্বঠুণ্ট কাদখোঁচা (=কাদা খোঁচা পাখী)"-গোবিন্দ দাঁ৽ (খৃ৽ ১১-১২ শ শতাব্দী)। **~দন্তা**-বিণ, দীর্ঘ-দন্তবিশিষ্টা। ২ বি, সৈংহলী পিপ্পলী। **~বৃত্ত** [জ্যা৽ (ক৽ বিশ৽ পরিঃ)] ইং vertical circle এর বৈজ্ঞা৽ পরিঃ।

লম্বন [লম্ব্‌ (লম্বিত হওয়া) অন (ভা৽)] বি, দোলন ; ঝুলন। ২ আশ্রয় গ্রহণ ; অবলম্বন। ৩ [- + অন (র্ত্তৃ, জ্ঞা৽)] নাভি পর্য্যন্ত লম্বিত হার। ৪ [পদার্থ বিজ্ঞা৽ পরিঃ] বি, ইং parallax এর বৈজ্ঞা৽ পরিঃ (হিং কো৽) ; নমন (সা৽ প৽ প৽)। **~প্রক্ষেপ** [জ্যা৽ (ক৽ বিশ৽পরিঃ)] বি, ইং orthogonal projection এর বৈজ্ঞা৽ পরিঃ। **~বিন্দু** [জ্যা৽ (ক৽ বিশ৽ পরিঃ)] বি, ইং orthocentre এর বৈজ্ঞা৽ পরিঃ। **~মান** [লম্ব্‌ (লম্বিত হওয়া) + আন (র্ত্তৃ)] বিণ, দোলায়মান। ২ বিলম্বিত ; লম্বভাবে স্থাপিত বা শোভিত। "ফোঁটা কাটা মহাদম্ভ ছিঁড়া ধুতি কোচা লম্ব শ্রবণে কলম লম্বমান।" -কবিক৽। ৩ ক্রি-বিণ, লম্বিত করিয়া ; ঝুলাইয়া। "তর্জ্জন গর্জ্জন করে বান্ধে বীর গোধিকারে ধনুকেতে লম্বমান রাখে।"-কবিক৽। **নাক্ষত্র লম্বন** [জ্যো৽ (ক৽ বিশ৽ পরিঃ)] ইং secular parallax এর বৈজ্ঞা৽ পরিঃ।

লম্বরদার [হিং লম্বর (ইং number) + ফা৽দার] বি, করদাতাদিগের মুখপাত্রস্বরূপ যার নাম খাজনার খাতায় দাখিল থাকে ; করদাতাদিগের মধ্যে যে ব্যক্তি খাজনা আদায় করিয়া গবর্ণমেণ্টে দাখিল করে ; গ্রামের মণ্ডল [দ্রঃ-"The member of a coparcenary whose name is entered on the rent-role of government, and through whom the rent is paid"— Bengal.—*Glossary, V. J. & R. Terms, 1875*]

লম্বা [লম্ব্‌ (লম্বিত হওয়া) + অ (র্ত্তৃ) + আ (স্ত্রীং)। চট্টল৽ প্রাদে৽ লাম্বা] বিণ, দীর্ঘ long. ২ একটানা। ৩ দীর্ঘকাল স্থায়ী ; বহুক্ষণ। "সময়ে আসিয়া স্নান আহারাদি শেষ করিয়া লম্বা ঘুম দিলাম।"-কায়স্থ সমাজ, ১৩৩১। ৪ [দর্জ্জি ভাষায়] ঝুল। ৫ বি, দুর্গা। ৬ লক্ষ্মী। ৭ তিত লাউ। **~করা**-প্রহারে ধরাশায়ী করা। **লম্বা দেওয়া**-

] যুক্ত বিবরং (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible] ও ফা৽ দ্রঃ

দৌড়িয়া পলায়ন। ২ প্রস্থান; চম্পট। "দেখা গেল এক মফস্বলের ভদ্রলোকের পকেট মেরে ছ কেতা দশটাকার নোট নিয়ে, কে একদম্ লম্বা দিয়েছে।"–কলিকাতা-রহস্য। ~দৌড়–বি, দীর্ঘ পথে একটানা দৌড়। ২ বহুদূর। "পথিমধ্যে গরু দুটা হঠাৎ এক লম্বা দৌড় দিল।"–কায়স্থ সমাজ, ফাল্গুন-চৈত্র। ~লম্বা [বহুবচনার্থে দ্বিত্ব] অ. লম্বাকৃতি অনেক গুলি। ~লম্বা কথা–বি, অবস্থার অতিরিক্ত বাক্য; গর্ব্বোক্তি। ২ অপ্রীতিকর এবং মর্য্যাদার হানিকারক উক্তি। ৩ বড় মানুষী কথা। প্র–তার লম্বা লম্বা কথা শুনিয়া চটিয়া উঠিল।~লম্বি–ক্রি-বিণ, লম্বা দিকে; লম্বভাবে। ২ উত্তরদিকে দৈর্ঘ্য পরিমাণে। লং-হওয়া–ক্রি, হাত পা ছড়াইয়া শয়ন করা।

লম্বাই [লম্বা+ই (পরিমাণার্থে)] বি, লম্বা দিকের মাপ; দীর্ঘ পরিমাণ। ~চওড়াই–বি, দীর্ঘ ও প্রস্থ পরিমাণ। ২ বড় মানুষী কথা। ৩ আস্ফালন; গর্ব্বোক্তি। প্র–তাহাদের কাছে সে তখন খুব লম্বাই চওড়াই করিতে লাগিল।

লম্বাংশ [জ্যো০ (কং বিষ০ পরিঃ)] বি, ইং polar distance এর বৈজ্ঞা০ পরিঃ।

লম্বাটিয়া [লম্বা+আটিয়া। গ্রা০ লম্বাটে] বিণ, অনেকটা লম্বা; লম্বা ধরণের; প্রায় লম্বা।

লম্বিকা [লম্ব্ (লম্বিত হওয়া)+অক (র্তৃ) +আ (স্ত্রীং)] বি, আলজিভ। ২ [সুশ্রুত] গলশুণ্ডিকা tonsilitis.

লম্বিত [লম্ব্ (লম্বিত হওয়া)+ত (র্ম)] বিণ, যা ঝুলিতেছে; যা ঝোলান হইয়াছে। "আজানু লম্বিত বাহু সুললিত কোদণ্ড শোভিত তাহে।"–বাং গান। ২ অবলম্বিত। ৩ পতনোন্মুখ।

লম্বোদর [লম্ব (বিস্তৃত)+উদর যার, বহু০] বি, গণেশ। ২ বিণ, ঔদরিক; পেটুক। ৩ স্থূলোদর। স্ত্রীং ~রী। বাং-র ~রী ও০। "নারদ ঋষির মানস কন্যা দন্তোলম্বোদরী।"

লম্বোষ্ঠ [লম্ব (দীর্ঘ)+ওষ্ঠ যার, বহু০] বি, উষ্ট্র; উট।

লম্ভন [লম্ভ্ (প্রাপ্ত হওয়া, শব্দ করা)+অন (ভা০)] বি, প্রাপণ। ২ শব্দ। ৩ লাঞ্ছনা। বিণ, লম্ভিত।

লয় [লী (মিলিত হওয়া)+অ (ভা০)। মেয়েলি০–নয়। প্র–লয়-নেত্যো] বি, তৌর্য্যত্রিকের ক্রিয়াকালের সমতা; সুরকে মাত্রা ছন্দ ও তালের সহিত একীকরণ বা নিবৃত্তি। লয়–দ্রুত, মধ্য ও বিলম্বিত ভেদে ত্রিবিধ। ২ কালের নিরবচ্ছিন্ন গতি। ৩ অভিনয়। ৪ মিলিয়া যাওয়া; লীন হওয়া। ৫ প্রলয়; ধ্বংস; বিনাশ। ৬ মৃত্যু। "প্রার্থনা এই মা তব অভয়পদকমলে করি। * * * অকিঞ্চন লয়কালে যেন মুখে বলে হরি হরি।"–বাং-গান। ৭ আলয়; আবাস। ৮ বিলাস। লয় করা–নাশ করা।~ক্রিয়া–বি, প্রলয় কার্য্য; সংহার কার্য্য। ২ সঙ্গীতের তাল দেওয়া। লয় দেওয়া–গায়কের কণ্ঠ বা নর্তকের পদন্যাসের সহিত সুর তালাদির মিল রাখা। ২ মতে মত দেওয়া; সায় দেওয়া। ~নৃত্য [মেয়েলি০–নয়নেত্য] বি, প্রলয় নৃত্য; তাণ্ডব। ২ দাপাদাপি; তছনছ; একাকার। ~পুত্রী–নটী; নর্তকী। ~মাফিক–অ, যথাসময়ে; যথাক্ষেত্রে; সুযোগ মত। ~হীন–বিণ, তালবিহীন। ২ অবিনাশী।

লয়ন–বি, আনয়ন; লওয়ান; নয়ন।

লয়া [সং–নবা > হিং নওয়া (নূতন), বাং গ্রা০। অশিক্ষিতের উচ্চারণে লয়া, নয়া। ন=ল] বিণ, নূতন; নব। ~লয়া [নয়া নয়া (< নব নব)] বিণ, নব নব; নূতন নূতন। "আমার লয়া লয়া সাপ"–রাজ০।

লয়ে [লওয়া দ্রঃ। লইয়া > কো০। প্রা০ বাং–লোএ (ধর্ম্মরাজের গীত, খৃঃ ১৫শ শতাব্দী)] অস-ক্রি, লইয়া।

লয়েন্ত [লওয়া ধাতুর প্রঃ পুঃ সম্ভ্রমার্থে–লয়েন। প্রা০ বাং–লয়েন্ত] ক্রি, লয়েন; গ্রহণ করেন; নেয়ন্ত দ্রঃ।

লরদ [প্রাদে০] বি, তাঁতযন্ত্রের যে গোল লম্বা কাঠখণ্ডে কাপড় বা সূতা জড়ায়। "সৃষ্টি করে মায়ার ল০, তাহে জড়িয়া দারা পুত্র পরম"–গ্রাম্যগীত।

ললজ্জিহ্ব [ললৎ (দোলায়মান, লেহনকারী) জিহ্বা যার, বহু০] বিণ, যার জিহ্বা লক্লক্ করে বা করিতেছে। ২ রক্তলোলুপ জিহ্বা; হিংস্র। ৩ বি, কুকুর। ৪ উষ্ট্র।

ললৎ [লড়্ (উৎকণ্ঠিত হওয়া)+অৎ (র্তৃ)] বিণ, লেলিহান; দোলায়মান। ২ লোলুপ; লালসাযুক্ত। ৩ বিলাসযুক্ত। [দ্রঃ–এই শব্দ অন্য শব্দের পূর্ব্বে যুক্ত হইয়া অর্থ প্রকাশ করে যথা–ললজ্জিহ্ব; ললৎকর্ণ]।

ললন [লল্ (কটাক্ষাদি ভঙ্গী বা বিলাস প্রদর্শন করা)+অন (ভা০)] বি, বিলাস। ২ কেলি। ৩ দোলন; কম্পন।

ললনা ["বিশেষাঙ্গনা * * * ললনা চ নিতম্বিনী"–অমর০। "অঙ্গনাদয়ো যোষিবিশেষাঃ"–অমরটীকা। "ললনা সুকুমারাঙ্গী"–রত্নকোষঃ] বি, সুকুমারাঙ্গী নারী। ২ পত্নী। ৩ জিহ্বা। ~প্রিয়–বিণ, নারীপ্রিয়। ২ পত্নীপ্রিয়। ৩ বি, কদম্ব। ৪ হ্রীবের; বালা নামক গন্ধদ্রব্যবিঃ। ~সুহৃদ্–বি, রমণীর বন্ধু। ২ বিণ, নারীর হিতকারী।

ললন্তিকা [ললৎ (লম্বমান)+ঈ (=ললন্তী)+ক+আ (স্ত্রীং)] বি, নাভিদেশ পর্য্যন্ত লম্বিত হার। ২ গিরগিটী।

ললাট [সং। প্রা০ বৌ০ বাং প্রাকৃ০ নিলার। নিলারে=ললাটে। গ্রা০ নলাট] বি, কপাল। ২ (সূতিকাগৃহে বিধাতাপুরুষ কর্ত্তৃক ললাটাস্থি বা কপালে ভাগ্য লিখনের সংস্কার হতে) অদৃষ্ট; ভাগ্য। "কান্দে বীর লাউসেন রায়, এই ছিল আমার ললাটে"–ধ০। ~ন্তপ–বিণ, কপাল তপ্তকারী; কপাল-পোড়া। ২ সূর্য্য। ~পট্ট–বি, কপালের বিস্তার। ২ বিস্তৃত ললাট। ~লিখন, ~লিপি–বি, অদৃষ্টলিপি; কপালের লেখা; ভবিতব্যতা।

ললাটক [ললাট+ক (স্বার্থে)] বি, প্রশস্ত কপাল।

ললাটিকা [ললাট+ক+আ (স্ত্রীং)। অ=ই] বি, তিলক। "ভালে দাও এক ললাটিকা।"–অশোক০। ২ ললাটভূষণ। "যোগীর ধ্যানের ধন ল০ মেয়ে"–দাসরথী ম০।

ললাম [লল্(ক্রীড়া করা)+আম (ভা০)]

বি, ললাটের ভূষণ। ২ ললাটস্থিত চিহ্ন; পুণ্ড্র। ৩ অশ্বের কিম্বা বৃষের ললাটস্থিত রঞ্জিত চিহ্ন। ৪ ধ্বজা। ৫ প্রভাব। ৬ শ্রেণী। ৭ বিণ, শ্রেষ্ঠ। ৮ রমণীয়; মনোজ্ঞ।

ললামক [সং] বি, ললাটশোভী মাল্য।

ললামী-বি, কর্ণভূষণবিঃ।

ললিত [লল্(বিলাসে)+ত (ভা০)] বিণ, মনোহর; সুন্দর। "ললিত লবঙ্গ তারা যদি আবার কলাবিদ্যা সমন্বিত হন, তবে ত ত'র ছুনিয়াই তাঁদের পায়।"-নরওয়ে ভ্রমণ। ২ কমনীয়; কোমল। ৩ প্রিয়; ঈপ্সিত; বাঞ্ছিত। ৪ চঞ্চল। ৫ বি, লাস্য; স্ত্রীনৃত্য। ৬ ["স্ত্রীণাং বিলাসবিব্বোকবিভ্রমা ললিতন্তথা। হেলা লীলেত্যমী হাবাঃ ক্রিয়াঃ শৃঙ্গারভাবজাঃ॥"-অমর০] বিলাস; হাব; স্ত্রীজাতির শৃঙ্গারভাবজ ক্রিয়াবিঃ। ৭ রাগিণীবিঃ। ৮ [নাট্যশা০ উপাঙ্গাভিনয়ে। অভিনয় দর্পণ নন্দিকেশ্বর নিহঙ্কিত দ্রঃ] মস্তকের স্থলবিঃ। (২) মস্তক স্থির, চক্ষুদ্বয় অলস যেন অতিরিক্ত গর্ব্বে নিদ্রালুতা, মাদকতা, আবেশ, মূর্চ্ছা। ই০ স্থলে (অভিনয় দ্রঃ) graceful posing. ~কান্তা-বি, মঙ্গলচণ্ডিকা। ~চতুষ্পদী-বি, ৩১ অক্ষরযুক্ত বৃত্তি বা ছন্দবিঃ। ~ত্রিপদী-বি, ২৭ অক্ষর যুক্ত বৃত্তি বা ছন্দবিঃ।

ললিতা [লল্ (ইচ্ছা করা)+ত (র্ক্ত)+আ (স্ত্রীং)] বি, দুর্গা। ২ রাধা সহচরী গোপীবিঃ। ৩ ললনা। ৪ নদীবিঃ। ~সপ্তমী-বি, ভাদ্র মাসের শুক্লা সপ্তমী তিথি এবং উক্ত তিথিতে অনুষ্ঠেয় ব্রত।

লশুন, লশূন [সং-রশুন >। র=ল] বি, উগ্রগন্ধ শ্বেত কন্দবিঃ; রশুন garlic.

লষিত [লষ্ (অভিলাষ করা)+ত (র্ক্ত)] বিণ, বাঞ্ছিত; অভিলষিত।

লস [পদার্থ বিজ্ঞা০ পরিঃ] বি, সান্দ্রতা; ইং viscosityর বৈজ্ঞা০ পরিঃ (হিং কো০)।

লসৎ, লসত [লস্ (ক্রীড়া, বিলাস)+অৎ (র্ক্ত)] বিণ, বিলসিত; লীলাপরায়ণ। "কনক খর্পর লসত কঞ্চুকি নাচত চরত ফণী।"-জ্ঞান০। ২ শোভমান।

লসা [সং] বি, হরিদ্রা।

লসিকা, লসীকা [রস্ (আস্বাদন করা)+ইক (ণে)+আ (স্ত্রীং)। র=ল] বি, লালা। ২ শরীরস্থ পীতাভ স্বচ্ছ তরল পদার্থ; রস lymph.

লসিত [লস্ (ক্রীড়া করা, দীপ্তি পাওয়া)+ত (ভা০)] বি, বিলাস। ২ লাস্য। ৩ উল্লাস। ৪ বিণ, বিলসিত। ৫ শোভিত। "সুললিত লসিত সুন্দর সর্ব্বগাত্র।"-জ্ঞান০। "হরিনাম লিখন লসিত অঙ্গস্থলে॥"-শি০। ৬ উল্লসিত; হৃষ্ট।" লসিত অন্তর।"-কাশী০।

লস্কর [ফা০ লশ্‌কর্] বি, সেনা; ফৌজ। "তবু অকাতর ভূপতি লস্কর ছুকর সাহসে লড়ে।"-ঘ০। "বিস্তর লস্কর সঙ্গে অতিশয় জুম। আসিয়া ভুবনেশ্বরে করিলেক ধুম॥" -অ০ ম০। ২ নৌসৈন্য। ৩ [ইং lascar -a native sailor] জাহাজের দেশীয় নাবিক; খালাসী। ৪ জাতীয় উপাধিবিঃ। ৫ সাধারণ সৈন্য ও গ্রামবল সংঘ সূচক উপাধিবিঃ।

লস্ত/ক [সং] বি, ধনুমধ্য। ~কী-বি, ধনুক।

লহ [লওয়া দ্রঃ। প্রাচীন গদ্যে ও পদ্যে এবং আধুনিক পদ্যে ব্যবহৃত] ক্রি, লও; ধর; গ্রহণ কর। ২ [লক্ষ০] অনুমান কর; মনে কর। লহে-লয়; গ্রহণ করে।

লহড় [লড়১ দ্রঃ। তুল-হিং লহর (বেগ)। র=ড়। লহর দ্রঃ] বি, দৌড়; রড়। "ঢেকেয়া কেলাইয়া ময়নাক দিল লহড়"-মাণিক০।

লহনা [লভ্ (লাভে) > লভনীয় (লভ্য) > লহনীয় >। ভ=হ] বি, খাজনা ব্যতিরেকে অন্যান্য বাকী পাওনা। "লাভের জন্য ব্যবসা করিলাম, সব লহনা বাকি" -গদ্যপদ্য (বঙ্কিম০)। ২ লভ্য; প্রাপ্য। ৩ কবিকঙ্কণের চণ্ডী-কাব্যোক্ত ধনপতি সওদাগরের প্রথমা পত্নী।

লহমা [আ০ লম্‌হা > বর্ণবিপর্যায়ে, লহ্‌মা] বি, মুহূর্ত; ক্ষণ। "এক লহমাও স্থির থাকে না"-টেকচাঁদ।

লহর [সং-লহরী] বি, তরঙ্গ। "পিরীতি লহরে আকুল হইয়া"-চণ্ডি০। "সাগর কূলে বসিয়া বিরলে হেরিব ল০ মালা"-বাং গান। "যমুনায় ল০ লহতে হৈল লাল।"-অ০ ম০। 'বেদনার ল০ চলিয়াছে..."-উত্তরা, পৌষ ১৩৩৩। ২ লড়; দৌড়। "হাসিয়ালী বয়ত সোন্দাইল ল০ দিয়া"-মাণিক০।

লহরি,-রী [সং] বি, তরঙ্গ; ঢেউ। "বদন ইন্দু ঢল ঢল ঢল, শিরে দ্রবময়ী করে টল টল, লহরি উঠিছে কল কল কল, জটাজুট মাঝে থাকিয়া।"-রা০ প্র০। ~লীলা-বি, তরঙ্গক্রীড়া।

লহা [লহ দ্রঃ। লহি, লহ, লহে; লহিতে (লইতে); লহিয়া (লইয়া) ই০] ক্রি, লওয়া।

লহাই [প্রা০ বাং। সং-নবীন > হিং নবল, ব্রজ০ নয়লি, নহলী (দ্রঃ) > নহাই > লহাই] বিণ, নবীন; নূতন। "লহাই যৌবন পুড়্যা হবে ছারখার।"-গোবিন্দ০ গান, ব০ সা০ পরিচয়।

লহু১ [লঘু >] বিণ, মৃদু; মন্দ; লঘু। লহুলহু-অ, মৃদু মৃদু। "বচনক চাতুরী লহু-লহু হাস"-বি০ প০। "থরহরি কাঁপল লহলহ ভাব"-ঐ।

লহু২ [সং-লোহিত > প্রাং, হিং-তে-লহু, বাং-য় অতি ক্বে০ লো, লৌ] বি, রক্ত; শোণিত। "যমুনায় লহর লহতে হৈল লাল।" -অ০ ম০।

লা১ [সং-লাক্ষা। ফা০ লা, লাহা-লা। হিং লাক, লা। ওড়ি০ লাক। ইং lac] বি, লাক্ষা; গালা; জতু।

লা২ [সং-নৌ > নাবঃ > না=লা। তুল-নৌকা। অশিক্ষিত গ্রা০ লোকের মুখে প্রায়ই নৌকো, লৌকো] বি, তরী; নৌকা; তরণী; না। "এক মনে দানপতি লাএ দিল ভর-শূ০ পু০। "মধ্য হ্রদে ভাঙ্গা লায় ভেসে বায় সে"-শি০। "কাণ্ডার ভাই রাখ লা যথা পাও স্থল।"-কবিক০।

লা৩ [আ০ লা। বাং-না, যথা-লাচার= নাচার] অ, অভাবাত্মক উপসর্গ; না; নাই; শূন্য; ব্যতীত। লা-ইলাজ-বিণ, অচিকিৎস্য। ২ অপ্রতিবিধেয়। লা-ওয়ারিস-বিণ, উত্তরাধিকারী শূন্য; বেওয়ারিস heirless. লা-খিরাজ-বিণ, নিষ্কর rent free. লা-চার-বিণ, নিরুপায়। ২ অসহায়। ৩ অনন্যোপায়। > বি,

লাচারি। লা-জবাব-বিণ, নিরুত্তর। ২ অতুলনীয়। লা-দাওয়া-বিণ, যার ঔষধ নাই। ২ চিকিৎসাহীন। ৩ অপ্রতিবিধেয়। লা-দাবি, দাবী-বিণ, দাবি দাওয়া হীন unclaimed. লা-পাতা-বিণ, নিরুদ্দেশ। লা-শরিক-বিণ, অংশীদার হীন।

লা৪ [প্রা॰। সং-হলা কে॰ >। লো দ্রঃ। নারী ভাষায় অবজ্ঞার্থে] অ, সম্বোধন শব্দ; লো। প্র-হাঁ লা; কেন লা।

লাই১ [সং-লাজা > হি॰ লাই (খই)। তার মত অর্থে হি॰-তে-"লেই"] বি, খই। ২ ময়দা ই॰-র কাই; আটা।

লাই২ [লাগি (দ্রঃ) >, প্রাদে॰। হি॰ 'লিয়ে'] অ, জন্য। "অনেক জনে ভাবে মনে খেদা দিবার লাই"-পূ॰ ব॰ গী॰। "সোনাই উতলা হইল গোবর্দ্ধনর লাই"-ঐ।

লাই৩ [নেশা > লেশা > লেঞা > লাই] বি, নেশা; মাদকতা। "পানের লাইয়ে ধৈরেছে আমায় কেমন থাকি ঘরে।"-পূ॰ ব॰ গী॰। "লাই আলা সুপারি যখন তোমার পেটে পড়িল।" "সে সুপারি পানে একটু কিছু লাই আছে"-পূ॰ ব॰ গী॰।

লাই৪ [নাহি >। নিম্নকথ্য] ক্রি, নাই। "খোকার কষ্ট লাই"-উত্তরা।

লাইন [ইং line এর লিপ্যন্তর] বি, লম্বা করি; প্রস্থহীন দৈর্ঘ্য; রেখা। ২ রেলপথ। ৩ [লক্ষ॰] জীবনের পথ। ৪ একদিক; পার্শ্ব। ৫ সূত্র। ~ডোরি-বি, তাঁবু ও তার আনুসাঙ্গিক দড়াদড়ী।

লাইনিং [ইং lining এর লিপ্যন্তর, দর্জির ভাষায়] বি, জামা ই॰-র ভিতরে লাগাইবার কাপড়; অস্তর।

লাইফ [ইং life এর লিপ্যন্তর] বি, জীবন। ২ চৈতন্য। ৩ আয়ু। ৪ জীবনচরিত। ~বেল্ট [ইং life-belt এর লিপ্যন্তর] বি, জলমগ্ন তরীর আরোহীর জীবন রক্ষার্থ জলে ভাসাইয়া রাখিবার উপযোগী কোমরবন্ধ। ~বোট [ইং life-boat এর লিপ্যন্তর] বি, জাহাজ ডুবিলে বিপন্ন আরোহীর প্রাণরক্ষক নৌকা। ~সাইজ্ [ইং life size এর লিপ্যন্তর] বিণ, জীবৎ পরিমাণ মূর্ত্তি বা প্রতিকৃতি প্রমাণ।

লাইবেল [ইং libel এর লিপ্যন্তর] বি, মানহানি; কুৎসা; অপবাদ defamation.

লাইব্রেরী [ইং library র লিপ্যন্তর] বি, গ্রন্থাগার; পুস্তকালয়; পুস্তকালয়-সম্বলিত পাঠাগার। প্র-চৈতন্য লাইব্রেরী, রামমোহন লাইব্রেরী, ইম্পীরিয়াল লাইব্রেরী ই॰।

লাইসেন্স্ [ইং license এর লিপ্যন্তর। বাং প্রা॰ লাইসেনি, -নী] বি, ব্যবসায় করিবার রাজ-অনুমতি। ২ বন্দুক তরবারী ই॰ বিশেষ বিশেষ নিষিদ্ধ দ্রব্য রাখিবার ও ব্যবহার করিবার জন্য রাজার অনুমতি।

লাউ [সং-অলাবু >। বা, পা॰ লাপু > লাবু > লাউ] বি, প্রতানী শাকবিঃ ও তার ফল; অলাবু; তুম্বী; কদু। "দুটা লাউ বান্ধা কান্ধে কাঠ একখান। বাজাইয়া নাচিয়া নাচিয়া করে গান॥"-অ॰ ম॰। ২ ফোঁপরা; খোলসার গোলা। "যৌবন গড়িলে তোর তনু হৈবে লাউ।"-শ্রী॰ কী॰। ~ডগা-বি, লাউগাছের ডগার মত বর্ণ ও আকৃতি সর্পবিঃ। ২ লাউশাকের শীর্ষভাগ।

লাউসালী [প্রা॰ বাং] বি, ধান্যবিঃ। "উড়াসালী বিজসালী আর লাউসালী।" -শূ॰ পু॰।

লাএক [সং-নায়ক > নাএক >। প্রা॰] বি, নায়ক। ২ [প্রা॰ বাং] লায়েক দ্রঃ।

লাওয়ারিশ [আ॰] লা দ্রঃ।

লাক [লাক্ষা (দ্রঃ) > লাক] বি, গালা; জৌ lac.

লাকড়ী [হি॰ লকড়ী > বিকারে, ল=লা। শ্রীহট্ট॰ প্রাদে॰] বি, জ্বালানী কাষ্ঠ।

লাক্ষণিক [লক্ষণ+ইক] বিণ, লক্ষণ সম্বন্ধীয়। ২ লক্ষণযুক্ত। ৩ লক্ষণজ্ঞ; দৈবজ্ঞ। ৪ লক্ষণা দ্বারা প্রকাশিত বা প্রতিপাদিত।

লাক্ষণ্য [লক্ষণ+য] বিণ, লক্ষণ সম্বন্ধীয়। ২ লক্ষণযুক্ত। ৩ লাক্ষণিক; দৈবজ্ঞ।

লাক্ষা [সং-নামান্তর-রাক্ষা, জতু, অলক্ত, ক্রমাময়, রক্তমাতৃকা, রক্তমাতা, কৃমিজা ই॰] বি, লোহিত বর্ণের বৃক্ষনির্য্যাসবিঃ; জৌ; লা। অশ্বত্থ বকুল ই॰ বৃক্ষের শাখায় পুঞ্জীভূত কীটবিশেষের দেহজ আঠা, উহা গন্ধক দ্রাবক মিশ্রিত জলে সিদ্ধ করিলে যে রক্তবর্ণ রস প্রস্তুত হয় তাতে কার্পাসপত্র সিক্ত করিয়া আলতা তৈয়ার করে এবং সিটায় গালা প্রস্তুত করে। ~তরু-বি, পলাশবৃক্ষ। ~রস-বি, অলক্ত রস; আলতা।

লাক্ষিক [লক্ষ বা লাক্ষা+ইক] বিণ, লক্ষসংখ্যক। ২ গালানির্ম্মিত।

লাখ [লক্ষ >। হি॰ লাখ, বাং প্রা॰ লাক, প্রা॰ মেয়েলি-লাক] বি, লক্ষ এই সংখ্যা; ১,০০,০০০। ২ বিণ, শত সহস্র সংখ্যা; দশ অযুত। "লাখ বয়ান বিহি না দিল হামায়"-বি॰ প॰। ৩ বহু; অসংখ্য; বিস্তর। প্র-লাখ কথা না হইলে বিয়ে হয় না। ৪ যতবার ইচ্ছা; যত ইচ্ছা। "সোই কোকিল অব লাখ ডাকউ লাখ উদয় করু চন্দা"-বি॰ প॰। লাখো [হি॰ লাখো শব্দের অনুকরণে] বিণ বহুলক্ষ। ২ অসংখ্য। প্র-এমন লাখো লোক দেখা আছে। লাখ কথার উপর এক কথা-বহু তর্কবিতর্কের মধ্যে উক্ত সার বা শ্রেষ্ঠ কথা। লাখ টাকার স্বপ্ন দেখা-দরিদ্রের ধনের কল্পনা বা কথা। ২ হাওয়ায় অট্টালিকা নির্ম্মাণ। লাখপতি-বি, লক্ষপতি; লক্ষাধিকারী। ২ প্রভূত ধনশালী। লাখে-লাখ, লাখে লাখে-ক্রি-বিণ, লক্ষ লক্ষ; অসংখ্য। ২ ঝাঁকে ঝাঁকে। "দংশ মশা মক্ষিকা পাঠাবে লাখে লাখে।"-শি॰।

লাখবান [বান৪ দ্রঃ] বিণ, লক্ষবার বহ্নিতে দগ্ধ করিয়া বিশুদ্ধ। "লা॰ কাঞ্চন জিনি * * গোরা অঙ্গের * * আও নিছনি" -প॰ ক॰ তরু (সা॰ প॰ প॰)।

লাখরাজ, লাখেরাজ [আ॰ লাখিরাজ। লা দ্রঃ] বি, নিষ্কর rent free. ২ নিষ্কর জমী rent free land. বিণ, লাখরাজী। ~দার-বি(ণ), লাখরাজ ভূমি ভোগকারী।

লাগ [লাগা দ্রঃ] বি, স্পর্শ। ২ সন্ধান। "ইতস্ততঃ খুঁজিয়া না পাইল রাধা লাগ।" -শী॰,গিরি॰। "পাণ্ডুবংশ শত্রু দুষ্ট, তার লাগ পাই"-মহা॰ (কাশী॰)। ৩ সমীপবর্ত্তিতা;

নিকট। ৪ সাক্ষাৎ ; দেখা। "তত্ত্ব করি ত্রিপুরা বুড়ায় পাইল লাগ।"-শি॰। "একঠাই হৈল ছাগ সর্ব্বণী না পাইল লাগ।" -কবিক॰। ৫ সঙ্গ। "দারুণ কাহ্নাঞিঁ যবে লাগ পাএ যবে"-শ্রী॰ কী॰। "ইহার বেগের কথা, উপমা যে দিব কোথা লাগ নিতে নারে হনূমান্।"-কবিক॰। ৬ লাগাল ; পৌঁছ। "দুচারি যোজন ধায়, তবে মোর লাগ পায়।" -কবিক॰। [তুল-প্রা॰ ফ্রে॰ loge. প্রা॰ উচ্চ জর্ম্ম॰ lodge—place of meeting সাক্ষাৎ স্থান]। ৭ অনুমান হয়। "মদন চাপ যিমি ভোঁহ লাগ।"-বি॰ প॰।

লাগৎ [হি॰] বি, খরচ খরচা ; মূল্য।

লাগন [লগ্ ধাতুজ] বি, সংযোগ হওন ; মিলন। ২ বেদনাবোধ হওন ; ক্লেশন।

লাগসই, লাগসৈ [হি॰ লাগসহী >] বিণ, যাতে লাগে ; যথা-প্রয়োজন ; উপযুক্ত ; যথা-উপায়ে ; যথা-বিধি বা কৌশলে। "যদি বুঝি টান নাহি দাও লা॰। পরে উঠিবে না কিছু বড়শীটা বৈ।"-দ্বি॰ রায়।

লাগা [সং-লগ্ (লাগা, স্পর্শ করা, লগ্ন হওয়া, যুক্ত হওয়া) > হি॰ লগ্‌না। লাগি, লাগ (লাগেন্, লাগিস), লাগে (লাগেন), লাগিতে (কে॰ লাগতে) ; লাগিয়া (কে॰, পদো-লাগি, গ্রা॰ লেগে)। ণিজন্ত-লাগান] ক্রি, যুক্ত হওয়া ; আঁটিয়া যাওয়া ; লিপ্ত হওয়া ; জুড়িয়া যাওয়া। প্র-টিকিট খামে লাগা ; কাপড়ে তেল লাগা ; গায়ে ধুলা লাগা। ২ সঙ্গত হওয়া ; খাটা ; প্রযুক্ত হওয়া। "ছন্দেও লাগে না অর্থেও লাগে না"-নেপালে বাঙ্গলা নাটক। প্র-ও অর্থটি এখানে কোন মতেই লাগে না ; শব্দটা বাক্যের মধ্যে বেশ লেগে গেছে। "প্রয়োজনীয় সাধারণ দ্রব্য সামগ্রীর আপনাদের মধ্যে কখনই অপ্রতুল হয় না, প্রত্যুত বিদেশী জনগণের ব্যবহারে লাগিয়া থাকে।"-সনাতনী। ৩ তুলনায় আদর পাওয়া বা তিষ্ঠিতে পারা। "কালী যার হৃদে জাগে, তর্ক তার কোথা লাগে।" -রা॰ প্র॰। ৪ নিযুক্ত হওয়া ; জুটিয়া যাওয়া ; প্র-সোমবার হতে সে কাজে লেগেছে ; বাড়ীতে রাজমজুর লেগেছে। "পারিজাতের কুঞ্জবনে স্বর্গপুরীতে। মৌমাছিরা লেগে ছিল মধু চুরিতে।"-রবী॰। ৫ একটা উদ্দেশ্য লইয়া অবিরত তার সাধনে প্রবৃত্ত হওয়া ; মত্ত হওয়া ; মাতা ; রত বা যুক্ত হওয়া বা জুটে যাওয়া। প্র-এখন তিনি মকদ্দমাতেই লেগেছেন। ৬ আরম্ভ করা। প্র-সে তখন ভাবিতে লাগিল। ৭ অধিকারে আসা ; আয়ত্ত বা প্রাপ্ত হওয়া। প্র-কাজটার জন্য সে অনেক চেষ্টা করেছিল, কিন্তু লাগিল না। ৮ বোধ হওয়া ; অনুভূত হওয়া। "অদ্ভুত লাগে তোর শুনিয়া বচনে"-শ্রী॰কী॰। প্র-গান শুনিয়াছ,-কেমন লাগিল? শীত লাগিলে জামা গায়ে দিও। ক্ষুধা লাগা। ৯ রসবোধ বা স্বাদবোধ হওয়া। ১০ বেদনা বা ক্লেশ উৎপাদন করা ; ব্যথা দেওয়া। "মা ব'লে তো ডাকব না আর লাগে কি না দেখব তোমার"-গি॰ ঘোষ। ফোড়া কাটিবার সময় তার খুব লাগিয়াছিল। ১১ খুঁটি নাটি করা ; কলহ করা। প্র-সে অতি নিরীহ তাহার সঙ্গে লাগা কেন? ১২ বিবাদ বাধা। "মিছি মিছি আমার সঙ্গে লেগো না বলে দিচ্ছি।"-বা॰ বসুমতী, ১৩৩১। প্র-এই লাগে ত এই লাগে ; দুই পক্ষে তখন খুব লাগিয়া গেল। ১৩ নিবিষ্ট হওয়া। প্র-যাতে উন্নতি ও আনন্দ নাই এমন কর্ম্মে মন লাগে না। ১৪ অঙ্গস্পর্শ করা। "কোন্ দেমাগী অহঙ্কারী গরব ক'রে যায়। দেখিস্ যেন চলে যেতে জল লাগে না গায়।"-ঈ॰ গুপ্ত। "যেথে ফুলের রেণু মলয় লাগে গায়।"-গি॰ ঘোষ। ১৫ থামা ; সংলগ্ন হওয়া। প্র-নৌকা ঘাটে লাগিয়াছে ; জাহাজ বন্দরে লাগিল ; ডাকগাড়ী সকল ষ্টেসনে লাগে না। ১৬ শিকড় দিয়া মাটি ধরা। প্র-সে দিনের বৃষ্টিতে বেগুন চারাগুলি সব লাগিয়াছে। ১৭ ঘটা। প্র-গ্রহণ লাগিয়াছে। ১৮ বাধা পাওয়া ; ধাকা বা ঠোকর পাওয়া। প্র-কাপড়টা খোঁচা লাগিয়া ছিঁড়িয়া গেল ; জাহাজখানা চড়ায় লাগিল। ১৯ একে অন্য বস্তু বলিয়া ভ্রম হওয়া। "সোণার কাটারি কুচযুগগিরি, কনকমন্দির লাগে।"-চণ্ডি॰। ২০ [ঠেকা, স্পর্শ করার ভাব >] সুনজরে পড়া ; পসন্দ হওয়া ; সুখকর হওয়া। "নয়নে লেগেছে ভাল"-রাম বসু। ২১ বিদ্ধ হওয়া। প্র-গোলাপ বা কেয়া ফুল তুল্‌তে হাতে কাঁটা লাগিয়াছে ; মাছ খাইতে তার গলায় কাঁটা লাগিয়াছে। ২২ জমা ; জমাট বাঁধা। প্র-ফাঁকা জায়গায় গান লাগে না। ২৩ আবশ্যক বা প্রয়োজন হওয়া ; কাজে আসা। প্র-কল সহানয় ব্রততে কি কি ফল লাগে? ২৪ ফলদায়ক হওয়া ; অর্শান ; পাপস্পর্শ করা। "তবে তিরী বধ লাগে কাহ্নাঞিঁ তোহ্মাএ।" -শ্রী॰ কী॰। প্র-যার দোষ নাই তাকে অভিশাপ লাগে না। ২৫ বিশেষ অনুভূতি জন্মান [ধরা দ্র:]। প্র-গুল লাগা ; শুপারি লাগা ; বিছুটী লাগা। ২৬ (প্রহার বা শাসন উদ্দেশ্যে) অঙ্গে পতিত হওয়া। প্র-বেত যখন লাগবে তখন টের পাবে। ২৭ [হি॰ লগ্‌না= সম্বন্ধিত হওয়া। প্রাদে॰] জ্ঞাতিত্বে সম্পর্কিত হওয়া। ২৮ অতিবাহিত হওয়া। প্র-তথায় যাইতে পাঁচ দিন লাগে। ২৯ নিকটবর্ত্তী হওয়া ; ঘনাইয়া আসা। প্র-দিন লাগা। ৩০ ব্যাপ্ত হওয়া ; ব্যাপা। "শুআর বাসনা যায় ময়নার দুএ কোণ লাগিআ"-ময়নামতীর গান। ৩১ (মনে) ধরা। "নাহি লাগে মনে"-শ্রী॰ কী॰। ৩২ মূল্য হওয়া ; দেয় হওয়া ; ব্যয় হওয়া। প্র-পুস্তকগুলি ক্রয় করিতে যা লাগে দিব। আগুন লাগা-ক্রি, আগুন ধরা। ২ [লক্ষ॰] তুমুল ঝগড়া বাধা। ৩ অন্তরে অন্তরে ক্রোধাগ্নি প্রজ্বলিত হওয়া।

লাগালাগি [লাগ+আ (পরস্পরার্থে) +লাগ+ই (ভা॰)] বি, পরস্পর লগ্ন হওয়ার ভাব। ২ পরস্পর নিন্দা করা। ৩ একজনের নিন্দা অন্যের কানে তোলা এবং এইরূপ পরস্পর করা। লাগিয়া থাকা-অলগ্ন বা পৃথক্ না হওয়া ; না ছাড়া। উঠে পড়ে লাগা-অনন্যকর্ম্মা হইয়া নিরত প্রবৃত্ত বা রত থাকা ; সমূহ উদ্যোগ ও অধ্যবসায়ের সহিত কোন কর্ম্মে প্রবৃত্ত হওয়া। এঁড়ে লাগা-ক্রি, কোলের শিশু মায়ের গর্ভাবস্থায় স্তন্য পান করিয়া অজীর্ণাদি রোগগ্রস্ত হয় এবং ক্রমেই শীর্ণ ও দুর্ব্বল হইয়া পড়ে, তাহার আকৃতির বৈলক্ষণ্য ঘটে ; ইহাকে এঁড়ে লাগা বলে। গলায় লাগা -ক্রি, কোন কিছু গলাধঃকরণকালে সেই বস্তু কণ্ঠনালীতে বদ্ধ হইয়া যে ক্লেশ উৎপাদন করে তাকে গলায় লাগা বলে। গায়ে লাগা-

ক্রি, আঘাত লাগা ; ঠেস লাগা ; ইঙ্গিতে দোষারোপ হইতেছে মনে লওয়া। প্র-সে উহাকে বলিতেছে, তোমার কেন গায়ে লাগে? ২ গাত্র স্পর্শ করা। ৩ গাত্রে বেদনা বোধ হওয়া ; দেহ আড়ষ্ট হওয়া। **গায়ে মাংস লাগা**-দেহের মাংসভাগ বৃদ্ধি হওয়া ; দেহ স্থূল হওয়া ; মোটা হওয়া। **ঘুর লাগা**-ক্রি, যে অবস্থায় মাথা ও সর্ব্বশরীর ঘুরিতেছে বলিয়া মনে হয় ; সর্ব্বাঙ্গ ঝিম ঝিম করে, পা টলিয়া পড়ে, সেইরূপ অবস্থা হওয়া। প্র-নেশায় ঘুর লাগে বা নাগর দোলা প্রভৃতিতে ঘুরিলে ঘুর লাগে, কাহারও রেল গাড়ীতে বা জাহাজে ভ্রমণ করিলে ঘুর লাগে। **ঘুম লাগা**-ক্রি, ঘুম পাওয়া ; তন্দ্রা আসা ; শরীরের যে অবস্থায় ঘুমাইতে ইচ্ছা হয়, দেহ ঢুলিয়া পড়ে চক্ষু বুজিয়া আসে সেই অবস্থা প্রাপ্ত হওয়া। **চমক লাগা**-ক্রি, বিস্ময়ের উদ্রেক হওয়া ; হঠাৎ কোন অভাবনীয় দৃশ্য বা ঘটনায় চমকিত বা আশ্চর্য্যান্বিত হওয়া। **চূণকালি লাগা (মুখে)** [অপদস্থ হওয়ার লক্ষণ] ক্রি, অপমানিত, লজ্জিত বা অপ্রতিভ হওয়া। **চোখ লাগা**-ক্রি, শ্লেষ্মা-বশতঃ বা চক্ষু উঠা প্রভৃতি হেতু চোখের পাতা নেত্রমলে জুড়িয়া বন্ধ হওয়া। ২ নজর লাগা। **জোড়া লাগা**-ক্রি, ভগ্নাংশগুলি একত্র সম্বদ্ধ হওয়া। ২ জীব জন্তুর মধ্যে স্ত্রী পুরুষে সঙ্গত হওয়া pairing. ৩ মনান্তর বা প্রণয় ভঙ্গের পর মিলন হওয়া। প্র-ভাঙ্গা মন জোড়া লাগে না। **তাক লাগা**-ক্রি, চমক লাগা ; অবাক্ করা ; বিস্ময়বশে কোন অভাবনীয় অদ্ভুত বিষয় বা ঘটনার প্রতি বিস্ফারিত নেত্রে চাহিয়া থাকা। **তালা লাগা** [তালা দ্বারা বন্ধ হওয়ার ভাব হতে] ক্রি, শ্রুতিপথ রুদ্ধ হওয়া ; বধির হওয়া। **দাগ লাগা**-ক্রি, দোষ বা কলঙ্ক স্পর্শ করা। **দাঁতি লাগা**-ক্রি, মূর্চ্ছা বা বিকারাদি হেতু উপর পাটীর সহিত নীচের পাটীর দাঁত দৃঢ় বদ্ধ হইয়া চুয়ালের খিল আটকাইয়া যাওয়া। **দাঁতে দাঁতে লাগা**-অত্যন্ত শীত অনুভব করায় সর্ব্বাঙ্গ কাঁপিতে থাকা ও তৎসঙ্গে দাঁতে দাঁতে ঘন ঘন স্পর্শজনিত অব্যক্ত ধ্বনি হওয়া। **দিন লাগা**-ক্রি, লগ্ন উপস্থিত হওয়া। ২ মৃত্যু লগ্ন ঘনাইয়া আসা। "বৃকোদর বলে বেটীর বড় না দেখি ভয়া। অথচ করে এমন কথা দিন লেগেছে পারা।" -শি°। **নজর লাগা**-ক্রি, ডাইনের মন্ত্রপূত দৃষ্টি(কুদৃষ্টি)প্রাপ্ত হওয়া। ২ হিংসা দৃষ্টি পতিত হওয়া। ৩ লুব্ধ দৃষ্টি পড়া ; অন্তর্ভেদী খরদৃষ্টি পড়া। **নোনা লাগা**-ক্রি, এঁড়ে লাগার মত শিশুদিগের বা গৃহপালিত পশুপক্ষীর দেহ যে রোগবশতঃ জীর্ণ শীর্ণ হইয়া যায় তাহা প্রাপ্ত হওয়া। **পাক লাগা, প্যাঁচ লাগা**-ক্রি, কোন বিষয় পরবর্ত্তী কোন কারণে বাধা প্রাপ্ত হওয়া ; জটিল ও কষ্টসাধ্য হওয়া। **পিছু বা পেছু লাগা**-ক্রি, ক্রমাগত দোষ ধরা ; বিপক্ষতাচরণ করা ; প্রতিকূল হওয়া ; নিন্দা বা বিদ্রূপ করিতে থাকা ; অপদস্থ করিতে চেষ্টা করা। "তা না-যাই কিছু আগেকার মত না হল, তখনি লোক তার পিছু লাগলো। এই মেঘনাদ বধ কাব্য বা তোদের বাঙ্গালা ভাষার মুকুটমণি তাকে অপদস্থ করতে কিনা ছুঁচোবধ কাব্য লেখা হোল।"-৺রামকৃষ্ণ পরমহংসদেব। **বিষম লাগা**-ক্রি, গলাধঃকৃত দ্রব্যের ক্ষুদ্রাংশ শ্বাস-নালীর মধ্যে প্রবেশ করিয়া কাশ আদি বিশেষ শারীর ক্রিয়া উৎপাদন করা। **ভাঙ্গা কাঁচ জোড়া লাগা**-মনান্তর বা প্রণয়-ভঙ্গের পর মিলন হওয়া। **ভাব লাগা**-ক্রি, ভাব বা তাপ বোধ হওয়া। ২ রসাবেশ হওয়া। **ভেল্কী লাগা**-ক্রি, কোথা হতে কি হইল, এরূপ কার্য্য কারণের সম্বন্ধ নির্ণয়ে অক্ষম হইয়া হতবুদ্ধি হওয়া ; যাদু ক্রিয়ায় মুগ্ধ হওয়া ; নজর-বন্দী হওয়া। **মন লাগা**-ক্রি, প্রবৃত্তি হওয়া। **মনে লাগা**-ক্রি, পসন্দ হওয়া ; মনের মত হওয়া। **মুখ লাগা**-ক্রি, সর্ব্বদা সম্মুখে থাকিয়া মুখামুখী বাক্যালাপ দ্বারা প্রিয়পাত্র হওয়া ; আস্কারা বা সাহস পাওয়া। ২ ওল ইং খাইবার সময় মুখ ও গলা কুটকুট্ করা। **হাত লাগা**-ক্রি, অধিকৃত হওয়া ; আরম্ভ হওয়া। [ব্রজ°] **লাগ**-লাগে। "গোপত মদন শর কাছে না লাগ"-বি° প°। **লাগয়, লাগয়ে**-লাগে। ২ লাগিবে। "আপন মনে ধরি বুঝ অবগাহে, জনয়ব পাপ লাগয় কাছে।"-বি° প°। ৩ [অতি প্রা° বাং। য= (ইঅ)=য় (হি°-য় অনুকরণে)] লাগিয়াছে ; আরম্ভ করিয়াছে। "সঙ্গে যাইবে সূর্য্যাইর বাপে সাজ্তে লাগ্যে সে"-প্রা° সূর্য্যের গান (ব° সা° পরিচয়)। **লাগল**-লগ্ন হইল। "পাশে লাগল পিয়া কিছুই না দেখি।"-বি° প°।

লাগাইৎ-লাগায়েৎ দ্রঃ।

লাগাইল, লাগাল [লাগ (দ্রঃ)+ আইল, আল (নিরন্তরার্থে)। প্রা° নাগাইল, নাগাল] বি, পৌঁছে ; নিকট ; লাগ। "দিগন্তের অন্তে গেলে লাগাল কি পাব ওর?"-আলো ও ছায়া।

লাগাও [হি° লাগাব্ >] বিণ, সংযুক্ত ; মিলিত ; পাশাপাশি contiguous.

লাগাড় [লাগ (দ্রঃ)+আড় (আল। (ল=ড়)। হি° "লগা-তার"] বি, অবিশ্রান্ত ; নিরবচ্ছিন্ন। ২ অবিরামতা ; ক্রম ; প্রবাহ। **লা° মরা**-ক্রি, ধারাবাহিকতার বিচ্ছেদ হওয়া ; প্রবাহ সমাপ্ত হওয়া। >ণিজন্তে-**লা° মারা**-ক্রি, ক্রমাগত যা চলিতেছে তার সমাপ্তি করা ; ধারাবাহিকতার শেষ করা।

লাগাৎ, লাগাদ-লাগায়েৎ দ্রঃ।

লাগান [লাগ (দ্রঃ)+আন (ভা°)] বি, জোগাড় ; জুটি বা জোট supply.

লাগানি [হি° লাগানা। লাগা ধাতুর ণিজন্তরূপ। লাগাই, লাগাও (লাগান, লাগাস), লাগায় (লাগান) ; লাগাইতে (কে° লাগাতে); লাগাইয়া (কে° লাগিয়ে)] ক্রি, সংলগ্ন করা ; জোড়া ; জড়ান। প্র-টিকিট লাগান ; পুস্তকে মলাট লাগান। ২ স্পর্শ করান ; ছোঁয়ান ; ঠেকান। প্র-গায়ে গা লাগান। ৩ সেবন করা। প্র-রোদ লাগান ; হিম লাগান। ৪ মাখান ; মালিশ করা ; ধরান। প্র-কপাটে রং লাগান ; রুমালে আতর লাগান ; কালি লাগান। ৫ প্রহার করা ; মারা। প্র-বেত লাগান। থাবড়া লাগান। লাঠি লাগান। ৬ বাধাইয়া দেওয়া ; আরম্ভ করান। প্র-ঝগড়া লাগান। ৭ আটকান। "লাগিয়ে দিলে হুক"-হেম°। ৮ নিবেশ করা ; সংলগ্ন করা। প্র-মনটাকে ভাল করে লাগাতে পারলে শক্ত বিষয়ও সরল হয়ে আসে।

৯ রোপণ করা ; পোঁতা। প্র-গোলাপ চারাগুলি টবে লাগাও এবং বেড়ার ধারে ধারে বেবি গাছ লাগাও। ১০ কর্ম্মে নিযুক্ত করা। প্র-যাকে যেমন বুঝিবে তাকে সেইরূপ কাজে লাগাইবে। ১১ সুদে কর্জ্জ দিয়া টাকা বৃদ্ধি করা ; খাটান। প্র-ব্যবসায়ে টাকা লাগান। ১২ প্রয়োগ করা। প্র-দড়িতে পাক লাগান ; ক্ষত স্থানে পটি লাগান। গাঁজায় দম লাগান। ১৩ একজনের বিরুদ্ধে তার অসাক্ষাতে অন্যকে বলা। প্র-লাগাইয়া লাগাইয়া তার কানভারী করিয়াছে। "বাবা বুঝি লাগাইয়াছেন"-সধবার একাদশী। ১৪ [থামান অর্থে] সংলগ্ন করা। প্র-ঘাটে নৌকা লাগাও। গাড়ী দ্বারে লাগাও। ১৫ সঙ্গত ভাবে উপযুক্ত ক্ষেত্রে প্রয়োগ করা বা খাটান। প্র-শব্দটী বাক্যের মধ্যে লাগাও দেখি কেমন লাগে। ১৬ পরের স্কন্ধে চাপান ; আরোপ করা। প্র-চরিত্রে কলঙ্ক বা দাগ লাগান। ১৭ কুপরামর্শ দেওয়া (নিম্নে লাগান ভাঙ্গান দ্রঃ)। লাগানি ভাঙ্গানি-কাহার দোষের কথা অন্যের কানে তুলিয়া মন ভঙ্গ করা বা উভয়ের মধ্যে সদ্ভাব ভঙ্গ করা। "লাগিয়ে ভাঙ্গিয়ে ছেলেকে দিয়ে এই কাণ্ডটা করলে।"-অনুরূপা দেবী। আগুন লাগানি-ক্রি,অগ্নি সংযোগ করা। ২ ঝগড়া বাধান ; কোন কথা বলিয়া কাহার মন কলুষিত করিয়া তার ক্রোধাগ্নি প্রজ্বলিত করা। উস্কি লাগানি-ক্রি. প্রদীপে কাটি দিয়া, উনুনে খোঁচা দিয়া যেমন অগ্নির তেজ বৃদ্ধি হয় তেমনি বিশেষ কোন বাক্য প্রয়োগ দ্বারা কোন মন্দ কার্য্যকরণে উত্তেজিত করা। ঘুম লাগানি- ক্রি, নিদ্রা যাওয়া। চূণকালি লাগানি (মুখে, গালে) -ক্রি, অপদস্থ করা ; অপমানিত করা। তাক্ লাগানি- ক্রি, বিস্মিত করা ; অবাক্ করা। তালা লাগানি-কুলুপ দেওয়া। ২ বধির বা কালা করিয়া দেওয়া। দম লাগানি-ক্রি, ঘড়ি ই॰-র স্প্রীংএর প্যাঁচ ঘুরাইয়া কল চলিবার শক্তি সম্পাদন করা। ২ গঞ্জিকা ই॰-র ধূম বিলক্ষণ উদরস্থ করিবার জন্য জোর টান দেওয়া অর্থাৎ পূর্ণ শ্বাস গ্রহণ করা। নজর লাগানি-ক্রি, তীব্র লুব্ধদৃষ্টিপাত করা। ২ অমঙ্গলজনক বা রোগোৎপাদক কুদৃষ্টি কাহারও প্রতি নিক্ষেপ করা। ৩ প্রণয়ঘটিত সঙ্কেত দৃষ্টি করা। পাক লাগানি-ক্রি,দড়ি প্রভৃতি পাকান। ২ কোন বিষয় জটিল করিয়া তোলা ; নূতন নূতন বিঘ্ন বিপত্তি জড়িত করা। প্যাঁচ লাগানি-পাক লাগানর অর্থেই প্রযুক্ত। ২ ঘুঁড়ির লড়ায়ে কাটাকাটির উদ্দেশ্যে সূতায় সূতায় জড়াইয়া দেওয়া। ভেল্কী লাগানি-কোথা হতে কি হইল তার কার্য্য কারণ নির্ণয়ে অক্ষমতা জনিত হতবুদ্ধি করা ; তাক লাগান। মুখ লাগানি-ক্রি, আস্কারা দেওয়া।

লাগানি [লাগান ১৩ দ্রঃ] বি, কারও অসাক্ষাতে তার নামে অভিযোগ করণ ; চুকলি backbite ~ভাঙ্গানি - বি, পশ্চাতে দোষ দিয়া বা নিন্দা করিয়া কারও স্বপক্ষীয় লোক বা দল হতে বিচ্ছিন্ন করণ ; লাগাইয়া দলছাড়া করা। ~য়া [ক্ষে॰ লাগানে] বিণ, যে লাগায় ; চুকলিখোর।

লাগাম [ফা॰] বি, বল্গা ; মুখস। ২ রাশ। "লম্বিত বাজীর পাশে রূপার রিকিব। অনুপাম লাগাম বাজীর বদনে বাঙ্কা জিব॥"-ঘ॰। রোধ ; সংযম check. প্র-তার মুখের লাগাম নাই যা মুখে আসে তাই বলে। ঘোড়ার লা॰ দেওয়া-অশ্বাদির মুখে লাগাম পরাইয়া দেওয়া ; মুখস আঁটা। মুখে লাগাম দেওয়া-জিহ্বা সংযত করা ; বাক্ সংযম করা ; বেপরোয়া মুখ না ছুটান ; অশিষ্ট বা অনুচিত কথা মুখ দিয়া বাহির না করা।

লাগায়েৎ, লাগাইৎ [হিং লগাৎ। গ্রা॰ বাং-লাগাদ, নাগাদ] অ, পর্য্যন্ত ; অবধি। "মবারক। সন্ধ্যা লাগায়েৎ শক্তি পাইতে পারি ; ততক্ষণ বিলম্ব করিতে পারিবে কি?"-রাজসিংহ (বঙ্কিম॰)।

লাগাল [সং-লগ্ (স্পর্শে) >, বাং গ্রা॰ নাগাল] বি, স্পর্শ ; পৌঁছ। লা॰ পাওয়া-পৌঁছ পাওয়া ; সান্নিধ্যলাভ করা।

লাগি₁ [গ্রা॰। সাহিত্যে অপ্র॰] বি, মত্ততা ; নেশা।

লাগি₂, লাগিয়া, লাগিয়ে [হিং লাগি। হিং লগ্না=সম্বন্ধিত হওয়া। বাং গ্রা॰ লেগে, নেগে। চট্ট॰ প্রাদে॰ (লাই), বরিশাল অঞ্চলে নিম্নকথ্য লইগ্যা। পূ॰ ব॰ প্রাদে॰ লাইগ্যা] অ, জন্য ; নিমিত্ত ; হেতু ; উদ্দেশ্যে ; প্রয়োজনে। "ভিক্ষার লাগি যাই"-শি॰। "সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু অনলে পুড়িয়া গেল"-চণ্ডি॰। "তুয়া লাগি"-বি॰ প॰। "যাহার লাগিয়ে জাগিয়ে যামিনী রয়েছ বসিয়ে শ্যাম-সোহাগিনী।"-নিত্যানন্দ বৈরাগী। "আমি শুব লাগি সর্ব্ব ত্যাগি হোলেম কালাচাঁদ।"-বাং গান। ২ দিকে ; প্রতি। "মহলত লাগিয়া ময়না চলিল হাটিয়া" -মাণিক॰ গান। ৩ [ব্রজ॰] বিণ, লগ্ন। "তিতিল বসন তনু লাগি।"-বি॰ প॰। ৪ বি, লাগ ; সাক্ষাৎ ; দেখা। "দুহাতে দাদালে হালে যার লাগি পায়"-ঘ॰।

লাগিল [লাগা দ্রঃ। চট্টল॰ প্রাদে॰ লাইল] ক্রি, লগ্ন হইল। ২ আঘাত দিল বা আহত হইল। ৩ ব্যথা পাইল। ৪ শত্রুতা সাধনে প্রবৃত্ত হইল। "মোকে কাল হৈঞা লা॰ কাহ্নাঞি"-শ্রী॰ কী॰। ৫ ধরিল ; ধৃত হইল ; (মনে) বসিল। "তোহ্মার বচন মোর লা॰ হৃদয়ে"-শ্রী॰ কী॰। ৬ ধেঁষ লাগিল ; ধাক্কা দিল। "পর্ব্বত সমান ঢেউ মাঅত লা॰" -শ্রী॰ কী॰।

লাগে₁ [লগ (যুক্ত হওয়া, ঠেকা ই॰) >] অ, লেগে যাক ; আরম্ভ হউক। ২ [কোন ভাল বা মন্দ কর্ম্ম করিতে বিশেষতঃ মারপিট বা কোন দৈহিক বল প্রয়োগের কার্য্যে] উত্তেজনা বা উৎসাহদান বাক্য। ৩ [ব্রজ॰] জন্য। "মাধব লাগে"-বি॰ প॰। ৪ কাছে।

লাগে₂ [লাগা ২০ দ্রঃ] অ, উচিত ; আবশ্যক ; চাই। "বরগাদার আবাদ করিলেই কি? দেখা শুনা করা লাগে।"-পিতাপুত্র।

লাগেজ-লগেজ দ্রঃ।

লাঘব [লঘু+অ (ভা॰)] বি, লঘুভাব ; লঘুত্ব। ২ ক্ষিপ্রতা ; শীঘ্রতা। ৩ অগৌরব ; অপমান। "দারুণ চাপড়ে সব দন্ত নড়ে লাঘবের নাহি অন্ত।"-কবিক॰। ৪ স্বল্পতা। ৫ [প্রা॰ বাং] বিণ, অবজ্ঞাত ; অপমানিত ; খর্ব্ব ; লাঞ্ছিত [অপ্র॰]। "এমন শুনিয়া বীর তাড়ুর বচন লা॰ করিয়া তারে দিল বিসর্জ্জন।"-কবিক॰।

লাঙট, লাঙ্গট [হিং লঙ্গোট, >বাং -ন্যাঙোট, গ্রাং লেংটি] বি, কৌপীন। ২ [নগ্নাট >] বিণ, নগ্ন ; উলঙ্গ।

লাঙ্ক [সং-লঙ্কা > (বর্ণ বিপর্য্যয়ে) লাঙ্ক] বি, লঙ্কাদ্বীপ। ২ বহুদূরের দেশ। "মা জাহুরে লাঙ্ক"-চং পদ, ৩২।২।

লাঙ্গবোট-ন্যাংবোট দ্রঃ।

লাঙ্গরখানা [ফাং লঙ্গর (দরিদ্র) + খানা (আগার)] বি, দরিদ্রনিবাস। ২ অতিথিশালা ; সরাই। ৩ অন্নসত্র।

লাঙ্গল [লন্‌গ (গমন করা) + অল (র্ত্তৃ)। নাঁঙল, নাঁঙল (চংকংভাং)। গ্রাং-নাঙোল, নাগোল (মুর্শিং প্রাদেং)] বি, হল ; ভূমিকর্ষণ যন্ত্রবিঃ। ২ প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিঃ ; সীর দ্রঃ। ~া, ~ী-বিণ, হলবাহী। ২ বি, কৃষক। লাং কঁরা-ক্রি, ভূমি কর্ষণ করা ; জমী চষা। লাং গঁড়া-ক্রি, হল নির্ম্মাণ করা। লাং গ্রহী-ক্রি, বি, হলধর ; লাঙ্গলগ্রাহী ; কৃষক। লাং টানা-ক্রি, ফলা দ্বারা মাটী খুঁড়িতে খুঁড়িতে লাঙ্গল টানিয়া যাওয়া। ~টানা বিণ, হল কর্ষণকারী। প্র-লাঙ্গল টানা গরু। ~দঁড়ি [গ্রাং লাঙল বা নাঙোলদড়ি] বি, লাঙ্গল বাঁধা দড়ি ; যে দড়ি নইকে লাঙ্গলের সহিত জুড়িয়া দেয়। ~দঁণ্ড-বি, লাঙ্গলের মধ্যস্থ কাষ্ঠ ; লাঙ্গলের ঈষ। লাং দেওয়া [গ্রাং নাঙোল দেওয়া] ক্রি, ক্ষেত্রে হল চালনা করা ; মাটি চষা। ~পঁদ্ধতি-লাঙ্গলের পদ্ধতি বা রেখা ; সীতা রেখা। [মুর্শিং, বর্দ্ধং ইং অঞ্চলে প্রাদেং কথায় লাঙ্গলের ভিন্ন ভিন্ন অংশের নাম-ফাল-ফলার নাম। পাশি-ফাল যে লোহার জোঁকা দিয়া লাশের সঙ্গে আঁটা যায়। জোঁকা-লোহার খিল যা দিয়া ফাল লাশের সঙ্গে জোড়া হয়। লাশ-চষিবার কালে লাঙ্গলের যে অংশ মাটির মধ্যে প্রবেশ করে। গাদা-লিজেনের জোড় হতে ঈষ পর্য্যন্ত। লিজেন-মুঠের বিপরীত দিকের অংশ। মুঠ-যে অংশ ধরিয়া লাঙ্গল চালনা করিতে হয়]।

লাঙ্গলিক [লাঙ্গল + ইক] বি, হলধর কৃষক ; চাষা। ২ বিণ, লাঙ্গল সম্বন্ধীয়।

লাঙ্গলিয়া, লাঙ্গলা [লাঙ্গল + ইআ, -আ (ব্যবসায়ার্থে, ব্যবহারার্থে)। গ্রাং নাংলা] বি, হলধর ; কৃষক ; চাষা। ২ অভব্য ; অমার্জ্জিত। ভুল-খাঙড়, খাঙ্গড়া।

লাঙ্গলী (লি) [লাঙ্গল + ঈ (ই) (ক্ষুদ্রার্থে)] বি, ছোট লাঙ্গল ; হ্রস্ব-ঈষ লাঙ্গল। ২ [লাঙ্গলী₂ দ্রঃ] ঈশলাঙ্গলা নামক বৃক্ষমূল ; উপবিষবিঃ gloriosa superba. ৩ কাঁচড়া শাক।

লাঙ্গলী₂ [লাঙ্গল (হল) + ইন (ত্যং) = লাঙ্গলিন্‌ ১মা, ১বং] বি, হলী ; কৃষক। ২ হলযন্ত্রধারী ; সীরপাণি ; বলরাম। ৩ উপবিষ জাতীয় বৃক্ষমূলবিঃ ; বিষলাঙ্গুলিয়া ; ঈশলাঙ্গলা gloriosa superba. ৪ লাঙ্গলাকার পুষ্পদ জলশাকবিঃ।

লাঙ্গা [নগ্ন > হিং >। গ্রাং নাংগা, নেঙ্গা, নাঙ্গা, লাঙ্গা অথবা উলঙ্গ > উলাঙ্গা > লাঙ্গা] বিণ, নগ্ন ; উলঙ্গ ; অনাবৃত। "সহজ নিদালু কাহ্নিলা [কানাই] লাঙ্গা॥" -চংপদ, ৩৬।২। "হইল দু পহর বেলা তাতিল পথের ধূলা কিমতে হাঁটিবে লাঙ্গা পাই।" -সাহিত্য, ১৩২৭, আশ্বিন।

লাঙ্গুল, লাঙ্গূল [লন্‌গ (আসক্ত হওয়া) + উল-উল (র্ত্তৃ)] বি, পুচ্ছ ; লেজ।

লাঙ্গুষ্ঠ [বৌং সাং] বি, লাঙ্গুষ্ঠ জাতক।

লাঙ্গূলিকা [বৈদ্যকে] বি, পৃশ্নিপর্ণী।

লাঙ্গূলী [লাঙ্গুল (লেজ) + ইন্‌ (ত্যং) = লাঙ্গুলিন্‌ ১মা, ১বং] বি, লাঙ্গুলবিশিষ্ট। ২ বানর। ৩ ঋষভ নামক ঔষধ। ৪ নারিকেল।

লাচ [শ্রীহট্টং প্রাদেং] বি, ধানগাছের কিয়দংশ সমেত ছড়া লইয়া ঝাড়ের ন্যায় যা প্রস্তুত করা হয়।

লাচাড়ী [নাচাড়ী >। ন=(গ্রাং) ল] বি, নাচের ছন্দে গান ; নৃত্যসহ গীতাভিনয়।

লাচার [আং লা (নাই) + ফাং-চারা (উপায়), যার কোন চারা নাই। লা দ্রঃ] বিণ, নিরুপায় ; সহায়হীন ; উপায়বিহীন ; অক্ষম। "সে বিলাতীয় সংবাদ পত্রের মাপের জন্ত যদি কেহ আমাদিগকে পীড়াপীড়ি করেন তবে আমরা লাচার হইব"-লোকরহস্ত (বঙ্কিমং)

লাছা [লাসা (চং কং ভাং) < লাস্ত, স=ছ] বি, নর্ত্তন ; নাচন। ২ দোলন ; নাড়া। "আধাআধি গাজে গিয়া মার দিল লাছা" -পূং বং গীং।

লাজ₁ [লাজ্‌ (ভজন করা) + অ (র্ম্ম), সংতে নিত্য বহুবচনে ব্যবহৃত] বি, ভাজা ধান ; খৈ। "মোদক আর লাজে পূজিল দেবরাজে কন্তার গন্ধাধিবাসন।"-কবিকং। ২ শস্ত। ৩ বেনার মূল ; উশীর। ~তঁর্পণ [সুশ্রুত] বি, মধু, চিনি ও জল মিশ্রিত খদি-চূর্ণ। ~পেয়া-বি, খইয়ের মণ্ড। লাজ-বন্ধন-বিণ, খ'য়ে বন্ধন দ্রঃ। ~ভঁক্ত-বি, আছাঁকা খইসিদ্ধ। ~মঁণ্ড-বি, অত্যুষ্ণ জল সিদ্ধ করিয়া ছাঁকিয়া লওয়া খই ; খইয়ের মণ্ড। ~মুষ্টি-বি, একমুষ্টি খই।

লাজ₂ [লজ্জা >] বি, লাজ ; লজ্জা। "কত দুঃখ লাজ দারিদ্র্য সঙ্কট আর জানাইব কারে।"-রবীং। ~উলী [হিং লজ্জৌলী > বিকারে লজ্জৌলী অর্থাৎ লাজবালী > বাং। ভুল-হিং লজ্জৌহী (> লজ্জাবতী)] বিণ, লজ্জাবতী। "বেশ্যা হইয়া লাজউলী, মুখ পোড়াহ তার আগুন জ্বালি"-ডাকং (খৃং ৮ম-১২শ শতাব্দী)। লাং খেয়ে, লাজের মাথা খেয়ে-নির্লজ্জ হইয়া ; লজ্জা পরিত্যাগ করিয়া। "কাজ ভাল নয় কিন্তু লাজ খেয়ে কই"-শিং। লাং না বাসা-লজ্জা বোধ না করা। "দুর্গম চাপাই যেতে লাজ নাহি বাস" -ধং। লাজলঁজ্জা-লজ্জা সরম। "হইয়াছে লাজ লজ্জা পুড়ে ছারখার"-ফুলরেণু।

লাজউলী-লাজ₂ দ্রঃ।

লাজঁবাব [আং লা-জবাব্‌] লা দ্রঃ।

লাজা [সং। লাজ শব্দ নিত্য বহুবচনে ব্যবহৃত হয় বলিয়া 'লাজা'। হিং লাওয়া] বি, লাজ ; অক্ষত ; খৈ। "নারী দিব্য গন্ধপুষ্প লাজা বরিসন্ত।"-মহাং (শ্রীকরং)। ~বঁন্ধন -বি, খ'য়ে বন্ধন (দ্রঃ)। ~বঁন্ধ ন্যায়-একজন কোন লোকের ক্ষুধা নিবৃত্তির খই দিতে গেলে ক্ষুধিত ব্যক্তি যে খুঁটির পাশে দাঁড়াইয়াছিল তার দুই দিক্‌ দিয়া হাত বাড়াইয়া ও অঞ্জলি পাতিয়া খই লওয়ার সে যেমন সঙ্কটাপন্ন হইয়াছিল অর্থাৎ মধ্যে খুঁটি থাকায় সে যেমন খই মুখে দিতে না পারায়, আবার অঞ্জলি খুলিতে গেলে খই পড়িয়া

খাইবার ভয়ে হাতও মুক্ত করিতে না পারায় যেমন খয়ের বন্ধনে পড়িয়াছিল সেইরূপ ব্যাপার।

লাজানি [গ্রা॰ হিং ও ব্রজ॰ লজানা শব্দের অনুকরণে পদ-সাহিত্যে। লাজ (লজ্জা) +আন (ক্রিয়ায়)] ক্রি, লজ্জা দেওয়া ; লজ্জায় ফেলা। ২ [ব্রজ॰ ও প্রা॰ বাং] লজ্জা পাওয়া ; লজ্জা বোধ করা। **লাজাই** [নামধাতু হিং, ব্রজ॰ (লজাই। "লাজ লজাই")। লজ্জা >, হিং লজানা] ক্রি, লজ্জা বোধ করি। "কহিতে লাজাই রাধা তোহ্মার যত কাজ।"-শ্রী॰কী॰। **লাজেঁসি**=লজ্জাতেই। "লাজেঁসি হারায়িএ কাজ॥"-শ্রী॰ কী॰। **লাজাওলি**-লজ্জিত হইল। **লাজায়ঁল্‌**-লজ্জা দিল।

লাজুক [লাজ (লজ্জা)+উক] বিণ, লজ্জাযুক্ত (া) ; লজ্জাশীল (া), লজ্জাবতী। bashful. "লুকায়ে লা॰ মেয়ে করে দেব পূজা"-অশোক॰। ২ মুখচোরা shy.

লাঞ্ছন [লাঞ্ছ (চিহ্ন করা)+অন (ণে)] বি, চিহ্ন। প্র-শ্রীবৎলাঞ্ছন। ২ কলঙ্ক। প্র-শশলাঞ্ছন। ৩ উপাধি ; নাম an appellation. ৪ ধ্বজ। ~**মুদ্রা** [বৌ॰ সা॰। লাঞ্ছন (চিহ্ন)+মুদ্রা (মোহর)] বি, শীলমোহর। "কুমার সেই অমাত্যকে লাঞ্ছনমুদ্রা, মূল্য-কম্বল এবং খড়্গ এই তিনটী দ্রব্য দেখাইয়া বলিলেন, "আপনি এই অভিজ্ঞান দেখিয়া আমার পুত্রকে রাজত্ব দিবেন।"-জাতক,

লাঞ্ছনা [লাঞ্ছন(কলঙ্ক)+আ(আরোপ করণার্থে)] বি, ভর্ৎসনা ; দোষারোপ ; অপমান। "খিন্ন শীর্ণ জীবনের শত লক্ষ ধিক্কার লাঞ্ছনা উৎসর্জ্জন করি।"-রবী॰। **লাঞ্ছনার একশেষ**-যৎপরোনাস্তি লাঞ্ছনা।

লাঞ্ছিত [লাঞ্ছ্ (চিহ্ন করা)+ত (র্ম)] বিণ, চিহ্নিত। ২ ধ্বজযুক্ত। ৩ নামাঙ্কিত। ৪ কলঙ্কিত। ৫ ভর্ৎসিত। অপমানিত। স্ত্রীং ~া।

লাট$_{১}$ [সং] বি, দেশবিঃ ; বর্ত্তমান গুজরাট। কোন কোন মতে নর্ম্মদার পশ্চিমস্থ দেশ, মতান্তরে ভরোচ, বরোদা, আমেদাবাদ ই॰ ইহার অন্তর্গত-ভি এস আপ্তে। বিণ, **লাটী**-লাটদেশসম্বন্ধীয়। ২ লাটদেশজ। ৩ লাটদেশপ্রচলিত। **লাটীরীতি**-রীতি দ্রঃ।

লাট$_{২}$ [সং-লট্ট (দুষ্ট স্বভাব, দুর্জ্জন)] বিণ, নষ্ট ; দুষ্ট। ২ গর্ব্বিত ; অহঙ্কৃত ; দাম্ভিক। ৩ [বাং-য় রঙ্গ বা ব্যঙ্গচ্ছলে ব্যবহৃত] বি, ইয়ার। প্র-কি লাট ! খবর কি? ৪ প্রভু ; হর্ত্তাকর্ত্তা বিধাতা ; সর্ব্বময় কর্ত্তা। প্র-লাট আর কি ! ভারি আমার লাট এসেছেন। "কটকে কাঠের চেয়ারের উপর ভোজপুরী দারবান গর্ব্বিতভাবে বসিয়া আছে। বেটা যেন লাট।"-মা॰ ও ম॰ বাণী, ১৩৩৩, জ্যৈষ্ঠ।

লাট$_{৩}$ [সং-লট্ (কথনে) >] বি. পণ্ডিত ; বিদগ্ধজন ; রসজ্ঞ। ২ বৃথা বাক্য।

লাট$_{৪}$ [গ্রা॰ নাট (ন=ল। মূলে নষ্ট >) ; সং-লাট(বস্ত্র) > জীর্ণবস্ত্র। হিং লত্তা (মলিন, জীর্ণবস্ত্র)] বি, জীর্ণবস্ত্র। ২ [বাং-য়] বিণ, জীর্ণ ; পাট ভাঙ্গা ; বিপর্য্যস্ত ; ল্যাক্‌সা : মলিন। প্র-কাপড়খানা বেশ পাট করা আছে লাট করে ফেলোনা। **লাট করা** [গ্রা॰ নাট করা] লাটবন্দী করা। ২ পাট ভাঙ্গা ; পাট খুলিয়া বিশৃঙ্খল করা। ৩ ধরাশায়ী করা ; বিছাইয়া দেওয়া। **লাট খাওয়া** [গ্রা॰ নাট খাওয়া] না ফুটিয়া মগ্ন হওয়া বা বসিয়া যাওয়া বা প্রকাশ না পাওয়া-যেমন হাম। ২ পাক খাওয়া। **লাটপাট** [হিং লোটপোট] বি, উলটি পালটি ; লুটো-লুটি। "জলের হিল্লোলে দুহে করে লাট পাট।"-শূ॰ পু॰।

লাট$_{৫}$ [হিং লাঠ্] বি, স্তম্ভ a pillar ; colum. **অশোকলাট**-সম্রাট অশোকের অনুশাসন স্তম্ভ। **জয়ৎলাট**-জয়স্তম্ভ।

লাট$_{৬}$ [ইং lord >] বি, প্রভু ; সর্ব্বময় কর্ত্তা। ২ উচ্চপদস্থ ব্যক্তি। ৩ [বিলাতের রাজন্য বা জমীদার বংশীয় লর্ড উপাধিক রাজপুরুষ ভারতের শাসনকর্ত্তা হইবার প্রথা হইতে] সর্ব্বপ্রধান শাসনকর্ত্তা ; দেশশাসক। "রাজার উপর ও যে রাজা লাট সাহেবের লাট" -পদ্য-পদ্য (বঙ্কিম॰)। **লাট করা**-ক্রি, অত্যুচ্চ পদে উন্নত করা। ~**বাহাদুর**-বি, সম্মানিত লাট। ~**সাহেব**-বি, লাট মহোদয় governor. ২ [বিদ্রূপার্থে] হর্ত্তাকর্ত্তা বিধাতাস্বরূপ। তুল-নবাব। **ছোটলাট**-বি, বড়লাটের অধীন শাসনকর্ত্তা। **জঙ্গীলাট**-বি, সামরিক বিভাগের সর্ব্বময় কর্ত্তা। **বড়লাট**-বি, সর্ব্বপ্রধান দেশশাসক governor-general.

লাট$_{৭}$ [সং যষ্টি > যাট > লাট] বি, দীর্ঘ যষ্টি বা লাঠি। ২ জাঠা অস্ত্র।

লাট$_{৮}$ [ইং lot] বি, গুচ্ছ ; তাড়া ; সমষ্টি। ২ জমীদারির অংশ ; খণ্ডভূসম্পত্তি। ৩ নিলামে বিক্রেয় দ্রব্যের পৃথক্ পৃথক্ গুচ্ছ। ৪ চিহ্নিত মহাল। ৫ নির্দ্ধারিত দিনে দেয় রাজস্ব। "লাটের দিন খাজনা হয় না আর" -ঈ॰ গুপ্ত। ~**বন্দী**-বিণ, বাকী খাজনার দায়ে নিলামে বিক্রয়ের জন্য তালিকাভুক্ত।

লাটা$_{১}$ [বৈদ্যকে-লতাকরঞ্জ > ক্ষে॰ লত্তা > লটা > লাটা] বি, লতাকরঞ্জ ; নাটা-করঞ্জ ; পূতিকরঞ্জ।

লাটা$_{২}$ [প্রাদে॰। তাঁতবুনার ভাষায়] বি, লাটাই যাতে সূতা জড়ান থাকে।

লাটানুপ্রাস-বি, লাটী রীতিসম্মত অনুপ্রাসালঙ্কার। রীতি দ্রঃ। ২ তাৎপর্য্য ভেদাত্মক শব্দার্থের পৌনরুক্তরূপ শব্দা-লঙ্কারবিঃ।

লাটিম, লাটীম [সং-লট্টু, লাট > হিং লাট্টু] বি, দড়ী দিয়া জড়াইয়া পরে দড়ীর প্রান্ত ধরিয়া বেগে নিক্ষেপ করিলে ঘুরিতে থাকে যে কাঠের ছোট খেলনা a top. ২ শিশুর খেলিবার লাক্ষা বা লাক্ষার বর্ণ দ্বারা রঞ্জিত লাঠী ; ছড়ী। লাটা দ্রঃ।

লাটী$_{১}$ [সং-লাক্ষা > লা + পাটি (পাত্তি) হিং পট্টি] বি, লাক্ষা ; গালা। "চিনির বদলে দানা কর্পূর আলতার বদলে লাটী।"-কবিক॰।

লাটী$_{২}$ [লাট দ্রঃ] বিণ, লাটদেশ প্রচলিত। ২ সংস্কৃত রচনারীতিবিঃ। বাং-য় ইহার তুল্য রীতি "মাদনী" (রীতি দ্রঃ)।

লাট্টু, **লাট্যু** ; **লাটু** [হিং। সং-লট্টু] বি, লাটিম। ~**দার**-বিণ, লাটিমের মত ভ্রমর যন্ত্রে খরাদ করা হইয়াছে এমন ; কুণ্ডলী পাকান। "সর্ব্বদাই ইজের ও চাপকান পরা ও লাট্যুদার পাগ্‌ড়ি মাথায়"-টেকচাঁদ।

লাঠরি [প্রা॰ বাং] বি, ক্রীড়াবিঃ ; গুল দাড়া বা গুলি ডাণ্ডা খেলা। "গুলি দাঁড়া দিয়া যায় লাঠরি খেলান।"-কৃত্তি॰।

লাঠা [হি॰ লাঠ্ঠা] বি, বৃহৎ মোটা লাঠি। ২ [লাঠির আকৃতি হতে] শোলমাছের মত কিন্তু ক্ষুদ্র শল্কচর্ম মৎস্যবিঃ; লেঠা মাছ। ৩ বৃহৎ কূপ বা ইন্দারা হইতে জল তুলিবার জন্ত দীর্ঘ ও মোটা শালের খুঁটি। ~কল-কূপ হতে জল তুলিবার কপিকল। ~লাঠি লাঠি দ্রঃ।

লাঠানি [লাঠা (লাঠী)+আন (হি॰ লাঠিয়ানা)। লাঠাই, লাঠাও, লাঠায় ; লাঠাইতে ; লাঠাইয়া ; লাঠিয়ে] ক্রি, লাঠি দ্বারা প্রহার করা ; লাঠি মারা। প্র-লাঠিয়ে মাথা ভাঙ্গিয়া দেওয়া।

লাঠি, লাঠী [সং-লগুড় অথবা যষ্টি > ; যষ্টি > যট্টি > লট্টি >। য=ল। ঠ্যাঙ্গা দ্রঃ] বি, দণ্ড; যাড়ি। ~খেলা-বি, লাঠি ঘুরাইয়া যুদ্ধাভিনয় ; লাঠি চালাইবার বিবিধ পেঁচ বা কৌশল প্রদর্শন। ~ঠেঙ্গা, ঠেঙ্গালাঠি -বি, ছোট বড় লাঠি। ~সোঁটা-বি, সরু মোটা ই॰ লাঠি। লাঠালাঠি-বি, পরস্পর লাঠির আঘাত ; লাঠি লইয়া দাঙ্গা। "যখন হত ঝগড়াঝাঁটি, প্রায়ই হত লাঠালাঠি" -দ্বি॰ রায়।

ˋলাঠিম [লাটিম দ্রঃ] বি, দড়ী জড়াইয়া ঘুরাইবার খেলনা। "তুই তো পশু, পক্ষী, মৎস্য, লাঠিম কিম্বা ফানুস।"-দ্বি॰ রায়। লা॰ খেলা, লা॰ ঘুরানি-ক্রি, হস্ত-কৌশলে লাঠিম ঘুরাইয়া খেলা করা।

ˋলাঠিয়াল [হি॰ লাঠি+আল (হি॰ বালা)। গ্রা॰লেঠেল] বি, লাঠি খেলায় পটু ব্যক্তি; ঠেঙ্গাড়িয়া ; দস্যু; গুণ্ডা। "কুঠিয়ালের রেজেষ্টারি লাঠিয়ালের রেজেষ্টারি।" -ঈ॰ গুপ্ত।

লাঠেড়া, লেঠেড়া [হি॰ লাঠি-আড়া। বাং-র ঠেঙ্গাড়িয়া, ঠেঙ্গাড়ে শব্দ প্রচয়] বি, দস্যু ; গুণ্ডা ; লেঠেল।

লাড়া১ [সং-লাড্ (কম্পনে) > প্রা॰ বাং-র নাড়া। লাড়ি, লাড় (লাড়েন্, লাড়িস) লাড়ে (লাড়েন) ; লাড়িতে ; লাড়িয়া (কে॰ পদ্যে-লাড়ি, গ্রা॰ লেড়ে)। পিজন্ত-লাড়ানি] ক্রি, কাঁপান ; দোলান। ২ চালা ; স্থানান্তরিত করা। প্র-ধান লাড়া, ডাল লাড়া। বি, লাড়ন। ~চাড়া-বি, একাধিক বার এক স্থান হতে অন্ত স্থানে লওয়া। ২ আন্দোলন। ৩ বেগ ; ধাক্কা। ৪ ক্রি, উক্তরূপ করা বা দেওয়া। ~লাড়ি-বি, একাধিক বার স্থানান্তরিত করণ। লাড়ার মার ভাঁড়া-যে নারী সন্তানাদি বা জিনিস পত্র একবার এখানে একবার ওখানে রাখিতে অভ্যস্ত তার ক্ষণস্থায়ী ভাণ্ডার। ঠাঁই লাড়া-ঠাই নাড়া দ্রঃ। বেরাল লাড়ালাড়ি-বি, বেরাল যেমন বাচ্ছাদের নানা স্থানে গোপন করিয়া করিয়া রাখে তদ্রূপ ক্রমাগত স্থানান্তরীকরণ।

লাড়া২ [গ্রা॰ নাড়া। সং-লাড্ ধাতু লালনে। হি॰ লাড (সস্নেহ পালন)] ক্রি, আদর-যত্নে পালন করা। প্র-কচি পোয়াতির ছেলেলাড়ার ধকল বড়।

লাড়া৩ [ল=ন] নাড়া৩ দ্রঃ।

লাড়ু [সং-লড্ডুক > হি॰ লাড্ডু >] বি, নাড়ু ; গোলাকার মিষ্টান্নবিঃ; মোদক। ~গোপাল-বি, কৃষ্ণের শৈশব মূর্ত্তি ; যে মূর্ত্তিতে তিনি এক হাঁটু পাতিয়া দক্ষিণ হস্তে লাড়ু খাইতেন। ২ এক হাঁটু পাতিয়া দক্ষিণ হস্তে লাড়ুর পরিবর্ত্তে ভারি ইষ্টক দিয়া গ্রাম্য পাঠশালায় দুষ্ট ছাত্রকে শাস্তিদানের প্রণালীবিঃ। লা॰ পাকানি-ক্রি, গোল করিয়া পাকাইয়া লাড়ু তৈয়ার করা। ২ গোল বা জটিল করিয়া ফেলা। আনিন্দ লাড়ু-বি, চালের গুঁড়ি, নারিকেল-কোরা ও তিল গুড়ে মাখিয়া লাড়ুর আকারে পাকান তেলে ভাজা মিঠাই। খয়ের লাড়ু-বি, খই চূর্ণ করিয়া চিনির রসে পাক করা লাড়ু ; খয়ের মোয়া। ঝাল লাড়ু -বি, চালভাজার গুঁড়া, নারিকেল-কোরা ও লঙ্কাচূর্ণ একত্রে মিশ্রিত করিয়া গুড়ে পাক করা মিঠাই ; ঝাল মোয়া। তিল লাড়ু -বি, তিল ভাজিয়া গুঁড়াইয়া রসে পাক করা মিঠাই। নারিকেল লাড়ু-বি, নারিকেল-কোরা গুড়ে পাক করিয়া প্রস্তুত মোদক। মুগের লাড়ু-বি, সোণামুগ চূর্ণের মিঠাই (বেসমের লাড়ু সাধারণতঃ মুগের লাড়ু বলিয়া চলে।

লাতা [সং-লক্তক >] বি, ন্যাকড়া ; নেতা। ~জোবড়া-ন্যাতা জোবড়া দ্রঃ। ~ড়-নেতুড় দ্রঃ।

লাথ১, লাথি, লাথী [হি॰ লাত্। ফা॰ লকদ্। বাং-র-মানুষের পদাঘাত অর্থে লাথি, জন্তুর পদাঘাত অর্থে উভয় লাথ ও লাথি। গ্রা॰ ˋনাতি] বি, পদাঘাত ; পায়ের দ্বারা প্রহার। "পূর্ব্বের পাতকে পরিত্যাগ দিল পতি। তাতে হৈল ত্রিগুণ তোমারে মাইনু লাথি।"-শি॰। "ভূত ভাগ পায় লাগ লাথি কীল মারিছে।"-অ॰ম॰। ২ চরণ; পা। লাথি ওঁচানি-ক্রি, পদাঘাতের ইঙ্গিত স্বরূপ কাহার প্রতি পা তোলা। লা॰ মারা -ক্রি, পদাঘাত করা। লা॰ লাগা-ক্রি, পা ঠেকিয়া যাওয়া। ~খাকুয়া, ~খেকো-বিণ, যে সর্ব্বদা কুকর্ম্মের জন্য পদাঘাত প্রাপ্ত হয় ; অতি নীচ। লাথির ঢেঁকী চ'ড়ে ওঠে না [ঢেঁকীতে পা দিবার প্রথা হতে] পদাঘাতের যোগ্য ব্যক্তি চড় খাইয়া কাজ দেয় না, অর্থাৎ লঘু শাসন মানে না।

লাথ২ [মিথিলা ভাষা। হি॰ নাত। (ন=ল, ত=থ)। নতা দ্রঃ] বি, ছল। "এতহি জাহ হরি না করহ লাথ।"-বি॰ প॰ (ন॰ গুপ্ত)।

লাদ [হি॰ লাদ (অন্ত্র, কোষ্ঠ) > লীদ (অশ্বাদির পুরীষ) ; বাং-র লাদী কিন্তু গ্রা॰ রূপ "নাদ" ও "নাদী" প্রচয়] বি, হস্তী, অশ্ব প্রভৃতির পুরীষ। নাদ দ্রঃ।

লাদা [হি॰ লাদ্না (বোঝাই করা) > বাং, গ্রা॰ নাদা] ক্রি, ভার চাপান ; বোঝাই করা। "কুঞ্জরে লাদিয়া লহ যত আছে ধন।" -কবিক॰। বি, লাদাই। লাদিয়া দেওয়া [গ্রা॰ নেদে দেওয়া। প্র-সোণা নেদে দেবে] বোঝাই করিয়া দেওয়া।

লাদাবী [ফা॰ লা (না)+দাবী] বিণ, দাবী নাই এমন।

লাপ১ [গ্রা॰ নাপ] বি, লম্ফ। লা॰ দেওয়া-ক্রি, লাফানো।

লা/প২ [সং-লপ্ (কথনে)+ঘঞ্ (ভা॰)] বি, কথন ; আলাপন। **~প্য**-বিণ, কথ্য ; আলাপনীয়। **~লপ্যমান** [যঙন্ত লপ্ +শান (র্ম্ম)] বিণ, পুনঃপুনঃ কথিত এমন।

লাপাতা-লা দ্রঃ।

লাফ [লম্ফ >। চট্ট॰ প্রাদে॰ ফাল্] বি, লম্ফ ; উৎপ্লব। **~ঝাঁপ** [সহ॰ দ্বন্দ্ব] লম্ফ ও ঝম্প। "দেয় কোটাল লাফ ঝাঁপ অন্তরে হতেছে কাঁপ আশ্বাস করয়ে সেনাগণে।" - কবিক॰। **~ডিংরা, ~ডিংরে**-বিণ, যে লাফাইতে, ডিঙ্গাইতে পটু ; ডাংপিটে ; দুরন্ত। **লাফালাফি**-অ, চতুর্দ্দিকে লাফাইয়া বেড়ান ; হুটাপাটি ; হুপাহুপি। ২ অস্থিরতা। প্র-জিনিসটা একটু পরেই পাবে, তার জন্য অত লাফালাফি কেন? ৩ আস্ফালন। **লাফালাফি ঝাঁপাঝাঁপি**-হুটাপাটি।

লাফড়া, লাফরা, নাফরা, লাবড়া [সং-লাবু (লাউ)+রা (লাউ-ঘটিত) > লাবুরা > দ্রুত উচ্চারণে লাবরা বা লাবড়া, লাফরা, নাফরা, মেয়েলি॰ ন্যাবড়া। তুল-ন্যাবড়া (জগন্নাথের ব্যঞ্জন-প্রসাদবিঃ। লাউঘটিত বলিয়া এই নাম। তুল-আ॰ লফীফ্ (মিশ্র, পাঁচ মিশালি)] বি, লাউ এবং পাঁচরকম তরকারির ঘণ্ট ; বিবিধ তরকারির মিশ্রণে প্রস্তুত ব্যঞ্জন। "থোড়, মোচা, মিঠাকুমড়া, শিম, মূলা, বেগুন ই॰ তরকারী একসঙ্গে ডালের বড়া দিয়া রন্ধন করিলে যে ব্যঞ্জন প্রস্তুত হয় তাহারই নাম লাফড়া"-প্রবাসী। "লাফরা খায়েন প্রভু ভক্তগণ হাসে।"-চৈ॰ ভা॰। "সার্ব্বভৌম পরিবেশন করেন আপনে। প্রভু কহে মোরে দেহ লাফরা ব্যঞ্জনে॥"-চৈ॰ চ॰। ২ [লাউয়ের আকৃতি বা সাদৃশ্য হেতু] খুব মোটা বেগুন ; মুক্তকেশী বেগুন ; লাফা (দ্রঃ) বেগুন।

লাফা [প্রাদে॰। লাফ >। শীঘ্র বৃদ্ধি পায় বলিয়া] বি, শাকবিঃ। ২ লাফরা বেগুন; খুব বড় বেগুন। "লাফা বাগুন দীর্ঘে করি চারি খণ্ড।"-মনসা ম॰ (বংশী॰)।

লাফান [সং-লম্ফ > লাফ + আন (ক্রিয়ায়)। লাফাই, লাফাও(লাফান্, লাফাস), লাফায় (লাফান্) ; লাফাইতে ; লাফ'ইয়া (কে॰ লাফিয়ে)] ক্রি, লম্ফ দেওয়া leap. "দেখিয়াছি খেলাইতে এক পায় লাফাইতে" -চন্দন। ২ বি, উৎপতন ; উল্লম্ফন।

লাফানি১ [সং-লম্ফন > লাফান >] বি, লাফ ; লম্ফ।

লাফানি২ [আস্ফালন > আফালন > ফালন > ফাল > (বর্ণবিপর্য্যয়ে) লাফ+আন (ক্রিয়ায়)+ই] বি, আস্ফালনকারিণী।

লাব, লাবক [সং] বি, বটের পাখী।

লাবড়-নাবড় দ্রঃ।

লাবড়া-লাফরা দ্রঃ।

লাব/ণ [লবণ+অ (সম্বন্ধার্থে)] বিণ, লবণসম্বন্ধীয়। ২ লবণাক্ত। **~ণক**-বি, লবণসমুদ্রস্থ দ্বীপ। ২ লঙ্কা দ্বীপ।

লাবণিক [লবণ+ক (সম্বন্ধার্থে)] বিণ, লবণসম্বন্ধীয়। ২ লবণাক্ত; লোনতা বা লোণা (বস্তুবিচারে)। ৩ লবণ ব্যবসায়ী।

লাবণী [সং-লাবণ্য > ব্রজ॰ তরল, কোমলরূপ অর্থে] বি, লাবণ্য ; মাধুর্য্য ; সৌন্দর্য্য। "তপন-নন্দিনী তীরে তালবনি ভুবন-মোহন লা॰"-গোবিন্দ॰। "ঢলঢল কাঁচা অঙ্গের লা॰অবনী বহিয়া যায়।"-ঐ।

লাবণ্য [লবণ (লুণ)+য (ভা॰)] বি, লবণত্ব। ২ সৌন্দর্য্য ; কান্তি ; চাক্‌চিক্য। [দ্রঃ-লবণ ব্যতীত কিছু স্বাদু হয় না, দেহ লবণহীন হইলে জীবনীশক্তিসহ সৌন্দর্য্য মাধুর্য্য সমস্ত নষ্ট হইয়া যায় এই হেতু লাবণ্য অর্থে লবণত্ব ; লবণের ভাব (শব্দকল্পে)। "মুক্তার অভ্যন্তর হইতে যেরূপ তরল আভা দৃষ্ট হয় অঙ্গে সেইরূপ সুন্দর তরল আভা প্রতিভাত হইলে তাহাকে লাবণ্য বলে।"-উজ্জ্বল নীলমণি]। **~বর্জ্জিত**-বিণ, সৌন্দর্য্যহীন। **~ময়**-বিণ, সৌন্দর্য্যশালী। > স্ত্রীং **~ময়ী**। **~গর্ব্বিত**-বিণ, সৌন্দর্য্য হেতু গর্ব্বযুক্ত।

লাবণ্যার্জ্জিত [লা॰(দ্বারা)+অর্জ্জিত, ৩তৎ] বিণ, শ্বশুর শাশুড়ী নববধূর মুখ দেখিয়া যে ধন দান করেন। **লাবণ্যোজ্জ্বল** [লাবণ্য (দ্বারা)+উজ্জ্বল, ৩তৎ] বিণ, সৌন্দর্য্যে উদ্ভাসিত।

লাবু, লাবূ [সং-অলাবু (দ্রঃ) > লাবু (> লাউ)] বি, লাউ ; তুম্বী।

লাভ [লভ্ (পাওয়া)+অ (ভা॰)] বি, প্রাপ্তি। ২ ক্ষতির বিপরীত ; মূলের অতিরিক্ত প্রাপ্তি। ৩ উপস্বত্ব ; আয়। ৪ উপার্জ্জন। ৫ স্বার্থ। ৬ [পাটী॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং gain এর বৈজ্ঞা॰ পরিঃ। ক্রি, **~ই** (-ভঁ-) [প্রা॰ বাং] লাভ করে (দো॰ ১৩২)। **~জনক** বিণ, লাভদায়ক ; যদ্দ্বারা লাভ হয় ; আয়কর। **~লোকসান, লাভালাভ**-বি, লাভ ও ক্ষতি ; ক্ষতি বৃদ্ধি। **লাভে মূলে**-ক্রি-বিণ, মূলধন ও তার উপস্বত্ব এই উভয় সম্বন্ধে।

-লাম [পূ॰ বঙ্গ প্রাদে॰-ইলাম=প॰ বঙ্গে-ইলুম, ইলেম (দেখিলাম, দেখিলুম, দেখিলেম) > -লাম, -লুম, -লেম (দেখলাম, দেখলুম, দেখলেম)। এই অর্থে প্রা॰বাং-র, -ইলেঁ (অছিলেঁ=ছিলাম (চ॰ পদ॰ ৩৫)। পদ॰ সা॰-তে-লুঁ, -লো, -লোঁ (ব্রজ॰ ও হিং-র অনুকরণে)। "দেখিলোঁ সপনে"-শ্রী॰ কী॰। "আসার দেখীলো সব সংসার"-ঐ। আধু॰ বাং কথ্য-লুঁ=নু (দেখনু=দেখিলাম)] বি, বাং-ক্রিয়ার উ॰ পু॰, অতীত কালের বিভক্তি। প্র-দেখিলাম। দিলাম।

লামা১ [তিব্বতী-লামা (উচ্চ গুণসম্পন্ন ব্যক্তি)=সং-গুরু (শরচ্চন্দ্র দাস, সি, আই, ই)। বৌদ্ধ হীনযানের পণ্ডিত ভিক্ষু] বি, তিব্বতীয় বৌদ্ধ পুরোহিত বা গুরু।

লামা২ [ন=ল। চ॰ ক॰ ভা॰] ক্রি, নামা ; অবতরণ করা। **লামানি**-ক্রি, নামান।

লাম্পট্য [লম্পট+য (ভা॰)] বি, লম্পটের ভাব ; কামুকতা lewdness.

লাম্বা [চ॰ ক॰ ভা॰ প্রা॰ লম্ব দ্রঃ] বিণ, লম্বা। ২ লম্বিত। **~এ**-ক্রি, লম্বিত করে ; ঝুলাইয়া দেয়। "নেত ধড়ী পিন্ধি আগু পাছু লাম্বাএ।"-শ্রী॰ কী॰।

লায়েক [আ॰লায়ক্ ('অক' এবং 'এক' এর মাঝামাঝি উচ্চারণ)] বিণ, উপযুক্ত ; যোগ্য। প্র-কাজের লায়েক। ২ সাবালক। প্র-লায়েক ছেলে। ৩ পারগ ; সমর্থ। বিপরীত-**নালায়েক**। **লায়েক জমি**

-বি, আবাদ করিলে ফসল জন্মিতে পারে এমন জমি।

লাল$_1$ [সং-লালা >] বি, মুখজাত জল ; লালা ; মুখামৃত ; থুথু। ২ [জমি° পরিঃ] উর্ব্বর। "সরকার হইল কাল, খিল ভূমি লেখে লাল" -কবিক°। লা°কাটা -মুখ দিয়া সুতার আকারে লালা নির্গত হওয়া। লা° গড়ানি, -পড়া-ক্রি, নিদ্রিত অবস্থায় মুখ দিয়া লালা নির্গত হওয়া। লা° ঝরা-ক্রি, লাল কাটা। লা° কাটানি,-ঝরানি-ক্রি, ঔষধাদি দ্বারা মুখ দিয়া লালা বা শ্লেষ্মা বাহির করিয়া দেওয়া। ~ফেলা-ক্রি,মুখ হতে লালা শরীরে বা পরিধেয় বস্ত্রে পড়িতে দেওয়া।

লাল$_2$ [তুর্কী° লাল। ফা° লালী (redness, লোহিতত্ব)। সং-লোহিত] বিণ, লোহিত; রক্তবর্ণ। প্র-লাল আলু। লাল চন্দন। লালমণি। ২ সুন্দর। ৩ উৎকৃষ্ট। ৪ উর্ব্বর। কুঁচ ;রতি। ~-কামিনী [প্রাদে°। প্রা° বাং] বি, ধান্যবিঃ। "লালকামিনী সোলপনা বুনে"-শূ°পু°। ~গুরু [হিং (লাল পোষাক হ'তে বা প্রিয়তম অর্থে?)] বি, মেথরদিগের ধর্ম্মযাজক। ~চিয়া, ~চে [লোহিত > লাল+সিয়া > সা > সে (সাদৃশ্যার্থে) > সিয়া, চে] বিণ, ঈষৎ লাল। ~জমি [জমী° পরিঃ] বি, উৎকৃষ্ট আবাদী জমি ; উর্ব্বরভূমি ; আউঅল জমি। ২ [বাখরগঞ্জ প্রাদে°] ধানজমি। ~পোশ,-পোষ [ফা°] বিণ, লাল পরিচ্ছদ পরিধেয় ; লাল পোষাকপরা। "আসে চলে লালপোশ খাশ বরদার।"-অ°ম°। ~রতন, ~রত্ন-বি, লালমণি ruby.

লাল$_3$ [সং-লালক > হিং লাল] বি, প্রিয় বালক ; বালকৃষ্ণ। ২ পুত্র ; বেটা। ৩ [আদরার্থে নামের পূর্ব্বে যুক্ত হয়] বিণ, প্রিয় ; প্রিয়তম beloved. প্র-লালমাধব (=প্রিয় মাধব)। লাল গোপাল=(প্রিয় গোপাল)। লালবিহারী। লালমিঞা ই°। হিং-তে নামের পরে ও প্রায় যুক্ত হয়। যথা-মোহনলাল, বিহারী লাল, পিয়ারী লাল ই°। ~মোহন [লাল (প্রিয়) মোহন (মনোহর)] বি, অতি প্রিয় খাদ্য ; উপাদেয় মিষ্টান্ন।

লালচ [লালসা > হিং-লালচ্] বিণ, ইচ্ছা ; লোভ ; স্পৃহা। ২ বিণ, লালচিয়া, লালচী [লালচ+ইয়া। হিং] লোভী ; সস্পৃহ।

লালন [লাড়ি (পালন করা) + অন (ভা°), ড়=ল] বি, অতিযত্নে পালন। "লালন পালন পাঠ ক্রমে সাঙ্গ পায়।"-অ° ম°। ২ প্রসিদ্ধ ফকীর লালন সা। ~পালন-বি, যত্নাদরে পোষণ ; ভরণ পোষণ ; প্রতিপালন।

লালপ্যমান-লাপ$_2$ দ্রঃ।

লালস-যঙলুগন্ত লস্। লালসা দ্রঃ।

লালসা [লালস (দ্রঃ)+আ (ভা°)] বি, লোভ ; স্পৃহা ; লিপ্সা। ২ ঔৎসুক্য। "অসীম লালসা মোর শুনিতে কাহিনী।" -মেঘ°। ৩ গর্ভিণী-দোহদ। ~ন্বিত-বি, লোভযুক্ত ; অত্যাগ্রহযুক্ত।

লালসানি [লাল (লালা)+সা (সদৃশ) +নি (পানি ক্ষে°) >। গ্রা° লালসানি, ল্যালসানি] বি, লালাযুক্ত জল ; পিচ্ছিল ক্লেদ। প্র-লা° কাটা।

লালসীক [সং] বি, পিচ্ছিল।

লালা$_1$ [লল্ (ঈপ্সায়, লালসায়), তুল-লোভে জিহ্বায় লাল পড়া] বি, মুখজাত জল ; লাল। ~ক্লিন্ন-লালাসিক্ত। ~বিষ [লালায় বিষ থাকা হেতু] মাকড়সা ই° জীব।

লালা$_2$ [হিং] বি, প্রিয়। ২ মহাশয় ; বাবু ; শ্রীযুত। ৩ মুহুরি ; কেরাণী ; নকলনবীশ। ৪ পশ্চিমা কায়স্থের জাতীয় উপাধি। সম্মানার্থে ~জী, ~সাহেব।

লালাটিক [ললাট+ইক (সম্বন্ধার্থে)] বিণ, ললাট সম্বন্ধীয়। ২ ভাগ্যাপেক্ষী ; অদৃষ্টলব্ধ। ৩ ললাট ভূষণ।

লালায়িত [সং-লল্ (লালসা, স্পৃহা) > লালা > নামধাতু-'লালায়'+ত (র্ম্ম)] বিণ, আগ্রহান্বিত ; লালসাযুক্ত। "লোলুপ লেলিহজিহ্ব * * করিয়াছ কামনা মৃত্তিকায় শিশুদের লা° মুখ"-কাহিনী (রবী°)।

লালিকা [সং] বি, আমোদজনক উত্তর। ২ ব্যর্থ রহস্য। "মদন হৃদয় লালিকা।" -বাসবদত্তা। ৩ কোন কবিতার হাস্যোদ্দীপক বা বিদ্রূপাত্মক অনুকরণ; হাস্যোৎপাদনের উদ্দেশ্যে কোন কবিতার ছন্দ ও শব্দালঙ্কার আদির নকল ; কাব্য বা কবিতার ব্যঙ্গ্যানুকরণ যথা "মেঘনাদ বধকাব্যকে বিদ্রূপ করিবার জন্য অমিত্রাক্ষর ছন্দে লিখিত ছুছুন্দরী বধকাব্য"।

লালিত [লালন দ্রঃ। লাড়্+ণিচ্-লাড়ি (সস্নেহে পালন করা)+ত (র্ম্ম)] বিণ, যত্নে প্রতিপালিত। ~পালিত [লালন দ্রঃ] বিণ, প্রতিপালিত।

লালিত্য [ললিত (কোমল)+য (ভা°)] বি, সৌন্দর্য্য ; মাধুর্য্য। ২ কমনীয়তা। ৩ মনোহারিত্ব।

লালিমা [লালিমন্ >। ইমন্ > ইমা। তুল-কালিমা, নীলিমা] বি, রক্তিমা ; লালের আভা। বিণ, লালিম-লালাভ ; রক্তবর্ণাভাযুক্ত। ২ [ব্রজ°] বি, লালিমা।

লালী$_1$ [লাল (লালা)+ঈ] বিণ, লালাযুক্ত ; পিচ্ছিল।

লালী$_2$-বিণ, লালবর্ণযুক্ত ; রক্তিম।

লালু, লালুয়া [লাল (সং-লালা)+উয়া > ক্ষে° লালু ; গ্রা° নালু ; অবজ্ঞার্থে-লেলো ; গ্রা° নেলো] বিণ, যার মুখ দিয়া লাল পড়ে। ২ বি, শৈশবে যার খুব লাল পড়ে,তার জনক-জননী-প্রদত্ত আদরের নাম; সাধুভাষায় লালবিহারী ই° > ক্ষে° লালু।

লাশ, লাস$_1$ [ফা° লাশ] বি, মৃতদেহ।

লাস$_2$ [ইং last] বি, জুতা গড়িবার কাঠের ছাঁচ বা ফর্ম্মা।

লাস$_3$ [লস্ (ক্রীড়া করা)+অ (ভা°)] বি, স্ত্রীলোকের নৃত্য। ২ বিলাস। ৩ বেশভূষা। ৪ নৃত্যভঙ্গি। বিণ, লাসক, লাসিক-নর্ত্তনকারী। ২ বি, নর্ত্তক। > স্ত্রীং লাসিকা, লাসিকী। ~বেশ-নর্ত্তকীর বেশ ; নাচের সজ্জা। "অশেষ বিশেষ করি লাসবেশ নাচিতে চলিল নটী।" -ঘ°। [প্রা° বাং-য় এই অর্থে-লাসবেস ও°] বিলাস বেশ; সাজসজ্জা। "লাসবেস করে রাধা বড়ই বিহাণে"-শ্রী° কী°। "দূরে গেল লাসবেশ কেশ নাহি বান্ধে।"-ঐ। "সওদাগর আইলে দেশ ঘুচিবেক লাসবেশ পাবি শাস্তি ইহার যেমতি।" -কবিক°। ~হাস-পরিহাস।

লাসক, লাসিক, লাসিকা, লাসিকী-লাস্ত দ্রঃ।
লাসা [লস্ (ক্রীড়ায়)] ক্রি, শোভা পাওয়া। "সিঁথের সিন্দুর তোর লাসে মাথার কেশ সুবেশে।"-শ্রী° কী°।
লাসী [সং-লাক্ষা > লাখ > লাহ (হিং লাহী) > প্রা° বাং-র লাসী। লাক্ষাবর্ণ হেতু নাম] বি, বহুমূল্য বস্ত্রভেদ। "পরিধানে নেতলাসী হাঁথত মোহন বাঁশী।"-শ্রী° কী°।
লাস্য [লস্ (ক্রীড়া করা) + য (ভা°)] বি, স্ত্রীলোকের নৃত্য (পুরুষের নৃত্যকে তাণ্ডব বলে)। ২ তান-লয়-ভাবাশ্রয় নৃত্য।
লাহা [সং-লাক্ষা >] বি, লাক্ষা; জৌ; গালা। "লাহা চাষ সম্বন্ধে সমস্ত তথ্য জানিতে হইলে the cultivation of lac in the plains of India পুস্তক পাঠ করা দরকার।" ২ জাতীয় পদবীবিঃ। ৩ [প্রা° লেয়ে, লায়া। ন=ল] গরুর গাড়ির চাকার নাভি বা নাই।
লাহু, লেহু, লেহুঁ, লোউ [সং-লা >। ল'আ, লওয়া দ্রঃ। প্রা° বৌ° বাং] ক্রি, লও। "লাহুরে পাস"-চ° পদ, ১।৪।
লাহোরী [হিং] বিণ, লাহোর নগর-সম্বন্ধীয়। ২ লাহোরজাত। ৩ বি, লাহোরের অধিবাসী।
লি [চী° লি=এক ক্রোশের দ্বাদশভাগের এক ভাগ] বি, দূরত্ব পরিমাণ; ১২ লি=১ ক্রোশ। মতান্তরে ইং১ মাইল=চীনা প্রায় ৩ লি। বৌদ্ধ সাহিত্যে দূরত্ব পরিমাণ-নির্ণয়ে এবং চীন পরিব্রাজকদিগের ভারত ভ্রমণাদি গ্রন্থের বঙ্গানুবাদে ব্যবহৃত হইয়াছে। ৪০০০ লি=৩৩৩ ক্রোশ।
লিক, লিখ [হিং। সং-রেখা > রেখ > দ্রং। হিং লীক, লকীর। প্রা° বাং-লিক (দ্রঃ)] বি, ভিজা মাটিতে গাড়ির চাকার দাগ; মাটির উপর গভীর রেখা। লিক্ ধরা-লিকের উপর দিয়া গাড়ী চালান। ~কানা-বিণ, যে লিক ছাড়িয়া অন্য পথে চলে।
লিকলিক [অনু°] বি, অত্যন্ত পাতলা ও লম্বা বস্তুর আন্দোলন শব্দ; ছাঁচি বেতের আন্দোলন শব্দ। ২ অপ্রাপ্তব্য বস্তু প্রাপ্তির জন্য বায়না হেতু ছেলেদের অসন্তোষ-জনক অব্যক্ত শব্দ।
লিকি [লিক্ষা >। বাং প্রা° লিকি] বি, উকুনের ক্ষুদ্র ডিম্ব; ক্ষুদ্র উকুন।
লিকুচ-লকুচ দ্রঃ।
লিক্ষা, লীক্ষা [সং] বি, ক্ষুদ্র উকুন; লিকি। ২ পরিমাণবিঃ।
লিখন [লিখ্ (লেখা) + অন (ভা°)। লিখ, ~লেখ ও°] বি, আঁচড়ন। ২ অক্ষরবিন্যাস। ৩ চিত্রাঙ্কন। ৪ [-+অন (র্ম)] লেখ; লিপি; পত্র; চিঠি। ~তস্কর-কুম্ভিল দ্রঃ। ~প্রণালী-বি, লিখিবার পদ্ধতি; লিখিবার ধারা style of writing.
লিখনি [মৈমন° প্রাদে°] বি, লেখ; চিঠি; লিপি।
লিখা, লেখা (পূ° ব°, -লি-) [সং-লিখ্, (লিখনে)। লিখি, লিখ (লিখেন, লিখিস), লিখে (লিখেন); লিখিতে; লিখিয়া (কে°, পদ্যে-লিখি, প্রা°লিখে)। গিজন্ত-লিখানি, লেখানি] ক্রি, অক্ষরবিন্যাস করা; লিপি করা। ২ পত্রব্যবহার করা। ৩ রচনা করা। ৪ বর্ণনা করা। ৫ পত্র দ্বারা জ্ঞাত করা। ৬ চিহ্ন করা। ৭ অঙ্কন করা; আঁকা; চিত্র করা। "অপরূপ এ কিরূপ কৃষ্ণের রূপ লিখেছে গো রাই।"-গান। ৮ গণনা করা। ৯ হিসাব করা। ১০ গণ্য করা। "যতেক কায়স্থ লেখ, ভাঁড়ুর পশ্চাতে লেখ"-কবিক°। ব্রজ°-লিখই-লেখে। "অঙ্গুলি দেই ক্ষিতি পর লিখই"-বি° প°। লিখইতে-লিখিতে। লিখু-লেখে। লেখি-লেখে; প্র-অবনত বদনী ধরণী নখে লেখি"-বি° প°। ~লিখি-বি, পরস্পর পত্রব্যবহার। ২ মসীযুদ্ধ। লিখে উঠা-ক্রি, লিখিয়া শেষ করা। লিখে দেওয়া-ক্রি, কাহার জন্য বা পক্ষ হতে লিখা। ২ দানপত্র স্বাক্ষর করিয়া বিষয়সম্পত্তি আদি দান করা; আইনসঙ্গত উপায়ে লিখিয়া দান করা। লিখে রাখা-ক্রি, স্মরণার্থ টুকিয়া রাখা; নোট করা। এ কর্কলম লিখে দেওয়া-বাঁধ বচন সত্য হবেই হবে এই স্থির বিশ্বাসসূচক উক্তি।
লিখাই [হিং লিখাঈ] বি, লিখনশিল্প। ২ লিখনবৃত্তি। ৩ খৎপত্র, দলীলাদি লিখিয়া দিবার পারিশ্রমিক।
লিখিত [লিখ্ (লেখা) + ত (র্ম)] বিণ, যা লেখা হইয়াছে। ২ রচিত। প্র-লিখিত প্রবন্ধ। ৩ অঙ্কিত। "লেখা ভালে অঙ্গনের রেখা"-মেঘ°। ৪ নির্দ্ধারিত; অদৃষ্টে বা কপালের লিখনে বা অবশ্যম্ভাবী। "ভুঞ্জিবি তো লিখিত ফল"-শ্রী° কী°। ৫ বি, শাস্ত্রকার মুনিবিঃ। ৬ [+ত (ভা°)] বি, লিখন। ~ব্য (-ত°) বিণ, লিখিবার উপযুক্ত। ২ যা লিখিতে হইবে।
লিখিয়ে [হিং লিখইয়া, লিখউয়া] বিণ, লিপিকুশল; লিখনপটু; সুলেখক; লেখদক্ষ।
লিগ [হিং লিক] বি, জমির উপর গাড়ির চাকার চিহ্ন; দগড়া; লিক দ্রঃ। প্র-মাঠের উপর দিয়া লিগ ধরিয়া যাও।
লিগা [প্রাদে°] বি, অক্ষদণ্ড। ২ গাড়ির চাকার আইল।
লিগ্যাল-রিমেম্ব্র্যান্সর [ইং Legal Remembrancer এর লিপ্যন্তর] বি, সরকার পক্ষীয় মামলা মকদ্দমার তদ্বির-কারক উচ্চ রাজকর্মচারী।
লিঙ্গ [লিন্গ্ (গমন করা) + অ] বি, চিহ্ন; নিদর্শন। ২ শিবমূর্তিবিঃ। ৩ সন্ন্যাসী। প্র-লিঙ্গবৃত্তি। ৪ কারণ; হেতু। ৫ [সাংখ্যমতে] প্রকৃতি। ৬ অনুমান। ৭ অর্থদ্যোতক শক্তি বা সামর্থ্য। ৮ শিশ্ন। ৯ রোগাধ্যাপক লক্ষণ। ১০ [ব্যা°] শব্দের পুং, স্ত্রী ক্লীব ভেদ। ১১ [অভিধান দ্রঃ] অভিধানের ভাগবিঃ। "অভিধানের যে ভাগে শব্দের লিঙ্গ নির্ণয় করা থাকে তাহার নাম লি°"-হ° প্র° শাস্ত্রী। ~দেহ, ~শরীর-বি, সূক্ষ্মদেহ। ~পুরাণ-বি, ব্যাসপ্রণীত মহাপুরাণ। ~বৃত্তি-বিণ, সন্ন্যাসীর বেশ-ধারী; ধর্মধ্বজী। ২ বি, কপট সন্ন্যাসী। ~মূর্তি-বি, শিবের দ্যোতকমূর্তি; শিবলিঙ্গ Phallic emblem.
লিঙ্গা [প্রা° বাং] বি, বাদ্যযন্ত্রবিঃ। "বাজএ রণসিঙ্গা খমক ভেরি লিঙ্গা দুন্দুভি জয়ঢাক দামামা।"-শূ° পু°। ~ইৎ, ~য়ৎ, ~য়ঁত, ~য়িত, ~য়েৎ [হিং]

বি, শিবলিঙ্গপূজক ; লিঙ্গোপাসক ; শৈব সম্প্রদায়বিঃ।

লিঙ্গী [লিঙ্গ+ইন্ (ষ্যা॰)=লিঙ্গিন্ ১মা, ১ব॰] বিণ, ভেকধারী কপট সন্ন্যাসী ; ধর্মধ্বজী। ২ হস্তী। স্ত্রীং লিঙ্গিনী-লতাবিঃ।

লিচু [চী॰ লিচি] বি, প্রসিদ্ধ সুখাদ্য ফলবিঃ।

লিডার্ [ইং leader এর লিপ্যন্তর] বি, সংবাদ পত্রের স্তম্ভে লিখিত প্রধানতম, সুদীর্ঘ বা দীর্ঘতম এবং সর্বাপেক্ষা প্রয়োজনীয় সম্পাদকীয় মন্তব্য। ২ নায়ক ; দলপতি।

লিডারেট [ইং leaderette এর লিপ্যন্তর] বি, সংবাদ পত্রে সম্পাদকীয় অদীর্ঘ মন্তব্য।

লিথো, লিথোগ্রাফী, লাইথো [ইং lithography র লিপ্যন্তর] বি, পাষাণ লেখ বিদ্যা ; যে শিল্পবিদ্যা দ্বারা প্রস্তরে খোদন, অঙ্কন এবং তা হতে ছাপ গ্রহণ হয়।

লিনিমেণ্ট [ইং liniment এর লিপ্যন্তর। বাং গ্রা॰ নিলিমেন্‌ট্, লিলিমেন্‌ট্] বি, মালিশের তৈল ; শ্লেষ্মাশোষক ও দৈহিক বেদনা প্রশমক বিবিধ ঔষধমিশ্রিত প্রলেপ।

লিপা [সং-লিপ্ (লেপনে)] ক্রি, লেপন করা। বি, লিপন-আলিম্পন। বিণ, লিপ্ত। ~পোঁছা-মার্জন ও লেপন করা।

লিপি,-পী [সং] বি, অক্ষর ; বর্ণমালা alphabet. ২ অক্ষরবিন্যাস ; লিখন। ৩ অঙ্কন। ৪ পত্র ; লেখ। ~কর, ~কার-যে লিপি প্রস্তুত করে ; নকলনবীশ copyist. ২ লেখক। ৩ চিত্রকর। ~কর-প্রমাদ-বি, নকলকারের ভ্রম ; লিপি প্রস্তুতকারীর ভুল। ~কলা, ~কৌশল-বি, লিখন-পটুতা ; সুন্দর ছাঁচের অক্ষরবিন্যাস দক্ষতা ; হস্তলিপিশিল্প calligraphy. ~চাতুর্য্য-বি, লিখনদক্ষতা। ~বদ্ধ [লিপি দ্বারা বদ্ধ, ৩তৎ] বিণ, লিখিত। ২ পত্রগত। ~বিদ্যা-বি, পত্রাদি লিখন বিষয়ক জ্ঞান ; অক্ষরশাস্ত্র ; অক্ষর বিজ্ঞান ; বর্ণবিন্যাস কৌশল।

পাণ্ডুলিপি, হস্ত-লিপি-বি, হাতে লেখা বিষয় manuscript.

লিপ্ত [লিপ্ (লেপন করা)+ত (র্ম)] বিণ, সংযুক্ত ; সংমিলিত। ২ প্রলিপ্ত ; কৃতলেপন। ৩ সম্বন্ধিত ; জড়িত। ৪ বিষাক্ত। ~পদ, ~পাদ-বি, হংসের ন্যায় যাদের পদাঙ্গুলি চর্ম্মদ্বারা যুক্ত এরূপ প্রাণী। ২ বিণ, হংসপদী। ~হস্ত-যাদের করাঙ্গুলি চর্ম্মদ্বারা লিপ্ত।

লিপ্তক [লিপ্ত (দ্রঃ)+ক (জ্ঞা॰)] বি, বিষাক্ত শর।

লিপ্যন্তর [লিপি+অন্তর] বি, এক ভাষার লিপি অন্য ভাষার লিপিতে পরিণত করণ ; অক্ষরান্তর ; অক্ষরান্তরীকরণ ; বর্ণান্তর transliteration.

লিপ্সা [লভ্ (পাওয়া)+স (ইচ্ছার্থে) +অ (ভা॰)+আ (স্ত্রীং)। লভ্=লিপ্] বি, লোভ ; স্পৃহা ; লালসা। ২ কামনা। বিণ, লিপ্সিত। ~শূন্য-বিণ, নিস্পৃহ ; নির্লোভ।

লিপ্সু [লভ্ (পাওয়া)+স (ইচ্ছার্থে) +উ (র্ত্তৃ)। লভ্=লিপ্] বিণ, স্পৃহাবান্ ; লোলুপ ; লুব্ধ ; লোভী ; গৃধ্নু।

লিভার১, লিবার [ইং liver এর লিপ্যন্তর] বি, যকৃৎ ; কালখণ্ড। "লাথি কিল পটাপট জুতো চড় চটাচট লিভার পিলে ফটাফট আপনি যেত ফেটে।"-হেম॰।

লিভারের দোষ-যকৃতের ক্রিয়া-বিকার liver complaint.

লিভার২, লেভার১ [ইং lever এর লিপ্যন্তর] বি, উত্তোলক যন্ত্র ; চাড় দিয়া

লিয়া, লিয়ে [হিং লিয়ে] অ, হেতু ; জন্য ; কারণে।

লিলাম-নিলাম দ্রঃ।

লিলুয়ারী [প্রাদে॰। মূলে-লীলা > ?] বিণ, ক্রীড়াশীল (মৈ॰ গী॰)।

লিষ্ট, লিস্ট [ইং list এর লিপ্যন্তর। গ্রা॰ লিষ্টি] বি, তালিকা ; ফর্দ।

লিসপিস, লিস্‌পিস্ [লিশ্ (গতি) পিশ্ (বর্ষণে)। গ্রা॰ লিস্‌পিস্] অ, কণ্ডূতি ; চাঞ্চল্য। "হাত করে লিস্‌পিস্ মাঝে রেখে পোট্টাপিস্ ছাড় শুধু দশবিশ শব্দভেদী ফাঁকি"-রবী॰।

লিসিউর [পর্তু॰] বি, কলেজের অধ্যাপক।

লিহে [প্রা॰ বাং, সং-লিহ্ (লেহনে, আস্বাদনে) >] ক্রি, লাগে (দাগ, কলঙ্ক ইং) ; লিপ্ত হয়। "হাথ দিতে লিহে কলিঙ্কা" -শ্রী॰ কী॰ (হাথ দিতে কালি বা কলঙ্ক লাগে, অর্থাৎ সংস্পর্শে আসিলে কলঙ্ক রটে)।

লীক্ষা-লিক্ষা দ্রঃ।

লীঢ় [লিহ্ (লেহনে)+ত (র্ম)] বিণ, যা লেহন করা হইয়াছে ; আস্বাদিত।

লীন [লী (লীন হওয়া)+ত (র্ত্তৃ)। ত=ন] বিণ, মগ্ন ; লয়প্রাপ্ত ; মিলিত ; লুপ্ত ; অদৃশ্য। প্র-ভগবানে লীন হওয়া। "ছাতার ভিতরে লীন ধায় গৃহ মুখে"-রবী॰। ২ সংসক্ত। ৩ শয়িত। স্ত্রীং ~া।

লীলা [সং-লী (আলিঙ্গনে)+লা (গ্রহণে)। প্রা॰ লীলে, নীলে] বি, শৃঙ্গার-রস-জনিত ক্রিয়াবিঃ ; বিভ্রম ; ভঙ্গী ; হাবভাব। ২ কেলি ; ক্রীড়া। "ভেবে দেখছে গোকুলে হোলো কি কি লীলে তাকি তোমার মনে পড়ে না।"-বাং গান। ৩ দেবতা বা অবতারের কার্য্যকলাপ। ৪ বিলাস। ৫ শোভা। ৬ প্রকাশ। ৭ ব্যাপার। ~কমল-কেলি পদ্ম a toy lotus. ~কানন-বি, ক্রীড়ার্থ উদ্যান বা উপবন ; লীলোদ্যান (দ্রঃ) pleasure garden. ~ক্ষেত্র, ~ভূমি-বি, ক্রীড়ার স্থান। ২ জীবনের কর্ম্মভূমি ; কার্য্যকলাপের স্থান। ~খেলা-ক্রীড়া কৌতুক ; আমোদ আহ্লাদ। ২ জীবন যাত্রা ; জন্ম হতে মৃত্যুর অব্যবহিত পূর্ব্ব পর্য্যন্ত অর্থাৎ সারাজীবনের কার্য্যাবলী। "দেখ লীলা, লীলাখেলা নিখিল জগতে এত-দিন পরে বুঝি ফুরাইল মোর"-লীলাবতী। ~খেলা সাঙ্গ হওয়া-জীবনের অন্ত হওয়া ; মৃত্যু হওয়া। ~গতি-বি, মনোহর ভঙ্গীসহকারে গমন। ~চঞ্চল-বিণ, ক্রীড়ারত ; হাবভাব চপল ; বিলাসান্দোলিত। ~তনু-বি, লীলার উদ্দেশে গৃহীত শরীর বা বিগ্রহ। ২ শারীর ব্যাপার ; তনুলীলা। ~বতী১ [লীলা+বৎ (ষ্যা॰)=লীলাবৎ+ঈ (স্ত্রীং)] বি, বিলাসবতী স্ত্রী। ২ শৃঙ্গার-

ভাব-চেষ্টান্বিতা। ~ময়-বিণ, ক্রীড়াত্মক ; কর্ম্মময় ; আনন্দময় ; পূর্ণানন্দ। > স্ত্রীং ~ময়ী। ~য়িত-বিণ, ভঙ্গীযুক্ত ; সলীল ; বিলসিত ; ক্রীড়িত ; সবিভ্রম ; শোভন। ~শেষ, ~সম্বরণ, ~সাঙ্গ-বি, জীবনান্ত ; মরণ ; মৃত্যু। "লীলাসাঙ্গ করি হলে অবসর" -হেম°। ~স্থল, স্থলী, স্থান-বি, লীলাক্ষেত্র। জীবলীলা-বি, জীবন। ভবলীলা, মর্ত্ত্যলীলা-ভব দ্রঃ। মানবলীলা-মানব-জীবন।

লীলাবতী, [ইতি°] বি, ভাস্করাচার্য্যের কন্যা। ২ ভাস্করাচার্য্য কর্ত্তৃক রচিত পাটীগণিত ও ও বীজগণিত সম্বন্ধীয় সুপ্রসিদ্ধ গ্রন্থ। ৩ স্ত্রায়গ্রন্থবিঃ।

লীলোদ্যান [লীলা+উদ্যান, ৬তৎ] বি, কেলি-উদ্যান ; ক্রীড়ার্থ উপবন ; আনন্দ-কানন pleasure garden.

লু, লুঁ, লোঁ [হিং-র অনুকরণে প্রাং বাং] বি, বাং-ক্রিয়া-বিভক্তি ; উত্তম পুরুষ বাচক। প্র-কহলুঁ, দেখলুঁ, কহিলোঁ, দেখিলোঁ ইং। "আজি রজনীতে বড়ারি দেখিলোঁ সপনে।"-শ্রী° কী°। "সন্তাপে কহিলোঁ তোর থানে॥"-ঐ। আধুং বাং-"লাম", লুম, লেম। প্র-কহিলাম, দেখিলুম, দেখলেম।

লুই [লোমন্ > লোহী, লোই > লুই] বি. পশুলোমনির্ম্মিত শীতনিবারক স্থূল বস্ত্রবিঃ।

লুইট্, লুট [শ্রীহট্ট° প্রাদে°] বি, পিচুটী ; নেত্রমল।

লুকান(নো)-লুকান দ্রঃ।

লুকা, [সং-লুক্, (অপনয়নে) > লুক্+আ (ক্রিয়ায়)। প্রাং লুকা (ল=ন)। প্রাং বাং-র-লুকি, লুক, লুকে ; লুকিতে ; লুকিয়া (পদ্যে-লুকি)। আধুং বাং-র-লুকান দ্রঃ] ক্রি, আত্মগোপন করা ; গা ঢাকা দেওয়া বা হওয়া। ২ গোপন করা ; লুকান। "রসের বেতার লুকা না যায়।"-জ্ঞান°।

লুকা, [লুকা, দ্রঃ। ব্রজ° লুকি। "ও লুকি করতহি দেহা"-বি° প°] বিণ, লুকায়িত ; গুপ্ত। প্র-লুকা-ছিপা।

[লুকা, দ্রঃ] বি, লুকন ; গোপন। "লুকা কিছু নাই"-চৈ°চ°। ~চুপি-লুকোচুরি দ্রঃ। ~চুরি-লুকোচুরি দ্রঃ। ~ছাপা, ~ছাপি, ~ছিপা, ~ছুপা [লুকা+ছাপা ইং (< হিং ছিপনা, ছুপ্‌না < সং-ছন্দ্, ছদ্=গোপন করা)-একার্থক সহং বয়] অ, গোপন ; লুকালুকি ; ঢাকাঢাকি। "সর্ব্বলোকে জানে লোকে লুকাছাপা নাই॥" -শি°। ~লুকি-লুকাচুরি।

লুকান [লুকা, দ্রঃ। লুকান(নো) ও°। হিং লুকানা। লুকাই, লুকাও (লুকান্, লুকাস), লুকায় (লুকান) ; লুকাইতে (কে° লুকাতে) ; লুকাইয়া (কে° লুকায়ে, লুকিয়ে)। প্রাং ব্যবহারে ল স্থানে ন। সকর্ম্মক ও অকর্ম্মক উভয়ার্থেই প্রযুক্ত হয়] ক্রি, প্রচ্ছন্নভাবে অবস্থান করা বা করান ; গোপনে অবস্থান করা। ২ গোপন করা ; দৃষ্টির অগোচর রাখা। ৩ আড়ালে থাকা ; গা ঢাকা দেওয়া। ৪ না জানান। বি, লুকান, লুকন, লুকাওন, লুকোনো, লুকানি। ব্রজ° লুকাওয়ে-লুকায় ; গোপন করে। "বেকত হৃদয় লুকাওয়ে লাজ"-বি°প°। লুকাওল-লুকাইল। "মরমহি লুকাওল মাধব বুকে"-বি° প°। লুকায়নু-গোপন করিলাম। "হাম লুকায়নু হাস।"-বি° প°। লুকায়ল-লুকায়িত করিলাম। লুকায়লি-লুকাইল। "আধ লুকায়লি আধ উদাস" -বি° প°। মুখ লুকান-ক্রি, পৃথিবী হতে অন্তর্ধান করা ; মরা।

লু(কলু)কানি [প্রাদে°] বি, লুকোচুরি খেলা। "খেলে লু° আপনি হয়ে বুড়ী। এক চোর সবাকারে করে তাড়াতাড়ি।"-শি°।

লুকাঞ্জন [লুকা (দ্রঃ)+অঞ্জন] বি, যে অঞ্জন চখে পরিলে অন্যের অদৃশ্য থাকিয়া সমস্ত দেখা যায়। চোরেরা এই অঞ্জন ব্যবহার করে এরূপ প্রবাদ আছে। "কিরূপে আমার পুরে চুরি কৈল হায়। * * * লুকাঞ্জন ভূচরী কি গুটিকা খাবায়॥"-হরিলীলা (জয়নারায়ণ, ব° সা° প°)।

লুকি [সং-লুকায়িত > কে°] বি, আত্মগোপন ; অন্তর্ধান ; অন্তরালে স্থিতি। "শুকের পক্ষের আড়ে শারী কৈল লুকি" -কবিক°। ২ লুকায়িত ; গুপ্ত ; অদৃশ্য। "হৈতে চান লুকি"-সা° প° প°। "লুকি রহল মধু পিঠ।"-কবিশেখর। "হইলেন লুকি"-মহা° (কাশী°)।

লুকিকায় [লুকি (লুকায়িত)+কায়া=কায়] বিণ, অদৃশ্য শরীর ; নয়নের অগোচর। "লুকিকায় হও পশু বলেন অভয়া"-কবিক°।

লুকী [লুকি° দ্রঃ] বিণ, লুকায়িত। "ঢালে হয়ে লুকী।"-ঘ°।

লুকোচুরি [লুকন+চুরি। লুকাচুপি ও°। হিং লুকলুকনী ইং seek & hide] বি, যে খেলায় একজন চোর হয় এবং অপরে তার কাছে ধরা না দিবার জন্য লুকায়। ২ পরস্পরের মধ্যে কোন বিষয় গোপন করণ।

লুকোনো-লুকান দ্রঃ।

লুকায়িত [লুক্-কায়=লুকায় (লুকিকায় দ্রঃ)+ত (র্ম্ম)] বিণ, অন্তর্হিত ; প্রচ্ছন্ন।

লুঙ্গি, লুঙ্গী [বর্ম্মী লুঙ্গী (loin-cloth), ফাং লুঙ্গী (চিত্রিত বা রঙ্গীন কচ্ছহীন ক্ষুদ্র-বস্ত্র)। তুল-হিং, ওড়িং লুগা] বি, মগ পুরুষদের পরিধেয় বস্ত্র (মগ রমণীদের পরিধেয় বস্ত্রের নাম 'থামি'। এদেশে মুসলমানেরমধ্যে লুঙ্গির ব্যবহার অধিক)।

লুচি [লেচী দ্রঃ। হিং লুচুই। সং-শষ্কুলী। "সমিতায়া ঘৃতাক্তায়া লোপ্ত্রীং কৃত্বাচ বেল্লয়েৎ। আজ্যে তাং ভর্জ্জয়েৎ সিদ্ধাং শষ্কুলী ফেণিকা গুণা।"-আয়ুর্ব্বেদ সংগ্রহ, দ্রব্যগুণ প্রকরণ। "ঘৃতাক্ত ময়দা দিয়া লেচি তৈয়ার করিয়া লইবে, তারপর ঘৃতে ভাজিয়া লইলেই শষ্কুলী প্রস্তুত হয়।"-মোহিনী মো° তর্কতীর্থ। লোপত্রী > লেচি > লুচি ? হিং লুচুইয়া। হিং লচ্ছা, লচ্ছী > লেচি=নেচি। ল=ন] বি. মর্দ্দন দ্বারা কোমল করা ময়দার ঘৃতপক্ব রোটিকা। "দুধে গমে ঘিয়ে ভাজা নাম যার লুচি"-ঈ° গুপ্ত। লুচির গোছা-বি, লুচির তাড়া ; প্রচুর লুচি।

লুণ্ঠিত [লুন্ঠ্ (অপনয়নে)+ত (র্ম্ম)] বিণ, কৃতাপনয়ন ; অপসারিত ; দূরিত। ২ বিলুণ্ঠিত। ৩ উৎপাটিত।

লুট$_1$, লুঠ$_1$ [লুট্ (বিলোড়নে)] বি, ভূমিতে বিলোড়ন ; লোটন। ২ বিতরণ। ৩ প্রসাদ বিতরণ। প্র-হরির লুট।

লুট$_2$, লুঠ$_2$ [সং-লুণ্ঠ্ >। লুটা দ্রঃ] বি, লুণ্ঠন ; বলে গ্রহণ ও আত্মসাৎ করণ ; ডাকাতি।

লুটা$_1$, লুঠা$_1$ [সং-লুণ্ঠ্ (লুণ্ঠন করা) >। লুটি, লুট (লুটেন, লুটিস), লুটে (লুটেন) ; লুটিতে ; লুটিয়া (কেং লুটে)। ণিজন্ত-লুটান, লুঠান। এইরূপ লুঠি, লুঠ ই০] ক্রি, বলে গ্রহণ করা ; কাড়া ; ডাকাতি করিয়া লওয়া। ব্রজ০ লুটঁল, লুঠঁল-লুট করিল। লুট কঁরা-ক্রি, বলে হরণ করা। লুট-ওঁরাজ-বি, লুণ্ঠন ও অপহরণ ; চুরি ডাকাতি। লুটপাট, লুটমার [লুণ্ঠন > লুট, লুঠ + পাটন (বিদারণে, পাতিত করণে) > পাট, + মারণ > মার] বি, বলপূর্ব্বক অপহরণ এবং মার ধর। লুট হঁওয়া-ক্রি, লুণ্ঠিত হওয়া ; দস্যু কর্ত্তৃক বলে অপহৃত হওয়া। দুহাতে লুট কঁরা-নির্ব্বিকারে অবাধে এবং অপরিমিত পরিমাণে লুণ্ঠন করা।

লুটা$_2$, লুঠা$_2$ [সং-লুট্ (বিলোড়নে, লোটনে), লুঠ্, লুণ্ঠ্ (চৌর্য্যে)। উ০ পু০ ম০ পু০ ই০ রূপ লুটা (ঠা)$_1$ সদৃশ] ক্রি, বিলোড়িত হওয়া ; গড়াগড়ি যাওয়া ; অবলুণ্ঠিত বা বিলুণ্ঠিত হওয়া। "ধূলায় পড়ে লুটাত"-গান। ২ বিতরিত হওয়া। "ভাণ্ডার দ্বার খুলেছে জননী অন্ন যেতেছে লুটিয়া"-রবী০। বি, লুটঁন, লুঠঁন -লুণ্ঠন। ব্রজ০ লুটঁই, লুঠঁই- গড়াগড়ি যায় ; লোটে। "বিষজল পানে ছুটই কোই লুটই"-মাধব০। "সহচরী সঙ্গে রাই ক্ষিতি লুটই"-ঐ। লুঠঁতঁ-লুণ্ঠিত হয়। "লুণ্ঠত মহীধামে"-বি০ প০। লুঠঁয়ে-লুটাইয়া পড়ে। "পদতলে লুঠয়ে নাগর কান"-বলরাম০। লুটাপুটি [হি০ লোটপোট। প্রা০ লুটোপুটি] লুণ্ঠিত হইয়া পতন ; গড়াগড়ি। লুটাপুটি খাওয়া-অবলুণ্ঠিত হওয়া। লুটালুটি-বি, গড়াগড়ি।

লুটাতি [লুট (দ্রঃ) + আতি (কারী এই অর্থে)] বি, যে লুট করে ; লুণ্ঠনকারী ; ডাকাত। "হেদেরে লুঠাতি তোর কোন দেশে ঘর। বিদেশে বিক্রম এত বুকে নাহি ডর।"-ঘ০।

লুটানি$_1$ [লুটা (দ্রঃ)র ণিজন্তরূপ। লুটাই, লুটাও (লুটান, লুটাস), লুটায় (লুটান) ; লুটাইতে (কেং লুটাতে) ; লুটাইয়া (কেং লুটায়ে, লুটিয়ে) ই০] ক্রি, লুট করিতে দেওয়া ; লুণ্ঠন করান।

লুটানি$_2$-লুটা$_2$ দ্রঃ।

লুটায়ঁল-লোটায়ল দ্রঃ।

লুটি [প্রা০ শুটি। বৈদ্যকে লুণ্ডিকা, মুড়ির আকৃতি হতে ?] বি, তৃণাদির গুটিকা ; ছিন্ন বস্ত্রাদির ক্ষুদ্র গোলক।

লুটুন [মুর্শি০ প্রাদে০] বি, যে দড়ি ও কাপড় দ্বারা প্রস্তুত গুটী হাতে ধরিবার উপযুক্ত করিয়া দণ্ড (দাঁড়ির) মধ্যস্থ ছিদ্রে বাঁধিয়া দেওয়া হয়।

ˋলুটেপুটে [লুটিয়া পুটিয়া > কেং] অস-ক্রি, লুটপাট করিয়া (লুট$_1$ দ্রঃ)। "সৌন্দর্য্যের দস্যু তা'রা লুটেপুটে নিতে চায়।"-রবী০।

লুটেরা, লুঠেরা [হি০ লুঠিয়ারা] বিণ, যে লুট করে ; লুণ্ঠনকারী ; দস্যু ; ডাকাত ; লুণ্ঠক। "গুণ্ডা ও লুটেরাদের সহসা প্রাদুর্ভাব হইয়াছিল"-আ০ শক্তি। "কখন লুটেরা কখন পসারী। কভু চোর কভু চর হে।"-অ০ ম০।

লুটেল, লুঠেল [হি০ লুঠিআল] বি, লুণ্ঠনকারী ; দস্যু। "একেত মাগ্‌গি গণ্ডা লুটেল তায় কুঠেল ষণ্ডা"-ঈ০ গুপ্ত।

লুটোনো-লুটান দ্রঃ।

লুঠিঁত, লুণ্ঠিঁত [লুঠ্, লুণ্ঠ্ (ভূমে বিলোড়িত হওয়া) + ত (র্ত্তৃ)] বিণ, অবলুণ্ঠিত ; গড়াগড়ি যাওয়া। "লোল-জটাপুট-লুণ্ঠিত হে"-বাসবদত্তা। ২ [লুণ্ঠ্ (হরণে)] বলে হৃত ; দস্যু কর্ত্তৃক অপহৃত।

লুড়া [নুড়া দ্রঃ। নুড়ির ন্যায় গুটিকাকৃতি বলিয়া ?] বি, গোলক ; গুটি ; আটী ; গুচ্ছ। "উমার মুখ চাঁদের চূড়া বুড়ার দাড়ী শনের লুড়া"-অ০ ম০।

লুড়ি, লুড়ী [সং-লোষ্ট্র >] বি, উপলখণ্ড ; ক্ষুদ্র প্রস্তরখণ্ড ; লুড়লুড়ী-লুলুড়ি দ্রঃ।

লুড়িআঁ [প্রা০ বাং। লুণ্ঠিয়া >] অস-ক্রি, লুণ্ঠন করিয়া। "লুড়িআঁ সব পসার খাইবোঁ দধি তাহার কাঢ়ী লৈবোঁ সাতেসরী হারে"-শ্রী০ কী০।

লুণ [সং-লবণ ; পা০ লোণ] বি, লবণ ; ক্ষার salt. "বুকেতে মারিয়া চাবুকের ঘা তাহাতে লুণের ছিটে।"-চণ্ডি০।

লুণিয়া, লোণিয়া [সং-লবণ > লুণ, লোণ + ইয়া। সং-লাবণিক। প্রা০ ল(লো)ণিয়া] বিণ, লবণ প্রস্তুতকারক বা লবণ ব্যবসায়ী।

লুণী$_1$ [প্রা০ বাং-নবণীত > নবণী (ন=ল) >] বি, নবণীত ; ননী। "লুণী সম দেহ তার রসের সাগরে"-শ্রী০ কী০।

লুণী$_2$, লোণী-লোণী দ্রঃ।

লুণ্টক [সং] বি, নটিয়া শাক।

লুণ্ঠক [লুণ্ঠ্ (অপহরণে) + অক (র্ত্তৃ)] বিণ, লুঠকারী ; দস্যু ; চোর। ২ [লুণ্ঠ্ (গড়াগড়ি দেওয়া) >] যে গড়াগড়ি দেয়।

লুণ্ঠন [লুট$_{1, 2}$ দ্রঃ। লুন্‌ঠ্ (চুরি করা) + অন (ভা০)] বি, অপহরণ। ২ ভূমিতে গড়াগড়ি। বিণ, লুণ্ঠিঁত। > স্ত্রীং ~া।

লুতিকা-লূতা দ্রঃ।

লুনাতী [লুন (লবণ) + আতি (ব্যবসায়ী অর্থে)] বি, লবণবিক্রেতা ; লুনিয়া।

লুপা, লুফা, লোপা, লোফা [সং-লম্ফ (লাফ দিয়া ধরিবার ভাব হতে), অথবা লপ্ (উৎপতনে) >। তুল-হি০ লোক্‌না (ধরা)। লুপি-লুফি, লোপ-লোফ, লোপে-লোফে ; লুপিতে-লুফিতে ; লুপিয়া-লুফিয়া (কেং লুপে-লুফে)। ণিজন্ত-লুপান, লুফান, লোফান] ক্রি, ঊর্দ্ধে ক্ষিপ্ত বস্তু শূন্য হতে ধরিয়া ফেলা ; খেলিবার গোলক শূন্য হতে ভূমিতে পতিত হইবার পূর্ব্বে লম্ফ দিয়া ধরা। "কাটা মুণ্ড লোফে দানা"-কবিক০। লুপালুপি, ˋলুফালুফি, ˋলোফালুফি, ˋলোপালুপি-অ, বি, পরস্পরের নিক্ষিপ্ত বস্তু শূন্য হতে পরস্পর কর্ত্তৃক ধৃত করণ। ˋলুফিয়া

ধঁরা-ক্রি, নিক্ষিপ্ত বস্তু শূন্য হতে ধরিয়া ফেলা। "ফুলের গেড়ুয়া লুফিয়া ধরয়ে"-চণ্ডি°। লুফিয়া লওয়া-ক্রি,লুফিয়া ধরা দ্রঃ। ২ [লক্ষ°] বাক্য মুখ হইতে বাহির হইতে না হইতেবক্তব্য বুঝিয়া লওয়া। "ডিউকের মুখের কথা লুফিয়া লইয়া কহিলেন"-ভারতী, বৈশাখ, ১৩২১।

লুপ্ত [লুপ্ (লোপ করা)+ত (র্ম)] বিণ, গুপ্ত। ২ অপহৃত। ৩ লোপপ্রাপ্ত। ৪ অদৃশ্য; বিলীন। ৫ আচ্ছন্ন; আবৃত। ~প্রায়-বিণ, প্রায় অদৃশ্য; প্রায় বিলীন; প্রায় লোপপ্রাপ্ত। ~বুদ্ধি-বিণ, বিগত-বুদ্ধি; হতবুদ্ধি। ~রত্ন-বি, গুপ্তধন; মহামূল্য বস্তু বা দৃষ্টির বহির্ভূত বা মৃত্তিকাদির গর্ভে প্রোথিত বা জলগর্ভে নিমগ্ন থাকায় অদৃশ্য হইয়াছে; নষ্ট বা বিলয়প্রাপ্ত রত্ন।

লুপ্তোদ্ধার [লুপ্ত+উদ্ধার, ৬তৎ] বি, গুপ্ত বস্তু বা বিষয়ের উদ্ধার।

লুবধ [বিকারে লুবুধি। লুব্ধ শব্দের কোমলরূপ। ব্রজ°, পদ° সা°] বিণ, লোভী; মুগ্ধ; লোলুপ। "লুবধ মতি"-বি°প°। "প্রেম-পরিমল লুবধ ভ্রমর"-চণ্ডি°। "লুবুধি মুগুধি ভেল সোয়"-বি° প°। ক্রি, লুবধল-লুব্ধ হইল। "তুয়া গুণে লুবধল সুন্দর কান"-বি° প°। লুবধাই-লুব্ধ হইয়া; মুগ্ধ হইয়া। "আপন গুণ লুবধাই।"-বি° প°।

লুব্ধ [লুভ্ (লোভের আকাঙ্ক্ষা করা)+ত (র্ম)] বিণ, মুগ্ধ; লোভী; লোলুপ। "লুব্ধ ভক্ষণের আসে ঝাঁকে পাখী জালে বৈসে" -কবিক°। ২ লম্পট। ৩ বি, লুব্ধক; ব্যাধ। ৪নক্ষত্রবিঃ sirius. ~ক[লুব্ধ+ক(স্বার্থে)] বিণ, ব্যাধ। "শিবরাত্রি সে দিন লুব্ধক অনাহারে।"-শি°। ২ লম্পট। ~নয়ন, ~নেত্র, ~লোচন-বি (ণ), লালসাযুক্ত দৃষ্টি (সম্পন্ন); লোলুপদৃষ্টি(যুক্ত)। ~মতি-বি, যার লোভে মন; লোভী; লালসার্ত।

লুব্ধাশয় [লুব্ধ+আশয় যার, বহু°] বিণ, লুব্ধ চিত্ত; লোলুপ। স্ত্রীং ~া।

-লুম১ [হি° লূঁ; প্রা° বাং-লাঙ। আধু° সাধু বাং-লাম। প্রা° বাং ও আধু° প্রা° প্রাদে° লেম, লুম। মেয়েলি° লু] বি,বাঙ্গালা ক্রিয়ার উ° পু°, অতীত কালবাচক বিভক্তি। "তে কারণে দেখিলুম কৃষ্ণগদাধর"-মহা° (শ্রীকরণ°)।

লুলা১ [হি° লুলুয়া। প্রা° লুলা] বি, থাবা। ২ নড়া; হস্তের অগ্রভাগ। ৩ [হি° লুলা (ছিন্ন হস্ত)। সং-লূন (ছিন্ন প্রা°লুলো)] বিণ, ছিন্নহস্ত; ভগ্নহস্ত।

লুলা২ [সং-লুল্ (আলোড়নে, সঞ্চালনে) >। লুলে; লুলিয়া (পদ্যে-লুলি)। অন্যান্য রূপের প্র°অ°। পিজন্ত-লুলান]ক্রি,আন্দোলিত করা; আলোড়িত করা; সঞ্চালিত করা। ২ লকলকে জিভ পুনঃপুনঃ বাহির করিয়া লেহন বা আস্বাদন করা। "হিমান্তে অহি ভ্রমে উর্দ্ধ-ফণা ত্রিশূলসদৃশ জিহ্বা লুলি অবলেপে।"-মেঘ°। ৩ দোলিত হওয়া।

লুলয়ে-ক্রি, দোলে; দুলিতেছে। "খোঁপাত লুলয়ে তোর দোলঙ্গের [দুলাল চাপার] মাল"-শ্রী° কী°। লুলে-দোলে; দুলিতেছে। "ভুজযুগ করিকর জানুত লুলে" -শ্রী° কী°।

লুলানি [শ্রীহট্ট° প্রাদে°] ক্রি, দ্রব হওয়া; ভিতরে জলপ্রবিষ্ট ফুলিয়া উঠা। "গতরাত্রে যে ছোলা ভিজাইয়াছিলাম তাহা বেশ লুলিয়াছে।"

লুলিত [লুল্ (বিলোড়নে)+ত] বিণ, মর্দিত। ২ কম্পিত। ৩ আন্দোলিত। ৪ যা লকলক্ করে; ললৎ; লোল। ৫ অব-লুণ্ঠিত। "বাম করে কপোল লু° কেশ ভার" -বি°প°। ৬ রম্য। স্ত্রীং ~া।

লুলুড়ি-মুমুড়ি দ্রঃ।

লুষা,লুসা,লোসা [সং-লুষ্ (হিংসায়, চর্ব্বণে)] ক্রি, ভক্ষণ করা; চর্ব্বণ করা। "প্রায় তুলসী তলায় বসে, কসে মালপো লুসে নদেবাসী দিচ্ছে হরিবোল।"-গান। "মণ্ডা লোষা দধি চোষা"-ঈ° গুপ্ত।

লুণ-বি, লবণ।

লুণিয়া [হি°] বি, অম্লাস্বাদ শাকবিঃ। ২ লবণ-প্রস্তুতকারী। ২ লবণ-বিক্রেতা।

লূতা, লূতিকা [সং] বি, মাকড়সা। ~তন্তু-বি, মাকড়সার জাল। ~ন্যায় -লূতা (মাকড়সা) যে ভাবে আপন দেহ হতে সূত্র বাহির করিয়া জাল নির্ম্মাণ করে এবং সময়ে আপন দেহ নিঃসৃত সূত্রজাল বিনষ্ট করে, সেইরূপ সৃষ্টিকর্তা আপন শক্তি প্রভাবে জগতের সৃষ্টি করেন এবং সময়ে জগৎ সংহার করেন এই ন্যায়-বেদান্তসার টীকা।

লূম [সং। হি° দুম] বি, লেজ।

লূমবিষ [লূমে (লেজে) বিষ যার, বহু°] বি, যে সকল প্রাণীর লেজে বিষ আছে; বৃশ্চিক।

লে [নেহ দ্রঃ। স্নেহ > নেহ > লেহ > লে]বি, স্নেহ; অনুরাগ; প্রীতি; প্রণয়। "সখি কে বলে মোহিনী সে,যদি সে সদয়ে অনুমতি দেয় তার সনে করি লে।"-চণ্ডি°।

লেআ [লআ, ল২ দ্রঃ। হি° লেনা। প্রা° বাং-নেআ, নেওআ। লেই, লেও, লেহ (লেন, লেস), লের (লন); লেইতে; লেইয়া (ক্ষে° পদ্যে-লেই)। পিজন্ত-লেআনি] ক্রি, লওয়া গ্রহণ করা। "মুকুর লেই অব করত সিঙ্গার।"-বি° প°। "জোয়ারে লেউক ভাটি"-কবিক°।

লেই,লেহাই [হি° লেই (কাই)] বি, মণ্ড; মাড়; কাই paste.

লেউটন [লেউটা দ্রঃ। হি° লৌটনা] বি, প্রত্যাবর্ত্তন। ক্রি, লেউটা-ফেরা। লেউটিয়া-ফিরিয়া। "লেউটিয়া মোর পানে চাহ চারু মুখে।"-মহা° (কাশী°)।

লেওড়া [হি°। অশ্লীল] বি, শিশ্ন।

লেওয়া১ [লেপ (প্রলেপ)। প্রা° বাং-লেওয়া (মাণিক° গান)] বি, প্রলেপ। ২ [প্রাদে° পূ° ব°] ডাবের কোমল শাঁস।

লেওয়া২-লওয়া দ্রঃ।

লেং-লেঙ্গ দ্রঃ।

লেংচা [লেংচান] বিণ, খোঁড়া। ২ ল্যাংচা দ্রঃ।

লেংচানি [হি° লচকনা, লংচানা, লংড়ানা। বাং প্রা° লেংচান] ক্রি, খোঁড়াতে খোঁড়াতে যাওয়া;খোঁড়ান। বি,লেংচানি, লেংচানি। ক্রি-বিণ, লেংচাইয়া [প্রা° ক্ষে° লেংচে] খুঁড়িয়ে; ভগ্নপদবৎ।

লেংটা-নেংটা দ্রঃ।

লেংড়া১,ল্যাংড়া [হি°লঙ্গড়া] বিণ,

ৃ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ক্ষ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=ন্‌চ ঞ্জ=ন্‌জ ঙ্গ=ঙ্‌গ হ্ম হ্ন হ্ন=ন্‌হ হ্ব লহ হ্ব, হ্ব হ্ব হ্ব হ্ব=wv ও চ্চা° দ্রঃ

খোঁড়া। ক্রি, **লেংড়ানি**-লেংচান (দ্রঃ)।

লেংড়া২-বি, লেঙ্গড়া দ্রঃ।

লেংড়া৩-লেঙ্গড়া দ্রঃ।

লেক্‌চর [ইং lecture এর লিপ্যন্তর] বি, বক্তৃতা। ২ উপদেশ।

লেকট [সং-লিপ্ত > হিং লপ্‌টা > লক্‌টা >। মেয়েলিং নেকট (ন্যাকোট্)] বিণ, কাই কাই; গলিত ও সংলিপ্ত। প্র-ভাত লেকট হইয়া গিয়াছে।

লেকড়া-ল্যাকড়া দ্রঃ।

লেখ [লিখ্ (লেখা)+অ] বি, লিখন। ২ পত্র; লিপি। ৩ লিখিত বিষয়। ৪ গণনা; হিসাব; পরিমাণ। ৫ গণন; নির্দ্ধারণ। ৬ রেখা। ৭ [পাটীং (কং বিশ্বং পরিঃ)] চিত্র; ইং graph এর বৈজ্ঞাংপরিঃ (> বিণ, **লৈখিক১**-graphical) ৮ বিণ, লেখ্য।

লেখক [লিখ্ (লেখা)+অক (র্ত্তৃ)] বি, যে লেখে; লিপিকর। ২ গ্রন্থপ্রবন্ধাদি রচনাকারী; গ্রন্থকার author. ৩ সুলেখক। লেখকের হাতে পড়িলে ঐ গ্রন্থই কত উপাদেয় হইত। তুল-মাঝির হাতে হাল। ৪ চিত্রশিল্পী। ৫ কেরাণী a writer. ৬ নকলনবীস a copyist. স্ত্রীং **লেখিকা**।

লেখকাণু [লেখকের মধ্যে অণু (অতি-ক্ষুদ্র)] বি, ক্ষুদ্র বা নগণ্য লেখক; সামান্য নকলকার। "আর যদি রচনা গ্রন্থান্তরে প্রক্ষেপ করিতেই হয়, তবে বাঙ্গালী লেখকাণুর পক্ষে রামায়ণের মত গ্রন্থের লোভ সংবরণ করা বড়ই কঠিন।"-হীং দত্ত (সাং পং পং, ১৩০৯)।

লেখতি [প্রাং বাং। লিখিত বর্ণ-বিপর্য্যয়ে] বিণ, লিখিত; অঙ্কিত। "তাহার পিরীতি পাষাণে লেং মুছিলেও নাহি ঘুচে।"-চণ্ডিং।

লেখন [লিখ্ (লেখা)+অন (ভাং)] বি, রেখাঙ্কন; অক্ষরবিন্যাস। ২ লিখনপত্র। ৩ চিত্রাঙ্কন। ৪ বিলেখন; আঁচড়ান বা আকর্ষণ scraping. ~**নিক** [লেখন (পত্র)+ইক] বিণ, লেখক; লিপিকর। ২ চিত্রশিল্পী। ৩ পত্রবাহক। ৪ যে অন্যের দ্বারা লেখাইয়া নিজে স্বাক্ষর বা কোন চিহ্নে চিহ্নিত করে।

লেখনী [লেখন+ঈ (ণে)] বি, লেখন-সাধন যন্ত্র; কলম; বর্ণ তুলিকা। ২ চিত্রকরের বর্ত্তিকা; তুলি। ~**য়** [লিখ্ (লেখা) + অনীয় (র্ম্ম)] বিণ, লিখনো-পযোগী; লিখিতব্য; লেখ্য।

লেখর্ষভ [লেখ (দেবগণের মধ্যে) ঋষভ (শ্রেষ্ঠ)] বি, দেবরাজ; ইন্দ্র।

লেখহার(ক) [লেখ (পত্র) হৃ (হরণ-বহন করা)+অ(ক), র্ত্তৃ] বি, পত্রবাহক peon.

লেখা [লিখ্ (লিখনে)+অ (ভাং)+আ (স্ত্রীং)। পূংবঙ্গের উচ্চারণে'ল্যাখা'। গ্রাং নেকা] বিং, সংখ্যা; গণনা। "প্রেত-ভূত-পিশাচের লেখা নাহি জানি।"-কবিকং। "আর কতজন কে করু লেখা।"-চণ্ডিং। ২ হিসাব। "দিয়াছিলে যত দ্রব্য লেখা করে লও।"-শিং। "লেখা করি বীরে দিল সাত-কোটী ধন।"-কবিকং। ৩ পরিমাণ; সীমা; ইয়ত্তা। "নিন্দিলে দক্ষের দশা বন্দিলে বন্দনা ভূষা সেবিলে সুখের নাহি লেখা।"-শিং। ৪ তুলনা। "উচ্চৈঃশ্রবা উচ্চৈঃশ্রবা অশ্বের লেখায়।"-অং মং। ৫ লিখন; হস্ত-লিপি; হস্তাক্ষর। ৬ লিপি; পত্র; খত। ৭ রচনা; প্রবন্ধ। ৮ বর্ণনা। ৯ চিত্রকর্ম্ম; অঙ্কন। ১০ চিত্র; ছবি। ১১ রেখা। ১২ চিহ্ন। ১৩ শ্রেণী; পঙ্‌ক্তি। **লেখা করা**-ক্রি, হিসাব করা। ২ হাতের লেখা তৈয়ার করা। ~**জোখা**-বি, সংখ্যা ও পরিমাণ। ২ গণনা; হিসাব। "বরিশালে সুপারী ও নারিকেল গাছ খুব বেশী কিন্তু ঝড়ে ঐ দুই ফলের গাছ, বিশেষতঃ সুপারী গাছ যে কত ভাঙ্গিয়াছে তাহার লেখাজোখা নাই।"-নায়ক, ১লা অগ্রং, ১৩২৬। "লেখা জোখা জানি নাহি রাম রস পেয়ে।"-শিং। ৩ নিদর্শন পত্র। ~**পড়া** [গ্রাং নেকাপড়া। পূং বঙ্গ প্রাদেং ল্যাখাপড়া] বি, লিখন পঠন; বিদ্যানুশীলন। ~**লিখি**-লিখা দ্রঃ। **কপালের লেখা**-অদৃষ্টের লিখন; ভবিতব্য। **খাতা লেখা**-ক্রি, হিসাব-বহিতে আয়-ব্যয়, ক্রয়-বিক্রয়, ও লেন-দেন ইং বিবরণ লিপিবদ্ধ করা। **পাঁতি লেখা**-ক্রি, ব্রাহ্মণ পণ্ডিত কর্ত্তৃক শাস্ত্রীয় ব্যবস্থা লিপিবদ্ধ করা। **লেখরে লেখ** [পূং বঙ্গীয় উচ্চারণে ল্যাখরে ল্যাখ] অ, পাঠশালায় প্রকৃত যত্ন না লইয়া ছাত্রকে ঐরূপ আদেশ করা মাত্র; লেখাপড়ার জন্য ছাত্রকে ধর্ম্মডাক দিয়া স্বীয় কর্ত্তব্য শেষ করা; মৌখিক বা দায়টালা-গোছ তত্ত্বাবধান ও শাসন করার ভাব। "গুরুমহাশয় * * দেয়ালে ঠেসান দিয়া ঢুলছেন ও বলছেন ল্যাখরে ল্যাখ।"-আলালং (টেকচাঁদ)।

লেখার্হ [লেখ+অর্হ (যোগ্য)] বিণ, লেখযোগ্য; লিখিবার উপযুক্ত; লেখনীয়।

লেখিত [লিখ্+ণিচ্=লেখি+ত (র্ম্ম)] বিণ, যা লেখান হইয়াছে। ২ লিখিত।

লেখী, লেখোঁ [লেখা (দ্রঃ)+ঈ, উ (করি এই অর্থে)] বি, লেখা করি। ২ গণি; গণনা করি; মনে করি। "সিসের সিন্দূর তোর লক্ষ দান লেখী॥"-শ্রীং কীং। "এহার দান চারি লাখ লেখোঁ।"-ঐ।

লেখ্য [লিখ্ (লেখা)+য (র্ম্ম)] বিণ, লেখার্হ; লেখনীয়। ২ বি, লিখিত পত্র। দলিল দস্তাবেজ। ৩ চিত্র; আলেখ্য। ৪ স্বাক্ষর। ~**ক্রিয়া**-বি, অস্ত্রচিকিৎসা দ্রঃ scarification. ~**পত্র**-বি, লিখিবার তালপাতা। ২ লিখিত পত্রাদি; দলিল দস্তাবেজ। ~**স্থান**-বি, দপ্তরখানা; আফিস।

লেখ্যোপকরণ [লেখ্য+উপকরণ] বি, কাগজ, কলম, পেন্সিল, কালী ইং যদ্দারা লিখনকার্য্য সমাধা হয়; লিখিবার সরঞ্জাম।

লেঙ্গ১, লেঙ [সং-লঙ্ঘন >। তুল-ফলঙ্গ] বি, প্রায় ২॥ হস্ত পরিমাণ ব্যবধান। "ঘন সরিষা পাতলা রাই। লেঙ্গে লেঙ্গে কাপাস বাই।"-খনাং। ২ লাফ।

লেঙ্গ২ [লেং, লেঙ্, ল্যাং ওং। সং-টঙ্গ ("জঙ্ঘায়াম"-মেং) > হিং টাঙ্গ > ঠ্যাং (পা)। মূলে-সং-লঙ্গ্ (গতি করা) >] বি, পদ; পা; ঠ্যাং। **লেঙ্গ বাড়ানি**-ক্রি, পা লম্বা করিয়া দেওয়া বা আগাইয়া দেওয়া। ২ গমনোদ্যোগ করা।

লেঙ্গচা১ [সং-লোচক (মাংসপিণ্ড) > সাদৃশ্যার্থে] বি, রসে ফেলা পান্তুয়ার মত মিষ্টান্নবিঃ; লম্বাকৃতি পান্তুয়া।

লেঙ্গচা২ [ফাং লঙ্গ (খঞ্জ) >] বিণ,

খঞ্জ।~নি [গ্রা॰ ল্যাংচানো। হি॰ লঙ্গড়ানা] ক্রি, লেঙ্গড়ার মত অর্থাৎ খোঁড়াইয়া চলা।

লেঙ্গট [ফা॰লঙ্গ্ (ধুতি)। হি॰লঙ্গোট। গ্রা॰ ল্যাঙোট। লিঙ্গ+ওট (ওড়-আবরণ, আচ্ছাদক বস্ত্রখণ্ড)] বি, ছিন্নমলিন বস্ত্রখণ্ড; লেংটি; কৌপীন। ২ যে বস্ত্রখণ্ড পরিধান করিলে প্রায় উলঙ্গই দেখায়; কাচ অপেক্ষাও ছোট বস্ত্র। "লেঙ্গট উন্মত্ত বেশ সদা অনাহারে।"-মহা॰ (কাশী॰)।

লেঙ্গটা [সং-নগ্নাট (দিগম্বর) >বা উলঙ্গ >। মেয়েলি ভাষায়-ন্যাংট, ন্যাংটা] বিণ, উলঙ্গ; নগ্ন। "মেনকা দেখিলা চেয়ে জামাই লেঙ্গটা"-অ॰ ম॰। ২ সন্ন্যাসী। ৩ নিঃস্ব। **লেঙ্গটার নাই বাটপাড়ে ভয়**-যার কিছুই নাই এমন কি পরিধানের বস্ত্রও নাই, তার ডাকাত হতে ভয় নাই।

লেঙ্গটি, লেংটি [লেঙ্গট অপেক্ষা ক্ষুদ্র] বি, কৌপীন।

লেঙ্গড়া [সং-লঙ্গ (গতি করা) > লেঙ্গ +ড়া, অথবা, [ফা॰ লঙ্গ (খঞ্জ)+ড়া (অনাদরে) >। প্রা॰ বৌ॰ বাং-লেঙ্গ (৪৭।৫)। হি॰ লঙ্গ্‌ড়া (খঞ্জ)] বিণ, খঞ্জ; খোঁড়া। ২ বি, কাশী, মালদহ ই॰-র প্রসিদ্ধ আম্রবিঃ।

লেঙ্গা [সং-উলঙ্গ] বিণ, নগ্ন।

লেঙ্গি(ঙ্গী) [গ্রা॰নেঙ্গি। লেঙ্গ দ্রঃ] বি, চরণ; পদ। **লেঙ্গি মারা** [গ্রা॰। লেঙ্গ অপেক্ষা ক্ষুদ্রার্থে লেঙ্গি। ল্যাং মারা ও॰] ক্রি, পায়ের আঘাত করা; পায়ের প্যাঁচে প্রতিদ্বন্দ্বীকে ভূতলশায়ী করার চেষ্টা করা। "লেঙ্গী মারিবার চেষ্টা করিল"-আরাতামা।

লেঙ্গুড় [সং-লাঙ্গুল >] বি, লেজ; পুচ্ছ। "ভাবাবেশে মুরারি গুপ্ত হৈল হনুমান। লেঙ্গুড় বাড়াইল হস্ত দ্বাদশ প্রমাণ।"-চৈ॰ম॰ (জয়ানন্দ)। "লেঙ্গুড়ে জড়িয়া নিব মহোদধি জলে।"-মহা॰ (শ্রীকরণ॰)।

লেচী [হি॰ লচ্ছী (মাখা ময়দাদির গুটিকা)। তুল-হি॰ লোচ (শ্বেতসার; মণ্ড; কাই starch)। লোচা=খানিকটা থলথলে মাংস] বি, জলমিশ্রিত করিয়া মর্দ্দিত এবং কর্দ্দমের মত কোমলকৃত আটা বা ময়দা।

লেজ [সং-লগ্ন। নেজ দ্রঃ] বি, পুচ্ছ; লাঙ্গুল। "আজ আমি তোরে বধি রাজধামে যাব। পথের নিশান তোর লেজ কাণ নিব।"-ঘ॰। **লেজগুটানি** [কুকুরাদি জন্তুর স্বভাব যাকে অধিক বলবান দেখে তার নিকট লেজ গুটাইয়া জড় সড় হইয়া পড়ে, সেই ভাব হতে] পরাজিত হওয়া; হারা। ২ বিনীত হওয়া। ৩ ভীত হওয়া। ৪ প্রতিদ্বন্দ্বিতা করিতে করিতে হারিয়া নিরস্ত হওয়া। "দাদা লেজ গুটালে কেন"-ঈ॰ গুপ্ত। **লেজ-ঝোলা**-বিণ, যার লেজ ঝোলা বা লম্বা; লম্বপুচ্ছ; বৃহল্লাঙ্গুল। "আয়রে পাখী লেজ-ঝোলা খোকনকে নিয়ে দে দোলা"-ছেলেভুলান ছড়া। **~সাট**-বি, পুচ্ছ আছড়ান বা তাড়না। "লেজ সাটে নাসিকা নিশ্বাসে বহে ঝড়।"-ঘ॰। **লেজেগোবরে** [গবাদির ভয়ে পুচ্ছ না তুলিয়া পুরীষ ত্যাগের ভাব হতে] অ, ভয়ে অভিভূত হইয়া পড়ার ভাব; বিব্রত হওয়ার ভাব। তুল-"কাছায় হাগা" (গ্রা॰)। **লেজে খেলা**-ক্রি, চাতুরী বা কৌশলে কাজ করা।

লেজা [গ্রা॰ নেজা] বি, মৎস্যের পুচ্ছদেশ; শেষভাগ। **~মুড়(ড়া)**-বি, পুচ্ছ ও মুণ্ড; উভয় প্রান্ত; আগাগোড়া। **~মুড়া বাদ দিয়া**-ক্রি-বিণ, মস্তক এবং লেজ বর্জ্জন করিয়া। ২ কোন বিষয়ের অগ্র ও শেষভাগ বর্জ্জিত অংশ অর্থাৎ মধ্যভাগ লইয়া। ৩ অসম্পূর্ণ বাক্য বা কাহিনীর অংশমাত্র। প্র-লেজা মুড়া বাদ দিয়া বলিলে বুঝিব কিরূপে।

লেজার [ইং ledger এর লিপ্যন্তর] বি, প্রতি বস্তু বা ব্যক্তির নামে স্বতন্ত্র হিসাব; উক্ত হিসাবের খাতা।

লেজুড় [লেজ+উড় (ব্যাপ্ত্যর্থে)] বি, লেজ; পুচ্ছ। ২ পশ্চাতে যা যুক্ত হয়। "সবাই সরলভাবে দেখিবে যা কিছু সে আপন লেজুড়ে জুড়িবে তার পিছু"-সোণার তরী। ৩ [ব্যঙ্গ্যার্থে] উপাধি। ৪ বিণ, পশ্চাৎবর্ত্তী।

লেঞ্জার-নেঞ্জার দ্রঃ।

লেট [ইং late এর লিপ্যন্তর] বি, বিলম্ব।

লেটরিণ-ল্যাটরিণ দ্রঃ।

লেটা₁ [লেঠা দ্রঃ] বি, বিরোধ; বিবাদ। "বহুকাল বিলাস করিলি বটে বেটা। বিধাতা বিমুখ আজি মোর সনে লেটা॥"-ঘ॰। ২ বিপদ। "মুঞি অভাগীর লাগিয়া হইল এতেক লেটা"-পূ॰ ব॰ গী॰।

লেটা₂ [গ্রা॰ নেটা (দ্রঃ)। অস॰ লেবেরা-হাত। তুল-হি॰ বাঁয়্‌হাত্তা] বিণ, বামবাহুদক্ষ।

লেটারবক্স্ [ইং letter box এর লিপ্যন্তর] বি, ডাকে পাঠাইবার অথবা ডাকঘর হতে প্রাপ্য চিঠি সংগ্রহ করিবার আধার; চিঠি ছাড়িবার বাক্স।

লেঠা [হি॰ লণ্ডাড়্ (ঝঞ্ঝাট, উৎপাত, সঙ্কট) হতে? অস॰ লেঠা] বি, ঝঞ্ঝাট। "যাও আন ঘাটে, গেলে এ ঘাটে, বড়ই বাধিবে লেঠা"-চণ্ডি॰। ২ উৎপাত। "বিরোধ বিষম লেঠা"-বি॰ চক্রবর্ত্তী। ৩ গোলযোগ। "কালি! সব ঘুচালি লেঠা"-বাং গান। ৪ মুস্কিল। ৫ সঙ্কট। ৬ ন্যাটা মাছ; গড়ুই।

লেড [মুদ্রণ পরিঃ। ইং lead এর লিপ্যন্তর] বি, মুদ্রণে পর পর লাইনগুলিকে পরস্পর পৃথক্ করিবার জন্য প্রত্যেক পংক্তির নিম্নে সন্নিবিষ্ট সীসার পাত। **অনলেডা, আনলেডা** [ইং unleaded এর লিপ্যন্তর] বি, একখানিও লেড না দিয়া ছাপা। **একলেডা**-বিণ, উক্ত একখানি পাত-দ্বারা পৃথক্কৃত (ছাপার নাম)। **লেড পেন্সিল** [ইং lead pencil এর লিপ্যন্তর। গ্রা॰ উড বা উট (পেন্সিল)] বি, কাঠের খোলে সীসা ভরা লেখনী।

লেড়কা-লড়কা দ্রঃ।

লেড়া [নেড়া দ্রঃ] বিণ, মুণ্ডিত (মস্তক)। ২ বি, চৈতন্যদেবের জনৈক ভক্ত ও তৎপ্রবর্ত্তিত সম্প্রদায়। **~মাথা**-বি, মুণ্ডিত মস্তক। **~মুড়া** [প্রা॰ বাং-নাণ্ডা মুণ্ডা। [সহ॰ দ্বন্দ্ব] বিণ, মুণ্ডিত মস্তক।

লেডিকিনি,-কেনি,-কেনিং [ভারতের ভূতপূর্ব্ব বড়লাট লর্ড ক্যানিং মহোদয়ের পত্নী লেডি ক্যানিং (Lady Canning) ১৮৬১ খ্রী॰ অব্দের নভেম্বর মাসে জ্বর রোগে কলিকাতায় প্রাণত্যাগ করেন।

তাঁর নাম চিরস্মরণীয় করিবার জন্য "লেডি ক্যানিং" নামক মিষ্টান্ন প্রস্তুত হইয়াছিল] বি, প্রসিদ্ধ মিষ্টান্নবিঃ।

লেডী [ইং ladyর লিপ্যন্তর] বি, য়ুরোপীয় মহিলা ; সম্ভ্রান্তা রমণী।

লেণ্ড [সং] বি, বিষ্ঠা ; ঝাড়।

লেণ্ডী [হিং লেঁড়ী, বাং গ্রাং নেড়ী] বি, অপকৃষ্ট জাতীয় কুকুর ; নেড়ী কুকুর paria dog. ~মারা-বিণ, অতি অপকৃষ্ট ; নিকৃষ্ট।

লেতি [হিং লত্তী] বি, লাটিম ঘুরাইবার দড়ী ; নেতি। ২ [লেতা অপেক্ষা ক্ষুদ্র অর্থে] ছিন্ন বস্ত্রের জলসিক্ত ক্ষুদ্রগুটিকা।

লেদা [শ্রীহট্টং প্রাদেং, হিং লীদ] বি, গোময়।

লেদাড়ে [লতাড়িয়া ; নেদাড়ে দ্রঃ] বি, অলস ; দীর্ঘসূত্রী।

লেদাপোকা [প্রাদেং] বি, একপ্রকার শূয়া পোকা যা প্রজাপতি হইবার পূর্ব্বে কচি গাছ ও ধান্যাদি গাছের গোড়া কাটিয়া নষ্ট করে cutworm.

লেন [ইং lane] বি, সরুপথ ; গলি।

লেনদেন, লেনাদেনা [হিং লেন-লেনা (গ্রহণ করা) দেন-দেনা (দান করা)। গ্রাং নেনদেন] বি, ধনগ্রহণ ও পরিশোধ ; আদান প্রদান ; দেনা পাওনা। ২ কারবার। "মাহতাব। কার সঙ্গে তার লেন দেন? গুরগণ খাঁ। মুঙ্গেরের বড় কুঠির সঙ্গে।" -বঙ্কিমং (চন্দ্রশেখর)।

লেন্স [ইং lens এর লিপ্যন্তর] বি, স্ফীত বা সম্বৃত-মধ্য কাচ ; কাচপুটক।

লেপ [সং-লিপ্ (লেপন করা)+অ (ভাং)] বি, লেপন ; প্রলেপ ; বিলেপন। ২ চূর্ণ ; চূণ। ৩ [সং-লিপ্ (আবরণে)। হিং লেহাফ] বি, আবরণ ; রেজাই ; তুলাভরা শীত নিবারক গাত্রবস্ত্র। "লেপ তুলি শয্যায় হাতাড়ে খুঁজে কোল"-ধং মং। বিণ, লেপী-লেপক। স্ত্রীং ~লেপিনী।

লেপক [লিপ্ (লেপন করা)+অক (কর্ত্তৃ)] বিণ, লেপনকর্ত্তা। স্ত্রীং লেপিকা।

লেপটানি [হিং লিপ্টানা, লিপট্না। গ্রাং বাং নেপটানি] ক্রি, লিপ্ত হওয়া ; লেপা। ২ জড়াইয়া ধরা।

লেপন [লিপ্ (লেপন করা)+অন (ভাং)] বি, বিলেপন ; ম্রক্ষণ। ২ লেপনের দ্রব্য ; প্রলেপ।

লেপা [সং-লিপ্ (লেপন করা) >। হিং লিপ্না ; গ্রাং বাং-নেপা (ন্যাপা)। লেপি, লেপ (লেপেন, লেপিস), লেপে (লেপেন) ; লেপিতে ; লেপিয়া (ক্বং, পদ্যে-লেপি, গ্রাং লেপে)। ণিজন্ত-লেপানি] ক্রি, লেপন করা ; নিকানো। ২ প্রলেপ দেওয়া। ৩ বিণ, লিপ্ত। [ব্রজং] লেপই-লেপন করে। লেপল-লেপন করিল। "চন্দন অঙ্গে লেপল মোর" -বিং পং। ~পোঁছা [গ্রাং ন্যাপা পোঁচা] ক্রি, পরিষ্কার করা। ২ বিণ, পরিষ্কৃত ; নিকান। ৩ লিপ্ত

লেপ্‌চে, লেপ্‌চা, লেপ্সা [লপ্ত দ্রঃ ; লিপ্সা >। স=চ। গ্রাং নারীভাষায় নেপ্‌চো] বি, স্পর্শ ; সংস্রব ; সম্পর্ক, লাগ। প্র-তারা দুই ভাই পৃথক্ থাকে কেউ কারোর সঙ্গে কোন লেপ্‌চই রাখে না। প্র-সে তাদের কোন লেপ্‌চে থাকে না। বাড়ী বাগান পুকুর সব এক লেপ্‌চে।

লেপ্টেনেণ্ট, লেফ্‌টেনেণ্ট [ইং lieutenant এর লিপ্যন্তর। হিং লফ্‌টন্] বি, প্রধানের অব্যবহিত নিম্নস্থ কর্ম্মচারী ; প্রথম সহকারী ; ডেপুটী। ~গবর্ণর-বি, গবর্ণরের অধীন গভর্ণর ; ডেপুটী গবর্ণর ; ছোটলাট।

লেপ্য [লিপ্ (লেপন করা)+য (র্ম্ম)] বিণ, লেপনীয় ; লেপনের উপযুক্ত। ~ময়ী [যাতে স্বর্ণ মৃত্তিকা ইং লেপন করা হয়] বি, মাটির বা কাঠের পুতুল খেলনা ইং। ২ দেবতার মূর্ত্তি ; বিগ্রহ।

লেফাফা [ফাং লিফাফাহ্] বি, পত্রাদির আবরণ ; মোড়ক ; খাম। ~দুরস্ত,-দোরিস্ত-বিণ, বাহিরের পারিপাট্যে নির্ভুল ; উপর উপর পরিষ্কার পরিচ্ছন্ন কিন্তু ভিতরে মলিন। ২ বাহিরের আচরণদক্ষ ; মৌখিক ভদ্রতা, আদব কায়দা ইং-তে ত্রুটি-শূন্য কিন্তু প্রকৃত কার্য্যক্ষেত্রে বিপরীত।

লেবাকু [ল২, লেং লেঝা দ্রঃ] ক্রি, লইবার জন্য। "ইন্দ্রপদ লেং মনো বাড়াইলা" -গোবিন্দং গীত।

লেবু [নেবু দ্রঃ। হিং লেমু >। প্রাচীন সং-তে জম্বীরাদি শব্দই পাওয়া যায়। নেবু বা লেবুর সং-রূপ "নিম্বু", "নিম্বূ", "লিম্পাক" অপ্রাচীন। মং নিংবে ; কর্ণাটী -নিংবু এবং বাং-র নেবু। কিন্তু হিং-র অনুকরণে লেবু ও নেবু] বি, প্রসিদ্ধ অম্লরস ফলবিঃ ; জামীর নেবু lime ; lemon. পাতি, কাগজি, গোঁড়া, টাবা, চীনা, মিঠা, কমলা, কলম্ব, নারাঙ্গী, বাতাবী ইং ভেদে লেবু বহু-প্রকার।

লেবেল১, লেভেল১ [ইং label এর লিপ্যন্তর] বি, অঙ্কপত্র ; নাম ও ঠিকানা লিখিত চিরকুট ; টিকিট। লেং আঁটা, -মারা, -লাগানি-ক্রি, পরিচয় পত্র বা নাম ও ঠিকানাযুক্ত টিকিট সংযুক্ত করা।

লেভার [বলং (কং বিশ্বং পরিঃ)] বি, ইং lever এর বৈজ্ঞাং পরিঃ ; চাড়া।

লেভেল২, লেবেল২ [ইং level এর লিপ্যন্তর] বিণ, চৌরস ; সমতল ; সমান ; পেলেন ; সমভূমি। ২ বি, সমতলক্ষেত্র ; চৌরস জমী। ক্রি, লেং করা।

লেয়ো [গ্রাং নেও (দ্রঃ)। লাউয়া (লাউএর মত)] বিণ, তুম্ববৎ ; লাউ সদৃশ। ~পেট-বি, লাউয়ের মত উদর। বিণ, পেটা [লাউয়া-পেট+আ] লাউবৎ উদরবিশিষ্ট।

লের্ল [বৈং। লওয়া দ্রঃ] ক্রি, লইল।

লেলা [সং-লোহল ("লোহল স্যাদস্ফুট বাগ্") > দ্রং লেলা (অস্ফুট বক্তা, হাবা), বা আং, ফাং লুলু (পাগল, বোকা)। তুল-ভুলো, ভুলুয়া & fool] বি, হাবা ; বোকা ; হাবা গঙ্গারাম ; হাব্‌লা। লেলা ক্ষেপা, ~খেপা, ~খ্যাপা-বিণ, লেলা ও ক্ষেপা (পাগল) ; ক্ষ্যাপা পাগল ; হাব্‌লা গোব্‌লা ; আউলিয়া।

লেলানি [হিং লে (লেনা, ধর, আক্রমণ কর)+লে (উত্তেজনা বা উৎসাহ দানার্থে পুনরুক্ত) +আন (ক্রিয়ায়) >। লেলাই,

লেলাও, লেলায় ; লেলাইতে ; লেলাইয়া (কে॰লেলিয়ে)] ক্রি, টুয়াইয়া দেওয়া ; টুয়ান ; উস্কান।

লেলিহান [লিহ্ (যঙলুগন্ত)=লেলিহ (পুনঃ পুনঃ লেহন করা) + আন (র্ত্তৃ)] বিণ, পুনঃ পুনঃ লেহনকারী ; বারংবার আস্বাদনকারী। ২ যার জিহ্বা লক্‌লক্ করিতেছে। "অবলাও আকাঙ্ক্ষার শিখা লে॰। নূতনের পরে শুধু নূতন সে চায়।"-ফুলরেণু। স্ত্রীং ~া-বারংবার লেহনকারিণী। ২ বি, অঙ্গুল্যাদি মুদ্রাবিঃ। ৩ সর্প।

লেলো [লাল + উয়া=লালুয়া > কে॰ লেলো, গ্রা॰ নেলো] বিণ, লালাযুক্ত। ২ লালু দ্রঃ। **লেল্লেলে, লেল্‌লেলিয়া** [লাল (সং-লালা) + লাল + ইয়া (লালার আধিক্যবশতঃ দ্বিত্ব)] বিণ, লালাযুক্ত ; পিচ্ছিল। ক্রি, **লেল্‌লেলানি**-শিশুদিগের লাল ফেলিতে ফেলিতে অনুকার শব্দ করা। বি, **লেল্‌লেলানি**-লেল্‌লেল্ শব্দ করা। ২ লালাযুক্তা ; পিচ্ছিলতা ; লালসানি (দ্রঃ)।

লেশ [লিশ্ (অল্প হওয়া) + অ (র্ত্তৃ)। গ্রা॰ রেষ] বি, বিন্দু ; অত্যল্প ; সামান্য মাত্র ; চিহ্নমাত্র ; রেখা। "ব্রজের রাজ্য ছিল রামরাজ্যের প্রায়, নাহি ছিল দুঃখের লেশ।"-বাং গান। **~মাত্র**-অ, অণুমাত্র ; সামান্যও ; অতি অল্প পরিমাণ ; আভাসটুকুও ; নামমাত্র।

লেষ্টু [সং। লিশ্ (অল্পীভাবে=অকিঞ্চিৎকর অর্থে) >] বি, লোষ্ট্র।

লেস [ইং lace এর লিপ্যন্তর] বি, ফিতা ; কাপড়ে বা জামায় বসাইবার সূতায় পাতা ফুল ইং॰ তোলা পাড়, পটি বা ফিতা। ২ জুতা বাঁধিবার ফিতা। ৩ চুল বাঁধিবার বা বিননীতে জড়াইবার ফিতা। **লেস বসানি**-ক্রি, জামা কাপড় প্রভৃতিতে লেসের পাড় বা পটি জুড়িয়া দেওয়া। **লেস বোনা**-ক্রি, বোনার কাঠি দ্বারা কার্পাস রেশমাদির সূতায় ফাঁস দিয়া লেস প্রস্তুত করা।

লেসা (-ল্যা-) [গ্রা॰। 'লইয়া আসা' > কে॰ লয়ে আসা > লে-আসা > কে॰ লেসা। লেসি (লয়ে আসি), লেস (লয়ে এস), লেসে (লয়ে আসে)। লেস্‌তে (লয়ে আসতে বা এস্‌তে) ; লেসে (লয়ে এসে)] ক্রি, লইয়া আসা ; লইয়া আগমন করা ; সঙ্গে আনা।

লেহ$_1$ [লিহ্ (আস্বাদন করা) + অ (ভা॰)] বি, জিহ্বা দ্বারা গ্রহণ ও আস্বাদন ; লেহন ; চাটা। বিণ, **লেহী**-লেহনকারী।

লেহ$_2$ [সং-স্নেহ > প্রাকৃ॰, ব্রজ॰ সিনেহ > নেহ > লেহ] বি, স্নেহ ; মায়া ; ভালবাসা ; প্রেম ; প্রীতি। "ঐছন কানুর লেহ"-চণ্ডি॰। "হৃদয়ে লাগল লেহ।"-জ্ঞান॰। "রহিতে সোয়াথ নাহি নৌতুন লেহ"-বি॰ প॰। বিণ, **লেহী**-স্নেহকারী।

লেহ$_3$-লেহা$_2$ দ্রঃ।

লেহন [লিহ্ (আস্বাদন করা) + অন (ভা॰)] বি, আস্বাদন ; রস গ্রহণ ; জিহ্বা দিয়া চাটন। ২ চাটিয়া খাওন। **~নীয়**-বিণ, লেহ্য ; চাটিবার মত বা যোগ্য।

লেহা$_1$ [লেহ দ্রঃ। লিহ্=লেহা (রেহা, নেহা দ্রঃ)] বি, স্নেহ ; প্রীতি ; ভালবাসা। "মনে ছিল না টুটব লেহা। সুজনক পিরীতি পাষাণক রেহা॥"-বি॰প॰। ২ সাধ ; বাসনা। "তেজিয়া সব লেহা পিরীতি কৈনু"-চণ্ডি॰।

লেহা$_2$ [সং-লভ্ (পাওয়া) > লহ > । বা, হিং॰ লেহ্‌না > বাং-লেহা, লেআ, (লওয়া দ্রঃ)] ক্রি, লওয়া ; গ্রহণ করা। "মাণিক অঙ্গুরী লেহ দুহাত পাতিয়া।" -চণ্ডী॰ (হরিরাম, খৃ॰ ১৬শ শতাব্দী)।

লেহু [লহু (দ্রঃ) > উচ্চারণ বিকারে] বি, শোণিত ; রুধির ; রক্ত। "নিরাশার ওই শূর্পনখা বেশ লেহু বহে নাসিকায়।"-অশোক॰।

লেহ্য$_1$ [লিহ্ (আস্বাদন করা) + য (র্ম্ম)] বিণ, যা লেহন করিয়া খাইতে হয় ; লেহনযোগ্য। ২ আস্বাদনীয়।

লেহ্য$_2$ [সং-শ্লাঘ্য > গ্রা॰ উচ্চারণে লেজ্জো > সাধু ভাষায় অনুকরণ করিতে গিয়া ভুলক্রমে লেজ্য ও পরে উচ্চারণ সাদৃশ্যে লেহ্য] বিণ, শ্লাঘ্য ; উচিত।

লৈখিক$_2$-লেখ দ্রঃ। ২ লেখ্য literary

লৈঙ্গ [লিঙ্গ + অ (সম্বন্ধার্থে)] বিণ লিঙ্গ সম্বন্ধীয়। ২ বি, লিঙ্গপুরাণ।

লো$_1$ [সং-হলা > ওলো > কে॰ লো। অবজ্ঞার লা (দ্রঃ)। মিথিলার উত্তর বোয়ঙ্গ প্রদেশে 'হেরে' প্রভৃতির ন্যায় সম্বোধনসূচক শব্দ, স্ত্রী ও পুরুষ নির্ব্বিশেষে ব্যবহৃত] অ, সমবয়স্কা স্ত্রীগণের প্রতি পরস্পর সম্বোধন শব্দ। 'লো সহচরি, এতদিনে আজি ফুরাইল জীবলীলা জীবলীলাস্থলে আমার" - মেঘ॰। ২ স্ত্রীলোকের প্রতি দূর আহ্বান ও উত্তর বা সাড়া দিবার শব্দ। প্র-ওলো, হ্যাঁলো, কিলো। ৩ [মিথিলা ভাষায় অনির্দ্দিষ্টার্থক অব্যয়] রে ; গো। "হসি হসি কী দহ বোলে, জিব ডোলে লো।"-বি॰ প॰।

লো$_2$ [সং-লোতস্ (নেত্রাম্বু) > হিং॰ লোহ ; ব্রজ॰ লোহ > কে॰ লৌ > লো] বি, চক্ষের জল ; অশ্রু। "ঝলকে ঝলকে বহে নয়নের লো॥"-কবিক॰। "মহারাজ ছল ছল লোরে"-ঘ॰।

লোআ [সং-লৌহ, লোহ > বাং-লোহা > লোআ। গ্রা॰ নোআ, নোয়া > লো] বি, লৌহ।

লোই, -হি, -হী [লুই দ্রঃ] বি, পশুলোমজাত শীতবস্ত্রবিঃ ; কম্বলবিঃ।

লোউ$_1$-লাহ দ্রঃ।

লোউ$_2$ [লহু দ্রঃ] বি, শোণিত। ২ [লো দ্রঃ] অশ্রু।

লোঁ-লু দ্রঃ।

লোক [সং-লুক্ (দেখা) + অ। প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰ লুক্কো, লোঅ (লোঅহু= লোকসকল, লোআচার=লোকাচার)। "অসরীর সরীরহি লুক্কো। জো তহি জাণই সো তহি মুক্কো" -দো॰ ১১৪। "লোকত্র ভুবনে জনে"-অমর॰। "ভূর্লোকোঽথ ভুবর্লোকঃ স্বর্লোকোঽথ মহর্জনঃ। তপঃ সত্যঞ্চ সপ্তৈতে দেবলোকাঃ প্রকীর্ত্তিতাঃ॥"-মৎস্য-পু॰। "ভূলোক (ভূভারত=আর্য্যাবর্ত্ত, দক্ষিণাপথ ও পূর্ব্বোপদ্বীপসনাথ ভারত), ভুবর্লোক (অন্তরিক্ষ-তুরস্ক, পারস্য ও অপোগস্থান), স্বর্লোক (ত্রিনাক-তিব্বত, তাতার ও মঙ্গোলিয়া), মহর্লোক, তপোলোক ও ব্রহ্মলোক অর্থাৎ সমস্ত সাইবিরিয়া (ত্রিদিব), জনলোক (বর্ত্তমান চীন)"-মানবের আদি জন্মভূমি। পাতঞ্জল দর্শনে-পৃথিবী হতে

উর্দ্ধে ধ্রুব পর্য্যন্ত গ্রহ-নক্ষত্র-তারকা বিরাজিত অস্মদাদির দৃষ্টিতে যে অবকাশময় স্থান দৃষ্ট হয় তার নাম ভুবর্লোক। তদূর্দ্ধে পাঁচ প্রকার স্বর্গলোক। প্রথমে মহেন্দ্রলোক, তদূর্দ্ধে মহর্লোক, তদূর্দ্ধে প্রজাপতিলোক বা ব্রহ্মলোক যা তিন ভাগে বিভক্ত-জনলোক, তপোলোক ও সত্যলোক] বি, জগৎ ; ভুবন ; স্বর্গ, মর্ত্ত্য, পাতাল-এই তিন লোক ; ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জনঃ, তপঃ ও সত্য এই সপ্ত-লোক ; পৃথিবী। "পেলে ধনু লোকে অনুক্ষণ।" -কবিক°। ২ সমূহ। ৩ মনুষ্য। ৪ জন ; ব্যক্তি। "দুঃখীলোকে দয়া করে ভয়ালকে ভয় হরে"-কবিক°। ৫ ভৃত্য ; অনুচর। ৬ মজুর ; মুটে ; কুলি। প্র-সঙ্গে লোক আছে? না থাকে একজন ডাক। ৭ বর্ণ ; জাতি। প্র-তারা কি লোক? ৮ জন্ম। প্র-পরলোক ; মনুষ্য-লোক। [গোলোক, চন্দ্রলোক, দিব্যলোক, নাগলোক পিতৃলোক, বিষ্ণুলোক, ব্রহ্ম-লোক-স্ব স্ব স্থানে দ্রঃ]। ~কান্ত [রবী° উদ্ভাসিত] বিণ, লোকপ্রিয় popular. ~চক্ষুঃ -সূর্য্য। ২ সাধারণের দৃষ্টি। প্র-লোকচক্ষুর অগোচরে। ~চরিত্র-বি, মানবপ্রকৃতি ; মনুষ্যের স্বভাব। ~জন-বি, একাধিক লোক ; লোকবল। ২ মনুষ্য সমাগম। প্র-যেখানে লোকজন নাই এমন স্থান। ~জিৎ-বি, বুদ্ধদেব। ২ বিণ, ভুবনজয়ী। ~তন্ত্রবাদ-বি, গণতন্ত্রবাদ democracy. ~নাথ-বি, জগৎ-পতি। ২ ব্রহ্মা ; বিষ্ণু ; শিব। ৩ বুদ্ধ। ৪ নরনাথ ; পৃথিবীপতি ; রাজা। ~নিন্দা-বি, লোকের নিন্দা ; লোককর্ত্তৃক নিন্দা ; জনসাধারণের মধ্যে প্রচারিত অপযশ ; লোক-কর্ত্তৃক লোকসমাজে কাহারও কুৎসা। ~নীতি-বি, লোকাচার ; জনসমাজের আচরিত বিধিব্যবস্থা। ~পরম্পরা-বি, একের পর অন্য লোক। ~পাবন-বি, লোক পবিত্রকারক ; স্বর্গ মর্ত্ত পাতালবাসীর পাপ নাশক। > স্ত্রীং পাবনী-বিণ, ত্রিলোক পবিত্রকারিণী ; ত্রিভুবনতারিণী ; লোকের কলুষনাশিনী। ২ বি, গঙ্গা। ~পাল-বি, শিব, কুবের, ইন্দ্র, বরুণ, অগ্নি, বায়ু, যম ও নৈঋত এই অষ্ট দিক্‌পাল। ২ মহীপাল ; রাজা। ~পালক-বিণ, প্রজাপালনকারী। ২ বি, রাজা। পালন-বি, প্রজাপালন। ২ রাজা। ৩ ত্রিভুবন পালনকর্ত্তা ব্রহ্মা। ~পিতামহ -বি, ব্রহ্মা। ~প্রবাদ-বি, জনশ্রুতি ; যা লোকসমাজে প্রচলিত। ~প্রসিদ্ধ-বিণ, জগদ্বিখ্যাত ; বিশ্ববিশ্রুত। ~প্রিয়-বিণ, জনপ্রিয় ; সাধারণের প্রীতিভাজন। ~বন্ধু-বি, বিশ্বমিত্র ; সর্ব্বসাধারণের বন্ধু ; নর-হিতৈষী philanthropist. ~বাদ-বি, কিংবদন্তী ; জনশ্রুতি ; গুজব। ~বান্ধব-বি, সূর্য্য। ২. বিণ, পরহিতৈষী। ~বাহিত [লোক (মনুষ্য) দ্বারা বাহিত, তৎ] বিণ, নরবাহিত ; যা মানুষে টানে বা বহন করে। ~বাহ্য [লোকের বাহ্য (বহির্ভূত)] বিণ, সাধারণ্যে যা দৃষ্ট হয় না ; লোক বহির্ভূত ; সৃষ্টিছাড়া। ২ আচারভ্রষ্ট। ৩ [বাহ্য (বহনযোগ্য)] লোক দ্বারা বহনীয় ; নরবাহ্য। ~বিদ্বিষ্ট-বিণ, সাধারণের অপ্রিয়। ~বিরাগ-বি, নরনারীর বিরক্তি বা অপ্রীতি। ২ বিণ, লোকের অরুচিকর। ~বিশ্রুত-বিণ, জগদ্বিখ্যাত। ~ব্রত [লোকের (সর্ব্বসাধারণের) ব্রত, ৬তৎ] বি, নরনারীর কর্ত্তব্য পূজা বা ধর্ম্মানুষ্ঠান। "হয়ে মোর ব্রতদাস মোর পূজা পরকাশ মরত ভুবনে গিয়া কর। লোকব্রত পরকাশি পুনঃ হবে স্বর্গবাসী আমি সঙ্গে রব নিরন্তর॥"-অ° ম°। ~মত-বি, জন-সাধারণের অভিমত ; লোকের কথা ; প্রজা সাধারণের উক্তি। ~মাতা [লোকের মাতা, ৬তৎ] বি, কমলা ; লক্ষ্মী। ~যশ (ঃ) [লোকমুখে কীর্ত্তিত যশ] বি, খ্যাতি ; লোক-সমাজে সুনাম। "সুলভ লোকযশ।" "সুলভ লোকযশের প্রতি উদাসীন"-আ° শক্তি, ১৩৩৪। ~যাত্রা-বি, সংসারযাত্রা ; জীবন ব্যাপার। ~যাত্রাবিধান-বি, সংসার-যাত্রা নির্ব্বাহের বিধিদর্শক নীতিশাস্ত্রবিঃ political economy. নরনারীর বা লোকসমাজের প্রীতিসম্পাদক বা আনন্দ দায়ক। ~রঞ্জন-বি, লোকের প্রীতি সম্পাদন ; লোকের সন্তোষ সাধন। ~লজ্জা-বি, জনসাধারণের নিন্দার ভয়। ~লস্কর [হিং লাও(পতাকা) + ফা° লশ্‌কর (ফৌজ) > পোঁটলা পুঁটলি সহ ফৌজ ইং >] বি, চাকর নফর ; অনুচরবর্গ ; লোকজন। ~লোচন-বি, লোকচক্ষুঃ ; সাধারণের দৃষ্টি। ২ সূর্য্য। ~লীলা-বি, মানবজগতের ব্যাপার ; নরনারীর কার্য্যকলাপ। ~-লৌকিতা-বি, লোকের সহিত লৌকিক ব্যবহার ; সামাজিক আদানপ্রদান। ~শিক্ষক-বি(ণ), নরনারীর শিক্ষাদাতা ; জগদ্‌গুরু। ~শিক্ষা-বি, লোকের জ্ঞানোৎপাদক উপদেশ ; নরনারীর জ্ঞান বা অভিজ্ঞতা। ২ [ব্যঙ্গ্যার্থে] লোককে আক্কেল দিবার জন্য দণ্ড। ~সংখ্যা-বি, নরনারীর মাথা গুনতি, জনসংখ্যা census. ~সমাজ-বি, মানব-সমাজ ; নরনারী সমূহ। ~স্থিতি [লোকের স্থিতি (মর্য্যাদা), ৬তৎ] বি, মানবসমাজ ; জনসমাজ। ২ মনুষ্যাবাস। ৩ জগতের স্থায়িত্ব বা রক্ষা। লোক হাসানি-ক্রি, এমন কাজ করা, যাতে লোকে উপহাস করে ; মন্দবুদ্ধি হেতু লোকের উপহাস বা বিদ্রূপ অর্জ্জন করা। ~হিত-বি, লোকসমাজের কল্যাণ ; নরনারীর উপকার ; জগতের মঙ্গল। ~হিতব্রত-বি, মানবসমাজের কল্যাণ সাধনরূপ ব্রত ; জগন্মঙ্গলনিষ্ঠা। ২ [~ব্রতী ও°] বিণ, ~হিতৈষী-বিণ, লোকমঙ্গল কামী ; লোককল্যাণকর ব্রতধারী। জগতের উপকারক। > স্ত্রীং ~হিতৈষিণী। লোকে বলে-অ, সাধারণের মত এই। লোকেদের লোকেরদের [মধ্য° বাং-য় সম্বন্ধবাচক বহুবচন। লোকদিগর, -দিগের ও°] স, জনসমূহের ; লোক সকলের। "তারপর রাজার ও সভাস্থ লোকেদের পসন্দেতে উত্তম হইলেন"-তোতা ইতিহাস।

লোকতঃ [লোক + তস্ > তঃ। প্রা° লোকোতো] অ, লোকচক্ষুতে ; লোকের নিকট। ২ লোক বা সমাজ হিসাবে ; নরনারী বা সমাজ সম্বন্ধে।

লোকন [লুক্ (দেখা) + অন (ভা°)] বি, অবলোকন ; দর্শন।

লোকসান [আ° নুক্‌সান্ > বাং-

নোকসান (গ্রা॰), সাধুভাষা করিতে গিয়া, লোকসান] বি, ক্ষতি। লো॰ করা-ক্ষতিগ্রস্ত হওয়া। লো॰ জমা-বি, মৃত বা পলাতক প্রজার জমিজমা বিলি না হওয়া পর্য্যন্ত তাতে চাষ ও অধিকার-স্বত্ব। লো॰ জরিপ-বি, প্রজার কৌত ফেরার হওয়ার জন্য লোকসান জমার মহালের পৃথক্ পৃথক্ পরিমাণ। লো॰ দেওয়া-ক্রি, ক্ষতিগ্রস্ত হওয়া। লোকসানি মহাল-বি, যে মহালের কর আদায়ের উপায় নাই। "মা আমি পাপের আসামী। এই লোকসানি মহাল লয়ে বেড়াই আমি॥" -রা॰ প্র॰। লাভলোকসান-বি, ব্যবসায়ে লাভ ও ক্ষতি। ২ ক্ষতিবৃদ্ধি; স্বার্থ।

লোকাকীর্ণ [লোক(দ্বারা) + আকীর্ণ, ৩তৎ] বিণ, লোকে সমাচ্ছন্ন; নরনারীতে পরিপূর্ণ বা পরিব্যাপ্ত।

লোকাচার [লোক + আচার] বি, লোকসমাজের রীতিনীতি; লোকের অনুষ্ঠান।

লোকাতীত [লোক + অতীত] বিণ, লোকাত্তর (দ্রঃ)।

লোকান্তর [লোক + অন্তর (অন্য), ৬তৎ] বি, এক লোক হতে অন্য লোক; পরলোক। ২ অন্যভুবন। ৩ মৃত্যু। বিণ, লোকান্তরি/র্ত > স্ত্রীং ~তা। ~গত-বিণ, পরলোকপ্রাপ্ত; মৃত। > বি, ~গতি। ~গমন-বি, অন্যলোকে প্রস্থান; মরণ। > বিণ, ~গামী-মৃত।

লোকাপবাদ [লোক (প্রচারিত) + অপবাদ, ম॰ প॰ লো॰] বি, লোকনিন্দা; অখ্যাতি।

লোকায়ত [লোক (লোকে) + আয়ত (বিস্তৃত), ৭তৎ] বি চার্ব্বাকশাস্ত্র; নাস্তিক্য; বেদবর্জ্জিত দর্শনশাস্ত্র। ২ নাস্তিক; চার্ব্বাক শিষ্য। "এমন অবস্থায় লোকায়ত দর্শনকারের পরামর্শ "ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ" অবশ্য গ্রহণীয়"-ব॰ বাণী, ১৩৩৩। বিণ, লোকায়তিক - চার্ব্বাকমতাবলম্বী; নাস্তিক; জড়বাদী materialist; atheist. ২ বি, চার্ব্বাক।

লোকাভাব [লোক + অভাব, ৬তৎ] বি, লোকের অভাব। ২ লোক বল বা সাহায্যকারী না থাকা।

লোকারণ্য [লোক + অরণ্য, ৬তৎ] বি, জনতা; লোকসঙ্ঘ।

লোকালবোর্ড, লোক্যাল [ইং Local Board এর লিপ্যন্তর] বিণ, স্থানীয় কতিপয় শাসন সংক্রান্ত কার্য্যনির্ব্বাহিকা সমিতি।

লোকালয় [লোক + আলয়, ৬তৎ] বি, মনুষ্যাবাস; জনপদ।

লোকালোক [লুক্ (দেখা) + অ= লোক + অলোক, যার কোন স্থান সূর্য্যালোক স্পর্শে দৃষ্ট হয় এবং কোন স্থান সূর্য্যকিরণপাত না হওয়ায় দৃষ্ট হয় না] বি, যে পর্ব্বতের একদিকে আলোক অন্যদিকে অন্ধকার; ব্রহ্মাণ্ড-বেষ্টন পর্ব্বতবিঃ। ইহার উপত্যকা দেবতাদিগের ক্রীড়াস্থল বলিয়া উক্ত (শিবতন্ত্র)। ২ চক্রবাল horizon.

লোকি, -কী [বর্দ্ধ॰ প্রাদে॰] বি, (বিতঃ পিতলের) গামলি (ছোট গামলা); মেচলি।

লোকিত [লোকন দ্রঃ। প্রায়ই অব, বি ই॰ উপসর্গ যোগে ব্যবহার] বিণ, দৃষ্ট। স্ত্রীং ~া।

লোকেশ [লোক + ঈশ (প্রভু), ৬তৎ] বি, ব্রহ্মাণ্ডপতি; জগদীশ। ২ ব্রহ্মা। ৩ বুদ্ধবিঃ। ৪ লোকপাল; রাজা।

লোকোত্তর [লোক + উত্তর (অতীত), ৬তৎ] বিণ, লোকাতীত; অলৌকিক। ২ [লোক (মধ্যে) + উত্তর (উত্তম), ৭মী তৎ] লোকশ্রেষ্ঠ; লোকে অসাধারণ; সাধারণের মধ্যে যা দৃষ্ট হয় না; অলোকসামান্য। "আশুতোষ লো॰ পুরুষ ছিলেন"।

লোচ [সং] বি, নয়নজল; অশ্রু। ২ [সং-লোচক। হিং লোচ] থলথলে মাংসখণ্ড।

লোচক [সং] বি, শ্লথমাংস; মাংসপিণ্ড। ২ কদলী। ৩ নির্ম্মোক। ৪ নারীর ললাটভূষণ। ৫ কজ্জল। ৬ ভ্রূভঙ্গ। ৭ নয়নমণি। ৮ কর্ণভূষণ।

লোচন [লুচ্ (দেখা) + অন (ণে)-যদ্দারা দেখা যায়] বি, চক্ষু; নয়ন। "যেন তারা উদয় লোচনে।"-কবিক॰। ২ [-+অন (ভা॰)] বিলোচন; দর্শন; দেখা। ৩ আলোচনা। স্ত্রীং লোচনী-বিণ, নয়না; নয়নী। ২ বিশালাক্ষী। ~কোণা [ব্রজ॰] বি, নয়নকোণ; নেত্রপ্রান্ত। ২ কটাক্ষ। "দুলহ লোচনকোণা।"-বি॰ প॰। ~পথ [লো॰ পক্ষ >] বি, চক্ষুর পাতার রোঁয়া। ২ [প্রেক্ষ (ণ) >] বি, চোখের দৃষ্টি। "না চলে লোচনপথ, কাছে মৃগ দেখিতে না পায়"-কবিক॰। ~প্রান্ত-বি, নয়নকোণ। ~রঞ্জন-বিণ, নয়নানন্দ; নেত্রতর্পণ; সুদর্শন। ২ বি, কাজল; সুর্ম্মা। ~লোভন-বিণ, যা দেখিয়া নয়নের তৃপ্তি হয় না; দর্শনলালসাবর্দ্ধক।

লোচা [লোচ দ্রঃ। হিং লচ্ছা=গুচ্ছ >] বি, গোছা; থোপ। ২ বড় লেচি। ৩ ১৬ পণ পরিমাণ (পূ॰ বঙ্গ)। ~-লোচা-বি, থোপা থোপা; গোছা গোছা।

লোচিকা [বৈদ্যকে। লুচি দ্রঃ। হিং লুচুইয়া] বি, লুচি।

লোচ্চা [ফা॰ লুচ্চা > বাং গ্রা॰ নোচ্চা] বিণ, লম্পট; কামুক; নোচ্চা। বি, ~মি, ~মো, ~মী-লাম্পট্য; লম্পটপণা।

লোট১ [লুট দ্রঃ] বি, লোটন; গড়াগড়ি। "পড়িল ইছার মুণ্ড ভূমে যায় লোট।"-ধ॰।

লোট২ [গ্রা॰ নোট। লোটা >?] অঞ্জলি। প্র-এক লোট জল।

লোট৩ [ইং note এর লিপ্যন্তর, নোট > গ্রা॰] বি, নোট (দ্রঃ) currency note.

লোটন১ [লুট দ্রঃ। লুণ্ঠন >] বি, লুটকরণ; অপহরণ। ২ ধরাশয়ন; লুণ্ঠন; গড়াগড়ি। ৩ পায়রার জাতিভেদ; লোটন পায়রা ground tumbler.

লোটন২ [হিং লোটন (উল্টান) চুল পাকাইয়া বা ফিরাইয়া বন্ধন। গ্রা॰ নোটোন] বি, বিননীহীন খোঁপা; হাত ফেরান খোঁপা; বিস্তৃত কেশপাশ। "লোটন লম্বিত।"-মনসা ম॰ (কেতকা॰)। "মার্জ্জনা করিয়া কেশ লো॰ বান্ধিল পাশে।"-মহা॰ (চন্দনদাস)। "বিনোদ লোটন"-জ্ঞান॰।

লোটা১ [লুটা দ্রঃ। লোটাই, লোটাও, লোটায়; লোটাইতে (কে॰ লোটাতে);

লোটাইয়া (কেং লোটায়ে) ই°। পিজব-লোটার্ন] ক্রি, লুট করা। ২ গড়াগড়ি দেওয়া; অবলুণ্ঠিত হওয়া। ৩ মাথা ঘুরান বা মাথা চালা। ৪ বিণ, কেয়ান; উল্টান; খোলা। "লোটা কাণ ফুটা।"-ধ°ম°(মাণিক°)। প্রা° বাং-লোটাআঁ-অস-ক্রি, লুণ্ঠিত হইয়া। লোটাইল-বিণ, লুণ্ঠিত; অনুলিপ্ত। "সিন্দূরে লোটাইল যেহ গজমুক্তী"-শ্রী°কী°।

লোটা, [হি°] বি, ছোট গোলাকার ধাতুপাত্রবিঃ; ঘটীবিঃ। "ভুলে নে লোটা আর কম্বল" -রজনী। ক্ষুদ্রার্থে লোটিয়া, লুটিয়া-সন্ন্যাসীদের জলপাত্র।

লোটানি [লুটান দ্রঃ। লোটা দ্রঃ। রূপ। লোটাই, লোটাও (লোটেন, লোটাস), লোটায় (লোটান); লোটাইতে (কেং লোটাতে); লোটাইয়া (কেং লোটায়ে) ই°] ক্রি, লুটাইয়া দেওয়া; লুট করান। ২ ছড়ান। ৩ অতি ব্যয় করা। ৪ গড়াগড়ি দেওয়ান। "দুর্য্যোধন-সহোদর পাপিষ্ঠ দুর্ম্মতি; কর্ণসনে তাহারে লোটাইব বসুমতী॥"-মহা° (বিজয়°)।

লোটায়্যাঁ, লুটায়্যাঁ [মৈ°, ব্রজ°, প্রা° বাং, পদ° সা°] ক্রি, লুণ্ঠিত হইল। "ধরণী লো° গোকুল চাঁদ"-বি° প°।

লোঁঠন [লুণ্ঠন >] বি, গড়াগড়ি দেওয়া; বিলুণ্ঠিত হওন।

লোড়্সি [লুণ্ঠন > লোটন > লোটা > লোড়া, হি° লুড়কণা। মরাঠী লোড়া (লুণ্ঠিত করা বা হওয়া)। "মী তব কিঙ্কর স্বামিনী মম তু। তব পদি মস্তক পুনরপি লোড়ে।"-মরাঠী গান। প্রা°বাং] ক্রি,লুণ্ঠিত হইতেছে; লুটাইতেছে। ২ লুটিয়া লইতেছ; লুণ্ঠন করিতেছ। "মিছাই লোড়সি কাহাক্রি আহ্মার পসার।"-শ্রী° কী°।

`**লোড়া** [লোষ্ট্র >। ক্ষুদ্রার্থে লুড়ী। প্রা° লোড়া লুড়ী] বি, শিলাখণ্ড। ২ পেষণ শিলা [পূ° বঙ্গে পুতা (শিলাপুত্র >)। হি° লোড়া]। ~লুড়ী-বি, ছোট বড় শিলা-খণ্ড। শিল-লোড়া-বি, পেষণ করিবার শিলাপট্ট এবং পেষণ শিলা।

লোণ [প্রাকৃ° লোণ < সং-লবণ। প্রা° নোন, নুন] বি, লবণ; লুণ; নুণ। ২ কৃতজ্ঞতা-ঋণ; কৃতউপকারস্বরূপ ঋণ। "পাণ লহ আরে দ্রোণ শোধহ আমার লোণ শীঘ্র চল চণ্ডিকার সঙ্গে।"-কবিক°। বিণ, লোণা [প্রা° বৌ° বাং প্রাকৃ° লোহুঁ (চ° পদ°, ৪১।২)] লবণাক্ত; লোণ্‌তা। > ~লাগা-বি, শিশুর অজীর্ণ; অজীর্ণ। "তাহাদের মধ্যে অনেকেরই অজীর্ণ রোগ হইত। এ পীড়াকে লোণালাগা কহিত।"-শিবনাথ শাস্ত্রী।

লোণী, লোণীশাক, লোনী [সং। হি° লুনিয়া] বি, লূনী শাক; নুনী শাক portulaca quadrifida; Indian purslane.

লোণীয়, লোণিয়া-লুণিয়া দ্রঃ।

লোৎ, লোত, লোথ [সং-লোতস্ (স্তেয় ধন)] বি, চোরাই মাল; অপহৃত বস্তু; স্তেয় ধন। "লোৎ পেয়ে বাঁধে সদাগরে।"-কবিক°। "হাতে লোথে ধরিয়াছে আর কি উপায় আছে।"-ভারত°। হাতে লোতে-অ, হস্তে চোরাই মাল থাকিতে; বমাল। ২ চিহ্ন সমেত।

লোর্তক [সং] বি, নেত্রাম্বু; অশ্রু। "নয়নে লোতক ঝরে।"-মহা° (কাশী°)।

লোদা [সং-দলাঢ্য > হি° দলদল > লেঁদা >। রাজসাহী অঞ্চলে প্রচর] বি(ণ), গভীর পঙ্কিল জমি boggy land; পঙ্কিল boggy. ~চঁর-বি, নদীগর্ভে পলি পড়া পেঁকো চড়া বা কর্দমাক্ত চরভূমি। ~মাটি-বি, নরম মাটি; কাদা জমী infirm soil.

লোধ, লোধ্র [রুধ্ (আবরণ করা) + অ (র্ত্তৃ)। র=ল। মলরোধক বলিয়া নাম, রোধ্র ও বলে] বি, লোধ গাছ। শ্বেত ও রক্তবর্ণ ভেদে দ্বিবিধ symplocos raccueosa. "নীপ লোধ্র অরুষর পিয়াল পিয়ালহর পারিজত্র প্রকৃত মালা।"-কাকী°।

লোপ [লুপ্ (ছেদন করা, নাশ করা) + অ (ভা°)] বি, ছেদন [বিরল]। ২ নাশ। ৩ তিরোধান; অন্তর্ধান; অদর্শন। ৪ [ব্যা°] বর্ণের বিলোপ বা অদর্শন। লোপ কঁরা-ক্রি, মুছিয়া ফেলা। ২ নাশ করা। লোপ হঁওয়া [গ° পরিঃ (হি° কো°)] ইং vanish এর বৈজ্ঞা° পরিঃ।

`**লোপা**, `লোফা-লুপা দ্রঃ।

লোপাট [লোপ্ত্র (লুট) >] বি, সমুদয় আত্মসাৎ; লুণ্ঠন। ২ চিহ্নমাত্র না রাখা; লোপ করা; উড়াইয়া দেওয়া। লোপাট কঁরা-ক্রি, বিলোপ করা; অপহরণ করা; উড়াইয়া দেওয়া।

লোপাপত্তি [সং-লোপ্ত্রী, লোপ্ত্র (দ্রঃ) > প্রা°। লোপাট দ্রঃ] বি, লোপাট; লুণ্ঠন; আত্মসাৎ। ২ বিলোপ

লোপামুদ্রা [পু°] বি, অগস্ত্যপত্নী।

লোপ্ত্র [লুপ্ (লোপ করা) + ত্র (র্ম্ম), যা লোপ বা অপহরণ করা হয়] বি, চোরাই মাল; লুণ্ঠনের দ্রব্য। ~ী ও°।

লোব [সং-লোভ > দ্রং] বি, লোভ।

লোবান-লবান দ্রঃ।

লোভ (ইং ভাষাভিজ্ঞের উচ্চারণে প্রায়ই লোভ্) [লুভ্ (লাভের আকাঙ্ক্ষা করা) + অ (ভা°)] বি, আকাঙ্ক্ষা; অন্যের দ্রব্য গ্রহণের অভিলাষ; লালসা; লিপ্সা। ~নীয় [লুভ্ + ণিচ্ = লোভি + অনীয় (র্ত্তৃ)] বিণ, স্পৃহনীয়; লোভ উৎপাদক; লালসা-বর্দ্ধক। > স্ত্রীং ~া। ক্রি, লোভঁয়ে, লোভে -লোভ করে; লোলুপ হয়। "ফুলেঁ ফুলেঁ বৃন্দাবন শোভে। তা দেখি সকাতেরি [=সকলেই] লোভে॥"-শ্রী°কী°।

লোভা [লোভ (দ্রঃ) + আ (জনকার্থে)। অন্য পদান্তে যুক্ত হইয়া ব্যবহার] বিণ, লোভনীয়; রম্য; মোহকর। "কিবা শোভা মনোলোভা অতি চমৎকার"-ম° মো° ত°। ২ লুব্ধ; লোলুপ। ~নি [লোহান (চট্ট° প্রাদে°)। লোভ + আন (ক্রিয়ায়), নামধাতু। লোভাই, লোভাও, লোভায়; লোভাইতে; লোভাইয়া (কেং লোভায়ে, লুভিয়ে) ই°] ক্রি, লোভ দেখান; প্রলুব্ধ করা। ~য় [লোভ + আয় (ক্রিয়ায়)] ক্রি, লোভ দেখায়। ~ত্তি-বি, লোভের আতিশয্য; অতি লোভ। ~নি [প্রা°] বি, লোভ দেখাইবার বস্তু। ২ মাছের চার বা টোপ bait. "বিরোধী দলের মধ্যে অনৈক্য ঘটাইবার জন্য এবার অসতর্ক লোক-দিগকে একটি লোভানি দেওয়ার জন্যই এরূপ করা হইয়াছে।"-বাজলার কথা, ২৭ মাঘ, ১৩৩৪।

লোভার্ত্ত [লোভার্ত্ত > গ্রা॰] বিণ, লোভাভিভূত; অতিশয় লোভী।
লোভী [গ্রা॰ লুভী। লোভ+ইন(স্ত্য॰) =লোভিন্ ১মা, ১ব॰] বিণ, লুব্ধ; লোলুপ।
লোভ্য [লুভ্ (লোভ করা)+য (র্ম্ম)] বিণ, লোভনীয়।
লোম [লূ (ছেদন করা)+মন্ (র্ম্ম)= লোমন্ ১মা, ১ব॰] বি, শরীরজাত সূক্ষ্মকেশ; রোঁয়া; রোম। "নাভির উপরে লোমলতাবলী সাপিনী আকার শোভা।"-চণ্ডি॰। ২ পুচ্ছ; লেজ। ~কর্ণ-বি, খরগোশ; শশক। ২ বিণ, যার কর্ণ অনেক লোমবিশিষ্ট। ~কূপ-বি, রোমাধার; লোমের মূলে বিন্দুর আকার গর্ত্ত। ~ফোড়া-বি, লোম ছিঁড়িয়া যে ব্রণ উৎপন্ন করে। ~বিষ-বি, যে জন্তুর লোম বিষাক্ত; ব্যাঘ্র ই॰।
লোমজ [লোম > জ (যে জন্মে)] বিণ, লোমজাত; লোম দ্বারা নির্ম্মিত; পশমী।
লোমপাদ [পু॰] বি, রামায়ণোক্ত রাজাবিঃ। অঙ্গদেশের ঋষ্যশৃঙ্গ মুনি ইঁহার পালিতা কন্যা রামচন্দ্রের ভগিনী শান্তাকে বিবাহ করেন। বর্ত্তমান ভাগলপুর ইঁহার রাজধানী ছিল। ২ [লোম (বহু লোমযুক্ত) পাদ (চরণ) যার, বহু॰] বিণ, বহুলোমযুক্ত চরণবিশিষ্ট।
লোমশ [লোমন্+শ (বহুলার্থে), ন্ লোপ] বিণ, বহু লোমবিশিষ্ট; লোমবহুল। ২ বি, মুনিবিঃ; মার্কণ্ডেয়ের কনিষ্ঠ ভ্রাতা। ৩ মেষ। স্ত্রীং~া-লোমবহুলা। ২ [বৈদ্যকে] কাকজঙ্ঘা। ৩ বচা। ৪ শূকশিম্বি।
লোমহর্ষণ [লোমের হর্ষণ (হৃষ্ট হওন), ৬তৎ। পদ্যে ছন্দের অনুরোধে "লোমহরিষণ।" "দুইজনে মহাযুদ্ধ লোমহরিষণ" -মহা॰ (বিজয়॰)] বি, রোমাঞ্চ। ২ [লোমের হর্ষণ (রোমাঞ্চ) যার, বহু॰] বি, সূত। ইনি পুরাণবক্তা মুনি ব্যাসদেবের শিষ্য। কূর্ম্মপুরাণ মতে ইঁহার মধুর বাক্য দ্বারা শ্রোতৃবর্গের লোমহর্ষণ (রোমাঞ্চ) হইত বলিয়া নাম লোমহর্ষণ। ৩ বিণ, রোমাঞ্চকারক।
লোমালিকা [লোম+আলি+ক +আ (স্ত্রীং)] বি, খেঁকশিয়ালী।

লোমাঞ্চ-রোমাঞ্চ দ্রঃ।
লোয়া [গ্রা॰ নোয়া] বি, লোহা (দ্রঃ)।
লোর, লোরা [সং-লোতক। হিং লোরা (অশ্রু)] বি, নয়নবারি; লোচনজল; অশ্রু। "নয়নে গলয়ে লোর"-কবিক॰। "দর দর দর ঝরত লোর"-পদাবলী। "কবির আঁখিতে বহে হরষের লোর"-অশোক॰। "ঢরি ঢরি পড়ু লোরা"-বি॰ প॰।
লোল [সং] বিণ, চঞ্চল; আন্দোলিত। ২ ললৎ; লকলকে। প্র-লোল রসনা। ৩ লোলুপ। ৪ শিথিল; ঢোলা; ঢিলা। ~ক (·লঁ·) বি, দোলক। ২ [লং=ন] নোলক; নাসিকা হতে ওষ্ঠের উপর ঝুলাইবার নারী অলঙ্কারবিঃ। ~জিহ্বা [সং-ললজ্জিহ্ব। অন্নদামঙ্গলে-'লোল জিহি'। 'জিহ' ও॰] বিণ, লকলকে জিহ্বা যাঁর। "লোলজিহ্বা এলোকেশী ভালে শশী অট্টহাসি বিকট দন্ত।" -বাং গান। ২ বি, লেলিহান রসনা। বিণ, ~জিহ্ব।
লোলা [লোল+আ (স্ত্রীং)। গ্রা॰ নোলা] বি, রসনা; জিহ্বা। ২ লোভ; লালসা। ৩ লক্ষ্মী। ৪ নৌ দ্রঃ।
লোলানি [লোল (চঞ্চল)+আন (ক্রিয়ায়)। লোলাই, লোলাও, লোলায়; লোলাইতে (ক্ষে॰ লোলাতে); লোলাইয়া (ক্ষে॰ লোলায়্যা, লোলায়ে) ই॰] ক্রি, আন্দোলিত করা। ২ সঞ্চালন করা। "মুরলী অধরে লেহ এই রন্ধ্রে ফুক দেহ অঙ্গুলি লোলায়্যা দিব আমি।"-জ্ঞান॰। বিণ, লোলিত-চালিত। ২ কম্পিত। ৩ বিলম্বিত; শ্লথ। "লোলিত রসনা গলিত কেশ"-গান।
লোলায়মান [লোল (চঞ্চল)+আয় =লোলায় (নামধাতু) + আন (র্ত্তৃ), ম আগম] বিণ, যা আন্দোলিত হইতেছে; দোলায়মান। স্ত্রীং ~া।
লোলার্ক [সং] বি, সূর্য্য।
লোলিত [লুলিত ও॰। ণিজন্ত-লুল্ (বিলোড়নে)+ত (র্ম্ম)] বিণ, লম্বিত; দুলিতেছে এমন (বি॰ প॰)। স্ত্রীং ~া।
লোলী [লোল (চঞ্চল)+ঈ(বিশিষ্টার্থে), ব্রজ॰] বি, চঞ্চলা; চপলা; বিদ্যুৎ। ২ লক্ষ্মী। "সব যোনি পালটি ভুলাদি আওত মানবী ভাগত লোলী।"-বি॰ প॰।
লোলুপ ["সমৌ লোলুপলোলুভৌ"। লুপ্ (বঙ লুণ্ঠন) = লোলুপ+অ (র্ত্তৃ)] বি, লোলুভ; অতিলোভী; লালসান্বিত। স্ত্রীং ~া।
লোষ্ট, লোষ্ট্র, লেষ্টু [সং।।লিশ্ (অল্পীভাবে > অকিঞ্চিৎকরার্থে) > বা লোষ্ট্ (সংঘাতে)+অ, র, উ (র্ত্তৃ)] বি, মৃৎখণ্ড; ডেলা; ঢিল। ২ তুচ্ছ। "এই হেতু আমি ধনকে লোষ্ট্র জ্ঞান করি।"-পুরুষ-পরীক্ষা।
লোসকান [লোকসান দ্রঃ। গ্রা॰। বর্ণবিপর্য্যয়ে] বি, ক্ষতি।
লোহ১, লোহক [সং-"লোহোঽস্ত্রী শস্ত্রকং তীক্ষ্ণং পিণ্ডং কালায়সায়সী অশ্মসারো"-অমর॰] বি, লৌহ; লোহা। ২ [সর্ব্বং স্যাত্তৈজসং লৌহং] ধাতু। ৩ অস্ত্র। ~কান্ত [লৌহকান্তিযুক্ত বলিয়া] বি, চুম্বক পাথর; অয়স্কান্ত। ~কার [হিং লোহার] বি, কর্ম্মকার; কামার। ~কিট্ট-বি, লৌহমল; লোহার মরিচা। ~চূর্ণ-বি, লোহাচুর। ২ লোহার গুঁড়া; মরিচা। ~ময়-বিণ, লৌহ গঠিত; লোহায় প্রস্তুত।
লোহ২ [সং-লোতক-লোত >] বি, নয়নজল; অশ্রু। "এতবলি কান্দে রাজা চক্ষে বহে লোহ"-ম॰। "কেবল কন্যার মোহে লোহে গেল ভরি"-শি॰। ২ [সং-লোহিত। হিং লহ > ক্ষে॰ লো] রক্ত। "লোহ সহ মিশি অশ্রুধারা, অনর্গল বহি হায় আর্দ্রিল মহীরে।"-মেঘ॰। ৩ রক্ত চন্দন। ৪ ["অগুরু রাজার্হ লোহং"-অমর॰] অগুরু।
লোহ৩ [সং-লোভ > বাং প্রাকৃ॰] বি, লোভ। "লোহ মোহ কাম ক্রোধ দূরত তেআগিজ।"-শূ॰ পু॰।
লোহা [সং-লৌহ >। গ্রা॰ নোয়া > ক্ষে॰ নো] বি, কঠিন, ভারী কৃষ্ণবর্ণ ধাতুবিঃ iron. ২ সধবার চিহ্নস্বরূপ চুড়ীর মত লৌহময় করাভরণ। "আয়তির চিহ্নমাত্র লোহা একগাছি"-অ॰ ম॰। ~লক্কড়-বি,

লোহা ও লক্কড় (কাঠ) ; লৌহ কাষ্ঠ ইং। ২ লোহার জিনিষপত্র। কঁড়া লোহা-বি, ইস্পাত। কান্তলোহা-বি, ভ্রমর-কৃষ্ণ চুম্বকের গুণবিশিষ্ট লোহা magnetic iron. এই লোহার নির্ম্মিত কড়াকে "কান্তি কড়া" বলে। পেটালোহা-বি, কান্ত লোহা। মুগুালোহা-বি, নরম লোহা যাহা সহজে বাঁকান যায় wrought iron.

লোহার [হিং। লোহ-কার > লোহ-আর > লোহার] বি, কর্ম্মকার।

লোহিকা [সং] বি, লোহার খুলি ; কটাহ।

লোহিত [সং। "রোহিতো লোহিতো রক্তঃ শোণঃ কোকনদচ্ছবি।"-অমর০] বি, রক্তবর্ণ। ২ ["রুধিরেঽসৃগ্লোহিতেঽস্র-রক্তক্ষতজশোণিতম্।"-অমর০] শোণিত ; রক্ত। ~চঁন্দন-বি, রক্তচন্দন। ২ কুঙ্কুম। ~লোচঁন, লোহিতাক্ষ [লো০+অক্ষি=অক্ষ যার, বহু০। সাধাঃ ক্রোধে] বি, বিণ, লালবর্ণ চক্ষু ; রক্তবর্ণ চক্ষু। ২ বিষ্ণু। ৩ কোকিল। > স্ত্রীং ~া, ~ী-বিণ, রক্তনেত্রা।

লোহিতঁক [সং-"শোণরত্নং লোহিতকঃ পদ্মরাগঃ।"-অমর০] বি, পদ্মরাগমণি।

লোহিতাঙ্গ [লোহিত+অঙ্গ যার, বহু০] বি, রক্তবর্ণ দেহ। ২ মঙ্গল গ্রহ।

লোঁহিতায়ঁস [লোহিত+অয়স, ধা] বি, তামা।

লোহিনী [সং] বিণ, লোহিতবর্ণা ; রক্তবর্ণবিশিষ্টা।

লোহু [সং-লোহিত > হিং লোহু >] বিণ, লাল। ২ বি, রক্ত। "প্রাণের ক্ষেতে লোহুর ধারা ঝরছে লক্ষ ধার"-স০ দত্ত।

লৌ [লহু দ্রঃ] বি, রক্ত। ২ [লৌহ > ক্ষে০] লৌহময় অস্ত্র। ৩ লৌহঘটিতঔষধবিঃ।

লৌকঁতা [লৌকিকতা > অং। গ্রা০ নৌকোতা] বি, লৌকিক আচার ব্যবহার। ২ সামাজিকতা। লোক-লৌকঁতা-বি, লোক ব্যবহার ; লোকের মানসম্ভ্রম রক্ষা ও মর্য্যাদা দান।

লৌকায়ঁতিক [লোকায়ত + ইক (জ্ঞাতার্থে)] বিণ, চার্ব্বাক শাস্ত্রবেত্তা।

লৌকিক [লোক+ইক (সম্বন্ধার্থে)] বিণ, লোক সম্বন্ধীয়। ২ লোক সাধারণের ; প্রাকৃত জনোচিত। ৩ সাংসারিক worldly. ৪ বাহ্য। ৫ বি, প্রাকৃত ভাষা। "একেত অধিকার নাই ভাষার বিচার। বুঝিয়া মরম অর্থ করি ব্যবহার। লৌ০ বলিয়া না করিও উপহাসে। লৌ০ মন্ত্রে সিদ্ধ সাপের বিষ নাশে।"-ভাগবত (দৈবকী নন্দন)। ~তা (-কঁ-) [লৌকিক (দ্রঃ) +তা (ভা০)] বি, বিবাহাদি কর্ম্মে কর্ম্মকর্ত্তা ও তাঁর সম্পর্কীয় যথাযোগ্যকে অর্থ বস্ত্রাদি দান। ২ দেশাচার অনুযায়ী পরস্পরের মান সম্ভ্রম প্রদান। ৩ আপ্যায়ন ; অভ্যর্থনা। ৪ কুটুম্বিতা। ৫ সাংসারিকতা। ~ অঁগ্নি [বৈদিক] বি, শ্রৌত বা স্মার্ত্ত অগ্নি ব্যতীত সাধারণ অগ্নি যাতে লৌকিক অন্নপাকাদি কর্ম্ম সম্পন্ন হয়।

লৌল্য [লোল (দ্রঃ) + য (ভা০)] বি, চাপল্য। "ইন্দ্রিয় লৌল্য জন্য মন অশুচি হইলে পরম পবিত্র ব্রহ্মানন্দ উপভোগ করিতে সামর্থ্য থাকে না।"-ব্রাহ্মধর্ম্ম।

লৌহঁ [লোহ (দ্রঃ) + অ (স্বার্থে)। গ্রা০ লোহা, নোয়া। "সর্ব্বং স্যাত্তৈজসং লৌহং"] বি, লোহ ধাতু ; আয়স। ২ সকল প্রকার ধাতুদ্রব্য ; তৈজস। ~কিট্ট-বি, মরিচা। ~বঁর্ত্ম-বি, লৌহময় রেলপথ railway. ~ভাণ্ড-বি, লোহার পাত্র। ২ হামাম দিস্তা। ~মঁল-বি, মরিচা।

লৌহিত্য [লোহিত+য (ভা০)] বি, রক্তবর্ণত্ব। ২ ব্রহ্মপুত্র নদ।

ল্যাং-লেঙ্গ দ্রঃ।

ল্যাওড়া-লেওড়া দ্রঃ।

ল্যাঙোট-লঙ্গট দ্রঃ।

ল্যাংচা১ [লেংচান দ্রঃ] বিণ, খঞ্জ।

ল্যাংচা২ [লেঙ্গচা দ্রঃ] বি, লম্বা পান্তয়াবৎ মিষ্টান্নবিঃ।

ল্যাংচানি-লেংচান দ্রঃ।

ল্যাংড়ানি-লেংড়া দ্রঃ।

ল্যাংবোট, লাঙ্গবোট [ইং long-boat] বি, জাহাজের পশ্চাতে যে সরু ও লম্বা বোট থাকে। ২ [লক্ষ০] পরের লেজধরা লোক ; অন্যাশ্রয়ী ব্যক্তি ; যে সর্ব্বদা একজনের পিছনে পিছনে ফিরে ; নির্ভরশীল নিত্য সঙ্গী (ব্যঙ্গোক্তিতে)।

ল্যাট (টা) রিণ [ইং latrine এর লিপ্যন্তর] বি, পায়খানা। ল্যা০ টেক্স্-মিউনিসিপ্যালিটির ধার্য্য পায়খানার টেক্স latrine tax.

ল্যাড়কা-লড়কা দ্রঃ।

ল্যাবড়া [হিং লবরা (< সং-লপন >?)। "গীতা বাঁচকে হোই গৈলে লবরা" -কবীর)] বিণ, বাচাল।

ল্যাভেণ্ডার, ল্যাবেণ্ডার [ইং lavender এর লিপ্যন্তর] বি, ল্যাভেণ্ডার পুষ্পের তৈলজাত সুগন্ধি দ্রব্য। ২ ল্যাভেণ্ডারের গন্ধযুক্ত জল lavender water.

ল্যারিঞ্জাইটিস [ইং laryngitis এর লিপ্যন্তর] বি, স্বরযন্ত্র প্রদাহ রোগ ; গলার ভিতর সুড় সুড় কুট কুট করা, জ্বালা করা, ঘুংড়ী মত কুকুরে কাসি, স্বরভঙ্গ, শ্বাস-ক্লেশ ইং লক্ষণযুক্ত গলরোগ।

ল্যালা, ল্যালাক্ষেপা-লেলা দ্রঃ।

ব়

ব়ঁ-ব্যঞ্জন বর্ণমালার উনত্রিংশ এবং ককারাদি বর্গের অন্তঃস্থ চতুর্থ বর্ণ। উপর পঙ্‌ক্তির দন্ত অধরের উপর সরল ও লঘুভাবে স্পর্শ করিবামাত্র দন্ত এবং ওষ্ঠ পৃথক্ করিলে উচ্চারিত হয় বলিয়া উহার নাম দন্তোষ্ঠ্য বর্ণ। বর্গীয় ব (দ্রঃ), ফা॰ "বে" ও ইং "b"র মত উচ্চারিত হয়। অন্তঃস্থ ব, ফা॰ ওয়াও এবং ইং "w" ও "v"র মাঝামাঝি উচ্চারণ প্রকাশ করে। বর্গীয় 'ব' হতে অন্তস্থ ব কে পৃথক্ করিবার জন্য বাং-য় অন্তস্থ 'ব়' ও ব এই দুই রূপ উদ্ভাবিত হয়। কিন্তু ব হিন্দী বর্গীয় ব(য়)র অনুকরণ ও অসমীয়া র সদৃশ বলিয়া বাং-য় উভয়ই সাধারণ ব্যবহারে আসে নাই। বাং-য় উভয় 'ব'য়ের উচ্চারণ ও আকারগত পার্থক্য না থাকায় অন্তঃস্থ ও বর্গীয় বকারাদি শব্দ "ক"র পর সন্নিবিষ্ট হইয়াছে। কিন্তু অধুনা যেমন "ইয়" উচ্চারণদ্যোতক সং য স্থলে বাং "য়" আদিক শব্দের প্রচলন হইতেছে, তদ্রূপ ফা॰ "ওয়া" এবং ইং "w" ও "v"র মধ্যবর্ত্তী উচ্চারণ মূলক বৈদেশিক শব্দ অন্তঃস্থ ব যোগে লিখিবার চেষ্টা হইতে অন্তঃস্থ বকারাদি শব্দের সংখ্যা ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে। বাং-য় ব-ফলাযুক্ত শব্দে বর্গীয় ব স্পষ্ট উচ্চারিত হয়, যথা-সম্বল, কম্বল, নম্বর, কম্বু ইং। কিন্তু কতকগুলি অন্তঃস্থ বয়ের উচ্চারণ বর্গীয় "ব"র মত হয়, যথা-দুর্ব্বোধ, তত্ত্ব, উদ্বর্ত্ত ই॰ এবং কতকগুলির উচ্চারণই হয় না, যথা-বিশ্ব, বিল্ব, চত্বর, দ্বাপর ই॰। বর্ত্তমান বাং-য় তান্ত্রিক (technical) শব্দ ও বৈদেশিক নাম প্রভৃতির উচ্চারণ পরিভাষিত করিবার জন্য ফলা স্থানে ও পদমধ্যে অন্তঃস্থ "ব"র প্রয়োগ চলিয়াছে। ভুল-ওয়ারিস স্থলে বারিস, উইলিয়মস্ স্থলে বিলিয়ম্‌স্ (williams), ওয়েবর (weber) স্থলে বেবর, নসর্‌ওয়ান্‌জী বা নসুরবাঁজী স্থলে নসর্‌বান্‌জী ই॰। কিন্তু উভয় ব'য়ের আকৃতিগত পার্থক্য না থাকায় এরূপ প্রয়োগের সার্থকতা নষ্ট হয়। এই হেতু ব'য় নিম্নে একটী বিন্দুযোগে ইহাকে বর্গীয় হতে পৃথক্ করা হইয়াছে।

ব়কালৎ [ফা॰ ব়কালৎ] বি, উকিলের পেশা ; ওকালতী pleading. **~নামা**-উকিলের পূর্ণ ক্ষমতা-সূচক পত্র।

ব়কীল [আ॰] বি, মোকদ্দমা মামলার তদ্বিরকারক ও বাদী অথবা প্রতিবাদীর পক্ষ সমর্থক ও স্বার্থরক্ষক attorney ; pleader. [দ্রঃ-ইং vakil এর লিপ্যন্তর। তার উচ্চারণানুকরণে আদালতে 'ভকীল' ও 'ভ্যাকীল']। ২ লোকের নামের সহিত মৌলিক পদবীরূপে বাং-য় চলিতে আরম্ভ হইতেছে। "ভারতের শুল্কনীতি রচয়িতা অধ্যাপক শ্রীযুক্ত সি, এল ভকীল।"-আ॰ পত্রিকা, ২৬।২২।৩৫।

ব়ক়্ [আ॰] বি, ঘটনা occurrence; event. **~-ই-জুর়্‌ম্**-অপরাধ ঘটন occurrence of crime.

ব়কূফ়্ [আ॰] বি, জ্ঞান ; বুদ্ধি। বে-ব়কূফ়্-বিণ, নির্ব্বোধ ; মূঢ় senseless ; stupid.

ব়ক্ত্ [আ॰ ব়ক়্ৎ। ভুলে উর্দ্দু ও বাং-য় 'বখৎ' ও॰] বি, সময়। ২ সুযোগ। বে-ব়ক্ত-বে দ্রঃ। ব়ক্ত-বে-ব়ক্ত-সময় অসময় ; যখন তখন।

ব়গ়য়্‌রা [ফা॰ ব়গয়্‌র়্‌হ্] অ, ইত্যাদি et cetera.

ব়জ়ন [আ॰ ব়জ়্‌ন্] বি, ওজন দ্রঃ। বিণ, ব়জ়্‌নী।

ব়জ়ীফা [আ॰ ব়জ়ীফা॰] বি, বৃত্তি ; পেন্সন ; উপহার স্বরূপ দত্ত ভূসম্পত্তি।

ব়জ়ীর [আ॰ ব়জ়ীর্] বি, মন্ত্রী vizier ; minister.

ঃ।

ব়ংলী [আ॰] বি, সাধু ; পীর ; সিদ্ধপুরুষ saint. ২ অভিভাবক guardian.

ব়সিকা [আ॰] বি, দলীল ; বন্ধকীপত্র ; তমসুক bond ; document.

ব়সীয়ৎ [ফা॰] বি, ইচ্ছাপত্র বা উইল দ্বারা প্রদত্ত ধনসম্পত্তি legacy. **~নামা**-বি, শেষ ইচ্ছা-পত্র ; শেষ দান-পত্র last will.

ব়স়ূল [আ॰] বি, উশুল দ্রঃ।

ব়াইন্ [ইং wine এর লিপ্যন্তর। বাং-য় সাধাঃ ওআইন,ওয়াইন] বি, মদ্য। **~গ্লাস**-বি, মদ্যপান পাত্র। ২ ক্ষুদ্র পানপাত্র wine glass, **~মার্চ্চেন্ট**-বি, মদ বিক্রেতা wine merchant.

ব়াঃ ব়াঃ [আ॰] অ, বাঃ বেশ ; বাহবা bravo ; well done.

ব়াইফ়্ [ইং wife এর লিপ্যন্তর] বি, পত্নী ; সহধর্ম্মিণী।

ব়াকিফ়্ [আ॰ ব়াকিফ়্] বিণ, ওয়াকিব ; জ্ঞাত ; অভিজ্ঞ ; দক্ষ। বি, ব়াক়্‌ফ়িয়ৎ। **~কার**-বিণ, অভিজ্ঞ। **~হাল**-বিণ, অবস্থাভিজ্ঞ।

ব়াকেনবীশ [ফা॰] বি, বাদশাহের যাবতীয় হুকুম লেখক,তাঁর রোজনামচা অর্থাৎ দিনলিপি রক্ষক এবং বাদশাহের নিকট প্রত্যহ যে সকল আবেদন উপস্থিত হয় তার হিসাব ও হুকুমলেখক।

ব়াচ [ইং watch এর লিপ্যন্তর] বি, টেঁকঘড়ী। **~কেস**-ছোট ঘড়ী রাখিবার বাক্স বা পুটক।

ব়াচটাউবর [ইং watch-tower এর লিপ্যন্তর] বি, রক্ষীস্তম্ভ ; যে উচ্চ স্তম্ভাকার গৃহে উঠিয়া প্রহরীরা পাহারা দেয়।

ব়াচডগ [ইং watch-dog এর লিপ্যন্তর] বি, প্রহরী কুকুর ; রক্ষীকুকুর।

ব়াচব়ার্ড [ইং watchword এর লিপ্যন্তর] বি, সাঙ্কেতিক শব্দ।

ব়াজীব, ব়াজবী [আ॰। গ্রা॰ ব়াজবী] বিণ, যোগ্য ; উপযুক্ত ; হক proper.

ব্যাটার্প্রুফ [ইং waterproof এর লিপ্যন্তর] বি, জলরোধক বস্ত্রাদি; যার মধ্য দিয়া জল চুয়ায় না।

ব্যাটারফল[ইং waterfall এর লিপ্যন্তর] বি, জলপ্রপাত।

ব্যাপস [ফা॰] ক্রি-বিণ, ফেরৎ return; back; refund. বি, ব্যাপসী-প্রত্যাবর্তন। ২ বিণ, ফেরতা।

ব্যায়ার [ইং wire এর লিপ্যন্তর] বি, টেলিগ্রাফের তার। ~লেস্ (টেলিগ্রাফী) [ইং wireless telegraphy এর লিপ্যন্তর] বি, বেতার বা অতার তাড়িতবার্তা।

ব্যারসী [আ॰] বি, হাজী বারিস্ আলী সাহ্ প্রবর্ত্তিত ধর্ম্মমতাবলম্বী; প্রেমপন্থী।

ব্যারিস [আ॰বারিস্] বি,উত্তরাধিকারী। বহুবচনে ব্যারিসন্। ২ স্বামী।

ব্যারেন্ট্ [ইং warrant এর লিপ্যন্তর] বি, আদালতের হুকুম-নামা; পরোয়ানা। ২ গ্রেপ্তারী পরোয়ানা।

ব্যার্ড্ [ইং ward এর লিপ্যন্তর] বি, অভিভাবকের অধীন নাবালক। ২ চিকিৎসাগারের বা হাঁসপাতালের অংশ বা বিভাগ। ৩ ম্যুনিসিপালিটির অধিকৃত নগরাংশ। ৪ বিভাগ।

ব্যাল-পেন্টিং [ইং wall-painting এর লিপ্যন্তর] বি, প্রাচীরগাত্রাঙ্কন। ২ প্রাচীর-গাত্রাঙ্কিত চিত্র।

ব্যালরাস্ [ইং walrus এর লিপ্যন্তর] বি, সিন্ধুঘোটক; উত্তরমেরু-সাগরের সিন্ধু-সিংহ।

ব্যালা$_1$ [হি॰] বিণ,বিশিষ্ট। ২ সম্বন্ধীয়। ৩ বিক্রেতা।

ব্যালা$_2$ [ফা॰] বিণ,মহোচ্চ; মহিমান্বিত; উচ্চসম্মানিত। হুজুর-ই-ব্যালা-your highness.

ব্যালিদ [আ॰] বি, পিতা। স্ত্রীং ব্যালিদা[ফা॰] মাতা। ব্যালিদৈঁ [আ॰] পিতামাতা parents.

ব্যালী [ফা॰] বি, প্রভু; রাজা; শাসক। ২ স্বামী। ৩ অভিভাবক। ৪ সত্ত্বাধিকারী। ৫ রাজকুমার; যুবরাজ।

ব্যালদ [আ॰] বি, সন্তান। ২ পুত্র। স্ত্রীং ব্যালদা-কন্যা সন্তান।

ব্যালদীয়ৎ [ফা॰] বি, বংশ; কুল; pedigree; descent.

ব্যাষ [ইং wash এর লিপ্যন্তর] বি, ধোয়াট্; প্রক্ষালন। ক্রি, ব্যাষ করা-ধুয়ে দেওয়া। ~ষ্ট্যাণ্ড্ [ইং wash-stand এর লিপ্যন্তর] বি,হাতমুখ ধুইবার জলপাত্রাধার; প্রক্ষালনের মেজ।

ব্যাসিল [আ॰] বি, আদায়; উশুল। ~ ব্যাকী [আ॰] বি, আদায় ও অনাদায়।

ব্যাসিলাৎ [আ॰] বি, মোট আদায় বা তপ্‌সিল্।

ব্যাস্তে [হি॰] অ, জন্য; হেতু। আপ্-কে-ব্যাস্তে-আপনারই জন্য। ২ তোষামোদের বাণী; চাটূক্তি। ৩ তোষামোদকারী; খোসামুদে। "আপকে-ব্যাস্তের দল।"

ব্যাহাবী [আ॰] বি, বিণ, প্রেরিত পুরুষ বা সাধু মহাত্মগণের পূজায় অনাস্থাবান্ একমাত্র ঈশ্বরের উপাসক ও মহম্মদীয় ধর্ম্ম সংস্কারক আবদুল ব্যাহাব প্রবর্ত্তিত সম্প্রদায়ের লোক বা তৎ-মতবাদী বা তৎ-সম্বন্ধীয়।

ব্যাহিয়াৎ [আ॰। বাং গ্রা॰ বাইহাত] অ, অসঙ্গত ব্যাপার; অনিষ্টতা; অসম্ভাব্যতা absurdities.

ব্যিডো [ইং widowর লিপ্যন্তর] বি, বিধবা।

ব্যিরাসৎ [ফা॰] বি, পৈতৃকসম্পত্তি heritage. ~নামা-বি,পৈতৃক সম্পত্তিতে উত্তরাধিকারপত্র deed of inheritance.

ব্যিলায়ৎ [ফা॰। গ্রা॰বেলাত] বি,য়ুরোপ; বিদেশ a foreign country; sovereignty.

ব্যিলায়তী [আ॰] বিণ, foreign. ২ [গ্রা॰ বাং-বিলিতি] য়ুরোপীয়; ইংলণ্ডীয় European; English.

ব্যীরান [ফা॰] বিণ, মরুময়; উৎসন্ন; নিরানন্দ dismal; desolate; ruined

ব্যুইন্ড্ [ইং wind এর লিপ্যন্তর] বি, বায়ু। ~পাইপ-বি, শ্বাসনালী; বায়ুনল wind-pipe. ~ব্যাগ্-বি, বায়ুপূর্ণ থলি wind-bag. ~মিল্-বি, বায়ুবলে চালিত যন্ত্র wind-mill.

ব্যুইল্ [ইং will এর লিপ্যন্তর] বি, ইচ্ছাপত্র।

ব্যেট্$_1$ [ইং wait এর লিপ্যন্তর] বি, অপেক্ষা। ক্রি, ব্যেট করা।

ব্যেট্$_2$ [ইং wegiht এর লিপ্যন্তর] বি, ওজন; ভার।

ব্যেটিংরুম্ [ইং waiting room এর লিপ্যন্তর] বি, যাত্রীর গাড়ীর জন্য অপেক্ষা করিয়া থাকিবার ও বসিবার ঘর।

ব্যেদার [ইং weather এর লিপ্যন্তর] বি, জলবায়ু। ~কক্ [ইং weathercock এর লিপ্যন্তর] বি, বায়ুর গতি নির্দ্দেশক বা বায়ুপ্রবাহের দিঙ্‌নির্ণায়ক যন্ত্র। ~প্রুফ্ [ইং weather-proof এর লিপ্যন্তর] বি, ঝড়ে যার কোন অনিষ্ট করিতে পারে না।

ব্যে-বিল[ইং way-bill এর লিপ্যন্তর] বি, আরোহী বা মালের তালিকা; চালান।

ব্যেস্টকোট [ইং waistcoat এর লিপ্যন্তর] বি, কোটের নীচে ও সার্টের উপর পরিধান করিবার হাতাহীন কোমর পর্য্যন্ত লম্বা জামা।

ব্যাগন্ [ইং wagon এর লিপ্যন্তর] বি, চার চাকার মালবাহী গাড়ী।

ব্যাগনেজ্ [ইং wagonage এর লিপ্যন্তর] বি, ব্যাগনে মাল তোলাই খরচ।

ব্যাগনেট্ [ইং wagonette এর লিপ্যন্তর] বি, ছোট ব্যাগন্। ২ ব্যাগনের আকারে নির্ম্মিত চার চাকার উঁচু লম্বাটে সওয়ারী গাড়ী।

ব্যারহাউস [ইং ware-house এর লিপ্যন্তর] বি, মালগুদাম; পণ্যকুঠী।

শ$_1$-ব্যঞ্জনবর্ণমালার ত্রিংশ বর্ণ। তালু (কণ্ঠ ও মূর্দ্ধার মধ্যস্থল, টাকুয়া) ইহার উচ্চারণ স্থান বলিয়া নাম তালব্য শ। কিন্তু বাং-য় 'শ', 'ষ', 'স' এই তিনটী মূর্দ্ধা হতে উচ্চারিত হয় বলিয়া ষ'র মত শুনায়। স দ্রঃ। ইং 'sh' বা ফ্রাং ও আং 'শীন্'এর উচ্চারণ পরিভাষিত করিবার জন্য এই গ্রন্থের সর্ব্বত্র "শ" (যে হিন্দী ও প্রাং বাং-য় শ'র মতও উচ্চারিত হয় বলিয়া) ব্যবহৃত হইয়াছে। প্রকৃতপক্ষে শ'র যথাবৎ উচ্চারণ বাং-য় হয় না। প্রাং বাং-য় শ স্থলে প্রায়ই 'স'। শকট স্থলে সকট, শক্তি স্থলে সকতি, শরণ স্থলে সরণ, শাপ-সাপ, শ্যামল-সামল, ইং। রফলা ও লফলা যোগে 'শ'র উচ্চারণ স'র মত, অর্থাৎ ইং s বা ফ্রাং ও আং "সীন" এর মত হয়। যথা-শ্রম, শ্লীল (স্রম, স্লীল)। ২ [সং-তে] বিষ্ণু। ৩ শিব। ৪ সুখ। ৫ শাসক; শাস্তা। ৬ শুভ। ৭ শস্ত্র। ৮ শয়ন।

শ$_2$ [সং-শত > ক্ষেং। হিং সও] বি, শত সংখ্যা; ১০০। "এক শ' বছর আগে এই ভাষার কি অবস্থা ছিল"-ডাঃ সুং চট্টোং (প্রবাসী, ১৩৩১)। বিণ, শতসংখ্যক।

শই, সঅ, সই [প্রাং বাং। সং-স্ব] বিণ, আপন। "শই পর রজ্জহ" (রজ্জহ=রম, অনুরক্ত হও), "সঅ সম্বেঅণ" (স্বীয় সম্বেদন), "সই সম্বিত্তি ম করহ রে ধন্ধা"-বৌং গান ও দোহা। (হং প্রং শাস্ত্রী)।

শইকীয়া-বি, অসমীয়া সৈনিক কর্ম্ম-চারীর উপাধিবিঃ। পাঁচজন বরা'র উপরিস্থ কর্ম্মচারী।

শউন [চং কং ভাং হউন] বি, শকুন।

শউর [চং কং ভাং হউর] বি, শ্বশুর। স্ত্রীং শউরী [হউরী] শাশুড়ী।

শউল [সং-শকুল। হিং শৌলী, শৌরী] বি, মসৃণ লম্বাকৃতি উপরিভাগ কৃষ্ণবর্ণ ও নিম্নাবয়ব শ্বেতপীতাভ কর্দ্দমচর মৎস্যবিঃ; শোলমাছ।

শওয়ার-সওয়ার দ্রঃ।

শংখচুর, শঙ্খচুর,-চুর [প্রাং বাং। সং-শঙ্খচূর্ণ >, শাঁখ ভাঙ্গিয়া চূর্ণ করার ভাব হ'তে] বিণ, চূর্ণ; চুরমার। "বাহুর বলয়া মো করিব শংখচুর" [অন্যত্র শঙ্খচুর]-শ্রীং কীং।

শংস/সন [শন্‌স্ (বলা)+অন (ভাং)] বি, স্তুতি; প্রশংসা; সুখ্যাতি। ২ আশীর্ব্বাদ। ৩ ভাষণ; কথন; বাক্য। ৪ ইচ্ছা; অভিলাষ। ৫ সূচনা। ~সিত-বিণ, স্তুত। ২ প্রশংসিত। ৩ সূচিত। ৪ ভাষিত। ৫ ইঙ্গিত। ৬ হিংসিত। ~সী-বিণ, সূচক। ~স্য-বিণ, প্রশংসনীয়; স্তুত্য। ২ হিংস্য। ৩ কথ্য।

শংস্থ [শম্ (সুখ, কল্যাণ) স্থ] বিণ, সুখে স্থিত; সুস্থ। ২ কল্যাণপ্রাপ্ত। স্ত্রীং ~া।

শঁ-শোঁ দ্রঃ।

শক্-শক্ [সং-শিঙ্ঘ্ (আঘ্রাণে) > হিং সুঙ্‌না > বাং-য় শোঁকা (দ্রঃ) > শোঁক শোঁক > গ্রাং ছোঁক ছোঁক, শঁক শঁক] বি, ক্রমাগত শুঁকিবার ভাব; পুনঃপুনঃ ঘ্রাণ লওয়া। শঁং করা-ক্রি, চতুর্দ্দিকের আঘ্রাণ লওয়া। ২ লোভবশতঃ দ্রব্যাপহরণ মানসে সন্ধান করা।

শক-বি, শক নামক রাজা; শালিবাহন নৃপতি; ইঁহার রাজত্ব কালেই শকাব্দা নামক বৎসর সংখ্যা আরম্ভ হয়। ২ দেশবিঃ। ৩ ভারতের উত্তর পশ্চিমস্থ দেশের অধিবাসী জাতিবিঃ the Sacae of the classical writers & generally identified with the Scythians. ৪ শক দেশজাত লোক (এই অর্থে সংস্কৃতে বহুবচন হয়)। ৫ শক বৎসর সংখ্যা; শকাব্দ দ্রঃ। "সেই শকে এই গীত ভারত রচিলা"-ভারতং।

শকট$_1$ [সং] বি, অসুরবিঃ; কংসানুচর। "শং ভাঙ্গিয়া রঙ্গি যমল অর্জ্জুন ভঙ্গি তৃণাবর্ত্তে নিধন করিলা।"-অং মং। ২ [নাট্যে] রাক্ষসগণের অঙ্গাভিনয়বিঃ।

শকট$_2$ [সং] বি, গাড়ি; যান। ~বাহ্য-বিণ, শকটে করিয়া বাহনযোগ্য; গাড়িতে বহিবার মত।

শকটাহ্বা-বি, পঞ্চতারাবিশিষ্ট শকটা-কার রোহিণী নামক নক্ষত্র।

শকটিকা, শকটী [সং। শকট+ইক +আ (স্ত্রীং), +ঈ (ক্ষুদ্রার্থে)] বি, খেলিবার গাড়ী। ২ ছোট গাড়ী; ছ্যাকড়া গাড়ী।

শকতা [শক্তা >। প্রাং বাং] বিণ, (স্ত্রীং) সমর্থা। "ভাগিল [সং-ভগ্ন] নেহা পুনী যোড়াইতেঁ শকতা।"-শ্রীং কীং।

শকতি [সং-শক্তি। বাং পদ্যে কোমল-রূপ। প্রাং বাং-শকতী (শ্রীং কীং)] বি, শক্তি; সামর্থ্য।

শকদ্রুম [সং-শক্রদ্রুম] বি, বকুলগাছ। "দুই তটে সুশোভন নিবিড় অরণ্যগণ শকদ্রুমে অপরূপ শোভা।" -কাঞ্চীং (রঙ্গলাল)।

শকরকন্দ [সং-শর্করা > শকর+কন্দ। কিন্তু, ফাং শকর্-কন্দ্ > বাং-য়] বি, মিষ্ট-আলু; রাঙ্গাআলু। ২ [সং-মধ্বালু (ক)] মৌআলু।

শকল [শক্+অল (ণে)] বি, শল্ক; আঁইস। ২ চর্ম্ম; ত্বক্; ছাল। ৩ খণ্ড; অংশ। ৪ রঙ্ বিঃ।

শকলী [শকল (শল্ক, আঁইস্)+ইন্ (ষ্যং)=শকলিন্ ১মা, ১বং] বি, যার আঁইস আছে; মৎস্য; মাছ।

শকাব্দ, শকাব্দা [শকের (শক নামক রাজার) অব্দ (প্রচলিত বৎসর), ৬তৎ; বহু-বচনে শকাব্দার ক্ষেং "শক"] বি, শক নামক নৃপতি প্রবর্ত্তিত বৎসর। ১৩৫ সম্বতের ও খ্রীষ্ট জন্মের ৭৮ বৎসর পরে এবং বঙ্গাব্দের ৫১৫ বৎসর পূর্ব্বে ইহার আরম্ভ সুতরাং শকাব্দ =সম্বৎ-১৩৫, খ্রীষ্টাব্দ-৭৮, বঙ্গাব্দ-৫১৫।

শকার [শ (ত্রিংশ ব্যঞ্জনবর্ণ)+কার স্বরূপার্থে] বি, শ এই বর্ণ। ২ [সং নাট্যে] নীচ, মূর্খ, অভিমানমত্ত রাজশ্যালক।

~-বকার [শালা এবং বাঞ্চৎ (হিং বহিন্-চোদ্) এই শব্দদ্বয়ের আদ্যবর্ণ শ ও ব >] বি, অশ্লীল গালি বলিয়া তার ইঙ্গিত বা সংক্ষেপোক্তি। শ° ব° করা-শালা বাঞ্চৎ বলিয়া গালি দেওয়া; অশ্লীল গালাগালি করা। "ও তুই শকার বকার বলতে পারিস্ বলতে মারিস দুর্গাশিব"-গ্রা° প্র°।

শকারি [শক(শকের,শকদেশীয় লোকের) + অরি (শত্রু), ৬তৎ] বি, রাজা বিক্রমাদিত্য।

শকুন [শক্+উন (র্তৃ)। চট্টল° প্রাদে° শউন, হউন] বি, পক্ষী। ২ গৃধ্র। ৩ [হিং সগুন] নিমিত্ত; শুভাশুভসূচক চিহ্ন; নেত্র বাহু ই° স্পন্দন, কাকাদি দর্শন ই°। "অলৌকিক শুভ শকুন দেখিয়া উক্ত গোপনন্দনকে যৌবরাজ্যে বরণ করেন।"-কাকী°

শকুনিজ্ঞ [শকুন (শুভাশুভচিহ্ন) জ্ঞ (যে শুভাশুভচিহ্ন-তত্ত্ব জানে)] বিণ, চিহ্নজ্ঞ; নিমিত্তজ্ঞ। স্ত্রীং ~া-নিমিত্তজ্ঞা; যে নারী শকুন বিষয়ে অভিজ্ঞা। ২ টিকটিকী; জ্যোঠী।

শকুনি [শক্+উনি (র্তৃ-জ্ঞা°)] বি, সুবল রাজপুত্র (দুর্য্যোধনের মাতুল); সৌবল। "শ° বলেন বুদ্ধি, যুক্তি জান উপায় শুদ্ধি মোর সম নাহি পাশোয়ায়"-মহা° (বিজয়°)। ২ বিকুক্ষি রাজার পুত্র। ৩ গৃধ্রপক্ষী। ৪ পক্ষী। ৫ [কং জ্যো°] করণবিঃ। ~নী-বি, শ্যামাপাখী।

শকুনিগ্রহ [সুশ্রুত] বি,শিশুরোগবিঃ; তড়কা।

শকুনীশ্বর [শকুন (পক্ষী)+ঈশ্বর] বি, পক্ষিরাজ গরুড়।

শকুন্ত [শক্ (সমর্থ হওয়া)+উন্ত, যারা গগনমার্গে বিচরণ করিতে সমর্থ হয়] বি, পক্ষী; পাখী। ২ শকুনি। ৩ ভাস পক্ষী।

শকুন্তলা [শকুন্ত (পক্ষী) কর্ত্তৃক লা (লাজন করা; পালন করা)+অ (র্ম, জ্ঞা°) + আ (স্ত্রীং), যে পক্ষী কর্ত্তৃক লালিতা হইয়াছিল] বি, রাজা দুষ্মন্তের মহিষী; রাজা ভরতের মাতা; মেনকার গর্ভে বিশ্বামিত্রের ঔরসে ইঁহার জন্ম হয়, জন্মমাত্র মাতাপিতা কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া শকুন্ত অর্থাৎ পক্ষিকর্ত্তৃক রক্ষিত হইয়াছিল; মহর্ষি কণ্ব বালিকাকে ঐ অবস্থায় দেখিয়া আনয়ন করেন এবং তার শকুন্তলা এই নাম রাখিয়া স্বীয় কন্যার ন্যায় লালন পালন করেন।

শকুল, সকুল [সং] বি, শাল মাছ; শোল মাছ। "করিয়া কণ্টকহীন আম্রে শকুল মীন ধরলোণ দিয়া ঘন কাঠি।"-কবিক°।

~-বর্দরী-বি, শাল মাছ দিয়া কুলের অম্বল। "যদি পাই মিঠা ঘোল, সকুল-বদরী ঝোল তবে খাই গ্রাস দুই চারি॥"-কবিক°।

শকৃৎ [শক্ (বাহির হতে সমর্থ হওয়া) + ঋৎ (র্তৃ, জ্ঞা°), যে বাহির হতে সমর্থ হয়] বি, বিষ্ঠা; পুরীষ। শকৃদ্দ্বার [শকৃৎ+দ্বার] বি, মল নির্গমদ্বার; গুহ্যদেশ anus.

শক্কর১ [সং] বি, ষাঁড়; বৃষভ।

শক্কর২ [সং-শর্করা (দ্রঃ)] বি, চিনি। ২ [প্রাদে°] অপরিষ্কৃত চিনিবিঃ; খাঁড়।

শক্করী [সং] বি, চণ্ডালী। ২ ছন্দোবিঃ। ৩ নদীবিঃ। ৪ মেখলা; কটিভূষণ।

শক্ত [শক্ (সমর্থ হওয়া)+ত (র্তৃ)] বিণ, সমর্থ; পারগ। ২ পটু; উপযুক্ত। "শুন শুন অরে নন্দী তুমি বড় ভক্ত। সিদ্ধি ঘুঁটি দিতে মোরে তুমি বড় শক্ত।"-অ°ম°। ৩ ক্ষেত্রজ্ঞ; কর্ম্মকুশল; পাকা; বহুদর্শী ও অতি সাবধানী; বিচক্ষণ। প্র-তার বিষয়-সম্পত্তি এখন শ°হাতে পড়েছে সহজে কেহ ফাঁকি দিয়ে নিতে পারবে না। ৪ শক্তিযুক্ত; বলবান্; শক্তিমান। ৫ পরিশ্রমী। ৬ কঠিন; যা সহজে ভাঙ্গে না; দুশ্ছেদ্য; যা সহজে ছিন্ন হয় না। প্র-শক্তদড়ি। ৭ জবরদস্ত। "আমি যেই তোর শক্ত মাসী এনেছি তাই করে যতন।"-বাং গান। ৮ কঠোর প্রকৃতি; যে সহজে নত বা আয়ত্ত হয় না; যার সহজে মত ফিরে না। প্র-ও যে-রকম শক্ত লোক, ওকে সহজে রাজী করা যাবে না। ৯ বদ্ধমুষ্টি; কৃপণ। ১০ দুর্ব্বোধ্য; যার সহজে অর্থগ্রহ হয় না। "বাঙ্গালা ভাষা রচনায় শক্ত কথা বলিতে এখনও সাধারণ ব্যবহারে অপ্রচলিত সংস্কৃত শব্দই বুঝায়।"-ডাঃ সু° চট্টো°। ১১ রূঢ়; কড়া; তিরস্কারাত্মক; বেদনাদায়ক। প্র-গোটাকতক শক্ত শক্ত কথা শুনাইয়া দিল। ১২ সমস্যাপূর্ণ; মীমাংসা-দুঃসাধ্য। প্র-কথাটা বড় শক্ত দাঁড়াল। বড় শক্ত কথা, সহজে মিটবে না। ১৩ দুষ্কর; দুর্জ্ঞের; বোধাতীত। "সেই অচিন্ত্যনীয়কে চিন্তা বা ধারণা করা বড়ই শক্ত।" ১৪ দুরারোগ্য; অসাধ্য। প্র-তাকে বড় শক্ত রোগে ধরেছে। ১৫ নির্দয়; নিষ্ঠুর। প্র-তার উপর এত শক্ত হলে চলবে কেন? সে যে দুদিনেই পালাবে। ১৬ অত্যাচার-দুষ্ট; কড়া; দৃঢ়। "ওদের বাঁধন যত শক্ত হবে মোদের বাঁধন টুটবে"-রবী°। ~ঘানী-বি, কঠোরতার সহিত নিষ্পেষণ করে এমন ব্যক্তি; জবরদস্ত লোক। শক্তাশক্তি [শক্ত+আ +শক্ত+ই] বি, কড়াকড়ি; অত্যাচার; নিষ্ঠুরতা; নির্য্যাতন। ২ কসাকসি।

শক্তের ভক্ত নরমের যম-প্রবলের নিকট বিনীত এবং দুর্ব্বলের নিকট সিংহবিক্রম প্রকাশকারী।

শক্তি১ [শক্ (সমর্থ হওয়া)+তি (ভা°)। পদ্যো-শকতি] বি, প্রভাবজ, উৎসাহজ ও মন্ত্রজ এই তিন প্রকার রাজশক্তি। ২ পরাক্রম; বল। ৩ [ন্যায় দর্শনে] চেষ্টার হেতুভূত ধর্ম্ম। ৪ সামর্থ্য; ক্ষমতা। ৫ [পদার্থ বিদ্যায়] কাজ করিবার সামর্থ্য বা ক্ষমতা। শক্তিমত্তা জড় পদার্থের একটি ধর্ম্ম; ইং energy র বৈজ্ঞা° পরিঃ। ৬ [হোমিওপ্যাথি মতে] বি, ঔষধের ক্রম potency; power. [দ্রঃ-গতি-বস্তুর অবস্থিতির পরিবর্ত্তন motion; force. বেগ-গতির হার velocity. বল-গতি উৎপাদক force. শক্তি-বলের উৎপাদক। কোন বস্তুকে বলের প্রতিকূলে চালানর ফল কার্য্য]। ৭ শব্দবিঃ হতে অর্থবিশেষের প্রতীতি; শব্দ হতে অর্থবিশেষের অভেদাত্মিকা শক্তি। শব্দালঙ্কারে ইহা ত্রিবিধ-অভিধা, লক্ষণা ও ব্যঞ্জনা। ৮ দেবীবিঃ। ৯ প্রকৃতি। ১০ স্ত্রী দেবতা। ১১ গৌরী। ১২ কমলা; লক্ষ্মী। ~গ্রহি -শক্তি অস্ত্রধারী; শক্তিধর। ২ শিব। ৩ শব্দের অর্থবোধক বৃত্তির পরিজ্ঞান। ~ধর -দেবসেনাপতি; স্কন্দ; কার্ত্তিকেয়। ২ বিণ, শক্তিশালী; ক্ষমতাবান্। ~পাণি-বি, শক্তিধর; কার্ত্তিকেয়। ২ বিণ, শক্তিঅস্ত্রধারী। ~পূজা-বি, দেবীপূজা; কালীপূজা।

~প্রভাব-বি, ক্ষমতার মহিমা। ~প্রয়োগ-বি, বলপ্রয়োগ; শক্তিনিয়োগ। ২ সামর্থ্যপ্রদর্শন। ~বিহীন-বিণ, হীনবল; দুর্ব্বল; অসমর্থ। > স্ত্রীং ~বিহীনা। ~ভৃৎ-বিণ, বলবান্। ২ বি, শক্তিধর; কার্ত্তিকেয়। ~মত্তা-বি, কর্ম্মদক্ষতা। ২ বলবত্তা; বলশালিতা। ~ময়-বিণ, ক্ষমতাপন্ন; বলবিশিষ্ট; সামর্থ্যযুক্ত। > স্ত্রীং ~ময়ী। ~মান্ [শক্তি(বল)+মৎ(অস্ত্যং)= শক্তিমৎ ১মা, ১বং। যার শক্তি আছে] বিণ, বলবান্; ক্ষমতাশালী; শক্তিসম্পন্ন; পরাক্রমী। ২ প্রতাপশালী; প্রভাবশালী। > স্ত্রীং ~মতী। ~লীন [শক্তি (প্রকৃতিতে)-লীন, ৭তৎ] বিণ, প্রকৃতিতে বিলীন; অপ্রকাশ্য তেজোগর্ভ। "অগ্নি যখন নির্ব্বাণ অবস্থায় বা শক্তিলীন অবস্থায় অন্তঃপুরে প্রবেশ করে না।"-প্রবাসী, ১৩২৩। ~শালী-বিণ, ক্ষমতাবিশিষ্ট; বলবান্; শক্তিমান। > স্ত্রীং ~শালিনী। ~সঞ্চয়-বি, বলসংগ্রহ; বলবৃদ্ধি। ~সম্পন্ন-বিণ, ক্ষমতাশালী। ২ শক্তিময়। > স্ত্রীং ~া। ~সামর্থ্য-বি, শারীরিক বল এবং কার্য্যসম্পাদনের ক্ষমতা। ~হীন-বিণ, নিঃশক্তি; দুর্ব্বল। ~হ্রাস-বি, বলক্ষয়। অব্যক্ত শক্তি-ইং potential energy র বৈজ্ঞাং পরিঃ। ব্যক্ত শক্তি-kinetic energyর বৈজ্ঞাং পরিঃ; চরশক্তি (হিং কোং)।

শক্তি₂ [সং] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিঃ। ইহা অনধিক দুই হাত লম্বা, সিংহ মুখাকৃতি, তীক্ষ্ণ নখর ও জিহ্বাবিশিষ্ট, মুঠা করিয়া ধরিবার জন্য বৃহৎ হাতলবিশিষ্ট, ঘণ্টানাদ দ্বারা ভয়জনক, শত্রুরক্তে রঞ্জিতাঙ্গ অস্ত্রজালে বিজড়িত গাঢ় নীলবর্ণ, অত্যন্ত দূরগামিনী, তীর্য্যক্‌গতিযুক্ত, পর্ব্বতেন্দ্র হিমগিরিকেও বিদীর্ণ করিতে সমর্থ, যুদ্ধে জয়দায়িনী, দেখিতে অতি ভীষণ, ইহা দুই হাতে উঠাইয়া প্রেরণ করিতে হয় (রত্নমালা)। ~শেল [শক্তি (দুর্গা প্রদত্ত) যে শেল(বাণ), ধা] বি, মহাস্ত্রবিঃ। ইহার আঘাতে মহাবল লক্ষ্মণ ধরাশায়ী হইয়াছিলেন।

শক্তু [সং] বি, যবাদিচূর্ণ; ছাতু।

শক্ত্যন্তর [পদার্থ বিজ্ঞাং পরিঃ (হিং কোং)] বি, ইং difference of potential এর বৈজ্ঞাং পরিঃ; স্থিরশক্ত্যন্তর।

শক্ত্রি [পুং] বি, বশিষ্ঠ ঋষির জ্যেষ্ঠ পুত্র।

শক্য [শক্ (সমর্থ হওয়া)+য (র্ম্ম)] বিণ, যা করা সম্ভব; সাধ্য। ২ শক্তি দ্বারা বোধ্য। ৩ [প্রাং বাং] বি, সামর্থ্য। "নারিবে অর্জ্জুনেরে কুমারগণ শক্যে।"-মহাং আদিং, (কাশীং)।

শক্র [শক্ (সমর্থ হওয়া)+র (র্ত্তৃ, জ্ঞাং)] বি, ইন্দ্র; বাসব। ২ কুটজ বৃক্ষ; কুড়চি গাছ। ৩ অর্জ্জুন গাছ। ৪ জ্যেষ্ঠা নক্ষত্র। স্ত্রীং শক্রাণী-ইন্দ্রাণী; শচী। ~গোপ-বি, রক্তবর্ণ কীট; ইন্দ্রগোপ। ~জিৎ-বি, ইন্দ্রজিৎ; মেঘনাদ। ২ বিণ, বাসববিজয়ী। ~ত্ব [শক্র (ইন্দ্র)+ত্ব (ভাং)] বি, ইন্দ্রত্ব। "এই ঋষি হয়ত আমাকে শক্রত্ব হইতে বিচ্যুত করিবে।"-জাতক, ৫ম খণ্ড। ~দ্রুম-বি, দেবদারু বৃক্ষ। ~ধনু-বি, ইন্দ্রধনুঃ; রামধনু। "নব জলধর তনু শিখিপুচ্ছ শক্রধনুঃ পীত ধড়া বিজুলিতে ময়ূরে নাচাও হে।"-অং মং। ~ধ্বজ-বি, ভাদ্রমাসের শুক্ল দ্বাদশীতে পূজ্য ধ্বজাকার স্তম্ভ। ~পর্য্যায়-বি, কুটজ বৃক্ষ। ২ ইন্দ্রের সমনাম। ~পাদপ-বি, দেবদারু গাছ। ~বল্লী-বি, ইন্দ্রবারুণী। ~বাহ, ~বাহন-বি, ইন্দ্রবাহন; মেঘ। ~বীজ-বি, ইন্দ্রযব। ~ভবন-বি, বৈজয়ন্ত; স্বর্গ। ~মূর্দ্ধা-বি, উইঢিবি। ~শরাসন-বি, মেঘধনু; ইন্দ্রধনু। ~শালা-বি, হোমগৃহ; যজ্ঞাগার। ~সারথি-বি, মাতলি।

শক্রা [শর্করা > অং] বি, চিনি। ২ চিনির রস। "ঘৃতে ভাজি শক্রাতে ফেলহ ফুলবড়ি।"-কবিকং।

শক্রি [সং] বি, বজ্র। ২ মেঘ। ৩ পর্ব্বত। ৪ ঐরাবত।

শক্রোত্থান-বি, ইন্দ্রের ধ্বজা উত্তোলনরূপ উৎসব।

শগড়, শগড়া [সং-শকট। ক=গ, ট=ড়। হিং ছকড়া-ছগড়া (ভারবাহী শকট)] বি, ভারবাহী শকট; গরুর গাড়ী।

শঙ্ক [সং] বি, বৃষ।

শঙ্কট [সং] বি, বিপদ; বিপত্তি। "গোবিন্দ জানিলা ব্যাস পড়িল শঙ্কটে,"-অং মং। "বিষম শঙ্কটে"-মেঘং।

শঙ্কনীয় [শন্‌ক (ভীত হওয়া)+অনীয় (র্ম্ম)] বিণ, আশঙ্কার বিষয়; ভয়ের যোগ্য। ২ সন্দেহের বিষয়ভূত; সন্দেহস্থল।

শঙ্কর [শম্(মঙ্গল)+কর (যে করে)] বি, শিব। "জয় শিবেশ শং বৃষধ্বজেশ্বর মৃগাঙ্কশেখর দিগম্বর।"-অং মং। ২ শঙ্করাচার্য্য (দ্রঃ)। ৩ শং মাছ (নিম্নে দ্রঃ)। বিণ, মঙ্গলজনক; শুভকারক। স্ত্রীং ~ী দুর্গা। ~চিল-বি, শুভসূচক পক্ষিবিঃ। ~জটা-বি, জটাবৎ গ্রন্থিলবৃন্ত ক্ষুপবিশেষ; রুদ্রজটা। uraria picta. ~মাছ-বি, অশ্বত্থ পত্রাকৃতি বৃহৎ সামুদ্রিক মৎস্যবিঃ। ইহার পুচ্ছ দীর্ঘ রজ্জুবৎ। লেজে চাবুক হয়। ইহার সরু মুখ, দুই পাশে তীক্ষ্ণ করাতীয়া দাঁত এবং নাক চেপটা। ~প্রিয়-বিণ, শিবভক্ত। ২ শিবের প্রীয়। ~স্বেদ [আয়ুং] বি, আমবাত নাশক বাষ্প বা ভাপ্‌রা।

শঙ্করাচার্য্য [ইতিং] বি, অদ্বৈতবাদী বেদান্তভাষ্যকর্ত্তা।

শঙ্করাবাস [শঙ্কর (শিব)+আবাস (বাসস্থান), ৬তৎ] বি, কৈলাস। ২ [কৈলাস পর্ব্বতের মত শুভ্র বলিয়া] কর্পূরবিঃ।

শঙ্করাভরণ [সং] বি, রাগিণীবিঃ।

শঙ্করী [শঙ্কর(শিব)+ঈ (ভার্য্যার্থে)] বি, ভবানী; শিবপ্রিয়া; ঈশানী। ২ শমী। ৩ মঞ্জিষ্ঠা। ৪ বিণ, শুভঙ্করী।

শঙ্কা₁ [শংক্+অ (ভাং)+আ, (স্ত্রীং)] বি, আশঙ্কা; ভীতি; ত্রাস; ভয়। "কালের শঙ্কা কে না রাখে।"-গান। ২ সম্ভাবনা। ৩ সংশয়; সন্দেহ; বিতর্ক। ~ন্বিত (-ন্বি-) [শঙ্কা দ্বারা অন্বিত (যুক্ত), ৩তৎ] বিণ, ভীত; ত্রাসিত। ~সূচক-বিণ, ত্রাসকর; ভীতিব্যঞ্জক। ~হর, ~হরণ-বিণ, ভয়নাশক। > স্ত্রীং ~হরা। "শঙ্কাহরা কোথা তুমি! অঙ্কে লহ তুলে।"-সং দত্ত। ~হীন-বিণ, নিঃশঙ্ক; নির্ভীক। ২ নিঃসন্দেহ।

শঙ্কা₂ [শঙ্কা করা অর্থে বাং নামধাতু।

শঙ্কি, শঙ্ক, শঙ্কে ; শঙ্কিতে ; শঙ্কিয়া] ক্রি, ভয় করা। "সরস চন্দন পঙ্কে। দেহে বিষম শঙ্কে। দহন সমান মানে নিশি শশাঙ্কে॥"-শ্রী॰কী॰।

শঙ্কিত [শঙ্ক্ + ইত (ক্ত)] বিণ, ভীত ; ত্রস্ত। ২ অবিশ্বস্ত। ৩ সন্দিগ্ধ। ৪ বিতর্কিত। স্ত্রীং ~া। ~বর্ণ(ক) [সং] বি, চোর।

শঙ্কু [শঙ্ক্ (ভীত হওয়া) + উ (অপা॰), যা হতে ভয় পাওয়া যায়] বি, শল্যরূপ অস্ত্রবিঃ ; কঙ্কমুখ (সুশ্রুত) ; সন্দংশ ; দন্তাদি উৎপাটনার্থ যন্ত্রবিঃ forceps. ২ শেল ; বর্শা ; সড়কি। ৩ কীলক ; গোঁজ। ৪ ঘড়ির কাঁটা। ৫ দ্বাদশাঙ্গুল কাঠি। ৬ পাতার শির। ৭ শিব ; শঙ্কর। ৮ শঙ্করের অনুচর জনৈক গন্ধর্ব্ব। ৯ মহারাজা বিক্রমাদিত্যের নবরত্ন সভার অন্যতম রত্ন। ১০ লিঙ্গ ; পুংচিহ্ন। ১১ গন্ধদ্রব্যবিঃ। ১২ বল্মীক। ১৩ মাথা ভাঙ্গা বা মুড়া গাছ। ১৪ শঙ্কর মাছ। ১৫ ত্রিশঙ্কু রাজা। ১৬ [~+উ (ভা॰)] শঙ্কা ; ভয়। ১৭ পাপ। ১৮ [ঘন জ্যা॰, কনিক॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং cone এর বৈজ্ঞা॰ পরিঃ। ~কর্ণ [শঙ্কু অস্ত্রবিঃ তার মত কর্ণ (কাণ) যার, বহু॰] বি, গর্দ্দভ। ২ বিণ, যার কর্ণ গোঁজের মত। ~চি [সং] শঙ্কোচ দ্রঃ। ~চ্ছেদ-ইং conic section এর বৈজ্ঞা॰ পরিঃ। ~দোলক [বলবিদ্যা (ক॰ বিশ্ব॰পরিঃ)] ইং conical pendulum এর বৈজ্ঞা॰ পরিঃ। ~পট্ট-বি, দণ্ডপলাদি অঙ্কিত শঙ্কুদণ্ডের আধার ; সূর্য্যঘড়ী sundial. ~র [শঙ্কা (ভয়) + উর] বিণ, শঙ্কাজনক ; ভয়দ।

শঙ্কুলা [শঙ্ক্ + উল (অপা॰) + আ (স্ত্রীং)] বি, যন্ত্রী ; সুপারি কাটা কল ; জাঁতি।

শঙ্কোচ, শঙ্কুচি, শঙ্কুষ [সং] বি, শাঁকোচ মাছ নামক সামুদ্রিক মৎস্যবিঃ trigon narnak.

শঙ্খ [শম্ (শান্ত হওয়া) + খ (কৃ)] বি, যে আপন মধুর শব্দ দ্বারা জগৎ শান্ত করে ; সামুদ্রিক প্রাণিবিঃ ; শাঁখ। ২ স্ত্রীলোকের শঙ্খনির্ম্মিত করভূষণ ; শাঁখা। "কি কব শঙ্খের জো তাহে নাহি গলে।"-কবিক॰। ৩ ললাটের অস্থিবিঃ ; রগ temple. ৪ কুবেরের নিধিবিঃ। ৫ রণবাদ্য-যন্ত্রবিঃ [শ্রীকৃষ্ণের শঙ্খ-"পাঞ্চজন্য" ; যুধিষ্ঠিরের -"অনন্ত-বিজয়" ; ভীমের- "পৌণ্ড্র" ; অর্জ্জুনের-"দেবদত্ত" ; নকুলের - "সুঘোষ" ; সহদেবের-"মণিপুষ্পক"]। ৬ সংখ্যাবিঃ ; ১,০০০০০,০০,০০০০০। ৭ নাগবিঃ। ৮ ধর্ম্মশাস্ত্র-প্রণেতা মুনিবিঃ। ৯ হস্তিদন্তদ্বয়ের মধ্যভাগ। ১০ গন্ধদ্রব্যবিঃ। ১১ নখী। ~ক [শঙ্খ + ক (জাতার্থে)] বি, শঙ্খের করালঙ্কার ; শাঁখা। ২ কম্বু ; শাঁখ। ৩ কপাল ; ললাট। ৪ শিরোরোগবিঃ। ~কার [শঙ্খ-কৃ (করা) + অ (কৃ), যে শঙ্খ নির্ম্মাণ করে] বি, শঙ্খবণিক্ ; শঙ্খব্যবসায়ী। ২ জাতিবিঃ ; শাঁখারি। ~চক্রগদাপদ্মধারী-বি, বিষ্ণু ; নারায়ণের চতুর্ভুজ মূর্ত্তি ; পাঞ্চজন্য শঙ্খ, সুদর্শন চক্র, কৌমোদকী গদা, এবং পদ্ম পুষ্প (নিধি অথবা লক্ষ্মীর রূপক) এই চারি বস্তু যাঁর চতুর্ভুজে শোভা পায়। ~চিল, ~চিল্ল [শঙ্কর চিল দ্রঃ। বুক শঙ্খবৎ শ্বেতবর্ণ বলিয়া] বি, চিলজাতীয় শুভসূচক পক্ষিবিঃ ; শ্বেতচিল। ~চূড় [শঙ্খাকৃতি চূড়া (ফণা) যার, বহু॰] বি, সর্পবিঃ। ২ অসুরবিঃ। ৩ শঙ্খাকৃতিশীর্ষ ডিঙ্গাবিঃ। ~চূর্ণী [মৃত্যুকালে যার হাতে সধবার চিহ্ন শঙ্খ(শাঁখা) ছিল] বি, সধবা নারীর প্রেতাত্মা ; শাঁখচুন্নী। ~ত [প্রা॰বাং] শাঁকের। "কণ্ঠদেশ দেখিঅাঁ শঙ্খত ভৈল লাজে।"-শ্রী॰ কী॰। ~দ্রাবক [রাসা॰ পরিঃ (সা॰ প॰ প॰)] বি, ল্যা॰ aqua regiaর বৈজ্ঞা॰ পরিঃ। ~দ্রাবী-বি, অম্লবেতস। ~ধ্ম, ~ধ্মা-বি, শঙ্খধ্বনি বা বাদ্য কারক। ~ধ্বনি, ~নাদ-বি, শাঁকের শব্দ ; ~নখ [শঙ্খের নখ (ক্ষুদ্রার্থে), ৬তৎ] বি, ক্ষুদ্র শঙ্খ ; জোঙড়া নামক জলজন্তুবিঃ যা পোড়াইয়া চুণ হয়। ২ [শঙ্খের ন্যায় নখ যার, বহু॰] বৃহন্নখী। ৩ গন্ধদ্রব্যবিঃ ; নখী। > স্ত্রীং ~নখী-বিণ, শঙ্খবৎ নখবিশিষ্টা। গন্ধদ্রব্যবিঃ। ~প্রস্থ -বি, চন্দ্রস্থিত চিহ্ন। ~বণিক [শঙ্খের বণিক্ (ব্যবসায়ী), ৬তৎ] বি, শঙ্খব্যবসায়ী ; শাঁখারি। "শঙ্কর ধরিলা শঙ্খবণিকের রূপ।" -শিবায়ন। ~বলয়-বি, শাঁখা ; শাঁকের বালা। ~বিষ-বি, স্থাবর বিষবিঃ ; শেঁকোবিষ। ~বেলাস্থায় -যেখানে বেলাবিশেষে শঙ্খধ্বনি-বিশেষের নিয়ম আছে সে স্থলে শঙ্খধ্বনি দ্বারা বেলাবিশেষের নিরূপণ হয়, যেমন বর্ত্তমান রাজনিয়মে তোপধ্বনি দ্বারা বেলার নিশ্চয় হয়, তদ্বৎ। - মলমাসতত্ত্ব। ~মালা-বি, শাঁখের মালা (অশ্বের আভরণবিঃ)। ২ হাড়ের মালা। ~মুখ [শঙ্খবৎ মুখ যার, বহু॰] বি, কুমীর। ~মূল [সং] বি, মূলক। ~শুভ্র-বিণ, শঙ্খের মত শ্বেত।

শঙ্খিকা [সং] বি, এক প্রকার ঘাস।

শঙ্খিনী[1] [শঙ্খ + ইন্ (জা॰) = শঙ্খিন্ + ঈ (স্ত্রীং)] বি, শাঁকচুন্নী ; সধবা নারীর প্রেতাত্মা। ২ স্ত্রীজাতি-ভেদ ; নাতিস্থূলা নাতিকৃশা দীর্ঘ কায়া দীর্ঘকেশা কোপনস্বভাবা রতি-সমুৎসুকা স্ত্রী। ৩ চোরপুষ্পী। ৪ শ্বেতপুন্নাগ। ৫ বুদ্ধশক্তিবিঃ। ৬ শ্বেতবৃন্দা। ~ফল-বি, শিরীষগাছ। ~বাস-বি, শাঁখোট বৃক্ষ ; শেওড়া গাছ।

শঙ্খী [শঙ্খ + ইন্ (স্ত্য॰) = শঙ্খিন্ ১মা, ১ব॰] বি, শঙ্খধারী ; বিষ্ণু। ২ শঙ্খব্যবসায়ী ; শাঁখারি। ৩ যাতে শঙ্খ আছে ; সমুদ্র। ৪ বিণ, শঙ্খবিশিষ্ট। স্ত্রীং শঙ্খিনী[2]।

শচি, শচী [সং] বি, ইন্দ্রের পত্নী ; পুলোমজা ; ইন্দ্রাণী। "ঐরাবতে দেবকুলপতি সঙ্গে বরাঙ্গনা শচী অনন্তযৌবনা"-মেঘ॰। ২ চৈতন্যদেবের জননী। ৩ শতমূলী। ~নন্দন -বি, ইন্দ্রতনয় জয়ন্ত। ২ চৈতন্যদেব। ~পতি, শচীশ-বি, বাসব ; দেবরাজ ; ইন্দ্র। ~মাতা-বি, চৈতন্যদেবের জননী।

শজনা, শজনে, শজিনা-বি, শোভাঞ্জন (দ্রঃ) horse-raddish.

শজারু, সজারু [সং-ছেদার > সেজার + রু (< রূপ)। (২) শল্যক > সয়্যক > সেজক > সেজার + রূপ > সজারু। শ, স = হু] বি, সর্ব্বাঙ্গ কাঁটার মত সূক্ষ্ম মুখ বড় বড় শলাকায় আবৃত প্রসিদ্ধ জন্তু ; সলকী porcupine.

শট্, শড়্, শুট্, শুড়্ [সং-সৃ, সৃপ্ (গতি) > সর্ > বা শট্ (গতি ভেদে) >] অ, গতিবেগ জনিত অনুকার শব্দ। ব্যাপ্তি বা পুনঃ পুনঃ অর্থে-শট্ শট্।

শটকা [হিং] বি, গড়গড়ার দীর্ঘ নল। ২ বড় নলযুক্ত হুকাবিঃ ; গড়গড়া। ৩ জাওলা মাছ ধরিবার বড় কঞ্চি যা জলের ধারে পুঁতিয়া রাখিতে হয়।

শটকানি [হিং সটক (দেনা) < সং-শট্ (গতি)। হিং-র অনুকরণে 'শটকান দেওয়া'। শটকাই, শটকাও, শটকায় ; শটকাইতে (কেং শটকাতে) ; শটকাইয়া (কেং শটকে) ইং] ক্রি, অলক্ষিতে প্রস্থান বা পলায়ন করা।

শটন, সড়ন [সং-শট্ (অবসাদে, রোগে) >] বি, পচন putrefaction.

শটা [শট্ (গমন করা, বৃদ্ধি পাওয়া) + অ (র্তৃ)] বি, পশুলোম ; কেশর। ২ জটা।

শটিত [সং] বিণ, পর্য্যুসিত ; পচা ; গলিত putrefied.

শটী, শিটি [সং] বি, কর্পূরগন্ধী কন্দবিঃ ; গন্ধমূলী curcuma zeodaria.

শট্টক [শট্ (হিংসায়, কুট্টনে, কুণ্ডনে) >] বি, ঘৃত জল মিশ্রিত অন্নবিঃ।

শঠ [শঠ্ (বঞ্চনা করা) + অ (র্তৃ), যে অপরকে বঞ্চনা করে] বিণ, খল ; বঞ্চনাকারী ; ধূর্ত্ত। "শঠের স্বভাব ভাল না হয় কখনে।" -বাং গান। ২ যে নায়ক মুখে এক পত্নীকে বাহ্য ভালবাসা জানাইয়া অন্তরে অন্যকে ভালবাসে। "ধৃষ্ট শঠ দক্ষিণ না হয় তার তুল" -অং মং। ৩ মন্দলোক ; দুর্জ্জন। বি, ˋশঠতা [শঠ + তা (ভাং)] বি, প্রবঞ্চনা ; প্রতারণা। ২ ক্রূরতা ; ধূর্ত্ততা ; শাঠ্য।

ˋশঠা [শঠ (দ্রঃ) + আ (তুচ্ছার্থে)] বিণ, বঞ্চক ; শঠ। "সিংহলে সজ্জন নাহি সব লোক শঠা।" -কবিকং।

শড়ক [সং-সরক > হিং-সড়ক >] বি, পথ ; প্রশস্ত দীর্ঘ রাজপথ ; বড় রাস্তা road ; street.

শড়ঙ্গা-সড়ঙ্গা দ্রঃ।

শড়া-সড়া দ্রঃ।

ˋশণ্-শন্ দ্রঃ।

শণ [শণ্ (সূত্রদান করা) + অ (র্তৃ, জ্ঞাং)] বি, যে ক্ষুদ্র বৃক্ষ হতে শণসূত্র জন্মে ; শণ গাছ। ~তন্তু-বি, শণসূত্র। ~তান্তব-বিণ, শণসূত্রে নির্ম্মিত ; শণতন্তুজাত। ~পাট-বি, গাছপাট ; শণ the san hemp. ~লুড়ি [গ্রাং শোনলুড়ি] বি, শুভ্রবর্ণ শণের আঁটি। "বায়ুতে পাকিয়া চুল হৈল শণলুড়ি।" -অং মং। ~সূত্র-বি, শণের সূতা। ২ শণনির্ম্মিত জাল।

শণ্ড [সং] বি, অন্তঃপুর-স্ত্রী-রক্ষক ; খোজা। ২ নপুংসক ; হিজ্‌ড়ে। ৩ [ষণ্ড, ষণ্ড ওং] ষাঁড় ; বৃষ। ৪ [এই অর্থে ষণ্ড ওং] পদ্মঝাড় ; পদ্মসমূহ।

শণ্ডিল [শণ্ড (নপুংসক) + ইল (ব্যবহারার্থে), যে নপুংসকের মত ইন্দ্রিয়ের প্রতি ব্যবহার করে] বি, ঊর্দ্ধরেতা মুনিবিঃ।

ˋশণ্ঢ [সং] বি, ষাঁড়। ২ নপুংসক ; খোজা। ৩ অন্তঃপুর-স্ত্রী-রক্ষক। ৪ সন্তানোৎপাদনে অক্ষম ব্যক্তি। ৫ মাতাল।

শত [সং। প্রাং কেং শ] বি, দশগুণ দশ-সংখ্যা ; ১০০ এই সংখ্যা। ২ বিণ, শত-সংখ্যক। ৩ অনন্ত। "শত ও সহস্র শব্দ সর্ব্বদাই অনন্তবাচক। কিন্তু আমি যে শত বলিয়াছি তাহা অনন্তবাচক না হইয়া যথার্থ শতই বুঝাইবে।" -মহাং আদি (সিংহ)। ~ক [শত + ক (পরিমাণার্থে)] বিণ, শতপরিমিত ; শতসংখ্যাবিশিষ্ট। ২ শত কবিতা সম্বলিত কাব্য। প্র-শান্তিশতক, সন্তাবশতক। ৩ শতসংখ্যা ; ১০০। ৪ শতাব্দী century. "বৃন্দাবন ঈশীয় পঞ্চদশ শতাব্দীর শেষার্দ্ধে প্রকৃত বন জঙ্গলে পরিণত হইয়াছিল, ষোড়শ শতকের প্রথম পাদে **" -অমৃত শীল (উত্তরা, ১৩৩৩)। "ঈশাব্দের সপ্তদশ শতকের হিন্দী-ভাষার কবিমধ্যে বিহারীলাল বা বিহারী দাস একজন উচ্চস্তরের কবি ছিলেন।" -উত্তরা, পৌষ, ১৩৩৩। ~পাদ-বি, শত পর্য্যন্ত সংখ্যক পরিমাণ। "কারণ পর পর প্রত্যেক বংশ পীঠিকা বা শতকপাদ বা শতকের ভাষায় নিদর্শন রক্ষিত হ'য়ে আ'সেনি।" -ডাঃ সুং চট্টোং (প্রবাসী, ১৩৩৩)। ~করা (শৎ-) অ, শত-সংখ্যা করিয়া ; শতসংখ্যা প্রতি ; প্রতি শতে per cent. ~করা হার, ~হিসাব-বি, rate of percentage. ~কিয়া [শতক + ইয়া। প্রাং শটকে] বি, একশত পর্য্যন্ত গণনা। ২ এক হতে শত পর্য্যন্ত সংখ্যা। ~[শত-শতসংখ্যক-কীর্ত্তি (কীর্ত্তিজনক কার্য্য) যার (বহুং)] বি, যিনি বহু যশস্কর কার্য্য করিয়া কীর্ত্তিমান্ হইয়াছেন ; সৎকর্ম্মের দ্বারা যিনি বহুকীর্ত্তি অর্জ্জন করিয়াছেন। ২ জৈন সন্ন্যাসী। ৩ বৌদ্ধ ক্ষপণক। ৪ জৈন ভবিষ্য গুরুর নাম। ~কুম্ভ-বি, স্বর্ণখনি পর্ব্বতবিঃ।

~কোটি-বি, একশত কোটি সংখ্যা ১০,০,০০,০০,০০০ ; বৃন্দ। ২ শতধারাযুক্ত বজ্রাস্ত্র। ~ক্রতু [শত হইয়াছে ক্রতু (অশ্বমেধযজ্ঞ) যার, বহুং] বি, শত অশ্বমেধ-যজ্ঞসম্পন্নকারী ইন্দ্র ; বাসব। ~গাঁটি [শত গাঁট (গ্রন্থি) যাতে, বহুং] বিণ, শতগ্রন্থিযুক্ত। "শত গাঁটি ছিঁড়া টেনা করি পরিধান।" -অং মং। ~গ্রন্থি [শত গ্রন্থি যাতে, বহুং] বি, দূর্ব্বা। ২ বহুসংখ্যক গাঁইটবিশিষ্ট। ~ঘ্নী [শত-হন্ (বধ করা) + অ-(র্তৃ) + ঈ (স্ত্রীং)। এককালে শত সৈন্য হননকারী বলিয়া — "a cannon is called shataghnee or the weapon that kills one hundred men at once"—Halheads's code of gentoo laws] বি, কণ্টকিত লৌহসার-নির্ম্মিত, মুদ্গর কল্প, সুদৃঢ় ও বর্ত্তুল প্রমাণ চারি হস্ত, মুঠযুক্ত, গদাযুদ্ধের বল্গন অর্থাৎ প্রয়োগকালীন আস্ফালন যেরূপ ইহার বল্গনও তদ্রূপ-বৈশম্পায়নোক্ত ধনুর্ব্বেদ, ৫অধ্যায়। মহাভারত মতে ইহা আগ্নেয় দ্রব্যবল প্রযোজ্য। নীলকণ্ঠ ভট্টের টীকায় "আধুনিক কামান সদৃশ অস্ত্র"। ~চেষ্টা-বি, বহু চেষ্টা ; বহু আয়াস। ~চ্ছদ [শত + ছদ (পত্র) যার, বহুং] বি, শতদল পদ্ম। ২ কাঠঠোক্‌রা পাখী। ~তম [শত + তম (পূরণার্থে)] বিণ, শতসংখ্যার পূরক। ~তারা-বি, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত শততারাবিশিষ্ট মণ্ডলাকার নক্ষত্র ; শতভিষা নক্ষত্র। ~দল [শত দল যার, বহুং] বি, শতসংখ্যক পাপড়ি ; বহুদল ; বহুসংখ্যক পাপড়িবিশিষ্ট পদ্ম। "পঙ্কে জন্মগ্রহণ করিয়া পদ্ম শতদলে শোভা পায়।" -আত্মশক্তি, '৩৩। "হৃদে আছে শতদল সে কমল ফুটিবে প্রেম-পীযূষ বটিবে।" -বাং গ্রাম। ~দলবাসিনী -বি, পদ্মালয়া ; লক্ষ্মী। ~দলমালা-বি, পদ্মহার। ~দ্রু [শত-দ্রু (বেগে গমন করা) + উ (র্তৃ)] বি, পঞ্জাবের অন্তর্গত নদীবিঃ ;

the sutlej. ~ধা [শত+ধা (প্রকারার্থে)] অ, শত প্রকারে। ২ শতদিকে। ৩ শতখণ্ডে। ৪ শতবারে। ~ধামা [শত ধামন্ (তেজঃ বা দেহ) যার, বহু০] বি, বিষ্ণু; নারায়ণ। ~ধার [শত ধারা প্রান্তভাগ যার, বহু০] বি, অশনি; বজ্র। ২ বিণ, শতধারাময়; বহু ধারাবিশিষ্ট। ক্রি-বিণ, ~ধারে–একশত বা বহুধারায়। ~ধৃতি [শত+ধৃতি (যজ্ঞ) যাঁর] বি, ব্রহ্মা। ২ ইন্দ্র। শতধৌত ঘৃত [আয়ু০] বি, জলে শত বার ধৌত করিয়া লওয়া ঘৃত। বিদাহযুক্ত জ্বরে মালিশের ঔষধ। ~নালিক-বি, যে নালিকাস্ত্র হতে একশত গুলি বাহির হয়; ছর্‌রা বন্দুক। ~পঞ্চাশ [শত (১০০=অধিক) পঞ্চাশ (৫০=অল্প)=অল্পাধিক > লক্ষ০] বি, লাভ-লোকসান; ক্ষতি-বৃদ্ধি। "আক্ষার বচন তোক্ষে শুন শশিমুখী। নেহত লাগিআঁ শত-পঞ্চাস উপেখী॥"–শ্রী০ কী০। ~পত্র [শত পত্র (দল–পাপড়ি, কিম্বা পক্ষ, পাখা) যার, বহু০] বি, শতদল; পদ্ম। ২ যার শত পালক আছে; ময়ূর। ৩ সারস। ৪ শুক। ৫ কাঠঠোক্‌রা। > স্ত্রীং ~পত্রী–সেঁউতী-ফুল। ~পত্রন্যায়–সূচীদ্বারা এক একটি করিয়া একশত পত্র গাঁথিলে এককালে অর্থাৎ এক বেধনে গ্রথিত বলিয়া যেমন বোধ হয় তদ্রূপ বিষয়। ~পথ [শত পথ (উপদেশ) যাতে, বহু০] বি, যজুর্ব্বেদের অন্তর্গত ব্রাহ্মণাংশবিঃ। ~পথিক [শতপথ+ইক] বিণ, যে নানাপথে বিচরণ করে; বহু মার্গাবলম্বী; নানামতাবলম্বী। ~পদ [শত পদ (প্রকোষ্ঠ) যাতে, বহু০] বি, নামকরণার্থ প্রথমবর্ণসূচক শত প্রকোষ্ঠযুক্ত চক্রবিঃ। > স্ত্রীং ~পদী [শত পদ (পা) যার, বহু০। 'শতপাৎ' ও০] বি, বৃশ্চিক; বিছা। ২ কেন্নো centipede. ৩ কানকোটারী। ৪ বিণ, শতপদবিশিষ্ট। ~পর্ব্বা [শত (অনেক) পর্ব্ব (গ্রন্থি, পাব) যার, বহু০। মূ০ শত পর্ব্বন্, ১মা, ১ব০] বি, বংশদণ্ড; বাঁশ। ২ ইক্ষু। ৩ কোজাগর পূর্ণিমা। ৪ [শত-পর্ব্বিকা ও০] দূর্ব্বা; ভার্গবী। ৫ বচ। ৬ [বৈদ্যকে] কটুকা। ~পাদিকা [শত–পাদ পা যার, বহু০, সমাসে ক–যোগ, +আ (স্ত্রীং)] বি, বৃশ্চিক। ২ কানকোটারী। ৩ কন্দবিঃ; কাকোলী। ~পুষ্প-বিণ, একশত ফুলবিশিষ্ট। ২ বি, কবি ভারবী। ~পুষ্পা-বি, শুলফা; মৌরীর ন্যায় ক্ষুদ্র ফলবিঃ Drillseeds. ~বলী-বি, রামায়ণোক্ত সার্বর্ণি মেরুবাসী ও সীতা অন্বেষণকারী বানর যূথপতি। ~বান [শত+বান (< বহ্নি)] বিণ, শতবার অগ্নিদগ্ধ। "সোনা শতবান হৈয়া কাহে নাহি তোষে॥"–জ্ঞান০। ~বীর্য্যা [শত বীর্য্য (বীজ) যার, বহু০] বি, শ্বেতদূর্ব্বা। ২ শতাবরী। ~ভির্ষক্-বি, শতভিষা নামক নক্ষত্র। ~ভিষা–শততারা দ্রঃ। ~ভীরু-বি, মল্লিকা ফুলের গাছ। ~মখ, ~মণ্যু [শত–মখ, মণ্যু (যজ্ঞ)] বি, ইন্দ্র। ~মান [শত মান (পরিমাণ) যার, বহু০] বি, আঢ়ক পরিমাণ। ২ এক পল পরিমাণ রৌপ্য। ~মারী [শত–মারী (হন্তা)] বিণ, শতজনের প্রাণনাশক। ২ [শত (শতবার) মারী (রস মারক, পারদ শোধক (killer of mercury), যিনি উর্দ্ধ-পাতন, অধঃপাতন, তির্য্যক্‌পাতন এই ত্রিবিধ জটিল প্রক্রিয়া দ্বারা শোধিত পারদ কাচের বোতলে বদ্ধ করিয়া ক্রমাগত অগ্নিতে জ্বাল দিয়া রসসিন্দুর নামক শ্রেষ্ঠ রসায়ন প্রস্তুত করণরূপ সর্ব্বাপেক্ষা দুরূহ পরীক্ষায় উত্তীর্ণ হন তিনি বৈদ্যপদবাচ্য এবং ঐরূপ সহস্রবার কৃতকার্য্য হইলে চিকিৎসক পদবাচ্য হন। তুল–"শতমারী ভবেৎ বৈদ্যঃ সহস্রমারী চিকিৎসকঃ"] বি, বৈদ্য; অভিজ্ঞ চিকিৎসক। ~মুখ [শত মুখ যার, বহু০] বিণ, শতমুখযুক্ত; বহুমুখবিশিষ্ট। ২ বাচাল। ~মুখী-বি, ঝাঁটা। ~মূলা [শত (অনেক) মূল যার বহু০] বি, দূর্ব্বা। ২ বচা। ~মূলী [শত (অনেক) মূল যার, বহু০] বি, লতাবিঃ; শতাবরী। ~যষ্টিক [শত যষ্টি (গুচ্ছ) যার, বহু০, সমাসে অন্তে–ক] বি, কণ্ঠভূষণবিঃ; একশত নর হার। ~রূপা [শত (বহু) রূপ যার, বহু০] বি, ব্রহ্মাণী। ২ স্বায়ম্ভুব মনুর পত্নী। ~শঃ [সং] অ, শত শত করিয়া। ২ শত প্রকারে [আধু০ বাং-র বিরল]। ~শৃঙ্গ [শত শৃঙ্গ (চূড়া) যার, বহু০] বি, স্বনাম-খ্যাত পর্ব্বত। ~সহস্র [শত (গুণিত) সহস্র, ম০ প০ লো০ বা সহস্রের শতগুণ, ৬তৎ] বি, লক্ষ সংখ্যা; ১,০০,০০০। ২ বহু; অনেক; অসংখ্য; অগণ্য। প্র–শত সহস্র বার বলা। ~হ্রদা [শত হ্রদ (আলোক) যার, বহু০] বি, বজ্র; অশনি। ২ তাড়িত; বিদ্যুৎ। ৩ দক্ষ-দুহিতাবিঃ।

শতরঞ্চ(ঞ্জ) [সং–চতুরঙ্গ > আ০ শৎরঞ্জ্] বি, উভয় পক্ষে চতুরঙ্গ সেনা অর্থাৎ হস্তী, অশ্ব, রথ ও পদাতি লইয়া মন্ত্রী বা দাবা সহ রাজায় রাজায় যুদ্ধের অনুকরণে দুই পক্ষের খেলা; চতুরঙ্গ খেলা; দাবা খেলা বা দাবা বোড়ে chess [দ্রঃ–এই খেলায় ৬৪টী ঘর কাটা ছকের (chess board) একদিকে এক রঙ্গের রাজা, তাঁর বল অর্থাৎ মন্ত্রী (দাবা the queen) ২ গজ (পীল the bishop) ২ ঘোড়া (অশ্ব the knight) ও ২ নৌকা (কিশ্‌তি–রথ স্থলে the rook or castle) এবং ৮ বোড়ে (পদাতি a pawn) সাজাইয়া তার বিপরীত দিকে ভিন্ন বর্ণের রাজা ও তাঁর বল ও বোড়ে সাজাইতে হয়। অতঃপর প্রত্যেক ঘুঁটিকে যথাবিধি গতি অনুসারে চালিয়া রাজাকে বন্দী করিবার অভিপ্রায়ে একপক্ষ অপর পক্ষকে আক্রমণ করে। বোড়ে ও বল বিপক্ষের আক্রমণে পরাজিত হইয়া হ্রাস-প্রাপ্ত হইলে সেই দুর্ব্বল রাজাকে বোড়ে বা বল আক্রমণ করে এই আক্রমণকে কিস্তি দেওয়া বলে; রাজাকে তখন আক্রমণকারীর সম্মুখ হতে সরাইয়া অন্য ঘরে বসান হয়, কিন্তু যখন চতুর্দ্দিকে এমন ভাবে আক্রমণ করা হয় যে রাজাকে আর কোন ঘরে সরাইয়া বসাইবার উপায় থাকে না তখন "কিস্তিমাৎ" হইয়া যায় অর্থাৎ রাজা বন্দী ও বিপক্ষ পক্ষের জিত হয়। বলহীন না হইয়াও এইরূপ মাৎ হইতে "সবলে মাৎ" বলে। রাজাকে বোড়ের চারিদিকে ঘুরিতে হইলে রাজার "চতুরং" হার হয়; পীল অর্থাৎ গজের চারিদিকে ঘুরিতে হইলে "পীলুড়ী" বা "গজচক্র" হার হয়; এইরূপ "অশ্বচক্র" (অশ্বচক্র) প্রভৃতি পরাজয়ের

নাম আছে]। ~বাজ [ফা॰ শৎ রঞ্জ্ বাজ্] বিণ, দাবাখেলায় দক্ষ।

শঁতরঞ্চি, শঁতরিঞ্জি, শঁৎরঞ্জী [ফা॰ শত্‌রঞ্জী। শতরঞ্জ খেলার ছকের মত ঘর কাটা বুনানির জন্ত নাম] বি, মোটা সূতার লম্বা আসন। শঁ॰ পাতা-ক্রি, শয়ন উপবেশনাদির জন্ত শতরঞ্চি বিছান।

শঁতরা [অর্থ শা॰] বি, সাধারণ সৈন্ত ও গ্রামবল সংখ্যসূচক উপাধিবিঃ। ২ শত সৈন্তের অধিনায়ক। সাঁতার দ্রঃ।

শঁতাংশ [শত+অংশ] বিণ, শত ভাগ; শত খণ্ড।

শাঁতাক্ষী [শক্ত+অক্ষি যার, বহু॰] বিণ, যার একশত চক্ষু আছে। ২ বি, শতপুষ্পা; শুলফা শাক। ৩ দুর্গা।

শাতাঙ্গ [শত+অঙ্গ (অবয়ব) যার, বহু॰] বি, রথ।

শঁতানক [শত আনক (ঢক্কা, ভেরী-পটহাদি) যেখানে,বহু॰। এই শব্দে সতীদাহ প্রথার ইঙ্গিত পাওয়া যায়] বি, শ্মশান।

শঁতানন [শত+আনন (মুখ)] বি, শতমুখ; বহু আনন; বহুমুখ (তুল-পঞ্চানন)। "এক মুখে কি কহিব হলে শতানন। তথাপি না পারিব কহিতে আমি কথন॥"-নিধু॰।

শঁতানন্দ [শত+আনন্দ যা র,বহু॰] বি, অহল্যা গর্ভজ মহর্ষি গৌতমপুত্র জনৈক ঋষি; জনক রাজার পুরোহিত।

শঁতানীক [শত+অনীক যার, বহু॰] বিণ, বৃদ্ধ। ২ শতসৈন্তযুক্ত। ৩ বি, একশত সৈন্তের অধিনায়ক। ৪ ব্যাসশিষ্য মুনিবিঃ। ৫ রাজা সুদাসের পুত্র।

শঁতাবধানী [শত (দিকে, বিষয়ে)+অবধান (মনোযোগ, দৃষ্টি)+ঈ (যুক্তার্থে)] বিণ, শত বা বহু বিষয়ে মনোযোগী।

শঁতাবরী [শত (শতমূল দ্বারা)-আ-বৃ (আবরণে)+অন (র্তৃ)+ঈ (স্ত্রীং)] বি, যে শতমূল দ্বারা ভূমি আবরণ করে; শতমূলী। ২ শচী। ৩ ইন্দ্রাণী।

শঁতাব্দ, শঁতাব্দী [শত+অব্দ (সংবৎসর), তার সমাহার, দ্বিগু] বি, একশত বর্ষব্যাপী কাল century.

শঁতায়ুঃ [শত (শতবর্ষ)+আয়ুঃ (আয়ুস্) যার, বহু॰] বিণ, শতবর্ষজীবী। ২ দীর্ঘজীবী।

শাঁতিক [শত+ইক (সম্বন্ধার্থে)] বিণ, যার আয়ু শতবর্ষ পর্য্যন্ত; শতবর্ষায়ুষ্ক ব্যক্তি। ২ যার নির্দ্ধারিত কর শত মুদ্রা। ৩ শত মুদ্রায় ক্রীত। ৪ শত সম্বন্ধীয়। ৫ [গ্রা॰। শতেক (দ্রঃ) > অথবা ছত্রিশ (হিন্দু ছত্রিশ জাতিতে বিভক্ত বলিয়া) > সত্তিশ (স=শ=ব শ্খ=ক) > শতিক] একশত; শত শত; বহু; অসংখ্য। প্র-শতিক জাত মেগা। শতিক জাতের এঁটো।

শাতেক [শত+এক। শতিক দ্রঃ] বিণ, একশত। ২ শত শত; বহু শত। "শতেক যুগের কবিদলে মিলি আকাশে, ধ্বনিয়া তুলিছে মত্ত মদির বাতাসে, শতেক যুগের গীতিকা।"-চয়নিকা। ~খাকী,-খাগী [পুং ~খেকো(গো)] বিণ, মেয়েলি গালিবিঃ; যে নারী শত বা বহু স্বজন বা প্রিয়জনের 'মাথা খাইয়াছে' অর্থাৎ মৃত্যু দেখিয়াছে। ~খোয়ারী-বিণ, মেয়েলি গালিবিঃ; যার অদৃষ্টে অনেক খোয়ার বা দুর্দ্দশা আছে; অভাগী; পোড়া কপালী। "পোড়ার মুখী শতেক খোয়ারী, * * দূর হয়ে যা!" -ভারতী, ১৩২০। পুং ~খোয়ারে (দ্রঃ)।

শাতের [সপ্তদশ > কেং॰ সতর (দ্রঃ) >] বি, সতের; ১৭।

শঁতেশ্বরী [সং। ব্রজ॰, গ্রা॰ বাং-সতেসরী] বি, শতনরী হার। "বেশর খচিত শতেশ্বরী পহিরল"-বি॰ প॰।

শত্তুর [শত্রু (দ্রঃ) > গ্রা॰] বি, বৈরী। ২ দুঃখদাতা; ক্লেশদাতা। ~মুখে ছাই-শত্রু দ্রঃ। পেটের শত্তুর-বি, যে সন্তান শৈশবে মাতার জীবিতকালেই মরিয়া যায়। ২ যে জননীকে দুঃখ ক্লেশ দেয়।

শাত্রু [গ্রা॰ শত্তুর। শদ্ (গমন করা)+রু (র্তৃ), দ=ত। যে প্রতিকূলে গমন করে] বি, বৈরী; জেষ্টা; বিপক্ষ; রিপু। ২ জ্যো॰ মতে লগ্ন হতে ষষ্ঠ স্থান। ~ঘ্ন [শত্রু (বিপক্ষ)-ঘ্ন (হন্-নাশ করা)+টক্ (র্তৃ), যে শত্রুদিগকে নাশ করে] বিণ, শত্রুনাশকারী; রিপুনাশক। ২ বি, সুমিত্রা তনয়; দশরথ রাজার চতুর্থ পুত্র। ~জঁয়, ~বিজঁয়-বি, রিপুকে পরাজয় বা পরাভব। > জঁয়ী-বিণ, শত্রুকে পরাভবকারী; অরিন্দম। > স্ত্রীং জঁয়িনী। ~জিৎ [শত্রু-জি (জয় করা)+ক্বিপ্ (র্তৃ)] বিণ, শত্রুজয়কারী; বিপক্ষজয়ী। ২ বি, নৃপতিবিঃ। ~ঞ্জয় [শত্রু-জি (জয় করা)+অ (র্তৃ)] বিণ, শত্রুজয়কারী; রিপুজয়ী। ২ বি, বিমলাদ্রি। ~তা [শত্রু+তা (ভা॰)] বি, বৈরিতা; বিপক্ষতা। ~তাচঁরণ-বি, বৈরাচরণ; প্রতিকূলতা। ~নাশ-বি, বৈরিসংহার। ~ন্তপ-বিণ, অরাতিপীড়ক। ~পক্ষ-বি, বিপক্ষদল; অরিদল। ২ প্রতিকূল দিক্। ~বঁল-বি, বিপক্ষ পক্ষের শক্তি; অরাতিবিক্রম। ২ বিপক্ষ-সেনা। ~বিজিঁত [শত্রু (দ্বারা) বিজিত, ৩তৎ] বিণ, শত্রুহস্তে পরাজিত। > স্ত্রীং ~া। ~মর্দ্দন-বি, শত্রুবিনাশ; বৈরনিগ্রহ। ২ বিণ, অরিনাশকারী। ~মিত্র-বি, আত্মপর; পক্ষ বিপক্ষ; বৈরী ও সুহৃদ্। ~মুখে ছাই দিয়া [গ্রা॰ মেয়েলি-শত্তুর মুখে ছাই দিয়ে] ক্রি-বিণ, সন্তানের প্রতি কুদৃষ্টিপাতকারী বা তার অমঙ্গলকামীর মৃত্যু কামনা করিয়া সন্তানের স্বাস্থ্যাদির উল্লেখ করার মেয়েলি প্রথা হতে। "শত্রুমুখে ছাই দিয়া ষেটের কোলে পাঁচু এই দশ বছরে পা দিয়াছে"-ভারতী, বৈশাখ, ১৩১১। ~সঙ্কুল-বিণ, বিপক্ষদলে পরিপূর্ণ; অরাতিপূর্ণ। ঘঁরের শত্রু বঁরযাত্র, -ত্রী [গ্রা॰ ঘরের শত্তুর বরযাত্তির] বি, কন্তার আলয়ে নিমন্ত্রিত বরযাত্রগণের উপদ্রব ও অত্যাচার হতে প্রবাদের সৃষ্টি।

শঁন্, শঁণ্ [শণ্ (বেগ, গতি) >] অ, অতি দ্রুতগতিজনিত অনুকার শব্দ। ~শঁন্ [শন্ দ্রঃ] বি, বায়ুস্তর ভেদ করিয়া বেগে গমনের শব্দ; গুলি, তীর প্রভৃতির গতিবেগজনিত অনুকার শব্দ। "শন্‌শন্ শবদে সেনের বাণ ছোটে"-ম॰। ২ ক্রি-বিণ, শনশন শব্দে। শঁন্‌শঁনে-ক্রি-বিণ, শন্‌শন শব্দ করিয়া। "বিদ্যুৎ ঝলা সম চকমকি উড়িল কলম্বকুল অম্বর-প্রদেশে শ॰।"-মেঘ॰।

শান১ [সং-শূন্য > প্রা॰ বাং ব্রং-শন] বি, শূন্য। "চাবুক খাইয়া ঘোড়া শনেতে উড়িল।" -বৈ॰ গী॰।

শান২-বি, বৃক্ষবিঃ; বন-শণ ; পাটের ন্যায় ইহারও তন্তু হতে দৃঢ় সূত্র প্রস্তুত হয় crotalaria.

শনাক্ত [আ॰] সনাক্ত দ্রঃ।

শনি [সং] বি, সূর্য্যতনয় ; সপ্তম গ্রহ Saturn (ছায়া ইঁহার জননী)। ২ শনি গ্রহের ভোগ্যদিন ; সপ্তাহের শেষ দিন। ৩ শত্রু ; অরি। **শনি ধরা,-লাগা**-ক্রি, শনি আশ্রয় করা যার ফলে লোক শ্রীভ্রষ্ট, ধনে বঞ্চিত ও বিপন্ন হয়। **~প্রিয়**-নীলকান্ত মণি। শনিগ্রহের প্রীতিকর বলিয়া এই নাম। **~প্রসূ**-বি, ছায়া (রবির ঔরসে ছায়ার গর্ভে শনি সম্ভূত)। **~বার** [শনির বার (দিন), ৬তৎ] বি, শনিগ্রহের ভোগ্যদিন ; রবিবার হতে আরম্ভ করিয়া সপ্তাহের শেষ দিন Saturday. **শনির দশা**-বি, শনিগ্রহের ভোগকাল ; অভাবের সময়। **শনির দান**-বি, শনিগ্রহের প্রীত্যর্থে ব্রাহ্মণকে ধন-রত্নাদি দান। **শনির দৃষ্টি**-বি, শনিগ্রহের ক্রূর বা প্রতিকূল দৃষ্টি (শনির দৃষ্টির ফলে পার্ব্বতীপুত্র গণেশের মাথা উড়িয়া গিয়াছিল)। ২ [লক্ষ॰] ধনক্ষয় ও সর্ব্বনাশকর দৃষ্টি। **ধনস্থানে শনি** [বাধা বা ব্যাঘাতস্বরূপ] লগ্নরাশির ২য় রাশিতে শনির স্থিতি। **শনিবারের মড়া**-বি, শনিবারে মৃত ব্যক্তির শব। ইহা দোষ পাইয়া অন্য ব্যক্তির মৃত্যুর কারণ হয়-ইহা শাস্ত্রের উক্তি, তা হতে প্রবাদ-"শনিবারের মড়া দোসর চায় বা খোঁজে।" **রন্ধ্রগত শনি** -জন্মরাশি হতে অষ্টম স্থানের রাশি (রন্ধ্র) আশ্রিত শনিগ্রহ। ইহা জাতকের প্রাণহানিকর।

শনৈঃ, শনৈঃশনৈঃ [সং] অ, উত্তরোত্তর ; ক্রমে ক্রমে ; অল্পে অল্পে।

শনৈশ্চর [শনৈঃ (অল্প অল্প) + চর (গমন করা) + অ (র্ত্তৃ, জ্ঞা॰), যে মন্দ গমনে রাশিচক্র ভ্রমণ করে] বি, শনিগ্রহ ; সপ্তমগ্রহ। ২ শত্রু ; সর্ব্বনাশকর ব্যক্তি।

শপ [সং-শপ্প (উলুখড়)] বি, তৃণবিঃ দ্বারা নির্ম্মিত বড় মাদুর।

শপতি [সং-শপথ >। ব্রজ॰] বি, প্রতিজ্ঞা ; দিব্য ; শপথ। "শপতি করিয়া বলি দাঁড়াইয়া না রব এ পাপ ঘরে।"-চণ্ডি॰।

শপথ, শপন [শপ্ (দিব্য করা) + অথ, + অন (ভা॰)] বি, প্রতিজ্ঞা ; দিব্য। **~পূর্ব্বক**-ক্রি-বিণ, দিব্য করিয়া।

শপথা [শপথ (দ্রঃ) + আ (ক্রিয়ার) নামধাতু। শপথি, শপথ, শপথে ই॰] ক্রি, শপথ করা ; দিব্য করা। "বংশী পরশি শপথি শত শত তবহি প্রতীত নহি বোলে।" -বি॰ প॰। ২ [অস-ক্রি- 'শপথিয়া' > ক্ষে॰] শপথ করিয়া। ৩ [ব্রজ॰] বি, শপথ ; শপতি (দ্রঃ)।

শপমান [শপ্ (শপথে, ভৎর্সনায় ই॰) আন (র্ত্তৃ)] বিণ, শপথ করিতেছে এমন ; প্রতিজ্ঞাকারী।

শপ্ত১ [শপ্ (শাপ দেওয়া) + ত (র্ম্ম)] বিণ, যাকে অভিশাপ দেওয়া হইয়াছে ; অভিশপ্ত ; শাপগ্রস্ত।

শপ্ত২ [সং] বি, তৃণবিঃ ; উলুখড়।

শফ [সং] বি, অশ্বাদি পশুর খুর। ২ গাছের গোড়া। **এ কশফ**-বি, অশ্বাদির ন্যায় যে সকল পশুর খুর অবিভক্ত। **দ্বিশফ** -বি, গবাদির ন্যায় যে সকল পশুর খুর খণ্ডিত বা দুইভাগে বিভক্ত।

শফর [আ॰ সফর্] বি, ভ্রমণ ; পর্য্যটন tour ; journey. **~খরচ**-বি, পাথেয়।

শফরদা [ফা॰ সফরদাই, হি॰সপরদা] বি, খেমটাওয়ালীর শিক্ষক musician attending a dancing girl. "সেখানকার সহরে (ঢাকা) সে শফরদার কাজ ক'রে জীবন-নির্ব্বাহ করিত"-অমৃত॰।

শফরী-সফরী দ্রঃ।

শফেদ-শাফেদ দ্রঃ।

শব [শব্ (বিকারপ্রাপ্ত হওয়া) + অ (র্ত্তৃ), যে শরীর বিকৃতিপ্রাপ্ত হইয়াছে] বি, মৃতদেহ ; মড়া। ২ জল। **~দহন**-শবদাহ দ্রঃ। **~দহনাশৌচ**-বি, শবদহন হেতু অশৌচ বা দেহাশুদ্ধি [দ্রঃ-নিকটাত্মীয়ের দাহক্রিয়া সম্পন্ন করিলে ত্রিরাত্র এবং দূর সম্পর্কীয়ের দাহ জন্য শবদহনকারীর একদিন মাত্র অশৌচ বহনের নিয়ম]। **~দাহ**-বি, শবদহন ; মৃত সৎকার ; মড়াপোড়ান। **~দাহ-স্থান**-বি, শ্মশান ; মড়া পোড়াইবার স্থান। **~দেহ**-বি, মৃতদেহ ; মড়া। **~ব্যবচ্ছেদ**-বি, শারীর-বিজ্ঞান শিক্ষার্থে অথবা অস্বাভাবিক ভাবে মৃতব্যক্তির মৃত্যুর কারণ নির্ণয়ের জন্য মৃতদেহ ব্যবচ্ছিন্নকরণ ; মড়াকাটা। **~যান**-বি, মৃতদেহ বহনোপযোগী দ্রব্য ; মড়াফেলা খাট প্রভৃতি। **~রথ**-শবযান দ্রঃ। **~রূপা** -বিণ, শবাকৃতি ; মড়ার মতন। "তিনের জানিতে সত্ত্ব জানাইলে নিজতত্ত্ব শবরূপা হইলা কপটে।" -অ॰ ম॰। **~লুব্ধ** -বিণ, শবদেহ ভক্ষণলোলুপ ; মৃতদেহের মাংস খাইবার জন্য লোলুপ। ২ [ব্যঙ্গ্যার্থ] রাজ্যলুব্ধ। **~সৎকার**-বি, মৃতদেহের অগ্নিসংস্কার ; অন্ত্যেষ্টিক্রিয়া। **~সমাধি**-বি, মৃতদেহকে ভূগর্ভে বা জল গর্ভে নিহিত করণরূপ সংস্কার burial. **~সাধন**-বি, অপঘাত শবারূঢ় হইয়া মন্ত্র জপকরণ।

শবনম্ [ফা॰ শব্ (রাত্রি) নম্ (আর্দ্রতা, জল)] বি, নিশাজল ; শিশির dew. ২ অতি সূক্ষ্ম বস্ত্রবিঃ ; ঢাকাই মস্‌লিন্‌বিঃ। এই বস্ত্র ঘাসের উপর বিছাইয়া দিলে শিশির পড়িয়াছে বলিয়া ভ্রম হইত বলিয়া মুসলমান বাদশাহ ও নবাবগণ কর্ত্তৃক এই নাম প্রদত্ত হইয়াছিল। এখন এরূপ সূক্ষ্মবস্ত্র-বয়ন-শিল্প লোপ পাইয়াছে।

শবর [শব (মৃত পশু বা পক্ষী) র (রা গ্রহণ করা + অ, র্ত্তৃ)] বি, যে মৃত পশু বা পক্ষী আহারার্থ গ্রহণ করে ; ব্যাধ ; কিরাত। ২ [শব্ (গমনে) + র (র্ত্তৃ)] বি, শিব। ৩ মীমাংসাকারক পণ্ডিতবিঃ। ৪ শাস্ত্রবিঃ। স্ত্রীং **শবরী**-বি, ব্যাধনারী। ২ ত্রিকাল-দর্শিনী তাপসীবিঃ।

শবল [সং] বিণ, কর্ব্বুর বর্ণ। ২ বিবিধ বর্ণাঙ্কিত। স্ত্রীং **শবলা, শবলী**-বি, বশিষ্ঠ ঋষির কামধেনু ; কর্ব্বুরবর্ণা গাভী।

শবাকার [শব + আকার] বি, মড়ার আকার। ২ বিণ, মৃতের আকৃতিবিশিষ্ট ; মৃতবৎ।

শবাধার [শব (শবের) + আধার, ৬তৎ] বি, মৃতদেহ রক্ষা করিবার পাত্র; মৃত্তিকা মধ্যে প্রোথিত করিবার সময় যার মধ্যে মৃতদেহ রাখা হয়।

শবানুযাত্রী [শব+অনুযাত্রী,৬তৎ] বি. শববাহক। ২ যারা শববাহকদিগের পশ্চাৎ পশ্চাৎ শ্মশানে গমন করে।

শবাসনা [শব+আসন (যার, বহু০)+আ (স্ত্রীং)] বি,শবোপরি অবস্থিতা; শবারূঢ়া। ২ কালিকাদেবী। "কালী এই বাসনা কৃপা কর শ০ রসনা এই লইবে।"-বাং গান।

শবেবরাত [ফা০ শব (রাত্রি)+ই+বরাত্ > ভ্রং সুব্রাৎ] বি, শাবনমাসের চতুর্দ্দশ দিবস, যে দিবস মুসলমানগণ মৃতের শ্রাদ্ধশান্তি করিয়া থাকেন। ২ বরাতের বা বিবাহ রাত্রির উৎসব।

শব্দ [শব্দ্ (শব্দ করা) + অ (ভা০)] বি, বিভক্তিরহিত নাম। ২ ধ্বনি; রব; শ্রবণেন্দ্রিয়গ্রাহ্য পদার্থ। ৩ অর্থবোধক ধ্বনি। [দ্রঃ-শব্দ দ্বিবিধ-ধ্বনি ও বর্ণ। মৃদঙ্গাদি হতে উৎপন্ন শব্দ-ধ্বনি এবং কণ্ঠ্ সংযোগাদি জন্য শব্দ-বর্ণ]। ৪ খ্যাতি; যশঃ। ~কাণ্ড-বি,কোলাহল; গোলমাল; চেঁচামেচি। ২ শব্দসাধন; শব্দাধ্যায়। ~কার-বিণ, যে শব্দ করে; যে আওয়াজ দেয়। ২ শব্দগঠনকারী। ~কোষ-বি, শব্দার্থ নির্ণায়ক গ্রন্থ; অভিধান lexicon; dictionary. ~গ্রহ [শব্দের গ্রহ, ৬তৎ, গ্রহ (গ্রহণ করা) + অ (ণে), যদ্দারা শব্দ গ্রহণ করা হয়] বি, শ্রবণেন্দ্রিয়; শ্রুতি; কর্ণ। ২ শব্দের বোধ; শব্দের তাৎপর্য্যজ্ঞান। ~চোর-বি, লিখনাপহারক; ভাবাচোর; গ্রন্থতস্কর; যে অন্যের রচনা নিজের বলিয়া প্রকাশ করে। ~তরঙ্গ-বি, শব্দের কম্পনজাত ঢেউ sound wave. ~প্রবৃত্তি-বি, শব্দের উৎপত্তি; বৈখরী, মধ্যমা, পশ্যন্তী এবং সূক্ষ্মা এই চতুর্ব্বিধ বাঙ্নিষ্পত্তি। ~বহ-বিণ, শব্দ বহনকারী। ২ বি, অনিল; বায়ু। ৩ আকাশ। ~বিন্যাস-বি, শব্দরচনা; শব্দযোজনা; শব্দে অর্থবোধক বর্ণের শৃঙ্খলাপূর্ব্বক স্থাপন। ~বিভূতি-বি, শব্দভাণ্ডারের ঐশ্বর্য্য বা শব্দপ্রাচুর্য্য; শব্দসম্পদ। "তিনি স্বয়ং মহারাষ্ট্রীয় ভাষা জানেন না। অথচ মহারাষ্ট্রীয় ভাষার শব্দবিভূতির উপর তীব্র মন্তব্য প্রকাশ করিতে তিনি কুণ্ঠা বোধ করেন নাই।"-নায়ক। ~বেধী [শব্দ-ব্যধ্ (বিদ্ধ করা)+ইন্ (র্ত্তৃ)=শব্দবেধিন্ ১মা, ১ব০] বিণ, শব্দানুসারে বিদ্ধকারী; শব্দভেদী। ২ যাঁর শব্দে শত্রুর ভীতি জন্মে। ৩ বি, রাজা দশরথ। ৪ অর্জ্জুন। ৫ বাণবিঃ। ~বোদ্ধা -বিণ, শব্দজ্ঞ। ২ বি, শব্দজ্ঞ ব্যক্তি। ~বোধ-বি, শব্দের জ্ঞান। ~ব্রহ্ম-বি, শব্দাত্মক ব্রহ্ম। ২ শ্রুতি; বেদ। ~ভেদী [শব্দ-ভিদ্ (ভেদ করা)+ইন্ (র্ত্তৃ)=ভেদিন্ ১মা, ১ব০] বিণ, শব্দানুসারে যিনি লক্ষ্যবিদ্ধ করিতে পারেন; শব্দবেধী। ২ বি, অর্জ্জুন। ৩ রাজা দশরথ। ৪ বাণবিঃ। ~ময় [শব্দ+ময়ট্ (পূর্ণার্থে)] বিণ, ধ্বনি বিশিষ্ট; শব্দপূর্ণ। ~যোনি [শব্দের যোনি, ৬তৎ] বি, শব্দের উৎপত্তি-স্থান; যা হতে ধ্বনি উৎপন্ন হয়। ২ [ব্যা০] শব্দের মূল; ধাতু; প্রকৃতি root. ~শঃ-অ, শব্দানুসার। ~শক্তি- বি, অভিধা, লক্ষণা ও ব্যঞ্জনা ই০ শব্দের অর্থবোধক বৃত্তি। ~শাস্ত্র-বি, শব্দের ব্যুৎপাদক শাস্ত্র; ব্যাকরণাভিধানাদি; শব্দবিজ্ঞান Philology. ~শূন্য [শব্দ দ্বারা শূন্য, ৩তৎ] বিণ, নীরব; নিঃশব্দ; শব্দহীন। সমুদ্র, ~সাগর-বি, সাগরের সহিত তুলনীয় অপরিমেয় শব্দভাণ্ডার। ~হীন-বিণ, শব্দশূন্য (দ্রঃ)। ২ নির্ব্বাক্। চুঁ শব্দ, টুঁ শব্দ-বি, অত্যল্পমাত্র শব্দ; অতি ক্ষীণ শব্দ। ভীম শব্দ-বি, ভয়ানক শব্দ।

শব্দাতীত [শব্দ+অতীত] বিণ, শব্দ দ্বারা বা প্রকাশ করা বা বর্ণনা করা যায় না; অনির্ব্বচনীয়।

শব্দাধিষ্ঠান [শব্দ+অধিষ্ঠান(আশ্রয়), ৬তৎ] বি, শ্রবণেন্দ্রিয়; কর্ণ।

শব্দানুশাসন [শব্দ+অনুশাসন, ৬তৎ] বি, শব্দের ব্যুৎপত্তি, রূপান্তর, প্রয়োগ ই০-র বিধিনিষেধবোধক শাস্ত্র; ব্যাকরণ।

শব্দাম্বুধি [শব্দ+অম্বুধি] বি, শব্দের সমুদ্র; শব্দসাগর।

শব্দায়মান [শব্দ+য (করা অর্থে ক্যঙ্)=শব্দায় (নামধাতু)+আন (র্ত্তৃ)] বিণ, যে শব্দ করে; শব্দকারী; যে শব্দ করিতেছে। স্ত্রীং ~া।

শব্দার্থ [শব্দ+অর্থ] বি, শব্দ বা বাক্যের অর্থ বা অভিধা [দ্রঃ-অভিধা দ্বারা প্রকাশ্য অর্থ=মুখ্যার্থ। লক্ষণা দ্বারা প্রকাশ্য অর্থ=লক্ষ্যার্থ। ব্যঞ্জনা দ্বারা প্রকাশ্য অর্থ=ব্যঙ্গ্যার্থ]

শব্দালঙ্কার [শব্দ (ঘটিত)+অলঙ্কার, ম০ প০ লো০] বি,. অনুপ্রাস, চিত্র, যমক, শ্লেষ, কাকু, বক্রোক্তি ই০ শব্দের শোভা সম্পাদনকারী কাব্যাঙ্গবিঃ। স্ব স্ব স্থানে দ্রঃ।

শব্দিত [শব্দ্ (শব্দ করা)+ত (র্ম্ম), বা, শব্দ+ইত] বিণ, কৃতশব্দ; ধ্বনিত; নিনাদিত।

শম্ [সং] বি, মঙ্গল। ২ সুখ।

শম [শম্ (শান্ত হওয়া)+অ (ভা০)] বি, নিবৃত্তি; শান্তি; উপশম। ২ চিত্তের স্থিরতা; নিরুপদ্রব। ৩ মোক্ষ; মুক্তি। ৪ মনঃসংযম; নিরন্তর বাসনা ত্যাগ। "বিষয়ের বারম্বার দোষ দর্শন করিয়া মন যখন স্বীয় লক্ষ্য বস্তু পরব্রহ্মে নিরত ভাবে অবস্থান করে তখন তাহাকে শম বলা যায়। শম ও দম (মনঃসংযম ও ইন্দ্রিয়সংযম) এই উভয় উপায়েই মনকে বিষয় হইতে বিনিবৃত্ত করিবার চেষ্টা করা আবশ্যক।"

শমক [শম্+অক (র্ত্তৃ)] বিণ, উপশমকারী; শান্তিকারক।

শমতা [শম+তা (ভা০)] বি, নিবৃত্তি। ২ শান্তি। ৩ উপশম। ৪ মুক্তি।

শমতি [শম+তি (=তা-ভা০)। ব্রজ০। তুল-হিং শমাই] বি, শমতা; উপশম; বিরাম। "শ০ না দেই দিন রজনী রোয়।" -জ্ঞান০।

শমথ [সং] বি, শমতা। ২ সচিব।

শমন১ (-ম-) [ইং summons এর লিপ্যন্তর] বি, সমন দ্রঃ। শমনের টাকা [মানভূম প্রাদে০] বি, খরিদের টাকা purchase money.

শমন২ [শম্+ণিচ্=শমি (শান্ত হওয়ান)+অন (ভা০)] বি,দমন; প্রশমন; নিবারণ।

২ মনঃশান্তি। ৩ অভিশাপ। ৪ ভর্ৎসনা ; তিরস্কার। ৫ দ্বেষ ; হিংসা। ৬ যজ্ঞের নিমিত্ত পশু হনন। ৭ ক্ষতি। ৮ [–+অন (র্তৃ)] যম ; কৃতান্ত। "দানব দমনী শমন-শমনী ভবানী ভবসংসারে গো।"–অ॰ ম॰। ৯ মৃগবিঃ। ১০ কলায় ; কড়াই। ১১ আঘাত। ১২ চর্ব্বণ। স্ত্রীং শমনী–কালরূপিণী। "শমন শমনী ভবানী"–অ॰ ম॰। ২ নিশি ; রাত্রি। ~দ্বার–বি, যমপুরীর দ্বার ; কৃতান্তভবনের প্রবেশপথ ; যমের দুয়ার। ২ মৃত্যু। ~ভবন–বি, কৃতান্তপুরী; যমের বাড়ী। ~সদন–কৃতান্তভবন ; যমালয় ; যমপুরী। ~সভা–বি, মৃত্যুরাজ্য। ~স্বসা–বি, সূর্য্যতনয়া কালিন্দী নদী ; যমভগ্নী ; যমুনা।

শমনীয় [সুশ্রুত] বি, রোগ প্রশমনকারী (ঔষধ) soothing (remedies)]

শময়িতা [শম্+ণিচ্=শমি (শান্ত হওয়ান)+তৃ (র্তৃ), ই আগম=শময়িতৃ ১মা, ১ব॰] বিণ, উপশমকারক ; দমনকারক ; নিবারক। ২ বিনাশকারী। স্ত্রীং শময়িত্রী।

শমল [সং] বি, বিষ্ঠা। ২ পাপ।

শমশের [ফা॰] বি, তরবারি ; তরোয়াল sword.

শমার্থী [শম (শান্তির)+অর্থী=অর্থিন (প্রার্থী) ১মা, ১ব॰, ৬তৎ] বিণ, সন্ধিপ্রার্থী ; শান্তিপ্রয়াসী।

শমি, শমী ১[সং] বি, বাবলাজাতীয় বৃক্ষবিঃ; যার কাষ্ঠ যজ্ঞাদিতে আবশ্যক হয় ; শাঁইগাছ।

শমিত [শম্+ণিচ্=শমি (শান্ত হওয়ান) +ত (র্ম্ম)] বিণ, যাকে উপশম করান হইয়াছে ; দমিত। ২ নিবারিত। ৩ বিনাশিত। ৪ নিবৃত্ত। স্ত্রীং~া১।

শমিতা২[বৈদিক] বি, পশুযাগে যে ব্যক্তি পশু বধ করে। "শমিতা পশুর গলবেষ্টন রজ্জু ধরিয়া পশ্চাতে পশুকে লইয়া চলেন। * * যজমান ও ঋত্বিকেরা * * * অগ্নির নিকটে মুখ ফিরাইয়া বসেন যেন পশুহত্যা দেখিতে না হয়। শমিতা সেই সময়ে পশু হত্যা করেন। পশুর মুখ চাপিয়া অথবা গলায় ফাঁস দিয়া শ্বাসরোধের দ্বারা হত্যা করিতে হয়।"–ত্রিবেদী।

শমির, শমীর [শমি, শমী (শাঁই গাছ) র (তুল্য হওয়া), বা ক্ষুদ্রার্থের প্রত্যয়] বি, ক্ষুদ্র কণ্টকবৃক্ষ- বিঃ ; ছোট শাঁইগাছ Acacia suma.

শমী২ [শম (শমগুণ)+ইন্ (স্ত্য॰), বা শম্ (শান্ত হওয়া)+ইন্ (র্তৃ,শীলার্থে)=শমিন্ ১মা, ১ব॰] বিণ, যার শমগুণ আছে ; শমগুণবিশিষ্ট ; শান্ত। ২ সংযমী ; জিতেন্দ্রিয় ; ধীর। > স্ত্রীং শমিনী। ~গর্ভ–বি, অগ্নি। ২ ব্রাহ্মণ। ~ধান্য– মটর মাষকলাই ই॰ শস্য। ~পত্রা–বি, লজ্জাবতী লতা।

শমীক [শম্ (শান্ত হওয়া)+ঈক (র্তৃ, জ্ঞা॰)] বি, ঋষিবিঃ। ইঁহারই গলদেশে মৃতসর্প লম্বিত করিয়া প্রস্থান করায় শাস্তিস্বরূপ রাজা পরীক্ষিত ইঁহার পুত্র শৃঙ্গীমুনি কর্ত্তৃক অভিশপ্ত হইয়া সপ্তাহ মধ্যে সর্পাঘাতে প্রাণ হারাইয়াছিলেন।

শম্পা [সং] বি, বিদ্যুৎ ; ক্ষণপ্রভা।

শম্ব [শম্ব্ (রাশি করা)+অ (র্তৃ)] বি, লৌহময়াগ্রভাগ মুদ্গর। ২ মুষলাদির অগ্রলৌহমণ্ডল ; গুলো। ৩ লৌহময় কাঞ্চি। ৪ বজ্র ; অশনি। ৫ [–+অ (ভা॰] দ্বিতীয়বার কর্ষণ। ৬ [শম্ (সুখ)+ব (স্ত্য॰)] বিণ, যার সুখ আছে ; সৌভাগ্যশালী ; ভাগ্যবান্।

শম্বর [শম্ব্ (গমন করা)+অর–যে হিংসার্থ গমন করে] বি, অসুরবিঃ। "শ॰ দানব বড় হইবে দুর্জ্জন। মদনের হাতে তার মৃত্যু নিয়োজন॥" –অ॰ ম॰। ২ বৌদ্ধবিঃ। ৩ বৌদ্ধব্রতবিঃ। ৪ মৃগবিঃ। ৫ মৎস্যবিঃ। ৬ চিত্রক বৃক্ষ। ৭ অর্জ্জুন বৃক্ষ। ৮ লোধ্র বৃক্ষ। ৯ ধন। ১০ জল। ১১ পর্ব্বতবিঃ। ~সূদন –বি, শম্বরদৈত্যকে যিনি বধ করিয়াছিলেন ; কন্দর্প ; কামদেব।

শম্বরারি [শম্বর+অরি (শত্রু), ৬তৎ] বি, কন্দর্প।

শম্বল [শম্বর দ্রঃ। র=ল] বি, পথখরচ ; পাথেয়। স্ত্রীং ~ী–কুট্টিনী।

শম্বাকৃত [সং] বিণ, দুইবার বা দ্বিতীয়-

শম্বু, শম্বূ [শম্ (শান্ত হওয়া)+উ–ঊ (র্তৃ), ব্ আগম] বি, ক্ষুদ্র শঙ্খ। ২ শম্বুক। ৩ দৈত্যবিঃ। ৪ গজকুম্ভের অগ্রভাগ।

শম্বুক, শম্বূক [শম্+উক্–ঊক্ (র্তৃ), ব্ আগম] বি, উগ্রতপাঃ শূদ্র তাপসবিঃ। শূদ্রের তপস্যায় অধিকার নাই জানিয়াও হেঁটমুণ্ডে ঊর্দ্ধপদে তপস্যা করায় অপরাধে অযোধ্যাপতি রামচন্দ্রের হস্তে নিহত হন। ২ জলজন্তুবিঃ ; শামুক।

শম্ভ [শম্ (কল্যাণ)+ভ] বিণ, মঙ্গলযুক্ত ; কল্যাণময়।

শম্ভলী [সং] বি, কুট্টনী।

শম্ভু [শম্ (কল্যাণ) ভূ (হওয়া)+উ (অপা॰), যা হতে কল্যাণ হয়] বি, শিব ; মহেশ্বর। ২ বিষ্ণু। ৩ ব্রহ্মা। ৪ বুদ্ধ। ~প্রিয়া–বি, ভবানী; দুর্গা। ২ আমলকী।

শয়১ [শত > শঅ >] বি, বিণ, শত। ~করা–দ্রঃ। ~শয়–অ, শত শত। ২ বহু। "আম জাম দিল শ॰ শ॰"–কবিক॰। বিংশত্যধিক শত (শত) অর্থে 'বিশাশয়' দ্রঃ।

শয়২ [শী(শয়ন করা)+অ(ধি),যাতে শয়ন করা হয়] বি শয্যা। ২ [–+অ (ণে), যার দ্বারা অর্থাৎ যার আক্রমণবশতঃ শয়ন করা হয়] নিদ্রা। ৩ পণ। ৪ হস্ত। ৫ সর্প। ৬ [–+অ(ভা॰)] শয়ন। ৭ [–+অ (র্তৃ)] বিণ, শয়নকারী।

শয়করা [হি॰ সইকড়া] অ, শতকরা percent.

শয়চান [শ্যেন >] বি, শ্যেনপক্ষী ; শিক্‌রা পাখী। "যার সত্য বুঝিতে শ॰ হ'ল ধর্ম্ম॥"–ঘ॰।

শয়তা/ন [আ॰ শৈতান >। ইং Satan] বি, ভূতপ্রধান ; ভূতরাজ দানাবল। ২ পাপাত্মা। "শ॰ দিল দাগা ভূতেরে পূজায়।" –অ॰ ম॰। ৩ অতি দুষ্ট ; দুর্ব্বৃত্ত ; অসৎ ; নীচ। "হবে না কেন ? সব শ॰, সব মিথ্যাবাদী" –পিতাপুত্র। স্ত্রীং ~ী১। ~নি, –নী২ [আ॰ > ফা॰] বি, শয়তানের আচরণ ; বদমাইসি ; নষ্টামি ; অত্যন্ত অসদাচরণ। ২ [বাং॰য়] বি, দুষ্টস্বভাবা নারী ; নারকী। "পিশাচী নই শয়তানী নই–বীরেন্দ্র সিংহের বিধবা স্ত্রী"–দুর্গেশনন্দিনী।

শয়ন [শী (শয়ন করা)+অন (ভা॰)] বি, নিদ্রা। ২ [–+অন (ধি), শয়ন করা হয়

যাতে] শয্যা ইং; পালঙ্কাদি। ৩[বাং-র] শয্যায় গা ঢালিয়া প'ড়ে থাকা। ৪ স্ত্রীসহবাস। ~কক্ষ-বি, শয়নাগার; শুইবার ঘর। "রাত্রে শয়নকক্ষে স্বামীস্ত্রীর সাক্ষাৎ ঘটিল।"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ~কর্ত্তা-শায়িত ব্যক্তি; শয়নকারী ব্যক্তি। ~কাল-নিদ্রার নিরূপিত সময়; শুইবার সময়। ~কুটীর-বি, শয়নগৃহ। ~গৃহ-বি, শুইবার ঘর। ~জনক-বিণ, নিদ্রা উৎপাদক; নিদ্রা-কর্ষক। ~জন্য-বি, নিদ্রাজাত; নিদ্রা হইতে উদ্ভূত; শয়নমূলক। ~নিবর্ত্তক-বিণ, নিদ্রা-প্রতিবন্ধক। ~নিবৃত্তি-বি, নিদ্রাত্যাগ; নিদ্রাভঙ্গ। ~ভঙ্গ-বি, নিদ্রা-ভঙ্গ; ঘুমভাঙ্গা। ~ভঞ্জন-বি, নিদ্রাভঙ্গ-করণ; ঘুমভাঙ্গান। >বিণ, ~ভঞ্জক। ~মন্দির-বি, শয়নাগার; শয়নগৃহ। ~াকাঙ্ক্ষা [শয়ন+আকাঙ্ক্ষা] বি, শয়নাভিলাষ; শয্যাগ্রহণের ইচ্ছা; ঘুমাই-বার ইচ্ছা। >বিণ, ~াকাঙ্ক্ষী-শয়নেচ্ছু। >স্ত্রীং ~াকাঙ্ক্ষিনী। ~াগার অর্থিন্ >] বিণ, [শয়ন+গার] বি, শয়নগৃহ। ~ার্থী [শয়ন+ নিদ্রাভিলাষী; শয়নেচ্ছু।

শয়নীয় [শী (শয়ন করা)+অনীয় (র্ম্ম)] বিণ, শয়নের উপযোগী; শয়নযোগ্য। ২ [-+অনীয় (ধি), যাতে শয়ন করা যায়] বি, শয্যা; শয়নস্থান; পালঙ্কাদি। স্ত্রীং~া।

শয়নৈকাদশী [শয়ন (হরিশয়ন সময়ে পালনীয়)+একাদশী] বি, আষাঢ় মাসীয় শুক্লা একাদশী।

শয়নোপক্রম [শয়ন+উপক্রম] বি, শয্যা গ্রহণের উদ্যোগ। ২ নিদ্রার উদ্যোগ।

শয়ন্ত[শী (শয়নে)+অন্ত (র্ত্তৃ)। তুল-জীয়ন্ত। সং-শয়ন্ত (নিদ্রাশীল) >] বিণ, যে শয়ন করিয়া আছে। ২ ঘুমন্ত; নিদ্রালু।

শয়াণ, শয়ান[১] [প্রা॰ বাং, ন=ণ] বি, শয়ন; শয্যা। "ভাগিনা সদৃশ গুরু নাহিঁক শয়াণে।"-শ্রী॰ কী॰। ২ শয্যায়; শয়নে। "একলি শুতলিহলি কুসুম-শয়নে।"-বি॰প॰।

শয়ান[২] [শী (শয়ন করা)+আন (র্ত্তৃ)] বিণ, নিদ্রিত। ২ যে শয়ন করিয়া আছে; শায়িত। "জানি হে নাথ পুণ্য পাপে হৃদয় মোর সতত শয়ান আছে তব নয়ান সমুখে।" -রবী॰। স্ত্রীং ~া।

শয়ালু [শী (শয়ন করা)+আলু (র্ত্তৃ-র্থার্থে)] বিণ, শয়নশীল; যে সর্ব্বদা শয়ন করে। ২ নিদ্রালু। ৩ কুক্কুর। ৪ ভুজঙ্গ; অজগর।

শয়িত [শী (শয়ন করা)+ত (র্ত্তৃ)] বিণ, যে শয়ন করিয়াছে; সুপ্ত; নিদ্রিত। ২ যে নিদ্রা বা বিশ্রামার্থ শয্যাদিতে শয়ন করিয়াছে। ~বান্ [শয়িতবৎ। শী+তবৎ (র্ত্তৃ)-ই আগম] বিণ, শয়িতবান; সুপ্ত; নিদ্রিত। >স্ত্রীং ~বতী।

শয্যা [শী (শয়ন করা)+য (ধি, প্রা॰ শেজ] বি, শয়নস্থান। ২ খাট পালঙ্কাদি। ৩ তল্প; বিছানা। ৪ [+য(ভা॰)+আ] শয়ন। ~কণ্টক, ~কণ্টকী [প্রা॰ শয্যাকণ্টকী] বি, যে রোগে শয্যা কণ্টক তুল্য অসহ্য বোধ হয়; বিছানা চালা। শয্যা করা-ক্রি, বিছানা পাতা। ~গত [শয্যাকে গত (প্রাপ্ত), ২ তৎ] বিণ, পীড়াদি হেতু উত্থান-শক্তি রহিত; শয্যাশায়ী; বিছানায় শায়িত। >স্ত্রীং~গতা। ~গার [শয্যা+আগার] বি, শয়নাগার; শয়নকক্ষ; শয্যাগৃহ। ~গুরু-বি, স্বামী; পতি। ~তল-বি, বিছানার তলদেশ; পালঙ্কের নিম্ন-দেশ। "নিভৃত শয্যাতলে অনিল পত্নীকে ডাকিয়া কহিল," -উত্তরা, পৌষ, ১৩৩৩। ~পার্শ্ব-বি, বিছানার ধার। "দিদিমার শয্যাপার্শ্বে বসিয়া রহিল।"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ~প্রান্ত-বি, বিছানার ধার। ~রচনা-বি, শয্যা প্রস্তুতকরণ; বিছানা পাতা। শয্যা লওয়া-ক্রি, শয়ন করা; শয্যার আশ্রয় লওয়া। ~শায়ী [শয্যা-শায়িন্ শব্দ ১মা, ১ব॰] বিণ, শয্যায় শায়িত; শয্যাগত। >স্ত্রীং শয্যাশায়িনী। ~সঙ্গিনী-বি, ভার্য্যা; বনিতা; পত্নী। ~সহচর-বি, শয্যাসঙ্গী; ভর্ত্তা; স্বামী। >স্ত্রীং ~সহচরী। ~স্তরণ[শয্যা+আস্তরণ, ৬তৎ] বি, শয্যাচ্ছাদন; বিছানার চাদর।

শয্যোত্তরচ্ছদ [শয্যা+উত্তরচ্ছদ] বি, বিছানার চাদর।

শর[১] [শৃ (হিংসা করা)+অ(ণে), যদ্দারা প্রাণিহিংসা করা হয়] বি, বাণ; ইষু; তীর। "দারুণ কুসুম শর সুদৃঢ় সন্ধানে"-শ্রী॰ কী॰। ২ বাণতৃণ; খাক্ড়াগাছ; মুঞ্জতৃণ। ~ক্ষেপ, ~ক্ষেপন, ~ত্যাগ, ~নিক্ষেপ (-র্ং-) বি, তীর ছোঁড়া।

শর[২] [প্রা॰ বাং, প্রাকৃ॰। স্বর >] বি, স্বর। "পঞ্চম শর গাএ পিকগণ।"-শ্রী॰ কী॰। ~জ[১] [শর (খাক্ড়া গাছ) হতে জ (জাত)] বি, কার্ত্তিকেয়। ~জন্মা [শর-খাক্ড়া গাছ হ'তে জন্মন্=জন্ম যার, বহু॰] বি, কার্ত্তিকেয়; ষড়ানন। "লক্ষ্মী বাণী আদি করি আর যত সহচরী লয়ে শরজন্মা লম্বোদর।"-কবিক॰। ~জাল [শর+জাল (সমূহ)] বি, বাণসমূহ। "দিনে থাকি গৃহ কাজে সকল সখীর মাঝে যামিনী আইলে মোর কাল। জ্বালায় মন্দির পথে প্রবেশ করিব তাতে হিমকর-কর-শরজাল॥"-কবিক॰। ~দ্বান্ [শরদ্বৎ >। জন্ম সময়ে হাতে শর থাকায় এই নাম] বি, গৌতম মুনির পুত্র। ~ধি [শর (বাণ) ধা (ধারণ করা)+ই (ধি), শরের ধি (আধার), ৬তৎ] বি, তূণ; বাণাধার। ~বর্ষণ [৬তৎ] বি, এককালে বহুবাণ নিক্ষেপ। ~বাণি [সং] বি, পদাতি। ২ শরাগ্র। ~বিদ্ধ [শর দ্বারা বিদ্ধ, ৩তৎ] বিণ, বাণবিদ্ধ; শরাহত। ~ব্য [শর (বাণ)+য (র্ম্ম)] বি, যার প্রতি শরক্ষেপ করা যায়; বাণের নিশানা; শরের লক্ষিত বিষয়; বাণের লক্ষ্য। ~ভূ [শর (শরবন), + ভূ (হওয়া) + (ক্বিপ)] বি, শরজন্মা; কার্ত্তিকেয়। ~মল্ল [শর-মল্ল (যোদ্ধা)] বি, বাণদ্বারা যুদ্ধকারী: তীরন্দাজ। ~মাঞ্জা [প্রা॰ শরমঞ্জা, শরমাজা] বি, শরতৃণের মঞ্জরী; চামর পুষ্প; কেশে ফুল। ~শয্যা [শর দিয়া রচিত শয্যা, ম॰ প॰ লো॰] বি, বাণ দ্বারা রচিত শয্যা; শররচিত শয়নস্থান; যুদ্ধক্ষেত্র। "কেন না শুইনু আমি শরশয্যোপরি হৈমলঙ্কা-অলঙ্কার বীরবাহু সহ রণভূমে!"-মেঘ॰। ~শয্যা-শায়ী-বিণ, বাণ দ্বারা রচিত শয্যায় শয়নকারী। ২ ভীষ্ম। >স্ত্রীং ~শায়িনী। ~সন্ধান [শরের সন্ধান, ৬তৎ] বি, বাণ-

যোজনা। ২ বাণনিক্ষেপ। ~স্তম্ভবিদ্যা -বি, যে বিদ্যা দ্বারা শরচালনা করিবার শক্তি ব্যাহত করা যায়। "আদ্যাশক্তি মোর মনে না হয় পতয়া। শর স্তম্ভ বিদ্যা জান হেন বুঝি পায়া।"-কবিক°।

শর৩ [সং। সঁর ও°] বি, দধি দুগ্ধাদির সারভাগ; দুগ্ধাদির উপরিভাগের ঘন আবরণ। ~জ২ (-র্জ-) [শর (দধি দুগ্ধাদির সার) জ (জাত)] বি, হৈয়ঙ্গবীন; সদ্যোজাত ঘৃত। ২ নবনী। ~পুরি, -পুরিয়া-বি, পুরির আকৃতি শরের মিষ্টান্ন। ~ভাজা-বি, দুধের শর চিনির রসে পাক করিয়া ঘৃতে ভাজা মিষ্টান্নবিঃ।

শর্ট, সর্ট [শ, স্থ (বধ করা)+অট (র্তৃ)] বি, কৃকলাস; কাঁকলাস। "শরট কমঠ ভেট দিয়া কৈল মাথা হেট সোনাই ওঝা করিল কল্যাণ।"-কবিক°। "বরমিহ তব তীরে শরট করট ফিরে ন পুনঃ ভূপতি তব দূরে।"-অ° ম°। ২ কুসুম্ভ শাক।

শর্ণ [শৃ (হিংসা করা, রক্ষা করা)+অন (র্তৃ)] বি, রক্ষাকর্ত্তা; রক্ষক। ২ [-+অন (ভা°)] রক্ষা। "শরণ, পালন কর হয়ে কৃপান্বিত"-মহা° (কাশী°)। ৩ আশ্রয়। "তাপহরণ তোমার চরণ অসীম শরণ দীন জনায়"-রবী°। ৪ গৃহ। ৫ বধ; হনন; বিনাশ। ৬ নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ। স্ত্রীং ~া।

শর্ণাগর্ত [শরণ (রক্ষা, আশ্রয়)+আগত (প্রাপ্ত), ২তৎ] বিণ, রক্ষার্থী; যে আত্মরক্ষার জন্ত আসিয়াছে। ২ [শরণে (আশ্রয়ে) আগত, ৭তৎ] আশ্রিত; শরণাপন্ন। ~পার্লক-বিণ, আশ্রিতপালক; শরণাপন্ন রক্ষক। > স্ত্রীং ~পালিকা। বি, ~পার্লন।

শর্ণাপর্ন্ন [শরণ (আশ্রয়)+আপন্ন (প্রাপ্ত), ২তৎ] বিণ, শরণাগত। স্ত্রীং ~া।

শর্ণার্থী [শরণ (আশ্রয়ের)+অর্থী (যাচক), ৬তৎ] বিণ, রক্ষাপ্রার্থী; আশ্রয়যাচক; অভয়প্রার্থী। স্ত্রীং শর্ণার্থিনী।

শর্ণি, শর্ণী [শৃ+অনি (র্ম), যাকে গমনার্থ আশ্রয় করা হয়] বি, পথ; বর্ত্ম; মার্গ; রাস্তা। "সঙ্গে সখা নিত্যানন্দ ভুবনে আনন্দকন্দ মুকুতির দেখালে শরণি।" -কবিক°। ২ ইন্দ্রদুহিতা জয়ন্তী। ৩ জয়ন্তীবৃক্ষ। ৪ প্রসারিণী; গন্ধভাদালিয়া।

শর্ণ্ড [সং] বি, শরট। ২ লম্পট।

শর্ণ্য [শরণ+য] বিণ, রক্ষণে সমর্থ; রক্ষণের যোগ্য; রক্ষাকর্ত্তা। "তোমারই শ° দয়ালু নাহি আর।"-চৈ° ভা°। ২ রক্ষণ। ৩ আশ্রয়। স্ত্রীং শর্ণ্যা-বি, দুর্গা; ভবানী। ২ বিণ, আশ্রয় লইবার যোগ্যা; রক্ষণে সমর্থা।

শর্ণ্যু [সং] বি(ণ), আশ্রয়দাতা; পালক; শরণ্য। ২ বায়ু। ৩ মেঘ।

শর্ৎ [সং] বি, ষড়ঋতুর দ্বিতীয়; বর্ষান্তায় autumn. ~কাল-বি, শরৎ ঋতু; বর্ষাবসান। > বিণ, ~কালীন-শরৎ ঋতু সম্বন্ধীয়। ২ শরতে যা জন্মে। ~চন্দ্র, শর্চ্চন্দ্র [শরৎ+চন্দ্র] বি, শরতকালের চাঁদ; মেঘ তুষারাদি মুক্ত শুভ্রোজ্জ্বল স্নিগ্ধ চন্দ্র। ২ [লক্ষ°] শুভ্রোজ্জ্বল; সুন্দর। ~নলিনী, ~পদ্ম, ~সরোজিনী-বি, যে পদ্ম শরৎকালে ফোটে; শ্বেতপদ্ম। ~পর্ব্ব-বি, শরৎকালের উৎসব; কোজাগর পূর্ণিমা। ~শশী-বি, শরচ্চন্দ্র; শরৎকালের চাঁদ। "পাইবে সেই শরৎ শশী সুধার আধার যিনি।-গান।

শর্ত্যাগ-শর১ দ্রঃ।

শর্দ্ [সং] বি, শরৎ ঋতু; ভাদ্র এবং আশ্বিন-এই দুই মাস; (মতান্তরে) আশ্বিন ও কার্ত্তিক।

শর্দ [সং] বি, শারদীয় বীণাযন্ত্র।

শর্দন্ত [শরৎ (শরৎ ঋতুর)+অন্ত (অবসান) হয় যদ্দারা, বহু°] বি, হেমন্ত ঋতু।

শর্দিজ [শরদি (শরতে)+জ (জাত)] বিণ, শরৎকালে উৎপন্ন। "শ° সরসিজ শোভে সরোবর।"-অমৃত°। স্ত্রীং ~া।

শর্দিন্দু [শরৎ+ইন্দু] বি, শরৎশশী; শরৎকালীন চন্দ্র। ~নির্ভ-বিণ, শরৎকালের চন্দ্রের ন্যায়। ~নিভার্নন-বি, শরৎশশী সদৃশ মনোহর-বদন; শরতের চাঁদের মত সুন্দর মুখ। ২ বিণ, শরচ্চন্দ্রের ন্যায় মনোহর আননবিশিষ্ট। > স্ত্রীং ~া [বাং-র নিভাননী ও°] "শূন্যপথে চলিলা ইন্দিরা শরদিন্দুনিভাননা - বৈজয়ন্তধামে" -মেঘ°। ~বিনিন্দির্ত-বিণ, শরচ্চন্দ্র অপেক্ষা সুন্দর; শরতের চাঁদ যার রূপের কাছে নিন্দিত। স্ত্রীং ~া।

শর্দ্বান্ (-দ্বা-) [শর সহ জন্ম হেতু নাম] বি, গৌতম ঋষির পুত্র (মতান্তরে পৌত্র) এবং শরস্তম্ভে গৃহীত জন্ম মহাভারতোক্ত কৃপ ও কৃপীর জনক।

শর্ভ [শৄ (হিংসা করা)+অভ (র্ম), যাকে বধ করা হয়] বি, মৃগবিঃ। ২ [বৌ°স°] অষ্টপদ ও সিংহাপেক্ষা বলবান্ এরূপ কল্পিত মৃগবিঃ। "শরভে শরভে মারে ঢুসাইয়া মুণ্ডে" -কবিক°। ৩ করিশাবক; হস্তিশাবক। ৪ উষ্ট্র। ৫ পতঙ্গবিঃ। ৬ বানরবিঃ। ৭ দানববিঃ। ৮ শিশুপালের পুত্র।

শর্ভঙ্গ [পু°] বি, ঋষিবিঃ।

শর্ম [ফা° শরম্। সরম দ্রঃ] বি, ত্রপা; ব্রীড়া; লজ্জা। "শরমে সরমা সই মরি লো স্মরিলে তার কথা"-মেঘ°। "কহি যদি হিন্দুপতি পাইবে শরম।"-অ° ম°।

শর্যু [সং] বি, অযোধ্যাপ্রবাহিতা নদী।

শর্ল [সং] বি, দেবদারু গাছ।

শরা১ [আ° শর্অা] বি, হজরৎ মুহম্মদের নীতি-উপদেশ ও আদেশ; মুসলিম্ আইন Mahomedan Law.

শরা২ [সং-শরাব] বি, মৃত্তিকানির্ম্মিত পাত্রবিঃ। "নিরন্তর থাকি দেখি নহি সতন্তরা। হাঁড়ির মুখের মত হয়ে যেন শরা।" -শি°। "ধরা দেখিস্ শরার মত"-গান।

শরাক-সরাক দ্রঃ।

শরাকর্ত(ৎ), শরকর্ত(ৎ), শির-, (শিরা)কর্ত, শুরাকর্ত [বাং-সরা-। আ° শর্ক্, শির্ক্ (দল, সমাজ, অংশীদার) > ফা° শরকৎ, শিরাকৎ বাং-সুরাকৎ ও°] বি, সহযোগ; অংশীদারিত্ব; সরিকানা।

শরাঘাত [শর(দ্বারা)+আঘাত] বি, বাণাঘাত; বাণমারা।

শরাটি [সং] বি, শরাল পাখী।

শরাণ [প্রা০। সং-সরণি >] বি, পথ ; ... ; প্রশস্ত রাস্তা।

শরাপ, শরাব১ [আ০ শরাব্। আ০ ...ব্ (পানীয়) >] বি, সুরা ; মদিরা ; মদ্য। ...ণ, শরাবী-মদ্যপায়ী ; সুরাসক্ত। ...খানা-বি, মদের দোকান; শৌণ্ডিকালয়। ...খোর [আ০ শরাব্‌খোঅর্] বিণ, ...রাপায়ী ; মাতাল। বি, ~খোরী- ...রাপানাভ্যাস।

শরাফৎ [আ০ শর্ফ (ভদ্র, মহানুভব) > ...০। বাং-শ=স] বি, ভদ্রতা ; মহানুভবতা ; ...লমানুষী।

শরাব২ [শর (দধ্যাদির অগ্রভাগ) + ...ব্ (রক্ষা করা) + অ (খি), যাতে দধ্যাদির ...র রাখা হয়] বি, মৃত্তিকানির্ম্মিত পাত্রবিঃ ; ...রা। ২ সের পরিমাণ। ৩ দুই অঞ্জলি ...রিমাণ। ২ শরাব=১ প্রস্থ।

শরাবতী [সং] বি, নদীবিঃ, যা "জম্বু-...পের ঈশান কোণ হতে ঘুরিয়া নৈর্ঋত কোণ ...দিয়া পশ্চিম সাগরে প্রবাহিত হইয়াছে। এই ...দীর পূর্ব্বদক্ষিণ দেশকে প্রাচ্য এবং পশ্চিম-...উত্তর দেশকে উদীচ্য বলে।"-অমরার্থ কল্পদ্রুমঃ।

শরারতী [আ০ শরারৎ] বি, দুরাচরণ ; বদমায়েসী।

শরারু [শৃ (হিংসা করা) + আরু (শীলার্থে), হিংসা করাই যাদের স্বভাব। তুল-আ০ শরীর (দুর্ব্বৃত্ত)] বিণ, প্রাণহিংসাকারী ; হিংস্র। ২ অনিষ্টকারী ; অহিতকারক।

শরাল [সং-শরাটি, শরাড়ি, শরাতি ; শরারি, শরালি, শরালী। প্রা০ শড়াল, শরাড় ও০] বি, জলচর পক্ষিবিঃ ; শরাড় পক্ষী।

শরাশ্রয় [শর + আশ্রয়] বি, বাণাধার ; তূণ ; তূণীর।

শরাসন [শর + আসন, ৬তৎ, যাতে বাণ রাখিয়া নিক্ষেপ করা হয়] বি, ধনুক ; কার্ম্মুক।

শরাস্য [শর + আস্য] বি, শরমুখ ; ধনুক।

শরাহত [শর (দ্বারা) + আহত] বিণ, বাণবিদ্ধ। স্ত্রীং ~া।

শরিক, শরীক, সারক, ...ক [ফা০ শরীক্] বি, অংশীদার partner. ~কী [~কানী ও০] বি, অংশীদারিত্ব ; ভাগীদারী। ২ বিণ, ...গের ; যার মধ্যে অনেক অংশ আছে ; ... অনেক ভাগীদার। ৩ শরীক-...দারী। ~কান [ফা০] বি, একাধিক ...ক। ~কানা [ফা০] বি, ভাগীদারের ...প্য অংশ।

শরিফ, শরীফ [আ০ শর্ফ (উচ্চ, ...ন্) > শরীফ্ (মহানুভব ই০। প্রা০ সরিপ] ...ণ, মহানুভব noble. ২ ভদ্র gentle. ৩ ...ন্ত ; কুলীন high-born.

শরিয়ৎ, সরিয়ৎ [আ০ শরীঅৎ] বি, ...লিম শাস্ত্র। "তাঁহারা একেবারেই সরিয়ৎ ...নে না।"-রামমোহন রায়ের জীবনচরিত।

শরীর [শৃ (বধ করা, নষ্ট হওয়া) + ঈর (...র্ম, কর্ত্তৃ০), যা ব্যাধি কর্ত্তৃক নষ্ট হয়। প্রাদে০ ...ল০ 'শরীল'] বি, কায়া ; দেহ ; বিগ্রহ ; কলেবর। ~গর্ত্ত-বিণ, দেহমধ্যস্থ ; ...হাভ্যন্তরে অবস্থিত। ~গ্রন্থি-বি, দেহ-...স্থি ; দেহেরসন্ধিস্থান। ~জ(-র্) [শরীর- ... (জাত), যে শরীর হতে জন্মে, ...তৎ] বি, আত্মজ ; পুত্র। ২ রোগ ; পীড়া। ৩ কাম ; মনসিজ ; কন্দর্প। ৪ বিণ, ...রীরোৎপন্ন ; দেহজ ; দেহোদ্ভূত। > ...ং ~জা। ~পাত-বি, দেহ পতন ; ...রীর নাশকরণ ; দেহ বা শারীরিক স্বাস্থ্য ...ষ্ট ; দেহক্ষয়। ~বদ্ধ-বিণ, দেহে আবদ্ধ। ২ মূর্ত্তিমান্। ~ভাক্ [শরীরভাজ্ শব্দ >। ...জ্ ১মা, ১ব০=ভাক্। যে শরীরকে ভজনা অর্থাৎ আশ্রয় করিয়া থাকে] বি, জীবাত্মা ; মনুষ্য। ২ শরীরধারী ; দেহধারী ; দেহী। ~রক্ষক, ~রক্ষী-বি, বিণ, দেহরক্ষাকারী ...সঙ্গ ; শরীররক্ষী bodyguard. ~সংস্কার -দেহপ্রসাধন ; দেহের শোভা বৃদ্ধিকরণার্থ অঙ্গরাগ করণ। ২ দেহশুদ্ধি ; শরীরের পবিত্রতা সাধন।

শরীরী [শরীর + ইন্ (ত্য০)=শরীরিন্ ১মা, ১ব০, যার শরীর আছে] বি, দেহধারী ; মূর্ত্তিমান্ ; দেহী। ২ মনুষ্য। ৩ প্রাণী ; ... এ"-সং দত্ত।

শরীরে [প্রা০ বাং। এ২-২ (৫) দ্রঃ] ...র হ'তে। "তার পরাণ হরিলো শং" ...০ কী০।

শরু১ [শৃ (বধ করা) + উ (কর্ত্তৃ)] বি, বজ্র। ২ বাণ। ৩ অস্ত্র।

শরু২ [শর + উ (সাদৃশ্যে), শরের ন্যায়] বিণ, শীর্ণ ; সূক্ষ্ম ; পাতলা। ~ঙ্গে [...র্ণাঙ্গ >। শরু-অঙ্গ-ইয়া] বিণ, শীর্ণাঙ্গ ; ...প্যাঁকাটে। এই অর্থে-শরকুটিয়া, শরকুটে ...রকুটে দ্রঃ)। তুল-সরকুটে।

শরোকার [ফা০ সরোকার্] বি, ...শ্রব ; সম্বন্ধ ; যোগাযোগ।

শর্কর [শর্করা দ্রঃ] বি, চিনি। "নিম্বতরু ...দি রোপণ হয় শত তার শর্করে। ...মিষ্ট রসনা হয় কখন নিজ গুণ প্রকাশ ...রে।"-পান। ~ক (-র্)-বি, মিঠা নেবু। ~জ (-র্)-বিণ, চিনি হতে উৎপন্ন। বি, গুড়শর্করা ; সিতাখণ্ড।

শর্করা, শর্করা [সং। প্রা০ শক্কর, ...কর। চ০ ক০ ভা০ শাকর। প্রা০ বাং-শক্রা। "ঘৃতে ভাজি শক্রাতে ফেলহ লবড়ি।"-কবিক০। বাং প্রাকৃ০ শার্কর। সুমধুর মধুর লীলা হইব তোমার, শাকর ...তে তুমি কাঁকর আকর।"-গী০ গিরি০] ...বি, চিনি ; খাঁড়। ২ দানা। ৩ কাঁকর। ৪ থালা ; খাবরা। ৫ খণ্ড। ৬ পীড়াবিঃ। তুল-ফা০ শাকর, শকর ; আ০ সক্কর, ...সকর ; ল্যা০ saccharum ; ডে০-sukker ; স্পে০ ও পোর্তু০ azucar ; ফ্রে০ ও প্র০ sucre ; সুইডিশ্-socker ; রুষ-sachar ; ইতা০ zacchero ; ইং sugar ; জর্ম্ম০ zucker]

~চল [শর্করা + অচল] বি, দানের নিমিত্ত শর্করানির্ম্মিত কৃত্রিম পাহাড়। ~ধেনু-বি, দানের নিমিত্ত শর্করানির্ম্মিত ধেনু। ~বৎ-বিণ, ইং granular এর বৈজ্ঞা০ পরিঃ; কণাকার (রবী০, হেম০ গুপ্ত)। ~বান্-বিণ, শর্করাযুক্ত। ২ কাঁকুরে।

শর্করিক, শর্করিল [শর্করা (চিনি, কাঁকর) + ইক, ইল (ত্য০)] বিণ, চিনিযুক্ত। ২ কাঁকরযুক্ত ; কাঁকুরে।

শার্করী [সং] বি, নদীবিঃ। ২ মেখলা; পর্ব্বতের নিতম্বদেশ। ৩ ছন্দোবিঃ। ৪ লেখনী; কলম।

শার্করোদক [শর্করা+উদক] বি, চিনির সরবৎ।

শার্ত্ত-সর্ত্ত দ্রঃ।

শার্দা-স্মর্দা দ্রঃ।

শার্দ্ধ, শর্দ্ধন [সং] বি, সশব্দ মর্দন।

শার্ব্ব [শর্ব্ব্ (হিংসায়, বধে)+অ (র্ত্তৃ) যিনি অবসানে সংহার করেন] বি, মহাদেব; শঙ্কর; শিব। "সেবি শর্ব্ব করে গর্ব্ব কেমন বটি সই।"-শিং। "মহামায়া হিমালয় আলয়ে জন্মিলা। * * * তাঁহার সহিত হবে শিবের বিবাহ। তবে সে শর্ব্বের হবে সংসার নির্ব্বাহ॥" -অং মং। স্ত্রীং শর্ব্বাণী।

শার্ব্বৎ, শর্বৎ-সরবৎ দ্রঃ।

শার্ব্বর [শর্ব্ব(শিব)+র (রা দানে)+অ (র্ত্তৃ) জ্ঞাং, শৄ=শর্ (যে সকল জীবকে হিংসা করে), যে শিবকে পর্য্যন্ত আপনার কুবৃত্তি দান করে] বি, কামদেব; কন্দর্প; মদন। ২ তিমির; অন্ধকার।

শার্ব্ব রী [শর্ব্বর (দ্রঃ)+ঈ (স্ত্রীং)] বি, রাত্রি; রজনী; বিভাবরী; নিশা। "কোথা পোহালে শর্ব্বরী ওহে রাধার বংশীধারী।" -বাং গান। "শ্রাবণের শর্ব্বরীতে কালিন্দীর কূলে, চারি চক্ষে চেয়ে দেখা কদম্বের মূলে।" ২ বধূ; নারী। ৩ হরিদ্রা।

শার্ব্বলা [সং] বি, তোমর নামক অস্ত্র; শাবল।

শার্ব্বাণী [শর্ব্ব(শিব)+আনী (পত্নী অর্থে)] বি, শিবানী; রুদ্রানী; পার্ব্বতী।

শার্ম্ম [সং। "শর্ম্মশাতসুখানি চ"-অমরং] বি, সুখ। ২ মঙ্গল। "পৃথিবীর ভার গেল ভাল হৈল কর্ম্ম। আর কিছু করি আমি অসুরের শর্ম্ম।"-শিং। বিণ, শর্ম্মী-সুখী। "আজ্ঞা পেয়ে শর্ম্মী হয়ে"-ধর্ম্মং গীং (মাণিকং)। ~বান্-বিণ, হৃষ্ট; সুখী; আনন্দিত। ২ ভাগ্যবান; সৌভাগ্যশালী। > স্ত্রীং ~বতী।

শার্ম্মদ [শর্ম্মন্ (সুখ) > শর্ম্ম+দ (র্ত্তৃ, ড প্রত্যয়ান্ত দা ধাতু), যে সুখ দান করে] বি, বিষ্ণু; নারায়ণ। ২ বিণ, সুখদায়ক।

শার্ম্মন্ [সং। প্রাং শর্ম্মা, তুল-বর্ম্মন্ > বর্ম্মা] বি, শর্ম্মা; ব্রাহ্মণের উপনাম।

শার্ম্মা [বৈদিক নিরুক্তে শর্ম্ম=গৃহ+আ= শর্ম্মা=গৃহী, গৃহস্থ] বি, গৃহস্থ। ২ এ-জনা; ইনি; স্বয়ং; ব্রাহ্মণ (দ্রঃ)। এ-শর্ম্মা আর ও মুখো হচ্ছে না। ৩ [শর্ম্মন্=শৄ (হিংসা, নাশ করা)+মন্ (র্ত্তৃ), ব্রহ্মজ্ঞান দ্বারা অমঙ্গলনাশক] ব্রাহ্মণ। ৪ [নামের পর বসিলে ব্রাহ্মণবাচক হয়] ব্রাহ্মণের উপাধি। ৫ সুখ। ৬ কল্যাণ। ৭ বিণ, সুখী।

শার্ম্মিষ্ঠা [ইতিং] বি, দৈত্যরাজ বৃষপর্ব্বের দুহিতা; যযাতি রাজার কনিষ্ঠা মহিষী।

শার্ম্মী-শর্ম্ম দ্রঃ।

শার্য্যাতি [পুং] বি, বৈবস্বত মনুর পুত্র।

শার্ষে [সর্ষপ >] বি, সরিষা। "শর্ষে ক্ষেতে উঠচে মেতে মৌমাছিরা।"-রবীং।

শার্ল১ [সং-শ্লথ > শ্লথ > শল। তুল-ইং slack. সহল দ্রঃ। নিম্নকথ্য-সেলাক, শোলো] বিণ, শ্লথ; শিথিল; ঢিলা।

শার্ল২ [শীর্ণ > শরু > শল] বিণ, শরু; শলাকাবৎ। ~ঙ্গে, শলুঙ্গে [শীর্ণাঙ্গ >] বিণ, শীর্ণাঙ্গ; শরুঙ্গে।

শার্লঙ্গ-বি, লবণবিঃ।

শার্লভ [সং] বি, শস্যনাশকারী পতঙ্গ বা ঈতিবিঃ; পঙ্গপাল। ২ কড়িং।

শার্লল [শল্ (গমন করা)+অল (জ্ঞাং)] বি, শল্লকীলোম; শজারুর কাঁটা।

শার্লা১ [সং-শল্য বা শলাকা >] বি, শঙ্কু; কীলক; শল্য। ২ শরু কাটি; শিক; খড়্কে। ৩ ছিঁচ্কে। ৪ কাঁটা।

শার্লা২ [আং সুলহ্] বি, সন্ধি; পুনর্মিলন; বিবাদভঞ্জন। ২ পরামর্শ; মন্ত্রণা। "উকিল মোক্তারদের এমন শলা পরামর্শ দিয়াছিল যে তাহার জোরেই হাকিমের রায় ফিরিয়া যায়।"-নীলদর্পণ।

শার্লা৩ [প্রাদেং স্থানভেদে-শলে (খরিদা বিচালীর কাউ)] বি, কাউ।

শার্লাকা [শল্ (গতি, বেগ)+আক+আ (স্ত্রীং)] বি, শল্য; শেল। ২ অঙ্কুর; নল; কাটা; ছাতার শিক, কাটি প্রভৃতি। ৩ বাণ; তীর। ৪ অস্থি; হাড়। ৫ দেশলাই। ৬ শল্লকী; সজারুর কাঁটা। ৭ খড়িকা। ৮ ক্ষুদ্র যষ্টি; ছোট লাঠি। ৯ তুলি। ১০ কুপন খেলা (পাশা)। ১১ শল্য চিকিৎসক (surgeon) কর্ত্তৃক ব্যবহৃত যন্ত্র probe. ~পরীক্ষা-বি, প্রাচীন বঙ্গের চতুষ্পাঠীর পরীক্ষাপ্রণালীবিঃ। ইহাতে একটি সূচ্যগ্র-শলাকা নানা পুঁথির উপর নিক্ষেপ করিলে যেখানে শেষ দাগ পড়িবে, সেই স্থান হতে পরীক্ষা হইত। বাসুদেব সার্ব্বভৌম এই পরীক্ষায় উত্তীর্ণ হইয়া সার্ব্বভৌম উপাধি পাইয়াছিলেন।"-মধ্যযুগে বাঙ্গলা। ~পুরুষ -বৌদ্ধ দিগের ত্রিষষ্টি দৈব পুরুষ।

শার্লাট [শল্ (গমন করা)+আট] বি, একখানি গাড়িপরিমিত দ্রব্য; একগাড়ি জিনিস।

শার্লাটু [শল্ (গমন করা)+আটু] বি, মূলবিঃ। ২ কাঁচা বেল।

শার্লি, -লী [সং-শুব (পরিমাণে) >] বি, ধান্যাদির পরিমাণবিঃ; ২০ আড়ি বা ৮০ কাঠা (রেক); ২॥ মণ (রেক বা কাঠা=১ সের ১ পো); (ফরিদপুর অঞ্চলে) ৮ মণ ধান।

শার্লিতা [সলিতা দ্রঃ] বি, প্রদীপের পলিতা; ল্যাম্পের বাতি। ২ বিণ, অতি কৃশ; পলিতা সদৃশ সরু।

শার্লি-দড়ী, শলীদড়ী [প্রাদেং ভেদে শলিশিমুলে। শলা ও দড়ী] বি, হালে গরু বাঁধিবার রজ্জু; যোয়াল পরাইয়া শলাকায় যে রজ্জু বদ্ধ করা বা আটকান হয়; জোতদড়ী।

শার্লী [শলা দ্রঃ। কোমলার্থে ঈ] বি, পরামর্শ; যোগ; মিলন; সদ্ভাব। "পুন খেলে গৌরী দশ দুই চারি খেলিল করিয়া শলী।" -কবিকং।

শার্ল্ক [শল্+ক (জ্ঞাং)] বি, আঁইষ। ২ বকল। ৩ খণ্ড। ~দেহী [শল্ক-আঁইষ দেহে শরীরে যার, বহুং] বিণ, যে সকল জীবের শরীর আঁইষযুক্ত। ~ল [সং] বি, বৃক্ষত্বক্; বকল; বাকল। ২ মৎস্যত্বক্; আঁইস। ~লী, শল্কী [শল্কল, শল্ক+ইন্ (জ্ঞাং)=

শঙ্কলিন্, শল্কিন্ ১মা, ১বং—যার শরীরে আঁইস আছে] বি, মৎস্য ; মাছ। ২ আঁইষবিশিষ্ট ; শল্কযুক্ত। ৩ ত্বক্‌শালী।

শল্য [শল্ (গমনে, বেগে)+য (র্ম্ম)] বি, শঙ্কু ; শেল ; শলাকা। ২ তোমরাস্ত্র; শাবল। ৩ শর ; বাণ। ৪ কীলক। ৫ কণ্টক ; কাঁটা। ৬ মদনবৃক্ষ ; ময়না গাছ। ৭ অস্থি। ৮ বিষ ; গরল। ৯ দুর্ব্বাক্য। ১০ ভাগাড়। ১১ সীমা। ১২ [শল+য (র্ত্তৃ, জ্ঞা০)] সজারু। ১৩ মদ্র দেশের রাজা ; নকুল সহদেবের মাতুল। ~ক [শল্য+ক (জ্ঞা০)] বি, শজারু। ২ ময়না গাছ। ৩ কাঁটাগাছ। ~কণ্ঠ [শল্য (শলাকা) কণ্ঠ (কণ্ঠদেশ পর্য্যন্ত) যার, বহুং] বি, যার সর্ব্বদেহ কণ্টকাবৃত ; সজারু। ~কর্ত্তা-বি, শল্য-চিকিৎসাকারী; অস্ত্রোপচারকারী surgeon. ~তন্ত্র-বি, শল্যবিদ্যা সম্বন্ধীয় আয়ুর্ব্বেদ পুস্তক surgery ; surgical treatment. ~বিদ্যা-বি, দেহে অস্ত্রোপচার বিদ্যা ; ব্যবাচ্ছেদবিদ্যা surgery. ~লোম-বি, সজারুর কাঁটা।

শল্যোদ্ধার [শল্য+উদ্ধার, ৬তৎ] বি, প্রোথিত শল্যাদির উৎপাটন। ২ বাস্তু গৃহ হতে মনুষ্য বা পশুর অস্থিরূপ শল্যের উত্তোলন।

শল্ল [সং] বি, শল্ক ; আঁইষ। ২ ত্বক ; ছাল। ৩ ভেক ; ব্যাঙ্। ~ক [শল্ল+ক (জ্ঞা০)] বি, শল্ক ; আঁইষ। ২ ত্বক্ ; বল্কল। ৩ শণগাছ। ~কী [শল্লক (কণ্টক)+ঈ (স্ত্রীং)] বি, শজারু। ২ বাবলা গাছ। ৩ ইন্দ্রশাল বৃক্ষ Boswellia therifera. কুন্দরা নামক সুগন্ধি দ্রব্য ইহার নির্য্যাস (জাতক ৪র্থ খণ্ড)।

শল্ব, শাল্ব (-ল্ব) বি, উত্তর ভারতস্থ দেশবিঃ।

শশ [শশ্ (লম্ফ দিয়া যাওয়া)+অ (র্ত্তৃ) যে লম্ফ দিয়া গমন করে] বি, শশক; খরগোশ ২ শশজাতীয় পুরুষ। ৩ ধূনা ; রজন। ৪ লোধগাছ। ৫ চন্দ্রের লাঞ্ছন। ~ক [শশ+ক (স্বার্থে)] বি, খরগোশ নামক দ্রুতগামী তীক্ষ্ণ দন্ত জন্তু। "শশক শার্দ্দূল শিবা শত শত ধায়।"—ষ০। ~ধর [শশ (খরগোশ-চিহ্ন) ধর-ধৃ (ধারণ করা)+অ (র্ত্তৃ, জ্ঞা০)] বি, শশভৃৎ ; শশাঙ্ক ; চন্দ্র। ২ কর্পূর। ~বিন্দু শশ (খরগোশ) বিন্দু (চিহ্ন) যার, বহুং] বি, মৃগলাঞ্ছন ; শশাঙ্ক ; চন্দ্র। ২ বিষ্ণু। ৩ রাজন্যবিঃ। ~বিষাণ [শশের বিষাণ (শৃঙ্গ), ৬তৎ] বি, শশকের শৃঙ্গ (যা হয় না), সুতরাং অসম্ভব বা অলীক বিষয়ের দৃষ্টান্ত স্থলে এই শব্দের প্রয়োগ হয়। "এই বন্ধ্য-পুত্র আকাশকুসুম-নির্ম্মিত চূড়া দ্বারা মস্তকের শোভা জন্মাইয়াছে এবং কূর্ম্মলোম-নির্ম্মিত বসন পরিধান করতঃ শশশৃঙ্গের ধনুক ধারণ করিয়া যাইতেছে।" ~ব্যস্ত [শশ তুল্য ব্যস্ত (চঞ্চল), ম০ প০ লো০] বিণ, ত্রস্ত ; অতি ত্বরান্বিত। "সবাই হল শশব্যস্ত অস্ত দেখ গগন-শশী।"—গান। ~ভৃৎ [শশ (খরগোশ-চিহ্ন) ভৃ (ধারণ করা)+ক্বিপ্=০ (র্ত্তৃ), ৎ-আগম] বি, চন্দ্র। ~লাঞ্ছন [শশ লাঞ্ছন (চিহ্ন) যার, বহুং] বি, শশাঙ্ক ; চন্দ্র ; মৃগাঙ্ক।

শশা [শশ (দ্রঃ)+আ (তুচ্ছার্থে)] বি, খরগোশ।

শশাঙ্ক [শশ অঙ্কে (ক্রোড়ে) যার, বহুং] বি, শশলাঞ্ছন দ্রঃ ; চন্দ্র।

শশাদ, শশাদন [শশ-অদ্ (ভক্ষণ করা)+অ, অন (র্ত্তৃ)] বি, যে শশক ভক্ষণ করে ; বাজপাখী। ২ রাজা ইক্ষ্বাকুর পুত্র।

শশারু [শশ, সজারু দ্রঃ। শশ+রূপ >] বি, সজারু।

শশি/কর [শশী (চন্দ্রের) কর (কিরণ) ৬তৎ] বি, জ্যোৎস্না; চাঁদের আলো। ~কলা [শশির কলা, ৬তৎ] বি, চন্দ্রের অংশ। ২ পঞ্চদশাক্ষর ছন্দোবিঃ, যার সকল অক্ষর লঘু কেবল শেষ অক্ষর গুরু। ~করোজ্জ্বল [শশিকর (দ্বারা)+উজ্জ্বল, ৩তৎ] বিণ, চন্দ্রকরোদ্ভাসিত ; জ্যোৎস্নালোকিত চন্দ্রকিরণে উজ্জ্বল। ~কান্ত [শশী (চন্দ্র) কান্ত (প্রিয়) যার, বহুং] বি, চন্দ্রকান্ত মণি ২ কুমুদ। ~জীবন [শশী (চন্দ্র) জীবন স্বরূপ যার, বহুং] বি, কুমুদ। ২ ওষধি। ৩ এই নামে একজন সুবিখ্যাত নৈয়ায়িক ছিলেন, যাঁর উপাধি ছিল তর্করত্ন। ~প্রভ [শশির প্রভার তুল্য প্রভা যার, বহুং, সমাসে প্রভা=প্রভ] বি, চন্দ্রকান্ত মণি। ২ মুক্তা। ~প্রভা [শশী দ্বারা প্রভা যার (যে চন্দ্র-কিরণ দ্বারা প্রস্ফুটিত হয়), বহুং] বি, কুমুদ। ২ [শশীর প্রভা, ৬তৎ] চন্দ্রকিরণ ; চাঁদের আলো ; জ্যোৎস্না। ~বদনা [শশী সদৃশ বদন যার, বহুং] বি, ষড়ক্ষরচ্ছন্দোবিঃ, যার আদি ৪বর্ণ লঘু কিন্তু ৫ম ও ৬ষ্ঠ বর্ণ গুরু। ২ বিণ, চন্দ্র সদৃশ মনোহর মুখবিশিষ্টা ; বিধু-মুখী ; চন্দ্রাননা। ~ভালিনী, ~ভালী [শশী যার ভালে আছে, বহুং] বিণ, যাঁর ললাটে চন্দ্র বিরাজিত। ২ বি, দুর্গা ; কালী। "জটাজালিনি শিরমালিনি শশিভালিনি সুখ-শালিনি করবালিনি গো!"—ভারত০। "আদিভূতা সনাতনী, শূন্যরূপা শশিভালী, যখন ব্রহ্মাণ্ড না ছিল গো মা, মুণ্ডমালা কোথা পেলি"—কমলাকান্ত। ~ভূষণ [শশী (চন্দ্র) ভূষণ (শিরোভূষণ, চূড়া) যার, বহুং] বি, চন্দ্রচূড় ; চন্দ্রমৌলী ; শিব। ~ভৃৎ [শশী (শশিন্ >) ভৃ (ধারণ করা)+ক্বিপ্ (র্ত্তৃ), ৎ আগম, যিনি চন্দ্রকে ললাটে ধারণ করিয়াছেন] বি, চন্দ্রচূড় ; শশিশেখর ; মহাদেব। ~মুখী [শশী-মুখ-ইন্, ১মা, ১বং] বিণ, চন্দ্রমুখী ; চন্দ্রাননা। ~শেখর [শশী শেখর (চূড়া) যার, বহুং] বি, শিব ; চন্দ্রমৌলি ; শশাঙ্কশেখর।

শশী [শশ=ইন্ (স্ত্য০)। প্রা০ বৌ০ বাং প্রাকৃ০ সশি, শসি (দো০ ৯৩।১২৪)] বি, ক্ষয় রোগ নিবৃত্তির জন্য যার অঙ্কে শশ আছে ; শশধর ; নক্ষত্রেশ ; চন্দ্র। ২ কর্পূর।

শশ্বৎ [শশ্ (প্লুত গতি অর্থে)+বৎ] অ, বারংবার ; সর্ব্বক্ষণ ; সর্ব্বদা।

শষ্কু(স্কু)লী [সং] বি, পুলিপিটে। ২ শাল মাছ।

শষ্প, শষ্প [শষ্, শস্ (বধ-নাশ করা) +প (ণে)-যদ্দ্বারা পশুকুল ক্ষুধা নাশ করে] বি, নবতৃণ ; কচিঘাস। ~শয্যা-বি, কচি ঘাসের বিছানা। ~সমন্বিত-বিণ, কচি-ঘাসযুক্ত ; নবতৃণাচ্ছাদিত।

শষ্পাবৃত [শষ্প+আবৃত] বিণ, নবীন তৃণাচ্ছাদিত ; কচিঘাসে ঢাকা।

শশন [শস্ (বধ করা)+অন (ভা॰)] বি, যজ্ঞকার্য্যে পশুহনন ; পশুবধ ; বিনাশ।

শশা [সং-ত্রপুষী] বি, কাঁকুড় জাতীয় ফলবিঃ cucumis sativus. **পাঁড়শশা**-বীজ লইবার জন্য রক্ষিত পূর্ণাঙ্গ পাকা শসা। **পালাশশা**-বি, যে শসার গাছ মাচায় উঠে। **ভুঁইশশা**-বি, যে শসার গাছ মাটিতে লতায়।

শশ্কুলী-শস্কুলী দ্রঃ।

শস্ত [শন্‌স্ (সুখী করা, আশীর্ব্বাদ করা)+ত (র্ম্ম), যাকে আশীর্ব্বাদ কিম্বা সুখ দান করা হইয়াছে] বিণ, সুখী; মঙ্গলযুক্ত ; কল্যাণবিশিষ্ট। ২ প্রশস্ত। ৩ শুভ। ৪ উৎকৃষ্ট। বি, শস্তি। **~ক** [শস্ত+ক (স্বার্থে)] বি, অঙ্গুলিত্র; অঙ্গুলিত্রাণ ; দস্তানা। **~কেশক**-বিণ, বিস্তীর্ণ বা বিপুল-কেশী।

শস্তা-সস্তা দ্রঃ।

শস্ত্র [শস্ (বধ করা)+ত্র (ণে), যদ্দ্বারা বধসাধন করা হয়] বি, প্রহরণ ; আয়ুধ ; অস্ত্র দ্রঃ। ২ লৌহ। ৩ [আয়ু॰-অস্ত্রচিকিৎসায়] অস্ত্রোপচারসাধক যন্ত্র। [দ্রঃ-অস্ত্র প্রয়োগকল্পে সুশ্রুত ১২৫ প্রকার অস্ত্রের উল্লেখ করিয়াছেন, সেগুলি আবার দুইভাগে বিভক্ত-যন্ত্র (দ্রঃ) ও শস্ত্র। শস্ত্র সর্ব্বসমেত ২৪ প্রকার-কর্ত্তরিকা, মণ্ডলাগ্র, কুশপত্র, শরা, বিমুখ, সূচিশস্ত্র, ঈশানী, অন্তমুখ, নখ, করপত্র, বৃদ্ধিপত্র প্রভৃতি-ভারতী, ১৩২০, বৈশাখ। ৪ [বৈদিক] যে সকল ঋক্‌মন্ত্রে দেবতার প্রশংসা হয়। **~ক** [শস্ত্র (লোহ)+ক (স্বার্থে)] বি, লৌহ ; লোহা। **~কারক**-বিণ, অস্ত্রনির্ম্মাতা ; শস্ত্রাদি প্রস্তুতকারী। **~জীবী**-বিণ, যাহারা শস্ত্র ব্যবহার করিয়া জীবিকানির্ব্বাহ করে ; শস্ত্রাজীব ; সৈনিক। **~ধর, ~ধারী, ~পাণি**-বিণ, শস্ত্রভৃৎ। > স্ত্রীং **~া, ~রিণী,~পাণি**। **~বিদ্যা**-বি, শস্ত্রব্যবহার-বিষয়ক বিদ্যা ; ধনুর্ব্বেদ। **~বিহীন**-বিণ, নিরস্ত্র। **~ভৃৎ**[শস্ত্র-ভৃৎ(ভৃ ধারণ করা)+ক্বিপ্ =০ (র্ত্ত), যে অস্ত্র ধারণ করে, উপ॰] বিণ, শস্ত্রধর পুরুষ ; অস্ত্রধারী ব্যক্তি। ২ বিণ, আয়ুধযুক্ত ; শস্ত্রপাণি।

শস্ত্রাজীব [শস্ত্র+আজীব (জীবিকা) যার, বহু॰] বিণ, যুদ্ধব্যবসায়ী ; সৈনিক।

শস্ত্রী [শস্ত্র+ঈ (ক্ষুদ্রার্থে)] বি, ক্ষুদ্রঅস্ত্র ; ছুরি। ২ [শস্ত্র+ইন্ (স্ত্য॰)] বিণ, শস্ত্রপাণি ; আয়ুধধারী।

শস্প-শষ্প দ্রঃ।

শস্য [শস্ (বধ করা-হিংসা করা)+য (র্ম্ম), প্রাণীসকল যাকে হিংসা করিয়া অর্থাৎ ভক্ষণ করিয়া জীবনধারণ করে] বি, কৃষিকর্ম্ম দ্বারা উৎপন্ন ফসল। ২ ফলের সারাংশ ; শাঁস। ৩ বৃক্ষাদির ফলপুষ্প। **~ক্ষেত্র**-বি, কৃষিক্ষেত্র ; ফসল উৎপন্ন হইবার উপযুক্ত জমী। **~কুল**-বি, ধান্যাদি শস্যসমূহ ; সমস্ত ফসল। **~জনক**-বিণ, ধান্যাদি ফসল উৎপাদক। **~নিমিত্তক**-বিণ, ফসলজাত। **~মল্ল, শাসমল**-বি, নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ। **~শ্যামল**-বিণ, ক্ষেতভরা ধান্যাদি শস্যের সবুজ বর্ণযুক্ত। > স্ত্রীং **~শ্যামলা**। **~সংস্থান**-বি, ধান্যাদি ফসল একত্র করিয়া গোলাজাত করণ।

শস্যাগার [শস্য+আগার] বি, ধান্যাদি শস্যের ভাণ্ডার; ধান কড়াই প্রভৃতির গোলা।

শহর [ফা॰ শহর্] বি, মহানগর ; রাজধানী। বিণ, শহরীয়, শহরিয়া [শহর+ইয়া। গ্রা॰ শহুরে,শহরে(দ্রঃ)]শহর সম্বন্ধীয়। ২ নাগরিক। **~-কোতয়াল** [গ্রা॰ সহরকোটাল] বি, নগররক্ষক ; নগরাধ্যক্ষ ; নগরের প্রধান শান্তিরক্ষক। **~কোতয়ালী**-বি, নগরের প্রধান শান্তিরক্ষকের পদ। ২ শহরের প্রধান শান্তিরক্ষকের কর্ম্ম। ৩ প্রধান থানা। **~তলী**-বি, নগরের নিকটবর্ত্তী স্থান। **~বন্দর, সহরবন্দর**-বি, মুসলমান শাসনকালে বন্দর বা গঞ্জের অধ্যক্ষের উপাধিবিঃ। **~স্থ** (-র্ং-) বিণ,নগরমধ্যবর্ত্তী ; নগরমধ্যস্থ ; সহরের।

শহরৎ, শোহরৎ, সোহরৎ [আ॰ শোহ্‌রৎ। গ্রা॰ সুরৎ] বি, যশ, প্রসিদ্ধি, খ্যাতি প্রচার। ২ জনশ্রুতি rumour. **ঢোলশহরৎ**-বি,ঢোল পিটিয়া ঘোষণা ; ঢেঁড়া দেওয়া।

শহীদ [আ॰] বিণ, রণশায়ী ; ধর্ম্ম, সত্য বা ন্যায়ের জন্য আত্মোৎসর্গকারী martyr. "কারবালার যুদ্ধের সময় জয়পাল রোগে ভুগিতেছিলেন বলিয়া শহীদ হন নাই।"-মতিচুর। বহুব॰-**শহীদান** (কাজী ন॰ হোসেন)।

শহুরে [শহর+উআ=শহরুআ >] বিণ, শহরবাসী। ২ নগরজাত ; সহরে উৎপন্ন।

শা-শাহ দ্রঃ।

শাঅন-শাবন দ্রঃ।

শাইঙ্গলা, শ্যাংলা [বরিশাল অঞ্চলে চ॰] বি, ইলিশ মাছ ধরিবার জালবিঃ।

শাইল [চ॰ ক॰ ভা॰ হাইল] বি, শালিধান্য।

শাইলকি,- ~কী [ইং Shylock the Jew (Shakespere) >] বিণ, হৃদয়হীন সুদখোর অর্থপিশাচ স্লিথদি শাইলকের প্রকৃতিসুলভ ; বিত্তবা অর্থসর্ব্বস্ব ; বিত্তগত প্রাণ ; কৃপণের ধাড়ী ; অর্থপিশাচ। "কিন্তু বরকর্তার শাইলকি ভাব দেখিয়া তাঁহার পিত্ত জ্বলিয়া গেল।"-বাঙ্গালী, ২১ পৌষ, ১৩২২।

শাউড়ী-শাশুড়ী দ্রঃ।

শা(সা)উড়ে, [শাশুড়ীয়া (শশুর-পত্নী আসক্ত বা গমনকারী) >] বি,অশ্লীল গালি।

শাংশপ [শিংশপ >] বিণ, শিশুকাঠজাত ; শিশুকাঠ দ্বারা নির্ম্মিত।

শাঁ [অনু॰] অ, ক্ষিপ্রগতিবোধক শব্দ ; বায়ু বা জলপ্রবাহের দ্রুতগতি শব্দ ; জ্যামুক্ত শরগতিশব্দ। **~শাঁ** [অনু॰] বি, প্রবল বেগে বায়ু বহিবার শব্দ। ২ দ্রুতধাবন শব্দ।

শাঁই [সং-শমীর > ত্রং। ওড়ি॰ শুমী] বি, কণ্টকী বৃক্ষবিঃ; শমীবৃক্ষ prosopis spicigera. **~কাঁটা (গাছ)**-শাঁই অপেক্ষা ছোট কাঁটা (গাছবিঃ) ; শমীর acacia suma. **~শাঁই** [অনু॰] বি, বায়ুসঞ্চালন শব্দ। ২ শ্লেষ্মাধিক্যবশতঃ শ্বাসরোধ শব্দ। ৩ অতিবেগজনিত শরাদির সহিত বায়ুস্তরের সংঘর্ষণ শব্দ।

শাঁওয়া পঁড়া [শ্যামা >। রেশমশিল্প পরিঃ] ক্রি, কাল রঙ ধরা। তুল-ছাতা পড়া।

"উত্তাপ লাগিলে ফুটিবার পূর্ব্বে ডিম্বগুলিতে শাঁওয়া পড়ে।"-সাং পং পং, ১৩২৩।

শাঁক, শাঁখ [শঙ্খ >] বি, কম্বু; শঙ্খ। "এখানে 'জাজির' 'পাটির' ও 'ঢোলা' প্রধানত এই তিন রকম শাঁক আমদানী হইয়া থাকে।"-বাং কথা ১৫-৮-২৮। "ঘোর জাঁক বাজে শাঁক"-ঈং গুপ্ত। ~-আলু-বি, শঙ্খবৎ শ্বেতবর্ণ ও প্রায় শঙ্খাকৃতি মধুরাস্বাদ কন্দবিঃ। ~ঘণ্টা-বি, শঙ্খ ও ঘণ্টা। ~চিল-শঙ্খচিল দ্রঃ। ~চুন্নী, ~চূর্ন্নী, ~চরণী-বি, শঙ্খচূর্ণী (দ্রঃ)। শাঁখে ফুঁ পাড়া-শাঁক বাজান। "শাঁখেতে পাড়িতে ফুঁক চূড়ান্ত নিপুণ"-হেমং। শাঁকের, শাঁখের করাত-বি, শাঁখ কাটিবার করাত বা কাতি যার দাঁত এরূপভাবে নির্ম্মিত যে সম্মুখ ও পশ্চাতে চালাইলে উভয়দিকেই কাটে। > লক্ষণায় উভয় সঙ্কট।

শাঁকোচ-সঙ্কোচ দ্রঃ।

'শাঁখা [শাঁখ (শঙ্খ) + আ (নির্ম্মিতার্থে)। গ্রাং শাঁকা, শ্যাঁকা। রাঢ়ীয় প্রাদেং শেঁকা, শেঁখা। "শীতলা বলেন ঘুচাইব সোণা শেঁকা" -শীতলামঙ্গল] বি, শঙ্খনির্ম্মিত হস্তাভরণ; শঙ্খের বলয়।

'শাঁখারি, 'শাঁখারী [গ্রাং শাঁকারি, শ্যাঁকারি] বি, শঙ্খকার; শঙ্খবণিক্; শঙ্খ ব্যবসায়ী। "শেষে হয়ে শাঁখারী সেখানে যাবে তুমি, চাতুরী করিবে যেন চিনে নাই মামী"-শিং। স্ত্রীং শাঁখারিণী।

'শাঁখিনী [সং-শঙ্খিনী। শঙ্খচূর্ণী দ্রঃ] বি, দুর্গার অনুচরী। "চলে ডাকিনী যোগিনী ঘোর বেশে। চলে শাঁখিনী পেত্নিনী মুক্ত কেশে।"-অং মং। ২ স্ত্রীপ্রেতযোনি বা পেত্নীবিঃ।

শাঁট [শদ্ (শাতনে, ছেদনে) > গ্রাং ছাঁট (দ্রঃ)] বি, তণ্ডুলাদির কণ্ডন; ছাঁট। প্র-ঢেঁকির ছাঁট অপেক্ষা কলের ছাঁট বেশী মিহি বটে কিন্তু অপকারী। বিণ, শাঁটা$_1$-কণ্ডিত; কাঁড়া; ছাঁটা। আশাঁটা-বিণ, যা কাঁড়া হয় নাই। ২ বাঁশের লম্বা ছড়ি। আড়্ন শাঁটা-আড়ঙ্গে কণ্ডিত এবং সম্পূর্ণ তুষহীন নহে। ঢেঁকী শাঁটা-বিণ, ঢেঁকীতে কুটিয়া সম্পূর্ণভাবে তুঁষশূন্য ও পরিষ্কৃত করা।

শাঁটা$_2$, সাঁটা [শাঁট + আ (ক্রিয়ায়)। শাঁটি, শাঁট, শাঁটে; শাঁটিতে (কেং শাঁটতে); শাঁটিয়া (কেং শেঁটে) ইং। ণিজন্ত-শাঁটানি] ক্রি, (তণ্ডুলাদি) কণ্ডন করা; কাঁড়া; ছাঁটা; মুষলাঘাতে ধান্যাদি হতে খোসা ছাঁটিয়া পরিষ্কার করা। > বি, শাঁট, শাঁটন।

শাঁটা$_3$-সাঁটা দ্রঃ।

শাঁড়্ক, সাড়ক [প্রাদেং] বি, চালের মটকার কাট হতে খুঁটির মাথা পর্য্যন্ত বিস্তৃত বাঁশ বা বাঁখারি।

শাঁড়া-ষাঁড়া দ্রঃ।

শাঁপ-শাপ দ্রঃ।

শাঁপি-শামী$_2$ দ্রঃ।

শাঁস [শস্ত >] বি, ফলাদির সারাংশ; ফলের বা বীজের কোমল অংশ। বিণ, শাঁসালি-শাঁস বা সারাংশবিশিষ্ট।

শাসানি-শাসান দ্রঃ।

শাক [শক্ (শক্য হওয়া) + অ (র্ম্ম)। "শক্যতে ভোক্তু্মনেনেতি শাকং"-অমর টীকা। মনুষ্যাদি যা ভোজন করিতে সমর্থ হয়। গ্রাং শাগ] বি, ফল, ফুল, বৃন্ত, মূল, কন্দ ও পত্র যা ব্যঞ্জনরূপে ব্যবহৃত হয়; তরকারি। ২ [প্রসিদ্ধার্থে] পত্রশাক। ৩ নিরামিষ আহার্য্য। ~তরু-বি, সেগুন গাছ। শাক দে (দিয়ে) মাছ ঢাকা-গুরুতর কলঙ্ক সামান্ত উপায়ে বা সহজে ঢাকিবার চেষ্টা। "আর কেন প্রাণ বিধুমুখি! শাক দে মাছ ঢাক"-বাং গান। ~পাত-আহার্য্য লতা-পত্র; ফল পত্রশাক ইং। ~পাতাড় [সহং ষয়] শাকসব্জী; তরিতরকারী। "শাক পাতাড়ে টান"-হেমং। ~পূর্ণি-বি, নিরুক্তকার। ~বর্ণ [শাঁক স্থলে শাক] বি, শ্বেতবর্ণ। ২ বিণ, ত্রাস কিম্বা লজ্জা প্রযুক্ত রক্তহীন ও বিবর্ণ; ফ্যাকাসে; পাংশুবর্ণ। ~বিম্ব, ~বিম্বক [বৈদ্যক] বি, বার্ত্তাকু। ~বৃক্ষ-বি, সেগুণ গাছ teak. ~মাছ-বিবিধ তরকারী যোগে পক্ক মৎস্য। ~মূর্ত্তি-[শাকবর্ণ দ্রঃ] বিণ, লজ্জা-ভয়াদি হেতু বিবর্ণাকৃতি। "হেরিয়ে সে শাকমূর্ত্তি, রাহুগ্রস্ত শশী যেন, মাতা কহে একি মা। একি মা!"-অশোকং। ~রাজ, ~শ্রেষ্ঠ, রাজ-সাক-বি, বাস্তুক বা বেতো শাক। ~সবজী-বি, রন্ধন করিয়া খাইবার মত উদ্ভিজ্জ লতা ফলাদি green vegitables. শাকে বালী-ভোজনে বিঘ্ন। "কারও দুধে চিনি, কারও শাকে বালী-প্রবাদ।

শাকট [শকট + অ (সম্বন্ধে)] বিণ, শকটসম্বন্ধীয়।

শাকটায়ন [সং] বি, জনৈক প্রসিদ্ধ বৈয়াকরণিক।

শাকটিক [শকট (গাড়ী) + ইক] বিণ, শকটারোহী; যান আরোহণকারী।

শাকটীন [শকট + ঈন] বি, বিংশতি তুলা পরিমাণ। ২ একখানি গাড়ী পরিমিত দ্রব্য। ৩ শকটসম্বন্ধীয়।

শাকদ্বীপী [ভারতের উত্তর পশ্চিমস্থ প্রাচীন দেশবিশেষের নাম শাকদ্বীপ। অনেকে উহা প্রাচীন সাইথিয়া বলিয়া নির্দ্দেশ করেন, মতান্তরে পারস্য দেশ। প্রকৃতিবাদ অভিধানে "কাশ্মীরের উত্তরস্থ পুণ্যভূমি" বলিয়া উক্ত হইয়াছে। গান্ধার (বর্ত্তমান কান্দাহার) দেশীয় মহর্ষি পাণিনি শাকদ্বীপী ব্রাহ্মণবংশীয় ছিলেন। এই বংশের আদি-পুরুষ ঋজিভ মুনি] বি(ণ), শাকদ্বীপবাসী; মগব্রাহ্মণ।

শাকনাল [শিখা (মাথা) লাল > শাক-লাল। ল=ন। হিং লালসিরা] বি, লালমাথা পাতিহাঁস।

শাকম্ভরী [শাক-ভৃ (পোষণ করা) + অ (র্তৃ), ম্-আগম + ঈ (স্ত্রীং)] বি, শিবা; শর্ব্বাণী; দুর্গা। "শর্ব্বানী সর্ব্বথা শক্তিরূপা শাং"-কবিকং। ২ বনামখ্যাত তীর্থ। ৩ শম্বর হ্রদজাত লবণ।

শাকম্ভরীয় [শাকম্ভরী (নগরবিঃ) + ঈয় (তত্র জাতার্থে)] বি, লবণবিঃ; শাম্বর লবণ; সাম্বর নুন।

শাকর [সং-শর্করা (দ্রঃ)। ফাং শাকর] বি, শর্করা "ক্ষীর সর নবনী ছেনা দধি শাকর দেয়ল সব রস সার।"-গোবিন্দং। ~া, ~ী$_1$

[শাকম্ন+আ, ঈ (যুক্ত)] বি, চিনি অম্বল (তুল-গুড় অম্বল) ; মধুরাম্ল ; চাটনি।

শাকরী [শকার+অ+ঈ (স্ত্রীং)] অপভাষা ; প্রাকৃত।

শাকাঙ্গ [শাক+অঙ্গ] বি, গোলমরিচ।

শাকান্ন [শাক+অন্ন] বি, শাকের সহিত অন্ন ; শাক ভাত। ২ সাধাসিধা বা সহজলভ্য ও অনাড়ম্বর ভোজ্য। ৩ নিরামিষ আহার। ~ভোজী-বিণ, শাকভাত মাত্র যারা ক্ষুধা নিবৃত্তিকারী ; অনাড়ম্বর ভোজ্য গ্রহণকারী।

শাকাম্ল [শাক+অম্ল] বি, তেঁতুল।

শাকাষ্টকা [শাক+অষ্টকা] বি, গৌণ-ফাল্গুনী কৃষ্ণাষ্টমী।

শাকিনী-বি, দুর্গানুচরী পিশাচীবিঃ।

শাকুন [শকুন (পক্ষী)+অ (সম্বন্ধার্থে)] বি, পশুপক্ষীর ডাক ইং লক্ষণ দ্বারা মনুষ্যের শুভাশুভ নির্ণায়ক শাস্ত্র। ২ কাকচরিত্র (গ্রন্থ)। ৩ বিণ, নিমিত্তজ্ঞ। ৪ পক্ষি-সম্বন্ধীয়। ৫ পরপীড়ক।

শাকুনিক [শকুন (পক্ষী)+ইক (হননার্থে)] বিণ, যারা পক্ষী বধ করে ; ব্যাধ ; পক্ষিমারক। ২ শকুনজ্ঞ ; নিমিত্তজ্ঞ। ৩ বি, শকুনিসমূহ। স্ত্রীং শাকুনিকী।

শাকুন্তলেয় [শকুন্তলা+এয় (অপ-ত্যার্থে)] বি, শকুন্তলা-তনয় ; মহারাজ ভরত।

শাকুলিক [শকুল (মৎস্য)+ইক (জীবত্যার্থে)] বি, মৎস্যজীবী ; জেলে।

শাক্কর১ [চং কং ভাং] বি, শর্করা।

শাক্কর২ [সং] বি, বৃষ।

শাক্ত [শক্তি (দুর্গা)+অ (উপাসকার্থে), ই লোপ] বিণ, শক্তির উপাসনা ; শক্তিমন্ত্রে দীক্ষিত। ২ তন্ত্রসাধক। "বুড়ী ছিল পরম বৈষ্ণব বুড়ো ছিল ভারি শাক্ত"-বিং রায়।

শাক্তীক [শক্তি+ইক] বি, শক্তি-অস্ত্রধারী যোদ্ধা।

শাক্য [শাক (বংশবিঃ)+য (তত্র ভবার্থে)] বি, শাকবংশোৎপন্ন ; বুদ্ধদেব। ~মুনি-বি, বুদ্ধদেব। ~সিংহ-বি, শাক্যবংশশ্রেষ্ঠ বুদ্ধদেব।

শাখ-শাখা দ্রঃ।

শাখা [সং। ফাং শাখ্। বাং-য় বিতঃ গদ্যে-শাখ] বি, বিটপ ; গাছের ডাল। ২ বাহু। ৩ একাংশ ; একদেশ। ৪ বেদাংশবিঃ। ৫ গ্রন্থ পরিচ্ছেদ ; অধ্যায়। ৬ পক্ষান্তর। ~গ্র [শাখার অগ্র, ৬তৎ] বি, শাখার অগ্রভাগ ; ডালের আগা। ২ করাগ্রভাগ ; করাঙ্গুলি। ~চ্যুত-বিণ, শাখা হতে স্খলিত ; শাখাভ্রষ্ট ; যা ডাল হতে পড়িয়া গিয়াছে। ~নগর [নগরের শাখা, ৬তৎ, শাখা শব্দের পূর্ব্ব নিপাত] বি, উপনগর। ~মৃগ [শাখার মৃগ (পশু), ৬তৎ, বা শাখাস্থিত যে মৃগ, ধা] বি, বানর। ~সীন [শাখা+আসীন] বিণ,শাখার উপর উপবিষ্ট।

শাখান্তরাল [শাখা(র)+অন্তরাল, ৬তৎ] বি, ডালের আড়াল।

শাখাল [চট্টলং শাআল। করাতীদের ভাষায়] বি, করাতের দাঁতের পাশের বাঁক।

শাখি-সাক্ষী দ্রঃ।

শাখী [শাখা+ইন্ (স্ত্যং)] বি, যার শাখা আছে ; তরু ; গাছ। "উর্দ্ধ মুখে চাহে শাখী বধে নানা জাতি পাখী সাত নলা জাল আঠা ফান্দে।"-কবিকং। ২ বেদ। ৩ বিণ, বৃক্ষ ; ডালবিশিষ্ট।

শাখোট [সং] বি, শেওড়াগাছ streblus asper.

শাখ্য [শাখা+য] বিণ,শাখা সম্বন্ধীয়।

শাগ [শাক (দ্রঃ) > দ্রং চট্টলে। হিং সাগ্] বি, শাক (দ্রঃ)।

শাগরে/দ [ফাং শাগির্দ। প্রাং শাক্-রেদ্] বি, শিষ্য ; চেলা। ~দি-বি, শিষ্যত্ব ; চেলাগিরি।

শাঙ, শাঙা, শাঙ্গ, শাঙ্গা [সং শঙ্কু >] বি, মেটে ঘরের কড়িকাট। ২ ঘরের কোণে দুই দেয়ালে পোঁতা বাঁশ বা তক্তা। ৩ প্রস্তরাদি গুরুভার উত্তোলন ও বহনের বাঁকদণ্ড যা একাধিক ব্যক্তির স্কন্ধবাহ্য। "বুকে তুলে দিল পাঁচ সাঙের পাথর। পাথর চাপানে বীর করে থর থর।"-কবিকং।

শাঙন ['সং-শ্রাবণ >। প্রাং বাং ; ব্রজং। শাবন দ্রঃ] বি,শ্রাবণ মাস(বৈং পদে)। "শাঙন ঘন সম ঝরু দুনয়ান।"-বিং পং। "রজনী শাঙন ঘন দেয়া গরজন।"-জ্ঞানং।

শাঙর [সং-শ্যামল > শামর > শাঙর। ব্রজং] বি, শ্যামবর্ণ ; শ্যামল। "সুন্দর বদনে সিন্দুর-বিন্দু শাঙর চিকুরভার।"-বিং পং।

শাঙল [সং-শ্যামল >। হিং শাওঁলা] বিণ, শ্যামল। স্ত্রীং শাঙলী-বি. শ্যামলা গাভী। তুল-হিং শামলী, শাওঁলী।

শাঙা, সাঙ্গা-শাঙ দ্রঃ।

শাঙ্কর[শঙ্কর (মহাদেব)+অ(সম্বন্ধার্থে)] বিণ, শঙ্কর সম্বন্ধীয়। ~ভাষ্য-বি, শঙ্করা-চার্য্যকৃত ভাষ্য।

শাঙ্করি [শঙ্কর+ই (অপত্যার্থে)] বি, কার্ত্তিক। ২ গণেশ।

শাঙ্খ [শঙ্খ+অ (ইদমর্থে)] বিণ, শঙ্খ সম্বন্ধীয় ; শাঁকের।

শাঙ্খিক [শঙ্খ+ইক (পণ্যার্থে), শঙ্খ যাদের পণ্য] বি, শাঁখারী ; শঙ্খ ব্যবসায়ী ; শঙ্খকার।

শাজাদা-শাহ দ্রঃ।

শাজাহান-শাহজাহান দ্রঃ।

শাজিপাড়ি [সাজিয়া পাটিয়া (সহ-দ্বয়)] ক্রি-বিণ, সাজসজ্জা করিয়া। "সাজিপাড়ি দাসীর সঙ্গে তখনই চলিল" -পূং বং গীং।

শাজীরা-সাজীরা দ্রঃ।

শাজোয়ার্ন-শাহ দ্রঃ।

শাঞ্চা, শাঞ্চি-শালিঞ্চ দ্রঃ।

শাট [শট্ (গমন করা)+অ] বি, ধুতি। ২ খুব লম্বা ছড়ি। শাটী-বি, সাড়ী ; স্ত্রীলোকের পরিধেয় বসন।

শাটক [পাং। সং] বি, ধুতি [পুরুষের পরিধেয় সরু পাড়যুক্ত বা সাদা পাড় ধুতি। কুমারী বা সধবা নারীর পরিধেয় বস্ত্র অর্থে শাটিকা-সাড়ী (রঙীন কিনারাদার) বিধবাদের পরিধেয় বস্ত্রার্থে সাদা পাড় ধুতি বা থান কাপড়]।

শাটি-শাট দ্রঃ।

শাট্যায়ন-বি, মুনিবিঃ। ২ যজ্ঞকর্ম্মে বৈগুণ্য প্রশমক হোমবিঃ।

শাঠ্য [শট (ধূর্ত্ত)+য (ভা॰)] বি, শঠতা ; প্রতারণা। ২ খলতা।

শাড়ি, শাড়ী, সাড়ী [সং-শাটী >] বি, স্ত্রীলোকের পরিধানযোগ্য বস্ত্র ; সাটী। "চলে নীল শাড়ী নিঙাড়ি নিঙাড়ি পরাণ সহিত মোর॥"-চণ্ডি॰। ২ [পা॰ শাটক] বস্ত্রখণ্ড ; থান (জাতক, ১।৩৮)। **আট-পৌরে সাড়ী**-স্ত্রীলোকদিগের সর্ব্বদা পরিধানের বস্ত্র। "পরি এক আটপৌরে সাড়ী।" -অশোক॰।

শাণ১, **শান** [শ্মশান > কেং॰ শান। প্রা॰ বাং-ন=ণ] বি, শ্মশান। "মুণ্ডমালা গাঁথিয়া দক্ষিণে দেই শাণে। যার যত রক্ত দেই ভৈরবীর স্থানে॥"-মনসা ম॰ (বংশী॰)।

শাণ২ [শো(তীক্ষ্ণ করা)+ণ (খি)। যাতে ছুরি কাঁচি ই॰ শাণিত করে] বি, ঘর্ষণ-যন্ত্র ; অস্ত্রাদি শাণাইবার পাথর। ২ ধার ; "খর-শাণ"-মেঘ॰। ৩ করাৎ। ৪ পরিমাণ বাচক। ৪ মাসায় ১শাণ। **~কার**-বিণ, যে শাণ দেয়। **~দেওয়া**-বিণ, শাণিত ; পাথরে ঘষিয়া ধার করা হইয়াছে এমন।

শাণ৩ [শণ (দ্রঃ)+অ (কৃতার্থে)] বি, শণের সূতায় নির্ম্মিত বস্ত্র।

শাণ৪ [পাষাণ >] বি, শান। ২ কষ্টি-পাথর। **~বাঁধানি**-বিণ, ইট পাথরাদি দ্বারা নির্ম্মিত ; চূণশুরকি, বিলাতীমাটি ই॰ মশলায় গাঁথিয়া পাকা করা। প্র-পুকুরের দুইদিকে দুটা শাণবাঁধান ঘাট।

শাণাজীব [শাণ+আজীব] বি, অস্ত্রমার্জ্জক।

শাণানি [শাণ২ দ্রঃ। শাণাই, শাণাও (শাণান, শাণাস), শাণায় (শাণান) ; শাণা-ইতে (কে॰ শাণাতে) ; শাণাইয়া (কে॰ শাণিয়ে) ই॰] ক্রি, শাণ দেওয়া ; ধার তোলা ; তীক্ষ্ণ করা।

শাণিত [শাণ+ইত (জাতার্থে), অথবা শণ্‌+ণিচ্‌=শাণি+ত (র্ম্ম)] বিণ, ধারাল।

শাণী১ [অর্ব্বাচীন সং। ফা॰ সয়্‌ন্‌ >। সান১দ্রঃ] বি, হস্ত কটাক্ষাদি সূচনা ; ইসারা।

শাণী২ [সং] বি, বস্ত্রাবাস ; তাঁবু। ২ শণসূত্র নির্ম্মিত বস্ত্র, পর্দ্দা ; চট। ৩ ছিন্নবস্ত্র ; ছেঁড়া কাপড়।

শাণ্ডিল্য [শাণ্ডিল (মুনি)+য (অপত্যার্থে)] বি, গোত্রকারক মুনি। ২ অগ্নির মূর্ত্তিবিঃ। ৩ বিল্বতরু।

শাত [শো (তীক্ষ্ণীকরণে)+ত (র্ম্ম)] বিণ, শাণিত। ২ সুন্দর। ৩ ক্ষীণ। ৪ দীপ্তিশালী। ৫ সুখী। ৬ পতিত। ৭ বি, সুখ ; মঙ্গল [অশাত=অমঙ্গল ; অসুখ]। **~কর্ণি**-বি, ঋষিবিঃ। **~কুম্ভ**-বি, সুবর্ণ।

শাতন [শদ্‌+ণিচ্‌=শাদি (পতিত হওয়ান) +অন (ভা॰), নিপাতন-সিদ্ধ] বি, পাতন। ২ বিনাশন। ৩ ছেদন ; ছিন্নকরণ। ৪ চাঁচা।

শাতাতপ [শৃ॰] বি, সংহিতাকার মুনিবিঃ।

শাতি [শাস্তি >] বি, শাস্তি ; দণ্ড। "সাধু আসুক দেশে * * * ইহার উচিত দিব শাতি॥"-কবিক॰। "রস নাহি হোয়ল কয়ল যে শাতি। মদন লতা জনু দংশল হাতী॥"-বি॰ প॰।

শাথ-শাঠ্য দ্রঃ।

শাত্রব [শত্রু+অ] বি, বৈরতা ; শত্রুতা। ২ শত্রুসমূহ।

শাদ [সং] বি, কচি ঘাস।

শাদা, সাদা [ফা॰ সাদাহ্‌] বিণ, কারচুপীহীন ; অনলঙ্কৃত plain; unadorned. ২ অকপট ; সরল artless ; simple. ৩ শুভ্র ; অলিখিত ; খালি blank. ৪ শ্বেত। **~টিয়া, ~টে** [শাদা+আটিয়া] বিণ, সম্পূর্ণ শ্বেত নহে কিন্তু যার অধিকাংশ ভাগ শ্বেতবর্ণ। **~মাটা** [মাট দ্রঃ] অ, শাদা সিধা। **~সিধা, ~শিদা, ~সিদে, ~শিদে**-অ, সোজাসুজি ; সরল। "সখের প্রাণ শাদা শিদে বলছে যেন হাসি।"-হেম॰। **~শাদা**-বিণ, মধ্যে মধ্যে শ্বেতবর্ণ ; শাদাটিয়া। প্র-শাদা শাদা দাগ।

শাদি, সাদি [মুসলমানী বাং। ফা॰ শাদি] বি, পরিণয় ; বিবাহ। **শাদি করা** -ক্রি, বিবাহ করা।

শাদ্বল [শাদ (নবতৃণ)+বল (ত্য॰)] বি, শ্যামল তৃণাচ্ছাদিত স্থান।

শান১ [সং। শাণ (পাষাণ) দ্রঃ] বি, পাষাণ ইষ্টকাদি-নির্ম্মিত স্থান ; পাকা-মেঝে। "ঘাটের শানে বাজচে কলস ক্ষণে ক্ষণে।" -রবী॰। ২ অস্ত্রাদি ঘসিয়া ধারাল করিবার পাষাণ। ৩ কষ্টি পাথর ; নিকষ। ৪ করাত।

শান২-শাণ১ দ্রঃ।

শানক [আ॰ সহনক্‌] বি, মৃত্তিকা-নির্ম্মিত ভোজনপাত্র ; মাটির থালা।

শানকি, -কী [শানক দ্রঃ, ক্ষুদ্রার্থে ই, ঈ] বি, মৃত্তিকা-নির্ম্মিত অপেক্ষাকৃত ক্ষুদ্রায়তন ভোজনপাত্র ; মাটীর শানক হতে ছোট থালা।

শানা১ [সং-শানী (প্রাবরণ, বস্ত্রাবরণ, অঙ্গাবরণ)] বি, বর্ম্ম ; সাঁজোয়া। "গায়েতে পরিল শানা মাথায় টোপর"-কৃত্তি॰।

শানা২ [বয়নশিল্প পরিঃ] বি, তাঁত বুনিবার যন্ত্রের অংশবিঃ ; বিদা কাঠির মত দাড়াযুক্ত শলাকাবৎ যন্ত্র। ইহার দাড়ার ভিতর দিয়া টানার সূতা চালাইতে হয়। "মন তাঁতি কি বুনতে এলি তাঁত। * * * ও তোর শানায় সুতো মানায় না ত রে পোড়া পোড়েন হল না জাত্‌॥"-বাং গান। **~কর**-বি(ণ), শানানির্ম্মাতা। **শানা গাঁথা**-ক্রি, শানায় সূতা চালান।

শানাই, সানাই [সং-সানেয়ী] বি, বংশীবিঃ।

শানানি [শান (দ্রঃ)+আন (ক্রিয়ায়)। শানাই, শানাও (শানান্‌, শানাস), শানায় (শানান্) ; শানাইতে ; শানাইয়া (কে॰ শানিয়ে)] ক্রি, শাণ দেওয়া ; শাণে ঘষিয়া ধার করা। ২ তীক্ষ্ণ করা। ৩ [ঘষিয়া ক্ষয় করার ভাব >] প্রবৃত্তি, ক্ষুধাতৃষ্ণাদির ক্ষয় হওয়া ; পরিতৃপ্ত হওয়া ; শান্ত হওয়া ; মেটা। প্র-সে যে-রকম খাইয়ে তাতে তার এক-আধসের সন্দেশে শানায় না।

শানি, সানি [হি॰। প্রা॰ ছানি] বি, কর্ত্তিত খড়ের টুকরা।

শান্ত [শম্‌(শান্ত হওয়া)+ত (র্ত্ত)] বিণ, শান্তিযুক্ত। ২ শমতা-প্রাপ্ত ; নিবৃত্ত। ৩ শমগুণযুক্ত। "শান্ত দাস্য সখ্য আর বাৎসল্য মধুর রস হরি।"-বাং গান। ৪ জিতেন্দ্রিয়। ৫ স্থিরমনাঃ। ৬ সৌম্য। ৭ অনুদ্ধত। ৮ ধীর। ৯ শিষ্ট। ১০ বিনীত। ১১ দমিত। ১২ বিনাশিত। ১৩ নিন্দিত ;

তিরস্কৃত। ১৪ মৃত। ১৫ বিশুষ্কীকৃত। ১৬ পরিস্কৃত। ১৭ [শম্+ণিচ্=শামি+ত (র্ম্ম)] বি, কাব্যরসবিঃ; তত্ত্বজ্ঞানাদি জন্য যে বৈরাগ্য ও শান্তভাবের উদয় হয়। ~ভাব-বি, প্রশান্ত অবস্থা; নিশ্চল অবস্থা। ২ নম্র-প্রকৃতি।~মূর্ত্তি-বি,সৌম্যমূর্ত্তি; ধীর বা অনুগ্র আকৃতি। ~শিষ্ট-বিণ, ধীর ও সুচরিত; বিনীত ও সংস্বভাব। ~স্বভাব-বিণ, সৌম্য প্রকৃতি; ধীর স্বভাব; বিনীত স্বভাব; অনুদ্ধত প্রকৃতি। >স্ত্রীং ~স্বভাবা।

শান্তনব-বি, শান্তনুতনয়; ভীষ্ম।

শান্তনু-বি, মহারাজ প্রতীপের পুত্র; ভীষ্মের পিতা।

শান্তা [রামা০] বি, রাজা দশরথের কন্যা; ঋষ্যশৃঙ্গ মুনির পত্নী। ইনি পিতৃসুহৃদ অঙ্গাধিপতি লোমপাদের নিকট প্রতিপালিতা হইয়াছিলেন এবং তাঁহারই ইচ্ছানুসারে মহাতপাঃ ঋষ্যশৃঙ্গমুনির সহিত পরিণীতা হইয়াছিলেন।

শান্তানি [শান্ত+আন (ক্রি-বিভক্তি)। শান্তাই, শান্তাও, শান্তায়; শান্তাইতে; শান্তাইয়া] ক্রি, শান্তি দান করা; শান্ত করা; সান্ত্বনা প্রদান করা। "কেহ কারে না শান্তায় সবে অচেতন।"-কৃত্তি০। "যদ্যপি শান্তাইল মুনি বহুল বচনে। তথাপিহ শান্ত নহে ধর্ম্মরাজ মনে।"-মহা০ (শ্রীকরণ০)।

শান্তি [শম্+তি (ভা০)] বি, শমগুণ। ২ চিত্ত-স্থৈর্য্য। ৩ বিষয়াদি হতে ইন্দ্রিয়ের নিবৃত্তি; নিস্পৃহতা। ৪ সৌভাগ্য। ৫ মুক্তি। ৬ বিশ্রাম; নিবৃত্তি। ৭ বিঘ্ননাশ; মঙ্গল। ৮ নিরুপদ্রব। ৯ তৃষ্ণাক্ষয়। ১০ বিনাশ; বিধ্বংস। ~কর-বিণ, শান্তিজনক; হিতকর; মঙ্গলপ্রদ। ২ চিত্তস্থৈর্য্যসম্পাদনকারী। ৩ বিঘ্নবিনাশক। ৪ তৃপ্তিপ্রদ। ~কর্ম্ম, ~কার্য্য-বি, উপদ্রব, বিঘ্ন বা অশুভ নিবারক ক্রিয়া। ~জনক-বিণ, তৃপ্তিকর; মঙ্গলকর। ২ উদ্বেগনাশক। ~জল-বি, পূজা-যজ্ঞাদি-শেষে মন্ত্রপূত জল, যার স্পর্শে সুখ শান্তি হয়।~নিকেতন-বি, শান্তিময় স্থান; শান্তির আলয়; বিঘ্নশূন্য স্থান; মঙ্গলালয়।~প্রিয়-বিণ,যে শান্তি ভালবাসে বা চায়।~ভঙ্গ-বি,অশান্তি উৎপাদন;শান্তিনাশ। ২ বিঘ্নোৎপাদন। ৩ উপদ্রবকরণ। ~ময়-বিণ, শমগুণাত্মক।২ শান্তিপূর্ণ। ৩ নির্ব্বিঘ্ন। ~রক্ষক-বি, অশান্তি ও উপদ্রব নিবারক পুলিস-কর্ম্মচারী। ~রক্ষা-বি, উপদ্রব নিবারণ; বিঘ্ননাশকরণ।~রস-বি, ঈশ্বরের স্বরূপ-জ্ঞান প্রাপ্ত হইয়া একাগ্রচিত্তে তাঁহাতে মনের নিষ্ঠা। ~স্থাপন-বি, অশান্তি দূরকরণ; গোলযোগ নিবারণ। ২ সন্ধিস্থাপন।~স্বস্ত্যয়ন-বি,গ্রহাদি জন্য পীড়া ই০ বিপৎশান্তি হেতু হোম যাগাদি ক্রিয়া; শান্তি হোম। ~হীন-বিণ, অশান্ত; অস্থির; শান্তি বিরহিত।

শান্তিপুরে [শান্তিপুর (স্থানবিঃ)+ইয়া (সম্বন্ধীয়, স্থানীয় বা স্থানজাত ই০ অর্থে) >শান্তিপুরিয়া >ক্ষে০] বিণ,শান্তিপুরের; শান্তিপুরেপ্রচলিত। ~নৌকিতা [গ্রা০। শান্তিপুরিয়া লোকিকতা >] বি, মৌখিক ভদ্রতা false politeness, hospitality &c. তুল- ইং "Barmicide hospitality." আ০,ফা০ "তবাজ্জু-ই-সমরকন্দী"। প্র-আর শা০ নৌকতা করতে হবে না।

শান্ত্যুদকুম্ভ [শান্তি (শান্তির নিমিত্ত) +উদক্ (জল), ৪তৎ=শান্ত্যুদক (শান্তি জল) তার কুম্ভ (কলস), ৬তৎ। সমাসে উদক্=উদ] বি, শান্তিজলপূর্ণ কলস।

শাপ, শাঁপ [শপ্ (দিব্য করা, শাপ দেওয়া)+অ (ভা০)] বি, অভিসম্পাত। ২ দিব্য; শপথ। বিণ, শপ্ত। ~গ্রস্ত-বিণ, অভিশপ্ত; যাকে অভিসম্পাত করা হইয়াছে। ~ভ্রষ্ট-বিণ, অভিসম্পাত নিমিত্ত হীনদশা-প্রাপ্ত। >স্ত্রীং ~ভ্রষ্টা।

শাপা [শাপ (ব্রঃ)+আ (ক্রিয়ায়), পদ্যে। শাপি, শাপ, শাপে; শাপিতে; শাপিয়া (ক্ষে০ শাপি)। ণিজন্ত-শাপানি] ক্রি, অভিশাপ দেওয়া। "ক্রুদ্ধ হইয়া গর্গ মুনি চন্দ্রকে শাপিল।"-মহা০(বিজয়০)। "সাবিত্রী শাপিলা কেন আদ্য কথা বলি শুন স্রষ্টারস্তে ব্রহ্মাণী নিয়মে।"-শি০। **শাপিবেন্ত** [প্রা০ বাং। আধু০ বাং-শাপিবেন] ক্রি, শাপ দিবেন; অভিসম্পাৎ করিবেন। "পুত্রশোকে কুন্তীদেবী মোকে শাপিবেন্ত।"-মহা০ (শ্রীকর০)।

শাপান্ত [শাপ+অন্ত, ৬তৎ] বি, অভিশাপের অবসান।

শাপাস্ত্র [শাপ+অস্ত্র] বি, যিনি অভিসম্পাতকে অস্ত্রস্বরূপ ব্যবহার করেন; ঋষি। ২ দুর্ব্বাসা।

শাপিত [শপ্+ণিচ্=শাপি+ত (র্ম্ম)] বিণ, নিন্দিত। ২ তিরস্কৃত। ৩ অভিশপ্ত।

শাফেদ, শফেদ [ফা০ সুফেদ, সুফয়েদ্ > হিং সফেদ > ভ্রং শফেদ, শাফেদ। তুল-সং-শ্বেত (=শুবেত >শুপেত >শুফেদ ?)] বিণ, শ্বেত; শুক্ল; সাদা।

শাব (-বঁ) [শব+অ (সম্বন্ধার্থে)] বিণ, শব সম্বন্ধীয়।

শাবক [শব্ (গমন করা)+অ (র্ত্তৃ, জ্ঞা০)=শাব+ক (অল্পার্থে), যে অল্পে অল্পে গমন করিতে পারে] বি, শিশু; পশ্বাদির বৎস বা ছানা।

শাবন$_1$ [সং-শ্রাবণ >প্রাকৃ০ শাঅন, শাওন, শাঙণ, শাবন] বিণ,শ্রাবণ মাস; বাং বৎসরের চতুর্থ মাসের নাম। ২ হিন্দুস্থানে শ্রাবণ মাসের ঝুলন উৎসব; বর্ষা উৎসব। শা০ গাওয়া-ক্রি, ঝুলনের সময় কাজ্‌রী গান গাওয়া।

শাবন$_2$ [আ০] বি, মুসলমানী বৎসরের অষ্টম মাসের নাম।

শাবর [শবর (নীচ জাতি)+অ (সম্বন্ধার্থে)] বিণ, শবর সম্বন্ধীয়। ২ বি, পণ্ডিত শবরস্বামিকৃত ভাষ্যগ্রন্থ। ৩ মৃগচর্ম্ম। ৪ পাপ। ৫ অপরাধ। ৬ শ্বেত লোধ্রতরু; লোধ গাছ।

শাবল [শর্ব্বলা >] বি, তোমরাস্ত্র। ২ খনিত্র; খননাস্ত্র।

শাবাজ, সাবাজ [শা (শাহ্, শাহী=রাজকীয় বা বৃহৎ) বাজ (শিকরে পাখী)] বি, বড় জাতীয় বাজ পাখী a royal falcon.

শাবান [আ০ শাআবান্] বি, মুসলমান বৎসরের অষ্টম নাম। ২ যে মাটির লম্বা চওড়া গর্ত্তবিশিষ্ট পাত্রে ভাতের চালধোয়া

জল রাখা হয়। যাতে মুখ ডুবাইয়া গোরু পুরান চালধোয়া জল পান করে।

শাবাশ-সাবাস দ্রঃ।

শাবোই [প্রাদে॰] বি, লম্বা খড়ের ডাঁটার মত তৃণবিঃ।

শাব্দ [শব্দ+অ (সম্বন্ধার্থে)] বিণ, শব্দ সম্বন্ধীয়। ~**বোধ**-বি, শব্দসংক্রান্ত জ্ঞান। ২ শব্দার্থ পরিজ্ঞান।

শাব্দিক [শব্দ+ইক (জ্ঞাতার্থে)] বিণ, শব্দশাস্ত্রজ্ঞ; শব্দশাস্ত্রবিৎ; বৈয়াকরণ। ২ বিণ, শব্দাড়ম্বরকারী prolix; verbose. "শা॰ ও মস্তিষ্কের দোষঘটিত।"-টেকচাঁদ। বি, ~**তা** (-কঁ-) বি, শব্দবাহুল্য; শব্দাড়ম্বর verbosity; prolixity. "এই শ্রেণীর লেখকেরা অতিশয় শাব্দিকতা-প্রিয়।" -চন্দ্রনাথ বসু।

শামপান [চীনা, মালয় ও বর্ম্মী ভাষায়। ইং sampan] বি, নৌকবিঃ। ইহার পশ্চাদ্ভাগে দুইটা করিয়া হাল থাকে এবং একজন তা চালায়, লম্বায় ৩হাত ৭ হাত এবং পাশে দুই তিন হাত হয়। ব্রহ্মদেশীয় দ্বারা কাঠ নির্ম্মিত হয়। লোনাজলে শীঘ্র শীঘ্র নষ্ট হয় না। ইহার বিশেষত্ব এই যে, যে কোন অবস্থায় পাল দিয়া সমুদ্রে যাতায়াত করিতে পারে, এই নৌকা কখনও ডোবে না।

শাঁমর [সং-শ্যামল > ব্রজ॰] বিণ, শ্যামল; শ্যাম। "শ্যামর মেঘ সৌদামিনী মণ্ডিত"-বি॰ প॰। স্ত্রীং **শাঁমরী**-শ্যামলী; শ্যামা। "শামরী রে ঝামরী তোর দেহা"-বি॰ প॰।

শামলা১ [সং-শ্যামল >। গ্রা॰ শাওঁলা ও॰] বিণ, শ্যামবর্ণ; কৃষ্ণবর্ণ।

শামলা২, **শাম্‌লা** [আ॰] বি, চিকনের কাজ করা কিনারাদার সরু শালের পাগড়ী; মোড়াশা পাগড়ী। "সুখ নেই আর উকিল মহলে * * * * * * * * * উকিলেরা বেছে শামলা ভাবচে বসে যত আমলা কিসে দিন চলে"-গান।

শামা১ [সং-শ্যামা শব্দের গ্রা॰ কথ্য রূপ] বি, শ্যামা; কালিকা। ২ বিণ, কৃষ্ণবর্ণা। ~**চঁরণ** -শ্যামা দ্রঃ। ~**পূজা**-শ্যামা দ্রঃ।

শামা২ [আ॰] বি, বাতি; প্রদীপ। ~**দান**-বাতিদান। ~**পোকা**-বি, দীপকীট; সবুজবর্ণ অতি ক্ষুদ্র ক্ষুদ্র পতঙ্গ, যারা বাতির বা গ্যাসের আলোকে আকৃষ্ট হইয়া দলে দলে প্রাণ বিসর্জ্জন করে।

শামা৩ [শামী দ্রঃ] বি, লৌহবলয়; ঢেঁকির মুখ ইং বাঁধাইবার লোহার পাত বা কড়া।

শামাই [সামান দ্রঃ। তুল হিং সমাই] বি, ধৈর্য্য; সহ।

ʼশামানি [সং-শম্ (উপশমে, শান্তভাবে, নিবৃত্তি অর্থে) >। হিং সমানা। শামাই, শামাও, শামায়; সামাইতে; সামাইয়া] ক্রি, প্রশমিত করা; নিবৃত্ত করা। ২ আধারগত হওয়া; প্রবিষ্ট হওয়া to be held in. "পিরীতি বেয়াধি যদি অন্তরে শামাইল। ঔষধ খাইতে তবে পরাণ জারি গেল।" -চণ্ডি॰। বি, শামাই।

শামিজ-শেমিজ দ্রঃ।

শামিত্র [সং] বি, পশুবধ স্থান slaughter-house.

শামিয়ানা, শামীয়ানা [ফা॰] বি, চাঁদনি; চাঁদোয়া; আচ্ছাদন।

ʼশামিল [সামিল দ্রঃ] বিণ, অন্তর্গত। ২ সদৃশ।

শামী১-বি, য়িহুদী-আরবী মিশ্র ভাষা।

ʼশামী২, **ʼশামি** [সং-শমী > শাঁই, শামি, শামী > শাঁপি (শাঁই কাঁটার মত সূক্ষ্মমুখ বলিয়া) >] বি, লাঠির সরু মুখ, ঢেঁকীর মুষলের বা মুদ্গরাদির মুখ শক্ত করিবার জন্য লাগান লোহার পাতের বেড়।

ʼশামুক [সং-শম্বুক] বি, শম্বুক; জলশুক্তি। ~**খোল**, ~**ভাঙ্গা** [কেং শামখোল। খোলা ভাঙ্গিয়া খায় বলিয়া নাম শা॰ ভাঙ্গা। (২) খোর (খাদক) >। র=ল] বি, শম্বুক খাদক পক্ষীবিঃ।

শাম্ব-বি, জাম্ববতী-গর্ভজা শ্রীকৃষ্ণপুত্র।

শাম্বরী [শম্বর (অসুরবিঃ)+(কৃতার্থে) =শাম্বর+ঈ (স্ত্রীং)] বি, কুহকবিদ্যা; মায়াবিদ্যা; ইন্দ্রজাল।

শাম্বুক, শাম্বূক [শম্বুক, শম্বূক+অ (স্বার্থে)] বি, শামুক।

শাম্ভব [শম্ভু (শিব)+অ (পূজকার্থে)] বি, শম্ভুর উপাসক; শৈব। ২ [~+অ (অপত্যার্থে)] শম্ভুপুত্র। ৩ [বৈদ্যকে] বিষবিঃ। (২) দেবদারু বৃক্ষ। (৩) গুগ্‌গুল। (৪) কর্পূর। ৪ বিণ, শম্ভুসম্বন্ধীয়। স্ত্রীং ~**ী**-শিবশক্তি; দুর্গা। ২ নীলদূর্ব্বা।

শায়ঁক [শো (তীক্ষ্ণ করা)+অক (কর্তৃ, আ॰), শো=শা] বি, বাণ; শর। ২ খড়্গ।

শায়ঁণ [শ্রাবণ > ভ্রং। মৈ॰ গী॰। পদ সা॰-শাওন] বি, শ্রাবণ।

শায়িত [শী+ণিচ্=শায়ি (শোয়ান)+ত (ক্ত)] বিণ, নিপাতিত। ২ শয়ন করান হইয়াছে এরূপ। স্ত্রীং ~**া**। ~**শায়ী** [শী (শয়নে)+ইন্ (কর্তৃ)=শায়িন্ ১মা, ১ব] বিণ, শয়নকারী। প্র-সমরশায়ী। স্ত্রীং ~**শায়িনী**।

শায়েস্তা [ফা॰ শৈস্তা] বিণ, শিক্ষিত; শিক্ষাপ্রাপ্ত।

শার [সং] বিণ, মিশ্রবর্ণ; নানাবর্ণযুক্ত। ২ বি, পীতবর্ণ। ৩ পাশক।

শারঁঙ্গ১, **শারিঙ্গী, শারিঙ্গী, শারেঙ্** [সং-শারঙ্গী] বি, বেহালার আকৃতি তন্তযন্ত্রবিঃ।

শারঁঙ্গ২-সারঙ্গ দ্রঃ।

শারঁদ [শরদ্ (শরৎকাল বা বৎসর)+অ (স্বার্থে)] বি, শরৎকাল, ভাদ্র আশ্বিন মাস। ২ বৎসর। ৩ পীড়া; রোগ। ৪ শরৎকালীন ধান্যবিশেষ। ৫ শ্বেতপদ্ম। ৬ বকুল। ৭ শরৎকালজাত শস্য। ৮ খেসো-মুগ। ৯ বিণ, শরৎকালীন। ১০ নবীন; নূতন। ১১ প্রশস্ত। ১২ বিনীত। ১৩ অপ্রতিভ। ১৪ সাম্বৎসরিক। ~**নিশা**, -**যামিনী**-বি, শারদীয়া যামিনী; শরৎকালীন রাত্রি। "কেন নীরব ঝিল্লী নিকর নিদ্রিত শারদ নিশায়।"-গান। "আর সে শারদ যামিনী"-বি॰ প॰। ~**শশী**-বি, শরচ্চন্দ্র; শরৎকালের চাঁদ।

শারদা [সং] বি, দেবী ভগবতী; দুর্গা। ২ বাক্‌দেবী; ভারতী; সরস্বতী। ৩ সারিবা; শ্যামালতা। ৪ ব্রাহ্মী।

শারদিক [সং] বি, শ্রাদ্ধ।

] যুক্ত বিবৎ (অগ্র=অগ্‌র), ʼহীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ=ংগ ঙ্গা=ঁগা ঙ=ঙ্গ ঙ্গ্ই দ=ড্ড দু দ্ব ল্ব ব্ল দ=বহু বৃহ বৃহ্ ঙ্গব্য, ঋ ঋ ঋ ঋ=rivv ও জ্ঞা॰ দ্রঃ

শারদী [সং] বি, শরৎপর্ব্ব ; কোজাগর পূর্ণিমা। ২ ছাতিমগাছ।

শারদীয় [শারদ+ঈয় (যুক্তার্থে)] বিণ, শরৎকালীন। "আছে ত তোমার সেই কনক বরণ * * * সেই সে গগন গায় শারদীয় পূর্ণিমার আঁকা শশী হেসে চায় ঢেলে দেয় রজত কাঞ্চন"-বা° গান। স্ত্রী° ~া। "তাহে শোভিত মুরতি কমলার আজি শারদীয়া পূর্ণিমায়।"-বাং গান। ~পূজা-বি, শরৎকালীন দুর্গাপূজা। দুর্গা দ্রঃ।

শারি১, শারী১ [সং] বি, শারিকা ; শালিক ; ময়না। "শারী বলে আমার রাধা বামে যতক্ষণ, নৈলে শুধুই মদন।"-বাং গান (গোবিন্দ অধিকারী)।

শারি২, শারী২ [সং] বি, পাশার গুটিকা। ২ লড়ায়ে হাতীর পিঠের পালান। ৩ সারিগান। ৪ নিন্দাবাদ। ৫ প্রতারণা ; কপটতা। ~ফল, ~ফলক-বি, দাবা খেলার ছক।

শারিকা [সং] বি, শালিকপাখী।

শারিঙ্গী [সং-শারঙ্গী > অং] বি, সারঙ্গ দ্রঃ।

শারীর [শরীর + অ (সম্বন্ধে, জাত অর্থে)] বিণ, শরীর হতে উৎপন্ন ; দেহজাত। ২ শরীর সম্বন্ধীয়। ৩ বি দৈহিকতত্ত্ব ও সমস্ত যন্ত্রাদির বর্ণনামূলক গ্রন্থ। ৪ বেদান্ত সূত্র। ৫ জীবাত্মা। ৬ বৃষ। ~তত্ত্ব, ~স্থান- দৈহিকতত্ত্বনির্ণায়ক শাস্ত্র ; শারীরিকতত্ত্ব-বিধায়ক শাস্ত্র। ~বিধান-বি, শরীরস্থান বিদ্যা ; দৈহিকতত্ত্বনিরূপণশাস্ত্র physiology. ~শাস্ত্র-বি, শরীর সংস্থান ও শরীরস্থ রাসায়নিক ক্রিয়া পরিজ্ঞাপক শাস্ত্র।

শারীরক [সং] বি, বেদান্ত মীমাংসা সম্বন্ধীয় শাঙ্করভাষ্য।

শারীরিক [শরীর+ইক (ইদমর্থে)] বিণ শরীর সম্বন্ধীয় ; দৈহিক ; কায়িক। ২ দেহোৎপন্ন, শরীরজাত। ৩ বি, বেদান্তসূত্র। ৪ জীবাত্মা।

শারেঙ [সং-শারঙ্গী > গ্রা°] বি, সারঙ্গ দ্রঃ। প্র-শা° বাজিয়ে গান করা।

শার্কর [শর্করা (চিনি বা কাঁকর)+অ (যুক্তার্থে)] বিণ, শর্করা সম্বন্ধীয়। ২ শর্করা-বিশিষ্ট ; শর্করা-মিশ্রিত। ৩ কাঁকরযুক্ত ; কাঁকরমিশ্রিত ; কাঁকুরে। ৪ দানাদার।

শার্ঙ্গ [শৃঙ্গ (শিং)+অ (সম্বন্ধার্থে)] বিণ, শৃঙ্গজাত ; শৃঙ্গদ্বারা নির্ম্মিত। ২ শৃঙ্গ সম্বন্ধীয়। ৩ বি, বিষ্ণুর ধনুঃ ; ধনুক। ~ী [শার্ঙ্গ+ইন্ (স্ত্যা°)=শার্ঙ্গিন্ ১মা, ১ব°] বি, শার্ঙ্গধর। ~ক -বি, শার্ঙ্গপাণি ; ধনুর্দ্ধর। ~ধর -বি, শার্ঙ্গধনুর্ধারী, বিষ্ণু। ~পাণি -বি, বিষ্ণু। ২ ধনুর্দ্ধারী।

শার্ট [ইং shirt এর লিপ্যন্তর] বি, কামিজ ; পিরান।

শার্দ্দূল [শৃ (হিংসা করা)+দূল (কৃ, ক্তা°)] বি, ব্যাঘ্র। ২ শরভ। ৩ রাক্ষস। ৪ পক্ষিবিঃ। ৫ শব্দের পর যুক্ত হইয়া ইহা শ্রেষ্ঠত্ববাচক হয়। প্র-নরশার্দ্দূল। স্ত্রী° ~ী -ব্যাঘ্রী। "* * * বাহিরিলা আশুগতি দোঁহে শার্দ্দূলী অবর্ত্তমানে ; নাশি শিশু যথা নিষাদ ;"-মেঘ°। ~ঝম্পন-বি, ব্যাঘ্রের মত শিকারের উপর ঝাঁপাইয়া পড়িয়া আক্রমণ ; ব্যাঘ্রঝম্পন। "উদয় হইল পূর্ণ উঠিল উদ্গার। অবশেষে গণ্ডূষ করিতে নারে আর॥ হট করে হৈমবতী দিতে আনে ভাত। শা° ঝম্পনে সত্তে আগুলিল পাত।"-শি°। ["তুল-হাঁ হাঁ দেয়ং হুঁ হুঁ দেয়ং দেয়ঞ্চ কর-কম্পনে। শিরঃ সঞ্চালনে দেয়ং ন দেয়ং ব্যাঘ্র-ঝম্পনে॥"]। ~বিক্রীড়িত [সং] বি, ঊনবিংশাক্ষরছন্দোবিঃ। ~ললিত-বি, অষ্টাদশাক্ষরে গ্রথিত সংস্কৃত ছন্দোবিঃ।

শার্ব্বর [সং। শর্ব্বরী দ্রঃ] বিণ, শর্ব্বরী সম্বন্ধীয়। ২ নৈশ ; নিশাকালীন। ৩ বিনাশক ; হননকারী ; ঘাতক। ৪ বি, ঘোরতিমির ; নিবিড় আঁধার। স্ত্রী, ~ী-বি, রাত্রি ; যামিনী।

শার্শী-শার্শি দ্রঃ।

শাল১ [শাল্ (শ্লাঘা করা)+অ (ভা°)] বি, শালিবাহন নৃপতি।

শাল২ [শেল দ্রঃ] বি, বৃহৎ শূল। প্র-শালে চড়ান। ২ শোলজাতীয় বৃহৎ মৎস্যবিঃ। ৩ বনামখ্যাত বৃক্ষ। "বন সুশোভন শাল ভূপতিত আজি"-মেঘ°। ৪ অস্ত্রবিঃ। ৫ মর্ম্মান্তিক দুঃখ ; ব্যথা। "এ শাল থাকিল বুকে।"-শ্রী° কী°। "যৌবনে মরণকাল, হৃদয়ে রহিল শাল প্রবোধ পরাণে নাহি মানে"-কবিক°। ৬ আঘাত ; তাড়া। "কর্ণে লাগে শাল"-মহা° (কাশী°)। ~কোঁড়া-বি, শালগাছের তেজাল চারা। "রূপগুণশীল বাড়া বাড়ে যেন শাল কোঁড়া জিনিপ্তায় চামরকুন্তল।"-কবিক°। শালে দেওয়া, -চড়ানি-ক্রি, বৃহৎ শূলের উপর বসাইয়া হত্যাকরারূপ দণ্ড দেওয়া। শালে ভর দেওয়া-ক্রি, লোহার ধারাল ঊর্দ্ধমুখ গজালসমূহ যে তখ্তার উপর সারি দিয়া আঁটা, তার উপর পতিত হইয়া তপস্যা করা।

শাল৩ [ফা°] বি, তিব্বতীয় ছাগলোম-জাত শীতবস্ত্রবিঃ। ~দুশালা, ~দোশালা-বি, শাল, শালের জোড়া প্রভৃতি বহু মূল্যবান গাত্রবস্ত্র। "কেহ উড়ায় শাল দুশালা কেহ পায়না ছেঁড়া টেনা।" -রা° প্র°। শালের রু(রূ)মাল-বি, পিঠ ঢাকা ছোট শাল। একরোকা শাল-বি, একদিকে ফুল তোলা বা একপিট সোজা একপিঠ উল্টা বুননের শাল। কাশ্মীরি শাল-বি, কাশ্মীরের নির্ম্মিত শাল। ইহা উৎকৃষ্ট ও মূল্যবান এবং প্রসিদ্ধ। ~কুঞ্জদার শাল-বি, যে শালের কোণে ফুল তোলা বা কাটা থাকে। [প্রচুর ও ঘন করিয়া তোলা লতাপাতা ফলফুল যুক্ত শালের নাম জামিয়ার (দ্রঃ)]। চিড়িয়াবুটি শাল-বি, মাছির মত বুটিযুক্ত শাল। ডুরিদার শাল-বি, যে শালে রেশমী সূতার কাজ করা ; সূতার ফলপাতাদি তোলা শাল। দোরোকা শাল-বি, দুই পিঠ সোজা বুনানের বা দুইপিঠে ফুল তোলা শাল। দোশালা, শালের জোড়া-বি, দুই ফর্দ্দ শাল। পাল্লাদার বা পাল্লেদার শাল-বি, যে শালের কোণে ফুল পাতা কাটা চওড়া আঁচলা আছে। বুটিদার শাল-বি, ছুঁচে তোলা ছোট ছোট ফুলদার শাল।

শাল৪ [সং-শালা >] বি, আগার ; শালা ; আলয়। প্র-ঘোড়াশাল ; হাতীশাল ; পাঠশাল। ২ প্রাচীর। ৩ কারখানা ;

কামারশাল। "যাহ করে ঘরে তারে পাতাইব শাল। শূল ভাঙ্গি সাজসজ্জা করাইব কাল।" -শি০। "আরেশিল মহীপাল ওথায় পাতিল শাল গড়ে কলধৌত কারিগর।"-কবিক০। ৪ শল্য ; শেল।

শালগম [ফা০শলগম্] বি, মূল-শাকবিঃ turnip.

শালগ্রাম [সং। গ্রা০ শালগেরাম। "গণ্ডকী নদীগর্ভে অবস্থিত শালগ্রাম নামক। যে প্রদেশ আছে তথাকার পাষাণ বলিয়া এই নাম"-স০ চ০ চক্রবর্ত্তী (বঙ্গবাণী, ২২ পৌষ, ১৩৩৮)। লোকের নামার্থে হি০-তে উচ্চারণ বিকারে 'শালিকরাম] বি, বিষ্ণুপুরাণোক্ত তীর্থবিঃ ; এখানে ঋষভদেবের ভক্ত ভরত তপস্যা করিয়াছিলেন। ২ গণ্ডকীতীর্থে উৎপন্ন শিলাময়ী বিষ্ণু মূর্ত্তিভেদ। আকার ও বর্ণভেদে এবং এক বা একাধিক চক্রযুক্ত বাসুদেবচক্র, প্রদ্যুম্নচক্র, নারায়ণ, বিষ্ণু, কেশব, বামন, জনার্দ্দন প্রভৃতি ১৬টি ভিন্ন ভিন্ন নামে শা০ শিলা প্রসিদ্ধ। ~শিলা-গণ্ডকী নদীগর্ভজ সচ্ছিদ্র মসৃণ গোল কৃষ্ণ-প্রস্তর। **শালগ্রামের শোয়া বসা সমান** [গোলাকার বলিয়া] সকল অবস্থায় সমভাব ; বিশেষত্বহীন। **সব নুড়ী শালগেরাম নয়**-শিলাখণ্ড হলেই হয় না, একমাত্র গণ্ডকীতীর্থে নদীগর্ভজ শিলাখণ্ড যার অঙ্গে শঙ্খচক্র গদাপদ্মাকৃতি রেখা ও ছিদ্রাদি থাকে তাই শালগ্রাম বলিয়া বিশেষিত হয় (তুল-"সকল গজে মোতি নাহি মানি"-বি০ প০)।

শালঙ্কায়ন-বি,স্বনামপ্রসিদ্ধ মুনিবিঃ।

শালজ [শাল (মৎস্যবিঃ) জ (জা > জাত)] বি, শালমাছ।

শালঞ্চ-শালিঞ্চ দ্রঃ।

শালতি [শাল (বৃক্ষবিঃ)+তি] বি, শালকাটের নৌকাবিঃ ; ডোঙ্গা।

শালনির্য্যাস [শালের নির্য্যাস,৬তৎ] বি, শালগাছের আঠা ; ধুনা।

শালভঞ্জি,-ভঞ্জিকা,-ভঞ্জী [শাল (বৃক্ষ) ভন্‌জ (ভাঙ্গা, নির্ম্মাণ করা)+অ (র্ম্ম) =শালভঞ্জ+ঈ (স্ত্রীং)] বি, কাষ্ঠপুত্তলিকা ; কাষ্ঠখোদিত মূর্ত্তি। "জিজ্ঞাসিলা শূলপাণি কহ জয়া সত্যবাণী শালভঞ্জী কাহার নির্ম্মিত।"-কবিক০। ২ [সং] বেশ্যা।

শালা১ [শল্ (গমন করা)+অ (ঘি, ভা০), বিশ্রামার্থ গমন করা হয় যেখানে ; আপ্, স্ত্রীং] বি, গৃহ ; আলয় ; ঘর ; নিবাস। ২ গৃহাংশ ; ঘরের একদিক। ৩ বড় ডাল।

শালা২ [সং-শ্যালক >] বি, পত্নীর ভ্রাতা। ২ স্ত্রীর ভাই বলিয়া গালি ; সম্বন্ধী। ~ঝি-বি, শ্যালক পুত্রী। ~পো-বি, শ্যালক পুত্র।~বাঞ্চোৎ-অ, অশ্লীল গালি। শকারবকার দ্রঃ। ~ভগ্নীপতি-বি, ভগ্নীর ভ্রাতা ও পতি। ~সম্বন্ধী [সহ০ দ্ব] বি, শ্যালক ও তৎস্থানীয় ব্যক্তি।

শালাক্য-তন্ত্র [সং] বি, শল্যতন্ত্র ; অস্ত্রোপচার বিদ্যা surgery.

`শালাজ [শ্যালক জায়া >] বি, শ্যালকের স্ত্রী ; পত্নীর ভ্রাতৃজায়া।

`শালাঞ্চি [সং-শালিঞ্চ >] বি, শাকভেদ ; শাঞ্চে শাক।

শালামৃগ [সং] বি, শৃগাল।

শালাবৃক [সং] বি, বানর। ২ কুকুর। ৩ বিড়াল। ৪ শিয়াল।

শালি [চট্টল০-শাইল ; হাইল। প্রা০ বাং-শাক্কী (রামশাকী দ্রঃ)] বি, সরু আমন ধান্যবিঃ। ২ শালি ধানের চাউল। "কনকের থালে ওদন শালি। কাঞ্জিকা সহিত করিয়া মেলি।"-কবিক০। ২ যাতে আমন ধান্য জন্মে। ~জমি-ধান জমি paddy field. ~ধান্য [সং] বি, যে ধান্য হেমন্তে পাকে ; আমন ধান।

`শালিক, সালিক [সং-শারিকা] বি, পক্ষিবিঃ।

শালিকা [সং] বি, আধার। "ভারত রচিল ফুল-কবিতা কবিতা-রসের শালিকা।" -অ০ ম০। ২ একপ্রকার চারা গাছ।

শালিঞ্চ [সং। > শাক্যা > শাক্কা,-ক্কি,-ক্কে > ছাঁকে, সাঞ্চি। শ=স, ছ] বি, খাদ্য শাকবিঃ ; ছাঁকে শাক ; শাগাঞ্চি Alternanthera sessilis.

শালিনী [শালিন্+ঈ (স্ত্রীং)] বি, একাদশাক্ষর ছন্দোবিঃ। ২ [-শালিনী] বিণ, যুক্তা ; মিলিতা ; বিশিষ্টা। "ভাস্করকিরীট-শিরমালিনি শশিভালিনি সুখশালিনি কর-বালিনী গো।"-ভারত০। "প্রেমশালিনী বা মধুযামিনী -গান (বঙ্কিম)।

শালপর্ণী [সং] বি, শালপানী ; ছালানী Hedysarum gangeticum.

শালিবাহন [শালি (সিংহ) বাহন যার, বহু০] বি নৃপতিবিঃ। [প্রসিদ্ধ আছে যে এই রাজা শৈশবে সিংহরূপী এক যক্ষকে বাহন করিয়া ভ্রমণ করিতেন তদনুসারে ইঁহার নাম শালিবাহন হয়। ইঁহার প্রবর্ত্তিত অব্দের নাম শকাব্দা।

শালী১ [শালা (গৃহ)+ইন (অ্য০) বা শাল (শ্লাঘা করা)+ইন্ (র্ত্ত)=শালিন্ ১মা, ১ব০] বিণ, শোভমান। ২ [-শালী] যুক্ত ; বিশিষ্ট। ৩ বি, কৃষ্ণজীরক, কালজীরা।

শালী২ [শ্যালিকা বা শ্যালী >] বি, পত্নীর সহোদরা অথবা ভগিনী স্থানীয়া। "এত প্রথম কলি বৈত নয় পরেই বা কি হয় ; * * * * * * * বাপের বেটা মুড়কি পায় না শালীর মোণ্ডা রোজ, সহোদরের মুখ দেখে না শালার গোলাম হয়ে রয় ;"-বাং গান (রূপচাঁদ পক্ষী)।~ঝী-বি, শ্যালিকা কন্যা; স্ত্রীর বোন ঝী।~পতি-বি, স্ত্রীর ভগ্নীপতি। ~পতে ভাই-বি, শ্যালিকা-পতি ; স্ত্রীর ভগিনীপতি সম্বন্ধে ভ্রাতা ; ভায়রা ভাই। ~পো-বি, শ্যালীর পুত্র।

শালীন [সং] বিণ, লজ্জাশীল ; লাজুক। ২ বিনীত ; বিনয়যুক্ত। ৩ তুল্য ; সদৃশ। ৪ ধনবান। ~া [সং] বি, শতপুষ্পা। বি, ~তা (-ত্ব) বি, নম্রতা ; বিনীতভাব। ২ লজ্জাশীলতা ; লাজুকতা। ৩ শিষ্টতা ; সম্ভ্রম ; নীতিজ্ঞতা। "নিজ শিক্ষা রুচি ও সাহিত্যিক শালীনতা বোধ অনুসারে"-সু০ চট্টো০।

`শালু [সালু দ্রঃ] বি, লাল কাপড়বিঃ।

`শালুক, `শালূক [সং] বি, জলজ পুষ্পবিঃ ; হেলাফুল ; কুমুদ ফুল। ২ পদ্মমূল।

শালুর, শালূর [শল্ (গমন করা)+উর, ঊর (র্ত্ত, ভা০), যে লম্ফ দিয়া শীঘ্র গমন করে] বি, ভেক ; বেঙ্। "যমগণ শালুর, সেথেরে দেখে অহি।"-ধ০।

শালেয় [শালি (ধান্ত)+এয় (তৎক্ষেত্রার্থে)] বিণ, যে ক্ষেত্রে শালি জন্মে ; শালি ধান্তের উপযোগী ক্ষেত্র বা ভূমি। ২ বি, মধুরিকা ; মৌরি।

শালোত্তর [সং] বি, বৈয়াকরণ মুনি পাণিনির গুরুগৃহ। ২ এই নামের মুনি ; বৈয়াকরণ পাণিনি যাঁর শিষ্য।

শালোত্তরীয় [শালা(গুরুগৃহ) উত্তরীয় (উত্তীর্ণীকৃত) যৎকর্তৃক, বহু°, যিনি নির্বুদ্ধিতাবশতঃ গুরুগৃহ পরিত্যাগ করিয়া শিবোপাসনায় বিদ্যা উপার্জন করিয়াছিলেন] বি, শালোত্তর মুনির শিষ্য ; বিখ্যাত ব্যাকরণকার মুনি পাণিনি।

শাল্কী-শালিক দ্রঃ। রামশাল্কী-রামশালিক দ্রঃ।

শালতী [শাল >] বি, শালবৃক্ষনির্ম্মিত ক্ষুদ্র ডোঙ্গা ; শালতি দ্রঃ।

শাল্মল [সং] বি, শিমুলগাছ। ২ সপ্তদ্বীপান্তর্গত দ্বীপবিঃ।

শাল্মলি, -লী [সং। "শাল্মলিঃ পাদপে দ্বীপে"-হে°। শল্মলি ও°। "শাল্মলী শাল্মলিঃ শল্মলিশ্চেতি রূপত্রয়ম্" -ভরত° (অমরার্থ কল্পদ্রুম)] বি, সপ্তদ্বীপান্তর্গত দ্বীপবিঃ। ২ শিমুলগাছ। ৩ গরুড়। ~পত্রক-বি, সপ্তচ্ছদ বৃক্ষ ; ছাতিমগাছ। ~বেষ্ট-বি, শিমুলের আঠা।

শাল্ব (-ল্ব) [শাল+ব (জ্ঞা°)] বি, মেরুপ্রদেশের অধীশ্বর। ২ উত্তর ভারতস্থ দেশবিঃ।

শাশ [সং-শ্বশ্রূ। হি° শাশ] বি, শ্বশ্রূ ; শাশুড়ী। "কত দুঃখে আরল পিয়া মধু লাগি। দারুণ শাশ রহল উহি জাগি।"-বি° প°। খুড়শাশ-বি, খুড় শাশুড়ী। জ্যাঠশাশ, জেঠশাশ-বি, স্ত্রীর বা স্বামীর জ্যাঠাই। পিস্‌শাশ-বি, স্ত্রীর বা স্বামীর পিসি। মাস্‌শাশ-বি, স্ত্রী বা স্বামীর মাসী।

`শাশি, `শাশী, `শার্শী [সাসী ও°। ইং sash-door, শিশা দ্রঃ] বি, কাচপট ; পরকলা ; কাচের দ্বার বা জানালা বা ডালা বা পাল্লা।

`শাশুড়ি,-ড়ী [শ্বশ্রূ > । প্রা°শাউড়ী। প্রাদে° চট্টল° শউরী=হউরী। হি° প্রা° সসুরী] বি, স্ত্রীপক্ষে স্বামীর ও স্বামীপক্ষে স্ত্রীর জননী। "করিব গো অহোরাত্রি শাশুড়ীর চরণ বন্দন" -অশোক°। খুড় শাশুড়ী-বি, স্ত্রীপক্ষে স্বামীর ও স্বামীপক্ষে স্ত্রীর খুল্লতাত পত্নী। জ্যেঠ(জাট)শাশুড়ী [প্রা° ক্ষে° জাস্‌শাউ(ও)ড়ী] বি, স্ত্রীপক্ষে স্বামীর ও স্বামীপক্ষে স্ত্রীর জ্যেষ্ঠতাত পত্নী। বিণ. শাশুড়ীয়া, শাশুড়ো,-ড়ে[প্রা°শাউড়ো]শাউড়ে দ্রঃ।

শাশ্বত, শাশ্বতিক [শশ্বৎ (সর্ব্বদা) +অ, ইক (ভবার্থে)] বিণ, অবিনশ্বর; নিত্য। ২বি, বেদব্যাস মুনি। স্ত্রীং শাশ্বতী। "ঐ শাশ্বতী সভা কখন স্বস্থান হইতে স্থানান্তরে বিচলিত হয় নাই।"-মহা° সভা (প্র° রায়)।

শাস, শাসা-বি, শ্বাস। "কাহাক্রি ছাড়ে ঘন শাসে"-শ্রী° কী°। "তৈথনে ক্ষীণ ভেল শাসা।"-বি° প°। ২ [বৈদিক] পঞ্চজ্ছেদক ছুরি। ৩ অসি। "লোকে তোমায় শাসহস্তে পুত্রবধে উদ্যত দেখিয়াছে, * * *"

`শাসক [শাস্ (শাসনে)+অক (কর্ত্তৃ)] বিণ, শাসনকারী ; শাস্তা governor. [স্ত্রীং শাসিকা]। ~মণ্ডলী-বি, বিভিন্ন বিভাগীয় শাসনকর্তাদের সঙ্ঘ governing body.

শাসন [শাস্ (উপদেশ করা, শাসন করা)+অন] বি, দমন। ২ আদেশ। "কি কাজ করিব নাথ করহ শাসন।"-কবিক°। ৩ উপদেশ। ৪ প্রতিপালন। ৫ [অর্থ শা°] রাজাদেশ ; রাজাজ্ঞায় লিখিত পত্র। "কোন প্রধান ব্যক্তিকে 'শা°' প্রেরণ করিতে হইলে, সম্মানের সহিত তাঁহার দেশ, অধিকার, বংশ এবং নাম লিখিতে হইবে। সাধারণ ব্যক্তিকে শা° প্রেরণ করিলেও সম্মানের সহিত তাঁহার দেশ ও নামোল্লেখ করিবে।"-অর্থ শা° (সমাদ্দার)। অনুশাসন ; সনন্দ। ৬ সংবাদ, আজ্ঞা, উপহার, ক্ষমা, অনুমতি, উপদেশ, উত্তর এবং সাধারণ ঘোষণাকেও শাসন বলে। যখন বিশেষজ্ঞ কর্ম্মচারিদের পুরস্কার বা শাস্তির জন্য শা° প্রচারিত হয় তখনই উহাকে 'আজ্ঞা লেখ' বলে। ৭ রাজদত্ত ভূমি। ৮ ধর্ম্মশাস্ত্র। ৯ রাজ্যশাসন ; রাজ্যপরিচালন। বিণ, শাসিত [শাস্ (শাসনে)+ত (ক্ত)] তিরস্কৃত। ২ দমিত। ৩ নিয়ন্ত্রিত। ৪ উপদিষ্ট। > স্ত্রীং ~া। ~কর্ত্তা-বি, রাজা ; দণ্ডমুণ্ডের কর্তা ; রাজপ্রতিনিধি ruler ; governor. ~তন্ত্র-বি,রাজ্যশাসন প্রণালী। ~পত্র-বি, হুকুমনামা ; পরওয়ানা। ~প্রণালী-বি,শাসনের পদ্ধতি বা রীতি। ~হর, -হারক, -হারী-আজ্ঞাবাহক ; বার্ত্তাবহ ; রাজদূত ; পেয়াদা।

শাসনাধীন [শাসন+অধীন] বিণ, শাসনের অধিগত ; বশীভূত ; অধিকৃত।

শাসনীয় [শাস্ (শাসন করা)+অনীয় (র্ম্ম)] বিণ, শাস্য ; শাসনযোগ্য ; দমনীয়।

শাসা [শাস্ (শাসন করা) > । প্রায় পদ্যে। শাসি, শাস, শাসে ; শাসিতে ; শাসিয়া] ক্রি, শাসন করা।

শাসানি, শাঁসানি [শাস্ (শাসন করা) +আন (করা অর্থে) > । শাসাই, শাসাও, শাসায় ; শাসাইতে ; শাসাইয়া (ক্ষে° শাসিয়ে)] ক্রি, শাসন করা। ২ তর্জ্জন গর্জ্জন করিয়া ভয় দেখান ; তিরস্কার করা। বি, শাসানি [প্রা° শাহুনি] দণ্ডের ভয় প্রদর্শন; তিরস্কার ; তাড়না। "নাড়ী টিপে জারি কত, ঘরেতে শাসানি"-হেম°।

শাসিতা₂ [শাসিতৃ শব্দ] বিণ, শাসনকর্ত্তা ; শাস্তা। ২ বি, শিক্ষক। স্ত্রীং শাসিত্রী।

শাসিয়াল [শাসন > । প্রা° বাং] বিণ, ক্ষমতাশালী ; তেজস্বী। "শা° ঘর তুমি বিবাদে আগল।"-পদ্মাপু° (বিজয়°)।

শাসু₁ [সং-শ্বশ্রূ > প্রাকৃ°। প্রা°বাং] বি, শ্বশুড়ী। "সাসু নিবধিল"-শ্রী° কী°।

শাসু₂ [সং-শ্বাস > বৌ° বাং প্রাকৃ°, সন্ধ্যাভাষায় 'শাসু'] বি, শ্বাস (চ° ৪।৪)।

শাস্তা [শাস্তৃ শব্দ ১মা, ১ব°] বিণ, শাসক। ২ গুরু। ৩ পিতা। ৪ রাজা। ৫ শাক্যসিংহ। ৬ শাস্তিদায়ক। "শাস্তিব শাস্তায় আমি দণ্ডিব দাম্ভিকে বীরেন্দ্র!" -রজমতী।

শাস্তি [শাস্(শাসন করা)+তি (ভা°)]

বি, নিগ্রহ ; দণ্ড। ২ নিয়ম। ~দান, ~বিধান-বি, দণ্ড বা সাজা দেওয়া।

শাস্ত্র [শাস্(শাসনে)+ত্র (ণে), যদ্দারা শাসন বা শিক্ষা করান হয়। প্রা০ বৌ০ বাং প্রাকৃ০ শাথ (দো০ ১২৭)] বি, বেদ, তন্ত্র, দর্শন, পুরাণাদি পুস্তক। ২ যা সত্যবিদ্যা-প্রতিপাদনযুক্ত এবং যদ্দারা মনুষ্যের সত্যাসত্যশিক্ষালাভ হয়। "পদে পদে সকলরিতার বহু শাস্ত্রবেত্তৃত্বের পরিচয় দিতেছে।" -ডাঃ সু০ চট্টো০। ৩ অনুশাসন গ্রন্থ। ~কার, ~কৃৎ, ~প্রণেতা-বিণ, শাস্ত্রপ্রণয়নকারী। ২ শাস্ত্রপ্রবর্ত্তক ঋষি। ~চর্চ্চা-বি, শাস্ত্রের অনুশীলন। ২ শাস্ত্রবিচার। ~জাল-বি, শাস্ত্রসমূহ। ২ কূট শাস্ত্র। ~জ্ঞ, ~জ্ঞানী-বিণ, যিনি শাস্ত্রের মর্ম্ম অবগত আছেন ; শাস্ত্রে অভিজ্ঞ। ~জ্ঞান, ~তত্ত্ব-বি, শাস্ত্রবোধ ; শাস্ত্রের তাৎপর্য্য।~তত্ত্বজ্ঞ-বিণ,শাস্ত্রের মর্ম্মাভিজ্ঞ। ~দর্শী-বিণ, শাস্ত্র যার দেখা বা জানা আছে। ২ শাস্ত্রনিহিত সত্যদর্শনকারী। ~পারদর্শী, ~প্রবীণ, ~বিশারদ -বিণ, শাস্ত্রে অভিজ্ঞ ; শাস্ত্রে মহাপণ্ডিত। ~বিদ্-বিণ, শাস্ত্রজ্ঞানসম্পন্ন ; শাস্ত্রজ্ঞ। ~বিধি-বি, শাস্ত্রের অনুশাসন বা বিধান বা নির্দ্দেশ। ~বিহিত-বিণ, শাস্ত্রনির্দ্দিষ্ট। ২ শাস্ত্রসঙ্গত। ~ব্যাখ্যা-বি, শাস্ত্রার্থকথা ; শাস্ত্রমর্ম্মের বিবৃতি। ~মর্ম্ম-বি, শাস্ত্রের গূঢ়রহস্য ; শাস্ত্রের প্রকৃত তাৎপর্য্য ; শাস্ত্রতত্ত্ব। ~সঙ্গত, ~সম্মত-বিণ, শাস্ত্রানুমোদিত ; শাস্ত্রের মর্ম্ম বা উদ্দেশ্য অনুযায়ী।

শাস্ত্রানুমোদিত [শাস্ত্র + অনুমোদিত] বিণ, শাস্ত্রসম্মত।

শাস্ত্রানুশীলন [শাস্ত্র+অনুশীলন] বি, শাস্ত্রালোচনা। > বিণ, শাস্ত্রানুশীলিত।

শাস্ত্রার্থ [শাস্ত্র+অর্থ] বি, শাস্ত্রের তাৎপর্য্য।

শাস্ত্রালোচনা [শাস্ত্র+আলোচনা] বি, শাস্ত্রসম্বন্ধে কথাবার্ত্তা ; শাস্ত্রসম্বন্ধে আন্দোলন বা চর্চ্চা।

শাস্ত্রী [শাস্ত্র+ইন্ (জ্ঞাতার্থে)=শাস্ত্রিন, ১মা, ১ব০] বি, শাস্ত্রজ্ঞানসম্পন্ন পণ্ডিতের উপাধি। ২ বিণ, শাস্ত্রবিদ্ ; শাস্ত্রের তাৎপর্য্যজ্ঞানী। ~য় [শাস্ত্র+ঈয়] বিণ, শাস্ত্রসম্বন্ধীয়। ২ শাস্ত্রোক্ত। ৩ শাস্ত্রবিহিত।

শাস্য [শাস্ (শাসনে)+য (র্ম্ম)] বিণ, শাসনযোগ্য। ২ শিক্ষণীয়।

শাহ [ফা০ শাহ্ > ক্ষে০ বাং-র শা, সা] বি, বাদশাহ। বিণ, ~ী-রাজকীয়। ২ বাদশাহদিগের আমলের। ৩ বড় ; প্রকাণ্ড। ~জাদা-বি, রাজপুত্র ; বাদশাহ-পুত্র। ~জাদী-বি, রাজকন্যা ; বাদশাহের পুত্রী। ~জাহান [ফা০ জাহানের (পৃথিবীর) শাহ (রাজা)] বি, পৃথিবীপতি। ২ দিল্লীশ্বর। ৩ সম্রাট আকবরের পৌত্র। শাহানশাহ্-বি, রাজার রাজা ; সম্রাট ; রাজচক্রবর্ত্তী। "হুকুম শাহানশাহ আর কিছু নাহি চাহি।"-অ০ম০। "শাহান শাহের হুকুমে সিপাহী কাছে গেল জেনানার,"-স০ দত্ত।

শাহাদত [আ০ শহাদত] বি, সাক্ষ্য।

শাহারিদ [ফা০ শাগির্দ্দ্ > ভ্রং। আ০ মুরীদ] বি, শিষ্য ; সাগরেদ। "ফকির আসিয়া তার শাহারিদ হৈল।"-পূ০ব০গী০।

শাহিদ [আ০ শহাদ (বহুব০ শুহুদ)= প্রত্যক্ষদর্শী বা সাক্ষী (সমূহ) > ভ্রং] বি, সাক্ষী witness.

শিঅর, শিওর [সং-শিরঃ > ভ্রং] বি, মস্তক। ২ মাথার দিক্।

শিঅলি-বি, শিউলি (দ্রঃ)। ~ছোপ [ফুলের বোঁটা শিউলীর মত পীত বলিয়া] বি, জলজ শাকবিঃ ; তগর পাদিকা।

শিউরানি [সং-শিহরণ > ভ্রং শিঅরণ, শিউরণ+আন (ক্রিয়ায়)। শিউরাই, শিউরাও ই০ শিহরানবৎ] ক্রি, ভয়ে, শীতাদিতে কণ্টকিত হওয়া।

শিউলি, শিওলী [সং-শেফালি। প্রা০বাং-র-শিঅলি (শূ০ পু০)] বি, শেফালিকা ফুল। ~ছোপ-শিঅলি দ্রঃ।

শিং, শিঙ [সং-শৃঙ্গ >। ব্রজ০ সীঁগ] বি, বিষাণ ; শৃঙ্গ। শিং বাঁকানি-ক্রি, শিং বিঁধাইয়া দিবার জন্য ঘাড় বাঁকান।

শিংশপা [সং] বি, শিশুগাছ।

শিঁড়ি-সিঁড়ি দ্রঃ।

শিক১ [ফা০ সীখ্ >। হিং সীক] বি, শলাকা ; দীর্ঘ লোহদণ্ড। ~কাবাব-বি, শলাকাবিদ্ধ দগ্ধমাংস। ~পোড়া-বিণ, শলাকাবিদ্ধ করিয়া অগ্নিতে দগ্ধ (মাংস)। "সজারু করহ শিকপোড়া।"-কবিক০। ২ বি, শিককাবাব।

শিক২ [ফা০ সীখ (লোহশলাকা) >] বি, ছড়িবন্দুক। ইহা একটি লোহনলবিঃ বা নালিকা যার মধ্যে একটি শিক দিয়া গুলি-বারুদ ঠাসা যায়। ~দার-দ্রঃ।

শিকঞ্জা-সিকঞ্জা দ্রঃ।

শিকড় [সং-শৃঙ্খল > শিকল >। লঃড় চট্টল০ শিঅড়, হিঁঅর। বি, বৃক্ষের মূল। বিণ, শিকড়িয়া, শিকড়ে। শি০ গাড়া -ক্রি, শিকড় মৃত্তিকার গভীর স্তরে প্রবেশ করা। ২ [লক্ষ০] দৃঢ়ভাবে স্থান লওয়া ; প্রতিষ্ঠিত হওয়া ; কায়েমীভাবে অধিকার করিয়া বসা।

শিকদার (-র্) [ফা০। যারা পূর্ব্বকালে বঙ্গদেশে 'শিকবন্দুক' বা 'ছড়ি-বন্দুক' ব্যবহার করিত। এই বন্দুক বারুদভরা লোহার নলবিঃ] বি, শিক বন্দুকধারী সৈন্য। ২ বি, শান্তিরক্ষক কর্ম্মচারীবিঃ। "কেহবা ধরিয়া লয় শিকদার স্থানে"-চৈ০ ভা০। ৩ মুসলমান রাজাদিগের আমলে রাজকর্ম্মচারীর উপাধিবিঃ। > এক্ষণে কৌলিক উপাধিবিঃ।

শিকম [ফা০ শিকম্ (পেট) > দর্জ্জি-ভাষায়] বি, পেটের ঘের বা বেষ্টনের মাপ।

শিকরা, -রে [সং-শিকারী >] বি, বাজ পাখী। ক্ষুদ্রার্থে-শিকরেল।

শিকল, শিকলি [শৃঙ্খল >। চ০ ক০ ভা০-হিন্দুকথ্য-হিঅল, মু০ কথ্য-ছিঅল, শিঅল। বৌ০ বাং প্রাকৃ০-সিকল (চ০ ৬।৩। গ্রা০ সাঁকাল] বি, জিঞ্জির ; নিগড়। ~কর, ~গর, ~গার, ~গির-বি, বিণ, শিকল নির্ম্মাতা।

শিকস্ত্ [ফা০] বি, জড়ানে অক্ষরে দ্রুত অথচ পাকা হাতের লেখা running handwriting.

শিকস্তী [ফা০-শিকস্ত্] বিণ, ভগ্ন।

~জমী-বি, নদ্যাদির জলের আঘাতে যে জমী নষ্ট হইয়াছে।

শিকা, শিকে [শিক্য >। স্ত্রীং শিক্যা > শিকে] বি, বিবিধ দ্রব্যাদি রক্ষণের জন্য রজ্জুনির্মিত আধার। "দুর্গাকালী শিব নাম শিকের তুলে রাখি।"-হেম॰। "ঝোলা গুড় তোলা ছিল শিকের উপর।"-ঈ॰ গুপ্ত। শি॰ ছেঁড়া-ক্রি, উপরে ঝুলান শিকার দড়ী কাটিয়া পড়া। ২ [লক্ষ॰] সৌভাগ্যের উদয় হওয়া, কপাল ফেরা। বেরালের ভাগ্যে শিকে ছিঁড়েছে-শিকের তোলা খাবার যা বেরালে লাফ দিয়া পায় না, তার ভাগ্যক্রমে শিকে ছিঁড়িয়া পড়িয়া যাওয়ায় তা বেরালের সহজলভ্য হয়। ২ [লক্ষ॰] কপাল ফেরা।

শিকায়ৎ, -য়েত [আ॰] বি, অভিযোগ ; দোষারোপ ; বিরুদ্ধকথন ; নিন্দা।

শিকার [ফা॰ শিকার] বি, মৃগয়া।

শিকি, শিকে [সিকী দ্রঃ] বি, ক্ষুদ্র রৌপ্য মুদ্রা। "তুমি ষোল আনা মাত্র নহ পাঁচ শিকে।"-কণিকা॰।

শিকিরা [শিকারী >] বি, শিকারী পাখী ; শিক্‌রে। "শিকিরা বাজ হৈল ময়না মূরত বদলাইয়া।"-মাণিক॰ গান।

শিকৃথ [শিচ্‌ (সেক করা)+থ (আ॰)] বি, মোম।

শিক্‌নি [সং-শিঙ্ঘাণ] বি, নাসিকাপথ দিয়া নির্গত শ্লেষ্মা।

শিক্য [শক (পারগ হওয়া)+য (র্তৃ, নিপাতনে)। শক্‌=শিক্‌ (যা ভার ধারণে পারগ হয়)। প্রা॰ বাং-শিকিআ (শ্রী॰ কী॰)] বি, দড়ির শিকা। ~া-শিকা দ্রঃ।

শিক্ষক [শিক্ষ্‌+ণিচ্‌=শিক্ষি (উপদেশ দেওয়া)+অক (র্তৃ)] বিণ, শিক্ষাদাতা ; অধ্যাপক। ২ শাস্তা ; শাসনকর্তা।

শিক্ষণ [শিক্ষ্‌ (শিক্ষা দেওয়া)+অন (ভাবে অনট্‌)] বি, অধ্যাপনা। ২ অধ্যয়ন ; শিক্ষা। ৩ অভ্যাস। ৪ উপদেশ। ৫ দমন।

শিক্ষণীয় [শিক্ষ্‌+অনীয় (র্ম)] বিণ, শিক্ষার উপযোগী। ২ শিক্ষাদান কর্তব্য। স্ত্রীং ~া। "কন্যাপ্যেবং পালনীয়া শিক্ষনীয়াতি যত্নতঃ অর্থাৎ কন্যাও (পুত্রবৎ) অতি যত্নে পালনীয়া এবং শিক্ষনীয়া।"-হিন্দুশাস্ত্র।

শিক্ষয়িতা [শিক্ষ্‌+ণিচ্‌=শিক্ষি (শিক্ষা দেওয়া)+তৃ (র্তৃ)=শিক্ষয়িতৃ ১মা, ১ব॰] বিণ, অধ্যাপক ; শিক্ষাগুরু ; শিক্ষক। স্ত্রীং শিক্ষয়িত্রী-অধ্যাপিকা।

শিক্ষা (শিখ্‌খা) [সং-শিক্ষ্‌ (উপদেশ দানে)+অ] বি, বেদের উচ্চারণ শিক্ষাবিষয়ক গ্রন্থ। ২ অভ্যাস। ৩ উপদেশ। ৪ দমন ; দণ্ড। ৫ শ্যোনাকবৃক্ষ। ~গুরু, ~দাতা -বি, শিক্ষক ; অধ্যাপক। ২ উপদেষ্টা। ~দীক্ষা-বি, অধ্যয়ন ও মন্ত্রগ্রহণ। "দৌহিত্রীকে শিক্ষাদীক্ষায় উপযুক্ত করিয়া তুলিও * *"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ~নৈপুণ্য-বি, শিক্ষা করিবার বা শিক্ষা দিবার সুকৌশল। ২ শিক্ষাগ্রহণ-পটুতা। ৩ শিক্ষা বিষয়ে দক্ষতা। ~প্রণালী-বি, শিক্ষা গ্রহণ বা দানের পদ্ধতি। ~প্রদ-বিণ, শিক্ষাদায়ক ; শিক্ষা প্রদানকারী ; জ্ঞানজনক। ~বিভাগ-বি, শিক্ষাদানের ব্যবস্থা বা নিয়ন্ত্রণকারী কর্মবিভাগ Education Department. ~লাভ-বি, শিক্ষাপ্রাপ্তি ; জ্ঞানলাভ। ২ ভ্রম প্রমাদ বা দোষের জ্ঞান বা তৎপ্রতি দৃষ্টি আকর্ষণ ; চৈতন্যলাভ। ৩ শাস্তি বা দণ্ড প্রাপ্তি। ~সংস্কার-বি, শিক্ষা বিষয়ে ত্রুটি সংশোধন ও অভাব মোচন। ~সভা, সমিতি-বি, শিক্ষাবিভাগীয় ব্যবস্থাপক সভা। অন্তঃপুরশিক্ষা-বি, পর্দানসীন স্ত্রীলোকদিগের শিক্ষা। উচ্চশিক্ষা-বি, য়ুরোপীয় জ্ঞানবিজ্ঞানের উন্নত শিক্ষা। নিম্নশিক্ষা-বি, প্রাথমিক বা প্রারম্ভিক শিক্ষা। লোকশিক্ষা-বি, জনসাধারণের শিক্ষা। স্ত্রীশিক্ষা-বি, মেয়েদের শিক্ষা female education.

শিক্ষিত [শিক্ষ্‌+ত (র্ম)] বিণ, বিদ্বান্‌ ; কৃতবিদ্য। ২ শিক্ষাপ্রাপ্ত। ৩ বিনীত। ৪ নিপুণ ; দক্ষ। ৫ বশ্য। ৬ উপদেশপ্রাপ্ত ; উপদিষ্ট। ~সমাজ, ~সম্প্রদায়-বি, শিক্ষার সুফলপ্রাপ্ত, শিক্ষার আলোকপ্রাপ্ত জনসমূহ ; দেহ-মন-আত্মা সম্বন্ধে লব্ধোৎকর্ষ নরনারী সঙ্ঘ।

শিক্ষে [শিখা, > স্নেহার্থে] বি, টিকি। "আমরা হাটের নেড়া শিক্ষে ধরে, তিক্ষে করে বেড়াই সবে।"-ঈ॰ গুপ্ত।

শিখ-বি, গুরুগোবিন্দের শিষ্যসম্প্রদায়।

শিখণ্ড, শিখণ্ডক, শিখণ্ডিক [সং] বি, ময়ূরপুচ্ছ ; ময়ূরের পাখা। "চূড়া ময়ূর শিখণ্ডক মণ্ডিত"-জ্ঞান॰। ২ শিখা ; চূড়া। ৩ কাকপক্ষ ; জুল্পী। ৪ ময়ূর। "শিখরে শিখণ্ডরোল।"-জ্ঞান॰।

শিখণ্ডী [শিখণ্ড+ইন্‌ (ত্ব্য॰)=শিখণ্ডিন্‌ ১মা, ১ব॰] বিণ, শিখাযুক্ত ; চূড়াধারী। ২ বি, বিষ্ণু। ৩ দ্রুপদ রাজার পুত্র। ৪ কুক্কুট ; মোরগ। ৫ ময়ূর। ৬ শর ; তীর। স্ত্রীং শিখণ্ডিনী-ময়ূরী। ২ মল্লিকা ফুল jasminum sambac.

শিখন-বি, শিক্ষণ দ্রঃ।

শিখর [শিখা (চূড়া)+র (আ॰), আ লোপ। প্রা॰ বৌ॰বাং প্রাকৃ॰শিহর (দো॰ ১৩॰)] বি, শীর্ষস্থান ; চূড়া। ২ পর্বতের শৃঙ্গ apex এর বৈজ্ঞা॰ পরিঃ (হিং কো॰) ; শিখা। ৩ বৃক্ষাদির অগ্রভাগ ; আগা। ৪ খড়্গের অগ্রভাগ। ৫ দাড়িম্ব বীজাভ রত্ন। ৬ শিব দ্রঃ। ৭ শুক তৃণ। স্ত্রীং শিখরা। ~দশনা-বিণ, শিখরবৎ দশনযুক্তা। ২ দাড়িম্ববীজাভ বা রত্নসদৃশ সুন্দর দন্তযুক্তা। ~বাসিনী-বি (ণ), কৈলাসবাসিনী ; পার্বতী।

শিখরিণী [সং] শিখরী দ্রঃ।

শিখরী[1] [শিখর+ইন্‌ (ত্ব্য॰)=শিখরিন্‌ ১মা, ১ব॰] বিণ, শিখরবিশিষ্ট ; অগ্রভাগযুক্ত। ২ বি, পর্বত। ৩ পর্বত দুর্গ। ৪ তরু ; বৃক্ষ। স্ত্রীং শিখরিণী-বিণ, শিখরবিশিষ্ট। ২ মল্লিকাফুল। ৩ সপ্তদশাক্ষর ছন্দোবিঃ। ৪ উত্তমা নারী। ৫ শর্করাযুক্ত দধি ; চিনিপাতা দই। "তার পাশে দধি দুগ্ধ মাঠা শিখরিণী।"-চৈ॰ চ॰।

শিখরী[2] [বলবিদ্যা॰ (ক॰ বিশ॰পরিঃ)] ইং pyramid এর বৈজ্ঞা॰ পরিঃ।

শিখা[1] [শী (শয়ন করা)+খ (আ॰)+আ (স্ত্রীং)। শী=শি] বি, চূড়া ; অগ্রভাগ। ২ কিরীট। ৩ খোঁপা ; মৌলি ; টিকী।

৪ ইং flame এর বৈজ্ঞা॰ পরিঃ(হি॰ কো॰); জ্বালা ; অর্চি ; আগুনের শীষ। ৫ শাখা। ৬ পাদাগ্র। ৭ প্রধানা। ~ধর, ~ধার, ~ধারক-বিণ, বি, চূড়াধারী। ২ ময়ূর। ~বল [শিখা+বল (স্ত্যা॰)] বি, ময়ূর।

শিখা₂ [প্রা॰ শেখা, শেকা। সং-শিক্ষ্ (শিক্ষা করা) >। শিখি, শিখ (শিখেন, শিখিস), শিখে (শিখেন, শেখেন); শিখিতে (কো॰ শিখতে); শিখিয়া (কো॰ শিখে)। ণিজন্ত-শিখান] ক্রি, শিক্ষা পাওয়া; বিদ্যাদি আয়ত্ত করা।

শিখান [শিক্ষণ দ্রঃ। শিখা ধাতুর ণিজন্ত রূপ। শিখাই, শিখাও, শিখায় ; শিখাইতে ; শিখাইয়া (কো॰ শিখিয়ে)] ক্রি, শিক্ষা বা উপদেশ বা জ্ঞান দেওয়া। "শিখায়েছ তারা বুলি তাই ডাকি মা তারা তারা।"-বাং গান। ২ চৈতন্য সম্পাদন করা।

শিখাবান্ [শিখা+বৎ (স্ত্যা॰)=শিখাবৎ ১মা, ১ব॰] বি, কেতুগ্রহ। ২ অগ্নি। ৩ চিত্রকবৃক্ষ। ৪ বিণ, শিখাবিশিষ্ট।

শিখি/কণ্ঠ,-গ্রীব [বৈদ্যকে] বি, তুঁতিয়া। ~ধ্বজ [শিখী ময়ূর ধ্বজ (চিহ্ন) যার বহু॰] বি, দেবসেনাপতি কার্ত্তিকেয়। ২ [শিখী (অগ্নির) ধ্বজ (চিহ্ন)] ধূম। ~পুচ্ছ [৬তৎ] বি, ময়ূরপুচ্ছ। "শিরে শিখিপুচ্ছ বনমালী পীতাম্বর।"-বাং গান। ~বাহন [শিখী (ময়ূর) বাহন যাঁর] বি, কার্ত্তিকেয়।

শিখী [শিখা+ইন (স্ত্যা॰)=শিখিন্ ১মা ১ব॰] বিণ, শিখাবিশিষ্ট। ২ বি, অগ্নি। "ডাল কাটি জ্বালে শিখী সূতিকা ভবনে।" -কবিক॰। ৩ কেতুগ্রহ। ৪ ব্রাহ্মণ। ৫ বৃষ। ৬ অশ্ব। ৭ ময়ূর। "দেখিবে শিখীর নাদ ভেক মকমকি।"-অ॰ ম॰। ৮ পর্ব্বত। ৯ মোরগ। ১০ বৃক্ষ। ১১ সুষুণী শাক। ১২ চিত্রক। স্ত্রীং শিখিনী-ময়ূরী। "শিখী সহ সুখিনী শিখিনী"-মেঘ॰। > সম্বোধনে 'শিখিনি'। "তরুশাখা উপরে শিখিনি, কেনে লো বসিয়া তুই বিরস বদনে?"-ব্রজাঙ্গনা। ~শ্বর-বি, কার্ত্তিক। ~শ্বর মাস-বি, কার্ত্তিক মাস। "শিখীশ্বর মাসে সুখে বঞ্চ প্রাণকান্ত"-চণ্ডী॰ (জয়নারায়ণ)।

শিগ্রু [সং] বি, শজিনা। ~তৈল-বি, সজিনা বীজের তৈল। ~শাক-বি, শজিনা পত্র ; সজনে শাক।

শিঙ, শিং [সং-শৃঙ্গ >] বি, শৃঙ্গ ; বিষাণ। বিণ, শিঙাল, শিঙেল-শৃঙ্গযুক্ত। ক্রি, শিঙানি, শিঙোনি-শৃঙ্গোদ্গম হওয়া। ২ শৃঙ্গাঘাত করা ; গুঁতান। শিঙ দেখানি-ক্রি, গুঁতাইবার ভয় দেখান। শিঙ ভাঙ্গা-ক্রি, শৃঙ্গ ভগ্ন করা। ~ভাঙ্গা-বিণ, ভগ্নশৃঙ্গ। ২ আক্রমণ বা আত্মরক্ষায় উপায়বিহীন এমন। শিঙ ভাঙ্গিয়া বাছুরের দলে যাওয়া -অধিক বয়সে আত্মমর্য্যাদা নষ্ট করিয়া বালকের দলে মেশা।

শিঙলি,-লী [সং-শাল্মলী > ব্রজ॰] বি, শাল্মলি বৃক্ষ ; শিমুল গাছ। "চন্দন ভরমে শিঙলি আলিঙ্গনু শেল রহলহি কাঁটে।" -বি॰ প॰।

শিঙ্গ [সং-শৃঙ্গ >] বি, শৃঙ্গ; শিঙ্ দ্রঃ।

শিঙ্গা [শৃঙ্গ >] বি, শৃঙ্গ-নির্ম্মিত বাদ্যযন্ত্রবিঃ। "বাজরে শিঙ্গা বাজ এই রবে।" -হেম॰। শিঙ্গা ফুঁকা-ক্রি, শেষ নিঃশ্বাস বাহির করিয়া দেওয়া ; মরা। "মনরে ওরে শিঙ্গে ফুঁকে শিঙ্গে পাখি ডাক কেন্দ্রে মারে।"-রা॰ প্র॰।

শিঙ্গাড়া [সং-শৃঙ্গাটক > প্রা॰ শিঙেড়া। হি॰ শিঙ্ঘাড়া] বি, শৃঙ্গাটক ফল ; পানিফল water nut. ২ মশলাযুক্ত আলুর পুর দেওয়া ঘৃতে ভাজা ময়দার পানিফলাকৃতি খাদ্যবিঃ।

শিঙ্গাদার [শিঙ্গা (দ্রঃ)+ফা॰ দার] বি, শৃঙ্গব্যবসায়ী। "শৃঙ্গের পসরা দের ফুলরা বাজারে। পণ দরে শিঙ্গ জোড়া লয় শিঙ্গাদারে॥"-কবিক॰।

শিঙ্গার, সিঙ্গার [সং-শৃঙ্গার > প্রা॰] বি, নায়ক নায়িকার বেশবিন্যাস। ২ রাত্রিবেশ।

শিঙ্গী [সং-শৃঙ্গী > প্রা॰ শিঙি] বি, মাগুর জাতীয় কিন্তু তদপেক্ষা কৃশ আঁইষহীন মৎস্যবিঃ ; শিঙি মাছ saccobranchus fossilis.

শিঙ্ঘাণ [সং] বি, নাসামল ; নাকের পোঁটা ; শিক্নি। ২ লৌহমল ; মরিচা।

শিঙ্ঘিত [শিঙ্ঘ্ (আঘ্রাণ করা)+ত (ক্ত)] বিণ, যার ঘ্রাণ লওয়া হইয়াছে ; আঘ্রাত।

শিজ [সিজ দ্রঃ] বি, মনসা গাছ। "এতদ্দেশে বালিময় ও শুষ্কস্থানে-যথা পুরী ইং অঞ্চলে নাগফণা নামে শিজের মত অনেক গাছ দেখিতে পাওয়া যায়।"-প্রবাসী, আশ্বিন, ১৩২৭।

শিঞ্জ [সং। শিঞ্জ্ (বস্ত্র অর্থ ভূষণাদির শব্দে)] বি, শিঞ্জন (দ্রঃ)।

শিঞ্জন [শিন্জ্ (অব্যক্ত শব্দ)+অন] বি, অব্যক্ত মধুরধ্বনি। ২ ভূষণ শব্দ। বিণ, শিঞ্জিত-মধুর শব্দে শব্দিত। ২ মুখর। ৩ বি, ভূষণধ্বনি। ৪ ধনুর্গুণ।

শিঞ্জা [শিন্জ্ (অব্যক্ত মধুর ধ্বনি করা) +অ (ভা॰)+আপ। শিঞ্জান ও॰ (রবী॰)] বি, ভূষণধ্বনি। ২ ঝন্ ঝন্ শব্দ ; রণরণি ; টুং টাং ধ্বনি tinkling sound.

শিঞ্জিনী₁ [শিঞ্জিন+ঈপ্] বি, নূপুর। ২ ধনুর্গুণ · ধনুকের ছিলা। "গিরিবর ধনু শেষ শিঞ্জিনী"-অ॰ ম॰। "শিঞ্জিনীতে বৈসে শেষ ভৈরবী উন্মত্ত বেশ ; যতক্ষণ মহাবীর যুঝে।"-কবিক॰। ৩ আঙ্টা।

শিঞ্জিনী₂ [কণিক॰ পরিঃ] বি, ইং sine এর বৈজ্ঞা॰ পরিঃ ; জ্যা।

শিঞ্জী [শিঞ্জা+ইন্ (স্ত্যা॰) কিম্বা শিন্জ্ (অব্যক্ত শব্দ করা)+ইন্ (কৃ) = শিঞ্জিন্ ১মা, ১ব॰] বিণ, অব্যক্ত মধুর শব্দকারী। ২ অলঙ্কার শব্দযুক্ত।

শিটা, শিটে [সং-শিষ্ট (অবশিষ্ট) >। হি॰ সীঠ, সীঠা] বি, গাদ ; কাইট। সীট₂ দ্রঃ।

শিটি [শব্দাত্মক। হি॰ সীটি (বংশী)] বি, শিশ ; বাঁশীর শব্দে ডাক বা সঙ্কেত। "তাদের শিটির বিকট স্বর শুনলে যেন প্রাণ কেঁপে উঠে।"-চীনভ্রমণ।

শিড়শিড়-শিরশির দ্রঃ। শিড়শিড়া,-ড়ে-সিড়সিড় দ্রঃ।

শিঠা-শিটা দ্রঃ।

শিত [শি (তীক্ষ্ণীকরণে) + ত (র্ক্ত)] বিণ, শাণিত। ২ ক্ষীণ। ৩ তীক্ষ্ণ। **~পূতনা** [সুশ্রুত] বি, শিশুরোগবিঃ; তড়কা। **~শূক**-বি, গম। ২ যব।

শিতদ্রু-বি, শতদ্রু নদীর নামান্তর।

শিতান, শিথান [গ্রা॰ শেতান, শিতেন, সেতেন। সং-শিরঃস্থান >] বি, শিয়র; শিরঃস্থান। "ময়নার ডাইন হস্তেতে রাজা শিতান দিল।"-মাণিক॰ গান। ২ মাথার বালিশ। "পিরীতি পালঙ্কে শয়ন করিব পিরীতি শিথান মাথে।"-চণ্ডি॰। "শিথান হইতে মাথাটী বাহুতে"-ঐ। ৩ সিঁথি। "শিথানের সিন্দূর দিয়া চরণ রাঙ্গাইব।"-পূ॰ব॰গী॰। ৪ মাথার বালিশ। "শিথানে মাথা রাখি বিথান বেশ, স্বপনে কেটে যায় রাতি।"-রবী॰।

শিতি [সং] বিণ, কৃষ্ণ বা নীল বর্ণ। ২ শুক্লবর্ণ। **~কণ্ঠ** [শিতি (কৃষ্ণবর্ণ) কণ্ঠ যার, বহু॰] বি, নীলকণ্ঠ; শিব। ২ ময়ূর। ৩ ডাকপাখী। **~চ্ছদ** [শিতি (শুক্ল) + ছদ (পক্ষ)] বি, হংস। **~বাসাঃ** [-বাসস্ >] বিণ, নীলবাস। ২ বি, বলরাম।

শিথলানি [শিথিল + আন (ক্রিয়ায়)। শিথলাই, শিথলাও (শিথলান, শিথলাস), শিথলায়; শিথলাইতে (কে॰ শিথলাতে); শিথলাইয়া (কে॰ শিথলে)] ক্রি, শিথিল বা ঢিলা করা > অঙ্গ হতে বিচ্যুত করা; খুলিয়া ফেলা। "কেয়ূর কাঁকণ শিথলে দেরে খুলে দে কুণ্ডল, শিথলে দে এই মোতির সীঁথি শচীর আঁখিজল।"-স॰ দত্ত।

শিথা, শিথে, শিঁতে [সীমন্ত > সীঁথি > সিঁথী >] বি, সীমন্ত। ২ অ, সীমন্তে; সিঁথায়। * * "নীল কুটিল শোভে চিকুরে। প্রভাত আদিত শিথে সিন্দূরে।" -শ্রী॰কী॰।

শিথিল [সং-শ্লথ > পা॰ শিলিথ > শিথিল (বর্ণবিপর্য্যয়ে), অথবা, সং-শ্রথ্ (শিথিল হওয়া) > শৃথির > শিথিল] বিণ, শ্লথ; ঢিলা; লোল। "বলিঅঙ্কিত শি॰ চর্ম্ম" -রবী॰। ২ অবসন্ন; ক্লান্ত। ৩ ক্ষীণ; দুর্ব্বল। ৪ অলস। ৫ আলুলায়িত; এলো। "অলস অঙ্গ শি॰ কবরী"-গান (রমাপতি বন্দ্যো॰)। বি, **~তা** (-তা-)।

শিনি [সেচনী >] বি, জলসেচনের দুইজন লোকের জল তুলিবার যন্ত্র।

শিন্নী [ফা॰ শিরীনী > বাং-র] বি, মুসলমানের পীরের ও হিন্দুর সত্যনারায়ণের তৃপ্তিকর নৈবেদ্য; শিরনী। **শিন্নী দেওয়া** -ক্রি, পীরের বা সত্যনারায়ণের ভোগ দেওয়া। **শিন্নী বাঁটা**-ক্রি, পীরের পূজার পর শিরনী বণ্টন বা বিতরণ করা। **শিন্নী মানা**-ক্রি, অভীষ্ট সিদ্ধি কামনায় পীরের বা সত্যনারায়ণের পূজা দিবার প্রতিজ্ঞা বা মানস করা।

শিপিবিষ্ট [শিপি (তেজঃ) + বিষ্ট (প্রবিষ্ট) যাঁর মধ্যে] বি, বিষ্ণু। "আমি শিপি অর্থাৎ তেজঃ প্রকাশ করিয়া সমুদায় পদার্থে প্রবেশ করি বলিয়া আমার নাম শি॰ হইয়াছে"-মহা॰। ২ শিব।

শিপ্রা-বি, নদীবিঃ। ইহার তটে প্রসিদ্ধ উজ্জয়িনী নগর বা মহাকাল নগরী অবস্থিত। **~তট**-বি, শিপ্রা নদীর কূল। **~সলিল**-বি, শিপ্রা নদীর জল। ২ শিপ্রাতীর্থের জল।

শিফল [শ্রীফল > ভ্রং। শ্রী দ্রঃ] বি, বিল্ব; বেল। **~দল**-বি, বিল্বদল। "অখণ্ড শিফলদল"-ধর্ম্ম॰ গী॰ (নরসিংহ)।

শিফা [শিফ (তন্তু, শিকড়) + আ (যুক্ত)] বি, ঝুরি, তন্তুময় শিকড়। **~কন্দ**-বি, মৃণাল। **~রুহ**-বি, বটগাছ।

শিব [মহাদেব অর্থে শিবঁ, শিবো ও॰। "শিবঁ শিবঁ (জপে, শিবঃ শিবঃ)। "শিবো নাচি নাচি যায়, শিবো ডুমুরু বাজায়" -(গানে)] বি, মহাদেব; উমাপতি; ঈশান। ২ পারদ। ৩ মোক্ষ; মুক্তি। ৪ বেদ। ৫ বিষ্কুম্ভাদির অন্তর্গত শিবনামক যোগ। ৬ শিবলিঙ্গ। ৭ সৈন্ধব; সমুদ্র-লবণ। ৮ জল। ৯ শুভ; মঙ্গল। "আমরা এ ক্ষুদ্র জীব, কিবা শিব কি অশিব"-প্রভাস। ১০ সুখ। ১১ বিণ, রমণীয়। ১২ সুখপ্রদ। **~ক** (-কঁ-) বি, গবাদির গাত্র-কণ্ডূয়নের জন্য গোষ্ঠে প্রোথিত গোঁজ। **~কর** (-কঁ-), **~ঙ্কর** [শিব (ম্, মঙ্গল) কর] বি, কল্যাণকর; শুভঙ্কর। > স্ত্রীং ~া। **~কীর্ত্তন** [সং] বি, শিবের গান বা স্তুতি। তুল-কালীকীর্ত্তন; কৃষ্ণ-কীর্ত্তন ই॰। ২ বিষ্ণু। ৩ শিব। **শিব গঁড়িতে বাঁদর**-ভাল করিতে মন্দ। "শিব গড়িতে বাঁদর হল এই কি বিধির বিড়ম্বনা।"-বাং গান। **~গেহিনী**-বি, শিবগৃহিণী; দুর্গা। **~চতুর্দ্দশী**-বি, ফাল্গুন মাসের কৃষ্ণা চতুর্দ্দশী। **~জ্ঞান**-বি, মঙ্গল জ্ঞান। ২ শুভাশুভ কাল-বোধক শাস্ত্র। **~ত্র** (-বঁ-) [গ্রা॰ শিবোত্তর। তুল-দেবোত্তোর] বি, শিবপূজার্থ দত্ত নিষ্কর ভূমি। **~ত্ব** (-বত্ত) [শিব + ত্ব (ভা॰)] বি, শিবপদ; শিবসাযুজ্য। ২ মৃত্যুঞ্জয়ত্ব; অমরত্ব। "মরতে শিবত্ব মিলে শিব সাধনায়" -মানকুমারী॰। **~দূতী**-বি, যোগিনী-বিঃ। ২ দুর্গা। **~দ্রুম**-বি, বেলগাছ। **~ধর্ম্ম**-বি, তন্ত্র শাস্ত্র। ২ উপপুরাণবিঃ। **~ধাতু**-বি, পারদ। **~নেত্র**-বি, ঊর্দ্ধনেত্র: স্থিরনেত্র; মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে যেরূপ নেত্র হয়। **~পুরী**-বি, কাশী; বারাণসী। **~প্রিয়** [শিবের প্রিয়, ৬তৎ] বি, রুদ্রাক্ষ। ২ ধুস্তূর। ৩ স্ফটিক। ৪ বকবৃক্ষ। ৫ বিল্বপত্র। ৬ বিণ, শিবের প্রিয় > স্ত্রীং **~প্রিয়া**-বি, ভবানী। **~বাহন**-বি, বৃষ। **~বীজ** -বি, পারদ mercury. **~মন্দির**-বি, শিবালয়; যে গৃহে শিব বিগ্রহের পূজা হয়। **শিবরাত্তিরের সলতে**-একমাত্র ক্ষীণ আলোকটুকু যা ধিকি ধিকি জ্বলিতেছে ও যা নিবিলেই চতুর্দ্দিক ঘোর অন্ধকারে ডুবিবে। ২ [লক্ষ॰] বি, জনক-জননীর একমাত্র বংশধর; মায়ের এক ছেলে। **~রাত্রি**-ফাল্গুনের কৃষ্ণ চতুর্দ্দশীর রাত্রি। **~রোহিণী** [শিব -রোহিণী (আরোহণকারিণী)] বি, মহাকালী। "শিবগেহিনি! শিবদেহিনি! শিবরোহিণি।"-অ॰ ম॰। **~লিঙ্গ**-বি, শিবের প্রস্তর বা মৃত্তিকাময় লিঙ্গমূর্ত্তি। ২ [নাট্যে শিবলিঙ্গ দ্যোতক] বাম হস্ত দ্বারা অর্দ্ধচন্দ্র মুদ্রা (দক্ষিণ হস্ত রচিত হইলে "শিখর")। **~সাযুজ্য**-বি, শিবত্ব; শিবপদ। **~সোহিনী**-বি, দুর্গা। বিদ, "শিব-সোহিনি! শিবমোহিনি! গো।"-অ॰ ম॰।

শিবা [শিব+আ] বি. দুর্গা ; ভবানী ; শিবানী। ২ মোক্ষ ; মুক্তি। ৩ শৃগালী। ৪ [বৈদ্যকে] হরীতকী। (২) আমলকী। (৩) হরিদ্রা। (৪) মেথী। (৫) শমী। (৬) শ্যামালতা। (৭) ভুঁইআমলা। (৮) আমড়া। (৯) গোরোচনা। (১০) নীলদূর্ব্বা। ~ক্ষ [শিবের অক্ষির ন্যায় অক্ষি যার, বহু০] বি. রুদ্রাক্ষবীজ। ~জী [ইতি০] বি. মহারাষ্ট্র সাম্রাজ্য প্রতিষ্ঠাপক স্বনামধন্য মহাবীর ও প্রবল প্রতাপান্বিত চত্রপতি শিবাজী। জন্ম=১৬২৭, মৃত্যু=১৬৮০। ~নী [শিব +ঈ (পত্নী অর্থে), আন্ আগম (অপ প্রয়োগ)] বি. শিবপত্নী ; ভবানী ; দুর্গা। "শিবানী মোর কৃপা ইঙ্গিতে কর কৃপা কলুষনাশিনী দুখহরা।"-শূ০ পু০। ~প্রিয়- বি. ছাগ। ~রাতি [শিব, -া+অরাতি] বি.শিবের, দুর্গার শত্রু। ২ [শিবা (শৃগাল) +অরাতি] কুকুর। ~লয় [শিব+আলয়, ৬তৎ] বি. শিবস্থান ; শিবমন্দির। ২ প্রেত-ভূমি ; শ্মশান। ৩ রক্ত তুলসী।

শিবালু [সং] বি. শৃগাল।

শিবি-বি. নৃপতিবিঃ ; উশীনর রাজার পুত্র ; নানা সদ্গুণের জন্য ইনি বিশেষ প্রসিদ্ধ ছিলেন। ২ হিংস্র জন্তু। ৩ দেশবিঃ। ৪ ভূর্জ্জ পত্র।

শিবিকা [শিবি (সুখদানার্থক নাম-ধাতু)+অক (র্ত্তৃ)+আ (স্ত্রীং)] বি. পাল্কী ; ডুলি। ~রোহণ-বি. পাল্কী চড়া। ~রোহী-বিণ. যে পাল্কী চড়িয়া যায়।

শিবির [শী (শয়ন করা, বিশ্রাম করা) +ইর (খি. স্বা০)। শী=শি, ব্ আগম] বি. সেনাগণের বিশ্রাম-স্থান ; সেনানিবেশ ; ছাউনি। ২ তাবু। ~সন্নিবেশ-বি. তাঁবু গাড়া বা ফেলা।

শিবেতর [শিব (কল্যাণের)+ইতর (অন্য)] বিণ. অশিব ; অশুভ।

শিবোত্তর [সং-শিব (শিব পূজার্থ)+ উত্তর (উৎসর্গ করা হইয়াছে যা)] বি. নিত্য শিবপূজা ও তার ব্যয় নির্ব্বাহার্থ দত্ত ভূমি।

শিম, সিম [সং-শিম্ব] বি. শিম গাছ dolichos lablab ; dolichos gladiatus.

শিমুল, শিমূল [সং-শিম্বলী (তা০ মৃ০ চট্টো০) > ব্রজ০ শিঙলী। হিং সেমুল, শিমুর। বৌ০ সা০ সিম্বল, শাল্মল] বি. শাল্মলী বৃক্ষ ও পুষ্প। ~তুলা-বি. শিমুলগাছের ফল হতে প্রাপ্ত তুলা cotton wool. ~ফুল [দেখিতে সুন্দর কিন্তু গন্ধহীন, লক্ষ০] বি(ণ), সুশ্রী কিন্তু গুণহীন (পুষ্প)। তুল-মাকাল ফল ; রাঙ্গা মুলা।

শিম্ব [সং। শিম্বা, শিম্বি, শিম্বিকা, শিম্বী ও০] বি. শিম গাছ।

শিয [সং-শয্যা > ব্রং। প্রা০ বাং] বি. শয্যা। কেলি-শিয-বিলাস শয্যা ; রতি ক্রীড়ার জন্য রচিত শয্যা। "বঞ্জুল কুঞ্জের মাঝে নিরমিত কেলি শিযে সংপ্রতি করিল অবস্থিতি।"-গী০ গিরি০।

শিয়র, শিঅর [শীর্ষ >] বি. শয়নকারীর মাথার দিক্ ; মস্তকেরপার্শ্ব। "শিয়রে মনসা তোর চক্ষু মিলে চাও" -বিজয়গুপ্ত (মনসা ম০)। ২ মাথার বালিশ। "সসিত অসিত হেম রচিত শিয়র"-স০। ৩ সন্নিকট। "শিয়রে কলিঙ্গ রাজা বড়ই দুর্ব্বার।"-কবিক০। ~র্ত (-র্ং-) [প্রা০ বাং] বিণ, মস্তকস্থিত ; সন্নিহিত। "শিয়রত বাঁশী হারায়িল তে কারণে"-শ্রী০ কী০। ২ শিরঃ ; মস্তক ; মাথা। "কাহ্নের উরে শুতিলোঁ দিয়া শিয়রে।"-শ্রী০ কী০। ৩ অ. শিয়রে। শিয়রে-মাথায়। "এথাকিঁ শিয়রে বাঁশী আরোপিঞা"-শ্রী০ কী০।

শিয়ল [প্রা০ বাং। ত=অ] বিণ. শীতল। "মলয় শিয়ল বাএ"-শ্রী০ কী০।

শিয়ল, -লি [শৃঙ্খল > প্রাকৃ০ শিঙ্খল, শিকল। ক্ষুদ্রার্থে -লি] বি. শিকল ; শিকলি।

শিয়া [আ০ শিআহ্] বি. মুসলমান-দিগের সম্প্রদায় ভেদ ; আলীর দলভুক্তগণ। মহরমের সময় এই সম্প্রদায় তাজিয়া পর্ব্ব পালন করে। ~মজ্‌হব্-বি. শিয়া সম্প্রদায়ের ধর্ম্ম।

শিয়াকুল, শেয়াকুল [সং-শৃগাল-কোলি > প্রা০। ক্ষে০ শেকুল] বি. কণ্টকী বন্য লতাবিঃ zigypus œnoplia.

শিয়ান,,, শিয়ানা [সেয়ানা দ্রঃ] বিণ. চতুর। "শিয়ান দেখিয়া দাসী আসিল ডাকিয়া"-কবিক০। "তাহা হৈতে তাই গো হয়্যাছ শিয়ানা"-ঐ।

শিয়ান, [সং-শ্যেন >] বি. শ্যেন পাখী ; বাজ পাখী। "উড়াইল পারাবতে দৈবে গগনপথে আসি তাড়া দিলেক শি০।" -কবিক০।

শিয়াল, [সং-শৃগাল। চ০ ক০ তা০ হিআল। ব্রজ০ সিআর। "সিআর কা জঙ্গো সীঁগ জনমএ"-পদাবলী। গ্রা০ শেয়াল] বি. শিবা ; শৃগাল। ~কাঁটা,শিয়াকাঁটা, শেয়াল কাঁটা-বি. শৃগাল কণ্টক ; বন্য ক্ষুপবিঃ argemone mexicana. খেঁ (খ্যাঁ)কশিয়াল [সং-খিখি > অনু০] বি. অপেক্ষাকৃত ক্ষুদ্রাকৃতি ও খেঁক খেঁক শব্দকারী শৃগাল। স্ত্রীং খেঁকশিয়ালী। শিয়ালের ডাক-একটা শিয়াল ডাকিলে সব শিয়াল ডাকিয়া উঠে। > একজনকে কিছু বলিতে শুনিলে বা করিতে দেখিলে সঙ্গের সকলেই সেই মত বলে বা করে। শিয়ালের যুক্তি-বি. গল্পের শিয়ালের মত নিত্য পরামর্শ হয় কিন্তু যুক্তিমত কাজ হয় না। সব শিয়ালের এক রা- শিয়ালের ডাকের মত একজন যেমন সুর ধরে স্বসম্প্রদায়ের সকলেই সেই সুরে যোগ দেয়।

শিয়া/ল,~লি [শিকল-শিকলি(দ্রঃ) >। প্রাদে০] বি. হাতের শিকলি করিয়া জড়াইয়া পদধারণ। ২ মাথা দিয়া ভূমি স্পর্শ করিয়া ঠাকুরদেবতা ও গুরুজনকে প্রণামকরণ।

শির-শিরঃ দ্রঃ।

শিরঃ [শিরস্ শব্দ। শ্রি (সেবা করা) > বাং-য় শির ও০] বি. উত্তমাঙ্গ ; মাথা। "শৃঙ্গ শির দেখি শিব হৈলা চিন্তাবান। হিমালয় পর্ব্বতে বসিলা করি ধ্যান।"-অ০ ম০। ২ [সুক্রস্ত] মস্তিষ্কাধার cranium. ৩ বৃক্ষাগ্র। ৪ অগ্রভাগ। ৫ প্রধান অধ্যক্ষ। ৬ সৈন্যের অগ্রবর্ত্তী দল। ৭ পিপ্পলীর মূল। ৮ অজগর। ৯ শয্যা। ~কপালী-বি. নরমুণ্ডধারী সন্ন্যাসী। ~কোণ [জ্যা০, কনিক০(ক০ বিশ০ পরিঃ)] ইং vertical angle এর বৈজ্ঞা০ পরিঃ। ~পীড়া-বি. মাথাধরা রোগ ; মাথার বেদনা বা যন্ত্রণাদায়ক ব্যাধি headache.

~ফল-বি, নারিকেল। ~শূল-বি, উৎকট যন্ত্রণাদায়ক মস্তিষ্ক পীড়াবিঃ। "শিরঃ-শূলে চক্ষু গেল কুঁজা কৈল কুঁজে।"-অ॰ ম॰।

শিরে সংক্রান্তি [শির দ্রঃ] বি, বিপদ মাথার উপর ; আসন্ন বিপদ।

শিরকস্তা [ফা॰ সর্ (মাথা=প্রধান)+ফা॰ কাশ্ৎ (চাষ)] বি, যে নিজের জমিতে নিজেই চাষবাস করে resident cultivator; অর্থাৎ যে পাইকস্তা [ফা॰ পাই-কাশ্ৎ] non-resident cultivator নয়।

শিরকিয়া, শিরকে [শিরক + ইয়া >] বিণ, মাথালো ; প্রধান ; সেরা।

শিরজ [শির (মস্তক)+জ, যে মস্তকে জন্মে] বি, মূর্দ্ধজ ; মাথার চুল। ২ বিণ, মস্তকোৎপন্ন ; মস্তকজাত।

শিরণি, শিরণী, শির্ণী, শিরনি [গ্রা॰ শিনি, শিন্নী। ফা॰ শিরীনী, শীর (মিষ্ট, চিনি) >] বি, চিনি, ময়দা, কলা প্রভৃতি ঘটিত নৈবেদ্য। "তোমার রমণী করিল শিরণি বাঁচিলে তাহার পাকে।"-সত্যনারায়ণ কথা (কবিচন্দ্র অযোধ্যারাম)।

শিরদাঁড়া [গ্রা॰ শিড্‌ডাঁড়া। শির (হতে নিতম্ব পর্যান্ত বিস্তৃত) দণ্ড > দাঁড়া] বি, পৃষ্ঠদণ্ড ; মেরুদণ্ড spinal column ; back-bone.

শিরনাম, শিরনামা, শিরোনামা [সং-শিরোনামন্ >, সম্ভবতঃ ফা॰ সরনাম(হ্) >। গ্রা॰ শিন্নামা] বি, চিঠির উপরের নামযুক্ত লেখ address, superscription.

শিরপা, শিরোপা১ [শিরঃপদ >] বি, অশ্বের অগ্রপদ উত্তোলন।

শির(রো)পা২ [ফা॰- সর্-ও-পা, vest with which pirnces honour their subjects] বি, পারিতোষিক ; বক্‌শিস্। "শিরোপা করিতু এমতি মন যে করে।" -চণ্ডি॰। "শিরপা করিল সাল সরবন্ধ জোড়া" -ধ॰। ২ মুকুট ; উষ্ণীষ ; পাগড়ী। "যশের শিরোপা শিরে ধর"-অশোক॰।

শিরপেচ [ফা॰ সর্‌পেচ্] বি, পাগড়ী ; উষ্ণীষ।

শিরমালিনী, শিরোমালিনী [শিরোমালা (মুণ্ডমালা)+ইন্ (ত্য॰) > শিরোমালিন্+ঈ (স্ত্রীং)] বিণ, মুণ্ডমালাধারিণী। "জটজালিনি শিরমালিনি শশিভালিনি।" -অ॰ ম॰।

শিরশির [গ্রা॰-শিশ্ শির] সিড়সিড় দ্রঃ।

শিরসিজ [শিরসি (মস্তকে)+জ (ড প্রত্যয়ান্ত জন্‌ধাতু), যে জন্মে, অলুক্ সমাস] বি, মাথার কেশ ; চুল।

শিরস্ক [শিরস্ (মস্তক)+ক (শিরে যা শোভা পায়)] বি, পাগড়ী ; উষ্ণীষ।

শিরস্ত্র [শিরস্-ত্রৈ (ত্রাণ করা)+অ] বি, উষ্ণীষ।

শিরস্ত্রাণ [শিরস্-ত্রৈ (ত্রাণ করা)+অন (ণে), যা দ্বারা মস্তক রক্ষা করা যায়] বি, উষ্ণীষ ; পাগড়ী।

শিরা [শৄ (হিংসা করা, গমন করা)+অ (ণে)। শৄ=শির্ (যদ্দারা শরীরস্থ রক্ত গমনাগমন করে)] বি, ধমনী ; শোণিতবহা নাড়ী। [দ্রঃ-সুশ্রুতে-বায়ুবহা শিরা-nerves, পিত্তবহা শিরা-veins, রক্তবহা শিরা-arteries, কফবহা শিরা-lymphatic vessels. শিরা ভেদন,-মোক্ষণ, শিরচ্ছেদ-venesection ; phlebotomy.

শিরানা [সং-শিরঃস্থান > হি॰ শি(সি)রহানা] বি- মাথার দিক্ ; শয্যার যে দিকে মস্তক থাকে ; শিয়র।

শিরাল [শিরা+ল (ত্য॰)] বিণ, শিরাবিশিষ্ট ; শিরাবহুল। ২ বি, কামরাঙ্গা [এই অর্থে, শিঁরালা ও॰]।

শিরি [শ্রী >] বি, শ্রী ; শোভা। "হাথের শিরি আগুঠী"-শ্রী॰ কী॰। ~যুক্ত-বিণ, শ্রীযুক্ত, সুন্দর। "কনক কমল মাঝে কাল ভুজঙ্গিনি শিরিযুত খঞ্জন খেলা।"-বি॰ প॰।

শিরিস [ফা॰ সরেষ, সিরীষ। তুল-ইতা॰ sisa from assisa (painter's glue)] বি, সিদ্ধ গলিত শৃঙ্গাদির আটা glue.

শিরীষ - বি, পুষ্পবৃক্ষবিঃ acacia lebbec.

শিরোগৃহ [শিরস+গৃহ] বি, অট্টালিকার সর্ব্বোপরিস্থ গৃহ ; চিলা ঘর।

শিরোদেশ [শিরস্+দেশ] বি, মস্তক।

শিরোধার্য্য [শিরস্ (মস্তক) তাতে ধার্য্য, ৭তৎ] বিণ, মস্তকে ধারণযোগ্য। ২ অতিশয় মান্য। "বিধাতার পাদ-পদ্মের রেণু না করিবে শি॰ কেবা ?"-স॰ দত্ত।

শিরোধি [শিরস্+ধা (ধারণে)+ই (ক্তৃ)] বি, গ্রীবা।

শিরোনাম-শিরনামা দ্রঃ।

শিরোপা৩ [শিরস্+পা (রক্ষণে)+অ (ক্তৃ)+আ] বি, পাগড়ী ; তাজ।

শিরোবিরেচন [শিরস্+বিরেচন] বি, হিক্কাকর ঔষধ ; নস্য errhines.

শিরোবেষ্ট,-বেষ্টন [শিরস্ > শিরঃ +বেষ্ট ইং॰] বি, পাগড়ী।

শিরোমণি [শিরস্(মস্তক)=শিরঃ+মণি (রত্ন), ৬তৎ, বা শিরে বা শিরস্থ মণি, ৭তৎ] বি, পণ্ডিতের উপাধিবিঃ। ২ শিরোরত্ন ; কিরীটস্থিত রত্ন। "জীবনস্বরূপা সে স্বামীর শিরোমণি।"-অ॰ ম॰। "এ রমণী যার রমণী সে যে শিরোমণি।"-বাং-গান। ৩ শ্রেষ্ঠ। স্ত্রীং শিরোমণী।

শিরোরত্ন [শিরস্(মস্তক)=শির+রত্ন ৬তৎ বা ৭তৎ] বি, পণ্ডিতের উপাধিবিঃ। ২ শিরোভূষণ ; মাথার মণি।

শিরোরুহ [শিরস্=শির+রুহ্ (আরোহণ করা, জন্মান)+অ(ক্তৃ)] বি, কেশ। "খঞ্জন গঞ্জন আঁখি অকলঙ্ক শশিমুখী শিরোরুহ অসিত চামর।"-কবিক॰।

শিরোস্থি [শিরস্(মস্তক)=শিরঃ+অস্থি (হাড়), ৬তৎ] বি, মাথার খুলি ; করোটি।

শির্কা-সির্কা দ্রঃ।

শির্ণি [ফা॰ শিরীনী] বি, শিন্নী দ্রঃ। "মার শির্ণি মেগে, * * *"-সত্যনারায়ণ কথা (অযোধ্যা-রাম)।

শিল১ [শিল (গৃহীত শস্যের শেষাংশ আহরণ করা)+অ (ভা॰)] বি, উঞ্ছবৃত্তি। [দ্রঃ-শস্যকর্ত্তনের পর গাছে যে শস্য থাকে তাহা খুঁটিয়া লওয়া "শিল" এবং ক্ষেতে পতিত শস্য খুঁটিয়া লওয়া "উঞ্ছ"]। ২ পাষাণ খণ্ড ; যার উপর মসলা রাখিয়া বাটা হয়।

শিল২-শীল দ্রঃ।

শিলা [শিল্+অ (ভা॰)+আ] বি,

পাষাণ ; পাথর। ২ মনঃশিলা। ৩ দ্বারের নিম্নস্থ কাঠ। ৪ স্তম্ভশীর্ষ ; থাম ; খুঁটি ইঃর উপরস্থ কাষ্ঠখণ্ড বা পাইড়। ~কুট্টক-বি, পাষাণ-ভেদকারক অস্ত্র। ~খণ্ড-বি, পাথরের টুকরা। ২ নুড়ী। ~টঙ্ক-বি, টিলা ঘর। ~জতু [হিং শিলাজিৎ] বি, খনিজ পদার্থবিঃ ; পার্ব্বত্য উপধাতুবিঃ bitemen. ~তল-বি, পাষাণপৃষ্ঠ ; পাথরের উপরিভাগ। ~ত্মজ [শিলা+আত্মজ, ৬তৎ] বি, লৌহ। ~ধাতু-বি. গৈরিক। ২ খড়ী। ~পট্ট-বি, পেষণশিল ; শিল। ২ ঘর্ষণ-শিলা ; চন্দন পিঁড়ি। ~পুত্র-বি. শিলের নোড়া। ~বৃষ্টি-বি, বৃষ্টির সহিত করকাপাত। ~রস -বি. শৈলের নামক গন্ধদ্রব্য। ~লিপি-বি, পাষাণে ক্ষোদিত লিপি। ~ময় [শিলা+ময়] বিণ, পাষাণনির্ম্মিত ; প্রস্তর। "চৌদিগে সহর পনা তারে চৌকী কত জনা মুরচা বুরুজ শিলাময়।"-অ০ ম০। ~স্থি [শিল (=শির) +অস্থি] বি, শিরধারক কঠিন অস্থি skull.

শিলি [সং] বি, ষেঙের ছাতা। ২ গোবরাট। ৩ ভূর্জ্জপত্রবৃক্ষ।

শিলী [সং] বি, গণ্ডুনদী ; কেঁচো। ~পদ [সং] বি, শ্লীপদ ; পাদস্ফীতি ; গোদ। ~মুখ [শিলী (হুল) মুখে যার, বহু০] বি, বাণ ; শর। "ক্ষুরপ্র বাণ অর্দ্ধচন্দ্র বাণ, শিলীমুখ কত কি রূপের ভেদ"-অবনী ঠা০ (বঙ্গবাণী ১৩৩৩)। ২ ভ্রমর।

শিলীন্ধ্র [সং] বি, কদলী নামক হরিণ-বিঃ। ২ মৎস্যবিঃ। ৩ ভূমিকদলী। ৪ কোড়ক ছাতা ভূঁইফোঁড় mushroom ; agaricus compestris. ৫ মোচা। স্ত্রীং~ী -বি, পক্ষীবিঃ। ২ মণ্ডুকী। ৩ কদলী। ৪ মৃত্তিকা।

শিলুক [শ্লোক >, গ্রা০ ২৪ পরগণাদি অঞ্চলে শোলোক] বি, শ্লোক। "মুখে মুখে শি০ কত শিখিল অন্তরে"-মৈ০ গী০।

শিলেয়-শৈলেয় দ্রঃ।

শিলোচ্চয় [শিলা+উচ্চয় (রাশি), ৬তৎ] বি, শৈল। ২ পর্ব্বতচূড়া ; গিরিশৃঙ্গ।

শিলোঞ্ছ, শীলোঞ্ছ [শিল (গৃহীত শস্যের আহরণ) + উঞ্ছ (পতিত খাদ্য খুঁটিয়া লওয়া) + অ (ভা০)] বি, উঞ্ছবৃত্তি। "শীলোঞ্ছ বৃত্তিতে রাজা বঞ্চে বহু ক্লেশ।" -মহা০(কাশী০)।

শিল্প [শিল্ (নিপুণ হওয়া) + প (ভা০)] বি, বস্তুনির্ম্মাণকার্য্য ; কারুকর্ম্ম ; কারিকুরি। ২ [+প(র্ম্ম)] শিল্পদ্রব্য। ~কার-বিণ, শিল্পী। ~কুশল-বি. শিল্পদক্ষ ; রূপদক্ষ। > স্ত্রীং ~কুশলা। ~কৌশল-বি, শিল্পকার্য্যে দক্ষতা। ~বিদ্যা-বি, বস্তু নির্ম্মাণ ও চিত্রাদি অঙ্কনবিদ্যা। ~বিদ্যালয়-বি, শিল্পকর্ম্ম শিক্ষার স্কুল। ~যন্ত্র-বি, কল machine. ~লিপি-বি, শিলালিপি ; প্রস্তরাদিতে উৎকীর্ণ লেখ। ~শালা-বি, শিল্পাগার ; কারখানা ঘর। ~শাস্ত্র-বি, শিল্পবিদ্যা। বাস্তুশিল্প, স্থাপত্যশিল্প -বি, architecture. ভাস্করশিল্প-বি, sculpture. শ্রমশিল্প-বি, পরিশ্রমসাধ্য শিল্প industry. সূক্ষ্মশিল্প-বি, চিত্র-বিদ্যাদি কলাশিল্প ; সুকুমারশিল্প fine art.

শিল্পিক [শিল্প+ইক (জাতার্থে)] বিণ, শিল্পী artist.

শিল্পী [শিল্প+ইন্ (স্ত্যা০)=শিল্পিন্ ১মা, ১ব০] বিণ, শিল্পকর্ম্মকারী। ২ বি, কারিকর।

শিল্পোন্নতি [শিল্প+উন্নতি] বি, শিল্প-কর্ম্মের উৎকর্ষ ; শিল্পের শ্রীবৃদ্ধি।

শিশ্, শিস্$_1$, শীশ [সং-শীত্‌। মূলে-অনু০] বি, ওষ্ঠ জিহ্বাযোগে বংশীবৎ ধ্বনি। "দয়েল বলিছে ঠারে শিস্ দিয়ে তার।"-কুহুম। শি০ দেওয়া-ক্রি, শিস্‌বাদ্য করা।

শিশ, -ষ, -স$_2$ [শীর্ষ >। গ্রা০] বি, শীর্ষ ; মাথা। ২ সিঁথি। শিশর্তে-শীর্ষে। শিষে-সিঁথায়-সিঁথিতে।

শিশমহল, শীশ [ফা০ শীশা >] বি, কাচের ঘর ; যে ঘর বা বাড়ী ফ্রেমবদ্ধ কাচের প্রাচীর বেষ্টিত।

শিশয়িষা/ষা [সং। সনন্ত শী ধাতু >] বি, শয়নেচ্ছা। ~যু-বিণ, শয়নেচ্ছু।

`শিশা, শীশা [ফা০ শীশা] বি, কাচ। ২ আর্শী ; দর্পণ। ৩ কাচের বোতল (ক্ষুদ্রার্থে শিশি)। ৪ শার্শী glass pane. ~মহল [ফা০ শিশ্‌মহল] বি, কাচের বাড়ী ; দর্পণের গৃহ।

`শিশি, শিশী [শিশা দ্রঃ] বি, কাচের ছোট বোতল ; অতি ক্ষুদ্র বোতলাকৃতি কাচাধার।

শিশিক্ষু [সনন্ত শিক্ষ্ >] বিণ, শিক্ষা-ভিলাষী ; শিক্ষা করিতে ইচ্ছুক ; শিক্ষার্থী ; ছাত্র। "সেই সোপানের দুই পার্শ্বে স্তম্ভ-বিশিষ্ট গৃহ ও তন্মধ্যে অনেক ভিক্ষু ও শিশিক্ষু থাকিত।"-রাজগৃহের ইন্দ্রগুপ্ত।

`শিশির [সং] বি, নিশাজল · হিম ; নীহার dew. "শিশির-ভেজা ঘাসে ঘাসে।" -রবী০। ২ শীতঋতু ; পৌষ ও মাঘ মাস ; (মতান্তরে) মাঘ ও ফাল্গুন মাস। ৩ [লক্ষ০] অশ্রু। "আমার কপোল ভরে শিশির পড়িবে ঝরে।"-রবী০। ~ধৌত, ~সিক্ত, ~স্নাত-বিণ, শিশিরাবৃত।

`শিশু$_1$ [শিশ (গমন করা) + উ (কৃ)] বি, শাবক। ২ আট (মতান্তরে ১৬) বৎসরের অনধিক-বয়স্ক বালক। ৩ ডিম্ব। ৪ বিণ, বয়সে অতি ছোট ; দুধের। এই অর্থে পুং, স্ত্রী-উভয় লিঙ্গে ব্যবহার। প্র-শিশু পুত্র বা শিশুকন্যা। স্ত্রীং শিশুনী [প্রা০ বাং। আধু০ বা-য় অপ্র০] "দুগ্ধ পোষ্য শিশুনী দেখিয়া জলপতি। ক্রোড়ে করি নিজালয়ে গেলা শীঘ্রগতি॥ বারুণীকে সমর্পিলা সে কন্যা রতন।" -রামরত্ন গীতা (ভবানীদাস)। ~কাল-বি, বাল্যকাল। ~ত্ব [শিশু+ত্ব (ভা০)] বি, শিশুর ভাব ; বালকত্ব ; শৈশব। ~পালহা [শিশু-পালহন্ >] বি, কৃষ্ণ। ~পাঠ-বি, শিশুদিগের পাঠ্য গ্রন্থ। > বিণ, ~পাঠ্য-শিশুর পাঠোপযোগী। ~পাল [শিশু-পা + ণিচ্=পালি+অ (কৃ-ভা০)] বি, চেদিপতি দম ঘোষ পুত্র রাজা শিশুপাল। ~পালক [শিশুপাল+ক] বি, রাজা শিশুপাল। ২ কেলিকদম্ব। ৩ বিণ, শিশু পালনকারী; শিশুরক্ষক। ~প্রকৃতি, স্বভাব-বিণ, শিশুর ন্যায় সরল ও সদানন্দ; কৃষ্ণ। ২ শিশুর প্রকৃতিবিশিষ্ট। ~প্রামাণিক [শিশু-প্রামাণিক (শ্রেষ্ঠার্থে)] বি, আদর্শ শিশু। "তিনি শৈশবকালে

শিশুপ্রামাণিক হইয়া প্রিয় ভাবে ও শান্ত স্বভাবে সর্ব্বথা জনকজননীর ও ভ্রাতৃ-ভগিনীর সংক্রীড়ক বয়স্য বালকাবলির আনন্দপ্রদ হন,"-কলিকাতা কমলালয় (সমাচারচন্দ্রিকা-সম্পাদক ভবানী চরণ বন্দ্যোপাধ্যায়ের জীবনচরিত,১৮৪৯)।~ভাব [সং] বি, শিশুত্ব। ২ তান্ত্রিক ভাববিঃ।~শশী-বি, অর্দ্ধচন্দ্র। "কি শোভা মহিষমর্দ্দিনী * * * শিশুশশী ভালে চাঁচর কুন্তলে মণিতে গ্রথিত সুবেণী।"-বাং গান।~সুলভ-বিণ,শিশু প্রকৃতিতে অবিরল দৃষ্ট; শিশুর পক্ষে সহজ বা সাধারণ।~হৃদয়-বি, শিশুর ন্যায় সরল ও নির্ম্মল হৃদয়।

শিশু₂ [সং-শিংশপা। হিং শিশম্] বি, বৃক্ষবিঃ। ইহার কাঠ সারবান, কঠিন ও দীর্ঘস্থায়ী। ইহার বর্ণ কৃষ্ণাভ রক্ত dulbergia sissoo.

শিশুক [শিশু+ক (স্বার্থে)] বি,শাবক। ২ শিশুমার নামক জলজন্তু Ganjetic dolphin. ৩ শিশুনামক বৃক্ষ।

শিশুমার [সং] বি,জলজন্তুবিঃ;শুশুক। ২ [জ্যোঃ] তারকাচক্রবিঃ। "কৃপাময় অবতার, হৈল প্রভু শিশুমার, উর্দ্ধ পুচ্ছ হেট বার মাথা॥"-কবিকং; ইং ursa minorএর জ্যোঃ পরিঃ (কং বিশ্বং পরিঃ)।

শিশ্ন [শশ্ (গমন করা)+ন (র্ত্তৃ, জ্ঞাং), শ=শি] বি, পুরুষচিহ্ন; মেঢ্র।

শিশ্নোদরপরায়ণ [শিশ্ন+উদর-পরায়ণ] বিণ, কামুক এবং ঔদরিক; ইন্দ্রিয়াসক্ত।

শিষ₁ [শিষ্য > অং] বি, শিষ্য (মনসা মং, বিজয়ং)।

শিষ₂, শীষ [শীর্ষ >] বি, ধান্যাদির শীর্ষ; মঞ্জরী। ২ শিখা। প্র-প্রদীপের শিষ। ৩ মস্তক।

শিষ্ট [শাস্ (শাসন করা)+ত (র্ম্ম)] বিণ, সুশীল; শান্ত; সুবোধ; ধীর। ২ বিনীত; শিক্ষিত। ৩ নীতিমান্। ৪ বশীভূত। ৫ আজ্ঞাধীন। ৬ [শিষ্ (শেষ হওয়া)+ত (র্ত্তৃ)] অবশিষ্ট। বি,~তা।~সম্ভাষণ-বি, সভ্য ও শিক্ষিত সমাজসুলভ ভদ্র আলাপ। ~সাহিত্য-বি, সুরুচিসঙ্গত সাহিত্য; সুকুমার সাহিত্য polite literature. "অশিষ্টসাহিত্য ভিন্ন সাহিত্যের আর একটি বিভাগ আছে, তাহা শিষ্টসাহিত্য বা সুকুমার সাহিত্য"-মাং ও মং বাণী, ১৩৩৩।

শিষ্টাচার [শিষ্ট+আচার (আচরণ), ৬তৎ] বি ভদ্রতা; সদাচরণ। ২ লৌকিকতা formality. বিণ, ~ী-সদাচারপরায়ণ; ভদ্র।~সম্পন্ন-বিণ, ভদ্র; শিষ্ট।

শিষ্টি [শাস্ (শাসনে)+তি (ভাং)] বি, শাসন। ২ আদেশ।

শিষ্য [শাস্+য (র্ম্ম)। প্রাং শিষ্যি, শিষ, শিখ] বি, অন্তেবাসী; ছাত্র। ২ যিনি কায়মনোবাক্যদ্বারা দেবতা, আচার্য্য ও গুরুর শুশ্রূষা করেন, যিনি নির্ম্মলচিত্ত, যিনি শ্রমশীল এবং যিনি বুদ্ধিমান্"-স্মৃং। ৩ বিণ, শাসনযোগ্য। ৪ শিক্ষার উপযোগী; শিক্ষণীয়। ৫ উপদেশ্য। স্ত্রীং ~া। মন্ত্র-শিষ্য-বি, গুরুর নিকট ইষ্টমন্ত্রে দীক্ষিত ব্যক্তি।

শিস [সং-শীৎ। মূলে-অনুং শিশ দ্রঃ]বি, মুখমারুত দ্বারা উৎপন্ন শব্দ। "দোয়েলে দেয় সুমিষ্ট শিং * * গায়।"-ভারতী। whistle. ক্রি, শিস দেওয়া [হিং সীটী বজানা, -দেনা] শি শি শব্দে বাদ্য বা সংকেত করা।

শিস্তি [ফাং শিস্ত] বি, অতিসূক্ষ্ম শক্ত সুতায় তৈয়ারী মাছ ধরিবার যন্ত্রবিঃ। ২ ধনুকের ছিলা বা জ্যা আকর্ষণের জন্য অঙ্গুলিত্র; অঙ্গুস্ত্রানা thimble.

শিহর-শিখর দ্রঃ।

`শিহরা [সং-হর্ষণ >। শিহরি, শিহর, শিহরে; শিহরিতে; শিহরিয়া (কেং পদ্যে)-শিহরি)। শিজন্ত-শিহরানি] ক্রি, শিহরিত হওয়া; ভয়, বিস্ময়, হর্ষ আদি হেতু রোমাঞ্চিত হওয়া। "শরীর শিহরিল গা"-শিং। বি, শিহরণ-রোমাঞ্চ। বিণ, শিহরিত।

`শিহরানি [প্রাং `শিউরানি। শিহরা দ্রঃ। শিহরাই, শিহরাও, শিহরায়; শিহরাইতে (কেং শিহরাতে); শিহরাইয়া (কেং শিহরিয়া, প্রাং শিউরে) ইং। কথ্য বাং-য়-শিহরা অর্থে শিহরান এই নিজন্ত ক্রিয়াপদের ব্যবহার আছে] ক্রি,রোমাঞ্চিত করা।

শিহালা [প্রাং শেয়ালা; স্যাওলা। শেওলা দ্রঃ। সং-শৈবাল >] বি, শেওলা; জলজ উদ্ভিদ্। "গুরুজন জ্বালা জলের শিহালা পড়সী জীয়ল মাছে।"-চণ্ডীং।

শীআ [আং] শিয়া দ্রঃ।

শীকর [শীক্ (সেক করা)+অর (র্ত্তৃ)] বি, বায়ুচালিত জলবিন্দু; জলকণিকা। "মিশে যাই যে হাওয়ার ঝর্ণার শীকরে।"-সং দত্ত।

শীঘ্র [সং। প্রাং শীগ্‌গির] ক্রি-বিণ, আশু; ক্ষিপ্র। ২ বিণ, সত্বর; ত্বরিত। বি, ~তা, ~ত্ব।~কারী-বিণ, ক্ষিপ্র কর্ম্ম-সম্পাদক; অনলস; অচিরকারী। ~গ [শীঘ্র-গম্ (গমন করা)+অ (র্ত্তৃ)] বিণ, ত্বরিতগতি; ক্ষিপ্রগামী। ~গতি-বি(ণ), দ্রুত গমন (কারী)। ~গামী-বিণ, বেগে গমনকারী; ক্ষিপ্রগতি। ~চেতন-বি, কুকুর।~বেধী-বিণ, লঘুহস্ত শস্ত্রধারী।

শীঘ্রায়মান [শীঘ্র+আয়=শীঘ্রায় (নাম ধাতু)+আন(র্ত্তৃ), ম্-আগম] বিণ, সত্বরগামী।

শীৎ/কার [শীৎ (অনুকরণ শব্দ) কার (করা)] বি,শ্রেষ্ঠা স্ত্রীদিগের রতিকালীন ধ্বনি: শিহরণ। ২ "শ্", "স্", "ইস্" বা "শীৎ" এইরূপ শব্দ। "কভু রোমহর্ষ কভু করায় শীৎকার"-শিং গিরিং। >বিণ, ~কৃত। >বি, ~কৃতি [শীৎকার দ্রঃ] বি, "শীৎ" এইরূপ ধ্বনি করণ।

শীত [সং] বি, হিম-ঋতু; শীতকাল winter, পৌষ মাঘ মাস; (মতান্তরে) মাঘ ফাল্গুন। ২ শৈত্যগুণ; শীতলতা। ৩ জল। ৪ কর্পূর। ৫ বেত গাছ। ৬ বিণ, শীতল; ঠাণ্ডা। ~কর, কিরণ [শীত (শীতল) কর (কিরণ) যার, বহুং] বি, শীতরশ্মি; চন্দ্র; হিমকর। ২ কর্পূর। শীত করা-ক্রি, শীত বোধ হওয়া। "আমার তো শীত করে না।" -উত্তরা, পৌষ, ১৩৩৩। শীত কাটা-ক্রি, শীত ঋতু উত্তীর্ণ হওয়া। ২ শীতের কষ্ট দূর হওয়া। প্র-লেপে যেমন শীত কাটে কম্বলে তেমন নয়।~কাটানি-ক্রি, শীতকাল অতিবাহিত করা।~কাতর,~কাতুরে-বিণ, শীতে কাতর; শীতক্লিষ্ট। ~কাল-বি, শীত ঋতু: শিশির। শীত ধরা-ক্রি, শীত আক্রমণ করা; শীতের আক্রমণ বোধ হওয়া। প্র-তার

শীত ধরিয়াছে। শীত পঁড়া-ক্রি, শীত ঋতুর আবির্ভাব হওয়া। ২ শীতের প্রকোপ হওয়া। শীত পাওয়া, -লাগা-ক্রি, শীত ধরা। ~পিত্ত-বি, চর্ম্মরোগবিঃ; আমবাত nettle rash ~প্রধান-বিণ, শীত ঋতু যেখানে প্রবল; যথায় শীতেরই প্রাধান্য। ~বস্ত্র-বি, শীতকালের উপযোগী গরম কাপড়। ~বাত -বি, হিম বায়ু; ঠাণ্ডা হাওয়া। ~ভীরু-বি, শতভীরু (দ্রঃ); মল্লিকা ফুলের গাছ। ~ময়ূখ,-রশ্মি-বি, চন্দ্র।

শীতল₁ [শীত (দ্রঃ) ল (স্ত্য°)] বিণ, শৈত্যগুণবিশিষ্ট; ঠাণ্ডা। প্র-শীতল জল। ২ শান্তিপ্রাপ্ত; নিরুদ্বেগ। "চল সে অমৃতধামে শান্তিহারা নরনারী॥ শী° হবে যদি চল সবে ত্বরা করি।"-স্কং°। বি, ~তা, ~ত্ব (-লঁ-)। ~পাটি [পাটি দ্রঃ। শৈত্যগুণ হেতু শীতল] বি, বেত জাতীয় গাছের ত্বকে নির্ম্মিত পাতলা ও মসৃণ মাদুরবিঃ।

শীতল₂ [বৈদ্যকে] বি, চন্দন। ২ চন্দ্র। ৩ বেণার মূল। ৪ শৈলেয়। ৫ অচলপর্ণী।

শীতল₃ [প্রাদে°। গ্রা° শেতোল] বি, ঠাকুরের সন্ধ্যারতি ও লঘু ভোগ। > ক্রি, শী° দেওয়া। ~ভোগ-বি, জলযোগ। (তুল-মহাপ্রভু জগন্নাথদেবের উপলভোগ)।

শীতলা [সং। হিং°-তে 'দেবী' 'মাতা' প্রতিশব্দার্থে ব্যবহৃত হয়] বি, বসন্তরোগের অধিষ্ঠাত্রী দেবী। ২ বসন্ত রোগ। "শীতলায় মারা গেল গোয়াইলের গরু"-পূ° ব° গী°। ~মঙ্গল-বি, শীতলাদেবীর মাহাত্ম্য বর্ণনাত্মক বাঙ্গালা কাব্যবিঃ।

শীতলানি [শীতল (ঠাণ্ডা) + আন (করা অর্থে), ঠাণ্ডা করা। গায়ের গরমে যা গরম থাকে তাকে অঙ্গ হতে খুলিয়া রাখিলেই ঠাণ্ডা হয় সেই ভাব >] ক্রি, দেহ হতে অলঙ্কার খুলিয়া রাখা। "কঙ্কণাদি আভরণ শীতলিয়া রাখে।"-শি°।

শীতা-সীতা দ্রঃ। ২ বিণ, শৈত্যগুণ-বিশিষ্টা।

শীতাংশু [শীত(শীতল) + অংশু (কিরণ)] বি, চন্দ্র। ২ কর্পূর।

শীতাগম [শীত + আগম] বি, হিমঋতুর আবির্ভাব।

শীতাতপ [শীত + আতপ (রৌদ্র-উত্তাপ)] বি, শীতগ্রীষ্ম: শৈত্য ও তাপ। ~সহিষ্ণু-বিণ, শীত ও উত্তাপ সহনশীল।

শীতাদ্রি [শীত + অদ্রি (পর্ব্বত)] বি, হিমগিরি; হিমালয়।

শীতাধিক্য [শীত + আধিক্য] বি, শীতের আধিক্য বা বৃদ্ধি।

শীতার্ত্ত [শীত (দ্বারা) + ঋত (পীড়িত), ৩তৎ] বি, শীতদ্বারা পীড়িত; শীতে কাতর।

শীতার্দ্র-বিণ, ঠাণ্ডা ও ভিজা। **শীতালু** -বিণ, শীত-ক্লিষ্ট; শীতার্ত্ত।

শীতাশ্মা [শীত (শীতল) + অশ্মন্(প্রস্তর), ধা] বি, চন্দ্রকান্ত মণি।

শীতীভাব-বি, শীতলত্ব।

শীতুড়ী [সং-শীতবস্ত্র > ভং। গ্রা°] বি, শীতের কাপড় winter clothing.

শীতোত্তম [শীত + উত্তম] বি, জল।

শীতোষ্ণ [শীত + উষ্ণ] বিণ, ঠাণ্ডা ও গরম। নাতিশীতোষ্ণ-নাতি দ্রঃ।

শীধু [শী (শয়ন করা) + ধু (ণে), যা শয়ন করায়] বি, মধু; মদ্য। ২ পক্ক ইক্ষু রসজাত মদিরা। ~গন্ধ-বি, মদগন্ধ। ~প, ~পায়ী-বি, মদ্যপ; মাতাল। ~পান-বি, মদ্যপান।

শীর [শী (শয়ন করা) + র (র্তৃ, জ্ঞা°)] বি, অজগর।

শীরিণি,-ণী,-নী [শির্নি, শিরণী দ্রঃ। ফা° শীরীনী, শীরী] বি, মুসলমানের পীর ও হিন্দুর সত্যনারায়ণের তৃপ্তিকর দুধ কলা ময়দা ও চিনির মিশ্রিত নৈবেদ্য। "সাঁজে ডালা দেই হাটে পীরের শীরিণী বাঁটে"-কবিক°।

শীর্ণ [শৄ (হিংসা করা) + ত (র্তৃ)। ঋ= ঈর্, ত=ন] বিণ, ক্ষীণ; কৃশ। ২ শুষ্ক। স্ত্রীং শীর্ণা। ~কায়-বিণ, কৃশ কায়াবিশিষ্ট; রোগা। ~তা, ~ত্ব-বি, কৃশতা।

শীর্ষ [শিরস্ স্থানে শীর্ষ] বি, মস্তক; মাথা। ২ চূড়া; শীষ। ৩ [গ° (হি° কো°)] ইং vertex এর বৈজ্ঞা° পরিঃ। ~ক [শীর্ষ + ক] বি, করোটি; মাথার খুলি। ২ মস্তক। ৩ টোপর, মুকুট ই°। "শিরোপরি শীর্ষকের চূড়া"-মেঘ°। ৪ পাগড়ী। ~চ্ছেদ-বি, মস্তকচ্ছেদন; মাথা কাটা। > বিণ, ~চ্ছেদ্য-মস্তক কর্ত্তনযোগ্য। ~স্থান-বি, মাথা। ২ উর্দ্ধদেশ। > বিণ, ~স্থানীয় -প্রধান; সর্ব্বোচ্চ। ~বর্ত্তন [স্মৃ°পরিঃ] বি, "যদি এ ব্যক্তি অপরাধী বলিয়া প্রতিপন্ন না হয় ত আমি দণ্ড গ্রহণ করিব এই স্বীকারোক্তি"-বিষ্ণুসংহিতা (বঙ্গবাসী)।

শীল₁ ["চরিতে শীলম্"-অমর°] বি, স্বভাব; চরিত্র। "নিষেধ করিল লখে তোর শীল জেনে।"-ঘ°। ২ কৌলীন্য। "জীবন যৌবন কুল শীল সঁপি শ্যামের কোমল করে।" -বাং গান। ৩ অজগর। ৪ জাতীয় উপাধি-বিঃ। ৫ বিণ, বিশিষ্ট। স্ত্রীং শীলা-কৌণ্ডিন্য মুনির পত্নী। ২ বিণ, বিশিষ্টা। ৩ স্বভাবা। ~তা (-লঁ-) [শীল (চরিত্র) + তা (ভা°)। "শীলোত্তু চরিতে শীলম্"-অমর°। শীলই বিশেষ্য পদ সুতরাং তা' অতিরিক্ত ও অশুদ্ধ হইলেও আধু·বাং·য় চলিত। তুল-ক্ষম =সমর্থ, কিন্তু "সক্ষম" প্রচলিত] বি, চরিত্র। "নারীজাতির প্রতি যথার্থ বীরপুরুষের মনে যেরূপ একটি সসম্ভ্রম সম্মানের ভাব থাকে তেমনই সুরুচি এবং শীলতার প্রতি বঙ্কিমের বলিষ্ঠ বুদ্ধির একটি ভদ্রোচিত বীরোচিত প্রীতিপূর্ণ শ্রদ্ধা ছিল।"-রবী°। ~ধর্ম্ম-বি, চারিত্রনীতি; নীতি ও ধর্ম্ম morality. ~বান্ [শীল (স্বভাব) + বৎ (স্ত্য°)] বিণ, চরিত্রবান্; সুস্বভাববিশিষ্ট। > স্ত্রীং ~বতী -সাধ্বী। "জো গৃহে প্রবেশ করে তবে শীলবতী"-কবিক°।

শীল₂**, শিল, সিল, সীল** [গ্রা° ফ্রে° seel > ইং seal এর লিপ্যন্তর] বি, মুদ্রাঙ্কন; মোহর stamp. ২ ঋণদায়ে সম্পত্তি আটক। ~আংটী-বি, নামাঙ্কিত অঙ্গুরী। শী° করা-ক্রি, আদালতের হুকুমে সম্পত্তি আটক করা। ~মোহর-বি, পুলিন্দা পত্রাদি মুড়িয়া তার উপর নামের ছাপ দেওয়া।

শীল₃ [ফ্রে° seel > ইং seal এর ;

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ=ংগ জ্ঞ=গ্‌গ্য ক্ষ=ক্খ ক্ষ্ম=ক্খ হ্ন হ্ল হ্ম হ্ন=ন্হ হ্‌হ লহ ভ্‌বা, ড় ঢ় য় ড়=fwv ও ফ্রা° দ্রঃ

লিপ্যন্তর] বি, সীল (দ্রঃ) নামক সামুদ্রিক মৎস্য।

শীলন [শীল্+অন (ভা॰)] বি, অভ্যাস। ২ আলোচনা। ৩ পরিদর্শন। ৪ প্রবর্তন। বিণ. শীলিত।

শীশ-শিশ দ্রঃ।

শীশা-শিশা দ্রঃ। ~গর [শিশা দ্রঃ] বি(ণ), কাচ নির্মাতা glass maker. ~গরি-বি, কাচ নির্মাণের কর্ম glass making.

শীষ [শীর্ষ >] বি,অগ্রভাগ। ২ শিখা।

শীস-শিস্ দ্রঃ।

শু$_1$-সু দ্রঃ।

শু$_2$ সু, সু [ইং shoe র লিপ্যন্তর] বি, জুতা (বিশেঃ গোড়তোলা জুতা, চটি নয়)।

শুঅর [চ॰ ক॰ ভা॰ হুঅর] বি, শূকর।

শুআ, শুআ-বি, শুয়া দ্রঃ। ২ শুকপক্ষী (স্ত্রী॰ কী॰)।

শুআর-শুয়ার দ্রঃ।

শুঁকা-শোঁকা দ্রঃ।

শুঁটকা [শুটকিয়া < শুকট দ্রঃ। গ্রা॰ শুটকো] বিণ, শুষ্ক ; শুক্না।

শুঁটকী-বিণ, শুকট (দ্রঃ) ; শুষ্কীকৃত। ~মাছ-বি, শুষ্কীকৃত মৎস্য।

শুঁটী [সং-শূকশিম্বী >] বি, কলায় শুঁটী। ২[সং-শুণ্ঠী > শুঁঠাকৃতি বলিয়া হিং ছীমি (সং-শিমী >)] বি, লম্বাকৃতি বীজপুট।

শুঁঠ [শুঠী >] বি,শুক্না আদা। ইহা ঔষধার্থে ব্যবহৃত হয়।

শুঁড় [সং-শুণ্ড] বি, শুণ্ড ; কর trunk. > শুঁড়ি-সঙ্ক। প্র-শুঁড়ি পথ।

শুঁড়ী [সং-শৌণ্ডিক] বি,মদ্যবিক্রেতা। ২ জাতিবিঃ। শুঁড়ীর সাক্ষী মাতাল -শুঁড়ী সর্বদা মাতাল লইয়াই থাকে সুতরাং তার যা কিছু ঘটে মাতালেই দেখে ও মাতালই শুঁড়ীর মামলায় সাক্ষ্য দেয়।

শুঁয়া, শুঙ্গা [সং-শুক, শূক] বি, শস্যাদির সূক্ষ্ম অগ্রভাগ ; শূক। ~ পোকা -বি, শূককীট।

শুক [শুক্ (দীপ্তি পাওয়া)+ক (কৃ, জা॰। ত্ লোপ। গ্রা॰ শুয়া] বি, ব্যাসদেবের পুত্র। ২ রাবণের মন্ত্রী। ৩ পক্ষিবিঃ; টিয়াজাতীয় পাখী। "শুক সঙ্গে শাস্ত্র কথা কহে কুতূহলে।"-ভারত॰। ৪ শিরীষবৃক্ষ। স্ত্রীঃ শুকী-কশ্যপপত্নী। ২ শুকপক্ষিণী।

শুকটী,-টি [শুষ্ক >। বর্ণবিপর্য্যয়ে গ্রা॰ শুটকি,-কী] বিণ. শুষ্ক ; শীর্ণ। ২ বি. শুষ্ক দেহ। স্ত্রীঃ শীর্ণা নারী। পুং শুকটে, শুকটো, শুটকে ; শুটকো। শু॰ মাছ-বি, রৌদ্রে শুকাইয়া রাখা মাছ ; শুষ্কমৎস্য।

শুকতারা [শুক (< সং-শুক্র) তারা (নক্ষত্র)] বি, শুক্রতারা। "ওই কে অমর বালা দাঁড়ায়ে উদয়াচলে। * * * * সর্বাঙ্গে গোলাপ আভা সীমন্তে শু॰ জ্বলে।"-সারদামঙ্গল।

শুকনি$_1$-ক্রি, শুষ্ক করা।

শুকনি$_2$, শুকানি-শুকান দ্রঃ।

শুকনা,-নো [শুষ্ >শুষ্ক>শুক। বাং-র শুক+না যোগ (তুচ্ছার্থে। তুল-পাখা >পাখ পরে পাখ্না)। চ॰ ক॰ ভা॰ হউনা, শুউনা] বিণ, শুষ্ক ; রসহীন ; নীরস। ২ ম্লান। ~মুকনা, শুকনোমুকনো [গ্রা॰কথ্য, মুক(খ)না শুকনার সহচর] শুষ্ক ; মুখাদি শুষ্ক (মুখই প্রধান লক্ষ্য বলিয়া মুখনা)। ~শাক্না [হিং রুখা-সুখা (ভোজন)] বিণ, শুষ্ক ; রুক্ষ ; ঘী, তেল, দধি, দুগ্ধ, দাল, ঝোল ই॰-হীন অথবা এত অল্প পরিমাণে যে না থাকারই মত অবস্থার আহার-বিঃ, স্নেহপদার্থহীন (ভোজন)। "শুকনা শাক্না দিয়ে খেয়ে যাওয়া।"

শুকনাস [শুকের ন্যায় নাসা (নাসিকা) যার, বহু॰] বি, তারাপীড় রাজার মন্ত্রী। ২ বিণ. টিয়াপাখীর ন্যায় নাসিকাবিশিষ্ট।

শুকা, শুখা [সং-শুষ্ক > গ্রা॰] বি, বৃষ্টির অভাবে শস্যহানি। "অনেক আয়াসে চাষে শস্য উপস্থিত। শুখ হাজা পড়িল পশ্চাতে বিপরীত।"-শি॰। ২ বিণ, শুষ্ক।

শুকানি$_1$ [শুষ্ক+আন (ক্রিয়ায়)। শুকাই, শুকাও, শুকায় ; শুকাইতে (কে॰ শুকাতে) ; শুকাইয়া (কে॰শুকিয়ে, শুকায়ে)] ক্রি. শুষ্ক করা ; শুষ্ক হওয়া। ব্রজ॰ শুকাইব -শুকাইয়া যায়। "যদি কণ্ঠ শুকায়ব" -বি॰ প॰।

শুকানি$_2$-শোঁকান দ্রঃ।

শুকুল [শুক্ল >] বিণ,শুক্ল। "আষাঢ়ে নবম শুকুল পখা"-খনা॰। ২ ব্রাহ্মণের উপাধিবিঃ।

শুকোনো-শুখান$_2$ দ্রঃ।

শুক্ত$_1$, শুক্তা-শুক্তো দ্রঃ।

শুক্ত$_2$ [সং] বি, কাঁজি। ২ অম্ল।

শুক্তি, শুক্তিকা [সং] বি, ঝিনুক। ২ শঙ্খ। ৩ করোটী ; কপালখণ্ড। ৪ চারি তোলা পরিমিত গন্ধদ্রব্যবিঃ। ~জ-বি, মুক্তা। ~বীজ-বি, মুক্তাফল; মৌক্তিক।

শুক্তো [শুক্তা,শুক্ত ও॰। পূ॰বঙ্গে-হুকুতা। মুক্তা দ্রঃ] বি,তিক্তাস্বাদ ব্যঞ্জনবিঃ; শুক্তানি। "আমাদের যেমন শাকের ঘন্ট,শুক্তো প্রভৃতি আছে, সেও sauce ও মশলা দিয়া সেই ধরণের এক একটা জিনিস প্রস্তুত করিত।"-ভারতী, ১৩২০, আশ্বিন।

শুক্‌টি,-টী [বর্ণবিপর্য্যয়ে শুট্কী। সং-শুষ্কীকৃত। হিং শুটক্‌কী। শুক্টিয়া, শুকটে, শুটকিয়া, শুট্‌কে ও॰] বিণ, যাকে শুষ্ক করা হইয়াছে ; শুষ্কীকৃত। ২ বি,শীর্ণা ও রুক্ষা স্ত্রী। শুকৃটি (শুট্‌কী) মাছ-বি, শুষ্কীকৃত মৎস্য।

শুক্‌নি,শুক্‌না [শুকনা দ্রঃ] বিণ,নীরস; শুষ্ক। "নিতাই কি যাদু জানে, নিতাই কি ভেল্কি জানে, শুক্‌ন কাঠে জল ধরালে ফুল ফুটাল পাষাণে"-গান। ~ডাঙ্গা-বি,শুষ্ক-ভূমি; তীর। "যাদু চিন্তে তো পার নাই আমি শুক্‌ন ডাঙ্গায় পান্সী চালাই।"-গান।

শুক্র [শুচ্ (শুচি হওয়া)+র (জা॰)] বি, গ্রহবিঃ; ইং venus এর বৈজ্ঞা॰ পরিঃ (ক॰ বিষ॰ পরিঃ)।২ অগ্নি। ৩ [গ্রা॰শুক্কুর(ল)] ভার্গব ; শুক্রাচার্য্য। ৪ জ্যৈষ্ঠ মাস। ৫ যোগবিঃ। ৬ বীর্য্য ; রেতঃ ; শরীরস্থিত ধাতুবিঃ। ৭ চক্ষুপীড়াবিঃ। ~কর-বিণ, বীর্য্যবর্দ্ধক। ~জ, ~ভূ-বিণ, শুক্র হ'তে উৎপন্ন। ~বার [গ্রা॰ শুক্কুরবার। শুক্র (গ্রহবিঃ) বার (দিন), ৬তৎ] বি, শুক্রগ্রহের ভোগ্য দিন Friday. ~ভুক্-বিণ, শুক্র-খাদক। ২ বি, ময়ূর। ~শিষ্য-বি, দৈত্য; দানব। কাণা শুক্কুলা-পরিশিষ্ট-দ্রঃ।

শুক্রাচার্য্য [শুক্র + আচার্য্য] বি, ভৃগুমুনির পুত্র-ভার্গব (দৈত্যগুরু)।

শুক্ল [শুচ্ (নির্ম্মল হওয়া >] বি, শুভ্র-বর্ণ; শ্বেতবর্ণ। ২ সিতপক্ষ। ৩ শুদ্ধ; পবিত্র। ৪ রৌপ্য। ৫ চক্ষুপীড়াবিঃ। ৬ যোগবিঃ। ৭ নবনীত; ননী। ৮ বিণ, শ্বেতবর্ণবিশিষ্ট। স্ত্রীং ~শুক্লা-বাগ্দেবী; সরস্বতী। ২ বিণ, শ্বেতবর্ণা। ~কর্ম্মা-বিণ, শুভ্রকীর্ত্তি; নির্ম্মল চরিত্র (বিপরীত 'কৃষ্ণ-কর্ম্মা')। ~ধাতু-বি, খড়ী। ~পক্ষ-বি, শুক্ল প্রতিপদ অবধি পূর্ণিমা পর্য্যন্ত ১৫ তিথি। এই পক্ষে চন্দ্রের জ্যোৎস্না দ্বারা পৃথিবী শুক্লবর্ণ দেখা যায় বলিয়াই ইহার এই নাম। ~মণ্ডল-বি, নেত্রপ্রান্তস্থ শ্বেতাংশ region of cornea.

শুক্লিমা [শুক্ল + ইমন্ (ভা০)=শুক্লিমন্ ১মা, ১ব০] বি, শুক্লত্ব; শ্বেতত্ব। "গঙ্গার শুক্লিমার অপেক্ষা অধিক শুক্ল হইয়াছে **"।

শুখিনি-শুখান দ্রঃ।

শুখা [শুষ্ক দ্রঃ] বিণ, শুষ্ক; নীরস। ২ রূঢ়; কঠোর। ৩ বি, অনাবৃষ্টি। প্র-হাজা শুখা। ৪ খোরপোষহীন বেতন বা পারিশ্রমিক। ৫ যে রোগে শরীর শুকাইয়া যায়। সুখা-রোগ শিশুর হলে "পেঁচোয় পাওয়া" বলে। ৬ চুণ মাখান দোক্তা বা তামাক পাতার গুঁড়া; খইনি।

শুখানি[১], **শুখিন**[১] [শুষ্ক > শুকান > শুখান] বিণ, শুষ্কীকৃত। "শুখান বালির চুলা নূতন নির্ম্মাণ"-ধ০। ২ বি, অনাবৃষ্টি; শুখা বা জলাভাব জনিত অজন্মা এবং দুর্ভিক্ষ। প্র-শুখানের দিনে।

শুখানি[২], **শুখিন**[২], **শুকিনি**, **শুকানি**, **শু'খানো** [শুষ্ক + আন (বাং-ক্রি-বিভক্তি)। শুখাই, শুখাও (শুখান, শুখান), শুখায় (শুখাব); শুখাইতে (কে০ শুখাতে); শুখাইয়া (কে০ শুখায়ে, গ্রা০ শুখিয়ে) ই০। এইরূপ-শুকাই (গ্রা০ শুকুই), শুকাও ই০] ক্রি, শুষ্ক করা। ২ উপবাস করা।

শুঙ্গ(ঙ্গা) [সং-শুঙ্গ >] বি, শূক; শুঁয়া।

শুঙ্গা [গ্রা০ শোঁকা। সং-শিঙ্ঘ্ >] বি, আঘ্রাণ করা।

শুচরিতেষু [শুচরিত > ৭মী বিভক্তি। স০ বাং] বি, ভৃত্যাদিকে পত্রাদি লিখিবার সময় নামের পর সংযোজনীয় পদ।

শুচি [শুচ্ (নির্ম্মল হওয়া) + ই (কৃ, ক০)] বি, সূর্য্য। ২ চন্দ্র। ৩ অগ্নি। ৪ বৃহস্পতি। ৫ মহাদেব। ৬ ব্রাহ্মণ। ৭ গ্রীষ্মকাল। ৮ জ্যৈষ্ঠ ও আষাঢ় মাস। ৯ অন্নপ্রাশনকালীন হোম। ১০ সদাচার। ১১ শুক্লবর্ণ। ১২ শৃঙ্গার রস। ১৩ কশ্যপঋষির পত্নী। ১৪ বিণ, পবিত্র; শুদ্ধ। ১৫ অনুপহত। ১৬ নির্ম্মল। ১৭ নির্দ্দোষ। ১৮ শুভ্র। ১৯ অনুকূল। ~তা [শুচি + তা (ভা০)] বি, পবিত্রতা; নির্ম্মলতা; শুদ্ধতা। ~দ্রুম-বি, অশ্বত্থবৃক্ষ। ~বাই -শুচিতা রক্ষার জন্য যে পাগল বা বায়ুগ্রস্ত। গ্রা০ ছুঁচিবাই। ~স্মিত [শুচি + স্মিত (হাস্য)] বিণ, বিমল বা শুভ্র হাস্যযুত। > স্ত্রীং ~স্মিতা। "অয়ি শুচিস্মিতা" -চয়নিকা (রবী০)।

শুজ্নি [প্রাদে০] বি, চিত্রিত কন্থা।

শুজনী [সং-শয্যা > শুজ + নী (পাতনী অর্থে)] বি, শয্যায় পাতিবার সাদা বা সূচীকর্ম্ম করা মোটা চাদর bedsheet ; bedcover. শুজনি দ্রঃ।

শুঝা [সং-সুঝ্ > হিং সুঝ্না (দৃষ্ট হওয়া, বোধ হওয়া) বুঝা শব্দের সহচররূপে বাং-য় ব্যবহৃত হয়। হিং-তে স্বতন্ত্র ব্যবহার আছে] ক্রি, দর্শন করা বা দৃষ্টিগোচর হওয়া। ২ বোঝা বা বোধগম্য হওয়া।

শুটকি, **-কী**-শুকটী দ্রঃ।

শুণা [শুনা > প্রা০ বাং বানান] ক্রি, শ্রবণ করা। শুণিআঁ=শুনিয়া (শ্রী০ কী০)।

শুণিল [প্র০ পু০ ম০ পু০, উ০ পু০ "না শুনিল মোর বোলে" (সে শুনিল না)। "না শুনিল বোলহ উত্তর" (=তুমি শুনিলে না)। "মোএ দুঃখমতী তাক না শুণিল" (আমি শুনিলাম না)-শ্রী০কী০। শুণী= শুনিয়া। ২ শ্রবণ করি। ৩ শুনিতেছি।

শুণ্ঠি শুণ্ঠী [শুণ্ঠ্ (শোষণ করা) + ই (র্ম, ক০)] বি, শুষ্ক আর্দ্রক; শুঁঠ। ~তোয়-বি, শুঁঠজল। ২ জল চিনি শুঁঠ ছাগল দুধ একত্র সিদ্ধ করিয়া প্রস্তুত পানীয়।

শুণ্ড [শুণ্ (গমন করা) + ড (কৃ, ক০)] বি, হাতীর শুঁড়। ~ধর-বি, হস্তী।

শুণ্ডা [সং] বি, শুড়। ২ শৌণ্ডিকালয়। ৩ বেশ্যা।

শুণ্ডিকা-বি, আলজিভ।

শুণ্ডিনি [বৌ০ বাং প্রাকৃ০। শুণ্ড (শুঁড়) =ঊর্দ্ধনাসা। যোগক্রিয়া সম্বন্ধীয় গূঢ়ার্থ-দ্যোতক। "একৈকা ষট্পথযোগাৎ সা অবধূতিকা শুণ্ডিনী ঊর্দ্ধনাসা ঘণ্টিকারন্ধ্রে চন্দ্রসূর্য্যৌ বামদক্ষিণৌ প্রৌঢ় যোগী বলবন্তৌ সঞ্চয়তি মধ্যমায়াং প্রবেশয়তি।"-টীকা, বৌ০ গান ও দোহা] বি, অবধূতিকা। "এক সে শুণ্ডিনি দুই ঘরে সান্ধঅ"-চ০ ৩।১।

শুণ্ডী [শুণ্ডা + ইন্ (স্ত্য০) মূ০ শুণ্ডিন্ ১মা, ১ব০] বি, শৌণ্ডিক ২ হস্তী। "পরিহরি শুণ্ডী ধরিয়া চণ্ডী বাড়িয়া ভাঙ্গিল দন্ত।" -কবিক০।

শুতা, **শোতা** [শুতি, সুতি[২] দ্রঃ] ক্রি, শয়ন করা। ২ নিদ্রিত হওয়া। শুতলঁ, শুতিলঁ-শয়ন করিল। শুতি রহলঁ-শুইয়া রহিল। "শুতি রহল তঁহি কিছু না আলাপি।" -বি০ প০। শুতলছিলি-শুইয়াছিলাম। "একলি শুতলছলি কুসুম শয়ান।"-বি০ প০।

শুতি [সুতি দ্রঃ। সং-শী (শয়নে) > শয়ত (নিদ্রালু, নিদ্রা) >। অথবা সুপ্তি > সুতি। স=শ। প্রা০ বাং] বি, শয়ন; নিদ্রা। শুতিলোঁ-শয়ন করিলাম। "আয়াসে কাহ্নের উরে শুতিলোঁ। দিঞাঁ শিয়রে।"-শ্রী০ কী০। ণিজন্তরূপ-শুতানি, শোতানি-শয়ন করান; শোয়ানো। "উত্তর দক্ষিণে রাজাক নিল শোতাইয়া" -ধ০ ম০ মাণিক০।

শুদ-সুদ দ্রঃ।

শুদামঁদ্ [আ০ শদ্ ও-মদ্ (বল emphasis, force) > প্রবল in force, আদা০] বিণ, বহুদিন হতে প্রচলিত বা প্রবল।

শুদ্ধ [শুধ্ (সংস্কার করা, শোধন করা, শুদ্ধ হওয়া) + ক্ত (কৃ)] বিণ, নির্দ্দোষ। ২ নিষ্পাপ; নিষ্কলঙ্ক; নিরঞ্জন। "আত্মা অবিনাশী অপকলমুক্ত, শুদ্ধ অর্থাৎ নিরঞ্জন, অদ্বিতীয়, বিজ্ঞাতা, সর্ব্বাশ্রয় বিকারবর্জ্জিত,

আত্মজ্যোতি সকলের হেতু, অসঙ্গ এবং অনাবৃত।"-টেকচাঁদ। ৩ পবিত্র। "কৃষ্ণচন্দ্র মহারাজ শুদ্ধ শান্তমতি"-অ॰ ম॰। ৪ শুভ্র। ৫ উজ্জ্বল। ৬ অমিশ্রিত; খাঁটি। ৭ নির্ভুল: [ফলবিদ্যা॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] বি, ইং true র বৈজ্ঞা॰ পরিঃ। ৮ কেবল। ৯ [মনু॰ ৫।১০৭] নিরাপদ। ১০ সুদ্ধ দ্রঃ। ~চিত্ত, ~মঁতি-বি, বিণ, বিমল অন্তঃ-করণ ; নিষ্পাপ মন ; পূতহৃদয়।

শুদ্ধা/চার [শুদ্ধ+আচার] বি, পবিত্র আচরণ। বিণ, ~চারী।

শুদ্ধান্ত [শুদ্ধ (পবিত্র) + অন্ত(অন্তঃপুর), ধা। শুদ্ধান্তঃপুর ও॰] বি, অন্তঃপুর। "শুদ্ধান্তে যেরূপ সভা দূতও তেমন অনুরূপ হয়ে তার কৈলা আগমন।"-রামা॰ (রাজ॰)। স্ত্রীং ~া -রাজপত্নী ; রাজ্ঞী। ২ রাজরক্ষিতা স্ত্রী। ~বাসিনী-বি, অন্তঃপুরবাসিনী। "তখন শুদ্ধান্তবাসিনীগণের পদ্মহস্তবৃষ্ট অজস্র পুষ্প-দলে স্পন্দনদৃশ্য সুচারু হইয়া উঠে।"

শুদ্ধাশুদ্ধ [শুদ্ধ+অশুদ্ধ] বিণ, পবিত্র ও অপবিত্র।

শুদ্ধি [শুধ্ (শুদ্ধ হওয়া) + তি (ভা॰)] বি, সংস্কারবিঃ। ২ পবিত্রতা। ৩ স্বচ্ছতা ; নির্মলতা। ৪ পরিষ্কার ; মার্জনা। ৫ তত্ত্ব। "কোটিবৃহস্পতি জিনি অদ্বৈতের বুদ্ধি। ভাল-মতে জানে সেই চৈতন্যের শুদ্ধি।"-চৈ॰ভা॰। "কোন শাস্ত্রে পাইলা হেন শুদ্ধি"-মহা॰ (বিজয়॰)। ৬ সন্ধি ; সন্ধান। "কথাতে যে যোটক আছে না জানোম শুদ্ধি।"-মহা॰ (শ্রীকর॰)। ৭ দুর্গা। ~পঁত্র-বি, পুস্তকাদির ভুল সংশোধক তালিকা।

শুদ্ধোদঁন [ইতি॰] বি, বুদ্ধদেবের পিতা কপিলবস্তুর রাজা। [দ্রঃ-মতান্তরে পিতা-শুদ্ধোদনি, পিতামহ- দ্ধোদন]

শুদ্ধ্যশুদ্ধি [শুদ্ধি+অশুদ্ধি] বি, পবিত্র এবং অপবিত্রের ভাব।

শুধ-বুধ [প্রা॰ পদ॰ সা॰। লিপিকর প্রমাদে 'সুধবুধ'। সং-শুদ্ধি বুদ্ধি > সুধিবুধি > হিং সুধবুধ (স্মৃতিবুদ্ধি, জ্ঞানবুদ্ধি অথবা সহজবুদ্ধি common sense) > বোধ-শোধ (প্রা॰ বাং-বোদশোদ)। তুল-ফা॰ হোশ+আ॰ হবাস > হোশহবাস] বি, স্মৃতি-বুদ্ধি ; বুদ্ধিশুদ্ধি ; জ্ঞানবুদ্ধি। "শুধবুধ সব খোয়"-বৈ॰ পদ॰ (সা॰ প॰ প॰)।

শুধরানি [শুদ্ধকরণ > ক্ষে॰প্রা॰শুধরণ; ণিজন্তরূপ-শুধরান। হিং সুধরানা। শুধরাই, শুধরাও, শুধরায়; শুধরাইতে (ক্ষে॰শুধরাতে) ; শুধরাইয়া (ক্ষে॰ প্রা॰ শুধরে)] ক্রি, শুদ্ধ করা ; সংশোধন করা।

শুধা১ [প্রা॰ বাং। শুধু দ্রঃ। গ্রা॰ শুদু, শুদা ও॰] বিণ, শূন্য ; খালি। "কাছে আছিল শুধা কলস টানিয়া আনিল।" -মৈ॰ গী॰।

শুধা২, শুধানি [সুধান দ্রঃ। সং-শুধ্ (সং-শোধনে) > জিজ্ঞাসাবাদ দ্বারা চিত্তের ভ্রমশোধন বা সন্দেহ দূর করা। শুধি, শুধাই, শুধা, শুধাও (শুধান, শুধাস), শুধায় (শুধান) ; শুধাইতে ; শুধাইয়া] ক্রি, জিজ্ঞাসা করা। "কথাটি আমি শুধাবনাক তোমারে"-রবী॰।

শুধি [শুদ্ধি। প্রা॰ বাং] বি, শুদ্ধি। "তেঞি সে আজি হো নাহি হয় জল শুধি।" -ভাগবত (দৈবকীনন্দন)।

শুধু [সং-শুদ্ধ (অবিকৃত, অমিশ্র) > প্রা॰ বাং-শুধা, গ্রা॰ শুদু] ক্রি-বিণ, কেবল ; মাত্র। "শুধু পেটের অন্ন লইয়া যদি কথা হইত তাহা হইলে এক রকম চলিয়া যাইত।"-ভারতী, ১৩২০। "কাঁদিবার নাই অবসর কথা নাই শুধু ফাটে বুক"-রবী॰। `শুধু শুধু-ক্রি-বিণ, হেতুহীন ; অকারণ ; বৃথা।

শুন১, শুন/ক [শ্বন্ >] বি, কুকুর। ~হঁ [প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰] কুকুরের (দো॰ ৮৭)।

শুন২-ক্রি, গ্রহণ কর। "আমার বচন শুন ছাড় অভিমান। শ্রীমন্ত সাধুকে তুমি কর কন্যাদান।"-কবিক॰। ২ শ্রবণ কর।

শুন৩ [প্রা॰ বাং] বিণ, শূন্য। "শুনপাত্তরে কাহাঞি লাগ পাইল।"-শ্রী॰ কী॰।

শুনঃ-বি, উপনিষদের স্বনামপ্রসিদ্ধ ঋষি। ~শেফ-বি, ঋচিক মুনির পুত্র ও বিশ্বামিত্র ঋষির ভাগিনেয়।

শুনা১ [শ্বন্ (কুকুর)] বি, কুকুর। "জিহ্বা বাড়াইয়া শুনা জল খায় ঘাটে।"-মনসা ম॰ (কেতকাদাস)।

শুনা২, শোনা [সং-শ্রু > শ্রবণ > হিং শুন্না > বাং-শুনা, শোনা। প্রা॰ বাং-শুণা। প্রাদে॰ চট্টল॰ হুনা। শুনি, শুন, শোন (শুনেন, শোনেন ; শুনিস)। অনুজ্ঞায় শোন, শুনুন, শোন্। (তুল-সং-শৃণোতু > প্রাকৃ॰ সুণাহু। হিং শুন্), শুনে, শোনে (শুনেন, শোনেন) : শুনিতে শুন্তে ; শুনিয়া (ক্ষে॰ শুনে, পদ্যে-শুনি)। ণিজন্ত-শুনান] ক্রি, শ্রবণ করা ; কর্ণগোচর করা। ২ আদেশ পালন করা। ৩ মন দেওয়া ; মনোনিবেশ করা। ৪ কথা মান্য করা ; উপদেশ গ্রহণ করা। ৫ বিণ, শ্রুত ; যা কর্ণগোচর হইয়াছে। প্র শুনা কথা। প্রা॰ বাং-শুনন্ত, শুনিলেন্ত-শুনিলেন। "শুনন্ত ভারত তবে অতি পুণ্য কথা।"-মহা॰ (শ্রীকর॰)। ব্রজ॰ শুনই-শুনিতে। ২ শুনিয়া। "শুনই বাঁশী তব পিককুল গাওল" -রবী॰। শুনইতে-শ্রবণ করিতে। শুনঁনু, শুনঁলু-শুনিলাম। শুনঁতহি-শুনিয়া। "শুনতহি কানু মিলিল ধনী পাশ"-বি॰ প॰। শুনঁল-শুন। "শুনল শুনল বালিকা, রাখ কুসুম মালিকা"-রবী॰।

শুনানি [শোনানি ও॰। শুনা২ দ্রঃ। শুনাই, শুনাও (শুনান, শুনাস), শুনায় (শুনান) ; শুনাইতে (ক্ষে॰ শুনাতে) ; শুনাইয়া (ক্ষে॰ শুনিয়ে) ই॰। এইরূপ শোনাই, শোনাও ই॰] ক্রি, শ্রবণ করান। প্র-গান শুনায়। কথা শুনান।

শুনানি [শুনা (দ্রঃ) + আনি (ভাব বা কর্ম অর্থে)] বি, কর্ণপাত ; শ্রবণ। ২ [আদা॰ পরিঃ] বিচারক কর্তৃক উভয় পক্ষের বক্তব্য শ্রবণ hearing. প্র-অভিযুক্ত অপরাধীর বিরুদ্ধে শু॰ মুলতুবী আছে।

শুনি [সং] বি, কুকুর।

শুনি২ [শুনা২ দ্রঃ] ক্রি, শ্রবণ করি। ২ [শুনিয়া > ক্ষে॰] শ্রবণ করিয়া।

শুনি/য়ঁক [শুনিঅ+ক যোগ (ম॰ বাং। তুল-করিবেক)] ক্রি, শুনিও। "উত্তর বদতি শুনিয়ক মহাশএ।"-মহা॰ (বাসুদেব), ১৭শ খৃ॰ শতাব্দী। ~য়োক [শুনি+উক >] শুনুক। "শুনিয়োক সভাসদ"-মহা॰ (বাসুদেব), ১৭শ খৃ॰ শতাব্দী।

শুনিল [প্রা° বাং-র ১ম, (২) ম°, (৩) উ° পু° এর ক্রিয়া] ক্রি, শুনিল ; শুনিলে ; শুনিলাম। "কোন পরকারে না শুণিল মোর বোলে।"-শ্রী° কী°। (২) "না দেখিল না শুণিল বোলহ উত্তর"-ঐ। (৩) "সে হো বোল না শুণিল কানে ল"-ঐ।

শুনী [শুন (কুকুর)-ধন্+ঈ (স্ত্রীং)। শ=শু] বি, কুকুরী। "শুনী যেন হবি খায় পাইয়া নির্জ্জনে"-মহা° (কাশী°)।

শুন্ু [শূন্য > ন্ন] বিণ, খালি ;-শূন্য। প্র-শুন্ু কলস। শুন্ু হাত।

শুপুন্নে [সং-শ্বেতপুনর্নবা > ক্ষে° শ্বেত-পুণ্যা > বাং-র অতি ক্ষে° শেপুন্নে। শে=শু] বি, পুনর্নবা শাক।

শুবচনী [প্রা° শুবচুন্নী। সং-শুভ-সূচনী >] বি, শুভচণ্ডী।

শুবা, শুবে [আ° শুবহ্ (সন্দেহ)। গ্রা° শুবে, শোবে] বি, সন্দেহ (আদা° কাগজপত্রে বাং-র "শুবে" অধিক ব্যবহৃত)।

শুভ [শুভ্ (দীপ্তি পাওয়া)+অ (র্ত্তৃ-ভা°)] বি, কল্যাণ ; মঙ্গল। "ভৈরব কপিলাম্বর শুভ যাঁরে সেবি।"-অ° ম°। ২ যোগবিঃ। ৩ সুখ। ৪ ক্ষেমঙ্কর। ৫ সুন্দর। ৬ সুখী। স্ত্রীং শুভা-পার্ব্বতীর সখী। ~কর-বিণ, শুভঙ্কর। > স্ত্রীং ~া, ~ী। ~ক্ষণ-বি, মঙ্গলসূচক মুহূর্ত্ত ; সুযোগ। ~গ্রহ [প্রা° শুভগ্গেরো, শুভগ্র। শুভদায়ক যে গ্রহ, ধা] বি, শুভসূচক গ্রহ। ~ঙ্কর [শুভ (মঙ্গল) কর (কৃ+অ, র্ত্তৃ), ং আগম] বিণ, মঙ্গলজনক। "জ্ঞাতি বন্ধু ধরি ছল নাহি খাবে অন্নজল তাহে তুমি হবে শুভঙ্কর।"-কবিক°। ২ বি, জনৈক অঙ্কশাস্ত্রজ্ঞ পণ্ডিত। > স্ত্রীং শুভঙ্করী/রা-বিণ, কল্যাণকারিণী। (২) ~রী-বি, পার্ব্বতী। ~দ [শুভ (মঙ্গল) দ (দা=দান করা+অ, র্ত্তৃ)] বিণ, মঙ্গলজনক ; শুভপ্রদ। ২ অশ্বত্থবৃক্ষ। > স্ত্রীং ~দা-শুভদায়িনী ; মঙ্গলা। সম্বোধনে-'শুভদে'। ~দৃষ্টি-বি, যে দৃষ্টি কল্যাণসূচক ; বিবাহকালে বর ও কন্যার পরস্পর পরস্পরকে আনুষ্ঠানিক দর্শন। ~সূচক-বিণ, মঙ্গল সূচনাকারী ; কল্যাণ-জ্ঞাপক। ~সূচন, ~না-বি, মঙ্গল জ্ঞাপন। ~সূচনী [মূলে-শুভচণ্ডী > শুভ (মঙ্গল) সূচনী (যে সূচনা করে)। গ্রা° শুবচনী, শুবুচুন্নী] বি, সুবচনী নামক দেবী।

শুভাকাঙ্ক্ষী [শুভ+আকাঙ্ক্ষী] বি, হিতৈষী। স্ত্রীং শুভাকাঙ্ক্ষিণী। বি, শুভাকাঙ্ক্ষা-মঙ্গল কামনা।

শুভাগমন [শুভ+আগমন] বি, অভিনন্দন ; সাদর অভ্যর্থনা ; স্বাগত সম্ভাষণ welcome.

শুভাদৃষ্ট [শুভ+অদৃষ্ট] বি, সৌভাগ্য ; জোরকপাল।

শুভানু/ধ্যায়ী [শুভ+অনুধ্যায়ী] বিণ, হিতকামী ; মঙ্গলাকাঙ্ক্ষী। স্ত্রীং ~ধ্যায়িনী। বি,~ধ্যান-শুভ- চিন্তা।

শুভানুষ্ঠান [শুভ+অনুষ্ঠান] বি, মাঙ্গলিক কর্ম্ম।

শুভান্বিত [শুভ (ছায়া)+অন্বিত, ৩তৎ] বিণ, কল্যাণযুক্ত।

শুভাশীর্ব্বাদ [শুভ+আশীর্ব্বাদ] বি, শুভসূচক আশীর্ব্বচন।

শুভাশুভ [শুভ+অশুভ] বি, মঙ্গলা-মঙ্গল ; ভালমন্দ ; হিতাহিত।

শুভাশৌচ [শুভ+অশৌচ] বি, জননা-শৌচ ; সন্তানাদির জন্মজনিত অশৌচ।

শুভ্র [শুভ্+রক্] বি, শ্বেতবর্ণ ; শুক্লবর্ণ। ২ অভ্রক। ৩ চন্দন। ৪ বিণ, শ্বেতবর্ণ-বিশিষ্ট। ~কান্তি-বি, বিমলশ্রী। ২ বিণ, শুক্লবর্ণচ্ছটাযুক্ত ; বিমল সৌন্দর্য্যবিশিষ্ট। ~কায়-বিণ, শ্বেতকায়। ~কেশ-পাকা চুল ; সাদা চুল ; ~দন্তী-বি, উত্তরপশ্চিম বা বায়ু কোণের দিক্‌হস্তিনী।

শুভ্রাংশু [শুভ্র+অংশু] বি, শ্বেত আলোকচ্ছটা ; বিমল কিরণ।

শুমার,~রি [ফা°] বি,গণনা। আদম শুমারি-বি, লোক গণনা census.

শুম্ভ-বি, অসুরবিঃ। ~ঘাতিনী, ~নাশিনী, ~মর্দ্দিনী-বি, শুম্ভাসুর বিনাশিনী দুর্গা। ~পুর, ~পুরী-বি, শুম্ভাসুরের নগর ; (বর্ত্তমান) সম্বলপুর।

শুয়া১ [সং-শুক >] বি, শুকপাখী। "নিজবোলে ডাকে পিক পড়ে শারি শুয়া।" -ধ°। "তুমি কার কথায় ভুলেছ রে মন ওরে আমার শুয়া পাখী।"-রা° প্র°। ২ সুয়া ; সোহাগী। "শুয়া মাগু রান্ধি দেয় পঞ্চাশ ব্যঞ্জন।"-কবিক°। ৩ [লক্ষ°। তুল-প্রাণ-পাখী (আত্মারাম। "পড় বাবা আত্মারাম" ; "আত্মারাম খাঁচা ছাড়া হওয়া")ইং] বি,প্রাণ-পাখী ; প্রাণ ; আত্মা। "নিদারুণ যম আসি গলে দিবে পা। কাড়্যা লবে প্রাণের শুয়া *" -গোবিন্দ° গান (ব° সা° পরিচয়)।

শুয়া২, শুয়াপোকা [শূক > শুআ, শুয়া, শুঞা, শো, সু, সোঁ] বি, শূককীটবিঃ ; caterpiller. ২ [শ্রীহট্ট] বিছা।

শুয়ার-শূকর দ্রঃ।

শুরমা, শুর্ম্মা [সুর্ম্মা দ্রঃ] বি, রসাঞ্জন।

শুরশুর-সুড়সুড় দ্রঃ।

শুরি [শুষ্ক > শুটক > শুট্‌কি (শুকটি দ্রঃ) > শুটি। ট=ড়=র, টি=ই] বিণ, শুক্‌না। ~মৎস্য-বি, শুটকি মাছ। "শুরি মৎস্য রাশি রাশি যার গন্ধে রাক্ষস পাগল।" -মনসা ম° (বংশী°)।

শুরু [আ° শুরূ] বি, আরম্ভ ; সূত্রপাত। শুরু করা-আরম্ভ করা।

শুলকানি [হি° সুলগানা] ক্রি, প্রজ্বলিত করা। "শাল কাঠে আগুন দিল শুলকাইয়া।" -মাণিক° গান।

শুলুক-সুলুক দ্রঃ।

শুল্ক [শল্ (গমন করা)+ক (ভা°)। শ=শু, বা, শুক্ (সৃষ্টি করা)+অ (ভা°)] বি, দ্রব্যাদির আমদানী রপ্তানীর জন্য মাসুল ; কর tax. ২ বিবাহের পণ ; যৌতুক।

শুল্কনা, শুল্কানি [সং-ছল্লিকা > হি° ছিলকা > । ছ=শ] বি, সূক্ষ্ম ছাল ; আঙুলের মাথায় নখের নীচে জাত কষ্টদায়ক সূক্ষ্মছাল।

শুল্কালয় [শুল্ক+আলয়] বি, শুল্ক আদায়ের দপ্তর ; চুঙ্গীঘর।

শুল্পী [সং-শূল > । প্রা° বাং-র শুলফী (চণ্ডী, মাধবাচার্য্য)] বি, শস্ত্রবিঃ ; বেধনাস্ত্র। "শুল্পীতে শূয়র সম বিঁধিয়া পরাণ।"-চন্দন।

শুল্ফা(ফো) [প্রা° শুলপো। সং-শতপুষ্পা। হি° শোয়া বা শুয়া] বি, তীব্রগন্ধ ক্ষুদ্র শাকবিঃ sowa.

শুশ্রুবান্ [সং] বিণ, শুনিয়াছে বা শুনিয়েছে এমন।

শুশ্রূষণ [শ্রু (শুনা)+সন্ (ইচ্ছার্থে বিহ্)=শুশ্রূষ+অন (ভা॰)] বি,শ্রবণের ইচ্ছা। ২ [শ্রু+সন্(উপাসনার্থে)] পরিচর্য্যা।

শুশ্রূষা [শ্রু+সন্ (ইচ্ছার্থে বিহ্)=শুশ্রূষ+অ (ভা॰)+আ (স্ত্রী॰)] বি, শ্রবণের ইচ্ছা। ২ কথন। ৩ সেবা ; পরিচর্য্যা। বিণ, শুশ্রূষু-শ্রবণ করিতে ইচ্ছুক। ~প্রণালী-বি, পীড়িত ব্যক্তির যথোচিত সেবার নিয়ম nursing.

শুষা [শুষ্ (শোষণে) ধাতুজ। শুষি, শুষ (শুষেন, শুষিস), শুষে (শুষেন) ; শুষিতে ; শুষিয়া (ক্ষে॰ শুষে, পদ্যে-শুষি)] ক্রি,শোষণ করা ; নীরস করা। "যদিবা শুষিয়া বাণ, গোধিকার লই প্রাণ, নাহি ছাড়ি দিব সুখ জালে ;"-কবিক॰।

শুষির [শুষ্ (শুষ্ক হওয়া)+ইর (ভা॰)] বি, অগ্নি। ২ ছিদ্র ; রন্ধ্র। ৩ ফুঁ দিয়া বাজাইতে হয় এরূপ বাদ্যযন্ত্র। বিণ, ছিদ্রবিশিষ্ট। স্ত্রী॰ শুষিরা-নদীবিঃ।

শুষ্ক [শুষ্ (শুষ্ক হওয়া)+ত (র্ত্তৃ): ত=ক] বিণ, নীরস ; শুক্না। ২ শীর্ণ। ৩ নিরর্থক ; অহেতুক। ~কণ্ঠ-বিণ, যার গলা শুকাইয়াছে। ~দেহ-বিণ, শীর্ণ। > স্ত্রী॰ ~া। ~প্রায়-বিণ, অল্প রসহীন ; সামান্য শুকাইয়াছে এমন।

শুষ্কার্দ্র [শুষ্ক+আর্দ্র] বি, শুঁঠ।

শূক [শো (তীক্ষ্ণ করা)+উক (র্ত্তৃ)। শুয়া দ্রঃ] বি, শস্যাদির সূক্ষ্ম অগ্রভাগ ; শুঁয়া। ২ শিখা। ~কীট, ~কীটক-বি, শূয়াপোকা। ~ধান্য-বি, ধান্য, যব, গোধূমাদি। ~শিম্বী [পু॰ বঙ্গ প্রাদে॰ শূয়াশম্বু] বি,আলকুশী cowhedge plant.

শূকর [সং। প্রাকৃ॰ শূঅর, শূয়র, শুওর, শুঅর, শুয়ার, শুয়োর, শোয়ার, ক্ষে॰ শোর। শূ (অনুকার শব্দ করা)+কর (যে করে)। প্রাদে॰ চট্ট॰-শুঅর, হুঅর] বি, শূয়ার। স্ত্রী॰ শূকরী।

শূক্ষ্ম (শুক্‌র্ধ) [সূচ্ (জ্ঞাপন করা)+মন্ (র্ম্ম), সূ=শূ, চ্=ক্] বিণ, মিহি। ২ পাতলা। ~শিল্প-শিল্প দ্রঃ।

শূদ্র [শুচ্ (পবিত্র হওয়া)+র (র্ত্তৃ, জ্ঞা॰), চ্=দ্। অথবা-ক্ষুদ্র (অনুন্নত) > হিং প্রা॰ ছুদ্র, ছুদর। ক্ষ=ছ। প॰ বিধুশেখর শাস্ত্রী মহাশয়ের মত-"যাহাদের আচার রুদ্রাচার ছিল অর্থাৎ যারা রুদ্র বা ভীষণ ছিল তাহা হইতে শূদ্র"] বি, চতুর্থবর্ণ। "শূদ্র কথন ক্ষুদ্র নহে"-স॰ দত্ত। স্ত্রী॰ শূদ্রা। ["শূদ্রী শূদ্রস্য ভার্য্যা স্যাচ্ছূদ্রা তজ্জাতিরঙ্গনা" -অমর॰]. শূদ্রজাতীয়া স্ত্রী। শূদ্রপত্নী বুঝাইতে শূদ্রী ; শূদ্রাণী।

শূদ্রক [পু॰, ইতি॰] বি, মৃচ্ছকটিক নাটকোক্ত অশেষ গুণশালী রাজা। ২ কাদম্বরীতে কবি বাণভট্টোক্ত বিবিধ গুণ-সম্পন্ন রাজা। ৩ রামচন্দ্রের সমসাময়িক শূদ্র তপস্বী যার মস্তক রামচন্দ্র ধর্ম্মরক্ষার্থ স্বহস্তে ছেদন করিয়াছিলেন। ~ধর্ম্ম-বি, সেবা। ~প্রিয়-বি, পলাণ্ডু। অতি-শূদ্র-বি, চতুর্বর্ণাতিরিক্ত জাতি ; পঞ্চম বর্ণ ; পঞ্চম (দ্রাবিড় দেশে আজিও অস্পৃশ্য)।

শূদ্রান্ন [শূদ্র+অন্ন, ৬তৎ] বি, শূদ্র কর্ত্তৃক প্রস্তুত অন্ন ; শুদ্দুরের ভাত।

শূদ্রাবেদী [সং] বি, শূদ্রা বিবাহকারী দ্বিজ (বিত: ব্রাহ্মণ)।

শূন [সং-শূন্য > ভ্রং শূন, হি॰ শুন] বিণ, শূন্য। "শূন ভেল মন্দির, শূন ভেল নাগরী শূন ভেল দশদিশ শূন ভেল সাগরী॥"-বি॰ প॰। "শূন যে হিয়া রহিল পড়িয়া।"-চণ্ডি॰।

শূনা [সং-শূন্য (প্রা॰ শূনা, শুন্য)] বিণ, শূন্য। ২ নির্জ্জন। "কি করিয়া শূনা মাঠে থাকিবিরে শুঁয়ে।"-প্রেম ও ফুল।

শূন্য [শ্ব (অতিশয়)=শু-উন=শূন+য। প্রা॰ শুন্য। বৌ॰ বাং প্রাকৃ॰ সুণ, সুন্ন, সুনা, সুন্ন] বি, রিক্ততাসূচক চিহ্ন ; বিন্দু। ২ [গ॰ পরিঃ] ইং zeroর বৈজ্ঞা॰ পরিঃ। ৩ নির্জ্জন স্থান। ৪ আকাশ। ৫ অভাব। ৬ বিণ, নির্জ্জন। ৭ রিক্ত ; খালি। ৮ তুচ্ছ। ৯ রহিত। স্ত্রী॰ শূন্যা-বন্ধ্যা। ২ নলী। ৩ ক্ষীমনসা। ~কুম্ভ-বি, জলহীন কলস ; শুন্য কলসী। ~তা [বৌ॰ শা॰] বি, আমিত্ব জ্ঞান ও মমত্ব বোধ হীনতা বা রাহিত্য। ইহা সমাধির উচ্চ অবস্থা। ইহাতে কোন বাহ্য-বস্তু চিন্তার বিষয় হয় না। ~দৃষ্টি-বি, উদ্দেশ্যহীন বা উদাস দৃষ্টি vacant look. ~পথ-বি, আকাশ। ~পাণি-বি, রিক্ত হস্ত (কবিক॰)। ~বাদ-বি, বৌদ্ধমত। ২ নাস্তিকতা। ~বাদী-বিণ, উক্ত মতাবলম্বী। ~মার্গ-বি, আকাশপথ ; গগনমার্গ। ~ভাগী-বিণ, অংশ ক্রয়ে অর্থ না দিয়াও যে অংশীদার হয় noncontributory partner. ~গর্ভ [শূন্য (খালি) গর্ভ (মধ্য) যার, বহু॰] বিণ, শূন্যমধ্য ; ফাঁপা। > স্ত্রী॰ ~া। ~তা [বৌ॰ বাং প্রাকৃ॰ সুণ্ণত্ত] বি, রিক্ততা। ২ নির্ধনতা। ৩ অভাব।

শূর্পকার [শূর্প (ডাল) + কার (যে করে), যে বেতন গ্রহণ করিয়া পাক করে] বি, পাচক।

শূয়ার, শুয়ার [শূকর >। প্রা॰শুয়ার, শুয়োর, শোর ("শোর গোরু")। বি, বরাহ ; শূকর। "শুয়ার চেনে কচু আর ঘেঁচু" (=যে যে দরের সে সেই দরের বস্তুর মর্ম্ম বা মূল্য বুঝে)-প্রবচন। বিণ, শূয়ারিয়া, শুয়ারে-শূকর প্রকৃতিসুলভ। প্র-শূয়ারে কাণ্ড। শুয়ারে গোঁ-বি, শূকরসুলভ ভয়ানক জেদ। শুয়ারে পোকা-বি, শূকরমুখ কৃষ্ণবর্ণ কীটবিঃ। ~আলু-বি, একপ্রকার লোমশ বন্য আলু। ~চাষ-বি, শূকর পালন ; শূকরবংশ বৃদ্ধি ও তার ব্যবসায়। বুনোশূয়ার-বি, বন্য বরাহ।

শূর [শূর্ (সাহসী হওয়া)+অ (র্ত্তৃ, জ্ঞা॰ অচ্)] বি, সূর্য্য। "শূর হেরি কুমুদ মুদিত নাহি ভেল।"-জ্ঞান॰। ২ কৃষ্ণের পিতামহ। বিণ, শৌর্য্যশালী ; বলবান্। "শুহার ময়ূর * * শূর সর্প খেদাড়িয়া খায়।" -কবিক॰। বি, ~তা, ~ত্ব। বি, শৌর্য্য।

শূরণ [সং] বি, ওল।

শূরসেন [পু॰] বি, যদুবংশীয় নৃপবিঃ। ২ মথুরা।

শূরোচিত [শূর (শূরের) + উচিত (যোগ্য, সাধ্য ই॰)] বি, বীরের উপযুক্ত ; বীরসুলভ।

শূর্প [শৄ (হিংসা করা, বর্জ্জন করা)+প (স্ত্রা০)। শৄ=শূর্। হি০ সূপ্] বি, তণ্ডুলাদি পরিষ্কার-সাধন বংশনির্ম্মিত পাত্র; কুলা। স্ত্রীং সুর্পী-বি, ক্ষুদ্রশূর্প। ২ শূর্পণখা। ~কর্ণ [সং-শূর্প (কুলা) তৎসদৃশ কর্ণ (কাণ) যার, বহু০] বি, যার কর্ণ কুলার ন্যায় বৃহৎ; হস্তী। ২ গণেশ। ৩ বিণ, শূর্প তুল্য কর্ণযুক্ত; কুলাকাণি। ~ণখা [শূর্প (কুলা) সদৃশ নখ যার, বহু০] বি, লঙ্কাপতি রাবণের ভগ্নী।

শূর্ম্মি-বি, রাজমিস্ত্রীদের ব্যবহার্য্য ক্ষুদ্র কর্ণিকবিঃ।

শূল [শূল্ (রোগগ্রস্ত হওয়া)+অ (র্ত্তৃ, স্ত্রা০)] বি, উদরজাত বেদনারোগ। ২ ব্যথা pain. ৩ শূলা কৃতি অস্ত্র; ত্রিশূল। ৪ মৃত্যু। ৫ ধ্বজ। ৬ যোগবিঃ। ৭ চিহ্ন। ৮ মুনিবিঃ। ৯ সন্তানপ্রসবজন্য বেগ। "বল হয় অম্লমূল, কার বলে দিবে শূল, দিন দিন দেখি ক্ষীণ বলে।"-কবিক০। ~া-কীলক; শঙ্কু। ~ঘ্ন-বিণ, বেদনাহর। ২ বেদনাহর ঔষধ। ~ধর-বি, যিনি জগৎ সংহারক শূল ধারণ করেন; শিব। ২ বিণ, শূলধারী। > স্ত্রীং ~ধরা-বি(ণ), শূলধারিণী; দুর্গা। ~ধারী, ~পাণি, ~ভৃৎ-বি, শূলহস্ত; শূলধর; শিব। "অসুর দলবলহারিণী দেবদলপালিনী হৃদয়ে ধরে পদ যুগল শূলপাণি॥"-বাং-গান।

শূলপি [শ্রীহট্ট প্রাদে০] বি, বল্লম; শূলাস্ত্রবিঃ।

শূলা/কৃতি [শূল+আকৃতি] বি, শূলবৎ; শূলের মত। ~গ্র-বি, শূল বা ত্রিশূলের অগ্রভাগ বা মুখ।

শূলানি [শূল+আন (ক্রিয়ার), বাং নামধাতু] ক্রি, শূলবিদ্ধ হইলে যেরূপ বেদনা হয় সেইরূপ ব্যথা করা; কন্ কন্ করা। ~ী [গ্রা০ গুসুনি] বি, শূলব্যথা।

শূলি [শূল (দ্রঃ), ক্ষুদ্রার্থে-ই] বি, শূলদণ্ড। "অবিচারে মহারাজা দিতে বলে শূলি।"-ঘ০।

শূলী [শূল+ইন্ (ব্যা০) = শূলিন্ ১মা, ১ব০] বি, শিব। ২ শূলরোগী। ৩ বিণ, শূলহস্ত; শূলধারী। স্ত্রীং শূলিনী-বিণ, শূলধারিণী। ২ বি, দুর্গা।

শূল্য [শূল+য (কৃতার্থে)] বিণ, শলাকাবিদ্ধ দগ্ধমাংস; শিককাবাব।

শৃ(সৃ)গাল [সৃজ্ (চাতুরী, সৃষ্টি করা)= =শৃগ্+আ-ল (গ্রহণ) চট্টল০ প্রাদে০, শৃআল হিআল, হিয়াল শিআল। সং-'শৃকাল' ও০ কিন্তু প্র০ অ-] বি, শিবা; শিয়াল। ২ [লক্ষ০] খল; ধূর্ত্ত। ~কণ্টক [শৃগাল-শিয়াল কণ্টক (কাঁটা)] বি, শেয়াল কাঁটা গাছ; ইহার পাতা কাঁটা-কাঁটা। ফুলের বর্ণ পীত Argemone Mexicana. ~কোলি [সং] বি, শেয়াকুল গাছ; কণ্টকী লতা। পাতা রোঁমশ ও ফুল পীতাভ, ফল কুঁচবৎ ক্ষুদ্র ও গোল zizyphus Ænoplia.

শৃগালিকা, শৃগালী [শৃগালী+ক (ণ)+আ, শৃগাল+ঈ (স্ত্রীং)] বি, খেঁকশিয়ালী। ২ স্ত্রী-শৃগাল।

শৃঙ্খল [শৃঙ্গ (শিকলের কড়া) খল্ (গ্রহণ করা)+অ (ণে), নিপাতনসিদ্ধ। ক্ষুদ্রার্থে-শৃঙ্খলক] বি, শিকল; নিগড়। লৌহময় পদবন্ধনী। ২ বন্ধন। "অকূলে না কূল পায় দারুণ শৃঙ্খল পায়।"-বাং গান। ~া [শৃঙ্খল +আ (স্ত্রীং)] বি, ধারা; রীতি; নিয়ম। ২ বন্ধনী; ব্র্যাকেট চিহ্ন।

শৃঙ্খলাবদ্ধ [শৃঙ্খল+আবদ্ধ] বিণ, শিকল দিয়া বাঁধা; শৃঙ্খলিত।

শৃঙ্খলিত [শৃঙ্খল+ইত (সংযুক্ত, সংবদ্ধ)] বিণ, নিগড়বদ্ধ; শিকলবদ্ধ।

শৃঙ্গ [সং] বি, বিষাণ; শিঙ্গা। "ভেড়ার শৃঙ্গে হীরার ধার কতক্ষণ রয়।"-বাং গান। ২ পর্ব্বত শিখর; পর্ব্বতের চূড়া। ৩ শৃঙ্গ দ্বারা প্রস্তুত বাদ্যযন্ত্র; শিঙ্গা। ৪ শরাগ্রভাগ। ৫ তীক্ষ্ণাগ্রভাগ। ৬ পিচকারীযন্ত্র। ৭ চিহ্ন। ৮ কামোদ্রেক। ৯ প্রাধান্য। ১০ প্রভাব। ১১ প্রভুত্ব। ১২ জীবক নামক ওষধিমূল। ১৩ কূর্চ্চশীর্ষক বৃক্ষ। ১৪ কৃত্রিম ফোয়ারা। ~গ্রাহিতান্যায়-দুর্বৃত্ত বৃষাদির কৌশলক্রমে প্রথমে একটী শৃঙ্গ গ্রহণ করিয়া পরে অন্য শৃঙ্গ গ্রহণ করিবার ন্যায়। ~গিরি, শৃঙ্গেরি-বি, মৈসুর রাজ্যে অবস্থিত। ঋষ্যশৃঙ্গ মুনির জন্মস্থান। শঙ্করাচার্য্য প্রতিষ্ঠিত মঠ চতুষ্টয়ের অন্যতম শৃঙ্গেরি মঠ। ~জ [শৃঙ্গ-জ (জাত)] বিণ, শৃঙ্গজাত; শৃঙ্গনির্ম্মিত। ২ বি, বাণ। ৩ অগুরু। ~ধর [শৃঙ্গ+ধর (যে ধরে)] বি, পর্ব্বত। ~বান [শৃঙ্গ+বৎ (বতু-ব্যা০)] বি, পর্ব্বতবিঃ। ২ বিণ, শৃঙ্গযুক্ত চূড়াবিশিষ্ট। ~বের-বি, শৃঙ্গবেরপুর (দ্রঃ)। ২ আর্দ্রক, আদা (এই অর্থে 'শৃঙ্গবেরক' ও০)। ~বেরপুর [রামা০] বি, কোশল রাজ্যের সীমার বাহিরে গঙ্গাতীরবর্ত্তী নগরী, নিষাদরাজ গুহকের পুরী। রাম সারথি সুমন্ত্রকে এইখানে বিদায় দিয়া বনগমন করেন।

শৃঙ্গাট [সং] বি, কামাখ্যা দেশস্থ পর্ব্বতবিঃ। ২ চতুষ্পথ; চৌরাস্তা। ৩ [হি০ সিঙ্গাড়া, বাং- শিঙাড়া, শিঙ্গারা ও০] জলকণ্টক; পানিফল। ৪ পানিফলের গাছ।

শৃঙ্গাটক [সং] বি, পানিফল। ২ শিঙাড়ার আকারে প্রস্তুত আলু ইত্যাদির ঠুলিতে কিমা করা বা কোটা মাংসের পুর দেওয়া ঘৃতে ভাজা পিষ্টকবিঃ chop.

শৃঙ্গার [সং। "পুংসঃ স্ত্রিয়াং স্ত্রিয়াঃ পুংসি সংযোগস্য চ যা স্পৃহা। স শৃঙ্গার ইতিখ্যাতো রতিক্রীড়াদি কারণম্॥" নারীর প্রতি নরের ও নরের প্রতি নারীর সংযোগস্পৃহাই সকল রসের আদি বলিয়া এবং শরীরের কতকগুলি রস গ্রন্থির উত্তেজনাবশে নিঃসৃত রস রক্তের সহিত মিশ্রিত হইয়া যে সকল ভাবের উৎপত্তি হয়, তন্মধ্যে আসঙ্গলিপ্সা প্রধান বলিয়া ইহা আদি বা আদ্যরস বলিয়া উক্ত] বি, কাব্যের প্রধান রস; আদিরস। অনুরাগ ইহার স্থায়িভাব। ২ নাট্যরস। ৩ রমণ; রতিক্রীয়া। ৪ সন্ধ্যার পর ঠাকুরের মোহন বেশ; জগন্নাথ দেবের রাত্রিতে বেশ বা সাজ পরিবর্ত্তন। গ্রা০ কথায় "শিঙ্গার"। ৫ রাজমস্তকে সিন্দুরাদির সজ্জা। ৬ সুগন্ধিচূর্ণ। ৭ অপ্রাকৃত সৌন্দর্য্যস্বরূপ-"রসময় মূর্ত্তি কৃষ্ণ সাক্ষাৎ শৃ০"-চৈ০চ০। ৮ [বৈদ্যকে] সিন্দুর। ৯ লবঙ্গ। ~ী-বিণ, সুন্দর বেশকারী। ২ মাণিক্য। স্ত্রীং শৃঙ্গারিণী। ~ভূষণ-বি, সিন্দুর।

শৃঙ্গি [সং] বি, শিঙ্গী মৎস্য। ২ লতাবিঃ।

শৃঙ্গী [শৃঙ্গ (অগ্রভাগ বা শিং)=ইন্(ব্যা০)

=শৃঙ্গিন্ ১মা, ১ব৽] বি, মুনিবিঃ। ২ শিখরী; পর্ব্বত। ৩ বৃক্ষ। ৪ লতাবিঃ। ৫ মৎস্যবিঃ। ৬ বিণ, শৃঙ্গযুক্ত। স্ত্রীং শৃঙ্গিণী-গাভী। ২ জ্যোতিষ্মতী গাছ। ৩ মল্লিকাগাছ।

শৃণি [সং] বি, অঙ্কুশ। "শৃণি দণ্ড"-কবিক৽।

শেআলা, শৈওলা [শৈবাল >] বি, শেয়ালা দ্রঃ।

শেউ, শেও (ওঁ) [সং-শেব্ (মেঢ্র)] বি, শেফ; মেঢ্র; শিশ্ন। ২ যোনি।

শৈওড়া-বি, শাখোট।

শৈওলা-বি, শৈবাল; শেয়ালা (দ্রঃ)।

শেঁখো(কো) [সং-শঙ্খ > হিং সখিয়া] বি, শঙ্খবিষ white arsenic. **~পোকা**-বি, ধান গাছ নষ্টকারী লোমশ-কীটবিঃ।

শেকহ্যাণ্ড (-ও) [ইং shake hand এর লিপ্যন্তর] বি, করমর্দ্দন। "পরেশনাথ প্রবেশ করিতেই তিনি তাহার সহিত শেকহ্যাণ্ড করিয়া বলিলেন, 'বসুন'"-মা৽ ও ম৽ বাণী, ১৩৩৩, জ্যৈষ্ঠ।

শেকুল [শৃগাল-কোলি > ভ্রং শিয়াকুল > প্রা৽] বি, অতি ক্ষুদ্র কুলবিঃ; শেয়াকুল zizyphus jujube. **~কাঁটা**-বি উক্ত কুল গাছের কাঁটা।

শেখ(ক)-সেখ দ্রঃ।

শেখর [সং] বি, শিরোভূষণ; কিরীট। ২ শিখাস্থিত মাল্য। ৩ চূড়া। **~ক (-র্ক)** [সং] বি ফুলের শিরস্ত্রাণ ও মুকুট; আপীড়ক।

শেখা [শিখা > প্রা৽] ক্রি, শিক্ষা করা learn.

শেগুন-সেগুন দ্রঃ।

শেজ [সং-শয্যা > ভ্রং (চ৽ ক৽ ভা৽ "হিজ")] বি, শয্যা। "আজ রচয়ে বাসক শেজ।-চণ্ডি৽।"শেজ পরশ নাহি পাবই।"-বি৽ প৽। **~করা**-ক্রি, শয্যা রচনা করা। **~তুলুনী**-বি, যে বাসর শয্যা তোলে। **~তোলা**-ক্রি. শয্যা গুটাইয়া বা উঠাইয়া রাখা। **~তোলানি**-বি, বিবাহ বাসরে বর কন্যার শয্যা তুলিবার পারিশ্রমিক।

~মাজুর-বি, মাদুর ও তার উপরে পাতা শয্যা; শয্যা ও তার উপকরণাদি।

শেঠ [সং-শ্রেষ্ঠী >। প্রা৽ শেট, সেঠ] বি, বণিক। ২ জাতীয় উপাধিবিঃ।

শেতখানা-সেতখানা দ্রঃ।

শেপুন্নে-শুপুন্নে দ্রঃ।

শেফ [সং-শেফস্ শব্দ। শী (শয়ন করা) +ফ, যে শুক্র পাতান্তে শয়ন করে] বি, শিশ্ন। তুল-শুনঃ-শেফ। ২ বিণ, শয়নকর্ত্তা। তুল-শেফালিকা।

শেফালি,-লী [শেফ (শয়ন করা), মধুগন্ধে আকৃষ্ট হইয়া ভ্রমর যাতে শয়ন করিয়া মধুপান করে, বহ৽। প্রা৽ শিফালি, সিফালি, সেফালি,-লী > শি (সি) + অলি,-উলি,-ওলি,-লী] বি, শেফালিকা; শিউলী ফুল। ২ শিউলী ফুলের গাছ। ৩ নীল সিন্ধুবার।

শেফালিকা [শেফালি+ক (স্বার্থে) + আ (স্ত্রীং)] বি, শেফালি দ্রঃ। প্রা৽ শেফালিকে। "জাতি যুতি শেফালিকে টগর গোলাপ কাট মল্লিকে।"-বাং গান।

শেব১ [সং। শেব্, শেফ দ্রঃ। ব=ব, সেগো, সেঙো, সেঁও, 'সে-ও'। অশ্লীল] বি, শিশ্ন। ২ যোনি।

শেব২-বি, সেউফল; আপেল।

শেবতী [সং] বি, বহুদল শ্বেত গোলাব; সেঁউতি Rosa moschata.

শেমুষী ["বুদ্ধির্মনীষা ধিষণা ধীঃ প্রজ্ঞা শেমুষী মতিঃ।"-অমর৽] বি, বুদ্ধি। প্র-অশেষ শেমুষীসম্পন্ন।

শেয [সং-শয্যা] বি, শয্যা। "দ্রুতগতি শেষ করত পুন চমকই নিরখত তুয়া পথ পানে।"-গী৽ গিরি৽।

শেয়াকুল [শিয়াকুল দ্রঃ। সং-শৃগাল-কোলি। প্রা৽শেকুল] বি,শ্যাকুল (দ্রঃ) নামক কাঁটা গাছ। **~কাঁটা** [প্রা৽ শেকুল-কাঁটা] বি, যে কাঁটায় কাপড় একবার জড়াইয়া গেলে সহজে ছাড়ান যায় না। [লক্ষ৽] যে লোক সহজে ছাড়ে না; না-ছোড় বান্দা হইয়া বেড়িয়া ধরে।

শেয়ান, -না [হি৽সিয়ানা] বিণ, বুদ্ধিমান; চালাক; ধূর্ত্ত; চতুর।

শেয়ার [ইং share এর লিপ্যন্তর] বি, অংশ। "ভুয়ো শেয়ার কিনিয়া গরীবেরা মরে"-স৽ দত্ত।

শেয়াল-শিয়াল দ্রঃ।

শেয়ালা [শৈবাল >] বি, জলঘাস; শৈবাল; শেওলা।

শের১ [ফা৽] বি, সিংহ; ব্যাঘ্র। **~নর**-বি, পুরুষসিংহ। **~বাবর**-বি, সিংহ।

শের২ [সং-শরাবঃ (কুড়বদ্বয়পরিমাণম্। তৎ তু চতুঃষষ্টি তোলকাত্মকম্ সের ইতি ভাষা।"-শব্দকল্পে৽)] বি, সের দ্রঃ।

শেরওয়ানী [হি৽] বি, শিরস্ত্রাণ; বাঁধা পাগড়ী। "সম্ভ্রান্ত হিন্দুবংশের অনেকেই পায়জামা শে৽ টুপী ব্যবহার করেন এমন কি মুঙ্গিও বাদ যায় না।"-আ৽ শক্তি।

শেরা [সং-শ্রেষ্ঠ বা শীর্ষ >] বিণ, শ্রেষ্ঠ; প্রধান। ২ মাথাল; শীর্ষস্থানীয়।

শেরিফ১ [এ্যাং স্যা৽ scir(ইং shire), screfa (a governor)] বি, জেলার শাসনকর্ত্তা; নগরের প্রধান পুরুষ; নগরপাল।

শেরিফ২ [আ৽ শরীফ্] বি, মুসলমান-ধর্ম্মপ্রবর্ত্তক হজরত মহম্মদের কন্যা ফাতিমা-গর্ভজ সন্তান। ২ মক্কার শাসনকর্ত্তা।

শেল১ [শল্য >। বৃহদর্থে শাল] বি, শূল অপেক্ষা দীর্ঘ ও স্থূল তীক্ষ্ণমুখ যুদ্ধাস্ত্রবিঃ। শেল বেঁধা-ক্রি, অতি যন্ত্রণাদায়ক শল্য দ্বারা আহত হওয়া। শক্তিশেল-বি, ঐ নামের প্রাচীন যুদ্ধাস্ত্র।"লক্ষণের শক্তিশেল।"

শেল২ [শূল >] বি, শল্যাস্ত্র; শূল।

শেল৩ [ইং shell] বি, কামানের গোলাবিঃ।

শেলায়া [শৈবল >। কেং প্রা৽ শেলা] বি, শৈলপ্রান্ত, ইট-পাথর-কাঠের গায়ে জন্মে যে শেওলা।

শেলেখানা [সেলেখানা দ্রঃ] বি, অস্ত্রাগার।

শেলেট-সেলেট দ্রঃ।

শেষ [শিষ্ (নাশ করা)+অ (র্ক, জ্ঞা৽)] বি, সর্পরাজ; অনন্তনাগ। "শিঞ্জিনীতে বৈসে শেষ ভৈরব উন্মত্ত বেশ যতক্ষণ মহাবীর যুঝে।"-কবিক৽। ২ বলরাম। ৩ [+অ(ভা৽)] বিনাশ; ধ্বংস। ৪ অন্ত। ৫ নিষ্পত্তি;

সমাপ্তি। "আশা করি অদূর ভবিষ্যতে এই বাহিনীর শেষ শুনিতে পাইব।"-বসুমতী, ১৩৩৮। ৬ অবশেষ। "শেষে প্রভু লয় কালে।"-বাং গান। ৭ [পাটী০ (কেং বিশ০পরিঃ)] ইং remainder এর বৈজ্ঞা০ পরিঃ; বাকী। ৮ শয্যা। "শূন্য শেষ পড়ে আছে পদ্ম নাহি ধরে।"-বৈ০ গী০। ৯ [+অ (র্তৃ)] বিণ, পরিত্যক্ত। ১০ উচ্ছিষ্ট। ১১ অবশিষ্ট।~বয়ঃ-বিণ,বৃদ্ধ। > স্ত্রীং~বয়ী-বৃদ্ধা। "বলক্ষবয়ণ কেশবেশ শেষবয়ী।"-ম০।

শেষাশেষি [শেষ+আ+শেষ+ই] ক্রি০-বিণ, শেষের দিকে ; শেষ যনাযন; যখন প্রায় শেষ হইয়া আসিয়াছে।

শেষোক্ত [শেষ+উক্ত] বিণ, সকলের পরে বা অন্তে কথিত বা উল্লিখিত।

শেহালা [সং-শৈবাল > শেআলা, শেহালা] বি,শৈবাল; শেওলা। "শুন শুন দিদি প্রেম সুধানিধি কেমন তাহার জল। কেমন তাহার গভীর গম্ভীর উপরে শে০-দল।"-চণ্ডি০।

শৈআল-শৈবাল দ্রঃ।

শৈক্ষ [বৌ০ সা০] বি,যে ভিক্ষুর শিক্ষা সমাপ্ত হয় নাই। "কি উপায়ে অশৈক্ষ, শৈক্ষ সর্ব্ববিধ ভিক্ষুই উন্নতির পথে অগ্রসর হইতে পারেন।" -জাতক, ৪র্থ খণ্ড

শৈত্য [শীত (শীতল)+য (ভা০)] বি, শীতলতা ; জাড্য।

শৈথিল্য [শিথিল+য (ভা০)] বি, শিথিলতা; আলগা ভাব।২ অসত্বরতা। ৩ অবসন্নতা। ৪ অমনোযোগ।

শৈব [শিব+অ (উপাসকার্থে-সম্বন্ধার্থে)] বিণ, শিবসম্বন্ধীয়। ২ বি, শিবোপাসক। "এইরূপে শৌনকাদি শৈব-গণ।"-অ০ ম০। ৩ শিবপুরাণ।

শৈবল-শৈবাল দ্রঃ।

শৈবলিনী [শৈবল (শেয়ালা)+ইন্ (ত্য০)+ঈ (স্ত্রীং)] বি, নদী। "সুরশৈবলিনী জগৎ জননী শঙ্কর-মৌলি-নিবাসিনী গঙ্গে।" -বাং গান।

শৈবাল,শৈবল [শী (শয়ন করা)+বাল, বল (র্তৃ).যে জলে শয়ন করে। প্রা০ বাং প্রাকৃ০ শৈআল (রামা০ বনখ্যাম, ১৬শ খ০)। প্রা০ শিয়ালা, শেওলা। প্রা০ বাং-সিহাল (শ্রী০ কী০)। সিহালা ও০] বি, জলজ তৃণজবিঃ; শেয়ালা blyxa octandra.

শৈব্য [শিব+য (সম্বন্ধার্থে)] বিণ, শিব সম্বন্ধীয়। স্ত্রীং ~া-শিব সম্বন্ধীয়া। ২ [পুং] বি, রাজা হরিশ্চন্দ্রের পত্নী।

শৈরিক[শিরা+ইক]বিণ,শিরাত্মক। 'ধমনী শৈ০ রন্ধ্রে গরজিয়া মেঘমন্দ্রে।"-কুকুম। ২ শিরা সম্বন্ধীয়।

শৈল[শিলা (প্রস্তর)+অ] বি, পর্ব্বত ; গিরি। ২ শৈলেয় নামক গন্ধদ্রব্য। ৩ শিলা সম্বন্ধীয়। ৪ পার্ব্বতীয়। ৫ [প্রা-শৈল, শৈল্য [শরীর > শরীল > শইল > শৈল,শৈল্য ও০] শরীর। "ছদ্দি লইছে প্রাণের খুড়া শৈল্যে আরাম নাই" -পূ০ ব০ গী০। ~জ [শৈল (পর্ব্বত) জ (জাত)] বি, পার্ব্বতীয় গন্ধ-দ্রব্য। ২ বিণ, পার্ব্বত্য; পর্ব্বতজাত। > স্ত্রীং ~জা-বিণ, শৈলসম্ভূতা। ২ বি, গিরি-সুতা ; পার্ব্বতী। ~ধর-বি, গিরিধারী ; বিষ্ণু। ~রাজ-বি, পর্ব্বত- রাজ হিমালয়। ~শিখর-বি, গিরিচূড়া। ~সুতা-বি, হিমালয় কন্যা পার্ব্বতী ; দুর্গা। ২ গঙ্গা।

শৈলাখ্য [শৈল (পাষাণ)+আখ্যা নাম যার, বহু] বি, শৈলেয় ; শিলাজতু।

শৈলাগ্র [শৈল+অগ্র] বি, পর্ব্বত-শিখর বা চূড়া।

শৈলাট [সং। শৈল+অট্ (গমনে,র্তৃ)] বি, স্ফটিক। ২ যে বা যারা শৈলদেশে বিচরণ করে বা থাকে (বির্থে০পার্ব্বত্য জাতি, সিংহ, ব্যাঘ)।

শৈলাদি [শিলাদ+ই (অপত্যার্থে)] বি, শিবানুচর নন্দী।

শৈলিক [আ০ সুলুক >] বি, সদ্ভাব।

শৈলী [সং] বি, সদ্ব্যবহার ;সদ্ভাব ২ রচনাকৌশল; রচনা রীতি বা ধারা style, "বঙ্কিমচন্দ্র তাঁহার শেষ জীবনে খাঁটি বাঙ্গালার আধারের উপর তাঁহার অপূর্ব্ব শক্তি ও সুষমা-ময় গদ্য শৈলী উদ্ভাবন করিয়া গেলেন।"-ডাঃ সু০ চট্টো০।

শৈলূষ [সং। 'শৈলূষিক' ও০] বি, নৃত্য-জীবী নটবিঃ। "বধবন্ধমজীবী, শৈলূষ শৌণ্ডিক * * *"-ব্যাস সংহিতা। ২ জীবজাতি। স্ত্রীং ~ী-নটীবিঃ। "নটী শৈলূষী * * বেণুজীবিনী"-সংবর্ত্ত সংহিতা।

শৈলেন্দ্র [শৈলের মধ্যে ইন্দ্র (প্রধান), তৎ] বি, পর্ব্বতশ্রেষ্ঠ ; হিমালয়।

শৈলেয় [শৈল (পর্ব্বত)+এয় (ভব বা জাত অর্থে) বিণ, পার্ব্বত্য ; পর্ব্বতজাত। ২ শৈল সম্বন্ধীয়। ৩ বি, পার্ব্বত্য গন্ধৌষধি-বিশেষ। ৪ সৈন্ধব লবণ। স্ত্রীং ~ী-পার্ব্বতী।

শৈল্য [শিলা+য (সম্বন্ধার্থে)] বিণ, শিলা সংক্রান্ত।

শৈশব [শিশু+অ (ভা০)] বি, শিশুত্ব ; বাল্যাবস্থা। ~কাল- বি, ছেলেবেলা। ~লীলা-বি, ছেলেখেলা। ~সঙ্গী, ~সহচর- বি, শিশুসাথী। ~স্মৃতি-বি, বাল্যকালের স্মরণীয় বিষয়।

শৈশবাবস্থা [শৈশব+অবস্থা] বি, বাল্যকাল।

শৈশির [শিশির+অ (সম্বন্ধার্থে)] বিণ, শিশির সম্বন্ধীয়।

শো১ [শোয়া দ্রঃ] ক্রি, শয়ন করে।

শো২, **শো-পোকা** [শুঁয়া দ্রঃ] বি, শুঁয়াপোকা।

শোআ, শোওয়া [সং-শী (শয়ন করা)=শু >। শুই, শোও (শুউন, শোউন, শুন্,শুস);শোয় (শোন্),শুইতে (কে০শুতে); শুইয়া (কে০ শুয়ে)। শিজন্ত-শোয়ান] ক্রি, শয়ন করা। ২ [হি০ > প্রা০বাং০য়] নিদ্রা যাওয়া। ৩ [মেয়েলি০ সঙ্গমার্থ শয়নের ভাব >] সঙ্গম ; সুরত।~বসা-শোয়া দ্রঃ।

শোআনি,শোওয়ানি, শোয়ানি [শোআ দ্রঃ। শোয়াই, শোয়াও (শোয়ান, শোয়াস), শোয়ায় (শোয়ান) ; শোয়াইতে (কে০ শোয়াতে); শোয়াইয়া (কে০ প্রা০ শুইয়ে)] ক্রি, শুইতে বাধ্য করা ; শয়ন করান।

শো১ [শুঙ্গ >] বি, শুঁয়া দ্রঃ।

শো২ [অনু০]অ,অনুকরণ শব্দ।~শোঁ [অনু০] বি, বেগে বায়ু বহিবার শব্দ। ২ বায়ু-বেগে গমনের শব্দ।

শোঁ৩[সং-শুক > শো >] বি, শোঁয়া-পোকা।~পোকা-বি,শূককীট caterpiller.

শোঁকা, শুঁকা, শুঁখা, শোঁখা [সং -শিঙ্‌ঘ্‌ (আঘ্রাণে) > । শুঁকি, শুঁক, শোঁক (শুঁকেন, শুঁকিস), শুঁকে, শোঁকে (শুঁকেন, শোঁকেন); শুঁকিতে (কে° শুঁকতে); শুঁকিয়া (কে° গ্রা° শুঁকে) ই°। শিজন্ত-শোঁকান। গ্রা° শোঁগা, শোঙা] ক্রি, আঘ্রাণ করা।

শোঁকানি, শুঁখানি, শুঁখানি, শোঁখান [শোঁকা দ্রঃ। শোঁকাই) শোঁকাও (শোঁকান, শোঁকাস), শোঁকায় (শোঁকান); শোঁকাইতে (কে° শোঁকাতে); শোঁকাইয়া (গ্রা° শুঁকিয়ে, শুঁকইয়ে)] ক্রি, গন্ধ গ্রহণ করিতে দেওয়া; আঘ্রাণ করান।

শোগা-শোঁঙা দ্রঃ।

শোক [শুচ্‌ (শোক করা) + অ (ভা°)। গ্রা° শোগ। প্রায়ই রোগ শব্দের সহচর] বি, প্রিয় বিরহ বা অন্য দুঃখাদি জন্য চিত্তবৈকল্য। ~গাথা-বি, শোকসূচক গীত। ~গ্রস্ত-বিণ, শোকাক্রান্ত; শোকাকুল। ~জর্জরিত, ~জীর্ণ-বিণ, শোকার্ত; শোকে জর-জর। ~তাপ-বি, দৈহিক ও মানসিক কষ্ট; দুঃখ যন্ত্রণা। > বিণ, ~তপ্ত। ~নাশ-বি, শোকদুঃখের অবসান। ~প্রবাহ-বি, শোকের বেগ। ~ব্যঞ্জক, -সূচক-বিণ, শোক প্রকাশক। ~সঙ্গীত-বি, শোকগাথা; শোকের অভিব্যক্তিমূলক গান। ~সন্তপ্ত-বিণ, শোকজর্জর; শোকদগ্ধ।

শোকাকুল [শোক(দ্বারা) + আকুল, ৩তৎ] বিণ, শোকে অভিভূত।

শোকাতুর [শোক (দ্বারা) + আতুর, ৩তৎ] বিণ, শোকে কাতর।

শোকানল, শোকাগ্নি [শোক (রূপ) + অনল, অগ্নি, রূপক ধা] বি, শোকের আগুন; শোকের দাহ; দুঃখাগ্নি। প্র-পুত্রের মৃত্যু শ্রবণ করিতেই তার শো° প্রজ্বলিত হইয়া উঠিল।

শোকাপনোদন [শোক + অপনোদন, ৬তৎ] বি, দুঃখ হরণ; শোকনাশন।

শোকাবেগ [শোক + আবেগ, ৬তৎ] বি, শোকোচ্ছ্বাস। "তাঁহাদের শো° জীবনের একমাত্র সান্ত্বনা"-উত্তরা।

শোকার্ত [শোক (দ্বারা) + আর্ত (পীড়িত) বা শোক + ঋত (যুক্ত)] বিণ, শোকক্লিষ্ট। শোকব্যথিত; শোকাকুল।

শোকোচ্ছ্বাস [শোক + উচ্ছ্বাস, ৬তৎ] বি, শোকের প্রাবল্য হেতু হৃদয়ের আবেগ। > বিণ, শোকোচ্ছ্বসিত।

শোকোদ্দীপ্ত [শোক (দ্বারা) + উদ্দীপ্ত, ৩তৎ] বিণ, শোক দ্বারা উত্তেজিত।

শোখ্‌তা [শোষক দ্রঃ। হিং সোখ্‌তা; বাং গ্রা° শোক্তা] বি, মসীশোষক কাগজ বা বালী প্রভৃতির পুঁটুলি blotter.

শোঙা [শুঙা দ্রঃ। শুঙি, শুঙ (শুঙেন, শুঙিস), শুঙে, শোঙে (শুঙেন, শোঙেন); শুঙিতে, শুঙিয়া (কে°, পদ্যে-শুঁঙি, গ্রা° শুঁঙে) ই°। শিজন্ত- শোঙানি] ক্রি, আঘ্রাণ করা। ~ড়িয়া, শোঙড়া, শোঙ্গড়া-বিণ, যে শুঁকে শুঁকে বেড়ায় বা খায়; শোঁকাস্তে (সাধাঃ গরু পক্ষে)। কুকুরশোঙা-কুক্‌সিমের গাছ।

শোচ, শোচনা [শুচ (শোক করা) + অন (ভা°)] বি, শোক করা; বিলাপ। ২ অনুতাপ; অনুশোচনা। বিণ, শোচনীয়।

শোচিষ্কেশ [শোচিঃ (শিখা) + কেশ] বি, অগ্নি।

শোচ্য [শুচ্‌ + য (র্ম)] বিণ, শোকের উপযুক্ত; অনুশোচনীয়। ২ বি, শোকের বিষয়। ~দেশ-বি, অপবিত্র দেশ। "বৈষ্ণব জন্ময়ে কেন শোচ্য দেশেতে"-চৈ° ভা°।

শোঝা [শুঝা দ্রঃ] ক্রি, বোধ করা; বুঝা। "কামাদের ধূমে, তম রণভূমে, আত্মপর নাহি শুঝে।"-অ° ম°।

শোট [শিটা দ্রঃ। চোটা (গুড়) > চোট। চ=শ] বি, মাতগুড়।

শোঠ [শুঠ্‌ (আলস্যে) + অ(র্তৃ)] বিণ, অলস; চিরকারী। ২ মূর্খ। ৩ শঠ। স্ত্রীং ~া।

শোণ [শোণ্‌ (রক্তবর্ণ হওয়া বা করা) + অ (র্তৃ)] বি, রক্তবর্ণ। ২ অগ্নি। ৩ রক্ত। ৪ সিন্দূর। ৫ পাটনার নিকটস্থ নদী। ৬ বিণ, লোহিতবর্ণযুক্ত; রক্তবর্ণবিশিষ্ট। ~পত্র-বি, রক্তপুনর্নবা। ~রত্ন-বি, পদ্মরাগ মণি।

শোণক, শোণাক [সং] বি, শোণাল গাছ; শোণাক (দ্রঃ)।

শোণিত [শোণ (রক্তবর্ণ) + ইত (জাতার্থে)] বি, রক্ত; রুধির। "লোল রসনা করালবদনী শোণিতের ধারা বহে বিম্বাধরে" -বাং গান। ২ কুঙ্কুম। ৩ বিণ, রক্তবর্ণবিশিষ্ট; লোহিত। ~ধারা-বি, রক্তপ্রবাহ। ~পুর-বাণরাজার পুরী। ~প্রবাহ-বি, রক্তের স্রোত। ~মোক্ষণ-বি, অস্ত্রোপচারে রক্ত বাহির করিয়া দেওয়া; রক্তমোক্ষণ। ~রঞ্জিত-বিণ, রক্তমাখা; রক্তে রঙ করা বা ছোবান। ~শোধক-বিণ, রক্ত বিশুদ্ধকারী। বি, ~শোধন। ~শোষক-বিণ, যে রক্ত শোষণ করে; রক্ত শুষ্ককারী; যে রক্ত চোষে। বি, ~শোষণ।

শোণিতাক্ত [শোণিত (দ্বারা) + অক্ত, ৩তৎ] বিণ, রুধিরস্নাত; রক্তাক্ত।

শোণিতৌঘপ্রবর্ষি(র্ষী) [শোণিত + ওঘ (স্রোত, প্রবাহ) + প্রবর্ষি (র্ষী)] বিণ, রক্তপ্রবাহকারী; রুধিরের স্রোত বর্ষণকারী। "এই স্থান এখনও শো° অতি প্রচণ্ড সংগ্রাম চলিতেছে"-আ° পত্রিকা, ৮-১১-১৩৩৮।

শোণিমা [শোণ(দ্রঃ) + ইমন্‌ (ভা°)] বি, রক্তবর্ণ হওয়ার ভাব; রক্তের ন্যায় বর্ণ; লালিমা।

শোথ [শু (বৃদ্ধি পাওয়া) + থ (ভা°)] বি, দেহে জলসঞ্চার হেতু স্ফীতিরোগ; স্ফীততা; ফুলারোগ dropsy. ২ [সং-স্লীপদ] গোদ।

শোধ [সং-শুধ্‌ (শুদ্ধি ঋণোদ্ধারে) > ঋণাদি হতে শুদ্ধিলাভ বা মুক্তি] বি, পরিশোধ; ঋণোদ্ধার। "পিরীতি এই করিলে বাধিত এ দুঃখ ঋণে কত নয়নের নীরে শ্যাম, শোধ দিব কতদিনে।"-বাং গান। ২ প্রতিশোধ। শোধ দেওয়া-ক্রি, ঋণ পরিশোধ করা। ২ অনিষ্টের প্রতিশোধ বা প্রতিহিংসা করা। ~বোধ-বি, প্রতিশোধ বা পরিশোধ এবং তজ্জনিত প্রবোধ। ২ পরিশোধ ও পরস্পরের মধ্যে বোঝাপড়া। শোধ যাওয়া-বি, পরিশোধ হওয়া। প্র-তার ধার আর শোধ যায় না। জন্মের শোধ-অ, জন্মঋণ পরিশোধস্বরূপ; জন্মের মত। "জনমেরি শোধ ডাকি মা তোরে কোলে তুলে নিতে আয় মা।" -বাং গান। বোধশোধ-বুদ্ধি শুদ্ধি দ্রঃ।

শোধক১ [শুধ্‌+ণিচ=শোধি (শুদ্ধ করা)+অক (র্ক্ত)] বিণ, বিশুদ্ধিকারক; সংস্কারক; পবিত্রকারী; পাবন।

শোধক২ [গ॰ পরি:(ব্রহ্মস্ফুট সিদ্ধান্ত)] বি, কোন রাশি বা সংখ্যা হইতে কৃতবিযুক্ত রাশি বা সংখ্যা; বিয়োজ্য সংখ্যা বা রাশি subtrahend.

শোধ/ন [শুধ্‌ (শুদ্ধ করা)+অন (ভা॰)] বি, নির্দোষ করণ; সংশোধন; সংস্কার। ২ ঋণ পরিশোধ। ৩ প্রতিশোধ। ৪ পরিষ্কার করণ। ৫ বিরেচন। ৬ অপনয়ন। ৭ মল; বিষ্ঠা। স্ত্রীং ~নী-বি, যদ্দ্বারা গৃহাদি শোধন করা হয়; সম্মার্জ্জনী; ঝাঁটা। ২ বিণ, শুদ্ধিকারক; শোধক। ~নীয় [শুধ্‌+ণিচ্‌=শোধি+অনীয় (র্ম)] বিণ, শোধনের যোগ্য।

শোধরানি, শুধরানি [হিং সুধার্‌না। সং-শুধ্‌ (শোধনে) >। প্রা॰ শোদরানো। শুধরি, শোধরাই, শুধর্‌, শোধরাও (শু(শো)ধরান, শু(শো)ধরাস), শুধরায়, শোধরায়; শুধরিতে, শোধরাইতে (কে॰ শোধরাতে); শুধরিয়া, শোধরাইয়া (কে॰ শুধরে, প্রা॰ শুদরে) ই॰। সুধরান দ্রঃ] ক্রি, সংশোধন করা। "আবার তাড়াতাড়ি ফিরিয়া গাহে লইতে চাহে শুধরিয়া।" -সোণার তরী (রবী॰)।

শোধিত [শুধ্‌ + ণিচ্‌=শোধি+ত (র্ম)] বিণ, বিশুদ্ধীকৃত; সংস্কৃত; মার্জ্জিত। ২ অপনীত।

শোধ্য [শুধ্‌+ণিচ্‌=শোধি+য (র্ম)] বিণ, শোধনীয়; সংস্কার্য্য।

শোনা১, শোনানি, -নো [সং-শ্রবণ > ত্রং শোনা] বি, শুনা, শুনান দ্রঃ।

শোনা২ [সং-শ্যোনাক] বি, দীর্ঘবৃন্ত নাগফণাবৎ মঞ্জরীযুক্ত ক্ষুদ্র বৃক্ষবিঃ oroxylum indicum.

শোফ [সুশ্রুত] বি, শোথ inflammatory swelling. "ভালুশোফ"। ~ঘ্ন (-র্ক্ত-) বিণ, শোথনাশক। > স্ত্রীং ~ঘ্নী-শোথনাশিনী। ২ বি, ভল্লাতক বৃক্ষ।

শোভ [শুভ্‌ (দীপ্তিতে, শোভায়)+অ (র্ক্ত)] বিণ, যে দীপ্তি পায় বা আভা দেয়; শোভাদায়ক; কান্তিমান্‌। "যেহ শোভ করে সুমের গঙ্গার ধারে"-শ্রী॰ কী॰।

শোভ/এ, শোভয়ে [বাং পদ্যে] ক্রি, শোভা পায় বা পাইতেছে। ~ক-বিণ, শোভনশীল। ~সি-ক্রি, শোভা পাইতেছে। শোভের [প্রা॰ বাং] ক্রি, শোভা পাইতেছে। "আরপিল হেম পাট শোভের জঘনে।"-শ্রী॰ কী॰।

শোভন [শুভ্‌+ণিচ্‌=শোভি (দীপ্তি পাওয়া)+অন (র্ক্ত)] বিণ শোভাজনক; শোভাযুক্ত। "ঐ যে দেখা যায় আনন্দধাম, অপূর্ব্বশোভন ভব-জলধির পারে জ্যোতির্ম্ময়।" -রবী॰। ২ সুন্দর; মনোজ্ঞ। ৩ বি, যোগবিঃ। ৪ গ্রহ। ৫ পদ্ম। স্ত্রীং শোভনা -মনোজ্ঞা; সুন্দরী; শোভান্বিতা। "যে স্থানে শোভনা ঐ মহতী গদা পতিত হইয়াছিল"-মহা॰(প্র॰রায়)। ২ হরিদ্রা। ৩ গোরোচনা। কবিবর মাইকেল মধুসূদন স্ত্রীলিঙ্গে শোভিনী শব্দের প্রয়োগ করিয়াছেন। "বনশোভিনী"-ব্রজাঙ্গনা। "বনসুশোভিনী" -মেঘ॰। [দ্রঃ-শুভ্‌+অ (ভা॰)=শোভ+ইন্‌ (স্ত্য॰)=শোভিন্‌ + ঈ=শোভিনী - শোভাবিশিষ্টা কিন্তু শোভন শব্দের স্ত্রীলিঙ্গে 'শোভনা' স্থলে শোভিনী সাধু নহে]।

শোভাঞ্জন [শোভন দ্রঃ] বিণ, শোভাজনক। ২ শোভাঞ্জনবৃক্ষ; শজিনাগাছ।

শোভা [শুভ্‌ (দীপ্তি পাওয়া)+অ (ভা॰)+আ (স্ত্রীং)] বি, দীপ্তি; কান্তি। ২ সৌন্দর্য্য; বাহার। ৩ হরিদ্রা। ৪ গোরোচনা। > ক্রি, শোভে, শোভয়ে [পদ্যে] শোভা পায়। "বানর মুখে কি শোভয়ে পান।"-বি॰ প॰। অস-ক্রি, শোভিতে-শোভা পাইতে। শোভিল [ব্রজ॰। বাং পদ্যে শোভিল] ক্রি, শোভা পাইল; শোভা ধারণ করিল। শোভিয়াছে-ক্রি, শোভা ধারণ করিয়াছে; শোভা পাইতেছে। এই অর্থে প্রা॰ বাং-য় শোফিয়াছে (প্রা॰। ভঃ-ফ)। "ফলে ফুলে শোফিয়াছে মুনির কানন" - চণ্ডী॰ (কমললোচন, ১৭শ শতাব্দী)। ~কর [শোভা (শোভার)+আকর] বিণ, শোভার আকর; সৌন্দর্য্যের আধার; শোভাময়। ২ [শোভা+কর (কারী)] শোভাজনক। শোভা পাওয়া-ক্রি, মানান; সাজা; সুন্দর দেখান। ~ময়-বিণ, সৌন্দর্য্যপূর্ণ। ~যাত্রা-বি সমারোহের সহিত বহু লোকের একত্র সুশৃঙ্খলাবদ্ধ গমন; সংযাত্রা; মিছিল procession. "এই সময় রাজন্যবৃন্দ এক বিরাট শোভাযাত্রা করিয়া রাজপ্রতিনিধির অনুগমন করিবেন।"-সঞ্জীবনী। ~যাত্রী-বিণ, শোভাযাত্রাকারী; মিছিলের সহগামী। ~শূন্য-বিণ, অশোভন; সৌন্দর্য্যবিহীন। ~সৌন্দর্য্য-বি, একার্থক সহচর শব্দদ্বয়; রূপ লাবণ্য। ~হীন-বিণ, সৌন্দর্য্যরহিত; বেমানান; কদর্য্য।

শোভাঞ্জন [সং। প্রা॰ শজিনা, শজনে, সজিনা] বি, সজিনার গাছ horse-radish.

শোভানুভাবকতা [শোভা+অনুভাবকতা] বি, যে বৃত্তিদ্বারা সৌন্দর্য্য অনুভব করা যায়।

শোভিক [শোভা+ইক] বিণ, শোভন; সুন্দর।

শোভিত [শুভ্‌+ত (র্ম)] বিণ, সজ্জিত; ভূষিত।

শোয়া [শয়ন দ্রঃ। হিং সোনা (নিদ্রা যাওয়া)। শুই, শোও (শোয়েন, শুইন, শুস; অনুজ্ঞায়-শোউন, শুন, শো), শোয় (শোয়েন, শোন); শুইতে; শুইয়া (কে॰ শু'য়ে)। ণিজন্ত-শোয়ানি (শোআন দ্রঃ)] ক্রি, শয়ন করা। ২ নিদ্রা যাওয়া। "পল্লব শয্যায় রামা শোয় তরুতলে"-কবিক॰। ৩ [প্রা॰] সজ্জ করা। ৪ বি, শয়ন। ব্রজ॰ শুতি, শুতিয়া-অস-ক্রি, শয়ন করিয়া। "শুতি কানু মুখে আঁচল ঝাঁপাই।"-বি॰ প॰। "শুতিয়া আছিনু সই"-চণ্ডি॰। "একলি শুতিয়া ছিনু কুসুম-শয়নে।" -বি॰ প॰। শুতায়ল-শোয়াইল। "সব সখী মেলি শুতায়ল পাশ।"-বি॰ প॰। শোয়া বসা -বি, শয়ন ও উপবেশন। "পালগেরামের শোয়া বসা দুই সমান।"-প্রবাদ।

শোয়ার১-বি, শূকর (দ্রঃ)।

শোয়ার২ [অশ্ববার > সওয়ার > হিং

আস্‌দবার > সবার > বাং-শওয়ার, সওয়ার > গ্রা॰ উচ্চারণে শো-, সো-] বি, অশ্বারোহী। ২ (পৃষ্ঠে) আরোহণকারী।

শোয়াশা-সোয়াসা দ্রঃ।

শোয়াস [সং-শ্বাস। পদ্যে কোমলরূপ] বি, শ্বাস। "তুলাখানি দিলে নাসিকা মাঝে। তবে সে বুঝিনু শো॰ আছে।"-চণ্ডি॰।

শোর১ [শূকর > শুআর ক্ষে॰ শোর] বি, শূকর।

শোর২ [ফা॰ শোর্] বি, চীৎকার; হাঁকডাক। "হাঁক ডাক জোর জার করে কত শোর শার লেগে যায় মহাগণ্ডগোল"-ঈ॰ গুপ্ত। "ছাড় শোর হৈল ভোর দিব চোর ভূপে।"-অ॰ম॰। ~গোল-বি, গণ্ডগোল; হাঁকাহাঁকি ডাকাডাকি। ~শরাবত-বি, হাঁক ডাক; গলাবাজি। "বাটীতে এমনি শোর শরাবত হইতে লাগিল যে পাড়ার নেড়ি কুকুর ও চৌকিদার ভেগে গেল।"-টেকচাঁদ। ~সার-বি, চেঁচামেচি।

শোরৎ১ [শ্রুতি >। হিন্দীতে শ্রুতিকে শোরৎ বলে] বি, সুরের সূক্ষ্মাংশ।

শোরৎ২ [আ॰ শোহ্‌রৎ] বি, প্রসিদ্ধি; খ্যাতি; নামডাক। ২ জনশ্রুতি।

শোরা-সোরা দ্রঃ।

শোল [শউল দ্রঃ] বি, শকুল মৎস্য।

শোলা, সোলা [সলিল > সলিলা > সোলা (হিং)। প্রাদে॰চটল॰হিন্দুকথ্য-হোলা, মু॰ কথ্য-কোলা] বি, জলজ ক্ষুপবিঃ the sponge wood. "শোলা জলজ উদ্ভিদ। সলিল ইহার জন্মস্থান সে জন্য সলিলা এবং রূপান্তরে 'সোলা' বা 'শোলা'র নামটী পরিবর্তিত হইয়াছে ইহাই অনুমিত হয়।"-আ॰ শক্তি। কাঠ শোলা-বি, দীর্ঘ ও অপেক্ষাকৃত কঠিনত্বক সরদণ্ড শোলা গাছ। ফুলসোলা-বি, কোমলত্বক শোলাগাছ। চকমকির আগুনের ফিনকি ধরিবার জন্য ইহার প্রয়োজন। শোলার খেলনা তৈয়ার করিতে, এই শোলার ব্যবহার।

শোশুচ্যমান [যঙন্ত শুচ্ (শোক করা) + আন (র্কৃ) > বিধ=শোশুচ্য, ম আগম] বিণ, অতিশয় শোককারী। তুল-রোরুদ্যমান।

শোষ১ [শুষ্ + ণিচ=শোষি (শুষ্ক হওয়া) + অ (ভা॰)] বি, শুষ্কতা; নীরসতা। ২ রসাকর্ষণ। ৩ তৃষ্ণা; পিপাসা। "শোষে পানী নাহি পীও"-শ্রী॰ কী॰। "নাহি হবে দ্বাদশ বৎসর ভুখ শোষ।"-কবিক॰। ৪ যক্ষ্মারোগ।

শোষ২ [শ্বাসাকর্ষণের শব্দ হতে] বি, বায়ু শোষণ; কষ্টে শ্বাস গ্রহণ। ~টান-জোরে ধূম শ্বাসের সহিত আকর্ষণ করিয়া পান। ২ শ্বাসকষ্ট hard breathing.

শোষক [শুষ্ + ণিচ্ =শোষি (শুষ্ক করা) + অক (র্কৃ)] বিণ, যে শোষণ করে; জল বা রসাকর্ষক। ২ মসী-শোষক বালি ইত্যাদির পুঁটুলি; শোষতা।

শোষণ [শুষ্ + ণিচ্ =শোষি + অন (ভা॰)] বি, রসাকর্ষণ। "আষাঢ়ে জোঁকের মতন রক্ত শোষণ বিলিতি লুট চলছে এখন।"-গান (মনোমোহন বসু)। ২ চোষণ; শুষ্কীকরণ absorption. ৩ [+ অন (র্কৃ)] মদনের বাণবিঃ। ৪ শ্যোনাক বৃক্ষ। ৫ বিণ, শোষণকর্তা।

শোষানি [শোষ দ্রঃ] বি, শোষটানে কষ্ট; শ্বাসকষ্ট; হাঁপ।

শোষিত [শুষ্ + ণিচ্ =শোষি + ত (র্ম)] বিণ, শুষ্কীকৃত; নীরসীকৃত।

শোহরত [আ॰ শুহ্‌রৎ] বি, খ্যাতি। ২ ঘোষণা। ঢোল শো॰-বি, ঢ্যাটরা দ্বারা প্রচার।

শোহা [সং-শোভা (দ্রঃ) >। ভ=হ] ক্রি, শোভা পাওয়া। "ঐছন সকল শোহে।"-বি॰ প॰। শোহে-শোভা পায়; শোভিত হয়। শোহই-শোভা পায়। "হরণির শোহই।"-বি॰ প॰।

শৌকর [শূকর + অ (সম্বন্ধার্থে) শূ= শৌ] বিণ, শূকর সম্বন্ধীয়। ২ বি, তীর্থবিঃ।

শৌক্তিকেয়, শৌক্তেয় [শুক্তিকা, শুক্তি + এয় (সম্বন্ধার্থে)] বি, মুক্তা। ২ বিণ, শুক্তি সম্বন্ধীয়।

শৌক্ল্য [শুক্ল + য (ভা॰)] বি, শুক্লতা; শুভ্রত্ব।

শৌখিন-সৌখিন দ্রঃ।

শৌচ [শুচি (পবিত্র) + অ (ভা॰)] বি, শুদ্ধি; শুচিতা; পবিত্রতা। ২ নির্মলতা। ৩ যথাশাস্ত্র দেহশুদ্ধি। বাহ্য ও আন্তর ভেদে দুইপ্রকার শরীরমল ও মনোমল। মৃত্তিকা ও জল দ্বারা কায়মল শোধন "বাহ্যশৌচ" এবং মৈত্র্যাদি ভাবনা দ্বারা অসূয়া ঈর্ষ্যাদি মনোমলের শোধন "আন্তর শৌচ"।

শৌণ্ড [শুণ্ডা (মদ্য) + অ (উৎপন্নার্থে)] বিণ, মত্ত; মাতাল। ২ অত্যাসক্ত। ৩ বিখ্যাত।

শৌণ্ডিক [শুণ্ডা (মদ্য) + ইক যারা মদ্যের ব্যবসা করে] বি, শুঁড়ি।

শৌণ্ডির, শৌণ্ডীর [সং] বিণ, দাম্ভিক; গর্বিত। ২ শূর; তেজস্বী।

শৌণ্ডী [শুণ্ডা(মদ্য) + ইন (জীবত্যর্থে) =শৌণ্ডিন ১মা, ১ব॰] বি, শুঁড়ি; মদ্য-ব্যবসায়ী।

শৌদ্ধোদনি [শুদ্ধোধন (ইক্ষ্বাকু-বংশীয় নৃপতিবিঃ) + ইন্ (অপত্যার্থে)] বি, রাজা শুদ্ধোদনের পুত্র বুদ্ধদেব।

শৌদ্র [শূদ্র + অ] বি, ব্রাহ্মণাদির ঔরসে শূদ্রাগর্ভজাত পুত্র। ২ বিণ, শূদ্রসংক্রান্ত।

শৌনক [শুনক + অ (অপত্যার্থে)] বি, পুরাণবক্তা মুনিবিঃ।

শৌনিক [সং] বি, কসাই। ২ বিণ, মৃগ শিকারকারী।

শৌভ [সং] বি, পৌরাণিক শূন্যস্থিত নগরীবিঃ।

শৌভিক [সং] বিণ, ঐন্দ্রজালিক।

শৌরি [শূর (শূরসেন, সূর্য) + ই (অপত্যার্থে)] বি, শৌরসেনি; কৃষ্ণ। ২ শনিগ্রহ।

শৌর্য [শূর (বীর) + য (ভা॰)] বি, বীরত্ব; বীর্য; বল। ২ সাহস। ~শালী -বিণ, বলশালী; বীর। স্ত্রীং ~শালিনী।

শৌল্ক [শুল্ক + অ] বিণ, শুল্ক সম্বন্ধীয়। ২ শুল্ক আদায়কারী কর্মচারী toll collector.

শৌল্কিক [শুল্ক + ইক] বিণ, শুল্ক সম্বন্ধীয়। ২ শুল্ক আদায়কারী কর্মচারী toll collector.

শৌহঁর [ফা°] বি, স্বামী ; পতি।

শ্মশান (শ°-) [শ্ম (শব) শান (শয়ন-স্থান)। "শশব্দেন শবঃ প্রোক্তঃ শানং শয়নমুচ্যতে। * * শেরতেঽত্র শবা ভূত্বা শ্মশানন্ত ততো ভবেৎ।"-স্কন্দপুরাণ] বি, শবদাহ স্থান ; প্রেতভূমি। "তিনি শ্মশানে মশানে ফিরে ঘরের ভাবনা ভাবেন না।" রা°প্র°। "শ্মশান ভাল বাসিস বলে মা শ্মশান করেছি হৃদি।"-গান। ~কালী-বি, শ্মশানবাসিনী কালিকাদেবী। ~জাগানি-ক্রি, অমানিশিতে শ্মশানে শবদেহের উপর আসন করিয়া বসিয়া সাধনা করা। ~পুরী, ~ভূমি-বি, শবদাহ স্থান ; প্রেতভূমি। ~বাসী [মূ° শ্মশান-বাসিন্ ১মা, ১ব°] বি, ভূতনাথ ; শিব। ২ বিণ, যে শ্মশানে বসতি করে। > স্ত্রীং ~বাসিনী-কালী ; শিবা। "শ্মশানবাসিনী শ্যামা নাচবি বলে নিরবধি।"-গান। ~বন্ধু [পূ° বঙ্গে -গ্রা° শশ্মানবন্দী] বি, শব অনুগমনকারী ; শবদাহে সাহায্যকারী। তুল-"শ্মশানে চ যস্তিষ্ঠতি স বান্ধবঃ"-চাণক্য°। ~বৈরাগ্য-বি, শ্মশানে শবদাহ কালে জীবনের নশ্বরত্ব ও সংসারের অসারত্ব উপলব্ধি করিয়া যে বৈরাগ্যের উদয় হয়।

শ্মশানালয়-বি, শ্মশান প্রদেশ ; প্রেত-ভূমি। ~বাসিনী-বি, কালী।

শ্মশ্রু (শোঁ-) [শ্মন্ (মুখ) শ্রি (আশ্রয় করা)+উ (র্তৃ, ভা°)] বি, গোঁপদাড়ী। ~মুণ্ডিত, ~শোভিত-বিণ, শ্মশ্রুল।

শ্মশ্রুল [শ্মশ্রু+ল (স্ত্য°)] বিণ, শ্মশ্রু-ধারী ; গোঁপদাড়ীযুক্ত ; দেড়ে।

শ্মীলন (শ্মি-) [শ্মীল্+অন (ভা°)] বি, নয়ন নিমীলন ; চক্ষু মুদ্রিতকরণ।

শ্যাকুল [শৃগালকোলি >]বি, শেয়াকুল নামক কণ্টকময় লতা।

শ্যাঙল [সং-শ্যামল > ব্রজ°] বিণ, শ্যামল। "শ্যাঙল ঘন সম।"-বি° প°।

শ্যাব [সং] বি(ণ), কপিশ বর্ণ (যুক্ত)। ~দন্ত-বি (বিণ), কৃষ্ণবর্ণ দন্তযুক্ত। ২ বি, দন্তের উপর দন্ত ; গজদন্ত।

শ্যাম [সং] বিণ,শ্যামল ; মেঘবর্ণ ; ধূসর-বর্ণ ; কৃষ্ণবর্ণযুক্ত। প্র-নবঘন শ্যাম। ২ হরিৎ-বর্ণযুক্ত। প্র-নব দূর্ব্বাদল শ্যাম। স্ত্রীং~া। ৩ বি, কৃষ্ণবর্ণ। ৪ হরিৎবর্ণ। ৫ কোকিল। ৬ মেঘ। ৭ প্রয়াগস্থ বটবৃক্ষবিঃ। ৮ শ্যামাক তৃণ। ৯ সামুদ্র লবণ। ১০ শ্রীকৃষ্ণ। "সই কেবা শুনাইল শ্যাম নাম।"-চণ্ডি°। ~চাঁদ -শ্রীকৃষ্ণ। "কানড়া কুসুম জিনি শ্যামচাঁদের বদনখানি"-চণ্ডি°। ~পত্র-বি, তমাল বৃক্ষ। ~পর্ণী-বি, চা tea. ~কান্তি ~শোভা -বি, হরিৎ বা কৃষ্ণবর্ণের সৌন্দর্য্য। ~বর্ণ -বি. কাল রং। ২ সবুজ রং (তুল-উজ্জ্বল শ্যামবর্ণ=স্ফুট গৌরাঙ্গীও নহে,' ঘোর কৃষ্ণ বর্ণও নহে ; গৌর ও কৃষ্ণ বর্ণের মধ্যবর্ত্তী)। ৩ বিণ, শ্যামল। শ্যাম রাখি কি কুল রাখি-(রাধিকা পক্ষে) কৃষ্ণ ভজিলে কুল থাকে না অর্থাৎ কুলে কলঙ্ক রটে আবার কুল রক্ষা করিতে গেলে শ্রীকৃষ্ণকে পাওয়া যায় না। ২ [লক্ষ°] উভয় সঙ্কটে পড়া। ~সলিল-বি, কালজল। ~সায়র-বি, কৃষ্ণসাগর। ২ শ্যাম সরোবর। ~সুন্দর-বি, শ্রীকৃষ্ণ।

শ্যামক, শ্যামাক [সং] বি, ধান্যবিঃ panicum frumentaceum roxburghii.

শ্যামর [সং-শ্যামল। ব্রজ° ল=র] বিণ, শ্যামল। ২ [এই অর্থে শ্যামক] বি. শ্যামের কৃষ্ণের। "শ্যা° ঝামর কুটিল কেশ।"-বি°প°।

শ্যাম/ল [শ্যাম (কৃষ্ণবর্ণ) ল (স্ত্য°)] বিণ, কৃষ্ণবর্ণবিশিষ্ট। ২ হরিৎবর্ণবিশিষ্ট। ৩ গৌর। "সুন্দর শ্যা° বর্ণ সুরুচি যে কাম" -মনসা ম° (ষষ্ঠীবর)। স্ত্রীং ~লা-বি. দুর্গা ; কালী। ২ বিণ, কৃষ্ণবর্ণা। ~লিকা-নীলী। ~লিমা-বি, হরিৎ বা শ্যামবর্ণত্ব ; কৃষ্ণতা ; কালিমা।

শ্যামলতা [শ্যামল+তা (ভা°)] বি, কালিমা।

শ্যামলী-বি, কৃষ্ণ লোহিত বর্ণ গাভী।

শ্যামা [শ্যাম (দ্রঃ) + আ(স্ত্রীং)] বি, কালিকা দেবী। ২ দৃষ্টার্ত্তবা মধ্যমা স্ত্রী। ৩ তপ্তকাঞ্চনবর্ণাভা নারী ; সুন্দরী। ৪ কৃষ্ণাঙ্গী। ৫ যমুনা নদী। ৬ [বৈদ্যকে] প্রিয়ঙ্গু. (২) গুড়ূচী, (৩) কৃষ্ণত্রিবৃৎ, (৪) পিপ্পলী, (৫) হরিদ্রা, (৬) নীলপুনর্নবা, (৭) তুলসী, (৮) পদ্মবীজ, (৯) নীলা, (১০) কস্তুরী, (১১) গোরোচনা, (১২) সোমলতা, (১৩) গুন্দ্রা, (১৪) লতাকস্তুরী, (১৫) অজশৃঙ্গী, (১৬) বীজতারক, (১৭) কাকজঙ্ঘা, (১৮) শিংশপা, (১৯) সোমরাজী, (২০) গুগ্‌গুলু, (২১) হরিতাল। ৭ কোকিলা। ৮ শ্যামা-পাখী। ~ক-শ্যামক দ্রঃ। ~ঙ্গ [শ্যাম (কৃষ্ণবর্ণ) + অঙ্গ যার,বহু°] বিণ. কৃষ্ণাঙ্গ ; যার রং কাল ; শ্যামলাঙ্গ। > স্ত্রীং ~ঙ্গী [শ্যামাঙ্গিনী(বাং-রূ)] বিণ, যে নারীর বর্ণ কাল ; শ্যামবর্ণা। ~পূজা-বি, কালীপূজা। ~বীজ-বি, বীজতারক গাছের বীজ। ~লতা-বি, অনন্তমূলজাতীয় লতাবিঃ ; প্রিয়ঙ্গুলতা ; অতিমুক্তলতা ichnocarpus frutescens.

শ্যামাঢ়কী [সং] বি, কৃষ্ণপুষ্পবিশিষ্ট অড়হর।

শ্যামাদির্বর্গ [শ্যামা + আদি-বর্গ। বৈদ্যকে] বি, শ্যামা, মহাশ্যামা, তেউড়ী, দন্তী, শঙ্খিনী, তিল্লক, কম্পিল্লক, রম্যক, ক্রমুক, পূগশ্রেণী, গবাক্ষ, রাজবৃক্ষ, করঞ্জ, ডহরকরঞ্জ, গুড়ূচী, সপ্তলা, ছগলাণ্ড্রী, সুধা ও সুবর্ণক্ষীরা এই কয়টী দ্রব্য।

শ্যামাধব [শ্যামা (কালী) +ধব (স্বামী), ৬তৎ] বি, শিব।

শ্যামানি [শ্যাম (শ্যামবর্ণ) + আন (করা অর্থে)। সং-নাম ধাতু-শ্যামায়তে। শ্যামাই, শ্যামাও, শ্যামায় ; শ্যামাইতে; শ্যামাইয়া। বাং-য় সত্যেন্দ্রনাথ ঠাকুর মহাশয় কর্ত্তৃক প্রবর্ত্তিত শব্দ] ক্রি, শ্যামবর্ণে রঞ্জিত করা। ২ শ্যামল ছায়ায় ঢাকা ; সন্ধ্যার শ্যামলতায় আবৃত করা। "সন্ধ্যা ঘনাইয়া এল শ্যামাইয়া তরু।"-সত্যেন্দ্রনাথ ঠাকুর। শ্যাম'য়মান -বিণ শ্যামল ছায়াবৃত হইতেছে এমন।

শ্যামিকা [শ্যামা+ক+আ (স্ত্রীং)। আ =ই] বি, শ্যামবর্ণত্ব ; শ্যামলতা ; মালিন্য। "সুধিগণ শ্যামিকাটুকু বর্জ্জন করিয়া বিশুদ্ধ অংশ গ্রহণ করিবেন।"-ত্রিবেদী°। ২ খাদ।

শ্যাল, শ্যালক, শ্যালা [সং। গ্রা° শালা] বি, পত্নীর ভ্রাতা। স্ত্রীং শ্যালী, শ্যালিকা [গ্রা°শালী] বি, পত্নীর ভগিনী।

শ্যালীপতি-বি, পত্নীর ভগ্নীপতি। >~ভাই-বি, ভায়রা ভাই।

শ্যেত [সং। শ্যৈন ও।] বি, শ্বেতবর্ণ; শুভ্রবর্ণ; সাদা। ২ বিণ, শ্বেতবর্ণযুক্ত। ~া [আয়ু°] বি. শরীরের তৃতীয় ত্বক। ২ পাণ্ডুবর্ণ; পাংশু। ~ী-বি, ধবল রোগ।

শ্যেন২ [শ্যৈ (গমন করা)+ইন (র্তৃ), যে হিংসার্থে গমন করে] বি, প্রসহজাতীয় পক্ষিবিঃ; বাজপক্ষী; শিকরে পাখী। ২ যজ্ঞবিঃ। স্ত্রীং ~ী-বাজপক্ষিণী। ~দৃষ্টি-বি, শ্যেনের মত অতি তীক্ষ্ণদৃষ্টি।

শ্যোণাক,শ্যোনাক [সং] বি,শোণা গাছ oroxylum indicum.

শ্রথন,শ্রন্থন [সং,শ্রথ্, শ্রন্থ্ (বধে, বন্ধনে)]+অন (ভা°)] বি,হত্যা। ২ বন্ধন; গ্রথন। বিণ, শ্রথিত,শ্রন্থিত।

শ্রদ্দধান [শ্রৎ (ভক্তি)+ ধা (ধারণ করা)+আন (র্তৃ)] বিণ, শ্রদ্ধাপূর্ণ;ভক্তিযুক্ত।

শ্রদ্ধা [শ্রৎ (ভক্তি)+ধা (ধারণ করা)+অ (ভা°)+আ (স্ত্রীং)] বি, চিত্তপ্রসন্নতা; মনের নির্মলতা। ২ ভক্তি। ৩ নিষ্ঠা। ৪ বিশ্বাস, প্রত্যয়। ৫ সমাদর। ~বান [শ্রদ্ধা +বৎ (স্ত্র° বতু)= শ্রদ্ধাবৎ ১মা, ১ব°] বিণ, ভক্তিযুক্ত; শ্রদ্ধান্বিত। ~লু [শ্রৎ (ভক্তি)+ধা+আলু (র্তৃ, শীলার্থে)] বিণ, ভক্তিযুক্ত।২ বি, কোন দ্রব্যে স্পৃহাবতী গর্ভিণী। ~স্পদ [শ্রদ্ধা+আস্পদ] বিণ, ভক্তিভাজন; সম্মান ও বিশ্বাসের পাত্র।

শ্রব১ [শ্রবস্ শব্দ] বি, শ্রবণ; কর্ণ।

শ্রব২,-ঃ [শ্রু (গতি) >শ্রবস্ >] বি, স্রাব, ক্ষরণ। ২ প্রসিদ্ধি। ৩ কীর্তি।

শ্রবণ [শ্রু (শুনা)+অন (ণে), যদ্দ্বারা শুনা যায়] বি শ্রবণেন্দ্রিয়; কর্ণ। ২ [-+অন (ভা°)] আকর্ণন; শুনন। স্ত্রীং ~া-বি. অশ্বিন্যাদি নক্ষত্রের মধ্যে দ্বাবিংশতি নক্ষত্র [সং জ্যোতিষশাস্ত্রে ইহার ক্লীবলিঙ্গেরও ব্যবহার দেখা যায়]। ~পথ-বি, শব্দগমন পথ; কর্ণ। ~বিবর বি,কর্ণের ছিদ্র,কর্ণরন্ধ্র। ~বেধ -বি, কর্ণবেধ; কাণ বিঁধান; কাণ ফোড়ান। "করিল শ্রবণবেধ পঞ্চম বরষে।"-কবিক। ~মধুর, ~মনোহর, ~সুখকর-বিণ, সুশ্রাব্য; শ্রুতিমধুর; যা শুনিলে আনন্দ জন্মে।

শ্রবণাতিক্রান্ত, শ্রবণাতীত [শ্রবণ+অতিক্রান্ত, অতীত] বিণ,শ্রবণেন্দ্রিয়ে যা ধরা যায় না; যা শুনা যায় না।

শ্রবণী [শ্রবণ (শ্রু:),বাং-র যে করে অর্থে ঈ ("নী", "উনী" ও হয়, যথা-শ্রবুনী। তুল -করুনী, ভুলুনী, দিউনী)] বিণ, শ্রবণকারিণী। "অচক্ষে হেরিণী, অকর্ণে শ্রবণী।" -দেওয়ান রামদুলাল।

শ্রবণীয় [শ্রু+অনীয় (র্ম)] বিণ, শ্রবণযোগ্য; শুনিবার উপযুক্ত।

শ্রবণেন্দ্রিয় [শ্রবণ+ইন্দ্রিয়, ধা] বি, কর্ণ; কাণ।

শ্রবায্য [সং] বি,যজ্ঞে বলির যোগ্য পশু।

শ্রবিষ্ঠা [শ্রব+বৎ (স্ত্র°)=শ্রব্‌বৎ=ইষ্ঠ (প্রকর্ষার্থে), বৎ লোপ] বি. ধনিষ্ঠা নক্ষত্র। ~জ-বিণ, উক্ত নক্ষত্রে জাত।

শ্রব্য [শ্রু (শুনা)+য (র্ম)] বিণ, শ্রোতব্য; শুনিবার যোগ্য। ~কাব্য-বি, নাটক ভিন্ন কাব্য; উপন্যাসাদি। তুল্য-দৃশ্যকাব্য (নাটক)।

শ্রম [শ্রম্ (পরিশ্রম করা)+অ (ভা°)] বি, পরিশ্রম; মেহনত।২ অভ্যাস; শাস্ত্রাভ্যাস। ~কাতর-বিণ, পরিশ্রম করিতে কষ্টবোধকারী; অলস। ~জল-বি ঘর্ম। ~জীবী [মূ°শ্রমজীবিন্] বিণ, শ্রমোপজীবি (দ্র:); মজুর। ~জীবিসঙ্ঘ, ~জীবিসমাজ-বি,পরিশ্রমদ্বারা জীবিকার্জনকারীর দল বা সম্প্রদায়। ~নাশ-শ্রমদূর; শ্রমের অবসান। ~নাশন-বি,শ্রম দূর করণ; শ্রমাপনোদন। ~নাশক -বিণ যদ্দ্বারা পরিশ্রম জনিত ক্লেশ বা অবসাদ দূর হয়। ~বারি-বি,স্বেদ; ঘর্ম; ঘাম। ~বিভাগ-বি,ভিন্ন ভিন্ন শ্রমিকের পরিশ্রম দ্বারা সম্পাদনার্থ এক কর্ম বিভিন্ন অংশে বিভক্ত করিয়া একাধিক লোকের মধ্যে বণ্টন division of labour. ~বিমুখ -বিণ, যে পরিশ্রম করিতে চায় না বা রাজী নয়; অলস। ~লব্ধ-বিণ, পরিশ্রম দ্বারা যা লাভ করা গিয়াছে। ~লভ্য-বিণ, শ্রম করিলে যা পাওয়া যায়। ~শীল-বিণ, পরিশ্রমী; মেহনতী। ~সহিষ্ণু-বিণ,যার পরিশ্রম সহ্য হয়; শ্রমকাতর নয় এমন। >বি, ~সহিষ্ণুতা। ~সাধ্য-বিণ, পরিশ্রমদ্বারা যা সম্পাদন করা বা প্রাপ্ত হওয়া যায়; শ্রমলভ্য। ~সিদ্ধ -বিণ, আয়াসসিদ্ধ; পরিশ্রম দ্বারা উৎপাদিত বা সম্পাদিত laboured. ~স্বীকার-বি, পরিশ্রম অঙ্গীকার; শ্রম করিতে মনন। প্র-শ্রমস্বীকার করিয়া। ~হরণ-বি, শ্রমনাশ। ~হারক, ~হারী-বিণ, পরিশ্রমের কষ্ট দূরকারী; শ্রম নাশক। অনুৎপাদক শ্রম [Econ.] বি,অফলোৎপন্নকারী বা অলাভজনক পরিশ্রম unproductive labour. উৎপাদক শ্রম [Econ.] বি, ফলপ্রসূ বা দ্রব্যোৎপাদক শ্রম; ধনবর্দ্ধক বা লাভজনক পরিশ্রম productive labour.

শ্রমণ [শ্রম্ (ক্লান্ত হওয়া)+অন (র্তৃ)] বি, বৌদ্ধ যোগী; ভিক্ষু; বৌদ্ধ সন্ন্যাসী। "চতুর্বর্ণের মধ্যে যাঁহারা সংসার ত্যাগ করিয়া ধর্মময় জীবন গঠন করিবার জন্য আপনাদের উৎসর্গ করিয়াছেন।"-অগ্‌গঞ্ঞ সুত্ত। স্ত্রীং শ্রমণা-বৌদ্ধ সন্ন্যাসিনী। ২ জনৈকা শবরীবিঃ।

শ্রমাপনোদক [শ্রম+অপনোদক] বিণ, পরিশ্রমের কষ্ট দূরকারী; শ্রমনাশক। বি, শ্রমাপনোদন-শ্রমনাশন।

শ্রমিক,শ্রামিক-বি,শ্রমজীবী; মজুর labourer. ~সঙ্ঘ-বি. শ্রমজীবিগণের সাধারণ স্বার্থ সংরক্ষক সম্মেলন বা সমিতি trade union.

শ্রমী [মূ° শ্রমিন্ ১মা, ১ব°] বিণ, শ্রমশীল; যে পরিশ্রম করিয়া জীবিকার্জন করে। "শ্রমীদের ওপরে বিশ্রামীদের পরগাছাবৃত্তি পৃথিবী শুদ্ধ মানব শ্রমিককে ভাবিয়ে তুলেছে।"-বিচিত্রা, ১৩৩৪, চৈত্র।

শ্রমোপজীবী [শ্রম-উপ-জীব্(জীবনধারণ করা)+ইন (র্তৃ)=শ্রমোপজীবিন্ ১মা, ১ব°] বিণ. যে পরিশ্রম দ্বারা জীবিকানির্বাহ করে; শ্রমী।

শ্রয় [শ্রি (আশ্রয় করা)+অ (ভা০)] বি, আশ্রয় ; বাস। "অগম্য জলেতে মীনের শ্রয় জেলে জাল ফেলেছে ভুবনময়।"-বাং গান। ~ণ (-য়্‌ ॰) [শ্রি (আশ্রয় করা)+অন (ভা০)] বি, আশ্রয়।

শ্রাদ্ধ [প্রা০ চাদ্দ,ছাদ্দ, ছেরাদ্দ, ছরাদ। শ্রদ্ধা+অ (দানার্থে)] বি, মৃতের প্রতি শ্রদ্ধা প্রযুক্ত যা দান করা বা যে অনুষ্ঠান করা যায় ; পিতৃকৃত্য। ২ [শ্রাদ্ধকালে পিতৃগণের নামোল্লেখ করতঃ একই মন্ত্রের পুনঃপুনঃ আবৃত্তি >] অপ্রীতিকর ও অনাবশ্যক পুনরাবৃত্তি ; বাগাড়ম্বর ; বাগ্‌বাহুল্য। "আবার কথার শ্রাদ্ধ আরম্ভ করলে একটা সামান্য বিষয় দুকথায় বুঝিয়ে দিতে পার না?" ~ক্ঁরা-ক্রি, পরেত পিতৃগণকে দান করা ; পিতৃমাতৃকৃত্য করা। ২ [গালিতে] মৃত্যু ঘটাইয়া প্রেতকৃত্য পর্য্যন্ত সমাপন করা। প্র-তার শ্রাদ্ধ করে তবে ছাড়ব। **শ্রাদ্ধ খাঁওয়া**-ক্রি, শ্রাদ্ধের নিমন্ত্রণে ভোজন করা। **শ্রাদ্ধ গঁড়ানি**-ক্রি, শ্রাদ্ধকালে দান উপলক্ষে রেওভাটের গণ্ডগোল বকাবকি গালাগালিশেষে শ্রাদ্ধের উৎসব কান্নাকাটিতে পরিণত হওয়া। ~দেব -বি, বৈবস্বত মনু ; পিতৃলোক। ২ যম। ~শান্তি-বি, প্রেতকৃত্য ও মৃতের আত্মার শান্তি কামনা ; শ্রাদ্ধতর্পণ। **ভূতের বাপের শ্রাদ্ধ**-বিশৃঙ্খল ব্যাপার। **শ্রাদ্ধের চাল চঁড়ানি** [গালিতে] যমের বাড়ী পাঠাইয়া শ্রাদ্ধের যোগাড় করা। **কার শ্রাদ্ধ কে বা করে খোলা কেটে বামুন মরে**-এক রাজার পিতৃশ্রাদ্ধ উপলক্ষে রাজপুরোহিত কলার খোলা কাটিতেছিলেন, এমন সময় রাজসভার জনৈক সভ্য সেই দিক্‌ দিয়া যাইতে যাইতে খোলায় পা দিয়া ফেলেন, তিনি অন্ধ ছিলেন। রাজপুরোহিত তাতে ক্রুদ্ধ হইয়া তাঁহাকে শাসন করেন। অন্ধ তখন বিরক্তির সহিত বলেন-"কার শ্রাদ্ধ কেবা করে খোলা কেটে বামুন মরে।" এই কথা রাজার কর্ণগোচর হইলে তিনি অন্ধকে ডাকাইয়া এইরূপ উক্তির কারণ জিজ্ঞাসা করেন। অন্ধ বলেন-তিনি রাজপুত্র নহেন। রাজা পরে স্বীয় জননীর নিকট তাঁহার জন্ম-ইতিহাসের গুপ্তকথা শ্রবণ করিয়া শ্রাদ্ধ রহিত করিয়া দেন। এই গল্প হতে প্রবাদের উৎপত্তি। ব্যবহারিক অর্থে-অনুষ্ঠের কর্মের মূলে গলদ থাকায় তাহার সম্পাদনে বিশৃঙ্খলা ঘটে এবং পরিণামে সে কর্ম্ম পণ্ড হয়, সুতরাং উদ্যোগ ও আয়োজনকারীরই পণ্ডশ্রম মাত্র সার হয় ; যার কার্য্য তারই ঠিক নাই অন্যের তজ্জন্য বৃথা চিন্তা ও শ্রম।

শ্রাদ্ধিক [শ্রাদ্ধ+ইক] বিণ, শ্রাদ্ধ সম্বন্ধীয়। ২ শ্রাদ্ধে ভোজনকারী। ৩ বি, শ্রাদ্ধে দেয় বস্তু। স্ত্রীং ~কী।

শ্রাদ্ধীয়় বি, শ্রাদ্ধ সম্বন্ধীয়।

শ্রান্ত [শ্রম্‌(ক্লান্ত হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, শ্রমযুক্ত ; কর্ম্মক্লান্ত ; অবসন্ন। ২ বিরত ; নিবৃত্ত ; শান্ত। ~কায়, ~দেহ-বিণ, যার শরীর শ্রমক্লিষ্ট বা ক্লান্ত হইয়াছে। ২ বি, অবসন্ন শরীর। ~গতি-বি (ণ), ক্লান্ত পদে গমন (কারী)। ~শয়ন-বি, কর্ম্মক্লান্ত ব্যক্তির শয়ন। ~শয়ান-বিণ, শ্রমক্লিষ্ট হইয়া শয়নকারী।

শ্রান্তি [শ্রম্‌+তি (ভা০)] বি, শ্রম। ২ ক্লেশ। ৩ নিবৃত্তি। ৪ বিরাম ; বিশ্রাম্‌। ~বোধ-বি, ক্লান্তি অনুভব। ~হর, হরণ, ~হারী-বিণ, ক্লান্তি নাশক। ~হীন-বিণ পরিশ্রমে যার ক্লান্তি নাই। ২ শ্রমকষ্ট বিরহিত। ২ বিশ্রামরহিত।

শ্রাব [শ্রু (শুনা)+অ(ভা০)] বি, শ্রবণ। ২ [শ্রু (গতি অর্থে) >] ক্ষরণ।

শ্রাবক [শ্রু (শুনা)+অক (র্ত্তৃ)] বিণ, শ্রোতা। ২ কাক। ৩। বুদ্ধদেবের শিষ্য। ৪ জৈন তীর্থঙ্কর পার্শ্বনাথ স্বামীর মতাবলম্বী গৃহস্থ বা উক্ত সম্প্রদায়। এই সম্প্রদায়ের সন্ন্যাসীরা নিগ্রন্থ বলিয়া উক্ত। ইঁহারা ঋষভ দেবের প্রতিষ্ঠাতা।

শ্রাবণ [শ্রবণা নক্ষত্রযুক্ত মাস বলিয়া নাম। বৈ০ পদ সা০ "শাওন"] বি, বৈশাখ হতে গণনা করিলে বৎসরের চতুর্থ মাস। ২ বিণ, শ্রবণা নক্ষত্র সংক্রান্ত। ৩ [শ্রবণ+অ] শ্রবণেন্দ্রিয়-গ্রাহ্য জ্ঞান [প্র০ অ০]। স্ত্রীং ~ণী-শ্রাবণ মাসের পূর্ণিমা। প্রত্যক্ষ -প্রত্যক্ষ দ্রঃ।

শ্রাবণিক [শ্রাবণী (শ্রাবণ দ্রঃ)+ইক] বি, শ্রাবণ মাস।

শ্রাবস্তী [ইতিং] বি, ধর্ম্মপত্তন নামক পুরীর নামান্তর ; উত্তর কোশলস্থ লবের পুরী ; রামায়ণোক্ত নগরী বিঃ।

শ্রাবিত [শ্রাবি (শুনান)+ত(র্ম্ম)] বিণ, যা কর্ণগোচর করান বা শুনান হইয়াছে।

শ্রাব্য [শ্রু (শুনা)+য (যোগ্যার্থে,র্ম্ম)] বিণ, শ্রোতব্য ; শ্রবণীয় ; শুনিবার উপযুক্ত। ২ শুনাইবার উপযুক্ত। **অশ্রাব্য**-বিণ, শুনিবার অযোগ্য। **সুশ্রাব্য**-বিণ, শুনিতে মধুর ; শ্রবণ-সুখকর।

শ্রায় [শ্রি (আশ্রয় করা)+অ (র্ম্ম)] বি, আশ্রয়। ২ [শ্রী (লক্ষ্মী)+অ (সম্বন্ধার্থে)। ঈ=ঐ=আয়] বিণ, শ্রী সম্বন্ধীয়।

শ্রামিক-শ্রমিক দ্রঃ।

শ্রিত [শ্রি (আশ্রয় করা)+ত (র্ম্ম)] বিণ, আশ্রিত ; অবলম্বিত। ২ সেবিত। ~বান্‌-বিণ, অবলম্বন বা আশ্রয়কারী। > স্ত্রীং ~বতী।

শ্রী [শ্রি(সেবা করা)+(ক্বিপ্‌,র্ম্ম)। শ্রি=শ্রী (যাকে সকলে সেবা করে)। প্রা০ শিরি, ছিরি। প্রা০ বাং-শি, যথা-শ্রীফল=শিফল (ধর্ম্মরাজের গীত-নরসিংহ০)। শৃঙ্খল=শিকল, ছিকল (ছেক্‌ল)] বি, লক্ষ্মী। ২ শোভা। ৩ লাবণ্য ; সৌন্দর্য্য। ৪ সম্পদ ; ঐশ্বর্য্য। ৫ কীর্ত্তি। ৬ বুদ্ধি। ৭ বেশবিন্যাস। ৮ আকৃতি। চেহারা। ৯ সঙ্গীতের রাগবিঃ। ১০ সরস্বতী। ১১ আলোক ; ঔজ্জ্বল্য ; দীপ্তি। ১২ সৌভাগ্য। ১৩ ["আমি, আমার নাম বা স্বাক্ষর" ই০ ব্যঞ্জক অব্যয় শব্দ (জীবিত ব্যক্তির নামের পূর্ব্বে ব্যবহার) [দ্রঃ-'শ্রী' ও 'শ্রীমতী' নর ও নারীর নামের পূর্ব্বে যোজনার প্রথা প্রবর্ত্তনের ইতিহাস আজ পর্য্যন্ত নিঃসন্দেহে জানা যায় নাই। আমরা অন্যের নাম লিখিতে জীবিত ব্যক্তির নামের পূর্ব্বে শ্রী বা শ্রীমতী যোগ করি শিষ্টাচার হেতু। মৃত ব্যক্তির নামের পূর্ব্বে পরলোকগত বুঝাইতে ৺ এই চিহ্ন যুক্ত হয়। ঈশ্বরার্থে দেবদেবীর, মহাগুরুর নামের পূর্ব্বেও

এই চিহ্নযুক্ত হয়। কিন্তু নিজ নামের পূর্ব্বে যখন আমরা শ্রী বা শ্রীমতী লিখি তখন আমরা মাত্র স্বাক্ষর করি অর্থাৎ বিদ্যমান আছি ও স্বহস্তে নাম সহি বা দস্তখত করিয়াছি ইহাই মাত্র বুঝিতে দিই। পূর্ব্বে 'শ্রী'-হীন নাম লেখক জীবিত বা লেখা ও সহি স্বকৃত বা অন্যকৃত কিনা তদর্থক স্বীকারোক্তির অভাব বুঝাইত। সেই প্রথা এখনও চলিতেছে। নিজ নামে 'শ্রী' যোগের প্রথার মূলে জীবিত লেখকের জ্ঞাতসারে স্বহস্তে লিখিত নাম বা স্বকীয় অক্ষর বা স্বাক্ষরের স্বীকারোক্তির ভাব নিহিত। উহা যেমন উক্ত অর্থদ্যোতক তেমনি সংক্ষিপ্ত ও সুষ্ঠু। উহা আত্মসম্পদ বা গর্ব্বব্যঞ্জক নহে। এই 'শ্রী' ইং Mr স্থানীয় নহে, শ্রীল বা শ্রীযুত (ক্ত) এর বা শ্রীশ্রী বা পঞ্চ-পঞ্চাধিক শ্রীর 'শ্রী' ও নহে। শ্রীমৎ, শ্রীমতী, শ্রীযুক্ত শ্রীল দ্রঃ। মৃত পুরুষদের নামের পূর্ব্বে ৮ স্থলে 'শ্রী' যোগ "কীর্ত্তির্যস্য স জীবতি"-অর্থে]। ১৪ মান্য, পূজ্য, ভক্তিভাজন ব্যক্তি, পবিত্রস্থান, মহাপুরুষের জন্মস্থান বা লীলাক্ষেত্র, দেবদেবীর অধিষ্ঠান স্থান, যুগাবতার ও ধর্ম্মগুরুর বা দীক্ষাগুরুর জন্মস্থানের নামের পূর্ব্বে শ্রী বা একাধিক শ্রী ব্যবহৃত হয়। প্র-শ্রীবৃন্দাবন, শ্রীকৃষ্ণ, শ্রীরামচন্দ্র, শ্রীচৈতন্য, শ্রীগুরু নানক, শ্রীক্ষেত্র ই°। এইরূপ শ্রীপাঠ নবদ্বীপ ই°। ১৫ ত্রিবর্গ-ধর্ম্ম, অর্থ, কাম। ১৬ শ্রেয়ঃ। ১৭ সিদ্ধি। ১৮ [বৈদ্যকে] বিল্ববৃক্ষ। (২) লবঙ্গলতা। (৩) পদ্ম। (৪) ঋদ্ধি। (৫) সরল বৃক্ষ। ~অঙ্গ-বি, দেবতা, গুরু, রাজা প্রভৃতির পবিত্র দেহ। ~কণ্ঠ [শ্রী (শোভা > নীলবর্ণের) কণ্ঠে যাঁর, বহু°] বি, নীলকণ্ঠ; শিব। ২ কবি ভবভূতির নামান্তর। ~কণ্ঠসখা-বি, কুবের। ~কর [শ্রী (সৌভাগ্য) কর (যে করে)] বি, বিষ্ণু। ২ রক্তোৎপল। ৩ বিণ, শোভাজনক; সৌন্দর্য্যবর্দ্ধক। ৪ জনৈক স্মার্ত্ত পণ্ডিত।~কান্ত-বি,লক্ষ্মীকান্ত; বিষ্ণু। ~কৃষ্ণ-বি, বাসুদেব; রাধানাথ। ~ক্ষেত্র-বি, পুরীধাম। ~খণ্ড-বি, চন্দন কাষ্ঠ। "বানর কটক বহু আনিল শ্রীখণ্ড।" -কৃত্তি°। "বাসয়ে শ্রীখণ্ড হেম রত্নদণ্ড চামর ঢুলায় মাতলি।"-কবিক°। ~খণ্ডী-বি, মঙ্গলকর্ম্মে ব্যবহার্য্য বস্ত্রবিঃ। ২ বিবাহে বরণের জন্য আলিপনা দেওয়া পিঁড়ি। ~গর্ভ-বি, বিষ্ণু। ২ খড়্গ। ৩ [বৌ° সা°] বি. রাজার শয়নাগার। "রাজা রাজমহিষীকে না দেখিতে পাইয়া * * * যখন শুনিলেন মহিষী পীড়িত, তখন তিনি শ্রীগর্ভে প্রবেশ করিয়া জিজ্ঞাসা করিলেন, দেবি তোমার অসুখের কারণ কি?"-জাতক, ৪র্থ খণ্ড। ~গ্রহী-বি,পক্ষীর পানীয়শালা।~ঘন-বি, বুদ্ধদেব। ২ দধি। ~ঘর [বিদ্রূপার্থে] বি, কারাগৃহ; জেলখানা। "বাজার দেনায় ইনি ঢোকেন শ্রীঘরে।"-হেম°। "বিচারে তাহাকে ৪ মাসের জন্য শ্রীঘরে পাঠান হইয়াছে।"-বাঙ্গালী, ১৩২৩। ~চরণ-শ্রীপদ দ্রঃ। চরণকমল-বি, পাদপদ্ম। ~চরণকমলেষু, ~চরণেষু [এই সপ্তম্যন্ত পদ বাং-য় যথাবৎ গৃহীত] ভক্তি ভাজনের প্রতি পত্রারম্ভে সম্বোধন (শ্রীপাদপদ্মে নিবেদনার্থক)। ~জ-বি, শাম্ব। ২ প্রদ্যুম্ন। ~দ [শ্রী (ধন, ঐশ্বর্য্য, শোভা) দ (যে দান করে)] বিণ, ধনদ; ধনদাতা। ২ শোভাদায়ক। স্ত্রীং ~া। ৩ বি, কুবের। ~দাম-বি, কৃষ্ণসহচর গোপবালক। ~ধর-বি, বিষ্ণু। "হরি বিশ্বম্ভর বংশীধর শ্রীধর গিরিধারণ।"-বাং গান। ২ শালগ্রাম মূর্ত্তিবিঃ। ৩ ভাগবত প্রভৃতি বৈষ্ণব পুরাণের প্রসিদ্ধ টীকাকার ~ধর্ম্মপাদুকা-বি, ধর্ম্মঠাকুরের পাদুকা। "এক মনে পূজা কর শ্রীধর্ম্মপাদুকা।"-শূ° পু°। ~নগর-বি, কাশ্মীরের রাজধানী। ~নন্দন-বি, লক্ষ্মীর পুত্র; মদন। ~নাথ,~পতি-বি,বিষ্ণু।"তুমি অনাথের নাথ শ্রীপতি শ্রীনাথ দীননাথ দীন তারণ।" বাং গান।~নিকেতন-বি,লক্ষ্মীর আলয়। ২ শ্রীনিবাস; বিষ্ণু। ~নিবাস [প্রা° চিনিবাস। শ্রী=ছি=চি] বি,বিষ্ণু।~পঞ্চমী [শ্রীর সহিত কার্ত্তিকেয়ের মিলন দিন বলিয়া এই নাম অথবা যে পঞ্চমী তিথিতে শ্রীর অর্থাৎ সরস্বতীর পূজা হয়] মাঘ মাসের শুক্লপক্ষীয় পঞ্চমী তিথি। ~পতি-বি, বিষ্ণু। "তুমি অনাথের নাথ শ্রীপতি শ্রীনাথ দীননাথ দীনতারণ।"-বাং গান। ~পথ-বি, রাজপথ। ~পদ, ~পদপঙ্কজ,~পল্লব, ~পাদ, ~পাদপদ্ম-বি, শ্রীচরণ; বিষ্ণুর বা লক্ষ্মীর চরণ: সম্মানিত ব্যক্তির পদ; শ্রীরাধিকার চরণ। ~পদলাঞ্ছন [শ্রীপদলাঞ্ছন (চিহ্ন)] বি, শ্রীচরণচিহ্ন। ~পর্ণ-[শ্রী (লক্ষ্মী, সরস্বতীর) আসন যার পর্ণ, বা শোভাযুক্ত পর্ণ (পত্র) যার বহু°] বি, পদ্ম। ~পর্ণী [শ্রীপর্ণ+ইন্ (স্ত্র্য°)=শ্রীপর্ণিন্ ১মা, ১ব°] বি, গাম্ভারী বৃক্ষ। ২ কটফল বৃক্ষ। ৩ শাল্মলী। ৪ পৃশ্নিপর্ণী। ৫ চাকুলে। ~পুত্র-বি, কামদেব। ~পুষ্প-বি, লবঙ্গ। ২ পদ্মকাষ্ঠ। ~ফল [পুরাণে আছে যে শ্রী আপন স্তন কর্ত্তন করিয়া শিবের সন্তোষার্থ উপহার দিয়াছিলেন; শিব সন্তুষ্ট হইয়া উহার শ্রীফল নাম রাখিলেন] বি, বেল। ২ বি, বেলগাছ। ~ফাঁদা-ক্রি, শ্রীলেখা। ২ দুর্গা নাম লিখিবার পূর্ব্বে শ্রীলেখা। ৩ সকল লেখার পূর্ব্বে শ্রীদুর্গা বা শ্রীহরি বা শ্রীশ্রীঈশ্বর ইত্যাদি লিখিবার প্রথা হতে-লেখারম্ভ করা। ~বৎস [শ্রী (লক্ষ্মী) বৎস (প্রিয়), ৬তৎ] বি, বিষ্ণু। ২ বিষ্ণুর বক্ষঃস্থলস্থ দক্ষিণাবর্ত্ত লোমাবলী। ৩ প্রাগ্দেশপতি, মতান্তরে, অযোধ্যার পুরাণপ্রসিদ্ধ নরপতি। ইঁহার পত্নীর নাম চিন্তা। ~বৎসকী [সঃ] যে অশ্বের বক্ষঃস্থলে রোমাবর্ত্ত আছে। ~বৎস লাঞ্ছন [-লাঞ্ছন (চিহ্ন)] বি, যাঁর বক্ষে শ্রীবৎস চিহ্ন আছে; বিষ্ণু; কৃষ্ণ। "পীতবাস পরিধান শ্রীবৎসলাঞ্ছন।" -মহা° (কাশী°)। ~বৎসাঙ্ক [শ্রীবৎস +অঙ্ক (চিহ্ন) যার, বহু°] বি, বিষ্ণু। ~বরাহ-বি, বিষ্ণুর বরাহ অবতার; বিষ্ণু। ~বাস [শ্রী (লক্ষ্মী), তাতে বাস (অবস্থান) যার, বহু°] বি, বিষ্ণু। ২ শিব। ৩ [শ্রী (সরল বা দেবদারু বৃক্ষ) হইয়াছে বাস (বাসস্থান যার), বহু°] সরল বৃক্ষের নির্য্যাস; টার্পিন্। ৪ [শ্রীর বাস (বাসস্থান)] শ্রীপর্ণ; কমল। ৫ গৌরাঙ্গের একজন প্রিয় সহচর। ~বিজয়-বি, সুমাত্রাদ্বীপ ও সুমাত্রার প্রাচীন হিন্দুরাজ্য। ~বিষ্ণু-বি, বিষ্ণুনাম। ২ অ, অপরাধ অস্বীকার বা দোষস্খালনার্থ

বিষ্ণুনাম উচ্চারণ। ৩ পাপ মুক্তির অভিপ্রায়ে তারক বিষ্ণুনাম গ্রহণ। তুল-মহাভারত, রাম বল, হরিবোল ই°। ~বৃক্ষ -বি, বিল্ববৃক্ষ। ২ অশ্বত্থবৃক্ষ। ~বৃদ্ধি-বি, ধনোন্নতি। ২ উন্নতি। ৩ সৌন্দর্য্যের উৎকর্ষ। ৪ সৌভাগ্যের আধিক্য ; সমৃদ্ধি। ~ভ্রষ্ট-বিণ, লক্ষ্মীছাড়া। ২ সৌন্দর্য্য-হীন। > স্ত্রীং ~ভ্রষ্টা। ~মৎ [শ্রী-মৎ] বিণ, শ্রীযুক্ত। বাং-য় সাধু সন্ন্যাসী প্রভৃতির নামের পূর্ব্বে বসে। প্র-শ্রীমৎ স্বামী অচ্যুতানন্দ ইত্যাদি। ~মতী [শ্রী+মতু (স্ত্যং)+ঈ (স্ত্রীং)] বি, শ্রীযুক্তা ; সধবা স্ত্রীর নামের পূর্ব্বে ব্যবহার্য্য উপাধি। বিধবার নামের পূর্ব্বে শ্রীমত্যা লিখিবার প্রথা আছে। কিন্তু ইহা "শ্রীমতী" শব্দেরই ষষ্ঠীর ১ব° রূপ, সুতরাং অপপ্রয়োগ। দেবী, দাসী স্থলে বিধবা বুঝাইতে দেব্যা (ঃ)। দাস্যা (ঃ) এইরূপ অপপ্রয়োগ, কিন্তু চ°। ২ রাধিকা। আমি ব্রজের সেই বৃন্দে বিক্রীত শ্রীমতীর পদারবিন্দে।" -বা-গান। ৩ সুন্দরী। "শ্রীমতীর কুন্তলের বাসী ফুলের বোঁটা"-হেম°। পুং, শ্রীমান্। ~মন্ত [শ্রীমৎ শব্দ] বিণ, লক্ষ্মীবন্ত ; ঐশ্বর্য্যশালী। ২ জনৈক বাঙ্গালী বণিক ; শ্রীমন্ত সওদাগর। কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্ত্তী প্রণীত চণ্ডীকাব্যে ইহার কথা আছে। ~মান্ [শ্রী+মৎ (স্ত্যং মতু)] বিণ, শ্রীযুক্ত। ২ সুশ্রী ; সুন্দর। ৩ ঐশ্বর্য্য-শালী ; সম্পন্ন ; ধনী। ৪ বিষ্ণু। ৫ শিব। ৬ কুবের। ৭ [পত্রে বা অন্য দ্বারা স্নেহ পাত্রের নামোল্লেখে] স্নেহসূচক শব্দ। প্র-শ্রীমানের পত্রে জানিলাম ই°। "পঞ্চমুখে পঞ্চনাম পঞ্চ আত্মা লইয়া ফিরি। বাপ মায়ে থুইলেন নাম লক্ষ্মী দিছেন 'শ্রী'।"-প্রবাসী, ১৩২৬। > স্ত্রীং শ্রীমতী। ~মুখ-বি, শোভা-যুক্ত আনন। ২ পত্রপৃষ্ঠে লিখিত "স্বস্তি" ও "আয়ুঃ" বাচক "শ্রী" শব্দ। "শ্রীমুখ থাম করি করিলেন ইতি"-কবিক°। ~মুখপঙ্কজ-বি, বদনকমল ; মুখপদ্ম ; পরমসুন্দর মুখশ্রী। "শ্রীমুখপঙ্কজ দেখব বলে হে"-বঙ্কিম°। ~মূর্ত্তি-বি, লক্ষ্মীমূর্ত্তি। ২ বিষ্ণু প্রতিমা। ৩ বিগ্রহ। ৪ [স্নেহার্থে] স্বয়ং বা খোদ প্রভু-স্থানীয় ব্যক্তির মুখ। "যাঁহারা কংগ্রেসের কার্য্যনীতিকে দেশের পক্ষে ক্ষতিকর বলিয়া চীৎকার করিতে পঞ্চমুখ হইয়াছেন, তাঁহাদের নিকট সাহেবতনয় মিঃ জেমসের শ্রীমুখ নিঃসারিত স্পষ্টবাণীর স্পষ্ট অর্থ হৃদয়ঙ্গম হইবে কি?"-আ° শক্তি, ১৩৩৩, পৌষ। ~যুক্ত, শ্রীযুত [শ্রী (লক্ষ্মী) দ্বারা যুক্ত, যুত, ৩তৎ] বিণ, শ্রীমান্ ; লক্ষ্মীবান্। ২ শোভাযুক্ত ; সৌন্দর্য্যশালী। ৩ জীবিত পুরুষের নামের পূর্ব্বে ব্যবহৃত উপাধি। শ্রী দ্রঃ। > স্ত্রীং ~া। ~রাগ-বি, সঙ্গীতের ছয় রাগের তৃতীয় রাগ। ~রাম-বি, সীতাপতি রামচন্দ্র। ~রামনবমী [গ্রা° রামনৌমী] বি,, চৈত্র মাসের শুক্ল পক্ষীয় নবমী। ~ল [শ্রী (ভাগ্য) +ল (স্ত্যং)] বিণ, সৌভাগ্যবান্ ; শ্রীযুক্ত। ২ অধিক মান্য ব্যক্তির শ্রীযুক্ত নামের পূর্ব্বে ব্যবহার্য্য উপাধি। প্র-শ্রীল শ্রীযুক্ত রমানাথ রায়। ~শ [শ্রী (লক্ষ্মীর)+ঈশ (পতি), ৬তৎ] বি, বিষ্ণু। ~শৈল-পরিশি° দ্রঃ। ~শ্রী-দেবতার নামের পূর্ব্বে এবং দেবকল্প নরপতিগণের নামের পূর্ব্বে ব্যবহৃত উপাধি। সম্মানের বৃদ্ধি সহ শ্রী শব্দের সংখ্যা বৃদ্ধির প্রথা আছে। যথা, "শ্রীশ্রীশ্রী," "পঞ্চশ্রী" "শ্রী ১০৮" "কোটি শ্রী" ই°। ~হরি-বি, শ্রীবিষ্ণু ; শ্রীকৃষ্ণ। ~হরিবাসর [হরি (হরির) বাসর (দিবস)। "একাদশীর দিন সর্ব্বসাধারণের জন্যই শ্রীহরিবাসরের ব্যবস্থা ছিল।"-প্রবাসী, ১৩৩০ মাঘ। > একাদশীর উপবাস > উপবাস (চৈ° ভা°)] বি, উপবাস ; উপবাসে হরিচিন্তন, হরিনাম জপ ধ্যানাদিতে কাটাইবার দিবস। ~হর্ষ-বি, নৈষধ চরিতকার স্বনামখ্যাত কবি। ২ কান্যকুব্জ-রাজ ও রত্নাবলী ই° নাটককার হর্ষবর্দ্ধন। ~হীন-বিণ, সৌন্দর্য্যবিহীন ; মলিন ; শোভাশূন্য। ২ সৌভাগ্যহীন ; লক্ষ্মীছাড়া। ~হট্টিয়া-বিণ, শ্রীহট্ট সম্বন্ধীয়। ২ বি, শ্রীহট্টের লোক। শ্রী-ভশ্রী দ্রঃ।

শ্রুত [শ্রু (শুনা)+ত (র্ম)] বিণ, যা কর্ণগোচর হইয়াছে ; যা শুনা গিয়াছে। ২ বিশ্রুত ; বিখ্যাত ; প্রসিদ্ধ। ৩ জ্ঞাত। ৪ [যা গুরু পরম্পরায় শ্রুত] বি, বেদ ; শাস্ত্র। ~বিত্ত [পা° সা°] বিণ, যিনি শ্রুতি অর্থাৎ বেদ আয়ত্ত করিয়াছেন ; যিনি বিদ্যাধনে ধনী। ~কীর্ত্তি [শ্রুত (প্রসিদ্ধ) কীর্ত্তি (যশঃ) যার, বহু°] বিণ, প্রথিত-যশা ; কীর্ত্তিশালী। ২ রাজা কুশধ্বজের কন্যা ও শত্রুঘ্নের পত্নী। ৩ দেবর্ষিবিঃ। ~দেবী [শ্রুত (বেদ)-দেবী] বি, সরস্বতী। ~ধর-শ্রুতিধর (দ্রঃ)। ~বান্ [শ্রুতবৎ শব্দ। শ্রু (শ্রবণ +তবৎ (র্ত্তৃ)] বিণ, শুনিয়াছে এমন।. ২ [শ্রুত (শাস্ত্রজ্ঞান) +বতু (স্ত্যং) = শ্রুতবৎ ১মা, ১ব°] শাস্ত্রজ্ঞ। ~বোধ [শ্রুত (শ্রবণ) দ্বারা বোধ (জ্ঞান) হয় যে পুস্তকের, বহু°] বি, কবি কালিদাসকৃত ছন্দোগ্রন্থবিঃ। ২ বিণ, যদ্দ্বারা শ্রবণমাত্র অর্থবোধ হয় ও জ্ঞান জন্মে। ~ঋষি, শ্রুতর্ষি [শ্রুত+ঋষি] বি, সুশ্রুতাদি ঋষি। ~শালী [শ্রুত (শাস্ত্র) +শালিন্ ১মা, ১ব°] বিণ, শাস্ত্রজ্ঞ ; পণ্ডিত। ~শ্রবা, ~শ্রবাঃ [মূ° শ্রুতশ্রবস্] বি, শিশুপালের জননী।

শ্রুতার্থ [শ্রুত+অর্থ] বি, শ্রবণমাত্র যার অর্থবোধ হয় ; শুনিলেই যা বুঝা যায়।

শ্রুতি [শ্রু (শ্রবণ করা)+তি (র্ম), যা গুরুশিষ্যানুক্রমে পরম্পরায় চলিয়া আসিয়া-ছিল] বি, বেদ। "যাহার বর্ণনে রয় শ্রুতি মনস্তাপে।"-গান। ২ পুরুষপরম্পরাগত প্রবচন ; কিম্বদন্তী ; জনশ্রুতি। "শ্রুতি আছে যে, পুত্র পিতাকে পুন্নামক নরক হইতে মুক্ত করে।"-মহা° (আদি, বিরাট)। ৩ সঙ্গীতের এক স্বর হতে স্বরান্তর প্রকাশ কালে উভয়ের মধ্যে যে অতি সূক্ষ্ম সুরাংশ সকল শ্রুত হয়। ইহাদের সংখ্যা ২২ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। ৪ শ্রবণেন্দ্রিয় ; কর্ণ। প্র-শ্রুতিগোচর। ~কলা-বি, সূক্ষ্ম স্বরাবয়ব ; শ্রুতি। "সপ্তস্বর তিন গ্রাম মূর্চ্ছনা একুশ নাম শ্রুতিকলা সতত সঙ্গিনী।"-অ° ম°। ~কটু, ~কঠোর-বিণ, শ্রবণ-কঠোর ; কর্ণের পীড়াদায়ক ; শুনিতে কর্কশ। ২ [অলঙ্কারে] কষ্টশ্রাব্যতা দোষ। ~গম্য, ~গোচর-বিণ, যা শুনা যায় বা গিয়াছে ; শ্রুত ; শ্রবণেন্দ্রিয়গ্রাহ্য। ~ধর, ~শ্রুতি-ধর [শ্রুতি (শ্রবণমাত্র) ধর (যে স্মৃতিতে

বা হৃদয়ে ধারণা করে)] বিণ, শ্রবণমাত্র অভ্যাসকারী। ২ যে পণ্ডিত কোন কিছু শুনিবামাত্র তা কণ্ঠস্থ করিতে বা মনে রাখিতে পারেন। ~পথ-বি, কর্ণরন্ধ্র ; কর্ণে শব্দ প্রবেশের পথ ; শ্রবণকুহর। ~বেধ-বি, কর্ণবেধরূপ সংস্কার। ~মধুর-বিণ, শ্রবণেন্দ্রিয়ের তৃপ্তিকর ; শ্রবণমনোহর ; শ্রবণসুখকর। ~মূল [শ্রুতির (কর্ণের) মূল] বি, কর্ণমূল। ২ শ্রুতি (বেদ) মূল যার, বহুং] যজ্ঞ। ~মূলক-বিণ, বেদাত্মক। ~রঞ্জক, ~রঞ্জন-বিণ, শ্রবণমনোহর ; শ্রবণানন্দকর। ~সুখ-বি, শ্রবণের তৃপ্তি; শ্রবণানন্দ। ~সুখকর,~সুখদ-বিণ,কাণের তৃপ্তি বা আরামদায়ক। ~সুভগ-বিণ, শ্রবণসুখদ ; শ্রুতিমধুর। "পজ্ঝটিকা তোটক * * * ইত্যাদি শ্রুতিসুভগ ছন্দে বহু স্তোত্রের সৃষ্টি হইয়াছে"-কালিদাস রায়। "কেবল আবৃত্তিতেই গীত গোবিন্দকে এত শ্রুতিসুভগ করিয়া তুলে"-ঐ। ~স্মৃতি-বি, বেদ ও সংহিতা বা ধর্মশাস্ত্র। ~হারী-বিণ, শ্রবণমুগ্ধকর ; শ্রবণমনোহর।

শ্রুতবর্ব(1)-শ্রুব, স্রুবা দ্রঃ। শ্রুব দ্রঃ।

শ্রূয়মাণ [শ্রু (শুনা)+আন (র্ম), য, ম-আগম] বিণ, যা শুনা যায় বা যাইতেছে।

শ্রেঢ়ী [সং] বি, লঘু গুরু পরিমাণক্রমে পরে পরে বিন্যস্ত রাশিঘটিত, বা ক্রমবৃদ্ধিমূলক গণিত progression. ২ [গ০ পরিঃ] বি, ইং series এর বৈজ্ঞা০ পরিঃ ; শ্রেণী। ধারাবাহিক শ্রেঢ়ী-harmonic progression. সমগুণশ্রেঢ়ী-geometrical progression. সমান্তর শ্রেঢ়ী-arithmetical progression.

শ্রেণি, শ্রেণী [সং] বি, পঙ্ক্তি ; সারি। ২ [বীজ গ০ (ক০ বিশ০ পরিঃ)] ইং series এর বৈজ্ঞা০ পরিঃ। ৩ দল। ৪ জাতি ; সম্প্রদায় ; সমধর্মী বা সমব্যবসায়ী সম্প্রদায়। ~করণ - grading. শ্রেণীকৃত-graded. [সা০ প০ প০ ১৩৩৩] ~ফল [বীজ গ০ পরি; (ক০ বিশ০ পরি০)] ইং sum of a series এর বৈজ্ঞা০ পরিঃ। ~বদ্ধ-বিণ, দলবদ্ধ ; থাকবন্দী ; পঙ্ক্তি বা সারিবদ্ধ। "শ্রেণীবদ্ধ বাড়ীগুলির উপরে..." -উত্তরা, পৌষ,১৩৩৩। ~বিন্যাস-বি, শ্রেণীতে স্থাপন। > বিণ,~বিন্যস্ত-সারবন্দী বা থাকবন্দী করিয়া সাজান। ~ভুক্ত -বিণ, শ্রেণীর অন্তর্গত ; শ্রেণীবদ্ধ। > বি, ~ভুক্তি।

শ্রেয়, -য়ঃ [সং-শ্রেয়স্-শ্রেয়ঃ। প্রশস্ত (=শ্র)+ঈয়স্] বিণ, প্রশস্ত ; সঙ্গত ; উপযুক্ত। ২ শ্রেষ্ঠ। ৩ শুভকর ; হিতজনক। ৪ বি, ধর্ম। ৫ মুক্তি ; অপবর্গ। ৬ পুণ্য। ৭ সুখ ; সৌভাগ্য। ৮ সিদ্ধি। [দ্রঃ-শ্রেয়= কল্যাণের পথ। তুল-প্রেয়ঃ=সংসারের পথ]।

শ্রেয়ঃকল্প-বিণ, শ্রেষ্ঠতুল্য ; মঙ্গল স্বরূপ।

শ্রেয়সী [শ্রেয়স্+ঈ (স্ত্রীং)] বিণ, শুভদা ; শুভযুক্তা। ২ [বৈদ্যকে] বি, হরীতকী। ৩ রাস্না।

শ্রেয়/স্কর [শ্রেয়স্ (কল্যাণ, হিত) কর (যে করে)] বিণ, শুভকর ; কল্যাণজনক। স্ত্রীং ~স্করী-বিণ, শুভদা। "কান্তিই পরম শ্রেয়স্করী"।

শ্রেয়ান্ [শ্রেয়স্ শব্দ ১মা, ১ব০] বিণ, শ্রেষ্ঠ;সর্বপ্রধান। ২ প্রশস্ত। স্ত্রীং শ্রেয়সী।

শ্রেয়োজনক [শ্রেয়ঃ+জনক] বিণ, হিতকর ; শ্রেয়স্কর।

শ্রেয়োলাভ [শ্রেয়ঃ+লাভ] বি, ইষ্টলাভ ; কল্যাণপ্রাপ্তি। ২ সিদ্ধিলাভ।

শ্রেষ্ঠ [প্রশস্ত (=শ্র)+ইষ্ঠ (অত্যর্থে)] বিণ, সর্বপ্রধান। ২ উৎকৃষ্ট। ৩ বিষ্ণু। ৪ নৃপতি। ৫ ব্রাহ্মণ। স্ত্রীং শ্রেষ্ঠা। বি, ~তা, ~ত্ব-প্রাধান্য। ২ উৎকর্ষ।~তম,~তর [সং ব্যাকরণানুসারে অশুদ্ধ, ইং-তেও শ্রেষ্ঠ (best) শব্দ superlative degree. সুতরাং তাতে তর তম যোগ অতিরিক্ত। কিন্তু বাং-র প্রধান অর্থে শ্রেষ্ঠ, শ্রেষ্ঠতর, শ্রেষ্ঠতম এই তিনরূপই প্রচলিত আছে] বিণ, উৎকর্ষের আধিক্যব্যঞ্জক ; অতি উত্তম ; অতিশয় প্রশস্ত। "মানব! চেতনাযুক্ত, বিবেকী, স্বাধীন জড় ওই সূর্য্য হ'তে কত শ্রেষ্ঠতর।"-রৈবতক (নবীনচন্দ্র সেন)। "শ্রেষ্ঠতম এ সৃষ্টিতে"-মাইকেল।

শ্রেষ্ঠাশ্রম [শ্রেষ্ঠ (প্রধান, উৎকৃষ্ট)+ আশ্রম, ধা] বি, গৃহস্থাশ্রম ; গার্হস্থ্য ধর্ম।

শ্রেষ্ঠী [শ্রেষ্ঠ (প্রধান) +ইন্=শ্রেষ্ঠিন্ ১মা, ১ব০] বি, বণিক্ প্রধান ; মহাজন ; শেঠ। "হিন্দুজাতীয় বিভিন্ন শ্রেষ্ঠী সম্প্রদায়ও নিতান্ত পশ্চাৎপদ নহে"- হিন্দুসমাজ ও কূপমণ্ডূকতা (ভূদেব০)। ২ মহাধনী ব্যক্তি (তুল-হিং ধন্না সেঠ্)।

শ্রোণি [শ্রোণী ও০। শ্রোণ্ (রাশি করা, স্থূল হওয়া)+ই (র্তৃ), মাংস যেখানে রাশীকৃত বা স্থূল হইয়াছে] বি, নিতম্বদেশ hip ; pelvic cavity. ~ফলক-বি, কটিদেশের নিম্নভাগ। ~বিম্ব-বি, কটিভূষণ ; কটিসূত্র ; মেখলা। ~সূত্র-বি, ঘুন্সী।

শ্রোতব্য [শ্রু (শুনা)+তব্য (র্ম)]বিণ, শ্রাব্য ; শুনিবার উপযুক্ত।

শ্রোতা [শ্রু+তৃ (র্তৃ)=শ্রোতৃ ১মা, ১ব০] বিণ, যে শ্রবণ করে ; শ্রবণকর্তা। বহুবচনে-শ্রোতৃগণ,-বৃন্দ,-মণ্ডলী ইং।

শ্রোত্র [শ্রু+ত্র (ণে),যদ্দ্বারা শুনা যায়] বি, শ্রবণেন্দ্রিয় ; কর্ণ। ২ বেদ ; শ্রুতি।

শ্রোত্রিয় [শ্রোত্র (শ্রুতি)+ইয়] বিণ, কুলশীলসম্পন্ন। ২ বেদজ্ঞ ; বেদাধ্যায়ী। ৩ বি, বেদজ্ঞ এবং কুলশীলসম্পন্ন ব্রাহ্মণ। ৪ ব্রাহ্মণের শাখাবিঃ। ইঁহারা কুলীনের ঘরে কন্যাদান করিতে পারেন কিন্তু কুলীনের কন্যা ঘরে আনিতে বা বিবাহ করিতে পারেন না।

শ্রৌত [শ্রুতি (বেদ)+অ (কৃতার্থে)] বি, যজ্ঞাগ্নিত্রয় (গার্হপত্য, আহবনীয় ও দক্ষিণ)। ২ বিণ, শ্রুতিনির্দ্দিষ্ট ; বেদসম্মত।

শ্লক্ষ্ণ [সং। নবী০] বিণ,পিচ্ছল slippery. ২ স্নিগ্ধ। ৩ পালিশ-করা polished.

শ্লথ [শ্লথ্ (শিথিল হওয়া)+অ (র্তৃ)] বিণ, শিথিল ; ঢিলা ; লোল। ~বৃন্ত-বিণ, বোঁটা আল্গা হইয়াছে এমন।

শ্লাইস[ইং slice এর বিপ্যস্তর] বি, ছুরি দিয়া কাটা পাঁউরুটির পাতলা টুকরা ; রুটি, ফল ইং-র কর্ত্তিত খণ্ড। "ছোড়দা! আর দু' শ্লাইস্ রুটী নেবে?"-বসুমতী, ১৩৩৪।

শ্লাঘা [শ্লাঘ্ (প্রশংসা করা)+অ (ভা০) +আ (স্ত্রীং)] বি, প্রশংসা। ২ আত্মগুণ

কথন। আত্মশ্লাঘা-আত্মপ্রশংসা ; নিজ গুণব্যাখ্যা। আত্ম দ্রঃ।

শ্লাঘ্য [শ্লাঘ্ +য (র্ম)] বিণ, প্রশংসনীয়। ২ প্রশস্ত। ৩ বাঞ্ছিত।

শ্লাঘনীয় [শ্লাঘ্ +অনীয় (র্ম)] বিণ, শ্লাঘ্য ; প্রশংসার্হ।

শ্লিষ্ট [শ্লিষ্ (আলিঙ্গন করা)+ত (র্ত্তৃ)] বিণ, আলিঙ্গিত। ২ সংমিলিত ; সংযুক্ত ; সংসৃষ্ট। ৩ শ্লেষযুক্ত ; দ্ব্যর্থবাচক ; অনেকার্থ-বাচক।

শ্লীপদ [শ্রী (বৃদ্ধি, স্ফীত) পদ। শ্রী=শ্লী] বি, পাদ শোথরোগ ; গোদ elephantisis.

শ্লীল [শ্রী (সৌভাগ্য)+ল (স্ত্যং)। র=ল] বিণ, শ্রীল ; শ্রীযুক্ত। ২ শিষ্ট ; ভদ্র। ~তা (-র্ল-) বি, ভদ্রতা ; শিষ্টতা।

শ্লেট-সেল্‌ট দ্রঃ।

শ্লেষ [শ্লিষ্ (আলিঙ্গন করা)+অ (ভা০)] বি, আশ্লেষ; আলিঙ্গন। ২ সংযোগ; সংশ্রব। ৩ [কাব্যে] কাব্যের ওজোগুণভেদ: যে গুণবশতঃ রচনার পদসমূহের কতকগুলি অল্প সমাসযুক্ত হইয়াও গুম্ফন কৌশলে এক-পদবৎ প্রতীয়মান হয়, যথা-"কুহরত হত কোক শোক, জাগত অব সবহু লোক। শুকসারিকা পিককাকলী নিধুবন ভরি বাজে॥"-জগদা-নন্দ পণ্ডিত। ৪ বাক্যের শব্দালঙ্কারবিঃ ; একাধিক অর্থবাচক একটি পদ একাধিক অর্থে প্রযুক্ত হইলে শ্লেষ অলঙ্কার হয়। ইহা দ্বিবিধ-'অভঙ্গ' ও 'সভঙ্গ'। পদভঙ্গ করিলে যথা কোনরূপ অর্থোপলব্ধি হয় না তথায় অভঙ্গ ও পদভঙ্গ করিলে বিভিন্ন অর্থোপলব্ধি হইলে সভঙ্গ শ্লেষ হয়। যথা-"অতি বড় বৃদ্ধপতি সিদ্ধিতে নিপুণ। কোন গুণ নাই তাঁর কপালে আগুন॥"-অ০ ম০। [অতি বড় বৃদ্ধ= অতিশয় বুড়া, (২) সর্ব্বজ্যেষ্ঠ ও মান্য। সিদ্ধি= ভাঙ, (২) সাফল্য। কোন গুণ নাই=কোন যোগ্যতা নাই, (২) নির্গুণ। কপালে আগুন=পোড়া কপাল, (২) ভালে অগ্নি বিরাজিত। (১) "গোত্রের প্রধান পিতা মুখবংশ জাত। (২) পরম কুলীন স্বামী বন্দ্য-বংশ খ্যাত।"-অ০ম০। (১) মুখুটি বংশ ও মুখ্য, (২) বন্দ্যোপাধ্যায় বংশ ও বন্দনীয় বংশ। সং-তে শ্লেষ প্রধানতঃ ৮ প্রকার-বর্ণ, প্রত্যয়, লিঙ্গ, প্রকৃতি, পদ, বিভক্তি, বচন ও ভাষা শ্লেষ। কিন্তু এইগুলি শব্দ ও অর্থ ভেদে দ্বিবিধ-অনেকার্থবাচক পদ দ্বারা অনেকার্থের প্রকাশ হইলে "শব্দশ্লেষ" এবং একার্থ বাচক পদ দ্বারা অনেকার্থ প্রকাশ হইলে "অর্থশ্লেষ"]। বাক্‌শ্লেষ-বি, শ্লেষাত্মক বাক্য। "তিনি যে সভায় গমন করিতেন তত্রস্থ সভ্যেরা তাঁহার নব নব রস বিকসিত বাক্‌শ্লেষে আদ্রীভূত হইতেন,"-(ব্র০ বন্দ্যো০ সম্পাদিত) কলিকাতা কমলালয় (সমাচার-চন্দ্রিকাসম্পাদক ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়ের জীবনচরিত, ১৮৪৯)। ~কটুস্বর-বি, শ্লেষযুক্ত কর্কশ কণ্ঠ ; বিদ্রূপাত্মক মর্ম্মভেদী সুর। "মালতী শ্লেষকটুস্বরে বলিল ছি! ওকি! তোমরা সব পুণ্যাত্মা মানুষ! মেলেচ্ছ খৃষ্টানের পায়ে হাত দিতে আছে!" -ভারতী।

শ্লেষ্মা [সং] বি, কফ ; সর্দ্দি। বিণ, শ্লেষ্মল-শ্লেষ্মাযুক্ত।

শ্লৈষ্মিক [শ্লেষ্মন+ইক (ভবার্থে)] বিণ, শ্লেষ্মাসম্বন্ধীয়। ~ঝিল্লী-বি, দেহাভ্যন্তরস্থ শ্লেষ্মা উৎপাদক ও নিঃসারক সূক্ষ্ম জালবৎ আবরণ mucous membrane.

শ্লোক [সং-শ্লোক্ (গ্রন্থনে, ছন্দো-বদ্ধবাক্য রচনায়)। মহর্ষি বাল্মীকি ব্যাধ-নিহত কামমোহিত ক্রৌঞ্চের পত্নী ক্রৌঞ্চীর শোকে সন্তপ্ত ও ব্যাধের ব্যবহারে মর্ম্মাহত হইয়া ব্যাধকে "মা নিষাদ প্রতিষ্ঠাং ত্বমগমঃ শাশ্বতীঃ সমাঃ। যৎ ক্রৌঞ্চমিথুনাদেকমবধীঃ কামমোহিতম্॥"-এই অভিশাপ দেন। এই শাপবাণী মহর্ষির বীণাযন্ত্রের লয়যুক্ত কবিতাচ্ছন্দে নিঃসৃত হয় এবং তখন হতে শ্লোকের সৃষ্টি হয়, শোক হতে উৎপন্ন বলিয়া এইরূপ ছন্দোবদ্ধ রচনার নাম শ্লোক] বি, কবিতা। ২ [শ্লোক্ (প্রথিত হওয়া)] যশঃ ; খ্যাতি। ৩ কীর্ত্তি। পুণ্যশ্লোক [পুণ্য দ্রঃ] বি(ণ), পুণ্যকীর্ত্তি ; পূতচরিত্র। "পুণ্য-শ্লোকো নলো রাজা পুণ্যশ্লোকো যুধিষ্ঠিরঃ পুণ্যশ্লোকো চ বৈদেহী পুণ্যশ্লোকো জনা-র্দ্দনঃ।"-নিত্যকর্ম্মপদ্ধতি।

শ্লোকাত্মক [শ্লোক+আত্মক] বিণ, শ্লোকময়।

শ্ব (শঁ) [শ্বন্ শব্দ] বি, সারমেয় ; কুকুর। ~গঁণ [৬তৎ] বি, কুকুর সমূহ। ~দঁন্ত [৬তৎ] বি, কুকুরে দাঁত ; কুকুরের ন্যায় সূচাল দন্ত canine tooth. ~ধূর্ত্ত [সং-ধূর্ত্ত শ্ব (কুকুর)] বি, শৃগাল। ~পঁচ, ~পাক [শ্বন্ (কুকুর)+পচ্ (পাক করা বা স্বধনবৎ রক্ষা করা)+অ, চ=ক] বি, চণ্ডাল। ২ ব্যাধ। ~বৃত্তি [শ্বন্ (কুকুর)-বৃত্তি (আচরণ, জীবিকা ইং), ৬তৎ] বি, উচ্ছিষ্টভোজী কুকুরের বৃত্তি ; পদলেহন; চাটুতা। ২ সেবা ; চাকরি ; ভৃত্যগিরি ["সেবা শ্ববৃত্তিরাখ্যাতা" -মনু০, ৪-৬। "শুন ইব বৃত্তিরতঃ শ্ববৃত্তিরুক্তা তস্মাৎ তাং প্রকৃতো ব্রাহ্মণস্তজেৎ"-ইতি কুল্লুকভট্টঃ]। ~ভীরু [শ্ব (হতে) ভীরু (ভীত), ৫তৎ] বি, শৃগাল।

শ্বঃ [শ্বস্ শব্দ] অ, আগামীকল্য। প্র-পরশ্ব। ২ শোভন। ~শ্রেয়ঃ [শ্বস্-শ্রেয়স্+অ] বি, কল্যাণ। ২ সুখ। ৩ শান্তি।

শ্বভ্র (শঁ-) [সং] বি, গর্ত্ত।

শ্বশুর (শ·) [শু (মাঙ্গার্থক অব্যয়)-অশ্ (ব্যাপা)+উর (র্ত্তৃ), নিপাতন। চট্টল০ শউর, হউর] বি, স্বামী বা স্ত্রীর পিতা। ২ মান্য ব্যক্তি। ৩ গ্রাম্য গালি। স্ত্রীং শ্বাশুড়ী, শাশুড়ী-শ্বশুর পত্নী। ~ঘঁর, ~বাড়ী, ~মঁন্দির, শ্বশুরালঁয় [শ্বশুর +আলয়] বি, পতির পক্ষে পত্নীর ও পত্নীর পক্ষে পতির পিত্রালয়। ~ঘঁর কঁরা-ক্রি, শ্বশুর বাড়ীতে বধূর সংসারযাত্রা নির্ব্বাহ করা।

শ্বশুর্য্য (-শঁ-) [শ্বশুর+য (অপত্যার্থে)] বি, শ্বশুর পুত্র ; ভাসুর ; দেবর। ২ শ্যালক।

শ্বশ্রূ (শো-) [শ্বশুর+উ (পত্নী অর্থে)। শ্বশ্রূমাতা ও০] বি, স্বামী ও পত্নীর মাতা ; শাশুড়ী।

শ্বসন (শঁ-) [শ্বস্ (নিশ্বাস ফেলা)+অন (ণে)] বি, বায়ু। ২ শ্বাস গ্রহণ ও ত্যাগ ; জীবন। বিণ, শ্বসিত [শ্বস্+ত (ভা০)] যে শ্বাস গ্রহণ ও ত্যাগ করিতেছে ; শ্বাসক্রিয়া রত ; জীবিত। ২ নিশ্বাস।

শ্বসমান (শঁ-) [শ্বস্ (নিশ্বাস টানা ও ফেলা)+আন (র্ত্তৃ), ম্ আগম] বিণ, যে শ্বাস

গ্রহণ ও ত্যাগ করিতেছে; যে নিশ্বাস ফেলিতেছে।

শ্বা (শা) [সং। শ্বন্ শব্দ] বি, কুক্কুর; "কেহ বলে খেলে শিবা শ্বা কঙ্ক শার্দ্দূল কিবা।"-অ০। স্ত্রীং শুনী-কুকুরী।

শ্বাগণিক [সং] বি, ব্যাধ।

শ্বান [শ্বন্+অ (স্বার্থে)] বি, কুকুর; শ্বা (দ্রঃ)। স্ত্রীং শুনী-কুকুরী।

শ্বাপদ (শা-) [শ্বন (কুকুর সদৃশ) পদ (পা, থাবা) যার, বং০, নিপাতনসিদ্ধ] বি, হিংস্র বা শিকারী জন্তু; যে সকল পশু মাংস আহার করিয়া দেহধারণ করে। ২ বিণ, হিংস্রজন্তু সম্বন্ধীয়। ~সঙ্কুল, ~সমাকীর্ণ -বিণ, হিংস্রজন্তু সমাকুল; সিংহ ব্যাঘ্রাদি জন্তুপূর্ণ।

শ্বাস (শা-) [শ্বস্ (নিশ্বাস ফেলা)+অ। গ্রা০ শোয়াস। চট্টল০ প্রাদে০ 'শোয়াস'] বি, নিশ্বাস। ~কর্ম্ম-শ্বাসকার্য্য দ্রঃ। ~কষ্ট-বি, শ্বাস গ্রহণ ও ত্যাগে বাধা প্রাপ্তির ক্লেশ। "একদিন ভয়ানক শ্বাসকষ্ট উপস্থিত হইয়া..."-উত্তরা, পৌষ,১৩৩৩। ~কার্য্য, ~ক্রিয়া-বি, শ্বসন; শ্বাস গ্রহণ ও ত্যাগ breathing; respiration. ~রোধ -বি, শ্বাসপ্রশ্বাস-কার্য্য বন্ধ। ~হীন-বিণ, যার শ্বাসরোধ হইয়াছে; মৃত। ~প্রশ্বাস -বি, শ্বাসের গ্রহণ ও ত্যাগ উভয়ই; ~প্রশ্বাস ধারণ-বি, প্রাণায়াম; নিরোধ।

শ্বাসারি [শ্বাস+ অরি] বি, শ্বাসকষ্ট নিবারক; পুষ্করমূল [কাশ্মীরে পাতাল পদ্মিনী নামে খ্যাত। আয়ুর্ব্বেদীয় ব্যবহার ইহার অভাবে কুড় ব্যবহার্য্য]।

শ্বিত্র [শ্বিৎ (শুক্লবর্ণ হওয়া)+র (ণে), যদ্দারা শরীর শুক্লবর্ণ হয়] বি, ধবলরোগ। বিণ, শ্বিত্রী-শ্বেতকুষ্ঠরোগী। স্ত্রীং শ্বিত্রিণী।

শ্বেত [শ্বিৎ (শুক্লবর্ণ হওয়া)+অ (র্ত্তৃ)] বি, শুক্লবর্ণ; শুভ্রবর্ণ; শাদা রঙ্। ২ শঙ্খ। ৩ শিবের অবতারবিঃ। ৪ রাজাবিঃ। ৫ রজত; রৌপ্য। ৬ মিহরি। ৭ কপর্দ্দক। ৮ কর্পূর। ৯ বিণ, শুভ্র; শাদা। স্ত্রীং শ্বেতা-বিণ, শুভ্রা; শুভ্রবর্ণা। ২ [বৈদ্যকে] শরীরের তৃতীয় ত্বক্। (২) কটকিরী, (৩) অপরাজিতা, (৪) শ্বেতকণ্টকারী, (৫) শর্করা, (৬) শ্বেত দূর্ব্বা। ৩ কপর্দ্দক। ৪ শ্বেতবর্ণ পারাবত। "ইহানি নগর মুখে শ্বেতা ধায় অন্তরীক্ষে উর্দ্ধমুখে ধায় সদাগর।"-কবিক০। ~ক (-ক্ত) বি, রৌপ্য। ২ কপর্দ্দক। ~কণ্টকারী-বি, শ্বেতবর্ণ পুষ্পযুক্ত কন্টকারী; শাদা কন্টিকারী। ~করবীর, ~করুপী (গ্রা০)-বি, শাদা করবীপুষ্প ও বৃক্ষ। ~কাঞ্চন-বি,শ্বেতপুষ্প কাঞ্চন বৃক্ষ; কোবিদার। ~কুঞ্জর-বি, শ্বেতবর্ণ হস্তী। ২ ঐরাবত। ~কুরুণ্টক, ~ঝিণ্টী-বি, শাদা ঝাঁটাফুল ও গাছ। ~কুষ্ঠ-বি, ধবল। ~কৃষ্ণাভ-বি, কাকড়িমা বর্ণ; সাদা-কালোয় মিশ্রিত বর্ণযুক্ত। ~কেতু-বি, ঋষিবিঃ। ২ জনৈক বৌদ্ধ। ~কেশ-বি, পাকা চুল। ~কোল-বি, পুঁটীমাছ। ~খদির-বি, পাপড়ি খয়ের। ~খানা [সং-স্বেদ=মল (ভ্রং শ্বেত)। আঁ০ সেহৎ (স্বাস্থ্য, আরাম)+ফা০ খানা > সেত-খানা দ্রঃ] বি, পায়খানা; মলত্যাগ স্থান। "দশের মাঝে চেনা শুনা পায়খানা কি শ্বেতখানা।"-বাং গান। ~গঙ্গা -বি, শ্রীক্ষেত্রের তীর্থবিঃ; মার্কণ্ডেয় সরোবর। "শ্বেতগঙ্গা মার্কণ্ডের স্নান কৈলে যম জেয় পুনর্জ্জন্ম না হয় আপদ।"-অ০ ম০। ~গরুৎ-বিণ, শ্বেতপক্ষযুক্ত। ২ বি, হংস। ~গুঞ্জা-বি, শাদা কুঁচ white abrus precatorius. ~ঘণ্টা-বি, শাদা ঘোষা লতা। ~চন্দন-বি, শাদা চন্দন; সারচন্দন santalum album. ~চর্ম্ম -বি, যাদের গাত্রচর্ম্ম শুভ্র; য়ুরোপীয়। "অমনি তাই বুঝে যাবে যত শ্বেতচর্ম্ম।" -দ্বি০ রায়। ২ শাদা চামড়া। ~চামর-বি, শাদা চুলের চামর। ২ কাশতৃণ; কেশেঘাস। ~চিল্লী-বি, শাদা বেতো শাক। ~চ্ছদ [শ্বেত+ছদ (পত্র, পক্ষ)] হংস। ২ বিণ, শুক্লবর্ণ পক্ষযুক্ত। ~জীরক -বি, শাদা জীরে; সাজীরে। ~টঙ্কণ-বি, শাদা সোহাগা। ~তাম্বুল-বি, ছাঁচি পান। ~ত্রিবৃৎ-বি, শ্বেতবর্ণ মূল তেউড়ী। ~দূর্ব্বা-বি, শাদা দূর্ব্বাঘাস। ~দ্বীপ-বি, চন্দ্রদ্বীপ। ২ বৃটেন দ্বীপ the White Island perhaps Albion, বা Britain (*Wilford*). ~ধাতু-বি, খটিকা; খড়ী। ২ রজত। ~ধামা-বি, চন্দ্র। ২ সমুদ্রফেন। ৩ কর্পূর। ~নিষ্পাবা-বি, শ্বেতবর্ণ শিম্বিঃ। ~নীল-বি, মেঘ। ২ শুভ্র ও নীল মিশ্রবর্ণ। ~পত্র-বি, হংস ~পত্ররথ, ~পত্রবাহন-বি, হংস-রথ-বাহন ব্রহ্মা। ~পদ্ম-বি, শুভ্রবর্ণ কমলপুষ্প white lotus. ~পর্ণাস-বি, শ্বেততুলসী বৃক্ষ। ~পাথর, প্রস্তর-বি, শুভ্রবর্ণ পাষাণ; শ্বেতমর্ম্মর। ~পিঙ্গ(ল)-বি(ণ), নীলপীত। ~পুনর্নবা [গ্রা০ শেপুন্নে] বি, শাদা গুপুন্নে; শোথঘ্নী। ~পুষ্প-বি, শাদা ফুল। ২ সিন্দুবার বৃক্ষ। ~প্রদর -বি, জননেন্দ্রিয় হতে শুভ্র বা পীতাভ স্রাব নিঃসরণরূপ স্ত্রী ব্যাধি leucorrhœa. ~বরাহ-বি, কল্পবিঃ; যে কল্পে বিষ্ণুর তৃতীয় অবতার আবির্ভূত হইয়াছিলেন: বর্ত্তমান কল্প। প্র-শ্বেতবরাহ কল্পাব্দ। ~বর্ণ -শাদা রঙ্; শুক্লবর্ণ। ~বাহ [শ্বেত+বাহ (অশ্ব) যার] বি, ইন্দ্র। ২ অর্জ্জুন। ~বাহন -চন্দ্র। ২ [শ্বেতাশ্বরথারোহী বলিয়া] অর্জ্জুন। ২ মকর। ~বৃহতী-বি, শাদা বেগুন। ~বেড়েলা [সং-শ্বেত (শ্বেতপুষ্পা), সং-বাট্যালকা, বিললা > বেড়েলা] ঔষধার্থে ব্যবহৃত গুল্মবিঃ। ~মরিচ-বি, শজিনা বীজ। ~রক্ত-বি, পাণ্ডুরবর্ণ; পাটলবর্ণ; গোলাপি রং। ২ বিণ, পাটল-বর্ণবিশিষ্ট। ~লাল-বি, ধূম। ২ মেঘ। ~শাল্মলী-বি, শাদা শিমুল white cotton tree. ~শিম্বী-বি, শাদা বড় শিমগাছ ও ফল; রাজশিম্বী। ~শিলা-বি, শাদা পাথরকুচি। ~শৃঙ্গ-বি, যব। ~শূরণ-বি, শাদা ওল; বুনো ওল। ~শৈল- বি, শ্বেতবর্ণ পর্ব্বত। ধবল-গিরি। ~শোণিত-বি, শ্বেতরক্ত দ্রঃ। ২ শুক্র ধাতু। ~শ্মশ্রু-বি(ণ), পাকাদাড়ী। ~সর্ষপ, সরিষা-বি, রাই সরিষা।

~সরসিজনিবাসিনী [শ্বেতপদ্মাসনা বলিয়া] বি, সরস্বতী। "শ্বেতবর্ণ শ্বেতবাস শ্বেতবীণা শ্বেতহাস শ্বেত সরসিজনিবাসিনী।" -অ০ ম০। ~সার-বি, শস্য ফল মূলাদির শ্বেতাংশ starch. ২ খদির বৃক্ষ। ~হস্তী-বি, শুভ্রবর্ণ হস্তী। ২ ঐরাবত। ৩[ব্যঙ্গার্থে, লক্ষ০] দুর্ব্বহ ও বহ ব্যয়সাধ্য পোষ্য, যার পোষণ বজায় রাখিতে সর্ব্বস্বান্ত হইতে হয় white Elephant.

শ্বেতা-শ্বেত দ্রঃ।

শ্বেতাভ-বিণ, শুক্লবর্ণের আভাযুক্ত ; প্রায় শ্বেত।

শ্বেতাম্বর [শ্বেত + অম্বর] বি, শুক্ল বসন; সাদা কাপড়। ২ জৈন সম্প্রদায় ভেদ। তুল-দিগম্বর। ৩বিণ, শুভ্র বসন পরিহিত। স্ত্রীং~া।

শ্বেতি(তী)-বি, শিত্র (দ্রঃ) ; ধবল white leprosy.

শ্বৈত্য (শৈ্ৎত) [শ্বেত + য (ভা০)] বি, শ্বেতত্ব ; শুভ্রতা ; শুক্লতা ; ধবলিমা। ২ নির্ম্মলতা।

ষ

ষ১-ব্যঞ্জন বর্ণমালার একত্রিংশ বর্ণ। ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা। বাং-র তিনটির মধ্যে এই ষ যথাযথ উচ্চারিত হইয়া থাকে। হি০-তে ষ স্থলবিশেষে "খ"র মত উচ্চারিত হয়। তার অনুকরণে ব্রজবুলিতে এবং পরে প্রা০বাং-র চলিত হইয়াছিল। প্র-বিষাদ স্থলে বিখাদ। রোষ স্থলে রোখ। সুষমা স্থলে সুখমা (বি০ প০)। ট বর্গীয় বর্ণের পূর্ব্বে ষ যুক্ত হয়। এই নিয়মে ইং-"st" বাং-র ষ্ট দ্বারা পরিভাষিত হয়। কিন্তু স্‌ট হওয়া উচিত। "ষকারঃ কীর্ত্যতে শ্রেষ্ঠে ষুণ্চ গর্ভবিমোচনে"-পাঠান্তরে, "ষণ্চ গম্ভীরলোচনে। উপসর্গে পরোক্ষে চ ষকারঃ পরিকীর্ত্তিতঃ"-একাক্ষর-কোষ। সংস্কৃত ভাষায় এই বর্ণ স্বর্গ, মুক্তি, ধ্বংস, নিদ্রা, ধৈর্য্য, শ্রেষ্ঠ ই০ অর্থের দ্যোতনা করে কিন্তু বাং-র স্বতন্ত্র ব্যবহার নাই। বাং-র ব্যবহৃত মূর্দ্ধণ্য ষকারাদি শব্দ প্রায় সমস্তই ছয় সংখ্যা বাচক ষষ্‌ শব্দ যোগে এবং অবশিষ্ট কয়েকটী, ষণ্‌ (দান করা) ও ষ্ঠীব্‌ (থূৎকার করা বা থু ফেলা) ধাতু যোগে নিষ্পন্ন। প্রা০ বাং-র শ ও স স্থলে ষ। যথা শেষ=ষেষ। "দিনে দিনে তনু ষেষ ভাবিঞাঁ সে কাহ্নের নেহে।"-শ্রী০ কী০।

ষ২ [প্রা০ বাং-র, স, শ স্থলে ষ] স, সে। "কথো দিন থাকিলেঁ ষো দিতোঁ ষ মানাঁঞাঁ।" -শ্রী০ কী০।

ষকার-বি, ষ এই বর্ণ।

ষট্১ [অনু০] বি, অনুকার শব্দ। ২ চকিতের মধ্যে প্রস্থানের ভাববোধক ; ছুট ; ষট্‌কান।

ষট্২ [ষষ্‌ (ষো=নাশ করা) + ০(ক্বিপ্‌, র্ক্ত), নিপাতন] বি, ছয়। ~ক [ষষ্‌ (ছয়) + ক (স্বার্থে)] বি, ছয় সংখ্যা ; ৬। ২ [বৈদ্যকে] শুঁঠ, পিঁপুল, মরিচ, চই, চিতামূল ও পিপুলমূল এই ছয় দ্রব্য। ~কর্ম্ম-বি, ছয়টি কর্ত্তব্যকর্ম্ম। ২ [স্মৃ০] বি, যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান, প্রতিগ্রহ। ৩ [তন্ত্রে] মারণ (প্রাণহারী ক্রিয়া। দেবতা কালী), উচ্চাটন (স্বদেশ হ'তে উচ্ছেদ করাইবার ক্রিয়া। দেবতা দুর্গা), স্তম্ভন (সকলের প্রবৃত্তিরোধক অর্থাৎ কার্য্য-কারিতা শক্তি অবরোধকারী ক্রিয়া। দেবতা রমা), বিদ্বেষণ (প্রণয়ীজনের মধ্যে পরস্পর দ্বেষজনক ক্রিয়া। দেবতা জ্যেষ্ঠা), বশীকরণ (যে ক্রিয়ায় লোক বশীভূত হয়। দেবতা বাণী) ও শান্তি (যে ক্রিয়া দ্বারা রোগ, কুকৃত্য, গ্রহ-দোষ নিবারিত হয়। দেবতা রবি)। ৪ [যোগ শা০] যোগের ৬টি ক্রিয়া-দৃঢ়তা (আসনের দ্বারা), ধৈর্য্য (প্রত্যাহার দ্বারা), স্থৈর্য্য (মুদ্রা দ্বারা), লাঘব (প্রাণায়াম দ্বারা), প্রত্যক্ষ (ধ্যানের দ্বারা), নির্লিপ্ত (সমাধি দ্বারা) ও শোধন (ধৌতি, বস্তি, নেতি, লৌলিকী, ত্রাটক ও কপালভাতি)-এই সাত প্রকার সাধনার দ্বারা দেহশুদ্ধি কর্ম্ম [ধৌতি-কর্ম্ম-অন্ত (দেহাভ্যন্তরে), দন্ত, হৃদ্‌ (বুকের ভিতর), মূল শোধন (গুহ্যপ্রদেশ প্রক্ষালন, কোষ্ঠকাঠিন্য আমাদি দোষঘ্ন, দেহের ও জঠরাগ্নির বৃদ্ধি) -এই ৪ প্রকার ধৌতিক্রিয়া দ্বারা দেহের নির্ম্মলতা সাধন। (২) বস্তিকর্ম্ম (জলবস্তি ও শুষ্কবস্তি। নাভিমগ্ন জলে পায়ু রাখিয়া উৎকট আসনে উপবেশন দ্বারা পায়ুকে আকুঞ্চন ও প্রসারণ দ্বারা শোধন)। (৩) নেতিকর্ম্ম (বিঘত পরিমাণ সূক্ষ্মসূত্র নাসারন্ধ্র দিয়া প্রবেশ করাইয়া মুখ দিয়া বাহির করা)। (৪) লৌলিকীকর্ম্ম (বেগে উভয়পার্শ্বে উদর চালনা। ইহা সর্ব্বরোগের নিবৃত্তি ও অগ্নি-বৃদ্ধির নিদান স্বরূপ)। (৫) ত্রাটক কর্ম্ম (চক্ষুর নিমেষ ও উন্মেষ রহিত অর্থাৎ অপলক হইয়া কোন সূক্ষ্মবস্তুর দিকে নিরীক্ষণ করিতে করিতে চক্ষুর জল বাহির করা)। (৬)কপাল-ভাতি কর্ম্ম-(ক) বাতক্রম (ইড়া নাড়ী অর্থাৎ বাম নাসা দ্বারা বায়ু পূরণ বা শ্বাস গ্রহণ। ইহা কফ দোষঘ্ন), (খ) ব্যুৎক্রম (পিঙ্গলা নাড়ী অর্থাৎ দক্ষিণ নাসা দ্বারা বায়ুরেচন বা শ্বাস ত্যাগ এবং দক্ষিণ নাশা দ্বারা বায়ু পুনরায় পূরণ ও রেচন, নাসা দ্বারা জল আকর্ষণ করিয়া মুখের দ্বারা নির্গত করান এবং মুখ দ্বারা জল গ্রহণ পূর্ব্বক নাসা দ্বারা নিষ্ক্রামণ। ইহা কফ দোষায়), (গ) শীৎক্রম (মুখ দ্বারা শীৎকার পূর্ব্বক জল গ্রহণ করিয়া নাসাপুট দিয়া বাহির করা। ইহাতে দেহকান্তি জন্মে)-এই ছয়টি যোগের ষট্‌কর্ম্ম]। ~কর্ম্মা-বিণ (বি), স্মৃতি ও তন্ত্রানুযায়ী ষট্‌কর্ম্মকারী (ব্রাহ্মণ)। ~কোণ-বিণ, ছয়কোণযুক্ত ; ছকোণা। ২ [ফ০ জ্যো০] বি, লগ্ন হতে ৬ষ্ঠ স্থান। ৩ হীরক। ~চক্র-বি, দেহাভ্যন্তরস্থ সুষুম্না নাড়ীর মধ্যবর্ত্তী অতি সূক্ষ্ম পদ্মাকৃতি ৬টী চক্র। মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপুর, অনাহত, বিশুদ্ধ ও আজ্ঞা-এই ৬টি চক্র। সকলের ঊর্দ্ধে সহস্রার পদ্ম। ~চত্বারিংশ-বিণ, ছচল্লিশ (৪৬) এই সংখ্যার পূরক ; ৪৬

সংখ্যক [>স্ত্রীং~ী]।২বি,৪৬এইসংখ্যা। ~চ্‌ত্বারিংশৎ [ষট্ (অধিক) চত্বারিংশৎ, ষ° প° লো°] বিণ, ~চ্‌ত্বারিংশ্‌ত্তম-বিণ, ৪৬ সংখ্যার পূরক। >স্ত্রীং ~ী। ~চ্‌রণ [সং] বিণ, ছয়পদবিশিষ্ট। ২ বি, ভ্রমর। ৩ ছারপোকা। ৪ উকুণ। ~ত্রিংশ্‌ [ষট্ (অধিক) ত্রিংশ। প্রাকৃ° চত্তিংসো।] বি, ছত্রিশ সংখ্যা : ৩৬ এই অঙ্ক। ২ বিণ,৩৬ সংখ্যক। ~ত্রিংশ্‌ৎ-বিণ, ৩৬ সংখ্যার পূরক।~ত্রিংশ্‌ত্তম-বিণ ৩৬ এই সংখ্যার পূরক। >স্ত্রীং ~ী। ~পঞ্চাশ [সং] বিণ, ছয় অধিক পঞ্চাশ ; ছাপান্ন। ~পঞ্চাশ্‌ৎ-বি, ছয় অধিক পঞ্চাশসংখ্যা; ৫৬ সংখ্যার অঙ্ক। ২ বিণ, ৫৬ সংখ্যক। ~পঞ্চাশ্‌ত্তম-বিণ, ৫৬ সংখ্যার পূরক। >স্ত্রীং ~ী। ~পদ-বিণ, ছয় পদবিশিষ্ট ; ছপেয়ে। ২ বি, ভ্রমর। >স্ত্রীং ~পদী-ভ্রমরী। ২ ছয় চরণযুক্ত ছন্দঃ। ~পদা [ষট্+পদা (পদবিশিষ্ট)] বি. গঙ্গাফড়িঙ্। ~পদাতিথি [ষট্পদ (ভ্রমর)+অতিথি (মুকুলিত অবস্থায় পুষ্পমধুগন্ধে আকৃষ্ট হইয়া) হয় যার] বি, আমগাছ।২ চাঁপা ফুলের গাছ।~পদাধার [ষট্পদ+আধার,৬তৎ] বি, কদম্ব বৃক্ষ। ~পদানন্দবর্দ্ধন [সং] বি, অশোক বৃক্ষ। ~পদানন্দা [সং] বি, মল্লিকা। ~প্রজ্ঞ-বি, চতুর্ব্বর্গ (ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ), লোকাচার ও তত্ত্বজ্ঞান এই ছয় বিষয়ে অভিজ্ঞ। ২ লম্পট। ~ষষ্টি [প্রা° ছ (ছে) ষট্টি] বি, ষড়াধিক ষষ্টি ; ৬৬ এই সংখ্যা বা অঙ্ক। ২ বিণ, ৬৬ সংখ্যার পূরক।~ষষ্টিতম-বিণ,৬৬ সংখ্যার পূরক। >স্ত্রীং ~ী ~সপ্ততি [প্রা° ছিয়াত্তর। স্ত্রীং ~সপ্ততি] বি, বিণ, ছিয়াত্তর এই সংখ্যা বা সংখ্যক। ~সপ্ততিতম-বিণ, ৭৬ সংখ্যার পূরক। >স্ত্রীং ~ী।

ষট্‌কানি-সটকান দ্রঃ।

ষড়্‌১ [ফা° শলাহ্ >শল্ >ষড়্] বি, গুপ্ত পরামর্শ।

ষড়্‌২ [সং-ষষ্ (ছয়) শব্দ] বিণ, ছয়। ~গর্ত্ত-সড়গড় দ্রঃ। ~গয়া-বি, গয়াগজ, গয়াদিত্য, গায়ত্রী, গদাধর,গয়াধাম ও গয়াসুর এই ষড়্‌বিধ গয়া। ~গুণ-বিণ, ছগুণ ; ৬ সংখ্যা দ্বারা গণিত; ছয় ডবল six times ; six fold. বি, ষাড়্‌গুণ্য। ২ বি,ছয়টি রাজগুণ-সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ ও আশ্রয়। ~জ-ষড়জ দ্রঃ। ~দর্শন-বি, সাংখ্য,পাতঞ্জল,পূর্ব্বমীমাংসা, বেদান্ত,বৈশেষিক ও ন্যায় এই ছয় দর্শনশাস্ত্র six systems of Hindu philosophy. ~দুর্গ-বি,ধন্বদুর্গ, গিরিদুর্গ, নৃদুর্গ, মৃদ্দুর্গ,বারিদুর্গ ও বনদুর্গ। মতান্তরে-ধন্বদুর্গ, নৃদুর্গ, মহীদুর্গ, বারিদুর্গ, বৃক্ষদুর্গ ও গিরিদুর্গ এই ছয় প্রকার দুর্গ। ~ধা-ষড়ধা দ্রঃ। ~বক্ত্র-বিণ, ছয়মুখবিশিষ্ট। ২ বি, ষডানন। ~বর্গ-বি, কামাদি ছয় রিপু। ~বিধ-বিণ, ছয়প্রকার ; ছ-রকম। ~বিন্দু-বি,ছয়টি বিন্দু: ছ-ফোঁটা।২বিষ্ণু। ৩ কবিরাজী পাকতৈলবিঃ।৪ কীটবিঃ। ~ভুজ-বিণ, ছয় হাতবিশিষ্ট। ২ বি, চৈতন্যদেব। > স্ত্রীং ~ষড়্‌ভুজা-বিণ, ছয়হস্তা। ২ বি, খরবুজা ফল। ~ভাব [দর্শনে] বি, ভাব পদার্থের উৎপত্তি, স্থিতি, বৃদ্ধি, বিপরিণতি, অপক্ষয় ও নাশ এই ছয় অবস্থা। ~রস-বি, ছয় রস ; লবণ, অম্ল, মধুর, কটু, কষায় ও তিক্ত। ~লবণ-বি, সৈন্ধব, সামুদ্র, বিট, সৌবর্চ্চল, মৃৎ ও কাচ এই ছয়প্রকার লবণ।

ষড়ঙ্গ[ষষ্ (ছয়) + অঙ্গ] বি, দেহের ছয়টী অংশ বা অবয়ব ; মস্তক, হস্তদ্বয়, কটি ও পদদ্বয়। ২ বেদের ছয় বিভাগ-শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ ও জ্যোতিষ। "তদ্রূপ ষড়ঙ্গসমন্বিত সরহস্য নিখিল বেদ।" -বশিষ্ঠ সংহিতা (বঙ্গবাসী)। ৩ ছয় গব্য ; পঞ্চগব্য (গোমূত্র, গোময়,দুগ্ধ,ঘৃত, দধি) এবং গোরোচনা। ৪ বিণ, ছয় অঙ্গবিশিষ্ট। ~ধূপ-বি, চিনি, গব্য ঘৃত, মধু, গুগ্‌গুল, অগুরু, কাষ্ঠ ও শ্বেতচন্দনকাষ্ঠ একত্র বাটিয়া বাতির আকারে প্রস্তুত করিয়া রৌদ্রে শুকাইয়া লওয়া ধূপ।

ষড়ঙ্গক [ষষ্ (ছয়) + অঙ্গ + ক (স্বার্থে)] বি, চিত্রের ছয় অঙ্গ। [দ্রঃ-"বাৎস্যায়ন কামসূত্রের প্রথম অধিকরণে, তৃতীয় অধ্যায়ের টীকায় যশোধর পণ্ডিত আলেখ্যের এই ছয় অঙ্গ নির্দ্দেশ করিয়াছেন যথা-প্রথম রূপভেদ, দ্বিতীয় প্রমাণ, তৃতীয় ভাব, চতুর্থ লাবণ্য-যোজন, পঞ্চম সাদৃশ্য, ষষ্ঠ বর্ণিকাভঙ্গ।" -অবনী°ঠাকুর]।

ষড়ঙ্ঘ্রি [ষট্ + অঙ্ঘ্রি (পদ) যার] বি, ভ্রমর ; ষট্পদ (দ্রঃ)।

ষড়্‌জ, ষড়্‌জ [ষড় (ছয়) জ (কণ্ঠ,তালু, জিহ্বা, দন্ত, নাসা এবং উরঃস্থল এই ছয় হতে জন্মে বলিয়া এই নাম)। "ষড়্‌জং রৌতি ময়ূরঃ।" হিং-তে-খড়জ্, খরজ, ষ=খ] বি, কণ্ঠস্বরবিঃ। ইহা ময়ূরকণ্ঠধ্বনি সদৃশ ; সঙ্গীতের আদ্যস্বর; ইহার সঙ্কেত "সা"।

ষড়্‌দর্শন-ষড়্ দ্রঃ।

ষড়ধা, ষড়্‌ধা [ষষ্ (ছয়)+ধা (চ্ প্রকারার্থে)] অ, ছয়প্রকার। ২ ছয় বিষয়ে। ৩ ছয় বার।

ষড়ভিজ্ঞ [ষষ্ (ছয়) + অভিজ্ঞ] বিণ, ছয় বিষয়ে অভিজ্ঞ; আত্মজ্ঞান, জাতিস্মরতা, পরচিত্তজ্ঞান, দিব্যদৃষ্টি, দিব্যশ্রোত্র, বিয়দ্‌গতি (শূন্যে গমন ও ইচ্ছামত দেহধারণ) এই ছয় বিদ্যায় পারদর্শী। ২ বি, বুদ্ধদেব। ৩ বৌদ্ধমতাবলম্বী ; বৌদ্ধ।

ষড়্‌যন্ত্র [ষড়্ (দ্রঃ)+যন্ত্র (সাধন, কৌশল)] বি, ষড়্‌বিধ কূটকৌশল ; অন্যায় করিয়া ফাঁদে ফেলিবার জন্য প্রতিকূল ব্যক্তিদের কুমন্ত্রণা বা কৌশলজাল।

ষড়শীতি [ষষ্ (ছয়) + অশীতি। ষড়শীতম°] বি,ছয় অধিক আশী সংখ্যা; ৮৬। ~চক্র-কন্যা, মিথুন, ধনু ও মীন রাশিগত রবির ফলাফলসূচক নক্ষত্রাঙ্গ নরাকৃতি চক্র। ~তম-বিণ, ৮৬ সংখ্যার পূরক। > স্ত্রীং ~ী।

ষড়ানন [ষষ্ (ছয়)+আনন] বি, কার্ত্তিকেয়।২ বিণ, ছমুখো।

ষড়াম্নায় [ষষ্ (ছয়)+আম্নায় (আগম, তন্ত্রশাস্ত্র), শিবের ছয় মুখ হতে নিঃসৃত বলিয়া এই নাম] বি, ছয়প্রকার তন্ত্রশাস্ত্র।

ষণ্ড [সং] বি, ষাঁড়। ২ স্বাধীনভাবে বিচরণকারী বৃষ ; ধর্ম্মের ষাঁড়। ৩ ষণ্ড ; নপুংসক। ৪ বৃক্ষ। ৫ যোনিরোগবিঃ। ৬

দৈত্যগুরু শুক্রাচার্য্যের পুত্র ; প্রহ্লাদের শিক্ষাগুরু।

ষঁণ্ডা [সং-ষণ্ড (বৃষ) + আ (সাদৃশ্যার্থে)] বিণ, বৃষবৎ বলবান্ ; গোঁয়ার ও বলিষ্ঠ ; পালোয়ান। বহুবচনে-ষঁণ্ডাষঁণ্ডা।

ষঁণ্ডামার্ক [সং-ষণ্ড + অমর্ক=ষণ্ডামর্ক। বাং-র-আ যোগ] বি, শুক্রাচার্য্যের পুত্রদ্বয় ষণ্ড এবং অমর্ক। ইঁহারা প্রহ্লাদের শিক্ষাগুরু ছিলেন। ইঁহাদের প্রকৃতি ষণ্ড বা ষাঁড়ের মত যেমন উগ্র ও একগুঁয়ে ছিল ইঁহারা তেমন বলিষ্ঠ ছিলেন। ২ [লক্ষ°] বিণ, দৃঢ়দেহ এবং উগ্রপ্রকৃতি ; একগুঁয়ে ও বলিষ্ঠ।

ষঁণ্ড [সং। শণ্ড দ্রঃ] বি, নপুংসক।

ষঁণ্ণবতি [ষট্ (অধিক) + নবতি (৯০)। গ্রা° ছিয়ানব্বই] বি, ৯৬ সংখ্যা। ২ ৯৬ সংখ্যক। ~তঁম-বিণ, ৯৬ সংখ্যার পূরক। > স্ত্রীং ~তমী।

ষঁণ্মাস [ষট্ (ছয়) + মাস] বি, ছয় মাস ; অর্দ্ধ বৎসর। বিণ, ষঁণ্মাস্য-ছয় মাসসাধ্য।

ষঁণ্মুখ [ষট্ + মুখ] বি, ষড়ানন।

ষঁত্ব [ষ + ত্ব (ভা°), 'ষ' হওয়ার ভাব] বি, ব্যাকরণের নিয়মে 'স' স্থানে 'ষ' হওয়া। ~বিধান, ~বিধি-বি, স স্থলে ষ হওয়ার ব্যাকরণ নির্দ্দিষ্ট নিয়ম।

ষষ্টি [ষষ্ (ছয়) + দশ + তি > ক্ষে°] বি, ৬০ এই সংখ্যা ; ছয় দশ। ২ বিণ, ৬০ সংখ্যক। ~ক-বিণ, ৬০ সংখ্যা দ্বারা প্রাপ্ত বা ক্রীত। ২ বি, ৬০ দিনে গর্ভস্থ অবস্থাতেই পরিপক্ব হয় এমন ধান্য ; ষেটে ধান। ~কান্ন-বি, ষেটে ধানের ভাত। ~ক্য-বি, ষষ্টিক ধান উৎপাদনযোগ্য ক্ষেত্র। ~তঁম-বিণ, ষাট সংখ্যার পূরক। > স্ত্রীং ~তমী। ~ধা -৬০ রকম। ২ ৬০ ষাট বার। ~সঁহস্র-বি(ণ), ষাট হাজার সংখ্যা বা সংখ্যক ; ৬০০০০।

ষঁষ্ঠ [ষষ্ (ছয়) + থ (পূরণার্থে)] বিণ, ছয় সংখ্যার পূরক।

ষঁষ্ঠাংশ [ষষ্ঠ + অংশ] বি, ছয় ভাগের এক ভাগ one sixth.

ষষ্ঠী [(মূল প্রকৃতির ষষ্ঠাংশ বলিয়া) গ্রা ..., ... । > প্রাকৃ° ষট্ঠি > । গ্রা° ষেটে, ষেঠে] বি, ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ মতে সাবিত্রীগর্ভজা ব্রহ্মার কন্যা দেবসেনার নামান্তর ; মহাষষ্ঠী। ইনি মাতৃকাশ্রেষ্ঠা ও শিশুপালিকা। ইঁহার সহিত কার্ত্তিকেয়ের বিবাহ হয় [দ্রঃ-অপুত্রক গৃহস্থ সন্তানকামনায় কার্ত্তিকপূজার অনুষ্ঠান করেন। (২) মতান্তরে-জরা রাক্ষসীর নামান্তর। ইনি গৃহস্থের গৃহে গৃহে ভ্রমণ করিতেন বলিয়া ব্রহ্মা ইঁহার নাম গৃহদেবী রাখিয়াছিলেন। মহা° আদি°-তে উক্ত হইয়াছে যে, যে ব্যক্তি নবযৌবনসম্পন্না সপুত্রা ইঁহার মূর্ত্তি গৃহে লিখিয়া রাখে, তার গৃহ সতত ধনধান্য, পুত্র কলত্রাদিতে পরিপূর্ণ থাকে। ইনিই ষষ্ঠী নামে বিখ্যাতা। (৩) মতান্তরে-কার্ত্তিকেয় কৃত্তিকাদি যে ছয় মাতৃকার স্তন্যে পালিত হইয়াছিলেন তাঁদের সমবেত মূর্ত্তি]। ~তঁলা-বি, ষষ্ঠীদেবীর পূজাস্থান ; সাধারণতঃ বট ও অশ্বত্থ বৃক্ষতলে ষষ্ঠীদেবীর স্থাপনা হেতু উক্ত বৃক্ষতল বা ষষ্ঠীদেবীর স্থান। ~পূজা-সন্তান ভূমিষ্ঠ হইবার এক মাস পরে তার মঙ্গল ও দীর্ঘজীবন কামনায় ষষ্ঠীদেবীর পূজা। ~বুড়ী-বি, ষষ্ঠীদেবী। ২ বহু সন্তানের মাতা সুতরাং বৃদ্ধা। ~ভাগ্য-বি, সন্তান ভাগ্য ; ছেলে-পুলে হওয়া। ষঁষ্ঠীর কৃপা, -বঁর [কাহার প্রতি বা উপর] বি, ষষ্ঠীদেবীর দয়া বা আশীর্ব্বাদ (যার ফলে সন্তানলাভ হয়)। "কেননা ছয়টি সন্তান খুব তাড়াতাড়ি প্রসব করিয়াই বিধু হঠাৎ থামিয়া গিয়াছিল। ওপক্ষে গোপীমোহনের প্রতি ষষ্ঠীর কৃপা সমান ভাবেই চলিয়াছিল।"-পিতাপুত্র। ষঁষ্ঠীর দাস-ষেটের বাছা দ্রঃ। মা ষঁষ্ঠী [দেবী মাত্রেই মা (তুল-মাদুর্গা, মাকালী)] বি, শিশুপালিকা মাতৃকা বলিয়া।

ষষ্ঠীতঁৎপুরুষ [ব্যা°] বি, ষষ্ঠীবিভক্ত্যন্ত পদ অন্য পদের পূর্ব্বে থাকিয়া একপদীকরণ সমাসের নাম। যথা-বিদ্যালয় (=বিদ্যার আলয়)।

ষঁষ্মাহী [ফা° ষষ্ (ছয়) + ফা° মাহ্ (মাস) + ঈ] বিণ, ষাণ্মাসিক (দ্রঃ) half-yearly. ২ [জমি°, আদা° পরিঃ] বি, ছয় মাসের রাজকর বা খাজনা ; ষাণ্মাষিক রাজস্ব।

ষাইট-ষাট দ্রঃ।

ষাঁড় [সং-ষণ্ড >] বি, বৃষ। ২ [লক্ষ°] লম্পট পুরুষ। ৩ [লক্ষ°] গোঁয়ার ও অসংযত পুরুষ। ৪ [লক্ষ°] বিণ, যথেচ্ছ বিহার বা বিচরণকারী ; অসংযত। গোকুলের ষাঁড়-বি, গোকুলের স্বেচ্ছাবিহারী বৃষ। ২ [লক্ষ°] অসংযত বা স্বৈরচারী পুরুষ। দাগা-ষাঁড়-বি, শ্রাদ্ধের বৃষোৎসর্গের ত্রিশূল চিহ্নে চিহ্নিত যথেচ্ছ বিচরণকারী বৃষ। ধঁর্ম্মের ষাঁড়-বি, ধর্ম্মঠাকুরের নামে মুক্ত বৃষ। ষাঁড়ের গোবঁর-বি, যে গোময়ে শাস্ত্রীয় কর্ম্ম হয় না। ২ [লক্ষ°] যে লোক কোন কাজে আসে না।

ষাঁড়া, শাঁড়া [ষণ্ড >] বি, নপুংসক। ২ বন্ধ্যা ; বাঁঝা। ৩ [সন্তান প্রসবজনিত ক্ষয় নাই বলিয়া] বৃদ্ধিশীল বা বাড়ন্ত দেহ। ষাঁড়াষাঁড়ি [ষাঁড় + আ + ষাঁড় + ই] বি, ষাঁড়ে ষাঁড়ে যুদ্ধকালীন তাদের গর্জ্জন ও আকৃতির মত গর্জ্জনকারী জলোচ্ছ্বাসযুক্ত বন্যা। প্র-ষাঁ°-র বান ডাকা।

ষাট, ষাটি, ষাঠ [পূ° বঙ্গের উচ্চারণে 'ষাইট' (ঠ)। সং-ষষ্টি >] বি, ছয় দশ ; ৬০। ২ ষষ্টিক দ্রঃ ; ষেটে বা আশু ধান্য।

ষাট, [সং-ষষ্ঠী > ষাইট > গ্রা° ষেটে] বি, ষষ্ঠীদেবী। ২ [ষষ্ঠীদেবী সন্তানের পক্ষে শুভজনক বা বিপদাপদ নাশক বলিয়া তাঁর নাম গ্রহণার্থে। তুল-দুর্গা ; শ্রীহরি। ই°] অ, স্বস্তি ; ষষ্ঠীদেবী বাঁচাইয়া রাখুন। ৩ [বিদ্রূপে] ষষ্ঠীর বরপুত্র হয়ে বেঁচে থাক ; ষষ্ঠীর কোল জুড়ে বা জুড়াইয়া থাক। "বালাই! ষাট, তুমি কেন বধূ হইতে যাইবে?"-কমলাকান্তের দপ্তর। বিণ, ষাটিয়া, ষেটেৌ, ষেটে, সেটে ও°। ষাট ষাট-অ, ষষ্ঠী ষষ্ঠী ; স্বস্তি স্বস্তি। তুল-বজ্র-নিবারক নাম "জৈমিনী জৈমিনী"। ষাটের কোলে, ষেটের কোলে-ষষ্ঠীদেবীর কৃপারূপ অঙ্কে। "শত্রুমুখে ছাই দিয়ে ষেটের কোলে পাঁচু এই দশ বছরে পা দিয়েছে"-ভারতী, বৈশাখ, ১৩২১। ষেটের বাছা -ষষ্ঠীর বৎস। "বালাই ষেটের বাছা"-নীল-

]যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ঙগ জ্ঞ=গ্‌গাঁ ঞ্চ=ন্চ ঞ্জ=ন্জ হ্ন=হ্ন হ্ম হ্ল হ্ব হ্ন=ন্‌হ ম্‌হ লহ ড় ঢ়, য় ক় ফ় জ়=z/wv ও জ্ঞা° দ্রঃ

দর্পণ। ষেটের বাছা ষষ্ঠীর দাস-ষষ্ঠীদেবীর অনুগৃহীত সন্তান ও সেবক।

ষাঁঠ [ষষ্টি > প্রাকৃ° ষট্‌ঠি >] বি, বিণ, ষাট১, ২ (দ্রঃ)।

ষাড়্‌গুণ্য [ষড়্‌গুণ (দ্রঃ) + য (স্বার্থে)] বি, সন্ধি বিগ্রহাদি ছয় গুণ। ২ ষড়্‌গুণের ভাব।

ষাড়্‌ব [বৈদ্যকে] বি, অম্ল, মধুর, লবণাদি ছয় রসযুক্ত নানা সুগন্ধিযুক্ত দ্রব্যবিঃ।

ষাণ [পাষাণ > ক্ষে°] বি, পাষাণ। ২ [পাষাণবৎ বলিয়া] চুণ-সুরকি-ইট, বা বালী সিমেন্ট দিয়া পাকা-করা স্থান; প্র-পুকুরের ষাণবাঁধান ঘাট; ষাণের মেঝে।

ষাণ্মাতুর [ষষ্‌ (ছয়) + মাতুর=মাতৃ + অ (অপত্যার্থে)] বিণ, যার ছয় মাতা। ২ [ছয় মাতৃকা (কৃত্তিকাত্রয়, দুর্গা, গঙ্গা, পৃথ্বী) দ্বারা পালিত বলিয়া] বি, কার্ত্তিকেয়।

ষাণ্মাসিক [ষষ্‌ (ছয়) + মাস=ষণ্মাস + ইক (সম্বন্ধে)] বিণ, ছয় মাস সম্বন্ধীয়; ছয় মাসের half-yearly. ২ প্রতি ছয় মাসে করণীয়। ৩ বি, ছয় মাস অন্তর কর্ত্তব্য শ্রাদ্ধাদি। "ত্রিপক্ষ শ্রাদ্ধ, ষাণ্মাসিক, মাসিক এবং আব্দিক[বার্ষিক]শ্রাদ্ধে ভোজন"-অত্রি-সংহিতা (বঙ্গবাসী)। ৪ প্রতি ছয় মাস অন্তর প্রকাশ্য পত্রিকাদি sixmonthly journal. তুল-ত্রৈমাসিক।

ষিড়্‌গ [সং] বি, লম্পট। ২ জার; উপপতি।

ষু১ [অনু°] বি, শিশ বা শোষণ শব্দ।

ষু২-শু২ দ্রঃ।

ষেটে১ [গ্রা°। সং-ষষ্টিক] বি, আশু-ধান্য; ষাটি দ্রঃ।

ষেটে২-ষাট২ দ্রঃ।

ষেটেরা [ষষ্ঠ রাত্রি > ক্ষে°] বি, শিশুর জন্মের ষষ্ঠ রাত্রিতে করণীয় সংস্কারবিঃ। ~**পূজা**-বি, জন্মের ষষ্ঠ রাত্রে শিশুর কল্যাণ কামনায় যে পূজা হয়।

ষোড়শ [সং] বি, ষড়দশ; ছয় অধিক দশ; ১৬ এই সংখ্যা। ২ বিণ, ষষ্ঠদশসংখ্যক; ১৫ সংখ্যার পরবর্ত্তী। ৩ ১৬ ভাগের এক-ভাগ। ৪ শ্রাদ্ধের ১৬টী বিশেষ উপকরণ।

ষোড় **উপচার, ষোড়শোপচার** [ষোড়শ + উপচার] বি, পূজার ১৬টী দ্রব্য (আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, স্নানীয়, বসন, ভূষণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, মধুপর্ক, তাম্বুল, তর্পণ ও নতি। মতান্তরে--আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয়, স্নান, বসন, আভরণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য ও চন্দন (দ্রঃ-শক্তিপূজায়-আসন ও স্বাগত স্থলে নৈবেদ্য ও পুনরাচমনীয় এবং মধু স্থলে মদ্য)। ~**কলা** -চন্দ্রের ১৬ অংশ the 16 digits of the moon. ~**দান**-বি, ষোড়শক দ্রঃ। ~**মাতৃকা**-বি, গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া; দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, তুষ্টি, কুলদেবতা ও আত্ম-দেবতা এই ষোল মাতৃকা। ~**ভুজা**-বি, ষোড়শহস্তা দুর্গা।

ষোড়শক [শুদ্ধিতত্ত্বে] বি, শ্রাদ্ধাদিতে প্রেতোদ্দেশ্যে দেয় ভূমি, আসন, জল, বস্ত্র, প্রদীপ, অন্ন, তাম্বুল, ছত্র, গন্ধ, মাল্য, ফল, শয্যা, পাদুকা, ধেনু, কাঞ্চন ও রজত এই ১৬টি দ্রব্য। [দ্রঃ-বায়ু পু°, গরাপদ্ধতিমতে-"স্বর্ণং রৌপ্যং তথা তাম্রং কাংস্যং গাবো গজা হয়াঃ। গৃহং ভূমির্য্যো বস্ত্রং শয্যা ক্ষেত্রমুপ নহো॥ দাস্তন্নং পিতৃযজ্ঞেষু দানং ষোড়শকং মতম্॥"]।

ষোড়শাখ্য [স্মৃ° পরিঃ] বি, ষোড়শ দিনসাধ্য ব্রতবিঃ। "মণ্ডূক, নকুল, কাক * * * হনন করিলে ষোড়শাখ্য মহাব্রত করিবে।"-উশন সংহিতা (বঙ্গবাসী)।

ষোড়শাঙ্গ [ষোড়শ + অঙ্গ] বিণ, ১৬টী অবয়বযুক্ত; ১৬টী উপকরণ দ্বারা প্রস্তুত। ২ বি, ১৬ প্রকার সুগন্ধ দ্রব্যে প্রস্তুত ধূপ। ~**ধূপ**-দৈব এবং পৈত্র্য কর্ম্মে প্রশস্ত ধূপবিঃ। ইহা গুগ্‌গুলু, সরল, দারু (দেবদারু), পত্র (তেজপত্র), মলয়সম্ভব (চন্দন), হ্রীবের (সুগন্ধ বালা) অগুরু, কুষ্ঠ, গুড়, সর্জ্জরস, ঘন, হরীতকী, নখী, লাক্ষা, জটামাংসী, ও শৈলজ দ্বারা প্রস্তুত হয়।

ষোড়শাঙ্ঘ্রি [ষোড়শ + অঙ্ঘ্রি (পদ)] বি, কাঁকড়া।

ষোড়শার [ষোড়শ + আর (কোণ > প্রান্ত বা অগ্রভাগ > দল)] বি, ষোড়শ দল পদ্ম।

ষোড়শার্চিঃ [শব্দকল্প°] বি, শুক্রগ্রহ।

ষোড়শিকা [বৈদ্যক পরিঃ। শব্দ-কল্প°-ষোড়শিকাম্র] বি, পল পরিমাণ; ২ তোলা পরিমাণ; ৮ তোলা পরিমাণ।

ষোড়শী [তন্ত্রে] বি, ষোল বৎসর-বয়স্কা নারী; পূর্ণযুবতী। ২ দশমহাবিদ্যার অন্তর্গত তৃতীয় মহাবিদ্যাবিঃ। "শ্বেতবরণা বামা পূর্ণকলা কামিনী। প্রেম সঞ্চারি হৃদে জীবগণে ডোরে বেঁধে ঐখানে রাজিছে ষোড়শী রূপিণী॥"-হেম°। ৩ যজ্ঞপাত্রবিঃ।

ষোড়শোপচার-ষোড়শ দ্রঃ।

ষোঢ়ান্যাস [তন্ত্রসারমতে, বীরতন্ত্রে] বি, তন্ত্রোক্ত ষড়্‌বিধ মন্ত্রের প্রয়োগ বা অর্পণ।

ষোঢ়াসিদ্ধ [তন্ত্রে] বি, দেবাধিষ্ঠিত পুরুষবিঃ। ইঁহারা যাহাদিগকে প্রণাম করেন, যদি তাহাদিগের শরীরে দৈবশক্তির আবির্ভাব না থাকে, তাহা হইলে, প্রণাম করিবামাত্র বিধ্বস্ত হইয়া যায়। "নিত্যানন্দ মহাপ্রভুর অভিরাম গোস্বামী নামে একজন ষোঢ়াসিদ্ধ শিষ্য ছিলেন।"-ভূদেব° (পারিবারিক প্রবন্ধ)।

ষোল [সং-ষোড়শ > হি° ষোলহ্‌ >] বি, ছয় অধিক দশ সংখ্যা; ১৬। ২ [১৬ আনায় টাকা পূর্ণ এবং ১৬ কলায় চন্দ্র পূর্ণ হওয়ার ভাব হতে] পূর্ণ সংখ্যা; সমস্ত; সকল। ৩ বিণ, ১৬ সংখ্যক। ~**আনা**-বি, এক টাকা a rupee. ২ [১৬ আনায় এক রৌপ্য মুদ্রা পূর্ণ হয় বলিয়া] পুরাপুরি; সম্পূর্ণ। প্র-ষোল আনা মন দিয়া কাজ করা।

ষোল কঁড়াই কাণা, -কানা-সকল-গুলিই ত্রুটিযুক্ত। ২ সব ভুয়া; সব ফাঁকি বা অসার। ~**কলা** [কলা দ্রঃ] বি, চন্দ্রের ১৬ অংশ; ষোড়শ (দ্রঃ) কলা। ২ [লক্ষ°। অমাবস্যার পর আরম্ভ করিয়া পূর্ণিমা পর্য্যন্ত ১৬ কলায় পূর্ণচন্দ্র হয় বলিয়া] সম্পূর্ণতা। ক্রি-বিণ, ~**কলায়**-পুরাপুরি; সম্পূর্ণ-ভাবে। "বাপের স্বভাব একেবারে ষোল কলায় পেয়েছে দেখতে পাচ্চি।"-দত্তা (শ° চট্টো°)।

স্কুল-স্কুল দ্রঃ।
স্ক্রু, স্ক্রুপ-ইস্ক্রুপ দ্রঃ।
ষ্টকিং, ষ্টকিন্ [ইং stocking এর লিপ্যন্তর। গ্রা॰ ইষ্টাকিন্ (দ্রঃ)] বি, মোজা।
ষ্টাম্প-ইষ্টাম্প দ্রঃ।
ষ্টীম [ইং steam এর লিপ্যন্তর। গ্রা॰ ইষ্টীম] বি, বাষ্প।
ষ্টীমার-ইস্‌টিমার দ্রঃ।
ষ্টীল [ইং steel এর লিপ্যন্তর। গ্রা॰ ইষ্টীল (দ্রঃ)] বি, ইস্পাত। ~পেন-ইষ্টীল-পেন দ্রঃ steel pen.

ষ্টেট (স্‌টেট্) [ইং state, estate এর লিপ্যন্তর] বি, রাজ্য। ২ জমিদারী; ভূসম্পত্তি। ৩ বিষয়সম্পত্তি।
ষ্টেশন [ইষ্টিসন, ইষ্টিসেন, ইষ্টেসন, এষ্টেসন,-শান ও॰। ইং station এর লিপ্যন্তর] ইস্‌টেশন দ্রঃ।
ষ্টোভ [ইং stove এর লিপ্যন্তর] বি, বিলাতী উনান। স্‌টোভ্ দ্রঃ।
ষ্ট্যাম্প্-ইষ্টাম্প দ্রঃ।
ষ্ট্যাণ্ডার্ড্ [ইং standard এর লিপ্যন্তর] বি, নিরিখ। ২ নির্দ্ধারিত মান। ৩ রেল-কোম্পানী বা সরকার নির্দ্ধারিত সময়ের মান। "গাড়ী হাওড়া ষ্টেশনে পৌছিতে, ষ্ট্যা॰ টাইম আটটা কুড়ীতে * * ঠিক পৌছুলে ত এখনো তেত্রিশ মিনিট"-বা॰ বসুমতী, ১৩৩৪। "নরহরি শুনিয়াই প্রশ্ন করিল ষ্ট্যা॰ না লোকাল? রমানাথ বলিল লোকাল"-ঐ।
ষ্ট্রীট [ইং street এর লিপ্যন্তর। গ্রা॰ ইষ্টিরিট] ইষ্ট্রীট দ্রঃ।
ষ্ঠীবন [সং-ষ্ঠীব্ (থুথু ফেলা) + অন (ভা॰)] বি, নিষ্ঠীবন; থুথু। বিণ, ষ্ঠ্যূর্ত-বমি করিয়াছে এমন; উদ্‌গীর্ণ; বান্ত।

স

স১-ব্যঞ্জনবর্ণমালার দ্বাত্রিংশ ব্যঞ্জন ও উষ্মবর্ণ পঞ্চকের (শ দ্রঃ) তৃতীয়, অল্পপ্রাণ বর্ণ। জিহ্বার অগ্র দন্তমূলে লঘু স্পর্শদ্বারা উচ্চারিত হয় বলিয়া ইহা দন্ত্যবর্ণ। "শ" ও "ষ"র মত "স"ও ধ্বন্যাত্মক পদে পবনের সহিত সংঘর্ষের তীব্রতা, দ্রুততা, আকস্মিকতা ও ব্যাপ্তি সূচিত করে। যথা-সাঁই সাঁই, সন্ সন্, সোঁ সোঁ। "স"র প্রকৃত উচ্চারণ হি॰-তে এবং হি॰-র অনুকরণে ব্রজবুলিতে, প্রা॰ বাং বৈষ্ণব পদাবলীতে এবং বাং-র স্ত ও স্থ এই যুক্ত বর্ণে পাওয়া যায়। তখন ইহা ইং "s" বা ফা॰ "সিন্" ও "সে" বর্ণের তুল্য। কিন্তু বাঙ্গালীর দ্বারা তালু বা মূর্দ্ধা স্পর্শে ইহা "শ" বা "ষ"র মত উচ্চারিত হয়। আরবী "সে" বর্ণ যেমন আ॰-তে "থ" (ইং think শব্দের 'th' এর মত) ও ফা॰-তে "সীন" এর মত উচ্চারিত হয়, তদ্রূপ বাঙ্গালা "স" প্রাকৃতে (বিশেষ: পা॰-তে) দন্তাগ্র জিহ্বাগ্রে ঈষৎ স্পৃষ্ট হওয়ায় "থ" ও "শ"র মাঝামাঝি এবং অসমীয়াতে "স" ও "চ"র মাঝামাঝি উচ্চারণ প্রকাশ করে। বাং-"সজিনা"=অস॰ চাজনা; হি॰ আর্সী=অস॰ আর্চী; ফা॰ কিস্‌মিস্=অস॰ কিচ্ মিচ্ ই॰। প্রা॰ বাং অর্থাৎ বাং প্রাকৃতে শব্দের বানানে কেবল "স"ই দৃষ্ট হয়। প্রা॰ বাং পুথিগুলির নকল করিবার কালে সংস্কৃতজ্ঞ নকলনবীশদিগের দ্বারা বহু সংস্কৃত শব্দের শ ও ষ স্থলে 'স'র পরিবর্ত্তে বিশুদ্ধ বানান সন্নিবেশিত হওয়ায় বাং প্রাকৃতে যে কেবল 'স'র ব্যবহারই ছিল তা সহজে ধরা যায় না। প্রা॰ বাং-র-শত স্থলে সত, শশী স্থলে সসী, শীর্ষ স্থলে সিস, ষোল স্থলে সোল। পরবর্ত্তী নকলনবীশের হাতে ঐ সকল স্থলের সংশোধিত বানান দৃষ্ট হয়। সংস্কৃতেতর যাবতীয় ভাষার শব্দে বাং বানানে (সম্ভবতঃ বাং প্রাকৃতের অনুকরণে) "শ", "ষ", ও "স"র উচ্চারণ পার্থক্যের প্রতি দৃষ্টি না রাখিয়া "স" লিখিবার প্রথা চলিয়া যায়। তুল-ফা॰ কিশ্ মিশ্, শরীক্, শাবাশ্, বাং-র -কিস্‌মিস্, সরিক, সরীক, সাবাস; আ॰ শাম্‌লা, বাং-র-সামলা; ইং shirt, বাং-র-সার্ট; স্পে॰ হতে ইং sherry বাং-র-সেরি ই॰। কিন্তু অধুনা শিক্ষিত সমাজে মূলের বিশুদ্ধ উচ্চারণ বজায় রাখিবার ঝোঁক দেখা যাইতেছে এবং তদনুসারে কেবল স স্থলে বানানে 'শ, ষ, ও স' এই তিনটিই চলিতে আরম্ভ হইয়াছে। চট্টল॰ প্রাদে॰ উচ্চারণে 'স' হিন্দুর জিহ্বায় 'হ' ও মুসলমানের জিহ্বায় 'ছ' শুনা যায়। যথা-সিন্দুক=হন্দুক ও ছন্দুক।

স২ [সং] উপ, সহ; সহিত। প্র-সজল-নয়ন, সমৃণাল কমল, সপুত্র, সটীক। ২ সমান; অভিন্ন; এক। প্র-সগোত্র, সোদর, সজাতি, সধর্ম্ম। ৩ সত্তা সদ্ভাব বা বিদ্যমানতা এবং নঞ্-এর বিপরীতার্থে। প্র-সজীব, সক্ষম। ৪ [প্রা॰] আতিশয্য বাচক; উক্তি বলবৎ করিবার অভিপ্রায়বোধক। প্র-সঠিক, সটাট্‌কা, স-জীয়ন্ত। ৫ [বাং প্রত্যয়। তুল-হি॰ সা, সী] প্রায়; তুল্য; সদৃশ। প্র-মুখস, খোলস। ৬ [সং-সো (গতিতে) + অ (র্ত্তৃ), যে গমন করে। বাং-র প্র॰অ॰] বি, বায়ু, চন্দ্র, শিব, বিষ্ণু, জীবাত্মা, জ্ঞান, চিন্তা, দীপ্তি, সর্প। স্ত্রীং ~া-গৌরী, (২) লক্ষ্মী, (৩) শান্তি। ২ [সা দ্রঃ] স, সেই স্ত্রীলোক।
স৩ [প্রা॰ বাং-র-স=সি=সে] স, সে; সেই। "এক স"-চ॰ ৩১। "সহজ স্বভাব স" -দো॰ ৯৯। হেন স [আধু॰ সে-হেন] অ, তার মত; সেরূপ; তেমন। "হেন স যৌবন রাধা সব আলপাউ।"-শ্রী॰ কী॰। "না বোল না বোল রাধা হেন স বচন।"-ঐ। "হেন স প্রবন্ধকরী বড়ায়ি সম্বর।"-ঐ।
স৪ [সহা দ্রঃ] ক্রি, সহ; সহ্য কর। প্র-কত সইবি স দেখি।
সঅ [সং-শ > প্রা॰ বাং প্রাকৃ॰] স, ষ।

"সঅ সম্বেঅণ সরূঅ" [=স্ব সংবেদনানুভব স্বরূপ]-চ° ১৫।১। ২ সহ। "তা শুনি মার ভয়ঙ্কর রে সঅ [=সহ] মণ্ডল সএল [=সকল] ভাজই।"-চ° ১৬।১।

সঅল্ঁ,-লা,-লু,-সএল্ঁ, সয়্ঁল্ঁ [প্রা° বাং প্রাকৃ°। ক=অ] বিণ, সকল। "সঅল জগ"-দো° ৯২। "সঅলা অহারী"-চ° ৩৬।১। "সঅলু নিরন্তর কোহি ঠিঅ * *"-দো° ১১৮। "সয়ল [=সকল] বিফারিয়া [=স্ফুরিতং মত্বা] পুণু সংহারিঅ [পুনঃ সংহারিতং] * *"-দো° ১২৮।

সঅা-সওয়া$_{1,2}$ দ্রঃ।

সই$_1$ [সং-সখী > প্রাকৃ° > সহী (অভিজ্ঞান শকুন্তলে-সঙ্গ)] বি, সখী; বয়স্যা; সঙ্গিনী। "তোরা কেনে সখি! বলিস রাধার জয়, তোরা বলগো সই! শ্যামচাঁদের জয়।" -দাশরথি°। ~**সাঙ্গাতি**-পাতান বন্ধু। **প্রাণসই** [গানে] বি, প্রাণ তুল্য প্রিয় সখী; প্রাণসজনী।

সই$_2$ [আ° সহীহ্] বি, স্বাক্ষর; দস্তখত signature. "আপনার কাগজ পত্র গোছাবে (শেষ) কোরে গোটা দুই সই।"-দ্বি° রায়। ২ স্বীকার। "কি করি! তবে না হয় মন্ত্রীপুত্রেই সই!"-দ্বি° রায়। ৩ সম্মতি; মত। এই অর্থে বাং-র প্রায়ই "সায়" শব্দ চলিত। সায় দ্রঃ। **টিপসই**-হাতের বুড়া আঙ্গুলের মাথার ছাপ thumb impression. **ঢেরাসই**-বি, স্বাক্ষরের পরিবর্তে অশিক্ষিত লোকের স্বহস্তের × এইরূপ চিহ্ন; স্বাক্ষর স্বরূপ ঢেরা দাগ।

সই$_3$ [সং-শায়ী > ভ্রং শই > সই] বিণ, শায়িত; মধ্যগত; সাৎ; মধ্যে নিক্ষিপ্ত। প্র-তাহাকে জল সই করে দিলে; মাটিসই; ভূতলসই।

সই$_4$ [আ° সহীহ্ (সমান) > হিং সহী। প্রা°বাং-র-সোঁআ(কানাসোঁআ=কানসহী)]। "সাকে দিলোঁ কানাসোঁআ পানী" [=শাক-রন্ধন পাত্রে কাণায় কাণায় জল দিলাম" -শ্রী° কী°] বিণ, উপযোগী; অনুরূপ; মত। প্র-মাপ সই। ২ প্রমাণ; পর্য্যন্ত। প্র-মাথা সই; হাত-সই জল।

সই$_5$ [হিং সহী] বিণ, ঠিক। ~**সই**-ঠিক মত; ঠিক ঠিক কমও নয় বেশীও নয়।

সই$_6$ [সং-সহ] বিণ, সহ; সহনযোগ্য। প্র-টে'ক সই। ২ [সহি > কেং°] ক্রি, উ° পু° সহ্য করি।

সই$_7$ [প্রা° বাং প্রাকৃ°] বিণ, স্ব; নিজ; আত্ম। "সই সম্বিতি" [=স্বসংবিত্তি]-দো° ৯৪। সইচ্ছ=স্বইচ্ছায়=স্বেচ্ছায়। "বসউ সইচ্ছ"-দো° ১১৮।

সইতর [সহিত > সইত > সাত (সঙ্গ) + র (সম্বন্ধে ৬ষ্ঠী বিভক্তি চিহ্ন)। প্রা° বাং। চাঁ° বন্দ্যো° সংস্করণে-"সহিতের"] বিণ, সঙ্গের; সাথের। "সইতর দানপতি।"-শূ°পু°।

সইব, সইবো [সহিব > প্রা°, কেং°। অতি কেং° সৈব, সবো, স'ব'। সহা (দ্রঃ) ভবিষ্যৎকাল, ১ম পু°। ম° পু° ও উ° পু°-সহিবে, সহিবেন] ক্রি, সহ্য করিব। "উঠতে বসতে অত ধনের নাড়া দিলে আমি সইবো কিসের জন্যে।"

সইয়া-বি, সওয়াইয়া দ্রঃ।

সইলা [সখী > সই+লা (=আলা, ভা°)] বি, সখীত্ব।

সইস [ফা° সাইস] বি, অশ্বপালক। ২ অশ্বচালক। বিণ, **সইসী**-সইস সংক্রান্ত। ~**গিরি**-বি, সইসের কর্ম্ম; সইসি।

সইসি [সইস (দ্রঃ) + ই (কর্ম্মার্থে)] বি, সইসের কর্ম্ম।

সঈ [সখী >] বি, বয়স্যা; সঙ্গিনী।

সউগ [কুচবিহার প্রাদে°। সগ (দ্রঃ) >] বিণ, সব; সকল।

সও-সৌ দ্রঃ।

সওকার-সাউকার, সাহুকার দ্রঃ।

সওকারি,-রী [সাধু > সাহু > সাউ, সও + করী, গরি, গিরি > কারি,-রী] বি, সুনাম; পসার; বাজারসম্ভ্রম business or bazar credit. "এইরূপ একটা কারবারে ২ কোটি বা ততোধিক টাকা লোকসান দেন, কিন্তু তাহাতেও তাঁহার সওকারী ক্ষুণ্ণ হয় নাই।"-বসুমতী, জ্যৈষ্ঠ ১৩৩০। "বর্গীরা কোটি কোটি টাকা লুণ্ঠন করিয়া লইয়া গেলেও তাহাতে মুর্শিদাবাদের জৈন মহাজন জগৎশেঠের সওকারী ক্ষুণ্ণ হয় নাই। বাজারে তাঁহার হুণ্ডি পূর্ব্ববৎ চলিয়াছিল।"-ঐ।

সওগাৎ, সওগাদ [তুর্কী° সওগৎ] বি, উপঢৌকন।

সওদা [ফা° সওদা] বি, খরিদ; ক্রয়। ২ বাণিজ্য; ব্যবসায়; কেনা বেচা trade. "আমা সঙ্গে স° করি না পাবে কপট" -কবিক°। "না জানিলে স° কেমনে বল হয়"-কাকী° (রঙ্গলাল)। ৩ বাণিজ্য দ্রব্য; পণ্য। ~**গর** [ফা° সওদাগর্। প্রা° সদাগর] বি, বণিক্; সাধু; বড় ব্যবসায়ী merchant ~**গিরি** [সওদাগর + ই (বৃত্তি অর্থে)] বি, সওদাগরের বৃত্তি বা ব্যবসায়; বণিগ্‌বৃত্তি; বাণিজ্য। ~**গরী**-বিণ, সওদাগর সংক্রান্ত। ~**পত্র**, ~**সুলুপ** [ফা° সওদা সুলফ্] খরিদ পত্র; পণ্য ক্রয়াদি; দ্রব্যাদি খরিদ।

সওয়া$_1$ [সাধা > সাহা > সাআ, সআ > সওয়া। সই, সও, সয়; সইতে; সইয়া (কেং° সয়ে)] ক্রি, সংগ্রহ করা; সাধা। "চল সজনি সইতে যাবি জল"-বঙ্কিম°।

সওয়া$_2$, সওয়াই [সং-সপাদঃ- "পাদেন সহ বর্ত্তমানঃ স তু চরণযুক্তশ্চতুর্ভাগ সহিতশ্চ।"-কল্পদ্রুম°। হিং সওয়াই] বি, একাধিক চতুর্থাংশ; এক ও তার চতুর্থাংশ, পাঁচ সিকিভাগ।

সওয়া$_3$ [সহা (দ্রঃ), সআ ও°। সই, সও, সয়; সইতে; সইয়া]। পিজন্ত-**সওয়ানি**। সওয়াই, সওয়াও ই°] ক্রি, সহ্য করা।

সওয়াইয়া, সোয়াইয়া, সইয়া [সওয়া (দ্রঃ) ইয়া] বি, এক ও সিকির অঙ্ক। কোন অঙ্কে তার চৌথাই যোগে যে অঙ্ক হয়, তার ধারা। "সইয়া একে সইয়া, সইয়া দ্বিগুণে আড়াইয়া, তিন সইয়া পৌণে চার, চারি সইয়া পাঁচ" ই° (ধারাপাত)।

সওয়ায় [হিং সিবায় > সেওয়ায় (দ্রঃ)] অ, ব্যতীত; ব্যতিরেকে; অধিকন্তু; ছাড়া।

সওয়ার, শওয়ার [ফা° সবার্। প্রা° হিং আসবার্ (< সং-অশ্ববার) > প্রা° বাং আসোয়ার] বি, আরোহী; চড়নদার। ২ অশ্বারোহী। ৩ বিণ, আরূঢ়; কৃতারোহণ। প্র-তিনি ঘোড়ার উপর সওয়ার হইয়াছেন।

ঘোড় সঁওয়ার-বি(ণ), অশ্বারোহী। হাতী-সঁওয়ার-বি(ণ), হস্ত্যারোহী।

সঁওয়ারি(রী) [ফা॰ সবারী] বি, গাড়ী পাল্কী প্রভৃতি যান। ২ [রাজারা যানবাহনে সওয়ার হইলে বাজিত বলিয়া নাম] দামামা; নাগাড়া ডঙ্কা প্রভৃতি বাদ্যযন্ত্র যা রাজাগণের বহির্গমন-কালে বাদিত হইত। ৩ [সওয়ার অর্থে] বিণ, আরূঢ়। "বাজিয়া বাজীর সাজ রাবণে যোগায়। জয় ধর্ম্ম বলিয়া সওয়ারি হইল রায়।"-ধ॰। ৪ [শওয়ারি ও॰] তানপুরা, সেতারাদিতে যন্ত্রের তার চড়াইবার জন্য তবলীর উপরের অস্থিখণ্ড। জিন সঁওয়ারি-জিন২ দ্রঃ।

সঁওয়াল [আ॰ সবাল্। প্রা॰ সআল, সয়াল] বি, প্রশ্ন। ২ প্রার্থনা; আবেদন। ৩ অনুরোধ। ৪ জেরা cross examination. "আমি নই আটাশে ছেলে * * * এবার করব নালিশ নাথের আগে ডিক্রী লব এক সওয়ালে।"-রা॰ প্র॰। ~জঁবাব [ফা॰ সবাল্‌জবাব্] বি, প্রশ্নোত্তর; তর্কবিতর্ক। "মায়ের এমি বিচার বটে, * * * সওয়াল জবাব করব কি মা বুদ্ধি নাইকো আমার ঘটে"-রা॰ প্র॰।

সং [সং] বি, উপসর্গ। ~কল্প-সঙ্কল্প দ্রঃ। ~কীর্ণ-সঙ্কীর্ণ দ্রঃ। ~কীর্ত্তন-সঙ্কীর্ত্তন দ্রঃ। ~কুলান-সঙ্কুলান দ্রঃ। সম্ দ্রঃ। ২ [বাং] সঙ্ দ্রঃ।

সংকৢপ্ত [সং] বি, সঙ্কল্পিত। ২ সম্যক্ অবধার্য্য। ৩ বিরচিত।

সংক্রম, সংক্রাম [সং-ক্রম্ (গমন করা)+অ (ভা॰)] বি, সঞ্চরণ; গমন। ২ প্রবেশ। ৩ কোন রাশিতে সূর্য্যাদিগ্রহের সঞ্চার। ৪ [পে] সেতু।

সংক্রমণ [সং-ক্রম্+অন (ভা॰)] বি, সঞ্চরণ; গমন। ২ প্রবেশকরণ। ৩ সংক্রান্তি; সূর্য্যাদি গ্রহের একরাশি হতে অন্য রাশিতে গমন। ~কাল [জ্যো॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং time of transit এর বৈজ্ঞা॰ পরিঃ। ~যন্ত্র [জ্যো॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং transit instrument.

সংক্রমিত, সংক্রামিত [সং-ক্রম+ত, সং-ক্রম্+ণিচ্+ক্রামি+ত (র্ম্ম)] বিণ, সঞ্চারিত; প্রবিষ্ট। ২ প্রতিফলিত। ৩ স্থাপিত।

সংক্রান্ত [সং-ক্রম্+ত (র্ত্তৃ)] বিণ, সম্বন্ধিত; সম্বন্ধীয়। ২ সঞ্চারিত; ব্যাপ্ত। ৩ সংপ্রাপ্ত; গত। ৪ প্রবিষ্ট।

সংক্রান্তি [সং-ক্রম্+তি (ভা॰)] বি, সূর্য্যাদিগ্রহের একরাশি হতে অন্য রাশিতে গমন বা প্রবেশ। ২ মাসের শেষ দিন। ~ব্রাহ্মণ [ব্যঙ্গে] গৃহপঞ্জিকার পৃষ্ঠায় অঙ্কিত চিত্রব্রাহ্মণ। "যষ্টিহস্ত সংক্রান্তি ব্রাহ্মণের জাগরণ চাহিতেছিনা, অপেক্ষাকৃত আধুনিক স্মৃতিব্রাহ্মণ নামক বর্ণবিপর্য্যয়ে যে পার্থিব সুবিধাগুলি"-বঙ্গবাণী, ১৩৩০।

সংক্রামক [সং-ক্রম্+অক (র্ত্ত)] বিণ, ব্যাপক; সঞ্চারক। ২ সংসর্গে উৎপন্ন infectious. ~বিষ-বি, রোগোৎপাদক জীবাণু virus.

সংক্ষিপ্ত-বিণ, সক্ষিপ্ত দ্রঃ। বি, সংক্ষেপ১-সঙ্ক্ষেপ দ্রঃ। > ক্রি-বিণ, সংক্ষেপে।

সংক্ষেপ২ [পাটী॰(ক॰ বিশ্ব॰ পরিঃ)] বি, ইং abbreviation এর পরিঃ; সংকোচ। ~তঃ (-পঁ-) [-তস্ > তঃ] সংক্ষেপে; অল্পে; অল্প কথায়। "ইহাই সংক্ষেপতঃ সচ্চিদানন্দ ভাবের রহস্য।" -উত্তরা, পৌষ, ১৩৩১।

সংক্ষোভ-সঙ্ক্ষোভ দ্রঃ।

সংখ-সখ্য দ্রঃ।

সংখ্য ["যুদ্ধমায়োধনং * * * সংখ্যং কলহবিগ্রহৌ।"-অমর॰] বি, কলহ; যুদ্ধ; সংগ্রাম। "আজি এ সংখ্যে বাজায়ে শঙ্খ, গাহ কল্যাণ গান।"-বাং গান।

সংখ্যক [সংখ্যা দ্রঃ] বিণ, সংখ্যাত; অঙ্কযুক্ত। ২ সংখ্যাচিহ্নিত।

সংখ্যা১ [সং] বি, বিচারণা।

সংখ্যা২ [সং। সখ্যা দ্রঃ। ঙ, সম্=ং। বাং-র দুই চ॰] বি, গণনা। ২ [গ॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] নম্বর; ১, ২, ৩ ই॰ অঙ্ক abstract number; রাশি term. ~গরিষ্ঠ-বিণ, সংখ্যায় গুরু; সংখ্যাধিক; অধিকসংখ্যক; বৃহত্তম। ~ত-বিণ, গণিত; কৃতসংখ্যা; গণনাদ্বারা লোকসংখ্যানির্দ্ধারিত। "দেশীয় রাজ্যগুলিতে বাঙ্গালী সংখ্যাত হন নাই"-উত্তরা, ৩য় বর্ষ। ২ বিচারিত। ~তীত-বিণ, সংখ্যার অতীত; অসংখ্য; অগণিত। সংখ্যাতীত চন্দ্রসূর্য্যের উদ্ভব হইয়া থাকে।"-উত্তরা, ১৩৩৩। ~ন [সখ্যান দ্রঃ] বি, "সংখ্যাকরণ; সংখ্যা নির্দ্ধারণ। ~মান [গ॰ (ক॰ বিশ্ব॰পরিঃ)] ইং measure এর বৈজ্ঞা॰ পরিঃ। ~লঘিষ্ঠ-বিণ, সংখ্যায় লঘু; অল্পসংখ্যক; স্বল্পতম। "ভারতের সংখ্যালঘিষ্ঠ সম্প্রদায়ের বিষয়ও চিন্তা করিতে হইবে।"-আ॰ পত্রিকা।

সংখ্যেয় [সং] বিণ, সংখ্যানের যোগ্য; গণনীয়; যার সংখ্যা করিতে হইবে।

সংগঠন [সং-সঙ্ঘট্টন > সংগঠন। ঘটন > গঠন। সম্ (সম্যক্) গঠন] বি, সর্ব্বাঙ্গ-সুন্দর ভাবে বা সর্ব্বতোভাবে গড়িয়া তোলা; নির্ম্মাণ; অঙ্গ সম্পাদন; ব্যবস্থাবদ্ধ সংঘ বা মণ্ডলী বা প্রতিষ্ঠান। গ্রাম বা পল্লী সংগঠন-বি, গ্রাম বা পল্লীর রাস্তা-ঘাট মেরামত, পানীয়জলের সুব্যবস্থা, সাধারণ স্বাস্থ্যের উন্নতি, কুটির শিল্পের পুনরুদ্ধার, সমবায় সমিতির পাঠশালা, বিদ্যালয়াদি সংস্থাপন এবং গ্রাম বা পল্লীসমাজের সর্ব্ববিধ উন্নতি সাধন village organization.

সংগৃহীত [সং (সমূহ, একত্র) গৃহীত] বিণ, সমাহৃত। ২ সঙ্কলিত। বি, সংগ্রহ।

সংগো/পন [সং-গুপ্(গোপন করা)+অন (ভা॰)] বি, সর্ব্বতোভাবে গোপন; সম্পূর্ণভাবে অদৃশ্যকরণ; লুকান। বিণ, ~পিত-লুক্কায়িত। ক্রি-বিণ, ~পনে-অন্যের অগোচরে; লুকাইয়া।

সংগ্রহ, সংগ্রহণ [সং (সম্=সম্যক্, সমূহ, একত্র)+গ্রহ্ (গ্রহণ করা)+অ, অন (ভা॰)] বি, ইতস্ততঃ বিক্ষিপ্ত দ্রব্য সমূহের সংক্ষেপে একত্রীকরণ; আহরণ; সঙ্কলন। ২ চয়ন। ৩ সঞ্চয়। ৪ সংক্ষেপ। ৫ মুষ্টিবদ্ধ। ৬ সমুচ্চয়; রাশীকরণ। ৭ উচ্চতা। ৮ মহোদ্যম। ~কার, ~কারী-বিণ, যে সংগ্রহ করে; আহরণকারী; সঙ্কলক। ~বস্তু [বৌ॰ সা॰] বি, দান, প্রিয়বাক্য, তথার্থচর্য্যা, সমান সুখদুঃখতা

এই চতুর্ব্বিধ। "মহারাজ! যথাধর্ম্ম রাজত্ব করুন এবং চতুর্ব্বিধ সংগ্রহবস্তু দ্বারা প্রজাদিগের অনুরাগভাজন হউন।"-জাতক, ৫ম খণ্ড।

সংগ্রহণী [সং] বি, গ্রহণীরোগ। ২ সংগ্রহ। ৩ একত্রীকরণ।

সংগ্রহী/তা [সং+গ্রহ্ (গ্রহণে)+তৃ (কর্তৃ)=সংগ্রহীতৃ ১মা, ১ব০] বিণ, সংগ্রাহক; সংগ্রহকর্ত্তা। স্ত্রীং ~ত্রী।

সংগ্রাম [সংগ্রাম্ (যুদ্ধ করা) + অ (ভা০)] বি, যুদ্ধ। ~পটহ-বি, রণঢক্কা battle drum. ~প্রিয়-বিণ, রণপ্রিয়; সমরানন্দ। ~সিংহ-বি, চিতোরপতি রাণা কুম্ভের পৌত্র।

সংগ্রা/হ [সং-গ্রহ্ (গ্রহণ করা)+অ (ভা০)] বি, মুষ্টিবন্ধন। ২ মুষ্টি। ৩ অস্ত্র ফলকাদির যেস্থান মুঠা করিয়া ধরিতে হয়। ৪ সঞ্চয়। ৫ আহরণ। ৬ সংগ্রহ। ~হক [সংগ্রহ্+অক (কর্তৃ)] বিণ, সংগ্রহকর্ত্তা; সংগ্রহীতা। স্ত্রীং ~হিকা। ~হী [সংগ্রাহ +ইন্ (স্ত্য০)=সংগ্রাহিন্ ১মা, ১ব০] বিণ, সংগ্রাহক; সংগ্রহকারী। ২ [বৈদ্যকে] বি, কুড়চি গাছ।

সংঘ-সঙ্ঘ দ্রঃ।

সংঘট-সঙ্ঘট দ্রঃ।

সংঘটন-সঙ্ঘটন দ্রঃ।

সংঘটিত-সঙ্ঘটিত দ্রঃ।

সংঘর্ষ-সঙ্ঘর্ষ দ্রঃ। ২ [ইং collision এর পরিঃ। বলবিদ্যা০ (ক০ বিশ্ব০ পরিঃ)]।

সংঘাটী [উত্তরাসঙ্গ দ্রঃ] বি, স্কন্ধ হ'তে সমস্ত দেহ আবৃতকারী দ্বিপুট বহির্বাস (ইহা মঠের বাহিরে পরিধেয়)।

সংঘাত১ [সঙ্ঘাত দ্রঃ] বি,নরকবিঃ।

সংঘাত২ [বলবিদ্যা০ (ক০ বিশ্ব০ পরিঃ)] impact এর বৈজ্ঞা০ পরিঃ।

সংচূর্ণিত [সং (সম্=সম্যক্) চূর্ণিত] বিণ, বিচূর্ণিত; বিদলিত; সম্যক্‌প্রকারে পিষ্ট।

সংজাত [সং-সংযাত্র > ভ্রং] বি, অনুযাত্রিক; দলবল। "সংজাত সহিত লয়ে চলিল ভুজুক।"-ধ০।

সংজ্ঞপ্তি [সং-জ্ঞপি (জানান)+তি (ভা০)] বি, বিজ্ঞাপন।

সংজ্ঞা [সং-জ্ঞা(জানা)+অ(ণে), যদ্দ্বারা জানা বা চেনা যায়] বি, অভিধা; নাম। ২ চৈতন্য; চেতনা। ৩ জ্ঞান; বুদ্ধি। ৪ গায়ত্রী। ৫ সঙ্কেত। ৬ [বৌ০ বাং সা০] অহং জ্ঞান; মমকার জ্ঞান; অহঙ্কার। ৭ বিশেষ্যপদ noun. ৮ সূর্য্যপত্নী; যম, যমুনা ও মনু ইঁহার গর্ভে জন্মেন। "দ্বাদশ মূরতি গ্রহগণ-পতি সংজ্ঞা ছায়া নারী ধন্যা।"-অ০ ম০। ~নাশক, ~বিঘাতক, ~বিঘাতী-বিণ, চৈতন্যবিলোপক; জ্ঞানহারক; মোহকর। > স্ত্রীং ~বিঘাতিনী। ~লাভ-বি, জ্ঞান লাভ; চৈতন্যপ্রাপ্তি।

সংজ্ঞান [সং-জ্ঞা+অন (ভা০)] বি, চেতনা। ২ জ্ঞান। ৩ সঙ্কেত।

সংজ্ঞাপন [সং-জ্ঞাপি (জানান)+অন (ভা০)] বি, বিজ্ঞাপন।

সংজ্ঞু [সং (মিলিত) জানু যার, বহু০। জানু=জ্ঞু] বিণ, মিলিত জানুদ্বয়।

সংজ্বর [সম্ (সম্যক্)+জ্বর্ (জ্বরাক্রান্ত হওয়া)+অ (ভা০)] বি, প্রবল বা বিষমজ্বর; অতিশয় সন্তাপ।

সংডীন [সং (সম্যক্)+ডীন] বি, পক্ষিগতিবিঃ।

সংত্তরাস-সঙ্‌ত্তরাশ দ্রঃ।

সংনাহ [সন্নাহ দ্রঃ] বি, বর্ম্ম। "হৃদয়ে নলিনীদল সং০ করে"।-শ্রী০ কী০ [মদনের শর হ'তে রক্ষা হেতু রাধার হৃদয়োপরি পদ্মপত্রের বর্ম্ম এখানে পরিকল্পিত]।

সংপাতবিন্দু [জ্যা০ (ক০ বিশ্ব০ পরিঃ)] ইং point of concurrencyর বৈজ্ঞা০ পরিঃ; একবিন্দু বিসর্পণ।

সংপিল [সমর্পণ > সমর্পিল > কো০। প্রা০ বাং] ক্রি, সমর্পণ করিল।

সংপুট [প্রা০ বাং। সম্=সং] বি, সম্পুট (দ্রঃ)। ~বিন্যাস [তন্ত্রে] বি, স্তম্ভন কার্য্যে বিহিত সাধ্য ব্যক্তির নামের আদি ও অন্তে মন্ত্র লিখন। ক্রি-বিণ, সংপুটে-যুক্ত করে।

সংপুন্ন, সংপুন্না, সংপু(পূ)ন, সংপুনী [প্রা০ বাং, পদ সা০। সং-সম্পূর্ণ >] বিণ, সম্পূর্ণ; পূর্ণ। "তোহ্মার বদন সংপূন চান্দ"-চণ্ডি০।

সংপূরক [জ্যা০ (ক০ বিশ্ব০ পরিঃ)] ইং supplementaryর বৈজ্ঞা০ পরিঃ।

সংপ্রতি-সম্প্রতি দ্রঃ।

সংপ্লব [সং] বি, অনুপযুক্ত স্থলে বর্ণের বিভাগ, আবশ্যক স্থলে বিভাগ না করা অথবা অন্যান্য আবশ্যক স্থলে বিপর্য্যয় সংঘটন।

সংবৎ [সং] বি, সম্রাট যুধিষ্ঠির প্রবর্ত্তিত অব্দ (৩০৪৪ বৎসর প্রচলিত ছিল)। উজ্জয়িনীরাজ বিক্রমাদিত্য প্রবর্ত্তিত অব্দ (১৩৫ বৎসর চলিয়া ছিল)। রাজা শালিবাহন প্রবর্ত্তিত শকাব্দ (যাহা চলিতেছে)। ২ বৎসর।

সংবৎসর [সম্ (সম্পূর্ণ)+বৎসর (বস্=বাস করা+সর (ধি), যাতে সমস্ত ঋতু বা'স করে)। গ্রা০ সোম্বৎসর, সোমবচ্ছর, সোঁত্ বচর] বি যে সময়ের মধ্যে সূর্য্য দ্বাদশ রাশি অতিক্রম করেন; পূর্ণ এক বৎসর। সং০ ধরিয়া-ক্রি-বিণ, বৎসরব্যাপিয়া।

সংবদন [সং-বদ্+অন (ভা০)] বি, কথন; ভাষণ।

সংবর-সম্বর দ্রঃ।

সংবরণ-বি, সম্বরণ দ্রঃ। বিণ, সংবরিত।

সংবরা-সম্বরা২ দ্রঃ।

সংবর্ত্ত, সম্বর্ত্ত [সং-বৃৎ+অ (কর্তৃ)] বি, মেঘনায়কবিঃ; প্রলয়-মেঘ। "সম্বর্ত্ত পুষ্করমেঘ ডাকিতে ডাকিতে"-বৃত্রসংহার। ২[+অ(ভা০)]প্রলয়। ৩ ধর্ম্মশাস্ত্র প্রয়োজক মুনিবিঃ। ~ক [সংবর্ত্ত+ক (জ্ঞা০)] বি, বলরাম। ২ বলরামের হলাস্ত্র। ৩ বাড়বানল। ~কী-বি, হলী; বলরাম।

সংবর্ত্তি, সংবর্ত্তিকা [সং] বি, দীপশিখা; দীপাদির দশা।

সংবর্দ্ধক [সং-বৃধ্ (বর্দ্ধিত হওয়া)+অক (কর্তৃ)] বিণ, অতিশয় বৃদ্ধিকারী। ২ সংবর্দ্ধনাকারী; সম্মানকারী।

সংবর্দ্ধন [সং-বৃধ্ (বর্দ্ধিত হওয়া)+অন (ভা০)] বি, অতিশয় বৃদ্ধিকরণ। ২ বাড়ন; অতিবৃদ্ধি। ৩ সম্মানকরণ। স্ত্রীং ~া-সম্মাননা। বিণ, সংবর্দ্ধিত।

সংবলিত-সম্বলিত দ্রঃ।

সংবসথ [সং] বি, সংবাস (দ্রঃ); গ্রাম।

সংবহ [সং-বহ্ (বহন করা)+অ (ভা॰)] বি, বিশেষভাবে বহন। ২ শরীরস্থ পঞ্চবায়ুর অন্যতম; সমান বায়ুর নামান্তর [অপর ৪টা বায়ু-উদ্বহ=উদান, বিবহ=ব্যান, আবহ=অপান, প্রবহ=প্রাণ]। ৩ মেঘ পরিচালক বায়ুবি:।

সংবাদ [সং-বদ্ (বলা)+অ (ভা॰)] বি, বৃত্তান্ত; খবর। ২ সম্ভাষণ। ৩ কথোপকথন; আলাপ। ~পত্র-বি, খবরের কাগজ newspaper. ~-বহ,~বাহক,~বাহী -বি, বিণ, যে একস্থানের সংবাদ বহন করিয়া অন্যত্র লইয়া যায়; ডাকহরকরা।

সংবাদিকা [আধু॰ উদ্ভাবিত শব্দ] বি, সংবাদপত্রের স্তম্ভে ভিন্ন ভিন্ন বিষয় সম্বন্ধে ক্ষুদ্র ক্ষুদ্র সংবাদ।

সংবাদী [সং (সহিত) বাদ+ইন্ (স্ত্যা॰) =সংবাদিন্ ১মা, ১ব॰] বিণ, সমান; সদৃশ; অবিসংবাদী। ২ আলাপী। ৩ [সঙ্গীত শা॰] রাগ বা রাগিণীর বাদী (প্রধান) স্বরের সহায়ক স্বর [স্ত্রীং সংবাদিনী]। ৪ [রাজনীতি॰] ইং responsivist এর বৈজ্ঞা॰ পরিঃ।

সংবার [স্মৃ] বি, দ্বিজের বিলোম বর্ণের মিলনজাত মিশ্রজাতি।

সংবাস [সং (সমাবৃত) বাস] বি, গৃহ। ২ [সং=সহিত একত্র বাস করিবার, উপবেশন করিবার স্থান] বিহার স্থান। ৩ সভা।

সংবাহ, সংবাহন [সং (সম্যক্) বহ্ +ণিচ্=বাহি (বহনে, প্রাপণে > আরাম পাওয়ান)+অ, অন (ভা॰)] বি, ভারবহন। ২ গা টেপা; পা টেপা। বিণ, সংবাহিত -কৃতবহন। ২ কৃতসংবাহন; মর্দিত।

সংবাহক [সংবাহ(প্রঃ)+অক(র্তৃ)] বিণ, যে বহন করে; বাহক। ২ অঙ্গমর্দনকারী। স্ত্রীং সংবাহিকা।

সংবিগ্ন [সং] বিণ, উদ্বিগ্ন।

সংবিৎ, সংবিদ্, সংবিদা [সং-বিদ্ (জানা)+০(ক্বিপ্)+আ (স্ত্রীং)] বি, জ্ঞান। ২ চেতনা। ৩ অভিধা; নাম। ৪ সঙ্কেত। ৫ সম্ভাষণ। ৬ সিদ্ধি; ভাঙ। সংবিৎ-পত্র [অর্থশা॰ পরিঃ] বি, প্রা॰ ভারতে প্রজাবর্গ রাজাকে যে সব প্রতিজ্ঞাপত্র দিত।

সংবিত্তি [সং+বিদ্+তি (ভা॰)। বৌ॰ বাং প্রাকৃ॰ সম্বিতি। বাং-র সম্বিত্তি ও॰] বি, জ্ঞান। ২ চেতনা। ৩ [মনোবিজ্ঞান] বি, শরীরের স্পন্দনের উপর মানসিক প্রতিক্রিয়া। "সুগন্ধি বস্তু হইতে সূক্ষ্মানুসূক্ষ্ম রেণুকণা আসিয়া ঘ্রাণেন্দ্রিয় সংলগ্ন স্নায়ু সমূহের প্রান্তভাগ আঘাত করিতেছে। সেই আঘাতে স্নায়ু সমূহ স্পন্দিত হইতেছে। * * * উক্ত স্পন্দন মস্তিষ্কে নীত হইতেছে। * * * মস্তিষ্কের চাঞ্চল্য হেতু মনও চঞ্চল হইয়া উঠিল। মস্তিষ্ক স্পন্দনের উপর মনের প্রতিক্রিয়া হইল। তখন বুঝিলাম যে, এই স্পন্দন অপরাপর ইন্দ্রিয়-সংলগ্ন স্নায়ু স্পন্দন হইতে পৃথক্, এবং ঘ্রাণেন্দ্রিয়-সংলগ্ন স্নায়ু-স্পন্দন-সদৃশ। এইরূপ সাদৃশ্য এবং বৈসাদৃশ্য-জ্ঞান হইতে অনুভূতির সৃষ্টি হইল। এইরূপ অনুভূতিকে সংবিত্তি বলে।"-মনোবিজ্ঞান (চারুচন্দ্র সিংহ)।

সংবিদিত [সং-বিদ্ (জানা)+ত (র্ম)] বিণ, জ্ঞাত। ২ প্রতিজ্ঞাত।

সংবিধা সংবিধান [সং-বি-ধা (ধারণ করা)+আ, অন (ভা॰)] বি, সংঘটন; ২ ব্যবস্থা; যোগাড়; আয়োজন। ৩ রচনা। ৪ উপচার। ৫ [বৈজ্ঞা॰ পরিঃ] অভিযোজন; অবস্থা বিশেষের উপযোগী হওয়া বা করা adaptation.

সংবিভক্ত [সং-বি-ভজ্ (ভাগ করা) +ত (র্ম)] বিণ, পৃথক্কৃত; কৃতবিভাগ।

সংবিষ্ট [সম্+বিশ্+ত (র্তৃ)] বিণ, উপবিষ্ট। ২ নিদ্রিত। ৩ নিবিষ্ট।

সংবীক্ষণ [সং (সম্যক্) বি+ঈক্ষ্ (দর্শন করা)+অন (ভা॰)] বি, সন্দর্শন। ২ পর্য্যবেক্ষণ।

সংবীত [সম্+ব্যে (আচ্ছাদনে)+ত (র্ম)] বিণ, বেষ্টিত। ২ সমাবৃত। ৩ বলয়িত। ৪ রুদ্ধ। স্ত্রীং ~া।

সংবৃত [সং (সম্যক্) বৃ (আচ্ছাদন করা) +ত (র্ম)। বাং-সঁম্বৃত ও॰। মৈ॰ সম্বরু (আবৃত)। "অম্বরে দেহ নহি সম্বরু ভেল।" -বি॰ প॰] বিণ, সমাবৃত; আবৃত; সংবেষ্টিত। ২ লুক্কায়িত; গুপ্ত। স্ত্রীং ~া। বি, সংবৃতি-আচ্ছাদন; আবরণ। ২ গোপন।

সংবৃত্ত [সং-বৃৎ (হওয়া)+ত (র্তৃ)] বিণ, সঞ্জাত। ২ সিদ্ধ; নিষ্পন্ন। ৩ লুক্কায়িত; গোপিত। স্ত্রীং ~া। বি, সংবৃত্তি।

সংবেগ [সং-বিজ্ (ভয়ে, উদ্বেগে, চলনে)+অ (ভা॰)] বি, আবেগ। ২ ভয়। ৩ ভয়নিমিত্ত বেগ; ত্রস্তভাব; অতিত্বরা।

সংবেদ, সংবেদন (1) [সং-বিদ্ (জানা)+অ, অন, আ (ভা॰)। প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰ সঁবেঅণ। "সঁএ সঁবেঅণ বোলথি সাণ্ডি"] বি, জ্ঞান। ২ [বৌ॰ বাং সা॰] অভিজ্ঞতা। ৩ অনুভব। বিণ, সংবেদ্য-অনুভবনীয়। ২ জ্ঞেয়।

সংবেশ [সং-বিশ্ (প্রবেশ করা)+অ (ভা॰)] বি, উপবেশন। ২ আসন। ৩ শয্যা। ৪ শয়ন। ৫ নিদ্রা।

সংবেশন [সং-বিশ্ (প্রবেশ করা)+অন (ভা॰)] বি, সঙ্গম; সুরত।

সংমার্জন [সং (সম্যক্) মার্জন] বি, পরিষ্করণ। ~নী-বি, ঝাঁটা; খ্যাংরা। "সুবর্ণ সংমার্জনীতে সারি সমার্জন। গঙ্গা জলে গুলে ফেলে কুঙ্কুম চন্দন॥"-শি॰।

সংমুখকোণ [জ্যা॰ (ক॰ বিশ॰ পরিঃ)] ইং subtended angle এর বৈজ্ঞা॰ পরিঃ।

সংযত [সং-যম্ (নিবৃত্ত করা)+ত (র্ম)] বিণ, নিবৃত্ত; কৃতসংযম। ২ নিয়ন্ত্রিত; নিয়মিত। ৩ রুদ্ধ; কৃতরোধ। ৪ প্রশমিত। ৫ বশীভূত। ~চিত্ত-যার চিত্ত বশীভূত হইয়াছে। ~বাক্-বিণ, মিতভাষী। ~ব্রতি-বিণ, কৃতসংযম। সংযতাচার [সংযত+আচার] বি, মিতাচার। ২ শুদ্ধাচার। সংযতাত্মা [সংযত+আত্মা] সংযতচিত্ত; স্থিরচিত্ত। ২ বিণ, যার চিত্ত সংযম হইয়াছে।

সংযতেন্দ্রিয় [সংযত+ইন্দ্রিয়] বিণ, যে ইন্দ্রিয়গণকে স্বীয় বশে আনিয়াছে; জিতেন্দ্রিয়।

সংযন্তা [-স্তৃ] বিণ, সংযমী। স্ত্রীং~ন্ত্রী।

সংযম [সং-যম্ (নিবৃত্ত হওয়া)+অ (ভা॰)। সংযাম ও॰] বি, নিয়ম; ব্রতপালন। ২ রোধ; বন্ধন। ৩ ইন্দ্রিয় দমন; ইন্দ্রিয় নিগ্রহ। ৪ ব্রতাদির পূর্ব্ব

দিবসের কৃত্য। ৫ যোগ। ৬ চতুঃশাল গৃহ। ~মিত [সং-যম্+ণিচ্=যমি (নিবৃত্ত করাণ)+ত (র্ম্ম)] বিণ, কৃতসংযম। ২ নিয়মিত। ৩ রুদ্ধ; বদ্ধ। ~মী [সংযম+ইন্ (স্ত্যা°)=সংযমিন্ ১মা, ১ব°] বিণ, সংযমকারী। ২ সংযতেন্দ্রিয়; জিতেন্দ্রিয়। ৩ যোগী। স্ত্রীং সংযমিনী।

সংযমন [সং-যম্+অন (ভা°)] বি, সংযম (দ্রঃ) অভ্যাস। ২ ব্রতসাধন। ৩ নিয়মপালন। ~নী [সংযমন+ঈ (স্ত্রীং)] বি, যমপুরী।

সংযাত্র[সং সংযাত্র দ্রঃ] বি,অনুযাত্রিক। "সংযাত সাজিয়া সব দ্বারিকেশ্বর বেয়ে। করিবে ধর্ম্মের পূজা চাঁপায়েতে যেয়ে।"-ঘ°।

সংযা/ত্রা [সং-যা (গমন করা)+ত্র (ভা°)] বি, অনুযাত্রা; শোভাযাত্রা। ২ জলপথে দলবদ্ধ হইয়া গমন। ~ত্রিক, ~ত্রী-বিণ, শোভাযাত্রী; অনুযাত্রী। >স্ত্রীং ~ত্রিকী, ত্রিণী।

সংযান [সং-যা (গমন করা)+অন (ভা°)] বি, বিশেষভাবে গমন। ২ সম্মিলন। ৩ সূচী; ছুঁচ।

সংযাব [সং-যু(মিশ্রিত করা)+অ (র্ম্ম)] বি, ঘৃত, দুগ্ধ ও ময়দা ঘটিত খাদ্যবিশেষ। "সং° গোরসে কদলী সন্দেশে মিশ্রিত করিয়া দিবা।"-সত্যনারায়ণ পাঁচালী।

সংযাম-সংযম দ্রঃ।

সংযুক্ত [সং-যুজ্ (যোগ করা)+ত (র্ম্ম) 'সংযুক্ত', 'সংযুত' ও°] বিণ, যুক্ত; মিলিত; সংলগ্ন। ২ সম্মিলিত; একত্র। ৩ লিপ্ত। ৪ সংসৃষ্ট; সংক্রান্ত। ৫ বিশিষ্ট; সহ; সহিত। স্ত্রীং ~া-বিশিষ্টা। ২ বি, রাজা জয়চন্দ্রের কন্যা ও পৃথ্বীরাজের পত্নী।

সংযুগ [সং-যুজ্ (যোগ করা)+অ, জ্=গ। প্রা° সঞ্জুগ। সঞ্জুত প্র-যোল সঞ্জুত] বি, সংযোগ। ২ যোগাড়যন্ত্র। ৩ দ্বন্দ্ব; যুদ্ধ।

সংযুত-সংযুক্ত দ্রঃ।

সংযোগ [সং-যুজ্+অ (ভা°), জ্=গ] বি, সম্মিলন। ২ সংঘটন। ৩ মিশ্রণ; ইং combination এর রসা° পরিঃ। ৪ [জ্যো° (ক° বিশ্ব° পরিঃ)] ইং conjunction of planets এর বৈজ্ঞা° পরিঃ। ৫ সম্পর্ক। "অতিথি আপন হবে উপোষি কেমনে রবে অন্নের সং° মোর নাই।"-অ° ম°। ৬ যোগাড়। [বিণ,সংযোগিত-সংযোগযুক্ত। (২) সংযুক্ত-দ্রঃ]। ~ধর্ম্মী-সংশ্লেষণী দ্রঃ [বিপরীত-বিয়োগধর্ম্মী]। ~নিয়ম [পাটী° (ক° বিশ্ব° পরিঃ)] ইং associative law র বৈজ্ঞা° পরিঃ। ~বিয়োগ-বি, মিশ্রণ ও পৃথক্করণ। ২ জোড়-বিজোড়। ৩ মিলন ও বিচ্ছেদ বা বিরহ। ৪ জমাখরচ addition & subtraction. ~সাধক-বিণ, একত্রকারী; সংযোজক; সংঘটক। >বি, ~সাধন।

সংযোগী [সংযোগ+ইন্ (স্ত্যা°)=সংযোগিন্ ১মা, ১ব°] বিণ, সংযোগকারী। ২ সংযোগযুক্ত।

সংযোজন [সং-যুজ্ (যোগ করা)+অন (ভা°)] বি, সংঘটন। ২ সম্মিলন। ৩ একত্রকরণ; মিশ্রণ। ৪ সংযুক্তকরণ; সংলগ্নকরণ। ৫ মৈথুন। ৬[জ্যা° (ক°বিশ্ব°পরিঃ)] ইং synthesis এর বৈজ্ঞা°পরিঃ; সংশ্লেষণ। ~া- আয়োজন; যোগাড়। "আনন্দিত সদাগর ভেটিব সিংহলেশ্বর ভেট দ্রব্য করে সংযোজনা।"-কবিক°। বিণ, সংযোজিত -সংযুক্ত। >স্ত্রীং ~া। সংযোজিক ইং synthetic এর বৈজ্ঞা° পরিঃ] বিণ, সংশ্লেষিক (H. S. Glossary)।

সংরক্ষণ [সং-রক্ষ্ (রক্ষা করা)+অন (ভা°)। সংরক্ষা ও°] বি, রক্ষাকরণ। ২ তত্ত্বাবধারণ; রক্ষণাবেক্ষণ।~-নীতি-বি, যে নীতি দ্বারা দেশের বাণিজ্যের স্বার্থ রক্ষা হয়। বিণ, (১) সংরক্ষণীয়-সংরক্ষণের যোগ্য; যা রক্ষা করিতে হইবে। (২) সংরক্ষিত-যাকে রক্ষা করা হইয়াছে; যার রক্ষণাবেক্ষণ করা হইয়াছে বা হইতেছে।

সংরক্ষা-সংরক্ষণ দ্রঃ।

সংরব্ধ [সম্+রভ্ (উৎসুকী ভাবে)+ত (র্ত্তৃ)] বিণ, উৎসাহযুক্ত। ২ ক্রুদ্ধ। ৩ বেগবান্।

সংরম্ভ [সং-রন্ভ্ (ক্রোধ করা)+অ (ভা°)] বি, ক্রোধ। ২ বেগ। ৩ সম্ভ্রম। ৪ সংগ্রাম; যুদ্ধ। ৫ উৎসাহ। বিণ, সংর/ম্ভী [সংরম্ভিন্ শব্দ] ক্রুদ্ধ। ২ বেগবান্। ৩ উৎসাহী। "যে রাজা ধর্ম্মার্থচিন্তক ও ধর্ম্ম সং° হইয়া এইরূপ অর্থদৃষ্টি করিতে আরম্ভ করেন, তিনি বিপুল অর্থভোগ করিতে পারেন।" -মহা° (বর্দ্ধ°)। >স্ত্রীং ~ম্ভিণী।

সংরাধন [সং-রাধ্ (আরাধনা করা)+অন (ভা°)] বি, অর্চ্চনা; আরাধনা। বিণ সংরাধিত-আরাধিত। >স্ত্রীং ~া।

সংরাব [সং-রু (শব্দ করা)+অ (ভা°)] বি, নিনাদ; আরাব; শব্দ। বিণ, সংরাবী -মহা শব্দকারী। ২ শব্দায়মান।

সংরুদ্ধ [সং-রুধ্ (রোধ করা)+ত (র্ম্ম)] বিণ, অবরুদ্ধ। ২ প্রতিবদ্ধ।

সংরূঢ় [সং-রুহ্ (উৎপন্ন হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, সঞ্জাত; উৎপন্ন। ২ অঙ্কুরিত।

সংরোধ [সং-রুধ্ (রোধ করা)+অ (ভা°)] বি,নিরোধ,প্রতিরোধ। ২ প্রতিবন্ধ।

সংরোহ [সং-রুহ্ (উৎপন্ন হওয়া)+অ (ভা°)] বি, উৎপত্তি। ২ [-+অ (র্ত্তৃ)] যে উদ্গত হয়; অঙ্কুর।

সংলগ্ন [সং-লগ্ (লাগিয়া থাকা)+ত (র্ত্তৃ)] বিণ, সঙ্গত; মিলিত; সংযুক্ত; বিজড়িত। ২ [গ° পরিঃ] ইং adjacent এর বৈজ্ঞা° পরিঃ; সন্নিহিত।

সংলাপ [সং-লপ্ (বলা)+অ (ভা°)] বি, আলাপ; সদালাপ; পরস্পর কথাবার্ত্তা। "শান্তি-বৈঠকে সংলাপ"-আ° পত্রিকা, ১৪-১-৩৬।

সংলিপ্ত [সম্+লিপ্ত] বিণ, সংলগ্ন।

সংশপ্তক [সং] বি, জয়ের জন্য দৃঢ়প্রতিজ্ঞ সেনাদল; যে সমুদয় সৈন্য সংগ্রামে অবিচলিত থাকে। ২ নারায়ণী সেনা।

সংশয় [সং] বি, দ্বৈধজ্ঞান; সন্দেহ।

সংশয়াকুল [সংশয় (দ্বারা)+আকুল, ৩তৎ] বিণ, সন্দেহক্লিষ্ট।

সংশয়াত্মা [সংশয়াত্মন্ শব্দ] বিণ, যার মন সন্দেহযুক্ত; সন্দিগ্ধচিত্ত।

সংশয়ান্ [সংশয়+আন (শান)] বিণ, যে সন্দেহ করে; সন্দেহযুক্ত। ২ সন্দিগ্ধ।

সংশয়ান্ধকার [সংশয়+অন্ধকার] বি, সন্দেহরূপ অন্ধকার।

সংশয়ান্বিত [সংশয় (দ্বারা) + অন্বিত, ৩তৎ] বিণ, সন্দেহযুক্ত ; সন্দিগ্ধ [এই অর্থে- সংশয়াক্রান্ত [সংশয় (দ্বারা) আক্রান্ত], সংশয়াপন্ন [সংশয়(কে) + আপন্ন], সংশয়াবিষ্ট [সংশয়(দ্বারা) + আবিষ্ট ৩০]।

সংশয়াপনোদন [সংশয় + অপনোদন] বি. সন্দেহভঞ্জন।

সংশয়ালু [সংশয় + আলু (যুক্তার্থে)] বিণ, সন্দেহযুক্ত ; সংশয়ান্বিত।

সংশয়ি/ত [সংশয় + ইত (যুক্ত)] বিণ, সন্দিগ্ধ। স্ত্রীং ~তা।

সংশিত [সং-শো (নাশ-সমাপ্তি অর্থে, নির্ণয়ে) + ত (র্ম)] বিণ, সম্পূর্ণ। ২ সম্পাদিত। ৩ নির্দ্ধারিত। ৪ নিষ্ঠাবান্। ~ব্রত- বিণ, ব্রতনিষ্ঠ ; যথানিয়মে ব্রতাচরণকারী। ২ অবলম্বিত ব্রত।

সংশুদ্ধি [সং] বি. পরিশোধন। ২ সুপবিত্রীকরণ।

সংশোধক [সং-শুধ্ (শোধন করা) + অক (র্ত্তৃ)] বিণ, বিশোধক ; শাসনকারী। ২ ভ্রমাপনোদক ; নির্ভুলকারক। ৩ পরিষ্কারক। ৪ সংস্কারক।

সংশোধন [সং-শুধ্ শোধন করা) + অন (ভা০)] বি, বিশুদ্ধ করণ ; পরিষ্কার করণ। ২ সংস্কার করণ। ৩ পরিমার্জ্জন। ৪ ভ্রমাপনোদন ; ভ্রান্তি দূরকরণ ; ভুল শোধন। বিণ, **সংশোধিত**-বিশুদ্ধীকৃত। ২ পরিমার্জ্জিত। ৩ নির্ভুলীকৃত। ~**কর্ত্তা** -বিণ, সংশোধক (দ্রঃ)।

সংশ্রব, সংস্রব [সং-শ্রু, স্রু(গমনে) + অ (ভা০)] বি, সম্বন্ধ ; সম্পর্ক। ২ মিলন।

সংশ্রয় [সং] বি, হেতু। ২ অবলম্বন ; আশ্রয়। বিণ, **সংশ্রিত**-আশ্রিত।

সংশ্রুত [সম্ + শ্রু (শ্রবণে) + ত (র্ত্তৃ)] বিণ, সম্যক্‌শ্রুত। ২ প্রতিজ্ঞাত।

সংশ্লিষ্ট [সম্-শ্লিষ্ (আলিঙ্গন করা) + ত (র্ম)] বিণ, সম্পর্কিত ; সম্বন্ধযুক্ত। ২ সংযুক্ত ; মিলিত। ৩ শাখা স্বরূপ পরিগৃহীত ; অন্তর্ভুক্ত affiliated. ৪ আশ্লিষ্ট [বাং-র বিরল]। বি, **সংশ্লেষ**-সংযোগ মিলন।

সংশ্লেষণ [সম্ + শ্লিষ্ (যোগে) + অন (ভা০)] বি, সংযোগ। "বাঙ্গালীর বুদ্ধি বিশ্লেষণে উন্মুখ, সংশ্লেষণে বিমুখ।"-প্রবাসী, ১৩২৭। ২ [গ০ পরি:] ইং synthesis এর বৈজ্ঞা০ পরি:। ~**ী**-বিণ, সংযোগধর্ম্মী ; নির্ম্মাণকারী synthetic. [বিপরীত- **বিশ্লেষণী**-বিয়োগধর্ম্মী ; ভঞ্জন বা বিনাশ- কারী ; বৈশ্লেষিক analytical]

সংসক্ত [সং (সম্যক্) + সনজ্ (আসক্ত হওয়া) + ত (র্ত্তৃ)] বিণ, আসক্ত। ২ সংযুক্ত ; সংমিলিত। ৩ সম্পৃক্ত। ৪ পরিব্যাপ্ত। বি, **সংসক্তি**-আসক্তি। ২ [পদার্থবিজ্ঞা০ (হি০ কো০)] ইং cohesion এর বৈজ্ঞা০ পরি:] যে গুণ থাকায় পরমাণু সকল মিলিত হয়। > বিণ, **সংসক্ত-প্রবণ**। ~**শীল** -বিণ, মিলনধর্ম্মী।

সংসৎ, সংসদ [সং-সদ্ (উপবেশন করা) + অ] বি. সভা ; পরিষদ। "গ্রাম্যসংসদ" (প্রবাসী, ১৩৩৩), "ছাত্রসংসদ" (উত্তরা, ১৩০৭)।

সংসরণ [সম্ + সৃ (গমনে) + অন (ভা০)] বি, নিঃসরণ ; নির্গমন। ২ [- + অন্ (ধি)] গমনাগমনের বিস্তৃত সরণি বা পথ ; রাজপথ।

সংসর্গ [সং (সহিত) সৃজ্ (সৃষ্টি করা) + অ (ভা০)। সং পূর্ব্বক সৃজ্ ধাতু সঙ্গমার্থে] বি, একত্রবাস ; সহবাস। ২ সঙ্গম। ৩ সংস্রব ; সম্বন্ধ। বিণ, **সংসর্গী**-সহবাস- কারী। ২ সম্বন্ধী। সং০ **করা**-ক্রি, মেলা মেশা ; সহবাস করা। ~**জ**-বিণ, সংসর্গ- জাত। ২ সহবাস হেতু উৎপন্ন। ~**লিপ্সা** -বি, মিলনস্পৃহা ; সহবাসেচ্ছা। > বিণ, ~**লিপ্সু**। **সংসর্গাভাব** [সংসর্গ + অভাব] বি, ন্যায়দর্শনোক্ত ত্রিবিধ অভাব প্রাগভাব, ধ্বংস ও অত্যন্তাভাব)।

সংসর্প [সং-সৃপ্ (গমন করা) + অ (ভা০)] বি, সম্যক্‌গতি। ২ সংপ্রসারণ ; বিস্তার। ৩ সর্পগতিতে গমন। বিণ, ~**ী**।

সংসার [সং-সৃ (গমন করা) + অ (ধি)- যেখানে প্রাণিগণ গমন করে। বৌ০ বাং সা০ সংসারা। ব্রজ০, প্রা০ হি০ সন্‌সার (i)] বি, মায়া-পরিবৃত স্থান। ২ মায়াবন্ধন। ৩ নরজগৎ ; মর্ত্ত্যধাম। ৪ পরিবার। ৫ পরিণয়। ~-**অরণ্য, সংসারারণ্য** [সং০ + অরণ্য] বি, সংসারকানন দ্রঃ। সং০ **করা**-ক্রি, গৃহস্থের প্রতিপালনীয় অনুষ্ঠান করা। ২ বিবাহ করিয়া পরিবার পরিজন প্রতিপালন করা ; গৃহী হওয়া ; গৃহস্থালী করা। ~**কানন** [বৃক্ষাদির ছায়াশীতল কাননের সহিত উপমিত] বি, সংসাররূপ গৃহ বা আশ্রয় ; উদ্যান বা উপবনের ন্যায় ছায়াশীতল আশ্রয়। ~**কামনা**-বি, সংসার করিবার বাসনা ; মায়া ; পার্থিব ভোগ-বিলাসাভিলাষ ; পার্থিব ভোগেচ্ছা। ~**কারা, কারাগার** -বি, সংসাররূপ বন্দীশালা ; মায়া বা অবিদ্যা- রূপ শৃঙ্খলে বদ্ধ কয়েদীর মত থাকিবার কারাগার তুল্য জগৎ। "এই সংসার- কারাগারে বন্দী করিয়া ফেলিয়াছে।"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ~**গুরু**-বি, জগৎগুরু ; পরমেশ্বর। ২ কন্দর্প। ~**চক্র**-বি, উত্থান- পতনশীল সংসার ; সংসারের ফের। ~**জ্ঞান** -বি, জাগতিক ব্যাপারের অভিজ্ঞতা। ~**তরঙ্গ**-বি, সাগরতরঙ্গের ন্যায় জীবনযাত্রা- নির্ব্বাহকালীন উত্থান-পতন ; সুখদুঃখ। ~**তাড়িত**-বিণ, সংসার হ'তে বিদূরিত ; ২ সাংসারিক ব্যাপারে প্রপীড়িত। ~**ত্যাগ** -বি, গৃহত্যাগ ; পরিজনাদির ও সমাজের সম্বন্ধচ্ছেদ। ২ সন্ন্যাসগ্রহণ। > বিণ, ~**ত্যক্ত**, ~**ত্যাগী**-যে সংসার ত্যাগ করিয়াছে ; বিরক্ত ; সন্ন্যাসী। ~**ধর্ম্ম**-বি, গৃহস্থের অনুষ্ঠেয় আচরণ ; গার্হস্থ্য ধর্ম্ম। > বিণ, ~**ী**। ~**পথ** [আলং অর্থে] বি, জীবনযাত্রানির্ব্বাহের পথ। "সংসার পথ সঙ্কট অতি" -বাং গান। "সংসারের পথ দীর্ঘে বড় প্রস্থে ছোট, তাই হেথা এত আগু পিছু।" -রবী০। সং০ **পাতা** -ক্রি, বিবাহাদি করিয়া পরিবার পরিজন প্রতিপালন ও জীবনযাত্রা নির্ব্বাহের নিয়মিত ব্যবস্থা করা। ~**পার**-বি, পরলোক। ~**প্রান্তর**-বি, রক্ষকহীন বিস্তীর্ণ মাঠ ময়দান বা দুস্তর পথের ন্যায় সংসার। ~**বন্ধন**-বি, মায়ার বন্ধন ; অবিদ্যাশৃঙ্খল ; পারিবারিক বন্ধন। ~**বাসনা**-সংসার কামনা দ্রঃ। ~**মরু**-বি, মরুভূমির মত শুষ্ক

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র). ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ. [illegible] ও চ্চা০ দ্রঃ

বা হৃদয়হীন অর্থাৎ সহানুভূতিশূন্য জগৎ। ~মার্গ-বি, জগতে আগমনের পথ ; যোনি। ~যাত্রা-বি, সাংসারিক ব্যাপার ; জীবন-যাত্রা। ~লীলা-বি, ভবের খেলা ; জীবন-লীলা। ~সমুদ্র, ~সাগর [আলং অর্থে] বি, অবিদ্যারূপ জলধি ; অপার বা দুস্তর সাগর তুল্য মায়াময় জগৎ ; সংসারার্ণব। ~সুখ-বি, গার্হস্থ্য জীবনের আনন্দ, তৃপ্তি বা শান্তি। ~স্রোত [-স্রোতস্] বি, জগতের বিষয় ব্যাপারের ধারা বা প্রবাহ ; নিখিল প্রবাহ।

সংসারারিণা-সংসার দ্রঃ।

সংসারার্ণব [সংসার+অর্ণব] বি, সংসার সমুদ্র (দ্রঃ)।

সংসারাশ্রম [সংসার+আশ্রম] বি, গৃহস্থাশ্রম ; মানবজীবনের চতুরাশ্রমের মধ্যে দ্বিতীয় অবলম্বনীয় ধর্ম্ম।

সংসারাসক্ত [সংসার (তাতে)+আসক্ত] বিণ, পার্থিব বিষয়ে অনুরক্ত ; সংসার-ধর্ম্মে নিবিষ্টমনা বা লিপ্ত [স্ত্রীং ~া। বি, সংসারাসক্তি]। ~চিত্ত, ~মনা(ঃ), ~হৃদয়-বিণ যার মন সংসারে আসক্তিযুক্ত।

সংসারী [সংসার+ইন(স্ত্যং)=সংসারিন্ ১মা, ১বং] বিণ, যে সংসারে আছে ; জগতস্থ। ২ সংসারধর্ম্মপালনকারী ; গৃহস্থ ; যার গৃহ পরিবার আছে। ৩ দেহধারী ; দেহী। ৪ বিষয়াসক্ত। ঘোর সংসারী-বিণ, বিষয় মোহে আচ্ছন্ন ; অতিশয় বিষয়ানুরক্ত। স্ত্রীং সংসারিণী।

সংসারোপরত[সংসার+উপরত] বিণ, সংসারবিরত।

সংসক্ত [সং (সম্যক্) সিচ্ (জলাদি সেক করা)+ত (র্ম্ম)] বিণ, সম্পূর্ণ আর্দ্র। স্ত্রীং ~া।

সংসিদ্ধ [সং (সম্যক্)+সিদ্ধ] বিণ, সম্যক্‌রূপে সিদ্ধ ; সুসম্পন্ন। বি, সংসিদ্ধি-নিষ্পত্তি। ২ স্বাভাবিক অবস্থা। ৩ মোক্ষ ; মুক্তি।

সংসৃতি [সং-সৃ (গমন করা)+তি (ভাং)] বি, সঙ্গে গমন।।২ প্রবাহ। বিণ, সংসৃত।

সংসৃষ্ট [সং-সৃজ্ (সঙ্গমার্থে)+ত (র্ত্ত)] বিণ, সম্পর্কিত ; সম্বন্ধিত। ২ সংমিলিত ; সংযুক্ত। ৩ কৃত সহবাস ; কৃত সংসর্গ। স্ত্রীং ~া। বি, সংসৃ/ষ্টি-সহবাস। ২ সংশ্রব। ৩ [কাব্যালঙ্কারে] কাব্যের কোন স্থানে একাধিক অলঙ্কারের প্রাধান্য সূচনা। > বিণ, ~ষ্টী[সং+ইন্ (স্ত্যং)] সংশ্রবকারী ; সহবাসী।

সংস্করণ১ [সংস্কার দ্রঃ] বি, সংস্কার-সাধন ; সংশোধন ; বিশুদ্ধীকরণ।

সংস্করণ২ [পারিঃ। তুল-হিং প্রতী] বি, গ্রন্থাদির এককালে যত সংখ্যক পুস্তক মুদ্রিত হইয়া প্রকাশিত হয় ; রচিত, শোধিত, সম্পাদিত গ্রন্থাদির এক সময়ের মুদ্রিত আকার edition. ছাত্র সংস্করণ-বি, ছাত্রদিগের উপযোগী সংস্করণ। ২ প্রতি-ষ্ঠানবিঃ বা প্রকাশকবিঃ কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত গ্রন্থাদির বিশিষ্টরূপ। তুল-Oxford Edition, Longman's Edition &c., বঙ্গবাসী সংস্করণ, সাহিত্য পরিষৎ সংস্করণ ইং। পকেট সংস্করণ-বি, অতিক্ষুদ্র বা জামার জেবে থাকিতে পারে এরূপ ক্ষুদ্র সংস্করণ Pocket edition. বাজার সং-স্করণ-বি, সুলভ সংস্করণ ; বইয়ের দোকানে সহজপ্রাপ্য চল্‌তি সংস্করণ। রাজ সংস্করণ-বি, শোভন ও দামী সংস্করণ Edition-de-luxe. লাইব্রেরী সংস্করণ-বি, গ্রন্থাগারে রাখিবার মত সংস্করণ Library Edition. সুলভ সংস্করণ-বি, কম দামের চলতি সংস্করণ cheap edition.

সংস্কর্ত্তা [সং (উচিত, প্রকর্ষ, সংগত) কৃ (করা)+তৃ (র্ত্তৃ), স্ আগম=সংস্কর্ত্তৃ ১মা, ১বং] বিণ, সংস্কারকারী।

সংস্কার [সং (সম্=সংযোগ, সমুচ্চয়, সঙ্গত, শোভন ইং অর্থে)+কৃ (করা)+অ (ভাং), স আগম] বি, শুদ্ধি। ২ মন্ত্রাদি দ্বারা শোধন। ৩ বিবাহাদি দশবিধ সামাজিক অনুষ্ঠান (বিবাহ, গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম্ম, নামকরণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন, সমাবর্ত্ত)। ৪ পরিষ্করণ ; মার্জ্জন। ৫ ব্যাকরণাদির শুদ্ধি ; ভুল সংশোধন। ৬ জীর্ণোদ্ধার ; মেরামত। ৭ ব্যুৎপত্তি। ৮ পূর্ব্বজ্ঞান, কর্ম্ম ও স্মৃতিজ মনোবৃত্তি ; পূর্ব্বকর্ম্মজ বাসনা ; স্বাভাবিক জ্ঞান instinct. ৯ আজন্ম ধারণা। "সে শ্রেণীর লোকের চিরন্তন সংস্কার এই যে, অধ্যয়ন কার্য্য লোক সাধারণের নহে শ্রেণী-বিশেষের"-চন্দ্রনাথ বসু। ১০ স্বভাবসিদ্ধ স্থায়িভাব। [দ্রঃ-বৌদ্ধমতে চরাচর, স্থাবর জঙ্গম সমস্ত সৃষ্ট পদার্থ অনিত্য, কেবল আকাশ ও নির্ব্বাণ এই দুইটী নিত্য পদার্থ। "অনিত্য নিশ্চয় সংস্কারনিচয় প্রকৃতি এদের উৎপত্তি বিলয়, এই দেখা দেয় জনম লভিয়া, এই লীন হয় বিনাশ পাইয়া।"-গাথা, জাতক]। ~ক (-র্ক-) বিণ, বি, যে সংস্কার করে। ~জ (-র্জ-) বিণ, সংস্কার দ্বারা সং-ঘটিত। ~বর্জ্জিত-বিণ, অসংস্কৃত জাতকর্ম্ম উপনয়নাদি দশবিধ সংস্কারহীন। > স্ত্রীং ~া।~সাধন-বি, সংস্কারকার্য্য সম্পাদন।

সংস্কৃত [সং (সম্-সম্যক্, বিশুদ্ধ) কৃ (করা)+ত(র্ম্ম), স্ আগম] বিণ, সংশোধিত ; বিশুদ্ধ। ২ মন্ত্রপূত। ৩ সজ্জিত ; অলঙ্কৃত। ৪ বি, ভাষাবিঃ ; আর্য্যজাতির আদিভাষা ; দেবভাষা ; পরিমার্জ্জিত ও ব্যাকরণশুদ্ধ ভাষা। সুপ্রসিদ্ধ জর্ম্মণ ভাষাতাত্ত্বিক পণ্ডিত ও সমালোচক তৎপ্রণীত সাহিত্যের ইতিহাসে বলিয়াছেন-"এককালে সংস্কৃত ভাষাই পৃথিবীর একমাত্র ভাষা ছিল" "justly it is called sanskrit i.e., perfect finished." অধ্যাপক বপ বলেন-"গ্রীক ও ল্যাটিন ভাষা অপেক্ষাও ইহা পূর্ণাবয়বসম্পন্ন, অধিকতর ভাবদ্যোতক, সৌন্দর্য্যশালী এবং শব্দপ্রাচুর্য্য-ময়। ~ছুট-ছুট দ্রঃ।

সংস্কৃতি [সংস্কার দ্রঃ] বি, সংস্কার ; বিশুদ্ধীকরণ। ২ দশকর্ম্ম সংস্কার। ৩ অনুশীলন-লব্ধ দেহ-মন-হৃদয় ও আত্মার উৎকর্ষ ; কৃষ্টি culture.

সংক্রিয়া [সং] বি, সংস্কার। ২ শবদাহাদি ক্রিয়া। ৩ সংশোধন।

সংস্তম্ভ(ন) [সং] বি, সম্পূর্ণভাবে স্তম্ভিতকরণ বা স্থিরীকরণ।

সংস্তুত [সং-স্তু (স্তব করা)+ত (র্ম্ম)] বিণ, কৃতস্তুতি ; স্তুত ; পূজিত। ২ প্রশংসিত।

সংস্থ [সং-স্থা (থাকা)+অ (র্ত্তৃ)] বিণ.

সংস্থিত ; অবস্থিত। ২ সমাপ্ত। বি, ~া- অবস্থান ; স্থিতি। ২ সচ্চরিত্র। ৩ সমাপ্তি ; শেষ ; মৃত্যু। ৪ যজ্ঞবিঃ। ৫ চতুর্ব্বিধ প্রলয় (নিত্যনৈমিত্তিক, প্রাকৃতিক, আত্যন্তিক)। ৬ সাদৃশ্য। ৭ আকৃতি। ৮ ব্যবস্থা। ৯ সমাজ। ১০ জমা। "হিন্দুশাস্ত্রমত করদ রাজারা মোট সংস্থার ২০ ভাগের ৭ ভাগ পাইতেন। রাজা তোড়রমল্ল সেই স্থলে সুমার জমার এক তৃতীয়াংশ জমীদারের প্রাপ্য নির্দ্দেশ করিয়াছিলেন। তোডরমল যে প্রজাসহ রাজস্ব ধার্য্য করিয়াছিলেন, জমিদারগণের সংস্থা নিরূপণ করাই তাহার প্রধান উদ্দেশ্য ছিল।"

সংস্থাগার [বৌ° সা°। সং-সংস্থা (সভা)+আগার] বি, বর্ত্তমান টাউন হল। "একদা রাজগৃহ নগরের সংস্থাগারে কোন কারণে বহুলোক সমবেত হইয়াছিল"-জাতক, ৪র্থ খণ্ড। "একদিন বারাণসীর সংস্থাগারে সমবেত বহুলোকের মধ্যে মঙ্গল প্রশ্ন লইয়া আলোচনা আরম্ভ হইল।"-ঐ।

সংস্থান [সং-স্থা (থাকা)+অন (ভা°)] বি, ব্যবস্থা ; আয়োজন। ২ স্থিতি। ৩ সঞ্চয়। ৪ সন্নিবেশ। ৫ বিন্যাস। ৬ চতুষ্পথ।

সংস্থা/পক [সংস্থাপন দ্রঃ] বিণ, সংস্থাপনকারী। স্ত্রীং ~াপকা।

সংস্থাপন [সং-স্থাপি (স্থিতি করান)+অন (ভা°)] বি, সন্নিবেশ। ২ প্রতিষ্ঠা ; স্থাপনা। বিণ, সংস্থাপিত।

সংস্থাপয়ি/তা [মূ° সংস্থাপয়িতৃ] বিণ, প্রতিষ্ঠাতা। স্ত্রীং ~ত্রী।

সংস্থিত [সং-স্থা (থাকা)+ত (র্ক্তৃ)] বিণ, সন্নিবিষ্ট। ২ অবস্থিত। ৩ আশ্রিত। বি, সংস্থিতি-আবাস। ২ সংস্থান। ৩ মৃত্যু।

সংস্পর্শ [সং (সম্যক্)-স্পৃশ্ (স্পর্শ করা)+অ (ভা°)] বি, সংস্রব ; সংশ্লেষ ; সম্বন্ধ ; সংযোগ। বিণ, সংস্পৃষ্ট-কৃতসংস্পর্শ ; সম্পৃক্ত।

সংস্ফুট [সং-স্ফুট্ (বিকসিত হওয়া)+অ (র্ক্তৃ)] বিণ, প্রস্ফুটিত ; বিকসিত।

সংস্ফোট [সং-স্ফুট্+অ (ঘি)] বি, বিগ্রহ ; যুদ্ধ।

সংস্মৃতি (-সং°) [সং-স্মৃ (স্মরণ করা)+তি (ভা°)] বি, স্মরণ। ২ পূর্ব্ব সংস্কারগত জ্ঞান। বিণ, সংস্মৃত।

সংস্রব-সংশ্রব দ্রঃ।

সংহত [সং-হন্(গতি, তাড়নে, আঘাতে ই°)+ত (র্ম্ম)] বিণ, সম্যক্ আঘাত-প্রাপ্ত। ২ বিনষ্ট। ৩ সংমিলিত ; সমবেত ; সঙ্ঘবদ্ধ ; যোটবদ্ধ। ৪ ঘনীভূত ; জমাট crystallised.

সংহতি [সং+হন্+তি (ভা°)] সঙ্ঘাত। ২ সঙ্ঘ। ৩ সমূহ ; গণ। ৪ ঘন সন্নিবেশ ; নিবিড়তা ; রন্ধ্রহীনতা। ৫ যে গুণ হেতু সমধর্ম্মী পরমাণু সমূহ জমাট বাঁধে। ৬ ক্রি-বিণ, সহিত ; সঙ্গে। "রতিরে সংহতি লহ"-কবিক°। "সংহতি বিজয়া জয়া কুবেরে করিয়া দয়া অন্নদা করিলা অধিষ্ঠান।"-অ° ম°। "খলের সংহতি"-চণ্ডি°। [প্রা° বাং-সংহতী=সাথে ; সঙ্গে] "তেঁসি সংহতী করি নিতেঁ চাহেঁা রাহী।"-শ্রী° কী°। ৭ সাথী। "রাধার হঞাঁ সংহতী"-শ্রী° কী°। ৮ নিকট। ৯ [কলা শা°] এক চিত্রে একাধিক বস্তু ব্যক্তি বা জীব জন্তুর সন্নিবেশ group.

সংহতিবাদ [অর্থনীতি°] বি, সাম্যবাদীদের মতবাদ বা শ্রমশিল্পাদির কার্য্য নির্ব্বাহার্থ যৌথ মূলধন নিয়োগ সমর্থন করে collectivism (প্রবাসী, আষাঢ়, ১৩৩১)।

সংহনন [সং-হন্+অন (ভা°)] বি, বিনাশ ; বধ। ২ উপর্য্যুপরি আঘাত। ৩ [ভৌ° পরিঃ] শৈত্য প্রভাবে দ্রব পদার্থের সংঘাত-কঠিন অবস্থা প্রাপ্তি ; হিমসংহনন (সা° প° প°) glaciation.

সংহর [সং-হৃ (হরণ করা)+হি (লোট)] ক্রি সংবৃত কর। "অকালে প্রলয় হৈল কি কর কি কর। মা ছাড় সংহারশূল সংহর সংহর।" -অ° ম°। ২ [সং-হৃ+অ (র্ক্তৃ), যিনি সংহার করেন] বি, সংহারকর্ত্তা ; শিব। "স্মরহর বর বরপিতা পুরহর। পিতামহ সং° প্রপিতামহ হর।"-অ° ম°।

সংহরণ [সং-হৃ (হরণ করা)+অন (ভা°)] বি, বধ ; বিনাশ ; সংহার। ২ আহরণ। ৩ সঙ্কোচ ; সঙ্ক্ষেপ।

সংহর্ত্তা [সং-হৃ (হরা)+তৃ (র্ক্তৃ)=সংহর্তৃ ১মা, ১ব°] বিণ, সংহারকারী ; প্রলয়কর্ত্তা। স্ত্রীং সংহর্ত্রী।

সংহর্ষ [সং-হৃষ্ (তুষ্ট থাকা)+অ (ভা°)] বি, সম্যক্ হর্ষ ; সন্তুষ্টি। ২ রোমাঞ্চ। বিণ, সংহৃষ্ট।

সংহার [সং-হৃ+অ (ভা°)] বি, বিনাশ ; ধ্বংস। ২ প্রলয়। ৩ প্রত্যাহার ; প্রত্যাকর্ষণ। ৪ সঙ্কোচ। ৫ সংক্ষেপ। ৬ [-+অ (র্ক্তৃ)] শিবের মূর্ত্তিভেদ ; ভৈরববিঃ। ৭ [-+অ (ঘি)] নরকবিঃ। ৮ সংগৃহীত বস্তু। "ছায়ের কারণে পক্ষ আনিল তাহার। ভাগিনা আহার করে ছায়ের সংহার।"-ধ°। বিণ, সংহারক-সংহারকারী ; প্রলয়কর [এই অর্থে সংহার। প্র-সংহার কার্য্য। "মা ছাড় সংহারশূল সংহর সংহর"]। ~মুদ্রা-সাধন-মুদ্রাবিঃ।

সংহিত [সম্+ধা (ধারণে)+ত (র্ম্ম)] বিণ, সংহত (৩।৪। দ্রঃ) ; সংমিলিত।

সংহিতা [সংহিত+আ (স্ত্রীং)। যাতে বিষয়সমূহ সংহিত বা মিলিত বা সংগৃহীত বা একত্র করা হইয়াছে। যথা-ঋগ্বেদ সংহিতা, 'মনুসংহিতা ই°] বি, মন্বাদিকৃত স্মৃতি শা° ; বেদের কর্ম্মকাণ্ডমূলক শাস্ত্র।

সংহূতি [সং] বি, বহুলোকের সমবেত আহ্বান।

সংহৃত [সং-হৃ (হরণ করা)+ত (র্ম্ম)] বিণ, কৃতসংহার ; বিনষ্ট। ২ সঙ্কলিত ; সংগৃহীত। ৩ সঞ্চিত। ৪ প্রত্যাকৃষ্ট। ৫ সঙ্কুচিত ; সংক্ষিপ্ত। বি, সংহৃতি।

সংহৃষ্ট [সং] বিণ, অতিশয় পুলকিত।

সঁএ [প্রা° বৌ° বাং প্রাকৃ°] বিণ, স্ব। "সঁএ সঁবে অণ" [=সংবেদন]-চ° ২৬।৫।

সঁত [সমগু >। সম=সঁ, গু > ন্তু > ত] বিণ, সোঁত (দ্রঃ)।

সঁপা, সঁপা [সমর্পণ করা > ক্ষে° হিং সোঁপনা। সঁপি, সঁপ, সঁপে ; সঁপিতে (ক্ষে° সঁপতে) ; সঁপিয়া (ক্ষে° পদ্যে সঁপি, প্রা° সোঁপে)] ক্রি, সমর্পণ

করা ; রাখা ; স্থাপন করা ; প্রদান করা। "সঁপিল আপন তনু চণ্ডিকার পায়" -কবিক°। ২ বিসর্জ্জন করা। "সতীত্ব রতন করিতে রক্ষণ রাজপুত সতী আজি কে কেমন সঁপিছে পরাণ অনল-শিখে।" -জ্যোতি° ঠাকুর। ৩ আত্মদান করা। "কুমুদিনী কায় মন সঁপে শশধরে-ভুবনমোহন!" -ব্রজাঙ্গনা। "হরে গৌরী সপেন গিরি"-কালিকামঙ্গল। **সঁপে দেওয়া**-সঁপা ; সমর্পণ করা। **হাতে হাতে সঁপে দেওয়া**-যাকে অর্পণ করা হইবে তার হস্তে অর্পণকারী কর্ত্তৃক স্বহস্তে সমর্পণ করা ; যার হাতে অর্পণ করা হয় তার হাতে অর্পিতের হাত রাখিয়া সমর্পণ করা।

সঁবেঅণ-সংবেদন দ্রঃ।

সক [সখ দ্রঃ। আ° ধৌক্, বওক্] বি, অভিরুচি ; পসন্দ। প্র-সকের জিনিষ। ২ সাধ ; অভিলাষ ; ইচ্ছা ; লালসা ; খেয়াল ; খুসী। ৩ যশ। "যে হয় সে হয় আজ সংগ্রামে একক। পরাণ হারাই কিম্বা রেখে যাই সক॥"-ঘ°। ৪ আমোদ। ৫ সুখভোগ ; বিলাস। ৬ ঝোঁক। ক্রি, **সখ করা**-বাঞ্ছা করা ; সাধ করা।

সকই [প্রা° বাং। সং-শক্ (সমর্থ হওয়া) > হিং সক্না (পারা)] ক্রি, সমর্থ হয় ; পারে। "কহণ ণ সকই"-বৌ° গান ও দোহা।

সকড়ি, সঁকড়ি [সং-সঙ্কট, 'সঙ্কর,' 'সঙ্কার' ও°। প্রাকৃ° ও পা° অর্থে আবর্জ্জনা স্তূপ। সঙ্কটিকা > সঙ্কডিআ > সঁকড়ী > সকড়ি (ডাঃ সু° চট্টো°)। হিং সংকার, সকরী] বি, উচ্ছিষ্ট। ২ ভাত [হিন্দুস্থানে রুটি]। ৩ ভাতের স্পর্শ দুষ্টতা। **এঁড়া সঁকড়ি**-বি, বাসী সকড়ি।

সকণ্টক [স (সহ বা সহিত) কণ্টক] বিণ, কণ্টকযুক্ত।

সকর [স-কর (করের সহিত)] বিণ, করসহ ; হস্তযুক্ত। ২ রাজস্ববিশিষ্ট। ৩ শুণ্ডবিশিষ্ট।

সকরকন্দ-শকরকন্দ দ্রঃ।

সকরুণ [স (সহিত) করুণ, করুণাসহ বর্ত্তমান যে] বিণ, কৃপালু ; দয়ার্দ্র। স্ত্রীং ~া।

সকর্ণ [স (সহিত) কর্ণ, যে কর্ণের সহিত বর্ত্তমান] বিণ, কর্ণবিশিষ্ট। স্ত্রীং ~া।

সকর্দ্দম [স (সহিত) কর্দ্দম] বিণ, কর্দ্দম-লিপ্ত ; কাদামাখা।

সকর্ম্মক [স (সহিত) কর্ম্ম যার, বহু°। ব্যা°] বি, যে ক্রিয়ার কর্ম্ম আছে active transitive.

সকল [সহিত কলা। বৌ° বাং প্রাকৃ° সঅল, সঅলা, সঅলু, সএল, সয়ল। "সয়লা অইস সহাব"-চ° ৪১।৫। ই°। "সয়ল ধাম" -চ° ৪৪।১। চ° ক° ভা° -হকল, হঅল, সঅল, সঙ্কল, হক্কল] বিণ, সম্পূর্ণ ; সমস্ত ; সমগ্র ; সমুদয়। ২ কলা সহিত। [ব্রজ°] **সয়ল**-সকল। "একল রামাই পণ্ডিত সয়ল অবধান।"-বঙ্গভাষা ও সাহিত্য। ৩ বাং-য় বিণ শব্দ ও প্রত্যয়রূপে ব্যবহৃত। প্র-সকল লোক, লোক সকল। **সকল দিক্ দিয়াই**-সর্ব্বোতোভাবে। "এই বিবাহ সকলদিক্ দিয়াই সুখের হইয়াছিল।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

সকসক-সগবগ দ্রঃ।

সকাম [স (সহিত) কাম (কামনা) যার, বহু°] বিণ, কামনাযুক্ত। **~কর্ম্ম**-বি, ফল-কামনাযুক্ত কর্ম্ম।

সকারী [স-কারী (দ্রঃ)। রবী° প্রবর্ত্তিত] বিণ, ক্রিয়াশীল ; সক্রিয় active. [বিপরীত-'অকারী' (দ্রঃ) passive]।

সকাল [সং-সুকাল > সকাল। প্রা° 'সঁকাল'। "তাই সকাল থেকে বকাবকি সুরু হয়েছে!"-উত্তরা, পৌষ, ১৩৩৩। পূ° ব° 'হক্কাল', প্রা° বাং 'সাঁকাল'। প্রাদে° 'সন্‌কাল' (বাঁকুড়া)। সোনকাল (ব্রহ্মপুত্রের উপত্যকাঞ্চল" - শ্রী° কী° টীকা°-বিশ্ববল্লভ)] বি, প্রত্যূষ ; প্রাতঃ-কাল। ২ বিণ, সত্বর ; শীঘ্র। "পরভুর মালঞ্চএ জাগন্তি নন্দি মহাকাল। পরনাম করিঞা বুলে ফুল লহত স°॥"-শূ° পু°। "আমার বচনে তুমি চলহ স°"-শ্রীকৃষ্ণ-বিজয় (গুণরাজ)। **সকাল বেলা**-ক্রি-বিণ, প্রভাতকালে ; প্রাতে। "একদিন সকাল বেলা কি কাজে"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

সকালে-অ, শীঘ্র ; ত্বরায়। "উপায় বোল সকালে"-শ্রী° কী°। "যেরূপ অবজ্ঞার চক্ষে দেখিয়াছেন * * * তাহা এত শীঘ্র কিছুতেই ভুলিতে পারেন নাই। * * * কি ভাবে যে নৌশক্তিকে কমাইয়া * * * এক পংক্তিভুক্ত করিয়াছে তাহাও * * * এত সকালে ভুলে নাই"-আ° শক্তি, ১৩৩৪। **~সকাল**-শীঘ্র শীঘ্র।

সকাশ [স (সহিত) কাশ (দীপ্তি, প্রকাশ), আধু° গদ্যে বিরল, পদ্যে এখনও চলিত] বি, সন্নিধি ; সমীপ। "দুঃখিনী ফুল্লরা মোর আছে প্রতি আশে। আজ কি কহিব যায়্যা তাহার সকাশে॥"-কবিক°।

সকুণ্ডক [স + কুণ্ডক] বিণ, আকাঁড়া। "সকুণ্ডক তণ্ডুলের অন্ন আহার করিতেন" -জাতক, ৫ম খণ্ড।

সকুনৎ [ফা°] বি, বাসস্থান।

সকুল্য [স (সমান) কুল্য (বংশ) যার, বহু°] বি, সগোত্র ; সপিণ্ড।

সকৃৎ [সং। বার অর্থে 'এক' শব্দের উত্তর স প্রত্যয় করিয়া নিপাতন-সিদ্ধ] অ, বারেক ; একবার। "আশুতোষ উমাপতি যদি দিলা বরে। ষড়ঙ্গ সাধিল স° পাংশু-মুষ্টি খেয়ে"-শি°। "স° শুনিলে মাত্র ঠাকুর ধরেন"-চৈ° ভা°। ২ সর্ব্বদা। ৩ বি, বিষ্ঠা। **~প্রজ** [সকৃৎ (একবার) প্রজ (প্রজা=সন্তান) যার, বহু°] বিণ, একবার মাত্র সন্তান উৎপাদনকারী ; এক বিয়ানের। ২ কাক। স্ত্রীং ~া। **~ফলা**-একবার ফলপ্রদ। ২ কলা গাছ ; ধান্য গোধূমাদি শস্যের গাছ।

সকৌতুক [কৌতুকের সহিত বর্ত্তমান এমন] বিণ, কৌতুকান্বিত।

সক্কর [সং-শর্করা > প্রাকৃ° সক্কর। তুল-আ° শক্কর। ফা° শকর ; ফিনিক ও আসিরিয় সইকর, ল্যা° স্যাক্যারুম্, গ্রী° স্যখ্যরন, স্পে° ও পর্ত্তু° আজ়ুকর্। ইতা° জ়াক্কেরো, ফ্রে° সক্র্, জর্ম্ম° জ়াকার, ইং সুগার। রোমকগণ ইহাকে মিষ্ট লবণ বা ভারতীয় লবণ বলিত। ৫ম বা ৬ষ্ঠ খ্রী° ভারত হতে ইক্ষু সক্কর ক্রমে ক্রমে পৃথিবীর সর্ব্বত্র বিস্তার লাভ করে] বি, শর্করা ; চিনি sugar.

সঁক্কা [ফা॰] ভিত্তি। "সক্কা হৈল বরুণ পবন ঝাড় কণ।"-অ॰ ম॰।

সঁক্ত [সনজ্ (আসক্ত হওয়া)+ত (র্তৃ)] বিণ, আসক্ত। ২ নির্দ্দিষ্ট। ৩ লগ্ন। বি. সিক্তি।

সঁক্তু [সং] বি, যবচূর্ণ ; ছাতু।

সক্থি-বি, শকটাঙ্গবিঃ।

সঁক্ষম [স(সহ)-ক্ষম (ক্ষমতা সহ বিদ্যমান যে)। সং-ক্ষম, ম॰ বাং গদ্যে-ক্ষমযুক্ত (ক্ষম দ্রঃ), পরে কালীপ্রসন্ন ঘোষ বিদ্যাসাগর মহাশয় কর্ত্তৃক উদ্ভাবিত সক্ষম শব্দের প্রচলন হয়] বিণ, সমর্থ ; শক্ত।

সঁক্ষোভ [সংক্ষোভ দ্রঃ। স (সহিত) + ক্ষোভ] বি, সম্যক্ ক্ষুব্ধ হওয়ায় ভাব ; বিকার: উদ্বেগ : চাঞ্চল্য। ক্রি-বিণ, সক্ষোভে "সক্ষোভ" স্থলে 'সক্ষোভে' এই অপপ্রয়োগ আছে] বিশেষ ক্ষোভের সহিত।

সঁখ [সক দ্রঃ। আ॰ ষওক্, যৌক্(বাসনা, ঝোঁক, খেয়াল, খুসী, কৌতূহল ই॰] বি, সক (সকল অর্থে)। প্র-বুড়া বয়সে সখ দেখনা। ওটা তার সখের জিনিষ। সঁখ করে-ক্রি-বিণ, সাধ করিয়া : বিশেষ উদ্দেশ্য সিদ্ধি বা লাভের জন্য নহে, শুধু আমোদের জন্য। সঁখের-অ, সাধের। ২ পসন্দের। ৩ খেয়ালের। ৪ অবৈতনিক [বিপরীত-পেশাদার]। সঁখের দঁল-অবৈতনিক আমোদকারীর দল amateur party. সঁখের মঁরণ-বি, সাধ করে বরণ করা মৃত্যু; ইচ্ছামৃত্যু। সঁখের যাত্রা-বি, যে যাত্রার জন্য পারিশ্রমিক দিতে হয় না ; অবৈতনিক যাত্রার দলের অভিনয়। এইরূপ সখের থিয়েটার ই॰। "এই সখের যাত্রার দলের জন্য ঠাকুর দাস আরও দুইখানি পালা রচনা করিয়াছিলেন।"

সঁখা [সং-সখি শব্দ। মিত্র দ্রঃ] বি, বয়স্য ; বন্ধু। ২ সহচর।

সখিতা, সখিত্ব [সখি+তা, ত্ব (ভা॰)] বি. সখ্য।

সখী [সখি+ঈ (স্ত্রীং)। সম্বোধনে সখি। প্রাদে॰হখি। "সখিরে, বন অতি রমিত হইল ফুল ফুটনে"-ব্রজাঙ্গনা। বি, বয়স্যা। ২ সহচরী; সঙ্গিনী। ~ভাব-বি, সহচরীর ভাব। ২ বৈষ্ণবধর্ম্ম সাধনার প্রকার ভেদ। ~ভাবে -ক্রি-বিণ, বয়স্যার ভাবে। ২ [বৈ॰সা॰] শ্রীকৃষ্ণ সহচরীর ভাবে তন্ময় হইয়া। ~সংবাদ [সখী (বৃন্দা সখীর)+সংবাদ] বি, বৃন্দাবন ত্যাগ করিয়া কৃষ্ণ মথুরা যাইলে, রাধিকা তাঁহার বিরহে কাতর হইয়া সংবাদ দিতে ও আনিতে বৃন্দা নাম্নী সখীকে মথুরা পাঠান, বৃন্দা কৃষ্ণের নিকট যে সকল অনুযোগ করিয়া রাধার বিরহ-সংবাদ দিয়াছিলেন তাহাই সখী-সংবাদ। "তাঁহারাও ঐরূপ শ্যামা বিষয় শেষ করিয়া উঠিয়া গেলে পুনর্ব্বার পূর্ব্বদল আসিয়া সাজ বাজাইয়া সখীসম্বাদের মহড়া গারুটি গাইয়া ছড়া কাটাইতেন। * * * ঐরূপে ছড়া গান হইয়া সখীসম্বাদ মিটিয়া যাইত। পরে বিরহের বেলাও ঐ প্রণালী অবলম্বিত হইত।"-মনোমোহন বসু (গীতাবলী)। ২ শ্রীকৃষ্ণ ও শ্রীরাধার সহিত তৎসহকারীদের কথোপকথন।

সখ্য [সখি+য (ভা॰)] বি, বন্ধুত্ব ; সৌহৃদ্য ; মিত্রতা। ২ [অলং শা॰] কাব্য-রসবিঃ। "শান্ত দাস্য সখ্য আর বাৎসল্য মধুর রস"-গান। ~রঁস-বি, কাব্যালঙ্কারে উক্ত নবরসের অতিরিক্ত বৈষ্ণব সাহিত্যে গ্রাহ্য বৃন্দাবন লীলোক্ত শ্রীকৃষ্ণ ও তাঁর সুবলাদি সখাদের মধ্যে যে চিত্তদ্রবকারী প্রেমানন্দ। ~স্থাপঁন-বি, বন্ধুতা বা মিত্রতা করণ।

সঁগ [প্রা॰ বাং। সগর দ্রঃ] বিণ, সমস্ত ; সব ; সকল। "যত জ্ঞাত্তা সগ আনিল রাও দিয়া।"-মাণিক॰ গান।

সঁগড়া [সং-শকট > হিং সগড়া > বাং-য় ছক্ড়া] বি, শকট ; গাড়ি। ২ [প্রাদে॰] দগড়া (দ্রঃ)।

সঁগন্ধ [স (সমান) গন্ধ (সম্পর্ক-আঘ্রাণ) যার, বহু॰] বিণ, গন্ধযুক্ত। ২ গন্ধের সহিত। ৩ সগোত্রজ বা একবংশোৎপন্ন। ৪ বি, জ্ঞাতি।

সঁগবঁগ, সঁকসঁক [অনু॰] অ, স্বাদগ্রহণ বা ভোজন-লালসাযুক্ত রসনা সঞ্চালন শব্দ ; গুড় গুড় ; জিহ্বা কণ্ডূতি। "ভাত ফোটে টগবগ। নোলা করে সগবগ।"-ছড়া।

সঁগর₁ [স (সহ) গর (বিষ), বিষের সহিত জাত বলিয়া] বি, সূর্য্যবংশীয় বাহু রাজার পুত্র ; ইনি গর্ভে থাকিতে ইঁহার গর্ভিণীকে সপত্নী ভোজ্য দ্রব্যের সহিত বিষ দিয়াছিল ; কিন্তু ঐ বিষে গর্ভ ও গর্ভিণী কাহারও মৃত্যু না হইয়া যথা সময়ে বিষের সহিত উৎপন্ন হওয়ায় এই নাম। ২ বিষযুক্ত।

সঁগর₂ [সগ দ্রঃ। সকল > হিং সগর, ক=গ, ল=র। কুচবিহার আদি অঞ্চলে-সগ্গর (সর্ব্ব), সগ্গার (সগ্গরের, সবার)। "সগ্গারেটে (সকলের নিকটে) শুনি।" ব্রজ॰ স্ত্রীং সগরি, -রী। "সগরি রাতিয়া।"। "শূল ভিল দশ দিশ শূল ভেল সগরী"-বি॰ প॰] বি, সকল ; সমুদয় ; সব। "অরুণ পূরব দিশ বহল স॰ নিশ"-বি॰ প॰। "স॰ বচন কহ নত কর মাথ॥"-ঐ।

সঁগঁর্ভ [স (সহিত, সমান) গর্ভ (উদর) যার, বহু॰] বিণ, গর্ভসহ ; গর্ভযুক্ত। ২ বি, সহোদর। স্ত্রীং ~র্ভা-সহোদরা। ২ সূক্ষ্ম-পত্রাদি গর্ভে আছে এমন কুশ বা দর্ভ। ৩ বিণ, গর্ভিণী ; অন্তঃসত্ত্বা। পুং ~র্ভ্য-সহোদর।

সঁগল্লাদ [প্রা॰ বাং] বি, মূল্যবান্ রেশমী বস্ত্রবিঃ ; গরদ। "চামর চামরী ভোট স॰ গজঘোট করন্ত পট্টিশ অঙ্গ রাখি।"-কবিক॰। "স॰ বদনে চামরি দিবে"-ঐ [দ্রঃ-কবি-কঙ্কণে "সগোল্লাদ" ও চৈতন্যমঙ্গলে "সক-লাত" শব্দ ব্যবহৃত হইয়াছে]।

সঁগুণ [স (সহিত) গুণ (সত্ত্বাদি ত্রিগুণ)] বি, সত্ত্ব রজঃ তমঃ এই ত্রিগুণ সহিত ; ত্রিগুণাত্মক। "নির্গুণাব্যক্ত সাধন স্থূল তুষার ঘাতন। স॰ সাধনে সদা করয়ে যতন॥" -গান।

সঁগুণী [শকুন > সগুণ > শাকুনিক >] বি, শকুনজ্ঞ ; ব্যাধ ; নিমিত্তজ্ঞ। "কথো দূর পথে মো দেখিলো স॰।"-শ্রী॰কী॰।

সঁগোত্র [স (সমান) গোত্র (বংশ) যার, বহু॰] বি, সপিণ্ড ; জ্ঞাতি ; স্ববংশীয় ব্যক্তি। স্ত্রীং সঁগোত্রা।

সঁগ্গ [সং-স্বর্গ > প্রা॰] বি, স্বর্গ। ~হাতে পাওয়া-ক্রি, অপ্রত্যাশিত দুর্লভ বস্তু লাভ করা। সঁগ্গে যাওয়া-মরা।

সঁগের সিঁড়ি কঁরা-রাবণ চিরজীবন স্বর্গের সিঁড়ি করিবার সঙ্কল্প পোষণ করিয়াও দীর্ঘসূত্রতাহেতু পারে নাই। তদ্রূপ কোন কিছু করিব বলিয়া ফেলিয়া রাখিলে তাহা আর ঘটিয়া না উঠা।

সঘঁন১ [সং-সু (আধিক্যার্থে) > স+ ঘন। বাং-র প্রায় 'সঘনে'] ক্রি-বিণ. ঘনঘন : অবিরত : নিরন্তর। "সঘনে বদনে বলয়ে কালী"-গান। "কঙ্কণ কিঙ্কিণী ধ্বনি বাজিবে লো সঘনে।"-ব্রজাঙ্গনা। দাদুরী ডাকিছে সঘনে"-রবী০।

সঘঁন২ [স (সহিত, সমাবৃত) ঘন (মেঘ)] বিণ, ঘনাবৃত : মেঘাচ্ছন্ন। "গগন সঘন মহী পঙ্কা"-বি০ প০।

সঙ, সঙ্গ [হিং সবাং, সোআং। সং-স্বাঙ্গ] বি. হাস্যকৌতুককারী : রঙ্গস্থলে যে নানা বেশ ভূষা, বিবিধ অঙ্গভঙ্গী ও রঙ্গ-কৌতুক করিয়া লোকের হাস্যোদ্রেক এবং মনোরঞ্জন করে ; নট। সঙ০ কঁর-ক্রি. সঙের অভিনয় করা। সঙ০ দেওয়া-ক্রি. অভিনয় ক্ষেত্রে সঙ বাহির করা। সঙ০ সাজা -ক্রি. বিচিত্র বেশ ভূষা ও অঙ্গ চিত্রিত করিয়া নটরূপে দেখা দেওয়া।

সঙঁরঁণ [স্মরণ >। হিং সুমিরণ, সুমরণ] বি, স্মরণ ; স্মৃতি। ক্রি, সঙঁরা [পদ সাং সুমরা] স্মরণ করা। সঙঁরি [ব্রজ০। পদ সাং সুমরি] স্মরণ করি। ২ অস-ক্রি, স্মরণ করিয়া।

সঙস্কৃঁত [সংস্কৃত স্থলে পদ্যে] বি, "করেছে সুরভি সঙস্কৃতের কাঞ্চন কোকনদে।"-কাব্য সঞ্চয়ণ (স০ দত্ত)।

সঙিন, সঙীন [সঙ্গিন দ্রঃ] বিণ, ভয়ানক ; সাংঘাতিক : বিপজ্জনক ; বিষম। "কিন্তু অবস্থা ক্রমেই সঙিন হইয়া উঠিতে লাগিল" -ভারতী, ১৩২০। কিন্তু একটা সঙিন কথা স্ত্রীজাতির স্বাধীনতা"-দ্বি০ রায়।

সঙে (-এঁ) [সং-সঙ্গ >। সঙ্গে শব্দের প্রা০ বাং কোমলরূপ, সঙে,সঞে, সনে] ক্রি-বিণ, সঙ্গে ; সহিত। "হেথা সুবদনী সখী সঙে বাণী কহয়ে কাতর ভাবে।"-চণ্ডি০।

সঙ্কট [সং (সম্যক্) কটু (আবরণে) + অ (কৃ). যা এতদূর আবৃত যে দুর্গম বা অভেদ্য বলা যায়] বিণ, নিবিড়। ২ অভেদ্য। ৩ অনতিক্রম্য। ৪ অতিশয় অপ্রশস্ত ; সঙ্কীর্ণ। ৫ বিপজ্জনক। ৬ বি, দুঃখ ; কষ্ট। ৭ ভিড় ; জনতা। ৮ বিপদ্‌। "তবে সে জানিবে মোরে পড়িয়া সঙ্কটে।"-অ০ ম০। ৯ উপস্থিত ; আসন্ন। "সঙ্কট সঙ্কটে এই আর আছে কত।"-ঘ০। স্ত্রীং ~া-দেবীবিঃ। ২ অষ্টযোগিনীর অন্যতমা। ~কাল-বি, ঘোর বিপদের সময় ; আসন্ন কাল। ~স্থল -বি, যোজক ; ভূকন্ধরা। গিরি-সঙ্কট -দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী অতি সংকীর্ণ পথ mountain pass.

সঙ্কটাপঁন্ন [সঙ্কট + আপন্ন] বিণ, বিপন্ন।

সঙ্কর [সং (সম্-মিলন) কৃ (করা) + অ] বি, মিশ্রণ। ২ বিরুদ্ধ পদার্থদ্বয় বা সমূহের সংযোগ বা মিশ্রণ। ৩ [স্মৃ০] বিলোম বর্ণের মিলনজাত মিশ্রজাতি : বর্ণসঙ্কর জাতি। (মতান্তরে-দ্বিজের অনুলোম নহে বিলোম বর্ণের মিলনজাত মিশ্রজাতি)। ৪ [সং-কৃ (বিক্ষেপে)-সম্মার্জ্জনী দ্বারা বিক্ষিপ্ত হয় বলিয়া] অবস্কর : ধূলি। স্ত্রীং ~ী-নবদূষিতা কন্যা। বিণ, সঙ্কীর্ণ। ~ধাতু [রাসা০ পরিঃ] বি, ইং alloy এর বৈজ্ঞা০ পরিঃ ; মিশ্র-ধাতু base metal.

সঙ্করীকঁরঁণ [সঙ্কর-করণ, মধ্যে ঈ (চি, অভূততদ্ভাবার্থে)] বি, মিশ্রণ। ২ জাতিভ্রংশকরণ।

সঙ্কর্ষণ [সং (সম্যক্) কৃষ্ (চসা) + অন] বি, সম্পূর্ণভাবে কর্ষণ। ২ আকর্ষণ। ৩ কৃষিকর্ম্ম। ৪ [সংকর্ষণঃ সীরপাণিঃ কালিন্দী-ভেদনো বলঃ॥"-অমর০] বলরাম।

সঙ্কলঁন [সং-কল্ (গণনা করা) + অন (ভা০)] বি, বিক্ষিপ্ত ও বিস্তৃতের মধ্য হতে সংক্ষেপে গ্রহণ ; সংগ্রহ। ২ সংযোগ ; সংমিলন। ৩ [পাটী০ (ক০ বিশ্ব০ পরিঃ)] ইং addition এর বৈজ্ঞা০ পরিঃ : যোগ ; তেরিজ [ইহার বিপরীত ব্যবকলন অর্থাৎ বিয়োগ subtraction]। বিণ, সঙ্কলিঁত -সংগৃহীত। ২ তেরিজ বা যোগ দ্বারা যে অঙ্কফল পাওয়া গিয়াছে। ৩ সংযোগজাত ; মিশ্রণ বা মিলনসম্ভূত।

সঙ্কল্প [সং-কৢপ্ (মনে মনে ইচ্ছা করা) + অ (ভা০)] বি, মনে মনে নির্দ্ধারণ ; মনোরথ ; বাসনা ; ইচ্ছা। ২ পূজাদির পূর্ব্বে যে মানস করিয়া পূজাদি করা হয় তার উল্লেখ। "স০ সমাচরি গঙ্গাধিবাস করি বিধানবিজ্ঞ ভাল বিধি।"-অ০ ম০। বিণ, সঙ্কল্পিঁত। ~জন্মা, ~যোনি-বি, মনোজ ; কাম। ~বিকঁল্প-বি, মনন ও সংশয়। ~সিদ্ধি-বি, বাসনার পূরণ ; অভিষ্টলাভ।

সঙ্কা [প্রা০ বৌ০ বাং। শ=স] বি, শঙ্কা।

সঙ্কাশ [সং-কাশ্ (দীপ্তি পাওয়া) + অ (কৃ)] বিণ, সমপ্রভ, সদৃশ। ২ সন্নিধি ; সমীপ। স্ত্রীং ~া-সদৃশী : তুল্যপ্রভা ; সমান-কান্তি। "বিধি মুখে বেদবাণী বন্দ মাতা বীণা-পাণি ইন্দুকুন্দ তুষার সঙ্কাশা।"-কবিক০।

সঙ্কীর্ণ [সঙ্কর দ্রঃ। অনুরোধে বা কোমালার্থে পদ্যে ছন্দের অনুরোধে বা কোমলার্থে 'সঙ্কীরণ'। "করই সঙ্কীরণ রস নিরবাহ"-বি০ প০] বিণ, মিলিত ; মিশ্রিত। ২ অপ্রশস্ত ; সঙ্কুচিত। ৩ অনুদার। ৪ নিবিড়। ৫ সমাকীর্ণ : পরিব্যাপ্ত। ৬ জনতাযুক্ত। ৭ বি, সঙ্কট। ৮ [সঙ্গীতে] মিশ্ররাগ। ৯ [স্মৃ০] বর্ণসঙ্কর জাতি। ১০ মদমত্ত। "সঙ্কীর্ণ হস্তীর অধোরণের ন্যায় মদোদ্ধত, অন্যায়বৃত্ত রাজার নেতৃবর্গ নিন্দা-ভাগী হয়"-কামন্দকীয় নীতি (রত্নমালা)। ~চিত্ত, চেতা (-ঃ), মনা (-ঃ)-বিণ, অনুদার ; ক্ষুদ্রহৃদয়। ~চিত্ততা-বি, অনু-দারতা। ~নীতি-বি, অপ্রশস্ত সাধনোপায় ; অনুদার মত। ~হৃদঁয়-বিণ, ক্ষুদ্রচেতা।

সঙ্কীর্ণাত্মা [সঙ্কীর্ণ + আত্মা] বিণ, অনুদার হৃদয় ; হীন।

সঙ্কীর্ণাবস্থা [সঙ্কীর্ণ + অবস্থা] বিণ, দারিদ্র্য ; কার্পণ্য।

সঙ্কীর্ত্তন [সং-কৃৎ (গুণানুবাদে, প্রশংসায়) + অন (ভা০)] বি, গানে দেব-মাহাত্ম্যকথন বা গুণগান ; বিশেষভাবে দেবতার নাম গান। ২ [সঙ্কীর্ণার্থে] বৈষ্ণব-গণকর্ত্তৃক হরিনাম ও গুণকীর্ত্তন ; হরিসঙ্কীর্ত্তন। ৩ বর্ণন। ৪ উচ্চারণ। বিণ, সঙ্কীর্ত্তিঁত।

সঁঙ্কুচিৰ্ত (শংকু·) [সং (সম্যক্)+কুচ্ (কোঁকড়ান)+ত (র্ত্তৃ)] বিণ, সঙ্কীর্ণ। ২ সঙ্ক্ষিপ্ত। ৩ অপ্রসারিত। ৪ কুণ্ঠিত; জড়সড়। ৫ নিমীলিত : মুদিত। ৬ অপ্রস্ফুটিত।

সঁঙ্কুল [সং+কুল্ (রাশি করা)+অ (র্ত্তৃ)] বিণ, ব্যাপ্ত; সমাকীর্ণ; পূর্ণ। "অলিকুল সং"–। "মদকল কোকিল কলরব সং।"–মদনমোহন তর্কালঙ্কার। ২ একত্র বিদ্যমান; মিশ্রিত। "প্রবেশি নন্দন বনে কুমার হরিষ মনে ছয় ঋতু দেখিল সং।"–কবিকং। ৩ সঙ্কীর্ণ। ৪ বি, দ্বন্দ্ব; যুদ্ধ। ৫ জনতা।

সঁঙ্কুলঁন, সঙ্কুলান [সং (সম্যক্)+কুলন, কুলান (দ্রঃ)] বি, সংস্থান; পর্য্যাপ্তি।

সঁঙ্কেত [সং (সংক্ষেপ) > কিৎ (বলা) +অ(ভাং)। প্রাংবাং-য় এই অর্থে অশঙ্কেত। "অশঙ্কেত থানে" (=সঙ্কেত স্থানে)–শ্রীংকীং] বি, সংক্ষেপে অভিপ্রায় প্রকাশক চেষ্টা : ইসারা; ইঙ্গিত। ২ শব্দার্থজ্ঞাপক শক্তি; অভিধাশক্তি। ৩ বোধ। ৪ সন্ধান। ৫ চিহ্ন। ৬ গুপ্তস্থান। ৭ নায়ক নায়িকার নির্দ্দিষ্ট মিলনস্থান। বিণ, সঁঙ্কেতিত -কৃতসঙ্কেত। ~স্থান-বি, মিলনের নির্দ্ধারিত স্থান।

সঁঙ্কোচ [সং-কুচ্ (কুঞ্চনে)+অ (ভাং)] বিণ, বিস্তৃতকে সঙ্কীর্ণকরণ বা বহুর অল্পীকরণ. সঙ্ক্ষেপ। ২ কুণ্ঠা; জড়সড়ভাব। ৩ অস্ফুটন : মুদ্রণ। ৪ বন্ধন। বিণ, সঁঙ্কোচ্য, ~নীয়-সঙ্কোচের উপযুক্ত। ~প্রাপ্ত-বিণ, সঙ্কুচিত। ~ত্ব (·চঁ·) বি, সঙ্কোচের ভাব। ২ [পদার্থ বিজ্ঞাং (হিং কোং)] ইং compressibilityর বৈজ্ঞাং পরিঃ। ~শূন্য, ~হীন-বিণ, নিঃসঙ্কোচ। অকুণ্ঠ। ২ নির্লজ্জ।

সঁঙ্কোচঁন [সঙ্কোচ দ্রঃ+অন (ভাং)] বি, সঙ্কোচ করণ। ২ [পদার্থ বিজ্ঞাং (হিং কোং)] ইং compression এর বৈজ্ঞাং পরিঃ; সঙ্ক্ষেপ avidgment.

সঁক্রন্দন [সং-ক্রন্দ্ (রোদন করা)+অন (ভাং)] বি, অতিরোদন। ২ ইন্দ্র।

সঁক্রম [সং-ক্রম্ (গমন করা)+অ(ভাং)] বি, সঞ্চার। ২ পর্য্যটন। ৩ গ্রহগণের রাশ্যন্তরে গমন। ৪ প্রতিহত গতি। ৫ প্রাপ্তি। ৬ অতিক্রম। ৭ গমনোপায়; সোপান, সেতু প্রভৃতি। ৮ উপায়। ৯ সমসাময়িকতা। বিণ, সঙ্ক্রমিত।

সঁক্রমঁণ [সাধাঃ-সংক্রমণ। সং-ক্রম্ (গমন করা)+অন (ভাং)] বি, সঞ্চরণ। ২ পর্য্যটন। ৩ গ্রহাদির সংক্রম। ৪ প্রাপণ। ৫ অতিক্রমণ। ৬ প্রতিবিম্বপাত। ৭ প্রবেশ। বিণ, সঁঙ্ক্রমিত।

সঁক্রান্ত-সংক্রান্ত দ্রঃ।

সঁক্রান্তি [সং-ক্রম্ (গমন করা)+তি (ভাং)] বি. রবির এক রাশি হতে অন্য-রাশিতে গমন; গ্রহগণের রাশ্যন্তর গমন। ২ মাসের শেষ : মাসকাবার। ৩ সঞ্চার। ৪ বিস্তার : ব্যাপ্তি। ৫ প্রতিবিম্বন। ৬ অবস্থান্তর প্রাপ্তি। উত্তরায়ঁণ সংক্রান্তি -১লা মাঘ; যে দিন উত্তরায়ণ (দ্রঃ) ২২ ডিসেম্বর হতে ২২ জুন পর্য্যন্ত, দিবারাত্রি সমান spring or vernal Equinox প্রবাসী, আষাঢ়, ১৩৩১। তুলা-সংক্রান্তি -জলবিষুব (সাং পং পং) Autumnal equinox. মেষ-সংক্রান্তি-বাসন্তী ক্রান্তিপাত, মহাবিষুব (সাং পং পং) vernal equinox. (২০।২১ মার্চ্চ। উত্তরায়ণ সংক্রান্তি দ্রঃ)

সঁক্রাম [সং] বি. সক্রম।

সঁক্রামঁক -সংক্রামক দ্রঃ।

সঁক্রামঁণ-সক্রমণ দ্রঃ। বিণ, সঁক্রামিত।

সঁক্ষিপ্ত [সং (সঙ্গত, সংযত ভাবে) ক্ষিপ্ (ক্ষেপণে)+ত (র্ম্ম)] বিণ, সঙ্কুচিত : অল্পীকৃত। ২ [সং-সম্যক্] পরিত্যক্ত; নিক্ষিপ্ত।

সঁক্ষীয়ঁমান [সম্+ক্ষীয়মাণ] বিণ, ক্ষয়প্রাপ্ত হইতেছে এমন।

সঁক্ষুব্ধ [সং-ক্ষুভ্ (চঞ্চল হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, আন্দোলিত; আলোড়িত। ২ চঞ্চল। ৩ আকুল।

সঁক্ষেপ, সংক্ষেপ [সং-ক্ষিপ্ (ক্ষেপণে)+অ (ভাং)] বি, নিক্ষেপ। ২ অল্পতা; হ্রস্বতা। ৩ চুম্বক abstract. ৪ সঙ্কোচ। বিণ, সংক্ষিপ্ত। ~পণ-বি, সংক্ষেপ করণ। ~পঁতঃ-ক্রি·বিণ, সংক্ষেপে : অল্পের মধ্যে; অল্পে; অল্প কথায়।

সঁক্ষোভ [সং-ক্ষুভ্ (চঞ্চল হওয়া)+অ (ভাং) এই অর্থে বাং-য় সক্ষোভ এই অপ-প্রয়োগ আছে। সক্ষোভ=বিশেষ ক্ষোভের সহিত] বি, অতিশয় ক্ষোভ; সম্যক্ ক্ষুব্ধ হওয়ার ভাব; মনস্তাপ। ২ অভ্যুদ্বেগ। ৩ অতিচাঞ্চল্য। ৪ গর্ব্ব। ৫ ধর্ষণ।

সঁঙ্খ, সংখ১ [সং-শঙ্খ > ভ্রং। প্রাংবাং] বি, শঙ্খ : শাঁখ। "চারিদিকে জয় জয় সঙ্খর বাদন।"–শূং পুং। "জয় সংখধ্বনি দিলএ তুষ্ট নিরঞ্জন।"–ঐ।

সঁংখ২-সংখ্যা দ্রঃ

সঁঙ্খ্যা [সং। সংখ্যা দ্রঃ] বি, রাশি; অঙ্ক। ২ গণনা। ৩ বিচার। বিণ, সঁঙ্খ্যাত। ~ন-বি, গণনা। ২ বিচারণা। ~পঁন [সম্ +খ্যাপন] বি, নির্দ্ধারণ।

সঁঙ্খ্যেয় [সম্+খ্যা (কথনে)+য (র্ম্ম)] বিণ, গণনীয়। স্ত্রীঃ ~া।

সঁঙ্গ [সনজ (আসক্ত হওয়া)+অ (ভাং)। প্রাং বৌং, বাং সাং 'সগ্‌গ'] বি, সংযোগ; মিলন। ২ সহযোগ। ৩ সংসর্গ; সহবাস। ৪ সম্বন্ধ : সংস্রব। ৫ অনুরাগ। ৬ বন্ধুত্ব। ৭ সঙ্গম : একাধিক নদীর মিলনস্থান। ~চ্যুত-বিণ, সঙ্গ হতে বিচ্ছিন্ন। > বি. ~চ্যুতি। ~দোষ [সঙ্গ দ্রঃ] বি, কুসংসর্গের দোষ। বিণ, ~দুষ্ট। ~দোষে গ্রাম নষ্ট-কুসংসর্গের ফলে সমস্ত গ্রামের লোক অধঃপতিত হয়।

সঁঙ্গত১ [সং-গম্ (গমন করা)+ত (র্ত্তৃ)] বিণ, মিলিত; যুক্ত। ২ যুক্তিযুক্ত; উপযুক্ত। ৩ বিভিন্ন অংশের সুসামঞ্জস্য।

সঁঙ্গত২ [সঙ্গীতে। সম্ (বাদ্যের আরম্ভ) গত (গীতবাদ্যের বিশ্রামস্থল)। তাল দ্রঃ] গীত-বাদ্যের সুর তালের মিলন; তালানুগতি; সঙ্গীতের অবিরোধ ধারা rhythm. ২ আলাপ আলোচনার বৈঠক বা সমিতি। "সাহিত্য সঙ্গত * * * যাঁহারা সাহিত্য শিল্প ও সঙ্গীত চর্চ্চা করেন, তাঁহারা বহুদিন হইল এইরূপ একটা আলাপ আলোচনার বৈঠক বা সমিতির অভাব অনুভব করিতেছিলেন।"

-বাঙ্গলার কথা, ১৩৩৫। ~ী-সঙ্গীতে সুর-সংযোগকর্তা।

সঙ্গ্‌তরাশ [ফা॰ সংগ্ (পাথর)+ফা॰ তরাশ (যে কাটে)] বি, যে পাষাণ খুদিয়া বা কাটিয়া মূর্ত্তি ই॰ গড়ে; ভাস্কর stone-cutter; sculptor. ~ী-বি, ভাস্কর্য্য sculpture.

সঙ্গতি [সং-গম্+তি (ভা॰)] বি, মিলন। ২ সহবাস। "রজকী সং চণ্ডীদাস গতি রচিল আনন্দ বটে।"-চণ্ডি॰। ৩ সংস্থান; সঞ্চয়। "যজ্ঞের যতেক দ্রব্য করিল সঙ্গতি।"-কৃত্তি॰। ৪ সামঞ্জস্য; পূর্ব্বাপর সম্বন্ধ। ৫ জ্ঞান। ৬ যোগ্যতা; ক্ষমতা; সাধ্য। ৭ [প্রা॰ বাং-সঙ্গতি, সঙ্গতী] বি, দুরবস্থা; দুর্গতি। "পঞ্চসঙ্গতি কৈল কাহ্নাঞি আন্ধারে"। "পাঞ্চসঙ্গতি কাহ্নু করিল আন্ধার।"-শ্রী॰কী॰। "রাধার করিবোঁ পাঞ্চসঙ্গতী।"-ঐ। ~পন্ন, ~শালী, ~সম্পন্ন -বিণ, ধনী। ~প্রবর্ণতা-বি, উপযোগিতা; সংবিধান adaptation. ~শূন্য, ~হীন -বিণ, নির্ধন; নিঃসম্বল; নিঃস্ব।

সঙ্গম [সং-গম্+অ (ভা॰)] বি, নদ্যাদির মিলন। "যে ভালভজিতে পারে পতিভাব কর তারে সিন্ধু সঙ্গে সম্প্রতি সঙ্গম।"-অ॰ ম॰। ২ স্ত্রী-পুরুষের সঙ্গ; সম্ভোগ; সুরত। ৩ সহবাস।

সঙ্গহি [সং-সঙ্গ+হি (হি॰ ৭মী বিভক্তি চিহ্ন)] অ, সঙ্গে। "জনু রবি শশী সঙ্গহি উয়ল পিছে করি আন্ধিয়ার।"-বি॰ প॰।

সঙ্গাতি [ব্রজ॰। সং-সঙ্গতি] বি, সঙ্গতি; মিলন। "ভাগ্যে মিলয়ে হেন প্রেম সঙ্গাতি। ভাগ্যে মিলয়ে এহ সুখময় রাতি।"-বি॰প॰।

সঙ্গিন, সঙ্গীন [প্রা॰ সঙিন্। ফা॰ সঙ্গিন্ (ফা॰ সঙ্গ্=পাষাণ, ভার)=পাষাণময় বা পাষাণবৎ কঠিন, (২) গুরুভার] বিণ, কঠিন; শক্ত। ২ গুরুতর; ভয়ানক; সাঙ্ঘাতিক serious. "জীবনের সকল সঙ্গীন মুহূর্ত্তে"। ৩ ভারী weighty. ৪ বন্দুকের মুখে সংলগ্ন কিরিচ bayonet. "সঙ্গীন খাড়া দেখ্‌লেই মনে লাগে একটা ধক্।"-বি॰রায়।

সঙ্গী [সঙ্গ+ইন্ (অ্য॰)=সঙ্গিন্ ১মা, ১ব॰] বিণ, যে সঙ্গে থাকে; সমভিব্যাহারী; সাথী; সহচর। স্ত্রীং **সঙ্গিনী**-সহচরী; সখী। "হরপ্রিয়া মন্দাকিনী সুভগে তব সঙ্গিনী অর্পেন সাগর করে তিনি তব পাণি।"-ব্রজাঙ্গনা। [দ্রঃ-সমাসযুক্ত হইলে 'সঙ্গি' যথা -সঙ্গিবিরহিত, সঙ্গিরহিত, সঙ্গিশূন্য, সঙ্গিহীন (=নিঃসঙ্গ)]।

সঙ্গীত [সং (সম্যক্) গীত] বিণ, সম্যক্ প্রকারে গীত। ২ বি, তৌর্য্যত্রিক (নৃত্য, গীত, বাদ্য)। ৩ গান। ~চর্চ্চা-বি, সঙ্গীতাভ্যাস। ~জ্ঞ (-র্ত-) বিণ, গীত বা নৃত্য-গীত-বাদ্যে বিশেষজ্ঞ। ~বিদ্যা, ~শাস্ত্র-বি, যে বিদ্যা বা শাস্ত্র দ্বারা গীত-বাদ্য নৃত্য বিশেষরূপে জানিতে ও শিখিতে পারা যায়। ~বিশারদ-বিণ, সঙ্গীতবিদ্যায় বিশেষজ্ঞ। ~মুখর-বিণ, সঙ্গীতনিনাদিত; নৃত্য-গীত-বাদ্যে ঝঙ্কৃত বা শব্দায়মান। ~মুগ্ধ -বিণ, সঙ্গীতের মধুর ধ্বনিতে মোহিত। ~লহরী-বি, সঙ্গীতের সুরতরঙ্গ। **সঙ্গীতানুরাগ** [সঙ্গীত (তাতে)+অনুরাগ, ৭তৎ] বি, সঙ্গীতপ্রীতি; নৃত্য-গীত-বাদ্যে আসক্তি বা ঝোঁক। >বিণ, সঙ্গীতানুরাগী। >স্ত্রীং সঙ্গীতানুরাগিণী। **সঙ্গীতানুশীলন** [সঙ্গীত+অনুশীলন] বি, নৃত্য-গীত-বাদ্যের চর্চ্চা; সঙ্গীত শিক্ষা।

সঙ্গীতি১ [সং] বি, আলাপ। ২ গীত।

সঙ্গীতি২ [বৌ॰ সা॰] বি, বৌদ্ধ ধর্ম-মহাসভা। "রাজগৃহের সপ্তপর্ণীগুহায় মিলিত বিরাট সভাই প্রথম সং"।

সঙ্গুপ্ত [সং-গুপ্ (গোপন করা)+ত (র্ম)] বিণ, সঙ্গূঢ়; লুক্কায়িত। ২ বি, বুদ্ধ।

সঙ্গূঢ় [সং-গূহ্ (গোপন করা)+ত (র্ম)] বিণ, সঙ্গুপ্ত; লুক্কায়িত। ২ সমাবৃত; সমাচ্ছাদিত।

সঙ্গে [চ॰ ক॰ ভা॰হঙ্গে। স=হ] অ, সাথে; সহিত। ২ নিকট। ৩ কাহারও সহিত তুলনায়। "তোমাদের বাবু হলেন বড়লোক তাঁর সঙ্গে কার কথা"-অনুরূপা দেবী। ~র-বিণ, আনুসঙ্গিক। ~সঙ্গে-ক্রি-বিণ, সাথে সাথে; মিলিত হইয়া। প্র-সং এস। সকলে সং সং চল। এক সঙ্গে-ক্রি-বিণ, একত্র।

সঙ্গোপন [সং-গুপ্ (গোপন করা)+অন (ভা॰)] বি, সম্পূর্ণভাবে গোপন; অন্যের অলক্ষিত স্থান। ক্রি-বিণ, **সঙ্গোপনে**-গুপ্তভাবে; লুকাইয়া; গুপ্তস্থানে। "সঙ্গোপনে সুদর্শনে হবে আলাপন। তা না হলে বলো কিসে রবে মম পণ।"-বাং গান।

সঙ্গোপিত [সংগোপিত দ্রঃ। সম্-গুপ্+ণিচ্=গোপি+ত (র্ম)] বিণ, গুপ্ত; লুক্কায়িত।

সঙ্ঘ, সংঘ [সং-হন্ (আঘাতে)+অ (র্ম)] বি, সমূহ। ২ দল; সম্প্রদায়। ৩ ভিক্ষু সমাজ। ত্রিরত্নের একটী রত্ন (অন্য দুইটি ধর্ম্ম ও বুদ্ধ)। ~চারী-বিণ, সঙ্ঘে বিচরণকারী। ২ দলবদ্ধভাবে বিচরণকারী। ৩ মৎস্য। ~জীবী [মূ-জীবিন্] বিণ, শ্রমিক। ২ সঙ্ঘনির্দ্দিষ্ট ব্রতাচারী।

সঙ্ঘট, সঙ্ঘট্ট-সঙ্ঘটন দ্রঃ।

সঙ্ঘটন, সঙ্ঘটনা, সংঘটন (।) [সং-ঘট্ (চেষ্টা করা)+অন (ভা॰), +আ (স্ত্রীং)] বি, যোজন; সংযোগ; মেলন। ২ ঘটনা। ৩ গঠন। ৪ সংঘর্ষ।

সঙ্ঘটিত, সংঘটিত [সং-ঘট্(ঘটা) +ত (র্ম)] বিণ, গঠিত; নির্ম্মিত। ২ অনুষ্ঠিত। ৩ সম্ভাবিত।

সঙ্ঘট্ট [সঙ্ঘট দ্রঃ] বি, ঘটনা। ২ সঙ্ঘর্ষ। ৩ বিবাদ। "ঘাটে দানী হঞা তোঁএ করসি সং।"-শ্রী॰ কী॰। বিণ, সঙ্ঘট্টিত।

সঙ্ঘর্ষ, সংঘর্ষ [সং-ঘৃষ্ (ঘর্ষণ করা)+অ (ভা॰)] বি, পরস্পর ঘর্ষণ। ২ ঘোটন। ৩ মর্দ্দন। ৪ দ্বন্দ্ব।

সঙ্ঘর্ষণ [সং-ঘৃষ্ (ঘর্ষণ করা)+অন (ভা॰)] বি, সঙ্ঘর্ষ। ২ পরস্পর আঘাত বা মর্দ্দন; সংঘাত।

সঙ্ঘাটী [অর্ধ শা॰] বি, যুদ্ধকালে অট্টালিকা ও দুর্গের স্থানে স্থানে অগ্নি দিবার জন্য ব্যবহৃত দীর্ঘ কাষ্ঠখণ্ডবিঃ।

সঙ্ঘাত [সং-হন্ (আঘাত করা, বধ করা)+অ (ভা॰)] বি, আঘাত। ২ বধ। ৩ নিবিড়তা; ঘনত্ব। ৪ সমূহ; সমষ্টি। ~বল [জড়বিজ্ঞান] বি, একাধিক বলের সংযোগে উৎপন্ন জমাট বল।

সজ্ঝাতি [মৈ০ পদ০ সা০] বি, গাঢ় মিলন। **প্রেম-সজ্ঝাতি**-প্রেম-ঘন; বন্ধু। "ভাগে মিলয় ইহ প্রেম-সজ্ঝাতি।"-বি০ প০।

সজ্ঘুষিত, সজ্ঘুষ্ট [সং (সম্যক্) ঘুষ্ (ঘোষণা করা)+ত (র্ম্ম), ই-আগম] বিণ, বিঘোষিত। ২ শব্দিত; নিনাদিত।

সজ্ঘৃষ্ট [সং-ঘৃষ্ (ঘষা)+ত (র্ম্ম)] বিণ, বিশেষভাবে ঘর্ষিত; বিমর্দ্দিত।

সচ, সচা [সং-সত্য > হিং সচ্, সচ্চা] বিণ, সত্যপরায়ণ; খাঁটি। "দোকান পাতিল কর্ম্মী কর্ম্মে বড় সচ।"-ঘ০। ২ সত্য।

সচকি/ত [স-চকিত] বিণ, ভয়চঞ্চল; ত্রস্ত। ক্রি-বিণ, **~তে**-ত্রস্তভাবে।

সচঞ্চল [চঞ্চলতা সহ বিদ্যমানার্থে-স+চঞ্চল] বিণ, অস্থির; চঞ্চল।

সচন্দন [স(সহিত)চন্দন] বিণ, চন্দনযুক্ত, চন্দনে মাখা। প্র-স০ পুষ্প।

সচরাচর [স (সহিত)+চর+অচর (স্থাবরাস্থাবর), যে চরাচরের সহিত বর্ত্তমান] বি, জগৎ। ২ [বাং-র] অ, স্থাবর জঙ্গমাত্মক জগতে; (>) সাধারণতঃ।

সচল [স (সহ) চল, যা চলৎশক্তিসহ বিদ্যমান। অথবা, চল-চল অর্থে সচল। তুল-সঠিক (দ্রঃ)। বিপরীতার্থে অচল] বিণ, যা চলিতেছে বা চলে; চলন্ত; জঙ্গম। **~নৌদুর্গ**-বি, সামরিক নৌবাহিনী; নাওয়ারা।

সচি, সচী [সং-শচি দ্রঃ। "শচী" বানান সাধারণ] বি, পুলোমনন্দিনী ইন্দ্রাণী। **~নন্দন**-জয়ন্ত। ২ চৈতন্যদেব। **~পতি**-ইন্দ্র। ২ চৈতন্যদেবের পিতা পণ্ডিত জগন্নাথ মিশ্র।

সচিত্র [স (সহিত) চিত্র] বিণ, চিত্র-সহিত; চিত্রযুক্ত; চিত্রিত। প্র-স০ মাসিক পত্র। স০ পুস্তক।

সচিব [সচ্ (সম্বন্ধ করা)+ই (ভা০)+অ (র্ত্তৃ)] বি, মন্ত্রী; অমাত্য। ২ সহায়।

সচেতন [স (সহ)+চেতনা যার, বহু০] বিণ, যার চেতনা আছে; চৈতন্যযুক্ত। ২ জীবন্ত। ৩ সজাগ। **~দৃষ্টি**-বিণ, তীক্ষ্ণ চঞ্চল; সজাগ; সচকিত। "নবকিশোরের সচেতন দৃষ্টি হইতে এ সকলের কিছুই এড়াইল না।" -ভারতী, ১৩২০।

সচেল [স (সহিত)+চেল (বস্ত্র), উপ০] ক্রি-বিণ, বস্ত্রের সহিত; সবস্ত্র। "পর পুরুষের পবন পরশে সচেলে সিনান করি।"-গোবিন্দ০।

সচেষ্ট [স (সহিত)+চেষ্টা (যত্ন) যার, বহু০] বিণ, চেষ্টাযুক্ত; চেষ্টান্বিত; উদ্যোগী।

সচ্চ [সত্য > প্রাকৃ০] বি, সত্য। **~কার** [সত্য > সচ্চ+কার (সম্বন্ধে)] বিণ, সত্যকার (দ্রঃ); সত্য সত্য। ২ বি, সত্যকরণ; সত্যঙ্কার।

সচ্চিৎ [সৎ(নিত্য)+চিৎ(জ্ঞান), ধা] বি, নিত্য এবং জ্ঞানময় বা নিত্য চৈতন্য-স্বরূপ।

সচ্চিদানন্দ [সৎ (নিত্য)+চিৎ (জ্ঞান) +আনন্দ (সুখ), ধা] বি, নিত্য জ্ঞানময় ও সুখস্বরূপ ব্রহ্ম। [দ্রঃ-নৈয়ায়িক মতে সৎ (নিত্য) চিৎ (জ্ঞান) এবং আনন্দ যার এই বহুব্রীহি সমাসনিষ্পন্ন সচ্চিদানন্দ শব্দের অর্থ নিত্য জ্ঞান এবং আনন্দবিশিষ্ট ব্রহ্ম]।

সচ্চিন্তা [সৎ+চিন্তা] বি, সুচিন্তা; সাধুচিন্তা; সদ্ভাব।

সচ্ছল [সং-সৎশীল-সচ্ছীল >। বিপ-রীতে 'অসচ্ছল'] বিণ, ধনবান; সঙ্গতিপন্ন। ২ ব্যয়শীল। বি, **সচ্ছলতা**- প্রয়োজন মত ব্যয় করিবার সঙ্গতিযুক্ত অবস্থা; অভাব-শূন্য অবস্থা।

সচ্ছিদ্র, সছিদ্র [স (সহিত)+ছিদ্র] বিণ, ছিদ্রযুক্ত: রন্ধ্রবিশিষ্ট। ২ দোষযুক্ত। স্ত্রীং ~া।

সজ$_1$ [সজ্জিত > সজ্জিঅ > সজ্জ >। প্রা০ বাং] বিণ, সজ্জিত। "কেহ মতে সজ হই দধির পসার"-শ্রী০ কী০। **সজাআঁ, সজাইআঁ, সজায়িআঁ**-অস-ক্রি, সজ্জিত করিয়া। "পসার সজআঁ"। ক্রি, সঁজা।

সজ$_2$ [প্রা০ বাং। সৃজ্ (নির্ম্মাণ) > সর্জ্জন, সজ্জন > সজন >] বি, নির্ম্মাণ; তৈয়ার। "ভার সজ করিবারে করিলাম্ভ মন"-শ্রী০ কী০। "বাঁহক সজাএ ভাল দেব মুরারী॥"-ঐ।

সজন$_1$ [স (সহিত) জন (মনুষ্য)] বি, লোকজন সহ; জনসমাজ। "কি সজনে কি বিজনে গ্রাম নগর কাননে, বিরাজিত যথা যাই তোমার প্রেম-আনন।"-বাং গান।

সজন$_2$ [সজ্জন >। প্রা০ বাং] বিণ, সজ্জন; ভদ্র; সাধু। স০ সমাজে"-শ্রী০ কী০। ২ জ্ঞাতি-কুটুম্ব। প্র-আত্মীয় সজন।

সজনী [সং-স্বজন (আত্মীয়) > হিং সজন, সাজন (প্রণয়ী, পতি) > স্ত্রীং সজনী, সাজনী, মৈ০, ব্রজ০ সাজনী। বাং-র-সজনী] বি(স্ত্রী), প্রণয়িনী। ২ সখী; সঙ্গিনী; সহচরী। "বর সরোজিনী ধনী তুমি হে তার সজনী।"-ব্রজাঙ্গনা। সম্বোধনে-**সজনি**। "চললো নিকুঞ্জে পূজি শ্যাম রাজে, সজনি"-ব্রজাঙ্গনা। "সজনি সজনি রাধিকা লো দেখ অবহুঁ চাহিয়া"-রবী০।

সজল [স (সহিত) জল] বিণ, জলপূর্ণ: আর্দ্র। "স০ আঁখি মলিন বদন"-গান। স্ত্রীং ~া। **~আঁখি, ~নয়ন, ~নেত্র**-বি, জলভরা চক্ষু; অশ্রুপূর্ণ চক্ষু। **~জলদজাল** [সজল (জলভরা)-জলদ (মেঘ) জাল (সমূহার্থে)] বি, জলভরাবনত মেঘমালা।

সজাগ [স (সহ) জাগ (জাগরণ)] বিণ, জাগ্রত। ২ উদ্বুদ্ধ। ৩ সতর্ক। ৪ জাগ্রতবৎ। [চ০ ক০ ভা০ হজাগ]। **~ঘুম**-বি, যে ঘুম সহজে ভাঙ্গে; লঘুনিদ্রা।

সজাতি [স (সমান) জাতি, ধা] বিণ, সমজাতি; সমশ্রেণী। ২ বি, একজাতীয় দম্পতীর সন্তান।

সজাতীয় [স (সমান) জাতি+ঈয়] বিণ, একজাতি সম্বন্ধীয়। ২ একশ্রেণীস্থ। ৩ সমধর্ম্মী। ৪ তুল্য। স্ত্রীং ~া।

সজারু ["সাঁজারু", "সেজারু" ও০। সং-শল্য, শল্যক < সেব্যক (অশোকযুগের প্রাচ্য প্রাকৃ০) > সেজ্জঅ (পরবর্ত্তী প্রাকৃ০, > সেঁজা, হেঁজা+রূপ (স্বার্থে) > সেজ্জঅ-রূঅ > সেজারু"-ডা০ সু০ চট্টো০। সং-ছেদার ও০। শসারু দ্রঃ] বি, শাকসবজীখাদক কণ্টকিত-দেহ জন্তুবিঃ the Bengal porcupine. "বরাহ কুকুর ভেড়া খটাস সজারু"-অ০ ম০।

সজিনা [সং-শোভাঞ্জন >, হিং সৈজন] বি, স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ ; সজনে গাছ।

সজীব [স (সহ) জীব (জীবন যার, বহু০)] বিণ, জীবিত; জীবন্ত। বিপরীতে-"নির্জীব"।

সজোরে [স (সহ) জোর=সজোর (=জোরে=জোরের সহিত) + এ (অতিরিক্ত)] ক্রি-বিণ, বলের দ্বারা ; জোরে। ~চালিত —forced.

সজ্জ১ [সং-সস্জ্ (সজ্জিত হওয়া) + অ (ক্ত)] বিণ, সজ্জিত। ২ প্রস্তুত।

সজ্জ২ [হিং সব্জী >] বি, শাকসব্জী ; ফলমূলাদি। "শাক বেগুন কচু মূলা এঁটে থোড় কাঁচকলা নানা সজ্জ ভরে আনে পাঁতি।"-কবিক০।

সজ্জন১ [সৎ (সাধু) যে জন (লোক), ধা] বিণ, সুজন : সাধু। ২ সৎকুলজাত। ৩ বি, স্বজন কুটুম্ব। আত্মীয়-সজ্জন-বি, জ্ঞাতি-কুটুম্ব। "অবকাশ মতে আত্মীয় সজ্জনের সহিত সদালাপ করিতেন।" "আত্মীয় সজ্জনেব ও প্রতিবাসিগণের পীড়া-সংবাদ পাইলে * *" -৺ভবাণীচরণ বন্দ্যোপাধ্যায়ের জীবনচরিত, ১৮৪৯ (ব্র০ বন্দ্যো০ সম্পাদিত "কলিকাতা কমলালয়")। সাধু সজ্জন-সহচর শব্দদ্বয় : সুজাত ও সাধু চরিত্র।

সজ্জন২, সজ্জনা [সং] বি, সাজসজ্জা ; সাজন। ২ [বিশে০] হাতী সাজান। ৩ ব্যবস্থা ; আয়োজন। ৪ [বিশে০] সেনা সন্নিবেশ।

সজ্জা [সস্জ্ (সুসজ্জিত হওয়া) + অ (ভা০) + আ (স্ত্রীং)] বি, সাজ ; বেশভূষা। ২ উদ্যোগ। ৩ আয়োজন। "মহেশ পূজার সজ্জা কর সাবধান॥"-কবিক০। ৪ উপকরণ। "না লহ দেবতা সজ্জা না কর অন্যায়" -চৈ০ চ০। ~গৃহ-বি, সাজঘর (বিতঃ যাত্রা থিয়েটর ই০-র)। বিণ, সজ্জিত।

সজ্জীভূত [সজ্জ + চ্বি (অভূততদ্ভাবে)= সজ্জী + ভূ + ত (র্তৃ)] বিণ, যাকে সাজান হইয়াছে ; ভূষিত। স্ত্রীং ~া।

সজ্ঞান [স (সহিত) জ্ঞান] বিণ, সচেতন। ক্রি-বিণ, সজ্ঞানে-সচেতন অবস্থায় ; চৈতন্য থাকিতে ; হুঁস থাকিতে। ২ জ্ঞানপূর্ব্বক ; জানিয়া।

সঞে [প্রা০ বাং পদ্যে। সঙ্গে > ভ্রং] ক্রি-বিণ, সঙ্গে ; সহিত। "যেদিন দেখিব আপন নয়নে তা সঞে কহিতে কথা"-চণ্ডি০। ২ [হিং পঞ্চমী বিভক্তি। সং-স্মাৎ > "সে" > সঞ্, ব্রজ০] অ, হইতে ; থেকে। "শুনি কহে জটিলা ঘটিল কি অকুশল ঘর সঞে বাহির হোয়।"-বি০ প০।

সঞ্চ১ [সং] বি, লিখিবার পত্র, তালপাতা।

সঞ্চ২ [সং-সন্ধি >] বি, সন্ধিস্থান ; জোড় ; গ্রন্থি। "দাসী সনে ছিল কিছু সঙ্কেত সরস। সঞ্চ জানি হানি চোট বাড়ালে পৌরুষ॥"-ধ০। সঞ্চে সঞ্চ-অ, প্রতি-গ্রন্থিতে ; জোড়ের মুখে জোড়; "যার যেবা হস্তপদ লাগে সঞ্চে সঞ্চ। গায়ে উপজিল মাংস পড়িল লোমাঞ্চ॥"-কবিক০।

সঞ্চয় [সং-চি (একত্র করা) + অ (ভা০)] বি, সংগ্রহ। ২ সমূহ : রাশি। ৩ বিদ্যমানতা ; সদ্ভাব। "খিড়কি উত্তর ভাগে জলহরি তার আগে প্রতি বাড়ী কূপের স০।" -কবিক০। ৪ গোছা। "আচমন দিয়াছিল বিড়ার সঞ্চয়"-চৈ০ চ০।

সঞ্চয়ন [সং-চি (একত্র করা) + অন (ভা০)] বি, সম্যক্ চয়ন: বিশেষ বা নির্ব্বাচিত সংগ্রহ। ২ সঞ্চয়করণ। ~ী-বি, বিবিধ প্রবন্ধসম্বলিত সাময়িক পত্র magazine

সঞ্চয়ী [সঞ্চয় + ইন্ (স্ত্য০)=সঞ্চয়িন্ ১মা, ১ব০] বিণ, সঞ্চয়কারী ; যে সংগ্রহ করিয়া রাখে ; মিতব্যয় দ্বারা যে উদ্বৃত্ত ধনাদি রক্ষা ও বৃদ্ধি করে।

সঞ্চর [সং-চর্ (গমন করা) + অ (ণে) যদ্দারা গমন করে] বি, শরণি ; পথ। ২ সেতু। ৩ সঞ্চার ; গতি। ৪ কম্পন। বিণ, সঞ্চরিত। ~মান-বিণ, গতিশীল ; বিচরণকারী।

সঞ্চরণ [সং-চর্ (গমন করা) + অন (ণে)] বি, বিচরণ। ২ গমন। ৩ পথ।

সঞ্চরা [সঞ্চর (ব্রঃ) + আ (ক্রিয়ার্থে)। সঞ্চরি, সঞ্চর (সঞ্চরেন, সঞ্চরিল), সঞ্চরে (সঞ্চরেন) ; সঞ্চরিতে ; সঞ্চরিয়া (ক্ষে০ পদ্যে -সঞ্চরি)] ক্রি, সঞ্চরণ করা ; বিচরণ করা। ব্রজ০ সঞ্চরু - সঞ্চরণ করে। "খরতর বেগ সমীরণ সঞ্চরু চঞ্চরীগণ কর রোলে।"-বি০ প০।

সঞ্চরিষ্ণু [সং] বিণ, সঞ্চরমান।

সঞ্চরৌক [সঞ্চর + উক=ঔক] ক্রি, সঞ্চরণ করুক ; সঞ্চারিত হউক। "সঞ্চরৌক কীর্ত্তি মোর জগৎ সংসার"-মহা০ (শ্রীকর০)।

সঞ্চলন [সং-চল্ (গমন করা) + অন (ভা০)] বি, আন্দোলন ; কম্পন ; দোলন। ২ প্রচলন।

সঞ্চা [সং-সন্ধি > সঞ্চ + আ] বি, সন্ধি-স্থান : জোড় : গ্রন্থি। প্র-সঞ্চা নড়ে যাওয়া। ২ [বাং-য়] ক্রি, সঞ্চিত হওয়া।

সঞ্চান [সং-শ্যেন। প্রা০ বাং। গ্রা০ সাঁচান, সেচান] বি, শ্যেনপক্ষী। "আদি দেব ধর্ম্মরায় হইল স০ কায় কপোত করিল পুরন্দরে।"-কবিক০।

সঞ্চা/র [সং-চর্ (গমন করা) + অ (ভা০)] বি, ব্যাপ্তি, প্রসার। ২ সংক্রম ; গ্রহাদির একরাশি হতে রাশ্যন্তরে গমন। ৩ গমন। ৪ উত্তেজনা : উদ্রেক। ৫ চালন। ৬ শরণি ; পথ। ৭ প্রচার। "তাহা হৈতে হইবেক পূজার স০। কুবেরের সুতে শাপ দিবা পুনর্ব্বার॥"-অ০ ম০। ৮ আবির্ভাব। "নারিকেল ফলে যেন জলের স০"। ৯ ফাঁক ; প্রবেশ পথ ; রন্ধ্র। [বিণ, ~রিত]। ~রক-বিণ, সঞ্চারকারী ; পরিচালক। ২ উদ্রেককারী। ৩ সংক্রমণকারী। ৪ প্রসারক। ৫ প্রচারক। ~রণ [সং-চর্ (গমন করা) + অন (ভা০)] বি, সঞ্চার। ~রা [সঞ্চার (ব্রঃ) + আ (ক্রিয়ার্থে)। সঞ্চারি, সঞ্চার, সঞ্চারে : সঞ্চারিতে ; সঞ্চারিয়া (ক্ষে০ পদ্যে-সঞ্চারি)] ক্রি, সঞ্চার করা ; বিস্তার করা ; ব্যাপা। ২ প্রয়োগ করা। "কল্য হবে ঘোর রণ সঞ্চারিব অস্ত্রগণ যাহা কেহ নিবারিতে নারে।"-মহা০ (কাশী০)। ~রিকা [সঞ্চারক (ব্রঃ) + আ (স্ত্রীং)] বি, দূতী। ২ যে নারীর ইতস্ততঃ গতিবিধি আছে। ৩ বায়ু। ~রী [সং-চর্ (গমন করা) + ইন্ (র্তৃ)=সঞ্চারিন্ ১মা, ১ব০] বিণ, সঞ্চরণশীল। ২ বিস্তারী ; প্রসারী। ৩ অস্থায়ী। ৪ [অল০ শা০] বি, ব্যভিচারী ভাব ;

আবেগ, উন্মাদ, ধর্ম্ম অপস্মার ই° অস্থায়ী ভাব। ৫ বায়ু। ৬ সঙ্গীতে শ্লোকের ন্যায় চারিটি চরণ থাকে, প্রথম চরণের নাম অস্থায়ী, দ্বিতীয় চরণের নাম অন্তরা, তৃতীয় চরণের নাম সঞ্চারী, চতুর্থ চরণের নাম আভোগ। ৭ ধূপ। > স্ত্রীং ~রিণী।

সঞ্চা/লক [সম্+চালক] বিণ, নিয়ন্ত্রক ; পরিচালক ; প্রবর্ত্তক [স্ত্রীং ~লিকা]। **~লন** [সম্-চালন] বি, চালনা ; আন্দোলন। ২ চালাচালি ; নাড়াচাড়া ; নাড়ান। ৩ সংক্রমণ। **~লিত**-বিণ, কৃতসঞ্চালন ; পরিচালিত। ২ সংক্রমিত। > স্ত্রীং ~লিতা।

সঞ্চি/ত [সং-চি (একত্র করা)+ত (র্ম্ম)] বিণ, স্তূপীকৃত ; রাশীকৃত। ২ সংগৃহীত। ৩ সঞ্জাত ; সম্ভূত। **~তার্থ** [সঞ্চিত+অর্থ] বি, সংগৃহীত বা জমান ধন ; সংরক্ষিত বিত্ত।

সঞ্চীয়মান [সং] বিণ, সঞ্চয় বা সংগ্রহ করা হইতেছে এমন।

সঞ্চেয় [সং-চি (চয়নে)+য (র্ম্ম)] বি, সঞ্চয়যোগ্য।

সঞ্জনন [সম্+জনন] বি, উৎপাদন।~ী বি, উৎপাদনের শক্তি।

সঞ্জবন [সং] বি, চতুর্দ্দিকেই প্রাঙ্গণের অভিমুখ গৃহ ; চকমিলান ঘর।

সঞ্জয় [মহা°] বি, বিদুরের পুত্র যিনি ধৃতরাষ্ট্রকে কুরুক্ষেত্র যুদ্ধের কথা শুনাইয়াছিলেন। ২ ভাষা মহাভারত লেখক। শ্রীহর্ষ, কৃত্তিবাস ভারতচন্দ্র যে বংশে জন্মিয়াছিলেন সেই ভরদ্বাজ বংশে ইঁহার জন্ম। "ভারতের পুণ্যকথা নানা রসময়। সঞ্জয় কহিল কথা রচিল সঞ্জয়॥"-মহা°, সঞ্জয়° (বেঙ্গল গবর্ণমেণ্ট লাইব্রেরীর পুঁথি-বঙ্গভাষা ও সাহিত্য)।

সঞ্জাত১ [সং-জন্ (উৎপন্ন হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, উৎপন্ন ; জাত।

সঞ্জাত২ [সং-সংযত। প্রা° বাং] বি, সংবরণ ; সংযত। "হে ধনি মানিনি করহ স°"-বি° প°।

সঞ্জাব [ফা° সন্জাফ্] বি, পোষাকাদির ভিতরের কাপড় ; আস্তর lining. ২ কাপড়ের কিনারায় লাগান পটি বা পাড় fringe.

সঞ্জীব [বৌ° শা°] বি, নরকবিঃ।

সঞ্জীবন [সং-জীব+ণিচ্=জীবি(বাঁচন) +অন (র্ত্তৃ)] বিণ, জীবন সঞ্চারকারী। ২ [-+অন (ভা°)] সম্যক্ প্রকারে জীবনধারণ। স্ত্রীং **সঞ্জীবনী**-বি, জীবনদায়িনী ওষধিবিঃ। "উশনা কুশপাণি চিন্তি সঞ্জীবনী মন্ত্রিত কৈল কুশজল।"-কবিক°। ২ বিণ, জীবনদায়িনী। **সঞ্জীবনীপুর,-পুরী**-বি, যমপুরী ; যমালয়। "দিয়া বহুতর ক্লেশ লুটিব তাহার দেশ পোড়াইব সঞ্জীবনীপুর।" -কবিক°।

সঞ্জুক, সঞ্জুগ সঞ্জুত [সং-সংযোগ। তুল-ফা° আঞ্জাম] বি, যোগাযোগ ; আয়োজন ; ব্যবস্থা। **ষোল সঞ্জুক**(গ, ক্ত)-বি, ষোড়শোপচার ; পূর্ণ আয়োজন। **সাজ সঞ্জুক**-বি, সাজসজ্জা।

সট্ [অনু°] বি, ত্বরাবোধক শব্দ। প্র-সে তখন সট্ করিয়া পলাইল। ২ মাকুর চলাচল শব্দ। তুল-ইং shuttle. ৩ ক্রি-বিণ, অবিলম্বে। **সটাসট** [অনু°। ব্যাপ্ত্যর্থে 'আ' যোগ] অ, সট্‌সট্ শব্দ। ২ তদ্রূপ শব্দ করিয়া।

সট, সটা [ছটা দ্রঃ] বি, শিখা ; জটা ; সিংহাদির কেশর। "কনক-ছটা জিনি-বরণা। চামর-সটা কচ রচনা।"-বাসবদত্তা।

সটকা [হিং। সট্ সট্ শব্দ >] বি, গুড়গুড়ির লম্বা নল। "কৃষ্ণকান্ত রায় * * উপাধানে পৃষ্ঠ রক্ষা করিয়া সটকায় তামাক টানিতেছেন।"-বঙ্কিম°। ২ মাছ ধরিবার কাঠিকল।

সট(ট্)কান [সং-সৃ বা সৃপ্=সর্, সর্প (গতি ধারণ অর্থে) >। হিং সরক্না। সট্‌কাই, সট্‌কাও, সট্‌কায়, সট্‌কাইতে (কে° সটকাতে) ; সট্‌কাইয়া (কে° সট্‌কে)] ক্রি, সরিয়া পড়া ; পলায়ন করা। ২ [সঁট্‌কান্] বি, পলায়ন। প্র-এমন সট্‌কানটা সট্‌কেছে। "মানটা রেখে প্রাণটা নিয়ে সট্‌কেছি কেমন।"-রবী°।

সটাং [সটান দ্রঃ] বিণ, সোজা ও লম্বা একটানা। ২ লম্বা (দৌড়)। "একেবারে বাহিরেতে সটাং দিয়ে পাড়ি।"-দ্বি° রায়।

সটান [স-টান (দ্রঃ)। গ্রা° সটাং] বিণ, একটানা : সোজা ; লম্বা। "আশার কাঞ্চন তরী বাহিয়া স°।"-অশোক°। ২ টানটান ; আঁটা ; আল্‌গা বা ঢিলা নয়।

সটি, সটী [সং] বি, বনআদা।

সটীক [স (সহিত) টীকা (টীপ্পনী) যার, বহু°] বিণ, টীকাসহিত ; টীকাসম্বলিত anotated. ২ [সঠিক শব্দের স্থলে উচ্চারণ সাদৃশ্যে, ভ্রমে] ঠিক ঠিক ; সত্য ; যথার্থ। "বুঝা যায় সটীক কটিক জল ডাকে।"-কবিরঞ্জন।

সটে-পটে, সট্রে-পট্রে-সট্ (হিংসায়) +পট্ (বেষ্টনে) > বাং-য় অর্থ সম্প্রসারণে। হিং সটাবট্টা] ক্রি-বিণ, যোগসাজসে বা ষড়যন্ত্রে জড়িত অর্থে অসঙ্কোচে (ধরিবার ভাব)। ২ সাক্ষাৎ প্রমাণ সহিত। ৩ আটুপাটু করিয়া। "কথা নাহি খাটে পাছে হর চটে মায়ের দেখা পেলে ধরি সটে-পটে।"-বাং গান।

সট্টক [সং] বি, প্রাকৃত ভাষায় রচিত দৃশ্যকাব্য।

সঠিক [হিং ঠিকসা (যথাবৎ), ঠিক ঠিক অর্থে সঠিক। তুল-টান টান অর্থে সটান ; ছিদ্র ছিদ্র অর্থে সচ্ছিদ্র] বিণ, ঠিক ঠিক ; যথাবৎ ; প্রকৃত। প্র-ব্যাপারটা কি হয়েছিল সঠিক বল দেখি?

সড় [আ° সর্ (গুপ্ত কথা) এবং আ° সলাহ্ (সন্ধি) শব্দদ্বয়ের অর্থের মিশ্রণ-জাত ভাব >] বি, গুপ্তমন্ত্রণা। ২ ষড়যন্ত্র। ৩ পরামর্শ। **সড় করা**-ক্রি, ষড়যন্ত্র করা ; গোপনে পরামর্শ করা। **সড় থাকা**-ক্রি, গোপনে মিল বা যোগ থাকা ; ষড়যন্ত্র বা গুপ্তসন্ধি থাকা।

সড়ক [সং-সরক > হিং সড়ক্] বি, সরণি ; বড়রাস্তা ; রাজপথ।

সড়কা [প্রাদে°। সং-শর (তৃণ) কা (সাদৃশ্যার্থে) শরকাঠি সদৃশ] বি, আগাছা। ২ সড়কি অপেক্ষা বড় বেধনাস্ত্র ; বড় বর্শা।

সড়কি [সড়কা দ্রঃ] বি, বেধনাস্ত্রবিঃ ;

বল্লম ; বর্শা। **~ওয়ালা**-বি, বল্লমধারী সৈন্য।

সঁড়্গড়্ [সং-স্মৃতিগত >] বিণ, স্মৃতিগত ; মুখস্থ ; রপ্ত ; অভ্যস্ত। ২ অবাধ গতি।

সঁড়্ঙ্গা, শঁড়্ঙ্গা [সং-শীর্ণ > সরু+ অঙ্গ+আ,বা অঙ্গিয়া > অঙ্গে > গ্রা° সরুঙ্গে > "সড়ুঙ্গে"। অথবা হিং শল (শলাকার) অঙ্গ >, র, ল=ড়] বিণ, শলাকার অঙ্গ ; দীর্ঘ সরুদেহ।

সড়ন [সং-শট্ (অবসাদে,রোগে) > হিং সড়্না (পচা)] বি,শটন ; পচন ; গলন ; নষ্ট হওন।

সঁড়সঁড় [সং-সৃ > ; সরসর দ্রঃ] বি, শুষ্ক পাতালতাদির উপর দিয়া সর্পাদির দ্রুত গমন শব্দ। ২ [সং-সৃ (গতি অর্থে) >। সৃ =সর্=সড়] সরীসৃপাদির গমন। ৩ অঙ্গের উপর দিয়া সরীসৃপ ও কীটাদি চলিয়া বেড়াইলে যে অনুভূতি জন্মে। সঁ° করা-সড়সড়ান দ্রঃ।

সঁড়সঁড়ানি [সড়সড় (দ্রঃ)+আন (ক্রিয়ার্থে)। সড়সড়াই, সড়সড়াও, সড়সড়ায়; সড়সড়াইতে ; সড়সড়াইয়া (ক্ষে° গ্রা° সড়সড়িয়ে)] ক্রি, সরীসৃপ বা পোকামাকড়ের গতিতে চলা ফেরা। ২ চুলকান। প্র-মার খাইবার জন্য পিঠ সড়সড়ান। ৩ শিহরণ বা রোমাঞ্চকর স্পর্শানুভূতি উৎপাদন করা ; সড়সড় করা। অপেক্ষাকৃত সুখকর ও মৃদুতর অর্থে সুড়সুড়ান (দ্রঃ)। বি, সঁড়সঁড়ানি।

সঁড়সঁড়ি (দ্রুত উচ্চারণে শশ্‌শোড়ি) [সং-সৃ (গমন করা, সরা)=সর্ >। সিদ্ধ করিয়া ভাজা বা ছেঁচকি করা হেতু ব্যঞ্জনের একটি খণ্ড আর একটির সহিত লিপ্ত না হইয়া পৃথক্ পৃথক্ বা সার সার বা ঝুরঝুরে থাকে বলিয়া নাম] বি, শুষ্কীকৃত সিদ্ধব্যঞ্জনবিঃ। **শাক সঁড়সঁড়ি** - বি, শাক ভাজা। **মোচা সঁড়সঁড়ি**-বি, মোচা ছেঁচকি।

সঁড়া১, শড়া [শট্, সট্ (রোগে, অবসাদে) >। সড়ি, সড়, সড়ে ; সড়িতে ; সড়িয়া (ক্ষে° পদ্যে-সড়ে, সড়ি)। ণিজন্ত-সঁড়ানি] ক্রি, পচিয়া যাওয়া ; গলিত হওয়া ; নষ্ট হওয়া। "নাহি পচে নাহি সড়ে পরম সুন্দর।"-মনসা ম°। "সড়ে মাংস পড়ে হাড় ছাড়ে নাই শূলী।"-শি°। ২ যশো° খুলনা প্রাদে°] বি, নদীতীরে নৌকা উঠাইয়া রাখিবার জন্য যে খোল কাটিয়া রাখা হয়। ৩ বিণ, পচা ; গলিত। ৪ নষ্ট।

সঁড়া২ [প্রাদে°। গ্রা° হিং রসরী, রস্‌সা -বর্ণবিপর্য্যয়ে সড়া] বি, রজ্জুবিঃ।

সঁড়াক্, সঁড়াৎ [অনু°] বি, সড়্ বা সট্ শব্দ। ২ [শট্ (গতি) >] অতিক্রুত চালিত হইয়া সট্ শব্দে আঘাত ; তড়িৎ-গতি।

সঁড়ানি [সড়া (দ্রঃ)র ণিজন্তরূপ। সড়াই, সড়াও, সড়ায় ; সড়াইতে ; সড়াইয়া (ক্ষে° সড়িয়ে)] ক্রি, পচান।

সঁড়াসঁড় [সং-সৃ (গতি) > সর্ > সর্াসর্। র=ড়। হিং সড়াসড়্। অনু°] অ, অনুকরণ শব্দ সহ গতির ভাব ; রন্ধ্রাদির ভিতর দিয়া দড়িদড়া টানিবার শব্দ। ২ দ্রুতগতিতে সরীসৃপের মত বুকে ভর ও হাতে পায়ে জোর দিয়া গমন করা। প্র-তারা বাঁশ বাহিয়া স° উপরে উঠিয়া গেল।

সঁড়িত্ত [সড়া দ্রঃ] বিণ, গলিত ; পচিয়া দুর্গন্ধযুক্ত। "নথাই স° হইল দেবীর কৃপায়।" মনসার ভাসান, কেতকাদাস।

সঁণ্ড [প্রা° বৌ° বাং প্রাকৃ°] বি, ষণ্ড (দো° ১০০)।

সঁণ্ডিশ [সং-সন্দংশ] বি, সাঁড়াশি।

সঁৎ১ [অস্ (হওয়া)+অৎ (শতৃ, র্তৃ),আদি অ লোপ] বিণ, যার সত্ত্বা আছে। ২ সত্য। ৩ নিত্য। ৪ বর্ত্তমান। ৫ সাধু [স্ত্রীং-সতী] ৬ প্রশস্ত। ৭ মান্য। ৮ শুভ। ৯ শোভন। ১০ উত্তম ; সু। ১১ বি, ব্রহ্ম। **~কর্ম্ম, ~কার্য্য, ~কৃতি, ~ক্রিয়া**-বি, সাধুকার্য্য। ২ বেদাদি শাস্ত্রবিহিত ক্রিয়াকর্ম্ম। ৩ সংস্কার। **~কলা** [রবী°] বি, সূক্ষ্ম শিল্প line art. **~কার** [সৎ-কার (ক্রিয়া)] বি, শুভকর্ম্ম; মঙ্গলক্রিয়া। ২ পূজা ; সম্মান। ৩ সেবা। ৪ শবদাহন। ৫ পুরস্কার। বিণ, সৎকৃত্ত। **~পথ, ~মার্গ**-বি, সাধুপথ। ২ সদুপায়। **~পুত্র**-বি, সুপুত্র। **~স্বভাব**-বি, সাধু প্রকৃতি ; নির্ম্মল চরিত্র।

সঁৎ২ [সপত্নী > সতীন > ক্ষে°] বি, সতীন। ২ সাধুসমাজ প্রচলিত ; ধর্ম্মসম্মত। **~ছেলে, ~পো,~বেটা** [দ্রঃ-ধর্ম্মছেলে, -বাপ, -মা, ধরমবেটা দ্রঃ]। বি, সতীনপুত্র। এইরূপ-সৎমেয়ে। **~বাপ**-বি, বিপিতা ; জননীর অন্য পতি। "কে পাড়িবে সৎবাপ মায়ের কল্যাণে।"-ঈ° গুপ্ত। **~মা**-বি, বিমাতা। "আনাইব তোমার জননী সৎমার।"-কবিক°। **~শাশুড়ী**-বি, শাশুড়ীর সতীন। "সৎ শাশুড়ী ত জ্বালা যে দেয়না ঠিক তা ব'লতে পারিনে।"

সঁতত [স-তন্ (বিস্তার করা)+ত (ভা°)] ক্রি-বিণ, সদা ; নিরন্তর ; সর্ব্বদা। **~ক** [সুশ্রুত] বি, বিষম জ্বরবিঃ।

সঁততা [সৎ (দ্রঃ)+তা (ভা°) > সত্তা > বাং-র'সততা'] বি,সৎব্যবহার ; সাধুতা।

সঁতন্তর [স্বতন্ত্র (দ্রঃ) > ভ্রং স্বতন্তর (দ্রঃ) > গ্রা° সতন্তর। প্রা° বাং-'সতন্তরে' ও°। স্ত্রীং সতন্তরা, -রী(-তন্ত্-)]বিণ, স্বাধীন ; স্বতন্ত্র। ২ বি, স্বেচ্ছাচারের কথা। "সামী ছুরুবার মোর নহেঁ। সতন্তর॥" -শ্রী° কী°। "তোহ্মে যবেঁ বোল বড়ায়ি হেন সতন্তরে"-ঐ।

সতরি, সঁতেরি-বি(ণ), সপ্তদশ ; ১৭ এই সংখ্যা বা সংখ্যক। প্র-নম্বর ১৭। ১৭ জন।

সঁতরঞ্চ১, ~ঞ্চী [শতরঞ্চ দ্রঃ। আ° শৎরন্‌জী। গ্রা° সঁতরিঞ্চি] বি, সূত্রনির্ম্মিত আসনবিঃ। "ফরাসে ও সতরঞ্চে এককোমর মাটি।"-দ্বি° রায়।

সঁতরঞ্চ২-বি, চতুরঙ্গক্রীড়া ; শতরঞ্জ বা দাবা খেলা।

সঁতরঞ্জ [আ° শৎ রঞ্জ] শতরঞ্জ দ্রঃ।

সঁতর্ক [স (সহিত)+তর্ক (সংশয়)] বিণ, সাবধান। **~তা**-বি, সাবধানতা।

সতর্কী/করণ [সতর্ক+করণ মধ্যে ঈ (চি্ব, অভূততদ্ভাবার্থে)] বি, সতর্ক করিয়া দেওয়া। সাবধান হতে বা থাকিতে উপদেশ দান। **~কৃত**-বিণ, কৃত সাবধান ; যাকে সতর্ক করিয়া দেওয়া হইয়াছে।

সঁতা [সপত্নী > সতীন (ক্ষে° সতা)] বি, সপত্নী। "গঙ্গানামে সতা তার তরঙ্গ

এমনি। জীবনস্বরূপা সে স্বামীর শিরোমণি॥" -অং মং। "সাত সতা গৃহে বাস বিষম জঞ্জাল।"-কবিকং। ~ই [সতীন মা, মার সতীন অর্থে] বি, বিমাতা। "শ্রীরাম বলেন শুন সুমিত্রা সতাই।"-কৃত্তিং।

স্ঁতান [আং শইতান > শয়তান (দ্রঃ) > ফেং, শঃস। ইং satan] বি, সয়তান ; পাপপুরুষ। "সতান কখনো হয় সবিজতর পীর॥"-মৈং গীং।

স্ঁতানঁন্দ [সৎ-উত্তম আনন্দ যার, বহুং] বিণ, গৌতম মুনির পুত্র। ইনি মিথিলাপতি জনক রাজার পুরোহিত ছিলেন।

স্ঁতি [প্রাং বাং। সং-সৎ] বিণ, পুং, সত্য-সন্ধ ; সৎস্বভাব ; সাধু ; ধার্ম্মিক। "মাণিক-চন্দ্র রাজা বঙ্গে বড় সতি"-মানিকং গান। "অসতি রাজা হৈল রাজ্যের ভিতর॥"-ঐ। [এই অর্থে ময়নামতীর গানে পাঠান্তরে-সতী]। ২ [সং-সত্য >। প্রাং বাং] সত্য। "সেকি সতি বোলইতে পারে।"-জ্ঞানং।

স্ঁতিন, সঁতিনী, সঁতীন১ [সপত্নী >] বি, স্বামীর অন্যপত্নী। "সতিনী বলিয়া বাছা পাছে ছাড় দয়া।"-ধং। এত বলি দুসতীনে করিলা প্রণতি।"-ঐ। ~-ঝি-সপত্নীকন্যা। ~-পো-বি, সপত্নীপুত্র।

স্ঁতী [সৎ+ঈ (স্ত্রীং)] বি, দক্ষের কন্যা ; শিবানী। "লুকাইয়া দশ মূর্ত্তি সতী হৈলা সতী।"-অং মং। ২ সৌরাষ্ট্রের মৃত্তিকা। ৩ সাধ্বী ; পতিব্রতা স্ত্রী। "মাতার স্নেহ মুরতি সতীর পবিত্র প্রীতি, স্তুতি গীত তোমারি হে জীব-হৃদয়-রঞ্জন॥"-বাং গান। ৪ স্বামীর মৃত্যুতে যে স্ত্রী সহমৃতা হয়; অনুমৃতা স্ত্রী। তুল-ইং "she became a suttee on her husbands funeral pile". এই অর্থে ক্রমে অপ্রং হইয়া আসিতেছে। "রাজকন্যা সতী হৈল ঈশ্বরীর বোলে।"-কবিবল্লভ। ~দাহঁ -বি, মৃত পতির চিতায় আরোহণ করিয়া সেই চিতানলে পত্নীর ভস্মীভূত হওয়া অর্থাৎ সহমরণ, অথবা, পত্নী পতির মৃত্যুকালে উপস্থিত না থাকিলে পতির ব্যবহারের কোন দ্রব্য লইয়া চিতা প্রস্তুত করিয়া তাহাতে দগ্ধ হওয়া বা অনুমরণ। ~ধর্ম্ম-বি, পাতিব্রত্য। ~পঁণা-বি, সতীত্ব ; সতীত্বের বড়াই। "তোর সতীপণা, সব গেল জানা, শঙ্খ পরিবে ত পর।"-শিং। ~মঁন্দির-বি, সহমৃতার সমাধি-মন্দির। ২ সতীর চিতাভস্ম প্রোথিত করিয়া তার উপর নির্ম্মিত স্মারক মন্দির। ~মা-মা দুর্গা (সতী)র উপাসক; কর্ত্তাভজার শ্রেণীবিঃ। ~লঁক্ষ্মী-বি, লক্ষ্মীস্বরূপা সাধ্বী। "তুমি সতীলক্ষ্মী ভাগ্যিমানি। তুমি আশীর্ব্বাদ কর ওর মতিগতি ফিরবে।"-ভারতী, ১৩২০। ~সাধ্বী [সহং দ্বন্দ্ব] বি, সতীলক্ষ্মী। ~সাবিত্রী-বি, সাবিত্রী সমান সতী।

স্ঁতীচ্ছদ [আয়ুং পরিঃ] বি, ঋতুমতী হওয়ার পূর্ব্ব পর্য্যন্ত যোনিমুখ যে পাতলা পরদা দ্বারা আবৃত থাকে। ২ কখন কখন অরমিতা নারীর যোনি মুখের নিম্নভাগে একখণ্ড ঝিল্লিময় চর্ম্ম একপার্শ্ব হইতে অন্য-পার্শ্ব পর্য্যন্ত বিস্তৃত থাকে। ইহার আকার অর্দ্ধচন্দ্রাকার হইয়া থাকে। ইহাকে সামি-চন্দ্র বা সতীচ্ছদ বলে। কখন কখন সামিচন্দ্র যোনিমুখকে সম্পূর্ণরূপে আচ্ছাদন পূর্ব্বক অবস্থিত থাকে। রতিক্রিয়াতে সামিচন্দ্র প্রায়ই ছিন্ন হইয়া যায়।"-আয়ুর্ব্বেদ সংগ্রহ, শারীর স্থান।

স্ঁতীত্ব [সতী+ত্ব (ভাং)] বি, সতী স্ত্রীর ধর্ম্ম। "নাসিকা মোদিত মন্দারের পরিমলে। সতীত্ব সৌরভ যায় হৃদয়-অঞ্চলে॥"-লীলাবতী। ~ধর্ম্ম-বি, পাতিব্রত্য। ~নাশ-বি, নারীদূষণ ; নারীহরণ। ~রক্ষা-বি, কুমারীর ব্রহ্মচর্য্য বা পুরুষ সহবাস না করা ও বিবাহিতা নারীর পতি ভিন্ন অন্য পুরুষ ভজনা না করা ; পাতিব্রত্য ধর্ম্ম পালন।

স্ঁতীন১-সতিন দ্রঃ।

স্ঁতীন২ [বৈদ্যকে] বি, কলায়বিঃ ; মটর কলায় Pisum sativum.

স্ঁতীর্থ [স(সমান) তীর্থ(অধ্যাপক) যার, বহুং] বি, সমকালে এক অধ্যাপকের ছাত্র ; সহাধ্যায়ী ; একপাঠী। "তুমি আমি দূরে দূরে আজ, সতীর্থ আমার।"-আলো ও ছায়া। "নিষাদরাজ হিরণ্যধনুর পুত্র একলব্য দ্রোণ সন্নিধানে সমাগত হইল,-সে সাধারণের সতীর্থ ও সমতুল্য হয় ইহা নিতান্ত অনভিপ্রেত।" -মহাং (বর্দ্ধং)।

স্ঁতীশ [সতী(র)+ঈশ] বি, শিব।

স্ঁতুষ [স (সহিত) তুষ] বিণ, তুষের সহিত ; তুষযুক্ত। ২ বি, তুষযুক্ত শস্য ; ধান্য।

স্ঁতৃষ্ণ [স (সহিত) তৃষ্ণা (পিপাসা) যার, বহুং] বিণ, তৃষ্ণাযুক্ত ; পিপাসাযুক্ত। ২ পিপাসু ; সস্পৃহ ; অতিশয় আগ্রহযুক্ত। ~দৃষ্টি, ~নঁয়ন-বি, আগ্রহাতিশয়ব্যঞ্জক দৃষ্টি ; সস্পৃহ দর্শন ; লোলুপদৃষ্টি। ২ বিণ,

স্ঁতেজ [স (সহিত) তেজঃ (বল) যার, বহুং=সতেজস্ ১মা, ১বং=সতেজাঃ, বাং-য় সতেজ] বিণ, তেজাল ; বীর্য্যশালী। ২ বলবান্।

স্ঁতেরঁ, সঁতরি [সং-সপ্তদশ >] বি, সাত অধিক দশ সংখ্যা ; ১৭ এই সংখ্যা। ২ বিণ, ১৭ সংখ্যক।

স্ঁত্তম [সৎ+তম (অতিশয়ার্থে)] বিণ, অত্যুত্তম। ২ সাধূত্তম ; অতিশয় সাধু। "অতএব সাবধানে শুনহে সত্তম। সুরসাল সৎকথা প্রসঙ্গ অনুত্তম॥"-শিং। ৩ মহামান্য ; পূজ্যতম।

স্ঁত্তর, -রি [সং-সপ্ততি >] বি(ণ), ৭০ এই সংখ্যা বা সংখ্যক।

স্ঁত্তা১ [সৎ (বিদ্যমান)+তা (ভাং)] বি, অস্তিত্ব ; বিদ্যমানতা। ২ নিত্যতা। ৩ শ্রেষ্ঠতা ; উৎকর্ষ। ৪ সাধুতা। ৫ উৎপত্তি।

স্ঁত্তা২ [স্বত্ব >, ভ্রং। মং বাং] বি, স্বামিত্ব ; স্বত্ব ; অধিকার। "আমি আপন সত্তা ত্যাগ করিয়া দিল। মহাশয়ের সত্তা হইল"-সন ১১৬৫ সালের দলিল।

স্ঁত্তা৩ [ইং mass অর্থে পদার্থ বিজ্ঞানের পারিঃ শব্দ] বি, জড়মান ; মাত্রা। সত্তা ও শক্তি mass & energy. "পদার্থের সত্তা এবং শক্তি মূলতঃ অভিন্ন * * সুতরাং একের রূপান্তরে অন্যের উৎপত্তি স্বাভাবিক।" -প্রবাসী, ১৩৩৫। ২ [গণিত পরিঃ] মাত্রা ; ঘনমান।

**`স্ঁত্তাত, `সঁতাত্ত, `সঁৎতাত** [সৎ২ দ্রঃ। প্রাং] বিণ, সাধুসমাজ-প্রচলিত। ২ সপত্নীগর্ভজ ; সতীনের। প্র-সং ছেলে,-মেয়ে ইং। ৩ বৈমাত্র ; বিমাতা সম্বন্ধে। প্র-`সঁং ভাই। `সং বোন।

সঁত্ত্ব, সঁত্ব [সৎ+ত্ব (ভা°)। (২) ৎ লোপ] বি, বিদ্যমানতা। ২ স্থিতি। ৩ আত্মা। ৪ চৈতন্য। ৫ প্রাণ। ৬ বল ; শক্তি ; তেজঃ ; পরাক্রম। ৭ ধৈর্য্য। ৮ উৎসাহ। ৯ স্বভাব। ১০ পদার্থ। ১১ ধন। ১২ সাহস। ১৩ মন। ১৪ সত্ত্ব রজঃ তমঃ-প্রাকৃতিক ঐ গুণ-ত্রয়ের মধ্যে শ্রেষ্ঠ গুণ। ইহা মানব হৃদয়ের সত্য, ন্যায়, দয়া, ধর্ম্ম, শ্রদ্ধাভক্তি ঔদার্য্যাদি পবিত্র ভাবোৎপাদন করে। "গুণ সত্ত্বতমোরজে হরিহর কমণ্ডলে কহিলেন তপ তপ তপ।"-অ° ম°। ১৫ রস ; নির্য্যাস। "ধুতুরার সত্ত্ব তাতে শিব দিল ঘসে।"-শি°। ১৬ [আ° শর্ত > বাং-সর্ত বা সর্ত্ত শব্দ ভ্রমে] কড়ার ; নিয়ম। "পশুপতি পার্ব্বতী পাসরে কোন সত্ত্বে।"-শি°। ১৭ স্বত্ব। "তিনের জানিত সত্ত্ব জানাইতে নিজ তত্ত্ব শবরূপা হইলা কপটে।"-অ° ম°। ~বান্-বিণ, সত্ত্বপ্রকৃতি ; সত্ত্বগুণান্বিত। ২ স্থায়িত্বশীল। ৩ বীর্য্যবান : শক্তিশালী। ৪ ধার্ম্মিক। ~স্বামিত্ব [স্বত্ব স্বামিত্ব > ভুলে। একার্থক সহ° দ্বন্দ্ব] বি, স্বামিত্বের অধিকার। ~স্থ-বিণ, সত্ত্বগুণ-প্রধান। ২ ধর্ম্মশীল। > স্ত্রী° ~া।

সঁত্থ [শাস্ত্র > প্রা° বৌ° বাং প্রাকৃ°] বি, শাস্ত্র। সত্থত্থ=শাস্ত্রার্থ।

সঁত্য [সৎ+য] বিণ, প্রকৃত ; যথার্থ। ২ বি, সৎ ; নিত্যতা ; অনশ্বরত্ব। ৩ বিষ্ণু। "তিনি সত্যে ও সত্য তাঁহাতে প্রতিষ্ঠিত আছে এই নিমিত্ত তাঁহার নাম সত্য"-মহা° (বর্দ্ধ°)। ৪ যাথার্থ্য। ৫ যথার্থ জ্ঞান : বিজ্ঞান। "পারমার্থিক সত্যের ক, খ, গ, ঘও আজ পর্য্যন্ত বিজ্ঞানের আয়ত্তের মধ্যে ধরা দিল না" -দ্বি° ঠাকুর। ৬ প্রতিজ্ঞা ; সপথ ; দিব্য। "ধন দিয়া সত্য কৈল নগেন্দ্র নন্দিনী"-কবিক°। ৭ আদিযুগ ; কৃতযুগ। ১৭২৮০০০ বৎসর ব্যাপীকাল। ৮ সপ্তলোক বা ভুবনের অন্যতমভুবন ; সর্ব্বলোকের উপরিস্থিতলোক। ৯ অ, নিশ্চয় ; ঠিক কথা। ~কঁথন-বি, প্রকৃত ভাষণ ; যথার্থ কথার বিবৃতি। ~কঁথা -যা ঘটিয়াছে ঠিক তাই ; প্রকৃত ব্যাপার। সঁত্য কঁরা-ক্রি, মিথ্যা নহে যথার্থ বলিয়া জানিতে দেওয়া। ২ শপথ করা : দিব্যি গালা। ~কার-সত্যঙ্কার দ্রঃ। ~ক্রিয়া [বৌ° সা°। হিং কিরিয়া (শপথ)] বি, দিব্য ; শপথবিঃ। "আমি ইহা করিয়াছি বা করি নাই, এই সত্যোক্তির প্রভাবে ইহা হউক, এইরূপ বলা।"-জাতক, ৪র্থ খণ্ড পাদটীকা। "আচ্ছা, আমি সত্যক্রিয়া করিতেছি" এই বলিয়া তিনি যজ্ঞদত্তের মস্তকে হস্ত রাখিয়া কেবল সপ্তাহকাল * * হয়েছিনু শুদ্ধ ব্রহ্ম-চারী ; তদন্তে পঞ্চাশবর্ষ * * * হইয়াছি কপট আচারী * * * এ গুপ্ত সত্যের বলে বিষ নষ্ট হোক এবে ; যজ্ঞদত্ত লভুক জীবন।"-জাতক, ৪র্থ খণ্ড। ~তা-বি, সত্যের ভাব ; বাস্ত-বিকতা ; সাচ্চাই। ~নারায়ঁণ [স্কন্দ পু°, রেবাখণ্ডে সত্যনারায়ণের মাহাত্ম্য ও পূজা-পদ্ধতি লিখিত আছে] বি, মুসলমানের সত্য-পীর হিন্দুর সত্যনারায়ণ। ~নিষ্ঠ [সত্যে নিষ্ঠা যার, বহু°] বি, সত্যপরায়ণ ; সদা সত্য-বাদী ; সত্যানুরক্ত। > বি, ~নিষ্ঠা। ~পরায়ঁণ [সত্য-পর (শ্রেষ্ঠ)+অয়ন (আশ্রয়) যার, বহু°] বিণ, সত্যনিষ্ঠ। > বি, ~তা। ~পালঁক-বিণ, সত্যপালনকারী। ~পালন-বি, সত্যরক্ষা। ~পীর-বি, মুসল-মানের পূজ্য পীরবিঃ। "সত্যপীর নামের তাৎপর্য্য শুন আগে। মিথ্যার বিনাশ হেতু সত্যপুর ভাগে॥ নারায়ণ নামে সিন্নি না হয় সুস্তব। পীর হলে প্রাণ গেলে না পূজে হিন্দব॥ অতএব সত্যপীর নারায়ণ নাম।"-রামেশ্বর। "রাজা গণেশের সময় হিন্দুর সত্যনারায়ণ সত্যপীর হইয়া মুসলমানের আরাধ্য হন, তখন হইতে মুসলমানী প্রথায় উভয়েই শিরণী দিতে আরম্ভ করেন।"-যশোহর খুলনার ইতিহাস। ~পুর-বি, বিষ্ণুর পুরী, বৈকুণ্ঠ। ~প্রঁতিজ্ঞ-বিণ, যে সত্যপালনে দৃঢ়-প্রতিজ্ঞাযুক্ত ; সঙ্কল্পে দৃঢ় ; প্রতিশ্রুতির যথাযথ পালনকারী। > বি, ~জ্ঞা। ~প্রিয়ঁ-বিণ, সত্যানুরাগী। ~ফঁল-বি, বিল্ববৃক্ষ। ~বতী-বি, ধীবর কন্যা মৎস্যগন্ধা এবং মহর্ষি কৃষ্ণ-দ্বৈপায়ন বেদব্যাসের জননী। ২ নারদমুনির পত্নী। ৩ ঋচিক মুনির পত্নী। সঁত্য বঁলিতে কি, বঁলিতে হঁইলে -আসল কথা বা প্রকৃত বৃত্তান্ত যদি বলিতে হয় তো to tell the truth. ~বাক্ [সত্যবাচ্ ১মা, ১ব°] বিণ, সত্য-বাদী। ২ বি, মুনি ; ঋষি। ~বাদী [সত্যবাদিন্ ১মা, ১ব°] বিণ, যে সত্য-কথা বলে ; যথার্থবাদী। > বি, ~তা ; ~বান্ [সত্যবৎ ১মা, ১ব°] বিণ, সত্য-পরায়ণ। ২ বি, সাবিত্রীর পতি ও পরম-ধার্ম্মিক রাজাবিঃ। ৩ মুনিবিঃ। ~ব্রঁত [সত্য (হইয়াছে) ব্রত যার, বহু°] বিণ, সত্যনিষ্ঠ। ২ বি, ভীষ্ম। ~ভঁঙ্গ-বি, প্রতিশ্রুতি দিয়া তার অপালন। ~ভঁঙ্গ-কারী-বিণ, বিশ্বাসঘাতক ; যে প্রতিশ্রুতি পালন করে না। ~ভামা-বি, সত্রাজিৎ রাজার কন্যা ও কৃষ্ণের অন্যতমা পত্নী। ~ভাষঁণ-বি, যথার্থবাদন ; সত্যকথন। ~ভাষী-বিণ, সত্যবাদী। ~মিথ্যা-অ, প্রকৃত বা অপ্রকৃত। ২ সত্য এবং মিথ্যা ; সত্যের সহিত মিথ্যার মিশ্রণ। ~মূলঁক-বিণ, যার মূলে সত্য আছে। ~যুগ-বি, আদি যুগ বা কাল ; কৃতযুগ। ~যৌবঁন-বি, স্থির যৌবন। ২ বিদ্যাধর। ~রক্ষা-বি, সত্য-পালন ; প্রতিশ্রুতি মত কার্য্য করা। ~লাভ-বি, প্রকৃত তথ্যাবগতি, সত্যপ্রাপ্তি। ~লোক-বি, সপ্তভুবনের উপরিস্থিত ভুবনবিঃ। ~সত্য [দৃঢ় করণার্থে, সন্দেহ ভঞ্জনার্থে দ্বিত্ব] অ, অতি সত্য ; খুব ঠিক : নিঃসন্দেহ। "সত্য সত্য পুনঃ সত্য ঊর্দ্ধ হস্তে কহি।"-শি°। ~সঁন্ধ [সত্যে সন্ধা (প্রতিজ্ঞা) যার, বহু°] বিণ, সত্যপ্রতিজ্ঞ। তিন সঁত্য, ত্রিসঁত্য-বি, তিনবার সত্য বলিয়া দিব্য বা শপথ ; সত্য-সত্য-সত্য এই উক্তি। ২ সত্য প্রতিজ্ঞা। [দ্রঃ-মূল সত্য-গণিতের স্বতঃসিদ্ধ ই° first truths. প্রাতিভাসিক সত্য -phenomenal truth. ব্যবহারিক সত্য-relative truth.]

সঁত্যঙ্কার [সত্যং+কার (করণ)] বি, সত্যকরণ ; শপথ বা প্রতিজ্ঞাকরণ ; দিব্ব

সঁত্যি, সঁত্তি [সং-সত্য > প্রা° সত্যি। প্রা°বাং-সত্তি] বিণ, সত্য ; প্রকৃত। "কিন্তু সব সত্যি, সব সত্যি, সব সত্যি কথা ভাই" -দ্বি° রায়। ~কার, সঁত্যিকারের [সং-সত্যঙ্কার >। রবী° ঠাকুর দ্বারা উচ্চ

সাহিত্যে ভূরি প্রয়োগ। নব্য বাং-র চ০] বিণ, সত্যসত্য ; যথার্থ ; খাঁটি। "একজন সত্যি-কারের সাহিত্যিক, সত্যিকারের অধ্যাপক খাঁটি একজন বাঙালীর তিরোধানে বাঙলার যে ক্ষতি হল, তা পূর্ণ হবে কি না * * *" -নবশক্তি, অগ্র০, ১৩৩৩। "তথনি আমাদের সত্যিকারের গৌরব করবার অধিকার হবে।" -অ০ হালদার। ~যুগ, **সত্তিযুগ** [প্রা০ বাং] বি, সত্যযুগ ; আদি বা কৃতযুগ। "সত্তি জুগে সাঁজা দিল বহুয়া আমনি। সেতাই পণ্ডিত সেথা করিল সংখধ্বনি"-শূ০ পু০।

সত্যাকৃতি [সত্যঙ্কার দ্রঃ] বি, সত্য-করণ। ২ শপথ।

সত্যাগ্নি [সত্য + অগ্নি] বি, অগস্ত্য মুনি ; কুম্ভযোনি।

সত্যাগ্রহ [সত্য + আগ্রহ (নিষ্ঠা)। বা, সত্যা (সত্য) + গ্রহ (গ্রহণ)। মহাত্মা গান্ধী প্রবর্ত্তিত] বি, সত্যকে নিষ্ঠার সহিত আঁকড়াইয়া থাকা ; সত্যব্রত গ্রহণ ; ন্যায়তঃ ও ধর্ম্মতঃ যে সত্য অধিকার তা রক্ষা করিবার দৃঢ় সঙ্কল্প গ্রহণ ; সত্য আঁকড়াইয়া থাকার প্রতিজ্ঞা।

সত্যাচরণ [সত্য + আচরণ] বি, অকপট ব্যবহার।

সত্যানুরাগ [সত্য + অনুরাগ] বি, সত্যপ্রীতি ; সত্যনিষ্ঠা। ~ী-বিণ সত্যপ্রিয়; সত্যনিষ্ঠ।

সত্যানুসন্ধান [সত্য + অনুসন্ধান] বি, সত্যের খোঁজ ; প্রকৃত তথ্য জানিবার বা পাইবার জন্য অন্বেষণ বা গবেষণা।

সত্যানৃত [সত্য + অনৃত (মিথ্যা) যাতে, বহু০] বি, সত্য মিথ্যা। ২ বণিগ্‌বৃত্তি।

সত্যাপন, -ণ ["সত্যাপনং সত্যংকার সত্যাকৃতিঃ"-অমর] বি, সত্যকরার নাম।

সত্যাসত্য [সত্য + অসত্য] বি, সত্য-মিথ্যা ; যথার্থ বা অযথার্থ।

সত্র, সত্ত্র [সদ্(গমন করা) + ত্র(ধি)। প্রা০ ছত্র] বি, যজ্ঞ। ২ সদাব্রত। ৩ আচ্ছাদন। ৪ আশ্রম। ৫ অরণ্য। বিণ, **সত্রী, সত্ত্রী**-যজ্ঞশীল। ২ গৃহস্থাশ্রমী। ~শালা-অন্নাদি বিতরণ স্থান। ২ যজ্ঞাগার।

সত্রাজিৎ [পু০] বি, সত্যভামার পিতা।

সত্ত্র-সত্র দ্রঃ।

সত্ত্ব (-ত্ত) সত্ব দ্রঃ।

সত্বর₁ (-ত্ত-) [স (সহিত) ত্বরা (শীঘ্রতা)। [বা-র সত্বর স্থানে 'সত্তরে'ও হয়]। ক্রি-বিণ, শীঘ্র ; ত্বরান্বিত। "কোকিলা ডাকিলে তিনি আসেন সত্তরে"-ব্রজাঙ্গনা। ২ [প্রা০ বাং] সতর্ক। "স০ হআঁ রাহি থাক মাঝ নাও"-শ্রী০ কী০।

সত্বর₂ [সং-সতর্ক > প্রা০ বাং ভ্র০ সৎতর > সত্তর (ত্ত=ত্ব)] বিণ, সতর্ক। "স০ হআঁ রাহি থাক মাঝ নাএ"-শ্রী০ কী০।

সদঃ [সং। মূ০ সদস্] বি, সভা। প্র-সদস্য (দ্রঃ)।

সদত [সং-সতত] ক্রি-বিণ, সতত ; নিরত; সর্ব্বদা। "সম্বোধন করিয়ে সদত ইহা কয়"-শি০।

সদন [সদ্ (গমন করা) + অন (ধি)] বি, গৃহ ; আলয় ; আশ্রম। "মুনির সদনে সবে মিলিল আসিয়া"-মহা০ (কাশী০)। ২ নিকটে ; কাছে। "তব কূলে কল্লোলিনি, ভ্রমি আমি একাকিনী অনাথা অতিথি আমি তোমার সদনে।"-ব্রজাঙ্গনা.

সদনুষ্ঠান [সৎ + অনুষ্ঠান] বি, সৎকার্য্য ; হিতকর প্রতিষ্ঠান ; ধর্ম্মকর্ম্ম।

সদভিপ্রায় [সৎ + অভিপ্রায়] বি, সাধু সঙ্কল্প ; সদুদ্দেশ্য ; সদিচ্ছা।

সদয় [স (সহিত) দয়া] বিণ, দয়ালু। ২ অনুকূল ; অনুগ্রহকারী। ৩ সুপ্রসন্ন। "সরূপ কহওঁ যবেঁ হওসি স০। আপনার মুখে মোকে দিআর আভয়।"-শ্রী০ কী০।

সদর [আ০ সদ্‌র্। > কে০সা(ত্রিপুরায়), ~দরজা দ্রঃ] বিণ, প্রকাশ্য। ২ প্রধান। ৩ রাজকার্য্য পরিচালনার কেন্দ্র বা প্রধান স্থান headquarters. ৪ বিভাগীয় প্রধান জেলার প্রধান নগর ; সহর। ৫ বহির্বাটী ; বারবাড়ী। ~দরজা [ত্রিপুরা অঞ্চলে, কে০ সা-দরজা] বহির্বাটীর দ্বার ; বাটীর বহির্দ্বার বা প্রবেশের প্রধান দ্বার। ~দেওয়ানী আদালত-সর্ব্বোচ্চ বিচারালয় ; হাইকোর্ট। ~-অন্দর -অ, বি, বাড়ীর বাহির ও ভিতর ; ভদ্রাসনের বহির্বাটী ও অন্তঃপুর। ~-আমীন-বি, রাজস্ব বিভাগীয় নিম্নশ্রেণীর বিচারক ; মুন্সিফ। ~আলা-বি, জেলাজজের নিম্ন পদবীর বিচারক ; সবজজ subordinate judge. ~কাছারি-বি, হেড-কোয়াটার head-quarters. ~জমা-বি, সরকারী রাজস্ব ; যে কর গবর্ণমেন্টের খাজনাখানায় জমা দিয়া আসিতে হয়। ~ফর্দ্দ [আ০ ফর্দ্] বি, সামনের পৃষ্ঠা front page or leaf. ~মালগুজার-বি, যিনি সাক্ষাৎ সম্বন্ধে গবর্ণমেন্ট ট্রেজারিতে রাজস্ব দাখিল করেন।

সদরে, সদ্দুরে [সদর দ্রঃ। সদর + ইয়া > সদর্যে > সদ্দুরে। প্রা০] বিণ, প্রকাশ্য; যা সকলে জানে। "সদ্দুরে কথা।"

সদর্থক [গ০ পরিঃ (রবী০)] বি, ইং positive এর বৈজ্ঞা০ পরিঃ ; ধনাত্মক। ২ [সৎ + অর্থক] সাধুঅর্থদ্যোতক: শিষ্টার্থক (বিপরীত -কদর্থক)।

সদর্প [স (সহ) দর্প] বিণ, দৃপ্ত ; অহঙ্কৃত ; গর্ব্বিত। ২ ক্রি-বিণ, দর্পের সহিত। এই অর্থে বাং-র-সদর্পে [একার অতিরিক্ত] দম্ভভরে ; গর্ব্বান্বিত হইয়া।

সদসৎ [সৎ + অসৎ] বিণ, সৎ ও অসৎ ; ন্যায় অন্যায়। প্র-স০ বিচার।

সদস্য [সদস্(সভা) + য] বি, যজ্ঞকর্ম্মের সহায়ক সম্পাদকগণের ভ্রম-সংশোধক ও বিধিপ্রদর্শক। ২ সভাসদ্; সভ্য member. "পাতশা অধ্যক্ষ দরবার পূজা স্থান। সদস্য কেবল দস্যু মোগল পাঠান।"অ০ ম০।

সদা [সং] বি, সর্ব্বদা ; সকল সময়। ~কাল-অ, সর্ব্বসময়; নিয়ত। ২ চিরকাল। ~গতি-বিণ, সর্ব্বদা গতিশীল। ২ বি, বায়ু। "কার্ম্মুক অক্ষয় গুণ বাণপূর্ণ দুই তূণ চণ্ডিকায়ে দিলা সদাগতি।"-কবিক০। ৩ আত্মা। ৪ ঈশ্বর। ~দান-সদাব্রত দ্রঃ। ~নন্দ-দ্রঃ। ~পুষ্প-বিণ, সর্ব্বদা কুসুম-যুক্ত। ২ বি, নারিকেল গাছ। ~ব্রতি-বি, অন্নসত্র। ~যোগী-শিব। ২ বিষ্ণু। ~শিব-মহাদেব। ২ [লক্ষ০] বিণ, উদার, শান্ত, প্রসন্ন ও অক্রোধন। ৩ বিণ, আশু

]যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঙ্গা=গাঁ ঞ্চ=ন্‌চ ঞ্ট=ন্ট ˇ হ্ন=হ্‌ন হ্ণ হ্ল হ্ব হ্ম=ম্হ হ্ন হ্ল হ্য হ্য, জ্ঞ ক্ষ ব ও=zfwv ও চ্চা

তোষ ; কল্যাণময় ; সদানন্দ। ~সর্ব্বদা-অ, সর্ব্বক্ষণ ; অহরহঃ ; নিরন্তর।

সদাগর [গ্রা০। ফা০ সওদাগর্] বাণিজ্য-ব্যবসায়ী ; বণিক্। "আমি সদাগরের ঝি। আমি কি অম্‌নি রেঁধেছি॥"-ছড়া।

সদাচার [সৎ (সাধু) + আচার,ধা] বি, শাস্ত্রবিহিত আচার:শুদ্ধাচার। ২ সদ্ব্যবহার। ৩ সাধুর আচরণ। ~ী-বিণ, সাধু আচরণ-কারী ; শিষ্টাচারী। > স্ত্রীং সদাচারিণী। ~নিষ্ঠ,~পরায়ণ,~শীল। ~সম্পন্ন-বিণ, সাধু আচরণে অভ্যস্ত বা অনুরাগী। ২ সুচরিত্র।

সদাচিৎ [সং। ভুল-(বিপরীত) কদাচিৎ (কচিৎ)। প্র০ অ০] অ, সর্ব্বদা।

সদাতন [সদা (সর্ব্বদা) + তন (ভবার্থে)] বিণ, চিরস্থায়ী ; নিত্য। ২ ক্রি-বিণ, সর্ব্বক্ষণ ; সর্ব্বদা। "গুরুর গঞ্জন সহি সদাতন না জানিনু সেই রসে।"-চণ্ডি০।

সদাত্মা (-ৎআ) [সৎ + আত্মা (চিত্ত) যার, বহু০] বিণ, সাধু ; সদন্তঃকরণ।

সদানন্দ [সদা (সর্ব্বদা) আনন্দ (হর্ষ) যার, বহু০] বিণ, নিত্য হর্ষযুক্ত ; সর্ব্বদা আনন্দময়। "সৌদামিনী ঘন সনে ভ্রমে সদানন্দ মনে।"-ব্রজাঙ্গনা। ২ বি, শিব ; ব্রহ্ম ; পরমাত্মা। "সদা আনন্দে সদানন্দে হৃদয় প্রাণ ভরে ডাক ও আমার মন।"-স্কং০।

সদানীরা [সদা (সর্ব্বদা) নীর (জল) থাকে যাতে, বহু০। হিন্দুশাস্ত্রে শ্রাবণ মাসে সকল নদী রজস্বলা বলিয়া উক্ত হইলেও করতোয়া নদী নির্ম্মলজলবাহিনী থাকায় এই নাম] বি, করতোয়া নদী।

সদাবৃত্তি-সদা দ্রঃ।

সদালাপ [সৎ + আলাপ] বি, সাধু বিষয়ে আলোচনা ; সৎকথাবার্ত্তা।

সদাশয় [সৎ + আশয় যার, বহু০] বিণ, সদাত্মা ; উদার হৃদয় ; মহাপ্রাণ ; মহাশয় ; দয়ালু। > বি, সদাশয়তা।

সদিচ্ছা [সৎ + ইচ্ছা] বি,সাধু অভিলাষ: মঙ্গল কামনা ; সুবাসনা।

সদীয়াল [আ০ সদী (শত সেনা) + য়াল] বি, শতসেনানায়ক। "দফাদার জমাদার চলে সং।"-অ০ ম০। ২ কোং আমল ও পূর্ব্বের ঘাটোয়ালী কর আদায়কারী কর্ম্মচারী।

সদুত্তর [সৎ + উত্তর] বি, প্রশ্নের প্রকৃত

সদুদ্দেশ্য [সৎ + উদ্দেশ্য] বি, সদভিপ্রায় ; সাধুসঙ্কল্প।

সদুপায় [সৎ + উপায়] বি, সাধুপথ।

সদৃশ [স (সমান) + দৃশ (দর্শন-আকৃতি) যার,বহু০। বৌ০ বাং প্রাকৃ০সরিস, সরিস্ অ, সরীসে। "জিমি চিন্তামণি সরীসো" -দো০ ১৩০] বিণ, সম ; তুল্য ; অনুরূপ ; সমান। ২ [জ্যা০ (ক০ বিশ্ব০পরিঃ)] ইং similar (of triangle) এর বৈজ্ঞা০ পরিঃ। > বি,সাদৃশ্য-similarity. ৩ যোগ্য। ~কোণ [জ্যা০ (ক০ বিশ্ব০ পরিঃ)] সমকৌণিক দ্রঃ। ~বিধান-বি, সদৃশ সদৃশকে নাশ করার বিধান ; যে ঔষধ প্রয়োগে সুস্থদেহে যে রোগ-লক্ষণ প্রকাশ পায়, সেই ঔষধের অল্প মাত্রায় প্রয়োগে সেই রোগ আরোগ্যলাভ করে এই বিধানই সদৃশ চিকিৎসা বিধান homeopathy [বিপরীত-বিসদৃশ বিধান antipathy].

সদ্গতি [সৎ (উত্তম) + গতি, ধা] বি, উত্তম গতি ; স্বর্গলাভ ; নির্ব্বাণ ; মুক্তি।

সদ্গোপ [সৎ + গোপ] বি, হিন্দুর উপজাতিবিঃ।

সদ্দার-সর্দ্দার দ্রঃ।

সদ্ধর্ম্ম [সৎ + ধর্ম্ম] বি, সাধুধর্ম্ম ; শ্রেষ্ঠধর্ম্ম। ২ [বৌদ্ধ ত্রিরত্নের (বুদ্ধ, সঙ্ঘ, ধর্ম্ম) অন্যতম রত্ন, ধর্ম্ম] বৌদ্ধধর্ম্ম। "স্বধর্ম্মপ্রচারে তোমরা প্রতিগ্রামে ও নগরে যাও। এই নির্ম্মল ধর্ম্ম তোমরা প্রচার কর।"-বাঁশরী, অগ্র০ ১৩৩১। ~ী-বিণ, বৌদ্ধধর্ম্মাবলম্বী। ~বিশারদ-বি, বৌদ্ধ সন্ন্যাসীর উপাধিবিঃ। ২ বিণ, বৌদ্ধধর্ম্মে পারদর্শী।

সদ্বিচা/র (-দ্‌বি-) [সৎ + বিচার] বি, ন্যায়সঙ্গত বিচার ; সুমীমাংসা। ~রক-বিণ, ন্যায় বিচারকারী।

সদ্বিবেচ/না (-দ্‌বি-) [সৎ + বিবেচনা] বি, সুবিচার ; উত্তম নির্দ্ধারণ। ~ক (সৎ + বিবেচক] বি, সুবিচারকারী ; উত্তম মীমাংসক।

সদ্বৃত্ত (শদ্‌বৃ-) [সৎ (সাধু) যে বৃত্ত (স্বভাব),ধা] বি, সাধু আচরণ ; সৎস্বভাব। ২ [সৎ (সাধু) + বৃত্ত (বৃত্তি, স্বভাব (যার) বহু০] বিণ, সচ্চরিত্র।

সদ্বৃত্তি (-দ্‌বৃ-) [সৎ + বৃত্তি] বি, সাধু-কর্ম্ম ; সদাচার। ২ সৎস্বভাব ; সাধুপ্রকৃতি।

সদ্ব্যবহার (-দ্‌ব-) [সৎ + ব্যবহার] বি, সদাচরণ ; শিষ্টাচার।

সদ্ভাব (-দ্‌ভা-) [সৎ (সাধু) হইয়াছে ভাব (উৎপত্তি) যার,বহু০] বি, সত্তা ; বিদ্যমানতা ; অভাবের বিপরীত। ২ সাধুতা। ৩ সদ্বৃত্ত। ৪ সদ্বৃত্তি।

সদ্ম (০শদ্দঁ) [সদ্ (গমন করা) + মন , যি, মানবগণ যেখানে গমন করিয়া বিশ্রাম করে] বি, আলয় ; গৃহ ; ভদ্রাসন ; নিকেতন। "প্রাণপণে পূজি প্রভুর পাদপদ্ম। পুনঃপুনঃ বলে আজি শুদ্ধ হল সদ্ম॥"-শি০।

সদ্য, সদ্যঃ (শোদ্দ) [সং সদ্যস্ শব্দ, সমান দিন অর্থে, নিপাত] অ, উপস্থিত ; তৎক্ষণে ; এইক্ষণ ; অবিলম্বে। ২ [লক্ষ০] টাট্‌কা। ~জাত-সদ্যোজাত দ্রঃ। ~পক্ক-বিণ, এইমাত্র পাক করা ; টাট্‌কা রাঁধা। ২ গাছ পাকা। ~প্রসূত-বিণ, নবজাত ; এইমাত্র যে জন্মগ্রহণ করিয়াছে। > স্ত্রীং ~া। ~প্রাণহর, হারী-বিণ, সঙ্গে সঙ্গে জীবনান্তকর। > স্ত্রীং ~হরা, ~হারিণী। ~মৃত-বিণ, এইমাত্র মৃত এমন। > স্ত্রীং ~া। ~শৌচ [সদ্যঃ শৌচ যার, বহু০] বি, যার শুদ্ধ হ'তে বিলম্ব হয় না। "যাহাদের গৃহে ব্রহ্মচারী অগ্নিতে হোম করেন আর কোন সম্পর্ক রাখেন না, তাঁহাদের অশৌচ নাই। * * শিল্পকর, কারুকর, বৈদ্য, দাসী, দাস, নাপিত, শ্রোত্রিয় এবং রাজা ইঁহারা সদ্যঃ-শৌচ।"-পরাশর সংহিতা (বঙ্গবাণী)। ~স্ত-অ, এখনই ; এই দিনেই ; তখনি তখনি then and there. ~স্ক, ~স্তন [রবী০] বি,অদ্যতন। ২ তদ্দিবসীয়। ৩ নব ; নূতন। ৪ বি, নববৎস calf [এই অর্থে "সদ্যোভাবী"ও০]। ~স্নাত-বিণ, এইমাত্র যে স্নান করিয়াছে। > স্ত্রীং ~স্নাতা।

সদ্যোজাগ্রৎ [সদ্যঃ+জাগ্রৎ] বিণ, যে এইমাত্র জাগিয়াছে ; নবজাগ্রত।

সদ্যোজাত [সদ্যঃ+জাত] বিণ, নবজাত ; এইমাত্র যে জন্মিয়াছে ; নবোৎপন্ন।

সদ্যোমাংস [সদ্যঃ (টাটকা) + মাংস] বি, টাট্‌কা মাংস।

সধন [স (সহিত) + ধন] বিণ, ধনবান্।

সধবা [স(সহিত) ধব (পতি) + আ (স্ত্রীং)] বি, পতিবত্নী ; এয়স্ত্রী।

সধর্ম্ম [স (সমান) যে ধর্ম্ম, ধা] বি, সমধর্ম্ম ; এক বা অভিন্ন ধর্ম্ম। ২ বিণ, যার ধর্ম্ম এক বা অভিন্ন ; সমধর্ম্মী ; এক ধর্ম্মাবলম্বী। ~া [স (সমান) ধর্ম্ম যার, বহুং। সমাসে অন্। সধর্ম্মন্ শব্দ] বিণ, সমধর্ম্মী ; একধর্ম্মাবলম্বী। ২ একরূপগুণবিশিষ্ট ; একলক্ষণাক্রান্ত। ~চারিণী-বিণ, স্বামীর সমান ধর্ম্মানুষ্ঠানকারিণী ; সহধর্ম্মিণী।

সধর্ম্মী [স (সমান) ধর্ম্ম+ইন্ (স্ত্যং)= সধর্ম্মিন্ ১মা, ১বং] বিণ, সমধর্ম্মী ; এক-ধর্ম্মাবলম্বী। ২ সমগুণবিশিষ্ট ; একলক্ষণাক্রান্ত। স্ত্রীং সধর্ম্মিণী-সহধর্ম্মিণী ; ভার্য্যা।

সন্$_1$ [ব্যাং] বি, ইচ্ছাবোধক ধাতুর প্রত্যয়।

সন্$_2$ [অনুং] অ, পবন শব্দ। ২ দ্রুতগমন জনিত শব্দ। ব্যাপ্ত্যর্থে-সন্ সন্ ; সন সন-অ, বেগব্যঞ্জক শব্দে; বেগে পবন সঞ্চালন শব্দে। "দুলিছে পবনে সন্ সন্ বনবীথিকা-গীতময় তরু লতিকা।"-রবীং। ২ [চঞ্চল শব্দের বিকারে চন্ চন্ পরে সন সন] আন্‌চান্ ; অস্থিরতা প্রকাশ। "পূজার সজ্জ দেখি দ্বিজ মন সন্ সন্ করে।"-কবিশেখর।

সন্$_3$ [সন্ত (দ্রঃ) > ক্ষেং। প্রাং বাং] বি, সাধু ; পুণ্যাত্মা। "সন্ সন্ন্যাসী লইয়া বালা চলেন শিবের বাস॥"-শিবের গাজন (বঙ্গসাহিত্য পরিচয়, পৃং ১৫১)।

সন$_1$ [সম > হিং সন, সিন] বিণ, সম ; সদৃশ ; তুল্য ; প্রকার ; মত। "তুমি সন শীঘ্র হস্ত না পাই দেখিতে॥"-মহাং (বিজয়ং)। স্ত্রীং সনি-দ্রঃ।

সন$_2$ [সং] বি, ঘণ্টাপাটলি গাছ।

সন$_3$ [আং] বি, সাল ; অব্দ ; বৎসর। "সহরে সকল প্রজা সুখে কর ঘর। তিন সন অপর না লয় রাজকর॥"-ধং। বিণ, সনা-বার্ষিক [দ্রঃ-সন ও সাল একই অর্থ সুতরাং বাং-য় সনের উল্লেখ করিয়া শেষে সাল লেখার প্রথা দুষ্টপ্রয়োগ]। ~তারিখ-বি, বৎসর ও তারিখ। ~পতিত [আদাং পরিঃ] এক বৎসরের পতিত [বহুবং সনাত। সনাত পতিত-বহুদিনের পতিত(জমি ইং) lying fallow for years]। ~সন-ক্রি-বিণ, প্রতি সন ; প্রতি বৎসর annually. ~হাল [=হাল সন] বি, বর্ত্তমান বৎসর ; চল্‌তি বৎসর। ইংরেজী সন-বি, খ্রীষ্টীয় বৎসর ; খৃষ্টাব্দ। বাঙ্গালা সন-বি, বঙ্গাব্দ। ইহা মুসলমান (সৌর) বৎসর আকবর বাদশাহের সময় প্রবর্ত্তিত। হিজরী সন-বি, মুসলমান (চান্দ্র) বৎসর। হজরৎ মহম্মদের মক্কা হতে মদিনা পলায়নের তারিখ হতে ইহার আরম্ভ।

সনক [সং] বি, ব্রহ্মার মানসপুত্রবিঃ।

সনৎ [সন্ (দান করা)+অৎ (র্ত্তৃ)] বি, ব্রহ্মা। ~কুমার-বি, ব্রহ্মার পুত্র ; মুনিবিঃ।

সনদ [আং সনদ] বি, দলিল।

সনন্ত [সন্+অন্ত। তুল-ণিজন্ত] বিণ, ইচ্ছার্থক ; ইচ্ছাবাচক ধাতুর উত্তর সন্ এই প্রত্যয়যুক্ত desiderative. ~ধাতু-ইচ্ছা অর্থে যে সকল ধাতুর উত্তর সন্ হয় desiderative verbs.

সনন্দ$_1$ [স (সহিত) নন্দ (আহ্লাদ) যার, বহুং] বিণ, হর্ষযুক্ত। ২ বি, ব্রহ্মার পুত্র।

সনন্দ$_2$ [আং সনদ্ >] বি, হুকুমনামা দস্তখৎ হইয়া বাদশাহী পাঞ্জাযুক্ত বা ছেপ্‌ত করা লেখ্য ; প্রামাণিক লেখ্য ; সনদ। "করে স্বহস্তে সই শিবকে চরণ দিয়েছ সনন্দ লিখে।" -বাং গান।

সনা$_1$ [সং-স্বর্ণ > সোনা-সনা (প্রাং বাং)] বি, সুবর্ণ। "দপ্পন রূপা সনা কজ্জল গোরচনা দুর্ব্বা ধান তত পরে।"-শূং পুং। ~খিড়কি-বি, বাটাজাতীয় স্বর্ণবর্ণ সরু ছোট মাছ। ২ ধান্যবিঃ।

সনা$_2$ [সন$_3$ দ্রঃ] বিণ, সন সম্বন্ধীয় ; বার্ষিক। প্র-পাঁচ সনা (পঞ্চ বার্ষিক)।

সনা$_3$ [সং] অ, সদা ; নিরন্তর।

সনাক্ত, শনাক্ত [ফাং শিনাখ্‌ৎ] বি, নিসানদিহি ; অভিজ্ঞান ; চিহ্নিত।

সনাত-সন$_3$ দ্রঃ। সনাতি-বিণ, ক্রি-বিণ, বার্ষিক ; বর্ষে বর্ষে annual ; annually. ~পতিত [জমিং পরিঃ] বি, ভাগাড় ; গো-ভাগাড়।

সনাতন [সদা (নিত্য)+তন (বিদ্যমানার্থে)। সদা=সনা (বিকল্পে)] বি, নিত্য ; চিরস্থায়ী ; চিরদিনের। "এ ফের বুঝিবে কেবা, তারে বুঝে সুঝে যেবা, নিত্য নিরঞ্জন সত্য সনাতন মিথ্যা যত দেবী দেবা॥" -অং মং। ২ ব্রহ্মার পুত্র। ৩ শিব। ৪ বিষ্ণু। "রামকৃষ্ণ জনার্দ্দন লক্ষ্মীকান্ত সনাতন হৃষীকেশ বৈকুণ্ঠ বামন।"-অং মং। স্ত্রীং ~ী-দুর্গা। "চিন্ময়ী সনাতনী নির্গুণা চৈতন্যরূপিণী কে বুঝিতে পারে তত্ত্ব অতি গহনা।" -বাং গান। ২ সরস্বতী। ৩ লক্ষ্মী। ৪ গৌড়রাজ হুসেন সাহের জনৈক কর্ম্মচারী পরে বৈষ্ণবচূড়ামণি বৃন্দাবনবাসী সনাতন গোস্বামী। ~ধর্ম্ম-বি, অপরিবর্ত্তনীয় ও অবিনশ্বর ধর্ম্ম ; বেদবিহিত ধর্ম্ম ; শ্রুতাদি অষ্টাদশ বিদ্যা ; নিগমাগমাত্মক ও মহাজন অনুসৃত সদাচারের প্রামাণ্য স্বীকার।

সনাথ [স (সহিত)+নাথ (প্রভু) যার, বহুং। অনাথের বিপরীত] বিণ, নাথবান্ ; নাথযুক্ত ; সহায়বিশিষ্ট। ২ বিশিষ্ট ; যুক্ত ; সহিত। "শশি সনাথ যামিনী"-রবীং। স্ত্রীং ~া-সধবা। ২ বিশিষ্টা।

সনাভি [স্মৃং] বি, সপিণ্ড।

সনাম [স (সম)+নাম। প্রাং বাং] বি, সমনাম ; সদৃশ নাম। "শুনিতে উচিত নহে কাণীর সং"-মনসা মং (বংশীং)।

সনাল [স (সহিত)+নাল (মৃণাল)] বিণ, নালের সহিত ; মৃণালযুক্ত। "সনাল কমল সনাল উৎপল দুখানি করে শোভিত।" -অং মং।

সনি [সন$_1$ দ্রঃ] বিণ, সদৃশী ; সমা। "কনককলতা সনি সুন্দরি সজনিগে বিহি নিরমাওল আনি।"-বিং পং।

সনির্ব্বন্ধ [স (সহিত)+নির্ব্বন্ধ] বিণ,

আগ্রহাতিশয্যযুক্ত ; সাগ্রহ ; জিদপূর্ব্বক ; পীড়াপীড়ি সহ। প্র-সং অনুরোধ।

সঁনীড় [নীড়ের (পাখীর বাসার)-স (সহিত)] বিণ, নীড়সহ ; নীড়যুক্ত। ২ নিকট ; সমীপ (প্রা° অ°)।

সঁনে [সঙ্গে (দ্রঃ) > সঞে, সনে। পদ্যে কোমলরূপ। ব্রজ° সঙে, সঞে,-ঞে, সনে] ক্রি-বিণ, সঙ্গে ; সহিত ; সাথে ; সহ। "বসাইত ফুলাসনে এ দাসীরে তব সনে তুমি নবজলধর এ তব অধীনী!"-ব্রজাঙ্গনা। "তব সনে সঙ্গোপনে"-বাং গান।

সঁনেট [ইং sonnet এর লিপ্যন্তর] বি, চৌদ্দ অক্ষরযুক্ত ছত্রের ১৪ ছত্রে লিখিত কবিতা। "বন্দী হয়ে সনেটের ক্ষুদ্র কারাগারে কাঁদে যথা সুকবিতা গুমরে গুমরে।" -অশোক°।

সঁন্‌জা (-ঝা,-ঝে)-সন্ধ্যা দ্রঃ।

সঁন্ত [সং-সৎ শব্দ বহুবচনে। হিং সন্ত্] বি, সাধু ; সন্ন্যাসী ; পুণ্যাত্মা। সাধুসঁন্ত -সাধুসন্ন্যাসী।

সঁন্তর্ত [সম্+তত (বিস্তৃত)] বিণ, পরিব্যাপ্ত ; অতি বিস্তৃত। ২ নিরত ; নিরন্তর continuous, ৩ বহুল। ৪ অনাদি অনন্ত। ৫ [আয়ু°] বি, বিষমজ্বরবিঃ, একজ্বর remittent fever.

সঁন্তঁতি [সং (সম্যক্) ততি (তন্-তি), যারা বহু বিস্তৃত হয়] বি, সন্তান ; পুত্র বা কন্যা। ২ গোত্র ; বংশ। ৩ পারম্পর্য্য। ৪ পঙ্‌ক্তি। ৫ ধারা। ৬ ব্যাপ্তি ; বিস্তার।

সঁন্তর্পন, সঁন্তপ্নন [সঁন্তর্পণ২ > বাং-র, বির্থে°। গ্রা°] বি, সাবধান। ক্রি-বিণ, সঁন্তর্প(প্ন)নে-সাবধানতার সহিত ; সতর্ক হইয়া। ২ অতি যত্নে।

সঁন্তপ্ত [সং+তপ্ (উত্তপ্ত বা দগ্ধ করা)+ত (র্ম্ম)] বিণ, সন্তাপক্লিষ্ট ; মনস্তাপযুক্ত। ২ উত্তপ্ত। ৩ পথশ্রান্ত। ৪ দগ্ধ। ৫ জ্বলন্ত।

সঁন্তমঁস [সং (অধিক)+তমস্ (অন্ধকার)] বি, ঘনান্ধকার ; নিবিড় অন্ধকার। ২ [লক্ষ°] অতিশয় মোহ বা মহামায়া রূপ অন্ধকার ; মোহঘোর।

সঁন্তরঁণ [সং-তরণ। যৌ° বাং প্রাকৃ° 'সন্তারে' (চ° ৩৭।৪)। আধু° বাং গ্রা° সাঁতার] বি দেহ ভাসাইয়া জল কাটিয়া গমন ; সাঁতার দেওয়া। "নামসুধা-সিন্ধু মাঝে সুখে কর সন্তরণ।"-বাং গান। বিণ, সঁন্তরিক -সাঁতার পটু ; সন্তরণদক্ষ। সঁ° কঁরা-সাঁতার কাটা। ~দক্ষ, ~পটু-বিণ, ভাল সাঁতারিয়া ; সাঁতারু।

সঁন্তরা, সান্তারা [সন্ত্রা দ্রঃ] বি, নাগপুরী কমলা নেবু ; সন্ত্রা।

সঁন্তর্পণ [সং (সম্যক্)+তর্পণ (তোষণ, তৃপ্তিদান)] বি, সন্তোষণ ; সম্যক্ তৃপ্তিদান ; সন্তৃপ্ত করণ। ২ [সন্তোষণের জন্য অতিশয় যত্নের ভাব > বাং বির্থে°] সাবধানতাবলম্বন ; সতর্কতাবলম্বন। প্র-অতি সন্তর্পণে পা ফেলিয়া চলিতে লাগিল। ৩ বিণ, তৃপ্তিদায়ক। ক্রি-বিণ, সঁন্তর্পণে-সতর্কতার সহিত ; সাবধানে ; অতি যত্নে। অস-ক্রি, সঁন্তর্পি, সঁন্তর্পিয়া [পদ্যে] সন্তৃপ্ত করিয়া ; তুষ্ট করিয়া। "সন্তর্পিয়া পাঠাইল ধর্ম্মের নন্দন॥" -মহা° (শ্রীকর°)।

সঁন্তলঁন, সঁন্তোলঁন [সং=সম্+হিং তল্‌না (তেলে ভাজা, আধভাজা করা)] বি, তেল বা ঘিয়ে অল্প ভাজিয়া লওন। ক্রি, সঁন্তোলা-সাঁতলান দ্রঃ। অস-ক্রি, সঁন্তোলিয়া-সাঁতলাইয়া। "রান্ধিবে মসুর সুপ দিয়া লঘুঝাল। সন্তোলিয়া দিবে তথি মরিচের ঝাল॥"-কবিক°।

সঁন্তান [সং+তন্ (বিস্তার করা)+অ (ণে), যদ্দারা বংশ বিস্তার হয়] বি, অপত্য ; পুত্র ; কন্যা। "সন্তান হইবে যত সবে হবে অনুগত জনেক হইবে রাজা তার।"-অ° ম°। ২ বংশ। ৩ ব্যাপ্তি ; বিস্তার। ৪ ধারা ; প্রবাহ। ৫ দেবদারুবিঃ ; কল্পবৃক্ষ। ~ক১ (-নঁ-) [সন্+তন্ (বিস্তারে)+অক (র্ত্তৃ)] বিণ, ব্যাপক। ২ বি, কল্পতরু। > স্ত্রীং সঁন্তানিকা-বিণ, ব্যাপিনী। ২ বি, মাকড়সার জাল। ৩ ছুরিকার ফলক। ~ক২ (-নঁ-) [রামা°] বি, স্বর্গবিঃ। রামসহ অযোধ্যার যে সকল লোক স্বর্গে গিয়াছিল তাদের আত্মার বাসের জন্য ব্রহ্মাসৃষ্ট স্বর্গ। "স° নামে স্বর্গ করেছি সৃজন।"-কৃত্তি.। ~পরঁম্পরা-বি, সন্তানের সন্তান, তার সন্তান এইরূপ বংশক্রম। ~বঁৎসঁল-বিণ, সন্তানের প্রতি স্নেহশীল। > স্ত্রীং ~বঁৎসঁলা। ~বাৎসল্য-বি, সন্তানের প্রতি স্নেহ ; পুত্রকন্যা বা তৎস্থানীয়ের প্রতি ভালবাসা। ~বান্ [সন্তানবৎ ১মা, ১ব°] বিণ, যার সন্তান আছে ; সন্তানবিশিষ্ট। > স্ত্রীং ~বতী। ~সঁন্ততি-বি, সন্তান ও তার অধস্তন বংশধারা ; বংশপরম্পরা। ~সঁম্ভাবনা-বি, সন্তান জন্মিবে এইরূপ অনুমান বা প্রত্যাশা ; সন্তান হইবে এরূপ নিশ্চয় ; গর্ভ। "নাতবৌর সন্তানসম্ভাবনা ব লে যেন ওজর করিস নি।"-উত্তরা, ১৩৩০। ~সঁম্ভাবিতা-বিণ, গর্ভবতী। "রাধারাণী সন্তান সম্ভাবিতা।"-উত্তরা, ১৩৩৩। ~হীন -বিণ, নিঃসন্তান। > স্ত্রীং ~হীনা। কঁন্যা সঁন্তান-বি, মেয়ে। পুত্র সঁন্তান -বি. ছেলে ; বেটা।

সঁন্তানিকা [সং] বি, দুধের সর।

সঁন্তানির্ত [সন্তান (দ্রঃ)। সন্+ণিজন্ত তন্+ত (র্ম্ম)] বিণ, বিস্তারিত ; প্রসারিত ; ব্যাপ্ত। ২ সন্তানযুক্ত।

সঁন্তানোচির্ত [সন্তান+উচিত] বিণ, সন্তানের উপযোগী ; পুত্রকন্যার কর্ত্তব্য বা করণীয় ; অপত্যযোগ্য।

সঁন্তানোৎ/পাদঁন [সন্তান+উৎপাদন] বি, পুত্রকন্যার জন্মদান। ~পাদঁক, ~পাদী-বিণ, সন্তানের জন্মদাতা ; সন্তানের জনক। > স্ত্রীং ~পাদিকা, ~পাদিনী -পুত্রকন্যার জননী ; অপত্যপ্রসূ।

সঁন্তাপ [সং+তপ্ (উত্তপ্ত করা)+অ (ভা°)] বি, উত্তাপ। ২ মনস্তাপ ; অন্তর্দ্দাহ। বিণ, সঁন্তাপির্ত-প্রতপ্ত। ২ পরিতাপযুক্ত। > স্ত্রীং ~া। ~ক্লিষ্ট-বিণ, সন্তাপজনিত প্রাপ্ত-ক্লেশ। > স্ত্রীং ~া।

সঁন্তাপঁন [সং-তপ্+ণিচ্=তাপি+অন (ভা°)] বিণ, সন্তাপদায়ক। ২ বি, তাপদান। ৩ মদনের পঞ্চবাণের অন্যতম ; কামশরবিঃ।

সঁন্তাপাগ্নি [সন্তাপ+অগ্নি] বি, অন্তর্দাহকারী মনস্তাপ ; অনুতাপানল।

সঁন্তাপির্ত-সন্তাপ দ্রঃ।

সঁন্তাপী [মূ॰ সন্তাপিন্] বিণ, সন্তাপযুক্ত।
সঁন্তুষ্ট [সং+তুষ্ট] বিণ, পরিতৃপ্ত। ২ হৃষ্ট। বি. সন্তুষ্টি-তৃপ্তি ; সন্তোষ। ২ হর্ষ ; আহ্লাদ। ~চিত্ত-বি, বিণ. হৃষ্টান্তঃকরণ ; তৃপ্ত। ক্রি-বিণ. ~চিত্তে।
সঁন্তোক [প্রা॰ বাং। সন্তোষ শব্দের হিন্দি উচ্চারণ। ষ=ক, খ] বি, সন্তোষ ; তৃপ্তি। "সন্তোক বৈরাগ্য দেহ"-ক্ষ॰। ২ কৌতুক ; পারিতোষিক। "সন্তুষ্ট হইয়া রাজা দিলেন সন্তোক"-কৃত্তি॰।
সঁন্তোষ [সম্+তুষ্ (প্রীতি, তুষ্টি)+অ (ভা॰)] বি, তৃপ্তি ; আনন্দ ; প্রীতি ; পরিতৃপ্তি। ~কর, ~জনক, ~দায়ক, ~দায়ী, ~প্রদ-বিণ, তৃপ্তিজনক ; আনন্দদানকারী।
সঁন্ত্রস্ত [সম্ (সম্যক্)+ত্রস্ত (ভীত)] বিণ, অতিশয় ভীত ; ভয়ে অভিভূত ; সন্ত্রাসযুক্ত ; ভয়চকিত। স্ত্রীং ~া।
সঁন্ত্রা [পর্তু॰ cintra >হিং॰ সন্তরা > বাং-সন্ত্রা, সন্তারা, সান্তারা, সাঁতরা] বি, কমলা নেবু। সাধা॰ নাগপুরের কমলা নেবু 'সন্ত্রা' বলিয়া প্রসিদ্ধ। প্র-নাগপুরী সন্ত্রা।
সঁন্ত্রাস [সম্ (সম্যক্)+ত্রাস] বি, অতিশয় ভয়। বিণ, সন্ত্রাসি/র্ত-যাকে বিলক্ষণ ভয় দেখান হইয়াছে বা যে অতিশয় ভয় পাইয়াছে। > স্ত্রীং ~তা।
সঁন্দ [সন্দেহ > প্রা॰ বাং প্রা॰] বি, সন্দেহ। "কিবা সন্দভাব ভাবসধ্য শিশুগণ।" -ভাগবত (নরহরি দাস)।"বৃন্দে এই সন্দ হয়"-গান।
সঁন্দংশ [সম্ (সম্যক্)+দংশ, যে সম্যক্ দংশন করে। ক্ষুদ্রার্থে-সন্দংশিকা] বি, সাঁড়াশি ; ইং forceps এর বৈজ্ঞা॰ পরিঃ ; কঙ্কমুখ (শুশ্রুত॰)। ২ চিমটা। ৩ সন্না। ৪ জাঁতি। ৫ [নাট্য শা॰] অভিনয়ে পদ্মকোষ পাণিপুটের উপর্য্যুপরি উন্মুক্তকরণ ও মুদ্রণ। উদারতা নৈবেদ্য বা অর্ঘদান, ভয়, পূজাদি সূচনায় প্রযুক্ত। ~-প্রাপির্ত ন্যায়-সাঁড়াশীর দুই দিক চাপিয়া ধরিয়া তবে অস্ত্র বস্তু ধারণ করা হয়; তার সদৃশ ক্ষেত্রে প্রযোজ্য ন্যায়। ~যার্তনা-বি, নরকবিঃ।

সঁন্দর্ভ [সং+দৃভ্ (সংগ্রহ করা)+অ (ভা॰), শব্দ ও অর্থ সম্যক্ প্রকারে গ্রথিত হওয়ার ভাব] বি, রচনা ; প্রবন্ধ ; নিবন্ধ। ২ রহস্য : গূঢ়ার্থ। "সঘনে চূলায় শির নাঢ়া নাঢ়া বোলে। নাঢ়ার সন্দর্ভ কেহ না বুঝে সকলে॥"-চৈ॰ ভা॰। "তার দিয়া কীর্ত্তনের সন্দর্ভ জানিল।"-ঐ।
সঁন্দর্শন [সং(সম্যক্)+দর্শন] বি, সম্যক্-দর্শন ; অবলোকন : নিরীক্ষণ। ২ পরীক্ষা। ৩ [অর্থ শা॰] উভয়পক্ষে একের দ্বারা অন্যের উপকার কীর্ত্তন।
সঁন্দষ্ট [সং (সম্যক্)+দষ্ট] বিণ, কৃতদংশন ; বিশেষভাবে দংশিত।
সঁন্দিগ্ধ [সং(সম্যক্)+দিহ্ (সংশয় করা) +ত (র্ত্তৃ)] বিণ, সন্দেহবিশিষ্ট ; সংশয়যুক্ত। স্ত্রীং ~া। বি.সন্দিগ্ধতা-সন্দেহ ; সংশয়।
সঁন্দিষ্ট [সং+দিশ্ (আদেশে)+ত(র্ম্ম)] বিণ, গৃহীতাদেশ ; আদিষ্ট। ২ [বৌ॰ সা॰] বি, যাদের সহিত চাক্ষুষদর্শনে বন্ধুত্ব জন্মে।
সঁন্দিহান [সং-দিহ্ (সংশয়ে)+আন (র্ত্তৃ)] বিণ, সন্দিগ্ধ ; সংশয়যুক্ত।
সঁন্দীপ্য [সং] বি, ময়ূরশিখাবৃক্ষ।
সঁন্দে১ [সন্দেহ > প্রা॰ ক্ষে॰] বি, সন্দেহ। "সন্দে গুচ্যা গেল ভাইরে আর না থাকবাম দেশে"-মৈ॰ গী॰।
সঁন্দে২-সন্ধ্যা দ্রঃ।
সঁন্দেশ১ [সং-দিশ্+অ (ভা॰)] বি, সংবাদ ; বার্ত্তা ; খবর। ২ আজ্ঞা ; আদেশ। ৩ উপহার। "আমর সন্দেশ লও বাহর করনে।"-শ্রী॰ কী॰। ৪ [সা॰ প॰ পত্রিকা, ১৩২০, ১৩২৩ দ্রঃ। উৎকৃষ্ট মিষ্টান্ন অর্থ হতে 'দুর্লভ বস্তু'] দুর্লভ সামগ্রী বা বস্তু। ৫ [ডা॰ দী॰ চ॰ সেন, 'বঙ্গ সা॰ পরিচয়ে'র পাদটীকায় দ্রঃ] সন্দেশের প্রয়োজন; বার্ত্তা পাঠাইয়া খবর নিতে হয়। "এবে তোমা দেখিতে সন্দেশ"-চণ্ডি॰। ~বহ [সন্দেশ (বার্ত্তা) বহ (যে বহন করে)] বি, সংবাদবাহক ; বার্ত্তাবহ ; দূত। "কহ রে সন্দেশবহ।"-মেঘ॰। ~হর [সন্দেশ (সংবাদ) হর (যে লইয়া যায়)] বি, সন্দেশবহ (দ্রঃ) দূত। ২ সংবাদবাহক ; হরকরা।

সঁন্দেশ২ [পূর্ব্বে দূর দেশে আত্মীয় কুটুম্বের সন্দেশ বা সংবাদ আনিবার কালে নারিকেল মিষ্টান্নসহ লোক পাঠাইবার প্রথা ছিল, পরে নারিকেল চিনি বা ছানা চিনি বা গুড় ঘটিত মিষ্টান্ন অর্থে ব্যবহৃত হয়] বি, স্বনামপ্রসিদ্ধ মিষ্টান্ন। ২ [মুর্শি॰প্রাদে॰] মিষ্টান্ন অর্থাৎ (ছানাবড়া ইং কিন্তু সন্দেশ নয়)। "সন্দেশ ঘিয়ে ভাজিতেছে"-দিদি (নিরুপমা দেবী)। "খাইতে ধরিল লুচি, ও ছোকা ও সন্দেশ থাল থাল, তখন সকলে বলিল বাহবা বাহবা নন্দলাল।"-দ্বি॰ রায়। ~মোণ্ডা-বি, সন্দেশ ও অনুরূপ উৎকৃষ্ট উৎকৃষ্ট এবং মুখরোচক খাদ্য; সুখাদ্য। আঁব সন্দেশ-আঁবের আকারে প্রস্তুত সন্দেশ। ঐরূপ "আতা সন্দেশ" "তাল শাঁস সন্দেশ" ইং। গুপো বা দেদো সন্দেশ-সন্দেশের উপর ডায়মনের মত টোপতোলা বলিয়া এই নাম। গোল্লা বা মোণ্ডা সন্দেশ-বর্ত্তুলাকারসন্দেশ[ক্ষুদ্রার্থে মুণ্ডি সন্দেশ। অধিক ছানা ও অল্প চিনিযোগে বিশেষ পাকের সন্দেশকে কাঁচাগোল্লা বলে]। চিনির সন্দেশ-অল্প ছানাযোগে চিনিতে প্রস্তুত সন্দেশ। দৈ সন্দেশ-বি, দধি ও সন্দেশ। নারিকেল সন্দেশ-বি, চিনির সহিত নারিকেল কোরায় প্রস্তুত সন্দেশ। রাম চাকী সন্দেশ-চক্রাকৃতি সন্দেশের উপর রাম নামের ছাপ থাকে বলিয়া এই নাম। লুচি সন্দেশ-বি, লুচি এবং সন্দেশ। ২ [নিমন্ত্রণ স্থলে পূর্ব্বপ্রথামত] ভাত বা চিঁড়া মুড়কী অথবা লুচি চিনি ইং নহে তাহারই ইঙ্গিত। ৩ [খাদ্যবিচারার্থে, প্রা॰] উত্তম উত্তম খাদ্য।
সঁন্দেহ১ [সং-দিহ্ (দ্বৈধভাবে, সংশয়ে) +অ (ভা॰)] বি, সংশয়। ২ অর্থালঙ্কারবিঃ। ~জনক-বিণ, সংশয়কর; সন্দেহ উৎপাদক। ~ভঞ্জন-বি, সংশয় অপনোদন।
সঁন্দেহ২-বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ Rhetorical doubt. উপমেয় পদার্থে উপমানের কবিপ্রৌঢ়োক্তিসিদ্ধ (=প্রতিভা দ্বারা উত্থিত) সংশয় স্থলে এই অলঙ্কার হয়। অথবা, একি, কি, কিম্বা, না, কিনা, বা, সে কি ইং

শব্দ ইহার বোধক। ইহা ত্রিবিধ—শুদ্ধ, নিশ্চয়মধ্য ও নিশ্চয়ান্তন। "ইনি কি হে কনকলতিকা-সঞ্চারিণী কিম্বা লাবণ্যের ঊর্মি নয়নরঙ্গিনী?"—যদুনন্দন দাস। এখানে কেবল সংশয়মাত্র বাক্যের সমাপ্তি হওয়ায় ইহা শুদ্ধ সন্দেহালঙ্কার নামে অভিহিত। "সরোবরে ভাসিছে কি কনক কমল? তা হলে উড়িত অলি করি নানা ছল। তবে কি ভাসিছে মম রাধার বদন? তা হলে থাকিত কাছে প্রিয় সখীগণ", এখানে সংশয় ছেদ, আবার সংশয় থাকায় নিশ্চয়-মধ্য-সন্দেহালঙ্কার হইল। "করিতেছে ছায়া দরশন যেন সব মায়ার রচন। কাচেতে কাঞ্চনকান্তি চিত্ররূপে হয় ভ্রান্তি, মোহিনী মূরতি বিমোহন। কভু ভাবে এমন কি হয়, চিত্রচক্ষে পলক উদয়, নয়নে চাঞ্চল্য আছে কমলে খঞ্জন নাচে বিম্বাধর খাইতে আশয়।" —প০ উ০। এখানে আগে সংশয় পরে চক্ষের পলকাদি দেখিয়া নিশ্চয় হওয়ায় নিশ্চয়ান্ত সন্দেহালঙ্কার হইল।—কাব্য-দর্পণ। দ্রঃ—"'স্থাণু বা পুরুষ না জানি মনে'—এখানে সংশয় প্রতিভা দ্বারা উত্থাপিত নয় বলিয়া সন্দেহালঙ্কার হইবে না।"—ঐ।

সন্দেহাকুল [সন্দেহ (দ্বারা) + আকুল] বিণ, সংশয়ব্যাকুল ; সন্দিগ্ধ।

সন্দোহ [সং + দুহ্ (পূরণে) + অ (র্ম)] বি, সমূহ ; রাশি। প্র—আনন্দ সন্দোহ। ২ সম্যক্ কৃতদোহন। ৩ দুগ্ধ [অপ্র০]।

সন্ধ [সং—সন্দেহ > সন্দ >] বি, সন্দেহ। "শমন আসার পথ ঘুচেছে। আমার মনের সন্ধ দূরে গেছে॥"—রা০ প্র০।

সন্ধা, সন্ধাভাষা—সন্ধ্যাভাষা দ্রঃ।

সন্ধাতব্য [সং—ধা (ধারণ করা) + তব্য (র্ম)] বিণ, সন্ধির উপযুক্ত পাত্র ; যার সহিত সন্ধি করা কর্ত্তব্য।

সন্ধান [সং—ধা + অন (ভা০)] বি, মিলন; সংযোজন। ২ মিশ্রণ। ৩ অন্বেষণ ; তল্লাস; খোঁজ। ৪ সংঘটন। ৫ যোজনা ; ধনুকে বাণ যোজনা। "সম্মোহন বাণ করিয়া সন্ধান শিবের ভাঙ্গহ ধ্যান।"—অ০ ম০। ৬ সাজ সজ্জা ; ঘটা। "দেখিয়া সন্ধান করি অনুমান আইসে কলিঙ্গ নৃপবর"—কবিক০। ৭ ভেদ ; তত্ত্ব। "কোথা দিয়া সেথা প্রবেশিতে নাই সন্ধান লব বুঝিয়া।"—রবী০। ৮ অভিষব; মদ্যে পরিণতকরণ ; মদ্যসন্ধান ; গাঁজ তোলা; গাঁজান ; কাঞ্জিক ; ধান্যাম্ল। ৯ [রাসা০ পরিঃ] ইং fermentation এর বৈজ্ঞা০পরিঃ; সন্ধিত ও০। ১০ মদ্যপান। ১১ ভাব-গতিক। "দেখিয়া সন্ধান, করি অনুমান"—কবিক০। বিণ, সন্ধানী—যে সন্ধান করে ; খোঁজকারী। সং০ পুরা—ক্রি, ধনুকের ছিলা টানিয়া বাণ-যোজনা করা। "মহা কোলাহল করি আকর্ণ সন্ধান পুরি চতুর্দ্দিকে বাণ বরিষণ।"—শি০। ~পুস্তক [যোগেশ চন্দ্র রায় বিদ্যানিধি মহাশয় কর্ত্তৃক উদ্ভাবিত] বি, অভিধান বা কোষাদি শ্রেণীয় গ্রন্থ book of reference. "নিম্নলিখিত সন্ধানপুস্তক (Reference book) অবলম্বনে এই প্রবন্ধ সঙ্কলিত হইল।" —ভারতবর্ষ, আশ্বিন, ১৩১৫। ~সুলুক [সন্ধান ও সুরাখ (সন্ধি, ছিদ্র)] খোঁজখবর। ২ কল-কৌশল। ~সূত্র—বি, খোঁজ করিবার থাই বা অবলম্বন ;অন্বেষণের উপায়। ঘর-সন্ধান—বি, গৃহ সংসারের বা পারিবারিক বিষয় ব্যাপারের সংবাদ ; ঘরের খবর ; গৃহ-চরিত্র ; গৃহ সম্বন্ধে অন্যের অজ্ঞাত বিষয় বস্তুর তথ্য ; গুপ্তকথা। > বিণ, ঘর সন্ধানী—যে ঘরের সকল গুপ্ত বিষয় জানে ; ঘরের খবর যার জানা আছে ; ঘরের গুপ্ত বিষয়ের প্রকাশক ; গৃহচ্ছিদ্রজ্ঞ ; গৃহছিদ্রান্বেষী। প্র—ঘর সন্ধানে রাবণ নষ্ট।

সন্ধানিত [সন্ধান + ইত (যুক্তার্থে)] বিণ, সংমিলিত ; সংযোজিত। ২ অন্বেষিত।

সন্ধানী-দূরবীন [জ্যো০ (ক০ বিশ্ব০ পরিঃ)] বি, ইং collimating telescope এর বৈজ্ঞা০ পরিঃ।

সন্ধি [সং—ধা (ধারণ) + ই (ভা০)। > এক বিষয় বা বস্তুর অন্য বস্তুর অন্তর্গত হওয়া বা ভিতরে প্রবেশ করা বা করানর ভাব। > জোড়, মিলন, সন্ধান, সিঁধ, রহস্যভেদ ই০ শব্দের অর্থদ্যোতনা] বি, সংযোগ ; নিয়ম। ২ [স্মৃ০] এক যুগের অবসান এবং অন্য যুগের আরম্ভকাল ; সত্য ত্রেতাদি যুগের পরস্পর মিলন সময়। ৩ মিলন স্থান ; জোড় বা সংযোগের স্থান। ৪ সমাবেশ। ৫ [শারীর বিদ্যায়] শরীরের মিলন স্থান ; দেহগ্রন্থি [অংসসন্ধি—shoulder joint. গুল্ফ সন্ধি—ankle joint. জানুসন্ধি—knee joint. মণিবন্ধ—wrist joint]। ৬ [রাজনীতিতে] বিপক্ষদ্বয়ের বা বিরুদ্ধ পক্ষ সমূহের মধ্যে ঐক্যস্থাপন treaty ; peace. ৭ [ব্যা০] বর্ণদ্বয়ের সংযোগজাত রূপান্তর। [দ্রঃ—বিসর্গসন্ধি—বিসর্গ দ্রঃ। স্বরসন্ধি—স্বর দ্রঃ। ব্যঞ্জনসন্ধি—ব্যঞ্জন দ্রঃ। ৮ [অলং শা০] নাটকাংশবিঃ। ৯ সন্ধান; রহস্য ; বৃত্তান্ত ; তত্ত্ব। "সঙ্গেতে দামাল নন্দী যে জানে স্বপ্নের সন্ধি"—কবিক০। "পূর্ব্বে সন্ধি কহিয়াছি কেন বিস্মরণ"। ১০ যুক্তি। ১১ সাধন ; কৌশল। "পশ্চাতে কহিয়া দিব যত আছে সন্ধি।"—কবিক০। ১২ সুরঙ্গ ; সিঁধ। ১৩ দ্বার। বিণ, সংহিত, সন্ধিত—সংমিলিত ; যুক্ত। ২ সন্ধি দ্বারা পুনর্মিলিত। ৩ সংবদ্ধ। ৪ [রাসা০ পরিঃ] ইং fermented এর বৈজ্ঞা০ পরিঃ। ~ক্ষণ—বি, দুই সময়ের বা কোন দুই বিষয়ের সংযোগ বা মিলন মুহূর্ত্ত। ~চৌর—বি, সিঁদাল চোর burglar. ~জীবক—বি (প), মিলন সংঘটক ; কোট্‌না। ~ত [সন্ধা (=সন্ধি) + ত (র্ম)] বিণ, সংহিত। ~পূজা—মহাষ্টমী ও মহানবমীর সন্ধি সময়ের পূজা ; অষ্টমীর শেষ দণ্ড হতে নবমীর প্রথম দণ্ডমধ্যকালীন দুর্গাপূজা। ~বদ্ধ—বিণ, মিলিত। ~বন্ধন—বি, মিলন। ২ শিরা। ~বাত—বি, শরীরস্থ প্রত্যেক সন্ধির অর্থাৎ হাঁটু, গোড়ালী, কব্জী, স্কন্ধাদি প্রদাহিত, উত্তপ্ত, বেদনাযুক্ত জ্বর, হৃদ্‌পিণ্ডের অনিয়মিত গতি ই০ সকল বা কোন কোন লক্ষণাত্মক রোগ rheumatism. [দ্রঃ—অঙ্গুলির বিতঃ বৃদ্ধাঙ্গুলির অগ্রভাগের গাঁট পায়ের গাঁট, (হাঁটু, গোড়ালী ই০) যে বাতে আক্রান্ত হয় তা 'গেঁটেবাত' gout. পেশী আক্রান্ত হইয়া যেবাতদেখা দেয় তা 'পেশীবাত' muscular rheumatism]। ~বিগ্রহ—বি, সাম দান দণ্ড ভেদ এই চতুর্ব্বিধ রাজনৈতিক উপায়ের মধ্যে ১ম ও ৩য় নীতি বন্ধুত্ব ও বিবাদ ; শান্তিস্থাপন ও সংগ্রাম treaty & war. ~বেলা—বি, দিন রাত্রির

মিলন কাল; সন্ধ্যা। ~মুক্ত-বিণ, গ্রন্থিচ্যুত; অস্থিচ্যুত dislocated. ~ভগ্ন, ~ভঙ্গ-বি, গ্রন্থিচ্যুতি dislocation. ~মণি-বি, লালবর্ণ পুষ্পবিঃ; কৃষ্ণকলি ফুল। ~হারক-সিঁদাল চোর।

সন্ধিৎসু [সং+ধা (সন্ধান করা)+সন্ (ইচ্ছার্থে)=সন্ধিৎস+উ (কৃ)] বিণ, সন্ধান করিতে ইচ্ছুক।

সন্ধিনী [সন্ধ্যা (মিলন)+ইন্ (কৃ) +ঈ (স্ত্রীং)] বি, বৃষ দ্বারা আক্রান্ত ঋতুমতী গাভী।

সন্ধুক্ষিত [সং+ধুক্ষ্ (দীপ্তি পাওয়া) +ত (র্ম)] বিণ, প্রজ্বলিত। ২ উত্তেজিত।

সন্ধে, সন্দে-সন্ধ্যা দ্রঃ।

সন্ধেয় [সং+ধা+য (র্ম)] বিণ, সন্ধি করিবার বা স্থাপনের উপযুক্ত।

সন্ধ্যা [সং+ধ্যৈ (ধ্যান করা)+অ (ধি) + আ (স্ত্রীং)। প্রাকৃ০ সনঝা (ঝা) >গ্রা০ সনঝে, সন্দে, সন্ধে, সাঁজ, সাঁঝ। প্র-সাঁজের বাতি] বি, দিবা ও রাত্রির সন্ধি কাল twilight. ইহা ত্রিবিধ,-প্রাতঃসন্ধ্যা (উষার পূর্ব্ববর্ত্তী কাল), সায়ংসন্ধ্যা (সূর্য্যের অস্তগমনের পরবর্ত্তী দিবাবসান কাল) এবং ঠিক মধ্যাহ্নকাল। সাধারণতঃ প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যা এই দ্বিবিধ। "মিলে মিশে দুই সন্ধ্যা থাই"-অশোক০। ২ যুগসন্ধি; সত্য ত্রেতাদি যুগের মিলন কাল। ৩ [এই সময় উপাসনা করা হয় বলিয়া] ঈশ্বরের উপাসনা। ৪ উপাস্য মন্ত্ররূপ দেবতা। ৫ [দিবাবসানকালের ভাব হতেরূপকার্থে] জীবনের অবসান কাল; আয়ু-সূর্য্যের অস্তগমন কাল। সন্ধ্যা-আহ্নিক, সন্ধ্যাহ্নিক-বি, সন্ধ্যার উপাসনা এবং আহ্নিককৃত্য। সন্ধ্যা করা-প্রাতঃ, সায়ং ও মধ্যাহ্নকালে উপাসনা করা। ~কৃত্য-বি, সন্ধ্যাপূজাদি। ~গায়ত্রী [গ্রা০ সন্দেগাইত্রী] বি, সন্ধ্যাকালে গায়ত্রী মন্ত্রে উপাসনা। ~তারা-বি, সন্ধ্যায় উদিত তারকা evening star. ~দীপ-বি, সাঁজের বাতি। ~দেশ-বি, প্রাচীন আর্য্যাবর্ত্ত ও আসল বঙ্গদেশের সন্ধিস্থল বা মধ্যবর্ত্তী দেশ [তথাকার ভাষা=সন্ধা (।।) ভাষা] ~বন্দনা-বি, সন্ধ্যাকালীন উপাসনা ও দেবতার অর্চ্চনা। ~রাগ-বি, সন্ধ্যাকালে অস্তগামী সূর্য্যের রক্তিমাভা বা লোহিতবর্ণ। [দ্রঃ-উদয়োন্মুখ সূর্য্যের বর্ণচ্ছটার নাম অরুণরাগ]। ~লোক [জ্যো০(কং বিশ্ব০ পরিঃ)] ইং twilight এর বৈজ্ঞা০ পরিঃ। ত্রিসন্ধ্যা, তিন সন্ধ্যা-বি, প্রাতঃসন্ধ্যা মধ্যাহ্ন ও সায়ংসন্ধ্যা। চার সন্ধ্যা-বি, প্রাতঃ, সায়ং, মধ্যাহ্ন এবং মধ্যরাত্র সন্ধ্যা।

সন্ধ্যাংশ [সন্ধ্যা (সত্য ত্রেতাদি যুগসন্ধ্যা) +অংশ, ৬তৎ] বি, সত্য ত্রেতা দ্বাপর ও কলি এই চারি যুগের প্রথম ও শেষ ভাগ।

সন্ধ্যাভাষা, সন্ধাভাষা [সন্ধ্যা দ্রঃ। বৌ০ সং-সন্ধায় (বৈদিক 'অভিসন্ধায়'=ভাবিত অর্থ উদ্দেশ্য করিয়া) > সন্ধা-বি০ শে০ শাস্ত্রী। তুল-চট্টল০ ও ত্রিপুরার চাক্‌মা ভাষায়-"ছন্দভাষ", এবং বাং-য় ছাঁদে বলা] বি, "আলো-আঁধারি ভাষা, কতক আলো, কতক অন্ধকার, থানিক বুঝা যায়, থানিক বুঝা যায় না অর্থাৎ এই সকল উঁচু অঙ্গের ধর্ম্মকথার ভিতর একটা অন্য ভাবের কথাও আছে। সেটা খুলিয়া ব্যাখ্যা করিবার নহে।" -প০ হরপ্রসাদ শাস্ত্রী। ২ [৺পাচকড়ি বন্দ্যোপাধ্যায় মহাশয়ের মতে] সন্ধ্যা নামক দেশের ভাষা। "প্রাচীন আর্য্যাবর্ত্ত ও আসল বঙ্গদেশ এই উভয়ের মধ্যবর্ত্তী প্রদেশের নাম সন্ধ্যাদেশ, এই সন্ধ্যাদেশের ভাষা সন্ধ্যাভাষা।"-বিশ্বভারতী (ত্রৈমাসিক), ১৯২৪, পৃ০ ২৬৫। ৩ [প০ বিধুশেখর শাস্ত্রী মহাশয়ের মতে-সন্ধাভাষা (সন্ধ্যা নহে)-প্রবাসী, ১৩৩৫ জ্যৈষ্ঠ। সং অভিসন্ধায় (লক্ষণাভিসন্ধি করিয়া। অভিপ্রেত্য, উদ্দিশ্য) > সন্ধায় > সন্ধা] আভিপ্রায়িকী ভাষা; আভিপ্রায়িক বচন; প্রয়োজনার্থক বাক্য। ৪ [প্রফেসর ম্যাক্স মূলর সাহেবের মতে] দুর্বিজ্ঞেয় ভাষা; প্রচ্ছন্ন উক্তি।

সন্নতি [সং (সম্যক্)+নম্ (নত হওয়া, নমস্কার করা)+তি (ভা০)] বি, অতিশয় নত হওয়ার ভাব; বিনতি। ২ প্রণাম; প্রণতি। ৩ নম্রভাব; বিনয়। ৪ হোমবিঃ। ৫ শব্দ। বিণ, সন্নত-প্রণত। ২ শব্দিত।

সন্নদ্ধ [সং-নহ্ (বন্ধন করা)+ত (র্ম)] বিণ, সংবদ্ধ। ২ বর্ম্ম ও অস্ত্রাদিতে সজ্জিত; সাঁজোয়া পরা; বর্ম্মিত। ৩ বাহুদেশে কবচ বদ্ধ। ৪ শ্রেণীবদ্ধ। ৫ বূহিত।

সন্না [সং-সন্দংশ >] বি, ছোট চিমটা।

সন্নাহ [সং (সম্যক্)+নহ্ (বন্ধনে)+অ (ণে)] বি, বর্ম্ম; সাঁজোয়া। ২ কবচ। বিণ, সন্নাহ্য [সন্নাহ+য (যুক্তার্থে)] সাঁজোয়া পরিহিত; বর্ম্মিত।

সন্নিকট [সম্ (সম্যক্)+নিকট] বিণ, খুব কাছে অবস্থিত। ২ বি, সন্নিধি। ক্রি-বিণ, সন্নিকটে-পার্শ্বে; কাছাকাছি।

সন্নিকর্ষ [সং+নি+কৃষ্ (আকর্ষণ করা) +অ (ভা০)] বি, সান্নিধ্য। ২ ন্যায়মতে সামান্য লক্ষণা, জ্ঞান লক্ষণা ও যোগজ এই ৩ প্রকার অলৌকিক প্রত্যক্ষ সাধন উপায়।

সন্নিকর্ষণ [সং+নি+কৃষ্ (আকর্ষণ করা)+অন (ভা০)] বি, নৈকট্য; সন্নিধান।

সন্নিকৃষ্ট [সং+নি+কৃষ্+ত (র্ম)] বিণ, অতিশয় নিকটবর্ত্তী; সন্নিহিত।

সন্নিধাতা [বৌ০ রাষ্ট্রীয় পরিঃ] বি, রাজকরের হিসাব লিখিয়া যিনি উহা রাজকোষে জমা দিতেন (বৌদ্ধভারত)।

সন্নিধান [সং+নি+ধা+অন (র্ম)] বি, নিকট; সন্নিধি; সমীপ। ২ সমাগম। ৩ আশ্রয়।

সন্নিধাপন [সং+নি+ধা+ণিচ্=ধাপি (ধারণ করান)+অন (ভা০)] বি, সমীপে রক্ষা; সংস্থাপন। ~নী-বি, অঙ্গুলী মুদ্রাবিঃ।

সন্নিধি [সং+নি+ধা+ই (র্ম)] বি, সমীপ; সন্নিধান।

সন্নিপতিত [সং (সম্যক্)+নি+পত্ (গমনে, পতনে)+ত (র্ম)] বিণ, পতিত। ২ আপতিত; আগত। ৩ অবতীর্ণ। ৪ সংমিলিত।

সন্নিপাত [সং+নি+পত্ (গমন করা) +অ (ভা০)] বি, আপতন। ২ অবতরণ। ৩ বিনাশ। ৪ সমূহের মিলন; সমষ্টি; সমূহ। ৫ বাত পিত্ত কফের সংমিলনজাত বিকাররোগ।

সন্নিপাতন [সং+নি+পত্(গমন করা) +ণিচ্=পাতি+অন (ভা০)] বি, আপতন। ২ অবতরণ। ৩ সংমিলন।

সন্নিবদ্ধ [সং (সম্যক্) + নি + বন্ধ্ (বন্ধন করা) + ত (র্ম্ম), ত=ধ] বিণ, একত্র বদ্ধ; সম্বদ্ধ; সন্নিবিষ্ট। ২ দৃঢ়বদ্ধ। ৩ গ্রথিত।

সন্নিবন্ধ [সং (সম্যক্) + নি + বন্ধ্ (বন্ধন করা) + অ (ভা০)] বি, সন্নিবেশ। ২ গ্রন্থন। ৩ দৃঢ়বন্ধন। ৪ প্রবন্ধ রচনা।

সন্নিবন্ধন [সন্নিবন্ধ (দ্রঃ) + অন (ভা০)] বি, গ্রন্থন; সংকলন। ২ দৃঢ়বন্ধন। ৩ নিবন্ধন (দ্রঃ)।

সন্নিবিষ্ট [সং (সম্যক্) + নি + বিশ্ (প্রবেশ করা) + ত (র্ত্তৃ)] বিণ, সমুপস্থিত। ২ সন্নিকটস্থ। ৩ প্রবিষ্ট। ৪ উপবিষ্ট।

সন্নিবৃত্ত [সং + নি + বৃত্ + ত (র্ত্তৃ)] বিণ, প্রত্যাগত। ২ বিরত। বি, **সন্নিবৃত্তি** [সং + নি + বৃৎ + তি (ভা০)] সম্যক্ নিবৃত্তি; বিরতি। ২ প্রত্যাবর্ত্তন।

সন্নিবেশ [সং + নি + বিশ্ (প্রবেশ করা) + অ (ভা০)] বি, সংস্থাপন; সংস্থিতি। ২ বিন্যাস। ৩ সংযোগ; মিলন। ৪ সন্নিধি; সমীপ। ৫ আশ্রয়। ৬ নগরের বহির্দ্দেশস্থ প্রদেশ। ৭ নগরের বহির্দ্দেশস্থ বিহারভূমি। ৮ সমষ্টি। ~দোষ [জ্যো০ (ক০ বিশ্ব০ পরিঃ)] ইং error of judgment এর বৈজ্ঞা০ পরিঃ।

সন্নিভ [সং + নি + ভা (দীপ্তি পাওয়া) + অ (র্ত্তৃ)] বিণ, তুল্য; সদৃশ।

সন্নিহিত [সং + নি + ধা (ধারণ করা) + ত(র্ম্ম)] বিণ, সন্নিবেশিত; সংস্থাপিত। ২ সমীপবর্ত্তী; নিকটস্থ। ৩ ইং adjacent এর বৈজ্ঞা০ পরিঃ; সংলগ্ন (দ্রঃ)।

সন্ন্যস্ত [সম্ + নি + অস্ (ক্ষেপণ করা) + ত (র্ম্ম)] বিণ, গচ্ছিত; সংরক্ষিত। ২ সমর্পিত। ৩ নিক্ষিপ্ত।

সন্ন্যাস [সং + নি + অস্ (ক্ষেপণ করা) + অ (ভা০)] বি, সর্ব্বত্যাগ। ২ সংসার বাসনা ত্যাগ; চতুর্থ আশ্রম; ভিক্ষুধর্ম্ম। "সম্ভাবনা শিবের সন্ন্যাসী নাহি জান। কপট সন্ন্যাস করি কষ্ট পাও কেন?"-শি০। ২ গচ্ছিত স্বরূপ ধারণ বা রক্ষণ। ৩ সমর্পণ। ৪ রোগ-বিঃ; যে রোগে হঠাৎ মৃত্যু হয় apoplexy. ~গাছ [গাজনের সন্ন্যাসীদের দ্বারা প্রোথিত হয় বলিয়া নাম] বি, চড়ক গাছ। "চৈত্র মাসে শিব পূজে আর সন্ন্যাস গাছ তোলে।" -পূ০ ব০ গী০। ~ধর্ম্ম-বি, সন্ন্যাসীদের আচরিত ধর্ম্ম; বৈরাগ্য বা ত্যাগ ধর্ম্ম।

সন্ন্যাসী [সন্ন্যাস + ইন্ (স্ত্য০)=সন্ন্যাসিন্ ১মা, ১ব০। গ্রা০ সন্নিসি] বিণ, চতুর্থাশ্রমী; যে সংসারাশ্রম ত্যাগ করিয়া ভিক্ষু হইয়াছে। "সম্ভাবনা শিবের স০ নাহি জান। কপট সন্ন্যাস করি কষ্ট পাও কেন?"-শি০। ২ সর্ব্বত্যাগী; বিরাগী। "হবে কোন বিদেশী প্রণয়ের স০"-গান। ৩ চৈত্রমাসে গাজনোৎসবে ব্রতী; গাজনের সন্ন্যাসী। স্ত্রীং সন্ন্যাসিনী। মূল সন্ন্যাসী-বি, গাজনের সন্ন্যাসীদিগের প্রধান। অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট [লক্ষ০] ব্রতীর সংখ্যাধিক্যবশতঃ নানা মতের গণ্ডগোল ও বিশৃঙ্খলা হেতু ব্রত পণ্ড হওয়া।

সন্মতি [সং-সম্মতি শব্দের স্থলে গ্রা০ প্রয়োগ] সম্মতি দ্রঃ। সন্মত-সম্মত দ্রঃ।

সন্মান [সং-সৎ + মান=সন্মান (উত্তম মান্য)। বাং-য় এই অর্থে প্রয়োগ নাই কিন্তু সং-সম্মান (দ্রঃ) শব্দের স্থলে গ্রা০ প্রয়োগ আছে] সম্মান দ্রঃ। বিণ, সন্মানিত-সম্মানিত দ্রঃ।

সন্মার্গ [সৎ (উত্তম) + মার্গ (পথ), ধা] বি, সৎপথ; সুপন্থা। বিণ, সন্মার্গী-সৎপথের পথিক; সচ্চরিত্র।

সন্মুখ [সং-সম্মুখ শব্দের ব্যা০-দুষ্ট গ্রা০ প্রয়োগ] সম্মুখ দ্রঃ।

সপ [আ০ সফ্] বি, বড়মাদুর। "বিচিত্র চন্দ্রাতপ টাঙ্গায়ে ফেলে সপ প্রশস্ত পরম যতনে"-ম০।

সপক্ষ [স (সহিত) + পক্ষ (সহায়) যার, বহু০] বিণ, সদল; সহায় বা দলবলসহ। ২ [স (সমান) + পক্ষ] পক্ষাবলম্বী। ৩ অনুকূল। এই অর্থে গ্রা০ ব্যবহারে সাপক্ষ। "তবে তার কারে ভয় যারে সাপক্ষ হইয়ে হরি দেন পদ অভয়"-গান। ৪ [স (সহিত) + পক্ষ (পাখা)] পাখাযুক্ত। বি, ~তা-পক্ষাবলম্বন। ২ আনুকূল্য।

সপত্ন [সং-সপত্নী < সং-সপত্ন < পা০ সপত্ত] বি, পূর্ব্বপতি। ২ প্রতিদ্বন্দ্বী; শত্রু।

সপত্ন [সং। সপত্নী + অ (তুল্যার্থে)] বি, শত্রু। "সপত্নভয়হারিণী"-বাসবদত্তা।

সপত্নী[1] [স (সমান) পতি (স্বামী যার, বহু০) + ঈ (স্ত্রীং), ন আগম] বি, পতির অন্য-পক্ষের স্ত্রী; সতীন।

সপত্নী[2] [স (সহিত) পত্নী] বিণ, পত্নীর সহিত বিরাজিত। ~ক-ক্রি-বিণ, সস্ত্রীক; স্ত্রী-সমভিব্যাহারে।

সপন[1] [ছয় (৬) পণ (২০ গণ্ডা)=ছপন= সপন, ছ=স] বিণ, ১২০ গণ্ডা। "দোলায় চেপে সপন কড়ি গুণতে গুণতে যায়"-ছড়া।

সপন[2], **সপ্ন** [স্বপ্ন > ভ্রং] বি, স্বপ্ন।

সপরদা [ফা০ সর্‌ফর্‌দা,-দাঈ (বহুব০) > হিং সপরদাই] বি, বাইনাচে বাদিত্রসহ বাদক; তায়ফার নাচগানের ওস্তাদ; নর্ত্তকীর ভেড়ুয়া musician (s) attending a dancing girl.

সপরিবার [স (সহ) পরিবার (স্ত্রী)] ক্রি-বিণ, সস্ত্রীক। ২ [এই অর্থে সপরিবারে' ও০] স্ত্রীপুত্রাদিসহ; পরিবারবর্গ-সমভি-ব্যাহারে। এই অর্থে সপরিবারে। "সেদিন শ্বশুরালয়ে রহিলা সপরিবারে।"-শি০। ২ গোষ্ঠী সহিত।

সপর্য্যা [সং] বি, পূজা; সম্মান; সমাদর।

সপসপ, **সপ্‌সপ্** [অনু০। মূলে সং-প্সা (ভোজন করা) > বি, অনুকরণ শব্দ। ২ শ্বাস গ্রহণের সঙ্গে সঙ্গে অন্নাদি দ্রুতবেগে গলাধঃকরণ করা। ৩ সম্পূর্ণ সিক্ত। প্র-ভিজে সপ্‌সপ্ করুচে। ক্রি, সপসপানি -সপসপ করা। অস ক্রি,-সপসপিয়া-[গ্রা০ সপসপিয়ে] সপসপ করিয়া। সপাসপ -অ, সরস বা জলীয় পদার্থসহ অন্নাদি দ্রুত গলাধঃকরণ।

সপা-স'পা দ্রঃ।

সপাং [অনু০] বি, বায়ুমণ্ডলে ছাঁচি বেত বা চাবুক আস্ফালন শব্দ। ২ কশাঘাত শব্দ। প্র-তাকে সপাং সপাং করিয়া বাকতক বেত মারিল।

সপাৎ [অনু॰। প্রা॰ছপাৎ। সর্পপাত >?] বি, সপাং দ্রঃ।

সপিণ্ড [স (সমান) পিণ্ড যার, বহু] বি, সপ্তম পুরুষান্তর্গত জ্ঞাতি ; এক বংশ।

সপিণ্ডী/কর্রণ (সং) [সপিণ্ড-করণ, মধ্যে ঈ (চি)] বি, পিতৃপিণ্ডের সহিত প্রেত-পিণ্ডের মিশ্রণ ; প্রেতত্ব মোচনার্থ মৃত্যুর এক বৎসর পরে কৃত্য শ্রাদ্ধ। বিণ, ~কৃত।

সপিনা [ইং subpœna র লিপ্যন্তর] বি, বিচারালয়ে হাজির হইবার আদেশ পত্র বা হুকুমনামা। সং দেওয়া, সং ধরানি -আদালতের তলবনামা ব্যক্তিবিশেষের উপর জারি করা। "এখন আবার সাক্ষ্যের সপিনা ধরাইয়া ও কি মুস্কিল।"-গল্পগুচ্ছ (রবী॰)।

সপুত্র [স (সহিত)+পুত্র। এই অর্থে 'সপুত্রক' ও॰] ক্রি-বিণ, পুত্রের সহিত। "দারওয়ান সং লছমনকে হাজির করিল। -উত্তরা।

সপেটা [পর্তু॰ zapota, ইং sapota] বি, বিদেশজাত খাদ্যফলবিঃ। ২ বকুলের মত বৃক্ষ ও তার স্বাদু ফল Achras sapota.

সপ্ত [সপ্ (সমবায়ে)+তন্ (র্ম)=সপ্তন্ ১মা বহুবচনে ন্ লোপ] বি, সাত সংখ্যক ; সাত। ~ক [সপ্তন্+ক্] বিণ, সপ্তসংখ্যা বিশিষ্ট ; সাতের পূরক। ২ [সঙ্গীতশা॰] স, র, গ, ম, প, ধ, ন এই সাতটি সুর লইয়া এক একটি সপ্তক হয়। সুরের ক্রমোচ্চতা অনুসারে সপ্তক অনেক হতে পারে, কিন্তু মনুষ্যের কণ্ঠনিঃসৃত সুরে ত্রিসপ্তকই গণনীয়। এই ত্রিসপ্তক হৃদয়, কণ্ঠ ও মস্তক হতে উৎপন্ন হয়, তদনুসারে মন্দ্র, মধ্য ও তার নামে অভিহিত হইয়াছে। সাধা॰ এই ত্রিসপ্তক উদাত্ত, অনুদাত্ত ও স্বরিৎ বা উদারা মুদারা ও তারা নামে অভিহিত হয়। মন্দ্রমধ্যতার =খাদ, মাঝারি, উচ্চ এই তিন সপ্তক, খাদ-সপ্তকের সুরের চিহ্ন হসন্ত, উচ্চ সপ্তকের সুরের চিহ্ন রেফ, মাঝারি সপ্তকের সুরে কোন চিহ্ন দিতে হয় না, যথা-স্, স, র্স। এই তিন সপ্তকের অধিক যদি কখনও সুরের ব্যবহার আবশ্যক হয়, তখন রেফ কিম্বা হসন্তের সংখ্যা বাড়াইলেই চলিবে।~কী [সপ্তক+ঈ (স্ত্রীং)] বি, সাতনরী, কটিভূষণ বা কাঞ্চী। ~গ্রন্থিগুণ্ড-বি, সাতটি গাঁটযুক্ত শুণ্ডবিশিষ্ট জীব। ~গ্রাম-বি, সাঁতগাঁ নামক বঙ্গের বিশিষ্ট জনপদ। ২ [সঙ্গীত শা॰] সা-রি-গা -মা-পা-ধা-নি গীত বাদ্যের এই সাতটি স্বরের শ্রেণী ; সপ্তস্বর। ~চত্বারিংশ-বি, ৪৭ এই সংখ্যা। ২ বিণ, সাতচল্লিশের পূরক। >স্ত্রীং ~চত্বারিংশী। ~চত্বা--রিংশৎ-বি, বিণ, সাত অধিক চল্লিশ সংখ্যা বা অংক ; ৪৭ সংখ্যক। ~চত্বারিংশত্তম -বিণ, ৪৭ সংখ্যার পূরক। >স্ত্রীং ~ী। ~চ্ছদ [সপ্ত+ছদ (পত্র) যার, বহু॰] বি, ছাতিম গাছ। ~জিহ্ব [সপ্ত (সাত) জিহ্বা যার, বহু॰] বিণ, সাতটী জিহ্বা অর্থাৎ শিখা-বিশিষ্ট। ২ অগ্নি (অগ্নির সাতটী জিহ্বার নাম-কালী, করালী, মনোজবা, সুলোহিতা, সুধূম্রবর্ণা, উগ্রা এবং প্রদীপ্তা। মতান্তরে উগ্রা ও প্রদীপ্তা স্থলে স্ফুলিঙ্গিনী ও বিশ্বরূপিণী। সাত্ত্বিকগণের যাগকর্মে নামান্তরে-হিরণ্যা, কনকা, রক্তা, কৃষ্ণা, সুপ্রভা, বহুরূপা, অতিরক্তা এবং কাম্যকর্মে-পদ্মরাগা, সুবর্ণা, ভদ্রলোহিতা, লোহিতা, শ্বেতা, ধূমিনী ও করালিকা এই সাতটী জিহ্বা)। ~জ্বাল [সপ্ত (সাত) জ্বালা (অগ্নি শিখা) যার, বহু॰] বি, সপ্তজিহ্ব (দ্রঃ) অগ্নি। ~তন্তু [সং] বি, যজ্ঞ। ~তন্ত্রী-বিণ, সপ্ত তন্ত্রযুক্ত। ২ বি, ৭ তারযুক্ত ততযন্ত্রবিঃ। ~তল-বিণ, সাত-তলা (হর্ম্যাদি)। ~তাল-বি, সাতটি তাল গাছ। "সুগ্রীবের পক্ষ হৈলা সপ্ততাল ভেদ কৈলা।"-অং ম॰। ২ [সং-সপ্ত+হিং তালাব্ >তাল] সপ্ত সরোবর ; সাত পুকুর। "সপ্ত-তাল হয়ে গেল মগরার জল।"-কবিক॰। ~তি [সপ্ত (সাত)+দশতি] বি, সত্তর সংখ্যা ; ৭০। >~তিতম [সপ্ততি + তমট্ (পূরণার্থে)] বিণ, সপ্ততি সংখ্যার পূরক ; ৭০ সংখ্যক। >স্ত্রীং~তিতমী। ~ত্রিংশ-বি, বিণ, ৩৭ সংখ্যা বা অঙ্ক ; সাঁইত্রিশ সংখ্যক। ~ত্রিংশৎ-বিণ, ৩৭ সংখ্যক। ~ত্রিংশ-ত্তম-বিণ, ৩৭ সংখ্যার পূরক। >স্ত্রীং ~ী। ~দশ-বি, বিণ, সতের সংখ্যা ; ১৭র অঙ্ক ; ১৭ এই সংখ্যক। ~দীধিতি [সপ্ত-দীধিতি (প্রভা) যার, বহু॰] বি, অগ্নি। ~দ্বীপ-বি, সসাগরা পৃথিবীকে প্রাচীন আর্য্য ঋষিরা সাত মহা বিভাগে বিভক্ত করেন, ঐগুলি এই নামে অভিহিত ; জম্বু, কুশ, প্লক্ষ, শাল্মলী, ক্রৌঞ্চ, শাক ও পুষ্কর এই সাত। "সপ্তদ্বীপ মাঝে ধন্য ধন্য জম্বুদ্বীপ। তাহাতে ভারতবর্ষ ধর্মের প্রদীপ।"-অং মং। ~দ্বীপা [সপ্তদ্বীপ+আ (স্ত্রী॰)] বি, পৃথিবী। ~ধা [সপ্তন্+ধা (প্রকারার্থে), ন্ লোপ] অ, সাতদিকে। ২ সাত প্রকারে। ৩ সাতবার। ~ধাতু-বি, রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা ও শুক্র-শরীরের এই সাত ধাতু। ~নাড়ীচক্র [ফ॰ জ্যো॰] বি, সর্পবলয়াকৃতি গণনাচক্রবিঃ। ~পর্ণ, ~পত্র-ছাতিম গাছ ; সপ্তচ্ছদ (দ্রঃ)। ~পদী-বিণ, সাতটি পাদবিশিষ্ট। ২ [স্মৃ॰] বিবাহমণ্ডলিকায় বরবধূর এক সঙ্গে সাত পা গমনরূপ সংস্কার। ~পাতাল-বি, সাতটি অধোভুবন ; তল, অতল ; বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল। ~প্রকৃতি-বি, পঞ্চভূত, মহৎ এবং অহঙ্কার। ~ভূমিক [সপ্ত + ভূমি+ক (যুক্তার্থে)] বি, সাততলা। "অনাথপিণ্ডদের বাসভবন সপ্তভূমিক"-জাতক,১।৪০। ~ম-দ্রঃ।~মা-দ্রঃ।~রক্ত-বি, করতল, পদতল, অপাঙ্গ, জিহ্বা, তালু, ওষ্ঠ ও নখ এই সপ্ত রক্তাভ শরীর-স্থান।~রথী-বি, সাতজন রথারোহী যোদ্ধা। ২ [মহা॰] একযোগে অভিমন্যু বধকারী ৭ জন মহারথ দ্রোণ, কর্ণ, দুঃশাসন, শকুনি, কৃপাচার্য্য, অশ্বত্থামা, দুর্য্যোধন। ৩ [লক্ষ॰] চতুর্দিকে বেষ্টিত বিপদব্যূহ। ~শতী -দ্রঃ। ~শলাক-দ্রঃ। ~সপ্তি [সপ্ত+সপ্তি (অশ্ব) যার, বহু॰] বি, সপ্তাশ্ব ; সূর্য্য। [দ্রঃ-এই অশ্ব বেদের-গায়ত্রী, ত্রিষ্টুপ, অনুষ্টুপ, উষ্ণিক্, জগতী, বৃহতী, পঙক্তি এই সাত ছন্দ] ~সাগর-বি, লবণ, ইক্ষু, সুরা, সর্পি, দধি, দুগ্ধ, জল এই ৭ সমুদ্র।~সিন্ধু-বি, সাতসমুদ্র।~সুর, ~স্বর (শং) [সঙ্গীত শা॰] বি, ষড়্জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ (ফে॰ সা-রে-গা-মা -পা-ধা-নি) এই সাত। ~স্বরা-দ্রঃ।

সপ্তম [সপ্তন্ (সাত)+ম (পূরণার্থে)] বিণ, সাত সংখ্যার পূরক। স্ত্রীং সপ্তমী-

বিণ, ৭ সংখ্যার পূরণকারিণী। ২ বি, চান্দ্র পক্ষের সপ্তম দিবসীয় তিথিবিঃ। > ~তঁৎপুরুষ [ব্যা॰] বি, সপ্তমী বিভক্ত্যন্ত পদ পূর্ব্বস্থ হইয়া যে সমাস। যথা—গৃহাগত (গৃহে আগত)।

সঁপ্তমা [সং—সপত্নী অর্থে সৎ, প যোগে =সপ্ত(সতীন)+মা] বি. সৎ মা। "সপ্তমায়ের পায়, সমর্পিয়া মোর মায় গেলা বাপ গউড নগর॥"—কবিক॰।

সঁপ্তর্ষি [জ্যো॰। সপ্ত (সাত)+ঋষি (মুনি), যা] বি. মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য পুলহ, ক্রতু, বশিষ্ঠ এই সাতটি নামে খ্যাত সাতটী তারকা—সাতটী ঋষি বলিয়া প্রসিদ্ধ; চিত্রশিখণ্ডী ursa major. ~মঁণ্ডল—বি, সপ্তর্ষির অবস্থিতি স্থান। ২ [জ্যো॰ ursa major এর বৈজ্ঞা॰ পরিঃ।

সঁপ্তলা [সং] বি, কোমল রোমশ যূথির ন্যায় পত্রবিশিষ্ট পুষ্পবৃক্ষ ও জাতিফুল; বড় কুন্দ; নবমালিকা।

সঁপ্তশঁতী [সাত শত শ্লোক হেতু নাম] বি, চণ্ডিকা মাহাত্ম্যসূচক গ্রন্থ মার্কণ্ডেয় চণ্ডী। "পূজার পদ্ধতি ধরে পুরোধা ব্রাহ্মণ। সাবধানে সং পড়ে কত জন॥"—ধ॰ ম॰ (রামনারায়ণ)। "শতেক ব্রাহ্মণে পাঠ করে সং।"—কবিক॰। ২ সপ্তশত। ৩ বঙ্গের গ্রাম যথায় সপ্তশতী ব্রাহ্মণের উপনিবেশ স্থাপিত হইয়াছিল। ৪ ব্রাহ্মণভেদ; প্রাচীনতম বঙ্গের সাত শত আদিম ব্রাহ্মণ। ৫ বিণ, সপ্তশত সম্বন্ধীয়।

সপ্তশঁলাক, -কা [ক॰ জ্যো॰] বি, বিবাহের শুভাশুভকাল নির্ণয়াত্মক চক্রবিঃ।

সঁপ্তস্বরা [সপ্ত (সাতটী) স্বর (যাতে), বহু॰] বি, কাংস্য প্রভৃতি সাতটী পাত্রে যথাযোগ্য জলপূর্ণ করিয়া পাত্রের প্রান্তে কাঠির আঘাত দ্বারা বাজাইবার বাদ্যযন্ত্রবিঃ; জলতরঙ্গ বাদ্য।

সঁপ্তা—সপ্তাহ দ্রঃ।

সঁপ্তাংশু [সপ্ত (সাত)+অংশু (কিরণ) যার, বহু॰] বি, অগ্নি। ~পুঙ্গব [সপ্তাংশু-পুঙ্গব (প্রধান)] বি, শনিগ্রহ।

সঁপ্তাঙ্গ [সপ্ত (সাত)+অঙ্গ যার, বহু॰] বি, সাতটী রাজ্যাঙ্গ—স্বামী, অমাত্য, সুহৃৎ, কোষ, রাষ্ট্র, দুর্গ ও বল।

সঁপ্তার্চ্চিঃ [সপ্ত (সাতটী)+অর্চ্চি(প্রভা) যার, বহু॰] বি, অগ্নি; সপ্তজিহ্ব দ্রঃ।

সঁপ্তাশ্ব [সপ্ত (সাত)+অশ্ব যার, বহু॰] বি, সূর্য্য। ~বাহঁন [সাতটী অশ্ব হইয়াছে বাহন যার, বহু॰] বি, সূর্য্য।

সঁপ্তাহঁ [গ্রা॰ সপ্তা। সপ্ত (সাত) যে অহন্ (দিন), যা। অহন্=অহ। চট্ট॰ প্রাদে॰ হপ্তাহ, হপ্তা; হাপ্তা] বি, সাতদিন। "এইরূপে মজুমদার সং যাবত। যোগাইলা যত দ্রব্য কি কব তাবত॥"—অ॰ ম॰।

সঁপ্ন—সপন দ্রঃ।

সঁপ্রতিভঁ [স (সহিত) প্রতিভ(প্রতিভা-যুক্ত)] বিণ, প্রতিভান্বিত। ২ অসঙ্কুচিত; স্বচ্ছন্দ। "তথাপি সে সমস্তই অগ্রাহ্য করিয়া সং ভাবে বড় গলা করিয়া ডাকিল—মা!"—ভারতী, ১৩২০। ৩ অসাধারণ বুদ্ধিমান।

সঁফঁর১ [আ॰] বি, মুসলমানী বৎসরের দ্বিতীয় মাস।

সঁফঁর২ [আ॰ সফর্] বি, বিদেশ ভ্রমণ; পর্য্যটন। "এবার সফরে পাঠাও অন্তজন।" —কবিক॰। ২ সহর; নগর। "শিবা ভট্ট মহানষ্ট হস্তিনা নগরী আর যত সফর কহিতে না পারি॥"—কবিক॰। বিণ, সঁফঁরিয়া, সঁফঁরি—ভ্রমণকারী। ২ সওদাগর। "সফরিয়া নানা দ্রব্য আনয়ে জাহাজী।" —অ॰ ম॰। ৩ বিণ, জাহাজী; বাণিজ্য সংক্রান্ত। "সফরিয়া যত বস্ত্র"—মনসা ম॰ (বংশী॰)। ৪ বিদেশ হতে আনীত। ˋসঁফিরি আম—পেয়ারা। ˋসঁফিরি কঁলা—মর্ত্তমান কলা। ˋসঁফিরি গুয়া—সুপুরি।

সঁফঁরদা—সপরদা দ্রঃ।

ˋসঁফরী [সং] বি, প্রোষ্ঠী; পুঁটিমাছ। "সফরী কি ধরে প্রাণ বারির বিহনে।"—ব্রজাঙ্গনা। ~নৃত্য—বি, চপল বা চঞ্চল পদে নৃত্য। ২ চাঞ্চল্য; চপলতা। "এই চপল সং নৃত্যের মধ্যে তারই বা অবসর কোথায়।"—ভারতী, কার্ত্তিক, ১৩২৯। সঁরঁল সঁফরী—সরল পুঁটি। "সরল সফরী ভাজা চিংড়ী।"—কবিক॰।

ˋসঁফঁল [স(সহিত)+ফল যার, বহু॰] বিণ, ফলবান্; ফলবিশিষ্ট। ২ সুসিদ্ধ; সিদ্ধকাম। ৩ লাভজনক। ~কাম—বিণ, সিদ্ধমনোরথ; পূর্ণবাসনা। ~তা—বি, সিদ্ধি; সাফল্য; কার্য্যসিদ্ধি; ফললাভ success.

সঁফলীকৃঁত [সফল+চ্বি=সফলী+কৃত] বিণ, যা সুসিদ্ধ করা হইয়াছে; যা ফলে পরিণত করা হইয়াছে। ২ কৃতসিদ্ধ।

সঁফা [আ॰ সফ্হা] বি, পৃষ্ঠা page; sheet. ২ [জমিদারী সেরেস্তায়] জমিজমার হিসাবের কাগজের পৃষ্ঠা।

সঁফিনা [আ॰ সফীনা। ইং subpoena] বি, আদালতের তলবানা; বিচারালয়ে হাজীর হইবার আদেশপত্র; সপিনা দ্রঃ।

সঁফিনামা [আদা॰। আ॰শফী (mediation)+ফা॰ নামা]] বি, মোকদ্দমায় দুই পক্ষ আপোস রফা করিলে আসামী সেই রফায় অর্থাৎ রাজীনামায় যে অঙ্গীকার পত্র লিখিয়া দেয় বা স্বতন্ত্র স্বীকার পত্র লিখিয়া আদালতকে জ্ঞাত করে।

সঁফেদ [ফা॰ 'সুফেদ্' ও 'সুফ্এদ্' এর মাঝামাঝি উচ্চারণ] বিণ, শুভ্র; শ্বেত।

সঁফেদা [উ সফেদা। শ্বেতবর্ণ বলিয়া নাম] বি, চালের গুঁড়ী। ২ লক্ষ্ণৌএর প্রসিদ্ধ খরমুজাবিশেষ। ৩ লক্ষ্ণৌএর প্রসিদ্ধ আম্রবিঃ; সফেদা আম। ৪ সবুজের উপর শ্বেতাভ গোলাকৃতি ছোট আমড়ার মত বন্য ফলবিঃ। ৫ সীসক ধাতুজাত শ্বেতবর্ণ দ্রব্য white lead.

ˋসঁফেদী [উ॰ সফেদী] বি, কলিচূণ গোলা জল। সঁফেদী কঁরা, -ধঁরানি, -লাগানি—ক্রি, চূণকাম করা। white washing.

ˋসঁফেন [স (সহিত) ফেন] বিণ, ফেনযুক্ত; ফেনাময়। "সফেন তরঙ্গ ছুটে মহাবলে।" —প্রেম ও ফুল।

সঁব্, সঁব১ [ইং sub এর লিপ্যন্তর] বিণ, অধঃস্তন; নিম্নস্থ; অধীন under. ~ইন্‌স্‌পেক্টর—বি, ইনস্‌পেক্টরের নিম্নস্থ কর্ম্মচারী sub-inspector. ~এঁসিষ্টাণ্ট—বি (প), সহকারীর নিম্নপদস্থ sub-assistant. ~জঁজ—বি, দেওয়ানী নিম্ন আদালতের জজ; সদর

আলা sub-ordinate judge, ~জুডিস্-বিণ, বিচারাধীন sub-judice. ~ডেপুটী-বি, ডেপুটীর সহকারী বা অব্যবহিত অধস্তন কর্ম্মচারী sub-deputy. ~রেজিষ্ট্রার-বি, রেজিষ্ট্রারের সহকারী-বা নিম্নপদস্থ কর্ম্মচারী।

সঁব$_2$ [সং-সর্ব্ব > সব, সবা। প্রা° বাং-সভে, সভা, সমা। "আমা সবার দুর্গতি হরুকা সে ভগবতী।"-দুর্গামঙ্গল। "অনুব্রাজি তারে সভে গেলা কথোদূর।"-চৈ° ম°। "সভার পূরিল অভিলাষ।"-চৈ° ম°] বিণ, সকল; সমগ্র; সমস্ত। "কালী সব ঘুচালে লেটা।"-রা° প্র°। "ফেলিয়া দিয়াছি আমি যত অলঙ্কার রতন মুকুতা হীরা সব আভরণ।"-ব্রজাঙ্গনা। ২ গণ; সমূহ। "পাখী সব করে রব রাতি পোহাইল।"-ম° মো° ত°। ৩ বি, সর্ব্বজন; সকল ব্যক্তি। ৪ সর্ব্বস্ব। প্র-সে সব খুইয়ে এখন পথের ভিখারী হয়েছে। ৫ [প্রা° বাং-য়] শব। "ত্রিলোচন বোলেন শুন আহ্মার বচন। সব রূপী হএ ভেসে আসিল নারায়ন॥"-শূ° পু°। সম্বন্ধে-সঁবার, সঁবাকার। প্রা° বাং সঁবঁকঁর$_1$। ~চিন-বিণ, সকলের সহিত যার চেনা পরিচয় আছে; সর্ব্বপরিচিত। ২ যে সকল স্থান, সকল লোক ও সকল দ্রব্য চেনে। ~চুল-সমগ্রকেশ। ~জান, ~জান্তা-বিণ, যে সব জানে; সর্ব্বজ্ঞ। ২ [বিদ্রূপোক্তিতে] যে কিছুই ভাল করিয়া জানে না অথচ জানে এরূপ ভাণ করিয়া সকল বিষয়ে দখল দিতে যায়। ~লুট, -লুঠ, -লোট-দ্রঃ। ~শুদ্ধ, ~সুদ্ধ [সুদ্ধ দ্রঃ] অ, সর্ব্বসমেত; সমস্ত লইয়া; মোট। আমা সঁব-স, আমরা সকলে। আমা সঁবাকার-স, আমাদের সকলের। তু'ম সঁব [প্রা° বাং। ম° বাং। পদ্যে-তোমা সবে] তোমরা সকল বা সকলে। "তুমি সব শোক কর কিসের কারণ।"-মহা° (বিজয়°)। তো সঁবা-স, তোরা সকলে। তো সঁবার-স, তোদের সকলের।

সঁবংশে [স (সহিত) বংশে (র)] ক্রি-বিণ, সন্তান-সন্ততি সহ; কুলের সকলের সহিত।

`সঁবঁক [সেবক > দ্রং। প্রা° বাং] বি, সেবক। "যোগনিদ্রা কর ভঙ্গ, সবকর দেখ রঙ্গ; পরিহার তব চরণে।"-ধর্ম্মপূজা পদ্ধতি (রামাই)। সম্বন্ধে, সঁবঁকঁর$_2$-সেবকের। "সবকর দেখ রঙ্গ"-শূ° পু°।

সঁবজ্জঁ [ইং subjudge এর লিপ্যন্তর] বি, সব্ দ্রঃ।

সঁবজা, সঁবজী-সব্জী দ্রঃ।

`সঁবটা [সব+গোটা > টা (এখানে শেষ না রাখিয়া বা নিঃশেষেই)। আধিক্যার্থে-টা, আদরার্থে-টি। অল্পার্থে-টুক্, টুকু, টুকি-টুকি, টুকু টুকু] অ, শেষ না রাখিয়া সমস্তই।

সঁবঁন [সু (প্রসব করা)+অন] বি, যজ্ঞ। ২ যজ্ঞস্নান। ৩ সোমরস পান। ৪ চন্দ্র। ৫ প্রসব।

সঁবনঁম সঁবনাম [ফা° শব্=রাত্রি. নম্=শিশির=নিশির শিশির] বি, এই নামের সূক্ষ্মবস্ত্র; ইহা এত সূক্ষ্ম যে ঘাসের উপর বিছাইয়া রাখিলে, রাত্রির শিশির পড়িয়া কাপড় দেখা যায় না,-ঘাসের উপর শিশির পড়িয়া আছে বলিয়া বোধ হয়; ঢাকার উৎকৃষ্ট সূক্ষ্ম বস্ত্রবিঃ।

সঁবঁয়াঃ [সং-সবয়স্ শব্দ] বিণ, সমবয়স্ক। ২ সমসাময়িক। ৩ বি, বয়স্য; সহচর।

সঁবরীকঁলা [সফরী (দ্রঃ) > ফ=ব প্রাদে°] বি, চাটিম কলা। "উত্তম বসন জোড় আর সবরীকলা"-মৈ° গী°।

সঁবঁর্ণ [স (সমান) বর্ণ (জাতি) যার, বহু°] বি, সমবর্ণ; সমজাতি। ২ [ব্যা°] সমোচ্চার্য্য বর্ণ; একস্থান হতে উচ্চার্য্য বর্ণ। ৩ বিণ, সমান বর্ণবিশিষ্ট। ৪ সদৃশ। ৫ [আধু° অর্থ-সম্প্রসারণে] যে হিন্দুদের মধ্যে ব্রাহ্মণাদি বর্ণ-ভেদ আছে। [বিপরীত-অবর্ণ-যারা ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয়ের বাহিরে হিন্দুর অস্পৃশ্যগণ] "মধ্য-প্রদেশের বলহারস অঞ্চলে ৫১ জন অস্পৃশ্য সবর্ণ হিন্দুদের দুর্ব্ব্যবহারে খ্রীষ্টধর্ম্মাবলম্বন করিয়াছে।"-আ° পত্রিকা, ১-১-৩৩। স্ত্রীং সঁবঁর্ণা-সমবর্ণবিশিষ্টা। ২ সজাতীয়া। ৩ বি, সূর্য্যপত্নী ছায়া।

সঁবঁল [স (সহিত) বল (শক্তি) যার, বহু°] বিণ, বলবান; শক্তিশালী। ২ দলবল সহ। ৩ সৈন্যসহ। ~তা (-লঁ-) বি, শক্তিমত্তা। ক্রি-বিণ, সঁবঁলে-জোরে; বলপ্রয়োগ করিয়া। ২ সসৈন্যে।

সঁবলুট, -ঠ, ~লোট, -ঠ [সব$_2$ দ্রঃ] বিণ, সকল রকম মজা লুণ্ঠনকারী। ২ লম্পট। ৩ সব-জান্তা; সকল বিষয়ে দখলদাতা। "প্রত্যুত সকল প্রকার কুসংস্কার বিচ্যুত ব্যক্তি যদি কেহ থাকেন তিনি হয় পরম জ্ঞানী অথবা 'সবলোঠ' হইবেন-আমরা কেহই পরম জ্ঞানী নহি, সবলোঠ হওয়া অনাবশ্যক।"-ভূদেব চরিত, ১ম ভাগ পৃ° ২৬৩, ১৩২৪। তুল-Jack of all trades.

সঁবহুমানে [স (সহিত) বহুমান > , এ অতিরিক্ত] ক্রি-বিণ, সম্মান সহকারে। "হে মহারাজ! আমরা যেমন সবহুমানে নিমন্ত্রিত হইয়া * *"-মহা° (প্র° রায়)।

সঁবসে, সঁব্‌সে [হিং। বি° কু° সরকার কর্ত্তৃক বাং-য় অবিকল গৃহীত] অ, সর্ব্বাপেক্ষা; সকলের চেয়ে। "দুনিয়ার ভিতর কোন যৌবনশক্তিটা সব্‌সে সেরা * * *"-বি° সরকার।

সঁবা-সব দ্রঃ।

**`সঁবাই** [সং-সর্ব্বাহি; সর্ব্ব > সব্ব-সবা +ই (নির্দ্ধারণে, নির্ব্বিশেষে)। প্রা° সঁব্বাই, `সঁভাই। বাং নিম্নকথ্য ও দক্ষিণ-পূর্ব্ব বিহার অঞ্চলে-"সবভাই"] বিণ, সকলেই; সর্ব্বজনমাত্র। ~কার-সকলের।

সঁবাস [স (সহিত) বাস (বস্ত্র, গৃহ, গন্ধ) যার, বহু°] বিণ, সবস্ত্র; বস্ত্র পরিহিত। ২ গন্ধযুক্ত। ৩ আশ্রমযুক্ত; গৃহস্থ।

সঁবাসা [স (সহ) বাসস্ (বস্ত্র) যার, বহু°] বিণ, বস্ত্র পরিহিত; পিহিত বাস।

সঁবিকঁল্প (ক) [স (সহিত)+বিকল্প (ইচ্ছানুযায়ী কল্পনা), +ক (স্বা°)] বিণ, দ্বৈধজ্ঞানযুক্ত; সন্দিগ্ধ। সঁ° জ্ঞান [বেদান্তে] বি, জ্ঞাতা ও জ্ঞেয়ের ভেদজ্ঞান। ২ [ন্যায় দর্শনে] বিশেষণযুক্ত বিশেষ্যের জ্ঞান।

সঁবিকাশ [স(সহিত)+বিকাশ (প্রসার) যার, বহু°] বিণ, বিকাশপ্রাপ্ত; বিস্তারিত। ২ প্রফুল্ল।

সঁবিগ্রহঁ [স (সহিত)+বিগ্রহ (অবয়ব)

যার, বহুং] বিণ, মূর্তিমান্ ; শরীরী ; দেহবিশিষ্ট। ২ দেবমূর্তিসহ। ৩ [ব্যা০] সমাস বা ব্যাসবাক্যযুক্ত। ৪ অর্থদ্যোতক ; তাৎপর্য্যসূচক।

সবিতা [সূ (প্রসব করা) + তৃ (র্তৃ) = সবিতৃ ১মা, ১ব০] বিণ, প্রসবকারী ; জনয়িতা। স্ত্রীং সবিত্রী (দ্রঃ)। ২ বি, ঈশ্বর। ৩ সূর্য্য। "বিশ্বের রক্ষিতা বিশ্বের সবিতা তাই সে সবিতা নাম।" "ওই হের স্নিগ্ধ সবিতা উদিছে পূর্ব্ব গগনে।"-রজনী সেন। ৪ অর্কবৃক্ষ; আকন্দ গাছ। ৫ [বৈদিক। সমাজবিজ্ঞা০] নাপিত। বেদে নাপিতকে ব্রাহ্মণ, সবিতা, পূষা, বিষ্ণু, নপাত, বায়ু, বরুণাদি দেবতা ও বিশেষভাবে সবিতা, এবং নাপিতাস্ত্রকে বিষ্ণুদংষ্ট্রা ও ব্রহ্মরূপ বলা হইয়াছে। অথর্ব্ব বেদে সায়ণ ভাষ্যে আছে-"যৎ যদা হে দেব সবিতঃ সংস্কারক পুরুষঃ বা ত্বং বপ্তা কেশানাং ছেত্তা নাপিতঃ" ই০ (অথর্ব্ব০ কা০ ৬। সূ০ ৬৮।২)। ভবদেব পদ্ধতিতে সাম বেদের মন্ত্রমধ্যে নাপিতকে সবিতা, বিষ্ণুদেবতা, আপো দেবতারূপে মনন করিতে বলা হইতেছে (সাম০ ম০ ১।৬।৭)।

সবিতৃদৈবত্ত [সবিতৃ (সূর্য্য) + দৈবত (দেবতা) যে নক্ষত্রের, বহুং] বি, হস্তানক্ষত্র।

সবিত্রী [সূ (প্রসব করা) + তৃ (র্তৃ) = সবিতৃ + ঈ (স্ত্রীং)] বি, প্রসূতি ; জননী ; মাতা। ২ গাভী।

সবিদ্য [স (সহ) + বিদ্যা, যে বিদ্যা সহ বিদ্যমান্, বহুং] বিণ, বিদ্বান্। স্ত্রীং ~া।

সবিধ [স (সম) + বিধ] বিণ, সমান ; সদৃশ। স্ত্রীং ~া।

সবিনয় [স (সহ) + বিনয়, বিনয়ের সহিত] বিণ, বিনীত। ক্রি-বিণ, সবিনয়ে -বিনয়পূর্ব্বক ; বিনীত ভাবে।

সবিরাম [স (সহ) + বিরাম] বিণ, বিরতি বা বিশ্রামযুক্ত ; নিবৃত্তিযুক্ত। ২ সবিচ্ছেদ intermittent. ~জ্বর-বি, যে জ্বর ছাড়িয়া ছাড়িয়া প্রকাশ পায় intermittent fever.

সবিশেষ [স (সহ) + বিশেষ] বিণ, বিশেষরূপে। "রায় বলে ভাল কালী দিলেন উদ্দেশ। ইহা হৈতে বিদ্যার শুনিব সবিশেষ।" -অ০ ম০।

সবিস্তর [স (সহিত) + বিস্তর, যা বিস্তরতার সহিত বর্ত্তমান] বিণ, সবহুল ; প্রচুর ; প্রভূত ; সমধিক।

সবিস্তার [স (সহিত) + বিস্তার, স-বি-স্তৃ(আচ্ছাদনে) + অ (ভা০)] বিণ, বিস্তার বা ব্যাপ্তিযুক্ত ; ওসারযুক্ত ; সপ্রসার ; বিশাল।

সবিস্ময় [স (সহিত) + বিস্ময় (আশ্চর্য্য) যার, বহুং] বিণ, বিস্ময়যুক্ত ; আশ্চর্য্যান্বিত। ক্রি-বিণ, সবিস্ময়ে [সং ব্যাকরণদুষ্ট রূপ। কিন্তু বাং-গ্র চ০। "সবিস্ময়ে চাহি' মহাযশঃ সৌমিত্রী-"-মেঘ০] আশ্চয্য হইয়া ; বিস্ময় সহকারে।

সবুজ [ফা০ সব্‌জ্] বিণ, হরিৎবর্ণ বিশিষ্ট। ২ [ফা০ সব্‌জা] বি, সবুজবর্ণ ; হরিৎ। ৩ [লক্ষ০] কচি বা কাঁচা বয়সের নরনারী ; নবযুবক-যুবতী; নব্যদল। "শিশুরা গলাগলি, ছুটোছুটি করে,চলেছে পুজো দেখতে। পথের ধারে জানালার ফাঁকে তার বাপ চোক ছুঁটোকে পাহারায় রেখেছে শুধু ঐ অবুঝ সবুজ দলের ওপর।"-বাঁশরী, ১৩৩৩।

সবুর [আ০ সব্‌র্। মু০ বাং-ছবর] বি, ধৈর্য্য; সহ্য। ২ কালবিলম্ব ; অপেক্ষা। সবুর করা-কালবিলম্ব করা ; ধৈর্য্যধারণ করা। "উতলায় কাজ নয় রে যাদু সবুর কর, মনকে রাখ প্রবোধিয়ে।"-বাং গান। সবুর সহে না-কালবিলম্ব বা অপেক্ষা সহ্য হয় না। সবুরে মেওয়া ফলে-ধৈর্য্যধরিয়া থাকিলে সুফল দর্শে।

সবৃদ্ধিক [স (সহিত) বৃদ্ধি + ক] বিণ, বৃদ্ধি বা সুদ সহিত ; সুদে আসলে।

সবে১ [সর্ব্ব >। পদ্যে। গদ্যে বিরল] স, সকলে ; সর্ব্বজন। "চল ভাই সবে মিলে যাই সে পিতার ভবনে"-স্কং০। ২ সকল বস্তু; সমুদয় দ্রব্য। "আর কি এ সবে সাধ আছে গো রাধার"-ব্রজাঙ্গনা। ৩ অ, সর্ব্বসাকল্যে ; সব লইয়া ; মোটে। ৪ শুদ্ধ ; মাত্র ; কেবল ; একমাত্র। "সে মর্ম্ম জানেন সবে সহস্রবদন।"-চৈ০ ভা০। "মাতাপিতা দূরে ঘর, স্বামী গেল দেশান্তর, তুমি সবে জীবন নিদান।"-কবিক০। সবে ধন নীলমণি-ধনের মধ্যে এক নীলমণি মাত্র সম্বল ; ধনরত্নের মধ্যে যা কিছু ঐ এক। সবে মাত্র-কেবল এক ; একমাত্র। "সবে মাত্র তুমি মন্ত্রী"-কমলাকান্ত।

সবে২ [সহা দ্রঃ। সহিবে ক্ষেং০] ক্রি, সহিবে ; সহ্য করিবে ; সহ্য হইবে। "পরে পরিবাদ দিলে ধরমে সবে কেমনে"-চণ্ডি০। ২ [ভার সম্বন্ধে] ধারণক্ষম হইবে।

সবেরাৎ, সবেবরাত, সুবরাৎ, সুবেরাৎ [আ০ শব্ (রাত্রি)-ই-বরাৎ (কালন, মুক্তিদান)-পাপ মোচনের রাত্রি] বি, মুসলমানের পর্ব্ববিঃ।

সবোত, সবোদ-সহবৎ দ্রঃ।

সব্জী, সবজী, সবজা [ফা০ সব্‌জী] বি, শাক ; রন্ধনোপযোগী কাঁচা ফল ; তরিতরকারি vegitable fruit. শাক সব্জী-শাকপাতা ; রন্ধনের আনাজপত্র, শাকপাত vegitables.

সব্ব, সব্বো [সর্ব্ব (দ্রঃ) > গ্রা০, নারীকথ্য] বিণ, সর্ব্ব ; সমস্ত ; সকল ; সকল দিক্। প্র-স০-রক্ষে,-নাশ,-নাশী, -নেশে, সব্বদা, সব্বোঘটে ই০।

সব্ব/স্সি [সং-সর্ব্বস্ব শব্দের প্রাকৃ০ রূপ। "শকুন্তলা"য়-সব্বস্স] বি, সর্ব্বস্ব। ~স্সান্ত [সর্ব্বস্বান্ত > গ্রা০] বি, সর্ব্বনাশ। ২ বিণ, সর্ব্বহারা। > বি, ~স্সান্তি-সকল সম্পত্তির বিনাশ ; সর্ব্বধনক্ষয়।

সব্য [সূ (প্রসব করা) + য (র্য)] বিণ, বাম। "দেব মাতা সব্য হাতে ধান্য দূর্ব্বা লৈয়া"-চৈ০ ভা০। "দেখিল রুচির তনু রূপে জিনি কামধেনু সুবর্ণ গোধিকা সব্য ভাগে।" -কবিক০। ২ দক্ষিণ। "শিব শক্তি সব্যে বামে জাহ্নবী যমুনা নামে সরস্বতী মধ্যে শোভা করে।"-রা০ প্র০। ৩ পশ্চাৎ। ৪ প্রতিকূল। ~কর-দক্ষিণহস্ত ; ডানহাত। "বামকক্ষে নিল মাতা রঙ্গীন চুপড়ি। সব্য করে নিল মাতা শিঙ্গা বেত্রলড়ী।"-কবিক০। ২ উভয় হস্ত। ~সাচী [মু০-সাচিন্] বিণ, যিনি উভয় (দক্ষিণ ও বাম) হস্তে বাণ নিক্ষেপে পটু। ২ বি, অর্জ্জুন। ৩ উভয়

বাহু প্রয়োগসক্ষম ; উভয়হস্তদক্ষ। "সেই সময় সব্যসাচী বঙ্কিম একহস্ত গঠন কার্য্যে একহস্ত নিবারণ কার্য্যে নিযুক্ত রাখিয়াছিলেন।"-রবী°। > ~সাচিতা-বি, উভয় বাহুদক্ষতা ambidexterity. ২ [লক্ষ°] ৩ উভয় কর্ম্ম। "সেইজন্যে চলা আর পথ বাঁধা এই দুই উদ্যোগের সব্যসাচিতায় জীবন ছিল সদাই চঞ্চল।"-স্যর জগদীশ চ° বসু (প্রবাসী, ১৩৩৩)।

সব্যাজ [স (সহিত) ব্যাজ (ছল) যার, বহু°] বিণ, ছলযুক্ত।

সব্যেষ্ঠ, ~ষ্ঠা [মূ° সব্যেষ্ঠৃ। সব্যে + স্থা + অ, তৃন্ (র্ক্তৃ)] বি, রথের বামে বা বামভাগে উপবিষ্ট রথী।

সব্রীড [স (সহিত) ব্রীড়া (লজ্জা) যার, বহু°] বি, সলজ্জ ; লজ্জাযুক্ত। "স° কটাক্ষ করি কৃষ্ণ পানে চান।"-শি°।

সব্রহ্মচারী [স (সং বা সম) ব্রহ্মচারী] বি, সতীর্থ। হি°সভ, সভ (।,-ভৌ=(সবহোঁ) -হি° শ° সাগর। "সব in Braj an emphatic form of সভ"-Rved J. D. Bate's Hind. Dic.

সভ [সং-সর্ব্ব > সব > সভ। প্রা° ও ম° বাং-য় সাধু কিন্তু আধু° বাং-য় গ্রা°] বি, সমস্ত ; সমুদয় ; সকল ; সভা দ্রঃ। সম্বন্ধে ৬ষ্ঠী বিভক্তি 'র' ও 'কার' যোগে **সভার, সভাকার** এবং কর্ত্তা ও কর্ম্মে 'এ' বিভক্তি যোগে **সভে** (সকলে)। প্র-সে সভার, তোমা সভাকার (অর্থাৎ সকলের)। সভে মিলে (অর্থাৎ সকলে মিলিয়া)। "সভে দোষ সীমন্তিনী সবে স্বতন্তরা"-ধ°ম° (মাণিক°)। "আনন্দজুত হএ চলিল সভে লএ, পবেসে কামার ঘরে।"-শূ° পু°। ২ বিণ, মাত্র ; কেবল। "সভে দোষ সীমন্তিনী সবে স্বতন্তরা"-ধ° ম° (মাণিক°)। নিশ্চয়ে ই যোগে সভি-সবই ; সমস্তই। "সরগ মরত নহি ছিল সভি ধুন্ধুকার।"-শূ° পু°।

সভরণ [আভরণ > গ্রা° ভ্রং অভরণ > ক্ষে° ভরণ। সু-ভরণ > ভ্রং সভরণ] বি, অলঙ্কার। "ন চেতএ স° কুন্তল চীর"-বি° প°।

সভর্তৃকা [স (সহিত) ভর্তৃ (স্বামী) যার, বহু°, সমাসে ক যোগ + আ (স্ত্রীং)] বি, যে নারীর ভর্ত্তা জীবিত ; সধবা।

সভা$_{১}$ [স (সহিত) ভা (দীপ্তি পাওয়া) + (ক্বিপ্, ধি) + আ (স্ত্রীং)] বি, কোন কার্য্য বা উদ্দেশ্য সিদ্ধির জন্য যথায় বহু লোক সমবেত হয় ; পরিষদ্। ২ সমাজ ; গোষ্ঠী ; সমিতি। ৩ জনসমূহ। ৪ শালা ; গৃহ। ৫ [গ্রা° বাং] শোভা। "ইলা মণ্ডপে দপ্পন সভা করে।"-শূ° পু°। **সভা আহ্বান**-সভার অধিবেশনের জন্য সভ্যগণকে আহ্বান ; সভ্যগণের সমবেত উপবেশন ও পরামর্শ আলোচনাদির জন্য আহ্বান। **~গৃহ**-বি, যে গৃহে সভা আহূত হয় ; যে স্থলে সভার অধিবেশন হয়। **~তল**-বি, সভাস্থল ; সভার অধিবেশন স্থান। **~ধিবেশন**-বি, সভার অধিবেশন ; সভার বৈঠক। **~নায়ক**-বি, সভার সর্ব্বপ্রধান কার্য্যপরিচালক ; সভাপতি। **~ভঙ্গ**-বি, সভার কার্য্য শেষে সভ্যগণের সভাস্থান ত্যাগ। **~রম্ভ**-বি, সভার কার্য্য আরম্ভ। **~সমিতি**-বি, একার্থক সহচর শব্দদ্বয় ; ছোট বড় সভা।

সভা$_{২}$ [সং-সর্ব্ব > সবা-সভা। ম° বাং-য় সাধু ব্যবহারে পদ° সা°-তে প্রচুর, আধু° বাং গ্রা°] সকল ; সমুদয়। "তা সভার রণসাধ খণ্ডাইবার তরে।"-মহা° (শ্রীকর°)। "সভার পূজিত শ্রীমন্ত মহাশয়"-চৈ° ভা°। **~ই** [সর্ব্ব > সর্ব্বাহি > সর্ব্বাই > সব্বাই > সবভাই > সভাই] বি, সকলে। **~কার** [ম° বাং] **~কের, ~কেতো** [গ্রা° বাং] সকলের। 'সভাকেতো আগেই করি যায় পথ দিয়া" -মহা° (রামচন্দ্র খাঁ, খৃ° ১৭শ শতক)

সভা$_{৩}$-সোভা দ্রঃ।

সভাই-সবাই দ্রঃ।

সভাএ, সভাব [গ্রা° বাং প্রাকৃ°। হি° সভাও] বি, স্বভাব। "বড়ার সভাএ"-শ্রী° কী°।

সভাজন [স (সহিত) ভাজন (পাত্র)] বিণ, পাত্রযুক্ত। ২ [সভার জন, ৬তৎ] বি, সভাসদ ; সভ্য। "শুন শুন নিবেদন সভাজন সব। যেরূপে প্রকাশ অন্নপূর্ণা মহোৎসব॥"-অ° ম°। ৩ ভদ্র সাধারণ ; ভদ্রগণ। ৪ [সভাজ্ (সেবা করা) + অন (ভা°)] সেবা। ৫ সুহৃদাদির প্রতি সৌজন্য প্রকাশ দ্বারা প্রীণন ; প্রিয় সম্ভাষণ, কুশল প্রশ্ন আলিঙ্গনাদি দ্বারা সম্বর্দ্ধনা।

সভাজন$_{২}$ [সভা$_{২}$ দ্রঃ। সর্ব্ব > সবা > সভা] স, সর্ব্বজন ; সবাই। "সভাজন শুন জামাতার গুণ বয়সে বাপের বড়।"-অ°ম°।

সভাপতি [৬তৎ] বি, সভানায়ক ; সভার কর্ম্মকর্ত্তা president. **~ত্ব**-সভানায়কতা।

সভারিন,-রেন [ইং° লিপ্যন্তর] বি, গিনি (দ্রঃ)।

সভাসৎ সভাসদ্ [সভা-সদ্ (গমন করা) + °(ক্বিপ্, র্ক্তৃ)] বিণ, সভায় গমনকারী। ২ বিজ্ঞ। ৩ বি, সভ্য।

সভাসত [গ্রা°। সভাসদ্ >] বি, সভা ; পরিষদ্। "ভণে দ্বিজ রামেশ্বর ভেবে ভাগবত। যশোবন্ত সিংহ নরেন্দ্রের স°॥"-শি°।

সভাসীন [সভা (য়) + আসীন] বিণ, সভাস্থলে বিদ্যমান ; সভায় উপবিষ্ট।

সভাস্থল-বি, সভার অধিবেশন ক্ষেত্র।

সভিক, সভীক [সভা + ইক, ঈক] বি, দ্যূতসভাধ্যক্ষ।

সভে [সব, সবে (দ্রঃ) >। উচ্চারণ বিকারে, ব=ভ। তুল-হি° 'সভা' (সমূহ)] অ, সকলে। ২ সাকল্যে ; মোটে। ৩ কেবল ; মাত্র। "সভে দোষ সীমন্তিনী সভে স্বতন্তরা" -চৈ° ভা°।

সভ্য [সভা + য (সাধ্বর্থে)] বিণ, সুজন ; সাধু ; সজ্জন। ২ শিষ্ট ; ভদ্র ; ভব্য। ৩ সদ্বংশীয়। ৪ সভাসদ্। ৫ সভাসংক্রান্ত। বি, **~তা**-ভদ্রতা ; শিষ্টাচার ; সৌজন্য। ২ সামাজিক উৎকর্ষ ; সাহিত্য, বিজ্ঞান, দর্শন, সূক্ষ্মশিল্প, শ্রমশিল্প, ধর্ম্ম, নীতি ও বিবিধ বিদ্যার অনুশীলন হেতু হৃদয় মনের উৎকর্ষ এবং তদনুযায়ী লোকযাত্রা civilization. **~তা ও সংস্কৃতি**-বি, শিষ্টতা ও কৃষ্টি civilization & culture. "শ্যাম দেশ বৌদ্ধধর্ম্মের সঙ্গে সঙ্গে ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি গ্রহণ করেছে"-শান্তিনিকেতন, ভাদ্র, ১৩৩২। **~নির্ব্বাচন**-বি, সদস্য মনোনয়ন। **~ভব্য**-শিষ্টশান্ত। ২ ভদ্র।

সভ্যাভি/মানী [সভ্য+অভিমানী] বিণ. সভ্য বলিয়া যার আত্মাভিমান আছে; স্বীয় সভ্যতার গর্ব্বকারী। "সং অনেকেও প্রবল নাস্তিকতাবশতঃ ধর্ম্মাধর্ম্মের বিচার ভুলিয়া যান"-সনাতনী। স্ত্রীং ~মানিনী।

সম্ [সং] বি. উপসর্গবিঃ। ২ অ. সম্যক্। প্র-সম্পাক; সম্প্রহার। ৩ সহিত। প্র-সম্পর্ক। ৪ একসঙ্গে। প্র-সম্ভাষণ। ৫ সমীপ। প্র-সমুপস্থিত। ৬ সঙ্গত। প্র-সমীপ। ৭ আভিমুখ্য। প্র-সম্মুখ।' ৮ সমান। ৯ সমূহ। প্র-সমাজ্ঞা। [দ্রঃ-সং-তে সন্ধির নিয়মে যথায় ম স্থলে ং হয় বাং-য় তথায় স্থল-বিশেষ বিকল্পে প্রাং ব্যবহারে ম পরবর্ত্তী 'ব'য়ে যুক্ত হয় 'য'র পূর্ব্বে ঞ বা ন হয় যথা-সংযম স্থলে সঞ্যম; সংযুত বা সংযুগ স্থলে সন্যুত বা সঞ্যুত, সংবৎসর, সংবাদ, বশংবদ ইং স্থলে সম্বৎসর, সম্বাদ, বশম্বদ (ব্, দ্রঃ)]।

সম১ [সম্(তুল্য হওয়া)+অ(র্ত্তৃ) > তুল- ইং same] বিণ, তুল্য; সদৃশ; সমান [এই অর্থে সমতুল্য এই ব্যাকরণদুষ্ট শব্দের প্রয়োগ আছে]। ২ যুগ্ম। ৩ অবন্ধুর। ৪ সমগ্র। ৫ সম্পূর্ণ। প্র-সমকল্প। ৬ [অলং শাং] কাব্যের অর্থালঙ্কারবিঃ। "যোগ্যকর্ম্ম দ্বারা অনুরূপ বস্তুদ্বয়ের শ্লাঘনীয় মিলনকে সম বলা হয়।"-কাব্যদর্পণ। "অনসূয়া শুনি বলে, ওলো সখি শকুন্তলে, মিলিয়াছ উপযুক্ত বরে। পরিহরি রত্নাকরে,নদী কি প্রবেশ করে, ক্ষুদ্র জলাশয় সরোবরে।"-শকুন্তলা। ৭ (-ম) [সঙ্গীতে] তালের প্রথম উৎপত্তি স্থান। ৮ [প্রাচীন নৃত্যকলা] নৃত্যের পূর্ব্বে প্রার্থনা কালে মস্তকের স্থিরতা অর্থাৎ নর্ত্তকীর মস্তক নাড়িবে না, ঝুঁকিবে না বা উত্তোলিত হইবে না। ইহা অঙ্গাভিনয় শাস্ত্রে আদিষ্ট হইয়াছে। ৯ [গং] বর্গমূল আনয়নার্থ ঋজু-রেখাবিঃ। ১০ সমতা; অবিকার (চং ৪৭।১, চং ১৪।২১)। ~-সম-সম-দ্রঃ।

সম২ [প্রাং বাং। সময় > ক্ষেংসম, সময়ে =সমে, 'য়' লোপ] বি. সময়; কাল। "হেন সমে যায় বীর অরণ্য প্রবাসে" -চণ্ডী (মাধবাচার্য্য, ১৫৭৯ খৃষ্টাব্দ)। ২ সঙ্গ; সহিত। "ভীষ্ম সমে অর্জ্জুনের হৈল মহারণ।" -মহাং (কবীন্দ্র পরমেশ্বর)।

সম৩ [সং-সমং > প্রাং বাং প্রাকৃং সঙ্ক, সঙ্গা, সম] অ, সহিত; সঙ্গে; সহ। "তোএ সম করিবে ম সাঙ্গ"-চং পদং ১০।২।

সম৪ [গং পরিঃ] ইং equal এর বৈজ্ঞাং পরিঃ; সমান।~বাহুত্রিজ্যাকোণ [ত্রি-কোণং পরিঃ] ইং radian এর বৈজ্ঞাংপরিঃ (হিং কোং); রেডিয়ান (কং বিশ্বং পরিঃ)। ~পরাবৃত্ত [কনিকং (কং বিশ্বং পরিঃ)] বি, ইং rectangular hyperbolaর বৈজ্ঞাং পরিঃ। ~বাহুত্রিকোণ [জ্যাং] ইং equilateral triangle এর বৈজ্ঞাং পরিঃ। ~বৃত্ত [জ্যোং] ইং prime vertical এর বৈজ্ঞাং পরিঃ; পূর্ব্বাপরবৃত্ত (কং বিশ্বং পরিঃ)। ~লম্বচতুর্ভুজ [জ্যাং] ইং tropezoid এর বৈজ্ঞাং পরিঃ (হিং কোং)। ~ভুজ [জ্যাং (কং বিশ্বং পরিঃ)] ইং equilateral এর বৈজ্ঞাং পরিঃ। ~দ্বিভুজ [জ্যাং] ইং isosceles এর বৈজ্ঞাং পরিঃ।

সম৫ [পাটীং (কং বিশ্বং পরিঃ)] বিণ, যুগ্ম; ইং uniform এর বৈজ্ঞাং পরিঃ। ইং even এর বৈজ্ঞাং পরিঃ।

সমক [গং (কং বিশ্বং পরিঃ)] বি, ইং mean এর বৈজ্ঞাং পরিঃ; মধ্য।

সমকক্ষ [সম (তুল্য)+কক্ষ (বিরোধী, প্রতিযোগী)] বিণ, তুল্য প্রতিযোগী। ২ সমান বলশালী।

সমকন্যা [সম (সম্পূর্ণ) কন্যা (কুমারী)] বি, বিবাহের সম্পূর্ণ যোগ্যা কুমারী।

সম/কাল-বি, এক সময়। ~কাল-বর্ত্তী - সমসাময়িক contemporary. ~কালিক [সমকাল+ইক] বিণ, সম-কালীন। ২[বীজ গং]যুগপৎ simultaneous. ~কালিক-সমীকরণ [বীজ গং (হিং কোং)] ইং simultarnemo equation. ~কালীন-বিণ, এক সময়ে জাত; এক সময়ের; সমসাময়িক contemporary.

সমকেন্দ্রিক [সম+কেন্দ্র+ইক] বি, যাদের কেন্দ্র একস্থানে অবস্থিত concentric.

সম/কোণ [সম (সমান) কোণ] বি, ঋজুরেখার উপর পতিত ঋজুরেখা দ্বারা জাত কোণ right angle. বিণ, ~কৌণিক [জ্যাং] ইং equiangular বা rectangular এর বৈজ্ঞাং পরিঃ; সদৃশকোণ (কং বিশ্বং পরিঃ)। ~কোণীয়-orthogonal.

সমকোষ্টমিতি [গংপরিঃ] বি, কালি; ক্ষেত্রফল; কল area.

সমক্ষ [সম্ (অভিমুখ)+অক্ষি (চক্ষুঃ), অব্যয়ীং] অ, অক্ষির সম্মুখে; চোখের উপর; সম্মুখে। ২ [সম্+অক্ষ] বিণ, প্রত্যক্ষ। ৩ বাং-য় সমক্ষে শব্দের ব্যবহার। ~সংঘাত [বলবিদ্যাং (কং বিশ্বং পরিঃ)] ইং direct impact এর বৈজ্ঞাং পরিঃ; সরলসংঘাত।

সমগ্র [সম (সমূহ) গ্রহ্ (গ্রহণ করা) + অ (র্ত্তৃ)] বিণ, সমুদায়; সম্পূর্ণ; সমস্ত; সকল।

সমঘন-বিণ, সমগুণ বা ধর্ম্মাক্রান্ত, অনুগুণ; সজাতীয় homogeneous. ২ [ঘন-জ্যাং (কং বিশ্বং পরিঃ)] ইং regular solid এর বৈজ্ঞাং পরিঃ।

সমচতুরস্র, সমচতুর্ভুজ [গং পরিঃ] বি, যে চতুষ্কোণ বা চতুর্ভুজ ক্ষেত্রের চারি বাহু ও চারিটি কোণই সমান equilateral tetragon,

সমজ১, সমঝ, সমুঝ [হিং সমঝ্ (সম্-বুধ্ > বোঝা)। প্রাংবাং ও ব্রজবুলিতে প্রচর। আধু প্রাং সমজ] বি, বোধ; বুদ্ধি; বিবেচনা। ~দার [হিং সমঝ্+ফাং দার] বিণ, বিবেচক; বুদ্ধিমান; যে বোঝে; বুঝদার। ২ রসজ্ঞ।

সমজ২ [সম (তুল্য)-জন্+অ(র্ত্তৃ)। পশ্বাদিপক্ষে। মনুষ্যপক্ষে সমাজ (দ্রঃ)] বি, পশু দল বা সমূহ। ২ বন।

সমজা [প্রাং। হিং সমঝনা (বুঝা)। সমজি, সমজ, সমজে; সমজিতে; সমজিয়া (ক্ষেং সমজে)। ণিজন্ত-সমজান] ক্রি, বুঝা; হৃদয়ঙ্গম করা।

সমজাতি, ~জাতিক, ~জাতীয়-বিণ, সমশ্রেণীক; একজাতির একশ্রেণীর; সমধর্ম্মী homogeneous. বি, ~তা, ত্ব।

সমজান [হিংসমঝানা(বুঝান)। সমজাই, সমজাও, সমজায়; সমজাইতে; সমজাইয়া (ক্ষেং সমজিয়ে)] ক্রি, বোঝান; হৃদয়ঙ্গম

ই'ন ঈ'র্ণ বিন্দু বৈ'ল ঞ্যাখা জিতি এ'তি বুদ্ধ কম, ট=ঁ=া=এ=এ(t), প=ন ব=জ স=শ=ষ স=S (সু সু স্ম স্র সু শৃ...), অন্যান্য ... অব্যক্ত

করান। প্র-সে যে রকম শোঁয়ায় তাকে সমজ্ঞান দায়।

সমঝ-সমঝ দ্রঃ।

সমুঝা, সমুঝা [সমঝ, সমঝ দ্রঃ। হিং সমঝ্না। সমঝি, সমঝ, সমঝে; সমঝিতে; সমঝিয়া (কেং সমঝে)] ক্রি, বুঝা; হৃদয়ঙ্গম করা। "বাইরে যা পাই সমঝে নেব তারি আইন কানুন"-রবীং। "সতী সমঝে সহস্র লোচন। বীর সমঝে বীরবালা।"-রাজসিংহ (বঙ্কিমং)। "প্রভুর গম্ভীর বাক্য আচার্য্য সমঝে"-চৈং চং। ণিজন্ত-সমঝানি, সমুঝানি।প্রাংবাং-সমাঝা [সমঝাই.সমঝাও, সমঝায় (প্রাং বাং-সমাঝি, সমাঝ, সমাঝে)। "ভাই ভাই কন্দলি করি মধ্যস্থ সমাঝে" (=বুঝায়)-রামাং (কৃত্তিং)] বুঝান; হৃদয়ঙ্গম করান। ২ প্রবোধ দেওয়া।

সমঞ্জস [সং (সম্পূর্ণ)+অঞ্জস্ (ঔচিত্য) যার, বহুং] বিণ, সমুচিত; উপযুক্ত; যোগ্য। ২ সমীচীন। ৩ সদৃশ; তুল্য। ৪ ঠিক; যথার্থ। ৫ সমান। ৬ মিটমাট; মীমাংসা; আপোস। "বুঝিয়া কার্য্যের গতি আসি তথা লঙ্কপতি কন্দল ভাঙ্গিল সমঞ্জসে।"-কবিকং। ৭ মিলন। "উদ্ধারি রামের জায়া * * কেন না করিলে সং"-কবিকং। ৮ [জ্যাং (কং বিশ্বং পরিঃ)] ইং harmonic এর বৈজ্ঞাং পরিঃ। বিণ, সমঞ্জসীভূত [সমঞ্জস-ভূত, মধ্যে ঈ (চ্বি) আগম] মিলিত। ২ সুবিচারিত; সাম্যরক্ষা দ্বারা কৃত-নিষ্পত্তি।

সমত, সমতী [সম্মত >প্রাং বাং] বিণ, সম্মত; একমত; অনুমত।"-মুনীর সমত"-শ্রীং কীং।

সমতল [সম (অবন্ধুর) +তল (স্থল)] বিণ, অবন্ধুর plane. ২ সমানভূমি।

সমতা [সম (সমান)+তা (ভাং)] বি, একরূপতা; সাম্য; তুল্যতা।

সমতি [সম্মতি >সমৎ, সমত, চট্টলে-হমৎ, হঅৎ] বি, সম্মতি। "না দেই সং"-বিং পং।"সং না দেই"-জ্ঞানং। ২ উত্তর; সাড়া। "ডাকিলে সং না দেয় আঁখি মেলি কান্দে।"-জ্ঞানং।

সমতী-সমত দ্রঃ।

সমতীত [সম্+অতীত (গত)] বিণ, বিগত; অতীত।

সমতুল [বৌংবাং-সমতুলা] বিণ, সমান। ২ তৌল বা ওজনের। ৩ সমদর।

সমতুল্য [সম(তুল্য)+তুল্য। দুষ্ট প্রয়োগ কিন্তু প্রচরদ্রূপ ও 'তুলনায় সমান' এই অর্থে শিষ্ট। প্রাং বৌং বাং সাং সমতুলা (চং ৫০।৩)] বিণ, সমান সমান; তুল্য। ২ সমকক্ষ। ৩ [সম (সমানভাবে, সমান সমান রূপে) তুল্য (তুলনীয়)] সম স্তরে বা পর্যায়ে তুলনীয়। "বনস্পতির শাখায় যে পরগাছা ঝুলছে সে বনস্পতির সং নয়।"-রবীং (প্রবাসী, ফাল্গুন, ১৩৪২)। "যজ্ঞশেষে [তুলা পুরুষদান যজ্ঞে] * * দম্পতীর ওজনের সং ঐ সকল দ্রব্য সমাগত ব্রাহ্মণ-পণ্ডিতদের মধ্যে বিতরণ করা হয়।"-আং পত্রিকা, ১৪-১-'৩৬।

সমত্ত, সোমত্ত [সং-সমর্থ (সংসারধর্ম্ম পালনে, বিতঃ, সহবাসে এরূপ বয়ঃপ্রাপ্ত)। তুল-age of consent। >সমথ> সমত্ত। অথবা, সমত্ব (সম=সম্পূর্ণ; বিবাহযোগ্য)+ত্ব >সমত্ব>সমত্ত। অথবা, সম্মত (প্রাপ্তাত্মজ্ঞান, সম্মতি="আত্মজ্ঞানম্ ইত্যমরপাল" -শব্দকল্পে। তুল-সেয়ানা (দ্রঃ)>।তুল -সমকক্ষা (দ্রঃ)>] বি, পুং, স্ত্রীং, প্রাপ্তযৌবন; যৌবনবতী; সেয়ানা; উঠ্তি বয়সের, বিবাহোপযুক্ত। প্র-সোমত্ত ছেলে। সোমত্ত মেয়ে।

সমদর্শন [সম (তুল্য)+দর্শন (দৃষ্টি) যার, বহুং] বিণ, ভেদজ্ঞানরহিত; পণ্ডিত। ২ সমদৃষ্টি; অপক্ষপাতিত্য। ৩ তত্ত্বজ্ঞান।

সমদ/র্শী [সম (তুল্য) দৃশ্ (দেখা)+ ইন (কৃ)=সমদর্শিন্ ১মা, ১বং] বিণ, ভেদজ্ঞানরহিত; পণ্ডিত। স্ত্রীং ~র্শিনী। বি, ~র্শিতা-ভেদভাবরহিত দৃষ্টি; অপক্ষপাতিত্য impartiality.

সমদূরবর্ত্তী [জ্যাং (কং বিশ্বং পরিঃ)] বিণ, ইং equidistant এর বৈজ্ঞাং পরিঃ।

সমদৃষ্টি-সমদর্শন দ্রঃ।

সমধান [সং-সন্ধান > ব্রজং] বি, সন্ধান। "সারঙ্গ তনু সমধানে"-বিং পং।

সমধিক [সম্+অধিক] বিণ, অত্যধিক; অনেক বেশী।

সমধ্ব [সম্ (সাথ, সঙ্গ) অধ্ব (পথ) =পথসঙ্গ > প্রাং সমিদ্ধে, সমিদ্ধে] বি, সমভিব্যাহার। > ক্রি-বিণ, সমধ্বে-সমভিব্যাহারে; সঙ্গে।

সমন [ইং summons এর লিপান্তর] বি, সাক্ষী কিম্বা আসামীকে আদালতে হাজির হইবার হুকুমনামা বা তলবানা।

সম/ন্ততঃ, সম/ন্তাৎ [সং > বাংর অবিকল গৃহীত। অনুবাদ গ্রন্থে প্রাচীন পণ্ডিতী বাংর দৃষ্ট হয়। অধুনা অ প্রং] অ, সর্বতঃ; চতুর্দ্দিকে; সকল দিক্ হতে। ২ সম্পূর্ণভাবে entirely ~পঞ্চক [মহাং] বি, কুরুক্ষেত্রের নিকটস্থ তীর্থবিঃ। ~ভদ্র [সং] বি, বুদ্ধদেব। ~ভুক্ [সমন্ত (সমুদায়) ভুক্ (যে ভক্ষণ করে)] বিণ, সর্বভক্ষ্য। ২ বি, অগ্নি।

সমন্ত্রক [স-মন্ত্র+ক (স্বার্থে)] বিণ, মন্ত্রপূত।

সমন্যু [স (সহিত, যুক্ত, পূর্ণ)+ মন্যু (ক্রোধ)] বিণ, অতিকুপিত; ক্রোধপূর্ণ। ২ [মন্যু (শোক)] শোকাচ্ছন্ন।

সমন্বয় (-য়) [সম্+অন্বয় (সম্বন্ধ)] বি, অবিরোধ; মিলন। ২ ধারাবাহিক কার্য্যকারণ সম্বন্ধ। ৩ পঞ্চায়েত। বিণ, সমন্বিত -যুক্ত; বিশিষ্ট। ২ কৃতসমন্বয়।

সমপদস্থ-বিণ, সমান পদে অধিষ্ঠিত; একরূপ অধিকার বা সম্মান প্রাপ্ত।

সমপন১ [সং-সমর্পণ > ব্রজং] বি, সমর্পণ। সমপলঁ, সমপিনু-সমর্পণ করিলাম।"তোহে বিসরি মন তাহে সমপিনু" -বিং পং (সমপিনু স্থলে মিথিলা ভাষায় "সমপল")।

সমপন২ [প্রাং বাং। সং-সমাপন] বি, সমাধা; সমাপ্তি; শেষ। "ছাগ বলি দিআ করে জজ্ঞ সমপন।"-শূং পুং।

সমপলঁ-সমর্পণ দ্রঃ।

সমপৃষ্ঠ [সম-পৃষ্ঠ যার, বহুং] বিণ, সমতল; অবন্ধুর।

সমপ্রাণ-বিণ, অভিন্ন-হৃদয়; সুহৃদ্।

সমবধান [সম্ (সম্যক্) + অবধান] বি, সম্পূর্ণ মনঃসংযোগ।

সম/বয়স্ক, -বয়সী$_1$ [প্রা॰ সোমো-বোয়িসী] বিণ, সমান বা এক বয়সের coetaneous. স্ত্রী॰ ~বয়স্কা, ~বয়সী$_2$। "রাধারাণীরই সমবয়সী" - উত্তরা, পৌষ, ১৩৩৩। ~বর্ত্তী [সম-বৃৎ + ইন্=সমবর্ত্তিন্ ১মা, ১ব॰] বিণ, সমভাবে অবস্থিত। বি, সমবর্ত্তিতা। ~বর্ত্তুল [ঘন-জ্যা॰] বি, ই॰ cylinder এর বৈজ্ঞা॰ পরিঃ ; স্তম্ভক (ক॰ বিশ্ব॰ পরিঃ)। ~বস্থা [সম্ + অবস্থা] বি, সাম্য ; সমদশা ; সমান অবস্থা। বিণ, সমবস্থ। ~বস্থান [সম্ + অবস্থান] বি, সমভাবে স্থিতি।

সমবায় [সম্-অব-ই (গমনে) + অ (ভা॰)] বি, মিলন। ২ সম্বন্ধ। ৩ [দর্শন শা॰] দ্রব্যেতে গুণ ও কর্ম্মের নিত্য সম্বন্ধ ; অবয়বাবয়বীর সম্বন্ধ। ৪ [বলবিদ্যা॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ই॰ composition (of forces) এর বৈজ্ঞা॰ পরিঃ। ৫ বিণ, সমবেত ; যৌথ। ৬ দলবদ্ধ। "ঢাল খাঁড়া লই সভে হও সমবায়" -চৈ॰ ভা॰।

সমবিসম [প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰] বিণ, উঁচুনীচু। "ধরণীধর স॰ উত্তাল ন পাবই" -দো॰ ১২৮।

সমবেত [সং-অব-ই (গমন করা) + ত (র্ত্তৃ)] বিণ, নিত্য সম্বন্ধিত। ২ সম্বদ্ধ ; সংমিলিত।

সমবেদনা [সম্ (সমান) বেদনা] বি, সহানুভূতি sympathy.

সমভাব [সম (তুল্য) ভাব যার, বহু॰] বি, অপরিবর্ত্তনীয় ভাব ; সাম্য। ২ সাদৃশ্য ; একরূপতা।

সমভিব্যা/হার [সং-অভি-বি-আ + হৃ (হরণ করা) + অ (ভা॰)] বি, সাহচর্য্য ; সঙ্গ। ২ একত্রাবস্থিতি। প্রা॰ সমিভ্যার। ক্রি-বিণ, ~হারে [প্রা॰ সমিভ্যারে] সঙ্গে। ~হৃত-বিণ, সঙ্গযুক্ত ; সমভিব্যাহারে চলিত। ২ সহিত। ~হারী [সমভিব্যাহার + ইন্ (ব্যা॰) = সমভিব্যাহারিন্ ১মা, ১ব॰] বিণ, সহগামী ; সঙ্গী ; সাথী। ২ আনুসঙ্গিক।

~হৃত-বিণ, সঙ্গে সঙ্গে চলিত। ২ একত্রীকৃত।

সমমণ্ডল-বি, গ্রীষ্মমণ্ডলের উত্তর ও দক্ষিণে হিমমণ্ডলের সীমা পর্য্যন্ত দুই ভূভাগ ; মন্দোষ্ণমণ্ডল Temperate zone.

সমমাত্র [বীজ গ॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ই॰ homogeneous এর বৈজ্ঞা॰ পরিঃ।

সমমূল [পাটী॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ই॰ equivalent এর বৈজ্ঞা॰ পরিঃ ; তুল্য।

সমমূল্যে [পাটী॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ই॰ at per এর বৈজ্ঞা॰ পরিঃ।

সময় [সং (সমান) ই (গমন করা) + অ (র্ত্তৃ) যে সমভাবে গমন করে] বি, কাল। ২ অবকাশ ; অবসর। ৩ উপযুক্ত কাল। "একি তোমার মানের স॰ সমুখে বসন্ত।" -বাং গান। ৪ সুযোগ। প্র-স॰ বুঝে চেষ্টা করলেই কাজ হাসিল হবে। ৫ সত্য ; প্রতিজ্ঞা ; নিয়ম। "সত্যবাদী যুধিষ্ঠির করেছে সময়। ত্রয়োদশ বৎসর যাবৎ পূর্ণ নয়। তাবৎ হস্তিনা না আসিবে কদাচন।" -মহা॰ (কাশী॰)। ৬ অন্তিমকাল ; মৃত্যুকাল। প্র-তার স॰ হয়েছিল, চলে গেছে, আর দুঃখ ক'রে কি হবে। ৭ নির্দ্দেশ। ৮ সঙ্কেত। ৯ আচার ব্যবহার। একতিল সময়, তিলমাত্র সময়-অত্যল্প কাল। ভাল সময়-বি, উন্নতির বা সুখের সময় ; শান্তি-স্বাধীনতার যুগ ; সন্তাগণ্ডার সময় ; সুদিন ; সুকাল good times. মরিবার সময় না থাকা-দেহ হইতে প্রাণের বিচ্ছেদ অর্থাৎ মৃত্যু, যা এক মুহূর্ত্তেরও অল্প সময়ে ঘটে সেই অত্যল্পকালের অবসরেরও অভাব হওয়া। ~-অসময়-সুসময় এবং দুঃসময় ; কালা-কাল ; সুবিধা অসুবিধা। ~স॰ নাই, অসময় নাই-অ, যথাকাল ও অযথা কাল ; যখন তখন। ~সেবক, সময়-সেবী-বিণ, সুযোগবাদী ; স্বার্থসিদ্ধির জন্য সময়ের সুযোগগ্রাহী ; স্বীয় কার্য্যসাধনহেতু সময়ের সঙ্গে সঙ্গে মত বা আদর্শ পরিবর্ত্তনকারী time-server.

সময়ান্তর [সময় + অন্তর] বি, অন্য সময়। ২ অ, সুযোগান্তরে।

সময়োচিত [সময় + উচিত] বিণ, যথা-কালীন opportune ; যে সময়ে যা করা কর্ত্তব্য ; কালানুরূপ।

সময়োপযোগী [সময় + উপযোগী] বিণ, কালানুযায়ী ; সময়োচিত।

সমর [সম্-ঋ (গমন করা) + অ (ধি)] বি, রণ ; যুদ্ধ ; সংগ্রাম। "সমরে পশিয়া অন্তরে রুষিয়া দুইদলে গালাগালি।" - অ॰ ম॰। ~কৌশল-বি, যুদ্ধ-চাতুর্য্য ; রণ-নৈপুণ্য। ~ক্ষেত্র, ~ভূমি-বি, যুদ্ধস্থল। ~তরঙ্গ-বি, সংগ্রাম-লীলা ; রণোচ্ছ্বাস। ~পোত-যুদ্ধজাহাজ। ~শয্যা-বি, (যুদ্ধে আহতের বা মৃতের পক্ষে) সংগ্রামক্ষেত্ররূপ শয্যা ; রণভূমিতে শয়ন। "যে শয্যায় আজি তুমি শুয়েছ, কুমার প্রিয়তম, বীরকুলসাধ এ শয়নে সদা!" -মেঘ॰। ~শায়িত-বিণ ভূমিতে বিপক্ষ দ্বারা পাতিত। ২ যুদ্ধে নিহত। ~শায়ী [মূ॰ সমরশায়িন্ শব্দ ১মা, ১ব॰] বিণ, সমরক্ষেত্রে দেহপাতকারী ; রণ-স্থলে প্রাণত্যাগকারী। স্ত্রী॰ ~শায়িণী। ~সচিব-যুদ্ধমন্ত্রী ; সন্ধিবিগ্রহ সম্বন্ধে পরামর্শদাতা war minister.

সম/রস [প্রা॰ বৌ॰ বাং সা॰। সম (তুল্য) + রস (সুখ, অনুরাগ, প্রীতি)] বি, সমান সুখ ; তুল্য প্রীতি বা অনুরাগ। "তত্তই স॰ হোই" -দো॰ ১৩২। ~রসে-তুল্যসুখে।

সমরাঙ্গন [সমর + অঙ্গন, ৬তৎ] বি, রণভূমি ; যুদ্ধস্থল ; রণক্ষেত্র।

সমরাশি [গ॰] বি, দুই সমান অংশে বিভাজ্য রাশি। যথা-২, ৪, ৬, ৮, ১০ ই॰। ২ [জ্যো॰] মেষাদি দ্বাদশ রাশির মধ্যে দ্বিতীয়, চতুর্থ, ষষ্ঠ, অষ্টম, দশম ও দ্বাদশ রাশি।

সমরী [সং] বি, সাধারণ সৈন্য ও গ্রামবল সংযসূচক উপাধিবিঃ।

সমর্থ [সং-অর্থ (যাচ্ঞা করা) + অ (র্ত্তৃ)] বিণ, ক্ষমতাশালী ; বলবান ; শক্তি-সম্পন্ন। ২ উপযুক্ত ; যোগ্য। ৩ সমস্ত দ্রঃ। ৪ যুক্তিযুক্ত ; সঙ্গত। বি, সমর্থতা।

সমর্থক$_1$ [সং] বি, চন্দনকাষ্ঠ।

সমর্থক$_2$ [সমর্থন দ্রঃ। বাং-ম বিশেষ॰] বিণ, সমর্থনকারী supporter ; seconder.

সমর্থন(া) [সম্-অর্থ্ (যাচ্ঞা করা) +অন (ভা°),+আ] বি, যাচ্ঞা। ২ দৃঢ়ীকরণ। ৩ বিবাদভঞ্জন। ৪ সম্ভাবনা।

সমর্থিত [সম্+অর্থ (যাচ্ঞা করা)+ত (র্ম্ম)] বিণ, কৃতসমর্থন ; যাচিত। ২ দৃঢ়ীকৃত। ৩ পৃষ্ঠপোষিত। ৪ মীমাংসিত।

সমর্পণ [সম্+অর্পণ] বি, স্বত্ব ছাড়িয়া দান। ২ অর্পণ ; স্থাপন। ক্রি, **সমর্পা** [স, +অর্প (অর্পণ) + আ (ক্রিয়ায়)। সমর্পিম্ সমর্প, সমর্পে ; সমর্পিতে ; সমর্পিয়া (ক্ষে° সমর্পি) ই°] স'পিয়া দেওয়া ; সর্ব্বতোভাবে অর্পণ করা। **সমর্পিল**-সমর্পণ করিল। এই অর্থে-প্রা° বাং প্রাকৃ° **সংপিল**। "তোহ্মা সংপিল আহ্মারে"-শ্রী° কী°। আধু° বাং-স'পিল। মৈ° **সমর্পল**। "তোহে বিসরি মন তাহে সমপল"-বি° প°। বিণ, **সমর্পিত**-সংন্যস্ত। ২ অর্পিত ; দত্ত। ৩ স্থাপিত। স্ত্রীং **সমর্পিতা**।

সমর্য্যাদ [স (সহিত)+মর্য্যাদা (সীমা) যার, বহু°] বিণ, সীমাযুক্ত। ২ নিকটস্থ ; সন্নিহিত। ৩ মর্য্যাদাযুক্ত ; সচ্চরিত্র।

সমল [স (সহিত) মল (ময়লা) যার, বহু°] বিণ, মলযুক্ত: মলিন; আবিল। ২ বি, বিষ্ঠা।

সমশোধন [গ° পরিঃ] বি, সমীকরণ (equation) এর দুইদিকের রাশি হতে সম-রাশির ব্যবকলন।

সমশ্রেণী-বি, একজাতি ; একদল ; একসার। ~**ভুক্ত**-বিণ, একশ্রেণীর অন্তর্গত।

সমষড়্ফলক [ঘন-জ্যা° পরিঃ] বি, ইং cube এর বৈজ্ঞা° পরিঃ ; ঘনক (ক° বিশ্ব° পরিঃ)।

সম/ষ্টি [সম্-অশ্ (ব্যাপ্ত করা)+তি (র্ম্ম)] বি, সাকল্য ; মোট। ২ [গ° পরিঃ] যোগফল ; ইং total এর বৈজ্ঞা° পরিঃ ; ইং sum এর বৈজ্ঞা° পরিঃ ; যোগ। ~**ষ্টীভূত**-বিণ, সমষ্টিতে পরিণত ; সমগ্রীভূত।

সমষ্টিলা, সমষ্টীল [সং] বি, যে সকল তৃণ জলাভূমিতে জন্মে ; জলাভূমিজাত দূর্ব্বা। ২ একজাতীয় কাঁকুড়।

সমসংস্থান [জীববিজ্ঞান] বিণ, প্রতি-রূপ বা জাতি ও homologous. অঙ্গ বিন্যাসে সমান। ২ [পদার্থ বিজ্ঞান] ভার-সাম্য ; বলসামঞ্জস্য equilibrium.

সম-সম [সম১ দ্রঃ। প্রা° সেম সেম (সূত্র-ধরাদির ভাষায়)] বিণ, সমান সমান। ২ জোড়ের মুখে মুখে অর্থাৎ ফাঁকরহিত।

সমসর [সম-সর (সদৃশ > বা সমস্তর >। সোসর দ্রঃ)। প্রা° বাং। তুল-সমতুল্য (আধু° বাং)] বিণ, সমান সমান ; উপযুক্ত। "তুমি রাজা হইলে আজ তার সমসর।"-মহা° (শ্রীকর°)। ২ তুল্য ; সদৃশ। "আহা প্রভু নখীন্দর প্রাণ সমসর।"-মনসা ম° (নারায়ণ দেব)।

সমসাময়িক [সম (তুল্য) সাময়িক (সময়ে স্থিত)] বিণ, সমকালিক ; এক সময়ের contemporary.

সম/সুখদুঃখ,-দুঃখসুখ [সং] বিণ, দুঃখে দুঃখী ও সুখে সুখী ; সমবেদনাত্মক sympathetic.

সমসূত্র [জ্যো°] বি, দিক্চক্রবালের পূর্ব্ব ও পশ্চিম বিন্দুদ্বয় ভেদকারী কাল্পনিক বৃত্ত ; সমমণ্ডল prime vertical circle. ~**স্থ**-বিণ, ব্যাসের (diameter) সম রেখা বা সূত্রে অবস্থিত।

সমস্ত [সম্ (সম্যক্)+অস্ (ক্ষেপণে)+ত (র্তৃ)। প্রা° বাং প্রাকৃ° সমত্ত (দো° ১১০)] বিণ, যাবতীয় ; সমুদয় ; সকল। ২ সম্পূর্ণ। ৩ একত্রীকৃত। ৪ যুক্ত। ৫ [ব্যা°] সমাস-যুক্ত। ~**পদ**-সমাসবদ্ধ পদ ; সমস্যমান পদ-সমূহ মিলিত হইয়া যে পদ গঠিত হয় compound word.

সমস্থলী [সম-স্থল+ঈ (স্ত্রীং)] বি, গঙ্গা ও যমুনার মধ্যবর্ত্তী ভূভাগ ; দোয়াব।

সমস্যমান [ব্যা°] বিণ, সমাস করা যাইতেছে এমন ; পরস্পর সমাসবদ্ধ ; যে সকল পদের সমাস হয়। পীতাম্বর=পীত হইয়াছে অম্বর যার। এখানে পীত ও অম্বর স° পদ।

সমস্যা [সম্-অস্+য (র্ম্ম)+আ (স্ত্রীং)] বি, শ্লোকের পাদপূরণের জন্য প্রশ্ন। ২ কঠিন প্রশ্ন ; জটিল বিষয় যার মীমাংসা করা দুরূহ। ৩ [গ° (ক° বিশ্ব° পরিঃ)] ইং problem এর বৈজ্ঞা° পরিঃ ; প্রশ্ন।

সমস্বামিত্ব [সমস্বামী+ত্ব (ভা°)] বি, সমানাধিকার ; তুল্যস্বত্ব।

সমা১ ["সংবৎসরো বৎসরোঽব্দো হায়নোঽস্ত্রী শরৎ সমাঃ"-অমর°] বি, বৎসর। "একলা রাখিয়া মোরে গেলে পিঞ্জরের তরে গোঙাইলে তথা এক সমা।"-কবিক°। "কেহ না বুঝাল্যো আমা গত হৈল দশ সমা তথাচ না কৈল কন্যাদান-ঐ।

সমা২ [সম শব্দে আকার যোগ করিয়া স্ত্রীলিঙ্গবাচক পদ সিদ্ধ করিয়া বাং-য় তুল্যার্থে সমা শব্দের প্রাদে° ব্যবহার আছে] বিণ, তুল্যা ; সদৃশী। "অনির্ব্বাচ্যা নিরুপমা আপনি আপন সমা সৃষ্টি স্থিতি প্রলয় আকৃতি।" -অ° ম°।

সমা৩, সমাই [প্রা-বাং। সং-সর্ব্ব > সবা (ব=ম=ভ)=সমা, স'ম্বা, সম্মা, স'ম্ভা (প্রা°। রাঢ়, প্রাদে° প্রা° বাং। প্রা° বিকারে-সভা। সবা+ই (নিশ্চয়ে)=সবাই > বিকারে-সমাই] স, সবাই ; সকল। "সম্বাএ বোল হরি পাপ জাউক নাশ।"-কৃত্তি° (পুথি-শ্রী° কী° ভাষা টীকাধৃত)। "সমাইরে হইল কৃপা প্রভু আহ্মারে নৈরাশ।"-সাধ্য-ভাবচন্দ্রিকা (পুথি-ঐ)। "মণিমাণিক্য মালা দোলে সমাইর গলে।"-মনসা ম° (বংশী°)। সমার=সবার ; সকলের। "তোর বোলেঁ তা সমার না লইলোঁ লাগ।-শ্রী°কী°।

সমাঅ, সমাও-সমান২ দ্রঃ।

সমাংশ [সম+অংশ] বি, সমান ভাগ ; তুল্য অংশ।

সমাংস [স (সহিত)+মাংস] বিণ, মাংসের সহিত ; মাংস মিশ্রিত বা যুক্ত।

সমাক [প্রা° বাং। সমা (=সবা)+ক (আধু°=কে)] স, সকলকে। "হেন বোল তা সমাক কিছু ভয়ছিঅ।"-শ্রী° কী°।

সমাকর্ষী [সম্-আ-কৃষ্ (আকর্ষণ বা গমন করা)+ইন্ (র্তৃ)=সমাকর্ষিন্ ১মা, ১ব°)] বিণ, সম্যক্ আকর্ষণকারী। ২ অতি দূরগামী গন্ধ।

সমাকুল [সম্ (সম্যক্)+আকুল] বিণ, অতিকাতর ; উৎকণ্ঠাযুক্ত। ২ হতবুদ্ধি। ৩ সন্দেহাকুল ; সংশয়যুক্ত।

সমাক্রান্ত [সম্ (সম্যক্) + আক্রান্ত] বিণ, গৃহীত। ২ আক্রান্ত। ৩ পরিব্যাপ্ত।

সমাক্ষ [জ্যা০ (ক০ বিশ০ পরিঃ)] বি, ইং co-axial এর বৈজ্ঞানিক পরিঃ। ~বৃত্ত [বৃত্ত দ্রঃ। জ্যো০] ইং parallels of latitude এর বৈজ্ঞা০ পরিঃ।

সমাখ্যা [সম্-আ-খ্যা (বলা) + অ (ভা০)] বি, বিবৃতি ; আখ্যা। ২ কীর্ত্তি।

সমাগত [সম্-আ-গম্ (গমন করা) + ত (র্ত্তৃ)] বিণ, নিকটাগত ; সমুপস্থিত। ২ সমবেত ; মিলিত। বি, সমাগতি।

সমাগম [সম্ + আগম (আগমন)] সংমিলন meeting ; সঙ্গম। ২ গমনাগমন ; গতায়াত। ৩ সঞ্চার।

সমাঘ্রাত [সম্ + আ-ঘ্রা (গন্ধ লওয়া) + ত (ক্ত, র্ম্ম)] বিণ, সম্যক্‌রূপে যার ঘ্রাণ লওয়া হইয়াছে। ২ যার ভাব গ্রহণ করা হইয়াছে।

সমাচার [সম্-আ-চর্ (গমন করা) + অ (ভা০)] বি, শিষ্টাচার। ২ [প্রাঃদেং] সংবাদ ; বার্ত্তা ; খবর।

সমাচ্ছন্ন [সম্ + আচ্ছন্ন (আবৃত)] বিণ, সমাবৃত ; আচ্ছাদিত। ২ অভিভূত।

সমাজ [সম্-অজ্ (গমন করা) + অ(র্ত্তৃ, ধি,ভা০)] বি, সংহতি, সমিতি। ২ গণ ; সমূহ। ৩ দল। ৪ সম্প্রদায় ; সঙ্ঘ। "হের দেখ ডালে আছে মুনির সমাজ"-সত্যনারায়ণ (রামেশ্বর)। [পশ্বাদি জাতি ভিন্ন মনুষ্যাদি শ্রেষ্ঠ জীববৃন্দের সংহতিকেই সমাজ বলে এবং পশুদিগের সমূহকে সমজ বলে, উৎকৃষ্ট জীবগণের সম প্রয়োজনে বা সমানার্থ সিদ্ধির নিমিত্ত একীভূত ভাবের নামই সমাজ]। ৫ পরিষদ্ ; সভা। "হিমগিরিরাজ করিয়া স০ বসি পুরোহিত সাথ।"-অ০ ম০। "প্রহেলিকা কহে শুক রাজার সমাজে।"-কবিক০। ৬ বৈষ্ণবগণের সমাধিস্থান। ৭ এক ধর্ম্ম ও আচারযুক্ত লোকসমষ্টি ; সমধর্ম্মাচারাবলম্বী জনগোষ্ঠী। "তুমি আমি রাম শ্যাম এই দুই চারিজন লইয়া স০ নহে দশজনের সমষ্টিই সমাজ।"-জাতিভেদ। ৮ [প্রাচীন সং সাহিত্যে] উৎসব ; মেলা। ৯ যোগিগুরু গোরক্ষনাথের প্রবর্ত্তিত বলিয়া উক্ত যোগমায়ারূপিণী হিঙ্গ্‌লাজেশ্বরীর উপাসক সম্প্রদায়ের উপাসনা স্থান (ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়)। ১০ জামাদা নিবাসী কবি নরেশচন্দ্র ভট্টাচার্য্য প্রবর্ত্তিত উপাসক সম্প্রদায়ের সঙ্ঘবদ্ধ উপাসনা গৃহ। [দ্রঃ-"সমাজ প্রধানতঃ আমোদ প্রমোদের জন্যই অনুষ্ঠিত হইত, ইহাতে অবাধে সুরাপানাদি চলিত Buehler মেলা অর্থে এবং Senart ও Vincent Smith উৎসব অর্থে ব্যবহার করিয়াছেন। প্রাচীন গ্রন্থাদিতে কোন কোন স্থলে উৎসব ও সমাজ একার্থে ব্যবহৃত হইয়াছে। যথা-"যাত্রা সমাজোৎসব, ইহা অপেক্ষাও সমাজের আর একটী প্রাচীন অর্থ আছে। মঞ্চবেষ্টিত বিস্তীর্ণ প্রাঙ্গণ মধ্যে মনুষ্য বা পশুদিগের পরস্পর শক্তি পরীক্ষাকে সমাজ বলিত।" -অশোক অনুশাসন (টীকা) [দ্রঃ-সমাজ-community. শ্রেণী- class. জাতি race. সমজ₂ দ্রঃ]। ~চ্যুত-বিণ, সমাজ হতে বিচ্ছিন্ন। ২ সমাজ হতে বহিষ্কৃত। ৩ সমাজে পতিত ; এক ঘরে। ~তত্ত্ব-বি, সমাজ সম্বন্ধীয় বিজ্ঞান ; সমাজ বিদ্যা socialogy. ২ সামাজিক সংবাদ বা কথা। ~তন্ত্র-বি, সমাজে ব্যক্তি বা সম্প্রদায় প্রাধান্যের লোপ ব্যক্তি নির্ব্বিশেষে সকল সামাজিক ও রাষ্ট্রীক সমান অধিকারবাদ socialism. ~তন্ত্রী -উক্ত মতবাদী socialist. ~নীতি-বি, সমাজের গঠন, সংস্কার, পরিচালন ও উৎকর্ষ বিষয়ক বিধান। ~পতি [সমাজের পতি (নায়ক), ৬তৎ] বি, সমাজের নেতা ; জননায়ক। "নদীয়া প্রভৃতি চারি সমাজের পতি। কৃষ্ণচন্দ্র মহারাজ শুদ্ধ শান্ত মতি।" -অ০ ম০। ~পতিত-বিণ, সমাজচ্যুত (দ্রঃ)। > স্ত্রীং ~পতিতা ~প্রাধান্যবাদ-বি, অধিকার সাম্যবাদ ; সমাজতান্ত্রিকতা ; সমষ্টিবাদ socialism. ~বদ্ধ-বিণ, সঙ্ঘগত ; সম্প্রদায়ভুক্ত ; দলবদ্ধ। > স্ত্রীং ~া। ~বহিভূ/ত, ~বহিষ্কৃ/ত-বিণ, সমাজ হতে বিতাড়িত ; সমাজচ্যুত। > স্ত্রীং ~তা। ~বিজ্ঞান-বি, সমাজতত্ত্ব দ্রঃ। ~বিরুদ্ধ, ~বিরোধী-বিণ, সমাজের বিপক্ষ ; সমাজের প্রতিকূল। > স্ত্রীং ~বিরুদ্ধা, ~বিরোধিনী। ~ব্যাধি -বি, যে দোষ রোগস্বরূপ সমাজ-দেহ ক্ষয় বা শক্তিহীন বা তার অপকর্ষ সাধন বা সমাজকে নষ্ট করে। ~রহিত -বিণ, যার কোন সমাজ নাই ; এক-ঘরে। > স্ত্রীং ~রহিতা। ~শক্তি -বি, সমাজের বল বা সামর্থ্য ; সঙ্ঘশক্তি। ~শাসন-বি, সমাজের নিয়ম বা বিধান। ২ সমাজ কর্ত্তৃক দণ্ডবিধান। ~শৃঙ্খল-বি, সামাজিক নিয়মাধীনতারূপ নিগড় বা শিকল। ~শৃঙ্খলা-বি, সমাজ শান্তির সহিত সুপরিচালনার ব্যবস্থা। ~সংস্কার-বি, সমাজের অনিষ্টকর বিধিব্যবস্থা, সামাজিক কুসংস্কার ও অনাচারের সংশোধন। ~সংস্কারক-বিণ, সমাজের সংশোধক পুনর্গঠনকারী বা উৎকর্ষ বিধায়ক। ~হিত -বি, সমাজের কল্যাণ। ~হিতকর, ~হিতকারী-বিণ, সমাজের মঙ্গলসাধক। ~হিতৈষী-বিণ, সমাজের কল্যাণকামী ; সমাজের মঙ্গলাভিলাষী। > স্ত্রীং হিতৈষিণী। কবি-স০-বি, কবিকুল ; কবিগণ। ক্ষত্রিয়-স০-বি, ক্ষত্রিয় জাতি ; ক্ষত্রিয় নর-নারী ; ক্ষত্রিয়গণ ; ক্ষত্রিয়-কুল। (এইরূপ-ব্রাহ্মণ-স০, বৈশ্য-স০, শূদ্র-স০)। ২ বীরকুল ; শূরগণ। জন স০, লোক-স০-বি, সমাজবদ্ধ নর-নারী। ধর্ম্ম-স০-বি, ধর্ম্ম-জগৎ, ধর্ম্মসম্প্রদায়। -নর-স০, মনুষ্য-স০, মানব-স০-বি, যাবতীয় নরনারী। নারী-স০-বি, যাবতীয় নারী ; স্ত্রীজাতি। নিন্দুক-স০-বি, নিন্দাকারীর দল। নিম্ন-স০-বি, নিম্ন-পদস্থ লোকসমাজ ; অনুন্নত সম্প্রদায় বা জাতি। পণ্ডিত-স০-বি, পণ্ডিতের দল ; পণ্ডিতগণ। পতিত-স০-বি, পতিত পতিতাগণ। পশু-স০-বি, যাবতীয় পশু (তুল-মানব-সমাজ)। বণিক-স০-বি, ব্যবসায়ীদের সঙ্ঘ। ২ বাণিজ্যজীবী সম্প্রদায়। বিদ্বৎ-স০-বি, বিদ্বান ও বিদুষী নরনারী। ব্রাহ্ম-স০-বি, (ব্রহ্মোপাসক) ধর্ম্মসম্প্রদায়। (এইরূপ খ্রীষ্ট স০, পার্সি স০, বৈষ্ণব স০ বৌদ্ধ স০ ই০)। ভদ্র-স০-বি, সভ্যজগৎ ; শিষ্টসম্প্রদায় ; মার্জ্জিতরুচির নরনারী। মানব-

স॑০-নর স০ ব্রঃ। **শিশু-স॑০**-বি, শিশুগণ ; যাবতীয় শিশু। ~**স॑ভ্য-স॑০**-বি, ভদ্র স০ ব্রঃ। **সাধু-স॑০**-বি, সাধুগণ ; সাধুসম্প্রদায়। **সাহিত্য-স॑০**-বি, সাহিত্য সেবার ক্ষেত্র ; সাহিত্য জগৎ।

স॑মাদ [সংবাদ > সম্বাদ > সমাদ] বি, সংবাদ। "বুলিআঁ পাঠাইবোঁ দুখ সমাদে" -শ্রী০ কী০।

স॑মাদর [সম্‌+আদর (সম্মান)] বি, অতিশয় আদর ; সম্বর্দ্ধন ; সম্মান। বিণ, **স॑মাদৃত**। স্ত্রীং > **স॑মাদৃতা**। ~**নীয়**-বিণ, সম্মানযোগ্য ; সম্বর্দ্ধনাযোগ্য। > স্ত্রীং ~**নীয়া**।

স॑মাধা [সম্‌+আ-ধা (ধারণ করা) + অ (ভা০) +আ (স্ত্রীং)] বি, সমাপন। ২ নিষ্পত্তি ৩ মীমাংসা।

স॑মাধান [সম্‌+আ+ধা (ধারণ করা) +অন (ভা০)] বি, মীমাংসা ; সিদ্ধান্ত solution; বিরোধ ভঞ্জন। ২ কার্য্য সমাপন। "শুন গো শুন গো খুড়ি,যত কার্য্য ছিল দেরি, করিলাম সব সমাধান।"-কবিক০। ৩ নিষ্পত্তি। "ভাল ভেল অলপে করল সমাধান।"-জ্ঞান০। ৪ ধ্যান। ৫ চিত্তের একাগ্রতা। ৬ নিবারণ। "অগ্নি সেবা করি শীত করি সমাধান।"-কবিক০। ৭ প্রতিকার। "আর কিছু না বলিহ কর সমাধান।" -কবিক০। "কর সমাধান বুঝিলাম কান আর না বলিহ মোরে।"-চণ্ডি০। ৮ অবসান ; শেষ। "অনলে সলিলে প্রাণ নহে সমাধান। আর মরণের সখি আছে কি বিধান॥"-বাং গান। ৯ সমর্থন। ১০ [প্রা০ বাং] সেবা। ১১ [প্রা০ বাং। কৃষ্ণচন্দ্র চরিতে] গুছান; শৃঙ্খলা স্থাপন। ১২ [ত্রিকোন০ (ক বিশ০ পরিঃ)] ইং solution of triangles এর বৈজ্ঞা০ পরিঃ।

স॑মাধি [সম্‌+আ+ধা(ধারণ করা)+ই (খি), যাতে মন সমাহিত করা যায়] বি, পরমাত্মার সহিত জীবাত্মার ঐক্যভাব। ২ এক বিষয়ে মনোনিবেশই একাগ্রতা, একাগ্রতা বদ্ধমূল হলেই তার নাম "ধারণা", ধারণা বদ্ধমূল হলেই তাকে "ধ্যান" বলে ধ্যান বদ্ধমূল বা গাঢ় হলেই ঐ ধ্যানকে "সমাধি" বলে। সমাধি দশায় অহংজ্ঞান থাকে না কেবলমাত্র ধ্যেয় বস্তুরই আভাস থাকে। "বসুন্ধর বসুন্ধরা অন্নদার শাপে, সমাধিতে দিয়া মন তনু ত্যজে তাপে।"-অ০ ম০। ৩ ইন্দ্রিয়-সংযম। ৪ বাক্‌সংযম ; মৌনাবলম্বন। ৫ কাব্যের গুণবিঃ। যে গুণ থাকিলে রচনার মধ্যে কোথাও গাঢ়তা কোথাও শিথিলতা প্রকাশ প্রায়।৬ অর্থালঙ্কারবিঃ ; দৈবানুকূল্যে হঠাৎ অন্য উপায় হইয়া আরব্ধ বিষয় অনায়াসে সম্পন্ন হইলে সমাধি অলঙ্কার হয়। "হেন বাণী শুনি কৌরব মণি যুড়িল যেমন চাপে অশনি। খরবাত সহ অমনি রড়ে দানবনগরে উলকা পড়ে।"-নি০ ক০। ৭ বিবাদ ভঞ্জন। ৮ আরোপ। ৯ মৃতদেহ ভূগর্ভে নিহিত করিবার স্থান ; কবর ; গোর। ১০ অসাধ্য বিষয়ে অধ্যবসায়। ১১ ভবিষ্যযুগের জৈন মুনিবিঃ। ১২ সমাধান। ১৩ [সমাধিয়া > ক্ষে০] অস-ক্রি,সমাপন করিয়া। "ভোজন সমাধি সবে কৈল আচমন।"-কবিক০। ~**ক্ষেত্র**, ~**স্থল**, ~**স্থান**-যে স্থানে মৃত দেহ ভূগর্ভে নিহত করা হয় ; গোরস্থান। ~**প্রস্তর**-বি, সমাধিশিলা : কবরের উপর স্থাপিত পাষাণপট্ট ; সমাধিফলক tombstone. ~**মগ্ন**-বিণ, সমাধিস্থ। ~**মন্দির**-মৃতদেহ ভূগর্ভস্থ করিয়া তদুপরি নির্ম্মিত মঠ tomb. ~**স্তম্ভ**-সমাধির উপর নির্ম্মিত স্মৃতিস্তম্ভ। ~**স্থ** [সমাধি-স্থা (থাকা) + অ (র্তৃ)] বিণ, ধ্যানস্থ ; যোগের চরমাবস্থায় অবস্থিত। ২ ধ্যানযোগে ইন্দ্রিয় বিষয় বিরহিত অবস্থায় ব্রহ্মে লীন থাকার অবস্থাপন্ন।

স॑মাধ্মাত [সম্‌+আ+ধ্মা (শব্দ করা) +ত (র্ম্ম)] বিণ, নিনাদিত; শব্দিত।

স॑মাধ্যায়ী [সম+অধ্যায়ী] বিণ, সহপাঠী ; সতীর্থ।

স॑মান১ [স (সমান)+মান (পরিমাণ) যার, বহু০। চট্ট০ প্রাদে০ স॑আন, হঁআন, হেঁআন। ব্রজ০ **স॑মানা**। "সাগর-লহরী সমানা"-বি০প০] বিণ,সম ; সদৃশ;তুল্য; একরূপ ; অভিন্ন equal. "প্রভাত কালে ভানু, স০ সুন্দর তনু,সুন্দরীর শিল্পতা সম্ভব।"-শি০। ২ [সং+অন্‌ (বাঁচা) + অ (ভা০)] বি,শরীরস্থ পঞ্চবায়ুর অন্তর্গত নাভিদেশস্থিত বায়ুবিঃ। ~**কালীন**-বিণ, এক সময়োৎপত্তিক। ~**ধর্ম্মা**-বিণ, এক ধর্ম্মাবলম্বী ; সমকর্ম্মী ; অভিন্ন প্রকৃতিগত ; এক লক্ষণাক্রান্ত। ~-**বর্ণ** -এক স্থান হতে উচ্চার্য্যমানবর্ণ। ~**লম্ব-চতুর্ভুজ** [চতুর্ভুজ ব্রঃ। গ০ পরিঃ (লীলাবতী)] বি, যে চতুর্ভুজের কোনও দুই বাহুই সমান্তরাল নহে trapezium. ~-**স॑মান**-অ, সদৃশ। ২ অভিন্ন। ৩ সমতল।

স॑মানি২ [সামান ব্রঃ। প্রা০বাং-সমাঅ। তুল-হিং সমাব্‌=সমাও (সমাবেশ)। "কায়বাক্‌চিত্ত জসু ন সমাঅ (য়)"-চ০৪৩।২,৪০।২। মৈ০ সমাব্‌, সমাও, সমাওই (=সমাবর্ত্ত= সমাওর্ত-প্রবেশ করে, লয় পায়)। সমাওল =প্রবেশ করিল ; লয় পাইল। > বাং পদ্যে-সমাইল। সমাই, সমাও, সমায় ; সমাইতে (ক্ষে০ সমাতে) ; সমাইয়া (ক্ষে০ সমিয়ে)] ক্রি, প্রবেশ করা। ২ লয় পাওয়া। "তোহে জনমি পুন তোহে সমাওত সাগর লহরী সমানা।"-বি০ প০।

স॑মান৩ [সম্মান > প্রা০ বাং প্রাকৃ০] বি, সম্মান। "এক বেলি কাহ্নু মোর রাখুক সমান"-শ্রী০ কী০। এইঅর্থে প্রা০ বাং-ব্র-**স॑মানে**। "বারেক রাখহ সমানে"-শ্রী০ কী০।

স॑মানয়ন [সম্‌+আ-নী (লইয়া যাওয়া) +অন (ভা০)] বি, সম্যক্‌ভাবে আনয়ন। ২ সঙ্গতি। বিণ, **স॑মানীত**। স্ত্রীং ~া।

স॑মানাধিকরণ [সমান (এক) হয়েছে অধিকরণ (আধার) যার, বহু০] বি, যে সাধারণ গুণ থাকায় পদার্থ সমূহ একজাতীয় বলা যায় ; তুল্যাধিকরণ। ২ বিণ, যুগপৎ একস্থানে বা এককালে বিদ্যমান ; সহবর্ত্তী ; একস্থানবর্ত্তী co-existent.

স॑মানাধিকার/বাদ, স॑মানাধি-কারতন্ত্রতা [ইং communism এর অনুবাদ] বি, সাম্যবাদ ; সাধারণ স্বত্ববাদ ; ব্যক্তিগত অধিকার লোপ করিয়া দেশের সমুদয় সম্পত্তিতে সাধারণের সমান অধিকার বা সংভাগিতা নীতি। "সমানাধিকারবাদ

ইংলণ্ডে কতদূর প্রসার প্রতিপত্তি লাভ করেছে"-আ॰ শক্তি। "তিনি ওকে বলবেন কম্যুনিজম্ বা সমানাধিকারতন্ত্রতা"-ঐ। ~বাদী-বিণ, সাধারণ স্বত্ববাদী ; সাম্যবাদী communist.

সঁমানুপাত [সম+অনুপাত] বি,একাধিক অনুপাতের সমানত্ব সম্বন্ধ। ২ [পাটী॰ বীজগ॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং proportion এর বৈজ্ঞা॰ পরিঃ।

সঁমানুরূপ [জ্যা॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং directly similar এর বৈজ্ঞা॰ পরিঃ। "জমির ভাগবণ্টন করে এইরূপ ক্ষুদ্র জোতের সৃষ্টি করা এবং তাতে মালিকী স্বত্ব দিয়ে চাষের জন্ম কৃষককে দেওয়া, সমানাধিকারবাদীদেরই (communists) কীর্ত্তি।"-আ॰ শক্তি, মাঘ, ১৩৩৩।

`সঁমানে,১, `সঁ-মানে, [স(সহ)+মানে মানের সহিত, বিভক্তি 'এ' অতিরিক্ত, গ্রা॰] ক্রি-বিণ, সহমান ; মানে মানে ; আপনার ও পরের মান বজায় রেখে ; সসম্মান ; সম্মান সহকারে। প্র-যদি স-মানে কাজটা করে দিত বা মিট মাট করে নিত তা' হলে আর এত হেঙ্গাম হবে কেন। "কিন্তু এমন করে না তাড়িয়ে দুটো মিষ্টি কথায় বিদেয় করলেই ত দেখ্‌তে শুনতে ভাল হয়, আমরাও স-মানে চলে যাই।"-নিষ্কৃতি (শ॰ চট্টো॰)।

সঁমানে২ [সমান১ দ্রঃ] ক্রি-বিণ, তুল্য বা সদৃশ স্থলে ; অনুরূপ ক্ষেত্রে। ~সমানে২ [পরস্পরার্থে দ্বিত্ব] তুল্য বা এক অবস্থার দুইজনে ; সমাবস্থাপন্ন পরস্পরে। প্র-সমানে সমানে লড়াই। সমানে সমানে বোঝা পড়া। তুল-কাঠে কাঠে।

সঁমানোদঁক [সমান+উদক যার, বহু॰] বি, সপিণ্ড ; চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত তর্পণ্য জ্ঞাতি kinsmen.

সঁমানোদঁর্য্য [সমান-উদর + য (জাতার্থে)] বি, সোদর ; সহোদর। স্ত্রীং ~া -সহোদরা।

সঁমান্তর [সম+অন্তর] বি, সম ব্যবধান। ২ বিণ, সম দূরত্ব-যুক্ত equidistant. ৩ সমরাশীভেদবিশিষ্ট (২, ৪, ৬ ইং, ৭, ১ ১৩ ইং)। বিণ, সামান্তরিক। ~শ্রেণী [পাটী॰(ক॰বিশ্ব॰পরিঃ)] বি, ইং arithmetic series এর বৈজ্ঞা॰ পরিঃ। ~শ্রেঢ়ী [গ॰ পরিঃ] বি, পরবর্ত্তী রাশি হতে সমপরিমাণে গুরুতর বা লঘুতর রাশিসমূহ arithmetical progression ; সামান্তরিক সূত্র [বলবিদ্যা (ক॰ বিশ্ব॰ পরিঃ)] বি, ইং parallelogram law এর বৈজ্ঞা॰ পরিঃ ;

সঁমান্তরাল [সম+অন্তরাল] বিণ, যে ঋজুরেখাদ্বয়ের উভয় প্রান্ত ক্রমাগত বৃদ্ধি করিতে থাকিলেও পরস্পর মিলিত হয় না parallel.

সঁমাপ [সম+অপ্ (জল,যাতে বহু॰)] বি, সমানোদক ; যজ্ঞ।

সঁমার্পক [সম্-আপ্ + ণিচ্=আপি (পাওয়া) + অক (র্ত্তৃ)] বিণ,যে সমাধা করে ; সমাপনকারী।

সঁমা/পত্তি [বৌ॰ সা॰] বি, বোধিসত্ত্বমিলনানন্দ ; বোধানন্দ ; জ্ঞানানন্দ। "ভদন্ত আপনি * * * ধ্যানস্থ হইয়া এই বোধিমূলে সমাপত্তি ভোগ করুন।"-জাতক, ৪র্থ খণ্ড।~র্পন [সম্+আপ্ +অন (ভা॰)] বি, সমাধা ; সমাপ্তি ; শেষ। ২ উদ্‌যাপন। ~র্পন্ন [সম্+আ+পদ্ (গমন করা)+ত (র্ম্ম)] বিণ, লব্ধ ; প্রাপ্ত। ২ আপন্ন ; বিপদ্‌গ্রস্ত। ৩ নিষ্পাদিত ; নির্ব্বাহিত; সাধিত। ~পিকা [সমাপক (দ্রঃ) > স্ত্রীং] বি, বাক্যসম্পূরণকারক ক্রিয়া; বাক্যার্থ সমাপকক্রিয়া। ~পির্ত [সম্-আপ্ + ণিচ্= আপিত] বিণ, নিষ্পাদিত। ২ সমাপ্ত। ৩ মারিত। ~প্ত [সং-আপ্ত] বিণ, কৃতশেষ ; সম্পূর্ণ। ~প্তি [সম্+আপ্ +তি (ভা॰)] বি, সম্পূরণ ; সমাপন ; শেষ। ২ প্রাপ্তি। ~র্পর্তন [জ্যা॰ (ক॰ বিশ্ব॰পরিঃ)] ইং coincidence এর বৈজ্ঞা॰ পরিঃ।~র্ফর্লক [পদার্থ॰ (সা॰ প॰ প॰)] ত্রিপার্শ্ব; কলম।

সঁমা/বর্ত্তন [সম্-আ-বৃৎ+অন(ভা॰)] বি, প্রত্যাবর্ত্তন ; প্রত্যাগমন। ২ ব্রহ্মচর্য্যাবসানে গৃহস্থাশ্রমে প্রবেশ ; প্রথমাশ্রমের পর দ্বিতীয়াশ্রম অর্থাৎ গৃহধর্ম্মে প্রবৃত্তি। ৩ [ত॰ বি॰] বি, নিরপেক্ষানুমান ভেদ। "ইহাতে যে বাক্যটী হতে অনুমান করা হয় সেই বাক্যের উদ্দেশ্য এবং বিধেয় যথাক্রমে অনুমিত বাক্যের বিধেয় এবং উদ্দেশ্য হওয়া। যথা কোন মানুষ অমর নহে-কোন অমর মানুষ নহে।"-প্র॰সিংহ। ~বৃত্ত-বিণ, প্রত্যাগত। ২ গুরুগৃহ হতে প্রত্যাবর্ত্তন করিয়া গৃহধর্ম্মে প্রবৃত্ত।

সঁমাবিদ্ধ [সম্+আ+বিদ্ধ] বিণ, সংযোজিত।

সঁমাবিষ্ট [সম্+আ+বিশ্ (প্রবেশ করা) +ত (র্ত্তৃ)] বিণ, প্রবিষ্ট। ২ একাগ্রচিত্ত ; অভিনিবিষ্ট।

সঁমাবৃর্ত [সম্+আ+বৃ (আবরণ করা) +ত (র্ম্ম)] বিণ, সম্পূর্ণভাবে আবৃত ; পরিবেষ্টিত।

সঁমাবৃত্ত-সমাবর্ত্তন দ্রঃ।

সঁমা/বেশ [সম্+আ+বিশ্ (প্রবেশ করা)+অ (ভা॰)] বি, সংস্থান। ২ একত্র অবস্থান। ৩ একত্রস্থাপন। ৪ মনোনিবেশ ; মনঃসংযোগ। ৫ প্রবেশ। ৬ সংগ্রহ। "পাছে তুমি কড়ি মোর দিও সমাবেশ।" -চৈ॰ ভা॰। বিণ, ~বেশির্ত [সম্+আ-(ণিজন্ত) বিশ্ +ত (র্ম্ম)] একত্রস্থাপিত। ২ অভিনিবেশিত।

সঁমাযোগ [সং] বি, সম্মেলন। ২ প্রয়োজন।

সঁমারঁম্ভ [সম্+আরম্ভ] বি, আরম্ভ ; সমুৎপত্তি ; প্রারম্ভ। ২ অনুষ্ঠান। ৩ সমারোহ।

সঁমা/রাধঁন, (া) [সম্ (সম্যক্) +আরাধন+আ] বি, পূজা। ২ সেবা। বিণ, ~রাধির্ত। > স্ত্রীং ~রাধিতা। ~রাধঁনীয়ঁ, ~রাধ্য-বিণ, আরাধনার যোগ্য ; পূজ্য ; সেব্য। > স্ত্রীং ~া।

সঁমারূঢ়ঁ [সম্ (সম্যক্)+আরূঢ়] বিণ, সম্পূর্ণরূপে কৃতারোহণ ; আরূঢ়। স্ত্রীং ~া।

সঁমারোহঁ [সং] বি, অভ্যুন্নতি। ২ আরোহণ। ৩ জাঁকজমক ; আড়ম্বর ; ঘটা।

সঁমার্থক [সম+অর্থ+ক] বিণ, সমান বা তুল্যার্থক ; সমসংজ্ঞক synonymous.

সঁমালঁব্ধ [সম্+আ+লভ্ (প্রাপ্তি, অনুলেপন ইং অর্থে)+ত (র্ম্ম)] বিণ, সম্প্রাপ্ত।

২ ধৃত ; অধিকৃত seized. ৩ কৃতানুলেপন। এই অর্থে সমালব্ধ,সমালম্ভন, সমালম্ভন-বি, বিলেপন;অনুলেপন anointing; smearing.

সমালো/চক [সম্ + আলোচক] বিণ, যে সমালোচনা করে ; দোষগুণ-বিচারক critique. ~চন, ~চনা-বি, দোষগুণের বিচার ; অনুকূল প্রতিকূল দিক্ ধরিয়া আলোচনা বা বিচার criticism. ~চিত-বিণ, যার সম্যক্রূপে বা দোষগুণ বিচারের সহিত আলোচনা করা হইয়াছে criticized. ~চ্য-বিণ, সমালোচনার জন্য উপস্থিত বা নির্দিষ্ট ; সমালোচনার যোগ্য।

সমাশ্রয় [সম্+আশ্রয়] বি, অবলম্বন ; আশ্রয়। বিণ, সমাশ্রিত-অবলম্বিত। ২ রক্ষিত।

সমাস [সম্+অস্ (সংক্ষেপ করা) +অ (ভা৹)] বি, সংক্ষেপ।২ সংগ্রহ। ৩ মিলন। ৪ সমর্থন। ৫ [ব্যা৹] দুই বা অধিক পদের মধ্যস্থিত বিভক্তি লোপ করিয়া এক পদ করার নাম। সমাস-কর্ম্মধারয়(২) তৎপুরুষ (৩) দ্বিগু (৪) দ্বন্দ্ব (৫) অব্যয়ীভাব। (৬) বহুব্রীহি এই ছয় প্রকার [যথাস্থানে দ্রঃ]।

সমাসক্ত [সম্+আসক্ত]বিণ, অত্যাসক্ত। ২ সুসংলগ্ন। ৩ অভিনিবিষ্ট। বি, সমাসক্তি।

সমাসঙ্গ [সম্+আ-সন্জ্ (আলিঙ্গন করা) +অ(ভা৹)] বি, অত্যাসক্তি। ২ সংমিশ্রণ; সংমিলন; সংযোগ। ৩ অভিনিবেশ।

সমাসন্ন [সম্+আসন্ন] বিণ, সম্প্রাপ্ত। ২ অতি নিকটবর্ত্তী ; সন্নিহিত।

সমাসাদিত [সম্+আসাদিত (প্রাপ্ত)] বিণ, সম্প্রাপ্ত। ২ সমাহৃত। ৩ উদ্ধৃত। ৪ বিশেষভাবে আনীত।

সমাসার্থ [সমাস+অর্থ, ৬তৎ] বি, সংক্ষেপার্থ। ২ সমস্যা। ৩ কর্ম্মধারয়াদি সমাসের অর্থ।

সমাসীন [সম্+আসীন (উপবিষ্ট)] বিণ, উপবেশনশীল ; উপবিষ্ট।

সমাসোক্তি, [সমাস+উক্তি (কথন), ৬তৎ] বি, কর্ম্মধারয় আদি সমাসের কথা।

সমাসোক্তি২ [সং] বি,কাব্যের অর্থালঙ্কারবিঃ personification. প্রস্তুত বিষয়ে অপ্রস্তুতের ব্যবহার সমান কার্য্য, সমান লিঙ্গ ও সমান বিশেষণ দ্বারা সম্যক্ আরোপিত হইলে এই অলঙ্কার হয় [দ্রঃ-প্রকৃতার্থের বিশেষণ মাত্রের অর্থশক্তি দ্বারা অপ্রকৃতার্থের বোধ হইলে সমাসোক্তি হয়, কিন্তু বিশেষ্যপদ উভয়ার্থের বাচক হইলে শ্লেষালঙ্কার হয়] "হায় রে তোমারে কেন দোষি ভাগ্যবতি। ভিখারিণী রাধা এবে তুমি রাজরাণী। হরপ্রিয়া মন্দাকিনী, সুভগে তব সঙ্গিনী অর্পেণ সাগরকরে তিনি তব পাণি সাগর বাসরে তব তাঁর সহ গতি।"-ব্রজাঙ্গনা। "এখানে প্রস্তাবিত যমুনাতে অপ্রস্তাবিত সখীসঙ্গিনী অথচ পতিপাশগমনোদ্যতা কামিনীর ব্যবহারারোপ ব্যঙ্গ্য হইয়াছে বলিয়া এটি সমান কার্য্য দ্বারা ব্যবহারারোপের দৃষ্টান্ত" -কাব্যদর্পণ।

সমাহত [সম+আহত (আঘাতপ্রাপ্ত)] বিণ, সম্যক্ রূপে আহত। ২ তাড়িত।

সমাহরণ [সম্ (সম্যক্)+আহরণ] বি, সমাহার সংগ্রহ। ২ [অর্থশা৹ পরিঃ] প্রাচীন ভারতে (বিতঃ) চন্দ্রগুপ্তের রাজত্বকালে প্রচলিত আদমসুমারী census [দ্রঃ-এই সংগ্রহ এখনকার মত দশবার্ষিক ছিল না, এজন্য স্থায়ী কর্ম্মচারীদের দ্বারা পরিচালিত রাজকীয় বিভাগ ছিল এবং দৈনন্দিনপরিবর্ত্তনগুলি লিপিবদ্ধ করা নিত্যকর্ম্মের মধ্যে ছিল]।

সমাহর্ত্তৃ [অর্থশা৹] বি, রাজ্য পর্য্যবেক্ষক রাজকর্ম্মচারী, সংগ্রাহক। বিণ, সমাহর্ত্তা -সমাহরণকারী। ২ বি, "রাজস্ব আদায়ের ভারপ্রাপ্ত রাজকর্ম্মচারী" (বৌদ্ধ ভারত) ; সমাহারকর্ত্তা।

সমাহার [সম্+আ+হৃ (হরণকরা)+অ (ভা৹)। হমাহারে,-হোঁআরে (সঙ্গে অর্থে) মুসলমান কথ্য, চট্ট৹ প্রাদে৹] বি,সম্যক্হরণ। ২ সংগ্রহ ; অধ্যাহার। "নানা সংহিতা হইতে প্রমাণ স৹ করিয়াছেন।"-উদ্দেশ বিদ্যারত্ন। ৩ সংক্ষেপ। ৪ সমূহ। ৫ দ্বিগু সমাসবিঃ। ৬ দ্বন্দ্ব সমাসবিঃ।

সমাহি [প্রা৹ বৌ৹ বাং প্রাকৃ৹। দ্রঃ হি] বি, সমাধি। ~অ-ক্রি-বিণ, সমাধি দ্বারা। "সঅল সমাহিঅ কাহি করিঅই" [কিইবা করে]-চ৹ ১।৩।

সমাহিত [সম+আহিত] বিণ, নিষ্পাদিত। ২ অভ্রান্তচিত্ত। ৩ একাগ্রচিত্ত ; অবহিত। ৪ সংস্থাপিত। ৫ মীমাংসিত। ৬ দৃঢ় ; অবিচলিত। ৭ সমাধিনিষ্ঠ। ৮ সমাধিক্ষেত্রে নিহিত। ৯ সংযত। "হয়ে স৹ মতি পূজা করি হৈমবতী" -কবিক৹।

সমাহৃত [সম্+আহৃত] বিণ, সংপ্রাপ্ত। ২ সংমিলিত। ৩ কৃত আহরণ ; সংগৃহীত। ৪ সঙ্ক্ষিপ্ত। ৫ একত্রীকৃত। ৬ আনীত। ৭ আয়োজিত। বি, সমাহৃতি।

সমাহ্বয় [সম্+আ-হ্বে (আহ্বানে)+অ (ভা৹)। দ্যূত দ্রঃ] বি, মেষ, মহিষ, কুক্কুট পারাবত ই৹ দ্বারা পণপূর্ব্বক যে ক্রীড়া। "উক্ত দ্যূত ও সমাহ্বয় যে ব্যক্তি নিজে করে" -মনু৹ [বাজী রাখা ; জুয়াবিঃ। স৹-কর্ত্তাকে কিতব বলে]। ২ যুদ্ধে আহ্বান challenge.

সমিক [সং] বি, বেধনাস্ত্রবিঃ ; বঁড়্শা।

সমিত [পারিভাষিক শব্দ] বি, সমত্বসূচক চিহ্ন ; তুল্যতাজ্ঞাপক চিহ্ন ; (=) এই চিহ্ন।

সমিতি [সম্+ই (গমন করা)+তি (ধি) যেখানে সকলে গমন করে] বি, সভা ; পরিষদ্। ২ সঙ্গ।

সমিদ্ধ [সম্+ইন্ধ্ (দীপ্তি পাওয়া)+ত (র্ত্ত)] বিণ, প্রজ্বলিত। "অনন্তর অনল * * সমিদ্ধ হইয়া খাণ্ডবদাব দাহ করিতে আরম্ভ করিলেন।"-মহা৹ (সিংহ)। ২ উত্তেজিত।

সমিদ্ধে-সমিধ দ্রঃ।

সমিধ্,-ধ [সম্+ইন্ধ্ (দীপ্তি পাওয়া) +কিপ্ (ণে),যদ্দ্বারা অগ্নি প্রজ্বালিত হয়] বি, যজ্ঞীয় কাষ্ঠ। ২ অগ্নি প্রজ্বালনার্থ তৃণাদি।

সমিন্ধন [সং] বি, অগ্নিতে ইন্ধন দান ; উত্তেজন ; উদ্দীপন।

সমিভ্যারে-সমভিব্যাহার দ্রঃ।

সমিহা [সং-সমীক্ষা (বিচার > বাছবিচার) >] বি, সম্ভ্রম ; সঙ্কোচ। "অর্জ্জুন মারক মোরে সমিহা উপেক্ষি।"-মহা৹ (বিজয়৹)।

সমীক [সং] বি, যুদ্ধ।

সমীকরণ [সম-করণ, মধ্যে ঈ (চ্বি) আগম] বি, সদৃশীকরণ ; একজাতীয় করণ। ২ আত্মস্থকরণ assimilation. ৩ [গ°] কোন নির্দিষ্ট রাশি গ্রহণ করিয়া তত্তুল্য কোন অনির্দিষ্ট রাশির পরিমাণ নির্ণয়করণ : অজ্ঞাত রাশির নির্ণায়ক গণিত equation. **সমকালীন বা যুগপৎ সমীকরণ, সহসমীকরণ**-বি. simultaneousequation. **সমীকরণের মান** [বীজগ°] বি, মূল root. ২ [সামাজিক] কুলমর্য্যাদার (বিশেষতঃ ব্রাহ্মণের) কোন কোন ব্যক্তি বর্ত্তমান কুলীন তার স্থিরীকরণ। বিণ, **সমীকৃত**-equated.

সমীক্ষ, সমীক্ষ্য [সম্+ঈক্ষ্ (দেখা) +অ, য (ণে), যদ্দ্বারা দর্শন করে] বি, সাংখ্য দর্শন। ~**কারী**-পূর্ব্বাপর বিবেচনা করিয়া কার্য্যকারী। > বি, **সমীক্ষ্যকারিতা**-সদ্বিবেচনার সহিত কর্ম্মপ্রবৃত্তি ; পরিণামদর্শিতা। ~**বাদী**-বিণ, পূর্ব্বাপর বিবেচনা করিয়া যে কথা কহে।

সমীক্ষণ [সম্+ঈক্ষ্ (দেখা)+অন (ভা°)] বি, সম্যক্ দর্শন। ২ আলোচনা। ৩ অনুসন্ধান।

সমীক্ষা [সমীক্ষ (দ্র:)+আ (স্ত্রী:)] বি, দর্শন। ২ অন্বেষণ। ৩ সম্যক্ জ্ঞান। ৪ বিবেচনা ; বিচার। ৫ মীমাংসা দর্শন। ৬ বুদ্ধি আদি চতুর্ব্বিংশতি তত্ত্ব। ৭ প্রকৃতি। বিণ, **সমীক্ষিত**।

সমীচীন [সম্-অঞ্চ্ (গতি, পূজা)+ঈন্ =সমীচীন, সম=সমী] বিণ, যোগ্য ; উপযুক্ত। ২ সঙ্গত। ৩ যথার্থ ; সত্য। ৪ উত্তম।

সমীপ [সং] বিণ, নিকট। ~**বর্ত্তী**-বিণ, সমীপে অবস্থিত। ~**স্থ** (-প্‌-)-বিণ, নিকটে অবস্থিত ; সন্নিহিত।

সমীর [সম্-ঈর্ (গমন করা)+অ (র্ত্তৃ)] বি, বায়ু। ২ শমীবৃক্ষ।

সমীরণ [সম্-ঈর্ (গমন করা)+অন (র্ত্তৃ)] বি, বায়ু।

সমীরিত [সম+ঈর্ (প্রেরণ করা)+ত (র্ম্ম)] বিণ, প্রেরিত। ২ উচ্চারিত। ৩ স্পষ্টরূপে কথিত। "সম্রাটের কণ্ঠে স° হইয়া সেই অধিকার যদি একটা নির্দিষ্ট কালের মধ্যে প্রদত্ত হইত * *"-বসুমতী, কার্ত্তিক ১৩৩৪।

সমীহ [সং-সমীহা > । বাং-য় অর্থসম্প্রসারণে] বি, সম্ভ্রম ; শ্রদ্ধাযুক্ত সঙ্কোচের ভাব ; শ্রেষ্ঠের প্রতি সসম্ভ্রম আচরণ। ২ চক্ষুলজ্জা। **স° করা**-ক্রি, সম্ভ্রম প্রদর্শন করা।

সমীহা [সম্+ঈহ্ (চেষ্টা করা)+অ (ভা°)+আ (স্ত্রী:)] বি, সম্যক্ ইচ্ছা। ২ [বাং-য়] সমীহ (দ্র:)।

সমীহিত [সম্(সম্যক্)+ঈহ্ (চেষ্টা করা) +ত (র্ম্ম)] বিণ, সম্যক্ চেষ্টিত ; কৃতযত্ন। ২ রক্ষিত ; অভীষ্ট। "সত্য কৃষ্ণ সকল শাস্ত্রের স°।"-চৈ° ভা°। ৩ বি, ইচ্ছা। "তার ঠাঞি পড়িতে প্রভুর স°॥"-চৈ°ভা°। ৪ চেষ্টা। ৫ মর্ম্ম ; তাৎপর্য্য। "করে সর্ব্ব শাস্ত্রের বুঝিয়া স°।"-চৈ° ভা°। ৬ মন্তব্য। "শব্দ সনে বাখানেন কৃষ্ণ স ।"-চৈ°ভা°।

সমুখ [স (সহিত) মুখ। প্রা°সমুক] বিণ, মুখবিশিষ্ট। ২ [সম্মুখ >। প্রা° উচ্চারণভেদে **সুমুক**] বি, সম্মুখ ; অভিমুখ। ক্রি-বিণ, **সমুখে** [প্রা° সুমুকে] সম্মুখে ; অগ্রে। "সমুখে রাখিয়া করে বসনের বা।"-চণ্ডি°। "সমুখে দেখেন চক চাঁদনী সুন্দর।"-অ° ম°। ২ আগত ; উপস্থিত ; বিরাজমান। "একি তোমার মানের সময় সমুখে বসন্ত। দেখ কুসুম কাননে বিহরয় অলিগণে হরিষ নিতান্ত॥"-গান। **স° (সুমুক) করিয়া বসা**-মুখ দেখিয়া বসা ; সম্মুখে ফিরিয়া বসা। **স° বা সু° দিয়া যাওয়া**-সম্মুখে আসিয়া পশ্চাতে বা পার্শ্বে ফেলিয়া চলিয়া যাওয়া।

সমুচ্চয় [সমুচ্চয় দ্র:] বিণ, সমুদয় ; সমস্ত। ২ বি, সমাহার।

সমুচিত [সম্+উচিত] বিণ, যথাকর্ত্তব্য ; উপযুক্ত। প্র-স° সম্মান প্রদর্শন। ২ উপযুক্ত। প্র-অপরাধীর স° দণ্ডবিধান করা কর্ত্তব্য। ৩ যোগ্য ; শোভন। "অবকে মিলন স° হোয়।" -বি° প°।

সমুচ্চয় [সং-উৎ-চি (একত্র করা)+অ (ভা°)] বি, সংগ্রহ ; সমাহার ; সংযোগ। ২ সমূহ। "যোকে বলি আইসে দেখ সৈন্য স°।" -মহা° (শ্রীকর°)। ৩ পরিমাণ ; গণনা ইয়ত্তা। "অতএব পড়ুয়ার নাহি স°।"-চৈ° ভা°। ৪ চিহ্ন। "আছাড়ের স° নাহিক শ্রীঅঙ্গে।"-চৈ° ভা°। ৫ [ব্যা°] তথা, আর এবং ইং-পদের দ্বারা বহু পদার্থের এক ক্রিয়াতে অন্বয়। ৬ [অলং শা°] কাব্যের অর্থালঙ্কারবি: Plurality of causes. যে স্থলে কার্য্য একটি কারণ দ্বারাই সিদ্ধ হতে পারে, তথায় একাধিক কারণ দৃষ্ট হলে এই অলঙ্কার হয়। যথা-"যখন শুনিলাম, অর্জ্জুন বিচিত্র শরাসন সমাকর্ষণ পূর্ব্বক লক্ষ্য বিদ্ধ ও ভূতলে পাতিত করিয়া সমবেত রাজগণ সমক্ষে দ্রৌপদীয়ে হরণ করিয়া আনিয়াছে, তখন আর আমি জয়ের আশা করি নাই। যখন শুনিলাম, অর্জ্জুন দ্বারকাতে সুভদ্রারে বলপূর্ব্বক হরণ করিয়া বিবাহ করিয়াছে, অথচ বৃষ্ণিকুলাবতংস কৃষ্ণ, ও বলরাম মিত্রভাবে ইন্দ্রপ্রস্থে আগমন করিয়াছেন, তখন আর আমি জয়ের আশা করি নাই।"-মহা° (সিংহ)। এখানে একমাত্র দ্রৌপদীহরণ পরাজয়ের কারণ হইলেও একাধিক বিষয় তার কারণ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। "একে সে মোহন যমুনার কূল, আর সে কেলিকদম্বের মূল, আর সে বিবিধ ফুটল ফুল, আর সে শারদ যামিনী।"-জ্ঞান°। ৭ [আয়ু°] দুই বা অধিক সংখ্যক স্বতন্ত্র কিন্তু সমশ্রেণীর সম্বন্ধবিশিষ্ট ভাব সংযোগ। যথা-মাংস শ্রেণীতে এণ ও হরিণ, লাব ও তিত্তির, এবং সারঙ্গ (চিত্রমৃগ (spotted dear) মাংস (সুশ্রুত ৩৫)। বিণ, **সমুচ্চিত**-সংগৃহীত। ২

সমু/চ্চর,-চ্চার-বি, পদ বা বাক্যের উচ্চারণ, । ~**চ্চরৎ**-বিণ, উচ্চার্য্যমান।

সমুচ্ছলিত [সম্-উৎ-শল্ (গমন করা) +ত (র্ত্তৃ)] বিণ, স্ফীত হইয়া চতুর্দ্দিকে বিস্তীর্ণ ; পরিব্যাপ্ত ; উদ্ভাসিত হইয়া প্লাবিত। ২ [এই অর্থে সমুচ্ছল ও°] উচ্ছ্বাসভরা ; উথলিত। "বলকে বুঝিতে পারে তাহার অগাধ শান্তি, তাহার অপার ব্যাকুলতা, তা'র সুগভীর মৌন, তা'র সমচ্ছল কলকথা, তা'র হাস্য, তা'র অশ্রুরাশি!"-রবী°।

সমুচ্ছেদ [সম্+উৎ+ছিদ্(ছেদন করা)

+অ (ভা॰)] বি, মূলোৎপাটন; উন্মূলন। ২ সমূলে বিনাশ।

সমুচ্ছ্রয়, সমুচ্ছ্রায় [সম্+উৎ+শ্রি (সেবা করা)+অ (ভা॰)] বি, অতিস্ফীতি; অতিবৃদ্ধি। ২ উৎসেধ; উচ্চতা। ৩ অত্যুন্নতি। বিণ, সমুচ্ছ্রিত-অত্যুন্নত; অতি উচ্চ। ২ সংবর্দ্ধিত।

সমুচ্ছ্বাস [সম্+উৎ-শ্বস্ (নিশ্বাস প্রশ্বাস ফেলা)+অ (ভা॰)] বি, প্রবল শ্বাস প্রশ্বাস। ২ আবেগ। ৩ স্ফূর্ত্তি। ৪ স্ফীতি। বিণ, সমুচ্ছ্বসিত।

সমুজ্ঝিত [সম্+উজ্ঝ (ত্যাগ করা)+ত (র্ম্ম)] বিণ, পরিত্যক্ত।

সমুঝ-সমঝ দ্রঃ।

সমুঝা [প্রা॰ বাং। সমঝা দ্রঃ। সমুঝি, সমুঝ, সমুঝে; সমুঝিতে; সমুঝিয়া] ক্রি, বুঝা। ণিজন্ত-সমুঝানি-বুঝান। ব্রজ॰ সমুঝিনু-বুঝিলাম। "সমুঝনু তব হাম সুকপট সোয়"-বি॰ প॰। সমুঝাব-বুঝিবে। "কো ইহ সমুঝব অপরূপ কাজ"-বি॰ প॰। সমুঝাই-বুঝাইয়া। ২ বুঝাও। "রোয়সি কাহে মোহে সমুঝাই"-বি॰ প॰।

সমুড্ডীন [সম্+উৎ-ডী+ত (র্ত্তৃ)] বিণ, ঊর্দ্ধাকাশে উত্থিত (পক্ষী); যে উড়িয়া অতি ঊর্দ্ধে উঠিয়াছে।

সমুৎকীর্ণ [সম্+উৎ-কৃ (বিক্ষেপ করা)+ত (র্ম্ম)] বিণ, বিকীর্ণ; বিক্ষিপ্ত। ২ বিশেষভাবে উৎকীর্ণ; ক্ষোদিত। ৩ বিদীর্ণ।

সমুৎক্রম [সম্+উৎ (ঊর্দ্ধে) ক্রম্ (গমন করা)+অ (ভা॰)] বি, ঊর্দ্ধগতি; উচ্চ বা উপরদিকে গমন।

সমুৎক্রোশ [সম্+উৎ+ক্রুশ্ (রোদন করা)+অ (ভা॰)] বি, উচ্চনাদ; চীৎকার।

সমুত্থ [সম্+উৎ+স্থা (থাকা)+অ (র্ত্তৃ)] বিণ, উদ্গত; উৎপন্ন। ২ উত্থিত।

সমুত্থান [সম্+উৎ+স্থা (থাকা)+অন (ভা॰)] বি, উদ্গমন; সমুৎপত্তি। ২ উদয়। ৩ গাত্রোত্থান। ৪ বিদ্রোহাচরণের বিরুদ্ধে উত্থান। ৫ উদ্যোগ। ৬ রোগশয্যা হতে উত্থান; রোগমুক্তি। বিণ, সমুত্থিত [সম্ (সম্যক্)+উত্থিত] সমুদ্গত; সমুৎপন্ন। ২ দণ্ডায়মান। ৩ বিরুদ্ধে দণ্ডায়মান; বিদ্রোহাচরণে উদ্যমযুক্ত। ৪ উত্তোলিত।

সমুৎপত্তি [সম্+উৎ-পদ্ (গমন করা)+তি (ভা॰)] বি, সমুত্থান। বিণ,সমুৎপন্ন-সমুদ্ভূত; উৎপন্ন; জাত। ২ সংঘটিত। ৩ উপস্থিত।

সমুৎপাটন [সম্+উৎ-পট্+ণিচ্=পাটি+অন (ভা॰)] বি, মূলোৎপাটন; উন্মূলন। বিণ, সমুৎপাটিত-উন্মূলিত।

সমুৎফুল্ল [সম্+উৎফুল্ল] বিণ, সম্যক্ উৎফুল্ল; প্রফুল্ল। ২ পূর্ণ বিকাশপ্রাপ্ত।

সমুৎসাদিত [সং+উৎ-সাদি (গমন করান)+ত (র্ম্ম)] বিণ, প্রেরিত। ২ উন্মূলিত। ৩ বিনাশিত। স্ত্রীং ~া। বি, সমুৎসাদন।

সমুৎসুক [সং-উৎসুক] বিণ, অতি উৎকণ্ঠিত: অতিশয় চিন্তিত। "পরিজনরা সমুৎসুক হইয়া উঠিল"-উত্তরা, পৌষ ১৩৩৩। ২ সাগ্রহ।

সমুৎসৃষ্ট [সম্+উৎ-সৃজ্ (ত্যাগ করা)+ত (র্ম্ম)] বিণ, সম্যক্ পরিত্যক্ত। স্ত্রীং ~া।

সমুৎসেধ [সম্+উৎসেধ (দ্রঃ)] বি, উচ্ছ্রয়; সমুন্নতি। ২ অতি স্ফীতি বা বৃদ্ধি।

সমুদয়, সমুদায় [সম্+উৎ-ই (গমন করা)+অ (ভা॰ অল্, ঘঞ্)] বি, সমুত্থান; উদয়। ২ উন্নতি। ৩ সমস্ত; সকল। ৪ সমূহ; যূথ; ইং group এর বৈজ্ঞা॰ পরিঃ (হিং কো॰)। ৫ উন্নতি; অভ্যুদয়। ৬ দিবস। ৭ যুদ্ধ। ৮ পশ্চাদ্‌ভাগস্থ সৈন্য। ৯ [জ্যো॰] লগ্ন। বিণ, সামুদয়িক।

সমুদিত [সম্+উৎ-ই (গমন করা)+ত (র্ত্তৃ)] বিণ, সম্যক্ উদিত। ২ জাত; উৎপন্ন। ৩ অভ্যুদিত; সমুন্নত। ৪ [সম্+বদ্ (বলা)+ত (র্ম্ম)] সম্যক্ কথিত।

সমুদীরিত [সম্+উদীরিত] বিণ, সম্যক্ উচ্চারিত; কথিত। বি, সমুদীরণ-সম্যক্ কথন।

সমুদ্গ,-ক [সং] বি, সম্পুট; কৌটা casket.

সমুদ্গত [সম্+উৎ+গম্+ত (র্ম্ম)] বিণ, উৎপন্ন। ২ উদিত। ৩ মৃত্তিকাদি ভেদ করিয়া উত্থিত।

সমুদ্গম [সম্+উৎ+গম্+অ (ভা॰)] বি, উদয়। উৎপত্তি।

সমুদ্গীত [সম্+উৎ+গীত] বিণ, উচ্চৈঃস্বরে গীত।

সমুদ্গীর্ণ [সম্+উদ্গীর্ণ] বিণ, কৃতোদ্‌গার; বমিত। ২ উক্ত: উচ্চারিত; কথিত।

সমুদ্দিষ্ট [সম্+উৎ+দিশ্ (বলা)+ত (র্ম্ম)] বিণ, সম্যক্ উদ্দিষ্ট; কৃতোদ্দেশ; কৃতানুসন্ধান; অন্বেষিত। বি, সমুদ্দেশ।

সমুদ্ধত [সম্+উদ্ধত (উন্নত, ধৃষ্ট)] বিণ, উদ্ধত। ২ উৎক্ষিপ্ত। ৩ অহংকৃত; গর্ব্বিত। ৪ অবিনীত: অশিষ্ট। ৫ অশান্ত; উগ্র।

সমুদ্ধরণ [সম্+উৎ+ধৃ (ধারণ করা) অথবা-হৃ (হরণ করা)+অন (ভা॰)] বি, উন্মূলন। ২ বমন। ৩ মোচন। ৪ সম্যক্ উদ্ধার করণ quotation.

সমুদ্ধর্ত্তা [সম্+উৎ-হৃ (লওয়া)+তৃ (র্ত্তৃ)=সমুদ্ধর্ত্তৃ ১মা, ১ব॰] বিণ, সমুদ্ধারকারী; উদ্ধারকর্ত্তা: মুক্তিদাতা।

সমুদ্ধার [সম্+উৎ-ধৃ (ধারণ করা) কিম্বা-হৃ (হরণ করা)+অ (ভা॰)] বি, উত্তোলন। ২ মুক্তি। ৩ ঋণ মুক্তি। ৪ উদ্ধার; সমুদ্ধরণ দ্রঃ quotation. ৫ অংশ-ক্রমে গ্রহণ। বিণ, সমুদ্ধৃত > বি, সমুদ্ধৃতি।

সমুদ্ভব [সম্+উৎ-ভূ (হওয়া)+অ (ভা॰)] বি, উদ্ভব: জন্ম; উৎপত্তি। ২ সম্ভাবনা।

সমুদ্ভাবিত [সম্+উদ্ভাবিত] বিণ, সম্যক্ কল্পিত। বি, সমুদ্ভাবনা।

সমুদ্ভাসিত [সম্+উদ্ভাসিত (দীপ্ত)] বিণ, উজ্জ্বলীকৃত; আলোকিত; প্রদীপ্ত। ২ সুপ্রকাশিত। ৩ শোভিত।

সমুদ্ভূত [সম্+উদ্ভূত] বিণ, জাত; সমুৎপন্ন; সঞ্জাত। ২ সমুদিত। স্ত্রীং ~া।

সমুদ্যত [সম্+উদ্যত (উদ্যুক্ত)] বিণ, সম্যক্ উদ্যুক্ত। ২ উত্তোলিত; উত্থিত। স্ত্রীং~া।

সমুদ্যম [সম্+উদ্যম] বি, চেষ্টা। ২ আরম্ভ।

সমুদ্র, [সম্+উন্দ্ (স্ফীত হওয়া)+র (অপা০), ন্-লোপ,কিম্বা সম্+উৎ (উদ্গত) -র (বহ্নি). বা হ'তে,বহু০, অথবা সম্+উৎ -রা (দান করা)+অ (র্ত্তৃ), যে রত্ন ও জল দান করে। প্রা০ সি(মু)মুদ্দ্‌র। হি০ সমুন্দর। প্রা০ বৌ০ বাং প্রাকৃ০সমুদ, সমুদার > সমুদে, সমুদারে (সমুদ্রে)-চ০ ১৫।৩০, ৩৫।২। লবণ, ইক্ষু, সুরা; সর্পী, দধি, ক্ষীর (দুগ্ধ), জল এই সাত সমুদ্র] বি, যে বিশাল জলরাশি ভূমণ্ডল পরিবেষ্টিত করিয়া আছে: সাগর। ২ [সুশ্রুত] সামুদ্রিক লবণ। ৩ সমুদ্রফেন। ~কফ-বি, সমুদ্রের ফেন। ~কান্তা-বি, নদী। ~গ-বিণ, সাগর-গামী। ২ বি, নাবিক; পোতবণিক্। >স্ত্রী০~গা-বি, নদী। ~গর্ভ, গর্ত্ত-বি, সাগরতল হতে জোয়ারের উর্দ্ধ সীমা পর্য্যন্ত। ২ সমুদ্রতল; সমুদ্রের গভীর দেশ; সমুদ্রমধ্য। ~গৃহ-বি, বরুণালয়। ২ জলযন্ত্র গৃহ। ~চোর, ~চৌর-বি, সামুদ্রিক দস্যু; জলদস্যু; বোম্বেটিয়া pirate. >চৌর্য্য-বি,সমুদ্র যাত্রীদের সম্পত্তি লুণ্ঠন; বোম্বেটিয়া-গিরি; জলদস্যুবৃত্তি piracy. ~তীর-বি, সমুদ্রের উপকূল। ~ফেন-বি, সমুদ্রকফ দ্রঃ। ২ [লক্ষ০] কাট্‌ল্ মাছ cuttle fish. ~বলয়া, ~বলয়াঙ্কিতা, ~মেখলা -বিণ, সাগরবেষ্টিতা। ২ বি, পৃথিবী। ~মন্থন [পু০] বি, দেবাসুর মিলিত হইয়া মন্দর পর্ব্বতকে দণ্ড ও বাসুকী নাগকে রজ্জু করিয়া সাগরজল আলোড়ন করিয়া লক্ষ্মী, চন্দ্র, পারিজাত, ঐরাবত, উচ্চৈঃশ্রবা, ধন্বন্তরী, অমৃত ও হলাহল উত্তোলন ব্যাপার। ~যাত্রা -বি, অর্ণবপোতে দূরদেশে গমন; সাগরের উপর দিয়া দেশান্তরে গমন। ~যান-বি, অর্ণবপোত; জাহাজ। সমুদ্রে ঝাপ দেওয়া-বিপদসঙ্কুল অগাধ জলে ইচ্ছা করিয়া পড়া। ২ প্রাণ সঙ্কটে বা বিপদের মধ্যে ঝাপ দেওয়া অর্থাৎ আত্মসমর্পণ করা। সমুদ্রে পাদ্য অর্ঘ্য-সমুদ্রের জলে বিন্দুপাত।২ [লক্ষ০] কিছুই নয়; অকিঞ্চিৎকর। সমুদ্রে বিন্দুপাত-বিশাল জলরাশির মধ্যে এক ফোঁটা জল গণনার মধ্যেই আসে না। সমুদ্রের ঢেউ-সাগরতরঙ্গ; উত্তাল তরঙ্গ। সমুদ্রের ঢেউ খাওয়া-সাগর-তরঙ্গে স্নান করা। সাত সমুদ্র তের নদী পার হওয়া [বাং-র সাত ও তের বহু অর্থে প্রযুক্ত হয়] বহু সাগর বহু নদী উত্তীর্ণ হইয়া বহু বিস্তীর্ণ ভূভাগ অনেক কষ্টে অতিক্রম করা। ২ লক্ষ০] অনেক দূরদেশ হ'তে আসা।

সমুদ্র, [স (সহ)+মুদ্র, মুদ্রাসহ বিদ্যমান যা, বহু০] বিণ, মুদ্রণযুক্ত; ছাপা printed.

সমুদ্রাম্বরা [সমুদ্র+অম্বর (বস্ত্র) যার, বহু০ +আ (স্ত্রী০)] বি, ধরা; পৃথিবী। ২ বিণ, সাগরাম্বরা: সাগরবেষ্টিতা।

সমুদ্রীয় [সমুদ্র+ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, সাগর সম্বন্ধীয়; সামুদ্রিক।

সমুদ্রেক [সম্+উদ্রেক] বি, পূর্ণ উদয়; উত্তেজন; উদ্দীপন।

সমুদ্বহ [সম্+উৎ+বহ্ (বহন করা)+ অ (র্ত্তৃ)] বিণ, বহনকারী।

সমুদ্ধ-সমৃদ্ধ দ্রঃ।

সমুন্নত [সম্+উন্নত] বিণ, সু-উচ্চ; অতিশয় উন্নত। ২ মহৎ। ৩ সমৃদ্ধ। ৪ উচ্চপদস্থ।

সমুন্নতি[সম্+উন্নতি] বি,অত্যুৎকর্ষ। ২ উচ্চপদ। ৩ উচ্চতা। ৪ মহত্ত্ব।

সমুন্নয়, সমুন্নয়ন [সম্+উৎ-নী (লওয়া)+অ, অন (ভা০)] বি, উৎক্ষেপণ; উচ্চকরণ। ২ সম্প্রাপ্তি। ৩ উদ্ভাবন। ৪ সমুত্থান।

সমুপচিত[সম্+উপ+চি (একত্র করা) +ত (র্ম্ম)] বিণ, সম্যক্ উপচিত; বৃদ্ধিপ্রাপ্ত। ২ বহুলীকৃত।

সমুপধান [সম্+উপ+ধা (ধারণ করা) +অন (ভা০)] বি, সমুৎপাদন। ২ স্থাপন।

সমুপেত [সম্+উপেত] বিণ, সমাগত।

সমুল্লসিত [সম্+উৎ+লস্ (ক্রীড়া করা)+ত (র্ম্ম)] বিণ, অতিশয় উল্লাসযুক্ত; সমুৎফুল্ল। স্ত্রী০ ~া। বি, সমুল্লাস।

সমুল্লেখ, -খন [সম্ + উৎ - লিখ্ (লেখা)+অ, অন (ভা০)] বি, লেখন। ২ উল্লেখ; কথন। ৩ খনন; খোদন। ৪ আকর্ষণ; আঁচড়ান। ৫ কুন্দন; চাঁচন।

সমূল [স (সহিত) মূল] বিণ, মূলসহিত। ২ সত্য। ৩ সকারণ। সমূলে নির্মূল-বিণ, মূলোচ্ছেদ; মূলের সহিত বিনষ্ট। "মারিতে লইলা হাতে প্রলয়ের শূল। করিতে যবন সব সমূলে নির্মূল॥"-অ০ ম০।

সমূহ, [সম্+বহ্ (বহন করা)+অ (র্ম্ম)] বি, রাশি। ২ সমুদায়। ৩ গণ। ৪ অনেক; বহু; নিবহ; বিস্তর। প্র-সমূহ ক্ষতি। ৫ ভয়ানক; অত্যন্ত। প্র-তার স০ বিপদ। ৬ [স্মৃ০। "প্রাচীন ভারতে মিউনিসিপাল কার্য্য করিবার জন্য জনসাধারণের মধ্য হতে গঠিত সমিতি [এই সমিতির সদস্যেরা আপন আপন-সর্ত্ত মত কার্য্য করিতে বাধ্য থাকিতেন। * * সাধারণ গৃহ, জলাশয়, দেবমন্দির, বিশ্রামালয়, পথিকদের পানীয় জলের কূপ প্রভৃতির রক্ষণাবেক্ষণ, জলবর্ত্ম ও উপাসনা-মণ্ডপ নির্মাণ, দুষ্টের উপদ্রব নিবারণ, সাহায্য প্রার্থীকে সাহায্য প্রদানাদি অনেক কার্য্য এই সমিতির উপর ন্যস্ত ছিল।"-মা০ ও ম০ বাণী, ১৩৩৩, জ্যৈষ্ঠ]।

সমূহ, [সম্+উহ্ (তর্ক করা) +অ (ভা০)] বি, সাতিশয় সন্দেহ।২ সম্যক্ তর্ক। ~্য (র্ম্ম)-বিণ, তর্কনীয়। ~তন্ত্রতা [রাষ্ট্র পরিঃ] বি. "সমূহ তন্ত্রতার লক্ষ্য জন সমূহ, অর্থাৎ জনসমূহের স্বাধীনতা, সুখ-স্বাচ্ছন্দ্য এবং সর্ব্ববিষয়িণী উন্নতি।"-আ০ শক্তি, ১৩৩৪।

সমৃদ্ধি [সম্+ঋধ্ (বৃদ্ধি পাওয়া)+তি (ভা০)] বি, সম্যক্ বৃদ্ধি; সমুন্নতি।২ ঐশ্বর্য্য; সম্পত্তি। ৩ মঙ্গল; কল্যাণ; শ্রেয়ঃ। বিণ, সমৃদ্ধ-বৃদ্ধিপ্রাপ্ত।২ সম্পন্ন। ~মত্তা-বি, ঐশ্বর্য্যশালিতা। ~শালী, ~সম্পন্ন-বিণ, সমৃদ্ধ।

সমে, [সম০ দ্রঃ। সমং > প্রা০ বাং-সঙ্কে,, সঞে, সঞে। >আধু০ সনে (দ্রঃ)] ক্রি-বিণ, সমেত; সহিত। "গুণ সমে কাটি পড়ে হাতের কোদণ্ড"-মহা০ (শ্রীকর০)। "সখি সমে রস পরিহাসে"-শ্রী০ কী০।

সমে₂ [সমা দ্রঃ] অ, বৎসরে।

সমে₃ [সময়ে > কে॰। প্রা॰ বাং] ক্রি-বিণ, সময়ে ; কালে। "হেন সমে যায় বীর অরণ্য প্রবাসে"–চণ্ডী॰ (মাধবাচার্য্য)।

সমেত [সম্+আ-ই (গমন করা)+ত (ক্ত)] বিণ, মিলিত ; যুক্ত ; সঙ্গত ; সহিত। "অভাবের মধ্যে দাঁড়িয়ে যখন দেখি তখন সমস্ত ডাল পালা স॰ একটা বটগাছকে এমন প্রকাণ্ড বাহু বলে বোধ হয়"–রবী॰। ২ সংপ্রাপ্ত। ৩ সমুপস্থিত।

সমোদক [সম্ (তুল্য)+উদক (জল) যার, বহু॰] বি, অর্দ্ধভাগ জলযুক্ত ঘোল।

সম্পত্তি [সম্+পদ্ (গমন করা, সমৃদ্ধ হওয়া)+তি (ণে)] বি, ধন ; লক্ষ্মী। ২ ঐশ্বর্য্য ; বিভূতি। ৩ গৌরব। ৪ শোভা। ~লেখ্য [অর্থ শা॰] বি, ক্রয় বিক্রয় বিষয়ক লেখ। ~শাস্ত্র-বি, ধনবিজ্ঞান।

সম্পদ্, সম্পৎ [সং-পদ্ (সমৃদ্ধ হওয়া) +(কিপ্, ণে॰)] বি, ঐশ্বর্য্য। ২ গৌরব। ৩ সম্পত্তি ; ধন। ৪ বিভূতি। ~শালী-বিণ, সম্পন্ন ; বিত্তশালী।

সম্পন্ন [সং-পদ্ (গমন করা, সমৃদ্ধ হওয়া)+ত (র্ম)] বিণ, সম্পত্তিশালী ; ঐশ্বর্য্যযুক্ত। ২ বিশিষ্ট। ৩ সম্পূর্ণ। ৪ সম্পাদিত ; নিষ্পন্ন।

সম্পর্ক [সম্ (সহিত)-পৃচ্ (যুক্ত হওয়া) +অ (ভা॰)] বি, সংস্রব ; সম্বন্ধ। ২ সংসর্গ। ৩ স্ত্রীসংসর্গ। ৪ সংযোগ। ~ী-বিণ, সম্বন্ধযুক্ত ; সম্বন্ধী। ~শূন্য, ~হীন-বিণ, সংস্রববর্জ্জিত ; সম্বন্ধচ্যুত।

সম্পর্কিত-বিণ, সম্পর্কযুক্ত ; সম্বন্ধিত। স্ত্রীং ~া।

সম্পর্কীয় [সম্পর্ক+ঈয়] বিণ, সম্বন্ধীয়। ২ সংসৃষ্ট। স্ত্রীং ~া।

সম্পা [সং] বি, বিদ্যুৎ।

সম্পাট [সং] বি, তর্কু ; টেকো।

সম্পাত [সম্+পৎ (পতিত হওয়া)+অ (ভা॰)] বি, পতন। ২ সমূহ। ৩ [সং-অভিসম্পাত > কে॰] বি, অভিশাপ। "গোরক্ষনাথের সম্পাতে তাণ্ডারে কিছু নাঞি।"–গোবিন্দ॰ গীত। ৪ অভিশাপ। ৫ [জ্যো॰ ইং procession of the equinox এর বৈজ্ঞা॰ পরিঃ ; অয়নাংশ-ভাগ। ~বর্ত্তন-বি, শাপবাক্য।

সম্পাতি [সং] বি, গরুড়ের পুত্র ; জটায়ু পক্ষীর অগ্রজ।

সম্পাদক [সম্-পদ্ + ণিচ্=পাদি (গমন করান)+অক (কৃ)] বিণ, নিষ্পাদক ; সভাসমিতি বিদ্যালয় ই॰ অনুষ্ঠানের কার্য্যনির্ব্বাহক secretary. ২ গ্রন্থাদির সংস্করণ ও সঙ্কলনকর্ত্তা ; এডিটর (দ্রঃ) editor. ৩ সংবাদ বা সাময়িকপত্রের প্রধান লেখক ও পরিচালক। স্ত্রীং ~দিকা। ~দকতা-বি, সম্পাদকের কর্ম্ম ; এডিটরি।

সম্পাদন [সম্-পদ্+ণিচ্=পাদি (গমন করান)+অন (ভা॰)] বি, সমাধান; সমাপন; নির্ব্বাহ। ২ গ্রন্থাদির সংস্করণ ও সঙ্কলন editing. বিণ, সম্পাদিত-নির্ব্বাহিত ; নিষ্পাদিত। ২ কৃতসম্পাদন ; সঙ্কলিত edited. সম্পাদ্য-বিণ, যা সম্পাদন করিতে হইবে ; সম্পাদনযোগ্য (গ্রন্থপত্রাদি)। ২ নিষ্পাদ্য ; অনুষ্ঠেয় (কার্য্যাদি)। ৩ [জ্যা॰] সাধ্য ; বস্তু পপাদ্য ; যে প্রতিজ্ঞা সমাধান বা পূরণ করিতে হইবে problem. [তুল-উপপাদ্য theorem].

সম্পিতি-সম্প্রতি দ্রঃ।

সম্পীড়ন [সম্ (সম্যক্) পীড়ন। সম্পীড়্ও॰] বি, নিষ্পীড়ন ; অতিশয় পীড়ন। ২ নিংড়ান।

সম্পুট(টক), সংপুট [সং-পুট্(লগ্ন হওয়া)+অ,অক (কৃ)] বি, পুটক casket ; কৌটা ; ঠোঙ্গা ; খুঙ্গি। ২ পেটরা [এই অর্থে সম্পুটকও হয়]। ৩ [নাট্য শা॰] অভিনয়ে কোন দ্রব্য গোপন করিবার ছলে চক্রহস্তের অঙ্গুলিগুলির বক্রীকরণ। বিণ, যুক্ত ; মিলিত। "রচিয়া সম্পুটপাণি যুহু মন্দ হৃতাবিণী সম্মুখে রহিলা নারায়ণী।"–কবিক॰। ৪ যুক্তকর। ক্রি-বিণ, সম্পুটে, -করজোড়ে ; যুক্তকরে। "সংপুটে প্রণাম করি বুইলোঁ সব সখিজনে"–শ্রী॰ কী॰।

সম্পূরিত [সম্ (সম্যক্)+পূরিত (পূর্ণ)] বিণ, পরিপূর্ণ ; ভরা।

সম্পূর্ণ [সম্+পৃ=পূর্(পূরণে)+ত (ক্ত) =ন। প্রা॰ বাং প্রাকৃ॰ রূপ–সংপুন্ন, সংপুন্না, সংপুন, সংপুন, সংপুনী (=সম্পূর্ণা), সংপুন, সংপুন্ন। "বাংক সংপুন্ন হরিল আভী গুণোত্তম" –শ্রী॰ কী॰। "সংপুন্ন যৌবনে"–ঐ। "সংপুন পুনমী চাঁদ"–ঐ। "সব কলা সংপুনী।"–বি॰ প॰। "তোহ্মার বদন, সংপুন চাঁদ।"–ঐ]। বিণ, পরিপূর্ণ [এই অর্থে সম্পূর্ণতর ও॰ চ॰]। ২ সমাপ্ত। ৩ উদ্যাপিত। ৪ সমগ্র। ৫ [সঙ্গীতে] বি, সপ্তস্বরবিশিষ্ট রাগ। ~ভাবে, ~রূপে-ক্রি-বিণ, সম্পূর্ণতার সহিত ; অখণ্ডভাবে ; নিঃশেষে ; বেবাক।

সম্পূর্ণা [সম্পূর্ণ (দ্রঃ)+আ (স্ত্রীং)] বি, সূর্য্যোদয়ের দুই মুহূর্ত্ত পূর্ব্ব হতে আরব্ধ একাদশী।

সম্পৃক্ত [সম্+পৃচ্ (মিলিত হওয়া)+ত (র্ম)] বিণ, সম্বন্ধিত ; সংসৃষ্ট ; সংক্রান্ত। ২ সংযুক্ত ; মিলিত। ৩ গ্রথিত ; জড়িত। স্ত্রীং ~া।

সম্পোষ্য [সম্ (সম্যক, সম্পূর্ণ) পোষ্য (পোষণযোগ্য),প্রা॰ সম্পিষ্যি,সম্পুষ্যি -যাতে কারো সম্পূর্ণভাবে অভাব দূর হইয়া যায়] বিণ, অভাবপূরণ-যোগ্য ; জীবনযাত্রা বা সংসারযাত্রা নির্ব্বাহের সুবিধাজনক ; কুলাইবার মত। ২ অভাবপূরণ-ক্ষমতা বা যোগ্যতা। জল সম্পোষ্য [প্রা॰ জল সম্পুষি,-সংপোষ্যি] বি, জলাভাব পূরণ-যোগ্যতা। স্থান সম্পোষ্য-বি, স্বচ্ছন্দে বাস করিবার উপযোগী স্থান। ২ স্থানাভাব দূরকরণ-ক্ষমতা। প্র-ওখানে স্থান-সম্পোষ্য হ'তে পারে।

সম্প্রতি [প্রা॰ সম্প্রিতি, (বিতঃ) নারী-কথ্য ও প্রা॰ বাং পদ্যে–সম্পিতি,সম্পিরতি। "সম্পিতি দেহ বাধা"–মাণিক॰। সম্+প্রতি] অ, বর্ত্তমানে ; অধুনা ; আজিকালি। ২ উপস্থিত ; এক্ষণে।

সম্প্রতিপত্তি [সম্ (একসঙ্গে) প্রতিপত্তি] বি, সম্যক্জ্ঞান। ২ স্বীকার ; অভিমত। ৩ অভিযোগকারীর অভিযোগ-প্রতিবাদীর স্বীকারকরণ। ৪ চুক্তি। ৫ সাহচর্য্য। ৬ সম্পাদন। ৭ আক্রমণ।

ন্ যুক্ত বিসর্গবৎ (অগ্র=অগ্গ্র), ঁ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ...

সম্প্রতীতি [সম্+প্রতীতি] বি, প্রত্যয়সিদ্ধ জ্ঞান। ২ প্রসিদ্ধি।

সম্প্রদাতা [সং-প্র-দা (দান করা)+তৃ (তৃ)=সম্প্রদাতৃ ১মা, ১ব০] বিণ, সম্প্রদানকর্ত্তা। ২ যে কন্যা সম্প্রদান করে। স্ত্রীং সম্প্রদাত্রী।

সম্প্রদান [সম্+প্র-দা (দান করা)+অন (সম্প্র০)] বি, সম্পূর্ণভাবে দান ; সমর্পণ। ২ [ব্যা০] কারকবিঃ। বিণ, সম্প্রদত্ত। > স্ত্রীং ~সম্প্রদত্তা।

সম্প্রদায় [সম্+প্র-দা (দান করা)+অ (র্ম)] বি, সমাজ; দল ; থাক। ২ গোষ্ঠী। ৩ গুরুপরম্পরাগত সদুপদেশ। ~ী-বিণ, সমাজতন্ত্রী communalist. ~গত, ~ভুক্ত-বিণ, দলবদ্ধ ; সমাজের অন্তর্ভুক্ত ; সঙ্ঘমধ্যস্থ। স্ত্রীং ~া।

সম্প্রধারণ,-ণা [সম্-প্র-ধৃ+ণিচ্=ধারি (ধারণ করান)+অন (ভা০)+আ (স্ত্রীং)] বি, অবধারণ ; কর্ত্তব্য নির্দ্ধারণ ; সদসৎ নির্ণয়।

সম্প্রয়োগ [সম্-প্র-যুজ্ (যোগ করা)+অ (ভা০)] বি, বিনিয়োগ ; প্রয়োগ। ২ ধনের বিনিয়োগ ; ধনাদির বৃদ্ধি হেতু নিয়োগ বা খাটান। ৩ বশীকরণাদি ক্রিয়া। ৪ ইন্দ্রজাল। ৫ সম্বন্ধ। ৬ সংসর্গ ; স্ত্রীসঙ্গম ; দাম্পত্য। বিণ, সম্প্রয়োগী-সম্প্রয়োগকারী। ২ লম্পট। ৩ ঐন্দ্রজালিক।

সম্প্রসাদ [সম্ (সম্যক্) প্রসাদ] বি, সন্তুষ্টি ; প্রসন্নতা।

সম্প্রসারণ [সম্-প্র-সৃ+ণিচ্=সারি (গমন করান)+অন (ভা০)] বি, বিস্তারণ ; প্রসার। ২ [ব্যা০] ই, উ, ঋ, ঌ স্থলে য, ব, র, ল হওয়া।

সম্প্রস্থিত [সম্+প্রস্থিত] বিণ, কৃতপ্রস্থান ; গত। বি, সম্প্রস্থান।

সম্প্রহার [সম্+প্রহার। বি, সম্যক্ প্রহার। ২ হনন ; মারণ। ৩ যুদ্ধ।

সম্প্রাপ্ত [সম্ (সম্যক্)+প্রাপ্ত] বিণ, সম্যক্ লব্ধ। ২ সমাগত। বি, সম্প্রাপ্তি -লাভ ; প্রাপ্তি। ২ উপস্থিতি।

সাম্প্রতি-সম্প্রতি দ্রঃ।

সম্প্রীত১ [সং-সম্প্রীতি > প্রা০] বি, প্রণয়।

সম্প্রীতি [সম্ (সম্যক্)-প্রী (তুষ্ট হওয়া)+তি (ভা০] বি, প্রণয় ; সদ্ভাব। ২ সন্তোষ ; আনন্দ। বিণ, সম্প্রীত২-সন্তুষ্ট। ২ প্রীতিযুক্ত।

সম্প্লব [সম্+প্লু (গমন করা)+অ (ভা০)] বি, সম্যক্ প্লাবন ; বন্যা। ২ চাঞ্চল্য।

সম্ব [সং] বি, বিপরীত দিক্ হ'তে কর্ষণ। ২ পুনরায় বা দ্বিতীয় কর্ষণ।

সম্বৎ [সং-সম্বৎ (দ্রঃ)। "বিক্রমাদিত্য রাজ বৎসরঃ সংবৎ ইতি খ্যাতঃ"-শব্দকল্প] বি, বৎসর [এই অর্থে সং-সংবদ্]। ২ কাল। "প্রাচীন ভারতে প্রত্যেক প্রবল নরপতিই আপনার রাজ্যলাভের সময় হতে একটি সম্বৎ বা কাল প্রবর্ত্তন করিতেন।"-ভারতী, পৌষ, ১৩১৯। ৩ খ্রীষ্ট জন্মের ৫৭ বৎসর পূর্ব্ব হতে রাজা বিক্রমাদিত্য কর্ত্তৃক প্রবর্ত্তিত অব্দ [দ্রঃ-সম্বত অব্দ পাইতে হলে খৃষ্টাব্দ+৫৭ বৎসরের যোগফল লইতে হবে]। ~সর [সং -সংবৎসর। প্রা০ সোমবচ্ছোর] বি, পূর্ণ বৎসর।

সম্বদ্ধ [সম্(সম্যক্)+বন্ধ্ (বন্ধন করা)+ত (র্ম০)] বিণ, দৃঢ়বদ্ধ। ২ সংযুক্ত ; সংমিলিত; সহিত। ৩ সম্বন্ধযুক্ত।

সম্বন্ধ [সম্(সহিত)+বন্ধ (বন্ধন করা)+অ (ভা০)। প্রা০ বাং ভ্রং-সমুন্ধ, সুমুন্ধ। আধু০ প্রা০ সম্মোন্দো, সমন্দ। "সুমুন্ধ না মানে সে ভাগিনা মাউলানী"-শ্রী০ কী০] বি, সম্পর্ক ; সংসর্গ। ২ সংযোগ ; মিলন। ৩ সঙ্ঘটন। ৪ সমীচীনতা ; উপযুক্ততা। ৫ [+অ (ণে০)] আত্মীয়তা ; মিত্রতা ; সখ্য। ৬ কুটম্বিতা। ৭ [ব্যা০] কার্য্যকারণতা বা জন্যজনকতার ভাব। ~সূচক-বিণ, সম্বন্ধের সূচনাকারী ; সম্বন্ধজ্ঞাপক।

সম্বন্ধী [সম্বন্ধ+ইন্ (স্ত্য০)=সম্বন্ধিন্ ১মা, ১ব০] বিণ, সম্বন্ধবিশিষ্ট ; সম্বন্ধশালী ; সম্পর্কীয়। ২ বিদ্বান্ ; সদ্গুণবিশিষ্ট। ৩ [বাং-রূ। প্রা০ সম্মন্দী, সুমুন্দী। পূ০ বঙ্গ০ প্রাদে০ চুমুন্দী] বি, শ্যালক। ৪ কুটুম্ব।

সম্বন্ধীয় [সম্বন্ধ+নীয় > ঈয়] বিণ, সম্পর্কীয়। ২ সংসৃষ্ট। স্ত্রীং ~া।

সম্বর [সং-সম্ব্ (গমন করা)+অর] বি, জল। ২ অসুরবিঃ। এই অসুরকে বিনাশ করিয়া মদনের সম্বরারি নাম হয়। ৩ পঞ্চাবস্থ লবণ হ্রদবিঃ। ৪ মৃগবিঃ chamois. ৫ মৎস্যবিঃ। ৬ বৌদ্ধ ব্রতবিঃ।

সম্বরণ [সম্-বৃ (আবরণ করা)+অন (ভা০)। সংবরণ (দ্রঃ)] বি, আবরণ। ২ গোপন। ৩ দমন। প্র-লোভ সম্বরণ করা। ৪ সংযমন ; ইন্দ্রিয় সংযম। ৫ বরণ। ৬ বরমাল্যদান।

সম্বরা১ [সং-বৃ (আবরণে) >। সম্বরি, সম্বর, সম্বরে; সম্বরিতে; সম্বরিয়া (কে০, পদ্যে -সম্বরি)] ক্রি, আবরণ করা। ২ গোপন করা। "প্রবোধিয়া দিলা বর রূপ সম্বরিয়া"-অ০ম০। ৩ সংযমন করা ; ইন্দ্রিয় দমন করা। "কে সম্বরে স্মরশরে এ তিন ভুবনে"-ব্রজাঙ্গনা। ৪ সংযত করা ; গুছান। "আলুথালু খলি চাল্‌ চন্দ্রচূড় হাসে। শৈলসুতা এসে সব সম্বরিলা শেষে॥"-শি০। ৫ [ব্যঞ্জনাদির স্বাদাম্লতা, অপ্রীতিকর গন্ধাদি যাবতীয় ত্রুটি আবরণ করা অর্থে। শ্রীহট্ট০ প্রাদে০ 'সন্তাব', '-স'] ফোড়ন দেওয়া। তসলা বা হাঁড়ীতে সরিষার তৈল বা ঘৃত অত্যন্ত গরম হইয়া ফেন মরিয়া গেলে তাতে মেথি, লঙ্কা, তেজপাত ইং দিয়া পূর্ব্বের সিদ্ধ করা ডাল ইং নিক্ষেপ করা ; সন্তোলন করা ; সাঁৎলান। "তোমার মুণ্ডমালা কেড়ে নিয়ে অম্বলে সং দিব"-রা০ প্র০।

সম্বরা২, সংবরা [সম্বরা১ দ্রঃ] বি, ফোড়ন ; সাঁতলাইবার মসলা।

সম্বরারি [সম্বর (দৈত্য)+অরি (শত্রু), ৬তৎ] বি, মদন ; কন্দর্প।

সম্বরু-সংবৃত দ্রঃ।

সম্বর্দ্ধন [সং-সংবর্দ্ধন] বি, অতিবৃদ্ধি।

সম্বর্দ্ধনা [সং-সংবর্দ্ধনা] বি, সাদর অভ্যর্থনা ; সম্মাননা।

সম্বল [সম্ব্ (গমন করা, পথ চলা)+অল (ণে০)] বি, পথের অবলম্বন ; পাথেয়। ২ পুঁজি। "ভিখারীর মাগু হয়ে পাশায় প্রবল। কি খেলা খেলিতে যদি থাকিত সম্বল॥"-কবিক০। ৩ জীবিকা ; জীবনোপায় ; অন্নসংস্থান ; আকার্য্য। "বৃদ্ধ পিতামাতা ঘরে আকুল অন্নের তরে খুঁটে বেচা আমার

সম্বল।"-অ০ম০। "মলিন বদনে চিন্তে ঘরের স০"-কবিক০। ৪ যোগ্যতা ; সামর্থ্য। ৫ সংস্থাপন। "পুত্রসহ সম্বল করহ নৃপমণি"-মহা০ (কাশী০)। ~হীন-বিণ, নিঃস্ব। স্ত্রীং ~হীনা।

সম্বলিত [সং-সংবলিত] বিণ, বিশিষ্ট ; সহিত। ২ সংযোজিত।

সম্বাদ [সং-সংবাদ] বি, সংবাদ ; বার্ত্তা ; খবর। "আমার সংবাদ কহ রাজার গোচরে। কৌশল্যা নামেতে কন্যা সমর্পিব তারে॥"-কৃত্তি০ (বটতলা সং)। ২ কথা। ৩ সাদৃশ্য। বিণ, সম্বাদী। প্রা০ বাং-ক্রি-বিণ, **সম্বাদে**-সংবাদ লইয়া। "আমার সম্বাদে যাহ তাহার গোচরে।"-কৃত্তি০ (৯০ বৎসরের পুঁথি। সা০ প০ প০ ১৩০১)।

সম্বাদী [সম্বাদ (দ্রঃ)+ইন্ (স্ত্য০)= সম্বাদিন্ ১মা, ১ব০] বিণ, সম্বাদকারী। ২ সদৃশ ; সম [বিপরীত-বিসম্বাদী]। ৩ [সঙ্গীতে] বাদীর অনুগামী সুর ; বাদীর সহায়ক সুর।

সম্বাধ [সম্-বাধ্ (পীড়ন করা)+অ (ভা০)] বি, সম্যক্ বাধা ; বিশেষ বিঘ্ন। ২ ভিড় ; জনতা। ৩ সঙ্কট। ৪ ভয়। ৫ সংজ্বর্ষ। ৬ বিণ, সঙ্কীর্ণ ; অপ্রশস্ত।

সম্বায় [সং-সমবায়] বিণ, সমবায় ; যৌথ। ২ মিলিত। "মুনিগণ দেবগণ সম্বায় হইয়া।"-মহা০ (কাশী০)।

সম্বাই১ [সং-সমবায় > সম্বায় পরে সম্বাহ] বি, মিলিত। "বাঘে না খাইবে মৃগ কেশরী বারণে। তুরঙ্গ মহিষ যে সম্বাহ একস্থানে॥"-কবিক০।

সম্বাই২ [সং-সংবাহ >] বি, গাত্র মর্দ্দন ; গা ডলা।

সম্বিৎ, সম্বিত [সং-বিদ্ (জানা)+০ (কিপ্, র্ত্তৃ)] বি, জ্ঞান ; চৈতন্য। "হা কৃষ্ণ বলিয়া কান্দে নাহিক সম্বিৎ।"-চৈ০ ভা০। "ক্ষণেকে সম্বিত পেয়ে লাগিলা কান্দিতে।"-অ০ ম০। "শঙ্খ দেখি সুন্দরী সম্বিত হৈল হারা।"-শি০। ২ সম্মান ; অভ্যর্থনা। "আইস আইস বলি রাজা করিল সম্বিত।"-কবিক০। ~হারা-বিণ, অচৈতন্য ; জ্ঞানশূন্য।

সম্বিত্তি-সংবিত্তি দ্রঃ।

সম্বিদা [সং] বি,ভঙ্গা ; সিদ্ধি canna bis sativa.

সম্বিধান [সং-সংবিদা >] বি,চৈতন্য ; জ্ঞান। ২ অবধান ; মনোযোগ। ৩ [সং-সংবিধান] আয়োজন ; উদ্যোগ। "এত চিন্তি বিশ্বামিত্র করে সম্বিধান।"-মহা০ (কাশী০)। ৪ সংঘটনা। ৫ বৈচিত্র্য। ৬ উপচার। ৭ বিধান ; ব্যবস্থা।

সম্বুদ্ধ [সম্ (সম্যক্) বুধ্ (জানা)+ত (র্ত্তৃ)] বিণ, উদ্বুদ্ধ ; জাগরিত। ২ সচেতন। ৩ সম্যক্ জ্ঞানী। ৪ বি, বুদ্ধাবতার।

সম্বুদ্ধি [সম্+বুধ্ (জানা)+তি (ভা০)] বি, সম্বোধন। ২ [ব্যা০] সম্বোধন বিভক্তি।

সম্বেশ [সং-সংবেশ] বি,নিদ্রা। "শার্দ্দূল অশন পেয়ে সম্বেশ গেছিল।"-ধ০ম০ (মা০)।

সম্বোধন [সং-বুধ্ (জানা)+অন (ভা০)] বি, অভিমুখীকরণ। ২ অভিভাষণ। ৩ আহ্বান। ৪ আমন্ত্রণ। ৫ বিশেষণ। ৬ [ব্যা০] বিভক্তিবিঃ। ~চিহ্ন-বি, সম্বোধন বাচক সঙ্কেত বা চিহ্ন (!) ; note of exclamation.

সম্বোধা১ [সং-সম্বোধন > সম্বোধ+ আ (ক্রিয়ায়)। সম্বোধি, সম্বোধ, সম্বোধে ; সম্বোধিতে ; সম্বোধিয়া (ক্ষে০পদ্যে-সম্বোধি)] ক্রি, সম্বোধন করা। "প্রিয়ংবদা * * রাজাকে সম্বোধিয়া কহিলেন"-বি০ সা০ (শকুন্তলা)।

সম্বোধা২ [সম্+বোধ (প্রবোধ)+আ (ক্রিয়ায়)] ক্রি, প্রবোধ দেওয়া ; বুঝান ; বুঝিতে দেওয়া। ২ ভুল বুঝান ; প্রতারিত করা। **সম্বোধিব**-প্রবোধিত করিব ; প্রতারিত করিব। "তবে তাক সম্বোধিব কমণ উত্তরে"-শ্রী০ কী০। **সম্বোধেঁ**-সান্ত্বনায়। "ভিরী কলা মোর থাকে না পাত ভৌ বাহী। বিনি কাহ্ন সম্বোধেঁ গমন তোর নাহি॥"-শ্রী০ কী০।

সম্বোধি [বৌ০ সা০। সম্ (সম্যক্) বোধি (বোধ, জ্ঞান)] বি, সম্যক্ জ্ঞান।

সম্ভক্ত [বৌ০ সা০] বি, যাদের সহিত একত্র আহারাদি করিয়া বন্ধুত্ব জন্মে।

সম্ভব [সং-ভূ (হওয়া)+অ] বি, জন্ম ; উৎপত্তি। ২ কারণ ; হেতু। ৩ যোগ্যতা। ৪ যুক্তি। ৫ হইতে পারে বা এইরূপ অনুমান। প্র-ইহা ঘটা সম্ভব (অর্থাৎ ঘটিতে পারে এরূপ অনুমান)। ৬ উপায়। ৭ বর্ত্তমান যুগের তৃতীয় জৈনাবতার। ৮ বিণ, অনুমান-যোগ্য। ~তঃ [-তস্। বাং প্রচর] ক্রি-বিণ, সম্ভবপক্ষে ; হইতেও পারে ; হয়তো ; খুব সম্ভব। ~পর-বিণ, সম্ভাবনাযুক্ত ; এরূপ অনুমান ; সম্ভাব্য।

সম্ভবনা [প্রা০ বাং। সম্ভাবনা শব্দের পাঠান্তর। সম্ভাবনা ৭ দ্রঃ] বি, সম্পত্তি ; সম্বল। "সভে মাত্র নৃপতির সম্ভবনা এই॥"-সারদা মঙ্গল (দয়ারাম), ব০ সা০ পরিচয়, পৃ০ ১৪০২।

সম্ভবাতীত [সম্ভব+অতীত] বিণ, সম্ভাবনীয় অতীত ; অসম্ভাব্য ; যা ঘটিবার সম্ভবনা নাই।

সম্ভব্য, সম্ভাব্য [সং (সহিত)+ভূ (হওয়া)+য(র্ম্ম০)। ভূ=ভব্, +ণিজন্তে ভূ=ভাবি +য (র্ম্ম)] বিণ, হতে পারে এরূপ অনুমেয়। ২ সংঘটনীয়।

সম্ভা [প্রা০ বাং। সং-সম্ব্ (গমন করা) >। সম্ভাই, সম্ভাও, সম্ভায় ; সম্ভাইতে ; সম্ভাইয়া] ক্রি, ভিতরে গমন করা ; প্রবেশ করা। "ভল্লুক সম্ভায় গাড়ে ভয়ে কম্পবান। তাড়িয়া মহিষ ধরে উপরে বিষাণ॥"-কবিক০। ২ বিরাজ করা। "তড়িত-লতা-তলে তিমির সম্ভায়ল আঁতরে সুরধুনী ধারা"-বি০ প০।

সম্ভাবন [সং-ভাবি (চিন্তা করা)+অন(ভা০)] বি,চিন্তা। ২ ধ্যান ; পূজা। ৩ যোগ্যতা। ৪ যদি হয় এরূপ সংশয়। ৫ সম্পাদন। ~নীয়-বিণ, সম্ভাব্য potential.

সম্ভাবনা [সম্ভাবন (দ্রঃ)+আ (স্ত্রীং)] বি,সম্যক্ ভাবনা ; চিন্তা। ২ যোগ্যতা। ৩ যদি হয় এরূপ সংশয় বা তর্ক ; নিশ্চয়প্রধান জ্ঞান। ৪ অভিসন্ধি। ৫ কাব্যালঙ্কারবিঃ। ৬ [ব্যা০] ক্রিয়ায় অধ্যবসায় বা যোগ্যতা। ৭ [প্রা০বাং। সম্ভবনা দ্রঃ] সম্পত্তি ; সম্বল। "সম্ভাবনা কেবল বলদ।"-পদ্মাপু০। "কৃষ্ণ আর কৃষ্ণা পাণ্ডবের সম্ভাবনা।"-মহা০ (কাশী০)। বিণ, সম্ভাবিত।

সম্ভাব্য-বিণ, সম্ভব্য (দ্রঃ)। ~**তা**-বি, সম্ভাবনা possibility ; probability.

সম্ভার [সং-ভৃ (ধারণ করা)+অ (ভা॰)] বি, সামগ্রী ; দ্রব্যজাত ; দ্রব্যের ভার। "শকটে স॰ কত যায় ভারী ভারী।"-রঙ্গলাল (কাঞ্চী॰)। "সবলে স॰ আনি দেই সেই ক্ষণে।"-চৈ॰ ভা॰। ২ উপকরণ। ৩ সবল। ৪ পরিপূর্ণতা। ৫ সরবরাহ। ৬ আয়োজন ; বন্দোবস্ত ; যোগাড়যন্ত্র। "এথা রাজা যুধিষ্ঠির করেন স॰। যজ্ঞের মণ্ডপ তোল এ অদ্ভুত আকার॥"-মহা॰ (শ্রীকর॰)।

সম্ভালা [সম্বরণ > হিং সম্ভলনা ; সাম্‌হালনা > প্রা॰ বাং। সম্ভালি, সম্ভাল, সম্ভালে ; সম্ভালিতে ; সম্ভালিয়া] ক্রি, সম্বরণ করা ; সামলান। "কেবা আসে কেবা যায়, কেবা নাচে কেবা গায়, সম্ভালিতে নারে কারে বোল।"-চৈ॰ চ॰।

সম্ভা/ষ,-ষণ [সম্+ভাষ্ (বলা)+অ, অন (ভা॰),+আ (স্ত্রীং)] বি, আলাপ ; কথোপকথন ; সম্ভাষণ ; সম্বোধন। "হেন নাহি তিলার্দ্ধ সম্ভাষা যারে করি।"-চৈ॰ ভা॰। "সম্ভাষা করিল নৃপমণি"-কবিক॰।

সম্ভাষী-বিণ, সম্ভাষণকারী ; আলাপী।

সম্ভাষা [বাং নামধাতু। সম্ভাষ+আ (ক্রিয়ার)। সম্ভাষি, সম্ভাষ (সম্ভাষেন,সম্ভাষিস), সম্ভাষে (সম্ভাষেন) সম্ভাষিতে; সম্ভাষিয়া (কে॰, পদ্যে-সম্ভাষি)] ক্রি, সম্বোধন করিয়া কথা কহা; কিছু বলা; আহ্বান করা। "ভরুমাজ যুদ্ধ আগে তোমারে যদি সম্ভাষে যম্রাঘাতে বেয়ো তারে করিয়া দলন।"-ব্রজাঙ্গনা। "বাপ মার প্রণমিয়া দুই নারী সম্ভাষিয়া আরোহিলা পালকী উপর।"-অ॰ ম॰। ২ আলাপ করা। **সম্ভাষিল**-সম্ভাষণ করিল ; আলাপ করিল।

সম্ভূত [সং-ভূ (হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, উদ্ভূত ; জাত।

সম্ভূতি [সং-ভূ (হওয়া)+তি (ভা॰)] বি, উৎপত্তি। ২ বিভূতি। ৩ ঐশশক্তি ; ঐশ্বর্য্যাদিঃ।

সম্ভূয় [সম্ (একত্র) ভূ (হওয়া)+য= সম্ভূয়] বিণ, মিলিত। ~**সম্ভ্রান**-বি, মিলিত সন্নিহাপন। ~**সমুত্থান** বি, সংমিলিত উত্থান। ২ যৌথ ব্যবসায় ; বহু অংশীদারের মিলিত বাণিজ্যকরণ।

সম্ভৃতি [সং-ভৃ (ভরণে)+তি (ভা॰)] বি, সম্যকভরণ ; পরিপোষণ; প্রতিপালন। বিণ, সম্ভৃত।

সম্ভেট [প্রা॰বাং। উৎকলে ভূরি প্রয়োগ] বি, সাক্ষাৎকার। "জগন্নাথের আজ্ঞা সার্ব্বভৌমে কপাট কেট। চৈতন্য গোসাঞি করাহ স॰॥"-চৈ॰ ম॰।

সম্ভেদ [সং-ভিদ্ (মিলিত হওয়া)+অ (ভা॰)] বি, মিলন। "বিদ্যাপতি কহে না করহ খেদ। ঐছন হোয়ল পহিল স॰।"-বি॰ প॰। ২ নদীর মিলন। ৩ স্ফুটন ; ভেদন। ৪ সাগর সঙ্গম। ৫ বিধান ; ঘটনা। ৬ বিড়ম্বনা। "নাহক চিন্তহি অতিশয় খেদ। জ্ঞানদাস কহে বিহিক স॰।"-জ্ঞান॰। ৭ যোগাযোগ; অবস্থা। "যে হেন সম্ভেদ হএ যথনে।" -শ্রী॰ কী॰। "বিভীষণে কহিলেক সকল স॰।"-রামা॰ (শঙ্করদেব॰)।

সম্ভোগ [সং (সম্যক্) ভোগ] বি, উপভোগ। ২ রতিক্রিয়া। ৩ হর্ষ।

সম্ভ্রম [সম্-ভ্রম্ (ভ্রমণ করা। তুল। "সখি মুরলে কিমপি সংভ্রান্তের"-উ॰ চরিত, ৩য় অঙ্ক)+অ (ভা॰)] বি, ভ্রমণ ; ঘূর্ণন। ২ ভ্রান্তি [বিরল]। ৩ [ভ্রমণ অর্থ > বেগ, সংবেগ, ত্বরা, ভয়, আদর। "সংভ্রমো ভীতৌ স॰বেগাদরয়োরপি"-হে॰। "সংবেগাদরয়োরপি"-বিশ্ব॰, মে॰। "সম্ভ্রমত্বরা" "সংবেগসম্ভ্রমৌ"-অমর॰। সংস্কৃত হতে প্রা॰ বাং-তে ভয় অর্থে প্রচলিত ছিল, আধু॰ বাং-র অপ্র॰] বি,ভয়। "স॰ না করে ভীম হাতে ধনুঃশর।" -মহা॰ (কবীন্দ্র॰)। ৪ ভয় বা ভক্তিজনিত ব্যস্ততা বা উদ্বেগ। "কি কারণে স॰ কর মহাশয়।"-মহা॰ (কাশী॰)। "মদন মোহন হয় দেখি বিদ্যমান। সম্ভ্রমে পাসরে গৌরী পূজার বিধান।"-কবিক॰। প্র-তাঁহাকে দেখিবামাত্র কর্ম্মচারী সম্ভ্রমের সহিত উঠিয়া দাঁড়াইলেন। ৫ আদর ; সম্মান ; গৌরব ; মর্য্যাদা ; সমাদর। "বহুল স॰ পাইল কর্ণের মন্দম।"-মহা॰ (শ্রীকরণ॰)। ৬ সাবধান। "তবে অষ্টরথী দুর্য্যোধন সনে। অর্জ্জুনেরে বেড়িল পরম সম্ভ্রমে।"-মহা॰ (বিজয়॰)। ৭ ভদ্রতা ; আব্রু ; মান (তুল-'মানসম্ভ্রম')। প্র-ঋণের দায়ে সমাজে তাঁর এখন সম্ভ্রম বজায় রাখা ভার হয়েছে। যে রকম দিন কাল পড়েছে তাতে সামান্য আয়ে গৃহস্থের আর মান সম্ভ্রম থাকে না। ৮ [ইং credit অর্থে] বিশ্বাস ; বাজারসম্ভ্রম। প্র-ব্যবসায়ে ক্রমাগত ক্ষতিগ্রস্ত হইয়া তাঁর এমন অবস্থা হয়েছে যে বাজারে এইবার তাঁর সম্ভ্রম নষ্ট হবে। কথার ঠিক রাখিতে না পারিলে কোন দোকানদারেরই বাজার স॰ থাকে না। **স॰ করা**-ক্রি, আদর করা ; সম্মান করা। ২ ভক্তির সহিত ভয় করা (তুল-সমীহ করা)। বিণ, সম্ভ্রান্ত।

সম্ভ্রান্ত [সম্ভ্রম+ত (র্ত্তৃ)। অপ্র॰] বি, ভীত ; সন্ত্রস্ত। ২ মান্য-মর্য্যাদা-সম্পন্ন ; গৌরবান্বিত। ৩ কুলীন ; সদ্বংশজাত ; উচ্চবংশজাত noble. ৪ আদরণীয়। ৫ ত্বরাযুক্ত ; ত্বরান্বিত ; ব্যস্ত। ৬ সম্যক্ ভ্রান্ত। ~**তন্ত্র**-বি, অভিজাত সম্প্রদায়ের হস্তগত রাজ্যশাসন beaurocracy, ~**বংশ**-বি, ভদ্রবংশ ; সম্মানিত কুল ; উচ্চকুল। বিণ, ~**বংশীয়**। ~**সমাজ**-বি, অভিজাতদিগের সভা।

সম্মত [সং-মন্ (জ্ঞান করা)+ত (র্ম্ম)] বিণ, অনুমত। ২ স্বীকৃত। ৩ অভিপ্রেত।

সম্মতি [সং-মন (জ্ঞান করা)+তি (ভা॰)। প্রা॰ বাং-র -তী, সমতি (শ্রী॰ কী॰)] বি, অভিমত। ২ আত্মবোধ। ৩ আদেশ। ৪ ইচ্ছা ; অভিপ্রায়। ৫ ঐকমত্য। ৬ সম্মান। ~**দান**, ~**প্রদান**-বি, মত দেওয়া ; সমর্থন করা। > বিণ, ~**দাতা**-যে সম্মতি দান করে। ~**পত্র** [অর্থ শা॰পরিঃ] বি, রাজা প্রজাকে, প্রভু ভৃত্যকে এবং উত্তমর্ণ অধমর্ণকে যে লেখ বা পত্র লিখিয়া দিত ; বন্ধকী লেখাপড়ায় উত্তমর্ণের লেখ্য [দ্রঃ-অধমর্ণের প্রদত্ত পত্রের নাম "অধিলেখ্য]"।

সম্মদ [সং-মদ্ (হৃষ্ট হওয়া)+অ (ভা॰)] বি, আহ্লাদ ; আমোদ ; হর্ষ। ২ বিণ, আনন্দিত ; সুখী।

সম্মন্দি, -ন্দী [সং-সম্বন্ধী > প্রা॰বাং। বিকারে নিম্নকথ্য-সুম্মুন্দি, পূ॰ ব॰ প্রাদে॰ হমুন্দি] বি, শ্যালক ; পত্নীভ্রাতা।

সম্মর্দ্দ [সং (সম্যক্) মর্দ্ (মর্দন করা) +অ (ধি॰) যেখানে পরস্পর সংঘর্ষ হয়] বি, সজ্বর্ষ। ২ সংগ্রাম। ৩[+অ (ভা॰)] জনতা।

সম্মাতুর [সৎ (সাধু) মাতৃ (মাতা)+ উর (অপত্যার্থে)] বি, পতিব্রতাতনয়; সতীপুত্র।

সম্মাদ [সম্+মদ্ (গর্ব্ব করা)+অ (ভা॰)] বি, মত্ততা; উন্মাদ।

সম্মান [সম্ (সম্যক্)+মান (পূজা করা) +ণিচ্=মানি+অ (ভা॰)। প্রা॰ বাং প্রাকৃ॰ সমান (দ্রঃ)] বি, গৌরব সমাদর; সম্ভ্রম; মর্য্যাদা। ২ পূজা। ৩ [সম্+মা (পরিমাণ করা)+অন্ (ভা॰)] বি, সম্যক্ পরিমাণ। ~নী-বিণ, সম্মানিত; মহামান্য। "তিনি এখানে একজন সম্মানী লোক"- রবী॰। ~প্রার্থী-বিণ, সম্মানলাভের অভিলাষী; মানপ্রার্থী। ~বুদ্ধি-বি, শ্রদ্ধাবোধ। "এখনও কারণাদের প্রতি সংস্কৃত ব্যবসায়ীদিগের সম্মান বুদ্ধি যে কমে নাই"-বাং সরস্বতী, ১৩৩৪। ~রক্ষা-বি, মান রাখা। ~লাভ-বি.মর্য্যাদা প্রাপ্তি।

সম্মানন, সম্মাননা [সম্+মান্ (পূজা করা)+ণিচ্=মানি+অন (ভা॰),+ আ (স্ত্রীং)] বি, সম্মানকরণ; মানদান, পূজন। ২ সমাদর।

সম্মানাস্পদ [সম্মান+আস্পদ] বিণ, মর্য্যাদার আধার; সম্মানের পাত্র; শ্রদ্ধাভাজন।

সম্মানিত [সং-মান্ (পূজা করা)+ ণিচ্=মানি+ত (র্ম্ম)] বিণ, পূজিত; আদৃত; সৎকৃত। স্ত্রীং ~া।

সম্মার্জ্জক [সম্-মৃজ্ (শুদ্ধ করা, মার্জ্জনা করা)+অক (কৃ)] বিণ, শুদ্ধকারক; পরিষ্কারক। ২ বি, সম্মার্জ্জনী; ঝাঁটা।

সম্মার্জ্জন [সং-মৃজ্ (শুদ্ধ করা,মার্জ্জনা করা)+অন (ভা॰)] বি,পরিষ্করণ; মার্জ্জন; শোধন। ~নী-বি, মার্জ্জনী; শোধনী। ২ ঝাড়ন। ৩ খেংরা; ঝাঁটা। সম্মার্জ্জনী -প্রহার-বি,খেংরা মারা।

সম্মিত [সম্ (সহিত)+মিত (পরিমিত)] বিণ, সদৃশ। ২ তুল্যপরিমাণ; পরিমিত।

সম্মিলন, সম্মেলন [সম্+মিল (লগ্ন হওয়া)+অন (ভা॰)] বি,সম্যক্‌ভাবে মিলন। ২ মিশ্রণ; একত্র হওন। ~নী-বি, সমিতি; সভা; পরিষদ্। "প্রবাসী বঙ্গসাহিত্য সম্মিলনী"।

সম্মিলিত [সম্+মিল্ (সংযুক্ত হওয়া) +ত (কৃ)] বিণ, সংযুক্ত; মিলিত; একত্রিত।

সম্মিশ্র [সম্+মিশ্র (মিলন)] বিণ, মিলিত; মিশ্রিত; সংযুক্ত।

সম্মুখ [সং-মুখ। প্রা॰ সমুখ, সমুক। "না চাহ সুমুখ দিঠী-শ্রী॰ কী॰]বিণ, অভিমুখ; সমক্ষ; মুখামুখি। "সম্মুখ সমরে পড়ি বীরচূড়ামণি বীরবাহু"-মেঘ॰। ২ সাক্ষাৎ দৃষ্ট। ৩ সদয়। "কাননে পূজিয়া তোমা হবে পতি প্রাণসমা তারে তুমি হইবা সম্মুখ।"-কবিক॰। ~বর্ত্তী-বিণ, সম্মুখীন। স্ত্রীং ~বর্ত্তিনী। ~যুদ্ধ, ~সংগ্রাম,~সমর-বি, দ্বন্দী ও প্রতিদ্বন্দ্বীর পরস্পর সামনাসামনি যুদ্ধ। ক্রি-বিণ, ~যুদ্ধে, ~সংগ্রামে, ~সমরে -যুদ্ধ করিতে করিতে। "সম্মুখ সমরে পড়ি, বীরচূড়ামণি বীরবাহু"-মেঘ॰। ~স্থ-বিণ, সম্মুখবর্ত্তী; সম্মুখে স্থিত বা রক্ষিত।

সম্মুখীন [সম্মুখ+ঈন]বিণ, সম্মুখবর্ত্তী।

সম্মূঢ় [সং-মুহ্ (মুগ্ধ হওয়া)+ত (র্ম্ম)] বিণ, মোহবিশিষ্ট; মুগ্ধ। ২ অজ্ঞান; নির্ব্বোধ।

সম্মূর্চ্ছন [সম্+মূর্চ্ছ্ (মূর্চ্ছিত হওয়া)+ অন (ভা॰)] বি, মূর্চ্ছা; মোহ; অচৈতন্যতা। স্ত্রীং ~া-বি, মূর্চ্ছা। ২ বৃদ্ধি। ৩ বিস্তার।

সম্মৃষ্ট [সং-মৃজ্ (শুদ্ধ করা)+ত (র্ম্ম)] বিণ, মার্জ্জিত; পরিষ্কৃত; নির্ম্মলীকৃত।

সম্মেল/ক-বিণ, সম্মেলনকারী; একত্রকারী। ~ন -বি, সম্মিলন দ্রঃ।

সম্মোদ [সম্+মুদ্ (হৃষ্ট হওয়া)+অ (ভা॰)] বি, আনন্দ; হর্ষ; প্রীতি।

সম্মোহ [সম্+মোহ] বি, মুগ্ধকরণ। বিণ, সম্মোহিত-মুগ্ধ; বিমোহিত।

সম্মোহন [সম্+মোহি (মোহ করান) +অন (ভা॰)] বি, মোহজনক; মুগ্ধকরণ। ২ [-+অন (কৃ)] কন্দর্পের শরবিঃ। "সংবাণ করিয়া সন্ধান শিবের তাহে ধ্যান।"-অ॰ম॰। ৩ বিণ, মোহজনক। স্ত্রীং ~া। ~নী- মোহকরী; বিমুগ্ধকারিণী bewitching; fascinating. প্র-সং বিদ্যা। সং শক্তি।

সম্যক্ [সম্ (সহিত) অন্চ্ (গমন করা) +০(কিপ্,কৃ)] অ, সর্ব্বপ্রকারে; সমগ্ররূপে। ২ উপযুক্তরূপে; উত্তমরূপে। ৩ যথার্থ। ৪ সুন্দর; মনোজ্ঞ। ৫ যোগ্য; সঙ্গত। ৬ সম্পূর্ণ; সমুদয়। ~-আজীব-বি, অন্যায় উপায়ে না করিয়া, ন্যায়সঙ্গত উপায় দ্বারা জীবিকার্জ্জন। ~-দৃষ্টি-বি, দুঃখ কি, তার হেতু, দুঃখনিরোধও তা কি প্রকারে সম্ভব ইত্যাকার জ্ঞান। ~-বাক্-বি, অসত্য অসার প্রলাপ পরুষ ও পিশুন বাক্য হতে বিরতি। ~-ব্যায়াম [শ্রম বা চেষ্টা] বি, যাতে প্রাণে পাপ ও অকুশল ভাবের উদয় না হতে পারে ও উদয় হলে তৎসমস্ত বিদূরিত হতে পারে, বা যে সকল কুশলধর্ম্ম প্রাণে উদিত হয় নাই সে সকল উদিত হতে পারে বা যে সকল কুশলধর্ম্ম প্রাণে উদিত হইয়াছে তৎসমুদয় যাতে স্থায়ী হতে ও বিপুলতা ও পূর্ণতা লাভ করিতে পারে তাহার চেষ্টা। ~সঙ্কল্প-বি, অবিদ্বেষ, অহিংসা ও নৈষ্কাম্য এই বিষয়ত্রয়ের সঙ্কল্প। ~সমাধি-বি, গোতমোক্ত চারিটি ধ্যানবিঃ। ~স্মৃতি-বি, সর্ব্ববিষয়ে স্মৃতিকে জাগ্রৎ রাখা।

সম্রাজ্ঞী [সম্রাট্=সম্রাজ্+ঈ (স্ত্রীং)] বি, সাম্রাজ্যের অধিকারী; সম্রাট-পত্নী; মহারাণী Empress [বিরল]।

সম্রাজ্ঞী [সম্+রাজ্ঞী=সংরাজ্ঞী, সুতরাং "সম্রাজ্ঞী" সংস্কৃত-ব্যাকরণ-শুদ্ধ পদ নহে; কিন্তু বৈদিক মন্ত্রে ও বাং-র চলিত। শুদ্ধরূপ -সম্রাজ্+ঈ=সম্রাজ্ঞী, কিন্তু বাং-র ইহার প্র॰অ। এই শুদ্ধ শব্দেরও বিরল ব্যবহার দৃষ্ট হয়। "সম্রাট্ সম্রাজ্ঞীর"-কা॰ প্র॰ ঘোষ] বি, সম্রাটপত্নী; মহারাণী empress.

সম্রাট [সম্ (সম্যক্)+রাজ্ (দীপ্তি পাওয়া)+(কিপ্,কৃ)] বি, রাষ্ট্রপতি; রাজাধিরাজ; সার্ব্বভৌম; সসাগরা-ধরাধিপতি রাজসূয়যজ্ঞকারী বাদশরাজমণ্ডলের অধিপতি এবং সমস্ত রাজন্যবর্গের নিয়োগকর্ত্তা emperor.

সঁম্লিষ্ট [সং (সম্যক্)+ম্লেচ্ছ (মিলিত হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, সংমিলিত ; মিশ্রিত। ২ অস্পষ্ট।

সঁযত্ন [স (সহ)+যত্ন] বিণ, সচেষ্ট ; যত্নসহ। ক্রি-বিণ, সঁযত্নে [স°=যত্নসহ, 'এ' অতিরিক্ত] যত্ন সহকারে ; চেষ্টাপূর্ব্বক ; সাদরে।

সয়তা/ন [শয়তান দ্রঃ] বি, পাপ পুরুষ ; দুরাচার Satan. "সয়তান লাগিয়া পিছে।"-কস্তুরী। ~নি [স°+ই (বৃত্তি অর্থে)] বি, সয়তানের বৃত্তি বা কাজ ; পাপিষ্ঠের আচরণ ; অকৃতজ্ঞতা।

সঁয়দাগঁর [সওদাগর (দ্রঃ) >গ্রা° বিকারে] বি, সওদাগর:বণিক্। "সে রজনীতে সয়দাগরের স্ত্রী তোতাকে ফেলাইয়া দিয়াছিল"-তোতা ইতিহাস ১৮০৫।

সঁয়ঁল-সঅল দ্রঃ।

সঁয়/লা১ [সং সখী > +আলা > সহিলা, হি° সহেলা > সএলা, সৈলা, সইলা >] বি, সখা ; সহচর। স্ত্রীং ~লী [সখী +আলী (সখী একার্থক সহ° বহু) > হি° সহেলী > সএলা > সৈলী, সইলী। গ্রা° বাং-সয়ালী ও°] সখী ; সহচরী।

সঁয়লা২ [যশো° খুলনা প্রাদে°] বি, জঙ্গলের মধ্যে শুঁড়ি বা সরুপথ।

সঁয়া১ [সহা (দ্রঃ)-সআ-সয়া। সই, সও, সয় ; সইতে ; সইয়া (ক্ষে° সয়ে)। ণিজন্ত-সয়ান] ক্রি, সহ বা বরদাস্ত করা। "সয় বলে কি এতই প্রাণে সয়।"-গান। "কোন মতে * * থাক দুদিন সয়ে।"-গান।

সঁয়া২ [সং-সখা > সআ > সয়া] বি, সইএর স্বামী। ২ মিত্র। স্ত্রীং সঁই ; সৈ [< সখি]।

সঁয়ানি, সিযানি ['সেয়ান' বা 'সেয়ানা' > স্ত্রীং। বৈ° পদ° সা°] বিণ, কিশোরি : চতুরা। "ইহকো কহে সৃ°"-বি° প°।

সঁয়াল১-সকাল দ্রঃ।

সঁয়াল২ [ফা° সওয়াল (দ্রঃ) >] বি, জিজ্ঞাসা ; প্রশ্ন। "আপনি রামাই-পায় করিল স°"-শূ° পু°।

সঁর১ [সৃ (গমন করা)+অ (র্ত্তৃ)] বি, দধিদুগ্ধাদির সার। ২ সরোবর। ৩ নির্ঝর। ৪ জল। ৫ মাল্য। ৬ [+অ (ভা°)] গমন ; চলন ; গতি। "মহাতেজোবন্ত মুনি সূর্য্যসম সর"-মহা°(কাশী°)। ৭ বিণ, গমনকারী।

সঁর২ [ফা° > হি° সির। উপসর্গরূপে শব্দের পূর্ব্বে যুক্ত হয়] অ, মাথা ; আথাল ; প্রধান ; বড়। ~দেওয়াল, ~দঁল, -দাঁল -দ্রঃ। ~দেয়াল [সর্ (বড) দেওয়াল (ফা° দীবার >, র=ল)। > ছরদেওয়াল, -দেয়াল (স=ছ)] বি, ঘরের পিছনের দেয়াল। ~পঁঞ্চ [হি°] বি, পঞ্চায়েতের প্রধান ব্যক্তি। সভাপতি। ~পঁট [হি° < সং-সর্পণ] বি, অশ্বের দ্রুতগতিবিঃ ; ঘোড়ার দৌড়চালবিঃ, যাতে সামনের দুই পা একসঙ্গে ফেলে।

সঁর৩ [অনু°। কঠিনার্থে সড়্। অল্প কঠিনার্থে সুড়্। কোমলতর অর্থে সুর্] অ, অনুকার শব্দ। ২ [সৃ (গতি) >] ঐ শব্দ সহ দ্রুতগতিবোধক ; বেগে সরিয়া যাওয়া : সর্পগতি। ~সঁর্-অ, ক্রমাগত ঐ শব্দ। ২ ঐ শব্দে ধাবন বা অপসরণ। ৩ শুষ্ক পত্রাদির মর্ম্মর। ৪ বৃক্ষপত্র কম্পিত করিয়া মন্দ মন্দ বায়ুপ্রবাহ শব্দ। তুল-ঝিরঝির সিরসির্। ভুটিয়া হি° "সিরিমা-সিরি বাতাসৈ চলুঁ"-গান। ৫ নদীপ্রবাহ শব্দ ; জলগতি।

সঁর৪ [সৃ (গমনে)। হি°-র অনুকরণে। সরিয়া > ক্ষে° সর। তুল-হি° করকে (করিয়া) > ক্ষে° কর। "পরিধান কর নেত বাসে"-শ্রী° কী°] অস-ক্রি, সরিয়া, সরজাইতে=সরিয়া যাইতে ; অপসৃত হইতে। "কেহে সরজাইতে মোকে বোল গুণনিধি-শ্রী° কী°।

সঁর৫, সার্, স্যর, স্যার্ [ইং Sir এর লিপ্যন্তর] বি, মহাশয়। ২ [Sir (Knight)] ইংরেজী উচ্চ উপাধিবিঃ। প্র-স্যর্ রাজা রাধাকান্ত দেব। স্যর জে° সি° বোস। স্যার্ পি° সি° রায়। ৩ [বাং বির্থে°] শিক্ষক মহাশয়। ৪ [সাধাঃ স্যার নব্য বিতঃ যুবসমাজের (স্থলবিশেষে ব্যঙ্গ্যার্থে)] কর্তামশাই। এই অর্থে প্রায়ই 'হাঁ' বা 'না' শব্দসহ ব্যবহৃত হয় যথা-না স্যার=না গো মশাই ; হ্যাঁ স্যার=হাঁ গো মশাই ; রেখে দিন না স্যার=রাখুন না মশাই।

সঁরঃ, সঁরস্ [সৃ (গমন করা)+অস্ (ধি), যেখানে স্নান বা জলপানের জন্ত গমন করে] বি, সরোবর ; পুষ্করিণী। ২ [+অস্ (র্ত্তৃ, জ্ঞা°)] জল। ৩ দধির অগ্র।

সঁরঁক১ [শড়ক (দ্রঃ) > শ=স, ড়=র] বি, সরণি ; পথ।

সঁরঁক২ ["সরকো মদিরাপাত্রে মদিরাপানমদ্যয়োঃ"-হে°] বি, মদিরাপাত্র। ২ মদ্যপান। ৩ মদ্য।

সঁরকার [ফা°] বি, প্রভু lord. ২ স্বামী ; মালিক owner. ৩ শাসনকর্তা governor. ৪ রাজস্ব আদায়কারী কর্ম্মচারী। ৫ গৃহস্থ সংসারের আয় ব্যয়ের হিসাবরক্ষক ; পাওনা টাকা আদায় এবং সাধারণ কাজকর্ম্মের পরিদর্শনকারী কর্ম্মচারী ; মুহুরীর উপরিতন কর্ম্মচারী। ৬ গবর্ণমেণ্ট ; শাসনতন্ত্র government. "খুঙ্গি পুথি যত্ন ভারে দিতে হবে সরকারে"-অ° ম°। ৭ রাজস্ব আদায়ের বিভাগস্বরূপ পরগণার সমষ্টি বা সুবার অংশবিঃ। ৮ নগর ও গ্রামের লেখাপড়ায় অভিজ্ঞ সম্ভ্রান্ত প্রধান প্রধান হিন্দু বা মুসলমানদিগের উপাধিবিঃ। ৯ [প্রাদে°] পাঠশালার গুরুমহাশয়। বিল সঁরকার-যে বিল সাধে ; বিলের আদায়কারী কর্ম্মচারী। রাজ সঁরকার-রাজসংসার। ২ রাজ্যশাসনতন্ত্র ; গবর্ণমেণ্ট government. সিপ্ সঁরকার, শিব্ সঁরকার [ইং ship > সিপ্, শিব] জাহাজের মাল বিক্রয়ের টাকা আদায়কারী।

সঁরকারি [সরকার (দ্রঃ)+ই (বৃত্তি অর্থে)] বি, সরকারের কর্ম্ম। ২ গবর্ণমেণ্ট সম্বন্ধীয়।

সঁরকারী [সরকার (দ্রঃ)+ঈ (সম্বন্ধে)] বিণ, সরকার সম্বন্ধীয়। ২ গবর্ণমেণ্ট সংক্রান্ত : রাজকীয়। ৩ সাধারণের ; ব্যক্তিবিশেষের নহে ; সর্ব্বসাধারণের প্রয়োজনসাধক।

সঁরখঁত [ফা°] বি, আসামী প্রভৃতির নিয়োগপত্র। ২ সনন্দ ; বাহালি পরোয়ানা। ৩ [জমি° পরিঃ] জমিদার কর্ত্তৃক নায়েব, আমীন, গোমস্তাদি কর্ম্মচারির নিয়োগপত্র।

সঁরখেল [ফা° সর্‌খৈল] বি, সামরিক উপাধিবিঃ।

সর্গর্ম [ফা॰ সর্‌গর্ম্‌-অত্যাগ্রহান্বিত; প্রেমবিহ্বল (কিন্তু বাঙ্গালায় অর্থান্তরে প্রয়োগ)] বিণ, উৎসাহপূর্ণ। ২ গুলজার; জমজমে; জীবন্ত।

সরগুজা, -গোঁজা, -গোজা, সোরগোজা [হিং] বি, তৈলবীজবিঃ (অধু॰ ভেজাল তৈলে সরিষার সহিত মিশ্রিত করিয়া তৈল নিষ্কাশিত হয়)।

সর্জ [সর (দুগ্ধ দধির সার হতে) +জ (যে জন্মে)] বি, নবনীত; ননী। ৩ বিণ, সরজাত।

সরজমিন, সরেজমিন [ফা॰ সর্‌জমীন্‌] বি, পৃথিবী। ২ দেশ; রাজ্য। ৩ সীমা; সরহদ্দ। ৪ অকুস্থল।

সর্জস্ক [স+রজস্ক] বিণ, রজোযুক্ত। স্ত্রীং ~া-বিণ, ঋতুমতী।

সর্জাঃ [স (সহিত) রজস্‌ (ঋতু) যার (বহু॰), ক প্রত্যয় যোগ হইলে সরজস্ক] বিণ, ধূলিবিশিষ্ট; রজোযুক্ত। স্ত্রীং র্জস্কা-ঋতুমতী স্ত্রী।

সর্ঞ্জাম [ফা॰ সর্‌+অন্‌জাম্‌] বি, উপকরণ। ২ আয়োজন। "পাতসাহী সরঞ্জাম যত আছে ধূমধাম ভূত দিয়া সব লুঠাইব।"-ভারত॰। বিণ, সর্ঞ্জামী। সর্ঞ্জামী খর্চ-বি, আদায় তহসীল বাবদ যে খরচ।

সর্ট [সৃ (গমন করা)+অট (র্তৃ, জ্ঞা॰)] বি, কৃকলাস; টিকটিকীজাতীয় সরীসৃপবিঃ। ইহাদের পুচ্ছ দেহের প্রায় দ্বিগুণ দীর্ঘ।

সর্ণ [সৃ (গমন করা) + অন (ভা॰)] বি, গমন। ২ লৌহমল; মরিচা। ৩ [+অন(র্তৃ॰)] বিণ, গমনশীল। ৪ পথ। "যাব আজীবন-কাল পাষাণ কঠিন সরণে।"-রবী॰। "নির্ঝর ঝরে উচ্ছ্বাসভরে বন্ধুর শিলা সরণে।"-ঐ। স্ত্রীং সর্ণা-গন্ধভাদালি। ২ [ব্রজ॰ সরণা] পথ। "ভীমভুজঙ্গমসরণা। কত সঙ্কট তাহে কোমলচরণা।"-বিং প॰। ৩ সরলপুঁটী নামক লম্বা চওড়া পুঁটীমাছ।

সর্ণি, -ণী [সৃ (গমন করা)+অনি (ণে॰), যদ্দারা গমন করে] বি, বর্ত্ম; পথ। "আগে যেয়ে আগুলিল সূর্য্যের সরণি"-ঘ॰। "আগুলয়ে সিংহের সরণি।"-কবিক॰।

সর্ণ্যু [সৃ (গমন করা)+অন্যু (জ্ঞা॰)] বি, মেঘ। ২ জল। ৩ বায়ু। ৪ অগ্নি। ৫ বসন্ত।

সর্ত [প্রা॰ বাং। শরৎ দ্রঃ] বি, শরৎকাল। "সরতর কিআ তুলে বসন্তর মালী। নানা বর্ন ফুল তুলে হই একুতুহলী॥"-শূ॰ পু॰।

সর্তা [হিং সরোতা] বি, জাঁতি; সুপারি প্রভৃতি কাটিবার যন্ত্রবিঃ।

সরতাল [সরতাল দ্রঃ] বি, তৃতীয়-ঘারের জরীপ।

সর্ত্নি [সৃ (গমন করা)+অত্নি] বি, বদ্ধমুষ্টি হস্ত।

সর্দল, ~দাল [সং-শীর্ষ+দলিকং (কাষ্ঠ ইতি হে॰)? > হিং। (২) ফা॰ সর্‌ (শীর্ষ)+ফা॰ দার (কাষ্ঠ) > দাল > দল] বি, দ্বারশীর্ষস্থ কাষ্ঠখণ্ড বা কাষ্ঠফলক; পাকা ঘরের কড়িকাটস্বরূপ মেটে ঘরের মটকা সন্নিহিত কাট বা শাঙা lintel.

সর্দা [হিং] বি, সফরিকুমড়া melon pumpkin; তরমুজের মত বড় ও খরমুজের মত মিষ্ট ফলবিঃ sweet melon

সরদা/র, সর্দা/র [ফা॰ সর্‌দার্‌। প্রা॰ সদ্দার] বি, গ্রামের বা জাতির প্রধান ব্যক্তি; দলপতি। ২ নায়ক। স্ত্রীং সরদারণী। ~রি [সং+ই (বৃত্তি অর্থে)] বি, সরদারের কর্ম্ম; কর্ত্তৃত্ব; মোড়োলী। ~রী-বিণ, সরদার সম্বন্ধীয়। সরদার পড়ুয়া-প্রধান ছাত্র। ডাকাতের সরদার-দস্যু-দলপতি।

সরদেওয়াল, -দেয়াল-সর্‌২ দ্রঃ।

সর্পত্রিকা [সং] বি, পদ্মপত্র।

সরপুরি-বি, মিষ্টান্নবিঃ; লুচির আকারে প্রস্তুত ঘিয়ে ভাজা দুধের শর।

সরপেচ [ফা॰ সর্‌পেচ্‌] বি, শিরোভূষণ-বিঃ; পাগড়ীর চারিদিকে জড়াইবার রেশমী বা জরীর ফিতা। "ছত্রদণ্ড আড়ানী চামর মোরছল। সং মোরছা কলসী নিরমল।"-অং ম॰।

সরপেঁচ [ফা॰] বি, নারীদিগের মস্তক বা কবরীবেষ্টনের পুষ্পমাল্য।

সরপোষ [ফা॰] বি, আচ্ছাদনী। ২ গেলাস বা ঘটি ইং পাত্রের ঢাকনি।

সরফরাজি [ফা॰ সর্‌ফরাজী বা সর্‌-আফ্‌রাজী (উন্নতি, প্রসিদ্ধি, স্পর্দ্ধা)] বি, প্রাধান্য; মুরুব্বিগিরি; মোড়লি। বিণ, সরফরাজ।

সরবৎ, সর্বৎ, শর্বৎ [আ॰ শর্ব্‌, ফা॰ সরবৎ] বি, শর্করাদি মিশ্রিত শীতল পানীয়; পানা।

সরবতী১, -তি [আ॰শরবতী (সরবতের বর্ণের বা ফিকা হলুদে)] বি, কুণ্ডলী করিয়া জড়ান সরবতী বা ফিকা হলদে রঙের পাগড়ীর কাপড়। ২ মুসলমানযুগে বাঙ্গলা-দেশে প্রস্তুত সূক্ষ্ম ও সুন্দর বস্ত্র, যাহা রঙ না করিয়া বিদেশে রপ্তানি করা হইত এবং মহিলাদের ব্যবহারার্থ ওড়না ও চাদর হইত। আরব ও পারস্যের লোকেরা ইহাতে পাগড়ী ও টুপী করিত। তজ্জন্য প্রতিবর্ষে জাহাজ জাহাজ সরবতী চালান হইত।

সরবতী২ [সরবৎ (দ্রঃ)+ঈ] বিণ, সরবৎ-ঘটিত। ২ সরবতের প্রয়োজনার্থ। ৩ বি, নেবুবিঃ।

সরবন্দ, সরবন্ধ [ফা॰ সর্‌+হিং বন্ধ] বি, পাগড়ী। "শিরপা করিলা সাল সং জোড়া"-ঘ॰। "সং বান্ধিতে স্মরণ করে হরি।"-ঐ। ২ ২০ গজ হ'তে ২৪ গজ দীর্ঘ, অর্দ্ধগজ হ'তে ১ গজ প্রস্থ ও ১২ আউন্স ওজনের ২১০০ প্রতান সূত্রের পাগড়ীর কাপড়।

সরবর [সরোবর > বৌ॰ বাং সন্ধা-ভাষায়] বি, পদ্মাকর; সরোবর। ২ কায়পদ্ম।

সরবরাহ [ফা॰ সরবরাহ। প্রা॰ বাং-সরবরা] বি, যোগান supply. ~কার-বিণ, যে সরবরাহ করে; যোগানদাতা।

সরবস [সর্ব্বস্ব > প্রাকৃ॰, ব্রজ॰] বি, সর্ব্বস্ব। "দেহক সং গেহক সার"-বিং প॰।

সরভাজা [সর১+ভাজা] বি, মিষ্টান্ন-বিঃ; ঘিয়ে ভাজা, রসে-ফেলা দুধের সর।

সরম [ফা॰ শর্‌ম্‌] বি, ব্রীড়া; লজ্জা। "শুনিয়া কহেন শিব পাইয়া সরম।"-অং ম॰।

"যদি সরম লাগে মুখে চাহিব না"-রবী০।

সঁরঁমে হি [ব্রজ০] অ, সরমে ; লজ্জায়। "সরমহি লুকাইল মাধব বুকে।"-বি০ প০।

সঁরিমা [সং] বি, কশ্যপকন্যা। ২ বিভীষণ-পত্নী। ৩ কুকুরী।

সঁর/যূ [সৃ (গমন করা)+যু(র্তৃ, ঊা০)] বি, বায়ু। ~যূ-অযোধ্যা প্রদেশস্থ নদী। "মহানন্দে মজুদার নানা কুতূহলে। করিলেন স্নান দান সরযূর জলে॥"-অ০ ম০।

সঁরল [সৃ (গমন করা)+অল (র্তৃ)] বি, শালগাছ। ২ দেবদারু গাছ। ৩ বিণ, ঋজু: অবক্র ; সোজা। ৪ সহজ। ৫ অকপট। ৬ সাধু। ৭উদার। [> স্ত্রীং~া-অকুটিলা ; কাপট্যহীনা]। ৮ [জ্যা০ (ক০বিদ্য০ পরিঃ)] ইং direct(of tangent) এর বৈজ্ঞা০ পরিঃ; ইং straight এর বৈজ্ঞা০পরিঃ। ৯[পাটী০] ইং simple এর বৈজ্ঞা০ পরিঃ। ~কোণ [জ্যা০] straight angle. ~গতি [জ্যা০(ক০ বিদ্য০ পরিঃ)] ইং direct motion এর বৈজ্ঞা০ পরিঃ। ~চিত্ত, ~প্রাণ, ~হৃদয়-বিণ, অকপট হৃদয় ; অকুটিল মনা ; উদারচেতা। ~তা-বি, সারল্য ; অকাপট্য ; সাধুতা ; মুক্তচিত্ততা। ~দোলন [বল-বিদ্যা০ (ক০ বিদ্য০ পরিঃ)] ইং simple harmonic motion এর বৈজ্ঞা০ পরিঃ। ~প্রকৃতি, ~স্বভাব-বি, বিণ, অকুটিল বা অকপট আচরণ ; সাধু স্বভাব ; উদারচরিত। ~বুদ্ধি, ~মতি-বি বিণ, সৎবুদ্ধি ; অকপট চিত্ত। ~দ্রব [সরল (বৃক্ষ) দ্রব (রস)] বি, সরলবৃক্ষের নির্যাস ; টার্পিন। ~পুঁঠী [সং-প্রোষ্ঠী > পুঁঠী] বি, সরপা পুঁঠী নামক মৎস্যভেদ। ~সংঘাত -সমক দ্রঃ। ~রৈখিক [সরল-রেখা-ইক। জ্যা০ পরিঃ] বিণ, ইং rectilinear এর বৈজ্ঞা০ পরিঃ।

সঁরলাঙ্গ [সরল+অঙ্গ] বি, টার্পিন।

সঁরলান্ত্র [সরল+অন্ত্র] বি, বৃহৎ অন্ত্রের নিম্নভাগের নাম ; মলাশয় large intestine ; rectum.

সঁরলীকঁরণ [বীজগ০ (ক০ বিদ্য০ পরিঃ)] বি, ইং simplification এর বৈজ্ঞা০ পরিঃ।

সঁরলোন্নত [সরল (ঋজু)+উন্নত] বিণ, খাড়া ; উঁচু।

সঁরস১ [সং-সরসী >] বি, সরসী। "মানস সরসে সখি ভাসিছে মরাল রে, কমল কাননে।"-ব্রজাঙ্গনা। "পিরীতি সরসে সিনান করিব।"-চণ্ডি০।

সঁরস২ [স (সহ)-রস] বিণ, রসযুক্ত ; মিষ্ট। "কৃষ্ণচন্দ্র ভক্তি আশে ভারত সরস ভাবে রাজা কৃষ্ণচন্দ্রের আদেশে।"-অ০ ম০। ২ সুস্বাদ। ৩ নূতন ; তাজা ; টাটকা। ৪ সম্মতি। "সভায় সরস বুঝি দিল অনুমতি।" -ম০। ৫ সুপটু। "তাওয় পুত্রাদি রক্ষায় স০।"-বাং গান। ৬ রসাল। ৭ সুন্দর ; মনোহর। "প্রয়াগে দুহাতের অঙ্গুলী স০। তাহাতে ভৈরব দশ মহাবিদ্যা দশ॥"-অ০ ম০। ৮ চিত্তহারী। ৯ ভাবপূর্ণ। "স০ কাব্য।" ১০ সহৃদয়। ১১ রসিকতাপূর্ণ ; রসিক। ১২ মধুর ; শোভাময়। "নবীন জীবনময় স০ বসন্ত"। ১৩ উত্তম ; উৎকৃষ্ট ; সরেস (দ্রঃ)। ১৪ বি, জল। স্ত্রীং ~া-শ্বেতত্রিবৃতা। ~তা (-স˚-) বি, রসবিশিষ্টতা। ২ মাধুর্য্য।

সঁরস৩ [তুল-ফা০ সর্ (inclination ; desire)। সং-সঃহ্ (অনুকূল)+রস (মনোভাব, ইচ্ছা)] বি, অভিপ্রায়।

সঁরসঁর্, সঁরসঁর-সর্৩ দ্রঃ।

সঁরসিজ [সরসি (সরোবরে)+জ (যে জন্মে), উপ০] বি, সরোজ ; পদ্ম। "সুধাসিন্ধু সরসিজে সদানন্দ নিত্য ভজে।"-গান। "আসনে বসিল দ্বিজ পূর্ব্ব মুখ স০।"-কবিক০।

সঁরসিয়া [সরস+ইয়া (অতিরিক্ত)] বিণ, রসযুক্ত ; সরস। "নয় মাথা থায় যেন সরসিয়া ভয়া।"-কবিক০। ২ [-+ইয়া (করিয়া অর্থে)] ক্রি, সরস করিয়া।

সঁরসী [সৃ (গমন করা)+অস্ (বি)+ঈ (স্ত্রীং), যেখানে স্নান বা জলপানের জন্য গমন করে] বি, সরোবর ; পুষ্করিণী। "সরসী আরসি মোর।"-মেঘ০। ~রুহ [সরসী (সরোবর), তাতে রুহ (জন্ম) যার, বহ০] বি, কমল ; পদ্ম। "মিথ্যা অপবাদে রাধা কান্দে অভিমানে। বদন সরসীরুহ ঝাঁপিয়া বসনে॥" -কবিক০।

সঁরস্বতী [সরস্বৎ+ঈ] বি, বাগ্দেবী। "বিদ্যা নামে তাঁর কন্যা আছিল পরম ধন্যা রূপে লক্ষ্মী গুণে স০।"-অ০ ম০। ২ বাণী ; বাক্য। "আকাশসম্ভূতা স০"-কুমারসম্ভব (রঙ্গলাল)। ৩ রুদ্রাণী। ৪ ব্রহ্মাণী। ৫ উত্তমা স্ত্রী। ৬ মুনিপত্নীবিঃ। ৭ সোমলতা। ৮ নদীবিঃ। ৯ জৈনদিগের দেবীবিঃ। ১০ দশনামী সম্প্রদায়ের অন্তর্গত এক সম্প্রদায় সন্ন্যাসীর উপাধি। ১১ চতুষ্পাঠী, বিদ্যায়তন পণ্ডিতমণ্ডলী বা বিশিষ্ট গুরুদত্ত উচ্চ উপাধি-বিঃ। নীল সঁরস্বতী [তন্ত্রে] বি, দুর্গার মূর্ত্তিভেদ ; মহাবিদ্যা তারার নামান্তর।

সঁরস্বান [সরস্ (জল)+বৎ (স্ত্য০ বতু) =সরস্বৎ ১মা, ১ব০] বিণ, সরস ; রসযুক্ত। ২ বি, সমুদ্র। ৩ নদ। ৪ সরোবর।

সঁরহ১ [প্রা০ বৌ০ বাং প্রাকৃ০] বি, সরোরুহ (দ্রঃ) ; পদ্ম। ২ বৌদ্ধ পদকর্ত্তা সরোজ বজ্র বা সরোরুহবজ্র। ইনি বহু দোহাকোষ ও গীতিগ্রন্থ প্রণেতা।

সঁরহ২ [আদা০] বি, স্থানীয় পদ্ধতি ; রেওয়াজ practice prevailing in a locality.

সঁরহদ্দ, সঁরহদ [আ০ সর্হদ্] বি, সীমানা ; চতুঃসীমা। ~ী-বিণ, সীমা সম্বন্ধীয়। ~বন্দী-বি, সীমা নির্দ্ধারণ।

সঁরহস্য [স (সহিত) রহস্য] বিণ, রহস্যযুক্ত ; রহস্যময়। ২ সমন্ত্রক ; মন্ত্রযুক্ত। ৩ গোপনীয়বৎ।

সঁরা১ [সং-সরাব দ্রঃ] বি, মৃন্ময় পাত্রবিঃ ; হাঁড়ীর মুখের মাটির ঢাকনি। "যরা যার কাছে সরা জ্ঞান হয়"-ক০। "যেমন হাঁড়ী তেমনি সরা"। ~গুড়-বি, সরায় জমান পাক করা গুড় ; সরাপাটালী।

সঁরা২ [সৃ (গমনে) >] বি, পলায়নাদি। ২ ঝরণা।

সঁরা৩ [সৃ (গমনে) > । হিং সরক্‌না। সরি, সর (সরেন, সরিস), সরে (সরেন) ; সরিতে (কে০ সরতে) ; সরিয়া (কে০ সরে)। পিজন্ত-সঁরানি] ক্রি, চলা ; নড়া। ২ ব্যবহার করা। প্র-এ পুকুরের জল কেহ সরে না। ৩ (মুখ হইতে) বাহির হওয়া ; স্ফুরিত হওয়া। "ইহাকে একেবারে দুঃখের বিপরীত বলিতেও যেমন পারি না, তেমনি সুখের

স্বগোত্র বলিতেও বাণী সরে না।" ৪ প্রবাহিত হওয়া ; বহা। "মন্দাকিনী জল সুখে চিরদিন বহে * * * বিলক্ষ পশ্চিমে সরে।" -হেম०। বি, সরানি-বহানি ; ঝরানি। প্র-জল সরানি।

`সরাই [ফা०] বি, পান্থশালা ; পথিক-দিগের বিশ্রাম স্থান। "সরাই সরাই ক্রমে গেলা বর্দ্ধমান।"-অ० ম०।

সরাক [সং-শ্রাবক > হি० সরাবক্ > ক্ষে० সরাক] বি, জৈন সম্প্রদায়ের লোক ; নিরামিষাশী জৈনী। "স० বসে গুজরাটে জীবজন্তু নাহি কাটে সর্ব্বকাল করে নিরামিষ।"-কবিক०।

সরার্কত-শরাকত দ্র:।

সরাগ [স (সহিত) + রাগ (অনুরাগ) যার, বহ०] বিণ, অনুরক্ত। ২ অভিলাষী। ৩ রঞ্জিত।

সরাণ [সং-সরণি] বি, প্রশস্ত পথ।

সরাফত(ৎ)-শরাফত দ্র:।

সরাব১ [সর (জল) অব্ (রক্ষা করা, রাখা) + অ (ধি), যাতে জল রাখা যায়] বি, মৃত্তিকা-নির্ম্মিত পাত্রবি: ; মাটির সরা।

সরাব২, সরাপ [আ০ শরব্ (পানীয়) > আ০ শরাব্] বি, আসব ; মদিরা ; মদ্য। ~খোর-বিণ, মদ্যপায়ী ; মাতাল।

সরাসর,-রি১ [ফা০ সর্-ব-সর্ > হি০ সর (1) সর, সরাসরী অর্থাৎ এক মাথা বা ধার হতে অন্য মাথা বা ধার পর্য্যন্ত। তুল-মুড়ো-মুড়ি] ক্রি-বিণ, আগাগোড়া। "পুরির তিন ভিতে উত্তর পশ্চিম দক্ষিণ ভাগে সরাসরি লম্বা তিন দালান তাহাতে পশুগণের রহিবার স্থল" -প্রতাপাদিত্যচরিত্র, ১৫৬ পৃ० (১৮০১ অব্দে শ্রীরামপুর প্রেসে মুদ্রিত)। ২ বরাবর ; সোজা। "এই সংবাদ প্রাপ্ত হইয়া তিনি সরাসর লাহোরে যাত্রা করিলেন ;"-আইন-ই-আকবরী (বসুমতী)। ৩ প্রত্যক্ষভাবে ; মুখের উপর। প্র-সরাসরি জবাব করা।

সরাসরি২,-রী [ফা०। তুল-ইং summary] বি, সংক্ষেপ। ২ ক্রি-বিণ, মোটা-মুটি ; স্থূলভাবে। ৩ শীঘ্র।~-বিচার-বি, আদালতের নিয়মমত বাদী প্রতিবাদীর জবানবন্দি, জেরা ই० বিস্তারিত না লিখিয়া সংক্ষেপে মোকদ্দমার নিষ্পত্তি।

সরি,-রী [সৃ (গমন করা) + ই (অপা०), যা হতে জল সরে বা ঝরে] বি, ঝরণা।

`সরিক, `সরিকানা, `সরিকী-শরিক দ্র:।

সরিৎ [সৃ (গমন করা) + ইৎ (র্তৃ)] বি, নদী। "পার হয়ে সরিৎ সমরে দিল হানা।" -অ०। ~পতি-বি, সাগর ; সমুদ্র। ~বরা, সরিদ্বরা [সরিৎ + বরা (শ্রেষ্ঠা)] বি, গঙ্গা।

সরিষা [সং-সর্ষপ > , প্রাকৃ० সরিস্। প্রা० সরিষে, সর্ষে] বি, স্বনামপ্রসিদ্ধ শস্য ; সর্ষপ ; রাই।

সরিসৃ,সরিসৃত্ত,সরীসো-সদৃশ দ্র:।

সরীসৃপ [সৃঙ্ লুগন্ত সৃপ্ (গমন করা) + অ (র্তৃ), যারা পুন: পুন: বুকে ভর করিয়া গমন করে] বি, সর্প বৃশ্চিকাদি। ২ যারা লম্ফ দিয়া চলে; ভেক ই०। ৩ [ফ० জ্যো०] কর্কট, বৃশ্চিক ও মীনরাশি।

সরু [শর (শরতৃণদণ্ডবৎ শীর্ণ) + উআ > শরুআ > ক্ষে० শরু, প্রায়ই 'সরু'। শ=স] বিণ, শীর্ণ। ২ [প্রা০ বাং] ক্ষুদ্র। "সরিষাতে সরু দুবলাতে হীন।"-মাণিক० গান। ৩ সূত্রবৎ ; পাতলা ; মিহি। ~কুটিয়া, ~কুটে [কুটিয়া > ক্ষে० কুটে। প্রা० দ্রুত উচ্চারণে সরকুটে। তুল-মরকুটে, তিতকুটে ই०] বিণ, সরুঙ্গে; শীর্ণ। সরু চাল-বি, সরু ধানের চাল; মিহি চাউল। সরুচাকলি-বি, ডাল ও চাউল যোগে প্রস্তুত পাৎলা রুটীর আকৃতি পিঠা। সরু মোটা-অ, সূক্ষ্ম ও স্থূল। ~সরু-অ, সূক্ষ্ম সূক্ষ্ম সূত্রবৎ। ২ পাতলা পাতলা। ~সুর-বি, মিহি কণ্ঠস্বর ; নিম্নগ্রামের স্বর ; নারীকণ্ঠ।

সরুঅ১, সরুআ১, সরুয়া, সরুয়া [প্রা০ বাং, পদ० সা०, শীর্ণ >] বিণ, সরু ; সূক্ষ্ম ; মিহি ; পাতলা। "সরুয়া নালের বেড়া।"-মাণিক० গান। "আধমুখ ঢাকিলে সরুঅ বসনে"-শ্রী० কী०। "মিঠ রান্ধে সরুআ কাটে।" ২ শীর্ণ। "হাত নলি নলি পা সরুআ"-ছড়া।

সরুঅ২, সরুআ২, সরূঅ, সরূব [সং-স্বরূপ > বৌ०বাং প্রাকৃ०] বি, স্বরূপ। "পেখবে ভুসুক সহজ সরুআ"-চ० ৩০।২। "পাহ সরূব"-দো० ১০৯। "ভবসম খসম সরুঅ"-ঐ।

সরুই-সুরাহি দ্র:।

সরুঙ্গে [সরু-অঙ্গ-ইআ >। সোলঙ্গ দ্র:] বিণ, শীর্ণ।

সরূপ [স (সমান) + রূপ যার,বহ०] বিণ, সদৃশ ; সমানরূপ। বি, ~তা (-প্য)-সাদৃশ্য। ২ সারূপ্য (দ্র:)।

সরূপে,-পেঁ, সরুপেসি,-পেঁসি, সরূপেসি [স্বরূপত: >। স্বরূপ + সা, সি (সদৃশ)] অ, স্বরূপত: ; সত্য বলিয়া ; যথার্থ বলিয়া। "এহা সরূপেসি জাণ"-শ্রী० কী०। "তোহ্মে গাঙ্গ বারাণসী সরুপেসি জাণ"-ঐ। "সরূপেঁ তোরে কহিলোঁ"-ঐ।

সরেজমিন [সরজমিন দ্র:] বি, ভূভাগ। ২ দেশ। ৩ চতু:সীমা ; চৌহদ্দী। ৪ [আদা০] অকুস্থল। "স०উদারক হইলে প্রকাশ হইবে"-নীলদর্পণ। ~তহ্ কীক [আ০] স্থানীয় তদন্ত local enquiry.

`সরেস [সরস(উত্তম) > অথবা শ্রেষ্ঠ > স (শ=স)-রেস (ষ=স)-ঠ > প্রা০ ক্ষে०] বি, শ্রেষ্ঠ ; উৎকৃষ্ট ; অতি উত্তম ; খুব ভাল। প্র-স० লোক। স० কাপড়। স० জিনিষ। স० স० মিষ্টান্ন।

সরোকার [ফা०] বি, সম্বন্ধ ; সংস্রব ; স্বার্থ ; দখলদারি ; ভাগ।

সরোজ, সরোজন্ম [সরসি (সরোবর) জ (জাত) ; -জন্ম (যার)] বি, পদ্ম। "হৃদয়-সরোজে চিন্তি শিবের চরণ। দৃঢ় করি ভগবতী পরিলা বসন।"-কবিক०।

সরোজিনী [সরোজ (পদ্ম) + ইন্ (সমূহার্থে) + ঈ (স্ত্রীং)] বি, কমলিনী ; পদ্মিনী; পদ্মের ঝাড়। ২ পদ্ম-বহুল পুষ্করিণী।

সরোবর [সরস্ (পুষ্করিণীর) বর (শ্রেষ্ঠ), ৬তৎ। প্রাকৃ० রূপ "সরোঅর"] বি, পদ্মাদি-যুক্ত পুষ্করিণী।

সরোরুহ [সরস্-রুহ্ (বীজজন্ম) + অ (র্তৃ)] বি, পদ্ম। প্রা० বৌ० বাং প্রাকৃ० 'সরুহ'।

] যুক্ত বিবৎ (অগ্র=অগ্গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঙ্গ=ঙ্গী ঞ্চ=ন্চ ক্ষ=ষ্ট হু=হ্ব হ্র হ্ম হ্ম হ্ন=হ্ন হ্ণ হ্ল হ্ন ক্য, জ্ব ক্ ব্ ড়=fwv ও চ্চা० দ্র:

সর্করা [শর্করা দ্রঃ] বি, চিনি sugar. "নানা দরব জত আনএ সত সত সং পুরিআ থালা।"—শূং পুং।

সর্গ [সৃজ্ (সৃষ্টি করা)+অ (ভাং)] বি, উৎপত্তি। ২ নির্ম্মাণ; সৃষ্টি। ৩ মোক্ষ। ৪ স্বভাব। ৫ নিয়ম। ৬ নিশ্চয়। ৭ গ্রন্থের পরিচ্ছেদ; অধ্যায়। ৮ অনুমতি। ৯ ত্যাগ। ~**বন্ধ**-বি, অধ্যায়বিশিষ্ট গ্রন্থ; মহাকাব্য।

সর্জ্জ, শর্জ্জ [সৃজ্ (সৃষ্টি করা)+অ (র্ত্তৃ)] বি, শাল গাছ। ২ শালগাছের আঠা; ধুনা। ~**গন্ধা**-বি, রাস্না। ~**রস**-বি, ধুনা।

সর্জ্জক [সং] বি, পীতশাল।

সর্জ্জন১, সর্জন [সৃজ্ (ত্যাগ করা)+অন (ভাং)] বি, সৈন্যের পশ্চাদ্ভাগ।

সর্জ্জন২ [সৃজ্ (সৃষ্টি করা)+অন (ভাং)+অ (স্বার্থে)] বি, সৃষ্টি। "ব্রহ্মাণ্ডের এত জগদ্ব্রহ্মাণ্ডের জীবাদি সৃষ্টি করণান্তর * * এতচ্চতুর্ব্বর্ণে জাতিরূপ রত্ন সর্জ্জন করিলেন * * * কুলপীযূষ প্রবাহ।"১৮৫৩ খ্রীঃ মুদ্রিত। সৃজন দ্রঃ। অপ্রং। ~**া, সর্জনা**-বি, সৃষ্টি-শক্তি; মৌলিকতা originality. "বাঙ্গালী যদি বুদ্ধিমান্, তাহা হইলে তাহার সর্জনা (originality), তাহার উদ্ভাবনা (inventiveness) শক্তির পরিচয় কই?"—যোং রায় (প্রবাসী, কার্ত্তিক, ১৩২৭)।

সর্জ্জি [সৃজ্ (ত্যাগ করা)+ই] বি, ক্ষারবিঃ; সাজী মাটী। ২ যবক্ষার; সোরা।

সর্জ্জিকাক্ষার-বি, সোডা carbonate of soda সাজিক্ষার।

সর্ত্ত, শর্ত্ত [আং শর্‌ৎ (নিয়ম, কড়ার)] বি, নির্দ্দেশ; নির্দ্ধারণ; নিয়ম; কড়ার।

সর্দ্দল [হিং] বি, দ্বারের উপরের কাঠাদি নির্ম্মিত আধার lintel of a door.

সর্দ্দা/র [ফাং। বাং প্রাং সদ্দার] বি, প্রধান পুরুষ; নায়ক। ২ জমাদার। ৩ সাধারণ সৈন্য ও গ্রামবল সংযসূচক উপাধিবিঃ। ৪[শাসন ও বিচারবিভাগের ভাষা (সাঁওতাল পরগণা)] গ্রামের ম্যাজিষ্ট্রেট village magistrate. "ফৌজদারী দণ্ডবিধি পরিচালনের জন্ম আবার প্রত্যেক গ্রামে একজন সর্দ্দার নিযুক্ত আছে।"—প্রবাসী, ৭ম সংখ্যা ৪র্থ ভাগ। ৫ বিণ, প্রধান। স্ত্রীং সর্দ্দারণী। ~**রি** [গ্রাং সদ্দারি। বাংএ প্রায় সদ্দারী। "তুমি সদ্দারী ক'রবে মুড়লী ক'রবে"] বি, সর্দ্দারের কর্ম্ম; সর্দ্দারগিরি; মোড়োলি। ~**রী**-বিণ, সর্দ্দার বা সর্দ্দারের কর্ম্ম সম্বন্ধীয়।

সর্দ্দী, সর্দী [ফাং] বি, আর্দ্রতা। ২ শৈত্য। ~**গর্ম্মী**-বি, মস্তিষ্ক আক্রান্ত হইয়া অতিরিক্ত গরমজনিত অবসাদ, সংজ্ঞালোপাদি লক্ষণযুক্ত রোগবিঃ। প্রচণ্ড সূর্য্যোত্তাপ অথবা অতিরিক্ত গুমট বা অগ্নিকুণ্ডাদির নিকট অবস্থানাদি হেতু অত্যন্ত গরম লাগায় ইহার উৎপত্তি। এই রোগে অত্যধিক গাত্রতাপ হ্রাস করিবার জন্য শীতল জল সর্ব্বাঙ্গে সিঞ্চন অথবা হিমাঙ্গ হইলে রোগীকে খুব গরম জলে স্নান করাইবার ব্যবস্থা হতে রোগের এই নাম sunstroke; heatstroke.

সর্প [সৃপ্ (গমন করা)+অ (র্ত্তৃ)। প্রাকৃং 'সপ্প'] বি, ভুজঙ্গ; সাপ। ২ গমন। ~**দংষ্ট্র** [সর্পের ন্যায় দংষ্ট্রা (দন্ত) যার, বহুং] বি, দন্তীবৃক্ষ। > স্ত্রীং ~ দংষ্ট্রা-বৃশ্চিকালী। ~**দংষ্ট্রিকা**-অজশৃঙ্গী। ২ সাপের দাঁত। ~**ভুক্** [সর্পভুজ্ >] বি, সর্পভক্ষক; গরুড়। ২ ময়ূর। ~**রাজ** [সর্পের রাজা, ৬তৎ] বি, বাসুকি; শেষনাগ। ~**সত্র** [সর্পের-সত্র (যজ্ঞ), ৬তৎ] বি, সর্পকুলধ্বংসের নিমিত্ত যজ্ঞ। ~**সত্রী** [সর্পসত্র (সর্পযজ্ঞ)+ইন্ (স্ত্যং)=সর্পসত্রিন্ ১মা, ১বং] বি, সর্পযজ্ঞকারী রাজা জনমেজয়। ~**হা** [সর্প-হন্+০(কিপ্, র্ত্তৃ)=সর্পহন্ ১মা, ১বং] বি, নকুল; বেঁজী। ২ বিণ, সর্পঘাতক।

সর্পণ [সৃপ্ (গমনে)+অন (ভাং)] বি, গমন; গতি।

সর্পাক্ষ [সর্প+(অক্ষির ন্যায়) অক্ষি (চক্ষু) যার, বহুং, অক্ষি=অক্ষ] বি, সর্পের চক্ষু। ২ রুদ্রাক্ষ। স্ত্রীং সর্পাক্ষী-বি, গন্ধনাকুলী।

সর্পাঘাত [সর্প (কর্ত্তৃক)+আঘাত (দংশন), ৩তৎ] বি, সর্পদংশন।

সর্পাশন [সর্প+অশন (সাপ ভোজন করে যে), বহুং] বি, গরুড়। ২ ময়ূর। ৩ নকুল; বেঁজী।

সর্পিঃ [সৃপ্ (গমন করা)+ইস্ (র্ত্তৃ)] বি, ঘৃত; হবিঃ। "অগ্নি জ্বালি সর্পিঃ ঢালি দগ্ধ দেহ পুড়িছে"—অং মং।

সর্পিণী [সর্প+ঈপ্, ইন্ আগম] বি, স্ত্রীসর্প; ফণিনী। ২ [গ্রাং সাপিনী] অতি ক্রূরা নারী।

সর্পিল [সর্প+ইল] বিণ, সর্পের ন্যায় বক্রগতিতে গমনশীল। ২[পরিঃ (হিং কোং)] ইং spiral এর বৈজ্ঞাং পরিঃ; কণ্ডুরেখা (রবীং)। ৩ [পদার্থবিজ্ঞাং (হিং কোং)] ইং solenoid এর বৈজ্ঞাং পরিঃ। "সং গতি"—উত্তরা, ১৩৩৫।

সর্পী [সৃপ্ (গমন করা)+ইন্ (র্ত্তৃ)=সর্পিন্ ১মা, ১বং] বিণ, গমনশীল।

সর্ব্ব [সর্ব্ (গমন করা)+অ (র্ত্তৃ)। বাং প্রাকৃং সর্ব্ব, সব্বো (নারী ভাষায়)। ক্ষেং—সব, পদ্যে—সরব] বি, নারায়ণ; বিষ্ণু। ২ শিব। "সর্ব্বাত্মা ও সর্ব্ব বিখ্যাত প্রত্যেকরূপে সকল ব্যাপিয়া আছেন বলিয়া শিব। তিনি সমুদয় কার্য্য কারণের মূলীভূত ও সর্ব্বজ্ঞ বলিয়া তাঁহার নাম সর্ব্ব"—মহাং। ৩ ইং 'সাইপ্রেস' বৃক্ষ। "উঠিয়াছে সর্ব্ব তরু নিঝরের কাছে। তার তলে কোন রামা পসরা দিয়াছে॥"—শূরসুন্দরী (রঙ্গলাল)। ৪ বিণ সমুদয়; সমগ্র। ~**কর্ত্তা**-বি, ঈশ্বর। ~**কর্ম্মী** [সর্ব্ব (সকল) কর্ম্ম (কার্য্য)+ইন্ (স্ত্যং)=সর্ব্বকর্ম্মিন্ ১মা, ১বং] বিণ, সকল কর্ম্মক্ষম। ~**কাল**-বি, সকল সময়; চারিযুগ। ~**গ** [সর্ব্ব (সকল) গম্ (গমন করা)+অ (র্ত্তৃ)] বিণ, সর্ব্বত্রগামী; সর্ব্বব্যাপী। ২ বি, শিব। ৩ আত্মা। ৪ বায়ু। ৫ জল। > স্ত্রীং ~গা-প্রিয়ঙ্গুলতা। ২ বিণ, সর্ব্বত্রগামিনী। ~**গত** [সর্ব্ব-গত (যে সর্ব্ব স্থানে গিয়াছে)] বিণ, সর্ব্বত্রস্থিত। ২ সর্ব্বব্যাপী। ~**গামী**-বিণ, সর্ব্বত্র গমনকারী। > স্ত্রীং~গামিনী। ~**গুণনিধি, ~গুণাধার, ~গুণান্বিত**-বিণ, সকল গুণে গুণবান্। ~**গ্রাস** [সর্ব্ব-গ্রাস] বি, সমস্ত অদৃশ্য হওন। ২ সমুদয় আত্মসাৎ করণ। ~**জনপ্রিয়**-বিণ, সকল লোকের প্রীতিভাজন। ~**জনীন** [সর্ব্বজন+ঈন (হিতার্থে)] বিণ, সকলের হিতকারী;

সর্বলোকহিতসাধক। ২ বিখ্যাত ; সর্ব-প্রসিদ্ধ। ~জ্ঞ [সর্ব (সকল)+জ্ঞা (জানা) +অ (র্ত্তৃ), যিনি সকল জানেন] বিণ, সকল বিষয়ে অভিজ্ঞ ; যিনি সব জানেন। ২ বি, বুদ্ধ ; ঈশ্বর The All-knowing. ৩ শিব। ৪ বুদ্ধ। > স্ত্রীং ~জ্ঞা-দুর্গা। ~তঃ [সর্ব + তস্ (সপ্তমী, পঞ্চমী স্থানে)] অ, সম্পূর্ণরূপে। ২ সকলপ্রকারে। ৩ সকল বিষয়ে। ৪ সকলদিকে। ~তন্ত্র -বি, সাধারণ তন্ত্র ; যে কথা স্বয়ং প্রসিদ্ধ ; যাতে অন্য কোন প্রমাণ আবশ্যক হয় না। ~ত্যাগী [সর্বত্যাগ+ইন্ (স্ত্যং)=সর্ব-ত্যাগিন্ ১মা,১বং] বিণ, সন্ন্যাসী(সিনী)। "দে গো বৃন্দে আমারে যোগী সাজায়ে। সর্বত্যাগী হব আমি শ্রীরাধার মানের দায়ে।"-গান। বি, ~ত্যাগ-সন্ন্যাস ; সর্ব বিষয় বস্তু বর্জ্জন ; সকল ভোগ্য বস্তু পরিত্যাগ ; বিষয় ভোগে বিতৃষ্ণা। ~ত্র [সর্ব+ত্র (সপ্তমী স্থানে)] অ, সকলদিকে ; সকল স্থানে ; সকল বিষয়ে ; সর্বকালে। ~থা [সর্ব+থাচ্ (প্রকারার্থে)] অ, সর্বপ্রকারে। ২ অতিশয়। ৩ হেতু। ৪ স্বীকার। ৫ নিশ্চয়। ~দমন [সর্ব (সকল) দমন (শাসনকারী)] বি, শকুন্তলা-গর্ভজাত দুষ্মন্ততনয় ভরত। ২ বিণ, সকলের দমনকারী। ~দর্শী [সর্ব-দৃশ্ (দেখা)+ইন্ (স্ত্যং)=সর্বদর্শিন্ ১মা, ১বং] বিণ, সর্বদ্রষ্টা ; যিনি সমুদয় দর্শন করেন। ২ বি, জগদীশ্বর। ৩ বুদ্ধ। ~দা [সর্ব (সকল)+দা (কালার্থে)] অ, সকল সময়ে ; সদা। ~দেবমুখ [সর্বদেবের (সকল দেবতার) মুখ (বদন), ৬তৎ] বি, অগ্নি। ~দেশীয়-বিণ, সকল দেশের। ~ধুরীণ [সর্ব (সকল) ধুর্ (ভার)+ঈন (বহন করে অর্থে)] বিণ, সকল ভারবাহক। ~নাম [সর্বনামন্ >] বি, সকলের সংজ্ঞা ; সকলের নাম। ২ [ব্যাং] বিশেষ্যের পরিবর্তে ব্যবহৃত সংজ্ঞাবিঃ। ~নাশ [সর্ব (সকলের) নাশ (ধ্বংস), ৬তৎ] বি, সর্বক্ষয় ; সকল ধ্বংস। "ব্যভিচার কুদৃষ্টান্তে প্রবল কলঙ্ক স্রোতে করিতেছে সর্বনাশ ঘোর অনিষ্ট-সাধন"-বাংগান। ~নাশী [সর্ব-নাশিন্ >] বি, পুং, সর্বনাশকারী। > স্ত্রীং ~নাশিনী। ২ প্রলয়ঙ্করী। ৩ মহাকালী। "থাক্‌লে এসে দিত দেখা সর্বনাশী বেঁচে নাই।"-রাং প্রং। ~নিয়ন্তা [মূং নিয়ন্তৃ] বিণ, সকলের নিয়ামক। ২ ঈশ্বর। > স্ত্রীং ~নিয়ন্ত্রী। ~পথীন-বিণ, সকল পথগামী বা পন্থাবলম্বী। ২ সকল পন্থাভিজ্ঞ ; যাবতীয় পথজ্ঞ। ~প্রধান-বিণ, সকলের শীর্ষ-স্থানীয় ; সকলের মাথা ; সর্বশ্রেষ্ঠ ; সকলের বড়। ~প্রিয়-বিণ, সকলের প্রীতিভাজন popular. ~বাতসহা [নৌং দ্রঃ] বি, প্রাচীন বঙ্গের অর্ণবপোতবিঃ। ~বাদ-বি, সকল প্রকার মত ; সর্বদর্শন। ~বাদী (-বাদিন্) বিণ, সকল মতাবলম্বী। ২ সকল সম্প্রদায়িক। > স্ত্রীং~বাদিনী। ~বাদি-সম্মত [সর্ববাদী (কর্তৃক) + সম্মত= সমাসে ী স্থলে ি] বিণ, সকল মতবাদী কর্তৃক স্বীকৃত বা অনুমোদিত বা সমর্থিত। ~বিৎ [মূং--বিদ্(জানা)]বিণ, সর্বজ্ঞ all-knowing. ~বেদ [সর্ব-বিদ্ (জানা)+অ (র্ত্তৃ)] বি, সমুদয় বেদবেত্তা ব্রাহ্মণ। ২ বিণ, সর্বজ্ঞ। ~বেদাঃ [মূং--বেদস্] বি, সর্বস্ব দক্ষিণা-দানাত্মক যজ্ঞকারী ; বিশ্বজিৎ যজ্ঞকর্তা। ~বেদী [সর্ব-বিদ্ (জানা)+ইন্ (স্ত্যং) =সর্ববেদিন্ ১মা, ১বং] বি, সর্বজ্ঞ। ২ বি, পরমেশ্বর। ~বেশী [সর্ব (সকল) বেশ (পরিচ্ছদ)+ইন্ (স্ত্যং)=সর্ববেশিন্ ১মা, ১বং] বি, যে সকল প্রকার বেশ ধারণ করে ; নট। ২ বহুরূপী। ~ব্যাপক-বিণ, সমস্ত ক্ষেত্রে প্রসারিত ; সর্বত্রবিস্তারক ; সর্বা-বরক। > স্ত্রীং ~ব্যাপিকা। ~ব্যাপী-বিণ, সমস্ত বিস্তারকারী ; সর্বত্র স্থিতিশীল বা বিদ্যমান্ ; সর্বাশ্রয়কারী ; সর্বত্র ব্যাপ্তিশীল ; সর্বপ্রসারী। > স্ত্রীং ~ব্যাপিনী। ২ বি, ঈশ্বর The All-pervading ; omni-present. ~ব্যাপিতা, ~ব্যাপিত্ব-বি, বিভুত্ব ; বিশ্বব্যাপকত্ব ; অভিব্যাপ্তি omnipresence. ~ভক্ষ [সর্ব (সকল) হইয়াছে ভক্ষ (ভোজ্য) যার, বহুং] বি,বহ্নি ; হুতাশন। ২ যে সমুদায় বস্তু খায়। ৩ সমস্ত আত্মসাৎকারী। "সাজোয়াল হইল সুজন সর্বভক্ষ।"-অং মং। ~মঙ্গলময়-বিণ, সর্বকল্যাণের আধার। > স্ত্রীং ~মঙ্গল-ময়ী। ~মঙ্গলা [সর্ব (সকল) হইয়াছে মঙ্গল (মোক্ষ) যার, বহুং] বি, দুর্গা। ২ সাগরগামী নৌ (দ্রঃ) বিঃ। ~মঙ্গল্য-বিণ, সর্বশুভকর ; সর্বশুভদ। ২ সর্বাঙ্গ-সুন্দর। > স্ত্রীং ~মঙ্গল্যা-সর্বশুভদা ; সর্বশুভঙ্করী। ২ বি, অশ্বত্থ বৃক্ষ। ৩ নারিকেল বৃক্ষ। ৪ বিল্ব বৃক্ষ। ৫ দধি। ~মন্দিরা [নৌং দ্রঃ] বি, প্রাচীন ভারতীয় জলযানবিঃ। "যে যানগুলির কুঠরী বা কক্ষ খুব বৃহৎ সেইগুলিকে সর্বমন্দিরা বলা হইত। এই শ্রেণীর যান রাজধন, অশ্ব ও রমণী বহনের প্রশস্ত যান বলিয়া বিবেচিত হইত।"-বৌদ্ধ-ভারত। ~ময় [সর্ব+ময় (অপৃথক্ ভাবার্থে)] বি, পরমেশ্বর। ২ বিণ, সর্বাত্মক universal. ~ময় কর্তা-বিণ, সর্বেসর্বা The All-pervading; all in all. ~মূল্য [সর্ব (সকল দ্রব্যের) মূল্য, ৬তৎ]বি, কপর্দক: কড়ি। ~রস [সর্ব (সকলের) রস আস্বাদ হয় যা হতে, বহুং] বি, লবণ রস। ২ বিদ্বান্। ৩ ধূনা। ৪ বাদ্যযন্ত্রবিঃ। ~রসোত্তম [সর্ব রসের মধ্যে উত্তম] বি, লবণ রস। ~লোক [সর্ব (সকল) লোক (জগৎ), ধা] বি, নিখিল ব্রহ্মাণ্ড। ২ সকল ব্যক্তি। ~লোকপিতামহ-বি, ব্রহ্মা ; বিধাতা। ~শঃ [সর্ব+শস্] অ, সাধারণরূপে ; সর্ব-প্রকারে। ~শক্তি-বি, সমস্ত বল। ২ সকল রকমের সামর্থ্য ; সর্বক্ষমতা। ~শক্তি-মত্তা-বি, সকল রকম ক্ষমতার অধি-কারিতা ; সর্বক্ষমতাশালিতা। ~শক্তি-মান্-বিণ, সর্বকর্মশক্তিসম্পন্ন ; সকল ক্ষমতাশালী। ২ বি, ঈশ্বর। ~শক্তিমান্ ঈশ্বর The All-powerful God ; The Omnipotent God. ~শরীর-বি, সর্বাঙ্গ। "বিশ্বম্ভরের সর্বশরীর ঠক্‌ঠক্ করিয়া......" -উত্তরা, পৌষ, ১৩৩৩। ~শুচি [সর্ব (সকল হইয়াছে) শুচি যার বহুং] বি, অগ্নি। "সর্বশুচি-বরে সর্বজয়ী বীরবর।"-মেঘং। ~শ্রেষ্ঠ-বিণ, সকলের প্রধান। ২ সর্বোত্তম ; সব চেয়ে ভাল। ~সঙ্গত-বিণ, সর্বত্রোচিত। ~সম [জ্যাং (কং বিশ্বং

পরিঃ)] ইং congruent এর বৈজ্ঞা॰ পরিঃ। ~সম্মুখ-বি, সকলের পুরোভাগ; সকলের সামনা। ক্রি-বিণ, ~সম্মুখে-সকলের সামনে; সকলের সম্মুখে। ~সম্মত, ~সমর্থিত-বিণ, সকলের দ্বারা স্বীকৃত; সকলের অনুমোদিত। ~সম্মতি; বি,সর্ব্বসাধারণের অনুমোদন।~সম্মতি-ক্রমে-ক্রি-বিণ, সর্ব্বজনের অনুমোদন বা সমর্থন পূর্ব্বক। ~সহ -বি, সকল সহিষ্ণু। ২ গুগ্গুল। ~সাধারণ -বি, সকল লোক; যাবতীয় নরনারী; ভদ্রেতর, ধনীদরিদ্র, শিক্ষিত-অশিক্ষিত, উচ্চনীচ, আবালবৃদ্ধ। ~সিদ্ধ-বিণ, সমস্ত সাধনক্ষম। ২ ভৈরববিঃ। "বৈদ্যনাথে হৃদয় ভৈরব বৈদ্যনাথ। দেবী তাহে জয় দুর্গা সর্ব্ব-সিদ্ধ সাথ॥"-অ॰ ম॰। ~সিদ্ধি [সর্ব্ব-সিদ্ধি] বি,শ্রীফল। ২ সকল সাধন। ~স্রষ্টা -বিণ, সকলের সৃষ্টিকর্ত্তা; বিশ্বসৃষ্টিকর্ত্তা। ~স্ব [সর্ব্ব-স্ব (ধন)] বি, সমুদয় ধন; সকল সম্পত্তি। ২ সার। ব্রজ॰ সরবস। "হৃদয়ক মৃগমদ গীমক হার। দেহক সরবস গেহক সার॥"-বি॰ প॰। ~স্ব-দক্ষিণ [সর্ব্বস্ব (সমস্ত সম্পত্তি) হইয়াছে দক্ষিণা যার, বহু॰] বি, যে যজ্ঞে সর্ব্বস্ব দক্ষিণা দান করিতে হয়; বিশ্বজিৎ যজ্ঞ। ~স্বান্ত [সর্ব্ব+স্ব+অন্ত] বি, সর্ব্বনাশ; সকল ধনসম্পত্তির ক্ষয়। ~স্বান্ত হওয়া-ক্রি, নিঃস্ব হওয়া; সর্ব্বহারা হওয়া। ~স্বী [সর্ব্বস্ব+ইন্ (ষ্ণ্য॰)] বি, বর্ণসঙ্করজাতিবিঃ।

সর্ব্বংসহ [সর্ব্ব (সকল) সহ+অ (কর্ত্তৃ, যে সহ্য করে)] বি, সকল সহিষ্ণু। স্ত্রীং ~া-বি, বসুন্ধরা; পৃথিবী।

সর্ব্বৎ-সরবৎ দ্রঃ।

সর্ব্বতোভদ্র [সর্ব্ব+তস্=সর্ব্বতস্ (চারিদিকে) ভদ্র (মঙ্গলজনক দ্বার উপশোভা ধ্বজ-পতাকা যেখানে), বহু॰] বি, দুর্গাপূজা কালে অষ্টমী পূজা দিনে পঞ্চবর্ণ দ্বারা অঙ্কিত মণ্ডলবিঃ। "স॰ নাম মণ্ডল চিত্র ধাম লিখিলা আপনি বিধাতা।"-অ॰ ম॰। ২ দেবগৃহবিঃ। ৩ বিষ্ণুরথের নাম। ৪ ব্যূহবিঃ। ৫ ঘূর্ণন-যোগ্য ও ঘূর্ণনকালে চারিদিকে প্রস্তর-নিক্ষেপক চক্রবিশিষ্ট শকট। ৬ নিমগাছ। ৭ বাঁশ। ৮ বিণ, সর্ব্বত্র মঙ্গলদায়ক। স্ত্রীং সর্ব্বতোভদ্রা-গাম্ভারী। ২ নৌ॰ দ্রঃ।

সর্ব্বতোভাবে [সর্ব্বতস্+ভাব+যাতে] ক্রি-বিণ, সকলদিক্ দিয়া; সম্পূর্ণরূপ; সকল রকমে।

সর্ব্বতোমুখ, -মুখী [সর্ব্বতস্ (চতুর্দ্দিকে) মুখ (বদন) যার, বহু॰] বিণ, সর্ব্বদিগ্‌বর্ত্তী। ২ সর্ব্ব বিষয়ে স্থিত। ৩ মহাদেব; পঞ্চানন। ৪ জল। ৫ অগ্নি। ৬ আত্মা। ৭ আকাশ। ৮ স্বর্গ। ৯ ব্রাহ্মণ।

সর্ব্বরী [সৃ (গমন করা)+বরিপ্ (কর্ত্তৃ) +ঈ (স্ত্রীং)] বি, রজনী; রাত্রি। ~কর-বি, রজনীকর; চন্দ্র।

সর্ব্বল, সর্ব্বলা [সং] বি, তোমরাস্ত্র; শাবল। "চলে গদা ঘুরাইয়া কত দল বল চলিল বিস্তর হস্তে সর্ব্বল কেবল।"-রঙ্গলাল (কাঞ্চী॰)।

সর্ব্বসম্মতা [সং] বি, সকলের প্রতি সম-ব্যবহার; সকলকে সমজ্ঞান।

সর্ব্বাঙ্গ [সর্ব্ব (সকল)+অঙ্গ (অবয়ব), ধা] বি, সকল অবয়ব; সর্ব্বশরীর। ~সম্পন্ন [স॰+সম্পন্ন (বিশিষ্ট)] বিণ, পূর্ণাবয়ব: নিখুঁত। "সর্ব্বাঙ্গসম্পন্ন জাতিকে চোখের সামনে রেখে জাতীয় সাধনায় প্রবৃত্ত * * *" -আ॰ শক্তি। ~সুন্দর [সর্ব্বাঙ্গ (সকল অবয়ব) হইয়াছে সুন্দর যার, বহু॰] বিণ, যার অবয়বের মধ্যে কোন খুঁত নাই; মনোহর অবয়ববিশিষ্ট। ২ বি, স্বর্ণাদি ধাতুঘটিত আয়ুর্ব্বেদীয় ঔষধবিঃ।

সর্ব্বাঙ্গীণ, সর্ব্বাঙ্গীন [সর্ব্বাঙ্গ+ঈন (সম্বন্ধার্থে)] বিণ, সমগ্র অবয়বীয়; সর্ব্বাবয়ব সম্বন্ধীয়। ২ সর্ব্বাঙ্গ হিতকারক। ৩ সর্ব্বাঙ্গ ব্যাপক। ৪ সম্পূর্ণ; নিখুঁত।

সর্ব্বাণী [সর্ব্ব (শিব)+আন+ঈ (স্ত্রীং)] বি, দুর্গা; ঈশানী। "এস। জগৎ জননি! ওগো মা! নগেন্দ্রনন্দিনী! তারিণি! সর্ব্বাণি!-বাং গান।

সর্ব্বাদৃত [সর্ব্বের (সকলের) আদৃত (আদরপ্রাপ্ত), ৬তৎ] বিণ, সকলের আদৃত; সর্ব্বাংশে আদৃত; সকলের পূজ্য। "দারুব্রহ্ম স॰ বিষ্ণু পঞ্জরেতে কৃত ইন্দ্রদ্যুম্ন স্থাপিত সম্পন্ন।"-অ॰ ম॰।

সর্ব্বাধিকারী [সর্ব্ব+অধিকার+ইন্ (ষ্ণ্য॰)=সর্ব্বাধিকারিন্ ১মা, ১ব॰] বিণ, সর্ব্বাধিকারসম্পন্ন। ২ বি, মন্ত্রী ইং। ৩ উপাধিবিঃ।

সর্ব্বানন্দ [সর্ব্ব+আনন্দ] বিণ, যার, সকল বিষয়ে আনন্দ। ২ বি, ভৈরববিঃ।

সর্ব্বানুভূ [সর্ব্ব+অনু-ভূ] বি, যিনি সকলের মধ্যে বিরাজিত; সর্ব্বান্তর্যামী। "যে পরিমাণে সকলের মধ্যে আমরা সেই পরিমাণে সর্ব্বানুভূকে উপলব্ধি করি"-রবী॰।

সর্ব্বানুভূতি [সর্ব্ব+অনুভূতি] বিণ যার সকল বিষয়ে জ্ঞান আছে; তত্ত্বজ্ঞানী। ২ বি, সর্ব্ববিষয়বোধ। ৩ জৈনবিঃ।

সর্ব্বান্ত/র্যামী, -র্য্যামী [সর্ব্ব+অন্তর্যা(র্য্যা)মী] বিণ, যিনি সকলের অন্তরের কথা জানেন; যিনি সকলের মনোগত ভাব জানেন; সকল হৃদয়ের ভাবজ্ঞ। >স্ত্রীং ~র্যা(র্য্যা)মিনী।

সর্ব্বাপেক্ষন্যায় [সং] বি, একাধিক ব্যক্তির নিমন্ত্রণস্থলে একজন উপস্থিত হইলে যেমন অন্য বা অন্য সকল নিমন্ত্রিতের অপেক্ষায় থাকিতে হয় সেইরূপ ব্যাপার।

সর্ব্বাবসর [সর্ব্ব (সকলের)+অবসর (অবকাশ) যে সময়ে, বহু॰] বি, নিশীথ; অর্দ্ধরাত্র।

সর্ব্বাভরণ [সর্ব্ব+আভরণ] বি, যেখানে যা সাজে সেই সেই অঙ্গের ভূষণ; সমস্ত অলঙ্কার। ~ভূষিত-বিণ, সর্ব্বভূষণে মণ্ডিত।

সর্ব্বাভিসন্ধী [মৃ॰ সর্ব্বাভিসন্ধিন ১মা, ১ব] বি, কপটসন্ন্যাসী; বিড়ালতপস্বী।

সর্ব্বাভিসার [সর্ব্ব+অভি-সৃ (গমন করা)+অ (ভা॰)]বি, চতুরঙ্গ-সেনাসন্নিবেশ।

সর্ব্বার্থ [সর্ব্ব (সমস্ত)+অর্থ (প্রয়োজন, অভিলাষ ই॰),ধা] বিণ, চরিতার্থ। "মিথিলায় বামস্কন্ধ দেবী মহাদেবী মহোদর ভৈরব স॰ যাঁরে সেবি।"-অ॰ ম॰। ২ বি, সকল প্রয়োজন; সমস্তাভিলাষ। ~সাধিকা

[সর্ব্ব (সকল) + অর্থের (বিষয়ের) সাধিকা (সিদ্ধিদায়িনী)] বি, যিনি সর্ব্বাভিলাষ পূর্ণ করেন ; দুর্গা। ~সিদ্ধ [সর্ব্ব (সকল) + অর্থে (বিষয়ে) সিদ্ধ (সফল), ৭তৎ অথবা সর্ব্ব (সকল) অর্থ (বিষয়) সিদ্ধ (সম্পন্ন) হইয়াছে যার, বহুং] বি, বুদ্ধ। ২ বিণ, সকল প্রয়োজন-সিদ্ধিযুক্ত ; পূর্ণকাম।

সর্ব্বাশী [সর্ব্ব + অশ্ (ভোজনে) + ণিন্ (র্ত্তৃ)=সর্ব্বাশিন্ ১মা, ১বং] বিণ, সর্ব্বভুক্ omnivorous.

সর্ব্বাহ্ণ [সর্ব্ব (সকল) + অহন্ (দিন), ধা] বি, সমস্ত দিবস।

সর্ব্বেশ্বর [সর্ব্ব (সকলের) + ঈশ্বর(প্রভু), ৬তৎ] বি, সার্ব্বভৌম। ২ মহাদেব। ৩ বিণ, সকলের প্রভু।

সর্ব্বেসর্ব্বা [গ্রা° সব্বে-সব্বা] বিণ, সকলের মধ্যে সর্ব্বময় বা একমাত্র কর্ত্তা all in all

সর্ব্বোত্তর [সর্ব্ব (সকলের) উত্তর (প্রধান)] বিণ, সর্ব্বশ্রেষ্ঠ।

সর্ব্বোপরি [সর্ব্ব + উপরি] অ, সকলের উপর ; অধিকন্তু।

সর্ব্বৌষধি [সর্ব্ব + ওষধি] বি, মুরা-মাংসী, বচ, কুড়, শিলাজতু, হরিদ্রা, দারু-হরিদ্রা, শঠী, চম্পক এই সকল দ্রব্য একত্র করিয়া বটিকাকারে শুষ্ক করিয়া লইলে যে ওষধ প্রস্তুত হয়।

সর্ষপ [সৃ (গমন করা) + অপ (র্ত্তৃ, জ্ঞা°)] বি, সরিষা। শ্বেত-কৃষ্ণ ভেদে সর্ষপ দুইপ্রকার।

সল$_1$ [সং-সল্ (গমনে)] বি, জল ; সলিল।

সল$_2$ [আ° সহল] বিণ, সহজ ; সড়গড়। ২ ঢিলা।

সল$_3$ [সরু বাল > গ্রা° ক্ষে°] বিণ, সরুঙ্গে।

সলঙ্গা-সুলঙ্গ দ্রঃ।

সলজ্জ [স (সহিত) লজ্জা যার, বহু°] বিণ, সব্রীড় ; লাজুক।

`সলা$_1$ [আ° সলাহ্] বি, যুক্তি ; মন্ত্রণা ; পরামর্শ। ২ ষড়যন্ত্র। ৩ বন্ধুত্ব। ~কলা -বি, কলাকৌশল। ২ চাতুরী।

`সলা$_2$ [শুক > শ=স। গ্রা°] বি, খরিদা বিচালি ই°-র কাউ।

সলাজ [স (সহিত) লাজ (লজ্জা) যার, বহু°] বিণ, সব্রীড়। "তাহারি সলাজ আঁখি দিনে নিবে যাওয়া।"-ফুলরেণু।

সলাম, সলামত-সেলাম দ্রঃ।

`সলি [শলা দ্রঃ] বি, ক্ষুদ্র শলা ; শলাকা। "সব সলি লাগে মোর কানের কুণ্ডলা" -শ্রী° কী°। ২ বিণ, শলাকাবৎ ; সরু। "দুগাছি সলি দড়ি।"-শূ° পু°।

সলিতা [হি° সিলবট্ (দড়ির ন্যায় পাক) >] বি, সূক্ষ্মবস্ত্রখণ্ডে পাকান বাতি ; সরু পলিতা। "ঝি-মায়ে বসায়ে দূরে সলিতা পাকায় ধীরে"-অশোক°।

`সলিয়ে-কলিয়ে [সলা$_1$ (যুক্তি) > সলিয়ে + কলা(চাতুরি, কৌশল) > কলিয়ে] ক্রি-বিণ, যুক্তি দ্বারা বুঝাইয়া ও কৌশল প্রয়োগে (তুল-"বলিয়া চলিয়া"-অ°ম°)। প্র-স-ক° তার কাছ থেকে কথাটা বা কাজটা বার করে নিতে পার তো হয়।

সলিল [সল্ (শীঘ্র গমন করা) + ইল (র্ত্তৃ) যে শীঘ্র গমন করে] বি, জল ; উদক ; বারি। "অনলে সলিলে প্রাণ নহে সমাধান। আর মরণের সখি আছে কি বিধান॥"-বাং গান। ~ী-বিণ, জলীয় ; জল সম্বন্ধীয়। "মাতিল তরঙ্গ-গণ সলিলী সংগ্রামে।"-রঙ্গমতী (নবীন°)। ~কুন্তল-বি, শৈবাল ; শেওলা। ~ক্রিয়া -বি, উদকক্রিয়া ; তর্পণাদি। ২ বারি দ্বারা চিতা ধৌতকরণ। ৩ জলসেক। ~সমাধি -বি, জলে ডুবিয়া মৃত্যু ; জলগর্ভে কবর। "৫৬ জনের "সলিল-সমাধি।"** এক নৌকা ডুবির ফলে ৪০ জন লোক মারা গিয়াছে।" -আ° পত্রিকা, ৮।৭।৩৬।

সলিলজ [সলিলে (জলে) জ (যে জন্মে)] বি, পদ্ম। ২ বিণ, জলজাত।

সলীল [স (সহিত) লীলা (ক্রীড়া) যে, ব°] বিণ, লীলাযুক্ত ; ক্রীড়াশীল। ২ ভঙ্গী-বিশিষ্ট। ৩ কৌতুহলী।

সলুপা [গ্রা° বাং। সুলফা দ্রঃ] বি, সুলপো শাক। "ধনিয়া স° বাটি দারচিনি যত। মৃগমাংস ঘৃত দিয়া ভাজিলেক কত॥" -মনসা ম°(বংশী°)।

সল্মা (লমা) [আ° সলম্(সোণা) > হি°] বি, সোণা বা রূপার তারে তোলা বুটি, ফুল, পাতা ই°। ~চুমকি, -কী [চক্রক, -কী >] বি, সোনালী, রূপালী তারের ফুল, পাতা, বুটি ই° বা চকমকে ছোট ছোট গোল গোল পাত বা চাকতি। ~চুমকির কাজ -টুপী বা সাড়ীতে উক্তরূপ ফুল পাতা বুটা বসানর কাজ। ২ প্রতিমা সাজাইবার রাঙতার ডাকসাজ।

সল্লকী [সল্ (গমনে) + অক (র্ত্তৃ) + ঈ (স্ত্রী°)] বি, সজারু। ২ কণ্টকী বৃক্ষবিঃ ; বাবলা গাছ।

সল্লা [আ° সলাহ্] বি, পরামর্শ। "মাঝি মালায় ডাক দিয়া সাধু সল্লা যে করিল। -মৈ° গী°। ২ [অর্থ সম্প্রসারণে] কুপরামর্শ।

সল্লোক [সৎ + লোক] বি, সাধু-ব্যক্তি ; সজ্জন। "তুমি তাহাকে স° জ্ঞান করিয়া * *।"-কলিকাতা কমলালয়।

সশঙ্ক [স (সহিত) শঙ্কা (ভয়) বিদ্যমান যে, বহু°] বিণ, ভীত ; ত্রস্ত ; শঙ্কান্বিত। স্ত্রী° ~া। ~চিত্ত-বিণ, ভীতমনা ; শঙ্কিত-হৃদয়। ক্রি-বিণ, সশঙ্কে-ভীতচিত্তে ; শঙ্কান্বিত হইয়া।

সশঙ্কিত [সশঙ্ক স্থলে এই ব্যাকরণ-দুষ্ট পদ চ°] বিণ, শঙ্কাযুক্ত ; অতি শঙ্কিত ; ভয়ার্ত্ত।

সশরীর, সশরীরে [স (সহ) শরীর বিদ্যমান যে, বহু°, 'এ' অতিরিক্ত] বিণ, ক্রি-বিণ, শরীর ত্যাগ না করিয়া ; দেহ ধারণ করিয়া। প্র স° স্বর্গলাভ। ২ স্বয়ং ; নিজে personally.

সশব্দ, সশব্দে [স (সহ) শব্দ বিদ্যমান যে, বা যাতে, বহু°। 'এ' অতিরিক্ত] বিণ, ক্রি-বিণ, শব্দ সহিত ; শব্দ করিয়া ; সব্দ করিতে করিতে।

সশল্য [স (সহ) শল্য (শেল) যে, বহু°] বিণ, শেলবিদ্ধ। ২ পীড়াদায়ক ; দুষ্কর ; কষ্টজনক।

সশস্ত্র, -স্ত্রে [স (সহ) শস্ত্র যে, বহু°, 'এ' অতিরিক্ত] বিণ, ক্রি-বিণ, শস্ত্র সহিত ; শস্ত্র লইয়া ; শস্ত্রে সজ্জিত হইয়া।

সশা-শশা দ্রঃ।

স´সংজ্ঞ [স (সহ) সংজ্ঞা বিদ্যমান যে, বহু॰] বিণ, সজ্ঞান ; সচেতন।

স´সজ্জ [স (সহ) সজ্জা বিদ্যমান যে, বহু॰] বিণ, সজ্জাবিশিষ্ট ; সজ্জিত। স্ত্রীং ~া।

স´সত্ত্ব [স (সহিত) সত্ত্ব (প্রাণী) বিদ্যমান যে, বহু॰] বিণ, প্রাণীযুক্ত।

স´সত্ত্বা [স (সহ) সত্ত্বা (প্রাণী) বিদ্যমান যে, বহু] বিণ, গর্ভবতী।

স´সধর [সং-শশধর >। বৌ॰ বাং প্রাকৃ॰] বি শশধর ; চন্দ্র। "স॰ টালিউ"-চ॰ ১৮।৩।

স´সম্ভ্র/ম [স (সহ, সহকারে) সম্ভ্রম বিদ্যমান যে, বহু॰] বিণ, সম্ভ্রমযুক্ত ; সসম্মান। প্র-স॰ দৃষ্টি। **~মে** [সসম্ভ্রম অর্থে, 'এ' অতিরিক্ত] ক্রি-বিণ, সম্ভ্রমের সহিত ; সম্মান সহকারে।

স´সম্মা/ন [স (সহ) সম্মান বিদ্যমান যে, বহু॰] বিণ, ক্রি-বিণ, সম্মানের সহিত ; সম্মানিত হইয়া। **~নে** [সসম্মান স্থলে, এ অতিরিক্ত] ক্রি-বিণ,:সম্মান সহকারে।

স´সাক্ষিক [স্মৃ॰ পরিঃ] বি, যে কোন স্থানে যে কোন ব্যক্তির লিখিত সাক্ষিগণের হস্তচিহ্নিত লেখ্য ; রাজসাক্ষিক দ্রঃ। "লেখ্য অর্থাৎ দলিল ত্রিবিধ, রাজসাক্ষিক, সসাক্ষিক এবং অসাক্ষিক।"-বিষ্ণুসংহিতা (বঙ্গবাসী)।

স´সাগরা [স (সহ) সাগর+আ] বিণ, সাগর সহিত বিরাজমানা ; আসমুদ্র। প্র-স॰ ধরা। পুং **স´সাগর**।

স´সাজ [স (সহ)-সাজ] বিণ, সজ্জার সহিত ; সসজ্জ (দ্রঃ)।

স´সি [প্রা॰ বাং বানানে] বি, শশী।

স´সীম [স (সহ)-সীম=সীমা] বিণ, সীমাযুক্ত; সীমাসহ। ২ [গ॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং terminating এর বৈজ্ঞা॰ পরিঃ।

স´সেমিরা, স´-সে-মি-রা [মূল সং:"গল্প গ্রন্থ দ্বাত্রিংশৎ-পুত্তলিকা" অবলম্বনে রচিত বাঙ্গালা গল্প গ্রন্থ "বত্রিশ সিংহাসন"-ধৃত গল্প হ'তে] বি, ব্যাঘ্রভয়ে একবৃক্ষে গৃহীত-আশ্রয় গল্পের রাজপুত্র বিশ্বাসঘাতকতা করিয়া মিত্র ভল্লুককে বাঘের মুখে ফেলিয়া দিতে চেষ্টা করিলে ভল্লুক রাজপুত্রের গালে স সে মি রা বলিয়া চারিটি চপেটাঘাত করিয়াছিল, তদবধি রাজপুত্র গৃহে ফিরিয়া ঐ চারিটী শব্দ ব্যতীত আর কিছুই বলিতেন না। সকলে তাঁহাকে পাগল স্থির করিলে তাঁর বহু চিকিৎসা হয়, কিন্তু তাতে কোন ফল হয় না। অবশেষে কবি কালিদাস ঐ চারিটি বর্ণাদিক চারিটি সংস্কৃত শ্লোকে বিশ্বাসঘাতকতার পাপ ও তার প্রায়শ্চিত্ত বিধি বুঝাইয়া দিলে রাজপুত্রের রোগ ভাল হয়। **স´সেমিরে হ´য়ে থা´কা**-বাক্‌স্ফূর্ত্তিহীনের অবস্থায় থাকা। প্র-একরকম সসেমিরে হয়ে আছে। ২ বাহ্য জ্ঞানশূন্য হয়ে থাকা (প্রবোধ চন্দ্রিকা, মৃত্যুঞ্জয় তর্কালঙ্কার)।

স´সৈ/ন্য [স (সহ) সৈন্য, বিদ্যমান যে, বহু॰] বিণ, সৈন্য সমন্বিত। **~ন্যে**-ক্রি-বিণ, সৈন্য সমভিব্যাহারে ; সৈন্য লইয়া।

স´সৌষ্ঠব [স (সহিত) সৌষ্ঠব (সুষ্ঠু ভাব, সৌন্দর্য্য), বিদ্যমান যে, বহু॰] বিণ, সুষ্ঠু ভাবযুক্ত ; পরম সুন্দর।

`স´স্তা [ফা॰ সস্ত্ (ঢিলা, ধিমা) > সস্ত্ করানা=বেগ কমান, গতি হ্রাস করা > অল্প করা > হিং সস্তা (কম দাম)] বিণ, কমদামী ; সুক্রেয়। ২ সুলভ ; সুপ্রাপ্য cheap **স´স্তা´দরে**-সুলভে। "সস্তাদরে মস্ত মজা কিনে নিলে ভাই"-হেম॰।

স´স্তার তিন অ´বস্থা-কম দামের জিনিষ বেশী দিন যায় না অথবা শীঘ্রই নষ্ট হয়।

স´স্তেন-স্বস্ত্যয়ন দ্রঃ।

স´স্ত্রীক [স (সহিত) স্ত্রী যার, বহু॰, সমাসে ক] বিণ, সপত্নীক ; ভার্য্যাসহ।

স´স্নে/হ [স (সহিত)+স্নেহ, বিদ্যমান যে, বহু॰] বিণ, স্নেহযুক্ত। **~হে**-ক্রি-বিণ, স্নেহ সহকারে।

স´স্পৃহ [স (সহিত) স্পৃহা (ইচ্ছা) যার, বহু॰] বিণ, লোভী ; স্পৃহাযুক্ত ; সাভিলাষ।

স´স্পেণ্ড্ [ইং suspend এর লিপ্যন্তর। ই॰ অনভিজ্ঞের মুখে-সস্পেণ্ডো] বি, মামলার নিষ্পত্তি বা তদন্তের শেষ পর্য্যন্ত কালের জন্য কর্ম্ম বা পদ হতে অবসর।

স´স্মিত (শশ্‌শিঁত)[স(সহিত)স্মিত (ঈষৎ-হাস্য) যে,বহু॰] বিণ, ঈষৎ হাস্যযুক্ত; সহাস্য।

স´স্য [সং। শস্য দ্রঃ] বি, ধান্যাদি। ২ বৃক্ষাদির ফল। ৩ ফলাদির অভ্যন্তরস্থ কোমল অংশ ; শাঁস। ৪ উৎকৃষ্টতা।

স´স্বেদ [স (সহিত) স্বেদ (ঘর্ম্ম), বিদ্যমান যে, বহু॰] বিণ, ঘর্ম্মাক্ত ; ঘর্ম্মবিশিষ্ট। স্ত্রীং ~া-ঘর্ম্মক্রিয়া। ২ দূষিতা কুমারী।

স´স্রেক [সহস্র+এক > পদ্যে, ক্ষে॰] বিণ, এক সহস্র। "ক্ষেমিমু তার সস্রেক অপরাধ।"-মহা॰ (শ্রীকর॰)।

স´হ [সহ্ (সহ্য করা)+অ (ভা॰)] বি, সহ্য করার ভাব। ২ শক্তি। ৩ সহায়। ৪ সম্বন্ধ। ৫ সাদৃশ্য। ৬ বিণ, সহিষ্ণু ; সহনশীল। ৭ সমর্থ। ৮ অ, সহিত ; সঙ্গে। স্ত্রীং **স´হা**-বি, পৃথিবী। ২ [বৈদ্যকে] মুসব্বর। ২ নখী। ৩ শুষ্ক যব। **~কর্ম্মী**-বিণ, কর্ম্মে সহযোগী ; কর্ম্মসহায়; এক বা একপ্রকার কর্ম্মকারী colleague. **~কার** [সহ(সহিত) কৃ (বিক্ষেপ করা)+অ (র্ত্তৃ)] বি, সুগন্ধ আম্র বৃক্ষ। ২ আম্র-পল্লব। ৩ [সহ-কৃ (করা)+অ (ভা॰)] সাহায্য। **~কারী** [সহ (সহিত) কৃ (করা)+ইন্ (র্ত্তৃ)-=সহকারিন্ ১মা, ১ব॰] বিণ, সহায়ক assistant. "অন্তরে জ্বলিছে অতি বিরহ অনল। নিশ্বাস পবন তাহে সহকারী ভাল॥"-বাং গান। ২ [দর্শনে] কারণবিঃ। **~কারিতা**-বি, সাহায্য ; সহায়কতা। **~কৃৎ** [সহ (সহিত) কৃ (করা)+ক্বিপ্ (র্ত্তৃ)] বি, সাহায্যকারী। **~গ´মন** [সহ (সহিত) গমন] বি, সহিত গমন। ২ সহমরণ ; স্বামীর সহিত একচিতাগ্নিতে দেহত্যাগ ; সহানুগমন। **~গম্য**-বিণ, সঙ্গে যাইবার যোগ্য। **~গামী**-বিণ, সঙ্গে গমনকারী ; সহচর; সঙ্গী। **~চ´র** [স (সহিত) চর্ (গমন করা)+অ (র্ত্তৃ)] বিণ, অনুগামী ; সঙ্গী। ২ সখা ; বয়স্য। > স্ত্রীং **~চরী**-সঙ্গিনী ; সখী। ২ সহধর্ম্মিণী ; পত্নী।

স´হ´চারী [সহ (সহিত) চর্ (গমন করা)+ইন্ (র্ত্তৃ, শীলার্থে)=সহচারিন্ ১মা, ১ব॰] বিণ, সঙ্গী ; সাথী। স্ত্রীং **স´হ´চারিণী**।

স´হ´জ [সহ(সহিত)জ(জাত)] বি, এক মাতৃ-গর্ভোৎপন্ন ভ্রাতা ; সহোদর। ২ স্বভাব। ৩ [ফ॰ জ্যো॰] জন্মলগ্ন হ'তে তৃতীয়স্থান। ৪

অ´জ অ´ল বিল্পুন বৈঁলা ব্যাঁখা অতি ঐত্তি দ্রুত কর, ে=া =া=এ=ǝ(t), ণ=ন ব=ব স=শ=ষ সশ=S (স্ব স্ত স্থ স্ম স্র স্ত্র শ্‌...), অনাদ্য ‹ -- › অব্যক্ত

তন্ত্রাচারভেদ। "বাণের সহিত সদাই সাজিতে সহজের এই রীতি।"-চণ্ডি°। ৫ প্রেম। "স° স° সবাই কহয়ে স° জানিবে কে।"-চণ্ডি°। ৬ বিণ, সহজাত; স্বাভাবিক [এই অর্থে "সাহজিক" ও°]। "যাহার সহজরূপে খণ্ডে অন্ধকার।"-চণ্ডি°। ৭ সুলভ; অনায়াসসাধ্য; অনায়াসসিদ্ধ। ৮ অকঠিন; সুবোধ্য। ৯ অকৃত্রিম। ১০ সরল; সোজা। ১১ অ, জন্ম হ'তে; জন্মাবধি। ক্রি-বি, স॑হজে-অনায়াসে। ২ স্বভাবে। "কবে সহজে মা বলে জুড়াব প্রাণ।"-বাং গান। ৩ বেগ না পাইয়া; অক্লেশে। ৪ সরলভাবে। ৫ বেগ না দিয়া। প্র-তাকে সহজে ছাড়া হবে না। ৬ সাধারণতঃ; প্রায়; সচরাচর। প্র-এমনটি সহজে দেখা যায় না। ~উপায়-বি, সরল ও সুলভ উপায়; সুগম পন্থা। ~কথা-বি, সরল উক্তি; সোজা কথা। ২ ধীর বা শান্ত বাক্য; অনুদ্ধতবচন (বিপরীত, কড়া বা টেড়া কথা)। ~কর্ম্ম, ~কাজ-বি, অনায়াসসাধ্য কর্ম্ম; অকঠিন কর্ম্ম। ~জ্ঞান-বি, স্বভাবজাত জ্ঞান; সহজাত বুদ্ধি instinct. ~পথ-বি, সোজা পথ। ~প্রবণ-বিণ, অনায়াসসাধ্য। ২ সহজেই যে নত বা প্রবৃত্ত বা স্বীকৃত হয়; স্বভাবতঃ নমনীয়। > বি, ~প্রবণতা। ~বিশ্বাস-বি, সত্য বলিয়া সহজাত প্রত্যয়; অল্প কারণেই নির্ভরশীলতা; সহজাত ধারণা; সরল বিশ্বাস। > বিণ, ~বিশ্বাসী। ~মিত্র-বি, স্বাভাবিক মিত্র (ভাগিনেয়, পিতার ভগিনীপুত্র, মাতার ভগিনীপুত্র-ইহারা বিষয়ের গৌণ অংশভাগী বলিয়া)। ~যান, ~ধর্ম্ম, স॑হজিয়া ধর্ম্ম-বি, বৌদ্ধধর্ম্মের বঙ্গীয় শাখা সহজানন্দ শাস্ত্র ("ইহাতে দুষ্কর নিয়ম পালনের ব্যবস্থা নাই। ইহা বোধিলাভ গুরূপদেশ ও পঞ্চকায় উপভোগ-সাপেক্ষ। উপভোগের অবস্থাভেদে আনন্দ চতুর্ব্বিধ-আনন্দ, পরমানন্দ, সহজানন্দ, বিরমানন্দ। তন্মধ্যে সহজানন্দ উত্তরোত্তর অধিকতর আনন্দানুভবের পর গ্রাহ্য, গ্রাহক ও গ্রহণাভিমান রহিত পরম সুখের উপলব্ধি। এই সহজযানের সাধনপ্রণালী কিঞ্চিৎ পরিবর্ত্তিত আকারে বৈষ্ণবধর্ম্মের মধ্যে প্রবেশ করিয়া সহজ ভজন আখ্যা পাইয়া থাকিবে।"-বিশ্বকোষ (শ্রী° কী° ভূমিকা)। ~লব্ধ-বিণ, অনায়াসে বা অল্পায়াসে প্রাপ্ত। ~লোক-বি, সোজা বা সরল প্রকৃতির মানুষ। ২ অনায়াসে বশযোগ্য ব্যক্তি; সহজপ্রবণ ব্যক্তি। ~শত্রু-বি, স্বাভাবিক শত্রু (বৈমাত্রেয়, পিতৃব্য ও তৎপুত্রাদি ধনের অংশীদার বলিয়া। অহিনকুল ই°)।

স॑হজই, স॑হজহি [সহজ (দ্র:)+ই=হি=(আধু°) এ] বিণ, স্বভাবে; সহজে; স্বভাবতঃ। "সহজই কাঞ্চন গোর।"-গোবিন্দ°। "সহজহি বিরহিণী জগমাহা তাপিনী।"-বি° প°।

স॑হজাত [সহ (জন্মসহ)+জাত (উৎপন্ন) তুল-ই° inborn, innate] বিণ, জন্মের সঙ্গে সঙ্গে বা সময়ে অধিগত, উৎপন্ন বা প্রকাশিত; জন্মসহ উদ্ভূত। ২ এক সময়ে গৃহীতজন্ম। স্ত্রী° ~া। ~বুদ্ধি-বি, সহজবুদ্ধি instinct. ~সংস্কার-বি, স্বাভাবিক প্রবৃত্তি; সহজ বিশ্বাস।

স॑হজিয়া [সহজ (পরমাত্মার সহজাত বলিয়া জীবের এই নাম)+ইয়া] বি, উদাসীন আউল চাঁদ কর্ত্তৃক উপদিষ্ট জাতিবর্ণ নির্ব্বিশেষে পালনীয় ধর্ম্মবি:। ইহাতে দশটি গুরূপদেশ মধ্যে দুটি বিধি ও আটটি নিষেধ আছে। বিধি-সত্য বলা ও সঙ্গে চলা, মাতাপিতাকে সমাদর ও প্রতিবাসীকে ভালবাসা। নিষেধ-মিথ্যা কথন, হিংসা করা, পরদার করা, চুরি করা, উৎসৃষ্ট ভক্ষণ, মৎস্য ভক্ষণ, মাংস ভক্ষণ; মদ্যপান। আউল চাঁদের শিষ্য রামশরণ পাল এই ধর্ম্ম প্রচার করিয়া কর্ত্তামহাশয় নামে অভিহিত এবং এই মতাবলম্বী সম্প্রদায় কর্ত্তাভজা নামে প্রসিদ্ধ। এই ধর্ম্মের গুরুর নাম 'মহাশয়' ও শিষ্যের নাম 'বরাতি'।

স॑হজেতর [সহজ (হ'তে)+ইতর (অন্য), ৫তৎ] বিণ, অলৌকিক; অস্বাভাবিক।

স॑হদেব [মহা°] বি, মাদ্রীর গর্ভজ পাণ্ডু রাজার ক্ষেত্রজ কনিষ্ঠ পুত্র; পঞ্চম পাণ্ডব। ২ মগধাধিপতি জরাসন্ধের পুত্র।

স॑হধর্ম্মচারিণী-বিণ, সধর্ম্মচারিণী দ্র:। ২ একযোগে ধর্ম্মানুষ্ঠানকারিণী। > পুং ~চারী।

স॑হধর্ম্মিণী [সহ (সহিত)+ধর্ম্ম+ইন=সহধর্ম্মিন্+ঈ (স্ত্রী°)] বি, ভর্ত্তার সহিত ধর্ম্মানুষ্ঠানকারিণী পত্নী।

স॑হধুরী [রবী°] বি, সহকর্ম্মী; কর্ম্মসহযোগী; সমকর্ম্মী colleague.

স॑হন [সহ্ (সহ্য করা)+অন (র্ভ)] বি, সহ্যকরণ। "হাসিতে হাসিতে মান সহনে না যায়। করিয়ে অমিয় পান বিষ কোথা খায়।"-বাং গান। ২ প্রতীক্ষা। ৩ বিণ, সহিষ্ণু। ~শীল-বিণ, যে (ক্লেশ, ভার, বেগ ই°) সহ্য করিতে পারে; সহনক্ষম। ২ ক্ষমাশীল।

স॑হনীয় [সহ্ (সহনে)+অনীয় (র্ম্ম)] বিণ, সহিবার যোগ্য; সহনোপযোগী।

স॑হপাঠী [সহ (সহিত বা সঙ্গে)-পাঠী (পাঠ কারী)] বিণ, সতীর্থ। স্ত্রী° ~ঠিনী।

স॑হবত, -ৎ [প্রা° সোহ্‌বৎ। প্রা° স॑বোত, স॑বোদ] বি, সঙ্গ; সংসর্গ। ২ সংসর্গজাত শিক্ষা বা তরিবৎ। "যেমন সহবত পাইয়াছিল"-টেকচাঁদ।

স॑হবর্তি [সহবত দ্র:] বিণ, সঙ্গী সহকারী। "চক্রবর্ত্তী গোপাল দেয়ান স°। রায় বক্সী মদন গোপাল মহামতি"-অ° ম°।

স॑হবাস [সহ (সহিত) বস্ (বাস করা)+অ (ভা°)] বি, এক সঙ্গে অবস্থান; সংসর্গ। ২ পতি-পত্নীরূপে বাস।

স॑হভাব [ই° co-existence এর বৈজ্ঞা° পরি: (হি° কো°)] বি, সহাস্তিত্ব। ~ী [সহ (সহিত) ভূ (হওয়া)+ইন্=সহভাবিন্ ১মা, ১ব°] বিণ, সাহায্যকারী; আনুকূল্যকারক। ২ সহজাত। ৩ সহোদর; সোদর। ৪ সহচর। ৫ [ই° concomitant এর বৈজ্ঞা° পরি:; সহবর্ত্তি; সমবায়ী।

স॑হভেদ [বীজ গ° (ক° বিশ্ব° পরি:)] ই° joint variation এর বৈজ্ঞা° পরি:।

স॑হমরণ [সহ (সহিত) মরণ] বি, স্বামীর সহিত একচিতারোহণে দেহত্যাগ; অনুমরণ।

স॑হমৃতা [সহ (সহিত) মৃতা (এক সঙ্গে

মরণকে বরণকারী)+আ (স্ত্রীং)] বি, মৃত স্বামীর চিতায় অনুগমনকারিণী স্ত্রী।

সহ্‌/যাত্রা-বি, সঙ্গে গমন। বিণ, ~**যাত্রী**-সঙ্গে গমনকারী; সহগামী।

সহযায়ী [সহ (সহিত) যা (যাওয়া)+ইন্ (র্ত্তৃ, শীলার্থে)=সহযায়িন্ ১মা, ১ব॰] বিণ, সঙ্গে গমনকারী; যারা মিলিত হইয়া যায়।

সহযো/গ [সং] বি, সংযোগ; মিশ্রণ; মিলন। ২ সাহচর্য্য; সাহায্য; সঙ্গে যোগদান co-operation ৩ [রাষ্ট্রনৈতিক পরিঃ বিপরীত- অসহযোগ non-co-operation.] এক উদ্দেশ্য লইয়া রাজা বা শাসনতন্ত্রের সহিত একযোগে কার্য্য করা co-operation. ~**গিতা**-বি, সহযোগের ভাব বা অবস্থা; সহায়তা। ~**গী**-বিণ, সহকর্ম্মী; সহায়ক co-worker; colleague. ~**গবাদ** [রাষ্ট্রনৈতিক পরিঃ। বিপরীত-অসহযোগবাদ] বি, শাসকবর্গ বা গবর্ণমেন্টের সহিত মিলিত হইয়া বা একযোগে কাজ করিবার সিদ্ধান্ত বা মত। ~**গবাদী**-বিণ, রাজনীতিক্ষেত্রে সহযোগী বা সহকর্ম্মী। বিপরীত- অসহযোগী।

সহর [শহর দ্রঃ] বি, নগর; রাজনগরী। "অড়াতাড়ি যার বাড়ী তোলপাড় করিয়া স॰।"-চন্দন।~**বন্দর**-শহর দ্রঃ।~**বাসী**-সহর বাসকারী; সহরে লোক। "হেদে ও সহরবাসী আর কি হাসি হাসবি রেড়ো বলে।"-হেম॰।

সহরৎ-সোহরৎ দ্রঃ।

সহর্ষ [স (সহিত) হর্ষ (আনন্দ) যার, বহু॰] বিণ, আহ্লাদিত; হর্ষযুক্ত।

সহল [আ॰ সহল্] বিণ, আলগা; লঘুস্পর্শ। ক্রি-বিণ, **সহলে**-লঘুভাবে; কোমল স্পর্শে; ধীরে ধীরে; আস্তে আস্তে। "উরুতের উপরে উমার হস্ত রাখি। সহলে সহলে মলে তেলে জলে মাখি॥"-শি॰। "বলিয়া ছলিয়া সহলে সহলে। রসিরা ভমরা পশিলা কমলে॥" -অ॰ ম॰।

সহসমীকরণ [বীজ গ॰ পরিঃ] বি, ইং simultaneous equation এর বৈজ্ঞা॰ পরিঃ; যুগপৎ সমীকরণ।

সহসা [সং] অ, অকস্মাৎ; হঠাৎ। "কৃষ্ণচন্দ্র নরপতি গীতে দিলা অনুমতি। করিলাম আরম্ভ স॰।"-অ॰ ম॰।

সহসাৎ ['সহসা' শব্দের প্রা॰ বাং রূপ] ক্রি-বিণ, সহসা; হঠাৎ। "উঠিয়া সহসাৎ।" -দুর্গা॰ মঙ্গল। "মহাকোপে বারে রণে ভীষ্মে সহসাৎ।"-মহা॰ (কবীন্দ্র॰), ১৬শ শতাব্দী)।

সহস্র [দশশত (ঐঁ) > দ(স)হস্‌স+র (স্বা॰) বা (জ্ঞা॰)] বি, দশ শত সংখ্যা; ১০০০। ২ হাজার সংখ্যাবিশিষ্ট। ৩ অসংখ্য। ~**কর**-বি, সূর্য্য। ~**কৃত্ব**-অ, হাজারবার। ২ অসংখ্যবার; বারবার। ~**তম**-বিণ, হাজার সংখ্যার পূরক। > স্ত্রীং ~**তমী**। ~**দংষ্ট্র**-বি, বোয়াল মাছ। ~**দৃক্**-বিণ, হাজার চক্ষুবিশিষ্ট।২ অসংখ্য বিষয়দৃষ্টিশীল। ৩ বি, ইন্দ্র। ~**ধা** [সহস্র+ধা (বারার্থে)] অ, হাজার বার। ২ হাজার দিক্। ৩ হাজার রকম। ~**নয়ন**-বি, ইন্দ্র। ~**পতি**-সহস্রলোকের বা সহস্রগ্রামের শাসনকর্ত্তা। ~**পত্র**-বি, সহস্রদলযুক্ত পদ্ম।~**পাৎ** [মূ॰-পাদ্] বি, বিষ্ণু। ২ সূর্য্য। ৩ সর্ব্বব্যাপী বা বিরাট পুরুষ। ~**পাদ**-বি, বিষ্ণু। ২ সূর্য্য। ~**বদন**-বি, বিষ্ণু; নারায়ণ। ~**বাহু**-বি, কার্ত্তবীর্য্যার্জ্জুন। ২ বিষ্ণু। ~**বীর্য্যা**-বি, দূর্ব্বা। ~**বৃত্ত** [কনিক॰ (ক॰ বিশ॰ পরিঃ)] ইং auxilary circle এর বৈজ্ঞা॰ পরিঃ। ~**ভুজ**-বি, বিষ্ণু। ২ কার্ত্তবীর্য্যার্জ্জুন। > স্ত্রীং~**ভুজা**। [দুর্গা দ্রঃ] মহিষাসুরবিনাশিনী দেবী। ~**লোচন**-বি, সহস্রাক্ষ; দেবরাজ ইন্দ্র। ২ [বৌ॰ সা॰] বিণ, যুগপৎ সহস্র অর্থ বা বিষয় দর্শন বা হৃদয়ঙ্গমকারী।~**শঃ** [মূ॰-শস্] অ, অসংখ্য; হাজার হাজার। ~**শীর্ষ**-বি, নারায়ণ।

সহস্রাংশু [সহস্র+অংশু (রশ্মি) যার, বহু॰] বি, সূর্য্য।

সহস্রাক্ষ [সহস্র (হাজার)+অক্ষ (=অক্ষি-চক্ষু) যার, বহু॰] বি, ইন্দ্র। ২ বিষ্ণু।

সহস্রাধিক [সহস্র (হতে)+অধিক] বিণ, হাজারের উপর।

সহস্রানীক-বি, শতানীক রাজপুত্র।

সহস্রার [সহস্র+আর (কোণ) যার, বহু॰] বি, শিরোমধ্যস্থ সুষুম্না নাড়ীস্থিত সহস্রদল পদ্ম। "মূলাধারে কুণ্ডলিনী সহস্রারে গুরু।"-শি॰। "দিবা নিশি ভাবরে মন অন্তরে করালবদনা, মূলাধারে সহস্রারে বিহরে যে মন জান না।"-রা॰ প্র॰।

সহস্রাস্য [সহস্র (হাজার)+আস্য (মুখ) যার, বহু॰] বি, বিষ্ণু। ২ বিণ, সহস্র মুখবিশিষ্ট; সহস্রমুখ; হাজার মুখো। স্ত্রীং ~া।

সহস্রী [সহস্র+ইন্ (স্বা॰)] বিণ, সহস্রাধিকারী; সহস্রপতি; হাজারী। স্ত্রীং **সহস্রিনী**-সহস্রাধিকারিণী।

সহা১ [সংগ্রহ > সাধা > সহা > সআ, সওয়া (দ্রঃ)। জলদ্রঃ] ক্রি, সংগ্রহ করা; সাধা। "কক্ষে হেম ঝারি রাজার সুন্দরী জল সহে ঘরে ঘরে।"-কবিক॰।

সহা২ [সং-সহ্ (সহ্য করা) > । সহি, সহ, সহে। সহিতে (প্রা॰ সইতে, সৈতে), সহিয়া (ক্ষে॰ পদ্যে-সহি, প্রা॰ সয়ে)। শিজন্ত-সহান। প্রা॰ সআ, সওয়া] ক্রি, সহ্য করা। ২ অপেক্ষা করা; সমীহা করা; ক্ষমা করা। "শাস্ত্র চর্চ্চা হলে ব্রহ্মারেও নাহি সহী" -চৈ॰ ভা॰। ৩ [প্রা॰ বাং] স্বীকার করা। "মজুরি সহিঞা তোক আণিলোঁ যো ভারী [=ভারবাহী]।"-শ্রী॰ কী॰। প্রা॰ বাং রূপ-সহিতে=সহ্য করিতে। সহিল, সহিলোঁ=সহ্য করিলাম। সহিবাক=সহ্য করিবার জন্য। সহিবোঁ=সহ্য করিব। সহেব=সহ্য হইবে; সহিবে। "দেব ধরম কি সহেব তোরে"-শ্রী॰কী॰। **গা-সহা**-বি, অভ্যস্ত। "উপবাস আমার গা-সহা।""-ভারতী ১৩২০।

সহাএ,-এঁ-সহায় দ্রঃ।

সহাধ্যায়ী [সহ (সহিত)+অধ্যায়ী (যে অধ্যয়ন করে)] বি, এক অধ্যাপকের ছাত্র; সহপাঠী। স্ত্রীং **সহাধ্যায়িনী**।

সহান [সহা২ দ্রঃ। সহাই, সহাও, সহায়; সহাইতে (ক্ষে॰ সহাতে); সহাইয়া (ক্ষে॰ সহায়ে। প্রা॰ সওয়ায়ে, সইয়ে) ই॰] ক্রি, সহ্য করিতে বাধ্য করা; সহিতে দেওয়া।

সহানুভূতি [সহ(সম)+অনুভূতি। ইং sympathyর বঙ্গানুবাদে ৺দ্বারকানাথ গঙ্গোপাধ্যায় মহাশয় কর্ত্তৃক 'অবলাবান্ধব' পত্রিকার

সর্ব্বপ্রথম ব্যবহৃত] বি, অন্তের সহিত সমান অনুভূতি; অন্তের সুখে সুখী দুঃখে দুঃখী হওয়ার ভাব; সম সুখ দুঃখানুভাবকতা; অনুকম্পা; দরদ। ~শীল-বিণ, অনুকম্পায়ী; দরদী sympathetic.

সহা/ব [সং-স্বভাব। বৌ॰ বাং প্রাকৃ॰] বি, স্বভাব। "অইস সহাব"-চ॰ পদ, ৪৯।৫। ~বসুহই-বি, স্বভাবসুখ (দো॰ ১২৩)। ~বে, ~বেঁ=স্বভাবে।

সহায় [সহ (সহিত) ই (গমন করা)+ (র্ত্ত)] বি, সহচর; সাথী [এই অর্থে প্রা॰ বাং-র সহাএ। "কেহো এথা নাহি'ক সহাএ"-শ্রী॰ কী॰]। ২ সহায়তাকারী। ৩ অবলম্বন। স্ত্রীং ~া। ~সম্পত্তি, ~সম্পদ-বি, সহায় স্বরূপ জন ও ধন; জনবল ও ধনবল। ক্রি-বিণ, সহায়ে [এই অর্থে প্রা॰ বাং-র সহাএ। "লক্ষ্মণ সহাএ"-শ্রী॰ কী॰] সহায়তায়; সহায় করিয়া; সাহায্য দ্বারা; সাহচর্য্যে।

সহায়তা [সহায়+তা (ভা॰)] বি, আনুকূল্য; সাহায্য। ২ সহায়সজ্জ। ~কারী-বিণ, সাহায্যকারী; মুরব্বী; মদদগার; পৃষ্ঠপোষক। স্ত্রীং ~কারিণী।

সহাস্য [স (সহ বিদ্যমান)+হাস্য] বিণ, স্মিত; হাস্যযুক্ত। ~বদন-বি, বিণ, হাসিমুখ। ~বদনে-ক্রি-বিণ, হাস্যমুখে। ~লোচন -বি, উল্লাসপূর্ণ নয়ন; আনন্দবিকশিত চক্ষু; স্মিতনেত্র (তুল-"চোখে নাও মুখের হাসি" -গান (গি॰ ঘোষ)।

সহাস্যে [সহাস্য=হাস্যযুক্ত+এ (হইয়া অর্থে)] ক্রি-বিণ, হাস্যযুক্ত হইয়া; হাসিমুখে; প্রফুল্ল হইয়া; হাসিয়া।

সহি১ [আ॰ সহী। হি॰ সহী] বি, সাক্ষর; দস্তখৎ; সই। ২ স্বীকার। ~সুপারিস্ [হি॰ সহী+ফা॰ সিফারিশ। সহ॰ দ্বন্দ্ব। গ্রা॰ সইসুপারিশ] বি, প্রশংসাপত্র ও ব্যক্তিগত অনুরোধ। "এই চাকরিটি পাইবার মতন আমার বিদ্যা-সাধ্যি ছিল না-উহার জন্ম কোন সহিসুপারিসও যোগাড় করিতে পারি নাই"-মা॰ ও ম॰ বাণী, ১৩৩৩, ভাদ্র।

সহি২-সহী দ্রঃ।

সহিআঁ-সহা দ্রঃ।

সহিত [সহ (সঙ্গে)+ইত (র্ত্ত)। বৌ॰ বাং প্রাকৃ॰ সহিঅউ] বিণ, সমভিব্যাহৃত। ২ সংযুক্ত। ৩ [স (সম্যক্)+হিত] ইষ্টসাধক; হিতজনক।

সহিতা [সহ্ (সহ্য করা)+তৃ (র্ত্তৃ)= সহিতৃ ১মা, ১ব॰] বিণ, সহিষ্ণু। ২ প্রতীক্ষাশীল। ৩ ক্ষমাশীল।

সহিলা, সইলা [সং-সখী+হি॰ আলা > সয়লা দ্রঃ] বি, সখীত্ব।

সহিষ্ণু [সহ্ (সহ্য করা)+ইষ্ণু (র্ত্তৃ, শীলার্থে)] বিণ, সহনশীল; ক্ষমাবান্; প্রতীক্ষাশীল; ধৈর্য্যশালী। ~তা [সং+তা (ভা॰)] বি, সহনশীলতা; ক্ষমা; প্রতীক্ষা।

সহিস [ফা॰ সাইস্ >, সইস দ্রঃ] বি, অশ্বরক্ষক; অশ্বপালক। "একদিন গরজিয়া কহিল মহিষ, ঘোড়ার মতন মোর রহিবে স॰।"-কণিকা।

সহী [সই দ্রঃ। সং-সখী >] বি, সই।

সহুব [ব্রজ॰] ক্রি, সহিব। "সো নাহি স॰ হি হমার পরাণ॥"-বি॰প॰।

সহুরে [সহর+উয়া] বিণ, সহরবাসী। "এখানে এসে সহুরে বলে নাম কেনার ঝোঁক বেজায়।"-ভারতী, বৈশাখ, ১৩২১। "দয়াল বাঁড় য্যের ছোট বৌ সহুরে মেয়ে কিনা"-ঐ।

সহৃদয় [স (সহিত) হৃদয় (অন্তঃকরণ) যার, বহু॰] বিণ, হৃদয়বান্; সদন্তঃকরণবিশিষ্ট। ২ প্রশস্তচিত্ত। ৩ সামাজিক; রসাভিজ্ঞ। ৪ পরিপক্কবুদ্ধি। ৫ বিদ্বান্। স্ত্রীং ~া। বি, ~তা (-য়্)।

সহেলী [হি॰ সহেলী < সং-সখী-আলী] বি, সহচরী। "যুবতী সহেলী বান্ধী"-অ॰ ম॰। পুং সহেলা (হি॰) > বাং-সয়লা-সখা।

সহোক্তি [সহ (সহিত)+উক্তি (বচন)] বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ। যে অলঙ্কারে সহ শব্দার্থ দ্বারা একটী পদদ্বই বিষয়ের বাচক হয়। সহ, সহিত ই॰ বাচক শব্দ দ্বারা গুণ ক্রিয়াদির সাদৃশ্য বা সমকালীনত্ব অতিশয়োক্তিকে মূলীভূত করিয়া প্রতিপন্ন করিলে এবং অভেদাধ্যবসান ও কার্য্যকারণ পৌর্ব্বাপর্য্য-বিপর্য্যয়রূপ এই দ্বিবিধ অতিশয়োক্তি মূলীভূত থাকিলে স॰ অলঙ্কার হয়। যথা-"অনন্তর স্বেদসলিলের সহিত লজ্জা গলিত হইল"-কাদম্বরী। এখানে লজ্জানাশ ও স্বেদবিগলন এই উভয়ের সাদৃশ্য দ্বারা অভেদারোপ প্রতীতি হওয়ায় স॰ হইল।

সহোটজ [সহ+উটজ] বি, পর্ণকুটীর; পাতার কুঁড়ে ঘর।

সহোঢ় [সহ (সহিত) ঊঢ়া (বিবাহিতা)] বি, গর্ভবতী কুমারীর বিবাহের পর জাত পুত্র। ২ চৌর্য্যলব্ধ দ্রব্যসহ ধৃত চোর। ~জ (ঢ়্-) [সহ (সহিত)+ঊঢ়া (বিবাহিতা) জ -যে জন্মে] বিণ, অজ্ঞাতগর্ভ পরিণীতার পুত্র। স্ত্রীং ~া।

সহোত্থা/য়ী [সহ (সহিত)+উত্থায়ী (যে উত্থান করে)] বিণ, সঙ্গে সঙ্গে উত্থানকারী; সমকালে বর্দ্ধমান। স্ত্রীং ~য়িনী।

সহোদর [সহ (সমান)+উদর (গর্ভ) যার, বহু॰। এই অর্থে 'সোদর' (দ্রঃ), 'গর্ভসুদর'। প্রাদে॰ বিকারে সুদর। "নাহি আমার মাতাপিতা গর্ভসুদর ভাই"-মৈ॰গী॰] বি, একমাতার গর্ভজাত ভ্রাতা; সোদর। ২ সুসদৃশ; রূপে ও গুণে সমান। "তিল ফুল জিনি নাসা, বসন্ত কোকিল ভাষা, ভ্রুযুগল চাপ-সহোদর।"-কবিক॰। ৩ নিকটজ্ঞাতি। "কাহ্ন মোর কুটুম্ব সহোদর নাহি-মতী।"-শ্রী॰ কী॰। স্ত্রীং ~া-এক মাতৃগর্ভজাত ভগিনী।

সহোর [সং] বিণ, সাধু; ধর্ম্মাত্মা।

সহ্মা [সং-সর্ব্বং > প্রাকৃ॰ সব্বম্ > সম্মম > প্রা॰ বাং-র সম্মা, সন্তা, সহ্মা > সমা। আধু॰ বাং-সবা] স, সকলে। ২ সকলকে। "সহ্মা পার কর"-শ্রী॰ কী॰। সহ্মাই (-ক্রি)=সকলেই; সবাই। "সহ্মাই চড়িলেঁ নাম না সহিব ভরা॥"-শ্রী॰ কী॰। সহ্ম(স্ত)ার=সকলের। "সহ্মার বন্ধক"-শ্রী॰ কী॰। সহ্ম(স্ত)ারে=সকলকে। সহ্মে১ =সকলে। "সহ্মে হঞাঁ একমতী"-শ্রী॰ কী॰।

সহ্মে২ [সং-সঙ্গ+এ (প্রা॰ বাং) > সঙ্গেঁ, সনে, সমে, সম্তে, সহ্মে] অ, সঙ্গে; সনে; সহিত। "সমুচিত নহে রাধা তোহ্মা সহ্মে কেলি।"-শ্রী॰ কী॰।

সহ্য (-জ্ঝ্) [সহ্ (সহ্য করা)+য (র্ম্ম)] বিণ, সহনযোগ্য; সহনীয়। ২ বি, স্বীকার;

বরদাস্ত। ৩ ধৈর্য্য। ৪ ক্ষমা। ৫ ভারতবর্ষস্থ পর্ব্বতবিঃ।

সহ্যাদ্রি [সহ্য (এই নামের) + অদ্রি (পর্ব্বত), ম° প° লো°] বি, পশ্চিমে সাগর-কূলস্থ ভারতের পশ্চিমঘাট পর্ব্বতমালা।

সা₁ [সং তদ্ শব্দের স্ত্রীলিঙ্গের ১মা, ১ব° রূপ। পুং-সে। "হোমিওপ্যাথিক-ভৈষজ্য-রত্নাবলীর সিদ্ধিপ্রদ লক্ষণচয়" ই°গ্রন্থপ্রণেতা ডাক্তার শ্রীযুক্ত চন্দ্রশেখর কালী,এল, এম. এস মহাশয় বাং ভাষায় ইহার ব্যবহার করিয়াছেন। তাঁহার প্রবর্ত্তিত স্ত্রী-সর্ব্বনামের পরিভাষা-সা (=সেই স্ত্রীলোক she), তস্যাকে (=সেই স্ত্রী লোককে her), তস্যা কর্ত্তৃক, দ্বারা (=সেই স্ত্রী কর্ত্তৃক by her), তস্যাকে (to her), তস্যা হইতে (=সেই স্ত্রী হইতে from her), তস্যার (=সেই স্ত্রীর her), তস্যাতে (=সেই স্ত্রীতে in her)। সম্মানার্থে ঁ যোগে সাঁ, তঁস্যাকে, তঁস্যার ই°। পুং-তিনি, তাঁহার ই°। এই পরিঃ বঙ্গের বহু প্রসিদ্ধ লেখক ও পণ্ডিত কর্ত্তৃক সমাদৃত হইলেও এখনও ইহা বাং ভাষায় প্রবেশলাভ করে নাই] স, সেই স্ত্রীলোক; সেই মহিলা she. "সা নিশ্চয় মগধরাজ কন্যা। "তস্যার আক্রমণ অতীব সাংঘাতিক।"-হোমিও° ভৈ° সিদ্ধিপ্রদ লক্ষণচয়, পৃ° ১২।

সা₂ [হি° সা (স্বার্থে), যথা-থোড়াসা, বহুতসা। সাদৃশ্যার্থে, সমানার্থে। সং-সঃ (সমানার্থে)। প্রা°বাং] বিণ,তাদৃশ; তেমন। "জিন রঅণ বিকসই সা"-বৌ°গান ও দোহা [রঅণ= রত্ন, বিকসই=বিকসিত]।

সা₃ [সং-স্ব >। স₂₄ দ্রঃ] অ, পরিপূর্ণ; ভরা; অতিশয়। প্র-সা জোয়ান। সা ভারি। সা সটাটকা।

সাঅ [সাও দ্রঃ। প্রা° বাং] বি, সাঙ্গ; শেষ। "জনম সাঅ"-রমাই পণ্ডিত।

সাঅর [সং-সাগর > প্রাকৃ°]বি,সাগর। ২ সরোবর।

সাই [সাধা (দ্রঃ) > সাধি > সাহি > সাই] ক্রি,সংগ্রহ করি। ২ [সাধিয়া >] ক্রি-বিণ, সংগ্রহ করিয়া। "পানি সাই", "পানি সাইবারে"-নবদ্বীপ পরিক্রমা।

সাইঙ্গ [সাঙ্গ₂ দ্রঃ। প্রা° বাং] বি, সাঙা। সা° করিয়া-সাঙায় বা বংশদণ্ডে ঝুলাইয়া। "ধওলা পাঠা লেন রশী সা° করিয়া।"-মাণিক° গান।

সাইজ₁ [ইং size এর লিপ্যন্তর। গ্রা° সাইট] বি, আয়তন; পরিমাণ; মাপ। ২ বিণ, প্রমাণ।

সাইজ₂ [ইতা°. sisa (painter glue) > ইং sige এর লিপ্যন্তর] বি, চিত্রকর, কারুশিল্পী আদির ব্যবহার্য্য আঠাল পদার্থ।

সাইজা [শয্যা > (গ্রা° উচ্চারণ) সইযা >] বি, শয্যা।

সাইৎ₁-সাৎ দ্রঃ।

সাইৎ₂, সাইত [আ° সাআৎ (সময়) >, কথ্য] বি, সময়; অবসর; অবকাশ; সুযোগ।

সাইন₁ [ত্রিকোণ° (ক° বিশ্ব°পরিঃ)] বি, ইং sine এর বৈজ্ঞা° পরিঃ; জ্যা।

সাইন₂ [ইং sign এর লিপ্যন্তর] বি, চিহ্ন। ২ স্বাক্ষর। > ক্রি, সা° করা।

~বোর্ড [ইং signboard এর লিপ্যন্তর] বি, লোক, ব্যবসায় বা দ্রব্য- নির্দ্দেশক নামের কাষ্ঠ বা ধাতু ফলক বা পট্ট। "ইহাতে আর কিছু হউক না হউক ঐ সকল তথাকথিত সাইনবোর্ড-সম্বল জ্যোতির্বিগণ কিন্তু বিনা পয়সায় ফাঁকতালে নিজেদের বিজ্ঞাপনটা বেশ প্রচার করিয়া লইতেছেন।" -নায়ক, ১৩২৬, ১লা অগ্র°।

সাইবানী [ফা° সাহিব + আনী (বাং স্ত্রী প্রত্যয়)=ফা° সাহিবা (lady) > দ্রুত উচ্চারণে] বি, রাণী। "যদি ভিক্ষা দেন তোমার সাইবানী সকল।"-মাণিক° গান।

সাইল [প্রা° বাং] বি, শালবৃক্ষ। "তোআল পিআল সাইল ছুহি আকড়।" -শূ° পু°। ২ শেফালি। "সাইলের ফুল লইয়া মালা করিয়া"-মাণিক° গান।

সাইস [চ° ক° ভা°। সাহস > ভ্রং] বি, সাহস।

সাউ, সাউত, সাউদ [সাধু > সাহু > সাউ, প্রা° বাং-সাউত, -দ] বি,সাধু। "বন্দরর সাউদ মহাজনক আনিল ডাকিয়া॥" -মাণিক° গান। "লীলারে দেখিয়া বন্দে সাউদের তরণী"-মৈ° গী°।

~কার-সাহুকার দ্রঃ। **~কারি** [সাধু > সাউ + কার + ই] সাহুকারের কাজ বা পেশা। ২ সাধুগিরি। **~খুড়ি(ড়ী)** [সাধুকারি বা সাধুগিরি > কুরি, গুরি > খুড়ি] বি,সাধুগিরি; সাধুপনা।

সাউলী-সামলী দ্রঃ।

সাএব-সাহেব দ্রঃ।

সাএল [আদা°পরিঃ। আ° সাআএল। মু° বাং-য় ছাএল, ছায়েল] বি, আবেদনকারী petitioner. ২ প্রশ্নকর্ত্তা querist.

সাও [সং-সায় (< সো=নাশে) >। প্রা° বাং] বি, সাঙ্গ; শেষ।

সাওন,সাঙন [ব্রজ°। সং-শ্রাবণ >] বি, শ্রাবণমাস। "সাওন ঘন সম ঝরু দুনয়ান।"-বি° প°।

সাওর [প্রা°বাং গ্রা° গ > অ > ও] বি, সাগর। "দুবমনে মারিয়া ছুরি সাওরে ভাসাও"-মৈ° গী°।

সাং, সাঙ [সাঙ্গ (দ্রঃ) >] বি, ভার-বহন দণ্ড। "ষোল সাঙের শিলা আছে আখড়ায় ঘরে"-ঘ°। ২ [প্রাদে°] বড় জাল।

সাংক্রামিক [সংক্রম + ইক] বিণ, সংক্রমণশীল; ছোঁয়াচে; যা স্পর্শেতে উৎপন্ন হয়। স্ত্রী° ~ী।

সাংখ্য-সাঙ্খ্য দ্রঃ।

সাংখ্যিক [সংখ্যা + ইক] বিণ, সংখ্যা সম্বন্ধীয়; সংখ্যার; সংখ্যা গণনার। "ভেবেছিনু ওদের সা° তালিকা নেড়ে চেড়ে দেখতে পাবো ওদের ক-জন চাষী"-রবী°।

সাংগত্য [ম° বাং। সঙ্গতি + য (ভা°)] বি, সঙ্গতির ভাব বা অবস্থা; সংকুলান; সংস্থান; সংগ্রহ। "যদি কোন স্থান হইতে টাকার সাংগত্য করিতে পারেন তবে" -লিপিমালা।

সাংগ্রামিক [সংগ্রাম + ইক(সম্বন্ধার্থে)] বিণ, সমর সম্বন্ধীয়। ২ রণকুশল; সমরনিপুণ। ৩ যুদ্ধোপযোগী। ৪ সৈন্যাধ্যক্ষ; সেনানায়ক।

সাংঘাতিক-সাঙ্ঘাতিক দ্রঃ।

সাংঘাতী [সং-সাংঘাতিন্] বিণ, নিবিড়; জমাট। "শীৎকারে ছিঁড়িছে শিরা সাংঘাতী কৌতুক"-ফুলরেণু।

সাংড়া, সাঙ্গারা [Mc Crindle's

Periplus] বি, ঘোড়া নৌকা ; গঙ্গা হতে সমুদ্রগামী বাণিজ্যপোতবিঃ।

সাংদৃষ্টিক [সদৃষ্ট+ইক] বি, কাব্যে আপাত দৃষ্ট ফল।

সাংবৎসর/র [সংবৎসর (দ্রঃ)+অ (ষ্ণ)। গ্রা॰ সোমবচ্ছর, সৌতবচ্ছ'র] বিণ, বার্ষিক। ২ পূর্ববৎসর সম্বন্ধীয়। ৩ বৎসর ভোর। ~রিক-বিণ, বার মাসের ; বার্ষিক। ২ বি, বার্ষিক শ্রাদ্ধ।

সাংবাদিক [সংবাদ (খবর)+ইক] বিণ, সংবাদদাতা। ২ সংবাদ ও সাময়িক পত্র সম্পাদক journalist. "সাংবাদিকের ডায়েরী"-প্রবাসী, পৌষ, ১৩৩২। ৩ নৈয়ায়িক।

সাংযাত্রিক [সংযাত্রা (দ্বীপান্তর গমন) + ইক (প্রয়োজনার্থে)] বি, জলপথে বাণিজ্যকারী : পোতবণিক্।

সাংশয়িক [সংশয় (সন্দেহ)+ইক] বিণ, সংশয় সম্বন্ধীয়। ২ সন্দেহযুক্ত ; সন্দিহান। ২ অকৃতনিশ্চয়।

সাংসর্গিক [সংসর্গ (দ্রঃ) +ইক (সম্বন্ধার্থে)] বিণ, সংসর্গ সম্বন্ধীয়। ২ সংসর্গজাত।

সাংসারিক [সংসার+ইক(সম্বন্ধার্থে)] বিণ, সংসার সম্বন্ধীয় secular. ২ সংসারাসক্ত ; সংসারধর্মী। ৩ সংসারের উপযুক্ত। ৪ পারিবারিক। ৫ ঐহিক ; ইহলৌকিক; পার্থিব ; বৈষয়িক temporal ; worldly. ~তা (-ক্-) বি,সংসারধর্ম।

সাংসিদ্ধিক [সংসিদ্ধি+ইক] বিণ, স্বাভাবিক।

সাংস্থানিক [সংস্থান+ইক(সম্বন্ধার্থে)] বিণ, একদেশীয় ; একস্থানীয়। ২ সংস্থান সম্বন্ধীয়।

সাঁ [বায়ুবেগের শব্দানুকরণে সাঁ, শাঁ, শোঁ, সন্ ই॰। অথবা সম্ভাবতঃ সং ঝটিতি > ঝাঁ > ধাঁ > সাঁ] অ, শব্দ ও বেগ বাচক অব্যয়। ~করে-ক্রি-বিণ, বেগে ; শীঘ্র। ২ সাঁ শব্দে। সাঁই, সাঁই-সাঁই দ্রঃ।

সাঁই১ [অনু॰] বি,পত্র পল্লবাদির ফাঁকের মধ্য দিয়া বায়ু প্রবাহিত হইবার শব্দ।

সাঁই২ [স্বামী >] বি, স্বামী ; প্রভু। ২ [গোস্বামী > "গোঁসাই" > কে॰ সাঁই] গোসাঁই ; বৈষ্ণব সন্ন্যাসী। ৩ মুসলমান ফকীর ; দরবেশ। ৪ কুলপদবীবিঃ। "চোচ চণ্ডী পল সাঁই দীর্ঘাড়ী কুসুম গাই সাঁই সাঁই কুলভি পড়াল।"-কবিক॰। ৫ [যশো,॰ খুলনা, প্রাদে॰] বি, আড্ডা।

সাইত্রিশ, সাঁইত্রিশ [সং-সপ্তত্রিংশ] বি, তিন দশ এবং সাত সংখ্যা।

সাঁইসাঁই [অনু॰। ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব] বি, শ্লেষ্মার ভিতর দিয়া শ্বাস চলাচলের শব্দ। প্রসন্ধীতে তার গলা সাঁই সাঁই করিতেছে। ২ বেগে বায়ু বহিবার শব্দ।

সাঁও [প্রা॰ বাং মাণিক॰ গানে। হি॰ সাঁপ। সং-সর্প] বি, সাপ।

সাঁওতাল, সাঁওতালী [হি॰ সাস্থাল (মহৎ, প্রধান)। তুল-তুর্কী॰ আগা (উচ্চ, প্রভু)] বি, ভারতের আদিম জাতিবিঃ ; সাঁওতাল পরগণায় আদিম অধিবাসী। ইহারা কোল, ভীল, মুণ্ডা আদির ন্যায় অন্যান্য আদিম জাতির মধ্যে আপনাদের প্রাধান্য বা শ্রেষ্ঠত্ব-সূচক সাস্থাল নামে পরিচিত হইয়াছিল। "এখনও এখনও তুমি কি রঙ্গে নাচ মা কালি। * * * বলে খ্যাংটা মেয়ের খ্যাদা বাই ও যে পাগলি সাঁওতালী।"-বাং গান। ২ পূর্বে বঙ্গের অধু॰ বিহার প্রদেশের জেলাবিঃ ; সাঁওতাল পরগণা নামক ভূভাগ। স্ত্রীঃ সাঁওতালনী।

সাঁকাল১, সেঁকেল [সঙ্কল, সঙ্কলন >] বি, ধান ভানিবার সময় গড়ের মধ্যে হাত দিয়া ধান নাড়িয়া দেওন। ~দেওয়া -ক্রি, সেঁকে দেওয়া। সেঁকেত দ্রঃ।

সাঁকাল২ [সুকাল > সকাল >, প্রাদে॰ উচ্চারণ বিকারে, প্রা॰ বাং-য় সাঁকাল] বি, সত্বর ; শীঘ্র। "সাঁ॰ চল তোক্ষে দক্ষিণ সাগরে।"-শ্রী॰ কী॰।

সাঁকাল৩ [শৃঙ্খল >] বি, দড়ির শিকল।

সাঁকালী [পর্তু॰ saccola >] বি, ঢুনুখো থলিয়া।

সাঁকো [সং-সংক্রম,সঙ্কম > সাঙ্কম।বৌ॰ বাং-"সাঙ্কম গটই", "সাঙ্কমত [=সাঁকোতে] চড়িলে"-চ॰ ৫।২৪] বি, সেতু ; পুল।

সাঁগা [সাঙ্গা১ দ্রঃ] বি,সাঙ্গা ; উপপতি। "জন্মায়তি বটি বাগ্দির সাঁগা আছে। সাঁগা করি সয়ার সকল মজে পাছে।"-শি॰। ২ [বাঁকুড়া প্রাদে॰] বিধবা বিবাহবিঃ ; নিকা।

সাঁচ১ [সং-সঞ্চ] বি, লিখিবার তাল বা কলাপাতা। ২ পত্র ; পাতা। "প্রসাদ বলে আমার হৃদয় অমল কমল সাঁচ।"-বাং গান।

সাঁচ২ [সং-সত্য > প্রাকৃ॰ সচ্চ > হি॰ সচ্চা। মৈ॰ সাঁচ] বিণ, সত্য ; যথার্থ। "বিদ্যাপতি কহে বুঝলহুঁ সাঁচ কলহুঁ না মিঠাই হোয়ত কাঁচ॥"-বি॰ প॰।

সাঁচ৩ [সাঁচা দ্রঃ] বি, ছাঁচ। "তুমি সেই সাঁচে নির্ম্মিতা হোয়ে মনোময়ী হয়ে নাচ।"-রা॰ প্র॰।

সাঁচা১ [সং-সত্য > সচ্চা-পরে সাঁচ্চা-সাঁচা] বিণ, যথার্থ ; সত্য ; আসল ; খাঁটি। "তবে জানি জ্ঞানী জনে সাঁচা কথা কহে।"-চৈ॰ ভা॰। ২ যাথার্থ্য ; সচাই, সাচ্চাপনা। "ভালমতে বুঝিনু তোমার দেবী সাঁচা॥" -অ॰ ম॰।

সাঁচা২ [সঞ্চয় >। মৈ॰] ক্রি, সঞ্চিত করিয়া রাখা। "দুহুঁ ভুজ চাপি জীবন ধন সাঁচে॥"-বি॰ প॰।

সাঁচান [সঞ্চান > প্রা॰] বি,শ্যেন পক্ষী।

সাঁচি [সং-সত্য > হি॰ সাঁচী ক্রমে সাঁচি পরে ছাঁচি (গ্রা॰), সং-ছ] বিণ, সত্য, খাঁটী ; আসল। ২ শ্রেষ্ঠ ; ছাঁচি দ্রঃ।

সাঁচ্চা [সং-সত্যং > প্রাকৃ॰ সচ্চং] বি, সত্য ; অকৃত্রিম ; আসল।

সাঁজ১ [সং-সন্ধ্যা > সঞ্ঝা-সাঁঝ, সাঁজ] বি, সন্ধ্যাকাল। "সাঁজেতে উদয় সুধু সুধাময়"-চণ্ডি॰। ২ সন্ধ্যার বাতি ; সন্ধ্যা। "পীরের মোকামে দেই সাঁজ।"-কবিক॰। ~বাতি-বি, সন্ধ্যার পর পথ চলাচল নিষেধ আজ্ঞা। "সহরে সাঁজবাতির আদেশ জারী হইয়াছে এবং ১৪৪ ধারা ঘোষণা করা হইয়াছে।"-আনন্দবাজার,১৩৩৪,২৯আষাঢ়। ~সেজুতি-বি, অগ্রহায়ণ মাসের সন্ধ্যাকালে অনুষ্ঠেয় ব্রত। "এখন আর কি তারা সাজি নিয়ে সাঁজসেঁজুতির ব্রত পাবে?"-ঈ॰ গুপ্ত। সাঁজের বাতি-সন্ধ্যার আলো।

সাঁজ, [প্রা॰ বাং। সাঁজা দ্রঃ] বি, দখল। "যতন করিয়া বেসালি ধুইয়া সাঁজে সাঁজাইনু দুধ।"-চণ্ডি॰।

সাঁজা, [সং-সন্ধ্যা > সঞ্‌ঝা > সাঁঝা > সাঁজা] বি, সন্ধ্যা। ২ সন্ধ্যার প্রদীপ। "সাঁজা দেহ গতি ভাই আনন্দিত মন। জঅ সংখ ধ্বনি দিলএ তুষ্ট নিরঞ্জন॥"-শূ॰ পু॰।

সাঁজা, [সং-সন্ধা, সন্ধান (স্থিতি, সঙ্ঘটন, মিশ্রণ, কাঞ্জিকা ই॰) > স্থিতি করাণ (খিতান), জমান ই॰ সাধনের উপকরণ] বি, দধায় ; দধির দখল।

সাঁজাকুড়া [সাঁজা (সজ্জা-সাঁজ > সাঁজোয়া >) + কুড়া (কুলা < সং-কুফল= সাঁজোয়া)-সহ॰ দ্বয়] বি, তনুত্রাণ ; যুদ্ধের সাজ-সজ্জা ; অস্ত্র নিবারণার্থ কবচ ; সাঁজোয়া। কনকের সাঁজাকুড়া বিচিত্র পাটের গড়া সাঁজাকুড়া হীরায় জড়িত"-কবিক॰।

সাঁজাড়ানি, সাঁজুড়ানি [প্রা॰ বাং। সজ্জিত করণ >। সাঁজাড়াই, সাঁজুড়াই। অস-ক্রি-সাঁজাড়িয়া, সাঁজুড়িয়া] ক্রি, সজ্জিত করা। ২ জড় করা ; একত্র করা। "সাঁজুড়িয়া পালে পালে আনয়ে চামরী। লেজ কাটি গছায় ফুলরা বরাবরি॥"-কবিক॰।

সাঁজাল, সাঁজালি [সাঁঝ দ্রঃ] বি, গোয়ালঘরে মশা নিবারণ করিবার জন্য শুষ্ক গোময় জ্বালাইয়া ধুঁয়া দেওয়া। "আমি এসে গোয়ালে সাঁজালি দিতুম বাছা, তোমার এত তাড়াতাড়ি করা কেন ?-আড়াইচাল (শৈলবালা॰)। ২ সাজাল দ্রঃ।

সাঁজুড়িয়া, সাজুড়িয়া [প্রা॰ বাং] বি, ভারবাহক। "সাঁজুড়িয়া ভারে নিল মাছ।" -কবিক॰।

সাঁজো-সাজো দ্রঃ।

সাঁজোয়া, সাজোয়া [সং-সংযোজক] বি, বর্ম্ম ; কবচ armour.

সাঁঝ, সাঁঝা [প্রাকৃ॰ সঞ্‌ঝা ; সং-সন্ধ্যা >] বি, সন্ধ্যা। "সাঁঝের প্রদীপ জ্বালি আমিও আবার করিতে লাগিনু ধর"-অশোক॰। "পশ্চিমে সুবর্ন দীপ জ্বালিয়া সাঁঝাকালে"-শূ॰ পু॰। **সাঁঝা দেওয়া**-সন্ধ্যার সময় দীপ ও ধূপ ধুনা জ্বালাইয়া, গৃহদ্বারে গঙ্গাজল ছিটান ও শঙ্খধ্বনি করা রূপ হিন্দু গৃহস্থের অবশ্য কর্ত্তব্য দৈনিক কার্য্য। "পচ্চিমে সুবর্ন দীপ জ্বালিয়া সাঁঝাকালে সাঁঝা দিলে হয় সুমঙ্গল।"-শূ॰ পু॰।

সাঁট [সং-সঙ্কেত >] বি, সঙ্কেত। ২ সংক্ষেপ। ৩ সাপ্‌টা হিসাব ; গড়। ক্রি-বিণ, **সাঁটে**-সংক্ষেপে। ২ ইঙ্গিতে ; সঙ্কেতপূর্ব্বক।

সাঁটা [শাঁটা দ্রঃ। শ=স। (২) সট্ট (হিংসনে) >। হিং সট্‌না। সাঁটে, সাঁট, ই॰ শাঁটা, সদৃশ। পিজন্ত-সাঁটানি। প্রা॰ ছাঁটা স=ছ] ক্রি, কণ্ডন করা ; কাঁড়া ; ছাঁটা ; ছোলা। ২ আঁটা ; ঠেসে ধরা। ৩ সংলগ্ন করা। ৪ টেনে ধরা ; কষা ; টানা। ৫ স্নায়ুর টান ধরা। প্র-বুক পিঠ সেঁটে ধরেছে। পেটের ভিতর সেঁটে ধরেছে। ৬ কর্ত্তন করা। ৭ চর্ব্বণ করা ; খাওয়া। ৮ বিণ, যা ছাঁটা হইয়াছে ; কণ্ডিত। প্র-সাঁটা চাল আর আসাঁটা চাল। ক্রি-বিণ, **সেঁটে**-ক'ষে ; এঁটে ; ঠেসে। প্র-খুব সেঁটে খেয়ে এখন পেট টাঁই টাঁই করচে। **সেঁটে ধরা**-ক্রি, এঁটে ধরা ; জোরে টেনে ধরা ; **~আড়ঙ্গ (আড়ং, আড়ঁন) সাঁটা** [প্রা॰ আড়োন ছাঁটা] বিণ, আড়ঙ্গে যা ছাঁটা হইয়াছে। **ঢেঁকি সাঁটা**-যা ঢেঁকিতে ছাঁটা বা কুটিয়া পরিষ্কৃত করা হইয়াছে। **আসাঁটা** [অ(=আ) + সাঁটা] বিণ, যা কণ্ডিত হয় নাই।

সাঁড়ক-বি, তৃণাচ্ছাদিত ঘরের চালের চওড়া বাঁখারি। "জোয়ের সাঁড়ক কৈল জোয়ের ঝনকাট।"-কবিক॰।

সাঁড়া [শণ্ড > শাঁড়া (নপুংসক > বন্ধ্যা)] বিণ, বন্ধ্যা বৃক্ষ ; অতিরিক্ত বাড় হেতু ফলধারণে অক্ষম বৃক্ষ। ক্রি, **সাঁড়ানি**-সাড়াইয়া যাওয়া ; ফলধারণে অক্ষম হওয়া।

সাঁড়াগাছ [শাখোট > সাওড়া > সাঁড়া + গাছ। শাওড়াগাছে পেত্নী থাকে এরূপ প্রা॰ সংস্কার আছে] বি. শ্যাওড়াগাছ। "সাঁড়াগাছ থেকে একটা পেত্নী নেমে এসে আপনার ঘাড়ে চেপে বসেছে।"

সাঁড়াশি, -শী [সং-সন্দংশ > পা॰ সণ্ডাসো] বি, লৌহময় যন্ত্রবিঃ ; যে যন্ত্রদ্বারা লোহা চাপিয়া ধরিয়া তাতে কাজ করা হয়। নানা প্রকার কাজের জন্য সাঁড়াশী নানা প্রকার হয়। "বন্দার দেহ ছিঁড়িল ঘাতক সাঁড়াশী করিয়া দগ্ধ।"-কথা (রবী॰)। **দাঁত-তোলা সাঁড়াশী**-বি, dental forceps. **পাক সাঁড়াশী**-কোন যন্ত্র ঘষিতে হইলে এই যন্ত্র দিয়া ধরিতে হয় ; বাইশ (ইহা বাইশ-মানী কার্য্যে ব্যবহৃত হয়) vice. **প্রসব করাবার সাঁড়াশী**-delivery forceps.

সাঁতরা, [শতরা (দ্রঃ) >] বি, জাতীয় পদবীবিঃ।

সাঁতরা,-সন্ত্রা দ্রঃ।

সাঁতরানি [সাঁতার (দ্রঃ) + আন (ক্রিয়ায়) > ক্ষে॰ সাঁতরান। সাঁতরাই,-রাও,-রায় ; সাঁতরাইতে ; সাঁতরাইয়া (ক্ষে॰ সাঁতরে, পদ্যে-সাঁতারি)] ক্রি, সন্তরণ করা, সাঁতার দেওয়া ; সাঁতার কাটা। "সাঁতারিয়া নদী পার হয় দিবানিশি"-মেঘ॰। "দুখ সাগর সাঁতারি পার হবে" -গো॰ রায়।

সাঁতলানি [সন্তলন (দ্রঃ) >। সাঁতলাই, সাঁতলাও, সাঁতলায় ; সাঁতলাইতে : সাঁতলাইয়া (ক্ষে॰ সাঁতলে)] বি, তপ্ত তৈলাদিতে মৎস্যাদি ভর্জ্জিত-প্রায় করা। ২ আমিষ ও নিরামিষ ব্যঞ্জনাদি সুগন্ধ করণোদ্দেশে উত্তপ্ত ঘৃত অথবা তৈলে ফোড়ং বা সম্বরা দেওয়া।

সাঁতার [সন্তরণ >] ক্রি, হস্ত পদ সঞ্চালন দ্বারা জলের উপর ভাসিয়া থাকা বা জল পার হওয়া। "খলের কথায় পাথারে সাঁতারি উঠিতে নারিনু ভিতে।"-চণ্ডি॰। "রুধিরের নদীতে সাঁতারে ঘোড়া হাথী।"-কবিক॰। "সাঁ॰ ভুলে ডুবে রব"-স্ক॰। ক্রি, **সাঁতরানি**-দ্রঃ। **~জল, ~পানি**-বি, এত জল যে সন্তরণ দ্বারা পার হইতে হয়, হাঁটিয়া পার হওয়া যায় না ; গভীর জল। ২ চখের জলে ভাসমান ; জলের স্রোত। "ব্যাঙের শোকে সাঁতার পানি হেরি সাপের চোকে।"-নবীনতপস্বিনী।

সাঁতারু [সাঁতার + উআ (হিং) > ক্ষে॰] বিণ, সন্তরণকারী ; সন্তরণদক্ষ ;

সাঁতারপটু; সন্তরণবীর। "শ্রীযুত প্রফুল্লকুমার ঘোষ * * সন্তরণে অসাধারণ কৃতিত্ব প্রদর্শন করিয়া * * পৃথিবীতে সর্ব্বশ্রেষ্ঠ সাঁ॰ বলিয়া অবিসম্বাদীরূপে গণ্য হইবেন"-আ॰ পত্রিকা, ১৩৪০।

সাঁধানি [সন্ধা, সন্ধি > সাঁধা, সাঁধি + আন (ক্রিয়ায়)=সাঁধান। সন্ধান দ্রঃ। গ্রা॰ সঁধুনো, সেঁদোনো] ক্রি, সন্ধিগত হওয়া; প্রবেশ করা; ঢোকা। "ভাবিতে ভাবিতে ব্যাধি সাঁধাইল অন্তরে।"-চণ্ডি॰।

সাঁধি [সন্ধি >] বি, ছিদ্র; ফোকর। ২ সরুগলি। প্র-আঁধি-সাঁধি।

সান্ধানি [সন্ধি >] ক্রি, প্রবেশ করা। "ভাবিতে ভাবিতে ভয় শরীরে সান্ধায়"-ধ॰।

সাঁপ [সং-শাপ] বি, অভিশাপ; অভিসম্পাৎ। "গজবক্ত্র গৌরীপুত্র, সবে মুখ নাই মাত্র, সাবিত্রীর সাঁপের কারণ।"-শি॰।

সাঁপড়ি [সং-সম্পুট >] বি, কৌটা; শর তৃণাদি নির্ম্মিত ক্ষুদ্র পেটিকা। "মনে বড় কুতূহলী কান্ধেতে কড়ির থলী সাঁ॰ তরাজু লয়্যা হাথে।"-কবিক॰।

সাঁপি [সাঁপ >। সর্পাকৃতি বলিয়া] বি, হাড়িকাঠের মাথার বলয়াকার কাষ্ঠখণ্ড। ২ যূপকাষ্ঠ। ৩ শাঁপি দ্রঃ।

সাঁপুড়া [সং-সম্পুট >] বি, সম্পুট; কৌটা। "অঙ্গদ কঙ্কণ হার লম্বমান মতিয়ার কিনে বীর কনক সাঁ॰।"-কবিক॰।

সাঁপুড়ী [সং-সম্পুট >] বি, পেঁটরা। "সাঁ॰ চুণাতি বাটা নির্ম্মায় ঝাবর ঘণ্টা সিংহাসন পঞ্চপ্রদীপ।"-কবিক॰।

সাঁস [শস্য >। গ্রা॰] বি, ফলাদির ভিতরের কোমল অংশ; শস্য।

সাকরেদ, সাগরেদ-শাগরেদ দ্রঃ।

সাকল্য [সকল + য (ষ্ণ)] বি, সমুদায়। ২ সমষ্টি।

সাকাঙ্ক্ষ [স (সহিত) + আকাঙ্ক্ষা যার, বহু॰] বি, সস্পৃহ; লালসাযুক্ত; লোভী; আকাঙ্ক্ষাবিশিষ্ট।

সাকার [স (সহিত) + আকার (মূর্ত্তি) যে, বহু॰] বিণ, মূর্ত্তিমান; আকৃতিবিশিষ্ট। স্ত্রীং ~া-মূর্ত্তিমতী। "অকিঞ্চনে কয় সাবাগ্রা ত নয় ব্রহ্মময়ী উদয় হয়েছেন সা॰॥"-বাং গান। "নিরাকার ব্রহ্ম তিনি রূপেতে সা॰। সত্ত্ব রজ তমো গুণ প্রকৃতি তাঁহার॥"-অ॰ ম॰। **~বাদ**-বি, ঈশ্বরের রূপ বা আকার আছে এই মত। **~বাদী**-বিণ, ঈশ্বরের আকার বা রূপ বা মূর্ত্তি স্বীকারকারী; ঈশ্বর আকার-বিশিষ্ট এই মতবাদী।

সাকারোপা/সঁক [সাকার + উপাসক] বিণ, ঈশ্বরের বা ব্রহ্মের রূপ কল্পনা করিয়া যারা উপাসনা বা পূজা করে। বি, **~সঁনা**-সাকার ঈশ্বরের পূজা।

সাকিন, সাকিম [আ॰ সাকিন্] বি, ঠিকানা; বাসস্থান। "সাকিন মঙ্গল কোট উজ্জয়িনী গ্রাম।"-কবিক॰।

সাকী [ফা॰ সাকী। ইং cup bearer, page, sweet heart, beloved] বি, পুং, স্ত্রী সুরাসংবাহক বালক বা যুবক, বা সুরা-সংবাহিনী সুন্দরী, সুরা পরিবেশনকারী বা কারিণী, প্রেমাস্পদ। "দাও সাকী এনে দাও পাত্রখানি মোরে, মধুরস সুধাধারে পরিপূর্ণ করে!"-রোবাইয়াৎ-ই-ওমরখৈয়াম (ন॰ দেব)।

সাকুফ, সাকুব [স (স্থ্যা॰) + অকুব (দ্রঃ) >। অকুব (যার) আছে এই অর্থে 'স'। বে-অকুফ্ > বেয়াকুব এর বিপরীত] বিণ, বুদ্ধিমান; আক্কেলমন্ত।

সাক্ষর [স (সহিত) + অক্ষর (বর্ণ) যে, বহু॰] বিণ, অক্ষর সম্বলিত। ৩ বিদ্বান্। ২ নিজের নাম লিখন; সহিকরণ।

সাক্ষাৎ [স (সহিত) + অক্ষ (অক্ষি > চক্ষুঃ) + অৎ (গমন করা) + ॰(ক্বিপ্, র্ত্ত)] অ, প্রত্যক্ষীভূত। ২ স্বয়ং। ৩ মূর্ত্তিমান্। ৪ সমান; সদৃশ; তুল্য। ৫ প্রত্যক্ষ; সম্মুখ। ৬ দর্শন; দেখা; মোলাকাত interview. **~করা**-ক্রি, দেখা করা; মেলা। **~কর্ত্তা, ~কারী**-বিণ, প্রত্যক্ষকারী; স্বচক্ষে দর্শন-কারী। **~কার** [সাক্ষাৎ-কার (করণ)] বি, প্রত্যক্ষ করণ। ২ দেখা করা; মিলন। **~ভেদ**[পাটী॰(ক॰বিশ॰পরিঃ)]ইং direct variation এর বৈজ্ঞা॰ পরিঃ। **~সম্বন্ধে**-ক্রি-বিণ, প্রত্যক্ষভাবে directly. "যাহারা সাক্ষাৎ সম্বন্ধে মনুষ্যের সেবক তাঁহারা ইতিহাসের এইকথা শুনিয়াই আশ্বস্ত আছেন"-ঐহিক অমরতা (কা॰প্র॰ঘো॰)।

সাক্ষী, -ক্ষি [সাক্ষাৎ + ইন্ (সাক্ষাৎ= সাক্ষ্)=সাক্ষিন্ ১মা, ১ব॰। প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰ শাখি (চ॰ পদ, ৩৬।৫)] বিণ, সাক্ষাৎ-কারী; স্বয়ংদ্রষ্টা; প্রত্যক্ষদর্শী। ২ উপদর্শন-কারী। ৩ বৃত্তান্তজ্ঞ। "গাছ দাগে ডাল ভাঙ্গে লোকে করে সাক্ষী।"-কবিক॰। **~গোপাল, সাক্ষিগোপাল** [অন্তর্যামী গোপাল ঠাকুর যিনি লোকের শুভাশুভ কর্ম্মের সাক্ষীস্বরূপ মাত্র অবস্থান করে, পাপ পুণ্যের দণ্ড পুরস্কার দান করেন না। শ্রীক্ষেত্রে যাইবার পথে সাক্ষী গোপালের বিগ্রহ প্রতিষ্ঠিত আছে। শ্রীক্ষেত্র করিয়া ফিরিবার কালে যাত্রিগণের সাক্ষীগোপাল দর্শন করিয়া যাইবার বিধি আছে] বি, বিষ্ণুর মূর্ত্তিভেদ। ২ [লক্ষ॰] স্বয়ং নিষ্কর্ম্মা কিন্তু অন্যের কার্য্য দর্শনকারী ব্যক্তি।

সাক্ষ্য [সাক্ষিন্ + য (ভা॰)] বি, প্রমাণ গ্রহণ। ২ সাক্ষীর কার্য্য। **~দান**-বি, প্রমাণ দেওয়া; প্রত্যক্ষদর্শীভাবে উপস্থিত হইয়া প্রমাণ প্রদর্শন করা। **~মঞ্চ**-আদালতের যে মঞ্চে বা কাঠগড়ায় দাঁড়াইয়া সাক্ষ্য দেওয়া হয়।

সাখী [ব্রজ॰। সাক্ষী >] বিণ, সাক্ষী; স্বয়ংদ্রষ্টা।" রূপ নারায়ণ সাখী॥"-বি॰ প॰। "পাষাণে নিশান তার সাখী॥"-চণ্ডি॰। প্রা॰ বাং-সাখি, সাখী ও॰। "সুরুজ সাখি"-শ্রী॰ কী॰। **সাখিএ**-সাক্ষ্যে; সমক্ষে; প্রমাণে। "বড়ায়ি সাখিএ বোল সত্য বচনে।" -শ্রী॰ কী॰।

সাগঁর [সগর (রাজা) + অ (সম্বন্ধার্থে)। প্রাকৃ॰ সাঅর, সায়র, সায়ার] বি, সমুদ্র। "সাগর উদ্দেশে নদী ভ্রমে দেশে দেশে, রে, অবিরাম গতি।"-ব্রজাঙ্গনা। [ব্রজ॰ **সাঅর**। "সে সুখ সাঅর দৈবে শুকায়ল তিয়াষে পরাণ যায়।"-চণ্ডি॰। ২ দীর্ঘিকা; বৃহৎ জলাশয়; ঝীল। ৩ বঙ্গোপসাগরের সাগরদ্বীপ। ৪ সাগরদ্বীপে পাতান বন্ধুর নাম। ৫ সংখ্যাবিঃ; দশ পদ্ম সংখ্যা। ৬ দশনামী সম্প্রদায়ের অন্তর্গত এক সম্প্রদায় সন্ন্যাসীর উপাধি। **~গর্ভ**-বি, সমুদ্রতল। **~গামিনী**-বিণ, সমুদ্রে গমনকারিণী। বি, নদী। পুং **~গামী**।

~নেমি [সা°-নেমি (বেষ্টনী যার)] বি, পৃথিবী। ~বক্ষঃ-বি, সমুদ্রপৃষ্ঠ sea-level. ~মেখলা-বিণ, সমুদ্রবেষ্টিত। ২ বি, সমুদ্র যার কটিভূষণস্বরূপ; ধরা; পৃথিবী। ~শাখা-যে অপ্রশস্ত সাগরাংশ স্থলভাগে প্রবিষ্ট হইয়াছে। ~সঙ্গম-বি, সমুদ্রের সহিত নদীর মিলনস্থান।

সাগরাম্বরা [সাগর (হইয়াছে) + অম্বর (বস্ত্র), যার,বহু°, সাগরাম্বর + আ(স্ত্রী°)] বি, পৃথিবী। ২ বিণ, সাগরবেষ্টিতা।

সাগরালয় [সাগর (সমুদ্র) + আলয় (বাসস্থান) যার, বহু°] বি, জলাধিপতি; বরুণ।

সাগ্‌রেদ, সাকরেদ [ফা° শাগির্দ >] বি, শিষ্য; ছাত্র। ২ শিক্ষানবীশ, ~দি-বি, শিষ্যত্ব। ২ শিক্ষানবীশী।

সাগরোত্থ [সাগর (সমুদ্র) + উত্থ (উৎপন্ন)] বি, সমুদ্রজাত লবণ।

সাগা [সাঙ্গা দ্রঃ। সং-সঙ্গ >] বি, নিম্নশ্রেণীর হিন্দু বিধবাবিবাহবিঃ, সাঙ্গা। ২ কাহার আদি জাতির বিবাহপ্রথাবিঃ।

সাগু [মালয়-'ছাউ' > পর্তু° sagu র লিপ্যন্তর। ইং sago] বি, বৃক্ষবিশেষের মজ্জার পালো হতে প্রস্তুত বীজাকার লঘুপথ্যবিঃ; সাগুদানা।

সাগ্নিক [স (সহিত) + অগ্নি (আগুন) + ক (জ্ঞা°)] বিণ, অগ্নিহোত্রী; যজ্ঞাগ্নি রক্ষাকারী; যে ব্রাহ্মণের যজ্ঞাগ্নি নির্ব্বাপিত হয় নাই। ২ নিয়ত যোগশীল ও যজ্ঞনিষ্ঠ দ্বিজ।

সাঙন [ব্রজ°। শাঙন দ্রঃ] বি, শ্রাবণ। "রজনী সা° ঘন ঘন দেয়া গরজন সেই গান মনে পড়ে যায়।"-সোনার তরী, ৩৩পৃ।

সাঙর [ব্রজ°। শ্যামল > শামর > সাঙর] বি, শ্যামল।

সাঙরি, সোঙরি [ব্রজ°। সং-স্মৃ > স্মরি > সুমরি, সঙরি, সাঙরি, সোঙরি] ক্রি, স্মরণ করি। ২ অস-ক্রি, স্মরণ করিয়া: স্মরিয়া। "কহ সখি সাঙরি ঝামরি দেহা। কোন পুরুখ সঞে নয়লি লেহা॥"-বি° প°। "সে সব সোঙরি, চিত বেয়াকুল। কেমনে আছয়ে পিয়া।"-জ্ঞান°।

সাঙলা [সং-শ্যামলা >] বিণ, শ্যামলা; শ্যামবর্ণবিশিষ্টা; শ্যামা। "মন্দার অশোক ধূপ শেফালিকা সাঙলা ফুল আর যত বনফুল ভালে।"-চণ্ডি°। পুং সাঙল-বিণ, শ্যাম।

সাঙলি,-লী [শ্যামলী >] বিণ, শ্যামবর্ণা; কৃষ্ণবর্ণা; কাল। ২ বি, শ্যামগাভী; কালগাই। "শিঙ্গা বেণু লাখে লাখে বাজায় ব্রজবালকে ডাকে সঘে সাঙলি বলিয়া।"-জ্ঞান°।

সাঙ্কর্য্য [সঙ্কর (মিশ্রণ) + য] বি, সঙ্করত্ব। ২ মিশ্রণ।

সাঙ্কেতিক [সঙ্কেত + ইক] বিণ, সঙ্কেতকারক। ২ সংক্ষিপ্ত উপায়ে অঙ্কের সমাধান।

সাঙ্ক্রামিক, সংক্রামিক - সাংক্রামিক দ্রঃ।

সাঙ্ক্ষেপিক [সঙ্ক্ষেপ + ইক] বিণ, সঙ্ক্ষিপ্ত। ২ সঙ্ক্ষেপকারক।

সাঙ্খ্য, সাংখ্য [সঙ্খ্যা + অ (গ্রহণার্থে)] বি, কপিলমুনিকৃত প্রকৃতি, বুদ্ধিতত্ত্ব, অহঙ্কার, সূক্ষ্মপঞ্চভূত, স্থূলপঞ্চভূত, একাদশ ইন্দ্রিয় ও পুরুষ-এই পঞ্চবিংশতি সংখ্যক তত্ত্বমূলক দর্শনশাস্ত্র; কাপিল দর্শন।

সাঙ্গ১ [স (সহিত) + অঙ্গ (অবয়ব) যে, বহু°] বিণ, অঙ্গবিশিষ্ট; পূর্ণাঙ্গ; যার অবয়বের মধ্যে কোন অঙ্গ বিকল নহে।

সাঙ্গ২ [শাঙ দ্রঃ। প্রাদে° উচ্চারণে 'সাইঙ্গ'] বি, দণ্ড। "বিপরীত বেশ তাহার হাতে লোহার সাঙ্গ।"-মনসা° ম°(বিজয়°)। গুপ্ত। ২ চারিজনবাহ্য ভারদণ্ডবিঃ (ইহা দুইটা বাঁশে ঝুলান দড়ির ঝোলার মত, তার মধ্যে ভার বা বোঝা চাপাইয়া বাঁশ দুইটার চারিপ্রান্তে চারিজন বাহক কাঁধ দিয়া ইহা লইয়া যায়)। "বুকে তুলি দিল দশ সাঙ্গের পাথর।"-কবিক°।

সাঙ্গ৩ [সাঙ্গ১ দ্রঃ। সম্পূর্ণ > সমাপ্তির ভাব] বিণ, শেষ; সমাপ্তি। "জীবনের কাজ সাঙ্গ হয় যবে মরণের পথ দিয়া প্রবাসী মানবে বিধাতার দূত স্ব আলয়ে যায় নিয়া।"-আলো ও ছায়া। "সাঙ্গ হয়েছে রণ।"-রবী°। ২ [প্রা° বৌ° বাং সা°] চরম; অন্তিম। "মহাসুহ সাঙ্গে"-চ° ১৩৫।

সাঙ্গ৪ [সং-সঙ্গ > বৌ° প্রাকৃ°রূপ সাঙ্গ। "সাঙ্গে"=সঙ্গে] বি, সঙ্গ। "তোএ সম করিবে ম সাঙ্গ"-চ° পদ। ~জাত [সাঙ্গ (সঙ্গের) + জাত (=দ্রব্যজাত=দ্রব্যসমূহ)। প্রা° বাং] বি, আনুষঙ্গিক বা সঙ্গে লইবার দ্রব্যসমূহ। "সাঙ্গজাত তরণী সাজায়্যা দেহ ভাই"-ধর্ম্ম গী° (নরসিংহ)।

সাঙ্গরূপক [পরম্পরিত রূপক দ্রঃ] বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ। অঙ্গীতে কিছু আরোপিত হইয়াছে বলিয়া তদঙ্গভূত বস্তুতেও অন্য কিছুর আরোপ স্থলে এই অলঙ্কার হয়। যথা-"নয়ন চকোর মোর, দেখিয়া হয়েছে ভোর মুখ সুধাকরে হাসি সুধায় বাঁচাও হে॥"-ভারত (বি° সু°)। এখানে মুখে সুধাকরত্বের আরোপ হইয়াছে বলিয়া তদঙ্গভূত হাস্যেও অমৃতত্বের আরোপ হওয়ায় এই অলঙ্কার হইল।

সাঙ্গা১ [সং-সঙ্গ >। মুসলমানদিগের মধ্যে যেরূপ নিকা, হিন্দু নিম্নশ্রেণীর তদ্রূপ সাঙ্গা] বি, বিধবাবিবাহ; নিকা। "থাকুক অন্যজন শুনহ রাজন ব্রাহ্মণের হবে সাঙ্গা।"-ঘ°। ২ বিবাহ।

সাঙ্গা২, সাঙা, সাংগা, শাঙা [সাঙ্গ২ দ্রঃ। ক্ষুদ্রার্থে] বি, দণ্ড। ২ দেয়ালের গায়ে সংলগ্ন তক্তা বা বাঁশের আধার যার উপর হাঁড়ি কলসী তুলিয়া রাখে; পেতেন। "কুটীরের এক পাশে একটা বাঁশের সাঙ্গা। সাঙ্গার উপর কতকগুলি হাঁড়ি কলসী।"-ভারতী, ১৩২১।

সাঙ্গাত, সেঙ্গাত, স্যাঙাত [সঙ্গত >] বি, সহচর; সখা; বন্ধু। "নিরজন জানি কান তহি উপনীত সহচর সুবল সাঙ্গাত।"-জ্ঞান°। স্ত্রীং সাঙ্গাতী, সাঙ্গাতিনী, সাঙ্গাতনী [গ্রা° স্যাঙাৎনী] বি,বন্ধুপত্নী। ২ সখী; মিতিনী।

সাঙ্গাতি [সাঙ্গাত (দ্রঃ) ই] বি, বন্ধুত্ব, মিত্রতা। "ভাগ্যে মিলয়ে ইহ প্রেম সা°।"-বি° প°। "রসের আবেশে দুহুঁ অঙ্গ হেলাহেলি বিছুরল প্রেম সা°।"-চণ্ডি°। সই সাঙ্গাতি [সহ° দ্বন্দ্ব] বি, মিতালি; বন্ধুত্ব।

সাঙ্গার [অনু°। গএর দ্রঃ। প্রা° বাং] বি, গাঢ় শ্লেষ্মা; গয়ের। "থুক সা° অন্নক থুইল মাখিয়া।"-মাণিক° গান। থুক সাঙ্গার-বি, থুথু গয়ের।

সাঙ্গাল [প্রাদে°] বি, যে চটের ছোট থলিতে হুকা, কাপড় ই° রাখা হয়।

সাঙ্গী-বি, প্রহরণবিঃ। "কেহ মারে শেল সাঙ্গী ডাবুষ পটিষ টাঙ্গী পরশ্বধ কুঠার তোমর।"-শি°।

সাঙ্গীকরণ [স+অঙ্গীকরণ। বৈজ্ঞা° পরিঃ] বি, অঙ্গীভূতকরণ; আত্মস্থকরণ assimilation.

সাঙ্গোপাঙ্গ [স (সহিত)+অঙ্গ+উপাঙ্গ (অঙ্গের অঙ্গ)] ক্রি-বিণ, অঙ্গ প্রত্যঙ্গ-সহ বর্ত্তমান; স্বগণসহ। "সা° অবতীর্ণ হন ধরনীতে।"-চৈ° ভা°। [দ্রঃ-নিত্যানন্দ অদ্বৈত আচার্য্য অঙ্গ এবং শ্রীবাস আদি উপাঙ্গ]। ~বেদ-ঋক্,যজুঃ,সাম রূপ অঙ্গ এবং শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ, জ্যোতিষ রূপ উপাঙ্গ সহ সমগ্র বেদভাগ।

সাঙ্গা [সং-সঙ্ঘ >] বি, সঙ্ঘ; শ্রেণী। "সাত সা°ডিঙ্গা ভাসিল।" "ডিঙ্গা একখানা নয় দুই খানা নয় এক এক সাঙ্গায় সাতখানি করিয়া ডিঙ্গা।"-বি° দত্তের সমুদ্রযাত্রা।

সাঙ্ঘাতিক,সাংঘাতিক [সঙ্ঘাত+ইক (সম্বন্ধে)] বিণ, সঙ্ঘাত সম্বন্ধীয়।২ প্রাণসঙ্কট; মারাত্মক। ৩ [ক° জ্যো°] বি, জন্মরাশি হইতে ষোড়শ নক্ষত্র। ৪ [প্রাণি-বিদ্যায়] সমষ্টিবদ্ধ ক্ষুদ্র ঝিনুকবিঃ।

সাচা১, সাচ্চা [সত্য > সচ্চ > হি° সাচ্চা > সচা] বিণ, খাঁটি; অবিমিশ্র; অকৃত্রিম। ২ সত্য।

সাচান [সঞ্চান (দ্রঃ) > প্রা°] বি, শ্যেন পক্ষী; বাজ পাখী। "আকাশে ভ্রমন্ত দেখে সা° গৃধিনী॥"-মনসা ম° (ষষ্ঠীবর)।

সাচার [স (সহিত)+আচার (সৎ ব্যবহার)] বিণ, আচারবান্; আচারবিশিষ্ট। "পরম সাচার সর্ব্বলোকে অপেক্ষিত" -চৈ° ভা°।

সাচি [সং] অ, তির্য্যক। ~বর্ত্তন [পদার্থবিজ্ঞা° পরিঃ (ত্রিবেদী°)] ইং diffraction এর বৈজ্ঞা° পরিঃ; অপবর্ত্তন (যো° রায়)। **সাচীকৃত**-বিণ, বক্রীকৃত।

সাচিব্য [সচিব (মন্ত্রী)+য (ভা°)] বি, মন্ত্রিত্ব; সচিবত্ব। ২ সখ্য; সুলভ। ৩ সহায়তা; সাহায্য।

সাচ্চা২ [সদ্য > সচ্চ > সাচা > সাজো(দ্রঃ)] বিণ, সদ্যপাতা। "কাছলা ভরা সাচ্চা দই পাতিল ভরা সর।"-মৈ°গী°।

সাচ [সং-সত্য > সচ্চ > সাচ্ (হি°), সাছ (প্রা° বাং)] বি, সত্য। ২ খাঁটী; প্রকৃত; আসল। "পলতা শাক রুহি মাছ। বলে ডাক বেগুন সাছ।"-ডাক°।

সাজ১ [সজ্জা >] বি, সজ্জাদ্রব্য। প্র-সাজ সরঞ্জাম। ২ অলঙ্কার; ভূষণ। প্র-ডাকের সাজ। ৩ পরিচ্ছদাদি: বেশ। প্র-যুদ্ধ সাজ। "আমি সাজব এমন সাজ যাতে ভুলবে রসরাজ"-তরুবালা। ৪ অস্ত্রশস্ত্রাদি যুদ্ধোপকরণ। ৫ উপকরণ। ~গোজ, -গোচ-বি,সাজ-সজ্জা; বেশ-পারিপাট্য। ~ঘর-বি,অভিনেতা অভিনেত্রীদিগের সাজ সজ্জা করিবার গৃহ greenroom. "ঠাকুর শিব সাজিয়া সাজঘরে বসিয়া শিবের কথা ভাবিতেছিলেন।" -শ্রীরামকৃষ্ণ-লীলা। ~সজ্জা-বি, সাজ-গোজ। ~সরঞ্জাম-বি, সজ্জা করিবার উপকরণাদি; সজ্জার আয়োজন।

সাজি২, সাজা [সং-সদ্যোজাত বা সদ্য > প্রাদে° রূপান্তরে] বিণ, সদ্যোজাত; নূতন: টাটকা। "সাজা ঘৃত দিয়া রান্ধে গিমা তিতা শাক।"-মনসা ম° (বিজয়°)। "সাজা কটু তৈল"-ঐ।

সাজড়ানি [নাবীভাষায় 'আজড়ানো'র বিপরীত। সং-সজ্জা > সাজ + আন (ক্রিয়ায়),ড় আগম। হি° সজবানা। (২) সাজাড় (দ্রঃ)+আন >। সাজড়াই,-ড়াও, -ড়ায়; সাজড়াইতে (কে° -ড়াতে); সাজড়াইয়া (কে° সাজড়ে) ই°] ক্রি, সাজানো। প্র-পর সাজড়াতে হবে।

সার্জ্জন [সাজ-দ্রঃ] বি, সজ্জা। "জলের উপরে কর ছিষ্টি সা°।"-শূ° পু°।

সার্জ্জনী [ব্রজ°। সজনী দ্রঃ। বাং প্রা° বিকারে-সাজ্‌না] বি,সখী; স্বজনী।

সার্জন্ত [সাজ্-অন্ত। প্রা°] বিণ, শোভন: মানানসই। বিপরীত-অসাজন্ত গরমানান।

সাজ-বাজানি [হাফ আখড়াই পাঁচালি দ্রঃ] বি, ঐকতান বাদ্য concert. "পাঁচালির প্রণালী এইরূপ, হাফ্ আখড়াইএর ন্যায় তানপুরা, বেহালা, ঢোল, মন্দিরা, মোচং প্রভৃতি বাদ্যযন্ত্র, ইদানীং ঐক্যতান বাদ্যের ফ্লুটাদি উপকরণও তৎসঙ্গে থাকিত। হাফ আখড়াইয়ের ন্যায় বাদ্যেরও লড়াই হইত। সে বাদ্যের নাম 'সাজ বাজানো'-মনোমোহন গীতাবলী। "সে যাহা হউক, ঐ দল খ্যামা বিষয় গাহিয়া আপনাদের যন্ত্রাদি সহিত উঠিয়া যাইতেন, প্রতিদ্বন্দ্বী দল আসরে নামিতেন। তাহারাও ঐরূপ খ্যামা বিষয় শেষ করিয়া উঠিয়া গেলে পুনর্ব্বার পূর্ব্বদল আসিয়া সাজ বাজাইয়া সখীসম্বাদের মহড়া গাহিয়া গাহিয়া ছড়া কাটিতেন"-মনো-মোহন বসু।

সাজিশ [ফা° সাজিষ্] বি, সংযোগ। ২ কুকর্ম্মে বা কুমন্ত্রণায় যোগ।

সাজা১, সাজাই [ফা° সাজা] বি, শাস্তি; দণ্ড। "কটু বলবি সাজাই পাবি মাকে দিব কয়ে।"-গ্রা° প্র°।

সাজা২ [সং-সজ্জা; ফা° সাজ্; হি° সাজ্না (সজ্জা করা)। সাজি,সাজ (সাজেন, সাজিস), সাজে (সাজেন); সাজিতে (কে° সাজতে); সাজিয়া (কে° সেজে)। প্রা°বাং°য়, সজ্১ দ্রঃ। প্রা° বাং°য় সাজহ=সজ্জা কর। সাজিআঁ=সজ্জিত করিয়া। সাজিউ=সাজাই, সাজাক। সাজিএ=সজ্জিত করি। সাজিলোঁ= সজ্জিত করিলাম] ক্রি, সজ্জা করা; সজ্জিত হওয়া; বেশ ভূষণে শোভিত হওয়া। ২ প্রস্তুত হওয়া। "সাজহে বীরেন্দ্রবৃন্দ লঙ্কার ভূষণ"-মেঘ°। "রোষে লাজ ভয় ত্যজি, সাজে তেজস্বিনী প্রমীলা।"-মেঘ°। ৩ শোভা পাওয়া; মানান। "রাই রমণীর শিরোমণি ও অঙ্গে সাজে না মণি, যার ভূষণ শ্যাম চিন্তামণি চিন্তে মুনিগণ"-দাশরথি°। "যেখানে যা সাজে যত ভাঙ্গিয়া ভাণ্ডার। গিরীন্দ্র গৌরীর গায়ে দিল অলঙ্কার॥"-শি°। ৪ কপট করা; ভাণ করা। প্র-সাধু সেজে বসে আছে। ৫ বেশ ও রূপ ধারণ করা। প্র-রাজা সাজা; সং সাজা। **পান সাজা**-ক্রি, চুণ, খয়ের, সুপারি প্রভৃতি মসলা দিয়া পান খাইবার উপযোগী করিয়া প্রস্তুত করা; মসলা দিয়া পানের খিলি তৈয়ার করা।

সাজা৩-সাজ, সাজো দ্রঃ।

সাজাকুড়া [হারাবলীধৃত শব্দকল্পে-

কুকুল (তনুত্র, বর্ম্ম) > কুলা > কুড়া ; সজ্জা > সাজা। কুড়া সাজা(=বর্ম্মসজ্জা) > পদ-বিপর্য্যয়ে-'সাজাকুড়া'। অথবা সং-সংযোগ > সাঁজোয়া > সাঁজা + কুড়া (> কুকুল= তনুত্র) > সাজাকুড়া (সহং দ্বয়] বি, যুদ্ধে আত্মরক্ষার্থ তনুত্রসজ্জা ; সাঁজোয়া ; বর্ম্ম। "কনকের সাজাকুড়া বিচিত্র পাটের গড়া হীরাময় রতন জড়িত"-কবিক০।

সাজাড় [সং-সজ্জা > হিং সজাবট >, বিপরীতে-আজাড় (হিং উজাড়, শূন্য করা)] বি, শূন্যস্থান পূরণ ; ভরণ ; সাজানো ; অলঙ্করণ ; আসবাব পত্রে সজ্জিত করণ। ক্রি, **সাজাড়া** [সাজাড়ি, সাজাড়, সাজাড়ে ; সাজাড়িতে (কেং সাজড়াতে) ; সাজাড়িয়া (কেং সাজাড়ি, সাজড়ে)] সজ্জিত করা ; সাজান।

সাজাত্য [সজাতি + য (ভাং)] বি, সজাতীয়তা ; একজাতীয়তা।

সাজানি [সাজা (দ্রঃ)র ণিজন্তরূপ। সাজাই, সাজাও, সাজায় ; সাজাইতে (কেং সাজাতে) ;সাজাইয়া(কেং সাজায়ে,সাজিয়ে)] ক্রি, শৃঙ্খলা সহ দ্রব্যাদির সংস্থাপন করা। "এ জগতের মাঝে যেথানে যা সাজে তাই দিয়া তুমি সাজায়ে রেখেছ।"-স্ক০। ২ বসন ভূষণাদি সজ্জাদ্রব্য দ্বারা সজ্জিত করা। ৩ মিথ্যা রচনা করা ; জাল করা। প্র-মামলা, সাজান। সাক্ষী সাজান। ৪ পাতা। "যতন করিয়া বেসালি ধুইয়া সাঁজে সাজাইনু দুধ।" -চণ্ডি০। ৫ আলো জ্বালিবার জন্য দীপাধার প্রস্তুত করা (প্রদীপ দ্রঃ)। ৬ বিণ, সজ্জিত। ৭ মিথ্যা ; জাল। প্র-সাজান মোকদ্দমা। প্রাং বাং-সাজিউ - সজ্জিত করি ; সজ্জিত করুক। সাজিএ-সজ্জিত করি। সাজিতেঁ- সজ্জিত করিতে। সাজিলোঁ - সজ্জিত করিলাম।

সাজাল [সাঁজাল ও০। সন্ধ্যা > স-ঞ্ঝা > সাঁজ + আলা (আলোক)=সন্ধ্যালোক >। তুল-সাঁঝের আলো, বাতি। (২) সাঁজ + জ্বাল (জ্বালা=আগুন)] বি,আগুন। "তুষের সাজাল বুকে।"- মনসা ম০। ২ সন্ধ্যা-দীপ। ৩ গোয়ালে ধোঁয়া দিবার আগুন জ্বালা। > ক্রি, **সাজলানো**-সন্ধ্যাদীপ জ্বালা। ২ সন্ধ্যা দেওয়া।

সাজি [সজ্জা >। পুষ্প যাতে সজ্জিত হয়] বি, পুষ্প রাখিবার বংশ। নির্ম্মিত পাত্র ফুলের ডালা। "বাম করে লয়ে সাজি তুমি তুলিছ পুষ্পরাজি।"-রবী০। "সাজি দণ্ড হাতে করি কাননে কাননে ফিরি অনুদিন যেন মালাকর।"-কবিক০।

সাজিমাটি [সর্জ্জী, ক্ষার] বি, ক্ষার মাটি ; সর্জ্জিকা।

সাজুড়িয়া [সাঁজুড়িয়া ও০। ম০ বাং] বি, ব্যাধ। "সাজুড়িয়া পালে পালে আনয়ে চামরী।"-কবিক০।

সাজে১-সাজা২ দ্রঃ।

সাজে২ [সাজ১ (দ্রঃ) + এ=তে] অ, সজ্জায়। ২ শোভাতে।

সাজো [সং-সদ্য >] বিণ, সদ্য। ২ অদ্যকার। ৩ টাট্‌কা ; তাজা। ~**কাপড়**- বি, অদ্যকার বা সদ্য পরিষ্কৃত কাপড়। বিপরীতে-বাসি কাপড়। ~**দই**-বি, সদ্য পাতা দধি।

সাজোয়া-সাঁজোয়া দ্রঃ। ~**গাড়ী** -অস্ত্রশস্ত্র দ্বারা সজ্জিত গাড়ী armed car. 'ঐ অঞ্চলে সাজোয়াগাড়ীও চক্র দিতেছিল।" -আনন্দবাজার, ৫ শ্রাবণ ১৩৩৩।

সাজোয়ান [সা (অতিশয়ার্থে) + জুয়ান] বিণ, সাতিশয় বলবান।

সাজোয়াল [সাঁজোয়া + ৱালা] বি, সাঁজোয়াযুক্ত বা বর্ম্মধারী পুরুষ ; বর্ম্ম-পরিহিত সেনা। ২ তহশীলদার। "লিখি দিলা সেই রাজা দিব বার লক্ষ। সাজোয়াল হইল সুজন সর্ব্বভক্ষ।"-অ০ ম০।

সাজোস [ফা০ সাজিশ্] বি, চক্রান্ত ; ষড়যন্ত্র। ২ (সাধা০ কুচক্রে) সহযোগ।

সাজ্যা [সাজা দ্রঃ। সাজিয়া > কেং। প্রাং বাং] অস-ক্রি, , সজ্জা করিয়া। ২ বর্ণ সজ্জা করিয়া (ধর্ম্ম০ গী০, রামচন্দ্র, ১৭শ খৃ০)।

সাঞ্চারিক [সঞ্চার + ইক] বিণ, সঞ্চারযোগ্য ; সঞ্চারণীয়।

সাঞ্চি [সং-শালিঞ্চ >। প্রাং ছাঞ্চে (দ্রঃ)] বি, স্বনামপ্রসিদ্ধ খাদ্যশাকবিঃ ; ছাঞ্চে শাক।

সাট১ [সান১ ও সাপ্‌টা দ্রঃ] বি, সংক্ষেপ; স্বল্পতা। ২ সর্ব্বশুদ্ধ ; সমস্ত ; সবগুলি। "তোমার কথায় টাকা লয়ে গেনু জানি পাকা তামা বলি ফিরে দিল সাটে।"-অ০ ম০। ৩ শ্রেণী বিভাগ। "কদম্ব বকুল রূপি নানা ফুল নানাচিত্ত কৈল সাট।"-শূ০ পু০। ক্রি-বিণ, **সাটে, সাঁটে**-সংক্ষেপে। ২ সঙ্কেতে। প্র-সাটে লেখা written in cipher.

সাট২ [ছাট দ্রঃ] বি, ছড়ি ; বেত্র ; ছপ্‌টী। "ধরিতে চলিলা শচী হাতে সাট করি।"-চৈ০ ম০।

সাট৩ [সং-ছটা > বর্ণবিপর্য্যয়ে ছাট > সাট। ছ=স] বি, ছাঁট ; ছিটা। "সঘনে কেরোয়াল পড়ে জলে পড়ে সাট।"-কবিক০।

সাটন [সাঁটা দ্রঃ] বি, কণ্ডন ; কাঁড়ন। ২ আঘাত। "পাথার সাটনে নিঘায় পিট্টিয়া"-মাণিক০ গান।

সাটব-সাটোপ দ্রঃ।

সাটা [শাসন করা অর্থে বাং ক্রিয়ায় শাসা > সাটা (প্রাং বাং)] ক্রি, শাসন করা। "যে নারী কাটন নাহি কাটে। রাতি পোহাইলে পোপানকে সাটে॥"-ডাক০।

সাটিন [ইং satin ; চীনা-'ছাটিন' >] বি, পুরু রেশমনির্ম্মিত সুচিক্কণ বস্ত্রবিঃ।

সাটিয়ারা [সং-ষষ্ঠ > ষট্‌ঠ > ষাট্‌হ + রাত্রি > ষাটহরা > ষাটিহারা > গ্রাং ষেটেরা দ্রঃ] বি, জাত শিশুর ছয়দিনে ষষ্ঠীর নিকট শিশুর কল্যাণ কামনায় অনুষ্ঠেয় কর্ম্ম। "...রা০ দিনে তাল পাতায় লিখিয়া"-মৈ০ গী০।

সাটী [শাটী দ্রঃ] বি, সধবা নারীর পরিধেয় পাড়যুক্ত বস্ত্র ; শাড়ী। "বলিহারী কিবা সাটী দুকূল বাহার"-হেম০।

সাটোপ [স (সহিত) + আটোপ (গর্ব্ব) যার, বহং০] বিণ, সাহঙ্কার ; গর্ব্বিত। ২ বিকৃত ; বিকট। ক্রি-বিণ, **সাটোপে**-গর্ব্বে। ২ আড়ম্বরের সহিত। "বিশাখা সাটোপে বলে"-প০ক০তরু (সা০প০প০)। **আটোপ-সাটোপ** [সহং০দ্বয়। ভ্রং আটব-সাটব > কেং আট সাট (আঁট সাঁট অর্থে নয়)। "সে সব আটব-সাটব দেখিতে রাধিকা ডরলি ডরে"-প০ ক০ তরু (সা০ প০ প০)] বহ্বাড়ম্বর; খুব ঘটা বা জাঁকজমক।

সাট্টা [আদা০পরিঃ। হিং সট্টা (হিং

সিট্টা=ধান্যাদির শীষ) >] বি, অগ্রিম টাকা লইয়া শস্য দিবার চুক্তি-পত্র বা একরার-নামা। ২ [অশি॰পরিঃ] নীলের চাষ ও পাতা বিক্রয়ের নিয়ম-নির্দ্ধারণ-পত্র। ~নামা-সর্ত্তনামা; স্বীকৃত নিয়মবদ্ধ চুক্তি contract.

সাঠ [থ=ঠ] ক্রি-বিণ, সাথ; সঙ্গে (বি॰প॰)।

সাঠা [সাঁটা দ্রঃ] ক্রি, দৃঢ়লগ্ন হওয়া; সংলিপ্ত হওয়া। "কুসল বসন হিয়া ভুজে রহু সাঠি। বাহিরে রতন আঁচরে দেই গাঠি।"-বি॰ প॰।

সাঠীহার [সাটিয়ারা দ্রঃ। প্রা॰ বাং] বি, ষেটেরা। সাঠীহারে-ষষ্ঠরাত্রিক জাতকর্ম্ম-কালে; সেটেরায়। "তেকারণে বিধি স্থখগণ লেখিল সাঠীহারে"-শ্রী॰ কী॰।

সাড় [সং-স্বর > সড় >] বি, শব্দ। ২ [সান্৩ দ্রঃ]-চৈতন্য; স্পর্শানুভূতি। ৩ স্পন্দন [বিপরীত-অসাড় (নিঃস্পন্দ)]।

সাড়া [সাড় দ্রঃ] বি, শব্দ; ধ্বনি। "এ হেন সহরে নাই মনুষ্যের সাড়া। সহর করেছে নষ্ট বাঘে দিয়া তাড়া।"-ঘ॰। ২ উত্তর। "আমার বলে ছিল যারা আর ত তারা দেয় না সাড়া কোথায় তারা কোথায় তারা কেঁদে কেঁদে কারে ডাকি।"-গান। ৩ আহ্বান; হাঁক ডাক। "সাজ সাজ বলিয়া পড়িয়া গেল সাড়া"-কবিক॰। ৪ আনন্দ সংবাদের কোলাহল; সোর সরাবৎ। "নবকিশোর অন্দরে গিয়া উপস্থিত হইতেই চারিদিকে একটা সাড়া পড়িয়া গেল।"-ভারতী. ১৩২০ ~দেওয়া-বি, উত্তর দেওয়া। ~শব্দ-বি. কথার শব্দ বা নড়াচড়ার শব্দ; উচ্চবাচ্য।

ˋসাড়ে, ˋসাঢ়ে [সং-সার্দ্ধ >] বিণ, অর্দ্ধসহ। প্র-সাড়েচার (অর্দ্ধ অধিক চার)। [দ্রঃ-অর্দ্ধসহ এককে সাড়ে এক বলিবার প্রথা নাই, উহাকে 'দেড়' বলে। তদ্রূপ অর্দ্ধসহ দুইকে আড়াই বলে]।

সাড়ী [সাটী দ্রঃ] বি, স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র। "নীল সাড়ী মোহনকারী উছলিতে দেখি পাশ।"-চণ্ডি॰।

সাণ্ড [ষণ্ড > , প্রা॰ বাং প্রাকৃ॰ ষ=স] বি, ষাঁড়।

সাৎ, সাইৎ [আত্মসাৎ দ্রঃ] অ, লাভ; গ্রহণ; আত্মসাৎ। "বড় সাপ্টা দরে সাৎ করিলে খেতাব সি, এস, আই"-হেম॰। ২ প্রাপ্ত। "সকল কৃষ্ণের সাৎ হইল আমার।" -চৈ॰ভা॰।

সাত১, সাথ [সং- সহিত > সাথ, সাত] ক্রি-বিণ, সহিত। "বনের হরিণী থাকে কিরাতের সাতে"-চণ্ডি॰।

সাত২ [সাত (সুখী হওয়া) + অ (ভা॰)] বি, সুখ; শর্ম্ম। ২ মঙ্গল। ৩ হর্ষ।

সাত৩ [সং-সপ্তন্ > প্রাকৃ॰ সত্ত >] বি, ৭ এই সংখ্যা। ২ [প্রা॰ বাং] সপ্তবার। "সাত দিয়া সাতজনা গর্জ্জিয়া সোন্ধাইল।"-মাণিক॰গান। ৩ বিণ, সাত সংখ্যক। ৪ বহু; নানা। ~কড়ি-বি, সাতকড়া কড়ি লইয়া বিক্রীত মৃতবৎসার সন্তানের নাম। এইরূপ তিনকড়ি, পাঁচকড়ি, নকড়ি ইং॰। ~কথা শুনানি-নানা কটুকথা বলা; বহু দোষারোপ বা অনুযোগ করা। ~কথার এক কথা -নানা কথার মধ্যে সার বচন; অনেক বাজে কথার মধ্যে একটা কাজের কথা। ~কাণ্ড [রামায়ণের সাতকাণ্ড >] বৃহৎ ব্যাপার। ~খুন মাপ [সাত দ্রঃ] সাতজনকে হত্যা করিয়াও দণ্ড হতে অব্যাহতি। ইহা হত্যা-কারীর প্রতি অথবা স্নেহ বা তার ধনবত্তা, ক্ষমতা, লোকরঞ্জকতা ই॰-র ফল। ~গাঁইয়া [সপ্তগ্রাম (বাঙ্গালার প্রসিদ্ধ হিন্দুপ্রধান গণ্ডগ্রামবিঃ। এ গ্রামের লোকেরা বিলক্ষণ চতুর বলিয়া প্রসিদ্ধ) > সাতগাঁ +ইয়া। গ্রা॰ ~গেঁয়ে] বিণ, সপ্তগ্রামী; সপ্তগ্রামবাসী। ~গেঁয়ের কাছে মামদো বাজী-মামুদা দ্রঃ। ~ঘাটের জল খাওয়ানি-বালী লেজে বাঁধিয়া রাবণকে যেমন সাত সমুদ্রের জল খাওয়াইয়া-ছিল তদ্রূপ নাকালের একশেষ করা। ~চড়ে রা বেরোয় না-প্রহারের উপর প্রহারেও মুখ বুজিয়া সহ্য করে এমন নিরীহ। ~দেশ -নানা স্থান। ২ বহুদেশ। ~নকলে আসল খাস্তা-নকল দ্রঃ। ~নর-বি, সপ্তলহর হারবিঃ। ক্ষুদ্রার্থে ~নরী। ~নলা -বি, পাখী মারা নলযন্ত্রবিঃ; আঠাকাঠি। "ব্যাধে যথা সাতনলাতে পাখী মারে"-গান। ~পাঁচ-অ, বহুবিধ; নানাপ্রকার। "শুনি মনে ভাবনা বাড়িল সাতপাঁচ।"-ঘ॰।২ [এক বার সাত একবার পাঁচ] অগ্র-পশ্চাৎ। "আগু পাছু সাত পাঁচ ভেবে করি মানা"-অ॰ম॰। ~পুরুষ-বি, পিতা পিতামহ প্রপিতা-মহাদি ক্রমে সপ্তপুরুষ; বংশাবলী। "সাত পুরুষে সভ্য মোরা হলেম গুদামজাত"-হেম॰। সাতভাই চম্পা-চম্পানাম্নী ভগিনীর সাত ভাইয়ের প্রাচীন গল্প। ~সতীনের ঘর-বহু পত্নীর সংসার; বহু হিংসা দ্বেষ ও কলহের স্থান। "নিম তিতো নিশিন্দে তেতো তেতো মাকাল ফল। তার চেয়ে অধিক তেতো বোন, সাত সতীনের ঘর।"-প্রবচন। ~সতেরি-অ, নানান্। ২ বি, বহু আয়োজন। ~সরী [সাতেসরী দ্রঃ] সপ্তকণ্ঠী হার। সাতে নাই পাঁচেও নাই-কোন সংস্রবে নাই। সাতসয়ালী-পক্ষিবিঃ the minivet.

ˋসাতই, ˋসাতুই [সাত-ই (দিন সংখ্যার্থে)] বি, মাসের সপ্তম দিন।

সাতচল্লিশ [সপ্ত চত্বারিংশৎ প্রা॰ সাচ্চোলিশ] বি, ৪৭; সাত অধিক চল্লিশ। ২ বিণ, ৪৭ সংখ্যক।

সাতত্য [সতত + য (ভা॰)] বি বিচ্ছেদ-রাহিত্য; অখণ্ডত্ব; অবিচ্ছেদ।

সাতন্ত্র্য [সতন্ত্র + য (ভা॰)] বি, স্বেচ্ছা-চারিত্ব।

সাতবাহন [সাত (সিংহরূপী গন্ধর্ব্ব) হইয়াছে বাহন যার, বহ॰] বি, শালিবাহন রাজা; ইনি শৈশবকালে এই গন্ধর্ব্বকে বাহন করিয়া ভ্রমণ করিতেন।

সাতভাইয়া, সাতভেয়ে-বি, ছাতারিয়া পাখী; ছাতার দ্রঃ। ২ সপ্ত-তারাযুক্ত কৃত্তিকা নক্ষত্র (অম্বা, দুলা, নিতত্নী, অভ্রয়ন্তী, মেঘয়ন্তী, বর্ষয়ন্তী, চুপুণীকা এই সাতটি তারা)। ৩ সপ্তর্ষি নক্ষত্রমণ্ডল (মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ এই নামের সপ্ততারা ursa-major; the Great Bear.

সাতনলা [সাত নলা কে॰] বি, পাখী মারা সাত নলা নামক যন্ত্র। "অক্টার ভাঙ্গা গেল হাতের সাতলা।" -ব॰ সা॰ পরিচয়। [অক্টা=আঠেটিক, ভাঙ্গা= ভাসিয়া]।

সাতষট্টি [সপ্তষষ্টি >] বিণ, ৬৭ সংখ্যক। ২ বি, ছয়দশ সাত সংখ্যা।
সাতা-বি, তাসখেলার সাত ফোঁটা বা চিহ্নযুক্ত কাগজ।
সাতাইশ-সাতাশ দ্রঃ।
সাতাত্তর [সপ্তসপ্ততি >] বিণ, ৭৭ সংখ্যক। ২ সাতদশ সাত সংখ্যা।
সাতান, সাতোয়ান [সা-তুয়ান (সমর্থ)। বিপরীত-নাতোয়ান (দ্রঃ)] বিণ, সমর্থ; সঙ্গতিপন্ন; ধনশালী।
সাতানই, সাতানব্বই [সং-সপ্তনবতি] বি, ৯৭ সংখ্যা; সাত অধিক নব্বই। "সাতানই বন্দে বিশাই টাঙ্গাইল দড়ি।" -কবিকং।
সাতান্ন [সং-সপ্তপঞ্চাশৎ] বিণ, পাঁচদশ সাত সংখ্যক। ২ বি, ৫৭ সংখ্যা।
সাতাল [সপ্ততাল ভেদ ব্যাপারের ইঙ্গিত] বি, বাহ্বাস্ফোট পূর্ব্বক আঘাত। "সুমেরু পর্ব্বতে যেন করিতে সা॰"-কৃত্তি॰।
সাতাশ, সাতাইশ [সং-সপ্তবিংশ] বি, সংখ্যাবিঃ; দুইদশ সাত। ২ বিণ, ২৭ সংখ্যক।
সাতাশি [সপ্তবিংশতি >। ছন্দের অনুরোধে ই যোগ] বি, সাতাশ; ২৭। গোলান্দাজ নবগ্রহ নক্ষত্র সাতাশি।"-অং॰ম॰।
সাতাশি,-শী [সপ্ত-অশীতি >] বি, সাত অধিক আশী। ২ বিণ, ৮৭ সংখ্যক।
সাতি [সং] বি, শেষ। ২ তীব্র যাতনা। ৩ ধ্বংস। ৪ দান gift.
সাতিশয় [স (সহিত) + অতিশয়] বিণ, অত্যন্ত অধিক।
সাতিসার [স (সহিত) + অতিসার (উদরাময় রোগ) যে, বহ॰] বিণ, উদরাময়বিশিষ্ট; অতিসার রোগাক্রান্ত।
সাতেসরী [প্রা॰ বাং। সপ্ত > সাত -সর (=সার=শ্রেণী) + ঈ(বিশে॰)। সাতসরি, সাতেসরি (অস॰ রামা॰) ও॰] বিণ, সাতহালী; সাতনরী; সাতকণ্ঠী। "ছিণ্ডি জাবি জাঅ কাহাঞি সা॰ হারে।"-শ্রী॰কী॰।
সাতোয়ান-সাতান দ্রঃ।
সাত্তিক, সাত্বিক [সত্ত্ব, সত্ব (গুণ দ্রঃ) + ইক] বিণ, সত্ত্বগুণ সম্বন্ধীয়। ২ সত্ত্বগুণজাত। ৩ সত্য; সৎ। ৪ সাধু। ৫ ফলাকাঙ্ক্ষারহিত; নিঃস্বার্থ। ৬ [এই অর্থে সা॰ ভাব] বি, স্তম্ভ, স্বেদ, রোমাঞ্চ, স্বরভঙ্গ, কম্প, বৈবর্ণ্য, অশ্রু ও প্রলয় (মূর্চ্ছা) এই অষ্টবিধ অন্তঃকরণের ভাববিঃ। ৭ ব্রহ্মা। ~ী-বিণ, সত্ত্বগুণ সম্বন্ধীয়। ২ বি, দুর্গা। ~দান-বি, ফলাকাঙ্ক্ষারহিত দান। ~পূজা-বি, ফলকামনারহিত পূজা। ~পুরাণ-বি, বিষ্ণু, নারদ, ভাগবত, গরুড়, পদ্ম ও বরাহ পুরাণ। ~ভাব-বি, সাত্ত্বিক ৬ দ্রঃ। ~স্মৃতি-বশিষ্ঠ, হারীত, ব্যাস, পরাশর, ভরদ্বাজ ও কশ্যপ কৃত স্মৃতি।
সাত্ত্বিকাহার [সাত্ত্বিক + আহার] বি, সত্ত্বগুণবর্দ্ধক আহার্য্য। ২ (সাধাঃ) প্রাণীহিংসাবর্জ্জিত ভোজ্য; নিরামিষ আহার। ৩ [ভগবদ্গীতায় ১৭ অধ্যায়] আয়ুঃ, সত্ত্ব, বল, আরোগ্য, সুখ ও প্রীতিবিবর্দ্ধক ও সরস, স্নিগ্ধ, স্থায়ী এবং হৃদ্য আহার।
সাত্যকি [সত্যক (বৃষ্ণিবংশীয় কোন ব্যক্তি) + ই (অপত্যার্থে)] বি, যদুবংশীয় বীরবিঃ; কৃষ্ণের সারথি।
সাত্যবত [সত্যবতী + অ (অপত্যার্থে)] বি, সত্যবতী নন্দন বেদব্যাস।
সাত্বৎ [সাত্ব-অৎ (সতত গমন করা) + (কিপ, তু)] বি, যদুবংশীয় লোক। ২ যাদবগণের দেশবিঃ। ৩ [সাতি (সুখী করান) + বৎ] বি, পূজক।
সাত্বত [সাত্বৎ + অ] বি, বলদেব। ২ বিষ্ণু। ৩ বিষ্ণুভক্তবিঃ। ৪ সত্বৎদেশবাসী।
সাত্বতী [সাত্বত + ঈ (স্ত্রীং)] বি, শিশুপালের জননী। ২ নাটকীয় বৃত্তিবিঃ।
সাত্বিক-সাত্ত্বিক দ্রঃ।
সাথ [সহিত >] ক্রি-বিণ, সঙ্গে; সহিত। "জীবন পথে থেক সাথে সাথে।" -হ্ন॰। ~ী১, সাথুয়া, সেথো [প্রা॰ সাঁতী, সাতি] বিণ, সহগামী; সহচর; সঙ্গী। "ওগো আমার নবীন সাথী লুকাইয়েছিলে কোন্ বিমানে"-রবী॰।
সাথী২ [শাস্তি > প্রা॰ বাং প্রাকৃ॰] বি, শাস্তি; দণ্ড। "দোষ পাইলেঁ নাকে কানে করে সাথী"-শ্রী॰ কী॰।
সাথুয়া-সাথ দ্রঃ।
সাথে-ক্রি-বিণ, সহিত। "গানের সাথে মানুষের সম্পর্ক চিরকালকার।"-ভারতী, ১৩৩১। সাথের সাথী-বি, সঙ্গের সঙ্গী; সহযাত্রী। "তোমার সা॰ সা॰ রৈল কোথা" -গান। গ্রা॰ সাঁতের সাঁতী। "এমনি তুমি তাঁতের তাঁতী (তোমার) ব্রহ্মা বিষ্ণু সাঁতের সাঁতী"-গ্রাম্য-গীত।
সাদ১ [সদ্ (অবসন্ন হওয়া) + অ (ভা॰)] বি, অবসন্নতা; আলস্য। ২ বিশুদ্ধতা। ৩ ক্ষীণতা। ৪ বিনাশ। ৫ হিংসা। "এত বড় তার সাদ তোমা সনে করে বাদ করিবেক ব্যাস বারাণসী।"-অং॰ ম॰।
সাদ২ [সং-শব্দ >। বৌ॰ বাং প্রাকৃ॰] বি, শব্দ। "জঅ জঅ দুন্দুহি সাদ উছলিআঁ" -চ॰ ১৯।২।
সাদ৩ [সাধ > প্রা॰] বি, সাধ; ইচ্ছা; অভিলাষ। ২ গর্ভিণীর স্পৃহা; দোহদ।
সাদ৪ [ফা॰ শাদ (আহ্লাদ)] বি, আহ্লাদ। সাদ-আহ্লাদ [ফা॰ শাদ + বাং-আহ্লাদ। একার্থক সহ॰ দ্বন্দ্ব] বি, আহ্লাদ আমোদ; আমোদ প্রমোদ। প্র- এই ত তার সা॰আ॰ করিবার বয়স। ২ আমোদ প্রমোদ করিবার ইচ্ছা। প্র-তার মনে কোন সা॰আহ্লাদ নাই।
সাদন [সদ্ + ণিচ্ = সাদি (গমন করা) + অন (ভা॰)] বি, সদন আলয়। ২ দূরীকরণ। ৩ উচ্ছেদকরণ; বিনাশন। ৪ ক্লান্তকরণ।
সাদর [স (সহিত) + আদর যে বা যা, বহ॰] বিণ, আদরের সহিত; আদরবিশিষ্ট। ক্রি-বিণ, সাদরে-আদর পূর্ব্বক; আদর করিয়া। ~সম্ভাষণ-বি,
সাদা১ [সং-সিত, বা শ্বেত >। বিপরীত -কালা (এশিয়াবাসী, ভারতীয়, আফ্রিকার অধিবাসী=কালা আদমী)] বিণ, শুভ্র। ২ শ্বেতকায় জাতি; য়ুরোপীয়। "দক্ষিণ আফ্রিকার ভারতবাসী যেকার সাহায্য পাইবে না সাদার জন্য বিশেষ ব্যবস্থা"-আ॰ বাজার পত্রিকা, ১৮ই কার্ত্তিক, ১৩৩৯।
সাদা২ [ফা॰ সাদাহ্] বিণ, কুটিলতাশূন্য; সরল। ২ সহজ। ৩ ষ্ট্যাম্পহীন কাগজ। ~-কথা-বি, স্পষ্ট সরল বাক্য। ~-কাগজ -বি, যে কাগজে লেখা হয় নাই। ~-কাপড়-বি, অরঞ্জিত বস্ত্র। ~-মন

-বি, সরল মন। ~-মাঠা-বি, মাঠা দ্রঃ। ~-রোসনাই-বি, কাগজ ও আলোর খরচ। ~সিধা, ~সিদে-বিণ, সরল; সোজাসুজি। "সাদাসিদে লোক আমি উপমার ঘটা নাহি জানি।"-অশোক°। ২ আড়ম্বরশূন্য।~-হাত-বি, সধবার চিহ্নশূন্য হস্ত; রাঁড় হাত। সাদাকে কালি এবং কালিকে সাদা কঁরা-হয়কে নয় নয়কে হয় করা; মিথ্যাকথা বলা; যা হইয়াছে তা হয় নাই বলা এবং যা হয় নাই তা হইয়াছে বলা। "এই তদন্তের ভার ইহার হস্তে ন্যস্ত থাকায় গ্রামে ইহার অখণ্ডনীয় প্রতাপ। ইনি অনায়াসে সাদাকে কাল এবং কালকে সাদা করিতে পারেন।"-প্রবাসী, ৭ম সংখ্যা, ৪র্থ ভাগ। সাদা রোশনাই-রোশনাই দ্রঃ।

সাদালিতি, শাদালুতি,-লোতি [আ°সদারৎ (সভাপতিত্ব-মোড়লি) হইতে?] বি, সরফরাজি; অনাহুত মোড়লি। সা° কঁরা-ক্রি, মোড়লি করা।

সাদি, সাদী [সদ্ (গমন করা)+ই (র্তৃ), সদ্+ইন্(র্তৃ, শীলার্থে)=সাদিন্ ১মা, ১ব°] বি, অশ্ব, গজ অথবা রথারোহী যোদ্ধা। ২ সারথি। ৩ বিণ, ক্লান্ত; আসন্ন।

সাদিনা [সাতদিন+আ] বি, সাতদিন ব্যাপী উৎসব। "সাতদিন পর্য্যন্ত রাজা সা° কোরাইল।"-মাণিক° গান।

সাদুয়া-সাধুয়া দ্রঃ।

সাদৃশ্য [সদৃশ (তুল্য)+য (ভা°)] বি, তুল্যতা। ২ আলেখ্য।

সাদ্ধি, সাদ্দি-সাধ্য দ্রঃ।

সাধ১ [সং-সাধ। প্রা° সাদ] বি, ইচ্ছা; কামনা; বাসনা; স্পৃহা। "শেখরের ভাব দেখিয়া ললিতার থিয়েটার দেখিবার সাধ লোপ পাইল।"-পরিণীতা (শরৎ চট্টো°)। ২ গর্ভিণীর ভোজনেচ্ছা; দোহদ; গর্ভিণীর ইচ্ছামত ভোজনোৎসব। ৩ আদর; যত্ন। ৪ সখ। "সাধের তরণী আমার কে দিল তরঙ্গে।"-বঙ্কিম°। সাধ কঁরা-ইচ্ছা করা; বাঞ্ছা করা। ২ গর্ভিণীর তৃপ্তিকর ভোজনোৎসবের অনুষ্ঠান করা। সাধ খাওয়া-ক্রি, গর্ভিণীর বাসনায় তৃপ্তিজনক ভোজ্য ভোজন করা। সাধ দেওয়া-ক্রি, গর্ভিণীকে তার তৃপ্তিকর ভোজ্য দানের উৎসব করা। ~ভিক্ষণ-বি, গর্ভিণীর বাঞ্ছিত ভোজ্য ভোজন; দোহদ। সাধ মেটা-বাসনার পরিতৃপ্তি হওয়া; ইচ্ছা পূর্ণ হওয়া।

সাধ২ [সং-সাধু > সাউধ >] বি, সাধু। "চোরের দশদিন সাধের একদিন"-প্রবচন।

সাধঁক [সাধ্+ণিচ=সাধি (সিদ্ধ করান) +অক (র্তৃ)] বিণ, আরাধনাকারী; সেবক; অর্চ্চনাকারী। ২ মন্ত্রাদি সিদ্ধিকারক। স্ত্রীং সাধিকা।

সাধঁন [সাধ্ (নিষ্পন্ন করা)+অন (ভা°)] বি, সাধনা; সিদ্ধি। ২ আরাধনা। ৩ নিষ্পাদন; সম্পাদন। ৪ বিনাশন; বধ। ৫ ধাতুমারণ; পারদাদিশোধন। ৬ অন্ত্যেষ্টিক্রিয়া। ৭ অনুগমন। ৮ [+অন (ণে)] মন্ত্রসিদ্ধকরণ। ৯ কারণ; হেতু। ১০ উপায়; সহায়। ১১ উপকরণ। ১২ করণ-কারকবিঃ। ১৩ প্রমাণ। ১৪ সম্পত্তি। ১৫ যুদ্ধোপকরণ। ১৬ বাহন। ১৭ সৈন্য। ১৮ মেঢ্র। ~ক্ষম-বিণ, সাধন কর্ম্মে সমর্থ। ~নিষ্ঠা-বি, সাধন-পরায়ণতা বা একাগ্রতা; সাধনানুরাগ। "এই সাধননিষ্ঠা ও স্বাবলম্বন তাঁহার দ্বিতীয় মৌলিকতা" -ভারতী, ৩৬শ বর্ষ। ~ভঁজন-বি, পূজা আরাধনা। ২ যোগার্চ্চনা; তপজপ। "সাধনভজন জানি না মা"-আণ্টনি ফিরিঙ্গী। ~মার্গ-বি, প্রক্রিয়া ও নিয়ম পালন দ্বারা সিদ্ধিলাভের পথ। স্বার্থ-সাধঁন-বি, স্বপ্রয়োজন সিদ্ধি; স্বকার্য্য সম্পাদন।

সাধঁনা [সাধন (দ্রঃ)+আ (স্ত্রীং)] বি, উপাসনা; আরাধনা। "মা যদি জেগেছে সাধিবে কি সাধনায়।"-গান। ২ সিদ্ধি-লাভের জন্য চেষ্টা ও বিহিত প্রক্রিয়া। ৩ সিদ্ধি। সাধ্যসাধঁনা-বি, অনুনয় বিনয়; সাধাসাধি। ২ যোগ-যাগ।

সাধনী [সাধ (দ্রঃ)+নী (কারিণী অর্থে)] বি, সাধকারিণী; অভিলাষিণী; বিলাসিনী। "সাধের সা° সব কোথা যাও মা"-ম°।

সাধঁনীয় [সাধ+ণিচ=সাধি (সিদ্ধ করান)+অনীয় (র্ম্ম)] বিণ, আরাধনার যোগ্য; আরাধনীয়। ২ সাধনোপযোগী। ৩ নিষ্পাদ্য।

সাধঁব [সাধু (দ্রঃ) শব্দের বহুব°] বি, সাধুগণ।

সাধভিক্ষণ-সাধ দ্রঃ।

সাধর্ম্ম্য [সধর্ম (ধর্ম্মের সহিত)+য (ভা°)] বি, সমধর্ম্মবত্তা।

সাধঁস [সং-সাধ্বস >] বি, ভয়; ত্রাস। "সা° না কর চলু পিয় পাশ।"-বি° প°।

১সাধা [সাধ্ (সাধনে, নিষ্পাদনে) >। সাধি, সাধ (সাধেন, সাধিস), সাধে (সাধেন); সাধিতে (কে° সাধতে); সাধিয়া (কে° সেধে)। ণিজন্ত-সাধান। প্রা° ২সাদা। প্র-সেদে কথা বলা] ক্রি, সাধন করা; সম্পাদন করা। ২ সমাধান করা। প্র-ব্যাকরণের পদ সাধা; ধাতু সাধা; গণিতের অঙ্ক সাধা। ৩ [এই অর্থে নারীভাষায় 'সওয়া' (দ্রঃ)। "জল সওয়া"। সহা, সয়া। সাধি > সাহি > সাই (দ্রঃ)] সংগ্রহ করা; আদায় করা। প্র-চাঁদা সাধা। "দান সাধু * * পথত বসিআঁ।।" -শ্রী° কী°। "দান সাধসি যমুনার কূলে।" -ঐ। ৪ অভ্যাস দ্বারা সিদ্ধিলাভ করা। ৫ ঘটান। প্র-বাদ সাধা। ৬ স্বতঃপ্রবৃত্ত হওয়া; যাচা। প্র-সাধিয়া কথা কহা। ৭ সিদ্ধ করা; সম্পূরণ করা। "মন দিয়া হুয়া মোর সাধহ কামনা।"-কবিক°। ৮ উপায় করা; বিধান করা; বিহিত করা। ৯ প্রয়োগ করা। "ঔষধ সাধিয়া মোর স্বামী কর বশ।"-কবিক°। ১০ সাধ্য সাধনা করা; অনুনয় বিনয় করা। "ও যে সাধা মন রাখা ছলনা চাতুরী মাখা।" -কুঙ্কুম। "সাধ করে সাধি গিয়ে ভাসিয়ে দিয়ে কুলমান।"-গান। ১১ অর্জ্জন করা; উপার্জ্জন করা। "হাল খানায় মাসরা সাধে দেড় বুড়ি কড়ি।"-মাণিক° গান। ১২ আচরণ করা। "তোহারি বিরহে যব তেজব পরাণ। তব তুহুঁ কা সঞে সাধবি মান।"-বি° প°। ১৩ [প্রা° বাং-র] প্রতিষ্ঠা করা; সুপ্রতিষ্ঠিত করা। "লক্ষ্মণ সহাএঁ সাধিলোঁ যান সীতার কইলোঁ উদ্ধার।"-শ্রী° কী°। প্রা° বাং রূপ [শ্রী° কী°] সাধঁসি, সাধঁহ -সিদ্ধ করা। "মোর সাধহ কামনা"-কবিক°। ২ রক্ষা কর। "সাধহ সম্মান"-কবিক°।

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঙ্গ=গ্যঁ ঞ্চ=ন্চে ঞ্ছ=ন্ছ হ্ন=হ্ন হ্ল হ্ব হ=ন্হে হ্ম হ্য হ্র হ্ব্য, ক্ষ ক্ষ্ম ক্ষ্য ক্ষ্ম=zwv ও চ্ছা° দ্রঃ

৩ সংগ্রহ করিতেছে। সাধিএ-সাধি। সাধিলেহেঁ।-সাধন করিলে। সাধিলোঁ।-সাধিলাম। সাধীল-সাধিল। সাধো-সাধি।

সাধারণ [স (সহিত) ধারণা+অণ্-ধারণাসহ বিদ্যমান যে বা যা=সধারণ+ক] বিণ, সামান্য ; সবিশেষ ; সকলের মধ্যে বিদ্যমান। ২ তুল্য ; একবিধ। ৩ অনেকের সম্বন্ধীয়। ৪ [ন্যায় দর্শনে] বি, হেত্বাভাস। ৫ জনসাধারণ ; লোকসমাজ ; গণ। স্ত্রীং ~ী। ~তঃ (-র্ং) [-তস্] অ, সাধারণভাবে ; সচরাচর ; প্রায়। ~তন্ত্র-বি, যেখানে রাজা নাই, জনসাধারণের মতানুসারে এবং প্রজাসাধারণের প্রতিনিধিবর্গের দ্বারা যথায় সমুদয় রাজকার্য্য নির্ব্বাহিত হয় democracy ; republic. ~ধর্ম্ম-বি, চাতুর্ব্বর্ণের প্রতিপাল্য ধর্ম্ম। ~স্ত্রী-বারবিলাসিনী ; গণিকা।

সাধারণ্য [সাধারণ+য (ভা০)] বি, যা সকলেতে আছে ; সাধারণের ধর্ম্ম।

সাধাসাধি-বি, সাধ্যসাধনা ; অনুরোধ উপরোধ ; ঝাচাঝাচি। "তারপর চারু আসিয়া সা০ করিল, পীড়াপীড়ি করিল, মামীকে দিয়া সুপারিশ করাইল কিন্তু কিছুতেই তাকে রাজী করিতে পারিল না।" -পরিণীতা (শরৎ চট্টো০)।

সাধি [সাধা দ্রঃ] ক্রি, সাধন করি। ২ সাধ্যসাধনা করি। ৩ সংগ্রহ করি ; আদায় করি। প্র-বিল সাধি। ৪ [ব্যা০, অন্ত ই০] সমাধান করি।

সাধিকা [সাধ্ (নিষ্পন্ন করা)+অক (র্তৃ)+আ (স্ত্রীং)] বি, সাধনকর্ত্রী। ২ গাঢ়নিদ্রা ; সুষুপ্তি।

সাধিত [সাধ্+ণিচ্=সাধি(সিদ্ধ করান)+ত (র্ম্ম)] বিণ, নিষ্পাদিত ; সম্পাদিত। ২ প্রমাণসিদ্ধ।

সাধিষ্ঠ [সাধু+ইষ্ঠ (অতিশয়ার্থে)] বিণ, অতিশয় সাধু। ২ যোগ্যতম। ৩ ন্যায্যতম। ৪ [বাঢ়+ইষ্ঠ ; বাঢ়=সাধ] অত্যতিশয় ; সাতিশয়। ৫ কঠিন।

সাধিষ্ঠান [স (সহিত)+অধিষ্ঠান] বি, দেহস্থিত ষট্চক্রের মধ্যস্থিত চক্রবিঃ।

সাধীয়ান্ [সাধু+ঈয়স্ (অতিশয়ার্থে) =সাধীয়স্ ১মা, ১ব০] সাধিষ্ঠ দ্রঃ। স্ত্রীং সাধীয়সী।

সাধু [প্রাকৃ০ সাহ। সাধ্ (সিদ্ধ করা)+উ (র্তৃ)] বিণ, ধর্ম্মপরায়ণ ; ধার্ম্মিক। "সাধু ব্যক্তির বিশেষত্বটি এই যে, তাহার বিবেক-বুদ্ধিই তাঁহার জীবনের নেতা ; তাঁহার ভাগ্যে যা কিছু আইসে, তাহাতেই তিনি সন্তুষ্ট ; বহির্বিষয়ের কোলাহলে অবিচলিত থাকিয়া, তিনি তাঁহার অন্তর্দেবতাকে পরিশুদ্ধ রাখেন, শান্ত রাখেন এবং তাঁহার আদেশবাণী দেববাণীর ন্যায় পালন করেন। বাক্যে তিনি সত্যপরায়ণ কার্য্যে তিনি ন্যায়পরায়ণ হয়েন।" -মার্কাস অরিলিয়াস। ২ সদ্বংশজাত। ৩ সদাশয় ; সজ্জন ; ভদ্র। ৪ সুন্দর। ৫ উত্তম। ৬ ব্যবসায়ী ; গন্ধবণিক। ৭ সুদখোর। ৮ উপযুক্ত ; যোগ্য। ৯ দক্ষ ; নিপুণ। ১০ উচিত। ১১ বি, শাক্যমুনি ; বুদ্ধ। স্ত্রীং সাধু। (২) সাধ্বী। ~খাঁ-বি, নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ। ~তা [সাধু+তা (ভা০)] বি, ধার্ম্মিকতা। ২ সদ্ব্যবহার। ৩ শিষ্টতা ; সৌজন্য ; ভদ্রতা। ~বাদ [সাধু-বদ্ (বলা)+অ (ভা০)] বি, "সাধু সাধু" বলিয়া ধন্যবাদ ; প্রশংসা। ~বাহ,-বাহী [সাধু (সুন্দর ভাবে) বাহ, বাহী (যে বহন করে)] বি, সুশিক্ষিত অশ্ব। ~বৃত্ত [সাধু (সৎ) বৃত্ত (চরিত্রশীল) যে, বহু০] বিণ, সচ্চরিত্র ; সংস্বভাব। ~ভাষা-বি, শুদ্ধভাষা। ২ সংস্কৃত ভাষা। ৩ অভিজাতবর্গের ব্যবহৃত ভাষা ; মার্জ্জিত ভাষা ; শিষ্টভাষা। ~শীল -বিণ, সচ্চরিত্র ; সংস্বভাব। ~-সংসর্গ, ~সঙ্গ-বি, সাধুজনের সহবাস ; সাধুচরিত্র ব্যক্তির সঙ্গ। "সাধুগণ সদা সাধু-সংসর্গ দ্বারা পূত, সুভাষিত বাক্যরূপ বারি দ্বারা আপনাকে পবিত্রীকৃত বোধ করেন।"-মহা০ (বর্দ্ধ০)। ~সম্মত-বি, সাধুসজ্জনের সম্মতি-প্রাপ্ত ; ধার্ম্মিকদিগের অনুমোদিত।

সাধুয়া,সেধো [সাধা+উআ > কেং সেধো > গ্রা০ সেদো] বিণ, যে সাধে ; যে যাচে বা অনুনয় সহকারে প্রার্থনা বা অনুরোধ করে ; যে সাধ্যসাধনা করে।

সাধুয়াল [সাধু-আলা > আল (= য়াল)] বি, সওদাগরী। "ধিক্ সা০ দুঃখে গেল কাল ফেরুয়া ভাল জীয়ে।"-কবিক০।

সাধুরডিঙ্গ-বি, গন্ধবণিক ব্যবসায়ীর ডিঙ্গা। ২ গন্ধবণিকের প্রাচীন উপাধি।

সাধু-সাবধান-অ,ভাবী চুরি, বিশ্বাসঘাতকতা ই০ অনিষ্ট পাতের বিরুদ্ধে নির্দ্দোষী বা সাধুর প্রতি সতর্কীকরণ বা সাবধান বাণী।

সাধে,[১]-ক্রি-বিণ, সাধ করিয়া ; ইচ্ছায়। সাধে কি ? [কি (প্রশ্নচ্ছলে, নঞ্ অর্থে] ইচ্ছায় নহে, বাধ্য হইয়া। প্র-সাধে কি ওখানে আর যাই না ?

সাধে,[২]-সাধা দ্রঃ।

সাধ্য [সাধ্+য (র্ম্ম)] বি, যোগবিঃ। ২ [তর্কবিজ্ঞান] নিগমনাবয়বের বিধেয় ; কোন বিষয় সম্বন্ধে যা প্রমাণ করিতে হয় major term ৩ নির্দ্দেয় বস্তু। "কৃষ্ণের স্বয়ং ভগবত্ব ইহা হইল সাধ্য"-চৈ০ চ০। ৪ [+য(ণে)] শর। ৫ মনঃ, মন্তা, প্রাণ, নর, পান, বীর্য্যবান্, বিনির্ভয়,নয়, দংশ, নারায়ণ, বৃষ, প্রভু এই দ্বাদশ প্রকার গণদেবতাবিঃ। ৬ [প্রা০ সাধ্যি, সাদ্যি, সাদ্দি] বি, ক্ষমতা ; শক্তি ; সামর্থ্য। ৭ বিণ, সাধনযোগ্য। ৮ সম্পাদ্য। ৯ প্রতিবিধানযোগ্য। ১০ প্রতিপাদ্য ১১ শক্য। ১২ নিবর্ত্তনীয়। ১৩ জেয়। ১৪ আরগ্য সম্ভাব্য ; যে রোগ নাশ করা যাইতে পারে curable. ~তা-শক্যতা ; পারগতা। ~মত-বিণ, যথাসাধ্য ; সামর্থ্যানুরূপ। > ক্রি-বিণ, ~মতে-সাধ্যানুসারে ; ক্ষমতা থাকিতে। ~সাধনা -বি, নির্ব্বন্ধাতিশয়ে অনুরোধ ; অনুনয়-বিনয়।

সাধ্যা/তিরিক্ত,-তীত [সাধ্য+অতিরিক্ত, + অতীত] বিণ, ক্ষমতার অতিরিক্ত ; সামর্থ্যের বাহিরে বা অধিক। ~নুরূপ, ~নুসারে-ক্রি-বিণ, পারতপক্ষে ; সাধ্যমত।

সাধ্যাবয়ব [অবয়ব দ্রঃ। ন্যায়শা০] ন্যায়ের প্রথম পক্ষ major premise.

সাধ্যাসাধ্য [সাধ্য+অসাধ্য] বিণ, ক্ষমতাধীন ও ক্ষমতার বাহির ; সম্ভবাসম্ভব ; শক্যাশক্য।

সাধ্বস [সাধু (সজ্জন)+অস্ (ক্ষেপণ

করা) + অ (র্ম)] বি, সম্ভ্রম। ২ ভয় ; শঙ্কা ; ত্রাস। "তথাপি সাধ্বস করে দেখি সর্ব্বজন।"-চৈ° ভা°। "গোপীগণে দেখি কৃষ্ণের হইল সা°।"-চৈ° চ°। ৩ মনের আবেগ ; ব্যাকুলতা।

সাধ্বী [সাধু+ঈ (স্ত্রীং)] বি, সতী ; পতিব্রতা। ২ সাধুর স্ত্রী। "শুভসমাচারে সাধ্বী দূতে দিল ঘোড়া।"-রামেশ্বরী সত্যনারায়ণ। ৩ সচ্চরিত্রা ; সৎস্বভাবা। ৪ শ্রেষ্ঠনারী ; উত্তমা।

সান্১ [প্রা°বাং। সং-স্থান (সঙ্কেতভেদ। শ্রী° কী° টীকায়)। ফা° সর্ন্। > অর্ব্বাচীন সং-শাণী শব্দকল্পে-"হস্তকটাক্ষাদিসূচনা। ইসারা ইতি পারস্য ভাষা- ইতি শব্দরত্নাবলী)।" > আধু° বাং প্রা° ছানি। প্র-হাতছানি দিয়া ডাকা] বি, ইঙ্গিত ; সঙ্কেত ; ইসারা। "মিছাই মাথা এ পাড় এ সান"-শ্রী° কী°। "কাহ্নাঞি বাঁশীত দিল সানে"-ঐ। "ওড়ন কাড়ে বলে সানে। তাক লইয়া ঘর কেনে।"-ডাক°। "দেই রামা হাত সান ধনপতি ত্যজি মান দণ্ডবতে পড়িল চরণে।"-কবিক°। ২ সড় ; গোপন পরামর্শ। "শঙ্খ দত্ত তারে কয় জলের পরীক্ষা নয় পথিক সহিত ছিল সান।"-কবিক°।

সান্২ [স্নান >। প্রা° ছান, চান] বি, জলে অবগাহন ; স্নান। "ছাড়িয়া সুম্ন পরভূ ধবল সিংহাসন। সান কইতে পরভু করিলা গমন।"-শূ° পু°।

সান্৩ [সং-সংজ্ঞা বা সজ্ঞান >] বি, সংজ্ঞা ; চেতনা ; সাড়া। ২ অনুভূতি ; অনুভবশক্তি।

সান্৪-শাণ দ্রঃ।

সান্৫ [ছাদন >] বি, আবরণ ; অবগুণ্ঠন ; ঘোমটা।~কাটা-ঘোমটা দেওয়া।

সানক [আ° সহ্নক্। সান্‌কী (দ্রঃ) অপেক্ষা বড়] বি, পোড়া মাটির থালা বা রেকাবী। "সা° পিয়ালা নেও লেখা যোখা করি।"-মনসা° (বংশী°)।

সানন্দ [স (সহিত) + আনন্দ (হর্ষ) যে, বহু°] বিণ, সহর্ষ ; আনন্দযুক্ত ; আনন্দের সহিত বর্ত্তমান। "তারা সা° উৎসুক্যে জিজ্ঞাসা করিল"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ২ [সঙ্গীতে] বি, ধ্রুবকবিঃ। ~চিত্ত,~অন্তর -বিণ, প্রফুল্লচিত্ত। ক্রি-বিণ, সানন্দে-আনন্দিত হইয়া ; হৃষ্ট মনে।

সানা১ [সং-সন্নাত > সান + আ] বিণ, বিবিধ অস্ত্র সংযুক্ত দুর্ভেদ্য বর্ম্ম ; সাঁজোয়া। "সে মোর পরম বন্ধু বান্দে বীরপণা। তাহার উপরে ভুমি হয়েযাও সানা।"-ঘ। ২ তাঁতের যন্ত্রে যে ছিদ্রের মধ্য দিয়া সূতা প্রবেশ করে। " * * বিণি শয়ের তানা, গাঁথি তাহে বিস্ময় সানা ; হয় রকমের হ'রেক বানা। নিত্য নূতন আন।"-গ্রাম্যগীত। তাঁতির তাঁতের সানা লাউ সেন বলে।"-ঘ°।

সানা২ [সান্২ (দ্রঃ) > সাননা > সানা, ছানা, ছাঁকা। স=ছ] ক্রি, ছাঁকা ; পরিস্রুত করা।

সানা৩ [হিং সাননা] ক্রি, জলাদি তরল পদার্থ দ্বারামাখা mead. প্র-আটা সানা।

সানাই [সানিকা দ্রঃ। ওরাও°'সাহনাই'] বি, বংশীবিঃ। "মঙ্গল শঙ্খের সঙ্গে করিতে লড়াই রঙ্গে ভঙ্গে আইসে সা°।" -অশোক°।

সানাকর [সানা(দ্রঃ) + কর (যে করে)] বি, সানা নির্ম্মাণকারী জাতিবিঃ। "সানা বান্ধিয়া নাম ধরে সানাকর। জীবনউপায় তার পায়্যা তাঁতি ঘর।"-কবিক°।

সানাড়ি,-ড়ী [সজ্ঞানী >। আনাড়ী দ্রঃ। 'স' আছে এই অর্থে,যার জ্ঞান আছে। 'স'র বিপরীত=অ, আ (নাই অর্থাৎ অভাবার্থে)। তুল-সাকুব (দ্রঃ)] বিণ, অভিজ্ঞ ; শিক্ষিত ; বুঝদার ; চতুর।

সানানি [সান্৫ (দ্রঃ) + আন (ক্রিয়ায়)। প্র° পু° সানায় ; অস-ক্রি, সানাইতে ; সানাইয়া। ছাদন বা আবরণ করা ; ঢেকে ফেলা (cover; suffice) >] ক্রি,পূর্ণ হওয়া; পর্য্যাপ্ত হওয়া ; প্রয়োজন মত হওয়া ; পরিতৃপ্তি লাভ করা। "অম্বরি অথবা ভেলসায় সানে না।"-টেকচাঁদ। "কিন্তু মাত্র এতে সানায় না"-বিং কু° সরকার।

সানাভাত,-ভাতা [প্রাদে°] বি, চৌকিদারী টেক্স (কবিক°)।

সানাসানি [সান (ইঙ্গিত) + আ + সান (দ্রঃ) + ই] বি, পরস্পর ইসারা।

সানি১ [হিং সানী (সং-সংযম)] বি,ভিজা খৈলের সহিত বিচালি মাখা ; গবাদির আহার।

সানি২, সানী [আ° সানী] অ, দ্বিতীয় ; দ্বিতীয়বার ; পুনর্ব্বার।~-বিচার -বি, পুনর্ব্বিচার।

সানিকা, সানেয়িকা, সানেয়ী [সং] বি. সানাই ; বংশী।

সানী [সানাই > ক্ষে°] বি, সানাই। "মৃদঙ্গ মন্দিরা বাজে সানী।"-কবিক°।

সানু [সন্ (দান করা) + উ (ঞু)] বি, গিরিতট ; প্রস্থ : পর্ব্বতস্থ সমতল ভূমি। "সমতা করি দূর ছাড় হে এই পুর শরণ করহ সানু।"-কবিক°। ২ সূর্য্য। ৩ বাত্যা। ৪ পথ। ৫ বন। ৬ বিদ্বান্ ; পণ্ডিত। ৭ কিশলয়। ৮ অগ্রভাগ।

সানুকম্প [স (সহিত) + অনুকম্পা যে, বহু°] বিণ, অনুকম্পাযুক্ত ; সদয়। "সানুকম্প হয়ে তার মুখে দেয় বারি।"-কবিক°। স্ত্রীং ~া-বিণ, দয়ার সহিত ; সদয়া ; কৃপান্বিতা। "শুনিয়া তাহার কথা হৃদয়ে ভাবিয়া ব্যথা সানুকম্পা বলেন ভবানী।"-কবিক°।

সানুকূল [স + অনুকূল] বিণ, অনুকূলভাবাপন্ন। ২ সহায়ক।

সানুজ১ [স (সং) + অনুজ] বিণ, অনুজ সহিত। স্ত্রীং ~া।

সানুজ২ [সানু + জ] বিণ, পর্ব্বত হ'তে উৎপন্ন।

সানুদেশ [সানু দ্রঃ] বি, অধিত্যকা ; পর্ব্বতোপরিস্থ সমতলভূমি tableland.

সানুনয় [স + অনুনয়] বিণ, সবিনয়। ক্রি-বিণ, সানুনয়ে-অনুনয় সহকারে ; বিনয়পূর্ব্বক।

সানুনাসিক [স + অনুনাসিক] বিণ, নাকীসুরে। ২ নাসিকা সাহায্যে উচ্চারিত বর্ণবিশিষ্ট।

সানুভব [স (সহজাত) + অনুভব] বি, স্বানুভব ; আত্মানুভব ; বিষয়িগত ; মানসিক subjective. [পরানুভব দ্রঃ]।

সানুমান্ [সানু + মৎ (মতু-স্ত্যং) মুং সানুমৎ ১মা, ১ব°] বি, পর্ব্বত ; ভূধর ; শৈল। ২ বিণ, সানুবিশিষ্ট।

সান্‌কী [আ° সহ্নক্, ক্ষুদ্রার্থে ঈ] বি, শানকি দ্রঃ।

সান্ত [স+অন্ত] বিণ, সসীম। ২ 'স' বর্ণ যার অন্তে আছে।

সান্তপন [স্মৃ০] বি, ব্রতবিঃ। "গব্যদুগ্ধ, গব্যদধি, গোমূত্র, গোময়, এবং গব্যঘৃত এই পঞ্চগব্য পান করিয়া পরদিন নিরম্বু উপবাস করিবে, ইহা সান্তপন ব্রত।"–অত্রি সংহিতা (বঙ্গবাসী)।

সান্তর [স (সহিত)+অন্তর (ব্যবধান) বিদ্যমান যার, বহু০] বিণ, সচ্ছিদ্র। ২ ব্যবধানবিশিষ্ট ; বিরল। ৩ গর্ত্ত করা। বি, ~তা (-র্‌-)–যে গুণ দ্বারা পরমাণু সকলের কিঞ্চিৎ ব্যবধানতা থাকে।

সান্তরাল [স+অন্তরাল] বিণ, অন্তরাল বা ব্যবধানযুক্ত ; ফাঁক ফাঁক। ২ বি, সাধারণ সৈন্য ও গ্রামবল সংবসূচক উপাধিবিঃ।

সান্তানিক [সন্তান+ইক (সম্বন্ধার্থে)] বিণ, সন্তান সম্বন্ধীয়।

সান্তারা–সন্তরা দ্রঃ।

সান্তি [পাঠান্তরে–"শোলো সন্ধি," "সোল সন্ধি"। প্রা০বাং]বি,সন্ধি(দ্রঃ)।"সোল সান্তি লব লাভ বাহাত্তরি কোঠা।–শূ০ পু০।

সান্ত্রী [ইং sentryর লিপ্যন্তর] বি, প্রহরী ; সশস্ত্র রক্ষী ; **সিপাহী-সান্ত্রী**–সৈনিক প্রহরী ; সৈন্য পাহারা।

সান্ত্ব (-ন্ত্ব) [সান্ত্ব্ (শান্ত করা)+অ (ভা০)] বি, প্রবোধবাক্য। ২ প্রিয়বাক্য ; প্রীতিদায়ক কথা। ৩ সন্ধি। ৪ বিণ, অভিমত। ৫ প্রিয়।

সান্ত্বন [সান্ত্ব্ (শান্ত করা)+অন (ভা০)] বি, প্রিয়বাক্য দ্বারা প্রবোধ দেওয়া ; সান্ত্বনা দান। ২ প্রণয়। ৩ সস্নেহ সাদর সম্ভাষণ ও ও কুশল প্রশ্ন।

সান্ত্বনা [সান্ত্বন+আ (স্ত্রীং)] বি, প্রবোধন; আশ্বাসবাক্যে শান্তিদান consolation. **~দান**–শান্তি কামনায় উপদেশ দান ; প্রবোধন।

সান্ত্বনিত–বিণ, যাকে আশ্বাস বা প্রবোধ দেওয়া হইয়াছে।

সান্দীপনি [পু০] বি, মুনিবিঃ। শ্রীকৃষ্ণ ইঁহার নিকট শিক্ষালাভ করিয়াছিলেন।

সান্দ্র [স(সহিত)+অন্দ্ (বন্ধন করা)+র (র্তৃ)] বিণ, ঘন ; নিবিড়। ২ মনোরম। ৩ বি, কানন।

সান্ধা [সং–সন্ধা > বৌ০ প্রাকৃ০। আধু০ কথ্য বাং–সেঁধুনো। সান্ধঅ=সেঁধোয়। প্র০ পু০ সান্ধে। অস-ক্রি–সান্ধিতে ; সান্ধিয়া (গ্রা০ সেঁদিয়ে)। ক্রি, প্রবেশ করা। "এক সে শুণ্ডিনি দুই ঘরে সান্ধঅ" –চ০ পদ ৩।১। "সপ্তদশ বাণ সান্ধে একেবারে।"–মহা০ (বিজয়০)। ২ সন্ধান করা ; মর্ম্মস্থান লক্ষ করা। "অতি ক্রোধে অর্জ্জুন সান্ধিয়া মারে শর।"–ঐ।

সান্ধান [সন্ধি > । প্রা০বাং গ্রা০ সেঁদুনো। সান্ধা, সেঁধন দ্রঃ। সান্ধাই, সান্ধাও, সান্ধায় ; সান্ধাইতে ; সান্ধাইয়া] ক্রি, প্রবেশ করা। "নারিকেলে সান্ধাইল পানী"–কবিক০। "ভল্লুক সান্ধায় গর্ত্তে ভয়ে কম্পমান।"–ঐ। ২ [সন্ধান >] সন্ধান করা ; লক্ষ্য করা।

সান্ধি [সং–সন্ধি > বৌ০ প্রাকৃ] বি, সন্ধিস্থল ; ছিদ্র। "সিঞ্চহ পাণী ন পইসই সান্ধি"–চ০ পদ ১১।৩। ২ দোষ (চ০ পদ ১৭।৩)। ৩ সমস্যা। "অইসে বিসম সান্ধি কো পইসই"–দো০।

সান্ধিক [সন্ধা (চোয়ান)+ইক] বি, শৌণ্ডিক ; শুঁড়ি। ২ [সন্ধি+ইক] বিণ, সন্ধিকারী।

সান্ধিবিগ্রহিক [সন্ধিবিগ্রহ+ইক (র্তৃ)] বিণ, সন্ধিবিগ্রহ সম্বন্ধে অভিজ্ঞ। ২ মহাসান্ধিবিগ্রহিকের অধীন সমরসচিব।

সান্ধ্য [সন্ধ্যা+অ (ভবার্থে)] বিণ, সায়ংকালীন। ২ সন্ধ্যাসম্বন্ধীয়। **~তারা**–সাঁঝের তারা ; শুক্রতারা evening star ; vesper. **~দীপ**–সন্ধ্যার প্রদীপ ; সাঁঝের বাতি। **~বায়ু, ~সমীরণ**–বি, সন্ধ্যার হাওয়া ; সন্ধ্যায় প্রবাহিত বাতাস।

সান্ধ্যাকাশ [সান্ধ্য+আকাশ] বি, সন্ধ্যাকালীন আকাশ ; সান্ধ্যগগন।

সান্নায্য [সং] বি, হবনীয় ঘৃত।

সান্নিধ্য [সন্নিধি (নিকট)+য (স্বার্থে)] বি, সামীপ্য ; সন্নিধান।

সান্নিপাতিক [সন্নিপাত (একত্র মিলন)+ইক (ভবার্থে)] বিণ, ত্রিদোষজ ; বাত পিত্ত কফজ ; সাজ্বাতিক। ২ সমষ্টিজাত ; মিশ্রিত।

সান্ন্যাসিক [সন্ন্যাসিন+ইক] বি, সন্ন্যাসী ; ভিক্ষু।

সান্বয় [স (সহ)+অন্বয়] বিণ, সবংশ। ২ সম্বন্ধযুক্ত।

সাপ [সং–সর্প >] বি, সর্প ; ভুজঙ্গ। **~খোপ, সাপটাপ**–সর্পাদি ; সাপ ও তত্তুল্য জীবজন্তু। "ফুল তুলতে যাসনি ; সাপটাপ আছে হয় তো"–বা০ বসুমতী, ১৩৩৪। **সাপও মরে লাঠিও না ভাঙ্গে**–একদিকে ক্ষতি না করিয়া অন্য-দিকে শত্রু নাশ করা ; দুইদিক বজায় রাখা। **সাপে নেউলে**–অ, স্বভাব শত্রুতার অবস্থা ; চির শত্রুতার স্থল। **সাপের ছুঁচো গেলা**–সাপ মূষিক বলিয়া ছুঁচা ধরিলে দুর্গন্ধে গিলিতে চায় না কিন্তু সাপের দাঁত ভিতর দিকে বক্র বলিয়া মুখ হতে বাহির করিয়া দিতেও পারে না অবশেষে গিলিতেই বাধ্য হয় তদ্রূপ নিতান্ত অনিচ্ছায় বাধ্য হইয়া কোন কাজ করা। **সাপের পাঁচ পা দেখা**–যা হয় না গর্ব্বান্ধ হইয়া তারই সম্ভাবনা দেখা। **সাপের হাই বা হাঁচি বেদেয় চেনে**–বেদে সর্পপ্রকৃতি ভাল রকমই জানে তা হইতে যে যা লইয়া থাকে তার সম্বন্ধে অন্য অপেক্ষা অধিক জানে। **~হাঁড়ি**–বি, বিষধর সাপ হাঁড়ির মধ্যে আবদ্ধ থাকিলে হাঁড়ির মুখ খুলিলেই সে ফোঁস ফোঁস করিতে থাকে, সেই ভাব ; (তা হ'তে) অতি কোপনা স্ত্রী ; যে নারী নাগিনীর মতই তর্জ্জন গর্জ্জন করে।

সাপক্ষে [গ্রা০] ক্রি-বিণ, স্বপক্ষে দ্রঃ।

সাপট, সাপুটি [অনু০। সর্পাদির ল্যাজের আস্ফোটন শব্দ >] বি, ঝাপট। "লেজের সাপটে উড়ে পাদপ পাথর"–কৃত্তি০। ২ [সং–সর্পণ > সরপ্পট্ > সপট > হিং সপাটা(বেগ,তীব্রগতি,দৌড়) > বর্ণবিপর্য্যয়ে বাং-য় সাপট] তোড় ; জোর। ৩ মুখতাড়া ; ধমকানি ; তর্জ্জন। **মুখ-সাপট**–মুখের তোড় ; কথার জোর। "মুখের সাপটে দড় বিপদে অজ্ঞান।"–হেম০। ক্রি, **সাপটানি, সাপুটানি** [সং–সর্পাবর্ত্ত, সর্পাবেষ্ট। সপ্প+আবর্ত্ত বা আবেষ্ট=সাপাবট্ট,–বেট্ট=সাপাবট

>সাপট+আন (ক্রিয়ায়)-সর্পবৎ বেষ্টন। সাপটাই,-টাও,-টায়;সাপটিতে,সাপটাইতে (কেং সাপটাতে); সাপটিয়া, সাপটাইয়া (কেং সাপটে,পদ্যে-সাপটি) ইং] ক্রি,সাপের মত বেড়িয়া বা ছাঁদিয়া ধরা; জাপটাইয়া ধরা। "অঙ্গদ সে চারিজনে ধরিয়া সাপটে একলাফে প্রাচীরের উপরেতে উঠে।"-কৃত্তি°। "গর্জ্জি গজ সাপটে প্রমদে মুদ্গর"-মেঘ°। "কোনরকমে সাপটাইয়া ধরিয়া * * * চলিতে লাগিলেন।"

সাপত্ন, সাপত্ন্য [সপত্নী+অ, য (অপত্যার্থে)] বি, সপত্নী পুত্র; সতীনের ছেলে। ২ অরি; শত্রু। ৩ বৈরতা। ৪ বহুপত্নীকতা। ৫ বিণ, সপত্নীজাত।

সাপরাধ [স (সহিত)+অপরাধ যার, বহুং] বিণ, দোষযুক্ত; অপরাধী।

সাপিণ্ড [সপিণ্ড (জ্ঞাতি)+য (ভাং)] বি, সপিণ্ডতা। ২ জ্ঞাতিত্ব।

সাপুই [সামাজিক] বি, নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ।

সাপুড়া [সং-সম্পুট>] বি, কৌটা। "লম্বমান মতি যার অঙ্গদ কঙ্কণ হার কিনে বীর কনক সাপুড়া।"-কবিকং।

সাপুড়িয়া, সাপুড়ে [সং-সর্পহার] বি, যারা সাপ খেলাইয়া বেড়ায়। "আহা মরি বাছা উমা কি তপ করিলে। সাপুড়ের ভুতুড়ের কপালে পড়িলে।"-অং মং। ২ সাপ ধরিতে দক্ষ লোক। "কেহ বলে ডাক দিয়া আন সাপুড়িয়া"-ঐ।

সাপেক্ষ [স (সহিত)+অপেক্ষা যার, বহুং] বিণ, পরস্পরাপেক্ষী; অপেক্ষাযুক্ত। ২ [গং (হিং কোং); বলবিদ্যাং (কং বিশ্বং পরিঃ)] ইং relative এর বৈজ্ঞাং পরিঃ; আপেক্ষিক। >বি, ~তা, সাপেক্ষ্য-relativity.

সাপেক্ষানুমান [অনুমান, নিরপেক্ষানুমান দ্রঃ। mediate inference এর বৈজ্ঞাং পরিঃ] বি, "যে অনুমান (দ্রঃ) দ্বারা দুইটী সম্বন্ধ-জ্ঞান হতে একটা তৃতীয় সম্বন্ধ নিরূপণ করা যায়"; "দুইটী বাক্য হতে অনুমান করার নাম"। "(১) সকল মানুষ মর। (২) যদু মানুষ। ∴ (৩) যদু মর। এইটী একটী সাপেক্ষানুমান।"-তর্কবিজ্ঞান (প্রং সিংহ)।

সাপোট [সাপট দ্রঃ] বি, আস্ফালন; বড়াই। প্র-মুখ সাপোটে দড়। ক্রি, সাপোটা।

সাপ্টা, সাপটা [সং-সমেত। হিং সমেট] বিণ, সাঁট; থাউকা; থোক; মোটামুটি। ২ সংক্ষিপ্ত; স্বল্প। ৩ সস্তা। "বড় সাপ্টা দরে সাং করিলে খেতাব সি, এস্, আই"-হেমং। ৪ [অসি ও লাঠি খেলার ভাষায়] জার্ব্ব দ্রঃ। সাপটা বাড়ি-হস্ত উচ্চে তুলিবার ও নামাইবার কালে স্কন্দদেশের সন্ধিক্রিয়া সহ কনুইয়ের সন্ধি হ'তে সম্পন্ন লাঠি বা অসির আঘাত।

সাপ্তপদীন [সপ্ত (সাত)+পদ (পদক্ষেপ)+ঈন (প্রাপ্ত্যর্থে)] বি,মিত্রতা; সৌহার্দ্দ্য; সখ্য। ২ সাতটীমাত্র কথার যে বন্ধুত্ব উৎপন্ন হয়। ~পৌরুষ-বিণ, সাতপুরুষ সম্বন্ধীয়। ২ সাতপুরুষ ব্যাপী।

সাফ [আং সাফ্। গ্রাং সাপ] বিণ, পরিষ্কার। ২ স্পষ্ট। ৩ সর্ত্তহীন unconditional.৪ বেমালুম; অন্যের অজ্ঞাতসারে। প্র-সাফ বেরিয়ে যাওয়া,চোখে ধুলা দিয়া সাফ সরে পড়া। সাফ করা-ক্রি, পরিষ্কার করা। সাফ সুথরা করা-ক্রি, ঝাড় পোঁচ করা; সুপরিষ্কৃত করা। ~বিক্রয় [আদাং পরিঃ] সর্ত্তরহিত বিক্রয়। ~সুৎরা -বিণ, পরিষ্কৃত, আবর্জ্জনা রহিত; নির্ম্মল।

সাফলা [প্রাদেং] বি, কুমুদ ফুল (পূং বং গ্রীং)।

সাফল্য [সফল+য (ভাং)] বি, ফলোৎপত্তি; সুসিদ্ধি; সফলতা। ~মণ্ডিত-বিণ, লব্ধসিদ্ধি crowned with success.

সাফা১ [আং সাফ্ >। হিং] বিণ, পরিষ্কৃত; নির্ম্মল। ২ স্পষ্ট।

সাফা২ [আং সাফ্] বি, মোড়াসা পাগড়ী; পাগড়ী।

সাফাই [আং সাফাই] বি, পরিষ্কৃতি; বিশুদ্ধি। ২ দোষক্ষালন। ৩ বিণ, অপরাধমুক্ত; নির্দ্দোষ। সাং গাওয়া,~দেওয়া -দোষক্ষালনের জন্য প্রমাণ বা যুক্তি প্রদর্শন।

সাফ্রাজিষ্ট, সাফ্রেজিস্ট্ [ইং suffragist এর রূপান্তর] বি, ভোট দানের অধিকারী: ভোটদাতা। "তিনি যে পাশ্চাত্য সাফ্রাজিষ্টদের কথা বলিয়াছেন"-আং শক্তি, ১৩৩৪, ১৭ সংখ্যা।

সাবকাশ [সু+অবকাশ > হিং সব্কাশ] বি, শুভ অবসর; সুযোগ। ২ বিণ, সুযোগবিশিষ্ট; অবসরপ্রাপ্ত।

সাবড়া/ন [সাবাড় (দ্রঃ)+আন(ক্রিয়ায়) > কেং। সাবড়াই,-ড়াও,-ড়ায়; সাবড়াইতে (কেং সাবড়াতে); সাবড়াইয়া (কেং সাবড়ে) ইং। > ~ন, নি] ক্রি, শেষ করা; সমাপ্ত করা। ২ মারিয়া ফেলা। "ঘোড়াটা * * * বার দুই চিঁহিঁ চিঁহিঁ করেই বাস্ খতম। বিষ হে বিষ! ** কেউ সাব্ড়ে দিয়েছে আর কি।"-প্রবাসী, ২৬।২।১।

সাবদে [আং সুবুত > দ্রং। সাব্যস্ত দ্রঃ] অ, নির্দ্ধারণ অনুসারে; সাব্যস্তমত। "সে বাড়ী মহাশয়ের খরিদ গড় সমেত চতুঃসিমা সাবদে আমি আপন সত্তা ত্যাগ করিয়াছিল।"-সন ১১৬৫ সালের দলিল।

সাবধান [স (সহিত) +অবধান (মনোযোগ) বর্ত্তমান যে, বহুং] বিণ, অপ্রমত্ত; সতর্ক; সচেতন। ২ [সাধু দ্রঃ] অ, সতর্ক থাক। "অতএব সাবধান ত্যজ দম্ভ অভিমান বৈরাগ্য অভ্যাস কর সত্যেতে নির্ভর।"-বাং গান। ৩ অভিহিত: মনোযোগী। "সাবধানে পূর্ব্বে ছিল এই স্থানে বীরসিংহ নামে নরপতি।"-অং মং। বি,~তা (-তা)।

সাবন [সু (প্রসব করা)+অন] বি, সূর্য্যোদয় হতে আবার সূর্য্যোদয় পর্য্যন্ত কাল; এক সাবন দিন; কুদিন; এক অহোরাত্র। ২ ত্রিশ দিবারাত্রাত্মক মাস; এক সাবন মাস। ৩ যজ্ঞার্থ পুরোহিত নিয়োগকারী ব্যক্তি; যজমান। ৪ বরুণ। ৫ যজ্ঞবিঃ। ৬ যজ্ঞ সমাপ্তি। ৭ শ্রাবণ মাস। "সাংবাসেত খান হইলেন গদ্য।"-শূংপুং। ৮ বিণ, সবন সম্বন্ধীয়। ৯ সূর্য্য সম্বন্ধীয় solar.

সাবর [শাবর দ্রঃ] বি, অপরাধ; দোষ; পাপ। ২ পশুবিশেষের কোমলীকৃত চর্ম্ম। ৩ লোধগাছ।

সাবর্ণ [সবর্ণ (সদৃশ > পূর্ব্বজের সদৃশ) +অ (অপত্যার্থে)] বি, দ্বিতীয় মনু।

সাবর্ণি [সবর্ণা (সূর্য্যের পত্নী)+ই (অপত্যার্থে)] বি, অষ্টম মনু ; সূর্য্যপত্নী সবর্ণার গর্ভজাত পুত্র। ২ গোত্রবিঃ।

সাবল [শাবল দ্রঃ] বি, লৌহনির্ম্মিত খননাস্ত্রবিঃ। "আজ্ঞা দিল বুহিতাল কামারে পাতিল শাল সা॰ তাতায় হুতাশনে।" -কবিক॰।

সাবলীল [স (সহিত)+অবলীল। অব (ন্যূন)+লীলা (ক্রীড়া),ক্রীড়া অপেক্ষা অল্লায়াসযুক্ত] বিণ,নিতান্ত সরল ; প্রাঞ্জল ; প্রসাদ গুণবিশিষ্ট। "ইহার ভাষা যেমন সুললিত, ভাবস্বচ্ছ, ছন্দও তেমনি সা॰ কোথাও বাধে নাই।" "ভাষাও বেশ সা॰"-বঙ্গবাণী।"ভাষা সুন্দর সা॰"-প্রবাসী। ২ সহজ ; অনায়াস ; লীলায়িত ; সক্রীড়। প্র-সা॰ গতি।

সাবশেষ [স (সহিত)+অবশেষ] বিণ, অবশিষ্ট ; অসমাপ্ত।

সাবহিত [স (সহিত)+অবহিত] বিণ, সতর্ক ; সাবধান। "আপনার মনে তুমি থাক সাবহিতে।"-কবিক॰। "ঘট ভরি গঙ্গা জল দিলা সাবহিত।"-চৈ॰ভা॰। ক্রি-বিণ, **সাবহিতে** [সাবহিত অর্থে। 'এ' অতিরিক্ত] সাবধানে।

সাবাজ-শাবাজ দ্রঃ।

সাবাড় [সং-সর্ব্বান্ত >] বিণ, সমাপ্ত ; শেষ। "যাহোক ডিনার সা॰ করি সুরাপানে রত"-দ্বি॰ রায়। ক্রি, **সাবড়ানি**$_1$ [সাবড়াই, -ড়াও,-ড়ায় ; সাবড়াইতে (কে॰সাবড়াতে); সাবড়াইয়া (কে॰ সাবড়ে) ই॰] সমাপ্ত বা শেষ করা। প্র-কাজ সাবড়ান। ২ জীবন শেষ করা ; হত্যা করা। বি, **সাবড়ান**$_2$। প্র-এমন সাবড়ান সাবড়েছে ই॰। **সাবাড় করা, -করে দেওয়া, সাবড়ে দেওয়া**-ক্রি, শেষ করা ; বিনাশ করা। ২ প্রাণে মারা ; হত্যা করা।

সাবান [আ॰ সাবুন্, ফ্রে॰ savon, পর্ত্তু॰ sabao, ইং soap. প্রা॰ বাং-সাবাং। চট্ট॰ প্রাদে॰ ছাবন (স=ছ)। হিং সাবুন] বি, তৈল ক্ষার প্রভৃতি দ্বারা প্রস্তুত মলহারক দ্রব্য। "রাধা বলে-হাঁ আজ সা॰ মাখিনি তবু"-দ্বি॰ রায়।

সাবানি-বি, মুসলমান সম্প্রদায়বিঃ ; পাঠানজাতীয় উপবিভাগবিঃ। "সা॰ লোহানি আর, লোদানি সুরয়ানি চার, পাঠান বসিল নানা জাত।"-কবিক॰।

সাবাস, শাবাশ [ফা॰ শাবাশ্] অ, প্রশংসাব্যঞ্জক শব্দ ; ধন্য। "সা॰ ইংরেজ জাতি সা॰ বুকের ছাতি।"-হেম॰। "মামী মোর সা॰ জাতির বেটি বটে।"-শি॰।

সাবাসি [সাবাস+ই (ক্রিয়া পদের উ॰ পু॰ বিভক্তি)] ক্রি,ধন্য ধন্য প্রশংসা করি ; ধন্য বলিয়া মানি। "এ ছয় সতিনী মরে নাহি গণি॰ সা॰ মোর পরাণী।"-কবিক॰। সা॰ তোর বীরপণা।"-মেঘ॰। ২ বি, প্রশংসা। **সা॰ দেওয়া**-প্রশংসা করা ; ধন্যবাদ দেওয়া। "নারদের ঢেঁকি লয়ে ধান ভানে ভূত। শঙ্কর সাবাসি দেন বটে মোর পুত॥" -শি॰। ২ উৎসাহ দেওয়া ; বাহবা দেওয়া।

সাবিত-সুবুত দ্রঃ।

সাবিত্র [সবিতৃ (সূর্য্য)+অ] বি, সবিতা ; সূর্য্য। ২ মহাদেব ; শিব। ৩ বসুবিঃ। ৪ ব্রাহ্মণ। ৫ যজ্ঞোপবীত। ৬ গর্ভ। ৭ বিণ, সবিতৃ সম্বন্ধীয়।

সাবিত্রী [সবিতৃ (সূর্য্য)+অ,+ঈ(স্ত্রীং) বি, সূর্য্যের অধিষ্ঠাত্রী দেবী। ২ গায়ত্রী ; বেদমাতা। ৩ [বৈদিক] সবিতার কন্যা ; প্রজাপতি স্নেহবশতঃ আপন দুহিতা মনে করিতেন (সায়ণ)। ৪ ব্রহ্মার পত্নী। ৫ বেদমন্ত্রবিঃ। ৬ অশ্বপতি রাজার কন্যা ; রাজা সত্যবানের সহধর্ম্মিণী। "অশ্বপতি হৃষ্টমতি দেখিয়া তনয়া সাবিত্রী রাখিল নাম, সাবিত্রী তাহার, সর্ব্বদা পবিত্র কন্যা পবিত্র আচার।" **~পতিত**-বিণ, যথাকালে যার উপনয়ন হয় নাই। **~ব্রত**-জ্যৈষ্ঠমাসের কৃষ্ণা চতুর্দ্দশীতে অনুষ্ঠেয় নারীব্রতবিঃ। **~সূত্র**-যজ্ঞোপবীত ; পৈতা।

সাবু [মালয়-ছাউ > ছাবু > সাবু। তুল-পর্ত্ত॰ sago > সাগু >] বি, সাগু।

সাবুৎ, সাবুত$_1$**, সাবুদ** [আ॰ সুবুত >] বি, প্রমাণ। ২ বিণ, প্রমাণীকৃত; প্রমাণ দ্বারা দৃঢ় confirmed. বিণ, **সাবিত, সাবিদ**-প্রমাণীকৃত ; কৃতনিশ্চয়। প্র-যে কথা বললে তা সাবিত হবে ত ? সে কিছুতেই সাবিত করতে পারলে না।

সাবুত$_2$ [আ॰ সুবুত > হিং] বি,সমস্ত ; গোটা ; সম্পূর্ণ। ২ স্থির।

সাবেক [আ॰ সাবিক্] বিণ, পুরাতন ; পূর্ব্বের। "তোমরা সা॰ ভাবে সমাজটিকে রাখ্‌তে চাও খাড়া, তা সে হবে কেন?" -দ্বি॰ রায়। ২ অবশিষ্ট।

সাব্যস্ত [আ॰সুবুত (প্রমাণ) > আ॰ সাবিৎ (প্রমাণ দ্বারা দৃঢ়) >] বিণ, প্রমাণিত ; নির্দ্ধারিত ; সুনিশ্চিত।

সাভারি [সা(আতিশয্য অর্থে) ভারি] বিণ, গুরুভার। "ক্ষণে পুলকিত তনু বহসি সাভারি"-জ্ঞান॰।

সাম$_1$ [সো (পাপের অবসান)+মন (ণে)] বি, সামবেদ। ২ সামবেদ মন্ত্র। ৩ সামগান। "যে মন্ত্রবাক্য গান করা যায় তাহাই সাম। ঋক্ মন্ত্র সুর দিয়া গান করিলেই উহা সামে পরিণত হয়। একালে যাহাকে রাগরাগিনী বলে সাম তাহারই তুল্য"-রা॰ সু॰ ত্রিবেদী। ৪ প্রিয়বাক্য। ৫ সন্ধি। **~গর্ভ** (শাম্) বি, বিষ্ণু। **~গান**-সামবেদের মন্ত্র ছন্দঃ ই॰ যোগে গান। **~বাদ**-প্রিয়বাক্য। **~বেদ** -চতুর্ব্বেদের মধ্যে সাম নামক বেদ। **~মন্ত্র**-সামবেদোক্ত মন্ত্র।

সাম$_2$ [অতঃপর পরস্পর অনিষ্ট চিন্তা না করিয়া বরং সহায়তা করিব এইরূপ প্রতিজ্ঞা দ্বারা শত্রুর সহিত সন্ধি। ২ [সায় দ্রঃ। সম্মতি > সমতি > সম > সাম] সম্মতি ; সায়। ৩ [সঙ্গ > সাঙ্গ > সাঙ > সাম] যোগ। "অশেষ করুণা করে রাণী কেন্দে সারা। সামান্তের প্রায় তায় সাম দেন তারা॥"-কালিকামঙ্গল (দ্বিজ কালিদাস)-বঙ্গসাহিত্য-পরিচয়।

সামক [সো (নাশ করা)+অক (নিপাতনে)] বি, তর্কুশান ; টেকোর বাটুল। ২ শাণ পাথর। ৩ আসল টাকা ; মূল ঋণ।

সামগ [সামন্ (সামবেদ)+গৈ (গান করা)+অ (র্ত্তৃ)] বি,সামবেদাধ্যায়ী ব্রাহ্মণ ; সামবেদী ব্রাহ্মণ ; সামগানকারী ব্রাহ্মণ। স্ত্রীং **~গী**-সামগায়ক ব্রাহ্মণের পত্নী।

সামগ্রী [সং। প্রা॰ সামিগ্রী, সামিগ্‌গিরি। প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰ সামগ্‌গি। সামগ্‌গিএ=সামগ্রী দ্বারা (দো॰ ১২৫)] বি,

বস্তু : দ্রব্য। ২ [দ্রব্য শব্দে যুক্ত হইলে]। আদি প্র-দ্রব্যসামগ্রী=দ্রব্যাদি।

সামগ্র্য [সমগ্র (সকল)+ষ্যণ্] বি, কারণকলাপ। ২ বস্তু ; দ্রব্য। ৩ উপকরণ; উপচার। ৪ ভাণ্ডার।

সামঞ্জস্য [সমঞ্জস (উচিত)+য (ভা°)] বি, মিল। ২ সমীচীনতা। ৩ ঔচিত্য। ~সাধন-বি, মিল করণ ; সঙ্গতিবিধান ; খাপখাওয়ান।

সামটানি [হি° সমেটনা (জড় করা) > ঝাড় দিয়া আবর্জ্জনা জড় করার ভাব] ক্রি, পরিষ্কার করা। "হাট সামটে হাড়ি বেটা না করে ছিনান্,"-ময়নামতীর গান।

সামধেনী [সমিধ্ (অগ্নি প্রজ্বালনের তৃণাদি)-আ-ধা (ধারণ করা)+অন (ণে) +ঈপ্ (স্ত্রী°)] বি, যজ্ঞাগ্নি প্রজ্বালনের মন্ত্রবি°।

সামনা [সং-সম্মুখ > প্রা°] বি, সম্মুখ। ২ সম্মুখ ভাগ বা দিক্। সা° করা-ক্রি, সম্মুখে মুখ ফিরান। সা° করাইয়া দেওয়া-সাক্ষাৎ করান ; দেখা করাইয়া দেওয়া। সা° করিয়া-ক্রি-বিণ, সম্মুখ বা মুখ ফিরিয়া। ~সামনি-ক্রি-বিণ, পরস্পর মুখামুখী।

সামনী [সং] বি, পশ্বাদি বন্ধনের রজ্জু।

সামনে [সং-সম্মুখ > প্রা° সম্মুখ ; হি° সামনা >] ক্রি-বিণ, সম্মুখে। "তৃণে পুলকিত যে মাটীর ধরা লুটায় আমার সামনে"-রবী°।

সামন্ত [সম্ (সংলগ্ন)+অন্ত (একদেশ) যার, বহু° সমন্ত+ষ্ণ] বি, সামান্ত রাজা। ২ অধীন রাজা। "অনেক সামন্ত সেনা" -কবিক°। ৩ অধিনায়ক ; প্রধান সেনাপতি। "যেই প্রেমপশী ছিল সদয় তখন। বসন্ত সামন্ত হয়ে দহিছে এখন।"-গান। "সম্মুখে সা° থাইল বসন্ত কোকিল ভ্রমর সাতে।"-অ° ম°। ৪ [অর্থ শা°] প্রাদেশিক শাসনকর্ত্তা governor of a province. শ্রেষ্ঠ প্রজ্ঞা ; মণ্ডল। ৫ প্রতিবেশী। ৬ সামীপ্য। ৭ জাতীয় উপাধিবি°। ৮ বিণ, নিকটবর্ত্তী। ~চক্র-বি, মনসবদারি feudal system.

সামন্তেশ্বর [সামন্তের (সামান্ত রাজার) +ঈশ্বর, ৬তৎ] বি, সম্রাট্ ; রাজাধিরাজ।

সামন্য [সামন্ (সামবেদ)+য (জাতার্থে)] বি, সামবেদ-বিশারদ ব্রাহ্মণ।

সামপান-সাম্পান দ্র°।

সামবাদ-সাম১ দ্র°।

সামবায়িক [সমবায়+ইক (ষ্ণ)] বি, নায়ক ; দলপতি। ২ সচিব ; মন্ত্রী। ৩ বিণ, সমবায় সম্বন্ধীয়।

সাময়িক [সময়+ইক (যোগ্যার্থে)] বিণ, কালোপযোগী ; সময়োচিত। ২ নিয়মানুযায়ী। ~ী-বি, সময়োপযোগী বিষয়। ২ বর্ত্তমানকালের আলোচ্য বিষয় ; সমসাময়িক ঘটনাবলী ; উপস্থিত প্রস্তাব ; বর্ত্তমান প্রসঙ্গ।

সামর [ব্রজ°। শ্যামল, শ্যামলী > শ্যামর >] বিণ, শ্যামল ; শ্যামসুন্দর। "সা° পুরুসা মঝু ঘরে পাহুন।"-বি° প°। স্ত্রী° সামরি, -রী। "সামরি হে ঝামরি তোর দেহ। কী কহ কইসে উপজল নেহ।"-বি° প°।

সামরিক [সমর+ইক (সম্বন্ধে)] বিণ, সমরসম্বন্ধীয়। ২ সমরোপযোগী। সা° আইন-সমরবিভাগীয় বিচারবিধান martial law. ~-পোত-বি, রণপোত ; যুদ্ধজাহাজ। সা° বিচারালয়-বি, সমর-বিভাগের অপরাধিদের (সাধা° কঠোর দণ্ড বিধানের জন্য) আদালত martial court.

সামরুল [কড়ি খেলায়] বি, ১২ কড়া কড়ির খেলা। এই খেলায় ৬ কড়া কড়ি চিৎ ও ৬ কড়া উপুড় হলে সামরুল দান পড়ে। এইরূপ দানের নাম হ'তে খেলার নাম। "সা° শুনাইতে কথা"-কবিক° ও ঘন°।

সামর্থ্য [সমর্থ (বলবান্)+য (ভা°)] বি, ক্ষমতা ; যোগ্যতা। ২ বল ; শক্তি। ৩ শব্দের প্রতিপাদ্য। ৪ [পদার্থ বিজ্ঞা° (হি° কো°)] ইং power এর বৈজ্ঞা°পরি°। ৫ [বলবিদ্যা° (ক° বিশ্ব° পরি°)] ইং capacity র বৈজ্ঞা° পরি° ; ধারকত্ব।

সামর্ষ [স+অমর্ষ] বিণ, ক্রোধযুক্ত।

সামলা [শামলা দ্র°] বি, শালের মোড়াসা পাগড়ী।

সামলানি [হি° সম্ভালনা] ক্রি, রক্ষা করা। ২ সম্বরণ করা। "কাপড় সামলাতে সামলাতে উঠে পড়ে সুধীর বুঁচকি থেকে একখানা কাগজ এনে বৌদির সামনে * * মেলে ধরলো।"-মেজবৌ (আ° শক্তি)। ৩ অপেক্ষাকৃত সুস্থ হওয়া।

সামলী [সং-শষ্কুলী > সামলী, -লি] বি, পিষ্টকবি° ; ভাজা পুলি। মুগ-সামলী [গ্রা° মুগসাউলা] বি, মুগের ভাজা পুলি। ২ মুগের বড়াবি°।

সামা [শামা দ্র°] বি, মুষলাদির অগ্রভাগে বেষ্টিত লৌহবলয়। "ঢেঁকি বলে সামা দিলে দিও যখন দেও। সংপ্রতি সুন্দর করি সাজাইয়া লও।"-শি°।

সামাই১ [সং-সংবরণ > হি° সামাঈ] বি, সহন ; সহ্য ; ধৈর্য্য patience. অত ব্যস্ত হলে চলবে কেন, একটু সা° নেই? [এই অর্থে বাং°য় শাম্য শব্দ ও চ°। প্র-অত অস্থির হলে চলবে না একটু শাম্য নাই?]।

সামাই২ [সং-সান্ধ্য (সন্ধি দ্র°) > সান্ধাই > সাঁধাই > সাঁমাই >, অথবা সংমান >] বি, ধারণ ক্ষমতা holding capacity ; তাংড়াইবার স্থান room ; space ; সংকুলান।

সামাই৩ [সং-সংবরণ >] বি, সংবরণ। প্র-লোভ সামাই করা।

সামাজিক [সমাজ (সভা)+ইক (সম্বন্ধে)] বিণ, সমাজ সম্বন্ধীয়। ২ [সাধু অর্থে-ইক] সহৃদয় ; রসজ্ঞ। ৩ বি, সভাসদ্ ; সভ্য। ৪ সমাজের প্রথাগত মর্য্যাদা ; লৌকিকতা। বি, ~তা (-ক°)-সমাজ ব্যবহার। ২ সহৃদয়তা। ৩ লৌকিকতা। ~-তন্ত্র-সামাজিক বিধি ; সমাজ সম্বন্ধীয় বিধান। ~-নিয়ম-বি, সমাজের যে নির্দ্ধারিত বিধিব্যবস্থার দ্বারা জনসাধারণ পরিচালিত হয়। ~প্রথা-বি, সমাজসম্মত বা সমাজে প্রচলিত আচার ব্যবহার। ~-মৃত্যু-বি, রাজদ্রোহাদি অপরাধের নিমিত্ত দোষীকে সমাজ হতে বহিষ্করণ civil death.

সামানি১ [সং-সংবরণ >। সামাই, সামাও, সামায়; সামাইতে (কে° সামাতে);

সামাইয়া (স্কে° সামিয়ে)] ক্রি, সংবরণ করা; সামলান। "এক আসামী ছয়টা প্যায়না বল মা কিসে সামাই করি"-রা° প্র°।

সামানি২ [সন্ধি > সান্ধান > সন্তান, সধান >। প্রা°সেঁধোনো] ক্রি, প্রবেশ করা, "কপাট খুলিয়া কন্যা মন্দিরে সামায়।" -মৈ° গী°। "নাকে হাত এয়োগণ বলে আই আই। মেদিনী বিদরে যদি তাহাতে সামাই।"-অ° ম°। "রহ রহ ডাক ছাড়ি সামাইল রণ।"-মহা° (কাশী°)। সামাতে শুতিকাগারে চোর কাটে সিঁদ"-ঘ°।

সামানি৩ [সন্ধি দ্রঃ। অথবা সং-সংমান (সং-মা (পরিমাণে, ধারণে) + অন। হি° সমানা (সমাবেশ(ন) entrance - অর্থাৎ অঙ্গের অন্তর্গত হওয়ার ভাব)। সামাই, সামাও ই°। সামান, দ্রঃ] ক্রি, ধারণ করা; ধরা; তাংড়ান; স্থান দেওয়া।

সামান্তরিক [জ্যা° (ক° বিশ্ব পরিঃ)] ইং parallelogram এর বৈজ্ঞা° পরিঃ।

সামান্য১ [সমান (সাধারণ) য (ভা°)] বিণ, সর্ব্ববিষয়ক। ২ সাধারণ : সচরাচর। ৩ তুচ্ছ। "শমনে সা° গণে।"-বাং গান। ৪ বি, যেখানে সাধারণ ধর্মবলে বহু বস্তু একত্র সম্বদ্ধ হয়। ৫ গোত্ব মনুষ্যত্বাদি জাতি-সাধর্ম্য। ৬ সামগ্র্য। ৭ প্রকার। ৮ [পাটী°, বীজগ (ক° বিশ্ব°পরিঃ)] ইং vulgar এর বৈজ্ঞা° পরিঃ। [দ্রঃ-ব্যাপক বা বৃহত্তর সাধারণ লক্ষণগত সংজ্ঞাকে সামান্য বলে এবং ক্ষুদ্রতর বা সংকীর্ণ সাধারণ লক্ষণগত সংজ্ঞাকে বিশেষ বলে। "রাম, শ্যাম যদু, গোপাল এক ব্যক্তি। উহারা জাতিতে ব্রাহ্মণ। ব্রাহ্মণ আর্য্যজাতির, আর্য্য ককেশীয় জাতির, ককেশীয় মনুষ্য জাতির, মনুষ্য প্রাণীর, প্রাণী জীবের অন্তর্গত। ইহাদের মধ্যে আরও নানা বিভাগ থাকিতে পারে। যেমনই হউক, যেটি যার অন্তর্গত, সেটি সংখ্যায় অল্প, যার অন্তর্গত সেটি অধিক। ন্যায়শাস্ত্রে বৃহত্তরটির নাম সামান্য। ক্ষুদ্রটির নাম বিশেষ। তবেই মনুষ্য সামান্য নাম, আর্য্য বিশেষ নাম; আর্য্য সামান্য নাম, ব্রাহ্মণ বিশেষ নাম; ব্রাহ্মণ সামান্য নাম, রাম বিশেষ নাম।" -যো° রায় (প্রদীপ, ১ম বর্ষ)]। ~তঃ [-তস্ >] অ, তুচ্ছভাবে। ২ সাধারণভাবে; সচরাচর। ~লক্ষণা-বি, যেলক্ষণা বা উপায় দ্বারা বস্তুর সজাতীয়ত্বের জ্ঞান জন্মে।

সামান্য২ [আলং পরিঃ] বি, সদৃশগুণদ্বারা প্রস্তুত পদার্থের সহিত অপ্রস্তুত পদার্থের অভেদ জ্ঞান বা তাদাত্ম্য কথন স্থলে এই অলঙ্কার হয়।

সামান্যা [সামান্য+আ (স্ত্রী°)] বি, সাধারণী স্ত্রী; বারবিলাসিনী।

সামানীকরণ [বীজ গ°, বলবিদ্যা° (ক° বিশ্ব° পরিঃ)] বি, ইং generalisation এর বৈজ্ঞা° পরিঃ।

সামাল [হি° সম্ভাল। প্রা° বাং-সাম্ভাল (দ্রঃ)] অ, সাবধান; সতর্ক হও; রক্ষার উপায় দেখ। "হঠাৎ পড়িল ডাক সামাল সামাল।"-হেম°। "সামাল সামাল ডুবলো তরী।"-রা° প্র°। ২ সম্বরণ। ৩ বেগ ধারণ [বিপরীতে "অসামাল" (বেগ ধারণে অক্ষম এই অর্থে)]। ৪ ধৈর্য্য। ৫ বাধা; প্রতিরোধ। ৬ প্রশমন। সা° করা-ক্রি, প্রশমিত করা। "একটু সা° করিতে অনুনয় করিলেন"-নরওয়ে ভ্রমণ। সা° দেওয়া-ক্রি, ঠেকানো; পতন বা বিনাশ রোধ করা; আসন্ন বিপদ থেকে বাঁচা বা রক্ষা পাওয়া অথবা বাঁচান বা রক্ষা করা। "শেষে সা° দিতে নারেবা ডিঙ্গা"-গি° ঘোষ।

সামালা [সামাল (দ্রঃ) + আ (ক্রিয়ায়)]। সামালি, সামাল, সামালে; সামালিতে; সামালিয়া (স্কে° সামালি)] ক্রি, সাবধান হওয়া; সতর্ক হওয়া। ২ বাঁচা; আত্মরক্ষা করা। "লাউসেন বলে বাঘা আপনা সামাল।"-ঘ°। ৩ নিরস্ত করা; নিবারণ করা; থামান। "আপনা আপনি বিবাদ বাধায়। কারে সামালিব একি হল দায়।" ৪ সম্বরণ করা; গোপন করা। "সামালিতে না পারিল লজ্জা গেল দূর।" -কাকী° (রঙ্গলাল°)।

সামিগ্রী [সামগ্রী (দ্রঃ) > প্রা°] বি, দ্রব্য। "যজ্ঞে যে যে সামগ্রীর আবশ্যক" -কৃষ্ণচন্দ্র চরিত (১৮০১ খৃ°)।

সামিয়ানা-শামিয়ানা দ্রঃ।

সামিল [আ° শামিল্] বিণ, অন্তর্ভুক্ত; এক সঙ্গের। "কৃষ্ণপ্রসাদ চরটি পূর্ব্বে নোয়াখালি জেলার সা° ছিল।"-উপাসনা, ৬ষ্ঠ বর্ষ। "স্বরাজ্যের সা° করিয়া লন।"-রঙ্গলাল°। ২ সংক্রান্ত। ৩ সম্বলিত। ৪ সদৃশ; সমান। ৫ বি মিশাল; সংস্রব। "ফিরছে শমন বাগে বাগে, থাস্‌নে নারকী সামিলে।"-বাং গান।

সামী [স্বামী >। প্রা° বাং] বি, স্বামী; পতি। "সামী সাসু দুইহো থরতর" -শ্রী° কী°।

সামীপ্য [সমীপ (নিকট) + য (স্বার্থে)] বি, সান্নিধ্য; নৈকট্য।

সামুদায়িক-সমুদয় দ্রঃ।

সামুদ্র [সমুদ্র + অ (সম্বন্ধার্থে)] বিণ, সমুদ্রজাত; সমুদ্র হতে উৎপন্ন। ২ সমুদ্র সম্বন্ধীয়। ৩ বি, সমুদ্র ফেন। ৪ সমুদ্রযাত্রী। ৫ শরীরস্থ চিহ্ন। ৬ শরীরস্থিত চিহ্ন ঘটিত শুভাশুভ-লক্ষণ-সূচক শাস্ত্র। ৭ সমুদ্রপথে ব্যবসায়ী।

সামুদ্রক, সামুদ্রিক [সমুদ্র (চিহ্ন) + ক, ইক] বি, কর চরণাদির রেখা, অঙ্গস্থ তিলাদি চিহ্নাদি হতে দেহীর শুভাশুভ জ্ঞানোৎপাদক শাস্ত্র। ২ বিণ, সমুদ্রসম্বন্ধীয়। সা° দস্যু-বি, অর্ণবপোত বা জলযান আক্রমণ ও লুণ্ঠনকারী; সমুদ্রপথের ডাকাত pirate. ~যাত্রা-বি, সাগরপথে গমন voyage.

সামুল্যা [শ্যামলা > সামলিয়া (চণ্ডী, আদ্যা) >] বি, ধর্মঠাকুর বা নিরঞ্জন বা আদ্য (আদি দেব) পূজার পদ্ধতিতে সিদ্ধা ও ধর্মপূজাসহকারিণী উপদেষ্ট্রী (আমিনি)। "সামুল্যাকে সাথে নিবেক করিয়া যতন।" "সা° বলেন বাছা চিন্তা কিছু নাহি। * * আদ্যার আমিনি আমি জানি সব কথা।" -ধর্ম° গী° (নরসিংহ)।

সামূহিক [সমূহ + ইক] বিণ, সমূহবাচক; সামুদায়িক; সমূহের collective.

সাম্পরায়িক [সম্পরায় (যুদ্ধ) + ইক (স্বার্থে)] বি, সমর সম্বন্ধীয়। ২ পারলৌকিক।

সাম্পান [চীনা-সাঙ্‌পাঙ্ > ইং sampan] বি, ছোট চীনা নৌকা; চীনা

নৌকার ধরণের যে কোন ছোট নৌকা ; চট্টগ্রাম অঞ্চলের সমুদ্র যাতায়াতের উপযোগী নৌকাবিঃ। এই নৌকার পশ্চাদ্ভাগে দুইটি করিয়া হাল থাকে। একজন মাঝি সেই দুটি বাহিয়া থাকে। দীর্ঘে ৫-৭ হাত, প্রস্থে ২-৩ হাত। ব্রহ্মদেশীয় কাষ্ঠ দ্বারা নির্ম্মিত হয় বলিয়া ব্রহ্মদেশে প্রচলিত বলিয়া ইংরেজীতে ইহার নাম "Burmese boat" ইহার কাষ্ঠ লোণা জলে শীঘ্র নষ্ট হয় না। এই নৌকার যে কোন অবস্থায় পাল তুলিয়া সমুদ্রে যাতায়াত করা যায়। ইহা কখনও ডোবে না। "৩০।৪০ হাজার টনী জাহাজ * * সাম্পানে মাল নামাইয়া দিতেছে"-আ০ পত্রিকা, ৬-৬-৩৬।

সাম্প্রদায়িক [সম্প্রদায়+ইক] বিণ, সম্প্রদায়গত ; জাতীয় ; সামাজিক ; বিশেষ ধর্ম্মসম্বন্ধ, জাতি বা দল সম্বন্ধীয় communal. "সিভিলিয়ানেরা তাহাদের সা০ স্বার্থ ভুলিতে পারিবে বলিয়া বোধ হয় না।"-নায়ক, ১-৮-২৬। ~তা (কঁ) [বিপরীতে-জাতীয়তা] বি, সম্প্রদায়গত আচার-ব্যবহার ; সম্প্রদায়াত্মক বিশ্বাসমত আদর্শ communalism. "দাঙ্গাহাঙ্গামায় * * * সাম্প্রদায়িকতার সকল নিকৃষ্টভাবেরই পরিচয় পাওয়া গিয়াছে। জাতীয়তার প্রভাব এক্ষণে সাম্প্রদায়িকতার উপর জয়লাভ করিতেছে।" আ০ শক্তি, মাঘ, ১৩৩৩।

সাম্বাএ [সামান২ দ্রঃ। প্রা০ বাং] ক্রি, প্রবেশ করে। "মুদিত ভাণ্ডার তাত না সাম্বাএ চুরী"-শ্রী০ কী০।

সাম্বী [শামী দ্রঃ। প্রা০ বাং] বি, শামী ; ধাতু নির্ম্মিত বলয়। "সুবর্ণের সাম্বী হিরার বান্ধিল কাম"-শ্রী০ কী।

সাম্ভানি [সামান২ দ্রঃ। সম্ভেদ (স্ফুটন) > সম্ভেঅ + আন (ক্রিয়ায়) > সম্ভান > । সম্ভাই, সম্ভাও, সম্ভায় ; সম্ভাইতে ; সাম্ভাইয়া ই০] ক্রি, প্রবেশ করা। "সমুদ্র সাম্ভায় রাজা মোর এই পেটে।"

সাম্ভাল [হি০। সামাল দ্রঃ] বি, সাবধানতা। ২ অ, সতর্ক হও ; হুসিয়ার ; সাবধান। "পড়িতে পড়িতে উঠে বলিয়া সা০।"-চৈ০ ম০।

সাম্য [সম (তুল্য)+য (ভা০)] বি, সাদৃশ্য ; তুল্যতা। ২ সান্ত্বনা। "ছোট ভাইয়ে সাম্য বাক্যে নিবারিল ক্রোধ।"-কবিক০। ~বাদ [অধিকার-সাম্যবাদ ও০] বি, সকলেই সমান এই মত ; রাজা-প্রজা, ধনী-দরিদ্র, ভদ্রেতর সকলেরই সমান অধিকার এই নীতি ; সামাজিক বিধান বিরোধী মত ; সাধারণ স্বত্ববাদ communism. ~বাদী-বিণ, সমানাধিকার মতাবলম্বী communist. ~বিন্দু [জ্যা০ (ক০ বিশ্ব০ পরিঃ)] ইং similitude এর বৈজ্ঞা০ পরিঃ।

সাম্রাজ্য [সম্রাজ্ (রাজাধিরাজ)+য (সম্বন্ধার্থে)] বি, সম্রাটের শাসনাধীন রাজ্য।

সাম্রাজ্যিকতা-বি, সাম্রাজ্যবিস্তার নীতি imperialism "আজ আমরা দেখতে পাচ্ছি পাশ্চাত্য দেশে এই চেষ্টা সাম্রাজ্যিকতাবোধে গিয়ে পৌচেছে"-রবী০।

সায়১ [সো (নাশ করা) + অ (র্ত্তৃ)। প্রা০ বাং-সাঅ। "কহেন রামাই পণ্ডিত ধানর জনম সাঅ।"-শূ০ পু০] বি, সন্ধ্যাকাল ; সায়াহ্ন ; দিনান্ত। ২ সমাপ্ত ; শেষ ; সাঙ্গ। "হরি হরি বল সবে পালা হল সায়।" -অ০ ম০। "দুই মাসের মধ্যে একখানি পুস্তক সায় করেছে।"-নবীন তপস্বিনী। ৩ নাশ।

সায়২ [সম্মতি > সমতি > সাম > সায় অথবা সহি > সই > সায়] বি, সমর্থন। ২ স্বীকার। ৩ সম্মতি। "অধিক দিতে চাহে রায় দ্বিজ নাহি দিল সায় দিল দান তিন পদ ক্ষিতি।"-কবিক০। "তখনি স্বজনি সায় তাহে দিনু আমি।"-মেঘ০। ৪ শোধ ; নিঃশেষ ; বেবাক। "বিচারিয়া কেহ দেখে কাগজে আকর লেখে সায় করি বেগে দেছে টাকা।" -কবিক০।

সায়ং/কাল [সায়ম্ (সন্ধ্যা) কাল] বি, সন্ধ্যার সময় ; দিনশেষ। ~সন্ধ্যা-বি, সন্ধ্যাকালীন কৃত্য ; ত্রিসন্ধ্যা (প্রাতঃ মধ্যাহ্ন ও সায়ং) ; তৃতীয় সন্ধ্যা ; সন্ধ্যাকালীন উপাসনা বা সন্ধ্যাপূজা।

সায়ক [সো (নাশ করা) + অক (করণ)] বি, বজ্র। ২ খড়্গ। ৩ শর ; বাণ।

সায়ন১ [শাণ (দ্রঃ) > সান > প্রাদেশ উচ্চারণ বিকারে] বি, পাষাণ ; পাকা মেজে।

সায়নবাঁধা-বিণ, পাকাকরা ; শাণ-বাঁধান। "সা০ বাঁধা ঘাটে"-পূ০ ব০ গী০।

সায়ন২ [জ্যা০ (হি০ কো০)] বি, ইং equinox এর বৈজ্ঞা০ পরিঃ।

সায়ন্তন [সায়ম্+তন (ভবার্থে)] বিণ, সায়ংকালীন।

সায়বানা [ফা০ সাএবান্] বি চন্দ্রাতপ ; সামিয়ানা canopy. "সায়বানা টানাইয়া।" -সূর্য্য-মঙ্গল।

সায়বানী [ফা০ সাহেবান্+ঈ (হি০)] বিণ, সম্ভ্রান্ত বা ধনিগণের ব্যবহার-যোগ্য ; বহুমূল্য।

সায়মাশ [সায়ম্+ আশ (অশ্ ভোজনে)] বি, সায়াহ্নভোজন ; সন্ধ্যা-ভোজ the evening meal ; supper তুল-প্রাতর্ভোজন the morning meal.

সায়র [সং-সাগর >] বি, সাগর। "সে রূপ সায়রে নয়ন ডুবিল সে গুণে বান্ধিল হিয়া।"-চণ্ডি০। ২ সরোবর। এই অর্থে 'সায়ের', "সায়র" ও হয়।

সায়রাত [আ০ সাইর > হি সাইর। বহু০ সাইরাত] বি, ভূঁইকর ব্যতীত অন্য যাবতীয় রাজস্ব।

সায়া [ফা০] বি, নারীদিগের কোমর হতে হাঁটুর নিম্ন পর্য্যন্ত লম্বা ও ঘেরযুক্ত অধোবস্ত্র petticoat

সায়াহ্ন [সায় (শেষ)+অহন্ (দিন) +অ] বি, দিনান্ত ; দিনের শেষ পঞ্চমাংশ ; সায়ংকাল। ~কৃত্য-বি, সন্ধ্যাকৃত্য ; সন্ধ্যাহ্নিক।

সাযুজ্য [স (সহিত) যুজ্ (যোগ করা) +০ (ক্বিপ্, র্ত্তৃ)=সযুজ্ (মুক্ত)+ষ্যণ্ (ভা০)] বি, পঞ্চবিধ মুক্তির মধ্যে এক প্রকার মুক্তি ; ব্রহ্মে বিলয়মুক্তি। ২ অভেদ ; সহযোগ। ৩ সাম্য ; সাদৃশ্য। ৪ একত্ব।

সায়ের-সায়র দ্রঃ।

সায়েস্তা-শায়েস্তা দ্রঃ।

সাযোগ [সং - সংযোগ >] বি, ষড়যন্ত্র ; অবৈধ যোগ।

সার১ [সৃ (গমন করা)+অ (র্ত্তৃ)] বি,

শ্রেষ্ঠাংশ। ২ ভূমির উর্ব্বরতাসাধক পদার্থ। (উদ্ভিজ্জসার vegitable manure; খনিজ-সার mineral manure; প্রাণীসার animal manure. এইরূপ পদার্থ মৃত্তিকায় মিশ্রিত করিয়া ক্ষেতের উর্ব্বরতা সম্পাদন করাকে 'সার দেওয়া' বলে)। ৩ বৃক্ষাদির উত্তেজক পদার্থ। ৪ বৃক্ষের মজ্জা। ৫ দুগ্ধাদির সর; নবনীত। ৬ বল; তেজঃ। ৭ বীর্য্য; বীরত্ব। ৮ [-+অ(ভা৽)] কাঠিন্য; দৃঢ়তা। ৯ [-+অ(র্ত্তৃ)] জল। ১০ বায়ু। ১১ ধন। ১২ পীড়া। ১৩ উপযুক্ততা। ১৪ তত্ত্বার্থ। ১৫ রহস্য। ১৬ সত্ত্ব; নির্য্যাস essence; extract. ১৭ উৎকর্ষ। ১৮ গণনা। "কিসের মাস কিসের বার। জন্মনক্ষত্র কর সার॥"-খনা। ১৯ বিণ, স্থায়ী। ২০ শ্রেষ্ঠ; উৎকৃষ্ট। ২১ শ্লাঘ্য। স্ত্রীং সারা-সারভূতা; সারাৎসারা। "সারদা সকল সার। সর্ব্বত্র সঞ্চার।"-অ৽ম৽।

সার₂ [সৃ (গমনে) ধাতুজ] বি, গোময়; গোবর। ~কুড়-বি, গোময় রাখিবার স্থান। সার দেওয়া₁-ক্রি, গোময় লেপন করা।

`সারি₃ [সারা দ্রঃ। ক্রি, ম৽পু৽ অনুজ্ঞায়] ক্রি, শেষ কর: সমাধান কর; সমাপ্ত কর। "অল্পে সার" cut short. ২ গণনা কর।

সার₄ [সারি দ্রঃ] বি, সারি; শ্রেণী। সার দেওয়া₂-ক্রি, সারি গাঁথা। ২ পায়ে করিয়া মরাইয়ের ধান গাদিয়া বসাইয়া দেওয়া।

সার₅ [সার₁ দ্রঃ] বি, কাব্যের অলঙ্কারবিঃ climax. "পূর্ব্ব পূর্ব্ব পদার্থ অপেক্ষা উত্তরোত্তর পদার্থের উৎকর্ষ বর্ণনাকে সার বলে"-কাব্য-দর্পণ। "প্রস্তাব আরম্ভাবধি শেষ পর্য্যন্ত অপেক্ষাকৃত ক্রমে উৎকর্ষ বর্ণিত হইলে সা৽ হয়।"-কাব্যনির্ণয়। "সংসার ভিতর সার যে বস্তু চেতন। চেতনের মধ্যে সার মনুষ্য হওন। মনুষ্যের সার সেই চিন্তা আছে যার। পণ্ডিত মণ্ডলী মাঝে বিনয়ীই সার॥"-বঙ্কু।

সার₆ [সংসার > ক্ষে৽] বি, সংসার। প্র-ঘর-সার।

সারক [সৃ+ণিচ্=সারি (গমন করান) +অক্ (র্ত্তৃ)] বিণ, বিরেচক; ভেদকারক।

সারকচু [প্রাদে৽। সোলাকচুর মত নহে কিন্তু দ্বিগুণ অধিক সারবান্ বলিয়া অথবা মূলে সার (ছাই) পড়ে বলিয়া?] বি, মানকচু। "শাক বেগুণ সার কচু, খায় আলু কিনে কিছু, বিশা দুই তিন কিনে লুণ।"-কবিক৽। "সার কচু মিশাইয়া করঞ্জ আমড়া।"-ঐ।

সারখত [আরা৽ পরিঃ। সরখত দ্রঃ] বি, লিখিত চুক্তিপত্র।

সারখদির [সং] বি, বিটখদির।

সারগন্ধ [সার (শ্রেষ্ঠ) গন্ধ (ঘ্রাণ) যার, বহু৽] বি, চন্দন; শ্রীখণ্ড।

সারগর্ভ [সং] বিণ, যার গর্ভে বা ভিতরে সার আছে; অন্তঃসারবিশিষ্ট।

সারগ্রাহী [সার-গ্রাহী (যে গ্রহণ করে)] বিণ, সারগ্রাহক; শ্রেষ্ঠাংশ গ্রহণকারী। ২ রস, ভাব গ্রহণকারী; রসজ্ঞ; মর্ম্মজ্ঞ। বি, সারগ্রাহিতা।

সারঙ্গ₁, শারঙ্গ [সৃ (গমন করা)+অঙ্গচ্ (র্ত্তৃ)] বি, রাগবিশেষ। ২ বাদ্যযন্ত্রবিশেষ। ৩ শঙ্খ। ৪ ধনুক। ৫ মণি। ৬ ছত্র। ৭ বস্ত্র। ৮ কেশ। ৯ বৃক্ষ। ১০ পুষ্প; পদ্ম। "সারঙ্গ উপর উগল দশ সারঙ্গ"-বি৽ প৽। "সেহি শঙ্খ চক্র গদা শারঙ্গ ধরে।"-শ্রী৽ কী৽। ১১ চন্দন। ১২ কর্পূর। ১৩ [বি৽ প৽] চূর্ণকুন্তল। ১৪ রাত্রি। ১৫ পৃথিবী। ১৬ জ্যোতিঃ। ১৭ স্বর্গ। ১৮ কন্দর্প। "সারঙ্গ সারঙ্গ তনু সমধানে"-বি৽ প৽। ১৯ হস্তী। ২০ সিংহ। ২১ চিত্রমৃগ spotted deer. > হরিণ। "সারঙ্গ নয়ন"-বি৽ প৽। ২২ ময়ূর। ২৩ রাজহংস। ২৪ সর্প। ২৫ ভ্রমর। "উগল দউ সারঙ্গ, কেলি করথি মধুপানে"-বি৽ প৽। ২৬ মেঘ। ২৭ চাতক পাখী। ২৮ কোকিল। "সারঙ্গ বচন জনু"-বি৽ প৽। ২৯ সুবর্ণ। ৩০ বিণ, বিবিধবর্ণ।

সারঙ্গ₂, সারেঙ, সারেং [ফা৽ সরহংগ্। হি৽ গ্রা৽ সেরাংগ্] বি, জাহাজের উপর সাধারণ কর্ত্তৃত্ব ও প্রধানতঃ জাহাজ ভিড়ান ও খোলার ভার এই কর্ম্ম-চারী থাকে। মৌলিম দ্রঃ।

সারঙ্গধর [সারঙ্গ (শঙ্খ, পদ্ম, ধনুঃ)+ধর (যে ধারণ করে)] বি, বিষ্ণু। "সারঙ্গধর তুয়া চরণে"-চৈ৽ ভা৽।

সারঙ্গিক [সারঙ্গ+ইক] বি, ব্যাধ; নিষাদ।

সারঙ্গী [সারঙ্গ+ইন্=সারঙ্গিন্ ১মা, ১ব৽] বি, পুরাকালীন বাদ্যযন্ত্রবিশেষ। ২ [গ্রা৽ সারিন্দী] বিণ, সারঙ্গবাদক।

সারজ [সার (দধিদুগ্ধাদির সর)+জ (উৎপন্ন)] বি, মাখন; ননী।

সারট [সরট+অ (স্বার্থে)] বি, টিক্‌টিকীর মত জীব, বহুরূপা; গোধা।

সারণ₁ [সৃ+ণিচ=সারি (গমন করান) +অন (ভা৽)] বি, অপসৃত করণ; সরাইয়া দেওয়া। ২ সংশোধন; শোধরান। ৩ [-+অন (র্ত্তৃ)] বি, অতিসার রোগ। ৪ লঙ্কাপতি রাবণের অমাত্য। ৫ রাক্ষসবিঃ। ~দার-বি, যে ব্যক্তি ভাঙ্গা ফুটা জিনিষ মেরামত করে বা সারে। ~ণি, ণী₁-বি, ক্ষুদ্রনদী। ~ণী₂ [গ৽ পরিঃ] table এর বৈজ্ঞা৽ পরিঃ; তালিকা।

সারণিক [সরণি (পথ)+ইক] বি, পান্থ; পথিক।

সারণ্ড [সৃ+ণিচ্=সারি (গমন করান) +অণ্ড] বি, সর্পাণ্ড।

সারতরু [সার-তরু, ধা] বি, ভূমির উর্ব্বরতা বৃদ্ধিকারক বৃক্ষ: কদলীবৃক্ষ।

`সারথি [স (সহিত) রথ যার, বহু৽=সরথ (অশ্ব)+ইণ্ (চালন বা প্রেরণার্থে)] বি, রথচালক।

সারথ্য [সারথি+য (ভা৽)] বি, রথাদি চালন। ২ সহায়তা; সাহায্য।

সারদা [সার (শ্রেষ্ঠাংশ)+দা (দান করা) +অ (র্ত্তৃ)+আ (স্ত্রীং)] বি, দুর্গা। ২ বাগ্দেবী; সরস্বতী। ৩ বীণাবিঃ।

সারদ্র [স (সহিত)+আরদ্র (পীত বর্ণ) যার, বহু৽] বিণ, পীত; হরিদ্রাময়। "আরদ্র মাখিয়া কেথা সা৽ বনাইল রে ঐছন দেখি পীতাম্বর।"-চণ্ডি৽।

সারদ্রুম [সং] বি, খদির- বৃক্ষ।

সারবন্দি [সং-শ্রেণী > সারি > সার

+বন্দি (বদ্ধ)] বিণ, সারি সারি ; শ্রেণীবদ্ধ। ২ অ, উক্ত ভাবে।

সারবান্ [সারবৎ >] বিণ,যাতে সত্তা বা শ্রেষ্ঠ বস্তু বা শ্রেষ্ঠাংশ আছে ; সারাল ; সারগর্ভ substantial. ২ আসল essential. বি, **সার-বত্তা**-সারত্ব।

সারভূত [সার-ভূ+ত (ক্ত)] বিণ, সারাংশে বা স্থিরাংশে পরিণত ; সারত্ব-বিশিষ্ট ; সারাল। ২ শ্রেষ্ঠ।

সারমাটি [সার ও মাটি বা মাটিতে পরিণত গোময়াদির সার] বি,ভূমির উর্বরতা বৃদ্ধি-কারী গোময় মৃত্তিকাদি manure.

সারমেয় [সরমা (কুকুরী)+এয় (অপত্যার্থে-এয়ণ্)] বি, কুকুর। স্ত্রীং **~ী**-কুকুরী।

সারলোহ [সার (সারাংশ)+লোহ (লৌহ)] বি, ইস্পাত steel.

সারল্য [সরল+য (ভা)] বি, অক-পটতা ; সরলতা।

সারস [সরস্ (সরোবর)+অ (তাতে বিচরণ করে অর্থে, অণ্)] বি, জলচর পক্ষি-বিশেষ। "সাং সরসীজলে দিতেছে সাঁতার।"-পদ্যপাঠ। ২ হংস। ৩ [সহ-রস=সরস+অণ্] চন্দ্র। ৪ পদ্ম। ৫ বিণ, সরসীসম্বন্ধীয়। স্ত্রীং **~ী**।

সারসংগ্রহ [সং] বি, চুম্বক গ্রহণ ; শ্রেষ্ঠ বা উৎকৃষ্ট বিষয় বা বস্তু সঙ্কলন। ২ নির্য্যাস গ্রহণ।

সারসন [সার (শক্তি) সন্ (দান করা) +অ (ণে)] বি,পুরুষের কটিবন্ধন। "পরিহিত বীরধটী সারসনে বদ্ধকটি বারবাণে আবৃত শরীর।"-কাকী০। ২ গোট চন্দ্রহার ইং স্ত্রীলোকের কটিভূষণ।

সারস্বত [সরস্বতী (বাক্‌দেবী)+অ (সম্বন্ধার্থে)] বিণ, সরস্বতী সম্বন্ধীয়। ২ বিদ্বান্। ৩ [সরস্বৎ+অ] সমুদ্র সম্বন্ধীয়। ৪ ব্রহ্মার দিনরূপ কল্পবিশেষ। ৫ সারস্বত-দেশীয় ব্রাহ্মণ। ৬ মুনিবিশেষ। ৭ ব্যাকরণ-বিশেষ। ৮ বেলের লাঠি।

সারহীন [সার (বায়া) হীন, ৩তৎ] বিণ, অসার ; স্থিরাংশ বা অন্তঃসারশূন্য।

সারা১ [সংস্কার > সার+আ (ক্রিয়ার)। সারি, সার, সারে ; সারিতে (কেং সারতে) ; সারিয়া (পদ্যে-সারি, গ্রাং সেরে) ; পিজন্ত-সারান] ক্রি, সংস্কার করা ; মেরামত করা। ২ সংশোধন করা ; শুধরান। ৩ গঠন করা ; গড়া। "সালুক সুন্দির ফুলে সারিয়া লইব হার।"-শূং পুং। ৪ [গ্রাং বাং] রক্ষা পাওয়া ; নির্বিঘ্ন হওয়া ; অক্ষত হওয়া। "আমার দেশেতে আসি কেহ না যায় সারি" -মনসা মং (বংশীং)। "সারিল্ অনেক যত্নে শিলায় নিপাত। কিরূপে এড়াব আজি আখেটার হাত।"-কবিকং। ৫ দুঃখ যন্ত্রণা দূর করা। ৬ রোগ-মুক্ত হওয়া। প্র-তার রোগ এখনও সারে নাই। ৭ খাড়া করা। "উভলেজ করি বৃষ সারে দুই কান"-সারাবলি (কৃষ্ণলীলা)।

সারা২ [সৃ (গতি) >] ক্রি, সরানো ; সরাইয়া ফেলা ; অপনোদন করা ; মুছিয়া ফেলা ; অপসারণ করা। "বিপ্র সর্ব্ব দেখি খর্ব্ব ভোজ্য বস্ত্র সারিছে"-ভারতং। ২ কার্য্যনিষ্পাদন করা ; সম্পাদন। "রমাই পণ্ডিত টীকা (তিলক কর্ম্ম)সারিল আপুনি।" শূং পুং। ৩ ছাড়া ; প্রয়োগ করা ; দেওয়া। "বার তিন ফলঙ্গ সারিল বীরদাপে"-মাণিকং (ধং মং)। ৪ সমাপন বা সমাপ্ত করা ; শেষ করা। "স্নান করে সরোবরে সেরে নিত্যকর্ম্ম।" ৫ জীবন শেষ করা ; প্রাণান্ত করা ; মৃতবৎ বা অকর্ম্মণ্য করিয়া ফেলা। প্র-ডাকাতেরা তাকে এমন আঘাত করেছে যে তাতেই তাকে সেরে ফেলেছে। ৬ [ব্যঙ্গার্থে] ভাঙ্গা। প্র-কাচের গেলাসটা কে সেরে রেখেচে। ৭ সংবৃত করা ; সামলান। "খুল্লনারে দুর্ব্বলা তুলিল হাতে ধরি। সারিয়া পরিল খুঞা খুল্লনা সুন্দরী।" -কবিকং। ৮ গণিয়া বাহির করা ; গণনা করা। "নক্ষত্র সারা" (খনার বচনে)। ৯ বিণ, ক্লিষ্ট ; অত্যন্ত আঘাতপ্রাপ্ত ; মৃতপ্রায় ; প্রাণান্ত ; আক্লান্ত। "ত্রিবিধ তাপেতে তারা নিশি দিন হতেছি সারা"-বাং গান। "নবীন ধান্য ছুলে ছুলে সারা"-রবীং। ১০ বি, নিকাশি। **সারা দেওয়া** -ক্রি, হিসাব-নিকাশ করা ; নিকাশি দেওয়া ; সমাপ্ত করা। "আমরা কাজে সারা দিয়া সময়ের ঠিকানা করি।"-বরওয়ে ভ্রমণ। **~হওয়া**-ক্রি,আকুল হওয়া ; মৃতবৎ হওয়া। "সে অবধি সই ভয়ে ভয়ে রই আঁখি মেলিতে ভেবে সারা হই।"-বাং গান।

সারা৩ [সং-সর্ব্ব > হিং সারা >] বিণ, সমস্ত ; সকল। "সারা রাত কি পাগ্‌লা মিয়ে বায় গো মা জাগা।"-গিং ঘোষ। "সারা বরষ দেখিনে মা মা তুই আমার কেমন ধারা।"-রবীং। ২ সমগ্র ; নিখিল। "পাশে আছে যারা তাদেরি হারায়ে ফিরে প্রাণ সারা গগনে।"-রবীং। ৩ বি, মোট total.

সারাংশ [সার+অংশ] বি, সার ভাগ ; স্থিরাংশ।

সারাকালি [গং পরিঃ] বি, জমীর দৈর্ঘ্য প্রস্থাদির পরিমাণের গুণফল।

সারাখুণ্ডি [সং-সর্ব্বক্ষণ > ভ্রং। গ্রাং] বি, দিনরাত ; সারাদিন ; সর্ব্বক্ষণ। "মোরা হলাম পত্তিবাসী, সাং যাওয়া আসা কত্তি লেগিচি।"-নীলদর্পণ।

সারান [সারা দ্রঃ] ক্রি, মেরামত করান ; সংস্কার করান। ২ বিণ, সংস্কৃত ; যা মেরামত করা হইয়াছে।

সারাণি (ণী) ভাঁটা-ভাঁটা দ্রঃ।

সারাল [সার+আল (বালা)] বি, তিল শস্য। ২ বিণ, সারবিশিষ্ট।

সারি [সৃ+ণিচ্=সারি (গমন করান) ই (ক্তাং)] বি, পাশক ; পাশা। ২ শালিখ পক্ষিণী। ৩ [পূংবং প্রাদেং সাইর] পঙ্‌ক্তি ; শ্রেণী ; সার। "সারি গায় দুই সারি গাবরে।"-কবিকং। ৪ [গ্রাং বাং] কুৎসা ; নিন্দা। ৫ [শ্রেণী >। পূংবং প্রাদেং সাইর] শ্রেণীবদ্ধভাবে যে গান গীত হয় ; মাঝি কৃষক বা মজুরের দল সমস্বরে যে গান গায় ; মাঝি-মাল্লাদিগের গীত। "রামপ্রসাদ বলে কালী নামে যাওরে সারি গেয়ে।" "চৌদ্দডিঙ্গা বাইয়া যায় পাই সবে সাইর গায়" -মনসা মং (বংশীং)। ৬ [অশ্লীলতাদুষ্ট লোক সঙ্গীতে] কুৎসিত সামাজিক গান বা নৌকার বাচ খেলিবার সময় বিশেষ করিয়া গীত হয়। ৭ ক্রি, সমাপ্ত করি ; শেষ করি। ৮ সংশোধন করি। ৯ সংস্কার করি ;

মেরামত করি। "নটীয়া কাঁঠাল বীচ সারি গোটা দশ। ঘৃত সম্বরিয়া দিবা জামিরের রস।"-কবিকং। ~গান-বি, মাঝিমাল্লার সমস্বরে যে গান গায়। "সারি গানে দাঁড়িগণ অঙ্গ দোলাইয়া, ক্ষেপণী ক্ষেপিতে ছিল ধীরে শ্লথ করে।"-রঙ্গমতী। ~সারি-অ, শ্রেণীবদ্ধভাবে। "এই যে বিটপী শ্রেণী হেরি সারি সারি। কি আশ্চর্য্য শোভাময় যাই বলিহারি॥"-পদ্যপাঠ।

সারিকা [সারি+ক+আ (স্ত্রীং)] বি, শালিক পক্ষিণী। "সাং অধীর ভাবি কুসুম কাননে, রাধিকা অধীর ভাবি রাধা-বিনোদনে।"-ব্রজাঙ্গনা। ২ পাট্টি ; পাশা।

সারিগামা [গ্রাং সারেগামা। হিং সরগম, সারিগম। সঙ্গীতের প্রথম চারি স্বরগ্রাম-ষড়জ, ঋষভ, গান্ধার ও মধ্যম > স্কেং,স-র-গ-ম] বি, সপ্তস্বরগ্রামের প্রথম চারিটী: সাঙ্কেতিক বর্ণ দ্বারা সমগ্র স্বরগ্রামের ইঙ্গিত; সঙ্গীতের সপ্তস্বর। সা-রি-গা-মা সাধা -সঙ্গীত শিক্ষা করা ; আলাপচারি করা ; সুর ভাঁজা।

সারিন্দা [সারঙ্গ > ভ্রং] বি, বাদ্য-যন্ত্রবিঃ।

সারিবা [সং] বি, অনন্তমূলের গাছ।

সারী [সার+ঈন্ (স্ত্যং)] বিণ, যাতে সার আছে ; সারাল।

সারূপ্য [সরূপ (সমানরূপ)+য (ভাং)] বি, সাদৃশ্য ; তুল্যতা। ২ মুক্তিবিঃ ; যাতে ঈশ্বরের তুল্যরূপ প্রাপ্তি হয়। ৩ সমানরূপত্ব।

সারেং, সারেঙ্গ, সারেঙ [ফাং সরহঙ্গ্] বি, জাহাজ পরিচালক।

সারেসার [উচ্চারণভেদে কথ্য' সারেস্‌সার'] ক্রি-বিণ সারি সারি ; সারি বা শ্রেণীবদ্ধ হইয়া। "প্রজা কাঁদিতেছে পথে সারেসার"-সোণার তরী।

সারেস্‌সার১ [সার (মধ্যে) সার] বিণ, শ্রেষ্ঠতম।

সারোদ্ধার [সার+উদ্ধার] বি, সত্য নিষ্কর্ষ ; মূল বা আসল কথা ; খাঁটি সত্য ; প্রকৃত ব্যাপার। "এই হেতু যজ্ঞ বাঞ্ছা হইল আমার।শুন এই কথা কৃষ্ণ কহি সারোদ্ধার॥" -মহাং, সভাং (কাশীং)। "শুনহ বানরগণ কহি সাং"-কৃত্তিং। ২ সংক্ষিপ্ত বিবরণ; সংক্ষেপ। "ধৌম্য বলে সেই কথা কহিতে বিস্তার। সংক্ষেপে কহিব কিছু শুন সারোদ্ধার।"-ঐ (উদ্যোগং)। ক্রি-বিণ, সারোদ্ধারে-সংক্ষেপে। "তবে সে হাড়িনী ধুইল দুই স্তন। বড় পুত্রে কোলে করি লইল তখন॥ * * দুগ্ধ খাওয়াইল। তাহা দেখি মুনিবর তখন পুছিল॥ শুন কেনে ধুলে তুমি কহত আমারে। এই দুই পুত্র কার কহ সারোদ্ধারে॥" -মহাং, শান্তিং (কাশীং)।

সার্কাস [ইং circus এর লিপ্যন্তর] বি, ব্যায়াম-কৌশলপ্রদর্শন ; সিংহ ব্যাঘ্র অশ্বাদির ক্রীড়াচক্র।"সাং জাননা তাও কি?" -বিং রায়।

সার্জ্ [ইং serge এর লিপ্যন্তর] বি, সুক্ষ্ম শির বা বিট তোলা পশমী বস্ত্রবিঃ।

সার্জ্জন১, সারজন [ইং surgeon এর লিপ্যন্তর] বি, অস্ত্রচিকিৎসক। সিবিল সার্জ্জন -বি, জেলার প্রধান চিকিৎসক civil surgeon

সার্জ্জন২, সার্জ্জেন, সার্জ্জেন্ট্ [ইং sergeant এর লিপ্যন্তর] বি, পুলিশের কর্ম্মচারিবিঃ। "একজন সারজন ও কয়েকজন পিয়াদা।"-টেকচাঁদ।

সার্ট [ইং shirt এর লিপ্যন্তর] বি, কামিজ ; পিরান।

সার্টিফিকেট [ইং certificate এর লিপ্যন্তর] বি, প্রশংসাপত্র। ২ নিদর্শনপত্র ; প্রমাণপত্র।

সার্থ [স (সহিত)+অর্থ (ধন) যার, বহুং] বি, বণিক্‌সমূহ ; বাণিজ্যকারী। ২ সাথী। ৩ সমূহ। ৪ জীবসমুদয়। ৫ বিণ, ঐশ্বর্য্য-শালী ; অর্থশালী ; ধনবান্।

সার্থক [স (সহিত)+অর্থ (শব্দের প্রতিপাদ্য) যার,বহুং. ক যোগ] বিণ,অর্থযুক্ত। ২ অন্বর্থ। ৩ সফল ; সুসিদ্ধ। ৪ বণিক্‌দিগের অধিনায়ক। ৫ [গং (কং বিষং পরিঃ)] ইং significant এর বৈজ্ঞাং পরিঃ। বি, ~তা (-কং) সফলতা। ২ অন্বর্থতা। সাং সম্পাদন-বি,কার্য্যকারিতা-সাধন ; সাফল্যদান। ~নামা-বিণ, নামের সার্থকতাসম্পাদক; অন্বর্থ নামধেয় ; নামের সহিত যার কার্য্যের সঙ্গতি আছে।

সার্থবাহ [সার্থ (সমূহ) বাহ (যে বহন করে)] বি, বণিকের দল ; দলবদ্ধ বণিক্। ২ পথপ্রদর্শক।

সার্দ্ধ [স (সহিত)+অর্দ্ধ] বিণ, অর্দ্ধযুক্ত ; অর্দ্ধ সহিত ; দেড়। ~যাম-দেড় প্রহর।

সার্ব্ব [সর্ব্ব (সকল)+অ (ভবার্থে)] বি, বুদ্ধ। ২ সর্ব্ব সম্বন্ধীয়। ৩ সর্ব্বহিতকর। ~কালিক-বিণ, সর্ব্বকাল সম্বন্ধীয়। ২ যা সকল ঋতুতে জন্মে ; সর্ব্বদা প্রাপ্তব্য। ~জনীন-বিণ, সর্ব্বসাধারণের হিতকর। ২ সর্ব্বজনবিদিত। ৩ সর্ব্বজনের প্রয়োজনীয়। ~জাতিকতা-বি, বিশ্বমানবতা ; জগদাত্ম-বোধ,বিশ্বাত্মবোধ universal brotherhood, ~দেশিক, ~দেশীয় - বিণ, সকল দেশের। ~ধাতুক - বিণ, সর্ব্বধাতু সম্বন্ধীয়। ~বিভক্তিক-বিণ, সর্ব্ববিভক্তি-জাত। ~বেদ-বি, সর্ব্ববেদবিৎ ব্রাহ্মণ। ~লৌকিক-বিণ, সর্ব্বলোক সম্বন্ধীয়। ২ সর্ব্বলোক-পরিচিত ; সর্ব্বজন বিদিত। ৩ সর্ব্বত্র প্রসিদ্ধ ; সর্ব্বত্র পরিচিত। ৪ সকলের উপর বা উপরিস্থিত।

সার্ব্বত্রিক [সর্ব্বত্র (সকল স্থান)+ইক] বিণ, সকল স্থানের উপযোগী। ২ সর্ব্বত্রস্থিত ; সর্ব্বত্রব্যাপী।

সার্ব্বভৌম [সর্ব্বভূমি (সকল স্থান) +অ (অধিপতি অর্থে)] বি, সম্রাট্, চক্রবর্ত্তী ; সমুদয় ভূমির রাজা। "আপনার পুত্র সাম্রাজ্যে দীক্ষিত হইয়া সম্প্রতি সাং উপাধিলাভ করিয়াছেন"-মহাং (রায়)। ২ উত্তরদিগ্‌গজ ; কুবেরের হস্তী। ৩ বিণ, জগদ্বিখ্যাত ; বিশ্বব্যাপী।

সার্ভে [ইং survey এর লিপ্যন্তর] বি, জরীপ (ভ্রঃ)। ~পার্টি-বি, জরীপের আমীনসহ যে সকল লোকজন জরীপ করিতে যায়; জরীপকারীর দলবল survey party. ~য়ার - বি, জরীপকারী কর্ম্মচারী surveyor

সার্ষপ [সর্ষপ+অ (সম্বন্ধার্থে)] বিণ, সর্ষপ সম্বন্ধীয়। ২ সর্ষপজাত। ৩ বি, সরিষার তৈল।

সার্ষ্টি [স (সহিত) ঋষ্টি। "সার্ষ্টি সালোক্যং সারূপ্যং সাযুজ্যং নির্ব্বাণম্"-শব্দকল্প] বি, পঞ্চবিধ মুক্তির অন্যতম ; ঈশ্বরের তুল্য ঐশ্বর্য্য লাভ-রূপ মুক্তি। "বৈরাগীর বৈরাগ্যলাভ শাক্তের সার্ষ্টি : * যোগীর * * মোক্ষ * * তাহাদের স্ব স্ব শাস্ত্রবিহিত কর্ত্তব্য।"-গৃহস্থ, ১৩২০।

সাল১ [সল্ (গমন করা) + অ (ঘ)] বি, সর্জ্জবৃক্ষ। ২ প্রাচীর ; দেওয়াল। ৩ কামার শাল। "তাহার তলায় বিদাই পাতিল সাল।"-শূ° পু°।

সাল২ [ফা°] বি, আকবর শাহ্ প্রবর্ত্তিত অব্দ। ২ বৎসর। এই বৎসর গণনায় শকাব্দা হতে ৫১৫ বৎসর বাদ দিতে হয়।

সালগম [আ° শলগম্ > শালগম(দ্রঃ)। শ=স। প্যারিচাঁদ মিত্র (টেকচাঁদ ঠাকুর) এই অর্থে শালগ্রাম প্রয়োগ করিয়াছেন] বি, গৃঞ্জনবিঃ ; শালগম turnip.

সালগুজস্তা [ফা° গুজশ্‌তা (গত) সাল (অব্দা° পরিঃ)] বি, গতবৎসর।

সালগ্রাম-শালগ্রাম ও সালগম দ্রঃ।

সালঙ্ক [সালঙ্কার (দ্রঃ) > ক্ষে°] বি, অলঙ্কার ; ভূষণ। "কুলের কলঙ্ক করিনু সা° তবু যে না পানু হরি।"-চণ্ডি°।

সালঙ্কার [স (সহিত) + অলঙ্কার, বহু°] বিণ, অলঙ্কারযুক্ত ; ভূষণবিশিষ্ট : ভূষিত। ২ [সু-অলঙ্কার। প্রা° বাং -সালঙ্ক দ্রঃ] বি, ভূষণ। "তোমারি বচন সা° মোর"-চণ্ডি°। স্ত্রীঃ ~া-গহনায় ভূষিতা; অলঙ্কৃতা। "সালঙ্কারা কন্যা বরে দিল সমর্পিয়া।"-ধ°।

সালতামামি [সাল (বর্ষ) + তামাম (কাবার) + ই] বি, বার্ষিক বিবরণ। ২ বর্ষের শেষ। ৩ সমস্ত বৎসর।

সালতি [সাল (শালগাছ) + তি (নির্ম্মিত অর্থে)] বি, শালকাষ্ঠ নির্ম্মিত বা তাল কাঠের সরু ডোঙ্গা।

সালন [সং-সলবণ > হি° সালন, সলোনা, সলৌনা] বি, মাছ মাংস বা শাক-সবজীর মসলাযুক্ত তরকারি ; ব্যঞ্জন।

সালনির্য্যাস [সাল (বৃক্ষ) নির্য্যাস (আঠা), ৬তৎ] বি, সালগাছের আঠা ; ধুনা।

সালপানী [সং-সালপর্ণী] বি, বন্য ক্ষুপবিঃ desmodium gangeticum

সালবোট [ইং salver >] বি, রেকাবির পিত্তলাদির বৃহৎ পাত্র।

সালভঞ্জিকা [সাল (বৃক্ষ) + ভনজ্ (ভেঁদা করা) + অক, + আ (স্ত্রীং)] বি, সালকাষ্ঠনির্ম্মিত পুত্তলিকা ; কাঠের পুতুল। ২ গণিকা।

সালমমিছরী [আ° সালমমিস্রী] বি, ঈষৎ মিষ্টরস শাককন্দবিশেষ orchis mascula.

সালসা [পর্ত্তু° salsa র লিপ্যন্তর। তুল-কোরাণোক্ত "সালসাবিল" (স্বর্গের প্রস্রবণ যার জল ধীরে ধীরে ও সুখে গলাধঃকরণ করা যায়)] বি, রক্তশোধক দ্রব্য ঔষধবিঃ sarsaparilla.

সালাদ [ইং salad এর লিপ্যন্তর] বি, বৈদেশিক শাকবিশেষ। সালাদের পাতা য়ুরোপীয়গণ কাঁচায়ও রাঁধিয়া খায়।

সালাম-সেলাম দ্রঃ।

সালামত,-ৎ [আ° সলামত (স্বাস্থ্য : নিরাপত্তা)। মু° বাং কথ্য] ক্রি-বিণ, সুস্থ শরীরে ; নিরাপদে। "বিদেশে আল্লা তোকে জান সালামতে রাখে"।

সালি১-বি, শালি (দ্রঃ) ধান্য।

সালি২-বি, শ্যালী (দ্রঃ)।

সালিক [সং-সারিকা >] বি ময়না-জাতীয় সাধারণ গ্রাম্যপক্ষিবিঃ ; শালিক দ্রঃ। ইহারা খুব পোষ মানে ও পড়ে।

সালিয়ানা [হি° সালানা ; সাল দ্রঃ] বি, বাৎসরিক বৃত্তি। ২ বিণ, বার্ষিক।

সালিশ, সালিস [আ°] বি, মধ্যস্থ। বিণ, ~ী-মধ্যস্থ দ্বারা বিচার্য্য। ~নামা-বি, মধ্যস্থ দ্বারা বিচারের রায়।

সালিসি [সালিশ (দ্রঃ) + ই (কর্ম্ম, অর্থে) বি, মধ্যস্থতা। ~ফয়সালা-বি, মধ্যস্থ দ্বারা মোকদ্দমার নিষ্পত্তি।

সালুক [শালুক দ্রঃ] বি, কুমুদকন্দ। "সা° সুন্দির ফুলে সারিয়া লইব হার। জাহাত হইব তুষ্ট অনাদ্য করতার।"-শূ° পু°।

সালুম [আ° সালিম] বিণ, পূর্ণ ; গোটা ; সমস্ত। "সা° রাইত"-পূ° ব° গী°। "সা° দিন ভিক্ষা করে।"-ঐ।

সালুর [সং] বি, ইন্দুর ; মূষিক। "মহা-দর্পে গিয়া ধরিছে সা°।"-ধ°।

সালোক্য [স (সহিত) লোক (ভুবন) + য (নিবাসার্থে-ষণ্)] বি, ৫ প্রকার মুক্তির অন্যতম : একলোকে ইষ্টদেবতার সহিত বাসরূপ মুক্তিবিঃ।

সাল্ব [সাল + ব] বি, দেশবিঃ। ২ নৃপতিবিঃ। ~হা [সাল্ব (দৈত্য বিঃ) + হা-হন (বধে) + কিপ্ (কর্ত্তৃ)] বি, সাল্বনিসূদন বিষ্ণু।

সাল্বিক [সং] বি, সালিক পাখী।

সাশ্রয় [স + আশ্রয় বিদ্যমান যে, বহু°] বি (ণ), আশ্রয় (অবলম্বনবিশিষ্ট)। ২ উপচয় ; অপচয় হতে রক্ষা। ৩ লাভ। স্ত্রীঃ ~া।

সাশ্রু [স + অশ্রু] বিণ, অশ্রুপূর্ণ। ~নয়ন, ~নেত্র, ~লোচন-বি (ণ), জলে ভরা চক্ষু ; সজল নেত্র (বিশিষ্ট)। > ক্রি-বিণ, ~নয়নে, ~নেত্রে ই°-কাঁদিতে কাঁদিতে। ২ সজল চক্ষুতে ; অশ্রুভারাক্রান্ত হইয়া।

সাষ্টাঙ্গ [স + অষ্টাঙ্গ] বিণ, মস্তক, গ্রীবা, বক্ষ, পার্শ্ব, পৃষ্ঠ, উদর, হস্ত ও পদ দেহের এই অষ্ট অঙ্গের সহিত। ২ জানু, পদ, হস্ত, বক্ষ, শির, দৃষ্টি, বুদ্ধি ও বাক্য সহযোগে। ৩ অষ্টাঙ্গযোগে প্রণাম ; প্রণিপাত।

সাস, সাসু, সাসুবী [শ্বশ্রূ > সোআসু > সাস > (আদরে) সাসু] বি, শাশুড়ী। "সহিলোঁ সাসু ননন্দ গালী"-শ্রী° কী°। ~রী-শাশুড়ী (তুল-বহুআরী, বহুরী) বি, শ্বশ্রূ।

সাসী, সার্সী, সা(শা)শী [ফা° শীশা (কাচ) > বর্ণবিপর্য্যয়ে শাশী > সাসী (দর্পণের কাচ)। তুল-ফ্রে° chassis > ইং sash] বি, ফ্রেমে বাঁধা কাচের দরজা, ঢাকনা, পাল্লা, কপাট ই° glass pane.

সাস্তর [সং-শাস্ত্র > দ্রঃ] বি, শাস্ত্র। "চারিবেদ নাহি ছিল সা° বিচার। গুপত বেদ করিলেন্ত পরভু করতার।"-শূ° পু°।

সাস্না [সস্ (নিদ্রিত হওয়া) + ন (র্ক্ত)]

ন্না (স্ত্রীং)] বি. গো-গলকম্বল ; গরুর গলার লোলচর্ম্ম।

সাশ্র [স (সহিত) + অশ্রু (চক্ষুর জল)] বিণ, অশ্রুসহ ; চোখের জলের সঙ্গে। ২ শোণিতসহ ; সরক্ত। ৩ রোরুদ্যমান ; রোদনপরায়ণ। ৪ [-+অস্র (কোণ)] কোণ সহিত ; কোণবিশিষ্ট। ~নয়ন-সজল চক্ষু।

সাহ [সাধ দ্রঃ। প্রা॰ বাং] ক্রি, সাধ ; সংগ্রহ কর। "দান সাহ পর নারী আগে।"-শ্রী॰ কী॰। সাহি=সাধিয়া। সাহে=সাধে। "বাটে বাটোআড়ী করী সাহে মহাদাণ"-শ্রী॰ কী॰।

সাহঙ্কার [স (সহিত) + অহঙ্কার (গর্ব্ব) যার, বহু॰] বিণ, অহঙ্কৃত। স্ত্রীং ~া।

সাহচর্য্য [সহচর (সঙ্গী) + য (ভা॰)] বি, সঙ্গ ; সহচরত্ব। ২ সংসর্গ ; সংস্রব।

সাহজিক [সহজ + ইক] বিণ, স্বাভাবিক ; প্রকৃতিসিদ্ধ।

সাহড় [সং-শাখোট >] বি. শাওড়া গাছ ; সেওড়া। "সা॰ আঁকোড় ই॰"-শ্রী॰ কী॰।

সাহস [স্থং, অর্থ শা॰ পরিঃ। সহসা + অ (কৃতার্থে)। চট্টল॰ প্রাদে॰ সাইস] বি, সাধারণের দ্রব্য অথবা পরকীয় দ্রব্যের বলপূর্ব্বক হরণ ; দস্যুতা। "যে সা॰ করে তাহার, হৃতদ্রব্যের মূল্য অপেক্ষা দ্বিগুণ দণ্ড, আর যে সা॰ করিয়া অপলাপ করে,'কৈ আমি ত এমন কার্য্য করি নাই' তাহার চতুর্গুণ অর্থদণ্ড হইবে।"-যাজ্ঞবল্ক্য সংহিতা (বঙ্গবাসী)। ২ ভয়রাহিত্য ; নির্ভীকতা। ৩ বিক্রম; শৌর্য্য। ৪ দস্যুবৃত্তি। ৫ অত্যাচার। ৬ অনৌচিত্য। ৭ অবিমৃষ্যকারিতা ; সহসা কৃত কর্ম্ম। ৮ বলপূর্ব্বক কৃত দুষ্কর্ম্ম। ৯ দ্বেষ। ১০ ধৃষ্টতা। ১১ অগ্নিবিঃ। ~ী-বিণ, অবিমৃষ্যকারী। ~পূর্ব্বক-ক্রিবিণ, সাহসের সহিত ; নির্ভয়ে ; বিক্রমসহকারে ; ধৃষ্টতার সহিত।

সাহসাঙ্ক [সাহস (বিক্রম) + অঙ্ক (চিহ্ন)] বি, রাজা বিক্রমাদিত্য।

সাহসিক [সাহস+ইক (ষ্ণ)] বিণ, যে সাহসের কর্ম্ম করে। বি, ~তা (-র্ক-)।

সাহসী [সাহস + ইন্ (স্ত্যং)=সাহসিন্ ১মা, ১ব॰] বিণ, নির্ভীক ; সাহসিক।

সাহস্র [সহস্র + অ (সমূহার্থে)] বি, সহস্র সৈনিক সংখ্যাত সেনা। ২ সহস্র সংখ্যার সংখ্যাত দল। ৩ বহু সহস্র। ৪ সহস্র মাত্র। ৫ বিণ, সহস্র সম্বন্ধীয়। ৬ সহস্র মুদ্রায় ক্রীত।

সাহা₁ [বাং প্রাকৃ॰ খ=হ] বি, শাখা।

সাহা₂ [সাধা দ্রঃ। ধ=হ] ক্রি, সাধা।

সাহা₃ [সং-সাধু (দ্রঃ) > সাহু > সাহা] বি, সাহুকার জাতি; বাণিজ্য-ব্যবসায়ী জাতিবিঃ। ২ জাতীয় উপাধিবিঃ। ~সমীকরণ [ইং উচ্চগণিতে ডাঃ মেঘনাথ সাহা, এফ, আর, এস, কর্তৃক উদ্ভাবিত বলিয়া নাম] বি, সূক্ষ্ম সমীকরণ ধারা saha equation

সাহান [শান (দ্রঃ) > প্রাদে॰ উচ্চারণ ভেদ] বি, শান ; রক ; চুণসুরকী, সীমেন্ট বা পাথর দিয়া বাঁধান অর্থাৎ পাকা করা জমি। "সা॰ বাধান ঘাট"-পূ॰ ব॰ গী॰।

সাহানা [আ॰ শাহ্‌নহ্। আদা॰ পরিঃ] বি, গ্রাম্য চৌকীদার।

সাহায্য [সহায় + ষ্যণ (ভা॰)] বি, সহায়তা ; আনুকূল্য। সা॰ করা-অর্থ সামর্থ্যাদি দিয়া উপকার করা। ~কারী, ~দাতা-বিণ, সহায়ক ; আনুকূল্যকারী ; উপকারক। ~কৃত-বিণ, পৃষ্ঠপোষিত ; কৃতোপকার। ২ সাহায্যপ্রাপ্ত aided. সা॰ চাওয়া-ক্রি, সাহায্যপ্রার্থনা করা। সা॰ দেওয়া-ক্রি, সহায়তা করা ; উপকার করা। সা॰ পাওয়া, সা॰ লাভ করা -ক্রি, উপকার বা আনুকূল্য গ্রহণ করা ; উপকৃত হওয়া। ~প্রার্থী, ~ভিখারী -বিণ, সাহায্য বা আনুকূল্য যাচ্ঞাকারী।

সাহারা [ইং Sahara র লিপ্যন্তর] বি, আফ্রিকা মহাদেশস্থ প্রসিদ্ধ মরুভূমি। "হৃদয়ে উড়ায় বালু শত সাহারার।"-প্রেম ও ফুল।

সাহিত [সহিত >] বি, মিলন। "সা॰ অশ্রু ধৌত করিবে কর জনমের মায়া।"-মন্দির (কিরণ দরবেশ)।

সাহিত্য [সহিত + য (ভা॰)] বি, সঙ্গ ; সংসর্গ ; সাহচর্য্য। ২ মিলন। "এই দুইয়ের সা॰ অথবা পার্থক্যে শ্রবণ এবং চিন্তন করিবেক।"-রাজা রামমোহন রায়। ৩ [অলং, ব্যা॰ ছন্দাদির সহিত পাঠ্য বলিয়া] কাব্যশাস্ত্র ; কাব্যকবিতাদি রচনা pure literature. ৪ [বিশদার্থে] মানবের ব্যক্তিগত বা জাতীয় চিন্তা লিখিত ভাষায় ব্যক্ত হইলে সাহিত্যের সৃষ্টি করে [দ্রঃ-এই অর্থে ইংরেজীতে literatrue শব্দ ব্যবহৃত হয়। সাহিত্যমঙ্গলকারমতে-"কর্ম্মশাস্ত্র, ধর্ম্মশাস্ত্র, যোগশাস্ত্র, বিয়োগশাস্ত্র, কাব্যকবিতা, গণিত জ্যোতিষ-সকলই মোটের উপর সাহিত্যেরই অধিকারাধীন। ভাগ বিভাগ, শ্রেণী, অঙ্গ, প্রত্যঙ্গাদি ভেদে সাহিত্যেরই ভিন্ন ভিন্ন নাম প্রযুক্ত হয়। তুল-ইং pure literature (বিশুদ্ধ সাহিত্য), scientific literature (বৈজ্ঞানিক সাহিত্য), historical literature (ঐতিহাসিক সাহিত্য), religious literature (ধর্ম্ম সাহিত্য)]। ~কলা-বি, বিশুদ্ধ, উচ্চ, সুকুমার সাহিত্য সৃষ্টির সূক্ষ্ম বিদ্যা ; সুকুমার সাহিত্যরচনা কৌশল art of literature ~চর্চ্চা-বি, সাহিত্যের অনুশীলন ; সাহিত্যবিষয়ক আলোচনা ; সাহিত্যসেবা। ~জগৎ-বি, বিদ্বৎ সমাজ ; নিখিল সাহিত্যিক মণ্ডলী। ~জীবী-বিণ, সাহিত্যসেবা যার জীবিকার্জ্জনকারী। ~বীর, ~রথী-বি, বিশিষ্ট ও শ্রেষ্ঠ সাহিত্যিক ; সাহিত্যগুরু ; মহাকবি। ~ব্যবসায়-বি, লেখক, সাংবাদিক, গ্রন্থপত্রাদির প্রকাশক আদির বৃত্তি বা জীবিকা নির্ব্বাহের উপায়। ~বণিক, ~ব্যবসায়ী-বিণ, সাহিত্যকে পণ্যে পরিণতকারী ; সাহিত্যজীবী। ~ভাণ্ডার-বি, সাহিত্য শাস্ত্রের যাবতীয় রচনাসংগ্রহ ; ধর্ম্ম-দর্শন, জ্ঞানবিজ্ঞান, শিল্পকলা, কাব্য-ইতিহাস ও মানবের চিন্তা প্রসূত যাবতীয় রচনা সংগ্রহ। ~রথী-~বীর দ্রঃ। ~শাস্ত্র -বি, সাহিত্য সম্বন্ধীয় শাস্ত্র ; সাহিত্যবিদ্যা ; কাব্যশাস্ত্র। ~শিল্প-বি, সাহিত্যরচনা-কৌশল। ~সেবক, ~সেবী-বিণ, বি, সাহিত্যচর্চ্চাকারী ; গ্রন্থকার ; সংবাদ ও সাময়িক পত্রাদির সম্পাদক ও পরিচালক ; প্রবন্ধাদি-

লেখক, কবি, সাহিত্যিক ই°। ~সেবা-বি, সাহিত্যচর্চ্চা ; কাব্যালোচনা। আত্ম-শক্তিতন্ত্র সাহিত্য-বি, লেখক বাহ্যবস্তুর সত্তা স্বয়ং যে ভাবে অনুভব করেন, তাঁর প্রকৃতির, তাঁর রুচির ও তাঁর কল্পনা-শক্তির স্পর্শে বাহ্যবস্তু যে নব কলেবর ধারণ করে, তার অবিকল চিত্র literature of power. "আত্মশক্তিতন্ত্র সাহিত্যই প্রকৃত সাহিত্য ; বস্তুতন্ত্র সাহিত্য-বিজ্ঞান। সত্য উভয় প্রকার সাহিত্যেরই প্রাণ।"-সাহিত্য, ১৩২১। ~বস্তুতন্ত্র সাহিত্য-বি, যে রচনায় বাহ্যবস্তুর অবিকল বর্ণনা থাকে ; বাহ্যবস্তুর ফটোগ্রাফ literature of fact.

সাহিত্যাকাশ [সাহিত্য+আকাশ] বি, জ্যোতিষ্ক পরিবৃত আকাশ সদৃশ সাহিত্যের উজ্জ্বলরত্নস্বরূপগণ পরিশোভিত সাহিত্যক্ষেত্র ; কাব্যগগন।

সাহিত্যাচার্য্য [সাহিত্য+আচার্য্য] বি, সাহিত্যে মহামহোপাধ্যায় পণ্ডিত ; সাহিত্যবিশারদ ; সাহিত্যগুরু Doctor of literature.

সাহিত্যাধ্যাপক [সাহিত্য + অধ্যাপক] বি, সাহিত্য-অধ্যাপনাকারী Professor of literature.

সাহিত্যানন্দ [সাহিত্য+আনন্দ] বি, সাহিত্যামোদ ; সাহিত্যিকের উপাধিবিঃ। তুল-কাব্যানন্দ।

সাহিত্যানুরাগ [সাহিত্য+অনুরাগ] বি, সাহিত্যপ্রীতি ; সাহিত্যসেবায় যার আসক্তি বা প্রবৃত্তি। > বিণ, ~ী-সাহিত্য-প্রেমী। > স্ত্রীং সাহিত্যানুরাগিণী।

সাহিত্যানুশীলন [সাহিত্য+অনুশীলন] বি, সাহিত্যচর্চ্চা ; সাহিত্যসেবা।

সাহিত্যামোদ [সাহিত্য+আমোদ] বি, সাহিত্য চর্চ্চায় যিনি আমোদ পান ; সাহিত্যানন্দ। > বিণ, ~ী-সাহিত্যানুরাগী।

সাহিত্যালোচনা [সাহিত্য + আলোচনা] বি, সাহিত্যানুশীলন।

সাহিত্যিক [সাহিত্য+ইক] বিণ, সাহিত্য বিষয়ক ; সাহিত্য সম্বন্ধীয়। ২ সাহিত্যসেবী। > সাহিত্যিকবর্গ, সাহিত্য-সমাজ ; সাহিত্য-সেবকগণ।

সাহু [সং-সাধু] বি, বণিক ; মহাজন। ~কার, সাউকার, সাওকার [সাধু (বণিক্) > সাহু+কার (কারবার) যার] বি, বড় মহাজন ; বড় ব্যাপারী। ২ বিণ, ধনাঢ্য। ~কারি, ~ী-বি, মহাজনী ; তেজারতী।

সাহেব, সাহিব [আ°-সাহব, সাহিব। প্রা° সাএব, সায়েব, সাইব (দ্রুত উচ্চারণে)। স্ত্রীং সাইবানী (গ্রঃ)} বি, সম্ভ্রান্ত ব্যক্তি; সম্মানিত ব্যক্তি, বাবু [এই অর্থে স্ত্রীং-বিবি, বীবী]। ২ প্রধান ব্যক্তি। ৩ প্রভু। "ভূত বলি দেবীরে সাহেব গালি দিলা।" -অ° ম°। ৪ য়ুরোপীয় [এই অর্থে স্ত্রীং মেম (গ্রঃ)]। ৫ সম্মানসূচক উপাধি ; মহাশয়। প্র-বাবু সাহেব। মেম সাহেব। "ফরমানী মহারাজ মনসবদার। সাহেব নহবৎ আর কানগোই ভার॥"-অ° ম°। ৬ রাজপুরুষ। "কৃতাঞ্জলি দ্বারা সাহেব সুবাদিগকে বশীভূত করিয়াছিলেন।" ৭ ভদ্রলোক; বাবু (গ্রঃ) [হি°-তে প্রচর (এক সাহেবনে কহা ই°) বাং-র বিরল কিন্তু বাং-য় বাবু সাহেব উত্তরাখণ্ডী পাহাড়ী প্রা° হি°-'বাবসেব' প্রচর]। ৮ [বিদ্রূপে] অ, ব্যঙ্গ্যার্থে মশাইবৎ ; বাবু গ্রঃ। স্ত্রীং মেম, মেমসাহেব, (২) বিবি, বিবিসাহেব [হি° সাহেবা]। ~ী, সাহেবি [প্রা° সাইবী, সায়েবি] বিণ, সাহেবসুলভ ; য়ুরোপীয়দের আচরিত। ২ সাহেবদের অনুকৃত ; বিলাতী ; টোপীওয়ালাদের অনুরূপ। "সাহেবী ভাবে থাকা"- পিতাপুত্র। ~আনা, সাহেবিআনা, সাহেবানা, সাহেবয়ানা, সাহেবিয়ানা-বি, সাহেবের আচরণ ; সাহেবী চালচলন। ~সুবা-বি, সম্ভ্রান্ত রাজপুরুষাদি। বাবু বাহেব [প্রা° বাবুসায়েব] বি, বাবু মহাশয় ; সম্ভ্রান্ত ব্যক্তিকে সম্বোধন। ~জাদা [আ° সাহিব+ফা° জাদা (পুত্র)] বি, উচ্চবংশীয় কুমার। স্ত্রীং ~জাদী।

সাহেবধনী-বি(ণ), কর্ত্তাভজামতের অনুরূপ ধর্ম্মমতাবলম্বী সম্প্রদায় প্রবর্ত্তক ও হিন্দু মুসলমান নির্ব্বিশেষে সর্ব্বজাতীয় শিষ্য-গ্রহণকারী জনৈক বৈরাগী (উচ্চনতাবলম্বী)। প্রতিবর্ষ অগ্রদ্বীপে এই সম্প্রদায়ের মহোৎসব হইয়া থাকে।

সাহেবান্ [সাহেব (গ্রঃ) শব্দের বহুবচন] বি, মান্যব্যক্তিগণ ; সাহেবসমূহ।

সি১ [হি°-র অনুকরণে। প্রা° বাং] স, সে। "যাহার পাপ তাকে সি পায়॥"-ডাক।

সি২ [সং-সিপ্ > সি (প্রাকৃ°) >। ৪০০ বর্ষ পূর্ব্বের বাং-র সি (আধু° বাং-র সে, এ, ও ; ইতেছিস্, ইতেছ, ছিস্, ছ)] ম° পু°, প্র° পু°, বর্ত্তমানকাল বাচক ক্রিয়া-বিভক্তি। "ঈষৎ হাসিয়া প্রভু তাহাতে জিজ্ঞাসি। আমারে ভাণ্ডিয়া বেটা মন্দিরে পলাসি॥"-চৈ° মঙ্গল (জয়ানন্দ)। "তোর মাতামহ মুই না চিনসি মোক।" "এহিক্ষণে মোকে যদি না দেয়সি বিহা।"-মহা° (শ্রীকরণ°)। "মিছাই করসি লাজে"-শ্রী° কী°। "কমন কারণে রাধা না কাঢ়সি রাএ"-শ্রী° কী°। [গ্রঃ-জিজ্ঞাসি, পলাসি ই°=জিজ্ঞাসে, জিজ্ঞাসয়, জিজ্ঞাস ; পলাসি=পলায়, পলাও, পলাইতেছিস ; করসি =ক'রিস, ক'রছিস, ক'রছ, করিতেছে, করিতেছিস, করিয়েছ ই°। হি°-তে করণ, অপাদান কারকের চিহ্ন ও ওদ্রা, ৫মী বিভক্তি]।

সি৩ [হি° সহী > সই > সি, ইস্ (তুল-ভাগ্যিস্ < ভাগ্যেসি) অথবা বৈদিক সং-সীম > সিন > সি (O D B.L)। তুল-ওবেঁসি=ভাইসিন=ভাই বটে = ভাই ত indeed] অ, বটে। ২ কিন্তু ; বরং। "এবেঁ সি জানি লোঁ তোর ভাল নহে মনে।"-শ্রী° কী°। "এবেঁসি তোহ্মার মুখে শুনি হেন বাণী॥"-ঐ। ৩ [সি=সে] যেমন; হেন। "বার বৎসরের তোএঁসি বালী"-শ্রী° কী°। ৪ [হি° 'হী' > প্রা° বাং-'সি'। আধু° বাং-ই, ইত] বাস্তবপক্ষে ; সত্যই ; অবধারণে ; নিশ্চয়ে ; ই ; ত। "এথাঁ সি সুন্দরি রাধা কর কাঠ দাপ। ওথাঁ গেলেঁ হইবি যেহ্ন বাদিয়ার সাপ॥"-শ্রী° কী°। "বার বৎসরের তোএঁসি বালী।"-ঐ। "সে সি নারী যে হএ সতী" -ঐ। "রক্ষনি করহ রক্ষা তবে সি উদ্ধার।" -চণ্ডিকাবিজয়। সে সি (গ্রঃ)-সেই; সেই ত।

সি৪ [হি° হী প্রা° বাং সি > আধু° বাং-ই] অ, ই ; মাত্র ; অমনি। "জাণ জৌবণ মোর ভইলেসি পুরা"-চ° ২০।৪।

সিঅনি, সিয়ঁনি,-নী-সিউনি দ্রঃ।

সিঅর, সিয়ঁর, সিয়ঁরে [শিখর (দ্রঃ) >। প্রা° বাং] বি, মস্তক ; মাথাটি। "তার উয়ে দিল মো সিয়রে"-শ্রী° কী°। ~স্থ-বিণ, শিয়রস্থ ; শিয়রে স্থিত। সিয়ঁরে [সিয়র=সিয়রে। প্রা° বাং এ=রে (এ২(২)) পৃ° ৩৫৪ দ্রঃ] বি, -মাথা ; মস্তক। "শয়নে সুতিল বাঁশীতে দিআঁ সিঅরে।"-শ্রী° কী°। ২ অ, শিয়র হইতে ; মস্তক হইতে। "কে না নীল বাঁশী সিঅরে" '-শ্রী° কী°।

সিঅলি, সিআলি [সং-সেফালিকা] বি, শেফালিকা ; শিউলি। "প্রথমেত কোঙর বক নাপালি সিঅলি। কালা কাসন্দর ইন্দীবর ফুল লইল তুলি॥"-শূ° পু°। ২ বৈচী। "সিঅলি কুসুস্ত ওড়"-শ্রী° কী°।

সিআঁ [আ-সি-য়া > ক্ষে°। প্রা° বাং-য় অকারান্ত বা আকারান্ত পদের সহিত যুক্ত হইলে আদ্য আকারের লোপে সন্ধি এবং প্রাদে° উচ্চারণ বিকারে ৺যোগ হয়] অস-ক্রি, আসিয়া ; আগমন করিয়া। 'রাধা-সিআঁ বসিলী শয়নে"-শ্রী° কী°। বাং সন্ধির দৃষ্টান্ত-রাধা + আসিয়া > রাধাসিআঁ। বল, কহ+আসিয়া > বলসিয়া, কহসিয়া। দেখ +আসিয়া=দেখসিয়া।

সিআই, সেআই, স্যাই [ফা° সিআহী] বি, মসী ; কালি।

সিআন [সেয়ানা দ্রঃ। সং -সজ্ঞান > পা° সঞ্‌ঞান > সঞান > সিআন] বিণ, সজ্ঞান knowing ২ চতুর artful. ৩ বয়ঃ সন্ধিগত : সোমত্ত grown up. স্ত্রীং ~নী [মৈ° সয়ানি,-নী। "শৈশব যৌবন দুহু এক ভেলা। * * দুহু এক যোগ ইহকো কহ সয়ানি।"-বি° প°] বয়ঃ-সন্ধিগতা। ২ বুদ্ধিমতী ; চতুরা। "আপনাক রাখি যে কাজ করে তাকে বুলিএ সিআনী।"-শ্রী° কী°।

সিউনি,-নী [সং-সেচনী] বি, সেচনী ; বারিসেচন-পাত্র।

সিউলি১, শিউলি, শিওলী, সিওলী [সিঅলি দ্রঃ]বি,শেফালিকাপুষ্প। "উষায় মেদুর বায় হয়ে গেল ভরপুর কামিনী ও সিউলির বাসে।"-অশোক°। ২ শৈবাল ; শেয়ালা।

সিউলী, সিউলি২, সিওলী, সিয়ঁলী [প্রাদে°] বি, জাতিবিঃ ; ইহারা খেজুর গাছ কাটে ও গুড় তৈয়ার করে। "সিউলি [পাঠান্তরে- সিয়লী] নগরে বৈসে খাজুরের কাটি রসে গুড় করে বিবিধ বিধানে।"

সিওয়ায় [হিং] সওয়ায়, সেওয়ায় দ্রঃ।

সিংলী [রাষ্ট্র° পরিঃ] বি, সাধারণ সৈন্য ও গ্রামবল সংজ্ঞসূচক উপাধিবিঃ।

সিংহ [হিন্‌স্ (হিংসা করা) + অ (র্ত্তৃ), নিপাতনে,, হিংস > সিংহ] বি, অতি বলবান বিড়াল জাতীয় হিংস্র পশু; পশু-রাজ ; কেশরী lion. ২ [অন্য শব্দের পর যুক্ত হইলে] শ্রেষ্ঠ। প্র-নরসিংহ। পুরুষ সিংহ (তুল-ফা°শেরমর্দ্দ)। ৩ [জ্যো°] পঞ্চম রাশি leo. ইহাতে ভাদ্রমাসও বুঝায়। "কর্কট সিংহেতে যেন জলদ বরিষে।"-মহা° (কাশী°)। ৪ সাধারণ সৈন্য ও গ্রামবলসজ্ঞ-সূচক উপাধিবিঃ। স্ত্রীং **সিংহী** [গ্রা°কথ্য°-সিংহ অর্থে 'সিঙ্গি,' 'সিঙ্গী'চ°আছে। অশুদ্ধ কথ্য সিংহিনী]। ~কেশর-বি, সিংহের জটা। ২ বকুল গাছ। ~গ্রীব-বিণ, সিংহের ন্যায় উন্নত গ্রীবাবিশিষ্ট। (তুল ফা° শের-ই-গর্দ্দন)। ~তল-বি, বদ্ধাঞ্জলি। ~দ্বার-বি, সিং দরজা ; সিংহ মূর্ত্তি চিহ্নিত ফটক ; প্রধান প্রবেশদ্বার। ~ধ্বনি, ~নাদ [সিংহের ধ্বনি,নাদ (শব্দ),৬তৎ] বি,কেশরী গর্জ্জন; সিংহের ডাক। ২ [লক্ষ°] আস্ফালন-সূচক শব্দ ; হুঙ্কার ; ভীম রব। "আইলেন প্রভঞ্জন সিংহনাদ করি ঘন, যথা ভীম ভীম-সেন কৌরব সমরে।"-মাইকেল°। ~ভাগ [ই° lion's shareএর বঙ্গানুবাদ] বি,বৃহত্তম অংশ; শ্রেষ্ঠভাগ। ~মুখ-বি, সিংহের মুখ। ২ হস্তীর ভূষণবিঃ। ~শয্যা [বৌ°সা°] বি, দক্ষিণপার্শ্বে ভর দিয়া শয়নের ভঙ্গী। "শেষ যামের প্রথমভাগে সিংহশয্যায় শয়ন করিলেন"-জাতক, ৫ম খণ্ড। ~শাবক, ~শিশু-বি, সিংহের বাচ্চা বা ছানা।

সিংহল [বঙ্গীয় রাজপুত্র বিজয় সিংহ এই দ্বীপ জয় করিলে তাঁর নামে দ্বীপের 'সিংহল' নাম হয়] বি, ভারতবর্ষের দক্ষিণ পূর্ব্ব প্রান্তস্থ দ্বীপবিঃ ; লঙ্কা দ্বীপ Ceylone. ২ পিত্তল। ৩ রাঙ্‌ ; রঙ্গ। ৪ টিন।

সিংহবাহিনী [সিংহ-বাহ+ইন্ (স্ত্য°) =সিংহবাহিন + ঈ (স্ত্রীং)] বি,ভবানী ; দুর্গা ; মহিষাসুরমর্দ্দিনী মহাশক্তি।

সিংহবিক্রান্ত [সিংহের ন্যায় বিক্রান্ত] বিণ, সিংহের ন্যায় পরাক্রমশালী ; ভীম-পরাক্রান্ত। ২ বি, অশ্ব। স্ত্রীং ~া।

সিংহাণ [সিংহ-আণ] বি, সিংহনাদ ; কেশরী গর্জ্জন।

সিংহান, সিঙ্ঘান [শিন্‌ঘ্‌ (আঘ্রাণ করা) + আন (র্ত্ত), নিপাতন] বি, শ্লেষ্মা ; সিক্‌নি ; নাসিকামল। ২ লৌহমল ; লোহার মরিচা।

সিংহাসন [সিংহ (সিংহধৃত বা সিংহ-চিহ্নিত) + আসন, ধা। প্রা° সিঙ্গাসন। "ধবল সিঙ্গাসন"-পূ° ব° গী°] বি, নৃপতির আসন, রাজাসন। ~চ্যুত-বিণ, রাজ্যা-ধিকার হ'তে বঞ্চিত ; রাজপদ হ'তে বিচ্যুত ; রাজ্যভ্রষ্ট।

সিংহাসনা/ধিষ্ঠিত, ~ধিরূঢ়, ~রূঢ় [সিংহাসন + অধিষ্ঠিত, + অধিরূঢ়, + আরূঢ়] বিণ, রাজতক্তে উপবিষ্ট।

সিংহাসনোপবিষ্ট [সিংহাসন + উপ-বিষ্ট] বিণ, সিংহাসনে বসিয়া আছেন এমন ; সিংহাসনারূঢ়।

সিংহিকা, সিংহী [সিংহী (রাহুর মাতা) + ক (স্বার্থে) + আ (স্ত্রীং)] বি, কশ্যপ পত্নী ; রাহুর জননী। ২ সিংহের স্ত্রী।

সিঁআ [সং-সীবন >] ক্রি, সেলাই করা। বি, সিঁআই-সেলাই।

সিঁউলি [সিউলী দ্রঃ। প্রাদে°] বি, শৈবাল। "সন্তাপে সিমূলা ভাসে সোঁতের সিঁ°।"-ঘ°।

সিঁচগাড়ী [সিঁচ (সেচন) গাড়ি (সং-গর্ত্ত > গাড়, গাড়া > ক্ষুদ্রার্থে গাড়ি)] বি, সিঞ্চিত জল যে গর্ত্তে পতিত হয়। "যোগেশ্বর জল সেঁচে জলাধিপে কম্প। সিঁ° সমীপে সফরী দিল লম্ফ।"-শি°।

সিঁচা, সেঁচা [সং-সিঞ্চন > সেঁচন > সেঁচা] ক্রি, সেচন করা। "বাঁধ বেঁধে বিধুমুখী

সিঁচে ফেলে পায়"-শিং। "আনুগে তো তাকে ডেকে সে সিঁচে দিক পানি।"-ঐ। ২ বিণ, সিঞ্চিত।

সিঁড়ি, সিঁড়ী [সং-শ্রেণী > হিং সীঁঢ়ি; প্রাং বাং-সিঁঢ়ি] বি, সোপান; পইঠা। "গিরি পরে উঠে গিরি স্বর্গের শ্যামল সিঁড়ি।"-কস্তুরী। **সিঁং বঁওয়া, -বঁহা, সিং ভাঙ্গা**-ক্রি, সিঁড়ি অতিবাহন করা; সিঁড়িতে উঠা বা নামা। **সিঁড়ি ভাঙ্গাভাঙ্গি কঁরা**-ক্রমাগত সিঁড়িতে উঠা ও নামিয়া আসা। প্র-অত সিঁড়ি ভাঙ্গাভাঙ্গি করলে রোগ বেড়ে যাবে।

সিঁড়ির কুন্কি [হাথী-খেদার ভাষায়] বি, যে শিক্ষিত হাতীর সাহায্যে বন্য হাতীর পায়ে 'জোড়ন' দিয়া বাঁধা অর্থাৎ বাও্ভা ভরা হয়, ও তাহার পিঠের সঙ্গে একটি দড়ির সিঁড়ি ঝুলান থাকে, যাহাতে পায়ে জোড়ন দিবার সময় বিপদ ঘটিবার আশঙ্কা হইলে ঐ সিঁড়ি দিয়া অতি দ্রুত হাতীর উপরে উঠা যায়।

সিঁতেন-সিতান দ্রঃ।

সিঁথি [সীতা দ্রঃ। সীতা রেখাবৎ বলিয়া। প্রাং সিঁতি] বি, কেশবীথি; সীমন্ত। "সিঁথির সিঁদুরটুকু সত্যই যেন তাঁহার রূপে হাসিতেছিল।"-ভারতী, ১৩২০।

সিঁদ [সিঁধ দ্রঃ। সন্ধি >] বি, সন্ধি; প্রাচীরাদিতে গর্ত। **~-কাটা**-ক্রি, সন্ধি খনন করা। **~দেওয়া**-ক্রি, সিঁদ কাটা [গ্রাং কথ্য-সিঁদ মারা]। **~কাটি, সিঁধকাঠি**-বি, লৌহনির্ম্মিত খননাস্ত্রবিঃ; যে যন্ত্র দ্বারা চোরেরা গৃহভিত্তিতে ছিদ্র করিয়া প্রবেশের পথ করে।

সিঁদুর [সং-সিন্দূর >] বি, রক্তবর্ণ চূর্ণবিঃ; এয়োতির লক্ষণ স্বরূপ হিন্দু রমণী ইহা সীমন্তে ও ললাটে ধারণ করে। বিণ, **সিঁদুরিয়া** [ক্ষেং সিঁদুরে] সিন্দূরবর্ণ। **সিঁদুরে মেঘ**-বি, সিন্দূরবর্ণ মেঘ। **সিঁদুরে মেঘ দেখিয়া ঘঁরপোড়া গঁরুর ভঁয়** [লক্ষং] অগ্নিবর্ণ মেঘের আভায় গৃহদাহের অধ্যাস হ'তে ঘরপোড়া গরুর মত (ঘর দ্রঃ) বিপদ কল্পনা করিয়া লোকের অকারণ আতঙ্ক। "তাহা হইলেও আমরা নিশ্চিন্ত হইতে পারিতেছিনা কেননা 'ঘরপোড়া গরুর' সিঁদুরে মেঘ দেখিয়া স্বভাবতঃই ভয় হয়।"-আং পত্রিকা, ৩১-২-৪৩

সিঁধ [সং-সন্ধি > সাঁধি > বর্ণবিপর্য্যয়ে সিঁধ। প্রাং সিঁদ] বি, সন্ধি; সুড়ঙ্গ।

সিঁধাল [সিঁদ (দ্রঃ)+আল (হিং বালা)] বিণ, যে সিঁদ দিয়া চুরি করে; সিঁধ কাটিতে দক্ষ চোর।

সিক্ [সিচ্ (সেচনে) >। পদান্তে যুক্ত হইয়া বিশেষণবাচক পদের সৃষ্টি করে] বিণ, সেচনকারী।

সিক [ফাং সীখ্ >] বি, শিক (দ্রঃ); লৌহাদি ধাতুর শলাকা spit. **~চা** [ছিঁচ্কা দ্রঃ] বি, ছোট সিক; ছিঁচ্কে small spit. **~কাবাব**-বি, শূল্য মাংসভাজা; সিকবিদ্ধ করা ও আগুনে পোড়ান কুট্টিত মাংস।

সিকঁঞ্জা [ফাং শিকন্জা] বি, পুস্তকাদি বাঁধাইবার জন্য চাপ যন্ত্র।

সিকঁড় [শিকড় দ্রঃ] বি, মূল। "চন্দন বানাঞ তুলি বেলাল সিকড়। তো আল পিআল সাইল দুহি আকড়॥"-শূং পুং।

সিকঁতা [সং] বি, বালুকা। ২ বালুকাময় ভূমি। **~বান্**-বিণ, বালুকাযুক্ত; বেলে। **~ময়্**-বিণ, বালুকাময়; সৈকত। ২ বি, সমুদ্রোপকূল।

সিকঁতিল [সিকতা+ইল (যুক্তার্থে)] বিণ, সিকতাময়; বেলে; বালিযুক্ত।

সিকঁম [ফাং শিকম্। দর্জ্জী ভাষায়] বি, কোমর হ'তে পেটের ঘের।

সিকঁমি-সিক্মি দ্রঃ।

সিকঁল-শিকল দ্রঃ।

সিকঁস্ত [ফাং শিকস্ত্] বি, ধ্বংস; ভাঙ্গন। ২ নদ্যাদির তট ধসিয়া পড়ন। ৩ বিণ, উৎসাহ ভঙ্গ; হতাশ; জেরবার। "অনেকের উপর পীড়ন হওয়াতে প্রজারা সিকস্ত হইয়া পড়িল।"-টেকচাঁদ। ৪ [এই অর্থে সিকস্তা ওং] আদালতের টানা জড়ানে লেখা।

সিকা [সং-চতুষ্কা। হিং সুকা] বি. চতুর্থাংশ। ২ সিকি (দ্রঃ)।

সিকান [শিঙ্ঘাণ > ভ্রং] বি, শিক্নি; নাসামল।

সিকায়ৎ [আং শিকায়ৎ] বি, দোষারোপ; অভিযোগ।

সিকি, সিকী [সং-চতুষ্কা] বি, চতুর্থাংশ। ২ টাকার চতুর্থাংশ রৌপ্যমুদ্রা; টাকার চারিভাগের একভাগ। ৩ পোয়া; এক সেরের চারিভাগের একভাগ।

সিকিয়া [শিক্য > ভ্রং] বি, শিকে। **~বাকুয়া**-শিক্যা ও বাঁকদণ্ড। "সিং বাং দিলা দুইটা জলের হাঁড়ী"-মানিকং গান।

সিক্কা [আং] বি, মুদ্রা coin; বাদশাহী মুদ্রা। ২ টাকা। ৩ ইষ্টইণ্ডিয়া কোম্পানীর টাকা। ৪ মুদ্রালিপি Pneumismatic record "এতদিন পর্য্যন্ত যে ভারতবর্ষের ইতিহাস লেখা হইয়াছে তাহার মালমসলা সংগ্রহ করিবার জন্য সিক্কা পড়িতে হইয়াছে শিলা লেখা পড়িতে হইয়াছে * *"-হং প্রং শাস্ত্রী (ভারতবর্ষের ইতিহাস)।

বিরাশি সিক্কার ওজন-চলিত ওজন ৮০ তোলায় এক সের কিন্তু তার অপেক্ষা বেশী ওজন কারণ তোলা ৮০ টাকা অপেক্ষা কিছু অধিক ওজন। ২ অতিরিক্ত ভারী। প্র-৮২ সিক্কা ওজনের এক কিল তার পৃষ্ঠে পড়িল।

সিক্ত [সিচ্ (সেক করা)+ত (ক্ত)] বিণ, আর্দ্রীকৃত; ভিজা।

সিক্থ [সিচ্ (সেক করা)+থক্ (ক্ত)] বি, মোম। ২ নীলবড়ি। **~ক**-বি, মোম; মধুথ wax, > বিণ, **সিক্থিক**- waxy. **~করঁণ্ডক** [সিক্থ (মোমের সাহায্যে প্রস্তুত সুগন্ধ লেপনদ্রব্য)+করণ্ডক (পাত্র)] বি, মধূচ্ছিষ্ট; পমেড pomade.

সিক্নি [সিঙ্ঘান >] বি, নাসিকানির্গত শ্লেষ্মা; নাসিকা-মল।

সিক্মি, -মী [জমিদারী, আদাং পরিঃ। ফাং শিকম্ পেট > ফাং শিক্মী (উদরস্থ > গুপ্ত)] বি, যে মধ্যসত্ত্বের রাজস্ব জমীদারের মার্ফৎ গভর্ণমেণ্টকে দেওয়া হয়; অধীন (তালুক)। **~জঁমি**-বি, সরকার কর্ত্তৃক পুনরায় বিলি করা বাজেয়াপ্ত লাখরাজ জমি; খারিজা জমি। **~দার**-বি(ণ), অধীন

তালুকদার,যে অধীন তালুকদারকে উপরিতন তালুকদার বা জমিদার সরকারে সিকমি তালুকের খাজনা দাখিল করিতে হয়। ~প্রজা-বি, জমিদার বা তালুকদারের অধীন প্রজা। মহাল-বি, খারিজা মহাল যার তালুকদার সোজা সরকারী ট্রেজারিতে খাজনা জমা দেয়।

সিক্য [সং] বি,খাদ্যাদি বিড়ালাদি হতে রক্ষা করিবার জন্য শূন্যে ঝুলাইয়া রাখিবার রজ্জু নির্ম্মিত আধার ; শিকে।

সিগন্যাল [ইং signal এর লিপ্যন্তর] বি, সঙ্কেত। ২ সঙ্কেত যন্ত্র। সি° ডাউন হওয়া-ক্রি,রেলগাড়ী পরবর্ত্তী ষ্টেশন ছাড়িবার বা তথা হইতে আসিবার সাঙ্কেতিক যন্ত্রের পাখা ঝুঁকিয়া পড়া। "সি° ডাউন হয়েছে, হুস্‌হুস করে বজ্র গর্জনে কি ছুটে আসচে।* * মশাই-এটা কোন ট্রেণ?" -মেজ বৌ° (আ° শক্তি)।

সিগারেট [ইং cigarette] বি, ছোট চুরুট। "পা ফাঁক করে সি° খেতে বড্ডই ভালবাসি।"-দ্বি° রায়।

সিগাল [শৃগাল > পা° শৃ=সি। প্রা° বাং বৈ° পদ-সা°] বি, শৃগাল।

সিঙ্কোনা-সিনকোনা দ্রঃ।

সিঙ্গার [শৃঙ্গার দ্রঃ। ব্রজ° সিঙার] বি, শৃঙ্গার ; বেশবিন্যাস। "মুকুর লেই অব করত সিঙ্গার।"-বি° প°।

সিঙ্ঘাটক [শৃঙ্গাটক (দ্রঃ) > হিং শিঙ্ঘাড়া (ঙ্গ=ঙ্ঘ)] বি, পানিফল। ২ শিঙ্গাড়া বা পাণিফলের আকৃতিযুক্ত যন্ত্র ; তেকাটা যন্ত্র।

সিচিকাবাড়ি [শিক (দ্রঃ), ক্ষুদ্রার্থে শিকচা + বাড়ি (কাঠি)] বি, ছিঁচকে ; হুঁকার মল পরিষ্কার করিবার শলাকা ; ২ সম্মার্জ্জনী ; খেঙরা।

সিজ, সীজ [সং-সীহুণ্ড > হিং সীজ। ইহার সর্ব্বাঙ্গ ক্ষীরী বলিয়া ইহার নাম "সমন্ত দুগ্ধা"] বি, কণ্টকবিশিষ্ট তেশিরা গাছ ; স্নুহী বৃক্ষ ; মনসা সিজ ; মনসা গাছ euphorbia nerrifolia. ঘোড়া সিজ-সর্ব্বাপেক্ষা বৃহৎ জাতীয় স্নুহী। তেকাটা সিজ-ত্রিশিরা মনসার গাছ। লঙ্কাসিজ -বি,পত্রহীন সরু সরু শাখার ক্ষীরী ক্ষুপবিঃ।

সিজন, সিজ্জন [সং-সৃজ্ > সর্জন > প্রা° বাং প্রাকৃ° সিজ্জন, সিজন > আধু° বাং- সৃজন (দ্রঃ)] বি, সৃষ্টি।

সিজা [সং-সিদ্ধ > গ্রা°। সিঝই দ্রঃ] বি, সিদ্ধ হওয়া। ২ সিদ্ধ করা।

সিজানি, শিজোনো [সিদ্ধ > ভ্রং সিঝ দ্রঃ]। বিণ, সিদ্ধ। "সিজান ধান্যেতে যদি অঙ্কুর নিঃসরে।"-মনসা ম° (কেতকা°)। ২ ক্রি, সিদ্ধ করা।

সিজিল [আ°] বি, সেরেস্তার খাতা-পত্র। ২ ব্যবস্থা (মৈ° গী)।

সিজে [সং-শীর্ণ >] বি, কৃশ ; শীর্ণ। "দেখা দেখি সাধয়ে যোগ, সিজে কায়া বাড়য়ে রোগ, ওরে মিছে মিছি কর্ম্ম ভোগ গুরু বিনে প্রসাদ বলে॥"-বাং গান।

সিজ্জন [সং-সর্জ্জন > (সৃজন দ্রঃ)। প্রা° বাং গ্রা°] বি, সৃজন ; সৃষ্টি।

সিঝা [সং-সিদ্ধ > সিধ > সিঝ + আ (ক্রিয়ায়)। সিঝি, সিঝ, সিঝে, সিঝিতে ; সিঝিয়া। ণিজন্ত-সিঝানি] ক্রি, সিদ্ধ করা। ২ বিণ, সিদ্ধ। প্র-সিঝা ধান। ~পোড়া বিণ, সিদ্ধ ও দগ্ধ।

সিঞা [সং-সীবন >] ক্রি, সীবন করা; সেলাই করা। "সূক্ষ্মতর তৎপর আনিয়া খড়িকা। হাতাহাতি পত্র সিঞে সুরিক্ষা নায়িকা॥"-ঘ°।

সিঞ্চৎ [মু° সিচ্ (সেচনে, ক্ষরণে) >] বিণ, সেচন বা সেককারী।

সিঞ্চন [সিচ্ (সেক করা) + অন (ভা°) =সেচন ('সেচন' সাধু, 'সিঞ্চন' ভুল প্রয়োগ)] বি, সেচন; জলসেক।

সিঞ্চা, সিঁচা [সং-সিচ্ (সিঞ্চনে) >। সিঞ্চি, সিঞ্চ, সিঞ্চে ; সিঞ্চিতে ; সিঞ্চিয়া। ণিজন্ত-সিঞ্চান] ক্রি, সিঞ্চন করা ; সেচন করা। "শুষ্ক হৃদয় মম কঠিন পাষাণ সম প্রেম সলিলধারে সিঞ্চহ শুষ্ক নয়নে।"-গান।

সিঞ্চিড়া [প্রা° বাং। শূকশিম্বী (আলকুশী) > শিমশিড় > সিমচিড় > সিঞ্চিড় (আলকুশীর মত রোমহর্ষণ বা শিহরণ) + আ (স্বার্থে)] বি, রোমাঞ্চ ; শিরশিড়া। "কুশের অঙ্কুর বড় শেলের সমান দড় শুনিতে সি° পড়ে গায়।"-প° ক° তরু (সা° প° প°)।

সিঞ্চিত [সিঞ্চা দ্রঃ] বিণ, কৃতসেচন ; সেচন করা হইয়াছে এমন। "জল সিঞ্চিত ক্ষিতি সৌরভ রভসে"-রবী°।

সিট [ইং seat এর লিপ্যন্তর] বি, স্থান। সীট দ্রঃ।

সিটকা/নি [সং-সঙ্কোচন >। সিট্‌কাই, সিটকাও (সিটকান, সিটকাস) সিটকায়; সিটকাইতে; সিটকাইয়া (ক্ষে° সিটকে)] ক্রি,কুঞ্চিত করা ; কোঁচকান ; কোঁকড়ান। ~ন, ~নী-বি, কুঞ্চন; ঘৃণা বা অবজ্ঞায় ওষ্ঠাদি বক্রকরণ। নাক

সিটকানি [গ্র°-না° সেটকান, -সেঁ° কানী, স্যাট্‌কান, স্যাটকানীও°] ঘৃণা বা অবজ্ঞায় নাসিকা কুঞ্চন।

সিটা, সিঠা-সিটে দ্রঃ।

সিটি, শিটি [অনু°। হিং সীটী। 'শী' বা 'সি' শব্দের অনুকৃতি] বি,বংশীধ্বনি। ২ সিস্ দিবার যন্ত্র। "বিপুল রবে সিটি দিয়া, 'কুইন নামক' ষ্টীমারখানি ক্যালে বন্দর হইতে ছাড়িল"-বিলাত ভ্রমণ (ডাঃ মল্লিক)।

সিটে [হিং সীঠা। শিটা দ্রঃ। সং-(অব) শিষ্ট] বি, কোন বস্তুর বর্জ্জনীয় অসার ভাগ ; শিঠা। "আমাদের দেশের লেখকদিগকে আমি তেঁতুল বলিয়া গণি, নিজের সম্পত্তি খোলা আর সিটে"-কমলাকান্তের দপ্তর। ২ কাইট।

সিড়সিড় [সৃ (গতি) > সির্ > সিড্ > আধিক্যে সিড়সিড। দ্রুত উচ্চারণে সিস্‌সিড। প্রবলার্থে সড়সড়, অল্পার্থে সুড়সড়] অ, অঙ্গে কীটাদি চলিয়া বেড়াইলে বা শীতল বাতাস স্পর্শে যে শীহরণ বা রোমাঞ্চ হয় তার ভাব বা অনুভূতি।

সিণ্ডিকেট [ইং syndicate এর লিপ্যন্তর] বি, বিশ্ববিদ্যালয়ের পরিচালক সভা। ২ কোন ব্যবসায়াদি সংস্থাপক সভা।

সিত১ [সো (নাশে) + ত (র্ত্তৃ)। সো=সি] বি, বাণ ; শর।

সিত২ [সি (বন্ধনে) + ত (র্ম্ম)] বিণ, বদ্ধ। ২ সমাপ্ত ; সম্পন্ন। ৩ বিনষ্ট। ৪ বিদিত।

সিত৩ ["শুক্ল শুভ্র শুচি শ্বেত *** সিতো গৌরো * * * ধবল * *"-অমর৹] বিণ, শুভ্রবর্ণ ; শ্বেতবর্ণ। ২ চন্দন। ৩ রৌপ্য ; রজত। ৪ বিণ, শুভ্রবর্ণবিশিষ্ট ; শাদা। "দুই পক্ষ চন্দ্রের অসিত সিত হয়।"-অ৹ম৹। **~কণ্ঠ**-বি, ডাক পাখী। **~কর** [সিত (শাদা) কর (কিরণ) যার, বহু৹] বি, চন্দ্র ; শশী। ২ কর্পূর। **~কুঞ্জর**-বি, শ্বেত হস্তী। **~গুঞ্জা**-বি, শাদা কুঁচ। **~চ্ছদ** [সিত (শাদা) ছদ (পক্ষ) যার বহু৹] বি, রাজহাঁস। স্ত্রীং ~া-শ্বেতদূর্ব্বা। **~পক্ষ** [সিত (শাদা) পক্ষ (মাসার্দ্ধ)] বি, জ্যোৎস্নাপক্ষ ; শুক্লপক্ষ। ২ রাজহংস। **~পুষ্প** [সিত (শ্বেতবর্ণ) পুষ্প যার, বহু৹] বি, কাশ। ২ পুষ্পকবিঃ। ৩ তগর বৃক্ষ। স্ত্রীং **~পুষ্পা**-বি, মল্লিকা। **~পুষ্পী**-বি, শ্বেত অপরাজিতা। **~মণি** [সিত (শাদা) যে মণি (ধা)] বি, চন্দ্রকান্তমণি। ২ সিতোপল ; স্ফটিকমণি। **~রশ্মি** [সিত (সাদা)+রশ্মি (কিরণ) যার, বহু৹] বি, চন্দ্র। ২ কর্পূর। **~শূক**-বি, যব।

সিতকার [সং-সীৎকার] বি, অব্যক্ত সুখশব্দরূপ কামজ ব্যাপার। "চুম্বনে বদনে রচয়ে সিতকার"-জ্ঞান৹।

সিতা১ [সিত২ (দ্রঃ)+া (স্ত্রীং)] বিণ, শুভ্রা। ২ সুন্দরী। ৩ বি, চন্দ্রিকা। ৪ মল্লিকা। ৫ শ্বেত দূর্ব্বা। ৬ সুরা।

সিতা২ [সিত২ দ্রঃ। "শর্করা সিতা"-অমর৹] বি, শর্করা ; চিনি। **~খণ্ড**-বি, খণ্ড বিকারজ মিষ্টান্নবি,। ২ মিছরী sugar candy. **~ভোগ**-বি, চিনিতে পাক-করা ঘৃত ময়দা ক্ষীরাদি যোগে প্রস্তুত শ্বেতবর্ণ মিহিদানার মত দানাদার মিঠাই।

সিতাংশু [সিত (শাদা)+অংশু (কিরণ) যার বহু৹] বি, চন্দ্র। ২ কপূর।

সিতাঙ্ক [সিত (শাদা)+অঙ্ক (চিহ্ন বা স্থান) যার, বহু৹] বি, বেলেমাছ।

সিতাদি [সং] বি, খাঁড় ; গুড়।

সিতান, সিথান, সিতেন, সিঁতেন [শিতান দ্রঃ। বিপরীত 'পৈথান', পৈঠান, পেতেন] বি, শিয়র ; যে দিকে মাথা রাখিয়া শয়ন করা হয় ; বিছানার মাথার দিক্। "সঙ্কীর্ণ রহিল স্থান সিতানের পানে।"-মহা৹ (কাশী৹)।

সিতানন [সিত শাদা)+আনন (মুখ) যার, বহু৹] বি, পক্ষীন্দ্র গরুড়। ২ বিণ, শ্বেত আননবিশিষ্ট।

সিতাপাঙ্গ [সিত (শাদা)+অপাঙ্গ (চক্ষুর প্রান্তভাগ) যার, বহু৹] বি, শিখী।

সিতাব [ফা৹ শিতাব (শীঘ্র)] বি, ত্বরা ; অবিলম্ব। **সি৹করি**-ক্রি-বিণ, শীঘ্র ; ত্বরায় ; অবিলম্বে। ২ [ডা৹ দী৹ সেন মহাশয় বং৹সা৹ পরিচয়ে 'অনুতাপ' অর্থ করিয়াছেন, এঅর্থও প্রযোজ্য। এস্থলে সন্তাপ > এং সঁতাব > 'সিতাব' সম্ভব] অনুতাপ। "সিতাব করি ভজে হাড়ির চরণ"-মাণিক৹ গান।

সিতাব্জ [সিত (শ্বেত)+অব্জ (পদ্ম)] বি, শ্বেতমন্দারক। ২ শ্বেতকমল।

সিতাভ [সিত (শাদা)+আভা (দীপ্তি) যার, বহু৹] বি, চন্দ্র। ২ কর্পূর। ৩ বিণ, শুভ্র ; সাদা। স্ত্রীং ~া। **সি(সী)তা-ভোগ**-সিতা২ দ্রঃ।

সিতাভ্র [সিত (শাদা)+অভ্র (মেঘ), ধা] বি, কর্পূর।

সিতাম্বর [সিত (শাদা)+অম্বর (বস্ত্র) যার, বহু৹] বি, বিশদবস্ত্র পরিহিত ব্রতী। ২ বিণ, শুক্লবসনাবৃত ; শ্বেতবস্ত্র পরিহিত।

সিতাম্ভোজ [সিত (শাদা)+অম্ভোজ (পদ্ম), ধা] বি, শ্বেতপদ্ম।

সিতাশ্ব [সিত+অশ্ব (যার)] বি, অর্জ্জুন।

সিতাসিত [সিত (শুভ্র বর্ণ দেহ)+অসিত (কৃষ্ণবর্ণ বস্ত্র) যার, বহু৹] বি, হলধর ; বলরাম। ২ শুক্রসহিত শনি। ৩ বিণ, শুক্ল ও কৃষ্ণ। "শ্রাবণে বরিষে মেঘ দিবস রজনী। সি৹ দুই পক্ষ একই না জানি॥" -কবিক৹।

সিতি [সং] বি, শ্বেতবর্ণ। ২ নীলবর্ণ। **~কণ্ঠ**-বি, নীলকণ্ঠ ; শিব। ২ ময়ূর। ৩ ডাকপাখী। ৪ বিণ, শ্বেতকণ্ঠ।

সিতিমা [সিতি+ইমন্ (ভা৹)=সিতিমন্ ১মা, ১ব৹] বি, শুক্লতা ; শ্বেতত্ব। ২ কৃষ্ণতা।

সিতেতর [সিত (শাদা)+ইতর (বিপরীত), ৬তৎ] বিণ, কৃষ্ণবর্ণবিশিষ্ট। ২ বি, শ্যামশালি। ৩ কুলথ কলায়।

সিতোপল [সিত (সাদা)+উপল (প্রস্তর), ধা] বি, সিতমণি ; স্ফটিকমণি। ২ খড়ী। **~া-শর্করা** : চিনি।

সিথান [শিথান দ্রঃ। সি(শিয়র > শির >) থান (স্থান)। সিতান দ্রঃ] বি, শিয়র। "নেতের বালিস দিল সিথানে পৈথানে।"-রামা৹(অদ্ভুতাচার্য্য)। ২ মাথার বালিশ।

সিদ [সিদ্ধ > দ্রঃ। প্রা৹ বাং] বিণ, সিদ্ধ। "প্রথমে পরেন সাড়ী নামে যাত্রা সিদ"-মনসা৹ (রামবিনোদ ১৭শ শতাব্দী)।

সিদারি-সৌহার্দ্দা দ্রঃ।

সিদ্ধ১ [সিধ্ (নিষ্পন্ন হওয়া)+ত (ক্ত)] বি, দেবযোনিবিঃ। ২ ত্রিকালজ্ঞ মুনি। "সিদ্ধগণে নমস্কার কৈলা বীর পথে।" কবিক৹। ৩ তপঃপরায়ণ ঋষি ; যোগী। ৪ মাহেন্দ্রাদি যোগের অন্তর্গত যোগবিঃ। ৫ সৈন্ধব লবণ। ৬ বিণ, প্রসিদ্ধ ; খ্যাত। "কর সিদ্ধ অসিদ্ধ এ গীত নিচয়।"-বাং গান। ৭ নিপুণ। ৮ সম্পন্ন। ৯ পারদর্শী। ১০ মন্ত্রসিদ্ধিযুক্ত। ১১ কৃতবিদ্য। ১২ প্রতিপাদিত। ১৩ প্রমাণীকৃত। ১৪ পরিশোধিত। ১৫ ফলিত। ১৬ প্রস্তুত। ১৭ পক্ব। ১৮ মিশ্রিত। ১৯ নিত্য। ২০ দীপ্তিবিশিষ্ট। ২১ মুক্ত। স্ত্রীং ~া-যোগিনীবিঃ। ২ ঋদ্ধি। **~কাম, ~মনোরথ**-বিণ, সফল ইচ্ছা ; পূর্ণমনোরথ। **~গঙ্গা** [সিদ্ধ (আকাশস্থা) যে গঙ্গা, ধা] বি, মন্দাকিনী ; সুরনদী। **~দেব** [সিদ্ধ (যোগী) দেব] বি, মহাদেব ; মহেশ্বর। **~ধাতু, ~রস** [সিদ্ধ (রসায়ন দ্বারা সম্পন্ন) যে ধাতু, রস, ধা] বি, পারদ ; পারা। **~পীঠ** [সিদ্ধ যে পীঠ (স্থান), ধা] বি, যেস্থানে কোন সাধক কর্ত্তৃক যথানিয়মে লক্ষ বলি, কোটি হোম, তৎপরিমিত মহাবিদ্যা জপের অনুষ্ঠান করা হইয়াছে। **~পুরুষ**-বি, যোগসিদ্ধ মহাপুরুষ ; জীবনমুক্ত পুরুষ। ২ সাধনায় সিদ্ধি প্রাপ্ত ব্যক্তি। ৩ কৃতবিদ্য ব্যক্তি। **~বিদ্যা** [সিদ্ধা যে বিদ্যা, ধা] বি, দশমহাবিদ্যা। **~রস**-সিদ্ধধাতু দ্রঃ। **~সাধ্য** [সং] বি, মন্ত্রবিঃ। **~সিন্ধু** [সিদ্ধ(আকাশস্থ) যে সিন্ধু] বি, মন্দাকিনী। ২ গঙ্গা। **~সেন** [সিদ্ধ-সেনা] বি, দেব সেনাপতি ; কার্ত্তিকেয়।

সিদ্ধ২ [সং সিধ্ বা সাধ্ (সাধনে) >] বি, যা সাধনলব্ধ ; শিক্ষা। "কিছুবাক্য সিদ্ধ কর নটীর বরাবর।"-মাণিক০ গান।

সিদ্ধাই [সং-সিদ্ধ (দ্র:)+হি- আই (গুণ বা ক্রিয়াবাচক বিশেষ্য সংগঠক প্রত্যয়)] বি, যোগসিদ্ধ হওয়ার অবস্থা। ২ ঐশ্বর্য বা যোগের বিভূতি;আধ্যাত্মিক প্রভাব;অমানুষী শক্তি। "তোর ভিতর দিয়েই আমার সি০ কাজ করবে।"-বিবেকানন্দ প্রসঙ্গ।

সিদ্ধান্ত [সিদ্ধ (সম্পন্ন) হইয়াছে অন্ত (শেষ) যার, বহু০] বি, মীমাংসা। ২ জ্যোতিষশাস্ত্রবি: [দ্র:-হিন্দুজ্যোতিষিক গ্রন্থ সংখ্যায় প্রায় ২০। আইন-ই আকবরিতে ৯ খানির নাম আছে। ব্রহ্ম সি০। সূর্য্যসি০, সোম সি০, বৃহস্পতি সি০, গর্গসি০, নারদ (নারদী)সি০, পরাশর সি০, পুলস্ত্য সি০,বশিষ্ঠ সি০। অবশিষ্ট ব্যাস, অত্রি,কশ্যপ,মরীচি,মনু, অঙ্গিরা:, লোমস, পুলহ, যবন, ভৃগু, চ্যবন সিদ্ধান্ত। প্রথম চারিখানি আপ্ত বাক্য ও ব্রহ্ম কর্তৃক জগতে প্রকটিত, দ্বিতীয় সূর্য্য, তৃতীয় এবং চতুর্থ বৃহস্পতি দ্বারা প্রকটিত, অপর গুলি মানব প্রণীত। দৃষ্ট না হইলেও সবগুলির নামই গণিত শাস্ত্রের লেখক দিগের উদ্ধৃত বাক্যে উল্লিখিত] ৩ পরীক্ষা কিম্বা পর্য্যবেক্ষণ দ্বারা প্রমাণিত কল্পনা; তত্ত্ব ; কল্প theory. ৪ [প্রা০ বাং] কথা। "মুখেতে সি০ নাহি থামে টলমল"-মনসা ম০ (বংশী০) ৫ [গ০ (ক০ বিশ্ব পরি:)] ইং deduction এর বৈজ্ঞা০ পরি:। ৬ বিণ, প্রতিপন্ন। ~পঞ্চানন, ~বাগীশ, ~রত্ন, ~সাগর-বি, প্রাচীন আর্য্য শাস্ত্রীয় মীমাংসকগণের উপাধিবি:। "স্বরূপ সনাতন রূপরঘুনাথ ভট্টযুগ লোকনাথ সিদ্ধান্ত সাগর।" -নরোত্তম০।~মুক্তাবলী-বি,ন্যায়দর্শনের গ্রন্থবি:।

সিদ্ধান্তাচার [সিদ্ধান্ত+আচার] বি, তন্ত্রোক্ত আচারবি:।

সিদ্ধান্তী [সিদ্ধান্ত+ইন্ (স্ত্যা০)= সিদ্ধান্তিন্ ১মা, ১ব০] বি, সিদ্ধান্তকারী; মীমাংসক।

সিদ্ধাপগা [সিদ্ধা (আকাশস্থিত) +আপগা (নদী) ধা] বি, মন্দাকিনী।

সিদ্ধার্থ [সিদ্ধ (সম্পন্ন) হইয়াছে অর্থ (প্রয়োজন) যার, বহু০] বিণ, সিদ্ধকার্য্য, কৃতার্থ। ২ প্রসিদ্ধার্থ। ৩ বি, বুদ্ধদেব। ৪ সরিষা। "রজত কাঞ্চন তাম্র গোরচন সি০ চামর দর্পণ।"-কবিক০।

সিদ্ধার্থক [বৈদ্যকে] বি, শ্বেত সরিষা ; রাই সরিষা cruciferae sinapis.

সিদ্ধাশ্রম [সিদ্ধ+আশ্রম] বি, সিদ্ধ পুরুষদিগের আশ্রম। ২ ঋষি বিশ্বামিত্র যথায় সিদ্ধ হইয়া রাম লক্ষ্মণ সাহায্যে তাড়কা প্রমুখ রাক্ষসী রাক্ষসদের নিধন করিয়া যে স্থান উপদ্রব শূন্য করিয়া যজ্ঞ সমাপন করিয়াছিলেন তা এই নামে খ্যাত।

সিদ্ধি [সিধ্ (নিষ্পন্ন হওয়া)+তি (ভা০)] বি, মোক্ষ ; মুক্তি। ২ যোগবি: সাধন। "অতি বড় বৃদ্ধপতি সিদ্ধিতে নিপুণ।"- অ০ ম০। ৩ সফলতা। ৪ নিষ্পত্তি। ৫ জয়লাভ। ৬ পুরুষার্থ। ৭ অণিমাদি অষ্টবিধ ঐশ্বর্য্য। ৮ নৃপতিগণের প্রভাবসিদ্ধি, মন্ত্রসিদ্ধি ও উৎসাহসিদ্ধিনামক ত্রিবিধ সিদ্ধি। ৯ ঐশ্বর্য্য। ১০ জ্ঞান। ১১ শুদ্ধি। ১২ বৃদ্ধি। ১৩ অন্তর্দ্ধান। ১৪ পাক। ১৫ [-+তি (৫ম)] যা চরণে ধারণ করিলে সুখে গমন করা যায় ; পাদুকা। ১৬ ভাঙ্গ। "কোন গুণ নাই যেথা সেথা ঠাঁই সি০তে নিপুণ দড়।" -অ০ ম০। ১৭ [প্রাচীন বৈয়াকরণদিগের দ্বারা গ্রন্থারম্ভে সিদ্ধিরস্তু অর্থাৎ সিদ্ধি হউক বলিয়া মঙ্গলাচরণ করিয়া বর্ণ মালার আদিতে স্বরবর্ণ লিখিত হইত বলিয়া প্রাচীন পাঠশালার ভাষায় স্বরবর্ণকেই সিদ্ধি বলা হইত] বি, (চ০ বাং) স্বরবর্ণ [বৌদ্ধ বাং-য়, 'সিদ্ধিরস্তু'= বর্ণমালা (দো০ ১৫৫)]। ব্রজ০ সিধি-সিদ্ধি। "চণ্ডীদাস কহে সে ভাল বিধি। এই অনুরাগে সকল সিধি।"-চণ্ডি০। ~দ [সিদ্ধি+দ (যে দান করে)] বিণ, বাঞ্ছিতপূরক; সিদ্ধিদাতা। ২ বটুক ভৈরব > স্ত্রীং ~দা। ~দাতা [সিদ্ধি (অভীষ্ট সাধন)+দাতা (যিনি দান করেন)] বি, গণেশ। "হে সিদ্ধ পুরুষ গণেশ * * * শুধু ভরসা তোমায় হে সিদ্ধিদাতা কর সিদ্ধি, অসিদ্ধ এ গীত নিচয়।"-বাং গান। > স্ত্রীং ~দাত্রী।~যোগ-বি, জ্যোতিষ শাস্ত্রোক্ত যোগবি: [দ্র:-শুক্রবারে-প্রতিপৎ একাদশী ও ষষ্ঠী ; বুধবারে-দ্বিতীয়া, দ্বাদশী ও সপ্তমী ; শনিবারে-চতুর্থী, নবমী, ও চতুর্দ্দশী; মঙ্গলবারে-তৃতীয়া, অষ্টমী ও ত্রয়োদশী ; বৃহস্পতিবারে-পঞ্চমী, দশমী, অমাবস্যা ও পূর্ণিমা তিথি থাকিলে সিদ্ধি যোগ হয়]।

সিদ্ধেশ্বরী [সিদ্ধা+ঈশ্বরী, ধা] বি, দেবীবি:।

সিধা১ [সং শুদ্ধ > সুধ্ > সিধ্ > হি০ সীধা >] বিণ, ঋজু ; অবক্র ; সোজা ; সরল। "হোক্‌রে সিধা কুটিল দ্বিধা যত।" -রবী০। ~সিধি-অ, একেবারে ঋজু বা সোজা ভাবে।

সিধা২ [প্রা০ সিধে ; সিদে। সং-সিদ্ধ > সিদ্ধ করিবার অন্ন] বি, পাক করিয়া খাইবার মত দেয় চাউল, ডাইল, ঘৃত, লবণ আলু ই০ ভোজ্য। "মাধবপুরের প্রজাদের জন্যে আমি সব সিধে সাজিয়ে রেখেছি।"- পরিত্রাণ।

সিধানো [গ্রা০ সেধোনো, সেঁদুনো, সাঁধানো। সান্ধান (দ্র:) >] ক্রি, প্রবেশ করা। ২ [সিধ্ (গমনে)। ব্রজ০, প্রা০ পদ সা০] ক্রি, যাওয়া। ব্রজ০-সিধায়ল, সিধারল-গমন করিল ; যাইল ; প্রস্থান করিল। "কালু কুশলে পরদেশ সিধায়ল"- জ্ঞান০। "হিম শিখরে সিধায়ল"-বি০ প০।

সিধারহু-ক্রি, গমন কর ; পথ দেখ ; চলিয়া যাও ; প্রস্থান কর।

সিধারা [সং-সিধ্ (গমনে) > হি০ সিধারনা (প্রস্থান করা) > ব্রজ০] ক্রি, গমন করা ; প্রস্থান করা। "রাই মানাইতে, আপে সিধারহ কান।"-পদকল্পতরু (সা০ প০ প০, ১৩২৪)।

সিধি(ধী) [সিদ্ধি > প্রাকৃ০ রূপ] বি, সিদ্ধি। "কাজের সিধী"-শ্রী০ কী০। "পাপ করিলে কোণ কাজে নাহি সিধী"-ঐ। "অষ্ট মহাসিধী"-ঐ।

সিধ্য [সিধ্ (নিষ্পন্ন করা)+য (র্ত্ত)] বিণ, কার্য্যনিষ্পাদক। ২ বি, পুষ্যানক্ষত্র।

সিধ্র [সিধ্ (নিষ্পন্ন হওয়া)+র (র্ত্ত)] বি, ধর্ম্মনিষ্ঠ ; সাধু। ২ বৃক্ষ ; গাছ।

সিন [ত, বা দ্র:] অ, বরং। "আমিত চরণতলে পড়েই আছি। তুমিই সিন পার

রাখতে চাওনা।-লীলাবতী। ২ সন্দেহে: যদি এরূপ হয় তবে না? কল্লে সিন্; বলে সিন্; গেলে সিন্। এইরূপ স্থলে হিং-তে 'সহী"র প্রয়োগ আছে।

সিনকোনা, সিঙ্কোনা [ইং Cinchonaর লিপ্যন্তর] বি. পেরুভিয়ার বৃক্ষবিঃ যার ছাল হতে কুইনাইন প্রস্তুত হয়। Peruvian bark.

সিনা [ফা়ং] বি. বক্ষ; বুক (মৈং গীং)।

সিনান [সং-স্নান > প্রাকৃং সিনান। ব্রজং] বি. স্নান; অবগাহন। "তুমি কোন দিনে যমুনা সিনানে গিয়াছিলা নাকি একা।"-চণ্ডিং। "অমিয়া সাগরে সিং করিতে সকলি গরল ভেল।"-ঐ। ক্রি. সিনাণি-স্নান করা। সিনানির্ল-ক্রি. স্নান করিল। সিনানিয়া, সিনিয়া-অস-ক্রি. সিনান করিয়া; স্নান করিয়া। "সিনিয়া উঠিতে নিতম্ব তটীতে পড়েছে চিকুর রাশি।"-চণ্ডিং। ণিজন্ত-ক্রি. সিনায়িল্১ -স্নান করাইল। "আমৃতকলসে সিনায়িল শ্রীমধুসূদনে" -শ্রীং কীং। সিনানের সাজা [সজ্জা > সাজ, সাজা] বি. স্নানের সজ্জা (মৈং গীং)। সিনায়িল্২-ক্রি. স্নান করিল। সিনানে=স্নানার্থ।

সিনী [সং] বিণ. শুক্লা~বালী ["অমাবস্যা * * সিনীবালীদর্শহৃদ্যোন্দু সঙ্গম"-অমরং]। -বি. শুক্লা-চন্দ্রকলাধারী চতুর্দ্দশী বা প্রতিপদযুক্তা অমাবস্যা।

˘সিনেট, সেনেট [ইং senate এর লিপ্যন্তর] বি. মন্ত্রীসভা। ২ বিশ্ববিদ্যালয়ের সভা। ~হ(া)উস-বি. উক্ত সভার অধিবেশন গৃহ Senate House.

˘সিন্দাল [সন্ধি+আল] বিণ. সিঁধেল; সিঁদ দিয়া চুরি করিতে দক্ষ। "তোর পারা নাহি চোর ডাকাত সিং।"-খং।

সিন্দুক১, সিন্দুবার [সং। সিন্ধুক ওং] বি. নিসিন্দা গাছ।

˘সিন্দুক২ [ফা়ং সন্দূক। ক্ষুদ্রার্থে ফা়ং সিন্দুকচী] বি. বড় বাক্স। প্র-লোহার সিন্দুক।

˘সিন্দুকি [প্রাদেং, সন্ধানকারী > ?] বি. গুপ্তচর; সন্ধানীলোক। "সিন্দুকি জানাইল বার্ত্তা দেওয়ান্ যসার কাছে।"-মৈং গীং।

সিন্দূর [সং] বি. রক্তবর্ণ চূর্ণবিঃ; সিঁদুর। "সিং চন্দন ভালে সুশোভন রবি শশী এক ঠাই।"-অং মং। স্ত্রীং ~ী-রক্তাম্বর; লাল কাপড়। ~তিলক [সিন্দূর দ্বারা তিলক (চিহ্ন, ফোঁটা) যার, বহুং] বি. হস্তী। ২ সিঁদুরের ফোঁটা। ~তিলকা-এয়োতির চিহ্ন সিন্দূরের ফোঁটা যারা ধারণ করে; সধবা নারী।

সিন্ধিয়া-বি. গোয়ালিয়রের রাজোপাধি।

˘সিন্ধু [সং। ফা়ং হিন্দু। ফা়ং-হিন্দ্ India. স=হ। সপ্তসিন্ধু=হপ্ত হিন্দু] বি. স্বনামখ্যাত নদ। the Indus. ২ ভারতের উত্তর পশ্চিমস্থ প্রদেশবিঃ। ৩ সিন্ধুদেশের অধিবাসী। ৪ সাগর; জলধি; সমুদ্র। ৫ রাগবিঃ। ৬ গজ। ৭ গজমদ। ৮ নদীমাত্র (তুল-গঙ্গা, গঙ্গা)। ~কফ-বি. সাগরফেনা। ~ক-বি. সৈন্ধব লবণ। ~জ [সিন্ধু (সমুদ্র) জ (যেজন্মে)] বি. উচ্চৈঃশ্রবা। ২ সিন্ধুদেশজাত লবণ; সৈন্ধব লবণ। ৩চন্দ্র। ৪ কর্পূর। ৫ বিণ. সমুদ্রোৎপন্ন। > স্ত্রীং > ~া-বি. সাগরতনয়া লক্ষ্মী। ২ বিণ. সমুদ্রজাতা। ~জন্মা [সিন্ধু (সমুদ্র) হতে জন্ম(উৎপত্তি)যার, বহুং] বিণ. সমুদ্রজাত; সাগরোদ্ভূত। ২ বি. চন্দ্র। ৩ সিন্ধুদেশজাত লবণ; সৈন্ধব লবণ। ~ড়া-বি. রাগিণীবিঃ। ~নদ-বি. পঞ্চনদ প্রদেশের স্বনাম প্রসিদ্ধ নদবিঃ the Indus. ~নন্দন -বি. চন্দ্র। ২ কর্পূর। ~নাথ-বি. সরিৎপতি; সমুদ্র। ~পুত্রী-বি. সাগর তনয়া; লক্ষ্মী, ইন্দিরা। ~বল [সিন্ধু সদৃশ বল যার, বহুং] বিণ. সাগরতুল্য বলশালী। "হস্তি ঘোঁড়া পয়দল জেন দেখি সিন্ধুবল থাকুক অন্যে কে জোগাব পানি।"-শূং পুং। ~বার-বি. সিন্ধুদেশীয় উত্তম অশ্ব। ২ শ্বেত নিশিন্দা গাছ। ~রাজ-বি. জয়দ্রথ।

˘সিন্ধুর [সিন্ধু (মদ জল)+র (স্ত্যং)] বি. হস্তী।

সিন্নি [ফা়ং শির (দুধ)। তুল সং-ক্ষীর। শীরীণী > প্রাং ফা়ং শীরনী > বাংং কেং শি(সি)ন্নি] বি. শিরণী; চিনি ঘটিত । ২ পীরের নৈবেদ্য। "সিন্নি দেখে এগোয় কোঁৎকা দেখে পেছোয়।" সিন্নি মানা।

সিপ১ [অনুং। গ্রাং ছিপ্] বি. সরু লম্বা বেত বা তদ্রূপ বস্তুর সঞ্চালন ও আঘাত শব্দ। ~সিপ্-অ. উপর্যুপরি শব্দার্থে দ্বিত্ব। ~সিপা-বিণ. ছিপ্ ছিপা দ্রঃ। ২ জিক্‌জিকে। ঐরূপ শব্দকারী।

সিপ২-পী [সং-সীপ, শ্রীহট্টে 'ছিপ'] বি. তাম্র রৌপ্যাদি ধাতুময় নৌকার বা ঝিনুকের খোলার মত যজ্ঞপাত্রবিঃ; কোশা। "রজতের সিপে কেহ করয়ে তর্পণ।" -কবিকং। ২ [সং-শুক্তি > হিং-সীপ(ী)] ঝিনুক। "সিপের বোতাম।

˘সিপাই, ˘সিপাহী, ˘সিফাই [ফা়ং সিপাহী] বি. সৈনিক; দেশীয় পদাতিক সৈন্য। "বাজিকরে বেড়ে বীর সিফাই হাজার।"-খং। ২ শান্তিরক্ষক অস্ত্রধারী পুরুষ। সিপাই শান্ত্রী [সহং দ্বন্দ্ব] বি. সৈন্য ও প্রহরী। ~বিদ্রোহ-বি. ১৮৫৭ খৃঃ ইংরেজ সরকারের বিরুদ্ধে ভারতীয় সৈনিকদিগের বিদ্রোহ sepoy mutiny. সিপাহী সৈন্য-বি. ভারতীয় সেনা।

সিপাহ্-সালার [ফা়ং] বি. প্রধান সেনাপতি।

˛সিপ্পি [সং-সীপ, সিপী > প্রাকৃং সিপ্পি, শিপ্পী] বি. সিপ দ্রঃ।

সিপ্রা-বি. উজ্জয়িনীনগরসমীপবর্ত্তী নদীবিঃ।

সিবন-সীবন দ্রঃ।

সিভিল/কোর্ট [ইং civil court এর লিপ্যন্তর] বি. দেওয়ানী আদালত। ~প্রসিডিওর কোড [ইং civil procedure code এর লিপ্যন্তর] বি. দেওয়ানী কার্য্যবিধি।

সিম১ [সি (বন্ধন করা)+মন্ (র্তৃ)] বিণ. সমুদয়; সমস্ত।

সিম২ [সং শিম্বী > হিং ছিমী > ছিম >। চট্টং প্রাদেং ছুঁই, ছিম] বি. শিম (দ্রঃ)।

সিমন্তিনী [সীমন্তিনী দ্রঃ] বি. বধূ। "সিমন্তিনী লইয়া কেশ সাজাইয়া সিন্দূর দেহ যে সীঁথায়।"-চণ্ডিং।

সিম্সাম্ [সব-সামা > ?] বিণ, পরিষ্কার পরিচ্ছন্ন। "যাহা আপনা হতে প্রস্তুত হয়, তাহা কখনই এমন সিং হয় না।"-গ্রহ-নক্ষত্র।

সিমা-সীমা দ্রঃ।

সিয়ন [সীবন >] বি, সেলাই।

সিয়ান্১ [সীবন >। সিয়াই, সিয়াও, সিয়ায় ; সিয়াইতে; সিয়াইয়া (কেং সিইয়ে)] ক্রি, শিলাই করান। অনিজন্তরূপ-সিই -সেলাই করি। সিঅ, সিও-সেলাই কর। সিয়ে-শিলাই করে। সিইতে-সেলাই করিতে। সিইয়া-সেলাই করিয়া। "বস্ত্র সিয়ে দরজি।"-চৈং চং।

সিয়লী-শিউলী দ্রঃ।

সিয়া১ [সং-ছিন্ন >] বিণ, ছিন্ন ; ছেঁড়া। "সিয়া পাতে খায় দুধ। বলে ডাক সে বড় অবুধ।"-ডাক।

সিয়া২ [ফা়ং] বিণ, কৃষ্ণবর্ণ ; কাল। ~ই, ~হ্‌ [ফা়ং] বি, মসী ; লিখিবার কালি ink. সিআই দ্রঃ।

সিয়ান২, সিয়ানা, সিয়ানী- সিআন, সেয়ান দ্রঃ।

সির [সি (বন্ধনে)+র] বি, পিপ্পলী-মূল। স্ত্রীং সিরা-নাড়ী [প্রং অ]। ২ বারিবহনোপযোগী চর্ম্মনির্ম্মিত পাত্র; ভিস্তী।

সিরকস্তা-শিরকস্তা দ্রঃ।

সিরকা [ফা়ং] বি, রৌদ্রে গাঁজান ইক্ষু, আঙ্গুর, খাদ্য ইং-র রস। ~ম্ল [রাসাং পরিঃ (হিং কোং,সাং পং পং) | ইং acetic acid এর বৈজ্ঞাং পরিঃ ; খাদ্যাম্ল ; কাঞ্জিক।

সিরক্কো-বি, মরুভূমিতে উত্থিত প্রবল ঝটিকা যার সহিত বালুকারাশি উড্ডীন হইয়া চতুর্দ্দিক আচ্ছাদিত করিয়া ফেলে।

সিরজন [সিজ্জন দ্রঃ] বি, সৃজন ; সৃষ্টি। "ছিসৃটির সিরজন কৈল"-শূং পুং।

সিরপা [শিরপা দ্রঃ] বি, পাগড়ী। "পাতসাহী সিরপা"-অং মং।

সিরা [ফা় শিরা > হিং সিরা] বি, শিরা (দ্রঃ)।

সিরি [প্রাং বাং, ছিরি ওং। স=শ=ছ] শ্রী (দোং ১০২, ১০৬)। ~ফল-শ্রীফল।

সিরিশ, সিরিষ [ফা়ং সিরেশ] বি, গবাদির শৃঙ্গ চর্ম্মাদিজাত আঠা glue. ~কাগজ-বি, সিরিষ আঠা দ্বারা লিপ্ত কাচচূর্ণময় কাগজ। ইহা দ্বারা কাষ্ঠাদি ঘসিয়া মসৃণ করা হয়।

সিরকা, শিরকা [ফা়ং সির্কা] বি, ইক্ষু-রসাদির অম্ল vinegar. ~ম্ল-সিরকা দ্রঃ।

সিঁর্ণি [শিরণি দ্রঃ] বি, সিন্নি। "ভিন্ন স্থানে ভেদ পেয়ে সাতজন কাঠুরিয়ে সির্ণি দিয়ে পূজে সত্যপীর।"-ভারতং (সত্যপীর)।

সিলন্দ-শীল দ্রঃ। ~-আংটি-বি, নাম খোদাই করা আংটি।

সিলন্ধ, সিলিন্দ, সিলিন্দি, সিলিন্দে, সিলেন্দা, শিলিন্দ [সং সিলন্ধ] বি, আড় মৎস্যজাতীয় বৃহদাকার শল্কহীন মৎস্য simedia ganjetica.

সিলিপ [ইং sleve এর লিপ্যন্তর] বি, জামার হাতা।

সিলপট [ইং sleeper > হিং, বাং সিলিপার ওং] বি, যে কড়ি-কাঠের উপর রেল পাতা হয়।

সিল্ক [ইং-silk এর লিপ্যন্তর] বি, রেশম ; দুকূল ; ক্ষৌম ; পট্ট।

সিস১, সীস [সং-শীষ দ্রঃ। প্রাং বাং] বি, শীষ ; অগ্রভাগ। "অধানে পকএ সিস নামএ পড়এ কলা।"-শূং পুং। ২ মাথা। ৩ সীমন্ত। সিসত, সিসতে-শীষে (শ্রীং কীং)। সিসের-সীমন্তের ; সিঁথার। "সিসের সিন্দুর"-শ্রীং কীং।

সিস২, সিসা-শীশা দ্রঃ।

সিসৃক্ষা [সৃজ্ (সৃষ্টি করা)+সন (ইচ্ছার্থে)+অ+আ (ভাং)] বি, সৃষ্টি করিবার ইচ্ছা। বিণ, সিসৃক্ষু-সৃষ্টি করিতে ইচ্ছুক।

সিহরা [শিহরা দ্রঃ] ক্রি, লোমাঞ্চিত হওয়া। "সিহরিল অঙ্গ খান হৈল ভঙ্গ নয়ন মিলিলা হয়।"-অং মং।

সিহাল-শৈবাল দ্রঃ।

সিহ্ল(ক) [স্নিহ্ (স্নিগ্ধ হওয়া) +ল (নিপাতন), ক যোগ] বি, সর্জ্জরস ; ধুনা।

সীঁতা, সীঁতি [সং-সীমন্ত >] বি, সীমন্ত ; সিঁথি। "সীঁতায় সিন্দুর নয়ানে কাজর মুকুতা শোভিত নহে।"-চণ্ডীং। "যামিনী লাঞ্ছিত চিকণ চিকুরে ওই সরু রেখা সীঁতিতে।"-অবসর।

সীঁথি [সীঁতা দ্রঃ] বি, সীমন্ত দেশের অলঙ্কার। "সুবর্ণ সীঁথি শরে অঙ্গুরী দিল করে করিল আশীষ যোজনা।"-কবিকং।

সীঁদ [সং-সন্ধি >] বি, চোর কর্তৃক প্রাচীরাদিতে খোদিত সন্ধি। "মানসে কাটিল সীঁদ।"-চণ্ডীং।

সীকপোড়া [শিক দ্রঃ] বি, শিক-কাবাব। "কাতলা ভেকুট কই ঝাল ভাজা কোল। সীং ঝুরী কাঁটালের বীজে ঝোল॥" -অং মং।

সীকর [সীক্ (জলসেক করা)+তর (তৃ)] বি, বারিকণা।

সীঞা [সীতা > হিংসীয়া > প্রাংবাং। হিং অনুকরণে-সীঁয়া] বি, সীতা। "আজি হৈতে নহ সীঞা আমার ঘরণী।"-কৃত্তিং।

সীট১ [ইং seat এর লিপ্যন্তর] বি, বসিবার স্থান। ২ আসন।

সীঠ সীঠা, শিটা [সং-অবশিষ্ট > শিষ্ট > শিট্‌ঠ > সীঠ। হিং সিট্, সীঠা (হিং নিচোড়া হুআ=নিঃসার। প্রাং সিটে, চিটে)] বি, সারহীন দ্রব্য ; দ্রব্যাদির বর্জ্জনীয় অংশ ; সিটা। ২ বিণ, রসকষহীন ; নীরস। "মোদক আনিয়া ভিয়ান করিয়া এবে সে লাগিল সীঠ।"-চণ্ডিং।

সীতা [সি (ভূমি খনন করা)+ত+আ (স্ত্রীং), নিপাতনে] বি, লাঙ্গল চিহ্নিত রেখা, লাঙ্গলপদ্ধতি furrow. ২ ["সীতামুখোত্থবাৎ সীতা।" যজ্ঞভূমি কর্ষণকালে লাঙ্গলের মুখে পৃথিবী হতে সমুদ্ভূতা বলিয়া। ধরিত্রী কন্যা সীতার বরে শস্য-প্রাচুর্য্য হয় বলিয়া প্রবাদ আছে। -"সীতার কৃপায় হবে গৃহ শস্যময়"- সত্যনারায়ণের পুঁথি]। বৈদেহী ; জানকী। ৩ স্বর্গগঙ্গা মন্দাকিনীর শাখাবিঃ। ৪ লক্ষ্মী। ৫ মদ্য। ৬ ভদ্রাশ্ববর্ষস্থ সীতা নাম্নী নদী, শীতকালে এই নদীর উপরিভাগ বরফে জমাট বাঁধিয়া উজ্জ্বল শ্বেতবর্ণ হয়, গ্রীষ্মে তুষার গলিয়া নদীর প্রবাহ বহে। গ্রীষ্মের পূর্ণিমায়

জ্যোৎস্না উজ্জ্বল থাকে, শীতে ম্লান হয়। "পূর্ণিমা জ্যোৎস্না হইল হিমজালে উত্তাপ-মলিনা যেন সীতার সমান ম্লান।"-কাস্ত, ~পতি-বি, রামচন্দ্র। ~কুণ্ড-বি, উষ্ণ প্রস্রবণবিঃ; বিহার প্রদেশের অন্তর্গত মুঙ্গেরস্থ তীর্থবিঃ। "স্নেহে ফুটে সীতাকুণ্ডে উষ্ণ প্রস্রবণ"-ফুলরেণু। ~জানি-বি, সীতাপতি রামচন্দ্র। "ব্যস্ত হ'য়ে জিজ্ঞাসা করেন সীতাজানি"-কৃত্তি০। ~ভোগ-সিতাভোগ দ্রঃ। ~সালী-বি, ধান্যবিঃ। "বঙ্কি বাঁসগজা আর সীতাসালী।"-শূ০পু০।

সীৎ/কার সীত/কার, সীৎ/কৃতি [সিৎ, সিত, সীৎ (অনু০) কার, কৃতি (করণ)] বি, বরাঙ্গনাদিগের অধর ওদন্ত হতে 'সীৎ' এইরূপ অব্যক্তশব্দ; উত্তমা স্ত্রীদিগের রমণাদিকালে অনুরাগ-জনিত সুখব্যঞ্জক অস্ফুটধ্বনিবিঃ। "দারুণ কোকিল ভ্রমর ঝঙ্কার। মলয় পবনে ধনী করু সীতকার॥" -বলরাম০। ~কৃত-বিণ, কৃত সীৎকার। ২ বি, সীৎকার।

সীদতি [সদ্ (গতি, অবসাদ)+তি (লট্)। সদ্=সীদ। এই সংস্কৃত পদ প্রা০ বাং পদ্যে সংস্কৃতজ্ঞ কবিদিগের রচনায় পাওয়া যায়। অধু০ অপ্র০] ক্রি, অবসন্ন হইতেছে। ২ বিষাদপূর্ণ হইতেছে। "হৃদি সী০ আমার যেমতি তেমতি পুড়ুক সে।" -চণ্ডি০। ৩ শিহরিয়া উঠিতেছে।

সীধু [সীধ্+উ] বি, মদ্য; গুড়জাত মদ্য। ~গন্ধ [সীধু (মদ্যবিঃ), তার গন্ধের মত গন্ধ যার, বহু০] বি, মদগন্ধ। ২ বকুলফুলের গাছ। ৩ বকুলফুল।

সীন [ইং Scene এর লিপ্যন্তর] বি, (রঙ্গমঞ্চের) দৃশ্যপট; রঙ্গপট।

সীপ [সং] বি, কোষা নামক ধাতু-নির্ম্মিত জলপাত্র। "কাঁসারি পাতিয়া শাল ঝারী খুরী গড়ে থাল বাটী খোরা বড় ডাঁড়ী সীপ।"-কবিক০। ২ কোষাকার ছোট নৌকা; ছিপ।

সীফল [সং-শ্রীফল>প্রা০বাং] বি, বিল্বফল; বেল। "ডাড়িম্ব সী০ *** নানা-ফুল মনোহর।"-শূ০ পু০।

সীবন, সিবন [সিব্ (সেলাই করা)+অন (ভা০)] বি, সূচীকর্ম্ম; সেলাই। ~নী-বি, সূচী। ২ লিঙ্গাগ্র হতে গুহ্য পর্য্যন্ত সীবন। বিণ, সীব্য। সীব্য-ক্রিয়া-বি, শরীরের ক্ষতচর্ম্মের সীবনকার্য্য (অস্ত্রচিকিৎসা দ্রঃ)।

সীম [সীমা দ্রঃ] বি, সীমা; প্রান্ত। "পহিলহি বৈঠবি শঙ্খনক সীম। আধ নেহারবি বঙ্কিম গীম।"-বি০ প০।

সীমন্ত/ন্ত [বৈদিক যুগে সীমন্ (সীমা)+অন্ত (শেষ), নিপাতন] বি, কেশবীথি; মাথার সিঁথি। "ওই কে অমর বালা দাঁড়ায়ে উদয়াচলে। * সর্ব্বাঙ্গে গোলাপ আভা সীমন্তে শুকতারা জ্বলে॥"-সারদা-মঙ্গল। ২ শীর্ষ; মস্তক। ৩ গর্ভবতীর সংস্কারবিঃ; সীমন্তোন্নয়ন। ~ন্তক [সীমন্ত+ক (জ্ঞা০)] বি, যা সীমন্তে ধারণ করা হয়; সিন্দুর। ~ন্তিত [সীমন্তি (সীমন্তযুক্ত করান)+ত (র্ম্ম)] বিণ, সিঁথি-কাটা। ২ দুই অংশে বিভক্ত। ~ন্তিনী (-ম্ঁ-) [সীমন্ত (সিঁথি)+ইন্=সীমন্তিন+ঈ (স্ত্রী০)] বি, এয়োতির চিহ্ন সিন্দুর বিন্দুতে যার সীমন্ত উজ্জ্বল; সধবা নারী। "সেজেছ মা ভাল শিবসীমন্তিনী"-বাং গান। "সম্প্রতি সম্বন্ধ বাক্য শুন সীমন্তিনী। অবিবাহ এত বড় তোমার ভগিনী॥"-ঘ০। সম্বোধনে-সীমন্তিনি। "তুমি তারে ঘৃণা কর সীমন্তিনি" -ব্রজাঙ্গনা।

সীমন্তোন্নয়ন [সীমন্ত (সিঁথি)+উন্নয়ন (উত্তোলন) করা হয় যাতে, বহু০] বি, গর্ভবতীর চতুর্থ বা ষষ্ঠ মাসে কর্ত্তব্য সংস্কারবিঃ।

সীমা [সি(বন্ধন করা)+মন্=সীমন্ ১মা, ১ব০। ম০ বাং, ভ্রং সিমা। "মহাশয়ের খনিত-গড় সমেত চতুঃসিমা।"-পুরাতন দলিল] বি, প্রান্ত। ২ অন্ত; শেষ; অবধি। "পাপ বলে আমার প্রজার সংখ্যা সীমা নাই। পুণ্য বলে নরকরাশি এত অধিক তাই॥" -বাং গান। ৩ সমুদ্রবেলা; তীর। ৪ ক্ষেত্র। ৫ স্থিতি। ৬ মর্য্যাদা। ~না [সীমন্>] বি, গ্রামাদির নির্ণীত অন্তভাগ; প্রান্ত। "আকাশ যুড়ে মেঘের খেলা কোথায় বা সীমানা।"-রবী০। ২ শেষ; অবধি। ৩ সরহদ্দ। ~পরিসীমা-বি, ইয়ত্তা। "দেখুন, একটা কথা বহুদিন থেকে বার বার আমার মনে হয়, আপনাকে শুধু সামনে রেখে আমি কি যে ক'রে তুলতে পারি, তার বোধ করি সীমা পরিসীমা নেই"-দত্তা (শরৎ চট্টোঃ)। ২ অ, হদ্দমুদ্দ। ~বদ্ধ [সীমা (দ্বারা) বদ্ধ, ৩তৎ] বিণ, সীমা দ্বারা বেষ্টিত; চারিদিকে ঘেরা; প্রান্তদেশ নির্দ্দিষ্ট; সসীম। ২ পরিমিত। ৩ সঙ্কীর্ণ। "সংসারের সীমাবদ্ধ ক্ষুদ্র গৃহ-কোণে"- উত্তরা, পৌষ, ১৩৩৩। > বি, ~বন্ধন-সীমা দ্বারা বেষ্টন limitation. ~বিবাদ-বি, ভূমির সীমা সম্বন্ধে অভি-যোগ। ~শূন্য-বিণ, যার সীমা নাই; অসীম; অনন্ত। ২ সীমা রেখা বা সীমা চিহ্নহীন।

সীমান্ত [সীমা+অন্ত, ৬তৎ] বি, প্রান্ত। ২ শেষ; চূড়ান্ত। ৩ সরহদ্দ boundary. ৪ বিণ, প্রান্তস্থ; সীমান্তে স্থিত। ৫ সীমান্তসম্বন্ধীয়। প্র-সীমান্ত দেশ, -প্রদেশ, -প্রশ্ন, -বিবাদ, -রেখা ই০। ~প্রদেশ-বি, দুইটি দেশের মধ্যস্থ বিবাদভূমি: দুই দেশের মধ্যবর্ত্তী অমিমাংসিত স্থান বা বিবদমান প্রদেশ। ২ দেশের অন্তভাগ; দেশের যে অংশ অন্যদেশের সম্মুখে বা সীমা রেখার পর অবস্থিত frontier ~বাণিজ্য-বি, সীমান্তে স্থিত বা তদ্রূপ একাধিক দেশের সহিত বাণিজ্য frontier trade. ~র [সীমা+অন্তর, ৬তৎ] বি,

সীমিকা [আধু০ বাং সীমা] বি, অর্দ্ধচ্ছেদ; :,; বলিবার বিলম্ববোধক বিরাম চিহ্ন, (;) এই চিহ্ন semicolon.

সীয়া [সং-সীবন] ক্রি, সেলাই করা। "দরজী কাপড় সীয়ে বেতন করিয়া জীয়ে গুজরাটে বৈসে এক পাশে।"-কবিক০।

সীর-বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিঃ লাঙ্গলাস্ত্র। ইহা দুইস্থানে বাঁকা ও শিখা-শূন্য। মূলাংশ ও মুখ লৌহ বদ্ধ, সার্দ্ধ ত্রিহস্ত পরিমিত দীর্ঘ ও স্নিগ্ধ। ইহার কার্য্য-আকর্ষণ ও নিপাতন। ২ সূর্য্য। ~ক

(-রং) [সীর (লাঙ্গল) + ক (উপমানার্থে)] বি, জলজন্তুবিঃ ; শুশুক। ~ধ্বজ [সীর (লাঙ্গল) ধ্বজা (চিহ্ন) যার, বহু০] বি, মিথিলার রাজা জনক ; সীতার পিতা।

~পাণি, সীরী, [সীর (হল) পাণিতে (হস্তে) যার, বহ। সীর (হল) + ইন্ (স্ত্যং) সীরিন্ ১মা, ১ব০] বি, হলধর ; বলদেব।

সীরালা, সীরালি, সীরেলা [সীর (লাঙ্গল) + আলি, আলা ইং, দুই সীতা-রেখার মধ্যস্থ শিরা] বি, লাঙ্গল পদ্ধতি। "যত্ন ও পরিশ্রম করিয়া লাঙ্গল দিয়া ভূমিকর্ষণ করি, সীরেলা বাদ যায় না।"-বঙ্গীয় পতিত জাতির কর্ম্মী।

সীরী₂ [সং] বি, লাঙ্গলিকা ; ঈষলাঙ্গলা।

সীরেলা-সীরালা দ্রঃ।

সীল-শীল₂ দ্রঃ।

সীলন্ধ [সং] বি, শল্কহীন আড় মাছ সদৃশ বৃহৎ মৎস্য ; সিলিন্দা মাছ।

সীস₁, **সীসা**₃-শীশ, শীশা দ্রঃ।

সীস₂ **সীসা**₁ [শিষ্য > বৌ বাং প্রাকৃ০] বি, শিষ্য। "আলে গুরু উএসই সীস"-চ০ ৪০।৩। উএস=উপদেশ।

সীসক [সং] বি, সীসধাতু। মরণাদি দ্বারা শোধিত সীসক ঔষধাদিতে ব্যবহৃত হইয়া থাকে plumbum ; lead.

সীসা₂ [সং-সীস, গ্রা০ সীসে] বি, ধাতুবিঃ।

সীসা₃ [ফা০-শীশা দ্রঃ] বি, কাচ glass.

সু₁ [সং] অ, মঙ্গল ; শুভ। প্র-সুখবর। ২ সুযোগ। ৩ সুন্দর ; মনোহর ; শোভন। প্র-সুদর্শন। ৪ উত্তম ; ভাল। প্র-সুচরিত্র। ৫ অধিক ; অতিশয় ; অত্যন্ত intensity. প্র-সুতীক্ষ্ণ ; সুনিবিড় ; সুদূর ; সুবিপুল ইং। ৬ অনায়াস। প্র-সুকর। ৭ উৎকট। ৮ সহজ। প্র-সুলভ। ৯ গুণাধিক্য অর্থে সু বিশেষণ পদের আদিতে যুক্ত হয়। "সুপাপিষ্ঠ জ্যৈষ্ঠ মাস প্রচণ্ড তপন।"-কবিক০। ১০ ছন্দের অনুরোধে বিশেষ্য বা বিশেষণ পদের আদিতে যুক্ত হয়। "সুতরঙ্গ, সুপ্রফুল্ল।" -ব্রজাঙ্গনা।

সু₂ [সং-স্বপ্ (শয়নে, নিদ্রায়), বা, শী (শয়নে)=শু, শো > হিং, মৈং, প্রা০ বাং -সু, সো > হিং সোনা=বাং-র শোআ (দ্রঃ), প্রা০ বাং-র সুআ (সুই, সোও, সোয় ইং)] ক্রি, শয়ন করা। সুতা দ্রঃ। প্রা০ বাং =সোঅ (আধু বাং-শোও)=শয়ন কর। "বাহির চন্দ্রকিরণে সোঅ॥ কি সুতিব আক্ষে চন্দ্রকিরণে।"-শ্রী কী০।

সুঅণ, **সুইণা** [বৌ০ বাং প্রাকৃ০। সং-স্বপ্ন > স্বপন >] বি, স্বপ্ন। "পেখু সুঅণে"-চ০ ৪৬।১, চ০ ১৩। সুআ-শুক দ্রঃ। ২ সুয়া।

সুই, **সুঁই** [সং-সূচী >] বি, সূচী ; ছুঁচ। ~ডোরা [হিং] বি, ছুঁচ-সুতো।

সুইচ [ইং switch এর লিপ্যন্তর] বি, যে বিজলীচালককে টিপ দিয়া আলোক নিবাণ বা জ্বালা যায় ; বিজলী চালক ; গ্যাসের বাতির বাষ্পনিয়ামক চাবি ; পাতা রেলের যে অংশ চালিয়া রেলগাড়ী এক লৌহবর্ত্ম হতে অন্য লৌহবর্ত্মে স্থানান্তরিত করা হয়। ~অফ্ করা [ইং switch off] বিজলী প্রবাহের সংযোগচ্ছেদ করিয়া আলো নিবাইয়াদেওয়া। ~বার [switchbar] বি, লৌহবর্ত্মের যে অংশ দ্বারা বাষ্পীয় শকট বর্ত্মান্তরিত হয় তাহার অংশবিঃ। ২ বিজলীচালকের অংশবিঃ। ~বোর্ড [switch-board] যে কলের দ্বারা বিদ্যুৎ প্রবাহ সমূহের ভিন্ন ভিন্ন সংযোগ সাধিত হয়।

সুংখে [প্রা০ বাং। গ্রা০ সুমুখ ; সং-সম্মুখ। "যাত্রা কর সুংখে।"-সূর্য্যের গান। "পিছে আছিল কন্যা সুংখে দাঁড়াইল।"- শিবের গাজন, বরিশাল (ব০ সা০ পরিচয়)]।

সুঁড়ী, **সুঁড়ি** [সং-শুণ্ডাকৃতি > দেশ০] বিণ, শুণ্ডাকৃতি ; সঙ্কীর্ণ ও লম্বা ; শুঁড়ের ন্যায় সরু। ২ সঙ্কীর্ণ (রাস্তা) ; গলি।

সুঁতী [সং-স্রোতস্ > গ্রা০ সোত] বি, অপ্রশস্ত জলনিঃসরণ পথ ; নালা।

সুঁদী [সং-সৌগন্ধিক > দ্রং সুন্ধী > সুঁদী। "সৌগন্ধিকন্তু কহ্লারং"-অমর০] বি, কহ্লার ; শ্বেতোৎপল ; কুমুদ। "মন্দিত বরাহপদে বিশুষ্ক পল্বলে হ্রদে শাপলা শালুক সুঁদী জাগে পদ্মবন"-চন্দন। ২ [প্রাদে০] কচ্ছপবিঃ।

সুঁদুরী [সং-সিন্দুর > সিঁদুরী উচ্চারণ-বিকারে সিঁদুরী সিঁদুরবর্ণ বলিয়া, অথবা সুন্দরবনজাত বলিয়া সুন্দরী > সুঁদরী] বি, বৃক্ষবিঃ ; ইহার শাখা প্রশাখার জ্বালানি কাষ্ঠ হয়।

সুঁধী [সৌগন্ধিক > সুঁদী দ্রঃ] বি, উৎপল ; শালুক ফুল। নীল সুঁধী-নীলোৎপল। লাল সুঁধী-রক্তোৎপল।

সুঁপা, **সোঁপা** [সং-সমর্পণ > সমর্পা > সঁপা, সুঁপা, সোঁপা] ক্রি, সমর্পণ করা। "শান্তি দিবা যদি মনে আছে। সুঁপে দেহ শমনের কাছে॥"-অ০ ম০। "ভাল মন্দ না জানিয়া সুঁপেছি হে মন।"-চণ্ডি০।

সুক [সং-সুখ > গ্রা০, প্রা০ বৌ০ বাং প্রাকৃ০ সুক, সুহ] বি, সুখ। প্র-দুক সুক। বিণ, সুকী-সুখী।

সুকঠিন [সু (অতি) কঠিন] বিণ, অতিশয় দুরূহ। ২ খুব শক্ত ; অতি কঠোর।

সুকণ্ঠ [সু (মধুর) কণ্ঠ] বি (বিণ), মধুর কণ্ঠস্বর (বিশিষ্ট) ; সুস্বর।

সুকতলা, **সুখতলা** [সুখ (সুখকর, আরামজনক) তলা (পদতলের চর্ম্ম)] বি, জুতার ভিতরে যে কোমল চর্ম্মের উপর পদতল রক্ষিত হয়।

সুকন্দক [সং] বি, পিয়াজ।

সুকন্যা [সু-কন্যা] বি, সুশীলা কন্যা। ২ [পু০] শর্য্যাতি রাজার দুহিতা ও ঋষি চ্যবনের পত্নী।

সুকর [সু (অনায়াসে) কৃ (করা) + অ (র্ম্ম)] বিণ, অনায়াসসাধ্য ; সুখকর ; সুসাধ্য। স্ত্রীং ~া-সুশীলা গাভী। বি, ~তা (-র্ং)-সৌকর্য্য ; সহজসাধ্যতা।

সুকর্ম্মা [সু (উত্তম) কর্ম্মন্ (কর্ম্ম) যার, বহু০] বিণ, সৎকর্ম্মশীল ; সুকর্ম্মান্বিত। ২ কর্ম্মক্ষম ; কার্য্যকুশল। ৩ বি, বিশ্বকর্ম্মা। ৪ [ক০ জ্যো০] যোগবিঃ।

সুকল [সু (উত্তম) কল্ (শব্দ করা) + অ (র্ত্তৃ)] বিণ, মধুরাস্ফুট ধ্বনিকারী। ২ অবিকল। ৩ দাতা ও ভোক্তা। ৪ দানশীল। "মঞ্চ পরে দুত সুকল ধরএ ছাতা।"-শূ০পু০।

সুকাণ্ড [সু (সুন্দর) কাণ্ড যার, বহু০]

বি, সুন্দর কাণ্ডযুক্ত বৃক্ষবিশেষ। স্ত্রীং সুকাণ্ডিকা-লতাবিশেষ।

সুকাণ্ডী [সু (উত্তম) কাণ্ড+ইন্= সুকাণ্ডিন্ ১মা, ১ব০] বি, মধুকর ; ভৃঙ্গ।

সুকানি,-নী [ফা০ সুকান(হাল) > । নৌ০ পরিঃ] বি, জাহাজের কর্ণধার।

সুকান্তি [সু (সুন্দর) কান্তি যার বহু০] বিণ, সুশ্রী। ২ বি, সুন্দর কান্তি।

সুকীর্ত্তি [সু-কীর্ত্তি] বি, সুখ্যাতি ; সুযশঃ।

সুকুমার [সু (অত্যন্ত) কুমার (কোমল বালক), ধা] বিণ, অতিশিশু ; অতি বালক। ২ সুন্দর বালক। ৩ অতি কোমল। স্ত্রীং (১) ~া-বি, জাতীপুষ্প। ২ কদলী। (২) ~ী-বি, সুকন্যা। ~বিদ্যা-বি, কলাবিদ্যা ; ললিত কলা fine arts ; কাব্য সাহিত্যাদি চিত্তরঞ্জক শাস্ত্র। ২ শিষ্টসমাজসুলভ বিদ্যা ; অভিজাত সম্প্রদায়গত মার্জ্জিত রুচির শিক্ষা বা বিদ্যা : polite learning, ~বৃত্তি-বি, কোমল প্রকৃতি। ২ কলাশিল্প ; চিত্রকর্ম্ম ; সঙ্গীতাদি চিত্তরঞ্জিনী বিদ্যা। ~মতি-বিণ,মৃদুস্বভাব ; কোমল হৃদয়। ২ শিশুপ্রকৃতি ; বালকবুদ্ধি ; সরল ও কোমল স্বভাব।

সুকুমারক [সুকুমার + ক (জ্ঞা০)] বি, সুন্দরবালক।

সুকৃৎ [সু (শুভ) কৃৎ (যে করে)] বিণ, পুণ্যাত্মা ; পুণ্যবান্ ; ধার্ম্মিক। ২ সৌভাগ্যবান্।

সুকৃত [সু (শুভ) কৃত (যা করা হইয়াছে)] বি, ধর্ম্ম। ২ সৎকর্ম্ম ; পুণ্য। ৩ দানশীলতা ; বদান্যতা। ৪ দয়া। ৫ ভাগ্য। ৬ পুরস্কার। ৭ বিণ,সৌভাগ্যশালী। ৮ সুনির্ম্মিত। ৯ সুসম্পন্ন। ১০ সুবিহিত। ১১। ধার্ম্মিক ; পুণ্যাত্মা। ~পরিণাম [সুকৃতের (পুণ্যের) পরিণাম, ৬তৎ] বি, পুণ্যফল।

সুকৃতি [সু (উত্তমরূপে) কৃতি (করণ)] বি, ধর্ম্ম। ২ সৎকর্ম্ম ; পুণ্য। "পূর্ব্ব কিঞ্চিৎ সু০ বলে, হলো মানব দেহের ঘটন।"-গান। ৩ মঙ্গল ; শুভ। ৪ ভাগ্য।

সুকৃতী [সুকৃত (পুণ্য) + ইন (স্ত্য০)= সুকৃতিন্ ১মা, ১ব০] বিণ, ধার্ম্মিক ; পুণ্যাত্মা ; সৌভাগ্যশালী। "সু০ পুরুষ জীয়ে সুখভোগ হেতু। দুঃখভোগ করিবারে জীয়ে কাল-কেতু॥"-কবিক০। ২ মঙ্গলময় ; শুভযুক্ত।

সুকেতু [সু-কেতু যার,বহু০] বি, তাড়কা রাক্ষসীর জনক। ২ সুগ্রহ। ৩ বিণ, সুন্দর কেতুবিশিষ্ট।

সুকেশী [সু (উত্তম) কেশ (চুল) যে স্ত্রীর,বহু০,এই অর্থে কবিবর মাইকেল মধুসূদন কর্ত্তৃক প্রযুক্ত শব্দ সুকেশিনী। "সুকেশিনী মিশ্রকেশী আসি নামিলা,"-মেঘ০। "অনশ্বর পথে সুকেশিনী কেশব বাসনা দেবী"-ঐ। এইরূপ মঞ্জুকেশী স্থলে মঞ্জুকেশিনী। "তুমি হে মঞ্জুকেশিনী শচী"-মেঘ০] বি, অপ্সরা-বিশেষ। ২ বিণ, রমণীয় কেশবিশিষ্টা নারী। পুং সুকেশ-বিণ, সুন্দর কেশবিশিষ্ট। ২ বি, রাক্ষস মালী, সুমালী ও মাল্যবানের পিতা।

সুকৌশল [সু (উত্তম) কৌশল] বি, উত্তম কৌশল ; বিশেষ নৈপুণ্য।

সুক্তো [সং-সুতিক্ত > গ্রা০ সুক্তো] বি, তিক্তাস্বাদ ব্যঞ্জনবিশেষ। ~নি [গ্রা০ সুক্তুনি] বি, সুক্তার ঝোল।

সুখ [সুখ্ (হৃষ্ট করা) + অ (ভা০)। গ্রা০ সুক (দ্রঃ), বৌ০ প্রাকৃ০ সুহ] বি, স্বর্গ। ২ স্বাচ্ছন্দ্য। ৩ আনন্দ ; প্রীতি। ৪ স্ফূর্ত্তি ; প্রফুল্লতা। ৫ জল। ৬ [কৃ-অ] বিণ, সুখ-জনক ; সুখপ্রদ। ৭ সুখী। ৮ মধুর। ৯ মনোহর ; প্রিয়। ~কর(-খ-) [সুখ-কর(যে করে)] বিণ, সুখপ্রদ ; সুখজনক। ২ শুভ-জনক। ৩ অনায়াসসাধ্য ; সুসাধ্য। ~চর [সুখ-চর্ (গমন করা) + অ (কৃ)] বিণ, সুখগামী ; সুখে বিচরণকারী। ~চার [সুখ (আনন্দ) চর (গমন করা) + অ (কৃ)] বি, শ্রেষ্ঠ অশ্ব। ~জনক-বিণ, সুখোৎ-পাদক। ~জ,~জাত (-খ-) [সুখ-জাত (উৎপন্ন)] বিণ, সুখোদ্ভূত ; সুখী। ~দ (-খ-) [সুখ-দ (যে দান করে)] বি, বিষ্ণু। ২ বিণ, আনন্দপ্রদ ; হর্ষদায়ক ; সুখদায়ক। "এমন সুখদ সময়ে কোথা যে ত্যজিয়ে এ সুখ বৃন্দাবন।"-বাং গান। "কিন্তু এই নূতন যানের নামও যেমন শ্রুতিসুখদ, ইহাতে আরোহণের সুখও সেই অনুপাতে আরাম-দায়ক।"-ললিত বন্দ্যো০ (ফোয়ারা)। স্ত্রীং সুখদা-স্বর্গবেশ্যা। ২ শমীবৃক্ষ। ~দর্শন -বি, উদ্ভিদ্‌বিদ্যায় ইং Crinum জাতীয় এবং অসম্পূর্ণ বলিয়া উক্ত ফুল গাছ। ~দাতা,~ দায়ক, ~দায়ী, ~প্রদ (-খ) [সুখ-দাতা ই০] বিণ, সুখদানকারী ; সুখদ (দ্রঃ)। স্ত্রীং ~দাত্রী, ~দায়িকা, ~দায়িনী, ~প্রদা ~ধাম (-খ)] বি, সুখের আগার ; স্বর্গ ; আনন্দসদন। ~পাঠ্য -বিণ, সুগম পাঠ ; পাঠ সুখকর ; সহজে বা অনায়াসে পাঠযোগ্য। ~বাদ (-খ)বি,ভোগ-বিলাস ও ইন্দ্রিয় সুখই জীবনের মুখ্য উদ্দেশ্য এই মত। > বিণ, ~বাদী (-খ) উক্ত মত স্বীকারকারী ; উক্ত মতাবলম্বী Epicurian. ~বাসর (খ) বি, সুখের দিন ; আনন্দের দিন। ~ধাম (-খ) বি, সুখের আগার। ~ভাক্ (-খ-) [সুখ-ভজ্ (ভোগ করা) + ক্বিপ্ (কৃ)] বিণ, সুখভাগী। ~ভাগী [-ভাগিন্] বিণ, সুখের ভাগ বা অংশ গ্রহণকারী ; সৌভাগ্য লাভকারী ; সুখী। ~ভোগ্য (-খ) বিণ, সুখ ভোগ করিবার যোগ্য ; সুখসেব্য। ~ময় (-খ) বিণ, সুখপূর্ণ। ~রবি-সূর্য্য দ্রঃ। ~রাত্রি (-খ-) বি, দীপান্বিতা অমাবস্যাতে পূজ্যা লক্ষ্মী। ২ সুখ বা আরামজনক রাত্রি। ~লেশ (-খ) বি, সুখের লেশ ; সামান্য বা অতি অল্পমাত্র সুখ। ~শয়ন, ~শয্যা (-খ) বি, সুখদায়ক শয্যা ; অতি কোমল শয্যা ; নরম বিছানা। ~শান্তি (-খ) বি, সুখ ও শান্তি ; আনন্দ ও নিরুদ্বেগ ; প্রফুল্লতা ও নিরুদ্বিগ্নচিত্ততা। ~শ্রাব্য (-খ) বিণ, শ্রুতি সুখকর ; সুশ্রাব্য ; শ্রবণমধুর। ~সংবাদ (-খ) বি, সুখবর ; আনন্দজনক সংবাদ। ~সমুদ্র, ~সাগর,~সিন্ধু (-খ) বি, অপার সুখ ; পরমানন্দ। ~সম্পৎ, ~সম্পত্তি ~সম্পদ (-খ) বি,সুখ ও ঐশ্বর্য্য। ~সাগর,~সিন্ধু(-খ) বি,সুখের সমুদ্র ; অপার সুখ। ~সাধ্য (-খ) বিণ, অক্লেশে সাধনযোগ্য ; অনায়াসে সম্পাদ্য। ~সুপ্ত (-খ) বিণ, সুখে নিদ্রিত ; আরামে বা

অকাতরে নিদ্রাগত।"খোকা তখনও বুকের মধ্যে একহাতে নিবিড় বেষ্টনে সুখসুপ্ত।"-উত্তরা। > বি, ~সুপ্তি (-খ) আরামের ঘুম। ~সূর্য্য (-খ) বি, সুখরবি; সুখবাসর; প্রচণ্ড সুখ; চরম সৌভাগ্যোদয়। ~সেবা (-খ´) বি, সুখের উপাসনা বা ভোগ। > বিণ, ~সেবী (-খ) সুখভোগকারী। ~সেব্য (-খ) বিণ, সুখভোগ্য; আনন্দে ও শান্তিতে ভোগ করিবার উপযুক্ত। ~সৌভাগ্য (-খ´) বি, সুখৈশ্বর্য্য। ~স্পর্শ (-খ´) বিণ, যা স্পর্শ করিলে সুখোদয় হয়।~স্মৃতি (-খ´) বি,সুখের স্মৃতি। ২ বিণ, স্মৃতিসুখকর। ~স্বচ্ছন্দতা, ~স্বাচ্ছন্দ্য (খ´) বি, সুখ-শান্তি; স্বাস্থ্য ও আরাম; আনন্দ ও স্বাধীনতা। ~স্বপ্ন (-খ) বি, সুখোৎপাদক স্বপ্ন; আনন্দজনক স্বপ্ন। সুখে-ক্রি-বিণ,আনন্দে; আরামে; শান্তিতে। সুখে থাকতে ভূতে কিলায়-সুখের অবস্থায় স্থির থাকিতে না পারায় এমন কিছু করা যাতে সুখশান্তি নষ্ট হয়. সুখের মর্য্যাদা যারা না বুঝে, বা যাদের সুখ সহ্য হয় না, বা স্বেচ্ছায় দুঃখবরণকারী, তাদের প্রতি উক্ত হয় (তুল- to be ill at ease). সুখের হাট-যথা সুখের বিকি কিনি; সুখের আদান প্রদানের মিলনক্ষেত্র; আনন্দবাজার। তুল-চাঁদের হাট। রূপের হাট। গায়ে সুখ নাই [পশ্চিমবঙ্গে বাঁকুড়া,বিষ্ণুপুরাদি অঞ্চলের ইতর ভাষায়] অসুখ করিয়াছে; মন ভাল নাই। "বউ যাবি? সে বল্‌লে আজকে আমি যেতে নারবো, গায়ে আমার সুখ নেই" "সে জিজ্ঞাসা করিল, কবাট দিলি কেন দাদা? গায়ে সুখ নাইরে বোন্।" -ক্ষী০ প্র০ বিদ্যাবিনোদ (বা০ বসুমতী, ১৩৩৪)।

সুখমুনিয়া [আ০ সক্‌মুনেয়া > ফা০ সুখ- > । গ্রী০,ল্যা০ Skammonia] বি, সীরিয়া দেশজ ক্ষীরী লতাবিঃ যার কন্দমূল হ'তে বিরেচক ঔষধ হয়; মহামুদা Convolvulus scammonia.

সুখা১-সুখি দ্রঃ।

সুখা২ [সং] বি, বরুণপুরী। ২ বিণ, সুখদা।

সুখাএ [প্রা০ বাং] ক্রি, সুখদ হয়। "শীতল গম্ভীর জলে রহিতে সুখাএ।"-শ্রী০ কী০। ২ সুখানুভব করে। "অন্তর সুখাএ মোর কাহ্ন অভিলাষে।"-শ্রী০কী০।

সুখাগার [সুখ+আগার] বি, সুখ ও শান্তিধাম; সুখধাম; আরামদায়ক গৃহ।

সুখাদ্য [সু-খাদ্য] বি.স্বাদু, তৃপ্তিকর, হিতকর ভোজ্য।

সুখাধার [সুখ+আধার] বি, সুখের আধার; স্বর্গ।

সুখান [প্রা০ বাং। শুষ্ক > শুকানো > শুকান > সুখান,বা,হিং সুখানা (শুষ্ক করা) [illegible]] বিণ, শুক্‌না; শুষ্ক। "সু০ ডালত বসি কাক কাঢ়ে রা"-শ্রী০ কী০।

সুখানজিয়ার, সুখানি [সুকানি দ্রঃ। ক-খ। নৌ০ পরিঃ] বি, নদী বা সাগর-গামী পোতের নৌকর্ম্মচারিবিঃ ("হাল ফিরান ঘুরান ইহাদের কার্য্য। বড় বড় জাহাজে ২০জন পর্য্যন্ত এই শ্রেণীর লোক লাগিত।" -মধ্যযুগে বাঙ্গালা)।

সুখানুভব, সুখানুভূতি [সুখ+ অনুভব, + অনুভূতি, ৬তৎ] বি, সুখবোধ।

সুখান্ত [সুখ+অন্ত, ৬তৎ] বি, সুখের অবসান বা শেষ।

সুখান্বেষণ [সুখ+অন্বেষণ, ৬তৎ] বি, সুখের সন্ধান।

সুখাবহ [সুখ+আ+বহ্ (বহন করা) +অ (র্ত্ত)] বিণ, সুখজনক; সুখপ্রদ।

সুখাশা [সুখ+আশা, ৬তৎ] বি,সুখের প্রত্যাশা। ২[সুখাশ ও০। সুখ+আশ, আশা যার, বহু০] বিণ, সুখ প্রত্যাশী; সুখাকাঙ্ক্ষী।

সুখাসন [সুখ+আসন] বি, সুখ বা আরামদায়ক আসন। ২ যোগের আসনবিঃ; পদ্মাসন।

সুখাসীন [সুখ+আসীন] বিণ, সুখে উপবিষ্ট। > স্ত্রীং~া।

সুখিত [সুখ+ইত (যুক্ত)] বিণ,সুখী।

সুখী [সুখ+ইন্ (স্ত্য০)= সুখিন্ ১মা, ১ব০] বিণ, সন্তুষ্ট; সুখভাগী; প্রীতিমান। "তাঁহার আদেশে ধনপতি বৈসে যাঁরে সুখী নৃপবর।"-কবিক০। ২ যতি। স্ত্রী, সুখিনী-সুখভাগিনী। "বনবিহারিণী ধনী বসন্তের সখী রে শুকের সুখিনী।" -ব্রজাঙ্গনা। বিপরীত-অসুখিনী, প্রা০ বাং পদ০ সা০ আসুখিনী। "আসুখিনী চন্দ্রাবলী"-শ্রী০ কী০।

সুখৈশ্বর্য্য [সুখ+ঐশ্বর্য্য] বি, সুখসম্পদ।

সুখোৎপত্তি [সুখ (সুখের)+উৎপত্তি, ৬তৎ] বি, সুখের উদ্ভব। ~পাদক [সুখ+উৎপাদক] বিণ, সুখজনক। ~পাদকতা [সুখ+উৎপাদকতা, ৬তৎ] বি,সুখ জননের ক্ষমতা, বা ভাব বা অবস্থা; ~পাদন [সুখ+উৎ+পাদন, ৬তৎ] বি, সুখের উৎপাদন বা জনন; সুখের সৃষ্টি। ~পন্ন [সুখ (হ'তে)+উৎপন্ন] বিণ সুখজাত।

সুখোৎসব [সুখ (আনন্দ)+উৎসব, ৬তৎ] বি, আনন্দোৎসব। ২ [সুখ+উৎসব যার, বহু০] বি, স্বামী; পতি।

সুখোদক [সুখ+উদক] বি, গরম জল।

সুখোদয় [সুখ+উদয়, ৬তৎ] বি. সুখের আবির্ভাব। > বিণ, সুখোদিত-সুখ হ'তে অভ্যুদিত: সুখজাত।

সুখ্যাতি [সু-খ্যাতি (যশঃ)। প্রা০ সুখ্যোত] বি, প্রশংসা; সুযশ। বিণ,সুখ্যাত-সুপ্রসিদ্ধ, প্রখ্যাত।

সুগঠন [সু (সুন্দর) গঠন, ধা] বি, সুন্দর আকৃতি; সুনির্ম্মিত। > বিণ, সুগঠিত-সুন্দরভাবে যা গড়া হইয়াছে; সুনির্ম্মিত।

সুগড়-সুঘড় দ্রঃ।

সুগত [সং] বি, বুদ্ধদেব। ২ বিণ, সুন্দর গতিবিশিষ্ট।

সুগন্ধ [সু (উত্তম) গন্ধ যার, বহু০] বি, চন্দন বৃক্ষ। ২ গন্ধক। ৩ সুবাস; সৌরভ। ৪ গন্ধবণিক। ৫ নীলপদ্ম। ৬ গন্ধ-তৃণবিঃ। ৭ জিরা। ৮ বিণ, সৌরভবিশিষ্ট; সদ্গন্ধযুক্ত। স্ত্রীং ~া-মাধবী লতা। ২ শ্যামালতা। ৩ তুলসী। ৪ মল্লিকা। ৫ রুদ্রজটা। ৬ বন্ধ্যা কর্কোটকী। ~বহ [কবিবর মাইকেল মধুসূদন কর্ত্তৃক গন্ধবহ স্থলে ছন্দের অনুরোধে ব্যবহৃত] বি, বায়ু। ~বহ-বাহন-বায়ুবাহন; মেঘ। "সুগন্ধবহবাহন সৌদামিনীসহ

"ঘন ভ্রমিতেছে মন্দগতি প্রেমানন্দ মনে।"-ব্রজাঙ্গনা।~ময়-বিণ, সৌরভযুক্ত ; সুগন্ধি।

সুগন্ধি [সু (উত্তম) গন্ধ যার, বহু০+ই] বিণ, সুরভি ; সুবাসযুক্ত; সৌরভময়। "মধুমাস প্রফুল্ল কুসুম উপবন। সু০ মধুর মন্দ মলয় পবন॥"-অ০ ম০।২ ধর্মাত্মা। ৩ বি, পরমাত্মা। ৪ গন্ধতৃণবিশেষ। ৫ সুগন্ধ ভেষজাদি। ৬ পিপ্পলীমূল। ৭ ধনিয়া। ~মূষিকা [সুগন্ধি (সুগন্ধযুক্তা) মূষিকা (ইন্দুর), ধা] বি, ছুছুন্দরী; ছুঁচা।পুং ~মূষিক।

সুগভীর, সুগম্ভীর [সু (অতি)-গভীর, গম্ভীর] বিণ, অতিশয় গভীর ; অতলস্পর্শ : অগাধ।২ অতিশয় ধীর, স্থির প্রকৃতি ; অলঘু প্রকৃতি : অচঞ্চল স্বভাব ; গাম্ভীর্য্য ও গুরুত্বপূর্ণ [বিপরীতার্থে-হাল্‌কা, ছেব্‌লা]।

সুগম [সু (উত্তমরূপে) গম্‌ (গমন করা, জানা, প্রাপ্ত হওয়া) +অ (র্ম্ম)] বিণ, সহজবোধ্য ; সুজ্ঞেয়। ২ সুগম্য।৩ অনায়াসলভ্য।

সুগম্য [সু (সুখে) গম্‌ (গমন করা) +য (র্ম্ম)] বিণ, সুখে বা সহজে গমনযোগ্য।২ সুবোধ্য।৩ অনায়াসলভ্য।

সুগহন [সু-গহন] বিণ, অতি ঘন ; সুনিবিড়।

সুগান [প্রা০বাং] বি,ছন্দঃলয়যুক্ত সংগীত। "কৃত্তিবাস পণ্ডিতের কবিত্ব সু০"-কৃত্তি০।

সুগুপ্ত [সু-গুপ্ত] বিণ, সযত্নে লুক্কায়িত ; সম্পূর্ণভাবে অপ্রকাশিত। ২ সুরক্ষিত।

সুগৃহীত [সু (উত্তমরূপে) গৃহীত (যা গ্রহণ করা হইয়াছে)] বিণ, উত্তমরূপে ধৃত। ~নামা [সু(শুভ) গৃহীত (ধৃত) নামন্‌ (নাম) যার, বহু০।সুগৃহীতনামন্‌ ১মা, ১ব০] বিণ,শুভনামধেয় ; পুণ্যশ্লোক ; প্রাতঃস্মরণীয়। "বঙ্গীয় সংবাদক্ষেত্রে সুগৃহী'নাম্না পূজনীয় মহাশয়ের পুণ্যস্মৃতির উদ্দেশ্যে * *।"-আ০ পত্রিকা, ৫-৫-১৩৪২।

সুগোচ [সু-গোচ (গুচ্ছ, শৃঙ্খলা)] বি, সুবন্দোবস্ত ; সুশৃঙ্খলা।২ সুযোগ; সুবিধা। ৩ সদুপায়।

সুগোল [সু (সম্পূর্ণ) গোল] বিণ, সম্পূর্ণ গোলাকৃতি ; নিটোল ; বর্তুলাকার।

সুগ্রীব [সু (সুন্দর) গ্রীবা (ঘাড়) যার, বহু০] বি,বানররাজ বালীর ভাই।২ পর্ব্বত-বিশেষ। ৩ অস্ত্রবিশেষ। ৪ বিণ, সুন্দর গ্রীবাবিশিষ্ট। স্ত্রীং সুগ্রীবী-কশ্যপ-তনয়া।

সুঘটিত, সুঘট্টিত [সু-ঘটিত, ঘট্টিত] বিণ, উত্তমরূপে কল্পিত।২ উত্তমরূপে সংযোজিত।৩ উত্তমরূপে সজ্জিত।৪ সুগঠিত।

সুঘড় [হিং। সং-সুঘট। প্রা০ বাং। সুগড় ও০] বিণ, সুনিপুণ। "শ্যাম সুঘড় নাগর রস শেখর বাস করব বন মাঝে।"-জ্ঞান০। "শ্যাম সুঘড় বর সুন্দর রসরাজ সুন্দরী মিলই রসাল।"-চণ্ডি০।২ সুন্দর ; সুন্দর গড়ন ; সুডৌল। "সুঘড় রমণী"-প০ক০ তরু (সা০ প০ প০)। "সুগড় মুরতি"-চণ্ডি০। "যমুনাক তীর রমণ অতি সুঘড় সুরদ রসের ওর।"-জ্ঞান০।৩ সরল ; উদার। "কৈকেয়ী সু০মতি দিয়াছিল হাত তথি"-রামরসায়ণ।

সুঘোষ-বি, চতুর্থ পাণ্ডব নকুলের রণশঙ্খের নাম।

সুঙরা [স্মরণ > সুমরণ > সুমরা > সুঙরা। প্রা০ বাং] ক্রি, স্মরণ করা। "সবান্ধবে তোমারে সুঙরে নরপতি।"-মহা০(কৃষ্ণরাম)। সুঙরিয়া=স্মরণ করিয়া।

সুচক [প্রা০ বাং। সু=সু=ছু] বিণ, ছুঁচের মত সূক্ষ্মাগ্র ; উন্নত। "সুচক রুচক কুচের বাটুল।"-শ্রী০ কী০।

সুচরংখলে, সুচরুংখুলে, সুচরোংখোলে-সুশৃঙ্খল দ্রঃ।

সুচরিত, সুচরিত্র [সু (সুন্দর, সাধু) যে চরিত, চরিত্র (আচরণ)] বি, সৎস্বভাব ; সদ্ব্যবহার ; সদাচরণ। ২ [সু (উত্তম) চরিত (চরিত্র) যার, বহু০] বিণ, সৎপ্রকৃতি সম্পন্ন ; সচ্চরিত্র। স্ত্রীং ~া-সাধ্বী ; সৎস্বভাবা।

সুচর্ম্মা [সু (সুন্দর) চর্ম্মন্‌ (চর্ম্ম-গাত্রাবরণ) যার, বহু০] বি, ভূর্জ্জবৃক্ষ। ২ বিণ, সুন্দর চর্ম্মবিশিষ্ট।

সুচাঁছে [চাঁছা (দ্রঃ)-চাঁছিয়া > চাঁছে > প্রা০ চেঁছে] অস-ক্রি, চাঁছিয়া ; ছুলিয়া মসৃণ করিয়া। "সুচাঁছে চাঁছিল তার দুই মুঠী। দুই পাশে ঝিরমিল শুশোভন গুঠী।"-ভারথণ্ড (শ্রী০ কী০)।

সুচারু [সু(অতিশয়) যে চারু (মনোহর), ধা] বিণ, অতি রমণীয় ; অতিশয় সুন্দর। ~চিক্কণ=সুচিকণ। ~রূপে-ক্রি-বিণ, সুন্দর করিয়া ; মনোরম ভাবে।

সুচিকণ, সুচিক্কণ-বিণ, সুন্দর। ২ মসৃণ। ৩ সমুজ্জ্বল ; চকচকে।

সুচি/ত্র-বি, সুন্দর ছবি ; নয়নরঞ্জন চিত্র। ~ত্রিত-বিণ, অতি যত্নে ও নিখুঁতভাবে অঙ্কিত ; সুন্দরভাবে চিত্রিত।

সুচিত্রক [সু (অতিশয়) চিত্রক (চিত্রযুক্ত)] বি, কালনাগিনী সর্প। ২ চিত্র সর্প। ৩ মাছরাঙ্গা পাখী। ৪ বিণ, সুন্দর চিত্রিতাঙ্গ। ৫ সুন্দর ; সুদৃশ্য। স্ত্রীং ~া-বি, কাঁকুড়।

সুচির [সু (অতিশয়) চির (দীর্ঘকাল)] বিণ, অতিদীর্ঘস্থায়ী। ২ দীর্ঘকালব্যাপী। ক্রি-বিণ, সুচিরে।

সুচিরায়ুঃ [সু (অতিশয়) চির (দীর্ঘকাল) আয়ুস্‌ (জীবন) যার, বহু০। মূ০ সুচিরায়ুস্‌ ১মা, ১ব০] বি, অমর ; দেবতা।

সুচিরেপ্সিত [সু-চির-ঈপ্সিত] বিণ, বহুদিন হতে আকাঙ্ক্ষিত ; চিরবাঞ্ছিত ; চির অভিলষিত। "ভারতের সেই সুচিরেপ্সিত ভবিষ্যৎকে"-বঙ্গবাণী, কার্ত্তিক ১৩৩৪। স্ত্রীং ~া।

সুচুটী [প্রাদে০] বি, চিম্‌টা।

সুচেতা [সু (উত্তম) চেতস্‌ (মনঃ) যার, বহু০] বিণ, সন্তুষ্ট চিত্ত ; প্রফুল্ল মনাঃ। ২ সাবধান ; সতর্ক।

সুচেল [সু-চেল (বস্ত্র)] বি, সুন্দর বস্ত্র। "শিরে রণ-টোপ সুচেল গাত্র।"-ধ০ ম০ (মাণিক০)।

সুচেলক [সু (উত্তম) চেল (বস্ত্র), ধা+ক] বি, সুন্দর বস্ত্র ; ভাল কাপড়।

সুছন্দ [সু-ছন্দ (গঠন)। প্রা০ সুছাঁদ] বিণ, সুন্দর ; সুগঠন ; সুছাঁদ। "জোরি ভুজ যুগ মোরি বেঢ়ল ততহি বয়ান সুছন্দ।"-বি০ প০।

সুছাঁদ [সুছন্দ দ্রঃ] বি, সুগঠন ; সুন্দরাকৃতি। "মুগ্ধ হৈল সর্ব্বজন দেখিয়া সু০।"-অ০ ম০।

সুজন [সু (উত্তম) জন (লোক), ধা] বিণ, ধার্ম্মিক ; সাধু ; সজ্জন ; ভদ্র।

সুজনতা [সুজন+তা (ভা°)] বি, সাধুতা ; ভদ্রতা : সৌজন্য।

সুজনী [ফা° সোজন (সূচী) > ফা° সোজনী] বি, সূচীকর্ম্ম বা চিকণের কাজকরা আসন বা ক্ষুদ্র কার্পেট। ২ সূত্রনির্ম্মিত ঢাকা ; খুঞ্চিপোষ।

সুজন্মা [সু (শোভন) জন্মন্ (উৎপত্তি) যার, বহু°] বিণ, সৎকুলোদ্ভব ; সদ্বংশজাত। ২ সম্যক্ উৎপন্ন। ৩ বিবাহিত স্বামীর ঔরসজাত। ৪ সুন্দর ; মনোহর।

সুজয়, সুজেয় [সু (অনায়াসে) জয়, জেয় (যাকে জয় করা যায়)] বিণ, সহজে যা জয় করা যায় ; অনায়াসে জয়সাধ্য।

সুজলবতী-বিণ, নির্ম্মল জলে ভরা ; বিপুল বারিপূর্ণা। "আপনি সু° বারিদ প্রসাদে"-মেঘ°।

সুজলা-বিণ, নির্ম্মলসলিলা ; প্রচুর জলশালিনী ; নদীমাতৃকা, নদীবহুলা। "সুজলা সুফলা শস্যশ্যামলা"-বঙ্কিম°।

সুজাত [সং] বিণ, সদ্বংশীয়। ২ সুন্দর। "গ্রীবা বাঁকাইয়া সুজাত সুশুভ্র অশ্ব বেগে বায়ুগামী।"-অমিতাভ। ৩ কুলীন। স্ত্রীং ~া, -সদ্বংশীয়া। ২ সুন্দরী। ৩ বি, জনৈকা পুণ্যবতী বৌদ্ধরমণী।

সুজান [সং-সজ্ঞান >] হি° সুজান] বিণ, সেয়ানা ; চতুর ; সমঝদার ; প্রবীণ ; বিজ্ঞ। "সো বর নাগর রসিক সুজান। হাম অবলা অতি অল্প গেয়ান॥"-বি° প°। ২ [সং-সুজন > ব্রজ°। হি°তে 'সুজান' শব্দের প্রেমিক, নাগর, পতি, পরমাত্মা ই° অর্থেও ব্যবহার আছে। "সহিবে সুজানকী" -তুলসী (হি° শ° সাগর)] সুপুরুষ ; সৎপুরুষ ; সজ্জন। "তুহুঁ বর নাগর রসিক সু°।"-বি° প°। "হামরা দুহুঁ জন পথে একু মেলি। সু° জন সঙ্গে করু আন কেলি॥"-জ্ঞান°।

সুজি, -জী [সং-সমীদ। হি° সূজী < শুচি] বি, বিশুদ্ধ ও কর্করিল করিয়া পেষা গোধুম চূর্ণ Semola, Semolina.

সুজিন-বিণ, উত্তম হাওদাযুক্ত। "খাসা ঘোড়া খাসা জোড়া সু° কুঞ্জর। কারিগরে আনি দিল সুবর্ণ পিঞ্জর॥"-কবিক°।

সুজুত, -যুত (৩) [সুযোগ >] বি, সুযোগ ; সুবিধা। ২ [সুযুক্তি >] সুযুক্তি ; সদুপায়।

সুজেয়-বিণ, অনায়াসে জয়যোগ্য ; সহজে পরাজেয়।

সুঝ [শুদ্ধি > শুধ > হি° সুঝ] বি, বুদ্ধি ; বোধ ; জ্ঞান ; হুঁস।

সুঝা১ [হি° সুঝনা। শুধ্ ধাতুজ শুধা দ্র:। সুঝি, সুঝ, সুঝে ; সুঝিতে ; সুঝিয়া। শিজন্ত-সুঝানি] ক্রি, মনোযোগ করা ; কর্ণপাত করা। "বুঝালে না বুঝে কহিলে না সুঝে তাহারে বলি যে কালা।"-চণ্ডি°। বুঝাসুঝা-ক্রি, বি, বোধ করা ও শোনা।

সুঝা২ [শুদ্ধি > শোধ (দ্র:) >। ধ=ঝ। প্রা° বাং] ক্রি, পরিশোধ করা ; ঋণ শোধ করা ; ধার শোধা। ২ পরিশোধ লওয়া। সুঝা/ইল, (য়িল)-ক্রি, পরিশোধ করিল। ২ শোধ লইল। "যতেক তার আছিল মনের সন্তাপ সুঝাইল নিকুঞ্জ তলে।"-শ্রী° কী°। সুঝি-অস-ক্রি, শোধ করিয়া।

সুঝাল [সুধার >। র=ল, ধ=ঝ। সুঝা২ দ্র:। প্রা° বাং] বি, ঋণ শোধ। "ততেকে সু° গেল মোর মাহাদানে।"-শ্রী° কী°।

সুট১ [ইং suit এর লিপ্যন্তর] বি, পরিধেয় বস্ত্রের পূর্ণাঙ্গ সাট বা সাজ। ২ এক সঙ্গে অঙ্গে ধারণ করিবার অলঙ্কার সমূহ। প্র-চুড়ীসুট বা জড়োয়া সুটের গহনা। ৩ [ইং set >] প্রস্থ ; সেট। প্র-তিন চার সুট গহনা। এক সুট বোতাম [ইংরেজী শিক্ষিতরা এক সেট বোতাম বলিয়া থাকেন]। ~কেস, ~কেশ [ইং suit case এর লিপ্যন্তর] বি, পরিধেয় বস্ত্রাদির বাক্স বা আধার। "আমি * * আমার সুটকেশটি হাতে করিয়া রাস্তার নামিয়া দাঁড়াইলাম।" -বা° বসুমতী, ৪, ১৩৩৪।

সুট২ [ইং shoot এর লিপ্যন্তর] বি, বন্দুকের গুলির প্রহার। এই অর্থে ক্রি, সুট করা-গুলি করা ; গুলি মারা।

সুট করা [ইং suit >] ক্রি, মানানো ; পোষানো ; সই হওয়া ; খাপ খাওয়া ; খাটা। প্র-জামাটা গায়ে বেশ সুট করেছে।

সুটকি [শুষ্ক+ইয়া >] বিণ, শুষ্ক ; শুকনা। প্র-সু° মাছ। ২ অতি কৃশ। [এই অর্থে পুং সুটকে, সুটকো]।

সুঠাম১ [সু (সুন্দর) + ঠাম (ঠাম২ দ্র:)] বিণ, সুষ্ঠু ; সুগঠন ; সুতনু। ২ সুন্দর ভঙ্গী, সুশ্রী ; সুদর্শন।

সুড়ঙ্গ [সং-সুরঙ্গ >। সুড়ং, সুরঙ্গ, সোড়ং। সোড়ঙ্গ ও°] বি, সন্ধি ; সিঁদ। ২ সুঁড়ী পথ। "মালিনী বিদ্যার ঘরে হইল সুড়ঙ্গ।"-অ° ম°।

সুড়সুড় [সড় সড় অপেক্ষা মৃদু। সং-স্ব > সর সর দ্র:। দ্রুত উচ্চারণে-সুসুড়] বি, গাত্রচর্ম্মের উপর কীটাদির চলাচল জনিত অনুভূতিবি:। ২ নি:শব্দে লঘুপদে গমন। প্র-সুড়সুড় করিয়া পলায়ন। ক্রি, সুড়-সুড়ানি-ক্রি, সুড়সুড় করা ; > বি, সুড়-সুড়ানি, সুড়সুড়ুনি-সুড়সুড় বি, করণ। ২ রোমাঞ্চ। সুড়সুড়ি-বি, রোমাঞ্চ ; কণ্ডূতিবোধ ; স্পর্শবোধে অস্বস্তি। সু° দেওয়া-ক্রি, লঘু স্পর্শে রোমহর্ষ উৎপাদন করা।

সুড়া [শুণ্ডবৎ-সুঁড়ী দ্র:] বি, সঙ্কীর্ণ পথ, সরু গলি। "পাতিয়া বাগুরা দড়া আগুলি বনের সুড়া কাননে করিল মহা মার।" -কবিক°।

সুডীন [সু-ডী (আকাশ গমন) + ত (ভা°)। ত=ন] বি, পক্ষীর গতিবি:।

সুডৌল, সুডৌল [সু-ডৌল (দ্র:)] বিণ, সুন্দর অবয়ব ; সুগঠন। ২ [গ° পরি: (হি° কো°)] ইং symmetrical এর বৈজ্ঞা° পরি: ; সমসঙ্গতাবয়ব।

সুণ১, **সুন্ন** [শূন্য > প্রা° বাং প্রাকৃ° শূণ, শূন, সুনা ও°] বি, শূন্য ; আকাশ। ২ অনস্তিত্ব ; লয়। ৩ বিণ, খালি। > বি, সুণত্ত-শূন্যতা (চ° ১৩১৫)। সুন্নাসুন্ন [সুন্ন + অসুন্ন] বি, শূন্যাশূন্য (দো° ১২৬)।

সুণ২, **সুণহ** [সং-শৃণু >। প্রা° বাং, বৌ° বাং প্রাকৃ°] ক্রি, শোন। সুণিঅ, সুণেআ, সুনি=শুনিয়া। "হরিণী

বোলয় হরিণা সুণ হরিআ তো।"-চ০ ৬।৪। "সুণ তোএঁ আন্ধার বচন।"-শ্রী০ কী০।

সুণি, সুণিআঁ, সুণিএঁা, সুণিআ, সুণী, সুণীএ, সুণে [প্রা০ বাং। শুনা=সুণা >] ক্রি, শ্রবণ করিয়া ; শুনিয়া। সুণিলেঁ=শুনিলে (শ্রী০ কী০)।

সুত১ (-ত্‌) [সু (প্রসব করা)+ত (র্ম)] বি, পুত্র ; তনয়। "ভূরি শিটে ভূপতি নরেন্দ্র রায় সুত। কৃষ্ণচন্দ্র পাশে রবে হয়ে রাজ্যচ্যুত॥"-অ০ ম০। "দুটি সুতে সপ্ত মুখ পঞ্চমুখ পতি।"-শি০। ২ রাজপুত্র ; যুবরাজ। ৩ বিণ, উৎপন্ন। স্ত্রীং সুতা-কন্যা ; দুহিতা।

সুত২**, সুতা, সুতো, সূতো**-বি, সূত্র (দ্রঃ) ; ডোরা।

সুতক [সুত+ক] বি, জননাশৌচ।

সুতচিত্ত, সুতসোম [বৌ০ সা০] বি, যিনি সোমরস আহুতি দেন। "শুনিয়াছি, আপনি নাকি সুতচিত্ত **"-জাতক, ৫৪ খণ্ড।

সুতনু১ [সু (সুন্দর) তনু (দেহ) যা] বি, সুঅঙ্গ ; সুঠাম। ২ [সু-তনু যার, বহু০] বিণ, সুন্দর দেহ বিশিষ্ট।

সুতনু২ [সু (অতিশয়) তনু (কৃশ), যা] বি, কৃশাঙ্গ। ২ বিণ, অতিশয় কৃশ। স্ত্রীং সুতনূ-শোভনাঙ্গী ; সুন্দরী।

সুতপাঃ [সু (অতিশয়) তপ্‌ (উত্তপ্ত করা)+অস্‌(র্ত্তৃ,জ্যা০)। মূ০ সুতপস্‌ ১মা,১ব০] বি, তপন ; সূর্য্য। ৩ [সু (অতিশয়) তপস্‌ (তপস্যা) যার, বহু০] উগ্রতপাঃ মুনি। ২ [যা] উত্তম তপস্যা।

সুতবান্‌ [সুত+বৎ (স্ত্যা০)] বিণ, যার পুত্র আছে।

সুতবুদ্ধি [সুত (এইরূপ) বুদ্ধি, ম০ প০ লো০] বি, পুত্রজ্ঞান।

সুতরাং [সু (অতিশয়)+তরাম্‌। সং হতে অবিকল গৃহীত ও চ০] অ, অবশ্য। ২ অগত্যা। ৩ অতিশয়। ৪ নির্দ্ধারিত ; নির্ণীত। ৫ অর্থের অতিশয় ঔচিত্য।

সুতল [সু (অতিশয়) তল (অধোভাগ), যা] বি, ষষ্ঠপাতাল। "পাতাল সকল সৃজিল হেলে। অতল বিতল সুতল তলে॥"-শি০। ২ অট্টালিকার সর্ব্বনিম্নতল ; মূল পত্তন। ৩ বিণ, উত্তম তলযুক্ত (গৃহাদি)।

সুতলি, সুৎলি-সুতলি দ্রঃ।

সুতহিবুক [সং] বি, বৈবাহিক যোগ বিঃ (ফ০ জ্যো০)।

সুতা [সু২ দ্রঃ। সং-স্বপ্‌ বা শী (শয়নে) > শু,শো=হিং সু, সো > প্রান্তিক হিং সুত ধাতু > হিং সুতনা, সোনা (শোআ দ্রঃ) > প্রা০ বাং-সুতা। সুতি, সুত (সুঅ, সোঅ), সুতে (=শোয়) ; সুতিতে ; সুতিআঁ(য়া), ক্ষে০ সুতি (তী) ই০। ণিজন্ত-হিং সুতানা, সুলানা (ত=ল) > প্রা০ বাং-সুতান (=শুয়ান, শোআন দ্রঃ)] ক্রি, শয়ন করা ; শোয়া। সুত-শয়ন কর। "সুত গিআঁ আইহনের ঘরে"-শ্রী০ কী০। সুতি, সুতিআঁ (য়া), সুতী-শয়ন করিয়া ; শুইয়া। "থাকিলোঁ মো কাহ্নকোলে সুতী।"-শ্রী০ কী০। "সুতি জাও নিন্দ"-ঐ। "সুতিআঁ আছিলোঁ আন্ধি" -ঐ। সুতিল=শয়ন করিল ; শুইল। "নব কিশলয় শয়নে সুতিল"-শ্রী০ কী০। এই অর্থে স্ত্রীং সুতিলী। "কাহ্নের বুকত সুতিলী"-ঐ। সুতিলোঁ=শুইলাম। সুতিব=শয়ন করিব ; শুইব। সুতে=শয়ন করে ; শোয়। "ঘোর বনে বসে কাহ্ন ঞিল, সুতে ধরণী শয়নে, অহোনিশি তোর নাম সোঅরে ল॥" -শ্রী০ কী০। মৈ০, প্রা০ বৈ০ পদ০ সা০ত্যো, প্রা০ বাং-য় শুত ধাতুর ভূরি প্রচলন। "শুতি রহল তঁহি" -বি০ প০। "একলি শুতলছলি কুসুম শয়নে" -ঐ। "ভূতলে সুতলি কুন্তল কোই"-গেবিন্দ০। "শুতি রহু ধরণী"-ঐ। "শীতল শতদল-শয়নে শুতায়ল"-বলরাম০। "শুতিলা সকল লোক" -শ্রীকৃষ্ণবিজয় (গুণরাজ০, ব০ সা০ প০)। "রাত্রিকাল হইল ওঝা শুতিল তথায়"-কৃত্তি০ (শ্রী০ কী০, টীকা)।

সুতাত্মজ [সুত (পুত্র, তার) সুতা(কন্যা, তার)+আত্মজ (পুত্র), ৬তৎ] বি, কন্যার পুত্র ; দৌহিত্র। ২ পুত্রের পুত্র ; পৌত্র। স্ত্রীং ~া-দৌহিত্রী ; পৌত্রী।

সুতার [সু-তার (স্বাদ)] বি, সুস্বাদ। "সংসার রাঙ্গা ফলে ভুলিব না আর। খাইয়ে দেখিছি তাহে কিছুই নাহি সু০।"-গান।

সুতি১ [সং-সূত্র] বিণ, সূত্রনির্ম্মিত ; সূতায় বোনা। "পরণেতে ধুতি গরদ কিম্বা সুতি।" -দ্বি০ রায়।

সুতি২ [সং-সুপ্তি > সুত্তি > প্রা০ বাং সুতি] বি, শয়ন। ২ নিদ্রা। ৩ সুষুপ্তি ; গাঢ়নিদ্রা।

সুতিকা [সং] বি, প্রসবগৃহ ; আঁতুড়। ২ প্রসবান্তে প্রসূতির রোগবিঃ। **~মন্দির**-বি, সূতিকাগার ; প্রসব-গৃহ। "আমারে দেখিতে আইল ভুরিতে সু০ ঘরে।"-চণ্ডি০।

সুতিক্ত [সু (অতিশয়) তিক্ত, প্রাদি০] বিণ, অতিতিক্ত। ২ বি, নিম্ব। ৩ পর্পট। ৪ পারিভদ্র। ~া-কোষাতকী।

সুতী১ [সুত+ইন্‌ (স্ত্যা০)=সুতিন্‌ ১মা, ১ব০] বিণ, পুত্রবান্‌ ; পুত্রবিশিষ্ট ; যার পুত্র বিদ্যমান্‌।

সুতী২ [সুতি দ্রঃ] বি, সূত্রনির্ম্মিত বস্ত্র। "একখানা সুতী দিলে তবু পরার মত হত" -ভারতী, ১৩২০।

সুতীক্ষ্ণ [সু (অত্যন্ত) তীক্ষ্ণ, যা] বিণ, অতিশয় ধারাল ; অতি তীক্ষ্ণ।

সুতীব্র [সু (অতি) তীব্র, যা] বিণ, সুতীক্ষ্ণ ; অতিশয় উগ্র।

সুতুঙ্গ [সু (অতিশয়) তুঙ্গ (উচ্চ), যা] বিণ, অত্যুচ্চ। ২ [জ্যো০] বি, গ্রহগণের উচ্চাংশবিঃ।

সুতুলি [সূত্রালি > হিং সুত্‌লি] বি, শণসূতায় নির্ম্মিত সরু দড়ি।

সুতেলা, সুতেলি [সুপ্তি > সুতি (নিদ্রা)+এলা, এলি। প্রা০ বাং০, বৌ০ বাং০ প্রাকৃ০। সুতি২ দ্রঃ] বিণ, সুপ্ত ; নিদ্রাগত ; শায়িত। "সুখে সুতেলা"-বৌ০ গান ও দো০। "হাঁউ সুতেলি মহাসুহ লীড়েঁ॥" -শ্রী০ কী০।

সুথী [সং-সেবতী। প্রা০] বি, সেউতী জাতীয় পুষ্পবৃক্ষ ; সেউতী গোলাব rosa moschata. "সুথী কনক কেতকী"-শ্রী০কী০।

সুদ [ফা০ সুদ >] বি, বৃদ্ধি ; কুসীদ interets. **~খোর**-কুসীদজীবী। **~সুদ্ধ**-বিণ, মূল ও সুদ ; সুদসমেত (আসল) ; অতিরিক্ত ; অধিক। "সুদ-সুদ্ধ আদায় করিয়া তবে ছাড়িবে।"-ভারতী, ১৩২০। সুদ দ্রঃ। বিণ, সুদী।

সুদক্ষ [সু-দক্ষ] বিণ, অতি নিপুণ ; সুপটু। স্ত্রীং ~া।

সুদক্ষিণ [সু (অত্যন্ত) দক্ষিণ (নিপুণ), যা] বি, বিদর্ভদেশের নৃপতিবিঃ। ২ উদার-প্রকৃতি ; বদান্য। স্ত্রীং **সুদক্ষিণা**-দিলীপ রাজার পত্নী। ২ বিণ, উদারস্বভাবা স্ত্রী।

সুদম [সু (অনায়াসে)-দম্ (দমন করা)+অ (র্ম্ম)] বিণ, সহজে দমনীয়।

সুদর্শন [সুদর্শ ও০। সু (সুন্দর) দৃশ্ (দেখা)+অন (র্ম্ম)] বি, বিষ্ণুর প্রসিদ্ধ চক্রাস্ত্র। "জয় জয় জগন্নাথ সুভদ্রা বলাই সাথ জয় লক্ষ্মী জয় সুদর্শন।"-অ০ ম০। ২ শালগ্রামবিঃ। ৩ সুমেরু। ৪ বর্ত্তমানকালের অষ্টাদশ জৈন মুনির পিতা। ৫ গুল্মবিঃ (শ্রী০ কী০)। ৬ বিণ, সুদৃশ্য ; দেখিতে উত্তম ; শোভাজনক। "সেরূপ রামের গৃহ নরনারীগণে। হয়েছিল সুদর্শন দেখিতে নয়নে।"-রামা০ (রাজ০)। ~া-বি, অমরাবতী।

সুদর্শনা [সুদর্শন্+আ (স্ত্রীং)] বি, সুন্দরী নারী। ২ পদ্মগুলঞ্চ Tinospora tomentosa. ৩ ঔষধবিঃ।

সুদামা [সু (উত্তম) দামন (রজ্জু) কিম্বা সু-দা (দান করা)+মন্(র্ত্তৃ)=সুদামন্ ১মা, ১ব০] বি, গোপবিঃ। ২ ব্রাহ্মণবিঃ। ৩ পর্ব্বত। ৪ মেঘ। ৫ সমুদ্র। ৬ঐরাবত। ৭ বি, নদীবিঃ। ৮ অতিশয় দানশীল ; শ্রেষ্ঠ দাতা।

সুদি [সং-সুদি। হিং-সুদী] বি, সিতপক্ষ ; শুক্লপক্ষ ; জ্যোৎস্নাপক্ষ [তুল-হিং বদি (কৃষ্ণপক্ষ)]।

সুদিঠি [সুদৃষ্টি > সুদিট্‌ঠি >। পদ্যে কোমলরূপ] বি, সুদৃষ্টি।

সুদিন [সু-দিন] বি, শুভদিন। ২ সুসময় ; সৌভাগ্যের উদয়।

সুদীন [সু (অতি) দীন, নিত্য০] বিণ, অতিশয় দরিদ্র।

সুদীর্ঘ [সু (অতিশয়) দীর্ঘ (লম্বা)] বিণ, অতিশয় দীর্ঘ।

সুদুঃখিত [সু (অতিশয়) দুঃখিত] বিণ, সমধিক দুঃখপ্রাপ্ত ; সাতিশয় ক্লিষ্ট ; নিতান্ত ব্যথিত।

সুদুর্লভ [সু (অত্যন্ত) দুর্লভ (দুষ্প্রাপ্য)] বিণ, অতিশয় দুষ্প্রাপ্য।

সুদুশ্চর [সু (অতিশয়) দুর্ (দুঃখ) চর্ (গমন করা)+অ (র্ম্ম)] বিণ, অতিশয় ক্লেশগম্য ; অতি দুর্গম।

সুদুষ্কর [সু (অত্যন্ত) দুষ্কর (দুঃসাধ্য)] বিণ, অতিশয় কষ্টসাধ্য।

সুদুস্তর [সু (অত্যন্ত) দুস্তর (দুষ্পার)] বিণ, অতি দুস্তর ; অনতিক্রমণীয় ; যা পার হওয়া দুষ্কর।

সুদূর [সু (অত্যন্ত) দূর] বিণ, বহুদূরস্থিত ; অতিশয় দূরবর্ত্তী। **~পরাহত** [সুদূরের পরাহত (বাধাপ্রাপ্ত), ৭ তৎ] বিণ, একান্ত নিরস্ত ; সম্ভাবনা-বিরহিত।

সুদৃক্, সুদৃশ্ [সু (উত্তম) দৃশ্ (দেখা)+ক্বিপ (ভা০ বা ণে০)=সুদৃক্ (সুদৃষ্টি বা চক্ষুঃ) যার; বহু০] বিণ, সুনয়ন ; সুন্দর

সুদৃঢ় [সু (অত্যন্ত) দৃঢ় (কঠিন)] বিণ, অতিশয় দৃঢ় ; সুকঠিন।

সুদৃশ্য [সু (উত্তম) দৃশ্য (দর্শনযোগ্য)] বিণ, সুন্দর ; নয়নাভিরাম।

সুদ্দুর [সং-শূদ্র,পা০ > সুদ্দ] বি,শূদ্র।

সুদ্ধ [প্রা০ সুদ্ধ, সুদ্দ। হিং সুদ্ধা। সহিত শব্দের বিকার। ভুলে-শুদ্ধ]অ,সহিত ; সমেত। "পৃথিবী সুদ্ধ"-দ্বি০ ঠাকুর। ২ ক্রি-বিণ, মিলিত করিয়া ; ধরিয়া। "ওর ঐ গাছ-পালা, নদী, মাঠ, কোলাহল, নিস্তব্ধতা, প্রভাত, সন্ধ্যা, সমস্তটা সুদ্ধ দু'হাতে আঁকড়ে ধরতে ইচ্ছে করে।"-রবী০।

সুদ্যুম্ন-বি, বৈবস্বত মনুর পুত্র।

সুধন্বা [সু (উত্তম) ধনুস্ (ধনুক) যার, বহ। মূ০ সুধন্বন্ ১মা, ১ব০] বি, নৃপতিবিঃ। ২ বিশ্বকর্ম্মা। ৩ অনন্তদেব। ৪ শ্রেষ্ঠ ধানুকী।

সুধর্ম্মসভা [সং] বি, দেবসভা ; সুরসভা। "সুধর্ম্ম সভায় নাচ হয়ে খলমতি। মানব হইয়া জন্ম লহ বসুমতী।"-কবিক০।

সুধর্ম্মা [সু-ধর্ম্ম যাতে, বহু০। মূ০ সুধর্ম্মন্ ১মা, ১ব০] বি, সুরসভা ; দেবরাজ ইন্দ্রের সভা। ২ শেষ জৈনের অনেক শিষ্য। ৩ গৃহস্থ। ৪ বিণ, অতি ধার্ম্মিক।

সুধা [সু (সুখে) ধৈ (পান করা)+অ (র্ম্ম)+আ (স্ত্রীং)] বি, অমৃত। "আয় নিবিরে ভাই নামের সুধা নিবি আয়।"-বাং গান। ২ জ্যোৎস্না। ৩ গঙ্গা ; ভাগীরথী। ৪ জল। ৫ পুষ্পরস। ৬ বিদ্যুৎ। ৭ চূণ। ৮ মূর্হী। ৯ হরীতকী। **~পাত্র**-বি, সুধা-পান করিবার বা রাখিবার আধার। **~পান**-বি, অমৃতপান। ২ [ব্যঙ্গ্যে] মদ্যপান। **~পূর্ণ**-বিণ, সুধাভরা। ৩ অনির্ব্বচনীয় মধুরতাপূর্ণ। **~ংশু** [সুধা (অমৃত)+অংশু (কিরণ) যার, বহু০] বি, চন্দ্র ; সুধাকর। "অস্তাচল শশী সমান হইতেছে ম্লান মায়ের সুধাংশু বয়ান রে।"-গান। **~কর** [সুধা (অমৃতময়) কর (কিরণ) যার, বহু] বি, সুধাংশু ; চন্দ্র। "পদতল নব প্রভাকর-কর দশ শুধাকর শোভিছে নখরে।"-গান। "অধর বান্ধুলীবর মুখ-সুধাকরে সুধা-হাস।"-অ০ ম০। "তুলনা যে দিতে নারি তাতে অতি মনোহারী যেন সুধাকর তারা মাঝে ;"-কবিক০। **~জীবী** [সুধা (চূণ-কাম) দ্বারা জীবী (যে জীবিকা নির্ব্বাহ করে)] বি, রাজমিস্ত্রী। **~ধবলিত** [সুধা (চূণ-দ্বারা) ধবলিত (শ্বেতবর্ণ করা)] বিণ, চূণকাম দ্বারা শুক্লীকৃত। ২ শুভ্রোজ্জ্বল। **~ধার** [সুধা (অমৃতের) + আধার, ৬তৎ] বি, শশী ; সুধাকর। **~নিধি** [সুধার (অমৃতের) নিধি (আশ্রয়), ৬তৎ] বি, চন্দ্র। "বয়ন শরদ সুধানিধি নিষ্কলঙ্ক। * * * * অলপ দিঠি বঙ্ক।"-জ্ঞা০। **~ন্বিত** [সুধা (অমৃত)+অন্বিত (যুক্ত), ৩তৎ] বিণ, অমৃতময় ; সুধাময় ; "সুধান্বিত প্রভাত ভানু।"-অ০ ম০। **~বর্ষী** [সুধা (অমৃত) বৃষ্ (বর্ষণ করা) + ইন্ (র্ত্তৃ)=সুধাবর্ষিন্ ১মা, ১ব০] বি, সুধাকর ; চন্দ্র। ২ ব্রহ্মা। ৩ বুদ্ধবিঃ। ৪ বিণ, অমৃতবর্ষণকারী **~বাস** [সুধা+আবাস (আশ্রয়), ৬তৎ] বি, সুধা-কর ; চন্দ্র। **~ময়** [সুধা (অমৃত)+ময় (প্রস্তুতার্থে)] বিণ, অমৃতময়। "সুধাময় হাস সুধাময় ভাষ দৃষ্টিতে সুধা প্রকাশ।"-অ০ ম০। ২ চূর্ণময় ; চূর্ণবিশিষ্ট। ৩ বি, সৌধ ; প্রাসাদ। **~মুখ**-বি, মিষ্ট-মুখ। ২ বিণ, মুখমধুর। > স্ত্রীং ~ী।

~সমুদ্র [৬তৎ] বি, সপ্তসমুদ্রের অন্যতম। "সুধা সমুদ্রের মাঝে, চিন্তামণি বেদী সাজে, কল্পতরু কদম্ব কানন।"-অং মং। ~সিক্ত -বিণ, অমৃতে সিঞ্চিত ; সুধায় অভিষিক্ত। ~সিন্ধু [৬তৎ] বি,অমৃত সাগর। "সুধাসিন্ধু সরসিজে সদানন্দ নিত্য ভজে পঞ্চাশৎ মাতৃকা রূপা চন্দ্রার্দ্ধধারিণি মা।"-বাং গান। ~স্বর-বি (বিণ), সুমধুর কণ্ঠস্বর (যুক্ত) ; সুকণ্ঠ। ~হর, সুধাহৃৎ [সুধা (অমৃত) হর, হৃৎ (যে হরণ করে)] বি, গরুড়।

সুধানি [হিং সুধানা। শুধান দ্রঃ। সুধাই (প্রাং সুধুই), সুধাও, সুধায় ; সুধাইতে (কেং সুধাতে) ; সুধাইয়া (কেং সুধায়ে) ইং] ক্রি, জিজ্ঞাসা করা। "সুন্দরী সুধান শিবে সত্য কহ শূলী। কারে মেয়ে ধন হরে পূরে ছিলে ঝুলি॥"-শিং।

সুধার [সু-ধার (প্রান্ত)] বিণ, সুতীক্ষ্ণ ; খুব ধারাল। "এত বলি নন্দীকে দিলেন আঁখি ঠার। চলিলেন নন্দী অসি লইয়া সুং॥"-কবিকং।

সুধারা [সু-ধারা] বি, সুব্যবস্থা। ২ সুধারা। ৩ [সুধাধারা >] বিণ, সুমধুর। "ভাঁড় কলাবত নাচত গায়ত ভাবত অভিমত গীত সুং।"-অং মং।

সুধি [সং-শুদ্ধি। হিং সুধি, সুধ] বি, বোধ ; চৈতন্য ; হুঁশ। "দেখিতে দেখিতে বাঢ়ল ব্যাধি। যত তত করি নাহিয়ে সুধি॥" -চণ্ডিং। ২ স্মৃতি।৩ [প্রাং বাং। এই অর্থে "সুধী" ওং] তত্ত্ব ; খোঁজ ; সন্ধান। "তবে সুধি পাইবেঁ যথা বসে জগন্নাথে"-শ্রীং কীং। ৪ সন্ধি ; পথ। সুধিএঁ=সন্ধিতে ; পথে। "কমণ সুধিএঁ যাইবোঁ কথা তার লাগ পাইবোঁ।"-শ্রীং কীং। সুধিহো=সন্ধানও। "সুধিহো না জানী"-শ্রীং কীং।

সুধী [সু (শোভন) ধী (বুদ্ধি) যার, বহুং] বি, বিদ্বান্ ; জ্ঞানী ; পণ্ডিত। ২ শুদ্ধ বুদ্ধি ; সৎবুদ্ধি ; সুবুদ্ধি। "বালীকে বিড়ম্বি বিধি, না মানে তারার সুধী, সমরে পড়িল রাম শরে।"-কবিকং। ৩ সুধি ; সন্ধান ; তত্ত্ব। ৪ বিণ, সাতিশয় বুদ্ধিমান্ ; সুবুদ্ধিবিশিষ্ট।

সুধীর [সু-ধীর] বিণ, শান্ত ; নম্র। বি, সুধীরতা। "সুশীলতা সুধীরতা, স্নেহ করুণা মমতা যে রূপ কিরূপে কব দেখিলে বোধ সে হয়।"-বাং গান।

সুধু [সং-শুদ্ধ >] বিণ, মাত্র ; কেবল।

সুনন্দ [সু (উত্তমরূপে) নন্দ+ণিচ= নন্দি (আনন্দিত করান)+অ (র্তৃ)] বি, শ্রীকৃষ্ণের পার্শ্বচর। ২ বলদেবের মুষলাস্ত্র। ৩ বিণ, আনন্দদায়ক ; হর্ষজনক। স্ত্রীং ~া -পার্ব্বতী। ২ দুর্গার সখী।

সুনয়ন [সু (উত্তম) নয়ন (চক্ষু) যার, বহুং] বি,মৃগ ; হরিণ। ২ বিণ, সুন্দর চক্ষুযুক্ত ; সুনেত্র। স্ত্রীং ~া-সুলোচনা স্ত্রী।

সুন, সুনা১ [সং-শূন্য >প্রাং বাং] বি, শূন্য ; খালি। ২ [শুক্না >। হিং] বি, শুষ্ক ভূমি ; শুক্না ডাঙ্গা। ৩ [স্বর্ণ >। প্রাং বাং] স্বর্ণ। ~র-বিণ, সোনার ; স্বর্ণময়। ২ [হিং] বি,স্বর্ণকার।

সুনা২ [সং-শুণ দ্রঃ] ক্রি, শ্রবণ করা।

সুনাজমী-বি, রবিশস্য, আউস, ইক্ষু ও তামাকের উৎপাদনক্ষম জমী।

সুনাভ [সু (সুন্দর) নাভি যার, বহুং] বি, হিমালয়াত্মজ ; মৈনাক পর্ব্বত। ২ বিণ, সুন্দর নাভিযুক্ত ; চক্রাকৃতি নাভিবিশিষ্ট।

সুনাম [সু-নাম (যশ)। বিপরীত-দুর্নাম] বি, সুখ্যাতি ; সুযশ। বিণ, ~া।

সুনায়র [সু-নায়র (নাগর >)] বি, সুনাগর। স্ত্রীং সুনায়রী = সুনাগরী। "মনমথ যন্ত্র সুধীর সুনায়রী শ্যাম সুন্দর রস সীম।"-জ্ঞানং।

সুনালী [সুবর্ণ+বালী। সোণালী দ্রঃ] বিণ, সোনায় রঙ্ করা ; স্বর্ণবর্ণ [মৈং গীং]।

সুনাসা-বি, সুন্দর নাসিকাযুক্ত।

সুনাসিকা [সু (সুন্দর) যে নাসিকা (নাক), যা] বি,সুন্দর নাসিকা। ২ বিণ, শোভন নাসাযুক্ত ; সুন্দর নাসিকাবিশিষ্ট।

সুনাসীর [সু (উত্তম) নাসীর (পুরোবর্ত্তী সৈন্য) যার, বহুং] বি, ইন্দ্র।

সুনিপুণ-বিণ, সুদক্ষ ; সুপটু।

সুনিয়ন্ত্রণ-বি, সুপরিচালন ; সুব্যবস্থা। বিণ, সুনিয়ন্ত্রিত।

সুনিয়ম-বি, সুন্দর বিধি ; সুব্যবস্থা।

সুনির্ণীত, সুনির্দিষ্ট, সুনির্দ্ধারিত-বিণ, সুন্দরভাবে বা সুস্পষ্টভাবে অবধারিত বা স্থিরীকৃত।

সুনির্ম্মাণ [সু-নির্ম্মাণ] বি, সুগঠন। > বিণ, সুনির্ম্মিত।

সুনিশ্চয় [সু (সম্যক্+নিশ্চয়] বি, সুন্দরভাবে নির্দ্ধারণ ; নিঃসন্দেহ। > বিণ, সুনিশ্চিত - স্পষ্টভাবে অবধারিত ; নিঃসন্দিগ্ধ। ২ উত্তমরূপে কৃত- নিশ্চয়।

সুনিশ্চিত [সু (সম্পূর্ণরূপে) নিশ্চিত (স্থিরীকৃত)] বিণ, সুনির্দ্ধারিত ; অবধারিত।

সুনীতি [সু (উত্তম) যে নীতি, যা] বি, উত্তম নীতি। ২ উত্তানপাদ রাজার জ্যেষ্ঠা মহিষী ; ধ্রুবের জননী। ৩ [সু নীতি যার, বহুং] বিণ, নীতিমান্ ; সৎ নীতিবিশিষ্ট।

সুনীথ [সং] বিণ, সুশীল। ২ সাধু ; ধর্ম্মশীল।

সুনেহ [সু-স্নেহ >সুস্নেহ, সিনেহা। মৈং ও প্রাং বঙ্গলিপিতে 'স'এবং 'ন' (=ন) একরূপ হওয়ায় লিপিকর প্রমাদ বশতঃ 'সুস্নেহ' ওং দৃষ্ট হয়] বি, সুস্নেহ ; অনুরাগ। "মাধব অপরুব তোহর সুনেহ"-বিং পং।

সুন্দ [সুন্দ্ +অ (র্তৃ)] বি, অসুরবিং। ২ বানরবিং।

সুন্দর [সু (উত্তমরূপে) দৃ (আদর করা) +অ (র্ম্ম), ন্ আগম, যাকে আদর করা হয়)। প্রাং সোন্দোর, সোন্দর (পুং বং গীং)। চট্টলে হিন্দুকথ্য 'হোন্দর', মুং কথ্য 'সোন্দর'] বিণ, মনোহর ; সুরূপ ; রমণীয়। "খর্ব্ব স্থূল কলেবর গজ মুখ লম্বোদর মহাযোগী পরম সুং।"-অং মং। ২ স্ফুট গৌর। ৩ লাল ; রাঙা। ৪ [সু (উত্তমরূপে) দৃ (বিদারণ করা)+অ(র্তৃ), ন্ আগম] বি, মন বিদারক বলিয়া কন্দর্প। ৫ গুণসিন্ধুরাজার পুত্র। "সুং তাঁহার সুত, বড় রূপ-গুণ-যুত, বিদ্যায় সে জিনিবে বিদ্যায়।"-অং মং। স্ত্রীং ~ী, -বিণ, রূপবতী ; সুরূপা। ২ বি, রমণী ; কামিনী ; নারী। "নাচিত যেমতি যত গোকুলসুন্দরী।"-ব্রজাঙ্গনা। > সম্বোধনে-সুন্দরি১ [প্রাং সুন্দুরি] "হে সুন্দরি, প্রভু মম রবি-কুল-রবি।"-মেঘং।

সুন্দরবন [সুন্দর (লালবর্ণ)-বন (লালবর্ণ সুন্দরি বৃক্ষবহুল বন), বা সিন্দুর বর্ণ হেতু

ʃযুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্গ্র), ঁহীন যুক্তাক্ষর অকারান্তবৎ, জ্ঞ=গ্গ জ্ঞ=গ্গঁ ঞ্চ=ন্চ ঞ্জ=ন্জ হ্ন=হ্ন হ্ম হ্ণ হ্ব হ্র=ন্হ হ্ব হ্ম হ্র হ্য, জ ঝ ব ভ=zfwv ও চ্চাং দ্রঃ

নাম। প্রা° সেঁদোরবন। সুঁদরী দ্রঃ] বি, বঙ্গের দক্ষিণভাগে বঙ্গোপসাগরকূলবর্ত্তী বনখণ্ড।

সুন্দরি২,-রী২-সুঁদরী দ্রঃ।

সুন্দরি৩ [নাট্য শা°, উপাঙ্গাভিনয়বিঃ] বি, নৃত্যে ভাবজ্ঞাপক চারিপ্রকার ঘাড় সঞ্চালনের অন্যতম। তিরশ্চীন, পরিবর্ত্তিত, প্রকম্পিত দ্রঃ। ভারতীয় নৃত্যকলার অন্যতম বিশেষত্ব, ঘাড়ের তির্য্যক্ প্রচলিত neck moving to and fro horizontally) গতি (প্রণয়ারম্ভ, পরীক্ষা করণ, স্মরণ, রঙ্গরস ই° স্থলে)।

সুন্ধি [প্রা° সুঁদি। সুঁদী দ্রঃ] বি, শালুক; শ্বেতোৎপল।

সুন্নত,-ৎ [আ°] বি, মুসলমানদিগের লিঙ্গত্বকচ্ছেদরূপ সংস্কারবিঃ circumcision. "আমার বাসনা হয় যত হিন্দু পাই। সুন্নত দেওয়াই আর কলমা পড়াই॥"-অ° ম°।

সুন্নী [আ°] বি, হজরৎ মহম্মদের চার খলিফার অন্যতম ও স্বীয় জামাতা হজরৎ আলীর পূর্ব্ববর্ত্তী তিন খলিফাকে স্বীকারকারী মুসলমান ধর্ম্মসম্প্রদায়বিঃ। যাঁরা আলীকে মানেন তাঁরা শিয়া (দ্রঃ)।

সুপ্ [ব্যা° পরিঃ] বি, পাণিনীমতে-সু (কলাপমতে-সি) ঔ, জস্; অম্, ঔ, শস্; টা, ভ্যাম্, ভিস্; ঙে, ভ্যাম্, ভ্যস্; ঙসি, ভ্যাম্, ভ্যস্; ঙস্, ওস্, আম; ঙি, ওস্, সুপ্। এই ২১টি বিভক্তি, যাহা শব্দে যুক্ত হইয়া পদ হয়। ~তিঙ্ [ব্যা° পরিঃ] বি, শব্দের উত্তর বিভক্তিযুক্ত পদসাধক ও ধাতুর উত্তর ক্রিয়াপদ সাধক প্রত্যয়। "তাহাদের উচ্চারণ পদ্ধতি, তাহাদের সুপ্ তিঙ্ প্রত্যয়াদি, তাহাদের বাক্যরীতি"-সা° প° পত্রিকা, ১৩৩৩।

সুপক্ক [সু (উত্তমরূপে) যে পক্ব, ধা। প্রা° সুপাক] বিণ, সুপরিণত। ২ সুসিদ্ধ।

সুপচ [সু-পচ্ (পাক করা)+অ (র্ম্ম)] বিণ, সহজে পরিপাক হয় এমন; লঘুপাক দ্রব্য; সুপাচ্য (দ্রঃ)।

সুপত্র [সু (উত্তম) পত্র (পাত), ধা] বি, তেজপত্র। ২ বিণ, সুন্দর পত্রবিশিষ্ট। ৩ সুন্দর পালকবিশিষ্ট। ৪ সুন্দর বাহনযুক্ত। স্ত্রীং ~া-শালপর্ণী। ২ রুদ্রজটা। ৩ শতমূলী।

সুপথ, সুপন্থা [সু (উত্তম) পথিন্ (রাস্তা), ধা। পথিন=পথ] বি, সন্মার্গ। ২ সুপ্রণালী; সুরীতি। ৩ সদাচার।

সুপদ্ম [সু (শোভন) পদ্ম] বি, সুন্দর পদ্ম। ২ পদ্মনাভ দত্ত কৃত ব্যাকরণ। স্ত্রীং সুপদ্মা-বচ নামক ঔষধ।

সুপরুন্দ, সুপুরুন্দ, সোপোরোন্দো-সোপরন্দ দ্রঃ।

সুপর্ণ [সু (সুন্দর) পর্ণ (পাখা) যার, বহু°] বি, স্বর্ণচূড় পক্ষী। ২ পক্ষীন্দ্র; গরুড়। "ভুখিল সু° যেন ভুজঙ্গ পাইয়া।"-মহা° (কাশী°)। "জটায়ু সম্পাতি লিখে সু° কিঙ্করে।" -কবিক°। ৩ মোরগ। ৪ বিণ, সুন্দর পক্ষবিশিষ্ট। স্ত্রীং ~া, সুপর্ণী-পদ্মিনী। ২ গরুড়-মাতা। ~ক [সু (সুন্দর) পর্ণ (পাখা) যার, বহু° (ক, স্বার্থে)] বি, পক্ষিরাজ; গরুড়। ২ সপ্তচ্ছদবৃক্ষ; ছাতিম গাছ। ~কেতু-বি, গরুড়ধ্বজ; বিষ্ণু।

সুপর্ব্বা [সু (উত্তম) পর্ব্বন্ (গাঁইট) যার, বহু°। মূ° সুপর্ব্বন্ ১মা, ১ব°] বি, বংশ; বাঁশ। ২ বাণ। ৩ দেবতা। ৪ তিথিবিঃ। ৫ ধূম। ৬ শ্বেতদূর্ব্বা। ৭ সুন্দর পর্ব্ববিশিষ্টা। পুং সুপর্ব্ব-বি (ণ), সুন্দর পর্ব্ব (যুক্ত)।

~পাক্য, ~পাচ্য [সু+পচ্ (পাকে) +ঘ্যণ (র্ম্ম)] বিণ, যে ভোজ্য সহজে হজম হয়; যার সুন্দররূপে পরিপাক হয়।

সুপাত্র [সু (উত্তম) পাত্র (ভাজন), ধা] বি, উপযুক্ত পাত্র; উত্তমভাজন। ২ কন্যা সমর্পণের যোগ্য বর। "যত কন্যাযাত্র দেখিয়া সু° বলে এ কেমন বর।"-অ° ম°। স্ত্রীং সুপাত্রী।

সুপারিণ্টেণ্ডেণ্ট [ইং superintendent এর লিপ্যন্তর] বি, অধ্যক্ষ; পরিচালক।

সুপারিস, সুপারীস [ফা° সিফারিশ্] বি, অনুরোধ; উপরোধ।

সুপারী, সুপুরী [হি° সুপারী। দেশী ভাষায়-গুয়া। চট্টলে-সুয়ারি। বিদেশী বা জাহাজী আমদানী বলিয়া সফরী > ?] বি, গুবাক ফল; গুয়া।

সুপার্শ্ব [সু (সুন্দর) পার্শ্ব যার, বহু°] বি, সপ্তম জৈনমুনি। ২ সম্পাতি পক্ষীর পুত্র। ৩ বর্ত্তমান খান্দেশ।

সুপুত্র [প্রা° সুপুত। বিপরীত-কুপুত] বি, সুপুত্র; ভাল ছেলে।

সুপুন্নে [সং-পুনর্ণবা > পুন্নে। কিন্তু নামান্তর দীর্ঘপত্রিকা অর্থে সুপর্ণা > ?] বি, খাদ্য শাকবিঃ; শোথঘ্ন ঔষধী শাক।

সুপুরুষ-বি, সুন্দর বা সুশ্রী ব্যক্তি; সুঠাম পুরুষ।

সুপ্ত [স্বপ্ (নিদ্রা যাওয়া)+ত (ভা°)] বি, নিদ্রা; ঘুম। ২ ইন্দ্রিয়জ্ঞানবর্জ্জিত; অচৈতন্য। ৩ শয়ন। ৪ [র্ত্তৃ] বিণ, নিদ্রিত। ~জন-বি, নিদ্রিত ব্যক্তি। ২ [সুপ্ত হয় লোকজন যে কালে, বহু°] অর্দ্ধরাত্র; নিশীথ। ~জ্ঞান-বি, স্বপ্ন। ~বাত [আয়ু°] বি, স্পর্শানুভূতি রাহিত্য; বেদনানুভূতির লোপ; স্পর্শহানি anaesthesia.

সুপ্তি [স্বপ্ (নিদ্রিত থাকা)+তি (ভাব°)। প্রাকৃ°] বি, তন্দ্রা; নিদ্রা: ঘুম। ২ স্বপন।

সুপ্তোত্থিত [সুপ্ত (পরে) উত্থিত] বিণ, নিদ্রিত অবস্থা হ'তে উত্থিত; নিদ্রাভঙ্গে জাগরিত।

সুপ্রণালী [সু-প্রণালী] বি, উত্তম বিধি; ভাল নিয়ম; সুপ্রথা।

সুপ্রতর, -তার [সু-প্রতর, প্রতার > তৃ (তরণে)] বিণ, সহজে বা সুখে পার হইবার মত বা যোগ্য।

সুপ্রতিষ্ঠ, সুপ্রতিষ্ঠিত [সু-প্রতিষ্ঠ, প্রতিষ্ঠিত] বিণ, সুবিখ্যাত; অতি প্রসিদ্ধ; বিলক্ষণ খ্যাতাপন্ন। ২ [বলবিদ্যা° (ক° বিশ° পারিঃ)] ইং stable এর বৈজ্ঞা° পরিঃ; সুস্থিত।

সুপ্রতিভা [সু (উত্তম) প্রতিভা (বুদ্ধি), ধা] বি, মার্জ্জিত বুদ্ধি; উজ্জ্বলবুদ্ধি।

সুপ্রতিষ্ঠা(ন) [সু-প্রতিষ্ঠা, -ন] বি, সুপ্রসিদ্ধি; সুখ্যাতি। ২ [সু (অতিশয়) প্রতিষ্ঠা (খ্যাতি) যার, বহু°, + আ (স্ত্রীং)] বিণ, যশস্বিনী; সুবিখ্যাতা। (তুল-সং-"সুপ্রতিষ্ঠাং সুলোচনাং")।

সুপ্রতীক [সু (সুন্দর) প্রতীক (অবয়ব) যার, বহু০] বি, কন্দর্প ; কামদেব। ২ ঈশান-কোনস্থ দিগ্গজ। ৩ বিণ, সু-নির্মিত। ৪ সুন্দর অবয়ব বা শোভনাঙ্গবিশিষ্ট।

সুপ্রতীত [সু (উত্তমরূপে) প্রতীত] বিণ, স্পষ্ট প্রমাণীভূত ; সুপরিজ্ঞাত।

সুপ্রদর্শন-বিণ, সুদৃশ্য, সুদর্শন, দেখিতে সুন্দর।

সুপ্রধৃষ্য [সু-প্র-ধৃষ্য] বিণ, সম্যক্ ধর্ষণযোগ্য ; অনায়াসে অভিভবনীয়।

সুপ্রভ [সু (উত্তম) প্রভা (দীপ্তি) যার, বহু০] বিণ, সুন্দর প্রভাযুক্ত। স্ত্রীং ~া-সুন্দর দীপ্তিশালিনী। ২ বি, অগ্নির জিহ্বাবিঃ।

সুপ্রভাত [সু (শুভ) যে প্রভাত (প্রাতঃকাল), ধা] বি, শুভসূচক প্রাতঃকাল। ২ [সু (অতিশয়) প্রভাত (দীপ্তি) যার, বহু০] বিণ, সাতিশয় আভাযুক্ত ; অতিশয় দীপ্তিশালী। ~া-বি, নদীবিঃ।

সুপ্রশস্ত, সুপ্রসারিত [সু-প্রশস্ত, প্রসারিত] বিণ, অতিশয় প্রশস্ত ; বিস্তারিত ; খুব লম্বাচওড়া।

সুপ্রসন্ন [সু (উত্তমরূপে) প্রসন্ন (হৃষ্ট)] বিণ, সম্যক্ তুষ্ট ; পরিতুষ্ট।

সুপ্রসব [সু-প্রসব] বি, সহজে বা বিনা কষ্টে প্রসব।

সুপ্রসাদ [সু-প্রসাদ] বি, বিশেষ অনুগ্রহ ; সুপ্রসন্ন ভাব।

সুপ্রসিদ্ধ [সু-প্রসিদ্ধ] বিণ, সুবিখ্যাত ; নামজাদা। > বি, **সুপ্রসিদ্ধি**-সুখ্যাতি ; খুব নামডাক।

সুপ্রাতঃ [সু (উত্তম) প্রাতঃ (প্রভাত) কাল] বিণ, সুপ্রভাত ; শুভসূচক প্রাতঃকাল।

সুপ্রাপ্য [সু (সুলভে) প্রাপ্য] বিণ, সুলভ ; অনায়াসে লভ্য।

সুপ্রিয় [সু(অতি)প্রিয় deer, beloved] বিণ, অতিশয় প্রিয়।

সুপ্রীত [সু-প্রীত] বিণ, অতিতুষ্ট ; সন্তুষ্ট।

সুফল [সু (সুন্দর) ফল, ধা] বি, ভাল ফল। ২ সুপরিণাম। ৩ কার্য্যসিদ্ধি। ৪ শ্রীফল ; বেল। ৫ দাড়িম্ব। ৬ শিম্বীবিঃ। ৭ [সুন্দর ফল যার, বহু০] বিণ, সুমিষ্ট ফলোৎপাদক ; উত্তম ফলযুক্ত। স্ত্রীং **সুফলা**-বিণ, ফলবান্ ; ফলবিশিষ্ট। ২ বি, দ্রাক্ষাবিঃ। ৩ কদলী ; কলা। ৪ অলাবু ; লাউ।

সুফী [আ০] বিণ, ধ্যানরসিক ; প্রেমপন্থী। ২ বি, ধর্ম্মের নিগূঢ় রহস্য জ্ঞাতা 'মরমী' মুসলমান সম্প্রদায়। এঁরা অদ্বৈতবাদী, নিরাকার ব্রহ্মের উপাসক, গুহ্যসাধন পন্থী ; ভাবযোগীর দল।

সুফেন [সু (উত্তম) ফেন, ধা] বি, সাগরফেনা।

সুবচন [সু-বচন, ধা] বি, শুভবাক্য ; হিত কথা ; শোভন উক্তি।

সুবচনী [শুভ সূচনী। গ্রা০ সুবুচুনী] বি, মঙ্গলদায়িনী দেবীবিঃ।

সুবদন [সু (সুন্দর) বদন যার, বহু০] বি (বিণ), সুন্দর মুখ (বিশিষ্ট) ; সুমুখ। স্ত্রীং ~া, ~ী-বিণ, সুন্দরী ; চন্দ্রাননা। "সুবদনা মালবিকা তরল নয়না" -কাব্য-দর্পণ।

সুবন্ত [সুপ্ (প্রঃ) + অন্ত যার-ব্যা০ পরিঃ] বিণ, যে সকল শব্দের অন্তে সুপ্ বিভক্তি থাকে ; সুপ্ বিভক্ত্যন্ত ; ১মা, ২য়া, ই০ বিভক্তি চিহ্নযুক্ত। ~পদ-বি, সু, ঔ, জস্ ই০ বিভক্তিযুক্ত শব্দ।

সুবন্ধ [সু (উত্তম) বন্ধ (বন্ধন) যার, বহু০] বি, তিল। ২ যত্ন। ক্রি-বিণ, **সুবন্ধে** -যত্ন করিয়া। "কহিল পোড়াও মাছে সুবন্ধে রাখহ কাছে স্নান করি আসি নদীজলে।"-কবিক০।

সুবন্ন [সং-সুবর্ণ > প্রা০ বাং] বি, স্বর্ণ। ~দীপ-বি, সুবর্ণ প্রদীপ। "পচ্চিমে জালিয়া সাঁঝকালে। সাঁঝা দিলে হব সুমঙ্গলে॥"-শূ০ পু০।

সুবর্চ্চক [সং] বি, সজ্জিকাক্ষার।

সুবর্চ্চল [সু (উত্তমরূপ) বর্চ্চ্ (দীপ্তি পাওয়া) + অল্] বি, দেশবিঃ। স্ত্রীং ~া-সূর্য্যপত্নী। ২ সূর্য্যমুখী পুষ্প। ৩ অতসী। ৪ মসিনা। ৫ ব্রাহ্মী। ৬ আদিত্যভক্তা।

সুবর্ণ [সু (সুন্দর) বর্ণ (রং) যার, বহু০। গ্রা০ সুবন্ন (ন্ন)]। "সুন্দ সুবন্নের মোর কিঙ্কিনী।" -শ্রী০ কী০] বি, কাঞ্চন ; স্বর্ণ ; সোণা। ২ ১৬ মাসা পরিমিত সোণা। ৩ স্বর্ণমুদ্রা ; মোহর। ৪ সম্পত্তি ; ধন। ৫ কর্ষ পরিমাণ। ৬ যজ্ঞবিশেষ। ৭ গৈরিক ; গিরিমাটী। ৮ হরিচন্দন। ৯ ধুস্তুর। ১০ বিণ, সুন্দর বর্ণ ; সুরূপ। "সুবর্ণ দহনে সু০ হয়।" -বাং গান। ১১ সুন্দর অক্ষরবিশিষ্ট। ১২ শ্রেষ্ঠ জাতিতে উৎপন্ন। স্ত্রীং ~া-হরিদ্রা। ~কর্দলী-বি, চাঁপা কলার গাছ। ২ চাঁপা কলা। ~কমল-বি, রক্ত বা লালপদ্ম। ২ স্বর্ণনির্ম্মিত পদ্মফুল। স্ত্রীং ~কমলিনী-স্বর্ণপদ্মিনী। ২ সুন্দরী। ~কার-বি, সেক্‌রা। ~খচিত-বিণ, স্বর্ণজড়িত। ~গঠিত, ~নির্ম্মিত-বিণ, সোনায় গড়া। ~গর্ভ-বি, বোধিসত্ত্ববিঃ। ~গর্ভা-বিণ, স্বর্ণপ্রসবা ; রত্নপ্রসূ ; সুসন্তানের গর্ভধারিণী। ~গিরি-বি, রাজগৃহের অন্তর্গত শৈলবিঃ। ~গৈরিক-বি, রক্ত বা পীতবর্ণ গেরিমাটি red ochre. ~চম্পক-বি, স্বর্ণচাঁপা। ~দ্বীপ-বি, সুমাত্রাদ্বীপ। ~পক্ষ-বিণ, স্বর্ণময় পক্ষবিশিষ্ট। ২ বি, গরুড়। ~পদ্ম-বি, রক্তকমল। ~প্রতিমা-বি, সোনায় গড়া মূর্ত্তি ; স্বর্ণচ্ছবি। ~বণিক্-বি, জাতিবিশেষ ; সোণার বেনিয়া। ~বর্ণ-বিণ, কনক বরণ ; স্বর্ণের আভাযুক্ত। স্ত্রীং ~বর্ণা-বি, হরিদ্রা। ~বলয়-বি, সোণার বালা। ~ভূমি-বি, স্বর্ণগর্ভা ভূখণ্ড। ২ ভারতবর্ষ। ৩ কথাসরিৎ সাগর প্রোক্ত সুবর্ণদ্বীপ। ~ময়-বিণ, স্বর্ণনির্ম্মিত। > স্ত্রীং ~ময়ী। ~মাক্ষিক-বি, স্বর্ণ বা হেম-মাক্ষিক নামক খনিজ পদার্থ golden pyrites. ~মাষক [মাষক দ্রঃ] বি, স্বর্ণমণিবিঃ। ~রেখা-বি, সোনায় টানা কষি বা চিহ্ন। ২ মেদিনীপুর ও উড়িষ্যার মধ্য দিয়া প্রবাহিতা নদীবিঃ। ~লতা-স্বর্ণলতা দ্রঃ।

সুবর্ণক [সুবর্ণ+ক (সাদৃশ্যার্থে)] বি, পিত্তল। ২ সোঁদালি গাছ। স্ত্রীং **সুবর্ণকা**-বি, মনোহর বর্ণবিশিষ্টা।

সুবলি [বৈদ্যকে] বি, ক্ষীর কাকোলী।

সুবলিত [সু-বল+ইত (যুক্তার্থে)] বিণ, বলবিশিষ্ট ; শক্তিমান। "সুবলিত ভুজ সহিত অম্বুজ কনক মৃণাল রাজে।"-অ° ম°।

সুবসন্তক [সু (উত্তম) বসন্ত (বসন্ত-কাল)+ক (স্বা°)] বি, মদনোৎসব।

সুবহ [সু (সুখে) বহ্ (বহন করা)+অ] বিণ, সুখবাহ্য portable. ২ সুখে বহন-কারী ; অবলীলাক্রমে বহনক্ষম।

সুবা১, সুবে [আ°] বি, প্রদেশ province. "লুঠিয়া ভুবনেশ্বর যবন পাতকী। সেই পাপে তিন সুবা হইল নারকী॥"-অ° ম°। ২ মোগল রাজত্বে ভারত সাম্রাজ্যের বিভাগ। **সুবে বাঙ্গালা**-বি, মোগল সাম্রাজ্যের বাঙ্গালাবিভাগ। বঙ্গ বিহার ওড়িষ্যা লইয়া সুবে বাঙ্গালা।

সুবা২, সুবো [সং-সভ্য] বি, সভ্য। ২ [আ° সুবহ্ (গভর্ণর)] রাজপুরুষ ; য়ুরোপীয় ; সাহেব। "যত কালের ধুবো যেন সুবো ইংরাজী কয় বাঁকা ভাবে।"-ঈ° গুপ্ত।

সুবাদ [সং-সম্বন্ধ] বি, সম্বন্ধ। "আমাকে কি পর মনে করো? বড়দার আমার সঙ্গে কি সু° ছিল তা তুমি যত জানো তত তো আর কেউ জানে না।"-ভারতী।

সুবাদার, সুবেদার [ফা° সুবহ্ দার। গ্রা° সোবেদার ; সোফেদার] বি, সুবার শাসনকর্তা ; নবাব ; প্রাদেশিক শাসনকর্তা। ২ দেশীয় সৈন্যবিভাগের অধিনায়কবিঃ ; যার অধীনে নির্দ্দিষ্ট সংখ্যক সৈন্য থাকে। বিণ, **সুবাদারী**-সুবাদার সম্বন্ধীয়।

সুবাদারি, সুবেদারি [সুবাদার (দ্রঃ)+ই (কর্ম্মার্থে)। গ্রা° সোবেদারি, সোফেদারি] বি, সুবাদারের কর্ম্ম।

সুবাস [সু (উত্তম) বাস (গন্ধ), ধা] বি, সুগন্ধ ; সৌরভ। ২ উত্তম বাসস্থান। ৩ [সু-বাস (গন্ধ) যার, বহু°] বিণ, সুগন্ধি ; সুগন্ধযুক্ত। "সু° কুসুমে।"

সুবাসিত [সুবাস+ইত (যুক্তার্থে)] বিণ, সৌরভিত ; সুগন্ধি। প্র-সু° জল।

সুবাসিনী [সু (সুখে) বস্ (বাস করা) +ইন্ (র্ত্তৃ)=সুবাসিন্+ঈ (স্ত্রীং)] বি, পিত্রালয়নিবাসিনী স্ত্রী। ২ সৌরভময়ী।

সুবিকট [সু (অতি) বিকট (ভয়ঙ্কর)] বিণ, অতি ভয়ঙ্কর। "পুটকিত শিরজট বিঘটিত সু° লটপট কমঠ ভুজঙ্গে।"-অ° ম°।

সুবিক্রম [সু-বিক্রম যার, বহু] বিণ, অতিশয় পরাক্রমশালী ; অতিপ্রতাপী। ২ বি, অমিত বল বা প্রতাপ।

সুবিক্রান্ত [সু-বিক্রান্ত] বিণ, অতি বলশালী ; মহাপ্রতাপী ; বিপুলবিক্রমী।

সুবিগ্রহ [সু (সুন্দর) বিগ্রহ (দেহ) যার, বহু°] বিণ, সুন্দর দেহধারী।

সুবিচক্ষণ [সু-বিচক্ষণ] বিণ, অতিশয় বুদ্ধিমান।

সুবিচার [সু(উত্তম) বিচার (মীমাংসা), ধা] বি, উত্তম বিচার ; ন্যায় বিচার ; সুষ্ঠু মীমাংসা। ~ক (-র্ক-) বিণ, সুমীমাংসা-কারী ; ন্যায্যবিচারকারী।

সুবিজ্ঞাত [সু-বি-জ্ঞা+ত (র্ম্ম)] বিণ, অতি উত্তমরূপে জানা গিয়াছে এমন।

সুবিজ্ঞেয় [সু-বিজ্ঞেয়] বিণ, যা সহজে জানা যায়।

সুবিৎ(দ্) [সু-বিদ্+(ক্বিপ্)] বি, সুপণ্ডিত ; সুবিদ্বান ; বিজ্ঞ।

সুবিতত [সু-বিতত] বিণ, সুবিস্তৃত ; অতিশয় ব্যাপ্ত ; পরিব্যাপ্ত।

সুবিতায় [বৈদিক। ঋক্ ১।৯০৫। "সুবিতায় সুষ্ঠু প্রাপ্তব্যায় স্বর্গাদি ফলায়"-সায়ন। >বাং-র সুবিতায়, সুভিতায়] ক্রি-বিণ, সুখে ; অনায়াসে ; সুলভে। সুবিধা দ্রঃ।

সুবিত্ত [সু-বিত্ত] বি, উত্তম ধন। ২ বিণ, প্রচুর ধনশালী।

সুবিদ [সু-বিদ্ (বিদ্যমানতায়)+অ (র্ত্তৃ)] বি, অন্তঃপুররক্ষী ; কঞ্চুকী।

সুবিদিত [সু (উত্তমরূপে) বিদিত (জ্ঞাত)] বিণ, সুপরিজ্ঞাত। "বিরিঞ্চি পুরোহিত বিধাত সু° পূজক আপনি মহেশ।"-অ° ম°।

সুবিদ্য [সু-বিদ্ (জানা) -য] বি, সুবিদ্বান ; কৃতবিদ্য।

সুবিধ [সং] বিণ, সৎস্বভাব ; সুশীল।

সুবিধা [সু (উত্তম) বিধা (প্রকার), ধা। গ্রা° সুবিদে, সুভিতা(তে)। হিং সুভীতা] অ, সুযোগ। ২ সদুপায়। ৩ হিত ; মঙ্গল। প্র-তার সু° কিসে, সে কি আর বুঝে না? ৪ [বলবিদ্যা° (ক° বিশ্ব° পরিঃ)] ইং advantage এর বৈজ্ঞা° পরিঃ ; সৌকর্য্য।

সুবিধান [সু-বিধান] বি, সুনিয়ম ; উত্তম বিধান। ২ প্রতিকার ; বিহিত (শ্রী° কী°)।

সুবিধি [সু (উত্তম) বিধি (বিধান), ধা] বি, সুনিয়ম ; সুপ্রণালী ; উত্তম বিধান।

সুবিনীত [সু (অতি) বিনীত] বিণ, সুশিক্ষিত। ২ বিনম্র। স্ত্রীং ~া।

সুবিন্দ [জ্যো° (ক° বিশ্ব° পরিঃ)] বি ইং zenith এর বৈজ্ঞা° পরিঃ ; খ-মধ্য।

সুবিন্যস্ত [সু (সুন্দরভাবে) বিন্যস্ত] বি, সুসজ্জিত ; সুন্দরভাবে সংস্থাপিত।

সুবিপুল [সু-বি-পুল্ (মহৎ হওয়া)+অ] বিণ, রাশীকৃত।

সুবিমল [সু-বিমল] বিণ, অতিশয় নির্ম্মল।

সুবিশাল [সু-বিশাল] বিণ, অতি বৃহৎ ; বিরাট।

সুবিস্তীর্ণ, সুবিস্তৃত [সু-বিস্তীর্ণ, বিস্তৃত] বিণ, সুপ্রসারিত ; সুপ্রশস্ত।

সুবিহিত [সু-বিহিত] বিণ, যথোচিত বা সুন্দরভাবে যার ব্যবস্থা করা হইয়াছে।

সুবুদ্ধি [সু (উত্তম) বুদ্ধি (জ্ঞান) যার, বহু°] বিণ, সৎবুদ্ধিশালী ; উত্তম বুদ্ধিবিশিষ্ট। ২ বি, সুমতি ; সৎবুদ্ধি।

সুবুধী [সুবুদ্ধি >ব্রজ°, প্রা° বা°] বিণ, মতিমান ; সুমতি। ২ সুচতুরা। "সু° বড়ায়ি" -শ্রী° কী°।

সুবৃত্ত [সু (উত্তম) বৃত্ত (চরিত্র) যার, বহু°] বিণ, সচ্চরিত্র ; সাধু। ২ উত্তম বর্ত্তুল। স্ত্রীং **সুবৃত্তা**-শতপত্রী। ২ কাকলী দ্রাক্ষা ; কিসমিস।

সুবৃষ্টি [সু (উত্তম, প্রচুর)-বৃষ্টি] বি, প্রচুর বর্ষণ ; যথা প্রয়োজন বারিপাত।

সুবৃহৎ [সু-বৃহৎ] বিণ, খুব বড়।

সুবে [সুবা দ্রঃ] বি, প্রদেশ।

সুবেরাত-সবেরাত দ্রঃ।

সুবেল [সং] বিণ, শান্ত। ২ বি, ত্রিকূট পর্ব্বত।

সুবেশ [সু-বেশ (সজ্জা), ধা] বি, উত্তম সজ্জা। ২ বিণ, উত্তম বেশযুক্ত; সুসজ্জ।

সুবেশী [সুবেশ+ইন্ (স্ত্যা০)=সুবেশিন্ ১মা, ১ব০] বিণ, উত্তম সুপরিচ্ছদবিশিষ্ট।

সুবোধ [সু-বোধ (বুদ্ধি), ধা,-যার, বহু০] বি, জ্ঞান; সুবুদ্ধি। ২ জাগরণ। ৩ বিণ, সাতিশয় বুদ্ধিমান্; সৎবুদ্ধিসম্পন্ন; শিষ্ট।

সুবোধন [সু-বোধন] বি, সম্যক্ জাগরণ।

সুবোধ্য [সু-বোধ্য] বিণ, অনায়াসে বোধগম্য: সহজে বুঝিবার মতন।

সুব্যক্ত [সু-ব্যক্ত (প্রকাশিত)] বিণ, সুপ্রকাশিত; প্রকটিত; উদ্ঘাটিত। ২ ক্রি-বিণ, স্পষ্টরূপে।

সুব্যবস্থা [সু-ব্যবস্থা] বি, সুন্দর বিধান; সুনিয়ম। বিণ, সুব্যবস্থিত।

সুব্রত [সু (উত্তম) ব্রত (নিয়ম) যার, বহু০] বিণ, সৎব্রতের অনুষ্ঠানকারী; সুনিয়ত। ২ বর্ত্তমান কল্পের ২০শ জৈন। ৩ ভবিষ্য-কল্পের এক জৈনমুনি। স্ত্রীং ~া-বর্ত্তমান কল্পের ১৫শ জৈন মুনির জননী। ২ সচ্চরিত্রা পত্নী, সাধ্বী স্ত্রী। ৩ সুদোহা গাভী।

সুব্রহ্মণ্য [সু-ব্রহ্মণ্য] বিণ, ব্রহ্মণ্য-যুক্ত: পূর্ণব্রহ্মতেজোময়। ২ বি, বিষ্ণু। ৩ শিব। ৪ কার্ত্তিকেয়। ৫ উদ্গাতৃভেদ। ৬ দক্ষিণদেশস্থ জনপদভেদ। ৭ ঐক্যবাদ; ব্রহ্মবাদ। ৮ ব্রহ্মত্ব। ~ক্ষেত্র-বি, দাক্ষিণা-ত্যের দক্ষিণ কানাড়া বিভাগের অন্তর্গত ত্রিচিন্নপল্লী হ'তে প্রায় ১২ যোজন উত্তরস্থ প্রাচীন তীর্থবিঃ।

সুব্রাহ্মণ [সু+ব্রাহ্মণ] বি, ব্রাহ্মণের সকল গুণে গুণান্বিত বিপ্র; নবধা কুললক্ষণযুক্ত ব্রাহ্মণ।

সুভগ [সু(উত্তম)ভগ (শ্রী, কাম, মাহাত্ম্য) যার; বহু০] বিণ, নয়নাভিরাম: শ্রীমান্। ২ সুখদ। ৩ প্রিয়। ৪ ঐশ্বর্য্যশালী। ৫ সৌভাগ্য-বান্। "তবে যদি সু০, এ অভাগীর দুঃখে দুঃখী তুমি মনে।" -ব্রজাঙ্গনা। ~া-পতিপ্রিয়া; স্বামী-সোহাগিনী রমণী। ২ সম্ভ্রান্ত গৃহিণী। ৩ বিণ, সৌভাগ্যবতী। "সুভগা সরলা আজি রহিল বিধবা সাজি, রাবণের শতচিতা হৃদয়ে বহিয়া।" -মানকুমারী। > সম্বোধনে-'সুভগে'। "হরপ্রিয়া মন্দাকিনী সুভগে তব সঙ্গিনী।"-ব্রজাঙ্গনা।

সুভট্ট [সু-ভট্ট] বিণ, রণপণ্ডিত: যুদ্ধপটু। "সু০ ভয়ঙ্করী * * * গগনে হানে শিখিবাণ।" -কবিক০।

সুভদ্র [সু (অতিশয়) ভদ্র (সৌভাগ্য) যার, বহু০] বি, বিষ্ণু। ২ নৃপতিবিঃ। ৩ সুমঙ্গল। ৪ বিণ, উত্তম। ৫ অতিশয় শুভ-জনক। স্ত্রীং ~া১।

সুভদ্রক [সুভদ্র+ক] বি বিমান; ব্যোমযান। ২ বেলগাছ।

সুভদ্রা২ [সুভদ্র+আ (স্ত্রীং)] বি, কৃষ্ণ বলরামের ভগিনী; অর্জ্জুনের পত্নী।

সুভাষিত [সু (উত্তমরূপে) ভাষ্ (বলা)+ত (র্ম্ম), ই আগম] বিণ, সুব্যক্ত: সুন্দরভাবে কথিত। ২ বি, সুবচন; সুন্দর ভাষণ; সুকথা।

সুভাস [ম০ বাং] বিণ, সুন্দর দীপ্তিযুক্ত।

সুভিক্ষ [সু (সুলভ) ভিক্ষ(ভক্ষ্য, অন্ন)। বিপরীত-দুর্ভিক্ষ(অন্নাভাব)] বি, অন্নপ্রাচুর্য্য। "দুর্ভিক্ষ দেশ ত্যাগ করিয়া চিরবিদায় গ্রহণ করিল সুভিক্ষ দেশে প্রতিষ্ঠিত হইল।"-গৃহস্থ, ১৩২০। "দুর্ভিক্ষ সময়ে অন্নদাতা, সু সময়ে সুবর্ণদাতা এবং অরণ্যে জলদাতা স্বর্গলোকে আদৃত হয়"-অত্রিসংহিতা (বঙ্গবাসী)। ২ বিণ, প্রচুর ভক্ষ্যবিশিষ্ট। > স্ত্রীং ~া।

সুভূ [সু-ভূ] বি, উত্তম ক্ষেত্র; উর্ব্বর ভূমি fertile lands.

সুভূতি [সু-ভূতি (অভ্যুদয়)] বি, সমুন্নতি।

সুভূষণ, সুভূষিত-বিণ, সুন্দরভাবে অলঙ্কৃত। ২ সুসজ্জিত। স্ত্রীং ~া।

সুভৃত [সু-ভৃত] বিণ, সুন্দরভাবে পালিত। স্ত্রীং ~া।

সুভৃশ [সু-ভৃশ (অতিশয়)] বিণ, অত্যতিশয়; সমধিক।

সুভ্রূ [সু (সুন্দর) ভ্রূ (চখের ভুরু) যার, বহু০] বি, সুন্দরি রমণী। সম্বোধনে-সুভ্রু। "কহ সুভ্রু কেন কান্দ কি উঠিল মনে"-শি০।

সুমত [সু-মত] বি, সুমন্ত্রণা। ২ সদভি-প্রায়; সুবুদ্ধি।

সুমতি [সু (উত্তম) মতি (বুদ্ধি), ধা] বি সুবুদ্ধি। ২ বর্ত্তমানকালের ৫ম জৈনমুনি। ৩ অতীত কল্পের এক জৈনমুনি। ৪ দয়া। ৫ মিত্রতা। ৬ সুমন্ত্রণা। "আছিলা দেবের সুমতি গুণী।"-শ্রী০ কী০। ৭ [সু (সুন্দর) মতি (বুদ্ধি) যার, বহু০] বিণ, সুন্দর বুদ্ধি-বিশিষ্ট; সুধী।

সুমধুর [সু (অতিশয়) মধুর (মিষ্ট), ধা] বিণ, অতি মধুর; সুমিষ্ট।

সুমধ্যম [সু (উত্তম) মধ্যম (মধ্যদেশ-কটি) যার, বহু০] বিণ, উত্তম কটিযুক্ত; যার কটিদেশ সুন্দর। স্ত্রীং ~া-ক্ষীণকটি; যে নারীর কটিদেশ কৃশ। ২ সুন্দরী।

সুমনঃ [স০ সুমনস্। হিং সুমন (তুল-'সাহিত্য-সুমন')] বি, প্রসূন; ফুল।

সুমনা [সু (উত্তম) মনস্ (মন) যার, বহু০ মূ০ সুমনস্ ১মা, ১ব০] বি, দেবতা। ২ বিদ্বান্; জ্ঞানী; পণ্ডিত। ৩ বিল্ববৃক্ষ। ৪ [সুন্দর মন হয় যদ্দর্শনে, বহু০] পুষ্প; ফুল। ৫ মালতী ফুল। ৬ ফুলের মালা। ৭ বিণ, মহাত্মা: মহামনা; মনস্বী। ৮ প্রীত; আনন্দযুক্ত।

সুমন্ত্র [সু (উত্তম) মন্ত্র (মন্ত্রণা) যার, বহু০] বি, রাজা দশরথের মন্ত্রী ও সারথি। ~ণ -বি, সুপরামর্শ। বিণ, সুমন্ত্রিত।

সুমন্দ [সু (আধিক্যার্থে)+মন্দ (অল্প)] বিণ, মন্দ মন্দ; ধীর; মৃদু। "সু০ মলয় আনে ও নিনাদ মোর কাণে আমি শ্যামদাসী"-ব্রজাঙ্গনা। "নিরুপম পরকাশ সু০ মধুর হাস ভঙ্গী শিখিবার আশে।"-কবিক০।

সুমরণ [স্মরণ > প্রা০ বাং০ প্রাকৃ০, বৈ০ পদ০ সা০। সোঙরণ ও০] বি, স্মরণ। > ক্রি, সুমরা [সোঙরা ও০। সুমরি, সুমর, সুমরে, সুমরিতে (ব্রজ০ সুমরইতে। "অনুখন মাধব সুমরইত সুন্দরী ভেলি মাধাই।"-বি০প০); সুমরিয়া, সুমরি] স্মরণ করা: মনে করা। "সুমরি পূরব নেহা দগধ শরীর"-বি০ প০।

সুমহৎ-বিণ, অতি মহৎ; মহানুভব; অত্যুদার; অতিশয় উন্নত। পুং সুমহান্। স্ত্রীং সুমহতী।

সুমার [ফা০] বি, সংখ্যা; গণনা। "কালরূপে জীবগণে আনি নিত্য পুরে। সু০

করেন ধর্ম্মাধর্ম্মের বিচারে।"-কবিক°। ২ সমষ্টি ; মোট। "সাজিয়া সু° হল সব লক্ষ সেনা।"-ঘ°। ৩ সাঙ্গ ; নির্ব্বাহ ; সম্পূর্ণ ; সমাধা। "বেদ অনুসারে কর্ম্ম করিয়া সু°" -মৈ°গী°। আদম-সুমার,-সুমারি -বি. লোকগণনা। ~নবীশ-বিণ. গণনাকারী।

সুমিত্রা [সু (উত্তম) মিত্র (বন্ধু) + আ (স্ত্রীং)] বি, লক্ষ্মণ ও শত্রুঘ্নের জননী ; রাজা দশরথের কনিষ্ঠা মহিষী।।

সুমিষ্ট [সু-মিষ্ট] বিণ, সুমধুর।

সুমুখ১ [সু মুখ যার, বহু°] বিণ, সুন্দর মুখবিশিষ্ট ; সুবদন। ২ সুন্দর। ৩ বিদ্বান্। ৪ নাগবিঃ। ৫ গরুড় নন্দন। স্ত্রীং ~া, ~ী-সুবদনা।

সুমুখ২ [সম্মুখ > । গ্রা°বিকারে'সুমুক'] বি, সম্মুখ ; সামনা। "সুমুখ দিয়া যাইবার সময় জিজ্ঞাসা করিলাম, কোথায় যাবেন ?"-শরৎ চট্টো°। ~কার-অ, সম্মুখের ; সামনের দিকের। ঘরের সুমুখকার রকটার উপর * * * চুপ করিয়া বসিয়াছে।"-ব° বাণী, ১৩৩৩।

সুমেধাঃ [সু (উত্তম) মেধা (বুদ্ধি) যার, বহু°। মূ° সুমেধস্ ১মা, ১ব°] বিণ, সুন্দর মেধাবিশিষ্ট ; সুবুদ্ধি।

সুমেরু [সু-মি (কিরণ) + রু (র্কৃ)] বি, পৃথিবীর উত্তর কেন্দ্র। ২ সুবর্ণগিরি ; হেমাদ্রি। পুরাণমতে এই পর্ব্বতে বিশ্বদেব বসু ও মরুদ্গণ সন্ধ্যাকালে সূর্য্যের উপাসনা করেন, তৎপরে সূর্য্যদেব অস্তাচলে গমন করেন ইহার শিখরদেশে জ্যোতির্ম্ময় বরুণালয় আছে। তিব্বত দেশের উত্তর এবং চীন দেশের পশ্চিমস্থ পর্ব্বতশ্রেণীর নাম সুমেরু। সুমেরু পর্ব্বত দেবতাদিগের বাসভূমি বলিয়া প্রসিদ্ধ। ইহাতে মনে হয় হিন্দুকুশ নামক অত্যুচ্চ পর্ব্বতমালার নাম পূর্ব্বকালে মেরু-পর্ব্বত বলিয়া আখ্যাত হইয়াছিল। বিষ্ণুপুরাণ-মতে এ অঞ্চলে সর্ব্বপ্রথম বসতিস্থান ছিল। আধুনিক বোখারা দেশস্থ উন্নত পর্ব্বতই পৌরাণিক সুমেরু পর্ব্বত (বিষ্ণুপুরাণ)। "সেই ষষ্টি সহস্রের মাঝারে সু°। সর্ব্বশ্রেষ্ঠ বলি গণ্য মূর্ত্তি তার চারু।"-রামা° (রাজ°)। ৩ জপমালা মধ্যবর্ত্তী গুটিকা। "মালাতে সু° করিলেন মহাজ্ঞানী।"-মহা° (কাশী°)। ৪ সর্ব্বপ্রান্ত। ~বৃত্ত-উত্তর মেরু হতে ২৩½° অক্ষাংশ দূরস্থ রেখা। ~সমুদ্র-বি, পৃথিবীর উত্তর-মেরু-দেশব্যাপী সমুদ্র।

সুয়া১ [সোহাগী > সোহাই > সুয়া, সুয়ো। কে° সো (সো রাণী), দুয়ো দ্রঃ] বিণ, স্বামীর বিশেষ প্রিয় ; সোহাগিনী। "দুয়া-সুয়া"। "পদ্মমুখী যুবতী রহিলা এইমত। সুয়াভাবে মঞ্জুনার তাহে অনুগত।"-অ°ম°। "সুয়া জায়া রেন্ধে দেক ব্যঞ্জন পঞ্চাশ।"-কবিক°। "দেখির সুয়ার কিল যেমত যন্ত্রণা"-ঐ। ২ শুক পাখী। "কেহ লহ পড়া পঞ্জর সুয়া। কেহ লহ পাণ কর্পূর গুয়া।"-অ°ম°।

সুয়া২ [শুক > সুঅা, সুয়া (য়া), সুয়ো] বি, শুক।

সুযাত্র [সু যাত্রা (গমন) যার, বহু°] বি, সূর্য্য। ২ বিণ, সুন্দর গতিবিশিষ্ট। স্ত্রীং ~া-শুভযাত্রা।

সুযুক্তি [সু + যুক্তি] বি, সুমন্ত্রণা ; সুপরামর্শ। ২ সুবিচার ; উত্তম ন্যায়। ৩ উত্তম যোজনা।

সুযুত,-ৎ-সুজুত দ্রঃ।

সুয়েমর্জমী [ফা° সোএম (তৃতীয়) জমি° পরিঃ] বি, তৃতীয় শ্রেণীর জমি ; প্রায় অনুর্ব্বর জমি।

সুয়ো-সুয়া দ্রঃ।

সুযোগ [সু (উত্তম) যোগ (উপায়), ধা] বি, শুভক্ষণ ; সুবিধা ; সুসময়। ২ সদুপায়। ৩ সংযোগ ; উত্তম জোড় বা মিলন।

সুযোগ্য [সু-যোগ্য] বিণ, সর্ব্বতোভাবে যোগ্য ; সম্পূর্ণ উপযুক্ত। স্ত্রীং ~া।

সুযোধন [সু (উত্তমরূপে) যুধ্ (যুদ্ধ করা) + অন (র্কৃ, জ্ঞা°)] বি, কুরুরাজ দুর্য্যোধন অর্থে। যুধিষ্ঠির দুর্য্যোধনকে প্রায়ই এই বলিয়া সম্বোধন করিতেন। মন্দ নাম ভাল করিয়া বলার প্রথা য়ুরোপেও প্রচলিত ছিল (তুল- Greek euphemism)।

সুর১ [সু (আধিপত্য করা) + র (র্কৃ)] বি, দেবতা ; অমর [বহুব° সুরতা (সুর + তা (সমূহার্থে) = দেবতা সমূহ)]। ২ দিবাকর ; সূর্য্য। ৩ জ্ঞানী ; পণ্ডিত। ৪ কণ্ঠস্বর। ৫ ধারা ; প্রকার ; ভাব ; পর্য্যায়। ৬ সূত্র। "জীবন একই সুরে গ্রথিত হইয়া যাইবে"-বাঁশরী। স্ত্রীং সুরী-দেবী। "কে মোহিনী ভালে ভাল শশী * * * সুরী কি অসুরী কি পন্নগী কি মানুষী।"-বাং-গান। ~কন্যা-বি, দেববালা। ~খণ্ডনিকা, ~মণ্ডলিকা-বি, বীণাভেদ (শব্দরত্নাকরে)। ~গণ্ড-বি, রাজগাঁড় রোগ। ~গতি-বি, দৈবগতি ; অদৃষ্ট। ~গুরু-বি, দেবাচার্য্য ; বৃহস্পতি। ~জ্যেষ্ঠ-বি, সর্ব্বলোকপিতামহ ; প্রজাপতি ; ব্রহ্মা। ~তরু-বি, কল্পবৃক্ষ। "সুর তরুমূলে বিহরে বামা।"-বাং গান। ~দারু-বি, দেবদারু বৃক্ষ। ~দীর্ঘিকা-বি, সুরনদী ; মন্দাকিনী ~দ্বিট্ [মূ°-দ্বিষ্] বি, দেবতা বিদ্বেষী ; সুরবৈরী ; অসুর ; রাক্ষস। ~দ্বিপ-বি, ঐরাবত হস্তী। ~ধনুঃ-বি, ইন্দ্রধনুঃ ; মেঘধনু ; রামধনুক। ~নদী-বি, গঙ্গা ; ভাগীরথী। "পবিত্র করিয়া ধরা সুরনদী তীর্থবরা আইল সাগর সন্নিধান।"-কবিক°। ~পতি-বি, দেবরাজ ; ইন্দ্র। "মন্ত্রণা করিয়া মদনে ডাকিয়া সুরপতি দিলা পাণ।"-অ° ম°। ~পথ-বি, দেবপথ ; আকাশ। ~পর্ণিকা-বি, পুন্নাগবৃক্ষ। ~পর্ব্বত-বি, সুমেরু। ~পাদপ-কল্পতরু, মন্দার, পারিজাত, সন্তান ও হরিচন্দন এই পাঁচটি নন্দনকাননস্থ বৃক্ষ। ~পুর, ~পুরী-বি, অমরাবতী ; স্বর্গধাম। ~বর্ত্ম-বি, দেবপথ ; আকাশ। ~বধূ-বি, অপ্সরা। ~বস্ত্র-বি, বল্কল-নির্ম্মিত বস্ত্র ; বাকল বসন। ~বালা-বি. দেবকন্যা ; দেবাঙ্গনা ; দিব্যাঙ্গনা। ~বৈরী-বি, সুররিপু ; অসুর। ~ভূমি-বি, ত্রিদিব ; অমরালয় ; স্বর্গ। ২ প্লক্ষাদি দ্বীপ। ~মৃত্তিকা-বি, মৃত্তিকাবিঃ ; তুবরী। ~রাজ-বি, দেবরাজ ; ইন্দ্র। "কোথা গেল সুররাজ মোর মুণ্ডে হানি বাজ সিঙ্গ কৈলা আপনার কর্ম্ম।"-অ° ম°। ~রিপু-বি, দেবশত্রু ; অসুর। "লকলক্ রসনে কড়মড় দশনে রণভূমি খণ্ডিত সুররিপু মুণ্ডে।"-অ° ম°। ~লতা-বি, মহা জ্যোতিষ্মতী লতা। ~লোক-বি, অমর-

লোক ; দেবভূমি ; স্বর্গ। ~শৈবলিনী-বি, সুরধুনী ; গঙ্গা। "সুরশৈবলিনী জগত জননী শঙ্কর-মৌলিনিবাসিনী গঙ্গে"-গান। ~সদ্ম-বি, দেবলোক। ~সরিৎ-বি, জাহ্নবী ; গঙ্গা। ~সুন্দরী-দ্রঃ।

সুর $_2$ [সং-স্বর >] বি, সঙ্গীতের স্বর। "রাখ রাখ আজ তুলিওনা সুর ছিন্ন বীণার তারে।"-রবী॰। ২ কণ্ঠস্বর। প্র-মিহি সুরে কথা বলা। ৩ মত ; ধারা ; উদ্দেশ্য। প্র-যা বল্লে, সে বলেছিল বটে, কিন্তু এখন তার সুর বদলে গেছে। সুর বদলানি-ক্রি, পূর্ব্বভাব বা প্রতিশ্রুতির পরিবর্ত্তন হওয়া ; কথান্তর হওয়া ; হমতান্তর ওয়া।

সুরক্ত [সু (উত্তমরূপে) রন্‌জ (অনুরক্ত হওয়া) + ত (র্ম্ম)] বিণ, অতিশয় অনুরক্ত। ২ উত্তমরূপে রঞ্জিত ; শোভন ; রাগযুক্ত। ৩ সুস্বর।

সুরক্ষিত [সু (সুন্দরভাবে বা সম্পূর্ণরূপে) -রক্ষিত] বিণ, যাবতীয় প্রতিকূল অবস্থা হ'তে যাকে বাঁচান হইয়াছে ; সতর্কতার সহিত যা রাখা আছে ; সুসজ্জিত। ২ সুন্দরভাবে বা সর্ব্বতোভাবে পালিত।

সুরগুঠি,-ঠী [নৌ॰ পরিঃ। প্রা॰ বাং। ফা॰ সুরাখ (রন্ধ্র, ছেদ, ছিদ্র) > স্কে॰ সুর + গুঠি (গুটিকা)] বি, নৌকার রন্ধ্ররোধক বা জোড়মিলনস্থানে বসাইবার গুটিকা বা গুলো (বল্টু বৎ)। "তাত গুঢ়া যোড়ী দিল তোলঝাঁপে॥ ঘলা শাড়ী সুরগুঠী দিল সব নাএ। তবেঁ নাম্বায়িল সেঅাঁ মাঝ যমুনাএ॥" -শ্রী॰ কী॰।

সুরঙ্গ [সু (উত্তম) রঙ্গ (রং) যার, বহু॰] বি, হিঙ্গুল। "গড়িলা স্ফটিক দিয়া রাজ-হংসগণ। প্রবালে গড়িলা ঠোঁট সু॰ চরণ॥" -অ॰ ম॰। ২ হিঙ্গুলবর্ণ। "মুখরুচি মনোহর অধর সু॰। ফুটল বান্ধুলি কমলক সঙ্গ॥" -বি॰ প॰। ৩ [ধা] অতি উজ্জ্বল রং। ৪ ভাল লাল রং। "পাটে ভরি নিল খই ঘড়া ভরি ঘৃত দই সাজায়ে সু॰ নিল বাছা।" -কবিক॰। ৫ কমলা লেবু। ৬ সুড়ঙ্গ। ৭ বিণ, সুলোহিত। "সু॰ সিন্দূর ভালে কপালে কুন্তল দোলে অভিনব বিজুলি সঞ্চার।" -কবিক॰। ৮ উজ্জ্বল বর্ণবিশিষ্ট ; সুরঞ্জিত (শ্রী॰ কী॰)। ~ধাতু-বি, গৈরিক।

সুরঙ্গা, সুরুঙ্গা [সুরঙ্গ দ্রঃ] বি, বেলোয়ারি কাচ। ২ সন্ধি ; সিঁধ। ৩ সুড়ঙ্গ।

সুরঙ্গী [সু-রঙ্গ্ >] বিণ, মনোরম ; সুন্দর। "চলনভঙ্গী অতিসুরঙ্গী চাপটিলে জীবন মোর।"-চণ্ডি॰।

সুরঞ্জিত (-ত) [সু-রঞ্জিত] বিণ, উত্তমরূপে রঞ্জিত বা রঙ করা। ২ [লক্ষ॰] অতিরঞ্জিত ; বাহুল্যের সহিত উক্ত ; খুব বাড়াইয়া বলা। বি, অতিরঞ্জন।

সুরট, সুরাটী [সঙ্গীত পরিঃ] বি, সৌরাষ্ট্র বা সুরাট প্রচলিত সুরানুগা বা পদ্ধতিজাতা রাগিণীবিঃ। মল্লার রাগ মিশ্রিত সু॰ রাগিণী।

সুরৎ $_1$, **সুরত** $_1$ [আ॰ সুরৎ] বি, আকৃতি; মূর্ত্তি ; গঠন। ২ মুখভঙ্গী। ৩ প্রতি-কৃতি ; আলেখ্য। ৪ ধরণ; ঢঙ্গ। ৫ প্রকার। ৬ উপায়। ৭ অবস্থা। সু॰ পাল্টানি, ~বদলানি-ক্রি, চেহারা বদল করা ; আকারান্তর ধারণ করা। সু॰ বেগড়ানি-ক্রি, সৌন্দর্য্য নষ্ট করা; চেহারা খারাব করা। ~-হারাম-বর্ণচোরা ; ধোঁকাবাজ। ২ উপরে সুন্দর ভিতরে ভীষণ। ~-হাল [আদাঃ পরিঃ। উচ্চারণ বিকারে "সুরথাল"] বি, ঘটনাস্থলে এজাহার গ্রহণ। স্থানীয় থানার ইনস্‌পেক্টর * * * মৃত্যু সম্পর্কে সুরতহাল তদন্ত করেন"-আ॰ পত্রিকা। ২ বর্ত্তমান অবস্থা।

সুরৎ $_2$ [ফা॰ শোহ্‌রৎ > অং] বি, চেঁচামেচি ; রব ; গোল। ডাক সুরৎ [সহ॰ দ্বয়] হাঁক ডাক। ২ শোরগোল।

সুরত $_2$: [সু-রম্ (ক্রীড়া করা) + ত (ভা॰)] রতিক্রীড়া ; রমণ। ২ সুখ। ৩ [শুরত। সু + রত] বিণ, অতিশয় অনুরক্ত। স্ত্রীং ~া-অত্যনুরক্তা।

সুরতি [সু (ছন্দের অনুরোধে)। সু (দ্রঃ) -রতি] বি, রতি ; আলিঙ্গন। "পতি অনুমতি কৈল ধর্ম্মকে সুরতি দিল যাতে হৈল রাজা যুধিষ্ঠির।"-শি॰। "চাহিলেন সুরতি দিনু যে পাপমতি দেখিনু কানু দোয়জ পহরে।"-চণ্ডি॰।

সুরথ [সু (সুন্দর) রথ যার, বহু॰] বি, চন্দ্রবংশীয় নৃপতিবিঃ। ইনি লক্ষ বলি দ্বারা দুর্গার উপাসনা করিয়াছিলেন। ২ বিণ, সুন্দর রথবিশিষ্ট।

সুরধুনী [সুরের (দেবতার) ধুনী (নদী), ৬তৎ] বি, সুরনদী ; গঙ্গা ; ভাগীরথী। "ধনী সুরধুনী উদ্ভব যার পায় সে পড়ে চরণে তুচ্ছ মানের দায়॥"-বাং গান।

সুরনদী-সুর দ্রঃ।

সুরব [সু-রব] বি, সুস্বর। ২ সুখ্যাতি।

সুরবল্লী [সং] বি, বহুপুষ্পী কষায়-রস ক্ষুপবিঃ oldenlandia umbellata. ~কষায়-বি, সুরবল্লীর রস ঘটিত রক্ত-দোষাদিনাশক আয়ুর্ব্বেদীয় ঔষধবিঃ।

সুরবাহার [সুর (সং-স্বর) + বাহার (ফা॰)] বি, বাদ্যযন্ত্রবিঃ।

সুরবোধ [সুর-বোধ] বি, সঙ্গীতের স্বর বা সুর জ্ঞান।

সুরভি [সু-রভ্ (হৃষ্ট হওয়া) + ই (অপা॰), যা হতে হৃষ্ট হয়] বি৷ সৌরভ ; সুবাস। ২ সুগন্ধ দ্রব্য। ৩ বকুল বৃক্ষ। ৪ চম্পক বৃক্ষ। ৫ কদম ফুলের গাছ। ৬ শমীবৃক্ষ। ৭ গন্ধতৃণ। ৮ ধূনা। ৯ গুগ্‌গুল। ১০ জাতীফল। ১১ জাতীফল বৃক্ষ। ১২ গন্ধক। ১৩ স্বর্গ। ১৪ চৈত্র-মাস। ১৫ বিণ, সুবাসিত ; সুগন্ধি। ১৬ প্রসিদ্ধ ; বিখ্যাত। ১৭ জ্ঞানী ; পণ্ডিত। ১৮ ধার্ম্মিক। ১৯ রমণীয়। স্ত্রীং সুরভি(ভী)-বি, দেবগাভী; কামধেনু। ২ ধরিত্রী; পৃথিবী। ৩ মাতৃকাবিঃ। ৪ তুলসী। ৫ ঔষধের গাছড়া। ৬ মল্লিকা ফুল। ৭ সুরা।

সুরভিত [সুরভি + ইত (যুক্তার্থে), কিম্বা সু-রভ্ (হৃষ্ট হওয়া) + ত (র্ম্ম)] বিণ, সুবাসিত; সৌরভবিশিষ্ট ; সুগন্ধি। ২ প্রসিদ্ধ ; যশস্বী। স্ত্রীং ~া।

সুরমা-সুর্ম্মা দ্রঃ।

সুরম্য [সু-রম্য] বিণ, অতিশয় রমণীয় ; সুন্দর। ২ মনোহর। স্ত্রীং ~া।

সুরয়ানি-বি, পাঠানের উপজাতিবিঃ ;

মুসলমান সম্প্রদায়বিঃ। "সাবানি লোহানি আর লোদানি সু॰ চার পাঠান বসিল নানা জাত।"-কবিক॰।

সুরর্ষি [সুর (দেবতা) যে ঋষি (মুনি), ধা] বি, নারদাদি দেবর্ষি।

সুরলাসিকা [সং] বি, বংশীধ্বনি।

সুরস [সু (উত্তম) রস যার, বহু॰] বি, সুমিষ্ট রস। ২ সিন্ধুবার বৃক্ষ। ৩ গন্ধতৃণ। ৪ বল্কল : গাছের ছাল। ৫ বিণ, সুস্বাদু ; মিষ্টস্বাদযুক্ত। স্ত্রীং ~া-বিণ, মধুর রসবিশিষ্টা ; রসালা ; সুস্বাদবিশিষ্টা। ২ বি, নদীবিঃ। ৩ ছন্দোবিঃ। ৪ দুর্গা। ৫ মেদিনী। ৬ নাগমাতা। ৭ তুলসী। ৮ মহাশতাবরী।

সুরসাল [সু-রসাল] বিণ, স্বাদুরসযুক্ত ; সুরসমধুর।

সুরসিক [সু-রসিক] বিণ, সুরসজ্ঞ।

সুরসুন্দরী [সুরের-সুন্দরী, ৬তৎ] বি, সুরাঙ্গনা ; দেবকন্যা। ২ অপ্সরা : স্বর্গবেশ্যা। ৩ দুর্গা ; ভগবতী। ৪ যোগিনীবিঃ। ৫ [কবিবর মাইকেল মধুসূদন কর্তৃক উদ্ভাবিত অর্থ] উষা। "কনক উদয়াচলে তুমি দেখা দিলে হে, সু॰ ?"-ব্রজাঙ্গনা।

সুরা [সু (মত্ততা প্রসব করা)+র (র্তৃ) আ (স্ত্রীং), যে মত্ততা জন্মায়] বি, আসব ; মদ্য। ২ পৈষ্টী মদিরা। "ক্ষত্রিয় ও বৈশ্য যদি * * * দেবতার উদ্দেশ্য ব্যতিরেকেও সুরা ভিন্ন অন্য মদ্য পান করেন * * *।"-রাজা রামমোহন রায়। ৩ পানপাত্র। ৪ সর্পিণী। ~ধানী-বি, মদের কলসী। ~প,-পায়ী-বিণ, সুরা পানকারী ; মদ্যপ। ~পান-বি, মদ্যপান ; মদ খাওয়া। ~পানমত্ত, ~পানোদ্দীপ্ত, ~পানোন্মত্ত [সুরা-পান+উদ্দীপ্ত, + উন্মত্ত] বিণ, মদ্যপান হেতু প্রমত্ত ; মাতাল। ২ মদ্যপানে উত্তেজিত।

সুরাকৎ-শরকৎ দ্রঃ।

সুরাখ [ফা॰ সুরাখ্] বি, ছিদ্র ; গর্ত ; রন্ধ্র। ২ সুড়ঙ্গ ; রন্ধ্রপথ। "কোটাল বিদ্যার ঘরে সুরাখ সন্ধান করে।"-অ॰ ম॰। "সাপ নর কিন্নর গন্ধর্ব যদি হয়। সুরাখ পেয়েছি পাখ আর কারে ভয়॥"-ঐ।

সুরাগরঞ্জিত [সু-রাগ (দ্বারা) রঞ্জিত] বিণ, সুন্দর বর্ণে রঙ করা।

সুরাঙ্গনা [সুর+অঙ্গনা] বি, দেবাঙ্গনা। ২ অপ্সরা।

সুরাচার্য্য [সুরের আচার্য্য, ৬তৎ] বি, দেবগুরু ; বৃহস্পতি।

সুরাজীব,-জীবী [সুরা-আজীব,-জীবী] বি, মদ্য ব্যবসায়ী ; মদ্যবিক্রেতা ; শুঁড়ি।

সুরাট [সুরাষ্ট্র >] বিণ, সৌরাষ্ট্রী। ২ রাগিণীবিঃ।

সুরাপ [সুরা-প (যে পান করে)] বিণ, সুরাপায়ী ; মদ্যপ ; মাতাল। ২ [সুরা-প (রক্ষক)] মদ্যরক্ষক।

সুরারঞ্জিত [সুরা-রঞ্জিত] বিণ, সুরা সেবনে রক্তিম।

সুরারি [সুর+অরি, ৬তৎ] বি, অসুর।

সুরালয় [সুর (দেবতার) + আলয় (আবাস), ৬তৎ] বি, অমরালয় ; দেবভূমি : স্বর্গ। ২ সুবর্ণগিরি ; সুমেরু পর্ব্বত। ৩ [সুরা (মদ্যের) + আলয়] মদিরাগৃহ ; শুঁড়ির দোকান।

সুরাষ্ট্র [সু (উত্তম) রাষ্ট্র (দেশ), ধা] বি, সৌরাষ্ট্র ; সুরাটদেশ। ~জ [সুরাষ্ট্র-জ (জাত)] বিণ, সৌরাষ্ট্রদেশজাত। ২ বি, বিষবিঃ। ৩ কৃষ্ণমুগ। স্ত্রী॰ ~জা-তুবরিকা।

সুরাসার [সুরা+সার] বি, দ্রাক্ষাফলের গাঁজলা হতে রাসায়নিক প্রক্রিয়ায় নিষ্কাশিত সারভাগ ; সুরাবীর্য্য ; এলকোহল alcohol ; স্পিরিট ; ইস্‌পিরিট rectified spirit of wine. "শত শত ঔষধ কৃত্রিম উপায়ে আল্‌কাতরা সুরাসার প্রভৃতি হতে প্রস্তুত হইতেছে"-বা॰ বসুমতী, ১৩৩৩। ২ দ্রাক্ষাফলের গাঁজলা হতে উৎপন্ন সারভাগ। **খাঁটি সু॰**-বি, সম্পূর্ণ নির্জলা সুরা absolute or pure alcohol. **বিশুদ্ধ সু॰**-বি, rectified spirits. **প্রুফ স্পিরিটস্**-অর্দ্ধভাগ জল-মিশ্রিত সুরা proof spirits.

সুরাসুর [সুর+অসুর] বি, দেবদানব।

সুরাহা [সু+রাহা (< ফা॰ রাহ্)] বি, সুপথ : উত্তম রাস্তা। ২ সুগতি। ৩ সুবিধা : সদুপায়। ৪ সুলক্ষণ।

সুরাহি, সুরাই [আ॰ সুরাহী > সুরাই > বর্ণবিপর্য্যয়ে 'সরুই' ও॰] বি, মাটির গলাসরু পেট মোটা জলপাত্রবিঃ ; কুঁজো।

সুরিলা [হি॰ সুরীলা (সুর+ঈলা) >] বিণ, সুস্বরপূর্ণ : শ্রুতিমধুর ; সুকণ্ঠ ; সুস্বরযুক্ত। প্র-সু॰ আওয়াজ।

সুরী [সং] বি, দেবী। ২ সুবা।

সুরু [আ॰। শুরু দ্রঃ] বি, আরম্ভ : প্রথম। "সেই সুরু থেকে সূর্য্যিঠাকুর উদয় হন পুবে"-রজনী সেন।

সুরুচি [সু (শোভন) রুচি যার, বহু॰] বিণ, উত্তম রুচিবিশিষ্ট। ২ বি, রাজা উত্তানপাদের প্রিয়তমা স্ত্রী সুনীতির সপত্নী। ধ্রুবের বিমাতা ও উত্তমের জননী। ~বান, ~সম্পন্ন-বিণ, উত্তম রুচিবিশিষ্ট ; মার্জ্জিত রুচির।

সুরুচির [সু (অতি) + রুচির (মনোজ্ঞ)] বিণ, অতি সুন্দর বা মনোজ্ঞ বা দীপ্তিবিশিষ্ট।

সুরুজ [সূর্য্য > সুরজ, সুরুজ] বি, সূর্য্য।

সুরুয়া [ফা॰ শোরবা] বি, মাংসরস ; যূষ ; মাংস, মৎস্য বা তরকারিপাতির ক্বাথ broth. "নিলাকে এখন একটু সু॰ খাওয়ান দরকার।"-দী॰ রায় (মহিমময়ী)। ২ সূপ : ঝোল soup.

সুরূপ [সু (উত্তম) রূপ যার, বহু॰] বিণ, রূপবান। "কিরীটকোণায় পড়ে কিরীট সুরূপ। ভুবনেশী দেবতা ভৈরবসিদ্ধ রূপ।"-অ॰ ম॰। "সুরূপে কন্দর্প যেন বুদ্ধে বৃহস্পতি।" -মহা॰ (বিজয় পণ্ডিত)। ২ পণ্ডিত ; বিচক্ষণ : জ্ঞানবান। স্ত্রীং **সুরূপা**-বিণ, রূপবতী : সুন্দর রূপবিশিষ্টা। "ধনি! তুই যেমন সুরূপা"-গান (গোপাল উড়ে)।

সুরেখা-বি, শুভলক্ষণ ; শুভসূচক চিহ্ন।

সুরেণু-বি, ত্রসরেণু a mote ; 6th part of an atom.

সুরেন্দ্র [সুর (সুরের) + ইন্দ্র, ৬তৎ] বি, সুরপতি ; ইন্দ্র। ~জিৎ-বি, ইন্দ্রজিৎ ; মেঘনাদ।

সুরেশ(শ্বর) [সুরের-ঈশ, ঈশ্বর, ৬তৎ]

বি, মহাদেব ; শিব। ২ সুরপতি ইন্দ্র। স্ত্রী৹ ~ী-ভগবতী। ২ ভাগীরথী ; গঙ্গা।

সুরোত্তম [সুর+উত্তম] বিণ, দেবশ্রেষ্ঠ। ২ বি, সূর্য্য।

সুরোৎসব [(বৌ৹ সা৹)। সুরা+উৎসব। তুল-'বসন্তোৎসব' ও 'হোলি'। গ্রীক Bacchanalia, রোমীয় Saturnalia] বি, প্রাচীন ভারতের যে উৎসবে স্ত্রী-পুরুষ সুরাপানে মত্ত হইত। "একদা শ্রাবস্তী নগরে সুরোৎসব ঘোষিত হইয়াছিল। ঐ পঞ্চশত রমণী উৎসবান্তে স্ব স্ব স্বামীর পানার্থ তীক্ষ্ণ সুরার আয়োজন করিয়া নিজেরাও উৎসবে আমোদপ্রমোদ করিবার অভিপ্রায়ে বিশাখার নিকট গমন করিয়াছিল এবং বলিয়াছিল। "সখি, এস আমরা এই উৎসবে একটু আমোদপ্রমোদ করি।" বিশাখা বলিয়াছিলেন। "এ তোমাদের সুরোৎসব ; আমি সুরাপান করিব না।"-জাতক,৫ম খণ্ড।

সুরোদক [সুরা+উদক] বি, মদজল। ২ সুরা সাগর।

˘সুর্কী [ফা৹ সুর্খী (লাল) > ইটের লাল গুঁড়া] বি, ইষ্টকচূর্ণ। চূণসুর্কী-বি, উপযুক্ত ভাগ চূণমিশ্রিত সুর্খী।

˘সুর্ত্তি₁ [পর্ত্তু৹ sorte] বি, ভাগ্য পরীক্ষাকৌশল বা ক্রীড়াবিঃ lottery.

সুর্ত্তি₂, ˘সুর্ত্তী [হিং৹] বি, তামাকবিঃ। ২ শুষ্ক তামাকচূর্ণবিঃ ; পানের সহিত খাইবার তামাক পাতার গুঁড়া ; সুখা।

সুর্ম্মা, সুরমা [ফা৹] বি, রসাঞ্জন antimony. ২ রসাঞ্জনের সূক্ষ্মচূর্ণ দ্বারা প্রস্তুত অঞ্জন। ~দান, ~দানী-বি, সুর্ম্মা রাখিবার পাত্র।

সুর্যা, সুর্যী, সুর্যো, সুর্সো [সং-স্থবির > স্থবিরা (ছিদ্রযুক্ত) >] বি, শিকল আটকাইবার ছিদ্রযুক্ত লৌহখণ্ড।

সুলক্ষণ [সু (উত্তম) লক্ষণ (চিহ্ন) যার, বহু৹] বিণ, উত্তম লক্ষণযুক্ত; শুভ লক্ষণাক্রান্ত। ২ বি, শুভলক্ষণ। স্ত্রী৹ ~া-বি, পার্ব্বতীর সখী। ২ বিণ, শুভলক্ষণযুক্তা। ~ত্ব (-ণ্‌·) [সু-লক্ষণ+ত্ব (ভা৹)] বি, শুভ লক্ষণের ভাব ; শুভ চিহ্নের বিদ্যমানতা।

সুলক্ষিত-বিণ, উত্তমরূপে লক্ষিত ; ভাল করিয়া লক্ষ্য করা হইয়াছে এমন।

সুলঙ্গ, সুলঙ্গা, সোলিঙ্গা, সিলুঙ্গে [সরু+অঙ্গ,+ইয়া > । র=ল] বিণ, সরুঙ্গে (দ্রঃ)।

সুলতা,˘ন [তুর্কী৹ সুলতান্‌] বি, তুরুস্কের অধিপতি। স্ত্রী৹ ~না। ~নি-বি, সুলতানের পদ ; ˘সুলতানগিরি। বিণ, ~নী-সুলতান সম্বন্ধীয়।

সুলতানৎ [সুলতান (দ্রঃ) + আৎ (ফা৹)] সুলতানের অধিকার ; সাম্রাজ্য। "পাতসাহী শিরপা সুলতানী সু৹।"-অং মং।

সুলফ, সুলফা, সুলুপা, শুলফা₂ [ফা৹ সুহ্‌ফহ্‌ > হিং৹ সুলফা। গ্রা৹ সুল্‌ফো] বি, হুকার কলিকায় তাওয়া না দিয়া সাজা তামাক। ২ গাঁজার কল্কের মত সরুঙ্গে কল্কেতে ভরিবার শুষ্ক তামাক। ৩ চরস।

সুলভ [সু (সুখে) লভ্‌ (পাওয়া)+অ (র্ম্ম)] বিণ, সুখলভ্য ; অনায়াসলভ্য। ২ সস্তা ; অল্পমূল্যে প্রাপ্তব্য। "কর্পূর চন্দন চুয়া লঙ্গ জায়ফল। সুলভ দেখিনু হাটে নাহি যায় ফল॥"-ভারত৹। স্ত্রী৹ ~া-বি, মাসপর্ণী। ২ তুলসীগাছ। ৩ বেলফুল।

সুললিত (-ত্ত) [সু (অতিশয়) ললিত] বিণ, অতি কোমল ; সুকোমল ; অতিসুন্দর। "আজানুলম্বিত বাহু সুললিত কোদণ্ড শোভিত তাহে।"-বাং গান।

সুলিখিত [সু-লিখিত] বিণ, সুন্দরভাবে লিখিত।

সুলীলায়ে [সু (সহজ) লীলা+এ (প্রকারার্থে)] ক্রি-বিণ, অবলীলাক্রমে। "যে বিগ্রহে সভার প্রকাশ সু৹।"-কবিক৹।

সুলুক [আ৹ সুলূক্‌ (পথ)] বি, পথ ; সন্ধান ; উপায়। ২ [ফা৹ সুরাখ্‌ (সন্ধি)] রন্ধ্র ; ছিদ্র ; প্রবেশপথ। ~সন্ধান, সন্ধান সুলুক-বি, সন্ধান ও সন্ধি দ্রঃ। তুল-অন্ধি সন্ধি।

সুলুপ [ইং sloop এর লিপ্যন্তর] বি, চট্টগ্রামে নির্ম্মিত একপ্রকার পালের জাহাজ। ২ এক মাস্তুলের একপ্রকার ক্ষুদ্র রণপোত (sloop of war).

˘সুলুস [ইং sluice এর লিপ্যন্তর] বি, জলনির্গম দ্বার ; কপাট-কল।

সুলেখ [সু-লেখ] বিণ, সুন্দর রেখাযুক্ত; সুন্দর লেখাযুক্ত ; শোভন লিপিবিশিষ্ট।

সুলেখক [সু-লেখক] বি, যিনি সুন্দর হস্তাক্ষরে লিখেন। ২ সুন্দর প্রবন্ধ রচয়িতা। স্ত্রী৹ সুলেখিকা।

সুলেহ-সুলেহ দ্রঃ।

সুলোচন [সু (সুন্দর) লোচন (নেত্র) যার, বহু৹] বি, মৃগ ; হরিণ। ২ বিণ, সুনেত্র ; সুন্দর লোচনবিশিষ্ট। স্ত্রী৹ সুলোচনা-সুনয়না ; সুনেত্রা নারী। ২ হরিণী।

সুলোহক [সু (উত্তম) লোহ (ধাতু)+ক (স্বা৹)] বি, পিতল।

সুলোহিত (-ত্ত) [সু (অত্যন্ত) লোহিত (রক্তবর্ণ) যার, বহু৹] বিণ, গাঢ় লাল ; অতিশয় রক্তবর্ণ। স্ত্রী৹ সুলোহিতা-বি, অগ্নির জিহ্বাবিঃ।

সুশর্ম্মা [সু (অত্যন্ত) শর্ম্মন্‌ (সুখ) যার, বহু৹। সুশর্ম্মন্‌ ১মা,১ব৹]. বি, তৃতীয় মনুর পুত্র। ২ ত্রিগর্ত্ত দেশাধিপতি। ৩ নিন্দিত ব্রাহ্মণবিঃ। ৪ বিণ, অতিশয় সুখী।

সুশাসন [সু-শাসন] বি, ন্যায়সঙ্গতভাবে বা ধর্ম্মানুসারে ক্ষমতা বা রাজ্য পরিচালন। বিণ, সুশাসিত। > স্ত্রী৹ সুশাসিতা।

সুশিক্ষিত [সু (উত্তমরূপে) শিক্ষিত (শিক্ষাপ্রাপ্ত)] বিণ, সুশিক্ষাসম্পন্ন ; উত্তম শিক্ষাপ্রাপ্ত। স্ত্রী৹ ~া। বি, সুশিক্ষা।

সুশিখ [সু (সুন্দর) শিখা যার, বহু৹] বি, বহ্নি; অগ্নি। ২ বিণ, উত্তম শিখাবিশিষ্ট।

সুশীত [সু (অতিশয়) শীত (শীতল), ধা] বি, চন্দনবিঃ। ২ বিণ, অতি শীতল ; খুব ঠাণ্ডা। "যথা হরষিত তৃষিত সুশীত পেয়ে পয়।"-মং মো৹ত৹। স্ত্রী৹ ~া-শতপত্রী।

সুশীতল [সু (অতিশয়) শীতল (ঠাণ্ডা), ধা] বিণ, অত্যন্ত ঠাণ্ডা ; অতিশয় শৈত্যগুণবিশিষ্ট।

সুশীল [সু (উত্তম) শীল (স্বভাব) যার, বহু৹] বিণ, সৎস্বভাবসম্পন্ন ; সচ্চরিত্র।

"দেখে তোদের রাজা সু°। আগে দিয়েছি কুল শীল।"-বাং গান। ২ বিষ্ণুর পার্শ্বচরবিঃ। স্ত্রীং ~া-যমপত্নী। ২ কৃষ্ণের অন্যতমা পত্নী। ~তা (-ল্°-) [সুশীল+তা (ভা°)] বি, সৎস্বভাব ; সচ্চরিত্রতা ; নম্রতা ; বিনয়।

সুশুনি-সুষ(ষু)ণী দ্রঃ।

সুশৃঙ্খ/ল [সু-শৃঙ্খল (1)। গ্রা°সুচ-রুংথল (-রোংথোলে), সুংরুংথল (-থোলে)] বি, সুনিগড় ; দৃঢ় শিকল। ২ বিণ, দৃঢ় বা উত্তমরূপে শৃঙ্খলিত। ৩ সুব্যবস্থিত। ~লা -বি, সুনিয়ম ; সুব্যবস্থা ; যথানুক্রম। ~লিত-বিণ, যথানুক্রমিক ; সুব্যবস্থিত। ক্রি-বিণ, সুশৃঙ্খলায়, সুশৃঙ্খলে [গ্রা°সুছ্রংথলে, সুচরুংখুলে, সুচরোংথোলে, সুংরোংথোলে] সুশৃঙ্খলার সহিত।

সুশোভন [সু-শোভন] বিণ, অতি শোভন ; সর্ব্বাঙ্গসুন্দর ; বেশ মানানসই। ২ সম্পূর্ণ উপযুক্ত। স্ত্রীং ~া।

সুশোভিত [সু (অতিশয়) শোভিত শোভাযুক্ত] বিণ, মনোহর শোভাসম্পন্ন ; সুসজ্জিত। "বহুতর সুশোভিত শির পর তাজে।"-অ° ম°। স্ত্রীং ~া।

সুশ্রাব্য [সু (উত্তমরূপ) শ্রু (শ্রবণ করা)+য (র্ম্ম)] বিণ, সুমধুর।

সুশ্রী, সুশ্রী/ক [সু (উত্তম)" শ্রী (কান্তি যার, বহু°), +ক] বিণ, সুন্দর ; শ্রীমান্। ~কতা-বি, সুন্দরতা ; সুরূপতা।

সুশ্রুত [সু (উত্তম) শ্রুত (যা শ্রবণ করা হইয়াছে)] বি, প্রসিদ্ধ চিকিৎসা-গ্রন্থকারবিঃ। ২ সুশ্রুত রচিত চিকিৎসা-গ্রন্থ। ৩ বেদবিশারদ। ৪ বিণ, যা উত্তম-রূপে শুনা হইয়াছে।

সুশ্রোণি [সু-শ্রোণি (নিতম্ব) যার বহু°] বিণ, সুনিতম্বিনী। ২ সুমধ্যা ; সুন্দরী।

সুশ্লিষ্ট [সু (অত্যন্ত) শ্লিষ্ট (সংযুক্ত)] বিণ, দৃঢ়রূপে সংযুক্ত ; সুসংশ্লিষ্ট। ২ অতিশয় প্রেমযুক্ত। স্ত্রীং ~া।

সুষনি-সুষুণী দ্রঃ।

সুষম১ [সু (সুন্দর, অতিশয় সম (সমান), নিত্য)] বিণ, সম্পূর্ণ সমান ; সদৃশ। ২ শোভন ; সুন্দর। স্ত্রীং সুষমা-বিণ, সমানা ; সদৃশা। ২ সুন্দরী। ৩ বি, পরম শোভা। ৪ সৌন্দর্য্য। -ময়-বিণ, সৌন্দর্য্যময় ; রূপবান্। স্ত্রীং ~ময়ী।

সুষম২ [জ্যা° (ক° বিষ° পরিঃ)] বিণ, ইং regular এর বৈজ্ঞা° পরিঃ।

সুষা-শুষা দ্রঃ।

সুষি [সং] বি, সুষির দ্র।।

সুষির [সুষি ও°। শুষ্ (শুষ্ক হওয়া)+ই, ইর। শ=স] বি, বিবর ; গর্ত্ত। ২ বংশীবিঃ। "শ্রুত হয় কোন স্থানে, বাজে বাদ্য একতানে আনদ্ধ সুষির, তত ঘন।"-কাশী°। ২ বিণ, ছিদ্রযুক্ত। বি, ~তা, ~ত্ব (-ত্ত্ব)।

সুষীম (-ষ্) [সু (সুন্দর) সীমা (প্রান্ত) যার, বহু°] বিণ, সুন্দর ; মনোজ্ঞ ; শোভন। ২ সুন্দর সীমাযুক্ত। ৩ শীতল ; ঠাণ্ডা ; শৈত্য বা শীতগুণযুক্ত।

সুষুণী [সুষণী ও°। সং-সুনিষণ্ণ। সু-উত্তম-নিষণ্ণ (যদ্দা বা নিদ্রাগামী আনয়ন)। গ্রা° সুষুনি, শুশুনি] বি, জলজ শাকবিঃ ; সুনিষণ্ণক। "সুষুণীর শাক।"-দীনবন্ধু°।

সুষুপ্ত [সু (অত্যন্ত) স্বপ (নিদ্রিত হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, গভীর নিদ্রায় অভিভূত। বি, সুষুপ্তি-গাঢ়নিদ্রা।

সুষুম্না [সুখ (অব্যক্ত শব্দ) ম্না (অনু-শীলন করা)+অ (র্ত্তৃ) +আ (স্ত্রীং)] বি, মেরুদণ্ডের বহির্ভাগে ঈড়া ও পিঙ্গলা নাড়ীর মধ্যবর্ত্তী নাড়ী। ২ সূর্য্যরশ্মিবিঃ।

সুষেণ [সু (উত্তম) সেনা (সৈন্য) যার, বহু°] বি, বিষ্ণু। ২ [রামা°] চিকিৎসা বিদ্যায় নিপুণ বানরবিঃ।

সুষ্ঠু [সু (উত্তম) স্থা (থাকা)+উ (র্ত্তৃ)] বিণ, প্রধান ; শ্রেষ্ঠ। ২ সত্য। ৩ অতীব মনোহর ; পরম সুন্দর। বি, সৌষ্ঠব। ~বাহ্‌ -বিণ, সুন্দরভাবে বহনসমর্থ (অশ্বাদি)।

সুসংবাদ [সু-সংবাদ] বি, শুভ সমাচার।

সুসংবৃত [সু-সংবৃত] বিণ, সম্পূর্ণরূপে বা উত্তমরূপে আবৃত ; সম্যক্ আচ্ছাদিত।

সুসংবৃদ্ধ [সু-সম্-বৃদ্ধ] বিণ, সুন্দর-ভাবে বৃদ্ধিপ্রাপ্ত।

সুসংযত [সু-সংযত] বিণ, সুনিয়ন্ত্রিত ; সংযুক্ত।

সুসংযুক্ত, সুসংযুত [সু-সংযুক্ত, -ত] বিণ, উত্তমরূপে মিশ্রিত ; সুমিলিত।

সুসংরব্ধ [সু-সংরব্ধ] বিণ, উত্তমরূপে আরম্ভ করা হইয়াছে এমন ; সুপ্রারব্ধ।

সুসংস্কৃত [সু (উত্তমরূপ) সংস্কৃত (পক্ব)] বিণ, ঘৃতাদি দ্বারা সুন্দররূপে পক্ব। ২ বিশুদ্ধী-কৃত। ৩ সুসংস্কারযুক্ত ; বিলক্ষণ ব্যুৎপন্ন।

সুসংস্থিত [সু-সংস্থিত] বিণ, উত্তম-রূপে বিন্যস্ত। ২ সুব্যবস্থিত। ৩ সুসজ্জিত।

সুসংহত [সু-সংহত] বিণ, উত্তমরূপে ঘনীভূত ; ভালরূপ জমাট বাঁধা ; সুদৃঢ়।

সুসঙ্গত [সু-সঙ্গত] বিণ, সুন্দর যুক্তি-যুক্ত ; সুসমঞ্জস। বি, সুসঙ্গতি।

সুসজ্জ [সু-সজ্জা যার, বহু°] বিণ যে সুন্দরভাবে সজ্জিত হইয়াছে ; সুসজ্জিত। স্ত্রীং ~া।

সুসজ্জিত [সু-সজ্জিত] বিণ, যাকে সুন্দরভাবে সাজানো হইয়াছে ; যে ভাল করিয়া সাজিয়াছে। স্ত্রীং ~া।

সুসজ্জীকৃত, -ভূত [সুসজ্জ+চ্বি অভূততদ্ভাবার্থে=সুসজ্জী+কৃত, ভূত] বিণ, যাকে এক্ষণে সাজান হইয়াছে ; সজ্জিত করা হইয়াছে এমন। স্ত্রীং ~া।

সুসঞ্চ [সু-সঞ্চ (দ্রঃ)] বি, সন্ধি ; মিল ; যোড়। "খুলনা কেলিল পাশা পড়িল বা পঞ্চ। চার পাঁচ বাক্সে রামা করিয়া সুসঞ্চ॥"-কবিক°। ২ সুন্দর সংস্থান।

সুসভ্য [সু-সভ্য] বিণ, অতি শিষ্ট ; অতিশয় ভদ্র ; মার্জ্জিতরুচি ও সুশিক্ষিত। স্ত্রীং ~া।

সুসময় [সু-সময়] বি, সুকাল ; সুদিন। ২ সুখের অবস্থা। ৩ সুযোগ।

সুসমাপ্ত [সু-সমাপ্ত] বিণ, উত্তমরূপে সম্পাদিত ; সুনিষ্পন্ন।

সুসমাহিত [সু-সমাহিত] বিণ, গাঢ় সমাধিমগ্ন।

সুসমৃদ্ধ [সু-সং-ঋদ্ধ] বিণ, মহা ঐশ্বর্য্য-শালী ; অতিশয় সমৃদ্ধ।

সুসম্পন্ন [সু-সং+পন্ন] বিণ, উত্তমরূপে নিষ্পন্ন ; সুনিষ্পন্ন। ২ অতিশয় সমৃদ্ধিশালী ; বহু সম্পত্তিশালী ; ধনাঢ্য।

সুসর১ [সু-স্তর > প্রা° বাং] বিণ, সুবিন্যস্ত। "সুথাইআঁ বাছিআঁ পাট করিল সু°।"-শ্রী° কী°। ২ সমান। "উহর ডাঙ্গর সব একুই সু°"-রমাই পণ্ডিত।

সুসর২ [সু-স্বর > প্রা° বাং] বি, সুস্বর ; সুমধুর স্বর। "সু° পঞ্চম সর গাএ পিকগণ।"-শ্রী° কী°।

সুসহ [সু (সুখে) সহ্ (সহ্য করা) + অ (র্ম্ম)] বিণ, অনায়াসে সহনীয় ; যা অক্লেশে সহ্য করা যায়।

সুসাধ্য [সু (সুখে) সাধ্য] বিণ, সহজ। বি, **সুসাধন**। > বিণ, **সুসাধিত**-সুন্দরভাবে সম্পাদিত ; সুসম্পন্ন।

সুসাম্য [সু-সাম্য (শান্তি ও শান্ত অর্থে)। প্রা° বাং] বিণ, প্রশান্ত। "জল পাইয়া যেন অগ্নি সুসাম্য হইল।"-চৈ° ভা°। ২ বি, অতিশয় সমতা ; প্রশান্তি।

সুসার১ [সু-সার (শ্রেষ্ঠ)] বিণ, সর্ব্বোৎকৃষ্ট ; সর্ব্বোত্তম। ২ প্রতুল। ৩ সুবিধা ; সুযোগ। "বাসার সুসারে হবে আশার সুসার।"-অ° ম°। "আমার এক ভিক্ষা বাছা তুমি তার সুসার করিলেই কৃতার্থ হই"-নবীন তপস্বিনী। ৪ সুবন্দোবস্ত ; সুব্যবস্থা। "কাজের কিবা সু° কৈরছ কওনা বুঝাই"-পূ° ব°গী°।

সুসার২, সুসারা [সংস্কার >, বা হি° সুধার >। প্রা° বাং] বি, সংস্কার। ২ বিণ, সুদৃঢ় ; মজবুত। "গাব কস দিয়া নাও করহ সুসারা॥"-মনসা ম° (বংশীবদন)। ২ নির্ম্মল ; শুভ্র ("শরদমলমধ্যাহ্নসন্নিভম্"-টীকা, দোহাকোষ, হ° প্র° শাস্ত্রী)।

সুসার৩ [সংসার > বৌ°বাং প্রাকৃ°] বি, কর্ম্মক্ষেত্র ; সংসার। "নিসিঅ অন্ধারী সু° চারা"-চ° পদ°। ২ পরিষ্কার (দো°১২৯)।

সুসারিত [প্রা° বাং। মহা° (সঞ্চয়)] বিণ, শ্রেষ্ঠ। ২ শ্রেষ্ঠাংশযুক্ত।

সুসিক্ত [সু-সিক্ত] বিণ, উত্তমরূপে সিক্তিত ; বিলক্ষণ আর্দ্র।

সুসিদ্ধ [সু-সিদ্ধ] বিণ, অগ্নিতপ্ত জলে উত্তমরূপে সিদ্ধ করা বা সিজান। ২ সম্পূর্ণভাবে সম্পাদিত ; সুসম্পন্ন।

সুসুরা [বৌ° বাং প্রাকৃ°] বি, শাশুড়ী (চ° ২।৩)।

সুসেব্য [সু (সুন্দরভাবে) সেব্য] বিণ, সহজে বা অনায়াসে সেবনযোগ্য ; সুখসেব্য।

সুস্ত [ফা° > কথ্য বাং-র] বিণ, অলস ; কুঁড়ে ; দীর্ঘসূত্রী। বি, **সুস্তি**-আলস্য [বিরল]। বিণ, **সুস্তী** আলস্যযুক্ত।

সুস্থ [সু (উত্তমরূপে) স্থা (থাকা) + অ (র্ত্তৃ)] বিণ, স্বাস্থ্যসম্পন্ন; নীরোগ। ২ সুস্থির ; শান্ত। ৩ স্বচ্ছন্দ। ৪ সুন্দর। ৫ সুখী। বি, সুস্থতা। ~**কায়**, ~**দেহ**, ~**শরীর**-বিণ, নিরোগ। ~**চিত্ত**-বিণ, স্বচ্ছন্দমনাঃ ; অব্যাকুলান্তঃকরণ ; অবিকৃতমনাঃ ; অচঞ্চলহৃদয় ; শান্তচিত্ত। ~**তা**-বি, স্বাস্থ্যের ভাব বা অবস্থা ; রোগ শূন্যতা। ২ স্বাচ্ছন্দ্য।

সুস্থিত-সুপ্রতিষ্ঠ দ্রঃ।

সুস্থির [সু (সুখে) স্থা (থাকা) + ইর (র্ত্তৃ)] বিণ, অচঞ্চল ; অক্ষুব্ধ। ২ বদ্ধমূল ; দৃঢ়। ৩ সুস্থ।

সুস্নাত [সু (উত্তমরূপে) স্না (স্নান করা) + ত (র্ত্তৃ)] বিণ, মাঙ্গল্য দ্রব্য দ্বারা সুন্দররূপে কৃত-স্নান। ২ [ভা°] বি, উত্তম স্নান। স্ত্রীং ~া।

সুস্নিগ্ধ [সু-স্নিগ্ধ] বিণ, সুশীতল। ২ সুকোমল। ৩ বিলক্ষণ স্নেহযুক্ত।

সুস্পর্শ [সু-স্পর্শ] বিণ, সুখস্পর্শ।

সুস্পষ্ট [সু (অতিশয়) স্পষ্ট] বিণ, অত্যন্ত স্পষ্ট ; সুব্যক্ত ; সুপ্রকাশিত।

সুস্মিতা [সু-স্মিতা (হাস্যযুক্তা)] বিণ, সুন্দর অথচ ঈষৎ হাস্যযুক্তা। ২ বি, উত্তমা নারীবিঃ।

সুস্বন [সু-স্বন] বিণ, সুরব ; মধুর ধ্বনিবিশিষ্ট। ২ বি, শঙ্খ।

সুস্বপন, সুস্বপ্ন [সু-স্বপ্ন > (কোমলার্থে) স্বপন] বি, শুভফলদায়ক স্বপ্ন। বিপরীত-দুঃস্বপন, দুঃস্বপ্ন।

সুহাস [সু-হাস (হাস্য) যার, বহু°] বিণ, শোভন হাস্যযুক্ত। স্ত্রীং ~ী, **সুহাসিনী**-সুন্দর হাস্যময়ী ; হাস্যমুখী সুন্দরী। "হে সুহাসি"-মেঘ°।

সুহিত [সু (উত্তমরূপে) + ধা (ধারণে) + ত (র্ত্তৃ) বিণ, অতিহিত। ২ সন্তুষ্ট। ৩ [+ ত (র্ম্ম)] সুসম্পাদিত ; বিহিত। ৪ সমীচীন ; উপযুক্ত। স্ত্রীং ~া-অগ্নির জিহ্বাবিঃ।

সুহৃত্ত্ব [সুহৃৎ + ত্ব (ভা°)] বি, সুহৃদের ধর্ম্ম : বন্ধুর কার্য্য।

সুহৃদ্ [সু (উত্তম) হৃদ্ (মনঃ) যার, বহু°] বি, মিত্র ; সখা। ২ সহায়। ৩ সহৃদয়। ৪ [জ্যোতিষ° পরি°] লগ্ন হতে চতুর্থ স্থান।

সুহৃদয় [সু (উত্তম) হৃদয় (মনঃ) যার, বহু°] বিণ, নির্ম্মলচিত্ত ; বিশুদ্ধমনাঃ। ২ উদারচিত্ত ; সদন্তঃকরণবিশিষ্ট ; প্রশস্তমনাঃ ; হৃদয়ালু।

সুহৃদ্বর (দ্‌ব-) [সুহৃৎ + বর] বি বিণ, শ্রেষ্ঠ সুহৃদ ; মিত্রপ্রধান। স্ত্রীং ~া।

সুহৃদ্বল (-দ্‌ব-) [সুহৃদ্ (মিত্র) রূপ বল (সৈন্য)] বি, বন্ধুরূপ শক্তি। ২ মিত্রসৈন্য।

সুহ্ম [সং] বি, দেশবিঃ ; গৌড়ের পশ্চিম বীরভূমের পূর্ব্ব ও দামোদরের উত্তরবর্ত্তী ভূভাগ। ভারত টীকাকার নীলকণ্ঠের মতে সুহ্মই রাঢ় নামে খ্যাত। ২ যবনজাতিবিঃ।

সূ [সূ (প্রসব করা) + ক্বিপ্ (ভা°)] বি, প্রসব। ২ বিণ, যে প্রসব করে ; প্রসূ।

সূ(সূঁ)ই [সং-সূচী। প্রাদে°] বি, সীবনার্থ লৌহশলাকা ; সূচী ; ছুঁচ।

সূকর [শূকর দ্রঃ। শূ=সূ] বি, বরাহ। ২ মৃগবিঃ।

সূক্ত [সু (উত্তম) + উক্ত (কথিত)] বি, বেদবাক্য ; বেদের মন্ত্রাদি। ২ সমীচীন বাক্য ; সদ্বাক্য। ~া-বি, শারিকা।

সূক্তি [সু (উত্তম) উক্তি (বাক্য), ধা] বি, সুবচন ; সদ্বাক্য। ২ বেদমন্ত্র।

সূক্ষ্ম (শুক্‌খ) [সং] বিণ, ক্ষীণ। ২ মিহি ; সরু। ৩ ক্ষুদ্র ; অল্প। ৪ [বলবিদ্যা° (ক° বিশ্ব° পরিঃ)] আশুক্ষুব্ধ ; ইং sensitive (of balance) এর বৈজ্ঞা° পরিঃ। ৫ অতীন্দ্রিয় ; ইন্দ্রিয়ের অগোচর। ৬ বি, অধ্যাত্মবস্তু। ৭ অধ্যাত্মশাস্ত্র। ৮ অলঙ্কারবিঃ। ৯ অণু। ১০ কাপট্য। ~া-শব্দ প্রবৃত্তিবিঃ। ২ বালুকা। ৩ মল্লিকা। ৪ যূথিকা। ~**কোণ** [জ্যা°] সমকোণাপেক্ষা ক্ষুদ্র কোণ acute angle. ~**দর্শনযন্ত্র**-বি, অণুবীক্ষণ যন্ত্র। ~**দর্শিতা**-বি, সাতিশয় বুদ্ধিমত্তা। ২ অতিবিচক্ষণতা। ৩ সুবিচার। ~**দর্শী** [সূক্ষ্ম-দৃশ্ (দেখা) + ইন্ (র্ত্তৃ) দর্শিন্ ১মা, ১ব°]

বিণ, অতিশয় বুদ্ধিমান ; বিলক্ষণ বিচক্ষণ। >স্ত্রীং ~দর্শিনী-সাতিশয় বুদ্ধিসম্পন্না নারী। ~দেহী [সূক্ষ্মদেহ+ইন্ (স্ত্যং)= দেহিন্ ১মা, ১বং] বিণ, অণুবীক্ষণযন্ত্রের সাহায্য ব্যতীত দৃষ্ট হয় না এমন ক্ষুদ্র দেহবিশিষ্ট জীব। ~বিচার-বি, ন্যায়বিচার। "ভূপতি সেই প্রজার প্রতি সূক্ষ্মবিচার কেমন করে?" -গান। ~বুদ্ধি-বি, তীক্ষ্ণধী। বিণ, তীক্ষ্ণধী-সম্পন্ন। ~মান [জ্যাং (কং বিশ্বং পরিঃ)] ইং Close approximation এর বৈজ্ঞাং পরিঃ। ~ভূত-বি, ক্ষিত্যাদি পঞ্চ স্থূল ভূতের সূক্ষ্মাংশবিঃ। ~রসায়ণ-ইং micro-chemistry র বঙ্গানুবাদ। সূক্ষ্ম রাসায়ণিক কার্য্যের প্রয়োজনসাধক বিশেষ ওজন যন্ত্র micro- balance. বর্ণমাপক-colorimeter. সূক্ষ্মাণুবীক্ষণ ultra-microscope. ~শরীর-বি, আত্মার সপ্তদশ ভোগদেহ ; পঞ্চপ্রাণ, দশ ইন্দ্রিয়, মন ও বুদ্ধি এই সপ্তদশ।

সূক্ষ্মাগ্র [সূক্ষ্ম+অগ্র] বিণ, সূচীমুখ ; খুব সরু ডগাযুক্ত।

সূক্ষ্মাতিসূক্ষ্ম, সূক্ষ্মানুসূক্ষ্ম [সূক্ষ্ম +অতিসূক্ষ্ম, অনুসূক্ষ্ম] বিণ, অত্যতিসূক্ষ্ম।

সূচ [সং-সূচী] বি, সীবনী ; সূচী। "আর একজনে সাধ করি মনে লইল সোণার সূচ।"-চণ্ডিং। ২ ক্ষুদ্রশলাকা।

সূচক [সং] বিণ, জ্ঞাপক। ২ সূচনা-কারী। ৩ কথক। ৪ বি, সূচীজীবী ; দরজী। ৫ সীবনী। ৬ সূত্রধর। ৭ শিক্ষক। ৮ দলপতি। ৯ বুদ্ধ। ১০ পিশাচ। ১১ কুকুর। ১২ বিড়াল। ১৩ কাক। ~শ্রেণী -বি, বীজগং (কং বিশ্বং পরিঃ) ইং exponential series এর বৈজ্ঞাং পরিঃ। ~সূত্র-বি, ইং exponential theorem এর বৈজ্ঞাং পরিভাষা।

সূচন [সূচ্ (জানান)+অন (ভাং)] বি, ইঙ্গিত ; সঙ্কেত। ২ জ্ঞাপন। ৩ কথন। ৪ হিংসন। ৫ দোষদর্শন। ৬ বিদ্ধ-করণ। ৭ দুষ্টামি।

সূচনা [সূ] বি, অভিনয়। ২ জ্ঞাপন। ৩ সূচন।

সূচি, সূচী১ দ্রঃ। ~ক [সূচী (ছুঁচ)+ ইক (শিল্পার্থে)] বি, সূচীকর্ম্মকারী ; দরজী। >স্ত্রীং ~া১।

সূচিকা২ [সূচী১ দ্রঃ] বি, সীবনী ; ছুঁচ। ২ হাতীর শুঁড়। ~ভরণ বি, আয়ুর্ব্বেদীয় সর্পবিষঘটিত ঔষধবিঃ। ইহা সূচ্যগ্র পরিমাণ মাত্র সেব্য বলিয়া এই নাম। ~মুখ [সূচিকা (সূক্ষ্ম) মুখ যার, বহুং] বি, ছুঁচের সূক্ষ্ম মুখ। ২ শঙ্খ।

সূচিত [সূচ্ (জানান)+ত (র্ম্ম)] বিণ, প্রকাশিত। ২ বিজ্ঞাপিত। ৩ প্রস্তাবিত। ৪ কথিত। ৫ যোগ্য। ৬ হিংসিত।

সূচিরোমা, সূচীরোমা [সূচি (ছুঁচের মত) রোমন্ (লোম) যার, বহুং= সূচিরোমন্ ১মা, ১বং] বি, শূকর। ২ বিণ, ছুঁচের মত তীক্ষ্ণ লোমযুক্ত।

সূচী১, সূচি [সিব্ (সেলাই করা) +চ(ণে)+ঈ, ই। প্রাং বাং-শুঁচী(শ্রীংকীং)] বি, সীবনী ; ছুঁচ। ২ বিণ, সূক্ষ্ম অগ্রভাগ ; তীক্ষ্ণ মুখ। ৩ [বলবিদ্যাং (হিং কোং)] ইং pyramid এর বৈজ্ঞাং পরিঃ ; শিখরী (কং বিশ্বং পরিঃ)। ~কর্ম্ম-বি, ছুঁচের কাজ ; সূচীশিল্প needle work. ~খণ্ড [পরিঃ (হিং কোং)] ইং frustum এর বৈজ্ঞাং পরিঃ। ~খাত [গং পরিঃ। লীলাবতী। কোণ দ্রঃ] বি, সমকোণী ত্রিভুজ কর্ত্তৃক সমকোণ সন্নিহিত একতর বাহু ধরিয়া পরিভ্রমণ হতে উৎপন্ন ঘনক্ষেত্র ; মোচার অগ্রভাগ পার্শ্বাপার্শ্বি ভাবে ছেদন করায় উৎপন্ন ক্ষেত্র ; সূচী cone. ~জীবী-বি, দরজী। ~ভেদ্য [সূচী (দ্বারা) ভেদ্য (বেধ্য), ৩তৎ] বিণ, ছুঁচ দিয়া ভেদ করিবার যোগ্য ; জমাট ; এত ঘন যে মাত্র সূচীমুখ তাতে প্রবেশ করিতে পারে এমন। ~ভেদ্য অন্ধকার -বি, ঘন অন্ধকার ; নিবিড় আঁধার। "রাজপথের সূচিভেদ্য অন্ধকার ভেদ করিয়া কে প্রদীপহস্তে ধীর পদবিক্ষেপে অগ্রসর হইতেছে।"-রাধাং মুখোং (উত্তরা, ১৩৩৩)। ~মুখ-বি, ব্যূহবিঃ। ২ মণি ; রত্ন। ৩ বাণবিঃ। ~রোমা [সূচী (বৎ) রোম যার, বহুং] বি, শূকর। ~শিল্প-বি, ছুঁচের কারুকার্য্য ; সূচিকর্ম্ম। ২ যতটুকু স্থান ছুঁচের আগায় ধরে ; সূচীমুখ পরিমাণ। "সূং মেদিনী"-মহাং।

সূচী২ [সূচ্ (সূচনা করা)+ই (ণে)] বি, জ্ঞাপনী ; কুঞ্চিকা। ~পত্র-বি, পুস্তকাদির বিষয় নির্দ্দেশক তালিকা ; অনু-ক্রমণিকা ; নির্ঘণ্ট index; contents. ২ [বৈদ্যকে] ইক্ষুর সাধাঃ গুণযুক্ত, কষায়মধুর, রস, বিদাহী ইক্ষুবিঃ।

সূচ্য [সূচ্ (জানান)+য (র্ম্ম)] বিণ, জ্ঞাপনীয় ; বোদ্ধব্য। ২ সূচিতব্য ; সূচনীয়। ৩ কথনীয়।

সূচ্যগ্র [সূচি+অগ্র] বি, সূচীর অগ্রভাগ ; ছুঁচের আগা। ~বৎ-বিণ, ছুঁচের ডগার মত।

সূত [সূ (প্রসব করা)+ত (ক্ত)] বিণ, উৎপন্ন ; প্রসূত ; জাত। ২ উৎপাদিত। ৩ প্রেরিত। ৪ বি, সূর্য্য। ৫ পুরাণকথক মুনিবিঃ। ৬ সূত্রধর জাতি। ৭ বন্দনাকারী ; স্তুতিপাঠক ; বন্দী। ৮ সারথি। ৯ পারদ। স্ত্রীং সূতা-সূতিকা। ~পুত্র [মহাং] বি, অঙ্গরাজ কর্ণ।

সূতক [সূত+ক] বি, জননাশৌচ। ২ উৎপত্তি ; জন্ম। ৩ পারদ।

সূতকা-সূতিকা দ্রঃ।

সূতকাশৌচ [সূতক+অশৌচ] বি, প্রসব হেতু যে অশুদ্ধি ; জননাশৌচ। "যদি বালক গর্ভেই মৃত হয়, অথবা যদি গর্ভস্রাব হয়, তাহা হইলে স্ত্রীলোকের যে কয়মাস গর্ভ, সেই কয় দিন সূং।" - পরাশরসংহিতা (বঙ্গবাসী)।

সূত/লি, -লী [সং-সূত্র > সূত+লি, লী (সূক্ষ্মার্থে)] বি, শণসূত্রনির্ম্মিত সরু দড়ী।

সূতা১ [সূ (প্রসব করা)+ত (ক্ত)+ আ (স্ত্রীং)] বি, প্রসূতা ; জাতা।

সূতা২ [সং-সূত্র। প্রাং সুতো] বি, তন্তু ; সূত্র ; সূতা। বিণ, সূত্রনির্ম্মিত ; সূতার।

সূতালি [সূত+আলি। তুল-ঠাকুরালি] বি, রথচালকের কার্য্য ; রথচালকগিরি।

সূতি [সূ (প্রসব করা)+তি (ভাং)] বি, প্রভব ; জন্ম ; উৎপত্তি। ২ প্রসব। ৩ সন্তান। ৪ সীবন ; সেলাই করা। ৫ বিণ,

সূত্রনির্ম্মিত। ~গৃহঁ, সূতীগৃহঁ-প্রসবাগার ; আঁতুড় ঘর।~মাস-বি, প্রসব মাস।

সূতিকা [সূত (দ্রঃ)+ক+আ (স্ত্রীং)] বি, নবপ্রসূতা স্ত্রী-যার প্রসবের পর দশ দিন অতিবাহিত হয় নাই। ২ প্রসূতির রোগবিঃ; প্রসবের পর প্রসূতির যত্ন না হইলে শরীর রক্তহীন হয় এবং পুরাতন জ্বর উদরাময় ও শোথ জন্মে। ইহাকে সূতিকারোগ বা সূতিকার ব্যায়রাম বলে। ~গার, ~গৃহ, ~ গেহঁ, ~বাস, ~ ভঁবঁন [সূতিকার (প্রসবের) আগার, গৃহ ইং, ৬তৎ] বি, প্রসব গৃহ : আঁতুড় ঘর। "সূতিকাগৃহে প্রবেশ করিবার পূর্ব্ব মুহূর্ত্তে"-উত্তরা; পৌষ, ১৩৩৩। ~ষষ্ঠী-বি, সূতিকাগারে নবজাত শিশুর ষষ্ঠ দিনে পূজ্যা দেবীবিঃ।

সূতী-সূতা দ্রঃ।

সূত্যশৌচ [সূতির (সন্তান প্রসবের) অশৌচ (অপবিত্রতা), ৬তৎ] বি, সন্তান-জন্ম-হেতু অশৌচ ; শুভ অশৌচ।

সূত্র [সূত্র্ (গ্রন্থনে)। সিব্ (সেলাই করা) + ত্র। সিব্=সূ] বি, বস্ত্রারম্ভক ; তন্তু ; সূতা ; রজ্জু string. ২ ব্যাকরণের প্রথম পাঠ্য ("সূত্রপুঁথি হাতে লৈয়া চণ্ডী পাঠ গাও-"মনসা মং (বংশীং) ; দর্শনাদি শাস্ত্রকারের প্রথম প্রণীত সংক্ষিপ্ত বাক্য। ৩ য, স্বল্পাক্ষর, সন্দেহ-বিশিষ্ট-পদ-শূন্য, অসারতাহীন, সমস্ত লক্ষ্যগামী, সর্ব্বাংশে ত্রুটিহীন ও অনিন্দনীয়-চৈং চং টীকা (মজুমদার)। প্র-ব্যাকরণের সূত্র। ৪ শাস্ত্র। ৫ ব্যবস্থা-শাস্ত্র-বিষয়ক নিষ্পত্তি বা মীমাংসা। ৬ বিষয় নির্দ্দেশ। "এই যে কহিল সূত্র সংক্ষেপ করিয়া"-চৈং ভাং। ৭ নাট্য শাস্ত্রের উপক্রম। ৮ যজ্ঞসূত্র ; পৈতা। ৯ সংক্ষিপ্তরূপ ; সংক্ষেপ। "এবে কহি চৈতন্যলীলা ক্রম অনুবন্ধ। প্রথমেতে সূত্র রূপে করিব গণন ; পাছে বিস্তারিঞা তার করিব বিবরণ।" -চৈং চং। ১০ সংক্ষিপ্ত বাক্য। "প্রভুর মধ্য শেষ লীলা স্বরূপ দামোদর ; সূত্র করি গাঁথিলেন গ্রন্থের ভিতর। সেই দুইজনের সূত্র দেখিয়া শুনিয়া"-চৈংচং। ১১ ক্রম; গতিক। প্র-কর্ম্মসূত্রে। ১২ আরম্ভ ; মুখপাত ; মূল ; গোড়া। প্র-এত যে কাণ্ড হল তার সূত্র খুঁজে পাওয়া গেল না। ১৩ ধারা ; খেই। প্র-কি সূত্র ধরে সে গন্তব্যপথে এগোবে তা ভেবেই পাচ্ছে না। ১৪ [বীজং গং, পাটীং (কং বিশ্বং পরিং)] ইং formulaর বৈজ্ঞাং পরিঃ। ~ক [সূত্র+ক (কর, উৎপাদ-কার্থে)] বি, যা হতে সূত্র উৎপন্ন হয় (বস্তুবিচারে)। ~কোণ-বি, ডমরু নামক বাদ্যযন্ত্র। ~গণ্ডিঁকা [সং] বি, সূতার নলী। ~ধঁর, ~ধার [সূত্র (প্রয়োগানুষ্ঠান) ধৃ (ধারণ করা)+অ (র্ত্তৃ)] বি, ইন্দ্র। ২ সূত্র প্রণয়নকর্ত্তা ; শাস্ত্রাদির সংক্ষিপ্ত বাক্যপ্রণেতা। ৩ সূত্রধর জাতি : ছুতার। ৪ [নৌ দ্রঃ] কাষ্ঠনির্ম্মিত জাহাজের কর্ম্মচারী। ৫ নাট্যপ্রস্তাবক : প্রধান নট। ~পাত [সূত্রপাত] বি, কার্য্যারম্ভ ; কার্য্যের সূচনা। ~পুষ্প [সূত্র (সূতা) হয় পুষ্প (ফুল) হতে যার, বহুং] বি, কার্পাস বৃক্ষ। ~লা [সূত্র (সূতা) লা (পাওয়া)+অ (র্ত্তৃ) +আ (স্ত্রীং)] বি, তুলার পাঁইজ। ২ টেকো। ~স্থান [আয়ুং] বি, সুশ্রুতোক্ত প্রথম স্থান। এই স্থানে আয়ুর্ব্বেদের সূত্র সূচিত হইয়াছে বলিয়া এই নাম।

সূত্রালী [সূত্র (সূতা)+আলী (শ্রেণী)] বি, গলসূত্র ; কণ্ঠস্থিত সূতা।

সূত্রী [সূত্র (সূতা) + ইন্ (স্ত্যং) সূত্রিন্ ১মা, ১বং] বি, বায়স ; কাক। ২ বিণ, সূত্রযুক্ত।

সূদ₁ [সূদ্+ণিচ্=সূদি (হিংসা করা) +অ (র্ত্তৃ)] বি, পাপ ; অপরাধ। ২ সারথ্য। ৩ কর্দ্দম। ৪ [+অ (র্ম্ম)] ব্যঞ্জন। ৫ চাটনি। ৬ সূপকার ; পাচক। ~শালা -বি, রন্ধনশালা : রান্নাঘর।

সূদ₂, সুদ, শুদ [ফাং সূদ। তুল-সং-কুশীদ] বি, ব্যাজ : বৃদ্ধি : লাভ। বিণ, ~ী। সূদ কঁষা [পাটীং] বি, কি প্রণালীতে সূদ (কুশীদ) গণনা করিতে হয় তদ্বিষয়ক প্রকরণ। সূদ গণা-ক্রি, বৃদ্ধি গণনা করা ; সূদের পরিমাণ গণিয়া বাহির করা। ~খোর-বিণ, কুশীদজীবী। >বি, ~ খোরি, ~ খুরি -কুশীদজীবিকা। ~খোরী-বিণ, যে মূলধন সূদে খাটান হয় ; সূদে লওয়া বা দেওয়া (টাকা)। ~সুদ্ধ-বিণ, আসল ও সূদ সহিত।

সূদঁন [সূদ্+ণিচ্=সূদি (হিংসা করা) +অন (র্ত্তৃ)] বিনাশক ; হন্তা। ২ [ভাং] বি, বধ ; হনন। ৩ নিরাস ; নিক্ষেপ। ৪ অঙ্গীকার করা।

সূদী, সুদী [সূদ (দ্রঃ)+ঈ] বিণ, সূদে খাটাইবার মত। ~-কারবার-বি, মূলধন বৃদ্ধির জন্য সূদে খাটাইবার ব্যবসায় ; মহাজনী। ~-কিস্তি-বি, নির্দ্দিষ্ট সংখ্যা ও সময়ে কিস্তিবন্দী হিসাবে সূদ আদায়ের প্রণালী।

সূধ [শুদ্ধ >] বিণ, শুদ্ধ (চং ৯।৪)।

সূনঁ [সূ (প্রসব করা)+ত (ভাং)। ত=ন] বি, প্রসব। ২ [ত (র্ত্তৃ)] প্রসূন : পুষ্প। ৩ বিণ, জাত ; উৎপন্ন। ৪ প্রফুল্ল ; প্রস্ফুটিত।

সূন [শূন্য > প্রাকৃং] বিণ, খালি ; রিক্ত।

সূনা₁ [সং] বি, মাংস-বিক্রয়-স্থান। ২ বধ্যভূমি। ৩ সম্মার্জ্জনী।

সূনা₂ [বৌং সাং এবং স্মৃং। "পঞ্চ সূনা গৃহস্থস্য চুল্লী পেষণ্যুপস্করঃ, কণ্ডনী চোদকুম্ভশ্চ বধ্যতে যাস্তু বাহয়ন্। তাষাং ক্রমেণ সর্ব্বাসাং নিষ্কৃত্যর্থং মহর্ষিভি, পঞ্চক্লৃপ্তা মহাযজ্ঞাঃ প্রত্যহং গৃহমেধিনাং॥"-মনু, ৩।৬৮-৭০] বি, গৃহস্থের চুল্লী, পেষনী (শিলনোড়া) সম্মার্জ্জনী, উদূখল, মূষল ও জলকলস, এই পাঁচটি দোষ। ইহারা স্ব স্ব কার্য্যে নিয়োজিত হইলে গৃহস্থের কীটাদি জীবহিংসা পাপ ঘটে। এই পাপের প্রায়শ্চিত্ত জন্য পঞ্চমহাযজ্ঞ করিতে হয়। "আসক্ত পার্থিব সুখে, সূনা দোষে লিপ্ত আমি, দেহ রক্ষা হেতু আকিঞ্চন"-জাতক, ৪র্থ খণ্ড।

সূনু [সূ (প্রসব করা)+নু (র্ম্ম)] বি, তনয় ; পুত্র। "বৃক নামে অসুর আছিল একজন। শকুনির সূনু শুন তার বিবরণ॥" -শিং। ২ কনিষ্ঠ ভ্রাতা। ৩ দৌহিত্র। ৪ সূর্য্য। স্ত্রীং সূনু, সূনূ-তনয়া ; কন্যা।

সূনৃতঁ [সু-নৃৎ (নৃত্য করা)+অ (র্ত্তৃ)। সু=সূ] বি, সত্য অথচ প্রিয়বাক্য। ২ সত্য এবং প্রিয় বক্তা। ৩ শুভ ; হিত ; মঙ্গল। ৪ বিণ, প্রিয়। ৫ সত্য।

সূপ [সূ (প্রসব করা)+প (র্ম্ম)] বি,

খোল। ২ ব্যঞ্জনবিঃ ; ডাল। "রান্ধিবে মশুর সূপ দিয়া লঘু ঝাল। সন্তোলিয়া দিবে তথি মরিচের ঝাল॥"-কবিক॰। ৩ ভাণ্ড। ৪ [ওরাওঁ ভাষায়] কুলা। ~কার, সূপকারী [সূপ (ব্যঞ্জন) কার, কারী (যে করে)] বি, রন্ধনকর্ত্তা ; পাচক।

সূর [সূ (প্রসব করা)+র (র্ত্তৃ)] বি, রবি ; সূর্য্য। ২ [সুর্ + অ (র্ত্তৃ)] পণ্ডিত। ৩ বর্ত্তমান কল্পের সপ্তদশ জিনের পিতা। ~সূত-বি. সূর্য্যসারথি ; অরুণ।

সূরণ [সূর (বধ করা)+অন (ভা॰)] বি, ওল প্রভৃতি কন্দ। ২ উশীর মূল ; বেণামূল। ৩ বৃক্ষবিঃ।

সূরি [সূর+ই (র্ত্তৃ)] বি, শ্রীকৃষ্ণ। ২ [সূ (প্রসব করা)+ই (র্ত্তৃ)] সূর্য্য। ৩ কবি। ৪ বিদ্বান্ ; জ্ঞানী ; পণ্ডিত। ৫ জৈন গুরুগণের সাধারণ উপাধি।

সূরী [সং-সূরিন্ ১মা,১ব॰] বিণ, বিচক্ষণ ; পণ্ডিত ; বিদ্বান্।

সূর্প [সূর্প্ (পরিমাণ করা)+অ(জ্ঞা॰)। ওরাওঁ-সূপ] বি, তণ্ডুলাদি পরিষ্কার করিবার পাত্র ; কুলা। ~ী-বি, ক্ষুদ্র কুলা। ~ণখা [শূর্পের (কুলার) মত নখ যার, বহু॰] বি, রাবণের ভগিনী।

সূর্ম্মী, সূর্ম্মীযন্ত্র ["জ্বলন্তী লৌহময়ী স্থূণা সূর্ম্মী"। কৃষ্ণ যজুর্ব্বেদীয় যুগে] বি, নালিকাস্ত্র বা বন্দুক, যার লৌহ-নলের মধ্য দিয়া জ্বলন্ত সীসকপিণ্ড বাহির হইয়া শত্রু হনন করে।

সূর্য্য [সৃ (আকাশে গমন করা)+য (র্ত্তৃ), নিপাতন। প্রা॰ সুরুজ। "চান্দ সুরুজ মোর আছে তুমি সাথী।"-শ্রী॰ কী॰। বৌ॰ বাং প্রাকৃ॰ সূজ্জ, সুজ। "চন্দসূজ্জ দুই চকা"-চ॰ পদ॰ ১৪।৪। "চান্দ সুজ"-চ॰ পদ॰ ৪।৪। প্রা॰বাং-সুর।"সিন্দুর সুর ললাটে"-শ্রী॰কী] বি, আদিত্য ; রবি ; দিবাকর ; ভানু। ২ বালির পুত্র। স্ত্রীং সূর্য্যা-সূর্য্যপত্নী। ২ নববিবাহিতা বধূ। ~কর-বি, সূর্যের কিরণ ; রৌদ্র। ~করোজ্জ্বল [সূর্য্যকর (দ্বারা)+উজ্জ্বল, ৩তৎ] বিণ, সূর্য্যের কিরণপাতে বা রৌদ্রে ভাস্বর ; সূর্য্যকিরণে উদ্ভাসিত। > স্ত্রীং ~া। "সূর্য্যকরোজ্জ্বলা ধরণী"-গান। ~কান্ত [সূর্য্যকান্ত (প্রিয়) যার, বহু॰] বি, আতসমণি ; আতসী কাচ। ~কাল [সূর্য্য (সূর্য্যের প্রকাশ) কাল] বি, দিনমান ; দিবস। ~কিরণ-বি, রৌদ্র ; সূর্য্যালোক। ~কুমার-সূর্য্যতনয় দ্রঃ। ~কেন্দ্রীয় [জ্যা॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং heliocentric এর বৈজ্ঞা॰ পরিঃ। ~গ্রহ-বি, মহাগ্রহ সূর্য্য। ২ রাহু ও কেতু। ৩ সূর্য্যগ্রহণ। ~গ্রহণ-বি, চন্দ্রের ছায়া দ্বারা সূর্য্যকে গ্রাস বা আবরণ solar eclipse. [দ্রঃ-পৃথিবী ও সূর্য্যের মধ্য দিয়া গমনকালে আলোকহীন চন্দ্রের ছায়া পৃথিবীতে পতিত হয় এবং সূর্য্যালোক রোধ করে বলিয়া সূর্য্যগ্রহণ হইয়া থাকে। প্রা॰ সুজ্জিগেরণ]। ~ঘড়ি,-ড়ী-বি, পাষাণ বা ধাতুপট্টের রৌদ্র ও ছায়া-পাত দেখিয়া সময় নিরূপণ করিবার যন্ত্র sun-dial. ~তনয়-বি, সূর্য্যের পুত্র। ২ কৃতান্ত ; যম। ৩ শনিগ্রহ। ৪ মনুবিঃ। ৫ কর্ণ। ৬ সুগ্রীব। > স্ত্রীং ~া-যমুনা নদী। ২ তপতী। ৩ বিদ্যুৎ। ~পক্ক [প্রা॰ সুজ্জিপক্ক] বিণ, রৌদ্রতাপে পাক-ধরা। ২ সূর্য্যোত্তাপে শুষ্ক ; রোদপোড়া sun-burnt ৩ [লক্ষ॰] লালমুখ। "যে সকল সূর্য্যপক্ক সিভিলিয়ান কমন্স সভায় প্রবেশ করে,"-নায়ক, ১।৮।১৩২৬। ~প্রভ-বিণ, সূর্য্য সদৃশ জ্যোতিষ্মান্ ; সূর্য্যের ন্যায় প্রভান্বিত। ~প্রভা-বি, সূর্য্যকর ; রৌদ্র। ~বংশ-বি, সূর্য্যপ্রভব সন্তান সন্ততি ; অযোধ্যার রাজবংশ। ~ভক্ত-বিণ, সূর্য্যোপাসক ; সূর্য্যের আরাধনাকারী ; সৌর। ২ বন্ধুক ফুলের গাছ। ~মণি [প্রা॰ সুজ্জিমনি] বি, সূর্য্যকান্ত মণি ; আতসমণি। ২ পুষ্পবৃক্ষবিঃ। ৩ খুব ঝাল ছোট লঙ্কাবিঃ। ~মণ্ডল-বি, সূর্য্যের পরিবেশ। ~মুখ, ~মুখী [সূর্য্য (সূর্য্যের দিকে) মুখ যার, বহু॰, অথবা সূর্য্যের ন্যায় মুখ (আকার) যার] বি, স্বনামখ্যাত সূর্য্যাকৃতি পুষ্প sun flower. ~রশ্মি-বি, সূর্য্যকর (দ্রঃ)। ~লোক-বি, সৌরজগত। ~সারথি [পু॰] বি, সূর্য্যের রথচালক ; অরুণ। ~সিদ্ধান্ত-বি, সূর্য্যের প্রকৃতি, গতিবিধি ই॰ সম্বন্ধীয় স্বনামপ্রসিদ্ধ জ্যোতির্বৈজ্ঞানিক (astronomical) গ্রন্থ। ~স্নান [আতপস্নান দ্রঃ] বি, রৌদ্রসেবন ; রৌদ্রস্নান sunbath. "সূর্য্যস্নানের পরই নাভিস্নান ও শিশ্নস্নান করিতে হয়।"-আ॰ শক্তি '৩৪। ~হৃদয়-বি, সূর্য্যদেবের স্তব ও তন্ময়াত্মক কবচ ; আদিত্য হৃদয়।

সূর্য্যা-সূর্য্য দ্রঃ।

সূর্য্যাই [প্রা॰ বাং। তুল-হি॰ প্রা॰ সূর্য্য য়া। সূর্য্য+আই (অতি পরিচয়ার্থক বা আদরার্থক)] বি, সূর্য্য। "সূর্য্যাই ঠাকুর"-ব॰ সা॰ পরিচয়। এইরূপ-বিশাই, রামাই ই॰। ২ [-+আই (সম্বন্ধে)] বিণ, সূর্য্য সম্বন্ধীয়। ৩ সূর্য্যের উদ্দিষ্ট। সূ॰ মঙ্গল সূর্য্যের উদ্দেশ্যে মঙ্গলগীতি। "যে দিক শোনে সূ॰ মঙ্গল।"-প্রা॰ সূর্য্যের গান (ব॰ সা॰ পরিচয়)।

সূর্য্যার্ঘ্য [সূর্য্য+অর্ঘ্য] বি, সূর্য্যদেবকে প্রদেয় পূজার অর্ঘ্য।

সূর্য্যাবর্ত্ত [সূর্য্য-আ-বৃত্ (বেষ্টন করা) +অ (র্ত্তৃ)] বি, সূর্য্যমুখী ফুলের গাছ। ২ [আয়ু॰] যে শিরঃপীড়া সূর্য্যোদয় হ'তে আরম্ভ করিয়া চক্ষু ভ্রূ প্রভৃতির অসহ্য যন্ত্রণাসহ বৃদ্ধি পাইয়া সূর্য্যাস্তের পর হ'তে উপশম লাভ করে।

সূর্য্যালোক [সূর্য্য (সূর্য্যের)+আলোক] বি, সূর্য্যের কিরণ ; রৌদ্র ; দিবালোক।

সূর্য্যাস্ত [সূর্য্য+অস্ত] বি, সূর্য্যের অস্তগমন বা মধ্যগগন হতে পশ্চিমে অদৃশ্য হওন।

সূর্য্যেন্দুসঙ্গম [সূর্য্য +ইন্দু (চন্দ্র) এই উভয়ের সঙ্গম (মিলন) হয় যে সময়ে, বহু॰] বি, অমাবস্যা।

সূর্য্যোঢ় [সূর্য্য+ঊঢ়] বি, অস্তগত সূর্য্য। ২ সূর্য্যাস্তের পর আগত তিথি।

সূর্য্যোদয় [সূর্য্য+উদয়] বি, সূর্য্যের প্রকাশ।

সূর্য্যোপস্থান [সূর্য্য (সূর্য্যের)+উপস্থান (উপাসনা)] বি, বৈদিক সন্ধ্যোক্ত সূর্য্যের উদ্দেশে উপাসনাবিঃ।

সূর্য্যো/পাসনা [সূর্য্য + উপাসনা, ৬তৎ] বি, সূর্য্যের অর্চ্চনা ; সূর্য্যপূজা। বিণ, ~পাসক [সূর্য্য+উপাসক] সূর্য্যপূজক।

সৃকণ্ডু [সং] বি, কণ্ডুরোগ ; চুল্‌কণা।

স্৺ক [সৃজ্ (সৃষ্টি করা)+ক (র্ত্তৃ)] বি, ওষ্ঠপ্রান্ত। "মুখ অতি সুবিস্তার সৃক্কেতে রক্তের ধার শব-শিশু শ্রবণে কুণ্ডল।" -অ০ ম০।

স্৺ক্কণী,-ক্কিণী [সং সৃক্কনিন্ ১মা, ১ব০] ওষ্ঠের প্রান্তভাগ। "একে বামা শোভিছে শ্যামা * * * সৃক্কণী ক্ষরিত ধারা রুধিরে বহে দুধারা শোণিত পিয়েছে মাতি অতি অসীমা॥"-বাং গান।

স্৺গাল [সং। শৃ=সৃ] বি, শিয়াল। স্ত্রীং ~ী, সৃগালিকা-শৃগালী : শিয়ালী। ২ খেঁকশিয়ালী। ~কণ্টক-বি, শিয়াল-কাঁটার গাছ। ~কোলি-বি, শেয়াকুল গাছ। ~জিম্বু- বি, গেঁটকল। ২ শেয়াকুল।

স্৺র্জন [প্রা০ বাং প্রাকৃ০ শ্রজন, সিজন, সিরজন, সির্জন, সিরিজন। নারী ভাষায়-ছিজন। সি, সৃ=ছি। "মন পবন দুই হেলএ সিজন করিল।"-শূ০ পু০। "হাড়িপা মনুষ্য নহে হাড়ের শ্রজন"-গোবিন্দচন্দ্রের গীত (দুর্লভ মল্লিক)। "বল্লুকা সিরজনে দুহে করিল গমন॥ তিলমাত্র পৃথিবীকে সিরজন করিয়া। বল্লুকা সৃজন কৈল গণ্ডীরেখা দিআ॥ সিরজিল বল্লুকা নদী বল্লুকার জল।" -শূ০ পু০। সৃজ্ (সৃষ্টি করা)+অন (ভা০ অনট্)=সর্জ্জন। পণ্ডিতী বাং-র 'সর্জ্জন', সর্জন চ০। ১৮৫৩ খৃ০ মুদ্রিত "প্রায় সংস্কৃতানু-যায়ি ভাষায় সঙ্কলনকর্ত্তা শ্রীমদ্গোলোকচন্দ্র চতুর্ধুরীর কুলপীযূষ প্রবাহ" গ্রন্থের ভূমিকায় আছে-"* * ব্রহ্মাণ্ডেশ্বর * * জীবাদি সৃষ্টি করনানন্তর * * এতচ্চতুর্ব্বর্ণে জাতিরূপ রত্ন সর্জন করিলেন।" কিন্তু 'সৃজন' ৺অ০ দত্ত কর্ত্তৃক প্রবর্ত্তিত ও প্রা০ গ্রন্থের নবসংস্করণে সংশোধিত] বি, নির্ম্মাণ ; রচনা ; সৃষ্টি। "চাঁদেতে কলঙ্ক আছে বিধির সৃজন।"-বাং গান। "আমারে অখিল বন্ধু বলে দেবগণ। সৃজন পালন আমি প্রলয় কারণ॥"-ম০। "সৃজন করিতে দিল "-কবিক০। > বিণ, সৃজিত-সৃষ্ট। ২ বর্দ্ধণ। ~শক্তি, সৃজনীশক্তি-বি, সৃষ্টিকারিণী শক্তি। "এই বিশ্বব্রহ্মাণ্ড ব্যাপিয়া সৃষ্টিকর্ত্তার নব নব সৃজনীশক্তি প্রত্যক্ষ করিয়া, অন্তরে যে এক অভূতপূর্ব্ব আনন্দের উদ্রেক হয়, ইহাই দেশ পর্য্যটনের স্থায়ীফল মনে করি।"-নরওয়ে ভ্রমণ।

স্৺জা [সৃজ্ (সৃষ্টি করা) > সৃজি, সৃজ, সৃজে ; সৃজিতে ; সৃজিয়া (ক্ষে০ গ্রা০ সৃজে, পদ্যে-সৃজি)। কোমলার্থে পদ্যে-সিরজা] ক্রি, সৃজন করা ; সৃষ্টি করা। "যেই বিধি সৃজিলেন কমলে কণ্টক।" পিরীতি বলিয়া এ তিন আঁখর সিরজিল কোন ধাতা।"-জ্ঞান০।

স্৺জ্যমান [সৃজ্ (সৃজন করা)+আন (র্ম্ম), য, ম আগম] বিণ, যা বা যাকে সৃজন করা হইতেছে।

স্৺ণি,-ণী [সং] বি, অঙ্কুশ।

স্৺ণিকা [সৃ (গমন করা)+নি+ক+আ (স্ত্রীং)] বি, থুথু : লালা।

স্৺র্ত [সৃ (গমন করা)+ত (র্ত্তৃ)] বিণ, বিগত ; প্রস্থিত ; অতীত। স্ত্রীং ~া।

স্৺তি [সৃ (গমনে)+তি (ণে)] বি,পথ। ২ গমন। ৩ ক্ষতিকরণ। ৪ আঘাতন।

স্৺ত্বর [সং] বিণ, চঞ্চল। > স্ত্রীং ~ী।

স্৺পাটিকা [সং] বি, চঞ্চু।

স্৺প্ত [সৃপ্ (গতি করা) >। রবী০] বিণ, স্খলিত slipped.

স্৺ষ্ট [সৃজ্ (সৃষ্টি করা)+ত (র্ত্তৃ)] বিণ, বিধিনির্ম্মিত।। ২ নির্ম্মিত ; রচিত। ৩ পরিত্যক্ত। ৪ মিলিত ; যুক্ত।

স্৺ষ্টি [সৃজ্ (সৃষ্টি করা)+তি (ভা০)। গ্রা০ ছিষ্টি। চ০ ক০ ভা০ সিষ্টি] বি, অভূত-পূর্ব্ব পদার্থের উৎপাদন। ২ নির্ম্মাণ ; রচনা। ৩ [-+তি (র্ম্ম)] জগৎ। ৪ শিল্প। ৫ স্বভাব। [দ্রঃ-অন্য কোন বস্তুর সাহায্য ব্যতিরেকে স্বীয় ইচ্ছা দ্বারা বস্তুর উৎপাদন করার নাম সৃষ্টি ; মৃৎপাষাণ লৌহাদি দ্বারা দ্রব্যবিশেষ গঠন করার নাম নির্ম্মাণ। ঈশ্বর সৃষ্টি করেন, মানুষে নির্ম্মাণ করে]। ~কর্ত্তা-বি, জগৎপিতা ; ব্রহ্মাণ্ড-পতি ; স্রষ্টা ; পরমেশ্বর ; ব্রহ্মা। ~কর্ম্ম, ~কার্য্য, ~ক্রিয়া -বি, জগদ্‌ব্রহ্মাণ্ড নির্ম্মাণ; বিশ্বরচনা। ~কৌশল,চাতুর্য্য -বি, বিশ্বনির্ম্মাণ নৈপুণ্য। ~ছাড়া [গ্রা০ ছিষ্টিছাড়া] বিণ, সৃষ্টির বহির্ভূত ; দুনিয়ার বার ; কিম্ভূত কিমাকার, যা ভূ-ভারতে নাই ; অদ্ভুত। ~তত্ত্ব-বি, সৃষ্টির বিষয় ; সৃষ্টিবিজ্ঞান। হিন্দুশাস্ত্র মতে অদ্বিতীয় ব্রহ্মের বহু হইবার ইচ্ছাই হইল সৃষ্টির মূলীভূত কারণ ; সৃষ্টির উৎপত্তি নির্ণায়ক বিজ্ঞান। ~ধর [গ্রা০ ছিষ্টিধর। সৃষ্টি (বিশ্ব-ব্রহ্মাণ্ড=সর্ব্ব > বংশ)+ধর (ধারী=পালক, রক্ষক)। তুল-গোবর্দ্ধন ধারণের কাহিনী গিরিধর] শ্রীকৃষ্ণের আদরের নাম। বিণ, বংশধর ; বংশরক্ষক। প্র-ওরে আমার সৃষ্টিধর ওরে আমার নীলমণি। ~নাশ-বি, বিশ্বের ধ্বংশ ; প্রলয়। ~নাশা, ~নাশী -বিণ, সৃষ্টি ধ্বংসকারী ; সৃষ্টিলোপকারী ; প্রলয়ঙ্কর ; বিশ্বনাশী। > স্ত্রীং~নাশিনী। ~প্রকরণ, ~প্রক্রিয়া-বি, সৃষ্টি বিষয়ক প্রস্তাব ; বিশ্বব্রহ্মাণ্ড বা জগদোৎপত্তি বিষয়ক গ্রন্থের সৃষ্টিখণ্ড বা অধ্যায়। ~রক্ষা-বি, সৃষ্টি ধ্বংশ হ'তে না দেওয়া ; বিশ্বপালন। ২ সর্ব্বরক্ষা। ~সংহার-বি, সৃষ্টিনাশ। ২ লয় বা বিনাশ। "কত জগতের সৃষ্টিসংহার **"- উত্তরা, ১৩৩৩। ~স্থিতি প্রলয়-বি, উদ্ভবপালনলয়।

সে$_1$ [সং-তদ্ শব্দজ সঃ > প্রা০বাং-সো > সে। মাগধী হি০বহুব০ তে। প্রা০বাং-য়-তে (< তদ্)। প্র-তে কারণে (তজ্জন্য)। অস০ 'সি'] স, উল্লিখিত ব্যক্তি। ২ সেই ; সে বস্তু। সে গুড়ে বালি-গুড়$_1$ দ্রঃ। যে-সে-অপরিচিত ব্যক্তি। ২ সামান্য ব্যক্তি। ৩ বাজে লোক ; অনাবশ্যক ও অনাহূত।

সেহেন [সে-হেন] ক্রি-বিণ, তাদৃশ ; সেইরূপ। "সেহেন কালিয়া নিঠুর হইল কি শেল লাগিল যেন।"-চণ্ডি০।

সে$_2$ [আসিয়া > এসে > সে। অনুজ্ঞার্থক ক্রিয়াপদের সহিত সন্ধি করিয়া ক্ষে০ ব্যবহার] অস-ক্রি, আসিয়া। দেখ+আসিয়া > দেখসিয়া > ক্ষে০ দেখসে। এইরূপ-বলসে (=বল+আসিয়া) ই০।

সে$_3$-সেই দ্রঃ। ~সি-সেসি দ্রঃ।

সে$_4$ [সঙ্গে > সঞে > সেঁ > সে] অ, সঙ্গে ; সহিত। "পর সে পিরীতি আঁধার ঘরে সাপ।"-চণ্ডি০। ২ মাত্রালঙ্কারবিঃ। "সে গৃহ গৃহ নিত উৎসব।"-বি০ প০।

সে$_5$-অ, তৎক্ষণ। ~থেকে,

~অবধি-অ, সেই সময় হ'তে ; তদবধি। ২ তৎকাল পর্য্যন্ত।

সে৬ [প্রা॰ বাং পদ॰ সা॰] অ, কথার মাত্রাস্বরূপ ; অবধারণার্থক। "আতি সে আবুধি"-শ্রী॰ কী॰। "লাজে সে হারালি কাজে।"-ঐ। মোঞঁ সে বগধকাপালী"-ঐ।

সে৭ [ফা॰ সি(তিন=তে) > হি॰ সে > বাং-য় সে, ছে (গ্রা॰)] বিণ, তিন। প্র-সে পগুনি। সেপায়া (গ্রা॰ ছেপায়া তেপায়া ও॰)।

সেঅঁতি, -তী, সেঅঁতী, সেঁঅতী -সেঁউতী দ্রঃ।

সেআই-সিআই দ্রঃ।

সেআলী [প্রা॰ বাং প্রাকৃ॰] বি, শেফালিকা। "বহুল মহল সেআলী" -শ্রী॰ কী॰।

সেই [সে (দ্রঃ)+ই (নির্দ্ধারণে বা নির্দ্দেশে)। সেহি দ্রঃ। প্রা॰ বাং-য়-সেসি, সেহি, সেহী, সেহো] স, নির্দ্দিষ্ট ব্যক্তি বা বস্তু। "সেই বটে এই চোর মানুষ ত নয়"-ভারত॰। "তুমি জানাও যারে সেই জানে"-ক্ষ॰। ২ তাহাই। ৩ ক্রি-বিণ, তৎক্ষণাৎ ; তন্মুহূর্ত্তে। "যেই সে সহানুভূতির বাক্য শুনিল, সেই তাহার চেহারা ফিরিয়া গেল।" -সঞ্জীবনী, ১৩ চৈত্র, ১৩১৪। **সেই অবধি, সেই থেকে, সেই হ'তে** -সে৫ দ্রঃ। ~টা [গ্রা॰ সেইটে, আদরে টি, অনাদরে টা] বি, সেই জিনিষ ; নির্দ্দিষ্ট বস্তু ; সেই বিশেষ বিষয়। **সেই তি**-পরিচিত বা উল্লিখিত বা নির্দ্দিষ্ট জনসম্বন্ধে নিশ্চয়তা-সূচক। ২ তজ্জন্যই ; তাহারই জন্য ; তাই ত ; সেই হেতু। প্র-সেইত হচ্ছে কথা। ৪ শেষে ; ফলে ; অবশেষে at last. প্র-সেই করতে হল ত? ~সে [পদ্যে। সে-ই (=হি, নিশ্চয়ার্থে, বলপ্রয়োগার্থে) + সে(অতিরিক্ত)] স, সেই ; সেহি (দ্রঃ)।

সেইত২ [সং-শ্বেত >] বি, শ্বেতবর্ণ। ২ বিণ, শ্বেত ; ধবল। "বসুআ আপুনি আইল সে॰ বরণর চনা।"-শূ॰ পু॰।

সেউ১, সেও [হি॰ সেব্ >] বি, নাসপাতি ফল ; আপেল।

সেউ২ [বৌ॰ বাং প্রাকৃ॰] স, সেই : সে।

সেউনি [সং-সেচনী] বি, সেচনী। "নাহি গাঁতি ঘরে বিশাই না ধরে সে॰, অঞ্জলি করিয়া হনুমান তোলে পানি।"-কবিক॰।

সেউনিয়া, সেউনে জাল [প্রাদে॰] বি, মাছ ধরিবার জালবিঃ।

সেও১-সেহ দ্রঃ।

সেও২-সেউ দ্রঃ।

সেও৩, সেঁও [অশ্লীল, গ্রা॰] বি, যোনি। ২ [সং-শেব, >] মেঢ্র ; শিশ্ন।

সেও৪-সেউ দ্রঃ।

সেওড়া-শেওড়া দ্রঃ।

সেওয়ায় [ফা॰ সিবা > হি॰ সিবায় > সওয়ায়, সিওয়ায়] অ, ভিন্ন ; ব্যতীত।

সেওলা [শৈবাল > সেবালা] বি, শৈবাল। ~পড়া, -ধরা-ক্রি, কোন স্থানের উপর সেওলা জন্মিয়া তাহা আচ্ছাদন করা।

সেঁউতী [সেচনী >] বি, নৌকামধ্যস্থ জল সেচনার্থ লৌহ-কাষ্ঠাদি-নির্ম্মিত সেচনী। "সেঁউতী উপরে রাখ ও রাঙ্গা চরণ।"-অ॰ ম॰। "কাঠের সেঁউতী মোর হৈলা অষ্টাপদ।"-অ॰ ম॰।

সেঁওতি [সেবন্তী >। সেঅতী, সেঅঁতী, সেঁঅতী ও॰] বি, পুষ্পবিঃ ; এক-পাটি দলের শ্বেত গোলাপ ফুল।

সেঁওলা [সেওলা দ্রঃ] বি, শৈবাল। "সোতের সেঁওলা ভাসাইয়া কালা কাটিলা প্রেমের ডোর।"-চণ্ডি॰।

সেঁকট, স্যাঁকোট [গ্রা॰। সং-সঙ্কোচ >] বি, সঙ্কোচন ; বিকার। ~বেকট, সেঁকটান -বেকটান- বি, মুখ নাসিকাদির বিকৃতকরণ।

সেঁকটান [সিটকান দ্রঃ] বি, মুখ নাসিকাদির সংকোচন ও বিকৃতকরণ ; সেঁটকান।

সেঁকুয়া, সেঁকো-শেঁকো দ্রঃ।

সেঁকেত, সেঁকে [সাঁকাল দ্রঃ। হি॰ সঁকেরনা] বি, ঢেঁকিতে ধান ভানিবার কালে গড়ে ধান নাড়া। সেঁকে দেওয়া -ক্রি, ঢেঁকির গড়ে ধান্য নাড়িয়া দেওয়া ; ধান ঠেলিয়া গড়ের মধ্যে ফেলিয়া দেওয়া।

সেঁচা [সিচ্ (সিঞ্চনে) > সেচ+আ (ক্রিয়ায়)। গ্রা॰ ছেঁচা। স=ছ] ক্রি, সিঞ্চন করা। ২ শোষণ করা। "উন্নতি দ্বারা অর্থ- সমস্যার নিরাকরণের চেষ্টা ঝিনুক দ্বারা সমুদ্র সেঁচার ন্যায় উন্মাদের ব্যর্থ প্রয়াস।" -আ॰ শক্তি।

সেঁজিতি, সেঁজুতি [সন্ধ্যাবাতি > দ্রং, ক্ষে॰] বি, সন্ধ্যাদীপ ; সাঁঝের বাতি।

সেঁটকান-সেঁকটন দ্রঃ।

সেঁটে [সাঁটা ধাতু। সাঁট+ইয়া। হি॰ সাটনা (সংলগ্ন করা)=সটান করা, আঁটা] ক্রি-বিণ, সংলগ্ন করিয়া ; আঁটিয়া ; কষিয়া। "ছাড়িয়ে সাড়ী গাউন সেঁটে, বুকে বুরুচ দিলে এঁটে, ব্রুম মাখিয়ে রাঙ্গা ঠোঁটে, বাড়ালে হে নারীর মান॥"-বাং গান। ২ উদরসাৎ করিয়া। "কার তোয়াক্কা রাখি আর, রুটি সেঁটে কোমর এঁটে এক দৌড়ে পগার পার।" এঁটে সেঁটে-এঁটে দ্রঃ।

সেঁৎ-সেঁৎ [সিক্ত >। অল্প পরিমাণ ও ব্যাপ্তি অর্থে দ্বিত্ব] ক্রি-বিণ, ভিজা-ভিজা বোধ। বিণ, সেঁৎ(ত)সেঁতে,-ভিজা-ভিজা ; সিক্তপ্রায় ; প্রায় সেঁতান ; সেঁৎসেঁতানি-ক্রি, ভিজা-ভিজা ভাব হওয়া ; স্যাঁৎ স্যাঁৎ করা।

সেঁতা [সিক্ত >] বিণ, ভিজা ; স্যাঁৎসেঁতে।

সেঁতানি [সং-সিক্ত+আন (ক্রিয়ায়), যা সিক্ত করা হইয়াছে] বিণ, সিক্তপ্রায় ; স্যাঁৎসেঁতে। > বি, সেঁতানি।

সেঁতো [গ্রা॰, সেঁতা দ্রঃ] বিণ, সিক্ত ; ভিজে ; স্যাঁতান : স্যাঁৎসেঁতে। ২ ছাতা। "কিন্তু অব্যবহারে ভালো জিনিষে সেঁতো ধরে, পোকা লাগে, মরচে পড়ে যায়।" ভারতী, বৈশাখ, ১৩৩৩।

সেঁধনি, সেঁধুনো, সেঁধানো, সেন্ধুনো [সন্ধি > সান্ধান (সন্ধিগত হওয়া)। গ্রা॰ ব্যবহারে রূপান্তর। সান্ধা, সান্ধান দ্রঃ। সেঁধাই=সেঁধুই (সেঁদুই), সেঁধাও (সেঁধোও, সেঁদোও), সেঁধর (সেঁধোর, সেঁদোর) ; সেঁধইতে (সেঁধাইতে, সেঁধোইতে > ক্ষে॰ সেঁধোতে, সেঁদুতে) ; সেঁধইয়া,

সেঁধাইয়া, সেঁধোইয়া (কো° সেঁধিয়ে, সেঁদিয়ে) ই°] ক্রি, প্রবেশ করা ; ঢোকা।

সেঁধা,-দা [সৈন্ধব >। গ্রা° সন্দোক] বি, সৈন্ধব লবণ।

সেক$_{1}$ [সিচ্ (সেক করা)+অ (ভা°)] বি, সিঞ্চন। "করিনু সলিলসেক তুলিলাম শর।"-অশোক°। "অর্ঘ্য পূজা মানসে সেক দিআ ইন্দ্রর জল।"-শূ° পু°। ~পাত্র-বি, জলসেচনের পাত্র ; সিউনি।

সেক$_{2}$ [ছেঁকা দ্রঃ] বি, উত্তাপ ; (সাধাঃ) গরম জলে বস্ত্রাদি সিক্ত করিয়া নিঙড়াইয়া তার উত্তাপ। "মুখে দিয়ে তাম্বুল সেনের সেকে গাল।"-ঘ°। ~দেওয়া-গরম জলের ভাপ প্রয়োগ করা fomenting. শুক্‌না সেক-বি, শুষ্ক বস্ত্রাদি অগ্নি বা রৌদ্রে গরম করিয়া তার সেক।

সেকম [ফা° শিকম (পেট) > বাং দর্জী-ভাষায়] বি, জামার ঘের ঠিক করিবার জন্য কোমর হতে পেটের মাপ।

সেকরা [স্বর্ণকার >] বি, স্বর্ণকার ; সোনার। স্ত্রীং ~ণী।

সেকাণ্ট [ত্রিকোন° (ক° বিশ্ব° পরিঃ)] বি, ইং secant এর বৈজ্ঞা° পরিঃ।

সেকাল [সে (অতীত, গত) কাল] বি, পূর্ব্বকাল ; প্রাচীনকাল।

সেকেণ্ড$_{1}$ [ইং second এর লিপ্যন্তর] বি, মুহূর্ত্ত ; মিনিটের ৬০ ভাগের একভাগ।

সেকেণ্ড$_{2}$ (-কেঁ-), [shake hand এর লিপ্যন্তর। গ্রা° সেকেন্ ও°] বি, মিলনানন্দসূচক করমর্দ্দন ; সেকহ্যাণ্ড।

সেকে/ন্দর [সেকন্দর, সেকেন্দার, অলোকসুন্দর ; আলেকসন্দ্রাস, অলকসন্দ্রাস ই° বিকৃত লিপ্যন্তরও দৃষ্ট হয়। ফা° সিকন্দর্, গ্রী° আলেক্‌সান্দ্রস্ বা গ্রে° আলেক্‌সাঁদ্র্ > বাং-অলিকসন্দর (সত্যচরণ শাস্ত্রী)। ইং Alexander] বি, ম্যাসিডোনিয়ার রাজা ফিলিপের পুত্র স্বনামপ্রসিদ্ধ গ্রীক সম্রাট। বিণ, ~ন্দরী-সেকেন্দর সম্বন্ধীয়। ২ সেকেন্দর বাদশাহের সময়ের। >~ন্দরী গঁজ-বি, ৩৬ ইঞ্চি মাপের চলিত গজ অপেক্ষা ২ ইঞ্চি অধিক দীর্ঘ গজ (তুল-আকবরী মোহর)। "সেকেন্দরী গজের দেড় গজ ঘোমটা দাও"-দীনবন্ধু°।

সেকেলে [সে-কাল-ইয়া] বিণ, প্রাচীনকালের ; পুরাতন সময়ের। "রাম কালীপদ হরিচরণ, নাম এসব সেকেলে ধরণ।" -দ্বি° রায়। "মনে নাই সে° সে আদর মমতা।"-ফুলরেণু।

সেক্তা [সেক্ত্ ১মা, ১ব°] বিণ, যে সেচন করে। ২ যে সেক দেয়।

সেক্রেটারী [ইং secretary র লিপ্যন্তর] বি, কার্য্যনির্ব্বাহক ; সম্পাদক ; কার্য্যাধ্যক্ষ।

সেখ [আ° শেখ্] বি, হজরৎ মহম্মদ-বংশীয় মুসলমানজাতিবিঃ। ২ মু°পুরোহিত ; ৩ প্রাচীন বা বৃদ্ধ ব্যক্তি। ৪ প্রধান ব্যক্তি।

সেখান [সে (সেই) খান (স্থান >)। গ্রা° বিকারে, সেখেন] বি, সেইস্থান ; সে জায়গা ; তদুক্তস্থান। প্র-সেখানটা ভাল নয়। এখান সে° করা। "সেখেন থেকে রোজ আস্‌তে পারবে?"-উত্তরা, '৩৩। পু° ব° সেহাল। >সেহানে-তথায়। ~কার, সেখানের-অ, সে জায়গার ; তথাকার।

সেখানে [সে-খান (স্থান >)] ক্রি-বিণ, তথায় ; সেইস্থলে।

সেগা [আ° সীগা। আদা°] বি, বিভাগ division ; section, ~ই-দেওয়ানী civil department.

সেগুণ [সং-শাক > হি° সাগবান্, সাগুন] বি, স্বনামপ্রসিদ্ধ সারবান্ বৃক্ষ ; শাকবৃক্ষ (দ্রঃ) the teak.

সেগো, সেঙো [অশ্লীল] বি, শিশ্ন। ২ [গ্রা°] যোনি।

সের্ঘরা [ফা° সে (তিন)-ঘর+আ (যুক্তার্থে)] বি, তিনকামরাযুক্ত ইষ্টক-গৃহ। "তাহার কাছারীর জন্য মালখানগর গ্রামে তিনি এক সে° * * * নির্ম্মাণ করিয়াছিলেন। সেই সেঘরার মধ্য দ্বারের উপরিভাগে তিনখানা বাঙ্গলাভাষায় খোদিত ইষ্টক-ফলক ছিল।"-বিক্রমপুরের ইতিহাস।

সেঙাৎ, সেঙ্গাত [সঙ্গ > সাঙ্গাৎ দ্রঃ] বি, সখা ; সুহৃদ্ ; মিত্র। স্ত্রীং সেঙাতিন, সেঙাতিনী, সেঙাৎনী -সেঙাতের স্ত্রী।

সেঙাতি [স্যাঙাৎ দ্রঃ] বি, বন্ধুবান্ধবগণের সন্তোষার্থ দানের উপযুক্ত দ্রব্য। "সম্ভ্রমে কুমরা চলে সখীর দুয়ার ; ভেট দিয়া সে° সে করে নমস্কার।"-কবিক°। সই সেঙাতি [সহ° দ্বয়] পাতান বন্ধুত্ব।

সেচ [সিচ্ (সেক করা) >] বি, সেচন; জল দ্বারা কৃষিক্ষেত্রাদি আর্দ্রীকরণ। "আর যদি সেচের সুবিধা থাকে তাহা হইলে ঢেঁড়স ও কলার চাষ করাই ভাল।"-আ° শক্তি, ১৩৩৪।

সেচক [সিচ্ (সেক করা)+অক (র্ত্তৃ) যে জল বর্ষণ করে] বিণ, জল-সেককারী।

সেচন [সিচ্ (সেক করা)+অন (ভা°)] বি, সিঞ্চন ; সেক। ২ বর্ষণ। ৩ ক্ষরণ ; নিঃসরণ। ৪ আর্দ্রীকরণ। ৫ তরল বা জলীয় দ্রব্য বা জল কোন আধার বা পাত্র করিয়া তুলিয়া ফেলা বা বাহির করিয়া দেওয়া baling out water. স্ত্রীং সেচনী -সেচনপাত্র ; সিউনি। "প্রযত্ন-সেচনী ধরি বিবেক-বৈরাগ্য-বারি প্রাণপণে প্রতিক্ষণে কর রে সিঞ্চন।"-বাং-গান।

সেচা [সিচ্ (সিঞ্চন করা) >] ক্রি, সেচন করা ; সিঞ্চন করা ; ছিটান। ২ [প্রা°কৃ° ছেঁচা] পুষ্করিণী, টাঙ্কি ই° জলাশয় বা জলাধার হতে জল তুলিয়া ফেলা, ছেঁচিয়া ফেলা ; জল বাহির করিয়া দেওয়া empty of water ; bale out water.

সেচান [শ্যেন >] বি, শ্যেন বা বাজ পাখী। "উড়াইল পায়রাবতে দেবে গগন পথে আসি তাড়া দিলেক সেচান।"-কবিক°।

সেজ$_{1}$ [ফা° সে (তৃতীয়), সং-জ (জাত)] বি, তৃতীয়জাত। ~ছেলে বা মেয়ে-পিতার তৃতীয়জাত পুত্র বা কন্যা। ~দাদা [দ্রুত উচ্চারণে ও কো° সেজ্‌দা] বি, তৃতীয় জ্যেষ্ঠ সহোদর। এইরূপ সেজ্‌দি-বি, জ্যেষ্ঠা তৃতীয় সহোদরা। ~ভাই-বি, তৃতীয় ভ্রাতা। ~বহিন, ~বোন-বি, তৃতীয় ভগিনী। ~বৌ-বি, সেজ ছেলের স্ত্রী। অনাদরে "সেজ্‌কী"। এইরূপ সেজকাকা, সেজ্‌কা ই°।

সেজ$_{2}$, (জা) [গ্রা°] বি, শয্যা।

সেজাতে [সেজা (শয্যা)+ত (=তে)] অ, শয্যাতে। সেজে$_{1}$, সেজে-শয্যাতে।

সেঁজে মোতা-ক্রি, ঘুমন্ত অবস্থায় শিশুর শয্যায় প্রস্রাব করা।

সেজে২ [সাজিয়া > কে°। সাজা দ্রঃ] ক্রি, সাজ করিয়া। ~গুজে-সাজসজ্জা করিয়া ; অলঙ্কার পোষাক আদিতে সুবেশ করিয়া। প্র-সেজে গুজে বেরুলেন।

`সেট [ইং set এর লিপ্যন্তর] বি, এক রকমের কয়েকটি ; একজাতীয় কতকগুলি। "ডায়মণ্ড্ কাটা সোণার বোতাম দিও এক সেট কতই বা দাম ?"-রজনী সেন।

সেটকানি [সিটকান দ্রঃ] ক্রি, কুঞ্চিত করা ; বিকৃত করা ; ভঙ্গী করা।

সেটা-সেই দ্রঃ।

সেটে [সে-স্থান > ঠান > ঠাঁই > ঠি > ঠে= টে] ক্রি-বিণ, তথায় ; সেখানে। "সেটে আছে বনর বাঘ"-মাণিক° গান।

`সেটঠে, সেঠ্‌টে [সেইস্থান > সে ঠান > সে ঠাই >]অ, সে স্থানে ; সেই জায়গায়।

সেঠ-শেঠ দ্রঃ।

সেত [সং-সেত্র (বেড়ী)] বি, জাল ফেলিয়া টানিবার দড়ী।

সেতখানা [আ°, ফা° সিহৎখানা, সেহৎখানা] বি, পায়খানা privy.

সেতা, সেত্তা [সতীত্ব >। গ্রা° নারী-কথ্য] বি, সতীপনা। ২ বিণ, সতী।

সেতার [ফা° সে (তিন)] বি, ত্রিতার-যুক্ত বাদ্যযন্ত্র। সং-নাম-"ত্রিতন্ত্রী বীণা", অধু° পাঁচটি তারযুক্ত। বৃহৎ যন্ত্রে, পাঁচের অধিক তিন চারিটী ক্ষুদ্র ক্ষুদ্র তার যুক্ত হয়। অতিরিক্ত তারগুলির নাম "চিকারী" বা "পার্শ্বতন্ত্রিকা।" [সেতারের ভিন্ন ভিন্ন অবয়বের নাম-খোল (ধ্বনিকোষ, লাউ দ্বারা নির্ম্মিত, প্রায়ই গোল ; কচ্ছপী বীণার খোল চেপ্‌টা)। তিবলী (খোলের উপরিস্থিত চক্রাকার কাঠফলক)। পিস্থি (তবলীর গোড়ায় আবদ্ধ অস্থি বা কাঠাদি খণ্ড যাতে তার সমূহ যুক্ত থাকে)। সঁওয়ারী (তবলীর মধ্যস্থ অস্থিময় চতুষ্কোণ পদার্থ যার এক এক পদার্থের সারি সারি খাঁজের মধ্য দিয়া তারগুলি গিয়া পশ্চিতে বদ্ধ হয়)। মানকা (তারের স্বর উচ্চ নিম্ন করিবার জন্য পশ্চি সন্নিহিত ও সওয়ারীর নিম্নে তবলীর উপরস্থ হস্তিদন্তাদি নির্ম্মিত অংশ যার ভিতর দিয়া নায়কী বা অন্য তার যায়)। নায়্কী (সেতারের জুড়ীর মধ্যম করিয়া বাঁধিবার পাকা লোহার প্রধান তার)। জুড়ী (সেতারের যে দুইটী পিতলের তার সম সুরে বাঁধিতে হয়)। দাণ্ডা (খোল ও তবলীর সহিত যষ্টির মত যে দীর্ঘ শূন্যগর্ভ কাষ্ঠখণ্ড যুক্ত থাকে, ইহার পশ্চাদ্ভাগ প্রায়ই গোল ও সম্মুখভাগ সমতল)। পটরি বা সারিকাস্থান -দাণ্ডার সমতল বা সম্মুখভাগ। পর্দ্দা (পটরির উপর ধাতুনির্ম্মিত যে ১৬ বা ১৭টি পলতোলা রেখা সারি সারি বসান থাকে তাহাদের এক একটি)। আড়ি (পর্দ্দাগুলির অব্যবহিত উপরেই যে দুই কাঠ, ধাতু বা অস্থিফলক-প্রথমখানি অপেক্ষাকৃত উচ্চ এবং যারা সমান্তরালভাবে বসান থাকে)। কাণ (আড়ির পর অস্থি বা কাঠাদি নির্ম্মিত চাবি যাতে তার জড়ান থাকে ও বা ঘুরাইয়া তার টান বা ঢিলা করা যায়। কাণ সাধারণতঃ পাঁচটি, অধিকও হয় ; তন্মধ্যে দুইটি উপরে ও তিন বা অধিক পার্শ্বে সংলগ্ন থাকে)। তান্তবসূত্র (দাণ্ডার পশ্চাতে যে এক একটি তন্তু বা রেশমের সূত্রগুচ্ছ দ্বারা সারিকা আবদ্ধ থাকে)-যন্ত্রক্ষেত্রদীপিকা]। ~ী-বিণ, সেতার বাদক।

সেতু [সং] বি, সাঁকো ; পুল। ২ জলবন্ধ ; বাঁধ। ৩ ক্ষেত্রাদির আলি। ~পতি [দক্ষিণী উচ্চারণে 'সেথুপতি'] বি, রামনাদের রাজাদের উপাধি। ~বন্ধ-বি, ক্ষেত্রাদির আলিবন্ধন। ২ ভারত হতে লঙ্কা পর্য্যন্ত সমুদ্রের উপর সেতুবন্ধন।

সেত্তা-সেতা দ্রঃ।

`সেথা, `সেথায় [সে-স্থান=থা] ক্রি-বিণ, সে স্থানে ; তথায়। সেথাকার -সে স্থানের।

`সেথো [সং-সহিত-সাথ (দ্রঃ)+উয়া =সাথুয়া > কে° সেথো > গ্রা° সেতো] বি, সঙ্গী ; সহচর। ২ যাত্রীর নেতা (যিতঃ পুরী যাত্রীর)।

`সেদে, `সেধে-সাধা দ্রঃ।

`সেদো, `সেধো-সাধুয়া দ্রঃ।

সেন [সং] বি, প্রধান। ২ বীর ; শূর। প্র-ভীম সেন। সউ সেন। ৩ অধিনায়ক। ৪ রাজা ; ভূপ। ৫ সেনা ; সৈন্য। ৬ জাতীয় উপাধিবিঃ।

সেনসর, -সার [ইং censor এর লিপ্যন্তর। মূলে লোক গণনা (census) কারী ও নাগরিকদিগের চরিত্র পরিদর্শক কর্ম্মচারী] বি,পুথিপত্রে বা সাময়িক ও সংবাদ-পত্রে নীতিবিরুদ্ধ বা আইনের দৃষ্টিতে অপরাধ-জনক কিছু প্রকাশিত না হতে পারে তাহার পরীক্ষাকারী রাজকর্ম্মচারী।

সেনা [সং] বি,সৈন্য।~গ্র,সেনাগ্র-ভাগ [সেনা+অগ্র, অগ্রভাগ] বি, হস্ত্যশ্ব রথ পদাতি ই° বলের অগ্রভাগ ; সেনামুখ। ~ঙ্গ [সেনা (র)+অঙ্গ (অবয়ব), ৬তৎ] বি, হস্তী, অশ্ব, রথ ও পদাতিরূপ সৈন্যদলের অঙ্গ বা অবয়ব। চারিটি অঙ্গ পূর্ণ হইলে 'চতুরঙ্গ সেনা' বলে। ~চর-বি, সৈনিক অনুচর ; সেনাদলভুক্ত বা সেনানুগমনকারী ব্যক্তি। ~জীব-বি, সৈনিকের কর্ম্মে জীবিকার্জ্জন-কারী ; সামন্ত। ~ধিপ, ~ধ্যক্ষ, ~নায়ক-বি, সেনাদল পরিচালক ; সেনাপতি। ~নিবাস ~নিবেস-বি, সৈন্য-সন্নিবেশ স্থান সৈন্যদিগের তাঁবু ; শিবির ; ছাউনি। ~পতি-বি, সৈন্যাধ্যক্ষ ; সেনানী দ্রঃ। ~পতিত্ব, ~পত্য-বি সেনাপতির ভাব, পদ, কর্ম্ম বা আচরণ। ~বাস-বি, সৈন্যদিগের বাসস্থান ; শিবির ; ছাউনি cantonment. ~ব্যূহ-বি, আত্মরক্ষা ও আক্রমণ উদ্দেশ্যে সামরিক কৌশলে সেনাবিন্যাস বা সৈন্য স্থাপন। ~মুখ-সেনাগ্রভাগ। ২ ২ হস্তী, ৩ রথ, ৯ অশ্ব ও ১৫ পদাতির সমষ্টি।

সেনাক্ত [ফা° সনাক্ত্] বি, চিহ্নিত।

সেনানিবেস-সেনা দ্রঃ।

সেনানী [সেনা-নী (লইয়া যাওয়া)+ ক্বিপ্ (র্তৃ)] বি, দেবসেনাপতি কার্ত্তিকের। ২ সেনানায়ক ; সৈন্যাধ্যক্ষ।

সেনী [সামাজিক] বি, সাধারণ সৈন্য ও গ্রামবল সংখ্যসূচক উপাধিবিঃ।

সেনীয় [সেন (1) + ঈয়] বিণ. সেনা সম্বন্ধীয়।

সৈনটোনাইন-স্যানটোনাইন দ্রঃ।

সেপত্তনী [ফা° সে (তিন)। গ্রা° ছেপত্তনী] বি, দর-পত্তনীদারের নিকট হতে গৃহীত পত্তনী।

সে-পিনি(নে)রি [ফা° সি > সে (তিন-তিনবারে) পনর। পাশা খেলার ভাষা] বি, তিন পাঁচ পনর।

সেপাই [ফা° সিপাহী] বি, সিপাহী। **নাম কাটা সেপাই**-সৈন্যদল হতে খারিজ করা বা বহিষ্কৃত সৈন্য। লক্ষণায় দল বা সম্প্রদায় হতে বহিষ্কৃত; দলছাড়া (বিদ্রূপার্থে প্রয়োগ)। "বিলাত ফেরত অর্থাৎ ব্রাহ্মণ সমাজের নাম কাটা সেপাই"-ভারতী, ১৩২১।

সেপায়া, ছেপায়া, তেপায়া [ফা° সি (তিন) + পায়া (পদ)। গ্রা° ছেপায়া] বি, তিনটী পায়াবিশিষ্ট কাষ্ঠাধার। সাধারণতঃ যার উপর বড় বড় রন্ধন করিবার হাঁড়ি রাখা যায়।

সেপ্টেম্বর [ইং september এর লিপ্যন্তর। হিং সিতম্বর] বি, ইং বৎসরের নবম মাস; ভাদ্রের আধাআধি হ'তে আশ্বিনের আধাআধি পর্য্যন্ত।

সেফ [সং] বি, শিশ্ন।

সেফালিকা [সং] বি. শিউলী ফুল।

সেফাহী [সিপাহী দ্রঃ] বি, সৈন্য। ২ শাস্ত্রী। "সেফাহীর জমাদার মামুদ জাফর।" -অ° ম°।

সেব-বি, সেউ দ্রঃ।

সেবং [ফা° সে (তিন) বং (বার)] অ, তৃতীয়বার।

সেবক১ [সিব্ (সীবনে) + অক (র্ত্তৃ)] বিণ, সীবনকর্ত্তা; সেলাইকারক। বি, **সেবন**-সীবন; সেলাই।

সেবক২ [সেব্ (সেবা করা) + অক (র্ত্তৃ)] বিণ, সেবাকারী; শুশ্রূষাকারী। ২ ভৃত্য; পরিচারক। স্ত্রীং **সেবিকা** ['সেবকা' ও° (প্র°অ°)] সেবাকারিণী; পরিচারিকা।

সেবকাধম [সেবক + অধম] বিণ, সেবকেরও অধম; নিকৃষ্ট বা হীন সেবক; অতি দীন ভৃত্য; অযোগ্য সেবক।

সেবতী [সং-সেবন্তী, সেবন্তিকা ও°। বাং সেঙতী, সেউতী। প্রা° বাং-সেঅথী। ফা° গুলদস্তী] বি, সেঁউতি গোলাপ; সেউতী ফুল Rosa Moschata.

সেবধি [সেব্ (সেবা) ধা (ধারণ করা) + ই (র্ত্তৃ)] বি, শঙ্খ-পদ্ম-রত্নাদি কুবেরের নিধি।

সেবন [সেব্ (সেবা করা) + অন (ভা°)] বি, উপাসনা; আরাধনা; সেবা। "কত মতে স্বামীর সে° করে তারা"-অ° ম°। "জীব শিব জ্ঞানে শিব সেবনে।"-বাং গান। ২ উপভোগ। ৩ ঔষধাদি পান। ~া-উপাসনা। **~নীয়** [সেব্ (সেবা) + অনীয়] বিণ, উপাস্য; সেবার যোগ্য; সেবার্হ।

সেবনী [সং] বি. সীবনী; সূচী।

সেবমান [সেবা দ্রঃ] বিণ, সেবা করিতেছে এমন; সেবারত।

সেবা১ [সেব্ (সেবা করা) + অ (ভা°)] বি, উপাসনা; আরাধনা; পূজা; অর্চ্চনা। "ভারত ভূতলে যে করে যে বলে সব ঈশ্বরের সেবা।"-অ° ম°। ২ শুশ্রূষা; পরিচর্য্যা। ৩ উপভোগ। ৪ আশ্রয়। ৫ [বৈষ্ণবতন্ত্রে] ভক্ষণ; ভোজন। "বর্দ্ধমানের মহারাজ রঘুনাথকে বলিয়াছিলেন-"ভট্টাচার্য্য, এই কাঁটালটী সেবা করুন, ভট্টাচার্য্য রাজাজ্ঞা লঙ্ঘন করিতে পারিলেন না-সমস্ত কাঁটাল খোসা ভূতুড়ি সমেত উদরস্থ করিলেন।"-ভারতী, ১৩২১। ৬ অনুশীলন। ৭ আজ্ঞা পালন; আদেশ পালন। ৮ [মনু সেবাকে শ্ববৃত্তি অর্থাৎ কুক্কুরের বৃত্তি বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। "সত্যানৃতন্তু বাণিজ্যং তেন-চৈবাপি জীব্যতে। সেবা শ্ববৃত্তিরাখ্যাতা তস্মাৎ তাং পরিবর্জ্জয়েৎ॥" - মনু° ৪।৬] চাকরি। **সেবা করা**-ক্রি, পরিচর্য্যা করা; শুশ্রূষা করা। ২ পূজা করা। ৩ আজ্ঞা পালন করা। ৪ অনুশীলন করা। **~কর্ম্ম, ~কার্য্য**-বি, ঝি-চাকরের কাজ; পরিচর্য্যা। **~দাস**-বি, পরিচারক; ভৃত্য। **~দাসী**-বি, পরিচারিকা; চাকরাণী। ২ [প্রাদে°। তুল-দেবদাসী] বৈষ্ণবী (সেবা ও সম্ভোগ অর্থে)। **~বৃত্তি**-বি, চাকরি। ২ বিণ, সেবা করাই যার বৃত্তি; চাকরিজীবী; চাকুরে। **~ব্রতী**-বিণ, সেবাধর্ম্মী; সেবক। ২ বি, সেবারূপ ব্রত বা ধর্ম্মাচরণ। **~ভৃৎ** [সেবা - ভৃ (পালনে) + °(ক্বিপ্), ত্ আগম] বিণ, সেবা দ্বারা যাদের ভরণপোষণ হয়; সেবক। **ইন্দ্রিয় সেবা**-বি, ইন্দ্রিয় পরায়ণতা; বিলাসভোগ; স্ত্রী-সম্ভোগ; রতি-পরায়ণতা। **উদর সেবা**-বি, ভোজন। **পদসেবা**-বি, পদমর্দ্দন; পা টেপা।

সেবা২ [সেব্ (সেবা করা) >। সেবি, সেব (সেবেন, সেবিস), সেবে সেবেন; সেবিতে; সেবিয়া (কে° পদ্যে-সেবি,গ্রা° সেবে)] ক্রি, সেবা করা দ্রঃ। "সেবে তোমা রতি যথা সেবেন মদনে।"-ব্রজাঙ্গনা।

সেবাইত, সেবাত, সেবাতি-সেবায়ত দ্রঃ।

সেবাতি [সেবাত দ্রঃ] বি, সেবাইত; পূজারী। "পুত্র ভাব ছিল তার ধর্ম্মের সেবাতি"-ধ°।

সেবায়ত [সং-সেবক > সেবা দ্রঃ] বি, দেবমন্দিরের পাণ্ডা; পূজারী।

সেবায়মান [সেবা (দ্রঃ) + আন (র্ত্তৃ)] বিণ, সেবাকারী; শুশ্রূষারত। "সে° কৃতজ্ঞের মুখমণ্ডলের সৌন্দর্য্য-ভাষায় ব্যক্ত করা যায় না"-সনাতনী।

সেবিকা১-সেবক২ দ্রঃ।

সেবিকা২ [বৈদ্যকে] বি, সেওয়াফি; পায়সান্ন প্রস্তুত করিবার জন্য ময়দার লেচী হতে তারের মত করিয়া পাকাইয়া রৌদ্রে শুকাইয়া লওয়া খাদ্যবিঃ।

সেবিত [সেব্ + ত (র্ম্ম)] বিণ, আরাধিত; পূজিত; উপাসিত। ২ ব্যবহৃত। ৩ উপভুক্ত। ৪ আশ্রিত। ৫ রক্ষিত। ৬ অভ্যস্ত। স্ত্রীং ~া।

সেবিতব্য [সেব্ + তব্য, ই আগম] বি, সেবার্হ। ২ আশ্রয়ণীয়।

সেবিতা, সেবিত্ব [সং] বি, সেবা; উপাসনা। ২ আশ্রয়।

সেবী [সং] বিণ, সেবনকারী। ২ সেবাকারী। ৩ তুষ্টিসাধক; তোষামুদে। ৪ ভজনাকারী।

সেব্য [সেব্ (সেবা করা)+য (র্ম্ম)] বিণ, প্রভু ; স্বামী। ২ সেবার যোগ্য ; পূজ্য ; আরাধ্য। "সেই মত শিবাধিক সেব্য নাহি আর।"-শিং। ৩ সেবনীয় ; সেবনযোগ্য। ৪ বত্ন করার যোগ্য। ৫ অনুশীলনযোগ্য। ৬ ব্যবহার্য্য। ~**মান** [সেব্ (সেবা করা) +আন (র্ম্ম), য-ম্ আগম] বিণ, আরাধ্যমান। ২ যা সেবন করা যাইতেছে ; যার সেবা করা হইতেছে।

সেমই-সেমাই দ্রঃ।

সেমতি [প্রা॰ বাং-সেমন্ত > সেমত > সেমতি] বিণ, তদ্রূপ। "আমার পরাণ যেমতি করিছে সে॰ হউক সে।"-চণ্ডিং।

সেমনে [সেমন্ত দ্রঃ] ক্রি-বিণ, সেইমত ; সেইরূপে।

সেমন্ত [এমন্ত দ্রঃ। তৎ > তে=সে (প্রা॰বাং)+বৎ=বন্ত > মন্ত > তেমন= সেমন। প্রা॰ বাং] ক্রি-বিণ, তদ্রূপ ; তদ্বৎ।

সেমন্তী [সং-সেবন্তী >। তামিল-সামন্তিপ্প্] বি, সেঁউতী (দ্রঃ) ফুল।

সেমসেম [ইং same > ? সূত্রধরের ভাষায়] অ, খাঁজে খাঁজে বেমালুম জোড় ; দাগে দাগে ; তক্তায় তক্তায় এমন আঁটিয়া জোড়খাওয়ান, কোথাও ফাঁক না থাকে।

ˋ**সেমাই, সেমই** [সং-সেবিকা > হিং সিমাই, সেবৈঁ > সেমই, সেঁওই >] বি, ময়দার লেচিতে সুতার মত করিয়া ঘৃতে ভাজিয়া ও দুগ্ধে পাক করিয়া প্রস্তুত খাদ্যবিঃ।

সেমাহী [ফাং সে-মাহ+ঈ] বিণ, ত্রৈমাসিক quarterly.

সেমিকোলন [ইং semicolon এর লিপ্যন্তর] বি, কোলন অপেক্ষা অল্প ও কমা অপেক্ষা অধিক সময়ব্যাপি এবং বাক্যাংশ বিচ্ছেদক চিহ্ন।

সেমিজ [ইং chemise এর লিপ্যন্তর] বি, স্ত্রীলোকদিগের শাড়ীর নিম্নে পরিধানযোগ্য গাত্রাবরণবিঃ। "নূতন প্রেমিক কেহ সেমিজেকামিজে রুচি তার।"-চন্দন।

সেয়ঁতী, সেঁউতি, -তী, সেঅথী-সেবতী দ্রঃ।

সেয়াই-সিআই দ্রঃ।

সেয়াকুল [গ্রা॰ সেকুল (সেকুল কাঁটা)] বি, কণ্টকী কুপবিঃ।

সেয়ান, সেয়ানা [সিয়ান দ্রঃ। হিং সয়ান, সয়ানা < সঞ্জ্ঞানঅ < সঞ্জ্ঞানক < সজ্ঞানক] বিণ, চতুর।- "ধর্ম্মকেতু ভায়া সঙ্গে ছিল নানা দেনা। তাহা হৈতে দেখি বাপা বড়ই সেয়ানা॥"- কবিক॰। ২ জ্ঞানবান ; জ্ঞানবতী। ৩বয়স্ক ; বয়স্কা ; সোমত্ত। "মেয়েটা সেয়ানা কিছু চাই" -মানকুমারী। ~**পাগল**-বি(প),যে বাস্তবিক পাগল নয় অথচ কার্য্যোদ্ধারের জন্য পাগলামির ভাণ করে। **সেয়ানায়, সেয়ানে**-অ, সেয়ানাতে ; সেয়ানা দ্বারা ; সেয়ানার সহিত। **সেয়ানে সেয়ানে কোলাকুলি**-যোগ্যের সহিত যোগ্যের মিলন ; যেমনকে তেমনি ; শঠে শঠে ব্যবহার ; কাটে কাটে পাল্লা পড়া ; চতুরে চতুরে আলিঙ্গন বা মিলন।

সেয়ানী [সেয়ান (দ্রঃ) > স্ত্রীং। বিপরীত-অগেয়ানী] বিণ, বয়সন্ধিগতা ; কিশোরী ; সোমত্ত মেয়ে। "শৈশব যৌবন দুহু এক ভেলা। * * * বিদ্যাপতি কহ তুহু অগেয়ানি। দুহু একযোগ ইহকো কহে সে॰॥" -বি॰ প॰। সম্বোধনে-**সেয়ানি**। "পুছইতে কুশল উলটায়বি পানি। বচন না বান্ধবি শুনহ সেয়ানি॥"-বি॰ প॰।

সের১, **সেঁরক** [সং] বি, পরিমাণ বাচক ভার (৪০ সেরে ১ মণ, ১৬ ছটাকে ১ সের)। **সেরকে** [সের করিয়া > ক্ষে॰] অ, প্রতি সের। বিণ, **সেরা**-সের পরিমিত। প্র- আধসেরা। দশসেরা। ২ বি, সের ওজনের বাটখারা।

সের২, **শের** [ফা॰] বি, ব্যাঘ্র। ~**বাব্বর**-বি, সিংহ।

ˋ**সেরা** [সং-শ্রেষ্ঠ >] বিণ, প্রধান। ২ মাথাল। ~**সেরা**-খুব বড় বড় ; খুব ভাল ভাল।

ˋ**সেরেস্তা** [ফা॰ সিরিস্তা] বি, কার্য্যালয় ; অফিস। ২ বিভাগ। ~**দার** [সেরেস্তা +ফা॰ দার] বিণ, কার্য্যালয় পরিদর্শক ; সেরেস্তা রক্ষক। বি, ~**দারি**-সেরেস্তাদারের কার্য্য। ~**দারী**-বিণ, সেরেস্তাদার সম্বন্ধীয়।

ˋ**সেরেফ, স্রেফ** [আ॰ সির্ফ্। বাং গ্রা॰ সেরেপ্] অ, কেবল ; মাত্র ; খালি। "পনেরআনা লোক স্রেফ চক্ষুলজ্জাতেই মরে আছে,"-পাথেয় (কে॰ বন্দ্যো॰)।

সেলাই [হিং সিলাই। সং-সীবন] বি, সীবনকার্য্য। **চণ্ডীপাঠ হইতে জুতা সেলাই পর্য্যন্ত, জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ**-সকল কাজ। "জ্যোতি বাবুদের সে চণ্ডীপাঠ হইতে জুতা সেলাই পর্য্যন্ত প্রায় সমস্তই করিত।"-ভারতী, '২০।

ˋ**সেলাব্বরদার** [আ॰ সিলাহ্ (অস্ত্র)+ ফা॰ বর্দার্ (বাহক)] বি, অস্ত্রবাহক।

সেলাম, সালাম, স্লাম [আ॰ সলাম্ (কুশল, শান্তি)। গ্রা॰ বাং স্যালাম] বি, মুসলমানদিগের নমস্কার বা অভিবাদনসূচক উক্তি good morning. **সে আলেকুম্** [তুল-সং-"শান্তিরস্তু"] বি, আপনার কুশল হউক বলিয়া অভিবাদন good morning **সে॰ ঠুকা, -ঠোকা** -ক্রি, কপালে হস্ত স্পর্শ করিয়া সেলাম করার ভাব হতে বিদ্রূপে। "সেই যৌবনের ঋষি জার্ম্মান সন্তানকে সেলাম ঠুকিয়া * * *।" -বি, সরকার। সে॰ ঠোকার শাব্দিক অর্থ হতে "**সেলাম বাজানো**"-কাজের গরজে বা মৌখিক বা লোকদেখান বিনয়, শিষ্টাচার প্রদর্শন করা। **দূর থেকে সেলাম করা**-বি, দূর থেকে নমস্কার করা। ২ [ব্যঙ্গে] দুর্জ্জনের নিকটে না আসা বা দূরে থাকা।

সেলামৎ [আ॰ সলম্ (শান্তি) >] বি, শান্তি। ২ মঙ্গল। ৩ স্বাস্থ্য। ৪ মুক্তি।

সেলামি, সেলামী [আ॰ সলাম্ >] বি, নজর ; উপহার ; উপঢৌকন। "সেলামী দিলেক সবে চতুর্গুণ তার"- অ॰ ম॰। ২ [জমী॰ পরিঃ] জমী জমা খরিদ বিক্রয়কালে বা ভাগানুমতি পত্র গ্রহণকালে জমিদারকে যে অর্থ বা উপঢৌকন দেওয়া হয় ; নজরানা। "সেলামী বাঁশগাড়ী নানাবাবে বত কড়ী না লইব গুজরাট বাসে।"- কবিক॰। **আক্কেল সেলামী**-বি, বুদ্ধির অভাবে ক্ষতিগ্রস্ত হইয়া বা ঠকিয়া আক্কেল

লাভ করার মূল্য : নির্ব্বুদ্ধিতার দণ্ড। তুল-ঝকমারীর মাশুল।

সেলুলয়েড [ইং celluloid এর লিপ্যন্তর] বি, ছানা আলু ইং হতে প্রাপ্ত একপ্রকার নকল কাঁচকড়ার ন্যায় দ্রব্য। অধুনা ছাতার বাঁটের মুখে, চুড়ী, ঘড়ির কেস ইং-র জন্য ব্যবহার হয়।

সেলেখানা [আ° সিলাহ্ (অস্ত্রশস্ত্র) + ফা° খানা (আগার)] বি, অস্ত্রাগার arsenal. "দুর্গানামের দুর্গ গেঁথে রেখেছি মা সে°। তাতে গুলি গোলা সকল তোলা ভক্তি অস্ত্র আছে শানা॥" -রা° প্র°।

সেলেট, শ্লেট [ইং slate এর লিপ্যন্তর] বি, কোমল পাথরে প্রস্তুত লিখন-পট্ট। ~-পেনসিল, শ্লেট পেন্সিল -বি, সেলেটে লিখিবার সেলেট পাথরে নির্ম্মিত লেখনী।

সেলেন্দা-সিলন্ধ দ্রঃ।

সেলেরবিন্ধী [জমী° পরিঃ] বি, পত্তনীর পাট্টা ও কবুলিয়ত লেখা পড়ার পূর্ব্বে গ্রহণ কর্ত্তার নাম স্বাক্ষরিত মুসাবিদা।

সেসন [ইং sessions এর লিপ্যন্তর] বি, ফৌজদারী মামলার নিষ্পত্তির জন্য বিশিষ্ট বিচারপতির অধীনে বিচার সভার অধিবেশন। এইরূপ বিচারপতির নাম ~জজ (sessions judge) এবং তাঁর কাছারির নাম ~কোর্ট বা ~আদালৎ [Sessions Court] দায়রা দ্রঃ।

সেসি [সে হি দ্রঃ। অতি প্রা° বাং-র সহি (সং-সএব), প্রা° বাং-র (১৭ শতাব্দী) -সেসি। প্রা° বাং-র "সি"=হিন্দী ও ব্রজ° "হি"=আধু° বাং "ই" (তুল-ভৈলেসি= হইলেই-বৌ° গান ও দোহা)] স, সেই ; সেইসে। "যাকে যার অভিরুচি সেসি তারে ভায়ে।"-গোপালবিজয়, দৈবকীনন্দন (বং সা° পরিচয়)।

সেস্ত [দর্জ্জীভাষা] বি, ঘাড়ের অব্যবহিত নিম্ন বা স্কন্ধ সন্ধিস্থল হতে কটি-দেহের সহিত পৃষ্ঠের সন্ধিস্থল পর্য্যন্ত।

সেহ, সেহো [সে-হ (নির্দ্ধারণে)। ক্ষে° সেও] ক্রি-বিণ, সেই। "সেহ ঠাঁই এক্ষণে সেই রাশি ডুবেছে"-হেম°। "বেণ্যানী কহয়ে হিয়ার ভিতরে বড় ধন আছে সেহ।"-চণ্ডি°। ২ [প্রা° বাং-র "ও" স্থলে "হ" যোগ] স, সেও ; সে ব্যক্তিও। ৩ [বস্তু অর্থে প্রায়ই সেটাও] সে বস্তুও; তাহাও। "সেহো দোষ" (=সে দোষও)-শ্রী° কী°। "সেহো পথে" (=সে পথেও)-ঐ।

সেঁহলা [শৈবাল দ্রঃ] বি, সেওলা। "স্রোতের সেহলার' মত মাগো ফিরিতেছি ভেসে।"-বাং গান।

সেহা [ফা° সিয়াহা account book] বি, খাজনা আদায়ের দৈনিক হিসাব। ২ প্রজার খাজনা আদায়ের হিসাব পুস্তক। সেহা কঁরা-সেহা বহিতে হিসাব লেখা। ~নবিস,-নবীস, -নবীশ-বিণ, যে কর্ম্মচারী সেহা বহিতে হিসাব লেখে ; খাজনা আদায়ের হিসাব রক্ষক। ~বহি-বি, উক্ত হিসাবের খাতা বহি।

সেহাই [ফা° সিয়াহি] বি, কালী।

সেহি [সে-হি (নিশ্চয়ে), পদ্যে। ক্ষে° সেই (দ্রঃ)] স, সেই। "সেহি অস্ফুট দল কলিকা বিমল মৃদু বিচলিত পবনে"-বি° চ° মজুমদার।

সেহো-সেহ দ্রঃ।

সৈ-সই১ দ্রঃ।

সৈংহ [সিংহ + অ (সম্বন্ধার্থে)] বিণ, সিংহ সদৃশ; কেশরী তুল্য। ২ সিংহ সম্বন্ধীয়।

সৈংহল [সিংহল + অ (তস্য ইদমর্থে)] বিণ, সিংহল দেশজ বা সম্বন্ধীয়। স্ত্রীং সৈং-হলী-সিংহল দেশজাত। ২ সিংহলের।

সৈংহিক, সৈংহিকেয় [সিংহিকা + ইক, অ (অপত্যার্থে)] বি, সিংহিকাসুত ; রাহুগ্রহ।

সৈকত [সিকতা (বালুকা) + অ (সম্বন্ধার্থে)] বি, সিকতাময় তট ; পুলিন। ২ বিণ, বালুভূমি ; সিকতাবান্। ~চর, -চারী-বিণ, নদী বা সমুদ্র সৈকতে বিচরণ-শীল; পুলিনবিহারী ~পুলিন-বি, সিকতা-ময় তট।

সৈকতিক [সিকতা (বালুকাভূমি) + ইক (সংসৃষ্টার্থে)] বি, বৌদ্ধ সন্ন্যাসী। ২ বিণ, শ্রমজীবী। ৩ সংশয়জীবী।

সৈকতিল [সিকতা (বালুকা) + ইল (যুক্তার্থে)] বিণ, সিকতাময় ; বালুকাবিশিষ্ট।

সৈতবাহিনী [সং] বি, বাহুদা নদী।

সৈতান [আ° শৈতান > হিং সয়্তান, ইং Satan] বি, শয়তান দ্রঃ। "মাংস হেতু যুদ্ধ করে সৈতানে সৈতানে"-কবিক°।

সৈদ্ধান্তিক [সিদ্ধান্ত + ইক (জ্ঞাতার্থে, সম্বন্ধার্থে)] বিণ, সিদ্ধান্তজ্ঞ ; সিদ্ধান্ত সম্বন্ধীয়। ২ তান্ত্রিক (হে°)।

সৈনা/নীক [সং] বিণ, যোদ্ধ সেনা-যুক্ত। ~ন্য-বি, সেনানীর ভাব।

সৈনাপত্য [সেনাপতি + য (ভা°)] বি, সেনাপতির পদ। ২ [+ য (র্ম্ম)] সৈন্যাধ্যক্ষতা : সেনাপতির কর্ম্ম। ৩ [+ য (সম্বন্ধার্থে)] বিণ, সেনাপতি সম্বন্ধীয়।

সৈনাহুল [হিং শঙ্খাহুলী] বি, শঙ্খ-পুষ্পী ; ডানকুনী। "মালতী মধুকর বাড়িয়াল সৈ°"-শ্রী° কী°। [দ্রঃ-হিং শব্দসাগরে শ (স)ঙ্খাহুলী পর্য্যায়ে দেশী নাম 'কৌড়ি-য়ালা'। এই কৌড়িয়াল স্থলে বাড়িআল হয় নাই ত ?]।

সৈনিক [সেনা + ইক (স্বার্থে)] বি, সৈন্যদল-ভুক্ত ব্যক্তি ; যোদ্ধ্ পুরুষ। ২ প্রহরী। ৩ সেনারক্ষক। ৪ বিণ, সেনা সম্বন্ধীয়। ~পুরুষ-বি, যোদ্ধ্ পুরুষ; সৈন্য military man ; soldier.

সৈন্ধব [সিন্ধু (সমুদ্র) + অ (নিবাসার্থে)] বি, সমুদ্রোৎপন্ন লবণ। ২ সিন্ধুদেশজাত ঘোড়া। "আনিয়াছে বাজ? তুর্কী আর তাজ? সয়াজী সৈন্ধব সেরা।"-কর্ম্মদেবী। ৩ বিণ, সমুদ্রজাত ; সাগরোৎপন্ন। ৪ সিন্ধু-দেশোৎপন্ন। স্ত্রীং ~বী-বি, রাগিণীবিঃ। ২ বিণ, সিন্ধুদেশ সম্বন্ধীয় ; সিন্ধী। ৩ আর্ণব ; সাগর সম্বন্ধীয়। ~ক (-ব-) বিণ, সিন্ধুজাত।

সৈন্ধবারণ্য [সৈন্ধব (সিন্ধুদেশস্থ ?) + অরণ্য] বি, মহাভারতোক্ত বনবিঃ।

সৈন্ধী [সং] বি, খেজুর বা তালাদিরস-জাত মদ্য ; তাড়ী।

সৈন্য [সেনা + য (স্বার্থে)] বি, যুদ্ধকামী অস্ত্রধারী পুরুষ; সেপাই soldier. ~পরি-চালন (1), ~সঞ্চালন-বি, সেনা-দলকে সামরিক প্রথায় চালিত করণ ;

কুচ করা। ~সমাবেশ-সেনাব্যূহ রচনা। ~সামন্ত-বি, সৈন্যদল এবং অধীন রাজগণ বা প্রধান প্রজাসমূহ।

সৈন্যাধ্যক্ষ [সৈন্য+অধ্যক্ষ] বি, সেনানায়ক; সেনাপতি।

সৈবাল-শৈবাল দ্রঃ।

সৈমন্তিক [সীমন্ত (কেশবীথী, সিঁদুর দিবার স্থান)+ইক (সম্বন্ধার্থে)] বি, সিঁদুর।

সৈয়দ [আঃ] বি, মুসলমান ধর্ম্মপ্রবর্ত্তক হজরৎ মহম্মদের দৌহিত্র হুসেনের বংশধরদিগের উপাধি। ২ মান্যব্যক্তি; প্রধান ব্যক্তি। ৩ মুসলমান সম্প্রদায়বিঃ।

সৈরন্ধ্র [সৈর (ইচ্ছামত) ধৃ (ধারণে) +অণ্ (নিপাতনে)] বি, কৃষক; চাষা। স্ত্রীং ~ী, সৈরিন্ধ্রী-বি, শিল্প কর্ম্ম-দক্ষা পরগৃহস্থিত স্ববশা শিল্পকারিণী। "তাঁরে কব সৈরন্ধ্রীর কর্ম্ম আমি জানি।"-মহাং(কাশীং)।

সৈরভ (-র-) [গ্রাং] সৌরভ দ্রঃ।

সৈরিক [সীর (লাঙ্গল) + ইক (সংসৃষ্টার্থে)] বিণ,লাঙ্গল সম্বন্ধীয়। ২ বি, লাঙ্গলিয়া; চাষা। ৩ হেলে গরু।

সৈরেয় [বৈদ্যকে] বি, শ্বেতঝিণ্টী।

সো [হিং। সংস্কৃ-সঃ=সো। ব্রজং,বাং পদং সাং] স,সে। ২ তাহা; সেই। ৩ ঈদৃশ। ৪ তাহাকে। ৫ তাদৃশ; সেইরকম। ~অ-সেই। ~ই,-ঈ-সেই (বৌংগান ও দোহা)।

সোআগী-সোহাগী দ্রঃ।

সোআথ,-থি,সোয়াথ [সং-স্বস্তি >প্রাং সোয়াত্তি > সোয়াতি,-থি > সোয়াথ। গ্রাং বাং পদং সাং] বি, স্বস্তি; শান্তি। "না পাও সোয়াথ"-শ্রীং কীং। "চিত্তে হউক সোয়াথ"-ঐ। সোই-স, সেই। "সোই নয়নে অব লোর তরঙ্গ" -বিং পং।

সোঁ [অনুং] অ, বায়ু সঞ্চলন শব্দে; অনুকার শব্দে। ~সোঁ-বায়ু ক্রমাগত বেগে বহিবার শব্দে।

সোঁঅরা, সোঁউরা, সোঁএঁরা [স্মরণ > স্মরা > সুমরা >। সোঁঅরি, সোঁঅর, সোঁঅরে; সোঅরিতে, সোঁঅরিয়া (ক্ষেং সোঁঅরি)] ক্রি, স্মরণ করা। সোঁঅরি-স্মরণ করি। "আমি সোঁঅরি তোর নেহে"-শ্রীং কীং। সোঅরিহঁ-স্মরণ করি। "সোঁঅরিহ বড়ারি আক্ষার বানী।"-ঐ।

সোঁকা [সং-শিঙ্ঘ্ > শোঁকা (দ্রঃ)] ক্রি, আঘ্রাণ করা।

সোঁটা, সোটা [সং-যষ্টি > হিং] বি, যষ্টি; লাঠী। "শিবের সাক্ষাতে বল সে মারিবে সোঁটা"-শিং

সোঁৎ [সং-স্রোত] বি, স্রোত। "গোঁৎ করে সোঁৎ ঠেলে ভাটি গাং ছেড়ে"-ঈংগুপ্ত। ২ [অনুং। এই অর্থে গ্রাং চোঁৎ] অ, সড়াৎ; সুড়ুৎ; অতি দ্রুতগতি গড়াইবার ভাব বা শব্দ।

সোঁত [সং-সমস্ত > সোম (তুল-সোমবৎসর) =সোঁত] বি, সমস্ত; সমুদয়; সারা। প্র-সোঁত মাস; সোঁত বছর।

সোঁদা [সং-সৌগন্ধ > সোঁদ+আ (যুক্তার্থে)] বি, দগ্ধ বা শুষ্ক মৃত্তিকার জল পড়িতে যে সুগন্ধ বাহির হয়। ২ পচাগন্ধ।

সোঁদাল [সং-স্বর্ণালু >, অথবা, ফল বৃহৎ কঠিন শুঁটী বা সোঁটার মত বলিয়া 'সোঁটাল' পরে সোঁদাল?] বি, যষ্টির মত লম্বা কঠিন দল সোণালী রঙ্গের ফুল-বৃক্ষবিঃ cursia fistula.

সোঁপল [সমর্পণ >। ব্রজং-সমপল >ক্ষেং] ক্রি, সমর্পণ করিল। "বিধি বড় দারুণ বধিতে রসিক জন সোঁং তোহার নয়নে।"-বিং পং।

সোঁপলু-সমর্পণ করিলাম। "শুন শুন সুন্দর কানাই। তোহে সোঁপলু ধনী রাই॥"-বিং পং।

সোঁপা-সুঁপা দ্রঃ।

সোঁসর [সং-সদৃশ >প্রাকৃং সরিসো >] বিণ, সদৃশ; তুল্য; সমান। "এইরূপে হরিহোড় পেয়ে ধনবর। ধনে ধান্যে পরিপূর্ণ কুবের সোঁং॥"-অং মং। ২ অবলম্বন; আশ্রয়। "বিদ্যানাম সোঁং দোসর নাই সাতে। কথার দোসর মাত্র শুক পক্ষী হাতে॥"-অং মং।

সোঁউরা, সোঁএঁরা-সোঁঅরা দ্রঃ।

সোঁউরি [সং-স্মৃ (স্মরণ করা) >। স্মরি > সমরি = সঙরি > সোঙরি] অস-ক্রি, স্মরণ করিয়া; মনে করিয়া। "কানন করয়ে আলো কপালের ছাঁদে। সোঙরি তাহার রূপ প্রাণ মোর কাঁদে॥"-কবিকং। "কহই বিদ্যাপতি সোঙরি চরিত। সোসব গণইতে ভেলি মুরছিত॥"-বিং পং।

সোজা [সং-সম্মুখ > প্রাকৃং সমুজ্ঝ > হিং সোঝ (1) > বাং সোজা] বিণ, অবক্র; ঋজু; সরল। প্র-সোজা পথ। ২ অকুটিল; সরল প্রকৃতি; সাদাসিধা। ভাল মানুষ। প্র-মনে রেখো সে বড় সোজা ছেলে নয়। ৩দোরস্ত; শাসিত; সংশোধিত। ৪ সহজসাধ্য। প্র-সোজা কাজ। ৫ সহজ বোধ্য; সহজে বোধগম্য। প্র-কথাটার মানে খুব সোজা। ৬ বি, যে বা যা কিছু সোজা; সরল বস্তু বা ব্যক্তি। "বাঁকার কোলে সোজা।" -(বঙ্গবাণী, ১৩৩৩)। ৭ সরলতা; সরলভাব; ঋজুতা; ঋজু অংশ বা স্থল। প্র-ওর সোজা যে কোনখানে তা জানি না। সোজাকে আর বাঁকাও কেন? ৮ [লক্ষং] সংশোধন। সোং করা,-করে দেওয়া -ক্রি, সংশোধন করা; দোরস্ত করা; শাসনে সৎপথে আনা। সোং হওয়া-সংশোধিত হওয়া। "চেন না আমারে শমন চিনলে পরে হবে সোজা।"-বাং গান। ~সুজি, ~সোজি [সহং দ্বন্দ্ব] অ, ঠিক সোজা।

সোঝা [হিং সুঝনা] ক্রি, ঠাওর হওয়া; দৃষ্টিগোচর হওয়া। প্র-খুব ঠাহর করিয়া না দেখিলে চোখে সোঝে না।

সোটা-সোঁটা দ্রঃ।

সোডা [ইং soda র লিপ্যন্তর] বি, সর্জ্জিকাক্ষার। ~ওয়াটার-বি, সর্জ্জিকা-ক্ষারযুক্ত জল soda water.

সোঢ়া [মুং সোঢ়্। সহ্ (সহ্য করা) >] বিণ, সহনশীল; তিতিক্ষাযুক্ত; সমর্থ enduring

সোণা, সোনা [সং-স্বর্ণ > বাং প্রাকৃং সন্ন > হিং সোনা > গ্রাং বাং-সুনা। বাং-র যাবতীয় স্বর্ণশব্দজ যৌগিক শব্দের সোণ(ন)া-দুই প্রকার রূপই প্রচলিত]

বি,সুবর্ণ ধাতু: কাঞ্চন। ~কীড়ী -বি, অতসী ফুল ও গাছ। >বনসোণা-কীড়ী-বি, বন্য অতসী (গ্রাঃ কীঃ)। ~কষা-ক্রি, বি, সোণার মূল্য নির্দ্ধারণার্থ কষ্টিপাথরে ঘষিয়া দেখা। ২ নির্দ্দিষ্ট দরে সোনার মূল্য নির্দ্ধারক গাণিতিক প্রক্রিয়াবিঃ। ~খিড়কী, ~খিড়িকা, ~খিড়কে-বি, গায়ে সোনার মত ক্ষুদ্র ক্ষুদ্র ডোরা কাটা ক্ষুদ্র মৎস্যবিঃ। সোঃ গালানি-বি, ক্রি, আগুনের উত্তাপে সোনা তরল করা। ~চাঁপা-বি, স্বর্ণচাঁপা ফুল। ~দানা-বি, সোনার গহনা পত্র: স্বর্ণালঙ্কারাদি। ~পাত [স্বর্ণপত্র > প্রাঃ] বি, সোনার পাতা। ২ সোনামুখী (দ্রঃ)। সোনা বাহিরে আঁচলে গিরে-অঞ্চলের নিধি বাহিরে থাকিতে দিয়া অঞ্চলে বৃথা গ্রন্থি দেওয়া। ~ভস্ম-বি, স্বর্ণ পুড়াইয়া ভস্ম হওয়া। ~মুখী-বিণ, সুন্দর মুখবিশিষ্টা [> পুং~মুখ, ~মুখো]। ২ [হিং সন্নামকী। বাং-র সোনাপাত ওঃ। প্রাঃবাং-সোনামুকি। সং -আবর্ত্তকী। ইং cassia senna] বি, কোকণদেশজ বিরেচন গুণযুক্ত কাঞ্চনাদি বর্গের তিক্তাস্বাদ লতাবিঃ। ~মুগ [স্বর্ণবর্ণ হেতু নাম] বি, পীতবর্ণ মুদ্গ কলাই। কাঁচা সোনা-বি, বিশুদ্ধ অমিশ্র স্বর্ণ (কোমল বলিয়া কাঁচা)। গিনি-সোনা-বি, গিনি দ্রঃ। পাকা-সোনা-বি, খাদ-হীন স্বর্ণ; বিশুদ্ধ স্বর্ণ। মেকি-সোনা-বি, সোনা বলিয়া ভ্রম জন্মে এরূপ ধাতু; জাল সোনা। সোনায় সোহাগা-বি,সোহাগা যোগে স্বর্ণ সহজে গলিয়া যায় > লক্ষঃ শুভ সংযোগ। ২ [লক্ষঃ] যা শুভ বা সুন্দর তার অনুকূল বস্তুর মিলনে উৎকর্ষতা। সোনার অঙ্গ-বি, স্বর্ণবর্ণ দেহ; বরাঙ্গ। সোনার কাঠি রূপার কাঠি [গল্পের সোনা রূপার কাঠির স্পর্শ লক্ষণায়] মরণ বাঁচনের উপায় স্বরূপ। সোনার গহনা-বি, স্বর্ণালঙ্কার। সোনার জল-বি, স্বর্ণবর্ণে রঞ্জিত করিবার রাসায়নিক জল; রসান দ্রঃ। সোনার পাত-বি, সোনার অতি সূক্ষ্ম পত্র। সোনার পাথর বাটী [বিদ্রূপে] যা অসঙ্গত ও অসম্ভব। সোনার বরণ,-বর্ণ-বি, স্বর্ণবৎ পীতবর্ণ: স্বর্ণ চম্পকের বর্ণ। সোনার বেণে-বি, সুবর্ণ বণিক্‌। সোনার যাদু-বি, আদরের নাম; সোহাগের সম্বোধন। সোনার লঙ্কা-বি, স্বর্ণময় লঙ্কাপুরী। ২ ঐশ্বর্য্যের আগার। সোনার সংসার-বি, সকল সুখ ও ঐশ্বর্য্যের গৃহস্থালী।

সোণা(না)র [সং-স্বর্ণকার] বি, স্বর্ণকার; সেকরা। "সই মদন সোণারে না চিনে সোণা সোণা যে বলিয়া পিতল আনিয়া গড়ি দিল যে গহনা।"-পদাবলী। স্ত্রীং~নী।

সোণালী সোণালি, সোনালি [স্বর্ণ+বালী (স্বর্ণ বা তদ্বর্ণ যুক্তার্থে)। হিং সুনহরী, সুনহরা, সুনহলা। ল=র। >] বিণ, স্বর্ণময়; সুবর্ণমণ্ডিত। "মাতা ভগ্নী কন্যা জায়া। মায়ার সোনালি কায়া॥"-মহিলা। ২ স্বর্ণবর্ণবিশিষ্ট। "সোণালী রংয়ের জ্বলন্ত কিরণ সেই মেয়েটির চাঁপা ফুলের মত শরীরের উপর পড়িয়া তাহার চারিদিকে যেন একটা জ্যোতি বিচ্ছুরিত করিয়া ধরিয়াছিল।"-ভারতী, ৩৬শ বর্ষ। ৩ সোনার পাত। ৪ সোণা রঙের জরী।

সোণ্না [স্বর্ণ (সোনা)+উন্নয়ন+আ (স্ত্রী)=সর্ণোন্নয়না >] বি, স্বর্ণকারের চিমটা।

সোত [সং-স্রোত] বি, স্রোত; প্রবাহ। "সোতের সেওলা ভাসাইয়া কালা কাটিলা প্রেমের ডোর।" -চণ্ডিঃ। "ভুলে মরতের পথে ভাসিয়া আসিয়া সোতে"-কস্তুরী।

সোৎকণ্ঠ [স (সহিত)+উৎকণ্ঠা (উদ্বেগ) যার, বহুঃ] বিণ, উদ্বিগ্ন; উৎকণ্ঠাযুক্ত।

সোৎপ্রাস [স (সহিত)+উৎ-প্র-অস্‌ (হওয়া)+অ (ভাঃ)=উৎপ্রাস (অতি উদ্যম) যাতে, বহুঃ] বি, শ্লেষবাক্য; ঈষদ্ধাস্যযুক্ত কথা। ২ বিণ, বৃদ্ধিযুক্ত। ৩ পরিহাসযুক্ত (বাক্য)।

সোৎসব [স+উৎসব] বিণ, উৎসববিশিষ্ট; উৎসবের সহিত।

সোৎসাহ [স+উৎসাহ] বিণ, উৎসাহযুক্ত। ~তা-বি, উদ্যম; উৎসাহের ভাব। ক্রি-বিণ, সোৎসাহে-উৎসাহের সহিত; উদ্যম পূর্ব্বক। "মাথা নাড়িয়া সোৎসাহে সায় দিল"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

সোৎসুক [স+উৎসুক] বিণ, সাগ্রহ; উৎকণ্ঠিত। ২ [এই অর্থে সোৎসুক ওঃ ('এ' অতিরিক্ত] ক্রি-বিণ, ঔৎসুক্যের সহিত; উৎসুকতা সহকারে; উৎকণ্ঠিত হইয়া। "গিন্নি ভাঁড়ারঘরে ছিলেন ;-স্বামীর ডাকে বঁটি তরকারী ফেলিয়া সোৎসুকে দালানের দিকে ছুটিলেন।"-ভারতী, ১০২।

সোৎসেধ [স+উৎসেধ] বিণ, উৎসেধযুক্ত; উচ্চতাসহ। ২ উচ্ছ্রায়বৎ।

সোদক [সহ=স+উদক] বিণ, সজল।

সোদর [স (সমান)+উদর (মাতৃগর্ভ) যার, বহুঃ। সহোদর দ্রঃ] বি, এক গর্ভজাত ভ্রাতা; সহোদর ভাই। ২ সাক্ষাৎ; আপন। "সোঃ ভাগিনা হৈঞা হেন তোর কাজ"-শ্রীঃ কীঃ। স্ত্রীং ~া-সহোদরা ভগিনী।

সোদরীয় [সোদর+ঈয়] সহোদর। স্ত্রীং ~া-সহোদরা।

সোদর্য্য [স (সমান)+উদর (মাতৃগর্ভ) যার=সোদর+য (স্বার্থে)] বি, সহোদর। স্ত্রীং সোদর্য্যা-সহোদরা।

সোদ্ধার [স+উদ্ধার] ক্রি-বিণ, উদ্ধার সহকারে; উদ্ধারের সঙ্গে সঙ্গে।

সোদ্বেগ [স+উদ্বেগ] বিণ, উদ্বেগযুক্ত। >ক্রি-বিণ, সোদ্বেগে-উদ্বিগ্ন হইয়া; উদ্বেগ সহকারে।

সোদ্যম [স+উদ্যম] বিণ, উদ্যমশীল; উদ্যমযুক্ত। ২ ক্রি-বিণ, উদ্যম সহকারে। এই অর্থে সোদ্যমে ওঃ।

সোদ্যোগ [স+উদ্যোগ] বিণ, উদ্যোগশীল; উদ্যোগী।

সোনা-সোণা দ্রঃ।

সোনাবাসো [মঃ বাং] বি, চরকার সূতায় প্রস্তুত বস্ত্রবিঃ। এই সকল কাপড়ে জামা তৈয়ার হইত। এই কাপড় এক থানে ২০ হাত করিয়া থাকিত।

সোন্দানি [প্রাঃ সেঁদুনো। সন্ধান দ্রঃ] ক্রি, প্রবেশ করা। "সাত দিয়া সাত জনা গর্জ্জিয়া সোন্দাইল।"-মাণিকঃ গান।

সোন্ধা [সং-সৌগন্ধ >] বিণ,

সুগন্ধযুক্ত। "সোয়া সুকুঙ্কুম, কর্পূর চন্দন আনিল মুখাশিকড়।"-চণ্ডি°।

সোয়া [সং-সন্দংশ >। সোয়া দ্রঃ] বি, স্বর্ণকারের চিম্‌টা।

সোন্মাদ [স (সহিত) + উন্মাদ (বাতুলতা) যার, বহু°] বিণ, উন্মাদগ্রস্ত; পাগল।

সোপকরণ [স+উপকরণ] বিণ, উপকরণ সমন্বিত; উপকরণের সহিত।

সোপকার [স+উপকার] বিণ, সানুগ্রহ; কল্যাণাত্মক; উপকার পূর্ব্বক।

সোপক্রম [স+উপক্রম] বিণ, প্রারম্ভযুক্ত; সোদ্যোগ; সচেষ্ট।

সোপচয় [স+উপচয়] বিণ, বৃদ্ধিযুক্ত; উন্নতিশীল।

সোপচার [স+উপচার] বিণ, সেবার উপকরণ সহ; পূজার সামগ্রী সমন্বিত; সোপকরণ।

সোপদ্রব [স+উপদ্রব] বিণ, উপদ্রবযুক্ত; উৎপাতী; দৌরাত্মিক।

সোপধ [স+উপধা] বিণ, শব্দের অন্তবর্ণের সমীপবর্ত্তী বর্ণ বা উপধার সহিত বর্ত্তমান penultimate. ২ [এই অর্থে সোপাধিক ও°] উপাধিযুক্ত।

সোপপত্তি, -ক [স+উপপত্তি, +ক (স্বার্থে)] বিণ, সপ্রমাণ; সসিদ্ধান্ত; মীমাংসাযুক্ত।

সোপপদ [স+উপপদ] বিণ, সম্মানজনক উপাধিযুক্ত। ২ উপপদ সমাসযুক্ত।

সোপপ্লব [স(সহিত)+উপপ্লব (রাহু) যার, বহু°] বিণ, রাহুগ্রস্ত চন্দ্র অথবা সূর্য্য।

সোপবাস [স+উপবাস] বিণ, কৃতোপবাস; উপবাসী।

সোপম [স+উপমা] বিণ, উপমাযুক্ত; তুলনাত্মক।

সোপরদ্দ [ফা° সুপুর্দ্‌। প্রা° সুপরদ্দ, সুপুরুদ্দ, সোপোরোদ্দো] বি, বিচারার্থে সমর্পণ। "সরোজিনী দাসী এখানে উপস্থিত নাই, থাক্‌লে হাকিমকে ফৌজদারী সোপরদ্দ ক'রতে বল'তুম।"

সোপসংহার [স+উপসংহার] বিণ, সমাপ্তিসহ। > ক্রি-বিণ, **সোপসংহারে** -উপসংহারের সহিত; সমাপ্তি সহকারে।

সোপসর্গ [স+উপসর্গ] বিণ, উপসর্গ বিশিষ্ট বা যুক্ত। ২ ক্রি-বিণ, উপসর্গ সমেত; উপসর্গ লইয়া।

সোপহাস [স+উপহাস] বিণ, উপহাসের সহিত; সপরিহাস, বিদ্রূপাত্মক।

সোপাদান [স+উপাদান] বিণ, সোপকরণ; নির্ম্মাণোপযোগী সমবায়ী কারণ সম্বলিত।

সোপাধিক [স(সহিত) উপাধি যার, বহু°। ক যোগ] বিণ, উপাধিবিশিষ্ট।

সোপান [স (সহিত)+উপ (উর্দ্ধে) +অন্ (গমন করা)+অ (ণে)] বি, সিঁড়ী; আরোহণী (দ্রঃ)।

সোর্বন [স্বর্ণ-সুবর্ণ > স্বণ্ণ, সুবণ্ণ > সোবন্ন >] বি, স্বর্ণ; সোণা। ২ বিণ, স্বর্ণময়; সুবর্ণনির্ম্মিত। "সো° বাণ্ঠী পত্নী রূপসী রাধিকা।"-শ্রী° কী°।

সোবর্ণিক [সুবর্ণ+ইক (নির্ম্মিতার্থে, সম্বন্ধে)] বিণ, সুবর্ণ-নির্ম্মিত; স্বর্ণসম্বন্ধীয়।

সোবে [সুবা দ্রঃ] বি, সন্দেহ।

সোভা, সভা [সং-শোভা > ভ্রং। প্রা° বাং] বি, ছটা; বিম্ব; জ্যোতির্ম্মণ্ডল; সূর্য্য বা চন্দ্রমণ্ডল। "দূর স (সো) ভা নিকট জল"-খনা। "চাঁদের শোভার মধ্যে তারা"-ডাক। ২ শোভা। "পিঁড়াঅ সভা করে সুনার কলস"-শূ° পু°।

সোভাবেহি [সং-সর্ব্বতোভাবে > ভ্রং। মৈ°, পদ° সা°] ক্রি-বিণ, সর্ব্বতোভাবে। "ও নিজভাব সো° বিসরল"-বি° প°।

সোম, সোমন্ [সু (প্রসব করা)+ম, মন্ (র্ত্তৃ)] বি, চন্দ্র। ২ বসুবিঃ। ৩ [স (সহিত)+উমা যার, বহু°] মহাদেব; শিব। ৪ যম। ৫ কুবের। ৬ বায়ু। ৭ পর্ব্বত। ৮ বানরবিঃ। ৯ বারবিঃ। ১০ সোমলতা। ১১ জল। ১২ অমৃত। ১৩ কর্পূর। ১৪ [বৈদিক] সুরা। "অনন্তর ক্ষত্রিয়ের হস্তে সুরাপূর্ণ কাংশপাত্র স্থাপন করিবে * * অহে সোম অতিশয় স্বাদু ও মাদক তোমার ধারা দ্বারা এই যজমানকে পূত কর; তুমি ইন্দ্রের পানের জন্য অভিষুত হইয়াছ"। ১৪ সুরা হ'তে পৃথক্ পানীয়; সোমলতার রস। "অহে সুরা ও সোম তোমাদের জন্য দেবগণ পৃথক্‌রূপে স্থান কল্পনা করিয়াছেন...তুমি তেজস্বিনী সুরা; আর ইনি রাজা সোম; তোমরা আপন আপন স্থানে প্রবেশ কর * * *।" "এই মন্ত্রে সোমপান ও সুরাপান উভয়কে পৃথক্ করা হইতেছে, ঐ সুরাপানের পর যে ব্যক্তিকে আপনার রাতি (ধনদাতা, মিত্র। অরাতি দ্রঃ) বলিয়া মনে করিবে তাহাকেই পানের পর অবশিষ্ট সুরা দান করিবে। ইহাই (এইরূপে উভয়ে মিলিয়া একপাত্রে সুরাপান) মিত্রত্বের অনুকূল; এতদ্বারা ঐ সুরাকে পানান্তে মিত্রেই প্রতিষ্ঠিত করা হয় ও পানকারী ও মিত্রে প্রতিষ্ঠিত হন।" ১৫ [সৌম্যস্তু সুন্দরে সোমদৈবতে"-অমর°। "* * * মনোজ্ঞে সোমদৈবতে"-হে°] বিণ, রমণীয়; সৌম্য; মনোজ্ঞ; সুন্দর। **~রস**-সোমলতার রস। **~ক্ষয়** [সোমের (চন্দ্রের) ক্ষয় হয় যে সময়ে, বহু°] বি, অমাবস্যা। **~গিরি**-বি, উত্তর সমুদ্রস্থিত অলঙ্ঘ্য পর্ব্বত। ২ [রামা° মতে] উত্তর সীমান্তে অবস্থিত পর্ব্বত; ইহা দেবাদিদেব শঙ্করের আলয়। **~জ** (-ঝ-) [সোম (চন্দ্র) হতে জ (উৎপন্ন)] বিণ, চন্দ্রোদ্ভূত; চন্দ্রজাত। ২ বি, বুধগ্রহ। ৩ গজ। ৪ দুগ্ধ। **~তীর্থ** [সোম (চন্দ্রের)-তীর্থ (পুণ্যস্থান), ৬তৎ] বি, ভারতের পশ্চিমপ্রদেশস্থ তীর্থবিশেষ; প্রভাসক্ষেত্র। **~দর্শন**-বিণ, সৌম্যদর্শন; সুদৃশ্য; দেখিতে সুন্দর। **~ধারা** [সোমের (চন্দ্রের) ধারা (যে ধারণ করে)] বি, অন্তরীক্ষ; আকাশ। **~নাথ**-বি, শিব।

সোমপ, সোমপা, -পায়ী, -পীতী, -পীথী [সোম (সোমলতার রস) প, ই° (যে পান করে)] বি, যজ্ঞীয় সোমরসপানকারী। **~পান**-বি, যজ্ঞাবসানে সোমরস পান। **~পুতিকা** [সং] বি, পুতিকরঞ্জ লতা; ইহা সোম লতার অভাবে ব্যবহৃত হইয়া থাকে। **~বংশ**-বি, চন্দ্রবংশ। **~বন্ধু** [সোম (চন্দ্র) হইয়াছে বন্ধু যার, বহু°] বি, সূর্য্য। ২ কুমুদ পুষ্প। **~বার** [সোম (চন্দ্রের) বার]

বি, রবিবারাদিক সপ্তাহের দ্বিতীয় দিন Monday. ~যাগ [সোম-যাগ (যজ্ঞ)] বি, সোমরস পানাঙ্গক বর্ষত্রয় সাধ্য যজ্ঞবিশেষ। ~যাজী [সোম (সোমরস)-যজ্ (যাগ করা) +ইন্ (র্তৃ)=সোমযাজিন্ ১মা, ১ব০] বি, সোমযাগকারী। ~রাজ [সং-সোমরাজী] বি, বাকুচী। ~রাজী [সোম (চন্দ্র) রাজ্ (দীপ্তি পাওয়া) + ইন=সোমরাজিন্ ১মা, ১ব০] বি, সোমরাজ দ্রঃ। কালজীরার মত বীজপ্রসূ শাকবিশেষ ; বাকুচী দ্রঃ। ~লতা [সোম (চন্দ্র) লতা। যার ১৫টী পত্র কৃষ্ণ ও শুক্লপক্ষে চন্দ্রকলার সঙ্গে সঙ্গে হ্রাস বৃদ্ধি প্রাপ্ত হয়] বি, আকন্দ পুষ্পবৎ পুষ্পদ পত্রহীন ক্ষীরী লতাবিঃ। ~সিদ্ধান্ত-বি, চন্দ্র-প্রণীত জ্যোতিষ গ্রন্থবিঃ। ২ শৈবমতাবলম্বী পণ্ডিতবিঃ। ~সিন্ধু-বি, নারায়ণ। ~সুৎ -বিণ, সোমযাজী। ~সুতা-বি, নর্ম্মদা নদী। ~সূত্র [সং] বি, জলনির্গম স্থান।

সোমিত্ত-সমত্ত দ্রঃ।

সোমোদ্ভবা [সোম (চন্দ্র) হ'তে উদ্ভব (উৎপত্তি) যার, বহুং, +আ (স্ত্রীং)] বি, নর্ম্মদা নদী।

সোয়াতি [সং-স্বস্তি। ব্রজ০] বি, সোয়াস্তি ; চিত্তস্থৈর্য্য ; শান্তি। "জনম অবধি না পাই সোয়াতি কাঁদিয়া মরি যে নিতি।"-চণ্ডি০।

সোয়াথ [স্বস্তি > সোয়াস্তি > সোয়াথি > সোয়াথ। তুল-ফা০ সেহৎ=স্বাস্থ্য] বি, সুস্থতা ; স্বাস্থ্য ; চিত্তের শান্তি ; স্বস্তি। "রহিতে সো০ নাহি নৌতুন লেহ।" -বি০ প০। "সো০ না পায় মনে।"-পদরত্না-বলী। "সো০ না পাঙ"-চৈ০ চ০।

সোয়াদ [সং-স্বাদ > হি০-র অনুকরণে। ব=ওয়। মু০ বাং-র-হোয়াদ, ক্ষোয়াদ (চট্টল০ প্রাদে০)] বি, স্বাদ। "লহনার বোলে সাধু না পাল্য সোয়াদ।"-কবিক০। ২ অভিপ্রায়; ইচ্ছা ; সাধ। "বাপের বাড়ী যাইতে সো০ কও সত্য করিয়া"-মৈ০ গী০।

সোয়ামী [সং-স্বামী > হি০ উচ্চারণ-গত বানানে। য়=ওয়] বি, স্বামী ; ভর্ত্তা।

সোয়ার [ফা০ সবার্ > হি০ আসওয়ার বা সং-অশ্বারোহী >] বি, অশ্বারোহী সেনা ; সাদি। "ভোজপুরে সো০ বোঁদেলা শত শত।"-অ০ ম০। বিণ, সোয়ারী-আরোহণযোগ্য ; আরোহীর উপযোগী। প্র-সোয়ারী গাড়ী। ২ বি, যানবিঃ ; পাল্কী ; ডুলি (মৈ০ গী০)।

সোয়ারা [সোয়ার(দ্রঃ) + আ (পদ্যে। হি০ অনুকরণে মাত্রা স্বরূপ)] বি, অশ্বারোহী; সওয়ার। "পয়দল কর্ণবল ভূতল টলমল সাজল দলবল অটল সোয়ারা।"-অ০ ম০।

সোয়ারি [হি০সবারী] বিণ, আরোহী; যানাদিতে আরোহণকারী। "নব বাবুরা ঐ সো০ দেখিবামাত্র দৌড়ে গিয়ে চারিদিকে ঘেরিয়া ফেলিল" -টেকচাঁদ। ২ আরোহণ। "সোয়ারির অশ্ব আনে গমনে বাতাস।" -অ০ ম০।

সোয়াল [সওয়াল দ্রঃ] বি, প্রশ্ন। ২ বাদী প্রতিবাদীকে আদালত যে প্রশ্ন করেন। "সাক্ষিগণের প্রতি অনেক সো০ হইয়াছিল।" -নীলদর্পণ। ~জবাব-বি, প্রশ্নোত্তর।

সোয়াসা, সোয়াঁসা [স্বর্ণ > সোনা > সোআঁ + সা (সদৃশ) >] বি, স্বর্ণ ও স্বর্ণ সদৃশ তামার মিশ্রণজাত ধাতু ; স্বর্ণবর্ণ মিশ্রধাতু।

সোয়াস্তি [সং-স্বস্তি >] বি, চিত্তের স্থিরতা ; স্বস্তি ; শান্তি। "শয়নে সো০ নাই বিরাম নিদ্রায়।"-হেম০। "খাইতে সো০ নাই নাহি টুটে ভুক্।"-চণ্ডি০। "সুখের চেয়ে সো০ ভাল"-প্রবাদ।

সোয়েম [ফা০] বিণ, তৃতীয়। ২ অ, তৃতীয়তঃ।

সোর [শোর দ্রঃ] বি, কোলাহল ; গোল। "বাসাড়ে বাসিন্দে বেওয়া বেশ্যা করে সোর।" -হেম০। ~গোল-বি, কোলাহল ; গণ্ডগোল ; গোলমাল ; চেঁচা-মেচি ; হাঁকাহাঁকি ; চীৎকার। "আমাদের পাল্কীগুলা হঠাৎ থামিয়া গেল, বেহারাগণ সোরগোলে নিস্তব্ধ প্রদেশ ধ্বনিত করিয় তুলিল।"-দী০ রায় (মহিমময়ী)।

সোরপোষ [ফা০ সরপোষ] বি, ডালা ; ঢাকনা। ২ পাত্রাদির আবরণ থালা তসতরী ই০-র ঢাকা দিবার সূতী বা উর্ণানির্ম্মিত রুমাল ; খুঞ্চিপোষ।

সোরা১ [সং-সর্জ্জিকাক্ষার। ফা০ শোরা] বি, ক্ষারবিশেষ ; যবক্ষার ; ইং nitre এর বৈজ্ঞা০ পরিঃ।

সোরা২ [সং-সুরঙ্গ > সোরঙ্গ > সোরোং, সোড়োং, অথবা ফা০ সুরাখ্ > সোরাখ > ক্ষে০। তুল-হি০ সোরী (ক্ষয়-প্রাপ্ত বর্ত্তনাদির ছিদ্র)। যশো০ খুলনা প্রাদে০] বি, গাছে কাটের যে অংশ নষ্ট হইয়া খোল হইয়া যায় ; খোড়ল। ২ [২৪ পরগণা, থাপা অঞ্চলে] খাল।

সোরাই [ফা০ সুরাহি] বি, গলা সরু লম্বা ও পেট-মোটা মাটির জলপাত্র ; কুঁজা।

সোলঙ্গ, সোলোঙ্গা, সোলুঙ্গে -সরু দ্রঃ।

সোলা [শোলা দ্রঃ] বি, সচ্ছিদ্র লঘু ও কোমল কাষ্ঠ। "আমি প্রদীপ তেল চক্মকি সোলা সকলি আনিয়া রাখিয়াছি"-মৃণালিনী। "পলায় বাঙ্গাল ভাই ফেলাইয়া সোলা।"-কবিক০। ~কচু-বি, সোলার ন্যায় সচ্ছিদ্র ও লঘু কচুবিঃ।

সোলুণ্ঠ, সোল্লুণ্ঠ, সোল্লুণ্ঠন [স (সহিত) + উল্লুণ্ঠ, -ন (পরিহাস) যাতে, বহুং] বি, ঈষদ্ধাস্যযুক্ত বাক্য ; পরিহাসযুক্ত বাক্য। ২ [অলং] ব্যাজস্তুতি।

সোলে [আ০ সল্হ্, সলাহ্] বি, আপোষে নিষ্পত্তি compromise. ~নামা -বি, আপোষে নিষ্পত্তি-সূচক পত্র deed of compromise.

সোসর [সং-সদৃশ বা সমস্তর >] বিণ, তুল্য ; সমান। "নৃপতি-সেনারে বীর করিছে উত্তর। তোহার বেটার সনে হইল সো০॥" -কবিক০ "যমদূত দোসর সো০ কেহ যম"-ম০। "সেই সর্ব্বশ্রেষ্ঠ তার নাহিক সো০"-চৈ০ ভা০। ২ সহায়ক ; সাহায্যকারী। "একলা জিনয়ে সভে কেহ নহে সো০"-মহা০ (বিজয়০)।

সোসরি [সোসর (দ্রঃ) + ই, ব্রজ০] বিণ, সোসর ; সদৃশ। "কেশরী সো০ মাঝারি অঙ্গ। ত্রিবলী যৌবন জনি তরঙ্গ॥"-জ্ঞান০।

সোহই [শোভা > সোহা। মৈ০] ক্রি, শোভা পায়। "হরসির সোহই"-মৈ০পদ০সা০।

সোহং, সোঽহং [সঃ + অহং, সঃ= সো + অহং, অ লোপ করিয়া সোঽহং (অ

লুপ্ত ইহা বুঝাইবার জন্ত 'হ' ঐই চিহ্ন)] অ, ব্রহ্ম ও আমি অভিন্ন। মতান্তরে-ব্রহ্ম আর আমি (জীব)। ~ভাব-উক্ত সংস্কার।

সোহঁন [শোভন >] বি, শোভন। স্ত্রীং সোহঁনা, সোহঁনী, সোহিনী।

সোহঁরৎ, -ত-শহরৎ দ্রঃ।

সোহাগ [সং-সৌভাগ্য >] বি, আদর ; অতি স্নেহ। "সোহাগ তরঙ্গ রাশি অঙ্গখানি দিবে গ্রাসি।"-রবী°। "বল মা আমি দাঁড়াই কোথা * * * মার সোহাগে বাপের আদর এ দৃষ্টান্ত যথা তথা।"-রা°প্র°। বিণ, সোহাগিয়া।

সোহাগা [সং-সৌভাগ্য > হিং সুহাগা] বি, ক্ষারবিঃ ; টঙ্কণ borax. সোনায় সোহাগা-সোণা দ্রঃ।

সোহাগী [গ্রা° সোআগী। সোহাগ (দ্রঃ) স্ত্রীলিঙ্গে। পদ্যে কোমলার্থে-সোহাগিনী] বিণ, আদরিণী ; সোহাগ-প্রাপ্তা। ২ বি, সৌভাগ্যবতী স্ত্রী ; সুভগা নারী। "সোহাগী মরিল পুড়ি হরিহোড় লয়ে।"-অ°ম°। "আইসহ শ্যামসোহাগিনী" -চণ্ডি°। "রাজার সাধের সোহাগিনী"-ঐ। ৩প্রিয়া। পুং সোহাগিয়া, সোহাগে [গ্রা° সোয়াগে] বিণ, সোহাগকারী। ২ সোহাগপ্রাপ্ত।

সোহায়ল [শোভা > নামধাতু-শোভায়ল। ভ=হ] ক্রি, শোভা করিল। "বদন সোহায়ল শ্রমজল বিন্দু। মদন মোতি লেই পূজল ইন্দু।"-বি° প°।

সোহিনী [শোভিনী >। শোভা= সোহা। হিং সোহাবনী] বি, শোভিনী ; শোভাবতী ; সোহাগিনী। "নব নাগরী নাগর মোহিনী। রূপ নিরূপম সো°।"-ভারত°। "হেরত শ্যাম ভরম কাঁতি বুঝি আয়ল সো°।" -গোবিন্দ°। ২ রাগিণীবিঃ।

সোহেলা [হিং] বি, উৎসবকালীন আনন্দগীতি।

সৌকর্য্য [সুকর+য (ভা°)] বি, সুবিধা ; সুসাধ্যতা।

সৌকুমার্য্য [সুকুমার (অতি মৃদু)+য (ভা°)] বি, সুকুমারতা ; কমনীয়তা ; মার্দ্দব। ২ যৌবন।

সৌক্ষ্ম্য [সূক্ষ্ম+য (ভা°)] বি, সূক্ষ্মের ভাব ; সূক্ষ্মতা।

সৌখিন, সৌখীন, শৌখিন [আ° শৌকীন্ (সখযুক্ত)] বিণ, রসজ্ঞ। ২ বাসনাযুক্ত ; অভিলাষযুক্ত। ৩ বিলাসী। "যাহারা সৌখিন ভাই, কিন্তু হাতে পয়সা নাই, তারা নেয় গিল্‌টি কিনিয়া"-চন্দন। বি, সৌখীনতা।

সৌখ্য [সুখ+য (স্বার্থে)] বি, সুখধারা।

সৌগর্ত [সুগত (বুদ্ধ)+অ (সম্বন্ধার্থে)] বি, বৌদ্ধ ; নিরীশ্বরবাদী।

সৌগতিক [সুগত (বুদ্ধ)+ইক] বি, বৌদ্ধ সন্ন্যাসী। ২ সন্ন্যাসী ব্রাহ্মণ। ৩ ঈশ্বরে অবিশ্বাস। ৪ সন্দেহ।

সৌগন্ধ, সৌগন্ধ্য [সুগন্ধ+অ, য (স্বার্থে)] বি, সৌরভ ; সদগন্ধ ; সুবাস। ~পুট, ~পুটিকা [সৌ° -পুট, -পুটিকা] বি, সুগন্ধদ্রব্য রাখিবার কৌটা ; গন্ধদ্রব্যাধার ; আতরদান ই° scent-box.

সৌগন্ধিক [সু (মনোহর) গন্ধ (ঘ্রাণ) +ইক (যুক্তার্থে)] বি, গন্ধবণিক্ ; সুগন্ধ দ্রব্যব্যবসায়ী। ২ নীলোৎপল। ৩ কহ্লার। ৪ পদ্মরাগমণি। ৫ গন্ধক।

সৌগাত (৫)-সওগাত দ্রঃ।

সৌচি, সৌচিক [সূচী (ছুঁচ)+ই, ইক (জীবিকার্থে)] বি, দরজী ; সূচী-কর্ম্মকারী।

সৌজন্য [সুজন+য (ভা°)] বি, ভদ্রতা ; সুজনতা ; শিষ্টাচার ; সদাচরণ।

সৌজাত্য [সুজাত+য (ভা°)] বি, সুজনন ; সুপ্রজনন ; জন্মের উৎকর্ষ্য। ~বিদ্যা-বি, শ্রেষ্ঠ সুন্দর সন্তান জনন-বিদ্যা ; সুপ্রজনন-বিদ্যা Eugenics.

সৌতি [পু°] বি, ব্যাসশিষ্য পুরাণবক্তা সূত ; লোমহর্ষণ মুনির পুত্র ; উগ্রশ্রবা।

সৌত্র, সৌত্রিক [সূত্র+অ, ইক] বিণ, সূত্র সম্বন্ধীয়। ২ সূত্রানুযায়ী। ৩ [ব্যা°] ধাতুবিঃ।

সৌদাগর, -রি, -রী-সওদাগর দ্রঃ।

সৌদামিনী [সং। সৌদামিনী ও°, বাং-র বিরল ব্যবহার] বি, বিদ্যুৎ ; বিজলী ; তড়িৎ। "সৌ° ঘন সনে ভ্রমে সদানন্দ মনে"-ব্রজাঙ্গনা। "সেজেছ শ্যাম-জলদের বামে রাধে! সৌ°"-দাশরথি°।

সৌদায়িক [সুদায় (যৌতুক, ধন)+ ইক] বিণ, পিতামাতা অথবা স্বামীর নিকট প্রাপ্ত স্ত্রীধন।

সৌদাস [পু°] বি, ইক্ষ্বাকুবংশীয় স্বনাম-প্রসিদ্ধ রাজা। মহর্ষি বশিষ্ঠশাপে যিনি কল্মাষপাদ নামে রাক্ষসে পরিণত হইয়াছিলেন।

সৌধ [সুধা (চূণ)+অ] বি, প্রাসাদ ; ইষ্টকাদি নির্ম্মিত ভবন ; হর্ম্ম্য ; সুধা-ধবলিত গৃহ। ~কিরীটিনী-বিণ, সমুচ্চ প্রাসাদ-বহুলা ; শুভ্র উচ্চ প্রাসাদ চূড়াশ্রেণী বিরাজিতা ; সৌধ যে নগরীর কিরীট স্বরূপ। "চারিদিকে শোভিল কাঞ্চন-সৌধ-কিরিটিনী লঙ্কা-মনোহরা পুরী!"-মেঘ°। ~চূড়া, ~শিখর -বি, প্রাসাদ-চূড়া। ~ধবল-বিণ, সুধা-ধবলিত ; চূণকাম করা। ~ময়-বিণ, চূণকাম-করা ; সুধাধবল। "ঘর বাড়ী নগর সকল সৌধময়।"-ঘ°। ~মালা -বি, শুভ্র প্রাসাদশ্রেণী।

সৌনন্দ [সং] বি, বলরামের মুষল।

সৌন্দর্য্য [সুন্দর+য (ভা°)] বি, সুন্দরতা ; শোভা। ২ [নাট্য শা°] অঙ্গাভিনয়বিঃ। উপরনীচে দৃষ্টিপাত ও দেহ ঈষৎ নত করণ (কারণ দর্শাইবার স্থলে নৃত্যে ভ্রমরকর প্রদর্শন করিয়া)। অভিনয় দ্রঃ। ~গর্ব্ব-বি, রূপের গৌরব ; রূপের গরব বা অহঙ্কার। > বিণ, সৌন্দর্য্যগর্ব্বিত। ~ভার, ~সম্ভার-বি, রূপরাশি। ~মত্ত-বিণ, রূপগর্ব্বিত। ২ রূপে আসক্ত ; রূপবিহ্বল। ~ময়-বিণ, সুষমাপূর্ণ ; শ্রীমান ; রূপসম্পন্ন। > স্ত্রীং ~ময়ী। ~হীন-বিণ, অসুন্দর ; বিশ্রী ; কুৎসিত ; কদর্য্য। "কলিকাতার সৌন্দর্য্যহীন সংকীর্ণ গলি পথের * *।"-উত্তরা, পৌষ, '৩৩।

সৌপর্ণ [সুপর্ণ (গরুড়)+অ (স্বার্থে)] বিণ, সুপর্ণ সম্বন্ধীয়। ২ বি, পক্ষীশ্র ; গরুড়। ৩ মরকত মণি।

সৌপর্ণেয় [সুপর্ণা (বিনতা)+এয় (অপত্যার্থে)] বি, বিনতানন্দন ; গরুড়। ২ গায়ত্র্যাদি ছন্দ। ৩ মরকত মণি। ৪ বিণ, সুপর্ণ সম্বন্ধীয়।

সৌপ্তিক [সুপ্ত (নিদ্রা, নিদ্রিত)+ ইক (সম্বন্ধার্থে)] বি, মহাভারতের অষ্টাদশ পর্ব্বের অন্যতম। ২ নিশা-রণ ; রাত্রির যুদ্ধ। ৩ বিণ, সুপ্ত সম্বন্ধীয়।

সৌবর [স্বর+অ (সম্বন্ধার্থে)] বিণ, স্বরসম্বন্ধীয়।

সৌবর্গ [স্বর্গ+অ(ষ্ণ, সম্বন্ধার্থে)] বিণ, স্বর্গীয়। ২ বি, দেবতা ; সুর।

সৌবর্চ্চল [সুবর্চ্চল (দেশবিঃ)+অ (সম্বন্ধার্থে)] বি, সচল লবণ ; সোরা।

সৌবর্ণ [সুবর্ণ (সোনা)+অ (বিকারার্থে)] বিণ, স্বর্ণনির্ম্মিত ; কাঞ্চনময়।

সৌবস্তিক [স্বস্তি (মঙ্গল)+ইক (সম্বন্ধার্থে)। ব=উব] বি,পুরোহিত ; যাজক। ২ স্বস্তিবাচক ; মঙ্গলপাঠক। ৩ বিণ, হিতকারক।

সৌবাত [সুবাত+অ (স্বার্থে)] বিণ, সুবাতযুক্ত।

সৌবিদ-সুবিদ দ্রঃ।

সৌবীর, সৌবীর্য্য [সুবীর (দেশ) +অ, য (স্বার্থে)] বি, সিন্ধুনদের সন্নিকটস্থ দেশ। ২ [সংজ্ঞার্থে-অ, য] কুল ; বদর।

সৌবীরক [সং] বি, অঞ্জনবিঃ ; সৌবীরাঞ্জন। ২ বি, কুল গাছ।

সৌবীরসার [বৈদ্যকে] বি, স্রোতোঞ্জন ; কাল সুর্ম্মা black antimony.

সৌবীরাঞ্জন [সং] বি, অঞ্জনবিঃ ; শ্বেত সুর্ম্মা white antimony.

সৌব্রত্য [সু+ব্রত+য (ভা॰)] বি, সুব্রতের ভাব।

সৌভ [সং] বি, নৃপতিবিঃ। ২ রাজা হরিশ্চন্দ্রের পুরী।

সৌভদ্র, সৌভদ্রেয় [সুভদ্রা (কৃষ্ণ-ভগিনী)+অ, এয় (অপত্যার্থে)] বি, সুভদ্রাকুমার ; অভিমন্যু।

সৌভরি [পু॰] বি, স্বনামখ্যাত মুনিবিঃ। ইনি দীর্ঘকালের তপস্যাবলে আত্মজ্ঞান লাভের পর সংসারধর্ম্মে প্রবৃত্ত হন, এবং বহুকাল বহু সন্তানসন্ততি পালন ও সুখৈশ্বর্য্য ভোগের পর পুনরায় সংসার ত্যাগ করিয়া তপস্যারত হন।

সৌভাগিনেয় [সুভগা+ইনেয় (অপত্যার্থে)] বি, সুভগার পুত্র ; সৌভাগ্যবতীর তনয়। স্ত্রীং সৌভাগিনেয়ী।

সৌভাগিন্য [সু+ভগিনী+য] বি, ভগিনীদিগের মধ্যে পরস্পর প্রীতি বা সদ্ভাব বা সৌহৃদ্য ; সুভগিনীত্ব। "সৌভ্রাত্র এবং সৌ॰ ইহারা নিত্য সম্বন্ধ। এ সম্বন্ধের রক্ষায় পবিত্রতা সাধন হয়, আত্মগৌরবের কোন কারণই হয় না ; ইহা রক্ষা না করায় পবিত্রতার হানি হয় এবং লোকনিন্দাও জন্মে।"-ভাই ভগিনী প্রবন্ধ(ভূদেব॰)।

সৌভাগ্য [সুভগ (ভাগ্যবান্)+য (ভা॰)] বি, শুভাদৃষ্ট। ২ যোগবিঃ। ৩ সৌন্দর্য্য ; শোভা। ৪ প্রিয়ত্ব। ~ক্রমে -ক্রি-বিণ, সৌভাগ্যোদয়ে ; শুভাদৃষ্টযোগে। ~বলে, ~বশতঃ, ~বশে-ক্রি-বিণ, সৌভাগ্যক্রমে ; অদৃষ্ট সুপ্রসন্ন হওয়ার জন্য বা কারণে ; সুকপালজোরে। ~বান্-যার ভাগ্য সুপ্রসন্ন ; সৌভাগ্যযুক্ত। > স্ত্রীং ~বতী। ~রবি, ~সূর্য্য [সূর্য্যোদয়ে সুখোদয়ের ভাব হ'তে লক্ষ॰] বি, সমুজ্জ্বল ভাগ্য বা শুভাদৃষ্ট ; অদৃষ্টের প্রসন্নমূর্ত্তি। ~লক্ষ্মী-বি, সৌভাগ্যের অধিষ্ঠাত্রী দেবী। ~শালী-বিণ, সৌভাগ্যবান্। > স্ত্রীং ~শালিনী।

সৌভিক [সং] বি, বাজীকর ইন্দ্রজালিক।

সৌভ্রাত্র [সু (উত্তম)+ভ্রাতৃ+অ (ভা॰)] বি, ভ্রাতৃগণের পরস্পর প্রীতি সুভ্রাতৃত্ব।

সৌমনস্য [সুমনস্ (প্রীত)+য (ভা॰) বি, সন্তোষ ; প্রসন্নতা। ২ ভালবাসা।

সৌমিত্র, সৌমিত্রি [সুমিত্রা+ অ,ই (অপত্যার্থে)]বি, সুমিত্রা-তনয়; লক্ষণ "কহ সৌমিত্রিরে তুমি পশিতে নগরে নির্ভয়ে"-মেঘ॰। ২ শত্রুঘ্ন।

সৌমেধিক [সু (শ্রেষ্ঠ) মেধা (ধারণাবতী বুদ্ধি)+ইক (যুক্তার্থে)] বি, সিদ্ধজ্ঞানসম্পন্ন ব্যক্তি। ২ সিদ্ধ তাপসাদি। ৩ বিণ, উত্তম-মেধাবিশিষ্ট।

সৌম্য [সোম (চন্দ্র)+য (অপত্যার্থে)] বি, চন্দ্রতনয় ; সোমপুত্র ; বুধগ্রহ। ২ বিপ্র। ৩ [নাট্য শা॰] অঙ্গাভিনয়বিঃ ; নৃত্যারম্ভকালে মস্তকের স্থিরভাব। অভিনয় দ্রঃ। ৪ বিণ, সুদৃশ্য ; মনোজ্ঞ; কমনীয়। ৫ শান্ত। ৬ প্রসন্ন। ৭ নিপুণ ; দক্ষ। ~ভাব-বি, প্রশান্তভাব ; ধীর গম্ভীর ভাব। ~মূর্ত্তি-বি, ধীর গম্ভীর বা প্রশান্ত মূর্ত্তি ; প্রিয়দর্শন আকৃতি; সুন্দর চেহারা।

সৌম্যাকৃতি [সৌম্য < আকৃতি]বি, প্রশান্ত মূর্ত্তি ; সুন্দর মূর্ত্তি।

সৌর [সুর (সূর্য্য)+অ (অপত্যার্থে বা সম্বন্ধার্থে বা উপাসক অর্থে)] বি, সূর্য্যতনয় ; যম। ২ সূর্য্যোপাসক। ৩ বৈবস্বত মনু। ৪ শনি। ৫ বালী। ৬ সুগ্রীব। ৭ বিণ, সূর্য্য সম্বন্ধীয়। ~কর, ~কিরণ-বি, সূর্য্যরশ্মি ; রৌদ্র। ~করলেখা-বি, সূর্য্যের কিরণমালা ~করোজ্জ্বল [সৌরকর (দ্বারা)+উজ্জ্বল, ৩তৎ] বিণ, সূর্য্যকিরণোদ্ভাসিত : রৌদ্রে সমুজ্জ্বল। > স্ত্রীং ~া। ~চিকিৎসা-বি, রৌদ্রতাপ দ্বারা রোগমুক্ত করার প্রণালী ; রৌদ্রস্নান sun-bath. ~জগৎ-বি, সূর্য্য এবং গ্রহ উপগ্রহাদির মণ্ডল। ~দিবস [জ্যো॰] বি, ক্রান্তিবৃত্তের এক অংশ গমন করিতে সূর্য্যের যে সময় লাগে ~মাস [জ্যো॰] এক রাশির সঙ্ক্রমণ কাল ; চান্দ্রদিবস (মানসী, ১৩১৯) ; এক রাশিতে সূর্য্য যতদিন অবস্থান করে ততদিনে এক সৌরমাস হয়। "রাশিচক্র ৩৬০ অংশে এক এক রাশিতে ও ৩০ ভাগে বিভক্ত। সূর্য্যের এই ৩০ অংশ ভোগাত্মক কালই এক এক সৌরমাস"-বিশ্বকোষ। ~সংবৎসর-বি, সূর্য্যের দ্বাদশ রাশি ভোগাবচ্ছিন্ন কাল ; যে কালে সূর্য্য বার্ষিকী গতি দ্বারা মেষাদি দ্বাদশ রাশি ভোগ করে।

সৌরিত্য [বৌ॰ সা॰। পা॰ সোরচ্চং] বি, দয়া ; সহানুভূতি। "বিশুদ্ধি কৈবল্য

কান্তি সৌ॰ নির্বাণ। পায় কি এ সব লোকে করি নিত্য স্নান?"-জাতক, ৪র্থ খণ্ড।

সৌরভ [সুরভি(সুগন্ধ)+অ (যুক্তার্থে)। প্রা॰ সৈরব। মেয়েলি-সৈরোব। স্ত্রীনামে-সৈরভী] বি, সুগন্ধ। "সৌরভ জনমে ফুলে।" -ব্রজাঙ্গনা। "কি ফুল ফুটেছে মজার * * * সৌরভে গা উলসে উঠে লাগলে গায়ে ফুলের হাওয়া।"-বাং গান। ২ সৌন্দর্য্য। ৩ কুঙ্কুম। ~ময়-বিণ, সুরভিত; সুগন্ধিপূর্ণ। ~শালী-বিণ, সুগন্ধযুক্ত।

সৌরভান্বিত [সৌরভ + অন্বিত (যুক্ত)] বিণ, সুগন্ধযুক্ত; সুরভিত।

সৌরভেয় [সুরভি (গাভি)+এয় (অপত্যার্থে)] বি, বৃষ। স্ত্রীং ~ী-গাভী। ২ সুরভিকন্যা নন্দিনী। ৩ বিণ, সুরভি সম্বন্ধীয়।

সৌরভ্য [সুরভি (সুগন্ধ)+য (ভা॰)] বি, সুগন্ধ; সুবাস। ২ সৌন্দর্য্য; শোভা। ৩ কুঙ্কুম।

সৌরসেন [সং] বি, দেবসেনাপতি কার্ত্তিকের।

সৌরাজ্য [সু-রাজন্+য (ভা॰)] বি, সুরাজত্ব।

সৌরাষ্ট্র [সুরাষ্ট্র (সুরাজ্য)+অণ্] বি, সুরাট্ দেশ। ২ সুরাট্‌দেশবাসী। স্ত্রীং ~ী-বি, সৌরাষ্ট্র দেশের সুবাসিত মাটি।

সৌরাষ্ট্রিক [সুরাষ্ট্র (দেশবিঃ)+ইক (সম্বন্ধার্থে)] বিণ, সুরাষ্ট্র দেশ সম্বন্ধীয়।

সৌরি [সুর (সূর্য্য)+ই (অপত্যার্থে)] বি, যম। ২ শনি। ৩[সুরি+ই (সম্বন্ধার্থে)] বিণ, সূর্য্য সম্বন্ধীয়।

সৌরিক [সুর(দেবতা), সুরা (মদ্য)+ইক (সম্বন্ধার্থে)] বি, স্বর্গ। ২ মদ্যবিক্রেতা। ৩ বিণ, স্বর্গীয়। ৪ সুরা সম্বন্ধীয়।

সৌর্য্য [সুর (সূর্য্য)+য (সম্বন্ধে)] বিণ, সূর্য্য সম্বন্ধীয়; সূর্য্যের। ~চান্দ্রমস [সূর্য্য চন্দ্রমস্ + অ (সম্বন্ধে)] বিণ, সূর্য্য ও চন্দ্র সম্বন্ধীয়। ~প্রভ-বিণ, সূর্য্য-প্রভাজাত। ২ সূর্য্যপ্রভাতুল্য প্রভাম্বিত; সূর্য্যের ন্যায় দ্যুতিমান্। > স্ত্রীং ~প্রভা -সূর্য্যরশ্মি। ২ সূর্য্যকিরণতুল্য জ্যোতির্ময়ী বা প্রভান্বিতা। ~প্রভব-বিণ, সূর্য্যের প্রতাপের ন্যায় প্রতাপী। ২ সূর্য্যতেজ-সম্ভূত।

সৌর্য্যোদয়িক [সূর্য্যোদয়+ইক] বিণ, সূর্য্যোদয় সম্বন্ধীয়। ২ উষাকালীন।

সৌলক্ষণ্য [সুলক্ষণ+য (ভা॰)] বি, সুলক্ষণের ভাব।

সৌশাম্য [সু-শম্+য] বি, সুশমতা; চিত্তের সুস্থিরতা।

সৌশীল্য [সুশীল+য] বি, সুশীলের ভাব; সুশীলতা; সচ্চরিত্রতা।

সৌষ্ঠব [সুষ্ঠু+অ (ভা॰)] বি, সৌন্দর্য্য। ২ সুগঠন। বিণ, সুষ্ঠু।

সৌষ্ঠবান্বিত [সৌষ্ঠব+অন্বিত(যুক্ত)] বিণ, সৌন্দর্য্যযুক্ত; ভদ্রভাববিশিষ্ট।

সৌষ্ঠব্য [সুষ্ঠু (প্রঃ)+য (ভা॰)] বি, ভদ্রভাবযুক্ততা; সৌন্দর্য্যবিশিষ্টতা। ২ [বাহুল্যার্থে। প্রা॰ বাং] ক্রি-বিণ, সুন্দর-ভাবে; বিস্তারিয়া; বাহুল্যভাবে। "চন্দ্রধরে সৌ॰কহে শুন মহাশয়।"-মনসা ম॰(বংশী॰)।

সৌসাদৃশ্য [সুসদৃশ+য (ভা॰)] বি, ঐক্যভাবাপন্ন; উত্তম মিল; সম্পূর্ণ সাদৃশ্য।

সৌহার্দ্দ, সৌহার্দ্দ্য [সুহৃদ্ (মিত্র)+অ, য (ভা॰)। > ভং 'সিদারি' (প্রা॰ বাং)। "চোর ডাকাতের সনে করেছি সিদারি" -মাণিক॰] বি, মিত্রতা; বন্ধুত্ব; প্রণয়; সখ্য। ২ সৌজন্য। ~বন্ধন-বি, বন্ধুত্বের বন্ধন; প্রণয়বাঁধন; সখ্যবন্ধন।

সৌহিত্য [সুহিত (তৃপ্ত)+য (ভা॰)] বি, সন্তোষ; পরিতৃপ্তি। ২ পর্য্যাপ্ত আহার। ৩ [+অ(ভা॰)] গতি। ৪ পায়দ।

সৌহৃদ্য [সুহৃদ্ (মিত্র)+য (ভা॰)] বি, মিত্রতা; বন্ধুত্ব।

স্কন্দ [স্কন্দ্ (গমন করা)+অ (কর্তৃ)] বি, ষড়ানন; কার্ত্তিকের। ২ নৃপতি; রাজা। ৩ দেহ; শরীর। ৪ জ্ঞানী; বিদ্বান্। ~গ্রহ, স্কন্দাপস্মারগ্রহ [সুশ্রুত] বি, শিশুরোগবিঃ; শিশুর মাই দুধে অরুচি, ভয়ের দৃষ্টি, তড়কা, গোঙানি, মুখে ফেনা উঠা, হাইতোলা, মলমূত্রত্যাগ ই॰ যে রোগের লক্ষণ। ~ষষ্ঠী [স্কন্দ(প্রিয়া) ষষ্ঠী, ম॰প॰লো॰] বি, চৈত্র মাসের শুক্লা ষষ্ঠী (যে দিন স্কন্দদেব সেনাপতিপদে বৃত হন); গুহষষ্ঠী।

স্কন্দন [স্কন্দ্ (গমন করা, শোষণ করা)+অন (ভা॰)] বি, গমন; গতি। ২ বিরেচন। ৩ শৈত্যপ্রয়োগ দ্বারা রক্তস্রাব নিবারণ। ৪ শোষণ।

স্কন্ধ১ [ক (মস্তক), স্ আগম > স্ক > স্কং (মস্তককে) ধা (ধারণ করা)+অ (কর্তৃ)] বি, শরীর; দেহ। ২ কাঁধ। ৩ শাখা ও প্রকাণ্ডের (গুঁড়ির) সংযোগ-স্থল। ৪ ককুদঃ; ষাঁড়ের ঝুঁটি। ৫ গ্রন্থের পরিচ্ছেদ বা অধ্যায়। ৬ ছন্দোবিঃ। ৭ [বৌদ্ধ দর্শনে] জ্ঞানের পঞ্চমাংশ, যথা-(১) রূপ স্কন্ধ (বিষয় প্রপঞ্চ), (২) বেদনা স্কন্ধ (বিজ্ঞান প্রপঞ্চ), (৩) বিজ্ঞান স্কন্ধ (আলয় বিজ্ঞান প্রপঞ্চ), (৪) সংজ্ঞা স্কন্ধ (নাম প্রপঞ্চ), (৫) সংস্কার স্কন্ধ (বাসনা প্রপঞ্চ)। ৮ [দর্শন শাস্ত্রে] রূপ রসাদি পঞ্চেন্দ্রিয় বিষয়। ৯ সমূহ। ১০ বর্ত্ম; পথ। ১১ ব্যূহ। ১২ রাজা। ১৩ সেনাপতি। ১৪ সেনা-বিভাগ। ১৫ যুদ্ধ। ১৬ অভিষেকদ্রব্য। ~া-শাখা। ২ লতা। ~চাপ [স্কন্ধ (কাঁধ) চাপ (ধনুক)] বি, ভারবহন যষ্টি; বাঁক। ~জ-বিণ, বি, যারা অন্য গাছের গুঁড়ির উপর জন্মে; আলোকলতা; বাঁদরা গাছ mistletoe; parasite. ~তরু [স্কন্ধ (গাছের গুঁড়ি) তরু (বৃক্ষ)] বি, নারিকেল বৃক্ষ। ~দেশ [স্কন্ধ-দেশ (অংশ); ধা] বি, কন্ধর; কাঁধ। ২ বৃক্ষের শাখা ও প্রকাণ্ডের সংযোগস্থল। ৩ হস্তিস্কন্ধ; যে স্থানে হস্তিপক উপবেশন করে। ~বাহ, স্কন্ধবাহক [স্কন্ধ (কাঁধ) বাহ, বাহক (যে বহন করে)] বি, যে স্কন্ধ দ্বারা শকটাদি বাহন করে; বৃষ; বলদ। ২ বিণ, ভারবাহী। ~শাখা [স্কন্ধ (গুড়ির) শাখা, ৬তৎ] বি, বৃক্ষশাখা; গাছের ডাল।

স্কন্ধ২ [জ্যো॰ (হিং কো॰)] বি, দুটি বক্ররেখার সম্মিলনবিন্দু; ইং cusp এর বৈজ্ঞা॰ পরিঃ। ২ [উদ্ভিদ্ বিদ্যা॰] পত্রের সূক্ষ্মাগ্র অংশ। ৩ [জ্যো॰ (হিং কো॰)] অপূর্ণ চন্দ্রকলার সূক্ষ্মাগ্র ভাগ বা শৃঙ্গ।

স্কন্ধনির্ত [নাট্য শা॰। অঙ্গাভিনয়ে] বি,

ষন্ধে মস্তকের স্থিতি, নিদ্রা, সুরাপানমত্ততা, মূর্চ্ছা, ও চিন্তাস্থলে প্রযুক্ত। অভিনয় দ্রঃ।

স্কন্ধাগ্নি [স্কন্ধ+অগ্নি] বি, বৃহৎ বৃক্ষকাণ্ডের অগ্নি।

স্কন্ধাবার [স্কন্ধ(রাজা)+আ-বৃ(আবরণ করা)+অ (র্ত্তৃ), যারা রাজাকে আবরণ করিয়া যুদ্ধে গমন করে] বি, সৈন্য। ২ শিবির; সেনানিবেশ; ছাউনি cantonment. ৩ রাজধানী।

স্কন্ধিক [স্কন্ধ (কাঁধ)+ইক] বি, স্কন্ধবাহক; শকটাদিবাহী বৃষ।

স্কন্ধী [স্কন্ধ (গাছের গুঁড়ি)+ইন্ (স্ত্যং) =স্কন্ধিন্ ১মা, ১বং] বি, যার গুঁড়ি আছে; বৃক্ষ; গাছ। ২ বিণ, স্কন্ধ সম্বন্ধীয়।

স্কন্ন [স্কন্দ্ (গমন করা)+ত (র্ত্তৃ)] বিণ, গত; প্রস্থিত। ২ পতিত; স্খলিত; বিচ্যুত। ৩ শুষ্ক; শুক্‌ন। ৪ ক্ষরিত; নিঃসৃত; নির্গত। "গঙ্গার গরভ হ'তে হইলেন স্কন্ন।" -রামা° (রাজ°)।

স্কম্ভন [বৈদিক] বি, স্তম্ভন; গতিপ্রতিবন্ধসাধন।

স্কলারসিপ [ইং scholarship এর লিপ্যন্তর] বি, ছাত্রবৃত্তি; পরীক্ষায় পারদর্শিতা সহ উত্তীর্ণ হওয়ায় পুরস্কার স্বরূপ দত্ত নির্দ্দিষ্টকালব্যাপী বৃত্তি যাতে ছাত্র উচ্চতর পরীক্ষার জন্য অধ্যয়ন করিতে পারে।

স্কুল [ইং school এর লিপ্যন্তর] বি, বিদ্যালয়; ইস্কুল দ্রঃ। ~ঘর-বি, বিদ্যালয়গৃহ; ~মাষ্টার [ইং school master এর লিপ্যন্তর] বি, বিদ্যালয়ের শিক্ষক।

স্ক্রু-ইস্ক্রুপ দ্রঃ।

স্খলৎ [স্খলন দ্রঃ] বিণ, স্খলিত হইতেছে এমন; পতৎ। স্ত্রীং স্খলন্তী।

স্খলন [স্খল্ (পিছলিয়া যাওয়া)+অন (ভা°)] বি, পতন; ভ্রংশ। ২ পিছ্‌লন। ৩ পায়ের বৃদ্ধাঙ্গুলিতে ঠোকর লাগা; উছট খাওয়া। ৪ধাক্কা। ৫ প্রতিঘাত। ৬ ধর্ম্মচ্যুতি। ৭ স্থানচ্যুতি। ৮ ভ্রান্তি। ৯ বার্দ্ধক্যবশতঃ অর্দ্ধ উচ্চারণ। ১০ ভ্রমজনিত অনুদ্দিষ্ট বাক্য কথন। ১১ বিকৃতি। ১২ আঘাতাদি দ্বারা চাঞ্চল্য। ১৩ মোচন। ১৪ বিফল হওন। ১৫ বিরুদ্ধাচরণ।

স্খলিত [স্খল্ (পতিত হওয়া)+ত(ভা°)] বি, ভ্রংশ; পতন। ২ চলন। ৩ স্খলন। ৪ যুদ্ধে কূট প্রয়োগ। ৫ [+ত (র্ত্তৃ)] বিণ, চ্যুত; ভ্রষ্ট; পতিত। ৬গত; প্রস্থিত। ৭ বিচলিত। ৮ কুণ্ঠিত। ৯বিকৃত। ১০ প্রতিহত। ১১ অর্দ্ধোচ্চারিত। ১২ মত্ত। ~চরণ, ~পদ -বিণ, পা পিছলাইয়া পড়িতেছে বা স্থানভ্রষ্ট হইতেছে এমন। ~চরণে, ~পদে-ক্রি-বিণ, পা পিছ্‌লাইয়া বা ফস্‌কাইয়া পড়িতেছে এরূপ ভাবে। ~বচনে-ক্রি-বিণ, অসম্বদ্ধ বাক্যে; অর্দ্ধোচ্চারিত বা জড়িত কথায়।

স্খালন [স্খল্ (স্খলনে) > নিজন্তে] বি, পাতন। ২ বিচালন; অপসারণ; স্থানভ্রষ্ট হতে বাধ্যকরণ। বিণ, স্খালিত।

স্তন [সং। প্রাকৃ° তন] বি, পয়োধর; মাই। ২ স্তন্য। ~দাত্রী-বিণ, স্তন্যদায়িনী।

~প, ~পায়ী [স্তন+পা(পানে)+অ(র্ত্তৃ), -+পায়িন্ ১মা, ১বং] বিণ, স্তন্য পানকারী; দুগ্ধপোষ্য। ২ বি, অতিশিশু; দুধের ছেলে। > স্ত্রীং ~পা, ~পায়িকা-দুগ্ধপোষ্য-বালিকা। ~মণ্ডল-স্তনের পরিধি। অজাগল-স্তন-বি, কোন ছাগলের গলার স্তন (স্তনাকৃতি মাংসপিণ্ড অর্থাৎ তৎসদৃশ নিষ্ফল বা অকর্ম্মণ্য)। "বৈছে অজাগলস্তন।"-চৈ° চ°। ~মুখ, ~বৃন্ত [স্তনের মুখ, বৃন্ত (বোঁটা), ৬তৎ] স্তনের বোঁটা; চুচুক nipple.

স্তনন [স্তন্ (শব্দ করা)+অন (ভা°)] বি, ধ্বনি; শব্দ; রব। ২ কাতর শব্দ; কাতরানি। ৩ মেঘধ্বনি; মেঘের ডাক।

স্তনন্ধয় [স্তন+ধে (পান করা)+অ(র্ত্তৃ)] বি, স্তন্যপায়ী। ২ অতিশিশু। স্ত্রীং স্তনন্ধয়ী।

স্তনয়িত্নু [স্তন্ (শব্দ করা, ক্ষরণ করা) +ণিচ্=স্তনি+ইত্নু (র্ত্তৃ)] বি, মেঘ।

স্তনাগ্র [স্তন+অগ্র] বি, স্তনবৃন্ত; চুচুক; স্তনমুখ।

স্তনান্তর [স্তন (স্তনের)+অন্তর (মধ্য), ৬তৎ] বি, স্তনদ্বয়ের মধ্যভাগ; বক্ষঃস্থল। ২ স্তনদ্বয়ের মধ্যবর্ত্তী বৈধব্যসূচক চিহ্নবিঃ।

স্তনিত [স্তন্+ণিচ্=স্তনি (শব্দ করান)+ত (ভা°)] বি, মেঘধ্বনি; মেঘের ডাক। ২ বজ্রনিনাদ; বজ্রধ্বনি। ৩ করতালিধ্বনি। ৪ রতি শব্দ। ৫ [+ত(র্ত্তৃ)] বিণ, শব্দিত।

স্তনোত্তরীয় [স্তন+উত্তরীয়] বি, স্তনদ্বয় আবরণ করিবার উত্তরীয়; বুকে দিবার কাপড়; বুকের ওড়না।

স্তন্য [স্তন+য (সম্বন্ধার্থে)] বি, স্তনদুগ্ধ; মাই দুধ। ২ বিণ, স্তনজাত। ৩ স্তনসম্বন্ধীয়। ~জীবী, ~পায়ী-বি, যারা স্তন্যপান করিয়া বর্দ্ধিত হয়; মনুষ্য, গো, অশ্ব, বাদুড় প্রভৃতি জরায়ুজ প্রাণী। ~পান -বি, স্তনদুগ্ধ পান; মাই খাওয়া।

স্তব [স্তু (স্তব করা)+অ (ভা°)] বি, মাহাত্ম্যকীর্ত্তন; স্তুতি; প্রশংসা। ~ক১ (-র্ত্ত-) [স্তব+ক (কারী)] বিণ, স্তুতিকারক। ২ [-ক (স্বার্থে)] বি, স্তব; স্তুতি। ~ন (-র্ত্ত-) [+অন (ভা°)] স্তব; স্তুতি। "চারি মুখে ব্রহ্মা স্তবে করেন স্তবন।" -কৃত্তি°। ~স্তুতি-বি, গুণকীর্ত্তন ও অনুনয়।

স্তবক২ [স্থা (থাকা) > স্থবিকা > প্রা° তবক, থবক] বি, গুচ্ছ; থলো। ২ স্তর; থাক। ৩ সমূহ। ৪ গ্রন্থপরিচ্ছেদ; অধ্যায়।

স্তবকিত [স্তবক+ইত] বিণ, স্তবকবিশিষ্ট; গুচ্ছীকৃত; তোড়া-বাঁধা।

স্তবন [স্তু (স্তব করা)+অন (ভা°)] বি, স্তুতিকরণ; স্তবকরণ।

স্তব্ধ [স্তন্ভ্ (স্থির হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, স্থিরীভূত; স্পন্দহীন; স্তম্ভিত। ২ মূর্চ্ছিত; অচৈতন্য। ৩ দৃঢ়ীভূত। ৪ বধির। ৫ গর্ব্বিত। ~কর্ণ-বিণ, স্থির উর্দ্ধকর্ণ। বি, ~তা-নিষ্ফলতা; স্তম্ভ; জড়তা।

স্তব্ধীভূত [স্তব্ধ+চ্বি=স্তব্ধী+ভূত] বিণ, জড়ীভূত; নিশ্চলীভূত; নিস্পন্দীভূত।

স্তব্য, স্তাব্য [স্তব+য (ক্য)] বিণ, স্তবনীয়; স্তব করিবার যোগ্য।

স্তম্ব [স্থা (থাকা)+অম্ব (র্ত্তৃ)] বি, অচৈতন্যাবস্থা; মূর্চ্ছাবস্থা। ২ গজবন্ধন স্তম্ভ। ৩ স্তম্ভ; থাম; খুঁটি। ৪ গোছা; তৃণাদির আটি। ৫ কাণ্ডহীন বৃক্ষ; ঝাড়। ৬ ধান্যাদি গাছের ডাঁটা। "শস্যস্তম্ব দেখি কিন্তু নিখিল সবাই"-পদ্যপাঠ, ২য় ভাগ (যদুগোপাল°)।

স্তম্ভ [স্তন্ভ্+অ (র্ত্তৃ)] বি, বৃক্ষকাণ্ড;

গাছের গুঁড়ি। ২ থাম; খুঁটি। ৩ ইন্দ্রজাল দ্বারা চেষ্টা রোধ। ৪[+অ(ভা০)] অচঞ্চলতা; স্থিরীভাব। ৫ জড়ীভাব। ৬ শীতজনিত জাড্য। ৭ পীড়া প্রভৃতিতে অচৈতন্য অবস্থা। ৮ বিঘ্ন; প্রতিবন্ধ। ৯ [নাট্য শা০। অঙ্গাভিনয়ে] স্থাণুবৎ নিশ্চলতার অভিনয় (অভিনয় দর্পণ-নন্দিকেশ্বর)। ১০ বিণ, স্তম্ভিত। "রায়ের বিক্রম দেখি রাজা হল স্তম্ভ।"-ঘ০। ~কর-বিণ, স্তম্ভনকারী; জাড্যকারক; রোধক। ~লিপি-বি, সমাধিলিপি; চৈত্যলিপি; স্মৃতিস্তম্ভগাত্রে খোদিত লেখ epitaph.

স্তম্ভক [ঘন০ জ্যা০ (ক০ বিশ০ পরিঃ)] বি, ইং cylinder এর বৈজ্ঞা০ পরিঃ; সমবর্তুল (সা০ প০ প০); বেলন (হিং কো০)। [বৃত্তস্তম্ভক-circular cylinder]।

স্তম্ভন [স্তন্ভ্ (স্থির থাকা)+অন(ভা০)] বি, ইন্দ্রজাল দ্বারা চেষ্টা রোধ। ২ নিবারণ; থামান। ৩ অবরোধ। ৪ স্থিরীকরণ। ৫ দৃঢ়ীকরণ। ৬ জড়ীকরণ। ৭ রক্তের গতিরোধ। ৮ বীর্য্য স্খলনে বিলম্ব। ৯ তন্ত্রে ষট্‌কর্ম্মান্তর্গত অভিচারবিঃ। ১০ [+অন(ণে)] জড়ীকরণ সাধন। ১১ [+অন(কৃ)] কন্দর্পের বাণবিঃ; উন্মাদন, শোষণ, তাপন, স্তম্ভন, সম্মোহন এই পঞ্চ বাণের অন্যতম। ~ীয় [স্তম্ভন+ঈয়] বিণ, স্তম্ভনযোগ্য।

স্তম্ভিত [স্তন্ভ্+ণিচ্=স্তন্ভি+ত (র্ম্ম)] বিণ, নিবারিত। ২ জড়ীকৃত। ৩ স্থিরীকৃত। ৪ দৃঢ়ীকৃত। ৫ অবরুদ্ধ।

স্তর [স্তৃ (আস্তরণ করা)+অ (র্ম্ম)] বি, ভূম্যাদির বিভাগবিঃ stratum. ২ থাক; স্তবক। ৩ পলি layer. ৪ বিছানা। ~মেঘ-বি, সুবিস্তৃত অবিচ্ছিন্ন বা স্তরীভূত মেঘ stratus. স্তরে স্তরে-অ, থাকে থাকে; পরতে পরতে। "রন্ধ্রে রন্ধ্রে উঠে ছন্দের ঝঙ্কার। স্তরে স্তরে ফুটে নিখাদ গান্ধার।"-বাং গান।

স্তাবক [স্তু (স্তব করা)+অক (র্ত্তৃ)] বিণ, স্তুতিকারক; গুণকীর্তক। ২ তোষামোদকারী; খোসামুদে।

স্তাবেলা [ইং stable এর লিপ্যন্তর] বি, আস্তাবল; থান; ঘোড়াশাল; হাতিশাল। "স্তাবেলায় হাতী ঘোড়া হাঁস্তালে বিড়াল।"-ধ০ ম০ (নরসিংহ)।

স্তাম্ভিক [স্তম্ভ+ইক। খনিজ০ পরিঃ] বিণ, ইং columnar এর বৈজ্ঞা০ পরিঃ; স্তম্ভনিভ (সা০ প০ প০); স্তম্ভসদৃশ। ~স্তম্ভাকৃতি-columnal.

স্তিমিত [স্তিম্ (নিশ্চল, আর্দ্র হওয়া) +ত (র্ম্ম)] বিণ, নিশ্চল; স্থির। "কত যোগীন্দ্র ঋষি মুনিগণ না জানি কি ধ্যানে মগন স্তিমিতলোচন কি অমৃত রস পানে।"-শ্বা০। ২ সিক্ত; আর্দ্র; ভিজা। ৩ নিশ্চলতা; জড়তা। ৪ [ভা০] বি, আর্দ্রতা।

স্তুত [স্তু (স্তব করা) ত] বিণ, সঙ্কীর্ত্তিত; প্রশংসিত।

স্তুতি [স্তু (স্তব করা)+তি (ভা০) > বাং প্রাকৃ০ 'তুতী' (শ্রী০ কী০)] বি, স্তব; গুণকীর্ত্তন, মহিমাকীর্ত্তন। ~গান, ~গীত-বি, গুণকীর্ত্তন; স্তব। ~গীতক-বিণ, প্রশংসাগানকারী; স্তুতিপাঠক। ~পাঠক, ~ব্রতি [স্তুতি (স্তবের) পাঠক, ৬তৎ, স্তুতি হইয়াছে ব্রত যার, বহু০] বি, বীরকীর্তিগায়ক; মহিমাকীর্ত্তক; বন্দী। ২ মাগধ; সূত। ~বাণী, ~বাদ [স্তুতি (স্তবগভ) বাণী, বাদ, ম০ প০ লো০] বি, প্রশংসাবাদ। ২ অতিরঞ্জিত কথা।

স্তুত্য [স্তু (স্তব করা)+য (র্ম্ম), তু আগম] বিণ, স্তবার্হ। স্ত্রীং ~া।

স্তূপ [স্তূপ্ (উন্নত হওয়া, রাশি করা) +অ (কৃ)] বি, রাশীকৃত; ঢিবী। ২ সমূহ; রাশি। ৩ [অথবা, স্তু (স্তুতি করা)+প (খি)] বি, বৌদ্ধদিগের পবিত্র স্মৃতিনির্দ্দেশক গৃহভেদ। ৪ স্তূপমেঘ; কৃষ্ণবর্ণ লোমস্তূপের আকারে পরিণত মেঘ; পুঞ্জ মেঘ cumulus.

স্তূপাকার, ~কৃতি [স্তূপ+আকার] বিণ, রাশীকৃত; ঢের।

স্তূপীকৃত [স্তূপ+চ্বি=স্তূপী+কৃত] বিণ; কৃতস্তূপ; গাদা করা; রাশীকৃত।

স্তূয়মান [স্তু (স্তব করা)+আন (র্ম্ম), য, ম্ আগম, উকারের দীর্ঘত্ব] বি, যার স্তুতি করা হইতেছে।

স্তেঁই-স্নেহ দ্রঃ।

স্তেন [স্তেন (চুরি করা)+অ (কৃ)] বি, তস্কর; চোর। ২ [+অ(ভা০)] চুরি; চৌর্য্য। ৩ দেবাদিকে নিবেদন না করিয়া যে অন্নাদি ভোজন করে। ৪ বর্ণসঙ্কর জাতি।

স্তেয় [স্তেন (চুরি)+য। ন লোপ] বি, অপহরণ; চুরি।

স্তেয়ী [স্তেয় (চৌর্য্য)+ইন্ (স্ত্য০)= স্তেয়িন্ ১মা, ১ব০] বি, তস্কর; অপহারক; চোর। ২ স্বর্ণকার; সেকরা।

স্তৈন, স্তৈন্য [স্তেন (চোর)+অ, য (ভা০)] বি, চৌর্য্য।

স্তৈমিত্য [স্তিমিত+য (ভা০)] বি, স্তিমিত ভাব; জড়তা। ২ আর্দ্রতা।

স্তোক১ [সং-স্তুচ্ (প্রসন্ন হওয়া)+অ (র্ম্ম)] বি, স্তুতি। ২ প্রলোভন। ৩ প্রবোধ। প্র-স্তোক দিয়া রাখা। ~বাক্য-বি, প্রবোধ বচন। ২ মন ভুলানিয়া মিষ্ট কথা। স্তোভ। ৩ অল্পকথা।

স্তোক২ [সং। "স্তোকাংল্পক্ষুল্লকাঃ * * * লবলেশকণাংণবঃ"-অমর০] বিণ, অল্প; ঈষৎ। ২ বি, জলবিন্দু; বারিকণা। ৩ চাতক।

স্তোতা [স্তু (স্তব করা)+তৃ (কৃ)= স্তোতৃ ১মা, ১ব০] বিণ, স্তুতিকারক। ২ বন্দী; সূত; মাগধ।

স্তোত্র [স্তু (স্তব করা)+ত্র (ভা০)] বি, আরাধনা বাক্য; স্তব। ২ [এই অর্থে স্তোত্রগীত, স্তোম ও০] সামগায়ীরা যা গান করেন। ~পাঠ-বি, স্তব বা স্তুতি পঠন।

স্তোভ [স্তুভ্ (ক্রিয়ানিরোধে)+অ (ভা০)] বি, স্তম্ভন। ২ নিরর্থক বাক্য। ৩ কোন কর্ম্ম হতে বিরত করিবার বা থামাইয়া রাখিবার জন্য প্রবোধ বচন।

স্তোম [স্তোম্ (প্রশংসা করা)+অ (র্ম্ম)] বি, যজ্ঞ। ২ [অ+(ভা০)] স্তব। [বৈ০] স্তোত্র। ৩ রাশি; সমূহ। ৪ মস্তক। ৫ ভাটক। ৬ শস্য। ৭ [+অ(র্ম্ম)] ধন।

স্ত্রী [সং। গাথা সা০-ইস্ত্রি। প্রা০ বাং। ব্রজ০ তিরি, তিরী। প্রা০ বাং-স্তিরি, ইস্তিরি (মুর্শি০, বগুড়া প্রাদে০ 'টী' পূ০ রাঢ়-'সী')] বি, জায়া; পত্নী; সহধর্ম্মিণী। ২ নারী; সীমন্তিনী; বধূ। ~-আচার-বি, বিবাহকালীন সধবা

স্ত্রীদিগের অনুষ্ঠিত মঙ্গলাচরণবিঃ। "নানাবিধ স্ত্রী-আচার মঙ্গলাচরণ করি বধূগণে ত্বরা করিলা গ্রহণ॥"-রামা॰ (রাজ॰)। ~গমন-বি, স্ত্রী-সহবাস। ~গ্রহ-বি, চন্দ্র, বুধ ও শুক্র গ্রহ। ~ঘাতক, ~ঘাতী -বিণ, নারী বধকারী; স্ত্রী-হত্যাকারী। ~চরিত্র-বি, নারীপ্রকৃতি: স্ত্রীজাতির স্বভাব। ~-চিহ্ন-যোনি; ভগ। ~চোর -বি, লম্পট। ~জন-বি, স্ত্রীলোক; নারী। ~জননী-বি, কেবল কন্যা প্রসবিনী। ~জাতক-বি, নারীলক্ষণ ও তার ফলাফল সূচকগ্রন্থ। ~জাতি-বি, নারী; স্ত্রীলোক। ~জিত-বিণ, স্ত্রৈণ; স্ত্রীর বশীভূত (পুরুষ)। ~জীবী-বিণ, স্ত্র্যাজীব দ্রঃ। ~দ্বেষ-বি, নারীহিংসা। > বিণ, ~দ্বেষী। ~ধন, ~বিত্ত-বি, স্ত্রীলোকের স্বত্ববিশিষ্ট বস্তু; স্ত্রীলোকের নিজস্ব সম্পত্তি। ~ধর্ম্ম-বি, রজঃ; ঋতু। ২ স্ত্রীলোকের কর্ত্তব্যকর্ম্ম। ~ধর্ম্মিণী-বিণ, রজস্বলা; ঋতুমতী। ~নির্জিত-বিণ, স্ত্রৈণ; স্ত্রীর বশীভূত। ~পণ্যোপজীবী-বিণ, পত্নীকে পণ্যস্বরূপ ধন বিনিময়ে অন্যভোগ্যা করিয়া জীবিকার্জ্জনকারী। ~-পুংধর্ম্ম-বি, স্ত্রীপুরুষ-সুলভ আচার ব্যবহার; স্ত্রী-পুরুষের কর্ত্তব্য। ~পুংস-বি, স্ত্রীপুরুষ; মিথুন। ~পুংস-লক্ষণা-বি, স্ত্রী পুরুষ উভয় লক্ষণযুক্তা নারী। ~পুরুষ-বি, নর-নারী। ২ পতিপত্নী। ~পূর্ব্ব-বি(ণ), স্ত্রীজিত; স্ত্রৈণ। ~প্রত্যয় [ব্যা॰] শব্দের উত্তর ঈ (প॰), আ (প॰) ই॰ স্ত্রীলিঙ্গবাচক ব্যাকরণবিহিত শব্দাংশ affix; suffix. ~প্রধান-বিণ, যথায় নারীর প্রাধান্য বিদ্যমান; স্ত্রী যথায় প্রধান স্থান অধিকার করে। ~প্রসূ-বিণ, কন্যা প্রসবা; মেয়ে বিয়ানী। ~প্রিয়-বিণ, নারীপ্রিয়; রমণীপ্রিয়। ~বধ [প্রা॰ বাং প্রাকৃ॰তিরিবধ] বি, স্ত্রীহত্যা। ~বশ, ~বশ্য-বিণ, স্ত্রীজিত; স্ত্রৈণ। ~মন্ত্র-বি, 'স্বাহা' এই মন্ত্র। ~মূর্ত্তি-বি, স্ত্রীলোকের আকৃতি ও শারীর গঠন; নারীমূর্ত্তি। ~রত্ন-বি, রমণী-রত্ন; বরনারী। ~রোগ-বি, নারীসুলভ রোগ বিশেষ; যোনি, গর্ভ ই॰ সংক্রান্ত ব্যাধি female disease. ~লক্ষণ-বি, স্ত্রীচিহ্ন; যোনি। ২ নারীপ্রকৃতি। ~লিঙ্গ [ব্যা॰] স্ত্রীবাচক শব্দ feminine gender. ২ স্ত্রী-চিহ্ন। ~লোক-বি, নারী। ~শিক্ষা-বি, স্ত্রীলোকের শিক্ষা female education. ~সংসর্গ, ~সঙ্গ, ~সঙ্গম, ~সহবাস, ~সেবা-বি, রতিক্রীড়া; নারী সম্ভোগ। ~সভা-বি, নারী সভা; মহিলা মজলিস। ~সুলভ-বিণ, নারীজনোচিত; স্ত্রীজাতির স্বভাবসিদ্ধ। ~স্বভাব-বি, অন্তঃপুররক্ষক; কঞ্চুকী। ~স্বাধীনতা-বি, নারীজাতির স্ববশবর্ত্তিতা female liberty. ~হরণ-বি, পরনারী অপহরণ। ২ নারীর সতীত্বনাশ। ~হত্যা-বি, স্ত্রীলোকের প্রাণনাশ; নারী-বধ। ~হূত-বিণ, স্ত্রীদ্বারা কৃতস্তুতি; স্ত্রী কর্ত্তৃক পূজিত।

স্ত্রীত্ব [স্ত্রী+ত্ব (ভা॰)] বি, স্ত্রীধর্ম্ম; নারীত্ব। ২ স্ত্রীলিঙ্গ।

স্ত্রৈণ [স্ত্রী+ন (ভা॰)=স্ত্রীণ+অ] বি, স্ত্রীর বশীভূত বা স্ত্রীজিত পুরুষ। ২ স্ত্রীসমূহ। ৩ নারীপ্রকৃতি; স্ত্রীস্বভাব; স্ত্রীত্ব। ৪ বিণ, স্ত্রৈণ; স্ত্রীর বশীভূত। ২ স্ত্রী সম্বন্ধীয়। ~তা-বি, স্ত্রীর বশ্যতা।

স্ত্র্যাজীব [স্ত্রী+আজীব] বিণ, উপপতির নিকট প্রাপ্ত স্ত্রীধনে জীবিকানির্ব্বাহকারী।

স্থ [স্থা (থাকা)+অ (র্ত্তৃ)। পদান্তে যুক্ত হইয়া অর্থদ্যোতক হয়, যথা-পদস্থ, দেশস্থ, স্বর্গস্থ ই॰] বিণ, বিদ্যমান; বর্ত্তমান। ২ স্থিত। ৩ অন্তর্গত। স্ত্রীং ~া।

স্থগ [সং (স্থগ-সংবরণে, গোপনে)-"স্থগ আচ্ছাদনে ইতি চৌরাদিকঃ।"-মল্লীনাথ] বিণ, ঠগ; ধূর্ত্ত; চোর।

স্থগিত [প্রা॰ থগিত, থকিত। "কালা নাম শুনিয়া থকিত হয় চিত।"-জ্ঞান॰। স্থগ্ (আচ্ছাদন করা)+ত (র্ম্ম)] বিণ, ক্ষান্ত; নিবৃত্ত। ২ অবরুদ্ধ। ৩ আচ্ছাদিত। ৪ তিরোহিত।

স্থণ্ডিল [স্থা (থাকা)+অণ্ডিল] বি, যজ্ঞার্থ নির্ম্মিত পরিষ্কৃত ভূমি; সংস্কৃত ভূমি। "শিবনাথ স্থণ্ডিমাত্র করে রাত্রি কালে। স্থণ্ডিলে বা কুশে শুয়ে সংস্কৃত স্থলে॥"-শি॰। ২ বালুকাদি নির্ম্মিত হোমার্থ মণ্ডলবিঃ। ৩ সীমা। ~শায়ী, স্থণ্ডিলেশয়-বিণ, যজ্ঞভূমিতে শয়নকারী ব্রতী।

স্থপতি [স্থ (স্থিত) পতি (প্রভু), ধা] বি, বার্হস্পত্য যজ্ঞকর্ত্তা। ২ কুবের। ৩ বৃহস্পতি। ৪ সৌধনির্ম্মাতা; রাজমিস্ত্রী mason. ৫ ঘরামি। ৬ সূত্রধর। ৭ অধিপতি। ৮ মন্ত্রী; সচিব। ৯ সারথি। ~কর্ম্ম-বি, স্থাপত্য masonry. ~বিজ্ঞান, ~বিদ্যা -বি, গৃহ প্রাসাদাদি নির্ম্মাণ বিষয়ক বিদ্যা বা বিজ্ঞান। ~শালা-বি, স্থপতির কর্ম্ম-শালা। ২ সূত্রধরের কর্ম্মশালা।

স্থপনী [সুশ্রুত] বি, ভ্রূযুগের মধ্যবর্ত্তী শিরামর্ম্ম।

স্থপুট [স্থ (স্থিত) পুট (সংলগ্ন হওয়া)+অ] বি, অস্থির সন্ধিস্থান। ২ বিষম স্থানে সঞ্চারী (জীব)। ৩ দুঃখাদিতে নম্রীভূত বা কুব্জীকৃত। ৪ কষ্টজীবী। ৫ উন্নতানত; উঁচু-নীচু।

স্থবিকা [স্থলী > ক্ষুদ্রার্থে-স্থলিকা। ল=ব। বৌ॰ সা॰] বি, মুদ্রাধার; থলিয়া; ছালা। "ইনি সহস্র মুদ্রার এক একটী স্থ॰ রাখিয়া আসিতেছেন।"-জাতক, ১।১৪৯।

স্থবির [স্থা (থাকা)+ইর (র্ত্তৃ), স্থা=স্থব] বি, ব্রহ্মা। ২ প্রাচীন ব্যক্তি; বৃদ্ধ ব্যক্তি। ৩ দশবর্ষাধিক সন্ন্যাস ধর্ম্মপালনকারী বৌদ্ধ। ৪ বিণ, অতিবৃদ্ধ। ৫ স্থির; অচল। স্ত্রীং ~া-বৃদ্ধা। ২ মহাশ্রাবণী; বড় থুলকুড়ি। ~-লগুড়ন্যায়-"বৃদ্ধের হস্তস্থিত যষ্টি যেরূপ কোন স্থানে পতিত কোন স্থানে পতিতও হয় না। সেইরূপ লক্ষ্য স্থানে লক্ষণের প্রবেশ না হওয়া এই ন্যায়ের বিষয়।"-কলাপ, টীকা।

স্থবিষ্ঠ, স্থবীয়ান [স্থূল+ইষ্ঠ, ঈয়সু (অত্যর্থে)। স্থূল=স্থব=স্থবীয়স্ ১মা, ১ব॰] বিণ, অতিশয় স্থূল; অত্যন্ত মোটা।

স্থল [স্থল (স্থিতি করা)+অ (র্ত্তৃ)। প্রাকৃ॰, পদ সা॰, প্রা॰ থল] বি, স্থান। ২ জলহীন অকৃত্রিম ভূমি। ৩ কূল; তট; তীর। ৪ প্রদেশ। ৫ পাত্র। ৬ আসন। "দুর্ব্বলা ফিরিলা স্থল বসিলা ভোজনে"-কবিক॰। ৭ থলী; স্থালী। ৮ ঢিবি। ৯ পুস্তকের অংশ।

১০ অবস্থা। ১১ আশ্রয়। ১২ বিবাদ বা বর্ণনার বিষয়। ১৩ তাম্বু। ১৪ নিকট। "গৌরীর বচনে জয়া পুত্র লয়ে কোলে। পুনর্ব্বার যান তবে মহেশের স্থলে।"-কবিকং। ১৫ [বৌং সাং। মহাপঙ্ক দ্রঃ] বি, প্রব্রজ্যা। "মহাপঙ্ক অতিক্রমি পেয়েছেন এবে তিনি সুপ্রতিষ্ঠা স্থলের উপর।"-জাতক, ৫ম খণ্ড। স্ত্রীং স্থ্‌লী$_1$-প্রদেশ ; ভূমি। প্র-মরুস্থলী। ২ ডাঙ্গা। ৩ থলিয়া ; থলে। স্থালী দ্রঃ। ~কঁমঁল, কঁমঁলিনী-বি. স্থলপদ্ম ; স্থলপদ্মিনী ; পদ্মচারিনী Hibiscus mutabilis. ~কুমুদ-বি, করবীর পুষ্প। ~কূঁল [প্রাং থলকুল] বি, আশ্রয়। ~চঁর-যারা স্থলে বিচরণ করে। ~পঁথ [বিপরীত-জলপথ] বি, শুষ্কভূমি ; ডাঙ্গা। ২ যে পথে নদনদী সমুদ্রাদি পড়ে। ~পঁদ্ম [প্রাং থলপদ্ম] স্থলজ প্রসিদ্ধ পুষ্পবিঃ। মতান্তরে-গোলাপ। ~পদ্মিনী-বি, স্থলপদ্মসমূহ। ২ স্থলপদ্মযুক্ত বৃক্ষ। ~বাণিজ্য-বি, স্থলপথে পরিচালিত ব্যবসায়বাণিজ্য। ~ভূমি-বি, ডাঙ্গা। ~বিহঁঙ্গ-বি. স্থলচর পক্ষী। ~রুহা-বি, স্থলপদ্ম। ~সঁঙ্কট-বি, যোজক ; ভূকক্ষরা isthmus. ~স্থ (-লঁ-) বিণ, স্থলে অবস্থিত। > স্ত্রীং ~া।

স্থলাভিষিক্ত [স্থল+অভিষিক্ত] বিণ, স্থানীয় ; পদস্থ। স্ত্রীং ~া।

স্থলারঁবিন্দ [স্থল+অরবিন্দ] বি, স্থলপদ্ম।

স্থ্‌লী$_2$ [স্থল দ্রঃ] বিণ, স্থলাভিষিক্ত।

স্থ্‌লীয়ঁ [স্থল+ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, স্থানীয়। ২ স্থলসম্বন্ধীয়।

স্থা [স্থা (থাকা)+০ (কিপ্, ভাং)] বি, স্থিতি ; অবস্থান ; থাকা।

স্থাণু [স্থা (থাকা)+নু (র্তৃ, জ্ঞাং)] বি, শিব। ২ বল্মীক ; উই ঢিবি। ৩ স্তম্ভ। ৪ গোঁজ ; খোঁটা। ৫ বর্ষা ; সড়কি। ৬ শাখাশূন্য বৃক্ষ ; মুড়ো গাছ। ৭ বিণ, স্থির। ৮ স্থবির। ৯ স্তম্ভিত। "দেখি কোটি কোটি হয়ে, স্থাণু স্থাণু হৈলা ডরে।" ~বঁৎ-বিণ, স্থাণুর মত ; শাখাপল্লবহীন বৃক্ষ বা স্তম্ভ বা খুঁটির সদৃশ। ২ হস্তহীন নিশ্চল দেহ। ~রোগ-বি, অশ্বের পদরোগবিঃ। বর্ষাকালে তাদের জঙ্ঘাতে দুষ্ট শোণিতজাত ব্রণবিঃ।

স্থাণ্ডিল [সং] বি, যজ্ঞভূমিতে শয়নকারী ব্রতী। ২ বৌদ্ধসন্ন্যাসী ; ভিক্ষু।

স্থাণ্বীশ্বর (-ন্নীশ্‌শ্ঁ-) [স্থাণু+ঈশ্বর] বি, শিবলিঙ্গবিঃ।

স্থাতব্য [স্থা+তব্য (র্ম)] বিণ, স্থিতিযোগ্য ; অবস্থানের উপযোগী।

স্থাতা [স্থা (থাকা)+তৃ (র্তৃ)=স্থাতৃ ১মা, ১বং] বিণ, অবস্থানকারী।

স্থান [স্থা (থাকা)+অন (ধি)। তুল-প্রাকৃং ঠান, ঠাএ, ঠাঞি, ঠাঁই, ঠাই ̐। তুল-সুইং asta, ডেং stie, ল্যাং stare, প্রাংউচ্চজর্ম্মং, গথ, এংস্তা-standan, প্রাদেং ডচ্‌ং staan, মধ্য উচ্চ জর্ম্মং stehen] বি, স্থল; ভূমি ; জায়গা। ২ নগর মধ্যস্থ পরিষ্কৃত ভূমি। ৩ বাসস্থান। ৪ নগর। ৫ ঠাঁই ; আসন। ৬ গৃহ ; বাড়ী। ৭ গ্রন্থসন্ধি। ৮ নিকট। ৯ আধার। ১০ পাত্র ; ভাজন। ১১ ব্যবসায় ; কর্ম্ম। ১২ [-+অন (ভাং)] বাস ; স্থিতি। ১৩ স্থৈর্য্য। ১৪ সন্নিবেশ। ১৫ সাদৃশ্য। ১৬ অবকাশ ; ফাঁক। ১৭ পদ ; অধিকার। ১৮ পরিবর্ত্তে। ১৯ [প্রাং অর্থশাং পরিঃ] জেলা (যার শাসকের নাম ছিল স্থানিক)। ২০ [জ্যাং (কং বিশ্বংপরিঃ)] দেশ (দ্রঃ) space. বিণ, স্থানী-স্থানবিশিষ্ট। ২ স্থিতিশীল। ক্রি-বিণ, স্থানে-উপযুক্ত স্থলে। ২ পরিবর্ত্তে। স্থাং কঁর.-ক্রি, আহারের স্থান করা ; ঠাঁই করা। "পরিপাটি পাঁচরস করিয়া রন্ধন। স্থান করি সেনে আসি করে নিবেদন।"-ঘং। ~চ্যুতঁ-বিণ, পদচ্যুত। ~ত্যাগ-বি, স্থান বর্জ্জন ; যথায় ছিল তথা হ'তে অন্যত্র গমন ; স্থানচ্যুতি। ২ প্রস্থান। ~ত্যক্ত-বিণ, স্থানভ্রষ্ট ; উদ্বাস্তু। ~ত্যাগী-বিণ, স্থান পরিত্যাগ বা বর্জ্জনকারী। ~সঁন্নিবেশ-বি, স্থান নির্ণয় ও তার সীমাদি নির্দ্ধারণ। ২ স্থিতিবিন্যাস। ৩ স্থান সান্নিধ্য। > বিণ, ~সঁন্নিবিষ্ট। ~স্থ, ~স্থিতঁ-বিণ, স্থানে অবস্থিত। ২ পদে অধিষ্ঠিত।

স্থানাঙ্ক [বীজগং (কং বিশ্বং পরিঃ)] ইং co-ordinates এর বৈজ্ঞাং পরিঃ। ~পরিবঁর্ত্তন [জ্যোং (কং বিশ্বং পরিঃ)] বি, ইং transformation of co-ordinates এর বৈজ্ঞাং পরিঃ।

স্থানাধ্যক্ষ [স্থান+অধ্যক্ষ, ৬তৎ] বিণ, ক্ষেত্রস্বামী ; স্থানের কর্ত্তা। ২ স্থানিক ; স্থানরক্ষক। ৩ প্রতিনিধি।

স্থানান্তর [স্থান+অন্তর, নিত্যং] বি, অন্য স্থান। বিণ, স্থানান্তঁরিতঁ-অন্যত্র নীত ; যা অন্যস্থানে সরানো হয়েছে। > স্ত্রীং ~া।

স্থানাপঁন্ন [স্থান + আপন্ন] বিণ, স্থানস্থিত। ২ স্থানপ্রাপ্ত ; স্থলীয়।

স্থানাবঁরোধঁকঁতা [স্থান + অবরোধকতা। অবরোধ দ্রঃ] বি, জড় পদার্থের গুণবিঃ ; যে গুণ দ্বারা জড় পদার্থ স্থান ব্যাপিয়া থাকে।

স্থানাভাব [স্থান+অভাব] বি, স্থানের অবিদ্যমানতা ; জায়গার অভাব। ২ [কর্ম্মস্থলে] লোকের অপ্রয়োজন (যথা-চাকরী খালি নাই no vacancy).

স্থানিক [স্থান+ইক] বি, স্থানাধ্যক্ষ ; প্রাচীন ভারতের জেলার শাসক (রাজধানীর সকল বৃত্তান্তের অনুসন্ধান ইঁহার অন্যতম কর্ত্তব্য)। ২ বিণ, স্থান সম্বন্ধীয়। ৩ স্থানীয়।

স্থানীয়ঁ [স্থা (থাকা)+অনীয় (র্ম)] বিণ, স্থান সম্বন্ধীয়। ২ স্থানস্থিত। ৩ [পাটীং, বীজগং (কং বিশ্বং পরিঃ)] ইং local এর বৈজ্ঞাং পরিঃ। ৪ স্থিতিযোগ্য। ৫ বি, নগর। ~কাল [জ্যোং (কং বিশ্বং পরিঃ)] ইং local time এর বৈজ্ঞাং পরিঃ।

স্থানে [স্থান শব্দের ৭মী, ১বং] অ, তদনুসারে। ২ উচিত। ৩ যোগ্য। ৪ সুতরাং। ৫ যুক্ত। ৬ কাছে ; নিকট। "বিদ্বান লোকের স্থানে পড়িবার জন্য" -তোতাইতিহাস। ৭ পদে ; স্থলে। ৮ পরিবর্ত্তে। ৯ আলয়ে।

স্থানেশ্বর [প্রাং থানেশ্বর] বি, পৌরাণিক কুরুক্ষেত্র।

স্থাপঁক [স্থা+ণিচ্=স্থাপি(রাখা)+অক (র্তৃ)] বিণ, প্রতিষ্ঠাকর্ত্তা ; সংস্থাপক। ২

[নাট্যে] নাট্যপ্রস্তাবনান্তে কাব্যার্থস্থাপক নট। স্ত্রীং ~স্থাপিকা।

স্থাপত্য [স্থপতি+য (র্ম)] বি, স্থপতির কর্ম; গৃহ নির্মাণাদি কার্য্য; রাজমিস্ত্রীর কাজ; ইমারতী কর্ম masonry; architecture. ~কলা, ~শিল্প-বি, সৌধশিল্প; ৬৪ কলা বিদ্যার অন্তর্গত বাস্তুবিদ্যা art of architecture. ~বিজ্ঞান, ~বিদ্যা-বি, সৌধবিদ্যা; স্থপতি-তত্ত্ব; গৃহ প্রাসাদাদি নির্মাণ সম্বন্ধীয় বিজ্ঞান বা বিদ্যা architectural science.

স্থাপন [স্থা+ণিচ্=স্থাপি+অন (ভা০)] বি, প্রতিষ্ঠা। ২ রক্ষণ; রাখা। ৩ অর্পণ। ৪ নিবেশন; নিয়োগকরণ। ৫ আরোপণ। বিণ, স্থাপনীয়, স্থাপ্য-স্থাপনযোগ্য; যা স্থাপন করিতে হয়।

স্থাপনা [স্থাপন (দ্রঃ)+আ] বি, প্রতিষ্ঠা। ২ রক্ষণ। ৩ নিয়োগকরণ।

স্থাপয়িতা [মূং স্থাপয়িতৃ] বিণ, স্থাপনকারী। স্ত্রীং স্থাপয়িত্রী।

স্থাপা [স্থাপন দ্রঃ। স্থাপি, স্থাপ, স্থাপে; স্থাপিতে; স্থাপিয়া। গ্রা০ থাপা (দ্রঃ), থুয়া, থোয়া] ক্রি, স্থাপন করা।

স্থাপিত [স্থা+ণিচ্=স্থাপি+ত (র্ম)] বিণ,গচ্ছিত; ন্যস্ত; অর্পিত। ২ আরোপিত। ৩ নিবেশিত। ৪ নিশ্চিত।

স্থাপ্য-স্থাপন দ্রঃ।

স্থাবর [স্থা (থাকা)+বর (স্থিতিশীলার্থে)] বিণ, যে দীর্ঘকাল স্থায়ী থাকে; স্থিতিশীল; অচল। ২ অচেতন; জড়। ৩ বি, পর্ব্বত। "আমি স্থাবরের মধ্যে হিমালয়"-গীতা,১০অ। ৪ বৃক্ষাদি স্থিতিশীল পদার্থ। ৫ ধনুকের ছিলা। ~-জঙ্গম-বি,স্থিতি ও গতিশীল পদার্থ; জীব ও জড়। ~জঙ্গমাত্মক [স্থা০ ও জঙ্গম (হইয়াছে) আত্মা (অন্তরে) যার, বহু০] বিণ, চরাচরাত্মক; যাবতীয় চেতনাচেতন বা স্থিতিশীল ও গতিশীল পদার্থ হইয়াছে গর্ভে যার; সমস্ত জাগদাত্মক। > স্ত্রীং ~জঙ্গমাত্মিকা। ~সম্পত্তি-বি, ভূসম্পত্তি, গৃহ, বৃক্ষাদি বা স্থানান্তরিত হয় না immovable property [বিপরীত অস্থাবর সম্পত্তি যথা-অর্থালঙ্কার আসবাবপত্রাদি movable property.]

স্থাবির, স্থাবির্য্য [স্থবির (বৃদ্ধ)+অ, য (ভা০)] বি, পুরুষের ৭০ ও স্ত্রীর ৫০ এর উর্দ্ধ বয়স; বার্দ্ধক্য; স্থবিরত্ব।

স্থায়িতা,~ত্ব-বি, স্থায়ির ধর্ম্ম; দীর্ঘকাল স্থায়ী হইবার ভাব; স্থিরতা; স্থিতিশীলতা।

স্থায়িভাব [স্থা+ইন (র্ত্তৃ)=স্থায়িন্ ১মা,১ব০, স্থায়ী (স্থিতিশীল) যে ভাব (গুণ), ধা] বি, শৃঙ্গারাদি নব রসের অবস্থানকাল পর্য্যন্ত থাকে যে রতি, হাস, শোক, ক্রোধ, উৎসাহ, ভয়, জুগুপ্সা, বিস্ময় ও শম এই নয়টী গুণ ইহাদের নাম স্থায়িভাব। ২ ভারমধ্যের সহিত নিম্নভাগের সংযোগ। ক্রি-বিণ, ~ভাবে [স্থায়ী+ভাবে] ক্রি-বিণ, যা চিরদিন বা বহুকাল ধরিয়া থাকে অর্থাৎ অল্পকালে বা কখনও নষ্ট বা ধ্বংসপ্রাপ্ত না হয় এমন করিয়া permanently; lastingly.

স্থায়ী [স্থা (থাকা)+ইন্ (র্ত্তৃ ভবিষ্যৎ কালার্থে), য আগম=স্থায়িন্ ১মা, ১ব০] বিণ, স্থিতিবিশিষ্ট; অচল। ২ স্থির। ৩ টেঁকসই; মজবুত। ৪ [কাব্যে] বি, অপরিবর্ত্তনীয়; রসানুকূল ভাব।

স্থায়ুক [সং] বিণ, স্থির; স্থায়ী। ২ [সামাজিক] গ্রামের প্রধান; গ্রামমণ্ডল।

স্থাল [স্থা (থাকা)+ল (ধি),যাতে অন্নাদি থাকে] বি, অন্নাদির আধার; থালা। স্ত্রীং স্থালী-রন্ধন পাত্র;পাকপাত্র; হাঁড়ী। ২ থালী; ছোট থালা।

স্থিক [সং] বি, নিতম্ব।

স্থিত [স্থা (থাকা)+ত (র্ত্তৃ)। বৌ০ বাং প্রাকৃ০ থিঅ (দো০ ১২৪)] বিণ, স্থিতিশীল; স্থিতিবিশিষ্ট। ২ স্থির। ৩ উপস্থিত; বর্ত্তমান। ৪ ঘটিত। ৫ অভিযুক্ত। ৬ আক্রান্ত। ৭ দণ্ডায়মান। ~তা, স্থিতত্ব-বি, অবস্থিতি; অবস্থান। ~ধী [স্থিত (স্থির, বিতঃব্রহ্মে) +ধী (বুদ্ধি) যার, বহু০। "দুঃখেষনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ। বীতরাগ ভয়ক্রোধঃ স্থিতধী মুনিরুচ্যতে।"-গীতা] বিণ (বি), সংসারে অনাসক্ত থাকিয়া যিনি ব্রহ্মে চিত্ত স্থির রাখিয়াছেন এমন (ব্যক্তি); ব্রহ্মে স্থিরবুদ্ধি (ব্যক্তি)। ২ ধীরবুদ্ধি; স্থিরচিত্ত। "তাঁর মত স্থিতধী মুনিকল্প সজ্জনের**"-আ০শক্তি। ~প্রজ্ঞ [স্থিত (প্রতিষ্ঠিত)+প্রজ্ঞা (বুদ্ধি) যার, বহু০] বিণ, কামনাশূন্য ও আত্মদ্বারা আত্মাতেই তুষ্ট যোগী; চিত্তবৃত্তি সম্যক্ নিরোধ করিয়া পরমাত্মাচিন্তারত।

স্থিতি [স্থা (থাকা)+তি (ভা০)। প্রাকৃ০ থিতী] বি, অবস্থান; বিশ্রাম; থাকা। ২ দশা; অবস্থা। ৩ [+তি (ধি)] স্থান। ৪ অবধারণ। ৫ স্থিরতা। ৬ [বলবিদ্যা০ (ক০ বিশ০ পরিঃ)] ইং equilibrium এর বৈজ্ঞা০ পরিঃ; সাম্য। ৭ সীমা। ৮ মর্য্যাদা। ৯ নিষ্পত্তি। ১০ নিবৃত্তি। ১১ পালন। ১২ বসতি। ~ক্রিয়া-বি, স্থিতিরূপ কর্ম্ম। ~বান্ [জমি০ পরিঃ] স্থায়ীভাবে বাসকারী। প্র-স্থিতিবান্ প্রজা। ~বিদ্যা [বলবিদ্যা০ (ক০ বিশ০ পরিঃ)] ইং statics এর বৈজ্ঞা০ পরিঃ। ২ ইং kinetics এর বৈজ্ঞা০ পরিঃ। ~বিরোধ-বি,দুই পরস্পর বিরোধী পদার্থের একাধারে ও এককালে অনবস্থান। ~শীল-বিণ, স্থায়ী। ~স্থাপক-বিণ, অভিঘাত, আকর্ষণ, আকুঞ্চন, প্রসারণ আদি ক্রিয়ার পর যে দ্রব্য পূর্ব্বাবস্থা প্রাপ্ত হয় elastic. > বি, ~স্থাপকতা-যে গুণ থাকায় বস্তু আকুঞ্চন প্রসারণাদির পর পূর্ব্বাবস্থা প্রাপ্ত হয়।

স্থিতীয় [বলবিদ্যা০ (ক০ বিশ০ পরিঃ)] বি, ইং static এর পরিঃ; স্থিত্যাত্মক।

স্থিতু [স্থিত+উ। গ্রা০। 'থিতু' ও০] বিণ, স্থায়ী। ২ স্থায়ী বাসিন্দা। "দাদা থাকলে এত দিনে ওকে বাড়ী ঘর দোর করে দে স্থিতু করতেন।"-গিরিশ০ (গৃহলক্ষ্মী)।

স্থির [স্থা (থাকা)+ইর (র্ত্তৃ)] বিণ, অচঞ্চল; নিশ্চল। ২ [বীজগ০ (ক০ বিশ০ পরিঃ)] ইং stationaryর বৈজ্ঞা০ পরিঃ। ৩ স্থায়ী। ৪ ধীর; প্রশান্ত। ৫ কঠিন। ৬ অবিচলিত; দৃঢ়। ৭ বিশ্বাসযোগ্য। ৮ নিয়ত। ৯ ধার্য্য; নিশ্চিত; নির্দ্ধারিত। ১০ ধৈর্য্যশীল। ১১ শিব। ১২ পর্ব্বত; অচল। ১৩ বৃক্ষ। স্ত্রীং ~া-অচলা; পৃথিবী। বি, ~তা। ~কুসুম-বি, বকুল বৃক্ষ। ~চ্ছায়-যার ছায়া চিরস্থায়ী। ২ বি, ছায়াপ্রধান বৃক্ষ। ৩ বট বৃক্ষ। ~তর-বিণ,

অতিশয় স্থির ; অধিক স্থির। ২ অধিক দৃঢ়। ৩ চিরস্থায়ী। ৪ অতিশয় ধীর। ৫ সুনিশ্চিত।~তারা [জ্যো॰] ইং fixed star এর বৈজ্ঞা॰ পরিঃ (ক॰ বিশ॰ পরিঃ)। ~দংষ্ট্র, ~া-বি, দৃঢ় দন্ত। ২ সর্প। ৩ বরাহরূপী বিষ্ণু। ~দৃষ্টি-বি, এক দৃষ্টি; অচঞ্চল দৃষ্টি। "দৃঢ় স্থিরদৃষ্টিখানি ধীরে ধীরে নামাইয়া"-উত্তরা,পৌষ,১৩৩৩।~নিশ্চয় -বি, দৃঢ়প্রতিজ্ঞ।~নেত্র-বিণ,যার চোখের তারা স্থির হইয়াছে বা নড়ে না। ২ স্থিরদৃষ্টি; বদ্ধদৃষ্টি। ~পত্র-হিন্তালবৃক্ষ। ~পুষ্প-বি, চম্পকবৃক্ষ।২ বকুল।~পুষ্পী-তিলকবৃক্ষ। ~প্রতিজ্ঞ-বি, দৃঢ়প্রতিজ্ঞ। ~বিন্দু [জ্যো॰] বিন্দু দ্রঃ। ~মতি-বি, নিশ্চলা বুদ্ধি। ~যৌবন-বিণ, যাদের যৌবন নষ্ট হয় না; চিরস্থায়ী যৌবনবিশিষ্ট। ২ বি, বিদ্যাধর। > স্ত্রীং ~যৌবনা।

স্থিরাঙ্ক [বলবিদ্যা॰ (ক॰ বিশ॰ পরিঃ)] ইং co-efficient of elasticityর পরিঃ।

স্থিরায়ুঃ [স্থির (স্থায়ী) আয়ুঃ(জীবনকাল) যার, বহু॰] বিণ, চিরায়ু; দীর্ঘজীবী।

স্থিরীকরণ [স্থির+চ্বি (অভূত তদ্ভাবার্থে) + করণ] বি, অস্থির (চিত্তাদি) কে স্থির করা।২ নির্দ্ধারণ।

স্থিরীকৃত [স্থির-কৃত (যা করা হইয়াছে), মধ্যে (চ্বি) আগম, চ্বি=ঈ] বিণ, কৃতনিশ্চয়। ২ নির্ণীত। ৩ দৃঢ়ীকৃত।

স্থূণ [সং] বি,প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিঃ। ইহা রক্তবর্ণ ঘনগ্রন্থিল ও পুরুষপ্রমাণ লম্বা লৌহময়। ইহার কার্য্য ভ্রামণ ও নিপাতন।

স্থূণা [স্থা (থাকা)+ন (খি)+আ॰ (স্ত্রীং)] বি, আয়সী প্রতিমা। ২ ঘরের খুঁটি। ৩ কামারের হাপর।

স্থূল [স্থূল্‌ (বৃদ্ধি পাওয়া) + অ (র্তৃ)। > প্রাকৃ--ঠুলো, ঠুল। বিপরীত-সূক্ষ্ম] বিণ, অসূক্ষ্ম; মোটা। প্র-স্থূলদেহ। ২ ঘন; পুরু thic. ৩ অতীক্ষ্ণ। প্র-স্থূল বুদ্ধি। ৪ ইন্দ্রিয়গ্রাহ্য। প্র-স্থূল স্থূল বিষয় বা বস্তু। ৫ মন্দ। বি, ~তা,~ত্ব। ~কায় [স্থূল+কায়=কায়া যার] বিণ, মোটা। ~কোণ-বি, সমকোণ অপেক্ষা বৃহৎকোণ obtuse angle. ~চর্ম্মী-বিণ, যাদের দেহ স্থূলচর্ম্মে আবৃত; স্থূলত্বক্‌। ২ বি, হস্তী, খড়্গী, শূকর প্রভৃতি জন্তু pachyderm. ~চাপ-বি, ধুনধারা; তুলা ধুনিবার ধনুক। ~দর্শী-বিণ, তীক্ষ্ণদৃষ্টিহীন; যার সূক্ষ্ম দর্শনের ক্ষমতা নাই; মোটাবুদ্ধি। ~দৃষ্টি-বিণ, অতীক্ষ্ণ দৃষ্টি। ~নাস, ~নাসিকা-বিণ, স্থূল নাসিকাবিশিষ্ট। ২ বি, শূকর। ~পাদ-বিণ, স্থূল চরণবিশিষ্ট; গোদা-পা। ২ বি, হস্তী; গজ। ~পুষ্প-বি, বকবৃক্ষ। > স্ত্রীং ~পুষ্পা-অপরাজিতা। ~বস্ত্র-বি, মোটা বা পুরু কাপড়। ~বুদ্ধি-বি, সূক্ষ্মবুদ্ধিহীন; মোটা বুদ্ধি। ~ভূত-বি, ক্ষিত্যপ্‌তেজাদি পঞ্চভূত। ২ (-ভ॑) [স্থূল-ভূত (সম্ভূত, জাত)] বিণ, স্থূল হ'তে উৎপন্ন। ~মান [জ্যা॰ (ক॰ বিশ॰ পরিঃ) ইং rough approximation এর বৈজ্ঞা॰ পরিঃ। ~লক্ষ (ক্ষ্য) [স্থূল (সমূহ) লক্ষ, লক্ষ্য (নিদর্শন)] বিণ, বিদ্বান্‌। ২ বদান্য। ৩ কৃতজ্ঞ।

স্থূলাঙ্গ [স্থূল+অঙ্গ] বিণ, স্থূল দেহ; মোটা শরীরবিশিষ্ট।

স্থূলান্ত্র [স্থূল+অন্ত্র] বি, বৃহদন্ত্র; কোষ্ঠাঙ্গবিঃ large intestine,

স্থূলোদর [স্থূল+উদর] বিণ, পেট-মোটা; লম্বোদর। ২ বি, ভুঁড়ি।

স্থেয় [স্থা (থাকা)+য (খি)] বিণ, স্থাপনযোগ্য; স্থাপ্য। ২ স্থিরতর। ৩ বি, পুরোহিত। ৪ মধ্যস্থ; জুরি।

স্থৈর্য্য [স্থির+য (ভা॰)] বি, স্থিরতা; স্থায়িত্ব। ২ ধৈর্য্য। ৩ দৃঢ়তা।

স্থৌল্য [স্থূল+য (ভা॰)] বি, স্থূলত্ব।

স্নাত [স্না (স্নান করা)+ত (র্তৃ)] বিণ, কৃতস্নান; ধৌত। "পুণ্য জ্যোৎস্নায় স্নাত-অনন্ত মানব।"-কুরুক্ষেত্র। ২ অভিষিক্ত। স্ত্রীং ~া। ~ক [স্নাত+ক (স্বা॰)] বি, ব্রহ্মচর্য্য সমাধানান্তে গৃহস্থাশ্রমে সমাবর্ত্তনকারী দ্বিজ। ~ব্রত-বি, স্নাতক ব্রহ্মচারীর কর্ত্তব্য ব্রত।

স্নাতানুলেপন [স্নাত+অনুলেপন] বি, স্নান সমাপনান্তে চন্দনাদি অঙ্গে লেপন, তিলকাদি ধারণ ইং। বিণ, স্নাতানুলিপ্ত-স্নানান্তে চন্দনাদিচর্চ্চিত।

স্নান [স্না (স্নান করা)+অন (ভা॰)। প্রা॰ ণ্হান, চান। প্রাদে॰ রূপান্তর ছান, ছ্যান, সান, স্যান, সিনান, সেয়ান। "সেয়ানে যাই"-পূ॰ ব॰ গী॰। ব্রজ॰ সিনান (দ্রঃ)] বি, অবগাহন। ২ সর্ব্বাঙ্গ প্রক্ষালন। ৩ ধৌতকরণ। ৪ আর্দ্র বা সিক্ত করণ; যেমন; ভিজন; অভিষেক। ~কক্ষ, ~গৃহ, ~ঘর, ~শালা-বি, স্নান করিবার ঘর; স্নানাগার। স্নান করা-ক্রি, অবগাহন করা; নাওয়া। ~যাত্রা-বি, জ্যৈষ্ঠ পূর্ণিমায় জগন্নাথদেবের স্নানোৎসব। আর্ত্তপ-স্নান-রৌদ্রস্নান দ্রঃ। ঘর্ম্মস্নান-বি, ঘামে সর্ব্বাঙ্গ ভিজিয়া যাওয়া; ঘামে নেয়ে যাওয়া; ঘর্ম্মাক্তকলেবর হওয়া। বাষ্পস্নান-বি, স্বেদনস্নান; ভাপরা দিয়া সর্ব্বাঙ্গ সিক্তকরণ vapour bath. মুক্তিস্নান-বি, চন্দ্র বা সূর্য্য গ্রহণ-মুক্তির পর স্নান। রৌদ্রস্নান, সূর্য্যস্নান-বি, সূর্য্যকিরণে সর্ব্বাঙ্গ অভিষিক্ত হওয়া sunbath.

স্নানীয় [স্নান+ঈয়] বিণ, স্নানের উপযুক্ত। ২ স্নান করিবার জল। ৩ গন্ধচূর্ণাদি।

স্নানোদক [স্নান+উদক, ৬তৎ] বি, স্নান করিবার জল। ২ স্নান-করা জল।

স্নানোপকরণ [স্নান+উপকরণ,৬তৎ] বি, বারি, তৈল, সাবান,গাত্রমার্জ্জনী, আসন ও প্রসাধন দ্রব্যাদি।

স্নাপক [স্না + ণিচ্‌ = স্নাপি (স্নান করান) + অক (র্তৃ)] বিণ, যে স্নান করায়। স্ত্রীং স্নাপিকা। বি, স্নাপন।

স্নাপিত [স্না+ণিচ=স্নাপি (স্নান করান)+ত (র্ম্ম)] বিণ, কৃত-স্নান। ২ কৃতাভিষেক। ৩ ক্ষালিত। ৪ সিক্ত। বি, স্নপন।

স্নায়বিক, স্নায়বীয়-স্নায়ু দ্রঃ।

স্নায়ী [স্না (স্নান করা)+ইন্‌ (র্তৃ), য আগম=স্নায়িন্‌ ১মা, ১ব॰] বিণ, স্নানকারী; অবগাহক।

স্নায়ু [সং] বি, সর্ব্বদেহব্যাপী সূত্রবৎ অস্থিবন্ধনীয় নাড়ী ligament. ২ পেশীবন্ধনী

নাড়ী tendons. ৩ শিরা nerve. বিণ, স্নায়বীয়- স্নায়ুসম্বন্ধীয়; স্নায়ুঘটিত। স্নায়ু-মণ্ডলী-বি, শারীরস্থ স্নায়ুসমূহ nervous system. ~দৌর্ব্বল্য-বি, স্নায়ুর অবসাদ; স্নায়ুর দুর্ব্বলতা nervous debility. ~প্রদাহ [বেরিবেরি দ্রঃ] বি, যে রোগে আংশিক বা সমস্ত স্নায়ু স্ফীত, লালবর্ণ ও বেদনাযুক্ত হয়। ~শূল-বি, স্নায়ুবিকার-জনিত যে রোগে শরীরের স্থানে স্থানে দপ্‌দপানি ও ছুঁচ ফুটানর ন্যায় বেদনা ও জ্বালা বোধ হয়। মুখমণ্ডলের স্নায়ুশূল, শিরশূল, পার্শ্বশূল, কটিস্নায়ুশূল এবং হৃৎপিণ্ড, যকৃত, অণ্ড, আমাশয়, ডিম্বাশয়াদি শরীরাভ্যন্তরস্থ স্নায়ুশূল ইহার অন্তর্গত neuralgia.

স্নিগ্ধ [স্নিহ্ (স্নেহনে)+ত (ক্ত)] বিণ, স্নেহযুক্ত। ২ কোমল; মেদুর। স্নিগ্ধ পত্র, পল্লব ইং। ৩ চিক্কণ; মসৃণ। ৪ মধুর। ৫ শীতলকারক। প্র-স্নিগ্ধ বায়ু। ৬ বি, মোম। ৭ ভাতের মাড়। ৮ বয়স্য। স্ত্রীং স্নিগ্ধা-মজ্জা। বি, ~তা, স্নৈগ্ধ্য। ~কর১-বিণ, স্নেহযুক্তকারী। ২ শান্তিজনক; প্রশমক; মৃদুতা বা আর্দ্রতা সম্পাদক। ৩ মসৃণকারী। ৪ মনোরম; কান্ত। স্নিগ্ধ কর২-বি, কোমল বা সন্তাপহীন কিরণ; চন্দ্র-কিরণ। ~কান্তি-বিণ, কমনীয় জ্যোতিঃ। ২ বি, কোমল মাধুরি। ~তণ্ডুল-বি, ষেটে ধান। ~দৃষ্টি-বি, বিণ মৃদু বা কোমল দৃষ্টি; অনুগ্র দর্শন। ~শ্যামল-বিণ, নবনীত-কোমল হরিদ্বর্ণ। ~সৌরভ-বি, অনুগ্র গন্ধ; কোমল সুগন্ধি। ~স্বেদ-বি, তৈল-স্বেদ oil fomentation.

স্নিগ্ধোজ্জ্বল [স্নিগ্ধ+উজ্জ্বল] বিণ, কোমল জ্যোতিতে উদ্‌ভাসিত।

স্নুষা [সং] বি, পুত্রবধূ। ২ [বৈদ্যকে] স্নুহী বৃক্ষ।

স্নুহি,-হী [সং] বি, ক্ষীরীবৃক্ষবিঃ; মনসাগাছ; সিজ।

স্নেহ [স্নিহ্ (স্নিগ্ধ হওয়া)+অ (ভাং)। ব্রজং (১) সিনেহ, (২) সুনেহ (ধিক রহুঁ ঐছন তোমারি সুনেহ।"-বিং পং)। (৩) সুয়েহ ("ভণহ বিদ্যাপতি এতনি সুয়েহ।"-বিংপং)। (৪) নেহ, নেহা ("ভণই বিদ্যাপতি ভীখিক নেহ। নাগর কাঁধিক নারি সিনেহ।" -বিং পং)। গ্রাং বিকারে লেহ, লেহা ("রাধা মাধব ঐছন লেহ"-বিং পং)। বঙ্গীয় সংস্করণে বিদ্যাপতির পদাবলীতে "লেহ, লেহা" পাওয়া যাইলেও মিথিলায় প্রয়োগ নাই] বি, তৈল ঘৃতাদি পদার্থ fat. ২ চিক্কণতা। ৩ বাৎসল্য; সন্তানের প্রতি পিতামাতার স্নেহ। ৪ প্রেম; প্রীতি। ৫ [ন্যায়দর্শনে] গুণবিঃ। স্নেহ করা-ক্রি, ভালবাসা; প্রীতি করা। ~গর্ভ-বিণ, স্নেহাত্মক; স্নেহভরা। ~পদার্থ-বি, তৈলাদি বস্তু fatty substance. ~পাত্র-বি, ভালবাসার পাত্র; প্রীতিভাজন। ~পারাবার-বি, স্নেহের সাগর। "স্নেহপারাবার উথলিল"-রুং। ~পালিত-বিণ, যত্নে লালিত; বাৎসল্যপুষ্ট। ~পুত্তলি-বি, স্নেহের পুতুল; ভালবাসার পাত্র। ~পূর্ণ-বিণ, স্নেহময়; স্নেহে ভরা। ~প্রবণ-বিণ, স্নেহ করিবার প্রবৃত্তিযুক্ত; স্নেহবৎসল। ~প্রীতি-বি, বাৎসল্য ও প্রেম। ~বন্ধন-বি, স্নেহের বাঁধন। > বিণ, ~বদ্ধ-যে স্নেহের ডোরে বাঁধা পড়িয়াছে। ~বান্, ~ময়, ~শালী, ~শীল-বিণ, স্নেহবিশিষ্ট; প্রেমপূর্ণ। > স্ত্রীং ~বতী, ~ময়ী, ~শালিনী, ~শীলা। ~বারি [আলং অর্থে] বি, স্নেহরূপ বারি; বাৎসল্য রস। ~বারিধি-বি, স্নেহ-সাগর; অপার ভালবাসা; বাৎসল্য রসের সিন্ধু। ~বীজ-বি, স্নেহের কারণ; স্নেহাঙ্কুর। ২ পিয়াল বৃক্ষ। ~ভাজন-বি, স্নেহের পাত্র। ~ময়-স্নেহবান্ দ্রঃ। ~মাখা-বিণ, তৈলাক্ত। ২ স্নেহপূর্ণ; প্রীতি-মধুর; সুকোমল। ~রস [অলং শাং] বি, বাৎসল্য রস। ~রাশি-বি, প্রচুর ভালবাসা; স্নেহাতিশয়। ~সমুদ্র, ~সাগর, ~সিন্ধু-বি, অপার স্নেহ; অগাধ ভালবাসা; গভীরতম প্রেম; অসীম প্রীতি। ~সার-বি, অস্থিমধ্যস্থ স্নেহপদার্থ; মজ্জা marrow. ~সিক্ত [আলং অর্থে] বিণ, বাৎসল্যরসে অভিষিক্ত; স্নেহবারি সিঞ্চনে আর্দ্র। ~সুধা-বি, স্নেহামৃত। ~স্পর্শ-বি, স্নেহের উদয় বা সঞ্চার জনিত অনুভূতি। "তাঁহার শান্ত শীতল স্নেহের স্পর্শে তাহাকে শীতল করিয়া * *"-উত্তরা, ১৩৩৩।

স্নেহন [স্নিহ্ (স্নিগ্ধ হওয়া)+অন (ভাং)] বি, প্রীতিকরণ; প্রীণন। ২ তৈলাদি ম্রক্ষণ। ৩ চক্ষুরোগে স্নেহঘটিত ঔষধ প্রয়োগ।

স্নেহল [স্নেহ+ল (যুক্তার্থে)] বিণ, স্নেহপূর্ণ। "* * * ঋষি শ্বেতকেতু। অনুক্ষণ আশ্রীভূত স্নেং নয়ন।"-আলো ও ছায়া।

স্নেহালিঙ্গন [স্নেহ+আলিঙ্গন] বি, স্নেহযুক্ত আলিঙ্গন; স্নেহভরে বাহুবেষ্টন বা হৃদয়ে আবদ্ধ করণ। "বালকটিকে স্নেহালিঙ্গনে বাঁধিতে লাগিল।"-উত্তরা, '৩০।

স্নেহাশীর্ব্বাদ [স্নেহ+আশীর্ব্বাদ। আশিস্ > আশীঃ + বাদ] বি, স্নেহ ও আশীর্ব্বাদ; স্নেহভরে আশীর্ব্বাদ। "জননীর স্নেহাশীর্ব্বাদপূত এই অনার্য্য শিশুটি * *" -উত্তরা, পৌষ, ১৩৩৩।

স্নেহী [স্নেহ+ইন (ত্যং)=স্নেহিন্ ১মা, ১বং] বিণ, স্নেহপদার্থযুক্ত; তৈলাক্ত। ২ স্নেহশীল; প্রেমিক। ৩ বি, বয়স্য।

স্নৈগ্ধ্য [স্নিগ্ধ দ্রঃ] বি, স্নিগ্ধতা। ২ মাধুর্য্য।

স্নৈহিক [স্নেহ+ইক (সম্বন্ধে)] বিণ, স্নেহসম্বন্ধীয়। ২ তৈলাক্ত। ৩ শীতলকারক।

স্পন্দ, স্পন্দন [স্পন্দ্ (কম্পিত হওয়া)+অ, অন (ভাং)] বি, স্ফুরণ; নড়ন চড়ন; ঈষৎ কম্পন। ২ [বলবিদ্যা (কং বিশ্বং পরিঃ)] ইং vibration এর বৈজ্ঞাং পরিঃ। ~ময়-বিণ, স্পন্দনশীল; প্রাণময়। > স্ত্রীং ~ময়ী-স্পন্দনশীলা; প্রাণময়ী; সকম্পনা; কম্পনাত্মিকা। "যখন স্পন্দময়ী বিরাট্ মহাশক্তির বিক্ষোভ * * *"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ~রহিত, ~শূন্য, ~হীন -বিণ, নিস্পন্দ; অকম্পিত; স্থির।

স্পন্দিত [স্পন্দ্ (কম্পিত হওয়া)+ত (ক্ত)] বিণ, কম্পিত। ২ আন্দোলিত। ৩ স্ফুরিত। স্ত্রীং স্পন্দিতা।

স্পর্দ্ধন [স্পর্দ্ধা দ্রঃ] বি, স্পর্দ্ধা প্রদর্শন;

আস্ফালন। > বিণ, স্পর্দ্ধনীয়, স্পর্দ্ধ্য -স্পর্দ্ধার যোগ্য।

স্পর্দ্ধা [স্পর্দ্ধ্ (পরাজয় করিতে ইচ্ছা) +অ (ভা০)+আ (স্ত্রীং)। গ্রা০ আস্পদ্দা] বি, মৎসরতা। ২ প্রতিযোগিতার আস্ফালন। ৩ অহংকার; বড়াই। "সম্পন্ন ও মেধাবী হইলেও প্রভুগুণের স্পর্দ্ধা করিবে না।"-শুক্রনীতি (রত্নমালা)। বিণ, স্পর্দ্ধিত-স্পর্দ্ধাযুক্ত। > স্ত্রীং স্পর্দ্ধিতা।

স্পর্দ্ধী [স্পর্দ্ধা (দ্রঃ)+ইন্ (স্ত্য০)= স্পর্দ্ধিন্ ১মা, ১ব০] বিণ, স্পর্দ্ধাযুক্ত। ২ আস্ফালনকারী। ৩ প্রতিযোগী। ৪ সদৃশ।

স্পর্দ্ধ্য-স্পর্দ্ধন দ্রঃ।

স্পর্শ [স্পৃশ্ (স্পর্শ করা)+অ (ভা০)। গ্রা০ পর্শ] বি, জড়ের গুণবিঃ; ত্বগিন্দ্রিয়গ্রাহ্য গুণ; ছোঁয়া। ২ বায়ু। ৩ যোগ। ৪ গ্রহণ। ৫ শ্লেষ। ৬ [ব্যা০] স্পর্শবর্ণ; বর্গীয় পঞ্চবিংশতিবর্ণ। ৭ [জ্যা০ (ক০ বিশ্ব০ পরিঃ)] ইং contact এর বৈজ্ঞা০ পরিঃ। স্ত্রীং ~া-বেশ্যা। ~জ্যা-বি, বৃত্তের পরিধি স্পর্শকারী, কিন্তু বর্দ্ধিত করিলে বৃত্ত ছেদনকারী নহে, এরূপ সরলরেখা: স্পর্শিনী। ~তন্মাত্র-বি, বায়ুর উপাদান কারণ। সূক্ষ্মভূতবিঃ। ~নীয়-বিণ, স্পর্শনযোগ্য; ছুঁইবার মত; স্পৃশ্য। ~মণি-বি, পরশ পাথর। যা স্পর্শমাত্রে স্বর্ণে পরিণত করে। ~রেখা-বি, স্পর্শজ্যা। ~লজ্জা-বি, লজ্জালুলতা। ~সঙ্কোচপত্রিকা-বি, শ্বেত লজ্জালু বা লজ্জাবতী লতা। ~সুখ-বি, স্পর্শজনিত সুখানুভূতি; সংস্রব বা সংস্পর্শজনিত আনন্দ।

স্পর্শক [স্পৃশ্ (স্পর্শ করা)+অক (র্তৃ)] বিণ, স্পর্শকারী। ২ [জ্যা০ (ক০ বিশ্ব০ পরিঃ)] ইং tangent এর পরিঃ; স্পর্শজ্যা।

স্পর্শন [স্পৃশ্ (স্পর্শ করা)+অন (ভা০)] বি, ছুঅন। ২ মিলন; যোগকরণ। ৩ গ্রহণ। ৪ বায়ু।

স্পর্শাসহত্ব [স্পর্শ+অসহত্ব] বি, স্পর্শ সহ্য না করিবার ভাব বা ধর্ম্ম; স্পর্শাসহিষ্ণুতা।

স্পর্শিনী [জ্যা০ পরিঃ (ব্রহ্মমোহন মল্লিক)। স্পর্শ দ্রঃ] বি, স্পর্শরেখা; স্পর্শজ্যা; ইং tangent এর বৈজ্ঞা০ পরিঃ (সা০প০প০)।

স্পর্শী [স্পৃশ্ (স্পর্শ করা)+ইন্ (র্তৃ)= স্পর্শিন্ ১মা, ১ব০] বিণ, স্পর্শকারী। ২ স্পৃষ্ট। > স্ত্রীং ~স্পর্শিনী। ~য়-বিণ, স্পর্শনীয়; স্পৃশ্য। > স্ত্রীং ~া।

স্পর্শেন্দ্রিয়, স্পর্শনেন্দ্রিয় [স্পর্শ, স্পর্শন+ইন্দ্রিয়] বি, যে বাহেন্দ্রিয় দ্বারা স্পর্শানুভূতি জন্মে; ত্বগিন্দ্রিয়; ত্বক্।

স্পষ্ট [স্পশ্ (পরিষ্কার করা)+ত (র্ম্ম)] বিণ, সুব্যক্ত; স্ফুট। জ্ঞানেন্দ্রিয়গোচর। ~কথা-বি, সরল স্ফুটবাক্য; খোলা কথা; প্রকাশ্য উক্তি। ~তা-বি, পরিস্ফুটতা; বিশদতা। ~বক্তা-বিণ, স্ফুটবাদী। ~বাদিতা-বি, স্পষ্টকথা বলার অভ্যাস। ~বাদিত্ব-বি, স্পষ্ট ভাষণের ভাব। বাদী, ~ভাষী-বিণ, স্পষ্টবক্তা সঙ্কোচ না করিয়া সরল অর্থাৎ বোধগম্য ও স্ফুটভাষায় যে বলে। > স্ত্রীং ~বাদিনী, ~ভাষিণী। স্পষ্টাস্পষ্টি-অ, খোলাখুলি; প্রকাশ্যভাবে।

স্পষ্টীকৃত [স্পষ্ট-কৃত (মধ্যে চি্=ঈ)] বিণ, যা স্পষ্ট করা হইয়াছে; প্রকাশ্যভাবে উক্ত। ২ বিশদভাবে বর্ণিত; ব্যাখ্যাত। > বি, ~স্পষ্টীকরণ-প্রকাশন; ব্যক্তকরণ; যা স্পষ্ট ছিল না তাকে স্পষ্ট করা।

স্পষ্টেতর [স্পষ্ট+ইতর] বিণ, স্পষ্ট হ'তে ভিন্ন: অস্পষ্ট।

স্পিরিট [ইং spirit এর লিপ্যন্তর] বি, উগ্র সুরা; আরক। ২ সার।

স্প্রিং [ইং spring এর লিপ্যন্তর। গ্রা০ ইস্প্রিং, ইস্‌পিরিং] বি, ইস্প্রিং দ্রঃ।

স্পৃক্ [মূ০ স্পৃশ্ (স্পর্শ করা)। পদান্তে যুক্ত হইয়া বিশেষণ পদ নিষ্পাদক] বিণ, স্পর্শী; স্পর্শ করে এমন। প্র-মর্ম্মস্পৃক্।

স্পৃশ্য [স্পৃশ্ (স্পর্শ করা)+য (র্ম্ম)] বিণ, স্পর্শযোগ্য। স্ত্রীং ~া।

স্পৃষ্ট [স্পৃশ্ (স্পর্শ করা)+ত (র্ম্ম)] বিণ, যা ছোঁয়া হইয়াছে। ২ সংলগ্ন; যুক্ত। ৩ ব্যাপ্ত। ~ক-বি, অঙ্গস্পর্শযোগে আলিঙ্গন। স্পৃষ্টাস্পৃষ্ট, স্পৃষ্টাস্পৃষ্টি-বি, পরস্পর স্পর্শ; ছোঁয়াছুঁয়ি।

[স্পৃশ্+তি (ভা০)] বি, স্পর্শন। ২ [জ্যা০ পরিঃ] স্পর্শ contact.

স্পৃহণীয় [স্পৃহ্+ণিচ্=স্পৃহি (বাঞ্ছা করা)+অনীয় (র্ম্ম)] বিণ, স্পৃহার যোগ্য; কাম্য; বাঞ্ছনীয়। ২ লোভনীয়। ৩ শ্লাঘ্য। স্ত্রীং ~া।

স্পৃহয়ালু [স্পৃহ্+ণিচ্=স্পৃহি (বাঞ্ছা করা)+আলু (র্তৃ-শীলার্থে)] বিণ, স্পৃহাযুক্ত; লোলুপ।

স্পৃহা [স্পৃহ্+ণিচ্=স্পৃহি+অ (ভা০) +আ (স্ত্রীং] বি, অভিলাষ; ইচ্ছা; বাঞ্ছা। ২ লোভ।

স্ফট [স্ফুট্ (বিকশনে, স্ফীতিতে)+অ (র্তৃ)] বি, সর্পের ফণা। স্ত্রীং ~া-ফণা।

স্ফটি, স্ফটী [সং] বি, ফটকিরি।

স্ফটিক, স্ফটীক [সং। গ্রা০ ফটিক] বি, স্বচ্ছ শুভ্র প্রস্তরবিঃ crystal; quartz. ২ সূর্য্যকান্তমণি। ~নিন্দিত-বিণ, স্ফটিকও যার তুলনায় তুচ্ছ বা হীন; অতিশয় শুভ্র ও স্বচ্ছ। ~ময়-বিণ, স্ফটিক দ্বারা রচিত।

স্ফটিকাচল [স্ফটিক+অচল] বি, কৈলাস পর্ব্বত।

স্ফটিকাভ্র [স্ফটিক+অভ্র] বি, কর্পূর।

স্ফটিকারি [সং-বি, ফট্‌কিরি alum

স্ফটিকালোক [স্ফটিক+আলোক] বি, কাচমণি বা সূর্য্যকান্তমণি সঞ্জাত সূর্য্যরশ্মি হ'তে কেন্দ্রীভূত রৌদ্র; কাচমণির বাতি quartz lamp. "বিলাতের পশুশালায় * * * শীতকালে রৌদ্রের অভাব পূরণ করিবার নিমিত্ত স্ফটিকালোক * * ব্যবহৃত হইতেছে"-আ০ শক্তি, ১৩৩৪।

স্ফাটিক, স্ফাটীক [স্ফটিক+অ (স্বার্থে)] বি, স্ফটিকমণি। ২ বিণ, স্ফটিক প্রস্তরে নির্ম্মিত। স্ফাটিকোপল [স্ফাটিক +উপল] বি, স্ফটিকমণি।

স্ফাতি [স্ফায় (বৃদ্ধি পাওয়া)+তি (ভা০)] বি, স্ফীতি; বৃদ্ধি। বিণ, স্ফাত-স্ফীত। ২ বৃদ্ধিযুক্ত।

স্ফার [স্ফর্ (স্ফূর্ত্তি পাওয়া)+ণিচ্= স্ফারি+অ (ভা০)] বি, বিস্ফার; বিস্তৃতি।

২ বিকাশ। বিণ, স্ফারিত-বিস্তৃত; বিস্ফারিত। "তেজস্বী তরুণ ঋষি স্ফারিত লোচনে নেহারিছে উভয়েরে"-আলো ও ছায়া (৺কামিনী রায়)।

স্ফারণ [স্ফর্ (স্ফূর্তি পাওয়া)+ণিচ্=স্ফারি (চঞ্চল হওয়ান)+অন (ভা°)] বি, স্ফূর্তি। ২ বিস্তার। ৩ আস্ফালন।

স্ফাল [স্ফল্ (চালিত হওয়া)+অ(ভা°)] বি, আস্ফালন।

স্ফীত [স্ফায় (বৃদ্ধি পাওয়া)+ত (র্ক্ত), স্ফায়্=স্ফী] বিণ, ফুলা; ফাঁপা। ২ বর্দ্ধিত। ৩ স্থূল। ৪ অধিক। ৫ সমৃদ্ধিশালী। বি, ~তা, স্ফীতি।

স্ফুট [স্ফুট্ (বিকশিত হওয়া)+অ (র্ক্ত)] বিণ, স্পষ্ট। "স্ফুট করি নাহি কহেন গুণ দোষ বিচার"-চৈ° চ°। ২ ফুল্ল; বিকশিত। ৩ বিশদ। ৪ শুভ্র; নির্ম্মল। ৫ রন্ধ্রযুক্ত; ফুটা। ৬ বিদীর্ণ। ৭ বি, সর্পফণা। ~কোণ [জ্যো° (ক° বিশ্ব° পরিঃ)] ইং true anomaly র বৈজ্ঞা° পরিঃ। ~বাক্ -বিণ, যার বাকশক্তি স্ফুরিত হইয়াছে। ২ যার কথা ফুটিয়াছে। ৩ স্পষ্টবক্তা।

স্ফুটন [স্ফুট্ (বিকশিত হওয়া)+অন (ভা°)] বি, স্ফুরণ; বিকশন। ২ ব্যক্ত হওন। ৩ বেধন; ফুটান; ছিদ্রকরণ। ~বিন্দু, স্ফুটনাঙ্ক-তরল পদার্থ ফুটফুট্ করিয়া ফুটিতে থাকে ও বাষ্পাকারে পরিণত হয় এমন উত্তাপের পরিমাণ boiling point.

স্ফুটনোন্মুখ [স্ফুটন+উন্মুখ] বিণ, এখনি ফুটিবে এরূপ; প্রস্ফুটিত প্রায়; আসন্ন বিকাশশীল; স্ফুটনোদ্যত। ৪ [রাসা° পরিঃ] ইং boiling এর বৈজ্ঞা° পরিঃ।

স্ফুটানি [স্ফুটিত ত্রঃ। প্রা°। ফুটানি ও°] বি, বাক্‌স্ফূর্তি; ফুটানি। ২ [কটা ত্রঃ] কামড়।

স্ফুটি [সং] বি, ফুটিফল। ২ পাদস্ফোট।

স্ফুটিত [স্ফুট্ (বিকশিত হওয়া)+ত (র্ক্ত)] বিণ, স্পষ্টীকৃত। ২ বিকশিত। ৩ বিদীর্ণ। ৪ ছিদ্রিত; ফুটা।

স্ফুৎকার [স্ফুৎ (অনুকরণ শব্দ) কার (করা)] বি, বেগে মুখ মারুত ত্যাগ; ফুৎকার; ফুঁ। স্ফুং-করা-ক্রি, ফুঁ দেওয়া।

স্ফুরণ [স্ফুর্ (চঞ্চল হওয়া)+অন (ভা°)] বিণ, বিকশন; প্রকটন। ২ স্ফূর্তি। ৩ উদ্রেক। ৪ কম্পন। ৫ দীপ্তি।

স্ফুরৎ [স্ফুর্ (প্রকাশে)+শতৃ (র্ক্ত)] বিণ, বিকাশমান; স্ফুরিত হইতেছে এমন; বিস্তার করিতেছে এরূপ; স্ফূর্তিযুক্ত। "স্ফুরৎ ফণা।"

স্ফুরা [সং-স্ফুর্(প্রকাশে) >। স্ফুরি, স্ফুর, স্ফুরে; স্ফুরিতে; স্ফুরিয়া (স্কে° স্ফুরে)] ক্রি, স্ফূর্তি প্রাপ্ত হওয়া; প্রকাশ পাওয়া। "মুক্তি যে শিক্ষাইমু তোরে স্ফুরুক সকল"-চৈ° চ°। ২ স্পন্দিত হওয়া।

স্ফুরিত [স্ফুর্ (চঞ্চল হওয়া)+ত (র্ক্ত)] বিণ, স্ফূর্তি প্রাপ্ত। ২ কম্পিত। ৩ উদ্রিক্ত। ৪ প্রতিবিম্বিত। ৫ দীপ্ত।

স্ফুলিঙ্গ [স্ফু (অনু°) > স্ফুৎ > স্ফু-লিঙ্গ্ (গমন করা)+অ (র্ক্ত)। > ভং ফুল্কি, প্রা° বিকারে ফুন্‌কি, ফিন্‌কি] বি, অগ্নিকণা; আগুনের ফিন্‌কী।

স্ফুলিঙ্গিনী [স্ফুলিঙ্গ+ইন্ (স্তা°)= স্ফুলিঙ্গিন্+ঈ (স্ত্রীং)] বি, অগ্নির সপ্ত জিহ্বার অন্যতম জিহ্বা।

স্ফূর্তি [স্ফুর্ (চঞ্চল হওয়া)+তি (ভা°)। উ=ঊ] বি, স্ফুরণ। ২ স্পন্দন। ৩ হর্ষ। ৪ বিকাশ। ৫ প্রতিভা। ~জনক-বিণ, স্ফূর্তি উৎপাদক। ~ব্যঞ্জক, ~সূচক -বিণ, স্ফূর্তি প্রকাশক। ~লাভ-বি, বিকাশ প্রাপ্তি; স্ফূর্তি প্রাপ্তি।

স্ফূর্তিমান [স্ফূর্তি+মৎ (স্তা° মতু)= স্ফূর্তিমৎ ১মা, ১ব°] স্ফূর্তিযুক্ত। ২ প্রফুল্ল। ৩ প্রতিভাযুক্ত। ৪ বিকাশশীল।

স্ফোট [স্ফুট্ (বিকশিত হওয়া)+অ (ভা°)] বি, স্ফোটক; ফোড়া। ২ অর্ব্বুদ; আব। ~া-সর্প ফণা।

স্ফোটক [স্ফুট্ (বিকসিত হওয়া)+অক (র্ক্ত)] বি, অর্ব্বুদ। ২ ফোড়া।

স্ফোটকোৎপাদী [স্ফো° উৎপাদী] বিণ, ফোড়া উৎপাদনকারী।

স্ফোটন [স্ফুট্+ণিচ্=স্ফোটি+অন (ভা°)] বি, বোধন; ফোড়ন। ২ বিদারণ; ভঙ্গ। ৩ স্ফুরণ; প্রকটন; প্রকাশন। ~ী -বি, ফুড়িবার যন্ত্র; ছিদ্রকরণ যন্ত্র; বেধনী। ২ তুরপুন।

স্ফ্য [বৈ°। বেদি নির্ম্মাণে ব্যবহার্য্য] বি, খড়্গাকৃতি কাষ্ঠখণ্ড। "যাগকালে আগ্নীধ্র উর্দ্ধমুখ স্ফ্য হস্তে বসিয়া প্রত্যাশ্রাবণ করেন।"-ত্রিবেদী°। "বেদীর উত্তর পশ্চিম ও দক্ষিণে যে তিনটী রেখা স্ফ্য দ্বারা অঙ্কিত করা হয়।"-ঐ।

স্মঅরা, স্মঙরা, সোঁঅরা (প°) [স্মরণ করা > স্মঅরণ করা (ত্রঃ) > স্কে° স্মঅরা, স্মঙরা, সোঁঅরা (সুমরা ত্রঃ)। প্রা° বাং] ক্রি, স্মরণ করা; স্মরা। স্মঅরিআঁ, স্মঅরী-অস-ক্রি, স্মরণ করিয়া; স্মরিয়া; স্মরি (পদ্যে)। "তাহা স্মঅরিআঁ বিকলী ভৈলোঁ"-শ্রীকৃ°কী°। "স্মঅরী আপন কুল"-ঐ।

স্মর (প°) [স্মৃ(স্মরণ করা)+অ (র্ক্ত)] বি, কামদেব। "কে সম্বরে স্মরশরে এ তিন ভুবনে।"-ব্রজাঙ্গনা। "দেখিয়া সুন্দর রূপ মনোহর স্মরে জর জর যত রমণী।"-অ° ম°। ২ স্মৃতি। ৩ বিণ, স্মরণকর্ত্তা। ~অরি-বি, মদন ভস্মকারী শিব। স্মরারি (ত্রঃ)। ~গুরু-বি, বিষ্ণু। ~দশা-বি, দশ প্রকার কামদশা (১) নয়নপ্রীতি, (২) চিন্তাসঙ্গ, (৩) সঙ্কল্প, (৪) অনিদ্রা, (৫) ক্ষীণতা, (৬) বিষয় নিবৃত্তি, (৭) ত্রপানাশ, (৮) উন্মাদ, (৯) মূর্চ্ছা ও (১০) মৃত্যু। ~ধ্বজ-বি, কামদেবের রথধ্বজ; মীন। ২ পুংচিহ্ন; মেঢ্র। ৩ স্ত্রীচিহ্ন। ~প্রিয়া, -বধূ-বি, রতি। ~বল্লভ [স্মর-বল্লভ (প্রিয়), ৬তৎ] বি, প্রদ্যুম্নের পুত্র; অনিরুদ্ধ। ~বীথিকা [সং] বি, বেশ্যা। ~সখ-বি, কামবন্ধু। ২ বসন্ত। ৩ চন্দ্র। ~হর-বি, মদনভস্মকারী শিব। "দোলনে স্মরহর মন হরে"-গান। ~-হরপ্রিয়া-বি, দুর্গা। "-হাসিয়া কহিলা, চাহি স্মর-হর-প্রিয়া স্মর-প্রিয়া পানে"-মেঘ°।

স্মরণ, (প°) [স্মৃ (স্মরণ করা)+অন

(ভা০)] বি, মনে মনে পূর্ব্বানুভূত বিষয়ের আবৃত্তি ; স্মৃতি। ২ ধ্যান ; চিন্তা। ~পট, ~পথ, ~শক্তি-স্মৃতিদ্র:। ~পত্রিকা-স্মারক দ্র:। ~মন্দির-স্মৃতি দ্র:। ~মহোৎসব -বি, মহাপুরুষ ও তাঁর লীলার স্মৃতি উৎসব (প্রায় বার্ষিক উৎসব)। "শ্রীপাট পানিহাটিতে শ্রীগৌরাঙ্গদেবের শুভাগমন উপলক্ষে বর্ষে বর্ষে যেমন স্মরণমহোৎসব হয়, * *"-সম্মিলনী। স্মরণে থাকা-ক্রি, মনে থাকা। স্মরণে রাখা-ক্রি, মনে রাখা ; বিস্মৃত না হওয়া।

স্মরণ২ (শ-) বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ। এক বস্তুর অনুভব হতে সদৃশ বস্তুর স্মরণ বৈচিত্র্য Rhetorical recollection. "শরাসনে শরসন্ধান করি কিন্তু মৃগের উপর নিক্ষেপ করিতে পারি না ; তাহাদিগের মুগ্ধ নয়ন নিরীক্ষণ করিলে শকুন্তলার সেই অলৌকিক বিভ্রমবিলাসশালি নয়নযুগল মনে পড়ে।"- শকুন্তলা।

স্মরণাতীত (শ-) [স্মরণ+অতীত] বিণ, এত পুরাতন যে স্মরণপথের বাহিরে গিয়াছে অর্থাৎ আর মনে হয় না এমন ; স্মরণাতিক্রান্ত immemorial. ~কাল-বি, স্মৃতিকালাতীত সময় time immemorial.

স্মরণার্থ (শ-[স্মরণ+অর্থ (হেতু)] অ, স্মরণ করার জন্য ; স্মৃতির উদ্রেক হেতু। "সে সবো এখন হইল স্বপন স্মরণার্থ রয়েছে আমার।"-বাং গান।

স্মরণার্হ (শ-) [স্মরণ+অর্হ (যোগ্য)] বিণ, স্মর্ত্তব্য ; মনে রাখার যোগ্য বা উপযুক্ত memorable.

স্মরণীয় (শ-) [স্মৃ (স্মরণ করা)+অনীয় (র্ম্ম)] বিণ. স্মরণের যোগ্য ; স্মর্ত্তব্য। স্মৃ০ বিষয় সমূহ-বি, মনে রাখিবার বা স্মরণ করিবার মত বিষয় ব্যাপার বা ঘটনাবলী memorabilia.

স্মরা (শ-) [স্মৃ (স্মরণে) >। স্মরি, স্মর, স্মরে ; স্মরিতে ; স্মরিয়া (ক্ষে০ প্রা০ স্মঁরে, পদ্যে -স্মরি)। ণিজন্ত-স্মরান। প্রা০ বাং-স্মওরা, সুমরা, সোঙরা] ক্রি, স্মরণ করা ; মনে করা। "স্মরি রাধিকার দুঃখ"-ব্রজাঙ্গনা। "হায় লো সখি! কি হবে স্মরিলে গত সুখ"-ঐ।

স্মরাঙ্কুশ (শ-) [স্মর (কামদেবের) +অঙ্কুশ (ডাঙ্গশ), ৬তৎ] বি, নখর ; নখ। লম্পট।

স্মরারি (লঁ-) [স্মর+অরি, ৬তৎ] বি, মদনভস্মকারী শিব।

স্মরাসব (শ-) [স্মর (কামদেবের)+আসব (মদ্য), ৬তৎ] বি, মুখামৃত ; লালা।

স্মরোদ্দীপক (শ) [স্মর+উদ্দীপক] বিণ, কামোদ্রেককারী > বি, স্মরোদ্দীপন, -না-কামোদ্রেক।

স্মর্ত্তব্য (শ-) [স্মৃ (স্মরণ করা)+তব্য (র্ম্ম)] বিণ, স্মরণীয়।

স্মারক (শা-) [স্মৃ+ণিচ্=স্মারি (স্মরণ করান)+অক (র্ত্তৃ)] বিণ, স্মৃতির উদ্বোধক ; স্মৃতিকারক। ~পত্র, ~লিপি-বি, স্মৃতিজনক লেখ memorandum. ২ তাগিদ-চিঠি। reminder. ~স্তম্ভ-কোন কিছু স্মরণ করাইবার জন্য নির্ম্মিত স্তম্ভ।

স্মারিত (শা-) [স্মৃ + ণিচ্=স্মারি (স্মরণ করান)+ত (র্ম্ম)] বিণ, যা স্মরণ করাইয়া দেওয়া হইয়াছে।

স্মার্ত্ত (শা-) [স্মৃতি+অ (জ্ঞাতার্থে)] স্মৃতি শাস্ত্রজ্ঞ পণ্ডিত। প্র-স্মার্ত্ত রঘুনন্দন। ২ স্মৃতি সম্বন্ধীয়। ৩ স্মৃতিকার ; ধর্ম্মশাস্ত্র প্রযোজক lawgiver. ~অগ্নি [বৈদিক] বি, গৃহ অগ্নি ; আবসথ্য অগ্নি। সমাবর্ত্তনের পর এই অগ্নি স্থাপন করিয়া উহাতেই বিবাহ ক্রিয়া সম্পন্ন হয় ও বিবাহান্তে গৃহসূত্রে উপদিষ্ট পাক যজ্ঞাদি যাবতীয় স্মার্ত্তকর্ম্ম গৃহস্থ কর্ত্তৃক সাধিত হয়।

স্মিত (শি-) [স্মি (ঈষৎ হাস্য করা)+ত (ভা০)] বি, ঈষৎ হাস্য। "স্মিত প্রকাশিত ক্ষণপ্রভাংশু মুক্তিকারদে!"-অ০ ম০। ২ [-+ত (র্ত্তৃ)] বি, ঈষৎ হসিত। ৩ হাস্যোজ্জ্বল। ৪ [লক্ষ০] উদ্ভাসিত। "এ শুভ্র নিশীথে আজি স্মিত চন্দ্র করে কে কোথায় বাজায় বাঁশী কি মোহন স্বরে।"-বাং গান। ~বদন, ~মুখ-বি, ঈষৎ হাস্যযুক্ত মুখ; প্রফুল্ল মুখ; মৃদুহাস্যযুক্ত আনন। ২ বিণ, মৃদুহাস্যযুক্ত মুখবিশিষ্ট। > স্ত্রীং ~বদনা (বাং-র--~বদনী ও০), ~মুখী। ~হাস্য [স্মিত (ঈষৎ হাস্যযুক্ত) +হাস্য (একার্থক অতিরিক্ত শব্দ), কিন্তু বাং-র, 'স্মিত'র মৃদু অর্থ করিয়া 'স্মিত হাস্য' মৃদু বা ঈষৎ হাস্য এই অর্থে প্রযুক্ত হয়] ঈষৎ-হাস্য ; মৃদুহাস্য। "দ্বিধায় জড়িত পদে, কম্প্র বক্ষে নম্র নেত্রপাতে, স্মিত হাস্যে নাহি চল সলজ্জিত বাসর শয্যাতে স্তব্ধ অর্দ্ধ রাতে।" -উর্ব্বশী (রবী০)।

স্মিতানন (শি-) [স্মিত+আনন (মুখ)] বি, ঈষৎ হাস্যযুক্ত মুখ ; মৃদুহাসিমাখা মুখ। > ~া-ঈষৎ-হাস্যমুখী।

স্মৃত (স্মৃ-) [স্মৃ (স্মরণ করা)+ত (র্ম্ম)] বিণ, যাকে স্মরণ করা হইয়াছে ; স্মরণের বিষয়ীভূত।

স্মৃতি (স্মৃ-) [স্মৃ (স্মরণ করা)+তি (ভা০)। "অনুভূত বিষয়জ্ঞানম্" (নাগোজী ভট্ট০), "অনুভূত প্রিয়াদীনামর্থানাং চিন্তনং স্মৃতিঃ।" -উজ্জ্বল নীলমণি] বি, পূর্ব্বানুভূত বিষয়ের জ্ঞান ; স্মরণ। "মা মা, কি স্মৃতি-চিহ্ন রাখিব তোমার!"-বাং গান। ২ মেধা ; বুদ্ধি। ৩ [-+তি (র্ম্ম)] বেদে যা আছে তার মর্ম্ম স্মরণ করিয়া রক্ষিত বলিয়া। "ধর্ম্মশাস্ত্রন্তু বৈ স্মৃতিঃ"-মনু০, ২ অ-১০] মন্বাদি কৃত ধর্ম্ম-শাস্ত্র ; ধর্ম্ম সংহিতা। ~কথা-বি, কোন কিছু, বিতঃ, কোন ব্যক্তি সম্বন্ধে যা স্মরণে আছে তার বিবরণ বা কাহিনী reminiscence. ~কর্ত্তা, ~কার, ~কারক-বিণ, সংহিতাকার ; স্মৃতিশাস্ত্র প্রণেতা ; স্মার্ত্ত। ~চিহ্ন-বি, মনে রাখিবার মত বস্তু ; স্মরণীয় নিদর্শন ; স্মারক-দ্রব্য। ~নিদর্শন-বি, স্মারকচিহ্ন ; স্মৃতির উদ্রেককারী দ্রব্যাদি। ~পট, ~পট্ট-বি, স্মরণের স্থান বা বিষয় ; পূর্ব্বদৃষ্ট বা পূর্ব্বানুভূত বিষয় বস্তুর মানস চিত্রপট বা আলেখ্য ; স্মৃতিফলক। ~পথ, মার্গ-বি, পূর্ব্বজ্ঞান বা অনুভূতবিষয়-চিন্তার মার্গ। ~ফলক-বি, স্মরণপট। ~বার্ষিকী-বি, কোন বিশেষ ঘটনার এক বৎসর পরে তাহা স্মরণ করিয়া শোক বা হর্ষোৎসব ; প্রতি বৎসর অনুষ্ঠেয় স্মৃতিপূজা aniversary. ~বিভ্রম-বি, স্মরণশক্তির বিপর্য্যয় ;

ভ্রান্তস্মৃতি। ~বিরুদ্ধ-বিণ, ধর্ম্মশাস্ত্র-বিরোধী। ~ভ্রংশ-বি, স্মরণশক্তির লোপ; বিস্মৃতি। > বিণ, ~ভ্রষ্ট-স্মরণপথ হ'তে বিচ্যুত; বিস্মৃত। ~মত্তা [স্মৃতিমৎ+তা (ভা°)] বি, স্মৃতিশীলতা। ~মন্দির-বি, মস্তিষ্কের মেধাস্থান। ২ সমাধিগৃহ tomb. ~মান্ [স্মৃতি (স্মরণ) +মতু (স্ত্য°)=স্মৃতিমৎ ১মা, ১ব°] বিণ, স্মরণশক্তিবিশিষ্ট। ২ মেধাবী। > স্ত্রীং ~মতী। ~যোগ্য-বিণ, স্মরণীয়। ~রক্ষা-বি, স্মৃতিপালন; স্মারকচিহ্ন সংস্থাপন। ~রত্ন-বি, স্মার্ত্ত পণ্ডিতের উপাধিবিঃ। ২ স্মৃতিরত্ন-উপাধিক পণ্ডিত। "স্মৃতিরত্নের ছেলে"-ভারতী, আষাঢ়,'১৯। ~লোপ-বি, স্মৃতিভ্রংশ (দ্রঃ)। ~শক্তি-বি, স্মরণশক্তি; মেধা; ধারণাশক্তি the retentive faculty. ~শাস্ত্র-বি, মনু, অত্রি, বিষ্ণু আদি প্রণীত ধর্ম্মশাস্ত্র বা সংহিতা। ~সঙ্গত, ~সম্মত-বিণ, ধর্ম্মশাস্ত্রানুযায়ী; স্মৃতিশাস্ত্রানুমোদিত। ~স্তম্ভ-বি, মৃতের সমাধির উপর স্মারক-লিপি খোদিত পাষাণ বা ধাতু ইং নির্ম্মিত স্তম্ভ বা স্তম্ভাকৃতি ফলকাদি tombstone. ~হর-বিণ, স্মৃতি বিলোপকারী। ~হেতু-বি, স্মরণ কারণ।

স্মের (শেঁ-) [স্মি (ঈষৎ হাস্য করা)+র (র্তৃ, শীলার্থে)] বিণ, স্মিত; মৃদু হাস্যযুক্ত। ২ স্ফুট। ২ বিকশিত।

স্মেরানন (শেঁ-) [স্মের+আনন যার, বহু°] বি, স্মিতমুখ। > স্ত্রীং ~া-ঈষৎ হাস্যমুখী; মৃদুহাস্যকারিণী।

স্যন্দ [স্যন্দ্ (গমন করা, ক্ষরিত হওয়া) +অ (ভা°)] বি, গতি; বেগ। ২ ক্ষরণ। ৩ [+অ (ণে)] রথ। বিণ, স্যন্দী-গতিশীল। ২ ক্ষরণশীল।

স্যন্দন[1] [রাসা° পরিঃ] বি, ইং filtration এর বৈজ্ঞা° পরিঃ; গালন; পরিস্রাবণ (রবী°)। > বিণ, স্যন্দিত-filtered পরিস্রুত।

স্যন্দন[2] [স্যন্দ্ [(গমন করা)+অন (ভা°)] বি, গমন; গতি; বেগ। ২ ক্ষরণ; ইং exhudation এর রাসা° পরিঃ (রাজশে° বসু)। ৩ রথ।

স্যন্দনারোহ [স্যন্দন (দ্রঃ)+আরোহ] বিণ, রথারূঢ়। ২ বি, রথারোহী যোদ্ধা।

স্যন্ন [স্যন্দ্ (ক্ষরিত হওয়া)+ত (র্তৃ)। ন লোপ, দ্=ত=ন্ন] বিণ, ক্ষরিত। ২ পতিত।

স্যমন্তক [সং] বি, শ্রীকৃষ্ণের হস্তস্থিত মণিভূষণ। ২ বৃক্ষবিঃ। ~পঞ্চক [মহা°] বি, কুরুক্ষেত্র সন্নিহিত তীর্থবিঃ। পরশুরাম যে স্থলে ক্ষত্রিয়শোণিতে পাঁচটি হ্রদ নির্ম্মাণ করিয়া পিতৃদিগের তর্পণ করিয়াছিলেন।

স্যমীক [স্যম্ (শব্দ করা)+ঈক (জ্ঞা°)] বি, বল্মীক। ২ মেঘ। ৩ শাঁই গাছ।

স্যর্-স্যার দ্রঃ।

স্যাই, স্যাহী-সিয়াই দ্রঃ।

স্যাঁৎস্যাঁৎ [সেঁতান দ্রঃ। প্রায় বা অল্পার্থে দ্বিত্ব] ক্রি-বিণ, সিক্তপ্রায়; ভিজা-ভিজা। ~ইয়া, স্যাঁৎসেতে-বিণ, সিক্তপ্রায়। "গলির মধ্যে একটি ছোট স্যাঁৎসেঁতে বাড়িতে এই ক্ষুদ্র পরিবার আশ্রয় গ্রহণ করিল।"-গল্পগুচ্ছ (রবী°)।

স্যাঙা(ঙ্গা)ৎ [সং সঙ্গ ("মেলকে সঙ্গ সঙ্গমৌ"-অমর°) > গ্রা°। সা(সে)ঙ্গাত, সেঙাৎ ও°] বি, বন্ধু। "গঙ্গাবিষ্ণু লাহা ও ঠাকুর স্যাঙ্গাৎ পাতাইয়াছিলেন।"-শ্রীশ্রীরামকৃষ্ণলীলা।

স্যাৎ [অস্ (হওয়া, বিদ্যমানতায়) ধাতুর বিধিলিঙের ১ম পু° ১ব°] ক্রি, হয়; হলে; যদি হয়। 'যদি' ও 'ন' শব্দের সহিত বাং-য় চ°। যথা-যদিস্যাৎ, যদ্যপি-স্যাৎ-অ, যদিই বা হঠাৎ যদি হয়। প্র-যদিস্যাৎ এমনই হয় তা হলে ইং। নস্যাৎ-না হওয়ার ভাব; বিনাশের ভাব; লোপ; নাশ। এই অর্থে নস্যি, নস্য। "নস্যি কর তারে। উঠে ধানে পড়ি যেন না করিতে পারে;"-ঈ° গুপ্ত।

স্যান্টোনাইন, -নিন, সেণ্টোনাইন [ইং Santonine এর লিপ্যন্তর] বি, স্বনামপ্রসিদ্ধ কৃমির ঔষধ।

স্যার্, স্যর-সর্[4] দ্রঃ।

স্যূত [সিব্ (সেলাই করা)+ত (র্ম্ম)] বিণ, গ্রথিত। ২ যা বোনা হইয়াছে; সেলাই-করা; রিপু-করা। বি, স্যূতি-সীবন। ২ সূত্রনির্ম্মিত বস্ত্র। ৩ থলিয়া।

স্রংসন [স্রনস্ (পতিত হওয়া)+অন (ভা°)] বি, স্খলন। ২ পড়ন; বিচ্যুতি।

স্রংসী [স্রনস্ (পতিত হওয়া)+ইন্ (র্তৃ)=স্রংসিন্ ১মা, ১ব°] বিণ, স্খলনশীল; পতনশীল। ২ ভ্রষ্ট।

স্রক্, স্রজ্ [সৃজ্ (সৃষ্টি করা)+০(কিপ্, র্ম্ম)] বি, মালা। ~চন্দন-বি, মাল্যচন্দন।

স্রগ্ধর [স্রক্ (মাল্য) ধর (যে ধরে)] বিণ, মাল্যধারী। স্ত্রীং স্রগ্ধরা-একবিংশতি অক্ষর ছন্দোবিঃ। ২ বিণ, মাল্যধারিণী।

স্রব, স্রবণ [স্রু (ক্ষরিত হওয়া)+অ, অন (ভা°)] বি, ক্ষরণ; চুয়ন; গলন। ২ উৎস; ফোয়ারা।

স্রবন্তী [স্রবৎ+ঈ] বি, স্রোতস্বিনী।

স্রষ্টব্য [সৃজ্ (সৃষ্টি করা)+তব্য] বিণ, সৃষ্টির যোগ্য।

স্রষ্টা [সৃজ্ (সৃষ্টি করা)+তৃ (র্তৃ)=স্রষ্টৃ ১মা, ১ব°] বিণ, সৃষ্টিকর্ত্তা। ২ ব্রহ্মা।

স্রষ্টৃত্ব [স্রষ্টৃ+ত্ব] বি, স্রষ্টার ধর্ম্ম বা ভাব; সৃষ্টির কার্য্য।

স্রস্ত [স্রনস্ (পতিত হওয়া)+ত (র্তৃ)] বিণ, স্খলিত; চ্যুত; ক্ষরিত; গলিত। ২ বিচ্যুত; বিযুক্ত। ২ স্থলভ্রষ্ট।

স্রাব [স্রু (ক্ষরিত হওয়া)+অ (ভা°)] বি, ক্ষরণ; পতন। ২ ভ্রংশ; বিচ্যুতি।

স্রাবক [স্রু (ক্ষরিত হওয়া)+অক (র্তৃ)] বিণ, ক্ষরণশীল।

স্রুক্, স্রুচ্ [স্রু (ক্ষরিত হওয়া)+০ (কিপ্, ণে), চ্ আগম, চ্=ক্] বি, যজ্ঞীয় পাত্রবিঃ। "স্রুক্ স্রুব হস্তে যজ্ঞ আপনে করিয়া।"-চৈ° ভা°।

স্রুত [স্রু (ক্ষরিত হওয়া)+ত (র্তৃ)] বিণ, স্খলিত; ক্ষরিত; গলিত। ২ পতিত। বি, স্রুতি-স্খলন; পতন; ক্ষরণ।

স্রুব [স্রু (ক্ষরিত হওয়া)+অ (ণে, জ্ঞা°), স্রু=স্রুব] বি, কাষ্ঠনির্ম্মিত যজ্ঞপাত্রবিঃ; স্রুক্। "ভাঙ্গিল দশন ভিগিল বসন মারিয়া স্রুবের বাড়ী।"-কবিক°। "স্রুক স্রুব হস্তে যজ্ঞ আপনে করিয়া।"-চৈ° ভা°। ~া-বিকঙ্কত বৃক্ষ। ২ শল্লকী। ৩ মূর্ব্বালতা।

স্রুদ্ [স্রু (ক্ষরিত হওয়া) +০(ক্বিপ্,র্ত্তৃ)] বি, যজ্ঞপাত্রবিঃ ; স্রুব।

স্রেফ-সেরেফ দ্রঃ।

স্রোত, স্রোতঃ [স্রোতস্ > স্রোতঃ > বাং-য় স্রোত] বি, জলপ্রবাহ। ২ প্রবাহ। "কালের স্রোত সেখানে বিরুদ্ধ।"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ৩ গজের সপ্তবিধ মদক্ষরণ।

স্রোতঃপঁথ -পয়ঃপ্রণালী ; নর্দ্দমা। "স্রোতঃপথে জল যথা।"-মেঘ০।

স্রোতঁ/স্বঁতী, ~স্বিনী (-ত্ত-) [স্রোতস্ + বৎ (বতু), বিন্ (স্ত্য০) + ঈ (স্ত্রীং)] বি, প্রবাহিণী ; নদী। সম্বোধনে-~স্ব তি। "এই কি উচিত তব ওহে স্রোতস্বতি?"-ব্রজাঙ্গনা। ২ বিণ, স্রোতযুক্ত। ~স্বান্, ~স্বী-বিণ, স্রোতবিশিষ্ট।

স্রোতোর্জ্জল [স্রোতঃ + জল] বি, যে জলের প্রবাহ আছে ; নদী জল।

স্রোতোঞ্জন [স্রোতঃ + অঞ্জন] যমুনার স্রোতে সৌবীর দেশে উৎপন্ন বলিয়া নাম] বি, অঞ্জনবিঃ ; সৌবীরাঞ্জন antimony.

স্রোতো/বঁহ, ~বঁহা [স্রোতস্ -বহ্ (বহন করা) + অ (র্ত্তৃ), + আ (স্ত্রীং)] বি, নদী। ~বাহিত্ত-বিণ, স্রোতের বেগে চালিত। > স্ত্রীং ~া। ~বেগ [স্রোতঃ + বেগ] বি, দ্রুতস্রোত ; প্রবল প্রবাহ : স্রোতের ত্বরিত গতি। > স্ত্রীং ~া-বিণ, দ্রুত-স্রোতা। ~হীন-বিণ, প্রবাহরহিত ; রুদ্ধ-স্রোত ; নিষ্প্রবাহ। > স্ত্রীং~া-নিঃস্রোতা।

স্লাইস [ইং slice এর লিপ্যন্তর] বি, টুকরা। "পাউরুটী কাটিয়া স্লাইসগুলি মাখম মাখাইয়া ষ্টোভে টোষ্ট করিয়া গরম গরম প্রত্যেকের প্লেটে দিল।"-বা০ বসুমতী, ১৩৩৪।

স্লো [ইং slow র লিপ্যন্তর। ইং fast এর বিপরীত] বিণ, বিলম্বিত ; মন্থর ; মন্দ-গতি। প্র-ঘড়িটা ঠিক চলছে, এক মিনিটও স্লো কি ফাষ্ট যায় না।

স্ব (শঁ) [সং] বি, স্বয়ং ; আত্মা। ২ জীবাত্মা। ৩ ধন। প্র-সর্ব্বস্ব। নিঃস্ব। ৪ আত্মীয় ; কুটুম্ব। প্র-স্বজন। ৫ বিণ, স্বকীয় ; নিজ। ~কঁ-স্বকীয় দ্রঃ। ~কঁর্ম্ম, ~কার্য্য-আপনার কর্ম্ম। ২ নিজকৃত কর্ম্ম। ৩ স্বার্থ ; আত্মপ্রয়োজন। "স্বকার্য্য-সাধনে রত।" ~কর্ম্মকৃৎ-বিণ, নিজ-কার্য্যকারী। ~কঁপোল-কঁল্পনা-বি, নিজের রচিত কাল্পনিক কথা ; স্বীয় মনঃকল্পিত বিষয়। > বিণ, ~কঁপোল-কঁল্পিত-নিজের মনগড়া। ~কাম-বিণ, আত্ম কামনাযুক্ত। ~কামী-বিণ, নিজের জন্য কামনাকারী। ~কাল [স্ব-কাল] বি, কোন কার্য্যের নির্দ্দিষ্ট কাল ; যার যে সময় নির্দ্দিষ্ট হইয়াছে তা সেই কার্য্যের 'সকাল'। ২ সূর্য্যোদয়ের পূর্ব্বে একদণ্ড ও পরে একদণ্ড ; প্রাতঃসন্ধ্যার কাল (তা ছাড়া সময়=অকাল বা অসকাল)-মনু০। ~কীয়ঁ১ [স্ব (আপন) + কীয় (সম্বন্ধার্থে), স্বক [দ্রঃ)] বিণ, নিজ ; স্বীয় ; আপন। > ~া-আপন পতি-অনুরক্তা নায়িকাবিঃ ; স্বীয়া (দ্রঃ) [সা০ শা০-'স্বকীয়া' জ্যেষ্ঠা ও কনিষ্ঠা ভেদে দুই প্রকার এবং মুগ্ধা মধ্যা ও প্রৌঢ়া ভেদে তিন শ্রেণীতে বিভক্ত]। ~কীয়২ [পাটী০, বীজ্যগ০ (ক০ বিশ০ পরিঃ)] ইং intrinsic এর বৈজ্ঞা০ পরিঃ। ~কীয়ঁতা,-ত্ত-বি, নিজত্ব ; আত্মভাব ; নিজের বিশেষত্ব। ~কুল-বি, নিজবংশ ; আত্মকুল। ~কুল্য-বিণ, আত্ম-কুলের ; নিজ বংশীয়। ~কৃত্ত-বিণ, আপনার দ্বারা অনুষ্ঠিত ; নিজকৃত ; সচেষ্টায় সম্পাদিত। ~কৃত্তভঁঙ্গ [সামাজিক] বিণ, কুলীনের মৌলিক ঘরে বা উচ্চ কুলধরের নিম্ন-কুলের কন্যাকে বিবাহ করায় নিজকৃত কুলভঙ্গ (ভঙ্গ কুলীন দ্রঃ)। ~খাত্ত [গ্রা০ খাদ] বিণ, আপন হাতে খনিত। "স্বখাত সলিলে ডুবে মরি শ্যামা"-রা০ প্র০। 'স্বখাদ সলিলে'-দাশু০ রায়। ~গঁত্ত [স্ব (আত্মাকে) গত (প্রাপ্ত), ২ তৎ] বিণ, আত্মগত। ২ মনোগত। ৩ [নাট্যে] অভিনেতা অভিনেত্রীর অন্যের অগোচরে আত্মসম্ভাষণ soliloquy. ৪ ক্রি-বিণ, মনে মনে। ৫ পাত্রপাত্রীর কথোপকথন বা বক্তৃতা এত নিম্নস্বরে যে নির্দ্দিষ্ট ব্যক্তিগণ ব্যতীত শ্রোতৃবর্গের শ্রবণগোচর মাত্র হয় aside. ~গৃহঁ১-দ্রঃ। ~গ্রাম-বি, নিজের বসতিগ্রাম। ~ঘঁর-বি, স্বগৃহ ; নিজের ঘর। ২ পুত্রকন্যা আদান প্রদানাদি বিষয়ে করণীয় বংশ ; নিজকুল ; চল্‌তি ঘর। ~চঁক্ষে [স্ব + চক্ষুর্ত্তে > চক্ষে] অ, নিজের চোখে ; আত্মসমক্ষে ; প্রত্যক্ষভাবে। ~জাত, ~জাতি, ~দার, ~দেশ, ~ধঁর্ম্ম, ~রঁচিত, ~রাজ-দ্রঃ। ~তঁন্ত্র-বিণ, আত্মতন্ত্র autonomous. ~তঁন্ত্রনিষ্ঠ-বিণ, আত্মপরায়ণ। ২ স্বকর্ম্মসাধক ; স্বকর্ম্মশীল। ~প্রঁকাশ, স্বয়ঁম্প্রঁকাশ-বিণ, আপনার জ্যোতিতে প্রকাশমান। ~প্রঁকাশমঁয় -বিণ, স্বয়ং-বিজ্ঞাত ; বা ব্যক্ত ; আপনার জ্যোতিতে জ্যোতির্ম্ময়। "কিন্তু স্বপ্রকাশময় ভগবানে ত আর সে প্রকার অচৈতন্য নাই"-উত্তরা। ~প্রতিকঁর [স্ব (নিজ) প্রতি (সদৃশ) কর] বি, বিণ, সমকর্ম্মী, সহযোগী colleague. ~প্রঁধান, স্বয়ঁম্প্রঁধান-বিণ, হামবড়: আপনি মোড়ল। ২ আত্মনির্ভরশীল। ~বঁশ -বিণ, নিজের অধীন ; অ-পরবশ ; স্বাধীন। > বি, ~বঁশঁতা। ~বশ্য-বিণ, আপনার বশবর্ত্তী : স্বাধীন। > বি, ~বশ্যতা-স্বাধীনতা ; নিজের বশবর্ত্তিতা। ~শ্রেণী-বি, আপনার সমাজ ; স্বীয় সম্প্রদায়। ~সঁমান-বিণ, আত্মতুল্য ; আপনার সদৃশ। ~স্ব-অ, নিজ নিজ। ২ স্বতন্ত্র স্বতন্ত্র ; পৃথক্ পৃথক্। ~স্বপ্রঁধান-বিণ, প্রত্যেকেই স্বতন্ত্র এবং অপরাধীন। ~হঁস্তে-ক্রি-বিণ, নিজের হাতে ; নিজের দ্বারা।

স্বঃ [সং] বি, স্বর্গ ; দ্যুলোক। ২ নিরব-চ্ছিন্ন সুখ। ৩ ব্যাহৃতিবিঃ।

স্বগঁর্ত্তভেদ [জীববিদ্যা০ পরিঃ (সা০ প০ প০)] ভেদ দ্রঃ differentiation.

স্বগৃহঁ২(শঁ-) [স্ব-গৃহ] বি, কলিকার নামক পক্ষিবিঃ। ইহারা ক্ষুদ্র ক্ষুদ্র পক্ষী ও পতঙ্গাদি মারিয়া আহারান্তে স্ব স্ব বাসার নিকট কণ্টকে বিদ্ধ করিয়া রাখে the forked-tailed shrike. ২ নিজগৃহ ; আপন ভবন।

স্বগ্গি (শং-) [স্বর্গ > গ্রা০] বিণ, স্বর্গ। "স্বং মর্ত্ত্য পাতাল ভোক্ষে দেব হরী"-শ্রী০ কী০। ~লাভ-বি, মৃত্যু।

স্বঙ্গ (শিং-) [সু (সুন্দর যে) + অঙ্গ (অবয়ব), ধা] বিণ, সুন্দর অবয়বযুক্ত।

স্বচ্ছ (শঁ-) [সু (অতিশয়) + অচ্ছ (নির্ম্মল)] বিণ, যাতে প্রতিবিম্ব পাত হয় ; অতি নির্ম্মল। ২ অনাবিল। ৩ শুভ্র। ৪ স্ফটিক। ৫

নীরোগ; স্বাস্থ্যসম্পন্না। স্ত্রীং স্বচ্ছা-শ্বেত-দূর্ব্বা। ~পত্র [স্বচ্ছ-পত্র (পাতা=স্তর) যার, বহুং০] বি, অভ্রক ধাতু। ~মণি-বি, স্ফটিক। ২ কাচ।

স্বচ্ছতা (শ-) [স্বচ্ছ+তা (ভা০)] বি, অনাবিলতা; নির্ম্মলতা। ২ শুভ্রতা। ৩ প্রতিবিম্বধারণ-ক্ষমতা। ৪ সরলতা। "যদ্যপি নির্ম্মল রাধার সৎ-প্রেম-দর্পণ; তথাপি স্ব০ তার বাড়ে ক্ষণে ক্ষণ।"-চৈ০ চ০।

স্বচ্ছন্দ (শ-) [স্ব(নিজের)ছন্দ (অভিলাষ) যার, বহুং০] বিণ, স্বেচ্ছানুবর্ত্তী; স্ববশ; স্বাধীন। ২ অনায়াসলভ্য। ৩ সুস্থ। ৪ অযত্নজাত। ৫ নিরঙ্কুশ। ৬ স্বতন্ত্র। ৭ নির্দ্বন্দ্ব। ৮ আপনা হ'তে উৎপন্ন; স্বভাব-জাত। ৯ [৬তৎ] বি, স্বেচ্ছা; স্বেচ্ছাচার। ~চিত্ত-বিণ, নিশ্চিন্ত বা দুর্ভাবনাহীন চিত্ত-বিশিষ্ট; অব্যাকুলমনাঃ; সুস্থচিত্ত। ২ স্বাধীন চিত্ত; যার মন স্ববশে আছে; শান্তহৃদয়।

স্বচ্ছন্দাচার (শ-) [স্বচ্ছন্দ (দ্রঃ)+ আচার যার, বহুং০] বিণ, স্বেচ্ছাচার; স্বাধীন। ২ [স্বচ্ছন্দ যে আচার, ধা] বি, স্বেচ্ছাচার; অপরাধীনতা।

স্বচ্ছন্দানুবর্ত্তিতা (শ-) [স্বচ্ছন্দ (দ্রঃ) +অনুবর্ত্তিতা] বি, ব্যক্তিত্ব individuality. ২ আত্মবশতা liberty.

স্বজ (শ-) [স্ব (আত্মা) জ (জাত)] বি, আত্মজ; পুত্র। ২ স্বেদ; ঘর্ম্ম। ৩ শোণিত; রক্ত। ৪ বিণ, আত্মোৎপন্ন; শরীরজাত। স্ত্রীং স্বজা-কন্যা।

স্বজন (শ-) [স্ব (নিজের) জন (লোক) ৬তৎ] বি, আত্মীয়; আপনার লোক। ২ কুটুম্ব। ৩ মিত্র। ~তা, ত্ব (-ন-) [স্বজন +তা,ত্ব (ভা০)] বি, স্বজনত্ব; স্বজনের ভাব; আত্মীয়তা। ~ত্যাগ-বি, আত্মপরিজনের সংস্রব ত্যাগ; আত্মীয়গণকে পরিত্যাগ। ২ কুলত্যাগ। ৩ স্বজাতি ত্যাগ। ~প্রিয়-বি, আত্মীয়ানুরাগী। ~প্রিয়তা, ~প্রীতি, ~প্রেম-বি, আত্মীয়ানুরাগ; আত্মজনের প্রতি ভালবাসা। ২ স্বজাতিপ্রীতি। ~দ্বেষ, ~বিচ্ছেদ, ~বিবাদ, ~বিরোধ-বি, আত্মপরিজনের সহিত মনোমালিন্য; আত্ম-কলহ; গৃহবিবাদ। ২ স্বজাতিদ্রোহ।

স্বজনী (শ-) [স্বজন+ঈ (স্ত্রীং)। সজনী দ্রঃ। সম্বোধনে স্বজনি] বি, কুটুম্বিনী; আত্মীয়া। ২ সখী; সহচরী। "স্বজনি! ভাল করি পেখন না ভেল।"-বি০ প০। "কেও বাজাইছে বাঁশী, স্বজনি, মৃদু মৃদু স্বরে নিকুঞ্জ বনে?"-ব্রজাঙ্গনা।

স্বজা-স্বজ দ্রঃ।

স্বজাত (শ-) [স্ব (হতে) জাত] বিণ, আপনা হতে উৎপন্ন; স্বয়ম্ভু। ~ত্ব-বি, স্বাজাত্য।

স্বজাতি (শ-) [স্ব (নিজের) জাতি (শ্রেণী), ৬তৎ] বি, নিজশ্রেণী; স্বশ্রেণী। বিণ, স্বজাতীয়-স্বশ্রেণীস্থ; নিজ জাতির। ২ স্বজাতি সম্বন্ধীয়। >স্ত্রীং ~া। ~প্রিয় -বিণ, স্বজাতির প্রতি অনুরাগী। ২ স্বজাতির প্রীতিভাজন। >বি, ~প্রিয়তা। ~প্রীতি, ~প্রেম-বি, নিজ জাতির প্রতি অনুরাগ। ~প্রেমিক-বিণ, স্বজাতির প্রতি অনুরাগী; স্বজাতিভক্ত। ~দ্রোহ, ~বিরোধ-বি, স্বজাতির বিরুদ্ধাচরণ; স্বজাতিশত্রুতা। >বিণ, ~দ্রোহী, ~বিরোধী। ~সুলভ-বিণ, স্বজাতির স্বভাব বা প্রকৃতিগত; স্বজাতির মধ্যে সহজে দৃষ্ট হয় বা ধরা পড়ে এমন।

স্বজাত্য (শ-) [স্বজাতি+য] বিণ, স্বজাতীয়।

স্বতঃ (শ-) [স্ব (আপনি)+তস্ (পঞ্চমী স্থানে)] অ, স্বয়ং; আপনা হতে; নিজ হতে; নিজে নিজে। ~পরতঃ-ক্রি-বিণ, আপনা হতে এবং অন্য দ্বারা। ~প্রবৃত্ত-বিণ, আপনা হইতে বা স্বেচ্ছায় ব্যাপৃত; স্বয়ং নিযুক্ত; স্বেচ্ছাচালিত। ~প্রমাণ [ন্যা০ (ক০ বিশ০ পরিঃ)] ইং self-evident এর বৈজ্ঞা০ পরিঃ। ~সিদ্ধ [ন্যা০ পরিঃ] বি, ইং axiom এর বৈজ্ঞা০ পরিঃ। ২ বিণ, যা প্রমাণের অপেক্ষা রাখে না; স্বভাবসিদ্ধ axiomatic. ~সিদ্ধ সত্য-বি, স্বয়ংসিদ্ধ সত্য। ~সিদ্ধান্ত-বি, সর্ব্বজন স্বীকৃত বা সাধারণ সিদ্ধান্ত axiom. ~স্ফূর্ত্ত-বিণ, আত্মস্ফূর্ত্তিযুক্ত; স্বপ্রবৃত্ত; আত্মপ্রকাশিত। "গান তাহাদের প্রাণের স্বতঃস্ফূর্ত্ত উচ্ছসিত-ভাব আবেগ।"-ভারতী, আষাঢ়, ১৩৩৪। >বি, ~স্ফূর্ত্তি।

স্বতন্তর (শ-) [সং-স্বতন্ত্র >প্রা০] বিণ, স্বাধীন। "রোহিণী কিঙ্কর হল নৃপবর স০ মহাশূর।"-ঘ০। "স্বামী দেশান্তর সতা স্ব০ নিত্য দেয় মোরে দুখ।"-কবিক০। ২ ভিন্ন; পৃথক্। স্ত্রীং ~া, ~ী [স্বতন্ত্র >] স্বাধীনা; স্বেচ্ছাধীনা; স্বৈরিণী। "নারী যার স্বতন্তরা সেজন জীয়ন্তে মরা।"-অ০ ম০। "নহি স্বতন্তরী গুরুজনে ডরি।"-চণ্ডি০। ২ ভেদভাবাপন্না। ৩ বিচ্ছিন্না।

স্বতন্ত্র (শ-) [স্ব (আপন) তন্ত্র (ইচ্ছা) যার, বহু০। প্রা০ বাং প্রাকৃ০ সতন্তর, সতন্তরী, সতন্তরে (দ্রঃ)। ম০ বাং- স্বতন্তর >স্ত্রীং ~া, ~ী] বিণ, স্ববশ; স্বাধীন [এই অর্থে স্বতিন্ত্রিক ও০] ২ স্বেচ্ছাচারী। বি, ~তা।

স্বতোচ্ছ্বাস (শ-) [স্বতঃ >বাং-র স্বত (তুল-শিরঃ, মনঃ ই০ >বাং-র-শির, মন। "শিরোপরি"-মেঘ০। "মনাগুর" ই০। এইরূপ স্বতঃ + উচ্ছ্বাস="সত উচ্ছ্বাস" স্থলে-সত +উচ্ছ্বাস=সতোচ্ছ্বাস। তুল- "স্বতোজ্জ্বল", "স্বতোদ্দীপ্ত" ও স্বোৎপন্ন স্থলে "স্বতোৎপন্ন" ই০] বি, আত্মাভিব্যক্তি; আত্মোল্লাসন। "শিল্পীর প্রকাশ সহজ আনন্দের স্ব০"-উত্তরা, আষাঢ়, '৩৩।

স্বত্ব (শ-) [স্ব (নিজে) +ত্ব (ভা০)] বি, ধনাদিতে অধিকার। ২ দ্রব্যাদির ক্রয় বিক্রয়াধিকার। ~ত্যাগ-বি, নিজের স্ব অধিকার বর্জ্জন; দখলত্যাগ।

স্বত্বাধি/কার (শ-) [স্বত্ব+অধিকার] বি, ভোগ দখল ও দানবিক্রয়াদির অধিকার। বিণ, ~কারী-দখলীকার; দান বিক্রয়ের অধিকারপ্রাপ্ত। >স্ত্রীং ~কারিণী।

স্বদার (শ-) [স্ব-দার (পত্নী)] বি, নিজের স্ত্রী; বিবাহিতা পত্নী।

স্বদেশ (শ-) [স্ব (নিজ) দেশ] বি, মাতৃভূমি, নিজের দেশ; জন্মভূমি। ~দ্রোহ, দ্রোহিতা-বি, স্বদেশের শত্রুতা। >বিণ, ~দ্রোহী-স্বীয় জন্মভূমির অনিষ্ট চিন্তা-কারী; নিজের দেশের বিপক্ষতাচরণকারী। >স্ত্রীং ~দ্রোহিণী। ~প্রিয়-বিণ, স্বদেশবৎসল; নিজের দেশের প্রতি অনুরক্ত; স্বীয় জন্মভূমির প্রতি প্রীতি বিশিষ্ট। ~প্রীতি, ~প্রেম-বি, নিজের

দেশের প্রতি ভালবাসা ; স্বদেশানুরাগ। >বিণ, ~প্রেমিক। ~বৎসল-বিণ, স্বদেশানুরক্ত ; স্বদেশভক্ত। >বি, ~বৎসলতা, ~বাৎসল্য-স্বদেশপ্রেম ; স্বদেশপ্রীতি। ~ভক্ত-বিণ, স্বদেশানুরাগী a patriot. >বি, ~ভক্তি। ~লক্ষ্মী-বি,স্বদেশজননী ; দেশমাতৃকা। ~সেবক, সেবী-বিণ, স্বদেশের কার্য্যে বা হিতানুষ্ঠানে আত্মনিয়োগকারী। ~হিতৈষী-বিণ, স্বদেশের হিতাকাঙ্ক্ষী ; স্বদেশের হিতকামী।

স্বদেশানুরক্ত [স্বদেশ+অনুরক্ত] বিণ, স্বদেশভক্ত। > বি, স্বদেশানুরক্তি।

স্বদেশানুরাগ (শ-)[স্বদেশ+অনুরাগ] বি, স্বদেশপ্রীতি ; স্বদেশপ্রেম। বিণ, ~ী। >স্ত্রীং স্বদেশানুরাগিণী।

স্বদেশী (শ-) [স্বদেশিন্ ১মা, ১ব০] বিণ, স্বদেশজাত ; নিজের দেশে উৎপন্ন। ২ স্বদেশবাসী। স্ত্রীং স্বদেশিনী। ~য় (শ-) [স্বদেশ(দ্রঃ)+ঈয়] বিণ, স্বদেশোৎপন্ন। ২ স্বদেশ সম্বন্ধীয়।

স্বধর্ম্ম (শ-) [স্ব (নিজের) ধর্ম্ম, ৬তৎ] বি, আত্মধর্ম্ম। ২ বেদাদিবিহিত ধর্ম্ম। ৩ স্ববর্ণাচার। ৪ স্বভাব ; প্রকৃতি। ৫ [যোগশাস্ত্রে] প্রাণকার্য্য ; প্রাণায়াম। ~ত্যাগ-বি, আত্মধর্ম্ম বিসর্জ্জন। ২ স্বজাতি বা স্বকীয় সমাজবিহিত ধর্ম্ম পরিত্যাগ। >বিণ, ~ত্যাগী-আত্মধর্ম্মত্যাগকারী : স্বধর্ম্মভ্রষ্ট। >স্ত্রীং ~ত্যাগিনী। ~নিরত-বিণ, আত্মধর্ম্মপালনতৎপর ; আত্মধর্ম্মে নিষ্ঠাবান্। >স্ত্রীং ~নিরতা। ~নিষ্ঠ-বিণ, আত্মধর্ম্মানুরক্ত ; স্বধর্ম্মপরায়ণ। >বি, ~নিষ্ঠা। ~পরায়ণ-বিণ, স্বধর্ম্মে নিষ্ঠাবান্ ; স্বধর্ম্মানুসরণকারী। > স্ত্রীং ~পরায়ণা। ~পালন-বি, স্বধর্ম্মসেবা ; স্বধর্ম্মানুষ্ঠান ; আত্মধর্ম্মরক্ষা। > বিণ, ~পালক। >স্ত্রীং ~পালিকা।

স্বধা (শ-) [স্বদ্ (আস্বাদন করা)+আ (র্ম্ম), দ=ধ] বি, দেবতার উদ্দেশে হবিঃ প্রদান। ২ পিতৃলোকের উদ্দেশে প্রদত্ত জল পিণ্ডাদি। ৩ অন্ন। "এই সমস্ত হব্য হইতেই স্বধা (অন্ন) ক্ষরিত হয়।"-ঐতরেয় ব্রাহ্মণ (ত্রিবেদী০)। ৪ [-+আ (ণে)] দেবতা এবং পিতৃলোকের উদ্দেশে জল পিণ্ডাদি দানের মন্ত্র। ৫ [স্ব (নিজ) ধা (ধারণ করা)+অ (র্ত্তৃ)+আ (স্ত্রীং)] অগ্নির পত্নী ; স্বাহা। ৬ মাতৃকাদেবীবিঃ ; পিতৃলোক-পত্নী। ~প্রিয় (শ) [স্বধা প্রিয়া যার, বহু০] বি, অগ্নিদেব। ২ কৃষ্ণতিল। ~ভুক্ (শ-) [স্বধা ভুজ্ (ভোজন করা)+ক্বিপ্ (র্ত্তৃ)] বি, হবির্ভুক্ ; দেবতা। ২ পিতৃলোক।

স্বধিতি (শ-) [সং] বি, পরশু ; কুঠার।

স্বধীত (শ-) [সু+অধীত] বিণ, স্বাধ্যায়যুক্ত ; পঠিত বেদ। >বি, স্বধীতি-স্বাধ্যায়।

স্বন (শ-) [স্বন্(শব্দ করা)+অ (ভা০)] বি, শব্দ ; ধ্বনি ; স্বর। ২ ক্রি-বিণ, স্বনে। "স্বন, স্বন, স্বনে, শুন বহিছে পবন, সই গহন কাননে।"-ব্রজাঙ্গনা। বিণ, স্বনিত-শব্দিত ; ধ্বনিত ; গর্জ্জিত। ২ বি, মেঘধ্বনি : বজ্রনাদ। ৩ নিনাদ।

স্বনন (শ-) [স্বন (দ্রঃ)+অন (ভা০)] বি, ধ্বনন ; স্বন্ স্বন্ শব্দকরণ। ২ ধ্বনি ; রব।

স্বনাম (শ) [স্ব (নিজ)-নাম] বি, আত্মনাম ; নিজের নাম। ~খ্যাত-বিণ, স্বনাম-প্রসিদ্ধ ; নিজ নামে সর্ব্বত্র পরিচিত বা প্রশংসিত। ~ধন্য-স্বীয় কীর্ত্তিতে চরিতার্থ ; সার্থকনামা ; স্বনাম বিখ্যাত। ~প্রসিদ্ধ-বিণ, নিজনামে খ্যাত।

স্বনুরক্ত (শ) [সু+অনুরক্ত] বিণ, অত্যন্ত অনুরক্ত ; অতিশয় অনুরাগযুক্ত।

ত (শ-) [সু+অনুষ্ঠিত] বিণ, ; সুসাধিত।

স্বন্ত (শ) [সু+অন্ত যার, বহু০] বিণ, যার শেষ ভাল।

স্বপক্ষ (শ-) [প্রা০ স্বাপক্ষ। স্ব (নিজ) পক্ষ (দল)] বি, নিজের দল। "এই কি তোমার কুবুজা এই কি তোমার কু বুঝায়। দেখ দেখি রাই পক্ষে আর স্বপক্ষে তার কে বুঝায়।"-বাং গান।

স্বপত্য (শ-) [সু+অপত্য যার, বহু০] বিণ. সুসন্তানবান্।

স্বপ্ন, স্বপন (শ-) [স্বপ্ (নিদ্রিত হওয়া)+ন, অন (ভা০)। 'স্বপ্ন' শব্দের কোমলরূপ স্বপন। প্রা০ বাং-"সুইনা"। "নিংদ বিহনে সুইনা জইসো" (অর্থাৎ নিদ্রা বিহনে স্বপ্ন যেমন)-বৌ০ গান ও দোহা। চ০ ক০ ভা০-হিন্দুকথ্য-'সপ্না', মু০ কথ্য-'হপ্না'] বি, নিদ্রিতাবস্থায় বিষয়ের অনুভব। "নিশার স্বপন সম তোর এ বারতা।"-মেঘ০। "যদি স্বপ্নের প্রকৃতি ও উৎপত্তি জানিতে হয় তবে বৈজ্ঞানিক মার্গ ধরিতে হইবে। এই মার্গের তিন পাদ আছে। প্রথম পাদে নানা লোকের অনুভবের যথাযথ বর্ণনা সংগ্রহ, দ্বিতীয় লক্ষণ নিরূপণ, তৃতীয়ে সিদ্ধান্ত। যিনি এই মার্গে চলিতে না শিখিয়াছেন, তিনি পদে পদে ভ্রান্ত হইবেন।"-শ্রীগিরীন্দ্র শেখর বসু। ২ নিদ্রিতাবস্থায় দেবতার আদেশ। "স্বপ্ন হৈল গোবিন্দের।"-অ০ ম০। "কৃষ্ণ দেখিবারে খেদ, স্বপনে পাইল ভেদ। নীলমাধবের এই স্থান।"-অ০ ম০। ৩ অসম্ভব কল্পনা ; মিথ্যা আশা। ~ঘোর [৬তৎ] বি, সপ্নের ঘোর ; স্বপ্নদৃষ্ট বিষয়বস্তুর মোহ। ~জগৎ-বি, স্বপ্নরাজ্য দ্রঃ। ~জাল-বি, জালের ন্যায় স্বপ্নব্যূহ ; স্বপ্নে দৃষ্ট ঘটনা পরম্পরা ; স্বপ্নে দৃষ্ট অলৌকিক বিষয়-ব্যাপার বা দৃশ্যাবলী। ২ অলীক কল্পনার সংহতি। ~তত্ত্ব-বি, স্বপ্নের হেতু, প্রকৃতি ই০ বিষয়ক বিজ্ঞান। ~দর্শন-বি, নিদ্রিতাবস্থায় ঘটনাবলীব দর্শন; স্বপন দেখা। >বিণ, ~দৃষ্ট-স্বপ্নাবস্থায় লক্ষিত ; নিদ্রাকালে দৃষ্ট বা অনুভূত। ~দেখা-ক্রি, জাগ্রৎ অবস্থায় সংঘটিত, আলোচিত বা চিন্তিত এবং অদ্ভুত বিষয় ব্যাপার নিদ্রিতাবস্থায় যথাবৎ অথবা অসম্ভাবিতরূপে প্রত্যক্ষবৎ দর্শন করা। ২ বৃথা কল্পনা বা আশা করা। ~দোষ-বি, নিদ্রিত অবস্থায় রেতঃস্খলন। ~নিকেতন-বি, শয়ন গৃহ। তুল-ফা০ 'খোয়াব্গাহ্' (স্বপ্ন দেখিবার আগার)। ~বৎ-বিণ স্বপ্নের ন্যায়। ২ অলীক। ~বিৎ-বিণ, স্বপ্নতাত্ত্বিক। ৩ স্বপ্নপাঠক ; স্বপ্নের ফলাফল বিচারকারী dream reader. ~বৃত্তান্ত-বি, স্বপ্নে দৃষ্ট ঘটনাবলীর বিবরণ বা কাহিনী। ~ভাষিত-বিণ, নিদ্রিতাবস্থায় উক্ত ; স্বপ্নে কথিত। ~ময়-বিণ, স্বপ্নবিজড়িত ; কাল্পনিক। স্ত্রীং ~ময়ী।

~র্রহস্য-বি, স্বপ্নের গূঢ়তত্ত্ব। ~রাজ্য, ~লোক-বি, স্বপ্নদৃষ্ট অমূলক জাগতিক ব্যাপার ; কল্পলোক ; স্বপ্নজগৎ ; মায়ারাজ্য dreamland. ~লব্ধ-বিণ, স্বপ্নাবস্থায় প্রাপ্ত; দৈবানুগ্রহে স্বপ্নে প্রাপ্ত। ~লোক-স্বপ্নরাজ্য দ্রঃ। জাগ্রৎ স্বপ্ন, দিবা স্বপ্ন -বি, দিবানিদ্রাকালে দৃষ্ট স্বপ্ন। ২ জাগিয়া জাগিয়া দেখা স্বপ্ন। ৩ আকাশ কুসুম রচনা ; অলীক বিষয় চিন্তা বা কল্পনা। দুঃস্বপ্ন-বি, দুঃখজনক স্বপ্ন ; ভয়, অমঙ্গল, বিপৎপাতের স্বপ্ন ; স্বপ্নে দুর্নিমিত্তাদি দর্শন। সুখস্বপ্ন, সুস্বপ্ন [দুঃস্বপ্নের বিপরীত] বি, আনন্দজনক, অনুকূল স্বপ্ন ; সুখানুভূতির স্বপ্ন। স্বপ্নে-অ, স্বপ্ন দেখিবার কালে ; স্বপ্ন দেখিতে দেখিতে। স্বপ্নেও না দেখা, না ভাবা-স্বপ্নে কত অদ্ভুত অসম্ভব ও অলৌকিক বিষয়ব্যাপার দর্শন করা যায়, কিন্তু প্রস্তাবিত বিষয়বস্তু এতদূর অসম্ভব যে স্বপ্নেও তা দেখা বা ভাবা যায় না ; সম্পূর্ণ অসম্ভবকে সম্ভব হতে বা অপ্রত্যাশিতকে প্রত্যক্ষ হইতে দেখা বা ভাবা।

স্বপ্নাদেশ (শ-) [স্বপ্ন+আদেশ] বি, স্বপ্নে প্রাপ্ত আদেশ।

স্বপ্নাদ্য (শ-) [স্বপ্ন+আদ্য (মূলক)। গ্রাং স্বপ্নাদ্যে] বিণ, স্বপ্নমূলক। ২ স্বপ্নলব্ধ।

স্বপ্নাবস্থা (শ-) [স্বপ্ন (স্বপ্নের)+অবস্থা] বি, নিদ্রাবস্থা ; স্বপ্ন দর্শন কাল।

স্বপ্নাবির্ভাব (শ-) [স্বপ্ন (স্বপ্নে)+আবির্ভাব, ৭তৎ] বি. স্বপ্নোদয়। >বিণ, স্বপ্নাবির্ভূত-স্বপ্নোদ্ভূত ; স্বপ্নে উদিত।

স্বপ্নাবিষ্ট (শ-) [স্বপ্ন (দ্বারা)+আবিষ্ট, ৩তৎ] বিণ, স্বপ্নাচ্ছন্ন ; স্বপ্নবিহ্বল ; স্বপ্নাভিভূত। ২ মায়াচ্ছন্ন। >বি, স্বপ্নাবেশ -স্বপ্নের আবেশ ; স্বপ্নঘোর ; স্বপ্নবিহ্বলতা।

স্বপ্নোত্থিত [স্বপ্ন (হ'তে)+উত্থিত] বিণ, স্বপ্ন দেখিতে দেখিতে বা স্বপ্নান্তে জাগরিত ; নিদ্রাভঙ্গে জাগরিত।

স্বপ্নোদিত [স্বপ্ন (দর্শন কালে)+উদিত, ৭তৎ] বিণ, স্বপ্নে আবির্ভূত বা প্রকাশিত। >বি, স্বপ্নোদয়-বি, স্বপ্নাবির্ভাব। "কত সুখ-স্বপ্নোদয় হৃদয় মাঝারে হয় ; কভু হাস্যচ্ছটা বিম্বাধরে"।

স্বপ্রচার [সং] বি, স্বমতবিস্তার সমিতি ; মতবিশেষ প্রচারক মণ্ডলী ; প্রচারিত মত Propaganda.

স্ববশ (শ-) [স্ব (নিজের) বশ (অধীন), ৬তৎ] বিণ, আত্মবশ ; নিজায়ত্ত।

স্ববাসিনী (শ-) [স্ব (জ্ঞাতি মধ্যে) বস্ (বাস করা)+ইন্ (র্ত্তৃ)=স্ববাসিন্+ঈ (স্ত্রীং)] বি, আজন্ম পিতৃগৃহবাসিনী কন্যা।

স্বভাজন (শ-) [সং] বি, আনন্দন ; আপ্যায়ন। ২ সৌজন্য।

স্বভাব (শ) [স্ব (নিজের) ভাব, ৬তৎ] বি, স্বরূপ ; আত্মভাব ; প্রকৃতি। "যার যেবা ভাব সেই রূপ লাভ শঠের স্বভাব ভাল না হয় কখনে॥"-বাং গান। [দ্রঃ- যাবৎ যে বস্তু থাকে তাবৎ উহার যে গুণ অপগত হয় না সেই গুণই তাহার স্বভাব, যথা অগ্নিতে রূপ ও দাহ গুণ]। ২ অভিপ্রায় ; উদ্দেশ্য। ৩ স্বাভাবিক অবস্থা। ৪ ব্রাহ্মণের অভঙ্গ কৌলীন্য [যে কুল ভাঙ্গিয়া স্বভাবে নাই সে ভঙ্গ কুলীন]। ~কৃপণ-বিণ, প্রকৃতিগত কৃপণ বা দুষ্ট ; স্বভাবতঃ ব্যয়কুণ্ঠ। ২ অনুদার প্রকৃতি। >বি, ~কার্পণ্য, কৃপণতা। ~গত-স্বাভাবিক; স্বভাবসুলভ। ~গুণ-বি, প্রকৃতিগত গুণ ; স্বাভাবিক শক্তি। ~গুণে-ক্রি-বিণ, প্রকৃতিবশে। ~চরিত্র-রীতিনীতি ; চালচলন। যাহা শিক্ষা বা সংসর্গে গঠিত বা জাত নহে তাহা স্বভাব বা প্রকৃতি। যাহা শিক্ষা ও অভ্যাসাদি দ্বারা এবং সঙ্গগুণে গঠিত তাহা চরিত্র। ~ত্ব (-বি-) বি, স্বভাবের ধর্ম ; প্রকৃতিগত ভাব। ~প্রকৃতি-বি, রীতি চরিত্র। "স্ব-প্রকৃতি-রীতি মিষ্ট অতি * *" -গান (৺ইন্দুভূষণ রায়)। ~বিরুদ্ধ-বিণ, অস্বাভাবিক ; প্রকৃতির বিপরীত ~শোভা-বি, প্রাকৃতিক সৌন্দর্য্য ; নৈসর্গিক শোভা। ২ অকৃত্রিম সৌন্দর্য্য। ~সঙ্গত, ~সম্মত-বিণ, স্বভাবানুমোদিত ; প্রকৃতি অনুযায়ী। ~সিদ্ধ-বিণ, প্রকৃতিগত ; চরিত্রগত। ২ সহজ ; সহজাত; নৈসর্গিক। ৩ স্বকীয় চেষ্টায় কৃতবিদ্য ; আপনগড়া (গীতাঞ্জলী) self-made. ~সুন্দর-বিণ, স্বভাবতঃ মনোহর ; অকৃত্রিম শোভাসম্পন্ন। >বি, ~সৌন্দর্য্য-স্বভাবের শোভা ; প্রকৃতির সুষমা। ~সুলভ-বিণ, প্রকৃতিসিদ্ধ ; স্বভাবজাত। ~স্বাধীন-বিণ, অর্জ্জিত নয় সহজাত স্বাধীনতাবিশিষ্ট। "স্বভাব-স্বাধীন কাটায় যে দিন বন্ধনে এক ঠাঁই"-সং দত্ত।

স্বভাবজ (শ-) [স্বভাব-জ (জাত)] বিণ, প্রাকৃতিক ; স্বাভাবিক। ২ প্রকৃতিগত ; স্বভাবসিদ্ধ।

স্বভাবতঃ (শ-) [স্বভাব+তস্] অ, প্রকৃতিবশে ; স্বাভাবিক ভাবে naturally. "এ সংসার স্ব০ সুখদুঃখময়"-উত্তরা, ১৩৩৩।

স্বভাবে-ক্রি-বিণ, স্বভাবতঃ। ২ সহজে; আপনাআপনি। ৩ [গ্রা০ বাং] স্বচ্ছন্দে ; সুষ্ঠু ভাবে। "অতি রূপসী স্ব০ লাস বেশ করি"-শ্রী০ কী০।

স্বভাবোক্তি (শ-) [স্বভাবের উক্তি-কথন, ৬তৎ] বি, কোন বস্তুর যথাযথ বর্ণনা। ২ কাব্যের অর্থালঙ্কারবিঃ Description ; পদার্থ সকলের প্রকৃত রূপগুণাদির যথাযথ বর্ণনা। "পাখী সব করে রব রাতি পোহাইল। কাননে কুসুমকলি সকলি ফুটিল॥ রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে। শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে॥"-ম০ মো০ ত০।

স্বভূ (শ-) [স্ব (নিজ) ভূ (হওয়া)+ক্বিপ্ (র্ত্তৃ), যে স্বয়ং উৎপন্ন হইয়াছে] বি, আত্মভূ ; স্বয়ংভূ ; ব্রহ্মা। ২ বিষ্ণু। ৩ মহেশ্বর। ৪ মনসিজ ; কন্দর্প।

স্বমত [স্ব-মত] বি, নিজ মত ; আপন অভিপ্রায় ; আত্মধারণা ; স্বকীয় মন্তব্য। ~বিঘাতক-বি, আত্মমতের উচ্ছেদক ; নিজমতবিরোধী ; আত্মমত বিলোপক। "আপনার পূর্ব্বোক্ত স্বমতই যে অনন্তরোক্ত স্বমত বিঘাতক হইয়া উঠিতেছে"-সম্মিলনী, ৫-৩-১৩৩২।

স্বয়ং (শ-) [সু+অয়ং] অ, নিজে ; আপনি। ~কৃত-বিণ, স্বকৃত ; আত্মকৃত ; স্বানুষ্ঠিত। ২ স্বাভাবিক। ৩ বি, পুত্রবিঃ ; কৃত্রিমপুত্র। ~কৃতী-বিণ, স্বহস্তে নির্ম্মাণকারী। ~গুপ্ত, স্বয়ংগুপ্ত [স্বয়ং+গুপ্ত] বিণ, আপনা কর্ত্তৃক আপনি রক্ষিত ; আত্ম-

রক্ষিত। ~দত্ত [স্মৃ॰] যে পিতৃমাতৃহীন হইয়া কিম্বা জনকজননী কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া অন্যকে আত্মদান করত পুত্রত্ব স্বীকার করে। ~প্রকাশ-বিণ, স্বশক্তিতে প্রকাশিত; আপনার জ্যোতিতে আপনি প্রকাশমান। ২ বি, বিষ্ণু। ~প্রধান-বিণ, অন্য কর্ত্তৃক প্রাধান্য দানের অপেক্ষা না রাখিয়া নিজেই প্রধান। ~প্রভ [স্বয়ং প্রভা যার] বিণ, স্বীয় প্রভায় প্রভান্বিত। ২ স্বয়ংপ্রকাশ। ৩ ভাবী ২৪ জন অর্হতের অন্তর্গত ৪র্থ অর্হৎ (হে॰)। স্ত্রীং~প্রভা-স্বপ্রভায় প্রভান্বিতা। ২ অপ্সরাবিঃ। ~বর [বাং-য় চলিত বানান সয়ম্বর। স্বয়ং-বর (বরণ, মনোনীত করণ)] বি, নিমন্ত্রিত বিবাহার্থীদিগের সভায় স্বয়ং কন্যা কর্ত্তৃক স্বীয় পতি মনোনীত করণার্থ উৎসব। "রাজ অনুমতি মতে, নব সভ্যগণ। সয়ম্বর লাগি করে, নানা আয়োজন॥"-বাসবদত্তা। ২ স্বয়ংবর সভা বা স্থান। ~বরণ-বি, নিজেই পতিবরণ; মনোনয়ন। ~বরা, সয়ম্বরা [স্বয়ং(আপনি) বৃ(মনোনীত করা)+অ (র্ত্তৃ), + আ (স্ত্রীং)। বাং-য় চলিত বানান সয়ম্বরা] বি, স্বয়ংবর সভায় স্বয়ং পতি বরণকারিণী স্ত্রী; স্বনির্ব্বাচিত পতিগ্রহণকারিণী স্ত্রী।২ নিমন্ত্রিত বিবাহার্থিগণের সভায় স্বয়ং কন্যা কর্ত্তৃক বরবরণ। "সন্ধ্যাসহ বন্ধ্যা আশা, হইয়া সত্বরা। নৃপগণে করিতে আইল স্বয়ম্বরা॥"-বাসবদত্তা। ২ স্বয়ংবরস্থান; স্বয়ংবর সভা। "স্বয়ম্বরা যেতে ত্বরা, পরিল বসন।"-বাসবদত্তা। ~বাদ-বি, স্বীয় বা নিজ উক্তি: আত্মকথা। ~শ্রেষ্ঠ-বিণ, আপনি বড়; হামবড়; অহঙ্কৃত। ~সমৃদ্ধ-বিণ, নিজেই ধনশালী। ২ স্বকীয় চেষ্টায় সম্পন্ন।

স্বয়মসিদ্ধ [স্বয়ং+অসিদ্ধ] বিণ, নিজেই সিদ্ধিলাভে অসমর্থ; নিজেই অলব্ধসিদ্ধি।

স্বয়মধিগত [স্বয়ং+অধিগত] বিণ, স্বয়ং উপস্থিত। ২ স্বয়ংপ্রাপ্ত। ৩ আত্মশিক্ষায় লব্ধ।

স্বয়মধিগম্য [সং] বিণ, আপনাআপনি প্রাপ্য। ২ নিজে আসিয়া উপস্থিত হইবার মত।

স্বয়মনুষ্ঠিত [স্বয়ং+অনুষ্ঠিত] বিণ, স্বকৃত।

স্বয়ম্ভু, স্বয়ম্ভূ (শ-) [স্বয়ম্ (নিজে) ভূ (হওয়া)+উ, ॰ (র্ত্তৃ-ডু, ক্বিপ্)] বিণ, স্বয়ং জাত; স্বয়ং উৎপন্ন। ২ স্বভাবে উদ্গত; স্বভাবজ। "সুন্নত স্বয়ম্ভু শম্ভু কুচ হৃদিমূলে। ধরেছে কামের কেশ লোমাবলি ছলে॥" -অ॰ ম॰। ৩ বি, ব্রহ্মা; আত্মভূ। [দ্রঃ-সৃষ্টি সম্বন্ধে রজোগুণাত্মক "ব্রহ্মা" স্থিতি বা পালন সম্বন্ধে সত্ত্বগুণাত্মক "বিষ্ণু" এবং প্রলয় বা সংহার সম্বন্ধে তমোগুণাত্মক "মহেশ্বর" কিন্তু, বাং-য় চলিতার্থ ব্রহ্মা]। ৪ কামদেব। ৫ কাল। ~লিঙ্গ-স্বয়মুদ্ভুত আদিলিঙ্গ।

স্বয়ম্ভুব (শ-)[স্বয়ম্ভু(ব্রহ্মা)+অ (স্বার্থে)] বি, ব্রহ্মা। ২ [+অ(অপত্যার্থে)। স্বায়ম্ভুব দ্রঃ] আদি বা প্রথম মনু। ~া-বি, তামাকপাতা।

স্বযোনি (শ-) [স্ব (নিজের) যোনি (উৎপত্তিস্থান)] বি, আপনার উৎপত্তিস্থান; নিজজন্মহেতু; আপনার জন্মস্থান।

স্বর্ (শ-) [স্বৃ (শব্দ করা)+ঋ= অর্] অ, স্বর্গ; সুরলোক। ২ নিরবচ্ছিন্ন সুখ; নিত্য সুখ। ৩ পরলোক। ৪ আকাশ। ৫ সূর্য্য এবং ধ্রুব নক্ষত্রের মধ্যস্থান। ৬ জ্যোতিঃ। ~গ=স্বর্গ। এইরূপ ~ভানু, লোক ইং দ্রঃ।

স্বর (শ-) [স্বৃ (শব্দ করা)+অ (ভা॰) স্ব=অর। প্রাকৃ॰ রূপ শর] বি, শব্দ; ইহা ত্রিবিধ-(১) উদাত্ত (উচ্চ), (২) অনুদাত্ত (নিম্ন বা অনুচ্চ), (৩) স্বরিত (মধ্যম অর্থাৎ উচ্চও নহে নিম্নও নহে কিন্তু উদাত্ত এবং অনুদাত্তের মিলন বা সন্ধি)। ২ [ব্যা॰] যে সকল বর্ণ অন্য বর্ণের উচ্চারণ ব্যতিরেকে উচ্চারিত হয়। আকারাদি ঔ পর্য্যন্ত এবং অং, অঃ এই ১৬টী বর্ণ। (২) হ্রস্ব, দীর্ঘ ও প্লুত এই ত্রিবিধ স্বর। এক মাত্রায় উচ্চারণ হ্রস্ব, দ্বিমাত্রায় দীর্ঘ এবং ত্রিমাত্রায় প্লুত। ব্যঞ্জন অর্দ্ধমাত্রা বলিয়া পরিগণিত। ৩ [সঙ্গীতে শব্দের আদ্যক্ষর লইয়া] ষড়জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ এই সপ্ত স্বর বা সুর। ইহার সংক্ষেপ ষ (=স), ঋ, গ, ম, প, ধ, নি। "সপ্তস্বর তিন গ্রাম মূর্চ্ছনা একুশ নাম শ্রুতি কলা সতত সঙ্গিনী।" -অ॰ ম॰। ৪ [যোগ শা॰] শ্বাসবায়ু; শ্বাসপ্রশ্বাস। ৫ [তন্ত্রে] শরীরস্থ পঞ্চবায়ু (প্রাণাদি ক্রিয়ার নাম স্বরোদয়)। ৬ [পদার্থ বিজ্ঞা॰ পরিঃ] ইং tone এর বৈজ্ঞা॰পরিঃ। ~গ্রাম-বি, সঙ্গীতের স্বরশ্রেণী; গ্রাম দ্রঃ। ~তন্ত্রী-বি, ধ্বনিতার (হি॰ কো॰) vocal chords. ~ধরযন্ত্র-বি, গ্রামোফোন; ফনোগ্রাফ। ~বিকার-বি, কণ্ঠস্বরের বিকৃতি; স্বরের বৈলক্ষণ্য। ~বিজ্ঞান-বি, সঙ্গীতের স্বরতত্ত্ব। ২ বর্ণ ও শব্দ তত্ত্ব। ~বিবর্ত্ত-বি, স্বরকম্পন; কণ্ঠস্বরের পরিবর্ত্তন। ~ব্যঞ্জন সন্ধি [ব্যঞ্জন সন্ধির অন্তর্গত। ব্যঞ্জন দ্রঃ] বি, স্বরবর্ণ বা স্বরান্তপদের সহিত ব্যঞ্জনবর্ণ বা ব্যঞ্জনাদি বর্ণের বা তদ্বিপরীত সন্ধি যথা-স্বর+ব্যঞ্জন, স্বর+ছ=চ্ ছ=চ্ছ=চ্ছ (বৃক্ষ+ছায়া=বৃক্ষচ্ ছায়া=বৃক্ষচ্ছায়া, পরি+ছদ=পরিচ্ছদ, শ্বেত+ছাগ=শ্বেতচ্ছাগ)। ব্যঞ্জন+স্বর (ক, ট, ত, প)+স্বর যথা-ক=গ, ট=ড, ত=দ, প=ব (বাক্+অত্র=বাগত্র, ষট+আনন=ষড়ানন, জগৎ+ঈশ্বর=জগদীশ্বর, ত্রিষ্টুপ+অন্ত=ত্রিষ্টুবন্ত)। ~ভঙ্গ-বি, স্বরনাশক ব্যাধিবিঃ; কণ্ঠস্বরোৎপাদক স্বরতন্ত্রী সন্নিহিত পেশীসমূহের ক্ষণিক বা স্থায়ী পক্ষাঘাত রোগ; যে রোগে কণ্ঠস্বর ক্ষীণ ও কষ্টে নিঃসারিত হয় Hoarseness; aphasia. ~ভঙ্গী-বি, স্বরের বৈলক্ষণ্য; স্বরবিকার। ২ পক্ষিবিঃ। ~ভেদ-বি, স্বরভঙ্গরোগ। ~মণ্ডল-বি, বীণাবিঃ। ~যোগ-বি, সঙ্গীতে সুরসংযোগ, লয়। ~লহরী-বি, সুরতরঙ্গ। ~লাসিকা [স্বর (সুর) লস্ (লীলা করা)+অক (ণে)] বি, বংশী; বাঁশরী। ~লিপি [স্বরবিজ্ঞাপক বা সম্বন্ধীয় লিপি, ম॰প॰লো] বি, সুর, তাল, লয়, মাত্রা ইং জ্ঞাপক পাঠ; ভিন্ন ভিন্ন সঙ্গীতাচার্য্যের নির্দ্দেশ মতে স্বরলিপি। কসিমাত্রিক, বিন্দুমাত্রিক, আকারমাত্রিক প্রভৃতি ভেদে বিভিন্ন প্রকার। ~লোপ-বি, বাক্রোধ রোগ aphasia. ~সঙ্গতি [সঙ্গীতে] বি, স্বরসমন্বয়; ঐকতান harmony. ~সন্ধি [ব্যা॰। সং-শব্দ সম্বন্ধে] স্বরবর্ণ বা স্বরান্তপদের সহিত স্বরবর্ণ বা স্বরাদি পদের সন্ধি বা সংযোগ। যথা-অ, আ+অ, আ=আ (দণ্ড+অগ্র=দণ্ডাগ্র, দণ্ড

+আঘাত=দণ্ডাঘাত, লতা+অন্ত=লতান্ত, বিদ্যা+আলয়=বিদ্যালয়), – + ই, ঈ=এ (পূর্ণ+ইন্দু=পূর্ণেন্দু, নর+ঈশ=নরেশ, মহা+ইন্দ্র=মহেন্দ্র, মহা+ঈশ্বর=মহেশ্বর), – + উ, ঊ=ও (নীল+উৎপল=নীলোৎপল, চঞ্চল+ঊর্ম্মি=চঞ্চলোর্ম্মি, গঙ্গা+উদক=গঙ্গোদক, মহা+ঊর্ম্মি=মহোর্ম্মি), – + ঋ=অর্ (দেব+ঋষি=দেবর্ষি, মহা+ঋষভ=মহর্ষভ), – + এ, ঐ=ঐ (অদ্য+এব=অদ্যৈব, মত+ঐক্য=মতৈক্য, সদা+এব=সদৈব, মহা+ঐরাবত=মহৈরাবত), – + ও, ঔ=ঔ (জল+ওঘ=জলৌঘ, চিত্ত+ঔদার্য্য=চিত্তৌদার্য্য, মহা+ওষধি=মহৌষধি, সদা+ঔৎসুক্য=সদৌৎসুক্য)। ই, ঈ+অন্যস্বর=য (যদি+অপি=যদ্যপি, অতি+আচার=অত্যাচার, প্রতি+উক্তি=প্রত্যুক্তি, প্রতি+ঊহ=প্রত্যূহ, মুনি+ঋষভ=মুন্যৃষভ, প্রতি+এক=প্রত্যেক, নদী+অম্বু=নদ্যম্বু, বাণী+ঔচিত্য=বাণ্যৌচিত্য), – + ই, ঈ=ঈ (ক্ষিতি+ইন্দ্র=ক্ষিতীন্দ্র, গিরি+ঈশ=গিরীশ, মহী+ইন্দ্র=মহীন্দ্র, লক্ষ্মী+ঈশ্বর=লক্ষ্মীশ্বর)। উ, ঊ+অন্যস্বর=অন্তঃস্থ ব্ (অনু+অয়=অন্বয়, সু+আগত=স্বাগত, অনু+এষণ=অন্বেষণ, সরযূ+অম্বু=সরয্বম্বু বধূ+আগার=বধ্বাগার, তনূ+ঈশ্বর=তন্বীশ্বর, ই০) উ, ঊ=ঊ (বিধু+উদয়=বিধূদয়, লঘু+ঊর্ম্মি=লঘূর্ম্মি, স্বয়ম্ভু+উদয়=স্বয়ম্ভূদয় ভূ+ঊর্দ্ধ=ভূর্দ্ধ)। ঋ+অন্যস্বর–ঋ স্থানে র্(পিতৃ+অনুমতি=পিত্রনুমতি, মাতৃ+আদেশ=মাত্রাদেশ ই০)। ঋ+ঋ=ঋ (মাতৃ+ঋণ=মাতৄণ, পিতৃ+ঋদ্ধি=পিতৄদ্ধি। এ+স্বর=এ স্থানে অয়্ (নে+অন=নয়ন, শে+ইত=শয়িত, শে+এ=শয়ে)।–ঐ+স্বর–ঐ=আয়্ (বিনৈ+অক=বিনায়ক, গৈ+অক=গায়ক)। ও+স্বর–ও=অব্ (পো+অন=পবন, শ্রো+অন=শ্রবণ)। ঔ+স্বর–ঔ=আব্ (পৌ+অক=পাবক, নৌ+এ=নাবে, নৌ+ঔ=নাবৌ)। কতকগুলি পদ নিপাতনে অর্থাৎ উপরিউক্ত নিয়মের অন্যথাভাবে সিদ্ধ হয় (শক+অন্ধু=শকন্ধু, অর্ক+অন্ধু=অকন্ধু, কুল+অটা=কুলটা, মার্ত্ত+অণ্ড=মার্ত্তণ্ড, পতৎ+অঞ্জলি=পতঞ্জলি, সীমন্+অন্ত=সীমন্ত, মনস্+ঈষা=মনীষা হল+ঈষা=হলীষা, অক্ষ+ঊহিণী=অক্ষৌহিণী, স্ব+ঈর=স্বৈর, প্র+ঊঢ়=প্রৌঢ়, প্র+ঊঢ়ি=প্রৌঢ়ি, গো+অক্ষ=গবাক্ষ, গো+ইন্দ্র=গবেন্দ্র, গো+যূতি=গব্যূতি, গো+য=গব্য, নৌ+য=নাব্য ই০)।

স্বরচিত (শ॔-) [স্ব+রচিত] বিণ, স্বয়ং রচিত বা লিখিত; স্বপ্রণীত: নিজের হাতে গঠিত বা নির্ম্মিত; স্বকৃত।

স্বরস (শ॔-) [স্ব (নিজের) রস (অভিলাষ), ৬তৎ] বি, স্বেচ্ছা; স্বাভিলাষ। ২ শিলায় কুটিয়া পিষিয়া পরে ছাঁকিয়া গৃহীত যে রস।

স্বরাজ (শ॔-)[স্বরাজ্য দ্রঃ। আধু০বাং] বি, নিজেদের পরিচালিত রাজতন্ত্র; স্বায়ত্তশাসন self-government; autonomy.

স্বরাজ্য (শ॔-) [স্ব (নিজ) রাজ্য। ১৯০৬ খ্রী০ অব্দে এই শব্দ কলিকাতা কংগ্রেসে স্বনামপ্রসিদ্ধ ৺দাদাভাই নৌরোজী কর্ত্তৃক প্রথম ব্যবহৃত] বি, নিজরাজ্য। ২ নিজেদের বা স্বদেশী ও স্বজাতি-পরিচালিত রাজ্য।

স্বরাট্ (শ॔-) [-জ্] বি, ঈশ্বর।

স্বরানু/করণ (শ॔-) [স্বর+অনুকরণ] বি, শব্দের অনুসরণ; কণ্ঠস্বরের অনুকরণ। > বিণ, ~কৃত। ~ভাবকতা (শ॔-) বি, স্বরবোধজনক বৃত্তি।

স্বরাষ্ট্র (শ॔-)[স্ব(নিজের)রাষ্ট্র(সাম্রাজ্য)] বি, স্বীয় সাম্রাজ্য; নিজরাজ্য।

স্বরিত (শ॔-) [স্বর (গীতধ্বনি)+ইত-যুক্তার্থে] বি, উদাত্ত অনুদাত্তের মধ্য স্বর; স্বর (দ্রঃ)। ২ বিণ, স্বরযুক্ত। ৩ উচ্চারিত।

স্বরীশ্বর (শ॔-) [স্বর্(স্বর্গ)+ঈশ্বর(প্রভু), ৬তৎ] বি, সুরপতি; ইন্দ্র।

স্বরু (শ॔-) [বৈ] বি, যূপ গঠনের সময় যে কাষ্ঠখণ্ড পতিত হয়।

স্বরুচি (শ॔-) [স্ব (আপন) রুচি (অভিপ্রায়), ৬তৎ] বি, স্বাভিমত; স্বেচ্ছা। ২ বিণ, স্বতন্ত্র; স্বেচ্ছাবর্ত্তী; স্বৈর।

স্বরূপ (শ॔-) [স্ব(নিজের) রূপ (আকৃতি), ৬তৎ] বি, স্বাভাবিক অবস্থা। ২ প্রকৃতি। ৩ পণ্ডিত। ৪ [স্ব-রূপ্+ণিচ্+অ (কর্ত্তৃ)] বিণ মনোজ্ঞ; সুন্দর। ৫ প্রকৃত; যথার্থ; সত্য। ("সরূপে যদ্যপি প্রভু দিয়াছেন পাতি"–কবিক০); ঠিক। "শাশুড়ী ননন্দ কিবা কৈল মন্দ স্বরূপ কহ আমারে।"–ঐ। "এক্ষণে আমি যাহা ব্যক্ত করব তাহা স্বরূপ।"–নবীন-তপস্বিনী। ৬ তুল্য; সদৃশ। ~নির্ণয়-বি, আত্মরূপ নির্দ্ধারণ। ২ প্রকৃত তথ্যাবিষ্কার; সত্য নিরূপণ। ~যোগ্য-বিণ, কার্য্যসাধনের উপযোগী। বি, ~যোগ্যতা। ~সম্বন্ধ-বি, অভিন্ন সম্বন্ধ।

স্বরূপত, স্বরূপতঃ (শ॔-) [স্বরূপতস্ শব্দ] বিণ, যথার্থতঃ; প্রকৃতপক্ষে। "স্বরূপত মৃগ নহে হবে দুষ্ট জন।"–কৃত্তি০।

স্বরূপতা, স্বরূপত্ব (শ॔-) [স্বরূপ+তা, ত্ব (ভা০)] বি, স্বীয় রূপের ভাব। ২ অনন্যতা identity.

স্বরূপোৎপ্রেক্ষা (শ॔-) বি, কাব্যে উৎপ্রেক্ষা অলঙ্কারের প্রকারভেদ।

স্বরেণু (শ॔-) [সং] বি, সূর্য্যপত্নী; সংজ্ঞা।

স্বর্গ (শ॔-) [সু (সুখ)+ঋজ্ (প্রাপ্ত হওয়া)+অ (ঘি), যথায় নিরবচ্ছিন্ন সুখ প্রাপ্ত হওয়া যায়। পদ্যে 'স্বরগ'। প্রা০ সগ্গ] বি, সুরলোক; দেবতাদিগের বসতিস্থান। ২ [পু০] সুকৃতকারীর সুখভোগের স্থান। এখানে রোগ, শোক, ক্ষুৎপিপাসা, গ্লানি, জন্ম, জরা, মৃত্যু নাই। সূর্য্যের উপরিভাগে ধ্রুবের সংস্থান পর্য্যন্ত স্থান। ৩ জীবের বিশিষ্ট সুখসৌভাগ্য ও সুখ-ভোগের সামগ্রী। প্র–স্বর্গ হাতে পাওয়া। ৪ সুখ (মাধব০ নিদানে)। ~কাম, ~কামী-বিণ, স্বর্গলাভের কামনাকারী। ~খণ্ড-বি, পদ্মপুরাণের অন্তর্গত বিভাগবিঃ। তুলঃ-পাতালখণ্ড। ~গঙ্গা-বি, স্বর্গের নদী; মন্দাকিনী। ~গতি-বি, স্বর্গে গমন। > বিণ, ~গত-বি, মৃত। ~গামী-বিণ, স্বর্গগমনকারী। > স্ত্রীং ~গামিনী। ~তরু-বি, পারিজাত। ২ কল্প বৃক্ষ। ~দ্বার-বি, স্বর্গ প্রবেশের পথ। ~ধাম-বি, স্বর্গ। ২ পিতৃলোক। ~ধেনু-বি, কামধেনু। ~পতি-বি, দেবরাজ; ইন্দ্র। ~পুরী-বি, অমরাবতী। ~বধূ-বি, অপ্সরা। ~বাস-বি, সুকৃতদিগের পরলোক। ২ সুখ ও শান্তির স্থান। ~বাসী-বিণ, স্বর্গলোকে বাসকারী। "হয়ে বনবাসী হলো স্বর্গবাসী।"–বাং গান। ~ভোগ-বি, স্বর্গের সুখভোগ। ~রাজ্য-বি, স্বর্গলোক। ~লাভ-বি, স্বর্গপ্রাপ্তি; মৃত্যু। ~লোক-বি, দেবলোক; স্বর্গ। "স্বর্গলোক হইতে পৃথিবীর কঠিন বুকে ঝরিয়া

পড়িয়াছে।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।~**সুখ**-বি, স্বর্গবাস জনিত সুখ। ২ চরম সুখ; পরমানন্দ। ~**স্থ**-স্বর্গে অবস্থিত। ২ স্বর্গগত; মৃত। **স্বর্গে তুলে দেওয়া**-প্রশংসার অতিরঞ্জনে উন্নতপদবীর চরমে তোলা; গুণকীর্ত্তন দ্বারা উর্দ্ধে উন্নীত করা। **স্বর্গে বাতি**-বি, স্বর্গে আনন্দোৎসব। ২ [প্রাদে°। প° বঙ্গে] আকাশ প্রদীপ।

স্বর্গঙ্গা (শ-) [স্বর্ (স্বর্গের) + গঙ্গা, ৬তৎ] বি, মন্দাকিনী নদী।

স্বর্গণিকা (শ-) [স্বর্ (স্বর্গের) + গণিকা (বেশ্যা), ৬তৎ] বি, অপ্সরা।

স্বর্গত (শ-) [স্বর্ (স্বর্গে) গত (যে গিয়াছে)] বিণ, স্বর্গগত; স্বর্গস্থ; মৃত।

স্বর্গতি (শ-) [স্বর্ (স্বর্গে) + গতি (গমন), ৭তৎ] বি, স্বর্গে গমন; মৃত্যু। ২ উৎকৃষ্ট গতি; পারলৌকিক সুখ।

স্বর্গগিরি, স্বর্গিরি (শ-) [স্বর্গ-স্বর্ (স্বর্গের) গিরি (পর্ব্বত), ৬তৎ] বি, সুমেরু পর্ব্বত।

স্বর্গা/চল (শ-) [স্বর্গ (স্বর্গের) + অচল (পর্ব্বত), ৬তৎ] বি, সুমেরু পর্ব্বত। ~**রূঢ়** (শ-) [স্বর্গ + আরূঢ়] বিণ, স্বর্গস্থ; মৃত। বি, ~**রোহণ** (শ-) বি, উর্দ্ধলোকে গমন; মরণ; পরলোক গমন।

স্বর্গী (শ-) [স্বর্গ + ইন্ (স্ত্য°) = স্বর্গিন্ ১মা, ১ব°] বি, স্বর্গবাসী; দেবতা। ২ স্বর্গত। ৩ বিণ, মৃত।

স্বর্গীয় (শি-) [স্বর্গ + ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, স্বর্গ্য (দ্রঃ); স্বর্গ সম্বন্ধীয়। ২ ["স্বর্গত" অর্থে ভুলে বাং-য়, মৃতের নামের পূর্ব্বে চ° >স্ত্রীং স্বর্গীয়া। ভুল-বিপরীতার্থে-জীবিতের নামের পূর্ব্বে "শ্রী"। >স্ত্রীং শ্রীমতী (সধবার্থে), শ্রীমত্যা (দ্রঃ) (বিধবার্থে)] স্বর্গস্থ; স্বর্গগত; স্বর্গলোকপ্রাপ্ত; মৃত। ৩ স্বর্গসুলভ; স্বর্গসুখজনক। "গাও মা স্বর্গীয় গীত জগতে আবার।"-বাং গান। স্ত্রীং **স্বর্গীয়া**।

স্বর্গ্য (শ-) [স্বর্গ + য (সম্বন্ধে)] বিণ, স্বর্গীয়; স্বর্গ সম্বন্ধীয়।

স্বর্জ্জিক (শি-) [সং] বি, সর্জ্জিকাক্ষার।

স্বর্ণ (শ-) [সু (সৌন্দর্য্য,-অর্ণ্ (পাওয়া) + অ (র্ত্তৃ), যে সৌন্দর্য্য প্রাপ্ত হইয়াছে, বা সু (সুন্দর) হইয়াছে অর্ণ (বর্ণ) যার, বহু°। প্রাকৃ° সন্ন। প্রা° বাং-সুনা। "সুনার কলসি নিল নেতর বসন।"-শূ°পু°। আধু° বাং প্রা° সোণা, সোনা] বি, সুবর্ণ; কনক; সং পর্য্যায়-স্বর্ণ, সুবর্ণ, কলস, কাঞ্চন, হিরণ্য, হাটক, হেম, গাঙ্গেয়, তপনীয়, কলধৌত, শাতকুম্ভ, চামীকর, জাম্বুনদ, জাতরূপ, কার্ত্তস্বর, মহারজত, অষ্টাপদ। ~**কণ**-বি, কণগুগ্‌গুলু। ~**কদলী**-রম্ভা দ্রঃ। ~**কমল** [স্বর্ণ (বর্ণ) কমল] বি, রক্তপদ্ম। ~**কায়**-বিণ, সুবর্ণময় শরীর। ২ বি, গরুড়। ~**কার, স্বর্ণকৃৎ** [স্বর্ণ-কৃ (করা) + অ, ক্বিপ্ (র্ত্তৃ)] বি, সেকরা জাতি। ~**চূড়** [স্বর্ণ (সোণার বর্ণ) চূড়া (শিখা) যার, বহু°] বি, কুক্কুট। ২ ভাসপক্ষী। ~**কূট**, ~**গিরি** [তুল-"মেরু সুমেরুর্হেমাদ্রিরত্নসানুঃসুরালয়"-অমর°। এই পর্ব্বতে যা কিছু আশ্রয় করে তাই সূর্য্য করে স্বর্ণময় হয় বা দেখায় বলিয়া নাম] বি, হেমকূট; হিমালয়ের শৃঙ্গভেদ; হেমাদ্রি; সুমেরু। ~**খচিত**-বিণ, সুবর্ণজড়িত। ~**গর্ভা**-বিণ, স্বর্ণপ্রসূ (দ্রঃ)। ~**জ**-বি, টিন ধাতু। ~**দীধিতি** [স্বর্ণ-দীধিতি (কিরণ) যার, বহু°] বি, অগ্নি; বহ্নি। ~**পক্ষ**-বিণ, সুবর্ণপক্ষশালী। ২ বি, গরুড়। ~**পত্র**-বি, সোণার পাত। ~**পত্রিকা**-বি, সোণাপাতা; সোণামুখী (দ্রঃ)। ~**পুষ্প**-বি, চম্পকবৃক্ষ। ২ সোঁনালি গাছ। ৩ বাবলা গাছ। >স্ত্রীং ~**পুষ্পা**-বি, বিষলাঙ্গলিয়া। ~**প্রতিমা**-বি, স্বর্ণময় প্রতিমূর্ত্তি; সোণার পুত্তলি; সুবর্ণনির্ম্মিত বিগ্রহ। ~**প্রসূ**-বিণ, স্বর্ণপ্রসবা; রত্নগর্ভা। ২ অতি উর্ব্বরা; ধনধান্যপ্রদাত্রী। প্র-স্বর্ণপ্রসূ ভারতভূমি। ~**প্রসূন**-বি, সোনার ফুল; সুবর্ণ কুসুম। ~**ফলা**-বি. চাপা কলা। ~**বজ্র**-বি, লৌহভেদ। ~**বণিক্**-বি, সোনার বেনিয়া। ~**বর্ণা**-বি, হরিদ্রা। ২ বিণ, সুবর্ণবর্ণবিশিষ্টা; হেমাঙ্গিনী। পুং, ~**বর্ণ**-বি, হেমকান্তি। ~**বিন্দু**-বি, স্বর্ণরেণু। ২ বিষ্ণু। ~**বীজ**-বি, ধুতুরাবীজ। ~**ভূমি**-বি, সুফলাভূমি; উর্ব্বরাভূমি। ২ প্রাকৃতিক সৌন্দর্য্যে মনোহর প্রদেশ। ৩ যে ভূমিতে সোনার খনি আছে। ~**ভূষণ**-বি, স্বর্ণালঙ্কার; সোনার গহনা। ~**মণ্ডিত** [স্বর্ণ (দ্বারা) মণ্ডিত, ৩তৎ] বিণ, সুবর্ণজড়িত; স্বর্ণখচিত; স্বর্ণালঙ্কৃত। ২ সোনায় মোড়া। ~**ময়**-বিণ, সুবর্ণে গঠিত। >স্ত্রীং ~**ময়ী**। ~**মাক্ষিক** [রসা° পরিঃ। হি° সোনামক্‌খী] বি, স্বর্ণের উপধাতুবিঃ (ইহাতে সোনার কিছু অংশ ও গুণ বর্ত্তমান থাকায় নাম); মধুমাক্ষিক; হেমমাক্ষিক golden pyrites. ~**মৃগ**-বি, সোনার হরিণ। ২ [রামা°] রাবণকে সীতাহরণের সুযোগদাতা মায়ামৃগরূপধারী রাক্ষস মারীচ। ৩ [লক্ষ°] মরীচিকা; মৃগতৃষ্ণিকা। ~**রম্ভা**-বি, হেমরম্ভা; সুবর্ণকদলী; চাঁপাকলা। ~**লতা**-বি, জ্যোতিষ্মতী লতা; আলোক লতা। ২ সুন্দরী ললনা; কান্তিমতী যুবতী। ~**সিন্দূর**-বি, পারদ ঘটিত আয়ুর্ব্বেদীয় ঔষধবিশেষ; রসসিন্দূরবিঃ। ~**সুযোগ**-বি, উৎকৃষ্ট অবসর; মহাসুযোগ; মাহেন্দ্রক্ষণ golden opportunity.

স্বর্ণদী, স্বর্নদী (শ-) [স্বর্ (স্বর্গের) নদী, ৬তৎ] বি, স্বর্গঙ্গা; মন্দাকিনী।

স্বর্ণাক্ষর (শ-) [স্বর্ণ + অক্ষর] বি, স্বর্ণবর্ণ বা স্বর্ণের ন্যায় উজ্জ্বল অক্ষর; স্বর্ণময় অক্ষর; সোনার অক্ষর। ~**া**-বিণ, সোনার জলে লেখা বা ছাপা।

স্বর্ণাঙ্গুরি, ~রী, স্বর্ণাঙ্গুরীয়, ~য়ক (শ-) [স্বর্ণ (ময়) + অঙ্গুরি ই°] বি, সোনার বা স্বর্ণনির্ম্মিত আংটী।

স্বর্ণাভ (শ-) [স্বর্ণ-আভা যার, বহু°] বিণ, সুবর্ণের আভাযুক্ত। "শরৎকালের স্ব° রৌদ্র" -উত্তরা।

স্বর্ণালঙ্কার (শ-) [স্বর্ণ + অলঙ্কার] বি, সোনার গয়না।

স্বর্বধূ (শ-) [স্বর্ (স্বর্গের) বধূ, ৬তৎ] বি, অপ্সরা।

স্বর্ব্বাপী (শ-) [স্বর্ (স্বর্গের) + বাপী (জলাশয়), ৬তৎ] বি, গঙ্গা।

স্বর্বেশ্যা (শ-) [স্বর্ (স্বর্গের) + বেশ্যা] বি, স্বর্গবেশ্যা; উর্ব্বশী প্রমুখা অপ্সরা।

স্বর্বৈদ্য (শ-) [স্বর্ (স্বর্গের) + বৈদ্য

(চিকিৎসক), ৬তৎ] বি, স্বর্গের চিকিৎসক ; অশ্বিনীকুমারদ্বয় ।

স্বর্ভানু (শ॔·) [স্বর্ (স্বর্গে) + ভানু (কিরণ) যার, বহু॰] বি, রাহুগ্রহ ।

স্বর্যাত (শ॔·) [স্বর্ (স্বর্গে) যাত (গত), ৭তৎ] বি, স্বর্গগত ; মৃত ।

স্বর্লোক (শ॔·)[স্বর্(স্বর্গ) + লোক(ভুবন), ধা] বি, স্বর্গ ।

স্বল্প (শ॔·)[সু (অতিশয়) + অল্প] বিণ,অতি অল্প ; একটু। ২ অতিক্ষুদ্র ।~দক্,~দৃশ্, ~দৃষ্টি [স্বল্প-দশ্, ই॰] বিণ, অল্পদর্শী ; ভূয়োদর্শনহীন ; অদূরদর্শী । ~ভাষী-বিণ, অল্পকথা বলে এমন : মিতবাক্ ; অপ্রগল্ভ । > স্ত্রীং ~ভাষিণী-মিতভাষিণী ; অপ্রগল্ভা। "স্বল্পভাষিণীর ঐ নূতন সুরের কথা" * *-উত্তরা ।~শরীর-বিণ,ক্ষুদ্রকায় কৃশ ।

স্বস্তিক (শ॔·)[নাট্যশা॰] বি, প্রত্যঙ্গাভিনয়ে উভয়পতাকাহস্তের মণিবন্ধস্থলে সংযোগ (ইহা কল্পতরু,পর্ব্বত, বিবাদাদিসূচক অভিনয় স্থলে প্রযোজ্য) । ২ "ㄨ"এই আকারের বস্ত্র বন্ধনী bandage.

স্বসংজ্ঞ (শ॔·) [আয়ু॰ পরিঃ । সুশ্রুত] বি, নিজস্ব সংজ্ঞাবিশিষ্ট শব্দ;গ্রন্থবিশেষে বিশিষ্টার্থ সূচক শব্দ যা সাধা॰ সাহিত্যে অন্য শব্দ বা বাক্যসহ সমান অর্থদ্যোতক হয় না (যথা–চিকিৎসা-গ্রন্থে 'মৈথুন' অর্থে বিশিষ্ট বস্তুযুগল বুঝায় । যথা–'ঘৃত ও মধু' ই॰); অনন্যসাধারণঅর্থ দ্যোতক শব্দ ।

স্বসংবিদ্ (শ॔·) [স্ব-সংবিদ্ (চেতনা)] বিণ, যিনি ইন্দ্রিয়ের বশীভূত নহেন ; ইন্দ্রিয়াতীত ।২ আত্মসংবিৎ ; আত্মচেতনা ।

স্বসংবৃত (শ॔·) [স্ব-সংবৃত] বিণ, স্বয়ংগুপ্ত ; আপনা দ্বারা উত্তমরূপে রক্ষিত ।

স্বসংবেদন [স্ব-সংবেদন] বি, আপনার অনুভব ;আত্মানুভূতি । বিণ, স্বসংবেদ্য-নিজে নিজে অনুভবনীয় ।

স্বসা (শং·) [সং-স্বসৃ ১মা, ১ব॰] বি, ভগিনী।

স্বস্তি (শি·) [সু (শুভ) + অস্ (হওয়া) + তি (ভা॰)। প্রা॰ সোয়াস্তি] অ, মঙ্গল । ২ মঙ্গল কর্ম্মে স্বস্তি-শব্দযুক্ত মন্ত্র । "সমুখে হেমঘট আচ্ছাদি চারু পট পড়িয়া স্বস্তি বিধি।" ৩ আশীর্ব্বাদ । ৪পুণ্যাদি । ৫ সন্তোষ । ৬ স্বীকার । ৭ শান্তি । ৮ দানগ্রহণ । ৯ শান্তি, কল্যাণ ও সন্তোষ -জড়িত অবস্থা ।"সুখের চেয়ে স্বস্তি ভাল ।"–প্রবচন । "ধনী-নির্ধনে, শিক্ষিতে-অশিক্ষিতে, বলবান্-দুর্ব্বলে এইরূপ সামঞ্জস্যসাধন, শৃঙ্খলাবন্ধন না থাকিলে, কখনই সমাজে শান্তি, স্বস্তি, মঙ্গল থাকিতে পারে না ।"–সনাতনী । "যদি সুখ, স্বস্তি, শান্তি চাও"–ঐ । ১০ আরাম ; স্বাচ্ছন্দ্য । "পরিষ্কার পরিচ্ছন্ন বাড়ীটি দেখিয়া স্বস্তির নিঃশ্বাস ফেলিলাম ।"–বঙ্গবাণী, '৩৪ ।
~বচন-বি,শান্তি ও কল্যাণ মন্ত্র;আশীর্ব্বচন । ~মুখ [স্বস্তি শব্দ মুখে যার, বহু॰] বি, ব্রাহ্মণ ।২ স্তুতিপাঠক । ৩ [লিপির আদিতে স্বস্তি লিখিবার প্রথা হ'তে] লিপি ; লেখ ।

স্বস্তির নিঃশ্বাস ফেলা-দুঃখ, ক্লেশ, উদ্বেগ কাটিবার পর আরামের নিঃশ্বাস ত্যাগ করা ; অশান্তির পর বা প্রতিকূল অবস্থার সহিত রুদ্ধশ্বাসে যুদ্ধ করিবার পর জয়লাভান্তে শান্তির শ্বাস গ্রহণ ও ত্যাগ করা ।
~বাচন-বি, মঙ্গল-কর্ম্মারম্ভে স্বস্তি শব্দের উচ্চারণ । ২ দেবতার আশীর্ব্বাদ প্রার্থনা ।
~বাচনিক- বিণ, স্বস্তিবাচনকারক । ২ স্বস্তিবাচন সম্বন্ধীয় ।

স্বস্তিক (শ·) [স্বস্তি + ক] বি,মাঙ্গলিক দ্রব্য ; পিটুলি নির্ম্মিত মাঙ্গল্য দ্রব্যবিশেষ ; পূর্ণকুম্ভাদি । "স্ব॰ সিন্দুর কজ্জল কর্পূর শঙ্খ দিল যথাবিধি ।"–কবিক॰ । ২ সর্পফণা । ৩ সর্পফণাকৃতি অঙ্গুলি । ৪ শল্যোদ্ধারণ যন্ত্র । ৫ শুভসূচক চিহ্নবিশেষ ; বজ্রচিহ্ন । ৬ চৌরাস্তা ; চতুষ্পথ । ৭ পিষ্টকবিকার । ৮ শুষুনি শাক । ৯ রসোন । ১০ গাড়ী-বারান্দাযুক্ত প্রাসাদ । ১১ [তন্ত্রে] যোগের আসনবিশেষ । ১২ বুদ্ধদেবের চরণযুগলের ছাপ ।~মণ্ডলী-বি, বিষ্ণুপূজার যন্ত্র । "দেব গৃহে করেন যে স্বস্তিকমণ্ডলী"–চৈ॰ ভা॰ । ২ ভূতমণ্ডল রচনাবিশেষ ।

স্বস্তিকাসন [স্বস্তিক (নামক) আসন, ম॰ প॰ লো॰] বি, যোগাসনবিঃ ।

স্বস্তিমুখ (শি·) [স্বস্তি শব্দ মুখে যার, বহু॰] বি, ব্রাহ্মণ । ২ স্তুতিপাঠক । ৩ [লিপির আদিতে স্বস্তি লিখিবার প্রথা হতে] লিপি ; লেখ ।

স্বস্তেন-স্বস্ত্যয়ন দ্রঃ ।

স্বস্ত্যয়ন (শি·) [স্বস্তি (মঙ্গলের) অয়ন (আগমন) হয় যা দ্বারা, বহু॰ । প্রা॰ স্বস্তেন] বি, কুগ্রহ শান্তি কামনায় হোমাদি বেদবিহিত মঙ্গল কর্ম্মের অনুষ্ঠান । ২ দানগ্রহীতা ব্রাহ্মণগণের আশীর্ব্বাদ ।

স্বস্থ (শং·) [স্ব-স্থা (থাকা) + অ (র্ত্তৃ)] বিণ, সুস্থির ; উদ্বেগরহিত ; নিশ্চিন্ত । ২ সুখে অবস্থিত । ৩ নীরোগ ; সুস্থ । ৪ সন্তুষ্টচিত্ত । ৫ সমাহিতচিত্ত । বি, ~তা ।

স্বস্থান [স্ব-স্থান] বি, আপনার নির্দ্দিষ্ট স্থান । ২ স্বপদ ।

স্বস্রীয় (শি·) [স্বসৃ (ভগিনী) + ঈয় (অপত্যার্থে)] বি, ভগিনীর পুত্র; ভাগিনেয় । ২ বিণ, ভগিনী সম্বন্ধীয় । স্ত্রীং ~া- ভগিনীর কন্যা ; ভাগিনেয়ী ।

স্বাক্ষর (শা·) [স্ব + অক্ষর] বি, সহি ; দস্তখৎ । বিণ, স্বাক্ষরিত ।

স্বাগত (শা·) [সু (শুভ) + আগত (আগমন)] বি, শুভাগমন welcome. ২ কুশলপ্রশ্ন ।~প্রশ্ন-বি, কুশল জিজ্ঞাসাবাদ ।

স্বাগতিক [স্বাগত + ইক] বিণ, স্বাগত প্রশ্নকারী ।

স্বাচ্ছন্দ্য (শা·) [স্বচ্ছন্দ + য (ভা॰)] বি, স্বাস্থ্য ; সুস্থতা । ২ স্বাধীনতা ; স্বচ্ছন্দতা ।

স্বাজাতিক (শা·) [স্বজাত + ইক] বিণ, স্বশ্রেণীয় ; স্বজাত সম্বন্ধীয় । ~তা-বি, স্বজাতিবাৎসল্য nationalism. "দেশাত্মবোধ বা স্বাজাতিকতাকে ছোট করিয়া দেখার কোনই কারণ নাই ।"–পথ ও পাথেয় ।

স্বাজাত্য (শা·) [স্বজাত + য (ভা॰)] বি, স্বজাতীয়তা । ২ স্বয়ং জন্ম লওয়ার ভাব ; স্বজন্মতা ।

স্বাজীব [সু + আজীব] বিণ, সুষ্ঠু বা শোভন জীবিকাযুক্ত । > বি, স্বাজীব্য-সুলভ বা শোভন জীবিকা । ২ কৃষিবাণিজ্যাদিসুলভ স্থান ।

স্বাতন্ত্র্য (শা·) [স্বতন্ত্র (স্বেচ্ছাচারী) + য (ভা॰)] বি, স্বাধীনতা ; আত্মবশতা ;

স্বতন্ত্রতা। ~বান্-বিণ, স্বাধীন। > স্ত্রীং ~বতী-স্বাধীনা।

স্বাতি, স্বাতী (শা॰) [সু(শুভ) + অৎ (গমন করা) + ই (গে, জ্ঞা॰)] বি, সূর্য্যপত্নী। ২ পঞ্চদশ নক্ষত্র। ৩ খড়্গ। ৪ বহুশাখ তৃণবিশেষ।

স্বাত্ম (শা॰) [স্ব + আত্ম] বিণ, আত্মাই আমি-এই বোধযুক্ত। ~তা-বি, আপনার আত্মার ধর্ম্ম। ২ ['অয়মেবাস্মি' এই বুদ্ধি হতে] এই আত্মা এইপ্রকার বুদ্ধি।

স্বাত্মারাম (শা॰) [সং] বিণ, ব্রহ্মজ্ঞান হেতু স্বীয় আত্মাতে পরমানন্দ উপভোগকারী।

স্বাদ (শা॰) [স্বদ্ (আস্বাদন করা) + অ (ভা॰)। প্রা॰ সোয়াদ] বি, রসগ্রহণ। ২ [– + অ (র্ম্ম)] আস্বাদ। ~গ্রাহী-বিণ, রস গ্রহণকারী ; মর্ম্মগ্রাহী। ২ আস্বাদ গ্রহণকারী।

স্বাদন (শা॰) [স্বদ্ (আস্বাদন করা) + ণিচ্ + অন্ (ভা॰)] বি, রসগ্রহণ ; আস্বাদন। ২ [– + অন(র্ম্ম)] রস।

স্বাদর(শা॰) [স্ব + আদর] বি, আত্মাদর ; আত্মগৌরব।

স্বাদিত (শা॰) [স্বাদি (আস্বাদ করা) + ত (র্ম্ম)] বিণ, আস্বাদিত ; গৃহীতস্বাদ। ২ ভক্ষিত।

স্বাদু (শা॰) [স্বাদি (আস্বাদন করা) + উ(র্ত্তৃ)। তুল-গথ॰ svotis, ডে॰ sod, ল্যা॰ swadvis (সং-স্বাদিষ্ঠ), ইং sweet] বিণ, সুস্বাদ(দু); মিষ্টস্বাদ; মধুর; মুখরোচক tasty. "স্বাদু নহিল জাতি যে গেল ব্যঞ্জন খাইবে কে।"-চণ্ডি॰। ২ মনোজ্ঞ। ৩ বি, মধুর রস। ৪ মধু ; গুড়। ৫ ওষধিবিশেষ ; জীরক। ~কণ্টক-বি, বঁইচি গাছ। ২ ছোট গোখ্রী বা গোক্ষুর বৃক্ষ। ~তা-বি, মধুরতা ; রসনার তৃপ্তিজনকতা। ~পাক -বি, রসনার তৃপ্তিকর রন্ধন ; সুস্বাদু রন্ধন। ২ বিণ, পাকে স্বাদু ; সুস্বাদু করিয়া পাক-করা এমন। ~পানা-বি, মিষ্টত্ব; মধুরতা। "বিতণ্ডা ত্যজিয়া পাণ্ডা কিনয়ে অমৃত মণ্ডা হাটে চাকি বুঝি স্বাদুপানা।"-কবিক॰। ~রস-বিণ, সুস্বাদ ; রসনাতর্পণ। ~রসা-বি, দ্রাক্ষা। ২ দ্রাক্ষা রস। ৩ আম্রাতক।

স্বাদেশিক (শা॰) [স্বদেশ + ইক] বিণ, স্বদেশীয় ; স্বদেশাত্মবুদ্ধি। "সামাজিক হবার জন্যে স্বাদেশিক হবার জন্যে মানুষকে শিশুকাল থেকে কি সাধনাই না করতে হয়।"-রবী॰। ২ স্বদেশ সম্বন্ধীয়। ৩ স্বদেশজাত। ~তা(-ক) বি, স্বাদেশিকের ভাব বা আচরণ ; দেশাত্মবোধ patriotism.

স্বাদম্ল (শাদ্দ॰) [স্বাদু অথচ অম্ল যা] বি, ডালিমগাছ। ২ অম্লমধুর রস।

স্বাধিকার (শা॰) [স্ব (নিজের) অধিকার, ৬তৎ] বি, আপনার অধিকার।

স্বাধিষ্ঠান (শা॰) [স্ব (আত্মার) অধিষ্ঠান (আশ্রয়)] বি, লিঙ্গমূলস্থিত সুষুম্না নাড়ীর অন্তর্গত ষট্‌দল পদ্মবিশেষ।

স্বাধীন১ (শা॰) [স্ব (নিজের) + অধীন (বশ), ৬তৎ] বিণ, স্ববশ ; নিজাধীন, স্বতন্ত্র; স্বেচ্ছাচারী। ~জীবিকা-বি, আত্মবশ জীবনোপায় ; স্ববশ বা অপরাধীন ভাবে উপার্জ্জন ; ব্যবসায়-বাণিজ্যাদি [বিপরীত-চাকরি]। ~তা (-ত্ব) বি, আত্মবশতা ; অপরাধীনতা ; স্বাতন্ত্র্য। ~পতিকা, ~ভর্তৃকা [স্ব + অধীন পতি (ভর্ত্তা) যার, বহু॰, ক যোগ + আ (স্ত্রীং)] বি, যে-নায়ক, নায়িকার বশীভূত হইয়া সততই পার্শ্বচরভাবে অবস্থান করে। "স্বাধীনভর্ত্তিকা কেবা সমান তোমার।"-অ॰ম॰।

স্বাধীন২ [বীজ গ॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং independent (variable) এর বৈজ্ঞা॰ পরিভাষা।

স্বাধ্যায় (শা॰) [সু (সুকৃতির জন্য) আ (আবৃত্তিপূর্ব্বক) অধ্যায় (অধ্যয়ন) যার, বহু॰] বি, আবৃত্তিপূর্ব্বক বেদাধ্যয়ন ; বেদপাঠ। ২ বেদ ; বেদাংশবিঃ। ৩ যোগ। ৪ জপ ; জাপ। ৫ বিধিপূর্ব্বক ও বিশিষ্টরূপে শাস্ত্রাধ্যয়ন। ~নিরত-বিণ, বেদপাঠে নিযুক্ত ; বেদাধ্যয়নরত। ~বান্, স্বাধ্যায়ী [স্বাধ্যায়বৎ, স্বাধ্যায়িন্] বিণ বেদপাঠক। ~সেবা-বি, বেদাধ্যয়ন। "ত্রিবর্গসেবা, সর্ব্বদা অন্নদান, দেবপূজা, ব্রাহ্মণসৎকার স্বাধ্যায়সেবা এবং পিতৃতর্পণ, যথাবিধি এই সকল কার্য্য করিলে, গৃহস্থ ইন্দ্রলোকে গমন করে।"-বিষ্ণুসংহিতা (বঙ্গবাসী)।

স্বান [স্বন্ (শব্দে) + অ (ভা॰)] বি, ধ্বনি।

স্বানুবদ্ধ [জ্যা॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] বিণ, ইং self-conjugate এর বৈজ্ঞা॰পরিঃ।

স্বানুভব (শা॰) [স্ব + অনুভব] বি, আত্মানুভূতি।

স্বানুরূপ (শা॰) [স্ব + অনুরূপ] বিণ, আপনার অনুরূপ ; আত্মসদৃশ।

স্বানুষ্ঠিত (শা॰) [স্ব + অনুষ্ঠিত] বিণ, স্বকৃত।

স্বান্ত (শা॰) [স্ব + অন্ত] বি, আপনার অন্ত ; মন। ~স্থ-বিণ, স্বীয় অন্তরস্থ ; মনোগত।

স্বাপ (শা॰) [স্বপ্ (নিদ্রায়) > । বাং ঘ বিরল] বি, স্বপ্ন। ২ নিদ্রা। ৩ শয়ন। ৪ [আয়ু॰] পক্ষাঘাত।

স্বাপদ (শা॰) [শ্বাপদ দ্রঃ। শ=স] বি, সিংহ ব্যাঘ্রাদি হিংস্র বন্যজন্তু।

স্বাপ্ত (শা॰) [সু + আপ্ত] বিণ, উত্তমরূপে প্রাপ্ত ; অনায়াসে লব্ধ।

স্বাপ্ন (শা॰) [স্বপ্ন + অ (সম্বন্ধে)] বিণ, স্বপ্নসম্বন্ধীয় ; স্বপ্নকল্পিত।

স্বাবমাননা (শা॰) [স্ব + অবমাননা] বি, আত্মাবমাননা ; নিজের অপমান।

স্বাব/লম্ব, -লম্বন (শা॰) [স্ব + অবলম্ব(ন)] বি, আত্মাশ্রয় ; স্বনির্ভরতা ; আত্মনির্ভরতা self-help. ২ বিণ, আত্মাবলম্বী। ~লম্বী-বিণ, আত্মনির্ভর ; যে অন্যের সাহায্যভিখারী বা মুখাপেক্ষী নয় ; স্বাধীন।

স্বাবশ্য (শা॰) [স্ব + বশ + য] বিণ, আত্মবশযোগ্য ; স্বীয় বশবর্ত্তী।

স্বাবেশ (শা॰) [বৈদিক। "স্বাবেশা শোভনং নিবাসা"-ঋক্ ৭।৫৭।১, সায়ন॰] বিণ, শোভন বা উৎকৃষ্ট নিবাসবিশিষ্ট।

স্বাভাব (শা॰) [স্ব + অভাব] বি, স্বকীয় অভাব।

স্বাভাবিক(শা॰) [স্বভাব (প্রকৃতি) + ইক (ভবার্থে)] বিণ, স্বভাবসিদ্ধ; নৈসর্গিক ; স্বভাবজাত ; প্রকৃতিগত।

স্বাভাব্য [স্বভাব + য (সম্বন্ধে)] বিণ,

স্বভাব সম্বন্ধীয়। ২ বি, স্বাভাবিক ভাব বা গুণ বা কার্য্য।

স্বাভিলষিত, স্বাভীষ্ট (শা-) [স্ব + অভিলষিত, অভীষ্ট] বিণ, স্বীয় অভীপ্সিত ; স্ববাঞ্ছিত।

স্বামি/জী (শা-) [স্বামী + জী (মান্যার্থে)] বি, গুরু, ব্রহ্মচারী, পরিব্রাজকাচার্য্য, পরমহংসাদি ধর্ম্মপ্রবর্ত্তক বা প্রচারকদের সম্মানসূচক উপাধি ও সম্বোধন। ~তা, ~ত্ব [স্বাম্য ও°] বি, স্বামীর ভাব। ২ প্রভুত্ব ; কর্ত্তৃত্ব। ৩ অধিকার ; স্বত্ব। ৪ ঈশিতা। ~ভাব-বি, স্বামিত্ব ; প্রভুত্ব। ~সেবা-বি, পতিসেবা ; পাতিব্রত্য। ২ প্রভুপরিচর্য্যা ; প্রভুভক্তি।

স্বামী (শা-) [হি° উচ্চারণের অনুকরণে স্ব=সোবা=swa হইতে বাং গ্রা° সোয়ামী। "ওই ছাড়াইবে তোমা সোয়ামীর কোল" -কবিক°। প্রা° বাং-সামী (শ্রী° কী°)। সম্বোধনে-স্বামিন্। "স্বামিন্নৈশ্বর্য্যে"। স্ত্রীর উপর সম্পূর্ণ ক্ষমতা হেতু স্বামী। স্ব (ধন) + মিন্ (স্ত্য°)=স্বামিন্ ১মা, ১ব°] বি, পতি ; ভর্ত্তা। ২ প্রভু ; অধিপতি। "দীনবন্ধু হে সেইদিন দেখ্‌ব তোমায় কেমন পরম বন্ধু তুমি। * * * * দাস গোবিন্দ তোমার তুমি হে স্বামী॥"-বাং গান। ৩ ঈশ্বর। ৪ নৃপতি ; রাজা। ৫ অধিকারী ; দলপতি। ৬ গুরু। ৭ শিব। ৮ বিষ্ণু। ৯ কার্ত্তিকেয়। ১০ বাৎস্যায়ন মুনি। ১১ পণ্ডিত ব্রাহ্মণ। ১২ পরমহংস। স্ত্রীং স্বামিনী। ~-ঘর -বি, পত্নীর পতিগৃহ ; কন্যার শ্বশুরালয়।

স্বাম্য-স্বামিতা দ্রঃ।

স্বাম্যুপ/কারক, ~কারী (শা-) [স্বামী (স্বামীর)+উপকারক, ই°] বিণ, পতির কল্যাণকর ; পতির হিতপ্রদ। ২ প্রভুর হিতকর। ৩ অশ্ব [প্র° অ°]।

স্বায়ত্ত (শা-) [স্ব+আয়ত্ত] বিণ, আপনার বশীভূত ; নিজাধীন ; স্বাধীন। ~শাসন-স্বদেশী বা স্বজাতীয়দের দ্বারা পরিচালিত শাসন ; স্বারাজ্য ; নিজেদের অধিকারগত শাসন।

স্বায়ত্তীকরণ (শা-) [স্বায়ত্ত+চি (অভূততদ্ভাবে)=স্বায়ত্তী + করণ] বি, স্ববশীভূতকরণ ; নিজ অধিকারে আনয়ন।

স্বায়ম্ভুব (শা-) [স্বয়ম্ভু (ব্রহ্মা) + অ (অপত্যার্থে)] বি, স্বয়ম্ভুর পুত্র ; আদি মনু। ২ স্বয়ম্ভু সম্বন্ধীয়। স্ত্রীং স্বায়ম্ভুবী-ব্রহ্মা।

স্বায়ু (শা-) [সু+আয়ু] বিণ, দীর্ঘ আয়ুযুক্ত ; আয়ুষ্মান্। ২. সুন্দর জীবনবিশিষ্ট।

স্বারব্ধ (শা-) [স্ব+আরব্ধ] বিণ, নিজের দ্বারা অনুষ্ঠিত ; স্বকৃত। "জীব স্বা° কর্ম্মদ্বারা দিব্য মানুষ ও নরকাদি বহুপ্রকার গতি লাভ করিয়া থাকে।"-বি° কোষ।

স্বারাজ্য (শা-) [স্বরাজ্ +য (ভা°)] বি, স্বর্গরাজ্য। ২ ঈশ্বরত্ব। ৩ স্বর্গের আধিপত্য ; ইন্দ্রত্ব।

স্বারাম (শা-) [স্ব+আরাম] বিণ, আপনাতে যিনি রমণ করেন ; আত্মারাম। ২ বি, নিজের আরাম।

স্বারোচিষ (শা-) [স্বরোচিষ+অ (অপত্যার্থে)] বি, দ্বিতীয় মনু।

স্বার্জ্জিত (শা-) [স্ব+অর্জ্জিত] বি, স্বোপার্জ্জিত ; স্বয়ংলব্ধ।

স্বার্থ (শা-) [স্ব (নিজ)+অর্থ (প্রয়োজন), ৬তৎ] বি, নিজ প্রয়োজন ; স্বকার্য্য। ২ স্বীয় অর্থ। ৩ লিঙ্গার্থবিশেষ। ৪ বিশেষণ। ~চিন্তা-বি, আত্মহিত চিন্তা ; স্বকীয় ইষ্টসাধন চেষ্টা। > বিণ, ~চিন্তক-স্বার্থপর। ~ত্যাগ-বি, আত্মহিত বা প্রয়োজন ত্যাগ; নিজের কল্যাণ বিসর্জ্জন। ~পর, ~পরায়ণ [স্বার্থে-পর, পরায়ণ (তৎপর), ৭তৎ] বিণ, স্বকার্য্য সাধনে তৎপর ; স্বার্থসাধক ; নিজ প্রয়োজন সিদ্ধিবিষয়ে উদ্যোগী। > বি, ~তা। ~সাধন-বি, নিজের হিত সম্পাদন। > বিণ, ~সাধক-স্বার্থপর। ~সিদ্ধি-বি, আপনার ইষ্টলাভ বিষয়ে কৃতকার্য্যতা। > বিণ, ~সিদ্ধ।

স্বার্থান্ধ (শা-) [স্বার্থ (দ্বারা)+অন্ধ, ৩তৎ] বিণ, অত্যন্ত স্বার্থদুষ্ট ; যে নিজের ছাড়া অন্যের হিতাহিত দেখিতে পায় না ; পরের ভালর প্রতি দৃষ্টিহীন ; অতিরিক্ত স্বার্থপর।

স্বার্থান্বেষণ (শা-) [স্বার্থ+অন্বেষণ] বি, কেবল নিজের ভালর জন্য খোঁজ ; আত্মহিতানুসন্ধান। > বিণ, স্বার্থান্বেষী। > স্ত্রীং ~স্বার্থান্বেষিণী।

স্বার্থিক (শা-) [স্বার্থ+ইক (ষ্ণ)] বিণ, স্বার্থে বিহিত (ব্যাকরণের প্রত্যয়)। ২ স্বার্থপর। ৩ নিজ অর্থে সম্পন্ন।

স্বার্থোদ্ধত (শা-) [স্বার্থ+উদ্ধত] বিণ, স্বার্থস্পর্দ্ধিত ; স্বার্থহেতু চক্ষুর্লজ্জাহীন ; স্বার্থরক্ষায় অধীর ; স্বার্থোন্মত্ত। "এরূপভাবে স্বা° হইয়া পড়িয়াছেন যে ব্যক্তিগত লাভ লোকসান ব্যতীত আর কিছু লক্ষ্য করিবার প্রবৃত্তি তাঁহাদের নাই।" -আ° শক্তি।

স্বার্থোন্মত্ত (শা-) [স্বার্থ+উন্মত্ত] বিণ, স্বার্থ লইয়া অতিব্যাপৃত বা অতিব্যস্ত ; স্বার্থপরতায় হিতাহিত জ্ঞানশূন্য ; আত্মহিত লইয়া যারা মাতিয়া আছে।

স্বালক্ষ্য (শা-) [স্ব (স্বীয়)+অলক্ষ্য] বিণ, আপন লক্ষের বহির্ভূত।

স্বাশিষ (শা-) [বৈদিক-স্বাশিস্] বিণ, আশীর্ব্বাদযুক্ত।

স্বাশ্রয় (শা-) [স্ব+আশ্রয়] বি, আপনার আশ্রয় ; স্বাবলম্বন। ২ বিণ, নিজ আশ্রয়বিশিষ্ট।

স্বাসীন (শা-) [সু+আসীন] বিণ, সুখোপবিষ্ট।

স্বাস্তীর্ণ (শা-) [সু+আস্তীর্ণ] বিণ, সুন্দরভাবে আস্তীর্ণ ; উত্তমরূপে বিছান।

স্বাস্থ্য (শা-) [সুস্থ+য (ভা°)] বি, নিরাময়তা ; আরোগ্য ; সুস্থতা। ২ নিরুদ্বেগ ; নিশ্চিন্ততা। ৩ সুখ। ৪ সন্তোষ। ৫ ডাঃ ব্রজেন্দ্রনাথ গাঙ্গুলী, এম্. বি, মহাশয় প্রবর্ত্তিত স্বাস্থ্য-বিজ্ঞান প্রচারক, স্বাস্থ্য-রক্ষা ও তার উন্নতি বিধায়ক মাসিক পত্রিকাবিঃ। ~কর, ~দায়ক, ~দায়ী, ~প্রদ, ~সম্পাদক-বিণ, স্বাস্থ্য সম্পাদনকারী ; আরোগ্যসাধক ; সুস্থতা সম্পাদনকারী। ২ সুখদায়ক। > স্ত্রীং ~করী, ~দায়িকা, ~দায়িনী, ~প্রদা, ~সম্পাদিকা। ~নাশ, ~হানি-বি, স্বাস্থ্যভঙ্গ ; স্বাস্থ্যক্ষয় ; রুগ্নদশা। "যদি ধন নাশ হয় তায়

]যুক্ত বিবৎ (অগ্র=অগৃগ্র), ˘হীন যুক্তাক্ষর° [illegible] বং, ঙ=ংগ ঙ্গ=ঙ্গাঁ [illegible] ও চ্চা° দ্রঃ

কিবা আসে যায়। যদি স্বাস্থ্য নাশ হয়, তবে কিছু হয় ক্ষয়। হইলে চরিত্র নাশ সর্বনাশ হয়।"-চরিত্রগঠন। ~ভঙ্গ-বি, বয়সে বা রোগে দেহক্ষয়; শরীরের শক্তিহ্রাস ও অবসাদ; রোগজীর্ণতা। স্বা° ভঙ্গ হওয়া-ক্রি, ভগ্নস্বাস্থ্য হওয়া; রোগপ্রবণ হওয়া; স্বাস্থ্য নষ্ট হওয়া। ~রক্ষ-স্বাস্থ্যপালন; স্বাস্থ্য অটুট রাখা বা রোগ হতে মুক্ত থাকা। ~সমাচার-ডাঃ কার্ত্তিকচন্দ্র বসু, এম্, বি, মহাশয় প্রবর্ত্তিত স্বাস্থ্যবিজ্ঞান প্রচারক, স্বাস্থ্যরক্ষা ও তার উৎকর্ষ বিধায়ক মাসিক পত্রিকাবিঃ। ~সম্পৎ-বি, স্বাস্থ্যরূপ সম্পত্তি বা ধন। সম্পন্ন-বিণ, স্বাস্থ্যবান্; সুস্থ।~সুখ-বি, দেহ মন রোগমুক্ত থাকার আনন্দ বা স্ফূর্ত্তি। ~হানি-স্বাস্থ্যনাশ দ্রঃ। ~হীন-বিণ, নষ্ট স্বাস্থ্য; রুগ্ন। স্ত্রীং >। ।

স্বাহত (শা-) [স্ব+আহত] বিণ, স্বহস্তে আহত।২ [সু (অতি)+আহত] বিলক্ষণ আঘাতপ্রাপ্ত।

স্বাহা(শা-)[সু(শুভ)+আ-হ্বে(আহ্বান করা)+অ (ণে), যা যদ্দ্বারা দেবতাদিগের আহ্বান করা হয়] বি, দেবতার উদ্দেশে অগ্নিতে ঘৃতাহুতি প্রদান মন্ত্র। ২ অগ্নির দাহিকাশক্তি। ৩ পিতৃগণের শ্রাদ্ধীয় অন্নের নাম; দেবান্ন। ৪ অগ্নিদেবের পত্নী। ইঁহাদের তিন পুত্র-দক্ষিণ, গার্হপত্য ও আহবনীয়।৫ [চণ্ডী ১।৫৪] দুর্গা।~করণ, ~কার, ~কৃতি-বি, অগ্নিতে সমন্ত্র হবির্দান। ~কৃৎ-বি, যজ্ঞকর্ত্তা। ~নাথ, ~পতি, ~প্রিয় [স্বাহার নাথ, পতি, প্রিয় (স্বামী), ৬তৎ] বি, অগ্নি। "ইহা বলি নিজস্থানে যান স্বাহানাথ। খুল্লনা প্রত্যয় হেতু তহি দিল হাত।"-কবিক°। ~ভুক্ [স্বাহা-ভুজ্ (ভোজন করা)+°(কিপ্, র্ত্তৃ)] বিণ, দেবতা

স্বাহুত (শা-) [সু+আহুত] বি, সুন্দররূপে আহুত। ২ অভিমুখে হুত। ৩ আপনাকর্ত্তৃক আহুত।

স্বিন্ন (শি-) [স্বিদ্ (স্বেদনে)+ত (র্ত্তৃ)।দ-ত=ন্ন] বিণ, ঘর্মাক্ত; স্বেদবিশিষ্ট।২ ক্লেদযুক্ত। ২ ক্লিন্ন। ৩ আর্দ্র; সিক্ত। ৪ পক্ব।

স্বীকরণ (শি-) [স্ব+চি্ (অভূততদ্ভাবে) =স্বী+করণ] বি, স্বীকার; স্বীকৃতি।

স্বীকর্ত্তব্য (শি-) [স্বীকার (দ্রঃ) -তব্য (বিহিতার্থে)] বিণ, স্বীকার্য্য; স্বীকারযোগ্য।

স্বীকার (শি-) [স্ব (আপনার) কার (করণ), মধ্যে-চ্বি=ঈ] বিণ, গ্রহণ। ২ অঙ্গীকার; প্রতিশ্রুতি। ৩ পরিগ্রহ। ৪ বশীকরণ। ৫ প্রতিগ্রহ। ৬ আত্মীকরণ। ৭ সম্মতি। [প্রাদে° বিকারে স্বীকুরি-স্বীকার। "অত কষ্ট করে তবু স্বীকুরি না গেল"-মৈ° গী°]।

স্বীকার্য্য (শি-) [স্বীকার দ্রঃ+য (যোগ্যার্থে)] বিণ, স্বীকারযোগ্য। ২ [জ্যা° (ক° বিশ° পরিঃ)] ইং postulate এর বৈজ্ঞা° পরিঃ।

স্বীকৃত (শি-) [স্ব-কৃত মধ্যে ঈ (অভূততদ্ভাবার্থে চ্বি)] বিণ, যা স্বীকার করা হইয়াছে। বি, স্বীকৃতি।

স্বীয় (শী-) [স্ব(নিজ)+ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, নিজ; আপন; স্বকীয়; আত্মীয়। স্ত্রীং স্বীয়া-স্বামীর প্রতি অনুরক্তা নায়িকা।

স্বেচ্ছা (শে-) [স্ব (নিজের)+ইচ্ছা (বাসনা), ৬তৎ] বি, নিজ ইচ্ছা।২ যদৃচ্ছা। ৩ স্বচ্ছন্দ। ~কৃত-বিণ, নিজের ইচ্ছায় চালিত; স্বকৃত। "গোখলে বেকার ছিলেন না, তাঁহার আপেক্ষিক দারিদ্র্য স্বেচ্ছাকৃত" -প্রবাসী, শ্রাবণ, ১৩৩৬। ~ক্রমে-ক্রি-বিণ,আপন ইচ্ছায়; নিজের খুসিতে। ~চার-বি, নিজের ইচ্ছামত আচরণ; স্বৈরাচার। ~চারিতা-বি, যথেচ্ছাচার; নিজের ইচ্ছামত আচরণ বা চালচলন। ~চারী-বিণ, যথেচ্ছাচারী; স্বাধীন; স্বেচ্ছানুবর্ত্তী; আপন ইচ্ছানুরূপ আচরণকারী। ২ অবাধ্য। > স্ত্রীং ~চারিণী। ~প্রবৃত্ত, ~বৃত্ত-বিণ, নিজের ইচ্ছায় নিয়োজিত বা চালিত। ~প্রণোদিত-বিণ, স্বীয় প্রবৃত্তিপ্রেরিত; স্বকীয় ইচ্ছা দ্বারা প্রণোদিত বা প্রবর্ত্তিত। ~মৃত-বিণ, নিজ ইচ্ছানুরূপ। ~মৃত্যু-বিণ, আপন ইচ্ছায় যার মরণ হয়। ~সেবক-বিণ, আর্ত্তের সহায়ক সম্প্রদায়বিঃ। ২ বিণ, আপন ইচ্ছায় আর্ত্তের পরিচর্য্যাকারী; স্বেচ্ছাপ্রণোদিত সেবাকারী।

স্বেচ্ছাধীন (শে-) [স্ব+ইচ্ছা+অধীন, ৬তৎ] বিণ, আত্মবশ; স্বাধীন।

স্বেচ্ছানুবর্ত্তী (শে-) [স্বেচ্ছা+অনুবর্ত্তী] বিণ, স্বেচ্ছাচারী; স্বাধীন। ২ অবাধ্য। স্ত্রীং স্বেচ্ছানুবর্ত্তিনী। বি. স্বেচ্ছানুবর্ত্তিতা।

স্বেতখানা (শে-) [আ° সেহত্খানা। সেত- খানা দ্রঃ] বি, পায়খানা; মলত্যাগের স্থান। "হাড়ি ছারজাতি স্বে° নিকাইয়া না করে স্নান। বাইশদণ্ড রাজা হইয়া করিমু হাড়িক প্রণাম।"-মাণিক° গান।

স্বেদ (শে-) [স্বিদ্ (ঘর্মাক্ত হওয়া)+অ (ভা°)] বি,ভীতি রোষ ও হর্ষাদি জন্য দেহের ক্লেদ। ২ ঘর্ম; ঘাম sweat. ৩ বাষ্প। ৪ উষ্মা; তাপ; ভাপ্রা। ৫ [চিকিৎসা শা°] সেক fomentation. বিণ, স্বেদ্য- স্বেদের উপযুক্ত। ২ স্বেদজনক। ~জল, -বারি-ঘর্ম। ~স্নান [চিকিৎসা শা°] বি, সর্ব্বাঙ্গে বাষ্পপ্রয়োগে আর্দ্রকরণ vapour-bath. ~স্রাব, ~স্রুতি-বি, প্রচুর ঘর্ম নির্গমন।

স্বেদজ (শে-) [স্বেদ (ক্লেদ) > জ (জাত)] বিণ,যারা স্বেদ হতে জন্মে। ২ কৃমি, দংশ, মশক, মক্ষিকাদি প্রাণী। ~শাক-বি, ছত্রক; ছাতা।

স্বেদন (শে-) [স্বিদ্+ণিচ=স্বেদি (ঘর্মাক্ত করান)+অন (ভা°)] বি, স্বেদ নিঃসারণ; ভাপ্রা। ২ স্বেদোৎপত্তি। স্ত্রীং ~নী-লৌহনির্ম্মিত পাকপাত্র। ~যন্ত্র-বি, স্বেদ্য ঔষধ পাক করিবার বৈদ্যক শাস্ত্রোক্ত যন্ত্রবিশেষ; দোলাযন্ত্র।

স্বেদস্রুতি-স্বেদস্রাব দ্রঃ।

স্বেদাক্ত (শে-) [স্বেদ+অক্ত (যুক্ত)] বিণ, ঘর্মাক্ত।

স্বেদাপ্লুত (শে-) [স্বেদ+আপ্লুত] বিণ, স্বেদাক্ত; ঘর্মসিক্ত।

স্বেদাবরোধ (শে-) [স্বেদ+অবরোধ] বি, ঘর্মারোধ; ঘাম বন্ধ হওয়া।

স্বেদাম্বু [স্বেদ+অম্বু] বি, ঘাম জল।

স্বেষ্টদেবতা [স্ব+ইষ্টদেবতা] বি,

স্বকীয় ইষ্টদেবতা ; যে দেবতার মন্ত্র গ্রহণ করা হইয়াছে।

স্বৈর (শৈ·) [স্ব-ঈর্ (গমন করা)+অ (ভা০)] বি, স্বেচ্ছাচার ; স্বাধীনতা। স্বাচ্ছন্দ্য। ৩ বিণ, স্ববশ ; স্বাধীন। ~গতি -বি, স্বাধীনগতি ; স্বচ্ছন্দগতি। ~বৃত্তি-বি, স্বাধীনবৃত্তি ; স্বেচ্ছাচার। > বিণ, ~বৃত্ত। ~চার [স্বৈর+চর্ (আচরণ করা)+অ (ভা০)] বি, নিজ ইচ্ছামত আচরণ ; স্বেচ্ছাচার। ~চারী [স্বৈর-চর্ (গমন করা) +ইন্ (র্ত্তৃ)=চারিন্ ১মা, ১ব০] বিণ, অবাধ্য ; স্বেচ্ছাচারী ; যথেচ্ছাচারী। > স্ত্রীং ~চারিণী- ব্যভিচারিণী। ~তা, স্বৈরিতা [স্বৈর, স্বৈরিন্+তা (ভা০)] বি, স্বাধীনতা ; যথেচ্ছাচারিতা ; অবাধ্যতা। ২ ব্যভিচারিতা। ~ন্ধ্রী-সৈরিন্ধ্রী দ্রঃ। ~পেশী [শরীর বিজ্ঞা০ পরিঃ] বি, হৃদয় ও পাকযন্ত্রের পেশী।

স্বৈরাচার [স্বৈর+আচার] বি, যথেচ্ছাচার। "বর্ত্তমান সময়ে বঙ্গসাহিত্যে লেখকগণের স্বৈরাচারের মাত্রা দিন দিন বাড়িয়া যাইতেছে।"-মর্ম্মবাণী, ১৩২২। বিণ, ~ী।

স্বৈরিণী-স্বৈরী দ্রঃ।

স্বৈরিতা-স্বৈরতা দ্রঃ।

স্বৈরিন্ধ্রী [স্বৈর (স্বাচ্ছন্দ্য) ধৃ (ধারণ করা), নিপাতনে] বি, যে নারী পরগৃহে স্বাধীনভাবে বাস করিয়া প্রসাধনানুলেপনাদি শিল্পকর্ম্ম করে।

স্বৈরী (শৈ·) [স্বৈর+ইন্ (র্ত্তৃ)] বিণ, অবাধ্য; স্বেচ্ছাচারী; যথেচ্ছাচারী। ২ ব্যভিচারী। স্ত্রীং স্বৈরিণী-বিণ, স্বাধীনা। ২ ব্যভিচারিণী ; কুলটা। "হায়, ভোজবালা কুন্তী কে না জানে তারে স্বৈ০"-বীরাঙ্গনা কাব্য।

স্বোদরপূরক (শো·) [স্ব+উদর+পূরক] বিণ, আত্মোদর পূরণকারী : যে নিজের পেট ভরায়। ২ স্বার্থপর।

স্বোপার্জ্জিত (শো·) [স্ব (নিজের)+উপার্জ্জিত] বিণ, নিজের অর্জ্জিত ; স্বয়মুপার্জ্জিত। "পিতা স্বো০ ধন পুত্রগণের মধ্যে যদৃচ্ছা বিভাগ করিয়া দিতে পারেন কিন্তু পিতামহ ধনে তাঁহার সেরূপ অধিকার নাই।"-স্মৃ০।

স্বৌজস্ (শৌ·) [স্ব+ওজস্ (তেজঃ)] বি, স্বকীয় তেজঃ ; আত্মবীর্য্য।

হ

হ-ব্যঞ্জন বর্ণমালার ত্রয়স্ত্রিংশ এবং বর্ণমালার শেষ বর্ণ। কণ্ঠ হতে উচ্চারিত হয় বলিয়া ইহা কণ্ঠ্যবর্ণ, অ উচ্চারণে শ্বাসবায়ু নিঃশেষিত প্রায় হইয়া আসিলে অবশিষ্ট বায়ু কণ্ঠ হতে জোরে বাহির করিবার কালে হ উচ্চারিত হয়। এজন্য কোন কোন ভাষাতত্ত্ববিদ্ ইহাকে ব্যঞ্জন মধ্যে গণনাই করেন না। তাঁদের মতে ইহা "অ" এই স্বরের মহাপ্রাণ উচ্চারণ, হি০-র অনুকরণে বঙ্গের কোন কোন স্থানে বিতঃ পূ০ ব০ প্রাদে০ ব্যবহারে 'স' স্থলে 'হ' যথা-শুকুতা='-হুকুতা' (কবিক০)। সতীন ='হতীন' (পূ০ ব০ গী০) এবং "হ" স্থলে "অ", এবং কোথাও "অঃ" উচ্চারিত হয়। এই হেতু হো=ও (হোগলা =ওগলা)। প্রা০ বাং প্রাকৃ-তে "খ" স্থলে হ। যথা-শাখা=শাহা (চ০ ৪৫।১), সিখর=সিহর (চ০ ২৮।৭)। 'ধ' স্থলে হ। যথা-শশধর স্থলে সসহর (চ০ ১৮।৩)। এইরূপ 'ভ' স্থলে হ। যথা-দুন্দুভি=দুন্দুহি (চ০ ১৯।২)। হি০-তে ":" স্থলে "হ" উচ্চারিত হয়। শ্বাস ত্যাগের সহিত ইহার অধিক সম্বন্ধ। কণ্ঠস্থ বায়ু নিঃশেষে বা খুব জোরে নাসিকারন্ধ্র দিয়া নির্গত হলে হুঙ্কার বা হঁ, হুম্ শব্দ হয়। উহা মুখব্যাদান করিয়া বহির্গত হলে হাঁক বা হাঁকার, হাস্য, হায়, হুতাশ প্রভৃতির শব্দে এবং ক্ষীণভাবে যুগপৎ নাসারন্ধ্র দিয়া ও ওষ্ঠদ্বয় ভেদ করিয়া বহির্গত হলে হাঁফ বা হাঁপানির শব্দে পরিণত হয়। ভ্রং, গ্রা০ কথ্য হ স্থলে 'ঙ্গ', 'জ্ঝ' হয়। সিংহ, সিংহী স্থলে সিঙ্গ, সিঙ্গী, সিজ্ঝ, সিজ্ঝী। 'সিঙ্গাসন' (পূ০ব০গী০), 'সিজ্ঝাসন' ও০। "সিঙ্গের দুয়ার" (ঐ)= সিংহদ্বার। 'সিঙ্গির মামা ভম্বলদাস' (ছড়া) ই০। ২ [সং-তে] বি, শিব। (২) বিষ্ণু। (৩) চন্দ্র। (৪) স্বর্গ। (৫) মঙ্গল। (৬) রক্ত। (৭) শূন্য। ৩ অ, হঠাৎ। ৪ বিস্ময়বাচক অব্যয়। ৫ খেদ। ৬ হর্ষ। ৭ হাস্য। ৮ নিন্দা ; ছিঃ। ৯ ত্যাগ। ১০ সম্মতি। ১১ সম্বোধন। ১২ পাদপূরণার্থে মাত্রাস্বরূপ। যথা, 'সেহ'। ১৩ নিশ্চয় ; দৃঢ়ীকরণ। ১৪ সন্দেহাত্মক প্রশ্নে ; বটে ; তাই নাকি। ১৫ যদ্যপি ; তথাপি, ও। "দৃঢ় পাপী হলে হ আমার দণ্ড্য নয়"-শি০। ১৬ [প্রা০ বাং। সং-অপি] এবং ; ও। "জর মরণহ"-বৌ০ গান ও দোহা। ১৭ অনুজ্ঞা। প্র-রাখহ ; ধরহ। ১৮ বলদ মহিষ প্রভৃতিকে স্থির হইবার বা দাঁড়াইবার সঙ্কেত শব্দ। ১৯ ক্রি, হওয়া (দ্রঃ) ধাতুর ম০ পু০ রূপ, অসম্ভ্রমার্থে। মান্যার্থে-হন, হউন, হয়েন। সমানার্থে-হও।

হআ [প্রা০ বাং। সং-ভূ ধাতুজ] ক্রি, হওয়া দ্রঃ।

হই [সং-ভূ ধাতুজ। হি০ হোয়] ক্রি, হওয়া (দ্রঃ) ধাতুর উ০পু০বর্ত্তমানকালের রূপ। প্রা০ বাং-হইএ, এই অর্থে হওঁ (দ্রঃ)। "কংসের বিষএ আজ্ঞে হইএ মাহাদানী" -শ্রী০ কী০। ২ হইব। "যষ্টিগাছা অবলম্বন করিয়া যে অগ্রসর হই, হাতে সে শক্তি ছিল না।"-প্রদীপ, ১ম বর্ষ। ৩ হইল (চ০ পদ০, ৪৭।৪)।

হইআঁ-হওয়া দ্রঃ।

হইএ-হই দ্রঃ।

হইতে, হৈতে, হতে [সং-ভূ ধাতুজ ভবতঃ শব্দের উচ্চারণ বিকারে ভইতে >

হইতে। অথবা ভবতঃ >প্রাকৃ° হিন্তো বা হিংতো >প্রাকৃ° হি° হন্তো,হঁতো, হতো (ঠেঁট হি°) >আধু°, অস° হন্তে, প্রা°বাং- হন্তে ("হাড় হন্তে নির্ম্মিয়া করয় পুনি হাড়" -পদ্মাবতী আলোয়াল)। >প্রা°বাং-র- 'হনে' ("সেই হনে প্রাণ মোর আছে বা না জানি"-মহা°, সঞ্জয়°) এবং মধ্য ও আধু°বাং -হতে ("কা হতে জনমিল জগতের যাতনা"- হেম°)। সাধু ভাষায়-হইতে। প্রা°বাং-হর্তে। "এবে হর্ত্তে"- শ্রী° কী°] অ, বাঙ্গালা ৫মী বিভক্তি চিহ্ন ; থেকে। হনে, হন্তে দ্রঃ।

হুইব-হব দ্রঃ।

হুঈ [অনু°] অ, হঃ অপেক্ষা দীর্ঘ শব্দে পশুপক্ষী বিতাড়ন শব্দ। ২ রাত্রিকালে চৌকি দিবার শব্দ। ৩ গাড়ীঘোড়ার সম্মুখ হতে আত্মরক্ষা করিবার জন্ত সতর্কীকরণ। ~ইঈ -হৈ হৈ দ্রঃ।

হুউ$_১$, হউক [সং-ভূ (হওয়া) >ভবতু >প্রাকৃ° হোউ। আধু° গ্রা° বাং-হোক। এই অর্থে প্রা° বাং-'হউ' ও°] ক্রি, হউক। "থির হউ সকল সংসার"-শ্রী° কী°। ২ হয়। "কেহ্ন মতে সঙ্গ হউ দধির পসার"-শ্রী° কী°।

হুউ$_২$ [হাঁউ$_১$ দ্রঃ] স, আমি।

হুঁএ [প্র° বাং। হওয়া দ্রঃ] ক্রি, হয়। "ইহার মরণ হএ কমণ উপাএ।"-শ্রী° কী°। হঁএ নঁহে-হয় নয় ; সত্য মিথ্যা। "হএ নহে দেখ রাধা পাঞ্জী পরমান॥"-শ্রী° কী°।

হুঁওঁ [প্রা° বাং] ক্রি, হই। "কাহ্নাঞিঁ হওঁ মো গোআল জাতী"-শ্রী° কী°।

হুঁওত [হওয়া দ্রঃ। সাহেবী বাং ও তাহার অনুকরণে আধু° বাং-র (কিন্তু বিরল)। তুল- করত। সাধু বাং-র অপ্র°] অস-ক্রি, হইয়া। "বৃদ্ধ পিতামাতা ও সতী স্ত্রীকে পরিত্যাগ পূর্ব্বক মদোন্মত্ত এবং দুষ্ক্রিয়ের সক্ত হওত আপনার তুল্য প্রকৃতি একটী ইতর জাতীয়া দাসীতে আসক্ত হয়"-পৌরাণিক ইতিবৃত্ত (স্মিথ), ১২৭৭ সাল।

হুঁওন [হওয়া দ্রঃ] বি, বর্ত্তন ; স্থিতি- করণ। ২ জন্মগ্রহণ। ৩ সংঘটন। ৪ কোন ভাবে, অবস্থায় বা আকারে পরিণত হওয়া। "কেবল ধার্ম্মিক হওনের বাঞ্ছা করিলেই ধার্ম্মিক হওয়া যায় না।"-টেকচাঁদ।

হুঁওয়া, হ [সং-ভূ >। হি° ভওয়া > বাং-হ, হঅা, হওয়া। হই, হও (হয়েন, হোস), হয় (হয়েন) ; হইতে (কে° হৈতে, গ্রা° কে° হ'তে, হতে) ; হইয়া (কে°হ'য়ে)। ণিজন্ত-হঁওয়ানি। বর্ত্তমানের রূপ-হইতেছে; হচ্চে। অতীতে-হইয়াছে ; হয়েছে ; হইয়া- ছিল (কে° হ'য়েছিল) ; হইত (কে° হ'ত)। ভবিষ্যতে-হইবে (কে° হবে), হব, হবু, হেবু (প্রা° বাং)=হইবে। প্রা° বাং-হঁয়=হও। হআঁ, হইআঁ=হইয়া। হই=হইল (চ° ৪৭।৪) ; (২) হইয়া (দো° ১০৩)। হইএ= হই। হইলো, -লোঁ (-লুঁ >গ্রা° হইনু)=হই- লাম। হউ (উঁ)=হই। (২) হয়। হউ=হউক। হঁএ, হঁয়ে=হয়। হঁওঁ=হই। হঁওসি=হইস্, হোস। হঁঙ=হঁউঁ, হঁওঁ=হই। হঁঞা, হঁয়িআঁ=হইয়া। হঁতেঁ, =হইতে। হঁয়=হও। হয়ি= হইয়া। হয়িলা, হয়িলাহা=হইলে। "তোহ্মে কেহ্নে তাহাত হয়িলা অগুয়ানী"- শ্রী° কী°। "এবেঁ হইলাহা গোআল"-ঐ। হয়িলাহোঁ, হয়িলোঁ=হইলাম। হইবঁ=হব ; (২) হবে। হঁয়ে=হয়। হাউঁ=হও (চ°১০।৬)। হাউ$_১$= হই (চ° ১৮।১)। হোই=হও (ভব) ; (২) হয় (ভবতি)। হোইঅ=হয়। হোইব=হইবে। হোন্তি=হয় (ভবন্তি)। হোহী, হোহিসি, হোহুং=হও] ক্রি, বর্ত্তমান থাকা ; বিদ্যমান থাকা। ২ জন্মান। প্র-তার পুত্র সন্তান হইয়াছে। "যখন পুঁটু আমার হয় নাই, ভিখারীতে ভিখ নেয় নাই, ভাগ্যে পুঁটু হয়েছে, ভিখারীতে ভিখ নিয়েছে"-ছড়া। ৩ ঘটা। প্র-কি হবে কে জানে। ৪ আসা। প্র-যখন সময় হবে। ৫ জমা ; সঞ্চিত হওয়া। প্র-তার হাতে টাকা হয়েছে। ৬ অধিক হওয়া; বাড়া। প্র-এখন বয়স হয়েছে আর বেশী পরিশ্রম করিতে পারে না ; বেলা হল ; রাত হয়েছে। ৭ সঙ্কুলান হওয়া ; কুলান। প্র-যে অল্প জিনিষ এখন সকলের হইলে হয়। ৮ কার্য্যসিদ্ধি হওয়া ; সকল দিক্ রক্ষা হওয়া। প্র-সে সময়ের মধ্যে আসিলে হয়। ৯ পরিণত হওয়া। প্র-রক্ত জল হয়েছে। ১০ সম্পাদিত হওয়া। প্র-এ কাজটা কয় ঘণ্টায় হইল। ১১ পতিত হওয়া ; পড়া। প্র-এক পসলা জল হয়ে গেল ; বৃষ্টি হওয়া। ১২ প্রকাশ পাওয়া ; উদয় হওয়া। প্র-রৌদ্র হওয়া ; দিন হওয়া ; সকাল হওয়া। ১৩ ব্যাপা। প্র-জ্বর কয় দিন হইল। ১৪ অতিবাহিত হওয়া ; কাটা। প্র-এক মাস হইল তার দেখা নাই। ১৫ সম্পূর্ণ হওয়া। ১৬ [আশঙ্কার্থে] অনর্থপাত হওয়া। প্র-ভবেই হয়েছে; ওমা কি হবে। ১৭ নিজস্ব হওয়া ; আত্মীয় বা আপনার হওয়া। "নবীন নীরদে প্রাণ, তুই করেছিস দান সে কি তোর হবে?"-ব্রজাঙ্গনা। ১৮ সম্ভাবনা। প্র-হয় হবে না হয় না হবে। রাম বলিল ব্যাপার এই, শ্যাম বলিল হবে (সম্ভব হতেও পারে)। ১৯ সত্য বলিয়া গ্রাহ্য হওয়া ; স্বীকার করা। প্র-তাই যেন হইল। ২০ উদয় হওয়া। প্র-মনে হয়। ২১ মেলা ; জোটা। প্র-তার একটা চাকরি হয়েছে। ২২ উচিত, উপযুক্ত বা যোগ্য হওয়া। প্র-এমন স্থলে এমন কথা বলিতে হয় না। হঁয় আর কি, হঁয় হঁয়-হওয়া পক্ষে বিলম্ব নাই, তার আভাসসূচক ; প্রায় হওয়ার সূচনা। "হয় হয় প্রায় ভোর, ভাঙ্গো ভাঙ্গো ঘুম ঘোর সুস্বপ্ন-রূপিণী উনি উষারাণী সবে বঙ্গে।"-সারদামঙ্গল। হঁয় বা না হঁয়- হওয়া সম্বন্ধে সন্দেহ বা অনিশ্চয়। হঁয়কে নঁয়- হএ দ্রঃ। হঁয়ে আসা-ক্রি, মৃত্যু ঘনাইয়া আসা ; শেষ নিকটবর্ত্তী হওয়া। প্র-ওর হয়ে এসেছে আর বড় বেশী দেরী নেই। ২ [প্রাদে° মেয়েলী] আর কিছু না থাকা ; হরিভক্তি উড়ে যাওয়া ; অশ্রদ্ধা বা ঘৃণা হওয়া। "মালতীর উত্তর না পাইয়া ক্ষমা জনান্তিকে বলিল-উঃ গুমর দেখলে হয়ে আসে।"-ভারতী। হঁ'ল বঁলে-অ, সমাধা পক্ষে আর বিলম্ব নাই। হঁ'লে হঁয়-ক্রি, সমাধার জন্ত উদ্গ্রীব হওয়ার ভাব।

হুঁআঁ-হওয়া দ্রঃ।

হুংকার [সং-অহঙ্কার। প্রা°বাং] বি, অহঙ্কার (বৌ° গান ও দোহা)।

হুংস [সং] বি, লিপ্তপদ প্লবজাতীয় জলচর পক্ষিবিঃ ; হংস ; হাঁস। ইহারা আকার, বর্ণ, গলদেশ, চঞ্চু ও পদের বিভিন্নতায় বহু শ্রেণীভুক্ত ও ভিন্ন ভিন্ন নামে অভিহিত। ২ পরমাত্মা ; পরব্রহ্ম। ৩ বিষ্ণু। ৪ শিব।

৫ ব্রহ্মা। ৬ সূর্য্য। ৭ অশ্ব। ৮ মহিষ। ৯ মাৎসর্য্য। ১০ মেরুর উত্তরস্থ পর্ব্বতবিশেষ। ১১ গুরু। ১২ নরপতি। ১৩ সিতবর্ণ, পিঙ্গলচক্ষু, তাম্রবর্ণ শৃঙ্গ এবং বৃহৎ মুখ গাভী। ১৪ শরীরস্থ বায়ুবিশেষ; প্রাণবায়ু। ১৫ [তন্ত্রে] অজপা মন্ত্র; হং মন্ত্রে শ্বাস গ্রহণ বা প্রাণবায়ুর অন্তরে প্রবেশ এবং সঃ মন্ত্রে প্রশ্বাসের বহির্গমন হয় বলিয়া এই নাম ("উচ্ছ্বাসে চৈব নিশ্বাসে হংস ইত্যক্ষরদ্বয়ং" -শ০ ক০ দ্রুম); (মতান্তরে) শ্বাস বায়ুর নির্গমন সময়ে হং এবং গ্রহণকালে সঃ এই শব্দ উচ্চারিত হয় ("হংকারেণ বহির্যাতি সকারেণ বিশেৎ পুনঃ"-শ০ ক০ দ্রুম)। ১৬ [প্রা০ বৌ০ বাং প্রাকৃ০ 'হনস'। হিংসা-বর্জ্জিত এবং হংসবৎ উৎপীড়ন সহকারী বলিয়া নাম] অবধূতবিশেষ। ইঁহারা গৃহহীন, লোক-সম্পর্কশূন্য, ত্যাগী, স্ত্রীসহবাসরহিত, ধ্যান-ধারণারহিত, স্ববংশচিহ্নবর্জ্জিত, ক্রোধ, মোহ, চেষ্টা ও কামনা-রহিত এবং সদাসন্তুষ্ট। ইঁহারা যথালব্ধ ভক্ষ্য পানীয় দ্বারা জীবন-ধারণ করেন; পরমহংস। ১৭ [অন্য শব্দের পর যুক্ত হইলে] উৎকৃষ্ট; শ্রেষ্ঠ; প্রধান। স্ত্রীং ~ী-স্ত্রী হাঁস। ২ মৃদুগামিনী নারী। ~ক [হংস+ক, জ্ঞা০] বি, হংসাকৃতি পাদাভরণ-বিশেষ; ইহা রবশূন্য ("হংসকাদিদ্বয়ং রবশূন্যে হংসাকৃতি চরণভূষণে"-ভরত০)। মতান্তরে-পাঁইজোর; নূপুর। ২ [সঙ্গীতে] তালবিঃ। ৩ রাজহংস। স্ত্রীং হিংসিকা-হংসী। ~কূট-বি, পর্ব্বতবিশেষ। ২ ককুৎ। ~গদ্গদা-বি, হংসবৎ গদ্গদনাদিনী; মধুরভাষিণী। ~গমন-বি, হংসের ন্যায় লীলান্বিতভাবে গমন। "হংসগমনে চলিল রাই"-গোবিন্দ০। ~গামিনী [হংসগামিন্ শব্দ+ঈ (স্ত্রীং)] বিণ (বি), হংসবৎ গমন-শীলা, নারী। পুং ~গামী। ~ডিম্ব-বি, হাঁসের ডিম। ~নাদ-বি, হংসের রব। ~নাদিনী [হংসনাদিন্ শব্দ+ঈ (স্ত্রীং)] বিণ বি, হংসের ন্যায় মধুর নাদিনী; হংস গদ্গদা। ২ বি, পরমা সুন্দরী স্ত্রী; ক্ষীণমধ্যা, বিপুলনিতম্বা, হস্তীর ন্যায় মন্থরগামিনী এবং কোকিলকণ্ঠা স্ত্রী। পুং ~নাদী। ~নাভ-বি, মার্কণ্ডেয় পুরাণোক্ত পর্ব্বতবিঃ। ~পক্ষ-বি, শুভসূচক কররেখাবিঃ। ~পথ [আকাশ দ্রঃ] বি, আকাশপথবিঃ। ~পদ-বি দুই তোলক পরিমাণ। ~পাক যন্ত্র-বি, আয়ু০ঔষধ পাকের যন্ত্রবিঃ। ~পাদী-বি, গোয়ালে লতা। ~বাহন-বি, ব্রহ্মা। >স্ত্রীং ~বাহিনী-বি, সরস্বতী। ~মালা-বি, হংসশ্রেণী। ২ পাতিহাঁস। ~যান-বি, হংস-বাহন; ব্রহ্মা। ~রথ-বি, হংসবাহন ব্রহ্মা। ~রাজ-বি, ফল-পুষ্পহীন উদ্ভিদ্‌বিঃ maiden-hair-fern. ~রুত [হংস-রুত (শব্দ)] হংসধ্বনি। ২ ছন্দোবিঃ। >স্ত্রীং ~রুতা-হংসের ন্যায় কলনাদিনী।

হংসাণ্ড [হংস+অণ্ড] বি, হাঁসের ডিম।

হংসাবলী [হংস+আবলী, ৬তৎ] বি, হংসমালা দ্রঃ।

হংসারূঢ় [হংস (হংসে)+আরূঢ়, ৭তৎ] বি, ব্রহ্মা। >স্ত্রীং ~রূঢ়া-ব্রহ্মাণী।

হংসোদক [হংস (শ্রেষ্ঠ)+উদক (জল-পানীয়)] বি, নির্ম্মল জল; স্বচ্ছ বারি।

হংহো [হম্=হং+হো] অ, সম্বোধনে; অহো। ২ প্রশ্নে। ৩ গর্ব্বে; দম্ভে।

হঃ [অনু০] অ, সম্মতিসূচক অব্যয়; গোমহিষাদি পশু চালনের বা তাড়নের শব্দ।

হক্১-হুক্৩ দ্রঃ।

হক্২ [আ০ হক্] বিণ, যথার্থ; সত্য; ন্যায্য। ২ বি, স্বত্ব; দাবী; ন্যায্য প্রাপ্য। "আমি জাল করি, চুরি করি, আপনারই হকের জন্য, তুমি চুরি করিয়াছ কার হকের জন্য?"-কৃষ্ণকান্তের উইল। ~কথা-বি, ন্যায্য কথা; উচিত কথা; সত্য কথা। ~দাবী-বি, ন্যায্য অধিকার বা স্বত্বের দাবী। ~দার-বিণ, ন্যায্য দাবীদার; ন্যায্য অধি-কারী। ~সফা [আদা০ পরিঃ] বি, কোন বস্তু ক্রয় করিতে অন্যাপেক্ষা অধিক স্বত্ব right of preemption.

হকচকান [গ্রা০] ক্রি, হতভম্ব হওয়া; কিংকর্ত্তব্যবিমূঢ় হওয়া; থতমত খাওয়া। "হকচকিয়ে হাম্বা রবে বলদ শুধু ডাকে" -স০ দত্ত।

হকার-বি, হ এই বর্ণ।

হকি [ইং hockey র লিপ্যন্তর] বি, বক্রমুখ কাষ্ঠাদি দণ্ড ও কন্দুকের খেলাবিঃ। ২ উক্ত খেলায় ব্যবহৃত দণ্ড hockey stick.

হকিকত [আ০ হকীকৎ। আ০ হক্ >] বি, যাথার্থ্য; ন্যায়। ২ ঠিক ঠিক বিবরণ; বয়ান।

হকিম-হকীম দ্রঃ।

হকিয়ত [আ০ হকীয়ৎ] বি, যাথার্থ্য, সত্য; বাস্তবতা। ২ [আদা০ পরিঃ] স্বত্বাবধারণের মোকদ্দমা; স্বত্ব সাব্যস্তের নালিশ।

হকীম [আ০। বাং-র হাকিম 'হ' ও 'হা'র মাঝামাঝি, অর্থাৎ ঈষৎ আকারান্ত উচ্চারণ] বি, য়ুনানী চিকিৎসক; ইরাণী কবিরাজ। ~ানা, হকিমানা-বি, হকীমগিরি। ২ বিণ, হকীম সুলভ; হকীমের মত। ~ী-বিণ, যুনানী; য়ুনানীমতে চিকিৎসা।

হকু [প্রা০ বাং। হওয়া ধাতু। বর্ণ বিপর্য্যয়ে 'হউক' (আধু০ বাং)] ক্রি, হউক। "আমার লাগুক কড়ি তোমার হকু যশঃ"--কবিক০। "হর প্রীতে হরি বল পাপ হকু ক্ষয়।"-শি০। ২ অ, হউক। "আস্তিক অগস্ত্য হকু অথবা দুর্ব্বাসা" -ধ০ ম০ (মাণিক০)।

হকুক [আ০ হক্‌ক্] বি, ন্যায্য অধিকার বা স্বত্ব।

হখী [প্রদে০। স=হ] সখী দ্রঃ।

হঙ১ [অহং > হম >। ম=ঙ "হউ, গাউ" ও০ (দো, চ০ পদ)] স, আমি।

হঙ২ [হওয়া দ্রঃ। হউঁ, হওঁ >] ক্রি, হই। ২ [হমু, হইমু ও০] হইব। "পাপেমুক্ত হঙ বৈছে উপায় কহিবে।"-ভক্তি রত্নাকর (বং সা০ প০)।

হচ্ছে [হওয়া দ্রঃ। গ্রা০ হচ্চে] ক্রি, হইতেছে। ~-হবে-অ, দীর্ঘসূত্রতাসূচক; এড়াইয়া গড়াইয়া হইতেছে এবং এইরূপেই সমাধা হইবে। "হচ্ছে হবে, খাচ্ছি খাব"-টেকচাঁদ।

হজ [আ০ হজ্ (স্থান প্রদক্ষিণ করা বা কোথাও যাওয়া)] বি, মক্কাতীর্থ দর্শন ও বিহিত কৃত্য সম্পাদন। "মক্কা থেকে 'হজ' ক'রে ভাই, ফিরো নিজ গ্রাম।"-রজনী সেন। হজ করা-ক্রি, মক্কাতীর্থ করা।

হজ্জগজ্জ (-জ, জ) ["অশ্বত্থামা হত ইতি গজঃ"("অশ্বত্থামা দ্রোণপুত্র হত"এই মিথ্যার সহিত উচ্চ বাদ্যধ্বনি ও আনন্দ চীৎকারের মধ্যে উক্ত 'ইতি গজঃ' অর্থাৎ অশ্বত্থামা নামক হাতী হত হইয়াছে) যুধিষ্ঠিরের এই উক্তি হইতে (মহা॰ দ্রঃ) ক্ষে॰'হতগজ' >।'গজ' সহ দ্রুত উচ্চারণে হত > হজ] অ, গোলেমালে চণ্ডীপাঠ এর ভাব; জোড়াতালি; গোঁজামিল; সত্য মিথ্যা মিশ্রিত; কতক প্রকাশ্য বা স্পষ্ট কতক অপ্রকাশ্য বা অস্পষ্ট।

হজম [আ॰ হজ্‌ম্] বি, পরিপাক। ২ আত্মসাৎ করণ। বিণ, **হজমী**-পরিপাক-জনক। **~গুলি**-বি, পরিপাককর বটিকা।

হজরত [আ॰ হজ্‌রৎ] বি, উপস্থিতি। ২ প্রভু। "দেখা কৈল হজরতে বজা আনে খেদমতে গোলামের এ বড় ইনাম।"-অ॰ম॰। ২ মহাপুরুষের নামের পূর্ব্বে সম্মানার্থ ব্যবহৃত শব্দ। যথা-হজরত মহম্মদ। ৩ মহাশয়; সম্মানসূচক সম্বোধন। > স্ত্রীং **হজরতা**।

হজুর-হুজুর দ্রঃ।

হজ্জত-হুজ্জৎ দ্রঃ।

হঞা-হওয়া দ্রঃ।

হঞ্জে [সং। নাট্যে] অ, দাসীর প্রতি নারী-কর্তৃক সম্বোধন বা আহ্বান।

হট্‌ [অনু॰] অ, শব্দে। ২ লজ্জা, বিরক্তি, ক্রোধ ই॰ স্থলে তৎক্ষণাৎ প্রতিবাদ অর্থে; ধৎ। তুল-হিং 'হটো'।

হট [হঠ দ্রঃ] বি, চাতুরী; ছল; ছলনা। "নিবাসে নাহিক কাজ বীর সনে হট।"-কবিক॰। ২ হঠাৎ। **হট করে**-ক্রি-বিণ, শীঘ্র; ধপ্‌ করে। "হট করে হৈমবতী দিতে আনে ভাত। শার্দ্দূল ঝম্পনে সব আগুলিল পাত।"-শি॰।

হটকঠ্যাং [হট্টকা (ঢেঙ্গা) ঠ্যাং (পা)] বি, যার খুব রোগা ঢেঙ্গা ঢেঙ্গা পা; সৌন্দর্য্য-হীন হাড়সার লম্বা পা। ২ একদিকের পায়া বেশী উঁচু বলিয়া উঁচু নীচু ও নড়-নড়িয়া।

হটান-হঠা দ্রঃ।

হটর-হটর [অনু॰। হট্‌ হট্‌ করিয়া ক্রমাগত শব্দ অর্থে হটর; দীর্ঘপথ চলা অর্থে বিহ] অ, গরু মহিষাদির গাড়ী হট হট করিয়া চাকার শব্দ করিতে করিতে ঢিকাইতে ঢিকাইতে চলা।

হট-হট, হট্‌হট্‌ [অনু॰। হাটু ও গোড়ালির শব্দ > ? সং-হেড্‌ (গমনে)। হাঁটা দ্রঃ] অ, অশোভন ভাবে পায়ে হাঁটিয়া এদিক ওদিক গমনের ভাব; টো-টো। প্র-কেবল হ॰ করে বেড়াবে।

হটা [হিং হট্‌না। হটি, হট (হটেন, হটিস), হটে (হটেন); হটিতে; হটিয়া (ক্ষে॰ হটে)] ক্রি, সরা; পশ্চাৎপদ হওয়া। ২ স্থান ত্যাগ করা। ৩ চুপ করা; নিবৃত্ত হওয়া; থামা। ৪ হারিয়া যাওয়া; পরাভূত হওয়া। ণিজন্তে-**হটানি** [হটাই, হটাও, হটায়; হটাইতে (ক্ষ॰ হটাতে); হটাইয়া (ক্ষে॰ হটিয়ে)]।

হট্টকা [হড্ডিকা (হাড়সার কৃশ) >?] বি, দীর্ঘ ও কৃশ। **ঢেঙ্গা হট্টকা**-রোগা ও লম্বা।

হট্ট১ [হট্‌ (প্রকাশ পাওয়া) + ট (র্ত্তৃ)] বি, সাধারণের জন্য ক্রয় বিক্রয়ের মুক্ত স্থান; হাট। **~গোল** [হট্ট (হাট) + গোল (চীৎকার, চেঁচামেচি)] বি, হাটে ক্রেতা বিক্রেতার কথায় আদান প্রদান ও বহু-লোকের ডাকাডাকি হাঁকাহাঁকি বচসাদির জন্য গোলমাল; গণ্ডগোল; চেঁচামেচি; সকলে একসঙ্গে কথা কহিলে বা চীৎকার করিলে যে বিশৃঙ্খল শব্দ হয়। "৩০ জন বালক এক শ্রেণীতে পড়িলে হট্টগোল হয়"-আলাল (টেকচাঁদ)। **~বিলাসিনী**-বি, বেশ্যা; বারাঙ্গনা। ২ গন্ধৌষধিবিঃ। **~মন্দির**-হাটচালা; হাটের যে গৃহে বসিয়া হাটুয়ারা পণ্য বিক্রয় করে।

হট্ট২ [হঠ (দ্রঃ) বিকারে] বি, হঠকারী; গোঁয়ার। "যত হট্টের সঙ্গে থেকে শিখেছে হট্টতা কিরূপে তাহারা শিখিবে সভ্যতা।"-রূপচাঁদ পক্ষী। **~তা**-বি, হঠকারিতা।

হট্টন-হাঁটা দ্রঃ।

হঠ [হঠ্‌ (বলাৎকার করা) + অ (ভা॰)] বি, বলপ্রয়োগ; বলপ্রকাশ। "গরবে না কর হঠ লুবধ মুরারি।"-বি॰ প॰। ২ পশ্চাদ্‌গতি। ৩ পরাজয়; হারি। "হঠ নাহি মান।"-বি॰ প॰। ৪ অবিবেচনা; অবিমৃষ্যকারিতা। ৫ উপেক্ষা। "এ ধনি সুন্দরি করে ধরি তোর, হঠ না করহ মহত রাখ মোর।"-বি॰ প॰। ৬ বিবাদ; শত্রুতা। "আমা সনে করে হঠ, চরণে লঙ্ঘয়ে ঘট, হৈল বেটা এত অহ-ঙ্কারী।"-কবিক॰। ৭ ক্রি-বিণ, বলপূর্ব্বক। **~কারী** [হট (দ্রঃ) + কারী (যে করে)] বিণ, অবিমৃষ্যকারী; যে ভাবিয়া চিন্তিয়া কাজ করে না। ২ বলপ্রকাশকারী। ৩ অত্যাচার-কারী। ৪ অভদ্র; গোঁয়ার। বি, **~কারিতা**-অবিবেচনা। ২ অত্যাচার। ৩ বলাৎকার। ৪ অভদ্রতা; অশিষ্টতা। ৫ হঠাৎকার। **~বন্দী করা**-ক্রি, বলপূর্ব্বক কারারুদ্ধ করা। **~সঞে** [হঠ-সঞে=হিং হঠ্‌ সে=হঠপূর্ব্বক সে=সঙ্গে, সহ] অ, হঠাৎ। "হঠ সঞে পৈঠয়ে শ্রবণক মাঝে তৈখনে বিগলিত তনু মন লাজে।"-বি॰ প॰।

হঠযোগ [সং] বি, প্রাণায়ামাদি শারীরিক কৃচ্ছ্রসাধ্য কৌশলাত্মক যোগবিঃ।

হঠা [হটা দ্রঃ। সং-হঠ্‌ (গতি অর্থে)। হঠি, হঠ (হঠেন, হঠিস), হঠে (হঠেন)। হঠিতে (ক্ষে॰ হঠতে); হঠিয়া (ক্ষে॰ হঠি, পদ্যে-হঠে)। ণিজন্ত-হঠান (দ্রঃ)] ক্রি, পশ্চাদ্গমন করা; পিছনে হাঁটা। ২ পরাভূত হওয়া; পরাস্ত হওয়া। "জীবনে নাহিক কার্য্য বীর সনে হঠে (=হারিয়া)"-কবিক॰। "হিন্দুরা বাছা বাছা যোয়ান আর সংখ্যাতে বেশী মুসলমানেরা তাহাদিগের কাছে হঠি-তেছে।"-সীতারাম (বঙ্কিম॰)। ৩ স্থানান্তরে যাওয়া; সরা।

হঠাৎ [সং] অ, ক্রি-বিণ, অকস্মাৎ; দৈবাৎ। **~কার** [গ্রা॰ হটাৎ] বি, হঠ-কারিতা; অবিবেচনা; গোঁয়ারতমি। "যে কালের যে উচিত সেই সে কর্ত্তব্য। "হঠাৎকারে করে কর্ম্ম সে অতি অভব্য।"-রামা॰ (জগৎরাম)। ২ অচিরাৎ; সহসা। ৩ কৌশল; শঠতা; চাতুরী। "লক্ষ্মী সরস্বতী শখ দুটী বাই পরি। হঠাৎকারে হরির লইল মন হরি।"-শি॰।

হঠানি, হঠানো, হটানি [হঠা (দ্রঃ) ধাতুর ণিজন্তরূপ। হঠাই, হঠাও, হঠায়;

হঠাইতে (কেং হঠাতে) ; হঠাইয়া (কেং হঠিয়ে)] ক্রি, পশ্চাদ্‌গমনে বাধ্য করা। ২ পরাস্ত করা ; পরাভব করা। ৩ স্থানান্তরিত করা ; সরান।

হঁড়কা [হোড় দ্রঃ] বিণ, পিচ্ছিল। ২ [হিং ঝিড়কা] হঠাৎ আকর্ষণ ; ঝট্‌কা। ৩ হড়পা দ্রঃ।

হঁড়কানি [হড়কা (দ্রঃ) + আন (ক্রিয়ায়)। হড়কাই, হড়কাও, হড়কায় ; হড়কাইতে ; হড়কাইয়া (কেং হড়কে)] ক্রি, গড়ানিয়া বা পিচ্ছিল স্থানে পিছলান বা স্থানভ্রষ্ট হওয়া।

হঁড়/গঁড়ানি [অনুং। তুল-হড়হড়, গড়-গড়] ক্রি, ঢালু স্থানে গড়াইয়া পড়া। বিণ, **~গঁড়ানিয়া, ~গঁড়ানে, ~গিড়ে।**

হঁড়পা [প্রাদেং] বি, নদীতে যে বান হঠাৎ আসে। প্র-বর্ষাকালে হড়পা আসে।

হঁড়পি, হিড়পী [সাঁপুড়া (দ্রঃ) < হাপুড়া ক্রমে হড়্‌পা পরে হড়পি (ক্ষুদ্রার্থে ই, ঈ যোগ)] বি, সর্প রাখিবার পেড়ী ; সাঁপুড়া। "সুখে নিদ্রা যাও তুমি হড়পি ভিতরে।"-মনসার ভাসান (ক্ষেমানন্দ)। ২ সম্পুট ; পেড়ী। "মনে বড় কুতূহলী কান্ধেতে কড়ির থলী হড়পী তরাজু করি হাতে।"-কবিকং। ৩ [টানিবার 'হড় হড়' শব্দ হতে?] দেরাজের টানা বাক্‌স বা খোপ।

হঁড়/বঁড় [হিং। হড়-হঠ (দ্রুতগতি) ধাতুজ, বড় (হিং বর্‌, বড়্‌-বকা অর্থে)] বি, অস্পষ্ট দ্রুত কথন। বিণ, **~বঁড়িয়া, ~বঁড়ে।**

হঁড়বঁড়ানি [হিং হড়বড়ানা। হড়বড় দ্রঃ] ক্রি, গোলমাল করিয়া অতিদ্রুত কথা বলা। ২ অতি ব্যস্ততা হেতু বিশৃঙ্খল ভাবে কার্য্য করা।

হঁড়মঁড় [অনুং] অ, শুষ্ক চর্ম্মাদির নাড়া-নাড়ির শব্দ। "শিলা পড়ে তড় তড়, ঝড় বহে ঝড় ঝড়, হুঁড়মড় কড়মড় বাজে।"-অং মং। ক্রি, **হঁড়মঁড়ানি।** বি, **হঁড়মিড়ী।** "হড়মড়ী মেঘের ভেকের মকমকী।"-অং মং।

হঁড়হঁড় [হড়কা দ্রঃ। ক্রমাগত অর্থে দ্বিত্ব] বি, পিচ্ছিলতা। ২ ঢালু বা পিচ্ছিল পথে গড়াইবার অবস্থা। ৩ জোরে টানিবার শব্দ ; হিড়হিড় দ্রঃ। বিণ, **হঁড়হিড়িয়া, হঁড়হিড়ে**-পিচ্ছিল। ক্রি, **হঁড়হঁড়ানি**-পিচ্ছিল হওয়া। ২ পিচ্ছিল পথে গড়াইয়া যাওয়া। ৩ জোরে বা বেগে টানা।

হঁড়া [হিং অড়্‌হর্‌, হোর্‌হা] বি, গাছ সহিত অড়হর, মটর, ছোলা ইং। **~পোড়ানি**-গাছ সহিত অড়হর, ছোলা, মটরাদি কলাই দগ্ধ করা।

হিড়ি [হ্‌ঠ্‌ (কীলে বন্ধনার্থে) >] বি, হাড়িকাট।

হড়িক-হড্ডিক দ্রঃ। •

হিড়িয়াল [র=ড়] বি, হরিয়াল পক্ষী।

হঁড্ড [সং] বি, অস্থি ; হাড়। **~ক** [সং] বি, হাড়িজাতি। **~জ** [হড্ড (হাড়) জ (জাত)] বি, মজ্জা। **~প**-হড্ডিপ দ্রঃ।

হিড্ডি/ক [সং] বি, হাড়িজাতি। ২ মলগ্রাহী ; ঝাড়ুদার sweeper. > স্ত্রীং **~া**-হাড়িনী। "বল্লালের হড্ডিকা সংগ্রহ ঘটিলে"-বাঙ্গালার সামাজিক ইতিহাস। **~প, হঁড্ডপ** [সং] বি, হাড়িজাতি। "হড্ডপ চণ্ডালগণ বস্ত্রে একভিতে"-চণ্ডীং (হরিরাম)।

হঁগুলমিগুল-হাগুলবাগুল দ্রঃ।

হঁণ্ডা[২] [সং-ভাণ্ডক >। হণ্ডিকা দ্রঃ। হিং হণ্ডা] বি, হণ্ডী অপেক্ষা বৃহৎ পাত্র ; হাঁড়া। ২ [বাং, হাণ্ডা] তামা পিত্তলাদি ধাতু-নির্ম্মিত চ্যাপ্‌টা ঘড়ার আকৃতি জলপাত্রবিঃ।

হিণ্ডিকা, হিণ্ডী [সং-ভাণ্ডিকা > হিং হণ্ডিয়া। হণ্ডা + ক-আ, ঈ (স্ত্রীং)] বি, মৃৎপাত্রবিশেষ ; হাঁড়ী।

হঁণ্ডে [সং। নাট্যে] অ, চেটী বা দাসীর প্রতি নারী সম্বোধন বা আহ্বান।

হঁত [হন্‌ (বধ করা) + ত (র্ম্ম)] বি, নিহত ; নাশপ্রাপ্ত ; বধপ্রাপ্ত। ২ বিনষ্ট। ৩ আহত। ৪ ব্যাহত। ৫ প্রতিহত। ৬ বিগত। ৭ মৃত। ৮ মন্দ। প্র-হতভাগ্য। ৯ কুৎসিত। **~ক**-বিণ, নীচ ; হতচ্ছাড়া। **~গঁর্জ**-হজগজ দ্রঃ। **~চেতঁন**-বিণ, নষ্টচেতনা ; অচৈতন্য। **~চ্ছাড়া, ~চ্ছারা** [সং-হতশ্রী অপভ্রংশে হতচ্ছিরি-হতচ্ছিরা, র=ড়] বিণ, লক্ষ্মীছাড়া ; নষ্টশ্রী ; হতভাগ্য। "দুনিয়ার যত হতচ্ছাড়া যথা"-ভারতী, ১৩২১। "হায় গো কোন্‌ পাপে হতচ্ছারা বাপে কুলীনের মেয়ে কি নিয়ে বিয়ে দিলেন বাপে"-দ্বিং রায়। **~জীবিত্ত**-বিণ, মৃত ; গতাসু। ২ নৈরাশ্য। **~জ্ঞান**-বি, অবজ্ঞা। ২ বিণ, অচৈতন্য ; জ্ঞানশূন্য। **~ত্রপা** [হত (গত) হইয়াছে ত্রপা (লজ্জা) যে নারীর] বিণ, লজ্জাহীনা ; নির্লজ্জা। "গর্ভহেতু হতত্রপা হৈতে গেল আলা।" -শিং। "হতত্রপা গোয়ালিনী যুবতী উন্নত-স্তনী বসেছে ব্রহ্মার কাছে ঠেসে।"-ঐ। পুং **হঁতত্রপ**-বেহায়া ; নির্লজ্জ। **~পুত্র**-যার পুত্র হত হইয়াছে ; পুত্রহীন। "তুহ্মি পুত্রে হেন আহ্মি হতপুত্র হইল।"-মহাং (শ্রীকরং)। **~প্রভ**-বিণ, প্রভাহীন। **~প্রায়**-বিণ, প্রায় নষ্ট ; মৃতপ্রায়। **~বঁল**-বিণ, বলহীন ; দুর্ব্বল। ২ নষ্ট সৈন্য। **~বুদ্ধি**-বিণ, নষ্টবুদ্ধি ; কিংকর্ত্তব্যবিমূঢ়। **~ভঁম্ব(া), ~ভোম্বা** [হত-ভম্ব (মতি-বুদ্ধি > ?)] বিণ, কিংকর্ত্তব্য বিমূঢ় ; হতবুদ্ধি। "কবি হৈল হতভোম্বা-হিন্দুর পর্দ্দা ফাঁক।"-হেমং। "বামার মা হতভম্ব হইয়া মুক্তির সেই জলন্ত চোখের পানে চাহিয়া রহিল।"-ভারতী, ১৩২০। **~ভাগ্য**-মন্দভাগ্য ; দুরদৃষ্ট। গ্রাং **~ভাগা।** স্ত্রীং **~ভাগিনী, ~ভাগী। ~মান**-বিণ, অবমানিত ; অপদস্থ। **~মূর্খ**-হস্তিমুখ ; অতিশয় মূর্খ ; গণ্ডমূর্খ। **~শ্রদ্ধ**-বিণ, শ্রদ্ধা নষ্ট হইয়াছে এমন। ২ অশ্রদ্ধেয় ; অবজ্ঞাত। বি, **~শ্রদ্ধা** [গ্রাং হতচ্ছেদ্দা] অবজ্ঞা ; অশ্রদ্ধা। **~শ্রী**-বিণ, হতভাগ্য ; লক্ষ্মীছাড়া। ২ নষ্ট-ঐশ্বর্য্য ; সম্পদহীন। ৩ নষ্টসৌন্দর্য্য। **~স্মর** [হত (বিনষ্ট) স্মর (কামদেব) যৎ কর্ত্তৃক, বহুং] বি, কন্দর্পনাশন ; শিব।

হঁতাদঁর [হত (বিনষ্ট) + আদর, ধা] বি, অনাদর ; অপমান ; অমর্য্যাদা। ২ বিণ, অনাদৃত ; অবজ্ঞাত।

হঁতাধ্বর [হত (বিনষ্ট) + অধ্বর (যজ্ঞ) যৎ কর্ত্তৃক, বহুং] বি, মহাদেব।

হঁতাশ, ~া [হত (বিনষ্ট) আশা (আকাঙ্ক্ষা) যার, বহুং] বিণ, নষ্ট আশা ; নিরাশ। ২ ভগ্নহৃদয়। ৩ নিষ্ফল। ৪ অবসন্ন।

হতাশ্বাস [হত+আশ্বাস] বিণ, নষ্ট-প্রত্যাশা ; নিরাশ ; ভরসাহীন।

হতে,১ [হইতে (দ্রঃ) সঙ্কুচিত আকার মনে করিয়া হ'তে এইরূপ লিখিত হয় কিন্তু, প্রা॰বাং-হন্তে, হনে, হতেঁ >] অ, হইতে ; থেকে। "কা হতে জনমিল"-হেম॰। ২ অবধি। ৩ পর্য্যন্ত (হৈতে দ্রঃ)।

হতে,২ হ'তে [হওয়া দ্রঃ] অস-ক্রি, জন্মিতে ; ঘটিতে ; থাকিতে ইত্যাদি। ~কর্ত্তে -কত্তে-অ, আনুপূর্ব্বিক কার্য্যসমাধা হতে ; কার্য্যপরম্পরাগতিতে। "হতে কত্তে যতদিন যায় তাহার পরে ডিক্‌রি হউক বা ডিস্‌মিসই হউক।"-টেকচাঁদ। ~পারে-অ, হওয়ার সম্ভাবনাবোধক ; সম্ভবতঃ। ~হিতে-অ, হইবার কালে ; কার্য্যারম্ভের পর ও সমাধার পূর্ব্ব সময়ে।

হতোঽস্মি [হত (বিনষ্ট)+অস্মি (অহং-আমি), ম॰ বাং-র ইহার ভূরি প্রচলন ছিল, আধু॰ বাং-র অপ্র॰ হইয়া আসিতেছে] বিণ, আমি বিনষ্ট হইলাম এই খেদোক্তি। > স্ত্রীং হতাস্মি [হতা+অস্মি]। হা হতোঽস্মি -হায় হায় মরিলাম। হা দ্রঃ।

হতৌজাঃ [হত (বিনষ্ট)+ওজস্ (বল) যার, বহু॰] বিণ, নিস্তেজ।

হতোৎসাহ [হত+উৎসাহ] বিণ, সহোদ্যম।

হতোদ্যম [হত+উদ্যম] বিণ, নষ্টোৎসাহ ; নিরুদ্যম।

হত্তা [সং-হর্ত্তার। গ্রা॰ উচ্চারণ] বিণ, হর্ত্তা দ্রঃ। হত্তা কত্তা বিধাতা-হর্ত্তা দ্রঃ।

হত্তুকি [গ্রা॰] বি, হরীতকী দ্রঃ।

হত্তেল-বি, হরিতাল দ্রঃ। ~ঘুঘু-বি, ঘুঘুজাতীয় পীতবর্ণ পক্ষীবিঃ।

হত্থ [সং-হস্ত (দ্রঃ) > প্রাকৃ॰ হত্থ > হাত, হাথ। প্রা॰ বাং প্রাকৃ॰ হথা ("মাকর হথা লোহ্লা"-চ॰ ৪১।২)] বি, হস্ত। ~ঠ-হস্তহ (দো॰ ৯॰)।

হত্যা [হন্ (বধ করা)+য (ভা॰), ন=ত] বি, প্রাণনাশ ; বধ। ২ হিংসা। হত্যা করা-ক্রি, বধ করা। ~কাণ্ড-বি, খুনের ব্যাপার murder. ~কারী-বিণ, ঘাতক। ~দেওয়া-হত্যে,১ দ্রঃ।

হত্যাপরাধ [হত্যা+অপরাধ, ৬তৎ] বি, খুনের দায় ; প্রাণ বিনাশের অপরাধ।

হত্যে,১ [সং-হত্যা। গ্রা॰] বি, হত্যা। হত্যে দেওয়া-ক্রি, ধন্না দেওয়া।

হত্যে,২ ["হইতে" দ্রুত উচ্চারণে ; প্রাদে॰ বিকারে] অ, হইতে। "সৎ কথা শ্রবণ হত্যে হয় হরিভক্তি।"-শি॰।

হদ্,১ [আ॰] বি, সীমা। প্র-হদের বহিরে যাওয়া ভাল নয়।

হদ,১ [সং-হ্রদ > গ্রা॰] বি, হ্রদ ; হেদুয়া ; হেদো (দ্রঃ)।

হদ,২, হদ্,২ [মূলে অনু॰। সং-হদ্ (হদনে)। গ্রা॰ হাগা, শিশুভাষায় হাদা। তুল-নাদ, হি॰ লাদ, লীদ (অশ্বগবাদির পুরীষ)] বি, মলত্যাগ। ~হদ্,১-অ, মলত্যাগের ভাব। ২ [ব্যঙ্গোক্তি নারীভাষায়] অভাব (ঢন্‌ঢন্, ঝম্‌ঝম্, গজগজ ই॰ অভাবার্থদ্যোতক)। প্র-টাকা তার ঘরে হদহদ করুচে। তুল-টাকা নাদচে।

হদন [সং-হদ্ (মলত্যাগে)+অন (ভা॰)] বি, মলত্যাগ।

হদহদ্,২ -হুদ্‌হুদ্ দ্রঃ।

হদিস, হদিশ, হদীস [আ॰ হদীস্] বি, মুসলিম ঐতিহ্য tradition ; মুসলমান ইতিহাস। ২ খোদার আজ্ঞা নহে, কেবল তাঁর রসুলের বাক্য ; হজরত মহম্মদ হতে পরম্পরাগত উক্তি ; মুসলমান স্মৃতিশাস্ত্র। "কালে * * হাকিমী বা চিকিৎসা গ্রন্থ এবং হদিস্ বা ধর্ম্মশাস্ত্রীয় গ্রন্থ প্রভৃতির অনুবাদ ও ব্যাখ্যা সঙ্কিত দেখিতে পাইব"। ৩ তত্ত্ব ; খোঁজ খবর ; সন্ধান। "দুই বৎসরের মধ্যে বহু চেষ্টা করিয়াও সরলা তাহার কোন হদিশ পায় নাই।"-স্বর্ণলতা। হি॰নাই-অ, খোঁজ-খবর নাই। ~পাওয়া-ক্রি, তত্ত্বলাভ করা ; সন্ধান পাওয়া।

হদ্দ [আ॰ হদ্] বি, সীমা। ২ শেষ ; পর্য্যন্ত। ৩ বিণ, নিন্দার একশেষ ; খারাবির চূড়ান্ত। "হদ্দ কল্লি পদ্মদিদি অম্বলে দিলি আদা।" ৪ চরম ; চূড়ান্ত। প্র-হদ্দ মজা। ৫ অ, বড়জোর ; বেশী হইলেও। "আবাদ হদ্দ ২॰ বিঘা।"-নীলদর্পণ। "হদ্দ হলো কচি ছেলে টেনে এনে মারা!"-হেম॰। হ॰ করা-ক্রি, যতদূর সম্ভবতা করা ; চূড়ান্ত করা ; শেষ পর্য্যন্ত চেষ্টা করা। ২ খারাবির চূড়ান্ত করা। ~জবাব [আদা॰। আ॰ রদ্-ই-জওয়াব] বি, প্রত্যুক্তি rejoinder. ~তলব-বি, পাওনার তলব total demand. ~মজা -বি, আমোদের একশেষ বা রসিকতার চূড়ান্ত। ~মুদ্দ [আ॰ হদ্দ (সীমা)+আ॰ মুদ্দৎ (নির্দ্দিষ্টকাল) অর্থাৎ মুদ্দতের হদ্দ] অ, চেষ্টার শেষপর্য্যন্ত ; যতদূর সম্ভব ; চেষ্টার বাকী না রাখা। বেহদ্দ [বে দ্রঃ] অতিরিক্ত। "বেশ্যার বেহদ্দ পেশা কথা বেচে খায়"-হেম বন্দ্যো॰। সরহদ্দ [ফা॰ সর্‌হদ্] বি, -সীমা ; ক্ষেত্রের চতুঃসীমা। বাং গ্রা॰ হদ্দী, হুদ্দী-সীমা। ~চৌহদ্দী (হুদ্দী)-বি, চতুঃসীমা।

হন্ [অনু॰। হন্ (গতি) >। শন্ বা স্বন >। তুল-হি॰ আহট্] বি, বেগে হাঁটিবার শব্দ ; দ্রুত পদক্ষেপে ; ব্যাপ্ত্যর্থে-~হন্। "হ্যাঁলো হন্‌হন্ করে কোথায় চলেছিস্।" ভারতী, ১৩২॰। ২ বায়ুযোগে অগ্নির জ্বলন শব্দ। "উত্তর পবনে অগ্নি ডাকে হন্‌হন্"-কবিক॰। ক্রি, ~হনানি [হনহনাই,-নাও, -নায় ; হনহনাইতে (ক্ষে॰ হন-হনাতে) ; হনহনাইয়া (ক্ষে॰ হনহনায়ে, গ্রা॰ হনহনিয়ে)]।

হন্স [সং-হংস > প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰] বি, হংস (দ্রঃ) ; পরমহংস। ~উ-বিণ, হংসের। ২ পরমহংসের (দো॰ ৮৩)।

হন [হওয়া (দ্রঃ) ধাতুর প্র॰ পু॰ রূপ, সম্ভ্রমার্থে] ক্রি, হয়েন। "নিত্যা হন তিনি জগৎরূপিণী তাঁহে ব্যাপ্ত এই সব।"-চণ্ডী॰ (মহেন্দ্রনাথ মিত্র)। ২ [হউন > ক্ষে॰] হওয়া ধাতুর ম॰ পু॰, সম্ভ্রমার্থক রূপ। প্র-আপনি রাজাই হন আর যাই হন যিনি রাজা তাঁর আদেশ মানিতেই হইবে।

হনন [হন্ (বধ করা)+অন (ভা॰)] বি, মারণ ; ঘাতন ; বধ। ২ নিষ্পীড়ন ; নিষ্পেষণ। "অনন্তর বলবান্ জিষ্ণু বক্ষোদ্বারা কিরাতকে হ॰ করিলে, বলশালী কিরাতও বিচেষ্টমান অর্জ্জুনকে বক্ষোদ্বারা হ॰ করিলেন। তাঁহাদিগের পরস্পর হস্তনিষ্পেষণ ও বক্ষস্থল-

সজ্বর্ষণে উভয়ের গাত্রে অঙ্গারধূমযুক্ত অগ্নি উৎপন্ন হইতে লাগিল।"-মহা০ (বর্দ্ধ০)। ৩ [গ০পরিঃ] পূরণ; গুণন।

হনু১, **হনূ** [সং] বি, কপোলের উপরিভাগ; চোয়াল। "ভগ্ন হনু উচ্চ হনু শীর্ণ তনু ফুল্ল তনু, কত জাতি বানর বিহরে।"-রঙ্গলাল (কাঞ্চী০)। ২ হনুমান। ~**মন্ত**-বি, হনুমানের সম্মানসূচক প্রতিশব্দ। "সেই বনে আছে মহাবল হনুমন্ত"-মহা০ (বিজয়০)। ~**মান্**, **হনূমান** [হনু+মৎ (মতু, স্ত্যং) =হনুমৎ ১মা, ১ব০] বি, অঞ্জনাবানরীগর্ভজ পবনপুত্র। >স্ত্রীং ~**ী** (বাং কথ্য)।

হনু২ [হওয়া দ্রঃ। প্রা০বাং-হইলুঁ > হইনু > ক্ষে০] ক্রি, হইলাম। "বাহির হনু তিমির রাতে"-রবী০। "নিদ্রা গেনু সেই ধাম।"-কবিক০।

হনে [প্রা০ বাং-হন্তে। প্রাদে০ পূ০ বঙ্গে। প০ বঙ্গে-হইতে, প্রা০ হতে। হইতে দ্রঃ] অ, হইতে; থেকে। "বস্তা হনে খাইলে ভুটী" -মনসা ম০ (বংশী০), ১৬শ শতাব্দী।

হন্ত ["হন্ত হর্ষেঽনুকম্পায়াং বাক্যারম্ভ বিষাদয়োঃ।"-অমর০। বাং-র শেষোক্ত অর্থ মাত্র সাধুভাষায় প্রচলিত। কিন্তু ইহার অপভ্রংশে প্রা০ বাং কথ্যভাষায় হঁ, হুঁ, হুম্, হুঁম্, হুঁউ ইং শব্দে অন্যান্য অর্থ দ্যোতনা আছে] অ, বিষাদ; খেদ; হুতাশ। ~**কার**-বি,খেদোক্তি।২ [শব্দকল্পে] অতিথিকে দেয় তণ্ডুল। ৩ অতিথিকে দানার্থ অন্নের ষোড়শ গ্রাস। ৪ হন্ত এই শব্দ। ~**খন্ত**, ~**দন্ত** [গ্রা০। হোন্তা-খোন্তা, হন্তিদোন্তি ও০। সং-হন্তা (হননকারী) খন্তা (ফা০খূন > খুনী > , হন্তার সহিত অনুপ্রাসার্থে খন্তা= হত্যাকারী) -খুনীর চিত্তবিকারের বাহ্য প্রকাশ হ'তে] অ, অস্থির-চিত্ততার সহিত অতি ব্যস্ত ও বিক্ষিপ্ত গতি; ব্যস্তসমস্ত। **হা-হন্ত**-অ, তীব্র বিষাদ বা খেদোক্তি; হাহাকার; হা-হা; হা-হুতাস; হা-হতোঽস্মি; অতিশয় কাতরোক্তি; হায় মরিলাম।

হন্তব্য [হন্ (বধ করা)+তব্য (র্ম)] বিণ, বধ্য; হননযোগ্য।

হন্তা [হন্ (বধ করা)+তৃ (র্তৃ)=হন্তৃ ১মা, ১ব০] বিণ, হননকারী; ঘাতক; বিনাশক। ২ বিঘ্নকারী। স্ত্রীং **হন্ত্রী**। ~**খন্তা** [হন্ত-খন্ত দ্রঃ। গ্রা০] খুন করিলে লোক যেরূপ অব্যবস্থিতচিত্ত ও ত্রস্ত হয়; ভীতত্রস্ত। ~**রক** [বাং-র। সং-হন্তা] বি, বিনাশক; বধকর্তা; মারক। "সেই হন্তারক প্রাণে"-গান। **পিতৃহন্তা**-পিতৃহত্যাকারী। **মাতৃহন্তা**-মাতৃহত্যাকারী।

হন্তি [প্রা০ বাং হওয়া ধাতুতে সম্ভ্রমার্থ অস্তি যোগে। হয়েন্ত দ্রঃ] ক্রি, হয়েন; হন। "অর্জ্জুনের মাও কুন্তী বাপের ভগিনী হন্তি শুনি মাও আজ্ঞার বচন।"-মহা০ (শ্রীকর০)।

হন্তে-হইতে দ্রঃ।

হন্ত্রী-হন্তা দ্রঃ।

হন্দর [ইং hundred (weight) >] বি,১১২ পাউণ্ড ওজন; প্রায় একমণ ১৫ সের। ২ [ইং hundred এর লিপ্যন্তর] তাস খেলায় শত (টেক্কা, সাহেব, বিবি, গোলাম ও দশ অথবা ক্রমোচ্চ বা ক্রমনিম্ন ৫ খানা তাস এককালে হাতে আসিলে শ হয়, এইরূপ ৪ টেক্কায়, ৪ সাহেবে,৪ বিবিতে, ৪ গোলামে ইং বিভিন্ন খেলায় ভিন্ন ভিন্ন গণনায় শ হয়)।

হন্যমান [হন্ (বধ করা)+আন (র্ম), য, ম আগম] বিণ, যে নিহত হইতেছে; যাকে বধ করা যাইতেছে। "নিজ সৈন্য হ০ দেখিয়া রুষিল বাণ।"-শি০।

হন্যা, **হন্যে**, **হন্নে** [সং-হন্তা=হন্না, প্রা০ উচ্চারণ বিকারে হন্নে, সং-হনন (হত্যা) +বাং-ইয়া (র্তৃ, কারী অর্থে)-হননিয়া= হন্যে (ক্ষে০)] বিণ, হত্যাকারী; ঘাতক; খুনী। ২ ক্ষিপ্ত। **হ০কুকুর**-বি, ক্ষিপ্ত বা পাগলা কুকুর। **হ০হওয়া**-হনন বা দংশন করিবার জন্য ক্ষেপিয়া উঠা। ২ খুন চাপা।

হপ্তম[ফা০হফ্ৎ > হফ্তম্। সং-সপ্তমঃ। সেমিতীয় ভাষায় 'স'=হ] বি,বিণ, সপ্তম Seventh; VII; 7th.

হপ্তা [ফা০ হফ্তা > হপ্তা। সং-সপ্তাহ। স=হ] বি, সপ্তাহ; সপ্তা দ্রঃ। **হপ্তার বাজার**,-**হাট**-যে বাজার বা হাট সাত দিন অন্তর বা প্রতি সপ্তাহে একবার বসে। ~-**হপ্তা**-অ, প্রতি সপ্তাহ।

হফ্সট [প্রা০বাং] বি, মন্ত্রপূত করিয়া স্থাপন। "পছিম দুআরে পণ্ডিত সৈতাই জার চারি সম্ব গতি। হ০ দিআ তাহাক রহাইল মণ্ডপে হইল উপনীতি।"-শূ০ পু০।

হবি১, **হইবঁ** [হওয়া (দ্রঃ) ধাতুর উ০ পু০ ভবিষ্যৎকালের রূপ। কিন্তু হি০-র অনুকরণে প্রা০ বাং-র প্র০পু০ রূপ "হইবে" অর্থে প্রচলিত ছিল] ক্রি, হইবে। "তার এক পুত্র হইব বিখ্যাত ভুবনে।"-মহা০(বিজয়০)।"অর্জ্জুনের বাণে তার হব শিরশ্ছেদ"-ঐ। "একজন নিলে আনের মনে দুঃখ হব।"-চৈ০ চ০। ২ হওয়া ধাতুর উ০ পু০ ভবিষ্যৎ কালবাচক পদ। "আমরাও হব হে অমর"-হেম০। [দ্রঃ-হবো বানানও চলে] "আমরাও হবো বরণীয়"-হেম০। ~**হবি**-ক্রি-বিণ, এখনি হইবে এমন। ~**হবি হয়েছে**-অতিশীঘ্র বা এখনি হইবে এমন অবস্থায় পৌঁছিয়াছে।

হবি২ [হু (হোম করা) + অ (র্ম)] বি, হবন; হোম; যজ্ঞ।

হবিচন্দ্র, **হবুচন্দ্র** [হাবা (বোকা অর্থে) > হব, হবু (আদরার্থে)+চন্দ্র (শ্রেষ্ঠার্থে বা ভব্যতার্থে)] বি, কবিকল্পিত জনৈক মূর্খ ও নির্ব্বোধ রাজা। ২ [লক০] হাবারাম; হাঁদা। **হব(হবু)চন্দ্র রাজার গব(গবু)চন্দ্র মন্ত্রী**-যেমন হাঁদারাম রাজা তেমনি তাঁর গাধারাম মন্ত্রী।

হবন [হু (হোম করা)+অন (ভা০)] বি, হোম। ~**নী**-বি, হোমকুণ্ড। ~**নীয়** [হু (হোম করা)+অনীয় (র্ম)] বিণ, হোম করিবার উপযুক্ত; যজ্ঞীয়। ২ [+অনীয় (ণে)] হব্য। ৩ চরু। ৪ হবিঃ।

হবা [আ০হবা, হাউআ০; ইং Eve; প্রা০ মু০ বাং-হাবাবিবি] বি,আদি মানব আদমের স্ত্রী; আদি মানবী [খৃষ্টান ও মুসলমান পুরাণে ইনি মানবজাতির আদি জননী]।

হবিঃ, **হবি** [হু (হোম করা) +ইস্ (ণে)=হবিস্] বি, হোমের ঘৃত; হব্য। "ঢাল ঢাল হবি আর চন্দন কাঠের ভার পাবকে প্রবল কর মনের মতন।"-বাং গান। ২ হোম। ৩ ঘৃত। **হবির্গন্ধা** [হবিস্ (ঘৃতের) মত গন্ধ যার, বহু০] বি, শমী। ~**র্গেহ** [হবিঃ+গেহ] বি, হোমের উপকরণ

রক্ষা করিবার গৃহ ; যজ্ঞগৃহ। **হবির্ভুক্** [হবিঃ+ভুক্ (ভোজী)] বি, দেবতা। ২ অগ্নি। ~**র্মন্থ** [হবিঃ+মন্থ] বি, গণিকারী বা গণিয়ারি বৃক্ষ ; অগ্নিমন্থ।

হবিত্রী [হু (হোম করা) + ইত্র (ষ্ণি)+ঈ (স্ত্রীং)] বি, হোমকুণ্ড।

হবির্শন [হবিঃ+অশন] বি, ঘৃত-ভোজন। ২ [হবিঃ+অশন (ভক্ষ্য) যার, বহুং] অগ্নি।

হবিষ্য [হবিস্ (ঘৃত)+য (ভবার্থে)। প্রা° হবিষ্যি ; হব্বিষ্যি] বি, আমিষ বর্জ্জিত সঘৃত আতপান্ন।

হবিষ্যান্ন [হবিষ্য + অন্ন] বি, হবিষ্য দ্রঃ। "হায়রে তাহারি জন্ম একাহারে হবিষ্যান্ন।" -কুঙ্কুম।

হবিষ্যাশী [হবিষ্য + অশ্ (ভোজনে) +ঈ (র্তৃ)] বিণ, হবিষ্যান্ন ভোজনকারী।

হবিষ্যি, হব্বিষ্যি-বি, হবিষ্য দ্রঃ। হি° **করা**-ক্রি, ব্রহ্মচর্য্য রক্ষা করিয়া সর্ব্বপ্রকার আমিষ বর্জ্জিত সঘৃত আতপান্ন প্রত্যহ একবার ভোজন করা।

হবু [হওয়া ধাতুজ। ভবিষ্যৎ অর্থে হইবে, হবে। প্রা°বাং-য়-হব+উ (র্তৃ। তুল-হিং হবৈয়া=হোনেবালা, যা হবে)। প্রা° বাং-'হেবু'] বিণ, যা হইবে এমন ; যিনি হইবেন বা যে বা যা হইবে ; ভাবী। প্র-হবু বিবাহ। হবু জামাই।

হবুথবু [অবুথবু দ্রঃ। হবু (হাবা, নির্ব্বাক্) থবু (স্থবির)। অবুথবু ও° (< অথর্ব্ব)] বি, জড়সড় ; হতভম্ব। "সবাই তুফান ভাবে ভয়ে হবু থবু"-হেম°।

হবুষ [সং-হবুষা] বি, আঁষফল অপেক্ষা ছোট, আঁইষ্টাগন্ধযুক্ত বটফলের মত ফল।

হব্য [হু (হোম করা)+য (ণে)] বি, হবনীয় দ্রব্য ; হবি ; ঘৃত। ২ [-+য (ভা°)] হোম। ৩ চরু। ৪ বিণ, হোমযোগ্য ; যজ্ঞীয়। ৫ [-+য (র্তৃ)] বি, শাকদ্বীপাধিপতি। ~**কব্য** [হব্য (ঘৃত) এবং কব্য (পিতৃশ্রাদ্ধীয় দ্রব্য), দ্বন্দ্ব] বি, হোমের ঘৃত এবং পিতৃশ্রাদ্ধের দ্রব্য। "যজ্ঞগেহ ত্যজি কেহ হব্যকব্য খাইছে।"-অ° ম°। ~**পাক**-হোমের জন্য পক্ব দ্রব্য ; চরু। ২ হব্য পাক করিবার পাত্র। ~**বাট্** [সং] বি, বাহ্ (যে বহন করে, হব্যবাহন ; হোমাগ্নি ; হুতাশন। ~**বাহ**, ~**বাহন**-বি, হোমের ঘৃত বহনকারী ; হোমাগ্নি ; অগ্নি।

হব্যাশ, হব্যাশন [হব্য + অশ, অশন] বি, হুতাশন ; অগ্নি।

হম্ [মুখ বন্ধ করিয়া নাসিকারন্ধ্র দিয়া শ্বাস বায়ু ত্যাগের সঙ্গে সঙ্গে 'হ্ঁ' 'হুঁ' উচ্চারণ-বৎ] অ, রোষব্যঞ্জক। ২ ভয়প্রদর্শনার্থক 'আচ্ছা, থাকো'। ৩ স্বীকারোক্তি।

হম [প্রা° বাং পদাবলীতে। সং-আমি। হাম দ্রঃ] "সখি। হম জীয়ব কথি লাগি।"-বি°প°। সম্বন্ধে-**হমার, হমারি**=আমার। 'বলে নাহি লেওত জীবন হমার"-বি° প°। "আকুল করি গেও হমার পরাণ"-ঐ। হমে=আমাকে। "সময়ে চলিনু আমি হমে না ফিরাও হে"-গি° ঘোষ। হমহুঁ=আমিও।

হমল-হামাল দ্রঃ।

হম্বা, হম্মা [হাম্বা দ্রঃ] বি, অনুকরণ শব্দ। ২ গরুর ডাক।

হ-ষ-ব-র-ল [বর্ণমালার শেষভাগে অন্তস্থ বর্ণ য র ল ব শ ষ স হ এইরূপ ক্রমে বিন্যস্ত আছে কিন্তু সেই শৃঙ্খলা ভগ্ন করিয়া শেষের বর্ণ প্রথমে বসাইয়া মধ্যের বর্ণ উল্টা পাল্টা করিয়া এবং কয়েকটি বাদ দিয়া বিশৃঙ্খল করিয়া ফেলা অর্থে] বি, বিশৃঙ্খলা ; ক্রমভঙ্গ হেতু গোলমাল ; জড়িপটি। ২ কিংকর্ত্তব্যবিমূঢ় ; স্তম্ভিত। "পূজারি ব্রাহ্মণ হ, ষ, ব, র, ল প্রসাদাৎ ক্ষণেককাল হ-ষ-ব-র-ল, হইয়া থাকিলেন"-টেকচাঁদ।

হয়১ [হয়্ (গমন করা)+অ (র্তৃ)] বি, অশ্ব ; ঘোটক। "হয়-বলে আগুদলে রাঘব ঘোষাল।"-কবিক°। ২ ইন্দ্র। ৩ ৭ সংখ্যা। স্ত্রীং **হয়া**-অশ্বিনী। ~**গ্রীব**-বিণ, অশ্বের গ্রীবাবৎ গ্রীবাবিশিষ্ট। ২ বি, শালগ্রাম মূর্ত্তিবিঃ। ৩ নৃসিংহাবতার। ৪ রাজর্ষিবিঃ। ৫ দৈত্যবিঃ। > স্ত্রীং ~**গ্রীবা**-দুর্গা। ~**জ্ঞ** (-য়্ঁ-) অশ্বায়ুর্ব্বেদবিৎ ; অশ্বতত্ত্বজ্ঞ। ২ অশ্বপাল ; সহিস। ~**প্রিয়**-বি, যব শস্য। ~**মুখ**-বি, ঘোড়ামুখ। ২ রাক্ষসবিঃ। ~**মেধ**-বি, অশ্বমেধ যজ্ঞ। ~**শীর্ষ**-বি, অশ্বের মস্তক। ২ শালগ্রাম মূর্ত্তিবিশেষ। ৩ বিষ্ণু।

হয়২ [হওয়া দ্রঃ। সং-ভবতি > প্রাকৃ° ভোদি। হিং ভয়্, হোই, হোয় ; বাং-হয়] ক্রি, ঘটে। ২ জন্মে। "এই খেদ হয় সকল লোকে কয় শ্মশানবাসী মৃত্যুঞ্জয়।"-রামবসু। ৩ উচিত হয়। "হৃদয়বাসিনী তুমি, হয় হে বুঝিতে"-নিধু°। ৪ প্রতিপন্ন হয় ; সিদ্ধান্ত হয়। "অতএব এই হয় দেখ কেহ কার নয়"-নিধু°। ৫ বি, যা হয়েছে বা হবে ; প্রকৃত ঘটনা ; সত্য। ~**কে নয়**-সত্যকে মিথ্যা। "ধনে দুর্ব্বলের বল হয় ধনে হয়কে করে নয়। ধনে কুরূপকে সুরূপ করে নির্গুণকে গুণময়।" -বাং গান।

হয়ত [হয়-ত (সম্ভাবনা বা সন্দেহার্থে)] অ, অনিশ্চয়ে : সম্ভবতঃ ; হইতেও পারে।

হয়রান [আ°] বিণ, হতবুদ্ধি। ২ আক্রান্ত। ৩ উৎপীড়িত ; নাকাল। > বি, **হয়রাণি,-ণী**। হ° **পরেশান** [আ° হৈরান্ ও পরেশান] বিণ, নাকালের একশেষ ; জেরবার।

হয়েন্ত [প্রা° বাং। সং-ভবন্তি >। হওয়া ধাতুর প্র° পু° রূপ, সম্ভ্রমার্থে 'এন্ত' > আধু° বাং-য়-হয়েন, কে° হন] ক্রি, হয়েন।

হর১ [হৃ (হরণ করা)+অ (র্তৃ)] বি, যিনি সকল সংহার করেন বলিয়া সংহারকর্ত্তা ; শিব। "হর হর মোর দুঃখ হর"-অ° ম°। "পিতামহ সংহর প্রপিতামহ হর।" -ঐ। ২ [পাটী° (ক° বিশ্ব° পরিঃ)] ইং denominator এর বৈজ্ঞা° পরিঃ ; ভাজক ; divisor বিভাজক অঙ্ক। ৩ ভাগ। ৪ [বৌ° বাং সা°, সন্ধ্যাভাষায়] শুক্রনাড়ী। "কাটই হরিহর বান্ধ ভরা"-চ° পদ° ৪৭।৪ [হরি=মূত্রনাড়ী। বান্ধ=বিষ্ঠানাড়ী]। ৫ বিণ, হরণকারী। "স্মরহর বর বরপিতা পুরহর।" -অ° ম°। ৬ যে লইয়া যায় ; বাহক। ৭ বিনাশক। ৮ ক্রি, হরণ কর ; দূর কর। প্র-হর পাপ হর তাপ। ~**কি পায়রি,-পেড়ি** [হিং পায়ড়ী (সিঁড়ী)] হরের যোগপীঠ। এখানে মহামায়া যোগাসনে অধিষ্ঠিতা ছিলেন। হরিদ্বারের গঙ্গার ঘাট ও হিন্দুর মহাতীর্থ। পূর্ব্বে এই ঘাটের ৩৪

ফুট লম্বা ৩৯টি ধাপ ছিল, ১৮২০ খৃঃ অব্দে স্নানের সময় বহু যাত্রী ও পুলিশ কনষ্টেবল পদস্খলিত হইয়া মৃত্যুমুখে পতিত হওয়ায় ইং গবর্ণমেণ্ট্ ১০০ ফুট লম্বা ৬০টি সোপান পঙ্‌ক্তি করিয়া দিয়াছেন।~গুণ-বি, শিবের স্বাভাবিক গুণ। হরগুণ নেই বরগুণ আছে [অরগুণ (দ্রঃ) ই০] হর বা শিব-সুলভ গুণ নাই কিন্তু হরের বরসজ্জার ও বিভৎস বৃত্তির অভাব নাই অর্থাৎ সে গুণ আছে। ~গৌরী-বি, শিবদুর্গা। ২ অর্দ্ধ নারীশ্বরমূর্ত্তি। ৩ অর্দ্ধশ্বেত ও অর্দ্ধ হরিতাল-বর্ণ। ~চূড়ামণি-হরশিরশোভী মণি; চন্দ্র। ~তেজঃ, হরবীজ-বি, শিববীর্য্য; রুদ্রতেজঃ। ২ পারদ। ~নেত্র-বি, শিব-চক্ষুঃ। ২ ত্রিনেত্র। ৩ সংখ্যাত্রয়। ~বিলাস [নামে, হরিধন দ্রঃ] বি, হর যার বিলাসের বস্তু বা বাসনার ধন। বীজ-পারদ। ~ভোলা [গ্রা০ অবজ্ঞার্থে -হরেভোলা] বি, ভোলা মহেশ্বর; ভাঙ্গড় ভোলা (দ্রঃ); সিদ্ধিপানবিহ্বল নটরাজ; নড়ে ভোলা। ২ ক্যাপা পাগল; জ্বালা ক্যাপা।~শেখরা-বি, জাহ্নবী; গঙ্গা। ~হর বম্‌বম্-শিব নাম জপ।~হর-হর -রাজপুতদিগের যুদ্ধনাদ। "হর হর হর শব্দে পুরিল গগন।"-পদ্মিনী উপাখ্যান। ~হরি -বি, হরিহর দ্রঃ।

হর₂ [ফা০ হর্] বিণ, প্রতি every. প্র-হর রোজ। ২ বিবিধ; নানা। প্র-হর রকমের জিনিষ। ~কসম, ~কিসম [আ০ হর্‌কিস্‌ম্] নানা প্রকার। ~তরফ-অ, নানাদিক্। ~দফা-বি, প্রতিবার। ~দম্-অ, অনুক্ষণ। ~নেত্র-বি, শিবচক্ষু। ~রঙা-বিণ, নানা রঙে রঞ্জিত; সবরঙ্গা। ~রোজ-ক্রি-বিণ, প্রতিদিন।

হরকৎ [আ০। হর্‌কৎ। গ্রা০ হরকৎ] প্রতিবন্ধক; বিঘ্ন। ২ ক্ষতি।

হরকরা [ফা০ ল্যা০ heraldus. ইং herald] বি, সংবাদবাহক; পত্রাদিবাহক। ২ প্রতিহারী; দূত; চর। "থানায় থানায় নিয়োজিত হ০"-ভারত০।

হরখ [প্রা০ বাং পদ০ সা০। সং-হর্ষ-কোমলার্থে-হরখ। হি০-তে-ষ=খ] বি, হর্ষ; আনন্দ। ক্রি-বিণ, হরখি-হর্ষে; আনন্দে। "সখী পরবোধিয়ে যতনে আনি। পিয়াহিয় হরখি ধরল নিজপাণি"-বি০ প০।

হরগৌরী-বি, হর₁ দ্রঃ।

হরজ, হরজা [ফা০] বি, ক্ষতি। ২ অনিষ্ট। ৩ বিঘ্ন।

হরণ [হৃ (হরণ করা)+অন (ভা০)] বি, বলে গ্রহণ; কাড়িয়া লওন। ২ আকর্ষণ; মোহন। ২ অপহরণ; চুরি। ৩ বঞ্চিতকরণ। ৪ বাহন। ৫ [পাটী০ (ক০ ঝি০ পরিঃ)] ইং division এর বৈজ্ঞা০ পরিঃ; ভাগ; ভাগকরণ। ৬ বিয়োগ। ~পূরণ-বি, ভাগ ও গুণন division & multiplication.

হরতন-বি, বৃন্তহীন পানের আকৃতি লালবর্ণ তাস hearts.

হরতাল [গুজরাতী] বি, ধর্ম্মঘট; দোকান পাট, বাজার হাট, কাজকর্ম্ম আদি বন্ধ থাকার অবস্থা।

হরদম [হর-দম্ (কাল, ক্ষণ)] প্রতিক্ষণ; সর্ব্বদা।

হরপ, হরফ [আ০ হর্ফ্] বি, বর্ণমালা; অক্ষর। "হরপের এক অক্ষর যার পেটে নাই"-হেম০।

হরমাদ-হারমদ দ্রঃ।

হরবোলা [হর (বহু, বিবিধ) বোলা (যে বলে)] বি, যে নানা বুলি বলে। ২ বহুরূপী। "ব্রজেশ্বর মনে করিল, বুঝি দেবী চৌধুরাণী হ০ মায়াবিনী"-দেবী রাণী।

হরষ [সং-হর্ষ > পদ্যে কোমল রূপ] বি, হর্ষ; আনন্দ। বিণ, হরষিত-আনন্দিত।

হরা [সং-হৃ (হরণ করা)। হরি, হর (হরেন, হরিস), হরে (হরেন)। অনুজ্ঞার্থে-হরুক, হরুকা (প্রা০ বাং। "আমা সবার দুর্গতি হরুকা সে ভগবতী"-দুর্গামঙ্গল)। অস-ক্রি-হরিতে; হরিয়া (পদ্যে-হরি, প্রা০ হরে)। হরিলাম-হরণ করিলাম; হরিলে-হরণ করিলে; হরিল-হরণ করিল] ক্রি, হরণ করা; লুণ্ঠন করা। "শিবের সর্ব্বস্ব ধন মায়ের চরণ যদি আনতে পারি হ'রে।"-রা০প্র০। ২ চুরি করা। ৩ আকর্ষণ করা। ৪ বঞ্চিত করা। ৫ [প্রা০ বাং] প্রতারিত করা। "কতে'। যবে ভোক্কা হরো"-শ্রী০ কী০ [হরো=হরি= প্রতারিত করি]। ৬ বি, হরণ করা এই কার্য্য; হরণ। ৭ বিণ, হারিণী। "ভজহ কালিকা তারা কল্যাণী কলুষহরা"-অ০ম০। ৮ দুঃখহরা। পুং হর ৪ দ্রঃ।

হরাত্মক [গ০ (হি০ কো০)] বিণ, ইং harmonic এর বৈজ্ঞা০ পরিঃ।

হরাদ্রি [হরের অদ্রি, ৬তৎ] বি, কৈলাস পর্ব্বত।

হরি [হৃ (হরণ করা)+ই (র্ত্তৃ), যে সকলের হৃদয় হরণ করে] বি, বিষ্ণু; কৃষ্ণ। ২ ব্রহ্মা। ৩ মহেশ্বর; শিব। ৪ সূর্য্য। ৫ চন্দ্র। ৬ ইন্দ্র। ৭ বায়ু। ৮ যম। ৯ পণ্ডিত ভর্ত্তৃহরি। ১০ সিংহ। "কেহ কহে কুঞ্জরে কুমার হবে হরি।"-ম০। ১১ অশ্ব। ১২ পশু। ১৩ বানর। ১৪ ময়ূর। ১৫ পিক; কোকিল। ১৬ হংস। ১৭ শুকপক্ষী। ১৮ সর্প। ১৯ মণ্ডূক; ভেক। ২০ কিরণ। ২১ নববর্ষের একটী; হরিবর্ষ। ২২ বিণ, হরিৎ-বর্ণ; সবুজবর্ণ। ২৩ কপিলবর্ণ। ২৪ পিঙ্গলবর্ণ। ২৫ ধান্যবিশেষ। "হরি, মহী-পাল, বাঁকসাল বুনে মঙ্গলন।"-শূ০ পু০। ২৬ [প্রা০ যৌ০ বাং সন্ধ্যাভাষায়] মূত্রনাড়ী। সম্বোধনে 'হরি', 'হরে! =হে হরি! হরে মুরারে! ই০। ~কালী [কৃষ্ণাভ হরিৎবর্ণ হেতু নাম] বি, ধান্যবিঃ। "হকুলি, হরিকালী, বুনেন কুসুমমালী।"-শূ০ পু০। ২ স্ত্রীলোকের নাম। এই অর্থে কৃষ্ণকালী ও০। ~কুল-যদুকুল [দ্রঃ-হরিকুলেশ (যদুকুলপতি)। গ্রীক ও রোমীয় পৌরাণিক Hercules এর সহিত তুলনীয়]। ~গুণ-বি, হরি সঙ্কীর্ত্তন; হরি-নাম। "হয়েছি অজরামর হরিগুণ গেয়ে।" -শি০। ~ঘোষের গোয়াল-বি, কলিকাতার হরিঘোষ নামক জনৈক ধনীর গৃহ অতিথি অভ্যাগত ও পরিচিত অপরিচিত বহু নিষ্কর্ম্মা লোকের পক্ষে অবারিত ছিল। গো-গৃহে যেরূপ গোপাল থাকে তদ্রূপ এই সকল নিষ্কর্ম্মা প্রতি-পালিত হইয়া গল্প গুজব ও কোলাহল করিয়া জীবনযাপন করিত। ইহা সাধা০ হরিঘোষের গোয়াল নামে প্রসিদ্ধি লাভ

করে। ২ [লক্ষ°] নিষ্কর্ম্মার দলের বৃথা কোলাহলময় স্থান। ~চঁন্দন-বি, দেবতরুবিশেষ। ২ [হরি (কপিল বর্ণ) যে চন্দন, ধা] শ্বেতচন্দনবিঃ। ৩ গোশীর্ষ। ৪ কুঙ্কুম। ৫ পদ্মকেশর। ৬ জ্যোৎস্না। ~চঁরণ, পঁদ-পরে হরিদাস দ্রঃ। ~জঁন [হরির (ঈশ্বরের) জন। মহাত্মা গান্ধী-প্রবর্ত্তিত শব্দ] বি, হিন্দুসমাজে অস্পৃশ্য করিয়া রাখা সম্প্রদায়ের লোক; হিন্দুসমাজের অনুন্নতগণ। "অস্পৃশ্যতাবিরোধী সঙ্ঘ কর্ত্তৃক হরিজনকে বিবিধ সুবিধাদানের প্রস্তাব।"-আ° পত্রিকা, ১৮ কার্ত্তিক, ১৩৩৯। ~দাস [হরির দাস (ভৃত্য, ভক্ত)] বি, হরিভক্ত ব্যক্তি; বিষ্ণুসেবক। ২ পুরুষের নামার্থক শব্দ। > স্ত্রীং ~দাসী। এইরূপ হরিকিঙ্কর, হরিচরণ, হরিপদ, হরিবিলাস, হরিসাধন ই°। ~ধঁন [হরি হইয়াছে ধন (সম্পদ) যার, বহু°] বি, লোকের বিতঃ বৈষ্ণব পুং নামার্থক শব্দ। ~তাল- দ্রঃ। ~নাথ -বি, হরি যার নাথ। ২ লোকের নাম। ~নাম কঁরা-ক্রি, কৃষ্ণনাম বা বিষ্ণুর নাম জপ করা। ~নামের ঝুলী-বি, যে ঝুলীর মধ্যে হরিনাম জপের মালা রক্ষিত হয়। ~নামের মালা-বি, বৈষ্ণবের জপমালা। ~নীল-বি, ইন্দ্রনীল নামক মণি। ~নেত্র -বি, শ্বেতপদ্ম। ২ [হরি (সবুজ বর্ণ) নেত্র যার, বহু°] বি, পেচক। ~ন্নোট [হরির লোট < লুঠ > দ্রুত উচ্চারণে] বি, হরির লুঠ দ্রঃ। ~প্রঁসাদ [হরির প্রসাদ] বি, ভগবৎ কৃপা; হরির অনুগ্রহ। ~প্রঁস্থ-বি, রাজা যুধিষ্ঠিরের রাজধানী; ইন্দ্রপ্রস্থ। ~প্রিঁয়-বিণ, হরিভক্ত। ২ বি, কদম্বতরু। ৩ কৃষ্ণচন্দন। ৪ পীত ভৃঙ্গরাজ। ৫ করবীর। ৬ শঙ্খ। > স্ত্রীং ~প্রিয়া-বি, লক্ষ্মী। ২ তুলসী। ~প্রেম [হরির প্রতি প্রেম] বি, হরিভক্তি; বিষ্ণুপ্রীতি; ঈশ্বরানুরাগ; ভগবদ্ভক্তি। ~বংশঁ-বি, শ্রীকৃষ্ণের বংশধরগণ; হরিকুল। ২ ব্যাসকৃত গ্রন্থ; মহাভারতের পরিশিষ্টভাগ। ~বঁর্ষ-বি, জম্বুদ্বীপের নববর্ষের অন্তর্গত বর্ষবিশেষ, ইহার দক্ষিণে ইলাবৃত বর্ষ। ~বঁল্লভা-বি, লক্ষ্মী। ২ তুলসী। ৩ জয়া। ~বাসঁর-বি, একাদশীযুক্ত দিন। ২ দ্বাদশীর প্রথমপাদ। ৩ হরিসভা। ~বাহঁন-বি, গরুড়। ~বীজ-বি, হরিতাল। ~বঁল, ~বঁলঁ-ক্রি. হরিনাম লও; হরিধ্বনি কর। ~বোল-বি, হরি এই বুলি; হরিধ্বনি। ~বোল দেওয়া, ~বঁলা-ক্রি, মুহুর্মুহু হরিনাম উচ্চারণ করা; হরি হরি বলা। ২ "বল হরি হরিবোল" এই বলিতে বলিতে শ্মশানে শব লইয়া যাওয়া। ~বোল হঁরি-অ, কর্ম্মশেষসূচক হরিধ্বনি। ২ নৈরাশ্য, বিস্ময়াদিসূচক অব্যয়। ~বোলা -বিণ, যে হরি হরি বলে; হরিনাম যার জপমালা। ~ব্যাসী-বি, নিম্বার্ক বৈষ্ণব সম্প্রদায়ের অন্তর্গত হরিব্যাস-প্রবর্ত্তিত ধর্ম্মসম্প্রদায়বিশেষ। ~ভঁক্ত-বিণ, হরির প্রতি ভক্তিযুক্ত। ২ বিষ্ণুভক্ত; বৈষ্ণব। ~ভঁক্তি -বি, ভগবদ্ভক্তি। ~ভঁক্তি উড়েযাওয়া -ক্রি, সম্পূর্ণ অশ্রদ্ধা হওয়া। ২ ঘৃণা হওয়া। ~ভুক্ [হরি (ভেক) + ভুক্ (ভোজী)] বি, সর্প। ~মঁটঁর-বি, হরিনামামৃত। ২ [লক্ষ°] উপবাস। "অদ্য বৃহৎ রোহিত মৎস্যের পোলাও ভক্ষণ আর কল্য হরিমটরে উদর পূরণ শাস্ত্রনিষিদ্ধ"-হরিদেব শাস্ত্রী। ~মঁতি-বিণ, হরিতে যার মতি। ২ বি, নারীনামবিঃ। ~মঁন্দির-বি, বিষ্ণুমন্দির। ~শঁয়ঁন-বি, আষাঢ় মাসের শুক্লা দ্বাদশী হতে কার্ত্তিক মাসের শুক্লা দ্বাদশী পর্য্যন্ত চারিমাসকাল; বিষ্ণুর নিদ্রা। ২ আষাঢ়ের শুক্লা দ্বাদশী হতে কার্ত্তিকী শুক্লা দ্বাদশী পর্য্যন্ত কাল। ~সঁঙ্কীর্ত্তন-বি, শ্রীহরিনামোচ্চারণ। ২ বৈষ্ণবমণ্ডলী কর্ত্তৃক খোলকরতালাদি যোগে হরিনাম গান। ~সঁভা-হরিনাম সংকীর্ত্তন ও বিষ্ণুভক্তি প্রচার উদ্দেশ্যে বৈষ্ণবগণের যে সম্মিলন বা সভা। হরির খুড়ো-বি, যার সহিত কোন সম্পর্ক বা পরিচয় নাই। হরির লুঠ [গ্রা° হরিন্নোট] বি, শ্রীহরির প্রসাদী বাতাসা তুলসীতলায় ছড়াইয়া দিলে আনন্দ কোলাহল করিয়া গ্রহণ; হরিকে নিবেদিত মিষ্টান্ন বিতরণ ও লুণ্ঠন। গোলে হরিবোল-বি, অজ্ঞ ব্যক্তি পাঁচজনের মিশালে হরিনাম সংকীর্ত্তনে আর ধরা পড়ে না। ২ গোঁজামিল দিয়া কাজ বাজান; কাজে ফাঁকি দেওয়া। ~হঁর, হঁরহরি -বি, বিষ্ণু ও মহেশ্বর। ~হঁর মূর্ত্তি -বি, বিষ্ণু ও শিবের যুগলমূর্ত্তি [তুল-"জল হর জল হরি জল তুঅ কলা। ক্ষণ পীতবসন ক্ষণ হি বঘছলা।"-বি° প°]।

হরিংবাড়ী-হরিণবাড়ী দ্রঃ।

হরিড়া১-হরীতকী দ্রঃ।

হরিণ [হৃ (হরণ করা) + ইন্ (র্ত্ত্), যে সকলের মন হরণ করে] বি, কোমলাঙ্গ দ্রুতগামী তৃণভোজী চিত্রাঙ্গ পশুবিশেষ, কুরঙ্গ; মৃগ। দ্রঃ-হিং হরণা। প্রা° বাং (বৌদ্ধ যুগ) ও ব্রজ°-হরিণা, হরিনা। "বনাচারি (=বনচারি) বঞ্চে বনে হরিনা হরিনি। ডালে বঞ্চে সারি সুখ পুরুষ রমনি॥"-গোবিন্দ গীত। ২ পাণ্ডুবর্ণ। ৩ বিণ, পাণ্ডুবর্ণবিশিষ্ট। > স্ত্রীং হরিণী-কুরঙ্গিণী; মৃগী। ২ পদ্মিনী প্রভৃতি চতুর্ব্বিধ নায়িকার মধ্যে চিত্রিণী স্ত্রী। ৩ তরুণী। ৪ বরনারী। ৫ হরিদ্বর্ণা স্ত্রী। ৬ অপ্সরোবিশেষ। ৭ [ছন্দঃ] ১৭ অক্ষরের ছন্দোবিশেষ। ~নঁয়ঁনা-বিণ, হরিণের মত নেত্রবিশিষ্টা; মৃগনয়না। ২ সুনেত্রা। ~নঁর্ত্তক-বি, কিন্নর। > স্ত্রীং ~নঁর্ত্তকী-কিন্নরী। ~হৃদঁয়-বিণ, ভীরু।

হরিণ২ [রাসা° পরিঃ (ত্রিবেদী°)। কুলহরিণ ও°] বি, ইং chlorine এর বৈজ্ঞা° পরিঃ; হরিণক (সা° প° প°)।

হরিণ-বাড়ী [ইং House of correction (শাস্তি বা সাজাঘর) > ক্ষে° গ্রা° উচ্চারণ ও অনুবাদে] বি, সংশোধনাগার; জেলখানা। ২ কলিকাতা আলিপুরের প্রেসিডেন্সী জেল।

হরিণাক্ষী [হরিণের ন্যায় অক্ষি (চক্ষুঃ) যার, বহু°] বিণ, মৃগনয়না। ২ বি, সুনয়না স্ত্রী; সুনেত্রা। ৩ বারাঙ্গনা। ৪ সুগন্ধিবিঃ।

হরিণাঙ্ক [হরিণ হইয়াছে অঙ্ক (চিহ্ন) যার, বহু°] বি, মৃগচিহ্ন; মৃগাঙ্ক; চন্দ্র।

হরিৎ [হৃ (লওয়া) + ইৎ (র্ত্ত্)] বি, সবুজবর্ণ; নীল ও পীতের মিশ্রণজাত বর্ণ। ২ সবুজবর্ণ দূর্ব্বাদি। ৩ বিণ, হরিদ্বর্ণবিশিষ্ট।

হরিত [হৃ (লওয়া)+ইত (র্ত্তৃ)] বি, সবুজবর্ণ। ২ বিণ, হরিদ্বর্ণবিশিষ্ট।

হরিতক [হরিত+ক (স্বা°)] বি, হরিদ্বর্ণতৃণ পত্রাদি। ২ শাক। ৩ [বৈজ্ঞা° পরিঃ] ক্লোরিণ্ নামক উপধাতুবিশেষ।

হরিতাল [খনিজ° পরিঃ। প্রা° হত্তেল] বি, পারদগর্ভ বিষাক্ত ধাতুবিঃ; হত্তেল; ইং orpiment এর বৈজ্ঞা° পরিঃ। "এক ভালে হরিতাল সুশোভন আধই সিন্দুর পুরি রে।" -অ° ম°। ২ [এই অর্থে প্রা° হত্তেল ঘুঘু] হরিতাল নামক পীতবর্ণ পক্ষিবিঃ।

হরিতালী, হরিতালিকা [সং] বি, আকাশমার্গে উত্তরদক্ষিণব্যাপী শ্বেত রেখা; ছায়াপথ; আকাশগঙ্গা; দুগ্ধপথ the milky-way. ২ ভাদ্রমাসীয়া শুক্লা চতুর্থী। ৩ দূর্ব্বা। **হরিতালী চন্দ্র**-বি, নষ্ট চন্দ্র। "হরিতালী চন্দ্র দেখিলোঁ ভাদ্র মাসে।"-শ্রী° কী°।

হরিতাশ্ম (-শ্ম)[হরিত(সবুজবর্ণ) অশ্মন্ (প্রস্তর), ধা] বি, মরকতমণি। ২ তুঁতিয়া।

হরিদশ্ব (-শ্ব) [হরিৎ (সবুজবর্ণ)+ অশ্ব যার, বহু°] বি, সূর্য্য।

হরিদ্রা [হরি (পীতবর্ণ)+দ্রু (প্রাপ্ত হওয়া)+অ (র্ত্তৃ)] বি, হলুদ। ইহা চারি-প্রকার যথা-হরিদ্রা, বনহরিদ্রা, দারুহরিদ্রা, কর্পূর হরিদ্রা। [সংস্কৃত পর্য্যায়-কাঞ্চনী, বরবর্ণিনী, পী°া, ক্রিমিঘ্না, হরবিলাসিনী; যোষিৎপ্রিয়া, হলদী এবং রাত্রিবাচক শব্দ]। প্রাকৃ°হলিদ্দা। প্রা° বাং **হরিদা**। "হরিদা কুঙ্কুম চুয়া চন্দন বাসর।"-শূ° পু°। ~**রাগ** -বি, হলুদবর্ণ। ২ বিণ, অস্থায়ী অনুরাগযুক্ত।

হরিদ্রাঙ্গ [হরিদ্রা (পীতবর্ণ)+অঙ্গ (অবয়ব) যার, বহু°] বি, হরিয়াল পাখী।

হরিদ্রাভ [হরিদ্রার মত আভা (দীপ্তি) যার, বহু°] বিণ, পীতবর্ণবিশিষ্ট; হলুদের আভাযুক্ত।

হরিদ্বার [হরি (বিষ্ণুর) +দ্বার, ৬তৎ, মতান্তরে হরদ্বার (হিং° হরদোয়ারা) হরি বা হরের আলয় বা স্বর্গে যাইবার দ্বারস্বরূপ] হিমালয়ের পাদমূলস্থ নগরীবিঃ; হিন্দুর মহাতীর্থবিশেষ।

হরিন্মোট-হরি দ্রঃ।

হরিন্মণি [হরিৎ (সবুজবর্ণ) যে মণি (পাথর), ধা] বি, বহুমূল্য হরিদ্বর্ণ প্রস্তর-বিশেষ; মরকতমণি।

হরিপদী [জ্যো° পরিঃ] বি, অয়ন-মণ্ডলের পশ্চিমভাগ,যথায় বিষুব রেখা মিলিত হইয়াছে।

হরিবেল্লিকা-বি, বিসর্পরোগ, প্রদাহযুক্ত জ্বররোগ; উদর্দ (ভাবপ্রকাশে) Erysipelas.

হরিমন্-বি, হরিদ্বর্ণ রোগ।

হরিয়াল [হরিৎ (সবুজ)+আল (বালা)] বি, হরিৎবর্ণ ঘুঘুজাতীয় পক্ষীবিঃ।

হরিয়ুপীয়া [সং। ল্যা° Europa] বি, বেদোক্ত মহাজনপদবিঃ; আধু° য়ুরোপ বলিয়া অনুমিত(মানবজাতির আদি জন্মভূমি) Europe.

হরিশ্চন্দ্র [হরিরিব (হরির ন্যায়) চন্দ্র (রমণীয়), উপমিত] বি, ত্রেতাযুগের সূর্য্য-বংশীয় রাজা ত্রিশঙ্কুর পুত্র। বিণ, ~**ী** [প্রা° **হরিশ্চন্দী**] রাজা হরিশ্চন্দ্রের উপাসক সম্প্রদায়বিশেষ।

হরিষ [সং-হর্ষ > হরষ > হরিষ (পদ্যে কোমলার্থে)] বি, হর্ষ; আনন্দ। "পুত্রের কল্যাণে মোকে ফেলে রাখ পাশে। পদতলে পড়ে থাকি পরম হরিষে॥"-শি°। ~**বিষাদ** -হর্ষ ও বিষাদের মিশ্রণ। "হরিষবিষাদে রামা গেল নিজালয়।"-অ° ম°। **হরিষে বিষাদ**-বি, হর্ষে বিষাদ; আনন্দ বিষাদে পরিণত বা হর্ষশোকের মিশ্রণ।

হরিহয় [হরি (সবুজবর্ণ) হয় (ঘোড়া) যার, বহু°] বি, ইন্দ্র। "চৌদিকে অমরগণ পূজেন হরিহয় অনন্ত-ভাবে ভূতনাথ।"-কবিক°। ২ সূর্য্য।

হরিহর [হরি ও হর] বি, বিষ্ণু ও শিব। ২ বি, সংযুক্ত হরিহর মূর্ত্তি। ৩ পুরুষের নাম। ~**আত্মা**-বি, অচ্ছেদ্য বন্ধুত্ব; অভিন্নহৃদয় সখ্যতা; একাত্মা।

হরিহরি-অ, শ্রীবিষ্ণু এই নামোচ্চারণ। ২ খেদোক্তি; হায় হায়। "হ° ক্ষুণ্ণ মন দেখিয়া অদ্ভুত রণ।"-কৃত্তি°। "হ° কাঁহা গেও প্রাণনাথ মোর।"-বৈ° পদ°।

হরীতকী [পীতবর্ণ ফল বলিয়া অথবা বিবিধ ব্যাধি হরণকারী গুণহেতু নাম। প্রা° হরতুকী, হত্তুকি, হরিড়া (প্রা° বাং। "আর্জ্জুন গর্জ্জন হরিড়া"-শ্রী° কী°, বৃন্দাবন খণ্ড), হরড়া। তুল-হিং°, হর, হড়, হর্রে, হরেড়া; ম° হিরড়া, ওড়ি° হরিড়া] বি, বৃক্ষবিঃ ও তাহার ফলবিঃ। সংস্কৃত পর্য্যায়; অভয়া, অমৃতা, অব্যথা, পথ্যা, পূতনা, চেতকী, কায়স্থা, শিবা, বয়ঃস্থা, শ্রেয়সী, জীবন্তী, বিজয়া, হৈমবতী এবং রোহিণী। আয়ুর্ব্বেদে হরীতকী ৭ প্রকার বর্ণিত হইয়াছে বিজয়া (লাউয়ের মত), রোহিণী (সম্পূর্ণ গোল), পূতনা (সূক্ষ্ম কিন্তু বীজ বড়), অভয়া (উপরে পাঁচটী রেখা), অমৃতা (বীজ ছোট শস্য অধিক), জীবন্তী (স্বর্ণের ন্যায় পীতবর্ণ), চেতকী (তিনটী রেখাবিশিষ্ট), এই সাত প্রকারের মধ্যে বিজয়া সর্ব্বোৎকৃষ্ট কারণ ইহা সর্ব্বরোগে হিতকর।

হরু [ব্রজ°] ক্রি, হরণ করে। "পুরুখি হরু ধনী"-বি° প°। ২ বিণ, হৃত। "প্রেম পরতাপে চেতন হরু দীনা" -বি° প°।

হরে [সম্বোধন পদ] হরি দ্রঃ। ২ [হরা দ্রঃ] ক্রি, হরণ করে।

হরেক [ফা° হর্+এক] বিণ, প্রত্যেক। ২ নানাপ্রকার। "খাবারের দোকানে থরে থরে হরেক রকম খাবার সাজান।"-সলিত বন্দ্যো° (ফোয়ারা)।

হরেণু [সং] বি, রেণুকা নামক গন্ধদ্রব্য। ২ তাম্রবর্ণ মৃগী। ৩ লঙ্কাদ্বীপ। ৪ গ্রামের সীমা-বিচ্ছিন্নকারিণী লতা। ৫ কুলস্ত্রী।

হরেদরে [সং-হৃ (হরণে) > হিং° হরুঅ বা সং-লঘু (অল্পার্থে) > লঘুক > লহুঅ > বর্ণ বিপর্য্যয়ে হলুঅ > হরুঅ >) > হিং° হরুএ > (ধীর, মন্দ, চড়া নয়, কম-অর্থে) হরে +দরে (হিং° দর =মূল্য; নিরিখ > বাং দরে=বেশি বা চড়া দরে। প্র-জিনিষটা তেমন দরে বিক্রী হল না)। (২) ফা° হর্ (প্রত্যেক) > হরে (প্রত্যেকটি ধরিয়া)+ দরে (ফা° দর্= মধ্য। তুল-দরমিয়ান), মধ্যানুপাত লইয়া। (৩) ফা° হর্জ (ক্ষতি)+ ফা° দরাজ (লম্বা, বিস্তারিত) > দর্জ > হর্জ দর্জ > হর্জে দর্জে > হরে দরে] ক্রি-বিণ,

কম জম বা কম বেশী করিয়া ; মূল্য ধরিয়া ; কোনটির কম কোনটির বেশী দর দিয়া বা লইয়া ; মধ্যানুপাতে ; মোটামুটি ; গড়ে on the average ; ক্ষতি লাভ হিসাবে ; লাভ লোকসান ধরিয়া ; ক্ষতিবৃদ্ধি গণনা করিয়া। "হরে দরে হাঁটু জল"-প্রবচন। প্র-হরে দরে পুষিয়ে যাবে।

হরেভোলা-হর১ দ্রঃ।

হর্তা [হৃ (হরণ করা)+তৃ (র্তৃ)=হর্তৃ:মা, ১বং। প্রা॰ হত্তা] বিণ, হরণকর্তা। ২ অপহারক ; চোর। ৩ গ্রহণকারী। ৪ সংহারক ; বিনাশক। ৫ বহনকারক। ~**কর্তা**-বি সংহার ও সৃষ্টিকর্তা। ~**কর্তা বিধাতা** [প্রা॰ হত্তাকত্তা বিধেতা] হরণ, সৃজন ও বিধানকর্তা ; সৃষ্টিস্থিতিপ্রলয়কর্তা ; সর্ব্বময় কর্তা।

হর্ম [সং] বি, হাই।

হর্ম্ম্য [হৃ (হরণ করা)+মন্ (র্তৃ), য আগম। মনোহর বলিয়া] বি, সুদৃশ্য প্রাসাদ; সৌধ; অট্টালিকা। ~**তল**-বি, পাকা ঘরের মেঝে floor ; flat. ~**চূড়া**, ~**শি(শে)খর**-বি, সৌধশীর্ষ ; অট্টালিকার সর্ব্বোপরিস্থ অংশ বা শীর্ষদেশ spire.

হর্ম্ম্যোপরি [হর্ম্ম্য+উপরি] অ, সৌধের উপর ; অট্টালিকার উপরে।

হর্য্যক্ষ [হরি (পিঙ্গলবর্ণ)+অক্ষি (চক্ষু) যার, বহু॰। অক্ষি=অক্ষ] বি, সিংহ। "হর্য্যক্ষ পড়ে বৃষস্কন্ধে"-মেঘ॰।

হর্য্যশ্ব [হরি (হরিৎ বর্ণযুক্ত)+অশ্ব যার] বি, ইন্দ্র।

হর্রা-হরীতকী দ্রঃ।

হর্শেল [Herschell এর লিপ্যন্তর] বি, ইংলণ্ডের জর্মন জ্যোতির্ব্বিদ্ উইলিয়ম হর্শেল কর্তৃক ১৭৮১ অব্দে আবিষ্কৃত গ্রহ।

হর্ষ [হৃষ্ (তুষ্ট হওয়া)+অ (ভা॰)] বি, আনন্দ। ২ [বৈষ্ণব সা॰] লাভ ও ইষ্টবস্তু দর্শনাদি জন্য মনের প্রসন্নতা। ~**ক** [হৃষ্ (হৃষ্ট হওয়া)+অক (র্তৃ)] বি, আনন্দজনক ; হর্ষোৎপাদক। ২ বি, পর্ব্বতবিঃ। ~**ণ** [হৃষ্ (আনন্দিত হওয়া)+অন (ভা॰)। পদ্যে কোমলার্থে "হরিষণ"] বিণ, আনন্দজনক। ২ বি, পুলক ; আনন্দ। প্র-রোমহর্ষণ। ৩ [হৃষ্+ণিচ্= হর্ষি (হৃষ্ট হওয়ান)+অন (র্তৃ, অ॰)] বিষ্কুম্ভাদি যোগের চতুর্দ্দশ যোগ। ~**ধ্বনি**, ~**নাদ**, ~**রব** (-র্ধ-) বি, আনন্দের শব্দ hurrah. ~**প্রকটন**, ~**প্রকাশ**-বি, আনন্দপ্রদর্শন। ~**বর্দ্ধন** [হর্ষ+বর্দ্ধন (বৃদ্ধিকর)] বিণ, আনন্দবর্দ্ধক। ২ বি, কবি বাণভট্ট রচিত 'হর্ষচরিত' নাটকে বর্ণিত চরিত্র ; থানেশ্বররাজ প্রভাকর বর্দ্ধনের পুত্র এবং রাজা রাজ্যবর্দ্ধনের সহোদর স্বয়ং সুকবি ও গ্রন্থকর্তা বৌদ্ধ ধর্মগ্রহণের পর শিলাদিত্য নামে কান্যকুব্জের প্রতাপশালী রাজা। ~**বিকসিত**-বিণ, আনন্দে প্রফুল্ল; পুলক প্রস্ফুটিত। ~**মাণ** [হৃষ্ (তুষ্ট হওয়া) +আন (মানশ্)] বিণ, পুলকিত ; হৃষ্ট।

হর্ষিত [হৃষ্+ণিচ্=হর্ষি (হৃষ্ট হওয়ান) +ত (র্তৃ)] বিণ, আমোদিত। ২ [হর্ষ+ইত (যুক্তার্থে)] পুলকিত ; হৃষ্ট। স্ত্রীং ~া।

হর্ষোচ্ছ্বাস [হর্ষ+উচ্ছ্বাস] বি, আনন্দ-স্ফীতি। বিণ, হর্ষোচ্ছ্বাসিত।

হর্ষোৎফুল্ল [হর্ষ + উৎফুল্ল] বিণ, আনন্দে উৎফুল্ল ; পুলকোচ্ছ্বসিত।

হর্ষোদয় [হর্ষ+উদয়] বি, আনন্দের উদয় ; পুলকাবির্ভাব।

হল১ [হল্ (কর্ষণ করা) + অ (ণে)] যদ্দারা কর্ষণ করে] বি, ভূমি-কর্ষণ যন্ত্র ; লাঙ্গল। ২ [ব্যা॰] ব্যঞ্জন বর্ণ ; ক হতে হ পর্য্যন্ত বর্ণ। ~**কর্ষক**-বিণ, যে হলচালনা করে। ~**কর্ষণ**-বি, লাঙ্গল চালনা দ্বারা ক্ষেত্র-কর্ষণ ; চাষ। ~**চালক** - বিণ, কৃষক। ~**চালন**,-**না**-বি, লাঙ্গল দ্বারা ভূমি-কর্ষণ। ~**ধর**, ~**ভৃৎ**-বিণ, হলচালক ; লাঙ্গলধারী ; হালিক। ২ বি, কৃষক ; চাষী। ৩ বলরাম। ~**ভূতি**, ~**ভৃতি**-বি, কৃষিকর্ম্ম ; চাষ।

হল২ [ইং hall এর লিপ্যন্তর] বি, বহু লোক সমাগমের উপযোগী সুদীর্ঘ গৃহ ; দীর্ঘায়তন কক্ষ। ২ ঘেরা দালান। ~**ঘর**-বি, দালানের মত লম্বা ও বিস্তৃতায়তন গৃহ।

হল৩ [আ॰ হল্ (দ্রবীকরণ)] বি, রসান। ২ সোনালি। **হল করা**-ক্রি, সোনালি দ্রাবকে বা সোনার জলে কলাই করা।

হল৪ [হওয়া দ্রঃ] ক্রি, হইল ; ঘটিল। ২ দশা, ব্যাপার বা পরিণাম উপস্থিত হইল ; (যে) অবস্থা দাঁড়াল, গড়াল বা গড়াল। প্র-যা হল তা আর কহতব্য বা বলবার নয় (অর্থাৎ যে বিসদৃশ, অবাঞ্ছিত, কষ্টকর, হৃদয়-বিদারক, জুগুপ্সিত বা লজ্জাজনক অবস্থা বা ঘটনা ই॰ ঘটিল তা বলিতে পারা যায় না)।

হলক-হলকা দ্রঃ।

হলকষা, **হলঘষা**-ধলধসা দ্রঃ।

হলকা, **হলক** [আ॰ হল্‌কা (সমূহ, পাল)] বি, দল ; সমূহ ; দঙ্গল ; পাল। "ষোড়শ হলকা হাতী অযুত তুরঙ্গ সাথী।"-অ॰ ম॰। ২ [আ॰ হল্‌কা (চক্র circle)] অশ্বাদির গলবেষ্টনী।

হলচল [হিং। তুল-হিং হলবল, হড়বড় ; ইং hubbub] বি, বিপ্লব ; অরাজকতা। ২ বিক্ষোভ ; অশান্তি ; চাঞ্চল্য। প্র-দেশের নতুন হলচলের খবর নিয়েছেন।

হলদী [সং-হলদ্দী >হিং হলদী] বি, হলুদ (দ্রঃ) ; হরিদ্রা।

হলধর-হল১ দ্রঃ।

হলন্ত [হল্(ব্যঞ্জনবর্ণ) + অন্ত। বাং-র হসন্ত ও॰ (যথা-দিক্, বলবান্)] বিণ, ব্যঞ্জনান্ত। প্র-হলন্ত শব্দ। ২ হসন্তযুক্ত ; স্বরযোগহীন (ব্যঞ্জনবর্ণ)। প্র-হলন্তবর্ণ (যথা, ক্ ধ্ ই॰)।

হলপ, **হলফ** [আ॰ হলফ্] বি, শপথ। ২ আদালতে সত্য বলিবার জন্য ইষ্ট দেবতার নামে বা ধর্মগ্রন্থ অথবা তামা তুলসী গঙ্গাজল ইত্যাদি স্পর্শ করিয়া শপথ করিবার পাঠ। "একজন মুহুরি তখন হলফ পড়াইতে আরম্ভ করিল।"-কমলাকান্তের দপ্তর। ~**করা**-ক্রি, শপথ করা ; শপথের পাঠ উচ্চারণ করা। **হলফ দেওয়া**-ক্রি, আদালতে শপথ করান। ~**নামা**-বি, যাতে সত্য বলিবার জন্য শপথের পাঠ লেখা থাকে। ২ এফিডেভিট affidavit. **হলফান** [আদা॰] অ, শপথ করিয়া on oath.

হলফল [দেশী প্রাকৃ॰ হল্লপ্ফল (উৎসুক), হিং হলবল। বাং প্রাদে॰

(মালদহ)] বি, ধড়ফড় ; হাঁকপাঁক। প্র-সে শুনিয়া হলহল করিতে লাগিল।

হলহল [শিথিল > । হিলহিল দ্রঃ] বি, স্থূল আধারে কৃশ ও লঘু দ্রব্যের নড়াচড়ার শব্দ। ২ ক্রি-বিণ, ঢিলঢিলা। বিণ, হলহলিয়া, হলহলে-ঢিলে ; ঢিলঢিলে ; নোড়ো ; শিথিল।

হলহলা [সং। প্রা০ বাং-হলাহলা] অ, আনন্দধ্বনি ; হর্ষ কলরব। "মুখে হলাহলা সাধু হৃদয়েতে দুঃখ।"-মনসা ম০(কেতকা০)। "তাহাতে সেই সভাস্থলে ঘোরতর আরাব সম্বলিত হ০ শব্দ উঠিল।"-মহা০ (বর্দ্ধ০)।

হলা [সং। অনাদরে বা অতি পরিচয়ে হাঁলা। হালো দ্রঃ] অ, নারী সম্বোধন ; সখীর প্রতি আহ্বানসূচক শব্দ ; ওলো ; লো। ২ সখী। ৩ পৃথিবী। ৪ মদ্য।

হলায়ুধ [হল (লাঙ্গল) হইয়াছে আয়ুধ (অস্ত্র) যার, বহু০] বি, বলরাম। ২ রাজা লক্ষ্মণ সেনের অমাত্য ও ব্রাহ্মণসর্ব্বস্ব প্রভৃতি গ্রন্থকর্ত্তা।

হলাহল [সং] বি, কালকূট ; বিষবিঃ।

হলাহলা-হলহলা দ্রঃ।

হলাহলি [হলা (সখীকে সম্বোধন-ওলো)+হলা+ই (ভা০)] বি, পরস্পর সখ্যভাব। ~**গলাগলি** [পরস্পর সখ্য রসে দ্রবীভূত হওয়ার ভাব হতে হ০, পরস্পর কণ্ঠালিঙ্গন করিয়া থাকার ভাব হতে গলাগলি] বি, অতিশয় সখ্য ও প্রণয় ; ঘনিষ্ঠ বন্ধুত্ব। "দুইদিনের মধ্যেই হলাহলি গলাগলি ভাব হইল।"-আলাল০।

হলি [হল্ (কর্ষণ করা)+ই (র্ম)] বি, লাঙ্গল-পদ্ধতি। হলকৃত রেখা। ২ [+ই (ভা০)] কৃষি। ৩ [+ই(ণে)] বৃহৎ লাঙ্গল। বিণ, হলিয়া-কৃষি সংক্রান্ত। ২ লাঙ্গল সম্বন্ধীয়।

হলিপ্রিয় [হলিন্ (বলরাম) তার প্রিয়, ৬তৎ] বি, কদমগাছ। > স্ত্রীং ~া-রেবতী। ২ মদিরা।

হলী [হল (লাঙ্গল)+ইন্ (অস্ত্য০)= হলিন্ ১মা, ১ব০] বিণ, হলধারী ; হলচালক ; হলকর্ষণকারী। ২ বি, কৃষক a ploughman. ৩ বলরাম।

হলীমক [সং] বি, পাণ্ডু রোগের বৃদ্ধিজনিত রোগবিঃ; কামলা ; ন্যাবা jaundice.

হলীশা, হলিষা [হল+ঈশা, ঈষা (দণ্ড), ৬তৎ] বি, লাঙ্গলের দণ্ড।

হলুদ, হলদী [সং-হলদ্দী, প্রাকৃ দারু-হলিদ্দা > হল্‌দী > হলুদ] বি, হরিদ্রা বর্ণ হেতু নাম-পীতা, পীতিকা, স্বর্ণবর্ণা, সুবর্ণা, বর্ণদাত্রী turmeric. > বিণ, হলদিয়া, হল্‌দে, হলুদে-হলুদবর্ণ ; গাঢ় পীত। ২ হলুদের গন্ধযুক্ত। হলদীকান্ত-বেণে বউ পাখী। ২ হলুদবর্ণফুল, ক্ষুদ্র শাক-বিঃ।~যুঁই-বি, [সং-হেমপুষ্পিকা] পীতবর্ণ জোড়া জোড়া পাতার যূথিকাজাতীয় পুষ্প।

হল্কা, হল্কা [ঝলক (দ্রঃ) >] বি, আগুনের শিখা। ২ আঁচ ; তাত ; ঝাঁঝ।

হল্‌দে [হলুদ দ্রঃ] বিণ,হরিদ্রাবর্ণবিশিষ্ট। ২ হরিদ্রাবর্ণে রঞ্জিত। প্র-হল্‌দে কাপড়।

হল্য [হল (লাঙ্গল)+য] বিণ, হল-সম্বন্ধীয়। ২ কর্ষণযোগ্য ; লাঙ্গল দিবার মত। ৩ হলকৃষ্ট। ৪ বি, কর্ষিতভূমি ; চষা ক্ষেত। ৫ বৈরূপ্য। স্ত্রীং হল্যা-হলসমূহ।

হল্লক [সং] বি, রক্ত কহ্লার ; রক্ত কৈরব ; লাল হেলা ফুল।

হল্লা [হিং হল্লা, ফা০ বাল্‌বালা। বাং প্রা০ হালা। তুল-বাং-বোলবোলা] বি,কোলাহল শব্দ ; গোলমাল। "হল্লা ক'রে ছুটির পরে ওই যে যারা যাচ্ছে পথে"-কাব্যসঞ্চয়। ২ চীৎকার। "গুণগুণের দলে * * * ফুল গাছ ছাড়িয়া আমার কুটীরের ভিতর হল্লা করিতে আরম্ভ করিয়াছে।"-কমলাকান্তের দপ্তর।

হল্লীষ, হল্লীস [সং] গীতি নাট্যবিঃ। ২ একজন পুরুষ ও ৭ হতে ১০ জন পর্য্যন্ত নারীর মণ্ডলাকারে হাবভাবযুক্ত নৃত্য গীত।

হসই [ব্রজ০। হস (হাস)+ই (ক্রিয়ায়)] ক্রি, হাসে; পরিহাস করে। "হরি বড় গরবী গোপী মাঝে বসই। ঐছে করবি বৈছে বৈরী না হসই।"-বি০ প০।

হসন্ [মৃ০ হসৎ >] বিণ, হাসিতেছে এমন। স্ত্রীং হসন্তী।

হসন [হস্ (হাস্য করা)+অন (ভা০)], বি, হাস্য।

হসন্ত১ [হসন্ দ্রঃ] বিণ, হাস্যযুক্ত ; হসিত। ২ [লক্ষ০] ফুল্ল ; বিকশিত ; প্রস্ফুটিত। "যহাঁ কুন্দ-কুসুম কেতকী হ০"-বি০ প০।

হসন্ত২ [সং] বিণ, হলন্ত (দ্রঃ)। ২ বি, ব্যঞ্জনান্ত চিহ্ন ; স্বরহীন বোধক "্" এই চিহ্ন, যথা-দিক্, হস্, ধক্‌ধক্ ই০।

হসন্তিকা [সং] বি, অগ্নিপাত্র ; ধুনুচি firepan.

হসিত [হস্ (হাস্য করা)+ত (র্ত্তৃ)] বিণ, হাস্যযুক্ত ; সহাস্য ; সস্মিত। "হসিত বয়ানে চাহে মেঘ পানে কি কহে দুহাত তুলি।"-চণ্ডি০। ২ ফুল্ল ; বিকসিত। ৩ [+ত (ভা০)] বি, হাস্য।

হস্ত [সং প্রাকৃ০ হত্থ > প্রা০ বাং প্রাকৃ০ হথা (চ০ ৪১।২), আধু০ বাং-হাত (থ)] বি, মণিবন্ধ হতে অঙ্গুলির অগ্রপর্য্যন্ত ; কর ; হাত। ২ হস্তীর শুণ্ড। ৩ ২৪ অঙ্গুলি পরিমাণ। ~কণ্ডূতি, কণ্ডূয়ন-বি, হাত চুলকানি। ~কুশল-বি, হস্তলাঘব। ~কৌশল-বি, হাতের কায়দা। ~কৃত, ~গত-বিণ, করায়ত্ত ; অধিকৃত।~ক্ষেপ, ~ক্ষেপন-বি, হস্তার্পণ, হাত দেওয়া ; স্পর্শন। ২ কোন বিষয়ে বা কার্য্যে দখল দান। ~গীর-বিণ, হাতের খেলায় দক্ষ ; হস্তকুশল। ~গ্রাহ্য-বিণ,হস্ত দ্বারা গ্রহণীয়। ~চালনা-বি, হস্ত সঞ্চালন ; হাত নাড়া ; হাত চালা।~চ্যুত-বিণ,হস্ত হতে বিচ্যুত ; করভ্রষ্ট। ২ অধিকারচ্যুত। ~ধারণ-বি, করাবলম্বন। ২ হস্তগ্রহণ। ~পুচ্ছ-বি, হাতের পোঁছা। ~বান্-বিণ, হাতযুক্ত। ২ লঘুহস্ত। ৩ কৃতহস্ত। ~বারণ-বিণ, আক্রমণকারী বা প্রহারোদ্যত ব্যক্তিকে বাধা প্রদান। ~রেখা-বি, করতলের শুভাশুভ রেখা। ~লাঘব-বি, লঘুহস্ততা ; হাতসাফাই। ~লিখিত-বিণ, হাতে লেখা। ~লিপি, ~লেখ-বি, হাতের লেখা (কাগজ) ; পাণ্ডুলিপি manuscript. ২ মকস। ~সিদ্ধি-বি, বেতন ; ভৃতি। ~সূত্র-বি, হাতের সূতা। ২ রাখি। ৩

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible]

বলয়। ~স্থ [প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰ হত্থ] বিণ, হস্তস্থিত।

হস্তক [হস্ত+ক (স্বার্থে)] বি, হস্ত; ভুজ। "আপাদ মস্তকে করে হস্তকে যেমন। জানিল যুবতীজনে জাগিল মদন।"-শি॰।

হস্তবুদ [ফা॰ হস্ত্ (বর্তমানতা, স্থিতি) ও বুদ (অতীত)] বি, বর্তমান ও অতীতের হিসাব; হালের ও পেছলি হিসাব। ২ জমিদারের মোট আয়। ৩ জমিজমা ও ভূসম্পত্তির খাজনার হিসাবের কাগজ rentroll.

হস্তা [জ্যো॰] বি, ২৭ নক্ষত্রের মধ্যে ত্রয়োদশ নক্ষত্র।

হস্তাক্ষর [হস্ত+অক্ষর] বি, স্বহস্ত-লিখিত অক্ষর। ২ হাতের লেখা।

হস্তান্তর [হস্ত+অন্তর] বি, হাতবদল। ২ এক অধিকার হতে অন্য অধিকারগত হওয়ার ভাব; এক হস্ত হতে অন্য হস্তে অধিকার পরিবর্তন। বিণ, হস্তান্তরিত- অন্যের অধিকারগত; অপরের হস্তে প্রদত্ত।

হস্তাবর্তন [হস্ত (দ্বারা)+আবর্তন, ৩তৎ] বি, হাতবুলান।

হস্তামলক [হস্ত (স্থ)+আমলক] বি, পাণিতলে ধৃত আমলকী। ২ [লক্ষ॰] করায়ত্ত। ৩ প্রত্যক্ষ। ৪ শঙ্করাচার্য্যকৃত অদ্বৈতবাদ গ্রন্থ।

হস্তার্পণ [হস্ত+অর্পণ] বি, স্পর্শকরণ। ২ হস্তক্ষেপ (দ্রঃ); কোন বিষয়ে বা বস্তুতে দখল দেওয়া।

হস্তিক [অর্থশা॰] বি, সর্বাবয়ব রক্ষার জন্য কবচবিঃ।

হস্তিনপুর, হস্তিনাপুর [হস্তিন (চন্দ্রবংশীয় সুহোত্র রাজপুত্র হস্তিনামক রাজার) পুর (নগর), ৬তৎ] বি, বর্তমান দিল্লী।

হস্তিপ, হস্তিপক [হস্তিন্ (হাতী) পা (পালন করা)+অ (র্ত্তৃ)+ক] বি, হস্তি-পালক; মাহুত।

হস্তী [হস্ত (শুণ্ড)+ইন্ (অস্ত্য॰)= হস্তিন্ ১মা, ১ব॰] বি, গজ; করী। ২ হস্তিনা-পুর নির্মাতা চন্দ্রবংশীয় সুহোত্র রাজপুত্র। স্ত্রীং হস্তিনী-করিণী; করেণু। ২ পদ্মিনী-আদি চারিজাতীয়া স্ত্রীর অন্যতমা স্ত্রী [দ্রঃ-হস্তী চারি জাতি, যথা-(১) ভদ্র-যাদের দন্ত মধুর ন্যায় আভাযুক্ত, যারা বর্তুলাকার, বলবান্ ও সমান অঙ্গপ্রত্যঙ্গযুক্ত। উচ্চে সাত হাত, দৈর্ঘ্যে আট হাত। উদরের পরিধি দশ হাত। (২) মন্দ্র-যারা স্থূলোদর, সিংহদৃষ্টি, বৃহৎ চর্ম ও গলদেশ, দীর্ঘশুণ্ড, দীর্ঘাবয়ব। উচ্চতা ও উদরের পরিধিপ্রমাণে ভদ্র হতে এক এক হাত কম। দৈর্ঘ্যে ভদ্রের সমান। (৩) মৃগ-যাদের কণ্ঠ, দন্ত, কর্ণ ও শুণ্ড ক্ষুদ্র, চক্ষু স্থূল ও আকার খর্ব। প্রমাণে ভদ্র হতে এক এক হাত কম। (৪) মিশ্র-উক্ত তিনপ্রকার লক্ষণ-মিশ্রিত হস্তী; মিশ্র-মাতলী। মতান্তরে গজ আট প্রকার-(১) ঐরাবত-সমস্ত দেহ পাণ্ডুবর্ণ, দীর্ঘ, শুভ্রদন্তযুক্ত, অল্পলোমশালী, অল্পভোজী, বহু-মদবারি সিঞ্চনকারী। (২) পুণ্ডরীক-কোমল-দেহ, তীক্ষ্ণ দন্ত, পদ্মগন্ধ-যুক্ত, মদবারি, জলপানে অত্যধিক ইচ্ছাযুক্ত, পরিশ্রমে অকাতর। (৩) বামন-কর্কশ-দেহ, খর্ব, অধিক জলপানে বিরত, লোমশ, পুচ্ছ ও কর্ণ হ্রস্ব। (৪) কুমুদ-দীর্ঘদেহ, কুদন্ত, স্থূলগণ্ড, মলপূর্ণ দেহ, অতিশয় কোপন-স্বভাব, অন্য হস্তী দেখিলেই তাকে আক্রমণ করিতে উদ্যত। (৫) পুষ্পদন্ত-অনূপদেশ-জাত, শীঘ্রগামী, হ্রস্বপুচ্ছ। (৬) সার্ব্বভৌম-মরুপ্রদেশে বিচরণকারী, দীর্ঘকায়, কর্কশদেহ, যাদের মধ্যে গজমুক্তার উদ্ভব হয়, যাদের আহার পান সমধিক। (৭) সুপ্রতীক-দীর্ঘশুণ্ড, স্থূলগণ্ড, স্ত্রী-গজসমূহে অত্যধিক আসক্ত, সদা ভক্ষ্যপ্রিয়। (৮) অঞ্জন-স্নিগ্ধদেহ, শ্রম-বিমুখ, স্থূলদন্ত, জলাভিলাষী। অধু॰ পশ্চিমাঞ্চলের হস্তিচালকগণ সাধারণতঃ ইহাদিগকে পাঁচ শ্রেণীতে পৃথক্ করে, যথা,- "বেহেদর"-যে হস্তীর কাণের উপর বৃহৎ মুক্তাকৃতি শ্বেতবর্ণ আঁচীল, দীর্ঘ-কায়। ইহাদের চক্ষু বড় বড়। "মুণ্ড"-বিরাট বপু, কৃষ্ণবর্ণ, পীতবর্ণচক্ষু, প্রায়ই দুর্দ্দর্ব। "মুরগ"-শ্বেতাভ কৃষ্ণবর্ণ হস্তী। "মীঢ়" -পাংশুবর্ণ সহজে বাধ্য হস্তী। "রাজতুম" -সর্বাপেক্ষা দীর্ঘজীবী ও শান্তপ্রকৃতি হস্তী]। ~কর্ণ-বি, হাতির কান। ২ এরণ্ড বৃক্ষ। ৩ উপদেবতাবিঃ। ~দন্ত-হাতীর দাঁত ivory. ২ নাগদন্ত; গৃহসামগ্রী রাখিবার জন্য দেয়ালে পোঁতা খোঁটা বা গোঁজ। ৩মূলক। ~দন্তখচিত-বিণ, হাতীর দাঁত জড়িত। ~নখ-বি, পুরদ্বারস্থিত মৃন্ময় স্তূপ; বুরুজ। "কৃতান্তের দ্বারসম চারি পুরীদ্বার। হস্তিনখে সুশোভিত তার দুইধার।"-রঙ্গলাল (কাঞ্চী॰)। ~প, পক-দ্রঃ। ~পর্ণিকা [বৈদ্যকে] বি, রাজকোষাতকী। ~পর্ণী [বৈদ্যকে] বি, মোরটালতা; লতাকড়ার। ~বাহ-বি, হস্তিচালন দণ্ড; ডাঙ্গশ। ~মদ-বি, হস্তী মত্ত হইলে তার গণ্ডদ্বয়, চক্ষুর্দ্বয়, শিশ্ন ও গুহ্য রন্ধ্র হতে যে উৎকট গন্ধযুক্ত জল ক্ষরিত হয়। ~মল্ল-বি, রণহস্তী; ঐরাবত হস্তী। ২ মহামল্ল। ৩ ভগ্ন স্তূপ। ৪ ধূলিবর্ষণ। ~মূর্খ-বিণ, মহামূর্খ; অতিশয় নির্বোধ। ~শালা-বি, বারি; হাথিশাল। ~শিক্ষা-বি, হস্তিপালন, পরিচালন ও তার শুভাশুভ লক্ষণ সংক্রান্ত বিদ্যা। ~শুণ্ডা-বি, হাতি শুঁড়ার গাছ। ২ হাতীর শুঁড়। ~হস্ত-বি, হাতীর শুঁড়। "হস্তিহস্ত হেতে যোঁক ধরে নাভিস্থলে।"-শি॰।

হস্তোদক [হস্ত+উদক্] বি, করতলস্থ জল। ৩ হাতের জল।

হস্ত্য [হস্ত+য (কৃত অর্থে)] বিণ, হস্ত দ্বারা কৃত; হস্তনির্ম্মিত।

হস্ত্যশ্ব [হস্তী+অশ্ব] বি, হস্তী এবং অশ্ব; হাথি ঘোড়া।

হস্ত্যাজীব [হস্তী+আজীব] বি, হস্তি-জীবী; হস্তিব্যবসায়ী।

হস্ত্যধ্যক্ষ [হস্তী+অধ্যক্ষ] বি, হস্তী-শালার তত্ত্বাবধায়ক; গজাধ্যক্ষ।

হস্ত্যায়ুর্বেদ [হস্তী+আয়ুর্বেদ] বি, হস্তি চিকিৎসা শাস্ত্র।

হস্ত্যারোহ [হস্তিন্ (হাতী)-আ-রুহ্ (আরোহণ করা)+অ (র্ত্তৃ)] বি, হস্তিপৃষ্ঠে আরূঢ় ব্যক্তি। ২ মাহুত। বিণ, ~ী-হস্তি-পৃষ্ঠে আরোহণকারী।

হা, [হা (ত্যাগ করা)+অ (ভা॰)] অ, যন্ত্রণাসূচক; শোকসূচক। ২ আনন্দসূচক। ৩ বিষাদসূচক অব্যয়; হায়। ৪ নিন্দাসূচক।

হা-জঁল যো-জঁল-জলের জন্ত ব্যাকুল প্রার্থনা। "যাহাদের জল নহিলে অচল, তাহাদের সুবিধামত জল বিতরণের ব্যবস্থা করিলে * * * বাসিন্দাদিগকে আর চাতকের ব্রত গ্রহণ করিয়া হা জল ! যো জল ! করিতে হয় না।"-বাঙ্গালী (২৬ বৈশাখ, ১৩২৩)। হা-মা-কা [বিক্রপার্থে। "হাতে মাথা কাটা"র সংক্ষেপ] অ, যথেচ্ছ অত্যাচার। ২ হাহাকার। হা-যো-অ, কাতরোক্তি ; ব্যাকুল প্রার্থনা ; কাকুতি মিনতি। হা-হঁতোঽস্মি (-তোশ্‌শিঁ) [সং। হা-হতঃ+অস্মি] অ, হায় মরিলাম ; হাহুতাশ। "ইঁহারা * * * ব্যাকরণের অবমাননায় ম্রিয়মাণ হয়েন, মাতাপিতৃ-ভক্তির পরিবর্ত্তে পিতৃমাতৃভক্তির প্রয়োগ দেখিলে হা হতোঽস্মি করিয়া থাকেন।" -বাঙ্গলা রচনা, সা০ প০ প০ ১৩০১। স্ত্রীং হা-হতাস্মি। ~হঁস্ত-হস্ত দ্রঃ। ~হুতাস, ~হুতোস [হা-হতোঽস্মি >। প্রা০ হাহুতাস (-তোস)] বি, খেদে হায় হায় করণ ; প্রাণভয়ে আক্ষেপ। হুতাশ দ্রঃ। ~হা-হাস্তধ্বনি ; অট্টহাস্ত। হাহা দ্রঃ।

হা₂-হাই তুলিবার শব্দ ; মুখ দিয়া জোরে শ্বাস পতন শব্দ। হা দেওয়া-ক্রি, গানাদির অবসানে সমে আনিয়া বা তাল বিরামে যে স্থান হতে তাল গ্রহণ হইয়াছে সেই স্থানে ওজন মত 'হা' এই শব্দ করা। ২ হা হা করিয়া মুখমারুত ও মুখের বাষ্প প্রয়োগ করা। চূণে জিহ্বা বা গাল পুড়িয়া গেলে তেলের উপর হা দিতে হয়, তাতে চূণ মুখের বাষ্পের সঙ্গে বাহির হইয়া তেলের উপর আসিয়া পড়ে। কাচের উপর হা দিলে মুখের বাষ্প লাগিয়া কাচ ঘোলা পড়ে। সেই বাষ্প না শুকাইলে বা না মুছিলে স্বচ্ছ হয় না।

হাঅই, হাওই, হাওয়াই-বি, হাউই দ্রঃ।

হাই₁ [সং-আকাঙ্ক্ষা > বাং প্রা০ আহিংকে > খাঁই বা ফা০খোআহ্‌ (বাসনা) > খাই > খাঁই > হাই] বি, ইচ্ছা ; বাসনা। ২ আকাঙ্ক্ষা ; প্রাপ্তির আশা demand.

হাই₂ [সং-হাক্কিকা, হর্ম্ম ইং yawn] বি, আলস্ত বা তন্দ্রাবেশজনিত মুখব্যাদান ; জৃম্ভণ। "হাসি হাসি হাই ছাড়ে"-অ০ ম০। "চৌদ্দজুগ রই পরভু তুলিলেন হাই।"-শূ০ পু০। ~তোলা-জৃম্ভণ করা ; মুখব্যাদান করিয়া আলস্ত ত্যাগ করা।

হাইআমলা, হা আমলাতি [সং হস্তামলক শব্দজ অথবা হাই (জৃম্ভণ) আমলাতি (আমলকী মেথি আদি)] বি, "বর" বশীকরণের উদ্দেশ্তে ব্যবহৃত পিষ্ট আমলকী মেথি প্রভৃতি কয়েকটী দ্রব্য। বিবাহে হাইআমলা বাটিয়া পানের সহিত বরের গায়ে স্পর্শ করাইলে হস্তামলকের মত বর বধূর করায়ত্ত হয় অথবা যার প্রয়োগে বধূ হাই তুলিলে বর তাহা ধরিবে অর্থাৎ সর্ব্বদা কাছে কাছে থাকিবে এই বিশ্বাসজনিত তুক। "সাধুর কপালে যবে দিব পুনর্ব্বসু। আনিল পাকড়ি ডাল হাইআমলাতি"-কবিক০।

হাইকোর্ট [ইং Highcourt এর লিপ্যন্তর] বি, উচ্চ আদালত ; চরম বিচারালয়।

হাইড্রোজেন [ইং hydrogen এর লিপ্যন্তর] বি, জলজান ; উদজান ; আর্দ্রজন।

হাইদর [হায়দর দ্রঃ। কবি কাজী ন০ হোসেন ব্যবহৃত] বি, সিংহ।

হাইফেন [ইং hyphen এর লিপ্যন্তর] বি, ক্ষুদ্রতম যোজক চিহ্ন (-)। বর্ণ বা শব্দাংশ বা শব্দযোগ চিহ্ন। এইরূপ সংযোগ মধ্যে ক্ষণিক বিরাম বোধক চিহ্ন।

হাইবাস₁ [সং-সহবাস >। স=হ। প্রা০ বাং] বি, সহবাস। "তার হাইবাসে রব তোমারে পাসরি"-গোবিন্দ০ গীত (শিব০)।

হাইবাস₂ [আ০ হবাস (অভিলাষ yearning) > হব্যাস (বাং প্রাদে০) >] বি, আবেশ ; বাসনা। "আমার হাইবাসে প্রভু বুক্ষে কোল দিলে॥"-রামা০, ঘনশ্যাম০ (ব০ সা০ পরিচয়)।

হাইবাস₃ [হা হুতাশ > ?] বিয়োগ-দুঃখ ; শোক। "আপনি মরিল রাজা রামের হাইবাসে"-বঙ্গসাহিত্য-পরিচয়, পৃ০ ১৩৫৩।

হাইম [প্রাদে০। হা (দ্রঃ) বা হাই বা হায় >] বি, দীর্ঘনিশ্বাস। "হা০ ফেলিয়া চাহিয়া থাকে ঠাকুর বাড়ীর পানে।"-মৈ০ গী০।

হাইর [হারি শব্দের পূ০ বঙ্গীয় উচ্চারণ] বি, হার ; পরাভব ; পরাজয়।

হাইল₁ [হাল দ্রঃ] বি, নৌকাপরিচালন দণ্ড ; নৌকার কর্ণ।

হাইল₂ [প্রাদে০] বিণ, ভরপুর ; ভরা। "পুষ্প গন্ধেতে হাইল।"-মৈ০ গী০।

হাইস [ফা০ খোয়াহিশ্‌ > ফে০খাহিশ >] বি, আশা ; বাসনা ; সখ। "হাতী আনি তার না পুরিল হা০"-পূ০ব০ গী০। "হা০ করি তোলাইছে বৌঝী রাজগঞ্জের কাছারী"-ঐ।

হাউ(উঁ) [বৌ০ বাং প্রাকৃ০। সং-ভূ (হওয়া) > ভবহিঁ > হি০ ভও > ভাও >] ক্রি, হও। "হাউ কপালী"-চ০ ১০।৬।

হাউই [ফা০হবা। > হি০ হবাই (যা শূন্যে যায়)। রূপান্তরে -হাঅই, হাওই, হাওয়াই] বি, আকাশগামী আতসবাজিবিঃ। "চরখি হইয়া চলে কেহো সাথে সাথে। হা০ হইয়া অন্ত ধায় শূন্যপথে॥"-শি০।

হাউচাউ [হি০। প্রা০ হৈ চৈ অপেক্ষা উচ্চশব্দে] বি, হট্টগোল ; কোন বিষয় প্রকাশ করণোদ্দেশে গণ্ডগোল।

হাউড়বাউড় [আউল > হাউড়, বাউল > বাউড়] বি, আউলিয়া বাউলিয়া ; ক্ষেপা-পাগলা। "কেহ বলে কালা বুড়া কেহ বলে বোবা। কেহ বলে হা০, কেহ বলে হাবা॥"-শি০।

হাউড়ী [শাশুড়ী > প্রাদে০ দ্রং। শ=হ] বি, শাশুড়ী। "পাড়ে কান্দে হা০ নাও অর্দ্ধেক হইল তল।"-পূ০ ব০ গী০।

হাউড়ে [প্রাদে০। আ + উলিয়া (উড়িয়া) >] বি, যে হাউ হাউ করিয়া পেটের কথা ব্যক্ত করে।

হাউমাউ [অনু০] বি, বহুজনের এক-সঙ্গে ক্রন্দনের উচ্চরোল। হাউমাউখাঁউ, হাঁউ মাউ খাঁউ [হাউ (আমি ; হাউ₁ দ্রঃ) + মাউ (মানুষ > মাঁউষ >) + খাঁউ বা খাউ (খাব, খাইবাম > খাম > খামু >)] গল্পের রাক্ষসীর উক্তি। 'আউমাউখাউ' অর্থাৎ

"আমি মানুষ খাই বা খাইব" এই উক্তির সংক্ষেপ (তুল-"fy fo fi fum I smell the blood of an Englishman").

হাউলী [হিং হবেলী >] বি, কোঠা বাড়ী; বড় পাকা বাড়ী; প্রাসাদ। "তাহার হাউলীতে নিয়া করিও হাজির" -মৈং গীং।

হাউলে-হাউলে [হিং হোলে (হাল্‌কাভাবে)] ক্রি-বিণ, আস্তে আস্তে; হালকা-হালকা; লঘুলঘু।

হাউস১ [হাবাশ দ্রঃ। কুচবিহার প্রাদেং] বি, সুখ। প্র-হাং মিটিয়া যায়।

হাউস২ [ইং house এর লিপ্যন্তর] বি, হৌস দ্রঃ।

হাউহাউ [অনুং] বি, হা-হা করিয়া উচ্চরবে প্রচুর ক্রন্দন। ২ অনুকার শব্দ।

হাওদা [আং] বি, হস্তিপৃষ্ঠে বসিবার চৌকি; বরণ্ডক। ২ [লক্ষং, গ্রাং] বিস্তৃত পরিসর বস্তু। ৩ [বিদ্রূপে। গ্রাং] অতি স্থূলোদর ব্যক্তি।

হাওয়া [ফাং হাবা] বি, বায়ু; বাতাস। "তাহার চরণ-রেণু তাঁহার হাওয়ায়। মরণ মরিয়া যায় কহে দেবতায়॥"-ফুলরেণু। ২ ছুত; স্পর্শ। ৩ শিক্ষা, সংস্কার, ভাব ও কল্পনা সম্বন্ধীয় অবস্থা atmosphere. প্র-পাশ্চাত্য শিক্ষার গুণে এখানকার হাওয়া বদল হইয়া গিয়াছে। ৪ জল বায়ু climate. ~**করা**-ক্রি, বাতাস করা। **হাওয়া খাওয়া**-ক্রি, বায়ু সেবন করা। ~**খুরি**, ~**খোরি**-বি, বায়ুসেবন। **হাওয়া খোলা**-ক্রি, মুক্তস্থান পাইয়া হাওয়া চলাচল হওয়া। **হাওয়া চলা**, -**ইওয়া**-ক্রি, বায়ু বহা। ~**দার**-বিণ, বায়ু চলাচলের উপযোগী; চতুর্দ্দিক মুক্ত। ~**বদিল**-বি, বায়ু পরিবর্ত্তন। > ক্রি, হাং বদলানি-বায়ু পরিবর্ত্তনের জন্য স্থানান্তরে যাওয়া (স্বাস্থ্যোন্নতি হেতু)।

হাওয়াল, **হাওয়ালে** [আং হাবালাহ্ (রক্ষণ custody)] বি, তত্ত্বাবধান অধিকার; খবরদারি। ২ জিম্মা। "মহাল হাওয়ালে হয়"-অং মং। ৩ চির বন্দোবস্ত জমী। **হাওয়ালা করা**-ক্রি, জিম্মায় রাখা। ২ সমঝ দেখান।

হাওর [প্রাদেং] বি, বিস্তীর্ণ মাঠ। 'এক না হাওরে বট গাছের তলাতে"-মৈং গীং। "সাধু চলিল হাওরে"-পূং বং গীং। ২ বন্যার জল জমিয়া সৃষ্ট বিল। "সুয়ামি গেছে নল কাটিতে দূরের না হাওরে।"-পূং বং গীং।

হাওলাজমী [জমীং] বি, ১৭৮৭-৮ অব্দের পূর্ব্বে প্রচলিত আইনে বিলি করা নিষ্কর ভূমি যার খাজনার পরিবর্ত্তে গবর্ণমেন্টের প্রয়োজনকালে জমীদার সাহায্য করিতে বাধ্য হইতেন।

হাওলাৎ,-**ত** [আং হাবালাৎ] বি, হ্যাস। ২ জিম্মা। ৩ ঋণ। ৪ বিনা খতে কর্জ্জ। > বিণ, **হাওলাতী**-ন্যাসস্বরূপ রক্ষিত, ধার-করা। **হাং করা**-জিম্মায় রাখা।

হাওলে [আং হওল্ (প্রতারণা, ভীতি) + হিং ইয়া=এ (ক্ষেং)] বিণ, ভয়ানক; ভয়াল। ২ প্রবঞ্চক; পরস্বাপহারী; শঠ। 'তিন সন কাগজ বুঝহ কালে কালে। পাত্র হল ইন্দ্রজাল কোটাল হাওলে॥"-ধং।

হাঁ১ [সং-হর্ম্ম (হাই) > হা, হাঁ] বি, মুখ-ব্যাদান। প্র-হাঁ কর দেখি। ২ অ, স্বীকারোক্তি। প্র-হাঁ আমিই যাইব। ৩ স্মরণার্থে; এই অর্থে প্রায় হাঁ হাঁ। প্র-হাঁ হাঁ মনে পড়েছে। ৪ নিবারণার্থে। এই অর্থে দ্বিত্ব। প্র-হাঁ হাঁ কর কি। ৫ ডাকের সাড়া দিবার শব্দ; আহ্বান বা সম্বোধনের উত্তরার্থে। ৬ অবধারণে; সন্দেহমোচনে; নিশ্চয়ে। প্র-হাঁ তাহারই এ কাজ। ৭ আত্মপ্রসাদলাভে; সন্তোষ বা তৃপ্তি অর্থে। প্র-হাঁ এইবার ঠিক হইয়াছে। **হাঁ করা**-ক্রি, মুখ খোলা; মুখ ব্যাদান করা। ২ [প্রায়ই হাঁ-করা] বিণ, হাঁদা; হাব্‌লা; ঢিলেঢালা; অসতর্ক; স্থূল-বুদ্ধি; বোকা। "কোন কোন ছেলে হাঁ-করা হয় এবং তাহাদিগকে হাজার শিখাইলেও তাহারা কিছুই শিখিতে পারে না।"-প্রবাসী, কার্ত্তিক, ১৩৩২। **হাঁ-গা** [অতি পরিচয়ে] অ, কথা বলিবার পূর্ব্বে সম্বোধন

হাঁ-গো-অ, প্রশ্নের উত্তরে জোরের বা বিরক্তির সহিত স্বীকারোক্তি। প্র-হাঁ-গো, কতবার করে বলব। **হাঁ না**-অ, সম্মতি অসম্মতি; মতামত; বাক্যমাত্র। প্র-সে। না কিছু বলে না। ~**হাঁ**-হাং দ্রঃ।

হাঁইফাঁই [সং-শ্বাস-প্রশ্বাস > ব্রং হাস্‌ফাস্ (পরে চন্দ্রবিন্দু যোগ) >] বি, অতিরিক্ত ভোজনজনিত শ্বাসপ্রশ্বাসে কষ্ট; হাঁসফাঁস (দ্রঃ)। "অন্তকালে মরে যবে করে হাঁই ফাঁই। সবাকারে দেখি মাত্র নারায়ণ নাই॥" -শিং। ২ অতিশয় শ্রমজনিত হাঁপানি। "কর্ম্ম করি কামিলা করিল হাঁইফাঁই।"-শিং।

হাঁইহাঁই [অনুং। অতি ক্ষুধার্ত্তের গলাধঃকরণ শব্দে। হাম্‌হাম্ > হাঁইহাঁই। তুল-হালুম হালুম] অ, কি খাই কি খাই ভাব; খাইবার প্রবল ইচ্ছা; বুভুক্ষা প্রকাশক। প্র-তার খাবার লোভ আর মেটে না, সবদা খালি হাঁই হাঁই করে বেড়াচ্ছে। ২ প্রবল অর্থলোভ প্রকাশক।

হাঁউ১ [সং-অহম্ > অহ্ম, আহ্ম > হম্ম > হিং, প্রাং বাং প্রাকৃং হম, হাম, হামি; বৌং বাং প্রাকৃং হাঁউ] স, আমি। "এতকাল হাঁউ অচ্ছিলেঁ স্বমোহেঁ। এবে মই বুঝিল সদ্‌গুরু বোহেঁ॥"-বৌং গান ও দোং।

হাঁউ২ [ভূ (হওয়া) >, হওয়া দ্রঃ] ক্রি, হই। "হাঁউ সুতেলি" (=আমি হই সুপ্ত) -চং ১৮।১।

হাঁক [সং-হে (আহ্বানে), সং-হুঙ্কার > হাঁকার > হাঁক (ক্ষেং)। মূলে শব্দাত্মক। প্রাং বাং-হাক ("হাঁক পড়য় চৌদীস"-বৌং গান)] বি, দীর্ঘ চীৎকার; হৈ হৈ শব্দ; হাঁক ডাক। "হাঁকে হাঁকে ঝাঁকে ঝাঁকে ডাকে ডাকে জাগে"-অং মং। ২ উচ্চৈঃস্বরে আহ্বান, ডাক। ~-**ডাক**-দীর্ঘ স্বরে সাড়া শব্দ; শোরসরাবৎ; হৈ চৈ। **হাঁক দেওয়া**-ক্রি, হো বা হৈ শব্দে সাড়া বা ডাক দেওয়া। ২ চৌকি দেওয়া। প্র-চৌকিদার হাঁক দিচ্ছে। **হাঁক পাড়া**-ক্রি, উচ্চৈঃস্বরে ডাকা। ~**পাড়াপাড়ি**-বি, ক্রমাগত হাঁক পাড়া। **হেঁকে যাওয়া**-ক্রি, সজাগ করিবার জন্য ডাক দিয়া যাওয়া।

হাঁকড়ানি [সং-হুঙ্কার > হিং হঁকারনা হঁকড়না >। হাঁকড়াই, -ড়াও, -ড়ায়; হাঁকড়াইতে; হাঁকড়াইয়া (ক্ষেং হাঁকড়ে)]

ক্রি, চালনে। প্র-চার ঘোড়ার গাড়ী হাঁকড়ে চলেছে। ২ নির্ম্মাণ করান; লোকচক্ষে খাড়া করিয়া তুলা। প্র-তেতলা বাড়ী হাঁকড়ে বসেছে। ৩ লাগানো; মারা। প্র-চাবুক হাঁ°।

হাঁকন [হাঁকা দ্রঃ] বি, হৈ হৈ শব্দে চীৎকার করণ; উচ্চৈঃস্বরে ডাকন।

হাঁকপাঁক-অ, হাঁকুপাঁকু দ্রঃ।

হাঁকা [সং-হুঙ্কার >। হিং হাঁক্‌না। হাঁক (দ্রঃ)+আ (ক্রিয়ায়)। হাঁকি, হাঁক (হাঁকেন্‌, হাঁকিস), হাঁকে (হাঁকেন); হাঁকিতে; হাঁকিয়া (কো° হেঁকে)। ণিজন্ত-হাঁকান] ক্রি, হাঁক দেওয়া; উচ্চৈঃস্বরে ডাক দেওয়া। ২ চীৎকার করা; হৈ হৈ শব্দ করা। ৩ তাড়না করা। ৪ চালান। "দারুক সারথি রথ হাঁকে কুতূহলে"-শি°।

হাঁকানি [হিং হঁকানা। হাঁকা দ্রঃ। হাঁকাই, হাঁকাও (হাঁকান্‌, হাঁকাস), হাঁকায় (হাকান); হাঁকাইতে; হাঁকাইয়া, হাঁকাইয়ে (কো° হাঁকিয়ে)] ক্রি, প্রেরণ করা; চালান। প্র-গাড়ি হাঁকান। ২ চালান; পরিচালনা করা। "কলম হাঁকিয়ে ফেরা"-রবী°। ৩ হুঙ্কার শব্দে তাড়না। প্র-লোকগুলাকে এখান হতে হাঁকাইয়া দাও। ৪ হাঁক দিয়া; ডাকিয়া।

হাঁকার [হুঙ্কার >] বি, হুঙ্কার। ২ উচ্চৈঃস্বরে ডাকা। "কোটাল কোটাল বলি দিলেক হাঁকার।"-ধ° ম° (রামনারায়ণ)। ক্রি, **হাঁকারা** [নামধাতু। হাঁকারি, হাঁকার, হাঁকারে; হাঁকারিতে; হাঁকারিয়া (কো° প্রা° হাকরে)] হুঙ্কার করা। ২ চীৎকার করিয়া ডাক পাড়া; ডাক পাড়াপাড়ি করা; উচ্চৈঃস্বরে আহ্বান করা। "দানা হাঁকারিয়া যত আনিল ছাগল।"-কবিক°।

হাঁকাহাঁকি [হাঁক+আ (ব্যাপ্ত্যর্থে) হাঁক+ই (ভা°)] বি, ডাকাডাকি; ডাক পাড়াপাড়ি। "অনেক সময় খরিদ্দারে হাঁকাহাঁকি করিলে তবে চমক ভাঙ্গিত"-ভারতী, ১৩২১।

হাঁকুপাঁকু [সাঁওতালী ভাষায়-"হাকো পাকো" >। মূলে-আকুল ব্যাকুল? আঁকুবাঁকু দ্রঃ] বি, অতিশয় ব্যস্ত; আকুলতা ও উদ্বেগজনিত অস্থিরতা। "সন্তরণ অপটু লোকেরও জীবন রক্ষা হইতে পারে। হাঁকুপাঁকু না করিয়া স্থির থাকিতে পারিলেও অপেক্ষাকৃত অধিকক্ষণ জীবন রক্ষা হয়"-ভৌতিক তত্ত্ব।

হাঁচন [সং-হঞ্চি >] বি, ক্ষুৎকরণ; হাঁ

হাঁচা [সং-হঞ্চি (ক্ষুৎ)। তুল-সং-ছিক্কা > হিং ছিঁক (হাঁচির শব্দ >)। মূলে অনু°। হাঁচি, হাঁচ (হাঁচেন, হাঁচিস), হাঁচে (হাঁচেন); হাঁচিতে; হাঁচিয়া > (কো° হেঁচে)। ণিজন্ত-**হাঁচানি**-হাঁচাইয়া দেওয়া] ক্রি, ক্ষুৎ করা। "চতুর কুমার ভাবে জীব বাক্যে মান যাবে হাঁচিলেন নাকে কাঠি দিয়া।"-ভারত°। ২ অতিশয় শ্রমসাধ্য কাজ লইয়া হাঁসফাঁস করা।

হাঁচিয়ে দেওয়া-ক্রি, ক্ষুৎকরণে বাধ্য করা। প্র-নাকে নস্য দিয়া তাহাকে হাঁচাইয়া দাও, খানিকটা সর্দ্দী বাহির হইয়া যাইবে।

হেঁচে যাওয়া-ক্রি, ভারি জিনিস তুলিয়া বা নাড়ানাড়ি করিয়া ক্লান্ত হইয়া পড়া।

হাঁচি [সং-হঞ্চি >] বি, ক্ষুৎ। হাঁচা দ্রঃ। "নেতে খেতে যেতে পড়বে টিকটিকি আর হাঁচি"-দ্বি° রায়।

হাঁচুটী, হেঁচেতা [সং-ছিক্কিকা >] হাঁচিকারক বা ছিক্কনী ক্ষুপবিঃ; ছিক্কনী।

হাঁটন, হাঁটনা, হাঁটুনি [প্রা° পরিহাসার্থে-হণ্টন। হাঁটা দ্রঃ] বি, পদব্রজে গমন; চলন। "যে যারে দেখতে নারে সে তারে হাঁটনায় খোঁড়ে"-নবীন তপস্বিনী।

হাঁটা [হিং হাঁট্‌না। সং-হিন্‌ড় বা হেড (গমনে) ধাতুজ। হাঁটি, হাঁট (হাঁটেন, হাঁটিস), হাঁটে (হাঁটেন); হাঁটিতে (কো° হাঁটতে); হাঁটিয়া (কো° হেঁটে)। ণিজন্ত-হাঁটান] ক্রি, পদব্রজে গমন করা; পায়ে চলা। ২ বিণ, পদব্রজে গমনাগমনের উপযোগী। প্র-তারা হাঁটা পথ দিয়া গিয়াছে। **~হাঁটি**-অ, পদব্রজে ক্রমাগত গমনাগমন। ২ তাগাদার জন্য উপর্য্যুপরি আসা যাওয়া।

হাঁটানে-বেটা [প্রাদে°। ২৪পরগণা, বসিরহাট মহকুমা ও খুলনা জেলাদিতে মু° কথ্য] বি, মুসলমান সম্প্রদায় মধ্যে স্ত্রীর প্রথমপক্ষের সন্তান; হাতুয়া বেটা (দ্রঃ) Step-son to a step-father.

হাঁটু, হাঁঠু [সং-অষ্ঠি > আঁটু দ্রঃ] বি, জানুঅস্থি; জানু; আঁটু। "হাঁটু পাড়ে হুক লাগে হাঁ করিয়া রয়।"-শি°। "লক্ষে লক্ষ যোজন যে জল যায় ফেন্দে। শক্তি খাট হলে হাঁটু ধরে উঠে কান্দে॥"-ঐ। **~গাড়া, ~পাড়া, ~পাতা**-জানুর উপর ভর দিয়া থাকা। "আবার চলিতে চলিতে তাঁর জুতার ফিতা খুলিয়া গেল, বীরপুরুষ হাঁটু গাড়িয়া বসিয়া সেই ফিতাটি সযত্নে বাঁধিয়াছিলেন।"-দ্বিজাতভ্রমণ (ডাঃ মল্লিক)। **~জল**-হাঁটু পর্য্যন্ত ডুবজল। **হরেদরে হাঁটুজল**-জলের হ্রাস বৃদ্ধিতে হাঁটু পর্য্যন্তই জল থাকার ভাব। **হেঁটে যাওয়া**-ক্রি, পায়ে চলিয়া যাওয়া।

হাঁট্‌কানি [সং-উদ্‌ঘাটন >। হিং উঠকানা] বি, দ্রব্যাদি উদ্‌ঘাটন করিয়া দেখা; নাড়ানাড়ি, করিয়া এবং তুলিয়া তুলিয়া অনুসন্ধান করা; ওটকান দ্রঃ।

হাঁড়ল [হাঁড়িয়া দ্রঃ। সাদৃশ্যে ল যোগ] বি, বিস্তৃত পরিসর গহ্বর; বৃহৎ গর্ত্ত। ২ [প্রাদে°] বৃহৎ জন্তুবিঃ।

হাঁড়া [সং-হণ্ডিকা। হিং হাণ্ডা >] বি, হাঁড়ী অপেক্ষা বৃহৎ মৃৎপাত্রবিঃ। ২ ধাতুনির্ম্মিত বৃহদাকার এবং স্থূলোদর কলস।

হাঁড়ি, হাঁড়ী [সং-হণ্ডী শব্দজ] বি, অন্নাদি পাকপাত্রবিঃ। ইহা সাধা° মৃত্তিকানির্ম্মিত হয়। পাকের দ্রব্য ও আধেয় ভেদে হাঁড়ির আকৃতি ও নাম ভিন্ন ভিন্ন। যথা-ভাতের হাঁড়ী, তিজেল বা পাতিল, তোলো হাঁড়ী, সখের তিজেল, মুঙ্গলি হাঁড়ী, দয়ের হাঁড়ী ই°। "খুলি হাঁড়ি ঢাকনি বাহির করয়ে কণী তুলিয়া লইল এক গলে।"-চণ্ডি°। **~কুঁড়ী**-বি, হাঁড়ী কলসী ই°। "কুম্ভকার গুজরাটে হাঁড়িকুঁড়ী গড়ে পিটে"-কবিক°। **~খাওয়া**-ক্রি, গোপনে হাঁড়ী হতে তুলিয়া খাওয়া; চুরি করিয়া খাওয়া। **~খেকো** [হাঁড়ী+খাকুআ >] বিণ, যে হাঁড়ী খায়। > স্ত্রীং **~খাকী**। **~গড়া**-ক্রি, হাঁড়ী নির্ম্মাণ করা। **~ভাঙ্গা**-ক্রি, গুপ্ত বিষয়

ব্যক্ত করা ; প্রকাশ করিয়া দেওয়া। প্র-হাটের মাঝে হাঁড়ী ভাঙ্গা। ~মঙ্গলানি [গ্রা° মোংলানো] ক্রি, বিবাহে মঙ্গলক্রিয়া বিশেষের অনুষ্ঠান করা ; ঘটমঙ্গলানো। "বোড় হয়ে জল সয়ে মঙ্গলিলা হাঁড়ী। হেনকালে হইল বরের তড়বড়ি॥"-শি°। ~মুখ-বি, বৃহৎ গোল মুখ। ২ অভিমান বা ক্রোধে অন্ধকারময় মুখ। না(ন্যা) তা-কা(ঁকে, ক্যা) তার হাঁড়ী-বি, বাজে জিনিসসঞ্চয় করিয়া রাখিবার হাঁড়ী।

হাঁড়িচাঁচা [অঙ্গ, হাঁড়ি চাঁচা ভুষার বর্ণ বলিয়া ?] বি, পক্ষিবি:। ইহাদের চঞ্চু, কণ্ঠ, পুচ্ছপ্রান্ত কাল, বাকী ধূসরবর্ণ the indian tree-pie.

হাঁড়িয়া১, হেঁড়ে [হাঁড়ি+আ (সাদৃশ্যে)] বিণ, হাঁড়ীর মত ; ফাঁদাল। ২ বৃহৎ ; প্রকাণ্ড। "ফুলরা পসরা করে নগর চাতরে। হাঁড়ীয়া চামর বেচে চারিপণ দরে॥" -কবিক°। প্র-হাঁড়িয়া তাল। ৩ বি, গাড়ীর চাকার নাভী।

হাঁড়িয়া২ [সাঁওতালী শব্দ] বি, চাউল হতে প্রস্তুত মদ্য। ইহা বাংলায় "পাঁচুই" এর মত মদ্য ; মহুয়া চোয়ান মদ বা হাঁড়িয়ার নাম 'পরুয়া'। পরুয়া অপেক্ষা উত্তম মদ 'রসি'। সাঁওতালী-মদ্য ভেদের নাম 'ফুলি'।

হাঁড়ুড়ুডু-হাডুডুডু দ্র:।

হাঁড়ু(ড়ু)লে [গ্রা°। সং-হিণ্ডন (ভ্রমণ) >] ক্রি-বিণ, বেড়াইয়া। হাঁড়ুলে হাঁড়ুলে-বেড়াইয়া বেড়াইয়া।

হাঁতা [সং-হন্তা >] বি, হন্তা ; মারক ; ঘাতক। ২ সাজ্যাতিক বিঘ্নকারী ; বিষম প্রতিবন্ধক। ৩ [সজ্ঘাত > ঘাঁত > হাঁত +আ] মর্ম্মান্তিক আঘাত। "তবে আমি শুধু এক ধুতি গামছার অনুরোধে বসিয়া প্রাণটার উপর হাঁতা দিই কেন বলুন।"-পাঁচু ঠাকুর (ইন্দ্রনাথ বন্দ্যো°)।

হাঁদা [হিং-ভাদ্দা] বি, স্থূলোদর ; ভোঁদা। ২ স্থূলবুদ্ধি ; বোকা। ৩ হাবলা। ~রাম -বি(ণ), হাঁদার প্রধান। প্র-হাঁদারাম দাদা। ~পেটা-বিণ, পেটমোটা ; জালাপেটা। স্ত্রীং হাঁদী।

হাঁদু-হিঁদু দ্র:।

হাঁ-না-হুঁ দ্র:।

হাঁপ, হাঁফ [রুদ্ধপ্রায় শ্বাস ত্যাগের শব্দ হতে। হাঁইফাঁই দ্র:] বি, শ্বাস ত্যাগ ; শ্রম জন্য দীর্ঘনিঃশ্বাস। ২ শ্বাসবেগ। ~ছাড়া-ক্রি, সরলভাবে শ্বাস ত্যাগ করা। ২ রুদ্ধশ্বাস ত্যাগ করিয়া হৃদয় লঘু করা। ৩ শ্বাস রোধকারী বদ্ধ স্থান হতে মুক্ত বায়ুতে উন্মুক্ত স্থানে আসা। ৪ অবকাশ লওয়া। ~টান-বি, হাঁপের টান ; দীর্ঘ শ্বাসবেগ। ~ধরা-ক্রি, কষ্টে শ্বাসের রোগ আক্রমণ করা। ~ফেলা-ক্রি, হাঁফছাড়া। "কাহারও মুহূর্ত্তের হাঁফ ফেলিবার ফুরসৎ নাই"-ভারতী, ৩৬ বর্ষ।

হাঁপা(ফা)ই-হাঁপা(ফা)ই করা [হাঁপান দ্র:] ক্রি, শ্বাস রুদ্ধপ্রায় হওয়া ; দম আট্‌কাইয়া প্রাণ যায় যায় হওয়ার অবস্থা হওয়া ; শ্বাস প্রশ্বাসের জন্য অস্থির হওয়া। "নিত্যাই যদি কার্য্য না পাই। প্রাণটা করে হাঁফাই হাঁফাই॥" -দ্বি° রায়।

হাঁপানি [হাঁপ দ্র:। হাঁপাই, হাঁপাও, হাঁপায় ; হাঁপাইতে (কো° হাঁপাতে) ; হাঁপাইয়া (কো° হাঁপিয়ে)] ক্রি, রুদ্ধপ্রায় শ্বাসজনিত ক্লেশ হওয়া ; দম বদ্ধপ্রায় হওয়া ; দম বদ্ধপ্রায় হওয়া ; কষ্টে শ্বাস প্রশ্বাস হতে থাকা ; ধুঁকিতে থাকা। ২ অতি ব্যগ্র হওয়া। হাঁপানি [হাঁপ দ্র:] বি, শ্বাসকষ্ট জনক রোগবি: asthma. হাঁপানি কাস, ~কাসি-বি, শ্বাসকাস।

হাঁপাহাপি [গ্রা°। হাঁপান দ্র:] বি, অতিশয় ব্যগ্রভাব ; উৎকট অস্থিরতা।

হাঁফাল [সং-উৎফাল] বি,লম্ফ ; লাফ। "মারিছে হাঁফাল"-ঘ°। "হাঙ্ হাঙ্ হাঁফালে ধরিতে যায় ঘাড়ে।"-ঐ। ২ [প্রাদে°, গ্রা°। ঝাঁপাল (ঝাঁপা দ্র:)। তুল-কোঁপাল] বয়স অপেক্ষা দেহায়তনের আধিক্য। প্র-মেয়েটা বড় হাঁফাল হয়ে উঠেছে।

হাঁম [অনু°] অ, মুখ-শব্দ ; অতি বুভুক্ষুর গ্রসন শব্দ ; আচম্বিতে ভয়প্রদর্শন শব্দ ই°।

হাঁম-হাম দ্র:।

হাঁরে, হেঁরে, হ্যাঁরে পরিচয়ে বা অবজ্ঞার্থে 'রে'] অ, রোষ, ভয়, বিষাদ, সন্দেহ সূচক প্রশ্নে বা সম্বোধনে। ২ (হাঁ) সম্মতি বা বাক্য দৃঢ়ীকরণে। তুল-আদরার্থে-'হাঁ গা (গো)'।

হাঁস [হংস দ্র:] বি, হংস ; মরাল। হাঁসের পাল-"ধর্ম্মজ্ঞানহীন, অসংযমী, আচারভ্রষ্ট,স্বেচ্ছাচার-পরায়ণ হইয়া ঘরে ঘরে হাঁসের পালের সৃষ্টি করিয়া আমরা আমাদের দারিদ্র্য দুঃখ ও শক্তিহীনতা কেবলই বৃদ্ধি করিতেছি"-সাবিত্রীতত্ত্ব (চন্দ্রনাথ বসু)।

~কল [হাঁস (আকৃতি) কল] বি, যে বক্র লৌহখণ্ডের উপর দ্বারের কপাট ঝুলান থাকে।

হাঁসপাতাল (হাস-) [ই: hospital এর উচ্চারণ বিকার] বি, রোগীদিগের চিকিৎসালয় ; রুগ্নাবাস।

হাঁসফাঁস [সং-হংস > হাঁস+শ্বাস-পতন > প্রশ্বাস > ফাঁস] বি, কষ্টশ্বাস ; হাঁইফাঁই ; রুদ্ধশ্বাস ত্যাগ জনিত শ্বাসবেগ। "হাঁ° করে দৌড়ে ষ্টেশনে গেলাম"-লীলাবতী (দীনবন্ধু°)। ক্রি, ~ান। > বি, ~ানি।

হাঁসহাঁস [গ্রা°। অনু°] বি, অন্নাদি অতি দ্রুতবেগে এবং রুদ্ধশ্বাসে গলাধঃকরণ শব্দ। প্র-হাঁ° করে কতকগুলা খেয়ে ফেলা।

হাঁসা১ [হাঁস (হংস) + আ (তদ্বর্ণযুক্তার্থে)] বিণ, হংসবর্ণ ; শ্বেত ; ধবল। "হাঁসা ঘোড়া খাসা জোড়া সুজিন কুপ্পর।"-কবিক°।

হাঁসা২ [হাস্য > হাস+আ। হাঁসি, হাঁস (হাঁসেন, হাঁসিস), হাঁসে (হাঁসেন) ; হাঁসিতে (কো° হাঁসতে) ; হাঁসিয়া, (কো° হেঁসে) ই°। হাসা দ্র:] ক্রি, হাস্য করা। ২ [হস্ (বিকসিতীকরণে)] বিকসিত করা। ৩ কাটিয়া বাহির করা।

হাঁসানি [হস্(বিকসিতীকরণে)। হাঁসাই, হাঁসাও, হাঁসায়; হাঁসাইতে (কো° হাঁসাতে); হাঁসাইয়া (কো° হাঁসায়ে, হাঁসিয়ে) ই°] ক্রি, বিকাশ করা। ২ কাটিয়া বাহির করা। প্র-সে তাহার পেট হাঁসাইয়া দিবে বলিয়াছে। ৩ [হাসা দ্র:] হাসান; হাসিতে বাধ্য করা।

হাঁসিয়া২ [আ° হাশিয়া] বি, বস্ত্রাদির কিনারা বা পাড়। ২ শাল আলোয়ান ই° কল্কাদার পাড়। ৩ খাতাপত্র বা পুস্তকাদির পৃষ্ঠার শাদা কিনারা বা ধার; পার্শ্ব margin. ~দার-বিণ, কিনারাদার। ২ কল্কাদার পাড়যুক্ত।

হাঁসিয়া৩ [সং-হংস > হাঁস (হাঁসের গ্রীবা) + ইয়া (সদৃশ) > গ্রা° হিঁ হাঁসুয়া, বাং গ্রা° প্রাদে° হেঁসে, হেঁসো। হাঁসের গলার মত বক্র বলিয়া] বি, বঁটি। ২ কাস্তিয়া।

হাঁসিল-হাসিল দ্রঃ।

হাঁসুয়া-হেঁসো দ্রঃ।

হাঁসুলি [হিং হঁস্‌লী। হাঁস (হংস)+উল (গল)+ই (সাদৃশ্যার্থে), হংসগল সদৃশ অর্দ্ধচন্দ্রাকার] বি, অর্দ্ধচন্দ্রাকার কণ্ঠাভরণবিঃ। "রজত হাঁ° সম বাঁকা শশী মনোরম শোভিয়াছে সুনীল গলায়।" -চন্দন।

হাঁহাঁ [অনু°। হাঁ দ্রঃ] বি, বেদনা বা সহানুভূতি হেতু নিবারণে বা বিরত করণে। "চারিহস্ত আছে যবে হেন কালে হর। হাঁহাঁ করে ধরিল কৃষ্ণের দুটী কর॥"-শি°। ২ সম্মতিসূচক বা বাক্য দৃঢ়ীকরণার্থক শব্দ। ৩ হাঁইহাঁই দ্রঃ।

হাকণ্ড [গ্রা° বাং] বি, দেশবিঃ। "তরী আরোহণে যাবে হাকণ্ড ভুবন।"-ধ° ম° (নরসিংহ রায়)। ২ পুরাণবিঃ। প্র-হাকণ্ড-পুরাণ।

হাকল [সং-আকুল > গ্রা° হাকুল, হাকল, হাকুলি] বিণ, আকুল; অভিভূত। ~বিকল, হাকুলি-বিকুলি, হাকলে বিকলে-ক্রি-বিণ, আকুল-ব্যাকুল; অস্থির। "বিরহে পুড়িআঁ কাহ্ন হাকল বিকল।"-শ্রী° কী°। "বেড়িয়া কান্দিল সবে হাকলে বিকলে।"-রামা° (মাধব-কন্দলী)।

হাকানি [গ্রা° বাং। হাকান দ্রঃ। হিং হাঁক্‌না] বি, চলান; সঞ্চালন করা; ব্যজন করা। "তাহাকে আন তুমি চামর হাকাইয়া।"-মাণিক° গান।

হাকিক [খনিজ° (সা° প° প°)] বি, মূল্যবান্ প্রস্তরবিঃ cornelian ; রুধিরাখ্য।

হাকিনী [সং] বি, বৃহন্নন্দিকেশ্বর পুরাণোক্ত ৬৪ প্রধানা দুর্গাসহচরী বা যোগিনীর অন্যতমা।

হাকিম [আ° হাকিম্ < হুকুম্] বি, ন্যায়াধীশ; বিচারপতি। ২ শাসনকর্ত্তা; শাসন ভারপ্রাপ্ত কর্ম্মচারী। ৩ রাজকীয় উচ্চপদস্থ ব্যক্তি। "করে হাকিম হয়ে সাকিম নষ্ট।"-ঈ° গুপ্ত। হাকিমি-বি, হাকিমের কাজ; হাকিমগিরি। ২ বিচার। ~ী-বিণ, হাকিম সম্বন্ধীয়; হাকিমের। খুদ-হাকিমি-বি, আপন হাতে বিচার। হাকিম নড়ে ত হুকুম নড়ে না-বিচারকের বদল হয় কিন্তু তিনি যে আদেশ দিয়া যান তাহার পরিবর্ত্তন হয় না।

হাকী/ম (Hukeem) [আ° হ্‌কীম্ (দ্রঃ)] বি, চিকিৎসক। ~মি-বি, চিকিৎসা। ২ কবিরাজী; য়ুনানী। ~মী-বিণ, হকীম সম্বন্ধীয়।

'হাকুচ ["হাকচ" ও°। বৈদ্যকমতে সং-বাকুচী >] বি, তিক্তবীজ গুল্মবিঃ; হাকুচ-বীজ; বুচ্‌কীদানা; সোমরাজী; serratula anthelmintica. ২ [লক্ষ°] অতিশয় তিক্তা-স্বাদ। ~কাঁটা-বি, কণ্টকময় ক্ষুপবিঃ।

'হাকুলি১ [সং-তালক > হালক -হালুকি > বর্ণ বিপর্য্যয়ে] বি, পরিমাণবিঃ; অঙ্গুষ্ঠ ও মধ্যমাঙ্গুলী দ্বারা বেষ্টন করিয়া ধরা যায় এরূপ মোটা খড়ের আটি; হালা (দ্রঃ)। "ভীম ধান দাইলেন আড়াই হাকুলি।" -শূ° পূ°।

হাকুলি২ [সং-আকুল >] বি, আকুলতা। ~বিকুলি-বি, আকুলতা ব্যাকুলতা; কাতরতা প্রকাশ। আকুল দ্রঃ।

হাগন [গ্রা°। নিম্নকথ্য। সং-হদন >] বি, পুরীষোৎসর্গ; মলত্যাগ।

'হাগা [সং-হদ্ (মলত্যাগ করা) > নিম্ন কথ্য। দ=গ। হাগি, হাগ, হাগে; হাগিতে (কে°হাগতে); হাগিয়া (কে° হেগে)। বাং-র শিশু ও নিরক্ষর গ্রাম্যজনের ভাষায় 'হাগা' অর্থে 'হাদা' শব্দের প্রয়োগ আছে। 'গ' স্থলে 'দ' ও দ স্থলে 'গ' শিশুকথ্য। উত্তর কলিকাতায় কোন পাঠশালায় এক দ্বয় বৎসরের শিশুকে-'গুরুমশায় হাগবো' স্থলে 'দোমা আদবো' বলিতে শুনা গিয়াছে] ক্রি, মলত্যাগ করা। "একি মত খায় হাগে আর কাজে নাহি লাগে এদের জীবন শুধু বিষ্ঠা মূত্রময়।"-চন্দন। বিণ, হাগু, হাগুয়া, হেগো-যে উদরাময় রোগ হেতু ক্রমাগত হাগে; অতিসার রোগী। > স্ত্রীং হাগী। হাগা করা-ক্রি, মলত্যাগ করা; বাহ্যে করা। ২ অতিসার বা উদরাময় হওয়া। হাগা পাওয়া-ক্রি, বাহ্যের বেগ হওয়া। ~মোতা-ক্রি, মলমূত্র ত্যাগ করা। হেগে দেওয়া [অশিষ্ট। নিরক্ষর গ্রা° জনের ভাষায় 'হেদে দেওয়া'] ক্রি, মলত্যাগ করিয়া কাহারও অনিষ্ট বা অবজ্ঞা বা অপমান করা (গালিবিঃ)। ২ কিছুই না দেওয়া; বঞ্চিত করা। প্র-তাকে টাকা দেবে না হেগে দেবে। ৩ তুচ্ছ করা; কর্ণপাত না করা। প্র-সে তার কথায় হেগে দেয়। হেগে ফেলা-ক্রি, অতি ভয়ে বা অতিরিক্ত প্রহারের ফলে বা অসামাল হইয়া মল ধারণ করিতে না পারিয়া ত্যাগ করা। হেগোকুড়, -ডাঙ্গা, -পঁড়া -বি, যে স্থানে লোকে মল ত্যাগ করে; যথায় চতুর্দ্দিকে বিষ্ঠা পড়িয়া থাকে বা ফেলা হয়। 'হেগোরুগী -বি(৭), উদরাময় রোগী। 'হেগোরুগী মুখ সাপিটে দঁড়, -মুখে দঁড়, (-রুগীর) কথায় টনক-অতিসাররোগীর মৃত্যু-কালেও বাক্‌রোধ হয় না। ২ [লক্ষ°] দুর্ব্বল-দেহ ব্যক্তি হাত পা চালাইবার ক্ষমতা থাকে না কেবল বকিতে পারে। ৩ অকর্ম্মণ্য লোক বাক্‌সর্ব্বস্ব হয়। হাগার চেয়ে কি বাগ(ঘ)ার ভয়, হাগারে নাই বাগ(ঘ)ার ভয়-লোকের বাহ্যের পীড়া হইলে বাঘের ভয় না রাখিয়া যেখানে সেখানে মলত্যাগ করিতে বাহির হয়। ইহা পল্লিগ্রামের প্রবাদ। কাছায় হাগা-বি, ভীরুতা বা কাপুরুষতা প্রকাশ করা; ভয় খাওয়া। বিণ, কাছায় হেগো-কাপুরুষ; ভীরু coward.

হাঘরে [হা (হায়, শূন্য) ঘর+ইয়া, যে ঘরের জন্য হায় হায় করে বা যার ঘরের

অভাব] বিণ, গৃহশূন্য ; আশ্রয়হীন; ভবঘুরে। "সে তপস্বী নয় * * * সে হাঘরেদের ছেলে।"-নবীন তপস্বিনী।

হাঙহাঙ্, হাঙুহাঙু [অনু°] বি, বাঘের ডাক। "হাঙ্ হাঙ্ হাঁকালে ধরিতে যায় ঘাড়ে।"-ঘ°। "হাঙ্ হাঙ্ হাঁকালে হাথির ঘাড়ে চড়ে।"-ঐ।

হাঙ্গর [প্রা° হাঙর। হাং (অনু°) করিয়া গয় (যে গ্রাস করে)] বি, তীক্ষ্ণদন্ত বৃহদাকার মৎস্যজাতীয় হিংস্র জন্তুবিশেষ; মকর দ্রঃ the shark.

হাঙ্গলা-হেঙ্গলা দ্রঃ।

হাঙ্গাম, হাঙ্গামা [ফা°] বি, দাঙ্গা; লড়াই। ২ আক্রমণ; উপর চড়াও। ৩ চীৎকার; গোলমাল। হা° হুজ্জৎ-বাদ-বিসম্বাদ; বকাবকি-লড়ালড়ি।

হাজ্ঞত১, হাজ্ঞৎ [আ° হাজৎ (প্রয়োজন) >] বি, বিচারের পূর্ব্বে অপরাধীকে প্রয়োজন মত হাজির করিবার জন্য পুলিশের জিম্মায় রাখা custody; police custody. ২ দণ্ডার্হ ব্যক্তির অস্থায়ী কারাগার। হা° হঁওয়া-ক্রি, পুলিশের জিম্মায় রক্ষিত কারাগৃহে আটক হওয়া। হাজ্ঞতে দেওয়া, -রাখা-ক্রি, অপরাধীকে ধৃত করিয়া বিচার নিষ্পত্তির পূর্ব্ব পর্য্যন্ত পুলিশের রক্ষিত কারাগৃহে নিক্ষেপ করা।

হাজ্ঞত২ [জমি° পরিঃ] বি, মুলতুবী খাজনা; স্থগিত রাখা রাজস্ব revenue held in abeyance. ~ইর্সাল [জমি°পরিঃ] বি, মালিকের প্রয়োজন মত দ্রব্যাদি খরিদ দ্বারা যে মুনফা রাজস্বস্বরূপ গ্রাম হতে জমীদারের নিকট অথবা জেলা ট্রেজারীতে এবং তথা হতে গবর্ণমেণ্টের প্রধান তহবিলে প্রেরিত বা জমা দেওয়া হয়।

হাজরা [হাজার, হাজারি দ্রঃ। প্রা° হাজ্‌রা] বি, হাজার সৈন্যের অধিনায়ক। ২ হাজার গ্রামের মণ্ডল। ৩ সহস্রাধিপের বা সহস্রাধিকারীর উপাধি। ৪ জাতীয় উপাধিবিঃ।

হাজরি [হাজির দ্রঃ] বি, উপস্থিতি। ২ য়ুরোপীয়দিগের ভোজন। ছোটি-হাজরি-বি, লঘু ভোজন; প্রাতরাশ। বঁড়-হাজরি-বি, গুরু ভোজন; মধ্যাহ্ন ভোজন dinner.

হাজা [হেজা দ্রঃ। মজ্জন > মজ্জা > বা মৈ° হজ (পাঁকজলে) পচা] বি, জলপ্লাবনে পচন। "হাজা পড়িলে পশ্চাতে বিপরীত।" -শি°। ২ [মৈ° হজ=পঙ্ক ও পাঁজ] জলক্ষত; পাঁকুই। হাজা হঁওয়া-ক্রি, জলে ভিজিয়া কর চরণে জলক্ষত হওয়া। (২) জলপ্লাবনে শস্যাদি পচিয়া যাওয়া। ক্রি, হাজানি [হাজাই, হাজাও, হাজায়; হাজাইতে; হাজাইয়া (কে° হাজিয়ে)ই°] জলে পচানো। ২ জলপ্লাবিত করা; ডুবাইয়া দেওয়া। "হইয়া উন্মত্ত বেশ হাজালে কলিঙ্গ দেশ। তবে বৈসে গুজরাট্ পুরে।"-কবিক°। "প্রাণের বহিনী গঙ্গে চল আমার সঙ্গে হাজাও রাজ্য কলিঙ্গ রাজার।"-ঐ। হাজানি মঁজানি-ক্রি, পচান ও ডুবান; জলে নিমজ্জিত করিয়া পচানো।

হাজা//ম [আ° হজ্জাম্] বি, মুসলমান নাপিত। "সুন্নত করিয়া নাম বোলাল্য হাজাম।"-কবিক°। ~মঁত (ৎ), ~মি-বি, ক্ষৌরকর্ম্ম।

হাজার [ফা° হজার্] বি, দশশত সংখ্যা; ১০০০। ২ বিণ, সহস্র; দশশত সংখ্যক। ৩ বহু; অনেক; বিস্তর। ৪ যে পরিমাণ; যে সংখ্যক; যত; যতই। প্র-হা° বল ভবী ভোলবার নয়। ~হাজার, হাজারে হাজার, হাজারে হাজারে-বি, ক্রি-বিণ, বহু সহস্র; অগণিত সংখ্যার (এই অর্থে প্রাদে° হাজারে বিজারে= অসংখ্য)। "ধনুর্ব্বাণধারী চলে হাজারে হজার। দোকানী পসারী চলে লইয়া বাজার॥"-রঙ্গলাল (কাঞ্চী°)।

হাজারি, -রী [ফা° হজারি] বি, সহস্র সৈন্যের অধিনায়ক। "হাজারি পঞ্চম সিংহ ইন্দ্রসেন সুত।"-অ° ম°। "আগে পাছে হাজারীর হাজার হাজার।"-ঐ। ২ সহস্রাধিকারী। ৩ সহস্র গ্রামের মণ্ডল। ৪ জাতীয় উপাধিবিঃ; হাজরা দ্রঃ।

হাজি, -জী [আ° হজ্ (মক্কা তীর্থে গমন) হতে আ° হাজী (হজকারী)] বি, মক্কা তীর্থগামী ব্যক্তি; মোল্লা। "হাসন হোঁসেন হাজি হান হান হাঁকে। ডোমনী উপরে শর রাখে ঝাঁকে ঝাঁকে॥"-ঘ°। "কত কত হাজী কত কত কাজী খাইল ছাড়ি নমাজে।"-অ° ম°।

হাজির [আ° হাজির্] বিণ, উপস্থিত। "রাজা বলে বন্দীকে হাজির কর ডাকে"-ঘ°। ২ প্রস্তুত; ইচ্ছুক; তৎপর। ~া-বি, উপস্থিতি লিখিবার বহি attendance book. ~ী, হাজিরি-বি, উপস্থিতি। ২ উমেদারী। হা° কঁরা-উপস্থিত করা; সম্মুখে আনয়ন করা। ~-জঁবাব-বি, উপস্থিত মত উত্তর দানে পটু, উপস্থিত বক্তা। ~-জামিন -বিণ, আদালতে অন্যের উপস্থিতির জন্য যে দায়িত্ব গ্রহণ করে। ~জামিনি-বি, নির্দ্দিষ্ট সময়ে আসামীকে আদালতে হাজির করিবার জন্য জামিন হওয়া বা অঙ্গীকার পত্র লিখিয়া দেওয়া। হা° দেওয়া-ক্রি, উমেদারী করা। ২ উপস্থিত হওয়া। ~বাস-বিণ, উপস্থিত। ~বাসি-বি, উপস্থিতি। ~হঁওয়া-ক্রি, উপস্থিত হওয়া; সম্মুখে আসা। গঁর-হাজির [আ° গয়র্ (না)] বিণ, অনুপস্থিত। গঁর-হাজিরি-বি, অনুপস্থিতি।

হাট [সং হট্ট। তুল-মাল্‌তো-আটে (=market– I. M. L.)] বি, সাধারণের ক্রয়-বিক্রয় স্থান। "রমণীতে বেচে রমণীতে কেনে লেগেচে রমণী রূপের হাট।"-বঙ্কিম°। "সেথা বিকিকিনি করে হাটে"-রবী°। [বাজার প্রায়ই স্থানীয়। হাট বহু স্থানের লোকের সমাগমস্থল। হাটে নানা স্থান হতে ক্রেতা ও পণ্যবিক্রেতা আসিয়া উপস্থিত হয় এবং ক্রয়বিক্রয় শেষে দোকানপাট তুলিয়া সকলে স্ব স্ব স্থানে চলিয়া যায়। বাজারে বিপণির অধিকাংশ স্থায়িভাবে অবস্থান করে। হাটে প্রায় সকল দ্রব্যসামগ্রী সদ্য ক্রয়বিক্রয়ের উপযোগী। বাজারে প্রয়োজনীয় মহামূল্যবান হতে সুলভ সকল দ্রব্যই সর্ব্বদা প্রাপ্তব্য। প্রায়ই হাটে বাজার অপেক্ষা অধিক লোক-সমাগম হইয়া থাকে। অধিকাংশ হাটই নির্দ্দিষ্ট বারে বসে। দোকান বন্ধ হয়, কিন্তু, হাট উঠিয়া যায় বা ভাঙ্গে। দোকান খোলে, দোকান দেয়, কিন্তু হাট ওঠে, হাট বসে, লাগে বা হয়]। ~কঁরা-ক্রি, হাটে খরিদ বিক্রয় করা। ২ কোলাহল করা; গোলমাল করা।

হাট করিয়া দেওয়া [লক্ষ°] বি, গুপ্ত বিষয় চেঁচাইয়া সকলের কাণে তোলা, প্রকাশ করিয়া দেওয়া। ~চালা-হট্টমন্দির দ্রঃ। হাট তোলা-ক্রি, হাট হতে বিক্রয়াবশিষ্ট জিনিষপত্র তুলিয়া লইয়া যাওয়া; হাট উঠান। ২ [প্রায়ই "তোলা তোলা"] হাটে বসিয়া বিক্রয় করিবার জন্য বিক্রেতার নিকট হতে শুল্ক স্বরূপ দ্রব্য বা অর্থ সংগ্রহ করা। ~বসা-ক্রি, হাটে ক্রয় বিক্রয় আরম্ভ হওয়া। ~বসানি-ক্রি, হাট স্থাপন করা। ২ হাটের জন্য স্থান নির্দ্দিষ্ট করিয়া দোকান গৃহাদি নির্ম্মাণ করিয়া এবং বিবিধ পণ্য সাজাইয়া ক্রয় বিক্রয়ের ব্যবস্থা করিয়া দেওয়া। ৩ হাটের মত চেঁচামেচি গণ্ডগোল করা। কেঁদে হাট করা-ক্রি, ক্রন্দনের রোলে কোলাহলের সৃষ্টি করা। ভাঙ্গা হাট-বি, যে হাটে ক্রয় বিক্রয় প্রায় শেষ হইয়া আসিয়াছে; উঠ্‌তি হাট।

হাটক [হট্ (দীপ্তি পাওয়া)+অক (র্তৃ, জ্ঞা°)] বি, স্বর্ণ; সোণা। ২ দেশবিঃ। "নগর হাটক নিবাসী গুহ্যক জিনি পাইল বহু ধন।"-মহা° (কাশী°)। ৩ ধুস্তুর। ৪ [অর্থ শা°] বি, ত্রিধারযুক্ত দণ্ডায়ুধ। ৫ বিণ, স্বর্ণ-নির্ম্মিত। হাটকেশ্বর [হাটক+ঈশ্বর] বি, হাটক দেশে প্রতিষ্ঠিত শিব।

হাটুয়া, হেটো [হাট (দ্রঃ)+উয়া। প্রা° হেটো] বিণ, হাটসম্বন্ধীয়। ২ হাটে বিক্রেয়; হাটে প্রাপ্তব্য খেলো ও সুলভ। প্র-হেটো কাপড়। ৩ বাজে।

হা(হাঁ)ট্‌কানি [উটকন (কান) >, বা হস্তক হাডক > হাটক+আন (ক্রিয়ায়)] ক্রি, হাত দিয়া নাড়ানাড়ি করা ও খোঁজা।

হাটুরা, হাটুরিয়া, হাটুরে [হাট (দ্রঃ)+উরিয়া] বি, যে পণ্য বিক্রয়ার্থ হাটে যাতায়াত করে। ২ বিণ, হাটে বিক্রেয় পণ্যবাহী। "হাটুরিয়া নৌকা হটর হটর করিয়া যাইতেছে।"-বিষবৃক্ষ। "ঠিক দুপুরে ধায় হাটুরে"-স° দত্ত।

হাট্য [হাট + উয়া > হাট্য। হাটুয়া দ্রঃ] বি, যে হাটে বিক্রয়ার্থ পণ্য আনয়ন করে; হাটুরিয়া। "পীঠে চুপ মাথি হাট্য চলিলা আনন্দে।"-কবিক°।

হাড়, হাড়া [সং-হড্ড > হি° হড্‌ডী। প্রা° হাড়] বি, অস্থি bone. "ভীম বলে জান্‌বি যখন ভেঙ্গে দিব হাড়"-শি°। ২ শরীরের অন্তরতম বা গভীরতম স্থান; হাড়ের ভিতরস্থ মজ্জা। প্র-হাড়ে হাড়ে অনুভব করা; হাড় জ্বলে যাওয়া। ৩ ['হাতে' স্থলে 'হাড়ে'] অ, হাতে হাতে এবং বর্ণে বর্ণে; অবিলম্বে এবং উক্তির অনুযায়ী। প্র-শাপ তার হাড়ে হাড়ে ফলে গেল। ৪ [হাড় দেহের অন্তরের সার বস্তু > লক্ষ°] অন্তরে; মর্ম্মে। প্র-হাড়ে হাড়ে টের পাওয়া। হাড়ে হাড়ে জানতে পারবে। ৫ আদি; মূল; আভ্যন্তরীণ বিষয় ব্যাপার; ভিতরের কথা। প্র-হাড় হদ্দ জানিয়ে দেওয়া। ৬ [শরীরের প্রধান অবলম্বন হাড় > লক্ষ°] ক্ষমতা; শক্তি; সামর্থ্য। প্র-ও কাজ তার হাড়ে হবে না। হাড় এক ঠাঁই মাস এক ঠাঁই করা-এত প্রহার করা যে হাড় হইতে মাস ছাড়িয়া পৃথক্ হওয়া। ~কাট-বি, পশু-ছেদনার্থ যূপস্তম্ভ। হাড়িকাট দ্রঃ। ~কাটা-ক্রি, যারা হাড় শিং ই°কাটিয়া দ্রব্যাদি নির্ম্মাণ করে। হাড় কাটে তো মাস কাটে না-ভার হেতু হাড় ভাঙ্গে কিন্তু ধার না থাকায় মাস কাটে না; ভোঁতা ভারি অস্ত্র। হাড় কালী হওয়া-মনের কষ্টে বা খাটিয়া খাটিয়া যে অস্থি স্বভাবতঃ শ্বেতবর্ণ তাহাও কৃষ্ণবর্ণ হওয়া। হাড় গুঁড়া করা-ক্রি, প্রহার করা। ২ চূর্ণ করা। ~গোড় [গোটা$_8$ দ্রঃ] বি, অস্থি ও গুলফ। ২ [হাত= হাড়। গোড়ের সহিত অনুপ্রাসে। হাড়+ গোড়(পা)]বি, হাত পা। ~গোড় ভাঙ্গা দ-বি, হাত পা ভাঙ্গা দ সদৃশ আকার। "হাড়গোড় ভাঙ্গা দ'টী হব তাড়িয়ে যদি ধরে।" -নবীন তপস্বিনী। হাড় জুড়ানি [হাড় দেহের প্রধান অবলম্বন ও সারবস্তু বলিয়া হাড়ের জ্বালা নিবারিত হলে সমস্ত দেহের অন্তর্দ্দাহ নিবারিত হয়] ক্রি, শান্তি ও আরাম পাওয়া। হাড় জোড়া-ক্রি, ভগ্নাস্থি জোড়া লাগা। ~জোড়া-বি, অস্থিসন্ধিক নামক গাছ; হাড়ভাঙ্গাও বলে vitis quadrangularis. ২ [বৈদ্যকে] হাতিশুঁড়ার গাছ। হাড় জ্বালানি [নারীকথ্য] ক্রি, এত কষ্ট বা যন্ত্রণা দেওয়া যে অস্থি পর্য্যন্ত জ্বলিয়া যায়; অত্যন্ত জ্বালাতন করা। "হাড় জ্বালাতে পারেন খালি এনে নথির গোছা"-হেম°। ~জ্বালানিয়া, ~জ্বালানে-বিণ, যে হাড় জ্বালায়; উপদ্রবকারী; অত্যাচারী। > স্ত্রীং ~জ্বালানী। "পোড়ারমুখী শতেক-খোয়ারী, হাড়জ্বালানী! দূর হয়ে যা! দূর হয়ে যা!"-ভারতী, ১৩২০। ~পেকে-বিণ, যার হাড় কষ্ট সহিয়া সহিয়া পাকাইয়া দৃঢ় হইয়া গিয়াছে। ২ অনাহারে ও কষ্ট সহিয়া যার হাড় দড়ীর মত পাকাইয়া হাড়সার হইয়া গিয়াছে; অতি কৃশ। ~পেকের বোঝা ["বাঁকুড়া জেলাতে কোন কোন স্থানে উভয় প্রতিদ্বন্দ্বী পক্ষের মধ্যে হার হইলে তাকে পাক খাইতে হয় ও তৎকালে তার মস্তকে বোঝা চাপান হয়। এই প্রথা হতে কষ্টকরত্বব্যঞ্জক হাড়-পেকের বোঝা বাক্যের উৎপত্তি হইয়াছে।" -মেঘনাদ ভট্টাচার্য্য, সা° প° প°] বি, গুরুভার। হাড় ভাঙ্গা-ক্রি, প্রহারে অস্থি ভগ্ন করা। ~ভাঙ্গা-বিণ, অস্থিচূর্ণ-কারী; অতিশয় শ্রমসাধ্য। প্র-হাড়ভাঙ্গা মেহনত। ৩ বি, হাড়মোড়া গাছ; অস্থি-সংহার; (হিং) হরশঙ্করী; [বৈদ্যকে] হাতি-শুঁড়া গাছ vitis quadragularis. হাড় ভাজা ভাজা হওয়া-অতিশয় জ্বালাতন হওয়া; হাড়ের ভিতর জ্বলিয়া যাওয়া। হাড় মাটি করা-দেহপাত করা। হাড় সেঁকে দেওয়া [গ্রা°] হাড় দগ্ধ করা; অত্যন্ত জ্বালাতন করা। ~হদ্দ-বি, শরীরের গভীরতম দেশস্থ অস্থিসীমা পর্য্যন্ত; আদ্যন্ত; নাড়ীনক্ষত্র। হাড়ে নাড়ে জ্বালানি-ক্রি, অস্থি ও নাড়ী পর্য্যন্ত দগ্ধ করা; অতিশয় উপদ্রব হেতু প্রাণান্ত করা। হাড়ে দূর্ব্বা গজান [জমী পড়িয়া থাকিলে তাতে ঘাস জন্মে > লক্ষ°] অত্যন্ত কুঁড়ের লক্ষণ। পাকা হাড়-বি, বৃদ্ধ।

হাড়গিলা [হাড় (অস্থি) গিলা (যে গিলিয়া ফেলে)] বি, স্থূল, বৃহৎ, দৃঢ়চঞ্চু, মাংসাশী পক্ষীবিঃ। ইহাদের গলায় থলি ঝুলিতে থাকে the adjutant.

হাড়াইডোমাই [হাড়ি + আই (আচরণার্থে) + ডোম + আই] বি, হাড়ি ডোমের আচরণ ; হাড়িহাট্টা ; ইতরামো ; হেড়োমো। "নাত জামাইকে আর অপমান করিস নে হা॰ ভাল দেখায় না।"-জামাই বারিক।

হাড়ি, হাড়ী [সং-হড্ডিক >] বি, কাষ্ঠযন্ত্রবিঃ ; হাউড়। ২ জাতিবিঃ। বঙ্গে এই জাতির এক শাখা আধু॰ মেথরের কর্ম্ম করিত। ইহারা অধিকাংশ শূকর পালন করে। শ্রেণীভেদে ভিন্ন ভিন্ন নামে পরিচিত,- তাল কাটা হাড়ি-বি, যারা তালগাছে উঠিয়া তাল কাটে, খেজুর রস সংগ্রহ করে ও তাড়ী প্রস্তুত করে। নাড়ী কাটা হাড়ী- যারা নবজাত শিশুর নাড়ী কাটে। "হাড়ি দিল মহাবীরে হৈল উভমুণ্ড।"-কবিক॰। স্ত্রীং হাড়িনী। হাড়ি ঝী-বি, তন্ত্রসিদ্ধা হাড়িকন্যা (মন্ত্রে-"হাড়িঝী চণ্ডীর আজ্ঞা") প্রসিদ্ধা। "সুন্দরী স্মরণ করে হাড়ী ঝিয়ের পা"-ধ॰ ম॰ (মাণিক॰)।

হাড়িকাট, ~কাঠ [কাটের উপর ঘাড় রাখিয়া কাটা হয় বলিয়া "ঘাড়কাট"। ঘ=হ] বি, পশুচ্ছেদনার্থ কাষ্ঠযন্ত্রবিঃ। "পাঁটা হাড়িকাঠে ফেলিয়াছি"-কমলাকান্তের দপ্তর। ২ পাদবন্ধনকাষ্ঠ। হাড়িকাটে গঁলা দেওয়া-মৃত্যু নিশ্চয় জানিয়াও উদ্যত খড়্গের তলে মাথা পাতা। ২ [লক্ষ॰] বিপদ জানিয়াও বিপদের সম্মুখীন হওয়া।

হাড়িপা, হাড়িফা ["দিল্লীর পশ্চিমস্থ অভোর গ্রামের যোগীদের নাম-হর্‌পা যোগী। রংপুরের ভাষায় অকার প্রায়শ আকার হয়, ও রকার ডকারে পরিবর্ত্তিত হয়, তদ্দারা হরপা সহজেই হাডপা বা হাডিপা (ফা) হতে পারে ; অতএব জানা যাইতেছে 'হাডিপা'- হরপা যোগী ছিলেন"-গোবিন্দ॰ গীত, টীকা, পৃ॰ ২৫। এই হাড়িপা জাতিতে আবর্জ্জনা পরিষ্কারক হাড়ি হইলেও ঘুস তপস্যা করিয়া ইন্দ্রপদ লাভের সংকল্প করিয়াছিল। "যে বল হাড়িপা তোর খটহ বাড়ী তাটী।" "যেবে সিদ্ধ সে পুরুষ। নীচকুলে জাত কিংবা হইলা অবস্তু।" "সব যুগকালে যে মহাতপ কলা। ইন্দ্রপদ লেবাকু মনো বাড়াইলা।" "শাপে যোলি বুলই বিধাত। বঙ্গদেশে হাড়ি ঘরে হইবুতু জাত।" "গোবিন্দচন্দ রাজার খটব বাড়ী তাটী।"-ঐ] বি, রায় শরচ্চন্দ্র দাস বাহাদুরের মতে সিন্ধুদেশের তট্ট নামক নগরের (আধু॰ নগরঘট) শূদ্র জাতীয় বৌদ্ধ যোগী। ইঁহার প্রকৃত নাম সিদ্ধ বালপাদ। ইনি প্রাচীন বৌ॰ বাং গ্রন্থাদিতে মহাজ্ঞানী বলিয়া উক্ত। "হাডিপা কানূপা'বন্দিলাম জ্ঞানবিন্দ। গুহ্যরাজ বন্দো আর রাজা গোবিন্দ চন্দ।" -গোবিন্দ॰ গীত। "হাডি নহে হাডিপা বাউল ব্রহ্মজ্ঞানী"-ঐ। ২ [হাড়িপুত্র > হাড়ি পো > ?] হাড়িপা নামক হাড়ি। "যে বল হা॰ তোর খটহ বাড়ী তাটী" (অর্থাৎ যাকে বল হাড়িপা যে তোর বাড়ীর পায়খানা খাটে) -গোবিন্দ॰ গীত খৃ॰ ১১-১২শ শতক। "প্রভাতহু বাড়ী তাট্য খটই মোহর।"-ঐ।

হাড়িয়া [যোগীশ্বর হর (ঈশান)=হড় (হড়পা, হাড়িপা) > হরিয়া, হড়িয়া > হাডিয়া অর্থাৎ ঈশানের] বিণ, ঈশান ; ঈশান যার অধিপতি। ~কোণ-বি, ঈশান কোণ ; উত্তর ও পূর্ব্বদিকের মধ্যবর্ত্তী কোণ। "হাড়িয়া কোণে যেন দেওয়া [=দেয়া, দ্রঃ] গর্জ্জিল।"-মাণিক॰ গান।

হাডুডুডু, হাঁডুডুডু [অনু॰] বি, অনুকার শব্দ। ২ [অনুকার শব্দ করিয়া খেলিতে হয় বলিয়া] কপাটি খেলা।

হাণ্ডা [হিং। ক্ষুদ্রার্থে হাণ্ডী] বি, বড় হাঁড়ী ; হাঁড়া।

হাণ্ডিয়া [সং-হণ্ডিকা, হণ্ডীকা] বি, হাঁড়ী। "তবে আর কি তোমায় বৃথা ডাকা ডাকি। ঘর করিতে হাণ্ডিয়ে হাণ্ডিয়ে হয় ঠেকাঠেকি"-শি॰। ২ [গ্রা॰ হাঁড়িয়া] বি, সাঁওতাল ও ধাঙ্গড়দিগের গৃহজাত মদ্য। ~-হাণ্ডিয়া [গ্রা॰ হেঁড়ে-হেঁড়ে] অ, হাঁড়ি-হাঁড়ি ; রাশি রাশি। ২ হাঁড়ির মত বড় বড়। "হাণ্ডিয়া হাণ্ডিয়া তাল পড়ে দুরদুর" -ভাগবত (মাধবাচার্য্য)।

হাণ্ডী [সং] বি, হাঁড়ী। "হিণ্ডীর সমীপে চণ্ডী দিল হাণ্ডী ভরি। ছাঁকে তাকে শিব বাপে পোয়ে বস্ত্র ধরি।"-শি॰। ~য়ে [গ্রা॰ বাং। পাঠান্তরে হাণ্ডিয়ে। 'এ'=য়ে=তে] হাঁড়িতে। "ঘর করিতে হাণ্ডীয়ে হাণ্ডীয়ে হয় ঠেকাঠেকি"-শি॰।

হাণ্ডুল বাণ্ডুল, হঁণ্ডুল মঁণ্ডুল [হিং হড়্‌বড়ানা, হাণ্ডানা (বাহির করিয়া ফেলা)। হাঁটকান দ্রঃ। গ্রা॰ হোণ্ডোলমোণ্ডল] বিণ, বিশৃঙ্খল ; বিপর্য্যস্ত ; এলোমেলো।

হাত [সং-হস্ত > প্রাকৃ॰ হত্থ > হাত, হাথ] বি, স্কন্ধ-প্রান্ত হতে অঙ্গুলী শীর্ষ পর্য্যন্ত ; বাহু ও কর। প্র-উপর হাত ও নীচের হাতের গহনা। ২ কনুই হতে অঙ্গুলি পর্য্যন্ত অঙ্গ প্রত্যঙ্গ ; পাণি ; কর। ২ অধিকার ; ক্ষমতা ; কর্ত্তৃত্ব। ৩ দাঁও ; সুযোগ। হাত আসা- ক্রি, অভ্যাস হওয়া। ~কড়ী-বি, হস্তদ্বয় বন্ধনের লৌহবলয় handcuff. হাত করা -ক্রি, হস্তগত করা ; আয়ত্ত করা। ২ স্বপক্ষে আনা। ~করাত-বি, ছোট করাত। ~-কাটা-বিণ, স্কন্ধ হতে কনুই পর্য্যন্ত ; অর্দ্ধহস্ত-প্রমাণ ; বাহু পর্য্যন্ত লম্বা। প্র-হাত-কাটা জামা। ২ ছিন্নহস্ত ; নুলা। হাত কাটিয়া বসা-ক্রি, হস্তক্ষেপ করিবার উপায় না রাখা। হাত কামড়ানি-ক্রি, প্রতিকারের অবসর বা ক্ষমতা হতে বঞ্চিত হইয়া আপশোষে স্বহস্তে দংশন করা। > ~কামড়ানি-বি, অনুতাপ ; আপশোষ। ~খরচ-বি, খুচরা ব্যয়। হাত খালি করা-ক্রি, রিক্ত হস্ত হওয়া ; হাত শূন্য করা। হাত খোলা-ক্রি, অভ্যাসে হাতের সঙ্কোচ না করা। হাত গুটানি-ক্রি, নিরস্ত হওয়া। হাত গোনা-ক্রি, জ্যোতিষ বিদ্যা-বলে ভূত ভবিষ্যৎ গণনা করা। হাত ঘোরানি-ক্রি, শিশুর হাত ঘুরাইয়া খেলা। হাত চলা-ক্রি, মারিবার জন্য সহজে হাত উঠা। ২ কার্য্য সম্পাদনে দ্রুতহস্ত হওয়া। হাত চালা-ক্রি, চোর ধরিবার জন্য মন্ত্র-বলে হাত প্রসারিত করা। হাত চালানি -ক্রি, শীঘ্র কার্য্য সম্পাদন করা। ২ হস্ত সঞ্চালন করা। হাত চুলকানি-ক্রি, কোন কিছু করিবার জন্য হাত নিস্‌পিস্ করা বা অস্থিরতা প্রকাশ করা। হাত চুলকানি -বি, হস্তকণ্ডূতি ; হাত নিস্‌পিস্ করা। ~ছাড়া-বিণ, হস্তচ্যুত ; বেহাত ; হস্তান্তর ; হাতের বাহির। ~ছানি [হাত+সানি]

বি, হাত তুলিয়া ইঙ্গিত ; ইসারা। "একটী চতুর্দ্দশবর্ষীয়া বালিকা প্রফুল্লকে হাত ছানি দিয়া ডাকিল।"-কৃষ্ণকান্তের উইল। ~জোড় ক্ঁরা-ক্রি, ক্ষমা প্রার্থনা করা। ২ মিনতি করা। ৩ নমস্কার করা। ৪ যুক্তকর হওয়া। হাত জোড়া থাকা-ক্রি, হাতে কাজ থাকা। ২ কাজে লিপ্ত বা নিযুক্ত থাকা ; অবসর না থাকা। ~ঝাড়া দিলে পঁর্ব্বত-ধনাধিক্যের চিহ্ন ; সঙ্গে এত অর্থ থাকে যে তাহাই সাধারণের পক্ষে পর্ব্বত প্রমাণ অর্থাৎ অনেক বেশী। ~টান -বি (ণ), যার হাত দিয়া খরচের টাকা সহজে বাহির হয় না ; কৃপণ। ২ চুরির অভ্যাস। ~ঠার-বি, হাত নাড়িয়া ইঙ্গিত ; হাতের ইসারা। "লাজে মুখ বাঁকা করে হাত ঠারে হাসে।"-শি০। ~তালি-বি, করতলদ্বয়ের পরস্পর আঘাতজাত শব্দ ; করতালি। হাত তোলা$_1$-ক্রি, হাত উঠান। ২ হাত উঠাইয়া প্রহারের জন্য উদ্যত হওয়া। ৩ মারা। ~তোলা$_2$-বি, অন্যের ইচ্ছাধীন পরিমাণ অনুগ্রহ, সাহায্য বা গ্রাসাচ্ছাদন। হা০-তোলানি-বি, হাত-তোলার ভাব বা অবস্থা। ~তোলায় থাকা-ক্রি, পরে হস্ত তুলিয়া যা' দিবে বা করিবে তার অধীন থাকা। হাত থাকা -ক্রি, অধিকার থাকা ; আয়ত্ত থাকা। হাত দিয়া হাতী ঠেঁলা-সামান্য উপায়ে বিরাট্ ব্যাপার নিষ্পাদন করা ; অসম্ভবকে সম্ভব করিতে যাওয়া। হাত দেওয়া-ক্রি, স্পর্শ করা ; ছোঁয়া। ২ হস্তক্ষেপ করা ; দখল দেওয়া ; সাহায্য করা। হাত দেঁখা-ক্রি, কররেখা দর্শনে অদৃষ্ট গণনা করা। হাত ধঁরা-ক্রি, হস্ত গ্রহণ অর্থাৎ অন্যের হস্ত অবলম্বন করা। ২ সহযোগিতা করা ; যোগ দেওয়া। ~ধঁরা-বিণ, বশীভূত। "বাজারের ব্যাপারী যারা আমার তো হাতধরা তারা।"-গান। হাত ধুইয়া বঁসা-ক্রি, আশা ত্যাগ করা। ২ সম্পূর্ণ সংস্রব ত্যাগ করা। ~নঁনাইয়া [প্রাদে০] বিণ, আদুরে। "হাতননাইয়া বউ।" "হা০নাইয়া"-পূ০ব০ গী০। ~নাগাত(দ) [হাত লাগাইৎ,-য়েৎ দ্র:] অ, এ অবধি ; এ পর্য্যন্ত। হাত নাড়া-ক্রি, হস্ত সঞ্চালন করা ; হাত দোলান। ~নাড়া-বি, বাহু আস্ফালন। হাত নিশ্‌পিশ্ কঁরা-ক্রি কোন কিছু করিবার জন্য হাত চঞ্চল বা অস্থির হওয়া। ~নুড়কুৎ, হাতনুড়কি [হাত-নড়ী (লাঠি)+আ (বৃদ্ধের, অন্ধের, দুর্ব্বলের সহায়)+ক (স্বার্থে)+ইয়া > বিকারে] বিণ, সহায়ক ; সাহায্যকারী ; সাহায্যকারিণী। ২ যে হাতের কাজ করিয়া দিবার জন্য সর্ব্বদা ফরমাশ খাটে ; যে কাছে থাকিয়া ছোট ছোট কাজকর্ম্ম বা ফাই-ফরমাস খাটে। হাত পঁড়া-ক্রি, হস্তক্ষেপ হওয়া। ২ ব্যবহারে বা দখলে আসা। হাত পাকানি -ক্রি, অভ্যাস দ্বারা সিদ্ধহস্ত হওয়া। ২ মক্স করিয়া করিয়া লিখনকার্য্যে পরিপক্ব বা পাকা হওয়া। হাত পাতা-ক্রি, গ্রহণার্থ করতল ন্যস্ত করা। ২ প্রার্থনা করা। ~-পা না আসা-ক্রি, সাহসহীন হওয়া ; ভরসা না থাকা। ~-পা বাঁধা থাকা-ক্রি, পরাধীনতা, শাসন, প্রতিশ্রুতি প্রভৃতির বন্ধনহেতু স্বেচ্ছামত বা স্বাধীনভাবে কার্য্য করিবার ক্ষমতা না থাকা। ~-পা বাঁধিয়া জঁলে ফেঁলা-নাচার অবস্থায় অর্থাৎ উদ্ধারের পথ না রাখিয়া প্রাণান্তকর স্থানে নিক্ষেপ বা অপাত্রে ন্যস্ত করা। প্র-মেয়েটিকে হাত পা বাঁধিয়া জলে ফেলিয়া দেওয়া হইয়াছে। ~-পা বাহির কঁরা-ক্রি, কল্পনাযোগে প্রকৃত বিষয়কে অতিরঞ্জিত করা। ~ফেরানি-ক্রি, হাত বদল করা ; হস্তান্তর করা। ~বঁদঁল-বি, হস্তান্তর ; এক হস্ত হতে অন্য হস্তে গমন। ২ আসল স্থলে দেখিতে অনুরূপ কিন্তু মেকী। "হাথ বদল করিতে বেণের হৈল মন"-কবিক০। ২ হস্ত পরিবর্ত্তন। ~বঁদলাবঁদলি-বি, হস্তান্তর করণ। ~বাক্স-বি, খুচরা খরচের টাকাকড়ি রাখিবার বাক্স। ~বাড়ানি-ক্রি, হস্ত প্রসারণ করা। ~বাতি, ~লঁণ্ঠন,-ল্যাম্প-বি, হাতে ঝুলাইয়া লইয়া যাইবার মত বাতি বা আলোকাধার। ~ভারি-বিণ, যার হাতে টাকা আছে অথচ হাত তুলিয়া দিতে হাত উঠে না ; কৃপণ। "বড় হাতভারি-বাক্স থেকে টাকা বাহির করিতে হইলে বিষম দায় হয়"-টেকচাঁদ। ~মাটি কঁরা [শ্রীহট্টে-মাটি-হাত করা] ক্রি, মল ত্যাগান্তে জলশৌচ করিয়া হাতে মাটি মাখিয়া ধুইয়া ফেলা। ~যঁশ-বি, কৃতকার্য্যতার খ্যাতি ; সিদ্ধ-হস্ত বলিয়া সুনাম। হাত রাঁড় কঁরা-ক্রি, হাত শুধু করা দ্র:। হাত লাগা-ক্রি, হাত ঠেকা ; স্পর্শ হওয়া। ২ হস্তগত হওয়া। হাত লাগান-ক্রি, ছোঁয়া। ২ কাজে হাত দেওয়া। ৩ সাহায্য করা। ~লাগাইৎ(দ), ~লাগাত (দ) [গ্রা০ নাগাদ। অদ্য > হস্ত+ লাগাত। আ০ হৎতা until up to] অ, বর্ত্তমান কাল পর্য্যন্ত ; অদ্যাবধি ; এ পর্য্যন্ত। ~শানি,-সানি-বি, হাতের ইঙ্গিত। ২ হাত তুলিয়া অঙ্গুলি সঞ্চালনে আহ্বান। হাত শুধু(নু) কঁরা-ক্রি, মণিবন্ধ হ'তে সধবার চিহ্ন (লোহার চুড়ী 'নোয়া') খুলিয়া ফেলা। "এখানে এসে হাত শুধু করে থান ত পরেছে"-ভারতী, '২০। ~সঁই-বিণ, একহাত পরিমাণ। ~সঁড়সঁড় কঁরা-ক্রি, হাত চুলকান। ~সাফাই -বি, হস্ত-লাঘব। হাতে কঁলমে কঁরা -কেবল পড়িয়া ও শুনিয়া শেখা নয় নিজের হাতে কাজ করিয়া শিক্ষাকে কার্য্যকরী করা। হাতে-খঁড়ি-বি, বিদ্যারম্ভ। "কত দিনে মিশ্র পুতের হাতে খড়ি দিল।" চৈ০ চ০। ২ [লক্ষ০] কোন কিছুতে শিক্ষারম্ভ বা প্রথম হস্তক্ষেপ। প্র-এ কাজে এই তাঁর হাতে খড়ি। ৩ শিক্ষারম্ভ। হাতে খোলা-বিণ, হস্তে ভিক্ষাপাত্র সুতরাং সর্ব্বস্বান্ত। হাতে-গঁড়া-বিণ, স্বহস্তে নির্ম্মিত। ২ স্বয়ং শিখাইয়া পড়াইয়া মানুষ-করা। হাতে চাঁদ দেঁওয়া-ক্রি, দুরাশা পূর্ণ করা। হাতে থাকা [হাতে দ্র:] ক্রি, সঞ্চিত থাকা। ২ অনুকূল থাকা। ৩ বশে থাকা। ৪ নিকট বা কাছে থাকা। হাতে ধঁরা-ক্রি, সনির্ব্বন্ধ অনুরোধ করা ; মিনতি করা। "মিনতী করিআঁ হাথেত ধরিআঁ

]যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ঁ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ=ংগ ঞ্জ=ণ্‌জ্য ঞ্চ=ন্চ ক্ষ=ষ্ট হ্ন=হ্নু হ্ম হ্ল হ্ব=নহ বৃহ লহ ভ ব্য, ঋ ক্ব ব ড়=zfwv ও চা০ দ্র:

আন গিআঁ চন্দ্রাবলী।"-শ্রী॰ কী॰। **হাতে পাওয়া**-ক্রি, আপন অধিকারে প্রাপ্ত হওয়া; হস্তগত করা। **হাতে পাঁজি মঙ্গলবার**-অ, পাঁজি হাতে থাকা সত্ত্বেও কি, বার তা লইয়া গোল; জানিবার উপায় থাকিতে বৃথা তর্ক। **হাতে মাটি করা**-হাতমাটি করা দ্রঃ। **হাতে মাথা কাটা**-ক্রি, এত উদ্ধত যে অস্ত্র আনিবার অপেক্ষা না করিয়া হাতেই মাথা উড়ান; ঘোরতর অত্যাচারী। **হাতে মারা নয় ভাতে মারা**-প্রহার না করিয়া অনাহারে রাখিয়া প্রাণে মারা। **হাতে লওয়া**-ক্রি, গ্রহণ করা। ২ আরম্ভ করা; কার্য্যের সূত্রপাত করা। **~লোতে, ~নাতে, ~নোতে** [সং- লোপ্ত্র > লোত্র > লোত (স্তেয় ধন, চোরাই মাল) > নোত > নাত] অ, হাতে চুরি করা মাল সহিত; বমাল red handed. "চোর * * গাড়ীর চাকা হইতে রবার খুলিয়া লইতেছিল। সে তখনই হাতে-নোতে গ্রেপ্তার হয়।"-বাঙ্গালী, ১৩২৩। **~হাঁড়ি** [গ্রা॰] বি, পাকস্পর্শ; বৌভাত। প্র-ওদের বউএর হাতে-হাঁড়ির দিন খুব ঘটা হয়েছিল। **~হাতে**-অ, হস্তান্তর হইবার পূর্ব্বেই; অবিলম্বে; তোকাতুকি। **~হাতে ফল**-বি, সদ্য ফল। "ঘটে তার ভাগ্যেতে প্রেম তরতে হাতে-হাতে ফল"-গান। **~হেতেরে,-হেতুড়ে**-ক্রি-বিণ, হাতে হাতিয়ার বা অস্ত্র লইয়া; স্বহস্তে যন্ত্রপাতি ব্যবহার করিয়া। **হাতের জল না গলা**-বদ্ধমুষ্টি হওয়া; কৃপণতা করা। **হাতের ঢিল ছুঁড়লে আর না ফেরা**-কোন কাজ করে ফেলে আর তাকে ফেরান বা অকৃত করা যায় না; যা করা হয় তা হতে আর পিছাইবার যো না থাকা। **হাতের পাঁচ** [তাস খেলার ভাষায়] বি, অবশিষ্ট সম্বল; শেষ ভরসা। "আপন দোষে হারাইলি হাতের পাঁচ"-গান। **হাতের লক্ষ্মী পায়ে ঠেলা**-উপস্থিত সুযোগ ত্যাগ করা। "হাতের লক্ষ্মী পায়ে ঠেলেছ, ঠেল. একদিন পস্তাবে"-ভারতী, ১৩২১। **কপালে হাত**-অ, অদৃষ্টের দোহাই দিতে। ২ আক্ষেপে; খেদে। **কাঁচা হাত**-বি, অনভ্যস্ত হস্ত; অসিদ্ধ হস্ত। **গালে হাত**-অ, বিস্ময়ে। **ডান হাতের ব্যাপার**-বি, ভোজন ব্যাপার; আহার। **পাকা হাত**-বি, সিদ্ধহস্ত। **পায়ে হাত**-বি, পদ-স্পর্শ (নমস্কার অর্থে)। ২ শপথার্থে। **বুকে হাত**-অ, সাহস প্রকাশে। ২ আন্তরিকতা প্রকাশে। **মাথায় হাত**-অ, দুর্ভাবনায়। ২ শপথ করণে।

হাতড়ানি, হাৎড়ানো [হাত-আন (বাং কৃৎ প্রত্যয়), মধ্যে ড় আগম গ্রা॰ ব্যবহারে] ক্রি, হাত বুলাইয়া অনুসন্ধান করা। "এই আছে এই হাতড়ে পাস্‌নে, তাই বলি মন, আর হাতড়াসনে।"-রজনী সেন।

হাতড়ী-হাতুড়ী দ্রঃ।

হাতনুড়/কি, ~কুৎ-হাত দ্রঃ।

হাতব্য [হা (ত্যাগ করা) + তব্য (র্ম্ম)] বিণ, ত্যাগযোগ্য; ত্যক্তব্য।

হাতল [হাত + ল] বি, হাত দিয়া ধরিবার কড়া; আংটা handle.

হাতা$_{1}$ [সং-হস্ত > হাত + আ (সাদৃশ্যে)] বি, দর্ব্বি। "রত্ন হাতা ডানি হাতে সম্বত পলান্ন তাতে।"-ভারত॰।

হাতা$_{2}$ [হন্তা >] বিণ, হন্তা; প্রতিবন্ধক। "এক জন করে দান আর জন হয় হাতা।"-গোবিন্দ॰ গীত। "কি তোর যোগ্যতা শ্যালী হতে এলি হাতা॥"-ঘ॰।

হাতা$_{3}$, হাথা$_{1}$ [আ॰ হন্তা > গ্রা॰ বাং ক্ষুদ্রার্থে-হাতিনা] বি, বাড়ীর সংলগ্ন ঘেরা স্থান; অঙ্গন; অধিকৃত স্থান। প্র-বাড়ীর হাতার মধ্যে। তার হাতার বাহিরে গিয়া পড়িল।

হাতানি [হাত-আন (ক্রিয়ার)] ক্রি, হস্তগত করা।

হাতাল [হাত + আল (সাদৃশ্যে)] বি, যা তাতাইয়া রাঙ্গ ঝাল প্রভৃতি দেওয়া হয়। আগুনে তাতাইয়া প্রয়োগ করা হয় বলিয়া ইহার অন্য নাম "তাতাল"।

হাতাহাতি [হাত + আ + হাত + ই (ব্যাপারার্থে)] ক্রি-বি, হাতে হাতে; অবিলম্বে; শীঘ্র। "হাতাহাতি হুকুমে হইল গড় বাড়ী"-ঘ॰। "মুকেদে মহল তুলে দিব হাতাহাতি।"-ঐ। ২ হাত ধরাধরি। "গোপী কৃষ্ণ নাচে গায় করি হাতাহাতি"-বৈ॰পদ॰। ৩ পরস্পরের অঙ্গে পরস্পরের হস্তক্ষেপ; মারামারি।

হাতিচোক, -খ [হি॰ হাথীচক হাথী-চক্র) < ইং artichoke >] বি, হাতিচোক (সা॰ প॰ পত্রিকা); শিয়ালকাঁটা গাছের মত খাদ্যশাকবিঃ।

হাতিনা$_{1}$-হাতা$_{3}$ দ্রঃ।

হাতিনা$_{2}$-বি, কামার বা সেকরার চুলায় হাওয়া দিয়া জ্বাল দিবার চামড়ার জাঁতা বা ভস্ত্রা। "খাণযন্ত্র কামারের হাতিনার মত সঙ্কোচ প্রসার প্রাপ্ত হয়।"-জগৎকথা (ত্রিবেদী॰)।

হাতিপাঞ্জর [প্রা॰বাং] বি, ধান্যবিঃ। "গুজুরা, বোআলি দাড়, হাতিপাঞ্জর। বুড়া-মাত্তা, ধান বুনেন দেখিতে সুন্দর॥" -শূ॰পু॰।

হাতিয়ার, হাত্যার [হি॰ হাথিয়ার > বাং গ্রা॰ হাত্যার। হস্ত > হাথ, অস্ত্র > আর। গ্রা॰ হেতের] বি, অস্ত্র; যুদ্ধের উপকরণ। ২ শিল্পসাধন যন্ত্র; শিল্পাস্ত্র।

হাতী, হাথী [সং-হস্তী > প্রাকৃ॰ হত্থী > । গ্রা॰ হাতি। পূ॰ ব॰ প্রাদে॰ উচ্চারণ 'আতি'] বি, হস্তী; করী। ২ [লক্ষ॰] বিণ, বৃহৎ; হাতীর মত প্রকাণ্ড। [তুল-মালতো - 'অতি'=হাতী। 'বৃহৎ' অর্থে ও॰। 'অতি জোলো'= বড় জোঁক Elephant leech. 'অতি পাওয়া', -পাও=হাতীর পথ]। **~পোষা**-ক্রি, বহু ব্যয়সাধ্য কাজ করা। **~বাঁধা** [লক্ষ॰] বি, ঐশ্বর্য্যলক্ষণ (কারণ ঐশ্বর্য্যশালী ব্যতীত হাতীর খরচ যোগাইতে পারে না)। **~শুঁড়**-বি, শুঁড়ের মত বাঁকা ও লম্বাপাতা ছোট গাছ। ২ জলস্তম্ভ। **হাতীর খোরাক**-বি, হাতীর মত বহু-ভোজী; যার অন্ন যোগাইতে বিস্তর ব্যয় হয়। **হাতীর গলায় ঘণ্টা** [লক্ষ॰] বৃহতের সহিত ক্ষুদ্রের সংযোগ।

হাতুড়িয়া [গ্রা॰ হাতুড়ে। হি॰ হত্যা > হত্যারা (হত্যাকারী) > ব্রং হাতুরিয়া

বল বল বলুন বেলা বাঁধা অতি এ ও যুদ্ধক্ষয়, ঐ ঔ ঝ্যা=এ =æ(t), ণ=ন য=জ স=শ=ষ সশ=s (স্থ স্ত হ্ম স্র স্ব স্…), অনাদ্য [illegible] অন্যান্য

পরে হাতুড়িয়া] বিণ, আনাড়ী চিকিৎসক quack. ২ অশিক্ষিত।

হাতুড়ি,-ড়ী [হিং হথোড়ী] বি, কামারশালের লোহা পিটিবার যন্ত্র; লৌহদ্রব্য গঠনকারী [দ্রঃ-যে একস্থানে বসিয়া কার্য্য করে (fireman) সে এই যন্ত্র ব্যবহার করে। যে দাঁড়াইয়া লোহা পেটে সে হাম্বর ব্যবহার করে]।

হাতুয়া,হাথুয়া [মুং বাং। বগুড়াদিতে প্রচর, ২৪ পরগণাদিতে "হাঁটানে"। হিং হাথ (অভিভাবকতা, আশ্রয় ইং) + উয়া(বৈবাহিক সম্বন্ধে গৃহীত আশ্রয় ইং)] বিণ, পত্যন্তর-কারিণী স্ত্রীর পূর্ব্বপতির ঔরসজাত (সন্তান) step(son or daughter to a step-father) ২ হেতো দ্রঃ। ~বেটা-বি, সৎছেলে; হাঁটানে বেটা step-son. ~বেটী-বি, সৎমেয়ে; হাঁটানে বেটী step-daughter. "মৌলবী সাহেব তাহাকে [কেফাতুল্লাকে] জিজ্ঞাসা করিলেন, 'গনি ছেলেটি তোমার কে?' 'আজ্ঞা, হুজুর, সে আমার দ্বাষপক্ষের নিকার কবিলার প্রথম পক্ষের ছওয়াল।' 'মিঞা, তোমার এই হাতুয়া ছেলের অদৃষ্ট খুব ভাল। * * সেই হাতুয়া ছেলের উন্নতির চিন্তায় কেফাতুল্লার যেন রাত্রিতে ঘুম হইত না।"-গল্পমাল্য (যং সিংহ)।

হাতে [হাত দ্রঃ] অ, হস্তে। ২ করতলে। ৩ হস্ত দ্বারা। প্র-হাতে মাথা কাটা। ৪ কাছে। প্র-হাতে টাকা থাকা। ৫ বশে; অধিকারে। প্র-এখন সে হাতের বাহিরে।

হাতেঘঁর [গ্রাং হেতেগড়] বি, ধনপতি সওদাগরের সিংহলযাত্রা পথে বারাসতের দক্ষিণস্থ গ্রামবিঃ; হেতেগড়। "সেই দিন সদাগর হাতেঘরে রয়॥"-কবিকং।

হাতে-পায়ে [হিং হাথাপাই] অ, চড় লাথি প্রয়োগে (যুদ্ধ)। ২ লম্বা ও মোটা হাত পা হিসাবে; আয়তনে; লম্বা-চওড়ায়। প্র-লোকটা হাতে পায়ে মন্দ নয়।

হাত্তুন [হাত-থুন (ঠুন, ঠুঁ, ঠাঁই < স্থান > থান-থিকিন, থিকা, থুন ইং)] ক্রি-বিণ, হাত থেকে; হাত হতে (পূং বং গীং)।

হাত্যারা১ [হিং হাত্যার,-রা হত্যা-কার > যার, যারা (কারী অর্থে)] বি, হত্যাকারী; ঘাতক; খুনী। ২ [হাতিয়ারা >] হাতিয়ারবিশিষ্ট; অস্ত্রধারী। "গজশালে গজ মরে হাত্যারা হাত্যায় করে"-কবিকং।

হাত্যারা২ [হাতী-আর(ল)] বি, হস্তীপালক; মাহুত।

হাথ-হাত দ্রঃ।

হাথা১ [হস্ত > হত্থ > হাত, হাথ + আ (সাদৃশ্যে)] বি, জামার হাত। "ছেঁড়া পচা কামেজ তাহার নেই হাথা।"-ঈং গুপ্ত।

হাথা২ [হাতা৩ দ্রঃ। হিং] অধিকার। ২ সীমা।

হাথাড়িয়া [হাতড়ান দ্রঃ] অস-ক্রি, হাতড়াইয়া; হাত বুলাইয়া। "দেখিতে না পায় ইন্দ্র হাথাড়িয়া বুলি"-মহাং (কাশীং)।

হাথানি [হাথ-আন (ক্রিয়ায়)। হাথাই, হাথাও (হাথান, হাথাস), হাথায় (হাথান); হাথাইতে (ক্ষেং হাথাতে); হাথাইয়া (ক্ষেং হাথিয়ে)] ক্রি, হাথ করা; হস্তগত করা। প্রাং বাং-হাথাঞা- হাথাইয়া। "দুর্ব্বলা হাথাঞা তায় ঢালি দেয় পানি।"-কবিকং।

হাথিয়া [হাতী দ্রঃ] বিণ, হাথীর; হেথে। "হাং লাথি"।-কবিকং।

হাথী-হাতী দ্রঃ।

হাথের [হাথিয়ার > গ্রাং ক্ষেং। হেতের ওং] বি, হাথিয়ার; অস্ত্র। ২ শিল্পযন্ত্র।

হাদা১-হাগা দ্রঃ।

হাদা২ [দহ >] বি, ভূকম্পে নামিয়া যাওয়া ভূমি; গহ্বর; দহ।

হা ধিক্ [প্রাকৃং হদ্ধি] অ, আত্মগ্লানি-সূচক অব্যয়; অনুতাপ। ২ নিন্দায়। "হা ধিক ওহে জলদলপতি।"-মেঘং। ৩ ভর্ৎসনায়।

হান [হা (ত্যাগ করা) + অন (ভাং)] বি, ত্যাগ। ২ বিক্রয়। ৩ ক্ষতি; হানি। ৪ [হানা দ্রঃ] ক্রি, নিক্ষেপ কর; মার। আধিক্যে, উৎসাহার্থে-হান্‌হান-মার মার; ক্রমাগত অস্ত্র মার। "মার মার ঘের ঘার হান্ হান হাঁকিছে।"-অং মং।

হানঁন [হন্ ধাতুজ হানা৩ দ্রঃ] বি, প্রহার বা আঘাতকরণ। ২ নিক্ষেপকরণ।

হানন্তি [প্রাং বাং। সম্মানার্থে বহু-বচনের ক্রি-বিভক্তি] ক্রি, হানেন; নিক্ষেপ করেন; প্রহার করেন। "হানন্তি সপ্ততি বাণে দেব চক্রপাণি।"-মহাং (বিজয়ং)।

হানা১ [হাঁতা৩। দ্রঃ। হন্ (তাড়নে) >] বি, তর্জ্জনগর্জ্জন করিয়া আক্রমণ; হুঙ্কার সহ পশ্চাদ্ধাবন; তাড়া। "রণমাঝে দেয় হানা বাহুমূলে বান্ধে বাণা দেখি পাইক রণে অকাতর।" -কবিকং। ২ হুঙ্কার; নির্ঘোষ; হাঁক। "ব্রাহ্মণী দিলেক হানা পড়িল অনেক সেনা"-কবিকং। ৩ খানাতল্লাসির জন্য হঠাৎ অভিযান' raid. "* * হানা দিয়া আসামীকে গ্রেপ্তার করা হয়।"-আং বাং পত্রিকা (৭-১০৩৩)। ৪ জল-স্রোতে উৎপন্ন গর্ত্ত। ৫ অমঙ্গল। ৬ প্রতিবন্ধক; বিঘ্ন; ব্যাঘাত। ৭ উপদেবতার অধিষ্ঠান হেতু বধ্য; ভূতাবিষ্ট; ভূতাশ্রিত haunted. প্র-হানা বাড়ী (haunted house).

হানা২ [আং হনক্। ফাং হানা] বি, কণ্ঠদেশ; গলা। "রক্তভরা থুঙ্গী পুঁথি ঘোড়ার হানায়।"-অং মং।

হানা৩ [হন্ (হিংসা, গতি ইং) >। হানি, হান (হানেন, হানিস), হানে (হানেন); হানিতে (ক্ষেং হানতে); হানিয়া (ক্ষেং হেনে)। ণিজন্ত-হানান] ক্রি, হনন করা; আঘাত করা; হত্যা করা; মারা; কাটা। "তোমার আদেশ পেয়ে, বিদেশী সাধুরে লয়ে, হানিবারে গেলাম মশানে।" -কবিকং। "কপালে আঘাত হানি জুড়িল ক্রন্দন" -কবিকং। "ক্রোধে বলে হানিয়া দশনে"-ঐ। "হানিতে চাপড় চাহে বুকে"-ঐ। ২ ত্যাগ করা; ছোঁড়া; ছাড়া; তীক্ষ্ণশরাদি অস্ত্র বা তদ্বৎ তীব্র দৃষ্টি ইং নিক্ষেপ করা। "নয়ন বাণ হানে"-গান।

হানি [হা (ত্যাগ করা) + তি (ভাং)। ত=ন] বি, নাশ। প্র-প্রাণ হানি। ২ ক্ষতি; অপচয়। ৩ দোষ; ত্রুটি। ~কঁর,~জঁনক -বিণ, ক্ষতিকর। ২ বিনাশক।

হানী [কবিবর মাইকেল মধুসূদন হনন-কারী (ঘাতী) অর্থে 'হানী' শব্দের প্রয়োগ করিয়াছেন] বি, ঘাতক; হন্তা। "পুত্রহানী শত্রু সে দুর্ম্মতি।"-মেঘং।

হানুক [হন্ (বধ করা) + উক (র্ত্তৃ)] বিণ, হত্যাকারী; ঘাতক; হন্তা। ২ ক্ষতি-

---

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঙ্গ=ঙ্গাঁ ঞ্চ=ঞ্চ ঞ্চ=ষ্ট ঁ হু=হু হ্ন হ্ল হ্ল হ্ন=ন্‌হ হ্ব হ্‌ল হ্‌ ভ্য, জ্ব হ্ব ব্ দ্ভ=ẓfwv ও চ্চাং দ্রঃ

কারক। ৩ [হানা দ্রঃ] ক্রি, আঘাত করুক।

হাপ, হাফ [ইং half] বি, অর্দ্ধ; অর্দ্ধেক। **~আকড়াই** [কবি দ্রঃ। কলিকাতা বাগবাজার নিবাসী মোহনচাঁদ বসু কর্ত্তৃক প্রবর্ত্তিত আখড়াইএর পৃষ্টপোষক নিধুবাবুর শিষ্য ছিলেন] বি, ফুল আখড়াই অপেক্ষা সংক্ষিপ্ত গানবাজনার আসর; বসা-কবি ভেদ। **~ইয়ার্লি** [half yearly র লিপ্যন্তর] বিণ, ষাণ্মাসিক। **~গিনি** [half guineaর লিপ্যন্তর] চলিত ইং স্বর্ণমুদ্রার অর্দ্ধেক মূল্যের মুদ্রা; ৭।০ টাকা। **~টিকিট** [half ticket এর লিপ্যন্তর] বি, পুরা টিকিটের অর্দ্ধমূল্যের টিকিট। **~টোন**-হাফটোন দ্রঃ। **~ডে** [half dayর লিপ্যন্তর] বি, অর্দ্ধেক দিন। **~নোট** [half note এর লিপ্যন্তর] বি, নোটের অর্দ্ধেকভাগ। **~পাঁজি**-বি, ছোট পঞ্জিকা; ফুল পাঁজির মত বড় ও বিস্তারিত বিবরণযুক্ত নয়; সংক্ষিপ্ত পঞ্জিকা। **~পে** [half pay র লিপ্যন্তর] বি, অর্দ্ধেক বেতন। **~প্রাইস** [half price এর লিপ্যন্তর] বি, অর্দ্ধমূল্য। **~মোজা**-বি, পায়ের ডিমা পর্য্যন্ত বা তারও নীচে পর্য্যন্ত মোজা (ফুল বা হাঁটু পর্য্যন্ত লম্বা নয়)। **~স্কুল, -ইস্কুল** [half school এর লিপ্যন্তর] বি, বিদ্যালয়ের পড়িবার দৈনিক পূর্ণ সময়ের প্রথমার্দ্ধ শেষ করিয়া ছুটী। "বক্রেশ্বর বাবুকে বলিয়া কহিয়া হাপস্কুল করিয়া বাটী যায়।" -টেকচাঁদ। **~হলিডে** [half holidayর (উৎসব, আমোদের দিন) লিপ্যন্তর] বি, অর্দ্ধ-দিনের ছুটী।

হাপড়ধাপড় [অনু°। তুল-ধুপুড়ধাপুড়, দৌড়ধুপ] অ, বিশৃঙ্খলার সহিত ধাবন বা দৌড় বা ঐরূপে তাড়াতাড়ি ও দৌড়াদৌড়ি করিতে করিতে কাজ করার ভাব।

হাপর [খর্পর বা আবর্ত্তনপাত্র >] বি, ধাতু গলাইবার আবর্ত্তনপাত্র বা মাটির পুরু লেপ দেওয়া গামলা; যাতে আগুন থাকে ও তন্মধ্যে মুচি রাখিয়া ধাতু গলান হয়। ঐ গামলার তলদেশে ছিদ্র থাকে, আগুনে হাওয়া দিবার জন্য ভস্ত্রা বা চামড়ার থাঁতার মুখ সেই ছিদ্রে সংলগ্ন থাকে। ২ [প্রাদে°] বাঁশের চটায় নির্ম্মিত মৎস্য জিয়াইয়া রাখিবার বৃহৎ পিঞ্জর। জেলেরা উহা জলে ডুবাইয়া রাখে এবং প্রয়োজন মত মাছ বাহির করিয়া লয়।

হাপরমালি [সং-ভদ্রবল্লী] বি, মদন মালী vallaris heynei (বা° শ° কোষ)] ইহার আঠা ক্ষত-নাশক; বৈদ্যকগ্রন্থে আস্ফোতক, আস্ফোতা (clitoria tarnatea.)

হাপরানি [হাপুস দ্রঃ। অনু°] ক্রি, তরল খাদ্য মুখে তুলিবার শব্দে গলাধঃকরণ করা।

হাপসা, হাপসানি [ভাপ্‌সা (দ্রঃ) >। ভঃ=হ] বিণ, বি, ভাপ দ্রঃ।

হাপিত্যাশ, হাপিত্যেশ [হা (হায়) প্রত্যাশা। অথবা আ (আধিক্য বা অতিশয়ার্থে) > হা-প্রত্যাশা > গ্রা° ভং হাপিত্যাশা,-ত্যেশ] বি, ধৈর্য্যসহকারে দীর্ঘকাল ধরিয়া আশা; বড় আশা। প্র-হাপিত্যেশ করে বসে আছে।

হাপু, হাফু [হাঁপ (দ্রঃ) > হা°] বি, হা হুতাশ। ২ দুশ্চিন্তা; ভাবনা; প্রমাদ। "মালিনী বলিছে বাপু এত কেন ভাব হাপু আমি হাট বাজার করিব।"-অ° ম°। **হাপু গণা, ~গোণা**-ক্রি, নৈরাশ্যে হা হুতাশ করা; হাঁপান; প্রমাদ গণনা করা। **হাপু গেলা**-ক্রি, নৈরাশ্য বা ভয়ে শুষ্ক কণ্ঠে ঢেব বা ছেপ গলাধঃকরণ করা; অত্যন্ত বিমর্ষ-ভাবে খাদ্য গলাধঃকরণ করা। ২ খাবি খাওয়া।

হাপুতা, হাপুতি(তী) [হা (অভাবে। হায় হায় অথবা বিহীন অর্থে-অ) পুতি (পুত্র)] অপুত্রিকা, অপুত্রী > আপুতা, -তি। পুং-হাপুত, -তো] বি, পুত্রহীনা। "হাপুতির পুত্র যেন দরিদ্রের কড়ি"-মহা° (কাশী°)। "হাপুতির পুত্র যেন নির্ধনের ধন" -শি°। "রম্ভাবতী হাপুতি হইল এতকালে" -ঘ°। স্ত্রীং **হাপুতিনী** ও° -কন্যাবিয়োগ কাতরা। "ঘরে ঘরে খুঁজিয়া বুলিছে হাপুতিনী।" -সখীসেনা (ব° সা° প°)। "হাপুতা আটকুড়া সেই সেই অল্প বসের= (বয়সের) রাড়ী"-পূ° ব° গী°।

হাপুস [অনু°। আ-ফুঃ >] বি, উক্ত অন্ন ব্যঞ্জনাদি গ্রাস করিবার কালে মুখশব্দ। উপর্য্যুপরি ঐরূপ শব্দে দ্বিত্ব--হুপুস। **~নয়ন** [বাষ্প > হাপুষ] বি, বাষ্পাকুল নেত্র; অশ্রুপূর্ণ নয়ন। "শাশুড়ীর মুখে এই কথা শুনে তার মাথায় যেন বজ্রাঘাত হলো হাপুস নয়নে কাঁদিতে লাগিলেন"-নবীন তপস্বিনী।

হাফটোন [গ্রা° হাপ্‌টোন্। ইং শিক্ষিতের দ্বারা "হাফ্" উচ্চারিত হয়। ইং half-tone এর লিপ্যন্তর] বি, বর্ণবিন্দু বা সুক্ষ্মরেখাসমষ্টি দ্বারা রচিত আলোকচিত্র। উজ্জ্বল বর্ণ বা আলো এবং গাঢ়বর্ণ বা ছায়ার মধ্যবর্ত্তী বর্ণের বিন্দু বা রেখাপাত হতে এই নাম [দ্রঃ—"In a photograph, or in a black and white drawing, the shades of colour between light and shadow are termed "half-tones", and it is only possible to reproduce these half-tones in relief blocks for letter-press printing by means of a graduated grain, or by fine lines, or by tiny dots of varying size."—The Half tone Press by Julius Verfasser. 5th Edition, London]

হাফারখানা [মু° বাং] বি, নহবৎ-খানা। "বাজায় তারা হাফারখানা ঘরে -মৈ° গী°।

হাফিজ, হাফেজ [আ° হাফিজ্] বি, রক্ষক। ২ যাঁর সমস্ত কোরাণ কণ্ঠস্থ আছে কোরাণজ্ঞ। ৩ পারস্যদেশীয় প্রসিদ্ধ কবি মহম্মদ শামসুদ্দীন হাফিজ।

হাব, ["স্ত্রীণাং বিলাস বিব্বোক বিভ্রমা ললিতস্তথা। হেলা লীলেত্যমী হাবাঃ ক্রিয়াঃ শৃঙ্গার ভাবজাঃ॥"-অমর°] বি, স্ত্রীলোকের শৃঙ্গারভাবজাত বিলাস; লীলা; বিভ্রম। **~ভাব** [হাব ও ভাব] বি, নারীর নির্ব্বাক, অঙ্গপ্রত্যঙ্গ গতি ও আকার ইঙ্গিতে অভিব্যক্ত শৃঙ্গারচেষ্টা বা ভাববিলাস [দ্রঃ-"Bhava is the first touch of emotion in a mind previously at rest ; when the emotion becomes more intense, and finds expression in movements of the eyes, eye-brows, &c., it is called *hava*. The ten havas or srngara cestas are included among the twenty or twenty eight ornaments (alan-

kara) of a heroine, as follows : *lila* the imitation of the lover; *vilasa*, a flutter of delight, *vicchitti*, rearrangement of dress or jewels to enhance loveliness ; *vibhrama*, confusion or flurry ; *Kilakincita*, a combination of anger, tears, joy, fear, &c, *mottayita*, absorption in thoughts of the lover when his name is heard ;*Kuttamita*, feigned anger *bibboka*, feigned indifference ; *lalita*, graceful swaying or lolling, vihrta, silence imposed by modesty. According to 'Sahitya Darpana' of Visvanatha, 'Dasarupa' of Dhananjaya, 'Bhasa-bhusana' of Lalachandrika, &c., the physical signs expressing the havas are detailed in the "mirror of gesture" strictly speaking, hava is mood or feeling unexpressed, hava is the emotion which finds expression, cesta the gesture that expresses it. *Rasa* or flavour & vyanjana or suggestion (transcending the literal meaning) distinguish poetry from prose."]

হাব২ [হ্বে (আহ্বান করা)+ঘঞ্ (ভা০)] বি, আহ্বান।

হাবজা১ [আবর্জ্জনা >] বিণ, বাজে। ২ জঞ্জাল। হাবজা-গোবজা [আবর্জ্জনা (trash) > আবজ্জা > হাবজা + গোবজা= গোবজ্জা (তুচ্ছার্থক সহ০শব্দ আজে-বাজে অর্থে) তুল ইং hodge-podge, hotch-potch. পূ০ বঙ্গে-হাবি-জাবি] বি, শাকপাতাড় কচুঘেঁচু ই০ অকিঞ্চিৎকর বাজে জিনিষের তরকারী ; আজে বাজে পাঁচমিশালী সব্জী।

হাবজা২-জি,-জী [জেলেদের ভাষায়] বি, পাঁচমিশালী চারা মাছ।

হাবঁড়্(া)হাটী [হোড় দ্রঃ] বি, কর্দ্দম; পঙ্ক ; জল কাদা ; কাদা মাটি। "তবে কেন আমি এত হাবড়হাটি লিখিয়া মরি ?" -বিষবৃক্ষ (বঙ্কিম০)।

হাবড়া, হাবুড়া [হাউড় (হাউ হাউ করিয়া বকা), উ=ব। > হাউড়িয়া, হাউড়া, হউড়ে, হাউড়ো-যে হাউ হাউ করিয়া বেশী কথা বলে] বিণ, বাচাল; বাবদূক garrulous; talkative. এই শব্দ প্রায়ই 'বুড়া'র সহচর রূপে চ০। প্র-বুড়ো হাউড়ো। বুড়া হাবড়া। ২ [ভঙ্গুর > ভঁাউর >। ভা=হা + উর। র= ড়। > হাউড়। > হাবড়া] বিণ, ভগ্নদেহ।

হাব(ব্)লা [হাবা দ্রঃ। স্নেহার্থে বা অবজ্ঞার্থে লা]বিণ স্থূলবুদ্ধি ও নিরীহ; অচতুর; আউলিয়া। ২ [প্রাদে০, গ্রা০] ফাঁদাল; বড় বা চওড়া মুখ এই অর্থে "হাবলা মুখ" বলে। হাব্লা গোবলা-বিণ, হাবা গঙ্গারাম ; অচতুর, শান্তবুদ্ধি ও স্বার্থবোধহীন ; হাবাগোবা দ্রঃ।

হাবশী, ~সী [আ০। ইং Abyssinian] বি, আফ্রিকা মহাদেশের অন্তঃপাতী আবিসিনিয়া দেশের অধিবাসী ; কাফ্রি। "হাবসী ইমাম বক্স হাবশী প্রধান।"- অ০ ম০। "পৌরবর্গ খোজা হাবসী প্রভৃতি সকলেই প্রমোদে ব্যস্ত।"-দুর্গেশনন্দিনী। ~খানা-বি, হাবশিদিগের বাসস্থান। "দিলেক হাবশিখানা অন্নজল কৈল মানা দ্রব্যজাত লুঠিয়া লইল।"-অ০ ম০।

হাবা [অবাক্ > হবাক্ (হব্ বাক্) >, অথবা হা (হীন, শূন্য)+বাক্ > বা > হাবা] বিণ, বাক্শক্তিহীন ; বোবা ; মূক। ২ মুখচোরা ; বাক্যভীরু। ৩ নির্ব্বোধ; স্বার্থবোধহীন। "কেহ বলে কালা বুড়া কেহ বলে বোবা। কেহ বলে হাউড় বাউড় কেহ বলে হাবা॥"-শি০। ~কালা -বিণ, মূক ও বধির। ~গঁঙ্গারাম [গঙ্গারাম নামক কোন ব্যক্তির দৃষ্টান্তে] বিণ, গঙ্গারামের মত মুখচোরা বা বাক্শক্তিহীন। ~গোবা [হাবা ও গোবা (গবা-গোরু বা গর্দ্দভ)] বিণ, বাক্শক্তি ও বুদ্ধিবৃত্তি হীন। "হীরা বলে অবা, হাবা গোবা বোবা বিধাতা ঘটালো মোরে। সেবি সেই স্বামী বোবা হই আমি কথা কহি ঠারে ঠোরে॥"-য০। ~বোবা [একার্থক সহ০ শব্দ] বিণ, মূক।

**`হাবাত** [হা=হায় (অভাবে) বাত= ভাত (অন্ন)। গ্রা০] বি, অন্নহীন ; অন্নের সংস্থানশূন্য ; হতভাগ্য। "হাবাতের হাতে যায় অভাগীর প্রাণ"-ঈ০ গুপ্ত। ~কুড়ে [হাবাত (হাভাত দ্রঃ) কুড়ে (কুঁড়ে-অলস)] বি, "হা-অন্ন" দশাগ্রস্ত অলস ; হাভাতিয়া কুঁড়ে। > স্ত্রীং `হাবাতকুড়ী।

`হাবাতিয়া, `হাবাতে [হাভাতিয়া >। হাভাত দ্রঃ] বিণ, যে ব্যক্তি অন্নাভাবে হা অন্ন যো অন্ন করে ; নিরন্ন ; নিধন। ২ হতভাগ্য ; দুরদৃষ্ট। হাবাতে যদ্যপি চায় সাগর শুকায়ে যায়-দুরদৃষ্ট-ব্যক্তি জল-পিপাসার্ত্ত হইয়া সমুদ্রের নিকট জল চাহিলে সাগরের জলও শুষ্ক হইয়া যায় ; হতভাগ্য জন সর্ব্বত্রই বঞ্চিত বা নিরাশ হয়।

হাবাল [আ০ হবাল্] বি, জিম্মা। "পাত্র মিত্র দিল সার, নাজীরের হাবালে করিল।"-ভারত০।

`হাবিস কঁরা [ইং half ease এর লিপ্যন্তর। কলকারখানার শ্রমিক ও জাহাজের খালাসীদের ভাষায়। 'হাবিজ করা' ও০] ক্রি, ক্রেন (crane) কলে ভারি জিনিষ উত্তোলন করা বা স্থানান্তরিত করা ; নঙ্গর উঠান ; কাছি দ্বারা টানিয়া তোলা।

হাবাশ, হাবেশ১ [আ০ হাবাশ্। গ্রা০ ও ম০ বাং-র-হাবেশ, হাইবাস, হাব্যাস, হাউস ও০] বি, অভিলাষ ; কাম। ২ কৌতূহল। ৩ উচ্চাভিলাষ। ৪ সখ।

হাবেশ২ [আবেশ (বিহ্বলতা) >] বি, মায়া ; অদর্শন-দুঃখ ; বিরহ জনিত উদ্বেগ ; উৎকণ্ঠা। "বাহ বাহ কর্ণধারে ঘন ডাকে উচ্চৈঃস্বরে দেশের হাবেশে ধনপতি।" -কৈবিক০।

হাবিলাষ [অভিলাষ > গ্রা০ উচ্চারণ-বিকারে] বি, বাসনা ; অভিলাষ। "পূরিলেন মনের হাবিলাষ"-ময়নামতীর গান।

হাবুড়া [হামড় > হাবড়া (দ্রঃ)। বুড়ার সহিত অনুপ্রাসার্থ 'ব' স্থলে 'বু'] বিণ, হাবড়া। প্র-বুড়া হাবুড়া। ২ পশ্চিমাঞ্চলের অপরাধ প্রবণ জাতিবিঃ a criminal tribe. ইহারাই ভিন্ন ভিন্ন স্থানে সনোরিয়া, সাঁসিয়া প্রভৃতি নামে পরিচিত।

হাবুজখানা [আ০ হ্ ব্ স্ (জেল, কয়েদ) খ্ানা (গৃহ)] বি, কারাগার ; কয়েদ-খানা ; জেলখানা। "কাজি সাহেব তাহার কবরের হুকুম দিয়াছেন। সে এখন হাবুজ-খানায় আছে।"-সীতারাম (বঙ্কিম০)।

হাবুডুবু [পূ০ ব০ প্রাদে০ হাবিডুবি। সং-উর্দ্ধ > উভু > হাবু + ডুবু] বি,

নিমজ্জমান ব্যক্তির জলে ডুবিয়া শ্বাস গ্রহণের জন্য জলের উপর মাথা তুলিবার চেষ্টা; জলের উপর মাথা তোলা ও জলে ডুবা। হা° খাওয়া-ক্রি, জলে ঐরূপ ডোবা ওঠা। ২ খাবি খাওয়া।

হাবেলী [আ° হবেলী] বি, অট্টালিকা; পাকাবাড়ী। ২ বাসস্থান।

হাব্যাস, হাবাস [হাইবাস, হাবেশ, দ্র:। প্রা° বাং] বি, আশা; আশ্বাস। ২ উদ্দেশ। "মায়ের হাব্যাসে মরি ত্বরায় সাজায়ে তরি দেখিব মায়ের মুখ শশী।"-কবিক°। "পিতার হাবাসে পুত্র সদা ভাবে দুঃখ"-মহা° (কাশী°)। "কেমে দেশে দেশে বুলে পাইয়া হাব্যাস।"-চৈ° ম° (লোচন°)।

হাভাত [প্রা° হাবাত। হা (হায়, অভাবে) ভাত (অন্ন)-অন্নহীন] বি, নিরন্ন দশা; অন্নের জন্য হায় হায়। বিণ, হাভাতিয়া, হাভাতে-নিরন্ন; নির্ধন; হতভাগ্য। "হাভাতে যদ্যপি চায় সাগর শুকায়ে যায় হেদে লক্ষ্মী হৈল লক্ষ্মীছাড়া।"-অ° ম°। >স্ত্রীং হাভাতী [প্রা° হাবাতী] হতভাগী; ভাগ্যহীনা। "হায়হায় হায় হেদে হাভাতীর ঝি। নিরঞ্জনে নিন্দ ভাল নির্ব্বাচিলে কি॥"-শি°।

হাম১ [আ° হাম্মা (জ্বরবি:) >। বা, ঘামাচি বা আমবাতের মত হয় বলিয়া নাম? হি° মিল্‌মিলা] বি, চর্ম্মরোগবি:; "শ্বাস নালীর সর্দ্দি সহবর্ত্তী এবং চর্ম্ম ও শ্লৈষ্মিক ঝিল্লির বিশেষ প্রদাহযুক্ত গুটিকা নির্গমকারী তরুণ, সংক্রামক ও সাতিশয় স্পর্শাক্রামক অবিরাম জ্বর।"-ডা: কর; measles.

হাম২ [সং-অহম্ > হি° ও প্রা° বাং-র হম্ (হম্ শব্দ শব্দকর ঘ বরনারী-বি° প°) এবং হি°-র উচ্চারণানুকরণে হাম। অতি প্রা° বাং প্রাকৃ° হাউ (দ্র:)] স, আমি। "আজু রজনী হাম ভাগ্যে পোহায়নু পেখনু পিয়া মুখ চন্দা।"-বি° প°। ২ আমার। "দুখ হাম পাপ"-বি° প°। সম্বন্ধকারক-হামার, হামারি-আমার। "এ সখি হামারি দুখের নাহি ওর।"-বি° প°। কর্ম্মকারকে-হামকে-আমাকে। "হামক মন্দিরে যব আওব কান।"-বি° প°। "করে ধরি হামক বৈঠায়ব কোর।"-ঐ। হামে-আমাকে। "হামে হেরে বিহসলি থোরি"-বি° প°। আমি দ্র:।

হামছায় [ফা° হম্ (সমান, সদৃশ) + ফা° সায়া (প্রতিরূপ)। স=ছ] বি, প্রতিবেশী।

হামড়া [উপুড় দ্র:] বি, উপর; হুমড়ি খাইয়া পড়ার ভাব। ~পঁড়া-বিণ, যে হামড়ি খাইয়া পড়ে। ২ বার্দ্ধক্যে কোমর ভাঙ্গিয়া দেহ ঝুঁকিয়া পড়িয়াছে এমন।

হামড়ানি [হামড়ি দ্র:] ক্রি, হামড়ি খাওয়া; উপুড় হইয়া ঝুকা। হামড়িয়া পড়া, হাম্‌ড়ে পঁড়া-ক্রি, হেঁটমুখ হইয়া বা উপুড় হইয়া পড়া; হামাগুড়ির ভাবে হাত পা গুটাইয়া পড়া।

হামড়ি [উপুড় দ্র:] বি, উপুড়; হামাগুড়ি; হাত-পা'র উপর ভর দিয়া কোন কিছুর উপর আক্রমণ করা বা আগুলিয়া পড়ার ভাব। হুমড়ি দ্র:।

হামবঁড়, হামবঁড়া [হাম (অহম্ > হম্-আমি) বড়া (বড়)] বিণ, আমি বড় এই ভাবযুক্ত; আত্মম্ভরি। "তোমারই নামটা "হামবড়া" প্রেসে সোণার অক্ষরে ছাপব"-রজনী সেন। "আর ঐ হামবড়া ভাব মোদের অস্থি রক্ত মাংস পেশীময়।"-বাং গান। >বি, হামবঁড়াই।

হামরাই [ফা° হমরাহ্ >] বি(ণ), স্বতঃপ্রবৃত্ত। "মঙ্গলা মাসি হা°হইয়া বরানগরের শিবু আচার্য্যের নিকট রওনা হইলেন"- উত্তরা, বৈশাখ, ১৩৩৪। ২ সাথী; সহায়; সাহচর্য্যকারী। হা° হওয়া-সঙ্গ দেওয়া; সাহায্যে স্বতঃপ্রবৃত্ত হওয়া; কাজকর্ম্মে বা বৃহৎ ব্যাপারে সহায়তা করা বা ব্যবস্থা সহায় হওয়া; অভিভাবকতা করা।

হামলা [আ° হম্‌লা] বি, যুদ্ধার্থে আক্রমণ; চড়াও। ২ [আদা°] বি, মারপিট।

হামলানি [সং-হম্বা বা হাম্ব + আন। ব=ল। হামলাই, হামলাও, হাম্‌লায়] ক্রি, বাছুরের অদর্শনে গাভীর হম্বারবে চীৎকার করা। ২ [লক্ষ°। বিদ্রূপে] বাঞ্ছিতের অদর্শনে বা প্রিয়বিরহে অস্থির হইয়া ডাকাডাকি।

হামা [হাঁটুভরে গমন > ক্ষে° হামা] বি, করতল ও জানুতলে ভর দিয়া অবস্থান। ~গুড়ি-গোড় অর্থাৎ পা মুড়িয়া হাঁটু ও হাতে ভর দিয়া হেঁটমুখে অবস্থান। ~দেওয়া, ~গুড়ি দেওয়া-হাতের তলা ও গোড় (পা), অর্থাৎ জানু বা পদতলে ভর করিয়া চলা। "কোল হইতে নামে কার স্নেহের তরল হার নিঝরিণী খুকীরাণী হামাগুড়ি দিয়া।"-কস্তুরী।

হামাইল [প্রাদে°] বি, তাঁতের খুঁটা।

হামাই [প্রাদে°] বি, ধান্যবি:। প্র-হা° ধানের চাল, চালের মুড়ি।

হা-মা-কা [ব্যঙ্গার্থে। "হাতে মাথা কাটা" > ক্ষে°] অ, হাতে মাথা কাটা। ২ অর্থহীন চেঁচামেচি; অনেকের একসঙ্গে আর্ত্তনাদ।

হামান [প্রা° বাং] বি, তাঁতের বোনা গাত্রবস্ত্রবি:।

হামানদিস্তা, হামামদিস্তা [হি°। ফা° হাবন্‌দস্তাহ্] বি, হাত দিয়া কঠিন দ্রব্যাদি চূর্ণ করিবার লৌহপাত্র ও লৌহমুষল। "মেয়েটি হামানদিস্তায় ফেলে থেঁতো করে ফেলুন"-লীলাবতী।

হামাম [আ° হাম্মাম্] বি, উষ্ণজলের স্নানাগার। ২ উষ্ণজলে স্নান।

হামার [হি° অম্বার। সং-মরার] বি, ধান্যাদি সঞ্চিত করিবার মরাই; গোলা। "ধান্য চালু সরিষাতে পুরিবে হা°"-কবিক°। ২ বৃহৎ স্তূপ; পাহাড়বৎ স্তূপ। প্র-এত জিনিসপত্র এসে পড়েছে যে হা° হয়ে গেছে।

হামাল, হঁমল [আ° হম্‌ল, হামাল] বি, বোঝা; পেটের বোঝা; জরায়ুস্থিত শিশু; গর্ভ fœtus.

হামি১ [আ° হামী] বি, রক্ষক; সহায়ক। "যা আমি পাপের আসামী। * * * আমি যোলে এ-মহলে, আর নাই হামি।" -রা° প্র°। ২ পৃষ্ঠপোষক। স্ত্রীং হামিয়া [আ°] রক্ষয়িত্রী। হামি হওয়া-ক্রি, বিষয়াধিকার বা প্রাপ্তি হেতু দাঁড়ান।

হামি২ [সং-জৃম্ভন > হাই দ্র:] বি, হাই। "হামি তুলি বীর"-রামা° (মাধবকন্দলী)।

হামিলা [আ°। হামিল ও°। হামাল দ্র:] বিণ, অন্তঃসত্ত্বা; গর্ভবতী; পোয়াতি।

হামেল [আ° হমায়ল > হি° হমেল >] বি,টাকা বা মোহর বা সেই আকারের ধাতুখণ্ডের কণ্ঠহার। ২ হাতীর গলায় পরাইবার সাজবি:। "গলায় ছোট বড় ঘন্টা ও সোণা-রূপার বড় বড় হা° পরানো হইত।"- ভারতবর্ষ, চৈত্র, ১৩৩৪।

হামেশা,-সা [ফা° হমেশা] ক্রি-বিণ, সর্ব্বদা। "ওরে! হামেসা তুই দেখিস্ ধরম-দিগ্‌-দর্শনের কাঁটা"-রজনী সেন। ২ চিরকাল; অনবরত।

হামেহাল [ফা° হামা (প্রত্যেক, সকল) + আ° হাল (কাল, অবস্থা)] ক্রি-বিণ, সকল অবস্থায়। ২ সর্ব্বকাল; সদাসর্ব্বদা; অবিরত।

হাম্বড়া-হামবড় দ্র:।

হাম্বর [ই° hammer >] বি, লোহা পিটিয়া বিস্তৃত করিবার লোহার বড় হাতুড়ী।

হাম্বা-হম্বা দ্র:। ~রব-বি, হম্বা এই ডাক বা শব্দ।

হাম্বী-হাম্ভী দ্র:।

হাম্বীর-বি, রাগিণীবি:। ২ মুসলমান-দিগের হস্ত হতে মিবার উদ্ধারক রাণা বীর হাম্বীর।

হাম্ভী,হাম্বী[সং-জৃম্ভন > ম°-জাম্ভই, > হাম্বী, হামি, হাম্ভী] বি, হাই; জৃম্ভন। "সঘন ছাড়িল রাধা হাম্বী আপার॥" -শ্রী° কী°। "শ্রমের কারণে হাম্ভী হৈল ঘন ঘনে।"-ঐ।

হায় [হা শব্দজ] অ, খেদ; অনুতাপ; আক্ষেপ।

হায়দর [আ°] বি, সিংহ। ২ হজরত মহম্মদের জামাতা হজরৎ আলীর নাম। হায়দারী হাঁক-বি, হজরৎ আলীর হুঙ্কার; জোর গলায় ডাক। "কেন ডাক হা° হাঁক"-ন° ইস্‌লাম।

হায়ন [সং] বি, বৎসর; বর্ষ। "হায়নের অগ্র অগ্রহায়ণ জানিয়া। শুভদিনে পুণ্যাহ করিলা বিচারিয়া"-অ° ম°। ২ ধান্যবি:। বিণ, হায়নী।

হায়রান [আ°] বি, ক্লেশদান; নাকাল; উৎপীড়ন। হা° করা-ক্রি, নাকাল করা harass. ~-পরেশান হওয়া-ক্রি, ব্যতিব্যস্ত হওয়া; উত্যক্ত হওয়া।

হায়া [আ°] বি, লজ্জা; সরম।

হায়া-বিবি [মু° হিব্রু° Havvah. হবা দ্র:] বি, আদি মানবী Eve. "আপুনি চণ্ডিকা দেবী তেঁহ হৈলা হায়া বিবি পদ্মবতী হল্য বিবি নুর"-রমাই পণ্ডিত।

হার১ [হৃ(হরণে) + অ(র্ত্তৃ), যা লোকের মন হরণ করে] বি, কণ্ঠ হতে লম্বিত বক্ষো-ভূষণবি:; মাল্য। হার গড়া-ক্রি, ধাতু রত্নাদি নির্ম্মিত হার নির্ম্মাণ করা। হার গাঁথা-ক্রি, মাল্য রচনা করা। [দ্র:-ভিন্ন বস্তুর নাম ও আকৃতির অনুকরণে হারের বহুবিধ আকার ও নাম আছে। যথা, -কিড়ী হার-বি, কড়ীর মালার আকৃতি। কণ্ঠহার-কণ্ঠ দ্র:। কেবল হার [ই° cable >] বি, জাহাজের কাছির আকার হার। গোঁফ হার (গোঁফের চুলের মত সরু তারে নির্ম্মিত)। গোট হার (গোল কড়ার শিকলাকার)। চন্দ্র হার (চাঁদ বসান বলিয়া) [এইরূপ তারা হার, সূর্য্য হার, চেন হার (শিকলাকার), দঁড়া হার (মোটা দড়ার আকার)] পুষ্পহার-বি, ফুলের মালা। ২ স্বর্ণ-হারবি:। বিছে হার (বৃশ্চিকাকৃতি)। ঐরূপ সাপ হার, হেলে হার, মেথি হার (মেথির আকার টোপ তোলা) [ঐরূপ-কাঁইবিচি হার, বিস্কুট হার ই°]। রত্ন হার-বি, হীরা মুক্তাদি জড়িত স্বর্ণহার। স্বর্ণ হার-বি,সুবর্ণ-নির্ম্মিত কণ্ঠভূষণ। হেঁসোহার (হাঁসিয়া আকৃতি)। এতদ্ব্যতীত দঁমাহার, ফুলো হার, বিনোদবেণী, সরস্বতী ই° বহু-বিধ হার আছে [দ্র:-১০০৮টি মুক্তায় গ্রথিত হারকে ইন্দ্রচ্ছন্দ, ৫০৪ টি মুক্তায় গ্রথিত হারকে বিজয়চ্ছন্দ, ৫৪ সূত্রে গ্রথিত হারকে রশ্মিকলাপ, ৬৪ সূত্রে গ্রথিতকে অর্দ্ধহার, ৩২ সূত্রের হারকে গুচ্ছ, ২৭ সূত্রের নক্ষত্রমাল, ২৪ সূত্রের মানবক এবং ১০ টি সূত্রে গ্রথিত অর্দ্ধ মানবক, (ইহার মধ্যদেশে রত্ন থাকে। মধ্যদেশে ৩টি ত্রিফলক রত্ন থাকিলে তাহা ফলক হার নামে অভিহিত হয়। এই সকল কণ্ঠহারের মধ্যস্থলে রত্ন গ্রথিত হইলে সেই সেই নামের সহিত মানবক যুক্ত হইয়া আখ্যাত হয়। কোন হারের সকল সূত্র একই আদর্শের হইলে শুদ্ধ হার নামে উক্ত হয়), এবং ১টি সূত্রে গ্রথিত হারকে একাবলী বলে। ইহার মধ্যস্থলে রত্ন থাকিলে যষ্টি, নানাপ্রকার বিচিত্র হেমমণি ও মুক্তা গ্রথিত থাকিলে অপবর্ত্তক, মুক্তসূত্রের মধ্যদেশে স্বর্ণের তার থাকিলে সোপান এবং তার মধ্য-স্থলে রত্ন থাকিলে মণি-সোপানক বলে]। মুক্তার হার-বি, মুক্তার মালা; মুক্তাবলী।

হার২ [হৃ (হরণে) প্রতিদ্বন্দ্বিতায় শক্তি হরণে] বি, পরাজয়; ঘাট স্বীকার। প্র-যুদ্ধে তার হার হয়েছে। পরীক্ষায় হার হয়েছে। ~জিৎ-বি, জয়পরাজয়। হার মানা-ক্রি, পরাজয় স্বীকার করা। "সমস্ত দুরন্তপনা হার মেনে একদিন মাটিতে লুটিয়ে পড়ল।" -রাজা (রবী°)। হার হওয়া [হারা দ্র:] ক্রি, পরাজয় সাব্যস্ত হওয়া।

হার৩[গ°] বি, হরণ; ভাগ। ২ [প্রাদে°] ধান্য মাপিবার পাত্র; আড়ি। "আলি হৈতে হারে মাপি দিল তাহার টাকা।"-কবিক°। ৩ হিসাব; দর; অনুপাত rate. ৪ বিণ, ভাজক। ৫ হারক; অপহারক। ৬ বাহক। শতকরা হার [পাটী° (ক° বিশ্ব° পরি:)] ই° rate of percentage or percentage rate এর বৈজ্ঞা° পরি:; শতকরা হিসাব।

হারক [হৃ (হরণ করা) + অক (র্ত্তৃ)] বিণ, হরণকারী। ২ বাহক; বহনকারী। ৩ [গ°] বি, ভাজক divisor. ৪ চোর।

হারমদ, হারমাদ, হারামদ, হরমাদ [স্পে° ও পর্ত্ত°, armada (নৌ-সেনাবাহী জাহাজ) শব্দের বিকারে] বি, পর্ত্তুগীজ্ জলদস্যু। "ফিরাঙ্গির দেশখান

বাহে কর্ণধারে। রাত্রিতে বহির্যা যায় হারামদের ডরে।"-কবিক°।

হারমনিয়(া)ম [ইং harmonium এর লিপ্যন্তর] বি, অর্গ্যান (organ) সদৃশ কিন্তু তদপেক্ষা ক্ষুদ্র বাদ্যযন্ত্র।

হারা [হৃ (হরণে) >। হারি, হার, হারেন, হারিস, হারে (হারেন); হারিতে (কে° হারতে); হারিয়া (কে° হেরে)। শিক্ষন্ত-হারান] ক্রি, পরাজয় স্বীকার করা। "দশে মিলে করি কাজ হারি জিতি নাহি লাজ"-প্রবচন। ২ প্রতিযোগিতায় পশ্চাৎপদ হওয়া। ৩ বিণ, যা বা যে হারাইয়া গিয়াছে; বিযুক্ত; শূন্য; বিহীন। প্র-মা-হারা ছেলে। ৪ বিস্মৃত। "আপনহারা।"-গান।

~ধন, হারানো ধন-বি, হৃত বস্তু। ২ পুনঃপ্রাপ্ত রত্ন। "হারানো ধন ফিরিয়া পাইতে তার যত্ন বাড়ে।"-ভারতী, ১৩২১। ~মরা-বিণ, পূর্বজ সন্তানগণ জন্মিয়া শৈশবে মরিয়া যাইবার পর জাত।

হারাও [প্রা°বাং। হি°হার°াউ (হারাই) >] ক্রি, হারাইয়া ফেলি; হারাই। ~-হারাও-অ, হারাই হারাই; পাছে হারাইয়া ফেলি। "হিয়ার ভিতরে থুইতে নহে পরতীত। হারাঙ হারাঙ হেন সদা করে চিত।"-বলরাম°।

হারানি [হৃ (হরণে) >। হারাই, হারাও, হারায়; হারাইতে; হারাইয়া (কে° হারিয়ে)] ক্রি, পরাস্ত করা; পরাভব করা। ২ বিস্মৃত হওয়া; ভোলা। ৩বঞ্চিত হওয়া; খুঁজিয়া না পাওয়া; সন্ধান না পাওয়া; খোয়ান; অজ্ঞাতসারে হস্তচ্যুত করা। প্র-জিনিস হারান। ৪ ভ্রষ্ট হওয়া। প্র-জাত হারান। ৫ হস্তচ্যুত হতে দেওয়া; ত্যাগ করা। প্র-সুযোগ হারান। ৬ নষ্ট করা। প্র-অপব্যয়ে সম্পত্তি হারান। ৭ ঠিক না রাখা; বিকৃত করা। প্র-মাথা হারান; বুদ্ধি হারান।

হারাবলী [হার + আবলী] বি, মুক্তাবলী।

হারাম [আ°] বি, মুসলমান ধর্মবহির্ভূত; অবৈধ। ২ মুসলমানদিগের অস্পৃশ্য জন্তু; শূকর। "কুপী ভরি গিলাইব হারামের হাড়। ফতমা বিবির আজ্ঞা ছাড় ছাড় ছাড়।" -অ° ম°। ৩ যা ধর্মসঙ্গত নহে; অধর্মামুমোদিত। ~জাদা [জাদ দ্রঃ] বি(ণ), নীচোদ্ভব; দুর্বৃত্ত; পাজী। "জান বাচ্ছা এক-পাদে গাড়িব হারামজাদে তবে সে জানিবি মোর দন্ত।"-ভারত°। স্ত্রীং ~জাদী।

হিন্দুর গরু মুসলমানের হারাম -হিন্দুর পক্ষে গরুর মত মুসলমানের পক্ষে শূকর অভক্ষ্য; যা উভয়েরই পক্ষে অবৈধ ও ত্যাজ্য।

হারামঁদ-হারমদ দ্রঃ।

হারাহারি [হার (পরাজয়)+আ (পরস্পরার্থে)+হার (পরাজয়)+ই (ব্যাপারার্থে)-একবার একপক্ষে হার একবার অন্য পক্ষে হার] বি, জয় পরাজয়; হার জিৎ। ২[হার(ভাগ)+আ+হার+ই] ভাগাভাগি।

হারি১ [হার১ (দ্রঃ) > সৈ° পদ° সা°; কোমলার্থে] বি, হার; মালা। "গলায় মোতিম হারি"-চণ্ডি°।

হারি২, হারী [হৃ (হরণ করা)+ইঞ্ (ভা°)] বি, পরাভব। "অন্য যত শিশুগণ সব হারি বলে।"-চৈ° ভা°। ২ বিণ, মনোহর; রুচির।

হারিকেন, হ্যারিকেন, হার্কিন, হরিকেন [ইং hurricane (lantern) এর লিপ্যন্তর] বি, প্রবল ঝড়-সহ লাঠান।

হারিত [হৃ+ণিচ্=হারি (লওয়ান)+ত (র্ম-ক্ত)] বিণ, চোরাইত। ২ পরাস্ত; পরাজিত। ৩ [হরিত+অণ্] সবুজ। ৪ শুকপক্ষী।

হারিদ্র [হরিদ্রা+অণ্] বিণ, হরিদ্রা-বর্ণবিশিষ্ট।

হারী [হৃ (হরণ করা)+ইন (র্তৃ) =হারিন্ ১মা. ১ব°] বিণ, মনোহর। ২ বাহক। ৩ অপহারক। ৪ [হার+ইন্ (স্ত্য°)] হারবিশিষ্ট। স্ত্রীং হারিণী।

হারীত [হরিত (সবুজবর্ণ)+অণ্, ই= ঈ] বি, শুকপক্ষী। ২ মুনিবিঃ।

হারুয়া-হেরো দ্রঃ।

হারেম [আ° হরম্ (পবিত্র, নিষিদ্ধ)-ভদ্রাসনের যে অংশ পবিত্র ও পরপুরুষের নিকট নিষিদ্ধ > ইং harem] বি, শুদ্ধান্ত; অন্তঃপুর; মহিলামহল।

হার্দ্দ, হার্দ্দ্য [হৃদ্ (অন্তঃকরণ) + অ, য (ভা°)] বি, স্নেহ; প্রীতি; প্রণয়; হৃদ্যতা। "হার্দ্দ করি বসাইল হিরণ্যের খাটে।" "হাতে ধরি হার্দ্দ্য করি বসাইলা হর।" -শি°। ২ সহৃদয়তা। ৩ বিণ, হৃদ্গত। ৪ হৃদ্য; মনোরম। হার্দ্দিক-বিণ, হৃদ্গত; হৃদয় সম্বন্ধীয়। ২ আন্তরিক।

হার্দ্দী [হার্দ্দ+ইন (স্ত্য°)=হার্দ্দিন্ ১মা, ১ব°] বিণ, সহৃদয়; স্নেহবান্।

হার্ম্মনিয়াম, হার্ম্মোনিয়ম, হারমনিয়া [ইং harmonium এর লিপ্যন্তর। গ্রা° অশিক্ষিতের মুখে হারমুনিয়া > কে° হারমুনি] বি, য়ুরোপীয় বাক্সাকার বাদ্যযন্ত্রবিঃ। ইহাতে অঙ্গুলি চালনাকৌশলে চাবি টিপিয়া স্বর বাহির করিতে হয়। "ও হার্ম্মোনিয়মে তোর প্রাণ বেজে উঠে মোর" -চন্দন

হার্য্য [হৃ (হরণ করা)+য (র্ম্ম)] বিণ, হরণযোগ্য; অপহরণীয়। ২ গ্রহণীয়। ৩ বাহ্য; বহনযোগ্য। [গ°] বিভাগযোগ্য; ভাজ্য।

হাল১ [সং-হল (লাঙ্গল)+অ (স্বার্থে)] বি, লাঙ্গল। "হাল পিছে এক তঙ্কা"-কবিক°। ২ গাড়ীর চাকায় লোহার বেড়। বিণ, হালিক, হালিয়া, হাল্যা, হেল্যে, হেলে-কৃষক। ২ হালসম্বন্ধীয়।

হাল বায় [বাহে-বাহা দ্রঃ] ক্রি, হল চালনা করে; লাঙ্গল চষে। "মামায় ভাইগনায় হাল বায়" -প্রা° সূর্য্যের গান (ব° সা° পরিচয়)।

হাল২ [আ° হাল্। তুল-মালতো-আওআলে Awale (story, event, condition, circumstances—I. M. L.)] বি, অবস্থা; দশা [এই অর্থে 'হালৎ' ও°]। "রাণীর দেখিয়া হাল জিজ্ঞাসয়ে মহীপাল, কেন কেন কহ সবিশেষ।"-অ° ম°। ২ বর্তমান কাল। ৩ বিণ, বর্তমান; উপস্থিত। ৪ আধুনিক। ~খাতা-চলতি হিসাবের খাতা। ২নূতন খাতা; নববৎসরের হিসাবের খাতা। ~চাল-বি, অবস্থা ও সংসার

নির্ব্বাহ। ~জমা-বি, চল্‌তি আবহাল বৎসরের খাজনা জমা। ~নিকাস(সি)-চল্‌তি আয় ব্যয়ের হিসাব নিকাস। ~ফিল্‌ [আ॰ ফিল্‌হাল্‌ > বাং-য় শব্দবিপর্য্যয়ে] উপস্থিত ; এখন। ~বকেয়া, ~বাকী-বি(ণ), বর্ত্তমান হিসাবে যা বাকী পড়ে। বেহাল-বে দ্রঃ। রাজার হাল-বি, চূড়ান্ত সুখের অবস্থা ; সৌভাগ্য। হাড়ীর হাল-বি, অতিশয় দুঃখের অবস্থা ; দুর্দ্দশার একশেষ।

হালক [সং] বি, পীতহরিদ্বর্ণ অশ্ব।

হালকা-হাল্কা দ্রঃ।

হালৎ [হাল দ্রঃ] বি, দশা ; অবস্থা।

হালদার [আ॰ হাওয়ালদার (নিম্ন পদবীস্থ সামরিক বা পুলিশের কর্ম্মচারী) >, বা আ॰ হাওয়ালা + ফা॰ দার (গোমস্তা) >] বি, পদবীবিঃ।

হালা$_1$ [সং] বি, মদিরা। ২ তাড়ী।

হালা$_2$ [পুলা দ্রঃ। সং-তালক > তালঅ > তালা > হালা। হিং হালিয়া (পাল, দল)] বি, পরিমাণবিঃ ; অঙ্গুষ্ঠ ও মধ্যমাঙ্গুলীর বেষ্টন বা মুষ্টিপরিমিত শস্যস্তম্ব ; তাড়া ; হালি। ২ তড়পা ;২০ আটি বা তাড়া। "চারি হালা খড়ে বিশাই ছাইল চারি পাট"-কবিক॰। "নিহড়ি চলিল ধেয়ে, দুদণ্ডে নিমেক দায়্যে, হইল আড়াই হালা মাত্র।"-শি॰। ৩ গুচ্ছ ; গোছা।

হালা$_3$ [আলা$_6$ (দ্রঃ) >] বি, ছাড়। হালা দেওয়া-ক্রি, ছাড়িয়া দেওয়া। "দুর্ব্বাক্ষেত্রের মধ্যে বিনোদ কোড়া হালা দিল।"-মৈ॰ গী॰।

হালা$_4$ [সং-হল্লন > হিং হ(া)লনা (কাঁপা), হিলনা ও॰। > হালা। হালি, হাল, হালে (হালএ), হালিতে ; হালিয়া (হালিআঁ)] ক্রি, কম্পিত হওয়া ; কাঁপা। "ঢেউ দেখি মোর হালে সব গা।"-শ্রী॰ কী॰। "যমুনার ঢেউ দেখী হালএ পরাণী।"-ঐ। ২ নত হওয়া ; ঝোঁকা ; হেলা। "পড়িলী হালিআঁ রাধা ফুলের শয়ে।"-শ্রী॰ কী॰।

হালাক [আ॰ হলাক্‌] বি, সর্ব্বনাশ। ২ বধ ; কতল ; হত্যা। "হালাল না করি করে নাহক হা॰।"-অ॰ ম॰। হালাকু-বিণ, খুনী।

হালাকান [আ॰] বিণ, নাকাল ; প্রাণান্ত ; আক্রান্ত ; হাল্লাক (দ্রঃ)।

হালাল [আ॰] বিণ, বৈধ ; যা ধর্ম্মসম্মত। ২ বি, মুসলমান ধর্ম্মের নিয়মানুযায়ী পশু পক্ষ্যাদির কণ্ঠচ্ছেদন। "হা॰ না করি করে নাহক হা॰।"-অ॰ ম॰। ৩ বধ ; হত্যা। ৪ বি, চিত্রবর্ণ ঘোটক।

হালাহল [হলাহল + অ (স্বার্থে)] বি, কালকূটবিঃ ; হলাহল। বিণ, হালাহলী।

হালাহোল [সং-হলহলা (আনন্দ কোলাহল)] বি, আমোদ আহ্লাদ ; আনন্দ। "সুব্যঞ্জন ঝোলঝালে কুটুম্বিতা হালাহোলে পরকালে কেহ কারো নয়।"-ধ॰। "চিত্ত মজাইয়া চোর ভুঞ্জে হালাহোলে।"-ঐ। "রাজা রাণী সহিতে করেন হা॰ কেহ করে দণ্ডবৎ, কেহ করে কোল।"-ঐ।

হালি$_1$ [আ॰ হাল্‌ (হাল দ্রঃ) >] বিণ, নূতন ; নববর্ষোৎপন্ন।

হালি$_2$ [হাল > হাইল-হালি] বি, হাল ; লাঙ্গল। ২ নৌকাদণ্ড ; বহিত্র। ৩ [হালা$_2$ দ্রঃ] পরিমাণবিঃ। ৪ ২০ তড়্‌পা। "ভীম খেত্তী ধান দাইলেন আড়াই হালি।" -শূ॰ পু॰।

হালি$_3$ [সং-হরিৎ > হিং হরি (সবুজ) উচ্চারণে হারি > হালি] বিণ, হরিৎবর্ণ ; সবুজ। ২ ক্ষেত হইতে টাট্‌কা তোলা ; তাজা ; সবুজ ও কাঁচা। ৩ কাঁচাটে গন্ধযুক্ত ; সব্‌জি বা শাক শাক গন্ধযুক্ত। ৪ সবুজবর্ণ মুগবিঃ ; ঘোড়া মুগ (তুল-পীতবর্ণ বলিয়া 'সোনা মুগ')।

হালিক [হল (লাঙ্গল) + ইক (বহত্যর্থে)] বিণ, হলবাহী ; হলচালক ; কৃষক ; হালিয়া। ২ হলসম্বন্ধীয়।

হালিম [ফা॰ হ্‌লীম শব্দ আছে কিন্তু অর্থ স্বতন্ত্র মহরম উপলক্ষে প্রস্তুত খাদ্যবিঃ। বৈদ্যকে সং নাম চন্দ্রশূর > হিং চন্‌সুর ; বাং-চাঁদশূর ও হালিম] বি, চাঁদশূর ; বনমেথিকা ; হালিম নামক খাদ্য শাকবিঃ garden-cresses ; Lepidum Sativum [ইহার পাতার নাম 'লুটপুটিয়া,' বীজের নাম রোহিত সর্ষপ cress seed]। ২ [হাকুচ অর্থে বাং-য় প্রাদে॰ ব্যবহারে] বিণ, তিক্ত। প্র-হালিম তেতো।

হালিয়া [হাল (লাঙ্গল) + ইয়া। পূ॰বঙ্গ প্রাদে॰ হাল্যা। "ওরে হাল্যা চাষা" -পূ॰ ব॰ গী॰] বিণ, হল সংক্রান্ত। ২ হলধর ; কৃষক ; হালিক দ্রঃ। "নগরে নগরে আমি হা॰ বসামু"-প্রা॰ সূর্য্যের গান (ব॰ সা॰ পরিচয়)।

হালিসা, হালসিয়া, হাল্‌সে [হালি (দ্রঃ) + সা (সাদৃশ্য, ঈষৎ ই॰ অর্থে) + ইয়া (যুক্তার্থে)] বিণ, ক্ষেতের সদ্য তোলা আনাজের কাঁচাটে বা শাক শাক গন্ধযুক্ত। বি, হালি(হাল্‌)সানি-হাল্‌সে গন্ধ। >হা॰ মারা-ক্রি, কাঁচাটে বা শাক শাক গন্ধ ছাড়া।

হালু [গ্রা॰। হাল (হিং হিল্‌না >) + উ] বিণ, চঞ্চল। ~চালু-অ, উস্‌খুস্‌ ; অস্থির ; চঞ্চল। হালুচালু করা-ক্রি, চঞ্চল হওয়া ; নড়াচড়া। ২ এদিক ওদিক করিয়া বেড়ান।

হালুইকর [আ॰ হল্‌বাই (যে হালুয়া > মিষ্টান্ন, প্রস্তুত করে)] বি, মিঠাই প্রস্তুত-কারক ; মোদক ; ময়রা।

হালুয়া$_1$ [আ॰ হল্‌বা] বি, মোহনভোগ ; সুজী ঘৃত চিনি দুগ্ধযোগে প্রস্তুত মিষ্টান্নবিঃ। ২ [লক্ষ॰] বিণ, লপ্সিকাবৎ ; অতি গলিত ; আটা-আটা ; থক্‌থকে।

হালুয়া$_2$ [হাল + উয়া] বি, হলধর ; হলচালক। "ভীম আছে হা॰ আর অনির্ব্বাহ কি।"-শি॰।

হালো [প্রা॰ বাং। আধু॰ বাং-হ্যালো বা হাঁলো। তুল-ইং hallo] অ, সম্বোধন শব্দ। "হালো ডোম্বী তো পুছমি সদভাবে" -বৌ॰ গান।

হাল্‌কা$_1$ [আ॰ হল্‌কা] বি, গ্রামমণ্ডলী ; শাসন, রাজস্ব বা পরিদর্শন সম্বন্ধীয় অধিকার-গত প্রাদেশিক উপবিভাগ ; চক্র circle ; circuit, [দ্রঃ-a village circuit, a boundary line which includes all the lands and dwellings of a village or hamlet, a circle or estate including many villages—*Wilson* (*Glossary V.*

]যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঙ্গ=গাঁ ঞ্চ=ন্চ ক=ট্ট হু=হ্‌ হু হ্ন হ্ন হ্ন=নহ হ্ন নহ ভ্ব্য, জ্‌ ক্‌ ব্‌ ভ=zfwv ও ফা॰ দ্রঃ

J. & Rev. terms)] । ~বন্দী-বি, পৃথক্ পৃথক্ হালকার গ্রামসমূহের বিভাগ।

হাল্কা, হাল্‌কা, [সং-লঘুক > প্রাকৃ- হলুক > হলুক (হিং-তে হালুক্) > হালকা] বিণ, লঘু; পাতলা। "হাল্‌কা-বোঁটা ফুলের বুকে প্রজাপতি কাঁপতে থাকে।"-স০ দত্ত। ২ অল্পভার। ৩ অল্পমূল্যের। ৪ অস্থায়ী; ক্ষণস্থায়ী। ৫ নিরেশ; খেলো। ৬ যাহার উপর নির্ভর করা যায় না; গুরুত্বহীন; অসার। প্র-হাল্কা কথা। ৭ ভার শূন্য; খালি। প্র-হৃদয় হাল্কা করা। মাথা হাল্কা করা। ~পনা, হালকামি-বি, লঘুতা; অর্বাচীনতা; ছেলেমানুষী। হাল্‌লোক-বি, গাম্ভীর্য্য শূন্য ব্যক্তি; সহজে নমনীয় বা তরল-প্রকৃতি বা ছেবলা লোক। পেট-হাল্কা-বিণ, যে কোন কথা গোপন রাখিতে পারে না; পেটে যার কথা থাকে না। পেট হাল্কা করা-ক্রি, হাউহাউ করিয়া বকিয়া বা পরের কাছে মনের কথা সমস্ত ব্যক্ত করিয়া ফেলা।

হাল্যা-হালিয়া দ্রঃ।

হাল্লা-হল্লা দ্রঃ।

হাল্লাক [আ০ হালাকান্ (হায়রান worried) অথবা আ০ হালাক্ (বধ, প্রাণান্ত)] বিণ, প্রাণান্ত; হায়রান্। "বাছা ডাকা-ডাকি করে হা০"-সধবার একাদশী।

হাস [হস্ (হাস্য করা) + অ (ভা০)] বি, হাস্য। ২ উপহাস।

হাসপাতাল-হাঁসপাতাল দ্রঃ।

হাসা [হাস (হাস্য) + আ (করা অর্থে, হাঁসা ও০)। হাসি, হাস (হাসেন, হাসিস), হাসে (হাসেন); হাসিতে (কে০ হাসতে); হাসিয়া (কে০ পদ্যে-হাসি। প্রা০ হেসে। প্রা০ বাং-হাসী। "ভোঞে মুচুকে হাসী তাক দেহ আইহনের দাসী।"-শ্রী০কী০)। ণিজন্ত-হাসান] ক্রি, হাস্য করা। ২ উপহাস করা। "সকল পাষণ্ড মেলি বৈষ্ণবেরে হাসে"-চৈ০ভা০। ৩ বিণ, বিকসিত। ৪ ধবল; শ্বেত। ~হাসি-হাসি দ্রঃ।

হাসানি [হাসা দ্রঃ। হাসাই, হাসাও (হাসান, হাসাস), হাসায় (হাসান); হাসাইতে; হাসাইয়া (কে০ হাসায়ে, হাসিয়ে)] ক্রি, হাসিতে বাধ্য করা। "তখনকার ছেলেরা সং সাজিয়া গাঁয়ের লোককে হাসাইত।" -ভারতবর্ষ। লোক হা(হাঁ)সানি -ক্রি, সাধারণের উপহাস্য হওয়া। ২ এমন কিছু করা যাতে সকলে নিন্দা বা উপহাসের হাসি হাসে।

হাসাহাসি-বি, পরস্পরের কথায় বা ইঙ্গিতে হাস্য; রহস্য করা। লোক হাসাহাসি-লোকের মাঝে উপহাস্য হওয়া; চলাচলি; যাতে লোকজন বিদ্রূপের হাসি হাসে।

হাসি [হস্ (হাস্য করা) >] বি, হাস্য; হাস। ২ উপহাস। ~কান্না-বি, হাস্য ও ক্রন্দন; বিষাদা-নন্দের মিশ্রভাবের প্রকাশ। ~খুসি-বি, হাস্য ও হর্ষ; আমোদপ্রমোদ; আহ্লাদ আমোদ। ~ঠাট্টা-বি, হাস্য উপহাস; ঠাট্টা বিদ্রূপ। ~তামাসা-বি, হাস্য কৌতুক; রঙ্গরসিকতা। হাসি নাধরা-ক্রি, মুখমণ্ডল হাস্যপূর্ণ হইয়া যেন ছড়াইয়া পড়িবার মত হওয়া। হাসি ফুটা-ক্রি, মুখে বা অধরে হাস্য বিকশিত হওয়া বা প্রকাশ পাওয়া। ~মুখ-বি, সহাস্য বদন; প্রফুল্লমুখ। হাসির কথা-বি, উপহাসের বিষয়। হাসির গটরা,-গররা-বি, হাসির গিটকিরি বা গরগর শব্দ। হাসির ঘটা, -ছটা-বি, আলোকের মত হাসির দীপ্তি ও শোভা। অট্টহাসি-বি, উচ্চহাস্য। কাষ্ঠ-হাসি [নীরস অর্থে কাষ্ঠ] বি, লোক দেখান হাসি; দাঁতের হাসি, কপট হাস্য। দেঁতোর হাসি- হাসির অনুকরণে দাঁত দেখান মাত্র আন্তরিক নহে; কাষ্ঠহাসি। দৈখিন হাসি-বি, দৃষ্টিমাত্র যার মুখ হাস্যময় হয়। মধুর হাসি-বি, মনোমুগ্ধকর হাস্য। মিষ্ট হাসি-বি, মধুর হাসি। মুচকে হাসি-বি, মুখ চাপিয়া হাসি; ঈষৎ হাস্য; ঠোঁট চাপা হাসি। বিদ্রূপের হাসি-বি, বিদ্রূপ করিবার উদ্দেশে হাসি; উপহাস। ম্লান হাসি-বি, বিষাদ-মলিন মুখের হাসি। ২ অতিশয় দুঃখে অদৃষ্টেরপ্রতি বিদ্রূপের হাসি।

হাসিকা [হস্ + ণিচ্ = হাসি (হাস্য করান) + অক (র্তৃ) + আ (স্ত্রীং)] বি, বচন চাতুর্য্য বা অঙ্গভঙ্গী দ্বারা হাস্যোদ্রেককারিণী দাসী: বিদূষিকা।

হাসিনী [পুং হাসিন্] বিণ, হাস্যযুক্তা; হাস্যময়ী; হাস্যকারিণী।

হাসিয়াল, হাসিয়ালী, হাঁ- [সং-হাণ্ডীশাল > হাঁড়িশাল > প্রাদে০ হাঁড়শাল > (দ্রুত) হাঁশ্(ল্)শাল > হাঁ(হা) শি(সি)য়াল(লী) > কে০ হেন্সেল > হাঁ(হা) শা(সা)ল্, হাঁশাল > হেঁসেল (দ্রঃ)] বি, রন্ধনাগার; হেঁশেল। হাসিয়ালী ঘর-বি, হেঁসেলঘর; রান্না-ঘর। "হাসিয়ালী ঘরত সোন্দাইল লহর দিয়া" -ধ০ ম০ (মাণিক০)।

হাসিল [আ০ হাসিল্] বি, বুদ্ধি ও কৌশলপূর্ব্বক কার্য্য উদ্ধার। ২ আদায়। ৩ উৎপন্ন দ্রব্য; লভ্য। ৪ কল্যাণ; মঙ্গল; ভাল। "সাহেব করেগা তেরা নিয়ত হাসিল।" ৫ বিণ, পূর্ণ; সিদ্ধ; সমাপ্ত। "এক দিনে অল্প ধনে যে তোমারে সিন্নি মানে হাসিল করহ তার কাম।"-সত্যনারায়ণ। "এখন দাঁড়াও সরে বুড় দিদি হাসিল হল কাজ"-হেম০। হাসিল জমী-বি, আবাদি জমী।

হাস্তিক [হস্তিন্ (হাতী) + ইক (সমূহার্থে)] বি, হাতীর পাল। ২ হস্ত্যা-রোহী; হাতি-সওয়ার। ৩ বিণ, হস্তি-সম্বন্ধীয়।

হাস্তিন [হস্তিন্ (রাজাবিঃ) + অ (কৃতার্থে-অণ্)] বি, হস্তিনাপুর। ২ বিণ, হাতিপ্রমাণ।

হাস্তিয়া [হস্ত + ইয়া (অস-ক্রি-বিভক্তি) -হস্তিয়া, হাস্তিয়া। প্রা০ বাং] অস-ক্রি, হাত করিয়া; হাতাইয়া। ২ হস্তসঞ্চালন করিয়া; হাতড়াইয়া। "তৈলর মাথ ত যেড়ায় হাস্তিয়া" -মাণিক০ গান।

হাসী-হাসা দ্রঃ।

হাস্য [হস্ (হাস্য করা) + য (ভা০) বিকসিত। হাস্য করণের ভাব হতে] বি, হাসি। ২ হাস্যরস। ৩ বিণ, উপহসনীয়; পরিহসনীয়। ~কর,~জনক-বিণ, হাসির উদ্রেককারী; হাস্যোৎপাদক। ~করা-

হাসা। ~কৌতুক-বি, হাসি তামাসা। ~জনক-বিণ, হাস্যকর দ্রঃ। ~চ্ছটা-বি, হাসির ঘটা; হাসির স্ফুরণ; হাসির শোভা। ~দীপ্ত, ~প্রদীপ্ত-বিণ, হাস্যোজ্জ্বল। ~ধ্বনি, ~রব-বি, হাসির শব্দ। ~পরিহাস-বি, হাস্যকৌতুক; রসিকতা; ~বদন-বি, হাসিমুখ; স্মিতমুখ; প্রফুল্লমুখ-মণ্ডল। ~বিচ্ছুরিত-বিণ, হাস্যচ্ছটায় আলোকিত; হাস্যবিকিরিত (তুল-"woman smiled and there was light")। ~ময়-বিণ, হাসিমাখা; প্রফুল্ল; হাস্যরঞ্জিত; হাসির রাগরঞ্জিত। > স্ত্রীং ~ময়ী। ~মুখ-বি, হাসিমুখ। ২ উপেক্ষায় হাসিযুক্ত মুখ। "হাস্যমুখে অদৃষ্টেরে করব মোরা পরিহাস" -রবী°। ~রঞ্জিত-বি, হাসিমাখা। ~রস -বি, কাব্যরসের অন্তর্গত রসবিঃ; হাস্যের উদ্রেককারী রস। > বিণ, ~রসিক। > স্ত্রীং ~রসিকা। ~রসাত্মক-বিণ, হাস্য-রসগর্ভ। > স্ত্রীং ~রসাত্মিকা। ~লহরী -বি, হাসির তরঙ্গ। ~সংবরণ-বি, হাসি বন্ধ করণ; হাস্য সংযমন। উচ্চহাস্য-বি, অট্টহাসি; ঘোর শব্দ করিয়া হাসি।

হাস্যালাপ [হাস্য+আলাপ] বি, হাসির কথায় পূর্ণ বাক্যালাপ।

হাস্যোদ্দীপক [হাস্য+উদ্দীপক] বিণ, হাস্যোৎপাদনকারী।

হাহা১ [সং] বি, কুবেরের অনুচর; দেব-গন্ধর্ববিঃ; হুহু দ্রঃ।

হাহা২ [সং] অ, শোক দুঃখ বিস্ময় ও সম্ভ্রম-সূচক শব্দ। ২ খেদোক্তি; বিলাপোক্তি; হায় হায়। "হাহা বিহি মোরে এত দুখ দেল।"-বি° প°। "হাহা ধর্ম্ম বৃকোদর নকুল কুমার হাহা কুন্তি জননী লক্ষ্মী অবতার।"-মহা° (বিজয়°)। ৩ অনুতাপে; অনুশোচনায়। ৪ বি, অভাবের কষ্ট। প্র-এত রোজগার তবু তাদের সংসারে হাহা আর ঘুচে না। ~কার [হাহা (শোকধ্বনি) কার (করা)] বি, হায় হায় শব্দ; কাতর ক্রন্দনের উচ্চ শব্দ। "টানিয়া আনিয়া বুকে করি হাহাকার।" -প্রেম ও ফুল। "চির নিরন্নের নিত্য হাহা-কার।"-বাং গান। ২ আক্ষেপ ধ্বনি। ৩ কোলাহল শব্দ। ৪ শোকধ্বনি; মর্ম্মভেদী ক্রন্দনের রোল। "আজি নহে সত্যভামা মানিনী তোমায় উঠিয়াছে প্রাণে তার বড় হাহাকার।"-প্রভাস (নবীন°)। হাহা দৈ দৈ [হাহা (অভাবার্থে), দেহি দেহি > দেই দেই > দৈ দৈ] অভাব পূরণার্থ কাতর প্রার্থনা।

হাহা৩, হাঃহাঃ [অনু°] অ, উচ্চ হাস্যধ্বনি; অট্টহাস্য। ২ আনন্দধ্বনি। ৩ বিদ্রূপসূচক ধ্বনি। ৪ জয়লাভে বা প্রতি-শোধসাফল্যে আনন্দসূচক ধ্বনি।

হি [সং] অ, নিশ্চয়; অবধারণে। ২ পাদপূরণে। ৩ প্রশ্নে। ৪ লঘুহাস্যে; হিহি দ্রঃ। [দ্রঃ-শোক, ব্যগ্রতা, হেতু, বিশেষ প্রভৃতি অর্থে সং-তে ব্যবহার আছে। মৈ° এবং প্রা° বাং পদ° সা°-তে-(১) কথার মাত্রাস্বরূপ। যথা,-"সেহি"। (২) নিশ্চয়ার্থে। যথা,-"গেলহি"। (৩) অনুজ্ঞায়। যথা,-"শুনহি"। (৪) ৭মীবাচক। যথা,-'অধরহি', 'শ্রবণহি' ই°]।

হিঅ, হিঅঅ [সং-হৃদয় > প্রাকৃ°] বি, হৃদয়; হিয় (দ্রঃ)। হিঅহি, হিঅএ -হৃদয়ে। "হিঅহিণ পইসই।"-চ° পদ° ৬।৫।

হিঅহিঅ [শ্রীকৃষ্ণমঙ্গলে-হিঁঅই > আধু° হেঁইও। তুল-"মারে জুয়ান হেঁইও" ই°] অ, কোন ভারী দ্রব্য উঠাইবার বা টানিবার বা ঠেলিবার জন্য বল প্রয়োগার্থ উৎসাহসূচক বা শ্রম লাঘবার্থ উচ্চার্য্য ধ্বনি। "তবে হিঅহিঅ বুলী কাহ্ন বাহে নাএ।"-শ্রী° কী°। এই অর্থে হেহে লহে লহে ও°।

হিং, হিঙ্ -হিঙ্গু দ্রঃ।

হিংচা, হিঞ্চা [সং-হিলমোচিকা] বি, জলজ কষায় তিক্ত শাকবিঃ। ২ হেলেঞ্চা শাক।

হিং টিং ছট্ [সংস্কৃতের অনুকরণে ব্যঙ্গার্থে] অ, সংস্কৃতানভিজ্ঞ জনসাধারণের নিকট অর্থহীন বা দুর্বোধ্য মন্ত্রোচ্চারণ বা ব্যাকরণের সূত্রাবৃত্তির তালিকা। "থেকে থেকে হেঁকে ওঠে হিং-টিং-ছট্"-রবী°।

হিংলী [হিঙ্গলী দ্রঃ] বি, হিঙ্গলী নামক তামাক গাছ। ~কোটা তামাক-বি, হিঙ্গলী পাতা কুটিয়া প্রস্তুত তামাক।

হিংসক [হিন্‌স্ (বধ করা)+অক (র্ক্তৃ)] বিণ, হিংসাকারী; ঈর্ষাপরায়ণ। ২ হন্তা; ঘাতক। ৩ বি, হিংস্র জন্তু। ৪ শত্রু। ৫ অথর্ব্ব-বেদ-বেত্তা ব্রাহ্মণ।

হিংসন [হিংসা দ্রঃ] বি, হিংসাকরণ; মারণ। ২ বিদ্বেষণ। ৩ ক্ষতিকরণ।

হিংসা [হিন্‌স্ (বধ করা)+অ (ভা°) আ (স্ত্রীং)] বি, প্রাণবধ; মারণ। ২ ঈর্ষা; বিদ্বেষ। ৩ অনিষ্ট, ক্ষতি। ~কর্ম্ম-বি, মারণ, উচ্চাটন, সম্মোহন, স্তম্ভন, বিদ্বেষণ এবং বশীকরণ এই ছয় প্রকার অভিচার কর্ম্ম। ~দ্বেষ-বি, ঈর্ষা ও বিদ্বেষ; নানাপ্রকারে অনিষ্টাচরণ।

হিংসারু [হিংসা-ঋ (গমন করা)+উ (র্ক্তৃ), যে হিংসার জন্য গমন করে] বিণ, হিংস্রক। ২ ব্যাঘ্র।

হিংসালু [হিন্‌স্ (হিংসা করা)+আলু (র্ক্তৃ, শীলার্থে)] বিণ, হিংস্রপ্রকৃতি; হিংসা-শীল। ২ বিদ্বেষশীল।

হিংসিত [হিন্‌স্ (হিংসা করা)+ত (র্ম্ম)] বিণ, যাকে হিংসা করা হইয়াছে। ২ বিনাশিত; নিহত।

হিংসুক [হিংসা+উক (শীলার্থে)] বিণ, হিংসাশীল; পরশ্রীকাতর। ২ ঘাতক।

হিংসুটে [হিংসা > । প্রা° বর্ণবিপর্য্যয়ে -হিংসকুটে] বিণ, হিংসাশীল; হিংসুক। "দ্বিতীয় পত্নী বড়ই হিংসুটে ও দুষ্ট ছিল"-সাহিত্য।

হিংস্য [হিন্‌স্ (হিংসা করা)+য (র্ম্ম)] বিণ, হিংসার উপযোগী; বধ্য।

হিংস্র(ক) [হিন্‌স্ (হিংসা করা) +র (র্ক্তৃ, শীলার্থে)+ক] বিণ, প্রাণহারক; বিনাশক। ২ হিংসাশীল। ৩ প্রাণহিংসা-কারী জীবজন্তু। ~পশু-বি, সিংহ, ব্যাঘ্রাদি প্রাণহারক পশু; মাংসাশী পশু। ~প্রকৃতি, -স্বভাব-হিংসা করা যাদের স্বভাব।

হিংস্রিকা [অর্থশা°, নৌ° পরিঃ] বি, দস্যু জাহাজ। "হিং° ও যে সকল জাহাজ শত্রুর রাজ্যে যাইতেছে এবং যে সকল জাহাজ পণ্য-পত্তনে প্রচলিত নিয়মাবলি পালন করে নাই, তাহাদিগকে বিনষ্ট করিতে হইবে।" -সমাদ্দার।

হিঃ [সং] অ, হাস্যে। ২ অবজ্ঞায় ; ঘৃণায়।

হিঁচকা-হিচকা দ্রঃ।

হিঁচড়, হেঁচিড় [সংঘর্ষণ >] বি, টান ; ঘষড়াইয়া টান ; ছেঁচড়ান।

হিঁচড়ান, হেঁচড়ান [হেঁচড়ান দ্রঃ] বি, বলে আকর্ষণ ; ধৃত ব্যক্তির অনিচ্ছায় তার ক্লেশ উৎপাদন করিয়া সবলে আকর্ষণ বা টানিয়া লইয়া যাওয়ার ভাব। ক্রি, **হিঁচড়ানি** [হিঁচড়+আন (ক্রিয়ার)। হিঁচড়াই, হিঁচড়াও, হিঁচড়ায় ; হিঁচড়াইতে; হিঁচড়াইয়া (কো॰ হিঁচড়ে)] ঘষড়াইয়া টানা।

হিঁ(হেঁ)চড়াহিঁ(হেঁ)চড়ি - বি, পরস্পরের ক্লেশোৎপাদক টানাটানি।

হিঁদু [ফা॰ হিন্দু (দ্রঃ)। > গ্রা॰ হিঁদু। বিদ্রূপে-হাঁদু, হেঁদু, হ্যাদু] বি, হিন্দু। "হিঁদুর দেবতা সব"-ঈ॰ গুপ্ত [দ্রঃ-এমেরিকায় "হিন্দু" অর্থে ভারতবাসী। ভারতীয় মুসলমানও তথায় হিন্দু নামে অভিহিত। তথায় ইণ্ডিয়ান অর্থে এমেরিকার আদিম নিবাসী]। ~আনি, ~য়ানি-হিন্দুর ধর্ম্মাচরণ ; হিন্দুধর্ম্মশাস্ত্রানুযায়ী আচার বিচার। "তোতে মোতে থাকি আর হিঁদু-আনি ছেড়ে।"-ঈ॰ গুপ্ত।

হিঁয়ালি [সং-প্রহেলিকা >?] বি, প্রহেলিকা ; কূটার্থ ; গূঢ়ার্থ প্রশ্ন riddle.

হিকমত, হেকমত [আ॰] বি, চাতুর্য্য ; কায়দা ; কৌশল। ২ উপায়। ~ী-বিণ, কৌশলী।

হিক্কা [হিক (শব্দ করা)+অ (ভা॰) +আ (স্ত্রীং)] বি, হেঁচ্‌কী। "দেখিতে দেখিতে কণ্ঠ অন্তিম হিক্কায় কাঁপিয়া উঠিল।" -প্রেম ও ফুল।

হিঙ্গলাজ-হিঙ্গুলাজ দ্রঃ।

হিঙ্গ্‌লী, হিঙ্‌লী, হিংলী [সং] বি., বঙ্গদেশজাত তামাক গাছবিঃ।

হিঙ্গু [সং। গ্রা॰ হিং, হিঙ্‌] বি, বাণিজ্য-দ্রব্যবিঃ ; পারস্যদেশজ শাকবিশেষের মূল-জাত কটু তিক্তাস্বাদ উগ্রগন্ধ নির্য্যাস ঔষধার্থে এবং ব্যঞ্জনাদির স্বাদবৃদ্ধির জন্য ব্যবহৃত হয় ; হিং asafœtida. ~নির্য্যাস-বি, হিঙ্গুরস। ২ নিম্ববৃক্ষ। ~পত্র-বি, ইঙ্গুদীবৃক্ষ।

হিঙ্গুল, হিঙ্গুলি [সং] বি, পারদবহুল ঘোর লোহিতবর্ণ খনিজ পদার্থবিঃ cinnabar. সংস্কৃত নাম হিঙ্গুল ; দরদ ; চিত্রাঙ্গ ; ম্লেচ্ছ ; চূর্ণ পারদ। ইহার রূপভেদে নামভেদ যথা-শ্বেতবর্ণের নাম চর্ম্মার, পীতবর্ণ হিঙ্গুলের নাম তণ্ডুক, 'গাঢ় রক্তবর্ণের নাম হংসপাদ। **হিঙ্গুলিকা**-বি, কণ্টকারী।

হিঙ্গুলাজ, হিঙ্গুলিয়া গিরি গ্রা॰ হিঙ্গলাজ, হিংলাজ] বি, করাচীর দশ মাইল উত্তরস্থ স্বনামপ্রসিদ্ধ তীর্থ ; হিঙ্গলাজ পর্ব্বত। "হিং হরিদ্বার যত তীর্থ-রাশি।"-কবিক॰।

হিঙ্গুলী [সং] বি, বেগুণবিঃ।

হিচকা [সং-হিক্কা >। গ্রা॰ হে(হেঁ)চ্‌কা, হ্যাচকা, হেঁচ্‌কি(কী) ও॰। হিং হিচ্‌কী] বি, হিক্কা ; হেঁচ্‌কি।

হিজড়া, হিজড়ে [হিং হিজ্‌ড়া] বি, নপুংসক ; খোজা ; পুরুষ হিজড়া ; পুংস্ত্বহীন নর। স্ত্রীং **হিজড়ানী, হিজড়ী**-মেয়ে হিজড়া ; স্ত্রীত্বহীন নারী।

হিজরা, হিজরী, হিজিরা [আ॰ হিজ্‌রী] বি, খ্রীষ্ট জন্মের ৬২২ বৎসর পরে মক্কা হতে হজরৎ মহম্মদের মদিনায় পলায়নের পর হতে আরব্ধ অব্দ ; মুসলমানী অব্দ।

হিজরাৎ-বি, হজরৎ মহম্মদের মক্কা হতে মদিনায় পলায়ন।

হিজ্জল [সং-হিজ্জল] বি, অম্বুজবৃক্ষ ; প্রায় জলের ধারে জন্মে একপ্রকার বৃক্ষ Barringtonia acutangula. "আকণ্ঠ মগন জলে হিং উদার"-প্রেম ও ফুল।

হিজলী [স্থানের নাম হ'তে নাম] বি, বাদামবিঃ।

হিজিবিজি [আঁজিপুঁজি (দ্রঃ) > তাদৃশ রেখাবৎ অথবা অবোধ্য(তুল-অবোধ= অবুঝ, তুল-আজবোঝ) >?] বিণ, আঁকা বাঁকা রেখায় অস্পষ্ট ও অর্থহীন লেখা। ২ অবোধ্য। "হিং মন্ত্র পাঠ করে"-অশোক॰।

হিজো [আ॰] বি, খেউড় গান।

হিজ্জল [সং] বি, হিজলগাছ।

হিঞ্চা, হিঞ্চে [সং-হিলমোচিকা। গ্রা॰ হিংচে, হিঙ্গচে হেলঞ্চ, হেলাঞ্চে ও॰] বি, হেলেঞ্চা শাক। "হিঞ্চে কলমী লল করে, বাজার বেটা পঙ্ক (?) মারে।"-ছড়া।

হিঞ্জীর [সং-হিণ্ডীর ও ফা॰ জনজীর্‌ এই শব্দদ্বয়ের মিশ্রণ জাত ?] বি, হস্তিপদের বন্ধন শৃঙ্খল বা রজ্জু।

হিঞ্জুল-বি, নিচুল গাছ।

হিড় [বর্দ্ধ॰ প্রাদে॰] বি, ছোট পুকুর বা জলাবৃত নিম্নভূমি যাতে চাষ হয়।

হিড়হিড় [অনু॰। হড়হড় (দ্রঃ) অপেক্ষা লঘু] বি, জোর করিয়া টানিয়া আনা বা লইয়া যাওয়ার প্রকার ভেদ ; হিঁচড়াইয়া লইয়া যাওয়ার ভাব। প্র-তাকে হিং করিয়া টানিয়া আনিল।

হিড়িক [হিং হুড় (প্রতিযোগিতা) >? হুড়ুক দ্রঃ] বি, গুঁতা ; ঠেলা ; ঠোকর। "নাপা মুখা কিল গুঁতা হিং জুতার"-ঘ॰। ২ [সং-হিডি (গতি) >?] টান : স্রোত। ৩ সুযোগ। "এ হিড়িকে দাঁড়ালে না একটা কিছু হয়ে।"-হেম॰।

হিড়িম্ব [মহা॰] বি, রাক্ষসবিঃ। স্ত্রীং **হিড়িম্বা**-হিড়িম্ব রাক্ষসের ভগ্নী ও ভীমপুত্র ঘটোৎকচের মাতা।

হিণ্ডন [হিন্ড্‌ (গমন করা)+অন (ভা॰)] বি, ভ্রমণ। ২ [প্রা॰ বাং] ক্রীড়ন। প্রা॰ বাং-ক্রি, **হিণ্ডই**-("হিণ্ডতি ক্রীড়তি" -টীকা, চ॰ পদ)-ক্রীড়া করে। "একেলী সবরী এবণ হিণ্ডই কর্ণকুণ্ডল বজ্রধারী" -"বৌ॰ গান ও দোহা।

হিণ্ডী [সং] বি, দুর্গা।

হিণ্ডীর [সং] বি, সমুদ্র ফেনা। ২ হাড়বিঃ। ৩ পুরুষ। "হিণ্ডীর সমীপে চণ্ডী দিল হাণ্ডী ভরি। ছাঁকে তাকে শিব বাপে পোয়ে বস্ত্র ধরি॥"-শি॰।

হিত [হি+ত (ভা॰)] বি, ইষ্টসাধন ; উপকার। ২ মঙ্গল ; কল্যাণ। "জগতের হিতে মন, উর্দ্ধবাহু হয়ে কন, ধর্ম্মে মতি হউক সবার।"-অ॰ ম॰। ৩ [ধা (পোষণ করা) +ত (র্ম্ম)] বিণ, উপযুক্ত ; যোগ্য। ৪ পথ্য ; মঙ্গলজনক ; কল্যাণকর। প্র-হিতকথা। ৫ প্রিয়। ৬ অনুকূল। ৭ ধৃত। ~কথা-

বি, কল্যাণকর বাক্য। ২ সৎপরামর্শ। ~কর (-র্ত্ত-)বিণ,মঙ্গলদায়ক; উপকারজনক। ~কাম(ী)-বিণ, হিতৈষী। ~কারী-বিণ,উপকারক।~বাদী-বিণ, যে হিতকথা বলে; সৎপরামর্শদায়ক; হিতকথনশীল। ~সাধন-বি, মঙ্গল সম্পাদন; উপকার সাধন। হিতে বিপরীত-অ, ভাল করিতে মন্দ।

হিতাকাঙ্ক্ষী [হিত+আকাঙ্ক্ষিন্] বিণ, হিতকামী; হিতার্থী। বি, হিতাকাঙ্ক্ষা।

হিতার্থী [হিত(মঙ্গল)+অর্থী(যে প্রার্থনা করে)] বিণ, হিতকামী; মঙ্গলাকাঙ্ক্ষী; কল্যাণপ্রার্থী।

হিতাশী [সং-হিতৈষী >] বিণ, হিতাকাঙ্ক্ষী; হিতৈষী। "বাঁচাও হিতাশী মাসী উপায় বলিয়া"-ভারত°।

হিতাহিত [হিত+অহিত] বি, মঙ্গলামঙ্গল। ২ পথ্যাপথ্য।

হিতৈষণা[হিত+এষণা, +ইষ্+ণিচ্=ইষি(ইচ্ছা করান)+অন(ভা°)+আ(স্ত্রী°)] বি,হিতেচ্ছা; পরের উপকার করিবার প্রবৃত্তি।

হিতৈষী[হিত(মঙ্গল)+ইষ্(ইচ্ছা করা)+ইন্ (র্ত্তৃ)=হিতৈষিন্ ১মা, ১ব°] বিণ, হিতাভিলাষী; হিতেচ্ছাকারী; হিতাকাঙ্ক্ষী।

হিতোক্তি [হিত (মঙ্গলকর)+উক্তি (কথন), ধা] বি, হিতকথা। ২ সৎপরামর্শ।

হিতোপদেশ [হিত (মঙ্গলকর)+উপদেশ (পরামর্শ), ধা] বি, সৎপরামর্শ। ২ বিষ্ণুশর্ম্মাকৃত নীতিগ্রন্থবিঃ।

হিদ্‌হিদে [হিলহিল দ্রঃ] বিণ, হিলহিলে; নড়নড়ে; ঢিলা। ২ [প্রাদে°] দীর্ঘসূত্রী।

হিনা-হেনা দ্রঃ।

হিন্তাল, হীন্তাল [সং] বি, হেঁতাল গাছ। "শাল তাল তমাল হিন্তাল কত শত। লতাগুল্মে কুঞ্জবন করিয়াছে কত।"-ভবভাব (৺হীরালাল দাস)।

হিন্দিকি-বি, আফগানিস্তান ও পারস্য হ'তে রুষ পর্য্যন্ত পাশ্চাত্য দেশে হিন্দুগণ বিশেঃ হিন্দু বণিক্‌গণ এই নামে পরিচিত।

হিন্দী-বি, হিন্দুস্থান প্রচলিত ভাষা; হিন্দুস্থানীর মাতৃভাষা।

হিন্দু [ফা°। বাং গ্রা° হিঁদু। মু° বাং হাঁদু, হ্যাঁদু] বি, বেদ, পুরাণ, স্মৃতি ও তন্ত্র-নির্দ্দিষ্ট ধর্ম্মাচারী ভারতীয় আর্য্যজাতিবিঃ [দ্রঃ-হিব্রুভাষায় ভারতবর্ষের নাম হন্দ= গৌরবান্বিত রাজ্য। জেন্দ্ ভাষায় হিন্দব। গ্রীকভাষায় হন্দকোশ, ইন্দিকোস্ Indikos, ইণ্ডিওস্ Indios. জেন্দ্ 'হনদ্' (গৌরবান্বিত রাজ্য), ঐ রাজ্যের বা দেশের অধিবাসী হন্দু বা হিন্দু। পস্তুভাষায় ভারতকে-হন্দ্ বলে সুতরাং হিন্দ্ এর অধিবাসী হিন্দু। অথবা সিন্ধুনদী-বিধৌত দেশ সিন্ধু বা হিন্দুস্তান। স=হ (ফা°-তে)]। ২ আধু° ব্যাপকার্থে-সনাতনী, বৌদ্ধ, শিখ, ব্রাহ্ম। ৩ [ভারতের বাহিরে ব্যাপকার্থে] মার্কিণ প্রভৃতি দেশে হিন্দুস্তান অর্থাৎ ভারতের অধিবাসী মাত্রই হিন্দু তদনুসারে ভারতীয় মুসলমানও তথায় হিন্দু নামে আখ্যাত। শুনা যায়, ভারত হতে যে সকল মুসলমান আরব দেশে হজ্ করিতে যান, তাঁহাদিগকেও ঐ দেশের লোকেরা হিন্দু বলিয়া থাকে। ৪ বিণ (বি), হিন্দুধর্ম্মাবলম্বী (ব্যক্তি)। ~ত্ব-বি, হিন্দুয়ানি; হিন্দুর আচার বিচার; হিন্দুধর্ম্মের ভাব। ~ধর্ম্ম-বি, বেদ ও বেদাশ্রিত স্মৃতি-পুরাণ, তন্ত্র-বিহিত ধর্ম্ম। ২ [ব্যাপকার্থে] সনাতনী, বৌদ্ধ, শিক, ব্রাহ্ম ধর্ম্ম। ~য়ানা, -য়ানি-বি, হিন্দুর আচার অনুষ্ঠান; হিন্দুর ধর্ম্মাচরণ; হিন্দুত্ব। ~সমাজ-বি, হিন্দু ধর্ম্মাশ্রিত যাবতীয় নরনারী।~স্থান[ফা° হিন্দোস্তান। ফা° (ই) স্তান (place)] বি, সিন্ধুনদের পূর্ব্ব তীর হতে যতদূর হিন্দুগণের বাসস্থান; ভারতবর্ষ। বিণ ~ী-হিন্দুস্থানবাসী।

হিন্দুর গরু মুসলমানের হারাম-হারাম দ্রঃ।

হিন্দোল, হিন্দোলা [সং-হিন্দোল, হিণ্ডোল] বি, দোলা; ঝুলন। ২ ঝুলনযাত্রার যান ও আসনবিঃ; দোলমঞ্চ। ৩ রাগবিশেষ। স্ত্রী° হিন্দোলী-ডুলী। ২ ঝুলি।

হিন্দোলক-বি, যানবিশেষ; ডুলি।

হিবা, হেবা [আ°] বি, দানপত্র। ~নামা-বি, স্বত্বাধিকার দানসূচক লেখা।

হিবুক [সং] বি, লগ্নের চতুর্থ স্থান।

হিব্রু [ইং Hebrew হিব্রু > এব্র, আ° ইব্রী, ইব্রানী] বি, য়িহুদীজাতি। ২ য়িহুদীজাতির মাতৃভাষা।

হিম [সং] বি, হিমঋতু; শীতকাল। ২ শিশির; নীহার; তুষার। ৩ শীতলতা; শৈত্য। ৪ চন্দনবৃক্ষ। ৫ কর্পূর। ৬ চন্দ্র। ৭ চন্দনপঙ্ক। ৮ শীতস্পর্শ। ৯ মুক্তা। ১০ বিণ, শীতল; ঠাণ্ডা। প্র-হাত পা হিম হইয়া গিয়াছে।~কটিবন্ধ-বি,উদীচ্যবৃত্ত।~কর-বি, যার কিরণ শীতল; চন্দ্র। "জ্বালায় মন্দির পথে, প্রবেশ করিব তাতে, হিমকর-কর শরজাল।"-কবিক°। ২ কর্পূর। ৩ বিণ, শীতল কিরণবিশিষ্ট; শীতলস্পর্শ। ~করশেখর-বি, চন্দ্রশেখর; শিব। "হিমকর-শেখর শঙ্কর।"-অ° ম°। ~গিরি-হিমালয় পর্ব্বত। "আজিও বহিছে গঙ্গা গোদাবরী যমুনা নর্ম্মদা সিন্ধু বেগবান ওই, আরাবলি তুঙ্গ হিমগিরি, করোনা করোনা তার অপমান।"-বাং গান। ~জ (-ম°) -বিণ, হিমজাত। ২ হিমালয় পর্ব্বতজাত। ৩ বি, হিমালয়পুত্র মৈনাক পর্ব্বত। > স্ত্রী° ~জা-বি, পার্ব্বতী; দুর্গা।~জ্যোতি(ঃ) -হিমদ্যুতি দ্রঃ। ~তৈল-বি, কর্পূরতৈল। ~দীধিতি, ~দ্যুতি-বি, শিশিরদ্যুতি; হিমকিরণ; চন্দ্র। ~দ্রুম-বি, মহানিম্ব। ~পাত-বি, শিশির পতন; তুষার বর্ষণ। ~প্রস্থ [হিম-প্রস্থ (স্থান)] বি, হিমালয় পর্ব্বত। ~বর্ষী [-বর্ষিন্ ১মা, ১ব°] বিণ, তুষারবর্ষণকারী। > স্ত্রী° ~বর্ষিণী। ~বান্ [হিম (তুষার)+বৎ (স্ত্য°)=হিমবৎ ১মা, ১ব°] বি, হিমালয় পর্ব্বত। ২ বিণ, শীতল; ঠাণ্ডা। ~বালুকা-বি, কর্পূর। ~মণ্ডল [ভূগোল° পরিঃ] বি, হিমকটিবন্ধ arctic zone; ইং frigid zone এর বৈজ্ঞা° পরিঃ। ~শয়ন [জীববিদ্যা° (হি° কো°)] ইং hibernation এর বৈজ্ঞা° পরিঃ। ~শর্করা-বি, যাবনাল বা জনারের (zea maize) চিনি। ~শিলা-বি,

করকা ; বরফ। ~শীতল-বিণ, শিশিরের স্থায় ঠাণ্ডা ; তুষার শীতল। > স্ত্রীং ~া। ~শৈল-বি, হিমালয় পর্ব্বত। ~শৈলজ -বিণ, হিমগিরিজাত। ২ [পু:] বি, হিমালয়াত্মজ; মৈনাক পর্ব্বত। > স্ত্রীং ~শৈলজা-বি, হিমালয়কন্যা ; পার্ব্বতী। ~সংহতি-বি, তুষাররাশি ; হিমানী। ~সাগর-বি, তুষার সমুদ্র। ২ পাথরকুচি গাছের মত গাছবিঃ ; পাষাণভেদী।

হিমসিম [গ্রা০। হিমসিন্ধুতে হাবুডুবু খাওয়ার ভাব > ?] বি, নাকাল ; ক্লান্তি ; নাজেহাল। হিম০ খাওয়া-ক্রি, নাকাল হওয়া ; পরিশ্রান্ত ও ঘর্ম্মাক্তদেহে উর্দ্ধশ্বাস হওয়া।

হিমাইলে [হিম + আইলে (< আসিলে। বঙ্গীয় প্রথায় সন্ধি)] ক্রি, হিম আগত হইলে। "উত্তরের হিমাইলে দক্ষিণে দিল ঘোড়া। ঝুরিয়া ঝুরিয়া মরে আশীযুগের বুড়া।"-পূ০ ব০ গী০।

হিমাংশু [হিম (শীতল) + অংশু (কিরণ) যার, বহু০] বি, শীতরশ্মি চন্দ্র। ২ কর্পূর।

হিমাগম [হিম (তুষারের) + আগম (আগমন) হয় যে কালে, বহু০] বি, হেমন্তকাল। ২ শীতঋতু ; শিশির।

হিমাঙ্গ [হিম (শীতল) + অঙ্গ (অবয়ব), যা] বি, তাপহীন দেহ। ২ মৃত্যুলক্ষণবিঃ। ৩ বিণ, হিমকায়। ৪ মৃত।

হিমাচ্ছন্ন [হিম (দ্বারা) + আচ্ছন্ন, ৩তৎ] বিণ, তুষারাবৃত।

হিমাদ্রি [হিম (হিমের=তুষারমণ্ডিত) + অদ্রি (পর্ব্বত), ৬তৎ, বা হিম (শীতল) যে অদ্রি, যা] বি, হিমগিরি ; হিমালয়। ~জ-বিণ, হিমালয়পর্ব্বতজাত। ২ বি, মৈনাক পর্ব্বত। > স্ত্রীং ~জা-বি, হিমালয়কন্যা ; পার্ব্বতী। ২ বিণ, হিমগিরিজাতা। ~তনয় -বি, মৈনাক পর্ব্বত। > স্ত্রীং ~া-বি, পার্ব্বতী।

হিমানী [হিম (তুষার) + আন (সমূহার্থে) + ঈ (স্ত্রীং)] বি, হিমসংহতি ; তুষার।

হিমালয় [হিম (তুষারের) + আলয় (আবাস), ৬তৎ] বি, ভারতবর্ষের উত্তরসীমাস্থিত পর্ব্বতমালা। ইহার এবং পৃথিবীর মধ্যে সর্ব্বোচ্চ শিখর, ব্রিটিশ সরকারের ত্রিকোণমিতিক জরীপ বিভাগের ভূতপূর্ব্ব কম্পিউটর ৺রাধানাথ শিকদার কর্ত্তৃক আবিষ্কৃত এবং বিভাগীয় বড়কর্ত্তা কর্ণেল এভারেষ্ট সাহেবের নামে 'মাউন্ট এভারেষ্ট' বলিয়া অভিহিত (বঙ্গের বাহিরে বাঙ্গালী, ১ম ভাগ, ১৩২২)।

হিমাহ্ব, হিমাহ্বয় [হিম (তুষার) আহ্বা (নাম) যার, বহু০] বি, বর্ষবিঃ। ২ কর্পূর।

হিমিকা [হিম (শিশির) + ক (স্বার্থে) + আ (স্ত্রীং), ই আগম] বি, কুজ্ঝটিকা ; কুয়াশা ; শিশির।

হিম্মত, হিম্মৎ [আ০] বি, সাহস। ২ ক্ষমতা ; বীর্য্য ; বীরত্ব। ৩ পৌরুষ। বিণ, হিম্মতী-সাহসী। ~ওয়ালা-বিণ, সাহসী। ২ মনস্বী।

হিম্য [হিম (তুষার) + য (জাতার্থে)] বিণ, হিমজ। ২ শীতল।

হিয়, হিয়া [প্রা০ বাং। সং-হৃদয় > হিঅঅ > হিঅ, হিআ > হিয়, হিয়া] বি, হৃদয় ; বক্ষঃস্থল ; বুক। "তনু শুক বসন তনু হিয় লাগি"-বি০ প০। "হিয়া দগদগি পরাণ পোড়নি কি দিলে হইবে ভাল"-চণ্ডি০। গ্রা০ হিয়ে। "বঁধু সেই বারি দিয়ে চরণ পাখালিয়ে, এস ব'স আমার হিয়ে পাতা রয়েছে।"-স্বপ্নবিলাস (কৃষ্ণকমল)। ২ [হিং হিয়াও] সাহস ; ভরসা ; বুকের পাটা। হিয়এ [এ দ্রঃ] হৃদয়ে। "হিয়এ পইসই" -বৌ০ গান ও দোহা।

হিরণ [সং] বি, স্বর্ণ। ২ পীত। "কালির বরণ হিরণ পিঁধন যখন পড়য়ে মনে।" -চণ্ডি০। ৩ কড়ি ; কপর্দ্দক।

হিরণ্ময় [হিরণ্য (স্বর্ণ) + ময় (বিকারার্থে), য্ লোপ] বিণ, স্বর্ণময় ; স্বর্ণনির্ম্মিত। ২ বি, ব্রহ্মা। ৩ নববর্ষ মধ্যে বর্ষবিশেষ। ~কোষ-বি, সূক্ষ্ম দেহবিশেষ ; আত্মার সপ্ত আবরণের অন্ততম।

হিরণ্য [হিরণ + য (জ্ঞা০)] বি, সুবর্ণ। ২ রৌপ্য। ৩ ধুতুরা। ৪ কড়ি। ৫ ধন। ৬ দ্রব্য। ৭ রেতঃ। ৮ পরিমাণবিশেষ। ~কশিপু [পু০] বি, প্রহ্লাদের পিতা (স্বনামপ্রসিদ্ধ দানব)। ~গর্ভ-বি, ব্রহ্মা। ২ শিলাবিশেষ। ৩ বিণ, স্বর্ণগর্ভ। ~দ-বিণ, সুবর্ণদাতা। ২ বি, রত্নাকর ; সমুদ্র। > স্ত্রীং ~দা-পৃথিবী। ~নাভ-বি, মৈনাক পর্ব্বত। ~বাহ-বি, শোণনদ। ~বাহু-বি, শোণনদ। ২ শিব। ~রেতা -বি, অগ্নি। ২ শিব। ৩ সূর্য্য। ৪ চিত্রকবৃক্ষ। ~বর্ণা-বিণ, স্বর্ণবর্ণবিশিষ্টা। ২ বি, নদী।

হিরণ্যাক্ষ [হিরণ্য (স্বর্ণ) + অক্ষ (অক্ষি) যার, বহু০] বি, হিরণ্যকশিপুর ভ্রাতা।

হিরাকশ [ফা০ হিরাকস্। সং-কাশীশ] বি, লোহের কষ বা উপরসবিঃ green vitriol ; sulphate of iron.

হিলমোচি(কা), হিলমোচী [সং] বি, হেলঞ্চা শাক ; হিংচা।

হিলহিল [সং-শিথিল] অ, বড় খোলের মধ্যে সরু জিনিসের নড়া চড়ার ভাব ; ঢিলঢিল, হলহল দ্রঃ। ২ সর্পাকৃতি লম্বা সরু জীবজন্তু বা দ্রব্যাদির, বিদ্যুতের মত গমনভঙ্গী। বিণ, হিল্‌হিলা, হিলহিলে। আধিক্যার্থে-হলহল > বিণ, হিলহিলিয়া, হিলহিলে।

হিলা [হেলা দ্রঃ। হিং হিল্‌না। সং-হিল্ (ভাবকরণে) >। বা, সং-হি (গতি) + লা (দানে) > হিলি, হিল, হিলে ; হিলিতে ; হিলিয়া (কো০ হিলে) ; ণিজন্ত-হিলান] ক্রি, নড়া। ২ হেলিয়া পড়া ; ঝুঁকা to lean.

হিলানি ['হিলা'র ণিজন্ত রূপ। হিং হিলানা। হিলাই, হিলাও, হিলায়; হিলাইতে (কো০ হিলাতে) ; হিলাইয়া (কো০ হিলিয়ে)] ক্রি, নাড়া ; নড়ান। ২ দোলান। ৩ কাত করিয়া বা আড়ভাবে রাখা ; ঠেসাইয়া রাখা; ঝুঁকাইয়া রাখা। ৪ [গ্রা০ বাং] লেলান ; লেলাইয়া দেওয়া ; টোয়ান। "রাজাক হিলায় কুকুর।"-মাণিক০ গান।

হিলিমিলি [হিলহিল দ্রঃ। হিং হিলমিলা (হিলান ও মিলান-বাঁকা সোজা)] বিণ, আঁকাবাকা ডোরা কাটা ; রেখাঙ্কিত।

হিলোরা [সং-হিল্লোল >। পদ৹ সা৹] বি, আন্দোলন। ২ দোলন।

হিলোল [হিল্লোল > পদ্যে কোমলার্থে] বি, আন্দোলন; লীলা; হিল্লোল। "তরঙ্গ হিলোলে"-গোবিন্দ৹। > ক্রি, হিলোলা। অস-ক্রি, **হিলোলি** [হিলোলিয়া > কেং৹, পদ্যে] হিল্লোলিত হইয়া ; তরঙ্গিত হইয়া ; আন্দোলিত হইয়া ; চলিয়া। "ঢলঢল কষিত কাঞ্চন তনু গোরী। ধরণী পড়িছে নব যৌবন হিলোলি।"-জ্ঞান৹।

হিল্লা, হিল্লে [আ৹ হীল। উর্দ্দু-হিলা] বি, অবলম্বন ; আশ্রয়। ২ উপায়।

হিল্লোল [সং] বি, আন্দোলন; দোলন। ২ তরঙ্গ ; ঢেউ। "অলি পিয়ে মকরন্দ কমলিনী কোলে। সুখে দোলে মন্দ বায়ে জলের হিল্লোলে।"-অ৹ ম৹।

হিল্বলা [সং] বি, মৃগশিরা নক্ষত্রের শিরোদেশস্থ পঞ্চ তারকা।

হিল্‌সা [সং-ইল্লীশ, ইলীশ > হি৹-তে ও পূ৹ বঙ্গে হিলসা বা ইল্‌সা] বি,ইলীশমাছ।

হিষ্টীরিয়া [ইং hysteria র লিপ্যন্তর] বি, মূর্চ্ছারোগবিঃ ; মৃগীরোগবিঃ।

হিষ্ট্রী [ইং historyর লিপ্যন্তর] বি, ইতিহাস।

হিসাব [আ৹] বি, গণনা ; অঙ্ক calculation. ২ আয়ব্যয় গণনা ; জমাখরচ। ৩ [পাটী৹ (ক৹ বিশ্ব৹ পরিঃ)] ইং account এর বৈজ্ঞা৹ পরিঃ। ৪ হার rate. ৫ পরিমাণ; সংখ্যা ; সীমা। ৬ বিচার। **~ী** [গ্রা৹ হিসিবি] বিণ, হিসাবকারী। ২ বিবেচক ; বুঝদার; বিচক্ষণ। **~করা** -ক্রি, গণনা করা। ২ পরিমাণ করা। ৩ বিচার করা। **~কিতাব**-বি, জমা খরচ বা দেনা পাওনা সম্বন্ধীয় হিসাব পত্র। হি৹ **চুকানি, -মিটানি, -মেটানো**-ক্রি, প্রাপ্য আদায় ও দেনা শোধ করা। **~দিহি** -বি,দায়িত্ব ; জবাবদিহি। ২ বিণ, দায়ী। **~দেওয়া**-ক্রি, জমাখরচ বুঝাইয়া বলিয়া বা লিখিয়া দেওয়া। **~নিকাস, -শ**-বি, আয় ব্যয় বা জমাখরচের লিখিত বিবরণ। "আয়ব্যয়ের একটা হি৹ লিখিয়া রাখিবে।"-হরিদের শাস্ত্রী। **~পরীক্ষা** [অর্থ বিদ্যা৹] বি, ইং audit এর বৈজ্ঞা৹ পরিঃ। হি৹ **লওয়া**-ক্রি, দেনা পাওনা বুঝিয়া লওয়া ; জমাখরচের কৈফিয়ৎ লওয়া। **গর হিসাব**, -বি, অযথা ব্যয় ; আয়ের অতিরিক্ত ব্যয়। ২ বি, অমিতব্যয়। ৩ বিণ, জমাখরচের সামঞ্জস্যহীন ; বেহিসাব। **গরমিল হিসাব**-বি, যে হিসাবে জমার সহিত খরচের মিল নাই বা গোঁজামিল আছে। **বেহিসাব**-বে দ্রঃ।

হিসাস [আ৹ হিস্‌সা (বণ্টন) > বর্ণবিপর্য্যয়ে, অথবা আ৹ হাষাষ (আনন্দার্থে > উৎসবানন্দ)। বাং-র দুই শব্দের অর্থযোগে 'হাষাষের হিস্‌সা' অর্থে] বি মুসলমান পার্ব্বণ উৎসবাদিতে যে আহারীয় রন্ধন করিয়া মুসলমান জনসাধারণের মধ্যে বিতরিত হয়।

হিস্যা, হিস্‌সা, হিস্‌সে [আ৹ হিস্‌সা] বি, ভাগ ; অংশ। **~দার**-বি, বিণ, অংশীদার shareholder.

হি-হি [অনু৹। শীত শীত >] বি, শীতে কম্পজাত মুখশব্দ। "শীতকালে ভোরে যখন সহরবাসী লেপ মুড়ী দিয়া শীতে হি হি করে তখন কলে জল থাকে।"-বাঙ্গালী (২৬ বৈশাখ, ১৩২৩)। ২ আনন্দ-প্রকাশক অনুচ্চ বা লঘু হাস্যধ্বনি। উচ্চশব্দে "হাহা"; অত্যুচ্চ শব্দে "হো হো"। "হিহি করি হাসিল ব্রাহ্মণ ইহা শুনি"-শি৹। ৩ উপেক্ষা বিদ্রূপাদি প্রকাশক হাস্যধ্বনি।

হী [অনু৹] বি, হাস্য, বিষাদ, শোক, বিস্ময়াদিসূচক অব্যয়।

হীন [হা (ত্যাগ করা)+ত (র্ম্ম)। আ= ঈ, ত=ন] বিণ, শূন্য ; বিরহিত ; ঊন। ২ পরিত্যক্ত ; বর্জ্জিত। ৩ নীচ ; অধম ; নিন্দনীয়। ৪ দীন। **~চেতাঃ, ~মতি**-বিণ, নীচ অন্তঃকরণবিশিষ্ট; নীচমতি। বি, **~তা**। **~প্রকৃতি**-বিণ,নীচ প্রকৃতিযুক্ত;মন্দমতি। **~প্রভ**-বি, মলিন প্রভাযুক্ত ; ক্ষীণ-দীপ্তি ; স্বল্প প্রভাবিশিষ্ট। **~প্রাণ**-বিণ, ক্ষুদ্রাশয় ; স্বল্পপ্রাণ ; সঙ্কীর্ণ হৃদয়। ২ মৃতকল্প ; মরণাপন্ন ; প্রাণহীনবৎ ; মৃতপ্রায় ; মুমূর্ষু। > স্ত্রীং **~প্রাণা**-মৃতপ্রায়া ; মরণাপন্না ; মুমূর্ষু। "হীন-প্রাণা হরিণীরে রাখিয়া বাঘিনী - নির্ভয়-হৃদয়ে যথা ফেরে দূর বনে।"-মেঘ৹। **~বর্ণ**- বি, নীচজাতি। **~বল**-বিণ, দুর্ব্বল ; শক্তিশূন্য। **~বাদী** -বিপরীত বাদী। ২ বাক্-শক্তিহীন ; মূক। **~বিষ** [হীন (স্বল্প) বিষ] বি, ক্ষীণবল বিষ ; নিস্তেজ বিষ ; নির্ব্বিষ। **~বুদ্ধি**-বিণ, মন্দমতি। ২ অল্পবুদ্ধি। **~বৃত্তি**-বি, নিন্দিত স্বভাব। ২ নীচ ব্যবসায়। ৩ বিণ, নীচ ব্যবসায়ী ; দুর্ম্মতি। **~বেশ**-বি, মলিন ছিন্ন স্বল্প বস্ত্র পরিহিত ; দীনবেশ। **~ভাব**-বি, দৈন্য। **~মতি**-বিণ, নীচমতি; দুর্ব্বুদ্ধি। ২ বুদ্ধি-বিবেক-শূন্য। **~শক্তি**-বি, স্বল্পশক্তি। ২ বিণ, ক্ষীণবল ; দুর্ব্বল।

হীনাঙ্গ [হীন+অঙ্গ] বিণ, অঙ্গহীন ; বিকলাঙ্গ।

হীনাবস্থ [হীন+অবস্থা যার, বহু৹] বিণ, দরিদ্র ; দীন।

হীনির্ত [সং] বি, বিয়োগচিহ্ন ;"-" এইরূপ চিহ্ন minus.

হীন্তাল [সং] বি, হেঁতালগাছ।

হীয়মান [হা (ত্যাগ করা)+আন (র্ম্ম)। য, ম আগম] বিণ, যা হ্রাসপ্রাপ্ত হইতেছে ; ক্ষয় পাইতেছে এমন। স্ত্রীং **~া**।

হীরক [সং] বি, রত্নবিঃ; হীরা diamond. **~খচিত**-বিণ, হীরকজড়িত ; হীরা-বসান। **~খণ্ড**-বি, হীরার টুকরা। **~জুবিলি** [diamond jubilee র লিপ্যন্তর] বি, মহারাণী ভিক্টোরিয়ার রাজত্বের ষষ্টিতম (৬০) সাংবৎসরিক উৎসব। ২ ষষ্টিবার্ষিক আনন্দোৎসব।

হীরকাঙ্গুরীয় [হীরক+অঙ্গুরীয়] বি, হীরার আংটী।

হীরা, হীরে [সং-হীরক। প্রা৹ হীরে] বি, হীরক। "নামটী যেমন হীরে তোমার, কথায় তেমনি হীরের ধার।"-বাং গান। **হীরা-ধার, হীরার ধার**-বি, যে ধার সহজে পড়ে না বা ভোতা হয় না ; হীরকের সূক্ষ্ম মুখবৎ অতিশয় ধারাল। "তব নখ

হীরাধার দশন বজ্রের সার কি কারণে ভয় কর নরে।"-কবিকং। **হীরামণি**-বি, হীরক রত্ন। ২ মণি মাণিক্য; মণিরত্ন। **হীরার টুকরা**-বি, হীরকখণ্ড। ২ অতি মূল্যবান্ সামগ্রী। ৩ বিণ, তীক্ষ্ণ মেধা ও বুদ্ধি সম্পন্ন; প্রখর-বুদ্ধি; প্রতিভান্বিত।

হীরাকষ [প্রা· হীরেকষ] বি, হিরাকশ।

হীরামন্, হীরেমন্ [হিং হীরামন্] বি, শুকবিঃ; তোতাপাখী।

হীল [ইং heel এর লিপ্যন্তর] বি, গোড়ালী। ২ জুতার গোড়ালী। **হাই হীল** -উঁচু গোড়ালী। প্র-হাই হীলের জুতা।

হী-হী [হী (দ্রঃ), আনন্দের আধিক্যার্থে দ্বিত্ব] বি, উচ্চহাস্যধ্বনি। ২ হাস্যস্রোত।

হু-বি, অনুকরণ শব্দ। ২ অ, যন্ত্রণাবাচক অব্যয়। ৩ অবজ্ঞায়; ঘৃণার্থে। ৪ উপেক্ষার্থে। ৫ [ব্রজং। হিং-র অনুকরণে] নিশ্চয়ার্থে। "এতিহু" (বিং পং)। (২) ৭মী বাচক। যথা-"বনহু" (বিং পং)।

হুঅণ, হুবঁণ, হুমঁণ [প্রাং বৌং বাং। ভু=হু] বি, ভুবন (দ্রঃ)। তিহুঅ(ব, ম)ণ= ত্রিভুবন (দোং ১১১,২; চং, ১৬ ৪, ৩৬।৪)।

হুআ [প্রাং বাং। ভূ ধাতুজ। হিং হুওয়া, হুয়া] অস-ক্রি, হইয়া। "ধর্ম্মরাজে সেবএ লোক হুআ মতিমান।"-শূং পুং।

হুইপ্ [ইং whip এর লিপ্যন্তর] বি, বেত্র; চাবুক। ২ সংস্কর্ত্তা; পার্লিয়ামেণ্ট মহাসভার স্বীয় দলভুক্ত সভ্যগণকে কোন অনুকূল বা প্রতিকূল মত অবলম্বনে মিলিবার জন্য আহ্বানকারী সভ্য।

হুইল [ইং wheel এর লিপ্যন্তর] বি, মাছ ধরিবার বড় ছিপের লম্বা সুতা গুটাইবার ও ছাড়িবার চক্র। ২ সুতা গুটাইবার ও ও ছাড়িবার চক্রযুক্ত ছিপ। **হুইলে মাছ ধঁরা**-হুইল ছিপে মাছ ধরা।

হুং [সং-ওঁম > ওং > । বৌং শাং। তিব্বতী লামার জপ মন্ত্রে] অ, ওঁম। "মণি পেমে হুং" (< ওঁম মণিপদ্মে ওঁম)।

হুঁ [অনুং। হুম্ দ্রঃ] অ, অনুকরণ শব্দ; হুম্ শব্দ। ২ সম্মতিসূচক ধ্বনি। ৩ নিশ্চয়-বাচক শব্দ। হু দ্রঃ। ৪ সন্দেহসূচক শব্দ। ৫ সংকল্প স্থির করণসূচক শব্দ। ৬ কোপ প্রকাশক শব্দ। ৭ প্রতিশোধ বা প্রতিবিধান করিবার ভয় প্রদর্শক শব্দ। ৮ হুঙ্কার শব্দে তাড়না বা তর্জন-গর্জ্জনসূচক শব্দ। "বৈরিপক্ষ যক্ষ রক্ষ রুদ্রবর্গ ডাকিয়া। যাও যাও হুঁ দিখাও দক্ষ দেই হাঁকিয়া।"-অং মং। ৯ অস্পষ্ট সঙ্গীত আলাপে; গুন্ গুন্ শব্দে গান করণে। ১০ নিষেধে। ১১ [প্রা· বাং] বাক্যালঙ্কারে। **হুঁ হুঁ**-স্বীকার বা সম্মতির দৃঢ়তাব্যঞ্জক। ২ বাধা দানে; নিষেধে; নিবারণে। ৩ সন্তোষসূচক শব্দ।

হুঁকা, হুঁকো, হুকা [আং হুক্কা। প্রাং হুঁকো] বি, তামাকের ধূমপান করিবার যন্ত্র। "হুঁকো টেনে কসে ভাঙ্গা চ্যারে বসে।" -দ্বিং রায়। **হুঁকাকলিকা, হুঁকোকল্কে**-বি, হুঁকা কল্কেসহ তামাক ও অগুনের আধার। **হুঁকার খোল**-বি, হুঁকার জল রাখিবার নারিকেলের মালা। **হুঁকার নলিচা, -নল্চে**-বি, এক প্রান্তে খোল ও অন্য প্রান্তে কলিকাসহ যুক্ত থাকে যে নল। **ডাবা হুঁকো**-বি, বড় খোল ও ছোট নলিচাযুক্ত হুঁকা। **থেলো হুঁকো**-বি, থালীর মত আকৃতির হুঁকা। **হুঁকা বঁরদার**-বি, হুঁকাবাহক; যে তামাক সাজে ও হুঁকার জল ফিরাইয়া ধূম-পানের জন্য প্রস্তুত করে।

হুঁকারি [হুঁকা+আরী (পটু। তুল-জুয়ারী অর্থাৎ জুয়ায় দক্ষ)] বি, হুঁকা টানিতে দক্ষ; তামাকখোর। "বাবুরাম বাবু ঘোর হুঁকারি দুই এক টান টানিয়া বলিলেন, ওহে হুঁকাটা জীবন জীবন বলছে খুড়া খুড়া বলছে না কেন?"-আলালং (টেকচাঁদ)।

হুঁচট, হোঁচোট-উচট দ্রঃ।

হুঁশ [হোশ দ্রঃ] বি, চৈতন্য; চেতনা।

হুঁসিয়ার [ফা· হোশ্ইয়ার্] বিণ, সচেতন। ২ চতুর; চালাক; বুদ্ধিমান। ৩ অ, সাবধান হও; সতর্ক হও। "হুঁং খবরদার পহরী পহরা।"-অং মং। > ভ্রং, নিয়কথ্য-**হুঁসার**-হুসিয়ার; সাবধান। "হেসে বলে হুঁসার হুঁসার বট ভাই। বিদেশে ভরসা ভাল এইরূপ চাই।"-ঘং।

হুক১ [হিং হুক] বি, ফিক বেদনা। "কার কেশে ধরে কীল গোটা পাঁচ ছয়। হাঁটু পাড়ে হুক লাগে হা করিয়া রয়।"-শিং। "লাগে হুক আঁতে"-অং মং।

হুক২ [ইং hook এর লিপ্যন্তর] বি, লোহার বক্রমুখ কীলক। ২ হাঁসকল। ৩ অঙ্কুশ; আঁকড়ী।

হুক৩, হুঁক, হুঁক [ব্রজং। হ, হু দ্রঃ] বি, নিশ্চয়ার্থক ৬ষ্ঠী বিভক্তি চিহ্ন। "মুনীহুক" -বিং পং।

হুকা-হুঁকা দ্রঃ।

হুকুম [আং হুক্ম্] বি, আদেশ; আজ্ঞা; অনুমতি। "হুকুম শাহনশাহী আর কিছু নাহি চাহি"-অং মং। ২ নিয়তি; অদৃষ্টের পরিণাম decree; doom. ৩ বিচার ফল। **হুং করা**-আদেশ করা; আজ্ঞা করা। **হুং চালানি**-ক্রি, হুকুম করা। ২ শাসন করা। **~জারি**-বি, আদেশপ্রচার। **হুং তামিল**-বি, আদেশ মত কার্য্য; আদেশ-পালন। **হুং দেওয়া**-ক্রি, আদেশ দান করা। **~নামা**-বি, আজ্ঞাপত্র। **~বরদার**-বি, আজ্ঞাবাহক। **হুং বাজানি**-ক্রি, আজ্ঞাপালন করা। **হুং মানা**-ক্রি, আদেশমান্য করা; আজ্ঞাপালন করা। **হুং রদ করা**-ক্রি, আদেশ রহিত। **হুং লওয়া**-ক্রি, আদেশ গ্রহণ করা। **আলী হুকুম**-বি, উদার আদেশ। **খাস হুকুম**-বি, ইং ordinance এর বৈজ্ঞাং পরিঃ। **জো হুকুম**-অ, যে আজ্ঞা। **হাকিম নড়ে তো হুকুম নড়ে না**-হাকিম দ্রঃ।

হুকুমত, হুকুমৎ [আং] বি, প্রভুত্ব; রাজত্ব; শাসন; অধিকার। **হুং করা**-শাসন করা; কর্তৃত্ব করা। ২ হুকুম চালান।

হুকুমানা [আং হুক্মানা] বি, আদেশ-পত্র; হুকুমনামা।

হুকুলি [গুরু > গুরুলি > । স=হ] বি, ধাতুবিঃ। "হুকুলি হরিকালী বুনেন কুসুম-মালী।"-শূং পুং।

হুঙ্কার, হুঙ্কর্ত, হুঙ্কৃতি [হুম্ (অনু° শব্দ) কার,কৃত,কৃতি (করণ)] বি, হুম্ এই অনুকার শব্দ। ২ গর্জ্জন। "ভ্রূকুটি ভয়াল ভীষণ আকার ঘনে ঘনে ঘনে বিকট হুংকার।"-বাং গান। বিণ, হুঙ্কর্ত-গর্জ্জিত। ক্রি, হুঙ্কারা [হুঙ্কারি, হুঙ্কার, হুঙ্কারে; হুঙ্কারিতে; হুঙ্কারিয়া ই°] হুং করা। হুঙ্কারিল-ক্রি, হুঙ্কার করিল বা ছাড়িল।

হুচ্‌ট-উচট দ্রঃ।

হুজুক, হুজ্জুক, হুজুগ [আ° হুজুম্ (ভীড়, গোলমাল) > তুর্কী-তজুক (জাঁকজমক) >] তুল- "হিকমতে চীন হুজুকে বাঙ্গালী" (পাঠান্তরে-"হুজ্জতেবাঙ্গালী")] বি, সাময়িক আন্দোলনের উৎসাহ। ২ কোলাহল; গোলমাল ব্যাপার; গণ্ডগোল। প্র-হুজুকে মাতা। ৩ গুজব; জনরব; জল্পনা; রটনা। প্র-একটা হুজুক নিয়ে থাকা; হুজুকে মাতা। বিণ, হুজুকিয়া, হুজুকে-যে হুজুক করে; হুজুকপ্রিয়। হুজুক পেয়ারা-বিণ,হুজুকপ্রিয়।"কোন হুজুগ পেয়ারা লোক গুজব রটাইয়া থাকিবে।"-বাঙ্গালী (১মবৎ, ২১৭ সংখ্যা)।

হুজু/র [আ° হুজূর। হি° হজুর। গ্রা° হাজুর] বি, সম্মানসূচক সম্বোধন; মহাশয়। ২ প্রভু your honour. ৩ সম্মুখ; সাক্ষাত; নিকট; বরাবর। "কোটাল করিল লয়ে রাজার হুজুর। দ্বিজ নৃপ সভা বন্দি দাঁড়াল কর্পূর।"-ঘ°। "হুজুরে হাজির আছি"-ভারত°। বিণ, ~রি,~রী [জমি° পরিঃ। আদা°] সোজা গবর্ণমেন্টকে রাজস্ব দানকারী (Hunter's Bengal Records)। ~রী তালুক-যে তালুকের রাজস্ব সোজা গবর্ণমেন্টে দাখিল করা হয়। ~রী মাল-গুজার-বিণ, হুজুরী তালুকের রাজস্ব দাখিলকার।

হুজ্জৎ, হুজ্জুৎ,-ত [আ° হুজ্জৎ] বি, বিচার; তর্ক; যুক্তি। ২ কলহ; কোন্দল। "হুজ্জুতে হারিলে কেঁদে পাড়া করে জড়।"-হেম°। "হিকমতে চীন হুজ্জতে বাঙ্গালী"-প্রবাদ। বিণ, হুজ্জতী, হুজ্জুতী-হুজ্জত সম্বন্ধীয়। ২ সুতার্কিক; অভ্রান্ত যুক্তিকারী; নৈয়ায়িক a sound reasoner. ৩ ঝগড়াটিয়া। ৪ জিদ্দী।

হুট [অনু°। তুল-ইং hoot. হি° হট্, হুট] অ, উপেক্ষা ও অবজ্ঞাসূচক শব্দ। ২ দূর। ৩হড় দ্রঃ। ~পাট, হুট (টো) পাটি-বি, উৎপতন; হুড়াহুড়ি; ঠেলাঠেলি ও লাফালাফি।

হুটার [সং-উৎসার >। উছট দ্রঃ] বি, উৎসারণ। ক্রি, হুটারা-উছট খাইয়া পড়া। "ভাবকী লাগিয়া সবে পলাইয়া যায়। হুতাশে হুটারে হাথী পড়ে ঠায় ঠায়।"-ঘ°।

হুড়১ [সং-হুড্, হুড্ (সংহতি অর্থে)] বি, ভিড়; জনতা। ২ সৈন্যসংঘ। ৩ সৈন্যগণের আশ্রয়স্থান। ৪ লৌহদণ্ড; লৌহের হুড়কা।

হুড়২ [হু(হো)ড্ (গতি অর্থে, গতি শব্দে)] বি, ঠেলা; বেগ। ২ লাফালাফি; মাতামাতি। ৩ চেঁচামেচি সহ মাতামাতিকারী; গণ্ডগোলের সহিত দুরন্তপনাকারী। ৪ তাড়না। বিণ, হুড়িয়া, হুড়ে-হুড়কারী। ~দঙ্গল-বি, ভিড় ও ঠেলাঠেলি। ~মুড় [হুড্ (নিমজ্জনে)। হেঁটমুড় (মুণ্ড) >] অ, হুমড়ি খাইয়া অর্থাৎ হেঁটমুণ্ড হইয়া পতন শব্দ। রূপান্তরে "ঘাড়মোড়"- তুল-ঘাড়মোড় গুঁজে পড়া।~হুড়- [অনু°] অ, প্রবলবেগে জলধারার পতন শব্দে। ২ অজীর্ণ বশতঃ পেটের সাড় বা ডাকে। ৩ মেঘের ডাকে। প্র-হুড়হুড় গুড়গুড় করে আকাশ ডাকছে। বিণ, ~হুড়িয়া১, ~হুড়ে-হুড়হুড় শব্দকারী; উক্ত শব্দাত্মক প্রবাহযুক্ত। ~হুড়ে গুড়গুড়ে-বিণ, হুড়হুড় গুড়গুড় এই শব্দকারী।

হুড়কা, হুড়্‌কা, হুড়কো [সং-হুড্ক। গ্রা° হুড়কো মূলে, ধন্বাত্মক] বি, দ্বার রুদ্ধ করিবার দীর্ঘ কাঠ বা লোহাদির অর্গল। "—অমনি দুয়ারী টানিল হুড়্‌কা ধরি হড় হড় হড়ে"-মেঘ°। ২ স্থূল দীর্ঘ দণ্ড।

হুড়্‌কা, হুড়্‌কো [সং-উৎকা > বাং গ্রা° উট্‌কা, উট্‌কো > হুট্‌কো > ক্রমে হুড়্‌কা, হুড়্‌কো] বি, পিত্রালয়ে যাইবার জন্য অধীরা বা তথায় স্বজনবর্গের দর্শনোৎকণ্ঠিতা বধূ; পতিগৃহ হতে যে হুট্ হুট্ করিয়া বাপের বাড়ী পলাইয়া যায়। প্র-হুড়্‌কো বউ। ৩ স্বামীর সংসর্গে ভীতা বধূ। "হুড়্‌কা মেয়ে ঝম্‌কে উঠে খসম কাছে এলে"-দীনবন্ধু°।

হুড়কি,হুড়কিধান [সাঁওতালী-হুড় > বাং-উড়কি,-কী ও° (দ্রঃ)] বি,উড়ীধান। "হুড়কি ধানের মুড়কি দেব"-ছড়া।

হুড়হুড়া, হুড়হুড়িয়া [বৈদ্যকে-হুরহুরা] বি, রোমশ পত্র পিচ্ছিল-রস বন্য শাকবিঃ; হুড়হুড়ের গাছ; আদিত্যভক্তা cleome viscosa polanisia icosandra. এই জাতীয় কিন্তু প্রকারভেদে শিমুল হুড়হুড়িয়া (Bombax malabasicum cleome viscosa) ও সাদা হুড়-হুড়িয়া, বা শ্বেত হুড়হুড়িয়া (Gynandropsis pentaphylla)

হুড়া, হুড়ো [হুড় দ্রঃ] বি, ঠেলা; বেগ। ২ গুঁতা। "বুলায়ে বসুধাতলে বুকে মারে হুড়া। গড়াগড়ি যায় যেন গৃহস্থের পুড়া॥"-শি°। ~তাড়া, হুড়োতাড়া, তাড়াহুড়া-বি,গুঁতার আঘাত ও তাড়না; শীঘ্র শীঘ্র কাজ করিবার জন্য তাড়না। "দিয়ে হুড়োতাড়া প্রদীপ কল্লেম খাড়া।"-দ্বি° রায়। ২ তাড়াতাড়ি; ক্ষিপ্রকারিতা।

হুড়ানি [হুড় (দ্রঃ)+আন (ক্রিয়ায়)। হুড়াই, হুড়াও, হুড়ায়; হুড়াইতে; হুড়াইয়া (কথ্য হুড়িয়ে) ই°] ক্রি, হুড় করা; তাড়না করা। ২ তাড়াইয়া একত্র করা বা জড় করা। ৩ হুড়োতাড়া দিয়া মজুর খাটান। ৪ অতি-বৃদ্ধি লাভ করা; অতিশয় বাড়া। হুড়াইয়া লইয়া যাওয়া [গ্রা° হুড়িয়ে নিয়ে যাওয়া] ক্রি, হুড় বা জড় করিয়া তাড়াইয়া লইয়া যাওয়া। হুড়াইয়া [গ্রা° হুড়িয়ে] যাওয়া-ক্রি,গাছপালার অযথা বৃদ্ধি পাওয়া; শস্যাদির বাড় অতিরিক্ত হওয়ায় ফল ফুল না হওয়া। বি, হুড়ানি, হুড়্‌নি (গ্রা°)।

হুড়াহুড়ি [হুড় দ্রঃ] বি, ঠেলাঠেলি; মারামারি। "মাধব শাঁখারী লয়ে শঙ্খের চুপড়ি। শাশুড়ীর সহিত করিছে হুড়া-হুড়ি॥" শি°। ২ ভিড়ের মধ্যে অগ্রবর্ত্তী হইবার জন্য ঠেলাঠেলি। "রাজসভা প্রবেশ করিতে হুড়বড়ি। রাম রাম প্রণাম সেলাম হু°॥"-ঘ°।

হুড়ুক [অনু°। হুড় দ্র:] বি, বেগ। "বজ্রবাণ এড়ে রাম বজ্রের হুড়কে।"-কৃত্তি°। ২ ঠেলা। ৩ হঠাৎ টান ; হেঁচ্‌কা।

হুড়ুক, হুড়ুক্ক [হুড়ুক, হুড়ুক (অনুকরণ শব্দ)+ক (স্বার্থে)] বি, হুড়কা। ২ বাদ্যবি:। ৩ হুড়ে বা মাতামাতিকারী ব্যক্তি ; মত্তব্যক্তি। ৪ ডাক পাখী।

হুড়ুৎ-বি, অনুকার শব্দ। ২ হঠাৎ বেগে আধার উপুড় করিয়া জল ফেলিয়া দেওয়ার শব্দ। প্র-হুড়ুৎ করে জল গড়ান।

হুড়ুদ্দম, হুড়ুদ্দম [হুড় (দ্র:)+ উদ্যম। গ্রা°] বি, হুড় করিয়া কর্ম্মচেষ্টার দাপাদাপি বা ব্যস্ততা। ২ দুরন্তপনা। ৩ হুড়াহুড়ির সহিত কার্য্যোদ্যম। প্র-কাজের কিছু করতে পারে না কেবল হুড় করে।

হুড়ুম, হুড়িম্ব, হুড়ুম্ব [সং-হুড়ুম্ব। মূলে শব্দাত্মক] বি, মুড়ির মত ফুলা করিয়া ভাজা চিঁড়া। ২ [বরিশালে] মুড়ি। ৩ অনুকরণ শব্দে লাফালাফি দুপাদুপি। প্র-হুড়ুম দুড়ুম করা। ৪ জল মধ্যে মাছের ঘাই দেওয়ার শব্দ।

হুড়ো-হুড়া দ্র:।

হুণ্ড [সং। বাং গ্রা° হুণ্ডা] বিণ, মূর্খ। ২ গুণ্ডা ; গোঁয়ার [দ্র:-সং-তে ব্যাঘ্র, রাক্ষস, গ্রাম্যশূকর ইং অর্থে। হিং হুঁড়ার]।

হুণ্ডি,-ণ্ডী [ফা°] বি. টাকা-কড়ির দেনাপাওনা সম্বন্ধীয় কারবারের চিঠি ; স্থানান্তরে টাকা দিবার বরাতী চিঠি bill of exchange. ২ [সং-হুন্‌ড্ (সংঘাতে)] রাশি > টাকার রাশি। প্র-রাতদিন তোমার টাকার দরকার, আমার কাছে হুণ্ডি রাখা আছে নাকি? ~আনা-ক্রি, অন্যত্র বরাতী চিঠি দেখাইয়া অর্থ বাহির করিবার জন্য এক-স্থানে টাকা জমা দেওয়া। ~ওয়াল-বি, হুণ্ডির কারবারী মহাজন। হু° করা-ক্রি, টাকা রাশীকৃত করা। হু°কাটা-ক্রি, টাকার বরাতী চিঠি লিখিয়া দেওয়া (তুল-চেক কাটা)। হু°ভাঙ্গানি-ক্রি, হুণ্ডি দেখাইয়া টাকা লওয়া বা আদায় করা। খাড়া হুণ্ডি, দর্শনী হুণ্ডি-,বি, যে বরাতী চিঠি প্রদর্শন মাত্র টাকা পাওয়া যায় a bill payable at sight. মুদ্দতি হুণ্ডি, মিয়াদী হুণ্ডি-নির্দ্ধারিত দিনে বা দিনের পর যে হুণ্ডির টাকা পাওয়া যায় a bill payable after date.

হুত [হু (হোম করা)+ত (র্ম্ম)] বিণ, মন্ত্র উচ্চারণ করিয়া দেবতার উদ্দেশে দত্ত (হবি:)। "মহা ক্রোধে হইলা যেন হুত হুতাশন"-মহা° (শ্রীকর)। ২ কৃত হোম। ৩ [-+ত (ধি)] বি, হোমের অগ্নি। ৪ [-+ত (ভা°)] হোম। ~ভুক্‌, ~বহ [হুত (হব্য) ভুক্‌ (যে ভোজন করে), বহ (যে বহন করে)] বি, হোমাগ্নি ; অগ্নি। "জ্বালিলেন হুতভুক্‌ নৃপতি আপনি"-কৃত্তি°।

হুতা [গ্রা° বাং। সং-হুতাশ >] বি, হোমাগ্নি। "হনুমান টানে জাঁতা হুতার লহরি। বিসাই গঠিল তাম্র সাদা মাটা করি॥"-শূ° পু°।

হুতাশ১ [হুত (হবি:)+অশ্‌ (ভোজনে) +অ (র্ত্তৃ)] বি, হোমাগ্নি ; অগ্নি ; অনল। "ঘট পরবেশ হুতাশে"-বি° প°।

হুতাশ২(স) [সং-হুতাশ বা হতোহস্মি >। গ্রা° হুতোশ] বি, ভয় ; আতঙ্ক ; দুর্ভাবনা; প্রিয়জনের বিরহে বা পুনর্দর্শনাশায় নিরাশ হইবার ভয় ও ভাবনা; প্রমাদ। "কেঁদেছিলাম কত হুতাশে"-গান। "হুতাশে হুটারে হাথী পড়ে ঠাঁয় ঠাঁয়"-ঘ°। হুতোশ লাগা-শিশুদিগের প্রিয়জনের অদর্শনে ভয় ও ভাবনা জনিত স্বাস্থ্যহানি হওয়া।

হুতাশন [হুত (হবি:)+অশ্‌ (ভোজনে) +অন (র্ত্তৃ), বা হুত অশন যার, বহু°] বি, হোমাগ্নি। "হু° তেজে গলে লৌহ"-মেঘ°।

হুতি [হু (হোম করা)+তি (ভা°)] বি, হোম।

হুতুম, হুতোম [অনু°] বি, ভীষণ রবকারী দীর্ঘাকার পেচকবি: ; পেঁচা দ্র:। ~পেঁচা, ~প্যাঁচা-বি, হুতুমজাতীয় পেচক। হু° প্যাঁচার নক্সা-বি, ৺কালী-প্রসন্ন সিংহ রচিত সামাজিক ব্যঙ্গ কাব্যবি:।

হুত্তি-হোথা দ্র:।

হুদ্‌হুদ্‌ [অনু°। হঁদ্‌হঁদ্‌ও°। আ°হুদ্‌হুদ্‌] বি, হুদ্‌হুদ্‌ এইরূপ শব্দকারী পক্ষীবি: (প্রায়ই রাত্রিতে লোকালয়ে ও নিবিড় বনে দিবসেও এই পাখীর ডাক শুনা যায়) ; হুদ্‌হুদ্‌ পাখী the hoopoe.

[গ্রা° হুদ্দো। আ° হদ্‌ > হুদ্দা] বি, অধিকার বা ক্ষমতার সীমা বা দৌড় ; অধিকারের ক্ষেত্র। ২ এলাকা ; সরহদ্দ jurisdiction. "বাড়ীর হুদ্দার মধ্যে প্রোথিত মৃতদেহ আবিষ্কার"-আ° বা° পত্রিকা।

হুনর/র, হুনুর/র [ফা° হুনর্‌। বাং-হুনুর] বি, বিদ্যা; কলাজ্ঞান। ২ কর্ম্মদক্ষতা; শ্রমশিল্পে কুশলতা। "সাধারণে কথায় বলেন হুনরে চীন ও হুজ্জুতে বাঙ্গাল কিন্তু হুতোম বলেন হুজুকে কলকেতা"-হুতুম:পেঁচার নক্সা। বিণ, ~রি,-রী [গ্রা°] কলাজ্ঞানসম্পন্ন; শিল্পী। ২ দক্ষ। ৩ [ব্যঙ্গ্যে] বিদ্যাবাগীশ।

হুনুরিকর্ম্ম-বি, হাতের কাজ ; শ্রম-শিল্প। "ভাগ্যে কিছুদিন মামার বাড়ী ছিলাম তাই একটু লেখাপড়া ও হুনুরি কর্ম্ম শিখিয়াছি" -টেকচাঁদ।

হুনা১ [প্রা° বাং। হুত (দত্ত আহুতি) > অথবা হ্বে (আহ্বান করা)+ত=হুত (কৃত আহ্বান) >। ত=ন। হুনি, হুন, হুনে (পদ্যে-হুনয়ে) ; হুনিতে ; হুনিয়া (ক্ষে-হুনি)] ক্রি, হোম করা ; হবন করা ; অগ্নিতে আহুতি দেওয়া। "দুর্ব্বাসা হুনয়ে হবি মুষলের ধারে"-মহা° (কাশী°)। "বিপ্রগণ বেদমন্ত্রে জ্বালিল আগুনি। লইয়া নাগের নাম যজ্ঞকুণ্ডে হুনি।"-ঐ।

হুনা২ [গ্রা° কথ্য। পূ° বঙ্গ প্রাদে° শ= হ] ক্রি, শুনা।

হুপ, হুপ্‌-হুপ্‌ [গ্রা°। উপ দ্র:] বি, অনুকরণ শব্দ ; হনুমানের ডাক। "হুপ হাপ দুপ দাপ আশ পাশ ঝাঁকিছে।"-অ° ম°। ২ [সং-উপ (আশ্চর্য্যকরণার্থক অব্যয়)] হঠাৎ আবির্ভাব ; ঝুপ। হুপ্‌ ক'রে অ, অকস্মাৎ। প্র-কোথা থেকে হুপ্‌ করে এসে উপস্থিত হল।

হুপ [তুল-সং-উপ (ইচ্ছাজ্ঞাপক অব্যয়)। ইং hope > আধু° গ্রা° বাং] বি, আশা ; ভরসা। "যাহার হুপ আর বুক তাহারি জয়" -টেকচাঁদ। ২ সাহস; বুক।

হুপো [অনু°] বি, দণ্ডচারিবর্গের সচূড় পক্ষিবি: the hoopoe.

হুবহু [আ° হু (সে হয়)+ব (যথাবৎ)+হু (সে), সে ঠিক তার অনুরূপ] অ, আদর্শানুরূপ ; অবিকল ; অভিন্ন।

ˋহুম্, হুম্ [সং। হুঁ দ্রঃ] অ, অনুকরণ শব্দ। ২ সম্মতি। ৩ নিষেধ। ৪ সংশয়; বিতর্ক। ৫ অস্পষ্টভাবে বা নাসিকাযোগে সঙ্গীতে স্বর আলাপ। ৬ স্মৃতি। ৭ প্রশ্ন। ৮ অসূয়া। ৯ হুঙ্কার। "হুম হাম থুম থাম ভীম শব্দ ভাবিছে।"-অ০ ম০। ১০ নিশ্চয়-বাচক শব্দ। ১১ ক্রোধ; কোপপ্রকাশ। ১২ প্রতিবিধানার্থ শাসন; ভয়প্রদর্শন।

ˋহুমড়ানি [উপুড় দ্রঃ। হুমুড় দ্রঃ] ক্রি, উপুড় হইয়া পড়া; হেঁটমুণ্ড হইয়া পড়া।

ˋহুমড়ি [উপুড় দ্রঃ। ব্রজ০ উমড়ি] বি, হেঁটমুণ্ড; উপুড়। হু০ খাওয়া-ক্রি, উপুড় হওয়া।

ˋহুমা১ [ধুম >। ধুম+আ (সাদৃশ্যে)] বি, বন্যা। ~হুমি-বি, ধুমাধুমি (দ্রঃ); তুমুল ঝগড়া।

হুমা২ [হোম > ভ্রং, হুম+আ (ক্রিয়ার)] ক্রি, হোম করা; আহুতি দেওয়া। "কাটিয়া তুরঙ্গ রাজা হুমিল অগ্নিতে"-মহা০(কাশী০)।

ˋহুমা৩, ˋহুমো [ফা০ হুমা (শুভসূচক কাল্পনিক পক্ষী)। তুল-সং-বিহঙ্গম, বিহঙ্গমা, বিহঙ্গমী > ব্যাংঘোম(?), ব্যাংঘুম (?) > ঘুম > হুম, হুমো, হুমী] বি, পাখী। ২ [হুম্ শব্দে] হুম্‌হুম্ শব্দকারী পক্ষিবিঃ। "আয়রে পাখী হুমো, আমার গোপালকে নিয়ে ঘুমো।"-ছড়া। ৩ হুতোমপ্যাঁচা। ৪ [তিরস্কারে, তাড়নায়। প্রাদে০] হুঁশো; গোঁয়ার; অকর্মণ্য বুড়ো। প্র-হুমো ছেলে।

হুমকি, হুম্‌কি,-কী [সং-হুঙ্কার, হুঙ্কৃতি] বি, হুম্ শব্দে তাড়না; তর্জন; ধমকি; ভয়প্রদর্শন। "এত ছেলের হাতের মোয়া নয় যে খাবে হুমকি দিয়ে"-রা০ প্র০।

হুম-ধুম [পূ০ বঙ্গ প্রাদে০ ধ=হ] বি, ধুমধাম। হুমে-ধুমে-ক্রি-বিণ, ধুমধামের সহিত; গোলযোগের মধ্যে বা সুযোগে। "হুমে-ধুমে আমি যাই পলাইয়া"-পূ০ ব০গী০।

হুমুড় [হেঁটমুণ্ড > হেঁট মুড় >। হুমড়ি দ্রঃ] বিণ, হেটমুণ্ড; উপুড় (দ্রঃ)।

হুরমুৎ [আ০ হুর্মৎ] বি, সম্ভ্রম; মান। ~দার-বিণ, সম্ভ্রান্ত; মান্য। হুরমুতের দাবী দিয়া নালিশ-মানহানির জন্য খেসারতের দাবী করিয়া মকদ্দমা রুজু করা।

হুরী [আ০ হুর (a blackeyed nymph) রী] বি, স্বর্গস্থ পরী।

হুল, হূল [সং-অল] বি, সূক্ষ্মাগ্রভাগ; সূচী। "নিকুঞ্জে পশিলে ভুলে সর্ব্বাঙ্গে বিঁধিয়া হুলে মৃগের আক্রমে যথা মধুকর শ্রেণী।"-অশোক০। ২ ধনুকের সূক্ষ্মাগ্র; কোটি।

হুলস্থুল [সং-হুলহুলী বা হলহলা >] বি, গোলমাল; গোলযোগ। "হুলস্থুল সহর শুনিয়া সেই শব্দ"-ঘ০। পদ্যে কোমলার্থে-হুলথুল। "হুলথুল কুল কুল ব্রহ্মডিম্ব ফুটিছে।"-অ০ ম০।

হুলহুলী-হুলাহুলী দ্রঃ।

হুলা [হুলো দ্রঃ] বিড়াল।

হুলানি [হিলান দ্রঃ। হি০ হুলনা] ক্রি, পশ্চাতে তাড়না করা; পিছনে তাড়া করিয়া যাওয়া; টুগান। "হুলিয়া গুতিয়া নেহ বাংের করিয়া।"-মাণিক০ গান। "বসি অমারী ঘরপর আমীর বহুতর হুলায় গজবর রাজে।" -অ০ ম০।

হুলাস [সং-উল্লাস >] বি, উল্লাস; স্ফূর্ত্তি।

হুলাহুলি [সং-হুলহুলী। অনু০] বি, নারীদিগের ওষ্ঠদ্বয় সঙ্কুচিত করিয়া জিহ্বাগ্র সঞ্চালন দ্বারা কৃত আনন্দসূচক ধ্বনি; হুলুহুলু শব্দকরণ; উলুধ্বনি; মঙ্গলধ্বনি। "হু০ করি সবে কৈল হরিধ্বনি।"-শি০। "দেব কন্যা মেলি দিয়া হু০ আনন্দেতে ঢেঁকী মঙ্গলিয়া।"-শূ০ পু০। ২ হল্লা; কোলাহল। "যুধিষ্ঠিরের বাহিনী করিয়া হু০।"-মহা০ (বিজয়০)।

হুলি-হোলাকা দ্রঃ।

হুলিয়া১ [আ০ হুল্যাহ্] বি, শরীরলক্ষণ। ২ পলাতক আসামীকে সনাক্ত করিবার জন্য তার আকার ও দেহচিহ্ন বিজ্ঞাপক বিবরণী। প্র-অপরাধীদিগের হুলিয়া বাহির হইয়াছে। হুলিয়া বিগড়ানি-ক্রি, চেহারা খারাব করা; প্রহার দ্বারা দেহের সৌন্দর্য্য নষ্ট করা।

হুলিয়া২ [হুড়িয়া >। হুড়ান দ্রঃ। ড়=ল] ক্রি, হুড় করিয়া; তাড়াইয়া। ~-গুঁতিয়া-ক্রি-বিণ, তাড়া দিয়া ও গুঁতা মারিয়া; মুষ্ট্যাঘাত সহ ঠেলা দিয়া; তাড়াহুড়া দিয়া। "হুলিয়া-গুঁতিয়া নেও বাহের করিয়া।"-মাণিক০ গান।

হুলু, হুলুই [অনু০। সং-উলুলু ('উলুলু' -নৈষধ০ ১৪শ সর্গ)। অনুরূপ শব্দ উৎসবাদি স্থলে উচ্চারণের প্রথা জগতের নানা জাতির মধ্যে হর্ষ বা শোকধ্বনি রূপে প্রচলিত। তুল-ল্যা০ ululare (howls, shout) > ইং ululation (শোকধ্বনি)। তুল-হিব্রু-halleluiah (জয়ধ্বনি)। হুলাহুলি দ্রঃ] বি, স্ত্রীলোকদিগের আনন্দসূচক মুখধ্বনি; মঙ্গলধ্বনি; উলুধ্বনি। "কোকিল দিতেছে হুলু"-কুঙ্কুম। "আপনি দিলেন হুলু নাড়ীচ্ছেদ করি।-অ০ ম০। "পণ্ডিতে বেদ গান, নিছিয়া পেলেন পান, হুলুই পড়এ ঘনে ঘন।"-শূ০পু০। "সঘনে হুলুই পড়ে রতি চতুর্দ্দোলে চড়ে ইন্দ্রের হৃদয়ে, বাজে শাল।" -কবিক০। ~ধ্বনি-বি, উলু উলু এই শব্দ; নারীদের মঙ্গলসূচক ধ্বনি। ~রব [ছান্দোগ্যে উলুলব] বি, হুলুধ্বনি।

হুলো [সং-হীল ("শুক্রে ধাতৌ রেতসি" -বাচস্পতি)-তার আধার বা আশ্রয় অর্থে হোল? তুল-আ০ হওল্ (বীর্য্য) > পুরুষত্ব। হোল (দ্রঃ)+উয়া (বিশিষ্টার্থে)=হোলুয়া > ক্ষে০ হুলো। সংস্কৃতে একটি উদ্ভট শ্লোক আছে তার তাৎপর্য্য এই যে বিড়াল বলিতেছে "বৃষ আদি প্রাণীর বড় হোল (অণ্ডকোষ) থাকা সত্ত্বেও তারা হুলো বলিয়া কথিত হয় না, কিন্তু বিধাতার কি বিড়ম্বনা, আমার অণ্ডকোষ অন্য প্রাণীর তুলনায় ক্ষুদ্রতর হইলেও আমি হুলো নামে অভিহিত হইতেছি"। কিন্তু পুংবিড়ালের ঘোরাল কণ্ঠরব 'হাও, হাওল' ইং-র অনুকার শব্দ হতে নহে ত? তুল-মিউ মিউ বা ম্যাও ম্যাও করে বলিয়া মেনি বেরাল। হোল শব্দ মুষ্ক অর্থে সং অভিধানে নাই এবং পূর্ব্বোক্ত উদ্ভট শ্লোক অর্ব্বাচীন, অধিকন্তু মাদি বিড়ালার্থে 'হুলী' শব্দের প্রয়োগ বাং-র দৃষ্ট হয়। প্রা০] বি, বিড়াল। স্ত্রীং হুলী-বড় মাদি বিড়াল; বিড়ালী।

হুল্লোড় [হল্লা এবং হুড় মিশ্রিত হইয়া। হি০ হল্লড়] বি, কোলাহল। ২ ভিড়। ৩ সংঘ। ৪ উৎসবানন্দে অসংযত মাতামাতি carnival.

হুশ্, হুস্ [অনু°] বি, জিহ্বা ও তালু সংযোগে মুখমারুত ত্যাগের শব্দ। ২ পাখীকে হঠাৎ উড়িয়া যাইবার বা উড়াইয়া দিবার শব্দ। ৩ ইঞ্জিনাদি হ'তে বেগে ধূম নির্গমন শব্দ ; ঐরূপে রেলগাড়ীর গমন শব্দ। ~হুস্-বি, অনুকরণ শব্দ। ২ ঘন ঘন বাষ্প নির্গমন শব্দ।

হুশিয়ার [ফা° হুশ্য়ার্। গ্রা° হুঁসিয়ার] বিণ, সতর্ক ; সাবধান। ২ চতুর ; বুদ্ধিমান; চালাক। বি, হুশিয়ারী-সতর্কতা ; সাবধানতা। ২ চতুরতা ; বুদ্ধিমত্তা।

হুহু১, হূহূ [সং] বি, গন্ধর্ব্ববিশেষ।

হুহু২ [অনু°] অ, অনুকরণ শব্দ। ২ বেগে পবন সঞ্চালন শব্দ। "সমীর ধায় হুহু, গর্জ্জে মুহুঃ"-প্রেম ও ফুল। ৩ জলপ্রবাহ বা স্রোতের শব্দ। ৪ ক্লেশ, যন্ত্রণা, জ্বালা, শোক প্রভৃতিব্যঞ্জক শব্দ। ৫ অগ্নি প্রজ্বলন-বেগ শব্দ। ~-শব্দে-ক্রি·বিণ, হু-হু এই শব্দ করিয়া। ২ অতিশয় বেগে ; বায়ুবেগে।

হুহুঙ্কার, হুহুঙ্কৃতি [হুহুম্+কার, কৃতি] বি, হুম্ হুম্ এই শব্দকরণ ; উপর্য্যুপরি হুঙ্কার ; উচ্চ হুঙ্কার রব ; ভীতি প্রদর্শক ভীমরব।

হূ [সং] অ, আহ্বান, শোক, গর্ব্ব, ঘৃণা, অবজ্ঞা বিদ্রূপ ই° সূচক অব্যয়।

হূঙ্কার, হূঙ্কৃত [হুম্ (অনুকরণ শব্দে) কার, কৃত (করা)] বি, "হুম" এই ধ্বনি করণ।

হূণ-হূন দ্রঃ।

হূত [হ্বে (আহ্বান করা)+ত (র্ম্ম)] বিণ, আহূত [> স্ত্রী, ~া]। ২ [-+ত (ভা°)] বি, আহ্বান।

হূতি [হ্বে (আহ্বানে +তি (ভা°)] বি, আহ্বান ; আমন্ত্রণ ; আহুতি। বিণ, হূত।

হূন, হূণ [সং] বি, ভারতের উত্তরস্থ চীন পার্শ্ববর্ত্তী ম্লেচ্ছদেশবিঃ। ২ ম্লেচ্ছ জাতিবিঃ। ৩ হূনদেশের অধিবাসী। ৪ হূনরাজ্যপতি।

হূয়মান [হ্বে (আহ্বান করা)+আন (র্ম্ম), য্ ম্ আগম] বিণ, আহূয়মান ; যাকে আহ্বান করা যাইতেছে।

হূরব [হূ (অনুকরণ শব্দ) রব যার, বহু°। তুল-ফেরব] বি, শৃগাল।

হূহূ, হূহূ [অনু°] অ, হাওয়ার সহিত সংঘর্ষসূচক শব্দ। ২ প্রবাহ, নির্গমন বেগ ও শব্দসূচক অব্যয়। প্র-বাতাস হূহূ করিয়া বহে; রক্ত হূহূ করিয়া নির্গত হয় ; জল হূহূ করিয়া বহিয়া যায়। ৩ দ্রুতবেগ বা শীঘ্র গতিসূচক অব্যয়। প্র-হূহূ করিয়া মেঘ বা ধোঁয়া উড়িয়া যায় ; হূহূ করিয়া আগুন জ্বলিয়া উঠিল। ৪ অন্তর্দাহ বা যন্ত্রণাসূচক অব্যয়। ৫ দহন শব্দ। ৬ শূন্যবোধ ; হতাশ। প্র- মন হূহূ করা।

হৃৎ১ [হৃ (হরণ করা)+ক্বিপ্ (র্ত্তৃ), ৎ আগম] বিণ, হরণকারী ; হারক।

হৃৎ২, হৃদ্ [হৃদয় দ্রঃ] বি, হৃদয়। ~কমল-বি, হৃদয়স্থিত পদ্ম ; হৃদয়-কমল ; অন্তরের পদ্মাসন। "আমার হৃদ্‌কমল মঞ্চে দোলে করাল বদনী"-গান। ~গত-হৃদ্গত দ্রঃ। ~কম্প-বি, হৃদয়-কম্পন ; ভয়ে হৃদ্‌পিণ্ডের স্পন্দন ; অতিশয় ভয়। ~পদ্ম-বি, হৃদ্‌কমল। ~পিণ্ড-বি, হৃদয়ের মধ্যস্থিত শোনিতাধার heart. ~শূল-বি, রুগ্ন হৃৎপিণ্ডের আক্ষেপজনিত বক্ষে শ্বাসরোধক তীব্র বেদনা magiva pectoris. ~স্পন্দন [আয়ু°] বি, হৃৎ-পিণ্ডের গতিবেগঃ ; বুক ধড়ফড়ানি palpitation of the heart. ২ হৃৎপিণ্ডের অস্বাভাবিক দ্রুতগতি বা নিস্পন্দতা, শ্বাসকষ্ট, নাড়ীর অনিয়মিত গতি ই° লক্ষণযুক্ত রোগ heart disease.

হৃত [হৃ (হরণ করা)+ত (র্ম্ম)] বিণ, অপহৃত। ২ আনীত। ৩ আকৃষ্ট। ~সর্ব্বস্ব-বিণ, যার সমস্ত ধনসম্পত্তি অপহৃত হইয়াছে।

হৃদ্-হৃৎ২ দ্রঃ।

হৃদয় [ৎ=দ্. হৃ+অয় (র্ত্তৃ), দ্ আগম] বি, বক্ষঃস্থল। ২ দয়া, প্রেম প্রভৃতির স্থান ; চিত্ত ; অন্তঃকরণ। বিণ, হৃধিয়িক, হৃদয়ী - হৃদয়বান্। ~-আকাশ, ~গগন-বি, আকাশের ন্যায় মুক্ত, উচ্চ, বিশাল হৃদয়। ~কন্দর, ~পিঞ্জর, ~মন্দির-বি, হৃদয়ের অভ্যন্তর; অন্তঃকরণ ; চিত্তগুহা। ~কমল -হৃৎকমল দ্রঃ। ~গত-বিণ, হৃদয়স্থ ; আন্তরিক ; মনোগত। গ্রন্থি-বি, হৃদ্বন্ধ। ~গ্রাহী [হৃদয়-গ্রহ্ (গ্রহণ করা) +ইন্ (ণিন্)=হৃদয়গ্রাহিন্ ১মা, ১ব°] বিণ, মনোহারী। ~ঙ্গম [হৃদয় (অন্তঃকরণ) গম (যে গমন করে)] বিণ, মনোগত ; হৃদ্য ; হৃদয়গত। ২ বোধগম্য ; চিত্তস্থ। ~জ (-র্জ-) [হৃদয়+জ (জাত)] বিণ, হৃদয় হ'তে উদ্ভূত ; বক্ষোজ। "হৃদয়জ মুকুলি হেরি থোর থোর। ক্ষণে আঁচর দেই ক্ষণে হোয় ভোর॥" -বি° প°। ২ বি, উরজ ; স্তন। ~তন্ত্রী [হৃদয় (প্রাণ,মন, অন্তর বীণা বা বীণারূপ হৃদয়যন্ত্রের তন্ত্রী]। ~তোষিণী-বিণ, চিত্তবিনোদিনী ; প্রাণের সন্তোষ বিধায়িনী। ~নিধি, ~মণি, ~রত্ন-বি, অন্তরের ধন ; প্রিয়তম বস্তু ; পরম আদরের বা অতি যত্নের ধন। ~পট-বি, চিত্তপট ; অন্তরের আলেখ্য। ~পদ্ম-হৃৎকমল দ্রঃ। ~পারাবার-বি, সমুদ্রের ন্যায় বিশাল গম্ভীর হৃদয়। ~বল-বি, মনের জোর ; মানসিক শক্তি ; ওজস্বিতা। ২ সাহস। ~বান্ [হৃদয়+বৎ (প্রশস্তার্থে)=হৃদয়বৎ, ১মা, ১ব°] বিণ, উদারচিত্ত ; মনস্বী : সদন্তঃকরণ; প্রেমিক। ২ বদান্য ; মহাপ্রাণ। ~বল্লভ-বিণ,প্রাণপ্রিয়। ২ বি, পতি। > স্ত্রী° ~া। ~বিদারক-বিণ, হৃদয়-ভেদী ; মর্ম্মন্তুদ। ~বীণা-বি, হৃদয়রূপ বীণাযন্ত্র। ~বেদনা, ~ব্যথা-বি, মনের কষ্ট ; মর্ম্মযাতনা। ~বেধী, ~ভেদী-বিণ, মর্ম্মচ্ছেদক। ~ভাবক [রবী°] বিণ, হৃদয়াবেগচালিত ; ভাব-প্রণোদিত। ২ অনুভূতি বা সংবেদনা বর্দ্ধক। ~ভূষণ-হৃদিভূষণ দ্রঃ। ~মণি --নিধি দ্রঃ। ~মন্দির--পিঞ্জর দ্রঃ। ~রাজ্য -বি, অন্তর্জগৎ ; ভাবজগৎ। ~লক্ষ্মী-বি, ভাবজগতের লক্ষী ; চিত্তরমা। ২ পত্নী। ~শূন্য, ~হীন-বিণ, পরের দুঃখে যার প্রাণ কাঁদে না ; সহানুভূতিহীন ; নির্দ্দয়। ~শূল, ~শেল -বিণ, অন্তরে ভয়ানক যন্ত্রণাদায়ক বস্তু বা বিষয়। ২ হৃৎশূল দ্রঃ। ~সমুদ্র, ~সাগর, ~সিন্ধু-বি, ~ পারাবার দ্রঃ। ~স্থান-বি, বক্ষঃস্থল ; বুক। ~স্পর্শী-হৃদি দ্রঃ।

হৃদয়ানন্দ [হৃদয়+আনন্দ, ৬তৎ] বি, প্রাণারাম ; মনের আনন্দ।

হৃদয়ালু [হৃদয় (অন্তঃকরণ)+আলু (স্ত্য০)] বিণ, হৃদয়বান্ ; সদন্তঃকরণ ; প্রশস্ত-হৃদয় ; উদার।

হৃদয়েশ [হৃদয়ের (অন্তঃকরণের)+ঈশ (ঈশ্বর), ৬তৎ] বি, সর্ব্বান্তকরণে পূজার ও প্রেমের পাত্র ; প্রাণেশ : হৃদয়বল্লভ। ২ কান্ত : স্বামী ; ভর্ত্তা। স্ত্রীং হৃদয়েশা,-শী -প্রণয়িনী।

হৃদাকাশ [হৃদ্+আকাশ] বি, হৃদয়রূপ আকাশ ; হৃদয়গগন (দ্রঃ)।

হৃদাসন [হৃদ্+আসন] বি, হৃদয়রূপ আসন ; অন্তস্তল।

হৃদি [সং] বি, হৃদয়। "হৃদি সীদতি আমার যেমতি তেমতি পুড়ুক সে।"-চণ্ডিং। ২ বক্ষঃস্থল। "হৃদি-বিলসে পটুবসনা কুচ-কলসে কৃত-বাসনা"-বাসবদত্তা। ~পট-বি, হৃদয় (দ্রঃ)। ~পদ্ম [হৃদি (স্থিত) পদ্ম। হৃৎ, দ্রঃ] বি, হৃৎকমল ; অন্তরের পদ্মাসন। "মনের আঁধার যাবে টুটে, হৃদিপদ্ম উঠবে ফুটে"-গান। ~ভূষণ-বি, হৃদয়ের অলঙ্কার। "প্রাণরমণ হৃদিভূষণ"-স্কং। ~মন্দির [হৃদয় দ্রঃ] বি, হৃদয়। ~সরোবর-বি, সরোবরতুল্য হৃদয়। "কমলাকান্তের হৃদি সরোবরে কমল মাঝারে করে উদয়।"-বাং গান। ~স্পৃক্ [হৃদি (হৃদয়) স্পৃক্ (যে স্পর্শ করে)] বিণ, প্রাণ-স্পর্শী ; মর্ম্মস্পৃক্ ; হৃদ্য ; প্রিয় ; মনোমত।

হৃদিকা [পুং] বি, কৃপাচার্য্যের মাতা। ~সুত-বি, কৃপাচার্য্য।

হৃদ্গত [হৃদ্ (অন্তঃকরণ) গত (প্রাপ্ত)] বিণ, হৃদয়স্থ ; মনোগত।

হৃদ্বিলাসী,~হারী [হৃৎ+বিলাসী, বিহারী] বিণ, অন্তরে সুখাস্বাদনকারী ; অন্তরের সৌন্দর্য্য উপভোগকারী ; হৃদয়-উদ্যান-বিহারী ; ভাব-বিনোদী।

হৃদ্বোধ [হৃদ্+বোধ] বি, হৃদয়ের ভাবানুভূতি ; হৃদয়ের মর্ম্মানুধাবন।

হৃদ্য [হৃদ্ (হৃদয়)+য] বিণ, রুচ্য ; মনোমত ; প্রিয়। ২ মনোজ্ঞ ; রুচির। স্ত্রীং ~া-বিণ, মনোজ্ঞা। ২ বি, বৃদ্ধিনামক ওষধি। ~তা [হৃদ্য+তা(ভাং)] বি, হার্দ্দ্য ; প্রণয় ; সদ্ভাব।

হৃদ্রোগ [হৃদ্+রোগ] বি, হৃৎপিণ্ডের ব্যাধি ; হৃৎস্পন্দন দ্রঃ heart disease.

হৃল্লাস [হৃদ্+লস্ (স্ফূর্ত্তি)] বি, হিক্কা।

হৃল্লেখ [হৃদ্+লেখ] বি, জ্ঞান ; তর্ক (শব্দকল্প। বাং-র বিরল)। ২ হৃদয়ে অঙ্কিত বা লিখিত বিষয়। ~া-বি, ঔৎসুক্য।

হৃষিত [হৃষ্ (হৃষ্ট হওয়া)+ত] বিণ, হৃষ্ট : প্রফুল্ল ; পুলকিত। স্ত্রীং ~া।

হৃষীক [সং] বি, ইন্দ্রিয়।

হৃষীকেশ [হৃষীক (ইন্দ্রিয়ের)+ঈশ (ঈশ্বর), ৬তৎ] বি, পরমাত্মা ; বিষ্ণু। "হৃষীকেশ বৈকুণ্ঠ বামন।"-অং মং।

হৃষ্ট [হৃষ্ (হর্ষান্বিত হওয়া)+ত (র্ত্ত)] বিণ, হর্ষযুক্ত ; প্রফুল্ল। বি, হৃষ্টি। ~চিত্ত -বি, বিণ, প্রফুল্ল হৃদয়। ~পুষ্ট [হৃষ্ট ও পুষ্ট] বিণ, স্বাস্থ্য জন্য প্রফুল্ল ও সুপোষণে বর্দ্ধিত বা পরিণত দেহ। ২ মোটাসোটা। ~রোমা -পুলককণ্টকিত ; রোমাঞ্চিত।

হৃষ্টান্তঃকরণ [হৃষ্ট+অন্তঃকরণ] বিণ, প্রফুল্লচিত্ত ; উৎফুল্লহৃদয়।

হে [সং] অ, সম্বোধনে বা আহ্বানে ; ওহে। ২ পাদপূরণে। ৩ (হেঃ) অবজ্ঞা বা ঘৃণায়। ~হেহে-হিঃ হিঃ দ্রঃ।

হেওলা [শৈবাল > পুং বঙ্গ প্রাদেং। শ, স=হ] বি, শেওলা। "মৃতের হেং আইয়া ভাইস্তা বেড়াই"-মৈং গীং।

হেঁ-অ, সম্মতি বা স্বীকারে ; হাঁ। ~গা, ~গো-স্নেহসূচক ও কোমল সম্বোধন। ~মা -কন্যা বা মাতৃস্থানীয়া নারী সম্বোধনে। ~দেখ [হের দেখ > স্কং] সতর্কীকরণে। ২ ভয়প্রদর্শনে। অবজ্ঞার্থে- হেঁ দেখ্। ~রে-অবজ্ঞার্থক পুং সম্বোধনে। ~লা- অবজ্ঞা বা অতিপরিচয়ার্থক নারীসম্বোধনে। সমানার্থে-হেঁলো। ~হে, হ্যাঁহে-পুং সম্বোধনে বা প্রশ্নে।

হেঁই-অ, ব্যাকুল প্রার্থনা ; হেঁ হেঁ করিয়া যাচ্ঞা ; সনির্ব্বন্ধ অনুরোধ। "হেঁই খুড়া তোর পায়ে ধরি।"-ছড়া। ২ জেদে। ৩ বল প্রয়োগকালীন শব্দে। হেঁইও, হেঁইয়ো। [হিঃ হিঃ দ্রঃ] গুরুভার তুলিতে বা ঠেলিতে বা টানিতে শ্রমলাঘব ও বল-সঞ্চারার্থক চীৎকার। হেঁইগো হেঁইগো, হেঁইমা, হেঁই হেঁই-সনির্ব্বন্ধ অনুরোধ। ২ অতিলোভব্যঞ্জক প্রার্থনা।

হেঁকোচ-হ্যাকোচ দ্রঃ।

হেঁচ, হেঁছ-হ্যাচ দ্রঃ।

হেঁচড়-হিঁচড় দ্রঃ। ক্রি, হেঁচড়ানি [হেঁচড়+আন (ক্রিয়ায়)। হেঁচড়াই,-ড়াও,-ড়ায় ; হেঁচড়াইতে (স্কং হেঁচড়াতে) ; হেঁচড়াইয়া (স্কং হেঁচড়ে) ইং] হঠাৎ জোরে টানা। বি, হেঁচড়ানি।

হেঁচেতা-হাঁচুটী দ্রঃ।

হেঁচকা [সং-হিক্ (হিংসা করা) >। লঘু অর্থে হেঁচকি, হিঁচকি। হিং হিচক্] বি, কষ্টদায়ক হঠাৎ আকর্ষণ বা টান। ক্রি, হেঁচকানি-হেঁচকা দেওয়া ; হঠাৎ টান দেওয়া বা আকর্ষণ করা। বি, হেঁচকানি। লঘু অর্থে হেঁচকি, jerk. হেঁং টান-বি, জোরে হঠাৎ আকর্ষণ। প্র-পরের সোনা দিওনা কানে প্রাণটি যাবে হেঁং টানে।

হেঁচকি₂, হিঁচকি-বি, হেঁচকা দ্রঃ। ২ হিক্কা ; উকি। হেঁং উঠা-ক্রি, হিক্কা হওয়া। হেঁংতোলা-ক্রি, হিক্কার শব্দ করা। ২ হঠাৎ জোরে আকর্ষণ ; হেঁচকা অপেক্ষা লঘু।

হেঁট [হেট দ্রঃ] বিণ, অবনত। "একবার হেঁট নয়নে চেয়ে দেখ মা।"-বাং গান। "মৌন তুণ্ড হেঁট মুণ্ড"-অং মং। ২ বিনীত। ৩ বি, পরাজয়। "নাহি মানে হেঁট।"-ধং। ~হেঁট করা-ক্রি, নোয়ান। ২ উপুড় করা। ~মাটী উপর-অ, ওলট পালট। ~হওয়া -ক্রি, নত হওয়া। মাথা হেঁট করা-ক্রি, লজ্জা দেওয়া। মাথা হেঁট হওয়া-ক্রি, লজ্জায় অধোবদন হওয়া।

হেঁটরে হেঁটরে [ওঠরে ওঠরে >] ক্রি-বিণ, পুনঃ পুনঃ উঠরে উঠরে বলিয়া বা অনুরোধ দ্বারা কার্য্যে প্রবৃত্ত করিয়া।

হেঁটে₁ [হাটা দ্রঃ] ক্রি, হাঁটিয়া। ২ ক্রি-বিণ, পদব্রজে।

হেঁটে₂ [হেঁট দ্রঃ] ক্রি-বিণ, নিম্নে।

"হেঁটে কাঁটা উপরে কাঁটা।"-প্রচ। ২ বি. নিম্ন। ~টেংরা [হেঁটে (নিম্ন)+টেংরা (তুঙ্গ=উচ্চ। >তুঙ্গরা >)] বিণ, উঁচু নীচু (ভূমি, পথ ইং সম্বন্ধে)।

হেড়াল [হিং ঘড়িয়াল > হাঁড়িয়াল > হেঁড়াল] বি, বৃহৎ কুম্ভীর। "ঠকাইল কচ্ছপ কুম্ভে কুম্ভীর হেং।"-ঘং।

হেড়ে [হাঁড়িয়া দ্রঃ] বিণ, হাঁড়া বা হাঁড়ির মত। ২ গভীর। ৩ বড়।

হেঁড়েল [হাঁড়িয়াল >] বিণ, প্রকাণ্ড গভীর গর্ত। ২ হাঁড়ির মত। প্র-হেঁড়েল মাথা।

হেঁতাল-বি, হেন্তাল দ্রঃ (বৃক্ষ)।

হেঁয়ালি [সং-প্রহেলিকা] বি, হিঁয়ালি দ্রঃ; প্রহেলিকা; সমস্যা। "তারকের কাছে নবকিশোর যতই দুর্বোধ হেঁয়ালি বলিয়া বোধ হইতে লাগিল ততই সে নবকিশোরের সঙ্গ চাপিয়া ধরিতে লাগিল।"- ভারতী, ১৩২০।

হেঁসেল, হেঁশেল [হাঁড়িশাল > হাঁসিয়াল >। পূং বং প্রাদেং উচ্চারণে হাসিয়াল,-লী] বি, রন্ধনাগার।

হেঁসো [হাঁস (হাঁসের গলার মত বাঁকা) +উয়া (যুক্তার্থে), যে হার] বি, কাঠের হার-বিশেষ; হাঁসুলি। ২ বড় কাস্তে।

হেকমত [হিকমত দ্রঃ] বি, ক্ষমতা (মৈং গীং)। ২ কৌশল; ফিকির। ৩ বিণ, হেকমত্যা (=হিকমতিয়া); কৌশলী; ধূর্ত (পূং বং গীং)।

হেগো-হাগন দ্রঃ।

হেঙ্গল [গ্রাং হ্যাঙোল। অনুং] বি, কুকুর। ২ কুকুরের মত লোল জিহ্বা। ~দোলানী-লোভ হেতু যে নারীর জিহ্বা বাহির হইয়াই থাকে। ~া (হ্যাংলা) [হ্যাঙ্গলা, হাঙ্গলা, হেংলা ওং। হেঁঙ্গল (কুকুর) প্রকৃতি হ'তে, লোভে হাই হাই বা হাঙ্ হাঙ্ কারী অর্থে] বিণ, লালসা-যুক্ত; খাদ্যলোভী; কাঙ্গলা; লাল্চী। > ~পণা, ~পোনা, ~মি, ~মো-বি, লোলুপতা; অতি লোভ। স্ত্রীং হেঁঙ্গলী।

হেঙ্গাম,-মা-হাঙ্গাম দ্রঃ।

হেজ [আং হজ্ >হজিজ্ (নীচ) >? অথবা ফাং হেচ (তুচ্ছ) >] বিণ, নীচ; নিকৃষ্ট; অধম।

হেট্-অ, অনুকরণ শব্দ। ২ অশ্বাদি চালনা শব্দ। ৩ তাড়াইয়া লইয়া যাইবার ইঙ্গিত। এই অর্থে দ্বিত্ব-হেট্ হেট্।

হেট [পাং হেট্‌ঠা (নীচ, অবনত) >] বিণ, নত; অবনত। "লজ্জাভয়ে মহাবীর হেট কৈল মাথা।"-কবিকং। ~মুখ-বিণ, অধো-মুখ। "দেবতা সম্মুখ হন হেটমুখ"-ঘং। ~মুণ্ড-অবনত মস্তক। "হেটমুণ্ড করি হেট মিছা কর।"-রবীং।

হেটে$_1$ [হেট দ্রঃ] বি, নিম্নদেশ; তলদেশ। "এ সপ্ত পাতাল হেটেতে জল।"-শিং।

হেটে$_2$ (হেঁটেদ্রঃ) ট্যাংরা, হ্যাটা ট্যাঙ্গরা-হটকঠ্যাং দ্রঃ। উঁচুনীচু; অসমান; আবুড়াখাবুড়া।

হেঠ-হেট দ্রঃ।

হেড [ইং head এর লিপ্যন্তর] বি, মাথা। ২ প্রধান। ৩ বুদ্ধি; মেধা। ~পণ্ডিত-বি, প্রধান পণ্ডিত। ~বাবু-বি, দপ্তরের বড় বাবু head clerk. ~মুহুরী [ফাং মুহরির >] বি, প্রধান কেরাণী। ~মৌলবী-বি, প্রধান মৌলবী। বেহেড -বে দ্রঃ।

হেতা [হেথা দ্রঃ] বি, অত্র; এখানে। "সে কথা বলিতে হেতা"-শিং।

হেতার [হিং হাথিয়ার] বি, হাতিয়ার; অস্ত্র; শিল্পসাধন যন্ত্র। "কোন দেব দয়া করি দিয়াছে হেতার।"-ঘং।

হে(হেঁ)তাল [সং-হিন্তাল > হিঁ (হেঁ)তাল] বি, হিন্তাল বৃক্ষ phoenix paludosa হেতালের বাড়ি, হেতাল বাড়ি-বি, হিন্তাল গাছের লাঠি। "হাতে হেতালের বাড়ি পেয়ে।"-ঘং। "হেতালবাড়ি কান্ধে করি চলে সদাগর।"-মনসা মং (বিজয়ং)।

হেতালবেদনা, হেতালব্যথা, হেঁ-[সং-ভিদ্ (ভেদনে) > ভেদান (ল) > হেদ (ত)াল+বেদনা, ব্যথা, বা প্রসবান্ত-কাল > ?] বি, ফুল পড়িবার পর জরায়ুর সংকোচনকালে জরায়ু মধ্যস্থ জমাট রক্ত প্রভৃতি বাহির করিয়া দিবার উপায় স্বরূপ মুহুর্মুহু বেদনা; ভাদালে কামড়।

হেতু [সং] বি, যুক্তি। ২ কারণ; মূল। ৩ প্রয়োজন। ৪ [অলং শাং] অর্থালঙ্কারবিঃ। 'কারণের সহিত কার্য্যের অভেদরূপে কথনকে হেং কহে"। "জগতের পাপ এই দুরাত্ম-রাবণ এরে বিনাশিয়া রাম তার ত্রিভুবন।" দ্রঃ-এখানে পাপের হেতু যে রাবণ তার সহিত পাপরূপ কার্য্যের অভেদ কথিত হইয়াছে। -কাব্যদর্পণ। ~তা, ~ত্ব-বি, কারণতা। ~বাদ-বি, হেতুকথন; যুক্তিতর্ক। ~বিদ্যা [মনোংবিজ্ঞাং (হিং কোং)] বি, ইং teleology র বৈজ্ঞাং পরিঃ। ~মান্-বিণ, হেতুযুক্ত।

হেতুক [হেতু+ক (স্বার্থে)] বি, কারণ। ২ বিণ, হেতুসম্বন্ধীয়।

হেতুড়ে-হাতুড়িয়া দ্রঃ।

হেতের [হেতি (শস্ত্র-অস্ত্র) > হেতিআর > হিং হাথিয়ার >] বি, অস্ত্র। ২ শিল্পসাধন যন্ত্র। হাতে-হেতেরে -ক্রি বিণ, সশস্ত্র; হাতে কলমে; practically.

হেতো [হাতুয়া (দ্রঃ) > গ্রাং] বিণ, মৃতবৎসা বা বৎসহারা দোহনীয়া গাভী যে দোহনকারীর হাতের টানে দুধ দেয়, বাছুর বাঁটে মুখ দিয়া পান করিতে করিতে দুধ নামাইবার অপেক্ষা করে না।

হেত্বাভাস [হেতুর ন্যায় আভাস (অনুরূপতা) যার, বহুং] বি, কুতর্ক, ন্যায়ের ফাঁকি। ২ ব্যভিচার, বিরুদ্ধতা, অসিদ্ধি, সৎপক্ষতা ও বাধা এই পাঁচপ্রকার ন্যায়-দর্শনোক্ত হেতুদোষ fallacy (in logic).

হেথা [পং বঙ্গে। সং-অত্র বা এস্থান > এথা > হেথা] ক্রি-বিণ, অত্র; এখানে। "হেথা কি আসিতে আছে"-চয়নিকা।

হেদানি [বিকারে হেদুনো, হেদোনো] ক্রি, ব্যাকুল হওয়া। "হেদাইল ছেলে দুটী হারাইয়া হরে।"-শিং।

হেদে, হ্যাদে [হেং দেখ > ক্ষেং] অ, সম্বোধনে। "হেদে হাভাতীর ঝি।"-শিং। ~ও, গো-অ, ওগো। "হেং গো নন্দরাণী। -গান। "হেদে ও সহরবাসী।" -হেমং। ~দ্যাখ, (দেখ), হ্যাদ্যাখ [গ্রাং] অ, মনোযোগ আকর্ষণকারী সম্বোধন। ~লো-নারীসম্বোধন; দেখ লো। "হেদেলো সুন্দরী -চণ্ডিং। ~হে-অ, পুরুষ সম্বোধনে

"হেদেহে মিলাল বঁধু লাজ নাহি বাস।" -চণ্ডি°।

হেদো [হ্রদ+উয়া (সাদৃশ্যে) > হেদুয়া >] বি, হ্রদ।

হেন [সং-ইদম্ > ওয়া বিভক্তির রূপ "অনেন" বা এতৎ=এন (আদেশে) > হেন অথবা ঈদৃশ > প্রাকৃ° এদিসো > এইসো (হিং ঐসো,ঐসন্,ঐসিন্) > এই > ঐ। পরে, প্রা° হিং ঐসন্, ঐসনে > এহন, এহনে,বর্ণবিপর্য্যয়ে বাং-রএহেন > হেন]বিণ, ঈদৃশ; এমন। ২ যেন; ঠিক। "হেন চাঁপা ফুল"-ঘ°। ~তেন-বিণ, ঈদৃশ তাদৃশ; এমন তেমন। ~মনে (নে) [ঐ মণি দ্রঃ। প্রা° বাং] অ, এ মনে; এইরূপে। তুল-কেন মনে (দ্রঃ)। "হেনমনে বলে হরিল কাহাক্রিত।"-শ্রী° কী°। এহেন, এহেনি [এহন দ্রঃ] এরূপ; এবম্প্রকার। সেহেনি-তদ্রূপ।

হেনস্তা [হীন অবস্থা > প্রা° মেয়েলি] বি, হীনাবস্থা; দুর্দ্দশা। ২ [দেশী প্রাকৃ° হন্ (দূর) > হনস্থ(দূরস্থ)]দুরীকরণ; ঘৃণা; অবজ্ঞা।

হেনা, হিনা [আ° হিনা] বি,মেহ্‌দী; মেহেন্দী the Indian myrtle.

হেঁপা, হেঁপা [হাঁপ=খাসবেগ, বেগ, দম, ঝোঁক, ঝুঁকি] বি, দম; প্ররোচনা। প্র-হেঁপায় পড়ে কাজ করা। ২ ঝোঁক; দায়। "কারবারের হেপায় আড়িল হইয়া গেল"-টেকচাঁদ। ৩ বেগ; ঠেলা; টান। প্র-যখন সকলে মিলে তাড়া করবে তখন তার হ্যাপা সাম্‌লান ভার হবে। ৪ ঝঞ্ঝাট। ৫ প্রভাব।

হে(হেঁ)পাজৎ [আ° হিফাজৎ] বি, রক্ষণা-বেক্ষণ। ২ বন্দোবস্ত।

হেবা [হিবা দ্রঃ] বি, মুসলমানদিগের স্থাবর অস্থাবর সম্পত্তির স্বামিত্ব দান gift. ~নামা-বি, দানপত্র deed of gift.

হেবু [হইবু ও°। হওয়া, হব দ্রঃ। প্রা° বাং] ক্রি, হইবে; হবে। "গুরু মিলিলে যমদণ্ড হেবু পায়।"-গোবিন্দ গী°। ২ বিণ, হইবে এমন।

হেব্‌ভই, হেভ্‌ই [ব্রজ° ভাব্‌ই, ভাওই, ভাব্‌ই (ভাবা দ্রঃ)। প্রা° বাং] ক্রি, ভাবে; অনুভব করে; মনে মনে দেখে। ২ হেরে; দেখে। "জোই ভুসুকু হেভ্‌ই অন্ধকারা" (জোই=যোগী)-বৌ° গান ও দো°।

হেম [সং] বি, স্বর্ণ। ২ ধুস্তুর। ৩ মাষপরিমাণ। ৪ দারুহরিদ্রা।~কলা-বি, -স্বর্ণকদলী। ~কান্তি-বি, স্বর্ণপ্রভা; স্বর্ণাভা। "রসানে মার্জিত হেমকান্তি-সম কান্তি দ্বিগুণ শোভিল।"-মেঘ°। ~কার-বি, স্বর্ণকার; সেক্‌রা। ~কূট -বি হিমালয়োত্তরস্থ পর্ব্বতবিশেষ; সুমেরু। "হেমকূট হৈম শিরে শৃঙ্গবর যথা তেজঃ-পুঞ্জ।"-মেঘ°। ~চন্দ্র-বি, সোনার চাঁদ। ~ঝারি-বি, স্বর্ণঘট। "পুজিল হেম-ঝারি জোড়া।"-কবিক°। ~দুগ্ধ-বি, উড়ুম্বর বৃক্ষ। ~পীঠ-বি, স্বর্ণাসন। "বসান হেমপীঠে"-কবিক°। ~পুষ্প-বি, চম্পক-বৃক্ষ। ২ অশোক পুষ্প। > স্ত্রীং~পুষ্পা-মঞ্জিষ্ঠা। ২ স্বর্ণজীবন্তী। ~ময় - বিণ, স্বর্ণনির্ম্মিত। ~মালা -বি, যমের পত্নী। ~মালী-বি, সূর্য্য। ২ আকন্দ গাছ। ~মুকুলিকা-বি, স্বর্ণনির্ম্মিত পুষ্প-কলিকা। "শ্রবণ উপর দেশে হেম-মুকুলিকা ভাসে"-কবিক°। ~লতা-বি, স্বর্ণজীবন্তী। ২ স্বর্ণলতা। "হেন কালে প্রমীলা সুন্দরী, ধরি পতি-কর যুগ (হায়রে, যেমতি-হেমলতা আলিঙ্গয়ে তরু-কুলেশ্বরে) কহিলা * * "-মেঘ°। ~সার-বি, স্বর্ণ-মাক্ষিক; তুঁতে। ~হার-বি, সুবর্ণময় কণ্ঠভূষণ।

হেমন্ত [হিমের-অন্ত (শেষ) হয় যে সময়ে, বহু°। প্রা° হেঁঅত] বি, হিমঋতু; অগ্রহায়ণ ও পৌষ মাস। ২ হিমালয় পর্ব্বত। "দক্ষ গৃহ ছাড়ি হেমন্তেরই বাড়ী জনমিলা সতী আসি।" "পরিতুষ্ট হেমন্তের ঝি"-ঘ°। হেমন্তের ঝি-পার্ব্বতী। "হর বলে হন্দ কৈলে হেমন্তের ঝি।"-শি°।

হেমলক [ইং hemlock এর লিপ্যন্তর] বি, প্রাণান্তকর বিষবৃক্ষবিঃ।

হেমা [সং] বি, অপ্সরাবিঃ। ২ হেমাঙ্গী-নারী, সুন্দরী স্ত্রী। ৩ বুধগ্রহ।

হেমাঙ্গ [হেম (সুবর্ণবর্ণ) হইয়াছে অঙ্গ (অবয়ব) যার, বহু°] বি, হিরণ্যগর্ভ; ব্রহ্মা। ২ বিষ্ণু। ৩ গরুড়। ৪ হেমাদ্রি; সুমেরু পর্ব্বত। ৫ স্বর্ণঅঙ্গ। ৬ বিণ, সুবর্ণকায়। স্ত্রীং হেমাঙ্গী -সুবর্ণদেহা। ২সুন্দরী। "হেমাঙ্গী সঙ্গিনী-দল সাথে"-মেঘ°। বাং-র -হেমাঙ্গিনী ও°।

হেমাদ্রি [হেম (স্বর্ণ)+অদ্রি (গিরি), ৬তৎ] বি, সুমেরু পর্ব্বত।

হেমাভ [হেম+আভ (আভা যার, বহু°)] বিণ, সুবর্ণের আভাযুক্ত। ২ বি, সুবর্ণালোক; সোণালী আলো। স্ত্রীং ~া।

হেমাহ্ব [হেম+আহ্বা (নাম) যার, বহু°] বিণ, স্বর্ণপ্রভ। ২ বি, বনচম্পক। ৩ ধুস্তুর। স্ত্রীং ~া-বি, স্বর্ণ জীবন্তী। ২ বিণ, স্বর্ণবর্ণা।

হেয় [হা (ত্যাগ করা)+য (র্ণ্য)] বিণ, ঘৃণ্য; ত্যাজ্য; তুচ্ছ।

হেরফের [হিং] বি, অদলবদল।

হেরম্ব [দেশী প্রাকৃ° হেরিম্বো] বি, বিনায়ক; গণেশ। ২ মহিষ।

হেরা [পদো। হিং নিহারনা-হেরনা। হেরি, হের, হেরে; হেরিতে; হেরিয়া (ব্রজ° হেরে)] ক্রি, দেখা। "হের ভাই কর্ণধার, অপরূপ দেখ আর"-কবিক°। ২ অনুসন্ধান করা। ব্রজ° হেরই-দেখে। "নিরজনে উরজ হেরই কত বেরি"-বি° প°। হেরইতে-দেখিতে। "দুহুঁ মুখে হেরইতে উপজিল হাস"-বি° প°। হেরত্তঁ-দেখে। হেরন-দর্শন। "হেরনে কোমল মুখ"-বি° প°। হেরনু-দেখিলাম। "স্বপনহি হেরনু নাগররাজ"-বি° প°। হেরব-দেখিবে। "কৈছনে হেরব বয়ান"-বি° প°। ২ দেখিব। "দিঠি ভরি হেরব"-বি° প°। হেরবি-দেখিবি। "মো বিনু স্বপনে না হেরবি আন"-বি° প°। হেরয়ে-দেখে; দেখিতে পায়। "হেরয়ে জনি কেহ"-বি° প°। হেরল-দেখিল। হেরলি-দেখিল। "কবরী হেরলি, বুঝি না করলি কাজ"-চণ্ডি°। হেরসি-দেখিতেছ। "নহি হেরসি তাক বয়ান"-বি° প°। হেরহ-দেখ। হেরহু -দেখ। "হেরহ মুরারি"-বি° প°। হেরি-দেখে। হেরিলুঁ,হেরিলোঁ-দেখিলাম। "কি হেরিলোঁ অপরূপ গোরী"-বি° প°।

হেরু-দেখে। "গলার উপর মণিময় হার গগন মণ্ডল হেরু।"-চণ্ডি০।

হেরিণী [বাং। ব্রজ০ নেহারণী] বিণ, দৃষ্টিকারিণী। "অচক্ষে হেরিণী, অকর্ণে শ্রবণী, সর্ব্ব আত্মারূপিণী।"-বাং গান।

হেরাণ্যা [হায়রান দ্রঃ] বিণ, ব্যাকুল; কাতর; নাকাল; কাবু। "হে০ হইল হাতী পড়িয়া খেদায়"-পূ০ ব০ গী০।

হেরুক [সং] বি, মহাকালগণ। ২ শিবলিঙ্গবিশেষ। ৩ বজ্রযানের দেবতাবিঃ। ৪ [হেরা দ্রঃ] ক্রি, দর্শন করুক; দেখুক।

হেরো [হার(পরাজয়)+উয়া > হারুয়া > ক্ষে০ হেরো] বিণ, যে হারে; পরাজিত।

হেলঞ্চী [সং-হিলমোচিকা, ওড়ি০ হিরমিচা] বি, হিলমোচিকা; হেলাঞ্চা; হিন্‌চে Hingtsha repens.

হেলন [হেড়্ (ঘৃণা করা)+অন (ভা০)] বি, অনাদর; অবজ্ঞা। "কত শত বার তোমায় করেছি হেলন॥"-বাং গান। ২ অবহেলা। ৩ [হেলা দ্রঃ] ঠেস; ঝুঁকন।

হেলা১ [হেড়্ (ঘৃণা করা)+অ (ভা০) আ (স্ত্রী০)। ড়=ল] বি, অবজ্ঞা; অশ্রদ্ধা। "তত্ত্ব না করিলে হেলে, বিনা নিমন্ত্রণে গেলে, বাক্‌শেলে বধিবে অধমা।"-ঘ০। ২ অবলীলা। ৩ স্ত্রীলোকের ভাববিঃ; লীলা। ~গোছা-কতক একত্র সম্বন্ধ কতক শিথিলভাবে; বিশৃঙ্খল; এলোমেলো। ~-ফেলা-ছড়াছড়ি; ফেলাছড়া। ২ লীলাখেলা; জলকেলি। "হেলা-ফেলা সারাবেলা এ কি খেলা আপন মনে।"-গান(রবী০)। ৩ অবজ্ঞা; তুচ্ছ- তাচ্ছিল্য। "আমার হেলা-ফেলা যা করে সে বুক পেতে সব।"-গান (অমরদত্ত)।

হেলা২ [শালুক >] বি, শালুক। ~ফুল-বি, কুমুদফুল; শালুকফুল।

হেলা৩ [হি০ হিলনা। দেশী প্রাকৃ০ হেলা (গমনে)। হেলি, হেল (হেলেন, হেলিস), হেলে (হেলেন); হেলিতে; হেলিয়া (ক্ষে০ পদ্যে-হেলি, প্রা০ হেলে)। ণিজন্ত-হেলান] ক্রি, ঝুঁকা; ঠেস দিয়া বক্রভাবে অবস্থান করা। হেলাহেলি-অ, পরস্পরের অঙ্গে পরস্পরের নির্ভর। "অঙ্গ হেলাহেলি গদগদ ভাব।"-বি০ প০।

হেলা৪ [সং-স্নেহ > প্রাকৃ০ নেহা > লেহা > হেলা (বর্ণবিপর্য্যয়ে)] বি, স্নেহ; প্রীতি; ভালবাসা। "হেলা না ছাড়িহ আহ্মাক প্রতি খণ্ডী সব দোষ গুণে।"-শ্রী০ কী০।

হেলঞ্চ, হেলাঞ্চা, -ঞ্চে [সং-হেলঞ্চী >] বি, হিংচা শাক; হিলমোচিকা।

হেলানি [হি০ হিলানা, হিলা দ্রঃ] ক্রি, ঝুঁকাইয়া রাখা; বাঁকা করিয়া ঠেস দিয়া রাখা। ২ দোলান। ৩ (হেলান) বি, ঠেসান; ঠেস। "হেলান দিলেন, মুখটি ঢেকে হাতের বহি দিয়ে॥"-দ্বি০ রায়।

হেলায় [হেলা১ >] ক্রি-বিণ, অনায়াসে; অক্লেশে। "ভেলা বেন্ধে হেলায় হাঁপালে হও পার"-ঘ০। ২ অশ্রদ্ধায়; অবহেলায়। প্র-হেলায় হারান।

হেলি, হেলী [সং] আলিঙ্গন। ২ হেলা; হাবভাব।

হেলে১ [হেলা১ দ্রঃ] ক্রি-বিণ, অবহেলা করিয়া; হেলায়। ২ অক্লেশে; অনায়াসে। "ব্রহ্মা মহেশ্বর যে দুর্লভ লোকে বলে। তাহা আমি তোমায় আনিয়া দিব হেলে॥"-চৈ০ ভা০।

হেলে২ [হেলা (তুচ্ছার্থে) >?] বি, নির্বিষ সাপবিঃ। ২ হেলে হার। হেলে ধরিতে পারে না কেউটে ধরিতে যায়-সহজ কাজে শক্তি নাই, কঠিন কাজ করিতে অগ্রসর হয়। ~হার-বি, হেলে সাপের আকৃতি গলায় হার অলঙ্কার।

হেষা [হ্রেষা দ্রঃ] বি, অশ্বধ্বনি। ২ ক্রি, অশ্বধ্বনি করা। "হেষে অশ্ব"-মেঘ০।

হেষাণি [হেষা (অশ্বধ্বনি) নি (স্বার্থে)] বি, হ্রেষা রব; ঘোড়ার ডাক। "তোমারে দেখিয়া বাজী জানাবে হে০।"-ঘ০।

হেস্ত-নেস্ত [ফা০ হেস্ত্ নেস্ত্ (থাকা না থাকা)] অ, হয় নয়; এস্‌পার কি উস্‌পার; শেষ নিষ্পত্তি।

হেহে-লহে [হিঅ হিঅ দ্রঃ। তুল-হেঁইও] অ, আনন্দ বা উল্লাস সূচক মুখশব্দ; শ্রমলাঘবার্থ উচ্চারিত শব্দ। "যবেঁ রাধা গোয়ালিনী পাতল কৈল গাএ, হেহে লহে। তবেঁ হিঅ হিঅ বুলী কাহ্নু বাহে নাএ হেহে লহে লহে।"-শ্রী০ কী০।

হৈ১ [সং। অমু০] অ, সম্বোধন; আহ্বান। ২ পাদ পূরণার্থক শব্দ। ৩ নিষেধে। ৪ সতর্কীকরণে। হৈচৈ [হি০ হাউচাউ। হৈ (উচ্চ)-চৈ (চীৎকার)] বি, উচ্চ রব; চেঁচামেচি; বহুলোকের মিলিত চীৎকার; হট্টগোল।

হৈ২-বি, অনুকরণ শব্দ; উচ্চ রব; গণ্ডগোল। ~হৈ রৈ রৈ-অ, বহু দূর ও কাল ব্যাপী বহুলোকের "হৈ হৈ" বা "হা হা" "রহ রহ" রবে চীৎকার; হট্টগোল। "নূতন বন্দোবস্তে চারিদিকে একটা হৈ হৈ রৈ রৈ পড়িয়া গিয়াছে"-বঙ্গবাসী।

হৈছতলক [হইয়াছ > হৈছ (হয়েছ) +হি০তলক (থেকে, তক)] ক্রি-বিণ, হওয়া থেকে; জন্মাবধি। "হৈছতলক রইছ তুমি জোর মন্দির ঘরে।"-পূ০ ব০ গী০।

হৈড়িম্ব-বি, হিড়িম্বার পুত্র; ঘটোৎকচ। "হৈড়িম্ব নিশাচর।"-মহা০ (বিজয়০)।

হৈতুক [হেতু (কারণ)+ক] বিণ, হেতু সম্বন্ধীয়; যুক্তি সম্বন্ধীয়। ২ বি, হেতু প্রদর্শন দ্বারা সদনুষ্ঠানে সংশয়কারী ব্যক্তি।

হৈতে [প্রা০ বাং। হৈছতলক দ্রঃ] অ, হইতে; অবধি, থেকে। "প্রভু গিয়াছেন হৈতে নাহিক ভোজন"-চৈ০ ভা০। ২ পর্য্যন্ত। "তৈলত পড়িয়া ময়না ডুবিল গলা হৈতে।" -মানিক০ গান।

হৈম [হেমন্ (স্বর্ণ)+অ (বিকারার্থে)] বিণ, হেমময়; হিরণ্ময়। প্র-হৈম জ্যোতি। ২ স্বর্ণনির্ম্মিত; সোণার। প্র-হৈম অলঙ্কার। ৩ স্বর্ণ সম্বন্ধীয়। ৪ [হিম (তুষার)+অ (সম্বন্ধার্থে)] হিম সম্বন্ধীয়। (২) শীতল। (৩) বি, শিশির। ৫ ভূনিম্ব। ~কিরণ, ~দ্যুতি-বি, স্বর্ণজ্যোতি; সোণালী আলো। ~শির-বি, স্বর্ণমণ্ডিত শিখর। "হেমকূট হৈমশিরে শৃঙ্গবর যথা তেজঃপুঞ্জ।" -মেঘ০। ~সিংহাসন-বি, স্বর্ণময় রাজাসন; সোণার সিংহাসন।

হৈমন্ত [হেমন্ত (হিম ঋতু)+অ (ভবার্থে। প্রা০ হৈঁঅন্ত)] বিণ, হেমন্ত সম্বন্ধীয়। ৩ অগ্রহায়ণ মাস

হৈমন্তিক [হেমন্ত+ইক (জাতার্থে)] বি, আমন ধান্ত। ২ বিণ, হেমন্ত সম্বন্ধীয়। ৩ হেমন্ত কালীন। হৈ॰ চন্দ্র [জ্যো॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং harvest moonএর বৈজ্ঞা॰ পরিঃ।

হৈমবত [হিমবৎ (হিমালয় পর্ব্বত) +অ (সম্বন্ধে)] বিণ, হিমালয় সম্বন্ধীয়।

হৈমবতী [হিমবৎ (হিমালয় পর্ব্বত) + অ (জাতার্থে) +ঈ (স্ত্রীং)] বি, পার্ব্বতী; দুর্গা। ২ গঙ্গা। ৩ হরীতকী। ~সুত-বি, পার্ব্বতী-নন্দন; কার্ত্তিক; গণেশ। > স্ত্রীং ~সুতা।

হৈয়ঙ্গবীন [সং] বি, সদ্যোজাত ঘৃত।

হৈরত [আ॰ হায়রৎ (বিস্ময়, স্তম্ভ) >] অ, হৈ শব্দ দ্বারা স্তম্ভিত করণ। ক্রি, হৈ॰ করা। "হাতীকে হৈরত করে হেলায়ে জিঞ্জির।"-মাণিক॰।

হৈরিক [খনিজ॰ হীরক, বজ্র= adamant (সা॰প॰প॰)] বিণ, ইং adamantive এর বৈজ্ঞা॰ পরিঃ। ২ বজ্রকঠোর।

হৈহয়, হৈহেয় [সং] বি, দেশবিঃ। ২ রাজা কার্ত্তবীর্য্য।

হো [হেব (ডাকা) +ও (ভা॰)]অ, সম্বোধনে। ২ আহ্বানে। ৩ বিস্ময়ে। ৪ উত্তরদানে। ৫ [প্রা॰ বাং। হি॰-তে ভূরি ব্যবহার] অ, ও। "তবে হো জিনিতে নারে পাণ্ডুর নন্দন॥"-মহা॰ (কবীন্দ্র॰)। ৬ [সং-ভবতি এই অর্থে প্রাকৃ॰হোদি-"হোই"] হয়। "অপ্যণু না হো অন্নবিরুদ্ধ"-বৌ॰গান ও দোহা। ৭ অট্টহাস্য।

হোই [প্রা॰ বাং। সং-ভবতি] ক্রি, হয়। "সো অজরামর হোই"- বৌ॰ গান ও দোহা। ২ [সং-ভব] হও (বৌ॰গান)। এই অর্থে,উক্ত পুস্তকে"হোইঅ","হোহিসি" "হোহী" এবং "হোহু" শব্দ পাওয়া যায়। "হোহিসি একুমণা","দাহিন বাম মা হোহী", "হোহু ভাস্তো"।

হোউ, হউ [প্রা॰ বাং] অ, আমি। "তোবি নিলাজই ভনই হউ পণ্ডিঅ"-বৌ॰ গান ও দোহা। ২ হউক (দ্রঃ)।

হোঁচট, হোঁচোট-উচট দ্রঃ।

হোঁতকা, হোঁৎকা [সং-হস্ত (বৃষ) + কা (সাদৃশ্যে)] বিণ, ষাঁড়ের মত মোটা ও গোঁয়ার। "বুদ্ধি হোঁতকা হয়"-টেকচাঁদ। প্র-হোঁতকা এঁড়ে।

হোঁদড় [হি॰ হুণ্ডা(ড়া)র] বি, সম্মুখের পদদ্বয় দীর্ঘতর কুক্কুরবৎমুখ শ্বাপদবিঃ hyena.

হোঁদল(-দি-) [ভুঁড়িয়াল (হি॰তোঁদল) > ভুঁড়ল > ভোঁদল > হোঁদল (বিদ্রূপে)] বিণ, স্থূলোদর। ~কুৎকুৎ-বি, কদাকার ভাবে স্থূল মাংসপিণ্ডবৎ দেহ এবং ঘোর কৃষ্ণবর্ণ জন্তু। ২ [বিদ্রূপার্থে] তৎসদৃশ আকৃতিবিশিষ্ট ব্যক্তি।

হোঁদলা [হোঁদল(দ্রঃ) + আ(সাদৃশ্যে)] বিণ, কুৎসিৎ স্থূল; হেঁড়ে। প্র-হোঁদলামুখ।

হোক, হোকু [হউক দ্রঃ। হওয়া ধাতুজ। পশ্চিম রাঢ়ীয়-গ্রাম্য উচ্চারণ] ক্রি, হউক। হোকগে [হউক গিয়া] অ, উপেক্ষায়; বয়ে গেল। দূর হোকগে ছাই-চিত্ত বা কর্ত্তব্য স্থির করিতে না পারায় বিরক্তি বা উপেক্ষায়। "তখন সে দূর-হোক-গে-ছাই বলিয়া আবার চিত্ত স্থির করিবার জন্য বসিয়া যাইত"-ভারতী, ১৩২১।

হোগল, হোগলা [সং-গুন্দ্রমূলা >? পূ॰ বঙ্গ প্রাদে॰ ওগলা। তুল-ওগলা ধাড়ী=হোগলার চাটাই (পূ॰ ব॰ গী॰)] বি, জলপ্রায় স্থানের বৃহৎ অসিপত্রবৎ তৃণবিঃ; এরকা। "রক্ত পড়ে দাঁড়কাকে গাঢ় করে খেয়ে। হোগলের বনে বৃক্ষ লুকাইল গিয়ে।"-শি॰।

হোচ্চে [প্রাদে॰। শুইতেছে > হুইতেছে > হোইচ্চে > হোচ্চে (শ=হ)] ক্রি, শুইয়াছে; শুইতেছে। "সোণার খাড়ে হোচ্চে মৈগ্যা রূপার খাড়ে পাও।" -পূ॰ ব॰ গী॰।

হোটেল [ইং hotel এর লিপ্যন্তর] বি, ভোজনালয়; মূল্য দিয়া যথায় পানাহার করা যায়; ভ্রমণকারীদের বা পথিকের বিশ্রাম ও ভোজনস্থান; য়ুরোপীয় ধরণের সরাই inn. ~ওয়ালা, ~ওলা-হোটেলের স্বত্বাধিকারী; হোটেলরক্ষক। ~খানা, ~ঘর [তুল-ভেটেরাখানা] বি, ভোজনালয়। ~খোলা-ক্রি, ভোজনাগার স্থাপন করা।

হোড়১, হোঢ় [হোড়্ (গমন করা) +অ (অল্)] বি, হুড় নৌকা; ভড়। ২ জাতীয় পদবীবিঃ। ৩ লোপ্ত্র; চোরাই মাল।

হোড়২ [সং-হুড়, হোড়্-নিমজ্জনে, সংঘাতে, রাশীকরণে। হুড় দ্রঃ] বি, দঙ্গল; ঠেল; ভিড়। ২ [হার জিতের ভাব] প্রতিযোগিতা; টক্করাটক্করী। "মন্মাধুর্য্য রাধার প্রেম, দোহে হোড় করি, ক্ষণে ক্ষণে বাড়ে দোঁহে কেহ নাহি হারি।"-চৈ॰ চ॰। ৩ মজ্জন; প্লাবন। ৪ সজল কর্দ্দম; পঙ্ক। ৫ বিণ, প্লাবিত; জলময়। হোড় করা-ক্রি, জল কাদায় প্লাবিত করা।

হোড় হাবড় [হোড় এবং হাবড় (আবিল > হাবিড় > হাবড়)] বিণ, পঙ্কিল।

হোড়া১ [প্রাদে॰] বিণ, শুষ্ক। "কড়া সুপারি হোড়া পান দেয়।"-পূ॰ ব॰ গী॰।

হোড়া২ [হুডি (হরণে) + তৃ (র্ত্তৃ)= হোড়্ ১মা, ১ব॰] বি, পরস্বাপহারক; চৌর।

হোড়া৩ [সং-গুল্ফ > হি॰ গোড় > । পূ॰ ব॰ প্রাদে॰] বি, পায়ের গুঁতা। "সাপের লেজেডে যদি কেহ হোড়া মারে"-পূ॰ ব॰ গী॰।

হোড়াপঞ্চমী [হারা (পরাজয়ার্থে) > হেরা > ওড়ি॰ হেড়া > হোড়া + পঞ্চমী] রথযাত্রা উপলক্ষে জগন্নাথদেবের সুভদ্রা, মতান্তরে লক্ষ্মীদেবীর নিকট পরাজয় বা হার হয় যে তিথিতে। প্রবাদ এই, যে জগন্নাথদেব রথযাত্রা করিয়া ২য়া তিথিতে পুরীর মন্দির হইতে মহাসমারোহে গুণ্ডিচাবাড়ী গিয়া তথায় ৭দিন অবস্থান করেন। সুভদ্রাদেবীকে (মতান্তরে লক্ষ্মীদেবী) সঙ্গে করিয়া না লইয়া যাওয়ায় তিনি ক্রুদ্ধ হন এবং ৫মীর দিন সাঙ্গোপাঙ্গ লইয়া গুণ্ডিচাবাড়ী গিয়া জগন্নাথ-দেবকে গালিগালাজ ও অনেক অত্যাচার করিয়া ঐদিন রাত্রিতেই নিজালয়ে ফিরিয়া আসেন। উল্টা রথের দিন অর্থাৎ ৭ দিন পরে জগন্নাথদেব মন্দিরে ফিরিয়া আসিলে সুভদ্রাদেবী দ্বার বন্ধ করিয়া দেন ও কিছুক্ষণ পরে দ্বার খুলিয়া দিলে ঠাকুর ভিতরে প্রবেশ করিতে পান। ইহাই তাঁর পরাজয় বা হার, তা হ'তে এই নাম।

হোতা [হু (হোম করা) + তৃ (র্ত্তৃ)= হোতৃ ১মা, ১ব॰] বিণ, যজ্ঞকর্ত্তা। ২ বি,

যজমান। ৩ যজ্ঞকালে ঋক্‌ প্রযোক্তা। ৪ ঋক্‌বেদজ্ঞ পুরোহিত।

হোতানি [পূ॰ বঙ্গ প্রাদে॰। শোয়াইয়া > শোতাইয়া > হোতাইয়া= শয়ন করাইয়া (পূ॰বং॰গী॰)। শ=হ] ক্রি, শয়ন করান; শোয়ান।

হোত্র [হু (হোম করা)+ত্র] বি, হোম; যজ্ঞ। ২ হব্য।

হোত্রী [হোত্র+ইন্‌(স্ত্রী॰)=হোত্রিন্‌ ১মা, ১ব॰] বি, যজ্ঞকর্তা। ২ যজমান রূপা শিবমূর্ত্তি।

হোত্রীয় [হোত্র (হোম)+ঈয়] বিণ, হোম সম্বন্ধীয়। ২ [হোতৃ+ঈয়] যজ্ঞকর্ত্তা সম্বন্ধীয়। ৩ বি, হব্য রাখিবার গৃহ।

হোথা [তথা > গ্রা॰। হো (ওই)+ থা (স্থান), গ্রা॰ হোতা,ওথা। কুচবিহার প্রাদে॰ হুত্তি] অ, হেথা দ্রঃ; তত্র; সেখানে; ওখানে; ও জায়গায়। দ্রঃ-দূরস্থ অর্থে হোথা এবং নিকটস্থ অর্থে হেথা, এথা। "ওইরে বারিধি হোথা, তটিনী হেথায়! কে আনিল মাঝে তার মরুর প্রান্তর?"-বাসবদত্তা (বি॰ মজুমদার)। "এথা স্নানমাত্র মিলে গঙ্গাকোটি ফল।"-ব্রজপরিক্রমা।

হোন্তি [স-ভবন্তি >। প্রা॰ বাং ক্রি, হয়।

হোম [হু (হোম করা)+ম (ভা॰)] বি মন্ত্রোচ্চারণপূর্ব্বক দেবোদ্দেশ্যে যজ্ঞীয় অগ্নিতে ঘৃতাহুতি দান। ~ী-বিণ, হোতা হোমকর্ত্তা। ~ক (-ম॔-)-বিণ, হোমকারী হোতা। ~কুণ্ড-বি, হোমার্থ কুণ্ড ~ধান্য-বি, তিল।

হোমরাচোমরা [আ॰ আমীর উমরাহ্‌ > অথবা সম্রান্ত > সোমরা > হোমরা + সাদৃশ্যার্থে চোমরা (সমশ্রেণী অর্থে বা হোমরার সহিত অনুপ্রাসে)] বিণ সম্রান্ত ও সৌষ্ঠবসম্পন্ন। "এই কোপানলে পড়ে হোমরা চোমরা কত হয়ে গেল ভস্ম,"-রজনী সেন। ২ [তুল-লম্বশা পটাবৃত] ভবিষ্যুক্ত।

হোমাগ্নি [হোম+অগ্নি] বি, হোমের আগুন; যজ্ঞানল।

হোমিওপ্যাথি [ইং homeopath র লিপ্যন্তর] বি, হানিম্যান সাহেব কর্ত্তৃক উদ্ভাবিত সূক্ষ্ম চিকিৎসাপ্রণালী; যে দ্রব্য যে রোগের উৎপাদক, সেই দ্রব্য প্রয়োগে সেই রোগের চিকিৎসাপ্রণালী। বিণ, ~ক।

হোমী-হোম দ্রঃ।

হোম্য [হোম+মন্‌(র্ম)] বিণ, হবনীয়; হোমযোগ্য। ২ হোমসম্বন্ধীয়। ৩ বি, হবনীয় ঘৃত।

হোয়, হোয়ে [ব্রজ॰। হওয়া দ্রঃ] ক্রি, হয়; হইয়া থাকে। "ক্ষণে আঁকর দেই ক্ষণে হোয় ভোর"-বি॰ প॰। "তিরপিত না হোয়ে নয়ান"-বি॰ প॰। হোয়ত-হয়। হোয়ব-হইবে। হোয়বি-হইবি। হোয়ল-হইল।

হোয়াক্-ওয়াক্‌ দ্রঃ।

হোর [হি॰ অওর, ঔর। গ্রা॰ পঞ্জাবী-হোর্‌, হোর (আর দ্রঃ)] অ, আর। "হোর দেখ নব নব গৌরাঙ্গ মাধুরী।"-পদকল্পতরু (সা॰ প॰ প॰, ১৩২৩)।

হোরা [ভাষাবিদ্‌গণের মতে ইহা গ্রীক হতে সং-তে গৃহীত] বি, রাশিচক্রাদি-গণনা সম্বন্ধীয় শাস্ত্রবিশেষ। ২ রাশিপরিমাণের অর্দ্ধাংশ। ৩ দুই দণ্ড পরিমিত কাল; ঘণ্টা hour. ~কোণ [জ্যো॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং hour angle এর বৈজ্ঞা॰ পরিঃ। ~চক্র,~বলয় [জ্যো॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং hour circle এর বৈজ্ঞা॰ পরিঃ। ~বিজ্ঞান-বি, জ্যোতিষিক-কাল-নির্ণয়াত্মক শাস্ত্র।

হোরি, হোলি [হি॰। হোলাকা দ্রঃ] বি, বসন্তোৎসব। "হোরি খেলব আমরা রাজপুতানী"-অশোক॰।

হোল [সং-হীল ("শুক্রে ধাতৌ রেতসি"-বাচস্পতি), শব্দকল্পদ্রুমে আছে কিন্তু অমরাদি প্রাচীন অভিধানে নাই। হীলস্থান বলিয়া হোল? অথবা, আ॰ হওল্‌ (বীর্য্য, ক্ষমতা)-পুরুষত্ব > ?] বি, অণ্ডকোষ।

হোলা১ [হুলো দ্রঃ] বি, বিড়াল। ২ [প্রাদে॰ নোয়াখালি অঞ্চল] পুত্র।

হোলা২ [হি॰ হোল্‌সা (রুটী লুচী বেলিবার চাকী)] বি, বিস্তৃতমুখ গোল মৃন্ময় পাত্রবিশেষ; মালসা। "পান্ত খাবার হোলা গেল একি মনস্তাপ।"-কবিক॰।

হোলা৩ [হল হল দ্রঃ] বিণ, ঢিলা।

হোলাকা [অপভ্রংশে হোলি, হলি -লী] বি, হিন্দুস্থানে দোলপূর্ণিমার সন্ধ্যাকালে তৃণকাষ্ঠাদি পুঞ্জীকৃত করিয়া পূজাদি সমাপন করিয়া তাতে অগ্নিসংযোগকরণরূপ উৎসব। [বঙ্গদেশের স্থানবিশেষে দোলপূর্ণিমার পূর্ব্বদিন প্রদোষে সদ্যোনির্ম্মিত ক্ষুদ্র পর্ণকুটীরে ঐরূপ অগ্নিসংযোগ করিয়া ভস্মীভূত করার প্রথা আছে। ইহার নাম বহ্ন্যুৎসব। সাধারণতঃ দোলযাত্রাপর্ব্বে আবির বা রঙ্গ পিচকারী করিয়া নিক্ষেপরূপ উৎসবকেই হোলি বলা হয়]।

হোলী [হোলাকা দ্রঃ] বি, দোলযাত্রা; বসন্তোৎসব।

হোশ [ফা॰। বাং গ্রা॰ হুঁশ (স)] বি, চেতনা; চৈতন্য। ২ জ্ঞান। ৩ বুদ্ধি। ~হাওয়াশ [ফা॰ হোশ (জ্ঞান)+আ॰ হাবাশ (ইন্দ্রিয়ানুভূতি, বাসনা, কৌতূহল ই॰), সং॰ দ্বন্দ্ব। বিপরীত-বে-হোশ (ফা॰ -হোশী। বাং গ্রা- বেহুঁশ (স) বে-হুঁশী (সী) অজ্ঞান; অচৈতন্য unconscious)] চেতনা বা অনুভূতি; বুদ্ধিশুদ্ধি; জ্ঞানগোচর। ২ সাড়াশব্দ। প্র-তার হোশ হাওয়াশ নাই, নেশার ঝোঁকে মড়ার মত পড়ে আছে।

হো-হো [হো দ্রঃ] অ, উচ্চ হাস্যধ্বনি। ২ কর্ম্ম ও চিন্তাশূন্য ব্যক্তির হাসিখুসী; হট্টগোল। হো-হো করিয়া বেড়ানি -নিষ্কর্ম্মা হইয়া হাসিয়া খেলিয়া টো টো করিয়া ঘুরিয়া বেড়ান।

হৌ [সং। ঔ দ্রঃ] অ, সম্বোধন; আহ্বান।

হৌক-হোউক দ্রঃ।

হৌজ [আ॰ হৌজ্‌] বি, বৃহৎ জলাধার; ক্ষুদ্র জলাশয়; বড় চৌবাচ্চা।

হৌম্য [হোম+য (যোগ্যার্থে)] বিণ, হোমযোগ্য। ২ বিণ, হোমসম্বন্ধীয়। ৩ বি, হবনীয় ঘৃত।

হৌস [ইং house এর লিপ্যন্তর] বি, কুঠী < বাণিজ্যকুঠী commercial house. ২ বণিক সম্প্রদায়।

হ্যস্তন (হ্যস্‌তন্‌) [হ্যস্‌ (গতদিবসে)+তন

(ভাবার্থে)। হ্যাঃ পরিঃ] বিণ, পূর্ব্ব দিবসীয়; গত দিবসীয়।

হ্যাঁ [হাঁ দ্রঃ] অ, সম্মতি-সূচক শব্দ। ২ স্বীকার। প্র-হ্যাঁ কি না স্পষ্ট বল। পারচি তুমি একবার হ্যাঁ করে দিলেই আমি নিঃসন্দেহ হব। কিছুতেই তাকে হ্যাঁ করাতে পারলাম না। ~দ্যাখ, হ্যাদেখ -হ্যাদে দ্রঃ।

হ্যাকোচ[মূলে হিক্কার ভাব > হেঁচ্‌কি, হেঁচ্‌কা >] বি, অনুকার শব্দ। ~কোঁকোচ [হেঁচ্‌কা জনিত কোঁচ কোঁচ শব্দ হ'তে] কোঁচ কোঁচ শব্দ; যানাদির আন্দোলন জনিত ঘর্ষণ শব্দ।

হ্যাঁগা [হ্যাঁ=হাঁ (বাক্যারম্ভের পূর্ব্বে আহ্বান সূচক শব্দ) গা=হে (সম্বোধনে)। (তুল -"শুন্‌চ গা"-গৃহলক্ষ্মী] অ, সম্বোধন। "হ্যাঁগা, তা ক'দিন থেকে শুন্‌চি বটে নীরদ সব ক'চ্চে কম্মাচ্চে,"-গৃহলক্ষ্মী।

হ্যাঁঙ্গল, হ্যাঁঙোল-হেঙ্গল দ্রঃ।

হ্যাঁঙ্গলা-হেঁঙ্গলা দ্রঃ।

হ্যাঁচ, হ্যাঁছ [অনুঃ] অ, হাঁচির শব্দ। ~ছিঁঅ, ~ছিঁও, ~ছোঁ-হাঁচির শব্দভেদ।

হ্যাঁচকা[সং-হিক্কা > হিং হিচ্‌কা >] বি, হিক্কার টান বা বেগ। ২ হঠাৎ জোরে আকর্ষণ; ঝাক্‌রা।

হ্যাঁচকানি [সং-হিক্কা; হিং হিচ্‌কানা] ক্রি, হঠাৎ জোরে টানা; ঝটকা মারা। বি, হ্যাঁচকানি।

হ্যাঁদলা [হিন্দোল >] বি, শ্রীকৃষ্ণের ঝুলনযাত্রা।

হ্যাপা-হেপা দ্রঃ।

হ্যাট [ইং hat এর লিপ্যান্তর] বি, সাহেবী উঁচু টুপী। "বৃথা অই হ্যাট্ কোট্ বিজাতী কথার চোট্, হৃদয়ে নাহিক মোটে জ্ঞানের উদয়।"-চন্দন।

হ্যাণ্ডনোট [Note of hand > ক্ষেং। পাটীঃ (কং বিশ্বঃ পরিঃ)। গ্রাঃ হেণ্ডোঠ, হেংনোট] বি, ইং handnote এর লিপ্যন্তর; হাতচিঠা।

হ্যাদানি(নো) [সং- হতাশ হৃদয় + আন > ক্ষেং হে (হ্যা) দান। হ্যাদাই হ্যাদাও, হ্যাদায়; হ্যাদাইতে; হ্যাদাইয়া (ক্ষেং হেদিয়ে)] ক্রি, প্রিয়জনের অদর্শনে হতাশ হওয়া বা হতাশ লাগা; ব্যাকুল হওয়া। "হবেক বিবাহ তুমি হ্যাদাইর নাই।"-শিং।

হ্যাদে [গ্রাং। হেদে দ্রঃ। সং-হ্রে] অ, সম্বোধনসূচক অব্যয়। ~দ্যাখ [ক্ষেং হ্যা দ্যাখ। হের দ্রঃ। আর দেখ > ক্ষেং আদেখ, আদ্দেখ > এঁ দেখ > হ্যাদ্যাখ > বিকারে হেদে দেখ। অথবা দৃষ্টি বিশেষভাবে আকর্ষণার্থ-দেখ-দেখ' অর্থে, হের দেখ > ক্ষেং হেঁ-দেখ] অ, দৃষ্টি বা মনোযোগ আকর্ষণার্থক সম্বোধনবাচক অব্যয়।

হ্যাসে [শেষে > পূং বঙ্গীয় উচ্চারণে-হ্যাষে > হ্যাষে (শ=হ)] ক্রি-বিণ, শেষে। "দৈইথ হ্যাসে দিওনা ভোগা"-পূং বং গীং।

হ্রদ [হ্রাং] বি, স্বভাবজাত বৃহৎ জলাশয়; সরোবর lake. [দ্রঃ-বৃহৎ হ্রদ=সাগর। হ্রদে ও সাগরে নদী প্রবেশ করে কিন্তু নির্গত হয় না। সরোবরে নদী প্রবেশ করে এবং তা হতে নির্গতও হয়]। ২ কিরণ; রশ্মি।

হ্রদিনী [হ্রদ+ইন্‌ (যুক্তার্থে)=হ্রদিন্‌+ঈ (স্ত্রীং)] বি, নদী। ২ বিদ্যুৎ।

হ্রসিমা [সং-হ্রস্ব+ইমন্‌=হ্রসিমন্‌ ১মা, ১বং] বি, খর্ব্বতা; হ্রাস; লঘুত্ব।

হ্রসিষ্ঠ [হ্রস্ব+ইষ্ঠ (অত্যর্থে)]বিণ, অতি হ্রস্ব।

হ্রসীয়ান্‌ [হ্রস্ব+ঈয়স্‌ > হ্রসীয়স্‌ ১মা, ১বং] বিণ, হ্রসিষ্ঠ; অতিখর্ব্ব; হ্রস্বাতিশয়।

হ্রস্ব [হ্রস্‌ (খর্ব্ব হওয়া)+ব (র্ত্তৃ) বিণ, ক্ষুদ্র; খর্ব্ব; ছোট। ২ লঘু। ৩ বি, একমাত্রা কালোচ্চার্য্য স্বরবর্ণ; অ, ই, উ, ঋ, ৯। ৪ বামন; বেঁটে। ৫ পরিমাণবিঃ। ~তা, ~ত্ব-হ্রাস; লঘুতা। ~জ্যোতিঃ -বি (বিণ), ক্ষীণালোক (বিশিষ্ট); ক্ষণপ্রভা। ~তেজাঃ-বিণ, হীনতেজাঃ; ক্ষীণশক্তি; দুর্ব্বল। ~দীর্ঘজ্ঞান-ছোট বড় বিচার; গুরুলঘু জ্ঞান common sense.

]-বি (বিণ), স্বল্পজ্যোতিঃ; ক্ষীণালোক (বিশিষ্ট)।

হ্রাদ [হ্রাদ্‌ (শব্দে) অ +(ভাং)] বি, নিনাদ; ধ্বনি; ২ হিরণ্যকশিপুর পুত্র। ~ী-বিণ, নিনাদকারী।

হ্রাদিনী [হ্রাদ্‌ (শব্দে)+ইন্‌ (ত্যং)= হ্রাদিন্‌+ঈ (স্ত্রীং)। "হ্রাদিন্যৌ বজ্রতড়িতৌ" -অমরং] বি, বিদ্যুৎ। ২ বজ্র।

হ্রাদী [হ্রাদ্‌ (শব্দে)+ইন্‌ (ত্যং)=হ্রাদিন্‌ ১মা, ১বং] বিণ, হ্রাদযুক্ত; আরাবী।

হ্রাস [সং] বি, খর্ব্বতা; ক্ষয়; ক্ষীণতা। বিণ, হ্রস্ব। ~প্রাপ্ত-বিণ, হ্রস্বীভূত; ক্ষয়প্রাপ্ত; খর্ব্বীকৃত। ~বৃদ্ধি-বি, অল্পাধিক্য; কমিবেশী। ২ ক্ষতিলাভ।

হ্রিত [হ্রী (লজ্জিত হওয়া)=হ্রি+ত (র্ত্তৃ)] বিণ, লজ্জিত। ২ [হৃ (হরণে)=হ্রি+ত] অংশিত। ৩ বাহিত; নীত।

হ্রিবের, হ্রীবের [সং] বি, বালা নামক গন্ধদ্রব্য; সুগন্ধ বালা pavonia odorata.

হ্রী [হ্রী (লজ্জিত হওয়া)] বি, লজ্জা; ব্রীড়া। ~হীন-বিণ, লজ্জাশূন্য।

হ্রীজিত [হ্রী (লজ্জা) কর্ত্তৃক জিত, ৩তৎ] বিণ, লজ্জার বশীভূত; লাজুক। স্ত্রীং ~া-

হ্রীমান [হ্রী (লজ্জা) মৎ (ত্যং)=হ্রীমৎ ১মা, ১বং] বিণ, লজ্জাযুক্ত।

হ্রেষা, হেষা [হ্রেষ্‌, হেষ্‌ (অশ্বধ্বনি) +অ (ভাং)+আ (স্ত্রীং)] বি, অশ্বধ্বনি।

হ্লাদ, হ্লাদন [হ্লাদ্‌ (আনন্দিত হওয়া)+অ, অন (ভাং)] বি, হর্ষ; আনন্দ; আহ্লাদ।

হ্লাদিত [হ্লাদ্‌ (আনন্দিত হওয়া)+ত (র্ম্ম)] বিণ, আনন্দিত; হৃষ্ট।

হ্লাদিনী১ [অমরেং-বনৌষধিবর্গে] বি, নদী। শল্লকী লতাবিঃ; কুন্দুরুকী।

হ্লাদী [হ্লাদ্‌+ইন্‌ (ত্যং)=হ্লাদিন্‌ ১মা, ১বং] বিণ, আহ্লাদযুক্ত; হৃষ্ট [স্ত্রীং হ্লাদিনী২-হৃষ্টা]। > গ্রাং আহ্লাদী (স্ত্রীং)। পুং আহ্লাদে [আহ্লাদিয়া >] বিণ, আনন্দকারী। ২ [বিদ্রূপে। এই অর্থে 'পেলাদে' ওং] আদুরে; আব্দারে। ৩ সাংসারিক সকল দায়িত্বহীনভাবে নিজের আনন্দেই মত্ত।

বাঙ্গালা ভাষার অভিধান

পরিশিষ্ট ভাগ

কোষ পরিশিষ্ট

[শব্দ, ব্যুৎপত্তি, অর্থ ও প্রয়োগ—যাহা মূল অভিধানে ছাড় পড়িয়াছিল, এবং পরে সঙ্কলিত শব্দসমূহ, এখানে অকারাদি ক্রমে সন্নিবিষ্ট হইল]

অংখার [অহঙ্কার > গ্রা০, প্রায়ই নারীকথ্য] বি, অহঙ্কার ; তেজ ; দর্প।

অকারী [অ (নঞর্থক) + কারী (দ্রঃ)। রবী০ঠাকুর প্রবর্ত্তিত] বিণ, যে কার্য্য করে না ; নিষ্ক্রিয় ; জড় inactive ; passive. বিপরীত -'সকারী'।

অগ্রহার [সং] বি, রাজপক্ষ হ'তে ব্রাহ্মণকে ভূমিদান। ২ শস্যশ্যামলা ক্ষেত্র। ৩ দেবস্ব। ৪ ব্রহ্মস্ব। ৫ [দাক্ষিণাত্যে চ০ "অগ্রহারম্"] দেবালয় সন্নিহিত বা কেবল অধ্যাপক ব্রাহ্মণদিগের বাসের জন্য দান করা পঞ্চ পঞ্চাধিক গৃহ সমষ্টিতে গঠিত ক্ষুদ্র বৃহৎ গ্রাম (প্রবাসী, ১৩২৯ কার্ত্তিক)।

অছলোঁ [অছা, আছা দ্রঃ। হিং, ব্রজ০, প্রা০ বাং। ম০ বাং-আছিলাম > আছিলাঙ, -এঁ] ক্রি, উ০ পু০, ছিলাম। "অছলোঁ হম অতি মানিনী হোই।"-বি০ প০।

অনিদ্বার [অর্থ-শা০ পরিঃ] সম্মুখদ্বার front door.

অনুকম্পাপ্রবণ, অনুকম্পায়ী, অনুকম্পালু [অনুকম্পী দ্রঃ] বিণ, সহানুভূতিশীল ; দরদী Sympathetic. "অন্যের বেদনায় যখন আমার চিত্ত ব্যথিত হয়, তখন সেই ত ঠিক 'অনুকম্পা'। অনুকম্পায়ী কথাটা সংস্কৃতে আছে। 'অনুকম্পাপ্রবণ শব্দটাও মন্দ শোনায় না। 'অনুকম্পালু' বোধ করি ভালোই চলে।"-রবী০ (সা০প০ প০ ১৩৩৬)।

অনুগীতি [অনুগত (দ্রঃ) > বিশেষ্য-পদ] বি, অনুসৃতি। ২ [পরিঃ] ইং following এর পরিঃ।

অনুভাগবত [কল্কি দ্রঃ] বি, কল্কি-পুরাণের নামান্তর।

অনুমৃত্যু [অনু (পশ্চাৎ) মৃত্যু] বি, পশ্চাৎ মৃত্যু ; সহমরণ। "অনুমৃতা হৈতে যায় তার নারীগণ। *** শুনি বীর অ০ করে নিবারণ॥"-কবিক০। বিণ, অনুমৃত-দ্রঃ।

অপশ্রুতি [অপ-শ্রু + তি। জর্ম্ম০ Ablaut, গ্রী০ Apophoneia শব্দের সং প্রতিশব্দ রূপে ব্যবহৃত] বি, আদি আর্য্য ভাষায় স্বরাঘাত ও উদাত্তাদি স্বরের প্রভাবে ধাতুর স্বরধ্বনির যে পরিবর্ত্তন ঘটিত। সংস্কৃত ব্যাকরণে যা গুণ, বৃদ্ধি ও সম্প্রসারণের অন্তর্গত, যথা-কৃ (কৃত), কর্ (করোতি), কার (কারয়তি, চকার), গম্ (অগমৎ), গ (গত), গাম্ (জগাম), গ্ম্ (জগ্ম্ + উঃ = জগ্মুঃ)। তুল-ইং-sing, sang, sung, বাং-র-চল > চাল, পড় > পাড়, টুট্ > তোড়, ই০। বিণ, অপশ্রুত।

অপসিদ্ধান্ত [অপ (বিপরীত, হীন) + সিদ্ধান্ত (দ্রঃ)] বি, সিদ্ধান্তের অভাব ; অসিদ্ধান্ত (মধুসূদন গোস্বামী, গৌরাঙ্গ পত্রিকা)। ২ কুসিদ্ধান্ত।

অপিনিহিতি [অপি-নি + ধা + তি। গ্রী০ Epenthesis শব্দের প্রতিশব্দস্বরূপ গঠিত সং শব্দ] বি, শব্দমধ্যে ই বা উ থাকিলে, তাদের পূর্ব্বাগম। প্রা০ বাং-য় ছিল, আধু০ পূ০ বঙ্গের কথ্যভাষায় সুপ্রচলিত, যথা-রাখিয়া অর্থাৎ রাখ্-ই-য়া স্থলে রাইখইয়া > রাইখ্যা > রা'খ্যা, জলুয়া=জলউয়া স্থলে জউলুয়া > জইলুয়া > জ'লো, করিয়া স্থলে কইরিয়া > কইর‍্যা। বিণ, অপিনিহিত।

অপেরণ [ক০ বিশ্ব০ পরিঃ] বি, ইং aberration এর পদা০ বৈজ্ঞা০ পরিঃ। আলোকাপেরণ, গোলাপেরণ, বর্ণাপেরণ=aberration of light, spherical aberration, chromatic aberration.

অবচ্ছেদকচিহ্ন [অবচ্ছেদ দ্রঃ। মুদ্রণ পরিঃ] বি, বন্ধনী, ( ), { }, [ ] brackets.

অবয়বার্থ [অ০ + অর্থ] বি, শব্দগত অর্থ।

অবলোহিত [ক০ বিশ্ব০ পরিঃ] বিণ, ইং infra red এর পদার্থ বৈজ্ঞা০ পরিঃ।

অবহট্ঠ [সং অপভ্রষ্ট >] বি, শৌরসেনী অপভ্রংশ। ২ অপভাষা ; dialectal, ungrammatical or vulgar speech.

অবার্ণ [পদার্থবিদ্যা (ক০ বিশ্ব০ পরিঃ)] বিণ, ইং achromatic এর বৈজ্ঞা০ পরিঃ।

অ(া)বেরথা, অবেরথা [গ্রা০ নারী-কথ্য। তুল-হিং০ বিরথা] অ, বৃথা দ্রঃ।

অভিশ্রুতি [অভি + শ্রু + তি। জর্ম্ম০ Umlaut শব্দের সং প্রতিশব্দরূপে ব্যবহৃত] বি, অপিনিহিতি (দ্রঃ)র পর, শব্দ-

বল ইল বলুন বৈলা বাঁধা অভি এঁ তে যুক্ত কর, ঁ = ্যা = এ = a(t), ণ = ন ষ = জ স = শ = ষ স শ = s (স্থ স্ত স্ব স্ম স্র সু সৃ...), অলাদা অব্যক্ত

মধ্যস্থ স্বরের যে সন্ধি হয়, তার ফল-স্বরূপ স্বরধ্বনির পরিবর্তন, যথা-রাখিয়া=রাখ্+ইয়া স্থলে রাইখিয়া, রাইখ্যা (অপিনিহিতি), পরে অন্তঃসন্ধির ফলে 'রেখে' (অভিশ্রুতি), জলুয়া= জল্+উআ=জউল্+উআ (অপিনিহিতি)= জোলো, জ'লো (অভিশ্রুতি)। বিণ, অভিশ্রুত।

অমৃতী₂ [অমৃতি দ্রঃ] বি, পিকদান।

অযৌন [অ (ন)+যৌন (দ্রঃ)। জীববিদ্যা পরিঃ] বিণ, অলৈঙ্গিক; যোনিসম্বন্ধহীন; যোনিজ নয় এমন asexual.

অরক্ষণ [অ (অভাব) + রক্ষণ] বি, রক্ষণাভাব। ২ বিণ, যার রক্ষার উপায় বা বিধান নাই। স্ত্রীং ~া।

অরুণিকা [অরুণ দ্রঃ] বি, লোহিত রাগ; রক্তিমা। "সেই প্রেমচুম্বনস্পর্শে শিহরিতা তরুণীর ম্লান কপোলে লজ্জা ও আনন্দ বিজড়িত অরুণিমাই করিয়া বিকাশলাভ করিল।"-মহিমময়ী (দীং রায়)।

অর্থপাল [ধনবিজ্ঞাং] বি, ইং treasurer এর বৈজ্ঞাং পরিঃ; কোষাধ্যক্ষ; খাজাঞ্চী।

অসৈরণ [অসহন > প্রাং ভং। অসৈরন দ্রঃ] বি, যা সহনযোগ্য নহে; অসহনীয় বিষয় ব্যাপার। "আমিই দু'কথা শুনিয়ে দিয়েছি, অং তো সইতে পারি না;"-প্রবাসী, পৌষ, ১৩৩৫।

অহিতক [অর্থং শাং পরিঃ] বি, ঠিকা মজুর। "যাহারা দাস, অহিতক এবং বন্ধুদের দাবী গ্রাহ্য করে না, রাজা তাহাদিগকে কর্তব্য শিক্ষা দিবেন।"-সমাদ্দার।

আঁইঝালা-ঝালা₁ দ্রঃ।

আইনানুগ [আইন+অনুগ] বিণ, আইনানুসার; আইনসম্মত; আইনানুযায়ী lawful. "রাষ্ট্রসঙ্ঘের সদস্যদের অধিকার সম্বন্ধে বিবেচনা করিয়া ইতালীর আং প্রয়োজন সমূহ মিটাইবার জন্য চেষ্টার ত্রুটী হইবে না।"-আং পত্রিকা, ১৪-৯-'৩৫।

আঁজুল [প্রাদেং, পাবনা অঞ্চলে। সং-অঞ্জন > আঞ্জনী (stye) >] বি, ব্রণবিঃ। ২ আঁজল (দ্রঃ)।

আকাশি,-শী [পাকী বেহারাদের ভাষায়] বি, পথের ধারের গাছের ডাল যা মাথায় ঠেকিতে পারে।

আকাশিয়া [প্রাদেং, পাবনা। নারীভাষায়] বি, কদলী; কলা।

আক্ষিক [সং-অক্ষি+ইক] বিণ, চাক্ষুষ; প্রত্যক্ষ। ~প্রমাণ [দর্শনে] পরীক্ষণ experiment.

আটন [প্রাদেং, পাবনা অঞ্চলে] বি, ঘরের চালের লম্বাদিকের সাজ।

আত্মক,-আত্মিক [আত্ম (দ্রঃ)+ক, ইক (স্বার্থে, স্বরূপার্থে, জাত্যর্থে, অভিন্নাদি অর্থে)] বিণ, শব্দের পর যুক্ত হইয়া তজ্জড়িত, বিশিষ্ট, তন্ময়, তা হ'তে অভিন্ন, তৎস্বার্থ বা হিতই নিজস্বার্থ বা হিত বা তৎসর্বস্ব ইং বোধক। প্র-ক্ষমতাত্মক, শব্দাত্মক, ধ্বন্যাত্মক, রসাত্মক স্থাবরজঙ্গমাত্মক, দেশাত্মক, দেহাত্মক ইং।

আনিকট [পানিকল >] বি, জলের গভীরতা রক্ষার্থে জলযন্ত্রসহ ধাতু বা প্রস্তরাদিতে নির্মিত কৃত্রিম আধার বা কুণ্ড reservoir. "নাসিকের নিকট জলের গভীরতা রক্ষা করিবার একটি আং করা হইয়াছে।" "রামকুণ্ডের দক্ষিণস্থ পূর্বোক্ত আনিকটের পাথরের উপরদিয়া বাসায় ফিরিয়া আসিলাম।"-উদ্বোধন, চৈত্র, ১৩২৬।

আবকর [সং-অভ্র > প্রাকৃং অব্ভ > আব+কর (প্রাং বাং ষষ্ঠী বিভক্তি-কর, কের, এর, র ইং), অথবা সং-অভ্রক > হিং অ(া)বরক > (বর্ণবিপর্যয়ে) অবকর] বি, বিণ, অভ্র (ময়); অভ্রের; অভ্রনির্মিত। "আং খেড় মন্দির আং নাটশাল।"-শূং পুং

আমতা₂ [আমাবর্ত্ত > আমাঅট > আমাত > বর্ণবিপর্যয়ে আমতা] বি, আমসত্ত্ব।

আমপারা-কোর্‌আন ৩০খণ্ডে বিভক্ত হইয়া এক এক খণ্ড পারা বা যুজ বলিয়া উক্ত। এইরূপ ত্রিংশ অর্থাৎ শেষ খণ্ডের নাম।

আম্পা [সং-অহম্পূর্বিকা > আম্ব (দ্রঃ) > ,ব=প। মেদিনীপুর অঞ্চলে] বি দর্প; অহমিকা; স্পর্দ্ধা। "ধুয়া মূল কুলীনগুলা আম্পা বড়াই। * *"।

আয়িতিপ্রদর্শন [অর্থশাংপরিঃ] বি, ইহা করিলে আমাদের উভয়েরই এই ফল লাভ হইবে"-এই প্রকার বলিয়া ভবিষ্যৎ লোভ দেখানর নাম।

আল্য₁ [আল₂ দ্রঃ] বি, আদর; সোহাগ।

আল্য₂ [আলুলায়িত > ক্ষেং আলুল > আউল > আএল > আল্য, এলো₂ (দ্রঃ)] বিণ, অবদ্ধ; মুক্ত।

আল্য₃,আল্যা₁ [আসিল > আইল₂ (দ্রঃ) > আয়ল > ক্ষেং আ'ল, আএল (অতি ক্ষেং এল), আয়ল > আল্য+আ (মাত্রার্থে)] ক্রি, আসিলেন; আগমন করিলেন। "পুরুষোত্তম আল্যা আর শ্যাম হরিদাস। অনন্ত অচ্যুত আইল আর অভিরাম। চক্রপাণি চতুর্ভুজ আল্যা ভৃগুরাম।" -কবিকং। [দ্রঃ-আলি=আইলি=আসিলি। আল্য, আল্যো=আসিল। আল্যাম=আইলাম (=আইলাঙ)=আসিলাম]।

আল্যা₃ [আলাত (দ্রঃ) > আলেয়া >] বি, আলেয়া। ২ [প্রাদেং পাবনা] আগুন রাখার মৃৎপাত্র।

আশোষণ [সং] বি, ইং absorption এর পরিভাষা; চোষণ; লোপ।

আসিছে [আসা দ্রঃ। আসিতেছে > ক্ষেং আসিছে > দ্রুত উচ্চারণে প্রাং কথ্য-আস্‌ছে, আস্‌চে] ক্রি, আগমন করিতেছে। এই অর্থে আসে ওং। "ঐ ছেমোচাপা ছমছমে আসে মহারাজ"-গিরিশং। ২ [ভবিষ্যৎ অর্থে বাং-য়। অতীতার্থে-এসেছে=গেল=গত] বিণ, আগামী। প্র-এখন যাই, এবার আর বলা হল না। আসচে বারে বলব।

ই₈-য় দ্রঃ।

ইয়া₃ [প্রাং ক্ষেং য়ে=এ=ে্যা=(়)] সম্বন্ধ, সাদৃশ্য, উপাদান, অভ্যাস, তৎস্বভাব, স্থান কাল ইং বাচক বাং তদ্ধিত প্রত্যয়। প্র-মাটিয়া > মাটিয়ে > মেট্যে > মেটে। এইরূপ কালিয়া > কেলে। হাঁড়িয়া > হেঁড়ে। কাঁদনিয়া > কাঁদুনিয়া > কাঁদুনে। পাড়াগাঁইয়া > পাড়াগেঁয়ে। বাঁদরিয়া > বাঁদুরে। পাহাড়িয়া > পাহাড়ে। আষাঢ়িয়া > আষাঢ়ে, ইং।

ঈশাব্দ [ঈশা (যীশুখৃষ্ট)+অব্দ] বি,

খ্রীষ্টাব্দ ; খ্রীষ্টের জন্মকাল হতে গণিত বৎসর বা অব্দ A. D. **ঈশপূর্ব্বাব্দ**-বি, খ্রীষ্ট-পূর্ব্বাব্দ ;খ্রীষ্ট জন্ম হ'তে পূর্ব্ববর্ত্তী অব্দ বা বৎসর B. C. (Before the birth of Christ)

উ$_2$, উঁ$_2$ [ওঁ=উঁ, উ$_2$ ওঁ$_3$ দ্রঃ] প্রা০ বাং, উ০ পু০, বর্ত্তমান কালবাচক ক্রিয়া বিভক্তি। জাইউ=যাই। লইউ=লই। করিউ=করি (নিজন্তে করাগ্নিউ=করাই)। "সঙ্গে জাইউ রাধা আহ্মে আহ্মে আর তোহ্মে।"-শ্রী০ কী০। "সঙ্গে যাইউ রাধাএ দূরে দূরে।" -ঐ। যুগতী করিউ এবেঁ থুন বড়ায়িল।"-ঐ। "লইউ আহ্মে ভার"-ঐ।

উআ, উয়া, ওআ, ওয়া [ব্যা০। ক্ষে০ ও (ে া)। হিং বা (=ওয়া)] বিশেষণ-বাচক তদ্ধিত প্রত্যয় ; সম্বন্ধবাচক ; এর। ঘর +উআ, ওআ > ঘরুয়া, ঘরোয়া > ঘোরো (ঘরের)। প্র-ঘরোয়া কথা, মামলা ইং। চাল +উআ, ওয়া > চালোয়া > চেলো। প্র-চেলো পটি। ২ তন্নির্ম্মিত অর্থে। খড়+ উআ, ওয়া > খড়ুয়া, খড়োয়া > খোড়ো। প্র-খোড়ো ঘর। ৩ মিশ্রিত বা সাদৃশ্যার্থে। জল+উআ, ওয়া > জলুয়া, জলোয়া > জোলো। প্র-জোলো দুধ। মোদো গন্ধ। ৪ বৃত্তি বা ব্যবসায় অর্থে। পাট+উআ, ওয়া > পাটুয়া, পাটোয়া > পেটো (পাট ব্যবসায়ী)। ৫ মেছো, (মৎস্যজীবী। "মেছো কুমীর"। মৎস্য ব্যবসায়ী ; জেলে)। ৬ কাজ+উআ, ওয়া > কাজুয়া > কেজো (কার্য্যপটু)। ৭ তজ্জব। মেঠো (মেঠো ঘাস)। ৮ নিবাসী। গাঁ +উআ, ওয়া=এও > গাঁউয়া > গেঁও, গেঁয়ো (গ্রামবাসী-গেঁয়ো লোক এইরূপ বন+ উআ, ওয়া=উও > বনুয়া > বুনো জন্তু, গাছ ইং)। ৯ বিশিষ্ট বা যুক্ত অর্থে। প্যাঁচ+ উআ, ওয়া > প্যাঁচোয়া। মুখ+উআ, ওয়া =ও > মুখুয়া > মুখো। প্র-কালামুখো। ওয়ান [হিং বান। তুল-হিং ওয়ালা (বালা > ক্ষে০ বাল)] রক্ষক, চালক ইং বোধক তদ্ধিত প্রত্যয়। প্র-দরোয়ান, গাড়োয়ান ইং।

উ$_2$ [হিং-র অনুকরণে বাং-র 'ওঁ' (উ=ও, ম=ঁ)। হিং করুঁ=প্রা০ বাং-করুম, করোঁ > ম০ বাং ও পূ০ ব০ প্রাদে০ করম, করমু, করিম, করিমু, > আধু০ বাং-(ম=ব) করিব, ক'রব (প্রাদে০ করিবু, ক'রবু)] উ০ পু০ ক্রিয়া বিভক্তি। হিং করউঁ, করুঁ=প্রা-বাং-করোঁ (করি)। "কমণ উপায় করোঁ জাওঁ কোণ দিশে॥"-শ্রী০ কী০।

উঙা [অনু০] বি, শিশুর ক্রন্দনশব্দ। ২ (অব্যক্তস্বরে) মা, ওমা। "মৌনে ক্ষণেকে থাকে, উঙা উঙা ক্ষণে ডাকে, জননীর পরম কৌতুক।"-কবিক০।

উড়ে$_1$ [সং ওড্র=ওড়িয়া >] বি, ওড়িষ্যাবাসী। স্ত্রীং উড়েনী।

উড়ে$_2$, উরে [সং-হার > হিং হারা > বারা > বাং-ওয়ারা, ওয়ারিয়া, ওয়াড়িয়া > উড়িয়া, উরিয়া > উড়ে, উরে] বৃত্তি-বাচক তদ্ধিত প্রত্যয়বিঃ। প্র-সাপুড়ে ফাঁসুড়ে। ভুতুড়ে। হাটুরে। কাঠুরে ইং।

উত্তরাধ্যক্ষ [military officerএর অর্থশা০ পরিঃ] বি, হস্তী, অশ্ব এবং রথা-রোহী ব্যক্তিগণই উত্তরাধ্যক্ষ।

উদগীম, উদগীম [সং-উদ্গ্রীব >। ব্রজ০] বিণ, উদ্গ্রীব।

উদ্ঘাত [উৎ+ঘাত (হন-বধে)+অ (ভা০)] বি, প্রতিঘাত ; পাদস্খলন ; টক্কর ; ঠোকর। বিণ, ~ী। > স্ত্রীংউদ্ঘাতিনী।

উদ্ধার, উদ্ধৃতি [উৎ+ধৃ (ধরা)+ অ (ভা০), +তি (স্ত্রী)] বি, উদ্ধৃত বাক্য বা বাক্যাংশ, অন্যের লেখা বা উদ্ধরণ বা যথাবৎ উক্তির ব্যবহার quotation. **~চিহ্ন** -ঐরূপ বাক্য বা বাক্যাংশ যে চিহ্ন দ্বারা বিশেষিত করা হয় ; " " ; এই চিহ্ন sign of quotation.

উদ্ধূলন [পারিঃ] বি, পাকপ্রণালী মতে ১ আনা এলাচী, ২ আনা লবঙ্গ, ২ আনা দারুচিনি, ½ রতি কর্পূর, ১ পোয়া কস্তুরী, ৪॥ আনা মরিচ চূর্ণের একত্র মিশ্রণ।

উপকনিষ্ঠা [সং-তন্ত্র ও স্মৃতিগ্রন্থের বঙ্গানুবাদে দৃষ্ট হয়] বি, অনামিকা ; অনামা ; কনিষ্ঠার পূর্ব্ববর্ত্তী অঙ্গুলি।

উপচিতি$_2$ [উপচিত দ্রঃ। জীববিদ্যা পরিঃ] বি, অনুলোম পরিণাম anabolism.

উপনিবিষ্ট [উপনিবেশ দ্রঃ] বি, স্থানান্তর হতে আসিয়া স্থায়ী বাস সংস্থাপন করিয়াছে এমন ; কৃতোপনিবেশ। "তাহারা ভারতবর্ষে উপনিবিষ্ট হইয়া থাকিলেও"-কা০ প্র০ ঘোষ (প্রভাতচিন্তা)।

উপযোজন [ক০ বিশ্ব০ পরিঃ] বি, ইং accommodation adjustment এর পদার্থ বৈজ্ঞা০ পরিঃ। > বিণ, **উপযোজিত**= adjusted. > **উ০ করা**=adjust.

উপরিক [ঔপরিক দ্রঃ] বি, ভুক্তির শাসনকর্ত্তার উপাধিবিঃ। **অন্তরঙ্গবৃহদুপরিক** [অন্তরঙ্গ-বৃহৎ+উপরিক] Chief Privy Councillor.

উবুঝরান্তি-অবিশ্রান্ত দ্রঃ।

উমা$_2$ [উষ্ম+আ (ঈষদর্থে) >] বিণ, ঈষৎ উষ্ণ। **~-উমা** [অল্পতর অর্থে বা প্রায় এই অর্থে দ্বিত্ব] প্রায় উষ্ণ ; অল্প অল্প গরম ; কুসুম কুসুম গরম ; গুমা।

উমা$_3$, উমা [নারীকথ্য। ওমা দ্রঃ] অ, ভয়, বিস্ময়াদি ব্যঞ্জক অব্যয়।

উমি, উমী [আ০ উম্মী >] বি, অশিক্ষিত ; নিরক্ষর। "উমিলোক"-সধবার একাদশী (দী০ মিত্র)।

উয়া$_2$-উআ দ্রঃ।

উ$_2$-উ$_2$ দ্রঃ।

একঝোঁকা [এক (একদিকে) ঝোঁক +আ (স্ত্য০)] বিণ, একদিকে ঝুঁকিয়াছে এমন ; একরোকা ; যার এক বিষয়ে ঝোঁক আছে ; একগুঁয়ে ; একবগ্‌গা। "কথাগুলার পরিমাণ ঠিক থাকে না। মাত্রা-বৈষম্যে ব্যাপারটা একঝোঁকা হয়ে পড়ে।" -রবী০ (প্রবাসী-৭-১৩৩৫)। "একঝোঁকা ক'রে তুলেচে"-রাশিয়ার চিঠি (রবী০)।

এক্‌স্ [রোমান, ইং X] বি, য়ুরোপীয় ভাষায় বীজগণিতের প্রথম অজ্ঞাত রাশি (তুল-দ্বিতীয় অজ্ঞাত রাশি Y)। **~রশ্মি** [পদার্থবিদ্যা (ক০ বিশ্ব০ পরিঃ)] ইং X-ray র বৈজ্ঞা০ পরিঃ। **~রশ্মি বর্ণালি**- X-ray spectrum. **~রশ্মি বর্ণালিমাপক**-X-ray spectrometer. **~রশ্মি বিশ্লেষণ**-X-ray analysis.

এড্রেস [ইং address এর লিপ্যন্তর] বি, সংবাদ ; সম্বোধন ; অভিভাষণ।

এওঁ$_3$ [ব্যা০। ইত,ত (১৩ দ্রঃ), আধু০ বাং-তে, য়] প্রা০বাং ৭মী বিভক্তি। প্রা০বাং-মাথা-

এত > মাথাইত > মাথাত > আধু॰ মাথাতে =মাথায়। "মাথাএত কাল টুপি"-শূ॰ পু॰।

এথা-হেথা দ্র:।

এ-থেকে [এ,৯ দ্র:। গ্রা॰ উচ্চারণ ভেদে এথেকে, এখিকে] অ, ইহা হইতে। এর দ্র:।

এ'থেল [এ (এঁ) টে(ঠে)ল > , ট=ঠ=থ] বিণ, আঠাল; আঠা-আঠা; চটচটে। ২ বি, সিদ্ধ-করা চালের গুঁড়ি নেচী (হিং 'লোই')। "সকল পিষ্টকের এথেল একই তণ্ডুলচূর্ণে নির্ম্মিত"।

এনা [প্রাদে॰ কথ্য॰। লেখ্য-ইনি। বহুব॰ এনারা, ইনিরা, এনাদের, এনাদেরকে ই॰। লেখ্য-ইঁহারা (মান্যার্থে অমুনাসিক)। অসম্মানে অননুনাসিক, যথা -এ, এরা] স, এই সকল লোক বা ব্যক্তি।

এ্যাফিডেভিট্ [আদা॰। ইং affidavit এর লিপ্যন্তর] বি, শপথপত্র; শপথ পূর্ব্বক সত্য সাক্ষ্যদান পত্র; হলফ-নামা।

এলা৩ [এইবেলা > ক্ষে॰। কুচবিহার অঞ্চলে, প্রাদে॰] ক্রি-বিণ, এখন।

এইন২ [এইক্ষণ > এখন (দ্র:) >] অ, এখন; অতঃপর। এইনি-অ, এখনি।

ঐকত্রিক [একত্র+ইক (ষ্ণিক)। রবী॰ ঠাকুর প্রবর্ত্তিত] বিণ, একসঙ্গে যুক্ত বা মিলিত; যৌথ। "একটি ঐ॰ কৃষিক্ষেত্র (collective farm) স্থাপিত হয়েছে, আমি তাতে কাজ করি। * * * এই ঐ॰ চাষে দেড়শো চাষীর ক্ষেত মিলিয়ে দেওয়া হ'য়েছিলো। * * আমাদের দলের লোকের জন্যে নতুন সব বাসা, একটা নতুন ভোজনশালা, আর একটা ইস্কুল তৈরী আরম্ভ হয়েচে।"-রাশিয়ার চিঠি (রবী॰)। বি, ~তা।"সোভিয়েট কম্যুনদলের প্রধান মন্ত্রী স্ট্যালিনের * * * মতে ঐকত্রিকতার মূল নীতি হ'চ্ছে সমাজবদ্ধ স্বেচ্ছাকৃত যোগ।"-রবী॰।

ঐকিক [এক+ইক (ষ্ণিক)। কবি কালিদাস রায় প্রবর্ত্তিত] বিণ, এক সম্বন্ধীয়; একের। বি, ~তা (-কি-)-একের ভাব বা অবস্থা; একত্ব; ঐক্য; একতা।

ওঁ৩ [উ২ দ্র:। উঁ=ওঁ] প্রা॰ বাং উ॰ পু॰ ক্রিয়া বিভক্তি। জাওঁ=যাই। লওঁ=লই। হওঁ =হই। তেজোঁ=ত্যাগ করি, ত্যজি। ধরোঁ= ধরি। পৈসোঁ=প্রবেশি। বঞ্চিবোঁ=যাপন করিব। "কমণ উপায় করোঁ জাওঁ কোণ দিশে।"-শ্রী॰ কী॰। "কাহাক্রি হওঁ মো গোআল জাতী।"-ঐ। "এহি শপথ করোঁ। কভোঁ ধর্বে তোহ্মা হরোঁ।"-ঐ।

ওড়া৩ [সাঁওতালী শব্দ। তুল-সং-ওকস্ (ওকঃ) হিং, মঢ়িয়া, মাড়ো। ধাওড়া দ্র:] বি, ঘর।

ওয়া-উআ দ্র:।

ওষ২ [ওস দ্র:] বি, শিশির। "ওষে ভেজা ঘাসে"-যতীন্দ্র প্র॰ ভট্টাচার্য্য।

ঔপরিক [উপরি (দ্র:)+ইক (ইদমর্থে)] বি, সর্ব্বোপরিস্থ শাসনকর্ত্তা Governor-General; ভুক্তির শাসনকর্ত্তা, যাঁহাকে রাজপ্রতিনিধির কার্য্য করিতে হইত এবং যাঁহার ক্ষমতা আধুনিক কমিশনরদের অপেক্ষা অনেক বেশী ছিল। "* * প্রধান রাজপুরুষেরা উপবেশন করিয়াছিলেন। মহাসামন্ত * * * ঔপরিক * * প্রভৃতি সকলে উপবেশন করিতেছেন।" -মৃণালিনী (বঙ্কিম॰)। ২ বিণ, উপরিক (দ্র:) সম্বন্ধীয়।

কচলাকচলি২ [কচলন (দ্র:) > কচলা+কচলি (পুনঃ পুনঃ কচলান অর্থে)] অ, রগড়ারগড়ি; ক্রমাগত মর্দ্দন করা বা কচটান।

কচাকচি [মূলে অনু॰ (কলহধ্বনি >) কচা২ ও কচাল দ্র:। গ্রা॰ কেচাকেচি] বি, বাদপ্রতিবাদ; বাদবিতণ্ডা; বাক্-কলহ। "এখন এই গণনার প্রতিবাদ ও সমর্থন করিয়া আমাদের দেশের কতকগুলি পেষাদার জ্যোতিষী সংবাদপত্রে কচাকচি আরম্ভ করিয়া দিয়াছেন।"-নায়ক, ১-৮-১৩২৬।

কজ্জ [কার্য্য > সং-প্রাকৃ॰ কজ্জ > বৌ॰ বাং প্রাকৃ॰] বি, কার্য্য। "জিমি চিন্তামণি কজ্জ সরীসো [সদৃশ]।"-দো॰ ১১০।

কড়ার৩ [কড়া২(১৫ দ্র:), সাদৃশ্য হ'তে] বি, ধুনা, রজন, ইট বা কাঠের গুঁড়া ই॰ মিশ্রণে প্রস্তুত দ্রব্য যা কাষ্ঠাদির বা তৈজসপত্রের ছিদ্ররোধকরণে ব্যবহৃত হয়; পুটিং putty. প্র-বাক্সের ডালার ছিদ্র ক॰ করে দিতে হবে [দ্র:-ঘড়া, ঘটী, গামলা, থালা ই॰ বাসনের তলায় ক॰ করা থাকে। ক॰ শুকাইলে অতি কঠিন হয়]।

কড়ি৩ [কড়া৩ (দ্র:) > ক্ষুদ্রার্থে কড়ি] বি, ছোট কড়া বা লৌহ-পিত্তলাদির বালা; পুলিশ দ্বারা অপরাধির হাত বাঁধিবার লৌহবন্ধনী; হাতকড়ি। প্র-পুলিশ চোরকে হাতকড়ি লাগাইয়া ধরিয়া লইয়া গেল।

কত্রপ [সং-ক্ষত্র (ক্ষত্রিয়)+প (পালক, শাসনকর্ত্তা) > ক্ষত্রপ > কত্রপ (ক্ষ=ক)। অথবা প্রা॰ ফা॰ ক্ষত্রপব (Khutrapava= 'province Guardian'—Concise Oxford Dic.) > গ্রী॰ Satrapes > ল্যা॰ > ইং Satrap (ক)সত্রপ Subordinate ruler. > ক্ষত্রপ > কত্রপ। ক্ষ=ক। প্রাচীন শিলালেখ ও মুদ্রায় "ক্ষত্রপ" ও "মহাক্ষত্রপ" শব্দ পাওয়া গিয়াছে] বি, রাজন্যক; সামন্ত নৃপতি; মণ্ডলেশ; প্রাদেশিক শাসনকর্ত্তা।

কথাকলি [নৃত্য দ্র:। সং-কলি (যুদ্ধ)+ কথা (পৌরাণিক কাহিনী) > পদবিপর্য্যয়ে 'কথাকলি' > হিং-র উচ্চারণানুকরণে, 'কথাকলী'। মূলে বীর ও রৌদ্র রসাত্মক কলি (যুদ্ধ) কথা, পরে অন্যান্য রসাশ্রিত কাহিনী ও ইহার বিষয়ীভূত হয়। কেরলদেশে নৃত্য ও ভাবাভিনয় দ্বারা সেই কাহিনীর অভিব্যক্তির নাম কথাকলি নৃত্য বা কথানৃত্য] বি, অঙ্গপ্রত্যঙ্গভঙ্গী ও ভাবাভিব্যক্তিসহ নৃত্য দ্বারা পৌরাণিক লীলাভিনয় 'ক॰' নামে আমাদের দেশে নৃত্যের যে এক প্রকার কমনীয় সংস্করণ চলিতেছে নম্বুদ্রি মহাশয়ের নৃত্য সেরূপ নহে। প্রথমদিন 'রাবণ-বিজয়ম্' পালায় তিনি রাবণচরিত্রের যে দার্ঢ্য ফুটাইয়া তুলিয়াছিলেন * * * হৃদয়ের প্রত্যেকটি ভাব তিনি চোখের মুখের হাতের মুদ্রায় ও শরীরের ভঙ্গী দ্বারা সুষ্ঠু রূপে ব্যক্ত করিয়াছিলেন।"-আ॰ পত্রিকা, ৪-১১-৪২।

কবক [সং] বি, ভুঁইছাতু; ব্যাঙের ছাতা mushroom.

কর্কট২ [সং-নামান্তর 'কঙ্করোল'। বৈদ্যকে] বি, কাঁকরোল ফল ও শাক।

করণাপাটব [করণ (ইন্দ্রিয়) +

অপাটব] বি, ইন্দ্রিয়ের অপটুতা। "ভ্রমপ্রমাদ বিপ্রলিপ্সা ক॰। ঈশ্বরের বাক্যে নাই এই সব দোষ।"-চৈ॰ চ॰।

কঁরাল [পারিঃ] বি, পাকপ্রণালী মতে তৈল বা ঘৃতে বেশবার ভাজিয়া লইলে সেই তৈল বা ঘৃত।

কর্পোরেশন [ইং Corporation এর লিপ্যন্তর] বি, আইন দ্বারা গঠিত ও ব্যক্তিস্বরূপ কার্য্য করিবার ক্ষমতাপ্রাপ্ত সভা বা সঙ্ঘ। প্র-মিউনিসিপ্যাল কর্পোরেশন।

কর্ষণা [আধু॰ বাং। কৃষ্টি দ্রঃ। সং-কৃষ্ > কর্ষণ+আ (ভা॰)] বি, চাষ। ২ কৃষ্টি; সংস্কৃতি। "প্রাচীন ভারতের কর্ষণার পরিবেষ্টনী এই গল্পগুলিতে বেশ পরিস্ফুট হইয়াছে।"-সম্মিলনী, ১-৩০-১৩৪২।

কঁলন [গ॰ পরিঃ (হি॰ কো॰)] বি, ইং calculus এর বৈজ্ঞা॰ পরিঃ। চলন কঁলন-differential calculus এর বৈজ্ঞা॰ পরিঃ; ব্যাসকলন (যো॰রায়)। চলরাশি-কঁলন-integral calculus এর বৈজ্ঞা॰ পরিঃ (হি॰ কো॰); সমাস কলন (যো॰ রায়)।

কঁলপ₂ [রেশমশিল্প পরিঃ] বি, পোলুর আহার বন্ধ করিয়া জড়বৎ থাকিবার অবস্থা।

মেটে বা মেট্যা কঁলপ-বি, পোলু কুচি কুচি করিয়া কাটা তুতপাতা খাইতে আরম্ভ করিয়া ৪।৫ দিন পরে একদিন আহার বন্ধ করিয়া জড়বৎ অবস্থিতি করার অবস্থা। দোকঁলপ-বি, মেটে কলপের পরদিন কয়েক পাতা খাইয়া দুই দিন অনাহারে থাকার অবস্থা। তেকঁলপ-বি, দোকলপের পর আস্ত আস্ত (আকাটা) পাতা খাইয়া অনাহারে থাকার অবস্থা।

কলুমে-কলম₂ দ্রঃ।

কল্পলোক [কল্পনা দ্রঃ] বি, কল্পনা-জগৎ; ভাবরাজ্য; স্বপ্নরাজ্য theoretical world; imaginary world; dream land; Utopia.

কার্জণ [কার্য্য > কজ্জ > কাজ > বৌ॰ বাং প্রাকৃ॰। তুল-সং-কার্ম্মণ (ম্) (তান্ত্রিক কার্য্য) > ণআসা সম্ভব] বি, কার্য্য। "কাজণ কারণ সসহর (=শশধর) টালিউ"-চ॰ ১৮।৩। কাৰ্জণ কারণ-"কার্য্যকারণাত্মক সংসারের স্থিতি বা গতি" -বৌ॰ গা॰ ও দো॰ (হ॰ প্র॰ শাস্ত্রী কৃত অর্থ)।

কাটানি [রেশমশিল্প পরিঃ] বি, লাটায়ে জড়াইয়া কোআর সূত্র ফুরাইলে নূতন কোআর সূত্র যে জোগান দেয়।

কাড়া₃ [বাঁকুড়া প্রাদে॰] বি, মহিষ।

কা(কাঁ)ড়াল [সং-কণ্ড > কাঁড়া+ল (বাল)-যদ্দ্বারা কাঁড়া যায়] বি, ধান্যাদি কাঁড়িবার মুষল। ২ [প্রাদে॰, পাবনা] খড় হতে ধান্য পৃথক্ করিবার দণ্ড।

কাণ্ডারিক্য [সং-কাণ্ডার (বস্ত্রাবাস, তাঁবু)। অর্থ শা॰-পরিঃ] বি, শিবিরাধ্যক্ষ; শিবির সন্নিবেশ ও রক্ষার ভারপ্রাপ্ত রাজপুরুষ Officer in charge of tents and camps. "অন্যদিকে মহামাত্যধর্ম্মাধিকারকে অগ্রবর্ত্তী করিয়া প্রধান রাজপুরুষেরা উপবেশন করিয়াছিলেন। মহাসামন্ত *** কাণ্ডারক্য, *** প্রভৃতি সকলে উপবেশন করিতেছেন।" -মৃণালিনী, ৬ষ্ঠ সংস্করণ, ১৮৮১। [দ্রঃ-সংস্করণান্তরে-"কাণ্ডরিক্য"। সং-কাণ্ড (শর) > কাণ্ডীরঃ=কাণ্ডাস্ত্রবান্; তীরন্দাজ > 'কাণ্ডরিক্য' পারিভাষিক অর্থে আয়ুধাগারাধ্যক্ষ; শেলেখানার অধ্যক্ষ Officer in charge of armoury; arsenal officer]

কাদখোঁচ [কাদাখোঁচা দ্রঃ। প্রা॰ বাং] বি, কাদাখোঁচা পাখী। "লম্বঠুঁঠ কা॰ পক্ষী যে চটাই"-গোবিন্দ গীত (১১-১২ খৃ॰ শতক)।

কাদামাছ [পঙ্কে বা কাদায় থাকে বলিয়া] বি, বাইন মাছ। ২ পাঁকাল মাছ।

কারনিভ্যাল, কার্ণিভ্যাল [ইং carnival এর লিপ্যন্তর] বি, কৌতুক, তামাসা ই॰ আমোদজনক ব্যাপারে যোগ দিয়া বা দর্শন করিয়া আমোদ উপভোগের স্থান বা প্রতিষ্ঠান; প্রমোদ-ক্ষেত্র; প্রমোদ-বাজার; আনন্দবাজার।

কারী [কৃ (করা)+ইন্ (র্ত্তৃ)=কারিন্ ১মা, ১ব॰] বিণ, যে করে; কর্ত্তা; কারক। প্র-উদ্ধারকারী, সৃষ্টিকারী ই॰ [এই অর্থে পদান্তে যুক্ত হয়। তুল-কর, কার]। ২ জনক। প্র-শুভকারী।

কাশমর্দ্দ₂ [পারিঃ] বি, পাকপ্রণালী মতে পেষিত বেশবার পরিমিত জলে গুলিয়া ছাঁকিয়া লইলে যে মসলার জল হয়।

কুঁচ₂ [প্রাদে॰, পাবনা] বি, মৎস্য বিঁধিয়া ধরিবার অস্ত্র; কেঁচা; কোঁচ।

কুঁচা₃-কেঁচা দ্রঃ।

কুটকুটিয়া₂, **কুটকুটে**₂, **ঘুটঘুটে** [সং-কুড (ঘনীভাবে) > কুট, ঘুট। কুটকুট (আধিক্যে দ্বিত্ব)+ইয়া > কুটকুটিয়া > কো॰ কুটকুটে, 'ঘুটঘুটে', (দ্রঃ), 'গুটগুট্যা' ও॰] বিণ, ঘন; গাঢ়; নিবিড়; ঘোর। প্র-কুটকুটে কাল (=ঘোর কৃষ্ণবর্ণ)। ঘুটঘুটে অন্ধকার (নিবিড় অন্ধকার)।

কুট/**তি** [কুটা (দ্রঃ)। কুটন > কুট+তি (বৃত্তি >)] বি, কুটাই; কুটবার পারিশ্রমিক; ধান কুটানির পারিশ্রমিক। ~তী-চালুকী দ্রঃ।

কুড়ি [সাঁওতালী শব্দ] বি, কুদাল।

কুতকুতিয়া, কুতকুতে [কুচ (গুঞ্জা) কুঁচ+ইয়া >। সাদৃশ্যার্থে দ্বিত্ব] বিণ, কুঁচের মত ক্ষুদ্র চিক্কণ ও গোল গোল। প্র-চোক দুটি তার কুতকুতে (এই অর্থে কুঁচচক্ষুও বলে, প্রায় বিদ্রূপে)।

কুমারামাত্য [কুমার (যুবরাজের) অমাত্য] বি, যুবরাজের মন্ত্রীসভার সদস্য Councilior of the crown Prince.

কুরসুদ [সূত্রধরের ভাষায়] বি, কাট কাটিবার বা বিঁধিবার জন্য দাগ মারিবার বা মাপ করিবার যন্ত্র। ইহা ঠুকিয়া ঠুকিয়া বাড়ান কমান যায়।

কুরী₂, **-কুরি**₂ [ফা॰ গর (কর্ত্তা, নির্ম্মাতা) > ফা॰ গরী (নির্ম্মাণ কৌশল বা শৈলী) > করি, কুরি, কুরী] বি, নির্ম্মাণ শৈলী বোধক প্রত্যয়। প্র-কারিকুরি=কর্ম্মকৌশল; কারুকর্ম্ম workmanship.

কুর্পাস [অর্থ শা॰ পরিঃ] বি, শরীর রক্ষণীবিঃ।

কুলি(লী)বেগুন [সং-কুলী (বৃহতী solanum indicum) + বেগুন (বার্ত্তাকু solanum esculatum)। গুলিবাগুণ দ্রঃ] বি, গোলাল লম্বা বেগুন solanum longess.

কুশ্রী [কু-শ্রী (দ্রঃ)] বিণ, বিশ্রী ; কুৎসিৎ; কদর্য্য। বি, ~তা। "দৈন্যেরও কুশ্রীতা নেই, আছে অকিঞ্চনতা।"-রাশিয়ার চিঠি(রবী॰)।

কেঁতা (থা) [সং-কন্থা >। কাঁথা দ্রঃ। গ্রা॰ ক্যাঁতা] বি, কন্থা। ~কেতড়ী, ~ধুকড়ী-বি, কন্থাদি গাত্র ও শয্যা বস্ত্র।

কেত্তন [সং-কীর্ত্তন (দ্রঃ) > গ্রা॰ কীত্তন, কেত্তন, কিত্তন, কেরতোন] বি, কীর্ত্তন। কেত্তনে, কেত্তুনে [কীর্ত্তন দ্রঃ] বিণ, কীর্ত্তনীয়া ; কীর্ত্তনকারী। ছুঁচর কেত্তন-ছুঁচ দ্রঃ।

কৈল₁ [কহিল > কইল > ক্ষে॰ কৈল। আধু॰ বাং কথ্য ১ম পু॰ রূপ (সে কহিল)। প্রা॰ বাং-কহিলোঁ,-লুঁ অর্থে অর্থাৎ উ॰ পু॰ রূপ (আমি কহিল=কহিলাম)] ক্রি, উ॰ পু॰ কহিলাম ; বলিলাম। "আমি কৈল।" কৈলি=কহিলি।

কৈল₂ [করিল > কইল > ক্ষে॰ কৈল, প্রা॰ বাং-করিলোঁ,-লুঁ > কৈলুঁ, কল্লুঁ (=করলুঁ=আধু॰'করলুম)'। কৈল₁দ্রঃ। এইরূপ ভাঁগিল (=ভগ্ন করিলাম) ই॰] ক্রি, উ॰ পু॰, করিলাম। "খণ্ড ব্রত কইল আহ্মে"-শ্রী॰কী॰।

কো-অপারেশ্যন [ইং co-operation এর লিপ্যন্তর] বি, সহযোগিতা। [বিপরীত-ননকোঅপারেশন। ইং non-co-operation এর লিপ্যন্তর। ক্ষে॰ ননকো= অসহযোগ]।

কোকিন [খোকা দ্রঃ। খোক > পূ॰ ব॰ প্রাদে॰ উচ্চারণে কোক+ন (আদরার্থে)] বি, খোকা। ~মণি-বি, শিশু পুত্রের আদরার্থক নাম বা সম্বোধন।

কোড়া₄ [কিরীট্ > অথবা কোড়ক >। তৎচিহ্নিত বলিয়া] বি, "দীর্ঘপদাঙ্গুল, অলিপ্তপদ, কৃষ্ণব জলচর বিহঙ্গবিঃ। ইহার চঞ্চুর পশ্চাদ্ভাগ হতে একটা কঠিন মাংসল চূড়া উন্নত শৃঙ্গের মত শিরোদেশে বিরাজ করে"-ডাঃ লাহা।

কোপরা₂ [প্রাদে॰ জঙ্গিপুর অঞ্চলে (সা॰ প॰ প॰ ১৩২২)] বি, নদী গ্রীষ্মকালে দূরে চলিয়া গেলে যে গর্ত্তে জল সঞ্চিত থাকে।

কোলবর [প্রাদে॰ জঙ্গিপুর অঞ্চলে। সা॰ প॰ প॰, ১৩২২। বধূঃ কনিষ্ঠার্থে কোল] বি, মিতবর।

কৌতুকমঙ্গল [কৌতুক₂ (দ্রঃ)। কুতুক+অ(ষ্ণ)+মঙ্গল, অর্থাৎ মঙ্গলোদ্দেশ্যে ধারণীয় যে কৌতুক। ("উর্ণাময়ং কৌতুক হস্তসূত্রম্"-কুমার॰ ৭।২৫)] বি, বিবাহাদি শুভকর্ম্মোপলক্ষে, পুণ্যাহে ও মাঙ্গলিক অনুষ্ঠানে মণিবন্ধে ধারণীয় মন্ত্রপূত মাঙ্গল্যসূত্র ; মাঙ্গলিক হস্তসূত্র ; রক্ষাসূত্র বা রাখী। "ময় ও তাঁহার সমুচিত সৎকার ও তদ্দত্ত পূজা গ্রহণ করিয়া * * * * অনন্তর মহাত্মা কৃষ্ণ ও পাণ্ডবগণের অভিপ্রায়ানুসারে পুণ্যদিনে কৃত কৌতুকমঙ্গল হইয়া পায়স ও বহুবিধ ধন দ্বারা ব্রাহ্মণদিগকে পরিতৃপ্ত করিয়া সর্ব্বঋতুগুণসম্পন্ন দিব্যরূপ মনোহর সভাস্থলীর পরিসর পঞ্চসহস্রহস্ত পরিমাণ করিয়া লইল।"-মহা॰ সভা॰ (সিংহ॰)।

কৌশল্য-কুশল দ্রঃ।

ক্যাবিনেট [ইং cabinet এর লিপন্তর] বি, গূঢ়সমিতি ; প্রধান মন্ত্রীসহ মন্ত্রীবর্গের রাষ্ট্রবিষয়ক পরামর্শ সভা। ২ খানাদার বা দেরাজওয়ালা বা তাকবন্দী সিন্দুক।

ক্রম₂ [অর্থ শা॰ পরিঃ] বি, শাসন বিষয়ের গুরুত্ব অনুযায়ী ঘটনাবলির উল্লেখ।

খঁড়₃ [খদির >। প্রাদে॰ পাবনা ই॰ অঞ্চলে] বি, খয়ের।

খঁণ্ডালুঁ [খণ্ডন দ্রঃ। প্রা॰ ও ম॰ বাং। লুঁ=লোঁ (উ॰ পু॰ ক্রিয়া বিভক্তি)। আধু॰ বাং-লাম, লুম, লেম, লোম] ক্রি, খণ্ডাইলাম ; খণ্ডন করিলাম। "খ॰ সকল দায়"-কবিক॰।

খঁয়ের₂ [আ॰ খৈর্ (ভাল)] বি, মঙ্গল ; কুশল। ~খাঁ [আ॰ খৈর্ খোআহ্ >] বিণ, হিতাকাঙ্ক্ষী ; মঙ্গলকামী। ২ স্তাবক ; খোসামুদে। "এখনও জনকয়েক খয়ের খাঁ সাহেবের খামা ধরা"-বঙ্গবাণী, ১৩২৭। > বি, ~খাঁই-বি, শুভ কামনা। ২ তোষামোদ ; তরফদারী।

খাদা₂ [প্রাদে॰, পাবনা অঞ্চল] বি, খোরা ; আবখোরা।

খাবাসি [হি॰ খপচী, খপাচী > হি॰ গ্রা॰ কথ্য খাপাচ্চী > খাপাসি, > প=ব। পাবনা অঞ্চলে চ॰] বি, বাখারী।

খাম₆ [সং-ক্ষৌম > পাকোয়ান দ্র॰] বি, পাক না-দেওয়া রেশম-সূতার বস্ত্র।

খুকু [খোকা, খুকি দ্রঃ। ক্ষে॰ খোক] বি, খোকার অপেক্ষাকৃত অল্প বয়সের সমধিক আদরের নাম। এই অর্থে খুকুন, খুকুনমণি, খুকুমণি ও॰। "খুকুমণির বিয়ে হবে হট্টমালার দেশে"-ছড়া। ~নী [ক্ষে॰, অনা॰ খুকনী] খুকি বা শিশু কন্যার আদরার্থক কোমলতর নাম। পুং খোকনা -খোকার অনাদরার্থক নাম।

খেদিল (খেদান দ্রঃ। ইত=ইল] বিণ, খেদিত ; তাড়িত। "খেদিল হরিণী যেন" -প॰ ক॰ তরু (স॰ প॰ প॰)।

খেপিল [ক্ষেপা₁ দ্রঃ। ক্ষেপ > খেপ +ইল (=ইত)] বিণ, নিক্ষিপ্ত। "খে॰ বাণ" -প॰ ক॰ তরু (সা॰ প॰ প॰)।

খেলনা₂ [রেশমশিল্প পরিঃ] বি, বোঁটিকলের ছিদ্রের মধ্য দিয়া আসিবার পর, রেশমসূত্র যে দুটি তারের মাঝ দিয়া গিয়া ভোহোবিলে জড়াইতে থাকে খেলনা ৪ অঙ্গুলি পরিমাণ স্থান জুড়িয়া দুই পার্শ্বে পুনঃ পুনঃ যাতায়াত করিতে থাকে।

খোকসা [প্রাদে॰] বি. ডুমুর।

খোন্দকার₂ [ফা॰ খোয়ান্দ্ (শিক্ষিত) +কার (যে করে)] বিণ, যে শিক্ষিত করে ; শিক্ষাদাতা ; শিক্ষক teacher.

খোরিটি [প্রাদে॰। খড়িটি (দ্রঃ) >] বি, খড়িটি ; চূণসুরকি, বিলাতিমাটি ই॰-র প্রলেপ ; খড়া। খো॰ করা-ঐরূপ প্রলেপ দেওয়া ; খড়া মারা।

খ্যাঁকসা [সং-কর্কট, কক্করোল। প্রাদে॰] বি, কাঁকরোল ফল।

গং [অনু॰] বি, অনুকার শব্দ। বড় কাঁসর বা বড় ঘড়ীর শব্দ। ২ বুকে সর্দ্দি বসিয়া গেলে কাশীর শব্দ গং গং ঘং ঘং ই॰। ৩ [তন্ত্রে] গাণপত্যদিগের বীজমন্ত্র।

গাঁচ [গর্চা (দ্রঃ) >] বি, ছোট আড় মাছ। "গচিমচ্ছ" (মাণিক॰ গান)।

গাঁড়বিড়ি [হি॰ গড়বড়+ই (ভা॰)] বি, গোলমাল ; গণ্ডগোল। "সহিতে না পারি আমি লোকের গ॰ ; নিমন্ত্রণ লাগি লোক করে হুড়াহুড়ি।"-চৈ॰ চ॰।

গাড়ুই [সং-গড়ক >] বি, গড়ুই (দ্রঃ) মাছ ; গড়াই (দ্রঃ) মাছ। ২ [বাঁকুড়া প্রাদে॰] ন্যাটা মাছ।

গাঁউন্পেস [ইং gownpiece > ভ্রং] বি, য়ুরোপীয় নারীদের ঘাঘরা বা পেশোয়াজ প্রস্তুত করিবার উপযোগী বস্ত্রের থান।

-গাঁর৩,-গার [ফা॰ গর, গার=সং-কর, -কার] বিণ, যে করে বা দেয় ; যে গড়ে ; কর্ত্তা ; নির্ম্মাতা। প্র-কারিগর। কলাইগর। যাদুগর। মদদ্গার। খিদমৎগার।

গাঁরদেশ, গর্দ্দেশ [ফা॰ গর্দ্দিশ (revolution; fortune's wheel) >] বি, ভাগ্যচক্র। ২ [অসি ও লাঠি খেলার ভাষায়] লাঠি বা অসির বৃত্তগতি ("ইহা হস্তের মণিবন্ধ হতে উৎপন্ন হয়, আঘাত কব্জিকে কেন্দ্র করিয়া লাঠি বা অসি চক্রাকারে ঘুরিয়া আইসে") -পু॰ বি॰ দাস।

গাঁইট (ঠ), গাঁট (ঠ), গাঁঠি [গ্রন্থি > প্রাকৃ॰ গণ্ঠি > গাঁঠি=গাঁইঠ > গাঁঠ(ট)। 'ধর্ম্মপূজাবিধানে'-গ্রাণ্ঠি] বি, গ্রন্থি ; গাঁঠি। "আইদ গাঁঠি (১) উরধ গাঁঠি (২) বস্তগাঁঠি মূলে (৩)।"-শূ॰ পু॰ [(১) আদিগ্রন্থি=হৃদয়, (২) উর্দ্ধ্ গ্রন্থি=শিবগ্রন্থি=ভ্রূমধ্য, (৩) ব্রহ্মগ্রন্থি =নাভিমূল (ষট্ চক্রের যোগচক্রত্রয়)-শূ॰ পু॰, টীকা (চা॰ বন্দ্যো॰)]।

গাবরাট [গাব১ দ্রঃ] বি, গাবের কষ ধরার কলঙ্ক ; তৎবৎ চিহ্ন। প্র-গাবরাট ধরে যাওয়া।

গারশী, গার্শী [সং-গার্হস্থ্য > পু॰ ব॰ প্রাদে॰] বি, আশ্বিন সংক্রান্তিতে অনুষ্ঠেয় পুরনারীদের ব্রতবিঃ। এই পর্ব্ব উপলক্ষে ব্রতকথা সমাপনান্তে অলক্ষ্মীর মৃণ্ময়মূর্ত্তি (তুল-শ্যামাপূজার রাত্রিতে অলক্ষ্মীর গোময়-মূর্ত্তি) বর্জ্জন করিয়া লক্ষ্মীকে বরণ করিয়া পূজা করিবার ও অকৃষিজাত কলা, নারিকেল, তালশাঁস ই॰ ফল, উড়ি বা বোয়ো ধানের চাউল, খেঁসারির ডাল ই॰ পূজোপকরণরূপে ব্যবহার করিবার ও শুষ্ক পাট গাছ জ্বালাইবার প্রথা আছে।

গুপ্‌সো, গুপ্সো [ভুম (গুমা২ দ্রঃ) > গুম+সা (সদৃশার্থে) > গুপ্ সা >। ম =প] বিণ, মোটা গুঁড়ির ন্যায় খণ্ড; নিরেট স্থূল খণ্ড। গাড়ুর গুপ্‌সো-গাড়ুর গঠন স্থূল। প্রায়ই অসুন্দর নিরেট স্থূল দেহ সম্বন্ধে উক্ত। তুল-কুঁপো।

গুপ্তাব্দ [গুপ্ত+অব্দ] বি, খৃষ্টীয় ৩২০ অব্দে মগধের গুপ্ত সম্রাটগণ প্রবর্ত্তিত অব্দ।

গুসজ্লী [সং-জিঙ্গিনী] বি, শাল তমালের গুণযুক্ত ও ব্রণবিস্ফোটকাদি রোগ নাশক বৃক্ষবিঃ odina wodier.

গূঢ়ামাত্য [গূঢ়+অমাত্য] বি, ইং cabinet (মন্ত্রণাগৃহ ; মন্ত্রিসভা) এর বৈজ্ঞা॰ পরিভাষা।

গেঁদাগঁস্তি [গ্রা॰। গাদা (দ্রঃ) > গাঁদা > গেঁদা+গস্ত (সহ॰ দ্বয়)] বিণ, গাদাগাদি, ঠাসাঠাসি; বিশৃঙ্খলভাবে ঘনবদ্ধ। প্র-জিনিষপত্র গেঁ॰ করে রাখা।

চুমুক২ [চুম্ব > চুম+উক (চুম্ব দ্বারা শোষ্য পরিমাণ অর্থে)। প্রা॰ বাং। বিণ্ডু দ্রঃ। তুল-হিং চুল্লু (করপুটে ধার্য্য পরিমাণ), চুমকী (mouthful of drink)] বি, জলবিন্দু; বুদ্বুদ। "আসন ছাড়িআ পরভু বৈসেন চু॰ উপরে। পরভুর আসন বিণ্ড সহিতে না পারে॥"-শূ॰ পু॰।

চৌদুন [দুন২ ঠেকা দ্রঃ] বি, ঠেকার ফেরের, মধ্যকালে দুই ফের হইলে দুন ঠেকা, চার ফের হইলে চৌদুন ঠেকা হয়।

ছিণালী ["ছিন্ননাসিকা (নাগরিকা)" > ক্ষে॰-চ॰পদ॰ ১৮।৫, টীকা। ছিনাল দ্রঃ। প্রা॰ বৌ॰ বাং] বি, ছিনালী।

ছঁপ্ [বেত্রাদির আঘাত, আস্ফালন, পতন শব্দে-ছপ্, ছপাং, ছপাৎ বা সপ্, সপাং, সপাৎ ই॰। স=ছ] অ, বেত, ছড়ি, চাবুক ই॰র শব্দে। ~টি (ছঁ-), ~টী [সপাৎ > ছপ্ ৎ (অনু॰)+ই, ঈ (অল্পার্থে, অধিকতর অল্পার্থে বা ক্ষুদ্রার্থে ছিপ্ টী ও॰)] বি, কষা ; চাবুক।

ছালাট [সং-ছল্লী > ছাল+আট (পট্ট > পাট > আট (টুকরা অর্থে)। ছিলাট ও॰] বি, কাঠের টুকরা বা ছিলকা ; কাপড়ের ছাঁট বা টুকরা বা পটি (ছালটি দ্রঃ)।

ছিনা৩ [ছিন্ ধাতু (কাড়া১, ছো২ দ্রঃ)। ছিনি, ছিন, ছিনে ; ছিনিতে (গ্রা॰ ছিনতে); ছিনিয়া (গ্রা॰ ছিনে) ; ছিনিলাম, ছিনিলে (ছিনিলি, ছিনিলেন), ছিনিল (ছিনিলেন) ই॰। ণিজন্ত-ছিনান (বাং-য় অণিজন্তবৎ ব্যবহারও দৃষ্ট হয়)] ক্রি, কাড়া ; জোর করিয়া হস্তগত করা ; ছোঁ মারিয়া লওয়া।

ছিনানি, ছিনিনি [ছিনা৩ দ্রঃ। ছিনাই, ছিনাও (ছিনান, ছিনাস), ছিনাইতে (ক্ষে॰ ছিনাতে) ; ছিনাইয়া (ক্ষে॰ ছিনায়ে, গ্রা॰ ছিনিয়ে) ই॰] ক্রি, জোর করিয়া হস্তান্তর করান ; কাড়ান। ২ ছিনা৩ ; কাড়া।

ছিল২ [সং-অস্(থাকা) ধাতু > বাং-অচ্, অছা, আছা। হিং অছ্না, ছ ("ছতহু অছত সমান"-বিহারী॰)। অতীতে সং 'আসীৎ' > বাং 'আছিল' > ক্ষে॰ ছিল। তুল-ব্রজ॰ অছলি, ছলি ; হিং অছল। অছা, আছা দ্রঃ। ছিলাম (প্রাদে॰ উচ্চারণ ভেদে-ছিলুম, ছিলেম, ছেলাম, ছেলেম, ছেলুম। নিম্নকথ্য-ছ্যালাম। ক্ষে॰ ছিনু < প্রা॰ বাং ছিলুঁ < ছিলোঁ=হিং অছলোঁ। "ছিনু মোরা সুলোচনে, গোদাবরী তীরে"-মেঘ॰), ছিলে (ছিলেন, ছিলি), ছিল (ছিলেন) ; (আ) 'ছিতে', (আ) 'ছিয়া' ই॰ অস-ক্রি-রূপের ব্যবহার বাং-য় নাই] ক্রি, আছিল (আছা দ্রঃ) শব্দের ক্ষে॰ ; অতীতকালে বিদ্যমান থাকার ভাব : উপস্থিত ছিল, বিদ্যমান ছিল ই॰ অর্থে। বিপরীতে- ছিল না=পদ্যে, না ছিল, নাহি ছিল, (প্রা॰ বাং) ন ছিল, নহি ছিল। "নহি ছিল জল থল নহি ছিল আকাস। মেরু মন্দার ন ছিল ন ছিল কৈলাস॥"-শূ॰ পু॰।

ছিলা২ [ছুলা, ছেলা, ছোলা ও॰। সং শি ধাতু (তনূকরণে) > ছি, (ছেলা), সং-ছল্লী (ছাল ; ত্বক্) > মূলে বৃক্ষত্বক্ বা ছাল চাঁছিয়া বা ছিলিয়া তনূকরণের ভাব হতে। ছিলি, ছিল (ছিলেন, ছিলিস), ছিলে (ছিলেন) ; ছিলিতে ; ছিলিয়া ই॰। ণিজন্তে -ছিলান। ছিলাই, ছিলাও, ছিলায় ; ছিলাইতে ; ছিলাইয়া] ক্রি, উপরের ভাগ চাঁছিয়া ফেলা ; চাঁছা ; অস্ত্রাদি দ্বারা আবরণ মোচন করা। প্র-সে বাঁখারি ছিলিয়া পুঁটলে ছিপ তৈয়ার করিল। ২ বি, ছিলন ; চাঁছন।

ছিলাট [গ্রা॰ ছেলীট] ছালাট দ্রঃ।

জনাধিকার [পারিঃ] বি, ইং

franchise এর বৈজ্ঞা॰ পরিঃ; নির্ব্বাচনাধিকার; কোন মহামণ্ডলীর সভ্য নির্ব্বাচনের বিশেষাধিকার। ২ নাগরিকত্ব; নাগরিকের অধিকার।

জমি-ইস্তফা-পত্র [জমি॰ পরিঃ। জমি দ্রঃ] বি, যে পত্র দ্বারা কোন প্রজা নিজ নিজ ভোগদখলী পাট্টাই জমি স্বেচ্ছায় ত্যাগ করে।

জয়কেতে [জয়+কাত, (দিক্)+ইয়া > ক্ষে॰=জয়কাতিয়া > গ্রা॰] বিণ, যখন যে পক্ষে জয় সেই দিক্ অর্থাৎ পক্ষ সমর্থনকারী : খেলায় জিতের দিকে যোগদানকারী। প্র–জগতে জয়কেতের দলের অভাব নাই।

জলরঙ্গ (-রং) [জল দ্রঃ] বি, জলের সহিত মিশ্রিত রঙ্গ water colour. ২ ঐ রঙ্গে অঙ্কিত চিত্র। বিণ, ~া-রঙ্গা দ্রঃ।

জীবাশ্ম [জীব+অশ্ম (শিলা)। জীববিজ্ঞা॰ পরিঃ] বি, শিলীভূত কঙ্কাল; জীবাবশেষ fossil.

জুলফিকার [আ॰ জুলফিকার] বি, হজরৎ মহম্মদের যমধার তরবারি যা তিনি পরে হজরৎ আলীকে দান করিয়া যান।

জেল-ঘুঘু [জেল (দ্রঃ)+ঘুঘু (যে পাখী নির্জ্জনতা প্রিয়)। ইং Jailbird এর বঙ্গানুবাদ] বি, যে বার বার অপরাধ জন্য কারাবাস করে ও মেয়াদ অন্তে পুনরায় অপরাধ করিয়া জেলে যায়; জেলবাসে অভ্যস্ত অপরাধপ্রবণ ব্যক্তি; পুরাতন পাপী। "* * অপরাধে * * জনৈক জেলঘুঘু * * ম্যাজিষ্ট্রেট কর্ত্তৃক ১৫ মাস সশ্রম কারাদণ্ড ** প্রাপ্ত হইয়াছে।" -আ॰ পত্রিকা, ১৬-১-৩৬।

জ্যালজ্যাল, [জলজল (দ্রঃ) >, অবজ্ঞার্থে, গ্রা॰] অ, অসুন্দর ভাবে জলজল করার ভাব। > বিণ, জ্যালজেলিয়া, [জ্যা॰ + ইয়া। > ক্ষে॰ জ্যালজেলে] অশোভন ভাবে জ্বল জ্বল করে এমন; অসুন্দর ভাবে উজ্জ্বল।

জ্যালজ্যাল, [জাল (দ্রঃ)+জাল (সাদৃশ্যার্থে দ্বিত্ব)] অ, যেন জাল; জালের মত ফাঁক ফাঁক। > বিণ, জ্যালজেলিয়া, [জাল (তুচ্ছার্থে 'জ্যাল')+জাল+ইয়া। > ক্ষে॰ জ্যালজেলে,] ফাঁক ফাঁক বুননের বা বিরলসূত্র এমন (বস্ত্র)। প্র–কাপড়খানা এত পাতলা যেন জ্যা॰ করচে।

ঝাঁকড়া [ঝাঁক (রাশি)+রা=ড়া (যুক্তার্থে), অথবা ঝাবুক (ঝাউ)+ড়া (সাদৃশ্যে)=ঝাবুকড়া > ঝাউকড়া (ঝাউএর মত লম্বা, ঝুমঝুমে বা থোবা থোবা)] বিণ, চুলের রাশি যা চারিদিকে ঝুলিয়া থাকে; আলুলায়িত; অবিন্যস্ত।

ঝিনঝিনিয়া [ঝিন্‌ঝিনি দ্রঃ] বি, ঝিন্‌ঝিনি রোগ; যে রোগে সর্ব্বাঙ্গ থর থর করিয়া কাঁপিতে থাকে এবং অসাড় করিয়া ফেলে (কিছুদিন হইল এই রোগ এ দেশে প্রবলভাবে দেখা দিয়াছিল, অধুনা বড় শুনা যায় না)।

টাঁই-টাঁই [টান দ্রঃ। টান-টান >, গ্রা॰] অ, টান-টান; টাইট; এতদূর পূর্ণ যে সামান্য অবকাশও নাই এমন।

নেচ্ছ [সং-নৃত্য > প্রা॰ বৌ॰ বাং প্রাক্] বি, নৃত্য; নাচ। ক্রি, ণচ্ছংতেঁ [সং-নৃত্যন্তি] নাচে; নাচিতেছে। "দুধ মাঝেঁ লড় ণচ্ছংতেঁ দেখই।" –চ॰ পদ॰ ৪২।৪।

তওবা [আ॰ তওবাহ্ > বাং-য়-তোবা। মু॰ বাং-য় তাওবা] বি, অনুতাপ Penitence. ২ শপথ করিয়া পূর্ব্ব বিশ্বাস বা পাপপ্রবৃত্তি ত্যাগ করা recantation; abjuration. "পাপীকে পাপ হইতে তাওবা করিয়া এবাদতে (=উপাসনায়) রত হওয়া ফরজ্" [=ঈশ্বরাদেশ ও অবশ্য কর্ত্তব্য]–দরবেশ জীবনী। "হে আমার মাবুদ [=উপাস্য দেবতা] আমি মুক্তি পাইবার আশায় সকল প্রকার গোনাহ্ [দোষ, পাপ] হইতে কায়মনোচিত্তে তাওবা করিতেছি।"–ঐ।

তলানি [তলা >। নামধাতু। তলাই, তলাও, তলায়; তলা হ'তে; তলাইয়া (ক্ষে॰ তলিয়ে) ক্রি, তলদেশে যাওয়া; গর্ভে বিলীন হওয়া। "যে সব অভাবে দেশ অন্তরে বাহিরে মৃত্যুর তলায় তলাচ্ছে তার প্রতিকারের অতি ক্ষীণ উপায় দেউলে দেশের মতোই"–রবী॰।

তাথ্যিক [তথ্য+ইক (ষ্ণিক)] বিণ, তথ্যজ; সত্যানুসন্ধানে প্রাপ্ত। "প্রাথমিক শিক্ষার ব্যবস্থা এখনকার চেয়ে আগে প্রচুর ও ব্যাপক ছিল, তাহা আমরা বার বার তাথ্যিক সংজ্ঞ সহযোগে * * * প্রমাণ করিয়াছি।" –রবী॰ (প্রবাসী, ফাল্গুন, ১৩৪২)।

তোতাপুরী [তোতা (< টোটা= cartridge আকৃতি)+পুর (ছানার পুর)+ঈ (স্বার্থে)] বি, ছানার পুর-দেওয়া লম্বা ও স্থূল পান্তুয়াবৎ মিষ্টান্নবিঃ।

ত্বরণ [বলবিদ্যা॰ (ক॰ বিশ্ব॰ পরিঃ)] বি, ইং acceleration এর বৈজ্ঞা॰ পরিঃ।

কৌনিক ত্ব॰ angular acceleration.

দত্তি, [সং-দৈত্য > প্রা॰ বৌ॰ বাং প্রাকৃ॰। গ্রা॰ দত্যো, দতি (ত্তি)] বি, দৈত্য। "অহিমাণ দোষেঁ * * তেন দুসই সঅল জানই সো দত্ত॥"–দো॰ ৯৫।

দর্শণধারী–"গাছের পাতাকে দর্শনধারী আকারে ঝাঁকড়া করে তোলবার খাতিরে।"

দহর, [দহর, (দ্রঃ) > ডহর (দ্রঃ)। দ=ড] বি, নাবাল জমি। ২ গভীর পাত্র যাতে পান জলে ডুবান থাকে।

-দিগ [দি॰ দ্রঃ। সম্বন্ধে-দিগর, দিগের। কর্ম্মে ২য়া রূপ, দিগকে, দিগে, দিগ্যে] অ, আদি; গণ; সকল; সবা।

-দিগ্যে [দিগ, দিগর দ্রঃ। মধ্য বাং, আধু॰ বাং-দিগকে। বহুবচনান্ত বিভক্তি] অ, দিগকে; গণকে। "সন্দিগ্ধ হইলে তন্নিবারণার্থ পণ্ডিতদিগ্যে জিজ্ঞাসা করিবেক" * * * "কলিকাতার অনেক ভাগ্যবান লোক আপন সন্তানদিগ্যে অপূর্ব্ব আভরণ ও বস্ত্রাদি দেন * *"–কলিকাতা কমলালয়, ১৮৪৪ (পুন-প্রচার, ব্র॰ বন্দ্যো॰ সং)। "তবে তাহারদিগ্যে ক্লেশ দেন"–ঐ। "ভারগ্রস্ত ব্যক্তিদিগ্যে"–ঐ।

দিবাকীর্ত্তি [দিবাকর (সূর্য্য=সবিতা) বিদ্যমান থাকিতে অর্থাৎ দিবাকালে (সূর্য্যাস্তগমনে বা সবিতার অদর্শনে নহে) অনুষ্ঠেয় কর্ম্ম (কীর্ত্তি) যার] বি, নাপিত [দ্রঃ-সমগ্র বৈদিক সাহিত্যে, সাংনে, ভবদেব পদ্ধতিতে সামবেদের মন্ত্র মধ্যে নাপিতকে সবিতা (সূর্য্য) রূপে মনন করিতে বলা হইয়াছে। "যৎ যদা হে দেব সবিতঃ

সংস্কারক পুরুষঃ বা যং বপ্তা কেশানাং ছেত্তা নাপিতঃ"-সায়ন ভাষ্য]।

ঢুন্ধাক্ষ [সং] বি, ঢুন্ধপাষাণ; বজ্রাভ (দ্রঃ)।

ঢুর্জন [প্রাং ঢুর্জ্ (রত্নমঞ্জুষা) > বস্ত্রাধার] বি, পাঠশালার পড়ুয়াদের বহি-খাতা, কাগজ কলম ইং বাঁধিয়া রাখিবার বস্ত্রখণ্ডবিঃ। যার তিন পার্শ মুড়িয়া চতুর্থ-পার্শ্বের সংলগ্ন রজ্জু দিয়া বাঁধা যায়। ঐরূপ বস্ত্রখণ্ডে আদালতের নথিপত্র, ভুর্জ্জপত্রাদিতে লিখিত প্রাচীন পুঁথি ইং বাঁধিয়া রাখা হয়; খুঙ্গি। তুল-ইং knapsack, kit-bag ইং।

ঢুরেক্ষণ [পদার্থ বিদ্যা (কং বিশ্ব পরিঃ)। দুর+ঈক্ষণ] বি, ইং television এর বৈজ্ঞাং পরিঃ।

ঢুলো [দুর্লভ > প্রাং দুর্লব, দুল্লোব > দুর্লবা, দুলো (অতি পরিচয়ে, অবজ্ঞায়)। আদরার্থে-দুলু] বি, পিতামাতার আদরের পুত্রের নাম ; দুর্লভ (পরিশিঃ দ্রঃ)। "দুর্লবা হয়েছে কবি মারত্তেছে বাহার। ** দুলো গিয়ে গুলো পিঠে বেঁধে কুলো।"-ঈং গুপ্ত (প্রভাকর)।

ধামার২ [অনুং। হিং ধমার ("नटी की उच्छल कुद, होली में गाने का एक ताल; होली में गाने का एक प्रकार का गीत।" —हिं० श० सा०) > । ধমালও। র=ল] বি, হিন্দুস্থানে দোল পূর্ণিমায় হোলী উৎসবে গেয় গীতবিঃ। ২ হোলী গানের তালবিঃ। ৩ পাখোয়াজের তালবিঃ। > বিণ, ধামারী [হিং ধমারিয়া >] যে ধামার গান করে। ২ ধামার তালে গানকারী।

ন৬ [সং-অস্তি বিভক্তি > প্রাং বাং-র এন্ত > এন > ন] অ, বহুবচনান্ত সম্রমার্থক বিভক্তি, যথা-করিলেন্ত। প্র-উল্লুক বোলেন্ত জুকতি শুন নারায়ন। আধুং বাং-র মাত্র সম্রমার্থক। প্র-তিনি বলিলেন, এইরূপ-করেন, কহেন, কন ইং।

ননাস [ননন্দ শ্বশ্রূ > ননদশাস > ননাস] বি, পতির জ্যেষ্ঠা ভগিনী [দ্রঃ-পতির জ্যেষ্ঠা শ্বশ্রূতুল্যা, বলিয়া। তুল-পতির কনিষ্ঠা ভগিনী=ননন্দ > ননদ, ননদিনী, ননদী (হিং ননদীয়া)]।

নবনক্তা [নব (৯) + নক্ত (রাত্রি) + আ (বার্থে)। প্রাং নত্তা (দ্রঃ)] বি, জাত শিশুর জন্মের নবমরাত্রিতে কৃত্য কর্ম্ম। "আট দিনে কৈল আট কলাই ধর্ম্মকেতু। নয় দিনে নং কৈল শুভহেতু।"-কবিকং।

নয়নপুট ক [সং] বি, নেত্রপুট; চখের পাতা। "শ্রীপ্রভুর রূপলাবণ্য সুধা নং দ্বারা পান করিতে লাগিলেন।"-চৈংচং (লোচনং)।

নিঅম [নিয়ম (দ্রঃ) > প্রাকৃং। প্রাং 'নেম'ও। পাঠান্তরে 'নিম' (শূংপুং টীকা-চাং বন্দ্যোং)] বি, নিয়ম; সংযম। "নিয়ম ধর পাল সনিবার"- শূং পুং। নিঅমর=নিয়মের ; সংযমের। "নিঅমর ফোঁটা লব মন হএ সুচি"-শূং পুং।

নিপ্পঙ্, নিপ্পন্ [জাপান দ্রঃ। কোরিয়ার ভাষায়-নিতি (সূর্য্য) + পঙ্ (উৎপত্তি, উদয় স্থল) > নিতিপঙ্ (সূর্য্যোদয়ের দেশ, কোরিয়া হতে জাপানের দিক হতে সূর্য্যোদয় হয় বলিয়া নাম) > নিপ্পঙ্ (ন্)] বি, জাপানের প্রকৃত ও দেশীয় নাম; জাপান। বিণ, নিপ্পনী-নিপ্পনবাসী ; জাপানী। দাই নিপ্পঙ্-জাপানের জাতীয় হর্ষরব।

নির্জ্ঞান [পারিঃ] বিণ, ইং unconscious এর বৈজ্ঞাং পরিঃ; চেতনাতীত (হিং কোং)। "মানুষের মনের নির্জ্ঞান প্রদেশের রহস্যের সঙ্গে যদি আমরা পরিচিত হতে পারি * * "-দেশ, ৯-৩-৩৬।

নিসেবন [নিষেবন দ্রঃ। নি (নিয়ত, সম্যক্)-সেবন (সেবা)। নি পূর্ব্বক সেব্, সিব্ ধাতুর স 'ষ' হয়, কিন্তু সং ষত্ববিধান প্রাং বাং-র কোন কোন গ্রন্থে রক্ষিত হয় নাই] বি, নিষেবনের সেবাদি সকল অর্থে। "হে রাম! হে কৃষ্ণ! পদে করি নিবেদন। কৃপা করি অকিঞ্চনে, দিয়া পদ নিসেবনে, কেন পুনঃ করিলে হরণ॥"-দশমূলরসং (বিং গোস্বামী)। "প্রতিজন্মে ** নিসেবনে যেন মুই শ্রীপাটেতে রহিবারে পাই"-ঐ। বিণ, নিসেবিত-উপাসিত। ২ উপভুক্ত। ৩ আশ্রিত। ৪ রক্ষিত। ৫ ব্যবহৃত।

নৃতত্ত্ব [নৃ (নর, মানুষ) + তত্ত্ব (বিজ্ঞান)] বি, নৃকুলবিদ্যা (দ্রঃ) ; নৃজাতিবিজ্ঞান ethnology.

নৈরাজ্যবাদ [রাজনৈতিক পরিঃ] বি, অরাজকতা ; গোলমাল ; বিপ্লববাদ anarchism. -ী-বিণ, বিপ্লবপন্থী; অরাজকতাবাদী anarchist. "পরে গোলমাল বাধে কার্ল মার্ক্স্ ও নৈরাজ্যবন্দী (এনার্কিষ্ট) বাকুনিনের মধ্যে।"-আংপত্রিকা, ১২-৩-৩৬।

ন্যাদ [নি + অদ্ (ভোজনে) + অ (ভাং)] বি, ভোজন।

পঁদ৩ [প্রাদেং বীরভূম] বি, টা ; খণ্ড ; খানা। প্র-তিনপদ গহনা।

পাঁম [ফরিদংপ্রাদেং] বিণ, নরম ; ভিজা ; সেঁতান moist. প্র-ঐ জমি বেশী পম ** ইং।

পরজীবী২ [জীববিদ্যাং পরিঃ (যোং রায়)] বি, ইং parasite এর বৈজ্ঞাং পরিঃ ; পরাশ্রিত (রবীং)।

পরপরায়ণ [পরই হইয়াছে পর (শ্রেষ্ঠ) + অয়ণ (আশ্রয়) যার, বংং] বিণ, পরহিতব্রতী। স্ত্রীং -া।

পরিলেখ [পরিঃ (হিং কোং) বি, ইং diagram এর বৈজ্ঞাং পরিঃ ; রেখাঙ্কন দ্বারা বল, ক্রমিকগতি ইং-র সাঙ্কেতিক চিত্র ; নক্সা।

পরিষৎপতি [পরিষদ্ দ্রঃ। পরিঃ] বি, ইং president এর পরিঃ ; সভাপতি। উপপরিষৎপতি-vice-president.

পর্ণপরাণ [উদ্ভিদ্ং পরিঃ (রবীং)] বি, ইং vein (of leaf) এর বৈজ্ঞাং পরিঃ ; পাতার শিরা rib of a leaf.

পাঁচি করা [রঙ্গপুর প্রাদেং] ক্রি, বিভাগ করা divide.

পাক৭-পাইক দ্রঃ। -বেলের পাক [প্রাং। বেষ্ট (প্রদক্ষিণ) > বেড় > বেল, পাইক > পাক] বি, ডাকাতির সময় যে খেলোয়াড় প্রহরী ডাকাতিস্থলের চতুর্দ্দিকের পথ প্রদক্ষিণ করে বা ঘাঁটি আগলায়।

পাতুড়ি (ড়ী) [পত্র + ল (সাদৃশ্যে) > পত্তল(ড়) > > পাতল (হিং পাতর)

> স্ত্রীং পাণ্ডলী > উচ্চারণবিকারে পাতুলী > পাতুড়,-ড়ী] বিণ, অতি কৃশা। পুং পাতুড়িয়া, পাতুড়ে (তুল-রোগা দড়ী, রোগা দোড়ে ইং)।

পিতুড়ে [পিত্ত > পিত + উড়িয়া > পিতুড়িয়া > গ্রাং পিতুড়ে] বিণ, পিত্ত পড়াইয়া আহার করিতে অভ্যস্থ থাকায় কৃশ, রোগপ্রবণ ও দুর্বল; পাকতেড়ে। স্ত্রীং পিতুড়ী।

প্রগ্রাম [পারিঃ] বি, কার্য্যপরম্পরার পূর্ব্বলেখ; ভাবী কার্য্যক্রমের তালিকা programme.

প্রতিলিপি [প্রতি-লিপি] বি, অনুলিপি; লিপির নকল copy; transcript; facsimila.

প্রধুমি [প্রধূমিত হইয়া প্রধূমিয়া > পদ্যে কেং] অস-ক্রি, প্রধূমিত হইয়া। "বিশ্বজিত যজ্ঞে তত্র তুমি মনঃকুণ্ড উঠিছ প্রধূমি।"-সং দত্ত।

ফাগুনী [ফাগুন + ঈ (সম্বন্ধার্থে)] বিণ, ফাগুনে; ফাল্গুন মাসের। "চান্দা নদীর কিনারে কিনারে ফাং হাওয়ায় ভেসে?"-সং দত্ত।

ব-শ্রুতি [য-শ্রুতি (দ্রঃ)র অনুরূপ] বি, লুপ্ত ব্যঞ্জন-ধ্বনির স্থলে অন্তঃস্থ 'ব'-র আগম। প্রাকৃং ও হিং-তে ব পাওয়া যায়। বাং য় 'য়' রূপেই লিখিত হয়; যথা-শূকর > সূঅর > হিং সূবর, বাং-শূয়র, শূওর।

ব্যঙ্গ₂ (বব্-) [বি (বিগত, বিকল) + অঙ্গ] বিণ, অঙ্গবিহীন; হীনাঙ্গ। ২ বিকলাঙ্গ। ৩ বি, ভেক। ৪ মুখে কাল দাগোৎপাদক রোগবিঃ। ~ঙ্গিত [বি + অঙ্গ + ত (র্থ)] বিণ, বিকলীকৃত।

মঙ্গলানি [মঙ্গল (দ্রঃ) + আন (ক্রিয়ার)]। গ্রাং মঙ্গলানি, মঙলানি। মঙ্গলাই,-লাও,-লায়; -লাইতে; -লাইয়া (কেং মুঙ্গলে)। মঙ্গলন দ্রঃ] ক্রি, মঙ্গলবিধান করা; শুভসূচনা করা; মঙ্গলাচার করা। প্র-হাঁড়ী বা ঘট মঙ্গলান।

মঙ্গলিয়া, মঙ্গলী [মঙ্গল + ইয়া (সম্বন্ধে)। গ্রাং মুঙলী। প্র-মুঙ্লী হাঁড়ী] বিণ, মঙ্গল বা সৌভাগ্যসূচক; মঙ্গলাচারে ব্যবহৃত; শুভ বা কল্যাণোদ্দেশে স্থাপিত বা প্রতিষ্ঠিত। প্র-মং হাঁড়ী, ঘট ইং।

মনা [মন + আ (যুক্তার্থে)] বিণ, মন; বিশিষ্ট; মনস্ক; নিবিষ্টচিত্ত। অনন্য-মনা -বিণ, একমন; এক বিষয়ে নিবিষ্টচিত্ত; একাগ্র। অন্যমনা- বিণ, আনমনা; অমনোযোগী; বিক্ষিপ্তচিত্ত। দোনামনা -বিণ, দোমনা; দুই বিপরীত বিষয়ে মননকারী। ২ দোভাবা। ৩ সন্দিগ্ধচিত্ত; অব্যবস্থিত বা অস্থির চিত্ত। "তবুও দোনামোনা করিয়া লিখিলাম"।

য-শ্রুতি [প্রাকৃত বৈয়াকরণগণ কর্তৃক ব্যবহৃত শব্দ] বি, দুই স্বরবর্ণের মধ্যস্থ ব্যঞ্জনবর্ণ লোপ পাইলে, শূন্যস্থান পূরণ করিয়া প্রাকৃতে (বিঃ জৈন প্রাকৃতে) এবং আধুং আর্য্যভাষায় যে অন্তঃস্থ 'য়'-কারের আগম হয়, যথা-কেতক > কেঅঅ > কেয়া, সাগর > সাঅর > সায়র (দ্রঃ। সায়ার, সায়ের ওং)। বদন > বঅণ > বয়ান।

লিহুদী-ইহুদী দ্রঃ।

লাইমজুস [ইং lime-juice এর লিপ্যন্তর] বি, কাগজী বা পাতি নেবুর রস। ~এণ্ড সোডা-বি, লেমনেড অপেক্ষা ঈষৎ অম্লমধুর বুদ্বুদান্বিত সোডানিসুপানক lime-juice & soda.

লেখা₂ [লিখা দ্রঃ। লেখি, লেখ (লেখেন, লেখিস), লেখে (লেখেন); লেখিতে; লেখিয়া। পিতৃস্ত-লেখান। সাধাং কথ্য ভাষায়] ক্রি, লিখা to write. ২ লিপিবদ্ধ করা; ঢোকা। ৩ রচনা করা। প্র-প্রবন্ধ লেখা।

লেমি(মো)নেড [ইং lemonade এর লিপ্যন্তর। লিমনেড ওং] বি, অঙ্গারায় বাষ্প সম্পৃক্তি বুদ্বুদান্বিত নেবুগন্ধযুক্ত চিনি ও সোডা মিশ্রিত পানীয়; নিম্বুপানক।

সংখ্যাধিক্য [সংখ্যা(য়) + আধিক্য] বি, অর্দ্ধাধিক সংখ্যা; সংখ্যাগরিষ্ঠ-শ্রেণী majority. "আর এক শ্রেণীর লোককে তিনি উপেক্ষা করিয়া গিয়াছেন উহারাই কিন্তু দেশের মধ্যে সংখ্যাধিক্য।"- আং পত্রিকা, ২২-৫-১৩৪২। ~ল্পতা [সংখ্যা(য়) + অল্পতা] বি, সংখ্যা- লঘুশ্রেণী minority.

সমিধ্যে [সং-সমধ্য > গ্রাং] ক্রি-বিণ, সহকারে; সঙ্গে; সমভিব্যাহারে।

সোঁদা₂ [কাং-সাদা (অনলঙ্কৃত, খালিblank, plain ইং) > সোঁদা] বিণ, টিকা দেওয়া হয় নাই, এমন। ২ সংক্রামক ব্যাধির সময় যে বা যারা অনাক্রান্ত (unaffected) থাকে এমন। "** সোঁং বালক-বালিকাদিগের ** সেবন করান উত্তম প্রতিষেধক।"-পারিবারিক চিকিৎসা (সং চং ভট্টাচার্য্য এণ্ড কোং)।

স্পেশাল [ইং Special এর লিপ্যন্তর।] বি, বিশেষ রেলগাড়ী special train (Ry.)। "'কাশ্মীর-দ্বারকা স্পেশাল' বাঙ্গালী ভদ্রসন্তান দ্বারা পরিচালিত"-বিজ্ঞাপন। "আমাদের তীর্থযাত্রা চতুর্থ স্পেশাল ট্রেনের আয়োজন * *"-ঐ। ২ [পুলিশ] বিশেষ কনেষ্টবল special constable. ৩ [সংবাদং] নিজস্ব সংবাদদাতা special correspondent (to a newspaper)। ৪ সংবাদপত্রের বা পত্রিকার বিশেষ সংস্করণ বা ক্রোড়পত্র special edition of news-paper or magazine; supplement.

হুলাই [যশোং প্রাদেং] বি, বিক্রমপুর অঞ্চলে প্রচলিত জাগ গানের ন্যায় যশোহর জেলায় পৌষ সংক্রান্তির পূর্ব্বে স্থানীয় অনুন্নত শ্রেণীর মুসলমানগণ কর্তৃক রাত্রিতে গেয় গ্রাং ছড়া গান। এই গান গাহিয়া গৃহস্থদের নিকট হতে যে চাউল সংগৃহীত হয়, তাতে সংক্রান্তির দিন পিষ্টকাদি প্রস্তুত করিয়া সকলে একত্রে বসিয়া ভোজন করে। অধুনা হুলাই গান প্রায় লোপ পাইয়া আসিয়াছে।

পরিশিষ্ট (খ)

সমোচ্চার্য্য শব্দাভিধান

অংশ-বিভাগ।
অংস-স্কন্ধ।
অজগর-বৃহৎ সর্প।
অজাগর-নিদ্রিত।
অণু-সূক্ষ্মতম পদার্থ।
অনু-পশ্চাৎ।
অদিন-অশুভ দিন।
অদীন-অকাতর ; ধনী।
অনিল-বায়ু।
অনীল-নীল নহে।
অনিষ্ট-অহিত।
অনিষ্ঠ-নিষ্ঠাহীন।
অন্ত-শেষ।
অন্ত্য-অপকৃষ্ট ; নীচ।
অন্ন-আহার্য্য।
অন্য-অপর।
অন্নদা-অন্নদাত্রী।
অন্যদা-অন্যদিন।
অন্নপুষ্ট-আহারপুষ্ট।
অন্যপুষ্ট-পরভৃৎ।
অবতংস-কর্ণভূষণ ; শিরোভূষণ।
অবদংশ-মদ্যাদির চাট।
অবদ্য-নিন্দ্যনীয়।
অবধ্য-বধের অযোগ্য।
অবদান-সৎকর্ম্ম।
অবধান-মনোযোগ।
অবলম্বিত-গৃহীত।
অবিলম্বিত-দ্রুত।
অবিরাম-অবিশ্রান্ত।
অভিরাম-সুন্দর।
অবশ-অবাধ্য ; অনধীন।
অবস-রাজা ; সূর্য্য।
অবহিত-নিবিষ্ট ; সতর্ক।
অবিহিত-অন্যায়।
অভিহিত-কথিত ; উক্ত।
অভিত-সম্মুখে ; চতুর্দ্দিকে।
অভীত-নির্ভয়।

অভ্যাশ-সমীপ।
অভ্যাস-চর্চ্চা ; শিক্ষা।
অমুক-নির্দ্দিষ্ট।
অমূক-মূক নহে।
অর্ঘ-মূল্য।
অর্ঘ্য-পূজা।
অলিক-কপাল।
অলীক-মিথ্যা।
অশক্ত-অক্ষম।
অসক্ত-নির্লিপ্ত।
অশঙ্খ-শঙ্খহীন।
অসংখ্য-সংখ্যাহীন।
অশন-ভোজন।
অসন-ত্যাগ।
অশিত-ভক্ষিত।
অসিত-কৃষ্ণ।
অশীলতা-অশিষ্টতা।
অসিলতা-তরবাল।
অশূর-অবীর।
অসুর-দৈত্য।
অশ্ব-ঘোড়া।
অস্ব-নিজের নয়।
অশ্ম-প্রস্তর। ২ শৈল। ৩ মেঘ।
আণ-শব্দ।
আন-অন্য।
আণক-ক্ষুদ্র।
আনক-দুন্দুভি।
আপ্ত-প্রাপ্ত।
আর্ত্ত-পীড়িত।
আত্ম-নিজ।
আপ্ত-বিশ্বস্ত।
আদি-প্রথম।
আধি-মনঃপীড়া।
আপণ-দোকান।
আপন-স্বীয়।
আভাষ-আলাপ।
আভাস-ঈষৎ প্রকাশ।

আশা-ভরসা।
আসা-আগমন।
আশি, আশী-৮০।
আসি-আগমন করি।
আশিয়া, আসিয়া -প্রাচীন মহাদেশ।
আসিয়া-আগমন করিয়া।
আশীস্-আশীর্ব্বাদ।
আশীষ-আশীর্ষ।
আষাঢ়-পলাশদণ্ড ; বাং তৃতীয় মাস।
আষার-বৃষ্টি।
আস্তিক-বেদবিশ্বাসী।
আস্তীক-মুনি জরৎকারুর পুত্র।
আহুতি-হোম।
আহূতি-আহ্বান।
ইতি-এই পর্য্যন্ত।
ঈতি-ষড় বিধ শস্যঘ্ন উৎপাত।
ইষ-আশ্বিন।
ইস্-বিস্ময়ে।
ঈশ-ঈশ্বর।
ঈষ-লাঙ্গলদণ্ড।
ইহা-এই।
ঈহা-ইচ্ছা। ২ চেষ্টা।
উনি-তিনি।
ঊর্ণী-পশমী।
উদ্বৃত্ত-প্রবৃত্ত
উদ্ধত-অবিনীত।
উপাদান-গঠনোপকরণ।
উপাধান-বালিশ।
উপাসিত-সেবিত।
উপোসিত-কৃতোপবাস।
ঋণ-কর্জ্জ।
রীণ-গত। ২ ক্ষরণশীল।
ঋত-সত্য।
রীত-প্রথা।
ঋতি-পথ। ২ গতি।

রীতি-প্রথা।
ঋষ্টি-দ্বিধার অসি।
রিষ্টি-অমঙ্গল।
এতাবতী-এ পর্য্যন্ত ; এ পরিমাণ।
এতাবৎ-ইহা বা এই ও।
এণ-কৃষ্ণসার মৃগ।
এন-দোষ ; পাপ।
কটি-কোমর।
কোটি, টী-শতলক্ষ। ২ অগ্র।
কমল-পদ্ম।
কোমল-নরম।
কল্মষ-পাপ।
কল্মাষ-কৃষ্ণবর্ণ।
কশা-চাবুক।
কষা-কষায় রস।
কসা-এঁটাল।
কাচ, কাচ-পরকলা।
কাচ-কৌশল।
কুট-দুর্গ।
কূট-জটিল।
কুল-বংশ। ২ বদরী। ৩ সমূহ।
কূল-তট।
কৃত-সৃষ্ট।
ক্রীত-মূল্যে গৃহীত।
কৃতদাস-ভৃত্যে পরিণত।
ক্রীতদাস-গোলাম।
কৃত্ত-কর্ত্তিত।
কৃত্য-করণীয়।
কৃষ্ট-কর্ষিত।

কোণ-বিদিক্।
কোন্-কে ; অনির্দ্দিষ্ট।
কোষ্ঠী-জন্মপত্রিকা।
কষ্টি-কষ্টি পাথর।
খরা-রৌদ্র।
ক্ষরা-ক্ষরণ করা।
গড়ুর-গাড়ু।

বল বল বলুক বেলা ব্যাথা অতি এ ত যুক্ত ক্ষয়, ে = া = ্য = এ = a(t), ণ=ন ষ=স স=শ=ষ সশ=S (পু গু হ্ন ম প্র স শৃ...), অনাদ্য ... অব্যক্ত

গরুড়-খগপতি।
গিরিশ-শিব।
গিরীশ-বাক্‌পতি। ২ শিব ; ৩ পর্ব্বতশ্রেষ্ঠ ; হিমালয়।
গোলক-ভাটা।
গোলোক-বিষ্ণুলোক।
চতুর্-চার।
চতুর-চালাক।
চাষ-কৃষি।
চাস-নীলকণ্ঠ বা চাস পাখী।
চিৎ-চেতনা।
চিত-চিত্ত ; কৃতচয়ন।
চিত্ত-মন।
চিত্য-অগ্নি। ২ শ্মশান।
চির-দীর্ঘ।
চীর-বস্ত্রখণ্ড।
চূত-আম্র।
চ্যুত-স্খলিত।
জব-বেগ।
যব-যব ধান্য।
জাত-উৎপন্ন।
যাত-গত।
জাত-জাতি।
যাত-যন্ত্র ; যাঁতি।
জাতি-বর্ণ ; সম্প্রদায়।
জাতী-পুষ্পবিশেষ।
জান-প্রাণ।
যান-বাহন।
জাল-ফাঁদ।
জ্বাল-অগ্নিশিখা।
জালা-বৃহৎ কলস।
জ্বালা-দহন।
জিন-বুদ্ধ।
জীন-জীর্ণ।
জ্যোতিঃ-তেজঃ ; প্রভা।
যতি-সংযমী। ২ সন্ন্যাসী।
জড়-অচেতন ; অলস।
জ্বর-রোগবিঃ।
ঠক্-শব্দ।
ঠগ-শঠ।
তক্-পর্য্যন্ত।
ত্বক-দেহাবরক চর্ম্ম।
তত্ত্ব-সত্য; তদ্ভাব; অনুসন্ধান।
তথ্য-যাথার্থ্য।
তনু-দেহ।
তনূ-কৃশ।
তদীয়-তাহার।
ত্বদীয়-তোমার।
তন্দ্রি-নিদ্রা ; আলস্য।
তন্ত্রী-বীণা।
তরণী-নৌকা।
তরুণী-নবীনা।
তুণ্ড-মুখ।
তুন্দ-জঠর।
দশন্-দশ।
দশন-দাঁত।
দশাশ্ব-চন্দ্র।
দশাস্য-দশমুখ ; রাবণ।
দার-পত্নী।
দ্বার-দরজা।
দারা-পত্নী ; নারী।
দ্বারা-কর্ত্তৃক।
দিন-দিবস।
দীন-দরিদ্র।
দীপ-প্রদীপ।
দ্বিপ-হস্তী।
দ্বীপ-জলবেষ্টিত ভূভাগ।
দুকুল-দুই বংশ।
দুকূল-দুইতট ; ক্ষৌমবস্ত্র।
দুর্-বহিষ্করণে।
দূর-ব্যবধান ; তফাৎ।
দূত-চর।
দ্যূত-পাশাখেলা।
দেবত্ব-দেবতার ভাব।
দেবত্র [প্রা° দেব ত্তর] দেবসেবার দত্ত।
দেশ-ভূভাগ।
দ্বেষ-ঈর্ষা।
দোষ-অপরাধ।
দোস্-বাহু ; ভুজ।
ধন-সম্পত্তি।
ধ্বন্-শব্দ।
ধনি-সুন্দরী।
ধনী-ধনবান্।
ধ্বনী-শব্দ।
নিরাশ-হতাশ।
নিরাস-বর্জ্জন।
নীরাশ-জলাহার।
নির্জ্জর-দেবতা।
নির্ঝর-ঝর্ণা।
নিবার-বারণ। ২ নইবার।
নীবার-উড়ি ধান্য।
নিশাত-শাণিত।
নিষাদ-ব্যাধ।
নিশিত-শাণিত।
নিশীথ-গভীর রাত্রি।
পক্ষ-পাখা। ২ মাসার্দ্ধ ; ৩ দল।
পক্ষ্ম-চক্ষুপত্রস্থ রোম।
পড়ে-পাঠ করে।
পড়ে-পতিত হয়। ২ পতিত। ৩ অযত্নসুলভ।
পোড়ে-দগ্ধ হয়।
পদ্য-কবিতা।
পদ্ম-কমল।
পরভৃৎ-কাক।
পরভৃত-কোকিল। ২ পর পালিত।
পরশ্ব-পরদিন।
পরস্ব-পরধন।
পলল-মাংস ; পঙ্ক।
পল্বল-ডোবা।
পাট-কোষ্টা jute রেশম ই°।
পাঠ-পড়া।
পাণি-হস্ত।
পানি-জল।
পিতা-জনক।
পীতা-হরিদ্রা।
পিন-সূচী।
পীন-স্থূল।
পুৎ, পুত-পুত্র।
পূত-পবিত্র।
পুষ্কর-পদ্ম। ২ তীর্থবিঃ।
পুষ্কল-প্রচুর।
পৃষ্ট-জিজ্ঞাসিত।
পৃষ্ঠ-পশ্চাদ্ভাগ।
পৌর্ণমাস-যজ্ঞবিঃ।
পৌর্ণমাসী-পূর্ণিমা।
প্রকার-রকম।
প্রাকার-প্রাচীর।
প্রকৃত-যথার্থ।
প্রাকৃত-স্বাভাবিক। ২ অশিক্ষিত।
প্রসাদ-অনুগ্রহ।
প্রাসাদ-রাজবাটী।
প্রসাধন-সুসম্পাদন।
প্রসাধনী-চিরুণী।
বল্লব-গোপ। ২ সূপকার।
বল্লভ-প্রিয়।
বঙ্গ-বাঙ্গলা দেশ।
ব্যঙ্গ-বিকলাঙ্গ।
ব্যঙ্গ্য-ব্যঞ্জনা-বৃত্তিবোধ্য।
বন্ধ-বাঁধন।
বন্ধ্য-নিষ্ফল।
বপন-বীজবোনা।
বপনী-মাকু।
বর্জ্জ্য-ত্যাজ্য।
বর্য্য-শ্রেষ্ঠ।
বর্ণ-রঙ।
ব্যর্ণ-ক্লিষ্ট।
বাণ-শর।
বান-বন্যা।
বলি-অর্ঘ্য।
বলী-বলবান্।
বলিন-শ্লথমাংসযুক্ত।
বলীন-বৃশ্চিক।
বাণি, বাণী - সরস্বতী ; বাক্য।
বানি-পারিশ্রমিক ; শুল্ক।
বিট-লম্পট। ২ বিট পালম শাক। ৩ বিট চিনি।
বীট-বিট পালম ; বিট চিনি।
বিত্ত-ধন।
বৃত্ত-মণ্ডল।
বৃত্য-বরণীয়।
বিদুর-পাণ্ডুভ্রাতা ; জ্ঞানী।
বিদূর-সুদূর।
বিনা-ব্যতীত।
বীণা-তন্ত্রী বাদ্য।

যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible]

বির্বর-গর্ত।
বীর্বর-জলজন্তুবিঃ।
বিবৃতি-ব্যাখ্যা।
বিবৃত্তি-ঘূর্ণন।
বিল্-চালান ; রসীদ।
বিল-জলাভূমি ; বিল্ল।
বিল্ল-নিম্ন জলাভূমি।
বিল্ব-বেল।
বিশ-২০।
বিষ-গরল।
বিস-মৃণাল।
বৃন্ত-বোঁটা।
বৃন্দ-শতকোটী সংখ্যা।
বৃষ্টি-বর্ষণ।
বৃষ্ণি-যদুবংশ ; শ্রীকৃষ্ণ।
বিস্মির্ত-চমৎকৃত।
বিস্মৃত-কৃতবিস্মরণ।
বেণ-পৃথুরাজার পিতা।
বেন-বিমান।
বেদ-শ্রুতি।
বেধ-বেধন ; বিদ্ধকরণ।
ব্যর্সন-দুঃখ ; বিপদ।
বর্সন-বস্ত্র।
ভাণ-ছল।
ভান-প্রকাশ।
ভার্ষণ-কথন।
ভার্সন-আভাস ; দীপ্তি।
ভাষা-কথা।
ভাসা-প্রকাশ ; আভা ; অবলম্বন।
মণ-৪০ সের।
মন-চিত্ত।
মতি-বুদ্ধি।
মোতি-মুক্তা।
মরীচি-কিরণ।
মরীচিকা-বারিভ্রম।
মহিত-পূজিত।
মোহিত-মুগ্ধ।
মাণ-কচু।
মান-পরিমাণ। ২ মাত্র ; ৩ অভিমান।
মুখ-আস্য।

মূক-বোবা।
মুর্ষ(শ,স)ল-মুদ্গর।
মুর্ষলী-টিকটিকি।
মেদ-মজ্জা ; চর্বি।
মেধ-যজ্ঞ।
যজ্ঞ-হোম।
যোগ্য-উপযুক্ত।
যতি-মুনি।
জ্যোতিঃ-দীপ্তি।
যাগ-যজ্ঞ।
জার্গ-জাগরিত হও।
যুগ্ম-যোড়া।
যুগ্য-বাহন।
রাগিণী-সঙ্গীতের রাগপত্নী।
রাগি নি-রাগ করি নাই।
রিক্ত-শূন্য।
রিক্থ-ধন।
রুক্ম-কাঞ্চন।
রুক্ষ-কর্কশ।
লক্ষ-শতসহস্র।
লক্ষ্য-দ্রষ্টব্য ; উদ্দেশ্য।
লক্ষণ-চিহ্ন।
লক্ষ্মণ-রামভ্রাতা।
শং-ভাল ; সুখ।
সং-সম্যক্।
সঙ্-বিদূষক।
শর্ক-শকাব্দ।
সর্ক-বাসনা ; সাধ।
শর্কট-গাড়ী।
সর্কট-সেওড়া গাছ।
শর্কল-খণ্ড।
সর্কল-সমস্ত।
শকুল-শোলমাছ।
সকুল-একগোষ্ঠী।
শকৃৎ-বিষ্ঠা।
সকৃৎ-একবার।
শক্ত-সমর্থ।
সক্ত-আসক্ত।
শঙ্কর-শিব।
সঙ্কর-মিশ্র।
শঙ্খ-শাঁখ।
সংখ্য, সঙ্খ্য-সংখ্যাযোগ্য।

শঙ্খক-হাতের শাঁখা।
সঙ্খ্যক, সংখ্যক-সংখ্যা-বিশিষ্ট।
শন-পাটজাতীয় সূত্রল ক্ষুদ্র বৃক্ষবিঃ san hemp ; flax.
সন-বৎসর।
স্বন-শব্দ।
শত-১০০।
স্বতঃ-আপনা হতে।
শতী-শতযুক্ত।
সতী-সাধ্বী।
শপ্ত-শাপগ্রস্ত।
সপ্ত-সাত ; ৭।
শব-মৃতদেহ।
সব-সমস্ত।
শবল-কর্বূর বর্ণ।
সবল-বলবান্।
শম-শান্তি।
সম-তুল্য।
শমন-যম।
সমন-আদালতের ডাক।
শমীর-ক্ষুদ্র শমীবৃক্ষ।
সমীর-বায়ু।
শম্বর-শম্বরাসুর ; মৃগ।
সম্বর-জল। ২ সংবরণ।
শয্যা-বিছানা।
সজ্জা-পোষাক।
শর-বাণ।
সর-মাখন।
স্বর-কণ্ঠধ্বনি।
শরণ-আশ্রয়।
স্মরণ-স্মৃতি।
শর্ব্ব-শিব।
সর্ব্ব-সমস্ত।
শশা-ফলবিশেষ
স্বসা-ভগিনী।
শরল-বৃক্ষবিশেষ।
সরল-ঋজু ; অকপট।
শান-পাথর।
সান-সংজ্ঞা।
স্বান-শব্দ।
শাত-সুখ।

সাত-সপ্ত ; ৭।
শাদ-কর্দম ; শষ্প।
স্বাদ-আস্বাদন।
শাদি, শাদী-বিবাহ।
সাদী-অশ্বারোহী।
শান্ত-শিষ্ট।
সান্ত-অন্তযুক্ত।
শাপ-অভিশাপ।
সাপ-সর্প।
স্বাপ-নিদ্রা।
শাম-শান্তি।
শ্যাম-কৃষ্ণ।
সাম-বেদ ; মন্ত্র ; গান।
শাম্ভবী-দুর্গা।
সাম্ভবী-সম্ভাবনা। ২ রক্তলোধ্র।
শার-কর্বূর বর্ণ ; সতরঞ্চ খেলার বোড়ে।
সার-মজ্জা ; নির্য্যাস।
শারদ-শরৎকালোৎপন্ন।
সারদ-সারদানকারী; শ্রেষ্ঠদ।
শারদা-দুর্গা। ২ সরস্বতী। ৩ বীণা।
সারদা-সরস্বতী।
শারি পাশার গুটি।
সারি,সারী-শালিক পাখী। ২ শ্রেণী।
শাল-শাল গাছ। ২ পশমী গাত্র-বস্ত্রবিঃ।
সাল-বৎসর। ২ পশমী গাত্র-বস্ত্রবিঃ।
শিক-শলাকা।
সিক-নানকপন্থী শিখ।
শিকার-মৃগয়া।
স্বীকার-অঙ্গীকার।
শিক্যা-ঝুলা ; শিকে।
সিক্কা-কোম্পানীর মুদ্রা।
শিতি-কালবর্ণ।
সিতি-শ্বেতবর্ণ।
শিল-পাষাণ।
শীল-চরিত্র।
সীল-জলজন্তুবিঃ।

শিষ, শীষ-শীর্ষ। ২ শূক।
সিস, শিশ-বংশীধ্বনি।
শীত-জাড্য।
সিত্ত-ধবল।
শুঁড়ি-মদ্যবিক্রেতা।
সুঁড়ি-সরু।
শুক-টিয়াপাখী।
শূক-শুঁয়া।
সূক-বাণ। ২ পদ্ম।
শুক্ত -তিক্ত ঝোল।
সূক্ত [সু+উক্ত] সুন্দরভাবে উক্ত। ২ বেদাংশ।
শুক্তা-তিক্ত ঝোল।
সূক্তা-সালিক পাখী।
শুক্তি-ঝিনুক।
সূক্তি [সু+উক্তি] সুবচন। ২ বেদমন্ত্র।
শুচি-শুদ্ধ।
সূচী-ছুঁচ; শলাকা। ২ নির্ঘণ্ট।
শুনা-শ্রবণ করা।
সূনা-কন্যা।
শুনু-শূন্য।
সুনু-জল।
সূনু-পুত্র।
সূনূ-কন্যা।
শুষির-সরন্ধ্র।
সুশির-সুমণ্ডক।
শূর-বীর।
সুর-দেব। ২ স্বর।
সূর-সূর্য্য।
শোর-শুয়ার।
সোর-গোল।
শ্যেন-বাজপাখী।
সেন-শূর। ২ জাতীয় উপাধি।
শ্রবণ-কর্ণ।
স্রবণ-ক্ষরণ।
শ্রুত্ত-আকর্ণিত। ২ প্রসিদ্ধ।
স্রুত্ত-ক্ষরিত।
শ্বশ্রূ-শাশুড়ী।
শ্মশ্রু-গোঁপ দাড়ী।
সত্ত্ব-আত্মা; প্রাণী; বল।
সত্য-প্রকৃত।
স্বত্ব-স্বামিত্ব।
সদ্ম-আলয়।
সদ্য-এখনি; উপস্থিত।
সপুত্র-পুত্রসহ।
স্বপুত্র-নিজপুত্র।
সর্গ-সৃষ্টি। ২ পরিচ্ছেদ।
স্বর্গ-দেবলোক।
সহিত সহ।
স্বহিত-আত্মকল্যাণ।
সামি-অর্দ্ধাংশ।
স্বামী-পতি। ২ প্রভু।
সার্থ-বণিক্।
স্বার্থ-স্ব-প্রয়োজন।
সিক্ত-আর্দ্র।
সক্থ-মোম।
সিতা-শর্করা।
সীতা-জানকী।
সুত্ত-পুত্র।
সূত্ত-সারথি।
সূতো-সূত্র।
সুদ-কুসীদ।
সূদ-পাচক।
স্কন্দ-কার্ত্তিকেয়।
স্কন্ধ-কাঁধ; অংস।
স্তম্ব-ধান্যতৃণাদিগুচ্ছ।
স্তম্ভ-থাম। ২ জড়ীভাব।
হরিৎ-দিক্।
হরিত-নীল পীত বর্ণ।
হারি-পরাজয়।
হারী-হারযুক্ত। ২ গ্রাহী।
হালি-নূতন; হাল।
হালী-হলধর; চাষা।
হুতি-হোম।
হূতি-আহ্বান।
হুন-মুদ্রাবিশেষ।
হূন-ম্লেচ্ছজাতিবিশেষ।

পরিশিষ্ট (গ)

বাঙ্গালা ভাষায় সুপ্রচলিত দৃষ্টান্ত স্থানীয় পৌরাণিক, ঐতিহাসিক ও কাল্পনিক ব্যক্তির নাম ও পরিচয়

অগস্ত্য [দ্রঃ] মহর্ষি অগস্ত্য বিন্ধ্যাচল অতিক্রম করিয়া দক্ষিণভারতে সেই যে গমন করিয়াছিলেন আর প্রত্যাগমন করেন নাই। >প্রবাদ-"অগস্ত্য যাত্রা" (দ্রঃ)।

অদ্ভুতাচার্য্য - "অদ্ভুত-রামায়ণ"-প্রণেতা। ইনি ৭ বৎসর বয়সের পূর্ব্বে গুরুর আদেশে ২০ হাজার শ্লোকাত্মক উক্ত গ্রন্থ রচনা করিয়া প্রসিদ্ধি লাভ করেন। তুল-শঙ্করাচার্য্য ৮ম বর্ষ বয়সে বেদভাষ্য করেন।

অরুন্ধতি-কর্দ্দম মুনির ঔরসে, দেবহুতির গর্ভে জন্ম। মহামুনি বশিষ্টের সহ- । পতিভক্তি ও পতিপরায়ণতার পরাকাষ্ঠা দেখাইয়া জগতে পাতিব্রাত্যের অপূর্ব্ব আদর্শ রাখিয়া গিয়াছেন। পরিণামে আকাশে সপ্তর্ষিমণ্ডল মধ্যে পতির পার্শ্বে স্থান লাভ করিয়াছেন। বিবাহে কুশণ্ডিকা কালে মন্ত্রোচ্চারণ সহ নববধূকে অরুন্ধতী নক্ষত্র দর্শন করান হয়। ইনি সতী শিরোমণির দৃষ্টান্তস্থল।

অর্জ্জুন-মধ্যম পাণ্ডব। অদ্বিতীয় ধানুকী এবং লক্ষ্যে অব্যর্থ বলিয়া-কেহ উৎকৃষ্ট তীরন্দাজ ও অব্যর্থ-লক্ষ হইলে, প্রবাদে, "কলির অর্জ্জুন" বলিয়া অভিহিত হয়।

অষ্টাবক্র - কাহোড় মুনির ঔরসে উদ্দালককন্যা সুজাতার গর্ভে জন্ম। মাতৃগর্ভে থাকিতে বেদবেদাঙ্গাদি শাস্ত্র আরম্ভ করেন এবং শাস্ত্রাধ্যয়নে পিতার ত্রুটি প্রদর্শন করিলে পিতা শিষ্যবর্গ সম্মুখে অবমানিত বোধ করিয়া গর্ভস্থ শিশুকে অভিশাপ দেন। ফলে, শিশু অষ্ট অঙ্গে বিকল হইয়া ভূমিষ্ঠ এবং অষ্টাবক্র নামে পরিচিত হন।

[যুক্ত বিবৰৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=ঁজ্য ঞ্চ=ন্চ ঞ্চ=ন্ট হু=হ হু হ্ন হ্ম হ্ব=হ্‌ব হৃ হ শহ ভূ হ্য, গু ক্ষ র হ=২।৮৮ ও চা০ দ্রঃ

বিকলাঙ্গ ব্যক্তিকে বিদ্রূপার্থে এই নামে অভিহিত করা হয়।

অহল্যা [দ্রঃ] সকলপ্রকার হল্য বা বিরূপতা শূন্যা অদ্বিতীয়া সুন্দরী বলিয়া। প্রবাদে- "যেন অহল্যা সুন্দরী।"

আজু গোসাঁই - অযোধ্যানাথ গোস্বামীর নাম সংক্ষেপে। আউলিয়া প্রকৃতি হেতু, ইঁহার নাম প্রবাদে পরিণত হইয়াছে। আজু গোসাঁই," অর্থাৎ ক্ষেপা পাগল। "যেন আজু গোসাই," "আজু গোসাঁই আর কি" ইত্যাদি।

আবুহোসেন [আরব্যোপন্যাসের 'ইব্‌ন্‌-ই-হোসেন' নামক গল্প অবলম্বনে নাট্যাচার্য্য গিরীশচন্দ্র ঘোষ প্রণীত রঙ্গনাটকে "আবুহোসেন"এর প্রধান চরিত্র। বোগ্দাদের বিলাসী ধনশালী যুবক, সর্ব্বদা ইয়ার বন্ধু পরিবৃত হইয়া এবং পান ভোজন ও সৌখীনতায় মত্ত থাকিয়া বহু অর্থ নষ্ট করিবার পর আতিথ্যিসৎকার ফলে ছদ্মবেশী পারস্যরাজ হারুণ অল্‌রশীদের নজরে পতিত হন। পান ভোজনের সময় আবুহোসেনের মুখে তাঁহার মাতা জনৈক ইমাম কর্ত্তৃক প্রতারিত হইয়াছেন এবং আবু একদিনের জন্যও রাজা হইলে সেই বঞ্চককে শাস্তি দেন এই বাসনা জানিতে পারিয়া বাদশাহ আবুর মদিরায় অহিফেন মিশাইয়া তাঁহাকে নিদ্রিতাবস্থায় স্বীয় প্রাসাদে লইয়া যান ও বেশ পরিবর্ত্তন করাইয়া একদিনের জন্য আবু রাজা হইবেন এরূপ আদেশ দেন। প্রাতে নিদ্রাভঙ্গে আবু দেখেন তিনি রাজবেশে সজ্জিত আছেন এবং রোশেনানাম্নী এক সুন্দরী সখী পরিবৃতা হইয়া তাঁহার পরিচর্য্যা ও চিত্ত-বিনোদনে ব্যাপৃতা রহিয়াছেন। ক্ষণকাল পরে উজীর আসিয়া তাঁহাকে দরবার করিবার জন্য বিনীতভাবে প্রার্থনা করিলে আবু প্রথমে স্বপ্ন মনে করিয়াছিলেন কিন্তু পরে আপনাকে সত্যই বাদশাহ ভাবিয়া দরবারে উপস্থিত হইলেন। তথায় তিনি বিচারকার্য্যে স্বীয় বুদ্ধিমত্তার পরিচয় দিয়া এবং ইমামের বিচার করিয়া তাঁহার ২৫ কোড়া লাগাইবার আদেশ দিলেন। পুনরায় নিদ্রাবস্থায় রাজবেশ পরিবর্ত্তন করিয়া আবুকে পূর্ব্ব পরিচ্ছদে তাঁর বাড়ী পৌঁছাইয়া দিলে, নিদ্রাভঙ্গে আবুহোসেন পূর্ব্ব ঘটনা স্বপ্নবৎ ভাবিলেন, কিন্তু তাঁর কথাবার্ত্তায় বাদসাহী চাল রহিয়া গেল। তাঁর মাতা ও প্রতিবেশীরা আবুহোসেনকে পাগলাগারদে পাঠাইয়া দিলেন। এবার আবুহোসেনের পাগলামী ও বাদশাহী চাল গেল কিন্তু রোশেনার স্মৃতি আর গেল না। পুনরায় বাদশাহ ছদ্মবেশে আসিয়া আবুকে পূর্ব্ববৎ অজ্ঞান করিয়া স্বীয় প্রাসাদে লইয়া যান এবং রোশেনার সহিত তাঁহার বিবাহ দিয়া গৃহে পাঠাইয়া দেন। অমিতব্যয়ী আবু টাকাকড়ি উড়াইয়া দিয়া শেষে আত্মীয় স্বজনের মৃত্যু সংবাদ পাঠাইয়া বাদসাহের নিকট হইতে মধ্যে মধ্যে অর্থ-সাহায্য আনাইতেন। শেষে স্ত্রী-পুরুষে পরামর্শ করিয়া স্ত্রী মরিয়াছে বলিয়া আবু বাদশাহের নিকট, এবং স্বামী মরিয়াছে বলিয়া রোশেনা বেগমের নিকট, সংবাদ পাঠাইলেন। বাদশাহ ও বেগম উভয়ে দেখিতে আসিলে আবু ও রোশেনা আপাদমস্তক বস্ত্রাবৃত করিয়া মৃতবৎ পড়িয়া রহিলেন। রাজদম্পতি কৌতূহলী হইয়া যখন বলিলেন কে আগে মরিয়াছে বলিতে পারিলে হাজার মোহর পুরস্কার পাইবে তখন দুজনেই উঠিয়া বলিলেন" আমি আগে মরিয়াছি"। এই আবুহোসেন ইয়ার বন্ধু লইয়া সর্ব্বদা আমোদ-প্রমোদে মত্ত সৌখীনতাপ্রিয় অপব্যয়ী যুবকের উপমাস্থল। ছেঁড়া কাঁথায় শুইয়া যারা লাখ টাকার স্বপ্ন দেখে এবং হঠাৎ হাতে ক্ষমতা ও ধন পাইয়া দুইদিনে উড়াইয়া বসে তাহাদিগকে বিদ্রূপচ্ছলে "আবুহোসেন" আখ্যা দেওয়া হয়।

আলাদীন - আরব্যোপন্যাসের গল্প অবলম্বনে গিরীশচন্দ্র ঘোষ লিখিত নাটকের চরিত্র। আলাদীনের প্রাপ্ত আশ্চর্য্য প্রদীপ ঘর্ষণে এক দৈত্যের আবির্ভাব হইত এবং তাহার আদেশমাত্র সে আলাদীনের বাসনা পূর্ণ করিত। ঐ প্রদীপ যার অধিকারে থাকিয়া ঘর্ষিত হইত দৈত্য তাহারই আদেশ পালন করিত। তা' হ'তে 'আলাদীনের প্রদীপ' অসম্ভবকে সম্ভব করিবার পক্ষে এবং রাতারাতি বড়মানুষ করিবার 'যাদুকল' অর্থে

আলালের ঘরের দুলাল-অভি- পৃ° ২৫৪ আলাল দ্রঃ।

আলিবাবা-"আলিবাবা ও চল্লিশজন দস্যু"র গল্পের একজন দরিদ্র কাঠুরিয়া ছিল। তাহার জ্যেষ্ঠ সহোদর কাসিম ধনী ছিল। আলিবাবা একদিন কাঠ কাটিতে গিয়া বনের মধ্যে দস্যুদের রক্ষিত গুপ্তধনের সন্ধান পাইয়া বহু ধনরত্ন ঘরে আনে। কাসিম তাহা জানিতে পারিয়া তথায় গমন করিলে দস্যুহস্তে নিহত হয়। দস্যুগণ প্রকৃত অপহারকের সন্ধান পাইয়া আলিবাবার গৃহে ছদ্মবেশে আসিয়া অতিথি হয়। আলিবাবার বুদ্ধিমতী পরিচারিকা মর্জ্জিয়ানা দস্যুদের অভিপ্রায় বুঝিয়া কৌশলক্রমে তাহাদের বধ করিয়া প্রভুর প্রাণরক্ষা করে। জীবনদাত্রীর কার্য্যের পুরস্কার স্বরূপ এই বাঁদিকে স্বীয় পুত্রবধূ করেন।

আশানন্দ ঢেঁকি-জনৈক স্বনাম-প্রসিদ্ধ বাঙ্গালী ব্রাহ্মণ। খৃঃ উনবিংশ শতকের মধ্যভাগে শান্তিপুরে জন্ম। তখন দেশে ডাকাতদের প্রাদুর্ভাব এরূপ ছিল যে লোকে কালেক্টরীতে খাজনা দাখিল করিয়া আসিতে গিয়া প্রায়ই লুণ্ঠিত হইত। নদীয়া বর্দ্ধমানাদি অঞ্চলে অনেক জমিদার তাঁর মারফৎ টাকা পাঠান নিরাপদ মনে করিতেন। আশানন্দ বহুবার ডাকাতের সম্মুখীন হইয়া তাহাদের চেষ্টা ব্যর্থ করিয়াছিলেন। একবার এইরূপ জমিদারের লোকজন সহ বহু টাকা লইয়া কালেক্টরী পৌঁছিবার পূর্ব্বে পথে রাত্রি হইলে, তাঁহার এক আত্মীয়ের বাড়ী আশ্রয় গ্রহণ করেন। সন্ধান পাইয়া এক ডাকাতের দল গভীর রাত্রিতে বাড়ী আক্রমণ করিলে তিনি ঐ বাড়ীর ঢেঁকিশাল হইতে একটি ঢেঁকি লইয়া ঘুরাইতে ঘুরাইতে ডাকাতদের মধ্যে প্রবেশ করেন এবং দস্যুগণ আঘাতিত হইয়া পলায়ন করে। তদবধি আশানন্দ ঢেঁকি নামে প্রসিদ্ধ হন।

উঁদো (ধো) - উৎসাহ মুখোপাধ্যায় (বাং শং কোষে-উদ্ধব) > ক্ষেং। উৎসাহের পত্নী যোগেশ্বর পণ্ডিতের উপজায়া। উৎসাহের পুত্র দৈবকীনন্দন পিতার উদ্দেশ্যে পিণ্ডদান করিলে ক্ষেত্রী

উধোর পিণ্ডী বীজী বুধোরও (যোগেশ্বরেরও) প্রাপ্য হইল। তুল-"পণ্ডিতের বুধ খ্যাতি, নষ্টমূল্য জনশ্রুতি। উধোর পিণ্ডী পড়ে বুধোর ঘাড়ে॥"-সম্বন্ধনির্ণয়। ২ একের অপরাধ বা প্রাপ্য অন্যকে বর্তায়।

কর্ণসেন-অঙ্গরাজ কর্ণ দানে ও আতিথেয়তায় অদ্বিতীয় ছিলেন। তিনি স্বহস্তে স্বীয় পুত্রকে ছেদন করিয়া ও তাঁহার মাংসে তৃপ্ত করিয়া অতিথির প্রার্থনা পূরণ করিয়াছিলেন। তা' হতে প্রবাদ-"দাতা যেন কর্ণসেন।"

কানাশুক্র-শুক্রাচার্য্য দ্রঃ।

কার্ত্তিক-পার্ব্বতীপুত্র তারকসূদন কার্ত্তিকেয় নিতান্ত সুকুমার ও সুরূপ বলিয়া, প্রবাদে-"ছেলে যেন কার্ত্তিকটি," "কার্ত্তিকের মত রূপ।" বিদ্রূপে-"নব কার্ত্তিক।" কার্ত্তিক ময়ূর বাহন বলিয়া কুরূপের প্রতি বিদ্রূপে-"ময়ূর-ছাড়া কার্ত্তিক।" তুল-গ্রীঃ "ডানা-কাটা পরী।"

কালনেমী [গ্রাং কালনিমে] রাবণের মাতুল। লক্ষ্মণকে বাঁচাইবার জন্য হনুমান গন্ধমাদন পর্ব্বতে ঔষধ আনিতে গেলে তিনি রাবণ কর্ত্তৃক পথে হনুমান বধার্থ প্রেরিত হন। হনুমানকে মারিলে লঙ্কার অর্দ্ধরাজ্য তাঁকে ছাড়িয়া দিবেন বলিয়া রাবণ তাঁর নিকট প্রতিশ্রুত হন। কিন্তু কালনেমী তার পূর্ব্বেই লঙ্কা ভাগ করিতে আগ্রহান্বিত হন। অতঃপর হনুমানের হস্তে নিহত কালনেমীর দেহপিণ্ড লঙ্কার রাজসভায় হনুমান কর্ত্তৃক নিক্ষিপ্ত হয়। তা' হতে কার্য্যের পূর্ব্বেই তাহার ফলাকাঙ্ক্ষা হাস্যাস্পদ এতদর্থে প্রবাদে-"কালনেমীর লঙ্কা ভাগ।"

কালাপাহাড়-স্বনামপ্রসিদ্ধ হিন্দুদ্বেষী দেবমূর্ত্তিচূর্ণকারী অত্যাচারী মুসলমান সেনাপতি (মূল অভিধানে দ্রঃ)। ২ [লাক্ষ°] যে কোন অত্যাচারী, নিষ্ঠুরহৃদয় এবং ধর্ম্মোপদেশ বিষয়ে বধির ব্যক্তির প্রতি প্রযোজ্য। "আমরা জানিতাম কালাপাহাড় দেবদেবীর মূর্ত্তি ভাঙ্গিয়াছিল। * * * ইহাই আবিষ্কৃত হইয়াছে, যে কবে অস্পৃশ্যদিগকে দেবমন্দিরে ঢুকাইয়া দিয়াছিল।"-প্রবাসী, ১৩৩৯।

কালিদাস-মহাকবি কালিদাস বাগ্দেবীর বরে কবিত্বশক্তি লাভ করিবার পূর্ব্বে এমন মূর্খ ছিলেন যে, কথিত আছে তিনি একদা কাষ্ঠ আহরণ মানসে বৃক্ষে আরোহণ করত একটী শাখায় বসিয়া তাহারই মূলদেশ কর্ত্তন করিতে থাকেন। তাহা হইতে প্রবাদে-"কালিদাস আর কি-যে ডালে বাস সেই ডাল কাটে।"

কালীমির্জ্জা-আসল নাম কালিদাস চট্টোপাধ্যায়। রাগসাগর, সঙ্গীতরাগকল্পদ্রুম-কার কৃষ্ণানন্দ ব্যাসের সমসাময়িক। পিতা গুপ্তিপাড়া নিবাসী বিজয়রাম চট্টোপাধ্যায়। কালিদাস বারাণসী, লক্ষ্মৌ, দিল্লী ইং স্থানে সঙ্গীত শিক্ষা করেন। সঙ্গীতে তথাকার শ্রেষ্ঠ মুসলমান গায়কদের সমকক্ষতার হেতু মির্জ্জা উপাধি প্রাপ্ত এবং কালীমির্জ্জা নামে প্রসিদ্ধ হন। স্বনামখ্যাত জমীদার গোপীমোহন ঠাকুরের পৃষ্ঠপোষকতায় সম্বর্দ্ধিত ছিলেন এবং শেষজীবন কাশীধামে অতিবাহিত করিয়া ১৮২৫ খৃঃ অব্দে পরলোকগমন করিয়াছিলেন। তার গীতলহরী ১৯০৪ খৃঃ অব্দে অমৃতলাল বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত হইয়াছিল।

কুবের [দ্রঃ] ধনাধিপতি যক্ষরাজ কুবের ধন ঐশ্বর্য্যপ্রাচুর্য্যে সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া প্রবাদে-"কুবেরের ঐশ্বর্য্য," "কুবেরের ভাণ্ডার," "ধনে কুবেরতুল্য" ইত্যাদি। ২ মহাধনী।

কুবের পণ্ডিত-শ্রীনিত্যানন্দ দেব। "পদ্মাবতী উদরে জনম বলরাম। পিতা হাড়ো ওঝা যে পরমানন্দ নাম॥ মা বাপে থুইল নাম কুবের পণ্ডিত। সন্ন্যাস আশ্রমে নিত্যানন্দ সুচরিত॥"-চৈং মং (লোচনং)

কুম্ভকর্ণ-লঙ্কাপতি রাবণের মধ্যমভ্রাতা। দেহের স্থূলতায়, নিদ্রায় ও অতি ভোজনে অদ্বিতীয়, কিন্তু নিদ্রার জন্যই প্রসিদ্ধ। ব্রহ্মার বরে তাঁহার ছয় মাস নিদ্রা ও একদিন মাত্র জাগরণের কথা কিন্তু রামরাবণের যুদ্ধকালে তিনি নয় মাস সুপ্ত ছিলেন, মতান্তরে ছয় মাস নিদ্রাকালের নয়দিন মাত্র অতিবাহিত হইলে তাঁহার নিদ্রা ভঙ্গ করা হয়। "দেখিতে দেখিতে রঙ্গ হইল নিদ্রিত। নাক ডাকে খাঁক যেন, লঙ্কা চমকিত॥ বিরিঞ্চির বর-বলে নিদ্রা তার হয়। কখন সে নিদ্রা তার ভাঙ্গিবার নয়॥" "পরে রাক্ষসেরা শাপ-অভিভূত কুম্ভকর্ণ রাক্ষসের, নিদ্রা ভাঙ্গিবারে অক্ষম হইল যতন করিয়া ঢের," "কেহ কেহ তাঁর মহাকর্ণ দুটা দশনে দংশিল বলে, কেহ কেহ তাঁর কাণের ভিতরে জল ঢালে তুলে তুলে," "ভীষণ মুদ্গার লইয়া আঘাত করিতে লাগিল বলে," "অনেক শতঘ্নী প্রহার করিল, যত বল আছে গায়, কিন্তু কুম্ভকর্ণ বীরেন্দ্রকেশরী নাহি জাগিলেন তায়," "সহস্র মাতঙ্গ পরে দেহোপরি তার, আরম্ভিল বিচরিতে যত বল যা'র। সেই সব মাতঙ্গের সঞ্চারে তখন স্পর্শসুখ কুম্ভকর্ণ করিয়া গ্রহণ। জাগরিত হইলেন মেলিয়া নয়ন।"-রামাং, রাজং। ইহা হইতে প্রবাদে-"কুম্ভকর্ণের নিদ্রা"। "এত দিন পরে চীন কুম্ভকর্ণের নিদ্রাভঙ্গ হইয়াছে"-মানসী ও মর্ম্মবাণী, ১৩২৩ পৌষ।

কেল্লা হাকিম-ঘটিরাম ডেপুটি দ্রঃ।

খাপ্পাখান-প্রকৃত নাম "নবাব খান্-জাহান খাঁ।"। সিরাজুদ্দৌলা দ্রঃ।

গদাইলস্কর-গদাধর লস্কর নামক জনৈক বিপুলকায় ধনীর মন্থরগতি ও কাজকর্ম্মে ক্ষিপ্রকারিতার অভাব হইতে প্রবাদে-"গদাই লস্করী চাল।"

গদাধর-তারকনাথ গঙ্গোপাধ্যায়ের স্বর্ণলতা উপন্যাস অবলম্বনে রচিত গিরিশচন্দ্র ঘোষের সরলা নাটকের পুরুষচরিত্রবিশেষ। নাটকের নায়িকা সরলার ভাশুর শশিভূষণের শ্যালক-নিরেট মূর্খ ভগিনীপতির অন্নে পালিত এবং ভগ্নীর অতিরিক্ত আদরে স্ফীত। সে জানিত তাহার দিদিকে বলিয়া দিলেই দিদি তাহার বিহিত করিবে। নির্ব্বোধ গদাধর কিন্তু দুষ্টামিতে পটু, তাহার মুখ দিয়া কথা স্পষ্ট উচ্চারিত হয় না। সে "গড়াচড়" বলে গদাধর বলিতে পারে না। তাহার আকারে, কথায়, ভোজনে, চলনে, হাস্যে, অঙ্গভঙ্গি এবং ভীরুতায় কিম্ভূতকিমাকার ও হাস্যাস্পদ হইয়া পড়ে। পুলিশের লোকের সম্মুখ দিয়া ছদ্মবেশে যাইবার কালে তাহার চলনে পুলিশের সন্দেহ হইলে তাহার মা বলিয়া ফেলেন এটি আমার বড় মেয়ে "গদাধর চন্দর"

পুলিশ তাহাকে দাঁড়াইতে বলিলে ঘোমটার ভিতর হইতে গদাধর বলিয়া উঠে "ভিডি চলে" পুলিশের লোক অমনি তাহার ঘোমটা তুলিয়া ধরিলে সে দন্ত ও জিহ্বা বাহির করিয়া হাসিতে থাকে। ধৃত হইবার ভয় অর্থে ব্যঙ্গ বা রঙ্গচ্ছলে উক্ত হয় "ভিডি চলে।"

গর্গ-মুনিবিঃ। হিমালয় পর্ব্বতমালার কুমায়ু-গাড়বাল অংশের অন্তর্গত গর্গাচল (ইং (Gagar range)স্থ বর্ত্তমান ভওয়ালীর নিকটস্থ প্রদেশে ইহার আশ্রম ছিল। তাঁহার নামে এই পার্ব্বত্য অঞ্চল গর্গাচল নামে প্রসিদ্ধ।

গোরাচাঁদ [অঙ্গের সুন্দর শুভ্রবর্ণ > গৌরাঙ্গ > গৌর > গো 1 + চন্দ্র > চাঁদ] শ্রীচৈতন্য-দেব। তুল-কৃষ্ণচন্দ্র > কালাচাঁদ।

গৌরীসেন-বি. কোম্পানীর আমলে বহরমপুর নিবাসী স্বনাম প্রসিদ্ধ বদান্য সহৃদয় ব্যক্তি। কলিকাতা আহিরীটোলায় ইহার ভগ্নাসন এখনও বিদ্যমান আছে। দেনার দায়ে যাহারা জেলে যাইত এবং অর্থাভাবে যাহাদের উদ্ধারের আর উপায় থাকিত না তাহাদিগকে গৌরীসেন নিজের টাকায় ঋণমুক্ত করিয়া দিতেন। দাতাকর্ণের ন্যায় তাঁহারও নাম প্রবাদবাক্যে পরিণত হইয়াছে। ২ [লক্ষ·] নগদ টাকা দিয়া ঋণের দায় হইতে উদ্ধারকর্ত্তা; অন্যের ব্যয় বহনকারী; দাতা কর্ণসেন। "এই মামলায় অনেক টাকার শ্রাদ্ধ হইবে, তাহা না হইলে গৌরীসেনের টাকার সদ্ব্যবহার হইবে কিরূপে?"-হিতবাদী। প্রবাদে-"লাগে টাকা দিবে গৌরীসেন"। অর্থাৎ টাকার প্রয়োজন হইলে গৌরীসেন রূপে যিনি সকল ব্যয় বহন করিতেছেন তিনিই দিবেন, কোন ব্যক্তির ত আর নিজের ঘর হইতে দিতে হইবে না-এই অর্থে ব্যঙ্গোক্তি।

ঘটিরাম ডেপুটি-দীনবন্ধু মিত্রের "সধবার একাদশী" নামক প্রহসনের চরিত্র 'কেনারাম ঘোষ' মফঃস্বলের ডেপুটি ম্যাজিস্ট্রেট, একদিন তাঁহার আদালতে "ঘটিরাম" ফরিয়াদির ডাক পড়িলে কেহ উত্তর না দেওয়ায় তিনি মোকদ্দমা খারিজ করেন, পরে "মুচিরাম" তাঁহার সম্মুখে উপস্থিত হয়। তাঁহার ইয়ার জনৈক বেলেল্লা জমীদার ইহার কারণ জিজ্ঞাসা করিলে তিনি বলেন- "আমরা বাঙ্গালা খবরের কাগজ জলের মত পড়তে পারি, কিন্তু ভাই মপোশ্বলে গিয়ে দেখলেম হাতের লেখা সেরূপ নয়, বেটারা "মু" লেখে "ঘ"য়ের মত "চ" লেখে "ট"য়ের মত, তাইতে ভুল হলো।" "পেস্কার বল্যে ধর্ম্ম অবতার ঘটিরাম নাম নয়, মুচিরামই ওর নাম- আমি মুখ ভারি করে বল্যেম, তোম্ চুপ্ রও, আর বল্যেম, মুচিরাম কখনও নাম হ'তে পারে না, মুচিরাম যদি নাম হয়, তবে কেন বামনরাম নাম হক্ না? কায়েতরাম নাম হক্ না? তার মোকদ্দমাটি গ্রহণ কল্যেম।" সেই অবধি তাঁহার নাম হইল ঘটিরাম ডেপুটি।" আর একবার একজন মোক্তার মোকদ্দমায় হারিয়া বলেন "কেব্‌লা হাকিম যা খুসি তাই কর্ত্তে পারেন।" ইহাতে তিনি আদালতের অপমানের অপরাধে মোক্তারের জরিমানা করেন। পেস্কার শেষে তাঁহাকে বুঝাইয়া দেন যে "কেব্‌লা" মানে "মহাশয়"। সে দিন হইতে তাঁহার আর এক নাম হয় "কেব্‌লা হাকিম।" কথিত আছে গ্রন্থকার কলিকাতাবাসী কোন ডেপুটি ম্যাজিস্ট্রেটকে লক্ষ্য করিয়া এই চরিত্র অঙ্কিত করেন। মূর্খ বা স্থূলবুদ্ধি হাকিমের উপমাস্থল।

জগদম্বা-দীনবন্ধু মিত্রের নবীনতপস্বিনী নাটকের স্ত্রীচরিত্রবিশেষ। রাজা রমণীমোহনের মন্ত্রী জলধরের যোগ্যা পত্নী। জলধর নিজেই বলিয়াছিলেন "আমার যেমন রূপ আমার জগদম্বারও ততোধিক"; "যেমন দেবা তেমনি দেবী, যেমন জগন্নাথ তেমনি সুভদ্রা, যেমনি জলধর তেমনি জগদম্বা।"-কোকিলগঞ্জিনী-স্বরে না বর্ণে? বয়সে গাছ পাথর নাই, * * চোয়াল দুখানি এমন উঁচু, নয়নযুগল নয়নগোচর হয় না; যদি চিৎ হয়ে কাঁদেন, বাছার চক্ষের জল বক্ষে থাকে, গড়াতে পায় না, এমনি খোল; আহা! যখন হাঁসেন, যেন মুলোর দোকান খুলে বসেন; নাক দেখলে সূর্পণখা লজ্জা পায়; আর কাজে কাজেই গজেন্দ্রগামিনী কারণ দুই পায়েতেই গোদ আছে; কথা কন আর অমৃত বর্ষণ হতে থাকে, অর্থাৎ যে কাছে থাকে তার সকল গায় থুতু লাগে।" "অমন কোটর চক্ষু, অমন মণিপুরী নাক, অমন হাব্‌সির অধর, অমন মুলদন্ত, জগদম্বা মলে আর নয়নগোচর হবে না"। জগদম্বার এই রূপ, তাহাতে আবার ঘোর কোন্দলপ্রিয়া, কটুভাষিণী ও কোপনা, ক্রোধে রসনা ও সমার্জ্জনী ব্যবহারে তৎপরা সুতরাং কলহপ্রিয়া ও কুরূপার আদর্শস্থানীয়া।

জগমণি-গিরিশচন্দ্র ঘোষের প্রফুল্ল নাটকের স্ত্রীচরিত্রবিশেষ। দুশ্চরিত্র কাঙ্গালীচরণের পত্নী "মেয়েমর্দ্দানী" আখ্যা পাইবার সর্ব্বতোভাবে যোগ্যা। প্রকৃতিতে অতিদুষ্টা, রূপে জগদম্বারই ন্যায় কুৎসিতা এবং মুখরা, দুষ্টবুদ্ধি স্বামীর কুকার্য্যের অদ্বিতীয় সহায়স্বরূপা। এই জগমণিকে চাপরাশী বেশেও দেখা যায়। স্বামী ও স্বামীর কুসঙ্গীদিগকে "ষ্টুপিড" বলিয়া ভর্ৎসনা করিতেও শুনা যায়। অর্থের জন্য যোগেশের সর্ব্বনাশ উদ্দেশ্যে যোগেশের সহোদর রমেশকে অধঃপাতে লইয়া যাইতে, যোগেশের শিশুপুত্র যাদবকে অনাহারে মারিবার জন্য রমেশকে উৎসাহিত করিতে এবং জ্ঞানদার বাড়ী হইতে দলিল চুরি করিবার জন্য মদন ঘোষকে নিযুক্ত করিতে এবং যাবতীয় নীচ ও ভীষণ কার্য্যে লিপ্ত দেখা যায়। রমেশ জগমণিকে "বিদ্যাধরী" বলিয়া ডাকিতেন।

জগাই-মাধাই-নদীয়া নিবাসী দুই সহোদর। প্রথমজীবনে বৈষ্ণবদ্বেষী ও শাতিশয় দুর্ব্বৃত্ত ছিল। প্রায়ই সুরাপ নে মত্ত থাকিত এবং নিরীহ বৈষ্ণব দেখিলে অত্যাচার করিত। একদা নিত্যানন্দ প্রভুর প্রতি কলসীর কানা ছুঁড়িয়া কপালে রক্তপাত করিয়া পুনরায় আক্রমণতৎপর হইলে জগাই নিবারণ করে। নিত্যানন্দদেব মাধাইকে ক্ষমা করেন এবং সংবাদ পাইয়া শ্রীচৈতন্যদেব জগাই-মাধাই উভয় ভ্রাতার প্রতি কৃপা করিয়া হরিনাম সংকীর্ত্তনে এই ঘোর পাষণ্ডদ্বয়কে অভিভূত করেন এবং পরমভক্ত বৈষ্ণবে পরিণত করেন। এই ভ্রাতৃদ্বয় পূর্ব্বজীবনে যেমন ঘোর পাষণ্ডের প্রতীক ছিলেন উত্তর কালে তেমনি মহা পাতক হইতে উদ্ধারলাভ করিয়া আদর্শ সাধুজীবন যাপন করিতে থাকেন। ইঁহারা জীবনের অপূর্ব্ব পরিবর্ত্তনের দৃষ্টান্তস্থল হইয়া আছেন।

জনক [দ্রঃ] মিথিলার অধিপতি এবং সীতার পালক পিতা। ইঁহার প্রকৃত নাম "সীরধ্বজ"। জনক তাঁর কুলোপাধি। ইনি রাজা হইয়াও মহাযোগী ও নিষ্কামধর্ম্মী ছিলেন। এজন্য তিনি রাজর্ষি নামেই প্রসিদ্ধ। সংসারে থাকিয়া যিনি স্পৃহাহীন অথবা ঐশ্বর্য্যশালী হইয়াও যিনি বিলাসমুক্ত ও নির্লিপ্ত তাঁহাকে রাজর্ষি জনকের সহিত তুলনা করা হয়।

জলধর-জগদম্বা দ্রঃ। নবীন তপস্বিনী নাটকে বর্ণিত চরিত্র। The Merry Wives of Windsor এর "ফলস্টাফ" চরিত্রের সদৃশ। রূপে জলধর পত্নী জগদম্বারই সমতুল্য। রাজা রমণীমোহনের চরিত্রহীন স্থূলবুদ্ধি মন্ত্রী। ইহার লাম্পট্যের ফলে কুলকন্যাগণ বিব্রত। এই লম্পট একদা রতিকান্ত সওদাগরের সাধ্বী পত্নী মালতীর নিকট গোপনে প্রণয় প্রস্তাব করে এবং তাঁহাকে হস্তগত করিবার জন্য বিবিধ উপায় অবলম্বন করে কিন্তু মালতীর কৌশলে বিবিধপ্রকারে বিড়ম্বিত ও লাঞ্ছিত হয়। তাহার বিশ্বাস ছিল রসিকতায় রমণী বশ হয়। তাই একদা পথে মালতীকে দেখিয়া বলে "মালতী মালতী মালতী ফুল, মজালে মজালে মজালে কুল"। মালতীও তাহার রসিকতার উত্তরে "আমরি আমরি যমেরি ভুল" বলিয়া জলধরের মরণ কামনা করেন। পরে মালতীর কৌশলে জলধর স্বীয় পত্নীর হস্তে যৎপরোনাস্তি তিরস্কৃত এবং সম্মার্জ্জনী দ্বারা প্রহৃত হন। অবশেষে কৌশলে মালতীর স্বামীকে দেশান্তরিত করিবার অভিপ্রায়ে রাজা একবার পীড়িত হইলে, জলধর ঔষধার্থে রতিকান্তকে আরব দেশ হইতে "হোঁদোল কুঁৎকুতের" বাচ্চার তৈল আনিবার জন্য আদেশপত্র অন্যমনস্ক রাজার স্বাক্ষরিত করিয়া লয়েন। রতিকান্তের নিকট এই পত্র পৌঁছিলে মালতী একটী প্রকাণ্ড লৌহ পিঞ্জর নির্ম্মাণ করাইয়া বিদেশ যাত্রাকালে স্বামীকে অন্তরালে রাখিয়া জলধরকে আপনার নিকট আহ্বান করেন। মালতীর আহ্বানে আত্ম-বিস্মৃত জলধর মালতীর গৃহে প্রবেশ করিবা-মাত্র রতিকান্ত দ্বারে আঘাত করে। প্রাণভয়ে অভিভূত জলধর তখন কলের পুতুলের মত। মালতীর ভগ্নী মল্লিকা তাহাকে আলকাতরার পাত্রে লুকাইতে দিয়া পরে তুলা শণ প্রভৃতি সর্ব্বাঙ্গে লাগাইয়া একটি মুখস পরাইয়া দিয়া খিড়কির দ্বার দিয়া পলাইয়া যাইতে দেন, কিন্তু জলধর পলাইতে গিয়া পূর্ব্ব হইতে রক্ষিত সেই পিঞ্জরের মধ্যে পড়িয়া আবদ্ধ হন। তখন সেই আলকাতরা মাখান ও তুলা লাগান পিঞ্জরবদ্ধ জলধর হোঁদোল কুৎকুতের বাচ্চা পরিচয়ে রাজসমীপে নীত হইয়া বিশেষভাবে অপমানিত এবং রাজানুগ্রহে মুক্ত হন। কিম্ভূতকিমাকার ও ঘোর কৃষ্ণবর্ণ জীব অর্থে "হোঁদোল কুৎকুতের বাচ্চা" প্রবাদে পরিণত হইয়া গিয়াছে।

টেকচাঁদ ঠাকুর-প্রকৃত নাম প্যারী-চাঁদ মিত্র। কলিকাতা নিমতলার বিখ্যাত মিত্র পরিবারে খৃঃ ১৮১৪ অব্দে জন্ম ও ১৮৮৩ অব্দের ২৩শে নভেম্বর মৃত্যু। পিতা স্বর্গত রামনারায়ণ মিত্র। প্রথমজীবনে কলিকাতা পাব্লিক লাইব্রেরীর সেক্রেটারী পরে লাইব্রেরিয়ান ছিলেন। অতঃপর কর্ম্ম ত্যাগ করিয়া ব্যবসায়বাণিজ্যে স্বাধীন জীবন যাপন এবং সাহিত্য সেবা ও সমাজ সংস্কারে মনোনিবেশ করেন। তিনি স্বীয় জীবনে মাতৃভক্তির পরাকাষ্ঠা দেখাইয়া গিয়াছেন এবং প্রাতে উঠিয়া মাতৃপাদোদক পান না করিয়া কোন কর্ম্মে প্রবৃত্ত হইতেন না। তিনি ক্যালকাটা রিভিউ পত্রিকার নিয়মিত প্রবন্ধলেখক ছিলেন এবং স্বয়ং "মাসিক পত্রিকা" নামে কাগজ সম্পাদন করিয়া বাঙ্গালা ভাষার বিলক্ষণ উন্নতি এবং গদ্য রচনা রীতির প্রাচীন ধারার সংস্কার করিয়াছিলেন। তাঁহার প্রণীত আলালের ঘরের দুলাল, রামারঞ্জিকা, আধ্যাত্মিকা, অভেদী, মদ খাওয়া বড় দায় জাত থাকার কি উপায় প্রভৃতি পুস্তক প্রচার করিয়া বাঙ্গালা সাহিত্যে যুগান্তর আনয়ন করিয়াছেন। প্রথম গ্রন্থের ভাষা আলালী ভাষা নামে প্রসিদ্ধিলাভ করিয়াছে এবং বাঙ্গালা ভাষা ও সাহিত্যে বিশিষ্ট স্থান অধিকার করিয়া আছে। তিনি ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিয়েসন ও কলিকাতা থিওসফিক্যাল সোসাইটির প্রতিষ্ঠাকল্পে, স্ত্রীশিক্ষা প্রচারে ও মাদক নিবারণে অন্যতম প্রধান সহায়স্বরূপ ছিলেন। তিনি তৎকালীন বঙ্গীয় ব্যবস্থাপক সভা হইতে পশুক্লেশ নিবারণ সম্বন্ধীয় আইন পাশ করাইয়াছিলেন এবং সমাজসংস্কার ও লোকহিতকর কার্য্যমাত্রেই যোগদান করিয়াছিলেন। তিনি স্বীয় পুস্তকাদিতে প্রকৃত নামের পরিবর্ত্তে 'টেকচাঁদ ঠাকুর' এই কল্পিত নাম ব্যবহার করিয়া গিয়াছেন। তুল-বীরবল (দ্রঃ)।

ডানাকাটা পরী [বিদ্রূপে, বিপরীতার্থে] রূপহীনা, সুসজ্জিতা কিন্তু কুরূপা। প্র-মেয়ের রূপের কথায় কাজ কি-যেন ডা- পরীটি বা পরী আর কি।

তাড়কা [দ্রঃ] অতি দীর্ঘ বিকটকার রাক্ষসী মুনিগণকে ধরিয়া ভক্ষণ করিবার জন্য হস্ত প্রসারণ ও মুখ ব্যাদান করিয়া তাড়া করিত বলিয়া নাম। লক্ষণায়, বিদ্রূপে-"যেন তাড়কা রাক্ষসী"। "মাগী যেন তাড়কা"।

তানা শাহ [হিং প্রবাদে-"বড়ে তা-শাঃ আয়ে"। তুল-বাং-"নবাব খাঞ্জা খাঁ এসেছেন।"] বহমনী রাজ্যের জনৈক জাঁক-জমকপ্রিয় ও অত্যাচারী রাজা।

তিতুমীর-সাধাঃ তিতু মিঞা। ওহাবী সম্প্রদায়ভুক্ত মুসলমান। বাঙ্গালার ২৪পরগণা জেলাভুক্ত বাদুড় থানার অধীন হয়দরপুর গ্রামে ১৭৮২ খৃঃ জন্ম। পূর্ব্বে কলিকাতা ও মফস্বলে কোন কোন জমীদারীতে পালোয়ানী ও লাঠিয়ালের কর্ম্ম করিত ও দাঙ্গাহাঙ্গামায়, দুরন্তপনায় প্রায়ই লিপ্ত থাকিত, তজ্জন্য দণ্ডপ্রাপ্তও হইয়াছিল। ক্রমে দলবলে প্রবল হইয়া হিন্দুধর্ম্মদ্বেষী ও জমীদার, প্রজা ও নীলকুঠীর সাহেবদিগের উপরও অত্যাচার আরম্ভ করিতে থাকিলে বারাসতের ম্যাজিষ্ট্রেট সসৈন্যে অভিযান করিয়া ব্যর্থমনোরথে ফিরিয়া আসিলে, তিতু উৎসাহিত হইয়া বাঁশের কেল্লা নির্ম্মাণ করিয়া তন্মধ্যে বহু অস্ত্রশস্ত্র সংগ্রহ করাইয়া আপনাকে বাদশাহ বলিয়া পরিচয় দেয়। তাহা তৎকালীন বড়-লাট লর্ড বেণ্টিঙ্কের কর্ণগোচর হইলে, তাঁহার আদেশে জনৈক কর্ণেল ও গ্রেপ্তারী পরোয়ানা সহ গোরা ও সিপাহী সৈন্য প্রেরিত হয়। তিতু পরোয়ানা অগ্রাহ্য করিলে সৈন্যগণ প্রথমে তোপের ফাঁকা আওয়াজ করিতে থাকে। তোপ দাগায় কোন অনিষ্ট

হইতেছেন। দেখিয়া তিতুর কর্ম্মদহার জনৈক ফকীর বিদ্রূপের হাসি হাসিয়া "গোলা খা ডালা" বলিতে থাকায়, তিতুর দলবল অধিক সাহস পাইয়া ধর্ম্মযুদ্ধ করিতে বদ্ধপরিকর হয়। তখন কর্ণেলের আদেশে গোলা দাগিতে থাকিলে নারিকেলবেড়িয়ার বাঁশের কেল্লা ভূমিসাৎ হয়। গোলার আঘাতে তিতু প্রাণত্যাগ করে। দলবল প্রাণ লইয়া পলাইতে থাকে। ফকীর যুদ্ধস্থল হইতে অদৃশ্য হয়, সেনাপতি মাসুমের বাঁশের কেল্লা-সম্মুখে ফাঁসী হয়, এবং ৩৫০ জন ধরা পড়িলে বিচারে ১৫০ জনের কারাদণ্ড হয়। তা হ'তে আত্মবল না বুঝিয়া বৃথা গর্ব্বে স্ফীত হইয়া এবং অকিঞ্চিৎকর অসার উপকরণ লইয়া প্রবলের বিরুদ্ধে যুদ্ধ করিতে গেলে তিতুমীরের বাঁশের কেল্লার আশ্রয়ে লড়িয়ার মত পরিণাম তুলনায় দৃষ্টান্ত বা উপমাস্থল।

দমঘোষ-মহাভারতোক্ত চেদিরাজ, বসুদেব ভগিনী শ্রুতশ্রবার পতি ও দন্তবক্র এবং রাজা শিশুপালের পিতা। ব্যঙ্গার্থে-"দম-'ঘোষের' বেটা শিশু'পাল'"।

দুর্ব্বাসা [দ্রঃ] অত্রিমুনির পুত্র কোপন-স্বভাব মহর্ষি, সামান্য কারণে ক্রুদ্ধ হইয়া শাপ প্রদান করিতেন এই প্রবাদ হতে তুলনায় "যেন দুর্ব্বাসা মুনি", "দুর্ব্বাসার ক্রোধ।"

দৈত্যকুলে প্রহ্লাদ -অভি°, দৈত্য দ্রঃ।

দ্রৌপদী [দ্রঃ] পঞ্চস্বামীর পত্নী বলিয়া নারীভাষায় নাতিনী বা অন্য ঠাট্টার সম্পর্কীয় কুলনারীর প্রতি তামাসাচ্ছলে উক্ত হয় (মেয়েলি কথায় "দেরূপোদি"), ব্যঙ্গ বা বিদ্রূপে অসতী অর্থে ব্যবহার। তুল-"তবে যদি অবতীর্ণ ভবে পার্থরূপে, পীতাম্বর, কোথা পদ্মালয়া ইন্দিরা? দ্রৌপদী বুঝি? আঃ মরি কি সতী! শাশুড়ীর যোগ্যবধূ"-বীরাঙ্গনা কাব্য। ২ পাণ্ডবদিগের কাম্যক বনে বাস-কালে দশসহস্র তাপস শিষ্য লইয়া দুর্ব্বাসা ঋষি তথায় ভোজনার্থ আগমন করেন। দ্রৌপদী একাকী রন্ধন করিয়া তাঁহাদের ভোজন করান। সূর্য্যের বরে তিনি যাহা রন্ধন করিতেন তাহা তাঁহার যত ইচ্ছা, পরি-বেষণ করিতে পারিতেন,-"কৃষ্ণা বলে, মহারাজ করি নিবেদন।" "সূর্য্যের বচন আর তোমার প্রসাদে। দশ লক্ষ হলে ভুঞ্জাইব অপ্রমাদে॥ চিন্তা না করহ কিছু ইহার কারণ। এই দেখ মহারাজ করিহে রন্ধন॥" "একবার এক দ্রব্য করয়ে রন্ধন॥" "আপনার ইচ্ছাবশে যত করে ব্যয়। সূর্য্য অনুগ্রহে পুন পরিপূর্ণ" হয়॥" "ভোজন করিল দশ সহস্র তপস্বী॥ "দুর্ব্বাসা বলেন, রাজা তুমি ভাগ্যবান্।" "দ্রুপদ নন্দিনী হয় লক্ষ্মীর সমান॥" রন্ধন নৈপুণ্য এবং একাকী রন্ধন করিয়া বহু লোককে ভোজন করাইবার ক্ষমতার প্রশংসাচ্ছলে, প্রবাদে-"রন্ধনে দ্রৌপদী", "দ্রৌপদীর মত রাঁধুনি"। "দশ পুত্তল" ব্রতে মেয়েদের একটী প্রার্থনা "দ্রৌপদীর মত রাঁধুনী হই"।

নববাবু-মাইকেল মধুসূদন দত্ত বিরচিত প্রহসন-"একেই কি বলে সভ্যতা" গ্রন্থে বর্ণিত জনৈক কলিকাতাবাসী বৈষ্ণবের ইংরেজী শিক্ষিত পুত্র ও 'জ্ঞানতরঙ্গিনী' সভার অন্যতম প্রধান চরিত্রহীন সভ্য।

নদের চাঁদ-নদীয়ার চন্দ্র। চন্দ্র অর্থে আহ্লাদজনক বা আনন্দদায়ক। সুতরাং নদীয়ার আনন্দস্বরূপ গৌরচন্দ্র বা গৌরাঙ্গ-দেব। শিশুপুত্রের প্রতি আদরার্থে উক্ত হয়। ২ দীনবন্ধু মিত্রের লীলাবতী নাটকের পুরুষচরিত্রবিশেষ। কোন জীবিত ব্যক্তির প্রকৃত চরিত্রের আদর্শে ইহার সৃষ্টি বলিয়া উক্ত হয়। নদের চাঁদ শ্রীরামপুরের ভোলানাথ চৌধুরীর ভাগিনেয়। ইহার মাসতুতো ভাই হেমচাঁদ ইহার সংসর্গদোষে ইহারই অনুরূপ প্রকৃতি প্রাপ্ত হয়। নদেরচাঁদ শ্রেষ্ঠ কুলীন ব্রাহ্মণের সন্তান কিন্তু যেমন দুর্বৃত্ত তেমনি অশিক্ষিত ও অশিষ্ট, যেমন লম্পট তেমনি নেশাখোর এবং ভদ্র নরনারীর সম্মান রাখিয়া কথা কহিতে অনভ্যস্ত। গুলির আড্ডা ইহাদের নিকট "মুক্তিমণ্ডপ" বলিয়া অভিহিত। নদেরচাঁদ উচ্চ কুলীন বংশোদ্ভব বলিয়া হরবিলাস শিক্ষিতা সুশীলা কন্যা লীলাবতীকে তাহার হস্তে সম্প্রদান করিতে মনস্থ করিলে হেমচাঁদের সঙ্গে নদের চাঁদ পাত্রী দেখিতে যায় এবং হরবিলাসের বাড়ী লীলাবতীর লেখাপড়ার পরীক্ষা গ্রহণকালে এবং আপনার বিদ্যা প্রকাশ করিবার ছলে সভাস্থলে এরূপ বর্ব্বরতা ও কুরুচির পরিচয় দেয় যে, লীলাবতী লজ্জায় সে স্থান পরিত্যাগ করিতে বাধ্য হন। শেষে সুশিক্ষিত ও শিষ্ট এবং স্বীয় প্রণয়পাত্র ললিতমোহনের সহিত লীলাবতীর বিবাহ হয়। নদের চাঁদ বয়াটে বা বেলেল্লা গুলিখোর বা নেশাখোর যুবকের আদর্শস্বরূপ।

নন্দ ঘোষ-শৈশবে শ্রীকৃষ্ণ অতিশয় দুরন্তপনা করিতেন বলিয়া প্রতিবেশী ও প্রতিবেশিনীরা সর্ব্বদাই তাঁহার পালক পিতা নন্দ ঘোষের নিকট অনুযোগ করিত এবং ক্রমে কোন দোষের কাজ হইলেই লোকে না জানিয়া বা অনুসন্ধান না করিয়াই বলিত এ কাজ নন্দ ঘোষের বেটা করিয়া থাকিবে। তা হতে প্রবাদ "যত দোষ নন্দ ঘোষ"। অর্থ সম্প্রসারণে-যে কোন দোষের কাজ হলেই কোন নিরপরাধ ব্যক্তির স্কন্ধে আরোপ করণার্থে প্রযুক্ত।

নন্দরাণী-যশোদা গোপরাজ নন্দের পত্নী বলিয়া নন্দরাণী। নন্দরাজার আদরে আদরিণী এবং নীলমণি(কৃষ্ণ)র জননী বলিয়া অতুল গৌরবের অধিকারিণী। তা' হতে-শিশুকন্যার আদরার্থক প্রয়োগে-"কইরে আমার নন্দরাণী।"

নবাব খাঞ্জাখাঁ-খাঞ্জাখান দ্রঃ।

নলদময়ন্তী [নল ও দময়ন্তী দ্রঃ] ইহাদের প্রণয় দাম্পত্য প্রেমের আদর্শ বলিয়া সীতা সাবিত্রী প্রভৃতি দময়ন্তীর সহিত উপমিত হইয়াছেন। পত্নীপ্রেমিকও নিষধরাজ নলের সহিত উপমিত হন।

নারদ [দ্রঃ] পৌরাণিক ত্রিকালজ্ঞ দেবর্ষি, ইনি মেঘে চড়িয়া ত্রিভুবন ভ্রমণ করিতেন এবং বীণাযন্ত্রে গান করিয়া ভুবন মোহিত করিতেন। সংবাদ ও পরামর্শ দান, যুদ্ধবিগ্রহ, বিবাহাদি সংঘটনে তাঁহার কৃতিত্ব অসাধারণ। কোন্দলের দেবতা বলিয়া তাঁর প্রসিদ্ধি ও ঢেঁকী তাঁর বাহন বলিয়া প্রবাদ আছে। তা' হতে-কোন্দল বাধাইতে হলে তাঁর নামমন্ত্র জপ বা নাম স্মরণ করিতে হয় যথা "নারদ নারদ"। কোন্দলের প্রবর্ত্তক বা পরামর্শদাতাকে বিদ্রূপার্থে "নারদ ঠাকুর", "ঢেঁকীবাহন দেবতা", "নারদের ঢেঁকী", "নারদমুনি" প্রভৃতি বলা হয়।

নিমে দত্ত-দীনবন্ধু মিত্রের সধবার একাদশী প্রহসনে পুরুষচরিত্রবিঃ। ইংভাষায় সুশিক্ষিত কিন্তু কুচরিত্র মাতাল ও বেলেল্লাপনায় অগ্রগণ্য। প্রকৃত চরিত্র অবলম্বনে রচিত বলিয়া উক্ত হয়। শিক্ষিত মাতাল ও বয়াটের আদর্শ।

নীলমণি-শ্রীকৃষ্ণ, অঙ্গচ্ছটা নীলাভ বলিয়া নীল এবং পুরুষশ্রেষ্ঠ (বিষ্ণুর অবতার) বলিয়া মণি (রত্ন)। নন্দরাজ. যশোদা, গোপবালক, ব্রজাঙ্গনা এবং আবাল-বৃদ্ধ-বনিতার আদরের ধন ছিলেন বলিয়া প্রবাদে-"সবে ধন নীলমণি"। শিশুপুত্রের আদরে "কইরে আমার নীলমণি"।

নেড়া হরিদাস-বাং ঔপন্যাসিক চরিত্র। বৈষ্ণব-সাধু সাজিয়া ভণ্ডামিদ্বারা সরল নরনারীর চক্ষুতে ধূলি দিয়া যারা স্বার্থ-সাধন করে তাদের দৃষ্টান্তস্থল।

নেতা-নিতাই রজকী। প্রকৃত নাম নিত্যা। "উত্তম ধুইয়া দিল নিতাই ধুবিনী॥" -শিবের গান। "নেতা ধোবানী"।

পঞ্জাব-কেশরী-পঞ্চনদ প্রদেশপতি শিখমহাবীর স্বনামখ্যাত মহারাজ রণজিৎ সিংহের উপনাম। ১৭৮০ খৃষ্টাব্দে "গুজরাণ-বালা"য় জন্ম। পিতা মহাসিংহ ভিন্ন ভিন্ন শিখ মিছিলের অধিপতি ছিলেন। তাঁর পরলোকগমনে ১৭৯২ খৃং, দ্বাদশ বৎসর মাত্র বয়সে, পুত্র রণজিৎ পিতৃপদে অধিষ্ঠিত হন এবং ভিন্ন ভিন্ন মিছিলকে একদলভুক্ত করিয়া বিশাল সৈন্যসঙ্ঘ গঠন করিয়া মহারাজা উপাধি ধারণ করিয়া লাহোরে রাজধানী স্থাপন করেন এবং স্বনামাঙ্কিত মুদ্রার প্রচলন করেন। অতঃপর সৈন্য বৃদ্ধি করিয়া য়ুরোপীয় সেনাপতি নিযুক্ত করিয়া য়ুরোপীয় সমরকৌশল শিক্ষা দিয়া বিশাল শিখ সৈন্যগণকে দুর্দ্ধর্ষ করিয়া তুলেন এবং আফগানদিগকে বিতাড়িত ও ভূস্বর্গ কাশ্মীরে হিন্দুরাজ্যের পুনঃপ্রতিষ্ঠা করেন। পরে পেশবার অভিমুখে অভিযান করিতে মনস্থ করিলে আফগান পক্ষ নওশেরাক্ষেত্রে তাঁর গতিরোধ মানসে ঘোরতর সংগ্রামে রত হন। কিন্তু পঞ্জাব-কেশরী স্বহস্তে কৃপাণ লইয়া বিপক্ষব্যূহ ভেদ করেন এবং অদ্ভুত বীরত্ব প্রদর্শন করিয়া জয়লাভ করেন। অচিরে তিনি পশ্চিমে আফগানস্তানের সীমানা পর্যন্ত এবং পূর্ব্বে ইংরেজদিগের ১৮০৯ খৃঃ সন্ধি অনুসারে বিস্তৃত বিশাল পঞ্জাবরাজ্য প্রবল প্রতাপে শাসন করিয়া ১৮৩৯ খৃষ্টাব্দে দেহত্যাগ করেন।

পদ্মলোচন-দীনবন্ধু মিত্রের রচিত প্রহসন জামাই বারিকের পুরুষচরিত্রবিশেষ। ইঁহার দুই স্ত্রী-বগী, বিন্দী (বগলা ও বিন্দু-বাসিনী)। স্বামীর দক্ষিণার্দ্ধ বগলার ও বামার্দ্ধ বিন্দুবাসিনীর নির্দ্দিষ্ট ছিল। বগী বিন্দির এই ভাগাভাগিতে পড়িয়া পদ্মলোচনের প্রাণান্ত পরিচ্ছেদ হইত। শেষে দুই সতীনের নিত্য কলহে ও দুর্ব্যবহারে বিরক্ত হইয়া পদ্মলোচন গৃহত্যাগ করিয়া বৃন্দাবনে ব্রজবাসী হন। কিছুকাল পরে পত্নীদ্বয়কে অনুতপ্তা দেখিয়া পুনরায় গৃহে ফিরিয়া যান। দুই সতীনের কলহে বিপর্য্যস্ত স্বামী জামাই বারিকের পদ্মলোচনের সহিত তুলিত হয়।

পূতনা [দ্রঃ] এই মায়াবিনী দানবী কংসরাজ কর্ত্তৃক শিশু কৃষ্ণকে বধ করিবার জন্য গোকুলে প্রেরিত হইয়াছিল। পূতনা নন্দরাণীকে মায়ায় মুগ্ধ করিয়া ও শিশু কৃষ্ণকে ছল-স্নেহ দেখাইয়া স্বীয় বিষাক্ত স্তন শিশুর মুখে অর্পণ করিয়া স্তন্যদান করিতে থাকে। কিন্তু অন্তর্যামী শ্রীকৃষ্ণ তাহা জানিয়া স্তন্যপান করিতে করিতে তাহার জীবনীশক্তি পর্য্যন্ত শোষণ করিয়া পূতনাকে বধ করেন। মৃত্যুকালে পূতনা স্বীয় দানবীরূপ ধারণ করত বিকট আর্ত্তনাদ করিয়া প্রাণ হারায়। ইহা হইতে শিশুরোগের নাম পূতনা (শিশুকে কপট স্নেহকারিণীর প্রতি বিদ্রূপোক্তি)। প্রবাদে-"পূতনা বধ করা।

প্যারী-রাধাপ্যারী; শ্রীরাধিকা। বৃষভানুরাজনন্দিনী এবং কৃষ্ণসোহাগিনী সুতরাং তাঁর কার্য্যকলাপ পরের সমা-লোচনার বহির্ভূত। তাঁর ত্রুটি ত্রুটিই নয়, তাঁকে কাহারও কিছু বলিবার অধিকার নাই। তাঁর কথাই স্বতন্ত্র। >প্রবাদে-"রাজার নন্দিনী প্যারী যা বলে (বা যা করে) তা শোভা পায়।"

প্রহ্লাদ-দৈত্যপতি হিরণ্যকশিপুর পুত্র। দৈত্যকুল চিরদিনই দেবদ্বেষী বিশেষতঃ হিরণ্যকশিপু ঘোর বিষ্ণুদ্বেষী ছিলেন। তাঁর ঔরসে এবং অসুরকুলে জন্মিলেও প্রহ্লাদ আশৈশব পরম বিষ্ণুভক্ত হইয়াছিলেন। > দৈত্যকুলে প্রহ্লাদের জন্ম প্রবাদে পরিণত। >জাতি বা কুলের সংস্কারবিরুদ্ধ-প্রকৃতিবিশিষ্ট সন্তান বা হীন এবং অসাধু বংশে সুসন্তান জন্মিলে, তাকে লোকে "দৈত্যকুলে প্রহ্লাদ" বলিয়া থাকে।

ফুলবিবি-মুসলমান অপদেবতাবিঃ; ওলাই চণ্ডী।

বক্কেশ্বর-দীনবন্ধু মিত্রের কমলে কামিনী নাটকের পুরুষচরিত্রবিশেষ। মণিপুর রাজ-কুমার মকরকেতনের বয়স্য। অন্তরে ভীরুতা কিন্তু মুখে বীরত্ব প্রকাশে দ্বিতীয় Captain Bobadil এর আদর্শ, প্রবাদে বীর বক্কেশ্বর।

বাবুরাম-বাবু-বৈদ্যবাটীর জমিদার যিনি অতিরিক্ত স্নেহে অন্ধ, পুত্রের চরিত্র গঠনে উদাসীন ছিলেন ও তার অন্যায় আব্দারে প্রশ্রয় দিয়া তার ভবিষ্যৎ নষ্ট করিতে সাহায্য করিয়াছিলেন। তুল- ধৃতরাষ্ট্র দুর্যোধন। অভিঃ পৃঃ ২০৪ আলাল দ্রঃ।

বিদুর [দ্রঃ] ধর্ম্মপ্রাণ, বিনয়ী বিদুরের ভক্তিভাবে প্রদত্ত তণ্ডুলকণায় ভগবান্ শ্রীকৃষ্ণ পরিতৃপ্ত হইয়াছিলেন বলিয়া প্রবাদে "বিদুরের খুদ" (দ্রঃ)।

বিদ্যাদিগগজ-গজপতি বিদ্যাদিগ্গজ। বঙ্কিমবাবুর দুর্গেশনন্দিনী উপন্যাসের কৌতুক-প্রদ ব্রাহ্মণ। ইনি ঘোর কৃষ্ণবর্ণ দীর্ঘাকৃতি। বুদ্ধির স্থূলতায় ও বিদ্যার অভাবে ইনি কথায় ও কার্য্যে পদে পদে হাস্যাস্পদ হইয়াছেন। প্রথম বয়সে চতুষ্পাঠীতে ব্যাকরণ পড়িতে আরম্ভ করেন। কিন্তু একদিন রাম শব্দের উত্তর অম্ প্রত্যয়ে রামকান্ত হয় বলায় অধ্যাপক তাঁহার মেধার পরিচয় পাইয়া অধ্যাপনায় বিরক্ত হন এবং এই বলিয়া বিদায় দেন-"তোমার এখানকার পাঠ সাঙ্গ হইয়াছে; আমার আর বিদ্যা নাই যে তোমাকে দান করিব"। গজপতি গুরুর নিকট উপাধি প্রার্থনা করিলে অধ্যাপক তাঁহাকে "বিদ্যাদিগ্গজ" উপাধি দেন। তখন হতে তিনি 'গজপতি বিদ্যাদিগ্গজ' নামে পরিচিত হন। উপাধি পাইয়া গজপতি গৃহে প্রত্যাবর্ত্তন করেন। তখন তাঁহার

স্মৃতিশিক্ষা লাভে অভিলাষ জন্মে। তিনি সুতরাং বিদ্যাদিগ্‌গজ হইয়াও অভিরাম স্বামীর ছাত্রত্ব স্বীকার করেন এবং গড়-মান্দারণ দুর্গে বাস করিতে থাকেন। কিন্তু এখানে স্মৃতিশিক্ষার পরিবর্তে অভিরাম স্বামীর সুন্দরী চতুরা কন্যা বিমলার সহিত সময় অসময় রসিকতা করার ফলে তাঁহার "রসিকরাজ রসোপাধ্যায়" উপাধি লাভ হয়। বিমলাকে দেখিয়া গজপতি বলেন-"দাই যেন ভাণ্ড ঘৃত: মদন আগুন যত শীতল হইতেছে দেহখানি ততই জমাট বাঁধিতেছে"। তখন হইতে বিমলা তাঁহাকে এই উপাধি দান করেন। ইনি বিমলার সহিত রসিকতায়, আসমানির সহিত প্রণয়ালাপ ও তার উচ্ছিষ্ট ভোজন ব্যাপারে, বনপথে বিমলা ভূতের ভয় দেখাইলে ঊর্দ্ধশ্বাসে পলায়নকালে জগৎসিংহের নিকট যবন বলিয়া পরিচয় দিবার চেষ্টা ও পাণ্ডিত্য প্রকাশকালে যেরূপ পদে পদে উপহাসাস্পদ হইয়াছিলেন তাতে "বিদ্যাদিগ্‌গজ" চরিত্র প্রবাদে পরিণত ও ব্যঙ্গ্যার্থে "হস্তিমূর্খ" স্থলে ব্যবহৃত হয়।

বিদ্যাসাগর-স্বনামধন্য পণ্ডিত, পুরুষ-সিংহ ৺ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এই নামে পরিচিত। জন্ম ১২২৭ (খৃ০ ১৮২০) সন ১২২৭ সাল, ১২ই আশ্বিন। জন্মস্থান-মেদিনীপুর বীরসিংহ গ্রাম। পিতা-৺ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায়। জননী-ভগবতী দেবী। মৃত্যু-১৮৯১ খৃ০ ২৯ জুলাই। আধু০ বাং গদ্য সাহিত্যের ও আধু০ বাঙ্গালা ভাষার জনক-স্থানীয়, মহাপ্রাণ, দয়ার সাগর, শিক্ষা ও সমাজ সংস্কারক। বর্ণপরিচয়, কথামালা, বেতাল পঞ্চবিংশতি, সীতার বনবাস ই০ বহুগ্রন্থের প্রণেতা, স্বাধীনচেতা আদর্শচরিত্র বঙ্গরত্ন।

বিভীষণ-রাক্ষসরাজ রাবণের ধর্ম্মপ্রাণ কনিষ্ঠ সহোদর। ভীষণাকার বিশাল মুখমণ্ডল হতে প্রবাদে "মুখ বা মূর্ত্তি যেন বিভীষণ।" ইনি জ্যেষ্ঠ ভ্রাতার দুর্ব্যবহারে ক্রুদ্ধ হইয়া তাঁহার শত্রু রামচন্দ্রের আশ্রয় গ্রহণ করেন এবং ক্রমাগত গৃহসন্ধান বলিয়া দিয়া রাবণকে সবংশে বিনাশ করিতে রামচন্দ্রের সহায়তা করেন। > গৃহশত্রু অর্থে বিভীষণ। প্রবাদে "ঘর সন্ধানী বিভীষণ", "ঘর শত্রু বিভীষণ"। তুল-"ঘর সন্ধানে রাবণ নষ্ট"। "ঘর ভেদে রাবণ নষ্ট"।

বীরবল-সম্রাট আকবরের মিত্র কাল্পীর অধিবাসী জনৈক ব্রাহ্মণ। প্রকৃত নাম 'মহেশ দাস'। গোঁড়া মুসলমান বদাউনী বীরবলের বাক্‌পটুতার প্রশংসা করিয়া গিয়াছেন। পশ্চিমোত্তর সীমান্তে য়ুসুফজাইদের সহিত যুদ্ধে ১৫৮৬ খৃ০ অব্দে দেহত্যাগ করেন। ২ স্বনামপ্রসিদ্ধ সাহিত্যিক সবুজপত্রের সম্পাদক "শ্রীযুক্ত প্রমথনাথ চৌধুরী" (বঙ্গের বীরবল) এই নামে বঙ্গসাহিত্যে পরিচিত।

বুদো' বুধো-উদো দ্র:।

বৃহস্পতি [দ্র:। মেয়েলি০ বের্‌স্পোতি] দেবগুরু বৃহস্পতির বুদ্ধির বলেই দৈত্য দানবাদি চরাচরবাসীর মধ্যে শ্রেষ্ঠত্ব ও বিজয়লক্ষ্মী দেবতাদিগের আয়ত্ত। "বুদ্ধিতে বৃহস্পতি"-প্রবাদ।

ভবচন্দ্র-"ভবচন্দ্র রাজার গবচন্দ্র মন্ত্রী" এই প্রবাদের ভবচন্দ্র। ইনি ত্রিহুত, বাঙ্গালা ও কামরূপের রাজা মাণিকচন্দ্রের পৌত্র এবং রাজা গোবিন্দচন্দ্রের পুত্র। ইঁহার প্রকৃত নাম উদয়চন্দ্র, ডাকনাম ভবচন্দ্র। অচতুর বলিয়া ভব স্থলে "হব" (হাবারাম অর্থে) এই মন্ত্রীর নিবুর্দ্ধিতার জন্য "গব" (গবারাম অর্থে) > "হবচন্দ্র রাজার গবচন্দ্র মন্ত্রী"।

ভীমসেন-দেহের পুষ্টি ও দৃঢ়তায়, ভোজন পটুতায়, বাহুবলে, ক্রোধন স্বভাবে, ভীষণতায় ভীম আদর্শ বলিয়া প্রবাদে "যেন ভীমসেন"।

ভীষ্ম-গঙ্গানন্দন ভীম লোকবিস্ময়কর ভীষণ প্রতিজ্ঞা পালনের দৃঢ়তায় অদ্বিতীয় এবং আদর্শ ছিলেন বলিয়া প্রবাদে "ভীষ্মের প্রতিজ্ঞা"।

মতিলাল-টেকচাঁদ ঠাকুর লিখিত নবন্যাসোক্ত আলালের ঘরের দুলাল (দ্র:)। বাপের আদরে অসৎসঙ্গে নষ্ট পুত্র।

মন্থরা-ভরত জননী কৈকেয়ীর দাসী। কুব্জা, বিকৃতাকার বক্রদেহা ঈর্ষ্যাপরায়ণা, কূটবুদ্ধিতে পূর্ণা এবং কুমন্ত্রণাদানে নিপুণা, কিন্তু কৈকেয়ীর প্রকৃত হিতাকাঙ্ক্ষিণী। এই কুট্টার মন্ত্রণা শুনিয়া কৈকেয়ী বলিয়াছিলেন "শম্বরাসুরের সহস্র মায়া তোমার ঐ হৃদয়ে নিবিষ্ট। পৃষ্ঠের উপর যে রথঘোণের ন্যায় এই উন্নতাকার মাংসপিণ্ডটী আছে, উহা ঐ সমস্ত মায়া থাকিবার স্থান। উহার মধ্যে তোমার বুদ্ধি ও রাজনীতি বাস করিতেছে" (রামা০, অযোধ্যাকাণ্ড)। তাহা হইতে বিদ্রূপে-"মন্থরা দাসী"। ২ বিরোচন দানবের কন্যা। ইনি পৃথিবী ধ্বংসের সঙ্কল্প করিলে ইন্দ্র কর্ত্তৃক নিহত হন (রামায়ণ)। একি কথা শুনি আজ মন্থরার মুখে-বক্তার স্বভাবের বিরুদ্ধ উক্তি শুনিয়া বিস্ময়ের উক্তি। তুল-"ভূতের মুখে রাম নাম"।

ময়না, বুড়ি ময়না-অভিধানে ময়না, ময়নামতী দ্র:।

মর্জ্জিয়ানা - আলিবাবা (দ্র:)র বাঁদী (গৃহ পরিচারিকা)। আলিবাবা দ্র:।

মহাদেব-শিবের প্রকৃতি হতে সদানন্দ, প্রশান্ত, তুষ্ট, নির্ব্বিরোধী ব্যক্তির উদ্দেশে বলা হয় "যেন মহাদেব"।

মান্ধাতা [দ্র:] সৃষ্টির আদিকালে বৈবস্বতমনুর অধস্তন ১৯তম পুরুষ, ইক্ষ্বাকু বংশীয় অযোধ্যাপতি ও সপ্তদ্বীপের অধীশ্বর। রামায়ণে আছে রাজা মান্ধাতা ইন্দ্রের অর্দ্ধাসন ও অর্দ্ধরাজ্য ভোগ বাসনায় স্বর্গে যুদ্ধার্থ যাত্রা করেন সুতরাং সে সত্যযুগের কথা। > প্রবাদে-বহু প্রাচীনকাল অর্থে "মান্ধাতার আমল"।

মারীচ [দ্র:] সুমালী রাক্ষসের মন্ত্রী মায়াবী রাক্ষস। মায়ামৃগ রূপে রামকে ছলনা ও সীতা-হরণে সহায়তা করিতে রাবণ কর্ত্তৃক আদিষ্ট হইলে, তা' না শুনিলে রাবণহস্তে, শুনিলে রামহস্তে মৃত্যু জানিয়া মারীচ মৃত্যুকেই বরণ করে। > উভয়-সঙ্কট অবস্থা। > প্রবাদে- "মারীচের দশা"। "না ধরিলে রাজা বধে ধরিলে ভুজঙ্গ। সীতার হরণে যেন মারীচ কুরঙ্গ।-ভারত০।

মুচিরাম গুড়-নিরক্ষর সামান্য লোক তোষামোদের জোরে কিরূপে উচ্চপদ লাভ করে তার বাং ঔপন্যাসিক আদর্শ চরিত্র।

যশোদা-নন্দগোপপত্নী এবং শ্রীকৃষ্ণের পালিকা মাতা। কৃষ্ণযাত্রায় যশোদাকে, ঘাগ্‌রা, ওড়না, আঙ্গিয়া প্রভৃতি পরিধান। ব্রজবাসিনীদিগের অনুকরণে বস্ত্রবাহুল্যে,

---

ৱঁ ৱ ৰ্বঁ ৰ্বি বিলুম বৈলা ব্বাঁখা অতি ৰ্ঐ ৰ্ভি যুক্ত স্বর, ে=ৗ =া=ঐ =এ(t), প=ম ব=জ স=শ=ষ স শ=S (...), অনাদ্য ... অন্ত্য

কপালে সিন্দুরের দীর্ঘ ফোঁটা দিয়া ও সীমন্তে প্রচুর সিন্দুর লেপনে জবড়জঙ্গ করিয়া সাজানর জন্য প্রবাদে-"যেন যশোদা ঠাকরুণ হয়ে বসে আছেন"। ২ যশোদা পুত্র প্রসব না করিয়াও দেবকী গর্ভজ শ্রীকৃষ্ণকে স্বীয় পুত্র জ্ঞানে লালনপালন করিয়া "মা যশোদা" ও পুত্রবতী বলিয়া পরিচিতা ছিলেন। তাহা হইতে প্রবাদে-"যশোদা কি ভাগ্যবতী, পরের পুতে পুত্রবতী"। অন্যের সন্তানকে আপনার করিয়া লইলে বা পুত্রবৎ পালন করিলে কিম্বা পরের ধনে ধনবান্ বা ধনবতী হইলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

যুধিষ্ঠির-ধর্ম্মের ঔরসজাত কুন্তিপুত্র; জ্যেষ্ঠ পাণ্ডব। "ধর্ম্মপুত্র" বলিয়া প্রসিদ্ধ। অদ্বিতীয় ধর্ম্মনিষ্ঠা বলিয়া প্রবাদে-"যেন ধর্ম্মপুত্র যুধিষ্ঠির"। তাদৃশ সত্যবাদী, ন্যায়নিষ্ঠ ও ধার্ম্মিক হওয়া এযুগে সম্ভবপর নহে বলিয়া বিদ্রূপে-"কলির যুধিষ্ঠির আর কি।"

রাজা তেজচন্দ্র-বর্দ্ধমানের রাজা তেজচন্দ্রের আদর্শানুযায়ী চূড়ান্ত সৌখীন ও মুক্তহস্ত। ২ [তেজ (দর্প) চন্দ্র (শ্রেষ্ঠার্থে)] অতিশয় অহঙ্কৃত বা দর্পী।

রামচন্দ্র-অযোধ্যার রাজা দশরথপুত্র, সীতাপতি, ত্রেতায় বিষ্ণুর অবতার। দুষ্টের দমন হেতু প্রবাদে-"শমনদমন রাবণরাজা রাবণদমন রাম"। শিষ্টের পালন ও প্রজারঞ্জন হেতু প্রবাদে-রামের মত রাজা, রামরাজ্য, রামরাজ্যে বাস ইত্যাদি। রামের ন্যায় শৌর্য্য-বীর্য্য-ঐশ্বর্য্য ও প্রতাপশালী রাজার বংশ ও রাজ্য, কালে লোপ পাওয়া হেতু প্রবাদে-"সে রামও নাই সে অযোধ্যাও নাই"। আদর্শ পতি বলিয়া মেয়েলি কথা ও ব্রতে-"রামের মত পতি লক্ষ্মণের মত দেবর" (লক্ষ্মণ দ্রঃ)।

রাবণ-নিকষা রাক্ষসীর গর্ভে বিশ্রবা মুনির ঔরসজাত পুত্র ও স্বর্ণলঙ্কার অধিপতি। বাহুবলে প্রতাপে ঐশ্বর্য্যে ও দর্পে অদ্বিতীয়। তা হতে প্রবাদে-"অতি দর্পে হতা লঙ্কা", "শমনদমন রাবণরাজা"। ক্রোধোন্মত্ত দশমুণ্ড রাবণের কুড়িহস্ত কুড়িচক্ষু ভীষণাকার ধারণ করিত বলিয়া প্রবাদে-"যেন রাবণমুখ" বা "রাবণমুখী" হয়ে ভেড়ে যাওয়া। ২ রাবণ স্বর্গের সিঁড়ী করিব করিব করিয়া রামের হস্তে নিহত হওয়ায় সিঁড়ী করা আর হইল না। > প্রবাদে- "রাবণের স্বর্গের সিঁড়ী করা"। যে আজ কাল করিয়া কোন কার্য্যে বিলম্ব করে সেই দীর্ঘসূত্রীকে রাবণের সহিত তুলনা করিয়া তৎপ্রতি এই প্রবাদ প্রযুক্ত হয়।

রুদ্র-যুগান্তে কালদণ্ডধারী বিশ্বদহনার্থী ভূতগণবেষ্টিত ভগবান ত্র্যম্বক। ইনি রোষানলে মদনকে ভস্ম করিয়াছিলেন, নেত্রজ্যোতিতে অন্ধকাসুর বিনাশ করিয়াছিলেন, ললাটনেত্র হতে সধূম অগ্নি উদ্গার করেন এবং কুপিত হইলে বিশ্ব-ভয়ঙ্কর মূর্ত্তি ধরেন বলিয়া, প্রবাদে-"যেন রুদ্রমূর্ত্তি ধারণ করেছে"।

রাঘববোয়াল-বোয়াল মাছের সদৃশ সর্ব্বগ্রাসী বা সর্ব্বভুক্ ব্যক্তি; সকল মৎস্য উদরস্থ করিবার মত আত্মসাৎকারী ব্যক্তি।

রোঘো ডাকাত-রঘুনাথ নামক বঙ্গের প্রসিদ্ধ ডাকাতবিশেষ। নির্ভীকতায় দুরন্তপনায় এবং লুণ্ঠন ব্যাপারে অদ্বিতীয় ছিল বলিয়া প্রবাদে-"যেন রোঘো ডাকাত"।

লক্ষ্মণ [দ্রঃ] আদর্শ ভ্রাতা ও আদর্শ দেবর ছিলেন বলিয়া প্রবাদে-"দেবর লক্ষ্মণ", "লক্ষ্মণ দেবর" (অর্থাৎ লক্ষণের ন্যায় আদর্শ-চরিত্র ভক্তিমান্ ও সর্ব্বতোভাবে অনুগত দেবর), "লক্ষ্মণের মত ভাই" মেয়েলী ব্রতে-"দেবর লক্ষ্মণ" লক্ষ্মণের মত দেওর হওয়া মেয়েদের প্রার্থনার বিষয়।

লক্ষ্মী [দ্রঃ] সর্ব্বসুলক্ষণাক্রান্তা সর্ব্বপ্রকার কল্যাণ ও সর্ব্বপ্রকার ঐশ্বর্য্যসম্পদের অধিষ্ঠাত্রী দেবী বলিয়া প্রবাদে-"লক্ষ্মীশ্রী", "লক্ষ্মীবন্ত (কথ্য প্রয়োগে লক্ষ্মীমন্ত) পুরুষ"। গৃহবধূ অর্থে"মালক্ষ্মী","ঘরের লক্ষ্মী"। সুবোধ শান্ত ছেলেমেয়ের প্রশংসা বা আদরার্থে "লক্ষ্মী মেয়ে", "লক্ষ্মী ছেলে", "লক্ষ্মীটি", "লক্ষ্মীমণি"। ধন সম্পদ অর্থে লক্ষ্মী-"লক্ষ্মীলাভ", "হাতের লক্ষ্মী", "লক্ষ্মীর দৃষ্টি পড়া", "কমলার কৃপা হওয়া", "মা লক্ষ্মীর কৃপা", "লক্ষ্মী সদয়া"। ধনী অর্থে "লক্ষ্মীর বরপুত্র"। লক্ষ্মী সৌন্দর্য্যের অধিষ্ঠাত্রী দেবী বলিয়া প্রবাদে-"রূপে লক্ষ্মী (গুণে সরস্বতী)"। দরিদ্র অর্থে-"লক্ষ্মী ছাড়া"। প্রাচুর্য্যের অধিষ্ঠাত্রী দেবী বলিয়া প্রবাদে-"লক্ষ্মীর ভাণ্ডার"।

লঙ্কাপোড়া-হনুমান দ্রঃ।

শকুনি মামা [শকুনি দ্রঃ] দুর্য্যোধনের মাতুলের মত কুমন্ত্রী। প্র-যেমন দুর্য্যোধন রাজা, তেমনি তাঁর শকুনি মন্ত্রী জুটেছেন। কালনেমী দ্রঃ।

শঙ্কর চক্রবর্ত্তী-যশোহরের রাজা প্রতাপাদিত্যের সেনাপতি। প্রসিদ্ধ বীর ও সাহসী ছিলেন বলিয়া প্রবাদে-"শঙ্কর চক্র-বর্ত্তীকে খেলে বাঘে, অন্য লোকে কোথা লাগে"।

শল্য-নকুল সহদেবের মাতুল শল্য যিনি কর্ণের সারথী হইয়া পাণ্ডবদিগের বিরুদ্ধে কুরুক্ষেত্র সমরে দুর্য্যোধনের পক্ষাবলম্বন করেন, অর্জ্জুনহস্তে কর্ণ নিধনের পর তিনি রথী হইয়া পাণ্ডবদিগের সহিত সংগ্রাম করিতে গমন করেন। ভীষ্ম, দ্রোণ, কর্ণের ন্যায় মহাবীর যাঁহাদের হস্তে নিহত হন তথায় শল্যের সেনাপতিত্ব গ্রহণ উপহাসের বিষয়, >প্রবাদে-"ভীষ্ম দ্রোণ কর্ণ গেল শল্য হল রথী। চন্দ্র সূর্য্য অস্ত গেল জোনার পাছে বাতী"। অনুরূপ স্থলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

শুক্রাচার্য্য-ভৃগুমুনির পুত্র; ভার্গব। অন্য নাম কানা শুক্র(গ্রা॰ কানা শুক্কুর)। বলি রাজের দানে বিঘ্ন করাতে ইঁহার এক চক্ষু নষ্ট হয়। তদবধি 'কানা শুক্র'নামে অভিহিত হন। ইনি দৈত্যগণের গুরু। দেবগুরু বৃহস্পতির পুত্র কচকে দেবগণ মৃতসঞ্জীবনী মন্ত্র শিক্ষার জন্য তাঁহার নিকট পাঠাইয়াছিলেন। কচ এই মন্ত্র লাভ করিয়া দেবগণের মধ্যে প্রত্যাবর্ত্তন করেন। একচক্ষু হীন বা পক্ষপাত দুষ্ট ব্যক্তিকে বিদ্রূপার্থে "কাণা শুক্কুর" বলা হয়।

সরওয়ার খাঁ- পূর্ব্বনাম সর্ব্বানন্দ, শ্রীহট্ট নিবাসী। মজুমদার বংশের প্রবর্ত্তক। মুর্শিদাবাদের নবাবের মন্ত্রী ছিলেন। "The founder of the Mazumdar family was Surwar Khan, who in 1464 A. D. reduced to order the revolting Zamindars of Yta (Etah) & Pratapgarh —Assam District Gamther, Vol. II.

সাবিত্রী [দ্রঃ] আদর্শ সতী সাবিত্রীর সহিত তুলনায় "সতী সাবিত্রী", "সাবিত্রী সমান সতী হও", পত্রে সম্বোধনে "সাবিত্রী-সমানেষু"। সীতা রামকে বলিয়াছিলেন- "তুমি আমাকে সত্যবানের সহধর্ম্মিণী সাবিত্রীর ন্যায় তোমারই বশবর্ত্তিনী জানিও।"-রামা, অযোধ্যাকাণ্ড।

সিরাজুদ্দৌলা-বাঙ্গালার স্বনামখ্যাত নবাব উচ্ছৃঙ্খল-প্রকৃতি, স্বেচ্ছাচারী এবং যৌবনসুলভ ভোগবিলাসী ছিলেন বলিয়া প্রবাদ আছে। > লোক বিশেষে ঐরূপ প্রকৃতির বা বিলাস-বাহুল্যের সাদৃশ্য দেখিলে উক্ত হয়-"যেন নবাব সিরাজুদ্দৌলা"। এইরূপ বঙ্গের নবাব মুর্শিদকুলি খাঁর প্রতিদ্বন্দ্বী নবাব খাঁন জাহান খাঁর (প্রা॰ খাঞ্জাখান) অতিরিক্ত নবাবী চাল চলনের জন্য প্রবাদে "নবাব খাঞ্জাখান এসেছেন"।

সীতা-সতীত্ব রক্ষায় সীতা আদর্শস্থানীয়া বলিয়া প্রবাদে "সীতা সতী" এবং ব্রতকথায় বর প্রার্থনায়-"সীতার মত সতী হই"।

সুগ্রীব [দ্রঃ] রামমিত্র সুগ্রীব। ইনি মহাবল ছিলেন, কিন্তু জ্যেষ্ঠ ভ্রাতা অদ্বিতীয় বলশালী বালির তাড়নায় সমস্ত পৃথিবী ছুটিয়া বেড়াইতে বাধ্য হইয়াছিলেন। তাহার ফলে তিনি আদ্যোপান্ত ভূবৃত্তান্ত জানিতে পারিয়াছিলেন এবং সেই জ্ঞানানুসারে পৃথিবীর চতুর্দ্দিকে সুস্পষ্টরূপে বিবরণ জানাইয়া সীতান্বেষণার্থ চর পাঠাইতে সমর্থ হইয়াছিলেন। এতদ্ব্যতীত তাঁহার মহাবীর্য্যশালী অসংখ্য বানরসৈন্য রামচন্দ্রের সাহায্যার্থ নিয়োগ করিয়াছিলেন। এদিকে নর বানরের সংগ্রামে নিধনপ্রাপ্তি রাবণের নিয়তি ছিল। >প্রবাদে-"একে রামে রক্ষা নাই সুগ্রীব তার মিতা"।

সূর্পণখা [দ্রঃ] রাবণের বিধবা ভগিনী, কামরূপিণী রাক্ষসী। দণ্ডকারণ্য ইহার বিহারভূমি ছিল। পঞ্চবটী বনে সীতাকে দেখিয়া সীতার রূপে ঈর্ষ্যান্বিতা হইলে, লক্ষ্মণ সূর্পণখার নাসাকর্ণ ছেদন করিয়া দিলে এই রাক্ষসী প্রতিহিংসাবশে সীতাহরণার্থ রাবণকে উৎসাহিত করিয়া জনস্থানে আনয়ন করে। ইহা হইতেই রাবণের সর্ব্বনাশের ও রক্ষোকুল নাশের সূত্রপাত হয়। ঐশ্বর্য্যনাশ এবং বংশনাশ ও সর্ব্বনাশের হেতুস্বরূপিণী বলিয়া বিদ্রূপার্থে উক্ত। মেয়েলি-"সূর্প্নখা"। (২) নাসিকা ছেদন হেতু সূর্পণখার অনুনাসিক স্বর অনুকরণে রাম যাত্রার সূর্পণখার "দাঁদা গোঁ" চীৎকার লঙ্কার সিংহাসনে রাবণের কর্ণে পৌছানর অভিনয় দেখিয়া খোনা স্ত্রীলোককে বিদ্রূপার্থে সূর্পণখা বলে। (৩) নাক কান কাটার ব্যাপার স্মরণে ভর্ৎসনায় বা গালিতে "সূর্পণখা" বলিয়া সম্বোধন।

হনুমান্ [দ্রঃ]রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে আছে হনুমানের বাক্য শুনিয়া রাম লক্ষ্মণকে বলিয়াছিলেন-"ঋগ্বেদজ্ঞ, যজুর্ব্বেদজ্ঞ ও সামবেদজ্ঞ পুরুষ ব্যতীত অপর কেহ ঈদৃশ বাক্য প্রয়োগ করিতে পারে না। ইনি অনেক কথা বলিয়াছেন, কিন্তু একটিও অপশব্দ প্রয়োগ করেন নাই। বোধ হয় ইনি ব্যাকরণ প্রভৃতি বিবিধ ব্যুৎপাদক গ্রন্থ বহুবার অধ্যয়ন করিয়াছেন। বক্ষঃস্থল ও কণ্ঠগত মধ্যম স্বর অবলম্বনপূর্ব্বক পদবিন্যাস ক্রম অতিক্রম না করিয়া শ্রুতিকটু-পদশূন্য বাক্য প্রয়োগ করিয়াছেন" পরাক্রম উৎসাহ বুদ্ধি প্রতাপ সুশীলতা মাধুর্য্য নীতিজ্ঞান গাম্ভীর্য্য চাতুর্য্য বীর্য্য এবং ধৈর্য্য প্রভৃতি গুণে হনুমান অপেক্ষা ইহলোকে কেহই অধিক নাই। * * * ইনি সমস্ত বিদ্যা, কি ছন্দ কি তপোবিধান, সকল বিষয়েই সুরগুরুকে স্পর্দ্ধা করেন"-রামায়ণতত্ত্ব। "বুদ্ধি ও কার্য্যসিদ্ধি ইঁহারই আয়ত্ত, বল উৎসাহ ও শাস্ত্রবোধ ইঁহারই ছিল"-সুন্দরাকাণ্ড। সর্ব্বগুণে গুণান্বিত হইলেও রামায়ণোক্ত হনুমান কর্ত্তৃক লঙ্কাদগ্ধ ব্যাপার এবং পশুরাজ্যের বানর বংশীয় হনুমানের প্রকৃতি স্মরণ করিয়া লোক অকর্ম্মকারী দুর্ব্বুদ্ধি জনের উদ্দেশে "হনুমান্", "হনুমান্ আর কি", "আস্ত হনুমান্", "লঙ্কাপোড়া" ইত্যাদি বলিয়া থাকে। হনুমানের এই লঙ্কাদগ্ধব্যাপার স্মরণে সাহিত্যিকেরাও রসিকতা করিতে ছাড়েন না। প্রসিদ্ধ কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত ও তাঁহার জ্যেষ্ঠতাতপুত্র স্বভাব-কবি মহেশচন্দ্রের মধ্যে কবিতার লড়াই হইত, কোন কারণে মহেশচন্দ্র প্রতিজ্ঞা করিয়া ঈশ্বরচন্দ্রের সহিত কবিতার লড়াই বন্ধ করেন। তাহাতে ঈশ্বরচন্দ্র বিদ্রূপ করিয়া লেখেন "দাদা লেজ গুটালে কেন?" মহেশচন্দ্র উত্তর দেন,-"ওরে দুই ভায়ের দুই থাকলে লেজ, থাকত না সংসার। একে তোমার লেজে গেছে মজে, সোণার লঙ্কা ছারেখার।"

হরি ঘোষ-কলিকাতা বাগবাজার কাঁটাপুকুর নিবাসী ও পরে কাশীপ্রবাসী মকরন্দ ঘোষ বংশজ শ্রীহরি ঘোষ বহু অকর্ম্মণ্য আত্মীয় স্বজন প্রতিপালন করিতেন। নিষ্কর্ম্মা ব্যক্তি একবার তাঁর শরণ লইতে পারিলেই তাঁর বাড়ীতে আশ্রয় পাইত। ঐ সকল অকর্ম্মণ্য লোকের বাস হেতু তাঁর বাড়ী গোয়াল নামে প্রসিদ্ধ হইয়াছিল। কথায় "যেন হরি ঘোষের গোয়াল হয়েছে বা করে ফেলেছে।" "হরি ঘোষের গোয়াল পেয়েছে" ইত্যাদি।

হোঁদোল কুৎকুৎ-জলধর দ্রঃ।

পরিশিষ্ট (ঘ)

ধাতু ও ধাত্বর্থ

(১)

সংস্কৃত নাম ধাতু

[বাঙ্গালা ভাষার অভিধানে সংস্কৃতমূলক শব্দের ব্যুৎপত্তি নির্ণয়স্থলে সংস্কৃত ধাতু ও ধাত্বর্থ প্রকটিত থাকায় পরিশিষ্টভাগে মুদ্রিত "সংস্কৃত ধাতু ও ধাত্বর্থ" শীর্ষক তালিকা অনাবশ্যক বোধে তুলিয়া দিয়া তৎস্থলে বর্ত্তমান সংস্করণে কতিপয় সংস্কৃত নামধাতুর পরিচয় এবং বঙ্গীয় নাম-ধাতুর ও বাঙ্গালা ভাষায় ব্যবহৃত অনুকারাত্মক (Onomatopœtic) শব্দোৎপন্ন অর্থাদিযুক্ত ধাতুর তালিকা সন্নিবেশিত হইল]

অগ॑দ (নীরোগত্বে) > অগদাতি। অঘ॑ (পাপ) > অঘায়তি। অ॑নুকূল > অনুকূলয়তি। অভ্র > অভ্রায়তে। অমৃত > অমৃতায়তে (অমৃতবৎ আচরণে)। অলীক > অলীকায়তে (অলীকবৎ প্রতীয়মানে, মিথ্যাচারে)। অশ॑ন > অশনায়তে, অশনীয়তি (ভোজনেচ্ছায়)। অশ্ব > অশ্বায়তে (অশ্ববৎ প্রতীয়মানে বা আচরণে)। আবিল > আবিলয়তি (আবিল করণে)। উৎসুক > উৎসুকায়তে (উৎসুক হওয়ায়)। উদ॑ক্ > উদন্যতি (উদকেচ্ছায়)। উদ্বম॑ন > উদ্বমতি (উদ্বমনে)। উন্মন > উন্মনায়তে (উন্মনা হওয়ায়)। উষ্ম (া) > উষ্মায়তে (উত্তাপে, ক্রোধে)। কণ্ডূ (তি) > কণ্ডূয়তি (গাত্রবিঘর্ষণে)। করুণ > করুণায়তে। ক॑ল॑হ > কলহায়তে। কিলকিলা > কিলকিলায়তি (কিলকিলায়)। কৃপ॑ণ > কৃপণায়তে (কৃপণবৎ আচরণে)। কৃষ্ণ > কৃষ্ণায়তে। খুসখুস > খুসখুসায়তে (খুসখুসায়)। খেল (া) > খেলায়তে (বিলাসে। বাং- খেলায়, খেলই, খেলে, খেলয়)। গোম॑য় > গোমায়তে (গোময়বৎ অনুমানে, ব্যবহারে)। চ॑প॑ল > চপলায়তে (চাপল্য প্রকাশে) চরিতার্থ > চরিতার্থয়তি (চরিতার্থতায়)। চিত্র > চিত্রীয়াত (আশ্চর্য্যে)। চির > চিরয়তি, চিরায়তি (চিরায়)। চিহ্ন > চিহ্নয়তি (চিহ্নয়)। ছ॑ল > ছলয়তি (ছলয়)। ত॑পঃ > তপস্যতি। তিমির > তিমিরয়তি। তূল > তূলয়তি (তুলয়)। তৃপ্র > তৃপ্রায়তে (তৃপ্রয়)। দারুণ > দারুণায়তে (নিষ্ঠুরতায়)। দুঃখ > দুঃখায়তে। দুর্ম॑ন॑স > দুর্মনায়তে। দুহিতা > দুহিত্রীয়তে (দুহিতাবৎ আচরণে)। দৃঢ় > দ্রঢয়তি (দৃঢ়য় বা দ্রঢ়য়)। দোল > দোলায়তে (দোলয়ে, দোলায়)। দ্রুম > দ্রুমায়তে (দ্রুমবৎ শোভা পাওয়ায়)। ধন > ধনায়তি (ধন গ্রহণ বা লাভেচ্ছায়)। ধূম > ধূমায়তে (ধূমায়, ধুঁয়ায়)। ন॑মঃ > নমস্যতি (নমে)। প॑ণ্ডিত > পণ্ডিতায়তে (পণ্ডিতবৎ আচরণে)। পতি > পতীয়তি (স্বামীগিরি ফলান অর্থে)। পর > পরায়তে (পরবৎ আচরণে)। প॑ল্লব > পল্লবয়তি (পল্লবোদগমে)। পাশ > পাশয়তি [পাশবন্ধনে। এইরূপ। বিপাশ > বিপাশয়তি (পাশ মোচনে)]। পিশুন > পিশুনয়তি (পিশুনবৎ আচরণে)। পুত্র > পুত্রীয়তি (পুত্রেচ্ছায়)। পুল॑ক > পুলকয়তি (পুলক প্রকাশে, অনুভবে)। পৃথু > প্রথয়তি, -তে (পৃথু করণে)। প্রতিকূল > প্রতিকূলয়তি। প্র॑মাণ > প্রমাণয়তি। প্রশ্ন > প্রশ্নয়তি, -তে (প্রশ্ন করায়)। প্রায়॑শ্চিত্ত > প্রায়শ্চিত্তীয়তে। ফেন > ফেনায়তি, -তে। ভিক্ষা > ভিক্ষয়তি (ভিক্ষায়)। ম॑ন্ত্র > মন্ত্রয়তে (মন্ত্রয়, মন্ত্রয়)। ম॑ন্দ > মন্দয়তি। ম॑লিন > মলিনয়তি। মিত্র > মিত্রীয়তে। মুখর > মুখরয়তি (মুখর হওয়ায়, মুখরতা করায়)। মৃদু > ম্রদয়তি (মৃদু করণে)। মেঘ > মেঘায়তে। মেধা > মেধায়তে। রাজা > রাজায়তে (রাজবৎ আচরণে)। রূপ > রূপয়তি, রূপয়তে (রূপ দর্শনে)। রেখা > রেখায়তে। রোম॑ন্থ > রোমন্থয়তে (রোমন্থয়)। ল॑ঘু > লঘয়তি (লঘু করণে)। লবণ > লবণয়তি। লেখা > লেখায়তি। লোহিত > লোহিতায়তি। বাষ্প > বাষ্পায়তে (বাষ্পোদ্গীরণে)। বিঘ্ন > বিঘ্নয়তি। বিম॑ল > বিমলয়তি (বিমল করণে)। বৃষ > বৃষস্যতি, বৃষায়তি (বৃষবৎ আচরণে)। শত্রু > শত্রুয়তি (শত্রুতায়)। শ॑ব্দ > শব্দায়তে। শিথিল > শিথিলয়তি (শিথিল করণে বা হওয়ায়)। শীঘ্র > শীঘ্রায়তে। শুচি > শুচীয়তে শ্যাম > শ্যামায়তে

(শ্যামায়)। শ্র্রম্‌ণ > শ্রবণায়তে (তদ্বৎ আচরণে)। শ্ল্থ > শ্লথায়তে। শ্বেত > শ্বেতায়তি। সত্য > সত্যাপয়তি (সত্য করণে, সত্যে পরিণত করণে)। স্ফল > সঙ্কলয়তি। স্মান > সমানয়তি। স্মুদ্র > সমুদ্রায়তে (সমুদ্রবৎ অনুমিত বা সমুদ্রে পরিণত হওয়ায়)। সিংহ > সিংহায়তে (সিংহবৎ আচরণে)। সুখ > সুখায়তে (সুখানুভবে)। সুস্থ > সুস্থায়তে (সুস্থ বোধে, হওয়ায়)। হরিণ > হরিণায়তে (হরিণবৎ আচরণে)। হরিত > হরিতায়তি (হরিৎ বা তদ্বৎ হওয়ায়)।

(২)

বঙ্গীয় নামধাতু এবং অনুকারাত্মক (Onomatopoetic) শব্দোৎপন্ন ধাতুমালা

অগ্রস্র > অগ্রসরা। "অগ্রসরি শিথিধ্বজ রথে"-মেঘ°। "রোষে অগ্রসরি গরজি কহিলা"-ঐ। অঙ্কন > আঁক > আঁকা। "অঞ্জন আঁকো নয়নে"-চয়নিকা (রবী°)। অতিক্রম > অতিক্রমা। "কাতর প্রবাহ ঢালে তীর অতিক্রমি -বারিরাশি দুই-পাশে"-মেঘ°। অনুকার > অনুকারা। "অনুকারিছে নভোমণ্ডল ও"-গোবিন্দ রায়। অনুমান > অনুমানা। "হেন অনুমানি"। অবগাহন > অবগাহা। "কেহ অবগাহে দেহ স্বচ্ছসরোবরে" -মেঘ°। অবচয়ন > অবচয়া। "অবচরি ফুলচয় সে নিকুঞ্জ বনে"-মেঘ°। অবতরণ > অবতরা (অবতর, অবতরি, অবতরে, অবতরিতে, অবতরিয়া)। অবলেপন > অবলেপা। অবহেলন > অবহেলা। "বৈরীদলে যেন অবহেলি"-মেঘ°। "কেন অবহেল দেব-আজ্ঞা"-ঐ। অভিসার > অভিসারা [অভিসার করা, অভিসারে যাওয়া)। আদেশ > আদেশা। "আদেশ দাসেরে"-মেঘ°। আঁধার > আঁধারা। "কার ঘর আঁধারিলি"-মেঘ°। আকর্ষণ > আকর্ষা। "শিঞ্জিনী আকর্ষি রোষে"-মেঘ°। আক্রমণ > আক্রমা। "আক্রমিলা রণে কুমারে"-মেঘ°। "আক্রমিবে কালিয়া মচন্দ্রে"-ঐ। শার্দুল বিক্রমে আক্রমি রাক্ষসে"-ঐ। আর্গল > আগলান (আগলাই, আগলাও,-লান,-লাস, আগলায়, -লাম ই°)। আঙুল > আঙলান (আঙুল দ্বারা স্পর্শ করা, বা আঙুল প্রবিষ্ট করা)। আচরণ > আচরা। "কোন অপরাধে বৈরিভাব আচরিব তোমাদের সাথে?"-মেঘ°। আচ্ছাদ(ন) > আচ্ছাদা। "আচ্ছাদিয়া নিশানাথে"-মেঘ°। "কুসুম আসার আচ্ছাদিল শূরবরে"-ঐ। আজাড় [< উজাড়] > আজড়ান (আজাড় বা খালি করা)। আটক > আটকান। আদেশ > আদেশা। "সত্বরে যাইতে তারে আদেশ মহেশি"-মেঘ°। "দূত পাশে চাহি আদেশিলা"-ঐ। আন্দোলন > আন্দোলা। "ঢুলায় মৃণাল ভুজ-আনন্দে আন্দোলি চন্দ্রাননা।"-মেঘ°। আবরণ > আবরা। "ঘন আবরিলে দিননাথে"-মেঘ°। "মায়াময়ী আরবিলা চারু আবরবে" -ঐ। "অবরিতে গগণে"-ঐ। "দেবক্রোধ আবরিছে"-ঐ। আবর্তন > আবর্তা। "আবর্ত্তিয়া মুখে নব ছন্দ;"-কাহিনী (রবী°)। আবির্ভাব > আবির্ভাবা। "আবির্ভাবি মায়া মহাদেবী প্রভাতে।" -মেঘ°। আমোদ > আমোদা। "গন্ধামোদে আমোদি দেউলে"-মেঘ°। আয়াস > আয়াসা। (কষ্ট দেওয়া। আয়াসে-ক্লেশ দেয়)। "আয়াসে আজি, কে,বৎসে, তোমারে?"** "মদকল করিব্রজ আয়াসে দাসীরে;"-মেঘ°। আরম্ভ > আরম্ভা। "পুন আরম্ভিলা ভগ্নদূত"-মেঘ°। "আরম্ভিলে যুদ্ধ"-ঐ। আরাধনা > আরাধা। "আরাধিলা কাঁদি"-মেঘ°। আরোপ > আরোপা। আরোহন > আরোহা। "আরোহি রথে"-মেঘ°। আর্দ্র > আর্দ্রা। "বরিষার জল সম আর্দ্রিল মহীরে।"-মেঘ°। আলগ > আলগা > আলগান। আলস্য > আলসান (আলস্য করা। আলসাই, আলসাও আলসায়, ই°)। আলিঙ্গন > আলিঙ্গা। "আলিঙ্গি কুমারে"-মেঘ°। আশীর্ব্বাদ > আশীর্ব্বাদা। "আশীর্ব্বাদি যাহ সবে চলি;" "গেলা চলি সবে আশীর্ব্বাদি"-মেঘ°। আশীষ > আশীষা (আশীষি, আশীষ, আশীষে; আশীষিতে; আশীষিয়া)। আশ্বাস > আশ্বাসা (আশ্বাস দেওয়া)। "আশ্বাসি মদনে"-মেঘ°। আস্কন্দন > আস্কন্দা। "হেরি আস্কন্দিল হয়বৃন্দ"-মেঘ°। "তুরঙ্গম আস্কন্দিতে উঠিছে পড়িছে গৌরাঙ্গী" -ঐ। আস্ফালন > আস্ফালা। "আস্ফালি কলকপুচ্ছে"-মেঘ°। "আস্ফালিল শূলে কেহ" -ঐ। "আস্ফালিয়া শুণ্ডে"-ঐ। আহ্বান > আহ্বানা। "ধর্ম্মসাক্ষী করি আমি আহ্বানি তোমারে"-মেঘ°। "আহ্বানিল ভীম রবে সুগ্রীবে উদগ্র-রথীশ্বর: "-ঐ। ইচ্ছা > ইচ্ছা (করা। ইচ্ছি, ইচ্ছ, ইচ্ছে ই°)। "তব বাক্যে ইচ্ছি মরিবারে"-মেঘ°। "পুত্রের সংক্রিয়া রাজা ইচ্ছিল সাধিতে যথাবিধি"-ঐ। ইতর > ইতরান(ইতরের আচরণ করা) উত্তর > উত্তরা (উত্তর দেওয়া)। "উত্তরিলা দূতী"-মেঘ°। উদাস > উদাসা (উন্মুক্ত করা। ব্রজ°)। "উদাসল" - বি° প°। উচ্চারণ > উচ্চারা (উ° করা)। "উচ্চে উচ্চারয়ে বেদ বেদজ্ঞ চৌদিকে -মেঘ°। উচ্ছ্বাস উচ্ছ্বাসা (স্ফীত হওয়া, উল্লাস, শোকাবেগ প্রকাশ করা)। "উচ্ছাসিলা বীরবৃন্দ বিষাদে!"-মেঘ°। উজ্জ্বল > উজল > উজলানো (উজ্জ্বল করা)। "উজলিল পুরী"-মেঘ°। উত্তরণ > উতরা (পৌঁছানো, উপস্থিত হওয়া)। "উতরিলা মেঘনাদ রথী"-মেঘ°। "উতরিলা নিশাদেবী"-ঐ। "উতরিনু যবে লঙ্কাপুরে"-ঐ। উদয় > উদয়া। "উদেন আদিত্য যবে উদয় অচলে!" -মেঘ°। উদ্ধার > উদ্ধারা। "উদ্ধারিতে বিষম সঙ্কটে"-মেঘ°। উন্মথন > উন্মথা।

"রহস্য-সমুদ্র-তল উন্মথিয়া উঠে উপকূলে রক্ত মুঠি মুঠি"-পূরবী (রবী°)। উন্মীলন > উন্মীলা। "উন্মীলি নয়ন"-মেঘ°। উলঙ্গ > উলঙ্গা (নগ্ন করা, কোষমুক্ত করা)। "উলঙ্গিয়া অসি"-মেঘ°। কক্‌-কক্‌ > কক্‌কানো (অনু°। শিশুর ক্রন্দনে দম আটকানো) > বি, কক-কানি। অনা° ক্যা (ক্যাঁ) ক-ক্যা(ক্যাঁ)কানো। কচ্‌কচ্‌ > কচ্‌কচানো (কোমল বস্তুর কর্ত্তন শব্দে, চর্ব্বণে। (২) বাদানুবাদ, বকাবকি বা গালাগালি ই°-তে। কোমলতর শব্দে 'কুচকুচানো'। ১ম ও ২য় অর্থে অল্পার্থে কিচকিচানো। অনা°-ক্যাচক্যাচানো। কচ্‌মচ্‌ > কচমচানো (চর্ব্বণে, কচালে, গণ্ডগোলে, বিবাদে ই°। অল্পার্থে-কিচমিচানো। মৃদু চর্ব্বণে -কুচমুচানো। অনা°-ক্যাচম্যাচানো)। কটকট > কটকটানো (অনু° শব্দে। ক্ষতস্থানে, স্ফোটকাদিতে, মাথাধরায়, বাতাদিরোগে, দন্তাঘাত ই° যন্ত্রণায়। অল্পার্থে-কিটকিটানো। লঘু কামড়াদিতে কুটকুটানো। অনা°-ক্যাটক্যাটানো)। কটমট > কটমটানো (অনু° শব্দে, তীব্র দৃষ্টি করণে, দন্তাদির পেষণে)। কড়কড় > কড়কড়ানো (অনু° শব্দে)। অল্পার্থে-কিড়কিড়ানো। আদরে-কুড়কুড়ানো। অনা°-ক্যাড়ক্যাড়ানো। কড়মড় > কড়মড়ানো (অনু° শব্দে, দন্তাদি পেষণে) "কড়মড়ি ভীমদন্ত"-মেঘ°। অল্পার্থে-কিড়মিড়ানো। লঘুশব্দে ও আদরার্থে-কুড়মুড়ানো। অনা°-ক্যাড়ম্যাড়ানো। কনকন > কনকনানো। অল্পার্থে-কিনকিনানো। লঘু অর্থে ও আদরে-কুনকুনানো। কপ্‌কপ্‌ > কপ্‌কপানো (অনু° শব্দে, উক্ত শব্দে, কবলিত করা)। মৃদুশব্দে-কুপকুপানো। করকর > করকরানো (অনু° শব্দে ক্রোধপূর্ণ স্বগত প্রতিবাদে, ক্রমাগত অসন্তোষ প্রকাশে, চক্ষুতে বালুকাদি পতনে, অস্বস্তিতে, কঙ্কর ঘর্ষণ শব্দে ই°)। অল্পার্থে-কিরকিরানো। আদরে -কুরকুরানো। কর্ষণ > কর্ষা। "কার্ম্মুক ধরি কর্ষিলা"-মেঘ°। কলকল > কলকলানো (অনু° শব্দে, পাখীর কাকলিতে, জলকল্লোলে, মূত্রত্যাগে, বায়ু বা অজীর্ণ রোগে উদর শব্দে ই°)। অল্পার্থে-কুলকুলানো। "ভাত খেয়ে তুমি কলকলাবে"-ছড়া। কলবল > কলবলানো (অনু শব্দ করায়, কলরবে, কথনে, সর্পিল গতিতে, জলাদির অধিক উত্তাপে, স্ফুটনে ই°-তে)। অল্পার্থে-কিলবিলানো। অনা°-ক্যালব্যালানো। কল্লোল > কল্লোলা। "তরঙ্গ-আবলী কল্লোলিল"-মেঘ°। কাতর > কাতরানো। কষকষ, কসকস > কষ(স)-কষা(সা)নো (দন্তপেষণ শব্দে, আক্রোশে, হিংসায়, ধুষনে, চর্ব্বণে ই°)। কিটকিট > কিটকিটানো (অনু° শব্দে, তৈলাদি-সিক্ত, মলিনতালিপ্ত বস্ত্রাদিতে)। অনা° -ক্যাটক্যাটানো। কিলকিল > কিলকিলানো (বহু প্রাণীর একস্থানে জমা হওয়ায়, সঞ্চরণে, জলপ্রবাহে, নির্গমনে ই°। প্র-জল কিলকিল করিয়া বা কিলকিলাইয়া বাহির হইতেছে)। কুটকুট > কুটকুটানো। কুরকুর > কুরকুরানো। কুলকুল > কুলকুলানো। কূজন > কূজনা। "কূজনিছে বিহঙ্গম বনে।"-মেঘ°। কেলি > কেলা (কেলি করা)। "নায়কে লয়ে কেলিছে নায়কী"-মেঘ°। কোদাল > কোদলানো (কোদাল পাড়া)। কোপ (ক্রোধ) > কোপা। "কোপি কহিলা"-মেঘ°। কোপ (চোপ) > কোপানো (কোপাই,-পাও, -পায় ই°)। ক্লেশ > ক্লেশা (ক্লেশ দেওয়া। ক্লেশয়=ক্লেশ দেয়। ক্লেশিতে=ক্লেশ দিতে)। ক্বণ > ক্বণা (ধ্বনি করা)। "নিতম্ববিম্বে ক্বণিছে রশনা!"-মেঘ°। ক্যাঁককাঁক > ক্যাঁকক্যাঁকানো (কর্কশ স্বরে চীৎকার করা, কথা বলা ই°। ক্যাক-ক্যাকাই,-কাও, কায়; -ইতে-ইয়া (গ্রা° ক্যাককেকিয়ে)। ক্যাঁচক্যাঁচ > ক্যাঁচ-ক্যাচানো। ক্যাঁটক্যাঁট > ক্যাঁটক্যা টানো। (অনু° শব্দে, কণ্টক ফুটানো, তদ্রূপ কঠোর বাক্য প্রয়োগে, বিদ্রূপ বর্ষণে, তিরস্কারে ই° হূলে মর্ম্মবিদ্ধ করণে)। খক্‌খক্‌ > খক্‌খখানো (অনু° শব্দে, কাশিতে, কণ্ঠরবে ই°। দুর্ব্বলতাব্যঞ্জক বা শিশুকণ্ঠের শব্দে-খুকখুকানো। বিরক্তিকর প্রবল শব্দে, অনাদরে-খ্যাক্‌খ্যাকানো)। খচখচ > খচখচানো (অনু° শব্দে, কণ্টকাদির বেধনাদিজনিত ক্লেশানুভূতিতে, ঝগড়ায় ই°)। অল্পার্থে-খিচখিচানো। অনাদরে-খ্যাচখ্যাচানো। খচমচ > খচমচানো (অনু° শব্দ করা, খঞ্জনী ই° বাদ্যে, বিবাদে ই°। আধিক্যার্থে, অনাদরে-খ্যাচ-ম্যাচানো)। খটখট > খটখটানো (অনু° শব্দে, খড়ম পরিয়া চলার শব্দে। লঘু শব্দে -খিটখিটানো। লঘুতর শব্দে, আদরার্থে-খুটখুটানো। অনাদরে-খ্যাটখ্যাটানো)। খটমট > খটমটানো। খড়খড় > খড়-খড়ানো। অল্পার্থে-খুড়খুড়ানো। অনাদরে-খ্যাড়খ্যাড়ানো। খড়মড় > খড়মড়ানো (অনু° শব্দে)। লঘু শব্দে-খুড়মুড়ান। অনাদরে-খ্যাড়ম্যাড়ানো। খনখন > খনখনানো (অনু° শব্দে)। অনাদরে-খ্যান-খ্যানানো। খপখপ > খপ্‌খপানো (সং -ক্ষিপ্র > খপ্‌ (ত্বরা করণে, সন্দেহে, ব্যাকুলতায়, বুক ধড়ফড় করায়, চিত্তচাঞ্চল্যে))। খরখর > খরখরানো (অনু° শব্দে, কম্পনে, চলনভঙ্গীতে, কর্কশতায় ই°। আদরার্থে ও মৃদুতায়-খুরখুরানো। অনাদরে-খ্যার-খ্যারানো)। খর্ব্ব > খর্ব্বা (খর্ব্ব করা)। "খর্ব্বিলা বলিয় গর্ব্ব খর্ব্বাকার ছলে।"-মেঘ°। খলখল > খলখলানো (অনু° শব্দে, হাস্যে, 'কলকল' অপেক্ষা শিথিলভাবে মূত্রস্খলনে ই°)। অল্পার্থে-খিলখিলানো। আদরার্থে-খুলখুলানো। অনাদরে-খ্যাল-খ্যালানো। খসখস > খসখসানো (অনু° শব্দে, কোরা কাপড়, রেশমী পোষাক পরিয়া গমনে, শুষ্ক বস্তুর পরস্পর সংঘর্ষে, স্নেহপদার্থহীন বস্তুর স্পর্শে, রুক্ষতায় বা রসহীনতায় ই°)। মৃদুতায়-খুসখুসানো। অনাদরে-খ্যাসখ্যাসানো। খেয়া > খেয়ানো (খেয়া বা পাড়ি দেওয়া, ক্ষেপ দেওয়া)। খেলা > খেলান (খেলা করা বা করান)। খেলয়=খেলা করে (খেলি, খেল, খেলে; খেলিতে; খেলিয়া। খেলাই,-

লাও,-লায় ; -লাইতে ; -লাইয়া)। খোঁড়া (খঞ্জ) > খোঁড়ানো। খ্যাঁকখ্যাঁক > খ্যা(খ্যাঁ)কখ্যা(খ্যাঁ)কানো (শৃগাল কুক্কুরাদির দরশনে, কর্কশস্বরে তিরস্কারে, আক্রমণে ই°)। খ্যাঁকম্যাক > খ্যাঁকম্যাকানো। খ্যাঁচখ্যাঁচ, খ্যাঁচম্যাচ > খ্যাঁচখ্যা(ম্যা)চানো। গ্যঁজগ্যঁজ > গজগজানো (গজগজ করা, অনবরত গুঞ্জন সহ কথনে, পাঠে, ক্রমাগত বিরক্তিপ্রকাশে, অল্প-পরিসরের মধ্যে অধিক সংখ্যায় সমাবেশে ই°)। অল্পার্থে- গিজগিজানো, গুজগুজানো। অনা°--গ্যাজগ্যাজানো। গ্যঁটগ্যঁট > গটগটানো (অনু° শব্দে, পদক্ষেপে)। অল্পার্থে-গুটগুটানো। অনা° -গ্যাটগ্যাটানো। গ্যঁটম্যঁট > গটমটানো। অনা°--গ্যাটম্যাটানো। গড়্গড়্ > গড়গড়ানো (অনু° শব্দে গড়ান, চলাফেরায়, কণ্ঠশব্দে, মেঘগর্জ্জনে, উদর মধ্যে বায়ুর প্রকোপে, অজীর্ণ ই° হেতু শব্দে ই°। অল্পার্থে গলশব্দে-গিড়গিড়ানো। লঘু গর্জ্জনে -গুড়গুড়ানো। অনা°--গ্যাড়গ্যাড়ানো)। গ্যঁনগ্যঁন > গনগনানো (অগ্নির প্রজ্জ্বলন শব্দে, প্রতিবাদার্থে ক্রোধে, অসন্তোষ-প্রকাশে ই°)। অল্পার্থে-গুনগুনানো (অস্পষ্ট সঙ্গীতের সুরে ই°)। গ্যঁপগ্যঁপ > গপগপানো (ক্রমাগত দ্রুত গলাধঃকরণ শব্দে)। অনা°--গাপগাপানো। গ্যঁমগ্যঁম > গমগমানো (গম্ভীর নাদে, গুরুগম্ভীর কণ্ঠস্বরে, আনদ্ধ বাদ্যাদির গম্ভীর প্রতিধ্বনিতে ই°)। অল্পার্থে-গুমগুমানো। গ্যঁরগ্যঁর > গরগরানো (অস্পষ্ট গর্জ্জনে, কণ্ঠরবে, বিরক্তি ও রোষ প্রকাশে ই°)। অল্পার্থে-গিরগিরানো। মৃদু অর্থে গুরগুরানো। গ্যঁর্জ্যন < (গর্জ্জন) > গরজা (গর্জ্জন করা)। "গরজিল দূরে মেঘ°"-মেঘ°। "গরজি কহিলা"-মেঘ°। গ্যঁলগ্যঁল > গলগলানো (ছিদ্র বা ফাঁক দিয়া পতনে, গলাধঃ-করণে, অনর্গল কথনে, স্রবণে, পচনে, অতিরিক্ত পক্কাবস্থায় গলিত হওয়ায় ই°)। মৃদু অর্থে গুলগুলানো। গ্যঁসগ্যঁস > গসগসানো (আক্রোশে, হিংসায়, উষ্মায়, জ্বরে ই°)। অল্পার্থে-গিসগিসানো। আদরার্থে -গুসগুসানো। অনা°--গ্যাসগ্যাসা নো। গালি (কটুবাক্য) > গালিয়ানো > গালানো (গালি দেওয়া। তুল-গালি গালাজ= কটুকাটব্য। গাল্যঁন > গালা (নো) > দ্রবীভূত করা। প্র-সোণা গালা (নো)। ২ নিষ্কাশন করা। প্র-জল গালা। গুঞ্জর > গুঞ্জরা। "গুঞ্জরি করুণ তান ধীরে ধীরে কর গানে"-চিত্রা (রবী°)। গ্রাস > গ্রাসা (গ্রাস করা)। "গ্রাসিল সকলে"-মেঘ°। ঘ্যঁচঘ্যঁচ > ঘচঘচানো (অনু° শব্দে, একাধিকবার অস্ত্রাদি আঘাতে বা বিদ্ধকরণে)। ঘ্যঁজঘ্যঁজ > ঘজঘজানো (ক্রমাগত বিরক্তিকর ভাবে কথা বলায়, তিরস্কারে, অসন্তোষ প্রকাশে, পরিমিত স্থানের মধ্যে নড়ন-চড়নে)। অল্পার্থে -ঘিজঘিজানো। আদরার্থে - ঘুজঘুজানো। অনা° -ঘ্যাজ-ঘ্যাজানো। ঘ্যঁটঘ্যঁট > ঘটঘটানো (অনু° শব্দে, গলাধঃকরণে, কাষ্ঠাদি আধারের মধ্যে কঠিন বস্তুর নড়নচড়নে, ঘটেঘটে বিরাজ করার ভাবে চলাফেরায়)। লঘু ভাবার্থে -ঘুটঘুটানো। ঘ্যঁড়ঘ্যঁড় > ঘড়ঘড়ানো (ঘড়ঘড় শব্দ করা। গলশব্দে, শকটাদির চক্র-ঘূর্ণনে, উদরের গড়গড়, ঘড়ঘড় শব্দে ই°)। লঘুশব্দে-ঘুড়ঘুড়ানো। অনা° - ঘ্যাড়-ঘ্যাড়ানো। ঘন > ঘনান। "ঘনায়ে আপন ছায়া"-রবী°। "হঠাৎ খুসী ঘনিয়ে আসে চিত্তে"-ক্ষণিকা (রবী°)। ঘ্যানঘ্যান > ঘ্যানঘ্যানানো (অনু° শব্দে, অনবরত বিরক্তিকর ক্রন্দনের রোল তোলায়, এক কথা বা অনুরোধ বারবার বলায়)। ঘ্যঁরঘ্যঁর > ঘরঘরানো (অনু° শব্দে। মৃদু অর্থে-ঘুর-ঘুরানো। অনা°--ঘ্যারঘ্যারানো)। ঘর্ঘর > ঘর্ঘরা (নো)। "ঘর্ঘরিল রথচক্র"-মেঘ°। "ঘর্ঘরি নির্ঘোষে"-মেঘ°। ঘ্যঁষ(স) ঘ্যঁষ(স) > ঘষ (স) ঘষা(সা)নো (অনু° শব্দে)। অল্পার্থে-ঘিষ (স) ঘিষা(সা)নো। আদরার্থে-ঘুষ(স)ঘুষা(সা)নো। অনা°--ঘ্যাষ(স)ঘ্যাষা(সা)নো। ঘুটঘুট > ঘুট-ঘুটানো (ঘনীভূত বা জমাট অন্ধকারে চলা-ফেরায়)। ঘুটমুট > ঘুটমুটানো। ঘৃণা > ঘৃণা (নো)। (ঘৃণি, ঘৃণাই, ঘৃণ, ঘৃণাও, ঘৃণে, ঘৃণায় ; ঘৃণিতে, ঘৃণাইতে ; ঘৃণিয়া, ঘৃণাইয়া)। 'ঘৃণিতাম কুরঙ্গ-নয়নে"-মেঘ°। ঘোঁৎঘোঁৎ > ঘোঁৎঘোঁতানো (অনু° শব্দ)। ঘ্যাঁকঘ্যাঁক > ঘ্যাঁকঘ্যাঁকানো (শৃগাল কুক্কুরাদির আক্রমণ, দংশন ও পরস্পরে ঝগড়া লড়াই করিবার শব্দে ই°)। ঘ্যাঁচঘ্যাঁচ > ঘ্যাঁচঘ্যাঁচানো (অনু° শব্দে, কোমল বস্তুর দ্রুত কর্ত্তন, অস্ত্রাদির বেধনাদি শব্দে)। ঘ্যাঁস-ঘ্যাঁস > ঘ্যাঁসঘ্যাঁসানো (অনু° শব্দে ; ঘর্ষণ, কর্ত্তন, গাত্রকণ্ডূয়নাদিতে)। ঘ্যান-ঘ্যান > ঘ্যানঘ্যানানো (অবিরাম এক-সুরে অপ্রীতিকর বাক্যের উক্তিতে, বর্ণনে বা ক্রন্দনে ই°)। চ্যঁকচ্যঁক > চকচকানো। (অনু° শব্দে, ঔজ্জ্বল্যে, মসৃণতায়)। অল্পার্থে -চিকচিকানো। আদরে-চুকচুকানো। অনা° - চ্যাকচ্যাকানো। চ্যঁকম্যঁক > চকমকানো। চ্যঁটচ্যঁট > চটচটানো। চ্যঁটপ্যঁট > চটপটানো (অনু° শব্দে, শীঘ্রতায় ই°)। অল্পার্থে-চুটপুটানো। চ্যঁড়চ্যঁড় > চড়চড়ানো (ক্ষে° চচ্চড়ানো। অনু° শব্দে)। অল্পার্থে-চিড়চিড়ানো। লঘু শব্দে-চুড়চুড়-চুড়ানো। অনা° -চ্যাড়চ্যাড়ানো। চ্যঁড়-ব্যঁড় > চড়বড়ানো (অনু° শব্দে, ভাজিবার কালে ধান বা চাল ফুটিয়া খৈ, মুড়ি, ছোলা ই° ফুটিবার শব্দে)। (২) লক্ষণায় (অনুরূপ-ভাবে অতি দ্রুত অনর্গল কথায় অর্থাৎ মুখ ফোটা অর্থে, গাত্রময় ঘামাচি বাহির হওয়ায়, বেত্রাদির আঘাত শব্দে ই°)। অল্পার্থে-চিড়-বিড়ানো। মৃদু অর্থে-চুড়বুড়ানো। অনা° -চ্যাডব্যাড়ানো। চ্যঁনচ্যঁন > চনচনানো। (আকর্ষণে, সঙ্কোচনে, স্ফোটকাদির রসাদি শোষণ বা শুষ্কীভবনাদিতে, অস্বস্তি বোধে)। অল্পার্থে- চিনচিনানো। লঘু অর্থে-চুন-চুনানো। চ্যঁপচ্যঁপ-চপচপানো (চর্ব্ব-ণাদির অনু° শব্দে)। চ্যঁম্যঁক > চমকা (চমকিত হওয়া)। "চমকিল বীরবৃন্দ"-মেঘ°। "চমকে গৃহস্থ যথা"-ঐ। নিজন্তে-চমকানো (চমকাইতে বাধ্য করা)। চ্যঁরচ্যঁর > চর-চরানো (অনু° শব্দে)। অল্পার্থে-চিরচিরানো।

ব্যঁল ব্যঁল ঋদুল বৈলা ব্যাঁথা ঋতি ঐতি বৃদ্ধ ক্ষয়, ে=ঁ=্যা=এ্যা=α(t), ণ=ন য=জ স=শ=ষ সশ=S (স্থ স্ত স্থ স্ন স্র স্ল শ্ব...), অনাদ্য ‹ ‒ ‗] অব্যক্ত

আদরার্থে-চুরচুরানো। অনা°-চ্যার-চ্যারানো। চাবুক > চাবুকানো > (দ্রুত) চাবকানো (চাবুক মারা)। প্র°চাবকে লালকরে দেবে। চিক্কণ > চিকণা (চিকণ করা)। "চিকণিয়া গাঁথিনু স্বজনি ফুলমালা" -মেঘ°। চিত্র > চিত্রা (চিত্রণে। চিত্রি, চিত্র, চিত্রে ; চিত্রিতে ; চিত্রিয়া ; চিত্রি, চিত্রিবে ই°)। চিহ্ন > চিহ্না (চিহ্ন করা, দেওয়া। চিহ্নি, চিহ্ন, চিহ্নে ; চিহ্নিতে ; চিহ্নিয়া ; চিহ্নিল ই°)। চীৎকার > চীৎকারা। চুলবুল > চুলবুলানো (অস্থির হওয়া, নড়াচড়া) চুম্বন > চুম্ব > চুম্বা (চুম্বন করা)।"চুম্বি শির"-মেঘ°।"চুম্বিতাম মঞ্জরিত যবে"-ঐ। চূর্ণ > চূর্ণা (চূর্ণ করা)। "চূর্ণিব কৌশলে"-মেঘ°। চূর্ণি শির"-ঐ। ছঁটছঁট > ছটছটানো (বন্দুকাদির ছট্‌রা মারার শব্দে, ছটকাইয়া পড়ায়, কোন কিছু অনু° শব্দে নির্গমনে বা পতনে)। লঘু অর্থে-ছিটছিটানো। ছঁটপঁ(ফ)ট > ছটপকোটানো (অনু° শব্দে, বেত. চাবুক ই° প্রহারে, অঙ্গপ্রত্যঙ্গ আছড়াআছড়িতে, ব্যাকুলতায় অঙ্গ বিক্ষেপে, রোগে, অস্থিরতায় যন্ত্রণায় ই°)। অল্পার্থে-ছিটপি (ফি)টানো-ছঁনছঁন > ছনছনানো (ছনছন শব্দে, মূত্র-ত্যাগে)। লঘু অর্থে-ছুনছুনানো। ছঁপছঁপ > ছপছপানো (অনু° শব্দে, বৃষ্টিপাতে, কশা, বেত্রাদির আঘাতে ই°)। অল্পার্থে, ছিপছিপানো। মৃদু শব্দে ছুপছুপানো। ছঁরছঁর > ছরছরানো (অনু° শব্দে)। অল্পার্থে -ছিরছিরানো। মৃদু বা লঘু অর্থে-ছুরছুরানো। অনা°-ছ্যারছ্যারানো (দ্রুতার্থে-ছ্যাচ্ছ্যারানো)। ছঁল > ছলা (ছলি, ছল, ছলে ; ছলিতে ; ছলিয়া (ক্কে° ছলে, পদ্যে-ছলি)। ছলয়=ছলে)। "বলিরে ছলিলে"-গান। ছঁলছঁল > ছলছলানো (অনু° শব্দে, জলজল অপেক্ষা মৃদুভাবে ভাস্বর হওয়ায়, অশ্রুবেগে ভারী হওয়ায়, আন্দোলনে, উচ্ছলিত জলের পতন বা প্রবাহ শব্দে)। ছ্যাঁকছ্যাঁক > ছ্যাঁকছ্যাকানো (অনু°শব্দে, ছ্যাঁকা দিবার শব্দে,অনুভূতিতে, শীতল জলে উত্তপ্ত লৌহশলাকাদি বা তপ্ত খোলায় বা জলে শীতল বস্তু নিক্ষেপের শব্দে ই°)। জঁগজঁগ > জগজগানো। জঁগমঁগ > জগমগানো। জঁড়বঁড় > জড়বড়ানো। জঁড়মঁড় – জড়মড়ানো (জড়ান ও মোড়ার ভাব > জড়ান-মড়ান > ক্কে°)। জড়বড়ানো দ্রঃ। জঁন্ম > জন্মা(নো) (জন্ম লওয়া, উৎপন্ন হওয়া)। "জনমিল নর-নাগ্নি সাঁজোয়ায় তেজে।"-মেঘ°। জঁরজঁর > জরজরা। "জরজরি সর্ব্বজনে কটাক্ষের শরে"-মেঘ°। (২) জর্জ্জর > জর্জ্জরানো। অল্পার্থে-জিরজিরানো। ,অনা°-জ্যার-জ্যারানো। জ্বলজ্বল > জলজল > জল-জলানো (উজ্জ্বলতায়, প্রকাশে ই°)। অল্পার্থে -জিলজিলানো। আদরার্থে-জুলজুলানো। অনা°-জ্যালজ্যালানো। জীব > জীবা (বাঁচা। জীব =বেঁচে থাক)। "আর এক-দিন তুমি জীব নিরাপদে।"-মেঘ°। "কি দশায় আত্মকুল জীবে আত্মদেশে।"-ঐ। জুতা > জুতানো (জুতা মারা, জুতাইয়া দেওয়া ই°)। ঝঁকঝঁক > ঝকঝকা(নো) (ঝকঝক করা। উজ্জ্বল্যে, বকাবকিতে, তিরস্কারে ই°)। অল্পার্থে-ঝিকঝিকানো। অনা°-ঝ্যাকঝ্যাকানো। ঝঁকঝঁকঝঁক > ঝকঝকঝকা (ক্রমাগত ঝকঝক করা, ঝলসিত হওয়া)। "* * * ঝকঝকঝকি কাঞ্চন কঞ্চুক বিভা উজলিল পুরী।"-মেঘ°। "ঝকঝকি উরুদেশ"-ঐ। ঝঁকমঁক > ঝকমকানো (ঔজ্জ্বল্যের আধিক্যে ই°)। অল্পার্থে-ঝিকমিকানো। অনা°-ঝ্যাক-ম্যাকানো। ঝঁটপঁট > ঝটপটানো (অনু° শব্দে, পাখীর পক্ষ ঝাড়িবার শব্দে, উড়িতে না পারিয়া তার চেষ্টায়, শীঘ্রকরণে ই°)। ঝঁনঝঁন > ঝনঝনানো (অনু° শব্দে, ধাতুবর্ত্তনাদি পতনে বা পরস্পর সংঘর্ষণে, অস্ত্রাদি, লৌহশৃঙ্খলাদি আস্ফালন, সঞ্চালনাদিতে)। "ঝনঝনিল অসি পিধানে।" -মেঘ°। মৃদু ঝণৎকারে-ঝুনঝুনানো। (২) স্ফোটকাদির যন্ত্রণায়, শরীরের মর্ম্মস্থানের অঘাতে,মস্তকে আঘাত ইত্যাদিতে। অল্পার্থে -ঝিনঝিনানো। ঝঁপঝঁপ > ঝপঝপানো (অনু° শব্দে, জলে ঝম্পপ্রদানে, দাঁড় ফেলিয়া নৌকাচালনে, শীঘ্রকরণে ই°)। মৃদু অর্থে -ঝুপঝুপানো। ঝঁমঝঁম > ঝমঝমানো। "শানের ঘাটে নাইতে গিয়ে ঝমঝমাব মল"-বঙ্কিম°। অল্পার্থে-ঝিমঝিমানো। আদরার্থে ও লঘু শব্দে-ঝুমঝুমানো। ঝম্প > ঝাঁপ > ঝাঁপান। "ঝাঁপায়ে অগাধ জলে"-পরশ-পাথর (রবী°)। ঝঁরঝঁর > ঝরঝরানো (অনু° শব্দে, বালি আদি পতনে)। অল্পার্থে -ঝিরঝিরানো। লঘু অর্থে-ঝুরঝুরানো। অনা° - ঝ্যারঝ্যারানো। ঝঁলঝঁল ঝলঝলানো (ঝলসিত হইয়া ঝুলিতে থাকায়, আন্দোলিত হওয়ায়, প্রখর দীপ্তি দানে)। লঘুতাবার্থে-ঝুলঝুলান। অনা°-ঝ্যালঝ্যালানো। ঝল-মল > ঝলমলা(নো)। "ঝলমলি ঝলে অঙ্গে নানা আভরণ"-মেঘ°। অল্পার্থে-ঝিলমিলানো। টঁকটঁক > টক-টকানে (অনু° শব্দে ঘোর লাল বর্ণের উজ্জ্বলতায়, কঠিন ভূমিতে যষ্টি, কাষ্ঠাদির আঘাতে)। লঘু° শব্দে টিকটিকানো (কর্ম্মোদ্যমে বাধাদানে প্রতিবাদে, ই°)। অল্প উজ্জ্বল্যে-টুকটুকানো। অনা° ট্যাক-ট্যাকানো। বর্ণবিপর্য্যয়ে ক্যাটক্যাটানো। টঁগবঁগ > টগবগানো (অনু° শব্দে, ভাত ফুটিবার শব্দে, অশ্বপদক্ষেপে ই°)। টঙ্কার > টঙ্কারা (অনু° শব্দে)। কোনও টঙ্কারি রোষে"-মেঘ°। টঁট্টঁট্ > টট্টানো(অনু° শব্দে)। লঘু শব্দে-টুট্ টানো। টঁট্মঁট > টটমটানো (অসম্পূর্ণ বা অসুন্দরভাবে চলনে, কর্ম্ম সম্পাদনে ই°)। টঁনটঁন > টনটনানো (টনটন শব্দে, বেদনায়, আঘাতে, স্ফোটকের যন্ত্রণায়, ক্লেশকর অনুভূতিতে, কঠিন বস্তুতে কঠিন বস্তুর আঘাতে, ঘণ্টাদি ধ্বনিতে)। অল্পার্থে-টিনটিনানো। লঘু শব্দে -টুনটুনানো। টঁপটঁপ > টপটপানো (অনু° শব্দে, অন্নাদি দ্রুত ভোজনে, বিন্দু পতনে, লম্ফ দিয়া লম্ফনে ই°)। লঘু অর্থে-টুপটুপানো। অল্পার্থে-টিপটিপানো। টঁমটঁম > টমটমানো (অনু°শব্দে, ক্ষুদ্র আনদ্ধ বাদ্য-বাদনে)। অল্পার্থে-টিমটিমানো (আলোক দানে, শব্দে) মৃদু শব্দে-টুমটু-

---

]যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇহীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=ণ্‌জ ঞ্চ=ন্‌চ ক্ষ=ক্‌ষ হ্ন=হ্‌ন হ্ম হ্ল হ্ব হ্ণ=ন্‌হ ম্‌হ লহ ও ব্য, ড় ঢ় য় ঢ়=ṛ/w ও চ্ছা°দ্রঃ

মানো। অনা০-ট্যাঁসট্যাঁসানো। ঠকঠক -ঠকঠকানো (অনু০ শব্দে। বস্তুর অভাবে, শূন্যতা জ্ঞাপনে)। প্র-ঘরে বা সিন্দুকে টাকা ঠকঠকাচ্ছে। তুল-খাঁ খাঁ করা, ঝলঝল করা, মা-মা করা ই০)। ঠনঠন > ঠনঠনানো (অনু০শব্দে)। অল্পার্থে-ঠিনঠিনানো। আদরার্থে-ঠুনঠুনানো। ঠরঠর > ঠরঠরানো (দন্ত-ঠঠ্‌ঠরানো)। লঘু অর্থে-ঠুরঠুরানো। ঠাসঠাস > ঠাসঠাসানো-(চপেটাঘাতে)। লঘু অর্থে-ঠিসঠিসানো। আদরার্থে-ঠুসঠুসানো। অনা০-ঠ্যাসঠ্যাসানো। ঠু-(ঠো)কর > ঠু(ঠো)করানো (ঠোকর করা)। ঠুকঠুক > ঠুকঠুকানো। অনু০ শব্দে)। ঠ্যাকার > ঠ্যাকরানো (ঠ্যাকার করা)। ডবডব > ডবডবানো (অনু০ শব্দে, জলপূর্ণ হওয়ায়, দর্শনে, ভয় প্রদর্শনে ই০)। অনা০-ড্যাবড্যাবানো। ডমডম > ডমডমানো (অনু০শব্দে, ডমরু বাদ্যে, বৃহৎ অনদ্ধ বাদ্য ধ্বনিতে)। অল্পার্থে-ডিমডিমানো। লঘু শব্দে-ডুমডুমানো। অনা০-ড্যামড্যামানো। ডর > ডরা, ডরানো (ভয় প্রদর্শনে, ভয় পাওয়ায়)। "নাহি ডরি যমে আমি; কেন ডরাইব তোমায়?"-মেঘ০। আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে"-ঐ। ডাগর > ডাগরানো (ডাগর হওয়া)। ডাল > ডালানো (ডাল ছাঁটা)। ডিগডিগ > ডিগডিগানো(অনু০ শব্দে)। ডুগডুগ > ডুগডুগানো (অনু০ শব্দে)। ঢকঢক > ঢকঢকানো (অনু০ শব্দে, শূন্য বা খালি হওয়ার ভাবে। তুল-ঢ ঢ করা। পেট ঢকঢক করা)। ঢপঢপ > ঢপঢপানো (ফাঁপা বা শূন্যগর্ভ বস্তুর শব্দে)। অল্পার্থে-ঢিপঢিপানো। ক্ষীণার্থে-ঢপঢুপানো। অনা০-ঢ্যাপঢ্যাপানো। ঢলঢল > ঢলঢলানো (বৃহৎ আধারপূর্ণ জলের বা তরল দ্রব্যের অস্থিরতায়, গভীর ও বিস্তৃত জলাশয়ের জলের বায়ুভরে আন্দোলনে, ভাবের আবেগে হাস্যে, বিহ্বলতায়, সৌন্দর্য্য বা লাবণ্যের উচ্ছলিত ভাবে, যৌবনভারে, ই০) অল্পার্থে ঢিলঢিলানো। আদরার্থে-ঢুলঢুলানো অনা০ ঢ্যালঢ্যালানো। ঢসঢস > ঢসঢসানো (আলস্যে, শৈথিল্যে, ধ্বসিয়া পড়িবার ভাবে ই০)। অল্পার্থে-ঢিসঢিসানো। আদরার্থে-ঢুসঢুসানো। অনা০-ঢ্যাসঢ্যাসানো। ঢিল > ঢিলানো (ঢিল ছোঁড়া, -মারা), (বৃহদর্থে, গ্রা০ ঢেলা > ঢেলানো) ঢুস > ঢুসানো (ঢু মারা)। ঢেউ > ঢেউআনো > ঢেয়ানো (ঢেউ দেওয়া)। তকতক > তকতকানো (তক্‌তক্‌ করায়, স্বচ্ছ জলের মৃদু আন্দোলনে)। অল্পার্থে-তিকতিকানো। (২) হাঁস, তিতির পাখী ই০ চরাইবার বা ডাকিবার সাংকেতিক শব্দ করা)। তড়তড় > তড়তড়ানো (ত্বরা করায়, বৃষ্টির বড় বড় বিন্দুর দ্রুত পতনে)। তড়প > তড়পানো (লাফ দেওয়া। তড়পাই,-পাও,-পায়; পাইতে; পাইয়া (ক্রি০ তড়পে)। তড়বড় > তড়বড়ানো (অনু০ শব্দে, বৃষ্টির বড় বড় ফোঁটা পড়ায় শব্দে)। তরতর > তরতরানো (অনু০ শব্দে প্রবাহিত হওয়ায়, ত্বরা করায়)। তাও, তাত > তাওয়ানো, তাতানো (তপ্ত করায়)। তলতল > তলতলানো (অতিশয় পক্কাবস্থায়, অতি কোমল বা নরম হওয়ায়, ধাতুর পাত বা আধারাদির তলদেশ টিপিলে নামিয়া যাওয়ায় বা স্থিতিস্থাপকতায়, টোল পড়ায় ই০)। অল্পার্থে, আদরে-তুলতুলানো। অনা০ নিম্নকথ্য-ত্যালত্যালানো। তাণ্ডব > তাণ্ডবা (তাণ্ডব নৃত্য করা)। "তাণ্ডবি উল্লাসে"-মেঘ০। তাস > তাসানো (তাস ভাঁজা বা বণ্টন করা)। তিরবির > তিরবিরানো (তীব্র আচরণে, চাঞ্চল্যে, ছিট্‌ফিট্‌ করায় ই০। তিরবিরাই,-রাও,-রায়; -রাইতে; -রাইয়া > ক্রি০ তিরবিরিয়ে)। তুড়তুড় > তুড়তুড়ানো (তুড়ুক্‌ তুড়ুক্‌ করিয়া লাফানো বা নাচা)। তুবড়া, তোবড়া (< তির্য্যক) > তু (তো) বড়ানো বক্র বা তির্য্যক ভাবে)। তুলনা > তুলানো। তৃপ্তি > তৃপ্তয় (তৃপ্ত করে,-হয়) তেওড়া (তির্য্যক্‌) > তেওড়ানো। তেঁদড় > তেঁদড়ামো (তেঁদড়ের আচরণ করা)। তেল > তেলানো (তেল বা চর্বী হওয়া, (২) মোটা হওয়া, অহঙ্কৃত হওয়া)। তোতলা > তোতলানো (জিহ্বার জড়তা হেতু তো তো করিয়া কথা বলায়)। তোলবোল > তোলবোলানো (টলমল করা)। ত্যাগ > তেয়াগ ত্যাগা > তেয়াগা। "কি লাগি সে তেয়াগিল দেহ?"-রবী। ত্রাণ > ত্রাণা (ত্রাণ করা)। "কার সাধ্য হেন, ত্রাণিবে, সৌমিত্রি, তোরে"-মেঘ০। থকথক > থকথকানো (থকথক করা, আঠাবৎ পদার্থের ঘনত্ববোধক। অল্পার্থে-থিকথিকানো (জল থৈ থৈ করার ভাবে কীট, জীবাণু ই০-র সমাবেশে ই০)। আদরার্থে-থুকথুকানো। অনা০-থ্যাকথ্যাকানো। থপথপ > থপথপানো (স্থূল কোমল পদক্ষেপে, করতলাঘাতে, লম্ফ দিয়া পতনে, কোমল বস্তুর লঘু পতনে ই০)। লঘুতর শব্দে-থুপথুপানো। অনা০ থ্যাপথ্যাপানো। থমথম > থমথমানো (থ০ করা)। থরথর > (দ্রুত-থথর) > থরথরানো (থরথর করিয়া কম্পিত হওয়ায়, বার্দ্ধক্যে, ভয়ে ক্রোধে ই০)। অল্পার্থে-থুরথুরানো। থলথল > থলথলানো। (কোমল স্থূল বস্তুর স্পন্দনে, চলনে, শিথিলতায় ই০) অল্পার্থে-থুলথুলানো। অনা০-থ্যালথ্যালানো। থসথস > থসথসানো (অনু০ শব্দে, কোমল স্থূল, যার গঠনে আঁট নাই এমন বস্তুর পতনে বা নিক্ষেপে)। অল্পার্থে থুসথুসানো। অনা০-থ্যাসথ্যাসানো। থাবড় (প্রচণ্ডার্থে-থাবড়া, লঘুঅর্থে-থাবড়ি) > থাবড়ানো (করতলাঘাতে)। থাবা > থাবানো (থাবা মারা)। থুড়থুড় > থুড়থুড়ানো (বার্দ্ধক্যে কম্পিত পদক্ষেপে)। থুপথুপ > থুপথুপানো (অনু০। লঘু পদক্ষেপে, চাপে ই০)। অনা০-থ্যাপথ্যাপানো। দগদগ (দগ্ধাবস্থার লোহিত বর্ণে, সন্তাপে, জ্বলনে) > দগদগা(নো) দগ্ধ > দগ্ধা(নো)। "দগ্ধিব কব্বূরে"-মেঘ০। দড়দড় (দ্রুত উচ্চারণে দদ্দড়) > দড়দড়ানো (অনু০ শব্দে, পলায়নে, পদক্ষেপে, মুষ্টিপ্রহারে)। লঘু অর্থে-দুড়দুড়ানো। দড়া (দড়ী) > দড়ানো (দড়ী জড়ান, বা বাঁধা)। দণ্ড > দণ্ডা (দণ্ড দেওয়া)। "আপনি না দিলে দণ্ড কে দণ্ডিবে, দেখি,"-মেঘ০।

দ॑ণ্ড২ > দণ্ডান > দাঁড়ানো (পদতলে ভর দিয়া উঠা ও দণ্ডবৎ হইয়া থাকা)। দ॑নদ॑ন > দনদনানো (অনু॰ শব্দে, কাঁসরাদি বাদ্যে)। দ॑পদ॑প > দপদপানো (অনু॰শব্দে; যন্ত্রণায়)। অল্পার্থে-দুপদুপানো। দ॑ম্‌ক (বেগ, চাপ) > দমকানো। দ॑মদ॑ম > দমদমানো (অনু॰ শব্দে, অকঠিন স্থূল বস্তুরাশির উপর আঘাত শব্দে, ছাদের উপর ভারি পদক্ষেপ শব্দে, পৃষ্ঠে কিল মারার শব্দে ই॰)। অল্পার্থে-দুমদুমানো। দ॑ম্‌ন > দমনা, দমা (দমন করা)। "দমনিয়া ভবদম দুরন্ত শমনে"-মেঘ॰। "দমনে শমন যথা, দমিতাম তোমা"-ঐ। দ॑রদ॑র > দরদরানো (দ্রবদ্রব্যের ধারা বহা, পতিত হওয়া, ঝরা)। অল্পার্থে-দুরদুরানো। "দুরদুর দেহ বয়ে ছুটে কাল ঘাম।"-মাণিক॰। দ॑লদ॑ল > দলদলানো (তলতল, থলথল অপেক্ষা গুরুভার, ব্যাপক, অকঠিন, স্থূলতর বস্তুর দোলন, অস্থিরতায়, আন্দোলনে)। অল্পার্থে, আদরে-দুলদুলানো। অনা॰-দ্যালদ্যালানো। দ॑লম॑ল > দলমলানো (দোদুল্যমান হওয়া)। দাঁ;ত > দাঁতানো (দাঁত বসানো, দংশানো)। দীপ > দীপা (দীপ্ত হওয়া, জ্বলা)। "তারা কারা দীপাবলী দীপিছে চৌদিকে।"-মেঘ॰। দু॑ব্‌ল (< দুর্ব্বল) > দুবলানো (কৃশ হওয়া ই॰)। দু॑ম্‌ড় (1), বক্র) > দুমড়ানো (বাঁকান)। দুমদুম > দুমদুমানো (অনু॰ শব্দে, ঐ শব্দে প্রহারে)। দুলদুল > দুলদুলানো (ক্রমাগত দোলনে)। দৃ॑ঢ় > দৃঢ়ানো, (দ)ঢ়ানো ও॰)। দোল > দোলয়,-য়ে (দোল দেয়, দোলে)। দোল দোল > দোলদোলানো (ক্রমাগত দোল দেওয়া)। দ্র॑ব > দ্রবয় (দ্রব করে, -হয়) "পাষাণ দ্রবে।" ধ॑কধ॑ক > ধকধকানো (অনু॰ শব্দে, জ্বলনে, নাড়ী, শিরা হৃদ্‌পিণ্ডাদির প্রবল স্পন্দনে, ষ্টীম বিদ্যুৎ আদি চালিত যন্ত্রাদির প্রবল স্পন্দন শব্দে)। ক্ষীণ শব্দে, ধিক্‌ধিকানো। ক্ষীণতর শব্দে, ধুকধুকানো। ধ॑ড়ধ॑ড় > ধড়ধড়ানো (অনু॰ শব্দে)। লঘু শব্দে-ধুড়ধুড়ানো। অবজ্ঞার্থে-ধ্যাড়ধ্যাড়ানো দ্রুত-ধরফড়ানো। ধ॑ড়ফ॑ড় > ধড়ফড়ানো (অতিশয় অস্থিরতায়, উদ্বেগে, ব্যাকুলতায়, তোলাপাড়ায় ই॰)। ধড়মড় (ধড়=দেহ; ধড়ের উত্থান পতন ও পার্শ্বপরিবর্ত্তন কালে মড় মড় শব্দার্থে) > ধড়মড়ানো। ধ॑পধ॑প > ধপধপানো (অনু॰ শব্দে)। অল্পার্থে-ধুপধুপানো। ধ॑মধ॑ম > ধমধমানো (অনু॰ শব্দে, গুরুতর প্রহারে)। অল্পার্থে-ধুমধুমানো। ধাঁধা > ধাধানো (ধাঁধা দেওয়া, বিভ্রান্ত করা, চক্ষু ঝলসিত করা ই॰ অর্থে)। "ইরম্মদে ধাঁধি বিশ্ব" মেঘ॰। ধিক্কার > ধিক্কারা (ধিক্কার করা। ধিক্কারি, ধিক্কার, ধিক্কারে ই॰)। ধুকপুক > ধুকপুকানো (সন্দিগ্ধতায়, ভয়ে ই॰ মন উচাটন হওয়ায়)। ধূপ > ধূপানো (ধুম জ্বালান ধূপের ধূম দান ই॰ অর্থে)। ধূম > ধূমানো, ধূঁয়ানো (ধূমোদ্‌গীরণে, ধোঁয়া দেওয়ায়)। ধ্বন > ধ্বনা (ধ্বনি করা)। "ধ্বনিল হনূর কণ্ঠে"-মেঘ॰। ধ্বংস॑ > ধ্বংসানো (ধ্বংস করা)। ন॑টপ॑ট (লটপট, ন=ল) > ন (ল) টপটানো (অনু॰ শব্দে, কঠিন বস্তুর কঠিন জমির উপর উলটি পালটি করায়, লুটাইয়া পড়ার ভাবে ই॰)। অল্পার্থে-নি(লি)টপিটানো। আদরে-নু(লু)টপুটানো। অনা॰-ন্যা(ল্যা)টপ্যাটানো। ন॑পন॑প > নপনপানো (পা তুলিয়া তুলিয়া বা লাফাইয়া চলায়)। ন॑মঃ > নমা (মস্তক নত করা, নম করা)। "নমি আমি কবি গুরু তব পদাম্বুজে"-মেঘ॰। নমিলা মদন প্রিয়া হর-প্রিয়া-পদে"-ঐ। "নমে ত্বিষাম্পতি দূতী"-ঐ। নাদ > নাদা (নিনাদে)। "শঙ্খ নাদিল ভৈরবে"-মেঘ॰। "যথা নাদে কাদম্বিনী"-ঐ। নাশ > নাশা (নাশ করা)। "কি কৌশলে * * * নাশি ইন্দ্রে নিঃশঙ্কিল"-মেঘ॰। সৌমিত্রি নাশিল তারে"-ঐ। অবশেষে নাশে বৃক্ষে"-ঐ। নিঃশ॑ঙ্ক > নিঃশঙ্কিল (শঙ্কাহীন করিল)। "ইন্দ্রে নিঃশঙ্কিল"-মেঘ॰। নিঃক্ষেপ > নিক্ষেপা (নিক্ষেপ করা)। "নিক্ষেপিলা গিরিশৃঙ্গ"-মেঘ॰। নিনাদ > নিনাদা। "নিনাদিল রোষে"-মেঘ॰। নিন্দা > নিন্দানো (নিন্দা করা)। নিবারণ > নিবারা। "নিবারিল দুষ্ট মোরে"-মেঘ॰। "দেখিব কেমনে মোরে নিবারে নৃমণি"-ঐ। "নিবারে কানন বৈরী ঘোর দাবানলে।"-ঐ। নিবাস > নিবসা, নিবাসা (বাস করা)। "নিবসে বিবরে"-মেঘ॰। "ওই যে অসি নিবাসে উহাতে আপনি কৃতান্ত।"-ঐ। নিবেদ॑ন > নিবেদা (নিবেদন করা)। "তব পদে এ সংবাদ দেবি, আদেশিল নিবেদিতে"-মেঘ॰। "কেমনে নিবেদি অমঙ্গল বার্ত্তা-ঐ। "নিবেদিলা হাসি"-ঐ। নির্বীর (< বীর) > নির্বীরা (বীর শূন্য করা)। "নির্বীরিবে লঙ্কা আজি সৌমিত্রী কেশরী"-মেঘ॰। নির্ম্মাণ > নির্ম্মাণা (নির্ম্মাণ করা)। "আশু নির্ম্মিলা * * মঠ চিতার উপরে,"-মেঘ॰। নিশ্বাস > নিশ্বাসা (শ্বাস নেওয়া, শ্বাস ফেলা)। "বিষাদে ঘন নিশ্বাসি' ধূর্জ্জটি"-মেঘ। নিষ্কোষ > নিষ্কোষা (কোষমুক্ত করা)। "নিষ্কোষিয়া তেজস্কর অসি"-মেঘ॰। "নিষ্কোষিল অসি"-ঐ। নিষেধ > নিষেধা (নিষেধ করা)। নিস্তার > নিস্তারা (নিস্তার করা)। "নীলকণ্ঠ যথা *** নিস্তারিলা ভবে,"-মেঘ। নিস্তেজ > নিস্তেজা (নিস্তেজ করা)। "বিঘ্নাশী কুলিশে, যা, নিস্তেজে সমরে রাক্ষস"-মেঘ॰। "নিস্তেজ দেবে আমার আদেশে।"-ঐ। নীর॑ব > নীরবা (নীরব হওয়া, করা)। "নীরবিলা রক্ষোনাথ" -মেঘ॰ (নীরবে যেমতি বীণা"-ঐ। নৈক (খ)রা > নেক(খ)রানো (নেক(খ)রা করা)। প॑কপ॑ক > পকপকানো (অনু॰ শব্দে)। প॑চপ॑চ > পচপচানো (অনু॰ শব্দে); কর্দ্দমাদিতে পদক্ষেপ শব্দে)। অনা॰-প্যাচপ্যাচানো। প॑টপ॑ট > পটপটানো (ঐ শব্দে ভাঙ্গা, ছেঁড়া ই॰ অর্থে, ত্বরা সম্পাদনে ই॰, বৃষ্টির ফোঁটা পতনে ই॰)। লঘু অর্থে পিটপিটানো। আদরার্থে-পুটপুটানো। অনা॰-প্যাটপ্যাটানো। প॑ড়প॑ড় > পড়পড়ানো (অনু॰ শব্দে, পলায়নে ই॰)। অল্পার্থে-পিড়পিড়ানো। বৃহৎ অর্থে, আদরে-পুড়পুড়ানো। অনা॰-প্যাড়প্যাড়ানো। প॑টপ॑ট১ > পটপটানো (অনু॰ শব্দে, বৃষ্টির ফোঁটা পড়ায়, পতপত অপেক্ষা কঠিন শব্দে, বিস্ফোরণ শব্দে ই॰)। অল্পার্থে-পিটপিটানো।

]যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ॑ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=ঁজ্‌ ক=ড়্‌ ক=ই ঢু=ঢ়্‌ হু হ্ন হ্ম হ্ব হ=হ্‌ ব্র্‌হ ব্‌হ ল্‌হ জ্ঞ ব্য, ক্ষ ক্ব ব্ব=zfwv ও চা অঃ

আদরার্থে-পুটপুটানো। অনা॰-প্যাট-প্যাটানো। পঁটপঁট₂ >পটপটানো (পবিত্র-পবিত্র পটপট করা ; শুচিবায়ুগ্রস্ত হওয়ায়, ঘৃণার সহিত শুদ্ধাশুদ্ধ বিচারে), অল্পার্থে-পিটপিটানো। অনা॰-প্যাট-প্যাটানো। পঁণ(ন)পঁণ(ন) >পণ(ন)পণা (না)নো (অনু॰ শব্দে, মক্ষিকা, মশকাদির উড়িবার কালে পাখার শব্দে)। অল্পার্থে-পিনপিনানো। আদরার্থে-পুণ(ন)পুণা(না) নো, অনা॰-প্যাণ (ন)প্যাণা(না)নো(নো)। পঁতপঁত >পতপতানো (অনু॰ শব্দে)। পঁরাভঁব >পরাভবা। "ত্রিদিব ঈশ্বরে রক্ষ পরাভবে রণে"-মেঘ॰। পঁরিহার >পরিহারা। "শোক পরিহরি"-মেঘ॰। পঁল্লব > পল্লবানো (পল্লবিত হওয়ায়। পল্লবয়=পল্লব উদ্‌গত হয়.-বিস্তার করে)। পঁশ (< প্রবেশ করা)। "শ্রবণেতে পশে অনিবার"-রবী॰। পঁসার(< প্রসার) >পসারা (প্রসারিত হওয়া, প্রসারণ করা)। "ওভো নিজে মূর্খ বাঁহ পসারি আসিছে বাহু"-রসতরঙ্গিনী। পাক >পাকানো। পাগল >পাগলানো< পাগলের আচরণ করা)। পানি > পানিআনা > ক্ষেং পানানো (গবাদির স্তনে দুধ নামানো বা আনা। পানাই, পানাও, পানায় ই॰)। পিলপিল >পিলপিলানো পিপীলিকার ন্যায় পিলপিল করা অর্থাৎ অত্যধিক সংখ্যায় বাহির হওয়ায়, চলাফের করায়, জড় হওয়ায় ই॰। তুল-গিজগিজ বা বিজবিজ করা)। পুলঁক >পুলকানো (পুলকানুভব করায়, পুলকিত হওয়ায়। পুলঁকিয়া >পুলকিত পুলকযুক্ত হইয়া)। পূর্ণ >পূর্ণা (পূর্ণ করা)। "তব এ বাসনা *** পূর্ণিতে"-মেঘ॰। প্যাঁক প্যাঁক >প্যাঁক প্যাকানো (হংসাদির ডাকে, অনু॰ শব্দে)। প্যাঁট-প্যাঁট >প্যাটপ্যাটানো (কণ্টকাদি দ্বারা বিদ্ধকরণে)। পূরণ >পূরা। "পূরিবে প্রার্থনা"-কথা(রবী॰)। প্রঁণাম >প্রণমা (প্রণাম করায়)। "প্রণমি আমি রাঘবের পদে"-মেঘ॰। "প্রণমিয়া সীতানাথে"-ঐ। প্রঁতিবিধিৎসা >প্রতিবিধিৎসানো। "তবে যে বাঁচিছে এখনও, সে কেবল প্রতি-বিধিৎসিতে মৃত্যু তার"-মেঘ॰। প্রঁবাহ >প্রবাহ। "প্রবাহিয়া চলে যাই সমস্ত ভূলোকে" -বসুন্ধরা (রবী॰)। প্রঁবেশ >প্রবেশা (প্রবেশ করা)। "হে প্রবেশি, ত্যজি স্পৃহা, প্রবেশ এ দেশে!"-মেঘ॰। "প্রবেশিবে রণে"-ঐ। প্রঁভাত >প্রভাতা (প্রভাত হওয়া)। "প্রভাতিল বিভাবরী জয় রাম নাদে"-মেঘ॰। "প্রভাতয়ে গৌড় গৃহে"-ঐ। প্রঁমাণ >প্রমাণা (প্রমাণ করা। প্রমাণয় =প্রমাণ করে। প্রমাণিতে-প্রমাণ করিতে)। প্রঁসাদ >প্রসাদা (প্রসাদ দান করা)। "প্রসাদি তোমারে আমি"-মেঘ॰। প্রঁহার >প্রহারা। প্রহারি, প্রহার, প্রহারে (প্রহারয়ে) প্রহারিতে ; প্রহারিয়া ই॰)। "কিন্তু তারে প্রহারয়ে যদি কেহ"-মেঘ॰। প্রেঁরণ >প্রেরা। "দেব অস্ত্র প্রেরিয়াছে তোরে"-মেঘ॰। ফঁকফঁক >ফকফকানো (ফাঁকের মধ্য দিয়া যাতায়াত, হাস্য ই॰-তে)। অল্পার্থে ফিকফিকানো। আদরার্থে-ফুকফুকানো। ফঁচফঁচ >ফচফচানো (অনু॰ শব্দে, অবনত অবাঞ্ছিত প্রতিবাদে, তিরস্কারে, অনুরোধ-দিতে, বিরক্তিকর বাক্য পুন: পুন: প্রয়োগে ই॰)। লঘু অর্থে-ফুচফুচানো। অল্পার্থে, ফিচফিচানো। অনা॰ফ্যাচফ্যাচানো। ফঁটফঁট >ফটফটানো (অনু॰ শব্দে, প্রস্ফুটনে, নক্ষত্রাদি প্রকাশ পাওয়ায়, ধংশ কাষ্ঠাদি কাটিবার শব্দে)। অল্পার্থে, ফিটফিটানো, আদরার্থে, ফুটফুটানো। অনা॰-ফ্যাটফ্যাটানো। ফঁড়ফঁড় >ফড়ফড়ানো (অনু॰ শব্দে, ডানা ঝাড়িবার শব্দে, বাক্‌স্ফূর্তিহেতু অনর্গল উক্তিতে, বস্ত্রাদি ছিঁড়িবার শব্দে)। অল্পার্থে-ফুডফুডানো। অনা॰-ফ্যাড়ফ্যাড়ানো। ফঁনফঁন >ফনফনানো (অনু॰ শব্দে, মূত্রত্যাগে, ফণীর ফণাস্ফালনে, দংশনে, সূক্ষ্ম ধারায় বারিপাত শব্দে ই॰)। অল্পার্থে-ফিনফিনানো। আদরে-ফুনফুণানো। অনা॰-ফ্যাণফ্যাণানো। ফঁরফঁর >ফরফরানো (অনু শব্দে, নিশানাদির বস্ত্রখণ্ড কাগজের বা কাপড়ের কালি ই॰ লঘুদ্রব্য বাতাসে উড়িবার বা অল্প আগুনে পুড়িবার শব্দে ই॰)। অল্পার্থে, ফুরফুরানো। অনা॰-ফ্যারফ্যারানো। ফঁল >ফলানো। ফলয়-য়ে:ফল ধরে। (২) ফলায়=ফল ধরায়)। ফঁসফঁস > ফসফসানো (অনু॰ শব্দে, সহজে গ্রন্থি খোলায়, শৈথিল্যে, বায়ুপূর্ণ বস্তু হতে ক্রমে ক্রমে বায়ু নিষ্কাসন শব্দে ই॰)। অল্পার্থে-ফিসফিসানো। আদরার্থে-ফুস্‌ফুসানো। অনা॰-ফ্যাসফ্যাসানো। ফাবড়া >ফাবড়ানো (ফাবড়া মারা)। ফুড়ফুড়, ফুরফুর > ফুডফুড়ান, ফুরফুরান (উড়িবার চেষ্টায়)। "উড়তে নারে ফুড়ফুড (ফুরফুর) করে।"-প্রবাদ। ফুকার >ফুকারা। "হঠাৎ ফুকরি উঠে 'হিংটিং ছট্'"-রবী॰। ফেন >ফেনানো (ক্রমাগত আবর্ত্তনদ্বারা ফেনা তোলা, ফেটানো)। ফোঁস ফোঁসানো (অনু॰ শব্দে)। "মর্ম্মে যবে মত্ত আশা সর্প সম ফোঁসে -রবী॰। ফোঁসফোঁস >ফোঁসফোসানো (অনু॰ শব্দে)। অনা॰-ফ্যাঁসফ্যাঁসানো। ফ্যাচফ্যাঁচ >ফ্যাঁচফ্যাঁচানো (হাঁচির শব্দে)। বংশঁ >বংশানো (বংশ জন্ম লওয়া, বংশ বিস্তার করা। বংশাই,-শাও,-শায় ; বংশাইতে ; বংশাইয়া)। বঁকবঁক >বকবকানো। বঁজবঁজ >বজবজানো (অনু॰ শব্দে, বুজকুড়ি কাটা, পুয বা দুষিত রসরক্ত আদির অনু॰ শব্দে নির্গমনে, পঙ্কাদির বুদ্বুদ স্ফোটনে ই॰)। অল্পার্থে-বিজবিজানো। আদরার্থে, বুজবুজানো। অনা॰-ব্যাজব্যাজানো। বঁনবঁন > বনবনানো (অনু॰ শব্দে-ঘূর্ণনে, বড় বেগে গমনে)। অল্পার্থে, বুনবুনান। বঁড়বঁড় >বড়বড়ানো (অনু শব্দে ক্রমাগত বিরক্তিজনক উক্তিতে) বড়রবড়র)। অল্পার্থে-বিড়বিড়ানো। লঘু শব্দে-বুড়বুড়ানো। অনা॰-ব্যাড়ব্যাড়ানো। বঁন্দনা >বন্দা (বন্দনা করা)। "বন্দি ও চরণ অরবিন্দ"-মেঘ॰। আনন্দে বন্দিল বন্দী" -ঐ। বঁরণ >বরা (বরণ করা)। "নাতিনী জামাই বলি বরিতাম তারে।"-মেঘ॰। বঁরষঁণ (বর্ষণ) >বরষা। "শূন্যে বরষিয়া" -মেঘদূত (রবী॰)। বঁলবঁল, ভঁলভঁল >ব(ভ)লব(ভ)লানো (তরল দ্রব্য, পুয

ঁল ঁল্ ঁলুন ঁলা ঁখা ঁতি ঁতি যুক্ত কর, ে=া=্যা=এ =a(L), ণ=ন ষ=জ স=শ=ষ শণ=S (শ্ত ত্র স্ত্র সু শৃ...), এমাদ্য ৎ ং ঃ ঁ অব্যক্ত

রক্তাদি স্ফোটকাদির সরু মুখ দিয়া প্রবল বেগে বহির্গমনে)। অল্পার্থে বিলবিলানো। আদরার্থে-বুলবুলানো। অনা০ - ব্যা(ভ্যা) লব্যা(ভ্যা)লানো। বারিষ > বরিষা (বরিষণ করা)। "বরিষয়ে কুসুম আসার" -মেঘ০। বর্ণনা > বর্ণা (বর্ণনা করা)। "কেমনে বর্ণিব বীরবাহুর বীরতা।"-মেঘ০। "হায় রে কেমনে ভব-ভবনের কবি বর্ণিবে বিভব ?"-ঐ। বর্ষণ > বর্ষা। "বর্ষিল আসার" -মেঘ০। বাহির > বাহিরা (বাহির হওয়া)। "বহিরিল দূতী"-মেঘ০। "দেন বাহিরিয়া"-ঐ। "পর্ব্বত গৃহ বাড়ি বাহিরায় যবে নদী সিন্ধুর উদ্দেশে।"-মেঘ০। "কেমনে বাহিরিবা এ মোহিনী বেশে।"-ঐ। বিতরণ > বিতরা। "খুলি রত্ন আভরণ বিতরিলা সবে।"-মেঘ০। বিদায় > বিদায়া। "বিদায়ি মধুরে"-মেঘ০। "কেমনে বাছনি, বিদাইব তোরে"-ঐ। বিদারণ > বিদারা। "শ্রবণ বিদারি" - মেঘ০। বিননী > বিননা। "মাজি চুল, বিননিলা মনোহর বেণী।"-মেঘ০। বিনবিন > বিনবিনানো (সূক্ষ্ম বিন্দুতে বারিপাত হওয়া ঘর্ম্ম ঘামাচি ই ক্ষুদ্র ক্ষুদ্র বিন্দুবৎ প্রতিভাত হওয়া। তুল-মিনমিনানো)। বিনাশ > বিনাশা (বিনাশয়ে=বিনাশ করে। বিনাশ(স)ই ও০। বিনোদ(ন) > বিনোদা। "বিনোদিয়া সুমধুর নাদে" -মেঘ০। "বিনোদিয়া কান"-জ্ঞান০। বিবরণ > বিবরা। "কবে রামা"-মেঘ০। বিবাদ > বিবাদা। "বিবাদিছে কভু"-মেঘ০। "শৃগাল সহ সিংহী কি বিবাদে?"-ঐ। বিমুখ > বিমুখা। "দম্ভোলি" বিমুখয়ে অস্ত্রবলে মহাবলী"-মেঘ০। "বিমুখিনু"-ঐ। বিমুখি"-ঐ। বিমুখয়ে=বিমুখ করে। বিমোহন > বিমোহা। "চিত্ত বিমোহিয়া -মেঘ০। বিরাজ > বিরাজা। "যথা বিরাজেন মায়া"-মেঘ০। বিলম্ব > বিলম্ব "কেন প্রাণনাথ তব বিলম্বেন আজি" -মেঘ০। বিলাপ > বিলাপা। "এইরূপে বিলাপিনু"-মেঘ০। "বিলাপিলা, রক্ষকুল-রিপু"-ঐ। বিলাস > বিলাসা (বিলাস করা, ভোগ করা। বিলাসী,-লাস,-লাসে (বিলাসয় ও০)]। বিশেষ > বিশেষা। "বিশেষিয়া কহ মোরে"-মেঘ০। বিস্তার > বিস্তারা। বিস্তারি বিশাল পক্ষ" -মেঘ০। "বিস্তারি অযুত ফণা"-ঐ। বিহার > বিহারা। "তা সবার সহ আমি বিহারি সতত"-মেঘ০। বৃষ্টি > বৃষ্টা। বৃষ্টি, বৃষ্ট, বৃষ্টে; বৃষ্টিতে; বৃষ্টিয়া, পদ্যে বৃষ্টি। "বৃষ্টিল শিলা তড়তড়তড়ে" -মেঘ০। "শর বৃষ্টি, স্বরীশ্বর কাটিলা সত্বরে" -ঐ। ব্যজন > বিঅন > বিউনা (ব্যজন করা)। "বিউনিল কেহ"- মেঘ০। ব্যাখ্যান > বাখান > বাখানা (ব্যাখ্যান করা)। "বাখানিল প্রমীলার বীরপণা" - মেঘ০। ভঁকভঁক > ভক-ভকানো (অনু০ শব্দে)। ভঁটভঁট > ভটভটানো (অনু০ শব্দে)। লঘু অর্থে-ভুটভুটানো। অনা০ - ভ্যাটভ্যাটানো। ভঁড়ভঁড় > ভড়ভড়ানো (অনু০ শব্দে)। পঙ্কাদিতে পদক্ষেপে বিস্ফোটন শব্দে, ক্রমাগত অপ্রীতিকর কথা বলায় ই০)। অল্পার্থে - ভুড়ভুড়ানো। অনা০ - ভ্যাড়-ভ্যাড়ানো। ভঁনভঁন > ভনভনানো (অনু০ শব্দে০। মক্ষিকাদির উড্ডয়নকালে পক্ষ-সঞ্চালন শব্দে)। অল্পার্থে, ভিনভিনানো। আদরার্থে, মৃদুশব্দে, ভুনভুনানো। অনা০- ভ্যানভ্যানানো। ভঁরভঁর > ভরভরানো (অনু০ শব্দে। গন্ধ বিস্তারে, গন্ধে ভরপুর করায়)। অল্পার্থে, ভুরভুরানো। ভঁলভঁল > ভলভলানো (বলবল (দ্রঃ) অপেক্ষা প্রবলতর অর্থে রক্তপাত পূয নির্গমনে)। ভঁসভঁস > ভসভসানো (অনু০ শব্দে। বাষ্পাদির নির্গমন শব্দে, বায়ুতে স্ফীত অ-জমাট বস্তুতে চাপ পড়িবার শব্দে ই০)। আদরে - ভুসভুসানো। অনা০ - ভ্যাস-ভ্যাসানো। ভস্ম > ভস্মা। "কালাগ্নি যথা ভস্মে বনরাজী"-মেঘ০। ভাতি > ভাতা (শোভা বা দীপ্তি পাওয়া) "ভাতিছে কেশে রত্নরাশি"-মেঘ০। ভাতে যবে স্বাতী সতী গগন মণ্ডলে"-ঐ। "ভাতিল মস্তকে মুকুট" -ঐ। ভূষণ > ভূষা (ভূষিত করা)। "ভূষিয়া ভীষণ তনু সুবীর ভূষণে বীরেশ" -মেঘ০। ভেট > ভেটা (ভেট করা)। "কি ভাবে আজি ভেটিব স্তবেশে।"-মেঘ০। ভঁ্যাকভঁ্যাক > ভ্যাকভ্যাকানো (অনু০ শব্দে। কুক্কুরাদির ডাকে, অনাদরার্থে)। মৃদুশব্দে-ভুকভুকানো। ভ্যাজভ্যাজ > ভ্যাজভ্যাজানো (বিরক্তিকর বাক্য বা প্রস্তাবের পুনরুক্তিতে, ক্রমাগত অপ্রীতিকর প্রতিবাদ ই০-তে)। মঁকমঁক > মক-মকানো (অনু০ শব্দে, ভেকশব্দে)। (২) অনুজ্জ্বল বর্ণ প্রকাশ পাওয়ায়)। অবজ্ঞায়-ম্যাকম্যাকানো। মঁচমঁচ > মচমচানো (অনু০ শব্দে, চর্ব্বণাদিতে)। মঁটমঁট > মটমটানো (অনু০ শব্দে। শুষ্ক বস্তু ভগ্ন করিণাদি শব্দে, অঙ্গপ্রত্যঙ্গাদি মোটনাদিতে; (অলং) অহঙ্কারে)। লঘু অর্থে-মুমুটানো। অনা০ - ম্যাটম্যাটানো। মঁড়মঁড় > মড়মড়ানো (অনু০ শব্দে, বৃক্ষ, শাখা-প্রশাখাদি ভঙ্গে ও পতন শব্দে, শুষ্ক পত্রাদি মর্দ্দন করিয়া চলায় ই০)। অল্পার্থে-মুড়-মুড়ানো, মঁরমঁর, মর্ম্মর > মর্ম্মরা (অনু০ শব্দে)। "মর্ম্মরিছে পাতা"-মেঘ০। অল্পার্থে-মুরমুরানো। মঁসমঁস > মস-মসানো (অনু০ শব্দে, ঐ শব্দকারী চর্ম্ম পাদুকাদি ধারণ করিয়া গমনাগমনে) মুক্তা > মুক্তানো (মুক্তা বর্ষণে, মুক্তায় মণ্ডিত করণে)। "কত যে ফুলের দলে প্রমীলার আঁখি মুক্তিল শিশির নীরে"-মেঘ০। মুর্চ্ছা > মূর্চ্ছা (মূর্চ্ছা যাওয়া)। "মূর্চ্ছিলা রাক্ষসেন্দ্রাণী মন্দোদরী দেবী"-মেঘ০। মিনমিন > মিনমিনানো (বহু-দূরে অস্পষ্ট প্রকাশে, ক্ষুদ্রতম পদার্থের দৃষ্টিগোচর হওয়ায়)। ম্যাজম্যাজ > ম্যাজম্যাজানো (শরীরের অসুস্থতাবোধে, আলস্যে, অঙ্গশৈথিল্যে ই০)। যুদ্ধ (যুঝ) > যুঝা। "এইরূপে শত্রুমাঝে যুঝিলা স্বদলে পুত্র তব"-মেঘ০। রক্ষা > রক্ষা। ডাকিনু দেবতা-কুলে রক্ষিতে রাঘবে" -মেঘ০। রঙ > রঙানো (রঞ্জিত করা)। রণ > রণা। "ঘোর রণে রণিছে উভয়ে।" -মেঘ০। রোধ > রোধা। "কার হেন সাধ্য যে সে রোধে তার গতি।"-মেঘ০।

]যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=ঞ্জ্ঞা ঞ্চ=ন্চ ক=ই ˇ হু=হু হ্ন হ্ল হ্ব হ্ন=ন্হ হ্ন লহ ড় য্য, ড ঢ য় ড়=rfwv ও চচা০ দ্রঃ

রোমঁন্থ > রোমন্থয় (রোমন্থন করে)। রোষ > রোষা। "রুষিলা দানববালা" -মেঘ°। লঁকলঁক > লকলকানো (তৃণলতা বৃক্ষাদির পত্রপল্লব ও ডগার মৃদু আন্দোলনে, সতেজ বৃদ্ধিতে, তরবারি প্রভৃতির ফলকের বা অতি পাতলা পাতের, সর্পাদির জিহ্বার, লোল্যে ই°। সূক্ষ্মার্থে লিকলিকানো। অনা° - ল্যাকল্যাকানো। লঁগবঁগ > লগবগানো (লোল্যে, দোদুল্যমানতায়)। লঁতা > লতানি। "লতাইয়ে বক্ষে মোর"-চিত্রা (রবী°)। লাঘঁব (> লঘু) > লাঘবা (লাঘবি,-ঘব -ঘবে ; লাঘবিতে ; লাঘবিয়া)। "লাঘবিতে রাঘবের বীর গর্ব্ব রণে"-মেঘ°। লঁগুভঁণ্ড > লণ্ডভণ্ডা। "লণ্ডভণ্ডি লঙ্কা"-মেঘ°। লঁয় > লয়া। "জলধি যেন উথলিছে দূরে লয়িতে প্রলয়ে বিশ্ব।"-মেঘ°। লাঠী (< যষ্ঠী) > লাঠানো (লাঠী মারা)। লালা > লালানো (লালবর্ণ হওয়া। (২) লাল কাটা বা পড়া। এই অর্থে "লালসানো"-ও° > গ্রা° নালসানো)। শঁব্দ > শব্দয় (শব্দ করে)। শাস্তি > শাস্তি > শাস্তা। "শাস্তিলা জলধি"-মেঘ°। "শাস্তিয়া নিরস্ত তোরে করিব এখনি"-ঐ। আজ্ঞাকর দাসে, শাস্তি নরাধমে।"-ঐ। শিক্ষা > শিক্ষান (শিক্ষাই, শিক্ষাও, শিক্ষায়, শিক্ষাইতে ; শিক্ষাইয়া। "মুক্তি যে শিক্ষাইনু তোরে" -চৈ° চ°)। শ্যাম > শ্যামান (শ্যামাই, শ্যামাও শ্যামায়, শ্যামাইতে, শ্যামাইয়া ই°)। "সন্ধ্যা ঘনাইয়া এল শ্যামাইয়া তরু" -স° ঠাকুর। সংবঁরণ > সংবরা=সম্বরা। "সম্বরিব দেখি তেজঃ"-মেঘ°। সংশঁয় > সংশয়া "উচিত কি তব, * * সংশয়িতে দেব-বাক্য" -মেঘ°। সংহার > সংহারা। "সংহারি সংগ্রামে"-মেঘ°। "সংহারিবে এ সংগ্রামে সুমিত্রা নন্দন"-ঐ। সঁঞ্চয় > সঞ্চয়া (সঞ্চয় করা। সঞ্চয়িতে=সঞ্চয় করিতে) সঁঞ্চরঁণ > সঞ্চরা (সঞ্চরণ করা। সঞ্চরি,-ঞ্চর -ঞ্চরে : সঞ্চরিবে : সঞ্চরিয়া (পদ্যে-সঞ্চরি). সঞ্চরয়=সঞ্চরণ করে)। সঁনসঁন > সনসনানো (অনু° শব্দে, বেগে গমনে, নিক্ষেপে, পতনাদিতে)। মৃদু অর্থে-সুনসুনানো। সঁন্তরঁণ > সন্তরা। "সন্তরিয়া মৃত্যু স্রোতে"-চয়নিকা (রবী°)। সঁপসঁপ > সপসপানো (অনু° শব্দে, অন্নগ্রাস দ্রুত গ্রহণে), বেত্রাদি আস্ফালনে, সঞ্চালনে ই°। কর্ম্ম দ্রুত সমাপনে)। সঁম্ভাষ(°) > সম্ভাষা। "কহিলা সম্ভাষি সখী বৃন্দে" -মেঘ°। "সম্ভাষি আদরে"-ঐ। "সম্ভাষিয়া মধুস্বরে"-ঐ। সান্ত্বনা > সান্ত্বনা (সান্ত্বনি, -ন,-নে, সান্ত্বনিতে ; সান্ত্বনিয়া ই°) "কি সান্ত্বনা ছলে সান্ত্বনিব মায়ে তব"-মেঘ°। সাপঁট > সাপটা (আঁকড়াইয়া ধরা)। "সাপটিলা কোপে ফলক"-মেঘ°। সঁকসঁক > সকসকানো (আহার লোভে বা লোলুপতায় ঘন ঘন জিহ্বা সঞ্চালনে বা লোল্যে লেলিহান জিহ্বার আন্দোলনে)। প্র-নোলা সকসক করা। সঁগবঁগ > সগবসানো = সকসকানো। সঁড়সঁড় > সড়সড়ানো (অনু° শব্দে, গতিভেদে, শিহরণে, কণ্ডুতিতে ই°)। অল্পার্থে-সিড়সিড়ানো। (শীতানুভূতিতে)। আদরে-সুড়সড়ানো। সঁপসঁপ > সপসপানো (সিক্তবস্ত্রের অশুষ্কতার ভাবে অধিক আর্দ্রতায়)। প্র-জল সপসপ করা। সঁরসঁর > সরসরানো (অনু° শব্দে, বায়ু হিল্লোলে, বৃক্ষপত্রের কম্পন শব্দে, শীঘ্র গমনে, পরিধেয় বস্ত্রের ঘর্ষণ শব্দে, শুষ্ক পত্রাদির উপর দিয়া সরীসৃপের গতিশব্দে ই°)। অল্পার্থে-সিরসিরানো, আদরার্থে-সুরসুরানো। সাঁতার > সাঁতারা। "সাঁতারিয়া নদী পার হয় দিবানিশি"-মেঘ°। "দুঃখ সাগর সাঁতারি পার হবে"-গোবিন্দ রায়। সৃজঁন > সৃজা। সৃজেছ আমারে রমণী করি"-কাহিনী (রবী°)। সেবা > সেবা (সেবি, সেব, সেবে ; সেবিতে সেবিয়া (পদ্যে-সেবি)। "সেবিতাম সবে মহাদরে"-মেঘ°। স্খলঁন > স্খলা। "স্খলিয়া পড়িতেছিল"-চিত্রা (রবী°)। স্তুতি > স্তুতা (স্তুতি করি)। "এইরূপে স্তুতিল সতীরে"-মেঘ°। স্পর্দ্ধা > স্পর্দ্ধা। "স্পর্দ্ধিছে অম্বরতল"-চৈতালি (রবী°)। স্বন > স্বনা (শব্দ করা)। "স্বনিছে পবন দূরে"-মেঘ°। স্মরঁণ > স্মরা। "দোঁহে স্মরিব তাহারে অহরহ"-মেঘ°। সুমঁরঁণ (> স্মরণ) > সুমরা (সুমরি, সুমর, সুমরে, সুমরিতে ; সুমরিয়া। এই অর্থে 'সোঙরা' ও°। সোঙরি ই° সোঁঙরিতে ; সাঙরিয়া ই°)। হঁড়বঁড় > হড়বড়ানো (অতি ব্যস্ততায়, ত্বরান্বিত অবস্থায়, বিশৃঙ্খলতায় ই°)। হঁড়মঁড় > হড়মড়ানো (অনু° শব্দে, পতনে, গভীর জলে মৎস্যাদির লম্ফন-আস্ফালনাদিতে, বৃহৎ শুষ্কচর্ম্ম, টিনের বড় পাত আদির উপর দিয়া যাতায়াতের শব্দে ই°)। অল্পার্থে-হুড়মুড়ানো (হেঁটমুণ্ডে বেগে পতন, আক্রমণ ই°-তে)। হঁড়হঁড় > হড়হড়ানো (অনু° শব্দে, পিচ্ছিল বস্তুর সংস্পর্শে, বেগে আকর্ষণে, গড়াইয়া দেওয়া, তরল পদার্থের ধারা পতনে, শকট চালনায় চক্রঘূর্ণন শব্দে ই°)। অল্প বা লঘুভাবে আকর্ষণাদিতে-হিড়হিড়ানো। জলাদির লঘুপতনে-হুড়হুড়ানো। অবজ্ঞার্থে-হ্যাড়হ্যাড়ানো। হঁনহঁন > হনহনানো (বেগে পদক্ষেপ বা অগ্রসর হওয়ায়)। হঁলহঁল > হলহলানো (দন্তাদির মূল আলগা হইয়া হেলন বা নড়নে বা নড়ানয়)। অল্পার্থে-হিলহিলানো। হাঁথ > হাথানো (হাত দেওয়া, হস্তগত করা)। হিংসা > হিংসানো "কে পারে হিংসিতে রঘুবংশ অবতংসে" -মেঘ°। হাহাকার > হাহাকারা। "কেন হাহাকারে এ দুদিনে পুরবাসী?" -মেঘ°। হুঙ্কার > হুঙ্কারা। "হুঙ্কারি কেহ উলঙ্গিল অসি"-মেঘ°। হুহুঙ্কার > হুহুঙ্কারা। "চলিছে বীরেন্দ্রদল, জলস্রোত যথা বরিষায় হুহুঙ্কারি"-মেঘ°। হেষা, হ্রেষা > হেষা, হ্রেষা। "হয় বৃহ হেষিল উল্লাসে"-ঐ মন্দুরায় হ্রেষে অশ্ব"-ঐ। হ্রাস > হ্রাসা। "হ্রাসো বসুধার ভার"-মেঘ°।

পরিশিষ্ট (৬)

বাঙ্গালা ভাষায় প্রচলিত সংস্কৃত, হিন্দী ইত্যাদি অবঙ্গীয় প্রবচন ও শব্দাদির অর্থ

অগাধজলসঞ্চারী বিকারী ন চ রোহিতঃ। গণ্ডূষজলমাত্রেণ সফরী ফর্ফরায়তে॥ [সং] অগাধ জলে থাকিয়াও বৃহৎ রুই মাছ কিছুমাত্র অহঙ্কৃত হয় না কিন্তু ক্ষুদ্র পুঁটিমাছ এক গণ্ডূষ জলেই গর্ব্বে ফর্‌ফর্ করিয়া বেড়ায়।

অঙ্গারঃ শতধৌতেন মলিনত্বং ন মুঞ্চতি [সং] শতবার ধৌত করিলেও কয়লার ময়লা যায় না; যার যে স্বভাব তা কোন মতে যায় না।

অর্জ্জরকা দাতা রাম [হিং] ঈশ্বরই দীনের অন্নদাতা।—প্রবোধচন্দ্রিকা।

অজ্ঞাতকুলশীলস্য বাসো দেয়ো ন কস্যচিৎ [সং] অচেনাকে গৃহে স্থান দিতে নাই।

অতি দর্পে হতা লঙ্কা [সং] অতি দর্প হেতু সোণার লঙ্কা ছারখার হইয়াছে সুতরাং অত্যহঙ্কার করা অনুচিত।

অতি লোভো ন কর্ত্তব্যঃ লব্ধং নৈব পরিত্যজেৎ [সং] অতিশয় লোভও করিতে নাই, লব্ধ বস্তুও ত্যাগ করিতে নাই।

অত্রাস্ কুকুর বত্তাস্ ভূকৈঁ [হিং] ভয় পাওয়া কুকুর বাতাসের শব্দে চমকিয়া উঠে ও ঘেউ ঘেউ করিয়া ডাকে। তুল—ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ডরায়।

অত্যুচ্ছ্রায়ঃ পতনহেতুঃ [সং] অতিবাড় পতনের হেতু। তুল—pride goes before fall.

অতি ভক্ষ্যো ধনুর্গুণঃ [সং] গল্পের ধনুর্গুণ ভক্ষণকারী শৃগালের ন্যায় পরিণাম বা ভবিষ্যৎ না ভাবিয়া কাজ করা অদূরদর্শিতার লক্ষণ। তুল—"আজকের খেয়ে নেড়া নাচে।"

অধনশ্চ ধনং প্রাপ্য তৃণবন্মন্যতে জগৎ [সং] নির্ধনের কড়ি হলে সকলকে তৃণজ্ঞান করে বা তুচ্ছ করে; অধমের সামর্থ্য হইলে অহঙ্কারে ধরাকে সরা দেখে।

অধিকন্তু ন দোষায় [সং] প্রয়োজনের অধিক হইলে দোষের হয় না বরং কম হইলেই দোষের হয়।

অনন্তশাস্ত্রং বহুবেদিতব্যম্ [সং] শাস্ত্রের শেষ নাই এবং জানিবার বিষয় অনেক।

অনাথো দৈবরক্ষকঃ [সং] অসহায়ের সহায় ভগবান স্বয়ং।

অনায়কা বিনশ্যন্তি নশ্যন্তি শিশুনায়কাঃ। স্ত্রীনায়কা বিনশ্যন্তি নশ্যন্তি বহুনায়কাঃ॥ [সং] শিশু স্ত্রী এবং বহুজনের দ্বারা পরিচালিত এবং পরিচালকহীন জন বিনাশপ্রাপ্ত হয়।

অন্ধস্য দীপো বধিরস্য গীতং। মূর্খস্য শাস্ত্রং কিমু সানুরাগং [সং] যার যে ইন্দ্রিয় বা শক্তি নাই সেই শক্তি বা ইন্দ্রিয়গ্রাহ্য বিষয় লাভে চেষ্টা বৃথা।

অন্নচিন্তা চমৎকারা [সং] "অন্নচিন্তা চমৎকারা কাতরে কবিতা কুতঃ।" গল্প আছে কালিদাসের গৃহে একদিন অন্ন না থাকায় সে দিন রাজসভায় তাঁর প্রতিভার স্ফূর্ত্তি হয় নাই, রাজা তার কারণ জিজ্ঞাসা করিলে কবি ঐ শ্লোক বলেন] অন্নচিন্তা এমনি চমৎকার যে তাতে কাতর জনের কোন গুণেরই বিকাশ হয় না।

অন্যে পরে কা কথা [সং—"রামো যেন বিড়ম্বিতোঽপি বিধিনা চান্যে পরে কা কথা"] স্বয়ং রামচন্দ্রই যখন বিধাতা কর্ত্তৃক বিড়ম্বিত হইয়াছিলেন তখন, অন্যে হইবে তার আর কথা কি?

অপরং বা কিং ভবিষ্যতি [সং] (যা যা লোকের বাঞ্ছনীয় নহে সে সবই ত ঘটিল) না জানি পরে আরও কি আছে।

অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভম্ [সং] শুভই হউক আর অশুভই হউক কৃত কর্ম্মের ভোগ জীবকে করিতেই হইবে।

অবিবেকঃ পরমাপদমাস্পদম্ [সং] বিবেকবুদ্ধিশূন্যতাই সকল আপদের মূল।

অভ্যুত্থানং হি পতনায় [সং] বৃদ্ধিই পতনের হেতু।

অমৃতং বালভাষিতং [সং] শিশুর আধ আধ বুলি বা ছেলের মুখের কথা বড়ই মধুর।

অমোঘাঃ পশ্চিমে মেঘাঃ [সং] পশ্চিমের মেঘে বারিপাত হইবেই।

অরসিকে রসস্য নিবেদনং [সং] "ভৈঁসকে আগে বীণ বাজাবে।"—দ্রঃ।

অর্থস্য পুরুষো দাসঃ দাসস্ত্বর্থো ন কস্যচিৎ [সং] পুরুষই অর্থের দাস, অর্থ কখন কাহার দাস নহে।

অর্থেন সর্ব্বে বশাঃ [সং] অর্থ দ্বারা সকলে বশ হয়।

অলমিতি বিস্তরেণ [সং] অধিক লিখিবার বা বাহুল্যে প্রয়োজন নাই।

অল্পবিদ্যা ভয়ঙ্করী [সং] সামান্য বিদ্যা হেতু অল্প জ্ঞানী যে কাজে হাত দেয় তাহাতেই অনর্থপাত করিয়া বসে। তুল—little learning is a dangerous thing.

‥ যুক্ত বিষবৎ (অগ্র=অগ্‌গ্র), হীনযুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ=ং গ ঙ্গ=গ্গা ঞ=ন্চ ঞ=ন্ত হ=হ হ্ম হ্ন হ=অহ হ্ব হ্য হ্ব ব্য, ব্র ব্র ব্র=zwv ও চা দ্রঃ

অশ্বত্থামা হত ইতি গজঃ [সং। >কেং "হত গজ"] অসত্যকে কৌশলে সত্যরূপে প্রকাশ করা।

অসন্তুষ্টা দ্বিজা নষ্টাঃ সন্তুষ্টা ইব পার্থিবাঃ। সলজ্জা গণিকা নষ্টা নির্লজ্জাশ্চ কুলস্ত্রিয়ঃ॥ দ্বিজের অসন্তোষ, রাজার সন্তোষ; বেশ্যার লজ্জা ও কুলস্ত্রীর লজ্জাহীনতা বিনষ্ট হইবার হেতু।

অসম্ভাব্যং ন বক্তব্যং প্রত্যক্ষমপি দৃশ্যতে [সং] প্রত্যক্ষ করিলেও অসম্ভব কথা বলিতে নাই।

অসহ্যং জ্ঞাতিদুর্ব্বাক্যং মেঘান্মুক্তরিবৌদ্রবৎ [সং] জ্ঞাতির দুরুক্তি মেঘমুক্ত সূর্য্যকিরণবৎ প্রখর এবং অসহনীয়।

অস্তি নাস্তি ন জানন্তি দেহি দেহি পুনঃপুনঃ [সং] আছে কি নাই সে কথা ভাবে না কেবল বলে দাও দাও। ইহা অতিথি বালক রাজা ও পত্নী সম্বন্ধে উক্ত।

অহিংসা পরমো ধর্ম্মঃ [সং] দয়াই পরম ধর্ম্ম।

আগে রাহু বতায়কে পাছু গোতা দেয় [হিং] তুল গাছে তুলে মই কেড়ে নেয়।

আর্জগাম যদা লক্ষ্মীর্নারিকেলফলম্বুবৎ। নির্জগাম যদা লক্ষ্মীর্গজভুক্তকপিত্থবৎ॥ [সং] লক্ষ্মীর আবির্ভাব হয় যেমন নারিকেল ফলের মধ্যে জলের সঞ্চার হইয়া থাকে এবং লক্ষ্মী চলিয়া যান বা ছাড়েন যেরূপে কয়েতবেল গজ কর্ত্তৃক ভিতর হতে ভক্ষিত হলে অন্তঃসারশূন্য অথচ বাহির হতে দেখিলে পূর্ব্ববৎ মনে হয়, উভয়ই লোক লোচনের অগোচর। [দ্রঃ-গজ এখানে হাতী নহে। "গজ কীটঃ" ইতি জটাধরঃ। এই কীট কপিত্থের অভ্যন্তরেই জন্মে ও সমস্ত শস্য আহার করিয়া বেলটিকে অন্তঃসারশূন্য করিয়া ফেলে। গজ দ্রঃ]।

আতুরে নিয়মো নাস্তি [সং] অসমর্থের পক্ষে নিয়ম খাটে না এবং সে নিয়ম না রাখিতে পারিলে দোষ নাই।

আত্মচ্ছিদ্রং ন জানন্তি পরচ্ছিদ্রানুসারিণঃ, (২) আত্মচ্ছিদ্রং ন জানাতি পরচ্ছিদ্রং পদে পদে [সং] আপনার দোষ জানে না বা দেখতে পায় না পরের দোষ দেখাতে যায় বা পদে পদে পরের দোষ দেখিতে পায়। তুল-"আপনার কথা কয় না শালী, পরকে বলে বোগালী।"

আত্মবন্মন্যতে জগৎ [সং] যে যে রকম হয়, সে জগতের সকলকে সেই রকমই ভাবে।

আত্মানং সততং রক্ষেৎ পশ্চাদ্দারধনানি চ [সং] আপনাকে রক্ষা করিয়া পরে স্ত্রী ও ধনাদি। তুল-"আপনি বাঁচলে বাপের নাম"। "চাচা আপন বাঁচা।"

আত্মার্থে পৃথিবীং ত্যজেৎ [সং। সম্পূর্ণ শ্লোক-ত্যজেদেকং কুলস্যার্থে গ্রামস্যার্থে কুলং ত্যজেৎ। গ্রামং জনপদস্যার্থে আত্মার্থে পৃথিবীং ত্যজেৎ] কুলের হিতার্থ কোন লোক গ্রামের মঙ্গলার্থ কুল, দেশহিতার্থ গ্রাম, এবং আত্মরক্ষার্থ পার্থিব যাহা কিছু সমস্তই ত্যাগ করিবে।

আপনে রামকো ভজৈ রিঝ ভজে বা খীজ-আপনার ইষ্টদেবকে যেমন করিয়াই ভজ না তিনি তাহা ঠিক জানিতে পারিবেন।

আপ্ ভলা তো জগ্ ভলা, (২)-সব্ ভলা [হিং] নিজে ভাল হলে জগতের সব ভাল; যে সকলকে ভাল দেখে সে সকলের কাছে ভাল ব্যবহার পায়।

আবৃত্তিঃ সর্ব্বশাস্ত্রাণাং বোধাদপি গরীয়সী [সং] সর্ব্বশাস্ত্র বোধের অপেক্ষা আবৃত্তির গৌরব অধিক।

আয়ুর্ম্মর্ম্মাণি রক্ষতি [সং] আয়ুই সকল সঙ্কট হতে মর্ম্ম বা প্রাণ রক্ষা করে অর্থাৎ আয়ু থাকিলে কেহ মরে না।

আয়ুর্যাতি দিনে দিনে [সং-"কুতঃ কুশলমস্মাকং আয়ুর্যাতি দিনে দিনে"] কুশল আর আমাদের কোথায় যার বাড়া নাই আয়ু, তাহাই দিন দিন ক্ষয়ই পাইতেছে।

আরম্ভসদৃশোদয়ঃ [সং] যেমন আরম্ভ তেমনি তার শেষ বা সমাপ্তি।

আলস্যং হি মনুষ্যাণাং শরীরস্থঃ মহারিপুঃ নাস্ত্যুদ্যমসমো বন্ধুঃ কৃত্বা যন্নাবসীদতি [সং। পরবর্ত্তী শ্লোক-উদ্যোগিনং ই°] আলস্যই মনুষ্য দেহের পরম শত্রু। উদ্যমের তুল্য আর তাদের বন্ধু নাই, যে উদ্যমবলে তাদের অবসাদগ্রস্ত হতে হয় না।

আল্মামেটর্ [ল্যাং alma mater] শিক্ষিত ব্যক্তিবর্গ কর্ত্তৃক স্ব স্ব বিদ্যাস্থান (বিশ্ববিদ্যালয়, চতুষ্পাঠী, বিদ্যালয় ই) এই নামে অভিহিত হয়।

আশাবধিং কো গতঃ [সং] আশা অনন্ত তার সীমা পর্য্যন্ত কেহ পৌছিতে পারে না; আশার শেষ নাই।

আশা বৈতরণী নদী [সং] পাপী যার পার বা শেষ পায় না সেই বৈতরণী নদীর মত আশার অন্ত নাই।

আসন্নকালে বিপরীতা বুদ্ধিঃ [সং] বিপৎকালে বুদ্ধি বিকৃত হয়।

অ্যাড ইন্ফিনিটাম্ [ল্যাং-ad infinitum] ক্রমাগত; অনাদিপরম্পরা অনন্তকাল বা সংখ্যাক্রমে।

অ্যাড্ লিটারেম্ [ল্যাং-ad literam (literatim, letter for letter)] অক্ষরে অক্ষরে; অবিকল।

অ্যাড্ লিবিটাম্ [ল্যাং ad libitum] যথেচ্ছ, ইচ্ছামত।

অ্যাল্বাম, এল্বাম্ [ইং-album] ছবি রাখিবার পুস্তক; চিত্রাধার।

ইতো ভ্রষ্টস্ততো নষ্টঃ [সং] একুলও যাওয়া ওকুলও যাওয়া; সমস্তই পণ্ড হওয়া।

ইন্দ্রোঽপি লঘুতাং যাতি স্বয়ং প্রখ্যাপিতৈর্গুণৈঃ [সং] আত্মগুণকীর্ত্তনে দেবরাজ ইন্দ্রেরও লঘুত্ব প্রাপ্তি হয়। অর্থাৎ আত্মপ্রশংসা করায় যত বড় লোকই হউন তাঁকে লোক লোচনে হীন (খেলো) হইতে হয়।

ঈদ্কা চাঁদ্ [উর্দ্দু] যে দিন চাঁদ দেখিবার জন্য সমস্ত মুসলমান জগৎ উদ্গ্রীব হইয়া থাকে, অথচ, সহজে যে চাঁদ দেখা যায় না, সে সকলের বাঞ্ছিত ও অভিপ্রেত কিন্তু বিরলদর্শন, সহজে যার দেখা পাওয়া যায় না। তুল-ডুমুরের ফুল।

উক্তস্য পুনঃ কথনং [সং] কথিত বিষয়ের পুনরুক্তি।

উঁচী দুকান্ ফীকি পকান্ [হি] দোকানের জাঁকজমক খুব কিন্তু মিঠাই মিষ্টতা শূন্য। তুল-ওপরে চেকণ চাকণ ভেতরে খ্যাড়।

উত্থায় হৃদি লীয়ন্তে দরিদ্রাণাং মনোরথাঃ [সং] দরিদ্রের হৃদয়ে বাসনার উদয় হইয়াই লয় পায়। অর্থাৎ ধনাভাবে তা কার্য্যে পরিণত করা যায় না।

উদারচরিতানান্তু বসুধৈব কুটুম্বকং [সং] উদার-প্রকৃতি লোকদিগের পক্ষে জগতবাসী সকলেই আপনার জন।

উদিতে তু সহস্রাংশৌ ন খদ্যোতো ন চন্দ্রমাঃ [সং] সূর্য্য উদিত হইলে জোনাকি বা চন্দ্রের প্রভা থাকে না। অর্থাৎ প্রখর আলোকের আবির্ভাবে যাবতীয় ক্ষীণালোক অদৃশ্য হয়।

উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মীঃ। দৈবেন দেয়মিতি কাপুরুষা বদন্তি॥ [সং] উদ্যোগী পুরুষই লক্ষ্মী লাভ করেন, দৈব দিলে অর্থাৎ অদৃষ্টে থাকিলে পাইব ইহা কাপুরুষেরাই বলিয়া থাকে।

উপকারো জগত্তাতো বিশ্বস্য জননী দয়া [সং] পরোপকার জগতের পিতা ও দয়া বিশ্বের মাতৃস্বরূপা।

উপদেশো হি মূর্খাণাম প্রকোপায় ন শান্তয়ে [সং। শ্লোকের উপরার্দ্ধ -পয়ঃ পানং ভুজঙ্গানাং কেবলং বিষবর্দ্ধনম্। দ্রঃ] মূর্খদিগের প্রতি উপদেশ তাহাদিগকে শান্ত না করিয়া প্রকুপিতই করে।

উল্টা চৌর কোত্বাল্কো ডাঁটে [হি] তুল-উল্টে চোরা মশান গায় (দ্রঃ)।

ঋদ্ধিশ্চিত্তবিকারিণী [সং] ধনসম্পদ চিত্তের বিকার সাধন করে। তুল-অর্থং অনর্থং ভাবয় নিত্যং।

এক্ পন্থ্ দো কাজ [হি] এক যাত্রায় পৃথক্ ফল। ২ এক ঢিলে দুই পাখী মারা। (২) রথ দেখাও হবে কলা বেচাও হবে।

এক মেবাদ্বিতীয়ম্-ঈশ্বর এক, দ্বিতীয় ঈশ্বর নাই।

এক্স্ অফিসিও [ল্যাঃ ex-officio (by virtue of one's office)] বিশেষ পদে থাকা হেতু।

এক্স্পার্টি [ল্যাঃ exparte] এক তরফা।

এনট্রী [ফ্রেঃ entree] ভোজনের পূর্ব্বে লঘু জলযোগ।

এনরুট্ [en route] যাইতে যাইতে; যাইবার পথে।

এরণ্ডোঽপি দ্রুমায়তে [সং-"নিরস্তপাদপে দেশে এরণ্ডোঽপি দ্রুমায়তে"] যে দেশে বৃক্ষ নাই তথায় ভেরেণ্ডাও পাদপ বা দ্রুম বলিয়া গণ্য।

এরেটাম্ [ল্যাঃ erratum] ভুল, অশুদ্ধি, মুদ্রাকর প্রমাদ।

এল্ ডোরেডো [স্পেঃ El Dorado] সোনার দেশ; স্বর্ণভূমি।

ওডিকলোন [ফ্রেঃ eau de cologne] ফ্রান্স দেশীয় সুগন্ধি বারিবিশেষ।

ঔষধার্থে সুরাপানং [সং] রোগের প্রতিকারার্থ ঔষধ স্বরূপ মদ্যপানে দোষ নাই।

কণ্টকেনৈব কণ্টকম্ [সং] কাঁটা দিয়া কাঁটা বাহির। লক্ষণায়-শত্রু দ্বারা শত্রু নাশ।

কথং মারাত্মকে ত্বয়ি বিশ্বাসঃ [সং] তোমার মত খুনীকে বিশ্বাস কি?

কন্‌য়া বৈল্ বয়ারে সন্‌কৈ [হিং] কাণা গরু বাতাস বহিলেই ভয় পায়। তুল-ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ডরায়।

কপালমূলং খলু সর্ব্বদুঃখম্ [সং। "সকর্ম্ম ভোগং কুরুতে হি জীবঃ কপালমূলং ই০] যখন জীবের স্ব স্ব কর্ম্মের ফল ভোগ করিতেই হয়, তখন সকলের অদৃষ্টই মূল।

কর্ত্তব্যো নাতি সঞ্চয়ঃ [সং] অতি সঞ্চয় করা উচিত নয়। (কারণ তাতে সঞ্চয়ী পুরুষে নানা দোষ আশ্রয় করে; যথা-কার্পণ্য, দুশ্চিন্তা, বিলাসিতা, দম্ভ ই০)।

কর্ম্মণা বাধ্যতে বুদ্ধির্ন বুদ্ধ্যা কর্ম্ম বাধ্যতে [সং] বুদ্ধি কর্ম্মের অনুযায়ী হয়, কর্ম্ম বুদ্ধির অনুসরণ করে না। তার দৃষ্টান্ত-কর্ম্ম রামচন্দ্রের বুদ্ধির অনুগামী না হইয়া রামচন্দ্রের বুদ্ধিই স্বর্ণমৃগের অনুসরণ করিয়াছিল।

কল্পান্তস্থায়িনো গুণাঃ [সং] সংকর্ম্ম বা কীর্ত্তি অবিনাশী।

কা কস্য পরিবেদনা (পরিদেবনা) [সং] কে কাহার জন্য বেদনা অনুভব করে? যেমন এক বৃক্ষে গৃহীতাশ্রয় পক্ষিগণ প্রভাত হইলেই নানা দিকে উড়িয়া যায়, যেমন আত্মীয়স্বজন মরিলে, আর কাহার খোঁজ রাখে না এমন কি প্রাণ বাহির হইলে দেহের সঙ্গে কোনই সম্পর্ক রাখে না তখন কে কার ধার ধারে। শ্লোকান্তরে-কস্য মাতা কস্য পিতা কস্য ভ্রাতা সহোদরঃ। কায়প্রাণৈর্ন সম্বন্ধঃ কা কস্য পরিবেদনা॥" পরিবেদনা=অনুশোচনা; বিলাপ। পরিবেদন=বিবাহ > সম্বন্ধ। পরি (অতি) বেদনা (ব্যথা)।

কাচঃ কাচঃ মণির্মণিঃ [সং] যে যা, সে তাই থাকে, কাচ কাচই থাকে মণি মণিই থাকে, কাচ মণি, মণিও কাচ হয় না।

কালস্য কুটিলা গতিঃ [সং] কালের গতি এমন বক্র যে বুঝিয়া উঠা ভার, কারণ কালচক্রে কি ঘটিতে পারে বলা যায় না।

কার্য্যং বা সাধয়েৎ শরীরং বা পাতয়েৎ [সং] হয় সাধনার সিদ্ধি লাভ নহিলে মৃত্যুকে বরণ এই প্রতিজ্ঞা করিয়া কর্ম্মব্রতী হওয়া কর্ত্তব্য।

কালে দত্তং বরং হ্যল্পমকালে বহুনাপি কিম্ [সং] অসময়ে বহুদান অপেক্ষা যথাকালে অল্প দেওয়াও ভাল।

কালেন ফলতে তীর্থং সদ্যঃ সাধুসমাগমঃ [সং] পূর্ব্বপদ "সাধুনাং দর্শনং পুণ্যম্" ই০ দ্রঃ। তীর্থের ফল বিলম্বে ফলে কিন্তু সাধুসঙ্গের ফল সদ্য সদ্য ফলে। তুল-"কস্য নাভ্যুদয়ে হেতুর্ভবেৎ সাধুসমাগমঃ"-অর্থাৎ সাধুসঙ্গ কাহার না উন্নতির হেতুস্বরূপ হয়? এবং সাধুরা তীর্থভূত বলিয়া তাঁদের দর্শনেই পুণ্যলাভ হয়।

কিং কুর্ব্বন্তি গ্রহাঃ সর্ব্বে যস্য কেন্দ্রে বৃহস্পতিঃ [সং] কেন্দ্রে যার বৃহস্পতি, অন্যান্য গ্রহেরা তার আর কি করিবে?

কিমাশ্চর্য্যমতঃপরং [সং-"অহন্যহনি ভূতানি গচ্ছন্তি যমমন্দিরম্। শেষাঃ স্থিরত্বমিচ্ছন্তি কিমাশ্চর্য্যমতঃপরম্॥ প্রতিদিনই জীবগণ যমালয়ে যাইতেছে দেখিয়াও অবশিষ্টগণ আপনাদিগকে স্থায়ী মনে করিতেছে-ইহা অপেক্ষা আশ্চর্য্য আর কি আছে] ইহার অধিক আশ্চর্য্যের বিষয় কি আছে? "কিছুদিন হইল ভারতের বোম্বাই সহরেই একটা জমি বিকাইয়াছিল, প্রত্যেক বর্গফুট দুইশত টাকারও উপর, কিমাশ্চর্য্যমতঃ পরম।" -বঙ্গবাসী। "কিমাশ্চর্য্যমতঃপরং বাপের সাধন জোরে"-পলাতকা (রবী॰)।

কিমার্দ্রকবণিজো বহিত্রচিন্তয়া [সং] আদার ব্যাপারীর জাহাজের খবরে কাজ কি?

কীর্ত্তির্যস্য স জীবতি [সং] "চলচ্চিত্তং চলদ্বিত্তং চলজ্জীবনযৌবনম্। চলাচলমিদং সর্ব্বং কীর্ত্তির্যস্য স জীবতি॥"] চিত্ত বিত্ত জীবন ও যৌবন সমস্তই চঞ্চল বা অস্থায়ী, কিন্তু যাঁহার কীর্ত্তি আছে তিনিই অমর।

কেডার্ [ফ্রে॰ cadre] কর্ম্মচারীদিগের তালিকা।

কুপুত্রেণ কুলং যথা [সং। "একেনাপি কুবৃক্ষেণ কোটরস্থেন বহ্নিনা। দহ্যতে তদ্বনং সর্ব্বং কুপুত্রেণ কুলং যথা॥"] বনের মধ্যে একমাত্র কুবৃক্ষ থাকিলে তাহার কোটরস্থ অগ্নি দ্বারা যেমন সমস্ত বন দগ্ধ হয় তদ্রূপ একজন কুপুত্র জন্মিলে সমস্ত বংশ বিনষ্ট হয়।

কোয়্লাকা ময়লা ছুটে যব্ আগ্ করে পরবেশ্ [হি॰] অগ্নিতে শুদ্ধ হইলে তবে কয়লা আপন প্রকৃতিগত মলিনতা ত্যাগ করে। এইরূপ অজ্ঞানতার অন্ধকার কাটে যখন হৃদয়ে জ্ঞানের অগ্নি প্রবেশ করে।

কোয়্লা ধোয়ে না উজ্‌রৈ লাশুন্ তজৈ না বোয়্। কুর কুরাই না তজৈ কি বৈঠে ঘর্ খোয়্॥ [হি॰] ধুলে কয়লার ময়লা ও রশুনের গন্ধ যায় না, ক্রূর ব্যক্তি নিঃস্বম্বল হইলেও ক্রূরতা ছাড়ে না। >লক্ষণায়-যার যা স্বভাব সে তা ত্যাগ করে না।

ক্রোধাদ্ভবতি সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ স্মৃতিভ্রংশাদ্বুদ্ধিনাশো। বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি [সং] ক্রোধ হতে সম্মোহ, তা হতে স্মৃতিভ্রংস, স্মৃতি বিভ্রম হতে বুদ্ধি নাশ এবং বুদ্ধিনাশ হইলে লোক বিনাশ প্রাপ্ত হয়।

ক্ক গতা মথুরাপুরী, ক্ক গতোত্তরকোশলা [সং] ন সদিদং দ্রঃ।

ক্ষময়া দয়য়া প্রেম্না সূনৃতেনার্জ্জবেন চ বশী কুর্য্যাৎ জগৎ সর্ব্বং বিনয়েন চ সেবয়া [সং] ক্ষমা দয়া প্রেম সত্য সরলতা বিনয় ও সেবা দ্বারা বিশ্বসংসার বশীভূত বা জয় করা যায়।

ক্ষীণে কিস্যাস্তি গৌরবম্ [সং] দুর্ব্বল কোথায় গৌরব অর্জ্জন করিয়া থাকে? সবৈ সহায়ক সবলকে ইত্যাদি দ্রঃ।

গজভুক্ত কপিত্থবৎ [সং] আজগাম দ্রঃ।

গণ্ডূষ জলমাত্রেণ সফরী ফর্ফরায়তে-অগাধজলসঞ্চারী দ্রঃ।

গতস্য শোচনা নাস্তি [সং। সম্পূর্ণ শ্লোক-"কৃতস্য করণং নাস্তি মৃতস্য মরণং যথা গতস্য শোচনা নাস্তি ইতি বেদবিদাং মতম্॥"] যা' হইয়া গিয়াছে তার জন্য শোক করিতে নাই কারণ তা' বৃথা। তুল-"গতং ন শোচামি কৃতং ন মন্যাম-যা গিয়াছে তার জন্য শোক করে না, যা করিয়াছি তাও মনে করি না।

গুণী গুণং বেত্তি ন বেত্তি নির্গুণঃ [সং] গুণী ব্যক্তিই গুণবানের মর্য্যাদা বুঝে যে নিজে গুণহীন সে পারে না।

গৃহিণী গৃহমুচ্যতে [সং। "ন গৃহং গৃহমিত্যাহু গৃহিণী গৃহমুচ্যতে। তয়া হি সহিতঃ সর্ব্বান্ পুরুষার্থান্ সমশ্নুতে]॥ কেবল গৃহকেই গৃহ বলা চলে না যে গৃহে গৃহিণী আছে তাহাকেই গৃহ বলা চলে, অথবা, গৃহিণীই গৃহপদবাচ্য কারণ গৃহিণীর সহিত একযোগে পুরুষ সকল পুরুষার্থ লাভ করে।

গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ [সং] যম চুলে ধরিয়া আছে এই ভাবিয়া ধর্ম্মানুষ্ঠান করিবে।

গৈর্ গুড় পুয়া নহী বন্তে হৈ। [হি॰] গুড় না দিলে মালপো হয় না। লক্ষণায়-টাকা না থাকলে ভাল কাজ করা যায় না।

ঘরকী মুরগী দাল বরাবর্ [হি] ঘরের মুরগী দালের সমান। লক্ষণায়-সুলভ হইলে মূল্যবান বস্তুরও বিশেষত্ব ও আদর থাকে না।

ঘরে আবে অন্‌ঘেরী, বাত কহে বনায়, জানিও পুরো বৈরী [হি॰] অচেনা লোক ঘরে আসিয়া তোষামোদের কথা কহিলে জানিবে সে পুরা শত্রু।

চক্রবৎ পরিবর্ত্তন্তে দুঃখানি চ সুখানি চ [সং] সুখ দুঃখ চক্রের ন্যায় ঘুরিতেছে অর্থাৎ একটির পর অন্যটি ক্রমান্বয়ে আসিতেছে।

চটকস্য মাংসং ভাগশতকং [সং] ক্ষুদ্র চটক পক্ষীর শরীরে মাংসই নাই বলিলে চলে। তাকে আবার শত ভাগ করিতে গেলে প্রায় কিছুই থাকে না। তদ্রূপ কোন যৌথ সম্পত্তি বহু অংশীদারে বিভক্ত হইলে প্রত্যেকের ভোগের মত কিছু থাকে না এবং কেহই লাভবান হয় না।

চার দিন্‌কা চাঁদনি ফির্ অঁধেরি রাত্ [হি॰। চাঁদনি=চন্দ্রালোক, জ্যোৎস্না] লক্ষণায়-সুখের দিন শীঘ্র ফুরায় বলিয়া মনে হয়। ২[পরিহাসে] সুখের দিন কয়টা কোথা দিয়ে চলে যাবে তার পর অন্ধকার রাত্রির মত কষ্টের দিন আস্‌বে তখন টের পাবে।

চিন্তা জ্বরো মনুষ্যাণাং [সং] চিন্তা (দুশ্চিন্তা) মানুষের জ্বর স্বরূপ।

ছাত্রানাম্ অধ্যয়নং তপঃ [সং] অধ্যয়নই ছাত্রদিগের তপস্যা।

ছিদ্রেষ্বনর্থা বহুলী ভবন্তি [সং] ছেঁড়া কাপড় সেলাই না করিলে যেমন ছিদ্র বাড়িতেই থাকে তেমনি দোষ সংশোধন না করিলে তা' এক হতে বহুতে পরিণত হয়।

জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী [সং] জননী ও জন্মভূমি স্বর্গ হইতেও গুরু অর্থাৎ সর্ব্বাপেক্ষা পূজনীয়া। পিতা স্বর্গঃ ই॰ দ্রঃ।

জব বরসতা তব গরজতা নহী।
জব গরজতা তব বরসতা নদী॥

[হিং] সারবান হইলে আড়ম্বর থাকে না, সার শূন্য হইলেই আড়ম্বর হয়। বহ্বারম্ভে লঘু ক্রিয়া।

জলবিন্দুনিপাতেন ক্রমশঃ পূর্য্যতে ঘটঃ [সং] এক এক বিন্দু জল পতিত হইয়া ক্রমে ঘট পরিপূর্ণ হইয়া যায়।

জাতস্য হি ধ্রুবো মৃত্যুঃ [সং] জাতকের মৃত্যু নিশ্চয়; "জন্মিলে মরিতে হবে"।

জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তি-র্জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ। ত্বয়া হৃষীকেশ হৃদিস্থিতেন যথা নিযুক্তোঽস্মি তথা করোমি [সং] ধর্ম কি তা জানি কিন্তু তাতে আমার প্রবৃত্তি নাই, অধর্ম যে কি তাও জানি, কিন্তু তা' হতে আমার নিবৃত্তিও নাই। হে হৃষীকেশ! তুমি আমার হৃদয়ে থাকিয়া যেমন ভাবে চালাইতেছ আমি সেই ভাবেই চলিতেছি। কিন্তু ত্বয়া হৃষীকেশেত্যাদির প্রকৃত অর্থ-"হে আমার হৃদিস্থিত হৃষীকেশ! তোমার দ্বারা আমি যে ধর্মপথে চালিত হইতেছি, আমি যেন সেই পথে চলিতে পারি।" ইহা প্রভাতে নিদ্রাভঙ্গের পর প্রার্থনা। প্রার্থনায় "লিঙ্" অর্থে "লট্" প্রয়োগ। সুতরাং "করোমি"র অর্থ "কুর্য্যাং।" এই প্রকৃত ক্রিয়ার্থের অবগতি না হওয়ায় "লট্" এর বর্ত্তমানের প্রয়োগ দ্বারা বচনটিকে অনেকেই আত্মদোষ ক্ষালনের উপায়-স্বরূপ ব্যবহার করেন এবং এই হেতু এই ভাবগম্ভীর বচনটি ব্যঙ্গার্থেও উক্ত হয়।

জিত্‌নি চদ্দর্ দেখো উৎনি পর্ ফৈলাও [হিং] যতদূর চাদর দিয়া ঢাকতে পার ততদূর পা ছড়াও। লক্ষণায়-আয় বুঝে ব্যয় কর। তুল-cut your coat according to your cloth.

জিস্‌কী লাঠী উস্‌কী ভৈঁস্-যার লাঠি তার মাটি; জোর যার মুলুক তার।

জিস্‌দা তেগ্ উস্‌দা দেগ্ [পঞ্জাবী] যার তরবাল বা (বাহুবল) তার দেশ; যার লাঠি তার মাটি। তুল-might is right.

জৈসা কা তৈসা [হিং] যেমন তেমনি; যে যেমন তার তেমনি; "যোগ্যং যোগ্যেন" দ্রঃ।

জৈসা দেওগে বৈসা পাওগে [হিং] যেমন দিবে তেমনি পাবে; আর্শিতে মুখ দেখার ভাব; যেমন কর্ম্ম তেমনি ফল।

জ্ঞানেন হীনাঃ পশুভিঃ সমানাঃ [সং] জ্ঞানহীনেরা পশুদিগের সমান।

জো করে টোট্‌কা উন্‌হীকো ঘুমকে পরৈ ফট্‌কা [হিং] পরের অনিষ্ট করিতে গেলে নিজেরই অনিষ্ট হয়।

জো গর্‌জতা হৈ বহ বর্‌সতা নহী [হিং] যে মেঘ গর্জ্জায় সে বর্ষায় না। লক্ষণায়-বহ্ব আড়ম্বরে লঘু ক্রিয়া হয়।

টি ডিয়াম্ [ল্যাং-te deum] ঈশ্বরের স্তোত্র; যে স্তোত্র খৃঃ ধর্ম্মোপসনাকালে গীত হয়। ২ [লক্ষং] বিজয়োল্লাস triumph.

ট্যাবুলা রেজা [ল্যাং-tabula rasa= erased tablet] শাদা পাটা।

ডি ফ্যাক্টো [ল্যাং-de facto] প্রকৃত পক্ষে; বাস্তবিক।

ডোলী ন কহার্ বীবী হৈ তৈয়ার [হিং] যাইবার জন্য বধূ সাজ-গোছ করিয়া প্রস্তুত এদিকে না পাল্কী না বাহক। >লক্ষং-কাজের আয়োজন বা যোগাড় নাই এদিকে কাজ করিতে উদ্যত হওয়া।

তথাপি কাকো ন চ রাজহংসঃ [সং-"কাকস্য চঞ্চুর্যদি স্বর্ণযুক্তা মাণিক্য-যুক্তৌ চরণৌ চ তস্য। একৈকপক্ষে গজরাজ-মুক্তা তথাপি কাকো ন চ রাজহংসঃ।"] কাকের চঞ্চু যদি সোনা দিয়া বাঁধান হয়, তাহার পদদ্বয় যদি মণিমাণিক্য খচিত এবং প্রতি পালকে গজমুক্তা থাকে তাহা হইলেও কাক কখনও রাজহংস হয় না।

তস্মিন্ তুষ্টে জগৎ তুষ্টম্ [সং] তাঁহার (ঈশ্বরের) সন্তোষে বিশ্ব তৃপ্ত।

তিষ্ঠত্যেকাং নিশাং চন্দ্রঃ শ্রীমান্ সম্পূর্ণ মণ্ডলঃ [সং] চন্দ্র ষোলকলায় পূর্ণ ও সম্পূর্ণ মণ্ডল হইয়া মাত্র এক রাত্রিই থাকে। তুল-"এক দিন কী চাঁদনী ফির আঁধেরী রাত [হিং] পূর্ণিমার আলোক এক রাত্রি মাত্র থাকার পর আবার রাত্রির আঁধার দেখা দেয়। অর্থাৎ সুখ ক্ষণস্থায়ী।

তৃষ্ণাবিধিং কো গতঃ [সং] বাসনার শেষ সীমায় কে গমন করিতে পারিয়াছে? কারণ নিঃস্ব শতমুদ্রা কামনা করে, শতাধিকারী সহস্র, সহস্রপতি লক্ষ, লক্ষাধিপ রাজত্ব, রাজা সাম্রাজ্য, সম্রাট্ ইন্দ্রত্ব, ইন্দ্র ব্রহ্মপদ, ব্রহ্মা বিষ্ণুপদ, বিষ্ণু শিবত্ব কামনা করেন এইরূপে বাসনা উত্তরোত্তর বৃদ্ধিই পাইতে থাকে।

তেষাং বারাণসী গতিঃ [সং। "যেষামন্যা গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ।"] যার আর কোন গতিই নাই বারাণসীই তার এক মাত্র গতি।

তে হি নো দিবসা গতাঃ [সং। তে (তারা) নো (অস্মদ্ শব্দ ৬ষ্ঠী বহুবচন=নঃ >)। রামচন্দ্র সীতাকে নির্ব্বাসিত করিবার পর অতীত সুখের দিন স্মরণ করিয়া বলিয়াছিলেন] আমাদের সে সকল দিন (আনন্দের ও সুখের দিন) গিয়াছে। তাঁহারা সভা করিয়া দেশবাসীকে ভয় দেখাইবার চেষ্টা করিবেন। কিন্তু ('তে হি নো দিবসা গতা')। তাঁহাদের সভাধিবেশনে এখন আর দেশবাসীর কিছু আইসে যায় না।"-বসুমতী, ১০-৫-৩১। "বাঙলার বাঙ্গালী যাহারা তাহারা দিনরাত যেন দীর্ঘশ্বাসের মত বলিতেছে-তে হি নো দিবসা গতাঃ।"-পথ ও পাথেয়।

তৃণৈর্গুণত্বমাপন্নৈর্ব্বধ্যন্তে মত্ত-দন্তিনঃ [সং] যে তৃণ সহজে ছিন্ন করা যায় সেই তৃণের রজ্জু দ্বারা মত্ত হস্তীকে বাঁধা যাইতে পারে।

দরিদ্রান্ ভর কৌন্তেয় [সং। সম্পূর্ণ শ্লোক-"দরিদ্রান্ ভর কৌন্তেয় মা প্রযচ্ছেশ্বরে ধনম্। ব্যাধিতস্যৌষধং পথ্যং নীরুজস্য কিমৌষধৈঃ।"] হে যুধিষ্ঠির দরিদ্র-দিগকে দান কর। অর্থাৎ "তেলা মাথায় তেল দেওয়া" উচিত নয় যাদের অভাব আছে তারাই প্রকৃত দানের পাত্র।

দর্দ্দুরা যত্র বক্তারস্তত্র মৌনং হি শোভনম্ [সং] যেখানে ভেকেরা মকমক করে তথায় চুপ করিয়া থাকাই শোভন।

দাতা দান দেয় ভাণ্ডারী কা পেট্ পিরায় [হিং] (মহাপ্রাণ) দাতা (সৎ কার্য্যে) ব্যয় করেন, (ক্ষুদ্রপ্রাণ) ভাণ্ডারী

তাতে কষ্ট বোধ করে এবং বাধা দিতে চেষ্টা পায়।

দারিদ্র্যদোষো গুণরাশিনাশী [সং] বহু গুণান্বিত হইলেও একমাত্র দারিদ্র্যদোষ সমুহ গুণ নষ্ট করে।

দারুভূতো মুরারিঃ [সং] স্মারং স্মারং স্বগৃহচরিতং দারুভূতো মুরারিঃ] জগন্নাথ শ্রীহরির একপত্নী লক্ষ্মী সদাই চঞ্চলা, দ্বিতীয়া সরস্বতী স্বভাবতঃ মুখরা, পুত্র মদন বিশ্বজয়ী এবং দুরন্ত, নিজের জলধি-গর্ভে সর্প শয্যায় শয়ন। এই সকল নিজের ঘরের কথা ভাবিয়া ভাবিয়াই তিনি কাট হইয়া গিয়াছেন।

দাল্‌মে কুছ কালা হৈ [হিং] কোন বিষয়ের ভিতর অজ্ঞাতসারে ভুল চুক বা গলদ থাকা। তুল-something is rotten in the state of Denmark", screw loose somewhere.

দিল্লীকা লাড্ডু যো খায়া সো পস্তায়া যো ন খায়া সোবি পস্তায়া [হিং] অনেক প্রতারক কাঠের গুঁড়ায় গুড় মাখিয়া তাতে লাড়ু পাকাইয়া বিক্রয় করিতে বসে এবং বলে ইহা 'দিল্লীকা লাড্ডু'। নূতন জিনিষ দেখিতে দেখিতে ফুরাইয়া যায় এবং চোর মূল্য সংগ্রহ করিয়া প্রস্থান করে। পরে যারা ক্রয় করিতে আসিল তারা উক্ত লাড়ু না পাইয়া আপশোষ করিল এবং যারা ক্রয় করিয়াছিল তারা ঠকিবার জন্য আপশোষ করিল।

দীয়তাম্ ভুজ্যতাম্ [সং] খাওয়া দাওয়ায় বিস্তৃত আয়োজন এবং ভূরি ভোজনের ব্যাপারবোধক উক্তি।

দুধকা জলা মাঠা ফুঁক্ ফুঁক্ পীতা হৈ [হিং] গরম দুধে যার মুখ পুড়িয়াছে সে ঘোলও ফুঁ দিয়া খায়। তুল-ঘর-পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ডরায়।

দুষ্টা ভার্য্যা শঠং মিত্রং ভৃত্য-শ্চোত্তরদায়কঃ। সসর্পে চ গৃহে বাসো মৃত্যুরেব ন সংশয়ঃ॥ [সং] নষ্টা স্ত্রী, বিশ্বাসঘাতক মিত্র ও মুখের উপর জবাবকারী ভৃত্যসহ এবং সর্পসঙ্কুল গৃহে বাস করিলে যে মৃত্যু ঘটিবে তাতে সংশয় নাই।

দেবা ন জানন্তি কুতো মনুষ্যাঃ [সং] দেবতারাই জানেন না তার মানুষ কোথা লাগে।

দেহি দেহি পুনঃ পুনঃ [সং] অতি নাস্তি দ্রঃ।

ধর্ম্মস্য সূক্ষ্মা গতিঃ [সং] কর্ম্মের সহিত আপাতদৃষ্ট পরিণামের সামঞ্জস্য না পাওয়ায় উক্ত। বলিরাজ ভগবানকে সমগ্র পৃথিবী দান করিয়া পাতালে গমন করিলেন, আর দধীচি মুনি সামান্য শক্তু দান করিয়া স্বর্গে গেলেন, কুন্তী বাল্যকাল হতে অসতী হইয়াও স্বর্গে গেলেন, আর সীতা পতিব্রতা হইয়াও পাতালে প্রবেশ করিলেন, সুতরাং ধর্ম্মের গতি সূক্ষ্ম।

ধর্ম্মো রক্ষতি ধার্ম্মিকম্ [সং] ধর্ম্মই ধার্ম্মিকব্যক্তিকে রক্ষা করেন।

ন কশ্চিৎ কস্যচিন্মিত্রং ন কশ্চিৎ কস্যচিদ্রিপুঃ। ব্যবহারেণ মিত্রাণি জায়ন্তে রিপবস্তথা [সং] কেহ কাহারও মিত্র নয় শত্রুও নয়, ব্যবহারের দ্বারাই শত্রু অথবা মিত্র হয়।

ন কাষায়ৈর্ভবেৎ যতিঃ [সং] কাষায় বস্ত্র ধারণ করিলেই যতি হয় না। তুল-it is not the hood that makes a monk.

ন চ দৈবাৎ পরং বলং [সং] "ন চ বিদ্যা সমঃ" দ্রঃ।

ন চ বিদ্যাসমো বন্ধুর্ন চ ব্যাধিসমো রিপুঃ। ন চাপত্যসমঃ স্নেহঃ ন চ দৈবাৎ পরং বলং॥ [সং] বিদ্যা সম বন্ধু নাই, ব্যাধি সম শত্রু নাই, পুত্র সম স্নেহপাত্র নাই, দৈব হতে শ্রেষ্ঠ শক্তি নাই।

ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি। হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে॥ [সং] আগুনে ঘৃত দিলে যেমন অধিকতর জ্বলিয়া উঠিতে থাকে উপভোগের দ্বারা তদ্রূপ কামীর কামনা বাড়ে বৈ কমে না।

ন দুঃখং পঞ্চভিঃ সহ [সং] পাঁচজনের সঙ্গে থাকিলে দুঃখ বোধ বা কষ্ট হয় না।

ন দেবঃ সৃষ্টিনাশকঃ [সং] দেবতা কখন সৃষ্টি নাশ করেন না।

ন নিম্বঃ মধুরায়তে [সং। শর্করাপঞ্জ ভারেণ নিম্ববৃক্ষ উপার্জ্জিতঃ। পয়সা সেচিতো নিত্যং ন নিম্বঃ মধুরায়তে] গাছের গোড়ায় বহুভার চিনি ও দুধ ঢেলে গাছ করলেও নিম কখনও মিষ্ট হয় না।

ন ভূতং ন ভবিষ্যতি [সং] হয় নাই হবেও না।

নম্ ডি প্লুম [ফে-nom de plume] উপনাম; ছদ্ম নাম।

ন যযৌ ন তস্থৌ [সং] কুমার সম্ভবের ছদ্ম সন্ন্যাসীকে সহসা তাঁহার আরাধ্যদেবতা শিব মূর্ত্তিতে দেখিয়া লজ্জাসঙ্কোচজড়িতা পার্ব্বতী গমনের জন্য যেই পা উঠাইলেন তাহা সেই ভাবেই রহিল। তখন তাঁর এমন অবস্থা যে আর অগ্রসর হতেও পারিলেন না আবার স্থির ভাবেও থাকিতে পারিলেন না। লক্ষণায়-না এগুতে না পেছুতে পারা।

নরাণাং মাতুলক্রমঃ [সং] কর্ণ স্বীয় সারথি ও নকুল সহদেবের মাতুল শল্যকে বিদ্রূপচ্ছলে বলিয়াছিলেন-অজ্ঞাত বাস কালে বিরাটভবনে পঞ্চ পাণ্ডবই রাজসেবা করিয়াছিলেন কিন্তু প্রথম তিন ভাই ভাল ভাল কাজের ভার লইয়াছিলেন আর নকুল সহদেব অশ্ব এবং গোরক্ষক হইয়াছিলেন, তাহাতেই দেখা যাইতেছে মানুষ মাতুলের প্রকৃতিই প্রাপ্ত হয়। তাহা হইতে এই উক্তি প্রবাদে পরিণত।

নলিনীদলগতজলবৎ তরলম্ [সং] পদ্মপত্রস্থ জলবৎ ক্ষণস্থায়ী।

নসিদিদং জগদিত্যবধারয় [সং। যদুপতেঃ ক গতা মথুরাপুরী রঘুপতেঃ ক গতোত্তরকোশলা। ইতি বিচিন্ত্য কুরুষ মনঃ স্থিরং ন সদিদং জগদিত্যবধারয়॥] কৃষ্ণের মথুরাপুরী বা কোথায় আর রামের অযোধ্যাই বা কোথায় সে সবেরই যখন কিছুই রহিল না তখন জগতটাকে নশ্বর বলিয়া জানিও।

ন সাহসমনারুহ্য নরো ভদ্রাণি পশ্যতি [সং] বিনা সাহসে কেহ বড় কিছু করিতে পারে না।

ন স্বাতন্ত্র্যাৎ পরং সুখম্ [সং] স্বাধীনতা অপেক্ষা শ্রেষ্ঠ সুখ নাই।

ন হি বন্ধ্যা বিজানীয়াৎ গুর্ব্বী প্রসববেদনাং [সং] বন্ধ্যানারী-যাকে কখন প্রসব করিতেই হয় নাই সে প্রসববেদনা যে কি গুরুতর তা' কি বুঝিবে।

ন হি সুখং দুঃখৈর্বিনা লভ্যতে [সং] দুঃখ বিনা সুখ হয় না।

ন হি সুপ্তস্য সিংহস্য প্রবিশন্তি মুখে মৃগাঃ [সং] ঘুমন্ত সিংহের মুখ গহ্বরে মৃগ স্বয়ং প্রবেশ করে না, মৃগ শিকার করিয়া খাইতে হয়। তদ্রূপ চেষ্টা না করিলে উদরান্নের সংস্থান হয় না; লক্ষণার-পুরুষকার দ্বারাই যা কিছু অর্জ্জিত হয়, আপনাআপনি হয় না।

নাচ্ ন আবে আঙ্গন্ টেঢ়্ [হিং] নাচতে জানে না উঠান বাঁকা। লক্ষণার-নিজের কাজ করিবার শক্তি বা বুদ্ধি নাই, তবু অযথা পরকে দোষা; নিজের দোষ ঢাকিতে অন্যের দোষ দেওয়া।

নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায় [সং] অন্য উপায় বা পথ আর নাই।

নাম বড়া দর্শন থোড়া [হিং] যত নাম ডাক কাজে তত নয়।

নায়মাত্মা বলহীনেন লভ্যঃ [সং] দুর্ব্বল জন ব্রহ্ম বা ধর্ম্মলাভে সমর্থ হয় না।

নাহঙ্কারাৎ পরো রিপুঃ [সং] অহংকারের বাড়া রিপু নাই।

নিঃস্পৃহস্য তৃণং জগৎ [সং] বাসনা-ত্যাগীর পক্ষে জগৎ তৃণবৎ তুচ্ছ।

নিবেদনমিদং [সং] এই নিবেদন।

নিয়তিঃ কেন বাধ্যতে [সং] অদৃষ্টের ফল কে খণ্ডাবে বল; বিধিলিপি কেহ খণ্ডন করিতে পারে না।

নির্ব্বাণদীপে কিমু তৈলদানং চৌরে গতে বা কিমু সাবধানং [সং] দীপ নিবিয়া গেলে আর তাতে তেল দিয়া কি হবে। চোর পলাইলে আর সাবধানে কি ফল।

নীরুজস্য কিমৌষধৈঃ [সং] যার রোগ নাই তার ঔষধে প্রয়োজন কি?

নেই ঘটত্ নিত্ পর্ ঘর্ জায়ে [হিং] পরগৃহে নিত্য আসা যাওয়া থাকিলে অর্থাৎ অধিক ঘনিষ্ঠতা হইলে আদরের লাঘব হয়; তুল-too much familiarity breeds contempt.

পয়ঃপানং ভুজঙ্গানাং কেবলং বিষবর্দ্ধনম্ [সং] সাপকে দুধ খাওয়ান বিষ বাড়ান মাত্র সার।

পয়সা সিঞ্চতে নিত্যং ন নিম্বঃ মধুরায়তে [সং। সংক্ষেপে-"ন নিম্বঃ মধুরায়তে"] দুধে নিত্য ভিজাইয়া রাখিলে (বা গুড় ঘী নিত্য সিঞ্চন করিলে) নিম কখন মিষ্ট হয় না।

পরহস্তগতং ধনং [সং। "পুস্তকস্থা চ যা বিদ্যা পরহস্তগতং ধনম্। কার্য্যকালে সমুৎপন্নে ন সা বিদ্যা ন তদ্ধনম্॥"] পুঁথিগত বিদ্যা আর পরহস্তগত ধন হঠাৎ প্রয়োজনের সময় পাওয়া যায় না সুতরাং সে বিদ্যা বিদ্যাই নয়, সে ধন ধনই নয়।

পাঁড়েজী পছ্তায় রহী চণা গুড় খায় [হিং] লোকের সাধাসাধি সত্ত্বেও না খাইয়া পশ্চাত্তাপ পাইয়া শেষে নিজ হতে সেই খাদ্যই ভোজন করা। তুল-সাধলে জামাই খায় না শেষে ঢেঁকিশালে কুঁড়া আঁটে না।

পাণৌ পয়সা দগ্ধে তক্রং ফূৎকৃত্য পামরাঃ পিবন্তি [সং] গরম দুধে হস্তদগ্ধকারী মূর্খেরা ঘোলেও ফুঁ দিয়া খায়। তুল-ঘর পোড়ার গরু সিঁদুরে মেঘ দেখলে ডরায়।

পার্সেন্ট্ [ল্যাং-per cent] শতকরা।

পিত্তলকে কটারী কামে নাহি আবর্ত, উপরহী ঝকমক সার [মৈং] পিতলের কাটারি দেখিতে সুন্দর কিন্তু তীক্ষ্ণ, দৃঢ় ও স্থায়ী ধার অভাবে তাতে কাজ হয় না। > লক্ষং-জমকাল চেহারা কিন্তু অকর্ম্মণ্য ব্যক্তি। তুল-রাঙা মূলা। মাকাল ফল।

পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতা হি পরমংতপঃ। পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ॥ ভূমের্গরীয়সী মাতা স্বর্গাদুচ্চতরঃ পিতা। জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী॥" [সং] জননী জন্মভূমিশ্চ ইং ভ্রঃ। পিতা ধর্ম্ম, স্বর্গ এবং স্বর্গ হতেও উচ্চতর, পিতৃসেবাই পরম তপস্যা এবং জননী ও জন্মভূমি স্বর্গ হতেও গুরুতরা।

পুনর্মূষিকো ভব [সং] পুনরায় মূষিক হও। > যা ছিলে আবার তাই হও।

পোষ্ট মর্(ম্)টেম্ [ল্যাং-post mortem] মরণোত্তর; > মরণান্তে শব পরীক্ষা।

প্রতীকর্ত্তুমশক্তস্য জীবিতাৎ মরণং বরম্ [সং] অপমানের বা অন্যায়ের প্রতিকার করিতে অসমর্থ লোকের মরণই শ্রেয়ঃ।

প্রহারেণ ধনঞ্জয়ঃ [সং] গল্পের এক ব্রাহ্মণের ৪ জামাতা শ্বশুরালয়ে বহুকাল বাস করায় শ্যালকেরা তাহাদের তাড়াইতে মনস্থ করে। শেষে অযত্ন অপমান দ্বারা তিনজনকে তাড়ায় কিন্তু চতুর্থ ধনঞ্জয় কিছুতেই যায় না অবশেষে একদিন বিলক্ষণ প্রহার করিলে সেও পলায়ন করে (> প্রবাদ)।

প্রাইমাফেসী [ল্যাং-prima facie] প্রথম দর্শনে; মুখপাতে; আপাততঃ।

প্রাংশুলভ্যে ফলে লোভাৎ উদ্বাহুরিব বামনঃ [সং] দীর্ঘকায় ব্যক্তির প্রাপ্য ফলে লোভ বামনের হাত বাড়ানবৎ।

প্রাণমেব পরিত্যজ্য মানমেবাভিরক্ষতু [সং] প্রাণ দিয়াও মান রক্ষা করিবে।

প্রাণান্তেঽপি প্রকৃতিবিকৃতির্জায়তে নোত্তমানাং [সং] উত্তম ব্যক্তিগণের প্রাণান্ত হইলেও স্বভাব নষ্ট হয় না।

প্রাপ্তকালো ন জীবতি [সং। "নাকালে ম্রিয়তে কশ্চিৎ বিদ্ধঃ শরশতৈরপি। কুশাগ্রেণৈব সংস্পৃষ্টঃ প্রাপ্তকালো ন জীবতি।"] কাল পূর্ণ না হইলে শত শরবিদ্ধ হইয়াও লোক মরে না, কিন্তু সময় হইলে কুশাগ্র বিদ্ধ হইয়াও মরে। অর্থাৎ কাল পূর্ণ হইলে জীব বাঁচে না।

ফলেন পরিচীয়তে [সং] ফলের দ্বারাই

গাছের পরিচয়। তুল-tree is known by its fruit.

ফিনিস্ [ল্যা০-finis, ইং-finish] বি, শেষ ; সমাপ্তি।

ফ্যাক্সিমিলি [ল্যা০-fac simile] যথাবৎ অনুকরণ ; অনুচিত্র ; আদর্শ।

বকধ্যানং [সং] বকের স্থায় কপট ধ্যান ; ধ্যানের ভাণ।

বকঃ পরমদারুণঃ [সং। "নির্জীব ভক্ষকো গৃধ্রঃ সজীবভক্ষকো বকঃ।" লক্ষ্মণ এই কথা রামচন্দ্রকে বলিয়াছিলেন] বক যে ধার্মিক একথা কে বলিল? সে অতিশয় নির্দয় কারণ গৃধ্র শব দেহই ভক্ষণ করে, কিন্তু বক খায় সজীব প্রাণী।

বকঃ পরমধার্ম্মিকঃ [সং] পম্পা সরোবরে বককে অতি সন্তর্পণে পা ফেলিয়া চলিতে দেখিয়া রামচন্দ্র লক্ষ্মণকে বলিয়াছিলেন পাছে পায়ের চাপে প্রাণী বধ হয় তাই বক এত ধীরে ধীরে চলিতেছে, সুতরাং বক পরম ধার্মিক। লক্ষ্মণের উক্তি-"বকঃ পরমদারুণঃ" দ্রঃ।

বকরা অপনে জান্সে গয়া খানেবালা স্বাদহীন পায়া [হিং] ছাগল বলে প্রাণে মলুম। গৃহস্থ বলে আলুনি খেলুম। লক্ষণায়-অসন্তুষ্ট ব্যাক্তিকে প্রাণ দিয়াও তৃপ্ত করা যায় না।

বগল্ মে ছুরী মুহ মে রাম রাম [হিং] মুখে মধু হৃদয়ে বিষ।

বচনে কো দরিদ্রঃ [সং] কাজে হউক না হউক, "কথায় কাহার ঘটে না অভাব।"

বন্দে মাতরং [সং] জননী জন্মভূমিকে বন্দনা করি।

বরং ভিক্ষাশিত্বং নচ পরধনাস্বাদন সুখম [সং] পরধনভোগ সুখাপেক্ষা ভিক্ষান্ন ভোজনও ভাল।

বরঞ্চ পণ্ডিতঃ শত্রু নচ মূর্খেণ মিত্রতা [সং] পণ্ডিত শত্রু হয় সেও ভাল কিন্তু মূর্খের সহিত বন্ধুত্বও ভাল নয়।

বরং রামান্ন রাবণাৎ [সং] সীতাহরণকালে রাবণ কর্তৃক প্রেরিত মায়ামৃগ মারীচের উক্তি। রাবণের আদেশ না শুনিলে রাবণের হাতে মৃত্যু নিশ্চয় আবার শুনিলে রামের হাতে মরিতে হইবে। অতএব রামের হাতেই মরা ভাল > মৃত্যুও অধম অপেক্ষা উত্তমের হাতেই শ্রেয়ঃ।

বরমেকো গুণী পুত্রঃ নচ মূর্খশতৈরপি [সং] একশত মূর্খ পুত্র না থেকে গুণবান্ এক পুত্রও ভাল।

বলং বলং বাহুবলং [সং] বাহুবলই বল পদবাচ্য।

বহ্বারম্ভে লঘুঃ ক্রিয়া [সং] অধিক আড়ম্বর ও আস্ফালনে অল্প কাজ।

বাণিজ্যে বসতে লক্ষ্মীঃ [সং] বাণিজ্যে লক্ষ্মী বাস করেন ; অর্থাৎ বাণিজ্যই লক্ষ্মীলাভের মূল।

বাপ্ কা বেটা সিপাহী কা ঘোড়া কুচ্ না হোয়ে তো থোড়া থোড়া [হিং] বেটা বাপের মত হয় আর ঘোড়া সেপাইয়ের চালচলন অনুযায়ী হয় কিন্তু উভয়ের গুণ বর্ত্তিলে উভয়ে পূর্ণ মাত্রায় না হলে, অন্ততঃ কিছু না কিছু দেখা দেয়।

বারি হাত কাঁকুড়ের তেরহাত বীচি-অসম্ভব কথা ; অতিরঞ্জন। তুল ইং devil's dozen (=তের)।

বালানাং রোদনং বলং [সং অবলাদিগের রোদনই বলস্বরূপ। কথায় বলে কেঁদে জেতা। অন্যার্থ-শিশুদিগের ক্রন্দনই বল।

বিদ্যা কামদুঘা ধেনুঃ সন্তোষো নন্দনং বনং [সং] বিদ্যা কামধেনুর স্থায় সর্ব্বাভীষ্টদায়িনী এবং সন্তোষই স্বর্গোদ্যানের স্থায় মনোরম ও শান্তিপ্রদ।

বিদ্যাধনং মহাধনম্ [সং] বিদ্যাধন সর্ব্বধনের শ্রেষ্ঠ (কারণ দায়াদগণ তাহা বন্টন করিয়া লইতে এবং চোর চুরি করিতে পারে না। তাহা দান করিলেও ক্ষয়প্রাপ্ত হয় না)।

বিদ্বান্ সর্ব্বত্র পূজ্যতে [সং] স্বদেশে পূজ্যতে ইত্যাদি দ্রঃ।

বিনাশ্রয়ং ন তিষ্ঠন্তি কবয়ো বনিতা লতাঃ [সং] কবি,নারী এবং লতা আশ্রয় (পৃষ্ঠপোষক, প্রতিপালক, অবলম্বন) ব্যতীত থাকিতে পারে না।

বি।শষ্টৈশ্চ বিশিষ্টতাম্ [সং] "হীয়তে হি মতিস্তাত হীনৈঃ সহ সমাগমাৎ। সমৈশ্চ সমতামেতি বিশিষ্টৈশ্চ বিশিষ্টতাম্।"] লোক হীনের সহবাসে হীন হয়, সমানের সহবাসে সমতা প্রাপ্ত ও উত্তমের সহবাসে উত্তম হয়।

বিষকুম্ভং পয়োমুখং [সং] মুখে মধু হৃদয়ে বিষ অর্থাৎ বিশ্বাসঘাতক ; দাগাবাজ।

বিষবৃক্ষোপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্ [সং] নিজের হাতে পালন ও পুষ্ট করা যদি বিষবৃক্ষও হয় তথাপি তাহাকে স্বহস্তে ছেদন করিতে নাই।

বিষস্য বিষমৌষধং [সং] বিষ দিয়াই বিষ নিবারিত হয় কারণ বিষই বিষের ঔষধ। তুল-কণ্টকেনৈব কণ্টকম্।

বুদ্ধির্যস্য বলং তস্য নির্ব্বুদ্ধেস্তু কুতো বলং [সং] যার বুদ্ধি আছে তার বলও আছে নির্ব্বুদ্ধির আর বল কি অর্থাৎ বুদ্ধি না থাকিলে দৈহিক বলে কাজ হয় না। তুল-'বুদ্ধেঃ সমানং ন বলং দ্বিতীয়ম্।'

বুভুক্ষিতঃ কিং দ্বিকরেণ ভুঙ্ক্তে [সং] ক্ষুধায় পীড়িত হইলে কি আর লোক দুই হাতে খায়।

বৃদ্ধস্য তরুণী বিষং [সং] বৃদ্ধের পক্ষে যুবতী ভার্য্যা আয়ুঃক্ষয়কর বিষস্বরূপ। তুল-বয়োগতে কিং বনিতাবিলাসঃ।

বৃদ্ধস্য তরুণী ভার্য্যা [সং] বৃদ্ধের পক্ষে যুবতী স্ত্রী দুর্লভা এবং পরম আদর ও যত্নের পাত্রী। যুবতীর রূপ যৌবনে মুগ্ধ বৃদ্ধপতি সর্ব্বতোভাবে স্ত্রীর সন্তোষবিধানে যত্নপর ও স্ত্রীর ইঙ্গিতে চালিত সুতরাং বিব্রত বলিয়া উপহাসার্থে উক্ত হয়।

বৃদ্ধস্য বচনং গ্রাহ্যং [সং] বহুদর্শনজনিত পরিণত-বুদ্ধি হেতু বৃদ্ধের উপদেশ গ্রহণ করিবে।

বৃদ্ধা বেশ্যা তপস্বিনী [সং] "অশক্তস্তস্করঃ সাধুঃ কুরূপা চেৎ পতিব্রতা। রোগী চ দেবতাভক্তো বৃদ্ধা বেশ্যা তপস্বিনী।"] চোর চুরি করিতে অসমর্থ হইয়া সাধু হয়, নারী কুরূপা হইলে পতিব্রতা, মানুষ রোগে পড়িয়া দেব ভক্ত এবং বেশ্যা বৃদ্ধা হইলে তপস্বিনী হয়। লক্ষ০-লোক নাচারে পড়িয়া সৎ হয়।

বৃশ্চিকভিয়া পলায়মানস্য অহিমুখে নিপাতঃ [সং] বিছার ভয়ে পলায়-

যান ব্যক্তির সর্পমুখে পতিত হওয়া। তুল- from the frying pan to the fire.

বোনাফাইড. বোনাফাইডি [ল্যা- bonafide] খাঁটি বা যথার্থবোধে; বাস্তবিক।

ব্যাধিতস্যৌষধং পথ্যম্ [সং] রোগীর পক্ষে ঔষধই পথ্য।

ব্রাহ্মণস্য ব্রাহ্মণো গতিঃ [সং] ব্রাহ্মণই ব্রাহ্মণের আশ্রয়, তা হতে স্বজাতিই স্বজাতির শরণ্য।

ভর্গবতি বিসৃষ্ট কথং বহসি [সং] মা ধরিত্রী তোমার এ অসহনীয় ভারস্বরূপকে কেন আর বহন কর। অতিশয় দুর্বৃত্ত নিষ্কর্মা এবং জঘন্য প্রকৃতি নর নারী যারা প্রকৃত ভূভার স্বরূপ তাদের উদ্দেশে উক্ত হয়।

ভবতি বিজ্ঞতমঃ ক্রমশো জনঃ [সং] কাজ করিতে করিতে মানুষের বিজ্ঞতা উত্তরোত্তর বৃদ্ধি পায় অর্থাৎ কেহ হঠাৎ বা একদিনেই পরম বিজ্ঞ হইয়া উঠে না।

ভবানীভ্রূকুটীভঙ্গিম্ ভবো বেত্তি ন ভূধরঃ [সং] পার্ব্বতীর ভ্রূভঙ্গী শিবই বুঝেন পর্ব্বতরাজ বুঝেন না। লক্ষণায়-প্রকৃত মর্ম্মজ্ঞই মর্ম্মীর মর্ম কথা বুঝিতে পারেন।

ভবিতব্যং ভবত্যেব [সং] যা হবার তাহাই হইবে।

ভস্মাচ্ছাদিতবহ্নিবৎ [সং] ছাই চাপা আগুনের মত। সামান্য বাতাসে ছাই গুলা উড়িয়া গেলেই আগুন বাহির হয়।

ভাইডি [ল্যা॰- videlicet (namely) > ক্ষে॰] যথা ; যেমন ; উদাহরণস্বরূপ।

ভাইভা ভোসী [ল্যা॰- viva voce] মৌখিক ; মুখে মুখে।

ভাইসি ভার্সা [ল্যা॰- vice versa] পাল্টাইয়া ; ব্যুৎক্রমে।

ভাগ্যং ফলতি সর্ব্বত্র ন বিদ্যা ন চ পৌরুষম্ [সং] অদৃষ্টে যা থাকে সর্ব্বত্র তাই ঘটে, বিদ্যা বা পুরুষকারে কিছুই হয় না। তার সাক্ষ্য সমুদ্র মন্থনে বিষ্ণু লক্ষ্মী লাভ করিলেন কিন্তু শিবের ভাগ্যে বিষ লাভই ঘটিল। তুল-উদ্যোগিনং ইত্যাদি (দ্রঃ)।

ভায়া [ল্যা-via] পথ দিয়া ; মধ্য দিয়া through.

ভার্বেটিম্ [ল্যা॰ verbatim] অক্ষরে অক্ষরে ; ঠিক ঠিক।

ভিন্নরুচির্হি লোকঃ [সং] সকলেই এক প্রকৃতির হয় না লোকের রুচি ভিন্ন ভিন্ন প্রকার।

ভুজঙ্গস্য বিষং দন্তে সর্ব্বাঙ্গং দুর্জ্জনে বিষং [সং] সাপের দাঁতে বিষ কিন্তু দুর্জ্জনের সর্ব্বাঙ্গই বিষময়।

ভূতে পশ্যন্তি বর্ব্বরাঃ [সং-"রাজা পশ্যতি কর্ণাভ্যাং ধিয়া পশ্যতি পণ্ডিতঃ। পশুঃ পশ্যতি গন্ধেন ভূতে পশ্যন্তি বর্ব্বরাঃ"।] রাজা চরমুখে কর্ণ দ্বারা, পণ্ডিত বুদ্ধি দ্বারা, এবং পশু গন্ধ গ্রহণ করিয়া দেখিতে পায় ও বুঝিতে পারে, কিন্তু মূর্খ কাজ হইয়া গেলে পর পরিণাম দেখিয়া বুঝে পূর্ব্বে তাহার কিছুই বুঝিতে পারে না।

ভৈঁস্‌কে আগে বীন্ বাজে ভৈঁস্ ঠাঢ় পগুরায় [হি॰] মোষের কাছে বীণা বাজে মোষ জাবরই কাটিতে থাকে। লক্ষ॰-অজ্ঞের কাছে গুণপনার কদর নাই ; বানরের গলায় মুক্তার মালা দেওয়া বৃথা ; throwing pearls before swine.

মধুরেণ সমাপয়েৎ [সং] মিষ্টরস আহারীয়ের দ্বারা ভোজন সমাপ্ত করিবে। কারণ, সুখ-ভোজ্য এবং লবণাম্ল কটু প্রভৃতি রস শেষে ভোজন করিলে উদরে জ্বালা উৎপাদন করে। লক্ষণায়-সকল কাজ সুমধুরভাবে সমাপ্ত করা কর্ত্তব্য। "তাঁহার স্বভাবসিদ্ধ সুমধুর স্বরে মিষ্ট অথচ ইষ্ট বচন বিন্যাসে 'মধুরেণ সমাপয়েৎ,' করিয়াছিলেন।" -বঙ্গবাসী, ১৩১৮।

মধ্বভাবে গুড়ং দদ্যাৎ [সং] মধু না থাকিলে তার পরিবর্ত্তে গুড় ব্যবহার করিবে। লক্ষ॰-কোন মতে কার্য্য উদ্ধারের জন্য একটার অভাবে অন্য একটা দিয়া কাজ সারিবে।

মনঃপূতং সমাচরেৎ [সং] মন যাতে পবিত্র হয় এমন কার্য্যের অনুষ্ঠান কর্ত্তব্য।

মর্দ্দ্ কি বাত্ হাথী কি দাঁত্ [হি॰] পুরুষের মুখ দিয়া বাহা বাহির হইয়াছে হাতীর দাঁতের মত তা' আর মুখের ভিতর প্রবেশ করে না অর্থাৎ যে মর্দ্দ হয় সে যা বলে তা করে তার অন্যথা হয় না।

মহাগজাঃ পলায়ন্তে মশকানাং তু কা গতিঃ [সং] যেখান থেকে বড় বড় হাতীই পলায় সেখানে মশার কি দশা হবে।

মহাজনো যেন গতঃ স পন্থাঃ [সং] মহাজন যে পথে গমন করিয়াছেন তাহাই গন্তব্য পথ।

মা কুরু ধনজনযৌবনগর্ব্বং। হরতি নিমেষাৎ কালঃ সর্ব্বং॥ [সং] ধন জন ও যৌবনের গর্ব্ব করিও না কারণ কাল এক নিমিষের মধ্যে হরণ করিতে পারে।

মাগৈ ভীখ্ পুঁছৈ গাঁবকা জমা [হি॰] ভিক্ষা মাগিতে আসিয়া গ্রামের জমার কথা জিজ্ঞাসা করে ; অর্থাৎ আদার ব্যাপারী জাহাজের খবর লয়।

মিষ্টান্নমিতরে জনাঃ [সং] বিবাহ উপলক্ষে উক্ত। কন্যা চায় বরের রূপ, মাতা বরের ঐশ্বর্য্য, পিতা বরের বিদ্যা, বান্ধবেরা চান বরের কুলমর্য্যাদা, আর অপরাপর লোক চায় মিষ্টান্ন। তাহারা কেবল ভোজন প্রত্যাশী।

মুনীনাঞ্চ মতিভ্রমঃ [সং] মুনিদিগেরও সময় সময় মতিভ্রম হয়। লক্ষ॰-ভুল ভ্রান্তি কার না হয়।

মুষলং কুলনাশনং [সং] দুষ্ট মুষলজাত এরকা, যারা অভিশপ্ত যাদবকুল যেমন প্রভাসক্ষেত্রে বিনাশ প্রাপ্ত হইয়াছিল তদ্রূপ কুলনাশক মুষলস্বরূপ দুর্বৃত্ত বংশধর।

মূর্খস্য নাস্ত্যৌষধম্ [সং-"সর্ব্বস্যৌষধমস্তি শাস্ত্রবিহিতং মূর্খস্য নাস্ত্যৌষধম্"] শাস্ত্রে সকল রকম প্রতিকার ও সকল রোগের ঔষধের বিধান আছে কিন্তু মূর্খের কোন ঔষধ নাই। গ্রা॰-বাং-র তুলক্রমে ইহা বিকৃত হইয়া "মূর্খস্য লাঠ্যৌষধি" (মূর্খকে তাড়না ব্যতীত উপায় নাই) এইরূপ দাঁড়াইয়াছে।

মেঘাস্তু রিক্তরৌদ্রবৎ [সং] অসহ্য: জ্ঞাতিদুর্ব্বাক্যং ইত্যাদি দ্রঃ।

মেটিরিয়া মেডিকা [ল্যা॰-materia medica] ভৈষজ্যরত্নাবলী।

মোডাস্ অপারেণ্ডি [ল্যা॰-modus operandi] কার্য্যপ্রণালী।

যঃ পলায়তি(পলাতি) স জীবতি

[সং] যে পলায়ন করে সেই বাঁচিয়া যায় বা রক্ষা পায়। "যঃ পলায়তি স জীবতি নীতি অনুসরণ করিয়া লাসা হইতে প্রস্থান করেন।" -বসুমতী, ১৩১৮, ২৭ মাঘ।

যৎ সারভূতং তদুপাসিতব্যম্ হংসো যথা ক্ষীরমিবাম্বুমিশ্রম [সং] নীরত্যাগী ক্ষীরগ্রাহী হংসবৎ যা' সারবস্তু তাই গ্রহন করা কর্ত্তব্য।

যতো ধর্ম্মস্ততো জয়ঃ[সং] ধর্ম্ম যেখানে সেইখানেই জয়।

যথা দৃষ্টং তথা লিখিতং লেখকে নাস্তি দূষণং [সং] যেমনটী দেখিয়াছে তেমনটি নকল করিয়াছে তজ্জন্য নকল নবীশের দোষ নাই।

যথা পূর্ব্বস্তথা পরঃ, যথা পূর্ব্বং তথা পরং [সং] পূর্ব্বেও যেমন পরেও তেমনি অর্থাৎ ভাবান্তর বা অবস্থান্তর নাই। "* * * দাবী জানাইয়া আসিয়াছেন এবং প্রতিশ্রুতি দিয়াছেন। কিন্তু অবস্থা যথা পূর্ব্বং তথা পরং"-আ° পত্রিকা, ২৬।২।৩৫।

যস্মিন্ দেশে যদাচারঃ "ন দোষো মগধে মদ্যে, গৌড়ে মৎস্যস্য ভোজনে, দুহিতু র্মাতুলস্যাপি বিবাহে দ্রাবিড়ে তথা, যস্মিন্ দেশে যদাচারঃ পারম্পর্য্যং বিধীয়তে।"] যে দেশের যেরূপ আচার তাহাই তথায় মান্য এবং সেই মত অনুষ্ঠানে দোষ নাই। তুল- যে দেশে যে ভাগা, হাত থাকতে পায়ে শাঁখা।

যস্য দেবস্য যদ্রূপং তথা ভূষণ-বাহনম্ [সং] যেমন দেবতা তাঁহার ভূষণ ও বাহনও তদ্রূপ।

যথা নিযুক্তোঽস্মি তথা করোমি [সং] জানামি ধর্ম্মং ইত্যাদি দ্রঃ।

যথারণ্যং তথা গৃহম্ [সং] "মাতা যস্য গৃহে নাস্তি ভার্য্যা চাপ্রিয়বাদিনী। অরণ্যং তেন গন্তব্যং যথারণ্যং তথা গৃহম্।"] যার ঘরে মা নাই ও পত্নী অপ্রিয়বাদিনী তার বনে যাওয়াই উচিত কারণ তার পক্ষে বনও যা, ঘরও তা।

যদুপতেঃ ক্ব গতা মথুরাপুরী [সং] নসদিদং দ্রঃ।

যাদৃশী ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশী [সং] যে যেমন ভাবে বা কামনা করে, সে তেমনি পায়।

যুক্তিযুক্তমুপাদেয়ং বচনং বালকাদপি [সং] যুক্তিসঙ্গত হইলে বালকের

যুক্তিহীনবিচারে তু ধর্ম্মহানিঃ প্রজায়তে [সং] "কেবলং শাস্ত্রমাশ্রিত্য ন কর্ত্তব্যো বিনির্ণয়ঃ। যুক্তিহীনবিচারে তু ধর্ম্ম-হানিঃ প্রজায়তে।" কেবল শাস্ত্রের দোহাই দিলে চলিবে না, কারণ যুক্তিহীন বিচারে ধর্ম্মহানি হইয়া থাকে।

যেন তেন প্রকারেণ কার্য্যসিদ্ধি-র্গরীয়সী [সং] যে কোন প্রকারে কার্য্যে সিদ্ধিলাভ করাই সর্ব্বপ্রধান।

যো ধ্রুবাণি পরিত্যজ্য অধ্রুবাণি নিষেবতে। ধ্রুবাণি তস্য নশ্যন্তি অধ্রুবং নষ্টমেব চ।" [সং] নিশ্চয়কে ছাড়িয়া যে অনিশ্চয়ের ভজনা করে তার "ইতোভ্রষ্টস্ততো নষ্টঃ" হয়।

যোগ্যং যোগ্যেন যুজ্যতে [সং] যে যার যোগ্য তার সহিত তারই মিলন ঘটে; যোগ্য পাত্রের সহিত তার উপযোগী পাত্র জুটিয়া যায়।

রাজদ্বারে শ্মশানে চ যস্তিষ্ঠতি স বান্ধবঃ [সং] আদালতে এবং শ্মশানে যে সহায়তা করে সেই প্রকৃত বন্ধু।

রীস্‌ট্যাগ্ [জর্ম্ম° reichstag] জর্ম্মণ রাজদরবার।

রূপ যৌবনসম্পন্না বিশালকুল-সম্ভবাঃ বিদ্যাহীনা ন শোভন্তে নির্গন্ধাইব কিংশুকাঃ। [সং] রূপ-যৌবন সম্পন্ন এবং বিশাল কুলে জন্ম হইলে কি হইবে তার বিদ্যা না থাকিলে সে গন্ধহীন পলাশ পুষ্পের মত শোভা পায় না। তুল- 'রূপসুন্দর রাঙা মূলা'।

রেনেসাঁশ, রেনেসাঁস্ [ফ্রে° renaissance] শিল্প বা সাহিত্যের পুনরুদ্ধার। "য়ুরোপে যখন একদিন মানুষের হৃদয় প্রবৃত্তিকে অত্যন্ত সংযত ও পীড়িত করিবার দিন ঘুচিয়া গিয়া তাহার প্রবল প্রতিক্রিয়া-স্বরূপে রেনেসাঁশের যুগ আসিয়াছিল শেক্স্‌পিয়ারের সমসাময়িক কালের নাট্য সাহিত্য সেই বিপ্লবের দিনেরই নৃত্যলীলা" -জীবনস্মৃতি (রবী°)।

লড়ে ফৌজ নাম সর্দ্দার কা [হি°] অধীন কর্ম্মচারী কাজ করে উচ্চপদস্থের নাম হয়।

লাভঃ পরং গোবধঃ [সং] কোন বৈদ্য এক মূর্খ রোগীর জন্য গোক্ষুর পাঁচন ব্যবস্থা করায় রোগী গোক্ষুর অর্থে গোক্ষুর বৃক্ষের স্থলে গোরুর ক্ষুর বুঝিয়া একটি গোহত্যা করিয়া তার ক্ষুরের পাঁচন সেবন করে। এক দিকে যথাযথ ঔষধ না পড়ায় রোগও ভাল হইল না, অন্যদিকে বৈদ্যের যশোলাভ ত দূরের কথা তাঁকে গোহত্যা পাপের ভাগীও হইতে হইল। ইহা হইতেই প্রবচন। "ছয় মাস প্রাণপণে পরিশ্রম করিয়াছি এক পয়সাও হস্তগত হয় নাই, আবার 'লাভঃ পরং গোবধঃ' প্রাণ নিয়ে টানাটানি এক্ষণে ছেড়ে দিলে কেঁদে বাঁচি"-আলাল (টেকচাঁদ)।

লালচ্ বুরি বলা হৈ [হি°] লোভই মানুষের পরম শত্রু।

লোকতঃ ধর্ম্মতঃ [সং] দেবতা ও মানুষের চক্ষে; সমাজ ও ধর্ম্মের দিক্ দিয়া।

শঠে শাঠ্যং সমাচরেৎ [সং] শঠের প্রতি শঠতাই আচরনীয়।

শতং জীব [সং] তোমার শত বৎসর পরমায়ু হউক; দীর্ঘজীবী হও।

শতং বদ মা লিখ [সং] যত ইচ্ছা মুখে বলিতে পার কিন্তু হাতে কলমে করিও না; বলিতে হয় একশোবার বলিও কিন্তু সাবধান যেন হাতের লেখা ছাড়িও না। "তাই তোমাকে পত্র লিখিতে বাধ্য হইলাম। নচেৎ এসব কথা সম্বন্ধে 'শতং বদ মা লিখ' এই নীতিই প্রশস্ত"-পিতাপুত্র।

শতমারী ভবেদ্বৈদ্যঃ সহস্রমারী চিকিৎসকঃ [সং] মূল অভিধানে শত দ্রঃ।

শনৈঃ পর্ব্বতলঙ্ঘনম্ [সং] অল্প অল্প করিয়া উঠিতে উঠিতে পর্ব্বতকেও অতিক্রম করা যায়।

শরীরং ব্যাধিমন্দিরং [সং] দেহ সকল ব্যাধিরই আগার।

শরীরমাদ্যং খলু ধর্ম্মসাধনং [সং] শরীর রক্ষাই সংসারে সর্ব্বপ্রথম ধর্ম কার্য্য।

শিরো নাস্তি শিরোব্যথা [সং] মাথা নাই তার মাথা ব্যথা।

শীলং সর্ব্বত্র ভূষণং [সং] সর্ব্বত্র চরিত্রই লোকের ভূষণ স্বরূপ।

শুভস্য শীঘ্রং অশুভস্য কালহরণং [সং] শুভকাজে বিলম্ব করিতে নাই; অশুভ কাজেই কালহরণ করিতে হয়।

শ্রেয়াংসি বহুবিঘ্নানি [সং] সৎকাজে অনেক বাধা-বিঘ্ন আছে।

শ্রোতব্যঃ শ্রুতিবাক্যেভ্যো মন্তব্যশ্চোপপত্তিভিঃ [সং] শ্রুতির উক্ত সকল কথাই শুনিবে কিন্তু প্রমাণসহ সমস্তই গ্রহণ করিবে।

ষট্‌কর্ণো ভিদ্যতে মন্ত্রঃ [সং] মন্ত্রণা ছয় কাণ অর্থাৎ তিনজনের কর্ণগত হইলেই সকলে জানিয়া ফেলে। সুতরাং কেবল মন্ত্রীর সহিতই গোপনীয় মন্ত্রণা করা উচিত।

স পাপিষ্ঠস্ততোধিকঃ [সং] সে আবার তাহা অপেক্ষা অধিক পাপিষ্ঠ।

সঞ্চয়ী নাবসীদতি [সং] সঞ্চয়ী ব্যক্তি অবসাদগ্রস্ত হয় না; যে অর্থ সঞ্চয় করে সে কষ্ট পায় না।

সৎপুত্রঃ কুলদীপকঃ [সং] সুসন্তান কুলের প্রদীপ বা আলোকস্বরূপ।

সত্যং ব্রূয়াৎ প্রিয়ং ব্রূয়াৎ ন ব্রূয়াৎ সত্যমপ্রিয়ং [সং] সত্য ও প্রিয় বাক্য বলিবে কিন্তু সত্য অপ্রিয় হইলে বলিও না।

সফরী ফরফরায়তে [সং] অগাধজল-সঞ্চারী দ্রঃ।

সব্ লাল হো যাএগা [হি॰] পঞ্জাব-কেশরী রণজিৎ সিংহ ভারতের মানচিত্রে ইংরেজাধিকার ভুক্ত প্রদেশ লোহিত বর্ণে রঞ্জিত দেখিয়া এই বাক্যে ভবিষ্য বাণী করিয়াছিলেন বলিয়া প্রবাদে, লক্ষণার্থ-সকলেরই এক পরিণতি।

সবৈ সহায়ক সবলকে কোউ ন নিবল্ সহায়। পবন জগাবত আগ্ কো দীপহিঁ দেত্ বুঝায়॥ [হি॰] সকলেই বলবানের সহায় দুর্ব্বলের কেহ নয়; বাতাস আগুনকে জ্বালায় কিন্তু দীপ নিবায়। তুল-"নরম মাটিতে বেরালে আঁচড়ায়", "শক্তের সকলেই ভক্ত"।

সর্ব্বং পরবশং দুঃখং সর্ব্বমাত্মবশং সুখং [সং] পরবশে সকল রকম দুঃখ, যা কিছু আত্মবশ সমস্তই সুখাবহ।

সর্ব্বঃ স্বার্থং সমীহতে [সং] সকলেই স্বার্থ খোঁজে।

সর্ব্বমত্যন্তগর্হিতং [সং] অতিরিক্ত কিছুই ভাল নয় (তার সাক্ষ্য "অতি দর্পে হতা লঙ্কা, অতি মানে চ কৌরবাঃ অতি দানে বলির্বদ্ধঃ")।

সহায়ো বলবত্তরঃ [সং] সহায়ই অধিক বলবান্ (তা সে যেমনই হউক, তার সাক্ষ্য তুষ অতি সামান্য সহায় বটে কিন্তু তুষহীন হলে তণ্ডুল আর অঙ্কুরিত হয় না)।

সাধুনাং দর্শনং পুণ্যং তীর্থভূতা হি সাধবঃ তীর্থং ফলতি কালেন সদ্যঃ সাধুসমাগমঃ সং কালেন ফলতে তীর্থঃ ইং দ্রঃ।

সরল্যাং সরলে কুর্য্যাৎ শঠে শাঠ্যং সমাচরেৎ [সং] সরলের সহিত সরলতা এবং শঠের সহিত শঠতা করাই উচিৎ। অর্থাৎ যে যেমন তার সহিত তেমনি ব্যবহার করিবে।

সিরিয়্যাটিম্ [ল্যা॰ seriatim] ধারা-বাহিক ভাবে; ঠিক পরে পরে।

সুদৃঢ়স্যাপি বন্ধস্য পূর্ব্ববন্ধঃ শ্লথায়তে [সং] বন্ধন দৃঢ় হইলেও যদি তার উপর দৃঢ়তর বন্ধন দেওয়া যায় তা হলে পূর্ব্ব বন্ধন শ্লথ হয়।

সেবিতব্যো মহাবৃক্ষঃ ফলচ্ছায়া-সমন্বিতঃ [সং] ধনৈশ্বর্য্যসমন্বিত ব্যক্তিরই আশ্রয় লওয়া উচিত। ২ মহাজনেরই শরণাগত হওয়া কর্ত্তব্য।

সেভান্ট্ [ইং-savant, ফ্রে,-সাভাঁ] পণ্ডিত।

স্ত্রীবুদ্ধিঃ প্রলয়ঙ্করী [সং] (বুদ্ধিহীনা) নারীর পরামর্শ বিপথে লইয়া যায়।

স্থানস্থিতঃ কাপুরুষোঽপি সিংহঃ [সং] উপযুক্ত স্থানে থাকিলে ভীরুও সিংহ-বিক্রম প্রকাশ করে।

স্বদেশে পূজ্যতে রাজা বিদ্বান্ সর্ব্বত্র পূজ্যতে [সং] রাজা নিজের দেশেই পূজা পান কিন্তু বিদ্বান্ ব্যক্তি সকল দেশেই সম্মানিত হন। সুতরাং বিদ্যাবত্তার সহিত নৃপত্ব কখন তুল্য হয় না।

স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ [সং] আত্মধর্ম্মে মৃত্যু হয় তাহাও শ্রেয়ঃ তথাপি পরধর্ম্ম অবলম্বন করিতে নাই কারণ পরধর্ম্ম ভয়াবহ।

স্বনামো পুরুষো ধন্যঃ [সং] যে পুরুষ সৎকীর্ত্তির জন্য নিজ নামেই বিখ্যাত তিনিই ধন্য হইয়া থাকেন।

স্বভাবো যাদৃশো যস্য ন জহাতি কদাচন [সং] যার যে স্বভাব সে তা কখনও ত্যাগ করে না।

স্বয়ং অসিদ্ধঃ কথং পরান্ সাধয়েৎ-নিজে যে সিদ্ধ হয় নাই সে পরকে সিদ্ধি দান করিবে কিরূপে?

স্বল্পা বিদ্যা ভয়ঙ্করী [সং] অল্পবিদ্যা দ্রঃ। তুল-a little learning is "dangerous thing".

হংসমধ্যে বকো যথা [সং] হংসের পালের মধ্যে বক যেমন দেখায়, সুন্দরের মধ্যে একজন কুরূপ তেমন বিসদৃশ বোধ হয়। "প্রকৃত সাহিত্যিকগণের আসরে এরূপ সভাপতি নিতান্তই হংস মধ্যে বকো যথা হইয়া পড়েন"-বঙ্গবাসী।

হরিস্মৃতিঃ সর্ব্ববিপদ্‌বিনাশিনী [সং] ভগবানের নাম স্মরণে সকল বিপদ কাটিয়া যায়।

হিতং মনোহারি চ দুর্লভং বচঃ [সং] এককালে হিতকর অথচ মনোহর বাক্য এজগতে দুর্লভ।

হীনসেবা ন কর্ত্তব্যা কর্ত্তব্যো মহদাশ্রয় [সং] নীচের সেবা করা কর্ত্তব্য নহে, মহতের আশ্রয় লওয়াই উচিত।

হুজ্জতে বাঙ্গালা হিকমতে চীন [উর্দ্দু] তর্কাতর্কীতে বা কূটতর্কে বঙ্গদেশ আর কায়দাকৌশলে বা ফন্দীতে চীন প্রসিদ্ধ।

পরিশিষ্ট (চ)

বঙ্গীয় হিন্দু-মুসলমান নরনারীর প্রচলিত নাম সংক্ষেপ ও উচ্চারণসহ ডাক-নামবোধক শব্দাভিধান

অওরঙ্গ্জেব [ফা॰ অওরঙ্গ্ (সিংহাসন) + জে.ব (ভূষণ)] স্বনামখ্যাত দিল্লীর সম্রাটের নাম। বাং ভ্রং আরাঙ্জেব, আরঙ্গেব, আরাঙ্গিব, ঔরঙ্গজেব, আরঙ্গীব, আরঙ্গজীব (পূ॰ ব॰ গী॰—হুজা ইনরার বিলাপ, ভূমিকা, পৃ॰ ৪৯৭)।

অতুল [যার তুলনা নাই অর্থে] ~কৃষ্ণ, ~চন্দ্র, ~প্রসাদ, ~বিহারী ই॰ ক্ষে॰। আদ॰ ওতু। অনা॰—ওৎলো।

অনিল [পবন, বায়ু অর্থে] ~চন্দ্র, ~কুমার > ক্ষে॰। আদ॰—অনি। অনা॰—ওনে। অনু দ্রঃ।

অনু [সং] অনুকূল, অনুরূপ ই॰ > ক্ষে॰ অনা॰ ওনো, ওনে।

অনন্ত [অমর, অক্ষয় ই॰ অর্থে] অনা॰—অনা। "বাল্যবন্ধু অনন্ত ওরফে অনা আটদিন হইল বাড়ী আসিয়াছে।"—আত্মশক্তি, ১৩৩৪, ১২ সংখ্যা।

অপু [অপূর্ব্ব > ক্ষে॰] অপূর্ব্বকুমার(?), ~কৃষ্ণ, ~চন্দ্র, ~প্রকাশ, ~লাল > ক্ষে॰। আদ॰ —অঁপু॰। অনা॰—ওপে। ২ স্ত্রীং অপূর্ব্বকুমারী, ~মলিনী, ~বালা, ~সুন্দরী > ক্ষে॰। আদ॰ —অপু॰। অনা॰—অপী (ওপি)।

অমৃত [গ্রা॰ অমর্ত্ত, অমিত্তো, অমর্ত্ত্য] ~লাল। আদ॰—অমি, অমু। অনা॰ ওমে।

অম্বে [অম্বিকা=দুর্গা > ক্ষে॰] পুং অম্বিকাচরণ, ~প্রসাদ > ক্ষে॰। অতি॰ অম্বিকে অনা॰ ওম্বে।

অল্ [আ॰। লঘু আ=ইং—u ("u"n) বৎ উচ্চারণ। বিশেষ, সম্বন্ধ প্রভৃতিবাচক শব্দসংযোজক অব্যয়। ইং—the, of] ইহা আরবী নামবাচক শব্দসহ যুক্ত হইয়া রূপান্তরিত হয়। "অল" দকারাদি শব্দের পূর্ব্বে যুক্ত হলে "অদ্" নকারাদির পূর্ব্বে "অন্," রকারাদির পূর্ব্বে "অর্," লকারাদির পূর্ব্বে "অল্," শকারাদির পূর্ব্বে "অশ্" এবং সকারাদি শব্দের পূর্ব্বে যুক্ত হইলে "অস্" হয়, কিন্তু সংযুক্ত নাম উচ্চারণকালে—অ "উ" বৎ উচ্চারিত হয়, যথা—জমীর্ অল্-দিন্=জমীর-অদ্-দিন্=জমীরুদ্দিন্, জেব্-অল্-নিসা=জেব্-অন-নিসা=জেব্ উন্নিসা, অব্দ্-অল্-রহ্মান্=অব্দ্-অর্-রহ্মান্=অব্দুর্রহ্মান্, অব্দ্-অল্-লতীফ্=অব্দুল্লতীফ্, অজীম্-অল্-শান্=অশ্-শান্=অজীমুশ্শান্, অব্দ্-অল্-সামদ্=অব্দ্-অস্-সমদ্=অব্দুস্সমদ্। অন্যত্র অল্ অবিকৃত থাকে।

অলিমহম্মদ [গ্রা॰ ওলিমাহাম্মাদ। আ॰ বলি (প্রভু, অভিভাবক, বন্ধু, প্রিয়, সাধু, সন্ত, ভৃত্য, গোলাম)]।

অস্গর্ [অতিশয়ার্থে। তুল-ছাটু খাঁ, মঁনকু, ক্ষুদিরাম ই॰]~আলি, ~হসেন।

অহিদুদ্দিন, ওহিদুদ্দিন [আ॰ বহিদ্ (অদ্বিতীয়, আল্লাহ্)] ~অদ্-দিন্, ~বখ্শ্।

অহ্বাচ, ওহ্বাচ [আ॰ আব্বাস (বৃক্ষ বিঃ) > গ্রা॰ আব্বাহ্ (দ্রঃ) > স=চ। তুল॰ ই-আব্বাস, আব্বাস আলী]।

আকবর [আ॰ কবীর (মহৎ great, পূর্ণ full power) > শ্রেষ্ঠার্থে, অক্বর্। বাং গ্রা॰ আকবর, আকবার, এক্কবর (ব॰ সা॰ পরিচয়, ২য় ভাগ), আকব্বার] ~আলি, খাঁ, ~হসেন।

আছান—আহ্সান্ দ্রঃ। প্র—আহাদুল্লা। স্ত্রীং আহানী।

আজ্গর [আ॰ সাগির (ক্ষুদ্র, শিশু) > আ॰ ই॰] ~আলি।

আজাদ [ফা॰। স্বাধীন, স্বাধীন চিন্তাকারী অর্থে] কোন কোন নামের পর যুক্ত হয়।

আজি—মু. পুং, ডাক নাম—অজীম্ (দ্রঃ), আজীজ্ (দ্রঃ), বা স্ত্রীং নাম অজীমন্, অজীজন্ > ভ্রং ও ক্ষে॰। আ॰ অজীজ্ (প্রিয়, বন্ধু, আত্মীয়, মান্য) > স্ত্রীং আজীজন। অজীজ্-অদ্-দিন্, ~অল-হক্, ~অর্—রহমান। অজীম্ (উচ্চ, মহৎ, মহামান্য) ~অদ্-দিন=অজিমুদ্দিন, ~অল্-শান্=অজিমুশ্শান্ (সম্ভ্রান্ত, মহোচ্চপদবীর)।

আতা [আ॰ আতা (দান, কৃপা, অনুগ্রহ)] ~অর-রহমান, ~উল্লাহ্-হুসেন।

আনসারী (আ॰ নাসর্ (সাহায্যকারী, বন্ধু) > বহুবচনে—অন্সার্ (যারা মক্কা হতে মদিনায় পলায়ন কালে হজরৎ মহম্মদকে সাহায্য করিয়াছিলেন তাদের বংশাবলী বা সম্প্রদায় অন্সারী নামে প্রসিদ্ধ। ইহাদের নামের শেষে এই শব্দ যুক্ত হয়।

আন্দো [সং] আনন্দকুমার, ~চন্দ্র, ~মোহন, ~লাল > ক্ষে॰। স্ত্রীং আনন্দী (আনন্দমোহিনী) > ক্ষে॰ "আন্দী"।

আন্না [আর না (কালী) অর্থাৎ আর দিও না দেবতা, বা, আর যেন হয় না বা আর চাই না কালী > ক্ষে॰] উপর্য্যুপরি কন্যা সন্তান বা বহু সন্তান জন্ম হেতু বিরক্ত হইয়া জননী কন্যার নাম রাখেন "আন্নাকালী" ক্ষে॰ "আন্না"। আদ॰ আন্ন। অনা॰ "আন্নী"।

আফ্তাব্ [ফা॰। সূর্য্য অর্থে] ~আলি, ~অল্-দিন=উদ্দীন।

আব্ [আ॰ অব্, অবূ (পিতা)। ফা॰ আব্ (সম্মান, চরিত্র, জলুস, তরবারির তীক্ষ্ণ ধার) হতেও হয়, কিন্তু মুসলমানদিগের নাম প্রায়ই আরবীশব্দ মূলক]

অঁল অঁলি বঁলুন বেঁজা বাঁধা অতি এঁ উঁ যুক্ত কর, ট অঁ আ=এঁ ত(t), ণ=ন ব=ব স=শ=ষ স=S (স ক ব ম ল স্ন…), অবাদা (~ ~) অব্যক্ত

~অল-খয়্‌র্‌ > আবুলখয়্‌র্‌, ~ফজল্‌, ~বশর্‌ (মানবের আদি পিতা আদমের উপাধি বিঃ)।

আবদুল [আ॰ অব্দ্‌। গ্রা॰ আ॰ অব্দ (গোলাম, সেবক, পুজক, সাধু) ~অন্‌-নবী ~অর্‌-রউফ্‌, ~অর্‌-রজ্জাক্‌, ~রশীদ্‌, ~রহীম্‌ ই॰] ~রহমান, ~করীম, ~গফুর, ~লতীফ্‌, ~হক্‌, ~সুভান্‌ ই॰।

আব্বাছ [আ॰ অব্‌বাস্‌ (লাল ফুলগাছ বিঃ। > অব্‌বাসী (লালবর্ণ)। গুল্‌-ই-অব্‌বাস্‌ (লাল গোলাববিঃ the marvel of Peru)] ~আলি। স্ত্রীং অব্‌বাসী, তুল-বাং-গোলাপা(বী)।

আমিন্‌ [আ॰। বিশ্বস্ত, মুরব্বী, রক্ষক অর্থে] ~অল্‌-ইস্‌লাম=আমিনুলইস্‌লাম।

আমির [আ॰ অমীর (উচ্চপদস্থ, সম্ভ্রান্ত, ভদ্র, উদার)] ~অদ্‌-দিন্‌=আমিরুদ্দিন্‌, ~আলি, ~খাঁ, ~হুসেন।

আয়র্জদ্দিন [আ॰-ইব্‌জ্‌ বা এবজ্‌ (পুরস্কার, উপহার) + অদ্‌-দিন্‌ > ভ্রং।

আর্জুমন্দ্‌ [ফা॰ আর্‌জুমন্দ্‌ (আকাঙ্ক্ষিত, বাঞ্ছিত)] প্র-আ॰ বানু-বেগম।

আলি [আ॰ অলি, আলি < আ॰ উলু (উচ্চ, মহান্‌, উদার) >] ~মহম্মদ, ~জান, ~নবাজ্‌, ~রজা, ~মুহম্মদ, ~হয়্‌দর্‌ ~হুসেন।

আশ্‌রফ্‌ [আ॰ শরীফ্‌ (মহৎ, ভদ্র, মহাপ্রাণ) > অত্যধিকার্থে, অশ্‌রফ্‌] ~অদ্‌-দিন্‌=আশরফুদ্দিন, ~আলি, ~খাঁ, ~হুসেন।

আশেক্‌ [আ॰ ইশ্‌ক্‌ (প্রেম, ভালবাসা) > আশিক্‌, আশক > গ্রা॰ আশেক] ~আলি, ~মহম্মদ, ~হুসেন।

আশু- আশুতোষ > ক্ষে॰। অনা॰ "এশো"।

আসফ, [আ॰। আসফ্‌ (রাজা সলোমনের অর্থাৎ সুলেমান বাদশাহের অতি বিচক্ষণ প্রধান মন্ত্রী 'আসফ্‌-বিন্‌ বর্‌খিয়া'র নাম হ'তে যে কোন বিচক্ষণ পরামর্শদাতা অর্থে] ~অদ্‌-দৌলা=আসফুদ্দৌলা, ~খাঁ ই॰।

আহ্‌মদ [আ॰ অতিশয় প্রশংসনীয় অর্থে)] ~আলি, ~হসন, ~হুসেন্‌। দ্রঃ-প্রায়ই 'উদ্দিন' যুক্ত নামের পর ব্যবহৃত হয়। প্র-জহিরুদ্দিন আহ্‌মদ।

আহ্‌সান্‌ [আ॰ উৎকৃষ্ট, সুন্দর অর্থে। গ্রা॰ আহান] ~উল্লাহ, ~খাঁ।

আস্‌মানী [ফা॰ আসমান (আকাশ, স্বর্গ) > মু॰ স্ত্রীনাম।

ইজ্জৎ [আ॰ ইজ্‌জ্‌ৎ (সম্ভ্রম, গৌরব, সম্মান)] ~আলি, ~হুসেন্‌ ই॰।

ইৎরৎ [আ॰ ইৎর্‌ (সুগন্ধ, গন্ধসার) >] ~আলি, ~হুসেন।

ইদু [আ॰ ইদ বা ঈদ (অভিধানে দ্রঃ)] > ইদী (ঈদ্‌ পর্ব্বের উপহার। অথবা ঈদ পর্ব্ব দিবসে জন্ম বলিয়া)। আদ॰ "ইদু"। অনা॰ ইদে।

ইনাম্‌ [আ॰ ইনাম্‌ (উপহার, অনুগ্রহ, দান)] ~অল্‌ (=উল) হক্‌, -মুহম্মদ।

ইন্দু [চন্দ্র অর্থে] পুং ~কুমার, ~প্রকাশ, ~ভূষণ, ~মাধব > ক্ষে॰। আদ॰ ইন্দো। অনা॰ "ইন্দে"। ২ স্ত্রীং ~বালা, ~মতী ক্ষে॰। অনা॰ "ইন্দী"।

ইস্‌মাইল [আ॰ ইস্‌ম্‌ (নাম) >। ইং Ishmael] ~খাঁ।

ইস্‌লাম [আ॰ সলাম (শান্তি, আত্মসমর্পণ surrender, to God) > মুহম্মদীয় ধর্ম্ম অর্থে] ~আলি, খাঁ ই॰। প্রায়ই অল-যুক্ত নামের পর ব্যবহৃত হয়। প্র-"নজর্‌-উল-ইস্‌লাম্‌=নজরুল ইস্‌লাম।

ইস্‌হাক [আ॰ বাইবেলোক্ত পুং নাম। ইং Isaac] ~খাঁ।

উছমান, ওছমান [আ॰ ওস্‌মান (আ॰ উচ্চারণে-ওথ্‌মান্‌, স=থ্‌=ث=স) পুং নাম] ~আলি, ~খাঁ।

এছের-অসীর্‌, ইজ্‌হার ই॰ > ভ্রং।

উজির, উজীর [আ॰ বজীর্‌ (রাজমন্ত্রী)] ~আলি, ~খাঁ, উজিরদ্দি (=বজীর-অদ্‌-দিন) ~মুহম্মদ। > ভ্রং, -উজিল।

উদ্দী, উদ্দিন [অল্‌ (দ্রঃ)=অদ্‌+দিন্‌ > উদ্দিন্‌ > গ্রা॰ ক্ষে॰।

উমা [পার্ব্বতী অর্থে] ~কান্ত, ~চরণ, ~নাথ, ~পদ > ক্ষে॰। আদ॰ "উমা"। অনা॰ "উমো", "উমে"। ২ স্ত্রীং ~সুন্দরী > ক্ষে॰। আদ॰ উমো, উমু। অনা॰ উমী।

উলফৎ [আ॰ উল্‌ফৎ (বন্ধুত্ব, প্রেম, আসক্তি, ভালবাসা)] ~হুসেন।

উল্লাহ্‌ [আ॰ অল্‌-লাহ্‌। বাং-র ভুলে 'ওল্লা'] এবাদুল্লা, একাজোল্লা, সর্ফতোল্লা ই॰।

এঁ ককড়ি-কড়ি দ্রঃ।

একবাল [আ॰ ইক্‌বাল্‌ (সৌভাগ্য, ঐশ্বর্য্য)] ~হুসেন্‌।

একরাম [আ॰ ইক্‌রাম (সম্ভ্রম, সম্মান, অনুগ্রহ, প্রসাদ)] ~আলি, ~রসুল, ~হুসেন (তাঁদের প্রসাদ অর্থে)। তুল-ভগবান, দেবী ই॰ প্রসাদ)।

এছান [আ॰ ইহ্‌সান (বদান্যতা, অনুগ্রহ, দয়া, কৃতজ্ঞতা ই॰) > এহ্‌সান > গ্রা॰ বাং-এছান] ~আলি, ~উল্লাহ, ~খাঁ ই॰।

এজ্‌হার, এঝার [আ॰ ইজ্‌হার (প্রত্যাদেশ, ঈশ্বর প্রকটিত সত্য] ~হুসেন, ~আলি।

এনায়েত [আ॰ ইনায়্‌ৎ (দয়া, অনুগ্রহ, উপহার, দান)] ~অল্‌-লাহ্‌=ই(এ)নায়-তুল্লা, ~অল্‌-হক্‌=ইনায়তুল হক্‌। ~হুসেন।

এবাদোল্লা [আ॰ অব্দ্‌ > ইবাদ-উল্লাহ্‌। ~খাঁ। ইবাদুল্লাহ্‌ > ভ্রং।

এব্রাহিম [আ॰ ইব্‌রাহিম। হিব্রু অব্রাহম্‌ ইং Abraham] ~আলি, ~খাঁ।

এমদাদ [আ॰ ইম্‌দাদ (সহায়, দান)] ~আলি, ~হুসেন।

এলেম্‌ [ইলম্‌ (বিদ্যা) > ভ্রং] ইলম্‌-দাদ খাঁ বা এইরূপ কোন নামের গ্রা॰ মু॰ উচ্চারণ।

ওবয়দ্‌ [আ॰ অব্দ্‌ (দ্রঃ) > উবয়্‌দ্‌] ~অল-লাহ্‌ > ওবয়দুল্লা।

ওয়াজেদ-বাজিদ্‌ (দ্রঃ) > ভ্রং।

ওসিমদ্দি [আ॰-বস্‌ম্‌ (চিহ্নিত। ওস্‌মা= সুর্মা দ্বারা) > যার সুর্মা চিহ্নিতবৎ কৃষ্ণচক্ষু, সুন্দর] ~অদ্‌-দিন > বাং গ্রা॰।

কড়ি-যে নারীর সন্তান হইয়া বাঁচে না তার সন্তানকে কোন প্রতিবেশিনী বা অন্য কোন নারীর নিকট ১ কড়ি, ২ কড়ি, ৩ কড়ি, ৫ কড়ি, ৬ কড়ি, ৭ কড়ি বা ৯ কড়ির বিনিময়ে বিক্রয় করা হয়। সন্তানকে ক্রম-

কারিণীকে মা বলিতে শিখান হয়, যাতে আর সে মৃতবৎসার সন্তান না থাকায়, মৃত্যুকে এড়াইতে পারে। মূল্য পরিমাণ অনুসারে সন্তানের নাম হয় এককড়ি, দুকড়ি বা দোকড়ি, তিনকড়ি, পাঁচকড়ি ছকড়ি, সাতকড়ি, নকড়ি বা নকুড় > ক্ষেং "কড়ি"। এইরূপস্থলে বেচু বা কিনু অর্থাৎ বেচারাম বা বেচুলাল ও কেনারাম নামের ক্ষেং।

কবীর [আং। মহৎ, প্রবীণ, সম্ভ্রান্ত ইং অর্থে] ~অদ্-দিন=কবীরুদ্দিন।

কমল-কমলচন্দ্র, কমলাচরণ, কমলাপ্রসাদ > ক্ষেং। আদং কমলু, অতিং "কম্‌লা"। অনাং কমলে। স্ত্রীং কমলমণি, কমলাবালা, ক্ষেং, অতিং বা অনাং কম্‌লী।

কমাল্ [আং। পূর্ণ, শ্রেষ্ঠ, বিস্ময় অর্থে] ~অদ্-দিন্=কমালুদ্দিন।

করম্ [আং। কৃপা, ঔদার্য্য, মহত্ব ইং অর্থে] ~অদ্-দিন্=করমুদ্দিন।~আলি।

করামৎ [আং। মহত্ব, অলৌকিক ক্রিয়াদি অর্থে] ~আলি, ~হুসেন। বা-য় গ্রাং কেরামৎ।

করিম [আং করীম্ (দাতা, দয়ালু, মহাপ্রাণ, সম্ভ্রান্ত)] অদ্-দিন্=করিমুদ্দিন, ~দাদ, ~খাঁ। অনাং করিমে। স্ত্রীং করিমা।

কলিম্ [আং কলীম (কথোপকথনকারী interlocutor, পরিচিত familiar)] ~অদ্-দিন=করিমুদ্দিন, ~অল্-লাহ= কলিমুল্লাহ্ (যিনি ঈশ্বরের সহিত কথা কহেন, মুসা Moses) নামান্তর।

কাঙ্গালী [গ্রাং ক্যাঙালী] কাঙ্গালীচরণ > ক্ষেং, অনাং "ক্যাংলা"। স্ত্রীং-কেঙ্‌লী।

কাতু-কাত্যায়নী > ক্ষেং। অনাং কাতি।

কার্ত্তিক-কার্ত্তিকচন্দ্র > ক্ষেং। অনাং কার্ত্তিকে। অসং কাতীয়া, কাতি (কার্ত্তিক-মাসে জাত বলিয়া)। হিং কাতিক।

কাদির্ [আং কদর্ (উচ্চপদ, সম্মান, গুণ, সম্ভ্রম) > কাদির্ (দক্ষ, পরাক্রান্ত, কুশল)] ~বখ্‌শ্।

কানাই [কৃষ্ণ > কাহ্ন > ক্ষেং কান > কানাই > হিং কান্হাই। কানাইলাল > ক্ষেং। আদিং কানু। অনাং "কানায়ে"।

কান্ত-পুং নামার্থে স্ত্রীনামে যুক্ত হয়। কামিনী, যামিনী, সজনী (+কান্ত)। নাথ দ্রঃ।

কামিল [আং অখণ্ড, জ্ঞানময়, পূর্ণ অর্থে] পুং নাম। স্ত্রীং কামিলা।

কায়ম্ [আং স্থির, দৃঢ়, অক্ষয় অর্থে] ~অদ্-দিন্=কায়মুদ্দিন, ~আলি।

কালি-কালাচাঁদ (কৃষ্ণচন্দ্র)-আদং কাল, কচিৎ কালি, স্নেহার্থে কালা, কালু। অনাং "কেলে," কেলো।

কালি, কালী-কালীকমল, -কান্ত, -চরণ, -পদ, -প্রসাদ, -বিলাস, -মোহন ক্ষেং। আদং "কালু", কচিৎ স্নেহার্থে "কালা"; অনাং কেলে, কেলো।

কালিকা-কালিকাপ্রসাদ > অতিং ক্ষেং কালি।

কাশী [তীর্থরাজ বারাণসীধাম] কাশীচন্দ্র, -নাথ, -প্রসন্ন, -প্রসাদ > ক্ষেং, অনাং কেশে।

কাসিম্ [আং বিভাগ, প্রকার ইং অর্থে] ~আলি।

কিনু [কড়ি দ্রঃ] কেনারাম > আদং, ক্ষেং, অনাং কেনা, কিনে।

কিফায়েৎ [আং কিফায়ৎ (লাভ)]

কুড়ানী, কুড়ুনী-যে কন্যাকে যমের পরিত্যক্তা রূপে কুড়াইয়া পাওয়া হইয়াছে। মৃতবৎসার কন্যার নাম। ২ যে নারী ঘুঁটে কাঠ ইং কুড়াইয়া বেড়ায়। পুং, কুড়ুনে। স্ত্রী, পুং, উভয়ার্থে > ক্ষেং কুড়ো।

কুৎব্ [আং। ধ্রুব তারা, প্রধান নায়ক অর্থে] ~অদ্-দিন্=কুতুবুদ্দিন্ (গ্রাং- কোতবুদ্দীন (বং সাং পরিচয়, পৃং ৭৭০)।

কুদ্‌সিয়া [আং কুদ্‌সী (পবিত্র, স্বর্গীয়) >] স্ত্রী নামে যথা-কুদসিয়া বেগম।

কুমুদ [পুষ্পার্থে] পুং কুমুদনাথ, কুমুদবন্ধু, কুমুদিনীকান্ত ক্ষেং। অনাং কুমো। ২ স্ত্রীং, কুমুদিনী > ক্ষেং। আদং কুমু। অনাং কুমী।

কুর্বান [আং কুর্বাণ (বলি, আত্মোৎসর্গ, sacrifice)] ~আলি।

কেতু-কেতকীবালা > ক্ষেং। আদং কেতু। অনাং কেতী।

কেবল-কেবলরাম ক্ষেং। অনাং কেবলা, ক্যাবলা।

কেফা(ফা)তুল্লা [আং কিফায়ৎ (লাভ) উল্লাহ > দ্রং।

কেষ্ট, কেষ্টো [শ্রীকৃষ্ণ এবং কৃষ্ণবর্ণ অর্থে] কৃষ্ণকমল, -কান্ত, -কিশোর, -কেশব, -গোবিন্দ, -গোপাল, -চন্দ্র, -চরণ, -দাস, -ধন, -নাথ, -পদ, -বিহারী, -মোহন, -রমণ-রাম, -লোচন, -শরণ, -সাধন, -কালীকৃষ্ণ, রাধাকৃষ্ণ, রামকৃষ্ণ, ইং > ক্ষেং। অনাং "কেষ্টা"। স্ত্রী, কৃষ্ণকামিনী, -কালী-মোহিনী, -ভাবিনী ইং নামে "কৃষ্ণ" না বলিয়া দ্রং ক্ষেং অর্থে উক্ত হয়। অনাং কিষ্টী। গ্রাং কেষ্ট। প্র-কেষ্টোভাবিনী।

কোমরদ্দি (আং) কমর্+অদ্+দিন > দ্রং।

কাঁদো [উত্তরবঙ্গে কোচ ভাষায় কর্দম বা কাদাকে ক্যাদো বলে তা হতে অথবা গৃহের সার রত্ন বা কর্তা অর্থে, ফাং-কদা (গৃহ) >? তুল-মুঃ স্ত্রী নাম "কদ্ বানু" (গৃহের প্রধানা মহিলা, গৃহকর্ত্রী] মু. গ্রা. ডাকনাম।

ক্যামিদ্দি-কায়ম্-অদ্-দিন > দ্রং।

ক্ষীরো, খীরো-পুং, ক্ষীরোদ > ক্ষেং। অনাং ক্ষীরে, খিরে। ২ স্ত্রী, ক্ষীরোদা > ক্ষেং, অনাং ক্ষীরী, খিরী।

ক্ষুদ, খুদু, খুদে-ক্ষুদ্র অর্থাৎ স্বল্পকায় বলিয়া শৈশবে আদরের নাম। অনাং ক্ষুদে। সম্ভ্রমে খুদীরাম। স্ত্রীং, ক্ষুদী, খুদী।

ক্ষেত্তির [ক্ষেত্রপাল ঠাকুরের ঔষধ খাইয়া প্রসূত সন্তানের নাম] পুং ক্ষেত্রচন্দ্র, -চরণ, -নাথ, -পদ, -প্রসাদ, -হরি > ক্ষেং। আদং ক্ষেতু। অনাং ক্ষেত্তরে, ক্ষেত্তুরে, ক্ষেতা। ২ স্ত্রী, ক্ষেত্রদাসী, ক্ষেত্রমণি ইং > ক্ষেং। আদং ক্ষেতন্। অনাং ক্ষেত্তুরী, ক্ষেতী।

ক্ষেমী, খেমী-ক্ষেমঙ্করী > ক্ষেং।

খয়্‌র্ [আং খয়্‌র্ (কুশল; সুখ অর্থে)। -অল্-বশর্ (মানব জাতির মধ্যে উৎকৃষ্ট), হজরৎ মহম্মদের উপাধিবিঃ। তুল-"পুরুষেষু বিষ্ণু"] সাধাঃ নামের পর যুক্ত হয়, যথা-অবুল খয়্‌র্ং। ~আলি, ~উল্লাহ্ ইং।

খয়্ রাতি [আ:ং খয়্ রাত্ (দান, ভিক্ষা) > ঈশ্বরের দান অর্থে] -হুসেন, ~খাঁ।

খলীল্ [আ:ং খলীল। ঈশ্বরের বন্ধু অর্থে। অব্রাহমের উপাধিবি:] ~অজ্-জ়মান্= খলীলুজ্জ়মা।~খাঁ, ইং।

খাতের [আ:ং] খাত্তর্ (মহিমান্বিত, হৃদয়, সন্তোষ,অভ্যর্থনা ইংঅর্থে) > ভ্রং]~আলি।

খাঁ, খান [ফাং খ.ান্ > ক্ষেং খ্াঁ (প্রভু, রাজা, ইং অর্থে। পাঠানদিগের জাতীয় উপাধিবি:)। সাধা: মুসলিম নামের সহিত যুক্ত হয়। স্ত্রীং খ্ানম্।

খাঁদা-পুং, স্ত্রী. ক্ষুণ্ণনাসিক অর্থাৎ বসা নাক যুক্তের আদরের নাম। অধিক আদরে খাঁদু। অনাং খ্যাঁদা। স্ত্রীং খাঁদী। গ্রাং পুং, খেঁদা (খ্যাঁ), স্ত্রীং খেঁদী।

খাতুন্ [আ:ং খ্াতুন্ (সম্ভ্রান্তমহিলা, মাতা)] ~ই-জন্নাৎ (=স্বর্গের রাণী)। হজ্ রৎ মুহম্মদের কন্যা ফাতিমা বিবির নামান্তর।

খাদিম [আ:ং খি.দমৎ (সেবা) > ভৃত্য)] ~আলি, ~হুসেন। স্ত্রীং খ্াদিমা।

খানুম [আ:ং খানম্ (খাঁ দ্রঃ)। মহিলা, মাতা। স্ত্রী, রাণী অর্থে] স্ত্রীনামের পর বসে।

খালিক. [আ:ং খ,ল্ক্ (লোক, মানব-জাতি), খিল্ক্ (বিশ্ব, সৃষ্টি) > খ্ালিক্ (সৃষ্টিকর্ত্তা) > সাধুস্বভাব, অমায়িক ইং] সাধারণ নামের পূর্ব্বাংশের সহিত যুক্ত হয়। যথা-মুহম্মদ খ্ালিক্, অব্দুল খ্ালিক্।

খিজি.র [আ:ং খ়িজ়র্। "মুসা"র(Moses) সহচরবি:, the Prophet Elias]~খাঁ ইং।

খিরঁদ্বঁখত্-আ:ং খ়িরদ্ (জ্ঞান, প্রজ্ঞা) + ফা-বখ়্ৎ (সৌভাগ্য)।

খুর্রঁম্ [ফাং। প্রফুল্ল, প্রসন্ন অর্থে] ~খাঁ, ইং। পুং নাম।

খুর্শেদ্ [আ:ং খুর্শয়্দ্, খুরশিদ্, খুর্শোদ ওং (সূর্য্য)] ~আলি।

খেয়ালি-আ:ং খয়্য়ালি (ভাবুক) > ভ্রং।

খোকা [কোঁখের (কোলের) ছেলে] ছোট ছেলের স্নেহের নাম। আদং খোকন, খোক। অনাং খোক্না। স্ত্রীং খুকী, অধিক আদং খুকু, খুকুন। অনাং খুক্নী।

খোদা [আ:ং খ়্দা (ঈশ্বর)]~দাদ্ (=দত্ত) ~দাদ-খাঁ, ~য়ার্ (বন্ধু)।

খ্াজা [খ্াজা ও খোআজার মধ্যবর্ত্তী উচ্চারণ। আ:ং ভদ্রলোক, ধনী অর্থে] ~আলি। ~হুসেন ইং।

`গঁওহঁর [ফাং। প্রকৃতি, সার অর্থে] ~আলি। যটী নামে 'জান' যুক্ত হয়। যথা-গওহর্ জান। **গঁজ়ঁফ্ফঁর্** [আ:ং গজ়নফ়র্ (সিংহ, দিগ্বিজয়ী বীর champion) > ভ্রং] ~আলি, ~হুসেন।

গঁণ [সং] ~নাথ, ~পতি, গণেশ,গণেন্দ্র > ক্ষেং। আদং গনু, গুণু ; অনাং গণা, গঁণে।

`গঁণী [আ:ং গ্ণী (স্বাধীন, আঢ্য)] ~মুহম্মদ (ক্ষেং গণ) ~মিঞা। প্র-গণি মিঞা। আব্দুল গণী।

গঁদা, গঁদাই-গদাধর ক্ষেং।

গঁফুর [আ:ং গ়ফ়র্ (পাপমার্জ্জনা) > গফ়ুর (পাপীকে ক্ষমাকারী)] ~আলি, ~হুসেন। পুং নামের শেষে যুক্ত হয়।

গঁফ্ফঁর্ [আ:ং গ়ফ়্ফ়র্ (দয়ালু)] পুং নামের শেষে সাধাং যুক্ত হয়। যথা-আব্দুল গফ্ফর্।

গ(গে)য়াস [আ:ং গ়য়্স্ (স=থ)। সহায়, রক্ষক, উপায় অর্থে] ~অদ্-দিন্= গয়াসুদ্দিন।

গঁবি, গঁবু-গোবিন্দ, গবেন্দ্র ক্ষেং। আং "গবু"। অতিং গবা, গবী ; অনাং গবে।

গাজি [আ:ং গ্াজ়ি (ধর্ম্মযুদ্ধে অভিযান-কারী, যোদ্ধা, বীর) ~অদ্ দিন্=গাজি-উদ্দিন। ~মিঞা।

গুই, গুয়ে [হিং গুহিয়া] মৃতবৎসার পুত্রের নাম। এই নাম হেতু যম ছুঁইবে না এই বিশ্বাস। স্ত্রীং গুঈ, গুয়ী।

গুণেন-গুণময়, গুণেন্দ্র, গুণালঙ্কার, গুণদাচরণ > ক্ষেং। আদং গুণু। অনাং গুণে। স্ত্রীং গুণমণি > ক্ষেং গুণী। অনাং গুণী। **গুরু** [সং] ~চরণ, -দাস, -নাথ, -পদ, -প্রসন্ন, -প্রসাদ, -শরণ > ক্ষেং। অনাং গুরো।

গুলাম, গোলাম [আ:ং গু (গো) লাম (কৃতদাস, ক্রীতদাস ও বালক ভৃত্য] ~আলি, ~কাদির, ~নবী, ~মেহ্দী, ~মুহম্মদ, ~রসূল, ~হুসেন। ঈশ্বর, পয়্গম্বর বা পীরাদির গোলাম অর্থে সেই সকল নামের পূর্ব্বে যুক্ত হয়।

গোকুল [অভিধানে দ্রঃ] ~কৃষ্ণ, ~চন্দ্র, ~প্রসাদ, ~বিহারী > ক্ষেং। অনাং গোক্লো।

গোপ-গোপাল, গোপেন্দ্র > ক্ষেং। আদং গোপ, গোপু গোপালি, গোপালু। অনাং গোপ্লা, গোপালে, গুপে, গুপ্লে, গোপে।

গোপী, গুপী-গোপীকৃষ্ণ, গোপীমোহন > ক্ষেং। অনাং গোপে, গুপে। স্ত্রীং গোপবালা > ক্ষেং। অতিং গোপা।

গোপীচাঁদ-গোবিন্দচন্দ্র > ক্ষেং। গোবি-চন্দ > গোপীচাঁদ। বাঙ্গালী রাজা ইনি ১১ শতাব্দীর শেষ ভাগে দক্ষিণাত্যের রাজা রাজেন্দ্র চোলের হস্তে পরাজিত হন।

গোবি, গোবিন্ [গবি দ্রঃ] গোবিন্দ > ক্ষেং (গোবিন্দচন্দ্র গীতে)]~চন্দ্র-গোপী-চাঁদ দ্রঃ।

চণ্ডী [সং] পুং, চণ্ডীকুমার, -চরণ, -দাস, -প্রসাদ > ক্ষেং। অনাং চণ্ড, চণ্ডে। স্ত্রীং চণ্ডীদাসী > ক্ষেং।

চঁট্টো [সং] চট্টোপাধ্যায় > ক্ষেং।

চঁন্দঁর [সং। চন্দ্র > ভ্রং কথ্যং হিং বহু বাং মুং ডাক নাম]। প্র-রামচন্দর, কেষ্টচন্দর ইং। অনাং চন্দুরে। স্ত্রীং চন্দুরী।

চঁন্দ্র [গ্রহ অর্থে] গগনচন্দ্র, চন্দ্রকান্ত, চন্দ্র-নাথ, চন্দ্রশেখর, নবীনচন্দ্র, ইং চন্দ্র-আদিক বা চন্দ্রান্ত নামের ক্ষেং। ২ [আহ্লাদক অর্থে] নয়নচন্দ্র, রমেশচন্দ্র, পরাণচন্দ্র ইং নামের ক্ষেং। ৩ [শ্রেষ্ঠ অর্থে] বঙ্গচন্দ্র, ভারতচন্দ্র ইং।

চঁরণ [পদ দ্রঃ] অন্নদাচরণ, উমাচরণ, করালীচরণ, কামাখ্যাচরণ, কালীচরণ, কৃষ্ণচরণ, গঙ্গাচরণ, গুণদাচরণ, গুরুচরণ, গোঁসাইচরণ, গৌরচরণ, গৌরীচরণ, চণ্ডীচরণ, তারাচরণ, তারিণীচরণ, ত্রিপুরাচরণ, দীনেশ-চরণ (বিরল) দুর্গাচরণ, দেবীচরণ, নিতাই-চরণ, পার্ব্বতীচরণ, বলাইচরণ(বিরল), বামা-চরণ, বাসন্তীচরণ (বিরল), ভবানীচরণ, রাই-চরণ, রাধা বা রাধিকাচরণ, রামচরণ, ষোড়শী-

চরণ (বিরল), সত্যচরণ, সাধুচরণ, সারদা-চরণ, হরচরণ, হরিচরণ ই° নামের ক্ষে°। অনা° চরণা, চর্ণি, চরুনে (চো)।

চাঁদ [সং চন্দ্র > ভ্রং°। প্র-চাঁদ সওদাগর। ২ কালাচাঁদ, গোরাচাঁদ, রামচাঁদ, শ্যামচাঁদ ই° নামের ক্ষে° > শেষাংশ উল্লেখ করিয়া সম্বোধন। অনা° চেঁদো। ৩ স্ত্রীলোকের নাম অর্থে চন্দ্রমুখী, চন্দ্রাবলী (হিন্দুনাম), চাঁদরাণী, চাঁদবিবি (মু° নাম) > ক্ষে°। আদ° চাঁদু, চাঁদা। অনা° চাঁদী।

চারু [সুন্দর সুকুমার অর্থে] পুং, ~চন্দ্র, ~লাল (বিরল) > ক্ষে°। ২ স্ত্রীং চারুবালা, চারুশীলা > ক্ষে°। অনা° চারী, চেরো।

চিত্ত--~প্রসাদ, ~রঞ্জন, ~সুখ ক্ষে°। আদ° চিতু। অনা° "চিতে"।

চুনি-চুনিলাল > ক্ষে°। অনা° চুনে।

ছকড়ি [কড়ি দ্রঃ] ৬ কড়িতে বেচা বলিয়া নাম। আদ° ছকু, অনা° "ছকড়া", ছোক্ড়ে। স্ত্রীং ছকী। অনা° ছোক্ড়ী।

ছবি-আ°-সব্বির্, সগ্রীহ্ বা সফী > ভ্রং। ২ [সং] হিং নামে কিরণ বা শোভার্থে।

ছিদ্দিকী-সিদ্দিকী (দ্রঃ) > ভ্রং।

ছিরে-শ্রী > 'ছিরি', অতি° বা অনা° "ছিরে"। আদ° "ছিরু"। ২ "চিরায়ু" > ভ্রং ছিরাই > ছিরে। শ্রীমন্ত সওদাগরের ডাক নাম ছিল ছিরা, ছিরে। ৩ শ্রীধর > ক্ষে°। গ্রা° ছিধর।

জগা [জগৎ অর্থে]-জগৎ-চন্দ্র, জগৎকিশোর জগৎ-বিলাস, জগন্নাথ, জগমোহন > ক্ষে°। আদ° জগু। অনা° জগা, জোগো। স্ত্রীং জগমণি, জগমোহিনী, জগত্তারিণী। অনা° জগ, জগী।

জটী-জটিলা > ক্ষে°। রাধিকার ননন্দা জটিলার শৈশবের ডাক নাম। ২ জ্যোতীন্দ্র বা যতীন্দ্রনাথ আদ° যতী, পরে জটী। পুং অর্থে জটা > অনা° জটে।

জন্নাৎ [আ°। উদ্যান, স্বর্গ, সুখের স্থান] সাধা° নারী নামের সহিত যুক্ত হয়।

জফর [আ° জফর্ (জয়, লাভ)] ~অদ্-দিন্ (বাং গ্রা° জফরুদ্দি-ব° সা° পরিচয়, পৃ° ১৬৫৩), ~আলি।

জব্বার্ [আ°। পরাক্রান্ত, বিজয়ী] ~খাঁ, ~আলি ই°। সাধাঃ নামের প্রথমাংশে যুক্ত হয়।

জম্শেদ [ফা°। প্রাচীন পারস্যের রাজা বিশেষের নাম] ~আলি।

জমাল [আ°। সৌন্দর্য্য, সুষমা] ~অদ্-দিন্=জমালুদ্দিন।

জমীর [আ° জ়মীর (বিবেক, চিত্ত, বোধ)] ~অদ্-দিন্=জমীরুদ্দিন।

জয়নদ্দি [আ° জ়য়ন্ (অলঙ্কার, ভূষণ)] ~অদ্-দিন্ > জ়য়নুদ্দিন >। জ়য়্‌ন-অল্-অব্‌দিন > বাং-গ্রা° জয়নাল আবেদিন। জ়য়্‌নুল > গ্রা° বাং-জয়নাল (প্র-"জয়নাল ফকীরে নিলে" ই°-গান)।

জহির, জহুর [আ°জহির (সহযোগী, সহকারী)] ~অদ্-দিন=জহিরুদ্দিন। [আ° জ়হুর (প্রকাশ, manifestation)] ~অল্-ইস্‌লাম =জ়হুরুল ইস্‌লাম।

জাদু, যাদু [অভিধানে দ্রঃ] পুং, যাদুগোপাল, যাদবচন্দ্র, যাদবেন্দ্র, যাদবেশ > ক্ষে°। অনা° যেদো, যাদোব। স্ত্রীং জাদুমণি, জাদুবালা নামের ক্ষে°। অনা° পুং জেদো স্ত্রীং জাদী।

জাফর [আ°। নদী] ~আলি। জান [ফা°=প্রাণ, প্রিয় অর্থে] ~আলি, ~মুহম্মদ।

জিতেন-জিতেন্দ্র > ক্ষে°। আদ° জিতু। অনা° জিতে।

জিনৎ, জিন্নৎ [আ° জ়িনৎ (অলঙ্কার, সৌন্দর্য্য, শোভা)] ~আলি (পুং নাম)। ~ই-মহল (স্ত্রী নামে)।

জিয়া [আ° জ়িআ (আলোক, প্রভা)] ~অল্-হক্=জ়িয়াউল্‌হক্।

জুলফিকার [আ° জ়ুলফ়িকার (হজরৎ মহম্মদের যমধার তরবাল যা হজরৎ আলি স্বত্বাধিকার সূত্রে প্রাপ্ত হইয়াছিলেন] ~আলি।

জেব [আ°, ফা° জ়েব্ (অলঙ্কার, সৌন্দর্য্য, শোভা)] ~অন্-নিসা (নারীকুলের অলঙ্কার, স্ত্রীজাতির মধ্যে রত্নস্বরূপ)=জেব্-উন্নিসা।

জেহের [আ° জ়হির্ (সহযোগী, সহকারী)] ~অদ্-দিন্=জ়হিরুদ্দিন > ভ্রং।

জোনাব [আ° জনাব (মহিমা, গৌরব, রাজশ্রী, majesty)] ~আলি।

জ্ঞান-জ্ঞানচন্দ্র, -দাস, -মোহন, জ্ঞানদা-চরণ, জ্ঞানদাপ্রসাদ। ২ জ্ঞানেন্দ্রকুমার -চন্দ্র, -মোহন > ক্ষে°। অতি° জ্ঞানেন, আদ° জ্ঞেনু। অনা° জ্ঞানা। স্ত্রীং জ্ঞানদা সুন্দরী। অনা° জ্ঞেনী।

ঝড়ু [ঝড় >। ঝড়ের সময় জাত বলিয়া] হিন্দু বা মুঃ গ্রা° ডাক নাম। অনা° ঝোড়ো।

টুনা, টুনী [টুনটুনি পাখীর স্মরণে] খর্ব্বাকৃতি লঘুকায়া কন্যার আদরের নাম। অত্যাদরে 'টুনু'।

টেঁপা-গোলালদেহ শিশু পুত্রের আদরের নাম। স্ত্রীং টেঁপী।

টেবী-টেবোগাল মেয়ের আদরের নাম। পুং, টেবা (ট্যা)।

তকি [আ° তকী (পুণ্যাত্মা, ধর্ম্মভীরু)] ~আলি।

তজম্মুল [আ° উচ্চপদ, মহত্ত্ব ই° অর্থে] ~হুসেন।

তফজ্জুল [আ° তফ়জ়্জ়ুল (আশীর্ব্বাদ অনুগ্রহ, দান)] ~আলি, ~হুসেন।

তমিজুদ্দি-তমিজ় (কেতা-মত, শিষ্ট) অদ্-দিন্ > ভ্রং।

তাউহর্ [আ° তহোব্‌বর্ (সাহসী)] ~আলি, ~হুসেন।

তাজ্ [ফা° মুকুট অর্থে] ~অদ্-দিন্=তাজুদ্দিন, ~বখ্‌শ্ (মুকুটদাতা, সম্রাট)।

তার্ [ফা° মুকুট, শীর্ষ অর্থে] ~মহম্মদ।

তারু-পুং, তারক (তারকচন্দ্র, তারকনাথ ই°)। ২ তারণ (তারণচন্দ্র ই° >), তারা-নাথ, তারাপদ, তারাপ্রসাদ ই°। ৩ তারিণী-চরণ, তারিণীপ্রসাদ ই° নামের আদ°, ক্ষে°। ২ স্ত্রীং তারা সুন্দরী, ~মণি, ~রাণী ও তারিণী > ক্ষে°। অতি° তারা অনা° তারী।

তাহির্ [আ° পবিত্র chaste অর্থে] ~আলি ই°।

তিতু-সং তিক্তরাম (হারা মরা ছেলের নাম) > তিতুরাম নামের ক্ষে°। অনা° বা অতি° "তিতে"। স্ত্রীং তেতা (সং-তিক্তা)।

তুল-নিমাই (নিমু, নিমে)।

অ্যা, অ্যা=এ্যা=a(t), ণ=ন ব=জ স=শ=ষ সণ=S (… শৃ…), অনাদ্য … অন্ত্য …

তিনকঁড়ি-কড়ি, দ্রঃ। আদ০ তিনু বা কড়ি। অনা০-তিনে বা কড়ে। স্ত্রী, তিনু ও তিনি।

তুলসী [তুলসীগাছ অর্থে] স্ত্রী, তুলসীমঞ্জরী ~মণি, ~সুন্দরী > ক্ষে০। ২ পুং, তুলসীচরণ,-প্রসাদ।

দঁনাই-দনুজমাধব বা দনৌজমাধব নামের > ক্ষে০। আদ০ দনু, অনা০ দনা, দোনে।

দবীর [ফা০। কর্ম্মসচিব Secretary অর্থে] ~অদ্-দিন=দবীরুদ্দিন, ~খাস (=খাস মুন্সী)।

দরিয়া [ফা০ নদী, সমুদ্র অর্থে] পুং নাম দরিয়া শাহ্। স্ত্রীনাম দরিয়া বিবি।

দলু-দলীল (দ্রঃ) > ক্ষে০।

দানি,-নী-দানশীল বা দেবতার দান অর্থে। তুল-"ইদু।" প্রায় 'ন্দ' 'ন্দ্র' বা 'দন' সম্বলিত নামের আদরার্থক সংক্ষেপ। অতি আদরে দানু (দ্রঃ)।

দাউদ [আ০ দাউদ, দায়ূদ। বাইবেলোক্ত ভাবাদিবিশেষের নাম the Prophet David] ~অব্-রহমান, ~খাঁ।

দাদ্ [ফা০। দান, উপহার অর্থে] সাধা০ নামের প্রথমাংশে যুক্ত হয়, যথা-খু.দাদাদ খাঁন, করীমদাদ খাঁ, ই০।

দানু-দনাই, দনু, দানি (দ্রঃ) অর্থে বিকল্পে ব্যবহৃত। ২ ইন্দ্রনারায়ণ সুরেন্দ্র, ইন্দু ই০ > আদ০, ক্ষে০ দানু।

দামু-দামোদর > ক্ষে০।

দাসু (৩) জননী কর্ত্তৃক ক্ষেত্রপাল ঠাকুরের ঔষধ খাওয়াইবার পর জাত পুত্রের নাম ক্ষেত্রদাস > ক্ষে০ দাস। আদরার্থে দাসু; অনা০ দেসো। ২ দাশরথি > ক্ষে০। স্ত্রী, দাসী (জননী কর্ত্তৃক ক্ষেত্রপাল ঠাকুরের দোর ধরা কন্যার নাম ক্ষেত্রদাসী নামের > ক্ষে০)। আদ০ দাসু, অনা০ দাসী।

দিলু-দিলবর্, দিলদার, দিলীর > ক্ষে০।

দীনি,-দীনবন্ধু, দীননাথ, দীনতারণ দীনেশ (দীনে) দীনেন্দ্র (দীনেন্), > ক্ষে০। আদ০ "দীনু"। অনা০ "দীনে।"

দীন২ [আ০ (ধর্ম্ম, বিশ্বাস faith)] ~মহম্মদ।

দিলদার [ফা০। প্রিয়তম, চিত্তহারী অর্থে] ~আলি।

দিল্‌বর [ফা০ দিলাবর্ (সাহসী)] ~আলি, ~খাঁ, ~হুসেন।

দিলের [ফা০ দিলীর ও০(সাহসী)] ~খাঁ।

(দীদার) [ফা০। দৃশ্য অর্থে > দীদার সুদর্শন, সুন্দর), পরে উকার লোপ] ~বখ্‌শ। বাং গ্রা০ বেদার।

দুর্গা-দুর্গামণি, দুর্গাদাসী > ক্ষে০। গ্রা০ দুগ্‌গা। অনা০ দুগী, দুগগী, দুগাই। ২ দুর্গাচরণ, দুর্গাপদ, দুর্গাদাস, দুর্গামোহন > ক্ষে০। অনা০ দুগেগ, দুগেগা।

দুলা, দুলে, দুলাল-দুলালচন্দ্র, দুলালচাঁদ, রামদুলাল, নন্দদুলাল ই০) > ক্ষে০। স্ত্রীং দুলী (দুলালী)।

দুলো, দুল্লোব < দুর্ল্লভ > অনা০, বা অতি০ দুলে, দুল্লোবা, দুর্লবা। আদ০ দুলু। দুল্লোবচন্দ্র,-রাম।

দেদার্ দীদার্' দাদার্ > ক্ষে০।

দেবেন-দেবেন্দ্র > ক্ষে০। আদ০ দেবু, অনা০ দেবা।

দোকঁড়ি-কড়ি দ্রঃ।

দ্যাখিন হাসি [অভি দ্রঃ] নারীর পাতান নাম।

দ্বারিক [দ্বারকা ধাম অর্থে। গ্রা০ দোয়ারী] দ্বারিকানাথ,-প্রসাদ > ক্ষে০। গ্রা০ অতি০ দোয়ারকি, গ্রা০ অনা০ দোয়ারকে, দোয়ারে।

দ্বিজ [ব্রাহ্মণার্থে] দ্বিজদাস, দ্বিজপদ > > ক্ষে০। ২ দ্বিজেন্দ্র (দ্বিজেন্) > ক্ষে০। আদ০ দ্বিজু। অনা০ দ্বিজে।

ধঁনা, ধোনা-ধনকৃষ্ণ, ধনপতি, ধনেন্দ্র, কালীধন, কৃষ্ণধন, রামধন, হরিধন, হারাধন ই০ নামের ক্ষে০। আদ০ ধনু, অতি০ ধনা। অনা০ ধনে (ধো)।

ধঁরণী [ধরণী (পৃথিবী ভূ) ধর (ধারী)-পর্ব্বত] -ধর,-নাথ ক্ষে০। মেয়েলি০-ধরণী। অনা০ ধরুনে।

ধীরা-ধীরেন্দ্র > ক্ষে০। আদ০ "ধীরা" ধীরু। অতি০ ধীরেন। অনা০ ধীরে।

নঈম [আ০ নইম্ (বদান্য)] ~অদ্-দিন্= নইমুদ্দিন।

নঁওয়াজ [নেওয়াজ ও০। ফা০ নবাজ, স্নিগ্ধকর, শান্তিকর, তুষ্টকারী] সাধা০ নামের পর যুক্ত হয়, যথা-আলিনবাজ্।

নঁকুড় [কড়ি দ্রঃ] ৯কড়া কড়ি বিনিময়ে মৃতবৎসার বিক্রীত সন্তানের নাম। অনা০ নকড়া, "নোক্‌ড়ে", "নোক্‌ড়ো"। ২ নকুল (শিব অর্থে) নকুলচন্দ্র, নকুলেশ্বর > ক্ষে০ ল=ড়।

নঁজম্ [আ০। নক্ষত্র, ভাগ্য অর্থে] ~অদ্-দিন=নজমুদ্দিন, ~আলি।

নঁজর [আ০ নজর্ (দৃষ্টি)] ~আলি, ~হুসেন।

নটু [সং] নটবিহারী, নটবর > ক্ষে০। অনা০ নোটো।

নঁন্দ =পুং নন্দকিশোর, নন্দলাল, আনন্দ, রামানন্দ, সদানন্দ ই০ নামের ক্ষে০। আদ০ নন্দী, নন্দু। অনা০ নন্দে (নো)। স্ত্রীং ·ক্ষে০।

নঁবি-পুং, নব বা নবীনকুমার,-কৃষ্ণ,-চন্দ্র, > ক্ষে০। আদ০ নবু; অনা০ নবা, নোবে। ২ স্ত্রীং নবকালী,-দুর্গা,-নলিনী > ক্ষে০। অনা০ নবী।

নরু-নরেন্দ্র > ক্ষে০, আ০। অনা০ নরা, নোরে, নোরো। স্ত্রীং নরী।

নলিন্-পুং, নলিনকান্তি, নলিনবিহারী, নলিনচন্দ্র, নলিনীকান্ত, নলিনীনাথ,-মোহন, ভূষণ > ক্ষে০। অতি০ নলিন্, আদ০ নলি। আদ০ নলু। অনা০ নলে। ২ স্ত্রীং নলিনীবালা, কনকনলিনী, স্বর্ণনলিনী, হেমনলিনী > ক্ষে০। আদ০ নলু। অনা০ নলী।

নশু-নাসর্, নস্রৎ, নাসির, নসীম, নিসার্ ই০ নামের আদ০ ক্ষে০।

নঁসর, নঁস্রৎ [আ০ নসর.র্, ~রৎ (জয়, সহায়)] ~অদ্-দিন নসরুদ্দিন, ~আলি, ~উল্লাহ্। গ্রা০ নছর, নছরোল্লা।

নসীম্ [আ০। মৃদু স্নিগ্ধবায়ু, পরিমল অর্থে] ~অদ্-দিন্=নসীমুদ্দিন, ~আলি।

নাথ [সং] পুং নামাংশ। পুং নামার্থে স্ত্রীনামে যোজ্য। প্র-নলিনীনাথ।

নারাণ [সং-নারায়ণ > ক্ষে০] অনা০ নারাণে। স্ত্রীং নারাণী (নারায়ণী)। প্র-চণ্ড, প্রসাদ ই০।

নাসির [আ০ নাসীর্ (রক্ষক, বন্ধু)। বাং গ্রা০ নাছির (ব০ সা০ পরিচয়, পৃ০ ১৮৬০)।

নাছের ও॰] ~অদ্-দিন=নাসিরুদ্দিন (গ্রা॰ নাছিরদ্দি) ~মহমদ্, ~আলি, ~মহম্মদ।

নিজাম [আ॰ নিজাম (ব্যবস্থা, শাসন) নিয়ম, শান্তি, আজ্ঞা)] ~অদ্-দিন= নিজামুদ্দিন। ~অদ্-দৌলা, নিজ.ামুদ্দৌলা, ~ অল্-মুল্ক্ = নিজামুল্‌মুল্ক্ (সাম্রাজ্য পরিচালক)।

নিতু-নিতাই, নিত্যকৃষ্ণ, নিত্যপ্রসাদ, নিত্যানন্দ ই॰ নামের আদ॰ ক্ষে॰, অনা॰-- নিতে, নেতা।

নিদু-নিধু দ্রঃ। ২ নিতম্বিনী > আদ॰ নিতু(দু)নী > নিদু(নী) > নেদানী। ৩ নিদুখ্‌খু (দুঃখহরণ) > ক্ষে॰ নিদু।

নিধি, নিধু-নিধিরাম বা রামনিধি > আদ॰, ক্ষে॰। তুল-নিধুবাবু (রামনিধি গুপ্ত)। অনা॰ নিধে। গ্রা॰ নিদু।

নিবু-নিবারণ > আদ॰ ক্ষে॰। অনা॰ নিবে, নেবা।

নিমাই [নিম তিক্ত বলিয়া যম-পরিত্যক্ত হইবে এই ভাবিয়া মৃতবৎসা জননী সন্তানের নাম রাখেন] নিমচাঁদ, নিমাইচাঁদ > ই॰ > ক্ষে॰ নিমাই। আদ॰ নিমু। অনা॰ নিমে। স্ত্রীং নিমী। দ্রঃ-চৈতন্যদেবের ডাক নাম ছিল নিমাই। প্র-"আজি শচী মাতা কেন চমকিলে? লুণ্ঠিত অঞ্চলে নিমু নিমু বলে।" "প্রাণের নিমাই বুঝি ঘরে নাই"-শিবনাথ শাস্ত্রী।

নি(নে)য়াজ [ফা॰ নিয়াজ (অনুনয়, আবেদন, ইচ্ছা, প্রয়োজন, দারিদ্র্য; উৎসর্গ, দান, ই॰)] ~আলি, ~মহম্মদ, ~হুসেন।

নিরু [সং] স্ত্রী নাম নিরুপমা > ক্ষে॰। আদ॰। অনা॰ নির, নিরে, নিরো।

নিসা [আ॰। নারীজাতি, মহিলাগণ অর্থে] নারী নামের সহিত যুক্ত হয়, যথা-জেব-অন্-নিসা=জেবুন্নিসা (রমণীকুলের মধ্যে যিনি অলঙ্কার বা শোভা স্বরূপ)।

নিসার [আ॰ নিসার্ (বর্ষণ, উৎসর্গকরণ)] ~আহমদ্, ~হুসেন্।

নীরি-পুং-স্ত্রী, নীরদ (নীরদচন্দ্র, নীরদবরণ) > ক্ষে॰ অনা॰ নীরে। ২ স্ত্রী, নীরদা (নীরদাসুন্দরী, নীরদবালা, -বরণী, বাসিনী)। অনা॰--নীরী।

নীলু-নীলকণ্ঠ, নীলমণি (শ্রীকৃষ্ণ, নীলম্), নীলাম্বর (নীল বস্ত্র বা আকাশ, বিষ্ণু), নীলরতন (নীলম্), নীলকান্ত, নীলমণি, নীল কান্তি যার-কৃষ্ণ), তুল-নীলুপাটনী (নীলমণি পাটনী কবিওয়ালা) > আদ॰ ক্ষে॰। অনা॰ নীলে।

নুটু-নুটবিহারী > আদ॰ ক্ষে॰। অনা॰ নোটো, নুটে, নুটো।

নূর্ [আ॰। আলোক, প্রভা অর্থে। স্ত্রীং নূরী (প্রভাবতী)] ~অদ্-দিন্=নুরুদ্দিন, ~অল্ গণী, ~অল্-হসন্, ~অল-হুদা, ~অল্-হুসেন্, ~আলি, ~ই-হুসেন, ~বখ্‌শ্, ~মহম্মদ।

নেত্য পুং, নৃত্যকুমার, -কৃষ্ণ, -বিহারী, -লাল, -হরি > ক্ষে॰। অনা॰ নিত্যে, নেত্তা। ২ স্ত্রী, নৃত্যকালী > ক্ষে॰। অনা॰ নিত্তী, নেতানী, নেতা (বিরল) তুল-নেতা ধোবানী (মনসার ভাসান)।

নেপী [সং-নৃপ নৃপতি, নৃপেন্দ্র >] -নৃপ বল্লভ, নৃপতিনাথ, নৃপেন্দ্রকুমার, > ক্ষে॰। আ॰ নেপু। অনা॰। নিপে, নেপা।

নেমিদ্দি-নইম্ (দ্রঃ) + অদ্-দিন্ > ভ্রং।

পঁচু [পচা বলিয়া অনাদৃত সুতরাং যম তাকে গ্রহণ করিবে না এই বিশ্বাসে]. মৃতবৎসার পুত্রের আদ॰ নাম। অনা॰ পচা, পোচে, পোচো। স্ত্রীং পচী।

পঞ্চু-পঞ্চানন ঠাকুরের দ্বার-ধরা মৃতবৎসার পুত্র সন্তানের আদ॰ নাম। অনা॰ পঞ্চা। স্ত্রীং পঞ্চী। ২ পঞ্চমকুমার নামের > আদ॰ ক্ষে॰। স্ত্রীং পঞ্চমকুমারী > ক্ষে॰ পঞ্চী।

পঁটল [পটলের মত হ্রস্বকায় ও "গেঁটা গোটা" বলিয়া] আদরের নাম। অনা॰ পটলা। স্ত্রীং পটলী (পোটু)।

পঁদি [পদ=চরণ অর্থাৎ দেবতার চরণ প্রসাদাৎ] কালীপদ, দুর্গাপদ, দেবীপদ, দ্বিজপদ, বিষ্ণুপদ, শিবপদ, শ্যামাপদ, হরিপদ > ক্ষে॰। আদ॰ পদু, পদি। অনা॰--পদা। স্ত্রং পদী (দ্রঃ)। অনা॰ পুদি।

পঁদী-স্ত্রী, পদ্মমুখী, পদ্মিনী বা পদ্মমণি > ক্ষে॰ পদ্দ। অতি॰ বা অনা॰ পদী, পঁ(পু)দি। পুং পদ্দ। অনা॰ পদা।

পঁদ্দ-পদ্মনাভ, পদ্মচন্দ্র, পদ্মিনীমোহন ই॰ > ক্ষে॰। অনা॰ পদে। স্ত্রীং পদ্মমণি, পদ্মিনী > ক্ষে॰।

পঁরবেজ [ফা॰ পর্‌বিজ্ (ফা॰ গল্পের নায়িকা "শিরিঁর" প্রণয়পাত্র)] > ভ্রং।

পঁরাণ [সং-প্রাণ >] হিন্দু ও মুঃ নামের গ্রা॰ রূপ। বাং-মুঃ নাম পরাণ-উদ্দি। তুল-জান্ উল্লা।

পাঁচকড়ি-হিন্দু বা বাং মুসলমানের নাম। ক্ষে॰, আদ॰ পাঁচু। অনা॰ পাঁচকোড়ে ক্ষে॰ পেঁচো। স্ত্রীং পাঁচী।

পাঁচু [কড়ি দ্রঃ] পাঁচকড়ি > ক্ষে॰ অনা॰-- পেঁচো। ২ পঞ্চানন > ক্ষে॰। ৩ জননী কর্তৃক পাঁচুঠাকুরের ঔষধ খাওয়ায় জাত পুত্রের নাম। পাঁচুগোপাল > ক্ষে॰। স্ত্রীং পাঁচী।

পান্না-পুং, পান্নালাল > ক্ষে॰। আদ॰ পান্নু। অনা॰ পেনো। ২ স্ত্রীং পান্নাসুন্দরী, পান্নাময়ী > ক্ষে॰। অনা॰ পানি (নী)।

পিয়ারী [প্রিয় >] পুং, পিয়ারীচরণ, -চাঁদ বা প্যারীচাঁদ, -লাল, -মোহন > ক্ষে॰, অতি॰ পি(পে)য়ারী। ২ [সং-প্রিয়া + রী (হিং॰) > হিং॰ ও বাং-য়-প্যারী] স্ত্রীং রাধা-পিয়ারী, রামপিয়ারী, শ্যামপিয়ারী > ক্ষে॰। হিং॰-তে আদ॰, বাং-য়। অনা॰, পেয়ারে।

পিরু-পিরবখ্‌শ > ক্ষে॰, আদ॰।

পিজির [ফা॰ পজির্ (আনন্দদায়ক) >। তুল-দিল্‌পজির্=প্রাণারাম।

পীর [ফা॰। সিদ্ধপুরুষ, পুণ্যাত্মা অর্থে] ~আলি, ~বখ্‌শ।

পুঁটী [সং-প্রোষ্ঠী (ক্ষুদ্রার্থে) >] ছোট মেয়ের আদরের নাম পুঁটু ও। পুং, পুঁটে পোঁটা। প্র-পুঁটীরাণী।

পুন্নি-পুং, পূর্ণচন্দ্র > ক্ষে॰। গ্রা॰ পুন্ন। অনা॰ পুন্নে। ২ স্ত্রীং পূর্ণশশী, পূর্ণপ্রভা > ক্ষে॰। অনা॰ পুন্নী।

পীতেম [প্রিয়তম > ভ্রং, ক্ষে॰] প্রীতম-লাল > গ্রা॰ ক্ষে॰।

পুঁটে, পোঁটা-পুঁটী দ্রঃ।

পেমা [সং-প্রেম > গ্রা॰] প্রেমগোবিন্দ, -দাস, -নারায়ণ, -লাল, -বিলাস > ক্ষে॰ প্রেম; মেয়েলি পেমো। অনা॰ পেমা। স্ত্রী প্রেমদাসী বা প্রমীলা > ক্ষে॰। অনা॰ পেমা, পিমী, পিরমী। আদ॰ পেমু, পেমো।

প্র`সাদ [হাবড়া-আমতা রেল লাইনের সন্নিহিত প্রসাদপুরের ঠাকুরের ঔষধ খাওয়ার প্রসূত মৃতবৎসার সন্তানের নাম] পুং, ~দাস, ~কুমার, ~চন্দ্র > ক্ষে°। ২ [দেবতাদির কৃপা বা আশীর্ব্বাদ বা দান ই° অর্থে কোন দেব বা দেবী বা তীর্থ বা পুণ্যাত্মার নামের সহিত যুক্ত হয়] কাশীপ্রসাদ, কালীপ্রসাদ, কৃষ্ণপ্রসাদ, গণেশপ্রসাদ, গঙ্গাপ্রসাদ, চণ্ডীপ্রসাদ, দেবপ্রসাদ, দেবীপ্রসাদ, বরদাপ্রসাদ, রাধাপ্রসাদ, রাধিকাপ্রসাদ, রামপ্রসাদ, শিবপ্রসাদ, শ্যামাপ্রসাদ, হরিপ্রসাদ > ক্ষে°। অনা° প্রসাদে। গ্রা° পেসাদে। স্ত্রীং প্রসাদী। গ্রা° পেসাদী।

প্রি`য় [গ্রা° পিও] পুং, প্রিয়নাথ, প্রিয়লাল, প্রিয়মাধব > ক্ষে°। ২ স্ত্রীং প্রিয়বালা, প্রিয়ম্বদা, হরিপ্রিয়া > ক্ষে°।

ফ`ক`র্ [আ° ফখ্‌র্ (মহিমা, অনুগ্রহ)] ~অল্=অদ্ -দিন=ফখ্‌রুদ্দিন। ~উল্লাহ=ফখ্‌রুল্লা।

ফ`কীর [আ° ফকীর (ভিক্ষুক; সন্ন্যাসী)] ফকিরচন্দ্র > ক্ষে°। অনা° ফোক্‌রে। ~অদ্-দিন=ফকীরুদ্দিন্। ~উল্লাহ=ফকীরুল্লাহ্। ~মহম্মদ।

ফ`জল্ [আ° ফজ্‌ল্ (মহিমা, অনুগ্রহ)] ~অল্-করীম্, ~অল, ~হক, ~ই-আলি।

ফতে [আ° ফত্‌হ্ [জয়, সাহসী পুরুষ)] উল্লাহ্, ~খাঁ, ~ম`হ`ম্মদ।

ফ`য়েজ [আ° ফয়্‌জ্ (দান, কৃপা, মহিমা)] ~অল্-লাহ=ফয়েজুল্লা, ~অল্ হ`ক্, ~আলি, ~ম`হ`ম্মদ।

ফ`রিদ্ [আ° ফরীদ্ (অতুলনীয়, মহামূল্য রত্ন, জনৈক মুসলমান সাধুর নাম)] ~অদ্-দিন=ফরিদুদ্দিন, ~বখ্‌শ্।

`ফনি [সং] ~ভূষণ, ~লাল, ফণীন্দ্রনাথ > ক্ষে°। আদ° ফনু। অনা° ফোনে।

ফেকি [কিক্ কিক্ করিয়া যে হাসে] শিশুকন্যার আদরের নাম। পুং, ফেকা, ফেকো (বিরল)। আদ° ফেকু। অনা° ফেকী।

`ফেলা-মৃতবৎসার পুত্রের নাম। যাকে অনাদরে ফেলিয়া দেওয়া হইয়াছে সুতরাং ফেলনার দিকে যম চাহিয়া দেখিবে না এই বিশ্বাসে। আদ° ফেলু। স্ত্রীং ফেলী।

ফ`র্জন্দ [আ° ফর্জন্দ্ (সন্তান)] ~আলি।

ফারুক [ফা° ফরুখ্ (সুখী, ভাগ্যবান্) > গ্রা° ফারুক] ~মহম্মদ। দ্রঃ-সিদ্দিকী (দ্রঃ)র ন্যায় ফারুখের বংশধরগণ ফারুখী পদবী ধারণ করেন। ইঁহারা শিখ সম্প্রদায়ভুক্ত। ফিদা [আ° ফিদা (প্রেমিক, পরার্থে জীবন উৎসর্গকারী)] ~আলি, ~হুসেন্।

ব`ক্‌শ্ [আ° বখ্‌শ্ (দাতা)] ~আলি। অনা° বখ্‌শা আলি।

ব`ঙ্ক, ব`ঙ্কু-বঙ্কবিহারী, বঙ্কুবিহারী, বঙ্কিমচন্দ্র, বঙ্কিমবিহারী > ক্ষে° বঙ্ক, বঙ্কেশ। অনা° বঙ্কা, বোঙ্কো।

ব`দর্ [আ° বদ্‌র্ (পূর্ণিমার চন্দ্র] ~অদ্-দিন্ =বদরুদ্দিন, ~অদ্-দুজাহ্ (দ্বিতীয়) অর্থাৎ দ্বিতীয় পূর্ণচন্দ্র।

ব`দু-বদর্-অদ্-দিন্ = বদরুদ্দিন্ > গ্রা° > ক্ষে°।

ব`দ্দী-বৈদ্যনাথ > ক্ষে°। > বৈদ্য। > গ্রা° বদ্দী। অনা° বোদ্দে, বোদে।

ব`ন্দ্যো-বন্দ্যোপাধ্যায় > ক্ষে°।

ম`জহ`র্ [আ° মজহর্ (স্বরূপ, প্রকাশক)] ~অল-হক=মজহরুল হক্। ~বেগ, ~হুসেন।

ম`জীদ্ [আ° মজদ (গৌরব) > মজীদ্ (গৌরবান্বিত, মান্য)] সাধা° নামের পর যুক্ত হয়, যথা-আবদুল মজীদ্।

ম`টরু [মটর (ক্ষুদ্রার্থে)] হি°, মু° নাম। অনা° "মট্‌রা"। সাধা° পালিত ছাগের নাম।

ম`টুক [মুকুট >°] হি° মু° নাম। অনা° মট্‌কা, মোট্‌কো।

ম`ণি [রত্ন, শ্রেষ্ঠ অর্থে] ~ভূষণ, ~মোহন, ~লাল, মণীন্দ্র, মণীশ > ক্ষে°। আদ° "মনু"। অনা° মোনা, মোনে।

ম`ধু, ম`ধু-মধুসূদন > ক্ষে°। অনা° মোধো গ্রা° `মোদো।

ম`নজুর [আ° মন্‌জুর (প্রশংসিত, মনোনীত, হৃদ্য)] ~আলি, ~হুসেন।

ম`নসূর [আ° মন্‌সুর (সম্বর্দ্ধিত, অভিহিত)] ~আলি।

ম`নিরুদ্দি-মুনীর দ্রঃ।

`ম`নে-ময়নামতী ক্ষে°, অনা°। "এর মা মনে আছে জানত ডাঙর"-মাণিক° গান। ২ মণিলাল > গ্রা° ক্ষে°।

`ম`নো-মনোমোহন > ক্ষে°। অনা° "মোনা"। ২ স্ত্রীং মনোমোহিনী > ক্ষে°। (২) মনমিছরি আদরার্থে, ক্ষে°।

ম`মতাজ [আ° মম্‌তাজ্ (মনোনীত, প্রসিদ্ধ, যশস্বী)] ~অদ্-দৌলা=মমতাজুদ্দৌলা। ~অল্-দিন্=মমতাজুদ্দিন, ~ই-মহল।

ম`য়না [সং-মদনাবতী > ভ্রং°] ~মতী, ~সুন্দরী > ক্ষে°। আ° মৈনু। অনা° মৈনী। মনে দ্রঃ।

ম`র্ত্তুজা-মুর্ত্তজা দ্রঃ।

ম`শু-আ° মহ্‌দ্ (ভাগ্যবান্, অনুকূল, শুভদ), মকসুদ (অভিপ্রায়, উদ্দেশ্য) > আদ° ক্ষে°।

`মহ্‌তাব [ফা° চন্দ্র অর্থে] ~অদ্-দিন= মহ্‌তাবুদ্দিন।

ম(মে)হ্‌দি [আ° মহ্‌দি (পথপরিদর্শক, অধিনায়ক)। বাং গ্রা° মাহাদি ও°] ~আলি, ~হুসেন।

ম`হ`ফুজ [আ° মহফুজ্ (সুরক্ষিত)] ~অল-হক্। ~আলি।

`ম`হ`বুব [আ°। দয়িত, বল্লভ, অমিয় অর্থে] ~অর্-রহমান্, ~আলি, ~খাঁন, ~খাঁ।

ম`হ্‌মুদ [আ°-মহ্‌মুদ (প্রশংসিত)] পুং নাম।

ম`হ`ম্মদ [প্রা° আ°-মুহম্মদ্ > আধু° আ°-তে মুহম্মদ (অন্ত্য "উ" লোপ)। বাং ভ্রং-মাহাম্মদ, মোহাম্মদ (সা° প° প° ১৩২৩), মহামদ, মহমদা (ব° সা° প°, পৃ° ৩৯৩)। 'মুহম্মদ' শুদ্ধ, কারণ, আ° 'মিম' বর্ণের উপর যে চিহ্ন থাকে তাহা উ, ঊ, ও, এবং এই দুয়ের মধ্যবর্ত্তী উচ্চারণ প্রকাশ করে, তন্মধ্যে চতুর্থ উচ্চারণই শুদ্ধ বলিয়া, এবং ে া যোগ না করিয়া ও চতুর্থের কোন চিহ্ন না থাকায় "ু" যোগ করা হয়। ইহা ইং u সদৃশ। এই হেতু অক্ষরান্তরীকরণ পদ্ধতিগত রোমানে "Muhammad" লিখিত হয়] ~অক্‌বর, ~অহসন্, ~আলি, ~ইব্রাহিম, ~ইস্‌মাইল, ~ইস্‌হাক্, ~ইস্রায়েল, ~খলীল, ~খাঁন, `তকী, ~ফারুখ, ~বখ্‌শ্, ~মুহ্‌সিন, ~য়ূসফ্, ~য়ুসুফ, ~লুকমান, ~সয়িদ, হুসেন।

ম`হল্ [আ°। প্রাসাদ, পদ, রাজমহিষী অর্থে]

স্ত্রী নামের সহিত যুক্ত হয়, যথা—নূর-ই-মহল, ~জীন্নৎ-ই-মহল।

মাণিক—মাণিকচন্দ্র > কে°। /অনা° "মানকে"।

ˋমান্নু—স্ত্রী° মানকুমারী, মানদাসুন্দরী, মানমোহনী > কে°। আদ° মানা, মানু, অনা° মানী।

মাবুদ্ [আ° মা'বুদ্ (পূজ্য, দেবতা)] ~আলি। 'গোলাম' শব্দের পর যুক্ত হয়।

মা'শুক [আ° মা'শুক্ (দয়িত, প্রিয়)] ~আলি।

মিছরি [মিছরির ন্যায় মধুর মন] নারীর পাতান নাম মন-মিছরি > কে°।

মিঞা—মিঞা জান, ~খাঁ। ই° > কে°।

মির্জা [ফা° মির্জা (রাজা, পারসীক বা মুগল ভদ্রলোকের উপাধি, ভদ্রলোক)] ~বলী, ~মুহম্মদ। তুল—কালী মির্জা(=স্বনাম-প্রসিদ্ধ গায়ক কালীবাবু)।

মুকর্রম্ [আ°। সম্মানিত, মহৎ, যশস্বী অর্থে] ~আলি, ~হুসেন।

মুখতার [আ° মুখ্তার (নির্ব্বাচিত, মনোনীত)] ~অহ্মদ্, ~আলি।

মুখো—মুখোপাধ্যায় > কে°।

মুজাফ্ফর [আ° মুজফ্ফর্ (বিজয়ী, ভাগ্যবান্)] ~হুসেন।

মুত্তকি [আ° মুত্তকি (সংযত, অপ্রমত্ত, ধীর)] নামের অংশ স্বরূপ পরে যুক্ত হয়, যথা—আলি মুত্তকি।

মুবারক্ [আ° মুবারক্। গ্রা° মোবারিক (ধন্য, ঈশ্বরের আশীর্ব্বাদভাজন, ভাগ্যবান্, সুখী)] ~আলি, ~হুসেন্।

মুর্ত্তজা [আ° মুর্তজা (মনোনীত, প্রশংসিত, প্রিয়)] ~খাঁ, ~হুসেন।

মুলুক, মুল্লুক চাঁদ—আ° মুল্ক্ (রাজ্য) চাঁদ (< চন্দ্র)। হি°, মু° নাম। অনা° মুল্লুকে।

মেছের—আ°-মুসার্রৎ (আনন্দ, উল্লাস), মসরূর্ (সুখী, প্রফুল্ল, তুষ্ট) বা মনসুর্ (দ্র:) ই° > ভ্রং।

মেহের [ফা° মেহ্র্ (সূর্য্য)] ~অল্-নিসা (স্ত্রী নাম)=মেহেরুন্নিসা।

মোহ্সিন [আ° মুহ্সন্ (রক্ষিত, পবিত্র) > ভ্রং ~আলি।

মোমিন্ [আ°। বিশ্বাসী, গোঁড়া মুসলমান অর্থে] নামের পর যুক্ত হয়, যথা—মহম্মদ মোমিন।

যদু—যদুগোপাল, যদুনাথ, যদুনন্দন > কে°। অনা° যোদো।

যাদু—জাদু দ্র:।

য়ার (yar) [ফা°। বন্ধু, সহায়, সহচর অর্থে] ~আলি, ~মুহম্মদ। নামের পরও যুক্ত হয়, যথা—খুদা য়ার্ খাঁ, মুহম্মদ য়ার্ খাঁ।

যোগেন [সং] যোগেন্দ্রচন্দ্র, ~কুমার, ~নাথ, ~লাল > কে°। আদ° "যোগু"। অনা° যোগা, যোগে।

রঁওনক [আ°। ঔজ্জ্বল্য, প্রভা অর্থে] ~আলি।

রঁওশন্ [ফা°। উজ্জ্বল, ভাস্বর অর্থে] ~আলি।

রঘু—রঘুনাথ, ~বর, ~বীর > কে°। অনা° রোঘো, রোগো।

রজ্জব [আ° মুসলমান বৎসরের ৭ম মাস অর্থে] ~আলি।

ˋরজা [আ° রজা (সম্মতি, খুশী)] ~হসন্, ~হুসেন্ নামের পর যুক্ত হয়, যথা—মুহম্মদ রজা, তাহির রজা।

রজাক [আ° রজ্জাক্ (অন্নদাতা, পাতা)] সাধা° নামের পর ব্যবহার হয়, যথা—অব্দুল রজ্জাক।

রমজান [আ° রম্জান (আরবী বৎসরের ৯ম মাস)] ~আলি ~খাঁ স্ত্রী° ~রমজানী।

রমা—পুং.-রমানাথ, ~প্রসাদ > কে°। ২ স্ত্রী° রমাসুন্দরী > কে°।

রসিক—রসিকচন্দ্র, রসিকমোহন, রসিকলাল, রসিককৃষ্ণ > কে°। অনা° রস্কে (রোশ্কে)

রসুল [আ°। শুভ সংবাদদাতা, দূত, পয়গম্বর prophet অর্থে] সাধা° নামের শেষে বসে, যথা—শেখ রসুল, গোলাম রসুল; মহম্মদ রসুল।

রহ্মৎ [আ°। ঈশ্বরের কৃপা, করুণা অর্থে] ~অল্-লাহ্=রহ্মতুল্লা (ঈশ্বরের দয়া)।

রহ্মান্ [আ°। দয়ালু ঈশ্বর] ~বখ্শ্। স্ত্রী নাম—রহ্মানী।

রহীম্ [আ° রহ্ম্ (দয়া) > রহীম (দয়ালু, কৃপালু)] ~দাদ—খাঁ, ~বখ্শ্।

রাই [রাধিকা > কে° রাধি > কে°] রাইকিশোরী, রাইমণি > কে°। পুং রাইচরণ, রাইমোহন > কে°।

রাজা—পুং. রাজারাম, রাজকুমার (কৃষ্ণ, ~চন্দ্র, ~মোহন), রাজেন্দ্রকুমার, ~লাল > কে°। আদ° রাজু। অনা° রেজো। ২ স্ত্রী° রাজকুমারী, -বালা, -মোহিনী, -রাণী > কে°। আদ° রাজু। অনা° রাজী।

রাম—রামকমল, ~কুমার, ~চন্দ্র, ~জয়, ~তনু, ~তারণ, ~দাস, ~দুলাল, ~ধন, ~নাথ, ~প্রসাদ, ~প্রাণ, ~মোহন, ~রতন ~লাল, ~লোচন, ~সদয়, ~সহায়, ~হরি > কে°। আদ° রামু। অনা° রামা, রেমো। স্ত্রী° রামী, পদ-সা ও গ্রা° মেয়েলি° -রামিনী (বিরল)।

রিহান, রেহান্ [আ° রয়্হন্ (সুরভি তরু, তুলসী)] ~অদ্-দিন্=রিহানুদ্দিন (পুং নাম)। ~খাতুন (স্ত্রী নামে)। তুল-পুং-(নাম) তুলসীচরণ। তুল-স্ত্রী°-তুলসীমঞ্জরী।

রুকুন [আ° রুক্ন্ (স্তম্ভ)] ~অদ্-দিন= রুকুনুদ্দিন।

রুস্তম, রোস্তম্ [ফা° রুস্তম্ (পারস্য দেশীয় জগদ্বিখ্যাত বীর > মহাবীর, অতি সাহসী] ~আলি, ~খাঁ।

ˋলক্ষ্মী [গ্রা° লোক্খি] স্ত্রী, লক্ষ্মীমণি, রাজলক্ষ্মী > কে°। মেয়েলি° নোক্খি > গ্রা° কে° নকো। অনা° নোকী। ২ পুং, লক্ষ্মীনারায়ণ, লক্ষ্মীবিলাস, লক্ষ্মীচরণ, লক্ষ্মী-প্রসাদ, লক্ষ্মীকান্ত > কে°। অনা° লকা, লকে। মেয়েলি, নকা, নকী, নকে।

লতিফ: [আ° লতীফ্ (কোমল, সুন্দর) উপাদেয়, নম্র) ভদ্র ছিপ্ছিপে, সদয় ই°] ~অর্-রহমান্। নামের শেষেও যুক্ত হয়, যথা—আবদুল লতীফ্।

ললিত—পুং ললিতকুমার, ~চন্দ্র, ~মোহন > কে°। অনা° লোল্তে। স্ত্রী° ললিতা। আদ° ললিতে। গ্রা° নলিত, অনা° নোল্তে।

লাডলি [ই° lordly >] লাডলিমোহন > কে°। হি° লাড (সস্নেহে পালন। আদর।

তুল-"লাড পেয়ার") হিন্দীনাম। বাং-য় এই অর্থে পিয়ারীমোহন, ~লাল, লাটু (গ্রা- নাটু। তুল-ছাতুবাবু নাটুবাবু) ইং নাম চলিত আছে।

লাল-লালচাঁদ, লালবিহারী > ক্ষে°। আদ° লালু (হিং লালন্)। অনা° লেলো। মেয়েলি কথায় আদ্য ল স্থানে 'ন' ব্যবহার। তুল-নাল, নালু, নোলা। ২ [ফা° লা'ল (উজ্জ্বল রত্ন, লালমণি)] ~মহম্মদ, ~মিয়া।

লুৎফ্ [আ°। উপাদেয়ত্ব, উৎকৃষ্টতা, স্বাদুতা, সুকুমারতা, লাবণ্য ইং] ~অল্ (= অন্)-নিসা=লুৎফুন্নিসা (স্ত্রী নাম)। ~অর্-রহমান, ~আলি (পুং নাম)।

বকিল্ [আ° দূত, প্রতিনিধি অর্থে] ~অদ্ দিন=বকিলুদ্দিন।

বাজিদ্ [আ° বজূদ্ (সৎ বা প্রকৃত বস্তু > দানকারী অর্থে বাজিদ] ~আলি, ~হুসেন।

বারসী [আ° বারিস্ (উত্তরাধিকারী, প্রভু, রক্ষক, স্বামী) >] হাজী বারিস্ আলি সাহেবের প্রবর্ত্তিত ধর্ম্মসম্প্রদায়ভুক্ত লোক স্বীয় নামের পর 'বারসী' শব্দ ব্যবহার করেন॥

বিলায়ৎ [ফা°। রাজ্য অধিকার, বন্ধুত্ব, মিলন, সিদ্ধত্ব, পীরত্ব অর্থে] ~আলি, ~খাঁ, ~হুসেন্।

শচী [সং। পুং,] শচীন্দ্রকুমার, ~নাথ, ~প্রসাদ > ক্ষে°। আদ°শচীন্, শচু। অনা° শচা, শোচে। ২ স্ত্রীং শচীবালা, শচীন্দ্রবালা, ~কুমারী > ক্ষে°। আদ° শচু। অনা° শচী।

শম্শের [ফা°। তরবারি অর্থে] ~আলি; বিদ্রূপে "শম্শের্ বাহাদুর"।

শম্স্ [আ°। সূর্য্য অর্থে ~অজ্-জোহা, ~অদ্-দিন্ (গ্রা° শামসুদ্দি), ~অল-হুদা (গ্রা° শামসুলহোদা)।

শরৎ [সং। পুং] শরৎকুমার; শরচ্চন্দ্র > ক্ষে°। আদ° শরতি (শো)। অনা° শরা, শরতা (তে)।" ২ স্ত্রীং শরৎকামিনী, শরৎকুমারী, শরৎশশী, শরৎপ্রভা। আদ° শরু, শরো। অনা° শরা, শরী।

শশী, শশি-পুং, শশিকুমার, ~চন্দ্র, ~পদ, ~ভূষণ, ~শেখর > ক্ষে°। অনা° শশে (শো)। ২ স্ত্রীং শশিমুখী, -শশিবালা > ক্ষে°।

শহামৎ [আ°। মহাপ্রাণতা অর্থে] ~উল্লাহ > শহামতুল্লা, ~খাঁ।

শাম-পুং শ্যামকুমার, ~চন্দ্র, ~চাঁদ, ~ধন, ~প্রসাদ, ~বিহারী, ~মোহন, ~রতন, ~লাল, ~সুন্দর >। শ্যামাচরণ, ~নাথ, ~পদ, ~প্রসন্ন > ক্ষে°। অতি° ও স্নেহার্থে -শামু। অনা° শামা। অবজ্ঞায়-শেমো। স্ত্রীং শ্যামা। অনা° শামী। শ্যামল > শ্যাম, শাম।

শামসুদ্দি-শম্স্ (দ্রঃ) + উদ্দিন্ > ভ্রং।

শাহ্ [ফা°। রাজা, মহৎ, ফকিরদিগের উপাধি] মুসলমান ফকির সম্প্রদায়ের লোকেরা নামের পর শাহ্ ব্যবহার করেন যথা-হমীদ্ শাহ্। রাজাদিগের নামের পূর্ব্বে যুক্ত হয় যথা,-শাহ্ আলম্। সাধারণ নামের পূর্ব্বে এবং পরেও যুক্ত হয় যথা,-শাহ মুহম্মদ্, শাহ্ বাজ্ খাঁ (শাহ্-বাজ্=রাজ শিকরে পাখী), বহাদুর্ শাহ্ ইং।

শিব-পুং, শিবকুমার, ~কৃষ্ণ, ~চন্দ্র, ~চরণ, ~ধন, ~নাথ, ~পদ, ~প্রসাদ, ~মোহন, ~রতন, ~লাল, ~সাধন > ক্ষে°। আদ° "শিবু"। অনা° "শিবে"। ২ স্ত্রীং শিবরাণী, -মোহিনী, -সুন্দরী > ক্ষে° শিবো। অতি° ও অনা° "শিবী"।

শুজা'ৎ [ফা°। সাহস] আলি, ~হুসেন্।

শেখ্ [ফা° শৈখ্ (শ্রদ্ধাস্পদ, বৃদ্ধ, প্রধান, ধর্ম্মান্তর হতে মুসলমান ধর্ম্ম গ্রহণকারীদিগের উপাধি] মুহম্মদ্।

শের্ [ফা°। সিংহ, ব্যাঘ্র] ~আলি, ~খাঁ, ~শাহ্, বাহাদ(দু)র।

শৈল [সং। পুং] শৈলেন্দ্রকুমার, ~নাথ, ~ভূষণ, ~মোহন > ক্ষে°। আদ° শৈলেন্। "শয়েল" (বিরল)। অনা° "শৈলো, শয়লা। ২ স্ত্রীং শৈলজা, শৈলবালা, ~কুমারী (বিরল) ~সুন্দরী > ক্ষে°। অতি° ও অনা° শৈলী।

শোভান, সোভান-আ° সুভান দ্রঃ। স্ত্রীং শোভানী।

সজ্জাদ্ [আ° সজ্দ্ (বেদি, মস্জিদ্)] ~আলি, ~করিম, ~হুসেন্।

সমছুদ্দি-শম্স্ ও শামসুদ্দি দ্রঃ।

সয়া-সহায়চাঁদ > ক্ষে° "সয়চাঁদ" পরে 'সয়া'। ২ সখারাম > ক্ষে° সয়া।

সতু-পুং, সত্যচরণ, ~নাথ, ~প্রসাদ, ~শরণ বা-সত্যেন্দ্র নামের আদ° ক্ষে°। অনা° সোত্তো, সোত্তে।

সত্য-সত্যচরণ, ~প্রসাদ, ~শরণ, ~সাধন > ক্ষে°। ২ সত্যেন্দ্রনাথ, ~প্রসাদ, ~ভূষণ > ক্ষে°। আদ°সত্যেন্, সতু। অনা° সত্তো। স্ত্রীং ~কালী, ~বতী, ই-র ক্ষে°।

সদু-সৌদামিনী > ক্ষে°। অনা° সোদো। ২পুং, সদানন্দ > ক্ষে°, আদ° হয় কিন্তু বিরল।

সনা, সোনা [আ° সনা (স্তুতিকরণ, স্তবন] ~উল্লাহ্। বাং-য় শোনা উল্লা ও°।

সর্ণ [স্বর্ণ >] স্বর্ণকুমারী, ~প্রভা, ~ময়ী, ~লতা > ক্ষে°। অনা° সন্নী।

সফ্দর্ [আ°। সেনাদল অর্থে] ~আলি, ~খাঁ, ~বখ্শ্। গ্রা° সোপেদার সোফেদার।

সরি [সরোবর অর্থে] স্ত্রীং সরসীবালা, (২) সরলা, সরোজিনী ও সরস্বতী > ক্ষে°। আদ° সরু। অনা° সরী। পুং সরোজ > ক্ষে°।

সর্ফরাজ [ফা° সরফরাজ (উন্নত)] ~আলি, ~খাঁ, ~হুসেন।

সরোজ [পদ্ম অর্থে] ~কুমার, ~প্রকাশ, সরোজিনীকান্ত, ~নাথ > ক্ষে°। আদ° সরু। অনা° সরা। স্ত্রীং ~বালা, ~কুমারী, সরোজিনী > ক্ষে°। আদ° সরু। অনা° সরী।

সলিম্ [আ° সলম্ (শান্তি, প্রণতি, ইং) >] ~অদ্-দিন=সলিমুদ্দিন, ~উল্লাহ্ = সলিমুল্লা বাং-য় সেলিম ও°।

সহায় [সং] রামসহায় > ক্ষে°। রাম দ্রঃ। সহায়চাঁদ > ক্ষে°। অতি ক্ষে° ও অনা° সয়া।

সাতু [সং] সাতকড়ি > ক্ষে°। গ্রা° ছাতু। অনা° সেত্তো। কড়ি দ্রঃ।

সাদৎ [আ° সা'দৎ (সুখ, সৌভাগ্য)] ~আলি, ~হুসেন্।

সাদিক্ [আ° সাদিক্ (সত্য, বিশ্বস্ত, অকপট)] ~আলি, ~হুসেন।

সাবিৎ [আ° সাবিৎ (দৃঢ়, স্থির)] ~আলি।

সাহেব [আ° সাহব্ (ভদ্র, শিষ্ট, ভূষিত)] ~অদ্-দিন্=সাহাবুদ্দিন, ~আলি।

সিদ্ধু, সিধু-সিদ্ধেশ্বর, সিদ্ধিচরণ ইং > ক্ষে°, আদ°। অনা° সিদে। স্ত্রীং সিদ্ধেশ্বরী > ক্ষে° সিধু, সিদ্ধু। অনা° সিদী।

সিদ্দিকী [আ° সিদ্দিক্ (সত্যনিষ্ঠ,

ন্যায়বান্ অকপট বন্ধু, শাশ্বত সত্যের বিশ্বস্ত সাক্ষ্য)] ~অহ্মদ্। দ্রঃ-হজ্রত্ মুহম্মদ্ যখন সশরীরে ঈশ্বরের সান্নিধ্য লাভ করিয়া তাঁর নিকট হতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন, তখন তাঁর প্রথম উত্তরাধিকারী সর্ব্বপ্রথমে হজ্রত্ অবু বক্র তাঁর কথায় বিশ্বাস করিয়া বলিয়াছিলেন "সি-দ্দিক্ য়া রসূলল্লাহ্" অর্থাৎ হে ঈশ্বরের রসূল (দূত) আপনি যাহা বলিতেছেন তাহা সত্য। তাতে হজ্রত্ মুহম্মদ্ তাঁকে "সিদ্দিক্" এই উপাধি দান করেন। সেই সূত্রে আবুবকরের বংশধরগণ "সিদ্দিকী" নামে অভিহিত। ইহারা শেখ্ সম্প্রদায়ভুক্ত। প্র-আবদুল গ্ফুর সিদ্দিকী।

সিরাজ্ [আ॰ বাতি, সূর্য্য অর্থে] ~অদ্-দিন্=সিরাজুদ্দিন, ~অদ্-দৌলা (বাং ভ্রং-গ্রাজেরদৌলা (ব॰ সা॰ পরিচয়, পৃ॰ ১৬৯৯)। স্ত্রীং ~সিরাজন্ (গ্রা॰ সিরাজী)।

সুভান [আ॰। প্রশংসার্থে। গ্রা॰ শোভান] ~আলি। স্ত্রীং সুভানী (গ্রা॰ শোভানী)।

সুরেন-পুং, সুরেন্দ্রকুমার, ~কিশোর, ~চন্দ্র, ~নাথ, ~প্রসাদ, ~মোহন > ক্ষে॰ আদ॰ সুর। অনা॰ সুরে। স্ত্রীং ~বালা, ~নন্দিনী > ক্ষে॰। আদ॰ সুরো। অনা॰ সুরী।

সুলেমান [আ॰ সুলের্মান। ইং Solo-man। বাং গ্রা॰ ছোলেমান (ব॰ সা॰ পরিচয়, পৃ॰ ১৬৮৩।৪)। বাদশাহ হুমায়ূন ও অকবর শাহের সময়ে বঙ্গবিহার ওড়িষ্যার সুবেদার।

সৈয়্যদ্ [আ॰ রাজা অর্থে, হজ্রত্ মুহম্মদের কন্যা ফাতিমা বিবির গর্ভজাত সন্তানের বংশধরগণের উপাধি] ~অদ্-দিন্=সৈয়্যদুদ্দিন্) ~আলি, ~মহমুদ ই॰। ~সলার, ~হুসেন।

সোণা [সং] স্ত্রীং সোণামণি, সোণামুখী, সোণা- রাণী, সোণাবিবি > ক্ষে॰। ২ সন্ন (দ্রঃ) স্বর্ণ অর্থে। অনা॰ সোনী, সোন্নী।

সোণ(ন)াউল্লা-সনা (দ্রঃ) > ভ্রং।

সোফেদার-সফদর দ্রঃ।

সোহাগী-সোহাগী, সোহাগিনী > ক্ষে॰ আদ॰ সোহাগ। অনা॰ সোহাগে।

সোহিনী-শোভিনী > ক্ষে॰।

হক্ [আ॰। ন্যায্য, সত্য, ই॰ অর্থে] ~দার্-খাঁ।

হবীব [আ॰। বন্ধু, ই॰ অর্থে] ~উল্লাহ্।

হমীদ্ [আ॰ হম্দ্ (প্রশংসা)] ~অর্-রহমান, ~অদ্=দিন্=হামিদুদ্দিন, ~উল্লাহ্।

হঁসঁন [আ॰ হুস্ন্ (সুন্দর) > হসন (সুশ্রী, সাধু, শিষ্ট)] ~আলি, ~খাঁ।

হসীন্ [আ॰ হুস্ন্ (সুন্দর) >] ~অদ্-দিন্। স্ত্রীং হসীনা। বাঃ গ্রা॰ হাসীনা।

হঁরি [সং] পুং, ~কুমার, ~চন্দ্র, ~নাথ, ~প্রসাদ, ~বিলাস, ~মোহন, ~হরলাল, ~শঙ্কর ই॰ > ক্ষে॰। আদ॰ হ'রঁ, "হরু"। অনা॰ "হরা", হোরো। ২ স্ত্রীং হরকালী, ~কামিনী ~মণি, ~ভাবিনী, ~মোহিনী > ক্ষে॰। আদ॰ হরু, হরী।

হিরি [সং] পুং, ~কেশব, ~চরণ, ~দাস, ~ধন, ~নাথ, ~প্রিয়, ~বিলাস, ~ভূষণ, ~মোহন, ~সাধন, -হর > ক্ষে॰। অনা॰ "হোরে"। ২ স্ত্রীং হরিকালী, ~দাসী, ~ভাবিনী, ~মতী > ক্ষে॰।

হঁরু [সং] হরেকৃষ্ণ, হরেন্দ্র ই॰ > ক্ষে॰। তুল-হরুঠাকুর (হরেকৃষ্ণ দীর্ঘাড়ী)। অনা॰ হোরো।

হঁরেন-হরেন্দ্র > ক্ষে॰। অনা॰ হরুনা, হরে।

হাচেম [আ॰ হশ্মৎ > ভ্রং] ~আলি।

হাজের [আ॰ হজ্রূ-মহাশয়, ই॰] > হাজির > ভ্রং] অল্-লাহ্= হাজিরুল্লা।

হাতেম [আ॰ হাতিম্ (বিচারপতি। জনৈক মহানুভব আরব সর্দ্দার হাতিম্ তাই। সাম্প্রদায়িক উপাধিবিশেষ) > (উদার, বদান্য অর্থে)] "হাতিম তাই" > ক্ষে॰।

হাফিজ [আ॰ হাফিজ্ (রক্ষাকর্ত্তা, মালিক, কোরাণ আদ্যোপান্ত কণ্ঠস্থকারী)] ~আলি, ~মুহম্মদ। [প্রঃ-পারস্য কবি মুহম্মদ শমসুদ্দিন এই নামে প্রসিদ্ধ।

হাফেজ-হাফিজ্ দ্রঃ।

হায়্দার [আ॰ হয়্দর্ (সিংহ)। হজরৎ মুহম্মদের জামাতা আলির নামান্তর] ~আলি ~খাঁ, ~হুসেন।

হিদায়েৎ [ফা॰ হিদায়্ৎ (উপদেশ, পথ-প্রদর্শন, ন্যায়বিধান] ~আলি, ~উল্লাহ।

হুদা [আ॰ পথপ্রদর্শন, সত্যপথ অর্থে] সাধা॰ নামের শেষে যুক্ত হয়, যথা-নূর-অল্-হুদা=নূরলহুদা।

হারু [সং। হারা মরার সন্তান বলিয়া] হারাণ চন্দ্র, হারাধন > ক্ষে॰ "হারাণ"। অতি॰, হরা। ক্ষে॰। আদ॰ হারু। অনা॰ > হারাণে, স্ত্রীং "হারাণী" > ক্ষে॰ হারা। অনা॰ হারী।

হালিম [আ॰ হিল্ম্ > ক্ষে॰। নম্রতা, ভদ্রতা ই॰ >] সাধা॰ নামান্তে যোজ্য। প্র-আব্দুল হালিম।

হি(হী)রু [সং] পুং, হীরালাল, হীরেন্দ্র ই॰ > আদ॰, ক্ষে॰। স্ত্রীং হীরা (মণী) > ক্ষে॰ হীরা। আদ॰ হীরী। অনা॰ হীরে।

হুমায়ুন্ [ফা॰। পবিত্র, সুখী ই॰ অর্থে] বখ্ৎ।

হুসেন [আ॰। হো এবং হু'র মধ্যবর্ত্তী উচ্চারণ, এইজন্য হুসেন ও হোসেন দুইরূপ বাং য় চলিত। কিন্তু হুর মাথার স্বরচিহ্ন ইং-u বাং-লঘু উ সদৃশ। সেইজন্য ইং-তে Husain] ~আলি, ~বখ্শ্।

হেম-হেমকুমার, ~চন্দ্র, ~দাস ~নাথ ~লাল > ক্ষে॰ হেমেন্দ্রকুমার, ~নাথ, প্রসাদ > ক্ষে॰। আদ॰ হেমু। অনা॰ হেমো। ২ স্ত্রীং ~কুমারী, ~নলিনী, ~প্রভা, হেমাঙ্গিনী। আদ॰ হিমো, হেমা, হিমু। অনা॰ হিমী।

হেরাস্তুল্লা- আ॰ হিরাসৎ + > ভ্রং।

[দ্রঃ-হিন্দু পুং নামার্থে মূল নামের সহিত কান্ত, কিশোর, কুমার, চন্দ্র, চরণ, দাস, ধন, নন্দন, নাথ, পদ, প্রসাদ, বল্লভ, বিলাস, বিহারী, মোহন, রঞ্জন, লাল, সাধন, ই॰; হি॰-স্ত্রী-নামার্থে-কামিনী, কালী, কিশোরী, কুমারী, নন্দিনী, বালা, ভাবিনী, মণি, মতি, মোহিনী, রাণী, শশী, সুন্দরী ই॰; এবং মু॰-স্ত্রী-নামার্থে আরা (=শোভিনী), খাতুন, জান, নিসা, বিবি, বেগম, মহল্ ই॰ সাধারণতঃ যুক্ত হয়। আদ্য, মধ্যস্থ অ বা অকারান্ত বর্ণ লঘূচ্চার্য্য দ্রুত "অ", আকারান্তবৎ, অন্ত্য অ, হসন্তযুক্ত অকারান্ত বর্ণ লঘু "হসন্তযুক্তবৎ" উচ্চারিত হইবে। দ্রুত উকার ও লঘু ওকার উভয় এবং ো -এর মাঝামাঝি। মুহম্মদ-এর মু=মু এবং মো'র মাঝামাঝি এবং হুসেন্-এর হু=হু ও হো'র মাঝামাঝি। ও=ওকার এবং উকারের মাঝামাঝি। মও্লা =প্রায় "মৌলা"। পদমধ্যস্থ হস্যুক্ত বর্ণ, উচ্চারণ কালে না থামিয়া বা পরবর্ত্তী বর্ণ অবকাশ না দিয়াই-একটানে উচ্চারিত হইবে।]

হঁল হঁল হলুদ বেলা বাঁধা অতি এঁ তি যুক্ত কর, ঁ খাঁ আ=এ =a(t), ণ=ন ব=অ স-শ=ষ সশ=S (স্ত স্ব স্র স্ নু...), অনাদ্য অব্যক্ত

পরিশিষ্ট (ছ)

বাঙ্গালা সাহিত্যে উল্লিখিত প্রসিদ্ধ স্থানের উচ্চারণসহ ভৌগোলিক সংস্থান

(Indian Gazetteer)

অগ্রদ্বীপ-ভাগীরথী তীরবর্ত্তী বর্দ্ধমান জেলার কালনা মহকুমার অন্তর্গত, কাটোয়ার দক্ষিণস্থ প্রসিদ্ধ গ্রাম।

অঙ্গদেশ-গঙ্গা-সরযূ-সঙ্গমস্থলস্থ দেশ; বিহার প্রদেশ। ২ এক সময় মগধ রাজ্যকে বুঝাইত। শক্তিসঙ্গমতন্ত্রে বৈদ্যনাথ হতে বর্ত্তমান শ্রীক্ষেত্র (পুরী) পর্য্যন্ত বুঝাইত। ৩ মতান্তরে আধুনিক ভাগলপুর ও মুঙ্গের জেলা।

অজয়-বীরভূম ও বর্দ্ধমান জেলার মধ্য দিয়া পূর্ব্বদিকে প্রবাহিত নদ। ইহা কাটোয়ার নিকট গঙ্গায় মিলিত।

অঞ্জনশৈল-রামায়ণোক্ত পর্ব্বতবি:। (কিষ্কিন্ধ্যা, ৩৭)।

অনঙ্গাশ্রম-গঙ্গা সরযূ-সঙ্গমস্থলে অবস্থিত আশ্রম।

অনূপ [পু°] বিন্ধ্যগিরি সন্নিহিত প্রদেশ। ২ [রঘুবংশ মতে] পূর্ব্ব নর্ম্মদার তীরবর্ত্তী প্রদেশ। মাহিষ্মতী ইহার রাজধানী।

অন্তর্দ্বীপ-গঙ্গাগর্ভস্থ বর্ত্তমান মায়াপুরাদি অঞ্চল।

অন্ধ্র [আন্ধ্র দেশ দ্র:] বর্ত্তমান তেলিঙ্গানা। রাজধানী অন্ধ্র নগর। প্রাচীন নগর বেঙ্গী বলিয়া অনুমিত। ৫০০ মাইল পরিধি। উত্তর ও পূর্ব্বসীমা গোদাবরী নদী, পশ্চিমে মহারাষ্ট্র দেশ। ভাষা তেলেগু। ৭ম শতাব্দীর রাজধানী ছিল Elgandel এলগ্যাণ্ডেল (ভীমগল ও বরঙ্গলের মাঝামাঝি), চান্দা হতে ১৩০ মাইল ও ধরণীকোট হতে ১৭০ মাইল। (Julien's Hiouen Thsang, III. 105. Mazumdar's Cunningham. p. 603. গোদাবরী-বন্‌কীরা সঙ্গম হতে দক্ষিণ পূর্ব্বে ভদ্রাচলম্ পর্য্যন্ত ২৫০ মাইল এবং হায়দ্রাবাদ পর্য্যন্ত দক্ষিণে ১০০ মাইল। ~দ্বীপ-বনগ্রাম মহকুমার উত্তরাংশের দক্ষিণ ভাগ।

অপরকাশি-মির্জ্জাপুর অঞ্চল? (ভারত-কোষ)।

অপরকুন্তী-শ্রীহট্ট? (Col. Wilford)।

অপরান্ত-উত্তর কোঙ্কণ। পৌরাণিক শূ (শো) র্পারক।

অবন্তী-মালবরাজ বিক্রমের রাজধানী, শিপ্রা নদীতীরে স্থিত; মালব দেশের প্রাচীন নাম; উজ্জয়িনী।

অমরনাথ-কাশ্মীরের পূর্ব্বপ্রান্তে তুষারাবৃত গুহামধ্যস্থ শিবলিঙ্গ ও তীর্থ।

অম্বর-জয়পুর রাজ্যের অম্বর নগর ও তার সন্নিহিত হ্রদ।

অম্বিকাকালনা'-বর্দ্ধমান জেলার অন্তর্গত গ্রাম। কালীভক্ত কমলাকান্তের জন্মস্থান।

অম্বুলিঙ্গ ঘাট-ছত্রভোগ দ্র:।

অযোধ্যা-কোশল রাজ্যের রাজধানী।

অরিষ্ট-লঙ্কার উপান্তস্থিত পর্ব্বত (রামা:)।

অর্ব্বুদ-আবু পর্ব্বত।

অশোকবন-লঙ্কায় রাবণের 'নন্দনের' ন্যায় চিত্তহারী প্রমোদ-উদ্যান। ২ স্বর্গোদ্যানের ন্যায় মনোরম অযোধ্যার রাজোদ্যান।

অশ্বক্রান্ত ['ভারতবর্ষ বিচার' মতে] য়ুরোপখণ্ড।

অসেচনক [ভারতবর্ষ বিচার মতে] এশিয়া মহাদেশ; বিষ্ণুক্রান্ত Asia.

অস্তাচল-সুমেরুর ১০০০০ যোজন পশ্চিমস্থ কাল্পনিক পর্ব্বত। ইহা পৃথিবীর পশ্চিম সীমা বলিয়া পুরাণে উক্ত।

অহিচ্ছত্রা-উত্তর পঞ্চালের রাজা দ্রোণাচার্য্যের রাজধানী, বেরেলি জেলার অন্তর্গত রামনগর।

আটিসারা [চৈ° ভাগবতে 'আটিসারা'] ২৪ পরগণা বারুইপুর সন্নিহিত গ্রাম। বিষ্ণুভক্ত অনন্ত পণ্ডিতের বাস।

আঠারনালা-শ্রীক্ষেত্রের উত্তরস্থ ১৮টি জল প্রণালী। এক্ষণে চার পাঁচটি আছে (স্ক° ম°)। রাজা ইন্দ্রদ্যুম্ন স্বীয় পুত্রগণকে এই স্থানে বলি দিয়াছিলেন (চৈ° ভা°)।

আনন্দমঠ-১৭৭০ খৃষ্টাব্দে বঙ্গদেশের "বার শ ছিয়াত্তর" সালের মন্বন্তরের সময় ব্রহ্মচারী সত্যানন্দ কর্ত্তৃক পদচিহ্ন গ্রামে প্রতিষ্ঠিত "সন্তান" নামে গঠিত সন্ন্যাসী সম্প্রদায়ের আশ্রম। ইহা হিন্দুরাজ্য প্রতিষ্ঠার উদ্দেশ্য এক গভীর অরণ্যে স্থাপিত হইয়াছিল। এই সন্তান সম্প্রদায়ের মূলমন্ত্র ছিল-"হরে মুরারে মধুকৈটভারে"। এই সন্তান সম্প্রদায়ের ইতিহাস অবলম্বন করিয়া স্বনামপ্রসিদ্ধ সাহিত্যগুরু বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় আনন্দমঠ রচনা করেন। ঐ গ্রন্থে রচিত সংগীত "বন্দে-মাতরম্" পরে ভারতের জাতীয় সংগীতে পরিণত হইয়াছে।

আনাগুণ্ডী, আনিগণ্ডি, অনাগুণ্ডী-প্রাচীন কিষ্কিন্ধ্যা। আধু° ভূ-মানচিত্রে Anagundi. ১৪,১৫শ শতাব্দীতে বিজয়নগর সাম্রাজ্যের রাজধানী ছিল।

আন্ধ্রদেশ,-রাজ্য [অন্ধ্র, অন্ধ, অন্ধ্য,

যুক্ত বিশ্বৎ (অগ্র=অগ্‌গ্র). ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ. ক্ন=গে জ্ঞ=গাঁ ক্ষ=ক্‌খ ক্ষ=খ্‌খ হ্ন=ন্‌হ হ্ম হ্ল হ্ব ক=ন্‌হ ম্ব ল্হ ত্থা, জ্ব ব্র ব্ত=zwv ও চ্ছা° দ্র:

অন্ত্য নামেও কথিত]। প্রাচীন মগধে অন্ধ্র বংশীয় রাজারা রাজত্ব করিতেন। গ্রীক পণ্ডিত প্লিনি (Pliny) আন্ধ্রি বলিয়া উল্লেখ করিয়াছেন। খ্রীঃ শতাব্দীর ২০ বৎসরেরও পূর্ব্বে ইঁহাদের রাজত্ব আরম্ভ হয়] দ্রাবিড় দেশ ; দক্ষিণ-ভারতের গোদাবরী ও কৃষ্ণা, মতান্তরে কৃষ্ণা ও নর্ম্মদা নদীদ্বয়ের মধ্যবর্ত্তী ভূভাগ। খৃঃ পূঃ ২২০ হতে ২০৬ খৃঃ অব্দ পর্য্যন্ত ইহার অভ্যুদয় কাল। অন্ধ্র দ্রঃ।

আমাইপুরা-বর্দ্ধমান জেলার গ্রামবিঃ। চৈতন্য-মঙ্গলকার বৈঃ কবি জয়ানন্দের জন্মস্থান।

আমিলা-জাহানাবাদ হতে মেদিনীপুরে যাইবার পথে চটি, তার পর মোগলমারী। এখানে আমিলা সায়র নামে দীর্ঘিকা আছে। (অ০ ম০, ধ০ ম০, ঘ০)।

আমোর্দর-মেদিনীপুর গড়মান্দারণের মধ্য দিয়া প্রবাহিতা নদী (কবিক০)।

আমোর-আমোদর (দ্রঃ) নদী (দুর্গেশ-নন্দিনী)।

আয়োরে [হিং আইও বা আয়ো রে] মথুরা জেলার অন্তর্গত গ্রাম। "কৃষ্ণে দেখি যায় গোপ আনন্দে বিহ্বল। আয়ো রে আয়ো রে বলি করে কোলাহল॥ ** আয়োরে বলিয়া যেথানে মিলিল। 'আয়োরে' নামেতে গ্রাম সেখানে হইল।"-ব্রজপরিক্রমা।

আবড়া-মেদিনীপুর, ঘাটাল থানার অধীন গ্রাম। কবিকঙ্কণ মুকুন্দরাম তাঁর জন্মস্থান দামুন্যা হতে নবাবের অত্যাচারে এখানে পলাইয়া আসিয়া রাজা বাঁকুড়া দেবের শরণাপন্ন হন। এখানে তিনি চণ্ডীকাব্য রচনা করিয়াছিলেন।

আলালনাথ-শ্রীক্ষেত্র হতে ১৬ মাইল পশ্চিমে স্থিত। শ্রীচৈতন্যদেব এখানে এক পাষাণময় স্থানে সাষ্টাঙ্গ দিয়াছিলেন, তাতে পাষাণ গলিয়া যাওয়ায় সাষ্টাঙ্গের চিহ্ন পাষাণে অঙ্কিত হয়। ঐ চিহ্ন আজিও বিদ্যমান আছে।

ইক্ষুমতী-কুরুক্ষেত্রে ও সাঙ্কাশ্যা নগরীর মধ্য দিয়া প্রবাহিতা আধুং কালী নদী। ইক্ষ্বাকু কুলের পৈতৃক নদী।

ইক্ষুসমুদ্র-পূর্ব্বদিকে অবস্থিত সমুদ্র ; ইহার মধ্যে ছায়াগ্রহ অসুরগণের বাস। মতান্তরে ভূমধ্যসাগর Mediterranean sea.

ইছানি, ইচ্ছানি-বর্দ্ধমান জেলার নগরবিঃ, এখানে ধনপতি সদাগরের শ্বশুর লক্ষপতির বাস ছিল (কবিক০, অ০ মং০)।

ইঞ্জাদ্রি-সাতপুরা পর্ব্বতমালার সমান্তরস্থ পাহাড়।

ইণ্ডিয়া [India] প্রাচীন জম্বুদ্বীপের একাংশ ; ভারতবর্ষ।

ইদ্রাকপুর-নবাবী আমলে রঙ্গপুরের ঘোড়াঘাট এই নামে অভিহিত ও ৬০টি পরগণায় বিভক্ত ছিল।

ইন্দোচীন-বহির্ভারত Further India.

ইন্দ্রপুর, ইন্দ্রপুরী [শুদ্ধ-ইন্দাপুর] মানস সরোবরের উত্তর পর্ব্বতের পূর্ব্বদিকে অবস্থিত নগরী (সন্দেশাবলী)।

ইন্দ্রপ্রস্থ-যুধিষ্ঠিরের রাজধানী। বর্ত্তমান দিল্লীর ১॥ ক্রোশ দূরে অবস্থিত ছিল। অভি০ দ্রঃ।

ইন্দ্রাণী-বর্দ্ধমান জেলার প্রাচীন পরগণা-বিঃ। ইহার অন্তর্গত সিঙ্গিগ্রামে অমর কবি কাশীরাম দাসের জন্মস্থান। পূর্ব্বে ইন্দ্রাণী বিশেষ প্রসিদ্ধ স্থান ছিল। প্রবাদে-"বার ঘাট তের হাট তিন চণ্ডী তিনেশ্বর ; যে বলতে পারে তার ইন্দ্রাণীতে ঘর।" -চৈ০ ভা০। আইন-ই-আকবরী ই০ গ্রন্থেও ইহার উল্লেখ আছে। চণ্ডী কাব্যে আছে-"সম্মুখে ইন্দ্রাণী, ভুবন দুর্ল্লভ জানি, দেব আইসে যাহার সদন।" "বাহিয়া অজয় নদী পাইলা ইন্দ্রাণী।" -কবিক০।

ইরাইতী, ঐরাবতী-পঞ্জাবস্থ রাভী নদীর সং-নাম।

ইরাক আর্দম-মেসোপোটেমিয়া।

ইলছোবা মোণ্ডলাই-হুগলীর অন্তঃপাতী পাণ্ডুয়ার নিকটস্থ গ্রাম। পণ্ডিত রামগতি ন্যায়রত্নের জন্মস্থান।

ইলাবৃর্ত্ত-জম্বুদ্বীপের বর্ষবিঃ; চীন তুর্কীস্থান, গোবি মরুভূমি, মেরুর চতুর্দ্দিকস্থ ভূভাগ। ইহার উত্তরে নীল, শ্বেত ও শৃঙ্গবান পর্ব্বত। দক্ষিণে নিষধ, হেমকূট ও হিমালয় এবং পশ্চিমে মাল্যবান ও পূর্ব্বে গন্ধমাদন এবং মধ্যস্থলে সুমেরু। অগ্নিধ্রের পুত্র ইলাবৃত এই বর্ষে রাজা ছিলেন। "ইলাবৃত দেশে ঘর" -কবিক০।

ইযুজার্ত্ত-য়ুরোপখণ্ড।

ইস্তাম্বুল - তুরুষ্কদেশের রাজধানী, কুস্তন্তুনিয়া Constantinople.

ঈরাম-গোলাপের জন্য প্রসিদ্ধ পারস্যের বিলুপ্ত প্রাচীন শহরবিঃ।

উচার্লন-জাহানাবাদ হতে দক্ষিণাভিমুখে মেদিনীপুরে যাইবার পথে মোগলমারীর পরবর্ত্তী গ্রাম (অ০ ম০ ; ধ০ ম০, ঘ০)।

উজানি-বর্দ্ধমান জেলার প্রসিদ্ধ নগর। ধনপতি সদাগরের ও তৎপুত্র শ্রীমন্ত সদাগরের জন্ম ও বাসস্থান (কবিক০, অ০ ম০)।

উজ্জয়িনী-অবন্তী দ্রঃ।

উৎকল-প্রাচীন কলিঙ্গের দক্ষিণ ভাগ ; ওড্র, ওড়িষা ; উড়িষ্যা ; ওড়িষ্যা। ত্রিকলিঙ্গের এক কলিঙ্গ : উৎকলিঙ্গ (> ভ্রঃ উৎকল)। তাম্রলিপ্তির দক্ষিণে অবস্থিত। পূর্ব্বে কপিশা নদী তীর পর্য্যন্ত বিস্তৃত ছিল। প্রধান নগর এক্ষণে কটক ও পুরী।

উত্তর-কৌশিকী নদীতীরস্থ পর্ব্বত(রামা)।

উত্তরকুরু-মধ্য এশিয়া। মতান্তরে-সাইবিরিয়া ; কুরু বর্ষ। চৈত্ররথ দ্রঃ।

উত্তরসমুদ্র-উত্তরকুরুর পর উত্তর দিকে অবস্থিত সমুদ্র। সোমগিরি ইহার মধ্যে অবস্থিত।

উত্তরাপথ [হর্ষচরিত, ও পা০ জাতক] আর্য্যাবর্ত্ত (মধ্যদেশের উত্তরে)।

উদম্বর-মুর্শিদাবাদ (আঈন-ই-আকবরী)।

উদয়গিরি-এই পর্ব্বত পৃথিবীর পূর্ব্ব সীমা বা পূর্ব্ব প্রথম দ্বার বলিয়া পুরাণে উক্ত। ইহার অন্য নাম পূর্ব্বদিক্। ২ ওড়িষার রাজধানী কটকের ১০ ক্রোশ দক্ষিণস্থ পর্ব্বত।

উদয়নালা, উধুয়ানালা-মুর্শিদাবাদের ৬২ ক্রোশ উত্তর পশ্চিমস্থিত নগর (সন্দেশাবলী)।

উদ্দণ্ডপুর-আধুনিক বিহার।

উদ্যান-গান্ধারের উত্তর।

উরুবিল্ব [রূপান্তরে-উরুবিলা,-বিল্বা,-বেলয়] বুদ্ধগয়া বা বোধগয়া। এখানে সিদ্ধার্থ

বুদ্ধত্ব লাভ করেন। হিন্দুতীর্থ গয়ার অনতিদূরে অবস্থিত।

উল'-কৃষ্ণ নগরের অন্তর্গত গ্রাম; বীরনগর। গঙ্গাভক্তিতরঙ্গিণী-প্রণেতা কবি দুর্গাদাস মুখোপাধ্যায়ের জন্মস্থান।

উলুশিয়াই-যশোহর বনগ্রামের কাগজপুকুর থানার অধীন গ্রাম। মধুকানের (মধুসূদন কিন্নরের) জন্মস্থান।

ঋক্ষ-গণ্ডোয়ানা রাজ্যের অন্তর্গত পর্ব্বতবিঃ যার মধ্য দিয়া নর্ম্মদা নদী প্রবাহিতা।

ঋক্ষবান্-নর্ম্মদার নিকট অবস্থিত পর্ব্বত। ইহা গোলাঙ্গুলেশ্বর জাম্ববান্ ও বানরদিগের বসতিস্থান (রামা০)। চিন্দোয়ারা বিলাসপুর ও বালঘাটের অন্তর্গত পর্ব্বত।

ঋষভ [পুং] ক্ষীরোদসাগরস্থিত ধবল পর্ব্বত। ২ দক্ষিণদিকে স্থিত বৃষাকার পর্ব্বত। ইহার পর পৃথিবীর দক্ষিণ সীমা যমের রাজধানী ও অন্ধকারাচ্ছন্ন পিতৃলোক। ৩ হিমালয় পর্ব্বতের শৃঙ্গবিঃ।

ঋষ্যমূক [ঋষ্য (হরিণ) মূক (নীরব), যথায় হরিণগণ নীরবে, নির্ভয়ে বিচরণ করে] নীলগিরি ও পূর্ব্বঘাট গিরিমালার মধ্যস্থ ও কিষ্কিন্ধ্যার (বেলারি) ও পূর্ব্বঘাট রেল ষ্টেশন সন্নিহিত এবং তুঙ্গভদ্রাতীরস্থ পর্ব্বত। ইহা দণ্ডকারণ্যের সীমাভুক্ত ছিল। পম্পা দ্রঃ (রামা০)। বর্ত্তমান 'চন্দর দুর্গ'। পম্পা ও কাবেরী নদীর উৎপত্তি স্থল। মতঙ্গ মুনির আশ্রম ও বালিভীত সুগ্রীবের আশ্রয় স্থল।

ঐকচক্রা-বীরভূম জেলার অন্তর্গত মল্লারপুর রেলষ্টেশনের নিকটবর্ত্তী গ্রাম। নিত্যানন্দদেবের পৈতৃক বাসস্থান। ২ বর্ত্তমান আরা নগর।

এড়ুদ্বীপ-কলিকাতার উত্তরে এ(এঁ)ড়িয়া-দহ' গ্রামের নামান্তর।

এভরেষ্ট [Mt. Everestএর লিপ্যন্তর। তিব্বতী নাম "কাংরুম্পোছিন্" (কাঙ্=বরফ, রুম্পো-ছিন্=অতিশয় মূল্যবান্ > মহামূল্য তুষার শিখর কারণ এই পর্ব্বত শিখরে এক পরম পবিত্র সন্ন্যাসী বাস করিতেন যিনি আজিও পূজিত। তাঁর তিব্বতী নাম জিজুন মিলা-রেবা। জিজুন (প্রধান ধর্ম্মগুরু), মিলা-রেবা (যিনি ঐ পর্ব্বতবাসী ছিলেন)] পশ্চিম দক্ষিণ তিব্বতের হিমালয় পর্ব্বতমালার ও পৃথিবীর মধ্যে সর্ব্বোচ্চ পর্ব্বতশিখর। তিব্বতীদের ইহা একটি পরম পবিত্র তীর্থস্থান। এই চূড়া ও তার উচ্চতা সর্ব্বপ্রথম ভারতীয় Trigonometrial survey অফিসের কম্পিউটর স্বর্গীয় বাবু রাধানাথ শিকদার কর্ত্তৃক আবিষ্কৃত হইয়াছিল এবং ঐ দপ্তরের বড় কর্ত্তা কর্ণেল এভারেষ্ট (Col. Everest) সাহেবের নামে অভিহিত হইয়াছিল-বঙ্গের বাহিরে বাঙ্গালী (উত্তর ভারত)।

এলিচপুর-দময়ন্তীর পিতৃরাজ্য বিদর্ভের প্রাচীন নগর; বর্ত্তমান বিরাড়।

এলিফ্যাণ্টা-বোম্বাই সহর হতে ৪ ক্রোশ দূরে প্রায় ৩ ক্রোশ পরিধিযুক্ত দ্বীপ। ইহার এক পর্ব্বত গাত্রে প্রকাণ্ড হস্তিমূর্ত্তি ও তদুপরি আর এক হস্তিমূর্ত্তি খোদিত থাকায় নাম। প্রাচীন নাম "গিরিপুর"।

এশিয়া মাইনর [ভারতবর্ষ বিচারে] ক্রৌঞ্চ দ্বীপ Asia minor.

ওড়িষা-ওড্র দ্রঃ।

ওড্র-উৎকল; ওড়িষ্যা।

ওদন্তপুর-মুঙ্গেরের নিকটবর্ত্তী নগর। প্রথম পাল বংশীয় রাজা গোপালের রাজধানী।

ওষধি-হিমালয় ও ঋষভ পর্ব্বতের মধ্যে অবস্থিত সর্ব্বৌষধিপ্রদ পর্ব্বত; গন্ধমাদন (রামা০)।

কঙ্কণ, কোঙ্কণ প্রদেশ [গ্রা০কোকণ] দক্ষিণ ভারতে গোয়া হতে খান্দেশ এবং সহাদি হতে সাগর পর্য্যন্ত বিস্তৃত ভূভাগ। অধুনা বোম্বাই প্রেসিডেন্সীর অন্তর্গত। ইং Concan.

কণিষ্কপুর-কাশ্মীর শ্রীনগরের ৫ ক্রোশ দক্ষিণে "পীরপঞ্জল পথ" যাইবার পথে অবস্থিত নগর (কনিংহাম্)।

কর্দ্দমরিস্থল-নারায়ণগঞ্জের অপর তীরে লক্ষ্যার পূর্ব্ব তটে নবীগঞ্জের দুর্গ। ইহা মুসলমানদিগের একটি তীর্থস্থান (ঢাকার ইতিহাস)।

কনকশিল-জলোদ সমুদ্রের উত্তর তটবর্ত্তী স্বর্ণপ্রভ পর্ব্বত (রামা০)।

কনখল-শিবালিক/পর্ব্বতমালার দক্ষিণ পাদমূলে হরিদ্বারের পার্শ্ববর্ত্তী নগরী, এখানে দক্ষযজ্ঞ হইয়াছিল।

কপিল নগর, কপিলবস্তু, কপিলবাস্তু-শ্রাবস্তী দেশস্থ চন্দ্রদুর্গের নিকটস্থ নগর, বুদ্ধদেবের জন্মস্থান। ইহা নেপালের দক্ষিণ প্রান্তে বর্ত্তমান গোরক্ষপুর জেলায় অবস্থিত। শাক্যবংশীয় ক্ষত্রিয়দের রাজধানী।

কপিশা-সুবক্ষা।

কম্বোজ, কাম্বোজ-হিমালয়ের উত্তর পশ্চিম প্রান্তস্থ পার্ব্বত্য দেশ; কারাকোরাম পর্ব্বতমালা। ২ মতান্তরে তিব্বত ও লাদাক মতান্তরে Tonking ও Annam. ৩ বাল্মীকি ও তৎসাময়িক ভূবৃত্তান্তমতে ক্যাম্বে উপসাগর কূলস্থ দেশ। ৪ ইং Cambodiaর লিপ্যন্তর।

করগ্রাম-গোণ্ডরাজ্যের রাজধানী।

করতোয়া-বগুড়া শহর হ'তে ৬ মাইল উত্তরস্থ নদীবিঃ।

করূষ-বিহারের অন্তর্গত বর্ত্তমান আরা জেলার কিয়দংশ। মলদ ও করূষ এই দুই জনপদ তাড়কার সময়ে মহারণ্য ছিল। যুআন্ চুআং এর সময় মহাসরঃ নামে উক্ত ছিল। ইহাই তাড়কার জঙ্গলের অন্তর্গত ছিল।

কর্ণগড়-বর্দ্ধমান জেলার অন্তর্গত গ্রাম। এখানে মল্লবিদ্যার বিশেষ চর্চ্চা হেতু মল্লভূমি বলিয়া খ্যাত ছিল (অ, ম)।

কর্ণপ্রয়াগ-হিমালয়স্থিত গঢ়ওয়াল জেলার গ্রামবিঃ, অলকানন্দা ও পিণ্ডারের সঙ্গমস্থল।

কর্ণসুবর্ণগড়-মুর্শিদাবাদ জেলার অন্তর্গত গ্রাম ও দুর্গ; কান্সোনা দ্রঃ, গৌড়।

কর্ণাট-বর্ত্তমান কার্ণাটিক (দ্রঃ)। উত্তর কর্ণাট দক্ষিণ গণ্টুর সর্কার সীমান্ত হতে পানার নদী পর্য্যন্ত এবং এখান হতে কুমারিকা অন্তরীপ পর্য্যন্ত দক্ষিণ কর্ণাট। চালুক্য রাজ্য।

কর্ত্তৃপুর-বর্ত্তমান কুমায়ুন ও গঢ়বাল (রাখাল০ বন্দ্যো০)।

কর্ম্মক্ষেত্র-গঞ্জাম জেলায় অবস্থিত। বর্ত্তমান নাম 'শ্রীকূর্ম্মন'।

কর্ম্মনাশা-বেহার ও কাশীর মধ্যদিয়া প্রবাহিত ক্ষুদ্র নদী (সন্দেশাবলী)।

কলিকাতা [গ্রা০ কোলকাতা,

কোল্‌কেতা] ১৬৬০ অব্দে ভ্যানডেন্ ব্রুক্ সাহেব তাঁর রচিত মানচিত্রে "Collecatte" (কোলিকট্টি)শব্দ সন্নিবেশিত করেন। করাচি বন্দরের নিকট "কোলকোট" নগর, দক্ষিণ ভারতের মালাবার অন্তর্গত Calicut, গঞ্জামের Kallikot (কল্লিকোট) নগর প্রভৃতির মূল অর্থ (কোল= বন্দর, কোট্ট=দুর্গ) হতে অনেকে অনুমান করেন "কোলকোট্ট" হতে "কলিকাতা" নামের উৎপত্তি। তুল-ঢাকা, যশোহর ও মেদিনীপুর জেলার কোল নামে নগর (Baness Index Geographicus Indicus)। মার্কণ্ডেয় পুরাণান্তর্গত চণ্ডীতেও 'কোলা' নগরের উল্লেখ আছে। কর্ণেল ইউল বলেন, তিনি ১৮৬৭ অব্দের ১৬ই আগষ্ট কলিকাতার উল্লেখ করিয়াছেন (Diary of William Hedges Vol II. P.58)। ১৬৮৮খৃ০ অব্দে কাপ্তেন হিট্ বাঙ্গালা দর্শন করিয়া যে বিবরণ লিপিবদ্ধ করেন তাতে Calcutta এই বানান ছিল। পূর্ব্বে ঐ স্থানকে 'কোলকুট' ও বলিত। ১৮৬৬ অব্দে জব চার্ণক্ হুগলী হতে জাহাজে করিয়া সুতানুটীতে আসিয়া তথাকার বন্দরে জাহাজ রাখেন কারণ উহা তখন "কোল" ছিল এবং গোবিন্দপুর ও সুতানুটীর মধ্যে গঙ্গার উপকূলে পুরাতন দুর্গ স্থাপিত হয় বলিয়া "কোলকোট্ট" নাম। মতান্তরে এখানকার স্বাস্থ্য মন্দ ছিল বলিয়া য়ুরোপীয়েরা এস্থলকে "Golgotha" বলিত। "গল্‌গোথা" অর্থে মাথার খুলি রাখিবার স্থান অর্থাৎ গোরস্থান, তারই অপভ্রংশে "কোলকাতা"। মতান্তরে কালীঘাট বা কালীঘাটা("ঘালীঘাটা এড়াইল বেণিয়ার বালা। কালীঘাটে গেল ডিঙ্গা অবসান বেলা"-কবিক০) >ইং উচ্চারণে ক্যাল্‌কাটা, কথ্য কলকা(কে)তা। সাধুভাষায় কলিকাতা।

কলিঙ্গ-বর্ত্তমান কলিঙ্গ-পত্তন ও তৎসন্নিহিত ভূভাগ। দ্রাবিড় ও ওড়িষ্যার মধ্যবর্ত্তী ও বঙ্গোপসাগরতীরস্থ ভূভাগ। ইহার উত্তরে বৈতরণী, দক্ষিণে রাজমহেন্দ্রী, পশ্চিমে মহেন্দ্র পর্ব্বত এবং পূর্ব্বে বঙ্গোপসাগর। ২ টলেমির মতে গঙ্গাসাগরের সন্নিহিত দেশ সমূহ Calinge; টমেলির ত্রিকলিঙ্গ-কলিঙ্গ, মধ্যকলিঙ্গ ও মহা কলিঙ্গ। ইহা ডাঃ রাজেন্দ্রলাল মিত্রের মতে কলিঙ্গ, মধ্যকলিঙ্গ এবং উৎকলিঙ্গ। ৩ "মহাস্থান গৌড়ের পাদদেশ ধৌত করিয়া পুণ্যতোয়া করতোয়া নদী প্রবাহিত হইতেছে।" উত্তর সরকার Northern Circars

কলিঙ্গবন-কোচবিহার ও আসামের উত্তরে অবস্থিত দেশ। ২ ব্রহ্মপুত্র ও গঙ্গার মধ্যবর্ত্তী দেশ। ৩ মেদিনীপুর সন্নিহিত কাঁসাই ও ধামরা নদীর মধ্যবর্ত্তী দেশ। ১ও২ গোবিন্দচন্দ্র গীতোক্ত কলিঙ্গবন। ঘনরামের ধর্ম্মমঙ্গলের ৩য় স্থানের উল্লেখ।

কলিন্দগিরি-রামায়ণোক্ত পর্ব্বতবিশেষ (কিষ্কিন্ধ্যা, ৩৭)। ইহা হিমালয়ের শৃঙ্গবিশেষ, কারণ হিমালয়োদ্ভবা যমুনা এই পর্ব্বতজাতা বলিয়া "কালিন্দী"।

কাঁউরূপ-কামরূপ; কামাখ্যা।

কাঁউগ্রাম-২৪ পরগণার গ্রামবিশেষ। বৈঃ কবি পরমেশ্বরদাসের জন্মস্থান।

কাঁক্‌জোল-বর্ত্তমান রাজমহল প্রদেশের (নবাবী আমলে) এই নাম ছিল।

কাগারনদী-দৃষদ্বতী ও সরস্বতী।

কাঁচড়াপাড়া-২৪ পরগণার অন্তর্গত গ্রাম। কবি ঈশ্বরচন্দ্র গুপ্তের জন্মস্থান।

কাঁটালপাড়া-২৪ পরগণার অন্তর্গত গ্রাম। সাহিত্যগুরু বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মস্থান।

কাঁদড়া-বর্দ্ধমানের অন্তর্গত কাটোয়ার ১০মাইল পশ্চিমস্থ গ্রাম। গোস্বামী নিত্যানন্দ শাখাভুক্ত কবি জ্ঞানদাসের জন্মস্থান।

কাছাড়(র) [কলাড়বন >] আসাম প্রদেশের অংশবিশেষ শিলচর, লক্ষ্মীপুর, জয়পুর, ডিমাপুর ই০ ইহার প্রধান নগর।

কাজঙ্গল-ভাগলপুর।

কাঞ্চনগড়িয়া-বৈঃ কবি রাধাবল্লভ দাসের জন্মস্থান।

কাঞ্চনর্জঙ্ঘা, কাঞ্চনশৃঙ্গ [তিব্বতী ভাষায় 'কাংচিন্‌জোঙা' (কাং=বরফ, চিন্= বিশাল, জোঙা=পঞ্চশিখর > বরফের বিশাল পঞ্চশিখর] তিব্বতের দক্ষিণ সীমান্তে দার্জ্জিলিং হতে দর্শনীয় হিমালয় পর্ব্বতমালার স্বনাম প্রসিদ্ধ শিখর।

কাঞ্চনর্গর-বর্দ্ধমানের গ্রাম। কড়চা লেখক বৈঃ কবি গোবিন্দদাসের জন্মস্থান। ২ কাঞ্চনা দ্রঃ।

কাঞ্চনা-কান্‌সোনা নগর। কর্ণ সুবর্ণগড় দ্রঃ। "কাঞ্চনা নামেতে নগর তাহে স্বর্ণের বেড়া।"-গোবিন্দ গীত।

কাঞ্চি, কাঞ্চী-দক্ষিণ ভারতের আর্কট বিভাগের অন্তর্গত দেশ; মান্দ্রাজের দক্ষিণ পশ্চিমের দ্রাবিড় রাজ্যের প্রাচীন রাজধানী; বর্ত্তমান কাঞ্চিবরম্ (কাঞ্চিপুরম্)। ইহা দুই অংশে বিভক্ত শিবকাঞ্চী ও বিষ্ণুকাঞ্চী। শিবকাঞ্চীতে একাম্রনাথ বা একাম্বর নাথ শিব প্রতিষ্ঠিত। দেবীর নাম "কামাক্ষা"। এস্থানে ভগবান্ শঙ্করাচার্য্যের সমাধি আছে। সমাধির উপরে তাঁর প্রস্তর-মূর্ত্তি স্থাপিত। বিষ্ণুকাঞ্চীতে শ্রীবরদরাজ স্বামী প্রতিষ্ঠিত। বরদরাজ স্বামী শঙ্খ, চক্র, গদা, পদ্মধারী চতুর্ভুজ নারায়ণ-মূর্ত্তি।

কাটমাণ্ডু (টু) [সং-কাষ্ঠমণ্ডপ হতে নেপালী "কাটমাড়ো" (গ্রা০ হি-মড়িয়া= কুটীর, পত্রগৃহ)। গুরু গোরক্ষনাথ এখানে অবস্থান করিতেন, তিনি রাজা পৃথ্বীনারায়ণের মাকে এখানে মন্দির নির্ম্মাণ করাইয়া দিতে বলিলে একটী বৃক্ষের কাঠ হতে মন্দির নির্ম্মিত হওয়ায় এই নাম] নেপালের রাজধানী।

কাঠি(থি)য়াবার-গুজরাট প্রদেশস্থ উপদ্বীপবিঃ।

কাণ্‌সোনা, কাণসোনাপুরী - কাঞ্চনা ও কর্ণ-সুবর্ণ-গড় দ্রঃ; বাঙ্গালার প্রসিদ্ধ রাজা কর্ণসেন নির্ম্মিত পুরী।

কানাঞির নাটশালা-রাজমহল হ'তে তিনক্রোশ দূরে গৌড়ের নিকটস্থ গ্রাম শ্রীচৈতন্যদেবের পদার্পনে পবিত্র বলিয়া প্রসিদ্ধ।

কানাড়া-দাক্ষিণাত্যের পশ্চিম উপকূলস্থ প্রদেশ; কেরল।

কান্যকুব্জ-যুক্তপ্রদেশের ফতেগড় জেলার অন্তর্গত বর্ত্তমান কনৌজ। হিন্দু আমলে বহু বিস্তীর্ণ রাজ্য ছিল। ২ জুনাগড়ের অন্তর্গত তীর্থবিঃ।

কাবেরী-কুর্গ দেশস্থ ব্রহ্মগিরি হতে

উৎপন্ন হইয়া এবং কনক, হেমবতী, ভবানী, অমরাবতী প্রভৃতি নদীর সহিত মিলিয়া প্রায় ৮০ ক্রোশ পথ অতিক্রম করিয়া বঙ্গোপসাগরে পতিতা নদী।

কামরূপ [ভ্রং] করতোয়া বা সদানীরা হতে আসাম সীমান্ত পর্য্যন্ত বিস্তৃত ভূভাগ। উত্তরে হিমালয় ও পূর্ব্বে চীন সীমা পর্য্যন্ত বিস্তৃত ছিল। কামরূপের রাজা কিরাত ও চীনা সৈন্য পাঠাইয়া দুর্য্যোধনের কুরুক্ষেত্র যুদ্ধে সাহায্য করিয়া ছিলেন। প্রাচীন রাজধানী ছিল প্রাগ্‌জ্যোতিষ (লোহিত) বা ব্রহ্মপুত্রের অপর পারে)। বর্ত্তমান রাজধানী "গৌহাটী"।

কাম্যকবন-কচ্ছ উপসাগরের নিকট গুজরাটের সরস্বতী নদী তীরবর্ত্তী রম্য কানন।

কামাখ্যা-আসাম, কামরূপের অন্তর্গত গৌহাটী নগরের দুই মাইল দক্ষিণে পার্ব্বত্য নগরী।

কামারপুকুর-ঘাঁটালের নিকটস্থ গ্রাম। পরমহংস রামকৃষ্ণদেবের জন্মস্থান।

কাম্পিল্য-কুশনাভ-জামাতা ব্রহ্মদত্তের পুরীর দক্ষিণ পঞ্চাবভুক্ত দেশ; দক্ষিণ পঞ্চালের প্রাচীন রাজধানী "কাম্পিল্যনগর"।

কায়রো [আ০ আল্‌কহীরা (বিজয়ী)] আফ্রিকার বৃহত্তম সহর, মিশরের রাজধানী।

কার্ণাটিক, কর্ণাটিক [Carnatic] দক্ষিণ ভারতের বিস্তীর্ণ প্রদেশ; উত্তর সীমা দক্ষিণ-গণ্টুর প্রদেশ ও গান্দিজামা নদী, দক্ষিণে কুমারিকা পর্য্যন্ত বিস্তৃত।

কাল-উত্তরে সোমাশ্রমের সন্নিহিত স্বর্ণপ্রভ পর্ব্বত (রামাঃ)।

কার্ল(লি)ঞ্জর [কলিঞ্জর ও০] বুন্দেলখণ্ডস্থ পাহাড়বিঃ।

কালহস্তী-মাদ্রাজ সাউথ ইণ্ডিয়ান রেলওয়ে লাইনের গুডুর ষ্টেশন হতে ৩।৪ ষ্টেশন পরে। ইহার নিকট দিয়া সুবর্ণমুখী নদী প্রবাহিতা। অন্য নাম 'ত্রিকাল হস্তী'। হিন্দু তীর্থ। এখানে শিবের বায়ুমূর্ত্তি পূজিত হইয়া থাকে।

কালিন্দী-হিমালয়ের কলিন্দ (সূর্য্য) নামক শৈলজা নদী। পু০ মতে সূর্য্য কন্যা। সূর্য্যপুত্র যমের ভগিনী বলিয়া যমুনা নদীর নাম

কালীকচ্ছ-ত্রিপুরা জেলার গ্রাম। দেওয়ান রামদুলাল নন্দীর জন্মস্থান।

কালীনদী-ফরাক্কাবাদ বিধৌত নদী। ইহা গঙ্গার শাখাবিঃ। প্রা০ কালিন্দী। এইনদী সেখানে মহানন্দার সহিত যুক্ত সেই সঙ্গমস্থলে মেগাস্থিনিসের মলিন্দাই (মলেদা) অবস্থিত।

কালসী-দেরাদুন জেলার অন্তর্গত গ্রামবিশেষ। অশোক অনুশাসনে উক্ত।

কিম্পুরুষবর্ষ [পু০] তিব্বত।

কিরাত-উত্তরে হিমালয়, পূর্ব্বে ভূটান ও পশ্চিমে নেপাল দেশের সীমামধ্যস্থ দেশবিঃ (সন্দেশাবলী)।

কিষ্কিন্ধ্যা-মহীশূরের উত্তরে কিষ্কিন্ধ পর্ব্বতস্থ কিষ্কিন্ধা বা কিষ্কিন্ধ্যা নামক গুহামধ্যস্থ নগরী; বর্ত্তমান বেলারীর ৩০ ক্রোশ দূরে হাম্পি ও আনিগন্ধিতে বর্ত্তমান আনাগুণ্ডী) কিষ্কিন্ধ্যাদি পর্ব্বত অবস্থিত।

কীকট ["কীকটেষু গয়া পুণ্যা, পুণ্যং রাজগৃহং বনম্, চ্যবনাশ্রমঃ পুণ্যো, পুণ্যা নদী পুনঃ পুনঃ॥"-বায়ু পু০] মগধদেশ (যাস্ক, মেদিনীকোষ)। ২ ["চরণাদ্রিং সমারভ্য গৃধ্রকূটস্য দক্ষিণে। তাবৎ কীকট দেশেস্থাং তদন্তর্মগধো ভবেৎ॥"-ভাগবত] চরণাদ্রি হতে গৃধ্রকূট পর্ব্বতের দক্ষিণস্থ ভূভাগ কীকট। মগধ তার অন্তর্গত, কপিলবাস্তু নগরী তার মধ্যে।

কুকুর [পু০] রাজপুতানার অংশবিঃ।

কুক্কুটারাম-পাটলীপুত্রের দক্ষিণপূর্ব্ব পার্শ্বে অবস্থিত বৌদ্ধ বিহার, ইহা সম্রাট অশোক বৌদ্ধধর্ম্ম অবলম্বনের পর সর্ব্ব প্রথমে নির্ম্মাণ করেন।

কুঞ্জর-দক্ষিণ সমুদ্রের পারে স্থিত পর্ব্বত, ভোগবতীপুরী ও অগস্ত্যমুনির বাসস্থান এখানে ছিল (রামাঃ)।

কুটিকা-মহাভারতোক্ত নদীবিশেষ; বর্ত্তমান গয়া নদী।

কুটিকাষ্টিকা-মহাভারতোক্ত নদীবিশেষ; বর্ত্তমান কোহ্‌ নদী।

কুণ্ডিনগরী-বিদর্ভের রাজধানী।

কুর্তব্‌মি(মী)নার [আ০ কুতব্‌ (উত্তর দিক্‌) + মিনার (ফা০-মীনার tower) = উত্তরদ্বারী মঞ্চ] দিল্লীর প্রথম মুসলমানসম্রাট কুতবুদ্দীন নির্ম্মিত ও দিল্লীশ্বর পৃথ্বিরাজের যজ্ঞশালা সন্নিহিত অভ্রভেদী স্মৃতিস্তম্ভ।

কুন্তল [পু০] চোলরাজ্যের উত্তর দিবর্ত্ত সন্নিহিত দেশ। বর্ত্তমান হায়দরাবাদের দক্ষিণ পশ্চিমাংশ।

কুন্তী-কচ্ছ দেশ (Col. Wilford)।

কুন্তীভোজ-মধ্য-ভারতের (central India অন্তর্গত উজ্জয়িনীর নিকটস্থ দেশ।

কুমারখালি-নদীয়া জেলার গ্রাম। কাঙ্গাল হরিনাথ (হরিনাথ মজুমদার), কাঙ্গাল ফিকিরচাঁদ, শিবচন্দ্র বিদ্যার্ণব প্রভৃতির জন্মস্থান।

কুমারদ্বীপ-এমেরিকা; স্বর্ণভূমি; মাহের America.

কুমারহট্ট, কুমারহাটা [বহু সঙ্গতি-সম্পন্ন কুম্ভকারের বাস হতে নাম] ২৪ পরগণা জেলার হালিসহরের অন্তঃপাতী গ্রাম। কবিরঞ্জন রামপ্রসাদ ও আজু গোস্বামীর জন্মস্থান।

কুমারিকা-ভারতবর্ষ। ২ ভারতের দক্ষিণ প্রান্তস্থ অন্তরীপ Cape Comorin.

কুরু-দিল্লীর চারিদিকে অবস্থিত রাজ্য।

কুরুক্ষেত্র-পঞ্জাবের অন্তর্গত থানেশ্বর ও তৎসন্নিহিত ভূভাগ। দিল্লীর নিকটস্থ বিস্তীর্ণ সমতল ভূমি। কুরুপাণ্ডবের মহাসংগ্রামক্ষেত্র বালেশ্বরের দক্ষিণে অবস্থিত এই নামের সরোবর সন্নিহিত ও সরস্বতীর দক্ষিণ উপকূল হতে দৃষদ্বতীর উত্তর কূল পর্য্যন্ত বিস্তৃত। অন্যনাম-সমন্তপঞ্চক (অর্থাৎ পরশুরাম দ্বারা নিহত ক্ষত্রিয়দের রক্তে নির্ম্মিত পঞ্চ সরোবর প্রদেশ)।

কুরুজাঙ্গল-অযোধ্যা হতে কেকয় যাইবার পথে অবস্থিত কানন; থানেশ্বর; কুরুক্ষেত্র। ২ মতান্তরে কুরুক্ষেত্র হ'তে নেপালের কিয়দংশ পর্য্যন্ত ভূখণ্ড। ৩ কনিংহাম্‌ সাহেবের মতে বর্ত্তমান বেলুচিস্থান। খিলাতের ৩০ ক্রোশ দক্ষিণে ইহার রাজধানী ছিল, এক্ষণে বনভূমি।

কুরুবর্ষ-উত্তরকুরু দ্রঃ। সাইবিরিয়া।

কুলিয়া-নবদ্বীপের গ্রাম। বংশীশিক্ষা ইং রচয়িতা বৈঃ কবি প্রেমদাসের জন্মস্থান।

কুলিয়াপাহাড়-নবদ্বীপের গ্রাম। বৈঃ কবি বংশীবদন দাসের জন্মস্থান। ২ বৈঃ কবি রামচন্দ্রদাস গোস্বামীর জন্মস্থান।

কুলীনগ্রাম-বর্দ্ধমান জেলার গ্রাম। বৈঃ কবি পরমানন্দ সেনের নিবাসস্থান। ২ বৈঃ কবি রামানন্দ বসুর জন্মস্থান। ৩ বৈঃ কবি শিবানন্দ সেনের জন্মস্থান।

কুলূত-জলন্ধর দোয়াবের উত্তর পূর্ব্বে ও শতদ্রুর দক্ষিণ উপকূলস্থ বর্ত্তমান কুলুরাজ্য।

কুশদ্বীপ [পুং] সপ্তদ্বীপান্তর্গত দ্বীপ; চীনসীমান্ত। ক্ষীরোদ সাগর (আরাল হ্রদ) ও ঘৃত সাগরের (কাস্পিয়ান হ্রদ) মধ্যে অবস্থিত এই ভূভাগ। কাস্পিয়ান হ্রদ বা ঘৃত সাগরের দক্ষিণে এলবার্জ্ পর্ব্বত।

কুশপ্লব-বিশালা জনপদের অন্তর্গত তপোবন (রামাঃ)।

কুশস্থল [পুং] কান্যকুব্জ দেশ। ~ী কুশাবতী দ্রঃ।

কুশাবতী, কুশস্থলী-বিন্ধ্যপাদমূলে স্থাপিত রামপুত্র কুশের রাজধানী; দক্ষিণ কোশলের রাজধানী; বুন্দেলখণ্ডের রাম-নগর বলিয়া অনুমিত। ইহার অধিপতিকে রাজশেখর 'মধ্যদেশনরেন্দ্র' (Lord of the middle-land) বলিয়াছেন।

কুশী-নেপাল হ'তে প্রবাহিতা গঙ্গার উপনদী বিশেষ। ~নগর-বুদ্ধদেবের নির্ব্বাণ স্থান।

কুস্তুনতুনিয়া-ইস্তাম্বুল (দ্রঃ) Constantinople.

'**কূর্ম্মাচল** [পুং] হিমালয় ক্রোড়স্থ আধুনিক কুমায়ুন পার্ব্বত্যপ্রদেশ।

কৃষ্ণ-গোমতী তীরস্থ পর্ব্বত (রামাঃ)।

কৃষ্ণপুর-বর্দ্ধমান জেলার অন্তর্গত খণ্ডঘোষ থানার অধীন গ্রাম। কবি ঘনরাম চক্রবর্ত্তীর জন্মস্থান। কবিকঙ্কণ মুকুন্দরামের পর ও ভারতচন্দ্রের পূর্ব্ববর্ত্তী।

কৃষ্ণবেণী-দক্ষিণ ভারতের কৃষ্ণা নদী।

কৃষ্ণা-মহাবালেশ্বর হতে নির্গত হইয়া ইয়ার্লা, বর্ণা, ভীমা, তুঙ্গভদ্রা প্রভৃতি নদীর সহিত মিলিতা ও প্রায় ৪০০ ক্রোশ পথ অতিক্রম করিয়া বঙ্গোপসাগরে পতিতা দক্ষিণাপথের নদী।

কেঁউটাপাঁইটা-বর্দ্ধমানের অন্তর্গত গ্রাম (কবিক°)।

কেকয়-পঞ্জাবের উত্তর পশ্চিমাংশ শতদ্রু ও বিপাশা নদীদ্বয়ের মধ্যস্থ প্রদেশ।

কেঙনাই [হি-"কেওঁ ন আই" (কেন আসেন নাই)] মথুরা জেলার অন্তর্গত গ্রাম। "এই আগে দেখহ কেঙনাই নামে গ্রাম। এথা রাই বিহনে 'ব্যাকুল ঘনশ্যাম॥ কেঙনা আই শ্রীকৃষ্ণ দূতীরে পুছয়। এহেতু কেঙনাই, এবে 'কোনাই' কহয়॥"-ব্রজ-পরিক্রমা।

কেজ্যা-হুগলী জেলার ভাস্তাড়া গ্রামের নিকটস্থ গ্রাম। ২ বর্দ্ধমান জেলার মেমারির নিকটবর্ত্তী গ্রাম। ইহা বেহুলা নদী নামে একটী ক্ষুদ্র নদীর তীরে অবস্থিত, বেহুলা যখন লখিন্দরকে লইয়া এই স্থান দিয়া কলার মান্দাসে ভাসিয়া যাইতেছিল তখন গ্রামের লোক জিজ্ঞাসা করে "কে যায়?" তদবধি গ্রামের নাম কেজ্যা (মনসার ভাসান)।

কেতুমাল-পারস্য ও পশ্চিম তুর্কীস্থান।

কেদার-গঢ়বাল্ প্রদেশের অন্তর্গত হিমালয়ের শৃঙ্গবিশেষ এবং মন্দাকিনী নদীতটস্থ প্রসিদ্ধ তীর্থ।

কেন্দুবিল্ব [গ্রাং কেঁদুলী] বীরভূম জেলার গ্রাম। কবি জয়দেবের জন্মস্থান।

'**কেরল, কেরলপুর**-মালাবার হতে কন্যাকুমারিকা পর্য্যন্ত বিস্তৃত ভূখণ্ড। সরস্বতী, কামাড়া ইহার অন্তর্গত। প্রধান নদী-নেত্রাবতী, কালীনদী (মুরলা)।

কেশিনী-রামায়ণোক্ত নদীবিশেষ। লক্ষ্মণ সীতাকে বিসর্জ্জন দিয়া এই নদীর তটে বিশ্রাম করিয়াছিলেন (রামা°)।

কৈকালা-হুগলীর শ্রীরামপুর মহকুমার অন্তঃপাতী হরিপাল থানার অধীন গ্রাম। স্বনামখ্যাত সাহিত্যিক চন্দ্রনাথ বসুর জন্মস্থান।

কৈলাস-তিব্বতের অন্তর্গত পর্ব্বত। মানস সরোবর এই পর্ব্বতে অবস্থিত। সরযূ নদী এই সরোবর হতে নির্গত।

কোগ্রাম-বর্দ্ধমান জেলার গ্রাম। শ্রীচৈতন্য মঙ্গলকার বৈঃ কবি লোচনদাস ঠাকুরের জন্মস্থান। ইহা ই, আই, রেলওয়ের গুস্করা ষ্টেশন হ'তে ৫ ক্রোশ দূরে কুনুর নদী তীরবর্ত্তী।

কোটিবর্ষ-আধুং দিনাজপুর জেলা। ইহার প্রাং রাজধানী ছিল 'দেবকোট' বা দেবীকুট; পৌরাণিক নাম 'বাণপুর' (অভিধান চিন্তামণি), বর্ত্তমান নাম বাণগড় (সাধাং শিববাড়ী)। দেবীকোটে দিনাজপুর হতে ১৮ মাইল দূরে পুনর্ভবানদীর পূর্ব্বতীরে অবস্থিত ছিল ও পরে উভয় তীরেই বিস্তৃত হইয়াছিল (সম্মিলনী, ১৮-২-৪১।

কোণার্ক [গ্রাং কনারক] পুরির নিকটস্থ সাগরকূলস্থ গ্রাম।

কোনাই-কেঙনাই দ্রঃ।

কোলাবা-দুইদিকে ইহার সমুদ্র বলিয়া আরব বণিকেরা ইহাকে "কলাবেহ" বলে। পুরাকালে ইহার নাম ছিল "চম্পাবতী"। শ্রীকৃষ্ণ যখন দ্বারকায়, বলরাম পত্নী রেবতী তখন ইহার মধ্যে প্রধান বাণিজ্য স্থাপন করেন বলিয়া ইহার নাম "রেবতী ক্ষেত্র"। শিবাজীর রাজধানী পর্ব্বতশিখরস্থ রাজগড় কোলাবা জেলার অন্তর্গত। পূর্ব্বে ইহার নাম রায়রী (রায়গিরি) ছিল।

কোশল-কাশীর উত্তর সীমা হতে হিমালয়ের পাদমূল পর্য্যন্ত সমস্ত অযোধ্যাপ্রদেশ। রামের রাজধানী অযোধ্যা দক্ষিণ কোশলে অবস্থিত এবং সরযূ নদীর উত্তর ভাগ উত্তর কোশল নামে খ্যাত ছিল। তার রাজধানী ছিল শ্রাবস্তী। বর্ত্তমান বলরামপুর প্রাচীন শ্রাবস্তীর দক্ষিণে অবস্থিত। মতান্তরে সরযূ তীরস্থ কোশলই উত্তর কোশল যার রাজধানী ছিল অযোধ্যা। দক্ষিণ কোশল মহা-কোশল (দ্রঃ) নামেও প্রসিদ্ধ ছিল। দক্ষিণ কোশল কলিঙ্গরাজ্য হ'তে ১৮০০ লি (প্রায় ১৯ ক্রোশ), খৃঃ ৭ম শতাব্দীতে য়ুয়ান চুয়াং দেখিয়াছিলেন। প্রত্নপণ্ডিত কানিংহাম সাহেবের মতে মহানদী ও তার শাখার উত্তরবর্ত্তী সমুদয় উপত্যকা-ভূমিই মহাকোশল বা দক্ষিণ কোশল নামে অভিহিত ছিল। কৌশল্যা সম্ভবতঃ এই মহাকোশল রাজকন্যা ছিলেন। উত্তর কোশলের রাজধানী পরে শ্রাবস্তীতে প্রতিষ্ঠিত হইয়াছিল। লব সেই রাজ্যে অভিষিক্ত হইয়া-

ছিলেন এবং কুশ বিন্ধ্যগিরি সন্নিহিত কুশাবতীতে রাজধানী স্থাপন করিয়া দক্ষিণ কোশলের রাজ্যে অভিষিক্ত হইয়াছিলেন। খুব সম্ভব উত্তর ভারতীয় কোশল সাম্রাজ্য যাহা কিছুকাল উত্তর ও দক্ষিণ এই দুই স্থানীয় বিভাগে বিভক্ত ছিল তাহাই মহাকবি কালিদাসের উত্তর কোশল এবং দক্ষিণ ভারতের মহাকোশলই দক্ষিণ কোশল ছিল।"

কোহলাপুর [পুং] বম্বে প্রেসিডেন্সীর অন্তর্গত কিষ্কিন্ধ্যার উত্তর পশ্চিমে স্থিত ধাররায় কোং রত্নগিরি পৌরাণিক বিদ্যাধরদের দেশ।

কোশাম্ব ["placed by Yule at Balasir, by Lassen at the mouth of the Subarnarekha which he identifies with Adamas] যাবতীয় বুদ্ধমূর্ত্তিসমূহের মধ্যে এখানকার মূর্ত্তি পবিত্রতম বলিয়া প্রসিদ্ধ। টলেমীর কোশাম্ব, কৌশাম্বী হ'তে আগত বৌদ্ধপ্রচারকদিগের দ্বারা প্রতিষ্ঠিত।

কৌশাম্বী-কুশাম্বরাজার পুরী। বৎস দেশের রাজধানী। প্রয়াগের প্রায় ৩০ মাইল উত্তরে বর্ত্তমান কোশামের নিকট যমুনাকূলবর্ত্তী অতি প্রাচীন নগরী।

কৌশিকী-মগধের মধ্য দিয়া প্রবাহিতা ভাগীরথীর শাখা নদী। উত্তর ভাগলপুর ও পশ্চিম পূর্ণিয়ার ভিতরদিয়া দ্বারবঙ্গের পূর্ব্বে প্রবাহিত কুশীনদী। এই নদীর তটসন্নিধানে ঋষ্যশৃঙ্গ মুনির আশ্রম ছিল।

ক্রোড়মণ্ডল [ঢোল > ঢোড় > ক্রোড়] বঙ্গোপসাগর কূলবর্ত্তী ভূভাগ; ইং Coromandal (ক্রোড় > করো, মণ্ডল > ম্যাণ্ডাল)।

ক্রৌঞ্চ [পুং] সপ্তদ্বীপান্তর্গত দ্বীপ ও কৃষ্ণসাগর (Black Sea) মধ্যস্থ আর্মিনিয়া। ২ কৈলাসের উত্তরস্থ পর্ব্বতশৃঙ্গ ককেশাস্। ৩ মতান্তরে গড়বালের অন্তর্গত "নিতি" অধিত্যকা।

ক্রৌঞ্চারণ্য-দণ্ডকারণ্যের অন্তর্গত এবং জনস্থান ও মতঙ্গাশ্রমের মধ্যে স্থিত কানন।

ক্ষীরোদ-পুরাণোক্ত পূর্ব্ব সমুদ্র। শরৎমেঘবৎ শ্বেতবর্ণ। নারায়ণ শেষশয্যায় এই সমুদ্রে শয়ান থাকেন। অমৃতহেতু এই সমুদ্র সুরাসুর কর্ত্তৃক মন্থন করা হইয়াছিল। মতান্তরে আরাল হ্রদ (বোং রায়)।

ক্ষেতুড়ী-ক্ষেতুরী দ্রঃ।

খণ্ডগিরি-কটকের দশক্রোশ দক্ষিণে ভুবনেশ্বরের আড়াইক্রোশ পশ্চিমে অবস্থিত পর্ব্বত।

খণ্ডা-খাণ্ডোয়া; খান্দেশ ও নিমারের কিয়দংশ।

খশ-ইরাণ; পারস্যাংশ (ভবিষ্যপুরাণ)। ২ আসামের অন্তর্গত খাসিয়া পর্ব্বতভূমি।

খাজুরাহু,-হো [সং-খর্জ্জুর বাটিকা] বিন্ধ্য, পশ্চিমস্থ কালঞ্জর রাজ্যের স্বনাম প্রসিদ্ধ নগর। চং নাম কুজুরো। চন্দেল রাজগণের রাজধানী।

খাণ্ডব [শুদ্ধ-খাণ্ডোবা] মধ্যপ্রদেশ ও বোম্বাই সীমান্তে স্থিত এবং খাণ্ডোয়া হ'তে ভোপ ওয়াল পর্য্যন্ত বিস্তৃত অরণ্য। ২ দিল্লীর সন্নিহিত মহারণ্য যা কৃষ্ণার্জ্জুন কর্ত্তৃক দগ্ধ হইয়াছিল।

খাণ্ডবপ্রস্থ, খাণ্ডবারণ্য-খাণ্ডব দ্রঃ।

খেতুরী-বৈষ্ণব পদকর্ত্তা নরোত্তম দাসের পিতা রাজসাহীর রাজা কৃষ্ণানন্দের রাজধানী। ১৫০৪ শকে এখানে ইতিহাস প্রসিদ্ধ ৭ দিন ব্যাপী বিরাট বৈষ্ণব সম্মিলন ও মহোৎসব হইয়াছিল।

গঙ্গা-হিমালয় পর্ব্বত হতে উৎপন্না নদী। ইহার হ্লাদিনী, পাবনী ও নলিনী গঙ্গার এই ত্রিধারা পশ্চিমবাহিনী এবং সুচক্ষু, সীতা ও সিন্ধু এই ত্রিধারা পূর্ব্ববাহিনী (রামাঃ)। সপ্তমধারা পাতালগামিনী। অলকানন্দা, ভাগীরথী, মন্দাকিনী, রামগঙ্গা, যমুনা, চম্বল (চর্ম্মণ্বতী), বেণা, বেটোয়া (বেত্রবতী), ধসনা, কেন, তমসা, গোমতী, বর্ধরা (সরযূ ও অন্য ৪টি নদী) গণ্ডকী, শোণ, কুশী-এই সকল নদী গঙ্গায় মিলিত হইয়া পদ্মা, হুগলী, মাথাভাঙ্গা, মধুমতী, ভাগীরথী, জলঙ্গী, বুড়িগঙ্গা প্রভৃতি বহুশাখায় বঙ্গোপসাগরে পতিত হইতেছে। হরিদ্বার হতে সাগরসঙ্গম পর্য্যন্ত হিন্দুর অধিকাংশ প্রধান তীর্থ এই নদীর উপকূলে অবস্থিত।

গঙ্গারাঢ়ী [গ্রীক ভৌগোলিকদিগের Gangaridae] পুণ্ড্র (বরেন্দ্র) সুহ্ম (রাঢ়) ও বঙ্গ (সমতট) বলিয়া অনুমিত।

গঙ্গোত্রি-হিমালয় পর্ব্বতে বদরিনাথের উত্তরে গঙ্গার উৎপত্তি স্থান।

গড়মান্দারণ-আমোদর নদতীরবর্ত্তী গ্রাম ও দুর্গ, মেদিনীপুর (দুর্গেশনন্দিনী)।

গণ্ডকী-নেপাল হতে প্রবাহিতা গঙ্গার উপনদীবিশেষ।

গন্ধমাদন [পুং] মানস সরোবরের নিকটস্থ পর্ব্বত; সুগন্ধ; হিন্দুকুশ।

গাঙ্গুড়-শাখা নদী। বর্দ্ধমান জেলার চাঁপাতলা, দুবরাজপুর ও নবখণ্ড গ্রামের নিকট দিয়া গাঙ্গুড়ের জল বাহিয়া বেহুলা কলার মান্দাসে ভাসিতে ভাসিতে বাঁকা দামোদর বা বাঁকা নদীতে গিয়া পড়েন (মনসামঙ্গল, ক্ষেমানন্দ)।

গান্ধার-সিন্ধুনদের পশ্চিমতীর হতে বর্ত্তমান কাবুল ও কান্দাহার পর্য্যন্ত বিস্তৃত প্রদেশ, প্রাচীন পুরুষপুর (Peshawar) ও তক্ষশিলা (Taxila) ইহার অন্তর্গত ছিল। গান্ধারের প্রাচীন রাজধানী ছিল পুষ্কলাবতী। বিলসন সাহেবের মতে হিন্দুকুষের দক্ষিণ হতে পাঞ্জাব ও কাশ্মীর পর্য্যন্ত বিস্তৃত।

গিরিব্রজ-রাজগৃহ। গঙ্গা ও শোণ নদের সঙ্গমস্থলে প্রতিষ্ঠিত নগর; জরাসন্ধের সময় মগধের রাজধানী। ইহা বৈহার, বরাহ, বৃষ, ঋষিগিরি ও চৈত্যক এই পঞ্চপর্ব্বত দ্বারা বেষ্টিত; মতান্তরে বিপুলগিরি, রত্নগিরি, উদয়গিরি, শোণগিরি ও বৈভারগিরি (ব্যাহার গিরি) এই পঞ্চপর্ব্বতের উপর অবস্থিত। পরবর্ত্তী রাজধানী পাটলিপুত্র (প্রাং কীকটের অন্তর্গত)। ইহার চতুঃপার্শ্বস্থ প্রদেশের নাম ধর্ম্মারণ্য (বাল্মীকি ও তৎসাময়িক বৃত্তান্ত)। ২ কেকয়রাজ অশ্বপতির রাজধানী (রামাং)।

গিরিয়া-মুর্শিদাবাদের অন্তর্গত স্থান ভাগীরথীর পূর্ব্বপারে অবস্থিত। ১৭৪০ অব্দে এখানে বাঙ্গালার নবাব সরফরাজ খাঁর সহিত আলিবর্দ্দী খাঁর যুদ্ধ হয় এবং বিজয় লক্ষ্মী আলিবর্দ্দী খাঁকেই আশ্রয় করেন।

গির্ণার-সৌরাষ্ট্রের (কাঠিয়াবাড়) অন্তর্গত জুনাগড় সন্নিহিত পাহাড়; গিরিনগর; জৈনতীর্থ।

গুপ্তিপাড়া-হুগলী জেলার গ্রামবিঃ; সঙ্গীতবিশারদ কালী মির্জ্জার (কালিদাস চট্টোপাধ্যায়) জন্মস্থান।

গুর্জ্জর-গুজরাত প্রদেশ। ২ বর্ত্তমান রাজপুতানার প্রাচীন নাম।
গুলিটা-হুগলী জেলার অন্তর্গত গ্রাম। কবিবর হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের জন্মস্থান।
গেড্রোসিয়া [Ptolemy] বর্ত্তমান বেলুচিস্থান। ইহার পূর্ব্ব সীমা সিন্ধুনদ।
গোকর্ণ-হিমালয়ের পার্ব্বত্য প্রদেশের অন্তর্গত প্রসিদ্ধ তীর্থবিশেষ। বর্ত্তমান "গোকরণ" তীর্থ। ২ উত্তর কর্ণাটস্থ নগর ও তীর্থবিঃ। 'গোয়া'র ৩০।৩২ মাইল দূরে। ৩ রামায়ণোক্ত পর্ব্বতবিঃ। এখানে কেশরী বানর শাম্বসাদন অসুরকে নিপাত করেন।
গোকুল-মথুরা হ'তে ৩ ক্রোশ দূরে অবস্থিত গ্রাম।
গোদাবরী-নাসিক সন্নিহিত সহ্যপর্ব্বত-শৃঙ্গ ত্রিম্বক হতে নিঃসৃত এবং দারুণা, কাম্বা, দেব, মরালগামিনী, প্রবরা, মুলা, থর, ফুধলা, পূর্ণা, প্রণীতা (মঞ্জীরা, পীনগঙ্গা, বরদা) বেণগঙ্গা, ইন্দ্রাবতী ও শবরী নদীর সহিত মিলিত হইয়া প্রায় ৪৫০ ক্রোশ পথ অতিক্রম করিয়া ভারত সাগরে পতিতা নদী।
গোপরাষ্ট্র-দক্ষিণ কোঙ্কণদেশ।
গোপালপুর-রাজসাহী জেলার গ্রাম। পদ্মাতীরে অবস্থিত। বৈষ্ণব কবি নরোত্তম দাসের জন্মস্থান।
গোপ্রতার-অযোধ্যার রাজপুরী হ'তে দেড় ক্রোশ দূরে সরযূ নদীর তীরস্থ তীর্থ ও ঘাট। মহাপ্রস্থানকালে রামচন্দ্র ও তাঁহার অনুগামিগণ এই ঘাটে আত্মবিসর্জ্জন করেন। হিঃ"গোপ্তার" ঘাট।
গোবিন্দপুর-যেখানে বর্ত্তমান Fort William নামক দুর্গ অবস্থিত পূর্ব্বে তথায় "গোবিন্দজী"র মন্দির ছিল। এবং বর্ত্তমান চাঁদপাল ঘাটের পূর্ব্ব দক্ষিণে গোবিন্দজীর নামে ১৬৪০ শতাব্দীর মধ্যকালে গোবিন্দপুর গ্রাম প্রতিষ্ঠিত হইয়াছিল। ১৭৫৭ অব্দ হতে গোবিন্দপুরে বর্ত্তমান দুর্গের পত্তন আরম্ভ হয়।
গোমতী-অযোধ্যাবাহিনী নদী; বর্ত্তমান গুমতী।
গোমন্ত-কোঙ্কণস্থ গোয়া সন্নিহিত স্থান।
গৌড়- [সং-গুড়+ক=গৌড়। বঙ্গদেশ গুড়ের জন্য চিরবিখ্যাত। "গুড়স্য অয়ং দেশঃ গৌড়" -অষ্টাধ্যায়ী (প্রবাসী, ১৩২৮)। কনিংহাম সাহেব তাই লিখিয়াছেন- The name of Gauda or Caur is, I believe, derived from Guda or Gur, the common name of molasses, or raw sugar, for which this province has always been famous"- Cunningham's Archæological Survey of India Reports. Vol, xv. সংস্কৃত অভিধানে নামান্তর-পুণ্ড্র, বারন্দী, নীবৃতি, গৌরবপুর। ইতিহাস মতে হিন্দুরাজত্বকালে বাঙ্গালাদেশ পঞ্চরাজ্যে বিভক্ত ছিল যথা,-(১) বরেন্দ্র, (২) বঙ্গ, (৩) মিথিলা, (৪) রাঢ় ও (৫) বকদ্বীপ, এবং এই সমগ্র ভূভাগ 'পঞ্চগৌড় রাজ্য' নামে খ্যাত হইয়াছিল। গৌড় শব্দে সচরাচর বঙ্গদেশকেই বুঝায় বলিয়া কবিবর মাইকেল মধুসূদন দত্ত মেঘনাদ বধ কাব্যে লিখিয়া গিয়াছেন-
"** রচ মধুচক্র, গৌড়জন যাহে
আনন্দে করিবে পান সুধা নিরবধি।"
বিভিন্ন দেশের আচার সম্বন্ধীয় কিম্বদন্তী হতে শাস্ত্রকার বাঙ্গালাদেশে মৎস্য ভোজনের প্রাচুর্য্য দেখিয়া গৌড়ার্থে 'বঙ্গ'কেই লক্ষ্য করিয়াছেন, যথা-"ন দোষো মগধে মদ্যে, গৌড়ে মৎস্যস্য ভোজনে, দুহিতুর্মাতুলস্যাপি বিবাহে দ্রাবিড়ে তথা, যস্মিন্ দেশে সদাচারঃ পারম্পর্য্যং বিধীয়তে।" "বঙ্গদেশং সমারভ্য ভুবনেশান্তগং শিবে। গৌড়দেশঃ সমাখ্যাতঃ সর্ব্ববিদ্যাবিশারদঃ।" -শক্তিসঙ্গম তন্ত্র। মুসলমান রাজারা মগধ ও মিথিলা লইয়া সুবে বিহার এবং অন্য ৪ গৌড় লইয়া "সুবে বাঙ্গালা" গঠন করেন। ১৫৮২ খৃঃ অব্দে রাজা তোড়রমলের বন্দোবস্তে বাঙ্গালা ও ওড়িষায় ২৪ সরকার (জেলা) এবং ৭৮৭ পরগণা নির্দ্দিষ্ট হইয়াছিল। তন্মধ্যে একটি সরকার বা জেলা জিন্নতাবাদ (আ-জিন্নৎ=অলঙ্কার সৌন্দর্য্য, শোভা + ফাঃ-আবাদ=জনপদ) গৌড়ের নাম ছিল। আধুনিক মালদহের নিকট গৌড় নগরের ভগ্নাবশেষ দৃষ্ট হয়। ১৪ শতাব্দীর শেষভাগে বিদ্যাপতি লিখিয়া গিয়াছেন "চিরঞ্জীব রহু পঞ্চ গৌড়েশ্বর রাজ-তরঙ্গিণীর কবি শিহ্লন ও গ্রীক ঐতিহাসিক টলেমী ও ষ্ট্রাবো, সেলিউকসের অভিধান বর্ণনায় উল্লেখ করিয়াছেন। ৭ম শতাব্দীর পরিব্রাজক য়ুআন্‌চোয়াং গৌড় ভ্রমণ করেন, মহাভারতে তার উল্লেখ আছে। স্কন্দপুরাণ মতে সারস্বত (সরস্বতী তীরস্থ প্রদেশ), কান্যকুব্জ, গৌড়, মিথিলা, উৎকল এই পঞ্চ গৌড়।
গৌতমীগঙ্গা [গৌতমী=(গোদাবরী)] গোদাবরী নদীর শাখা বেণগঙ্গা। "গোঃ গঙ্গাতে যাই কৈল এঁহা স্নান।" -চৈঃ চঃ (মধ্যলীলা)।
গৌরীশঙ্কর [পুং] হিমালয় পর্ব্বতমালার এক শৃঙ্গ। এভারেষ্ট চূড়ার বহু মাইল পশ্চিমে, উচ্চতা ২৩৪৪৭ ফুট।
ঘুসুড়ীর ট্যাঁক-কলিকাতার ৬।৭মাইল উত্তরপশ্চিমে হুগলী জেলার গঙ্গাতীরস্থ উপনগর ও তার পুর্ব্ব সীমায় গঙ্গার কূলে বিস্তীর্ণ চড়া। ভরা জোয়ারে জলমগ্ন হয়। ভাঁটায় লোক তথা যাতায়াত করে।
ঘূর্ত্তসমুদ্র [পুং] কাস্পিয়ান হ্রদ। ঘোলঘাট [পর্ত্তুঃ গলগোথা (মাথার খুলি রাখিবার স্থান=শ্মশান)] হুগলীর গঙ্গাতীরস্থ পর্ত্তুগীজদের পুরাতন গড়। ২ হুগলী ঘুটিয়াবাজারের শ্মশানঘাট।
ঘোষপাড়া-নদীয়া জেলার বিখ্যাত গ্রাম; কর্ত্তাভজা সম্প্রদায়ের প্রধান পীঠস্থান।
চক্রবান্-পশ্চিম সমুদ্রের চতুর্থাংশের পর অবস্থিত পৌরাণিক পর্ব্বত। বিশ্বকর্ম্মা এখানে সহস্র অরযুক্ত চক্র নির্ম্মাণ করেন বলিয়া নাম। পঞ্চজন ও হয়গ্রীব দানবদ্বয়কে বধ করিয়া বিষ্ণু এখান হতে পাঞ্চজন্য শঙ্খ ও ঐ চক্র আহরণ করেন (রামাঃ)।
চট্টল [সং] চট্টগ্রাম। গ্রাঃ চাটগাঁ। নবাবী আমলের "ইস্‌লামাবাদ"।
চন্দন-গোমতীতীরস্থ পর্ব্বত (রামাঃ)।
চন্দননগর, চন্দরনগর, চন্দন্নগর, চন্নগর-ওঃ। ভাগীরথী তীরে চন্দ্রকলার আকারে অবস্থিত বলিয়া নাম। কিন্তু ইং ও ফরাসী গ্রন্থে "Land of sandal wood, ville du bois de santul" অর্থাৎ চন্দন কাঠের দেশ বলিয়া নাম (?)- হঃ শেঠ, প্রবাসী, চৈত্র, ১৩৩১] ফরাসী অধিকৃত ফরাসডাঙ্গা। হুগলীজেলার অন্তর্গত গঙ্গাতীরবর্ত্তী নগর; কবিওয়ালা নিত্যানন্দ বৈরাগীর জন্মস্থান।

চন্দ্রগিরি-সিন্ধুসাগরসঙ্গমে অবস্থিত শতশৃঙ্গ পর্ব্বত (রামা০)।

চন্দ্রদ্বীপ-যে প্রদেশগুলি সমুদ্রের জলে কখনও মগ্ন কখনও জল হতে উত্থিত হইত। উহাও নবদ্বীপের অন্তর্গত। পশ্চাত্য বৈদিকদিগের যে সকল প্রধান সমাজ আছে চন্দ্রদ্বীপ তার একতম, ইহা চন্দ্রদ্বীপ বাখলা বলিয়া প্রসিদ্ধ।

চন্দ্রভাগা-পঞ্জাবের বর্ত্তমান চিনাব নদী, মুলতান সহর ইহার তীরে অবস্থিত।

চন্দ্রশেখর-চট্টগ্রামস্থ পর্ব্বত ও তীর্থ।

চম্পকনগর, চম্পাই, চম্পানগর, চাঁপাইনগর-বর্দ্ধমান জেলার অন্তর্গত মানকর রেল-ষ্টেশনের ২।০ ক্রোশ দক্ষিণে গাঙ্গর নদীর উত্তরস্থ নগর। এখানে চাঁদ-সদাগরের বাস ছিল (ম০ মঙ্গল, অ০ ম০)। দ্রঃ- Hunter's Statistical Account of Bengal গ্রন্থের "চাঁদনিয়া" নগরই মনসার ভাসান গ্রন্থের "চম্পক নগর"। বেভারিজ্ সাহেব এই নগর "চাঁদমোয়া" বা "চাঁদমুখ" নামে অভিহিত করিয়াছেন (শিবচন্দ্র শীল কৃত টীকা, গোবিন্দচন্দ্র গীত)। ২ বর্দ্ধমানের প্রায় ষোল ক্রোশ পশ্চিমে অবস্থিত গ্রাম। এখানে একটী মৃৎস্তূপ আছে। ঐস্থানে লখিন্দরের (লক্ষ্মীন্দ্র) লৌহের বাসরগৃহ নির্ম্মিত হইয়াছিল বলিয়া প্রসিদ্ধি আছে।

চম্পানদী-গ্রা০ চাঁপাই নদী। চম্পকনগর দ্রঃ। বর্দ্ধমান জেলার মধ্য দিয়া এই নদী প্রবাহিত। চম্পাইয়ের রাজা "মকরাক্ষ মহামতি, জায়া যাঁর চম্পাবতী, চাঁপাই খেয়াতি যাহা হ'তে। * * সেই রাণী মহাযত্নে ঘাট বাঁধাইলা রত্নে, সেই দিল দেহরা চত্বরে।" -ঘন০। শূন্য পুরাণ রচয়িতা রমাই পণ্ডিতের আশ্রম এই চম্পাই বা চাঁপাই নদীর তীরে হাকণ্ড (হাকন্দ) গ্রামে ছিল। এই গ্রামেই পণ্ডিত যোগবলে দেহত্যাগ করেন।

চর্ম্মণ্বতী-বর্ত্তমান চম্বল নদী, গয়ালিয়র্ দুর্গ ইহার তীরে অবস্থিত।

চাপতা-হুগলী, ত্রিবেণীর নিকটবর্ত্তী গ্রাম। নিধু বাবুর (রামনিধি গুপ্ত) জন্মস্থান।

চালুক্য-চোল দেশের উত্তরস্থ রাজ্য।

চিত্রকূট-যুক্তপ্রদেশের (U.P.) বান্দা জেলার অন্তর্গত পাহাড়বিঃ। ইহা প্রয়াগের ভরদ্বাজ-আশ্রম হতে পশ্চিমবাহিনী যমুনাতীর দিয়া দশক্রোশ যাইলে পাওয়া যায়। রামের বনবাসকালে এখানে ভরতসমাগম ঘটে। তখন বাল্মীকি আশ্রম এইখানে ছিল (রামা০)।

চীন [মধ্য এশিয়ার খিতাই, খাতা, কাথে নামে হাজার বছরেরও পূর্ব্বে পরিচিত দেশ। রুশরা এখনও চীনকে বলে খিতাই। খিতাই ও মাচিন্ বা কাথে ও চায়না বা চিনা=সেরেস ও সিনাই। চীনাদের স্থলপথের লোকেরা "সেরেস" বলিয়া এবং সমুদ্রপথের লোক "সিনাই" বলিয়া জানিত। Yule's Marco Polo, 2nd Ed. Intro: p. 11& note. Mc Crindle's Ptolemy. Pp 8. 9. note. "Mr. Holt, an eminent Chinese scholar, shows that the name of China had been derived from the Indians who first knew China (not for the Tsin dynasty) from the name of the Compass, specimens of which were supplied to the early envoys, the Chinese being thus known in India as the compass people, just as the seres, another Chinese population, derived their western name from silla'."—Mc Crindle's Ptolemy pp. 9. 10] তিব্বতের উত্তর এবং পূর্ব্বে অবস্থিত বহুজনাকীর্ণ দেশবিঃ China. ২ নেপালের প্রাচীন নাম। চীন এবং আধু০ চীনের প্রাচীন নাম-'জনলোক'।-মানবের আদি জন্মভূমি (উ০ বিদ্যারত্ন)।

চুপি, চুপী-নবদ্বীপের দুই ক্রোশ দূরবর্ত্তী গ্রাম। অক্ষয়কুমার দত্তের জন্মস্থান। ২ বর্দ্ধমান, কালনার নিকটবর্ত্তী গ্রাম। দেওয়ান রঘুনাথ রায়ের জন্মস্থান।

চেদি-মধ্য প্রদেশের প্রাচীন রাজ্য। নাগপুর, জব্বলপুর সন্নিহিত দেশ। দেশবাসীর নামও চেদি। ইহারা নর্ম্মদার তটবর্ত্তী দেশ অধিকার করিয়াছিল। ইহারাই দশার্ণ বলিয়া উক্ত হইত। অনেকে মধ্যভারতের বুন্দেলখণ্ডে বাস করিয়াছিল। কেহ কেহ তাহাদের আধু০ চন্দেল বলিয়া অনুমান করেন।

চের-কেরল রাজ্য বর্ত্তমান মালাবার প্রদেশ। চন্দ্রগিরি নদী যেখানে সমুদ্রে পড়িয়াছে তার দক্ষিণ পশ্চিম উপকূল লইয়া এই চের বা কেরল রাজ্য ছিল। রোমের সহিত চেরদিগের বাণিজ্য সম্বন্ধ ছিল।

চেরাপুঞ্জী (সরা > চেরা (টালি) + পুঞ্জী (গ্রাম) আসামের পাহাড়বিঃ। শিলং হতে ৩৩ মাইল। পৃথিবীর সর্ব্বাপেক্ষা অধিক বৃষ্টিপাত স্থান।

চৈত্ররথ-উত্তর কুরুদেশে গঙ্গা সরস্বতী সঙ্গমের নিকট কুবেরোদ্যান (রামা০)।

চোড়, চোল-দক্ষিণ ভারতের পূর্ব্ব প্রান্তস্থ ভূভাগ।, ইহা বর্ত্তমান নেলোর হতে পদুকোটার অন্তর্গত ছিল; চোড়মণ্ডল: দ্রাবিড় দেশ Coromandal. বর্ত্তমান কর্ণাটিক দেশ। খৃষ্টজন্মের সময় হ'তে রোমরাজ্যের সহিত চোলদের বাণিজ্য ছিল। চোল রাজত্বকালে কাঞ্চীপুরে রামানুজ স্বামীর প্রাদুর্ভাব হয়।

চৌবেড়িয়া-নদীয়া জেলার অন্তর্গত গ্রাম। দীনবন্ধু মিত্রের জন্মস্থান।

চৌরঙ্গী, চৌরঙ্গী-প্রাচীন কলিকাতার পার্শ্ববর্ত্তী গোবিন্দপুরের প্রান্তরে চৌরঙ্গী বংশের জনৈক তেজস্বী যোগীপুরুষের আসন ছিল বলিয়াই একালের গড়ের মাঠের নাম "চৌরঙ্গীমাঠ" বলিয়া প্রসিদ্ধ।

ছত্রপুর-সেণ্ট্রাল ইণ্ডিয়ান এজেন্সীর অন্তর্গত বুন্দেলখণ্ডস্থ করদ রাজ্য বিঃ।

ছত্রভোগ-২৪ পরগণা, জয়নগর মজিলপুর হ'তে ২।০ ক্রোশ দক্ষিণে। চৈতন্যদেব সন্ন্যাসের পর নীলাচল যাত্রাকালে এই গ্রামে আসিয়াছিলেন। এখানকার গঙ্গা শতমুখী হইয়া প্রবাহিত। এই স্থলে শিবদেহ জাহ্নবীদেহে একীভূত হওয়ায় এই স্থানের ঘাট অম্বুলিঙ্গ ঘাট নামে প্রসিদ্ধ।

ছত্রিশগড়-মধ্যপ্রদেশের অন্তর্গত প্রদেশ। "রতনপুর" ও "ঝাড়খণ্ড" নামেও অভিহিত। রায়পুর, সম্বলপুর, বিলাসপুর ও গোদাবরী প্রদেশ ইহার অন্তর্গত।

জটিঙ্গ রামেশ্বর-মহীশূরের অন্তর্গত চিতলদুর্গ জেলায় গ্রামবিশেষ (অশোক লিপিতে উক্ত)। এখানে রাবণকর্ত্তৃক জটায়ুবধ হইয়াছিল।

জনকপুর-দ্বারবঙ্গের ৩৫ মাইল উত্তরে সীতার জন্মস্থান।

জনকভূ, জনকভূমি-বরেন্দ্র ভূমি; বঙ্গের পালরাজগণের জন্মভূমি (গৌড় রাজমালা)।

জনস্থান-দণ্ডকারণ্যের মধ্যে প্রস্রবণ পর্ব্বত সন্নিহিত মনোরম অংশ। পঞ্চবটী ইহার অন্তর্গত। খর ও দূষণ নামক রাক্ষসদ্বয়ের আলয় ছিল। সাধা০ দণ্ডকারণ্যের নামান্তর।

জন্নতাবাদ-মালদহ (আঈন-ই-আকবরী)।

জপসা-ঢাকা জেলার অন্তর্গত গ্রাম। রামগতি সেনের কন্যা এবং অযোধ্যারাম কবীন্দ্রের পত্নী কবি আনন্দময়ীর জন্মস্থান।

জম্বু-সপ্তদ্বীপান্তর্গত দ্বীপ; ভারতবর্ষ।

জম্বুকোল-সিংহলের প্রাচীন বন্দরবিশেষ (বর্ত্তমান জাফ্‌নার নিকট ছিল)।

জলোদ-পুরাণোক্ত-পূর্ব্ব সমুদ্র। বড়বানল এই সমুদ্রের গর্ভে বিরাজ করে।

জাগুলিয়া-২৪ পরগণার অন্তর্গত গ্রাম। কবি মনোমোহন বসুর জন্মস্থান।

জাঙ্গিপাড়া-হুগলী, কৃষ্ণনগরের নিকট গ্রাম। গোবিন্দ অধিকারীর জন্মস্থান।

জাপান [পৃ০ ৮৫১, অভি০ দ্রঃ] প্রায় ৬০০ বৎসর পূর্ব্বে জা০ চীনের অধীন ছিল। জাপানের নাম ছিল তুং চিন্ (তুং=পূর্ব্ব east. তুল০ পে=উত্তর north. > পেচিন্ Peking; ন্যান্=দক্ষিণ south > ন্যান্‌চিন্=Nankin; শি=পশ্চিম west > শিচিন = শেচোয়ান্ Setwan, Shi-chin)।

জালিম্‌সিংহের মাঠ -মুর্শিদাবাদ জেলার অন্তর্গত গিরিয়ার যুদ্ধক্ষেত্রে খামরার নিকট যথায় জমাদার বিজয় সিংহ নবাব সরফরাজ খাঁর মৃত্যুর পর তাঁহার শত্রু আলিবর্দ্দী খাঁর বহুসৈন্যকে নিহত করিয়া ভূতলশায়ী হন, তথায় তাঁহার নবমবর্ষীয় পুত্র জালিম সিংহ উন্মুক্ত-অসি হস্তে পিতার মৃতদেহ রক্ষা করিয়াছিলেন। কয়েকজন সৈনিক এই বালকের উপর অসি চালনা করিতে উদ্যত হইলে, নবাব আলিবর্দ্দী খাঁ সেই অপূর্ব্ব দৃশ্য দর্শনে মুগ্ধ হইয়া রাজপুত বালককে হত্যা করিতে নিষেধ করেন এবং তাঁহার পিতার দেহ সৎকারের আদেশ দেন। অতঃপর এই স্থান "জালিম সিংহের মাঠ" বলিয়া খ্যাত হয় (বাঙ্গালার ইতিহাস, নবাবী আমল)।

জাহাঙ্গীর নগর -নবাবী আমলে, "ঢাকা" এই নামে অভিহিত। ১৩ চাক্‌লার অন্যতম।

জাহ্নবী [পুং। জহ্নু মুনি কন্যা বলিয়া নাম] গঙ্গানদী। হিন্দুর অধিকাংশ প্রধান তীর্থ এই নদীর তীরে অবস্থিত।

জিয়ড় নৃসিংহ ক্ষেত্র-সীমাচল নামক পাহাড়ের উপরে প্রতিষ্ঠিত। ওয়ালটেয়ার যাইবার পথে তার পূর্ব্ববর্ত্তী ষ্টেশন সীমাচলম্। ষ্টেশন হতে ৩ মাইল দূরবর্ত্তী। প্রহ্লাদ বৃদ্ধবয়সে এস্থানে আসিয়া তপস্যায় নিযুক্ত হন এবং নৃসিংহ দেবের দর্শন লাভ করিয়া শৈলশিখরে শ্রীবিগ্রহ প্রতিষ্ঠিত করেন।

জেজাভুক্তি-বর্ত্তমান বুন্দেলখণ্ড।

জৌগড়-মান্দ্রাজের অন্তর্গত গঞ্জাম জেলার গ্রামবিশেষ; অশোক অনুশাসনে উল্লিখিত।

ঝামটপুর-বর্দ্ধমান জেলার কাটোয়ার নিকটবর্ত্তী গ্রাম। চৈতন্য চরিতামৃতকার বৈঃ কবি কৃষ্ণদাস কবিরাজের জন্মস্থান।

ঝারি খণ্ড-বাঙ্গালার পশ্চিমে জঙ্গলময় স্থানবিঃ।

ঝিনাইদহ-যশোহর জেলার গ্রাম। সাধক পাগলা কানাইয়ের জন্মস্থান।

ডবাক-"পশ্চিমে কাছাড় জয়ন্তিয়া পাহাড় ও কপিল নদী দ্বারা বেষ্টিত, দক্ষিণে মণিপুর ও প্রায় পূর্ব্বে ইরাবতী নদীদ্বারা বেষ্টিত রাজ্য। ইহার উত্তরাংশে পর্ব্বত ও নদী বেষ্টন করিয়া আছে।"-প্রবাসী, বৈশাখ, ১৩৩০।

ঢেকুর-গৌড়রাজ ধর্ম্মপালের সময় মেদিনীপুরের অন্তর্গত এবং অজয় নদের তীরবর্ত্তী সামন্ত রাজ্য। ঘনরামের ধর্ম্মমঙ্গলের নায়ক ইচ্ছা বা ইচ্ছাই ঘোষ তার অধীশ্বর। ময়না নগর তাঁর রাজধানী ছিল।

তক্ষশীল,-া [রামা০, মহা০। গ্রী০ taxila. > পা০ তখশিল "bet. Indus and the Hydaspes"—Arrian.] -ভারতের উত্তর পশ্চিমে রাওলপিণ্ডি হ'তে ২০ মাইল দূরে কাল্‌কা সরাইয়ের (সরাইকলা রেল ষ্টেশন) সন্নিহিত শাহ্‌দেরীর ধ্বংসাবশেষমধ্যে স্থিত প্রাচীন নগরী। গান্ধারের প্রাচীন রাজধানী। দশরথাত্মজ ভরতের পুত্র তক্ষের রাজধানী। গ্রী০-taxila এখানে জয়েজয়ের সর্পযজ্ঞ হইয়াছিল। এখানকার খৃ: পূ: ৪র্থ ও ৫ম শতাব্দীর বৌদ্ধ বিশ্ববিদ্যালয় ধর্ম্ম, রসায়ন, চিকিৎসা ও বহুশাস্ত্র অধ্যয়ন অধ্যাপনার কেন্দ্রস্থল বলিয়া জগতে প্রখ্যাত হইয়াছিল। আলেকজাণ্ডারের আক্রমণকালে এখানকার রাজা ছিলেন taxiles তক্ষশিলেশ। ৮০ বৎসর পরে ইহা বিন্দুসারের পুত্র সম্রাট অশোক তক্ষশিলা জয় করেন।

তমলুক, তমোলুক-তমোলিপ্ত দ্রঃ।

তমসা-সরযূ ও গোমতীর মধ্যস্থিত গঙ্গার শাখানদীবিশেষ। বর্ত্তমান টন্স্ নদী R. Tons এলাহাবাদ আজমগড় প্রভৃতি জেলার মধ্য দিয়া প্রবাহিত। ইহার তীরে মহর্ষি বাল্মীকির আশ্রম ছিল।

তমোলিপ্ত, তাম্রলিপ্ত, তা(দা)মলিপ্তি [সং-তাম্রলিপ্তি। গ্রা০ তামলিটি। Classical Tamalites. য়ুয়ান চুআঙের Tan mo-li-ti] মেদিনীপুর অন্তর্গত প্রা০ বন্দর ও সমৃদ্ধ নগর। সমুদ্রতীরে রূপনারায়ণ নদীর মোহনায় Broad bay র ধারে যেখানে হুগলী নদীর সহিত মিলিত তাহার ১২ মাইল উপরে। "1400 or 1500 li=about 250 mils in circuit"—Julien's Hiouen thsang. iii, 83. মুসলমান রাজত্বকালে বাঙ্গালার নবাব মুর্শিদকুলী খাঁ কর্ত্তৃক প্রতিষ্ঠিত ২০টি জমীদারী বিভাগের অন্যতম বিভাগ। "জালামুঠা, সুজামুঠা, মহিষাদল ই০ ওড়িষ্যা হতে পারিজা, চাকলা হিজলীর অন্তর্গত জমিদারী"-বাঙ্গালার ইতিহাস, (নবাবী আমল)। সমুদ্র এখন তাম্রলিপ্ত হ'তে বহু দূর দক্ষিণে সরিয়া গিয়াছে।

তাপ্তী-মুলতাই পর্ব্বত হতে নির্গত হইয়া ২৩০ ক্রোশ পথ অতিক্রম করিয়া আরব সাগরে পতিতা নদী।

তাম্রপর্ণী-মলয় পর্ব্বত হতে নিঃসৃতা নদী। তিন্নেবল্লী দেশের ভিতর দিয়া প্রবাহিত হইয়া এবং কন্যাকুমারীর নিকট দিয়া মানার উপসাগরে পতিত হইতেছে। ২ প্রাচীন সিংহল।

তিরুপতি-ত্রিপতি দ্রঃ।

তুর্ব্বসুস্থান-আধুনিক তুর্কীস্থান বা তুরস্ক। যযাতিপুত্র তুর্ব্বসু পিতা কর্ত্তৃক অভিশপ্ত ও বিতাড়িত হইয়া এই দেশের পত্তন করেন।

তেওতা-ঢাকা জেলার অন্তর্গত গ্রাম। রজনীকান্ত গুপ্তের জন্মস্থান।

তেঁউটা-বর্ত্তমান তেউড়ী। গড় মান্দারণের দক্ষিণস্থ গ্রাম (কবিক°)।

তেলিয়াবুধরি-পদ্মাতীরস্থ গ্রাম। বৈষ্ণব পদকর্ত্তা কবি গোবিন্দদাস কবিরাজের বাসস্থান।

তোসালি-প্রাচীন কলিঙ্গের রাজধানী। অশোক লিপিতে উক্ত।

ত্রিকলিঙ্গ-কলিঙ্গ দ্রঃ।

ত্রিকালহস্তী-কালহস্তী দ্রঃ।

ত্রিকুট-লম্ব নামক পর্ব্বত। ইহার উপর লঙ্কা অবস্থিত (রামা°)।

ত্রিকুট-সাঁওতাল পরগণার অন্তর্গত পর্ব্বতবিঃ।

ত্রিগর্ত্ত-পঞ্জাবের বর্ত্তমান জলন্ধর জেলা। ইহা রাবী, বিপাশা ও শতদ্রু এইতিন নদী মাতৃক ভূভাগ (Cunningham. p. 683, C. A. S. R., V. p. 14 8). প্রধান নগর জলন্ধর ও কোটকাঙ্গরা।

ত্রিপতি, তিরুপতি-কালহস্তী ষ্টেশনের দুইটী ষ্টেশন পরে অবস্থিত। ষ্টেশন হতে এক মাইল দূরে তিরুমলবা ত্রিমল্ল পাহাড়ের সপ্তম শৃঙ্গে এই তীর্থ অবস্থিত। নামান্তরে বালাজী, বেঙ্কটেশ্বর। ত্রিপতির মন্দিরে চতুর্ভুজ বিষ্ণু-মূর্ত্তি বিরাজিত। এই মন্দির শ্রীশঙ্করাচার্য্যের সময়ে শিবমন্দির ছিল শ্রীরামানুজ স্বামী কর্ত্তৃক উহা বিষ্ণু মন্দিরে পরিণত হয়।

ত্রিপুর, ত্রিপুরী-বর্ত্তমান Tvar, প্রাচীন চেদিরাজ্যের রাজধানী। আধু° জব্বলপুর হতে ৬ মাইল দূরে।

ত্রিবেণী-হুগলী জেলার সপ্তগ্রামের নিকট-বর্ত্তী গঙ্গা, যমুনা, সরস্বতীর মুক্তবেণী তীর্থ। ত্রিবেণী গ্রাম। দুর্গামাহাত্ম্য (১৫০১ শক)-লেখক কবি মাধবাচার্য্যের জন্মস্থান। ২ উত্তর বঙ্গের গ্রামবিশেষ। নেতা ধোবানীর পাট দ্রঃ।

ত্রিষষ্ঠী-ঢেকুর (দ্রঃ) রাজ্যের প্রাচীন নাম (ধ° ম°, ঘ°১)।

দক্ষিণ পাটল-বর্দ্ধমান জেলার কালনা মহকুমার অন্তর্গত অগ্রদ্বীপের দক্ষিণে ভাগীরথীতীরবর্ত্তী গ্রাম। বর্ত্তমান পাটলি বা পাটলা (মনসার ভাসান, ক্ষেমানন্দ)।

দক্ষিণাপথ [আধু° Deccanএর সং নাম।

দজলা-টাইগ্রিস্ নদী।

দণ্ডকারণ্য-গোদাবরীতীরস্থ বহু ঋষি সেবিত বহু রাক্ষস পরিবৃত বিস্তীর্ণ অরণ্য; রামায়ণোক্ত জনস্থান, । রামায়ণের যুগে এই মহাবন গঙ্গার দক্ষিণ হতে সমুদ্রোপকূল পর্য্যন্ত বিস্তৃত ছিল (রামা°)।

দধিসাগর-কৃষ্ণসাগর Black Sea.

দর্দ্দ [সং-গ্রন্থাদিতে] ভুটান।

দশার্ণ-দাবরাজার দেশ। বিল্‌সন্ ইহা টলেমী ও পেরিপ্লাসের "দশারিণ"বলিয়া মনে করেন। দসন নদী ইহার মধ্য দিয়া প্রবাহিত। ছত্রিশগড় সন্নিহিত স্থান। বিদিশা (বর্ত্তমান 'ভিলসা') ইহার রাজধানী (মেঘদূত)। আধু° "মান্দাসোর"। ইহা চম্বল ও বেত্রবতী (আধু° বেটোয়া) নদীদ্বয়ের মধ্যবর্ত্তী দেশ (বাল্মীকি ও তৎসাময়িক ভূবৃত্তান্ত)।

দাদপুর [যুবরাজপুর (রাঢ়ের) > দাউদ-পুর >] যাজপুর দ্রঃ।

দাক্ষিণাত্য ও°] মধ্যদেশের দক্ষিণের রাষ্ট্র বিভাগ (হর্ষচরিত, পালিজাতক)।

দামুন্যা-বর্দ্ধমান জেলার রায়না থানার অধীন ও রত্নাপুতরঙ্গিণী নদী-তীরবর্ত্তী গ্রাম। কবিকঙ্কণ মুকুন্দরাম ও তাঁর জ্যেষ্ঠ ভ্রাতা কবিচন্দ্রের জন্মস্থান।

দামোদর-বর্দ্ধমানের দক্ষিণে প্রবাহিত প্রসিদ্ধ নদী (অ° ম°)।

দারুকেশ্বর-মেদিনীপুর জেলার নদী (কবিক°)।

দেবগ্রাম-নদীয়া জেলার গ্রাম। বৈঃকবি হরিবল্লভ দাসের জন্মস্থান।

দেবসখা-হিমালয়সন্নিহিত পর্ব্বত(রামা°)।

দেবীকোট-কোটিবর্ষ দ্রঃ। এখানে সতীর পদযুগল পতিত হইয়াছিল। অধিষ্ঠাত্রী দেবী 'মহাভাগা'।

দেলুড়-বৃন্দাবন দাস (জন্ম ১৫০৭খৃ°, বৃন্দাবন) প্রণীত স্বনামখ্যাত শ্রীচৈতন্য চরিতাত্মক গ্রন্থ চৈতন্য মঙ্গল বা চৈতন্য ভাগবত নামে প্রসিদ্ধ হয়, তার রচনা স্থান। রচনাকাল ১৫৩৬ খ্‌।

দ্রাবিড়-কলিঙ্গ দেশের দক্ষিণ সীমা হতে কুমারিকা পর্য্যন্ত বিস্তীর্ণ দক্ষিণ ভারত ভূমি। কৃষ্ণা ও পেন্নার নদী মধ্যবর্ত্তী বনভূমির দক্ষিণস্থ দেশ। ব্যাপকার্থে গোদাবরীর দক্ষিণে সমস্ত ক্রোড়মণ্ডল ইহার অন্তর্ভুক্ত ছিল। রাজধানী কাঞ্চী (দ্রঃ)।

দ্রোণ-ক্ষীরোদসাগরে স্থিত পর্ব্বত (রামা°)

দ্বারাবতী-সাগরকূলবর্ত্তী মোক্ষদায়িকা পুরী। বর্ত্তমান দ্বারকা। বরদা রাজ্যের পশ্চিম উপকূলে অবস্থিত।

দ্বৈতবন-পঞ্জাবস্থ সরস্বতী নদীর তীরবর্ত্তী মহারণ্য।

দ্বৈপায়ন-কুরুক্ষেত্রের সন্নিহিত হ্রদ।

ধনুতীর্থ-বর্ত্তমান "পম্বেন্ প্যাসেজ"। লঙ্কাপথের ধনুর অগ্রভাগের দ্বারা সেতুবন্ধ ছিন্ন হওয়াবধি ইহার নাম "ধনুতীর্থ" হইয়াছে।

ধর্ম্মারণ্য-পঞ্চাল এবং উত্তর কোশলের মধ্যবর্ত্তী হিমালয়পাদমূলস্থ অরণ্য এবং অমূর্ত্ত-রজা কর্ত্তৃক স্থাপিত নগর (রামা°)। প্রাচীন ভূগোলমতে প্রাগ্‌জ্যোতিষপুর।

ধানাইদহ-উত্তর বঙ্গের গ্রাম। গুপ্ত সম্রাট কুমার গুপ্তের ৪৩২।৩৩ খৃষ্টাব্দের তাম্রশাসন প্রাপ্তির জন্য প্রসিদ্ধ।

ধূম্রাচল-রামায়ণোক্ত পর্ব্বতবিঃ(কিষ্কিন্ধ্যা কাণ্ড ৩৭)।

ধুলিয়াপুর-খুলনাজেলার অন্তর্গত যশো-হরের (প্রতাপাদিত্যের রাজধানী) নিকটস্থ গ্রাম। পণ্ডিত পঞ্চানন তর্করত্নের জন্মস্থান।

নন্দন [পু°] স্বর্গোদ্যান; ইন্দ্রের উদ্যান।

যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগগ্র), হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ক্ষ=ংগ জ্ঞ=ন্গাঁ ঞ=নচ ঙ=ঙ্ক ঃ=ক হু হ্ন হ্ম হ্ব ক্ষ=হ্ব যুহ্ হ্য হ্ব হ্ন হ্ম, জ ক ব ক্ষ=ʒwv ও ভো° দ্রঃ

নন্দীগ্রাম-অযোধ্যার ১ক্রোশ পূর্ব্বে লক্ষ্ণৌ জেলার অন্তর্গত বর্ত্তমান নন্দ্‌গাঁও (রামা০)।

নবদ্বীপ [সং-নদীয়া, গ্রা০ নদে] বাঙ্গালা প্রেসিডেন্সী বিভাগের প্রসিদ্ধ জেলার প্রধান নগর (কলিকাতার ৬০ক্রোশ দূরে) মধ্যযুগের হিন্দুর ধর্ম্ম ন্যায় দর্শনাদি শাস্ত্রের পীঠস্থান। চৈতন্যদেবের জন্মভূমি।

নয়াপাড়া-চট্টগ্রাম রাউজান থানার অধীন গ্রাম। কবি নবীনচন্দ্র সেনের জন্মস্থান।

নর্ম্মদা-অমরকণ্টক পর্ব্বত হতে উৎপন্ন হইয়া প্রায় ৪০০ ক্রোশ পথ অতিক্রম করিয়া কাম্বে উপসাগরে পতিতা নদী।

নল-আহমদাবাদ প্রদেশস্থ হ্রদ।

নলিনী-অমরাবতী (রামা০)।

নাগগিরি-মধ্যপ্রদেশস্থ নাগপুর বিভাগীয় গিরিমালা।

নাগপর্ব্বত-কাশ্মীরের অন্তর্গত পর্ব্বতবিঃ।

নাগপাহাড়-রাজপুতানার অজমীঢ়ের অন্তর্গত ক্ষুদ্র পর্ব্বত।

নাগলোক-গবালিয়র ও বুন্দেলখণ্ডের কিয়দংশ।

নাটোর [নাট (লাট)+ওর (সীমা)] প্রকৃত নাম লাট পরগণা। নাট=লাট (স্তম্ভ= সীমাচিহ্ন)। মুসলমান আমলে স্থানে স্থানে সীমা নির্দ্দেশক লাট (pillar of log) থাকিত। > নাট পরগণা > ক্ষে০ নাটোর। -বঙ্গের ব্রাহ্মণ রাজবংশ, পৃ০ ৩৩।

নান্নুর-বীরভূম জেলার সাকুলিপুর থানার অধীন গ্রাম। বৈষ্ণব কবি চণ্ডীদাসের জন্মস্থান।

নারায়ণগড় - মেদিনীপুরের সীমান্ত গ্রাম। ইহা অতিক্রম করিয়া ও মহানদী পার হইয়া কটকে যাইবার পথ (অ০ ম০)।

নালন্দ,-া-রাজগৃহের ৩৷ ক্রোশ উত্তরস্থ নগর। প্রাচীন নালন্দা পাটনা হতে ৩ ক্রোশ দক্ষিণে > বড়গাঁও হতে ১১ ক্রোশ পশ্চিমস্থ ভূখণ্ডে অবস্থিত, মতান্তরে বর্ত্তমান তেলাঢ়ার ছিল। রেলযোগে যাইতে হইলে এক্ষণে ই০ আই. রেলের বক্তিয়ারপুর ষ্টেশনে নামিতে হয়। নালন্দার মঠ সম্রাট অশোক কর্ত্তৃক স্থাপিত বলিয়া উক্ত হয়, পরে শঙ্কর ও মুগ্দল-গোমী নামক ব্রাহ্মণদ্বয় কর্ত্তৃক সংস্কার করা হয় ও মঠ এবং শিক্ষায়তন বৃহত্তর ক্ষেত্রে ও বৃহত্তর আকারে নির্ম্মিত হয়। কাশীরাজ বুদ্ধপক্ষের রাজত্বকালে ইহা অগ্নিদগ্ধ হইলে বহু অমূল্য গ্রন্থ ভস্মীভূত হয়। এত বড় বিদ্যায়তন তখন ভারতবর্ষে আর ছিল না। শত শত আচার্য্য ও দশ সহস্রাধিক যাজক ও শিষ্য এখানে বাস করিতেন। নাগার্জ্জুন, য়ুয়ানচুয়াং প্রমুখ বিশ্ববিখ্যাত ব্যক্তিগণ এখানে অধ্যয়ন করিয়াছিলেন। এখানে চুয়ানচুআঙের অবস্থিতিকালে বঙ্গের সমতটের রাজবংশীয় বাঙ্গালী ভিক্ষু শীলভদ্র এই বিশ্ববিদ্যালয়ের মহাস্থবির ছিলেন। পাল রাজাদের সময় ইহা প্রধান বৌদ্ধ তীর্থ ছিল। নয়পাল দেবের সময় স্বনামখ্যাত শ্রীজ্ঞান দীপঙ্কর(অতীশ) নালন্দার সঙ্ঘস্থবির ছিলেন। জৈনধর্ম্মপ্রবর্ত্তক মহাবীর স্বামী এখানে জন্ম-গ্রহণ করায় ইহা জৈন মহাতীর্থও বটে।

নিকুম্ভিলা-সিংহলস্থ কলম্বো হতে ৪০ মাইল দূরবর্ত্তী স্থান।

নিছনি নগর-উজ্জয়িন (Hunters Statistical Account of Bengal.) নগরই "মনসার ভাসান" গ্রন্থে নিছাই বা নিছনি নগর বলিয়া উক্ত। এখানে চাঁদবেণের পুত্র লখিন্দরের পত্নী বেহুলার জন্মস্থান ছিল (ক্ষেমানন্দ, অ০ ম০)। রিজলী সাহেবের মতে এখানে চাঁদবেণের বাড়ী ছিল।

নিমতা-২৪ পরগণার বেলঘরিয়ার অর্দ্ধ-ক্রোশ দূরবর্ত্তী গ্রাম। কালিকামঙ্গল ও রায়-মঙ্গল প্রণেতা কবি কৃষ্ণরাম দাসের জন্মস্থান।

নির্ঝর-নির্জ্জরপুর (অভি০ দ্রঃ)। শান্তি-পুরের ২ ক্রোশ উত্তরে, দক্ষিণে গঙ্গা নদী, উত্তরে নির্ঝর, পূর্ব্বে সুতরাগড়।

নিষধ-মধ্যভারতের অন্তর্গত জব্বলপুরের পূর্ব্ববর্ত্তী দেশ। **~পর্ব্বত** [পু০] বর্ত্তমান আলতাইনতাগ্।

নীচৈ [সং] মেঘদূত কাব্যোক্ত ক্ষুদ্র শৈল। "তুমি যখন নীচৈপাহাড়ের বুকের উপর গিয়া বিশ্রাম করবে, তখন রাশি রাশি ফুটন্ত কদম ফুলের গাছ নীচৈ গিরি ছেয়ে থাক্‌বে।" -মেঘদূত (নরেন্দ্র দে০)।

নীলপর্ব্বত-বর্ত্তমান দক্ষিণ আলতাই পর্ব্বত।

নীলাচল-নীলগিরি পর্ব্বত-শ্রেণী। ২ ইহার প্রান্তপ্রদেশে প্রতিষ্ঠিত জগন্নাথপুরী শ্রীক্ষেত্র (জগন্নাথমঙ্গল, উৎকল খণ্ড, অ০ ম০)।

নৈড়াদেউল-বর্দ্ধমান হতে মেদিনীপুর যাইবার পথে এই নামীয় একটী স্থান ও তথায় প্রতিষ্ঠিত মন্দির। ইহা মেদিনীপুরের সীমা নির্দ্দেশক। ভারতচন্দ্রের সময় মেদিনীপুর বাঙ্গালার সীমাভুক্ত ছিল। এই স্থান পার হইয়া ওড়িষার সীমা (অ০ ম০)।

নেতা ধোবানীর পাট-কেতকাদাস, ক্ষেমানন্দের মনসার ভাসান গ্রন্থোক্ত "দক্ষিণ পাটন"(দ্রঃ)। গঙ্গাভক্তিতরঙ্গিণীর "পাটুলি" দ্রঃ। হণ্টার সাহেবের মতে করতোয়া তীরবর্ত্তী উত্তর বঙ্গের ত্রিবেণীতে, মতান্তরে সপ্তগ্রাম ত্রিবেণীতে অবস্থিত।

নৈমিষারণ্য-লক্ষ্ণৌয়ের বায়ুকোণে ৪৫ মাইল দূরে গোমতীর বামতটে অবস্থিত, বরেলীর সন্নিহিত পুরাণপ্রসিদ্ধ অরণ্য। বর্ত্তমান নিমখার। এখানে রামের অশ্বমেধ যজ্ঞ আরম্ভ হইয়াছিল।

পঞ্চগৌড়-বিন্ধ্যগিরির উত্তরস্থ সারস্বত, কান্যকুব্জ, গৌড়, মিথিলা, উৎকল।

পঞ্চদ্রাবিড়-বিন্ধ্যগিরির দক্ষিণস্থ দ্রাবিড় তামিল), কর্ণাট, গুজরাট, মহারাষ্ট্র, তৈলঙ্গ।

পঞ্চবটী [অশ্বত্থ, বট, বিল্ব, অশোক ও আমলকী এই পঞ্চবৃক্ষ] মধ্যভারতের গোদাবরীতীরস্থ দণ্ডকারণ্যস্থ জনস্থানের মধ্যগত স্থান; বর্ত্তমান নাসিক।

পঞ্চশৈল-সুমেরুর দক্ষিণস্থ পর্ব্বতবিঃ।

পঞ্চাল [পুং] গঙ্গার উত্তর তীরে স্থাপিত রা ১। উত্তর উপকূল হতে রোহিলখণ্ড ও সন্নিহিত অঞ্চল উত্তর পঞ্চাল। দক্ষিণ পঞ্চাল আধুনিক ফরুকাবাদ অঞ্চল। মতান্তরে দক্ষিণ উপকূল হতে আরম্ভ করিয়া দক্ষিণে গঙ্গা যমুনার মধ্যবর্ত্তী স্থানসমূহ(কনৌজ,এটবা ই০ অঞ্চল), যমুনার দক্ষিণ উপকূল হতে চর্ম্মণ্বতী (চম্বল) নদী পর্য্যন্ত, নদীর পশ্চিম পারে রাজপুতানা ও পঞ্জাবের দক্ষিণাংশ পর্য্যন্ত। দক্ষিণ পঞ্চালের রাজধানী ছিল কাম্পিল্য নগর। দ্রোণাচার্য্যের অধিকৃত উত্তর পঞ্চালের রাজধানী।

পাঁড়ান-বর্দ্ধমান জেলার গ্রাম। বৈ: কবি রায়শেখরের জন্মস্থান।

পাঁদ্মপুর-নাগপুর জেলার অন্তর্গত চন্দাপুর বা চন্দ্রপুরের সন্নিহিত গ্রাম। মহাকবি ভবভূতির জন্মস্থান বলিয়া প্রসিদ্ধ।

পাঁদ্মা-গঙ্গার শাখাবিশেষ, গঙ্গার সহিত গোয়ালন্দের নিকট ব্রহ্মপুত্র নদ মিলিত হইয়া পদ্মা নাম লইয়া পরে মেঘনার সহিত মিলিত হইয়া বঙ্গোপসাগরে পতিত হইতেছে।

পাঁদ্মাচল-রামায়ণোক্ত পর্ব্বতবি: (কিষ্কিন্ধা কাণ্ড, ৩৯)।

পাঁম্পা-দক্ষিণভারতের ঋষ্যমুখ পর্ব্বত সন্নিহিত নদী। চন্দ্রদুর্গের (Chander Doorg) মধ্যস্থলে পাষাণ সরোবর হতে নদীর উত্তরাংশ উদ্ভূত। কয়েকটি সরোবর হতে নদীর উৎপত্তি বলিয়া অথবা স্থির জল বলিয়া সরোবর নামে প্রসিদ্ধ। ইহার জল কার্ণাটিক দেশের মধ্য দিয়া প্রবাহিত। ত্রেতাযুগে ইহাও দণ্ডকারণ্যের অন্তর্ভুক্ত ছিল (রামা°, আ°, ৬৩)। অভি° পৃ° ১২৬৭ দ্র:।

পাঁরশুরামতীর্থ-শৃঙ্গবেরপুর হতে নন্দিগ্রাম আসিবার পথে অবস্থিত তীর্থ (রামা:)।

পাঁলাশী-মুর্শিদাবাদ হতে ১৫ ক্রোশ দূরে বর্তমান নদীয়া জেলার অন্তর্গত ভাগীরথীতীরে অবস্থিত ইতিহাসপ্রসিদ্ধ স্থান। ১৭৫৭ অব্দে ক্লাইব সাহেবের সহিত যুদ্ধে নবাব সিরাজউদ্দৌলার এখানে পরাজয় হওয়ায় ভারতে ইংরেজ রাজত্বের সূত্রপাত হয়।

পাঁশ-সুলেমান পাহাড়ের প্রত্যন্ত প্রদেশে অবস্থিত শহর। বর্ত্তমান কাশগর, আফগানিস্তানের প্রাচীন রাজধানী যা হতে অধিকারীদের নাম হয়েছিল-পশ্তুন ও ভাষার নাম পশ্তো।

পাঁশ্চিম সমুদ্র-পশ্চিম দিকে অবস্থিত সমুদ্র। রাবণ ইহার এক দ্বীপে আসিয়া কপিল দেবের নিকট পরাস্ত হন।

পাঁহ্লব [সং] নাম আধু° কাবুল।

পাঁচথুপি [পঞ্চ (বৌদ্ধ) স্তূপ > ভং] মুর্শিদাবাদ কান্দীর সন্নিহিত স্থান।

পাঞ্চাল-পঞ্চাল দ্র:। রাজশেখর মতে গঙ্গা যমুনার মধ্যবর্ত্তী প্রদেশ, গাঙ্গেয় দোয়াব)। দ্রুপদ রাজার সময় ইহা চর্ম্মণ্বতী (চম্বল) নদী তীর হতে উত্তরে গঙ্গা দ্বার পর্য্যন্ত বিস্তৃত ছিল। ভাগীরথী হতে উত্তরাংশের নাম ছিল উত্তর পঞ্চাল যার অন্য নাম ছিল অহিচ্ছত্র এবং দক্ষিণ ভাগ দক্ষিণ পাঞ্চাল নামে অভিহিত ছিল। দক্ষিণ পঞ্চাল দ্রুপদ রাজার মৃত্যুর পর হস্তিনাপুরের অন্তর্ভুক্ত হইয়াছিল।

পাঞ্চালনগর-পঞ্চাল দ্র:। ফরক্কাবাদ জেলার "কাম্পিল্য"।

পাটলিপুত্র-ভারত-সম্রাট মৌর্য্য চন্দ্রগুপ্ত কর্ত্তৃক প্রতিষ্ঠিত সাম্রাজ্যের ও প্রাচীন মগধের রাজধানী। খৃষ্ট-পূর্ব্ব পঞ্চম শতাব্দীতে এই বিশাল নগরের প্রতিষ্ঠা হয়। বিম্বিসারের পুত্র অজাতশত্রু গঙ্গার পশ্চিমকূলে পাটলি নামক গ্রামে দুর্গ নির্ম্মাণ করেন, তাঁহার পৌত্র উদয় তথায় এক নগর স্থাপিত করেন, উহাই পাটলিপুত্র এবং কুসুমপুর ও পুষ্পপুর নামে অভিহিত হয়। তখন উহা গঙ্গা ও শোণনদের সঙ্গমস্থলে ছিল, এক্ষণে সঙ্গমস্থল ১২ মাইল উত্তরে। আধুনিক পাটনা। বর্ত্তমান বাঁকীপুর তখন পাটলিপুত্রের অন্তর্গত ছিল।

পাটুলি [পাটলা, পাটলিও বলে] দক্ষিণ পাটল দ্র: (গঙ্গাভক্তিতরঙ্গিণী)।

পাণিহাটী-২৪ পরগণার অন্তর্গত গঙ্গাতীরবর্ত্তী বৈষ্ণবপ্রধান প্রসিদ্ধ গ্রাম।

পাণ্ডুগ্রাম-বর্দ্ধমান জেলার কাটোয়া হতে কয়েক ক্রোশ দক্ষিণপশ্চিমস্থ গ্রাম। ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের জন্মস্থান।

পাণ্ডুয়া বসন্তপুর [গ্রা°পেঁড়ো বসন্তপুর] ভুরসুট পরগণাস্থ গ্রাম। কবি ভারতচন্দ্র রায় গুণাকরের জন্মস্থান।

পাণ্ড্য, পাণ্ড্যদেশ, পাণ্ড্যরাজ্য-প্রাচীন দ্রাবিড়ের দক্ষিণাংশ; দক্ষিণ ভারতের বর্ত্তমান মদুরা ও টিন্নেবল্লি জেলাদ্বয় ইহার অন্তর্গত ছিল। অশোক-অনুশাসনোক্ত তাম্রপর্ণী নদীতীরবর্ত্তী কোর্কে নগরী ইহার প্রাচীন রাজধানী, ৭৭ খ্রী: অব্দে প্লিনির সময় মদুরা রাজধানী ছিল।

পাতাললঙ্কা-কন্যাকুমারী হতে গোকর্ণ পর্য্যন্ত পশ্চিম ঘাট ও সমুদ্রের মধ্যবর্ত্তী স্থান। আধু° ত্রিবাঙ্কুর, কুর্গ, কনাড়া জেলা। লঙ্কার রাজ্য ভারতবর্ষের দক্ষিণ অংশে ত্রিচিন্নপল্লী পর্য্যন্ত ও পশ্চিম সমুদ্রতীর পর্য্যন্ত বিস্তৃত ছিল।

পার্দ [সং নাম] আধু° চীন; মহাচীন।

পারিপাত্র [সং নাম] বিন্ধ্যগিরির উত্তর পশ্চিমাংশ।

পারিযাত্র-পশ্চিম সমুদ্রস্থিত পর্ব্বত। ইহা জ্বলন্ত অগ্নির তুল্য ২৪ কোটি ঘোররূপ গন্ধর্ব্বের বাসস্থান (রামা°)।

পার্থিয়া-পশ্চিম এসিয়ার একটি প্রাচীন দেশ যা কাস্পিয়ান সাগরের উত্তর পূর্ব্ব প্রান্তে অবস্থিত ছিল।

পালাড়া-হুগলী জেলার অন্তর্গত ভদ্রেশ্বরের পশ্চিমে গ্রাম। পাচাগাকার রসিকচন্দ্র রায়ের জন্মস্থান।

পুণ্ড [সং নাম] আধু° মেদিনীপুর অঞ্চল।

পুণ্ড্র(ক), পৌণ্ড্র-মহানন্দার পূর্ব্বতীর হতে করতোয়ার পশ্চিমতীর পর্য্যন্ত বিস্তৃত ভূভাগ; বরেন্দ্র ভূমির পূর্ব্ব নাম। বঙ্গদেশ দ্র:।

পুরুষপুর-পেশাবর্ বা পেশোর (Peshawar) এর প্রাচীন নাম।

পুরুষোত্তম-বৈতরণী ও ঋষিকুল্যা নদীর মধ্যবর্ত্তী তীর্থবি:।

পুলিন্দ-নর্ম্মদা তীরবর্ত্তীস্থান টলেমীর Pulindai.

পুষ্কর-আজমীর-মারবারের অন্তর্গত হ্রদ ও তীর্থবি:। ২ [প্র°] সপ্তদ্বীপান্তর্গত দ্বীপ; মঙ্গোলিয়া; মতান্তরে মঙ্গোলিয়া হতে ম্যালে উপদ্বীপ পর্য্যন্ত। মতান্তরে ইউফ্রেটিস্ টাইগ্রিস্ নদীদ্বয় বেষ্টিত ভূভাগ-সিরিয়া ও মেসোপটেমিয়া।

পুষ্কলাবত, পুষ্কলাবতী [রামা°] প্রাচীন গান্ধার রাজ্য ও গন্ধর্ব্ব দেশের প্রাচীন রাজধানী, দাসরথি ভরত-পুত্র পুষ্কলের নামে স্থাপিত। উত্তরপশ্চিম ভারতের ও আফগানিস্তানের মধ্যবর্ত্তী পর্ব্বতমালার অশ্বক্ষুরাকৃতি ভূভাগ। তক্ষশিলা দ্র:। গান্ধারের প্রাচীন রাজধানী। দাশরথি ভরতের পুত্র পুষ্কলের রাজধানী।

পুষ্পিতক-দক্ষিণ সমুদ্র পারস্থ পর্ব্বত (রামা°)।

পৌণ্ড্রবর্দ্ধন [তর্পণ দিঘি প্রশস্তি] বরেন্দ্র। ২ মালদহ জেলার অন্তর্গত পাণ্ডুয়া।~ভুক্তি -সমস্ত বাঙ্গালা দেশ।

প্রতিষ্ঠাননগরী [গ্রীক্ ঐতিহাসিকদিগের পৈথানা (Paithana)] গোদাবরী তীরবর্ত্তী প্রাচীন নগরীবিঃ।

প্রতিষ্ঠান/পুর-বর্ত্তমান এলাহাবাদের পরপারবর্ত্তী গঙ্গার উপকূলস্থ প্রাচীন নগরী, বর্ত্তমান ঝুঁসী। ~প্রয়াগ-এলাহাবাদ।

প্রয়াগ-এলাহাবাদ। প্রা০ হিং০র অনু০ বাং প্রা০ 'পৈরাগ'।

প্রলম্বদেশ-রোহিলখণ্ডের পশ্চিমাংশ।

প্রস্রবণ-জনস্থানের মধ্যবর্ত্তী গোদাবরী নদীসন্নিহিত পর্ব্বত। রামের কুটীর ইহার নিকট ছিল। (রামা০)। ~গিরি-মাল্যবান পর্ব্বত।

প্রাগ্জ্যোতিষপুর-আসামের অংশবিঃ; কামরূপ। প্রাচীন ভূগোল মতে ত্রিপুরা, কুমিল্লা ই০ অঞ্চল।

প্লক্ষ [পুং] সপ্তদ্বীপান্তর্গত দ্বীপ; মিডিয়া। মতান্তরে তুর্কী।

ফুলিয়া-নদীয়া জেলার অন্তর্গত, রাণাঘাট সন্নিহিত গ্রাম। কবি কৃত্তিবাসের জন্মস্থান।

ফোরাত [আ০ ফুরাত] ইউফ্রেটিস্ নদী।

বকদ্বীপ-উত্তরে গঙ্গা, দক্ষিণে বঙ্গোপসাগর, পূর্ব্বে পদ্মা ও পশ্চিমে ভাগীরথী এই চতুঃসীমাবদ্ধ ভূভাগ। বৌদ্ধযুগে অপভ্রংশে "বকড়ী"-"বগড়ী"-"বগ্দি" (ইহার আদিম অধিবাসী বাগ্দী)। ইহার উত্তরভাগ বরেন্দ্রভূমির, মধ্য ও দক্ষিণভাগ বনভূমির, পূর্ব্বভাগ বঙ্গের ও পশ্চিমভাগ রাঢ়ের অন্তর্ভুক্ত ছিল।

বগড়ী,-ড়ি [বক + ডিহি, বক রাক্ষসের রাজ্য। অথবা (২) ব্যাঘ্রতটী (Tiger coast, evidently because it was then, as was in very recent times, infested by the 'Royal Bengal' tiger—Surendranath Majumdar Sastri; article in Sir Ashutosh jubilee, Vol III.Pt II., pp. 423-24.) < প্রাকৃ০ বগ্ঘঅড়ী < বগঘড়ী < বঘড়ী,বগাড়ী, বাগড়ে, বাগড়ী] গঙ্গা ও ব্রহ্মপুত্র নদ মধ্যবর্ত্তী বদ্বীপ (Delta), ব্যাঘ্রতটী মণ্ডল was a division of Paundravardhana bhukti (Province)—Cuningham's ancient geography of India (Majumdar), Epigraphica Indica, Vol IV. pp.243, Gaudlekhmala Inscription Vol. I.

বঙ্গ [বঙ্গদেশ দ্রঃ] সমতট।

বঙ্গদেশ, বাঙ্গালা-গৌড় (দ্রঃ) ও বঙ্গের মিলিত রাজ্য। এই ভূভাগ করতোয়া এবং গঙ্গা দ্বারা বিভক্ত হইয়া পশ্চিমাংশ গৌড় ও পূর্ব্বাংশ বঙ্গদেশ নামে প্রসিদ্ধ ছিল। পুনরায় মোগল শাসনকালে মিলিত গৌড়বঙ্গ বাঙ্গালা নামে অভিহিত হয়। দীর্ঘতমা ঋষির ৫ পুত্র-অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, ওড্র ও পুণ্ড্র স্ব স্ব নামে রাজ্যস্থাপন করেন। তন্মধ্যে বঙ্গ এবং পুণ্ড্রের রাজ্য বর্ত্তমান বাঙ্গালা দেশের অন্তর্ভুক্ত। জেলা মালদহের অন্তর্গত পাণ্ডুয়া নগরের চতুষ্পার্শ্ববর্ত্তী স্থান পুণ্ড্রের অধিকৃত ছিল। পরে বরেন্দ্র নামক জনৈক ক্ষত্রিয় পৌণ্ড্ররাজ্য জয় করিলে এই সমস্ত ভূভাগ বরেন্দ্রভূমি নামে অভিহিত হয়। তিনি পুরাতন রাজধানী পৌণ্ড্রপট্টন ত্যাগ করিয়া গৌরবনগরে রাজধানী স্থাপন করেন, পরে পৌণ্ড্রপট্টন পাণ্ডুয়া, গৌরবনগর গৌড় ও বরেন্দ্রভূমি বারিন্দা নাম প্রাপ্ত হয় (বাঙ্গালার সামাজিক ইতিহাস, ১ম খণ্ড)। মুসলমান আমলের পর বঙ্গদেশ উত্তরে নেপাল ও ভুটান, দক্ষিণে গঞ্জাম ও বঙ্গোপসাগর, পূর্ব্বে ব্রহ্মদেশ এবং পশ্চিমে মধ্যপ্রদেশ ও সম্বলপুর, রিবা রাজ্য, বারাণসী, মির্জাপুর, গাজীপুর গোরক্ষপুর এই চতুঃসীমায় আবদ্ধ হয়। অধুনা আসাম, ওড়িষ্যা ও বিহার প্রদেশ স্বতন্ত্র গঠিত হওয়ায় ইহার পরিসর পুনরায় সংকীর্ণ হইয়াছে। বাঙ্গালার তামীল নাম পাঙ্গালা। পঞ্চ খৃষ্টাব্দের চীন দূত লিখিত পাঙ্কোলো। ফাং নাম জন্নাত-উল-বিলাদ the paradise of regions, তুল-ভূস্বর্গ। প্রাচীন বঙ্গ তিন ভাগে বিভক্ত ছিল (১) অঙ্গ-পূর্ব্ব বিহার বা উত্তর বঙ্গ। (২) বঙ্গ-পূর্ব্ববঙ্গ এবং (৩) কলিঙ্গ -দক্ষিণ বঙ্গ ও ওড়িষ্যা। খৃ০ পূ০ ৬৪২ অব্দে শিশুনাগ বংশ মগধে প্রতিষ্ঠিত ছিল। শিশুনাগবংশীয় ৫ম রাজা বিম্বিসারের রাজত্বকালে (৬ষ্ঠ শতাব্দী) বঙ্গে ও কলিঙ্গে স্বতন্ত্র রাজ্য ছিল কি না ইতিহাসে তার প্রমান নাই। বঙ্গে ও কলিঙ্গে খৃ০পূ০ ৩৭০অব্দের পর নন্দবংশীয় রাজন্যবর্গের সময় আর্য্য সভ্যতার বিস্তার হয়। চন্দ্রগুপ্তের রাজত্বকালে (৩২১-২৯৮ খৃ০ পূ০) বঙ্গদেশ মগধের শাসনাধীনে আসে। খৃ০ পূ০ ৪র্থ শতাব্দীর পূর্ব্বে বাংলা ও ওড়িষ্যা প্রদেশে আদিম জাতির অধিনিবাস ছিল। তারা খৃ০পূ০ ৪র্থ শতাব্দীতে আর্য্য সভ্যতা প্রাপ্ত হয়। ঐতরেয় আরণ্যকে বঙ্গের উল্লেখ আছে। রামা০, মহা০, চীনা ইৎসিং (খৃ০ xlvi), হেমচন্দ্রের অভিধান চিন্তামণি (খৃ০২৩), প্তোলেমায়ের সময় বঙ্গের গৌড় নাম প্রসিদ্ধিলাভ করে নাই।

বজ্রগিরি-পশ্চিম সমুদ্রে স্থিত পর্ব্বত (রামা০)।

বজ্রযোগিনী-ঢাকা জেলার বিক্রমপুর পরগণার অন্তঃপাতী গ্রাম। অতীশ (শ্রীজ্ঞান দীপঙ্কর)এর জন্মভূমি। ২ কবি আনন্দচন্দ্র মিত্রের জন্মস্থান।

বঁড়া, বঁহড়া-হুগলী, শ্রীরামপুর সন্নিহিত গ্রাম। প্রথম বাঙ্গালা সংবাদপত্র "বেঙ্গল গেজেটে"র সম্পাদক গঙ্গাধর ভট্টাচার্য্য ও পাঁচালীকার রসিকচন্দ্র রায়ের জন্মস্থান।

বৎসদেশ-এলাহাবাদের পশ্চিমে যমুনার উত্তর কূলে অবস্থিত রাজ্য। রাজধানী কৌশাম্বী। ২ বুদ্ধদেবের সমসাময়িক উদয়ন ইহার রাজা ছিলেন। বঙ্গোপসাগর কূলে অবস্থিত স্বতন্ত্র রাজ্য (রত্নাবলী)। কৌশাম্ব নামে খ্যাত।

বৎসপত্তন-কৌশাম্বী।

বদনগঞ্জ-হুগলীর অন্তঃপাতী গ্রাম। বৈ০ কবি আউলিয়া মনোহরদাসের বাস ও সমাধির জন্য বিখ্যাত।

বদরিকাশ্রম [পুং] কাশীর নিকটবর্ত্তী পৌরাণিক আশ্রমবিঃ। ২ বদ্রীনাথ তীর্থ, অলকানন্দার পশ্চিমতীরে অবস্থিত, হিমালয়ের কুমায়ুঁ গড়বাল্ জেলার মিলিত সীমান্তবর্ত্তী পর্ব্বতাংশ।

বধূসরা-ভৃগুপত্নী পুলোমার নেত্রবারি হতে উৎপন্ন মহাভারতোক্ত নদীবিঃ।

বনগ্রাম-যশোহর জেলার মহকুমাবিঃ। প্রা০ বনগাঁ।

বনপাড়া-কাটোয়ার উত্তরস্থ গ্রাম। বৈ০

পদকর্তা কবি গোবিন্দদাস চক্রবর্ত্তীর জন্মস্থান।

বঁনায়ু-আরব। মতান্তরে পারস্য দেশ।

বঁরাই-পশ্চিম সাগরস্থিত পর্ব্বত। প্রাগ্‌জ্যোতিষ সন্নিহিত নগর (রামা০)।

বঁরিশাল [বরিশি-শা (কাঁটা)+আল >। কণ্টকী বন কাটিয়া প্রতিষ্ঠিত জনপদের নাম] বি, পূ:-বঙ্গের নদীমাতৃক জেলাবি:।

বঁরেন্দ্র(ন্দ্রী) - মালদহ, দিনাজপুর, রাজসাহী, বগুড়া ও রংপুরের কিয়দংশ লইয়া যে ভূমি তার প্রাচীন নাম। অধুনা বরিন্দ নামে অভিহিত।

বঁরেন্দ্রভূমি - পৌণ্ড্র রাজ্যের পরবর্ত্তী নাম। উত্তরে কোচবিহার দক্ষিণে পদ্মা নদী, পূর্ব্বে চলন-বিল ও করতোয়া নদী এবং পশ্চিমে মিথিলা (ত্রিহুত)-এই চতু:সীমান্তবর্ত্তী ভূভাগ। বঙ্গদেশ দ্র:। মহানন্দার পূর্ব্বতীর হতে করতোয়ার পশ্চিমতীর পর্য্যন্ত বিস্তৃত ভূভাগ। অন্য নাম "জনকভূ" (গৌড়-রাজমালা)।

বঁর্দ্ধমান-জৈনধর্ম্ম প্রবর্ত্তক বর্দ্ধমান মহাবীর বঙ্গে আসিয়া এখানে প্রচার করায় তার নামানুসারে সহরের এই নাম। গ্রী০ Parthales or Pontalis, প্রা০ গ্রী০ গঙ্গারিদেই, গঙ্গারিড়ী (=গঙ্গারাঢ়ী)।

বঁল্লভপুর-বাগোয়ান পরগণার অন্তর্গত গ্রাম, ভবানন্দ মজুমদারের বাসস্থান (অং০ম০)।

বঁহেরা-নবাবী আমলে নদীয়া জেলার, পরে, ২৪ পরগণা, অধুনা খুলনা জেলার অন্তর্গত গ্রাম। অশেষ-শাস্ত্রাধ্যাপক সুবিখ্যাত নৈয়ায়িক শশিজীবন তর্করত্ন ও জানকী জীবন ন্যায়রত্নের জন্মস্থান।

বাঁকানদী-দামোদর নদের অংশবিশেষ। ইহা গোবিন্দপুর, বর্দ্ধমান, গাংপুর, দেপুর, কেয়ুয়া, আদমপুর, গোদাঘাট, নারিকেল-ডাঙ্গা, বৈদ্যপুর, পিঁড়াতলী, গহরপুর, ত্রিবেণী প্রভৃতির নিকট দিয়া প্রবাহিত। বেহুলা লখিন্দরকে লইয়া এই সকল গ্রাম ও নগরের নিকট দিয়া কলার মান্দাসে ভাসিতে ভাসিতে গিয়াছিলেন (ক্ষেমানন্দ)।

বাকলা-বাখরগঞ্জ ও ঢাকা।

বাজুহা-রাজসাহী, বগুড়া, পাবনা, ঢাকা।

বাঁধমুড়া-বর্দ্ধমান জেলার কাটোয়ার ২। ক্রোশ দক্ষিণে গ্রাম। দাশরথি রায়ের জন্মস্থান।

বাঁশবেড়িয়া-হুগলী জেলার অন্তর্গত গ্রাম। শ্রীধর কথক ও ব্রাহ্মধর্ম্মপ্রচারক প্রতাপচন্দ্র মজুমদারের জন্মস্থান।

বাকুলিয়া-বর্দ্ধমান কালনার নিকটস্থ গ্রাম। কবি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের জন্মস্থান।

বাগোয়ান-নদীয়া জেলার পরগণাবি:।

বাঙ্গালা-বঙ্গদেশ দ্র:।

বাটাজোড়া-বরিশাল জেলার গ্রাম। অশ্বিনীকুমার দত্তের জন্মস্থান।

বাড়েবাঁকা-নদীয়া, বাগোয়ানের নিকটবর্ত্তী গ্রাম। রসসাগর কৃষ্ণকান্ত ভাদুড়ীর জন্মস্থান।

বাবিরুষ-বাবিলোনিয়া Babylon.

বারণাবঁত-মহাভারতীয় যুগের এলাহাবাদ অঞ্চল।

বারাণসী-বরণা এবং অসি নদীদ্বয়ের মিলনস্থান বলিয়া নাম ; কাশী।

বালুকিনী-শৃঙ্গবেরপুর হতে নন্দিগ্রামে আসিবার পথে নদীবি: (রামা০)।

বাল্মীকি আশ্রম -কাণপুর সন্নিহিত বিঠুরের নিকট অবস্থিত। চিত্রকূট ও তমসা দ্র:।

বাহ্লীক-আফ্‌গানিস্থানের উত্তরপশ্চিমস্থ দেশ ; বল্‌খ (balkh) হতে হিরাট পর্য্যন্ত। ২ পঞ্জাবস্থ দেশবিশেষ।

বিক্রমপুর [প্রাচীনদের বিক্রম হ'তে নাম] পূর্ব্ব স্বাধীন বঙ্গের রাজধানী। (২) দাক্ষিণাত্য হতে বঙ্গদেশে আগত সেনবংশীয় রাজন্য বর্গের বংশধর বিক্রমসেন কর্ত্তৃক স্থাপিত নগর। "দাক্ষিণাত্য বৈদ্যরাজন্যৈকোহবপতি সেনক:। তদ্বংশে বিক্রমসেনো জাত: পরম ধার্ম্মিক:। কৃতবান্ বিক্রমপুরীং স্বনাম্নাভিহিতাং সুধী:।"-বিক্রমপুরের ইতিহাস (ব্রজেন্দ্র কু০ সরকার)। প্রাচীন নাম সমতট। ফাহিয়ানের সময় সমুদ্রতটে অবস্থিত ছিল। তখন রাজধানী ২০ লি বিস্তৃত ছিল। তখন ৩০টির অধিক বৌদ্ধমঠ, ১০০ দেবমন্দির ও ভিন্ন ভিন্ন ধর্ম্মীর বাস ছিল। পর্ত্তুগীজ ইতিহাস Da Asia"তে বঙ্গের ও বিক্রমপুরের উল্লেখ আছে। পঞ্চদশ শতাব্দীতে বঙ্গ, বিক্রমপুর, শ্রীপুর চট্টগ্রামের অবস্থা ইহাতে বর্ণিত হইয়াছে। বিক্রমপুর প্রাচীন কবি লালা রামগতি, স্ত্রী কবি আনন্দময়ী, কবি জয়নারায়ণ, দ্বিজ রামকৃষ্ণ, শিবচন্দ্র সেন, রাজেন্দ্র দাশ, হিন্দুপেট্রিয়ট সম্পাদক গিরিশচন্দ্র বসু, রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর (সি.আই.ই, বিদ্যাসাগর), রাসবিহারী মুখোপাধ্যায়, দ্বারকানাথ গাঙ্গুলী, কৃষ্ণকান্ত পাঠক, শীতলাকান্ত ও নিশিকান্ত চট্টোপাধ্যায় ভ্রাতৃদ্বয়, সি. আর. দাশ, ভাষাতাত্ত্বিক শ্রীনাথ সেন, গঙ্গাপ্রসাদ সেন, বিজয়রত্ন সেন মাননীয় গুরুপ্রসাদ সেন, জষ্টিস্ চন্দ্রমাধব সেন, বিজ্ঞানাচার্য্য স্যর জগদীশ চন্দ্র বসু, মনোমোহন ঘোষ, লালমোহন ঘোষ ভ্রাতৃদ্বয়, দাতা কালীকুমার, দুর্গামোহন দাস, ডা: অঘোরনাথ চট্টোপাধ্যায় ও তদীয় কন্যা বিদুষী সরোজিনী নাইডুর জন্মভূমি। (বিক্রমপুরের ইতিহাস, যো০ গুপ্ত)।

বিতস্তা [সং বিতৃস্তা > বিতস্তা] পঞ্জাবস্থ পঞ্চ নদীর অন্যতম নদী ; ঝিলাম্ Hydaspes (all classical writers except Ptolemy) Bidaspes (Ptoleny) > Vitasta. (কাশ্মীরী)। আলেকজান্দার পুরুরাজকে বিতস্তার, পশ্চিম তটে পরাজিত করিয়াছিলেন।

বিদর্ভ-বর্ত্তমান বিরাড় the Berars ; প্রাচীন ভোজরাজ্য। পুরাকালে কুন্তলের উত্তরে প্রসিদ্ধ রাজ্য ছিল। কৃষ্ণা তট হতে নর্ম্মদা তট পর্য্যন্ত বিস্তৃত ছিল। ইহার বিস্তারের জন্য ইহাকে মহারাষ্ট্রও বলা হইত। কুণ্ডিপুর বা বিদর্ভ নামেও অভিহিত হইত। বি০ ইহার প্রাচীন রাজধানী ছিল, এখন বিদর বলিয়া উক্ত। ওয়ার্দ্ধা নদী ইহাকে দুই ভাগে বিভক্ত করিয়া উত্তর ভাগের রাজধানীর নাম 'অমরাবতী' ও দক্ষিণভাগের রাজধানীর নাম ছিল 'প্রতিষ্ঠান'। বিদর্ভরাজ কন্যা ইন্দুমতীকে দশরথপিতা রাজা অজ বিবাহ করিয়াছিলেন। বিদর্ভরাজ ভীষ্মকের কন্যা রুক্মিনী শ্রীকৃষ্ণের প্রধানা মহিষী ছিলেন।

বিদিশা-শত্রুঘ্নপুত্র শত্রুঘাতীর নগরী।

জব্বলপুরের পশ্চিমে বেত্রবতী নদীতীরে বর্ত্তমান ভিল্‌সা।

বিদেহ-উত্তর বিহার। মগধের উত্তর পূর্ব্বস্থ দেশ। রাজধানী ছিল মিথিলা বা জনকপুর। ইহা নেপালের অন্তর্ভুক্ত ও মধুবনীর উত্তরে অবস্থিত। পূর্ব্বকালে নেপালের কিয়দংশ যথা-সীতামঢ়ি, সীতাকুণ্ড প্রভৃতি বা প্রাচীন ত্রিহুত জেলার উত্তরাংশ ও চম্পারণের উত্তর পশ্চিমাংশ বিদেহের অন্তর্গত ছিল।

বিদ্যানগর-বর্ত্তমান রাজমহেন্দ্রী। গোদাবরী তটে অবস্থিত।

বিন্দুসরোবর [ভুবনেশ্বরে] রামায়ণোক্ত সরোবরবিশেষ। ভগীরথের স্তবে তুষ্ট হইয়া শিব তাঁর জটাজুট হতে গঙ্গাকে এই সরোবর অভিমুখে নিঃসৃত করিয়া দেন (রামাঃ)। "তবে প্রভু আইলেন শ্রীভুবনেশ্বরে -গুপ্ত কাশী বাসে যথা করেন শঙ্কর. সর্ব্ব তীর্থ জল যথা বিন্দু বিন্দু আসি, বিন্দু সরোবর শিব সৃজিলা আপনি।"-চৈতন্য ভাগবত।

বিন্ধ্য-কিষ্কিন্ধ্যার দক্ষিণস্থ সহস্রশৃঙ্গ পর্ব্বত বলিয়া উক্ত (রামা॰)। ২ যে শৈলশ্রেণী ভারতবর্ষকে উত্তর ও দক্ষিণ ভাগে বিভক্ত করে। মধ্যভারতের পর্ব্বতশ্রেণী।

বিপাশা [সং বিপাশা (পাশহীন কারণ বশিষ্ঠ উদ্বন্ধনে দেহত্যাগ করিবার জন্ত যে পাশ সংগ্রহ করিয়াছিলেন তাহা নষ্ট করায় নাম) > Hyphasis (Arrian's Anab. vi. c. xiv & Diodorus lib. xvii c. xc. iii), Hypasis (Pliny, lib. vii, c. xvii), Hypanis (strabo, lib.xv c. i.17) এই নদী ভারতে গ্রীক সম্রাট আলেকজাণ্ডারের অভিযানসীমা নির্দ্দেশ করিতেছে। বিপাশা শতদ্রুতে আসিয়া মিলিত হইয়াছে]। পঞ্জাবস্থ পঞ্চ নদের অন্ততম R. Beas.

বিরাট-উত্তর বঙ্গের বগুড়া, দিনাজপুর, রঙ্গপুর অঞ্চল। মৎস্যদেশ দ্রঃ।

বিল্বগ্রাম-নদীয়া জেলার অন্তর্গত গ্রাম। পণ্ডিত মদনমোহন তর্কালঙ্কারের জন্মস্থান।

বিশালা-ইক্ষ্বাকুর বিশাল নামক পুত্রের পুরী, সিদ্ধাশ্রম হতে মিথিলা যাইবার পথে গঙ্গার পরপারে অবস্থিত। ২ শিপ্রাতীরস্থ উজ্জয়িনীর নামান্তর ; অবন্তী।

বিষ্ণুক্রান্ত-এসিয়া মহাদেশ, অসেচনক Asia.

বীরসিংহ-মেদিনীপুর জেলার অন্তর্গত গ্রাম। স্বনামখ্যাত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের জন্মস্থান।

বুড়ন-শ্রীহট্টের গ্রাম। বৈঃ কবি বাসুদেব ঘোষের জন্মস্থান।

বুন্দেলখণ্ড-চন্দেলরাজাদিগের রাজত্ব।

বুরুঙ্গা-শ্রীহট্টের গ্রাম। বৈঃ কবি যদুনাথ দাসের জন্মস্থান।

বেদশ্রুতি-অযোধ্যা হতে দণ্ডকারণ্য যাইবার পথে প্রবাহিতা নদী (রামা॰)।

বেহুলা নদী-হুগলি ও বর্দ্ধমান জেলার মধ্য দিয়া প্রবাহিত ক্ষুদ্রকায় নদী, ইহার তীরে বৈদ্যপুর (দ্রঃ), পিঁড়াতলী, নারিকেল ডাঙ্গা, কেজ্যা (দ্রঃ) ই॰ গ্রাম। (মনসার ভাসান)।

বৈজয়ন্ত-মিথিলার রাজধানী, গৌতম আশ্রম ইহার নিকট ছিল। ২ দণ্ডকারণ্যের অন্তর্গত নগরবিশেষ, তিমিধ্বজ অসুরের রাজধানী।

বৈতরণী-ওড়িষ্যার প্রবাহিতা নদী।

বৈদ্যপুর-হুগলী জেলার অন্তর্গত গণ্ডগ্রাম (মনসার ভাসান)।

বৈদ্যুত-দক্ষিণ সমুদ্র পারস্থ পর্ব্বত (রামা॰)।

বৈরাট-রাজপুতানার জয়পুর রাজ্যের অন্তর্গত গ্রাম।

বৈশালী-প্রাচীন মগধরাজ্যের মহানগরীবিঃ। বুদ্ধদেব দুঃখক্ষয়ের উপায় জানিবার জন্য এখানে আরাড়কালামের নিকট উপস্থিত হন এবং সিদ্ধকাম না হওয়ার রাজগৃহে এবং তথা হইতে গয়া গমন করেন। "উবাসগদসাও" নামক বৌদ্ধগ্রন্থে বৈশালীর নামান্তর "বণিয়গাম" (সং-বাণিজ গ্রাম)-গোবিন্দগীত, টীকা, শিবচন্দ্র শীল)। বিষ্ণু পু॰ মতে তৃণবিন্দু ও অপ্সরা অলম্বুসার পুত্র বিশাল স্থাপিত রাজ্য বলিয়া নাম। রামা॰ মতে ইক্ষ্বাকুপুত্র বিশাল স্থাপিত বলিয়া এই নাম। মতান্তরে লিচ্ছবিদের রাজ্যবিস্তৃতি হেতু রাজধানীর নাম বিশাল বা বৈশালী (manual of Buddhism by spence Hardy, P. 242. F. (প্রবাসী, কার্ত্তিক, ২৮)। বৌদ্ধমতে-প্রয়াগ। রামা॰ মতে-বৈ॰ গঙ্গার উত্তরতীরে শোন নদের বিপরীত মুখে অবস্থিত ছিল (Hamilton)। মনিয়র বিলিয়মস্ সাহেবের মতে হাজিপুরের ২০ মাইল উত্তরে পাটনার ২৭ মাইল উত্তর-পূর্ব্বে গঙ্গার বাম তীরে অবস্থিত (Buddhism, pp. 409-410 অধ্যাপক ভাণ্ডারকরের মতে "(মজাফরপুর জেলার 'বেসার' সহর" (কারমাইকেল লেকচার, ক॰ বিশ ; ১৯১৮)। বীল সাহেবের মতে "পাটনা সহরের কিছু উত্তরে গণ্ডক নদীর তীরে বজোরা [বর্জ্জিত (বর্জ্জিত, নির্ব্বাসিত) > বজ্জি > বৃজি] রাজ্যের রাজধানী বৈশালী অবস্থিত"। ইহা বৌদ্ধযুগের প্রাচীন অতি সমৃদ্ধ, সুশাসিত রাজ্যের রাজধানী (Buddhist India, RhysDavids) খৃ॰ পূ॰ ৬ষ্ঠ শতকে ইহার চরমোন্নতি সাধিত হইয়াছিল। লিচ্ছবিদের আহ্বানে শাক্যমুনি এখানে স্বীয় ধর্ম্মমত প্রচার করিয়াছিলেন। মহাবীর স্বামী এখানেই দ্বাদশবর্ষ যাপন করিয়াছিলেন। এখানে দ্বিতীয় বৌদ্ধ মহাসভা আহূত হইয়াছিল। ঋষি বিশ্বামিত্র রাম লক্ষ্মণ সহ গঙ্গা পার হইয়া মিথিলা যাইবার পথে এখানে উপস্থিত হইয়াছিলেন।

ব্রজ-মথুরাসন্নিহিত গোকুল নামক গ্রাম।

ব্রহ্মকুণ্ড (-ম্‌হ্‌-) আসামপ্রদেশস্থ হ্রদ।

ব্রহ্মগিরি (-ম্‌হ্‌-) মহীশূরের অন্তর্গত চিতল দুর্গ জেলার গ্রামবিঃ। অশোক লিপিতে উক্ত।

ব্রহ্মপুত্র (-ম্‌হ্‌-) তিব্বতে মানস সরোবর হ্রদ হতে নিঃসৃত ও শাম্পু দিহং, ছিবং, লোহিত, মনাস, গদাধর, শূর্ম্মা, ধর্লা, ধানেশ্রী, কপিল, বুড়ীগঙ্গার সহিত মিলিত হইয়া ১৮০০ ক্রোশ অতিক্রম করিবার পর মেঘনা নামে বঙ্গোপ- সাগরে পতিত নদ।

ব্রহ্মর্ষিদেশ (-ম্‌হ্‌-) কুরুক্ষেত্র, মৎস্য, পাঞ্চাল, শূরসেন এই ৪টী ব্রহ্মর্ষিদেশ। ইহা ব্রহ্মাবর্ত্ত হতে কিছু নিকৃষ্ট। এই সকল দেশের ব্রাহ্মণগণের নিকট হতে পৃথিবীর সকল দেশের মনুষ্যগণ নিজ নিজ চরিত্র শিক্ষা করিতেন বলিয়া প্রসিদ্ধি আছে।

ব্রহ্মাবর্ত্ত (-ম্‌হা-) সরস্বতী ও দৃষদ্বতী নদীদ্বয়ের মধ্যস্থ প্রদেশ। ইহার উত্তরে হিমালয়, দক্ষিণে বিন্ধ্যগিরি, পশ্চিমে কুরুক্ষেত্র, পূর্ব্বে প্রয়াগ।

ভট্টপল্লী [গ্রা০ ভাটপাড়া] কলিকাতার প্রায় বিশ মাইল উত্তরস্থ প্রসিদ্ধ শাস্ত্রজ্ঞ পণ্ডিত-প্রধান গ্রাম। ভারতবিখ্যাত নৈয়ায়িক রাখাল দাস ন্যায়রত্নের জন্মস্থান। মহামহোপাধ্যায় পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী, সি, আই ই, মহাশয়ের জন্মস্থান।

ভড়োচ, ভরোচ-ভৃগুকচ্ছ দ্রঃ।

ভরতপুর-মুর্শিদাবাদের গ্রাম। বৈঃ কবি নরনানন্দ দাসের বাসস্থান। ২ রাজপুতানার দেশী রাজ্যবিশেষ।

ভরদ্বাজাশ্রম-প্রয়াগের গঙ্গাযমুনা সঙ্গমস্থলস্থ আশ্রম। অধুনা গঙ্গা আশ্রম হ'তে বহু দূরে প্রবাহিতা।

ভরাকর-ঢাকা জেলার বিক্রমপুর পরগণার অধীন গ্রাম। "বান্ধব"-সম্পাদক স্বনামখ্যাত কালীপ্রসন্ন ঘোষের জন্মস্থান।

ভার্জনঘাট-নদীয়া জেলার কৃষ্ণগঞ্জ থানার অধীন গ্রাম। স্বপ্নবিলাসাদি গ্রন্থ প্রণেতা কবি কৃষ্ণকমল গোস্বামীর জন্মস্থান।

ভাটি-পূর্ব্বে মেঘনাদ ও হুগলী নদীদ্বয়ের মধ্যবর্ত্তী ভূভাগ। সাধা০ ইহার দক্ষিণ ও সমুদ্র সন্নিহিত স্থান এই নামে প্রসিদ্ধ ছিল। মুসলমান ঐতিহাসিকদের অধিকাংশের গ্রন্থে ব্রহ্মপুত্রের সহিত পদ্মার এবং লক্ষ্যা নদীর সহিত ব্রহ্মপুত্রের সঙ্গমস্থান ভাটি নামে উক্ত। অধু০ বাখরগঞ্জ ও খুলনার অন্তর্গত দক্ষিণবর্ত্তী স্থানগুলি ভাটি নামে অভিহিত (ঢাকার ইতিহাস)।

ভাৎশালা-বর্দ্ধমান জেলা পূর্ব্বস্থলী অধীন গ্রাম। যাত্রাওয়ালা মতিলাল রায়ের জন্মস্থান।

ভাবড়া, ভাবতা-জয়পুর রাজ্যের গ্রামের সন্নিহিত গ্রাম। অশোক লিপিতে উক্ত।

রগুট-যশোহর জেলার অন্তঃপাতী। সুকুমার-কাব্য রচয়িতা বৈঃ কবি বসন্ত-রায়ের জন্মস্থান।

লুই-বাঁকুড়া জেলার মহিষাড়া পরগণার অন্তর্গত গ্রাম। ভাষা রামায়ণ ও দুর্গাপঞ্চরাত্রি প্রণেতা কবি জগৎরাম রায়ের জন্মস্থান।

ষণা [গ্রা০ ভূষ নো] জেলা যশোহরের অন্তর্গত রাজা সীতারাম রায়ের জমীদারী। নবাবী আমলে ১৩ চাক্‌লার অন্যতম এবং মহম্মদ শাহী নামে উক্ত। ইহা ১৯ পরগণায় বিভক্ত ছিল। রাজা সীতারামের পর কিয়দংশ রাজসাহীর অন্তর্ভুক্ত হয়।

ভৃগুকচ্ছ [প্রাকৃ০ ভরুকচ্ছ; ল্যা০ Barigaza. গুজরাতী-ভড়োচ] গুজরাতের অন্তর্গত জনপদবিশেষ] প্রহ্লাদের পুরী এই স্থানে ছিল।

ভৃগুতুঙ্গ-রামায়ণোক্ত হিমালয়স্থ পর্ব্বত-শৃঙ্গ। এখানে ঋচীক মুনির আশ্রম ছিল। রাজা অম্বরীষ শুনঃশেফকে এখানে ক্রয় করেন।

ভেলিয়া-দামুন্যার ১৮ মাইল দক্ষিণ পশ্চিমস্থ গ্রাম (কবিক০)।

ভোগবতী-নাগরাজ বাসুকির রাজধানী। সাগর পারে, দক্ষিণে, কুঞ্জরাচলে অবস্থিত, পাতালপুরী (রামা০)।

ভোজ-বিদর্ভ (Berar), ধারা বা ধার-নগর ইহার প্রাচীন রাজধানী। মতান্তরে ধারা হতে ভূপাল পর্য্যন্ত বিস্তৃত বিন্ধ্যপর্ব্বত-পাদমূলে স্থিত প্রদেশ।

মগধ-দক্ষিণ বিহার মতান্তরে আধুনিক বিহার। গিরিব্রজ ইহার সর্ব্ব প্রধান প্রাচীন নগরী। এবং রাজগৃহ ইহার প্রাচীন রাজধানী। মগধরাজকুমারী রাজা দশরথের অন্যতম রাণী ছিলেন।

মঙ্গলকোট-বর্দ্ধমান জেলার অন্তর্গত গ্রাম (অ০ ম০)।

মঙ্গোলিয়া [ইং Mongolia] পুষ্করদ্বীপ।

মতঙ্গাশ্রম-পম্পা সরোবরের পশ্চিম তীরস্থিত মতঙ্গ মুনির আশ্রম।

মৎস্যদেশ-রাজপুতানার জয়পুর ও আলবার্ রাজ্য। মতান্তরে রঙ্গপুর, দিনাজ-পুর ও রাজসাহী অঞ্চল।

মথুরা-শত্রুঘ্ন প্রতিষ্ঠিত নগর, গ্রী০ Methora or Madoura. ইং Muttra, শ্রীকৃষ্ণের জন্মস্থান।

মদ্র-পঞ্জাবের অংশবিশেষ; চন্দ্রভাগা ও ইরাবতী নদীদ্বয়ের মধ্যবর্ত্তী দেশ।

মধুকর্বন-অগস্ত্যাশ্রম ও পঞ্চবটীর মধ্যস্থিত দণ্ডকারণ্যের এক কানন।

মধুরা-মধুদৈত্যের পুরী; মথুরা।

মধ্যদেশ-খৃঃ পূঃ ৬৫০ হতে ৩২৫ শতাব্দীতে আর্য্য-অধ্যুষিত ভারতবর্ষের কেন্দ্রস্থানের বিভাগ। মনুর সময় ইহার উত্তরে হিমালয় পর্ব্বত, দক্ষিণে বিন্ধ্যপর্ব্বত-মালা পূর্ব্বে প্রয়াগ ও পশ্চিমে বিনশন। বৌদ্ধ পালিধর্ম্ম পুস্তক রচনাকালে পূর্ব্বে প্রয়াগ ছাড়াইয়া কাজঙ্গল [কানিংহামের মতে বর্ত্তমান ভাগলপুর] পর্য্যন্ত বিস্তৃত হইয়াছিল (অনন্তপ্রসাদ শাস্ত্রী সাহিত্য ১৩২৫ জ্যৈষ্ঠ)।

মন্দর-বিন্ধ্য পর্ব্বতের শৃঙ্গবিশেষ। ২ পুরাণোক্ত পূর্ব্বদিকের পর্ব্বত, ইহা দ্বারা সমুদ্র মন্থন করা হইয়াছিল।

মন্দাকিনী-ঋক্ষ পর্ব্বতোৎপন্না কামতা পাহাড়ের সন্নিহিতা নদী। ২ হিমালয় প্রদেশে গঙ্গা নদীর ত্রিধারার অন্যতম। অন্য দুই ধারা অলকানন্দা ও ভাগীরথী। ৩ পুরাণবর্ণিত আকাশগঙ্গা, ৮০,০০০ যোজন উর্দ্ধে অষ্টমকক্ষার বায়ু এই নদীকে আদিত্য-পথে ধারণ করিয়া আছে। ৪ চিত্রকূট পর্ব্বতের তলবাহিনী নদী (রামাঃ আ০ ৯৫)। ৫ নর্ম্মদা নদীর নামান্তর।

ময়নাগড়-মেদিনীপুর জেলাস্থিত দুর্গ ও গ্রাম। কবি ঘনরামের ধর্ম্মমঙ্গল গ্রন্থে কর্ণসেনের পুত্র লাউসেন। ময়নাগড়ের রাজা হাণ্টার সাহেবের মতে লাউসেন বীরভূমের জনৈক রাজা।

ময়নানগর-মেদিনীপুরের অন্তর্গত নগর। ঘনরামের ধর্ম্মমঙ্গলের বীর নায়ক ইছাই ঘোষের রাজধানী। অজয় নদের তীরে এই নগর অবস্থিত। এখন ময়নানগরের ভগ্নাবশেষ বিদ্যমান।

মলদ-জনপদবিশেষ; করূষ দ্রঃ।

মলয়, মলয়াচল-মালাবার উপকূলে নীলগিরি পর্ব্বতশ্রেণীর শৃঙ্গবিশেষ; কাবেরী নদী এখান হতে উদ্ভূত। এখানে মহর্ষি অগস্ত্যের বাস ছিল।

মহম্মদপুর-১৮শ শতাব্দীর প্রারম্ভে ভূষণার ভূস্বামী রাজা সীতারাম রায়ের স্থাপিত রাজধানী।

মহাকোশল-মধ্য প্রদেশের অধিকাংশ ভাগবিঃ বর্ত্তমান ছত্রিশ গড়। প্রাচীন রাজধানী শ্রীপুর, বর্ত্তমান রায়পুর জেলার ক্ষুদ্র

গ্রামে পরিণত। রায়পুর শহর হ'তে ৪২ মাইল দূরে অবস্থিত বর্ত্তমান নাম সিরপুর। পূর্ব্বে মহানদী ইহার তটবাহিনী ছিল। পাণ্ডুবংশীয় নৃপতিবৃন্দ শ্রীপুরের সিংহাসনে অভিষিক্ত হইয়া মহাকোশল রাজ্য শাসন করিতেন। "মধ্য প্রদেশের মারাঠী জিলা সমূহে পরিভ্রমণের পর কংগ্রেস সভাপতি শ্রীযুক্ত রাজেন্দ্রপ্রসাদ আগামী ১৭ই জুন হতে মহাকোশল প্রদেশে সফরে বহির্গত হইবেন। * * * যে ভ্রমণ-তালিকা প্রস্তুত হইয়াছে তদনুসারে তিনি ১৭ই জুন অপরাহ্নে দ্রুগে, ১৮ই জুন রায়পুরে, ১৯শে জুন বিলাসপুরে, ২০শে জুন বালাঘাট ও সিউনীতে, ২১শে জুন ছিন্দোয়ারা ও বেতুলে, ২২শে জুন খাণ্ডোয়াতে ২৩শে জুন নরসিংহপুরে, ২৪শে জুন জব্বলপুর ও মান্দলায়, ২৫শে জুন দামো ও সাগরে পরিভ্রমণ করিবেন।" – আ° পত্রিকা, ৩১-৫-৩৫।

মহানদী-মধ্যপ্রদেশের রায়পুর সন্নিহিত স্থানে উৎপন্না ওড়িষ্যার মধ্য দিয়া প্রায় ২৬০ ক্রোশ পথ অতিক্রমান্তে বঙ্গোপসাগরে পতিতা নদী। রাজধানী কটক ইহার তীরস্থ।

মহারাষ্ট্র-দক্ষিণ ভারতের প্রদেশবিশেষ। ইহার পূর্ব্বে বেণগঙ্গা ও হায়দ্রাবাদ, পশ্চিমে আরব সমুদ্র, দক্ষিণে হায়দ্রাবাদ ও গোয়া এবং উত্তরে সাতপুর পর্ব্বতমালা"।

মহারুণ শৈল-রামায়ণোক্ত পর্ব্বতবি: (কিষ্কিন্ধ্যা, ৩৭)।

মহাশৈল-রামায়ণোক্ত পর্ব্বতবিশেষ। (কিষ্কিন্ধ্যা, ৩৭)।

মহিষুর [শুদ্ধরূপ="মৈসূর"। কিন্তু পুরাতন পন্থী মহিষাসুর বধস্থান এই সংস্কার বজায় রাখিবার জন্য স্থানীয় ভাষার শব্দ ব্যবহার করেন না] মৈসূর Mysore. "আমি মহিষুরে দশহরার উৎসব দেখ্তে যাব।"-ভারতবর্ষ ১৩৩২ মাঘ।

মহেন্দ্র-রামায়ণোক্ত দক্ষিণ সমুদ্রোপকূলে স্থিত পর্ব্বত। ত্রিবাঙ্কুর পূর্ব্ব সীমা, পুং দক্ষিণে দধিমুখ পর্ব্বত। হনুমান এই পর্ব্বত হতে লম্ফ দিয়া লঙ্কায় গিয়াছিলেন। ২ চিল্কাহ্রদের নিকট হতে গণ্ডোয়ানা পর্য্যন্ত বিস্তৃত পর্ব্বতশ্রেণী।

মহেন্দ্রদ্বীপ - ভারতের অংশবিশেষ। কলিঙ্গদেশ বলিয়া অনুমিত (রঘুবংশ, ৪।৩৮-৪৩ শ্লোক)।

মাগধী-শোণনদের নামান্তর।

মাগুরা-যশোহরের অন্তঃপাতী ও কলিকাতার ৩৩ ক্রোশ দূরবর্ত্তী গ্রাম। শিশির কুমার ঘোষের জন্মস্থান।

মাটিয়ারি, মেটেরি-নদীয়ার অন্তর্গত গ্রাম। ভাষা রামায়ণরচয়িতা রামমোহন বন্দ্যোপাধ্যায়ের জন্মস্থান।

মাড়ো-বর্দ্ধমান জেলার গ্রাম। রামরসায়ণ-প্রণেতা কবি রঘুনন্দন গোস্বামীর জন্মস্থান।

মানস-উত্তরস্থ পর্ব্বত। অনঙ্গদেবের তপস্যা স্থান (রামা°)। ২ হিমালয়ের উত্তর পারে তিব্বতের অন্তর্গত কৈলাসপর্ব্বতস্থ সরোবর; মানসরোবর।

মানসেরা-উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশের অন্তর্গত হাজারা জেলার গ্রামবি:। অশোক অনুশাসনে উক্ত।

মাবর-দক্ষিণ ভারতের একটী বন্দর। মার্কোপোলো পরিদৃষ্ট সমৃদ্ধি সম্পন্ন প্রদেশবি:। কুমারিকা অন্তরীপ হতে নেল্লোর পর্য্যন্ত যে ভূমিখণ্ড অধুনা বা করোমণ্ডল উপকূল বলিয়া পরিচিত মুসলমান রাজত্বকালে সেই প্রদেশ 'মাবর' নামে পরিচিত ছিল। গ্রন্থান্তরে আছে মাবর রাজ্য কাউলাম (Quilon) হতে নীলাওয়ার(Nellore)পর্য্যন্ত বিস্তৃত (পৃথিবীর ইতিহাস, ৪র্থ খণ্ড-লাহিড়ী)।

মায়া-সপ্ত মোক্ষদায়িকা পুরীর অন্যতম; হরিদ্বার।

মারবার, মাড়বার-রাজপুতানার যোধপুর রাজ্য।

মালব-মধ্যভারতের বর্ত্তমান মালব (Malwa) এবং তৎসন্নিহিত দেশ।

মালিনী-হিমালয় প্রদেশে প্রবাহিতা নদী। কণ্বমুনির আশ্রম ইহার তীরে অবস্থিত ছিল (মহাভারত)। ২ ভাগলপুরের অন্তর্গত চম্পানগরীর নামান্তর। ৩ অযোধ্যা হতে কেকয় রাজ্যে গমনের পথে প্রবাহিতা নদী (রামা:)।

মালিহাটী-বীরভূম জেলার গ্রাম। বৈষ্ণব কবি যদুনন্দনদাসের জন্মস্থান।

মাল্যবতী-চিত্রকূট পর্ব্বতে প্রবাহিতা নদী। এখানে অবস্থান কালে রামচন্দ্রের কুটীর ইহার উপকূলে ছিল (রামা:)।

মাল্যবান্-প্রস্রবণ পর্ব্বতের অনতিদূরে অবস্থিত পর্ব্বত। কিষ্কিন্ধ্যার সমীপবর্ত্তী বলিয়া রামায়ণে উক্ত। বোম্বাই প্রেসিডেন্সীর রত্নগিরি জেলায় অবস্থিত।

মাহিষক-মহীশূর Mysore.

মাহিষ্মতী - নর্ম্মদাতীরস্থিত নগরী; বর্ত্তমান চুলিমহেশ্বর। কার্ত্তবীর্য্যার্জ্জুনের ও শিশুপালের রাজধানী।

মিথিলা [মিথি রাজার নাম হতে] প্রাচীন বিদেহ। ইহা জরাসন্ধের রাজ্যভুক্ত ছিল। বৌদ্ধ সম্রাটদিগের সময় ইহা মগধ সাম্রাজ্যভুক্ত এবং পাল-উপাধিক করদ রাজগণ কর্ত্তৃক শাসিত ছিল। শেষ গৌড়রাজ বল্লালসেন সমগ্র মিথিলা দেশ স্বরাজ্যভুক্ত করেন। ইহার উত্তর সীমা নেপাল, দক্ষিণ সীমা গঙ্গা, পূর্ব্ব সীমা বরেন্দ্র ভূমি ও পশ্চিম সীমা নারায়ণী নদী। বিহার প্রদেশের অন্তর্গত বর্ত্তমান ত্রিহুত।

মিবার-রাজপুতানার উদয়পুর রাজ্য।

মিশর [নোয়া (Noa)র পৌত্র মিজ্রেম (যিনি 'ইজিপ্টে'র স্থাপন কর্ত্তা) > মিজ্র > মিশর। ইজিপ্টের আর এক আখ্যা মিশর (Wilson's Glossary).

মিশ্র [সং সা°] মিশর Egypt.

মুরলা [রঘু ৪.৫৫, উত্তর রা:] কেরল (কাণাড়া) দেশস্থ বঙ্গোপসাগরগামিনী নদী। The strip of land between the Western Ghats and the sea north of the Kaveri. The principal rivers in this tract are the Netravati; the Saravati and the Kali Nadi which is considered to be the same as the Murala referred to in Raghu 4. 55 and Uttar Ramcharita 3 and forms the principal river Kerala —V. S. Apte.

মেক(খ)ল - আধু° মৈকাল পাহাড় সন্নিহিত স্থান। ~কন্যকা-রেবা নদী; নর্ম্মদা।

মেড়পুর-অগ্রদ্বীপের নিকটবর্ত্তী গ্রাম।

কবিরঞ্জন রামপ্রসাদের বাসস্থান। কুমারহট্ট (দ্রঃ) কবির মাতুলালয় বলিয়া অনুমিত।

মেরু [পুং] পৃথিবীর নাভি বলিয়া উক্ত। ইহার উত্তরে কুরু, পূর্ব্বে ভদ্রাশ্ব, দক্ষিণে জম্বু (ভারত) পশ্চিমে কেতুমাল ও মেরুপর্ব্বতের উত্তর ও দক্ষিণ ভাগ (উত্তর বেদি ও দক্ষিণ বেদি) উচ্চ। এই পার্ব্বত্য মেরুদেশ বর্ত্তমান চীন তুর্কীস্থান। অন্যনাম সুমেরু।

মেহারকুল, মিহারপাটন-ত্রিপুরার একটি পরগণা। "মহারপাটনে রাজা প্রচণ্ডের পুত্র। জয়সেন নাম তার ভরদ্বাজ গোত্র॥" -মনসাম০ (বংশী০)।

মৈকাল-মেকল দ্রঃ।

মৈনাক-রামায়ণোক্ত মহেন্দ্র পর্ব্বত ও লঙ্কামধ্যে সাগরগর্ভে অবস্থিত পর্ব্বত।

মৈসুর-মহিসুর দ্রঃ।

মোগলমারী-জাহানাবাদ হতে মেদিনী-পুরে যাইবার পথে আমিলার পরবর্ত্তী গ্রাম (ধ, ম-ম০। অ০ ম০)।

যত্নপুর-বরদা পরগণার অন্তর্গত গ্রাম, কবি রামেশ্বর ভট্টাচার্য্যের পূর্ব্ব নিবাসস্থান। পরে ইনি মেদিনীপুর কর্ণগড়ের রাজা যশোবন্ত সিংহের সভাসদ হইয়া উক্ত পরগণার অন্তর্গত অযোধ্যাগড় গ্রামে বাস করেন।

যমুনা-হিমালয় পর্ব্বতের যামুনশৃঙ্গ বা কলিন্দগিরি হতে উৎপন্না ও প্রয়াগে গঙ্গার সহিত মিলিতা নদী।

যশোর-আকবর বাদশাহের রাজত্বের শেষভাগে অভ্যুদয় এবং বাদশাহ জাহাঙ্গীরের রাজত্বের আরম্ভে পতন। বর্ত্তমান যশোহর বা যশোর হ'তে স্বতন্ত্র। এখন জঙ্গলাকীর্ণ।

যাজপুর-ওড়িষ্যা প্রদেশের কটক জেলার গ্রাম। যাত্রাওয়ালা গোপাল উড়ের জন্মস্থান। ২ [(বীরভূম) যুবরাজপুর >] আধু০ দাদপুর। ৩ ত্রিবেণী ও কালনার নিকটবর্ত্তী দাদপুর। ৪ পাণ্ডুয়ার নিকটবর্ত্তী যাজপুর (আধু০ নাম দাদপুর)।

যামুন-কলিন্দগিরির নামান্তর ও যমুনার উৎপত্তি-পর্ব্বত।

যোফলাই-বীরভূম যুবরাজপুর থানার অন্তর্গত গ্রাম। বৈঃ কবি জগদানন্দের বাসস্থান।

রথক্রান্ত [ভারতবর্ষ বিচার মতে] আফ্রিকা মহাদেশ Africa ?

রমণক উপদ্বীপ [ভারতবর্ষ বিচার মতে] অষ্ট্রেলেসিয়া Australasia.

রমতি-মালদহ গৌড় নগরের সন্নিহিত ভাগীরথী তীরস্থ নগরবিশেষ, আইন আক-বরীর রমৌতি (ভুল-"রমৌতি মহল")। ঘনরামের ধর্ম্মমঙ্গলে "রামাবতী"।

রম্যকবর্ষ-বর্ত্তমান মঙ্গোলিয়া।

রাজগৃহ-কেকয় রাজ্যের রাজধানী। ২ প্রাচীন মগধের রাজধানী। জগদ্বিখ্যাত মহাত্মা রাজা জরাসন্ধের প্রতিষ্ঠিত।

রাঢ়-বঙ্গের যে অংশের উত্তরে গঙ্গা, দক্ষিণে ওড়িষ্যা, পূর্ব্বে ভাগীরথী এবং পশ্চিমে দামোদর। অধুনা বাঙ্গালার যে অংশ গঙ্গার পশ্চিমে অবস্থিত। প্রাচীন নাম প্রাঠদেশ। বৌদ্ধযুগে অপভ্রংশে রাঠ=রাঢ়। বহুকাল মগধের অধীন ছিল। জরাসন্ধের রাজধানী পঞ্চকূট ইহার অন্তর্গত ছিল। রাঢ়ের প্রাচীন নাম সুহ্ম। রাজা দনুজ মাধব সেনের সময় কাশীর পূর্ব্বপর্য্যন্ত বাঙ্গালার অধীন ছিল। ইহার সময় মেদিনীপুর, সিংহভূম, মানভূম, বীরভূম, বাঁকুড়া, হাবড়া, বর্দ্ধমান, ২৪ পরগণা, যশোহর, খুলনা, মুর্শিদাবাদ, নবদ্বীপ ও চন্দ্রদ্বীপ ইহাই রাঢ়দেশ বুঝাইত। রাজমহল শৈলমালা গঙ্গা ও জলস্তির মধ্যবর্ত্তী ভূভাগ-A. S. R. vol xv P. 145 6, Cunningham. রাঢ় দুই ভাগে বিভক্ত। 'বর্দ্ধমান্ ও কালনা দিয়া রেখা টানিলে তার উত্তর "উত্তর রাঢ়" ও দক্ষিণভাগ "দক্ষিণ রাঢ়" (প্রবাসী, ভাদ্র, ১৩৩৮)। বর্ত্তমান 'বর্দ্ধমান' ও তার দক্ষিণ অঞ্চলকেই লোকে সাধা০ রাঢ়া বা রাঢ় বলিয়া থাকে। কৃষ্ণমিশ্রমতে বর্দ্ধমান প্রভৃতি গৌড় রাজ্যের অন্তর্গত ছিল। "গৌড়ং রাষ্ট্রমনুত্তমং নিরুপমা তত্রাপি রাঢ়াপুরী।" -কৃষ্ণমিশ্র কৃত প্রবোধ চন্দ্রোদয় নাটক (খৃ০ ১১শ শতাব্দী)।

রাধানগর-জেঃ হুগলীর অন্তর্গত খানাকুল কৃষ্ণনগরের সন্নিহিত গ্রাম। রাজা রামমোহন রায়ের জন্মস্থান।

রামগিরি-নাগপুর সন্নিহিত ও বিলাস পুরের ৬ মাইল উত্তর পশ্চিম কোণে অবস্থিত পাহাড়: রামটেগ।

রামচন্দ্রপুর-বর্দ্ধমান জেলার গ্রাম। রাজকৃষ্ণ রায়ের জন্মস্থান।

রামাবতী-রমতি দ্রঃ।

রায়না-বর্দ্ধমান জেলার এই গ্রামে শ্রীধর্ম্ম-মঙ্গলকার ঘনরাম চক্রবর্ত্তীর মাতুলালয়।

রাষ্ট্রকূট-দক্ষিণ ভারতের রাজত্ব।

রুম্মিনদেবী-বস্তী (U.P.) জেলার অন্তর্গত পাদেরিয়া গ্রামের সন্নিহিত গ্রাম। প্রাচীন নাম লুম্বিনী। বুদ্ধদেবের জন্মস্থান। অশোক অনুশাসনে উক্ত।

রূপনাথ-জব্বলপুরের অন্তর্গত গ্রাম।

রেবা-নর্ম্মদা নদী।

রৈবতক-বিন্ধ্যগিরির পশ্চিমস্থিত পর্ব্বত, আধুনিক গির্ণার্। বলরাম রেবতীর সহিত এখানে সতত বিহার করিতেন। ২ বৈবস্বত মনুর পুত্র শর্য্যাতি; তৎপুত্র আনর্ত্ত, তৎপুত্র রেবত (রেবতীর পিতা)। প্রাচীন মধ্যদেশের রাজা। দ্বারকা এই প্রদেশের অন্তর্গত। আধুনিক কাঠিয়াবাড়।

লবণ সমুদ্র-পুরাণোক্ত দক্ষিণ সমুদ্র। ইহার শত যোজন দূরে লঙ্কাদ্বীপ অবস্থিত। মৈনাক পর্ব্বত ইহার মধ্যে অবস্থিত। মতান্তরে বলকাষ হ্রদ (বো০ রায়)।

লম্ব-ত্রিকূট পর্ব্বত (রামা০)।

লাটদেশ-বর্ত্তমান গুজরাত।

লিআখিয়া [সং-লাজ (খই) > হিং লাবা; ওড়ি-লিয়া + খাওয়া বা খাইয়া > খিয়া] পুরী হতে কণারক যাইবার পথে কুশভদ্রা নদীর কূলে অবস্থিত গ্রামে পৌঁছিয়া শ্রীচৈতন্যদেব বিশ্রাম করিবার কালে লিয়া (খৈ) বিক্রয়কারিণী এক বৃদ্ধার নিকট লিয়া খাইয়া পুনরায় পথ চলিতে আরম্ভ করেন তদবধি এই স্থানের নাম হয় 'লিআখিয়া'। -কণারকের বিবরণ।

লিচ্ছবি-মজঃফরপুর জেলা।

লুম্বিনিবন-কপিলবাস্তু মহানগরমধ্যস্থ স্থান। ৫৫৭ খ্রীষ্ট পূর্ব্বাব্দে বুদ্ধদেব এই স্থানে ভূমিষ্ঠ হন।

লোকালোক-সপ্তদ্বীপা পৃথিবী ও সপ্ত সমুদ্র বেষ্টনকারী সীমান্তপর্ব্বত (রামা০)।

লোহিতসমুদ্র-পূর্ব্বদিকে অবস্থিত লোহিতবর্ণ জলপূর্ণ সমুদ্র।

লৌহিত্য-ব্রহ্মপুত্র নদ।

শক্তিমান্-বিন্ধ্য পর্ব্বতের সন্নিহিত উত্তর ও পশ্চিমদিকের ঋক্ষবান্ এবং পূর্ব্বে মহেন্দ্র-গিরির সংযোজক শৈলশ্রেণী।

শতদ্রু-পঞ্জাবস্থ পঞ্চনদের অন্যতম; সৎলজ (Sutlej.) সিন্ধুর সহিত যুক্ত হইবার পূর্ব্বে চন্দ্রভাগার সুতরাং আর অন্যগুলির জল লইয়া প্রবাহিত।

শম্ভল, সম্ভল-মুরাদাবাদের অন্তর্গত নগরবিশেষ। কল্কি অবতার এই স্থানে জন্ম-গ্রহণ করিবেন বলিয়া পুরাণে উক্ত হইয়াছে।

শর্শস্থলী-গঙ্গা যমুনার মধ্যবর্ত্তী প্রদেশ।

শাক, শাকদ্বীপ-সপ্ত দ্বীপান্তর্গত দ্বীপ; সাইথিয়া। ২ মহাভারতোক্ত মদ্রদেশান্তর্গত (পঞ্জাব) আপগা নদীতীরস্থ রাজধানী শাকল (Cunningham's Ancient Geography of India.)। ৩ [পু°] উত্তরে লবণ ও দক্ষিণে ক্ষীর সাগরের মধ্যবর্ত্তী ভূভাগ।

শাকনাড়া-বর্দ্ধমান জেলার রায়না থানার অধীন গ্রাম। প্রেমচাঁদ তর্কবাগীশের জন্মস্থান।

শান্তিপুর [পূর্ব্বে হিন্দুগণ তাহাদের মৃতকল্প পিতা-মাতাকে সজ্ঞানে তীরস্থ করিয়া লইয়া আসিত। যারা এখানে আসিয়া রোগমুক্ত হইত তারা পুনরায় সংসারে গেলে পাছে কোনরূপ অমঙ্গল প্রবেশ করে এই ভয়ে তারা আত্মীয়স্বজনের মায়া কাটাইয়া সংসারের সুখ দুঃখ হতে নিরপেক্ষভাবে এখানে জীবনের অবশিষ্ট অংশকাল শান্তিতে অতিবাহিত করিতেন বলিয়া স্থানের এই নাম।"-নদীয়া কাহিনী] নদীয়ার অন্তঃপাতী বৈষ্ণবপ্রধান নগর। অদ্বৈতাচার্য্য ও বিজয় কৃষ্ণ গোস্বামীর জন্মস্থান।

শালিখা [গ্রা° শালকে] হাবড়ার নিকট-বর্ত্তী গ্রাম। কবি রামবসু ও মদন অধিকারীর জন্মস্থান।

শাল্মলী-সপ্তদ্বীপান্তর্গত দ্বীপ; এশিয়া মাইনর। সীরিয়া। ২ অযোধ্যা হতে কেকয় রাজ্যে যাইবার পথে প্রবাহিতা নদী।

শাল্ব-রাজপুতানার অংশবিশেষ।

শাহবাজগঢ়ী-ভারতের উত্তর পশ্চিম সীমান্তপ্রদেশের য়ুসুফ্‌জাই নামক স্থানের সন্নিহিত গ্রাম। অশোক লিপিতে উক্ত।

শিবিরাজ্য-পঞ্জাবের অন্তর্গত বিতস্তা-নদীতীরবর্ত্তী দেশ।

শিলাই-কবিক°-উক্ত মেদিনীপুর জেলার নদীবি:।

শিশির-যবদ্বীপের পর পূর্ব্বদিকে অবস্থিত পর্ব্বত (রামা:)।

শুর্পারক-শিঙ্গাপুর।

শূর-সৌরাষ্ট্রের সন্নিহিত স্থান।

শূরসেন-মথুরামণ্ডল।

শূর্ম্মা-আসামের উপত্যকাবিশেষ।

শৃঙ্গবান-পুরাণোক্ত পর্ব্বতবিশেষ; উত্তর আলতাই।

শৃঙ্গবেরপুর-প্রয়াগ হতে ২২ মাইল উত্তর পশ্চিমে গঙ্গার উত্তর তটে স্থিত নিষাদ-রাজ গুহকের রাজধানী, আধুনিক শিঙ্গরুর বা সাঙ্গার। ইহা প্রয়াগ হতে ২২ মাইল উত্তর পশ্চিমে অবস্থিত।

শেষনাগ-কাশ্মীরের পার্ব্বত্য হ্রদ বিশেষ।

শৈবল-দক্ষিণদিগ্‌বর্ত্তী পর্ব্বতবিশেষ। ইহার পাদদেশে সরোবরতীরে শম্বুকনামক শূদ্র তপস্যা করায় শ্রীরামচন্দ্রের হস্তে নিহত হয় (রামা:)।

শৈলোদা-রামায়ণোক্ত উত্তর ভারতস্থ নদীবিশেষ।

শোণ-মগধদেশ হতে নিঃসৃত নদী পূর্ব্বাভি-মুখে প্রবাহিত হইয়া গঙ্গার সহিত মিলিত। ইহার অন্য নাম মাগধী। ২ পূর্ব্ব সমুদ্র পারে খরস্রোত রক্তবর্ণ-জল সিদ্ধচারণসেবিত নদ (রামা°)।

শৌবীর-পঞ্জাবের অন্তর্গত রাজ্য।

শ্রাবস্তী-উত্তর কোশলে, লবের পুরী। আধুনিক বলরামপুরের নিকট।

শ্রীকর্ড়ী-ঢাকা মাণিকগঞ্জ মহকুমার অন্তর্গত গ্রাম কবি দীনেশচরণ বসুর জন্মস্থান।

শ্রীখণ্ড-বর্দ্ধমানের গ্রাম। বৈষ্ণব কবি বলরাম দাসের জন্মস্থান। ২ চণ্ডীদাসের আদি বাসভূমি। ৩ কবি জগদানন্দের জন্মস্থান। ৪ বৈ: কবি নরহরিদাস এবং আত্মারাম দাসের জন্মস্থান। স্বনাম খ্যাত-বৈ: কবি গোবিন্দ দাস কবিরাজ ভক্তি-রত্নাকরের জন্মস্থান। এখানে কবি 'সঙ্গীত মাধব নাটক' ও পদাবলী রচনা করেন।

শ্রীরঙ্গপত্তন-মাদ্রাজের অন্তর্গত সাগর-কূলবর্ত্তী নগর Siringapatam.

শ্রীশৈল-মলয় পর্ব্বতের উত্তরাংশ।

শ্রীহট্ট-বঙ্গের সিলেট জেলার প্রধান নগর। কড়চা রচয়িতা বৈষ্ণব কবি মুরারি গুপ্তের জন্মস্থান।

শ্বেত/গিরি, ~পর্ব্বত-হিমালয়ের শৃঙ্গবিশেষ; ধবলগিরি; চাঙ্গাই হিমমণ্ডিত।

সংরোচন-গোমতী তীরস্থ গিরি(রামা:)।

সদ্ধর্ম্মনগর-আধু° ব্রহ্মদেশস্থ 'থাটন' পৌরাণিক সুধর্ম্মাবতী।

সন্ধ্যা-প্রাচীন আর্য্যাবর্ত্ত ও খাস বঙ্গদেশের মধ্যবর্ত্তী প্রদেশ। The tract to S.G.of Bhagalpur Comprising the western portion of Birbhoom and Santal Perganas is the border land between the old Aryavarta (the Indian domicile of the Aryans) and Bengal proper and was called Sandhya Country. P. Banerji, Visvabharati 1924.

সপ্তগ্রাম [গ্রা° সাতগাঁ] হুগলী জেলার অন্তর্গত ত্রিশবিঘা রেল ষ্টেশনের নিকটবর্ত্তী সরস্বতী নদীতীরস্থ প্রসিদ্ধ গ্রাম। ইহার সমৃদ্ধি ইতিহাসপ্রসিদ্ধ ১৫৯২ অব্দে এই বাণিজ্য-বন্দর পাঠানগণ কর্ত্তৃক লুণ্ঠিত হয়। পরে সরস্বতীর স্রোত রুদ্ধ হওয়ায় খৃ: ১৬৩২ অব্দে সপ্তগ্রাম ধ্বংসপ্রাপ্ত হয়।

সমতট-পূর্ব্ববঙ্গের নামান্তর।

সমস্থলী-গঙ্গা যমুনার মধ্যবর্ত্তী প্রদেশ; দোয়াব।

সম্বর, সাম্বর-রাজপুতনাস্থিত হ্রদ।

সরযূ-মানস সরোবর হতে উৎপন্ন অযোধ্যা-

সরস্বতী-ব্রহ্মাবর্ত্তের নদীবিশেষ। কেকয়-দেশ হতে অযোধ্যা আসিতে পথে সীতা-সরস্বতী সঙ্গম ছিল (রামা°, অ, ৭১)।

সহ্যপর্ব্বত-পশ্চিমঘাট পর্ব্বতশ্রেণী।

সাংকাশ্য, সাঙ্কাশ্যনগর-সুধন্বা

রাজার পরে জনক ভ্রাতা কুশধ্বজের রাজধানী। দোয়ারের মধ্যবর্ত্তী মাইনপুরীর নিকট কালীনদীতীরে ইহা অবস্থিত ছিল।

সাকেত-অযোধ্যার পূর্ব্ব নাম।

সাগরদাঁড়ি-যশোহর সহর হতে ১৪ ক্রোশ দক্ষিণে কপোতাক্ষ নদীতীরস্থ গ্রাম। মাইকেল মধুসূদন দত্তের জন্মস্থান।

সাঙ্কাশ্যাপুরী-মৈনপুরী সহরের সন্নিহিত কালীনদীতীরস্থ প্রাচীন নগরী।

সা-বন্দর [Wilson's Glossary] ঢাকা নগরী।

সাবর্ণিমেরু - গোমতীতীরস্থ পর্ব্বতবি: (রামা°)।

সারনাথ-বারণসীর ৪ মাইল উত্তরে বৌদ্ধধর্ম্ম প্রচারের প্রধান ক্ষেত্র; মৃগদাব।

সারসা-খুলনা সাতক্ষীরা মহকুমার অধীন গ্রাম। মালঞ্চ ও পাক্ষিক সমালোচকের সম্পাদক ঠাকুরদাস মুখোপাধ্যায়ের জন্মস্থান। ইহা কপোতাক্ষ নদীর তীরে, পরপারে সাগরদাঁড়ি।

সাম্বেয়-গোমতীতীরস্থ পর্ব্বত (রামা°)।

সাসেরাম্-বিহার, শাহাবাদ জেলার রাজধানী পাটলীপুত্র সন্নিহিত গ্রাম। অশোক অনুশাসনে উক্ত।

সিঙ্গিগ্রাম-বর্দ্ধমান জেলার আধুনিক কাটোয়া মহকুমার ও প্রাচীন ইন্দ্রাণী পরগণাস্থ গ্রাম। কবি কাশীরাম দাসের জন্মস্থান।

সিদ্ধপুর - মহীশূরের অন্তর্গত চিতলদুর্গ জেলার গ্রামবিশেষ (অশোক লিপি)।

সিদ্ধাচল-কাঠিয়াবাড়ের অন্তর্গত পলিটানায় জৈনদিগের সর্ব্বপ্রধান তীর্থস্থান। ইহা সমুদ্রপৃষ্ঠ হ'তে প্রায় ৮ হাজার ফুট (৭৮৭৭ফুট) উচ্চ। এই পর্ব্বতশিখরের স্বপ্নপুরীবৎ মন্দির নির্ম্মিত হইয়া তার সংলগ্ন ৮৩৯ মন্দির, ১১৪৭৪ মূর্ত্তি ও ৮১৬১ জৈন অর্হৎগণের পদচিহ্ন স্থাপিত হয়।

সিদ্ধাশ্রম-বামনদেবের সিদ্ধিলাভের স্থান; বর্ত্তমান বক্সর সন্নিহিত স্থান। ২ বিশ্বামিত্র ঋষির আশ্রম। প্রয়াগের নিকট ভোজকট নগরে স্থিত, উহা কৌশিকীনদী বেষ্টিত ছিল।

সিন্ধু-বর্ত্তমান সিন্ধ্ প্রদেশের পশ্চিমাংশ; Sind. ২ সিন্ধুনদ R. Indus. ইহা কৈলাস পর্ব্বতের মানস সরোবরের নিকট সিন-কা-বাব (সিংহ মুখ) নামক প্রস্রবণ হতে উৎপন্ন এবং ১৮ ২ মাইল পথ অতিক্রম করিয়া আরব সাগরে পতিত। শারক, কাবুল, স্বাত, সোহান, চৌকী, কুরম, লুনী, শতদ্রু, বিপাশা, ঐরাবতী, দেঘ, চন্দ্রভাগা ও বিতস্তার জল ইহাতে পতিত হইতেছে।

সিপ্রা-নদী। ইহার তটে সন্দীপন মুনির আশ্রম ছিল-যথায় শ্রীকৃষ্ণ শিক্ষা লাভ করিয়াছিলেন।

সিলেট [গ্রা°। সিলহেট, সেলেট ও°] শ্রীহট্ট (আসাম)।

সুগন্ধ-গন্ধমাদন।

সুদর্শন-হিমালয় সন্নিহিত পর্ব্বত (রামা°)। ২ গোমতী-তীরবর্ত্তী পর্ব্বত (রামা°)।

সুদামন-পঞ্জাবস্থ বাহ্লীক প্রদেশের অন্তর্গত গিরিমালা।

সুধর্ম্মাবতী, সদ্ধর্ম্মনগর - ব্রহ্মের আধু° থাটন।

সুপার্শ্ব-খানদেশস্থ গিরিমালা।

সুবর্ণগিরি-বর্ত্তমান সোন্‌গির্। রাজগিরের সন্নিহিত পাহাড়।

সুবর্ণগ্রাম-সোণার গাঁ দ্রঃ।

সুবর্ণভূমি-উত্তর ব্রহ্মদেশ। পূর্ব্বে তথাকার খনিজ সুবর্ণ দক্ষিণবাহিনী ইরাবতী নদী দ্বারা দেশান্তরে প্রেরিত হইত বলিয়া উহার সুবর্ণদ্বীপ নাম ছিল (Asiatic Society's Journal, Bengal, 1872, p. 25)

সুবেল - লঙ্কাদ্বীপে স্থিত ২ যোজনব্যাপী পর্ব্বত ইহার শিখরে উঠিয়া রাম লঙ্কাপুরীর ঐশ্বর্য্য দেখিয়াছিলেন (রামা°)।

সুরাসমুদ্র-ঈজিয়ান সাগর।

সুহ্ম (হ্মুহ্‌) বঙ্গের উত্তর পূর্ব্বস্থ দেশ; বিল্‌সন সাহেব মতে ত্রিপুরা ও আরাকান। প্রাচীন ভূগোল মতে নোয়াখালী, চট্টগ্রাম প্রভৃতি অঞ্চল।

সুতামুটী-তন্তুবায়েরা কলিকাতার উত্তরভাগে আসিয়া বাস স্থাপন করিয়া সুতার লুটী প্রস্তুতাদি কর্ম্ম করিত বলিয়া নাম। সপ্তদশ শতাব্দীর পূর্ব্বার্দ্ধে এই নামের উৎপত্তি। এই সকল সুতার লুটী ও বস্ত্র হাটখোলা বা সুতানুটী হাটে বিক্রয় করা হইত। পশ্চিমে নিমতলা ঘাট হতে পূর্ব্বে খাল পর্য্যন্ত রেখা বর্ত্তমান কলিকাতার উত্তরভাগ পুরাতন সুতানুটীর স্থান নির্দ্দেশ করে।

সুমেরুপর্ব্বত-তিব্বত দেশের উত্তর এবং চীন দেশের পশ্চিমস্থ পর্ব্বত শ্রেণীর নাম সুমেরুপর্ব্বত। সুমেরুপর্ব্বত দেবতাদিগের বাসভূমি ইহা প্রসিদ্ধ আছে। ইহাতে মনে হয় হিন্দুকুশ নামক অত্যুচ্চ পর্ব্বত মালার নাম পূর্ব্বকালে মেরুপর্ব্বত বলিয়া আখ্যাত হইয়াছিল। এই অঞ্চলে সর্ব্বপ্রথম মানবের বসতিস্থান ছিল, ইহা বিষ্ণুপুরাণের মত।

সূর্য্যদ্বীপ-ভৈরব নদের তীরবর্ত্তী প্রদেশ, ইচ্ছামতীর পূর্ব্বোত্তরাংশ, করতোয়ার উত্তরাংশ, কপোতাক্ষ নদ ও বড়গঙ্গার পূর্ব্বাংশস্থিত প্রদেশসমূহ। প্রধান নগর মহেশপুর, ভৈরব নদী তটে লাটদ্বীপ, (আধু° লাটুদহ অঞ্চল ও কঙ্কদ্বীপ। যশোহরের কাঁকদী পরগণা), চিত্রোতট প্রদেশ (কেঁউটে পরগণা)। মহেশপুরের পশ্চিমাংশ জেলে রাজার বাটী ছিল)। রাজধানীর সীমা সূর্য্যের মাঠ বলিয়া প্রসিদ্ধ।

সূর্য্যবান - দক্ষিণ সমুদ্রপারস্থ পর্ব্বত (রামা°)।

সূর্য্যারিকা - এঁকৃরিকা বা আফ্রিকা মহাদেশ Africa.

সেতুবন্ধ রামেশ্বর-ভারতের দক্ষিণ প্রান্তস্থ মাদুরা হতে ৩০ ক্রোশ দূরে এই তীর্থ অবস্থিত, রামেশ্বর হতে লঙ্কাদ্বীপ পর্য্যন্ত সাগর ও ভগ্ন সেতু ৬০ মাইল বিস্তীর্ণ। রামেশ্বরদ্বীপ এই সেতুর একাংশ।

সেনগড় - বড়োদা রাজ্যের প্রাচীন রাজধানী। অশোকলিপিতে উক্ত।

সেনহাটী-খুলনা জেলার গ্রাম। সদ্ভাবশতক প্রণেতা কবি কৃষ্ণচন্দ্র মজুমদারের জন্মস্থান।

সেরপুর-ময়মনসিং জেলার গ্রাম। মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কারের পৈতৃক বাসভূমি।

সোনার গাঁ-সুবর্ণগ্রাম, বিক্রমপুর।

সোপারা-বোম্বাই প্রদেশের ঠানা জেলার গ্রামবিশেষ, অশোক অনুশাসনে উক্ত।

সোমগিরি-উত্তর সমুদ্রে অবস্থিত পর্ব্বত। পৃথিবীর কাল্পনিক উত্তরসীমা।
সোমাপা-পঞ্জাবের অন্তর্গত গ্রাম। অশোক লিপিতে উক্ত।
সৌবর্ণ-মেরুপর্ব্বত (রামাঃ)।
সৌবীর-বর্ত্তমান রাজপুতানার দক্ষিণভাগস্থ রাজ্য। মতান্তরে হিমালয় প্রদেশে উত্তরখণ্ডস্থ রাজ্য। নদী অলকনন্দা তীরে অবস্থিত। ইহার রাজ নগরী অলকা। প্রাচীন নিষধের অংশবিশেষ কুমায়ুনের অন্তর্গত বলিয়া অনুমিত।
সৌমনা-উদয়গিরির শৃঙ্গবিশেষ (রামাঃ)।
সৌরাষ্ট্র-বর্ত্তমান সুরাট।
স্যন্দিকা-অযোধ্যা হতে দণ্ডকারণ্য যাইবার পথে প্রবাহিতা নদী (রামাঃ)।
হংসাবতী-বর্ত্তমান বর্ম্মার Hanthawaddy র পৌরাণিক নাম। আধুঃরেঙ্গুন এই রাজ্যের মধ্যে অবস্থিত।
হরিনাভি-২৪ পরগণা জেলার অন্তর্গত গ্রাম। দুর্গামঙ্গল প্রভৃতি রচয়িতা কবি রামচন্দ্র মুখোপাধ্যায়ের জন্মস্থান। ২ রামনারায়ন তর্করত্নের জন্মস্থান।
হরিবর্ষ-হেমকূটের উত্তরস্থ ও নিষধের দক্ষিণস্থ ভূভাগ।
হরিয়ুপীয়া [বেদোক্ত নাম। ল্যাঃ Europa < গ্রীঃ Europe] য়ুরোপ।
হরিহরপুর-মেদিনীপুরের প্রায় আট ক্রোশ পূর্ব্ববর্ত্তী গ্রাম। বৈষ্ণব কবি দুঃখী শ্যামাদাসের জন্মস্থান।
হস্তিনাপুর-বর্ত্তমান দিল্লীর প্রায় ১৬ মাইল পূর্ব্বে গঙ্গার দক্ষিণতটস্থ নগর।
হিংলি-কুশদহ অন্তর্গত চৌবেড়িয়া সন্নিহিত গ্রাম। হিংলি তামাকের জন্য প্রসিদ্ধ। চৌবেড়িয়ার ৺কুঞ্জলাল চট্টোপাধ্যায় হিংলি তামাকের ব্যবসায়ের প্রবর্ত্তক। কুশদহ, ১৩২২।
হিঙ্গলাজ, হিঙ্গু-করাচীর প্রায় ৯০ মাইল উত্তরে বেলুচিস্তানস্থিত তীর্থবিশেষ।
হিজলী-পুরী যাইবার পথে মেদিনীপুর জেলার গ্রামবিশেষ (কপালকুণ্ডলা)।
হিমবান্-হিমালয়ের সর্ব্বোচ্চ শৃঙ্গ Mt. Everest.
হির্ম্মবৎপ্রভব-হিমালয়ের উত্তরস্থ শৃঙ্গবিশেষ (রামাঃ)।
হিমালয়-এই পর্ব্বতমালা পূর্ব্বে ব্রহ্মপুত্র নদের উৎপত্তি স্থান হতে পশ্চিমে সিন্ধুনদের উৎপত্তি স্থান পর্য্যন্ত ১৫০০ মাইল দীর্ঘ। সর্ব্বোচ্চ শিখর এভারেষ্ট শৃঙ্গ সমুদ্রতল হতে ২৯০০২ ফিট। গডউইন অষ্টেন শিখর উচ্চতায় ইহার অব্যবহিত নিম্নে ২৮,২৫০ ফিট। এভারেষ্ট শিখরের উচ্চতা ৺রাধানাথ শিকদার(Head Computor Trigonometrical Survey of India) কর্ত্তৃক প্রথম পরিমাপিত এবং পৃথিবীর মধ্যে উচ্চতম পর্ব্বত শিখর বলিয়া আবিষ্কৃত। কর্ণেল এভারেষ্ট তখন এই বিভাগের কর্ত্তা ছিলেন।
হিরণ্ময় বা হিরণ্যকবর্ষ [পুঃ] মঙ্গোলিয়া ও মাঞ্চুরিয়া।
হুন [সং নাম] চীনের অন্তর্গত দেশ।
হেতেগড়-অভিধানে হাতে ধর শব্দ দ্রঃ।
হেমকূট-হিমালয়ের শৃঙ্গবিশেষ; কাঞ্চন শৃঙ্গ Kinchinjungha. মতান্তরে কিয়নলুন পর্ব্বত।
হৈমবতী-শতদ্রু নদীর নামান্তর।

পরিশিষ্ট (জ)

প্রাচীন ও আধুনিক মুদ্রা, পরিমাণ, সংখ্যা ও পরিমাপবাচক শব্দাভিধান

অংশ [জ্যোঃ বৃত্ত পরিমাঃ] সমকোণের ৯০ ভাগের ১ ভাগ; ডিগ্রি।
অক্ষৌহিণী-চতুরঙ্গিণী সেনার সংখ্যাভেদ; ১০ অনীকিনী-সংখ্যক বা ২,১৮,৭০০ সৈন্য;
অঙ্গুলি-আঙুলের প্রস্থ পরিমাণ দৈর্ঘ্য।
অণু [প্রাঃ কাল পরিমাঃ] ২ পরমাণু। ইহা নয়নগোচর হয় না।
অনীকিনী-৩ চমূ (=২১,৮৭০ সৈন্য)
অনুপল [জ্যোঃ পরিমাঃ] বিপলের ৬০ ভাগের একভাগ।
অন্ত্য-১০ সাগর বা সহস্র লক্ষ কোটি।
অযুত-১০ সহস্র।
অরত্নি [অর্থশাঃ] ২ ফুট।
অর্ব্বুদ-১০ কোটি।
আউন্স, ঔন্স [ইং ounce, ব্রিটিশ ফার্ম্মাকোপিয়া প্রচলিত শুষ্ক বা চূর্ণ ঔষধের ওজন] ৪৩৭½ গ্রেণ (ইং grain)। ২ [জলীয় দ্রব্যের ডাক্তারী ওজন] ৮ ড্রাম,৪৮০ ফোঁটা। ৩ [গুরুভার দ্রব্যের ওজন] ১৬ ড্রাম; ১ পৌণ্ডের ষোড়শাংশ; প্রায় অর্দ্ধ ছটাক। ৪ [চামচ পরিমাঃ] ৮ চামচ; ৪৮০ ফোঁটা; ২ টেব্ল বা বড় চামচপূর্ণ; মদের পেয়ালার (wine glass) অর্দ্ধ পেয়ালা। ৫ [স্বঃ রৌঃ] ২০ পেনিওয়েট; ১ পাউণ্ডের ১২ ভাগের এক ভাগ; ৪৮০ গ্রেণ।
আঙুল-যব দ্রঃ। হাত দ্রঃ। ৩ আঙুল=১ গিরা=২¼ ইঞ্চি (কাপড়ের মাপ)।
আড়ক, আড়ি, আঢ়ক, আঢ়ি [শস্য পরিমাঃ] ২ মণ; ৮ কাটি। ২ ৪ প্রস্থ (অ, কোষ)।
আড়া [মৈমনসিং অঞ্চলে] ভূমি পরিমাণবিঃ। ১-৬ আঙুলের গজের ১০০ গজে ১ রসি। এইরূপ ২ রসি লম্বা ও ১ রসি চওড়া ভূমিখণ্ডে ১ আড়া হয়। ১ আড়া=৪ বিঘা,১৭ কাঠা ৮ ছটাক জমি (কোম্পানীর ৪০ গজের রসির অর্থাৎ ৮০ হাতের রসির মাপে)।
আদিত্য [মূল্য পরিমাঃ] কড়ার ১২ ভাগের ১ ভাগ।
আধলা, আধেলা [বিহার, যুক্তপ্রদেশ ও পঞ্জাব প্রচলিত মুদ্রা পরিমাঃ] ২ ছিদাম; আধ পয়সা।

আধি, আদ্ধি [বিহার ও পঞ্জাব প্রচলিত মুদ্রা পরিমা০] ৫ কড়ী ; আধ দামড়ী।
আনা [বং০রৌ০] ৪ পাই বা ৬ রতি পরিমাণ ওজন। ২ আনি মুদ্রা ; টাকার ১৬ ভাগের একভাগ ; ৪ পয়সা।
আনি-১২ পাই অথবা ৪ পয়সা মূল্য পরিমাণ নিকেল ধাতুখণ্ড ; এক আনি। দু-আনি-দুই আনা মূল্যের রৌপ্য মুদ্রা। চার-আনি, সিকি [হিং চুয়ান্নি] চার আনা মূল্যের রৌপ্যখণ্ড। আট-আনি, আধুলি-আট আনা মূল্যের রৌপ্য মুদ্রা।
আরবা [ধান্যের মাপ। মেদিনীপুর অঞ্চলে] ১২½ হতে ১৩ মণ শস্য।
আলকেরই [পর্ত্ত০] ২ গেলন।
ইঞ্চি [ইং inch] ৩ যবোদর-পরিমাণ বিস্তার ; ১ বুরুল ; ৪ জ ; ৮ সূত। ১২ লাইন ; ৭২ পয়েন্ট।
ইয়ার্ড [ইং yard] ৩৬ ইঞ্চি বা ৩ ফুট পরিমাণ দৈর্ঘ্য ; ২ অঙ্গুলি কম ১ গজ।
ইলাহী গজ-গজ দ্রঃ।
উত্তমসাহস [প্রা০ তাম্রমুদ্রা] ১০০০ কার্ষাপণ (স্মৃ০)।
উর্সভ [প্রা০। পথ পরিমা০] ২০ যষ্টি ; এক গব্যূতির (৩ মাইল) ৬০ ভাগের এক ভাগ।
ঋতু-কড়ার ছয় ভাগের একভাগ মূল্য পরিমাণ। ৬০ পল=১ দণ্ড, ৬০ দণ্ড=১ অহোরাত্র, ৬০ অহোরাত্র=১ ঋতু।
একর [ইং ভূমি পরিমা০, acre] ৪ রূড বা ৪৮০০ বর্গগজ পরিমাণ ; ৩ বিঘা আধ কাঠা। ১ একর=৩$\frac{1}{8}$০ বাঙ্গালা ও মান্দ্রাজ বিঘা=প্রায় ৩ পঞ্জাব বিঘা=১$\frac{7}{8}$ পশ্চিমা বিঘা। ৫ একর=৮ পশ্চিমা বিঘা=১৫$\frac{1}{8}$ বাঙ্গালা বিঘা। ৩০ একর=প্রা০ ইং ভূমি পরিমাণে "ইয়ার্ড অব ল্যাণ্ড" (a yard of land)। ১০০ একর=প্রা০ইং ভূমি পরিমাণে "হাইড অব ল্যাণ্ড" (a Hide of land)= ১৮০ হতে ৩৬০ বিঘা প্রাচীন ইংলণ্ডের ভূমি পরিমাণ।
এঞ্জেল [ইং মুদ্রা পরিমা০; angel] ১০ শিলিং পরিমাণ মুদ্রা।
এয়র্ [ফ্রেং০-are মেট্রিক প্রণালীর বর্গ পরিমা০] ১০০ বর্গ মীটর ; বর্গ পরিমাণের একক ; ১০মীটর দীর্ঘবাহু বর্গ ক্ষেত্রের একক ; French unit of surface measure, a square the side of which is 10 metres long. ২ ১১৭,৬৪৩ বর্গফুট ; ১বর্গ দেকা মিটর।
এল [ইং ell বস্ত্র পরিমা০] ৪৫ ইঞ্চি ; ৫ কোয়ার্টার।
কঁড়া [মূল্য পরিমা০] গণ্ডার ৪ ভাগের ১ ভাগ ; ৩ ক্রান্তি। ২ [সংখ্যা পরিমা০] ১টা। ৩ ৪ কাক=৩ ক্রান্তি=৯ দন্তী=২৭ যব=৮০ তিল=১ কড়া। (২) ৩ ক্রান্তি=৪ কাক=৫ তাল =৬ ঋতু=৭ দ্বীপ=৮ বসু=৯ দন্তী=১০ দিক=১১ রুদ্র=১২ সূর্য্য=১৩ তিথি=১৩ বেদ=১৪ ভুবন= ১৫ তিথি= ১৬ কলা=২৭ যব=৩২ দাঁত=৮০ তিল=১০০ ধূল =৩৬০ রেণু=১২৮০ ঘুণ = ১ কড়া ; ৫৷। কড়ার সূক্ষ্ম বিভাগ-২০ বিন্দু=১ ঘুণ =৫৷/=৫৷১,৩ দন্তী=১ ক্রান্তি ৮।
কঁড়ি, কড়ী, কৌড়ী [ভারতীয় মূল্য পরিমা০] লাক্ষাদ্বীপ ও মালদ্বীপ হতে আমদানীর কম বেশী অনুসারে ইহার মূল্যের হ্রাস বৃদ্ধি হয়। সাধারণতঃ ৮০টা কড়িতে ১ পয়সা হয়।
কঁণা [প্রা০রৌপ্য মুদ্রা] অর্দ্ধরৌপ্য কার্ষ্যাপণ; ২৮ গ্রেণ বা তাম্র পণ মূল্যের মুদ্রা ; (Cunningham's Archæo. Survey Reports, vol xiv.
কঁলড্রন [ইং chaldron কয়লার ওজন] ৩৬ বুশেল।
কঁলা [প্রা০ কাল পরিমা০] ৩০ কাষ্ঠা। ২ [জ্যোতিষিক বৃত্ত পরিমা০] ৬০ বিকলা ; অংশ বা ডিগ্রির ৬০ ভাগের ১ ভাগ। ৩ [কলায় দ্রঃ] কড়ার ১৬ ভাগের এক ভাগ মূল্য ১৬ পরিমাণ।
কঁলায়, কঁলা [মূল্য পরিমা০] কড়ার ভাগের এক ভাগ।
কাঁচ্চা-৪ সিকি বা ১২ মাষা বা ১৬ আনা বা ৯৬ রক্তি বা ১৮০ গ্রেণ পরিমাণ ওজন।
কাক, কাগ [জমী পরিমা০] ১ হাত লম্বা এক হাত চওড়া। ২ [কড়ি গণনায়] ২০ তিল ; ধূল ; ৪ কাগ-৩ ক্রান্তি।
কাকিনি [প্রা০ তাম্র মুদ্রা] ৩৫ গ্রেণ ওজনের ও ২০ কড়া কড়ি মূল্যের তাম্র মুদ্রা। অর্দ্ধকাকিনিমুদ্রাও প্রচলিত ছিল। (Cunningham's Archæo. Survey Reports, vol xiv.
কাছি [জাহাজী কাছি-cables' length] কেবল্ দ্রঃ।
কাটি [ধান্য পরিমাণ] ২ মন : দশ সের।
কাঠা [ভূমি পরিমা০। সং-কাষ্ঠিকা] ২০ গণ্ডা বা ধূল বা ১৬ ছটাক পরিমাণ ; ৮০ হাত × ৪ হাত অথবা ২০ হাত × ১৬ হাত জমী বিঘা (৮০ হাত) × কাঠা (৪ হাত)=১ কাঠাকালী।
কাঠাকে [ভূমি পরিমা০] ৪ হাত × ৪ হাত।
কাঠি [বোম্বাই ভূমি পরিমা০] ৩৯¾ বর্গ হাত ২০ কাঠি=১ পাণ। ২০ পাণ=১ বিঘা।
কাণি, কানি, কানী [প্রা০বাং-কানি। জমি পরিমা০] ১২ নল দীর্ঘ ও ১০ নল বিস্তৃত ভূমি ; ২ বিঘা ৩ কাঠা দশ ছটাক। মান্দ্রাজে -৬৫০ স্কোয়ার ইয়ার্ড (বর্গগজ)। রঙ্গপুর অঞ্চল ২০ গণ্ডায় ১ কানী।
কানাল [পঞ্জাবে ভূমি পরিমা০] বিঘা দ্রঃ।
কার্ষাপণ, কার্ষিকার্পণ, কার্ষ্যপণ [প্রা০ তাম্রমুদ্রা] ৮০ রতি তাম্র পরিমাণ মুদ্রা (স্মৃ০)। ২ [প্রা-রৌপ্য মুদ্রা] ৪ মাষা বা ৩২ রতি বা ৫৬ গ্রেণ রৌপ্য পরিমাণ ও ১৬ পণ তাম্র মুদ্রা মূল্য সমান। Laws of Manu. Vol VIII pp. 131-137, Cunningham, Vol. XIV.
কালপরিমাণ-৬০ ক্ষণ=১ লব, ৬০ লব= ১ নিমেষ, ৬০ নিমেষ=১ কাষ্ঠা, ৬০ কাষ্ঠা= ১ অতিপল, ৬০ অতিপল=১ বিপল, ৬০ বিপল =১ পল (২৪ সেকেণ্ড), ৬০ পল=১ দণ্ড (২৪ মিনিট), ৬০ দণ্ড=১ অহোরাত্র, ৬০ অহোরাত্র বা ৬০ সাবন দিন=২ সাবন মাস বা ১ ঋতু, ৬ ঋতু বা ১২ সাবন মাস=১ সৌর মানব বর্ষ বা ১ দিব্য দিন, ৩৬০ দিব্য অহোরাত্র= ১ দিব্য বর্ষ, ১২০০ দিব্য বর্ষ=১ মহাযুগ (৪৩২০০ রবিবর্ষ), ৭১ মহাযুগ=১ মন্বন্তর, ১৪ মন্বন্তর= ১ কল্প (৪৩২০০০০০০০ রবি বর্ষ বা ব্রহ্মার ১ দিন), ২ কল্প=১ ব্রাহ্ম অহোরাত্র, ৩৬০ ব্রাহ্ম অহোরাত্রি=১ ব্রাহ্ম বর্ষ, ৫০ ব্রাহ্ম বর্ষ=১ পরার্দ্ধ, ২ পরার্দ্ধ=১ পরা অথবা মহাকল্প বা ব্রাহ্ম আয়ু। সত্য, ত্রেতা, দ্বাপর, কলি-এই ৪ যুগ= ১ মহাযুগ। ১ কল্পে

যুক্ত বিবরণ (অগ্র=অগ্র্য), হীন বুক্তাক্ষর অকারান্তবৎ, জ=গ জ=গী ক=নচ ক=ই ঃ=হ হ হল হ্ন হ=নহ হ্ব হ হ্ব হ ব্য, জ্ব ব্ব ব্ড=zfwv ও চ্চা০ দ্রঃ

১০০০ মহাযুগ ও ১৪ মন্বন্তর। ব্রহ্মার পরমায়ু =১০০ ব্রহ্ম বর্ষ। এই কাল পরিমানের নাম দ্বিপরার্দ্ধ। ব্রহ্মার আয়ু একপরার্দ্ধ অতীত হইয়া দ্বিতীয় পরার্দ্ধে বরাহ নামক আদি কল্প চলিতেছে। এই বরাহ কল্পের ৬ মন্বন্তর শেষ হইয়া এখন বৈবস্বত মনুর ৭ম মন্বন্তর ও এই মন্বন্তরে ২৮ সত্য, ২৪ ত্রেতা ও ২৮ দ্বাপর অতীত হইয়া ১৮শ কলিযুগ চলিতেছে।

কাষ্ঠা [প্রা০ কাল পরিমা০] ১৮ নিমেষ। ২ পনের (১৫) নিমেষ (ভাগবত)।

কাস্ক্ [ইং-cask] ব্যারেল, পীপা দ্রঃ।

কার্ষন [মূল্য পরিমা০] ১৬ পণ; টাকা। ২ [সংখ্যা পরিমা০] ২৮০ টা। ৩ [শস্য পরিমা০] ১৬ সলি পরিমাণ ; ১৬ বিশ ৮০ মণ ; খুঁচির হিসাবে ৬৪০ মণ।

কিউবিট [ইং-cnbit] ১৮ ইঞ্চি ; এক হাত ;, দেড় ফুট।

কিস্কু [অর্থ শা০ পরিঃ] ৪ ফুট ৮ ইঞ্চি।

কিয়ার-কেদার দ্রঃ।

কিলোমিটর, কিলো [ফ্ৰ-- kilometre, kilo] ১০০০ মীটর; ৫ ফার্লং; ১০০০ লীটর। ৪ কিলো=৫ মাইল।

কিষ্কু [প্রা০ দৈর্ঘ্য পরিমা০] বিতস্তি দ্রঃ।

কুঁচ [স০ রৌ০] রতি ; ৪ ধান।

কুঞ্জ [মূল্য পরিমা০] কড়ার $\frac{1}{১৫}$ ভাগ।

কুড়ব, কুড়া [ভূমি পরিমা০] ২০ কাঠা। ২ [ভার পরিমা০] ৪ মুষ্টি (অ০ কোষ)।

কুড়বা-কাঠা (শুভঙ্কর)।

কুনিকা [শস্য পরিমা০] ৫ ছটাক। ২কুনিকা =১ খুঁচি। ২ খুঁচি=৪ কুনিকা= ১ রেক।

কৃষ্ণল [প্রা০ স্বর্ণমুদ্রা ও স্বর্ণ পরিমা০] ৩ যব ; ১ রতি বা কুঁচ।

কেদার, কিয়ার [বিতঃ শ্রীহট্টে] জমির মাপবিঃ। হালের দ্বাদশ ভাগের একভাগ।

কেব্ল্ [ইং cable । সমুদ্রের দূরত্ব পরিমা০] জাহাজী কাছি; প্রায় ৪০০ হাত; ১২০ কেদাম্ (fathom)।

কোটি-১০০ লক্ষ।

কোণা [পাণ পরিমা০] ২৮৮ পত্র বা ৯ গোছ পরিমাণ। ১ গোছ ৩২ পত্র।

কোয়ার্ট [ইং quart. তরল দ্রব্যের ওজন] ২ পাঁইট পরিমাণ ; ৭৬ সিক্কা ওজন।

কোয়ার্টার [ইং quarter. সাধা০ গুরু ভার ওজন] ২৮ পাউণ্ড অর্থাৎ প্রায় ১৪ সের ; সিকি হন্দর। ২ [বস্ত্র পরিমা০] ৪ নেল = ৮০ ইঞ্চি ; $\frac{১}{৪}$ ইয়ার্ড। ৩ [শস্য পরিমা০] ৮ বুশেল। ৪ [তরল দ্রব্য পরিমা০] ১০ পাউণ্ড ওজন ; এক ব্যারেলের ৩৬ ভাগের ১ ভাগ। ৫ [বোম্বাইয়ের মুদ্রা পরিমা০] ১০০ রাই বা সিকি ; টাকার চতুর্থাংশ। ৬[ইং কাল পরিমা০] ১৫ মিনিট।

কোয়্যার [ইং quire] কাগজের দিস্তা ; ২৪ তা দেশী বা ২৫ তা কলের কাগজ।

কৌড়ী-৩ ক্রান্তি ; কড়া দ্রঃ। ২ [জমির মাপ, সাধা০ শ্রীহট্টে] $\frac{১}{৪}$ গণ্ডা।

ক্যারেট [ইং-carat. ইংলণ্ডের স্বর্ণের ওজন পরিমা০] ২২ ভাগ খাঁটী সোণার সহিত ২ ভাগ তামা মিশ্রিত করিয়া যে স্বর্ণ হয় তাহার প্রত্যেক ভাগের নাম।

ক্যারোলাস [ইং মুদ্রা পরিমা০। carolus] ২৩ শিলিং পরিমাণ মুদ্রা।

ক্যাশ [তামিল ক্যাস্ > চীনা মুদ্রা] $\frac{১}{১২৮০}$ তেল মুদ্রার সমান।

ক্রাউন [ইং মুদ্রা পরিমা০। crown] ৫ শিলিং। হাফ্ (হাপ্) ক্রাউন -half crown- ২ শিলিং ৬পেনি পরিমাণ মুদ্রা।

ক্রান্তি-অতি ক্ষুদ্র মূল্য পরিমাণ ; কড়ার তিন ভাগের ১ ভাগ ; ধূল ; ৩ দন্তি। ৩ ক্রান্তি =১ কৌড়ী।

ক্রোশ [প্রাকৃ০-করীসং। পথ পরিমা০] প্রায় ইং ২ মাইল (কাঁচা ক্রোশ। ২০ মাইলে পাকা ক্রোশ) ; ৮০০০ হাত। ইং মাপ-৩যব (লম্বালম্বী)=১ ইঞ্চি=১ বুরুল, ১২ বুরুল বা ইঞ্চি=১ ফুট, ৩ফুট=১ গজ, ১৭৬০ গজ=১ মাইল, ২ মাইল=১ কাঁচি ক্রোশ।

ক্ষণ [প্রা০ কাল পরিমা০] ২ ঘটিকা ; ৬০ কলা। ভাগবতমতে ৩ নিমেষ। ২ [আধু০ কাল পরিমা০] মুহূর্ত্ত ; নিমেষ।

খর্ব্ব-সহস্র কোটি ; ১,০০০,০০,০০,০০০।

খাদা [ভূমি পরিমা০] ১৬ বিঘা।

খারি,-রী [ভার পরিমা০],১। সূর্প। ২ চার দ্রোণী বা ১৬ দ্রোণ।

খুঁচি [শস্য পরিমা০] ২০ ছটাক ; ২ কুনিকা।

গজ [দৈর্ঘ্য পরিমা০] ২ হাত পরিমাণ লম্বা ; বঙ্গে ৩৬ ইঞ্চি=বোম্বাইতে ২৭ ইঞ্চি। ইলাহী গজ=৩৩ ইঞ্চি। ২ [বস্ত্র পরিমা০] ১৬ গিরা ; ১ ইয়ার্ড, ৪ কোয়ার্টার।

গণ-৩ গুল্ম-সংখ্যক সৈন্য।

গণ্ডা [মূল্য বা সংখ্যা পরিমা০] ৪ টা বা ৪ সংখ্যা ; ৪ কড়া বা কড়ি ; বুড়ি বা পয়সার ৫ ভাগের ১ ভাগ। ২ [পাণ পরিমা০] এক গোছ পাণের অষ্টম ভাগ ; ৪টি পত্র।

গব্যূতি [প্রা০ গাবুৎ। প্রা০ পথ পরিমা০] ৬০ উসভ্য ; ৩ মাইল, ৩২০ গজ।

গা-১০ টা সুপারী। পুটি দ্রঃ।

গাঁ, গাঁও [রঙ্গপুর প্রাদে০] বি, ভূমি পরিমাণ। ৪ কড়ায় ১ গণ্ডা, ২০ গণ্ডায় ১ কানী, ১৬ কানীতে ১ দোন, ২০ দোনে ১ বিশ. ১৬ বিশে ১ গাঁও।

গাড়ী [ভার পরিমা০] ১০ ভার (অমর০)।

গাড্ডি-১০ দিস্তা কাগজ সংখ্যা ; আধ রিম।

গাবুত [পালি প্রাকৃ০] গব্যূতি দ্রঃ।

গিনি [ইং-guinea গিনি উপকূল হ'তে যে সমস্ত স্বর্ণ প্রথম ইংলণ্ডে আমদানী হইয়াছিল তদ্বারা প্রস্তুত মুদ্রার নাম গিনি রাখা হইয়াছিল] ২০ শিলিং মূল্যের স্বর্ণমুদ্রা। ভারতে প্রচলিত স্বর্ণমুদ্রা-মূল্য ১৫ টাকা। ইং ১ পাউণ্ডের সমান। ইং-তে ইহার নামান্তর সভারিন ; sovereign ২ [প্রা· ইং মুদ্রা] ২১ শিলিং। হাফ্ (হাপ্) গিনি-৭॥ টাকা মূল্যের স্বর্ণমুদ্রা ; ১০শিলিং।

গিরা [বস্ত্র পরিমা০] ৩অঙ্গুলি বা ৯ যবোদর পরিমাণ দৈর্ঘ্য ; হাতের $\frac{১}{৮}$ ভাগ ; ইং ১ নেল। স্থানান্তরে ৪ অঙ্গুলি (১ অঙ্গুলি= ৪ যব)।

গুর্ব্বক্ষর [গুরু+অক্ষর] প্রা-কাল পরিমা০] আ, ঈ প্রভৃতি দীর্ঘস্বর এবং মহাপ্রাণ ব্যঞ্জন বর্ণ উচ্চারণ করিতে যে সময় লাগে।

গুল্ম-৩ সেনামুখ সংখ্যক সৈন্য।

গোকর্ণ [হস্ত পরিমা০] অঙ্গুষ্ঠ ও অনামিকা মধ্যস্থ প্রসারণ পরিমাণ।

গোছ [পাণ পরিমা০] ৮ গণ্ডা বা ৩২ পত্র পরিমাণ।

গোণী [ভার পরিমা০] ২ খারি (অমর০)।

গৌরসর্ষপ [প্রা-মুদ্রা ও স্বর্ণ পরিমা০] ৩রাজ সর্ষপ ; ৭২ ত্র্যসরেণু।

গ্যালন [ইং gallon, তরল দ্রব্যের ওজন] ৮ পাইট; ৪কোয়ার্ট পরিমাণ ওজন; প্রায় ৪ সের। ২ [শস্য পরিমা০] ½ পেক; এক বুশেলের ৮ভাগের ১ভাগ; ২৭৭২৭৪ ঘন ইঞ্চি।

গ্রাম [ফ্রে০ gramme. মেট্রিক্ প্রণালী] গুরুত্ব পরিমাণের একক French unit of weight, ১০,০০,০০০ অংশের ১ অংশ ঘন মীটর পরিমাণ বিশুদ্ধ জলের ভার the cubic centimetre of distilled water. ২ [ইং-ওজন] ১৫ ৪৩৪ গ্রেণ।

গ্রেণ [ইং grain । ইং স্ব০ রৌ০ রত্নাদি ওজনের ক্ষুদ্রতম পরিমাণ] ১ড্রামের ৬০ভাগের ১ভাগ; প্রায় আধ রতি বা ২ধান। ১⁄১৮০ ভরি

গ্রোট [ইং groat মুদ্রা পরিমা০] ৪ পেনি-পরিমাণ মুদ্রা।

গ্রোস [ইং gross.] ১২ ডজন; ১৪৪টি।

ঘটিকা [প্রা০ কাল পরিমা০] দণ্ড; অর্দ্ধক্ষণ; ৩০ কলা। ২ [আধু০ কাল পরিমা০] ৬০ মিনিট; ঘণ্টা hour.

ঘণ্টা [ইং কাল পরিমা০] ৬০ মিনিট; দিনের ২৪ ভাগের ১ ভাগ পরিমাণ; প্রহরের তিন ভাগের এক ভাগ।

ঘনইঞ্চি [ঘন পরিমা০] যে সমচতুর্ভুজ ঘন বা কিউবের প্রত্যেক বাহু অর্থাৎ দৈর্ঘ্য, বিস্তার ও বেধ এক ইঞ্চি পরিমাণ।

ঘনগজ [ঘন পরিমা০ cubic measure] ২৭ ঘন ফুট cubic foot. ৮ঘন হস্ত।

ঘনফুট [ঘনপরিমা০ cubic measure] ১৭২৮ ঘনইঞ্চি; ১২×১২×১২ ইঞ্চি।

ঘুণ [প্রা০ মূল্য পরিমা০] ২০ বিন্দু।

চমূ-৩ পৃতনাসংখ্যক সৈন্য।

চুল [কাষ্ঠ ও ধাতু দ্রব্যের দৈর্ঘ্য পরিমা০] সিকি সুত পরিমা০।

চেন [ইং জমীঃ পরিমা০ chain এর জিপ্যান্তর] ২২ ইয়ার্ড; ৪ পোল; এক মাইলের ৮০ ভাগের ১ ভাগ; ১০০ লিঙ্ক (link) বা শিকলি কড়া। ১০ চেন=১ ফার্লং।

চোক, চোখ [মূল্য পরিমা০] ৪ পণ; ১ সিকি; কাহন বা টাকার চতুর্থাংশ।

চৌক [শ্রীহট্ট প্রাদে০] জমির মাপবিঃ। এক হালের চতুর্থভাগ। হাল দ্রঃ।

ছটাক-৪ কাঁচ্চা পরিমাণ ওজন।

ছিদাম [বিহার, যুক্তপ্রদেশ ও পঞ্জাবে প্রচলিত মুদ্রা পরিমা০] ২ দামড়ী; ২০ কড়ী; সিকি পয়সা।

জ-ম দ্রঃ।

জরিব [যুক্তপ্রদেশে ভূমি পরিমা] ২০ বাঁশ; ৬০ ইলাহী গজ।

জিল [ইং gill. তরল দ্রব্যের ওজন] সিকি পাইট।

জ্যৈট-এক বর্গ নাল।

জ্যৈষ্ঠ, জ্যৈট-৪ রেক। হাল দ্রঃ।

জ্যাকোবাস্ [ইং jacobus. মুদ্রা পরিমা০] ২৫শিলিং পরিমাণ মুদ্রা।

টঙ্কা [প্রা০ রৌপ্য মুদ্রা] সিকি রৌপ্য কার্ষাপণ; ১৪ গ্রেণ রৌপ্য ও ৪ তাম্র-পণ মূল্যের মুদ্রা (Cunningham's Archaeo. Survey Report, vol.xiv)

টন [ইং ton] ২০ হন্দর ওজন; প্রায় ২৮ মণ।

টাকা [ভারতীয় মুদ্রা পরিমা০] কাহন; ১৬ আনা বা ৬৪ পয়সা মূল্য পরিমাণ রৌপ্য মুদ্রা; তঙ্কা। ২ [ওজন পরিমা০] তোলা; ভরি; ১৮০ গ্রেণ; টাকায় ১১ ভাগ রৌপ্য ও ১ ভাগ খাদ। ২ [বিহার, যুক্তপ্রদেশ ও পঞ্জাবে] ২ পয়সা; আধ আনা।

টাঙ্গা [পর্ত্তু০] ১ পারদৌয়ার(দ্রঃ)ষষ্ঠাংশ; প্রায় পাঁচ পয়সা।

ডজন [ইং dozen (12 units)] ১২টি।

ডিকেড [ইং decade] ১০ বৎসর কাল পরিমাণ।

ডিগ্রি [ইং degree. জ্যোতিষিক বৃত্ত পরিমা০ (২) ইং কৌণিক পরিমা০] সম-কোণের ৯০ ভাগের এক ভাগ; অংশ; ৬০ কলা; ৬০ মিনিট। ২ [অক্ষাংশ পরিমা০] ৬০ নট; 60 knots.

ডিসীম্ [ফ্রে decime. মেট্রিক প্রণালী] ১০ সেন্‌টিম্; গ্র্যামের ১০ অংশের ১ অংশ।

ড্রাম১ [ইং-dram. শুষ্ক দ্রব্যের ওজন] ৩=স্ক্রুপ্=৬০ গ্রেণ পরিমাণ ওজন। ২ [তরল দ্রব্য ওজনে] ৬০ মিনিম বা ফোঁটা। ৩ [মদ্যাদি] এক চুমুক বা এক ঢোক।

ড্রাম২ [ইং drachm] প্রা০ গ্রীক রৌপ্য-মুদ্রাবিঃ। ২ [ডাক্তারী ওজন] ৬০ গ্রেণ বা ⅛ আউন্স।

তঙ্কা-টাকা দ্রঃ।

তৎপর [প্রা০ কাল পরিমা০] ১০০ ত্রুটি।

তা [ফা০-তাহ্ (ভাঁজ, পাতা, তক্তা)] একখানি দেশী বা কলের কাগজ; কাগজের দিস্তার ২৪ বা ২৫ অংশের ১ অংশ; পত্র; sheet. ৫০০ তা=২০ দিস্তা=১ রিম।

তাল [হস্ত পরিমা০] অঙ্গুষ্ঠ ও মধ্যমার মধ্যস্থ প্রসারণ পরিমাণ। ২ [কড়ি গণনায়] ১৬ তিল; ২৫৬ যুণ; ৫১২০ বিন্দু। ৫ তাল= ৩ ক্রান্তি।

তিথি [মূল্য পরিমা০] কড়ার ১৫ ভাগের ১ ভাগ।

তিল-৪ রেণু পরিমাণ মূল্য; কড়ার ৮০ ভাগের এক ভাগ।

তেল [চীনা ওজন ভারতীয় ওজন হি০ ১৮০ গ্রেণ (Troy)=১ তোলা] >১⅓ আউন্স্ (oz.)। ২ [মুদ্রা পরিমা০] প্রায় ৩৲ টাকা।

তোলা [স্ব০ রৌ০] ভরি দ্রঃ (দেশী মানে ভরি অপেক্ষা কিছু বেশী)। ৪ ধান=১ রতি, ৬ রতি=১ আনা, ৮ (বৈদ্যের ১০) রতি=১ মাষা, ১২ (বৈদ্যের ৮) মাষা=১৬ আনা=১ তোলা। ২ [শস্য পরিমা০] সিকি পল।

ত্রসরেণু [প্রা০ কাল, মুদ্রা ও স্ব০ পরিমা০] গবাক্ষ ছিদ্রপথে সূর্য্য কিরণে দৃষ্ট সূক্ষ্ম পদার্থ-সমূহের মধ্যে ক্ষুদ্রতম একটি; ৩ দ্ব্যণুক বা ৬ পার্থিব পরমাণু; ১ ত্রুটির ⅓ ভাগ।

ত্রুটি [প্রা০ কাল পরিমা০] যে অননুভবনীয় কাল মধ্যে পরমাণু একবার স্পন্দিত হয়, ৩ ত্র্যসরেণু (অর্থাৎ সূর্য্যের) পরিমিত স্থান ভ্রমণে যে সময় লাগে।

থান [বস্ত্র পরিমা০] ২০ গজ বা ৪০ হাত।

দণ্ড [জ্যোতিঃ কাল পরিমা০] ৬০ পল পরিমাণ কাল; প্রহরের ৭½ অংশের ১ অংশ।

দন, দোন [দেশীয় শস্য পরিমা০] ৪ রেখ বা ২ পালি; ৫ সের। ২০ দন=১ শলি= প্রায় আড়াই মণ।

দন্তি-কড়ার ৯ ভাগের ১ ভাগ মূল্য পরিমাণ ; ক্রান্তির ৩ ভাগের ১ ভাগ।

দল [প্রা॰ মূল্য পরিমা॰] বিন্দু ; যুগের ২০ ভাগের ১ ভাগ।

দাঁত-২ গজ বা ৪ হাত পরিমাণ দৈর্ঘ্য ; ধনু। ২০০০ দাঁতে ১ ক্রোশ।

দাম-তাম্র মুদ্রাবিশেষ। ৪০ দাম=১ টাকা।

দামড়ী [বিহার, যুক্তপ্রদেশ ও পঞ্জাব প্রচলিত মুদ্রা পরিমা॰] ২ আদ্ধি; ১০ কৌড়ী; আধ ছিদাম।

দিক [মূল্য পরিমাণ] কড়ার ১০ ভাগের এক ভাগ।

দিন [জ্যোতিঃ কাল পরিমা॰] ৮ প্রহর কাল ;সূর্য্যোদয় হতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কাল।

দিস্তা-২৪ তা দেশী কাগজ ; ২৫ তা কলের কাগজ ; কোয়ার quire.

দোন [চেঙ্গপুর] ১৬ কানী।

দ্রোণ [ধান্য পরিমা॰] আঢ়ক। ২৮ আঢ়ক (অমর॰)।

দ্বীপ-কড়ার ৭ ভাগের ১ ভাগ।

দ্ব্যণুক-সংখ্যা পরিমাণবিশেষ। ২ পার্থিব পরমাণু।

ধনু, ধনুক [প্রা॰ পথ পরিমা॰] ১ ক্রোশের ৫০০ ভাগের এক ভাগ ; চারি হস্ত দীর্ঘ ভূমি।

ধরণ [প্রা॰ স্বর্ণমুদ্রা পরিমা॰] ১০ নিষ্ক বা পল। ২ [প্রা॰ রৌপ্য মুদ্রা পরিমা॰] ১৬ রৌপ্য মাষা ; পুরাণ নামক রৌপ্য মুদ্রা। ১০ ধরণে =১ রাজত শতমান।

ধান [স্বঃ রঃ] ১ রতি বা কুঁচের চতুর্থাংশ ভাগের ওজন।

ধূল [প্রা॰ মূল্য পরিমা॰] ক্রান্তি ; কড়ার ৩ ভাগের ১ ভাগ। ২ [ভূমি পরিমা॰] কুড়বা =কাঠা=৪ হাত কাঠা × কাঠা = ৪ হাত × ৪ হাত=১ ধূল।

নট [ইং জমী পরিমা॰- knot] ১ ডিগ্রী অক্ষাংশের ৬০ ভাগের ১ ভাগ। ২ [সমুদ্রাদি জলপথের দূরত্ব পরিমা॰] সমুদ্রের ১ মাইল ; ২০২৫ গজ ; ৬·৭৫ হইতে ৬ ৮০ ফুট।

নাড়িকা [প্রা॰ কালপরিমা॰] ১৫ লঘু (ভাগবত)।

নাড়ী [প্রা॰ কালপরিমা॰] দণ্ড; ঘটিকা।

নাল [জমির পরিমাণ] ১২ হাত।

নিখর্ব্ব-দশসহস্র কোটি;১,০০,০০,০০,০০,০০০

নিমেষ [প্রা॰ কাল পরিমা॰] ৩০ তৎপর। ২ [আধু-কাল পরিমা॰] মুহূর্ত্ত ; second.

নিযুত-১০ লক্ষ।

নিষ্ক [প্রা॰ স্বর্ণমুদ্রা পরিমা॰ (স্মৃঃ)] ৪ সুবর্ণ ; ১ পল, ৬৪ মাষা পরিমাণ স্বর্ণে প্রস্তুত প্রাচীন ভারতের স্বর্ণ মুদ্রা। ২ [প্রা॰ রৌপ্য মুদ্রা] ৪ সুবর্ণ পরিমাণ রৌপ্য=রৌপ্য নিষ্ক।

নেল [ইং nail-বস্ত্র পরিমা॰] ২০ ইঞ্চি।

নোব্‌ল্ [ইং মুদ্রা পরিমা॰-noble] ৬ শিলিং ; ৪ পেন্নি পরিমাণ মুদ্রা।

পণ [মূল্য পরিমা॰] ৪ বুড়ি ; ১৬ বা ১৮ বা ২০ বা ২৪ গণ্ডা পরিমাণ ; ১ আনা ; ইং পেনি বা কার্দিং। ২ [প্রা॰ তাম্র মুদ্রা] ৮ টী কুঁচ ওজনের তাম্র খণ্ড। আধু॰ তের আনা ২ রতি বা দেড় পয়সা ওজনের তাম্রে নির্ম্মিত মুদ্রা। প্রত্নতাত্ত্বিক কনিংহাম সাহেবের মতে ১৪০ গ্রেণ তাম্র ওজনের ভার, ৮০ কড়া কড়ি মূল্যের মুদ্রা [Archaeo Survey Reports, vol. xiv)। দ্রঃ-বর্ত্তমানকালে, ইংলণ্ডে স্বর্ণ মুদ্রা ও ভারতে রৌপ্যমুদ্রা যেমন মুদ্রার নিরিখ (standard), পূর্ব্বকালে ভারতে তেমনি তাম্রমুদ্রাই (পণ) ছিল মুদ্রার নিরিখ। এখন এখানে যে পরিমাণ রৌপ্য মুদ্রা, তখন সেই পরিমাণ তাম্র মুদ্রা কার্ষাপণ বুঝাইত। অর্দ্ধপণ-৭০ গ্রেণ তাম্র ওজনের ও ৪০ কড়া কড়ি মূল্যের প্রা॰ তাম্রমুদ্রা।

পণি [ইং pound] পাউণ্ড দ্রঃ।

পত্তি-সেনাবিশেষ; ১ রথ, ১ হস্তী, ৩ অশ্ব ও ৫ পদাতিক।

পদ [অর্থশা॰ পরিঃ] ৩ পদ=৩॥ ফুট।

পদ্ম (পদ্দ) শত লক্ষ কোটি ; ইং 10 billions ; ১০,০০,০০,০০,০০,০০,০০।

পয়সা [বঙ্গদেশে প্রচলিত মুদ্রা পরিমা॰] ৫ গণ্ডা কড়ি বা (ইং) তিন পাই পরিমাণ তাম্র মুদ্রা। ২ [বিহার, পঞ্জাব, যুক্তপ্রদেশ-প্রচলিত মুদ্রা পরিমা॰] ৮০ কৌড়ী ; ৪ ছিদাম বা ২ অধেলা। ডবল পয়সা-২ পয়সা মূল্য পরিমাণ তাম্রখণ্ড।

পয়েণ্ট্ [ইং- point] ইঞ্চির ৭২ ভাগের ১ ভাগ।

পরমাণু [প্রা॰ কাল পরিমা॰] অননুভবনীয় সুক্ষ্মতম কাল পরিমাণ ইহা নয়নগোচর হয় না। অণুর অর্দ্ধেক। ২ লঘুতম, সূক্ষ্মতম পদার্থ। ছিদ্রপথে গৃহ মধ্যে সূর্য্যকিরণ প্রবিষ্ট হইলে যে সুক্ষ্ম পদার্থ সকল উড়িয়া বেড়াইতে দেখা যায় তাহাদের মধ্যে ক্ষুদ্রতম এক একটির নাম ত্রসরেণু উহা ৩টি অণু বা ৬টি পরমাণুর সমষ্টি।

পরার্দ্ধ-শত সহস্র লক্ষকোটি ; ইং hundreds of thousands of billion. ১,০০,০০,০০,০০,০০,০০,০০,০০০।

পল [কাল পরিমা॰] ৬০ বিপল ; একদণ্ডের ৬০ ভাগের এক ভাগ ; ২০ সেকেণ্ড ; : বিনাড়ী। ২ [স্ব॰ রৌ॰] ৫৮৫ গ্রেণ পরিমাণ. ৫ রতি (অমর॰)। ৩ [প্রা॰-স্বর্ণমুদ্রা ও স্বঃ পরিমা॰] ৪ সুবর্ণ, ১ নিষ্ক। ৪ [শস্য পরিমাণ] ৪ তোলা।

পশুরী [সং-পঞ্চসেরী > হিং "পন্‌সেরী"] ৫ সের পরিমাণ ওজন। ৮প॰=১ মণ।

পাই [ইং pie] আনার ১২ ভাগের বা পয়সার ৩ ভাগের ১ ভাগ মূল্য পরিমাণ তাম্রখণ্ড। ২ [স্বর্ণ রৌপ্যাদির ওজনে] ১॥ রতি পরিমাণ ওজন।

পাউণ্ড, পৌণ্ড, পণি (-ড়্) [ইং pound-শুষ্ক দ্রব্যের ডাক্তারী ওজন] ৭০০০ গ্রেণ; ১৬ আউন্স্ (16 oz avoirdupois)। ২ [জলীয় দ্রব্যের ডাক্তারী ওজন] ৮ ড্রাম ; ৪৮০ ফোঁটা। ৪ স্বর্ণ রৌপ্য রত্নাদির ওজন ইং troy pound ৫৭৬০ গ্রেণ ; ১২ আউন্স। ৫ [মুদ্রা পরিমা॰] ইংরেজী স্বর্ণমুদ্রাবিঃ ; ১ সভারিন্ ; ভারতে প্রচলিত গিনি, ১৫ টাকা (ইং ২০ শিলিং বাটার হার অনুসারে শিলিং তের আনা পর্য্যন্ত চড়ে। পূর্ব্বে ॥০ আনা ছিল সুতরাং তখন পৌণ্ডের মূল্য ছিল ১০ টাকা। ইংলণ্ডের গিনি নামক প্রাচীন স্বর্ণমুদ্রার মূল্য ছিল ২১ শিলিং)।

পাঁইট, পাইণ্ট্ [ইং pint-তরল দ্রব্যের ওজন] ২০ আউন্স ; আধ কোয়ার্ট্ পরিমাণ ; প্রায় দেড় পোয়া। (৮ড্রাম=১ আউন্স, ৬০ মিনিম=১ড্রাম, ১ মিনিম=৬১/৬ ড্রাম)। ৮ ড্রাম=১ আউন্স, ২০ আউন্স=১ পাউণ্ড। ৮ পাইণ্ট=১ গ্যালন। ২ [ডাক্তারী

ওজন] ১২ আউন্স ১ পাইট বিশুদ্ধ জল (distilled water) ওজনে-১ পাউণ্ড ঃ কোয়ার্টার। ৫৪.৬৯৩৭৫ গ্রেণে=১ ড্রাম। ৪৩৭.৫ গ্রেণে=১ আউন্স। ১৬ আউন্সে ১ পাউণ্ড।

২০ গ্রেণ=১ স্ক্রুপল্
৩ স্ক্রুপল=১ ড্রাম | ঔষধের মাপ
৮ ড্রাম=১ আউন্স
১২ আউন্স=১ পাউণ্ড

পাগোডা [মান্দ্রাজ প্রচলিত মুদ্রা পরিমা°] ৩॥০ সাড়ে তিন টাকা পরিমাণ মুদ্রা।

পান [বোম্বাই ভুমি পরিমা°] বিঘা দ্রঃ।

পাদ [জ্যোতিঃ বৃত্ত পরিমা°] বৃত্ত পরিধির সমচতুর্থাংশের এক অংশ ; বৃত্তপাদ।

পাম [ইং palm] ৩ ইঞ্চি।

পারদোঁয়া [পর্তু°] প্রায় আট আনা মূল্যের মুদ্রা ; প্রায় ৬ টাঙ্গা (দ্রঃ)।

পালি [শস্য পরিমা°] ৪ রেক ; খুঁচির মাপে ২ রেখ পরিমাণ (/২॥ সের) ; আড়ি। ২ খুলনা অঞ্চলে=নয় সের অর্দ্ধ পোয়া।

পীপা [তরল দ্রব্যের ওজন] ২ হগ্‌শেড্ ; ১২৬ গ্যালন ; ব্যারেল ; কাস্ক (cask)।

পুটি [শুপারির সংখ্যা] ১০টা শুপারি=১গা। ২০গা=১ কুড়ি। ১৬ কুড়ি=১ পুটি।

পু(পৌ)রুষ [হস্ত পরিমা°] ঋজু ভাবে উর্দ্ধে উত্তোলিত হস্তের মধ্যাঙ্গুলির অগ্র হতে পদতল পর্য্যন্ত দৈর্ঘ্য ; পুরুষপ্রমাণ।

পুরাণ [প্রা° রৌপ্য মুদ্রা] রৌপ্য ধরণ ; ১৬ রৌপ্য মাষা।

পুষা [মৈমনসিং অঞ্চলে] ১৬ আঢ়া (দ্রঃ)।

পৃর্তনা-২ বাহিনী সংখ্যক সৈন্য ; ২৪৩ হস্তী, ২৪৩ রথ, ৭২৯ অশ্ব, ১২১৫ পদাতি সম্বলিত সৈন্যদল।

পেক [ইং peck — শস্য পরিমা°] গ্যালন ; আধবুশেল।

পেনি [ইং penny] এক আনা মূল্যের ইংরেজী মুদ্রা : ৪ ফার্দিং।

পেনিওয়েট [ইং pennyweight ট্রয় ওজন] ২৪ গ্রেণ। ২০ পে=১ আউন্স্।

পেস্ [ইং pace সামরিক পাদক্ষেপ পরিমা°] আড়াই হতে ৩ ফুট। ২ [জ্যামিতিক] ৫ ফুট।

পোইয়া [শ্রীহট্ট অঞ্চলে] ৭ জৈষ্ঠ।

পোয়া-৪ ছটাক পরিমাণ ওজন ; সেরের চতুর্থাংশ। বৈদ্যের ওজন-২০ তোলা।

পোল-৫॥ ইয়ার্ড্ দীর্ঘ পরিমাণ।

পৌটি, পৌটী [শস্য পরিমা°] ১৬ বিশা।

প্রকুঞ্চক [ভার পরিমা°] ৪ পল। (অমর°)।

প্রথমসাহস [প্রা° তাম্র মুদ্রা] ২৫০ কার্ষাপণ (স্মৃঃ)।

প্রস্থ [ভার পরিমা°] ৪ কুড়ব।

প্রহর [জ্যো° কাল পরিমা°] ৭॥০ দণ্ড, দিবা রাত্রি বা দিনের ৮ ভাগের এক ভাগ।

প্রাণ [প্রা° কাল পরিমা°] ১০ গুর্বক্ষর।

প্রাদেশ [হস্ত পরিমা°] অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী প্রসারিত করিলে মধ্যস্থিত যে পরিমাণ হয়।

ফারদো-৪২ পর্তু গীজ পাউণ্ড।

ফার্দিং [ইং-farthing] ১ পয়সা পরিমাণ ইংরেজী মুদ্রা।

ফার্লং [ইং-furlong] ৪০ পোল পরিমাণ দৈর্ঘ্য ; ২২০ ইয়ার্ড্ ; মাইলের অষ্টমাংশ।

ফেদাম [ইং গভীরতা পরিমা°, fathom] ৪ হাত গভীর ; বাঁও (ব্যাম)। ১২০ ফেদাম্=জাহাজের ১ কাছি। ২ [ভূমির দূরত্ব পরিমা°] ৬ ফুট।

ফেরা [১॥ হাত লম্বা ২ হাত ২ বুরুল চওড়া ও আধ হাত উঁচু চতুষ্কোণ কাঠাধার-পূর্ণ চূণের পরিমাণ] ১মণ ১০ সের।

ফোঁটা-মিনিম দ্রঃ।

ফ্র্যাঙ্ক [ফে° franc -মেট্রিক প্রণালীর মুদ্রা পরিঃ] ১০০ সেন্টীম ; ১০ ডিসীম্ ; ৫ গ্র্যাম্ (যাতে-৪.৫ ভাগ রৌপ্য ও ·৫ ভাগ খাদ থাকে) a unit of money ; ৯$\frac{1}{2}$ পেনি।

ফ্লোরিন [ইং florin এর লিপ্যন্তর। মুদ্রা পরিমা°] ২ শিলিং।

বট [মূল্য পরিমা°] কড়ার $\frac{1}{২}$ অংশ।

বর্গ -অঙ্কি° ১০ ও পরিশিঃ দ্রঃ।

বর্ব্ব-প্রাচীনকালের স্বর্ণমুদ্রাবিশেষ।

বিস্মু-কড়ার ৮ ভাগের ১ ভাগ মূল্য পরিমাণ।

বহর [মূল্য পরিমা°] ২০ বিস্মু · যুগ।

বাঁঃ-ব্যাম দ্রঃ।

বাঁশ [যুক্তপ্রদেশে জমি পরিমা°] ৩ ইলাহী গজ। ২০ বাঁশ=১ জরিব।

বাহ [ভার পরিমা°] ৪ ভার (অমর°)।

বাহিনী-৩ গণ সংখ্যক সৈন্য।

বিঘত [দৈর্ঘ্য পরিমা°] ৩ মুষ্টি।

বিঘা [সং-বিগ্রহ। জমী পরিমা°] ২০ কাঠা (৮০ × ৮০ হাত) ইং-১৬০০ স্কোয়ার-ইয়ার্ড (sqr. yd.)। ২ ১॥ অঙ্গুলি=১ কাঁচ্চা ৫। ৪ কাঁচ্চা=১ ছটাক//০, ৪ ছটাক=১ পোয়া /১০, ৪ পোয়া=১ কাঠা /১, ৫ কাঠা=. চৌক ।০, ৪ চৌক=১ বিঘা ১/। স্থানান্তরে, ২৪ আঙ্গুল=১ হাত, ৪ হাত=১ কাঠা (৬ আঙ্গুল= ১ ছটাক, ১৬ ছটাক=১ কাঠা), ৫ কাঠা=১ পোয়া, ৪ পোয়া বা ২০ কাঠা=১ বিঘা। দীর্ঘে-প্রস্থে বিঘাকালীর মাপ-১ × ১ হাত=১ গণ্ডা, ৫ × ৫ হাত=৫ গণ্ডা= ১ কাঁচ্চা, ৪ × ৫ হাত=২০ গণ্ডা=৪ কাঁচ্চা=১ ছটাক, ১৬ ছটাক= ১ কাঠা, ৫ কাঠা=১ পোয়া বা চৌক। ৪ চৌক =২০ কাঠা=১ বিঘা। ১/=২০ কাঠা=১৬০০ বর্গ গজ=৬৪০০ বর্গ হাত। ৩ [প্রাচীন যুগে] অর্দ্ধ হস্ত (২ বিঘা=১হাত)। পঞ্জাবে-৫কানাল =১ বিঘা। ২ বিঘা=১ ঘুমা। বোম্বাই প্রদেশে -২০ পাণ=১ বিঘা। ৬ বিঘা=১ রুকা। বিহার ও যুক্তপ্রদেশে ১ বিঘা=৩০২৫ বর্গ-ইয়ার্ড ; পঞ্জাবে-১৬২০ বর্গ ইয়ার্ড ; বোম্বাইপ্রদেশে ৩৯২৫ বর্গ-ইয়ার্ড ; মান্দ্রাজে-১৬০০ বর্গ-ইয়ার্ড্। (শুভঙ্করী মতে) বিঘা = ৮০ হাত। ১ বিঘা খালী খুলনা অঞ্চলে নয় সের অর্দ্ধ পোয়া=১ পালি (৮ পালি=১ আড়ি (২০ আড়ি=১ বিশ(ষ) (৵১১=দুই বিশ(ষ) সওয়া এগার আড়ি ধান)।

বির্তস্তি [প্রাকৃ° বিদখি > হিং° বীতা। বিস্তৃত করতলের বৃদ্ধাঙ্গুলির অগ্র হতে কনিষ্ঠাঙ্গুলির অগ্র পর্য্যন্ত ব্যবধান ; বিঘৎ ; ১২ অঙ্গুলি পরিমাণ।

বিন্দু [প্রা° মূল্য পরিমা°] ক্ষুদ্রতম মূল্য পরিমাণ, দল ; এক যুগের $\frac{1}{২০}$ ভাগ।

বিপল [জ্যো° কাল পরিমা°] ৬০ অনুপল; পলের ৬০ ভাগের একভাগ ; বিনাড়ী।

বিশ, বিষ [শস্য পরিমা°] ২০ আড়ি ; ৪০ মণ। ২ [সংখ্যা পরিঃ] ২০ সংখ্যা।

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ঙগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=ন্চ ঞ্ছ=ন্ছ ... ড় ঢ় য় ঢ=ɖ ƒ w v ও চ্চা° দ্রঃ

বিশা [সং-বিংশ] ২০ পল ; ১৬০ তোলা পরিমাণ।

বিশ্ব, বিশ্বা [প্রা° পরিমা°] এক রতি বা কুঁচের ২০ ভাগের একভাগ ওজন ; এক হিসির ওজন।

বুড়ি [মূল্য পরিমা°] ৫ গণ্ডা ; ১ পয়সা ; ৩ পাই। ২ [সংখ্যা পরিমা°] ২০ টা।

বুরুল [বৃদ্ধাঙ্গুষ্ঠ > বুড়াঙ্গুল > বুরুল] অঙ্গুষ্ঠের প্রস্থ পরিমাণ ; ৩ যব বা ৩ দীর্ঘ যব ; স্থলভেদে ৮ যবোদর, ১ ইঞ্চি।

বুশেল [ইং bushel এর লিপ্যন্তর। শস্য পরিমা°] ৪ পেক ; ৮ গ্যালন। প্রায় ৩৷৷ সের ফল শস্যাদির ওজন ৩৬.৩৪৮ লিটর ও ২২১৮.১৯২ ঘন-ইঞ্চি। ২ [কয়লার ওজন] স্ট্যাকের ৩ ভাগের এক ভাগ। ৩ বুশেল=১ স্ট্যাক্। ৩৬ বুশেল=১ কল্‌ড্রন্।

বৃন্দ-শতকোটি ; ১,০০,০০,০০,০০০।

বেদ [মূল্য পরিমা°] কড়ার $\frac{1}{২৫}$ ভাগ।

বেধ [কাল পরিমা°] ১০০ ত্রুটি ; ৩০০ ত্র্যসরেণু।

ব্যাম [হস্ত পরিমা°। প্রা° বাঁও অভি° দ্রঃ)] স্কন্ধদেশের সহিত ঋজুভাবে প্রসারিত হস্তের এক প্রান্ত হতে অপর প্রান্ত পর্য্যন্ত বিস্তৃতি পরিমাণ। ৪ আঙ্গুল=১মুঠ (মুষ্টি), ৩মুঠ=১ বিঘৎ (বিতস্তি), ১৷৷ বিঘৎ=১ মুঠলি (বদ্ধমুষ্টি বা অরত্নি), ২ বিঘৎ =১ হাত (কনুই হতে মধ্যমার অগ্র), ৩ বিঘৎ= ৪ হাত=১ বাঁও বা ব্যাম)।

ব্যারেল [ইং barrel] পীপা দ্রঃ।

ভরি [স্ব° রৌ°] ৪ সিকি বা ১৬ আনা=বার মাষা = ১৮০ গ্রেণ ওজন ; তোলা (দ্রঃ)।

ভার [ভার পরিমা°] ১০ গোণী (অমর°)।

ভুবন [মূল্য পরিমা°] কড়ার ১৪ ভাগের এক ভাগ।

মণ [গুরুভার ওজনে] ৪০ সের। ২ [শস্য পরিমাণ] ৮ পল ; ৩২ রেক ; ১৬ পালি।

মধ্য-দশ সহস্র লক্ষ কোটি ; ১০,০০,০০,০০, ০০,০০,০০,০০০।

মধ্যমসাহস [প্রা° তাম্র মুদ্রা] ৫০০ কার্ষাপণ (স্মৃ°)।

ময়ডোর্ [ইং moidore এর লিপ্যন্তর। মুদ্রা পরিমা°] ২৭ শিলিং পরিমাণ মুদ্রা।

মাইল [ইং mileএর লিপ্যন্তর] ১৭৬ ইং গজ বা ইয়ার্ড ; ৮ ফার্লং ; ৪৮০ হাত কম আধ ক্রোশ।

মাণিকা [সং] ৮ পল পরিমাণ।

মান [বালেশ্বরে, ভূমি পরিমাণ বিঃ] ১০ ফুট ৫ ইঞ্চি, ১ যব=১ পদিকা। ২৪ বর্গ পদিকা=১ মান (এক বিঘার কিছু কম)। ২ ৮ নালিকা =১ মান=১ আড়া=১ তুম্ব। স্থানান্তরে ৪ নালিকা=১ আড়া=১ মান।

মার্ক [ইং mark (merk)এর লিপ্যন্তর। মুদ্রা পরিমা°] ১৩ শিলিং ৮ পেনি পরিমাণ মুদ্রা।

মার্লা [পঞ্জাবে ভূমি পরিমা°] ৯ সার্সি। ২০ মার্লা=১ কানাল। ৪ কানাল=১ বিঘা।

মাষা [স্ব° রৌ°] এক ভরি বা তোলার ১২ ভাগের ২ ভাগ ওজন=ইং ১৫ গ্রেণ। ২ [স্বর্ণমাষা। প্রা° স্বর্ণমুদ্রা ও স্ব° পরিমা°] ৫ রতি। ৩ [রৌপ্য মাষা। প্রা° রৌপ্য মুদ্রা] ১ কৃষ্ণল। ৪ [বৈদ্যের ওজন] ৪ ধান=১ রতি, ১০ রতি=১ মাষা, ৮ মাষা=১ তোলা।

মিনিট্ [ইং minuteএর লিপ্যন্তর। কাল পরিমা°] ৬০ সেকেণ্ড্ ; ঘণ্টার ৬০ ভাগের এক ভাগ পরিমাণ। ২ [ইং-কৌণিক পরিমা°] ৬০ সেকেণ্ড্ ; ডিগ্রির ৬০ ড্রামের ১ ভাগ)।

মিনিম্ [তরল দ্রব্যের ডাক্তারী ওজন। ইং -minim, ফ্রে°-minime(ক্ষুদ্রতম)] ফোঁটা; ড্রামের ৬০ ভাগের এক ভাগ।

মিসকাল [আ° মিস্‌কাল্] ৪ মাষা ও ৩৷ রতি পরিমাণ মুদ্রা।

মীটর [ফ্রে°-metre এর লিপ্যন্তর। মেরু হতে বিষুব রেখা পর্য্যন্ত লম্বিত কাল্পনিক রেখার কোটি অংশের এক অংশ] মেট্রিক প্রণালীর দৈর্ঘিক পরিমাণের একক ; ৩৯.৩৭ ইঞ্চি ; $১\frac{১}{১১}$ গজ।

মুট, মুঠ [সং মুষ্টি] মুষ্টি পরিমাণ দৈর্ঘ্য ; ৪ অঙ্গুলি।

মুষ্টি [ভার পরিমা°] ৪ প্রকুঞ্চ। ৪ তোলা স্থানবিঃ ; ৮ তোলা। ২ [দৈর্ঘিক মাপ] ৪ আঙুল।

মুহূর্ত [প্রা° কাল পরিমা°]। ২ নাড়িকা (ভাগবত)।

মোহর-১৬ টাকা মূল্যের স্বর্ণমুদ্রাবিশেষ। স্বর্ণের দর বৃদ্ধির সঙ্গে সঙ্গে মোহরের মূল্য বৃদ্ধি হয়। এইরূপ বৃদ্ধি পাইয়া পূর্ব্বে ২৪ টাকা পর্য্যন্ত ছিল অধুনা ২৬৮° হতে ২৮৷৷ পর্য্যন্ত হইয়াছে। সাধারণতঃ ১ তোলা ওজনের স্বর্ণে নির্ম্মিত। আকবরী মোহর-আকবর বাদশাহের নামাঙ্কিত বিশুদ্ধ স্বর্ণনির্ম্মিত মোহর (ইহার মূল্য অধিক এবং অধুনা দুষ্প্রাপ্য)।

যব [যব দ্রঃ। দৈর্ঘিক পরিমা°] $\frac{১}{৮}$ ইঞ্চি ; ৩ লাইন; ৩ সূত ; মতান্তরে ২ সুত বা ৮ চুল।

যব [মূল্য পরিমা°] কড়ার ৯ ভাগের, মতান্তরে ২৭ ভাগের ১ ভাগ। ২ [দৈর্ঘ্য পরিমা°] ১ অঙ্গুলির ৩ ভাগের বা ১ গিরার ৯ ভাগের ১ ভাগ। ৩ [প্রা° মুদ্রা ও স্বর্ণ পরিমা°] ৪ গৌর সর্ষপ। ৮ যব=জ্যেষ্ঠ আঙুল, ৭ যব=মধ্যম আঙুল, ৬ যব=কনিষ্ঠ আঙুল, ৩ যব=১ আঙুল।

যষ্টি [প্রা° পথ পরিমা°] ৭ হাত ; ১ উসভের কুড়ি ভাগের ১ ভাগ।

য়েন [জাপানে প্রচলিত মুদ্রা yen] জাপানী ১০০ য়েন ইংলণ্ডের ২শি $\frac{১}{২}$ পে'র সমান।

যোজন [প্রা° ও আধু° পথ পরিমা°] ২ গব্যূতি ; ৪ ক্রোশ।

রতি [স্ব° রৌ°] ৪ ধান ওজন ; ১ কুঁচ। ৮ রতি বা কুঁচ=১ মাষা।

রশি, রসি [দেশীয় ভূমিঃ পরিমাঃ] ৮০ হাত ; ২০ কাঠা ; ১ বিঘা।

রাই [বোম্বাই প্রচলিত মুদ্রা পরিমা°] কোয়ার্টার্ বা সিকির ১০০ ভাগের এক ভাগ। রুপী দ্রঃ।

রাজতশতমান [প্রা° রৌপ্য মুদ্রা] ১০ রৌপ্য ধরণ (স্মৃ°)।

রাজসর্ষপ [প্রা° মুদ্রা ও স্বর্ণ পরিমা°] ১ রাইসরিষা ; ৩ লিক্ষ বা ২৪ ত্র্যসরেণু।

রিম [ইং ream] ২০ দিস্তা বা ৫০০টা কাগজের সংখ্যা।

রুকা(কে) [বোম্বাই] বিঘা দ্রঃ।

রুদ্র [মূল্য পরিমা°] কড়ার ১১ ভাগের এক ভাগ।

রুপী [সং-রূপ্য > হি° রুপেয়া > ইং rupee বোম্বাই প্রচলিত মুদ্রা পরিমা°] ৪০০ রাই ; ৭ কোয়ার্টার্ ; ১ টাকা ; ১৬ আনা।

রূড [ইং roodএর লিপ্যন্তর। ভূমি পরিমা°] ৪০ পোল বা ১২০০ বর্গ গজ।

রেক [শস্য পরিমা°] ৪ কুনিকা ; ২ খুঁচি। ২ রেক=১ পালি।

রোপনী-নেপালী বিঘা পরিমাণ।

লক্ষ-শত সহস্র সংখ্যা ; ১,০০,০০০।

লঘু [প্রা° কাল পরিমা°] ১৫ কাষ্ঠা।

লব [প্রা° কাল পরিমা°] ৩ বেধ।

লাইন [ইং দৈর্ঘ্য পরিমা° line] ইঞ্চির ১২ ভাগের ১ ভাগ।

লাষ্ট্ [ইং last-শুষ্ক দ্রব্য পরিমা°] সাধারণতঃ ৪০০০ পাউণ্ড ; ২ লোড।

লি [চীন দেশীয় দূরত্ব পরিমা°] মাইলের প্রায় ৬ ভাগের এক ভাগ। য়ুআন্ চুআঙ্ মতে প্রায় ৬ লি=১মাইল। ফাহিয়েন এবং য়ুআন্চুআঙ্ উভয়ের হিসাবে ১ যোজন মোটামুটি ৪০ লি'র সমান।

লিক্ষ (1) [প্রা° মুদ্রা ও স্বর্ণ পরিমা°। রাজসর্ষপ দ্রঃ] ৮ ত্রাসরেণু।

লিঙ্ক্ [ইং link, জমীর মাপ] চেনের ১০০ ভাগের এক ভাগ ; ১ শিকলি কড়া।

লিপইয়ার [ইং leapyear] ৩৬৬ দিনের বৎসর ; যে বৎসর ফেব্রুয়ারী মাস ২৯ দিনে হয়।

লীগ [ইং-league] ৩ মাইল দৈর্ঘ্য।

লীটর্ [ফ্রে° litre-মেট্রিক প্রণালী] তরল দ্রব্য পরিমাণের একক, French unit of capacity ; ১০০০ অংশের ১ অংশ ঘন মীটর ; cubic decimetre =ইং '০৩৫ ঘন ফুট। ২ [ইং তরল দ্রব্য ও শস্য পরিমা°] ১¾ পাইন্ট মতান্তরে প্রায় ১⅘ পাইন্ট।

লোড্ [load-শুষ্ক দ্রব্য পরিমা°] ৫ কোয়ার্টার বা ৪০ বুশেল্। ২ লোড=১ লাষ্ট্ (দ্রঃ)।

শকট [দ্রব্য পরিমা°] এক গাড়ী পরিমাণ cart-load ; ২০০০ পল পরিমাণ।

শঙ্খ-দশ লক্ষ কোটি ; ১০,০০,০০,০০,০০,০০০।

শত-১০০ সংখ্যা।

শলি, সলি [শস্য পরিমা°] ২০ পালি ; কাহণের ১৬ ভাগের ১ ভাগ ; ২০ দন ; প্রায় আড়াই মণ।

শিলিং [ইং shilling] ১২ পেনি মূল্যের ইংরেজী মুদ্রা। পূর্ব্বে ইহার মূল্য ছিল ৷৷০ আনা ছিল, এক্ষণে ৷৵০ আনা, পরে ৷৶০।

শীট, সিট [ইং sheet] তা দ্রঃ।

ষ্টেয়র [ফ্রে stere -মেট্রিক প্রণালী] ঘন পরিমাণের একক ; ১ ঘন মীটর a unit of volume, a cubic unit of metric measure ; ইং ৩৫,৩১৫৬ ঘন ফুট।

সমুদ্র-ধূল বা দ্বীপপরিমাণ মূল্য।

সলি-শলি দ্রঃ।

সহস্র-দশ শত ; ১,০০০।

সাগর-শত লক্ষ কোটি ; ১০,০০,০০,০০,০০,০০,০০০।

সার্সি [পঞ্জাবে ভূমি পরিমা°] মার্লার ৯ ভাগের ১ ভাগ ; বিঘার ৭২০ ভাগের ১ ভাগ। মার্লা দ্রঃ।

সিকি-চারি আনা মূল্যের রৌপ্যমুদ্রা ; টাকার চতুর্থাংশ। ২ [স্ব° রৌ°] ৪ আনা বা ৩মাষা পরিমাণ ওজন।

সিক্কা [আ° সিক্কা] বাদশাহী আমলের রৌপ্য মুদ্রা ; কোম্পানীর আমলের ১৭ আনা (১০০ সিক্কা=১০৬ ।৵ ১৩.০)। ২ [ওজনবিশেষ] বাঙ্গালা ও ওড়িষার ভিন্ন ভিন্ন স্থানে ৬০, ৬২, ৮০, ৮২৷৵, ও ১০৫ সিকার ওজন প্রচলিত। কলিকাতায় ও বালেশ্বরে ৮০ সিকার ওজনই চলিত। দিনাজপুর, নদীয়া, শান্তিপুর ই° এবং লুপ লাইনের অধিকাংশ স্থলে ৬০ সিকার ওজন (কাঁচি ওজন) চলে।

সুবর্ণ [প্রা° স্বর্ণমুদ্রা পরিমা°] ১৬ মাষা। (২) ২৫ রৌপ্য কার্ষাপণ=১৪০ গ্রেণ (Cunningham, Archaeo. Survey Reports vol. xiv.) সিকি সুবর্ণ=৩৫ গ্রেণ= ৬¼ রৌপ্য কার্ষাপণ।

সূত [রৈখিক পরিমা°] ১২ লাইন ; ১ ইঞ্চি ৩ যব।

সূর্প [ভার পরিমা°] ২ দ্রোণ।

সেকেণ্ড্ [ইং second. কাল পরিমা°] মিনিটের ৬০ ভাগের এক ভাগ। ২ [ইং কৌণিক পরিমা°] এক ডিগ্রির ৩৬০০ ভাগের এক ভাগ।

সেঞ্চুরী [ইং century] শতাব্দী ; শতবর্ষ-পরিমাণ কাল।

সেনামুখ-৩ পত্তি সংখ্যক সেনা।

সেন-য়েন দ্রঃ। ১/১০০ য়েন। ইং ¼ পে।

সেন্ট্ [আমেরিকায় প্রচলিত মুদ্রা cent.] ডলারের (৪ শিলিং ২ পেনি) ১০০ ভাগের ১ ভাগ ; লঙ্কাদ্বীপে প্রচলিত মুদ্রা ; টাকার (rupee) ১০০ ভাগের ১ ভাগ ; ইং প্রায় ২ পাই পরিমাণ মুদ্রা।

সেন্টিম [ফ্রে° centime স°ঁতীম। মেট্রিক্ প্রণালী] ফ্রাঙ্কের ১০০ভাগের ১ভাগ।

সের [সং-শরাব] [সাধা° ওজনে] ৪ পোয়া বা ১৬ ছটাক ; ১ মণের ৪০ ভাগের ১ ভাগ। ২ [স্ব° রৌ°] ৮০ ভরি।

স্ক্রুপ্ল্ [ইং scruple এর লিপ্যন্তর শুষ্ক দ্রব্য পরিমা°] ২০ গ্রেণ।

স্কোর [ইং score] ২০টি ; কুড়ি।

স্টেডিয়াম [গ্রীক দূরত্ব পরিমা°] ৬০৬ ফুট ৯ ইঞ্চি।

স্প্যান [ইং span] ৯ ইঞ্চি।

স্যাক্ [ইং sack, শুষ্ক দ্রব্য ও শস্য পরিমা°] ৩ বুশেল ; ১২ পেক। ১২ স্যাক্=১ কলড্রন্।

হগ্‌শেড্, হগ্‌হেড [ইং hogshead] ৫২½ হতে ৬৩ গ্যালন পর্য্যন্ত বা আধ পীপা। ২ [মদের পরিমা°] বীয়ার মদ্যের ৫৪ গ্যালন ; ক্ল্যারেটের-৪৬ গ্যালন। ৩ [তামাকের ওজন] ৭৫০ হতে ১২০০ পাউণ্ড পর্য্যন্ত।

হন্দর [ইং hundredweight] ৪ কোয়ার্টার্ বা ১১২ পাউণ্ড ওজন ; ১ টনের ২০ ভাগের এক ভাগ।

হাত [প্রা° পথ পরিমা°] দেশের ভিন্ন ভিন্ন অঞ্চলে প্রভেদ আছে। কোথাও ২৪ আঙ্গুল=১৮ ইঞ্চি=১ হাত। ১৬ হাত ২২ ইঞ্চি পরিমাণ (২৪ ইঞ্চি=জ্যেষ্ঠ, ২১ ইঞ্চি মধ্যম, ১৮ ইঞ্চি কনিষ্ঠ হাত) ; ২ বিঘৎ ; এক যষ্টির ১৪ ভাগের এক ভাগ ; রশির ৮০ ভাগের এক ভাগ। ২ [আধু° পথ পরিমা°] কনুই হতে মধ্যাঙ্গুলির অগ্র পর্য্যন্ত ; ২ বিতস্তি (বিঘৎ)। ৩ [বস্ত্র পরিমা°] ৮ গিরা (=৪ অঙ্গুলি, ৪ যব=১ অঙ্গুলি) ; অর্দ্ধ গজ। ৪ [ঘোড়ার মাপ] ৪ ইঞ্চি।

হাল [সাধা॰ শ্রীহট্টে] জমির মাপবি:। ৩ ক্রান্তি=১ কৌড়ী, ৪ কৌড়ী=১ গণ্ডা, ২০ গণ্ডা=১ পাল, ৪ পাল=১ রেক ; ৪ রেক=১ জ্যৈষ্ঠ, ৭ জ্যৈষ্ঠ=১ পোইয়া, ৪ পোইয়া=১ কিয়ার বা কেদার, ৩ কেদার=১ চৌক বা ৪ চৌক, ১২ কেদার=১ হাল বা কুল্বা (৫/২৮৹ /১০=পাঁচ হাল দুই কেদার তিন পোইয়া এক পণ দশ গণ্ডা)।

হালা [পরিমাণবি:] অভি॰ দ্রঃ।

হুন [ভারতের সমুদ্রকূলবর্ত্তী স্থানসমূহে প্রচলিত] স্বর্ণমুদ্রাবিশেষ ; পাগোডা।

হেপেনি, হাপ্(ফ)পেনি [ইং half-pany] পেনি বা আনির অর্দ্ধ মূল্য পরিমাণ মুদ্রা ; ডবল পয়সা মূল্যের ইং মুদ্রা।

হ্যাণ্ড্ [ইং hand, অশ্ব পরিমা॰] ৪ ইঞ্চি।

পরিশিষ্ট (ঝ)

বাঙ্গালা গ্রন্থাদিতে ব্যবহৃত সংক্ষেপ (Abbreviations)এর অর্থ

অঃ, অনঃ [ইং Honourable, Hon'ble] মাননীয়।

অঃ, অনাঃ [ইং Honorary] অবৈতনিক।

আই, বি, [ইং Intelligence Branch (Political Department.) .> স্কে॰ I.B.] গোয়েন্দা বিভাগ।

আঃ [পত্রাদিতে] আশীর্বাদ(ক)। ২ [মহাজনী হিসাব পত্রাদিতে] আগামী বা আগাম ; advance. প্র-আঃ টাকা।

আদাঃ-আদালত।

আর, ই, [ইং Royal Engineer, R. E] রয়েল ইঞ্জিনিয়রী পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রের উপাধি।

আর, কে, আর,-রোহিলখণ্ড এণ্ড্ কুমায়ুন রেলওয়ে R. K. R. (Ry)

আশীর্লিঙ্ [ব্যা॰, পাণি॰] আশীর্ব্বাদ অর্থে, ভবিষ্যৎ ; লোঙ্ ; টা।

ই, আই, আর-ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে ; E. I. R.

ই, বি, আর-ইষ্ট বেঙ্গল রেলওয়ে ; E. B. R.

ঋ, রি [ঋ॰] ঋগ্বেদ।

এ, ডি [ল্যা॰ Anno Domini (in the year of our Lord)] খৃষ্টাব্দ।

এ, ডি, সি [ফ্রে॰ Aid-de-Camp, A. D. C.] রাজা ও রাজ-প্রতিনিধিদিগের অনুচর। ফ্রে॰ "এদ্-দ্য-ক'র ইং বিকারে এডিকং।

এ, বি, আর-আসাম বেঙ্গল রেলওয়ে ; A. B. R.

এ, সি [ল্যা॰ Ante Christum] খ্রীষ্ট পূর্ব্ব ; বি, সি, দ্রঃ। ২ [ইং After Christ] খ্রীষ্ট জন্মের পর।

এইচ (এচ্), পি [ইং Horse power, H. P.] অশ্ববল।

এক্স্‌মাস্ [ইং Xmas. Christmas] যীশু খ্রীষ্টের জন্মদিন ; বড়দিনের উৎসব।

এচ, সি, এফ [Highest Common Factor]গ, সা, গু, দ্রঃ।

এডিকং-এ, ডি, সি দ্রঃ।

এন, ডবলু, আর-নর্থ ওয়েষ্টার্ণ রেলওয়ে N. W. R.

এন, বি [ল্যা॰ Nota Bene, N. B.] বিশেষ ভাবে দেখ ; দ্রষ্টব্য।

এফ, এ ; এফে [ইং First Arts] বিশ্ব-বিদ্যালয়ের পরীক্ষা; এল এ দ্রঃ।

এফ, আর, এ, এস [F. R. A. S. "রয়্যাল্ অ্যাস্ট্রোনমিক্যাল সোসাইটী" নামক জ্যোতির্বিজ্ঞান-পরিষদের উপাধি।

এফ, আর, এস্ [ইং Fellow of the Royal Society. F. R. S.] "রয়্যাল সোসাইটী নামক পরিষদের সদস্যের উপাধি।

এফ, আর, সি, পি [ইং Fellow of the Royal College of Physicians. F.R. C. P.] "রয়্যাল্ কলেজ অভ্ ফিজিশিয়ান্স্ নামক চিকিৎসা পরিষদের সদস্যের উপাধি। তদ্রূপ, এফ, আর, সি, এস -F. R. C. S. ; "রয়্যাল্ কলেজ্ অভ্ সার্জ্জনস্" নামক অস্ত্রচিকিৎসা পরিষদের সদস্যপদের উপাধি।

এফ, টি, এস্ [ইং Fellow of the Theosophical Society] থিওসফিক্যাল সোসাইটী নামক ধর্ম্মসভার সদস্যপদের উপাধি।

এম, আর, এ, এস [ইং Member of the Royal Asiatic Society. M. R. A. S.] "রয়্যাল এশিয়াটিক সোসাইটী" নামক সভার সদস্যপদের উপাধি।

এম, এ [ইং Master of Arts, M.A] বিশ্ববিদ্যালয়ের দত্ত সাহিত্যে-কলা-পরীক্ষোত্তীর্ণ ছাত্রের উচ্চ উপাধি-বিশেষ। ২ অধীতবিদ্য ; কলাভিজ্ঞ।

এম, ডি [Doctor of Medicine, M. D.] বিশ্ববিদ্যালয় প্রদত্ত ডাক্তারীতে চরম পরীক্ষোত্তীর্ণের উপাধি।

এম, পি [ইং Member of Parliament M. P] পার্লিয়ামেন্ট সভার সদস্য।

এম, বি [ল্যা॰ Medicine Baccalaurens, M. B.] বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত ডাক্তারী মধ্যমান পরীক্ষায় উত্তীর্ণের উপাধি।

এল, এ ; এলে [ইং L. A.] বিশ্ববিদ্যালয়ে এণ্ট্রান্স্ (অধু॰ ম্যাট্রিক) ও বি, এ'র মধ্যবর্ত্তী পরীক্ষা।

এল্, এম্, এস্ [ইং Licentiate in Medicine and Surgery; L. M S. ডাক্তারী পরীক্ষোত্তীর্ণ ছাত্রকে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত চিকিৎসা ব্যবসায়ে অধিকারের সনন্দপ্রাপ্তিসূচক উপাধি।

এল, এল, ডি [লা০ Legum Doctor, L.L.D.] ডি, এল দ্রঃ।

এল, এল, বি [লা০Legum Baccalaurens ; L.L. B.] বিশ্ববিদ্যালয়দত্ত প্রথম আইন পরীক্ষায় উত্তীর্ণের উপাধি।

এল, সি, এম্ [Lowest Common measure] ল, সা, গু, দ্রঃ।

এস, আই, আর-সাউথ ইণ্ডিয়ান রেলওয়ে; S. I. R.

এস, এস [ইং S.S. ; Special Superintendent (Political Department) স্পেশাল সুপারিন্টেণ্ডেণ্ট্, রাজনৈতিক বিভাগ।

এস, বি [ইং S.B.: Special Branch] গোয়েন্দা বিভাগ।

ওয়াই, এম, সি, এ [Y. M. C. A. (Young men's Christian Association)এর ভিপ্যন্তর] তন্নামক খ্রীষ্টীয় যুবক সমিতি। স্ত্রীং ওয়াই, ডবল্যু, সি, এ (Y. W. C. A.; Young; Women's Christian Association) উক্ত নামের খ্রীষ্টীয় যুবতীগণের সমিতি।

কলেঃ [ইং Collector] কলেক্টর। ২ কালেক্টারী।

কিঃ-কিস্তী।

কী [ব্যা০ (মুগ্ধ০)] লট্ দ্রঃ।

কৃ-করা।

কে, সি, এস, আই [ইং K. C. S.I, Knight Commander of the Star of India.] গবর্ণমেন্টপ্রদত্ত উচ্চ সম্মানজনক উপাধিবিশেষ।

কোং [ইং Company] কোম্পানী।

ক্যাণ্ট্যাব্ [লা০ Cantabrigiensis সংক্ষেপে Cantab.] কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয় হতে (উত্তীর্ণ বা প্রাপ্ত)।

খঃ [হিসাব পত্র] খরচ।

খী [ব্যা০ (মুগ্ধ০)] বিধিলিঙ্ দ্রঃ।

গ [ছন্দোগ্রন্থে] গুরু; বর্ণের মাথায়(-)চিহ্ন।

গ, গা [স্ব০] গান্ধার।

গ, সা, গু. [গণিত] গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক H. C. F.

গী [ব্যা০ (মুগ্ধ০)] লোট্ দ্রঃ।

গুঃ [মহাজনী হিসাব পত্রে] গুজরৎ; মার্ফৎ।

গুঃ খোদ-নিজে ; স্বয়ং ; নিজের মার্ফৎ : স্বহস্তে দত্ত। •

ঘী [ব্যা০ (মুগ্ধ০)] লঙ্ দ্রঃ।

ঘে [ব্যা০ (মুগ্ধ০)] কর্তৃবাচ্য।

চৌঃ-চৌধুরী। ২ চৌহদ্দী।

জঃ [হিসাব পত্রে] জমা।

জি, আই, পি, আর [G. I. P. R] গ্রেট ইণ্ডিয়ান পেনিন্সুলার রেলওয়ে।

জে [ব্যা০ (মুগ্ধ০)] অপাদানবাচ্য। ২ [হিসাব পত্রে] জের।

জে, পি [ইং Justice of the Peace : J. P.] শান্তিরক্ষক।

টী [ব্যা০ (মুগ্ধ০)] লুঙ্ দ্রঃ।

ঠী [ব্যা০ (মুগ্ধ০)] লিট্ দ্রঃ।

ডাঃ [ইং Doctor] ডাক্তার। ২ ডাকঘর (পোঃ দ্রঃ)।

ডি, আই, ও [ইং D. I. O District Intelligence Officer] ডিষ্ট্রিক্ট্ ইন্টেলিজেন্স্ অফিসার (রাজনৈতিক বিভাগ)।

ডি, আই, বি [ইং District Intelligence Branch.জেলা গোয়েন্দা বিভাগ।

ডি, এচ, আর [D. H. R.] দার্জ্জিলিঙ্ হিমালয়ান রেলওয়ে।

ডি, এল [ইং Doctor of Laws; D. L. বিশ্ববিদ্যালয়-দত্ত আইনের চরম পরীক্ষায় উত্তীর্ণের উচ্চ উপাধিবিশেষ।

ডি, এস, সি [ইং Doctor of Science ; D. Sc.] বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত বিজ্ঞানের চরম পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রের উপাধি।

ডি, লিট্ [ইং Doctor of Literature; D. Litt (lit)] বিশ্ববিদ্যালয় প্রদত্ত সাহিত্য কলার চরম পরীক্ষোত্তীর্ণের উপাধি।

ডী [ব্যা০ (মুগ্ধ০)] লুট্ দ্রঃ।

ঢী [ব্যা০ (মুগ্ধ০)] আশীর্লিঙ্ দ্রঃ।

ঢে [ব্যা০ (মুগ্ধ০)] কর্মবাচ্য।

তঃ, তপঃ-তপশীল। তফশীল দ্রঃ।

তমঃ-তমসুক।

তাং-তারিখ।

তী [ব্যা০ (মুগ্ধ০)] লুট্ দ্রঃ।

তে [ব্যা০ (মুগ্ধ০)] অধিকরণ বাচ্য।

থী [ব্যা০ (মুগ্ধ০)] লট্ দ্রঃ।

দং [জমীদারী মহাজনি হিঃ পত্রে] দরুণ বাবত। ২ [ফা০-দরূদ্ শরীফ্ সংক্ষেপে দং বা দঃ (গৌরবার্থে)] হজ্‌রৎ মুহম্মদ্ সাহেবের নামের পর শ্রেষ্ঠ সম্মান ও ভক্তিজ্ঞাপক এই সঙ্কেত লিখিত হয়।

দঃ [জমীদারী মহাজনী ও আদালতের কাগজপত্র প্রভৃতিতে] দস্তখত; সহি। ২ দলিল। ৩দর rate। ৪ দরখাস্ত। ৫ [ফা০-"দরূদ্ শরীফ্" সংক্ষেপে দং বা দঃ (গৌরবার্থে)] হজ্‌রৎ মুহম্মদ্ সাহেবের নামের পর তাঁহার প্রতি উচ্চ সম্মান ও ভক্তিজ্ঞাপক এই সঙ্কেত লিখিত হয়।

দঃ বিঃ-দণ্ডবিধি।

ধ, ধা [স্ব০] ধৈবত।

ধে [ব্যা০ (মুগ্ধ০)] করণবাচ্য।

ধ্রুং, ধ্রুবং-ধ্রুবক; ধুয়া।

নং [ইং Number] নম্বর; No.

নি [স্বঃ] নিষাদ, নিখাদ।

নিঃ [পত্রাদিতে] নিবেদক।

নিঃ, ভাঃ-নিখিল ভারত।

নিঃ, ভাঃ, রাঃ, সঃ-নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতি।

প [ছন্দোগ্রন্থে] প্লুত।

প, পা [স্বঃ] পঞ্চম।

পঃ [আদাঃ] পরগণা।

পি, এচ, ডি; ডি, পি [ইং Doctor of Philosophy, ল্যা Philosophioe Doctor; D.P. ; Ph. D.] বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত দর্শনশাস্ত্রে চরম পরীক্ষোত্তীর্ণের উপাধি।

পি, এম্ [ইং Post Master; P.M.] পোষ্ট মাষ্টার। পি, এম্, জি; P.M G. পোষ্ট্ মাষ্টার্ জেনারেল্।

পি, এস্ [ল্যা॰ Post Scriptum; P. S.] পরে লিখিত ; পুনশ্চ।
পি, টি, ও [ইং Please turn over; P. T. O.] পাতা উল্টান্; পর পৃষ্ঠায় দেখুন।
পি,ডব্লু,ডি [ইং-Public Works Department ; P. W. D.] পাব্লিক্ ওয়ার্কস্ ডিপার্টমেন্ট্; সরকারী পূর্ত্তবিভাগ।
পুং-পুনশ্চ। ২ পুংলিঙ্গ।
পুঃ, পুনঃ- পুনশ্চ। তুল-ইং Post Script ; P. S
পোড্ [ইং Paid] দত্ত-মূল্য ; মাশুল-দেওয়া।
পোঃ, পোঃ অঃ [ইং Post Office, P. O.] পোষ্ট অফিস্ ; ডাকঘর।
প্যারা [ইং Paragraph] অনুচ্ছেদ।
প্রোঃ [ইং Professor; Prof.] প্রোফেসর ; অধ্যাপক।
ফী [আদাঃ। ইং fee] আদালতের প্রাপ্য অর্থ। প্র-"ভিটা জমির জমীদারী-ফী লাগে না"-দলীল।
বঃ-বকলম।
বি-বিশেষ্য।
বিং, বিণ-বিশেষণ।
বিঃ-বিশেষ। ২ [জমীদারী মহাজনী হিসাব পত্রে ফা॰ বমোজিব (অনুযায়ী)] বিমজ্জিম > ক্ষে॰।
বি, এ; বিয়ে [ইং B A.; Bachelor of Arts] বিশ্ববিদ্যালয়ের উপাধি-পরিক্ষা-বিশেষ এবং উপাধি।
বি, এন, আর [B. N. R.] বেঙ্গল নাগপুর রেলওয়ে।
বি, এন, ডবল্যু আর [B. N. W. R.] বেঙ্গল এণ্ড্ নর্থ ওয়েষ্টার্ণ রেলওয়ে।
বি, এল [ইং B. L.] বিশ্ব বিদ্যালয়-দত্ত আইনের উপাধিবিশেষ।
বি, এস, সি [ইং Bachelor of Science; B. Sc.] বিশ্ববিদ্যালয়-কর্ত্তৃক প্রদত্ত বিজ্ঞানের প্রথম পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রের উপাধি।
বি, ডি, আর [B. D. R.] বেঙ্গল ডুয়ার্স রেলওয়ে।

বিতং-বিস্তারিত বিবরণ ; কৈফিয়ৎ ; বৃত্তান্ত। ২ [জমি-পরিঃ] বিমজ্জিম তপশীল।
বিধিলিঙ্ [ব্যা॰ (পাণি॰)] বিধিবাচক, ভবিষ্যৎ ; ধী।
বি, পী, আর [B. P. R] বেঙ্গল প্রভিন্স্যাল রেলওয়ে।
বি, বি, সি, আই, আর [B. B. & C. I. R.] বম্বে, বরোদা, এণ্ড্ সেন্ট্রাল ইণ্ডিয়ান রেলওয়ে।
বি, সি [ইং Before Christ; B.C.] খ্রীষ্টপূর্ব্ব।
ভ শ্রী [জমীদারী সেরেস্তার টানা লেখায় 'শ্রী' 'ভ র মত দেখায় তা হ'তে শ্রীশ্রী > ৶ ৶ এইরূপ গ্রহণ করে] 'শ'র পরিবর্ত্তে ভ' দিয়া শ্রী লিখন। প্র- ৶ ৶ দুর্গা।

কথিত আছে খ্রী॰ পূ॰ কোন সময় জনৈক জমীদার কোন ব্রাহ্মণ প্রজা তাঁর ব্রহ্মোত্তর জমী ফেরত পাইবার জন্য আবেদন করেন এবং নায়েবের উপর তজ্জন্য হুকুমনামা লিখিয়া দিবার অনুরোধ করেন। জমীদার তাঁর অনুরোধ এড়াইতে না পারিয়া উক্ত জমী ব্রাহ্মণকে ফিরাইয়া দিবার জন্য পত্র লিখিয়া দেন কিন্তু পত্রশীর্ষে 'শ্রীশ্রী' না লিখিয়া ৶ ৶ লেখেন। ব্রাহ্মণ সেই পত্র লইয়া নায়েবকে দিলে নায়েব কোন ব্যবস্থা না করায় ব্রাহ্মণ নায়েবকে শাপ দেন। তাতে নায়েব বলেন 'ঠাকুর 'শ শ্রী' দিয়ে চিঠি আন, 'ভশ্রী' দিলে কিছুই হবে না। তখন পুনরায় জমীদারের নিকট হ'তে 'শ্রীশ্রী' পাঠ চিহ্নিত পত্র সংগ্রহ করিয়া স্বীয় কার্য্যোদ্ধার করেন] শ্রীশ্রী স্থলে ৶ ৶ চিহ্ন জমীদারী মহাজনী পত্রের মর্য্যাদানুসারে বা পত্রস্থ আদেশ মত কার্য্য করিতে নিষেধসূচক সঙ্কেত (শ্রীশ্রীদুর্গা স্থলে ৶ ৶ দুর্গা)। শ শ্রী দ্রঃ।

ভি, পি; ভি, পি, পি, ভিঃ, পিঃ [ইং Value Payable Post; V.P.P.] মূল্য ডাক মার্ফৎ প্রাপ্তব্য।
ভে [ব্যা॰ (মুগ্ধ॰)] সম্প্রদান।
মি, মা [স॰] মধ্যম।
মঁঃ-মহকুমা।
মাং-মারফৎ।
মাঃ-মারফৎ। ২ মাশুল।
মিঃ, মিষ্টার্ [ইং mister, master, বাবু ; শ্রীযুক্ত।
মিস [ ] কুমারী।
মিসেস্ [ইং missis, mistress] মুসম্মৎ ; শ্রীমতী।
মুঃ-মুন্সী।
মঁসার, মুঁসো, মঁশাই [ফ্রে mon sieur (মঁসিয়া)] মিষ্টার ; বাবু ; শ্রীযুক্ত। বহুবচনে মেসাই (messieurs)
মোং-মোকাম।
মৌ, মৌঃ-মৌজা।
মৌঃ-মৌলবি(বী) [আ॰ মৌলবী। ইং অভিজ্ঞ মৌলবীর নামের বানান "মৌলভী"। আধু॰ মু॰ বাং লেখকগণের লেখায় এই পার্থক্য দৃষ্ট হয়] মু॰শাস্ত্রজ্ঞ পণ্ডিত। বহু॰= মৌলানা > ক্ষে॰।
রেঃ [ইং-Reverend > ক্ষে॰ > বাং ক্ষে॰ Rev.] রেভারেণ্ড ; খ্রীষ্টান যাজক বা পুরোহিতের নামের পূর্ব্বে ব্যবহৃত সম্মানসূচক শব্দ ; পূজ্যপাদ ; শ্রীমৎ স্বামী ; স্বামীজী।
রোঃ-রোকড়। ২ রোক (অর্থাৎ নগদ)।
ল [ছন্দোগ্রন্থে] লঘু অর্থাৎ মস্তকে '।' এই চিহ্ন।
লঁ, সা, গু-লঘিষ্ঠ সাধারণ গুণনীয়ক L. C. M.
লঁঙ্ [ব্যা॰(পাণি॰)] অদ্যতন অতীত; ধী।
লঁট্ [ব্যা॰ (পাণি॰)] বর্ত্তমান ; কী।
লিঃ [ইং limited > Ltd.,Ld. > বাং ক্ষে॰] লিমিটেড।

লিঙ্-বিধি অর্থে বিধিলিঙ্ (থী)। ২ আশীর্ব্বাদার্থে আশীর্লিঙ্ (টী)।

লিট [ব্যা॰ (পাণি॰)] পরোক্ষ অতীত ; গ্রী

লুঙ [ব্যা॰ (পাণি॰)] হ্যস্তন অতীত ; টী।

লুট্ [ব্যা॰(পাণি॰)] অদ্যতন ভবিষ্যৎ; ডী।

লৃঙ্ [ব্যা॰ (পাণি॰)] ধাত্বর্থের অনিষ্পত্তি-বাচক ভবিষ্যৎ ;থী।

লৃট [ব্যা॰(পাণি॰)] অনদ্যতন ভবিষ্যৎ; তী।

লোঙ্ [সুপদ্ম মতে] আশীর্লিঙ্ দ্রঃ।

লোট্ [ব্যা॰ (পাণি॰)] বর্ত্তমান, অনুজ্ঞা, প্রার্থনা, আশীর্ব্বাদ ; গী।

শ্‌ং [ভ ´ শ্রী দ্রঃ] 'শ' দিয়া শ্রী লিখন। প্র-শ্রীশ্রীদুর্গা।

শ্রী [পত্রাদিতে] শ্রীমান ; শ্রীযুক্ত। স্ত্রীং-শ্রীমতী।

সঁ,সা [স্বঃ] ষড়্‌জ।

সং ফৌঃ-সংশোধিত ফৌজদারী।"সং ফৌঃ আইনে গ্রেপ্তার"-আ॰ পত্রিকা ২৫-১২-৩৫।

সহঃ-সহকারী assistant. "সহঃ দায়রা জ"-আ॰ পত্রিকা, ১৮-৯-৩৫।

সাং [আ॰ সাকিন্ (নিবাসী)] সাকিন।

সি, এস, আই [ইং C. S. I. Companion of the Star of India]গবর্ণমেণ্ট প্রদত্ত উচ্চ সম্মানের উপাধিবিশেষ।

স্বাঃ-স্বাক্ষর।

হ-হওয়া।

হিঃ-হিসাবে ; "কিস্তী খেলাপী সুদ শতকরা ১৲ হিঃ দিতে বাধ্য"-দলীল। ২ হিসাব।

পরিশিষ্ট (ঞ)

মুদ্রা বিনিময়ের হার

শিলিং (shilling)=শি (১০ $\frac{৩}{৪}$ আনা)। পেনি (penny বা pence)=পে (প্রায় এক আনা =১$\frac{১}{৪}$ পে)। সেণ্ট্=$\frac{১}{১০০}$ ডলার=$\frac{১}{২}$ পে। ১ ডলার=৪শি=১$\frac{১}{৪}$ পে।

ভারত	...	১ টাকা (rupee, রূপী)	: ১৬ আনা (৬৪ পয়সা)=১৯২ pies=১ শি ৬ পে = ১	
চীন	...	১ তেল্ (tael)	: ১০০কেণ্ডারিন বা ১০০০ ক্যাশ	= ৬ শি ৬ পে পূর্ব্বে ছিল ; বর্ত্তমানে =৭২ তেল=১০০ ডলার।
		১ ডলার	: ১২০০ ক্যাশ =$\frac{১}{১০০}$ সেণ্ট	= ১৪$\frac{১}{২}$ পে (আন্দাজ)
জাপান	...	১ ইয়েন্	১০০ সেন	= ২ শি ০$\frac{১}{২}$ পে
তুরুষ্ক	...	১ লিরা	১০০ পিয়াস্তর	= ১৮ শি
রুষিয়া	...	১ রুব্‌ল্	১০০ কোপেক্	= ২ শি ১$\frac{৩}{৮}$ পে
সিংহল	...	১ রূপী	১০০ সেণ্ট্	= ১ শি ৬ পে
অষ্ট্রিয়া	...	১ শিলিং (schilling)	১০০ গ্রোশেন্ (Groschen)	= ৬·৯ পে
ইটালী	...	১ লিরা (lira)	১০০চেন্তিসিমো (Centisimo)	= ২·৩ পে
য়ুনাইটেড্ স্টেট্স্		১ ডলার (dollar)	১০০ সেণ্ট (Cent)	= ৪ শি ১·৩২ পে
ক্যানাডা	...	১ ডলার	১০০ সেণ্ট্	=
গ্রীস্	...	১ ড্রাক্‌মা (drachma)	১০০ লেপ্টন (lepton)	= ০·৬৪ পে
জর্ম্মনি	...	১ রাইক্‌স্‌মার্ক্ (Reichs mark)	১০০ রাইক্‌স্‌ফেনিগ্ (Reichs phennig)	= ১১$\frac{৩}{৪}$ পে
ডেন্‌মার্ক্	...	১ ক্রোনে (krone)	= ১০০ আ্যরে (ore)	১ শি ১$\frac{১}{৪}$ পে
নর্‌ওয়ে	...	১ ক্রোনে	১০০ আ্যরে	= ১ শি $\frac{১}{২}$ পে
পোর্টুগাল্	...	১ এস্‌কুডো (Escudo)	১০০ সেণ্টাভো (centavos)	= ২$\frac{১}{৪}$ পে
ফ্রান্স্	...	১ ফ্র‍াঙ্ক্, ফ্রঁা (franc)	১০০ সাঁতীম্ (centime)	= ১·৯৩ পে
বুল্‌গেরিয়া	...	১ লেভা	১০০ স্তোতিংকি (stotinki)	= "
বেল্‌জিয়ম্	...	১ বেল্‌জা (Belga)	: ৫ ফ্রাঙ্ক (frank)	= ৬·৮৬ পে

রুমানিয়া	...	১ লে (leu)	= ১০০ বান্নি (banni)	= ০'৩ পে
যুগো-শ্লাভিয়া	...	১ দীনার (dinar)	= ১০০ পারা (para)	= ০'৯ পে
সুইট্জার্লাণ্ড্	...	১ ফ্রাঙ্ক্	= ১০০ সাঁতীম্	= ৯'৫২ পে
সুইডেন্	...	১ ক্রোনা	= ১০০ আরে	= ১ শি ১½ পে
স্পেন্	...	১ পেসেতা	= ১০০ সেন্তেসিমো	= ৯'৫২ পে
হল্যাণ্ড্	...	১ ফ্লোরিন্ বা গুল্ডেন	= ১০০ সেন্ট্	= ১ শি ৭'৮ পে
চেখো-স্লোভাকিয়া		১ ক্রাউন	= ১০০ হেলার	= ১'২২ পে
এস্থোনিয়া	...	১ ক্রুন (kroon.)	= ১০০ সেন্ট (sents)	= ১ শি ১½ পে
আবিসিনিয়া	...	১ ডালারী		= ২ শি
আল্বেনিয়া	...	১ ফ্রাঙ্ক		= ৯'৫২ পে
আর্জেন্টাইন্	...	১ পেসো	= ১০০ সেণ্টাভো	= ১ শি ৮½ পে
বলিভিয়া	...	১ বলিভানো	= ১০০ "	= ১ শি ৬ পে
ব্রেজিল	...	১ মিলরীজ	= ১০০০ রীজ (Reis)	= ৫'৯ পে
কলম্বিয়া	...	১ পেসো	= ১০০ সেণ্টাভো	= ৪ শি
কোষ্টারিকা	...	১ কলোন	= ১০০ সেণ্টিসিমো	= ১ শি ১০'৯ পে
ইকোয়েডর	...	১ সুক্রে (Sucre)	= ১০০ সেণ্টাভো	= ৯'৯ পে
মিশর	...	১ পাউণ্ড	= ১০০ পিয়াস্তর	= ১ পা০ শি ৩¾ পে
ফিন্ল্যাণ্ড	...	১ মার্কা (Markka)	= ১০০ পেনি (Penni)	= ১'২৪ পে
গোয়াতেমালা	...	১ কুইট্জাল (Quetzal)	= ১০০ সেণ্টাভো	= ৪ শি ১'৩২ পে
হেটী	...	১ গুর্দে (Gourde)	= ১০০ "	= ৯'৮৬ পে
হাঙ্গেরী	...	১ পেঙ্গো (Pengo)	= ১০০ ফিলের (filler)	= ৮'৬২ পে
ইরাণ	...	১ রিয়াল	= ১০০ দিনার	= ২'৬ পে
ইরাক	...	১ দিনার	= ১০০০ ফিল্স্	= ১ পা
কোরিয়া	...	জাপান দ্রঃ।		
লাটভিয়া	...	১ লাট (Lat)	= ১০০ সাঁতিম (santimi)	= ৯'৫ পে
লাইবিরিয়া	...	আমেরিকার সমান মুদ্রা।		
লিথুয়ানিয়া	...	১ লিতা (Lita)	= ১০০ সেণ্ট (Centa)	= ৪'৯ পে
মেক্সিকো	...	১ পেসো	= ১০০ সেণ্টাভো	= ২ শি ০½ পে
নিকারাগুয়া	...	১ করডোবা (Cordoba)	= ১০০ "	= ৪ শি ১'৩২ পে
ওমান	...	১ মোহাম্মদী	= ২০ গজ (Gaj)	= ১ পা০ শি ১½ পে
পানামা	...	১ বালবোয়া (Balboa)	= ১০০ সেণ্ট	= ৪ শি ২ পে
প্যারাগুয়ে	...	১ পেসো	= ১০০ সেণ্টাভো	= ৪ শি
পেরু	...	১ সল (Sol)	= ১০০ "	= ১ শি ১½ পে
পোলাণ্ড	...	১ জ্লোটি (Zloty)	= ১০০ গ্রোজ (Grosz)	= ৫'৫ পে
স্যাল্ভাডর	...	১ কলোন (Colon)	= ১০০ সেণ্টাভো	= ২ শি ৬ পে
ফিলিপাইন	...	১ পেসো	= ১০০ "	= ২ শি ৫'৬ পে
শ্যাম	...	১ বাঠ (Baht)	= ১০০ সাতাং (Satang)	= ১ শি ১০ পে
উরুগে	...	১ পেসো	= ১০০ সেণ্টিসিমো	= ৪ শি ৩ পে
ভেনেজুয়েলা	...	১ বলিভার	= ১০০ "	= ৯½ পে
মালয়	...	১ "	= ১০০ "	= ২ শি ৪ পে
হংকং	...	১ "	= ১০০ "	= ১ শি ৫½ পে

ইংরেজী মুদ্রা-বিনিময়ের হার

(ইংরেজী মুদ্রার সহিত কোন কোন বৈদেশিক ও ভারতীয় মুদ্রামূল্যবিনিময়ের হার)

(Some foreign & Indian equivalents of English money)

ইংল্যাণ্ডীয় (English)	ফ্রান্স France	জর্ম্মনী Germany	ইতালী Italy	এমেরিকা U.S.A & Canada	জাপান Japan	ভারত India
	ফ্রাঙ্ক্ (Frank)	রাইখস্মার্ক reichsmark	লিরা (Lire)	ডলার (Dollar)	য়েন্ (Yen)	টাকা (Rupees)
সভরিণ (Sovereign) (gold) £1 স্বর্ণ	=১২৪'২১	=২০'৪৩	=৯২'৪৬	=৪'৮৬	=৯'৭৬	=১৩'৩৩
হাফ ক্রাউন (Half-Crown) 2s 6d· (silver) রৌপ্য (২ শি ৬ পে)	=১৫'৫২	=২'৫৫	=১১'৫৫	='৬০	=১'২২	=১'৬৬
ফ্লোরিন্ (Florin) " 2 s. (২ শি)	=১২'৪২	=২'০৪	=৯'২৪	='৪৮	='৯৭	=১'৩৩
শিলিং (Shilling)" 1 s. (১ শি)	=৬'২১	=১'০২	=৪'৬২	='২৪	='৪৮	='৬৬
ছয় পেনি (Six pence)" 6 d (৬ পে)	৩'১০	='৫১	=২'৩১	='১২	='২৪	='৩৩
তিন পেনি (Three pence)" 3 d. (৩ পে)	১'৫৫	='২৫	=১'১৫	='০৬	='১২	='১৬
পেনি (Penny) 1 d. (Bronze ব্রোঞ্জ) (১ পে)	'৫১৬	='০৮৫	='৩৮৫	='০২	='০৪	='০৫৫
হেপেনি (Half-penny)" ½d. (½ পে)	'২৫৮	='০৪২	'১৯২	='০১	='০২	='০২৭
ফার্দ্দিং (Farthing) " ¼d. (¼ পে)	'১২৯	'৯২১	=০৯৬	='০০৫	='০১	='০১৩

১ টাকা = ২ আধুলি=৪ সিকি = ৮ দুয়ানি=১৬ আনা=৬৪ পয়সা =১৯২ পাই= ১২৮ আধ পয়সা =১ শি ৬ পে (1 s. 6 d.)

[দ্রঃ—উপরি উক্ত মুদ্রা-বিনিময়ের হার ইং ১৯৩৭ অব্দের প্রথমার্দ্ধে প্রচলিত ছিল। সময়ে সময়ে এই হারের পরিবর্ত্তন হইয়া থাকে]

পরিশিষ্ট (ট)

মেট্রিক বা ফরাসী দশমিক পরিমাণ-প্রণালী।

(THE METRIC OR FRENCH SYSTEM).

স্ত্রঃ—নিখুঁত গণনার বিশেষ সুবিধা হয় বলিয়া সমগ্র য়ুরোপ, আমেরিকা ও প্রায় সর্ব্বত্র উচ্চগণিত এবং বিজ্ঞানবিষয়ক গ্রন্থাদিতে এই প্রণালী ব্যবহৃত হইয়া থাকে। গ্রীক ভাষায়—metron (মেত্রন) অর্থে মাত্রা ; metric (মেত্রিক) = মাত্রিক। ফরাসীতে এই শব্দ metre (মেত্র্) রূপে গৃহীত হইয়াছে ; ফরাসীতে রৈখিকমান নির্দ্দেশ করিবার জন্য 'মেত্র্' বা (ইংরেজী উচ্চারণে মীটর্), বর্গমানের জন্য are (আর্), ঘনমানের জন্য stere (স্তেয়ার), তরলমানের জন্য litre (লিত্র্, ইং—লিটর্) এবং গুরুত্বমানের জন্য gramme (গ্রাম) এই পদগুলির ব্যবহার হয়। ইহাদের পূর্ব্বে গ্রীক সংখ্যা-বাচক শব্দ deca (দেকা বা ডেকা) = ১০, hecto (হেক্টো) = ১০০, kilo (কিলো) = ১০০০, এবং myria (মিরিয়া) = ১০০০০ বসাইলে গণিত পরিমাণ বুঝায় ; এবং ল্যাটিন সংখ্যা-বাচক deci (দেসি) = ১০, centi (সেন্তি) = ১০০, milli (মিলি) = ১০০০ বসাইলে বিভক্ত অংশ বুঝায়।

(১) রৈখিকমান (Linear Measure)

১ মীটর = ৩৯, ৩৭০৮ ইঞ্চি = প্রায় ৩ফুট ৩ ইঞ্চি

১০ = ১ ডেকামীটর

১০০ = ১ হেক্টোমীটর = '০৬২১ মাইল

১০০০ = ১ কিলোমীটর = '৬২১৪ „

১০০০০ = ১ মিরিয়ামীটর

১/১০ = ১ ডেসিমীটর = ৩'৯৩৭ ইঞ্চি

১/১০০ = ১ সেণ্টিমীটর = '৩৯৩৭ „

১/১০০০ = ১ মিলিমীটর = '০৩৯৪ „

(২) বর্গমান (Square Measure)

১ আর্ = ১০ ডেসিআর = ১ বর্গডেকামীটর

= ১০০ বর্গমীটর

১০ „ = ১ ডেকার্ = ৩'৯৫৪ পোল

১০ ডেকার্ = ১ হেক্টার্

= ১ বর্গহেক্টোমীটর

১০০ „ = ১ হেক্টার্ = ২'৪৭১ একর

„ = ১ ডেসিআর্ = ১০ সেণ্টিআর্

„ = ১ সেণ্টিআর্ = ১ বর্গমীটর

= ১'১৯৬ বর্গইয়াড

(৩) গুরুত্বমান (Weight)

১ গ্রাম্ = ১০ ডেসিগ্রাম = ১৫'৪৩২ গ্রেন

১০ „ = ১ ডেকাগ্রাম = '৩৫৩ আউন্স (তরলমান)

০০ „ = ১০ „ = ৩'৫২৭ „ = প্রায় সিকি পাউণ্ড

= ১ হেক্টোগ্রাম = ২'২০৪৬ পাউণ্ড (বাণিজ্য পাউণ্ড অপেক্ষা ১০% অধিক)

১০ „ = ১০ „

= ১ কিলোগ্রাম

০০০০ „ = ১০ „ = ১ মিরিয়াগ্রাম

১০০ „ = ১০ „ = ১ কুইণ্টাল = ১'৯৭ হন্দর

১০০০ „ = ১ মিলিয়ার = ১৯'৭ „

১/১০ „ = ১ ডেসিগ্রাম = ১০ সেণ্টিগ্রাম = ১'৫৪৩ গ্রেণ

১/১০০ „ = ১ সেণ্টিগ্রাম = ১০ মিলিগ্রাম = ০'১৫৪ „

১/১০০০ „ = ১ মিলিগ্রাম = ০'০১৫ „

(৪) তরলমান ও শুষ্কদ্রব্যের মান (Liquid & Dry Measure)

১ লিটর্ = ১০ ডেসিলিটর = ১'৭৬ পাইণ্ট

০ „ = ১ ডেকালিটর = ২১/৪ গ্যালন

১০ „ = ১ হেক্টোলিটর

০ „ = ১ হেক্টোলিটর = ২২'৩১ গ্যালন্

১০ „ = ১ কিলোলিটর = ১ ঘনমীটর

১/১০ = ১ ডেসিলিটর

১/১০০ = ১ সেণ্টিলিটর

১০ „ = ৬ ঘন ইঞ্চির কিছু বেশী

১/১০০০ = ১ মিলিলিটর্

(৫) মুদ্রা মান (Money Measure)

৫ centime সাঁতীম্ = ১ sou শূ (তাম্র মুদ্রা)
১০ „ = ১ decime দেসীম্
= ২ শূ
১০০ „ = ১ franc ফ্রা, (ফ্রাঙ্ক)
= ৯৪/৫ পেনি (প্রায়)

১০০ ফ্রাঙ্ক = প্রায় ৪ ইং পাউণ্ড

ইংরেজী মানের সহিত মেট্রিক মানের সমতা

ইঞ্চি	= ২৫'৩৯৯ মিলিমীটর
ফুট	= ৩০'৪৭৯ সেণ্টিমীটর
ইয়ার্ড	= '৯১৪ মীটর
পোল	= ৫'০২৯ „
চেন	= ২০'১১৬ „
ফার্লং	= ২০১'১৬৪ „
মাইল	= ১'৬০৯ কিলোমীটর
বর্গফুট	= ৯'২৯ বর্গডেসিমীটর
একর্	'৪০৫ হেক্টার্
বর্গমাইল	২'৫৯৯ বর্গকিলোমীটর
গ্রেন	= '০০৬৪ গ্রাম
আউন্স	= ২৪ $\frac{১}{৩}$ „
পাউণ্ড	= ৪৫৪ „ (তরল)
	= ৩৭৩ „ (শুষ্ক)
হন্দর (তরল)	= ৫০'৪ কিলোমীটর
টন	= ১০১৫ „
পাইণ্ট	= ৫৬৪ লিটর
কোয়ার্ট	= ১'১৩৬ „
গ্যালন্	= ৪'৫৪৩ „
পেক্	= ৯'০৪৭ „
বুশেল	= ৩৬'৩৪৮ „
কোয়ার্টার্	= ২'৯০৮ „
পাউণ্ড (মুদ্রা)	২৫ ফ্রাঙ্ক ২২ সাঁতীম = (পূর্ব্বে ছিল)
প্রায় ২৫ ফ্রাঙ্ক,	(বর্ত্তমান) ১২৪'২১ ফ্রাঙ্ক
শিলিং	৬'২১ ফ্রাঙ্ক
পেনি	৫২ সাঁতীম
	: ৫২০ দেসীম
হে-পেনি	: ২৬ সাঁতীম = ২৬০ দেসীম=৫'২শূ

পরিশিষ্ট (ঠ)

বাঙ্গালা গ্রন্থ-পত্রাদিতে ব্যবহৃত চিহ্ন বা সঙ্কেতের অর্থ।

১ [স্বঃ] মাত্রাচিহ্নের মাথায় "আঘাত"চিহ্ন।

২ যে পদের পর থাকে তাহার পুনরুক্তি নির্দেশ করে। প্র-"তেজোয়া কুম ২ পঙ্ক অগোর চন্দন।" -গোবিন্দচন্দ্র গীত (দুর্লভ মল্লিক)। কুম ২= কুমকুম (কুঙ্কুম)। তুল-আর ২=আর আর। শত ২-শত শত। অধু০ অপ্র০ হইয়া আসিতেছে।

৬ [ব্যা০, ছন্দঃ] গুরু চিহ্ন।

৭ঁ এই চিহ্ন আঁজি বলিয়া উক্ত। অতি পূর্ব্বকালে পত্রাদির শীর্ষে দেবদেবীর নাম লিখিয়া পাঠ আরম্ভ করা হইত। এখনও হয়, কিন্তু এখন যেমন ঈশ্বর-বোধক শুদ্ধ ৵এই চিহ্ন মাত্র অথবা "শ্রীশ্রী" যুক্ত করা হয় (শ্রীশ্রী কালী, শ্রীশ্রীদুর্গা ই০) তদ্রূপ প্রাচীনকালে ৭ঁ এই চিহ্নই যুক্ত হইত। তখন সকল দেবতার অগ্রে সিদ্ধিদাতা গণেশের নাম উল্লিখিত হইত। শ্রীগণেশ অর্থে হস্তীশুণ্ড চিহ্ন অর্থাৎ সিদ্ধিদাতা গজাননের প্রতীক। এই অর্থে /৭ এই চিহ্নও দৃষ্ট হয়।

৭ঁ [তন্ত্রে] সপ্তব্যাহৃতিযুক্ত /৭-'শ্রীশ্রীগণেশ' গায়ত্রী মন্ত্রের সংক্ষেপ। 'এই 'অর্থব্যঞ্জক চিহ্ন।

৭৪৷৷০ -মিবারের রাণা উদয়সিংহের সহিত দিল্লীর বাদসাহ আকবরের যুদ্ধে উদয় সিংহ পলায়ন করিলে মহাবীর পুত্ত ও জয়মল-সহ অসংখ্য রাজপুত ঘোর সংগ্রামে প্রাণ বিসর্জ্জন করেন ও চিতোরগড়ের পতন হয়। বাদশাহের আদেশে মৃত বীরগণের যজ্ঞোপবীত ওজন করা হইলে তার ভার ৭৪৷৷০ মণ হয়। পরে চিঠি পত্র খামে মুড়িয়া শিরোনামার বিপরীত দিকে এই সংখ্যা লিখিত হইবার প্রথা প্রবর্ত্তিত হয়। এই অঙ্কযুক্ত পত্র যার নামে প্রেরিত হইত সেই ব্যক্তি ভিন্ন অপর কেহ খুলিলে, তার উক্ত ৭৪৷৷ মণ (সে সময়ের ৪ সেরে ১ মণ ওজনের) পৈতার অনুরূপ সংখ্যক নরহত্যার পাতক হইবে এই অভিশাপ-দ্যোতক সঙ্কেত বুঝিতে হইত। মতান্তরে চিতোর মোগল হস্তে পতিত হইলে অসংখ্য রাজপুত কুলনারী শত্রুহস্তে লাঞ্ছিত হইবার আশঙ্কায় জহরব্রত অবলম্বন করিয়া প্রজ্বলিত হুতাশনে প্রাণবিসর্জ্জন করেন। তাঁহাদের পরিত্যক্ত অলঙ্কারের ওজন হইয়াছিল ৭৪৷৷ মণ। এই ৭৪৷৷ চিহ্নিত পত্রাবরণ যার নামে লিখিত সেই ব্যক্তি ভিন্ন অন্য কেহ খুলিলে তাকে চিতোর ধ্বংসের ও অসংখ্য নারীহত্যার পাপে পতিত হইতে হইবে ইহাও এই অভিসম্পাত বোধক অঙ্ক।

। [স্বঃ] স্বরের মাথায় এক দণ্ড-১ মাত্রা; হ্রস্বমাত্র কাল। ২ [ব্যা০, ছন্দঃ] স্বরের মাথায় হ্রস্ব-বোধক বা লঘু চিহ্ন।

॥ [স্বঃ] স্বরের মাথায় দুই দণ্ড-২ মাত্রা। দীর্ঘমাত্র কাল। ২ [ব্যা০ ছন্দঃ] স্বরের মাথায় দীর্ঘবোধক বা গুরু চিহ্ন।

||| [স্বঃ] স্বরের মাথায় তিন দণ্ড-৩ মাত্রা; প্লুতমাত্র কাল। তিনের অধিক দণ্ডচিহ্নিত অধিক মাত্রা হইলেও প্লুত বুঝায়। ২ [ব্যা০ ছন্দঃ] স্বরের মাথায় প্লুতবোধক চিহ্ন।

(হসন্ত চিহ্ন) [স্বঃ] স্বরের মস্তকে নিম্ন সপ্তক বা খাদবোধক; মন্দ্র বা উদারা সপ্তক চিহ্ন।

(রেফ চিহ্ন) [পরিমা০] ফুট foot। ২ [জ্যোঃ] কলা। প্র-১´। ৩ স্বরের মাথায় থাকিলে, উচ্চ সপ্তক বোধক চিহ্ন; তারা-সপ্তক বা তার।

(দ্বিরেফ চিহ্ন) [পরিমা০]। ইঞ্চি inch. ২ [জ্যো০] বিকলা। প্র-১″।

Ψ [স্বঃ] স্বরের মাথায় ⅓ মাত্রা অর্থাৎ ১-এর তৃতীয়াংশ কালবোধক ত্রিশূল চিহ্ন।

↑ [স্বঃ] স্বরের মাথায় এক মাত্রার তিন ভাগের দুইভাগ অর্থাৎ ⅔ কালবোধক বাণ চিহ্ন।

ᑭ [স্বঃ] স্বরের মাথায় থাকিলে "কড়ি মধ্যম", মতান্তরে তীব্রস্বরবোধক পতাকা চিহ্ন।

ᑭ̇ [স্বঃ] স্বরের মাথায় থাকিলে "তীব্র কড়ি" বুঝায়। বা অতি তীব্র স্বরজ্ঞাপক সবিন্দু পতাকা চিহ্ন।

6 [স্বঃ] দণ্ডচিহ্নের উপর স্থাপ্য যতিচিহ্ন।

০৩ [স্বঃ] সেতার বাদ্যে স্বরের মস্তকে স্পর্শ-জ্ঞাপক তুলক চিহ্ন।

[স্বঃ] সেতার বাদ্যে স্পর্শকুন্তন চিহ্ন। ইহাতে স্পর্শের একটী সূক্ষ্ম সুর ও কর্তন জন্য পূর্ব্ব সারিকার আর একটী সুর দ্রুত বুঝাইবে।

√ [গং] করণীচিহ্ন। ২ [ভাষাতত্ত্বে (ইউরোপীয় পুস্তকে। অধুং বাং-র প্রচলিত)] ধাতু। গম্ ধাতু= √গম্।

+ [স্বঃ] মাত্রা চিহ্নের মাথায় "সম" বোধক পতঙ্গ চিহ্ন। ২ [গং] যোগের চিহ্ন; ধন চিহ্ন।

× [স্বঃ] স্বরের মাথায় ¼ মাত্রা (দ্রুতার্দ্ধ বা অনুদ্রুত বা অনুমাত্রা অর্থাৎ অর্দ্ধমাত্রার অর্দ্ধমাত্রাবোধক ডমরু চিহ্ন। ২ পাদমাত্র। ৩ [কাকপদ চিহ্ন, কাব্যালঙ্কারে] রচনা বা উদ্ধারের মধ্যে থাকিলে বুঝায় যে অংশবিশেষ পরিত্যক্ত হইয়াছে। ইহাকে বর্জ্জন চিহ্নও বলে।

* [স্বঃ] স্বরের মাথায় এক মাত্রার ষোড়শাংশ-কাল স্থায়ী স্বরবোধক নক্ষত্র চিহ্ন। ইহার স্থলে ০ এই চিহ্ন দিবারও প্রথা আছে।

— [ছন্দঃ] বর্ণশীর্ষে "—" এই গুরু চিহ্ন; গুরুঃ। ২ [গণিতে] ঋণ চিহ্ন; বিয়োগের চিহ্ন।

' [শীর্ষ কমা চিহ্ন] অর্দ্ধোচ্চার্য্য ওকারের সঙ্কেত, যথা-এল' ব লে=এলো বোলে। ২ অক্ষরপাত বা বর্ণ উহ্য থাকার সঙ্কেত, যথা-হবে এখন, =হবে 'খন। ৩ [পদ্যে] প্রায়ই অসমাপিকা ক্রিয়া পদান্ত 'য়া' এই অক্ষর পাতের সঙ্কেত, যথা-'করিয়া'র পদ্যরূপ করি'।

— [স্বঃ] সুরের নিম্নে সন্নিবেশ্য আলচিহ্ন।

...... [স্বঃ] মূর্চ্ছিত স্বরের নিম্নে সন্নিবেশ্য মূর্চ্ছনা চিহ্ন।

> [স্বঃ] বিক্ষেপবোধক কোণ চিহ্ন। ২ [ভাষাতত্ত্বে] পদের পরিণতি জ্ঞাপক; সং-মধ্য > প্রাকৃং-মজ্ঝ > বাং-মাঝ।

< [স্বঃ] প্রক্ষেপ (বিক্ষেপ দ্রঃ)-বোধক চিহ্ন। ২ ভাষাতত্ত্বে পদের উৎপত্তিজ্ঞাপক; যেমন লয় < লএ < লহে < লইই < লভতি < লভতে।

◡ [ব্যাং, ছন্দঃ] স্বরের মাথায় লঘু-মাত্রাবোধক। অর্দ্ধচন্দ্র চিহ্ন।

[স্বঃ] স্বরের মাথায় অর্দ্ধমাত্রা (দ্রুত) কাল বা ব্যঞ্জন বা দ্রুতমাত্রা-বোধক অর্দ্ধচন্দ্র চিহ্ন।

৺ প্রণবাত্মক চিহ্ন; আদ্যা বা দুর্গা; ঈশ্বর; স্বর্গস্থ, পরলোকগত মৃত ব্যক্তির নামের পূর্ব্বে লেখ্য।

[স্বঃ] গমক জ্ঞাপক গজকুম্ভ চিহ্ন।

⌒ [স্বঃ] সংযোগাকার বা স্বরসংযোগ জ্ঞাপক ধনু চিহ্ন।

০ • [স্বঃ] স্বরের মাথায় থাকিলে "তারা সপ্তক" বুঝায়। ২ স্বরের নিম্নে থাকিলে "উদারা-সপ্তক" বুঝায়। ৩ স্বরের মাথায় ষোড়শাংশ মাত্রা। পরিবর্ত্তে নক্ষত্র চিহ্ন (*দ্রঃ) ও প্রচলিত আছে। ৪ তালের ফাঁকবোধক স্বরের মাথায় মাত্রা চিহ্ন। ৫ [জ্যোং] অংশ বা ডিগ্রি। প্র-১০।

[স্বঃ] স্বরের মাথায় এক মাত্রার অষ্টমাংশ কাল স্থায়ী স্বরবোধক যব চিহ্ন।

[গণিতে] শতকরা; per cent.

[স্বঃ] গৎ-এর সম্পূর্ণতাজ্ঞাপক পদ্মচিহ্ন।

△ [স্বঃ] স্বরের মাথায় ইহা "কোমল" (ঋষভ, গান্ধার, ধৈবত অথবা নিষাদ) স্বরবোধক ত্রিকোণ চিহ্ন।

[স্বঃ] স্বরের মাথায় ইহা "অতি কোমল" স্বরজ্ঞাপক সবিন্দু ত্রিকোণ চিহ্ন।

বৌদ্ধ তান্ত্রিক ত্রিকোণাকার যোনিযন্ত্র। যন্ত্রের এক কোণ হতে বুদ্ধ, দ্বিতীয় কোণ হতে ধর্ম্ম এবং তৃতীয় কোণ হতে সঙ্ঘের উৎপত্তি। মধ্যস্থ বিন্দু আস্তিক বৌদ্ধদিগের মতে আদিবুদ্ধ এবং নাস্তিক বৌদ্ধদিগের মতে আদিপ্রজ্ঞা-বোধক চিহ্ন।

[গজকুম্ভ চিহ্ন] ইহা বৈদিক সাহিত্যে স্থলবিশেষে অনুস্বরের রূপান্তর। ইহার উচ্চারণ "গ্‌ম্" ও "ঙ্ম্" এর মাঝামাঝি।

∴ [গং ও তং-বিজ্ঞানে ব্যবহৃত চিহ্ন] অতএব; সুতরাং therefore.

∵ [গং, তং বিজ্ঞাং] যে হেতু; কারণ because; since

পরিশিষ্ট (ড)

প্রুফ-সংশোধন প্রণালী ও ব্যবহৃত সঙ্কেত ছেদাদি।

লাইনের বাম বা দক্ষিণ পার্শ্বের সাঙ্কেতিক চিহ্ন-গুলি পৃথক্ করিবার রেখা। ২ অক্ষরের উপর দিয়া টানিয়া দিলে বুঝায়, ইহার পরিবর্ত্তে ধারে প্রদর্শিত অক্ষর বসাও। ৩ বর্ণদ্বয় বা পদদ্বয়ের মধ্যে এই রেখা টানিয়া বা ∧ চিহ্ন দিয়া ধারে # চিহ্ন লিখিলে বুঝায়, এখানে প্রয়োজনমত ফাঁক দাও।

বা| মাপের বাহিরে লাইন আসিয়া পড়িয়াছে ; সমান করিয়া দাও।

⊥ কাল দাগ তুলিয়া দাও অর্থাৎ ছাপ না উঠে এস্থান এমন চাপিয়া দাও।

অক্ষরের নিম্নে টানা থাকিলে বুঝায় ধারে যেরূপ ইঙ্গিত করা হইয়াছে সেইরূপ পরিবর্ত্তন করিয়া দাও।

এই সমান্তরাল রেখাবদ্ধ অংশ উঁচু নীচু আছে সোজা করিয়া দাও। ইহার সঙ্কেতস্বরূপ ধারেও সমানন্তরাল রেখা টানা হয়। ২ [দ্র্যা০] সমান্তর চিহ্ন।

৺ অক্ষরের মাথায় বা উপর পার্শ্বে সংখ্যা, বর্ণ, নক্ষত্র, রেফ, চন্দ্রবিন্দু বা অন্য কোন শীর্ষ চিহ্ন বসাইতে হইলে ধারে উহা লিখিয়া তাহার নিম্নে এইরূপ চিহ্ন দিতে হয় এবং যেখানে উহা বসাইতে হইবে তথায় ∧ এই চিহ্ন দিতে হয়। কিন্তু নিম্নে হসন্ত বা অন্য কোন চিহ্ন বা সংখ্যাদি বসাইতে হইলে তথায় ∧ চিহ্ন দিয়া পার্শ্বে ‿| এই রূপ অর্দ্ধচন্দ্র রেখার নিম্নে উহা লিখিয়া দিতে হয়।

Quotation বা উদ্ধৃত চিহ্নের আরম্ভে বাম পার্শ্বে "ও শেষে দক্ষিণ পার্শ্বে" বসাইতে হয়।

কাটিয়া দেওয়া অক্ষর বা শব্দ বা ছত্রের নিম্নে এই চিহ্ন থাকিলে ও ধারে stet লিখিত থাকিলে বুঝায় এ অংশ কাটিবার পূর্ব্বে যেমন ছিল তেমনই রাখিয়া দাও।

~~~~ শব্দ বা বর্ণের নিম্নে এই চিহ্ন দিয়া পার্শ্বে ante. এই সঙ্কেত লিখিলে "অ্যান্টিক টাইপে ছাপ" এই বুঝাইবে।

eq. # | শব্দদ্বয়ের মধ্যের ফাঁকে / বা ∠ চিহ্ন ও পার্শ্বে eq. # লেখা থাকিলে বুঝায় অসমান ফাঁকের সামঞ্জস্য সাধন কর।

∧ অক্ষরের পার্শ্বে বা শব্দের মধ্যে যেখানে থাকে, বুঝায় এইখানে পার্শ্বে লিখিত মত কিছু বসিবে।

× ভাঙ্গা বা বিকৃত হরফ বদলাইয়া দাও।

⊙ বিন্দু বা ইংরেজী পূর্ণচ্ছেদ বসাইতে হইলে ধারে এইরূপ লিখিতে হয়।

[এই চিহ্ন ও পার্শ্বে N. P. লেখা থাকিলে বুঝায়, এই স্থান হতে নূতন প্যারা কর।

[বামদিকে টান।

] দক্ষিণ দিকে টান।

ঠেলিয়া উঠাও।

ঠেলিয়া নামাও।

ঘেঁষ ঘেঁষ বসিয়াছে, মধ্যে ফাঁক রাখ।

হরফ উল্টা বসিয়াছে, পাল্টাইয়া দাও।

ফাঁক আছে, যুড়িয়া দাও।

ᔕ tr. দ্রঃ।

এক প্যারার শেষ হতে অন্য প্যারার আদি শব্দের সহিত এইরূপে যোগ করা থাকিলে ও পার্শ্বে run on লেখা থাকিলে বুঝায় এক সঙ্গে ছাপিয়া যাও, নূতন প্যারা করিও না।

□ এক এম কোয়াড পরিমাণ ফাঁক ছাড়।

Cap | [Capital] বড় ছাঁদের হরফ বসাও। যে অক্ষরগুলি বড় হরফে ছাপা হইবে, তাদের নীচে তিনটি পরস্পর সমান্তর রেখা টানিতে হয়।
~~~~

Centre | লাইনের মধ্যস্থলে বসাও।

d বা *δ* [delete] তুলিয়া দাও।

d ld | [delete lead] দুই লাইনের মধ্যে কষি টানিয়া এই চিহ্ন ধারে লিখিলে বুঝায় লাইন দুটির মধ্যে বেশী ফাঁক আছে; লেড তুলিয়া ফাঁক কমাইয়া দাও।

Ital. | [Italics] হেলান ছাঁদের হরফ বসাও।

l. c. | [lower case] ছোট ছাঁদের হরফ বসাও।

ld. | [lead] দুই লাইনের মধ্যে কষি টানিয়া এই চিহ্ন ধারে লিখিলে বুঝায় লাইন দুটির মধ্যে উপযুক্ত ফাঁক নাই, লেড বসাইয়া ফাঁক কর।

N. P. | [New Para] নূতন প্যারা আরম্ভ কর।

Out | see copy | বা *out-see copy* — এখানে ছাড় হইয়াছে, কাপি দ্রষ্টব্য।

এস্থান ঠিক আছে কিনা দ্রষ্টব্য।

Run on টানিয়া যাও, নূতন প্যারা করিও না।

S. Cap | [small capital] বড় ছাঁদের ছোট হরফ বসাও। যে হরফগুলি বদলাইতে হইবে; তার নীচে দুইটি সমান্তরাল রেখা টানিতে হয়।

Stet | [... এই চিহ্ন দ্রঃ] যেমন ছিল ঠিক তেমনই থাকিতে দাও।

tr | [transpose] টানিয়া অন্যত্র বসাও। অক্ষর বা শব্দের মধ্যে বসিলেও পার্শ্বে tr. লেখা থাকিলে বুঝায় রেখাবদ্ধ অংশের পরস্পর স্থান পরিবর্তন করিতে হইবে।

w. f. [wrong fount] ভিন্ন ছাঁদের হরফ তুলিয়া ঠিক হরফ বসাও।

antc. | [antique] অ্যান্টিক্ টাইপে ছাপা হইবে।

Rom. | [Roman] রোমান্ টাইপে ছাপা হইবে।

— | [dash] ড্যাশ-চিহ্ন (—) বোধক।

=| [hyphen] হাইফেন বা (শব্দ) সংযোজক চিহ্ন (-) বোধক।

। | পূর্ণচ্ছেদ বা দাঁড়ি। অন্যান্য ছেদাদি :- , (comma); ; (semi-colon); : (colon)। ফুটনোট বা পাদটীকার জন্য ব্যবহৃত চিহ্নাদি :- * (star); † (dagger); ‡ (double dagger); ‖ (parallel); ¶ (paragraph)। আজকাল ক্ষুদ্রাকৃতি numerals ফুটনোটের জন্য সমধিক ব্যবহৃত হয়

সাধারণ নিয়ম—সংশোধনের জন্য প্রুফ হাতে লইয়া সংশোধণকারী উহাকে মনে মনে লম্বভাবে সমদ্বিখণ্ড করিয়া বামার্দ্ধে প্রযোজ্য সংশোধন-চিহ্নগুলি বাম পার্শ্বে ও দক্ষিণার্দ্ধে প্রযোজ্য চিহ্নগুলি দক্ষিণপার্শ্বে লিখিবেন। পাণ্ডুলিপির সহিত মিলাইবার প্রয়োজন থাকিলে অপর একজনের সাহায্য লওয়া বাঞ্ছনীয়। অল্প 'ছাড়' থাকিলে ও পার্শ্বে স্থানাভাব হইলে ক্যারেট (caret) অর্থাৎ এইরূপ ∧ চিহ্ন দিয়া রেখা টানিয়া উপরে বা নীচে শব্দ কয়টি লিখিয়া দিতে হইবে। বেশী ছাড় থাকিলে যথাস্থানে (caret) চিহ্ন দিয়া পার্শ্বে out-see copy লিখিয়া দিতে হইবে। পাণ্ডুলিপির পত্রাঙ্ক ও ছত্রসংখ্যা লিখিয়া দিলে আরও ভাল হয়।

প্রুফ সংশোধনের জন্য ঢালু মেজ (sliding desk) ব্যবহার করিলে ভুলগুলি সহজে চোখে পড়ে। পাণ্ডুলিপির সহিত মিলাইবার পর আর একবার প্রুফটি পড়িলে ভাষার দোষ বা অন্যান্য অশুদ্ধি ধরা পড়ে।

প্রুফ সংশোধনের আদর্শ।

"ইতরের রসিকতা অশ্লীলতাপূর্ণ, লোকেরবিরক্তিকর এবং অপমান জনক। কিন্তু যথেষ্ট রসিকতা ভদ্রের আমোদজনক, সুরুচিসঙ্গত ও শিক্ষাপ্রদ। উহাতে অনেক সময় বিনয় এবং সৌজন্যের প্রকৃষ্ট পরিচয় প্রাপ্তি হওয়া যায়। অনেকের ধারণা, পণ্ডিতগণ এবং সাধুশীল ব্যক্তিগণ সর্ব্বদাই গম্ভীরভাবে থাকেন, হাস্য পরিহাস তাঁহাদিগকে স্পর্শ করে না।

কিন্তু প্রকৃতপক্ষে তাঁহারা যেরূপ প্রফুল্ল চিত্ত, সরসবচনপ্রয়োগে পটু দেখিতে পাওয়া যায় না। শিষ্ট পরিহাস শিক্ষা, বুদ্ধির তীক্ষ্ণতা উপস্থিত বুদ্ধি, মার্জ্জিত রুচি চিত্তের প্রসন্নতা প্রভৃতি কয়েকটি সদ্‌গুণের উপর বহুলাংশে নির্ভর করে। সকলেই সেই জন্য সকল সময়ে শিষ্ট পরিহাসকে চমৎকারজনক করিতে সমর্থ হন না। চরিত্র-গঠন।

Power and wealth are generally used by man as instruments of oppression if they were but used to educate the people there Would be no war at all among *mankind.*

সংশোধনের পর

'ইতরের রসিকতা অশ্লীলতাপূর্ণ, লোকের বিরক্তিকর এবং অপমান-জনক॥ কিন্তু ভদ্রের রসিকতা যথেষ্ট আমোদজনক, সুরুচিসঙ্গত ও শিক্ষাপ্রদ। উহাতে অনেক সময় বিনয় এবং সৌজন্যের প্রকৃষ্ট পরিচয় প্রাপ্ত হওয়া যায়। অনেকের ধারণা, পণ্ডিতগণ এবং সাধুশীল ব্যক্তিগণ সর্ব্বদাই গম্ভীরভাবে থাকেন, হাস্য পরিহাস তাঁহাদিগকে স্পর্শ করে না। কিন্তু প্রকৃতপক্ষে তাঁহারা যেরূপ প্রফুল্লচিত্ত, সরসবচনপ্রয়োগে পটু এরূপ সচরাচর দেখিতে পাওয়া যায় না।

শিষ্ট পরিহাস শিক্ষা, বুদ্ধির তীক্ষ্ণতা, উপস্থিত বুদ্ধি, মার্জ্জিত রুচি ও চিত্তের প্রসন্নতা প্রভৃতি কয়েকটি সদ্‌গুণের উপর বহুলাংশে নির্ভর করে। সকলেই সেই জন্য সকল সময়ে শিষ্ট-পরিহাসকে চমৎকার-জনক ও সকলের উপভোগ্য করিতে সমর্থ হন না"—চরিত্র-গঠন।

Power and WEALTH are generally used by man as instruments of oppression. If they were but used to *educate* the people, there would be no war at all among mankind.

পরিশিষ্ট (ট)

[মূক-বধিরদিগের শিক্ষোপযোগী এবং কলিকাতা মূক-বধির বিদ্যালয়ে ব্যবহৃত]

সাঙ্কেতিক বর্ণমালা

স্বর বর্ণ

[দ্র:—"ঠারে কথা বলা অতি প্রাচীন কাল হইতে এ দেশে আছে, যথা—বররুচিঠার, কদম্বঠার, ফুলঠার ইত্যাদি। ঠারে কথা বলার ন্যায় অঙ্গুলি-সঙ্কেতে বর্ণ-বিন্যাস করারও প্রচলন আছে, যথা—

অহি-কলস-চক্র-টঙ্কান, তলয় পবন-যব-শশি পরিমাণ।
আঙ্গ টি দেখাই অক্ষরাণ, চুট্‌কি ফুটাই মাত্রাবাধান॥

কিন্তু এই "অহি-কলস"-সঙ্কেতে বর্ণবিন্যাস করা ও সেই বিন্যস্ত বর্ণ বুঝা—উভয়ই কষ্টসাধ্য। ইহাতে অনেক সময়ও নষ্ট হয়।" "পাশ্চাত্য প্রদেশে অঙ্গুলি-সঞ্চালন-দ্বারা বর্ণ-বিন্যাস করিয়া মূক-বধিরদিগের শিক্ষা দেওয়া হইয়া থাকে এবং সাধারণেও ইহার ব্যবহার আছে। কলিকাতা মূক-বধির বিদ্যালয়ের ছাত্রদিগের শিক্ষাকল্পে ইংরাজীর আদর্শে এই বর্ণমালা বিরচিত হইয়াছে।" যে কোন হাতের পাঁচটি আঙ্গুলের বিভিন্ন সঙ্কেতে এক একটি অক্ষর প্রকাশ করিতে হয়। কলম দিয়া কাগজে লেখার ন্যায় এই বর্ণাবলী অঙ্গুলি-সঙ্কেতে শূন্যে বিন্যাস করিতে হয়।

যথা— ক + আ = কা

এই সাঙ্কেতিক অক্ষর দ্বারা সংস্কৃতমূলক সকল ভাষাই লেখা যাইতে পারে।"—যামিনীনাথ বন্দ্যোপাধ্যায়]

পরিশিষ্ট (গ)

বিদেশী নামের বাঙ্গালা প্রতিবর্ণীকরণ

(TRANSLITERATION)

V, W, Z, Zh প্রভৃতি কতকগুলি বিদেশীয় ধ্বনি বা বর্ণের বাঙ্গালা রূপ নাই। বিন্দু বা অপর কোন বিশেষ চিহ্নযুক্ত বর্ণ উদ্ভাবন করিয়া তদ্দ্বারা বাঙ্গালায় উচ্চারণ প্রকাশের চেষ্টা করা উচিত। নূতন অক্ষরের অভাবে ইংরেজী ফুলস্টপের সাহায্যে অনায়াসে কার্য্যসিদ্ধি হইতে পারে, যেমন W=ব়, ব্' বা ব.; V=ভ্ বা ভ.; Z=জ়্' বা জ.; f=ফ্ বা ফ.; Zh=ঝ় বা ঝ.; ইত্যাদি। বর্ণসংযোগ স্থলে এই সকল বর্ণ আসিলে হসন্তের সাহায্যে সহজেই লেখা যাইতে পারে; নিম্নে উদাহরণ দ্রষ্টব্য।

যে সকল ভাষা রোমান অক্ষরে লেখা হয়, তাহাদের বানান ও উচ্চারণ বিষয়ে একটা বাঁধাবাঁধি নিয়ম আছে। কিন্তু রোমান অক্ষর ব্যবহার করে না এরূপ ভাষার শব্দ (রুষ, চীনা, তামিল প্রভৃতি) রোমান লিপিতে যখন আনীত হয়, তখন কোথাও ইংরেজী, কোথাও জর্ম্মান, কোথাও ফরাসী, কোথাও বা ডচ্ ভাষার উচ্চারণ ও বানান অনুসারে লিখিত হয়। এক্ষেত্রে সাধারণতঃ রোমান স্বরবর্ণগুলির ইতালীয় উচ্চারণই গৃহীত হইয়া থাকে।—a, e, i, o, u=আ, এ, ই, ও, উ। ব্যঞ্জনবর্ণ সম্বন্ধে নির্দ্ধারিত নিয়ম না থাকিলেও প্রায়ই ইংরেজী, ফরাসী ও জর্ম্মান,—এবং যবদ্বীপের ভাষা সম্বন্ধে ডচ্—এই কয় য়ুরোপীয় ভাষার একটা রীতি ধরিয়া লেখা হয়। নিম্নে ভিন্ন ভিন্ন ভাষায় রোমান অক্ষরের যে উচ্চারণ-পার্থক্য দাঁড়াইয়াছে তাহা এবং কতকগুলি সাধারণ বৈদেশিক নামের বাঙ্গালা রূপ দেওয়া হইল। ইহার সাহায্যে নিম্ন-মুদ্রিত তালিকা-বহির্ভূত নাম বা শব্দ বঙ্গাক্ষরে কিরূপ লেখা উচিত তাহা ঠিক করিতে পারা যাইবে।

এই প্রতিবর্ণীকরণ পদ্ধতিতে বাঙ্গালা ভাষায় এ, অ, আ, ক, খ প্রভৃতির পশ্চিম বঙ্গে যেরূপ উচ্চারণ দাঁড়াইয়া গিয়াছে সেই উচ্চারণই গৃহীত হইয়াছে। সংস্কৃত বর্ণমালার প্রাচীন উচ্চারণ কি ছিল বা হিন্দী প্রভৃতি ভাষায় কিরূপ আছে, তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাখা হয় নাই। বাহুল্য ভয়ে অনেক খুঁটিনাটি বিষয় (যেমন ফরাসীর) পরিত্যক্ত হইল।

A, a—সাধারণতঃ 'আ' এই উচ্চারণই গ্রহণ করা উচিত, কারণ ইংরেজী ও দুই একটী ভাষা ভিন্ন প্রায় সর্ব্বত্রই a র উচ্চারণ 'আ', হ্রস্ব বা দীর্ঘ। ইং-a='অ' 'আ' 'এ' 'অ্যা' এবং o যোগে 'ও'। হঙ্গে ভাষায় a='অ', á='আ'; Arany=অরঞ্, অরণি, Maurus Jokai-মউরুশ্ য়োকই। আইরিশ ভাষায় a=অ; Dail দইল্। আইস্‌ল্যাণ্ডের ভাষায় a='আউ'। বাং 'অ'কার ইং-তে a দিয়া লেখা উচিত। aa-'আ' দীর্ঘ, ইং, ডচ্ প্রভৃতিতে; Haarlem=হার্লেম। গ্রীক, লা ও প্রা-মিশরীয়ে aa='আআ'; Nausicaa=নাউসিকাআ, Aahmes =আআহ্‌মেস্; ডে ও নর্ ভাষায় aa='অ'; Aalborg=অল্‌বর্গ্। পোলিনেসীয় নামেও যুগ্মবর্ণ উচ্চারিত হয়। aai=ডচ্ ভাষায় 'আয়্'। ae-ইং, ডচ্, জর্ম্ম, ফ্রে প্রভৃতিতে 'এ': Raeburn=রে-বার্ন্, Maeterlinck=মে-তার্-লিংক্; —লা 'আএ', 'আয়্', ; Caesa'r=কায়্‌সার্, Achaea=আখায়া; ইং ধরণে লা পড়িলে æ=ঈ; Caesar=সীজার, Achaea=একীয়া। ah-জর্ম্ম ও ইং-তে দীর্ঘ 'আ'; Hahneman=হানেমান্। ai-ফ্রে ও ইং-তে দীর্ঘ 'এ'; Taine=তে-ন্। অন্যত্র 'আই' বা 'আয়'; গ্রীক Gangaridai=গাঙ্গারিদাই, জর্ম্ম Kaiser=কাইজ়র্, জাপ Banzai=বান্‌জ়াই; চীনা Yuan Shih-K'ai=য়ুআন্-শিঃ-খাই। ai-ফ্রে প্রভৃতিতে 'আ-ই'। am, an-ফ্রে 'আঁ'; Champagne=শাঁপাঞ্, Renan=রেনাঁ। ao-'আও', চীনা কথায় 'আউ'; Lao Tzu=লাউ-ৎজ়ু। au-পোর্ত্ত কথায় পদান্তে 'আউ'; ফ্রে-'ও'- Gautier =গোতিয়ে, ইং-তে 'অ' =Aubrey=অব্রে; জর্ম্ম ও অন্যান্য ভাষায় 'আউ'; Kauffmann =কাউফ্‌মান, Breslau=ব্রেস্‌লাউ; লা Ausonius =আউসোনিউস্; গ্রী Tauros=তাউরস্। aw=ইং-তে 'অ'; Lawrence=লরেন্স্। ay=ফ্রে ও ইং-তে 'এ'; Barclay =বার্ক্লে, Du Bellay =দ্যু-বেল্লে। æ-লা=ae='আয়'; অ্যাংগ্লো-স্যাকসনে æ='অ্যা'; Ælfred=অ্যাল্‌ফ্রেড্; সিংহলী কথায়

ae, æ='অ্যা'। ä=) সুই, ভাষার 'অ' Åland =অলাণ্ড্। ä=স্কাণ্ডিনেভীয় ভাষাগুলিতে, জর্ম্ম-ভাষায় অ্যা-র্ঘেষা 'এ' (ae রূপেও লিখিত হয়); Morgenländische=মর্গেনলেণ্ডিশে; Auerstädt =আউঅরূশ্‌টেট্। äu-জর্ম্ম-তে 'অয়্'; Häuser -হয়্‌জর্।

b-প্রায় সর্ব্বত্রই 'ব'। আধু-গ্রীকে bর উচ্চারণ V=ভ্ হইয়া গিয়াছে; Benizelos=Venizelos. স্পে ভাষায় b বহুস্থলে, বিশেষতঃ স্বরদ্বয়ের মধ্যে থাকিলে, V 'ভ' সদৃশ উচ্চারিত হয়; Babieca =বাভিএকা, Barcelona-ভার্‌সেলোনা। bj-স্কাণ্ডিনেভীয় ভাষাগুলিতে 'ব্য'; Bjornson-ব্যোর্‌ন্‌সন্, বিঅর্‌ন্‌সন্, ব্যর্‌ন্‌সন্।

C. c-লা, রোমান অক্ষরে লিখিত হিব্রু, গ্রী ও আসিরীয় ভাষায়, অ্যাং-স্যা, ওয়েলশ্, আইরিশ্ ও গেলিকে সর্ব্বত্রই, e, i এর পূর্ব্বেও, 'ক'; Cicero-কিকেরো, Aceldama-আকেলদামা, Thucydides-থুকিদিদেস্ Cimon-কিমোন, Cyrus-কিরুস্, Celt-কেল্ট্, Cynewulf- কিনেব্‌লফ্, Caedmon-ক্যাড্‌মন্, Cymri -কিম্‌রি, • Diancecht-দিয়ান্‌কেথ্‌ৎ। পোলীয় এবং স্লাভনীয় ভাষাগুলিতে Cর উচ্চারণ সর্ব্বত্রই ts 'ৎস্', হঙ্গেরিয়ানেও 'ৎস্'; Pilica-পিলিৎসা, Mickiewicz-মিৎস্কি-এভিচ্, Palacky-পালাৎস্কি। c='জ', রোমান তুর্কীতে; Bostanci-বোস্তান্জি, Cemaleddin-জমালুদ্দীন; সংস্কৃত পালি প্রভৃতি ভাষা রোমান অক্ষরে লিখিত হইলে সাধাঃ কেবল C দ্বারাই 'চ' (এবং ch দ্বারা 'ছ') নির্দ্দেশ করা হয়। ইং, ফ্রে, ডচ্, প্রা০স্পে, আমেরিকায় প্রচলিত স্পে ও পোর্ত্তু-তে C যদি e, i এবং yএর পূর্ব্বে থাকে, তাহা হইলে রোমান s বা দন্ত্য 'স' রূপে, কিন্তু অন্যত্র 'ক'রূপে উচ্চারিত হয়; আধু স্পে তে e, i, yর পূর্ব্বস্থিত C থি (ইং-thinএর 'th,' স-ঘেঁষা 'থ')র মত উচ্চারিত হয়; Ciudad-থিউধাধ্, Barcelona-ভার্‌থেলোনা; ইতালিয়ানে Ci, Ce 'চ' রূপে উচ্চারিত হয়; da Vinci-দা-ভিন্‌চি Medici-মেদিচি, Guiccioli-গুইচোলি, Boccaccio=বোকাচ্চো; ইতালিয়ানে cci='চ্চি', 'চ্চ'; স্পে-তে cci='ক্‌থি'; জর্ম্মান ও স্কাণ্ডিনেভীয় ভাষায় ce, ci=ze, zi=ts, 'ৎস্' বা 'ট্‌স্'। ch-লা ও গ্রীক কথার লা রূপে ch='ক' বা 'খ'- Achilles আকিলেস্ (মূল গ্রী Akhilleus-আখিলেউস্)। আধু-গ্রী, জর্ম্ম, ডচ, হঙ্গে, পোলীয়, বোহেমিয়ান, স্কাণ্ডিনেভীয় ভাষাগুলিতে chএর উচ্চারণ খ্ (ভূমিকা দ্রঃ); Bach-বাখ্, Utrecht-উত্রেখ্‌ট্, Czech-চেখ্। স্কচ্ ভাষায়ও 'খ'; loch-লখ্। ইতালিয়ানে ch='ক'; Bianchi=বিয়াঙ্কি, Caponsacchi-কাপন্‌সাক্কি। ফ্রে ও পোর্ত্তু-তে ch='শ'; Chartres-শার্ত্র্, Charles -শার্ল্। প্রা০ফ্রে, প্রা০পোর্ত্তু, স্পে ও ইং-তে ch='চ'; Echegaray=এচেগারে, de la Mancha=দে-লা-মানচা। চীনা ও জাপ ভাষায় 'চ' সাধাঃ ইং-র মত ch দ্বারা লিখিত হয়। ch'=chh, চীনা কথায়-'ছ'; Ch'un Ch'iu=ছুন-ছিউ, Ssu-ma Ch'ien-স্সু-মা-ছিয়েন্। ck-ফ্রে, জর্ম্ম, ইং, ডচ্, স্কাণ্ডিনেভীয় প্রভৃতি ভাষায় 'ক'; Stockholm-স্টক্‌হোল্‌ম্, Innsbruck-ইন্‌স্‌ব্রুক্। পোলীয় প্রভৃতিতে যেখানে cর উচ্চারণ ts, সেখানে ck='ৎস্ক'; Mickiewicz=মিৎস্কিএভিচ্, Palacky=পালাৎস্কি। cs-হঙ্গে-তে 'চ'; Csoma de Körös-চোমা দে ক্যো-র্যো-শ্, Mohács=মোহাচ্। cz-পোলীয় ও বোহেমিয়ানে 'চ'; Sienkiewicz=সিএন্‌কিএভিচ্। হঙ্গে-তে cz='ৎস্'। ć-পোলিশে 'ৎস্ত্'। č-স্লাভনীয় ভাষাগুলিতে 'চ'। ç-রোমান তুর্কীতে ও আল্‌বানীয়তে 'চ', ফ্রেঞ্চে 'স'; সং-'শ' ও আ সোআদ-অক্ষরের রোমান প্রতিবর্ণরূপে কখন কখন ç অক্ষর ব্যবহৃত হয়।

D. d-সাধাঃ 'দ' ও 'ড'র মাঝামাঝি, দন্তমূলীয় ধ্বনি; ইং-তে ও উত্তর য়ুরোপের ভাষাগুলিতে d কে বাং 'ড'র তুল্য ধরা যাইতে পারে; ফ্রে ও দক্ষিণ য়ুরোপের ভাষাগুলিতে এবং জাপানীতে d='দ'। স্পে-তে 'দ', কিন্তু দুই স্বরের মধ্যে পড়িলে '.' (ইং theর thএর মত, অর্থাৎ ধ বা দ ও জ (z) এর মাঝামাঝি, উষ্ম ধ্বনি): Valladolid=ভাল্যাদোলিদ্. আধু গ্রীকে d=ধ্। dd-ওয়েলশে ধ্; Rhondda=হ্রন্‌ধা; Eisteddfod=আইস্তেধ্‌ভোদ্। dg-ইং-তে 'জ'; Bridges=ব্রিজেজ্। স্কাণ্ডিনেভীয় ও জর্ম্ম ভাষায় 'ড্‌গ'; Edgren=এড্‌গ্রেন্। dj-ইং, ফ্রে ও ডচে 'জ'; ডচ্ বানানে যবদ্বীপের নামে 'জ'- Ardjoena=অর্জুন; জর্ম্ম, পোলীয় ও স্কাণ্ডিনেভীয় ভাষাগুলিতে 'ড্য' বা 'দ্য'। dh-সং 'ধ'; কখন কখন আ জাল্-অক্ষর (এবং যেমন আল্‌বানীয় ভাষায় ইং thisএর 'th' ধ্বনি জানাইতে), dh ব্যবহৃত হয়। dm, dn-রুষ কথায় 'দ্ম', 'দ্ন'; Dmitriev =দ্মিত্রিএভ্, Dnieper=

দ্নিএ-প্যার্। ds-হঙ্গে-তে 'জ'। dsch-জর্ম্ম ভাষায় 'জ'। dz 'দ্জ'; আধুগ্রী dz='জ'। dž-চেখ বা বোহেমীয় প্রভৃতিতে 'জ'; dź-পোলীয় 'জ'। dzh=জ, আল্বানীয় ভাষায় ও অন্যত্র কুত্রচিৎ। বর্ণের প্রতিবর্ণ স্বরূপ d-ভারতীয় ভাষায় 'ড'; আ জোআদের জন্য কখনও কখনও d ব্যবহৃত হয়।

E, e-ইং ছাড়া প্রায় সর্ব্বত্রই 'এ'। ফ্রে ও ইং-তে বহুস্থলে (পদের অন্তে) অনুচ্চারিত থাকে, কিন্তু আর সকল ভাষায় উচ্চারণ সকল স্থলেই হয়। গ্রী নামের অন্ত্য e='এ'; কিন্তু ইং উচ্চারণে 'ঈ'; Here =হেরে; ইং=হীরী; গ্রীকের স্ত্রীনামে এই অন্ত্য e'র স্থলে বিকল্পে 'আ' লেখা চলে। জর্ম্ম প্রভৃতিতে পদের অন্তে থাকিলে ঠিক 'এ' হয় না বরং 'অ্য' (অস্পষ্ট হ্রস্ব আ)। পোর্ত্ত্-তে অন্ত্য e=ই, Padre=পাদ্রি। è-ফ্রেঞ্চে অ্যা-ঘেঁষা এ, 'এয়্যা'; Barère=বারয়্যার্ (অনেকটা 'বারেয়্যার্' মত); r-এর পূর্ব্বে থাকিলে ইং ও ফ্রে এবং কচিৎ জর্ম্মানেও e-র এই উচ্চারণ হয়; Joubert= ঝুবেয়ার্, ইং there=দেয়্যার। ea-'এআ', ইং-তে 'ঈ' বা 'এ'; গ্রী Thea =থেআ। eau-ফ্রে-তে 'ও'-Beau বো, Eau ও। ee-জর্ম্ম, ফ্রে, ডচ্ প্রভৃতিতে দীর্ঘ 'এ'; Beethoven=বেটোফেন, Elysee =এলিজে; ইং-তে ee='ঈ'। eh-জর্ম্মানে দীর্ঘ 'এ'; Kehr=কের। ei-জর্ম্ম, ইং-তে 'আই'; Heine=হাইনে; ফ্রে-'অ্যা', 'এ'; Rheims=র্যাঁস্, Seine=স্যান্; অন্যত্র 'এই'। ej-জর্ম্ম ও স্কাণ্ডিনেভীয় ভাষাগুলিতে 'এয়্'। em, en-ফ্রে='আঁ'; Vivel 'Empereur=ভীভ্ লাঁপ্‌র্যর্, Centime=সাঁতীম্, Temps=তাঁ। eo-'এও', ইং-তে 'ইও'। er-পদান্তে থাকিলে ইং, জর্ম্ম, প্রভৃতিতে 'অ্য' (অস্পষ্ট হ্রস্ব আ)। eu-ফ্রে ও ডচে 'অ্য'; Eugène=অ্যঝেন্ (ফ্রে), Empereur =আঁপ্রার্। জর্ম্ম-তে eu='অয়', Eucken=অয়্‌কেন্, Reuter=রয়্‌টার্; ইং-তে 'ইউ'; গ্রী, লা, প্রভৃতিতে 'এউ'; Eumenes-এউমেনেস্, Eurypides=এউরিপিদেস্। ey-'এ'; স্কাণ্ডিনেভীয় ভাষায় 'আই' বা 'এই'; Eyjolf-এইয়োল্‌ফ্। ę-অ্যাঙ্গ্লো-স্যাক্সনে 'এ', পোলীয়ে 'অ্যাঁ'।

F, f-সর্ব্বত্রই 'ফ'। ইং-তে পদান্তে v 'ভ্'। ওয়েলশ্ ভাষায় f=v (ভ); f-এর ফ্-ধ্বনি ff দ্বারা প্রকাশ করা হয়; Llanfair ল্লান্‌ভায়র্। fj-স্কাণ্ডিনেভীয় কথায় 'ফ্য'; Fjord-ফ্যোর্ড, ফিওর্ড্। fv-সুইডিশে- v='ভ্'।

G, g-গ্রী, লা, জর্ম্ম, ডচ্, পোলীয়, রুষ ও হঙ্গে ভাষায় এবং রোমান-তুর্কীতে সকল অবস্থায়, 'গ'। য়ুরোপের বাহিরের অন্য ভাষার কথাতেও 'গ'। য়ুরোপে সকল ভাষাতেই g-a, o, u এই তিন স্বরের পূর্ব্বে='গ'; e, i (y) এর পূর্ব্বে থাকিলে উচ্চারণ ভিন্ন ভিন্ন ভাষায় পরিবর্ত্তিত হয়। ফ্রে পোর্ত্ত্-তে ge, gi='ঝে, ঝি' (=zh); Gironde-ঝিরঁদ্। ইতালিয়ানে 'জ', Gian জান্; ইং-তে 'জে' 'জি'; স্পে-তে ge, gi-'খে, খি' বা 'হে, হি'; সুইডিশে ge, gi, gü, gö, gy-'য়'; Lagerlof-লায়েরলফ্। gh-সং ও ভারতীয় ভাষায় 'ঘ'; আর ঘাইন্-অক্ষর; ইতালিয়ান্, ইং, ডচ্ প্রভৃতিতে 'গ'; Ghost-গোস্ট্; Alighieri-আলিগিএরি, Ghysbrecht-গাইজ্‌ব্রেখ্‌ট্। gj-স্কাণ্ডিনেভীয় ভাষায় 'য়'; ডচ্, পোলীয়, হঙ্গে প্রভৃতিতে 'গ্য'। gl-ইতালিয়ানে 'তালব্য' ল; degli =দেল্যি। gn-ইতালিয়ান ও ফ্রেঞ্চে-'ঞ'; Champagne=শাঁপাঞ্, Charlemagne=শার্লমাঞ্, Campagna =কাম্পাঞা, Bologna=বোলোঞা। gue, gui-ফ্রে, স্পে, পোর্ত্ত্ প্রভৃতিতে 'গে', 'গি'; Guise=গীজ্; Guillotine=গিয়োতীন্। gy-স্কাণ্ডিনেভীয় কথায় 'য়'; হঙ্গে-তে দ্য ও জ এর মাঝামাঝি, 'জ্য'; Magyar-মজ্যর; বর্ম্মী কথায় 'জ'; Thin-bun-gyee-থিন্-বুন্-জী।

H, h-'হ', কেবল পোলীয় ভাষায় 'খ্'। ফ্রে, পোর্ত্ত্, স্পে ও ইতালিয়ান ভাষায় অনুচ্চারিত থাকে; Hugo =য়ুগো, Honoré=ওনোরে, Bahia=বাইয়া। hj-সুই-তে 'য়'; Hjalmar=য়াল্‌মার্। hk, hl, hp, ht-বর্ম্মী নামে যথাক্রমে 'খ, ল্হ, ফ, থ বা ঠ'; Hpoongyi =ফুঞ্জী, ফুজী; Hlut-daw-ল্হুৎ-দ'। hs-চীনা নামে খ্ ও শ-র মাঝামাঝি, 'শ' (=খ্‌শ্) লিখিলে চলিবে; দক্ষিণ চীনে Si-yu-ki =সী য়ু-কী, উত্তরে Hsi-yu-chi-শী-য়ু-চী; অথবা খ্‌শি-য়ু-চী; তদ্রূপ Hiuen ও Hsüan। hv-স্কাণ্ডিনেভীয় শব্দে=w='ব্'। ḥ-সং=ঃ; আ-ح অক্ষর (যাহার উর্দু নাম 'বড়ী হে')=বাং 'হ.'।

I, i-সর্ব্বত্রই 'ই' বা 'ঈ'। ia-'ইআ' বা 'ইয়া'। ie-'ইএ', 'ইয়ে'; ডচ্ ও জর্ম্ম-তে 'ঈ'; die=ডী, Liebig=লীবিগ্। ii-লা ও পোলিনেশীয় ভাষায় 'ইই'; 'য়ি' চলিতে পারে; Horatii=হোরাতিই, Hawaii=হাবাইই, হাউআয়ি বা হাওআয়ি।

ij-ডচ্ ভাষায় 'আই'; Nijmegen=নাইমেগেন্: ডচ্ ij অনেক স্থলে y রূপে লিখিত হয়। im, in-ফ্রে 'অ্যাঁ'; Guerin=গের্যাঁ।

J, j-ইং-তে 'জ'। জাপ, ভারতীয় কথার রোমান বানানে j=জ। ফ্রে ও পোর্ত্-তে 'ঝ' (zh); Jacques=ঝাক্, Ioaõ=ঝোআউ। চীনা কথায় j=ঝ্ (zh); Chau-Ju-kua =চাউ-ঝ্-কুআ। স্পে-তে j=খ্; Badajos=বাখাথস্ (ব্যাডাজস্ নহে), Juan=খ্-আন্। এতদ্ভিন্ন লা, ইতালিয়ান, ডচ্, জর্ম্ম, স্কাণ্ডিনেভীয়, পোলীয়, বোহেমিয়ান, হঙ্গে-তে J='য়'; Julius=য়ুলিউস্, Filicaja=ফিলিকায়া, Joost- van den Vondel =য়োস্ট্ ফ্যান্-ডেন-ফন্ডেল্, Jacobi =য়াকোবি, ইয়াকোবি, Jonsson=য়োনস্‌সন্ ইত্যাদি। jh=সং 'ঝ'।

K, k-সর্ব্বত্রই 'ক'। গ্রীকে c নাই, গ্রীক k লা ভাষায় c রূপে লিখিত হয়: Kimon বা Cimon, Thoukudides বা Thucydides. k'-চীনা কথায় 'খ'। গ্রী kh লা-তে ch রূপে লিখিত হয়। kh-ভারতীয় 'খ'; আ 'খ' অনেক সময় kh এইরূপ সংকেত দ্বারা লিখিত হয়। kj-ডে ভাষায় 'ক্য', নর্ ও সুই ভাষায় 'চ'। kn-রুষ, জর্ম্ম, প্রভৃতিতে 'ক্ন'; Knecht=ক্নেখ্‌ট্: Knyaz =ক্ন্যাজ্। kt-গ্রী-কে 'ক্ত'; Ktesias=ক্তেসিআস্, Ktesiphon =ক্তেসিফোন। ky-সুই ও বর্ম্মী-তে 'চ্য', 'চ'; kyrka =চ্যর্কা, kyaung=চ্যঙ্, Myitkyina =মিচিনা। ḳ-আ q=ক্ (বা 'ক') (ভূমিকা দ্রঃ)।

L, l-'ল'। lh-পোর্ত্-তে 'তালব্য ল'=ইটালিয়ান gl (দ্রঃ): ll-স্পে-তালব্য ল; llama =ল্যামা (অনেকটা 'লয়ামা'); ll ফ্রেঞ্চে সাধাঃ 'য়' ; Marseilles =মার্সেয়্, Ravillac =রাভিয়্যাক্। ওয়েল্‌শে ll =থ্‌ল্ (thl); Llangollen = থ্‌লাংগোথ্‌লেন্। ly-হঙ্গে-তে 'ল্য' (তালব্য ল); Király =কিরাল্য ('কিরালি' ও হয়)।

M, m-'ম'। ফ্রেঞ্চে am, em='আঁ'; im='অ্যাঁ'; om='অঁ', um='অ্যঁ'; amme, emme, imme, omme ইত্যাদিতে m উচ্চারিত হয়। পোর্ত্ পদান্ত m= ˘; Bom =বোঁ।

N, n-'ন'। ndt-জর্ম্ম ও ডচ্ নামের শেষে=ন্ট্; Wundt =ভুন্ট্। nj, ny-সাধাঃ 'ঞ'; Kemeny =কেমেঞ্ (হঙ্গে); ও আফ্রিকার নামে-Nyanza =ঞান্‌জা, Kilima Njaro=কিলিমাঞারো, Bunyoro =বুঞোরো। ñ, ń-যথাক্রমে স্পে ও পোলীয়ে 'ঞ'; Coruña =কোরুঞা। ṇ-ভারতীয় বর্ণমালার 'ণ'।

O, o-'ও' (হ্রস্ব ও দীর্ঘ)। oa-ইং ভিন্ন অন্যত্র 'ওআ'='ৱা'। oe-জর্ম্মানে (=ö) 'অ্য'; Koeln, Köln =ক্যল্‌ন্; ডচে 'উ, ঊ'; Boerhave=বুর্হাফে, Broekhuyzen=ব্রুক্‌হয়্‌জেন্, যবদ্বীপে-Soekaboemi =সুকাবুমি=সুখভূমি; লাটিনে 'ওয়্'; Oenone =ওয়্‌নোনে (ইং উচ্চারণে 'ঈ'; ঈনোনী)। oh-জর্ম্মানে=দীর্ঘ 'ও'। oi-ফ্রেঞ্চে 'ওআ', 'ৱা'; Roi=রোআ; du Bois =দ্যু-বোআ; গ্রীকে 'অই', 'ওই', 'অয়্', 'ওয়্'; Prasioi =প্রাসিওই। om, on ফ্রে 'অঁ', পোর্ত্ 'ওঁ'। oo-ইং-তে 'উ'; ডচ, জর্ম্ম প্রভৃতিতে 'ও'; Joost =য়োস্ট্। ou-ফ্রে ও পোর্ত্-'উ'; Oudenarde =উদেনার্দ্; ইং-তে-'আউ', চীনা কথায় 'ওউ'; Chou =চৌ, চোউ। ow-জর্ম্ম ও স্লাভ্ ভাষাগুলিতে 'অভ্'; Buelow =ব্যুলভ্, Suwarrow=সুভারভ্, Cracow=Krakow =ক্রাকভ্। ö-জর্ম্মানে œ, oe রূপেও লেখা হয়, উচ্চারণ 'অ্য'; Göthe, Gœthe, Goethe =গ্যটে (গ্য-ট্য)।

P, p-সর্ব্বত্রই 'প'। ph-গ্রী, লা-তে 'ফ'; ইং, ফ্রে প্রভৃতিতে 'ফ্'=f; বাং ফ-ph (f নহে)। p'-চীনা শব্দে 'ph' (f বা ফ্ নহে); P'an Ku =ফান্-কু। pt-গ্রী ও প্রাঃ মিসরীয়ে 'প্ত'; Ptolemaios =প্তোলেমায়স্ (ইং-Ptolemy টলেমি), Ptah =প্তাহ্।

Q, q-'ক'। আ=ক্ (ভূমিকা দ্রঃ)। qua, quo-ফ্রে-তে 'কা', 'কো'। অন্যান্য ভাষায় 'কোআ', 'কুও' (=ক্ৱো)। que, qui-ফ্রে, স্পে, পোর্ত্-'কে', 'কি'। অন্যত্র 'কোএ' (ক্বে) 'কুই' (ক্বি)। qv-'ক্ব, ক্ভ'। আলবানীয় ভাষায় q='চ'-ঘেঁষা ক। আরবীর 'কাফ' অক্ষর সাধারণতঃ q দ্বারা লিখিত হয়।

R, r-'র'। ইং-r একটু ড়-কার-ঘেঁষা। rh-'র্হ', 'হ্‌' বা 'হ্র'; গ্রী পদের আদিতে r র 'rh' রূপে লিখিত হয়। জর্ম্ম Rhein-Rhine =রাইন। rz-পোলীয় ভাষায় 'ঝ', (=zh); Rzeszow =ঝেশোভ্; কিন্তু অঘোষবর্ণ (যেমন p)=এর র সঙ্গে থাকিলে, rz ='শ'; Przemysl =প্‌শেমিস্‌ল্, Przasnysz=প্‌শাস্নিশ্। ř-বোহেমিয়ানে 'zh' (ঝ)।

S, s-প্রায় সর্ব্বত্রই দন্ত্য 'স', কেবল হঙ্গে-তে 'শ', Kossuth =কোশ্‌শুথ্; জর্ম্ম-তে 'জ' এবং ফ্রে, ইটালীয়, স্পে প্রভৃতিতে

দুইস্বরের মধ্যবর্ত্তী হইলে 'জ্'। sce, sci-লা, লা-বানানে গ্রী নামে, এবং আ্যাং-স্যাঃ-তে 'স্ক'; Scientia =স্কিএন্তিআ; ইতালিয়ানে 'শ'; Fascista=ফাশিস্তা। sch-লা ও গ্রীকে 'স্ক', 'স্‌খ'; লা কথায় ইং উচ্চারণে 'স্ক'; ফ্রে, জর্ম্ম ও সুই-তে 'শ'; Schubert=শুবার্ট্, Schwarz শ্‌ভার্ট্‌স্; ডচে-'স্ক'; Schiedam=স্কীড্যাম্; Schreiner=স্ক্রাইনর্;-পদান্তে 'স' Bosch=বস্। sh-ইং প্রভৃতিতে 'শ', 'ষ'; sh জর্ম্মানে=zh ='ঝ়'-রুষ নাম Shukowski =Zhukovski ঝ়ুকোফ্‌স্কি। ইং sh বাং-য় 'স' লেখা ভুল; Shakespeare =শেক্‌স্পিয়র্, শেক্‌স্পিয়র (সেক্সপীয়ার, সেকপীয় নহে)। sj-সুই ও ডে তে 'শ'। skä, ske, ski, skö, sky-নর্ ও ও সুই ভাষায় 'শ'। skj-নর্ ও সুই ভাষায় 'শ', ডে-তে 'স্ক্য'। st-'স্ত', 'স্ট'; বাঙ্গালা হইয়া যায় নাই এমন ইংরেজী শব্দের st কে 'ষ্ট' (=sht) লেখা ঠিক নহে। stj-সুই-তে='শ'। sz-লিথুয়ানীয় ও পোলীয়='শ'; হঙ্গে-তে কিন্তু sz =দন্ত্য 'স'-Liszt =লিস্ত্; ś-পোলীয়ে='স্‌'; সং-'শ'। ṣ-সং-'ষ'; আরবীর সোআদ-অক্ষর অনেক সময়ে ṣ রূপে লিখিত হয়। S̱=আরবীর সে (বা ث) অক্ষর; Ş-রোমান তুর্কীতে='শ'।

T, t-'ত' ও 'ট'র মাঝামাঝি দন্তমূলীয় ধ্বনি; d-র মত, উত্তর য়ুরোপের ভাষায় t =ট; ফ্রে, ইতালিয়ান, গ্রী, লা, চীনা, জাপ প্রভৃতিতে t='ত'। t'=th 'থ', চীনা কথায়-T'ang =থাঙ্ (ট্যাং, টেঙ্ নহে)। tch-ফ্রে ও ইং-তে 'চ'। th-লা, ও গ্রীকে 'থ'-Theodotos =থেওদোতস্; ফ্রে প্রভৃতিতে 'ত'; Bibliothéque=বিব্লিওতেক্, Thenardier =তেনার্দিয়ে; জর্ম্ম প্রভৃতিতে 'ত'বা'ট'; Rothschild =রোট্‌শিল্ড্, Thal =টাল, Beethoven=বেটোফেন্। ইং-তে th এর উচ্চারণ স-ঘেঁষা থ='থ়,' (ভূমিকা দ্রঃ), আ-র 'থ়' বা 'সে' অক্ষরের মত; এইজন্য আ অক্ষরটী রোমানপ্রতিবর্ণীকরণে th দ্বারা অনেক সময় লিখিত হয়; আল্‌বানীয়তে ইংরেজী অঘোষ th এর মত ধ্বনি-' '। বর্ম্মী নামে th=' '; Thibaw =f ব (বর্ম্মীরা লেখে 'সি' পড়ে 'f ') ; তামিল কথায় th=ত, থ, দ, ধ; Thamotharan=দামোদরন্, Mathavan=মাধবন্। tio (n)-লা-তে 'তিও (ন্)'; De Imitatione Christi =দে ইমিতাতিওনে খ্রিস্তি; ইং-তে 'শ (ন্)', ফ্রেঞ্চে 'সিঅঁ', জর্ম্মানে 'ট্‌সিঅন'। tj-'ত্য', ডচে ও সুই-তে ও যবদ্বীপের কথায় 'চ'। ts-পূর্ব্ববঙ্গের 'চ'-র উচ্চারণের মত ধ্বনি। tsch-জর্ম্মানে 'ট্‌শ'চ'; Deutsch =ডয়্‌ট্‌শ্, ডয়্‌চ্, Treitschke=ত্রাইচ্‌কে ty-হঙ্গে-তে চ-ঘেঁষা 'ত্য', অথবা 'তি'; Vorosmarty =ভ্যরশ্‌মার্ত্য, বা মার্তি। tz-জর্ম্মানে 'ট্‌স্'। tzsch-জর্ম্মানে 'ট্‌শ, চ'; Nietzsche=নীট্‌শে, নী-চ্য, নীচে। ṭ-সং 'ট'। আ 'তোএ' অক্ষর=ṭ; ṭ-এইরূপেও অনেক সময় লিখিত হয়; ইহাকে বাং-য় 'ত.' বা 'ত্ব' দ্বারা প্রকাশ করা যাইতে পারে। tsj =চ, ডচে; তদ্রূপ dsj =জ।

V, u-সাধাঃ 'উ', 'ঊ'। ইং-তে ও ডচে 'আ,' এবং অনেক সময় সুই-তেও অস্পষ্ট উচ্চারিত হয়। গ্রী নাম লা-বানানে লিখিলে গ্রী ou 'ওউ' লাটিনে u রূপে এবং গ্রী u 'উ'কে y ('য়ু' বা 'ই') রূপে লিখিত হয়; গ্রী Thoukudides =লা Thucydides; গ্রী Aiskhulos =লা Aeschylus। ওয়েল্‌শে u='ই'। ফ্রে u র উচ্চারণ 'ই' ও 'উ'র মাঝামাঝি (অর্থাৎ উ উচ্চারণের জন্য ওষ্ঠদ্বয় প্রলম্বিত করিয়া, উ স্থলে ই উচ্চারণ করায় যে ধ্বনি হয়), 'য়ু' দ্বারা লেখা চলে; Hugo =য়ুগো (যেন ইগো), Du Bartas =দ্যু-বার্তা (Du=দ্যি=দ্যু)। ডচে অনেকস্থলে ফ্রেঞ্চের মত উচ্চারণ আসে। ua-'উআ'। ue-'উয়ে', ফ্রেঞ্চে 'য়ুএ'। জর্ম্মানে ue=ü, উচ্চারণ ফ্রে u র মত; Mueller =Müller =ম্যু-ল্যর্। ui-ডচে 'অয়্'। un-ফ্রেঞ্চে 'অঁ'; Verdun =ভ্যার্দঁ। uu-ডচে 'উ'। ü-u e দ্রঃ; জর্ম্ম, হঙ্গে, চীনা ও অন্যান্য ভাষায়। ŭ-চীনা কথায় ইং her এর er র মত, 'অ্য'; Ssŭ-ma Ch'ien (অন্য বানানে Sze-ma Ts'ien) স্‌স্য মা-ছিএন্; Lao Tzŭ (অন্য বানানে Lau Tsze)=লাউ-ৎস্য; 'উ' লিখিলে চলিতে পারে।

U, v-লা 'ব', (w) অথবা 'ভ' (v)। জার্ম্মানে ও ডচে 'f'; Vaterland=ফাটর্‌লান্ট্। অন্যত্র v ='ব', 'ভ'; Sven =স্‌ভেন্, স্বেন, Victor=ভিক্‌টর। ভারতীয় নামে V থাকিলে 'ব' দিয়া লেখা উচিত; Venkata =বেঙ্কট (ভেন্‌কাটা নহে), Tinnevelly =তিনেবল্লী, তিরুনবল্লী (টিনেভেলী নহে); Nigliva =নিগ্লীব (নিগ্লীভা নহে)।

W, w-ইং-তে 'ব'। জর্ম্মানে w= v =ভ; Weber=ভেবর্; Windischmann =ভিণ্ডিশ্‌মান্। চীনা, জাপ কথায় w=ব(ওঅ)। wh-ইংরেজী='হ্ব'। স্লাভ্ ভাষাগুলিতে w=v, কুত্রচিৎ উচ্চারণে f।

X, x-লা ও গ্রীকে 'ক্স্'। পোর্ত্তু 'শ', স্পে-তে প্রাচীন উচ্চারণ j র মত='খ', কচিৎ 'স'-র মত; Don Quizote-দন কিখোতে, Truxillo =ক্রুখিল্যো; অধুনা স্পে-তে x স্থলে j ব্যবহৃত হইতেছে, যথা-Don Quijote, Trujillo; অন্যত্র স্পে-তে x এর লা

উচ্চারণ পুনরায় দেখা দিয়াছে। ফ্রেঞ্চে X বহুস্থানে ss রূপে উচ্চারিত হয়; Bruxelles-ব্রুস্‌ল (Brussels)। X আলবানীয় ভাষায় dz='দ্জ্';xh-আল্‌বানীয়তে 'জ'।

Y, y-এটি মূলে গ্রী অক্ষর। প্রাচীন যুগে এই অক্ষরের উচ্চারণ ছিল 'উ', 'ঊ', পরে এই y (উ) র উচ্চারণ গ্রীকেই ফ্রেঞ্চের u-রমত (=যু) দাঁড়াইয়া যায়; লাটিনে এই ধ্বনি না থাকায়, লা বর্ণমালায় y গৃহীত হয়, গ্রীক কথায় y থাকিলে লাটিনে তাহাই লিখিত হইত; যেমন প্রা০ পারসীক নাম Kurush (কুরুষ্), গ্রী-লিপিতে KYPOC (প্রাচীন উচ্চারণে Kuros কূরস্, পরবর্তী উচ্চারণে Kyros ক্যুরস্), লা-তে এই নাম Cyrus রূপে লেখা হয় (উচ্চারণ ক্যুরুস্ বা কিরুস্)। সাধাঃ য়ুরোপীয় ভাষাগুলিতে ইহার উচ্চারণ, স্বর 'ই' অথবা ব্যঞ্জন 'য়'। ইং ও প্রাচীন ডচে y-'আই'। চীনা, জাপ ও ভারতীয় ভাষায় y='য়', 'ইঅ'। দক্ষিণ আমেরিকার স্পে-তে y='ঝ'।

Z, z-লা, গ্রী, ইং, ফ্রে, ইতালিয়ান, রুষ, পোলীয়, হঙ্গে প্রভৃতিতে 'জ' (=জ়)। জর্মানে='ts'='ৎস', 'ট্‌স্'; Leipzig =লাইপ্‌ট্‌সিক্, লাইপ্‌ট্‌সিশ্। স্কাণ্ডিনেভীয় ভাষায় 'স'। স্পে-ভাষায় পদের অন্তে থাকিলে 'থ'; San Juan dela Cruz -সান্‌থ্‌আন্ দেলা ক্রুথ্, Nuñez-নুঞ্যেথ্; পদের মধ্যে থাকিলে 'ধ'; Mendoza -মেন্‌ধোধা Sancho Panza -সান্‌চো পান্‌ধা। zs-হঙ্গে 'ঝ'=ž। ź, ž-যথাক্রমে পোলীয় ও চেখ্ ভাষায় 'ঝ'। Z-আ ض জোআদ; Z-আ ظ জোএ।

ø-নর্ ও ডে শব্দে=jo ='য়ো' (ইও); Fausbøll =ফাউজ্‌বিওল্।

'-চীনা শব্দে, 'ব্যঞ্জনধ্বনিকে মহাপ্রাণ করিয়া দেয়; K'ang-খাঙ্, P'ing -ফিঙ্, T'ang -থাঙ্, Ts'iu, Ch'iu -ৎস্‌হিউ, ছিউ।

[সঙ্কেতের অর্থ-অ্যাং-স্যা=Anglo-Saxon; আ=আরবী; আফ্রি=African; আমে=American; ইং=English; ইতা=Italian; উঃ আমে=North American; ঐ=ঐতিহাসিক; উ=উপন্যাসিক; ক=কবি; গুজ=গুজরাতী; গ্রী=Greek; জর্ম=German; জাপ=Japanese; ডে=Danish; তু=তুর্কী; দঃ আমে=South American; দা=দার্শনিক; দে=দেশ; দ্বী=দ্বীপ; ন=নদী; নর্=Norwegian; নঃ=নগর; পং=পণ্ডিত; পা=পাহাড়; পুং=পুরুষের; পৌ=পৌরাণিক; প্র=প্রদেশ; পোর্ত্ত=Portuguese; ফা=ফারসী; ফ্রে=French; বী=বীর; বৈ=বৈজ্ঞানিক; ভা=ভাষা-বৈজ্ঞানিক; ভ্র=ভ্রমণকারী; মঃ=মহারাষ্ট্রীয়; মোঙ্গোল=মোঙ্গোলীয়; রা=রাজা; রো=Roman; লা=Latin; লে=লেখক বা লেখিকা; সং=সংস্কৃত; স্লাভ=Slavonic; সুই=Swedish; স্ত্রী=স্ত্রীলোকের; সে=সেনাপতি; স্পে=Spanish; হঙ্গে=Hungarian.]

Aalborg ডেনীশ্-অল্‌বর্গ্। নঃ।

Aaron হিব্রু-আরোন্, ইং-অ্যারন,আ-হারুন্। পুং নাম।

Abelard ফ্রে-আবেলার্। পং।

Aboukir মিসরীয়-আবুকীর্। নঃ।

Achaia গ্রী-আখায়া। প্র।

Achaimenes আখায়্‌মেনেস্ (প্রা-পারসীক হখামনিষ্ রা-র গ্রী-নাম)।

Achilles লা-আকিল্লেস,-খি, ইং-অ্যাকিলীজ্ (মূল গ্রী-Akhilleus আখিল্লেউস্)। গ্রী, বী।

Achmet (মুসলমান নামের পুরাতন ইউরোপীয় রূপ) অহ্‌মদ্।

Ackermann জর্ম-আক্যরমান্। নঃ।

Adelaide ইং-অ্যাডিলেড্। নঃ।

Aden আ-আদন্। ইং-এডেন্। নঃ।

Adrianople গ্রী-ইং-আড্রিয়া-নোপ্‌ল্। নঃ।

Aeneas ইং-ঈনিয়াস্, লা-আয়্‌নেআস্ (মূল গ্রী-Aineas আয়্‌নেআস্)। বী।

Aeneid ইং-এনীড্,ঈনীইড্ (মূল লা Aeneis আয়্‌নেইস)। লা কাব্য।

Aeschylus ইং-ঈস্কিলাস্, ইস্কাইলাস্ (লা-আয়্‌স্কিলুস, মূল-গ্রী-Aiskhulos আয়্‌স্‌খুলস্, আয়্‌স্‌খ্যূলস্)। ক।

Aesop ইং-ঈসপ্ (লা-Aesopus আয়্‌সোপুস্, মূল গ্রী-Aisopos আয়্‌সোপস্)। পং।

Aetna-এট্‌না (লা-Ætna, মূল গ্রী-Aitna আয়্‌ত্না)। আগ্নেয় পা।

Agathokles গ্রী-আগাথোক্লেস্ (প্রা০ ভারতীয় রূপ অগথুক্লেয়)। রা।

Agesilaos গ্রী-আগেসিলাওস্। রা।

Agrippa লা-আগ্রিপ্পা। পদবী।

Ahmednagar-অহ্‌মদনগর। নঃ। [আমেদনগর নহে]

Aigaia গ্রী-আইগায়া, ইং Aegaea ঈজীয়া। প্র।

Aigues-mortes ফ্রে-এগ্‌-মর্ত্। নঃ।

Ailsa স্কচ-এইল্‌জা, এল্‌জা। দ্বী।

Aix-la-chapelle ফ্রে-এ-লা-শাপেল। নঃ। জার্মান নাম Aachen আখেন্।

Ajaccio ইতা-আয়াচ্চো। কর্সিকা, নঃ।

Ajanta মঃ-অজিণ্ঠা। নিজামরাজ্যভুক্ত হায়দ্রাবাদের অন্তর্গত গুহাবলী। [বাং-তে 'অজন্টা' বলে ; অজন্তা, আজন্তা নহে]
Ajmer-অজমের (সং অজয়মেরু-বাং-তে 'আজমীঢ়' লেখা ভুল)।
Akesines আকেসিনেস্ (অশিক্নী বা চন্দ্রভাগা নদীর গ্রীক নাম)।
Akhenaten প্রা-মিসরীয়-আখেন্-আতন্। রা। অন্যরূপ Khuen Aten খু, এন্-আতন্।
Åland (বালটিক সাগর দ্বীপ) অলাণ্ড্।
Albany ইং-অল্‌বনি। নঃ।
Albert ফ্রে-আল্‌ব্যার্,-বের্যার্। ইং-অ্যালবার্ট। পুং নাম।
Albrecht জর্ম-আলব্রেখ্‌ট-Albert পুং নাম।
Albuera স্পে-আল্‌ভু্এরা। নঃ।
Albuquerque পোর্তু-আল্‌বুকের্কে। সে।
Alcacer স্পে-আলকাথের্। ন।
Alcester ইং-অলস্টার্। নঃ।
Aleppo ইতা-আলেপ্পো, আ-হ-লব্। নঃ। [আলিপো নহে]
Alexandros গ্রী-আলেক্সান্দ্রস্। ফা রূপ-সিকন্দর, লা- Alexander আলেক্সান্দর। রা। ইং-অ্যালেগ্‌জ্যাণ্ডর্, ফ্রে, Alexandre আলেক্‌স'াদ্র্। পুং নাম।
Algiers ফ্রে-আলঝিয়ের্। আ-অল্-... [। দে।
Algonquin (আমে) আলগন্‌কিন্। জাতি।
Alkaios গ্রী-আল্‌কায়স্, লা, ইং- Alcæus, ক।
Alkibiades গ্রী-আলকিবিয়াদেস্। সে। লা, ইং-Alcibiades.
Alleghany (আমে) অ্যালিগ্যানি। পা।
Almondbury ইং-আম্‌বারি নঃ।
Alnwick (স্কটল্যাণ্ড) অ্যানিক্। নঃ।
Alpes ফ্রে-আল্প্। পা।
Alptagin তুর্কী-অল্প্-তগীন্। রা।
Alsace ফ্রে-আলসাস্। প্র।
Alwar, Ulwar হি-অলবার্। নঃ। [আলোয়ার নহে]

Amazon (ব্রাজিল) আমাজন্। ন।
Amboise ফ্রে-আঁবোআজ্। পুং নাম।
Amenhetep প্রা-মিসরীয়-আমেন-হেত্তেপ্। রা।
Amitrochades গ্রী-আমিত্রো-খাদেস্। (=সং-অমিত্রঘাত, বিন্দুসার রাজার উপনাম)।
Amurath আমুরাত, তুরস্ক সুলতান। 'মুরাদ' নামের পুরাতন ইউরোপীয় রূপ।
Anaximandros গ্রী-আনাক্সি-মান্দ্রস্। দা।
André ফ্রে-আঁদ্রে
Andrea ইতা-আন্দ্রেআ } পুং নাম।
Andrew ইং-অ্যাণ্ড্রু।
Angkor (কম্বোজ) আংকোর। হিন্দু মন্দির-সং নগর ; Angkor Thom -নগর ধাম, Angkor Wat বা Vat (বাস্তু)।
Angouleme ফ্রে-আঁগুলেম্। নঃ।
Anstruther ইং-অ্যান্‌স্ট্রাথার্, আন্‌স্টার্। পদবী।
Antialkidas গ্রী-আন্তিআলকিদাস্। পুং নাম।
Antiochos গ্রী-আন্তিওখস্ (ভারতীয় রূপ অংতিয়োক)। রা।
Antipater গ্রী-আন্তিপাতের্। পুং নাম।
Antoine ফ্রে-আঁতোআন্। পুং নাম।
Antoinette ফ্রে-আঁতোআনেৎ। স্ত্রী-নাম।
Antonius Pius লা-আন্তোনিউস্ পিউস্। রা।
Antwerp ফ্লেমীশ-আন্ট্‌বর্প। নঃ।
Aphrodite গ্রী-আফ্রোদিতে,তা। দেবী।
Apollon গ্রী-আপোল্লোন্। দেব।
Appalachian আমে-আপালা চিয়ান্। পা।
Arachosia গ্রী-আরাখোসিয়া। দে।
Aranjuez স্পে-আরন্‌খেথ্। নঃ।
Arany হঙ্গে-অরঞ্। ক।
Archangel গ্রী-রুষ-আর্খাঙ্গেল্ নঃ। আর্কেঞ্জেল নহে]

Archelaus লা-আর্খেলাউস্ (মূল গ্রী Arkhelaos আর্খেলাওস্)। রা।
Archimedes গ্রী-আর্খিমেদেস্, আ রূপ আরশমীদ্। বৈ।
Archytas গ্রী-আর্খ্যূতাস্, আর্খিতাস্। পুং নাম।
Ardennes ফ্রে-আর্দেন্। প্র।
Ares গ্রী-আরেস্। দেব।
Argentina (দঃ আমে) আর্খে'ন-তিনা। দে।
Argyll (স্কটল্যাণ্ড) আর্গাইল্। প্র।
Ariosto ইতা-আরিওস্তো। ক।
Aristophanes গ্রী-আরিস্তো-ফানেস্। ক।
Aristotle-গ্রী-tles আরিস্তোতল। দা। আ-অরিস্তু।
Arnauld ফ্রে-আর্নো (আরনো)। পুং নাম।
Arras ফ্রে-আরা। নঃ।
Arrian গ্রী-আর্‌রিয়ান্। ঐ। (মূল Arrianos)
Arsakes গ্রী-আর্সাকেস্। রা।
Artaxerxes আর্তাক্সের্ক্সেস্ (পারসীক রাজা অর্তখ্‌ষথ্র-র (=সং ঋতক্ষত্র) গ্রী-নাম।
Artemis গ্রী-আর্তেমিস্। দেবী।
Artois ফ্রে-আর্তোআ। নঃ।
Ashtoreth প্রা০ সিরীয়-আশ্-তোরেথ্। দেবী।
Asia গ্রী, লা-আসিআ, আসিয়া, ইং-এশিয়া। [অর্থ-প্রাচ্যদেশ ; এই শব্দের আদি, গ্রীকরূপ, ও গ্রীক Ausos, Auos, Eos এবং সং-উষাঃ-এই শব্দগুলি দীপ্তি-বাচক একই ধাতু হইতে উৎপন্ন বলিয়া বিবেচিত। তুলনীয়-Levant (লা), Japan (মূল চীনা Jih-pen) =সূর্য্যোদয়ের দেশ]।
Asklepios গ্রী-আস্ক্লেপিওস্। দেব।
Aspasia গ্রী-আস্পাসিয়া। স্ত্রীনাম।
Assakenoi গ্রী-আস্‌সাকেনোই (অশ্বক বা অস্‌সক জাতি)।
Astrakhan রুষ-আস্ত্রাখান্। নঃ।
Ataturk, Kemal তু-কমাল আতাতুর্ক। জননেতা।

Athanase ফ্রে-আতানাস্ ; ইতা-আতানাসে। পুং নাম।
Athenaeum ইং-অ্যাথিনিয়াম্। সাময়িক পত্র।
Athene,-a গ্রী-আথেনে, আথেনা। দেবী।
Athens অ্যাথেন্স্ (গ্রী নঃ-এর ইং নাম, গ্রীকে Athenai আথেনাই)।
Aucassin ফ্রে-ওকাস্যাঁ। পুং নাম।
Auchinleck (স্কটল্যাণ্ড) অ্যাফ্লিক্, অ্যাফ্লিক্। নঃ।
Auerstaedt জর্ম্ম-আউঅর্স্টেট্। নঃ।
Augsburg জর্ম্ম-আউগ্স্বুর্ক্(র্গ্)। নঃ
August ফ্রে-ওগ্যুস্ত্। জর্ম্ম-আউগুস্ট্। পুং নাম।
Augustus লা-আউগুস্তুস্। ইং অগস্ট্যাস্। রা। পুং নাম।
Aurora লা-আউরোরা, দেবী উষা।
Austerlitz জর্ম্ম-আউস্টর্লিট্স্। নঃ।
Auvaiyar তামিল, ঔবৈয়ার্। স্ত্রী, ক।
Ava বর্ম্মী-এঁবা। নঃ। [আভা নহে]
Avesta প্রা॰ ইরা-অবেস্তা। ধর্ম্মগ্রন্থ। মূল রূপ Apistak (আপিস্তক)।
Avignon ফ্রে-আভিঞঁ। নঃ।
Ayuthia (শ্যাম) অয়ুথিয়া=সং-অযোধ্যা
Azerbaijan ফা-আজর্বৈজান। নঃ।
Azov, Azof রুষ-আজ়ভ্, আজ়ফ্। নঃ।
Babylon -বাবিলোন। মূল নাম-Bab-ilu বাব্-ইলু (=দেবদ্বার)। সং-ববেরু Baveru.
Bacchos গ্রী-বাক্খস্। দেব।
Badajoz স্পে-বাদাহস্, বাধাথথ্। নঃ।
Baden জর্ম্ম-বাডেন্, বাদেন্। নঃ।
Baden-Powell ইং-বেডন্-পৌউএল পদবী।
Bagehot ইং-ব্যাজট্। পদবী।
Baghdad ফা-বঘ্দাদ্। নঃ। প্রা॰ ইরা বগ-দাত (=সং ভগদত্ত)=দেব-দত্ত।
Bahawalpur (পঞ্জাব) বহাবল্পুর্। প্র। [ভাওয়ালপুর নহে]
Bahmani (দক্ষিণাপথ) বাহ্মনী, বাহ্মনী। রাজবংশ। [বামনী নহে]

Bajazet তুর্কী-বয়াজীদ্। [বায়জীদ্, বাইজিদ, ব্যাজাজেট্ নহে]
Balaji মঃ-বালাজী। রাষ্ট্রপতি। [বলজী নহে]
Balcarres ইং-ব্যাল্ক্যারিস্। পদবী।
Balfour ইং-ব্যাল্ফর্। পদবী।
Balzac ফ্রে-বাল্জাক্। ঔ।
Barbesieux ফ্রে-বার্ব্সিঅ্য। সে।
Barcelona স্পে-ভার্থেলোনা। নঃ।
Bareilly হি-বরেলী। নঃ। [বেরিলী নহে]
Barère ফ্রে-বার‍্যার্ জননায়ক।
Baroda মঃ-বড়োদে, গুজরাতী-বড়োদা বড়োদ্রা, বড়োদ্ড়া। নঃ। [বরদা, বরোদা নহে]
Barras ফ্রে-বারা। জননায়ক।
Bartenstein জর্ম্ম-বার্টেন্শ্টাইন্। সে।
Bartholomae জর্ম্ম-বার্তোলোমায়্। ভা।
Barygaza বারিগাজ়া, বারুগাজ়া (সং-ভৃগুকক্ষ বা প্রাকৃত ভরুকচ্ছের গ্রী নাম)। গুজরাতী-ভরোচ, ভড়োচ। নঃ।
Bassein বেসীন্, বাসেইন। নঃ। বর্ম্মী নাম বুথে ইন্ বা পাত্তোইঙ্।
Bastille ফ্রে-বাস্তীয়্। কারাগার।
Batavia (যবদ্বীপ) বাতাবিয়া। ডচ্ নাম। নঃ।
Baudelaire ফ্রে-বোদ্ল্যার্। ক।
Baudouin ফ্রে-বোদুয়্যাঁ। পুং নাম।
Bautzen জর্ম্ম-বাউট্সেন্। নঃ।
Bayonne ফ্রে-বেইয়ন্। নঃ।
Bazaine ফ্রে-বাজেইন্। জননায়ক।
Beauchamp ইং-বীচাম্। পদবী।
Beaconsfield ইং-বীকন্জ়ফীল্ড্। মন্ত্রী।
Beauharnais ফ্রে-বোআর্নে। পদবী।
Beaujeu ফ্রে-বো-ঝ্য। নঃ।
Beaulieu ইং-বিউলি। মূল ফ্রে-বোলিঅ্য। পদবী।
Beaumarchais ফ্রে-বোমার্শে। সে।
Beda অ্যাং-স্যা॰-বেডা, ব্যাডা। ঐ।
Beethoven জর্ম্ম-বেটোফেন। সঙ্গীতকার।

Belgrad বেল্গ্রাদ। নঃ। সর্বিয়ান রূপ Beograd বেওগ্রাদ।
Bellingham ইং-বেলিঞ্জাম্ (-ঙ্গম্)। পদবী।
Belvoir ইং-বীভর্, বেল্ভোয়া। প্রাসাদ।
Benoit ফ্রে-বেনোআ। পুং নাম।
Beowulf অ্যাং-স্যা॰-বেওবুল্ফ্। কাব্য।
Berar মঃ-বঋাড্। [বিরার, বেরার, বরার নহে]
Berchtold জর্ম্ম-বের্খ্টোল্ট্। জননায়ক
Bergen নর-ব্যর্গেন্। নঃ।
Bergerac ফ্রে-ব্যার্ঝেরাক্। সে।
Bergson Henri ফ্রে-আঁরি ব্যার্গ্সঁ। দা।
Berhampore (অন্ধ্রদেশ) ব্রহ্মপুর। নঃ। [বহরামপুর নহে]
Berkeley ইং-ব্যর্ক্লি। দা। পদবী।
Berkshire ইং-ব্যর্ক্শার্। প্র।
Bernard, -din ফ্রে-ব্যার্নার্, ব্যার্নার্দ্যাঁ। পুং নাম।
Bernhard জর্ম্ম-বের্ন্হার্ট্। পুংনাম।
Bernier ফ্রে-ব্যার্নিএ,-য়ে। ভ্র।
Berthe ফ্রে-ব্যার্ত্। স্ত্রী নাম।
Bessborough ইং-বেজ্ব্র। নঃ।
Bethune ইং-বেথ্যুন্, বীটন্। পদবী।
Beyrout আ-বেরূৎ। নঃ।
Bhonsla মঃ, ভোঁস্লে, ভোন্স্লে। পদবী। [ভুঁস্লা, ভোঁস্লা নহে]
Bianca ইতা-বিআঙ্কা। স্ত্রীনাম=Blanche.
Bidar মঃ-বেদর্। নঃ। [বিদর নহে]
Bigelow ইং-বিগেলো। পদবী।
Billaud-Varennes ফ্রে-বিয়ো-ভারেন। জননায়ক।
Bjornsterne Bjornson বিওর্ন্-স্ট্যারনে বিওর্ন্সন্। ঔ।
Blanc ফ্রে-ব্লাঁ। পা।
Blanche ফ্রে-ব্লাঁশ্। স্ত্রী নাম=Bianca.
Blenheim জর্ম্ম-ব্লেন্হাইম্, ইং-ব্লেনেম্। গ্রাম।
Bloemfontein ডচ্-ব্লুম্ফন্টেইন (দঃ আফ্রিকা)। নঃ।
Blount ইং-ব্লান্ট্। পদবী।
Blucher জর্ম্ম-ব্লুখর্। সে।

Blum ফ্রে-ব্লঁ। নেতা।
Boccaccio ইতা-বোক্কাচ্চো। ক।
Boehme জর্ম-ব্যমে, ব্যোমে। ক।
Boerhave ডচ্-বুর্হাভে। ক।
Bohtlingk জর্ম-ব্যাট্লিঙ্ক্। ভা।
Boiotia গ্রী-বোইওতিয়া। প্র। ইং- Boeotia বিওশিয়া।
Boleyn ইং-বুলিন, বুলেন। পদবী।
Bologna ইতা-বোলোঞ্া। নঃ।
Bombay মঃ-মুম্বই, মুম্বয়ী; বাঙ্গালায় বোম্বাই। (মুম্বা দেবীর নাম হইতে; মতান্তরে পোর্ত্-bom baia = good bay 'উত্তম উপসাগর' হইতে)।
Bonaparte ফ্রে-বোনাপার্ত্। } রা।
Buonaparte ইতা-বুওনাপার্তে }
Bonnivet ফ্রে-বনিভে। সে।
Bopp জর্ম-বোপ্। ভা।
Bordeaux ফ্রে-বর্দো। নঃ। 'বোর্দো' নহে।
Borgia ইতা-বর্জিয়া। গোষ্ঠী।
Boroboedoer (যবদ্বীপ) বর-বুদুর্। মন্দির (=বুদুর গ্রামের বিহার)।
Bossuet ফ্রে-বস্যুয়ে। লে।
Botticelli ইতা-বোত্তিচেল্লি। চিত্রকর।
Boucicault ফ্রে-বুসিকো। ইং-বুসি-কল্ট্। পদবী।
Boufflers ফ্রে-বুফ্ল্যার্। সে।
Boughton ইং-বট্ন্। পদবী।
Boulogne ফ্রে-বুলোঞ্। নঃ।
Bourbon ফ্রে-বুর্বঁ। নঃ।
Bourges ফ্রে-বুর্য্। নঃ।
Bourgogne ফ্রে-বুর্গোঞ্। লে।
Bourke আইরিশ্-ব্যর্ক্। পদবী।
Bourmont ফ্রে-বুর্মঁ। সে।
Bradke জর্ম-ব্রাট্কে। দা।
Braganza স্পে-ব্রাগান্থ্া। দে।
Brahms জর্ম-ব্রাম্জ্, ব্রাম্স্। সঙ্গীত-কার।
Brata Joeda যবদ্বীপী-ব্রত যা ব্রাতা-যুদ্ধা। (=ভারতযুদ্ধ, মহাভারতের যবদ্বীপী অনুবাদ)।
Breadalbane স্কচ্-ব্রিডল্বেন,-ব্রিডল্বিন্। পদবী।
Bremen জর্ম-ব্রেমন্। নঃ।
Breslau জর্ম-ব্রেস্লাউ। নঃ।
Briçonnet ফ্রে-ব্রিসন্নে। মন্ত্রী।
Brieux ফ্রে-ব্রিঅ্য। লে।
Brihuega স্পে-ব্রিউএগা। নঃ।
Brougham ইং-ব্রূম্। পদবী।
Broughton ইং-ব্রটন্। পদবী।
Bruges ফ্লেমীশ্-ব্রুগেস্। নঃ।
Brugmann জর্ম-ব্রুগ্মান্। ভা।
Brühl জর্ম-ব্র্যুল্। পদবী।
Brünn জর্ম ব্র্যুন্। নঃ।
Brutus লা-ব্রুতুস্, ব্রুতস্। বী।
Bruxelles (ইং-Brussels) ফ্রে-ব্র্যুস্সল্। নঃ।
Brynhild-স্কান্দিনেভীয় বীরাঙ্গনা, ব্র্যুন্হিল্ড্।
Buccleugh ইং-বক্লূ। পদবী।
Buchan ইং-ব্যকান। পদবী।
Bucharest রুমানীয়-বুকারেস্ত্। নঃ।
Buda-Pest হঙ্গে-বুদা-পেশ্ৎ। নঃ।
Buenos Ayres (দঃ আমে) বুএনস্ আয়রেস্। নঃ।
Bühler জর্ম-ব্যূল্যর্। ভা।
Bülow জর্ম-ব্যূলও, ভ্। সে। মন্ত্রী।
Buluwayo (আফ্রিকা) বুলুওয়াইও। নঃ।
Bunyoro (আফ্রিকা) বুঞোরো। নঃ।
Bürger জর্ম-ব্যূর্গার্। ক।
Burghley ইং-ব্যর্লি। পদবী।
Bussy ফ্রে-ব্যুসী। সে।
Bysshe ইং-বিশ্। পদবী।
Byzantium ল্যা-বিজান্তিউম্ (মূল গ্রী-Buzantion)। নঃ।
Cadiz স্পে-কাদিস্, কাধিথ্। নঃ।
Cædmon অ্যাঙ্গ্লো-স্তাকসন-কাড্মন্। ক।
Caesar লা-কায়্সার্, ইং-সীজার্, ইতা, Cesare চেজারে জরমান Kaisar কাইজার, আরবী Qaysar কয়্সর। পদবী, রাজার উপাধি। রুষ ভাষায় tsesar, tsar ৎসার=রাজা।
Cairo ইং-কাইরো, কেরো, (আ-মূল অল্-কাহিরহ্)। নঃ।
Caius ল্যা-কায়ুস্, কায়স্। পুং নাম।
[Caius College] কেম্ব্রিজের 'কীজ্ কলেজ']
Cajetan পোর্ত্-কাঝে, তান্; কায়ে-তান। পুং নাম।
Calais ফ্রে-কালে। নঃ।
Calderon স্পে-কালদেরন্। ক।
Callaghan ইং-ক্যালাহা(গা)ন্। পদবী
Calvin ফ্রে-কাল্ভ্যাঁ। ধর্মসংস্কারক।
Cambyses লা-কাম্বিসেস্, গ্রী-Kambuses, মূল প্রা-পারসীক 'কম্বুজিয়'। রা
Camoes (Camoens) পোর্ত্-কামোইঁশ্। ক।
Campeggio ইতা-কাম্পেজ্জো। রোমান কাথলিক কার্ডিনাল।
Canberra (অস্ট্রেলিয়া) ক্যান্-বেরা। নঃ।
Carducci তা-কার্দুচ্চি। ক।
Cartagena স্পে-কার্তাখেনা। নঃ।
Castlereagh ইং-কাসেল্রে। মন্ত্রী।
Cato ল্যা-কাতো। পুং নাম।
Catullus ল্যা-কাতুল্লুস্। ক।
Cauhtemoc-মেক্সিকো-কা-উথ্তে মোক। রা। প্রচলিত রূপ Guate Mozin.
Cavour ইতা-কাভুর্। মন্ত্রী ও জন-নায়ক।
Cayenne (দঃআমে) কায়েনে। নঃ।
Cettigne (Cettinje) (মন্টি-নিগ্রো) চেত্তিঞে। নঃ।
Chalkis গ্রী-খাল্কিস্। প্র।
Chalukya চালুক্য। রাজবংশ। [চৌলুক্য নহে]।
Champlain ইং-শ্যাম্প্লেন। পদবী।
Chandos ইং-শ্যান্ডস্। পদবী।
Ch'ang-An (Ngan) চীনা-চাঙ্-ঙান। নঃ।
Chanson ফ্রে-শাসঁ। গাথা।
Chapelain ফ্রে-শাপ্ল্যাঁ। ক।
Chares গ্রী-খারেস্। পুং নাম।
Charlemagne ফ্রে-শার্ল্মাঞ্, ইং- শার্লামেন। রা।
Charles ইং-চার্ল্স্, ফ্রে-শার্ল। পুং নাম।
Charteris ইং-চার্টার্জ্। পদবী।
Chateaubriand ফ্রে-শাতোব্রিআঁ। লে।

Chatillon ফ্রে-শাতিয়ঁ। নঃ।
Cheirisophos গ্রী-খেইরিসোফস্। সে।
Chekhov (Tchecoff) রুষ-চেখভ্। ঔ।
Che-kiang চীনা-চে-কিয়াঙ্। প্র।
Chemnitz জর্ম্ম-খেম্‌নিট্‌স্। নঃ।
Chenier ফ্রে-শেনিয়ে। ক।
Chernishefski, Tschernischewski রুষ-চের্‌নিশেফ্‌স্‌কি। লে।
Chersonessos গ্রী-খের্সোনেস্‌সস্। দে।
Cheyne ইং-চেইনি, চেন্। পদবী।
Chiang Kai-shek (Kai shih) চীনা-চিয়াং-কাই-শিঃ (কাই-শেক্)। সে।
Chile (দঃ আমে) চিলে। দে।
Chios গ্রী-খিওস্। দ্বীপ। ['ছায়া' নহে]
Chisholm ইং-চিজম্। পদবী।
Chiswick ইং-চিজিক্। নঃ।
Chitore উদয়পুরের প্রাচীন রাজধানী, চিতোড় < সং চিত্রকূট। [চিতোর নহে]
Choiseul ফ্রে-শোআজল; Duc de Choiseul-মন্ত্রী।
Cholomondoley, Cholmeley ইং-চাম্‌লি। পদবী।
Chorus গ্রী, লা-খোরস্। ইং-কোরস্। গায়কের দল।
Chosroes খোস্‌রোএস্ (ফা-খোস্‌রুর গ্রী রূপ)। রা।
Chretien ফ্রে-ক্রেতিআঁ। ক।
Christ (os) গ্রী-খ্রিস্তস্ (বাং খ্রীষ্ট)। ধর্ম্মপ্রবর্ত্তক।
Chuang Tzu (Tsze) চীনা-চোআঙ্-ৎজ। দা।
Ch'un Ts'iu (Ch'iu) চীনা-চুন্‌ছিউ। ইতিহাস।
Chuquisaca (দঃ আমে) চুকিসাকা। দে।
Cicero ল্যা-কিকেরো, ইং-সিসিরো, ইতা-Cicerone চিচেরোনে, ফ্রে-Ciceron সিসেরঁ। রো পং।
Cid el Campeador স্পে-থিদ্ (সিদ্)-এল্-কাম্পেআদর। বীর।
Cilicia গ্রী-কিলিকিয়া। দে।
Ciudad Rodrigo স্পে-থিউদাদ্-রোদ্রিগো। নঃ।
Cincinnatus ল্যা-কিঙ্কিন্নাতুস্। সে
Cirencester ইং-সাইরেন্‌সেস্‌টার্, সিসেস্‌টার্ সিজেটার্, সিস্‌টার্। নঃ।
Claverhouse ইং-ক্লেভ.হাউজ্, ক্লেভর্‌হাউজ্। পদবী।
Clearchus গ্রী-ক্লেআর্খস্। সে।
Clement ফ্রে-ক্লেমাঁ। পুং নাম।
Clemenceau ফ্রে। ক্লেমাঁসো।
Cleopatra গ্রী-ক্লেওপাত্রা। স্ত্রীনাম।
Clermont ফ্রে-ক্ল্যার্‌মঁ। সে।
Clough ইং-ক্লাফ্। পদবী।
Clugny ফ্রে-ক্ল্যুঞি। জননায়ক।
Clytæmnestra ল্যা-ক্লিতায়ম্‌নেস্ত্রা মূল গ্রী Klutaimestra ক্লুতাইমেস্ত্রা। পৌ স্ত্রী নাম।
Cnidos গ্রী-ক্নিদস্। দ্বী।
Cognac ফ্রে-কঞাক্। নঃ। মদ্য।
Coligny ফ্রে-কলিঞি। নৌ সে।
Colisaeum লা-কোলিসায়ুম্। মল্লভূমি।
Cologne ফ্রে-কলোঞ্ (জর্ম্ম-Koeln ক্যলন্)। নঃ।
Cambe ইং-কুম্। পদবী।
Concepcion (দঃ আমে) কন্‌থেপ্‌থি অন্, কন্‌সেপ্‌সিঅন্। নঃ।
Condorcet ফ্রে-কঁদোর্সে। জননায়ক।
Conjeeveram কাঞ্চীপুরম্। তামিল উচ্চারণে কাঞ্জীব্রম্। নঃ। [কঞ্জীভরম্, -ভেরাম্ নহে]
Connaught (আয়ল্যাণ্ড) কনট। প্র।
Constance ফ্রে-কঁস্তাঁস্। স্ত্রীনাম।
Coorg দেশী নাম কোড়গু। (দ্রাবিড়ী)।
Copenhagen কোপ্‌ন্‌হাগ্‌ন্ (ডেনীশ্ নাম Kjobn Havn ক্যব্‌ন্‌হাভ.ন্)।
Corcyra গ্রী-কর্কি(কু)রা। দ্বী।
Cordova স্পে-কর্দোভা। নঃ।
Coriolanus ল্যা-কোরিওলানুস্। সে।
Corneille ফ্রে-কর্নেয়্‌, -য়ি। ক।
Coruña স্পে-কোরুঞা। নঃ।
Cosette ফ্রে-কোজেৎ। উপন্যাসের নায়িকা। [কসেটী নহে]
Couch ইং-কুচ্। পদবী।
Courthope ইং-কর্টোপ্। পদবী।
Couthon ফ্রে-কুতোঁ। জননায়ক।
Cowper ইং-কুপার্। ক।
Cracow পোলীয়-ক্রাকভ, -ও। নঃ।
Crete গ্রী-ক্রেতে, ইং-ক্রীট্। দ্বী।
Crassus লা-ক্রাস্‌সুস্। সে।
Croce ইতা-ক্রোচে। দা।
Csoma de Körös হঙ্গে-চোমা-দে-ক্যর্যশ্। ভ্র।
Csongrad হঙ্গে-চোন্‌গ্রাদ্। নঃ।
Ctesias গ্রী-ক্তেসিয়াস্। ভ্র।
Ctesiphon গ্রী-ক্তেসিফোন্। নঃ।
Curie-পোলীয় (ফ্রেঞ্চ) ক্যুরী। বৈ।
Curtius ল্যা-কুর্তিউস্। জর্ম্ম, কুর্ৎসিউস্। ভা। পুং নাম।
Cuzco (দঃ আমে) কুস্কো। নঃ।
Cynewulf অ্যাংস্যা-কিনেব্‌লফ্। ক।
Cyrene ল্যা-কিরেনে, মূল গ্রী-Kurene কুরেনে। দে।
Cyrus ল্যা-কিরুস্, কিরস্ (গ্রী Kuros কুরস্, মূল প্রা-পারসীক কুরুষ)। রা।
Czartoriski পোলীয়-চার্তোরিস্কি। জননায়ক।
Czech বোহিমীয়-চেখ্। জাতি।
Czernowitz স্লাভ্-চের্‌নোভিট্‌স্। নঃ।
Dachinabades গ্রী-দাখিনাবাদেস্ (সং-দক্ষিণাপথ)।
Dahlmann জর্ম্ম-ডালমান। জননায়ক।
Dacia ল্যা-দাকিয়া। দে।
D'Aiguillon ফ্রে-দেগিয়ঁ। মন্ত্রী।
Daimyo জাপানী-দাইম্যো। শাসক-পদবী।
Dalziel ইং-ড্যোলজিয়ল্, ড্যাল্‌য়ল্, ডীয়ল্। পদবী।
Damaji মঃ-দামাজী। রা। [দমজী নহে]

Damirike গ্রী-দামিরিকে (ভারতীয় প্র, প্রা॰ তামিল * দমিরকম্, তামিল, তমিলকম্)।
Dante Alighieri ইতা-দান্তে আলিগিয়েরি। ক।
Danton ফ্রে-দাঁত। জননায়ক।
Danube দান্যুব্ (Donau জর্ম-ডোনাউ)। ন।
D'Annunzio,Gabriele ইতা॰-গাব্রিএলে দান্নুন্‌ৎসিও। লে।
Darjeeling দার্জ্জিলিং। ভুটীয়া দো-র্জেলিঙ্ (অর্থ-নির্জ্জন স্থল), বা দর্-গ্যৈ (-জে)-গ্লিঙ্ (=ভারতীয় রেশমের স্থান) হইতে। সং-'দুর্জ্জয় লিঙ্গ' হইতে নহে।
Davare মঃ-দাভাড়ে। [দাবারি, দাবারিয়া নহে]
Decamerone ইতা-দেকামেরোনে। গল্পের বই।
Deimachos গ্রী-দেইমাখোস্। পুং নাম।
Delaunay ফ্রে-দেলোনে। সে।
Delaware (উঃ আমে) ডেলাওয়ার। প্র।
Delhi দেহ্‌লী। নঃ। [দিল্লী প্রচলিত, কিন্তু ডিল্লি নহে]
Delphoi গ্রী-দেলফয়; লা- Delphi দেলফী, ইং ডেল্‌ফি। নঃ।
Demeter গ্রী-দেমেতের্। দেবী।
Demetrios গ্রী-দেমেত্রিওস্। পুং নাম।
Denain ফ্রে-দেনাঁ। গ্রাম।
Denbigh ওয়েল্‌শ্-ডেন্‌বি। নঃ।
Denis ফ্রে-দেনি, দ্যনি। পুং নাম।
Deussen জর্ম্ম-ডয়্‌সেন্। দা, ভা।
Devalera-আইরীশ ডি-ভ্যালেরা। রাষ্ট্রনেতা।
Devigny ফ্রে-দ্য-ভিঞি। ক।
Dhanaji মঃ-ধানাজী। পুং নাম। [ধনজী নহে]
Dhundu Panth মঃ-ধোণ্ডু পন্ত্। (সিপাহীবিদ্রোহ নায়ক নানাসাহেবের পদবী) [ধুন্দুপন্থ নহে]
Diana লা-দিআনা। দেবী।
Diderot ফ্রে-দিদেরো। লে।
Dionysios গ্রী-দিওনুসিওস্। দেব।
Divina Commedia-ইতা॰-দিভি.না কোম্মেদিয়া। কাব্য।
Dmitri রুষ-দ্মিত্রি। পুং নাম।
Dniester স্লাভ.-দ্‌নীস্তার্। ন।
Domitian লা॰-দোমিতিআন্। রা।
Donauworth জর্ম্ম॰-ডোনাউ-ভার্ট্। নঃ।
Donegal (আয়র্ল্যাণ্ড) ডনিগল্। প্র।
Donoghue স্কচ্-ডানহ্য। পদবী।
Don Quixote de la Mancha স্পে-দন্-কিখোতে দে-লা-মাঞ্চা। নব-ন্যাসের পাত্র।
Douaumont ফ্রে-দুওমঁ। নঃ।
Doughty ইং-ডাউটি। পদবী।
Douro পোর্ত্-দুরো। ন।
Dovre Fjeld নর-ডোভ্‌রে-ফি এল্ড্। পা।
Drogheda (আয়র্ল্যাণ্ড) ড্রয়ডা। নঃ।
Drohobycz স্লাভ.-দ্রোহোবিচ্। নঃ।
Drusus লা॰-দ্রুসুস্। সে।
Dubois ফ্রে॰-দ্যু-বোআ। পদবী।
Du Chatelet ফ্রে॰-দ্যুশাতেলে। সে।
Dumuzi-প্রাচীন বাবিলোনীয় দেব। দুমুজি।
Duce ইতা॰-দুচে। মুসোলিনির পদবী =Duke, নেতা।
Dupleix ফ্রে॰ দ্যুপ্লে। সে।
Duquesne ফ্রে॰-দ্যু-কেন্। সে।
Dyerzhavin রুষ-দ্যেরঝাভি.ন্। লে।
Echegaray স্পে॰-এচেগারে। লে।
Edinburgh (স্কটল্যাণ্ড) এডিন্‌বরা, এডিন্‌ব্রা। নঃ।
Eichendorff জর্ম্ম-আইখেন্‌ডর্‌ফ্। লে।
Eisteddfod ওয়েল্‌শ্-আইস্তেথ্.ভ.দ্। কবিসম্মিলনী।
Elburz ফা॰-অল্‌বুর্জ্। পা।
Elichpore মঃ। ইলিচ্‌পুর্। নঃ। [এলচপুর নহে]
Elijah হিব্র-এলিয়াহ্, ইং-ইলাইজা। তাত্ত্বিক। পুং নাম।
Ellora মঃ-বেরূল [ইলোরা প্রচলিত]
Enver Bey-তুর্কী-আনওয়ার বে (বেগ)। সে।
Eos গ্রী॰-এওস্। উষা দেবী।
Ephor গ্রী॰-এফোর্। পৌরবৃদ্ধ।
Equador (দঃ আমে) একোআদর্। দে।
Erásmus গ্রী, লা॰-এরাস্‌মুস্। পং।
Erechtheion গ্রী॰-এরেখ্‌থেইওন্। আথেন্সের এক মন্দির।
Erh-Fao-Cheng চীনা-আর্-ফাও-চেঙ্। জননায়ক।
Eronnaboas গ্রী॰-এরোন্নাবো আস্ (সং-হিরণ্যবাহ)। শোণনদ।
Erzeroum তুর্কী-অর্জ্‌রূম্। নঃ।
Etchmiazin আর্মানী-এচ্‌মিয়া-জিন্। নঃ।
Etienne (=Stephen) ফ্রে॰-এতিয়েন্। পুং নাম।
Etruscan ইতা॰-এত্রুস্কান্ (টস্কানী দেশীয়)।
Eucken জর্ম্ম॰-অয়্‌কেন্। দা।
Eugen জর্ম্ম॰-অয়্‌গেন, অয়্‌গ্যন্।
Eugene-ইং-ইউজীন্, ফ্রে.-অ্যঝে.ন্। পুং নাম।
Eumenes গ্রী॰-এউমেনেস্। পুং নাম। (সং-সুমনস্)।
Euphrates গ্রী॰-এউফ্রাতেস্। ন।
Euripides গ্রী-এউরিপিদেস্। ক।
Everest পৃথিবীর সর্ব্বোচ্চ পা। (ক্যাপ্‌টেন এভ্‌.রেস্ট্ প্রথম জরীপ করিয়াছিলেন বলিয়া তাঁহার নাম হইতে)। ভারতীয় নাম Gaurishankar গৌরী-শঙ্কর ও Deodunga দেবডুঙ্গা (নেপালী হিন্দী-অর্থ Mount of God দেব-গিরি)। গৌরীশঙ্কর নামই ব্যবহার করা উচিত।
Evoramonte ইতা-এভো.রামন্তে। নঃ।
Exmouth ইং-এক্‌স্‌মাথ.। নঃ।
Eylau জর্ম্ম-আইলাউ। নঃ।
Fa Hien (Hsien) চীনা-ফা-হিয়েন্, ফা-শিয়েন্। ভ্র।
Farrukhabad উর্দু-ফরুরোখ্-

আবাদ, ফর্রুখাবাদ। নঃ। [ফরকাবাদ নহে]

Fausbjoll ডেনীশ-ফাউস্‌ বিওল্‌। ভা।

Faust জর্ম-ফাউস্ট্‌। নাটকের নায়ক।

Favre ফ্রে-ফাভ্‌র্‌, ফাভ্র্‌। জননায়ক।

Felipe স্পে-ফেলিপে। পুং নাম।

Fenelon ফ্রে-ফেনেলোঁ। পণ্ডিত।

Fichte জর্ম-ফিখ্‌টে। দা।

Fildes ইং-ফাইল্‌ড্‌জ্‌। পদবী।

Fiorenza ইতা-ফিওরেন্‌ৎসা-Florence ফ্লরেন্স। নঃ।

Flamen ল্যা-ফ্লামেন্‌। পুরোহিত।

Flaubert ফ্রে-ফ্লোবেয়ার্‌। লে।

Foch-ফ্রে-ফোশ্‌। সে।

Fontainebleau ফ্রে-ফঁতেন-ব্লো। নঃ।

Foucher ফ্রে-ফুশে। ভা-পং।

Foulis ইং-ফাউলস্‌। পদবী।

Fouqué ফ্রে-ফুকে। সে। জর্মান লে।

France ফ্রে-ফ্রাঁস্‌। দে। নাম।

Franche Comté ফ্রে-ফ্রাঁশ্‌ কঁতে। প্র।

Francisco Pizarro স্পে-ফ্রান্সিস্কো (ফ্রান্থিস্কো) পিসারো (পিথারো)। সে।

François ফ্রে-ফ্রাঁসোআ। } পুং নাম।
Franz জর্ম-ফ্রান্‌ট্‌স্‌।

Franke জর্ম-ফ্রাঙ্কে। ভা।

Frau জর্ম-ফ্রাউ। শ্রীমতী (বিবাহিতা)।

Fräulein জর্ম-ফ্রয়্‌লাইন্‌। শ্রীমতী (অবিবাহিতা)।

Freud, Sigmund জর্ম-সিগ্‌মুণ্ড্‌ (জিগ্‌মুণ্ট্‌) ফ্রয়্‌ড্‌। দা।

Friedrich জর্ম-ফ্রীড্‌রিখ্‌। পুং নাম।

Froude ইং-ফ্রুড। ঐ। পদবী।

Führer, Fuehrer-জর্ম-ফ্যুরর্‌। -নেতা। হিট্‌লর্‌-এর উপাধি।

Fulvia ল্যা-ফুল্‌ভিআ, ফুল্‌বিআ। স্ত্রীনাম।

Gabriele d' Annunzio ইতা-গাব্রিএলে দান্নুন্‌ৎসিও। ক।

Gaekwar বং-গায়ক্‌বাড়্‌ [গুইকুয়ার, গুইকবাড় নহে]

Gaelic (জাতি ও ভাষা) গ্যালিক্‌ (স্কট্‌ল্যাণ্ডে), গেলিক্‌ (আয়র্‌ল্যাণ্ডে)।

Gairdner ইং-গার্ড্‌নার্‌। পদবী।

Galileo ইতা-গালিলেও। বৈ।

Gallia ল্যা-গাল্লিআ। দে।

Galway (আয়র্লণ্ড) গল্‌ওয়ে। প্র।

Gangaridai গ্রী-গাঙ্গারিদায়্‌। পূর্ব্ব ভারতের জাতিবিশেষের নাম-গঙ্গাবংশী। (গঙ্গারাঢ়ীয় শব্দের গ্রীক রূপান্তর বলিয়া অনেকে অনুমান করেন)।

Garbe জর্ম-গার্‌বে। ভা-পং।

Garhwal হি-গঢ়্‌বাল্‌। প্র। [গাড়োয়াল নহে]

Garibaldi ইটা-গারিবাল্‌দি। নেতা।

Gautier ফ্রে-গোতিয়ে। ক, লে।

Ge, Gaia গ্রী-গে, গায়া। দেবী পৃথিবী।

Geddes ইং-গেডিজ্‌। পদবী।

Geikie ইং-গীকি। পদবী।

Gedrosia গ্রী-গেড্রোসিয়া। দে।

Geoffrey ইং-জ্যাফ্রি। পুংনাম।

Geoghegan ইং-গেইগান্‌, গৌগান্‌। পদবী।

Georg জর্ম-গেঅর্গ্‌। }
George ইং-জর্জ্‌।
Georges ফ্রে-যর্‌য্‌।
Giorgio ইতা-জোর্জো।
Jorge স্পে-হোর্হে, খোর্খে (মূল গ্রী-গেওর্গিওস্‌)। } পুং নাম।
Gerald,-rd ইং-জীরাল্ড, জীরার্ড্‌।
Gerard, Geraud ফ্রে-ঝেরার্‌, ঝেরো।
Gerhard জর্ম-গেরহার্ট্‌।

Germain ফ্রে-ঝ্যারমাঁ। পুং নাম।

Germanicus ল্যা-গের্মানিকুস্‌। সে। ইং-জার্ম্যানিকাস্‌।

Giaour (তুর্কী কথার ইংরেজী রূপ) জাউআর্‌। কাব্য।

Gilgamesh-প্রাচীন বাবিলোনীয় বীর গিল্‌গামেশ্‌।

Giotto ইতা-জোত্তো। চিত্রকর।

Gironde ফ্রে-ঝির়ঁদ্‌। রাজনৈতিক সম্প্রদায়।

Glamis স্কচ-গ্লামস্‌। প্র।

Glaukos গ্রী-গ্লাউকোস্‌। পুং নাম।

Gloucester ইং-গ্লস্টার্‌। প্র।

Goethe জর্ম-গ্যোটে, গেটে। ক, দা।

Golconda গোবলকোণ্ডা। [গোলকুণ্ডা প্রচলিত]

Goldstücker জর্ম-গোল্ড্‌ষ্ট্যুকার্‌। ভা।

Gontcharoff রুশ-গন্‌চারফ্‌। লে।

Gonzales পোর্ত্-গনজালিশ। পুং নাম।

Gortchacoff রুশ-গর্‌চাকফ্‌। সে।

Görz জর্ম-গ্যর্ট্‌স্‌। নঃ।

Goschen ইং-গোশেন্‌। পদবী।

Gough ইং-গফ্‌। পদবী।

Gracchus ল্যা-গ্রাক্‌খুস্‌,-খস্‌। জননায়ক।

Gokhale মারাঠী-গোখ্‌লে। জননায়ক (গোখেল্‌ নহে)।

Granada স্পে-গ্রানাদা, থ। নঃ।

Greaves ইং-গ্রেভ্‌জ্‌, গ্রীভ্‌-পদবী।

Greenwich ইং-গ্রীনিজ্‌। নঃ।

Greuze ফ্রে-গ্রাজ্‌। চিত্রকর।

Grosvener ইং-গ্রোভ্‌নার্‌। পদবী।

Guadalquiver স্পে-গোআদাল্‌কিভ়্‌র্‌। নঃ। >আ-ওআদী-অল্‌-কবীর)।

Guatemozin মেক্সিকো-গুআতেমোৎসিন্‌। রা।

Guatemala (দঃ আমে) গোআতেমালা, গুআতে-মালা। দে।

Guayaquil (দঃ আমে) গোআয়াকিল। নঃ।

Guiana (দঃ আমে) গিয়ানা। দে।

Guildford ইং-গিল্‌ফার্ড্‌। নঃ।

Guillaume ফ্রে-গিয়োম্‌, Wilhelm জর্ম-ভিল্‌হেল্‌ম্‌, Guglielmo ইতা-গুল্যিএল্‌মো, William ইং-উইলিয়ম্‌। পুং নাম।

Guise ফ্রে-গীজ্‌। নঃ।

Gujarat গুজরাত, মারাঠীরূপ গুজরাথ; বাঙ্‌লাতে 'গুজরাট' প্রচলিত।

Günther জর্ম-গ্যুন্টার্‌। পুং নাম।

Gustaf জর্ম-গুস্টাফ্‌। পুং নাম।

Gutzkow জর্ম-গুট্‌স্‌কভ্‌। ক।
Guy ফ্রে-গী ইং-গাই। পুং নাম।
Gwalior হি-গবালিয়র। নঃ। গোয়ালিয়র প্রচলিত]।
Gye ইং-গাই। পদবী।
Gylippus গ্রী-গি(গু)লিপ্পোস্‌। সে।
Gysbrecht van Amstel ডচ্‌-গাইজ্‌ব্রেখ্‌ট্‌ ফ্যান্‌-আম্‌স্‌টেল্‌। লে।
Hades গ্রী-হাদেস্‌ (প্রেতলোক)।
Hadramaut আ-হাত্রামোৎ। প্র।
Hadrian লা-হাড্রিয়ান্‌, হা। রা।
Haeckel জর্ম-হেকেল্‌, হ্যা-দা।
Hague ইং, Haag ডচ্‌, La Haye ফ্রে-হেগ্‌; হাগ্‌; লা-এ। নঃ।
Hahnemann জর্ম- হানেমান। পদবী।
Haigh ইং-হেগ্‌। পদবী।
Haile Selasie আবিসীনীয়-হাইলে সেল্লাসিএ। রা।
Halikarnassos গ্রী -হালিকার্‌নাস্‌সোস্‌। নঃ।
Halle জর্ম-হালে। নঃ।
Hammurabi, - rapaltu, Khammu বাবিলনীয়- হাম্মুরাবি, রাপাল্‌তু, খাম্মু। রা।
Hannibal লা-হান্নিবাল্‌ হান্নিবা'ল্‌। কার্থাজ সে।
Hanoi (তোঙ্‌ কিঙ) হা-নোই। নঃ।
Harcourt ইং-হার্কর্ট্‌। পদবী।
Hasdrubal লা-হাস্‌দ্রুবাল্‌। কার্থাজ সে।
Hatshepsut প্রা-মিসরীয়-হাৎশেপ্‌স্‌ৎ। রাণী।
Hauff জর্ম-হাউফ্‌। ক।
Hauptmann, Gerhart জর্ম-গেরহার্ট হাউপ্ট্‌মান। লে।
Havre ফ্রে-আভ্র্‌। নঃ।
Hawaii (ওসেনিয়া) হাউআয়ি। দ্বী।
Hebe গ্রী-হেবে (দেবী)।
Hebert ফ্রে-এব্যার্‌। পদবী।
Hegemon গ্রী-হেগেমোন। প্রধান।
Heine জর্ম-হাইনে। ক।
Hektor গ্রী-হেক্তোর্‌। বী।
Helios গ্রী-হেলিওস্‌ (সূর্য্যদেব)।
Hellas গ্রী-হেল্লাস্‌। গ্রীস্‌ দেশের গ্রীক নাম।
Heloïse ফ্রে-এলইজ্‌। স্ত্রী নাম।
Henri ফ্রে-আঁরি, Henry ইং-হেন্‌রি, Heinrich জর্ম-হাইন্‌রিখ্‌, Enrique স্পে-এন্‌রিকে। পুং নাম।
Henzada (বর্ম্মা) হেন্‌জাদা। নঃ।
Heracles গ্রী-হেরাক্লেস্‌, লা-তে-Hercules হের্কুলেস্‌। বী।
Here,-a গ্রী-হেরে, হেরা। দেবী।
Hermaios গ্রী-হের্মাইওস্‌। পুং নাম।
Hermes গ্রী-হের্মেস্‌, হর্মেস্‌। দেব।
Hernan Cortes স্পে-এর্নান্‌ কোর্তেস্‌। সে।
Herr জর্ম-হের্‌। শ্রীযুক্ত।
Herschell জর্ম-হর্শেল। জ্যো পং।
Hertford ইং-হারফোর্ড্‌। নঃ।
Hesiod গ্রী-হেসিওদ্‌। ক।
Hesse জর্ম-হেস্‌সে। দে।
Heyse জর্ম-হাইজে। ক।
Hiawatha আমেরিকা-হিয়াওআথা। বীর।
Hieron গ্রী-হিএরোন্‌। রা।
Hindenburg জর্ম-হিণ্ডেন্‌বুর্গ্‌। সে।
Hispania ল্যা-হিস্‌পানিয়া। ইং-Spain. স্পেন। দে।
Hitler, Adolf জর্ম-আডল্‌ফ্‌ হিট্‌লর জননেতা।
Hiuen Tsang চীনা-হিউএন-ৎসাঙ্‌ উত্তর চীনা উচ্চারণে-Hsüan বা Yüan Chwang শুআন্‌ (বা য়ুআন্‌) চুআঙ্‌। (বা চোআঙ্‌)। ভ্র।
Hoche ফ্রে-ওশ্‌। সে।
Holkar মঃ-হোলকর। [হুলকার নহে] রা পদবী।
Holmes ইং-হোম্‌জ্‌। পদবী।
Homeros গ্রী-হোমেরোস্‌। ক। ইং-Homer হোমর্‌।
Hopetoun ইং-হোপ্‌টন্‌। পদবী।
Hoplites গ্রী-হোপ্‌লিতেস্‌ (বর্ম্মাবৃত যোদ্ধা)।
Horace ইং-হরেস্‌, ফ্রে-ওরাস্‌। পুং নাম।
Horatius লা-হোরাতিউস্‌। বী। ক।
Hörnle জর্ম-হ্যর্‌ন্‌লে। ভা।
Hough ইং-হফ্‌। পদবী।
Houghton ইং-হটন্‌, হোটন্‌, হাউটন্‌। পদবী।
Hue (আনাম) হুএ। নঃ।
Hugh ইং-হিউ। পুং নাম।
Hugo ফ্রে-য়ুগো, ইং-হিউগো। লে।
Huguenot ফ্রে-ও ইং-হিউগেনট্‌। ফরাসী প্রটেস্‌টাণ্ট খ্রীষ্টান।
Huish ইং-হুাইশ। পদবী।
Huitzilopochtli মেক্সিকো- হুইৎসিলোপোচ্‌ত্‌লি। দেব।
Hülshoff জর্ম-হ্যল্‌জ্‌হফ্‌। লে।
Hu-nan চীনা-হু-নান। প্র।
Hunyades হঙ্গে-হুঞদেশ্‌। সে।
Hu-pe চীনা-হু পে। প্র।
Huyghens ডচ্‌-হয়্‌গেন্স্‌। লে।
Hydraotes গ্রী-হি(হু)দ্রাওতেস্‌। ন। সং-ইরাবতী।
Hyphasis গ্রী-হি (হু) ফাসিস্‌। ন। সং-বিপাশা।
Hystaspes গ্রী, হি(হু)স্তাস্পেস্‌। ন। সং-বিতস্তা।
Ibanez সে-ইবানেথ্‌ ইভানে । লে।
Iavones, Iones গ্রী-য়াবোনেস্‌, য়োনেস্‌ (Ion দ্রষ্টব্য)। যবন বা য়োন জাতি।
Ibn Saud আ-ইব্‌ন্‌ সাউদ্‌। রা।
Ignatius লা-ইগ্‌নাতিউস্‌। পোপ।
Illinois (উত্তর আমে) ইলিনোআ। প্র।
Indore ইন্দোর। নঃ। [ইন্দোর চলিত]।
Innsbruck জর্ম-ইন্‌স্‌প্রুক্‌(ব্রুক্‌)। প্র।
Ion গ্রী-য়োন্‌। এই নাম হইতে Ionia য়োনিয়া, ইওনিআ প্রদেশের নাম=যবন, য়োন; Lavones দ্রঃ।
Iowa (আমে) আইওবা। প্র।
Ipsilanti আধু, গ্রী-ইপ্সিলান্তি। জননায়ক।
Irkutsk রুষ-ইর্কুট্‌স্ক্‌। নঃ।

Iroquois (আমে) ইরোকোআ। জাতি
Irrawaddy (বর্ম্মা) ইরাবতী। নঃ। [ঐরাবতী নহে]।
Isaac হিব্রু-ইসাহাক্। আ-ইস্‌হাক্, ইং-আইজাক্। পুং নাম।
Ishtar প্রাং বাবিলোনীয় দেবী-ইশ্‌তার।
Isis গ্রী-ইসিস্ (মিসরীয় দেবী, মিসরীয় নাম-Ast অস্ত)।
Ispahan ফ্রাং-ইস্‌পহান। নঃ।
Israel হিব্রু-ইস্রাএল্। জাতি।
I-Tsing চীনা-ঈ-ৎসিঙ্, ঈ-চিঙ্। ভ্র। (আইট্‌ সিং, ইট্‌ সিং নহে)।
Ivan রুষ-ইভান্=ইং John.
Jacob হিব্রু-য়াকোব্। আ-য়াকূব্। ইং-জেকব্। জর্ম্ম-য়াকব্। Giacomo ইতা-জাকোমো। পুং নাম।
Jacobin ফ্রে-ঝাকব্যাঁ। রাজনৈতিক সম্প্রদায়।
Jaen স্পে-হাএন্, খা-। নঃ।
Jagellon ফ্রে-ঝাগেলঁ, জর্ম্ম-য়াগেলন্। রাজবংশ।
Jaisalmer রাজস্থানী হিং-জৈসল্‌মের। নঃ। [যশল্মীর নহে]।
Jakobi জর্ম্ম-য়াকোবি। ভা।
Jalaun বুন্দেলখণ্ডী হি-জালবন্ জলৌন। নঃ। [জ্যালোন নহে]।
Janakoji Sindhia মঃ.জনকোজী শিন্দে। রা। [জনকজী সিন্ধিয়া নহে]
Janus লা-য়ানুস্। দেব।
Jardin ফ্রে-ঝার্দ্যাঁ। বাগান।
Jaroslavetz রুষ্-য়ারোস্‌লাভেট্‌স্। নঃ।
Jason গ্রী-য়াসোন্। বী।
Jat পঞ্জাবী হি-জাঠ্। জাতি। [জাট নহে]।
Jean Valjean ফ্রে-ঝাঁ ভাল্‌ঝাঁ। উপন্যাসের পাত্র। [জীন ভলজীন নহে]
Jena জর্ম্ম-য়েনা। নঃ।
Jesus লা-য়েসুস্, ইং-জীজস্, ইতা-Gesu জেসু, গ্রী-Iesous য়েসুস্. মূল-হিব্রু য়েশুআহ্, আবী-ঈসূআ, ঈসা। বাং যীশু প্রচলিত।
Jhansi বুন্দেলখণ্ডী হি-ঝাঁসী। নঃ। [ঝান্সী নহে]।

Joachim জর্ম্ম-য়োআখিম্। ইং-জোআকিম্। পুং নাম।
Joffre ফ্রে-ঝোফ্‌র্, ঝোফ্‌র্। সে। [জোফার, জফরী নহে]।
John ইং-জন। Jean ফ্রে-ঝাঁ। Gian, Giovanni ইতা-জান, জোভান্নি। Juan স্পে-হুআন, খুআন্।
Joao পোর্ত্তু-ঝোআঁউ। Johann, Hans জর্ম্ম-য়োহান, হান্স্। Johannes লা-য়োহান্নেস্। মূল-হিব্রু য়োহান। আ-য়াহিয়া। পুং নাম।
Jolly জর্ম্ম-য়োলি। ভা।
Joost van-den Vondel ডচ্, য়োস্ট্ ফান্-ডেন্-ফণ্ডেল্। ক।
Joseph হিব্রু-য়োশেফ্। আবী, য়ুসুফ্। ইং, জোজেফ্। জর্ম্ম-য়োজেফ্। Giuseppe ইতা-জুজেপ্পে। Jose,-f স্পে-হোজে, খোজেফ। Jose,-ze পোর্ত্তু-ঝোজি। পুং নাম।
Joubert ফ্রে-ঝুব্যার, ঝুবেয়ার্। দেশপতি। পদবী।
Juarez স্পে-হুআরেথ্, খুআ। দেশপতি
Jugurtha লা-য়ুগুর্থা। রা।
Jules ফ্রে-ঝ্যুল। পুং নাম।
Julius লা-য়ুলিউস্। পুং নাম।
Juno লা-য়ুনো। দেবী।
Junot ফ্রে-ঝ্যুনো। সে।
Juppiter লা-য়ুপ্পিতের্=সং দ্যুপিতা। দেবরাজ।
Justin লা-য়ুস্তিনুস্, ইং-জস্‌টিন্, ফ্রে, ঝ্যুস্ত্যাঁ। পুং নাম।
Kadphises গ্রী-কাদ্‌ফিসেস্। কুষাণ রা।
Kaegi জর্ম্ম-কেগি। ভা।
Kailwara মঃ-কৈলবাড়া। নঃ। [কৈলবারা নহে]
Kalat, Kelat বেলুচী-কলাৎ। নঃ।
Kalliope গ্রী-কাল্লিওপে। স্ত্রী নাম।
Kamban, -ar তামিল-কম্বন, কম্বর্। ক।
Kamerun (আফ্রি) কামেরুন। পা।
Kamtschatka (সাইবিরিয়া) কাম্‌চাট্‌কা। প্র।

K 'ang Hi (Hsi) চীনা-খাঙ্-হী, -সী। রা। চীনা অভিধান।
Kant জর্ম্ম-কান্ট্। দা।
Karlsruhe জর্ম্ম-কার্লস্‌রুহে। নঃ।
Kathiawar গুজ-কাঠিয়াবাড়। প্র। [কাটিয়ার, কাটিবার নহে]
Kathmandu নেপালী-কাঠ্‌মাড়ো, -ড়েঁ। নঃ। [কাটামুণ্ডু নহে]
Katzbach জর্ম্ম-কাট্‌স্‌বাখ্। গ্রাম।
Keighley ইং-কীথ্‌লি, কাইলি। পদবী। কীথ্‌লি। নঃ।
Keightley ইং-কীট্‌লি, কাইট্‌লি। পদবী।
Keir ইং-কিয়ার। পদবী।
Keith ইং-কীথ্। পদবী।
Kemeny হঙ্গে-কেমেঞ; নি। লে।
Kemenyi হঙ্গে-কেমেঞি। রা।
Keogh, Keough, Kehoe ইং-কিও। পদবী।
Ker ইং-কার্, ক্যোর। পদবী।
Keswick ইং-কেজিক্। পদবী। দ্রঃ-কেশুয়িক-হেম বন্দ্যো (বিবিধ কবিতা)।
Keynes ইং-কেইনজ্। পদবী।
Khanderao মঃ-খণ্ডেরাও। রা। [কুণ্ডীরাও নহে]
Kharkov রুষ-খার্‌কভ্। নঃ।
Kiakhta মোঙ্গোল-কিয়াখ্‌তা। নঃ।
Kiao-Chau চীনা-কিয়াও-চাউ। নঃ।
Kieff,-v রুষ-কিএফ্,-ভ্। নঃ।
Kiel জর্ম্ম-কীল। নঃ।
Kikuyu (আফ্রি) কিকুয়ু। নঃ।
Kilima Njaro (আফ্রি) কিলিমা-ঞ্জারো। পা।
Kinchenjunga পা-বাং-তে কাঞ্চনজঙ্ঘা প্রচলিত। কিন্তু কথাটী সং-নহে। তিব্বতী বা ভুটীয়া-গাঙ্‌স্-ছেন্-মৃদ্‌জোদ-লঙা (উচ্চারণে-কাঙ্-ছেন-জ্যো ঙা, অর্থ-মহা তুষারময় পঞ্চ রত্নপেটিকা)। নিকটেই Pandim পান্‌দিম্-শৃঙ্গ: এই কথায় অর্থ-তেজোমূর্ত্তি)।
Kircudbright স্কচ্-ক্যার্‌কুব্রী। নঃ।
Kirkby স্কচ্-ক্যার্‌বি, ক্যার্‌ক্‌বি। নঃ।
Kirkee মঃ-খিড়্‌কী। নঃ। [কির্কী নহে]

Knollys, Knowles ইং-নোল্‌জ্‌। পদবী।

Kojiki জাপানী-কোজিকি। পুরাণ গ্রন্থ।

Kolaba মঃ-কুলাবা। নঃ। [কোলাবা নহে]

Kolhapur মঃ-কোলহাপুর্‌। নঃ। [কল্‌হাপুর নহে]

Kough ইং-কিও, ক্যো। পদবী।

Koregaon মঃ-কোরে গাঁও।[কড়িগাঁ নহে]।

Kossuth হঙ্গে-কোশ্‌শুথ। জননায়ক।

Kublai Khan (তাতার সম্রাট্‌) কুব্‌লাই-খান্‌।

Küche, Kuchar (মধ্য এশিয়া) কুচে, কুচার। নঃ।

Küchler জর্ম-ক্যুখ্‌ল্যার্‌। পদবী।

Kuhn জর্ম-কুন্‌। ভা।

K'ung Fu-tsze (tzu) চীনা দার্শনিক, খুঙ্‌-ফ্‌-ৎস্যে (ৎজ্‌)। লা Confucius কন্‌ফ্‌সিউস্‌।

Kutch কচ্ছপ্রদেশ।

Kutchwa রাজপুত হি - কচ্ছ্‌বাহ [কুশোয়া নহে]

Kwang-Si চীনা-কুআঙ্‌-সী। প্র।

Kwang-tung চীনা-কুআঙ্‌-তুঙ্‌। ইং Canton ক্যান্টন্‌প্রদেশ।

La Bourdonnais ফ্রে-লা-বুর্দনে। বৌ-নে।

La Bruyére ফ্রে-লা-ব্রুয়্যার্‌। লে।

Ladakh তিব্বতী-লদখ্‌। প্র। [ল্যাডাক্‌ নহে]

Laertes গ্রী-লাএর্তেস্‌, ইং-লেয়ার্টীজ্‌। পুং নাম।

Lagerlof সুইডীশ্‌-লাগের্লফ্‌ - Selma L. স্ত্রী ঔপন্যাসিক।

Laodike গ্রী লাওদিকে। নঃ।

Laokoon গ্রী-লাওকোওন্‌। পুং নাম।

Lao Tzu (Lau Tsze) চীনা-লাউ-ৎজ্‌। তাত্ত্বিক। লা-তে Laocius, Laucius. লাওসিউস্‌।

La Paz (আমে) লা-পাস্‌,-থ্‌। নঃ।

La Rochefoucauld ফ্রে-লা-রোশ্‌ফুকো। লে।

Latium ল্যা-লাতিউম্‌। প্র।

Laube জর্ম-লাউবে। দা।

Leibniz (tz) জর্ম-লাইব্‌নিট্‌স্‌। দা।

Leipzig জর্ম-লাইপ্‌ট্‌সিক্‌,-গ্‌। নঃ।

Lenin, Vladimir, Ilyich Ulyanov রুষ-ভ্‌লাদিমীর ইল্‌য়িচ্‌ উল্যানভ্‌ লেনীন্‌। জননেতা।

Leonidas গ্রী-লেওনিদাস্‌। রা।

Les Miserables ফ্রে-লে-মিজ্‌রাব্‌র্‌ উপন্যাস।

Leucippos গ্রী-লেউকিপ্পস্‌। পুং নাম।

Leuthold জর্ম-লয়্‌টোল্‌ট্‌। দা।

Leyden ডচ্‌-লেডেন্‌। নঃ।

Liege (বেলজিয়ম) লিয়েঝ্‌। নঃ।

Li Hung Chang চীনা-লী-হুঙ্‌-চাঙ্‌। মন্ত্রী, রাজদূত।

Lincoln, Abraham আমে-এব্রাহাম লিনকন্‌। রাষ্ট্রনায়ক।

Lisbon পোর্ত Lisboa লিজ্‌বন্‌। নঃ।

Li Tai-Po চীনা-লী-তাই-প্যো। ক।

Loire ফ্রে-লোআর্‌। ন।

Lorraine ফ্রে-লরেন্‌। দে।

Louis ফ্রে-লুই, Lewis ইং-লিউইস্‌,

Ludwig জর্ম-লুড্‌ভিক্‌, Luigi ইতা-লুইজি। পুঃ নাম।

Lucio ইতা-লুচিও। পুং নাম।

Lucknow লখ্‌নৌ। নঃ। [লক্ষ্ণৌ নহে]

Lucretius লা-লুক্রেতিউস্‌। ক।

Lucullus লা-লুকুল্লুস্‌। পুং নাম।

Luneville ফ্রে-ল্যুনভিল্‌। নঃ।

Lung-Men চীনা-লুঙ্‌-মেন্‌। নঃ।

Luther জর্ম - লুটর, ইং - লুথার সংস্কারক।

Lviv, Lwiw স্লাভ্‌-ল্‌ভীভ্‌। Lemberg জর্মান নাম লেমবার্গ্‌। নঃ।

Lycurgus লা-লিকুর্গুস্‌,-গস্‌, মূল গ্রী -Lukourgos লুকোউর্গোস্‌। দেশপতি ও ব্যবস্থাপক।

Macedonia গ্রী-মাকেদোনিয়া ই ম্যাসিডনিয়া, ম্যাসিডন। দে।

Mackensen জর্ম-মাকেন্‌সেন্‌। সে

Madame ফ্রে-মাদাম। শ্রীমতী (বিবাহিতা)।

Mademoiselle ফ্রে - মাদ্‌মো-আজেল্‌। শ্রীমতী (অবিবাহিতা নারী)।

Madhu Rao, Madho Rao মঃ-মাধব রাও। চতুর্থ পেশ্‌বে [মধুরাও নহে]।

Madras তামিলে মদ্‌রাস্‌। মান্দ্রাজ প্রচলিত। কা-মদ্‌রাসা হইতে? [মদ্রদেশ-উত্তর-পঞ্জাবে]

Madrid স্পে-মাত্রিদ, মাদ্রি, থ্‌। নঃ।

Madura সং মথুরা শব্দ, তামিল উচ্চারণ মধুরৈ, মদুরৈ। নঃ। [ম্যাডুরা নহে]

Magas গ্রী-মাগাস্‌। রা। (প্রা-ভারতীয় রূপ মক)।

Magelhaes পোর্ত-মাঝেল্যাইঁশ্‌। ভ্র। Magellan মাজেলান প্রচলিত।

Magenta ইতা-মাজেন্তা। নঃ।

Magos, Magoi, গ্রী-মাগস্‌, মাগই, লা-Magi মাগী। পারসীক পুরোহিত-শ্রেণী।

Magyar হঙ্গে-মজ্যার্‌। জাতি।

Madaji মঃ-মহ্‌দাজী, মহ্‌দাজী। [মাধাজী নহে]

Mahmud আ-মহ্‌মূদ্‌। [মামুদ নহে]

Maleherbe, Malesherbes, ফ্রে-মাল্‌এর্‌র্ব্‌। লে।

Male Rao মঃ-মালেরাও। [মালীরাও নহে]

Malhaji মঃ-মালোজী, মাল্‌হাজী। [মলজী নহে]

Malhar Rao মঃ-মহ্লার রাও। [মলহররাও নহে]

Malloi গ্রী-মালয়্‌, মাল্লোই (=মালব, মল্ল, মল্লজাতি)।

Malplaquet, Mau- ফ্রে-মাল্‌ (মো) প্লাকে। নঃ।

Mandalay বর্মী-মান্দালে। [মন্দালয় নহে]

Manucci ইতা-মানুচ্চি। ভ্র [মেনুচী নহে]

Manyoshiu জাপ - মান্যোশিউ। কবিতাগ্রন্থ।

Maratha মঃ-মরাঠা। [মহারাট্টা, মারাঠা বাং-তে প্রচলিত]

Marcellus ল্যা-মার্কেল্লুস্। সে।
Marconi ইতা-মার্কনি। বৈ।
Marcus Aurelius ল্যা-মার্কুস্ আউরেলিউস্। রা।
Maria ল্যা-মারিয়া। খ্রীনাম।
Marie ফ্রে-মারি। নাম।
Marignano ইতা-মারিঞানো। নঃ।
Marius ল্যা-মারিউস্। সে।
Marius ফ্রে-মারিয়ুস্। উপন্যাসের পাত্র।
Marlborough ইং-মার্লব্রো। সে।
Marseillaise ফ্রে-মার্সেইয়েজ্। ফ্রান্সের জাতীয় সঙ্গীত।
Marseilles ফ্রে-মারসেয়্য, -য়্ি। নঃ।
Marwar মার্‌বাড়্। [মারবার, মাড়োয়ার নহে]
Massachusetts (আমে) মাসাচুসেট্স্। প্র।
Masulipatam তেলুগু-মসুলিপট্টনম্। নঃ।
Mattiuaja মিতানীয়-মত্তিবুজ। রা।
Maues গ্রী-মাউএস (শক নামের গ্রীরূপ)।
Maupassant ফ্রে-মোপাসাঁ। লে।
Maurus Jokai হঙ্গে-মউরুশ্ য়োকই। লে।
Mayence ফ্রে-মেয়াঁস্। নঃ।
Ma Twan-lin চীনা-মা-তোআন-লিন্। ঐ।
Mavrocordato আধু-গ্রী-মাভ্রোকর্‌দাতো। জননায়ক।
Mazzini ইতা-মাৎসিনি। জননায়ক।
Media গ্রী-মেদিয়া, ইং-মিডীয়া। প্রাপারসীক নাম-মদ। দে।
Medici ইতা-মেদিচি। গোষ্ঠী।
Meerut হি-মেরঠ্। নঃ। [মীরাট প্রচলিত; 'মহারাষ্ট্র' হইতে]।
Megasthenes গ্রী-মেগাস্থেনেস্। ভ্র।
Meleagros গ্রী-মেলেআগ্রোস্। ক।
Meng-Tzu (Tsze) চীনা-মেঙ্-ৎস্য। দা। ল্যা-তে Mencius মেন্‌সিউস্।
Mesopotamia গ্রী-মেসোপোতামিয়া। দে।
Messene গ্রী-মেস্‌সেনে। প্র।

Metchnikoff রুশীয়-মেচ্‌নিকফ্। বৈ।
Metternich জর্ম-মেটারনিখ্। মন্ত্রী।
Meung ফ্রে-মঁ। নঃ, ক।
Meuse ফ্রে-ম্যজ্। ন।
Mewar মেবাড়্। [মিবার, মেবার নহে]
Michelangelo ইতা-মিকেলাঞ্জেলো। চিত্রকর।
Michigan (আমে) মিশিগ্যান। নঃ।
Mickiewicz পোলীয়-মিৎস্‌কিয়েভিচ্। ক।
Miguel Cervantes de Saavedra স্পে-মিগেল্ থের্‌ভান্তেস্ দে সাভেদ্রা। লে।
Miltiades গ্রী-মিল্‌তিয়াদেস্। সে।
Milwaukee (আমে) মিল্‌উঅকী। নঃ।
Minnehaha (আমে) মিনেহাহা। নায়িকা।
Mirabeau ফ্রে-মিরাবো। জননায়ক।
Missouri (আমে) মিস্‌সুরী। নঃ।
Mithradates গ্রী-মিথ্রাদাতেস্। ল্যা -Mithri-। রা। সং-মিত্রদত্ত।
Moesia ল্যা-মোয়সিয়া, ইং-মিজীয়া। দে।
Moghilev রুশ-মোহিলেভ্। প্র।
Mohacz পোলীয়-মোহাচ্। নঃ।
Moltke জর্ম-মোল্ট্‌কে। সে।
Monroe (আমে)-মনরো। রাষ্ট্রপতি।
Mons (বেলজিয়ম্) মঁ। নঃ।
Monsieur ফ্রে-মঁসিঅ্য, -স্যা। শ্রীযুক্ত।
Montesquieu ফ্রে-মঁতেস্কিঅ্য। লে।
Monte Video (দঃ আমে) মন্তেভিদেও। নঃ।
Montezuma, Moctezuma মেক্সিকো-মত্তেসুমা, মোক্তেসুমা। রা।
Montmorency ফ্রে-মঁমরাঁসি। সে।
Mont Pensier ফ্রে-মঁপাঁসিয়ে (উক্ত স্থানের ভূস্বামী ও তাঁহার কুল নাম)।
Moreau ফ্রে-মোরো। সে।
Moscow রুশ-মস্কভ্, মস্কও, মস্কো। নঃ।
Moses ইং-মোজিস্। Moïse ফ্রে, মইজ্। মূল হিব্রু-মোশেহ্, আরবী মূসা। পুং নাম।

Motoori জাপানী-মোতোওরি। পুং নাম।
Mozambique (আফ্রি) মোজাম্বিকে। দ্বী।
Mucius Scaevola ল্যা-মুকিউস্ স্কায়বোলা। বী।
Münchengratz জর্ম-মুনখেন্‌গ্রাট্স্। নঃ।
Müller জর্ম-মুল্লার্। পদবী।
Murat ফ্রে-মুরা। সে।
Mussolini - Benito -বেনিতো মুস্‌সোলিনি। ইতা-জননেতা।
Musa, Mousa গ্রী-মুসা, মোউসা। দেবী। (ইং Muse মিউজ্)।
Mycenae গ্রী-মি(মু)কেনাই। নঃ।
Myitkyina বর্মী-মিচিনা। নঃ।
Mysore মৈসূর। মহীশূর নহে। প্র। ? মহেশ্বর বা মহিষাসুর হইতে।
Nabunaga জাপানী-নাবুনাগা। নাম।
Naevius ল্যা-নায়্‌বিউস্। ক।
Nagasaki জাপানী-নাগাসাকি, নাগাসাকি। নঃ।
Nairobi (আফ্রি) নাইরোবি। নঃ।
Nana Furnavese মঃ-নানা ফড্‌নবীস্। মন্ত্রী। [নানা ফার্ণাভীজ্ নহে]।
Nantes ফ্রে-নাঁত্, নাঁৎ। নঃ।
Naples ইং-নেইপ্‌ল্‌জ্, ফ্রে-নাপ্ল্। নঃ।
Napoleon ফ্রে-নাপোলেওঁ। রা।
Narvar হি-নরবাড়্, নলবাড়্ [নরোবার নহে]
Nassau জর্ম-নাস্‌সাউ। নঃ।
Natesan তামিল-নটেশন্ (নটেশ= শিব)। পুং নাম। [ক্সাটীশ্যান্ নহে]
Nausikaa গ্রী-নাউসিকাআ। খ্রীনাম।
Neapolis গ্রী-নেআপোলিস্। নঃ।
Nebuchadrezzar আসিরীয়-নেবুখাদ্রেজ্জার। রা।
Neerwinden ডচ্-নের্‌বিণ্ডেন্। নঃ।
Nejd আ-নজ্দ্। প্র।
Neptunus ল্যা-নেপ্তুনুস্। বরুণদেব।
Nero ল্যা-নেরো। রা।
Neuburg জর্ম-নয়্‌বুর্গ। নঃ।
Ngan-hwei চীনা-ঙান্-হুএই। প্র।

Nibelungen Lied জর্ম-নিবেলুঙ্গেন্ লীট। কাব্য।
Nice ইতা-নিচে, ফ্রে-নীস্। নঃ।
Nicolete ফ্রে-নিকলেৎ। স্ত্রী নাম।
Nicomedes গ্রী-নিকোমেদেস্। পুং নাম।
Nietzsche জর্ম-নীট্‌শে, নীচে। দা।
Nihongi জাপানী-নিহোন্‌গী। পুরাণ।
Nijmegen ডচ্-নাইমেগেন। নঃ।
Nijni Novgorod রুষ-নিঝ্‌নি-নভ্‌গরদ্। নঃ। [আধুনিক নাম Gorki]
Nikaia গ্রী-নিকায়া (Nicaca)। নঃ।
Nikanor গ্রী-নিকানোর্। সে।
Nike,-a গ্রী-নিকে, নিকা=জয়াদেবী।
Nile মিসরীয়-নীল। ন।
Nisaea গ্রী-নিসায়া। নঃ।
Noël ফ্রে-নোএল। পুং নাম।
Nogi জাপানী-নোগি, নোঙি। সে।
Novalis জর্ম-নোফালিস্। ক।
Nyanza (আফ্রি) ঞান্‌জা। হ্রদ।
Nyasa (আফ্রি) ঞাসা। হ্রদ।
Octavianus ল্যা-ওক্তাবিয়ানুস্ ইং-অক্টেভিয়ান্। পুং নাম।
Odysseia গ্রী-ওড়ুস্‌সেয়া। মহাকাব্য। (ইং-অডিসী)।
Oidipous গ্রী-ওইদিপোউস্, ইং-ঈডীপাস্। রা।
Orange ফ্রে-ওরাঁঝ্। নঃ।
Orleans ফ্রে-অর্‌লেআঁ। নঃ।
Osiris গ্রী-ওসিরিস্। মিসরীয় দেব-মিসরীয় নাম Asar অসর্।
Oslo নরউইজীয়-অস্‌লো। নঃ।
Othman আ-ওথ্‌মান্,ওস্‌মান। পুং নাম
Oudenarde ফ্রে-উদেনার্দ্। গ্রাম।
Oxydrakai গ্রী-ওক্‌সুদ্রাকাই=ক্ষৌদ্রক জাতি।
Oxykanos গ্রী-ওক্‌সু(ক্সি)কানোস্। রা।
Pachmarhi হি-পচ্‌মঢ়ী। পা। [পাঁচমারী নহে]
Padua প্যাডুয়া ইতা-Padova পাদোভা। নঃ।
Paithana গ্রী-পাইথানা। সং-প্রতিষ্ঠাননগরী। প্রাকৃত পইট্‌ঠান হইতে গ্রী০।
Pan গ্রী-পান্। দেব।
Pandharpur পণ্ঢর্‌পুর্। নঃ। পন্দহরপুর, পাণ্ডুরপুর নহে]।
Paris ফ্রে-পারি, পারিস্। ইং-প্যারিস্। নঃ।
Paropanisadai গ্রী-পারোপানিসাদাই। পা।
Pashitch যুগোস্লাভ-পাশিচ্। জননায়ক
Pasteur ফ্রে-পাস্তর। বৈ।
Pausanias গ্রী-পাউসানিয়াস্। সে,ভ্র।
Peiping চীনা-পেই-পিঙ্। (পে-কিঙ্-এর নূতন নাম)।
Peisistratos গ্রী-পেইসিস্ত্রাতোস্। দেশ-পতি।
Peking চীনা-পে-কিঙ্। নঃ।
Pepys ইং-পেপ্‌স্। লে।
Perikles গ্রী-পেরিক্লেস্। দেশপতি।
Persepolis গ্রী-পের্সেপোলিস্। নঃ।
Peshawar পেশাবর্, পেশাওর্। পুষতুতে পেখোর্, পেখ্যোর্। [পেশোয়ার নহে]। নঃ। সং-নাম পুষ্পপুর।
Peshwa মঃ-পেশ্‌বে। রাষ্ট্রপতি। [পেশবা নহে]
Petain-ফ্রে-পেতাঁ। সে।
Petöfi হঙ্গে-পে-ত্যফি। ক।
Petrarca ইতা-পেত্রার্কা। ক।
Petrograd রুষ-পেত্রোগ্রাদ্। নঃ।
Peukelaotis গ্রী-পেউকেলাওতিস্। সং-পুষ্কলাবতী। নঃ।
Parthenon গ্রী-পার্থেনন্। মন্দির।
Pearse, Patrick আইরীশ-পাট্রিক্ পিয়ার্স্। লে, নেতা।
Pharaoh হিব্রু-ফারাওহ,আ-ফিরৌন্, ইং-ফেরো। মূল প্রা-মিসরীয় Pa-ra পা-রা। রাজার পদবী।
Pheidias গ্রী-ফেইদিয়াস্। ভাস্কর।
Phoinikia গ্রী-ফোইনিকিয়া। (লা Phoenicia ফোয়নিকিয়া, ইং-ফিনীশিয়া)। দে।
Phraates গ্রী-ফ্রাআতেস্। রা।
Phrygia গ্রী-ফ্রু(ফ্রি)গিয়া (=ভৃগু-দেশ)। দে।
Pilaji মঃ-পিলাজী। [পিলজী নহে]
Pindari মঃ-পেণ্ঢারী। দস্যুসম্প্রদায়-বিশেষ। [পিণ্ডারী প্রচলিত]
Pipli পিপ্পলি। নঃ। [পিপড়ী নহে]
Plataia গ্রী-প্লাতায়া। নঃ।
Platon গ্রী-প্লাতোন্। দা। ইং-প্লেটো। আরবীতে অফ্‌লাতুন।
Ploutarchos গ্রী-প্লোউতার্খোস্ (Plutarch প্লুতার্ক)। ঐ।
Polycleitos গ্রী-পোলি(লু)ক্লেইতস্।
Pompeii লা-পোম্পেয়ি। নঃ। ইং-পম্পিআই।
Pompeius লা-পোম্পেয়ুস্। সে।
Pondicherri তামিল নামের ফ্রে রূপ-পন্দিশেরি। তা-পুদুচ্চেরী। নঃ।
Pontius লা-পোন্তিউস্। পুরোহিত। পুং নাম।
Poona মঃ-পুণে। সং-পুণ্যপত্তন। নঃ।
Poros গ্রী-পোরোস্। সং-পুরু। রা।
Port Said পোর্ট্ সাইদ্। নঃ।
Poseidon গ্রী-পোসেইদোন্। বরুণ দেব।
Prague (বোহিমিয়া) প্রাগ্। মূলরূপ Praha প্রাহা। নঃ।
Pravda-রুষ-প্রাভ্‌দা। সংবাদপত্র।
Praxiteles গ্রী-প্রাক্সিতেলেস্। ভাস্কর।
Prometheus গ্রী-প্রোমেথেউস্। দেব
Prudhomme ফ্রে-প্র্যুদম্। লে।
Przemysl পোলীয়-প্‌শেমিস্‌ল। নঃ। [জেমনীল, প্রেমশিলা নহে]
Psamthek প্রা-মি-প্সাম্‌থেক্। রা। গ্রীক রূপ Psammetikhos প্সাম্মেতিখোস্।
Psyche গ্রী-প্সুখে, প্সিখে। দেবী। (ইং-সাইকী)।
Ptolemaios গ্রী-প্তোলেমায়স্। (প্রা-ভারতীয় রূপ তুরময়)। রা। ইং Ptloleny টলেমি।
Punt প্রা-মিসরীয়-পুন্ত্। দে। [পাণ্ট্ নহে]
Pushkin রুষ-পুশ্‌কীন্। ক। অন্য বানান Pouchquine.
Pyrrhus লা-পির্‌র্হুস্, গ্রী, Purrhos পুর্‌র্হস্। রা।

Pythagoras গ্রী-পি (পু)থাগোরাস্। দা। আ-ফর্থাঘুরাস্, ফর্সাঘূরাস।
Quebec (কানাডা) কেবেক (ফ্রে-উচ্চারণ), ইং কুইবেক। নঃ।
Quetzalcahuatl মেক্সিকো-কেৎসাল্‌কোউআত্ল্ দেব।
Quesnai ফ্রে-কেস্‌নে। পং।
Quilimane (আফ্রি) কিলিমানে। নঃ।
Quilon কোল্লম্। ত্রিবাঙ্কুড়ের নঃ।
Quito (দঃ আমে) কিতো। নঃ।
Qur'an - আ - কুরান, কুর্'আন্, কোরান। ধর্মগ্রন্থ।
Rabelais ফ্রে-রাবে। লে। [র‍্যাবিলেস নহে]
Racine ফ্রে-রাসীন্। ক।
Kadetzky রুষ-রাদেৎস্কি। সে।
Radishtchef স্লাভ্-রাদিশ্চেফ্। লে।
Raghoba মঃ-রাঘোবা। [রাঘব নহে]
Rajahmundry রাজমহেন্দ্রী। নঃ।
Rajwara রাজবাড়া। [রাজবারা, রাজোয়ারা নহে]
Rameses, Ramessu গ্রী, প্রা মিসরীয়-রামেসেস্, রামেসস্থ। রা।
Raphael হিব্রু-রাফাএল্। ইং-র‍্যাফেইল্।
Raffaele ইতা-রাফ্‌ফাএলে। পুংনাম।
Rathore মারবাড়ী-রাঠোড়। (রাঠোর প্রচলিত)। রাষ্ট্রকূট-রট্‌ঠউড হইতে।
Rattazzi ইতা-রাত্তাৎসি। মন্ত্রী।
Raupach জর্ম-রাউপাখ্। ক।
Reginald ইং-রেজিনাল্ড্। Renaud ফ্রে-রেনো। পুং নাম।
Reichenbach জর্ম-রাইখেন্‌বাখ্। নঃ।
Rejkjavik (আইস্‌ল্যাণ্ড) রেইচাভিক্ নঃ।
Rembrandt ডচ্-রেম্‌ব্রাণ্ট্। চিত্রকর।
Renaissance ফ্রে-রেনেসাঁস্। নবযুগ।
Rewah হি-রীবাঁ, রেবাঁ। নঃ।
Rhea গ্রী-রেআ। দেবী।
Rheims ফ্রে-রাঁস্। নঃ।
Rhein জর্ম-রাইন। Rhine ফ্রে-রীন্। ন।
Rhone ফ্রে-রোন্। ন।
Richard ইং-রিচার্ড, জর্ম-রিখার্ট্, ফ্রে-রিশার্। পুংনাম।
Richelieu ফ্রে-রিশেলিঅ। মন্ত্রী।
Richter জর্ম-রিখ্‌টার্। ক।
Rio de Janeiro (ব্রাজিল) রিউ-দে-ঝানির। নঃ।
Robespierre ফ্রে-রব্‌স্পিয়ের্। জননায়ক।
Ragocsky হঙ্গে-রগোচ্‌কি। জননায়ক।
Roland ফ্রে-রোলাঁ। বীর। পুং নাম।
Romagna ইতা-রোমাঞা। প্র।
Ronsard ফ্রে-রঁসার্। ক।
Röntgen জর্ম-র‍্যান্টগেন্। বৈ। [রঞ্জন্, রংটেন, রঞ্জেন নহে]
Rooseveldt - আমে - রুজ্‌ভেল্ট্। রাষ্ট্রপতি।
Roussillon ফ্রে-রুসিয়ঁ। প্র।
Roth জর্ম-রোট্। ভা। [রথ নহে]
Rothschild জর্ম-রোট্‌শিল্ড। ইং-রথ্‌স্‌চাইল্ড্। মহাজন গোষ্ঠী।
Rotterdam ডচ্-রটর্‌ডাম্। নঃ।
Roumania রুমানিয়া। দে।
Rousseau ফ্রে-রুসো। দা।
Ruckert জর্ম-র‍্যুকার্ট্। ক।
Rustchuk স্লাভ্-রুশ্চুক্। নঃ।
Ruth হিব্রু-রূথ্, রুৎ। স্ত্রীনাম।
Ryu-kyu জাপানী-র‍্যু-ক্যু। দ্বী। অন্যনাম Lu-chu লু-চু।
Ryswick ডচ্-রাইস্‌উইক্। নঃ।
Saar জর্ম-জার্। ক।
Saarbruck জর্ম-জার্‌ব্রুক্। নঃ।
Sabini লা-সাবিনী (জাতি)।
Sabuktagin তুর্কী-সবুক্-তগীন্। রা।
Sachs জর্ম-জাখ্‌স্। ক।
Saghalien রুষ-সাখালীন্। দ্বী।
Sainte-Beuve ফ্রে-স্যাঁৎ-ব্যভ্। লে।
Sakastene গ্রী-সাকাস্তেনে। সং-শকস্থান। দে।
Samniti লা-সাম্‌নিতী (জাতি)।
Sancho Panza স্পে-সাঞ্চো-পান্থা। নবন্যাসের পাত্র।
Sand ফ্রে-সাঁ। লে।
Sandraphagos গ্রী-সান্দ্রোফাগোস্। সং-চন্দ্রভাগা। না।
Sandrokoptos গ্রী-সান্দ্রোকোপ্তোস্। সং-চন্দ্রগুপ্ত। রা।
Sandys ইং-স্যাণ্ড্‌স্। লে।
San Jose স্পে-সান-খোজে। নঃ।
Santiago (আমে) সান্তিয়াগো। নঃ।
Santaji মঃ-সান্তাজী। পুংনাম। [শান্তজী নহে]
Sappho গ্রী-সাপ্‌ফো। স্ত্রী-ক। অন্য রূপ Psappha প্সাপ্‌ফা।
Saskatchewen (উঃ আমে) সাস্কাচেওএন। ন।
Satara মঃ-সাতারা। নঃ। [সিতারা, সেতারা নহে]
Satpura মঃ-সাতপুড়া। [সাতপুরা নহে]
Saturnus লা-সাতুর্‌নুস্। দেব।
Savonarola ইতা-সাভোনারোলা। ধর্ম-সংস্কারক।
Schack জর্ম-শাক্। ক।
Schlegel জর্ম-শ্লেগেল্। দা, ভা।
Schleswig জর্ম-শ্লেজ্‌ভিক্‌গ্। প্র।
Schopenhauer জর্ম-শোপেন্‌হাউআর্। দা।
Schwab জর্ম-শ্‌ভাব্। ক।
Scindiah, Sindia মঃ-শিন্দে। রা পদবী। [সিন্ধিয়া প্রচলিত]
Scipio লা-স্কিপিও। সে।
Scythia গ্রী-স্কু (কি) থিয়া। শক দেশ।
Seine ফ্রে-স্যান্। ন।
Seistan ফা-সীস্তান্। প্র। শকস্থান।
Sejanus লা-সেয়ানুস্। রাজ পার্ষদ।
Seleukos গ্রী-সেলেউকোস্। রা। [সেলুকাস নহে]

Senart ফ্রে-সেনার্। ভা।
Senhor পোর্ত্ত, Señor স্পে-সেঞর।
Seoul, Seul (কোরিয়া) সেউল্। নঃ।
Serajevo (বস্‌নিয়া) সেরায়েভো। নঃ।
Seringapatam ইং। দেশী নাম শ্রীরঙ্গপত্তন(ম্)। নঃ।
Servius লা-সের্বিউস্, সর্বিউস্। রা।
Sevigné ফ্রে-সেভি.ঞে। লেখিকা।
Shah-Jahan ফা-শাহ্-জহান্। রা। [সাজাহান নহে]
Shakespeare, Shakspere ইং-শেক্‌স্পিয়র। ক। [সেক্সপীয়ার, সেকপীয় বর্জনীয়]
Shambhoji মঃ-শাম্ভাজী। [শম্ভুজী নহে]
Shanghai চীনা-শাঙ্-হাই। নঃ।
Shan-tung চীনা-শান্-তুঙ্। প্র।
Shaushshattar মিতানীয়-শৌষ্‌ষত্তর্। রা। সং=সৌক্ষত্র?।
Shevchenko রুষ-শেভ্‌চেন্‌কো। ক
Shi King চী-কিঙ্ বা Shih Ching শিঃ-চিঙ্। প্রাচীন চীনা কবিতাগ্রন্থ।
Shiraz ফা-শিরাজ্। নঃ।
Shogun জাপানী-শোগুন্। শাসকপদবী।
Shutarna মিতানীয়-শুতর্ণ, সু-। রা।
Signor ইতা-সিঞর্। শ্রীযুক্ত।
Signora,-rina ইতা-সিঞোরা,-রিনা। শ্রীমতী (যথাক্রমে বিবাহিতা ও কুমারী)।
Sigurd-স্কান্দিনেভীয় বীর, সিগুর্ড্।
Sikyon গ্রী-সিকি(কু)ওন্। নঃ।
Sioux (আমে)-সিউ জাতি।
Sivaji মঃ-শিবাজী। রা। [শিবজী নহে]
Si-wang-mu চীনা-সি-ওয়াঙ্-মু। দেবী।
Skylax গ্রী-স্কি(স্কু)লাক্স্। সে।
Slowacki পোলীয়-স্লোভাৎস্কি। ক।
Socrates গ্রী-সোক্রাতেস্, ইং-সক্রেটীজ্, আ-সোক্রাৎ। দা।
Soekaboemi (যবদ্বীপ) সুকাবুমি। সং-সুখভূমি। প্র।

Soerakarta (যবদ্বীপ) সুরাকর্তা। নঃ।
Soerabaja (যবদ্বীপ) সুরাবায়া। নঃ।
Sogdioi গ্রী-সোগ্‌দিওই। জাতি।
Sol লা-সোল্। সূর্য্যদেব।
Song Yun চীনা-সোঙ্-য়ুন্। ন।
Sophocles গ্রী-সোফোক্লেস্। ক।
Sophytes গ্রী-সোফি(ফু)তেস্। সং-সৌভূতি। রা।
Speijer জর্ম-শ্‌পাইয়র্। ভা।
Ssü-k'ung-tu চীনা-স্সু-খুঙ্-তু। ক।
Staël ফ্রে-স্তাএল। লেখিকা।
Stalin, Joseph Vissariono-vitch-যোসেফ ভিসারিওনোভিচ্ স্তালীন। জননেতা।
Stockholm সুইড-স্টক্‌হোলম্। নঃ।
St Quentin ফ্রে-স্যাঁ-কাঁত্যাঁ। নঃ।
Stuttgart জর্ম-শ্টুট্‌গার্ট্। নঃ।
Sudan (আফ্রি) সূদান্। দে।
Sudermann জর্ম-জুডর্‌মান। ক।
Sulla লা, সুল্লা বা Sylla সিল্লা। দেশপতি
Sun Yat-sen চীনা-সুন্-য়াৎ-সেন্। জননায়ক। (য়াৎসেন=য়ক্-ষ=সং যক্ষ)।
Surat মঃ-সুরত্। নঃ। [সুরাট নহে]
Sven Hedin সুইড-সভেন্-হেডিন্। ভ্র
Swatow চীনা-সুআ-তৌ। নঃ।
Sylvain ফ্রে-সিল্‌ভ্যাঁ। পুং নাম।
Syracusa গ্রী-সি(সু)রাকুসা। নঃ।
Szechenyi হঙ্গে-সেচেঞি। লে।
Sze-chuan চীনী-স্সে-চুআন্। প্র।
Sze-Ma-Ts'ien (Ssu-Ma-Ch'ien) চীনা-স্সে-মা-ছিয়েন্। ঐ।
Tabriz ফা-তাব্রিজ্। নঃ।
Tahiti (ওসে) তাহিতি। দ্বী।
Talanda মঃ-তলোঁদে। গ্রাম। [টালান্দা নহে]
Talikota (দক্ষিণাপথ) তালিকোট্। [টালিকট, তেলিকোট নহে]
Tallard ফ্রে-তালার্। সে।
Talleyrand ফ্রে-তালের্যাঁ। মন্ত্রী।
Tamil তমিল্, তমিষ্, তমিড়্, তমির্‌র্। এই কথার শেষের অক্ষর ভিন্ন ভিন্ন প্রদেশে বিভিন্নরূপে উচ্চারিত হয় (ll, zh, rr, yy)। সং-দ্রমিড়, দ্রাবিড়, দ্রবিড়-তামিলে তিরমিড, পালি দমিল্। শব্দটীতে আ-কার নাই (তমিল্), কিন্তু 'তামিল' বাঙ্গালায় চলিয়া গিয়াছে।
Tammuz প্রা-সিরীয়-তাম্মুজ্। দেব।
Tanganyika (আফ্রি)-তাঙ্গানিকা। হ্রদ।
Tanjore তামিল-তঞ্জবূর্, তঞ্জাউর্। [ট্যাঞ্জোর, তাঞ্জোর, তঞ্জোর নহে]
Tantia মঃ-তাত্যা। [তাঁতিয়া নহে]
Tanucci ইতা-তানুচ্চি। মন্ত্রী।
Taprobane গ্রী-তাপ্রোবানে। সং-তাম্রপর্ণী। লঙ্কাদ্বীপ।
Tarai, Terai হি-তরাই, তরাঈ। [টারাই, টেরাই নহে]
Tasso ইতা-তাস্‌সো। ক।
Tavernier ফ্রে-তাভ্যার্নিয়ে। ভ্র।
Tchelyuskin (সাইবিরিয়া) চেল্‌য়ুস্কিন্ অন্তরীপ।
Teheran ফা-তহরান্। নঃ।
Telemachos গ্রী-তেলেমাখোস্। বী
Telingana (দক্ষিণাপথ) তেলঙ্গণ। [তেলিঙ্গানা নহে]
Tell Amarna, Tell el Kebir, Tell Loh আ-তল্ অমরনা, -অল-কবীর, লোহ্। গ্রামের নাম
Telugu তেলুগু, তেলেঙ্গ। তৈলঙ্গ বা অন্ধ্র ভাষা ও অধিবাসী। [তেলেগু নহে]
Temps ফ্রে-তাঁ। সংবাদ পত্র।
Teniers ডচ্-টেনিয়র্স্। চিত্রকর।
Tennessee (আমে) টেনেসী। প্র।
Teseide ইতা-তেসেইদে। কাব্য।
Teutones লা-তেউতোনেস্, টিউটন জাতি।
Tezcatlipoca মেক্সিকো-তেস্কাত্লিপোকা। দেবতা।
Thebai গ্রী-থেবাই (ইং Thebes থীব্‌জ্)। নঃ।
Theodor জর্ম-টেওডোর্। পুং নাম।
Theophilos,-dotos গ্রী-থেওফিলোস্,-দোতোস্ (=দেবপ্রিয়, দেবদত্ত)। পুং নাম।
Thermopylai গ্রী-থের্মোপু(পি)লাই গিরিবর্ত্ম।

Theseus গ্রী-থেসেউস্। বী।
Thibaut (=Theobald) ফ্রে-তিবো। পুং নাম।
Thiers ফ্রে-তিয়ের্। ঐ।
Thothmes গ্রী-থোথ্মেস, মূল প্রা-মিসরীয় Tehutimes তেহুতিমেস্ বা Dehutmose দেহুৎমোসে। রা।
Thoukudides গ্রী-থোউকুদিদেস্। লা Thucydides থুকিদিদেস্। ঐ।
Thrakia গ্রী-থ্রাকিয়া (ইং- Thracia থ্রেশিয়া)। প্র।
Tien-tsin চীনা-তিয়েন্-ৎসিন্। নঃ।
Tigranes গ্রী-তিগ্রানেস্। আরমানী রা।
Timbuktu (আফ্রি) তিম্বুক্তু। নঃ।
Tinnevelly তামিল-তিরুনেল্বলী। নঃ। [টিনেভেলী নহে]
Tiruvalluvan,-ar তামিল-তিরু-বল্লুবন্,-বর্। ক।
Tissaphernes গ্রী-তিস্সাফার্নেস্, (পারসীক হইতে)। সে।
Tisza হঙ্গে-তিসা, তিস। নদী, জননায়ক।
Titus লা-তিতুস্। রা, পুং নাম।
Tocharoi গ্রী-তোখারোই। (=সংস্কৃত তুখার) জাতি।
Togo জাপানী-তোগো, তোগো। নৌ-সে।
Toulon ফ্রে-তুলঁ। নঃ।
Toulouse ফ্রে-তুলুজ্। নঃ।
Trajanus লা-ত্রায়ানুস্। রা।
Travancore ত্রিবাঙ্কুড়। প্র।
Treitschke জর্ম-ট্রাইশ্কে ত্রাই-চ্কে। দা।
Trichinopoly তিরুচিরপল্লী। নঃ। [ত্রিচিন্‌পলী, ট্রিচিনোপোলি নহে]
Trieste ইতা-ত্রিয়েস্তে। নঃ।
Trondhjem নর-ট্রন্‌হিয়েম্। নঃ।
Truxillo (মেক্সিকো) ত্রুখিল্যো। নঃ।
Tsar, Tsesar স্লাভ-ত্সার, ত্সেসার। সম্রাট্। লা - Caesar (Cæsar) হইতে।
Tsarevitch (-witsch) স্লাভ-ত্সারেভিচ্। রাজকুমার।

Tukojee Holkar মঃ-তুকোজী হোল্কর্। [তুকাজী হলকার নহে]
Tullus লা-তুল্লুস্। পুং নাম।
Tung Wang-kung-চীনা-তুঙ ওয়াঙ্-কুঙ্। দেব।
Tun Huang-চীনা-তুন্-হুআঙ্। নঃ।
Tunis (উ-আফ্রি) তুনিস্। নঃ।
Turenne ফ্রে-তুরেন্। সে।
Turgeniev রুষ-তুর্গেনিয়েভ্। ঔ। অন্য বানান-Tourguenieff.
Turgot ফ্রে-তুর্গো। দা
Tushratta, Dush-মিতানীয়-তুষ্ (দুষ্) রত্ত। রা। (=সং দুরথ)।
Tycho Brahe ডেনীশ-টিকো-ব্রাহে। বৈ।
Tyre ইং-টায়র্। গ্রীকরূপ Turos তুরোস্। নঃ।
Tyriaspes গ্রী, তু (তি) রিয়াস্পেস্। পারসীক সে।
Tyrtaios গ্রী, তু (তি) র্তায়োস্। ক।
Uganda (আফ্রি) উগাণ্ডা। দে।
Uhlan জর্ম-উলান। সওয়ার সৈন্য।
Uhland জর্ম-উলান্ট্। ক।
Ulm জর্ম-উল্ম্। নঃ।
Ulrich জর্ম-উল্‌রিখ্। পুং নাম।
Umbria লা-উম্ব্রিয়া। প্র।
Uppsala সুইড-উপ্সালা। নঃ।
Ural রুষ-উরাল। পা।
Uranos, Ouranos গ্রী, ওউ(উ) রানস্। দেব=বৈদিক বরুণ।
Ursule ফ্রে-যুর্স্যুল। স্ত্রী নাম।
Utrecht ডচ্-উট্রেখ্ট্। নঃ।
Valcourt ফ্রে-ভাল্‌কুর্ গ্রা।
Valencia স্পে-ভালেন্থিয়া। নঃ।
Valens লা-বালেন্স্। রা।
Valentin ফ্রে-ভালঁতাঁ। পুং নাম।
Valladolid স্পে-ভাল্যাধোলিদ্। নঃ।
Vellore তামিল-বল্লুর্। নঃ। [ভেলোর নহে]
Valparaiso (দঃ আমে) ভাল্‌পারাইজো। নঃ।

Velazquez স্পে- ভেলাস্কেস্, ভেলাথ্‌কেথ্। চিত্রকর।
Vemana তেলুগু-বেমান। ক। [ভিমানা নহে]
Venkata (দক্ষিণী নাম) বেঙ্কট। [ভেন্‌ক্যাটা নহে]
Venus লা-বেনুস্, ইং-ভীনস্। দেবী।
Vercingetorix লা -বের্কিঙ্গে-তোরিক্স্। রা।
Verdun ফ্রে-ভের্দ্যাঁ। নঃ।
Vergilius লা-বের্গিলিউস্, ইং-Virgil ভর্জিল্। ক।
Vergniaud ফ্রে-ভের্নিও। জন-নায়ক।
Verlaine ফ্রে-ভের্লেন্। ক।
Versailles ফ্রে-ভের্সায়্ (ভের্সায়্)। নঃ। [বর্সেল নহে]
Villehardouin ফ্রে-ভিল্‌আর্দুয়াঁ। ক।
Villeneuve ফ্রে-ভিল্‌নভ্। পদবী।
Vincent ফ্রে-ভাঁসাঁ। পুং নাম।
Vincenzio Filicaja ইতা-ভিচেন্‌জিও ফিলিকায়া। ক।
Vive l'Empereur ফ্রে-ভীভ্ লাঁপ্রর্। জয়ধ্বনি-'সম্রাট দীর্ঘজীবী হউন'।
Vive la France ফ্রে-ভীভ্ লা-ফ্রাঁস। জয়ধ্বনি-'ফ্রান্স দীর্ঘজীবী হউক'।
Vizagapatam বিশাখাপত্তনম্। নঃ। [ভাইজাগাপাটাম নহে]
Vizianagram বিজয়নগরম্। নঃ। [ভিজিয়ানা-গ্রাম নহে]
Volcanus লা-বোল্‌কানুস্। দেব।
Volga রুষ-ভোল্‌গা। ন।
Volsci লা-বোল্‌স্কী। জাতি।
Voltaire ফ্রে-ভল্‌তের্। লে।
Vörösmarty হঙ্গে-ভ্যেরোশ্‌মার্তি। ক।
Wagner জর্ম-ভাগ্‌নর্। ক।
Walcheren ডচ্-বাল্‌খেরেন। দ্বী।
Wallenstein জর্ম-ভালেন্‌ষ্টাইন্। সে।
Walter von der Vogelwei-

de জর্ম্ম-ভালটর্ ফন্ ড্যর্-ফোগেলভাইডে ক।

Wandewash মান্দ্রাজী নঃ। বণ্ডীবাশ।

Warangal তেলুগু-বরঙ্গল। নঃ। [ওয়ারেঙ্গাল নহে]

Wargaon মঃ-বড়্গাঁও। [ওয়ারগাম নহে]

Warsaw (মূল পোলীয় Warszawa ভার্শাভা)-ভারসাভ, ভারসাও। নঃ।

Weber জর্ম্ম-ভেবর্। ভা।

Weimar জর্ম্ম-ভাইমার। নঃ।

Westergaard ডেনীশ্-ভেস্টারগার্ড্ ভা।

Wied জর্ম্ম-ভীড্। নঃ।

Wieland জর্ম্ম-ভীলান্ট্। ক।

Wiesbaden জর্ম্ম-ভীজ্বাডেন্। নঃ।

Windischgrätz জর্ম্ম-ভিণ্ডিশ্-গ্রেট্‌স্। সে।

Winternitz জর্ম্ম-ভিন্ট্যর্নিট্‌স্। ভা।

Wolsey ইং-উল্জি, বল্জ্যী। মন্ত্রী।

Würtemberg জর্ম্ম-ভ্যুর্টেম্ব্যর্গ্। দে।

Wu-tchang চীনা-বু-চাঙ্। নঃ।

Wu Ting Fang চীনা-বূ-তিঙ্ ফাঙ্। জননায়ক।

Wyoming (আমে) ওআইওমিঙ্। দে।

Xandramos গ্রী-ক্সান্দ্রামোস্। সং-চন্দ্রমস্? রা।

Xanthippos গ্রী-ক্সান্থিপ্পোস্। পুং নাম।

Xavier স্পে-হ্যাভিএর্, খাভিএর। ধর্ম্ম-সংস্কারক। ইং-জেভিয়ার।

Xenophon গ্রী-ক্সেনোফোন্। ঐ।

Xerxes গ্রী-ক্সের্ক্সেস্=পারসীক খ্‌ষয়ার্ষা। রা।

Ximenes স্পে-খিমেনেস। নঃ।

Xochiquetzal মেক্সিকো-শোচিকেত্সাল। দেবী।

Yang-tsze-Kiang চীনা-ইয়াঙ্-ৎজে-কিয়াঙ্। ন।

Yemen আ-য়মন্। প্র।

Yenisei (সাইবিরিয়া) য়েনিসেই। নঃ।

Yun-nan চীন--য়ুন্-নান্। প্র।

Yuan Shih-K'ai চীনা-য়ুআন্-শিঃ-খাই। দেশপতি।

Zanzibar (আফ্রি) জন্জিবার। ফার্সী জঙ্গ্-বার হইতে। নঃ।

Zend-পার্সীদের ধর্ম্মগ্রন্থ অবেস্তার টীকা, অবেস্তার ভাষা (প্রাচীন পারসীক) অর্থে প্রযুক্ত-জন্দ্ (Zand)। ['জেন্দ' ঠিক নহে]

Zeno গ্রী-জেনো। দা।

Zeus গ্রী-জেউস্=সং-দ্যৌঃ-দেবরাজ।

Zeuxis গ্রী-জেউক্সিস্। চিত্রশিল্পী।

Zhukovski রুষ-ঝুকফ্স্কি। ক। অন্য বানান Joucofski, Shukowski.

Zoe গ্রী-জোঈ। স্ত্রী নাম।

Zoroaster গ্রী-জোরোআস্তের্। তান্ত্রিক। মূল অবেস্তা Zarathushtra জরথুশ্ত্র (=সং-জরদ্-উষ্ট্র বা হরদ্-উষ্ট্র), আধুফার্সী জর্দোস্ত্, জর্দুস্ত্, জর্তুস্ত্।

Zrinyi হঙ্গে-জ্রিঞি। ক।

Zuider Zee ডচ্-জয়্ডর্-জে। সাগর।

Zweibrücken জর্ম্ম-ট্স্ভাইব্র্যুকেন্। নঃ।

Zwingli জর্ম্ম-ট্স্ভিঙ্লি। ধর্ম্ম সংস্কারক।

পরিশিষ্ট (ত)

(কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত)

বাংলা বানানের নিয়ম

[ভূমিকা—বাংলা ভাষায় প্রচলিত শব্দসমূহের মধ্যে যেগুলি সংস্কৃত ভাষা হইতে অপরিবর্তিত ভাবে আসিয়াছে তাহাদের বানান প্রায় সুনির্দিষ্ট। কিন্তু যে সকল শব্দ সংস্কৃত নহে, অর্থাৎ যেগুলি দেশজ বা অজ্ঞাতমূল, বিদেশাগত, অথবা সংস্কৃত বা বিদেশী শব্দের অপভ্রংশ, তাহাদের বানানে বহুস্থলে বিভিন্নতা দেখা যায়। ইহার ফলে লেখক, পাঠক, শিক্ষক ও ছাত্র—সকলকেই কিছু কিছু অসুবিধা ভোগ করিতে হয়। বাংলা বানানের একটা বহুজনগ্রাহ্য নিয়ম দশ-বিশ বৎসরের মধ্যে যে আপনা হইতেই গড়িয়া উঠিবে এমন লক্ষণ দেখা যাইতেছে না। বাংলা ভাষার লেখকগণের মধ্যে যাঁহারা শীর্ষস্থানীয় তাঁহাদের সকলের বানানের রীতিও এক নহে। সুতরাং মহাজন-অনুসৃত পন্থা কোন্‌টি তাহা সাধারণের বুঝিবার উপায় নাই।

কিছুকাল পূর্বে রবীন্দ্রনাথ চলিত বাংলা ভাষার বানানের রীতি নির্দিষ্ট করিয়া দিবার জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়কে অনুরোধ করেন। গত নভেম্বর মাসে কলিকাতা বিশ্ববিদ্যালয় বাংলা বানানের নিয়ম সংকলনের জন্য একটি সমিতি গঠিত করেন। সমিতিকে ভার দেওয়া হয়—যে সকল বানানের মধ্যে ঐক্য নাই সে সকল যথাসম্ভব নির্দিষ্ট করা এবং যদি বাধা না থাকে তবে কোন কোন স্থলে প্রচলিত বানান সংস্কার করা। প্রায় দুই শত বিশিষ্ট লেখক ও অধ্যাপকের অভিমত আলোচনা করিয়া সমিতি বানানের নিয়ম সংকলন করিয়াছেন। বলা বাহুল্য, যাঁহাদের অভিমত সংগৃহীত হইয়াছে তাঁহাদের মধ্যে যেরূপ কতকগুলি বিষয়ে মতভেদ আছে, সেইরূপ মতভেদ সমিতির সদস্যগণের মধ্যেও আছে। বিভিন্ন পক্ষের যুক্তি-বিচারের পর সদস্যগণের মধ্যে যতটা মতৈক্য ঘটিয়াছে তদনুসারেই বানানের প্রত্যেক বিধি রচিত হইয়াছে। এই ব্যবস্থার ফলে যে নিয়মাবলী সংকলিত হইয়াছে তাহা দেখিয়া হয়তো কেহ কেহ মনে করিবেন—বানানের যথেষ্ট সংস্কার হয় নাই, কেহ-বা ভাবিবেন—প্রচলিত রীতিতে অযথা হস্তক্ষেপ করা হইয়াছে। বানান-নির্ধারণের প্রথম চেষ্টায় এইরূপ মধ্যপন্থা অবলম্বন করা ভিন্ন অন্য উপায় নাই।

সুখের বিষয়, বহু ব্যক্তি বিশ্ববিদ্যালয়ের এই চেষ্টায় আগ্রহ প্রকাশ করিয়াছেন। যদি সাধারণে সংকলিত নিয়মাবলী গ্রহণ করেন তবেই অনেক বাংলা শব্দের বিভিন্ন রূপ অপসৃত হইবে এবং তাহার ফলে বাংলা ভাষাশিক্ষার পথ কিছু সুগম হইবে। কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত ও অনুমোদিত পাঠ্যপুস্তকাদিতে ভবিষ্যতে এই নিয়মাবলী-সম্মত বানান গৃহীত হইবে। আবশ্যক হইলে ইহা সংশোধিত ও পরিবর্ধিত হইতে পারিবে। (কলিকাতা বিশ্ববিদ্যালয় ৮ মে ১৯৩৬)।

দ্বিতীয় সংস্করণের ভূমিকা—এই পুস্তিকার প্রথম প্রচারের পর বিশিষ্ট লেখক ও অধ্যাপকগণের নিকট হইতে যে অভিমত পাওয়া গিয়াছে তাহা বিচার করিয়া বানান সংস্কার সমিতি কয়েকটি নিয়মের কিছু কিছু পরিবর্তন করিয়াছেন। এই সংস্করণে সংশোধিত নিয়মাবলী দেওয়া হইল। (কলিকাতা বিশ্ববিদ্যালয় ২ অক্টোবর ১৯৩৬)।

তৃতীয় সংস্করণের ভূমিকা—এই পুস্তিকার দ্বিতীয় সংস্করণ মুদ্রণের পর আরও কয়েকটি অভিমত পাওয়া গিয়াছে। গত ফেব্রুয়ারী মাসে চন্দননগরে বঙ্গীয় সাহিত্য-সম্মিলনের অধিবেশনে বাংলা বানান-সম্বন্ধে আলোচনা হইয়াছে, এবং সম্প্রতি রবীন্দ্রনাথও কয়েকটি শব্দ সম্বন্ধে তাঁহার মত জানাইয়াছেন। এই সকল অভিমত বিচার করিয়া নিয়মাবলীর সংশোধন করা হইল।

ছাত্রগণের নূতন বানানে অভ্যস্ত হইতে সময় লাগিবে। প্রথম প্রথম কয়েক বৎসর পুরাতন বানান লিখিলেও চলিবে। কলিকাতা বিশ্ববিদ্যালয় ২০ মে ১৯৩৭।"—শ্রীশ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়]

গত নভেম্বর মাসে কলিকাতা বিশ্ববিদ্যালয় বাংলা বানানের নিয়ম সংকলনের জন্য একটি সমিতি নিযুক্ত করেন। এই সমিতি বিশিষ্ট লেখক ও অধ্যাপকগণের নিকট একটি প্রশ্নপত্র পাঠাইয়া তাঁহাদের অভিমত সংগ্রহ করিয়াছেন। প্রায় দুই শত উত্তর পাওয়া গিয়াছে। কতকগুলি বিষয়ে প্রায় সকল উত্তরদাতাই একমত। কোন কোন স্থলে বহুপ্রচলিত বানান কিঞ্চিৎ বদলাইয়া সরল করিতে কাহারও আপত্তি নাই। আবার কতকগুলি বিষয়ে প্রবল মতভেদ দেখা যায়। বিশ্ববিদ্যালয় কর্তৃক নিযুক্ত সমিতি সমস্ত অভিমত বিচার করিয়া বাংলা বানানের যে নিয়ম গ্রহণযোগ্য মনে করিয়াছেন তাহা নিম্নে বর্ণিত হইল।

বানান যথাসম্ভব সরল ও উচ্চারণসূচক হওয়া বাঞ্ছনীয়, কিন্তু উচ্চারণ বুঝাইবার জন্য অক্ষর বা চিহ্নের বাহুল্য এবং প্রচলিত রীতির অত্যধিক পরিবর্তন উচিত নয়। অতিরিক্ত অক্ষর বা চিহ্ন চালাইলে লাভ যত হইবে তাহার অপেক্ষা লেখক, পাঠক ও মুদ্রাকরের অসুবিধা অধিক হইবে। ভাষাতত্ত্ব বিষয়ক গ্রন্থে বা শব্দকোষে উচ্চারণ-নির্দেশের জন্য বহু চিহ্নের প্রয়োগ অপরিহার্য, কিন্তু সাধারণ লেখায় তাহা ভারস্বরূপ। প্রচলিত শব্দের উচ্চারণ লোকে অর্থ হইতেই বুঝিয়া লয়। আমাদের ভাষায় বহু শব্দের বানানে ও উচ্চারণে মিল নাই, যথা—'গণ, বন, ঘন; জলখাবার, জলযোগ; আষাঢ়, গাঢ়; সহিত, গলিত; অশ্বতর, ভুস্বতর; একদা, একটা; অচেনা, অদেখা'।—এইপ্রকার শব্দের বানান-

সংস্কার করিতে কেহই চান না, প্রদেশভেদে উচ্চারণের কিঞ্চিৎ ভেদ হইলেও ক্ষতি হয় না। সুপ্রচলিত শব্দের বানান-সংস্কার যদি করিতে হয় তবে, বানানের জটিলতা না বাড়াইয়া সরলতা-সম্পাদনের চেষ্টাই কর্তব্য।

নবাগত বা অল্পপরিচিত বিদেশী শব্দ-সম্বন্ধে বিশেষ বিচার আবশ্যক। এইপ্রকার শব্দের বাংলা বানান এখনও সর্বজনগৃহীত রূপে নির্ধারিত হয় নাই, অতএব সাধারণের যথেচ্ছতার উপর নির্ভর না করিয়া বানানের সরল নিয়ম গঠন করা কর্তব্য।

অসংখ্য সংস্কৃত বা তৎসম শব্দ বাংলা ভাষার অঙ্গীভূত হইয়া আছে এবং প্রয়োজনমত এইরূপ আরও শব্দ গৃহীত হইতে পারে। এই সকল শব্দের বানান সংস্কৃত ব্যাকরণ অভিধানাদির শাসনে সুনির্দিষ্ট হইয়াছে. সেজন্য তাহাতে হস্তক্ষেপ অবিধেয়।

সমস্ত বাংলা শব্দের বানান এককালে নিয়ন্ত্রিত করা সম্ভবপর নয়। নিয়ন্ত্রণ ক্রমে ক্রমে হওয়াই বাঞ্ছনীয়। এই প্রবন্ধে বানানের কয়েকটি মাত্র নিয়ম দেওয়া হইয়াছে। নিয়মগুলি সাধারণভাবে প্রযোজ্য, কিন্তু শব্দবিশেষে ব্যতিক্রম হইবে। কেবল নিয়ম রচনা দ্বারা সমস্ত বাংলা শব্দের বানান নির্দেশ অসম্ভব। নির্ধারিত বানান অনুসারে একটি শব্দতালিকা কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে প্রকাশের ব্যবস্থা হইতেছে।

বলা বাহুল্য, পদ্যরচনায় সকল ক্ষেত্রে নিয়ম অনুসারে বানান করা সম্ভবপর নয়।

বানানের নিয়ম যাহাতে বর্তমান বাংলা ভাষার প্রকৃতির অনুকূল হয় সেই চেষ্টা করা হইয়াছে। বিশিষ্ট লেখকগণ অধিকাংশ শব্দ যে রীতিতে বানান করেন তদনুসারে ই ঈ উ ঊ জ ও-কার ং ঙ শ ষ স প্রভৃতি প্রয়োগের সাধারণ নিয়ম গঠিত হইয়াছে। কতকগুলি শব্দের প্রচলিত বানানে ব্যতিক্রম দেখা যায়। সামঞ্জস্যের জন্য এইগুলিকেও যথাসম্ভব সাধারণ নিয়মের অনুযায়ী করা হইয়াছে। পূর্বে কেবল 'খুনী, সয়তান, সহর, পালিস, ক্লাশ' প্রভৃতি বানান দেখা যাইত, কিন্তু আজকাল অনেকে মূল শব্দ-সম্বন্ধে অবহিত হইয়া 'খুনী, শয়তান, শহর, পালিশ, ক্লাস' লিখিতেছেন। এই রীতিতে সহজেই 'নক্শা, শরবৎ, শরম, শেমিজ, জিনিস, সাদি' প্রভৃতি নিয়মানুযায়ী বানান প্রচলিত হইতে পারিবে। অবশ্য, কতকগুলি শব্দে ব্যতিক্রম না করিলে চলিবে না, কিন্তু ব্যতিক্রম যত কম হয় ততই ভাল। বিকল্প বাঞ্ছনীয় নয়, তথাপি যেখানে দুই প্রকার বানানের পক্ষেই প্রবল অভিমত পাওয়া গিয়াছে সেখানে বিকল্পের বিধান করিতে হইয়াছে। পূর্বে 'সঙ্ক্রান্তি, সঙ্খ্যা' প্রভৃতি বানান দেখা যাইত, কিন্তু এখন কেবল 'সংক্রান্তি, সংখ্যা' চলিতেছে। এই রীতিতে 'ভয়ঙ্কর, সঙ্গম' প্রভৃতি স্থানে 'ভয়ংকর, সংগম' লিখিলে বানান সহজ হইবে। কালক্রমে সরলতর বানানই চলিবে এই আশায় এই প্রকার শব্দে বিকল্পের বিধান দেওয়া হইয়াছে। এই প্রকার শব্দের সংখ্যা অধিক নয় সে জন্য যদি কিছু কাল দুই প্রকার বানানই চলে (যেমন এখন 'অহঙ্কার, অহংকার' চলিতেছে) তবে ক্ষতি হইবে না।

নিয়মাবলীর পূর্বসংস্করণে সংস্কৃত বা তদ্ভব শব্দে অন্ত্য বিসর্গ ও হস্ চিহ্ন প্রয়োগের নিয়ম দেওয়া হইয়াছিল, কিন্তু বর্তমান সংস্করণে তাহা বর্জিত হইয়াছে। বাংলায় বহু শব্দে অন্ত্য বিসর্গ ও হস্-চিহ্ন লোপ পাইয়াছে, যথা-'যশ, বিপদ' ; আরও কতকগুলি শব্দে লোপের উপক্রম দেখা যাইতেছে, যথা-'শ্রেয়, সদ্য, ভগবান, সম্রাট'। এজন্য অনেকে মনে করেন যে এ সম্বন্ধে ধরাবাঁধা নিয়ম রচনার সময় এখনও আসে নাই।

রেফের পর দ্বিত্ববর্জন এবং অ সংস্কৃত শব্দে ণ বর্জন এই দুই প্রস্তাবের বিরুদ্ধে আপত্তি হইয়াছে। এই দুই বিষয়ের আলোচনা কিঞ্চিৎ সবিস্তারে করা হইল।

বাংলার কয়েকটি বর্ণে রেফের পর দ্বিত্ব প্রচলিত আছে, সকল বর্ণে নাই, যথা-'কর্ম্ম, সর্ব্ব', কিন্তু 'কর্ণ, সর্গ'। হিন্দী মারাঠী প্রভৃতি ভাষায় দ্বিত্ব হয় না। এই অনাবশ্যক দ্বিত্ব বর্জন করিলে বাংলায় প্রচলিত অসংখ্য শব্দের বানান অপেক্ষাকৃত সরল হইবে। যে দুই শত বিশিষ্ট লেখক ও অধ্যাপক বানান-বিষয়ক প্রশ্নপত্রের উত্তর দিয়াছেন তাঁহাদের দুই জন ব্যতীত সকলেই দ্বিত্ববর্জনের পক্ষে। কয়েকজন প্রবীণ লেখক বহুকাল হইতে তাঁহাদের লেখায় দ্বিত্ব পরিহার করিয়াছেন। আজকাল বঙ্গদেশে প্রকাশিত অনেক সংস্কৃত পুস্তকে দ্বিত্ব বর্জিত হইয়াছে।

কেহ কেহ বলেন, বাংলা উচ্চারণে রেফাক্রান্ত বর্ণে অতিরিক্ত জোর পড়ে, সেজন্য দ্বিত্ব আবশ্যক : 'সর্ব্ব'='সর্ + ব' নয়, 'সর্ + ব্ব'। এই যুক্তি নিতান্ত অসার, কারণ অন্যান্য যুক্তাক্ষরে যে জোর পড়ে, রেফাক্রান্ত বর্ণে তাহার অধিক পড়ে না। 'ভক্তি' ও 'ভর্ত্তি'র উচ্চারণে জোরের তারতম্য নাই ; অনুরূপ-'স্বল্প, সর্ব্ব ; কল্মষ, কর্ম্মঠ ; উদ্বোধ, দুর্ব্বোধ ; পল্তা, পর্দ্দা'। 'সর্গ, সর্প, সর্ব্ব' শব্দে দ্বিত্ব থাকায় না-থাকায় জোরের ইতরবিশেষ হয় না ; অনুরূপ—'অর্থ, অর্দ্ধ ; কর্পূর, কর্ব্বুর ; গর্ত, গর্ব্ব ; নির্ঝর, নির্জ্জর'। অতএব 'সর্ব, পর্দা, অর্ধ, গর্ব' প্রভৃতি লিখিলে কিছুমাত্র ক্ষতি হইবে না। আর এক আপত্তি—অনেকে 'কার্য্য' শব্দের উচ্চারণ 'কাইর্জ' তুল্য করিয়া থাকেন ; 'কার্য' লিখিলে 'কার্জ' উচ্চারণের আশঙ্কা আছে। 'কাইর্জ' বা 'কার্জ' কোন্ উচ্চারণ ভাল তাহার বিচার অনাবশ্যক। যাঁহারা 'কাইর্জ' উচ্চারণ করিয়া থাকেন, য ফলা বাদ দিয়া 'কার্য' লিখিলেও তাঁহারা অভীষ্ট উচ্চারণ করিতে পারিবেন। 'কাল' (সময়) এবং 'কাল' (কল্য) এই দুই শব্দের উচ্চারণ কলিকাতা অঞ্চলে সমান, কিন্তু বাংলা দেশের বহুস্থলে 'কাল' (কল্য) শব্দের উচ্চারণ 'কাইল' তুল্য। যাঁহারা শেষোক্ত উচ্চারণ করেন তাঁহাদের য-ফলা বা অন্য চিহ্নের প্রয়োজন হয় না, শব্দটি চিনিয়াই তাঁহারা অনায়াসে অভ্যস্ত উচ্চারণ করেন। অতএব, 'কার্য' লিখিলে অভীষ্ট উচ্চারণ আসিবে না, এই আশঙ্কা অমূলক। কেহ কেহ বলেন, যখন রেফের পর দ্বিত্ব করা বা না করা উভয়ই ব্যাকরণ-সম্মত তখন বিকল্পের ব্যবস্থা রাখাই ভাল। অনেক সংস্কৃত শব্দের দুই প্রকার বানান অভিধানে আছে, যথা-'ধরণী, ধরণি ; মহী, মহি ; ঊর্ণা, উর্ণা'। কিন্তু বাংলা

প্রয়োগে এক প্রকার বানানই দেখা যায় অন্যটি প্রায় অচল হইয়া আছে। রেফাক্রান্ত বর্ণের দ্বিত্ব বিকল্পে বিহিত হইলে, অভ্যস্ত বানানই রহিয়া যাইবে এবং নিয়মরচনা নিষ্ফল হইবে। পক্ষান্তরে কেবল বর্জনের বিধি থাকিলে অসংখ্য শব্দের বানানে সরলতা আসিবে।

তদ্ভব শব্দে অনেকে মূল অনুসারে ণ প্রয়োগ করেন, যথা-'কাণ, সোণা'। কিন্তু সকল শব্দে এই রীতি অনুসৃত হয় না, যথা-'বামুন, গিন্নী'। বাংলা ক্রিয়াপদেও ণত্ব হয় না, যথা-'শোনা, করেন, করুন'। বহু বিশিষ্ট লেখক 'কান, সোনা' প্রভৃতি লিখিয়া থাকেন এবং এই রীতি ক্রমে ক্রমে বিশেষ প্রচলিত হইতেছে। 'কোরাণ, গভর্ণর' প্রভৃতিতে ণত্ব করিবার কোনও হেতু নাই। যাঁহারা বানান-বিষয়ক প্রশ্নপত্রের উত্তর দিয়াছেন তাঁহাদের অধিকাংশ ণ বর্জনের পক্ষে। অ-সংস্কৃত শব্দে ণ বর্জন করিলে বানান সরল হইবে। 'রাণী' বানান অনেকেই রাখিতে চান, এজন্য এই শব্দে বিকল্প বিহিত হইয়াছে।

অভ্যস্ত রীতির পরিবর্তনে অল্পাধিক অসুবিধা হইতে পারে, কিন্তু কেবল সেই কারণে নিশ্চেষ্ট থাকিলে কোনও বিষয়েরই সংস্কার সাধ্য হইবে না। কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত পুস্তকাদিতে নিয়মাবলী সম্মত বানান গৃহীত হইলে ক্রমে ক্রমে তাহা সুপ্রচলিত হইবে। কিন্তু সাধারণের অভ্যস্ত হইতে সময় লাগিবে এবং ছাত্রগণও প্রথম প্রথম নিয়ম লঙ্ঘন করিবে। সেজন্য এখন কয়েক বৎসর বানানের নিয়ম-পালন সম্বন্ধে কোনও প্রকার পীড়ন বাঞ্ছনীয় নয়।

সংস্কৃত বা তৎসম শব্দ

১। রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব

রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হইবে না, যথা-'অর্চনা, মূর্ছা, অর্জুন, কর্তা, কার্তিক, বার্তা, কর্দম, অর্ধ, বার্ধক্য, কর্ম, কার্য, সর্প'।

সংস্কৃত ব্যাকরণ-অনুসারে রেফের পর দ্বিত্ব বিকল্পে সিদ্ধ; না করিলে দোষ হয় না, বরং লেখা ও ছাপা সহজ হয়।

২। সন্ধিতে ঙ স্থানে অনুস্বার

যদি ক খ গ ঘ পরে থাকে তবে পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বার অথবা বিকল্পে ঙ্ বিধেয়, যথা-'অহংকার, ভয়ংকর, শুভংকর, সংখ্যা, সংগম, হৃদয়ংগম' সংঘটন' অথবা 'অহঙ্কার, ভয়ঙ্কর' ইত্যাদি।

সংস্কৃত ব্যাকরণের নিয়ম-অনুসারে বর্গীয় বর্ণ পরে থাকিলে পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বার বা পরবর্তী বর্গের পঞ্চম বর্ণ হয়, যথা-'সংজাত, স্বয়ংভূ' অথবা 'সঞ্জাত, স্বয়ম্ভূ'। বাংলায় সর্বত্র এই নিয়ম-অনুসারে ং দিলে উচ্চারণে বাধিতে পারে, কিন্তু ক-বর্গের পূর্বে অনুস্বার ব্যবহার করিলে বাধিবে না, বরং বানান সহজ হইবে।

অ-সংস্কৃত অর্থাৎ তদ্ভব, দেশজ ও বিদেশী শব্দ

৩। রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব

রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হইবে না, যথা—'কর্জ, শর্ত, পর্দা, সর্দার, চর্বি, ফর্মা, জার্মানি'।

৪। হস্-চিহ্ন

শব্দের শেষে সাধারণতঃ হস্-চিহ্ন দেওয়া হইবে না, যথা-'ওস্তাদ, কংগ্রেস, চেক, জজ, টন, টি-পট, ট্রাম, ডিশ, তছনছ, পকেট, মক্তব, হুক, করিলেন, করিস'। কিন্তু যদি ভুল উচ্চারণের সম্ভাবনা থাকে তবে হস্ চিহ্ন বিধেয়। হ ও যুক্ত ব্যঞ্জনের উচ্চারণ সাধারণতঃ স্বরান্ত, যথা—'দহ, অহরহ, কাণ্ড, গঞ্জ'। যদি হলন্ত উচ্চারণ অভীষ্ট হয় তবে হ ও যুক্ত ব্যঞ্জনের পর হস্ চিহ্ন আবশ্যক, যথা—'শাহ্, তখ্ত্, জেম্স্, বণ্ড্'। কিন্তু সুপ্রচলিত শব্দে না দিলে চলিবে, যথা-'আর্ট, কর্ক, গভর্নমেন্ট, স্পঞ্জ'। মধ্য বর্ণে প্রয়োজন হইলে হস্-চিহ্ন বিধেয়, যথা-'উল্‌কি, সট্‌কা'। যদি উপান্ত্য স্বর অত্যন্ত হ্রস্ব হয় তবে শেষে হস্ চিহ্ন বিধেয়, যথা—'কট্‌কট্, খপ্, সার্'।

বাংলার কতকগুলি শব্দের শেষে অ-কার উচ্চারিত হয়, যথা-'গলিত, ঘন, দৃঢ়, প্রিয়, করিয়াছ, করিত, ছিল, এস'। কিন্তু অধিকাংশ শব্দের শেষের অ-কার লুপ্ত অর্থাৎ শেষ অক্ষর হসন্তবৎ, যথা-'অচল, গভীর, পাঠ, করুক, করিস, করিলেন'। এই প্রকার সুপরিচিত শব্দের শেষে অ ধ্বনি হইবে কি হইবে না তাহা বুঝাইবার জন্য কেহই চিহ্ন প্রয়োগ করেন না। অধিকাংশ স্থলে অ সংস্কৃত শব্দে অন্ত্য হস্-চিহ্ন অনাবশ্যক, বাংলাভাষার প্রকৃতি অনুসারেই হসন্ত-উচ্চারণ হইবে। অল্প কয়েকটি বিদেশী শব্দের শেষে অ উচ্চারণ হয়, যথা—'বাই-ল'। কিন্তু প্রভেদ রক্ষার জন্য অপর বহু বহু শব্দে হস্-চিহ্নের ভার চাপান অনাবশ্যক। কেবল ভুল উচ্চারণের সম্ভাবনা থাকিলে হস্ চিহ্ন বিধেয়।

৫। ঈ ঈ উ ঊ

যদি মূল সংস্কৃত শব্দে ঈ বা ঊ থাকে তবে তদ্ভব বা তৎসদৃশ শব্দে ঈ বা ঊ অথবা বিকল্পে ই বা উ হইবে, যথা—'কুমীর, পাখী, বাড়ী, শীষ, ঊনিশ, চূন, পূব' অথবা 'কুমির, পাখি, বাড়ি, শিষ, উনিশ, চুন, পুব'। কিন্তু কতকগুলি শব্দে কেবল ঈ, কেবল ই অথবা কেবল উ হইবে, যথা 'নীলা (নীলক), হীরা (হীরক); দিয়াশলাই (দীপশলাকা), খিল (কীল), পানি (পানীয়); চুল (চূল), তাড় (তদ্ধ), জুয়া (দ্যূত)'।

স্ত্রীলিঙ্গ এবং জাতি, ব্যক্তি, ভাষা ও বিশেষণবাচক শব্দের অন্তে ঈ হইবে, যথা—'কলুনী, বাঘিনী, কাবুলী; কেরানী, ঢাকী, ফরিয়াদী, ইংরেজী, বিলাতী, দাগী, রেশমী'। কিন্তু কতকগুলি শব্দে ই হইবে, যথা-'ঝি, দিদি, বিবি; কচি, মিহি, মাঝারি, চলতি'। 'পিসী, মাসী' স্থানে বিকল্পে 'পিসি, মাসি' লেখা চলিবে।

অন্যত্র মনুষ্যেতর জীব, বস্তু, গুণ, ভাব ও কর্ম বাচক শব্দের এবং দ্বিরাবৃত্ত শব্দের অন্তে কেবল ই হইবে, যথা—'বেঙাচি, বেঁজি, কাঠি, সুজি, কেরামতি, চুরি, পাগলামি, বাবুগিরি, তাড়াতাড়ি, সরাসরি, সোজাসুজি'।

নবাগত বিদেশী শব্দে ঈ, ঊ প্রয়োগ-সম্বন্ধে পরে দ্রষ্টব্য।

৬। জ য

এই সকল শব্দে য না লিখিয়া জ লেখা বিধেয়-'কাজ, জাউ, জাঁতা, জাঁতি, জুঁই, জুত, জো, জোড়, জোড়া, জোত, জোয়াল'।

৭। ণ ন

অ-সংস্কৃত শব্দে কেবল ন হইবে, যথা-'কান, সোনা, বামুন, কোরান, করোনার'। কিন্তু যুক্তাক্ষর ণ্ট, ণ্ঠ, ণ্ড, ণ্ঢ চলিবে, যথা-'ঘুণ্টি, লণ্ঠন, ঠাণ্ডা'।

'রানী' স্থানে বিকল্পে রাণী' চলিতে পারিবে।

৮। ও-কার ও ঊর্ধ্ব-কমা প্রভৃতি

সুপ্রচলিত শব্দের উচ্চারণ, উৎপত্তি বা অর্থের ভেদ বুঝাইবার জন্য অতিরিক্ত ও-কার, ঊর্ধ্ব-কমা বা অন্য চিহ্ন যোগ যথাসম্ভব বর্জনীয়। যদি অর্থগ্রহণে বাধা হয় তবে কয়েকটি শব্দে অন্ত্য অক্ষরে ও-কার এবং আদ্য বা মধ্য অক্ষরে ঊর্ধ্ব-কমা বিকল্পে দেওয়া যাইতে পারে, যথা-'কাল, কালো; ভাল, ভালো; মত, মতো; পড়ো, প'ড়ো (পড়ুয়া বা পতিত)'।

এই সকল বানান বিধেয়-'এত, কত, যত, তত; তো, হয়তো; কাল (সময়, কল্য), চাল (চাউল, ছাত, গতি), ডাল (দাইল, শাখা)'।

৯। ং ঙ

'বাঙ্গলা, বাঙ্গালা, বাঙ্গালী, ভাঙ্গন' প্রভৃতি এবং 'বাংলা, বাঙলা, বাঙালী, ভাঙন' প্রভৃতি উভয়প্রকার বানানই চলিবে। হসন্ত ধ্বনি হইলে বিকল্পে ং বা ঙ বিধেয়, যথা-'রং, রঙ; সং, সঙ; বাংলা, বাঙলা'। স্বরাশ্রিত হইলে ঙ বিধেয়, যথা-'রঙের, বাঙালী, ভাঙন'।

ং ও ঙ-র প্রাচীন উচ্চারণ যাহাই হউক, আধুনিক বাংলা উচ্চারণ সমান, সেজন্য অনুস্বার স্থানে বিকল্পে ঙ লিখিলে আপত্তির কারণ নাই। 'রং-এর' অপেক্ষা 'রঙের' লেখা সহজ। 'রঙ্গের' লিখিলে অভীষ্ট উচ্চারণ আসিবে না, কারণ 'রঙ্গ' ও 'রং'-এর উচ্চারণ সমান নয়, কিন্তু 'রং' ও 'রঙ' সমান।

১০। শ ষ স

মূল সংস্কৃত শব্দ-অনুসারে তদ্ভব শব্দে শ, ষ বা স হইবে, যথা-'আঁশ (অংশু), আঁষ (আমিষ), শাঁস (শস্য), মশা (মশক), পিসী (পিতৃঃস্বসা)'। কিন্তু কতকগুলি শব্দে ব্যতিক্রম হইবে, যথা-মিনসে' (মনুষ্য), 'সাধ' (শ্রদ্ধা)।

বিদেশী শব্দে মূল উচ্চারণ-অনুসারে s স্থানে স, sh স্থানে শ হইবে, যথা-'আসল, ক্লাস, খাস, জিনিস, পুলিস, পেনসিল, মসলা, মাসুল, সবুজ, সাদা, সিমেন্ট, খুশি, চশমা, তক্তাপোশ, পশম, পোশাক, পালিশ, পেনশন, শখ, শৌখিন, শয়তান, শরবৎ, শরম, শহর, শার্ট, শেক্সপিয়র'। কিন্তু কতকগুলি শব্দে ব্যতিক্রম হইবে, যথা-ইস্তাহার (ইশ্‌তিহার), গোমস্তা (গুমাশ্‌তাহ্‌), ভিস্তি (বিহিশ্‌তী), খ্রীষ্ট (Christ)'।

শ ষ স এই তিন বর্ণের একটি বা দুইটি বর্জন করিলে বাংলা উচ্চারণে বাধা হয় না, বরং বানান সরল হয়। কিন্তু অধিকাংশ তদ্ভব শব্দে মূল-অনুসারে শ ষ স প্রয়োগ বহু প্রচলিত, এবং একই শব্দের বিভিন্ন বানান প্রায় দেখা যায় না। এই রীতির সহসা পরিবর্তন বাঞ্ছনীয় নয়। বহু বিদেশী শব্দের প্রচলিত বাংলা বানানে মূল-অনুসারে শ ষ স লেখা হয়, কিন্তু কতকগুলি শব্দে ব্যতিক্রম বা বিভিন্ন বানান দেখা যায়, যথা-'সরবৎ, সরম; শহর, সহর; শয়তান, সয়তান; পুলিস, পুলিশ'। সামঞ্জস্যের জন্য যথাসম্ভব একই নিয়ম গ্রহণীয়।

বিদেশী শব্দের S-ধ্বনির জন্য বাংলায় ছ অক্ষর বর্জনীয়। কিন্তু যেখানে প্রচলিত বাংলা বানানে ছ আছে এবং উচ্চারণেও ছ হয়, সেখানে প্রচলিত বানানই বজায় থাকিবে, যথা—'কেচ্ছা, ছয়লাপ, তছনছ, পছন্দ'।

দেশজ বা অজ্ঞাতমূল শব্দের প্রচলিত বানান হইবে, যথা—'করিস, করসা; (করশা), সরেস (সরেশ), উসখুস (উশখুশ)'।

১১। ক্রিয়াপদ

সাধু ও চলিত প্রয়োগে কৃদন্ত রূপে 'করান, পাঠান' প্রভৃতি অথবা বিকল্পে 'করানো, পাঠানো' প্রভৃতি বিধেয়।

চলিত ভাষায় ক্রিয়াপদের বিহিত বানানের কয়েকটি উদাহরণ দেওয়া হইল। বিকল্পে ঊর্ধ্বকমা বর্জন করা যাইতে পারে, এবং -লাম বিভক্তি স্থানে -লুম বা -লেম লেখা যাইতে পারে।

হ-ধাতু

হয়, হন, হও, হ'স, হই। হচ্ছে। হয়েছে। হ'ক, হ'ন, হও, হ। হ'ল, হ'লাম। হ'ত। হচ্ছিল। হয়েছিল। হব (হবো), হবে। হ'য়ো, হ'স। হ'তে, হ'য়ে, হ'লে, হবার, হওয়া।

খা-ধাতু

খায়, খান, খাও, খাস, খাই। খাচ্ছে। খেয়েছে। খাক, খান, খাও, খা। খেলে, খেলাম। খেত। খাচ্ছিল। খেয়েছিল। খাব (খাবো), খাবে। খেয়ো, খাস। খেতে, খেয়ে, খেলে, খাবার, খাওয়া।

দি-ধাতু

দেয়, দেন, দাও, দিস, দিই। দিচ্ছে। দিয়েছে। দিক, দিন, দাও, দে। দিলে, দিলাম। দিত। দিচ্ছিল। দিয়েছিল। দেব (দেবো), দেবে। দিও, দিস। দিতে, দিয়ে, দিলে, দেবার, দেওয়া।

শু-ধাতু

শোয়, শোন, শোও, শুস, শুই। শুচ্ছে। শুয়েছে। শুক, শুন, শোও, শো। শুল, শুলাম। শুত। শুচ্ছিল। শুয়েছিল। শোব (শোবো), শোবে। শুয়ো, শুস। শুতে, শুয়ে, শুলে, শোবার, শোয়া।

কর্-ধাতু

করে, করেন, কর, করিস, করি। করছে। করেছে। করুক, করুন, কর, কর্। ক'রলে, ক'রলাম। ক'রত। করছিল। করেছিল। ক'রব (ক'রবো), ক'রবে। ক'রো, করিস। ক'রতে, ক'রে, ক'রলে, করবার, করা।

কাট্-ধাতু

কাটে, কাটেন, কাট, কাটিস, কাটি। কাটছে। কেটেছে। কাটুক, কাটুন, কাট, কাট্। কাটলে, কাটলাম। কাটত। কাটছিল। কেটেছিল। কাটব (কাটবো), কাটবে। কেটো, কাটিস। কাটতে, কেটে, কাটলে, কাটবার, কাটা।

লিখ্-ধাতু

লেখে, লেখেন, লেখ, লিখিস, লিখি। লিখছে। লিখেছে। লিখুক, লিখুন, লেখ, লেখ্। লিখলে, লিখলাম। লিখত। লিখছিল। লিখেছিল। লিখব (লিখবো), লিখবে। লিখো, লিখিস। লিখতে, লিখে, লিখলে, লেখবার, লেখা।

উঠ্-ধাতু

ওঠে, ওঠেন, ওঠ, উঠিস, উঠি। উঠছে। উঠেছে। উঠুক, উঠুন, ওঠ, ওঠ্। উঠল, উঠলাম। উঠত। উঠছিল। উঠেছিল। উঠব (উঠবো), উঠবে। উঠো, উঠিস। উঠতে, উঠে, উঠলে, ওঠবার, ওঠা।

করা-ধাতু

করায়, করান, করাও, করাস, করাই। করাচ্ছে। করিয়েছে। করাক, করান, করাও, করা। করালে, করালাম। করাত। করাচ্ছিল। করিয়েছিল। করাব (করাবো), করাবে। করিও, করাস। করাতে, করিয়ে, করালে, করাবার, করান (করানো)।

১২। কতকগুলি সাধুশব্দের চলিত রূপ

'কুয়া, সুতা, মিছা, উঠান, উনান, পুরান, পিছন, পিতল, ভিতর, উপর' প্রভৃতি কতকগুলি সাধুশব্দের মৌখিকরূপ কলিকাতা অঞ্চলে অন্যপ্রকার। যে শব্দের মৌখিক বিকৃতি আদ্য অক্ষরে তাহার সাধুরূপই চলিত ভাষায় গ্রহণীয়, যথা—'পিছন, পিতল, ভিতর, উপর'। যাহার বিকৃতি মধ্য বা শেষ অক্ষরে তাহার চলিত রূপ মৌখিক রূপের অনুযায়ী করা বিধেয়, যথা—'কুয়ো, সুতো, মিছে, উঠন, উনন, পুরনো'।

নবাগত ইংরেজী ও অন্যান্য বিদেশী শব্দ

Cut-এর u, cat-এর a, f, v, w, z প্রভৃতির প্রতিবর্ণ বাংলায় নাই। অল্প কয়েকটি নূতন অক্ষর বা চিহ্ন বাংলা লিপিতে প্রবর্তিত করিলে মোটামুটি কাজ চলিতে পারে। বিদেশী শব্দের বাংলা বানান যথাসম্ভব উচ্চারণসূচক হওয়া উচিত, কিন্তু নূতন অক্ষর বা চিহ্নের বাহুল্য বর্জনীয়। এক ভাষার উচ্চারণ অন্য ভাষার লিপিতে যথাযথ প্রকাশ করা অসম্ভব। নবাগত বিদেশী শব্দের শুদ্ধিরক্ষার জন্য অধিক আয়াসের প্রয়োজন নাই, কাছাকাছি বাংলা রূপ হইলেই লেখার কাজ চলিবে। যে সকল বিদেশী শব্দের বিকৃত উচ্চারণ ও তদনুযায়ী বানান বাংলায় চলিয়া গিয়াছে সে সকল শব্দের প্রচলিত বানানই বজায় থাকিবে, যথা—'কলেজ, টেবিল, বাইসিকেল, সেকেণ্ড'।

১৩। বিবৃত অ (cut-এর u)

মূল শব্দে যদি বিবৃত অ থাকে তবে বাংলা বানানে আদ্য অক্ষরে আ-কার এবং মধ্য অক্ষরে অ-কার বিধেয়, যথা—ক্লাব (club), বাস্ (bus), বালব্ (bulb), সার্ (sir), থার্ড (third), বাজেট (budget), জার্মান (German), কাটলেট (cutlet), সার্কস (circus), ফোকস (focus), রেডিয়ম (radium) ফস্ফরস (phosphorus), হিরোডোটস (Herodotus)'।

১৪। বক্র আ (বা বিকৃত এ। cat-এর a)

মূল শব্দে বক্র আ থাকিলে বাংলায় আদিতে অ্যা এবং মধ্যে ্যা বিধেয়, যথা—'অ্যাসিড (acid), হ্যাট (hat)'।

এইরূপ বানানে '্যা'-কে য ফলা+আ-কার মনে না করিয়া একটি বিশেষ স্বরবর্ণের চিহ্ন জ্ঞান করা যাইতে পারে, যেমন হিন্দীতে এই উদ্দেশ্যে ঐ-কার চলিতেছে (hat-হৈট)। নাগরী লিপিতে যেমন অ-অক্ষরে ও-কার যোগ করিয়া ও (ऑ) হয়, সেইরূপ বাংলায় অ্যা হইতে পারে।

১৫। ঈ ঊ

মূল শব্দের উচ্চারণে যদি ঈ ঊ থাকে তবে বাংলা বানানে ঈ ঊ বিধেয়, যথা—'সীল (seal), ঈস্ট (east), উষ্টার (Worcester), স্পূল (spool)'।

১৬। f v

f ও v স্থানে যথাক্রমে ফ ভ বিধেয়, যথা—ফুট (foot), ভোট (vote)'। যদি মূল শব্দে v-এর উচ্চারণ f তুল্য হয়, তবে বাংলা বানানে ফ হইবে, যথা—ফন (von)'।

১৭। w

w স্থানে প্রচলিত রীতি-অনুসারে উ বা ও বিধেয়, যথা—'উইলসন (Wilson), উড (wood), ওয়ে (way)'।

১৮। য়

নবাগত বিদেশী শব্দে অনর্থক য় প্রয়োগ বর্জনীয়। 'মেয়র, চেয়ার, রেডিয়ম, সোয়েটর' প্রভৃতি বানান চলিতে পারে, কারণ য় লিখিলেও উচ্চারণ বিকৃত হয় না। কিন্তু উ-কার বা ও-কারের পর অকারণে য়, য়া, য়ো লেখা অনুচিত। 'এডোয়ার্ড, ওয়ার-বণ্ড' না লিখিয়া 'এড্ওআর্ড, ওঅর-বণ্ড' লেখা উচিত। 'হার্ডওয়ার' (hardware) বানানে দোষ নাই।

১৯। s sh

১০ সংখ্যক নিয়ম দ্রষ্টব্য।

২০। st

নবাগত বিদেশী শব্দে st স্থানে নূতন সংযুক্ত বর্ণ স্ট বিধেয়, যথা—'স্টোভ (stove)'।

২১। z

z স্থানে জ় বা জ় বিধেয়।

২২। হস্-চিহ্ন

৪ সংখ্যক নিয়ম দ্রষ্টব্য।

পরিশিষ্ট (থ)

সংযোজন ও সংশোধন

পৃ° ৬, ৩য় স্তম্ভে, "অকারণ" পর্য্যায়ে, ১ম পঙ্‌ক্তিতে, ']'-এর স্থলে বসিবে-(ক্রঃ)। বিপরীতার্থে, নিষ্কারণ (নিঃ+কারণ) ও]।

পৃ° ১০, ২য় স্তম্ভে "অক্ষ" পর্য্যায়ে; ২৭ পঙ্‌ক্তিতে বসিবে-১৮ [পদার্থ-বিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] ইং-axis এর বৈজ্ঞা° পরিঃ; ~পুট=axle box. আলোকাক্ষ=optical axis উদাসীনঅক্ষ=neutral axis. উপাক্ষ =(earth's) minor axis. (ভূগোল পরিঃ); মেরুরেখা; অক্ষদণ্ড (দ্রঃ)। কেলাসাক্ষ=crystalline axis. চুম্বকাক্ষ=magnetic axis. জ্যামিতিক অক্ষ=geometrical axis. ঘূর্ণাক্ষ= axis of rotation. দূরবীক্ষণের অক্ষ=axis of telescope. দৃগক্ষ= visual axis. দোলনাক্ষ=axis of oscillation পরাক্ষ=(earth's) major axis (ভূগোল পরিঃ)। প্রধান অক্ষ=principal axis. মুক্ত অক্ষ =free axis. লেন্সের অক্ষ= axis of lens. সমবর্তাক্ষ=axis of polarization. >বিণ, অক্ষীয়= axial. ১৯ [শারীর বিদ্যা পরিঃ (সা° প° প°)] কশেরুকা। ২০ [উদ্ভিদ্‌ বিদ্যা° পরিঃ] জৈব কেন্দ্র বা অঙ্গ ও অঙ্গীর কেন্দ্রস্থল।

পৃ° ২৮, ১ম স্তম্ভে, "অচলায়তন" পর্য্যায়-শেষে বসিবে- "স্বার্থ-সঙ্কীর্ণতার অচলায়তনে যাহারা আবদ্ধ * *"-আ° পত্রিকা, ১৭-১১-৪০।

পৃ° ২৯, ৩য় স্তম্ভে "অচ্ছিদ্র" পর্য্যায়-শেষে বসিবে-২ [স্মৃ° শা° পরিঃ] যে কর্ম্ম করা হইল তাহা যে নির্দ্দোষ হইল তাহার অবধারণ অর্থাৎ ব্রাহ্মণের সম্মতি-লইয়া নিশ্চয় করণ। "দক্ষিণান্তে, অচ্ছিদ্রাবধারণ করিতে হয়। যে কার্য্যে ব্রাহ্মণের নামে দক্ষিণা দ্রব্য উৎসর্গ করা না হয়, সে কার্য্যে ব্রাহ্মণকে দক্ষিণাস্বরূপ কিছু দিয়া তৎপরে অচ্ছিদ্রাবধারণ কর্ত্তব্য। যেহেতু ব্রাহ্মণের আশীর্ব্বাদ বিনা দক্ষিণার গ্রহণ করিতে নাই।"-স্মৃ°।

পৃ° ৩৮, ১ম স্তম্ভে, "অতি" পর্য্যায়ে, ৪র্থ পঙ্‌ক্তি-শেষে বসিবে-৩ প্রয়োজনের অধিক বা অতিরিক্তকরণ; বাড়াবাড়ি বা বাহুল্যকরণ overdoing [অতিচার দোষ; কার্য্য সীমা অতিক্রম বা বাড়াবাড়ি করা রূপ দোষ]।

পৃ° ৪৪, ২য় স্তম্ভে, "অদিতি" পর্য্যায়-শেষে বসিবে-৫ তেজঃ।

পৃ° ৪৬, ৩য় স্তম্ভে, "অধন" পর্য্যায়-শেষে বসিবে-২ ধনাভাব; নিঃস্বতা। "দেশ জোড়া এই অধন আর কোথাও দেখিনে"-রাশিয়ার চিঠি (রবী°)।

পৃ° ৪৯, ১ম স্তম্ভে, "অধিরাজ" পর্য্যায়ে ৩য় পঙ্‌ক্তিশেষে বসিবে-স্ত্রীং অধিরাণী-সাম্রাজ্ঞী; মহারাণী; রাজরাজেশ্বরী। "দূর দূর কে ভাঙ্গিবে বঙ্কিমের বাড়ী? যে বাড়ীর অধিরাণী মহিয়সী দেবীরাণী" -বঙ্গবাণী।

পৃ° ৫৪, ১ম স্তম্ভে, "অনন্য" পর্য্যায়ে, ২২ পঙ্‌ক্তিতে, ~"সাধারণ"-এর পূর্ব্বে বসিবে- ~সম্ভাবিতা-অন্যসম্ভাবিত-শূন্যতা; অবশ্যম্ভাবিতা; ঘটিবার সংশয়-রাহিত্য); অবশ্যই ঘটিবে এরূপ সম্ভাবনার ভাব বা অবস্থা inevitability.

পৃ° ৬৪, ১ম স্তম্ভে, "অনুন্নত" পর্য্যায়-শেষে বসিবে-~প্রকৃতি-বি, ইং depressed class এর বৈজ্ঞা° পরিঃ।

পৃ° ৬৬, ২য় স্তম্ভে, "অনুবীক্ষণ" পর্য্যায়-শেষে বসিবে-অতিবির্দ্ধক অনুবীক্ষণ- high-power microscope নিম্নবর্দ্ধক অনুবীক্ষণ। যৌগিক অনুবীক্ষণ= compound microscope.

পৃ° ৬৮, ১ম স্তম্ভে, "অনুরঞ্জন" পর্য্যায়ে, ষষ্ঠ পংক্তিতে '(সী° ব°)।' -র পর বসিবে-২ [অর্থশা° পরিঃ] "আমিও যাহা, তুমিও (আপনিও) তাহা; আমার যাহা, তোমারও তাহা (আপনি তাহা আপনার প্রয়োজনে আনিতে পারেন)"। -এইরূপ বলার নাম; আত্মপ্রণিধান।

" " ৩য় স্তম্ভে, "অনুলিখন" পর্য্যায়ে, ৪র্থ পঙ্‌ক্তিতে "~লেখক"-এর পূর্ব্বে বসিবে --~লিপি-বি অনুরূপ লিপি; প্রতিলিপি copy.

পৃ° ৬৯, ১ম স্তম্ভ "অনুলোম" পর্য্যায়ে, ৪র্থ পঙ্‌ক্তিতে, দ্রঃ'-র পর বসিবে- ~পরিণাম [জীব-বিজ্ঞা° পরিঃ] উপচিতি anabolism. বিপরীত-প্রতিলোম পরিণাম 'অবচিতি' katabolism.

পৃ° ৭৩, ১ম স্তম্ভে, "অন্তরীণ" পর্য্যায়ে, ৩য় পঙ্‌ক্তিতে বাধ্য-র পর বসিবে-এমন internee.

পৃ° ৭৩, ১ম স্তম্ভে, "অন্তর্গূঢ়" পর্য্যায়-শেষে বসিবে-"সামাজিক গতির অ° নিয়ম ধরিয়া কাজ না করিলে"-বঙ্গবাণী, ১৩৩৪।

পৃ° ৭৭, ৩য় স্তম্ভে, "অন্যথা" পর্য্যায়ে, ১ম পঙ্‌ক্তিতে, 'বিণ' স্থলে পাঠ করিতে হইবে-অ, বি, বিণ,

" " ২য় পঙ্‌ক্তিতে '।' স্থলে '; ব্যতিক্রম।' পাঠ করিতে হইবে।

" " ৮ম পঙ্‌ক্তিতে; '৩' এর পর "অ," তুলিয়া দিতে হইবে।

পৃ° ৭৮, ৩য় স্তম্ভে, "অন্বয়" পর্য্যায়-শেষে বসিবে-~ভাবে [বিপরীত-ব্যতিরেক-

ভাবে negatively] অ, অনন্ত সাপেক্ষ-ভ,-ব ; অন্বয়ীভাবে ; সাধর্ম্ম্যরূপে ; ভাবাত্মকরূপে positively.

পৃ° ৮২, ৩য় স্তম্ভে, "অপভ্রংশ" পর্য্যায়-স্থলে পড়িতে হইবে-অপভ্রংশ (সং) [অপ-ভ্রংশ্ (স্) (পতিত হওয়া) + অ (ভা°)] বি. অপশব্দ ; অপভাষা। ২ মূল ভাষার বিকৃতি ; অশুদ্ধি। ৩ ব্যাকরণ ও অলঙ্কার দোষে দুষ্ট ভাষা : প্রাকৃত ব্যাকরণে যে ভাষা কুলায় না তাকে অং বলে।" -হ° প্র° শাস্ত্রী। ৪ পতন ; স্খলন। ৫ বিকার। ৬ গ্রাম্যতা-প্রাপ্তি। >বিণ. অপভ্রষ্ট [মৈ° অবভ্রট্ঠ] স্খলিত। ২ বিকৃত। ৩ অশুদ্ধ। ৪ গ্রাম্যতাপ্রাপ্ত।

পৃ° ৮৩, ৩য় স্তম্ভে, "অপরিগ্রহ"পর্য্যায়ে, ৫ম পঙ্ক্তিতে "অবিবাহিত"র পর বসিবে-৪ [বৌ° শা°] দেহ রক্ষার অতিরিক্ত ভোগ পরিত্যাগ। ৫ লোভ পরিত্যাগ।

পৃ° ৮৪, ১ম স্তম্ভে, "অপরিণত"পর্য্যায়ে, ৬ষ্ঠ পঙ্ক্তিতে বসিবে-~বীজ[উদ্ভিদ্ বিদ্যা বি. ই° ovule এর বৈজ্ঞা° পরি:। অপরিণত বীজের মূল পদার্থ-oosphere.

পৃ° ৮৮, ৩য় স্তম্ভে, "অপোগণ্ড"পর্য্যায় শেষে বসিবে-৩পোষ্য প্রতিপাল্য শিশু।"কাঁদে বিধবারা ফিরিবে না যারা তাহাদের প্রা: চাই? মরি. বুকে নিয়ে অং অনাথ করিবার কিছু নাই।"-স° দত্ত।

পৃ° ৯১, ২য় স্তম্ভে, ৮ম পঙ্ক্তিতে "অপ্রাপ্ত" পর্য্যায়ে, "minor" এর পর বসিবে-~ব্য [প্রাপ্যব্য দ্রঃ] বিণ, যা প্রাপ্য হইবার মত নহে ; যা পাওয়া যাইবে না।

" ১৭শ পংক্তি স্থলে বসিবে-অপ্রাপ্য [ন=অ+প্রাপ্য, ন এর তৎ] বিণ, পাওয়া অসাধ্য : পাইবার যোগ্য নয় এমন, পাওয়া যায় না এমন।

পৃ° ৯৪, ১ম স্তম্ভে, "অপঘাত" পর্য্যায়ে, ৪র্থ পঙ্ক্তিতে বসিবে-৪ [অপঘাত দ্রঃ। তুল-পূ° বঙ্গ প্রাদে° আওধা (ভীতি, উপদ্রব)] উপ বা অপ-দেবতার উপদ্রব, ভর বা আবেশ। "দেব অবঘাত হৈয়াছে পারা।"-প° ক° তরু (সা° প° প°)।

পৃ° ৯৬, ৩য় স্তম্ভে, "অবধি" পর্য্যায়-শেষে বসিবে-৭ নির্দ্ধারিত সময়, বৈধকাল: নির্দ্দিষ্ট দিন। "ছুটল অং উঠল রাতি"-পদ° ক° তরু [দ্রঃ-স° চ° রায় মহাশয় অর্থ করিয়া-ছেন-"প্রবাসীর গৃহ আগমনের নির্দ্দিষ্ট দিন"-সা° প°প°, ১৩২৩, ১ম সংখ্যা]।

পৃ° ৯৭, ৩য় স্তম্ভে, "অববাদ" পর্য্যায়-শেষে বসিবে-৪ উপদেশ। "রাহুল অববাদ সূত্র" (ভগবান শাক্যসিংহ কর্ত্তৃক রাহুলের প্রতি উপদেশাত্মক সূত্র)।

পৃ° ৯৮, ৩য় স্তম্ভে, 'অবয়বী' পর্য্যায়-শেষে বসিবে-৫ [রাসা° পরি:] জৈব organic [বিপরীত-নিরবয়বী-অজৈব inorganic].

পৃ° ১০১, ২য় স্তম্ভ 'অবসান' পর্য্যায়-শেষে বসিবে- ~বেলা-বি, অপরাহ্ণকাল ; বৈকালবেলা ; সন্ধ্যা। "ছত্রভোগ উত্তরিল অবসান বেলা"॥-কবিক°।

পৃ° ১০২, ১ম স্তম্ভ, "অবস্থা" পর্য্যায়ে, ১৭ পংক্তিতে, "পরিমাণ।"-এর পর বসিবে-~ঘটিত প্রমাণ-পারিপার্শ্বিক অবস্থা হ'তে সংগৃহীত বা প্রাপ্ত প্রমাণ ci cumstantial evidence. "ইহা সম্পূর্ণভাবে অবস্থাঘটিত প্রমাণ"-আ° পত্রিকা, ২১ চৈত্র, ১৩৪০।

পৃ° ১০৭, ২য় পঙ্ক্তিতে, "অবিশ্রান্ত" পর্য্যায়ে "নঞ্"-এর পর বসিবে-। শ্রা উবুঝান্তি।

পৃ° ১১৩, ২য় স্তম্ভে, "অভিধা" পর্য্যায়-শেষে বসিবে-~বৃত্তি-অভিধানসম্মত শব্দের প্রসিদ্ধার্থ।' 'মুখ্যার্থ ছাড়িয়া কর গৌণার্থ কল্পনা। অভিধাবৃত্তি ছাড়ি শব্দে কর লক্ষণা"-চৈ° চ°।

" " ১৫ পঙ্ক্তিতে, 'অভিধান' পর্য্যায় হতে '৩' তুলিয়া দিতে হইবে এবং ১৯ পঙ্ক্তিতে ৪ সংখ্যার পূর্ব্বে বসিবে-৩ উপাধি।

" " "অভিধান" -পর্য্যায়-শেষে বসিবে-অ° দেখা-ক্রি, অভিধান দেখিয়া শব্দার্থাদি সংগ্রহ করা ; অভিধান ব্যবহার করা to consult dictionary.

পৃ° ১১৫, ৩য় স্তম্ভে, "অভিযান" পর্য্যায়ে, ৪র্থ পঙ্ক্তিতে "অভিগমন।"-এর পর বসিবে-৪ ই° Expedition এর পরি: ; আবিষ্কার সংগ্রহ ই° বিশেষ উদ্দেশ্য লইয়া দলবদ্ধ হইয়া যাত্রা ; সংযান।

"অভিযান" পর্য্যায় শেষে বসিবে-অভিযাত্রী-বিণ (বি), অভিযানকারী (ব্যক্তি)। "এভারেষ্ট অভিযাত্রীদিগের প্রথম দল অদ্য প্রাতে দার্জ্জিলিংএ ফিরিয়া আসিয়াছেন।"-আ° পত্রিকা, ৮-৭-৩৬।

পৃ° ২২১, ১ম স্তম্ভে, 'আনচান' পর্য্যায়ে, ২য়, ৩য় পঙ্ক্তি-'চান-সুস্থতা'-র স্থলে বসিবে-+চান(< ছান < ছাঁদ < ছন্দ)। তুল-

পৃ° ১২৬, ১ম স্তম্ভে, 'অম্ব'শব্দান্তর্গত~বাচি পর্য্যায়ে 'বাচী'র পর ও জ্যৈষ্ঠর মধ্যে বসিবে -অম্বু (বারি বর্ষণং) বাচয়তি (সূচয়তি) ইতি অম্বুবাচী"] বি, বর্ষারম্ভ কাল। ২ [শা°] পৃথিবী যে সময় ঋতুমতী হয়।

পৃ° ১৪৫, ১ম স্তম্ভে, 'অল্লা' পর্য্যায়ে, ১৫শ পঙ্ক্তিতে 'অপর্বণী' স্থলে 'অথর্বণী' পড়িতে হইবে।

পৃ° ১৪৬, ৩য় স্তম্ভে, "অশেষ-বিশেষ" পর্য্যায়ে ২য় পংক্তি হতে '(শ্রী° কী°)।' পর্য্যন্ত অংশের পরিবর্ত্তে বসিবে-অ, বিবিধ প্রচেষ্টা ; নানা প্রকার : বহুবিস্তারিত ; বিলক্ষণ। "যে ২ প্রকারে তীর্থ করিতে হয় ও শ্রীশ্রীমূর্ত্তির দ্বাদশ যাত্রা ছত্রিশ নিয়োগ ইত্যাদি অশেষ বিশেষরূপে লিখিত হইয়াছে"-সমাচার চন্দ্রিকা, ১৬-৯-১৮৪৪। অশেষ বিশেষে-ক্রি-বিণ, বিলক্ষণরূপে ; বহুবিস্তারিত-ভাবে ; নানাপ্রকারে। প্রা° বাং-র আশেষে-বিশেষে - ক্রি-বিণ, "এতেকেঁ এ সব কাজের প্রকার জাণহ আশেষেবিশেষে।" -শ্রী° কী°।

পৃ° ১৫১, ১ম স্তম্ভে 'অষ্ট' পর্য্যায়ে ১৩শ পঙ্ক্তিতে ~প্রহর এর পূর্ব্বে বসিবে-~প্রধান-পু° ১৬৭৪ অব্দে ছত্রপতি শিবাজীর রাজ্যাভিষেক কালে তাঁর আজ্ঞাধীন মন্ত্রীসভার এই নাম ছিল cabinet. ইহাতে ৮জন মন্ত্রীছিলেন যথা-(১) মুখ্য প্রধান [ফা° পেশবা] প্রধান মন্ত্রী; রাজপ্রতিনিধি। (২) অমাত্য

[ফা॰ মজুমদার auditer] হিসাব যাঁচকারী Accountant General. ইঁহার দস্তখত ব্যতীত আয়-ব্যয় পত্র গ্রাহ্য হইত না। (৩) মন্ত্রী [ফা॰ ব্কেয়ানবীস] ইঁহাকে রাজার প্রাত্যহিক কার্য্য পরিচালন করিতে, দরবারের ঘটনাবলী লিপিবদ্ধ করিতে ও রাজার প্রাণরক্ষার প্রতি সতর্ক দৃষ্টি রাখিতে হইত। (৪) সচিব [ফা॰ শুরূনবীস] সরকারী চিঠিপত্রের ভাষা পরীক্ষা করিতে, জাল রাজপত্রের সৃষ্টি না হয় তজ্জন্য প্রত্যেক ফর্ম্মান এবং দান পত্রের প্রথম পংক্তি স্বহস্তে লিখিতে হইত। (৫) সুমন্ত [ফা॰ দবীর] পররাজ্য সচিব। ইনি বিদেশীয় দূতগণের অভ্যর্থনা, খাতিরদারী ও বিদায় করিতেন ও গুপ্তচরদের দ্বারা পররাজ্যের সংবাদ আনয়ন করিতেন। (৬) সেনাপতি [ফা॰ সর্-ই-নৌবত] যুদ্ধ-মন্ত্রী। (৭) দানাধ্যক্ষ [মঃ পণ্ডিত রাও] ইনি রাজার তরফ থেকে ব্রাহ্মণ পণ্ডিত-গণের দক্ষিণার ব্যবস্থা করিতেন। ধর্ম্ম ও জাতি সম্বন্ধীয় বিবাদের বিচার করিতেন এবং প্রায়শ্চিত্ত বিধির আদেশ দিতেন। (৮) ন্যায়াধীশ [ফা॰ কাজী-উল্-কুজাৎ] প্রধান বিচারপতি Chief Justice-বিশাল ভারত, অক্টোবর, ১১৩১।

পৃ॰ ১৭১, ৩য় স্তম্ভের সর্ব্বপ্রথম পংক্তিতে আওর্দ [সং-আবর্ত্ত]" স্থলে হইবে আওর্দা [সং-আবর্ত্তনে] >। তুল-ফা॰ আওরদহ্ (পরিবর্ত্তন)]

পৃ॰ ১৭৭, ১ম স্তম্ভ, আঁদরসা পর্য্যায় স্থলে বসিবে- আঁদরসা, আঁদলসা, আঁদসা, আঁতসা। সং - ইন্দুরসা > । র=ল] বি, চাউলের গুড়া, চিনি ও দধি মিশ্রিত করিয়া ঘৃতপক্ব পিষ্টকবিঃ; গুড়ে মাতান চালের গুঁড়ির একরকম ভাজা পিঠা; গুড়পিঠাবিঃ।

পৃ॰ ১৮১, ২য় স্তম্ভে, "আকাল"২ পর্য্যায়ে, ২য় পঙ্‌ক্তিতে শব্দদ্বয়'-এর পর যুক্ত হইবে-। সং-কাল-মহাকাল > ভং] বি, শিব-জটাস্থিত সর্পদ্বয়। ২ [লক্ষ॰] বিণ,

পৃ॰ ১৮৯, ১ম স্তম্ভে, "আগিলা" পর্য্যায়ে, ১ম পঙ্‌ক্তিতে, 'প্রাদে-র পর বসিবে-[আগালি (দ্রঃ) > বর্ণবিপর্য্যয়ে]

„ ২য় পঙ্‌ক্তি-শেষে বসিবে-২ অগ্রবর্ত্তী; আগের; সম্মুখের। "মো যদি সিনাঙ আ॰ ঘাটে পিছিলা ঘাটে সে নায়।"-প॰ ক॰ তরু (সা॰ প॰ প॰)।

পৃ॰ ১৯৫, ৩য় স্তম্ভে, "আছা" পর্য্যায়ে, ৩০ পঙ্‌ক্তিতে 'বি॰ চক্রবর্ত্তীর' পরিবর্ত্তে বসিবে-বিহারী॰)।

পৃ॰ ১৯৬, ২য় স্তম্ভে, "আছিতে" পর্য্যায়ে ৭ম পঙ্‌ক্তি, 'বি॰ চক্রবর্ত্তী' পরিবর্ত্তে হইবে বিহারী॰।

পৃ॰ ২০৮, ১ম স্তম্ভে, "আত্মা পর্য্যায়ে, ৪র্থ পঙক্তি-শেষে যুক্ত হইবে-২ আত্মার সহিত অভিন্ন। প্র-দেহাত্মবাদ (দেহ ও যে আত্মাও সে এই মতবাদ)। দেশত্মাবোধ (দেশও যা আত্মাও তা এই বুদ্ধি)।

পৃ॰ ২০৯, ৩য় স্তম্ভ, নিম্ন হ'তে ১০ম পংক্তিতে~'প্রত্যয়ী'র পর বসিবে-~প্রনিধান [অর্থশা॰ পরিঃ] বি, 'আমিও যা আপনিও তাই, আমার যা আছে, আপনি তা আপনার প্রয়োজনে আনিতে পারেন"-এইরূপ বলার নাম; অনুরঞ্জন (দ্রঃ)।

পৃ॰ ২১১, ৩য় স্তম্ভে, নিম্ন হইতে ৩য় পঙ্‌ক্তির উপরে বসিবে- ~সাৎ [সহিত > সাথ >] অ, আপনার সঙ্গে। "এত বলি সেই বিপ্রে আত্মসাত করি; প্রাতে উঠি মনুকর চলিলা গৌর হরি।"-চৈ॰ চ॰।

পৃ॰ ২১২, ৩য় স্তম্ভে, "আত্মা" পর্য্যায়-শেষে বসিবে-আনন্দময় আত্মা-বি, ভাব emotion বিজ্ঞানময় আত্মা-বি, জ্ঞান knowledge. মনোময় আত্মা-বি, ইচ্ছাশক্তি will-power (পঞ্চ পর্য্যায়ে পঞ্চকোষ বিদ্যা দ্রঃ)।

পৃ॰ ২১৪, ৩য় স্তম্ভে,"আদর্শ"পর্য্যায়ে, ১২শ পঙক্তিতে '~পন্থী ই॰।'-র পর বসিবে-~পন্থী-বিণ, অনুকরণীয় চরমোৎকর্ষ সাধক; মনঃকল্পিত শ্রেষ্ঠভাবানুসরণ-কারী; ভাববাদী; চিন্ময়বিকাশপন্থী idealistic. ২ কল্পলোকবিহারী; স্বপ্নবিলাসী, উদ্ভটমার্গী utopian.

পৃ॰ ২১৫, ১ম স্তম্ভে, ১মপঙক্তিতে আর্দ্দালী শব্দ স্থলে আর্দালি পড়িতে হইবে।

পৃ॰ ২১৬, ১ম স্তম্ভে,"আদিখ্যেতা" পর্য্যায়ে, ২ পঙক্তিতে "ভাব" এর পর বসিবে-। অথবা আধিক্যতা > আদিখ্যতা >, বা অতিরিক্ততা > (বিকারে)

„ "আকামি"র পর বসিবে-; আধিক্যতা; অতিরিক্ততা: বাড়াবাড়ি।

পৃ॰ ২২১, ১ম স্তম্ভে, 'আনচান" পর্য্যায়ে ২ য় পঙক্তিতে'-চান-মুহূর্ত্ত)।'-র স্থলে বসিবে-+চান (< ছান < ছাঁদ < ছন্দ)। তুল-

পৃ॰ ২২৫, ২য় স্তম্ভে, "আন্দাজ" পর্য্যায়ে, ১ম পঙ্‌ক্তিতে '।'-এর স্থলে গ্রা॰ আনন্জাদ] পাঠ করিতে হইবে।

পৃ॰ ২২৮, ৩য় স্তম্ভে, "আপেক্ষিক" পর্য্যায়ে, ২য় পঙ্‌ক্তি-শেষে বসিবে-২ [পদার্থবিদ্যা (ক॰ বিশ্ব॰ পরিঃ)] ইং relative এর বৈজ্ঞা॰ পরিঃ; সাপেক্ষ। আয়র্তন =relative area (ভূগোল পরিঃ (ক॰ বিশ্ব॰ পরিঃ)। ~আর্দ্রতা= relative humidity. ~গতি=relative motion, ~ঘনত্ব=relative density. ~তা(-ক'-)=relativity. ~বাদ=theory of relativity. ~বেগ = relative velocity. ৩ [পদার্থবিদ্যা (ক॰ বিশ্ব॰, পরিঃ)] ইং specificএর বৈজ্ঞা॰ পরিঃ ~আবেশ্যতা=specific inductive capacity. ~গুরুত্ব=specific gravity. ~তাপ=specific heat. রোধাঙ্ক= specific resistance.

„ পর্য্যায়-শেষে বসিবে-আ॰ সত্য [৬০ বিজ্ঞা॰ পরিঃ] মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর প্রবর্ত্তিত] অন্যসাপেক্ষ সত্য relative truth.

পৃ॰ ২২৯, ১ম স্তম্ভে, "আপ্ত" পর্য্যায়ে, ৬ষ্ঠ পঙ্‌ক্তির "৩ বিশ্বস্ত হইতে ১১শ পঙক্তির "আপ্তি" পর্য্যন্ত অংশ স্থলে পড়িতে হইবে-৩বিশ্বস্ত ব্যক্তি। ৪ ভ্রম প্রমাদ কাপট্যাদি রহিত মুনি প্রভৃতি। ৫ হিত। ৬ পরমার্থ। ৭ গণিত শাস্ত্রোক্ত ভাগফলাদি। ৮ [আপ্ (পাওয়া) + ত (র্ত্ত, র্থ)] বিণ, সত্য; যথার্থ। ৯ যথার্থবাদী; হিতোপদেষ্টা।

...৩ লব্ধ; প্রাপ্ত। ১১ ছলাদি দোষ রহিত। ১২ ভ্রমপ্রমাদ রহিত; প্রামাণিক।

পৃ° ২৩২, ৩য় স্তম্ভে, "আবহ"₂ পর্য্যায়ে ১ম পঙক্তিতে ভূ-বায়ু-র পর বসিবে-২ [পদার্থবিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] ইং atmosphere এর বৈজ্ঞা° পরিঃ; বায়ুমণ্ডল। >বিণ, আবহিক, আবহীয়= atmospheric; বায়ুমণ্ডলীয়।

পৃ° ২৩৮, ৩য় স্তম্ভে, "আমসত্ব" পর্য্যায় শেষে ']।' স্থলে পড়িতে হইবে-; পাবনা ইং অঞ্চলে-আমত্তা]।

পৃ° ২৪২, ৩য় স্তম্ভে, "আয়তি" পর্য্যায়ে, ৫ম পংক্তিতে 'চিহ্ন।'-র পর বসিবে-বাম হাতে আ° লোহার।"-কবিক°।

পৃ° ২৪৫, ৩য় স্তম্ভে, "আর₂" পর্য্যায়-শেষে বসিবে-আর যায় কোথা [তুল-হি° বহ্ন ফির কেয়া থা] অ, সঙ্গে সঙ্গে; অমনি; ফলে। প্র-কথাটা যাই কানে গেল; আর যায় কোথা? একেবারে আগুন জ্বলে উঠ্‌ল।

পৃ° ২৪৬, ১ম স্তম্ভে, "আরক্তিম" পর্য্যায়ে, '-' স্থলে বসিবে-, -। [আ (ঈষৎ) + রক্তিমা = আরক্তিমা। কিন্তু বাং-য় 'আরক্তিম' সং-ব্যাকরণদুষ্ট হইলেও ব্যবহার-শুদ্ধ]

পৃ° ২৪৮, ৩য় স্তম্ভে, "আরোপ" পর্য্যায়ে ৬ষ্ঠ পংক্তিতে যোগ করিতে হইবে-৬ অধ্যাস. "ছাড়ি জপ তপ করহ আ° একতা করিয়া মনে।"-চণ্ডি°।

পৃ° ২৪৯, ২য় স্তম্ভে, "আর্থিক" পর্য্যায়-শেষে বসিবে-৪ সরকারী অর্থের আয়ব্যয়, দেনা-পাওনা, হিসাবনিকাসাদি-সংক্রান্ত financial >~বৎসর=বি, উক্তকর্ম্মনির্ব্বাহের বৎসর; ইং এপ্রেল হতে মার্চ্চ পর্য্যন্ত দ্বাদশ মাসের বৎসর financial year. "বিগত আর্থিক বৎসরের প্রথম চারি মাসে * * মাল আমদানী হইয়াছিল, সেই তুলনায় চলতি আর্থিক বৎসরের প্রথম চারি মাসে * * মাল আমদানী হইয়াছে।"-আ° পত্রিকা, ৮-৯ ৩৫।

পৃ° ২৫০, ৩য় স্তম্ভে, "আর্ষ"-পর্য্যায়-শেষে-'বিণ, । আর্ষ (স্ত্রঃ)।' স্থলে বসিবে-[ঋষি +এয় (সমূহার্থে, গোত্রার্থে ই°)] বি, ঋষিসমাজ। ২ ঋষিগোত্র; ঋষির সন্তান-সন্ততি; প্রবর। ৩ বিণ, ঋষিগোত্রীয়; আর্ষ; গোত্রপ্রবর্ত্তক ঋষিসম্বন্ধীয়।

পৃ° ২৫১, ১ম স্তম্ভে, আল₁₁₁ পর্য্যায় স্বরূপ বসিবে-আল₁₁ (।) [আলা ৭ দ্রঃ। বালা₁ দ্রঃ। য়াল (।), ওয়াল (হি°-1 ও°)] বি, ভাব, লক্ষণ, যুক্তি, অস্তি, সম্বন্ধ, ব্যবসায়, বৃত্তি, অবস্থায়, কর্ত্তা ই°-অর্থক প্রত্যয় বিঃ। প্র-বাঙ্গাল (।)। বাথাল, মাতাল, (হি° মাতোয়াল (।); বাড়ী য়াল (।, -ওয়ালা, বাং-ওলা) পাইকা'ল (।) পাহারাওয়ালা, ঢাকনিওয়ালা। ই° (তুল-হি° >বাং-করণে বালা=করণে আলা; করনেওলা; খানেবালা=খানে-আলা=খানেওলা)।

২য় স্তম্ভে, "আলগা" পর্য্যায়ে ১১ পঙক্তিতে 'উটকো।'-র পর বসিবে-~নি [অলগ্ন >আলগা + আন (ক্রিয়ায়)>। আলগাই, -ও, -য়; আলগাইতে; আলগাইয়া (ক্ষে° আলগায়ে)] ক্রি, আলগা করা; ঢিলা দেওয়া।

পৃ° ২৬০, ৩য় স্তম্ভে, "আশ্ব" পর্য্যায়ে, ২য় পঙক্তিতে বসিবে-২ [পদার্থবিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] ইং horse-power এর বৈজ্ঞা° পরিঃ। ৩

পৃ° ২৬২, ১ম স্তম্ভে, "আসক্তি" পর্য্যায় শেষে '।' স্থলে বসিবে- ; বাক্যের অর্থজ্ঞান-কালে অনাসন্ন পদ দ্বারা কিংবা অযোগ্যকাল ব্যবধান দ্বারা অর্থ জ্ঞানের বিচ্ছেদ না হওয়ার নাম আসক্তি। আসক্তি অনুসারে পদস্থাপন করিতে হয়। "তাঁহার টাকা-এখানে তাঁহার পদের পরই যাহার সহিত উহার সম্বন্ধ, সেই টাকা পদ প্রয়োগ করিতে হয়। এইরূপ করিলেই আসক্তি নিবন্ধন অর্থবোধে বাধা জন্মে না।

পৃ° ২৬৫, ১ম স্তম্ভে, "আস্ক" পর্য্যায়ে ১ম পঙক্তিতে 'স্ক' স্থলে 'স্ক' পড়িতে হইবে।

" " "আস্কারা" পর্য্যায়ে ১ম পঙক্তিতে ']' এর পূর্ব্বে বসিবে-। আ-আশ আশ (অতি সন্তুষ্ট হওয়ার ভাব > অতি আদর বা স্নেহ) + হি° করনা= উ° "আশ-আশ করনা" > বাং আশ আশ করা > ক্ষে° আশকারা, আস্কারা।

পৃ° ২৬৬, ৩য় স্তম্ভে, "আস্বাদ" পর্য্যায়ে, ১৩শ পঙক্তিতে 'উপযুক্ত' স্থলে হইবে-উপযুক্ত; ~দা [আস্বাদ + আ (ক্রিয়ায়)। আস্বাদি, আস্বাদ (আস্বাদেন, আস্বাদিস) আস্বাদে (আস্বাদেন); আস্বাদিতে; আস্বাদিয়া (ক্ষে°, পদ্যে-আস্বাদি] ক্রি, আস্বাদন করা।

পৃ° ২৭০, ৩য় স্তম্ভে, "ই"₆ পর্য্যায়-শেষে যুক্ত হইবে-১৬ কালবাচক, সে মুহূর্ত্তে; যৎক্ষণ-তৎক্ষণ এই ভাবাত্মক। "গাছে উঠতে না উঠতেই এক কাঁদি।"-প্রবচন। আর এক পা বাড়ালেই মার খাবে। ১৭ কোন কিছু ইচ্ছামত করিতে বা হইতে পারার ভাবদ্যোতক, অবাধ ইচ্ছাধীনতা-ব্যঞ্জক। প্র-হলেই হল। করলেই হয়। বলিলেই বলিতে পার। ১৮ ঠিক যেন; হুবহু। প্র-লোকটা যে রকম মোটা, ঘাড়েগর্দ্দানে আর কালো একটা মোষ বললেই হয়। ১৯ অবশ্য কর্ত্তব্য ও অপরিহার্য্য এমন প্রয়োজনাত্মক। প্র-একথা তাকে বলতেই হবে। এটা না করলেই নয়। ২০ ঠিক যা চাই; ঠিক তাই; অবিকল exactly প্র-আশ্রিত সেই কথাই বলে ছিলাম। সে ই ত আবার কে?

পৃ° ২৭৮, ২য় স্তম্ভে, "ইত" পর্য্যায়-শেষে যুক্ত হইবে- ৬ [ব্রজ° ইতি, প্রা-বাং এত, ত, তে] বি, প্রা° বাং ৭মী বিভক্তি প্রত্যয়। ৭ নিমিত্তার্থক ধাতুর প্রত্যয়। প্র-ধরইত=ধরিতে। চলইত=চলিতে।

পৃ° ২৭৮, ১ম স্তম্ভে "ইন্দ্র"₂ পর্য্যায়ে, ১১শ পঙক্তিতে "গৃহ।"-র পর বসিবে-~কম্বল-বি, প্রাচীন বঙ্গের শীতকালের গাত্রবস্ত্র বিঃ (মা° গান)।

পৃ° ২৭৮, ২য় স্তম্ভে "ইন্দ্র" পর্য্যায়ে ২৯ পংক্তির পর বসিবে- ~জালী-বিণ, কুহকী; অসাধু; ভণ্ড। "সন্ন্যাসী নাম মাত্র, মহা ইন্দ্রজালী;"-চৈ° চ°।

পৃ° ২৭৯, ২য় স্তম্ভে, "ইন্দ্র" পর্য্যায়ে, ১৩শ পঙক্তিতে "~মণি" পর্য্যায়-শেষে বসিবে-~মিঠা-বি; প্রাচীন বঙ্গের এক-প্রকার মিষ্টান্নবিঃ (মা° গান)।

পৃ° ২৮০, ১ম স্তম্ভে, "ইন্দ্রিয়" পর্য্যায়ে, নিম্ন হ'তে ৭ম পঙ্‌ক্তিতে "~বশ" শব্দের পূর্ব্বে বসিবে-~বৈধ [সং] বি, এক প্রকার চক্ষুরোগ যাতে লোক এক রংকে অন্য রং দেখে; ইন্দ্রিয়ের স্বকার্য্যে অশক্তিরূপ ব্যাধি।

" ৩য় স্তম্ভে, "ইমাম" পর্য্যায়ে, ৩য় পঙ্‌ক্তি শেষে যুক্ত হইবে-২ মুসলমান ধর্ম্মযাজক; ইস্‌লামীয় ধর্ম্মগুরু moslem religious leader. ৩ তাজিয়ার অগ্রে অগ্রে মিছিলের সহিত বাহিত পতাকা।

পৃ° ২৮২, ২য় স্তম্ভে, "ইল"₂ পর্য্যায়ের শেষে বসিবে- "আইল নৃপ বালিকা, বাজিল করতালিকা" -বাসবদত্তা। ২ [প্রা°বাং] উ° পু° ক্রিয়া বিভক্তি আধু° বাং=ইলাম, ইলুম, ইলেন)। "তাহাকে করিল [=করিলাম] আক্ষে অনেক যতনে।"-শ্রী° কী°। ৩। প্রা° বাং ম° পু° এবং আধু° বাং ১ম° পু° ক্রিয়া বিভক্তি। ইলা(=আধু° বাং য় ইলে) ইলেন ইলি] "যেমতি মাত! বসিলা [=বসিলে] আসিয়া"-মেঘ°। কথা হতে আইলা তোক্ষে কিবা তোর কাজ।"-শ্রী° কী°। ইলাহোঁ-ইলো, ইলোঁ, ম° বাং ইলাঙ ইলাঙ্‌ও°] প্রা° বাং, উ° পু° ক্রিয়া বিভক্তি (=আধু° ইলাম, ইলুম, ইলেম)। "মথুরা আইলাহোঁ তেজি গোকুলের বাস।"-শ্রী° কী°। "আইলো তোর বৃন্দাবন তোক্ষা অনুসরী"-ঐ। "তেকারণে আইলোঁ মোঞ যমুনার তীরে।"-ঐ। ইলী=ইল। আইলী(শ্রী° কী°)=আসিল। ইলেসিঁ=ইলে। "আইলেসিঁ চ° ৪৪ ৪) =আসিলে।

পৃ° ২৮৫, ২য় স্তম্ভে, "ইস্পাত" পর্য্যায় শেষে বসিবে-চুম্বক ইস্পাত=magnet steel. ঢালা ইস্পাত=cast steel. নরম ইস্পাত= mild steel, যন্ত্র ইস্পাত=tool steel.

পৃ° ২৮৭ ২য় স্তম্ভে, "ঈশা" পর্য্যায়-শেষে যুক্ত হইবে-২ [সং] অব্যয়বার্থগত ঈষ্ট অর্থাৎ প্রভু হন এই অর্থে ঈশ শব্দে তৃতীয়ার এক বচনে ঈশা (রাজা রামমোহন রায়)।

পৃ° ২৯৪, ৩য় স্তম্ভে, "উচ্চার্য্য" পর্য্যায়শেষে বসিবে-স্বতউচ্চার্য্য [স্বতঃ+উচ্চার্য্য= স্বত উচ্চার্য্য] বিণ, নিজে নিজেই উচ্চারিত হয় এমন, স্বয়ং উচ্চারণীয় self-pronuncing.

পৃ° ২৯৮, ১ম স্তম্ভে, "উজানভাটী" পর্য্যায়ে, ৪র্থ পঙ্‌ক্তিতে, '৩।'-এর পর যুক্ত হইবে-চড়াই উৎরাই বা পাহাড়িয়া উচুনীচুস্থান; উপরে নিম্নে।

পৃ° ২৯৯, ১ম স্তম্ভে, "উঝাল" পর্য্যায়শেষে যুক্ত হইবে-২। ছড়ান। "এত বলি এক গ্রাস অন্ন হাতে লঞা। উঝালি ফেলিল আগে যেন ক্রুদ্ধ হঞা।"

পৃ° ৩০৪, ১ম স্তম্ভে, "উতরান" পর্য্যায়ের শেষ থেকে তুলিয়া 'কবিক।'-এর পর বসিবে-"আকুল অতি উতরোল"-বি°প°।

পৃ° ৩১৩, ১ম স্তম্ভে "উদগ্র" পর্য্যায়শেষে যুক্ত হইবে-৮ [রাজনীতি] ই° extremist-এর বৈজ্ঞা° পরিঃ; চরমপন্থী।

পৃ° ৩২৮, ১ম স্তম্ভে, "উপগ্রহ" পর্য্যায়-শেষে বসিবে-~লেখ [অর্থ শা° পরিঃ] বি, যোগ্যতার জন্য, দুঃখ নিবারণ বা পুরস্কারের জন্য সম্মান প্রদর্শনের অভিলাষ জ্ঞাপক শাসন; আজ্ঞালেখ।

" ৩য় স্তম্ভে, "উপচিত" পর্য্যায়ে ৫ম পঙ্‌ক্তিতে, "উপচিতি"স্থলে উপচিতি₂ পড়িতে হইবে।

পৃ° ৩৩১, ২য় স্তম্ভে, "উপনিষৎ" ৫ম পঙ্‌ক্তিতে, "বিদ্যার" পর যুক্ত হইবে- [দ্রঃ-পুরাণ উপ-পুরানের ন্যায় উপনিষদ ও সংখ্যায় অনেক। প্রধান ও প্রসিদ্ধগুলির নাম-আত্মোপনিষৎ (পরমাত্মা, অন্তরাত্মা ও বাহ্যাত্মার স্বরূপ প্রতিপাদক), ঈশোপনিষৎ (ব্রহ্মজ্ঞান, প্রকৃতি-পুরুষ (ঈশ্বর) এবং জ্ঞান ও কর্ম্ম প্রতিপাদক)। ঐতরেয়োপনিষৎ (ব্রহ্মস্বরূপ, সৃষ্টিতত্ত্ব, জন্মান্তর বাদ ও অমৃতত্ব প্রতিপাদক), কঠোপনিষৎ (যমের নিকট নচিকেতার আত্মজ্ঞানলাভ, আত্মারস্বরূপ বিচার, আত্মানাত্মা বিবেক ও যোগবিধি প্রতিপাদক), কেনোপনিষৎ (ব্রহ্ম সকল শক্তির মূলীভূত কারণ এই জ্ঞান প্রতিপাদক), তৈত্তিরীয়োপনিষৎ (শিক্ষাবল্লী, ব্রহ্মানন্দবল্লী, ভৃগুবল্লী এই তিন অধ্যায়ে ব্রহ্মোপলব্ধি, পঞ্চকোষ বর্ণন জীব ভেদে সুখের ইতর বিশেষ ও ব্রহ্মানন্দের চরমনির্দ্দেশ এবং ভৃগু-বরুণের কথোপকথন প্রসঙ্গে তপস্যাই যে ব্রহ্মজ্ঞান লাভের উপায় তৎপ্রতিপাদক), প্রশ্নোপনিষৎ (প্রশ্ন নামক ছয়টি অধ্যায়ে পিপ্পলাদি ঋষির ছয় জন শিষ্যের ছয়টি প্রশ্ন ও তদুত্তরে ঋষির উক্তি সম্বলিত গ্রন্থ যাতে আদি চৈতন্য ও আদিভূত হ'তে প্রাণীর উদ্ভব, প্রাণশক্তি, জীবাত্মা পরমাত্মার সম্বন্ধ, ওঁকার সাধনের ফল, ষোড়শ কলাবিশিষ্ট পুরুষ ও পরম পুরুষে কলাসমূহের লয় দ্বারা অমরত্বলাভ আলোচিত হইয়াছে)। মুণ্ডকোপনিষৎ (পরা ও অপরা বিদ্যা, ব্রহ্মস্বরূপ, ব্রহ্মসাধনোপদেশ ও ব্রহ্মনির্ব্বাণ প্রতিপাদক), মাণ্ডুক্যোপনিষৎ (ওঁকারের ব্যাখ্যাসূত্রে আত্মার জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্তি, এই অবস্থাত্রয় ও তদতীত নিত্য অপরিবর্ত্তনশীল তুরীয় অবস্থা বর্ণনা প্রতিপাদক), শ্বেতাশ্বতরোপনিষৎ (সগুণ ও নির্গুণ ব্রহ্ম, প্রকৃতি, জীবব্রহ্ম সম্বন্ধ, ব্রহ্মসাধন ও মুক্তি প্রতিপাদক)। এতদ্ব্যতীত চুলিকোপনিষৎ, জাবালোপনিষৎ, পিণ্ডোপনিষৎ প্রভৃতি বহু উপনিষদের নাম প্রাপ্ত হওয়া যায়]।

পৃ° ৩৩১, ৩য় স্তম্ভে, "উপন্যাস" পর্য্যায়ে ৬ষ্ঠ পঙ্‌ক্তিতে '[' -এর পর বসিবে-সং-তে অপ্রকৃত বচনবিন্যাস।

পৃ° ৩৩৩, ৩য় স্তম্ভে, "উপভোক্তা" পর্য্যায়-শেষে যুক্ত হইবে-স্ত্রীং উপভোক্ত্রী।

পৃ° ৩৩৪, ৩য় স্তম্ভে, "উপভোগ" ও "উপর" পর্য্যায়দ্বয়ের মধ্যে বসিবে-উপযোজন [ইং adjustment এর বৈজ্ঞা° পরিঃ] বি, সমাধান; যথাস্থানে ও যথোপযুক্তভাবে সন্নিবেশ; ব্যবস্থাপন। > বিণ, উপযোজিত।

পৃ° ৩৪৩, ২য় স্তম্ভে, "উবটন" পর্য্যায়ে ১ম পঙ্‌ক্তিতে উবটন শব্দের পর বসিবে- (-ব্‌-)।

" ৩য় পঙ্‌ক্তিতে পঙ্ক-র পর বসিবে-পঙ্ক; অঙ্গরাগবিঃ। উ° হরিদ্রা মাথায় বেহুল্যার অঙ্গে"-ক্ষেমানন্দ°।

পৃ° ৩৪৮, ২য় স্তম্ভে, "উলু"$_2$ পর্য্যায়ে ১ম পঙ্ক্তিতে 'ধ্বন্যাত্মক'স্থলে বসিবে-অনু°। হুলু, উলুলু, দ্রঃ।

৩য় স্তম্ভে, "উলুলু" পর্য্যায়ে, 'দ্রঃ)]' স্থলে, বসিবে-দ্রঃ)। হুলু, হুলুই দ্রঃ] তুল-ইং u-lu-lu (উলুলু), বিপরীতার্থে অর্থাৎ নারীকণ্ঠের বিলাপধ্বনি "When other birds are still the screech owls take up the strain, like mourning women their ancient u-lu-lu "—Walden, 1886, (Henry David Thoreau).

৩য় স্তম্ভে, ৩য় পঙ্ক্তিতে, "উলুধ্বনি।" স্থলে পড়িতে হইবে-স্ত্রী-আচারে শুভসূচক 'উলুধ্বনি।'

৩য় স্তম্ভে, "উল্কা" পর্য্যায় নিম্ন, হ'তে ৩য় পঙ্ক্তিতে 'মশালচীর' পরে বসিবে- ~পাঁত্তর, ~পাত্তর [উল্কাপাত > গ্রা°] বি, উল্কাপতনের ন্যায় হঠাৎ আগত বা আপতিত ব্যক্তি বিষয় বা বস্তু; হঠাৎ আসিয়া উপস্থিত (ক্রিক্রি); বিরক্তি বা বিঘ্নকর অনাহুত ব্যক্তি।

পৃ° ৩৫২, ২য় স্তম্ভে, "উসখুস" পর্য্যায়ে, ১ম পঙ্ক্তিতে, 'না' স্থলে হইবে-অসুখসূনা, ৩য় পঙ্ক্তিতে 'বি,'স্থলে হইবে-অ, বি, বিণ, ৬ষ্ঠ পঙ্ক্তিতে '~করা'-র পূর্ব্বে বসিবে। "করা"র পর ও'-'স্থলে বসিবে-[উ°+আনি (ক্রিয়ার)। উসখুসাই,-ও,-র উসখুসাইতে; উসখুসাইয়া (কে° উসখুসিয়ে)] ক্রি, পর্য্যায়-শেষে যুক্ত হইবে-উসখুসু(যু)নি-বি, অস্থিরতা।

পৃ° ৩৬৫, ২য় স্তম্ভে, "এ$_2$" পর্য্যায়-শেষে বসিবে-৪ এর; ইহার; ইহা হইতে; এর অপেক্ষা। "অনলে কি তাপ এ অধিক"-গিরিশ°।

পৃ° ৩৬৬, ২য় স্তম্ভে, "একক" পর্য্যায়শেষে বসিবে-৪ [পদার্থবিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] বি, ইং unit. এর বৈজ্ঞা° পরিঃ; মাত্রা। ~তাপীয় একক-thermal unit, ~পরম একক -absolute unit ব্যবহারিক একক-practical unit. মহাকর্ষীয় একক- gravitational unit. মূলএকক-fundamental unit, মেট্রিক একক-metric unit.

পৃ° ৩৬৮, ১ম স্তম্ভে, "একজরি" পর্য্যায়ে, ১ম পংক্তিতে '-বি,'র স্থলে বসিবে- [একজর+ই স্বার্থে, তদবস্থ অর্থে)। গ্রা°]-বিণ,

পৃ° ৩৭৯, ৩য় স্তম্ভে, "এড়ি" পর্য্যায়ে ১ম পঙ্ক্তিতে "এড়ি" স্থলে পড়িতে হইবে-এড়ি$_1$

"এড়ি, এঁড়ি" পর্য্যায়ে, ১ম পঙ্ক্তিতে 'এড়ি' স্থলে পড়িতে হইবে-এড়ি$_2$ এবং ২য় পঙ্ক্তিতে 'বস্ত্রবিঃ'-এর পর পড়িতে হইবে-এরণ্ড বা ভেরেণ্ডা-গাছে-চাষ-করা গুটি-পোকা-জাত রেশম; এণ্ডী দ্রঃ।

পৃ° ৩৮৩, ৩য় স্তম্ভে, "এর" পর্য্যায়ে ১০ম পঙ্ক্তিতে, 'গী°।'-র পর বসিবে- ~থেকে[এ ১৯ দ্রঃ রবী° ঠাকুর প্রবর্ত্তিত] অ, ইহা (র) হইতে; এই হইতে; এ হ'তে; এ থেকে (দ্রঃ)। "এর থেকে বুঝতে পারবে" রাশিয়ার চিঠি (রবী°)।

পৃ° ৩৮৬, ১ম স্তম্ভে, "এষণ" পর্য্যায়ে, ১ম পঙ্ক্তিতে "ইন" স্থলে হইবে-ইষ।

পৃ° ৩৯১, ১ম স্তম্ভে, 'ও' পর্য্যায়শেষে যুক্ত হইবে-৩২ বটে; তাই; তাই বটে; ভিতরের কথা বা রহস্য এখন বোধগম্য হইল ইঃ অর্থে।

পৃ° ৩৯৫, ২য় স্তম্ভে, "ওম" পর্য্যায়ে, ২য় পঙ্ক্তিতে, '।' স্থলে পড়িতে হইবে-বি, গরম; গুমট।

পৃ° ৩৯৯, ৩য় স্তম্ভে, "ঔদক" পর্য্যায়ে 'ক' স্থলে হইবে অ(ক্য)। এবং পঙ্ক্তি-শেষে বসিবে-২[পদার্থবিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] ইং hydraulic এর বৈজ্ঞা° পরিঃ। ~প্রেস=Hydraulic Press. ঔদ-স্থিতি বিদ্যা=Hydraustatics.

পৃ° ৩৯৯, ৩য় স্তম্ভে, 'ঔদার্য্য' পর্য্যায়শেষে বসিবে- ৩ [অর্থশা° পরি°] চলিত শব্দ ব্যবহার না করার নাম।

পৃ° ৪০৬, ১ম স্তম্ভে, নিম্ন হ'তে ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পঙ্ক্তির পরিবর্ত্তে নূতন শব্দরূপে পড়িতে হইবে-কঁচকিচিয়া$_1$, কঁচ-কঁচে$_1$ [অনু° অবজ্ঞার্থে ক্যাচকেচে] বিণ, কচকচ শব্দকারী। ২ কাঁচা বা কচি (বিতঃ ফল সম্বন্ধে)। কঁচকিচিয়া$_2$, কঁচকিচে$_2$ [সং কচ্, কঞ্চ্ (বন্ধনে) > হি° কচ্চা-কাঁচা >] বিণ, কচি।

৩য় স্তম্ভে, কচ$_1$, কচা$_2$ কঁচা$_3$ কঁচা$_4$ ও কঁচা$_5$-পাঁচটি নূতন শব্দস্বরূপ পৃথক্ পৃথক্ বসিবে এবং ঐ পর্য্যায়ের শেষ-পঙ্ক্তি হ'তে '~কঁচি হ'তে দ্রঃ।'-পর্য্যন্ত অংশ উঠাইয়া দিতে হইবে।

পৃ° ৪০৮, ১ম স্তম্ভে, কঞ্চু পর্য্যায়ে ৪র্থ পংক্তিতে 'সাঁজোয়া-র পর বসিবে- ; হাঁটু পর্য্যন্ত বিস্তৃত অঙ্গরাখা [অর্থ শা°]।

৩য় স্তম্ভে, "কট$_4$" পর্য্যায়ে, ১ম পংক্তিতে, [কট্‌কবালা > কে°] বি, বন্ধকী তমসুক-এর স্থলে বসিবে- [সং কট্ (আচরণে, কৃচ্ছ্র জীবনে) >] বি, সর্ত্ত; কটকিনা; বাঁধাবাঁধি নিয়ম; সর্ত্তবন্ধন; মুদ্দৎ।

৪র্থ পঙ্ক্তিতে 'পারিব।'-র পর বসিবে- "আজ্ঞে, কট কি?" "এই একটা লেখাপড়া করে রেজিষ্ট্রি করে দিতে হবে একমাসের মধ্যে টাকা যদি শোধ কত্তে না পার, তবে বাড়ী আমার হবে।"

পৃ° ৪০৯, ১ম স্তম্ভে, "কটকবালা" পর্য্যায়ে, ১ম পঙ্ক্তিতে 'আ°' স্থলে বসিবে-সংকট্ (আচরণে, কৃচ্ছ্র জীবনে)+আ° কবালা (খত, ঋণ ই° পত্র deed)

৫ম পঙ্ক্তিতে-'স্বত্ব' স্থলে সর্ত্ত পাঠ করিতে হইবে।

পৃ° ৪১০, ৩য় স্তম্ভে, "কটু" পর্য্যায়শেষে বসিবে-~অভিজ্ঞতা [ইং bitter experience এর বঙ্গানুবাদ] তিক্ত অভিজ্ঞতা; ভুক্ত-ভোগিতা; অতিকষ্টে লব্ধজ্ঞান। "এরূপ কটু অভিজ্ঞতা বহুবার ঘটায় অবশেষে প্রতিকারের আশায় সংবাদ পত্রের আশ্রয় লইতেছি।" -আ° পত্রিকা, ২৩-৯-৩৩।

পৃ° ৪৩১, ৩য় স্তম্ভে, "কবাট" পর্য্যায়শেষে বসিবে-২ [অর্থ° শা° পরিঃ]আত্মরক্ষার্থ অঙ্গাবরক কাষ্ঠফলক।

পৃ° ৪৩৩, ১ম স্তম্ভে, "কয়াল" পর্য্যায়ে ১ম পঙ্ক্তিতে '-' চিহ্নের স্থলে বসিবে- [আ° কইআল]

পৃ° ৪৩৬, ২য় স্তম্ভ, "কর$_6$" পর্য্যায়ে, ২য়

পংক্তিতে 'থাকিলে'-র পর বসিবে- ফা০ গর (যে করে বা গড়ে)-এই অর্থে ফা০ গার (=সং-কার), গর৩ দ্রঃ। কারিকর= কারিগর। মদদ্‌গার (সাহায্যকারী)]বিণ।

„ ৩য় পংক্তিতে-'কারক'এর পর '।' স্থলে বসিবে- ;

„ ৫ম পংক্তিতে, 'সম্বন্ধে বিভক্তি' স্থলে পড়িতে হইবে-সম্বন্ধ-বিভক্তি। •

পৃ০ ৪৩৮, ৩য় স্তম্ভে, 'করণ্ড' পর্য্যায়শেষে বসিবে-৭ অণ্ডকোষ। ৮ অণ্ডকোষস্ফীতি-রোগ ; কোরন্দ।

পৃ০ ৪৪৩, ২য় স্তম্ভে, "করিয়া" পর্য্যায়ে শেষ হইতে ৪র্থ পঙ্‌ক্তি শেষে বসিবে-"চক্রবর্ত্তী সম্বন্ধে হাম আজা করি মানে।"-চৈ০ চ০।

„ ৬ষ্ঠ পঙ্‌ক্তিতে 'অভেদ জ্ঞানে'র পর বসিবে- ; বলিয়া।

„ ৭ম পঙ্‌ক্তিতে '১০' এর পর বসিবে-[এই অর্থে ক্ষে০ করি, করে, এ (জ্ঞান করিয়া; জ্ঞানে)]

পৃ০ ৪৪৭, ৩য় স্তম্ভে, "কর্ত্তৃক" পর্য্যায়ে ৩য় পঙ্‌ক্তিতে '[' স্থলে বসিবে- প্রা০ কর্ত্তৃক। "a ts" (তৎসম) "word, used, as an instrumental post-position, either loosely compounded with the stem, or used with the genetive: 'having (the preceding noun or pronoun) as the doer': e. g., বিদ্যাসাগর কর্ত্তৃক লিখিত **; তাঁহা কর্ত্তৃক দৃষ্ট * * * A learned form, which became established during the early 19th century. —O. D. B. L, p. 768.

পৃ০ ৪৪৮, ১ম স্তম্ভে, "কর্ত্তৃক" পর্য্যায়ে ২য় পঙ্‌ক্তিতে '।'-র পর বসিবে-"উক্ত চারি ক্ষেত্রের বিশেষ বিবরণ অস্মৎ কর্ত্তৃক গৌড়ীয় ভাষায় গদ্য পদ্য রচনায় পুরুষোত্তম চন্দ্রিকা নামে প্রস্তুত হইয়াছে।" -সমাচার চন্দ্রিকা, ১৬-৯-১৮৪৪।

পৃ০ ৪৫১, ১ম স্তম্ভে, "কর্ম্মী" পর্য্যায়শেষে বসিবে- ~সঁঙ্ঘ-বি, স্বার্থোন্নতিসাধক ও স্বার্থসংরক্ষক দলবদ্ধ শ্রমিক-সমিতি Trade union.

পৃ০ ৪৫৩, ২য় স্তম্ভে, "কলম২" পর্য্যায়ে, নিম্ন হতে ১০ম পঙ্‌ক্তিতে, ২য় সংখ্যক অর্থ শেষে বসিবে- ৩ [লক্ষ০] লেখ ; কলমের লেখা প্র-এক কলম লিখে দাও। ৪ [কলম-আকৃতি] ঝাড়ের শোভা সম্পাদক ত্রিপার্শ্ব (Prismatic) কাচ কলক। ৫ [ত্রিপার্শ্ব কাচাকৃতি >] সোরা মিছরি ই০-র দানা crystal. ৬ লৌহাদি নির্ম্মিত বা হীরকবাঁধানমুখ লেখনী যদ্বারা ধাতুফলকে বা ধাতুময় দ্রব্যের গাত্রে অক্ষর বা চিত্রাদি খোদিত হয়।

„ ২য় স্তম্ভে, নিম্ন হতে ৪র্থ পঙ্‌ক্তির 'ক্রি', তুলিয়া দিয়া ৮ম পঙ্‌ক্তিতে 'কলম কাটা'র পর ও 'বর্দ্ধি'র পূর্ব্বে বসিবে।

„ ৩য় স্তম্ভে, ১ম পঙ্‌ক্তিশেষে 'আন' স্থলে বসিবে-আম।

„ ৩য় স্তম্ভে, ৩য় পঙ্‌ক্তিশেষে বসিবে- এঁক কলম [এক (স্বল্পার্থে)+কলম] অ, কলমে একবার কালী লইয়া যতটুকু লেখা যায় ; সামান্য একটু ; অল্প। প্র-এক কলম লিখে দিলে ভাল হইত। ২ এক (অপরিবর্ত্তনীয়, অব্যর্থ)+কলম (লেখ)] যার নড়চড় হইবে না এমন লেখা ; যা মুখের কথা মাত্র নয়, কিন্তু যা অভ্রান্ত সত্য ও অবশ্যম্ভাবী সুতরাং চিরস্থায়ী প্রমাণ বা সাক্ষ্যস্বরূপ কালীকলমের লেখা। প্র-এটা যে হবে তা এক কলম লিখে দিতে পারি। মুট কঁলম-পূর্ব্বকালের পাঠশালার ধারানুসারে কলম মুঠা করিয়া ধরার প্রথা হতে। প্র-মুটকলমে লেখার ধাঁজ।

পৃ০ ৪৫৩, ৩য় স্তম্ভে, "কলম‖তরাশ" পর্য্যায়ে ৮ম পঙ্‌ক্তিতে ~'করা'-র পূর্ব্বে >এই চিহ্ন বসিবে।

" ৩য় স্তম্ভে, ১১শ পঙ্‌ক্তিতে 'বিণ'-এর পূর্ব্বে >এই চিহ্ন বসিবে।

" ৩য় স্তম্ভে "কলমী" পর্য্যায়ে, ১ম পঙ্‌ক্তিতে 'রাজসাহী'-র পূর্ব্বে বসিবে-কলম২ দ্রঃ।

পৃ০ ৪৬১, ১ম স্তম্ভে, "কল্পনা" পর্য্যায়ে, ৬ সংখ্যক অর্থের পর ও '~প্রবণ'এর পূর্ব্বে বসিবে- ~ত্মক [কল্পনা + আত্মক] বিণ, ভাবাত্মক ; ভাবভূত ; কল্পনাসম্ভূত ; মানস-সৃষ্টিভূত ; মানসী ; কল্পনাময় imaginative.

„ "কল্মষ" পর্য্যায়শেষে যুক্ত হইবে- ৫ ইং miasmus এর বৈজ্ঞা০ পরিঃ ; কিল্বিষ ; পূতীবাষ্প।

পৃ০ ৪৬৪, ১ম স্তম্ভে, "কষায়ী~" পর্য্যায় শেষে যুক্ত হইবে-~ন-বি, ইং tannin এর পরিঃ ; কষা। ২ বিণ, কষ বা কষায়বর্ণ রসবিশিষ্ট।

পৃ০ ৪৬৭, ৩য় স্তম্ভে, "কাইয়াঁ" পর্য্যায়ে, ৩য় পঙ্‌ক্তিতে 'ই০' স্থলে "ই০-স্বভাব" হইবে।

পৃ০ ৪৭২, ২য় স্তম্ভে, "কাঁথ" পর্য্যায়ে ৫ম পঙ্‌ক্তিতে "২" এর পর বসিবে- [তুল-আ০ কানাৎ (তাঁবুর দেওয়াল)]

„ ২য় স্তম্ভে, "কাঁথড়া" পর্য্যায়ে, ৩য় পঙ্‌ক্তিতে 'আদল।' এর পর বসিবে- ~কেঁথড়ি-বি, পুরাতন ছেঁড়া কাঁথা, ন্যাকড়া ও তদ্রূপ বিছানা পত্র।

„ ২য় স্তম্ভে, 'কাঁথা' পর্য্যায়ে, ১ম পঙ্‌ক্তিতে ['কন্থা।'-র পর বসিবে- সাঁওতালী-খান্তা।

„ পর্য্যায়শেষে বসিবে-কাঁথায় আগুন [লক্ষ০] অ, মরণ ; নিকুচি ; নাশ হোক ই০। প্র-"ফ্যাসানের কাঁথায় আগুন"।

পৃ০ ৪৮৩, ১ম স্তম্ভে, "কাটা" পর্য্যায়ে, ৫ম পঙ্‌ক্তিশেষে বসিবে-৪ ভাঙ্গা ; ভেদ করা। প্র-জল কেটে পার হয়ে যাওয়া। ৫ পরিষ্কার করা ; খোয়া। প্র-গু-মুত কাটা। ৬ যাপিত হওয়া ; অতিবাহিত হওয়া। প্র-এতটা বয়স কেটে গেল ই০। দিন কাটে তো রাত কাটে না। সময় কেটে যাবে। ৭ উত্তীর্ণ হওয়া। প্র-বিপদ কাটা। ফাঁড়া কাটা। ৮ অঙ্কপাত করা ; আঁকা ; প্রস্তুত করা ; নক্সা করা। প্র-ছক কাটা। ৯ পৃথক্ হওয়া। প্র-এত নেবুর রস দিয়েও এ দুধ থেকে ছানা আর কাটতে চায় না। ১০ অস্ত্রোপচার করা। প্র-ফোড়া কাটা। ১১ অবসান হওয়া ; বিচ্ছেদ হওয়া ; ভঙ্গ হওয়া ; ছাড়াছাড়ি হওয়া। প্র-ঘুম কেটে যাওয়া। সম্বন্ধ কাটা। ১২ বাদ দেওয়া ; তুলিয়া দেওয়া ; অপসারিত করা। প্র-হিসাব থেকে কেটে দাও। খাতা থেকে নামটা কেটে দাও। ১৩ খনন করা। প্র-নর্দ্দমা কাটা ; খাল কাটা। ১৪ টানা। প্র-আঁচড় কাটা ; লাইন কাটা ; দাগ

কাটা। ১৫ মুক্ত হওয়া, অদৃশ্য হওয়া। ~মেঘ কাটা। মনের আঁধার, দুঃখ, ক্ষোভ ইং কাটা। ১৬ মৃত্যুকামনা করিয়া গালি দেওয়া, ভাতার পুতের 'মাথা খাই, বলিয়া অভিশাপ দেওয়া। প্র-খেটো কাটা। ভাতার কাটা। ১৭ নিঃসৃত হওয়া; বাহির হওয়া। প্র-জল কাটা: লাল কাটা; গাদ কাটা। ১৮ বিক্রয় হওয়া। প্র-বাজারে মাল কাটা। দরে কাটা। ১৯ পঞ্চ (punch) যন্ত্রে ছিদ্র করা; ঐরূপ ছিদ্র করিয়া বা যন্ত্রে তারিখ ছাপিয়া যাত্রীকে দেওয়া। প্র-টিকিট কাটা। ২০ তাল, খেজুর, নারিকেল, পাইন ইং গাছের রস লইবার জন্য গাছুয়াদের দ্বারা গাছের স্কন্ধদেশ চাঁছিয়া রস নিঃসরণের পথ করিয়া দেওয়া। প্র-গাছ কেটে কেটে ক্রমাগত রস নিয়ে তাল, নারিকেল ও খেজুরের দফা রফা হয়ে গেল। ২১ পাকান; পাকাইয়া নির্ম্মাণ করা। প্র-সুতা কাটা। ২২ কাটিয়া বাহির করা। প্র-পথ কাটা; জঙ্গল কাটা। ২৩ বুনিয়া বা ছাপ দিয়া তোলা। প্র-কল্কা কাটা; বুটি কাটা। ফুল কাটা। ২৪ করা; রচা। প্র-কলে কাটা চুল। বাবরি কাটা চুল; বাহার কাটা।

পৃ° ৪৮৫, ৩য় স্তম্ভে, "কাঠ" পর্য্যায়ে, নিম্ন হইতে ৫ম পঙক্তিতে "শক্ত"র পর বসিবে-

কাঠদাপ [কাঠ (রসশূন্য-অন্তঃসারশূন্য) +দাপ (দর্প)] বি, শুষ্ক অর্থাৎ বৃথা দর্প; অসার বীরত্ব; শূন্য আস্ফালন। কাঠ নবাব-বি; ফোতো নবাব।

পৃ° ৪৮৮, ২য় স্তম্ভে, "কাণ্ডজ্ঞান" পর্য্যায়ে, ৫ম পঙক্তিতে বিচার-বুদ্ধির পর '।' স্থলে বসিবে-Common-sense.

পৃ° ৪৯৭, ১ম স্তম্ভে, কাপ্তেন পর্য্যায়ে, ১ম পঙক্তিতে, 'কাপ্তেন' স্থলে বসিবে-

কাপ্তান, কাপ্তেন

„ ৪র্থ পঙক্তিতে 'হয়'এর পর বসিবে-
~নী-বি, কাপ্তানের কর্ম্ম, ব্যবসায় বা ভাব। "অধিকদিন আর এ কাপ্তানী চলিবে না"-ছোট বড় (কা° দাশগুপ্ত)।

„ „ ২য় স্তম্ভে "কাবা" পর্য্যায়ে, ৩য় পঙক্তি-শেষে '[আ°]' স্থলে বসিবে- [আ° কাব (গ্রী° kubos ইং cube) >কাবা (ঘনক্ষেত্র) >] হজরৎ মুহম্মদের পূর্ব্বপুরুষ ইব্রাহীম ও ইস্মাইল নির্ম্মিত মসজিদ বা পূর্ব্বে প্রাচীরবেষ্টিত ছিল, পরে, তার দৈর্ঘ্য প্রস্থ এবং উচ্চতা সমান করিয়া পুনর্নির্ম্মিত হইলে এই নামে উক্ত হয়। মুসলিম জগৎ কাবার দিকে মুখ ফিরাইয়া প্রতিদিন উপাসনা করেন, ইহার নামান্তর-মসজিদ-অল-অহরাম]

পৃ° ৪৯৯, ২য় স্তম্ভে, "কাম১" পর্য্যায়ে ৮ম পঙক্তি ৬ সংখ্যক অর্থের শেষে '।'-এর পর বসিবে-রিরংসা; লাম্পট্য।

„ ৯ সংখ্যক অর্থের পর বসিবে-১০ স্বেচ্ছাচার। ১১ পারিবারিক, নাগরিক, রাষ্ট্রিক ও সামাজিক অভ্যুদয় ও সুখ-স্বচ্ছন্দবিধান কামমীমাংসার অন্তর্গত।

পৃ° ৫০২, ১ম স্তম্ভে, ১ম পংক্তিতে 'কামানিত' স্থলে পড়িতে হইবে কামানি৩

পৃ° ৫০৩, ৩য় স্তম্ভে, "কায়দা" পর্য্যায়ে, ৪র্থ পঙক্তিতে 'নিয়ম।'এর পর বসিবে-
~দুরস্ত [কা°+(ফা°) দুরুস্ত্ > বাং-গ্রা° দোরোস্তো] বিণ, শিষ্ট সমাজের রীতি-সঙ্গত; চালচলন, আচার ব্যবহারে ত্রুটি বিচ্যুতিহীন; শিষ্টাচারের নিয়ম সঙ্গত।

পৃ° ৫০৭, ১ম স্তম্ভে, "কারু" পর্য্যায়ে, ৯ম পঙক্তিতে "school" এর পর বসিবে-
~শিল্প [ক° বিশ্ব° পরি:] ইং art এর বৈজ্ঞা° পরি:।

পৃ° ৫০৮, ১ম স্তম্ভে, 'কার্য্য' পর্য্যায়ে, ৮ম পঙক্তিতে, 'হয়।'-এর পর বসিবে-
৬ কার্য্য: ক্রিয়া function. প্র-হৃদ্-যন্ত্রের বা পাকস্থলীর কার্য্য ভাল হইতেছে না ইং। ৭ পেশা; ব্যবসায় business.

পৃ° ৫২০, ১ম স্তম্ভে 'কাহ্নো পর্য্যায় স্থলে বসিবে-কাহ্নো [কাহারও > কাহারো > কারহো > বর্ণবিপর্য্যয়ে কাহরো > কে° প্রা° বাং কাহ্নো। কারও, কারো, কাউরও, কারুরো ও°] স, কোন ব্যক্তির(ও)।

পৃ° ৫২২, ২য় স্তম্ভে, "কিত্তি" পর্য্যায়ে, ১ম পঙক্তিতে '[কীর্ত্তি দ্রঃ]' স্থলে বসিবে-[সং কীর্ত্তি > পা° কিত্তি >। সং কৃতি ও ভাব ও পা° 'কিত্তি'র উচ্চারণ সাদৃশ্য হতে বাং গ্রা° কথ্য]

„ পর্য্যায় শেষে, 'কিত্তি।'-র পর বসিবে-
কিত্তি-কারখানা - কার্য্য-কলাপ। কিত্তিমান্-যশস্বী। অবাককিত্তি-অদ্ভুত কাণ্ড; বিস্ময়কর ব্যাপার। কুকিত্তি-কুকর্ম্ম; পাপ। ২ অখ্যাতি; দুর্নাম; অপযশ। সুকিত্তি-সুযশ; সুখ্যাতি; পুণ্য। ২ [ব্যঙ্গার্থে] কুকিত্তি।

পৃ° ৫২৩, ১ম স্তম্ভে, "কিবা" পর্য্যায়ে, ১ম পঙক্তিতে 'কিবে।'-র পর বসিবে-"ওই কিরে ধবধব তুঙ্গ তুঙ্গ শৃঙ্গ সব"-বি° চক্রবর্ত্তী]

পৃ° ৫২৪, ২য় স্তম্ভে, "কিরা" পর্য্যায়ে ১ম পঙক্তিতে 'গিয়া' স্থলে পড়িতে হইবে-'ক্রিয়া'।

„ ২য় পঙক্তিতে 'কিরীয়া স্থলে হইবে-সং ব্যবহারত্বে ক্রিয়া, নিষ্কৃতি ও শপথ দ্রঃ। হিং অর্থে (১) শপথ, কসম্ (প্র-দেনা, -খানা, -দিলানা, -ধরানা, -রখনা), (২) কর্ত্তব্য, (৩) শ্রাদ্ধাদি মৃত-কর্ম্ম)-হিং শ° সা°।

„ ৩য় পঙক্তিতে 'দিব্য।' স্থলে বসিবে-দিব্য; কসম্; মাথার দিব্য (তুল-।

পৃ° ৫২৫, ১ম স্তম্ভে, "কিরে১" পর্য্যায় শেষে বসিবে-"মোর কিরে প্রাণেশ্বর।"-মেঘ°।
~মোর (তোর) কিরে-আমার (তোমার) দিব্য।

পৃ° ৫২৬, ২য় স্তম্ভে, "কিস্তিমাত" পর্য্যায়ে, ১ম পঙক্তিতে 'কিস্তিমাত' -এর পর বসিবে-, কিস্তিমাৎ

„ ৩য় পঙক্তিশেষে বসিবে-২ [লক্ষ°] কাজ হাসিল; কৃতকার্য্য। "* * * প্রথমে দিতে রাজী হয়নি * * * তারপর দু'এক চাল দিতেই কিস্তিমাৎ।"-পরিত্রাণ (বঙ্গবাণী, কার্ত্তিক, ১৩৩৪)।

„ ২য় স্তম্ভে, "কিস্তি" পর্য্যায়শেষে বসিবে-
~খেলাপ-দেয় খাজনা আদায় দিবার নির্দ্ধারিত সময় উত্তীর্ণ হওয়ায় প্রতিশ্রুতি ভঙ্গ। "সদর জমার কিস্তিখেলাপের দরুণ ৩০২টী জমিদারী বিক্রয় হইবে বলিয়া বিজ্ঞাপন দেওয়া হইয়াছে।"-আ° পত্রিকা, ১৭-১-৩৫।

৩য় স্তম্ভে, "কী" পর্য্যায়ে, ৪র্থ পঙক্তিতে 'প্রয়োজন বিঃ' স্থলে হইবে-প্রয়োজন কি।
৫ম পঙক্তিতে, 'যিনি' স্থলে হইবে-তিনি
৬ষ্ঠ পঙক্তিতে, "স্ত্রী।" স্থলে হইবে-স্ত্রী° কী°।

পৃ° ৫২৩, ১ম স্তম্ভে, "গোচর্ম্ম" পর্য্যায়-শেষে যুক্ত হইবে-২ [স্মৃ°] জমির পরিমাণবিঃ।

পৃ° ৫২৬, ৩য় স্তম্ভে, "কী" পর্য্যায়-শেষে বসিবে-৫ [অত্যাধুনিক বাং সাহিত্যে বাক্যের মধ্যে জিজ্ঞাস্য বিষয়টিকে পরিষ্কার ভাবে বুঝিবার বা তার প্রকৃত তথ্য জানিবার উদ্দেশ্যে বল প্রয়োগার্থ 'ি' স্থলে 'ী' প্রশ্নে। "ছবির রূপের সঙ্গে ছবির বিষয়ের ও ভাবের সম্বন্ধ কী সেইটে ব্যাখ্যা করা দরকার"-রাশিয়ার চিঠি (রবী°)। ৬ স, বিশেষ কোন দ্রব্য বা কি বস্তু অর্থে। প্র-কী বা কী কী খাবে বল দেখি? [দ্রঃ- শুদ্ধ প্রশ্নার্থে কি, যথা-সব তো ফুরাল, এখন খাবে কি? সে কথা বলিব কি?]

পৃ° ৫২৭, ২য় স্তম্ভে, "কীর্ত্তি" পর্য্যায়ে, ৭ম পঙক্তিতে 'অকাণ্ড।'-র পর বসিবে-৫ [বাং-রূ] বি, চিরস্মরণীয় বা যথার্থ কৃতি; গৌরবজনক অনুষ্ঠান; মহৎকার্য্য; কৃতি; কৃত্য great deed. "তিনি বৃন্দাবনে বাঙালীর একটি কীর্ত্তি আবিষ্কার করিয়া আমাদিগকে কৃতজ্ঞ করিয়াছেন-উহা রাজা বসন্ত রায়ের পিতা গুণানন্দের নির্ম্মিত মন্দির।"-প্রবাসী, ভাদ্র, ১৩৩৪। "তাঁহার অনেক কীর্ত্তির মধ্যে এই ছবিখানি সম্পর্কে দুইটি বিষয় বলা যায়। প্রথম ১৮৩৫ খৃষ্টাব্দে ২৮শে জানুয়ারিতে কলিকাতা মেডিক্যাল কলেজ স্থাপনা; দ্বিতীয় * *"-প্রবাসী, আশ্বিন ১৩৩৪।

পৃ° ৫২৮, ২য় স্তম্ভে, "কুঁজা" পর্য্যায়শেষে বসিবে-২ [কোষ > কোঁআ >] মইএর পাখি₂, পদধারণ দণ্ড।

পৃ° ৫৩৩, ৩য় স্তম্ভে, "কুচ্ছ₂" পর্য্যায়ে, ১ম পঙক্তিতে, বন্ধনী মধ্যে বসিবে-[সং-কুৎসা > প্রাকৃ° > কুচ্ছা > প্রা° কুচ্ছ]
৫ম পঙক্তিতে "~" স্থলে কু°।
৩য় স্তম্ভে, "কুর্জ্জড়" পর্য্যায়ে, ১ম পঙক্তিতে কু. স্থলে কোঁজড় এবং ৪র্থ পঙক্তিতে "কঁরা, কোর্জ্জড়" স্থলে পাঠ করিতে হইবে-কু (কো°)।

পৃ° ৫৪৩, ২য় স্তম্ভে, "কুপ্য" পর্য্যায়ে ৩য় পঙক্তির পর বসিবে-~গৃহ [অর্থ শাঃ পরিঃ] বি, কোষাগার।

পৃ° ৫৪৪, ২য় স্তম্ভে, "কুব্জা" পর্য্যায়ে, ২য় পঙক্তিতে 'কুবরী'র পর বসিবে-শ্রীহট্ট প্রাদে° গুজা (চ° কু° ভ)।

পৃ° ৫৪৫, ১ম স্তম্ভে, "কুমারী" পর্য্যায়ে, ৩য় পঙক্তিতে 'কন্যা'র পর বসিবে-; অনূঢ়া অনাগতার্ত্তবা কন্যা।

" ৫ম পঙক্তিতে 'কুমারী'র পর বসিবে-[দ্রঃ-একবর্ষা কুমারীর নাম সন্ধ্যা, দ্বিবর্ষা সরস্বতী, ত্রিবর্ষা-ত্রিধামূর্ত্তি, চতুর্ব্বর্ষা-কালিকা, পঞ্চবর্ষা-সুভগা, ষড়্‌বর্ষা-উমা, সপ্তবর্ষা-মালিনী, অষ্টবর্ষা-কুব্জিকা, নববর্ষা -কালসন্দর্ভা, দশবর্ষা-অপরাজিতা, একাদশবর্ষা-রুদ্রাণী, দ্বাদশবর্ষা-ভৈরবী, ত্রয়োদশবর্ষা-মহালক্ষ্মী, চতুর্দ্দশবর্ষা-পীঠনায়িকা, পঞ্চদশবর্ষা-ক্ষেত্রজ্ঞা, ষোড়শবর্ষা-অম্বিকা। পূজার সময় বয়ঃ ক্রমানুসারে সন্ধ্যাকুমারী, সরস্বতীকুমারী ই° বলিতে হয়]

পৃ° ৫৪৬, ২য় স্তম্ভে, "কুম্ভিল" পর্য্যায়ে ১ম পঙক্তিতে 'সং' এর পর বসিবে-"কুম্ভিলোকার্থকৌরয়োঃ"-মে°, হে°।

" ৫ম পঙক্তিতে "করে"র পর বসিবে-; রচনা-চোর; প্রস্তুতস্কর; লেখচোর; ভাবচোর plagiarist. ~বৃত্তি-বি, শব্দ, ভাব, রচনা বা লিখনচৌর্য্য plagiarism.

পৃ° ৫৫০, ৩য় স্তম্ভে কুল "পর্য্যায়ে" ২৩ পংক্তির পর বসিবে-~সংক্রমণ [জীব বিজ্ঞা° পরিঃ] বি, কৌলিক স্বভাব বা গুণাত্মক বংশপরম্পরা; কুলসংক্রমণবাদ heredity.

পৃ° ৫৫৪, ৩য় স্তম্ভে, 'কুশল' পর্য্যায়ে, ৬ষ্ঠ পঙক্তিতে '~সহবাদ' এর পূর্ব্বে বসিবে- > বি, ~তা, ~ত্ব (-ত্ব`-), কৌশল [কুশল +তা, ত্ব, ষ (ভা°)] কুশলী ভাব।

পৃ° ৫৫৯, ৩য় স্তম্ভে কুৎ স্থলে 'কৃৎ' হইবে।

পৃ° ৫৬৩, ৩য় স্তম্ভে, 'কৃষি' পর্য্যায়ে, ২য় পঙক্তিতে 'চাষবাস' এর পর বসিবে-দ্রঃ-"বাঙ্গালা ভাষায় কৃষি বলিতে উদ্ভিদ জগতের যা-কিছু আমাদের প্রয়োজন হয়, তাহাদের সকলেরই উৎপাদন ও রক্ষণাবেক্ষণের উপায় বুঝাইয়া থাকে। কিন্তু ইংরেজী ভাষায় ইহার প্রত্যেক বিভাগের পৃথক্ নাম আছে। ইং-তে ধান্য, গোধুম প্রভৃতির আবাদের নাম Agriculture, পুষ্পোদ্যান বিদ্যার নাম Floriculture, সাধারণ ফলবান্ উদ্যান বিদ্যার নাম Horticulture, গাছের বয়জ ইং Nurseryর প্রকারভেদ মাত্র। আবার বাহাদুরী কাঠের আবাদের নাম Aboriculture -সুরথ কু°-সরকার]

পৃ° ৫৬৯, ১ম স্তম্ভে, "কেন্দ্র" পর্য্যায়ের ৭ম, ৮ম পঙক্তি হতে কেন্দ্রাভিকর্ষী, centrepetal উঠাইয়া ৬ষ্ঠ পঙক্তিতে "force" এর পর বসাইতে হইবে।

" পর্য্যায়শেষে বসিবে- অপকেন্দ্র [পদার্থ বিদ্যা (ক° বিশ° পরিঃ)] ইং centrefugal এর বৈজ্ঞা° পরিঃ; কেন্দ্রবিমুখ দ্রঃ। জাড্যকেন্দ্র= centre of inertia এর বৈজ্ঞা° পরিঃ। দোলনকেন্দ্র= centre of oscillation. প্লবকেন্দ্র = centre of buoyancy. প্রেষকেন্দ্র = centre of pressure. বক্রতাকেন্দ্র = centre of curvature. ভরকেন্দ্র=centre of mass. ভারকেন্দ্র=centre of gravity. ভ্রমিকেন্দ্র=centre of gyration রশ্মীয় কেন্দ্র=optical centre.

পৃ° ৫৭৪, ২য় স্তম্ভে, "কৈশিকাকর্ষণ" পর্য্যায়শেষে '।' তুলিয়া দিয়া capillary attraction বসিবে।

" ৩য় স্তম্ভে, "কৈশোর" পর্য্যায়শেষে বসিবে-২ [বৈ° সা°] প্রস্ফুট যৌবন; নবযৌবন। এই অর্থে কিশোর=নবযুবক। স্ত্রীং কিশোরী=নবযুবতী; উদ্ভিন্ন-যৌবনা। "কিশোরীর প্রেম নিখি আর, প্রেমের তুফান ব'য়ে যায়।"-গান (গিরিশ°)।

পৃ° ৫৭৯, ১ম স্তম্ভে, "কোণ" পর্য্যায়ে, ১৭শ পঙক্তিশেষে বসিবে - অগ্রসর-কোণ [পদার্থ-বিদ্যা (ক° বিশ° পরিঃ)] বি, ইং angle of lead

এর বৈজ্ঞা॰ পরিঃ। অনুসর কোণ= angle of lag. অববর্তন কোণ= angle of diffraction. অর্দ্ধ-কোণ =circular angle. আপতন কোণ angle of incidence. আরব্ধ কোণ=angle of epoch. কৃন্তন কোণ=angle of shear. প্রতিফলন কোণ=angle of reflection. প্রতিসরণ কোণ=angle of refraction. বিসরণ-কোণ=angle of deviation. বিসরণ-কোণ =angle of minimum deviation. সংকট-কোণ =critical angle. সমবর্ত-কোণ =angle of polarization. স্পর্শ-কোণ=angle of contact.

২৭ পঙ্‌ক্তি শেষে বসিবে- বিণ, কৌণিক - [কূণ্ > কোণ+ইক (সম্বন্ধে ফিক)] ইং angular এর বৈজ্ঞা॰ পরিঃ। >~গতি= angular motion,~ত্বরণ=angular acceleration ~বেগ=angular velocity, ~ভরবেগangular momentum

পৃ॰ ৫৮০, ১ম স্তম্ভে, কোন$_2$ পর্যায়ে, ৪র্থ পঙ্‌ক্তিতে 'কি।'-র পর বসিবে- কমণ কারণে রাধা না কাঢ়সি রাএ"- শ্রী॰কী॰।

পৃ॰ ৫৮৫, ১ম স্তম্ভে, "কোষ্ঠ" পর্যায়ে, ১৭শ পঙ্‌ক্তিতে, '~বদ্ধ'র পূর্ব্বে বসিবে- পাল [অর্থ শা॰ পরিঃ] বি, কোষাধ্যক্ষ treasurer. ২ভাণ্ডারী store-keeper. ৩ কোষ্ঠাগাররক্ষক ; চৌকিদার।

পৃ॰ ৫৮৭, ২য় স্তম্ভে, "কৌশল" পর্য্যায়ে, ৬ষ্ঠ পঙ্‌ক্তিতে, '~কলা'র পূর্ব্বে বসিবে- >স্ত্রীং কুণলিনী।

পৃ॰ ৫৮৯, ১ম স্তম্ভে, "ক্রম্" পর্য্যায়ে, ১ম পঙ্‌ক্তি স্থলে পড়িতে হইবে- ক্রম [ক্রম্ (গমনে) + অ (ভা॰)]

পর্য্যায়-শেষে বসিবে -অভিব্যক্তি [ইং evolution এর অনুবাদ। মহর্ষি দে॰ না॰ ঠাকুর প্রবর্ত্তিত শব্দ] বি. ক্রমস্ফূর্ত্তি ; ক্রমবিকাশ ; বিবর্তন।

পৃ॰ ৫৯০, ১ম স্তম্ভে, 'ক্রান্তি', পর্য্যায়শেষে যুক্ত হইবে-৩ [সং-ক্রান্তি (আক্রমণ) >। হিং ক্রান্তি (বিপ্লব। প্র-রাজ্য ক্রান্তি)] বিপ্লব ; সামাজিক বা রাষ্ট্রীয় আমূল পরিবর্ত্তন revolution,~কারী -সমাজ বা রাষ্ট্রদ্রোহী ; বিপ্লবকারী revolutionist. "নিজেদের দল বুঝিয়া ক্রান্তিকারী তুর্কীরা আবদুল হামিদের নিকট তারযোগে দাবী করিল যে, অচিরে কনষ্টিটিউশন না ঘোষণা করিলে তৃতীয় সৈন্যবিভাগ লইয়া আমরা সদলবলে কুস্তুন্তনিয়ায় অভিযান করিব।"- দেশ ৬-৪-১৯৩৫।

পৃ॰ ৬০৫, ২য় স্তম্ভে, 'খাওয়া' পর্য্যায়ে, ১৫ পঙ্‌ক্তিতে, 'হওয়া।'-র পর বসিবে প্র-ভয়, ধোঁকা, বকুনি, মার, ঘুষ, গুঁতা নাকানি চোবানি খাওয়া। ৪ ভোগ করা। প্র-হিম খাওয়া। ৫ সর্ব্বনাশ করা ; বিনষ্ট হওয়া। প্র-প্রতিযোগিতার ফলে, কারবারটির দফা একেবারে খেয়ে দিয়েছে। ৬ নষ্ট করা ; অপব্যয় করা ; উড়াইয়া দেওয়া। প্র-লাভের আশায় টাকা কড়ি যা দিল ব্যবসারে ফেলে এখন সব খেয়ে বসে আছে। ৭ [এই অর্থে মাথা খা॰] ভবিষ্যৎ নষ্ট করা ; চরিত্রহীন করে দেওয়া ; বিগড়ান। প্র-যে মন্ত্রী জুটেছে, এবার ওর মাথাটি খাবে। আস্কারা দিয়েই ত ছেলেটার মাথা খেলে। ৮ মৃত্যু ঘটান ; প্রাণে মারা। ওকে খাবে তবে ছাড়বে। এটি তৃতীয় পক্ষের স্ত্রী, এটিকেও খাবে। "আপন খেয়ে"-গান। ৯ হ্রাস বা হীন বোধ করা ; অভাব বোধ করা ; খাওয়া। প্র-গতর বা গতরের মাথা খাওয়া। ১০ [ক্রিয়া বোধক] দেওয়া ছাড়া ; মারা। প্র-ভুবকি ঘুর, পাক, টক্কর, ঝাঁপ, দোল লাক, ডিগবাজী, হমড়ি, খাবি-খাওয়া। ১১ ধরা। প্র-বিষম খাওয়া। ১২ প্রয়োজন হওয়া ; লাগা ; দরকার পড়া। প্র-জামাটায় অতটা কাপড় গেল, আরও কতটা খাবে? তোষকে অল্প তুলা লাগে কিন্তু গদিতে অনেক তুলো খায়। ১৩ শোষণ করা ; আকর্ষণ করা ; চুষিয়া লওয়া প্র-আলুর চাষের মাটি অনেক জল খায়। বেগুণ ছাঁকা তেলে ভাজলে বেশি তেল খায়। ১৪ উপার্জ্জন করা ; বেতন স্বরূপ লওয়া বা পাওয়া ; বৃত্তি ভোগ করা। প্র-"আমাদের তিনকড়ি বাবু কোম্পানীর অনেক টাকা খেয়েছেন"-রামধনু, ১৩৩৯। তাকে বেশিদিন পেনসন খেতে হ'ল না। "দালালিতে খুব টাকা খাচ্ছে। মাইনে খাওয়া। ১৫ প্রাপ্ত হওয়া ; লাভ করা ; স্বীকার হওয়া বা করা। প্র-জয় খাওয়া (-পরাজয় স্বীকার করা বা পাওয়া। ১৬ সন্ধিতে সন্ধিতে মিলিত বা সন্ধিত হওয়া ; সমঞ্জসীভূত হওয়া ; মানানো। প্র-খাপ খাওয়া। জোড় খাওয়া। ১৭ পাহান ; গ্রহণ করা ; সেবন করা। প্র-রোদ খাওয়া। আগুন খাওয়া। ১৮ দংশন করা ; কামড়ান। প্র-তাকে সাপে খেয়েছে। ১৯ বি, ভক্ষণ ; ভোজন প্র-বিষ খাওয়া। খাওয়া দাওয়া এখন হয় নাই। খাওয়ার মত খাওয়া পেলে ই ২০ [গ্রা॰ খেও, খেকো] বিণ, খাদিত ভক্ষিত। প্র-বাদুড়ে খাওয়া আ ইঁদুরে-বাদরে-খাওয়া ই॰। ২১ কর প্রকাশ করা। প্র-ঝাল খাওয়া (রা করা) ২২ গ্রহণ করা ; উচ্চারণ কর লওয়া। প্র-দিব্যি খাওয়া। ২৩ শুনা কাণে তোলা ; লাগান। প্র-চুক খাওয়া (নিন্দার কথা শুনান ; ভা লাগান)।

পৃ॰ ৬০৬, ৩য় স্তম্ভে, "খড়"$_2$ পর্য্যায়ে, পঙ্‌ক্তিতে, ']'-এর পর বসিবে-বি, পঙ্‌ক্তিতে 'খড়েত' স্থলে 'খড়ের' ৬ষ্ঠ পঙ্‌ক্তিতে ফুলের স্থলে 'ফুসের' প হইবে।

পৃ॰ ৬০৭, ১ম স্তম্ভে, মূল শব্দ "খড়া"র '-' চিহ্ন স্থলে বসিবে- [খড়রা : হিং খাড় (গর্ত্ত) > খর্ব খিপ খড়া। 'খড়িটি' করিবার ভাব এবং অশ্বাদির গাত্র ঘর্ষণবৎ প্রাচীর গা খাড় বা জোড়ের মুখ চুণ সুরকি বিলাতিমাটি দিয়া বন্ধ করিয়া ও কা যন্ত্র দ্বারা ঘর্ষণ করিয়া মসৃণ করণ হতেও যন্ত্রের এবং তাহার ব্যবহারের খড়া হওয়া সম্ভব]

প্রথম পঙ্ক্তিশেষে বসিবে- ২ প্রাচীরাদির গাত্রে কাটল বা জোড়ের মুখ বন্ধ করিবার কাষ্ঠময় যন্ত্র।

২য় ও ৩য় পঙ্ক্তিতে '~' চিহ্ন স্থলে 'খ°' এবং '~ চিহ্নস্থলে 'ক্রি' পড়িতে হইবে।

পৃ° ৬১০, "খপাৎ" পর্য্যায়শেষে বসিবে- ২ [খপ (অ:)+আৎ (আচমকা পতনার্থে)] অ, ক্রিপ্রগতি ; খপ করে। ৩ হঠাৎ ; আচম্বিতে।

৬১১, ২য় স্তম্ভে, 'খয়ের' পর্য্যায়ে, ১ম পঙ্ক্তিতে, মূল শব্দরূপে বসিবে- খঁয়ের,

২য় পঙ্ক্তির '~খাঁ' হইতে '~খাই' পর্য্যন্ত ৪ পঙ্ক্তি তুলিয়া দিতে হইবে।

৬১২, ২য় স্তম্ভে, "খরশ" পর্য্যায়ে, ৩য় পঙ্ক্তিতে '-ভ্রং' স্থলে বসিবে- ভ্রং। খঁরশা (সা) ও°] এবং পর্য্যায়-শেষে বসিবে - খঁরশা(সা)মুখো - বিণ, কটুভাষী। প্র-খরশামুখো লোক।

৬১৫, ৩য় স্তম্ভে, "খাওয়া" পর্য্যায়ে, ২য় পঙ্ক্তির 'প্র-হতে খাওয়া'-পর্য্যন্ত, ২য় স্তম্ভের ১৫ পঙ্ক্তিতে 'হওয়া।'-র পর বসিবে।

"খাই" পর্য্যায়ে ১ম পঙক্তিতে 'খাইনা' স্থলে পড়িতে হইবে-খোয়াহিস্।

"খাওয়া" পর্য্যায়ে, ৩য় স্তম্ভের ২য় পঙ্ক্তির "প্র-" পর্য্যায়-শেষ পর্য্যন্ত অংশ ২য় স্তম্ভের "কিল খাওয়ার পূর্ব্বে ও 'হওয়া।'র পর বসিবে ও নিম্নরূপ পাঠ করিতে হইবে-

প্র-ভয় খাওয়া। বকুনি খাওয়া। মার খাওয়া। ৪ ভোগ করা। প্র-চিম খাওয়া। ৫ বি, ভক্ষণ। প্র-ভাত খা° হইয়াছে। ৬ পান করা। প্র-জল খা°। দুধ খাওয়া। বিণ, ভক্ষিত, খাদিত [এই অর্থে গ্রা° খেয়ো > উচ্চারণ বিকারে খেও]।

৬১৫, ৩য় স্তম্ভে, "খাঁই" পর্য্যায়ে, ১ম পঙ্ক্তিতে "খাইনা" স্থলে "খোয়াহিশ" পড়িতে হইবে।

৬১৬, ১ম স্তম্ভে, শেষ পঙ্ক্তিতে keats স্থলে Keats হইবে।

পৃ° ৬১৯, ৩য় স্তম্ভে, 'খামা'₉ পর্য্যায়ে, ৩য় পঙ্ক্তিতে 'বস্তু'র পর বসিবে-'বা বিষয়'।

" পর্য্যায়শেষে বসিবে-ভাবখানা এই-রবী° (রাশিয়ার চিঠি)।

পৃ° ৬২০, ১ম স্তম্ভে, "খান" পর্য্যায়ে ১ম পঙ্ক্তিতে 'ফা°' হতে পর্য্যায়-শেষ পর্য্যন্ত স্থলে পড়িতে হইবে- খান > স্ত্রীং- খানম্] বি, মান্যা স্ত্রী ; মহিলা-বাচক-শব্দ ; lady.

পৃ° ৬২৩, ৩য় স্তম্ভে, "খিটকাল" পর্য্যায়ে, ২য় পঙ্ক্তি-শেষে বসিবে-৩ [প্রাদে° ফরিদপুর অঞ্চল। সা° প° প° ১৩২২] ময়লা। ৪ [প্রাদে° পাবনা] কলঙ্কের কাজ ; কেলেঙ্কারি।

পৃ° ৬২৬, ১ম স্তম্ভে, 'খুকি' পর্য্যায় শেষে বসিবে-৩ [বিদ্রূপে, ভর্ৎসনার] বিণ, হিতাহিতজ্ঞানহীনা; নির্ব্বুদ্ধি। প্র-দিন দিন যেন খুকি হচ্চেন। তুমি খুকি নাকি? আদরার্থে খুকুনী₂। অনাদরে খুকনী। পুং খোকা (অ:) ; আদরার্থে-খুকু, খুকুন, খোকোন ; অনাদরে-খোক্‌না।

পৃ ৬২৮, ৩য় স্তম্ভে, "খৃষ্ট" পর্য্যায়ে 'christ]' এর পর বসিবে - খ্রিষ্ট, খ্রীষ্ট, খ্রিস্ত ও°]

" ৩য় স্তম্ভে, "খৃষ্টান" পর্য্যায়ে, ৩য় পঙ্ক্তিতে, 'কিরিচান ও°]' স্থলে পড়িতে হইবে- কিরিস্চান, কিরিচান গ্রা° নিম্নকথ্য- খেরেস্তান। খ্রি ও খ্রী স্থলে 'খৃ' বানান আধু°]

" ৪র্থ পঙক্তিতে 'বি,' তুলিয়া দিতে হইবে।

" ৬ষ্ঠ পঙ্ক্তিশেষে বসিবে-৩ বি, খৃষ্টধর্ম্মী ব্যক্তি। > স্ত্রীং ~ী -খৃষ্টান নারী।

পৃ° ৬২৯, ১ম স্তম্ভে, "খেকান" পর্য্যায়ে, ২য় পঙ্ক্তিতে '২' ও 'কর্কশ স্বরের' মধ্যে বসিবে-[খক অ:। ভুল-খক্কান (মাধব কন্দলী-রামা°অযোধ্যাকাণ্ডে-"খাইর বচন শুনি কুজীরে খক্কাইল। যেন ক্ষুদ্র মৃগী দেখি কেশরী খক্কাইল।"

" ২য় স্তম্ভে, "খেঁড়" পর্য্যায়ে ১ম পঙ্ক্তিতে 'খাড়' স্থলে হইবে-খ্যাড়।

" "খেঁড়" পর্য্যায় স্থলে হইবে-খেঁড়₂, ~ড়ো₁ [প্রাদে°] বি, কাঁকুড় জাতীয় ফলবিঃ। খেঁড়ি₃, ড়ো₂, [গাই] বিণ, বহুদিন প্রসূতা (গাই) এমন, যে গাভী অধিক দিন প্রসূতা হওয়ায় তার দুগ্ধ গাঢ় হইয়া গিয়াছে। প্র-খেঁড়ো- গরুর দুধ।

পৃ° ৬৩৪, ২য় স্তম্ভে, "খোক" পর্য্যায়ে '-' চিহ্ন স্থলে বসিবে-[খোকা (অ:) > ক্ষে°। অনাদরে খোকনা]

পৃ° ৬৩৪ ২য় স্তম্ভে, "খোকা" পর্য্যায়ে, ৫ম পঙ্ক্তিতে ']' স্থলে বসিবে-। ও'রাও ভাষায়-কোকা > স্ত্রীং কোকি, কুকি= বাং-র খোকা, খুকি] বি,

পৃ° ৬৩৮, ৩য় স্তম্ভে, "গগন" পর্য্যায়ে, ১৮শ পঙ্ক্তিতে '~চুম্বি' স্থলে ~চুম্বী হইবে-

পৃ° ৬৫০, ১ম স্তম্ভে "গত্বর" পর্য্যায়শেষে বসিবে-~ী-বিণ, গতিশীলা।

" ১ম স্তম্ভে, "গদগদ" পর্য্যায়ে, ১৬শ পঙ্ক্তিশেষে বসিবে-৬ রোগবিঃ; তোৎলা রোগ।

পৃ° ৬৫৯, ৩য় স্তম্ভে, "গর্ভ/ক" পর্য্যায়ে ২৩শ পঙক্তিতে, 'হয়।'-এর পর বসিবে- ~মুণ্ড [উদ্ভিদ্ বিদ্যা] ইং stigmaর বৈজ্ঞা° পরিঃ;

পৃ° ৬৬০, ১ম স্তম্ভে "গর্ভাগার" পর্য্যায়- অন্তর্গত গর্ভাশয় পর্য্যায়শেষে "uterus." এর পর বসিবে-২ [উদ্ভিদ্ বিদ্যা] ইং ovary র বৈজ্ঞা° পরিঃ। ঊর্দ্ধস্থ গর্ভাশয়-superior ovary.

পৃ° ৬৬০, ২য় স্তম্ভে, "গর্হণ" পর্য্যায়ে, ২য় পঙ্ক্তিতে, 'নিন্দা।'-র পর বসিবে- "এই কবিতাটির দোহাই দিয়া তাঁহার গণ বিশুদ্ধ নদীয়া নাগরী ভাবকে গ° করিতেছেন।" - সজ্জনতোষিণী (কে° ভক্তি বিনোদ)।

পৃ° ৬৭৫, ১ম স্তম্ভে, "গিরি₁" পর্য্যায়ে নিম্ন হ'তে ছয় পঙ্ক্তিশেষে যুক্ত হইবে- ~ধর, ধারী [গোবর্দ্ধন গিরি ধারণ হেতু] বি, শ্রীকৃষ্ণ। ২ বিণ, পর্ব্বত ধারণ- কারী। ~ধর, বি, বৈষ্ণব কবি যিনি ভারতচন্দ্রের অন্নদামঙ্গল সম্পূর্ণ করিবার ১৬ বৎসর পূর্ব্বে অর্থাৎ ১৬৫৮ শকে জয়দেবের গীত-গোবিন্দ মূলের ন্যায় রাগ-

...৬, ... স্তম্ভে. 'অংশ' পর্য্যায়ে, ৪র্থ পঙ্‌ক্তিতে ... ২ [আসাম প্রাদে॰] পান।

পৃ॰ ৬৮৭, ১ম স্তম্ভে "গুরু" পর্য্যায়ে, ১৯ পঙক্তিশেষে যুক্ত হইবে-৯ ইংরেজী importance এর বঙ্গানুবাদ। "মানবের পুষ্টিবর্দ্ধনের প্রয়োজনীয়তার গুরুত্বের প্রতি ভারতের সর্ব্বত্র ক্রমেই অধিক দৃষ্টি দেওয়া হইতেছে,"-দেশ, ১৬ই জ্যৈষ্ঠ, ১৩৪০।

পৃ॰ ৬৯৩, ১ম স্তম্ভে, "গেবে" পর্য্যায়শেষে বসিবে- ~বাটালী-কাঠে গোল গর্ত্ত করিবার বাটালী।

পৃ॰ ৬৯৪, ২য় স্তম্ভে,"গো, "পর্য্যায়শেষে'] ।' স্থলে বসিবে-গো অর্থে বৃষ ও গাভী দুই বুঝায়। সংস্কৃতে বৃষের নাম-গো, ভদ্র, বলীবর্দ্দ, দম্য, দান্ত, স্থির, বলী, উক্ষা, ককুদ্মান, ঋষভ, বৃষভ, ধুর্য্য, ধুরীণ, ধৌরেয়, শাক্কর, শিববাহন, রোহিণীরমণ, ষোড়া, গোনাথ, সৌরভেয়, অনড়ান্ * * গাভীর নাম-মাহেয়ী, সৌরভেয়ী, উস্রা, মাতা, শৃঙ্গিনী, অর্জ্জুনী, অঘ্ন্যা, রোহিণী, মাহেন্দ্রী, ইজ্যা, ধেনু, অঘ্না, দোগ্ধ্রী, ভদ্রা, ভূরিমহী, অনড্বুহী, কল্যাণী, পাবনী, সুরভী, মাহেয়ী ইত্যাদি।"-গো-তত্ত্ব। "যে গাভী প্রত্যহ অশীতিপল (দশ সের) দুগ্ধ প্রদান করে, তাহাকে কপিলা ধেনু বলে।"-ঐ।

পৃ॰ ৭০১, ২য় স্তম্ভে, "গোপুর" পর্য্যায়শেষে যুক্ত হইবে-৩ তোরণের উপর নির্ম্মিত অট্টালক বা নানা কারুকার্য্য খচিত গৃহ [দ্রঃ-নগরদ্বার, দেউল, প্রাসাদ দ্বারেও গোপুর নির্ম্মিত হইত]

পৃ॰ ৭০৪, ৩য় স্তম্ভে, "গোলক" পর্য্যায়ে ২য় পঙ্‌ক্তিশেষে বসিবে-৪ [পদার্থ বিদ্যা (কৃ॰ বিশ॰ পরিঃ] ইং sphereএর বৈজ্ঞা॰ পরিঃ। >গোলীয়=spheric, spherical এর বৈজ্ঞা॰ পরিঃ। গোলাপেরণ= spherical abberation. গোলীয় লেন্স=spherical lens. উপ-গোলক=spheroid.]।

...

পৃ॰ ৭০৮, ২য় স্তম্ভে, 'গ্রন্থ' পর্য্যায়শেষে যুক্ত হইবে-~পাল-ইং librarian এর পরিঃ

পৃ॰ ৭১০, ১ম স্তম্ভে, 'গ্রাম' শব্দান্তর্গত (১) '~বধূ'-র পূর্ব্বে বসিবে-~নিরুদ্ধ-বিণ, ইং interned এর বৈজ্ঞা॰ পরিঃ। (২) '~বধূ'র পর বসিবে-~বহিষ্কৃত-বিণ,ইং transported এর বৈজ্ঞা॰ পরিঃ [দ্রঃ এই অর্থে 'সমুদ্রান্তরিত, 'দ্বীপান্তরিত ই॰ সঙ্কীর্ণার্থব্যঞ্জক]

পৃ॰ ৭১১, ১ম স্তম্ভে,গ্রাস পর্য্যায়ে ২য় পংক্তিতে 'অর্দ্ধগ্রাস'-এর পর বসিবে-৪[আয়ু॰পরিঃ] অন্নের প্রতি গ্রাসের সহিত গৃহীত ঔষধ। >গ্রাসান্তর-পর্য্যায়ক্রমে, অন্নগ্রহণের অব্যবহিত পূর্ব্বে সেবিত ঔষধ।

পৃ॰ ৭১১, ১ম স্তম্ভে, "গ্রাহক" প্রর্য্যায়ে ৬ষ্ঠ পঙ্‌ক্তিতে 'হইয়াছে।'-র পর বসিবে- >বি, ~তা [পদার্থ বিদ্যা (কৃ॰ বিশ॰ পরিঃ)] বি, ইং susceptibilityর বৈজ্ঞা॰ পরিঃ। চৌম্বক গ্রাহিতা= magnetic susceptibility.

পৃ॰ ৭১৪, ১ম স্তম্ভে, "ঘন্টা" পর্য্যায়ে, ১ম পঙ্‌ক্তিতে '[ঘণ্ * * *]' স্থলে বসিবে- মূলে অনু॰। সং। বৌ॰ বাং-র ঘণ্ডা ("কোণহিঁ বইসী ঘণ্ডা চালী"-দো॰ ৮৪, সরহপাদ)]

পৃ॰ ৭২১, ২য় স্তম্ভে, "ঘাটোয়াল"পর্য্যায়,৬ষ্ঠ পঙ্‌ক্তিতে, 'যে ঘাটোয়ালী * * ~ী।' স্থলে বসিবে-২ বর্গীদিগের আক্রমণের বিরুদ্ধে পার্ব্বত্য ঘাট বা পথ রক্ষার জন্য সামান্য খাজনায় বিলি করা জমিদারীর অধিকারী (এই জমিদারীর রাজস্ব আদায় করিয়া ঘাটোয়ালকে যে আনিয়া দেয় তার নাম ছিল "সদীয়াল")। স্ত্রীং ~ী, উ॰ জমিদারীর অধিকারিণী। বিণ, ~ী২- ঘাটোয়াল সম্বন্ধীয়।

পৃ॰ ৭২৭, ১ম স্তম্ভে, "ঘুষা", পর্য্যায়শেষে বসিবে-ক্রি,ঘুষানি[ঘুষাই,ঘুষাও, ঘুষায়; ঘুষাইতে ; ঘুষাইয়া (কেং ঘুষিয়ে)] ঘুষা মারা ; মুষ্ট্যাঘাত করা।

" ১ম স্তম্ভে, "ঘুষাণ" পর্য্যায়শেষে বসিবে- ২ ঘুষা, দ্রঃ।

...

...

(... পরিঃ)] ইং rotary, rotatoryর বৈজ্ঞা॰ পরিঃ ~গতি= rotational, rotatory motion.~চক্র rotating disc. ~ন=rotation, ~পাম্প=rotary pump.~পৃষ্ঠ=surfac revolution. ~বেলন=rotating dru ~মান= rotating. ~সম্বর্ত্তন= rotatory polarization, ঘূর্ণাক্ষ= axis of rotation. >ক্রি, ঘোরা= rotate.

পৃ॰ ৭২৯, ৩য় স্তম্ভে, "ঘেরা" পর্য্যায়ে, ১১শ পঙ্‌ক্তি হইতে '~ঘিরি' উঠাইয়া দিতে হইবে।

পৃ॰ ৭৪৬, ২য় স্তম্ভে, "চন্দ্র" পর্য্যায়ে, নিম্ন হ'তে ৪র্থ পঙ্‌ক্তিতে '~ব্রত'র পূর্ব্বে বসিবে- ~বৈদ্য [শ্রীহট্টাদি অঞ্চলে। অসমীয়া-বেজ] সোমবৈদ্য দ্রঃ।

পৃ॰ ৭৫২, ৩য় স্তম্ভে, "চর্ম্মাসন" পর্য্যায়ে ১ম পঙ্‌ক্তিতে '[ ]' এই অংশের স্থলে পাঠ করিতে হইবে-[চর্ম্ম+আসন যার, বহু॰]

পৃ॰ ৭৭৫, ৩য় স্তম্ভে, "চাই"২ পর্য্যায়ে, ১ম পঙ্‌ক্তিতে '[' এর পর বসিবে-সং স্বামী >সাঁই >। (চ=স)।(২)

পৃ॰ ৭৮৬, ১ম স্তম্ভে, "চুম্বক" পর্য্যায়ে ৯ম পঙ্‌ক্তিতে বসিবে- ৬ [পদার্থ বিদ্যা (কৃ॰ বিশ॰ পরিঃ)] ইং magnetএর বৈজ্ঞা॰ পরিঃ। ~ত্ব (-কৃ॰) magnetism ~ন(-কৃ॰) magnetization ~রক্ষক=magnetic keeper. চুম্বকিত করা=magnetize. চুম্বকীয়,চৌম্বক=magnetic. ~লৌহ =magnetic iron. চুম্বকীয় নিরক্ষ-রেখা=magnetic equator. চুম্বকীয় মধ্যরেখা = magnetic meridian. কৃত্রিম চুম্বক=artificial magnet. ক্ষুরচুম্বক = horseshoe-magnet.

তাড়িত-চুম্বক=...magnet.
দণ্ড-চুম্বক=bar-magnet.
প্রাকৃতিক চুম্বক=natural magnet.
ভূ-চুম্বকত্ব=terrestrial magnetism.

পৃ° ৭৮৮, ২য় স্তম্ভে, "চূড়া" পর্য্যায়ে ৬ষ্ঠ পঙ্‌ক্তিতে '৫' স্থলে বসিবে-৫ রবিবারে সূর্য্যগ্রহণ এবং সোমবারে চন্দ্রগ্রহণ হইলে যে যোগ হয়; চূড়ামণি যোগ। ৬

পৃ° ৭৮৯, ৩য় স্তম্ভে "চেক"২ পর্য্যায়ে, ১ম পংক্তিতে 'বি'-র পর বসিবে-টাকার বরাতী চিঠি।

পৃ° ৮১১, ৩য় স্তম্ভে, "ছায়ু" পর্য্যায়ে, ২য় পঙ্‌ক্তিতে 'স=দ্' স্থলে 'স=ছ' পড়িতে হইবে।

পৃ° ৮১২, ১ম স্তম্ভে, "ছায়া" পর্য্যায়ে, '~পথ' শব্দের ৪র্থ পঙ্‌ক্তিতে 'ছুধপথ;'-এর পর বসিবে-milkyway;

পৃ° ৮১৫, ১ম স্তম্ভে, "ছিনা১" পর্য্যায়ে ৩য় পংক্তি হইতে 'নাছোড়বান্দা।' পর্য্যায়-শেষে বসিবে এবং "২" এর পর যুক্ত হইবে-[ছিনা জোঁকের প্রকৃতি হ'তে লক্ষ°]

„ ৩য় স্তম্ভে, "ছিপি"১ পর্য্যায়েশেষে বসিবে-২ [পদার্থবিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] ইং stopper এর বৈজ্ঞা° পরিঃ।

পৃ° ৮২০ ৩য় স্তম্ভে, "ছেদ" পর্য্যায়ে, ৪র্থ পঙ্‌ক্তিতে, '৫'-এর পর বসিবে-[পদার্থবিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] ইং section এর বৈজ্ঞা° পরিঃ] অনুপ্রস্থ ছেদ=transverse section. উল্লম্ব-ছেদ=vertical section. দীর্ঘ-ছেদ =longitudinal section. প্রস্থ-ছেদ =cross section. মুখ্য-ছেদ=principal section. ৬

পৃ° ৮২৩, ৩য় স্তম্ভে, ছোতো পর্য্যায়ে ১ম পংক্তি স্থলে পড়িতে হইবে-ছোতো [ছুত (স্রঃ)+উয়া=ছুতুয়া > প্রা° ছোতো] বিণ, ছুতপড়া। ~হাঁড়ি-বি,

পৃ° ৮৩০, ৩য় স্তম্ভে, "জন" শব্দান্তর্গত '~প্রিয়' পর্য্যায়ে, ৩য় পঙ্‌ক্তিতে 'অনুরাগভাজন।' এর পর বসিবে- বিপরীতার্থে-জনাপ্রিয় [জন+অপ্রিয়, ৬তৎ ইং unpopular এর পরিঃ।

অবিকল গৃহীত] জলের মত স্বচ্ছ, অকঠিন ও সুগম। প্র-তাঁর ভাষা ও ব্যাখ্যা একেবারে 'জলবৎ তরলম্'।

পৃ° ৮৪৪, ৩য় স্তম্ভে, 'জহরী' পর্য্যায়-শেষে বসিবে-~চাঁপা [জহরি ও°। উদ্ভিদ্‌বিদ্যা] বি, ইং magnolia grandiflora র বৈজ্ঞা° পরিঃ।

পৃ° ৮৪২, ৩য় স্তম্ভে, "জল" পর্য্যায়ে, ৩০ পঙ্‌ক্তিতে 'পড়া'-র পর বসিবে- ২ [শৈত্য ও তারল্য জলের ধর্ম্ম > লক্ষ° সাধাঃ ব্যঙ্গে] শীতল হওয়া; জুড়ান। প্র-কথা শুনে অঙ্গ জল হয়ে গেল।

পৃ° ৮৫০, ২য় স্তম্ভে, "জানপদ" পর্য্যায়ে, ৫ম, ৬ষ্ঠ পঙ্‌ক্তি স্থলে পাঠ করিতে হইবে-৩ দেশ। ৪ ইং countryman এর বৈজ্ঞা° পরিঃ। ৫ বিণ, জনপদ সম্বন্ধীয়। ৬ ইং rural এর বৈজ্ঞা° পরিঃ; গ্রামীণ (হি° কো°)।

পৃ° ৮৫৪, ৩য় স্তম্ভে, "জাল" পর্য্যায়ে ৩য় পঙ্‌ক্তিতে 'পোড়খেকো'র পর বসিবে-~জাল [সাদৃশ্যার্থে দ্বিত্ব] বিণ,, জালের মত; জালবৎ ফাঁক ফাঁক বুননের (বস্ত্রাদি)। ~জালিয়া [গ্রা° অবজ্ঞার্থে জ্যাল-জেলে] বিণ, জালবৎ; জালজাল।

পৃ° ৮৬১, ২য় স্তম্ভে, "জীবনীয়" পর্য্যায়শেষে বসিবে-~গণ [বৈদ্যকে] জীবক, ঋষভক, মেদা, মহমেদা, ঋদ্ধি বৃদ্ধি, কাকোলী, ক্ষীর কাকোলী-এই অষ্ট বর্গ এবং মুদ্‌গপর্ণী, মাষপর্ণী, জীবন্তী ও যষ্টিমধু এই বারটি দ্রব্য।

পৃ° ৮৬২, ১ম স্তম্ভে, "জীবাতু" পর্য্যায়শেষে বসিবে-"মন মন্দিরের দেবীজী-আমার"-লীলাবতী, ৩য় অঙ্ক, ৪র্থ গর্ভাঙ্ক।

পৃ° ৮৬৫, ১ম স্তম্ভে, "জুবিলি" পর্য্যায়শেষে বসিবে-২ পঞ্চাশত্তম সাংবৎসরিক উৎসব। ৩ আনন্দোৎসব। ৪ জন্মোৎসব; জয়ন্তী। রৌপ্য জুবিলি=রজত জয়ন্তী (রজত স্রঃ)।

পৃ° ৮৬৭, ৩য় স্তম্ভে, "জোল্লা" পর্য্যায়ে ১ম, ২য় পঙ্‌ক্তিতে '(জৈতুল) থেকে জ্ব]' স্থলে বসিবে-

(২) যমদূতিকার ন্যায় অত্যম্ল]

পৃ° ৮৭৬, ২য় স্তম্ভে "ঝঞ্ঝা" পর্য্যায়ে, ৬ষ্ঠ পঙ্‌ক্তিতে, 'বায়ু।' স্থলে হইবে-বায়ু thunderstorm (ক° বিশ্ব° পরিঃ, ভূগোল)।

পৃ° ৮৯৯, ৩য় স্তম্ভে, "টান" পর্য্যায়ে, ২. পঙ্‌ক্তিতে বসিবে-৯২ [পদার্থ বিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] ইং strain, tension এর বৈজ্ঞা° পরিঃ। কৃন্তলটান=shearing strain. পৃষ্ঠটান=surface tension. স্থিতিস্থাপক টান=elastic strain.

পৃ° ৯০৮, ১ম স্তম্ভে, "টেলিগ্রাফ" পর্য্যায়-শেষে বসিবে -দ্বিমুখ টেলিগ্রাফ [পদার্থ বিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] ইং duplex telegraph এর বৈজ্ঞা° পরিঃ। বহুমুখ টেলিগ্রাফ-multiplex telegraph. বেতার টেলিগ্রা(প)ফ = wireless telegraph.

পৃ° ৯১২, ৩য় স্তম্ভে, "ঠা" পর্য্যায়ে ১ম পঙ্‌ক্তিতে, '-' স্থলে বসিবে-[সং-স্থির > ঠির > ঠিঅ > ঠায় > ঠাম] পঙ্‌ক্তিশেষে '।' স্থলে বসিবে-বিলম্বিত। ২

পৃ° ৯২৩, ১ম স্তম্ভে, "ডমর" পর্য্যায়শেষে যুক্ত হইবে- [সং ডমর (অপগ্রকলহ, বিক্রম প্রকাশ) > লক্ষ°] ইং Boisterous mutiny-র পরিঃ।

পৃ° ৯৩২, ২য় স্তম্ভে, "ডীন১" পর্য্যায়-শেষে যুক্ত হইবে-পক্ষিগতি ভেদ বা বিভিন্ন নভোগতির-নাম অবডীন (অবরোহণ), উড্ডীন (উর্দ্ধগমন), নিডীন (অনুচ্চ গতি), বিডীন (বিশেষ গতি), প্রডীন (পতন, বেগগতি), সংডীন (সম্যক্ গতি) ই° ২৬ প্রকার পক্ষিগতি বর্ণিত আছে।

পৃ° ৯৪৫, ৩য় স্তম্ভে, "ঢোলা" পর্য্যায়-শেষে যুক্ত হইবে-৪ ঢিলা। প্র-ঢোলা হাতার জামা।

পৃ° ৯৫১, ৩য় স্তম্ভে, "তড়িৎ" পর্য্যায়শেষে

বসিবে—~চালক,তড়িচ্চালক বল [পদার্থবিদ্যা (ক° বিশ° পরিঃ)] ইং E. M. F. electromotive force এর বৈজ্ঞা°পরিঃ ~চুম্বক-electromagnet. ~চুম্বকীয় = electromagnetic. ~দ্বার-Electrode. ~বার্তাবহ টেলিগ্রাফ = electric telegraph. ~বিশ্লেষণ=elctrolysis. ~বিশ্লেষ্য =electrolyte. ~বীক্ষণ, তড়ি/-দ্বীক্ষণ=electroscopes. স্বর্ণপত্র-তড়িদ্বীক্ষণ = electroscope. তাড়িতাকর্ষণ [তাড়িত + আকর্ষণ] =electric current.

পৃ° ৯৫৮, ৩য় স্তম্ভে, "তপাস" পর্য্যায়ে, ১ম পঙ্‌ক্তিতে 'তুল-'র পূর্ব্বে বসিবে-আ° তফাহ্‌হুস্ (অনুসন্ধান) > পশ্‌তো > ফেং°।

পৃ° ৯৬২, ৩য় স্তম্ভে, "তরঙ্গ" পর্য্যায়ে, ১১শ পঙ্‌ক্তিতে '~ভঙ্গ'-র পূর্ব্বে বসিবে-৬ [পদার্থবিদ্যা (ক° বিশ° পরিঃ)] ইং undulatoryর বৈজ্ঞা° পরিঃ। > তরঙ্গণ=undulation. তরঙ্গিত করা, হওয়া=undulate. তারঙ্গবাদ= undulatory theory.

" পর্য্যায়শেষে বসিবে—~দৈর্ঘ্য [পদার্থবিদ্যা (ক°বিশ°পরিঃ] বি, ইং wave length এর বৈজ্ঞা° পরিঃ। ~পাদ-trough of wave.~পৃষ্ঠ-wave surface. ~বাদ wave theory. ~বাহক- wave carrier. ~বেগ-wave velocity. ~মুখ-wave front.~শীর্ষ-crest of wave. অনুদৈর্ঘ্য তরঙ্গ-longitudinal wave চলতরঙ্গ-progressive wave, পূর্ণ তরঙ্গ- complete wave. স্থির তরঙ্গ-stationary wave.

পৃ° ৯৬৬, ১ম স্তম্ভে, "তরুণ" পর্য্যায়শেষে বসিবে-~রোগ-বি; রোগের প্রথম বা নূতন অবস্থা; আরোগ্য প্রবণ রোগ acute disease, [বিপরীত-চিররোগ (chronic disease) দ্রঃ ; আরো আরোগ্যপ্রবণ নহে এমন পুরাতন রোগ। নাতিতরুণ রোগ [ন+অতি+তরুণ] sub-acute disease.)

পৃ° ৯৬৮, ১ম স্তম্ভে, "তল" পর্য্যায়শেষে বসিবে-অনুভূমিক তল [পদার্থ বিদ্যা (ক° বিশ° পরিঃ)] ইং horizontal plane এর বৈজ্ঞা° পরিঃ। আনত তল=inclined plane. উল্লম্ব তল =vertical plane. ফোকাস তল =focal plane. মুখ্যতল=principal plane. সমচ্ছেদ =plane section. সমাবতল =plano-concave. সমোত্তল =plano-convex.

পৃ° ৯৮০, ৩য় স্তম্ভে, "তামরস" পর্য্যায়ে, ৮ম পঙ্‌ক্তিতে 'খানসে'স্থলে হইবে-মানসে।

" পর্য্যায়শেষে '~ী-পদ্মিনী' স্থলে বসিবে-~মুখী-বি(ণ), পদ্মমুখী ; সুবদনা। "তাই তামরসমুখী পবিত্র প্রসূন-নির্দ্দোষ লীলার দোষ হয়েছিল গুণ।"-লীলাবতী, ৩য় অঙ্ক, ৪র্থ গর্ভাঙ্ক।

পৃ° ৯৮৩, ২য় স্তম্ভে, "তার"৩ পর্য্যায়-শেষে বসিবে- ~জালি [পদার্থবিদ্যা (ক° বিশ° পরিঃ] ইং wire gauze এর বৈজ্ঞা° পরিঃ।

পৃ° ১০০০, ২য় স্তম্ভে, 'তুলা২' পর্য্যায়ে ১ম পঙ্‌ক্তিতে ৮ম অর্থের পর বসিবে-৯ [পদার্থবিদ্যা (ক° বিশ° পরিঃ)] ইং balance, common balance এর বৈজ্ঞা° পরিঃ। ৯০ ক্রি, সুস্থিত করা = balance (e. g a rod) ; প্রতিমান করা=balance (c. g. a pressure). তুলক = balancer. তুলন চক্র=balance wheel. তুলবিন্দু=balance point. অবগাহ তুলা = hydrostatic balance. ব্যাবর্ততুলা=torsion balance. স্প্রিংতুলা=spring balance.

পৃ° ১০২০, ১ম স্তম্ভে, "ত্রি" পর্য্যায়ে সর্ব্বশেষ পঙ্‌ক্তির পর বসিবে-~শা-বি, জাত শিশুর জন্মের ত্রিশ দিন পরে কৃত্য উৎসব।

পৃ° ১০২২, ৩য় স্তম্ভে, "ত্বরিত" পর্য্যায়ে ২য় পঙ্‌ক্তিশেষে বসিবে-২ [পদার্থবিদ্যা (ক°বিশ°পরিঃ)] ইং accelerated এর বৈজ্ঞা° পরিঃ। ~করা=accelerate.

" পর্য্যায়শেষে বসিবে-ত্বরক =accelerating, ত্বরণ= acceleration.

পৃ° ১০৩০, ১ম স্তম্ভে, "থারমমিটার" পর্য্যায়ে, ৪র্থ পঙ্‌ক্তিতে '।'-স্থলে বসিবে-উষ্ণমাপক [ক° বিশ° পরিঃ]। গরিষ্ঠ থার্মমিটার [পদার্থবিদ্যা (ক° বিশ° পরিঃ)] ইং maximum thermome এর বৈজ্ঞা পরিঃ। ভার থার্মমিটার= weight thermometer. রোধ থার্মমিটার=resistance thermometer লঘিষ্ঠ থার্মমিটার=minimum thermometer শারীর থার্মমিটার= clinical thermometer. সমপ্রেষ থার্মমিটার = constant pressure thermometer সমায়তন থার্মমিটার = constant volume thermometer.

পৃ° ১০৪১, ১ম স্তম্ভে "দণ্ড" শব্দান্তর্গত '~পারুষ্য' পর্য্যায়শেষে যুক্ত হইবে-ইহা ত্রিবিধ-অর্থহরণ (fine, confiscation of property),তাড়নcorporal punishment), বধ (কৌটিল্যের মতে কিন্তু মহৎ অপরাধেও "দণ্ডং প্রাণান্তিকং ত্যজেৎ)"।

পৃ° ১০৪৯, ২য় স্তম্ভে, "দর্পণ" পর্য্যায় শেষে বসিবে-৩ [পদার্থবিদ্যা (ক° বিশ° পরিঃ)] ইং mirror-এর বৈজ্ঞা° পরিঃ। অবতল দর্পণ=concave mirror. আতশি দর্পণ=burning mirror. উত্তল দর্পণ=convex mirror. গোলীয়দর্পণ=spherical mirror. সমতল দর্পণ=plane mirror.

পৃ° ১০৫৩, ১ম স্তম্ভে, "দশা"২ পর্য্যায়-

শেষে বসিবে-২ জাত শিশুর জন্মের দশদিন পরে কৃত্য উৎসব।

পৃ° ১০৬২, ৩য় স্তম্ভে, "দামামা"-এর পর্য্যায়ে, ৩য় পঙ্‌ক্তিতে '।' এর পূর্ব্বে বসিবে-দামা ৩°। সং-দমম, ফা° দম্‌মা।

পৃ° ১০৬৭. ২য় স্তম্ভে, "দিগ্" পর্য্যায়ে, 'দি৩' স্থলে হইবে-দি৪

পৃ° ১০৭৪, ২য় স্তম্ভে, "দীপ্তি" পর্য্যায়ে ৩য় পঙ্‌ক্তিশেষে বসিবে-৫ [পদার্থবিদ্যা (ক° বিশ° পরিঃ)] ইং radiance এর বৈজ্ঞা° পরিঃ। > বিণ, দীপ্য; স্বপ্রভ, radiant.

পৃ° ১০৭৭, ৩য় স্তম্ভে, "দুগ্ধ" পর্য্যায়ে, ৮ম পঙ্‌ক্তিতে "কড়া।"-র পর বসিবে- ~পাষাণ-দুধ পাথর বা দুগ্ধাক্ষ নামক প্রস্তরবিঃ।

পৃ° ১০৭৯, ১ম স্তম্ভে, "দুধ" পর্য্যায়ে '~ফেনি'র পূর্ব্বে বসিবে-~পাথর-বি, দুগ্ধপাষাণ; দুগ্ধাক্ষ নামক প্রস্তরবিঃ।

পৃ° ১০৮৮, ৩য় স্তম্ভে, "দূরবীক্ষণ" পর্য্যায়শেষে '।' স্থলে বসিবে- telescope. গ্যালিলীয় দূর্‌বীক্ষণ=Galilean telescope. দ্বিদৃক্ দূর্‌বীক্ষণ=binocular telescope. নভোবীক্ষণ=astronomical telescope. নিউটনীয় দূর্‌বীক্ষণ = Newtonian telescope. নিরক্ষ দূর্‌বীক্ষণ=equitorial telescope. প্রতিসারী দূর্‌বীক্ষণ=refracting telescope ভৌমদূর্‌বীক্ষণ = terrestrial telescope. মুকুর দূর্‌বীক্ষণ= reflecting telescope (-ক° বিশ পরিঃ, পদার্থ বিদ্যা)।

পৃ° ১১০৭, ২য় স্তম্ভে, "দোর"১ পর্য্যায়-শেষে যুক্ত হইবে- ~গোড়া-বি, দ্বারের নিকট। ~গোড়াতে, গোড়ায়-অ, দ্বারের নিকটে; দরজায় বা দুয়ারের কাছে। প্র-দোর-গোড়ায় বসে কেন, যাবার-আসবার পথ ছেড়ে বসতে হয়। ২ [লক্ষ°] হাতের কাছে; অতি নিকটে। ~ধরা-ধরা ব্রঃ।

" ২য় স্তম্ভে, "দোরখা" পর্য্যায়শেষে যুক্ত হইবে-~ঘর-যে ঘরের দুই মুখে দরজা।

পৃ° ১১১০, ৩য় স্তম্ভে; ১ম পঙ্‌ক্তিতে মূল শব্দ "দ্যোতন"-এর পর বসিবে-(1)।

পৃ° ১১১১, ৩য় স্তম্ভে, "দ্রুত" পর্য্যায়ে, ৭ম পঙ্‌ক্তিতে 'বি,'-র পূর্ব্বে বসিবে-৭ [ব্যা°, , সঙ্গীতে "অর্দ্ধমাত্রং দ্রুতং জ্ঞেয়ং মেকমাত্রং লঘু স্মৃতম্। দ্বিমাত্রস্তু গুরু জ্ঞেয়ং ত্রিমাত্রস্তু প্লুতং মতম্।"-শ° ক° দ্রুম] অর্দ্ধমাত্র স্বর; অর্দ্ধমাত্র কাল; দ্রুত তাল।

" ৭ম পঙ্‌ক্তি শেষে '।'-র স্থলে বসিবে- বেগ speed (পদার্থ বিদ্যা, ক° বিশ° পরিঃ) [দ্রুতিজ্ঞাপক-speed indicator. দ্রুতিমাপক-দ্রুতি লেখী=speed recorder.]।

পৃ° ১১১৪, ২য় স্তম্ভে, "দ্বি" পর্য্যায়ে ১১শ পঙ্‌ক্তিতে ~'দেহ'-র পূর্ব্বে বসিবে- ~দশ২ [পদার্থ বিদ্যা (ক° বিশ° পরিঃ)] ইং biphase এর বৈজ্ঞা° পরিঃ। ~দৃক্ binocular এর বৈজ্ঞা° পরি; বাইনকুলার। দ্বিনেত্র দৃষ্টি=binocular vision. ~পট্ট= biplate ~পত্র - বিমান = biplane. ~ফোকস=bifocal. ~মেরু= bipolar ~মূল [যৌগিক= binary compound. ~সূত্রী= bifilar. দ্ব্যক্ষ [দ্বি+অক্ষ]= biaxial.

পৃ° ১১২৩, ১ম স্তম্ভে, "ধন্যা১" পর্য্যায়ে, ২য় পঙ্‌ক্তিতে 'প্রশংসনীয়া।'-র পর বসিবে- "জিতেন্দ্রনারায়ণ রায় শিশু বিদ্যালয়ের প্রতিষ্ঠাত্রী শ্রীমতী মৃন্ময়ী রায় বলেন '*** তাহার পরলোকগত একমাত্র সন্তানকে এই শিশুদের মধ্যেই পাইয়াছেন। শিশুদের সেবাই তাঁহার সন্তানের সেবা এবং এই সংপ্রচেষ্টাতেই তাঁহার যথাসর্ব্বস্ব ও জীবন উৎসর্গ করিয়া নিজেকে ধন্যা মনে করিয়াছেন।"-আ° পত্রিকা, ৩১-৩-৩৬।

পৃ° ১১৩৯, ৩য় স্তম্ভে, ধামার পর্য্যায়ে ১ম পঙ্‌ক্তিতে ধামার১ হইবে।

" " ২য় পঙ্‌ক্তি তুলিয়া দিতে হইবে।

পৃ° ১১৩৯, ৩য় স্তম্ভে, "ধামাল"১ পর্য্যায়ে, ১ম পঙ্‌ক্তিতে 'রাগিণীবিঃ; ধামার' স্থলে বসিবে- "ধামার২ গান।"

" "ধামাল২" "পর্য্যায়ে" 'ধামাল' শব্দের পূর্ব্বে বসিবে-হি° ধমাল >। সং=র।

পৃ° ১১৫৩, ২য় স্তম্ভে, "ধ্রুব" পর্য্যায়ে, ২০ পঙ্‌ক্তিতে 'ধ্রুপদ।'-এর পর বসিবে-২ [পদার্থ বিদ্যা (ক° বিশ° পরিঃ)] বি, ইং Constant এর বৈজ্ঞা° পরিঃ। >৩ বিণ, ধ্রুব, নিত্য।

পৃ° ১১৫৫, ১ম স্তম্ভে, "ন২" পর্য্যায়ে, ২য় পঙ্‌ক্তিতে 'নূতন।'-এর পর বসিবে-২ সংখ্যায় চতুর্থ (বড়, মেজো, সেজো, ন, কচি, রাঙ্গা, ফুল, ইং ও ছোট-র মধ্যে ৪র্থ। অর্থাৎ ছেলে বা মেয়ে পর্য্যায় ক্রমে সংখ্যায় পাঁচ বা পাঁচের অধিক হইলেই চতুর্থকে 'ন' বলা হয় কিন্তু চতুর্থই সর্ব্বকনিষ্ঠ হইলে, তাহাকে 'ছোট' বলা হয়, ন বলা হয় না। স্থান ভেদে 'সেজো'র পর ন ও ছোট এবং এই দুয়ের মধ্যবর্ত্তীদের ন-মেজো ন-ছোট নামে অভিহিত করা হয়)।

পৃ° ১১৫৮, ২য় স্তম্ভে, 'নগর' পর্য্যায়ে, ১৭ পঙ্‌ক্তি-শেষে যুক্ত হইবে- ~দ্বার-প্রাচীন ভারতে নগরবিন্যাস অনুসারে, চতুর্দ্বারের নাম, যথা-উত্তর-দ্বারের নাম ব্রাহ্মদ্বার, পূর্ব্বদ্বারের নাম ঐন্দ্রদ্বার (ইন্দ্র বা সূর্য্যকে উৎসৃষ্ট), দক্ষিণ দ্বারের নাম যাম্যদ্বার (যমাধিষ্ঠিত দ্বার), ও পশ্চিম দ্বারের নাম, সৈনাপত্য।

পৃ° ১১৬৪, ১ম স্তম্ভে, ~"ত১" পর্য্যায়-শেষে 'নবত' স্থলে পড়িতে হইবে ~র্ত২।

পৃ° ১২০১, ২য় স্তম্ভে, "নিপাত" পর্য্যায়-শেষে যুক্ত হইবে- [অর্থ শা° পরি°] খ এবং অন্যান্য অব্যয় শব্দকে নিপাত বলে।

পৃ° ১২১১, ৩য় স্তম্ভে, "নিরুদ্ধ" পর্য্যায়-শেষে যুক্ত হইবে-৪ [রাজনীতি] ইং detenue'র বৈজ্ঞা° পরিঃ।

পৃ° ১২২৬, ১ম স্তম্ভে, 'নীতি' শব্দান্তর্গত ~"জ্ঞ" পর্য্যায়ে 'নীতিজ্ঞানা'-এর পর যুক্ত হইবে- ~তা [রাজনীতি°] বি, নীতি জ্ঞানবত্তা। ২ ইং statesmanship এর বৈজ্ঞা° পরিঃ।

পৃ° ১২২২, ১ম স্তম্ভে, "নিষ্ক্রিয়" পর্য্যায়-শেষে যুক্ত হইবে- ~প্রতিরোধ-ইং passive resistance এর পরিঃ (দ্রঃ-প্রতিরোধ-সক্রিয়); অপ্রতিকার্য্য সহিষ্ণুতা।

" ১ম স্তম্ভে, "নিষ্ঠ" পর্য্যায়ে, ৬ষ্ঠ পঙ্ক্তিতে '~বান্' এর পূর্ব্বে > এই চিহ্ন বসিবে।

পৃ° ১২৩৩, ১ম স্তম্ভে, "নেত" পর্য্যায়ে, ১২ পঙ্ক্তিতে '~বাস' স্থলে পড়িতে হইবে-বাস।

" ১৩ পঙ্ক্তিতে 'লাসী' স্থলে হইবে ~লাসী।

পৃ° ১২৩৮, ৩য় স্তম্ভে, "নৌ" পর্য্যায়ে ১৭ পঙ্ক্তিতে '~বল' এর পূর্ব্বে বসিবে- ~দিগ্‌দর্শী [পদার্থ বিদ্যা° (ক° বিশ্ব° পরিঃ)] ইং mariner's compass এর বৈজ্ঞা° পরিঃ।

পৃ° ১২৫৫, ৩য় স্তম্ভে, "পড়া" পর্য্যায়ে, ২১ পঙ্ক্তির পর বসিবে- আকাশ থেকে পড়া-হঠাৎ উদয় হওয়া; আচম্বিতে অপ্রত্যাশিত কিছুর আবির্ভাব হওয়া; অকস্মাৎ উদয় হওয়া। ২ আশ্চর্য্যান্বিত হওয়া; অবাক্ হয়ে যাওয়া। প্র-এ কথা ত আগেই শুনে ছিলে, তবে এখন আবার শুনে একেবারে আকাশ থেকে পড়লে যে?

পৃ° ১২৬১, ৩য় স্তম্ভে, "পত্রী" পর্য্যায় শেষে বসিবে-একবীজপত্রী [উদ্ভিদ্ বিদ্যা] বি, ইং Monocotyledonous এর বৈজ্ঞা° পরিঃ।

পৃ° ১২৬৩, ২য় স্তম্ভে, "পদ" পর্য্যায় শেষে যুক্ত হইবে-২ টাট; থালা; থালি। প্র-তিন পদ গহনা।

পৃ° ১২৬৪, ১ম স্তম্ভে, "পদার্থ" পর্য্যায়-শেষে '।' স্থলে বসিবে-physics.

পৃ° ১২৭০, ১ম স্তম্ভে, "পরখাই চালান" পর্য্যায়ে, ২য় ও ৩য় পঙ্ক্তিতে পরপর 'প্রতি লিপি' স্থলে 'প্রতিলিপি' এবং 'টালান' স্থলে 'চালান' হইবে।

পৃ° ১২৭৩, ২য় স্তম্ভে, "পরম" পর্য্যায়ে বসিবে -৫ [পদার্থ বিদ্যা (ক° বিশ্ব° পরিঃ] বি, ইং absolute এর বৈজ্ঞা° পরিঃ। [দ্রঃ- পঁরম উষ্মা, উষ্মতা=absolute temperature. পঁরম একক =absolute unit. পঁরম ক্রম= absolute scale. পঁরম ঘনত্ব= absolute density. পঁরম প্রসার absolute expansion. পঁরমমান =absolute measurement. পঁরম শূন্য=absolute zero. পঁরম স্পন্দসংখ্যা=absolute frequency of vibration. পঁরমাঙ্ক-absolute co efficient.]।

পৃ° ১২৭৮, ৩য় স্তম্ভে, 'পরাশ্রিত' পর্য্যায়-শেষে যুক্ত হইবে- ২ ইং parasite এর বৈজ্ঞা° পরিঃ; পরাশ্রিত।

" ৩য় স্তম্ভে, 'পরাশ্রিত' পর্য্যায়-শেষে যুক্ত হইবে- ২ [পারিঃ (রবী°)] ইং parasite এর বৈজ্ঞা° পরিঃ; পরজীবী; পরাশ্রয়ী।

পৃ° ১২৮৮, ১ম স্তম্ভে, "পরোক্ষ" পর্য্যায় ও পরোধ পর্য্যায়ের মধ্যে বসিবে- পঁরাক্ষ[2] [ভূগোল পরিঃ (ক° বিশ্ব° পরিঃ)] ইং major axis (earth's) এর বৈজ্ঞা° পরিঃ। তুল-উপাক্ষ minor axis. অক্ষ (axis of an ellipse) দ্রঃ।

পৃ° ১২৯৭, ৩য় স্তম্ভে, "পাইক" পর্য্যায়ে, ১ম পঙ্ক্তিতে '>'-এর পর বসিবে- । প্রা° পাক।

" "পাইক"-পর্য্যায়শেষে যুক্ত হইবে-~লা-পাইকের ভাব; বীরত্ব। এই অর্থে পাইকাল ও° (আল[1] দ্রঃ)।

পৃ° ১৩০২, ৩য় স্তম্ভে, 'পাক'[1] পর্য্যায়শেষে বসিবে-~স্পর্শ-যৌতাত দ্রঃ।

পৃ° ১৩১০; ১ম স্তম্ভে, "পাজী" পর্য্যায়ে ৬ষ্ঠ পঙ্ক্তিতে 'বা' স্থলে 'বা' হইবে।

পৃ° ১৩১৫, ২য় স্তম্ভে, 'পাণ'-পর্য্যায়ে, ৯ম পঙ্ক্তিশেষে বসিবে- ~পঁত্র [ত্রিপুরা, বাখরগঞ্জ প্রাদে°] বি, বিবাহ চুক্তিপত্র; বাগ্দান marriage contract.

পৃ° ১৩২৯, ১ম স্তম্ভে 'পারুষ্য' পর্য্যায়ে ২য় পঙ্ক্তিশেষে বসিবে -দণ্ডপারুষ্য (দণ্ড দ্রঃ)। বাক্‌পারুষ্য-বাক্ দ্রঃ।

পৃ° ১৩৩০, ১ম স্তম্ভে, "পার্বত" পর্য্যায়শেষে বসিবে- "অহঙ্কারে দ্রৌপদীরে সম্ভাষণা কৈল। দেখিয়া পার্বতী দেবী অন্তরে কুপিল।"-মহা° (কাশী°)।

পৃ° ১৩৩২, ১ম স্তম্ভে, "পালি[2]" পর্য্যায়ে ৬ষ্ঠ পঙ্ক্তিতে 'ভাষা'র পর বসিবে- ।"বুদ্ধদেবের জন্মস্থান 'কপিলবস্তু'র প্রা° নাম * *। এই 'পালি' গ্রামের নামানুসারে তদ্দেশ-প্রচলিত এই প্রা° ভাষার নামও 'পালি' হইয়া থাকিবে।"-বিনোদ বিহারী রায় (প্রবাসী, কার্ত্তিক, ১৩১৮)।

পৃ° ১৩৪৫, ২য় স্তম্ভে, 'পিষ্ট' পর্য্যায়-শেষে যুক্ত হইবে-~পেষ্যণ-বি, বাপেষণ করা হইয়াছে তাকে পুনরায় পেষণ।২ [লক্ষ°] যে বিষয়ের বিশেষ ভাবে আলোচনা বা বিশ্লেষণ করা হইয়াছে তার পুনরালোচনা বা বিশ্লেষণ; যা উক্ত হইয়াছে তার পুনঃ পুনঃ উক্তি; চর্ব্বিত-চর্ব্বণ (দ্রঃ)।

পৃ° ১৩৫২, ১ম স্তম্ভে, "পুঁজি" পর্য্যায়ে, ৬ষ্ঠ পঙ্ক্তিতে '~পাটা'-র পূর্ব্বে বসিবে- ~পঁতি-বি, মূলধনাধিকারী capitalist "পূর্ব্বে ঐ কোম্পানীর বৃটিশ পুঁজিপতিদিগের দ্বারা নিয়ন্ত্রিত হইত।" -আ° পত্রিকা, ১৮-৯-৩৫।

পৃ° ১৩৬৫, ১ম স্তম্ভে, "পুষ্প" পর্য্যায়ে, ৭ম পঙ্ক্তিতে বসিবে-~কেশর [উদ্ভিদ্ বিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] বি, ইং andioecium এর বৈজ্ঞা° পরিঃ। ~পরিধী-Thalamus ~পরিধি-perianth. ~বিন্যাস-Inflorescence. ~বেষ্টন,বহিরাবরণ-calyx.

" ২য় স্তম্ভে, নিম্ন হতে ৯ম পঙ্ক্তিতে 'পরাগ' -এর পর বসিবে- ২ [উদ্ভিদ্ বিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] ইং pollen grain এর বৈজ্ঞা° পরিঃ।

" ২য় স্তম্ভে, ১৬শ পঙ্ক্তিতে, ~'ভূষণ'-এর পূর্ব্বে বসিবে- আশুপতনশীল পুষ্পবেষ্টন [উদ্ভিদ্ বিদ্যা] বি, ইং caducous calyx এর বৈজ্ঞা° পরিঃ।

পৃ° ১৩৬৬, ৩য় স্তম্ভে, "পুগ"-পর্য্যায়ে, ৪র্থ পঙ্ক্তিতে বসিবে- ৪ আইনদ্বারা গঠিত এক ব্যক্তির ন্যায় কার্য্য করিবার অধিকার প্রাপ্ত ব্যক্তিসংঘ বা সভা যথা নাগরিক কর্ত্তৃপক্ষ ইং Corporation এর পরিঃ; Municipal CorPoration.

পৃ° ১৩৬৮, ১ম স্তম্ভে, "পূতী" পর্য্যায়শেষে যুক্ত হইবে-~বাষ্প-ইং miasms এর বৈজ্ঞা° পরি:; কল্মষ; কিল্বিষ।

পৃ° ১৩৭৩, ১ম স্তম্ভে, 'পৃথী' স্থলে পৃথ্বী হইবে।

পৃ° ১৩৭৭, ১ম স্তম্ভে, "পেটা", পর্য্যায়ের শেষে বসিবে-পেটা-লোহা [পদার্থ বিদ্যা (ক°বিশ° পরি:)] ইং wrought ironএর বৈজ্ঞা° পরি:।

পৃ° ১৩৮৭, ১ম স্তম্ভে, "পোলাও" পর্য্যায়ের ৩য় পঙ্ক্তিশেষে বসিবে-ছানার পোলাও-পোলাওয়ের অনুকরণে মাছ বা মাংস খণ্ড স্থলে ছানা (দ্র:) খণ্ড খণ্ড করিয়া কাটিয়া এবং ভাতের অনুকরণে ছানা কাটিয়া উক্ত খণ্ডের সহিত মিলাইয়া চিনি, এলাচ, লবঙ্গ, জাফরানাদি মসলা যোগে প্রস্তুত মিষ্টান্ন।

পৃ° ১৩৯৪, ২য় স্তম্ভে, "প্রগল্ভ" পর্য্যায়ে ৬ষ্ঠ পঙ্ক্তিতে 'গর্ব্ব' এবং 'স্ত্রীং' এর মধ্যে বসিবে-১০ দম্ভ। ১১ সাহস; দুঃসাহস। "নিকুম্ভিলা যজ্ঞাগারে প্রগল্ভে পশিল দম্ভী"-মেঘ°।

পৃ° ১৪০০, ২য় স্তম্ভে, "প্রতি" পর্য্যায়ভুক্ত প্রতিক্রিয়া পর্য্যায়ে, ৫ম পঙ্ক্তিতে 'প্রত্যাঘাত'-এর পর বসিবে-(রসায়নে-বিক্রিয়া)।

পৃ° ১৪০২, ৩য় স্তম্ভে, "প্রতি" পর্য্যায়ভুক্ত 'প্রতিফলন' পর্য্যায়ে ৪র্থ পঙ্ক্তিতে 'বিণ' -এর পূর্ব্বে বসিবে-৩ [পদার্থ বিদ্যা (ক° বিশ° পরি:)] ইং reflection এর বৈজ্ঞা°পরি:। ~কোণ =angle of reflection. ~সূত্র= laws of reflection. প্রতিফলক reflecting; reflector.

" " "প্রতিফলন" পর্য্যায়-শেষে বসিবে- >ক্রি, প্রতিফলিত করা= reflect.

পৃ° ১৪০৩, ১ম স্তম্ভে, 'প্রতি' পর্য্যায়ে ৮ম পঙ্ক্তিতে 'প্রতিবন্ধক।' এর পর বসিবে- ~বর্ণ-বি, সদৃশ বর্ণ; এক ভাষা হ'তে ভাষান্তরে বর্ণের প্রতিনিধি বর্ণ। ~বর্ণীকরণ [প্রতি-বর্ণ+চ্বি (অভূততদ্ভাবার্থে)= বর্ণী+করণ] বি, এক ভাষার বর্ণকে অন্য ভাষার সদৃশ বা অনুরূপ বা প্রতিনিধি বর্ণে পরিণত করণ; বর্ণান্তরীকরণ; অক্ষরান্তরীকরণ; লিপ্যন্তর (দ্র:) transliteration. "বিদেশী নামের বাঙ্গালা প্রতিবর্ণীকরণ।" -বাং ভা° অ°, পরিশি°।

পৃ° ১৪০৫, ২য় স্তম্ভে, "প্রতি" পর্য্যায়ভুক্ত, ~"সরণ" পর্য্যায় শেষে বসিবে-২ [পদার্থ বিদ্যা (ক° বিশ° পরি:)] ইং refraction এর বৈজ্ঞা°পরি:। > বিণ, ~নীয় refrangible. ~সৃত-refracted. ক্রি, প্রতিসরণকরা-refract. প্রতিসারক-refracting. প্রতিসারক-তল-refracting surface. প্রতিসরাঙ্ক-refracting index. পরম প্রতিসরাঙ্ক - absolute refracting index.

পৃ° ১৪১৫, ১ম স্তম্ভে, "প্রবাহ" পর্য্যায়ে ৩য় পঙ্ক্তিতে বসিবে- ৪ [পদার্থ বিদ্যা (ক° বিশ° পরি:)] ইং current এর বৈজ্ঞা° পরি:। আবিষ্ট প্রবাহ-induced current. পরিবর্তী প্রবাহ - alternating current. বর্তনী প্রবাহ-circuit current. সমপ্রবাহ- direct current

পৃ° ১৪১৯, ১ম স্তম্ভে, "প্রমিত" পর্য্যায়ে ৪র্থ পঙ্ক্তিশেষে '।' স্থলে বসিবে- ; [পদার্থ বিদ্যা (ক° বিশ° পরি:)] ইং, standardised এর বৈজ্ঞা° পরি:। ~করণ=standardization. প্র° করা= standardize ~দ্রব= standard solution. >বি, প্রমাণ standard.

পৃ° ১৪২০, ২য় স্তম্ভে, "প্রয়োগ," পর্য্যায়ের পর নূতন পর্য্যায় স্বরূপ বসিবে- প্রয়োগিক [প্রয়োগ (দ্র:)+ইক] বিণ, ইং practical এর বৈজ্ঞা° পরি°। বিপরীত-অপ্রয়োগিক=unpractical.

পৃ° ১৪২৪, ২য় স্তম্ভে 'প্রসার' পর্য্যায়-শেষে যুক্ত হইবে-ক্রি, প্রসারা [প্রসারি, প্রসার, প্রসারে; প্রসারিতে; প্রসারিয়া ই°] প্রসারিত করা; বিস্তার করা।

পৃ° ১৪২৬, ১ম স্তম্ভে, "প্রস্বান" পর্য্যায়ে, ১ম পঙ্ক্তিতে 'প্রস্বান' স্থলে প্রস্বন, প্রস্বান এবং "স্বান" স্থলে হইবে-স্বন, স্বান।

" ২য় পঙ্ক্তি শেষে বসিবে-২ [সঙ্গীত°] করতলাঘাত দ্বারা স্বর বিন্যাস।

পৃ° ১৪২৮, ২য় স্তম্ভে, "প্রাচীরাঙ্কণ" পর্য্যায়ের শেষে "।" স্থলে বসিবে-fresco-painting.

পৃ° ১৪৩০, ৩য় স্তম্ভে, নিম্ন হতে ৫ম পঙ্ক্তিতে 'শূদ্রতা'-র পর বসিবে-~চার্য্য [প্রাণ+আচার্য্য (দ্র:)] বি, যে আচার্য্যের নিকট প্রাণের জন্য সকলকে শরণ লইতে হয়, এমন বুদ্ধিমান, চরিত্রবান, শাস্ত্রদর্শী, গুরুবৎ মান্য ভিষক্।

পৃ° ১৫৪৫, ২য় স্তম্ভে, "ফরমা" পর্য্যায়ে, ১ম পঙ্ক্তিতে 'frome' স্থলে পড়িতে হইবে forme.

পৃ° ১৫৪৭, ২য় স্তম্ভে, 'ফলা' পর্য্যায়ে ৫ম পঙ্ক্তিতে 'যথা'-র পর 'রফলা,' স্থলে বসিবে-যফলা, রফলা।

পৃ° ১৫৪৭, ১ম স্তম্ভে, "ফল" পর্য্যায়-শেষে বসিবে-ফলের আভ্যন্তরিক স্তর [উদ্ভিদ্ বিদ্যা (ক° বিশ° পরি:)] বি, ইং Endocarp এর বৈজ্ঞা° পরি:। ফলের বাহ্য স্তর-Epicarp. ফলের মধ্য-স্তর-Mesocarp অকৃত্রিম ফল -True fruit. কৃত্রিম ফল- false fruit.

পৃ° ১৫৪৯, ৩য় স্তম্ভে, "ফাঁক" পর্য্যায়ে, ১৩শ পঙ্ক্তিতে 'পড়া'-র পর বসিবে- সঙ্গীতের তাল সমাপ্তির তৃতীয় আঘাত বা সমের শেষ তাল না দেওয়া বা অনাঘাত। ফাঁকের দ্যোতক চিহ্ন =০।

পৃ° ১৫৫১, ৩য় স্তম্ভে "ফাটক" ও "ফাটকি" পর্য্যায়দ্বয়ের মধ্যে বসিবে-ফাটকা- ফটকা দ্র:। ফা° খেলা-to speculate. ~খেলা, ~বাজী - বি, speculation.

পৃ° ১৪৫৯, ২য় স্তম্ভে, "ফুল১" পর্য্যায়-শেষে বসিবে-ফুলের অন্তরাবরণ বা অন্তর্বাস [উদ্ভিদ্ বিদ্যা (কং বিশ্ব° পরি:)] বি, ইং corolla-র বৈজ্ঞা° পরি:। ফুলের প্রধান বা আবশ্যকীয় স্তবক-Essential whorl.

পৃ° ১৪৬০, ১ম স্তম্ভে, "ফুল১" পর্য্যায়-শেষে বসিবে-উভলিঙ্গ ফুল [উদ্ভিদ্ বিদ্যা] বি, ইং Hermaphrodite flower-এর বৈজ্ঞা° পরি: ; যে ফুলে স্ত্রী ও পুং কেশর উভয় থাকে।

পৃ° ১৪৬৫, ১ম স্তম্ভে, "ফোটা১" পর্য্যায়ে, ১ম পঙ্ক্তিতে 'স্ত্রঃ'-র পর বসিবে- সং স্ফাটক (শব্দকল্পে- জলবিন্দু। তেলুং বোট্টু (বিন্দু) > ফোটা]।

" ৩য় পঙ্ক্তি-শেষে বসিবে-"আইট থানে লইবু ফোটা ধর্ম্মপুজার কালে॥"-শূ° পু°। [আইট থানে = অষ্টাঙ্গে = শীর্ষে, কণ্ঠে, ললাটে, (দুই) বাহুমূলে, হৃদয়ে, পৃষ্ঠে, নাভিতে ও (দুই) পার্শ্বে।

পৃ° ১৪৭৫, ১ম স্তম্ভে, ২০ পঙ্ক্তিতে, 'বজ্রাগ্নি।'-র পর বসিবে- ~ঝটিকা [পদার্থ বিদ্যা (কং বিশ্ব° পরি:)] বি, ইং thunderstorm এর বৈজ্ঞা ° পরি:।

পৃ°-১৪৯৫, ১ম স্তম্ভে, "বর্গ" পর্য্যায়ে, ৭ম পঙ্ক্তিশেষে বসিবে- [রৈখিক বর্গ পরিমাণ-

১৪৪ বর্গ ইঞ্চি=১ বর্গ ফুট
৯ " ফুট=১ " গজ
৩০ " গজ=১ " পোল
৪০ " পোল=১ " রুড
৪ রুড বা
৪৮০ বর্গ গজ } =১ একার
(১০ বর্গ চেন =১ একার),
২৫০ বর্গ লিঙ্ক =১ রুড,
১০০০ " " =১ একার=৩/॥ কাঠা)

৬৪০ একার=১ বর্গ মাইল।

৫৭৬ বর্গ আঙুল=১ বর্গ হাত (১ হাত দীর্ঘ ও ১ হস্ত প্রস্থ), ২০ হাত=১ ছটাক=(৫ হাত দীর্ঘ ও ৪ হাত প্রস্থ), ৪ ছটাক=১ পোয়া (২০ হাত দীর্ঘ ও ৪ হাত প্রস্থ), ৪ পোয়া=১ কাঠা (৮০ হাত দীর্ঘ ও ৪ হাত প্রস্থ), ২০ কাঠা=১ বিঘা (৮০ হাত দীর্ঘ ও ৮০ হাত প্রস্থ)।

পৃ° ১৪৯৫, ৩য় স্তম্ভে, "বর্ণ" পর্য্যায়ের শেষ পঙ্ক্তিতে, "~চোরা"-র পূর্ব্বে বসিবে- স্ত্রীং ~া-বিণ, বর্ণবিশিষ্টা। "কৃষ্ণবর্ণা"। ~ণালি [পদার্থবিদ্যা (কং বিশ্ব° পরি:)] বি, ইং spectrum এর বৈজ্ঞা° পরি:। ~গত,~বিষয়ক-spectroscopic. ~বিশ্লেষণ - spectrum analysis. ~বীক্ষণ-spectroscope. ~মাপক-spectrometer. ~লিক্-spectrograph. ~লিখন spectrography. ~লেখী-spectrographic. পটিবর্ণালি-band spectrum. শুদ্ধ বর্ণালি-pure spectrum. সমক্ষ বর্ণালি বীক্ষণ-direct vision spectroscope. সৌর বর্ণালি-solar spectrum. স্বতোক্ষ বর্ণালি-মাপক - auto collimating spectrometer.

পৃ° ১৫২৬, ২ স্তম্ভে, "বাঙ্গালা" পর্য্যায়ে, ৬ষ্ঠ পঙ্ক্তিতে "ঘেড়া" স্থলে "ঘেরা" পড়িতে হইবে।

" ঐ পর্য্যায়-শেষে বসিবে-~প্রাকৃত, ~ভাষা-বি, বঙ্গের প্রাকৃত-জন সমাজে প্রচলিত (অশিক্ষিত নর-নারীর) কথ্য ভাষা ; অসংস্কৃত দেশী ভাষা ; বঙ্গে আর্য্য অভ্যুদয়ের পূর্ব্ব-প্রচলিত ভাষা। ২ বাঙ্গালা প্রাকৃত মাগধী, অর্দ্ধ-মাগধী-শৌরসেনী ই° নানা সংস্কৃত-প্রাকৃতের বিভিন্ন শাখার, এবং সংস্কৃত, তদ্ভব ও তৎসম শব্দের মিশ্রণজাত পণ্ডিত-সমাজ-নিন্দিত-নগণ্য-লেখ্য বাঙ্গালা ; অপভাষা ; অপভ্রষ্টভাষা ; ভাষা ; ইতর ভাষা।

পৃ° ১৫২৯, ২য় স্তম্ভে, "বাজার" পর্য্যায়ে ৯ম পঙ্ক্তিতে, 'আছে।'-র পর বসিবে- ~ওজন [ইং avoirdupois অর্থাৎ সাধারণ পণ্যের ইংলণ্ডীয় ওজন] ১৬ ড্রাম= ১ আউন্স, ১৬ আউন্স্=১ পাউণ্ড (স্র:), ২৮ পাউণ্ড=১ কোয়ার্টার। ৪ কোয়ার্টার বা ১১২ পাউণ্ড=১ হন্দর। ১৪ পাউণ্ড=১ ষ্টোন, ৮ ষ্টোন=১ হন্দর ; ২০ হন্দর=১ টন।

পৃ° ১৫৩৯, ২য় স্তম্ভে, "বানান২" পর্য্যায়ে, ১ম ও ২য় পঙ্ক্তিতে, 'বয় (বর্ণ)' স্থলে বসিবে-বয়ন (বর্ণন) এবং "বানান]" স্থলে হইবে-বাং-র,বানান, বাণান ("উচ্চারণানুযায়ী বাণান বা বাণানের অনুযায়ী-উচ্চারণই বাঙ্গালার নিয়ম- ব্যতিক্রম সামান্য।"-অধ্যাপক দেবপ্রসাদ ঘোষ, এম-এ, বি-এল)]।

পৃ° ১৫৬২, ২য় স্তম্ভে "বিক্রিয়া" পর্য্যায়ে ২য় পঙ্ক্তিতে বসিবে- ২ [রসায়ন (কং বিশ্ব° পরি:)] ইং reaction এর বৈজ্ঞা° পরি: (পদার্থ বিদ্যায়, প্রতিক্রিয়া)।

পৃ° ১৫৭০, ১ম স্তম্ভে, "বিজ্ঞাপন" পর্য্যায়ে ৮ম পঙ্ক্তি হ'তে "স্ত্রীং ~া।" এই অংশ স্তম্ভশেষে 'বিজ্ঞের' পর্য্যায়ান্তে বসিবে।

পৃ° ১৫৭১, ৩য় স্তম্ভে "বিতং" পর্য্যায়ে ৩য় পঙ্ক্তিতে 'দিয়া' স্থলে 'দেওয়া' হইবে।

" " " "বিতথ" পর্য্যায়ে, ৪র্থ পঙ্ক্তি-শেষে ৩ স্থলে হইবে-৩ বি।

পৃ° ১৫৭৭, ৩য় স্তম্ভে, "বিদ্যুৎ" পর্য্যায়ে, ১০ম পঙক্তিতে হইবে- '~দ্বীপ' [স্থলে '~দ্দীপ [বিদ্যুৎ+দীপ।'

" ৯ পঙ্ক্তিতে '৪'-এর পর বসিবে- [পদার্থ বিদ্যা (কং বিশ্ব° পরি:)] ইং electricity -র বৈজ্ঞা° পরি: ; তড়িৎ। ~প্রবাহ- electric current. > বিণ, বৈদ্যুতিক -electric. বৈদ্যুতিক ঘণ্টা-electric bell. ~ঘর্ষ বিদ্যুৎ-frictional electricity. চল বিদ্যুৎ - dynamical electricity. নভোবিদ্যুৎ-atmospheric electricity. নেগেটিভ বিদ্যুৎ-negative electricity. পজিটিভ বিদ্যুৎ- positive electricity. ভোল্টীয় বিদ্যুৎ -voltaic electricity.

স্থিতীয় বিদ্যুৎ-statical electricity.

পৃ° ১৫৮১, ৩য় স্তম্ভে, "বিনাশ" পর্য্যায়ে, ৬ষ্ঠ পঙ্ক্তিতে '~ক'-র পূর্ব্বে যুক্ত হইবে- ~ি [নামধাতু। বিনাশি,-নাশ,-নাসে; নাশিতে ;-নাশিয়া ই°] ক্রি, বিনাশ করা ; ধ্বংস করা। "বিধি প্রসারিছে বাহু বিনাশিতে লঙ্কা মম,"-মেঘ°।

পৃ° ১৫৮৪, ১ম স্তম্ভে, "বিন্দু" পর্য্যায়ে, ৩১ পঙ্ক্তিতে 'উদ্বিন্দু'-র পূর্ব্বে বসিবে- আপর্ত্তন বিন্দু [পদার্থ বিদ্যা (ক° বিশ° পরিঃ)] ইং point of incidence এর বৈজ্ঞা° পরিঃ। ছেদবিন্দু-point of intersection. ধৃতিবিন্দু-point of support. প্রলম্ববিন্দু-point of suspension. শূন্যবিন্দু-point zero. স্পর্শবিন্দু-point of contact.

পৃ° ১৫৯৮, ৩য় স্তম্ভে, "বিলিখন" পর্য্যায়-শেষে > ক্রি, বিলেখা [বিলেখি, বিলেখ, বিলেখে ; বিলেখিতে ; বিলেখিয়া (পদ্যে, কে° বিলেখি)] বি° করা।" যুক্ত হইবে।

পৃ° ১৬০১, ৩য় স্তম্ভে,"বিশ্ব"পর্য্যায়ে ১৯পঙ্ক্তি শেষে যুক্ত হইবে-~নাগরিক-বিণ, বিশ্বমিত্র ; বিশ্বপুরবাসী cosmopolitan.

পৃ° ১৬০৭, ১ম স্তম্ভে, "বিসার" পর্য্যায় শেষে যুক্ত হইবে-ক্রি, ~া[বিসারি, বিসার, বিসারে ; বিসারিতে ; বিসারিয়া (পদ্যে কে° বিসারি)] বিসারণ করা।

পৃ° ১৬২০, ৩য় স্তম্ভে, "বৃদ্ধি" পর্য্যায়ে, ২য় পঙ্ক্তির প্রথমে 'গুণ', স্থলে 'পরিবৃদ্ধি', পাঠ করিতে হইবে।

পৃ° ১৬২৬, ২য় স্তম্ভে, "বেগ" পর্য্যায়ে, ৯ম পঙ্ক্তিতে বসিবে-অভিলম্ববেগ [পদার্থ বিদ্যা (ক° বিশ° পরিঃ)] ইং normal velocityর বৈজ্ঞা° পরিঃ। অরীয় বেগ-radial velocity.

" -১১শ পঙ্ক্তিতে পরিঃ।"-র পর বসিবে- আপেক্ষিক বেগ-relative velocity.

" ১৪শ পঙ্ক্তিতে "পরিঃ।"-র পর বসিবে- বিষম বেগ-ইং variable velocityর বৈজ্ঞা° পরিঃ।

" ১৭শ পঙ্ক্তিতে, "পরি।"-র পর বসিবে- স্পর্শিনী বেগ - tangential velocity.

পৃ° ১৬৩০, ২য় স্তম্ভে, "বেতার" পর্য্যায়ের শেষে বসিবে-~টেলিগ্রাফ [পদার্থ বিদ্যা (ক° বিশ° পরিঃ] ইং wireless telegraph এর বৈজ্ঞা° পরিঃ। ~টেলিফোন-wireless telephony.

পৃ° ১৬৪০, ৩য় স্তম্ভে, "বৈদ্য" পর্য্যায়ে, ৫ম পঙ্ক্তিতে,'৩'সংখ্যার পূর্ব্বে বসিবে- জয় সেন বিশ্বাস ঠাকুরের "সবৈদ্যকুলচন্দ্রিকা"-মতে বৈদ্য-শাখীয়গণ পঞ্চনদ বা সারস্বত প্রদেশের সারস্বতশ্রেণীর "ব্রাহ্মণ" এবং অম্বষ্ঠদেশের অধিবাসী ছিলেন বলিয়া 'অম্বষ্ঠ' অভিহিত। "গৌড়দেশস্থিতাশ্চৈতে বৈদ্যনাম্না সুবিশ্রুতাঃ। শাখীয়া দ্বিবিধা প্রোক্তাঃ সারস্বতাশ্চ সৈন্ধবাঃ॥ শ্রেণ্যা সারস্বতাঃ সর্ব্বে বিজ্ঞেয়া ব্রাহ্মণাশ্চ তে। জাত্যা বৈদ্যা ন বিজ্ঞেয়া নাম্বষ্ঠজাতয়োঽপি চ॥"-বাজসনেয় কাণ্বশাখীয় ব্রাহ্মণকুলদীপ[দ্রঃ-প্রাচীন ও আধুনিক গ্রন্থাদিতে বৈদ্যসন্তানগণ 'দ্বিজ', বৈদ্য ব্রাহ্মণ- বৈদ্যবিপ্র' ও "বৌদ্ধরাজদত্ত 'বৈদ্যজাতি' বলিয়া অভিহিত]।

পৃ° ১৬৪২, ১ম স্তম্ভে, "বৈয়াকরণ" পর্য্যায়-শেষে বসিবে-২ ব্যাকরণকার। ৩ ব্যাকরণ সম্বন্ধীয়। > স্ত্রীং ~ী। বৈয়াকরণ অর্থে বৈয়াকরণিক ও°। "ইহা যে কোন বৈয়াকরণিকের শব্দবিদ্যার প্রভাবে কল্পিত অর্থ"-পালিপ্রকাশ।

পৃ° ১৬৪৮, ১ম স্তম্ভে, ব্যঙ্গ পর্য্যায়ের ১ম পঙ্ক্তি এইরূপ পড়িতে হইবে- ব্যঙ্গ্য (ব্য) [সং। অশুদ্ধ কিন্তু প্রচলরূপ ব্যঙ্গ,] বি,-

" ৪র্থ পঙ্ক্তিতে ব্যঙ্গ স্থলে ব্যঙ্গ্য

" ৫ম " ব্যঙ্গার্থ " ব্যঙ্গ্যার্থ

" ৮ম " ব্যঙ্গ " ব্যঙ্গ্য

" ব্যঙ্গার্থ " ব্যঙ্গ্যার্থ

" " ৬ষ্ঠ পঙ্ক্তিতে ব্যঙ্গার্থ " ব্যঙ্গ্যার্থ

" " ব্যঙ্গোক্তি " ব্যঙ্গ্যোক্তি

" " ১ম পঙ্ক্তিতে ব্যঙ্গ " ব্যঙ্গ্য হইবে।

পৃ° ১৬৬০, ১ম স্তম্ভে, "বীজ" পর্য্যায়ে ১০ম পঙ্ক্তিতে 'দ্রঃ।'-র পর বসিবে- ~ত্বক [উদ্ভিদ্ বিদ্যা] বি, ইং sesta and segmen এর বৈজ্ঞা° পরিঃ। অপরিবর্ত্ত বীজ-Ovuler. একবীজ পত্রী-monocotyledonous বহুবীজ পত্রী-polycotyledonous বীজে ছিদ্রপথ-micropyle.

পৃ° ১৬৯৮, ২য় স্তম্ভে, "ভোগা," পর্য্যায়ে ২য় পঙ্ক্তির প্রথমে "ভোগেন" এই মুদ্রা প্রমাদ তুলিয়া দিতে হইবে।

পৃ° ১৬৯৯, ২য় স্তম্ভে,, "ভোট," পর্য্যায় শেষে বসিবে-~কম্বল-বি, প্রাচীন বঙ্গের শীতকালীন গাত্রবস্ত্রবিঃ (চৈ° চ°)।

পৃ° ১৭০০, ৩য় স্তম্ভে, "ভ্যাদাল" পর্য্যায় ১ম পঙ্ক্তিতে "ভ্যাদাল"এর পর বসিবে- ভেঁদাল[সং-ভিদ্, ভিদির্ (বিদারণ, বিচ্ছেদ, ভেদন) >]

" ৩য় স্তম্ভে, "ভ্যাপসা" পর্য্যায় শেষে যুক্ত হইবে-ক্রি, ~ন [ভ্যা°+আন (ক্রিয়ার)। ভ্যাপসাই, ভ্যাপসও, ভ্যাপসায়, ভ্যাপসাইতে ; ভ্যাপসাইয়া (কে° ভেপ্সে)] ভাপিয়া উঠা ; গুমসান।

পৃ° ১৭০৬, ১ম স্তম্ভে, "মগ্ন" পর্য্যায়-শেষে যুক্ত হইবে- ~চঁড়া [ভূগোল, (ক° বিশ° পরিঃ)] বি, ইং-shoal এর বৈজ্ঞা° পরিভাষা।

পৃ° ১৭০৯, ১ম স্তম্ভে, "মঞ্জরি" পর্য্যাশেষে বসিবে-~পত্র [উদ্ভিদ্ বিদ্যা)] বি, ইং bract এর বৈজ্ঞা° পরিঃ।

পৃ° ১৭১২, ৩য় স্তম্ভে, "মণ্ডল" পর্য্যায়ে, ২৯ পঙ্ক্তিতে 'নৃত্য।'-র পর বসিবে- ~পট্ট [পদার্থ বিদ্যা (ক° বিশ° পরিঃ)] বি, zone plateএর বৈজ্ঞা° পরিঃ।

পৃ° ১৭৫৬, ৩য় স্তম্ভে, "মামা" পর্য্যায়-শেষে বসিবে-চাঁদা মামা-সমুদ্রমন্থনে লোক মাতা লক্ষ্মীর সহিত উত্থিত বলিয়া চন্দ্র মামা > আদরার্থে আদরার্থে মামা > চাঁদা মামা] সুজ্জি-মামা, চাঁদা মামার অনুকরণে- মানুষের মাতার ভ্রাতা (?)। সূর্য্য বা সবিতার প্রতীক নাপিতকে তাই মামা বলা প্রাচীন কৌতুক ছিল।

পৃ° ১৭৬৫, ১ম স্তম্ভে, "মাহুত" পর্য্যায়-শেষে বসিবে-[দ্র:-খেদা, ও মাহুতের ভাষায়, -আগে = সম্মুখে যাওয়া। কোঠ [সং-প্রকোষ্ঠ > ?] = খেদা (দ্র:) stockade. হাতীর সংখ্যানুসারে কোঠ বড় ছোট করা হয়। সাত পাট কোঠই সর্ব্বাপেক্ষা ছোট অর্থাৎ ১১ হাত লম্বা যার মধ্যে ২০টি পর্য্যন্ত হাতী ধরা যায়। ছঁমঃঠিক হইয়া বসা। ছেই =ফেরা। ত্যরে=শোয়া। দ্লু= শুঁড় তোলা। ধ্যত্=দাঁড়ান। পঁরতালায় হাতী ধঁরা=একটি বন্য হাতীতে দুই বা অধিক পোষা ও শিক্ষিত হাতী দুই পার্শ্বে গায়ে গায়ে লাগিয়া চাপিয়া রাখে। সেই ভাবে হাতীটি চুপ করিয়া দাঁড়াইয়া থাকে; তখন মাহুতেরা কৌশলে বন্য হাতীর পিছনের দুটি পা দড়ি দিয়া বাঁধিয়া ফেলে। প্রকাণ্ড প্রকাণ্ড হাতী এইরূপে ধরা হয়। ফাঁসি শিকার-পোষা হাতীর সাহায্যে বন্য হাতীকে দড়ির ফাঁস দিয়া ধরা। ফীচ্ছ=পশ্চাতে যাওয়া। বঁট্=বসা। বরী=শুঁড় দিয়া কিছু না ধরা। ভিড়্-ভিড়=অপর হাতার পাশে যাওয়া। মঁলঁম্=হাতীর পদ-চিহ্ন। মাকনা, মোকনা=সর্দ্দার হাতী, হাতীর দলের গুণ্ডা নেতা। মার্=মারা। মাল্= উঠা। সুরেশচন্দ্র সিংহ শর্ম্মা (বার্ষিক শিশু-সাথী, ১৩৪৩)।

পৃ° ১৭৭০, ৩য় স্তম্ভে, "মিষ্টান্ন" পর্য্যায়-শেষে বসিবে-সন্দেশ, রসগোল্লা প্রভৃতি নানাবিধ মিষ্টান্ন যথাস্থানে দ্রষ্টব্য। কাল প্রগতির সঙ্গে সঙ্গে নূতন নূতন মিষ্টান্নের উদ্ভাবন, অভিনব নাম করণ, বিভিন্ন পাক প্রণালী এবং নানা বর্ণে রঞ্জিত অভিনব আকারের মিঠায়ের সংখ্যা ও প্রকার বৃদ্ধি পাইতেছে, যথা- কলিকাতা বাগবাজারের প্রসিদ্ধ মোদক নবীনচন্দ্র দাসের উদ্ভাবিত "স্পঞ্জ রসগোল্লা" বা বহুবাজারের প্রসিদ্ধ মিষ্টান্ন বিক্রেতা ভীমচন্দ্র নাগের উদ্ভাবিত রসমালাই, মাণিকমালাই, আশুভোগ ইত্যাদি রাজভোগ, রসমাধুরী, ক্যালসিয়াম সন্দেশ, এক্সপ্রেস গজা, ক্ষীরপটল, রসকমলা, জলতরঙ্গ, (মারিকের) কমলামধু, ক্ষীর কান্তি ইত্যাদি, মোহন পুরী, মনমোহিনী চমচম নবাব ভোগ, ক্রেঞ্চ চপ, মিল্ক চপ। এমারেল্ড পাফ, ফ্রেঞ্চ কাটলেট্ (সন্দেশ), আইরিশ চক্লেট্। নবাবভোগ, ঢাকাই ১৯৬৬ ই°।

পৃ° ১৭৭৯, ৩য় স্তম্ভে "মুণ্ড" পর্য্যায়ে ৭ম পঙ্ক্তিতে 'কর্ত্তন।'-এর পর বসিবে- ~পাত [প্রা° মুণ্ডপাত] বি, শিরচ্ছেদ; মাথা কাটিয়া ফেলা; মরণ; প্রাণান্ত। ২ নাশ; বিনাশ। ৩ সর্ব্বনাশ।

পৃ° ১৭৮৬, ২য় স্তম্ভে, "মূল," পর্য্যায়-শেষে বসিবে- উপমূল [উদ্ভিদ্ বিদ্যা (ক° বিশ্ব° পরি:)]বি, ইং secondary and literary roots এর বৈজ্ঞা° পরি:। গুচ্ছমূল- fibrous roots. ভ্রূণ মূল-radicle.

পৃ° ১৭৮৮, ১ম স্তম্ভে "মৃণাল" পর্য্যায়ে ১০ম পঙ্ক্তিতে "২"-এর পূর্ব্বে বসিবে- "ক্ষত মাত্র হাত তোর মৃণাল কণ্টকগণে কমল তুলিতে"-(মাইকেল°)। "কণ্টকময় মৃণালে ফুটিল নলিনী।"-মেঘ° [অর্দ্ধ শতাব্দী পূর্ব্বে পণ্ডিত রামগতি ন্যায়রত্ন মহাশয় তাঁহার বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্যবিষয়ক প্রস্তাবে লিখিয়াছিলেন বাঙ্গালা কবিরা কণ্টকময় পদ্মনালকে 'মৃণাল' বলিয়া ভুল করিয়াছেন, বঙ্কিমবাবু এ ভুল করিয়াছেন এবং অনেকের রচনাতে এই ভ্রম দেখা যায়। কারণ মৃণালে কাঁটা নাই তাহা জলতলে কন্দজাত মূল, তাহার অন্য নাম বিস। গ্রাম্য কথায় তাহাকে 'মোলায়' বলে। তাহা খাদ্য। যে দণ্ডের উপর পদ্ম পুষ্প লগ্ন থাকে ও যাহাতে কাঁটা আছে তাহা অমরকোষে 'নাল' বা 'নালা' নামে অভিহিত। ইহার উদ্ভিদ্ বৈজ্ঞানিক নাম Stem ("which arises from the plumuble and is the ascending axis which grows towards the light but away from the soil which is usually green with curved prickles found in any part of the plant body; "Slender non. woody stem of plant or flower or leaf; slender shaft supporting something": "the fibrous stalk of lotus or water-lily").

"এই নামের কোনটি পুষ্প, কোনটি পত্র ধারণ করে, কিন্তু উভয়েরই নিম্নভাগ কণ্টকময়। বহু সংস্কৃত ও বঙ্গীয়কোষে এই নালকেই মৃণাল আখ্যা দেওয়া হইয়াছে। বঙ্গীয় কবিগণের ন্যায় হিন্দুস্থানের তুলসী-দাস, কেশব কবি প্রমুখ বহু প্রসিদ্ধ হিন্দী কবি পদ্মনাল বা কমলদণ্ডকে মৃণাল বলিয়াছেন। হিন্দী শব্দসাগর নামক মহাকোষে আছে-"মৃণাল [সং] কমল কা ডণ্টল জিস্‌মে ফুল লগা রহ্‌তা হৈ। কমলনাল। মৃণালিকা। [সং] কমল কী ডংঠী। কমলনাল"। যোগ শাস্ত্রে ষট্‌চক্রবর্ণনা প্রসঙ্গে সংস্কৃতের বঙ্গানু-বাদে পাই "* * চিত্রাণী মৃণালে, গাঁথা ফুলদলে, অমিয় অমলে ভিজাইব বলে * * ডাকি মা মা বলে যেতে সহস্রারে", অর্থাৎ মূলাধার হতে উর্দ্ধগত এবং বামে ইড়া, দক্ষিণে পিঙ্গলার মধ্যস্থ সুষুম্নার ভিতর দিয়া সূক্ষ্ম "চিত্রাণী"-মৃণাল ব্রহ্ম-রন্ধ্রস্থ শিশিরবর্ণ সহস্রার বা সহস্রদলপদ্মে মিলিত হইয়াছে। সুতরাং নালকে মৃণাল বলা প্রাচীন সংস্কারগত। এবং পদ্মের মূলভাগ, কাণ্ড ও পুষ্পমধ্যস্থ বীজকোষ

হীন করিয়া) বা হিংসিত হয়, এবং মৃণাল হার, বলয়, কঙ্কণাদি কণ্টকহীন করিয়া কণ্ঠে ধারণ করিবার মত করিয়া রচিত হয়। তাহা আংশিক কণ্টকযুক্ত ত্বক্ মাত্র মোচন করিয়া ও অবশিষ্ট ত্বকে সংলগ্ন রাখিয়া কোমল দণ্ডটি খণ্ড খণ্ড করিয়া মাল্য রচনা করিলে যেমন তাহা শিকড় অপেক্ষা

অধিকতর লক্ষিত ও কণ্ঠে ধারণের উপযোগী করা যায়, তদ্রূপ সংস্কৃত কবিগণের বর্ণনায় ও উদ্দেশ্যের অনুকূলও হয়। নালও ত্বক্‌হীন হইলে, সন্তাপ নিবারক ও চন্দ্র প্রভাবৎ ধবলবর্ণ ধারণ করে।

পৃ° ১৭৮৯, ১ম স্তম্ভে, "মেকদার" পর্য্যায়ে ১ম পঙ্‌ক্তিতে ']' স্থলে বসিবে- measure.]

" পর্য্যায়-শেষে বসিবে-৩ সদৃশ; সমান। প্র-সে ছেলে এর মত মে° হতেই পারে না।

পৃ° ১৭৮৯, ৩য় স্তম্ভে, "মেঘ পর্য্যায়ে ৭ম পঙ্‌ক্তিতে ninbus এর স্থলে nimbus হইবে।

" " পঙ্‌ক্তিতে cirrus, এর পর বসিবে- আস্তর বা স্তরীভূত বা অবিচ্ছিন্ন জলদ মেঘ-stratus.

" ১০ পঙ্‌ক্তিতে nimbus, এর পর বসিবে পুঞ্জ বা স্থূল মেঘ- cumulus.

পৃ° ১৭৯৩, ১ম স্তম্ভে, "মেরু" পর্য্যায়ে ৭ম পঙ্‌ক্তিতে বসিবে। ৫ [পদার্থবিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] ইং pole (of a cell) এর বৈজ্ঞা° পরিঃ। মেরুর চুম্বক মাত্রা=pole strength. উত্তর মেরু=north pole. উর্প মেরু= consequent pole. নেগেটিভ্ মেরু = negative pole. পজিটিভ্ মেরু=positive pole.

পৃ° ১৮৩১, ১ম স্তম্ভে, "রক্তিমা" পর্য্যায়ে ১ম, পঙ্‌ক্তিতে "ইম" স্থলে ইমন্ হইবে।

পৃ° ১৮৪৩, ২য় স্তম্ভে, "রশ্মি" পর্য্যায়ে, ৫ম পঙ্‌ক্তিতে বসিবে- ৫ [পদার্থ-বিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] ইং rayর বৈজ্ঞা° পরিঃ; আলকা কণা। একস্-রশ্মি-X ray. ক্যাথোড রশ্মি-Cathode ray. গামা-রশ্মি =y. ray. ডেল্টা-রশ্মি-Delta ray. মহাজাগতিক রশ্মি-Cosmic ray. ~পর্র-রশ্মি = positive ray. পর্ররশ্মি-বিশ্লেষণ=positive ray analysis. বীটা-রশ্মি = B ray. বেকারেল রশ্মি=Beequerel ray. রোণ্টগেন রশ্মি=Rontgen ray.

পৃ° ১৮৪৫, ১ম স্তম্ভে, "রস" পর্য্যায়ে, ৩য় পঙ্‌ক্তিতে 'পাওয়া।'-র পর বসিবে- ~মাধুরী-চিনিররসমিশ্রিত গাঢ় দুধে ডুবানো চমচমের আকারে প্রস্তুত রসগোল্লার পাক মিষ্টান্নবিঃ। ~মালাই, রসো মালাই-আধুনিক মিষ্টান্নবিঃ; চিনিমিশ্রিত মালাইয়ে-ফেলা রসগোল্লা।

পৃ° ১৮৫৬, ২য় স্তম্ভে, "রাজ" পর্য্যায়ে, ১৮শ পঙ্‌ক্তিতে বসিবে-৪ উৎকৃষ্টপাক সুবৃহৎ রসগোল্লা।

পৃ° ১৮৬৪, ১ম স্তম্ভে, "রস" পর্য্যায়ে, ২য় পঙ্‌ক্তিতে '[-' স্থলে হইবে- [রস্ (আস্বাদনে)]

পৃ° ১৯২১, ২য় স্তম্ভে, 'শত' পর্য্যায়ে ২০ পঙ্‌ক্তিতে "~পাদ" স্থলে পড়িতে হইবে- [> ~পাদ। এবং ২৪ পঙ্‌ক্তিতে '।' স্থলে হইবে ']।'

পৃ° ১৯৩৬, ৩য় স্তম্ভে, "শাবান" পর্য্যায়ে ২য় পঙ্‌ক্তিতে 'নাম' স্থলে মাস পড়িতে হইবে।

পৃ° ১৯৫৪, ৩য় স্তম্ভে, "শূন্য" পর্য্যায়-শেষে বসিবে-পর ম শূন্য [পদার্থবিদ্যা(ক° বিশ্ব° পরিঃ] ইং absolute zero-র বৈজ্ঞা° পরিঃ।

পৃ° ১৯৫৮, ২য় স্তম্ভে, "শোণ" পর্য্যায়ে, ৪র্থ পঙ্‌ক্তিতে বসিবে-~পাপড়ী[শোণাক > শোণ (সদৃশ) বা স্বর্ণ > সোন (বর্ণ) -পাপড়ী > পাবড়ী > পাপড়ী(ফুলদল)। তুল-হিং হলবা-সোহন (মিঠাইবিঃ) বি, মিষ্টান্নবিঃ।

পৃ° ১৯৬০, ২য় স্তম্ভে, "শোষক" পর্য্যায়শেষে বসিবে-৩[পদার্থ বিদ্যা(ক° বিশ্ব° পরিঃ)] ইং absorbent, absorber এর বৈজ্ঞা° পরিঃ। ~মাধ্যম=absorbing medium.

" " 'শোষণ' পর্য্যায়শেষে বসিবে- ~পটি [পদার্থবিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] ইং absorption band. ~বর্ণালি= absorption spectrum. ~রেখা= absorption line. ~শক্তি=absorbing power. বৃতশোষণ=selective absorption.

পৃ° ১৯৯৪, ৩য় স্তম্ভে, "সদ্য" পর্য্যায়ে, ৬ষ্ঠ পঙ্‌ক্তিতে "~প্রসূত"-র পূর্ব্বে বসিবে- সদ্যঃপাতি - সদ্যপতনশীল। "কে না জানে অম্বুবিন্দু অম্বুমুখে স°"- মাইকেল মধু°। ~পাতী [পদার্থবিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] ইং instantaneous এর বৈজ্ঞা° পরিঃ।

পৃ° ১৯৯৭, ৩য় স্তম্ভে, "সন্দেশ" পর্য্যায়ের শেষে "।" স্থলে বসিবে-[ক্রঃ-মধ্য ও আধু° কালের বিভিন্ন নামের উৎকৃষ্ট পাকের সন্দেশ যথা-আইসক্রীম সন্দেশ, আবার খাব, কমলালেবু সন্দেশ, কালাকন্দ বরফি সন্দেশ, কেক সন্দেশ (নানা প্রকার) করোনেশন সন্দেশ, ক্যালসিয়াম (calcium) সন্দেশ, গ্রীন ম্যাঙ্গো (বা কাঁচা আম green mango), চপ সন্দেশ, জুবিলী সন্দেশ, ডিম সন্দেশ (ভিতর বাহির হংস ডিম্বাকৃতি ও বর্ণের অনুকরণে প্রস্তুত), তিলকুটা সন্দেশ, তোতাপুরী (সন্দেশ, এবং লম্বা লম্বা পান্তুয়াও), নিখুঁতি (ক্রঃ) ফল সন্দেশ (নানা রকম ফলের আকারে ও বর্ণের অনুকরণে প্রস্তুত), বান্ধব সন্দেশ, মনোরঞ্জন, মনোহরা, রাতাবী বা রাতিব সন্দেশ (ক্রঃ), হিমসাগর সন্দেশ] ইত্যাদি।

পৃ° ২০২১, ৩য় স্তম্ভে, "সম্রাজ্ঞী" পর্য্যায়ে, ৬ষ্ঠ পঙ্‌ক্তিতে 'সম্রাজ্ঞী'র স্থলে হইবে- সম্রাজ্ঞী।

পৃ° ২০৪৩, ১ম স্তম্ভে, "সাদিনা" পর্য্যায় শেষে বসিবে-২ জাত শিশুর জন্মের সাত দিন পরে কৃত্য উৎসব।

পৃ° ২০৫৭, ১ম স্তম্ভে, "সাহিত্য" পর্য্যায়ে ১১ পঙ্‌ক্তিতে "১৩২১"-এর পর বসিবে- কথা-সাহিত্য-বি, কাহিনী, উপকথা, উপন্যাস, গল্প ই°। লোক-সাহিত্য- বি, লোকযাত্রা বা জনসাধারণ-ঘটিত কথা সাহিত্য folk literature.

" ১১শ পঙ্‌ক্তিতে 'বাস্তুতন্ত্র'-র পূর্ব্বে '~' তুলিয়া দিতে হইবে।

পৃ° ২১১৫, ৩য় স্তম্ভে, "স্বয়ং" পর্য্যায়ে, ৫ম পঙ্‌ক্তিতে "কারী।"-র পর বসিবে- ~ক্রিয়া [পদার্থবিদ্যা (ক° বিশ্ব° পরিঃ)] ইং automaticএর বৈজ্ঞা° পরিঃ। ~গম=automobile, মোটরগাড়ি।

পৃ° ২১১৬, ৩য় স্তম্ভে, "স্বর" পর্য্যায়ে 'স্বরসঙ্গতি' শব্দে নিম্ন হ'তে ৫ম পঙ্‌ক্তি শেষে বসিবে-২ [ব্যা°] শব্দের মধ্যে বিভিন্ন উচ্চারণস্থানে উচ্চারিত স্বরধ্বনিকে একই উচ্চারণস্থানে উচ্চারিত করিবার চেষ্টায়, স্বরধ্বনির যে পরিবর্তন হয়; পূর্ব্বগামী স্বরপ্রভাবে পরবর্ত্তী স্বরের এবং পরবর্ত্তী স্বর প্রভাবে পূর্ব্বগামী স্বরের এইরূপ পরিবর্ত্তন, যথা-চিন্তা > চিন্তে; পূজা > পুজো, শোন্+ই=শুনি, মিল+এ=মেলে, দেখ+ই=দেখি, দেখ,+এ= দেখে=দ্যাখে, বিলাতী > বিলেতী, বিলিতি, দেশী > দিশি, ইং।

পৃ° ২১২৩, ১ম স্তম্ভে, "বৈর" পর্য্যায়ে, ৩য় পঙ্‌ক্তির প্রথমে '২' বসিবে এবং "৪র্থ, ৫ম পঙ্‌ক্তির '~বৃত্তি...বৃত্ত।' ২য় স্তম্ভের শেষে বসিবে।

পৃ° ২১৫২, ৩য় স্তম্ভে, হাল্২ পর্য্যায়ে ১০ম পঙ্‌ক্তি-শেষে বসিবে-'৩ [শ্রীহট্ট প্রাদে°] জমির পরিমাপবিঃ পরিশিঃ (খ) দ্রঃ।

পৃ° ২১৬৬, ১ম স্তম্ভে, "হেকমত" পর্য্যায়ের পর নূতন শব্দস্বরূপ বসিবে-হেক্টোগ্রাফ [ইং Hectograph এর লিপ্যন্তর] বি, প্রতিলিপির সংখ্যা বৃদ্ধি করিবার যন্ত্র।

পৃ° ২১৬৭, ১ম স্তম্ভে, "হেদো" পর্য্যায় স্থলে বসিবে-হেদো [হ্রদ (অকৃত্রিম বৃহৎ জলাশয়) + উয়া > হ্রদুয়া > প্রা°-হেদো (হ্রদবৎ)] বি, হ্রদবৎ। ২ হ্রদ সদৃশ বৃহৎ কৃত্রিম জলাশয়; দীর্ঘিকা।

পৃ° ২১৭১, ২য় স্তম্ভে "হুসিষ্ট" পর্য্যায়শেষে যুক্ত হইবে-স্ত্রীং ~া।

" ৩য় স্তম্ভে, ১ম পঙ্‌ক্তিতে '; ২' স্থলে হইবে- । ২।

পৃ° ২১৭১, ৩য় স্তম্ভে, "হ্রাদিনী" পর্য্যায়ের শেষে যুক্ত হইবে-৩ নদী।

" ৩য় স্তম্ভে, হ্লাদিনী, পর্য্যায়ে, ২য় পঙ্‌ক্তিতে 'নদী' স্থলে পড়িতে হইবে-শক্তি বিঃ।

পৃ° ২১৮৮, ১ম স্তম্ভে, "গৌরীসেন" পর্য্যায়-শেষে বসিবে-মতান্তরে (Hooghly past and present) প্রায় তিন শতাধিক বৎসর পূর্ব্বে হুগলীর অন্তর্গত বালি গ্রামের সেন উপাধি সুবর্ণ বণিক বংশে স্বনামসিদ্ধ ভাগ্যবান্ গৌরীসেনের বাস ছিল। কোম্পানীর আমলে দেনার দায় কেহ জেলে আবদ্ধ থাকিলে তাহাকে অর্থ সাহায্য করিয়া উদ্ধার করিতেন; অর্থাভাবগ্রস্ত বিপন্ন সৎস্বভাব ব্যক্তি মাত্রেই তখন গৌরীসেনের অর্থ সাহায্যে উদ্ধার পাইত বলিয়া "লাগে টাকা দেবে গৌরীসেন" এই প্রবাদ বাক্যের সৃষ্টি হয়।

পৃ° ২২১৮, ১মস্তম্ভে, "কবাজ" পর্য্যায়ে ১ম পঙ্‌ক্তিতে "বিশ্মায়" স্থলে হইবে- বিস্ময়।

পৃ° ২২২১, ১ম স্তম্ভে, "তিনকড়ি" পর্য্যায়-শেষে '।' স্থলে বসিবে-; তেনা।

" ১ম স্তম্ভে, "দাহ" পর্য্যায়ে '(শু)' স্থলে হইবে -(শু)

" ২য় স্তম্ভে "দেনার" পর্য্যায়ে, ১ম পঙ্‌ক্তিতে দেনার-এর পর বসিবে '-'

" ৩য় স্তম্ভে, নারায়ণ" পর্য্যায়ে ২য় পঙ্‌ক্তি শেষে 'চণ্ড' স্থলে বসিবে-চন্দ্র।

পৃ° ২২২২, ২য় স্তম্ভে, "নেপ" পর্য্যায়ে, ৩য় পঙ্‌ক্তিতে 'অনা°।' হতে '।' তুলিয়া দিতে হইবে।

" ৩য় স্তম্ভে, "পীর" পর্য্যায়ে, ২য় পঙ্‌ক্তিতে ~আলি, ~বখ্‌শ্ ব্রিভিয়ার টাইপে মুদ্রিত হইবে।

" "পুঁটী" পর্য্যায়ে, ২য় পঙ্‌ক্তিশেষে 'পুঁটে' স্থলে হইবে-'পুঁটে,'

পৃ° ২২২৪, ১ম স্তম্ভে, "মির্জা" পর্য্যায়ে ১ম পঙ্‌ক্তিতে 'পারসীক' স্থলে হইবে- পারসীক

" ৩য় স্তম্ভে 'লতিফঃ' স্থলে হইবে-লতিফ

পৃ° ২২৮৯, ১ম স্তম্ভে, "Trichinopoly" শব্দের উচ্চারণ 'ত্রিরুচিন্নপল্লী'-স্থলে ত্রিশিরঃপল্লী হইবে (১ম সংস্করণ, পৃ° ১৫৭৪ দ্রঃ)।

ভূমিকা, পৃ° ১০, চতুর্দ্দশ পঙ্‌ক্তিতে 'xx siacle' স্থলে xxᵉ siècle হইবে।

সমাপ্ত